নতুন সংস্করণ

সংসদ বাংলা অভিধান

সাহিত্য সংসদ

সংসদ

বাংলা অভিধান

ডিজিটাল কনটেন্ট সংগ্রহ ও সম্পাদনা: **রাম শঙ্কর ভট্টাচার্য**

eBook Created By; Sisir Suvro

অ1 (p. 001) [a1] বাংলা বর্ণমালার আদ্য স্বর; প্রথম স্বরবর্ণ।

অ2 (p. 001) [a2] অব্য. 1 সম্বোধন খেদ ইত্যাদি সূচক ধ্বনি (অ ভাই, অ কী দুঃখ); 2 বটে, তাই, হুঁ।

অ3 (p. 001) [a3] অব্য সমাসে অন্য পদের পূর্বে 'নঞ্' এই অব্যয়ের স্থানবর্তী হয়ে অভাবাদি অর্থ প্রকাশ করে, যথাঅভাব অর্থে (অযত্ন, অভয়), বিরোধ বা বৈপরীত্য (অসুর, অধর্ম), অন্যত্ব (অহিন্দু, অবাঙালি), অল্পতা (অজন্মা, অবোধ), অপ্রশস্ততা বা অযোগ্যতা (অকাল, অকর্ম); পরবর্তী পদের প্রথম বর্ণ স্বরবর্ণ হলে অ-স্থানে অন্ হয় (অন্+ইচ্ছা অনিচ্ছা, এইভাবে অনায়াস, অনলস)।

অই-ঐ2 (p. 001) [ai-ai2] এর বানানভেদ।

অইছন, অইসন (p. 001) [aichana, aisana] ক্রি-বিণ. (ব্রজ.) এইভাবে, সেইভাবে, সেইরূপে। □ বিণ. সেইরূপ, সেইরকম। [ব্রজ. > পশ্চিমা হি. > বাং.] অইছে ক্রি-বিণ. ওইভাবে।

অঋণী (p. 001) [aṛṇī] (-ণিন্) বিণ. ঋণী নয় এমন, ঋণমুক্ত, দেনাশূন্য, কারও কাছে কিছু ধারে না এমন। [সং. ন+ঋণী = অনৃণী > অঋণী]।

অংশ1 (p. 001) [aṃśa1] অংস র বানানভেদ।

অংশ2 (p. 001) [aṃśa2] বি. 1 ভাগ, খণ্ড, টুকরো; 2 সম্পত্তি কারবার প্রভৃতির কিছু পরিমাণ মালিকানা স্বত্ব; 3 অঞ্চল, স্থান (ভারতের কোনো কোনো

অংশ); 4 অঙ্গপ্রত্যঙ্গ; 5 পৃথিবীর পরিধির 36 ভাগের 1 ভাগ বা 1 ডিগ্রি, degree (বি.প.); 6 রাশিচক্রের ত্রিংশ বা দ্বাদশ ভাগের এক ভাগ; 7 বিষয় (সে কোনো অংশে হীন নয়); 8 দেবতার ঔরস (বিষ্ণুর অংশে জন্ম); 9 ঈশ্বরের অবতার। [সং. √অনশ্+অ]।˜ ক বি. 1 জ্ঞাতি; 2 দিন; 3 (গণি.) লগারিদ্মের ঘাতাঙ্কগণনের ভগ্নাংশ, mantissa of a logarithm (বি. প.)।˜ .কল্পনা বি. ভাগ দেওয়া, অংশ প্রদান।˜ গত বিণ. অংশের অন্তর্গত, উত্তরাধিকারসূত্রে প্রাপ্য বিষয়ের অন্তর্গত।˜ গ্রাহী বি. বিণ অংশগ্রহণকারী, শরিক, অংশ নেয় এমন।˜ ত, (বর্জি.)˜ তঃ (তস্) ক্রি-বিণ. আংশিকভাবে, কিয়দংশে।˜ ন বি. বণ্টন, বিভাজন।˜ নীয় বিণ. বিভাজনীয়, ভাগ করতে হবে এমন; ভাগের উপযুক্ত, বিভাজ্য।˜ প্রেষ বি. (বিজ্ঞা.) আংশিক চাপ (বি.প.)।˜ ভাক (ভাজ্) বিণ. অংশের অধিকারী; উত্তরাধিকারী, অংশীদার।˜ ভাগী বিণ. অংশ ভাগকারী। অংশাংশি বি. যথাযোগ্য ভাগাভাগি, পরস্পর ভাগ।

অংশাঙ্কিত (p. 001) [aṃśāṅkita] বিণ. (অংশ+অঙ্কিত) মাপের ভাগবিশিষ্ট বা চিহ্নবিশিষ্ট, graduated (বি.প.)। অংশানো ক্রি. উত্তরাধিকার সূত্রে পাওয়া; প্রাপ্য হিসাবে বর্তানো।

অংশাব-তার (p. 001) [aṃśāba-tāra] বি. দেবতাকর্তৃক আংশিকভাবে জীবদেহ ধারণ; দেবতার অংশরূপে জন্মগ্রহণ (অবতার দ্র)। অংশিত বিণ. বিভিন্ন অংশে বিভক্ত, বিভক্ত বিভাজিত।

অংশী (p. 001) [aṃśī] (-শিন্) বিণ. অংশবিশিষ্ট, ভাগী, অংশ আছে এমন। □ বি. ভাগীদার, partner, shareholder (বি.প.)। [সং. অংশ+ইন্]।

অংশী-দার (p. 001) [aṃśī-dāra] বি. সম্পত্তি কারবার প্রভৃতির আংশিক মালিক বা মালিকানা স্বত্ববিশিষ্ট ব্যক্তি, ভাগীদার, partner (বি. প.)। [সং. অংশী + ফা. দার]। অংশী-দারি বি. অংশীদারের ভাব কাজ বা অবস্থা partnership অংশীদারি চুক্তি যুক্ত মালিকানার শর্তাদি বা দলিল, partnership agreement.

অংশু (p. 001) [aṃśu] বি. 1 কিরণ, রশ্মি, প্রভা; 2 আঁশ, তন্তু, সুতোর সূক্ষ্ম অংশ। [সং. অনশ্‌+উ]।˜ ক বি. বস্ত্র, সূক্ষ্ম বস্ত্র; রেশম পাট ইত্যাদিতে প্রস্তুত বস্ত্র (চীনাংশুক)।˜ জাল বি. কিরণরাশি, কিরণমালা।˜ ধর বি. অংশুর ধার; সূর্য।˜ মতী বিণ. (স্ত্রী) কিরণময়ী, জ্যোতির্ময়ী।˜ মান (-মত্‌) 1 সূর্য; 2 সূর্যবংশীয় সগর রাজার পৌত্র।˜ মালা বি. রশ্মিজাল, কিরণমালা।˜ মালী (-লিন্‌) বি. সূর্য।˜ ল বিণ. কিরণময়, কিরণবিশিষ্ট।

অংশ্য-মান (p. 001) [aṃśya-māna] বিণ. ভাগ করা হচ্ছে এমন। [সং. √অনশ+শানচ্‌]।

অংস (p. 001) [aṃsa] বি. 1 স্কন্ধ, কাঁধ। 2 ভাগ, অংশ। [সং. √অম্‌ + স]।˜ কুট,˜ কূট বি. ষাঁড়ের কাঁধের মাংসপিণ্ড, ককুদ।˜ ফলক,˜ ফলকাস্থি বি. কাঁধের হাঁড়, কাঁধের ত্রিকোণাকৃতি হাড়, scapula (বি. প.)।˜ ল বিণ. স্থূলস্কন্ধ; (আল.) শক্তিশালী।

অকচ (p. 001) [akaca] বিণ. 1 কচ অর্থাত্‌ চুল নেই এমন, কেশহীন, নেড়া; 2 কেতুগ্রহের নাম (কেশহীন, যেহেতু মস্তকহীন)। [সং. ন+কচ]।

অকঞ্চুক (p. 001) [akañcuka] বিণ. কঞ্চুক অর্থাত্ খোলস বা খোসা নেই এমন, খোসাবিহীন (ফলাদি সম্পর্কে); খোলসহীন (সরীসৃপাদি সম্পর্কে), achlamydeous (বি.প.)। [সং. ন+কঞ্চুক]।

অকট-বিকট (p. 001) [akaṭa-bikaṭa] বি. ভয়ে বিকৃত আকার বা অঙ্গভঙ্গি (ত্রাসে অকটবিকট করছে)। [< সং. আকৃতি-বিকৃতি]।

অকঠিন (p. 002) [akaṭhina] বিণ. কঠিন্য নেই এমন; কোমল, মৃদু। [সং. ন+কঠিন]।

অকঠোর (p. 002) [akaṭhōra] বিণ. কঠোরতা নেই এমন, অকঠিন; কোমল। [সং. ন+কঠোর]।

অকন্টক (p. 002) [akanṭaka] বিণ. 1 কন্টকহীন, কাঁটাশূন্য, নিষ্কন্টক; 2 (আল.) নিরুপদ্রব; 3 নিঃশত্রু। [সং. ন+কন্টক]।

অকথন (p. 002) [akathana] বি. কুকথা। □ বিণ. অকথ্য, অবক্তব্য, প্রকাশ করা যায় না এমন। [সং. ন+কথন]।

অকথা (p. 002) [akathā] বি. অনুচিত কথা, অশ্লীল কথা [সং ন. (অপ্রশস্ত অর্থে)+কথা]।

অকথিত (p. 002) [akathita] বিণ. অনুক্ত, না-বলা, অনুচ্চারিত (অকথিত কাহিনী)। [স. ন+কথিত]।

অকথ্য (p. 002) [akathya] দ্র অকথনীয়।

অকপট (p. 002) [akapaṭa] বিণ. কপটতাহীন, ছলনাহীন, সরল (অকপট ভক্তি, অকপট স্বীকারোক্তি)। [সং. ন+কপট]।˜ তা বি. সরলতা।˜ চিত্ত বিণ. সরলমনা। অকপটে ক্রি-বিণ. সরলভাবে, ছলনা না করে (অকপটে মনের কথা বলল)।

অকম্প, অকম্পিত, অকম্প্র (p. 002) [akampa, akampita, akampra] বিণ. 1 কম্পনহীন, স্থির, নিশ্চল (অকম্প প্রদীপশিখা); 2 অবিচলিত (অকম্পিত হৃদয়ে)। [সং, ন+কম্প, ন+কম্পিত, ন+কম্প্র]।

অকর (p. 002) [akara] বিণ. 1 করহীন, হস্তহীন; 2 নিষ্কর, শুল্ক বা করের অযোগ্য। [সং. ন+কর]।

অকরণ (p. 002) [akaraṇa] বি. 1 না করা, করণ বা কাজের অভার; 2 অনুচিত কাজ। [সং. ন (অ)+করন]। অকরণীয় বিণ. 1 অকর্তব্য, করার অযোগ্য; 2 বিবাহাদি সম্পর্ক স্থাপনের অযোগ্য (অকরণীয় ঘর)।

অকরণী (p. 002) [akaraṇī] বি. (গণি.) যে রাশি করণী নয় অর্থাত্ যার মূল বার করলে কোনো ভাগশেষ থাকে না, rational quantity (যেমন 25=5)। [সং. ন+করণ+ঈ (স্ত্রী)]।

অকরণীয় (p. 002) [akaraṇīẏa] দ্র অকরণ।

অকরুণ (p. 002) [akaruṇa] বিণ. দয়াহীন, নির্দয়, নিষ্ঠুর, করুণা নেই এমন (অকরুণ ভাগ্য)। [সং. ন+করুণা]।

অকরোটি, (বার্জি.) অকরোটী (p. 002) [akarōṭi, (bārji.) akarōṭī] বি. আংশিক বা সম্পূর্ণ করোটিহীন, মেরুদণ্ডী প্রাণীর নিম্নস্তরভুক্ত জন্তু, acrania (বি.প.)। [সং. ন (অভাবার্থে)+করোটি]।

অকর্ণ (p. 002) [akarṇa] বিণ. 1 কর্ণহীন, কান নেই এমন; 2 শ্রবণহীন, বধির। □ বি. 1 বধির ব্যক্তি, কালা; 2 সাপ। [সং. ন+কর্ণ]।

অকর্তব্য (p. 002) [akartabya] বিণ. করা উচিত নয় এমন, অকরণীয়। [সং. ন+কর্তব্য]।

অকর্তা (-র্তৃ) (p. 002) [akartā (-rtṛ)] বি. যে কর্তা নয় (কে কর্তা কে অকর্তা বুঝি না) □ বিণ. 1 কর্তৃত্বহীন; 2 নিষ্ক্রিয়, ক্রিয়াহীন। [সং. ন+কর্তা]। অকর্তৃত্ব বি. কর্তৃত্বহীনতা; প্রাধান্যহীনতা।

অকর্ম (-র্মন্) (p. 002) [akarma (-rman)] বি. 1 অকাজ, কুকাজ অপকর্ম; 2 কর্মের অভাব, নিষ্ক্রিয়তা, ক্রিয়াহীনতা। [সং. ন+কর্মন্]। ˜ ক বিণ. (ব্যাক.) কর্মপদহীন অর্থাত্ যে ক্রিয়ার কর্ম নেই (অকর্মক ক্রিয়া), intransitive, ˜ ণ্য বিণ. যে লোক কোনো কাজের নয় এমন, অপদার্থ, অক্ষম। ˜ ণ্যাতা বিণ. অক্ষমতা, অযোগ্যতা। অকর্মা (-র্মন্) বিণ. 1 কর্মহীন; 2 অলস; 3 অকর্মণ্য। □ বি. অকর্মণ্য ব্যক্তি। অকর্মার ধাড়ি অত্যন্ত অলস ব্যক্তি; একেবারে অকর্মণ্য ও অলস ব্যক্তি।

অকর্মা (p. 002) [akarmā] দ্র অকর্ম।

অকলঙ্ক (p. 002) [akalaṅka] বিণ. কলঙ্কশূন্য, নির্দোষ, অনিন্দ্য ('অকলঙ্ক নামে তব কলঙ্ক রটিবে')। [সং. ন+কলঙ্ক]। অকলঙ্কিত বিণ. কলঙ্কিত বা দূষিত নয় এমন, নির্মল। অকলঙ্কী (-ঙ্কিন্) বিণ. নিষ্কলঙ্ক, নির্দোষ, নির্মল ('অকলঙ্কী চাঁদ')।

অকলুষ (p. 002) [akaluṣa] বি. কলুষ দোষ মল বা পাপের অভাব। □ বিণ. 1 নিষ্পাপ; নির্দোষ; 2 মালিন্যহীন। [সং. ন+কলুষ]। অকলুষিত বিণ. দোষযুক্ত বা মালিন্যযুক্ত নয় এমন, নির্দোষ; অমলিন (অকলুষিত মন)।

অকল্পিত (p. 002) [akalpita] বিণ. 1 কল্পিত বা মনগড়া নয় এমন, কল্পনাসৃষ্ট নয় এমন, প্রকৃত, সত্য; 2 যা কল্পনাও করা যায়নি এমন। [সং. ন+কল্পিত]।

অকল্মষ (p. 002) [akalmaṣa] বিণ. যার কল্মষ অর্থাত্ পাপ নেই, নিষ্পাপ (অকল্মষ চরিত্র)। [সং. ন+কল্মষ]।

অকল্যাণ (p. 002) [akalyāṇa] বি. অমঙ্গল, অনিষ্ঠ (গৃহস্থের অকল্যাণ হবে)। [সং. ন+কল্যাণ]।˜ কর বিণ. অমঙ্গলজনক, অশুভ।

অকষ্ট (p. 002) [akaṣṭa] বিণ. কষ্টহীন, ক্লেশহীন। [সং. ন+কষ্ট]।

অকষ্ট-কল্পনা (p. 002) [akaṣṭa-kalpanā] বি. স্বতঃস্ফূর্ত কল্পনা বা রচনা, অনায়াসসাধ্য কল্পনা বা রচনা। [সং. ন+কষ্ট+কল্পনা]। অকষ্ট-কল্পিত বিণ. কষ্টকল্পিত নয় এমন; অনায়াসসাধ্য, স্বতঃস্ফূর্তভাবে রচিত।

অকষ্ট-বদ্ধ (p. 002) [akaṣṭa-baddha] বিণ. অত্যন্ত বিপন্ন, অত্যন্ত বিপদগ্রস্ত। [বাং. অ (যথার্থ বা অত্যন্ত অর্থে) + সং. কষ্ট + বদ্ধ]।

অকস্মাত্ (p. 002) [akasmāt] অব্য. ক্রি-বিণ. 1 হঠাত্, সহসা, অতর্কিতভাবে, আচমকা ('অকস্মাত্ স্বপ্ন গেল টুটে'; সু. দ.); 2 অকারণে, কোনো কারণ ছাড়াই। [সং. ন+কস্মাত্]।

অকাজ (p. 002) [akāja] বি. 1 যা কাজ নয়; বাজে কাজ, অনুচিত কাজ (অকাজের গোঁসাই); 2 কাজের অভাব। [বাং. অ (মন্দ অর্থে) + কাজ]।

অকাট (p. 002) [akāṭa] দ্র আকাট।

অকাট্য (p. 002) [akāṭya] বিণ. যা কাটা বা খণ্ডন করা যায় না, অখণ্ডনীয় (অকাট্য যুক্তি) [সং. ন+বাং. কাট্য (প্রাক্. √ কট্ট থেকে)]।

অকাণ্ড (p. 002) [akāṇḍa] বি. গুঁড়ি বা কাণ্ডহীন বৃক্ষ। □ বিণ. 1 অঘটনীয়; 2 আকস্মিক, অতর্কিত; 3 কাণ্ডহীন। [সং. ন+কাণ্ড]। অকাণ্ডে ক্রি-বিণ. 1 হঠাত্, অকস্মাত্; 2 বিনা কারণে।

অকাতর (p. 002) [akātara] বিণ. 1 কাতর নয় এমন; 2 ব্যাকুলতাশূন্য; 3 নিঃশঙ্ক; 4 সহিষ্ণু (পরিশ্রমে অকাতর)। অকাতরে ক্রি-বিণ. 1 অক্লেশে, অনায়াসে (অকাতরে দান করা); 2 অকুণ্ঠচিত্তে; 3 অবাধে (অকাতরে ঘুমাছে)।

অকাম (p. 002) [akāma] বিণ. নিষ্কাম, বাসনাশূন্য, কাম বা ভোগবাসনা নেই এমন; 2 জিতেন্দ্রিয়। [সং.ন+কাম]। □বি (আঞ্চ.)

অকায় (p. 003) [akāẏa] বিণ. দেহবিহীন, অশরীরী। □ বি. 1 পরমাত্মা; 2 রাহুগ্রহ। [সং. ন+কায়]।

অ-কার (p. 003) [a-kāra] বি. 'অ' বর্ণ বা ধ্বনি। [বাং. অ+কার (স্বার্থে)]।

অকারান্ত (p. 003) [akārānta] বিণ. (শব্দ সম্বন্ধে) অন্তে 'অ' ধ্বনিযুক্ত।

অকারণ (p. 003) [akāraṇa] বিণ. কারণবিহীন (অকারণ বিদ্বেষ, অকারণ হাসি। □ ক্রি-বিণ. অনর্থক, মিছিমিছি, শুধুশুধু (অকারণ হেসে চলেছে)। [সং. ন+কারণ]। অকারণে ক্রি-বিণ. অনর্থক, মিছিমিছি ('অকারণে অকালে মোর পড়ল যখন ডাক': রবীন্দ্র)।

অকার্য (p. 003) [akārya] বি. 1 অকাজ, বাজে কাজ; 2 কুকাজ, অনুচিত কাজ; 3 অবৈধ কাজ। □ বিণ. অকরণীয়, অকর্তব্য। ˜ কর বিণ. 1 কাজে লাগানো যায় না এমন, বাজে; 2 ব্যর্থ। [সং. ন+কার্য]।

অকাল (p. 003) [akāla] বি. 1 অশুভ সময়, দুঃসময়; 2 অসময়, অপরিণত সময়; 3 (জ্যোতি) অপ্রশস্তকাল, শ‍ুভকার্যের পক্ষে অনুপযুক্ত সময়; 4 (বাং.) দুর্ভিক্ষ। □ বিণ. অপরিণত (অকাল বসন্ত)। [সং. ন+কাল]। অকালে ক্রি-বিণ. অসময়ে (অকালে ঝরে যায়)˜ কুষ্মাণ্ড বি. অকালে উৎপন্ন কুমড়ো; (আল.) অকেজো, অকর্মণ্য বা মূর্খ লোক।˜ কুসুম বি. অসময়ে জাত ফুল (এই ফুল সাধারণত দেশের উৎপাতসূচক)।˜ জলদোদয় বি. অকালে মেঘের আবির্ভাব।˜ পক্ব বিণ. স্বাভাবিক সময়ের পূর্বেই পেকেছে এমন; আচার-আচরণে বয়সের তুলনায় অত্যধিক বুড়োটে, ইঁচড়ে পাকা।˜ বৃদ্ধ বিণ. পরিণত বয়সের পূর্বেই জরাগ্রস্ত।˜ .বোধন বি. পূজার উদ্দেশ্যে অসময়ে দুর্গাদেবীর নিদ্রাভঙ্গকরণ ও আরাধনা (রাবণবধের উদ্দেশ্যে শক্তিলাভের জন্য শ্রীরামচন্দ্র অকালে অর্থাত্ বসন্তকালের পরিবর্তে শরৎকালে দেবীর বোধন করেন)।˜ .মৃত্যু বি. পরিণত বয়সের পূর্বে বা আয়ুষ্কাল পুর্ণ হওয়ার পূর্বেই মৃত্যু।˜ সন্ধ্যা বি. অসময়ে সন্ধ্যা, নির্দিষ্ঠ সময়ের পূর্বেই আবির্ভূত সন্ধ্যা।

অকালি (p. 003) [akāli] বি. শিখসম্প্রদায়বিশেষ (এরা ঈশ্বরোপাসনাকালে অকালপুরুষকে অর্থাত্ অবিনশ্বর আত্মাকে ভজনা করে)।

অকিঞ্চন (p. 003) [akiñcana] বিণ. 1 নিঃস্ব, দরিদ্র; 2 দুঃখী; 3 সামান্য, তুচ্ছ; 4 ইতর; 5 মূঢ়। □ বি. নিঃস্বতা, সংগতিহীনতা, দারিদ্র। [সং. ন+কিঞ্চন]।˜ তা,˜ ত্ব বি. নিঃস্বতা, দারিদ্র।

অকিঞ্চিত্, অকিঞ্চিত্-কর (p. 003) [akiñcit, akiñcit-kara] বিণ. যৎসামান্য, তুচ্ছ, নগন্য, যাতে কিছুই হয় না (তাঁর বক্তব্যের সমর্থনে যে যুক্তি তিনি উপস্থিত করেন তা নিতান্তই অকিঞ্চিৎকর)। [সং. ন+কিঞ্চিত্, কিঞ্চিৎকর]।

অকীক (p. 003) [akīka] বি. ঈষত্ নীলাভ, ঈষত্ শ্বেতাভ শ্যামল পাণ্ডুবর্ণ মূল্যবান ভারতীয় প্রস্তরবিশেষ, agate (বি.প.)।

অকীর্তি (p. 003) [akīrti] বি. অখ্যাতি, দুর্নাম, বদনাম। [সং. ন+কীর্তি]।˜ কর বিণ. অখ্যাতিজনক। অকীর্তিত বিণ. অপ্রচারিত, অঘোষিত।

অকু (p. 003) [aku] বি. 1 ঘটনা; 2 দুর্ঘটনা; 3 খুন ডাকাতি ইত্যাদি অপরাধমূলক কার্য। [আ. বকূ]˜ স্থল,˜ স্থান বি. দুর্ঘটনার স্থান, যেখানে দুর্ঘটনা বা অপরাধ ঘটেছে (কিছুক্ষণের মধ্যেই পুলিশ অকুস্থলে এসে হাজির হল)।

অকুণ্ঠ, অকুণ্ঠিত (p. 003) [akuṇṭha, akuṇṭhita] বিণ. 1 অসংকুচিত, সংকোচ বা কুণ্ঠা নেই এমন, কুণ্ঠাহীন; 2 অকাতর (অকুণ্ঠিত স্বীকারোক্তি, তিনি দানে অকুণ্ঠ); 3 অপ্রতিহত; 4 অক্ষুব্ধ। [সং.ন+কুণ্ঠা (সমাসান্ত), ন+কুণ্ঠিত]।˜ .চিত্তে,˜ .মনে,˜ হৃদয়ে ক্রি-বিণ. কুণ্ঠাহীনভাবে, মনে কোনো কুণ্ঠা বা সংকোচ না রেখে।

অকুতো-ভয় (p. 003) [akutō-bhaẏa] বিণ. কিছুতেই ভয় নেই এমন, সম্পূর্ণ নির্ভীক; পুরোপুরি শঙ্কাহীন। [সং. ন+কুতঃ+ভয়]।˜ তা বি. নির্ভীকতা, শঙ্কাহীনতা। অকুতো-ভয়ে ক্রি-বিণ. নির্ভয়ে, সাহসিকতার সঙ্গে।

অকুব (p. 003) [akuba] বিণ. আক্কেল, কাণ্ডজ্ঞান। [আ. বকূফ]।

অকুল (p. 003) [akula] বি. 1 মর্যাদাহীন অকুলীন বা নীচ বংশ; 2 অঘর, যে বংশের সঙ্গে উচ্চবংশীয়দের বিবাহাদি সামাজিক ক্রিয়াকলাপ অচল। [সং. ন+কুল]।

অকুলন, অকুলান (p. 003) [akulana, akulāna] বি. অভাব, অনটন, টানাটানি, না কুলানো (আশা করি এই টাকায় চলে যাবে, অকুলান হবে না)। [সং. ন+বাং. √কুল্+অন]।

অকুলীন (p. 003) [akulīna] বিণ. 1 কুলীন বংশজাত নয় এমন; 2 বংশমর্যাদাহীন। [সং. ন+কুলীন]।

অকুশল (p. 003) [akuśala] বি. অমঙ্গল। □ বিণ. অপটু, কুশল বা দক্ষ নয় এমন। [সং. ন+কুশল]।

অকূপার (p. 003) [akūpāra] বি. 1 সমুদ্র; 2 কূর্ম, কচ্ছপ। [সং. ন+কূ (ভূখণ্ড বা পৃথিবী)+পার, অর্থাত্ পারে পৃথিবী বা স্হলভাগ নেই যার]।

অকূল (p. 003) [akūla] বিণ. পার বা তীর নেই যার, অপার, অসীম (অকূল সমুদ্র)। □ বি. 1 সমুদ্র; 2 (আল.) বিষম বিপদ (অকূলে পড়া)। [সং. ন+কূল]।˜ .তারণ বি. বিপদে উদ্ধারকর্তা।˜ .দরিয়া.˜ .পাথার বি. 1 অসীম সমুদ্র; 2 কঠিন বিপদ। অকূলে কূল পাওয়া ক্রি. বি. সংকট থেকে উদ্ধার পাওয়া, বিপদে সাহায্য পাওয়া। অকূলে ডোবা ক্রি. বি. বিপদে প্রাণ হারানো বা হারাবার উপক্রম হওয়া। অকূলে ভাসা ক্রি. বি. বিষম সংকটে দিশাহারা হওয়া। অকূলের কূল বিপদে উদ্ধারকর্তা।

অকৃত (p. 003) [akṛta] বিণ. করা হয়নি এমন, অসম্পন্ন, অসম্পাদিত। [সং. ন+কৃত]।˜ কার্য বিণ. চেষ্টা করেও ব্যর্থ হয়েছে এমন, অসফল, ব্যর্থমনোরথ।˜ কার্যতা বি. ব্যর্থতা, অসাফল্য।

অকৃতজ্ঞ (p. 003) [akṛtajña] বিণ. উপকারীর উপকার স্বীকার করে না বা মনে রাখে না এমন। [সং. ন+কৃতজ্ঞ]। বি.˜ তা।

অকৃত-দার (p. 003) [akṛta-dāra] বিণ. অবিবাহিত, দার পরিগ্রহ করেনি এমন। [সং. ন+কৃতদার]।

অকৃতাপ-রাধ (p. 003) [akṛtāpa-rādha] বিণ. অপরাধ করেনি এমন, নিরপরাধ। [সং. ন +কৃত+অপারাধ]।

অকৃতার্থ (p. 003) [akṛtārtha] বিণ. বিফলমনোরথ, অসফল। [সং. ন+কৃতার্থ]।

অকৃতী (p. 003) [akṛtī] (-তিন্) বিণ. 1 অক্ষম, অপটু; 2 সাফল্যহীন। [সং. ন+কৃতিন্]। বি. অকৃতিত্ব।

অকৃতোদ্বাহ (p. 004) [akṛtōdbāha] বিণ. (পুং) অবিবাহিত, উদ্বাহ অর্থাত্ বিবাহ করেনি এমন। [সং. ন+কৃত+উদ্বাহ]।

অকৃত্য (p. 004) [akr̥tya] বিণ. অকর্তব্য, যা কৃত্য বা করনীয় নয়। □ বি. অকাজ; কুকাজ। [সং. ন+কৃত্য]। ̃ কারী (-রিন্) বিণ. কূকর্মকারী, যে অকাজ বা কূকাজ করে।

অকৃত্রিম (p. 004) [akr̥trima] বিণ. 1 কৃত্রিম নয় অর্থাত্ নকল নয় এমন, আন্তরিক (অকৃত্রিম ভক্তি, অকৃত্রিম অনুরাগ); 2 বিশুদ্ধ, খাঁটি; 3 স্বাভাবিক। [সং. ন+কৃত্রিম]।

অকৃপণ (p. 004) [akr̥paṇa] বিণ. 1 কৃপণ নয় এমন; 2 উদার, বদান্য (অকৃপণ দান, অকৃপণ ভালোবাসা) [সং. ন+কৃপণ]।

অকৃষ্ট (p. 004) [akr̥ṣṭa] বিণ. কর্ষণ করা বা চাষ হয়নি এমন, অচষা; পতিত, অনাবাদি (অকৃষ্ট জমি)। [সং. ন+কৃষ্ট]।

অকেজো (p. 004) [akējō] বিণ. 1 অকর্মণ্য, নিষ্কর্মা; 2 অব্যবহার্য। [ম. বাং. আকাজুয়া > আ. বাং. অকাজুয়া (অকাজ+উয়া > ও)]।

অকৈতব (p. 004) [akaitaba] বিণ. 1 কৈতব অর্থাত্ ছল নেই এমন, ছল করে না এমন, অকপট, ছলনাহীন; 2 সত্য। [সং. ন+কৈতব]।

অকৈতবে (p. 004) [akaitabē] ক্রি-বিণ. অকপটে, মন খুলে, সরল মনে।

অকৌশল (p. 004) [akauśala] বি. 1 কৌশলের অভাব, অপটুতা; 2 (বাং. অপ্র.) অসদ্ভাব, বিরোধ, মন কষাকষি। [সং. ন+কৌশল]।

অক্কা (p. 004) [akkā] বি. 1 প্রভু, ঈশ্বর; 2 মাতা; 3 মৃত্যু। [আ. অকা। তু. লা. acca. লাতিনে acca শব্দের অর্থ মাতা বা দেবী, Acca Larentia এক রোমান দেবীর নাম]। অক্কা পাওয়া ক্রি. বি. (কৌতু.) মৃত্যুমুখে পতিত হওয়া, মরে যাওয়া।˜ প্রাপ্তি বি. (কৌতু.) মৃত্যু।

অক্টো-পাস (p. 004) [akṭō-pāsa] বি. 1 আটটি বাহু বা শুঁড়বিশিষ্ট সামুদ্রিক প্রাণিবিশেষ; 2 চতুর্দিক থেকে মারাত্মক আক্রমণ (নানান সমস্যা তাঁকে অক্টোপাসের মতো জড়িয়ে ধরেছে)। [ইং. octopus]।

অক্টোবর (p. 004) [akṭōbara] বি. ইংরেজি বৎসরের দশম মাস। [ইং. October]।

অক্ত1 (p. 004) [akta1] বিন. লিপ্ত, মিশ্রিত, মাখানো (তৈলাক্ত, রক্তাক্ত)। [সং. অনজ্+ত]।

অক্‌ত2, ওক্ত (p. 004) [akta2, ōkta] বি. সময়, বার (পাঁচ অক্ত নামাজ)। [আ. বখত্; হি. বখত্]।

অক্রম (p. 004) [akrama] বি. 1 ধারাবাহিকতা বা ক্রমের অভাব; 2 বিশৃঙ্খলা। □ বিণ. 1 বিশৃঙ্খল, এলোমেলো; 2 ক্রমহীন, পরম্পরাহীন। [সং. ন+ক্রম]। অক্রমিক বিণ. 1 বিশৃঙ্খল; ক্রমহীন, ধারাবাহিকতাহীন।

অক্রিয় (p. 004) [akriẏa] বিণ. 1 কর্মহীন, নিষ্ক্রিয় (অক্রিয় চিত্তবৃত্তি); 2 নিরুদ্যম; 3 ধর্মকর্মরহিত। □ বি. ক্রিয়া বা কর্মের অতীত যিনি অর্থাত্ পরামাত্মা। [সং. ন+ক্রিয়া]।

অক্রিয়া (p. 004) [akriẏā] বি. 1 নিষ্ক্রিয়তা; 2 অবৈধ বা শাস্ত্রবিরোধী কাজ। [সং. ন+ক্রিয়া]।˜ ন্বিত,˜ রত,˜ সক্ত বিণ. কুকর্মরত, খারাপ কাজে নিযুক্ত।

অক্রূর (p. 004) [akrūra] বিণ. অকুটিল, সরল, ক্রূরতাহীন। □ বি. শ্রীকৃষ্ণের পিতৃব্য (ইনি কিশোর শ্রীকৃষ্ণকে বৃন্দাবন থেকে মথুরায় নিয়ে গিয়েছিলেন)। [সং. ন+ক্রূর]।

অক্রেয় (p. 004) [akrēẏa] বিণ. 1 ক্রয় করবার বা কেনার অসাধ্য বা অযোগ্য, কেনা যায় না এমন; 2 দুর্মূল্য, আক্রা। [সং. ন+ক্রেয়]।

অক্রোধ (p. 004) [akrōdha] বি. ক্রোধের অভাব, ক্রোধহীনতা। □ বিণ. ক্রোধহীন, শান্ত। [সং. ন+ক্রোধ]।˜ ন বিণ. (সহজে) ক্রুদ্ধ হয় না এমন। অক্রোধী (-ধিন্) বিণ. ক্রুদ্ধ হয় না বা রাগে না এমন।

অক্লান্ত (p. 004) [aklānta] বিণ. 1 ক্লান্তিহীন (অক্লান্ত চেষ্টা); 2 ক্রমাগত। [সং. ন+ক্লান্ত]।˜ কর্মা (-র্মন্) বিণ্. পরিশ্রমে অকাতর (তার মতো অক্লান্তকর্মা পুরুষ বিরল)।

অক্লিষ্ট (p. 004) [akliṣṭa] বিণ. 1 ক্লেশহীন, যে ক্লিষ্ট হয় না বা কষ্ট পায় না; 2 অক্লান্ত, ক্লান্তিহীন, শ্রান্তিহীন; 3 অদম্য; 4 নিবৃত্তিহীন (অক্লিষ্ট যত্ন); 5 অম্লান

(অক্লিষ্ট কান্তি)। [সং. ন+ক্লিষ্ট]।˜ কর্মা (-র্মন্) বিণ. কর্মে যার ক্লেশবোধ নেই, কর্মে যে ক্লান্তিহীন; অক্লেশে বা অনায়াসে কাজ করে এমন।

অক্লেশ (p. 004) [aklēśa] বি. ক্লেশ বা কষ্টের অভাব, অনায়াস। [সং. ন+ক্লেশ]। অক্লেশে ক্রি-বিণ. অনায়াসে, সহজে ('সঁপিলাম সর্বস্ব অক্লেশে': সু.দ.)। (সং. ন+ক্লেশ+বাং. এ]।

অক্ষ (p. 004) [akṣa] বি. 1 খেলবার পাশা, পাশা খেলার ঘুঁটি (অক্ষক্রীড়া); 2 পদ্মবীজ; রুদ্রাক্ষ বীজ; 3 তুঁতে; ধুনা; 4 ইন্দ্রিয় (প্রত্যক্ষ, পরোক্ষ); 5 আত্মা; 6 জ্ঞান; 7 জন্মান্ধ ব্যক্তি; 8 সাপ; 9 গরুড়; 1 রাবনের জনৈক পুত্র; 11 (বাণি.) এক ভরি; 12 (বৈদ্য.) দুই তোলা; 13 (ভূগো.) মেরুকেন্দ্র রেখা, axis (বি.প.); 14 রবি মার্গ থেকে কোনো গ্রহের কৌণিক ব্যবধান বা দূরত্বের পরিমাণ, latitude; 15 গ্রহগণের পরিভ্রমণপথ, axis; 16 প্রাণীদেহের প্রধান অস্থি, axis; 17 (জ্যোতি.) রাশিচক্রের অবয়ব; 18 আইন বা রাজনীতি; 19 রথ; 2 রথাদির চাকা বা চাকার মধ্যস্থ দণ্ড বা ঈশ, axle. [সং. √ অক্ষ্+অ]।˜ ক বি. 1 কণ্ঠাস্থি, কণ্ঠা, calvicle, collar-bone (বি.প.); 2 যে পাশা খেলে।˜ কর্ণ বি. সমকোণী ত্রিভুজের সমকোণের সম্মুখীন বাহু, hypotenuse (বি.প.)।˜ কুশল,˜ কোবিদ বিণ. পাশাখেলায় পটু বা পণ্ডিত।˜ ক্রীড়া বি. পাশাখেলা।˜ জ বিণ. ইন্দ্রিয়জাত। □ বি. 1 বজ্র; 2 হীরক।˜ দণ্ড বি. পৃথিবীর মধ্যদেশভেদী ও উভয় মেরু স্পর্শকারী কাল্পনিক সরলরেখা; মেরুদণ্ড, axis.,˜ ধুরা (-ধুর্) বি. চাকার অগ্রভাগ, axis, pole of cart,˜ ধুর্ত বিণ. জুয়াড়ি, পাশা খেলায় দক্ষ, প্রতারক।˜ পাটি বি. পাশা।˜ বতী বি. পাশা খেলা।˜ বাট বি. পাশা খেলার স্থান।˜ বিচলন বি. চন্দ্রাকর্ষণের ফলে পৃথিবীর মেরুদণ্ডের দ্বারা সৌর অয়নবৃত্তের উপর গঠিত কোণের সাময়িক অথচ নিয়মিত পরিবর্তন, nutation (বি.প.)।˜ .বিদ,˜ .বিৎ,˜

বেত্তা বিণ. পাশা খেলায় দক্ষ।˜ বৃত্ত,˜ রেখা বি. নিরক্ষবৃত্তের সমান্তরালে ক্রমশ দশ দশ অংশ অন্তর কল্পিত ক্ষুদ্রতর বৃত্ত, parallel of latitude,˜ মদ বি. পাশা খেলার নেশা।˜ মালা বি. 1 রুদ্রাক্ষমালা, জপমালা; 2 (সপ্তর্ষিমণ্ডলের দ্বারা মালার ন্যায় পরিবেষ্টিতা) বশিষ্ঠপত্নী অরুন্ধতী।˜ শক্তি বি. দ্বিতীয় বিশ্বযুদ্ধে হিটলারশাসিত জার্মানি, মুসোলিনিশাসিত ইতালি এবং তোজো-মন্ত্রিত্বাধীন জাপানের নেতৃত্বে বিভিন্ন রাষ্ট্রের মিলিত শক্তি, The Axis,˜ সমান্তরাল-অক্ষবৃত্ত-র অনুরূপ।˜ মূত্র বি. জপমালা।

অক্ষটি (p. 004) [akṣaṭi] (অপ্র.) বি. শিকারি, ব্যাধ। [সং. আখেটিক্]।

অক্ষত (p. 004) [akṣata] বিণ. 1 ক্ষত বা আঘাতপ্রাপ্ত হয়নি এমন, অনাহত; অচ্ছিন্ন; 2 নিখুঁত। □ বি. 1 আতপ চাল; 2 যব; 3 খই। [সং. ন+ক্ষত]।˜ .দেহ,˜ শরীর বি. ক্ষতহীন দেহ বা শরীর। □ বিণ. ক্ষতহীন দেহবিশিষ্ট।˜ যোনি বিণ. (স্ত্রী.) যৌনসংগম করেনি এমন, যৌনসংগমের দ্বারা যার যোনি ক্ষত হয়নি; নির্দোষ কুমারী।

অক্ষম (p. 004) [akṣama] বিণ. 1 ক্ষমতাহীন; 2 দুর্বল, অসমর্থ; 3 অপটু। [সং. ন+ক্ষম]। বি.˜ তা।

অক্ষমা1 (p. 004) [akṣamā1] -অক্ষম এর স্ত্রীলিঙ্গ।

অক্ষমা2 (p. 004) [akṣamā2] বি. 1 ক্ষমার অভাব, ক্ষমাহীনতা; 2 অসহিষ্ণুতা; 3 ক্রোধ। [সং. ন+ক্ষমা]।

অক্ষয় (p. 004) [akṣaẏa] বিণ. ক্ষয়হীন, অবিনশ্বর। [সং. ন+ক্ষয়]।˜ কীর্তি বি. অবিনশ্বর যশ। □ বিণ. অবিনশ্বর যশসম্পন্ন।˜ তূণ বি. যে তূণের বাণ কখনো ফুরায় না।˜ তৃতীয়া বি. চান্দ্র বৈশাখের শুক্লতৃতীয়া (এই তিথিতে কর্মফলের ক্ষয় নেই)।˜ বট বি. প্রয়াগ প্রভৃতি তীর্থক্ষেত্রের অতি প্রাচীন বটবৃক্ষ (প্রবাদ আছে যে এই বৃক্ষমূলে জল সেচন করলে অক্ষয় পুণ্য লাভ হয়)।˜ লোক বি. নিত্যধাম, স্বর্গ।˜ স্বর্গ,˜ স্বর্গ-লোক বি. নিত্য স্বর্গবাস ও তার অধিকার।

অক্ষর (p. 004) [akṣara] বি. 1 বর্ণ, letter (অক্ষরজ্ঞান); 2 যার ক্ষরণ নেই অর্থাত্ ব্রহ্ম, পরমাত্মা; 3 শিব; 4 বিষ্ণু; 5 আকাশ; 6 (ছন্দ.) একবারে উচ্চারণসাধ্য শব্দের ক্ষুদ্রতম অংশ, syllable; 7 (বীজগ.) অঙ্কের প্রতীকরূপে ব্যবহৃত বর্ণ। □ বিণ. ক্ষরণহীন। [সং. ন+ √ ক্ষর্+অ]।˜ .জীবী (বিন্),˜ জীবক,˜ জীবিক বি. লিপিকার, মুদ্রাকর, লেখক। অক্ষর পরিচয় বি. বর্ণজ্ঞান; বিদ্যারম্ভ (চার বৎসর বয়সে তাঁর অক্ষর-পরিচয় হয়); সামান্যতম জ্ঞান (এ বিষয়ে তার অক্ষর-পরিচয়ও নেই)।˜ বিন্যাস বি. বর্ণ সংস্থাপন, লিখনপ্রণালী।˜ বৃত্ত বি. অক্ষরসংখ্যার দ্বারা নিরূপিত বাংলা ছন্দবিশেষ (কবিতাটি অক্ষরবৃত্ত ছন্দে রচিত)।˜ মালা বি. বর্ণমালা, alphabet, অক্ষরে অক্ষরে ক্রি-বিণ. যথাযথভাবে, হুবহু।

অক্ষাংশ (p. 004) [akṣāṃśa] বি. বিষুববৃত্ত থেকে উত্তর কিংবা দক্ষিণ দিকে কোনো স্থানের কৌণিক দূরত্ব, degrees of latitude (বি.প.)। [সং. অক্ষ+অংশ]।

অক্ষান্তি (p. 004) [akṣānti] বি. 1 অক্ষমা, অসহিষ্ণুতা; 2 ঈর্ষা। [সং ন+ ক্ষান্তি]।

অক্ষার (p. 004) [akṣāra] বিণ. যাতে ক্ষার পদার্থ নেই বা ক্ষার স্বাদ নেই। [সং. ন+ক্ষার]।˜ লবণ বি. সৈন্ধব লবণ, rock salt.

অক্ষি (p. 004) [akṣi] বি. চক্ষু, নেত্র, চোখ। [সং. √ অক্ষ্+ই]।˜ কূট,˜ কূটিক বি. চোখের তারা।˜ কোটর বি. চোখের খোল, orbit, socket of the eye,˜ গত বিণ. 1 নয়নগোচর, দৃষ্টিগোচর; 2 শত্রু।˜ .গোলক বি. চোখের ভিতরের সমস্ত বর্তুল বা গোল অংশ, eyeball.˜ তারকা,˜ তারা বি. চোখের তারা।˜ পক্ষ্ম বি. চোখের পাতার লোম, eyelash.˜ পট বি. অক্ষিগোলকের পিছন দিকের অতি সূক্ষ্ম ঝিল্লি বা পরদা, retina,˜ পটল বি. চোখের ছানি, coat of the eye,˜ পুট বি. চোখের পাতা, eyelid.˜ বিভ্রম বি. দৃষ্টিভ্রম, চোখের ভুল; মরীচিকা, optical illusion.˜ শালাক্য বি. চোখের অস্ত্রোপচারবিদ্যা (স.প.)।

অক্ষীয় (p. 004) [akṣīẏa] বিণ. অক্ষসম্বন্ধীয়, কৌণিক, axile [সং. অক্ষ+ ঈয়]।

অক্ষুণ্ণ (p. 004) [akṣuṇṇa] বিণ. 1 ক্ষুণ্ণ হয়নি বা মলিন হয়নি এমন (অক্ষুণ্ণ ভালোবাসা, অক্ষুণ্ণ সম্পর্ক); 2 মনস্তাপহীন; 3 অটুট (অক্ষুণ্ণ স্বাস্থ্য, অক্ষুণ্ণ মনোবল, অক্ষুণ্ণ প্রতাপ); 4 বলবত্, বজায় (তার শক্তি অক্ষুণ্ণ আছে); অব্যাহত। [সং. ন+ক্ষুণ্ণ]। বি.˜ তা।

অক্ষুব্ধ (p. 004) [akṣubdha] বিণ. 1 ক্ষুব্ধ বা বিচলিত নয় এমন (অক্ষুব্ধ চিত্তে); 2 প্রশান্ত, ধীর, শান্ত। [সং. ন+ক্ষুব্ধ]।

অক্ষোভ (p. 004) [akṣōbha] বিণ. 1 ক্ষোভহীন; 2 প্রশান্ত; 3 খেদহীন; 4 অক্লান্ত (অক্ষোভ শরীর)। □ বি. ক্ষোভহীনতা; প্রশান্তি; আকুলতার অভাব। [সং. ন+ক্ষোভ]।

অক্ষৌহিণী (p. 004) [akṣauhiṇī] বি. পুরাণ অনুসারে 1935 পদাতি, 6561 অশ্ব, 2187 হস্তী এবং 2187 রথ নিয়ে মোট 2187 চতুরঙ্গ সেনাবিশিষ্ট বাহিনী (কোনো কোনো প্রাচীন সাহিত্যে অক্ষৌহিণী বলতে কোনো বিশেষ সংখ্যা না বুঝিয়ে সাধারণভাবে উচ্চ সংখ্যা বোঝানো হয়েছে)। [সং. অক্ষ (রথগজাদি অর্থে) + ঊহিনী (সমূহবিশিষ্ট)]।

অক্সিজেন (p. 004) [aksijēna] বি. বায়বীয় মৌলিক পদার্থবিশেষ, দহনবায়ু, অম্লজান, যে মৌলিক গ্যাসের সাহায্যে দহন ও শ্বাসক্রিয়া সম্পন্ন হয়ে থাকে। [ইং. oxygen]।

অখণ্ড (p. 004) [akhaṇḍa] বিণ. 1 খণ্ড বা বিভক্ত করা হয়নি এমন (অখণ্ড ভারত); অভগ্ন; আস্ত; পূর্ণ; integral (পরি.); 2 অক্ষত; হ্রাসপ্রাপ্ত নয় বা খর্ব করা হয়নি এমন (অখণ্ড প্রতাপ); 3 ঘন (অখণ্ড 'পীযূষধারা': বা. ঘো.); 4 পরিপূর্ণ; জমাট (অখণ্ড অন্ধকার)। [সং. ন+খণ্ড]। বি.˜ তা (আঞ্চলিক অখণ্ডতা)।˜ ণীয় বিন অকাট্য, খণ্ডন করা বা ভাগ করা বা ভাঙ্গা যায় না এমন।˜ মণ্ডল বিণ. সম্পূর্ণ গোলাকার; পূর্ণকলাবিশিষ্ট ('অখণ্ডমণ্ডল বিধু')।˜ মণ্ডলাকারা বিণ. সম্পূর্ণ গোলাকার। অখণ্ডিত বিণ. খণ্ডিত নয় এমন; অবিভক্ত; ভুল বা ত্রুটিপূর্ণ বলে প্রমাণিত হয়নি এমন (মত, যুক্তি প্রভৃতি)। অখণ্ড্য বিণ. অখণ্ডনীয়-র অনুরূপ।

অখদ্যে (p. 004) [akhadyē] বিণ. অখদ্যে; ওঁচা, বাজে; কোনো কাজের নয় এমন; অকর্মণ্য। [< সং. অখাদ্য]। অখদ্যে-অবদ্যে বিণ. ওঁচা (এমন অখদ্যে-অবদ্যে জিনিস আমি কিনি না); অপদার্থ, অকর্মণ্য।

অখন (p. 004) [akhana] অব্য. (আঞ্চ.) এখন। [বাং. এখন < সং. এক্ষণে]।

অখন-তখন (p. 004) [akhana-takhana] বিণ. এখন-তখন-এর আঞ্চ. রূপ।

অখল (p. 006) [akhala] বিণ. খল বা কুটিল নয় এমন; ছলনাশূন্য, সরল; কুটিলতাহীন ('না ঠেলহ ছলে অবলা অখলে': চণ্ডী.)। [সং. ন+খল]। বিণ. (স্ত্রী) অখলা।

অখাত (p. 006) [akhāta] বিণ. (হ্রদ প্রভৃতি জলাশয়াদি সম্বন্ধে) খনন করা হয়নি বা খনন করে সৃষ্টি হয়নি এমন, স্বাভাবিকভাবে সৃষ্ট (অখাত হ্রদ)। [সং. ন+খাত]।

অখাদ্য (p. 006) [akhādya] বিণ. আহারের অযোগ্য, যা খাওয়া যায় না। □ বি. কুখাদ্য (অখাদ্য খেয়ে বেঁচে থাকে বহু লোক); নিষিদ্ধ খাদ্য। [সং. ন+খাদ্য]।

অখিল (p. 006) [akhila] বিণ. সমুদয়, সমস্ত, যাবতীয়, নিখিল, সমগ্র (অখিল ভারত)। □ বি. বিশ্ব, জগত্, চরাচর (সমগ্র অখিলে ব্যাপ্ত)। [সং. ন+খিল]। অখিল আত্মা বি. জগদীশ্বর; পরব্রহ্ম। ˜ খণ্ড বি. ভূখণ্ড। ˜ প্রিয় বিণ. সর্বজনপ্রিয়।

অখুশি (p. 006) [akhuśi] বিণ. অসন্তুষ্ট। □ বি. অসন্তোষ। [বাং. অ < সং. ন+ফা. খুশি]।

অখ্যাত (p. 006) [akhyāta] বিণ. 1 অপ্রসিদ্ধ, বিখ্যাত নয়; নগণ্য ('এসো কবি অখ্যাত জনের': রবীন্দ্র); 2 (বিরল) নিন্দিত। [সং. ন+খ্যাত]।˜ নামা (-নামন্) বিণ. যার নাম সুপরিচিত নয় বা প্রসিদ্ধ নয় এমন। অখ্যাতি বি. অপযশ, নিন্দা। অখ্যাতি-কারক, অখ্যাতি-কর বিণ. নিন্দাজনক, অপযশকারক।

অগ (p. 006) [aga] বিণ. গতিশূন্য, নিশ্চল। □ বি. 1 পর্বত; 2 বৃক্ষ; 3 (প্রাচীন বিজ্ঞানীদের মতে গতিহীন বলে) সূর্য। [সং. ন+ √ গম্ + অ]।

অগড়-বগড় (p. 006) [agaḍ়-bagaḍ়] বি. অর্থহীন প্রলাপ বা কাজ; আবোল-তাবোল। [দেশি]।

অগড়ম-বগড়ম-অগড়ম-বাগড়ম- (p. 006) [agaḍ়ma-bagaḍ়ma-agaḍ়ma-bāgaḍ়ma-] এর রূপভেদ।

অগণন, অগণনীয়, অগণিত, অগণ্য (p. 006) [agaṇana, agaṇanīẏa, agaṇita, agaṇya] বিণ. গণনার অসাধ্য, যা গুনে শেষ করা যায় না; অসংখ্য। [সং. ন+গণন, গণনীয়, গণিত, গণ্য]।

অগতি (p. 006) [agati] বিণ. 1 গতিহীন, স্থির, নিশ্চল; 2 নিরুপায়। □ বি. 1 নিরুপায় ব্যক্তি ('অগতির গতি তুমি': কা.প্র.ঘো.); 2 মৃতের সৎকার বা প্রেতকার্য না হওয়া। [সং. ন+গতি]।

অগত্যা (p. 006) [agatyā] অব্য.ক্রি-বিণ. 1 অন্য গতি বা উপায় নেই বলে, উপায়ান্তর না থাকায় (অগত্যা রাজি হলাম, অগত্যা এই উপদ্রব সহ্য করলাম, অগত্যা নীরব রইলাম); 2 বাধ্য হয়ে; 3 কাজেকাজেই। [সং. ন+গতি+তৃতীয়ার এক বচনান্ত রূপ]।

অগদ (p. 006) [agada] বিণ. নীরোগ, সুস্থ, যার গদ অর্থাত্ রোগ নেই। □ বি. ঔষধ, বিষঘ্ন ঔষধ, বিষের ক্রিয়া নষ্ট করে এমন ঔষধ, antidote. [সং. ন+গদ]। ̃ তন্ত্র বি. বিষবিজ্ঞান, toxicology.

অগণতি, অগুণতি (p. 006) [agaṇati, aguṇati] বিণ. অগণিত, অসংখ্য, যা গণনার অতীত অর্থাত্ যা গুণে শেষ করা যায় না। [সং. ন+গণিত্]।

অগন্তব্য (p. 006) [agantabya] বিন. যাওয়ার অযোগ্য, অগম্য যেখানে যাওয়া যায় না; যেখানে যাওয়া উচিত্ নয়। [সং. ন + গন্তব্য]।

অগভীর (p. 006) [agabhīra] বিণ. 1 গভীর নয় এমন; 2 অল্প গভীর; 3 (জ্ঞানবিদ্যাদি সম্পর্কে) ভাসাভাসা, সামান্য (শাস্ত্রাদিতে তাঁর জ্ঞান বড়ই অগভীর)। [সং. ন+গভীর]। অগভীর জলে শফরী ফরফরায়তে অল্প জলে পুঁটিমাছ ফরফর করে বেড়ায়; (আল.) অল্পবিদ্যার অধিকারীরাই বিদ্যা বেশি জাহির করে।

অগম (p. 006) [agama] বিণ. 1 গতিহীন; 2 অগাধ, অথই (অগম জল); 3 অগম্য, দুর্গম, যাওয়া যায় না এমন ('মানসলোকের অগম পারে'; রবীন্দ্র)। □ বি. 1 বৃক্ষ, গাছ; 2 পর্বত। [সং. ন+ √ গম্ +অ]।

অগম্য (p. 006) [agamya] বিণ. 1 দুর্গম, যেখানে যাওয়া যায় না (অগম্য স্হানই তাকে বেশি আকৃষ্ট করে); 2 অগন্তব্য, যেখানে যাওয়া উচিত নয়; 3 দুর্বোধ্য, দুরূহ, যা বোঝা কঠিন (ঈশ্বরের মহিমা অগম্য); 4 নাগালের বাইরে (মনের অগম্য)। [সং. ন+গম্য]।

অগম্যা (p. 006) [agamyā] বিণ. যে নারী যৌনসম্ভোগের পক্ষে অবৈধ, যে নারীকে সম্ভোগ করা শাস্ত্রবিরুদ্ধ। [সং. ন+গম্যা]।˜ গমন বি. অগম্যা নারীকে সম্ভোগ।˜ গামী (-মিন্) বি. বিণ. অগম্যা নারীর সঙ্গে সংগমকারী।

অগরু (p. 006) [agaru] (প্রা. কাব্যে) অগর-অগুরু- র রুপভেদ।

অগস্ট, আগস্ট (p. 006) [agasṭa, āgasṭa] বি. ইংরেজি বৎসরের অষ্টম মাস। [ইং. August]।

আগস্ত্য, অগস্তি (p. 006) [āgastya, agasti] বি. 1 স্বনামপ্রসিদ্ধ মুনিবিশেষ; 2 (জ্যোতি.) যে নক্ষত্রের উদয়ে শরত্ ঋতু সূচিত হয়, Canopus [সং. অগ+√ স্তৈ+অ]।˜ .যাত্রা বি. যে যাত্রায় বিদেশযাত্রী আর ফিরে আসে না; নিষিদ্ধ যাত্রা (অগস্ত্য মুনি পয়লা ভাদ্র বিন্ধ্যপর্বত অতিক্রম করে দক্ষিণাপথে গমন করেছিলেন এবং আর ফিরে আসেননি বলে এই দিনটিতে যাত্রা নিষিদ্ধ); মাসের প্রথম দিন; শেষ যাত্রা, চিরপ্রস্হান। অগস্ত্যোদয় বি. ভাদ্রের 17/18 তারিখে অগস্ত্য নক্ষত্রের উদয়।

অগা, অগা-কান্ত, অগা-মারা, অগা-রাম (p. 006) [agā, agā-kānta, agā-mārā, agā-rāma] বিণ. নির্বোধ, মূর্খ, অকর্মা। □ বি. নির্বোধ ব্যক্তি, মূর্খ ব্যক্তি, অকর্মার ধাড়ি। [< সং. অজ্ঞ]।

অগাধ (p. 006) [agādha] বিণ. 1 তল পাওয়া যায় না এমন, অথই, অতল (অগাধ জল); 2 অতিশয় গভীর, বিশাল (অগাধ সমুদ্র); 3 বিপুল, অপরিসীম (অগাধ পাণ্ডিত্য; অগাধ ঐশ্বর্য); 4 অনন্তবিস্তার ('অগাধ আকাশে': রবীন্দ্র); 5 অপার (অগাধ স্নেহ)। [সং. ন+গাধ]। অগাধীয় বিণ. তলদেশে পৌঁছানো যায় না এমন, অত্যন্ত গভীর, abyssal, abysmal (বি.প.)।

অগার-আগার (p. 006) [agāra-āgāra] এর রূপভেদ।

অগুণ (p. 006) [aguṇa] বি. অহিত, দোষ, অপরাধ ('কিবা তার কৈলোঁ অগুণ': শ্রীকৃ)। □ বিণ. গুণহীন। [সং. ন+গুণ]। অগুণ করা ক্রি. ক্ষতি করা, অপকার করা (ঔষধাদি সম্বন্ধে)।

অগুনতি, অগুন্তি-অগনতি (p. 006) [agunati, agunti-aganati] র রূপভেদ।

অগুরু (p. 006) [aguru] বি. 1 গন্ধ কাষ্ঠবিশেষ; 2 কৃষ্ণ চন্দন। (অগুরুচন্দন) □ বিণ. লঘু; হালকা। [সং. ন+গুরু]।

অগেয়ান (p. 006) [agēẏāna] (প্রাচীন কাব্যে) আগেআন-অজ্ঞান এর কোমল রূপ।

অগোচর (p. 007) [agōcara] বিণ. 1 বুদ্ধির বা জ্ঞানের বহির্ভূত (স্বপ্নেরও অগোচর); 2 অজ্ঞাত; 3 অপ্রত্যক্ষ। [সং. ন+গোচর]।

অগোচরে (p. 007) [agōcarē] ক্রি-বিণ. অজ্ঞাতে, অজ্ঞাতসারে, গোপনে (ব্যাপারটা আমার অগোচরে ঘটেছে)।

অগোছালো (p. 007) [agōchālō] বিণ. বিশৃঙ্খল, বেহিসাবি (অগোছালো সংসার, অগোছালো স্বভাব)। [বাং. অ+গোছালো]।

অগোপন (p. 007) [agōpana] বি. গোপনতার অভাব। □ বিণ. প্রকাশ্য। [সং. ন+গোপন]। অগোপনীয় বিণ. প্রকাশ্য, গোপন করবার অযোগ্য এমন. গোপন করা উচিত নয় এমন।

অগোর1 (p. 007) [agōra1] বি. অগুরু, সুগন্ধি কাঠবিশেষ ('সুবাসিত গন্ধ আদি অগোর চন্দন': ক. ক.)। [< সং. অগুরু]।

অগোর2 (p. 007) [agōra2] বিণ. 1 অচেতন, অজ্ঞান; 2 মুগ্ধ ('দিবানিশি রহত অগোর': গো. দা.)। [সং. অঘোর]।

অগৌণ (p. 007) [agauṇa] বি. অবিলম্ব, ত্বরা। □ বিণ. প্রধান, মুখ্য, গৌণ নয় এমন। [সং. ন+গৌণ]। অগৌণে ক্রি-বিণ. অবিলম্বে, শীঘ্র, ত্বরায় (রাম অগৌণে রওনা হলেন)।

অগৌর-অগোর1 (p. 007) [agaura-agōra1] এর রূপভেদ।

অগৌরব (p. 007) [agauraba] বি. 1 অমর্যাদা, অসম্মান; 2 অখ্যাতি, অপযশ। [সং. ন+গৌরব]।

অগ্নায়ী (p. 007) [agnāẏī] বি. অগ্নির পত্নী; স্বাহা। [সং. অগ্নি + ঙীষ্ (পূতক্রতোরৈ চ সূত্রানুসারে)]।

অগ্নি (p. 007) [agni] বি. 1 যা দহন করে; আগুন, অনল, বহ্নী, পাবক; 2 ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র ও দক্ষকন্যা স্বাহার স্বামী; 3 তেজ, শক্তি; 4 পরিপাকশক্তি, ক্ষুধা; 5 জ্বালা (ক্রোধাগ্নি)। [সং. √ অগ্ + নি]।˜ কণা বি. স্ফুলিঙ্গ।˜ কর্ম বি. অগ্নিহোত্রাদি কর্ম; অন্ত্যেষ্টিক্রিয়া।˜ কল্প বিণ. প্রায় আগুনের সমান, অগ্নিতুল্য (তেজস্বী); উগ্র, ক্রোধান্বিত।˜ কাণ্ড বি. আগুনের ব্যাপক ধ্বংসলীলা; আগুনে দগ্ধ হওয়া (পাটের গুদামে অগ্নিকাণ্ড); তুমুল ঝগড়াঝাঁটি বা মারামারি; বিষম অনর্থ (সে অগ্নিকাণ্ড ঘটাবে)।˜ কার্য-অগ্নিকর্ম -র অনুরূপ।˜ কুণ্ড বি. আগুন জ্বালবার গর্ত; আগুনে পূর্ণ গহ্বর (পৃথিবী তখন যেন এক বিশাল অগ্নিকুণ্ড)।˜ কুমার বি. কার্তিকেয়।˜ কেতু বি. ধোঁয়া।˜ কোণ.বি. পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ (অগ্নিদেব এই কোণের অধিদেবতা)।˜ ক্রিয়া অগ্নিকর্ম- র অনুরূপ।˜ ক্রীড়া বি. আগুনের খেলা; আতশবাজি পোড়ানো।˜ .গর্ভ বিণ. অভ্যন্তরে আগুন আছে এমন; (আল.) অত্যন্ত উত্তেজনাপূর্ণ, উত্তপ্ত (অগ্নিগর্ভ বক্তৃতা)।˜ গৃহ বি. হোমগৃহ।˜ চূর্ণ বি. বারুদ gunpowder.˜ জ বি. অগ্নি থেকে যার জন্ম; কার্তিকেয়।˜ জিহ্ব বিণ. অগ্নির মতো জিহ্বা যার। □ বি. বরাহরূপী বিষ্ণু।˜ .তপ্ত বিণ. অগ্নিতাপে উষ্ণ,

অগ্নিতে তপ্ত; অগ্নির তূল্য উষ্ণ।˜ তূল্য বিণ. আগুনের মতো।˜ এয় বি. বেদোক্ত তিনপ্রকার অগ্নি, যথা গার্হপত্য, আহবনীয় ও দাক্ষিণ্য।˜ দগ্ধ বিণ. আগুনে-পোড়া।˜ .দাতা (-তৃ) বি. 1 আগুন লাগায় যে; 2 যে ব্যক্তি মৃতের মুখাগ্নি করে।˜ .দান বি. 1 আগুন ধরানো, আগুন লাগানো; 2 মৃতের মুখাগ্নি।˜ দাহ বি. 1 অগ্নিকাণ্ড; 2 আগুনের তাপ।˜ .দাহ্য বিণ. আগুনে দগ্ধ হয় বা পোড়ে এমন, combustible.˜ দীপক বিণ. ক্ষুধা বা পরিপাকশক্তি সৃষ্টি করে বা বৃদ্ধি করে এমন।˜ দীপন বিণ. পরিপাক ক্রিয়া বৃদ্ধি করে এমন। □ বি. 1 অগ্নিদীপক পদার্থ; 2 প্রজ্বলন।˜ দীপ্ত বিণ. আগুনের দ্বারা আলোকিত।˜ .দেব,˜ .দেবতা বি. আগুনের অধিদেবতা, বৈশ্বানর।˜ পক্ব বিণ. 1 আগুনের তাপে রন্ধন করা হয়েছে এমন; 2 আগুনের তাপে কঠিনীকৃত (অগ্নিপক্ব ইট)।˜ পরীক্ষা বি. 1 আগুনে পুড়িয়ে বিশুদ্ধতা বিচার; কাউকে জ্বলন্ত অগ্নিকুণ্ডে নিক্ষেপ করে তার চরিত্রের দোষশূন্যতা বিচার (সীতার অগ্নিপরীক্ষা); 2 (আল.) অতি কঠিন পরীক্ষা।˜ পুরাণ বি. অষ্টাদশ পুরাণের অন্যতম।˜ প্রবেশ বি. জ্বলন্ত চিতায় প্রবেশপূর্বক জীবন বিসর্জন।˜ .প্রভ বিণ. আগুনের মতো দীপ্তিসম্পন্ন।˜ প্রভা বি. আগুনের আভা।˜ প্রস্তর বি. চকমকি পাথর।˜ বর্ণ বিণ. আগুনের মতো রক্তবর্ণবিশিষ্ট।˜ বর্ধক বিণ. পরিপাকশক্তি বা ক্ষুধা বাড়ায় এমন।˜ বর্ষণ,˜ বৃষ্টি বি. 1 (আগ্নেয়গিরির) অগ্ন্যুৎপাত; 2 আকাশ থেকে বৃষ্টির মতো অগ্নিকণার পতন।˜ বাণ বি. পুরাণোক্ত অগ্নিবর্ষী তিরবিশেষ।˜ বৃদ্ধি বি. ক্ষুধাবৃদ্ধি˜ বৃষ্টি-অগ্নিবর্ষণ -এর অনুরূপ।˜ .মন্ত্র বি. যে মন্ত্র অন্তরে তেজ বাড়িয়ে অভীষ্টলাভের যোগ্যতা অর্জন করায়।˜ .ময় বিণ. আগুনে পূর্ণ; আগুন দিয়ে তৈরি।˜ .মান্দ্য বি. 1 পরিপাকশক্তি বা ক্ষুধার হ্রাস; 2 অজীর্ণ রোগ।˜ .মুখ বি. 1 দেবতা; 2 ব্রাহ্মণ।˜ .মূর্তি বিণ. অতিশয় ক্রুদ্ধ বা উগ্র। □ বি. ক্রুদ্ধ অবস্থা, উগ্র অবস্থা।˜ .মূল্য বিণ. অত্যন্ত দুর্মূল্য (বাজারে সব কিছু এখন অগ্নিমূল্য)।˜ যুগ বি. বিপ্লব বা বিদ্রোহের যুগ।˜ শর্মা (-র্মন্) বিণ. অত্যন্ত ক্রোধী।˜ শিখা বি. আগুনের শিখা।˜ শুদ্ধ বিণ. 1 আগুনে পুড়িয়ে শুদ্ধ

করা হয়েছে এমন; অগ্নির স্পর্শের দ্বারা শোধিত; 2 কঠিন প্রায়শ্চিত্ত দ্বারা পবিত্রীকৃত।˜ ষ্টোম বি. সাগ্নিক ব্রাহ্মণের করণীয় বৈদিক যজ্ঞবিশেষ।˜ সংস্কার বি. 1 আগুনে পুড়িয়ে সংস্কার বা শোধন; 2 শবদাহ।˜ সখ,˜ সখা বি. অগ্নির সখা অর্থাত্ বায়ু।˜ সৎকার বি. শবদাহ।˜ সহ বিণ. আগুনে পোড়ে না এমন, fireproof.˜ সহ ইষ্টক আগুনে পোড়ে না এমন ইট, fire-brick.˜ .সহ মৃত্তিকা fire-clay.˜ সাত্ বিণ. 1 আগুনে নিক্ষিপ্ত; 2 সম্পূর্ণ দগ্ধ।˜ .স্ফুলিঙ্গ্ বি. আগুনের ফুলকি।˜ হোত্র বি. সাগ্নিকের প্রত্যহ করণীয় হোম।˜ হোত্রী (-ত্রিন্) বি. সাগ্নিক; নিত্য হোমকারী; যে নিত্য অগ্নি রক্ষা করে প্রত্যহ হোম করে।

অগ্ন্যাস্ত্র (p. 007) [agnyāstra] বি. (পৌরাণিক যুগের শতঘ্নী প্রভৃতি এবং আধুনিক যুদ্ধের বন্দুক কামান প্রভৃতি) অগ্নি উদ্গিরণকারী অস্ত্র; আগ্নেয়াস্ত্র। [সং. অগ্নি+অস্ত্র]।

অগ্ন্যাধান (p. 007) [agnyādhāna] বি. হোমাগ্নি স্থাপন, হোমের জন্য আগুন সাজানো। [সং. অগ্নি+আধান]।

অগ্ন্যাশয় (p. 007) [agnyāśaẏa] বি. পাচন গ্রন্হি, যা থেকে হজমের সহায়ক রস নিঃসৃত হয়, pancreas (বি.প.)। [সং. অগ্নি+আশয়]।

অগ্ন্যুত্-পাত (p. 008) [agnyut-pāta] বি. 1 আগ্নেয়গিরি থেকে অগ্নি নিঃসরণ; 2 আকাশ থেকে অগ্নিবৃষ্টি, উল্কাপাত বা বজ্রপাত। [সং. অগ্নি+উৎপাত্]।

অগ্ন্যুদ্-গম, অগ্ন্যুদ্-গার (p. 008) [agnyud-gama, agnyud-gāra] বি. 1 আগ্নেয়গিরি থেকে আগুন বার হওয়া, আগ্নেয় পর্বত থেকে অগ্নিময় পদার্থ বার হওয়া; 2 আগুন বার হওয়া। [সং. অগ্নি+উদ্গম, উদ্গার]।

অগ্ন্যুত্-সব (p. 008) [agnyut-saba] বি. 1 অগ্নিক্রীড়া; 2 দোলের চাঁচর, bonfire [সং. অগ্নি+উৎসব]।

অগ্র (p. 008) [agra] বি. 1 উর্ধবদেশ, শিখর ('গৃহাগ্রে উড়িছে ধ্বজা': মধু]; 2 আগা, ডগা, apex (বি.প.); 3 প্রান্ত, শেষভাগ (নাসিকাগ্র, সূচ্যগ্র); 4 সম্মুখ, পুরোভাগ (মুখাগ্র, রথাগ্র); 5 উপরিভাগ (দধির অগ্র); 6 অবলম্বন, লক্ষ্য (একাগ্র)। ☐ বিণ. 1 প্রথম (অগ্রভাগ); 2 প্রধান (অগ্রমহিষী); 3 সম্মুখস্থ, anterior (বি.প.)। [সং. √ অগ্+র]। অগ্রে ক্রি-বিণ. 1 আদিতে, প্রথমে (অগ্রে দেবপূজা, পরে অন্য কাজ); 2 পূর্বে, নিকটে ('তব অগ্রে করি নিবেদন')। ˜ গণ্য বিণ. সবার আগে গণনীয় বা উল্লেখযোগ্য; শ্রেষ্ঠ; প্রধান। ˜ গতি, ˜ গমন বি. 1 সম্মুখগমন; 2 বৃদ্ধি, উন্নতি, ক্রমোন্নতি; 3 (জ্যোতি.) নিয়মিত ক্রমগতি বা বৃদ্ধি progressive motion progression. (বি.প.)। ˜ .গামী (-মিন্) বিণ. সম্মুখে গমনকারী, পুরোগামী; আগে আগে যে চলছে। স্ত্রী. ˜ .গামিনী। ˜ জ বিণ. আগে জন্মেছে এমন। ☐ বি. জ্যেষ্ঠ ভ্রাতা। ˜ .জন্মা (-জন্মন্) বি. 1 ব্রাহ্মণ; 2 জ্যেষ্ঠ ভ্রাতা। ˜ জিহ্বা বি. 1 আলজিভ; 2 জিহ্বার অগ্রভাগ। ˜ .জ্ঞান বি. ভবিষ্যত্ ঘটনা সম্বন্ধে পূর্বেই ধারণা বা অনুমান, anticipation. ˜ ণী বিণ. শ্রেষ্ঠ, প্রধান (পাণ্ডব দলের অগ্রণী যোদ্ধা)। ☐ বি. 1 নেতা; 2 প্রবর্তক, pioneer. ˜ .দত্ত বি. সম্ভাবিত বি প্রস্তাবিত খরচের জন্য আগাম দেওয়া টাকা, imprest money (স. প.)। ˜ দানী (-নিন্) বি. প্রেতোদ্দিষ্ট দান গ্রহণকারী পতিত ব্রাহ্মণ; পতিত ব্রাহ্মণ। ˜ দূত বি. 1 সৈন্যদলের পথপরিস্কারক, বেলদার; 2 প্রথম সংবাদবাহক; 3 পথপ্রদর্শক। ˜ দ্বীপ বি. গঙ্গাবক্ষে

প্রথম চর পড়ে উৎপন্ন দ্বীপবিশেষ। ̃ .নায়ক, ̃ .নেতা বি. বিণ. 1 নায়ক, অধিনায়ক, দলনেতা; 2 অগ্রদূত; 3 অগ্রণী। ̃ .পশ্চাত্ ক্রি-বিণ. বিণ. অগ্রপিছু, ভূত-ভবিষ্যত (অগ্রপশ্চাত্ চিন্তা করে কাজ করা)। ̃ বর্তী (-র্তিন্) বিণ. 1 সম্মুখস্থ, সামনের; 2 আগের। স্ত্রী. ̃ .বর্তিনী। ̃ .ভাগ বি. 1 প্রথম ভাগ বা অংশ (' অগ্রভাগ লয়ে ভবানীর নামে দিলা': ভা. চ.); 2 ভগা, চূড়া; 3 প্রান্ত (নাকের অগ্রভাগ)। ̃ .মহিষী বি. পাটরানি, স্ত্রীদের মধ্যে প্রধান। [পা. অগ্গ মহেসী]। ̃ .মাংস বি. কলিজার অগ্রভাগের মাংস। ̃ .মাস বি. (আয়ু.) যকৃতের বৃদ্ধিমূলক রোগবিশেষ ('পিলে অগ্রমাসে মলো': ব. চ.)। ̃ .সর, ̃ সার বিণ. আগে বা সম্মুখে গমনকারী বা প্রবৃত্ত; আগুয়ান। ̃ .সূচনা বি. পূর্বাভাস। ̃ স্থ, ̃ স্থিত বিণ. 1 পুরোবর্তী; 2 শীর্ষদেশে অবস্থিত, apical (বি.প.)।

অগ্রহণ (p. 008) [agrahaṇa] বি. না নেওয়া, গ্রহণের অভাব। [সং. ন+গ্রহণ]।

অগ্রহণীয় (p. 008) [agrahaṇīẏa] বিণ. গ্রহণের অযোগ্য, যা নেওয়ার মতো নয় (অগ্রহণীয় দান)।

অগ্র-হায়ণ (p. 008) [agra-hāẏaṇa] বি. বাংলা বৎসরের বা সনের অষ্টম মাস; মার্গশীর্ষ মাস (এই মাসই পূর্বে বৎসরের প্রথম মাসরূপে গণ্য হত)। [সং. অগ্র+হায়ন (বৎসর)]।

অগ্রাধি-কার (p. 008) [agrādhi-kāra] বি. সর্বপ্রথমে পাবার বা বিবেচিত হবার অধিকার, priority. [সং. অগ্র+অধিকার]।

অগ্রাহ্য (p. 008) [agrāhya] বিণ. 1 মেনে নেওয়া যায় না এমন, অগ্রহণী. (এ যুক্তি অগ্রাহ্য); 2 অবজ্ঞেয়; 3 বাতিল, নামঞ্জুর (আবেদন অগ্রাহ্য হওয়া)। [সং. ন (অ)+গ্রাহ্য]। অগ্রাহ্য করা ক্রি. বি. অবজ্ঞা করা; বাতিল করা; নামঞ্জুর করা।

অগ্রিম (p. 008) [agrima] বিণ. 1 প্রথম, জ্যেষ্ঠ; 2 প্রধান, শ্রেষ্ঠ; 3 আগাম, অগ্রে দেয় বা দেওয়ার। [সং. অগ্র+ইম]।˜ ক বি. কার্যারম্ভের পূর্বেই মূল্যের বা পারিশ্রমিকের যে অংশ দেওয়া হয়, আগাম, বায়না, advance (স.প.)। অগ্রিম চুক্তি আগাম চুক্তি, forward contract.

অগ্রিয়, অগ্রীয় (p. 008) [agriẏa, agrīẏa] বিণ. অগ্রিম; অগ্রসম্বন্ধীয়। [সং. অগ্র+ইয়, ঈয়]।˜ .প্রদান যা (যে টাকা) আগাম দেওয়া হয়েছে, দাদন, payment on account (স.প.)।

অগ্র্য (p. 008) [agrya] বিণ. 1 আদ্য, প্রথম; 2 শ্রেষ্ঠ; প্রধান। [সং. অগ্র+য]।

অঘ (p. 008) [agha] বি. পাপ। [সং. √ অঘ্+অ]।˜ .নাশন বিণ. পাপনাশক, পাপক্ষানকারী।˜ .মর্ষণ বি. পাপনাশক মন্ত্রবিশেষ।

অঘটন (p. 008) [aghaṭana] বি. 1 অসম্ভব বি অপ্রত্যাশিত ঘটনা; 2 না ঘটা, সংঘটিত না হওয়া। [সং. ন (অ)+√ ঘট্+অন]।

অঘটন-ঘটন-পটীয়সী (p. 008) [aghaṭana-ghaṭana-paṭīẏasī] বিণ. (স্ত্রী) অসাধ্যসাধনে পটু, অসম্ভব ঘটনা ঘটাতে সক্ষম (যে নারী) (সাধারণত 'মায়া' বা শক্তির বিণ. রূপে ব্যবহৃত)। অঘটনীয় বিণ. যা ঘটবার নয়; ঘটা সম্ভব নয় এমন।

অঘর (p. 008) [aghara] বি. অকুলীন বা হীন বংশ, বৈবাহিক সম্পর্ক স্থাপনের অযোগ্য বংশ। [সং. ন (অপ্রশস্ত অর্থে) + বাং. ঘর্]।

অঘাট (p. 008) [aghāṭa] বি. নদী খাল প্রভৃতির তীরের যে অংশ নৌকা ইত্যাদি থেকে নামার পক্ষে অনুপযুক্ত; আঘাটা; অস্থান। [সং. ন (অপ্রশস্ত অর্থে)+বাং. ঘাট]।

অঘাসূর (p. 008) [aghāsūra] বি. অঘ নামক অসুরবিশেষ, কৃষ্ণের দ্বারা নিহত বৃন্দাবনে উপদ্রবকারী কংসের অনুচর অসুর। [সং. অঘ+অসুর]।

অঘোর1 (p. 008) [aghōra1] বিণ. অভীষণ, শান্ত। □ বি. শিব (অঘোরমন্ত্র)। [সং. ন+ঘোর]।˜ পন্হী বি. বীভৎস আচারে অভ্যস্ত শৈব সম্প্রদায়বিশেষ।

অঘোর2 (p. 008) [aghōra2] বিণ. 1 অতি ঘোর, ভীষণ, প্রচণ্ড, অত্যধিক ('অঘোর বাদল': ধ. ম.); 2 বেহুঁশ, অচেতন, সংজ্ঞাহীন ('পড়ে আছে হইয়ে অঘোর'; দে. সে.)। [বাং. অ (অতি বা সম্যক অর্থে) + সং. ঘোর]।

অঘোষ (p. 008) [aghōṣa] বিণ. 1 ঘোষহীন, শব্দহীন; 2 (ব্যাক.) লঘুধ্বনিযুক্ত, অনুদাত্ত, unvoiced.˜ .বর্ণ বি. মৃদু ধ্বনিযুক্ত বর্ণ (বাংলা বর্ণমালায় প্রতি বর্গের প্রথম দুই বর্ণ, অর্থাত্ ক খ চ ছ ট ঠ ইত্যাদি)। [সং. ন+ঘোষ]।

অঘ্রাত (p. 008) [aghrāta] বিণ. ঘ্রাণ নেওয়া হয়নি এমন, অনাঘ্রাত। [সং. ন+ঘ্রাত]।

অঘ্রান, (p. 008) [aghrāna,] (বর্জি.) অঘ্রাণ-অগ্রহায়ণ -এর কথ্য রূপ।

অঙ্ক (p. 008) [aṅka] বি. 1 চিহ্ন; রেখা; 2 কলঙ্ক; 3 (গণি.) রাশি, number, digit, figure (বি. প.); আঁক; সংখ্যা; গণনা: 4 পরিমাণ (টাকার অঙ্ক, মুনাফার অঙ্ক); 5 ক্রোড়, কোল (মাতৃঅঙ্কে শিশু); 6 নাটকের পরিচ্ছেদ বা বিভাগ, act; 7 (প্রাণি.) উদর বা পেশি বা অস্থির উদ্গত বা ন্যুব্জাকৃতি অংশ; 8 (উদ্ভি.) পাতার উপরিভাগ, venter (বি. প.)। [সং. √ অঙ্ক্+অ]। অঙ্ক করা, অঙ্ক কষা ক্রি. বি. আঁক কষা, হিসাব করা, গণনা করা।˜ .গত বিণ. ক্রোড়াস্থিত।˜ .দেশ বি. ক্রোড়, কোল; (উদ্ভি.) পাতার উপরিস্থ তল, ventral surface (বি.প.)।˜ .পাত বি. সংখ্যা স্থাপন; চিহ্নিতকরণ ('চাপরাসী তাহার বাহুতে সেই মৃত্তিকাদ্বারা কি অঙ্কপাত করিতেছে': সঞ্জী.)।˜ পাতন বি. (গণি.) প্রতীক চিহ্নের দ্বারা অঙ্ক লিখন, notation (বি.প.)।˜ .বাচক বিণ. সংখ্যা নির্দেশক, cardinal (বি.প.)।˜ বিত্,˜ বিদ বি. গণিতজ্ঞ ব্যক্তি।˜ .বিদ্যা বি. গণিতশাস্ত্র।˜ .লক্ষ্মী বি. 1 অঙ্কস্থিতা লক্ষ্মী; 2 পত্নী।˜ .শায়ী বিণ. কোলে শয়নকারী। স্ত্রী.˜ শায়িনী।˜ শাস্ত্র বি. গণিতবিদ্যা, গণিতশাস্ত্র।˜ স্থিত বিণ. 1 কোলে অবস্থিত; 2 অতি নিকটবর্তী।

অঙ্কন (p. 008) [aṅkana] বি. 1 চিহ্ন দেওয়া; 2 সংখ্যা লেখা; 3 বর্ণন (তরিত্রাঙ্কন); 4 চিত্রণ; 5 (জ্যামি.) রেখাপাতন, plotting; 6 গঠন, construction (বি.প.)। [সং. √ অঙ্ক্+অন]। অঙ্কনীয় বিণ. অঙ্কনযোগ্য, অঙ্কিত করতে হবে এমন।

অঙ্কিত (p. 008) [aṅkita] বিণ. 1 চিহ্নিত; দাগ-দেওয়া; 2 শোভিত; 3 চিত্রিত; 4 গ্রথিত। [সং. √অঙ্ক্+ত]।

অঙ্কী (p. 008) [aṅkī] (-ঙ্কিন্) বিণ. 1 দাগওয়ালা, দাগি; 2 কলঙ্কযুক্ত ('অঙ্কী কলানিধি')। [সং. √ অঙ্ক্+ইন্]।

অঙ্কীয় (p. 008) [aṅkīẏa] বিণ. অঙ্ক বা কোলসংক্রান্ত; (উদ্ভি. প্রাণি.) অঙ্ক সংক্রান্ত; ventral (বি. প.)। [সং. √অঙ্ক্+ঈ.]।

অঙ্কুট (p. 008) [aṅkuṭa] বি. চাবি; যা দিয়ে তালা ইত্যাদি খোলা যায় ('সিদ্ধির অঙ্কুটে সোনার স্বর্গের দ্বার খুলিত না তবু': সু. দ.)। [সং. অনক্+উট]।

অঙ্কুর (p. 008) [aṅkura] বি. 1 বীজ থেকে যা প্রথম বার হয়, কল; মুকুল; 2 উন্মেষ. সঞ্চার ('ভাবের অঙ্কুর': জ্ঞান.); 3 উদ্ভিন্ন বা নবোদিত বস্তু; 4 আদি, সূত্রপাত, প্রারম্ভ (অঙ্কুরে বিনাশ); 5 আগা, ডগা। (তৃণাঙ্কুর, কুশাঙ্কুর)। [সং. অনক্+উর]।

অঙ্কুরিত (p. 008) [aṅkurita] বিণ. মুকুলিত; প্রকাশিত; আবির্ভূত। অঙ্কুরোদয়, অঙ্কুরোদ্-গম বি. বীজ থেকে মুকুলের প্রথম প্রকাশ; সূত্রপাত, উন্মেষ।

অঙ্কুশ (p. 008) [aṅkuśa] বি. মাহুতের ব্যবহৃত হস্তিতাড়নযন্ত্র; আঁকশির মুখের মতো ছুঁচলো বাঁকা লোহার অস্ত্র যার সাহায্যে হাতির মাথায় খোঁচা দেওয়া হয়; ডাঙস; আঁকশি, hook. [সং. অনক্+উশ]।

অঙ্কোপরি (p. 008) [aṅkōpari] অব্য. কোলের উপর। [সং. অঙ্ক+উপরি]।

অঙ্গ (p. 008) [aṅga] বি. 1 অবয়ব, শবীরের অংশ (অঙ্গহানি), limb; শরীর; 2 আকৃতি, মূর্তি ('একদা তুমি অঙ্গ ধরি ফিরিতে'; রবীন্দ্র); 3 অংশ; অপরিহার্য অংশ (কর্মের অঙ্গ, বিশ্রাম কাজেরই অঙ্গ); 4 উপকরণ (পূজার অঙ্গ); 5 (উদ্ভি.) ইন্দ্রিয়; শরীরযন্ত্র, organ (বি. প.); 6 ভাগলপুর জেলা ও তৎসন্নিহিত অঞ্চলের প্রাচীন নাম (অঙ্গরাজ্য)। [সং. √ অঙ্গ্+অ]। ˜ .গ্রহ বি. অঙ্গের আক্ষেপ বা খিঁচুনি, convulsion, spasm; গায়ের ব্যথা; ধনুষ্টঙ্কার রোগ।˜ .গ্লানি বি. 1 শরীরের কষ্ট; 2 দেহের ময়লা।˜ চালন,˜ সঞ্চালন বি. হাত-পা প্রভৃতি অঙ্গের নাড়াচাড়া; ব্যায়াম।˜ চ্ছেদ,˜ চ্ছেদন বি. দেহের অংশ কেটো বাদ দেওয়া; মূল অংশ থেকে এক অংশের ছেদন।˜ জ, .জনু বিণ. দেহ থেকে জাত বা উৎপন্ন; উদ্ভিদধর্মী, vegetative (বি.প.)। □ বি. সন্তান।˜ জা বি. বিণ. কন্যা।˜ ত্র,˜ .ত্রাণ বি. অঙ্গকে যে ত্রাণ বা রক্ষা করে; বর্ম; সাঁজোয়া।˜ .ন্যাস বি. বিভিন্ন মন্ত্রোচ্চারণ সহকারে শরীরের বিভিন্ন অংশ স্পর্শ।˜ প্রত্যঙ্গ বি. অঙ্গ ও অঙ্গের অংশ; সমুদয় দেহ।˜ .প্রায়শ্চিত্ত বি. পাপক্ষালনের জন্য দেহশোধন; অশৌচ শেষ হওয়ার পর দ্বিতীয় দিনে পাপমোচনের জন্য দেহশোধন।˜ বিকৃতি বি. শরীরের বা চেহারার বিকার, monstrosities (বি.প.); মৃগি রোগ, apoplexy.˜ বিক্ষেপ বি. অঙ্গপ্রত্যঙ্গের সঞ্চালন; নৃত্যের সময় দেহ সঞ্চালন।˜ বিন্যাস বি. দেহের ভঙ্গি বা, ঢং, posture (বি. প.)।˜ .বিহীন বিণ. দেহের অংশবিশেষ নেই এমন, বিকলাঙ্গ; (বিরল) অশরীরী।˜ ঙঙ্গ,˜ ভঙ্গি,˜ ভঙ্গিমা বি. অঙ্গচালনার দ্বারা মনোভাবের ইঙ্গিত

জ্ঞাপন; ইশারা।˜ মর্দন বি. গা টেপা, massage,˜ মোটন বি. গা মটকানো; গা মোড়া দেওয়া।˜ .রক্ষা,˜ .রাখা বি. আংরাখা; জামা।˜ রাগ বি. প্রসাধন, দেহসজ্জা; প্রসাধন দ্রব্য।˜ .রাজ বি. অঙ্গরাজ্যের অধিপতি; মহাভারতের প্রসিদ্ধ বীর কর্ণ।˜ .রুহ বি. 1 লোম; 2 পশম; 3 পালক।˜ .সংস্থান বি. দেহের গঠন বা গঠনতত্ত্ব, mirphology (বি. প.)।˜ সৌষ্ঠব বি. দেহের সৌন্দর্য।˜ .হানি বি. দেহের কোনো অংশের বিকৃতি বা অভাব; অনুষ্ঠানের বা কার্যাদির আংশিক ত্রুটি।˜ .হার বি. নৃত্যগীতাদির বিধি অনুযায়ী অঙ্গচালনা, নৃত্যের নিয়মানুযায়ী অঙ্গভঙ্গি।˜ .হীন বিণ. বিকলাঙ্গ; (অনুষ্ঠান বা কার্যাদি সম্পর্কে) অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ; (বিরল) অশরীরী।

অঙ্গদ (p. 008) [aṅgada] বি. 1 কেয়ূর বাজু প্রভৃতি অলংকার; 2 কিস্কিন্ধ্যাধিপতি বালির পুত্র। [সং. অঙ্গ+√দৈ+অ]।

অঙ্গন, অঙ্গণ (p. 008) [aṅgana, aṅgaṇa] বি. 1 আঙিনা, উঠান, প্রাঙ্গণ; 2 যে অপরিবাহী মাধ্যম বিদ্যুৎপ্রবাহকে পৃথক করে, dielectric. [সং. অঙ্গ+ন]।

অঙ্গনা (p. 008) [aṅganā] বি. সুন্দরী রমণী; দেহসৌষ্ঠবসম্পন্না নারী; রমণী। [সং. অঙ্গ+ন+আ]।

অঙ্গাঙ্গি (p. 008) [aṅgāṅgi] বি. 1 এক অঙ্গের সঙ্গে অন্য অঙ্গের সম্বন্ধ; 2 অঙ্গে অঙ্গে টানাটানি; 3 স্বপক্ষীয়ের প্রতি পক্ষপাত। [সং. অঙ্গ+অঙ্গ+ই]।˜ .ভাব বি. 1 প্রগাঢ় সৌহার্দ্য; অবিচ্ছেদ্য সম্পর্ক; গলায় গলায় ভাব; 2 (দর্শ.) অঙ্গ ও অঙ্গী (=অঙ্গ আছে যার) এই দুইয়ের সম্পর্ক বা অনুরূপ সম্পর্ক; 3 গৌণ-মুখ্য সম্পর্ক বা একটি মুখ্য ও অপরটি গৌণ এমন সম্পর্ক।˜ .সম্বন্ধ-অঙ্গাঙ্গিভাব -এর অনুরূপ।

অঙ্গাবরণ (p. 008) [aṅgābaraṇa] বি. দেহের আচ্ছাদন; পরিচ্ছদ। [সং. অঙ্গ+আবরণ]।

অঙ্গার (p. 008) [aṅgāra] বি. 1 কয়লা; 2 আবর্জনা; 3 কলঙ্ক (কুলাঙ্গার)। [সং. √অঙ্গ্+আর]। অঙ্গারক বি. রাসায়নিক উপাদানবিশেষ, carbon, অঙ্গারক রসায়ন জৈব রসায়ন, organic chemistry (বি. প.)।˜ .ধানিকা,˜ .ধানী বি. আগুনের মালশা; ধুনুচি।˜ যৌগিক carbon compounds. অঙ্গারাম্ল বি. কার্বনিক আসিড carbonic acid (বি.প.)।

অঙ্গিরা (p. 008) [aṅgirā] বি. 1 মরীচি, অত্রি ইত্যাদি সপ্তর্ষির অন্যতম; 2 বৃহস্পতির পিতা। [সং. অঙ্গিরস্]।

অঙ্গী (p. 008) [aṅgī] (-ঙ্গিন্) বিণ. দেহবিশিষ্ট, শরীরী। [সং. অঙ্গ+ইন্]।

অঙ্গী-করণ (p. 008) [aṅgī-karaṇa] বি. অঙ্গীকারকরণ, প্রতিজ্ঞা করা। [সং. অঙ্গ+করণ (চ্বি)]।

অঙ্গী-কার (p. 008) [aṅgī-kāra] বি. 1 প্রতিজ্ঞা; 2 প্রতিশ্রুতি; 3 স্বীকার। [সং. অঙ্গী+√ কৃ+অ]। অঙ্গী-কৃত বিণ. প্রতিশ্রুত; স্বীকৃত।

অঙ্গী-ভূত (p. 008) [aṅgī-bhūta] বিণ. 1 অঙ্গের অন্তর্ভুক্ত; 2 অন্তর্গত। [সং. অঙ্গী+√ভূ+ত]।

অঙ্গুরি, অঙ্গুরী, অঙ্গুরীয়, অঙ্গরীয়ক (p. 008) [aṅguri, aṅgurī, aṅgurīẏa, aṅgarīẏaka] বি. 1 আংটি; 2 শনিগ্রহের বলয় বা বেষ্টনী, ring of the Saturn. [সং. অঙ্গুরীয়ক < অঙ্গুরি+ঈয়+ক]।

অঙ্গুলি (p. 008) [aṅguli] বি. আঙুল। [সং. অঙ্গ্+উলি]। অঙ্গুলিত্র, অঙ্গুলি-ত্রাণ বি. 1 ছুঁচের খোঁচা থেকে আঙ্গুলকে বাঁচাবার এবং ছুঁট ঠেলবার জন্য আঙ্গুলে পরবার টুপিবিশেষ; 2 সেতারবাদকের মেজরাপ। ̃ .নির্দেশ বি. আঙুলের সংকেতের সাহায্যে নির্দেশ। ̃ .মেয় বিণ. আঙ্গুলে গোনা যায় এমন। ̃ .মোটন বি. আঙুল মটকানো। ̃ সংকেত বি. আঙুল নেড়ে নির্দেশ দেওয়া। ̃ .হেলন বি. আঙুল নেড়ে ইশারা করা। অঙ্গুলীয়ক বি. আংটি।

অঙ্গুষ্ঠ (p. 008) [aṅguṣṭha] বি. বৃদ্ধাঙ্গুলি, বুড়ো আঙুল। [সং. অঙ্গু+√স্থ+অ]।

অঙ্গুষ্ঠানা, অঙ্গুস্তানা (p. 008) [aṅguṣṭhānā, aṅgustānā] বি. 1 অঙ্গুলিত্র, অঙ্গুলিত্রাণ; 2 চামটি; 3 মেজরাপ। [ফা. অঙ্গুস্তানা-তু সং. অঙ্গুষ্ঠত্রাণ]।

অঙ্ঘ্রি (p. 008) [aṅghri] বি. 1 চরণ, পদ, পা ('কমলাঙ্ঘ্রিতল': কাশী.); 2 শিকড়; 3 এক-চতুর্থাংশ, সিকিভাগ। [সং. √ অঙ্ঘ্+রি]। ̃ প বি. যে পা অর্থাত্ শিকড়ের সাহায্যে পান করে; বৃক্ষ, গাছ।

অচক্ষু (p. 008) [acakṣu] (বার্জি.) অচক্ষুঃ (-ক্ষুস্) বিণ. চক্ষুহীন, অন্ধ। [সং. ন+চক্ষুঃ]।

অচঞ্চল (p. 008) [acañcala] বিণ. 1 চঞ্চলতা বা চপলতা নেই এমন, অচপল; 2 আন্দোলিত হয় না বা নড়ে না এমন, স্থির; 3 স্থায়ী; 4 অব্যাকুল, ধীর। [সং. ন+চঞ্চল]। স্ত্রী. অচঞ্চলতা।

অচতুর (p. 008) [acatura] বিণ. চতুর কৌশলী বা দক্ষ নয় এমন, অপটু। [সং. ন+চতুর]।

অচর (p. 008) [acara] বিণ. গতিহীন, স্থাবর (চরাচর)। [সং. ন+চর]।

অচরিতার্থ (p. 008) [acaritārtha] বিণ. 1 ব্যর্থ, অসফল, অকৃতকার্য; 2 অতুষ্ট। [সং. ন+চরিতার্থ]।

অচর্চিত (p. 008) [acarcita] বিণ. চর্চিত বা আলোচিত হয়নি এমন, অনালোচিত, অননুশীলিত। [সং. ন+চর্চিত]।

অচর্বনীয় (p. 008) [acarbanīẏa] বিণ. চর্বনের যোগ্য নয় এমন, চিবনো যায় না বা চিবনো উচিত নয় এমন। [সং. ন+চর্বনীয়]।

অচর্বিত (p. 008) [acarbita] বিণ. চর্বণ করা হয়নি এমন, চিবনো হয়নি এমন। [সং. ন+চর্বিত]।

অচল (p. 008) [acala] বিণ. 1 গতিহীন, স্থির (অচলপ্রতিষ্ঠ); 2 অটল; 3 অপ্রচলিত. অব্যবহার্য; 4 বাতিল (অচল প্রথা); 5 জাল, মেকি (অচল টাকা); 6 নির্বাহ করা বা পরিচালনা করা কঠিন এমন (অচল সংসার); 7 যথারীতি কাজ

করা প্রায় অসম্ভব এমন (অচল অবস্থা); 8 পতিত (সমাজে অচল); 9 অকেজো (অচল ঘড়ি); 1 নিস্পন্দ (অচল নাড়ি)। □বি. পর্বত। [সং. ন+চল]। অচলা বিণ. (স্ত্রী.) অচঞ্চলা, স্থিরা (অচলা ভক্তি)। □ বি. পৃথিবী।˜ ন বি. অপ্রচলন।˜ নীয় বিণ. প্রচলনের অযোগ্য।˜ .রাজ বি. পর্বতরাজ, হিমালয়। অচলায়তন বি. প্রগতিবর্জিত ও গোঁড়ামিপূর্ণ প্রতিষ্ঠান। অচলিত বিণ. অপ্রচলিত (অচলিত রচনা)।

অচাঞ্চল্য (p. 008) [acāñcalya] বি. 1 চঞ্চলতার অভাব, স্থিরতা; 2 গাম্ভীর্য। [সং. ন+চাঞ্চল্য]।

অচালন (p. 008) [acālana] বি. 1 না সরানো, না নাড়ানো, স্থানান্তর না করা; 2 অপ্রয়োগ। [সং. ন+চালন]। অচালনীয়, অচাল্য বিণ. চালনার বা স্থানান্তরের অর্থাত্ সরানোর অযোগ্য।

অচিকিৎসা (p. 008) [acikitsā] বি. 1 চিকিৎসার অভাব বা যথোচিত চিকিৎসার অভাব; 2 কুচিকিৎসা (রোগীটি অচিকিৎসায় মারা গেছে)। [সং. ন+চিকিৎসা]। অচিকিৎসনীয়, অচিকিৎস্য বিণ. যার চিকিৎসা সম্ভব নয়, দুরারোগ্য; যে রোগের চিকিৎসা নেই। অচিকিৎিসত বিণ. চিকিৎসা করা হয়নি এমন।

অচিকির্ষা (p. 008) [acikirṣā] বি. 1 করবার অনিচ্ছা; 2 আলস্য। [সং. ন+চিকির্ষা]। অচিকীর্ষু বিণ. করতে অনিচ্ছুক; অলস।

অচিন (p. 008) [acina] দ্র অচেনা।

অচিন্তনীয়, অচিন্ত্য (p. 008) [acintanīẏa, acintya] বিণ. চিন্তা করা যায় না বা ধারণা করা যায় না এমন, চিন্তার অতীত, চিন্তা করেও যা বোঝা যায় না। [সং. ন+চিন্তনীয়, চিন্তা]।

অচিন্তিত, অচিন্তিত-পূর্ব (p. 008) [acintita, acintita-pūrba] বিণ. ভাবা বা অনুমান করা হয়নি এমন; আগে ভাবা হয়নি এমন। [সং. ন+চিন্তিত, চিন্তিতপূর্ব]।

অচির (p. 008) [acira] বিণ. অল্পকাল স্থায়ী, ক্ষণস্থায়ী (অচির জীবন)। [সং. ন+চির2]। ̃ .কারী (-রিন্) বিণ. ক্ষিপ্রকারী, যে ক্ষিপ্রতার সঙ্গে কাজ করে, যে দেরি করে না। ̃ .কাল বি. ক্ষণকাল, ত্বারা। ̃ .কালে ক্রি-বিণ. শীঘ্র, ত্বরায়, অবিলম্বে। ̃ .ক্রিয় বিণ. যে দ্রুত কাজ করতে পারে, দীর্ঘসূত্র নয় এমন। ̃ .জীবী (-বিন্) বিণ. অল্প আয়ূ যার। ̃ দ্যুতি বিণ. ক্ষণস্থায়ী দীপ্তি যার। □ বি. বিদ্যুত্। ̃ স্থায়ী (-য়িন্) বিণ. চিরদিন থাকে না এমন, নশ্বর; ক্ষণস্থায়ী। অচিরাত্ অব্য ক্রি-বিণ. শীঘ্র, অবিলম্বে। অচিরে ক্রি-বিণ. শীঘ্র, অবিলম্বে।

অচিহ্নিত (p. 008) [acihnita] বিণ. চিহ্ন বা দাগ দেওয়া হয়নি এমন, চিহ্নযুক্ত নয় এমন। [সং. ন+চিহ্নিত]।

অচূর্ণ, অচূর্ণিত (p. 008) [acūrṇa, acūrṇita] বিণ. 1 চূর্ণ বা গুঁড়ো করা নয় বা হয়নি এমন; 2 আস্ত, গোটা; 3 নষ্ট বা ধ্বংস হয়নি এমন। [সং. ন+চূর্ণ, চূর্ণিত]।

অচেত (p. 008) [acēta] বিণ. 1 অজ্ঞান; 2 বিবেকহীন; 3 তত্ত্বজ্ঞানহীন ('যে জন অচেতচিত্ত': ভা. চ.)। [সং. ন+চিত্+অস্ = অচেতঃ]।

অচেতন, অচৈতন্য (p. 008) [acētana, acaitanya] বিণ. 1 চেতনা বা সংজ্ঞা নেই এমন; অজ্ঞান (অচেতন দেহখানি, অচৈতন্য অবস্থা); 2 প্রাণহীন, জড় (অচেতন পদার্থ); 3 ভালো-মন্দ বোধহীন (এমন অচেতন লোকের উপর দায়িত্ব দেওয়া নিরাপদ নয়)। [সং. ন+চেতন, চৈতন্য]। অচেতনতা বি. সংজ্ঞাহীন অবস্থা; সচেতনতার অভাব। অচেতনা বি. সংজ্ঞাহীন অবস্থা; সচেতনতার অভাব।

অচেনা, অচিন (p. 008) [acēnā, acina] বিণ. অপরিচিত, অজ্ঞাত, অজ্ঞাতপরিচয়, চেনা বা জানা নয় এমন (অচেনা লোক, অচিন পাখি)। □ বি. অপরিচিত ব্যক্তি বা বস্তু ('অচেনাকে ভয় কী আমার ওরে': রবীন্দ্র)। [সং. ন+বাং. চেনা, চিনা > চিন]।

অচেষ্ট (p. 008) [acēṣṭa] বিণ. 1 চেষ্টাহীন, নিরুদ্যম; 2 অসাড় ('ঝাঁপ দিয়া পড়ে কেহ অচেষ্ট হইয়া': চৈ. ভা.)। [সং. ন+চেষ্টা]।

অচেষ্টা (p. 008) [acēṣṭā] বি. চেষ্টার অভাব, চেষ্টাহীনতা। অচেষ্টিত বিণ. যার জন্য চেষ্টা করা হয়নি এমন; খোঁজা বা পরীক্ষা করা হয়নি এমন।

অচৈতন্য (p. 008) [acaitanya] দ্র অচেতন।

অচ্ছ (p. 008) [accha] বিণ. 1 দৃষ্টি রোধ করে না এমন; 2 নির্মল, পরিষ্কার, স্বচ্ছ (সু+অচ্ছ); স্ফটিকের মতো স্বচ্ছ। □ বি. স্ফটিক। [সং. √ ছো (ছেদন করা অর্থে) + অ, দৃষ্টিকে যা ছেদন করে না, এই অর্থে ছো ধাতু]।

অচ্ছদ (p. 008) [acchada] বিণ. 1 ছদ বা আচ্ছাদন নেই এমন, অনাচ্ছাদিত, অনাবৃত, আঢাকা, খোলা (অচ্ছদ অঙ্গন); 2 পত্রহীন, (যে গাছে) পাতা নেই এমন। [সং. ন+ছদ (=আচ্ছাদন)]।

অচ্ছিদ্র (p. 008) [acchidra] বিণ. 1 ছিদ্র নেই এমন; 2 ত্রুটিহীন। [সং. ন+ছিদ্র]।

অচ্ছিন্ন (p. 008) [acchinna] বিণ. ছিন্ন নয় বা খণ্ডিত নয় এমন; অবিভক্ত। [সং. ন+চ্ছিন্ন]।˜ ত্বক (-ত্বচ্) বি. খত্না হয়নি বা লিঙ্গমুণ্ডের ত্বক ছেদন-সংস্কার অর্থাত্ সুন্নত হয়নি এমন, মুসলমানি হয়নি এমন।

অচ্ছুত্, অচ্ছুত (p. 008) [acchut, acchuta] বিণ. ছোঁওয়া যায় না বা ছোঁওয়া উচিত নয় এমন, অস্পৃশ্য; অশুচি (অচ্ছুত্ জাতি)। [(1) সং. অশুদ্ধ > অশুধ > অচ্ছুত > (?); (2) সং. অশুচ > (?) (3) সং. ন+√ছুপ > ছুত্ (?)]।

অচ্ছেদনীয় (p. 008) [acchēdanīẏa] বিণ. ছেদন করা বা কাটা যায় না বা উচিত নয় এমন। [সং. ন+ছেদনীয়]।

অচ্ছেদ্য (p. 008) [acchēdya] বিণ. 1 ছেদন করা বা কাটা যায় না এমন; 2 পৃথক করা যায় না এমন (অচ্ছেদ্য বন্ধন, অচ্ছেদ্য অংশ)। [সং. ন+চ্ছেদ্য]।

অচ্ছোদ (p. 008) [acchōda] বিণ. স্বচ্ছজলবিশিষ্ট, যার অর্থাত্ যে জলাশয় ইত্যাদির জল স্বচ্ছ, নির্মল এমন ('অচ্ছোদসরসীনীরে রমণী যেদিন': রবীন্দ্র)। □ বি. হিমালয় অঞ্চলের সরোবরবিশেষ। [সং. অচ্ছ+উদ]। ̃ পটল বি. অক্ষিগোলকের স্বচ্ছ আবরণ, cornea (বি.প.)।

অচ্যুত (p. 008) [acyuta] বিণ. 1 চ্যুত বা স্খলিত হয়নি এমন, ভ্রষ্ট হয়নি এমন; 2 অক্ষয়, অব্যয়, অবিনাশী, লয় বা ক্ষয় নেই এমন; 3 স্হির। □ বি. 1 কৃষ্ণ; 2 বিষ্ণু। [সং. ন+চ্যুত]।

অছি (p. 008) [achi] বিণ. অভিভাবক; সম্পত্তি ইত্যাদির তত্ত্বাবধায়ক, guardian, administrator, executor, trustee [আ. বসী]। ̃ পরিষদ রাষ্ট্রপুঞ্জের (United Nations Organisation) সংস্হাবিশেষ, Trusteeship Council.

অছিয়ত-নামা (p. 008) [achiẏata-nāmā] বি. ইচ্ছাপত্র, উইল (will); অছির মনোনয়নপত্র বা ইচ্ছাপত্র। [আ. বসীয়ত্+ফা. নামহ]।

অছিলা (p. 008) [achilā] বি. ছল, ছুতো, অজুহাত (কাজের অছিলায় সে দ্রুত স্হান ত্যাগ করল)। [ফা. বসীলা]।

অজ1 (p. 008) [aja1] বিণ. 1 যার জন্ম নেই বা হয় না, জন্মহীন; 2 কারও গর্ভে যার জন্ম হয় না। □ বি. 1 ঈশ্বর; 2 ব্রহ্মা; 3 বিষ্ণু; 4 শিব; 5 রামচন্দ্রের পিতামহ অথবা রঘুর পুত্র; 6 কামদেব, মদন; 7 দক্ষ; 8 জীবাত্মা, যাঁর জন্ম মৃত্যু

বিনাশ নেই। [সং. ন+√ জন্+অ]। অজা1 বি. (স্ত্রী) ত্রিগুণময়ী প্রকৃতি, সত্ত্ব, রজঃ ও তমঃ এই ত্রিগুণের অধিকারিণী আদ্যাশক্তি।

অজ2 (p. 008) [aja2] বি. 1 ছাগল; 2 মেষ, ভেড়া; 3 (জ্যোতি.) মেষ রাশি। [সং. √অজ্+অ]। অজা 2 বি. 1 অজ বা ছাগল ('অজাশালে অজাগণে করাল প্রবেশ': ক. ক.); 2 (স্ত্রী) ছাগী; 3 ভেড়ি। অজাযুদ্ধ বি. 1 ছাগল বা ভেড়ার লড়াই; 2 যে লড়াইয়ে প্রকৃত যুদ্ধের চেয়ে আস্ফালনই বেশি; বহ্বারম্ভ।

অজ3 (p. 008) [aja3] বিণ. 1 (মন্দার্থে) নিতান্ত, খাঁটি, একেবারে (অজ পাড়াগাঁ, অজ মূর্খ); 2 গোটা, সমস্ত (অজ পুকুরটা)। [দেশি]।

অজগর (p. 008) [ajagara] বি. (ছাগলকেও গিলে ফেলে এমন) একজাতীয় বিরাট সাপ। [সং. অজ 2+√গৃ+অ]।

অজচ্ছল (p. 008) [ajacchala] বিণ. অঢেল, প্রচুর, দেদার। [সং. অজস্র > অজস্সর > অজস্সল]।

অজ-জীবক (p. 008) [aja-jībaka] বিণ. ছাগল, ভেড়া প্রভৃতি কেনাবেচা করাই জীবিকা এমন (ব্যক্তি); মেষপালক। [সং. অজ2+জীবিকা (যার)]।

অজন্ত (p. 008) [ajanta] বিণ. (ব্যাক.) স্বরান্ত, যে শব্দের শেষে স্বরবর্ণ বা স্বরধ্বনি থাকে। [সং. অচ্ (=স্বরবর্ণ)+অন্ত]।

অজন্তা, অজণ্টা (p. 008) [ajantā, ajaṇṭā] বি. পশ্চিম ভারতের প্রাচীন গুহা যার দেওয়ালচিত্র ও ভাস্কর্য জগদ্বিখ্যাত।

অজন্মা (p. 008) [ajanmā] (-ন্মান্) বি. শস্য ফসল ইত্যাদির জন্ম না হওয়া, ফসলের অভাব; দুর্ভিক্ষ। □ বিণ. 1 জন্মহীন; 2 জারজ, অবৈধ জন্ম এমন। [সং. ন+জন্মন্]।

অজপা (p. 008) [ajapā] বি. (স্ত্রী.) 1 যথাবিধি জপ না করে বিনা আয়াসে নিশ্বাসপ্রশ্বাস ক্রিয়ারূপে যা জপা যায়; 'হং সঃ' ইত্যাদি মন্ত্র ('অজপা জপিয়া': ভা. চ.); 2 প্রাণবায়ু, জীবন ('অজপা হতেছে শেষ'); 3 তান্ত্রিকদের দেবীবিশেষ। [সং. ন+√জপ্+অ +আ (স্ত্রী.)]।

অজ-বীথি (p. 008) [aja-bīthi] বি. ছায়াপথ, দেবযান; আকাশের উত্তর-দক্ষিণে বিস্তৃত নক্ষত্রবীথি, milky way, galaxy. [সং. অজ1+বীথি]।

অজ-মীঢ়, আজ-মীঢ় (p. 008) [aja-mīḍ়, āja-mīḍ়] বি. ভারতের পশ্চিম অঞ্চলে রাজস্থানের অন্তর্গত স্থানবিশেষ। [সং. অজ+মিহ্+ত]।

অজমীঢ় (p. 008) [ajamīḍh়] বি. 1 যুধিষ্ঠির; 2 চন্দ্রবংশীয় রাজা হস্তীর পুত্র। [সং. অজম্+√ঈহ্+ত]।

অজয় (p. 008) [ajaẏa] বি. 1 জয়ের অভাব, পরাজয়; 2 পশ্চিমবঙ্গের প্রসিদ্ধ নদী। □ বিণ. অজেয়, পরাজিত করা যায় না এমন। [সং. ন+জয়]। অজয়া বি. (স্ত্রী.) সিদ্ধি, ভাং।

অজর (p. 008) [ajara] বিণ. জরাগ্রস্ত হয় না এমন। □ বি. যাদের বার্ধক্য নেই, অর্থাত্ দেবতা। [সং. ন+জরা]। অজরামর বিণ. জরা ও মৃত্যু নেই এমন, বার্ধক্যহীন ও মৃত্যুহীন।

অজস্র (p. 008) [ajasra] বিণ. অসংখ্য, প্রচুর, দেদার (অজস্র উদাহরণ, অজস্র ফুল)। □ ক্রি-বিণ. সর্বদা, অবিরত, নিত্য। [সং. ন+√ জস্+র]।

অজহল্লিঙ্গ্, অজহত্-লিঙ্গ (p. 008) [ajahalliṅg, ajahat-liṅga] বি. (ব্যাক.) যে শব্দ অন্য লিঙ্গের বিশেষণরূপে ব্যবহৃত হলেও নিজের লিঙ্গ বজায় রাখে (অর্থাত্ অজহল্লিঙ্গ শব্দটি ক্লীবলিঙ্গ হলে অন্য স্ত্রীলিঙ্গ শব্দের বিশেষণরূপে ব্যবহৃত হলেও সেটি ক্লীবলিঙ্গই থাকে)। [সং. ন+জহত্+লিঙ্গ]।

অজা1 (p. 008) [ajā1] দ্র অজ1।

অজা2 (p. 008) [ajā2] দ্র অজ 2।

অজাগল-স্তন (p. 008) [ajāgala-stana] বি. ছাগীর গলায় ছোট স্তনের মতো মাংসপিণ্ড। □ বিণ. অজাগলস্তনের মতো অপ্রয়োজনীয়; অন্যাবশক। [সং. অজা+গলস্তন]।

অজাত (p. 008) [ajāta] বিণ. 1 জন্মায়নি এমন; জন্মহীন (এই অর্থে শব্দটি অজাতো উচ্চারিত হয়); 2 হীনজাতীয়, নীচজাতীয়; 3 জারজ (এই অর্থে শব্দটি অজাত্ উচ্চারিত হয়)। □ বি. নীচ জাতি বা বংশ, অঘর, যে জাতি বা বংশের

সঙ্গে সামাজিক ক্রিয়াকলাপ চলে না। [সং. ন+জাত্]। ̃ কুজাত বি. (অজাত্ কুজাত্ উচ্চারিত) নীচ জাতি, অনাচরণীয় জাতি বা বংশ। ̃ শত্রু বিণ. শত্রু জন্মায়নি এমন, শত্রুহীন (তিনি ছিলেন প্রকৃতই একজন অজাতশত্রু লোক)। □ বি. 1 মগধের হর্যঙ্কবংশীয় রাজা, বিম্বিসারের পুত্র; 2 যুধিষ্ঠির। ̃ .শ্মশ্রু বিণ. দাড়ি গজায়নি এমন; (আল.) অল্পবয়সী।

অজানত, অজানতে, অজান্তে (p. 008) [ajānata, ajānatē, ajāntē] ক্রি-বিণ. অজ্ঞাতসারে, অজ্ঞাতে, না জেনে (এ ব্যাপার আমার অজানতে ঘটেছে, আমি অজান্তে এ কাজ করে ফেলেছি)। [বাং. অজানিত > অজানত]।

অজানা, অজানিত (p. 008) [ajānā, ajānita] বিণ. অচেনা, জানা নয় এমন, অপরিচিত (অজানা পথের পথিক)। □ বি. 1 অচেনা লোক, অপরিচিত ব্যক্তি; চেনা নয় এমন লোক বা বস্তু ('কত অজানারে জানাইলে তুমি': রবীন্দ্র); 2 অজ্ঞাত স্থান ('মন যেতে চায় কোন অজানায়': রবীন্দ্র; 'ঝাঁপ দিয়ে পড় অজানিতের খোঁজে': রবীন্দ্র)। [সং. ন+বাং. জানা, জানিত]।

অজান্তে (p. 008) [ajāntē] দ্র অজানত।

অজামিল (p. 008) [ajāmila] বি. ভাগবতোক্ত কান্যকুব্‌জবাসী জনৈক ইন্দ্রিয়াসক্ত ব্রাহ্মণ, যিনি মৃত্যুকালে নারায়ণভক্তির পুরস্কারস্বরূপ বিষ্ণুলোকে গিয়েছিলেন।

অজাযুদ্ধ (p. 008) [ajāyuddha] দ্র অজ2।

অজিজ্ঞাসু (p. 008) [ajijñāsu] বিণ. জানবার ইচ্ছা নেই এমন, যার মনে প্রশ্ন নেই। [সং. ন+জিজ্ঞাসু]। অজিজ্ঞাস্য বিণ. জিজ্ঞাসার অযোগ্য।

অজিত (p. 008) [ajita] বিণ. অপরাজিত, যাকে জয় করা হয়নি; যাকে বশীভূত করা বা বশ করা যায়নি। □ বি. 1 বিষ্ণু; 2 শিব (যাঁকে পরাজিত করা যায় না, এই অর্থে)। [সং. ন+জিত]।

অজিতেন্দ্রিয় (p. 008) [ajitēndriẏa] বিণ. জিতেন্দ্রিয় নয় অর্থাত্ ইন্দ্রিয় স্ববশে নেই এমন; ইন্দ্রিয়কে জয় করতে পারেনি এমন; ইন্দ্রিয়াসক্ত। [সং. ন+জিতেন্দ্রিয়]।

অজিন (p. 008) [ajina] বি. 1 হরিণের চামড়া; 2 বাঘছাল; 3 পশুর চামড়া (গজাজিন)। [সং. √ অজ্+ইন (ইনন্)]।

অজিফা (p. 008) [ajiphā] বি. 1 বরাদ্দ বৃত্তি বা ভরণপোষণ; 2 নিত্য ধর্মশাস্ত্রপাঠ। [ফা. বজীফা]।

অজিহ্ব (p. 008) [ajihba] বিণ. জিহ্বা নেই এমন। □ বি. ব্যাং (পৌরাণিক কাহিনী অনুসারে অগ্নির অভিশাপে ব্যাং জিভ হারিয়েছিল)। [সং. ন+জিহ্বা]।

অজীবিক (p. 008) [ajībika] বিণ. জীবিকা নেই এমন বা উপার্জনের উপায় নেই এমন। □ বি. প্রাচীন ভারতের ধর্মীয় গোষ্ঠীবিশেষ। [সং. ন+জীবিকা]।

অজীর্ণ (p. 008) [ajīrṇa] বিণ. জীর্ণ বা হজম হয়নি এমন (অজীর্ণ খাদ্যবস্তু)। □ বি. বদহজমের রোগ, indigestion; হজমশক্তির অভাবজনিত রোগ, dyspepsia (ছেলেটি অজীর্ণে ভুগছে)। [সং. ন+জীর্ণ]।

অজু, উজু, ওজু (p. 008) [aju, uju, ōju] বি. মুসলমানদের নমাজ পড়বার আগে আচমন বা হাত-পা-মুখ ধোয়া (অজু করার জল)। [আ. বজু]।

অজুর-দার (p. 008) [ajura-dāra] বি. অজুরা অর্থাত্ মজুরি যে নেয়, মজুর, শ্রমিক। [ফা. বজুরা+দার]।

অজুরা, আজুরা (p. 008) [ajurā, ājurā] বি. বেতন, মজুরি। [ফা. বজুরা]।

অজুহাত (p. 008) [ajuhāta] বি. কারণ; ওজর, অছিলা, যা আসলে কারণ নয় তাকে কারণ বলে চালানো। [ফা. বজুহাত্]।

অজেয় (p. 008) [ajēẏa] বিণ. জয় করা যায় না বা বশ মানানো যায় না এমন (অজেয় প্রাণ, কৌরবদের বিরুদ্ধে পাণ্ডবরা ছিলেন অজেয়)। [সং. ন (অ)+জে.]।

অজৈব (p. 008) [ajaiba] বিণ. যা জীব নয় তার সম্পর্কিত অর্থাত্ যা প্রাণী বা উদ্ভিদ নয় তার সম্পর্কিত, inorganic (বি.প.)। [সং. ন+জৈব]। অজৈব খাদ্য বি. যে খাদ্য প্রাণী বা উদ্ভিদ থেকে আহৃত নয়, inorganic food (বি.প.)। ̃ রসায়ন বি. রসায়নের যে শাখায় সমস্ত মৌল ও তাদের যৌগ নিয়ে আলোচনা

হয়, inorganic chemistry (বি. প.)। ˜ .লবণ বি. খনিজ লবণ, inorganic salt (বি. প.)। ˜ .সার বি. খনিজ সার, inorganic manure (বি. প.)।

অজ্ঞ (p. 008) [ajña] বিণ. 1 যে জানে না, যার জ্ঞান নেই, অজ্ঞান; 2 মূর্খ, অশিক্ষিত। [সং. ন+√ জ্ঞা+অ]। ˜ তা বি. মূর্খতা, জ্ঞানের অভাব। অজ্ঞতা-প্রসূত বিণ. যা না জেনে করা হয়েছে, অজ্ঞতা বা জ্ঞানের অভাব থেকে সৃষ্ট। অজ্ঞতা-মূলক বিণ. মূর্খতা বা অজ্ঞতা থেকে উৎপন্ন।

অজ্ঞাত (p. 008) [ajñāta] বিণ. 1 যা জানা নেই, অজানা (কী এক অজ্ঞাত কারণে); 2 অপ্রকাশিত, গুপ্ত (অজ্ঞাতবাস)। [সং. ন (অ)+জ্ঞাত]। ˜ কুল-শীল বিণ. যার পরিচয় জানা নেই, বংশপরিচয় বা স্বভাব সম্পর্কে কিছু জানা নেই এমন। ˜ .নামা (-মন্) বিণ. যার নাম পরিচিত নয়, যার নাম জানা নেই। ˜ .পরিচয় বিণ. পরিচয় জানা নেই এমন (অজ্ঞাতপরিচয় যুবক)। ˜ .পূর্ব বিণ. যা আগে জানা যায়নি বা জানা ছিল না। ˜ .বাস বি. গোপনে বা অন্যের অগোচরে বাস; গোপন অবস্থান (পাণ্ডবগণের অজ্ঞাতবাস) অজ্ঞাত রাশি বি. (গণি.) অজানা রাশি, unknown quantity (বি. প.)। ˜ .সারে, অজ্ঞাতে ক্রি-বিণ. 1 অজান্তে, অগোচরে; 2 গোপনে।

অজ্ঞান (p. 008) [ajñāna] বিণ. 1 জ্ঞানহীন, মূর্খ, অশিক্ষিত (আমি অবোধ অজ্ঞান); 2 মূর্ছিত, অচেতন, সংজ্ঞাহীন (প্রচণ্ড আঘাতে সে অজ্ঞান হয়ে গেল)। □ বি. 1 জ্ঞানের অভাব; 2 অবিদ্যা (এই অজ্ঞানই দেশের অনগ্রসরতার জন্য দায়ী); 3 মায়া, মোহ। [সং. ন+জ্ঞান]। ˜ তা বি. (বাং.) মূর্খতা, জ্ঞানহীনতা। ˜ কৃত বিণ. না জেনে না বুঝে করা হয়েছে এমন। ˜ তিমির বি. মূর্খতারূপ অন্ধকার, অজ্ঞানের অন্ধকার, মায়াঘোর। ˜ বাদ, অজ্ঞা-বাদ (পরি.) দার্শনিক তত্ত্ববিশেষ, যে

তত্ত্ব বলে যে ইন্দ্রিয়গ্রাহ্য জগতের বাইরে কিছুর অস্তিত্ব থাকলেও তা জানা মানুষের অসাধ্য, agnosticism. অজ্ঞা-বাদী (-দিন্) বিণ. বি. অজ্ঞাবাদে বিশ্বাসী বা ওই মতে বিশ্বাসী ব্যক্তি। অজ্ঞানী বিণ. জ্ঞানহীন; তত্ত্বজ্ঞানহীন; মূর্খ। অজ্ঞানে বি. (কাব্যে) জ্ঞানহীনকে, অবোধকে ('অজ্ঞানে কর হে ক্ষমা')। □ ক্রি-বিণ. না জেনে, অজ্ঞাতসারে।

অজ্ঞাবাদ (p. 008) [ajñābāda] দ্র অজ্ঞান।

অজ্ঞেয় (p. 008) [ajñēẏa] বিণ. জানা বা বোঝা যায় না এমন, জ্ঞানাতীত, অবোধ্য। [সং. ন+জ্ঞেয়]।

অঝর, অঝোর (p. 008) [ajhara, ajhōra] বিণ. অবিরাম, অবিশ্রান্ত (অঝোর বাদল, অঝর বর্ষণ)। [সং. অজস্র (?) তু. মৈ. অঝর.]। অঝরে, অঝোরে ক্রি-বিণ, অবিরাম ধারায়, অবিশ্রান্ত ধারায়, ঝরঝর করে (অঝোরে বৃষ্টি হচ্ছে)।

অঞ্চল (p. 008) [añcala] বি. 1 শাড়ির প্রান্ত, পরিহিত শাড়ির যে প্রান্ত পিঠের উপর লম্বিত থাকে বা কোমরে গোঁজা হয়, আঁচল ('করিত দক্ষিণ-বায়ু অঞ্চল আকুল': রবীন্দ্র); 2 প্রান্তভাগ ('নয়নক অঞ্চল': ভা. চ.); 3 কোনো দেশ ইত্যাদির অংশ, এলাকা, তল্লাট (মেরু অঞ্চল)। [সং. √ অঞ্চ্+অল]।˜ নিধি বি. 1 যে মূল্যবান সম্পদকে আঁচলে ঢেকে সংরক্ষিত করতে হয়; 2 (আদরে) সন্তান বা পুত্র; 3 স্বামী।˜ প্রভাব বি. স্ত্রীর প্রভুত্ব।

অঞ্চিত (p. 008) [añcita] বিণ. 1 পূজিত, যাকে পূজা করা হয়েছে ('বিরিঞ্চি-অঞ্চিত পদ': মধু.); 2 উত্থিত; 3 রোমাঞ্চিত; 4 ভূষিত; 5 গ্রথিত; 6 কুঞ্চিত বা বাঁকা ('অধরের অঞ্চিত কার্মুকে': সু. দ.)। [সং. √ অঞ্চ্+ত]।

অঞ্জন (p. 008) [añjana] বি. 1 চোখের প্রসাধন দ্রব্য, কাজল, সুর্মা, যা দিয়ে চোখের উজ্জ্বলতা বাড়ানো হয়; 2 মালিন্য, কালিমা; 3 (আয়ু.) বিভিন্ন ধাতুঘটিত দ্রব্য (রসাঞ্জন); 4 আঁজনাই। [সং. √ অঞ্জ্+অন]।˜ .শলাকা বি. চোখে কাজল বা সুর্মা দেবার কাঠি। অঞ্জনিকা বি. আঁজনাই।

অঞ্জনা (p. 008) [añjanā] বি. 1 হনুমানের মাতা; 2 অঞ্জন নামে পৌরাণিক হস্তীর স্ত্রী। [সং. অঞ্জন+আ (স্ত্রী.)]।

অঞ্জনিকা (p. 008) [añjanikā] দ্র অঞ্জন।

অঞ্জলি (p. 008) [añjali] বি. 1 যুক্তকর, আঁজল আঁজলা; 2 (দেবতার উদ্দেশে) যুক্তকরে প্রদত্ত পুষ্পাদি; 3 পূজা; ভজনা ('দেবগণ যারে করেন অঞ্জলি': ক. ক.); 4 আঁজলের পরিমাণ অর্থাত্ এক আঁজলায় যতটা ধরে। [সং. √ অঞ্জ্+অলি (অলিচ্)]।˜ .পুট বি. দুই করতলের দ্বারা রচিত গণ্ডুষাকার গহ্বর।˜ .বদ্ধ বিণ. যুক্তকর।

অঞ্জাম (p. 008) [añjāma] বি. 1 আয়োজন, উদযোগ; 2 সমাপ্তি। [ফা. অনজাম]।

অঞ্জির (p. 008) [añjira] বি. পেয়ারা বা পেয়ারা গাছ। [ফা. অনজীর]।

অঞ্জুমান (p. 008) [añjumāna] দ্র আঞ্জুমান।

অটবি, অটবী (p. 008) [aṭabi, aṭabī] বি. 1 বন, অরণ্য; 2 (ব্যুৎপত্তিগত অর্থে) যেখানে পাখি বিচরণ করে। [সং. অট্+অ+বি]।

অটল (p. 008) [aṭala] বিণ. 1 যাকে টলানো যায় না, অচঞ্চল, স্থির; 2 দৃঢ় (অটল বিশ্বাস)। [সং. ন+টল]।

অটুট (p. 008) [aṭuṭa] বিণ. 1 যা টুটে না বা ছেঁড়ে না, মজবুত; 2 অক্ষুণ্ণ (অটুট বিশ্বাস, অটুট স্বাস্থ্য, অটুট কর্মক্ষমতা); 3 আস্ত; 4 নিঁখুত। [সং. ন+বাং. টুট (সং.ত্রুট)]।

অটো (p. 008) [aṭō] বি. তিন চাকার গাড়িবিশেষ। [ইং. auto]।

অটোগ্রাফ (p. 008) [aṭōgrāpha] বি. 1 নিজের হাতের লেখা, স্বহস্ত লেখা; 2 (রূঢ়ি অর্থ) স্বাক্ষর, সই বা স্বাক্ষরিত হস্তলিপি। [ইং. autograph]।

অট্ট (p. 008) [aṭṭa] বিণ. অতিশয়; উচ্চ (অট্টহাসি)। [সং. √ অট্ট+অ]।˜ .নাদ,˜ .নিনাদ,˜ .রব,˜ .রোল বি. অতি উচ্চ ধ্বনি বা কলরব।˜ .হাস,˜ হাসি, ˜ হাস্য বি. অতি উচ্চ বা বিকট হাসি।

অট্ট অট্ট, অট্টট্ট (p. 008) [aṭṭa aṭṭa, aṭṭaṭṭa] বি. অতি সরব হাসি, অতি উচ্চ হাসি বা বিকট হাসি ('অট্ট অট্ট হাসিতেছে': ভা. চ.)। □ বিণ. ওইরকম ধ্বনিযুক্ত।

অট্টালিকা (p. 008) [aṭṭālikā] বি. বড় পাকা বাড়ি, ইমারত; প্রাসাদ। [সং. অট্টালক+আ (স্ত্রী.)]।

অড়হর, অড়র (p. 008) [aḍ়hara, aḍ়ra] বি. একধরনের কলাই, একধরনের ডাল। [হি. অড়হর]।

অডিট (p. 008) [aḍiṭa] বি. (ব্যাবসা-বাণিজ্য সংক্রান্ত) হিসাবের পরীক্ষা। [ইং. audit]। ˜ র বি. হিসাবপরীক্ষক। [ইং. auditor]।

অঢেল (p. 014) [aḍhēla] বিণ. প্রচুর, অজস্র, দেদার। [দেশি]।

অণি, অণী (p. 014) [aṇi, aṇī] বি. 1 সূচ, শূল প্রভৃতির সূক্ষ্ম ডগা; 2 প্রান্ত, সীমা। [সং. √ অন্+ই, +ঈ (স্ত্রী.)]।

অণিমা (p. 014) [aṇimā] (-মন্) বি. 1 সূক্ষ্মতা, অণুত্ব; 2 যোগবলে শরীরকে অনুতুল্য সূক্ষ্ম করার শক্তি (এই দৈবী শক্তির বলেই দেবগণ সকলের অলক্ষ্যে সর্বত্র ভ্রমণ করতে পারেন)। [সং. অণু+ইমন্]।

অণীক (p. 014) [aṇīka] বি. বাণ বা তিরের লোহার তৈরি অগ্রভাগ। [বৈদিক সং.]।

অণীয়ান, অণীয়ান্ (p. 014) [aṇīẏāna, aṇīẏān] বিণ. অণুর চেয়েও ক্ষুদ্র, অণুতর; সূক্ষ্ম থেকেও সূক্ষ্ম, সূক্ষ্মাতিসূক্ষ্ম। [সং. অণু+ঈয়স্]।

অণু (p. 014) [aṇu] বিণ. 1 ক্ষুদ্র; 2 অল্প, ঈষত্ (অণু পরিমাণ)। □ বি. 1 সূক্ষ্মতম বা ক্ষুদ্রতম অংশ; 2 পদার্থের অবিভাজ্য সূক্ষ্মতম অংশ, molecule; 3 (অশু.) পরমাণু, atom. [সং. √ অণ্+উ]। ̃ চ্ছেদ বি. পরিচ্ছেদের অংশ, paragraph. ̃ .তরঙ্গ বি. ক্ষুদ্র (শব্দ) তরঙ্গ, microwave (পরি.)। ̃ .বীক্ষণ বি. চক্ষুর অগোচর অতি সূক্ষ্ম পদার্থ দেখবার যন্ত্রবিশেষ, microscope (পরি.)। ̃ ভা বি. বিদ্যুত্, অতি অল্পসময়ের জন্য যা আলো দেয়। ̃ .মঞ্জরি বি. ফুলের বৃহত্তম ছড়ার অংশভূত ক্ষুদ্রতর ছড়া, spikelet (বি. প.)। ̃ .মাত্র বিণ. সামান্য, অল্প পরিমাণ।

অণ্ড (p. 014) [aṇḍa] বি. 1 ডিম; 2 অণ্ডকোষের বিচি, testes; 3 গোলাকার বস্তু। [সং. √ অম্+ড]। ̃ কোষ বি. মুষ্ক, হোল, scrotum. ̃ জ বিণ. ডিম্বজাত, ডিম থেকে উৎপন্ন। □ বি. পাখি, মাছ প্রভৃতি ডিম্বজাত প্রাণী। অণ্ডাকার, অণ্ডাকৃতি বিণ. ডিমের ন্যায় আকৃতিবিশিষ্ট, oval.

অত (p. 014) [ata] বিণ. ক্রি-বিণ. ওই পরিমাণ (অত হাসি ভালো নয়)। □ সর্ব. ওই পরিমাণ বেশি বস্তু বা বিষয় (অত দিয়ে কী হবে ?)। □ আধিক্য (আর অতয় কী কাজ?)। [সং. ইয়ত্]। ̃ .শত বি. অতরকম, ওইসব নানারকম ব্যাপার বা বিষয়।

অত-এব (p. 014) [ata-ēba] অব্য. এইজন্য, সুতরাং, কাজেকাজেই (সে অসুস্থ, অতএব তার পক্ষে যাওয়া সম্ভব নয়)। [সং. অতঃ+এব]।

অতঃ-পর (p. 014) [atḥ-para] অব্য. এরপর, তারপর। [সং. অতঃ+পর]।

অতট (p. 014) [ataṭa] বি. 1 পর্বত ইত্যাদির পাশের উঁচু স্থান; 2 নদীতটের উচু স্থান। □ বিণ. তট নেই যার। [সং. ন+তট]।

অতথা (p. 014) [atathā] বি. বিণ. অসত্য, বেঠিক। [সং. ন+তথা (সত্য)]।

অতথ্য (p. 014) [atathya] বিণ. মিথ্যা, অসত্য, যা তথ্য বা যথার্থ নয়। [সং. ন+তথ্য]।

অতনু (p. 014) [atanu] বিণ. 1 তনু বা দেহ নেই যার, অঙ্গহীন; 2 বিপুল, অক্ষুদ্র। □ বি. অনঙ্গদেব, কাম, মদন। [সং. ন+তনু]।

অতন্দ্র, অতন্দ্রিত (p. 014) [atandra, atandrita] বিণ. 1 নিদ্রাহীন; 2 সজাগ; 3 সতর্ক (দেশের স্বাধীনতা রক্ষার অতন্দ্র প্রহরী); 4 মনোযোগী; 5 নিরলস; 6 অবিরাম। [সং. ন+তন্দ্রা]।

অতরল (p. 014) [atarala] বিণ. যা তরল নয়; জমাট। [সং. ন + তরল]।

অতর্ক (p. 014) [atarka] বি. কুতর্ক, বাজে তর্ক, অনর্থক তর্ক। [সং. ন +তর্ক]। অতর্ক্য বিণ. তর্কের দ্বারা যার মীমাংসা হয় না।

অতর্কিত (p. 014) [atarkita] বিণ. অলক্ষিত, অপ্রত্যাশিত, যা আগে থেকে চিন্তা করা বা অনুমান করা যায়নি (অতর্কিত আক্রমণে শত্রুসৈন্য ছত্রভঙ্গ হল)। [সং. ন+তর্কিত (√ তর্ক্+ত), তর্ক্ ধাতু অনুমান করা অর্থে প্রযুক্ত]। অতর্কিতে ক্রি-বিণ. আচম্বিতে; অসতর্ক অবস্থায়, হঠাত্।

অতল (p. 014) [atala] বিণ. যার তল নেই, অথই, অগাধ (অতল জল)। □ বি. সপ্ত পাতালের অন্যতম; প্রথম পাতাল; পাতাল (অতলে তলিয়ে গেল)। [সং. ন+তল]। ̃ তল বি. অথই জলের নিম্নদেশ। ̃ স্পর্শ বিণ. যার তলদেশ স্পর্শ করা যায় না, অথই, অগাধ, অত্যন্ত গভীর (অতলস্পর্শ সমুদ্র, অতলস্পর্শ পাণ্ডিত্য অর্থাত্ গভীর পাণ্ডিত্য)।

অতলান্তিক (p. 014) [atalāntika] বি. আটলাণ্টিক মহাসাগর। [ইং. Atlantic]।

অতশত (p. 014) [ataśata] দ্র অত।

অতসী (p. 014) [atasī] বি. 1 সোনালি রঙের ফুলবিশেষ; 2 মসিনা, তিসি, commonflax; 3 শণ, Indian hemp. [সং. √ অত্+অস+ঈ (স্ত্রী.)]।

অতি (p. 014) [ati] অব্য. 1 অধিক (অতি শীঘ্র, অতিবল); 2 অতিক্রান্ত (অতীত-অতি+ইত); 3 বহির্ভূত (অতিপ্রাকৃত, অতীন্দ্রিয়-অতি+ইন্দ্রিয়)। □ বিণ.

1 অত্যন্ত অসংগত, অনুচিত; 2 (মন্দার্থে) অতিরিক্ত (অতিবাড় অতিআগ্রহ, অতিদর্প); 3 (ব্রজ.) উৎকৃষ্ট ('সো অতি নাগর': বিদ্যা.)। [সং. √ অত্+ই]।˜ .কথন,˜ .কথা বি. অতিরঞ্জিত বর্ণনা বা বৃথা বাক্যব্যয়।˜ কায় বিণ. প্রকাণ্ড দেহ যার। □ বি. রাবণের এক পুত্রের নাম।˜ .ক্রম,˜ .ক্রমণ বি. 1 পার হওয়া, লঙ্ঘন করা (বাধাবিপত্তি অতিক্রম করা); 2 ডিঙানো, টপকে যাওয়া, অন্যের স্থান দখল করা, supersession (স. প.)।˜ .ক্রম্য,˜ .ক্রমণীয় বিণ. লঙ্ঘন করা ব অতিক্রম করা যায় এমন।˜ .ক্রান্ত বিণ. অতিক্রম করা হয়েছে এমন, লঙ্ঘন করা হয়েছে এমন; অতীত (অতিক্রান্ত যৌবন)।˜ .ক্ষেত্রিক বিণ. কোনো বিশেষ অঞ্চলের বহির্ভূত, extra-territorial (স. প.)।˜ .চালাক,˜ .বুদ্ধি বিণ. বি. অত্যন্ত চালাক (লোক); (আল.) বাহ্যত বুদ্ধিমান মনে হলেও প্রকৃতপক্ষে বোকা (লোক) (অতিচালাকের গলায় দাড়ি)।˜ তপ্ত বিণ. অত্যধিক গরম হয়েছে বা গরম করা হয়েছে এমন, superheated (বি. প.)।˜ .তর বিণ. অত্যন্ত ('দোঁহে প্রেম অতিতর': ভা. চ.)।˜ দর্প বি. অত্যধিক অহংকার। অতি দর্পে হতা লঙ্কা অহংকার মাত্রা ছাড়িয়ে গেলে পতন নিশ্চিত (রাবণের অতিরিক্ত অহংকারের জন্য লঙ্কার মতো শক্তিশালী রাজ্যেরও পতন হয়েছিল)।˜ .দীর্ঘ বিণ. খুব লম্বা; খুব বড়।˜ দূর বিণ. খুব দূরের। □ বি. বেশি দূরত্ব।˜ .নাটকীয়তা বি. নাট্যগুণের বাড়াবাড়ি, যতটা নাটকীয়তা প্রয়োজন তার চেয়ে বেশি।˜ .পাত্তি বি. তামাদি, বাতিল lapse (বি.প.)।˜ পাত বি. যাপন, কাটানো (দিনাতিপাত, কালাতিপাত)।˜ .পাতক বি. সকল পাপের চেয়ে গুরুতর পাপ, জঘন্যতম পাপ।˜ .পান বি. অত্যধিক (মদ্য) পানদোষ।˜ .প্রজতা বি. জনসংখ্যার আধিক্য, overpopulation. বিণ.˜ .প্রজ।˜ প্রাকৃত বি. বিণ. অনৈসর্গিক, অপার্থিব, অলৌকিক, supernatural.˜ বড় বিণ. খুব বড়; অতিরিক্ত বড়।˜ .বল বিণ. মহাশক্তিধর।˜ .বাড় বি. অস্বাভাবিক বৃদ্ধি, অত্যন্ত বাড়াবাড়ি। অতিবাড় বেড়োনাকো ঝড়ে পড়ে যাবে (প্র.) অহংকার অত্যধিক বেড়ে গেলে পতন হবেই। তু. অতি দর্পে হতা লঙ্কা।˜ .বাদ বি. 1

অতিশয়োক্তি, অত্যুক্তি; 2 কঠোর বাক্য। ˜ বাহন বি. যাপন, ক্ষেপণ, কাটানো। ˜ বাহিত বিণ. কাটানো হয়েছে বা যাপন করা হয়েছে এমন। (বহু দিন অতিবাহিত হয়েছে, যৌবন অতিবাহিত)। ˜ .বিলম্ব বি. বেশি দেরি। ˜ বুদ্ধি দ্র অতিচালাক। ˜ .বৃদ্ধ বিণ. খুব বুড়ো, একেবারে বুড়ো। ˜ বৃষ্টি বি. অত্যধিক বৃষ্টি; শস্যের পক্ষে ক্ষতিকর এমন অত্যধিক পরিমাণ বৃষ্টি। ˜ .বেল বিণ. বেলা বা তটরেখাকে অর্থাত্ সীমাকে অতিক্রম করেছে এমন; অসীম; অত্যধিক। ˜ .ভক্তি বি. যতটা ভক্তি স্বাভাবিক তার চেয়ে বেশি; (কৃত্রিম) ভক্তির আধিক্য; ভক্তির ভান। অতিভক্তি চোরের লক্ষণ (প্র.) ভক্তি প্রদর্শনের দ্বারা বিশ্বাস অর্জন করতে পারলে চুরি করার সুবিধা হয়, তাই অত্যধিক ভক্তি দেখলে সন্দেহ হয় যে এর পিছনে চুরির মতলব আছে। ˜ .ভোজন বি. গুরুভোজন, অত্যধিক বা অপরিমিত আহার। ˜ .মন্দা বি. (বাণি.) জিনিসপত্রের দাম অত্যন্ত পড়ে গেছে এমন অবস্থা, slump. □ বিণ. ওইরকম অবস্থাপূর্ণ। ˜ .মর্ত্য বিণ. লোকাতীত, পৃথিবীতে ঘটে না এমন ('অতিমর্ত্য উন্মাদনা অচিরাত্ পলাল কোথায়': সু. দ.)। ˜ মাত্র বিণ. মাত্রা ছাড়িয়ে গেছে এমন, অত্যন্ত (মদ্যপানে অতিমাত্র আসক্ত)। ˜ .মান বি. অস্বাভাবিক রকমের বেশি অহংকার। ˜ .মানব, ˜ .মানুষ বি. 1 মহামানব, মহাপুরুষ, অলৌকিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তি, superman; 2 পরমজ্ঞানী পুরুষ। ˜ মানবিক বিণ. 1 মহামানবের যোগ্য বা মহামানবসম্পর্কিত; 2 অলৌকিক। ˜ .রঞ্জন বি. অত্যুক্তি, অতিশয়োক্তি, প্রকৃত অবস্থাকে বাড়িয়ে বর্ণনা করা। ˜ .রঞ্জিত বিণ. বাড়িয়ে বলা হয়েছে এমন। ˜ রথ বি. যে যোদ্ধা একই সঙ্গে অসংখ্য যোদ্ধার বিরুদ্ধে যুদ্ধ করতে পারে। ˜ রিক্ত [অতি+রিচ্+ত] বিণ. 1 প্রয়োজনের চেয়ে বেশি, বাড়তি (অতিরিক্ত বেতন); 2 অত্যধিক (অতিরিক্ত পরিশ্রমে তার শরীর দুর্বল হয়েছে); 3 উদ্বৃত্ত; 4 (উদ্ভি.) accessory (বি. প.)। ˜ .লোভ বি. বড় বেশি লোভ, খুব লোভ। ˜ .রেক বি. আধিক্য, প্রাচুর্য; বাড়তি, excess, surplus (স.প.)। ˜ .শয় বিণ. অত্যন্ত, খুব। □ বি. আধিক্য (সৌন্দর্যাতিশয়)। ˜ .শয়োক্তি বি. অত্যুক্তি, বর্ণনার বাড়াবাড়ি;

উপমেয়ের উল্লেখহীন ও উপমানের প্রাধান্যপূর্ণ অলংকারবিশেষ (যথা-'মূহূর্তে অম্বরবক্ষে উলঙ্গিনী শ্যামা বাজায় বৈশাখী সন্ধ্যাঝঞ্ঝার দামামা': রবীন্দ্র), hyperbole.˜ .সার বি. উদরের পীড়াবিশেষ; আমাশয় প্রভৃতি রোগ।

অতিথি (p. 014) [atithi] বি. কোনো গৃহস্থের গৃহে আগত অনাত্মীয় ব্যক্তি, আগন্তুক, অভ্যাগত। [সং. অত+ইথি]।˜ .পরায়ণ,˜ .বৎসল বিণ. অতিথিকে যত্ন করে এমন, অতিথির সেবা করাই যার স্বভাব।˜ .শালা বি. অতিথির থাকবার স্থান বা গৃহ।˜ .শিল্পী বি. যে আমন্ত্রিত শিল্পী বিনা পারিশ্রমিকে কাজ করে।˜ .সৎকার,˜ .সেবা বি. অতিথিকে আহার ও আশ্রয় দেওয়া বা তার ব্যবস্থা করা।

অতি-বেগনি রশ্মি (p. 014) [ati-bēgani raśmi] বি. ultra-violet ray (পরি)।

অতি-ভুজ (p. 014) [ati-bhuja] বি. (জ্যামি.) সমকোণী ত্রিভুজে সমকোণের বিপরীত বাহু, hypotenuse (বি. প.)। [সং. অতি+ভুজ]।

অতিষ্ঠ (p. 014) [atiṣṭha] বিণ. স্থির থাকা দুঃসাধ্য এমন (জীবন অতিষ্ট করা); অস্থির (অতিষ্ঠ হয়ে শেষ পর্যন্ত চলে গেল); উত্ত্যক্ত। [সং. ন+তিষ্ঠ (সং. √ স্থা থেকে বাংলামতে সাধিত]।

অতীক্ষ্ণ (p. 014) [atīkṣṇa] বিণ. তীক্ষ্ণ বা সূক্ষ্ম বা ধারালো নয় এমন। [সং. ন+তীক্ষ্ণ]।

অতীত (p. 014) [atīta] বিণ. 1 যা ঘটে গেছে এমন, বিগত; পূর্বে ছিল কিন্তু এখন নেই এমন (অতীত যুগ, অতীত গৌরব); 2 অতিক্রম করেছে এমন (কল্পনার অতীত. কালাতীত)। □ বি. বিগত কাল (অতীতে তারা পরস্পরের শত্রু ছিল, অতীতে যেমন বর্তমানেও তেমনই)। [সং. অতি+ √ ই+ত]। ̃ .বেত্তা, ̃ .বেদী বি. বিণ. যে বা যিনি অতীত কাল সম্পর্কে অনেককিছু জানে বা জানেন।

অতীন্দ্রিয় (p. 014) [atīndriẏa] বিণ. চক্ষু কর্ণ ইত্যাদি ইন্দ্রিয়ের দ্বারা যা বোঝা যায় না; ইন্দ্রিয়ের অগোচর। [সং. অতি+ইন্দ্রিয়]। ̃ তা বি. অতীন্দ্রীয়ের ভাব।

অতীব (p. 014) [atība] বিণ. অত্যন্ত, খুব্, খুব্ বেশি (অতীব দুঃখের, অতীব মনোহর)। [সং. অতি+ইব]।

অতুল (p. 014) [atula] বিণ. তুলনাহীন, যার সঙ্গে অন্য কিছুর তুলনা হয় না, অনুপম। [সং. ন+তুল]। ̃ ন বিণ. যার তুলনা নেই। ̃ নীয়, অতুল্য বিণ. যার অন্যকিছুর তুলনা করা যায় না (অতুলনীয় সৌন্দর্য)। (বাস্তবিক পক্ষে প্রয়োগে অতুল, অতুলনীয় ও অতুল্য এই তিনটি শব্দের মধ্যে অর্থের পার্থক্য করা হয় না)। [সং. ন+তুলনীয়, তুল্য]।

অতুষ্ট (p. 014) [atuṣṭa] বিণ. তৃপ্ত, সন্তুষ্ট বা খুশি নয় এমন। [সং. ন+তুষ্ট]।

অতুষ্টি (p. 014) [atuṣṭi] বি. তৃপ্তি বা সন্তোষের অভাব; খুশির অভাব।

অতৃপ্ত (p. 014) [atr̥pta] বিণ. আশা মেটেনি এমন; যে খুশি নয়, সন্তুষ্ট নয়। [সং. ন+তৃপ্ত]। অতৃপ্তি বি. সন্তোষের অভাব, তৃপ্তির অভাব।

অত্বর (p. 014) [atbara] বিণ. ধীর, মন্হর, দ্রুত নয় এমন (আকাশে মেঘের অত্বর আনাগোনা)। [সং. ন+ত্বরা]। অত্বরা বি. ত্বরার অভাব, মন্হরতা।

অত্যধিক (p. 014) [atyadhika] বিণ. খুব বেশি, যতটা প্রয়োজন বা উচিত তার চেয়ে অনেক বেশি। [সং. অতি+অধিক]।

অত্যন্ত (p. 014) [atyanta] বিণ. খুব বেশি, অতিশয়, যতটা উচিত বা স্বাভাবিক তার চেয়ে অনেক বেশি। [সং. অতি+অন্ত]।˜ .গামী (-মিন্) বিণ. খুব দ্রুতগামী, অতি দ্রুতগামী। অত্যন্তভাব বি. একেবারে অভাব, সম্পূর্ণ অভাব।

অত্যয় (p. 014) [atyaẏa] বি. 1 মৃত্যু, বিনাশ, ধ্বংস (দেহাত্যয়); 2 অতিক্রম, অপগম (কালাত্যয়); 3 অপচয়, 4 দোষ, অপরাধ; 5 বিপদ, আকস্মিক বিপদ; 6 emergency (স.প.)। [সং. অতি + √ ই+অ]। অত্যয় প্রমাণপত্র বি. আকস্মিক বিপৎকালীন প্রমাণপত্র, আপৎকালীন প্রমাণপত্র, emergency certificate.˜ .সংচিতি বি. জরুরি অবস্থার জন্য সঞ্চয়, emergency reserve (স. প.)।

অত্যল্প (p. 014) [atyalpa] বিণ. খুব কম, খুব সামান্য, যৎসামান্য। [সং. অতি+অল্প]।

অত্যশন (p. 014) [atyaśana] বি. অত্যধিক আহার। [সং. অতি + অশন]।

অত্যহিত (p. 014) [atyahita] বি. অত্যন্ত অনিষ্ট, অতিশয় অহিত বা অমঙ্গল। [সং. অতি+অহিত]। অত্যাহিত দ্র।

অত্যাগ-সহন (p. 014) [atyāga-sahana] বিণ. 1 যে ত্যাগ সহ্য করে না, যে কোনো কিছুর অভাব বা বিরহ সহ্য করে না; 2 যার অভাব বা বিরহ সহ্য করা যায় না (অত্যাগসহন বন্ধু)। [সং. ন+ত্যাগ+সহন্]।

অত্যাচার (p. 014) [atyācāra] বি. 1 অন্যায় ব্যবহার, দুর্ব্যবহার; 2 পীড়ন। [সং. অতি+আচার]। অত্যাচারী (-রিন্) বি. বিণ. পীড়নকারী, যে উৎপীড়ন করে, যে অত্যাচার করে, উৎপীড়ক (অত্যাচারী শাসক)।

অত্যাজ্য (p. 014) [atyājya] বিণ. ত্যাগ করা যায় না বা ত্যাগ করা উচিত নয় এমন, বর্জন করা যায় না এমন (যে অত্যাজ্য তাও ত্যাগ করছি)। [সং. ন+আজ্য]।

অত্যাদর (p. 014) [atyādara] বি. অতিরিক্ত আদর, খুব বেশি আদর বা যত্ন; আদরের বা যত্নের বাড়াবাড়ি। [সং. অতি+আদর]।

অত্যাধুনিক (p. 014) [atyādhunika] বিণ. অতিরিক্ত আধুনিক, বাড়াবাড়িরকমের আধুনিক; একেবারে আধুনিক (আমি অত্যাধুনিক ফ্যাশনে অভ্যস্ত নই)। [সং. অতি+আধুনিক]।

অত্যাবশ্যক (p. 014) [atyābaśyaka] বিণ. অত্যন্ত দরকারি, খুব প্রয়োজনীয়। [সং. অতি+আবশ্যক]। (অশু. কিন্তু প্রচলিত) অত্যাবশ্যকীয় বিণ. অত্যন্ত দরকারী (অত্যাবশ্যকীয় পণ্যের দাম বাড়ছে)।

অত্যাশ্চর্য (p. 014) [atyāścarya] বিণ. অত্যন্ত বিস্ময়কর, খুব অদ্ভুত (এ এক অত্যাশ্চর্য ঘটনা)। [সং. অতি+আশ্চর্য]।

অত্যাসক্ত (p. 014) [atyāsakta] বিণ. অত্যন্ত আসক্ত বা অনুরক্ত, একান্ত অনুরক্ত। [সং. অতি+আসক্ত]। অত্যাসক্তি বি. অতিশয় অনুরাগ বা লিপ্সা।

অত্যাহিত (p. 014) [atyāhita] বি. 1 ঘোর অমঙ্গল, অতিশয় অকল্যাণ; 2 মহাভয়। [সং. অতি+আ+√ ধা+ত]।

অত্যুক্তি (p. 014) [atyukti] বি. অতিবর্ণনা, অতিরঞ্জিত বর্ণনা বা উক্তি, বাড়িয়ে বলা। [সং. অতি+উক্তি]।

অত্যুগ্র (p. 014) [atyugra] বিণ. 1 অতিশয় উগ্র বা তীব্র, অতিরিক্ত কটু; 2 প্রচণ্ড (অত্যুগ্র স্বভাব)। [সং. অতি+উগ্র]।

অত্যুজ্জ্বল (p. 014) [atyujjbala] বিণ. খুব উজ্জ্বল (অত্যুজ্জ্বল আলো)। [সং. অতি+উজ্জ্বল]।

অত্যুত্-কট (p. 014) [atyut-kaṭa] বিণ. খুব উগ্র, অত্যন্ত তীব্র। [সং. অতি+উৎকট]।

অত্যুত্-কৃষ্ট (p. 014) [atyut-kr̥ṣṭa] বিণ. খুব উৎকৃষ্ঠ, খুব ভালো, অতি উত্তম। [সং. অতি+উৎকৃষ্ট]।

অত্যুত্-পাদন (p. 014) [atyut-pādana] বি. (শস্য ও শিল্পদ্রব্যাদির) চাহিদার তুলনায় অনেক বেশি উৎপাদন, overproduction. [সং. অতি+উৎপাদন]।

অত্যুত্-সাহ (p. 014) [atyut-sāha] বি. অতি উৎসাহ। [সং. অতি+উৎসাহ]।

অত্যুদ্-ব্যক্তি (p. 014) [atyud-byakti] বি. শব্দ ইত্যাদি অত্যধিক ঝোঁক দিয়ে উচ্চারণ বা প্রকাশ, overemphasis. [সং. অতি+উদ্+ব্যক্তি (বি+√ অঞ্জ্+তি)]। অত্যুদ্-ব্যক্ত বিণ. খুব বেশি ঝোঁক দিয়ে প্রকাশিত বা উচ্চারিত।

অত্যুষ্ণ (p. 014) [atyuṣṇa] বিণ. খুব গরম, অতিশয় তপ্ত। [সং অতি+উষ্ণ]।

অত্র (p. 014) [atra] অব্য. ক্রি-বিণ. এখানে, এই স্থানে। [সং. এতদ্+ত্র, ইদম্+ত্র]। ̃ ত্য বিণ. এই স্থানের, এখানকার; এই স্থানসম্পর্কিত। ̃ স্থ বিণ. এই স্থানের, এখানকার (অত্রস্থ কুশল)।

অত্রি (p. 014) [atri] বি. 1 সপ্তর্ষির অন্যতম ঋষি ব্রহ্মার নেত্র থেকে এঁর জন্ম; আবার এঁরই নেত্র থেকে চন্দ্রের উৎপত্তি বলে পুরাণে কথিত; ইনি দুর্বাসার পিতাবিশেষ; 2 ধর্মশাস্ত্রপ্রণেতা ঋষিবিশেষ। [সং. অদ্+ত্রি]।

অথই (p. 014) [athi] বিণ. থই বা ঠাঁই বা তল পাওয়া যায় না এমন, অগাধ, গভীর (অথই জল)। [< সং. ন(ও)+স্হল = অস্হল]।

অথচ (p. 014) [athaca] অব্য. কিন্তু, তবুও, তা সত্ত্বেও। [সং. অথ চ, মূল অর্থ আরও]।

অথবা (p. 014) [athabā] অব্য 1 কিংবা, বা; 2 পক্ষান্তরে। [সং. অথ+বা]।

অথর্ব (p. 014) [atharba] (-র্বন্) বি. চতুর্থ বেদ। [সং. অথ+ঋ+বন্]। (বাং.) বিণ. নড়াচড়ার বা ওঠার শক্তি নেই যার; জরাগ্রস্ত; অকর্মণ্য।

অথান্তর (p. 014) [athāntara] বি. মুশকিল, বিপদ, অসুবিধা; দুঃখকষ্ট, দুর্ভাবনা (মহা অথান্তরে পড়া গেল)। [< সং. অবস্থান্তর]। তু. আতান্তর।

অদক্ষ (p. 014) [adakṣa] বিণ. কোনো কাজে দক্ষতা বা পটুতার অভাব আছে এমন, অপটু। [সং. ন+দক্ষ]।˜ তা বি. অপটুতা, দক্ষতার অভাব।

অদখল (p. 014) [adakhala] বি. দখলের অভাব, অনাধিকার। [বাং. অ+আ. দখল]।

অদণ্ডনীয় (p. 014) [adaṇḍanīẏa] বিণ. দণ্ড বা শাস্তি দেওয়া যায় না বা দেওয়া উচিত নয় এমন (অদণ্ডনীয় অপরাধ)। [সং. ন+দণ্ডনীয়]।

অদত্ত (p. 014) [adatta] বিণ. যা দেওয়া হয়নি; যা অর্পণ বা সমর্পণ করা হয়নি। [সং. ন+দত্ত]।

অদন (p. 014) [adana] বি. (অপ্র.) আহার, ভোজন, খাওয়া; ভক্ষ্য বস্তু। [সং. √ অদ্+অন, লক্ষণীয় অন্ন=অদ্+ত]।

অদন্ত (p. 014) [adanta] বিণ. দাঁত নেই যার; এখনও দাঁত ওঠেনি যার। [সং. ন+দন্ত]।

অদমনীয়, অদম্য (p. 014) [adamanīẏa, adamya] বিণ. 1 দমন করা বা বশে আনা যায় না এমন, বাগ মানানো যায় না এমন; 2 কিছুতেই কমে না এমন (অদম্য কৌতুহল, অদম্য উৎসাহ, অদম্য কর্মশক্তি)। [সং. ন+দমনীয়, দম্য]। বি. ̃ তা।

অদরকারি (p. 014) [adarakāri] বিণ. দরকারী বা কাজের নয় এমন (অদরকারি জিনিসে ঘর বোঝাই হয়ে আছে)। [বাং. অ+ফা. দর্কার+বাং. ই]।

অদরিদ্র (p. 017) [adaridra] বিণ. দরিদ্র বা নিঃস্ব নয় এমন (অদরিদ্র ব্যক্তি); দরিদ্রহীন (অদরিদ্র দেশ)। [সং. ন+দরিদ্র]।

অদর্শন (p. 017) [adarśana] বি. দেখা না হওয়া, দৃষ্টির আড়ালে থাকা (তার অদর্শনে তুমি কাতর হয়েছ)। □ বিণ. দৃষ্টির অগোচর (মুহূর্তে সে অদর্শন হল)। [সং. ন+দর্শন]।

অদল-বদল (p. 017) [adala-badala] বি. 1 পালটাপালটি, জায়গা বদল; 2 বিনিময়। [আ. বদল্. অনুকার শব্দ অদল]।

অদহনীয়, অদহ্য (p. 017) [adahanīẏa, adahya] বিণ. পোড়ে না বা পোড়ানো যায় না এমন, incombustible (বি. প.)। [সং. ন+দহনীয়, দাহ্য]।˜ তা বি. দগ্ধ না হওয়ার বা না পোড়ার অবস্থা বা ভাব।

অদাতা (p. 017) [adātā] (-তৃ) বি. যে দান করে না, কৃপণ। [সং. ন+দাতা]।

অদানে অব্রাহ্মণে (p. 017) [adānē abrāhmaṇē] (আল.) ক্রি-বিণ. সত্ বা সার্থক ব্যাপারে নয়, বাজে কাজে, বাজে ব্যাপারে (সাধারণগত বাজে কাজে অর্থ ও পরিশ্রম ব্যয় সম্পর্কে প্রযোজ্য)।

অদিতি (p. 017) [aditi] বি. 1 দক্ষ প্রজাপতির কন্যা; দেবগণের মাতা ও কশ্যপ মুনির পত্নী; 2 আকাশ; 3 পৃথিবী। [সং. ন+ √ দো+তি]।˜ নন্দন বি. 1 অদিতির পুত্র; 2 দেবতা।

অদিন (p. 017) [adina] বি. অশুভ দিন; দুর্দিন (অদিনে অক্ষণে)। [বাং. অ (অপ্রশস্ত অর্থে)+দিন]।

অদীক্ষিত (p. 017) [adīkṣita] বিণ. যার দীক্ষা নেওয়া হয়নি এমন; বিশেষ অনুষ্ঠান ও সংকল্প করে কোনো কর্মে প্রবৃত্ত হয়নি এমন। [সং. ন+দীক্ষিত]।

অদীন (p. 017) [adīna] বিণ. 1 দীন বা গরিব নয় এমন; 2 ধনী; 3 সমৃদ্ধ। [সং. ন+দীন]।

অদীপ (p. 017) [adīpa] বিণ. আলোহীন; প্রদীপ জ্বালা হয়নি এমন ('অদীপ সন্ধ্যা': য. সে.)। [বাং. অ+দীপ]।

অদূর (p. 017) [adūra] বিণ. দূর নয় এমন, কাছের, নিকটবর্তী। [সং. ন+দূর]।˜ .দর্শিতা বি. ভবিষ্যত্ সম্বন্ধে চিন্তাভাবনা করার ক্ষমতার অভাব; দূরের বিষয় সম্বন্ধে চিন্তা না করা।˜ .দর্শী (-র্শিন্) বিণ. যে দুরের ব্যাপার সম্বন্ধে চিন্তাভাবনা করে না; যে ভবিষ্যত্ সম্বন্ধে চিন্তাভাবনা করে না; অপরিণামদর্শনী; হঠকারী।˜ .বর্তী (-র্তিন্) বিণ. দূরে অবস্থিত নয় এমন, কাছের। বি.˜ .বর্তিতা।˜ .বদ্ধ-দৃষ্টি বি. দৃষ্টিক্ষীণতা, short-sightedness (বি. প.)।˜ ভবিষ্যত্ বি. যে ভবিষ্যত্ দূরে নয়; অনতিবিলম্ব; পরবর্তী যে সময় আগতপ্রায়, near future.˜ স্থ বিণ. দূরে অবস্থিত নয় এমন; কাছের; নিকটবর্তী।˜ স্পর্শী (-র্শিন্) বিণ. দূরকে স্পর্শ করে না বা দূরে অর্থাত্ গভীরে যায় না এমন; ভাসা-ভাসা, উপর-উপর, অগভীর। অদূরে ক্রি-বিণ. দূরে নয় এমন, কাছে, নিকটে।

অদৃঢ় (p. 017) [adṛḍh] বিণ. দৃঢ় বা মজবুত নয় এমন। [সং. ন+দৃঢ়]।

অদৃশ্য (p. 017) [adṛśya] বিণ. দেখা যায় না এমন; দৃষ্টির অগোচর। [সং. ন+দৃশ্য]।

অদৃষ্ট (p. 017) [adṛṣṭa] বিণ. দেখা যায়নি এমন; অদেখা; দেখা যায় না এমন। □ বি. ভাগ্য, নিয়তি, দৈব ('হাস্যমুখে অদৃষ্টেরে করব মোরা পরিহাস':

রবীন্দ্র)। [সং. ন+দৃষ্ট]।˜ .ক্রমে ক্রি-বিণ. ভাগ্যবশত, ভাগ্যবশে (অদৃষ্টক্রমে জিনিসটি খুঁজে পাওয়া গেল)।˜ .চর,˜ .পূর্ব বিণ. আগে দেখা যায়নি এমন।˜ .পরীক্ষা বি. ভাগ্যপরীক্ষা, ভাগ্যগণনা, ভাগ্যের ফলাফল বিচার।˜ .পুরুষ বি. যিনি ভাগ্য নিয়ন্ত্রণ করেন অর্থাত্ বিধাতা।˜ .বাদ বি. দার্শনিক তত্ত্ববিশেষ, যে তত্ত্ব বলে যে মানুষের ভাগ্য অদৃশ্য হস্তের দ্বারা নিয়ন্ত্রিত হয় অথবা মানুষ পূর্বজন্মের কর্মানুযায়ী এ জন্মে সুখদুঃখ ভোগ করে।˜ .বাদী (-দিন্) বিণ. বি. অদৃষ্টবাদে বিশ্বাসী বা অদৃষ্টের উপর নির্ভরশীল (ব্যক্তি)।˜ .লিপি বি. ভাগ্যের বা বরাতের লিখন। অদৃষ্টের পরিহাস ভাগ্য বিড়ম্বনা।

অদৃষ্টি-গোচর (p. 017) [adṛṣṭi-gōcara] বিণ. দেখা যায় না এমন, দৃষ্টির বাইরে রয়েছে এমন। [সং. ন+দৃষ্টি+গোচর]।

অদেখা, আদেখা (p. 017) [adēkhā, ādēkhā] বিণ. দেখা হয়নি এমন, না দেখা ('এসেছ অদেখা বন্ধু': রবীন্দ্র)। [বাং. অ+দেখা, আ+দেখা]।

অদেব-মাতৃক (p. 017) [adēba-mātṛka] বিণ. বৃষ্টির জলের উপর যাকে (ফসলের জন্য) নির্ভর করতে হয় না। (তু. দেবমাতৃক)। [সং. ন+দেবমাতৃক]।

অদেয় (p. 017) [adēẏa] বিণ. দেওয়া যায় না এমন, দেওয়ার অযোগ্য, দেওয়া উচিত নয় এমন (তোমাকে আমার অদেয় কিছুই নেই)। [সং. ন+দেয়]।

অদৈন্য (p. 017) [adainya] বি. দারিদ্রের অভাব, সচ্ছলতা। □ বিণ. দীনতাহীন; অকৃপণ। [সং. ন+দৈন্য]।

অদ্বয় (p. 017) [adbaẏa] বি. 1 ব্রহ্মা; 2 বৌদ্ধ। □ বিণ. অদিত্বীয়, যার দ্বয় বা দ্বিতীয় নেই। [সং. ন+দ্বয় (=দ্বিতীয় বা দ্বৈতবুদ্ধি)]। ˜ বাদ বি. অদ্বৈতবাদ, বৌদ্ধ মত। ˜ বাদী (-দিন্) বি. যিনি অদ্বয়বাদে বিশ্বাসী; এক ঈশ্বরে বিশ্বাসী ব্যক্তি। □ বিণ. অদ্বৈতবাদে বিশ্বাস করে এমন, এক ঈশ্বরে বিশ্বাস করে এমন; অদ্বয়বাদসম্মত।

অদ্বিতীয় (p. 017) [adbitīẏa] বিণ. 1 যার দ্বিতীয় অর্থাত্ সদৃশ বা সমান কেউ নেই; 2 অতুলনীয়; 3 শ্রেষ্ঠ। [সং. ন+দ্বিতীয়]।

অদ্বৈত (p. 017) [adbaita] বিণ. 1 দ্বৈতহীন; 2 দ্বিতীয়ত্বহীন অর্থাত্ জীব ও ব্রহ্ম ভেদশূন্য। □ বি. 1 ব্রহ্ম; 2 শ্রীচৈতন্যের অন্যতম প্রধান পার্ষদ ও অনুগামী। [সং. ন+দ্বৈত]। ˜ .বাদ বি. ব্রহ্ম ব্যতীত দ্বিতীয় কিছু নেই, ব্রহ্মই একমাত্র সত্য, জগত্ মিথ্যা-শংকরাচার্য-প্রতিষ্ঠিত এই দার্শনিক মত। ˜ .বাদী (-দিন্) বি. যিনি অদ্বৈতবাদ মানেন। □ বিণ. অদ্বৈতবাদসম্মত।

অদ্ভুত (p. 017) [adbhuta] বিণ. বিস্ময়কর; অসাধারণ; সচরাচর ঘটে না এমন; আকস্মিক। □ বি. কাব্যরসবিশেষ। [সং. অত্+ √ ভূ + উত]। ˜ কর্মা (-র্মন্) বিণ. অসাধারণ কাজ করার ক্ষমতা আছে যার; অলৌকিক ক্ষমতাসম্পন্ন। ˜ .দর্শন বিণ. যার আকৃতি অদ্ভুত, যার চেহারা অস্বাভাবিক (এমন অদ্ভুতদর্শন লোক আমি আগে দেখিনি)। ˜ রস বি. কাব্যরসবিশেষ।

অদ্য (p. 017) [adya] অব্য. ক্রি-বিণ. 1 আজ; 2 এখন; 3 সম্প্রতি। □ বি. আজকের দিন (অদ্য শুভ দিন)। [সং. ইদম্+দ্য (নি.)]। ˜ .কার, ˜ .তন বিণ. আজকের, আজকের দিন সম্পর্কিত; সাম্প্রতিক (অদ্যকার আলোচ্য বিষয়,

অদ্যকার সমস্যা)। অদ্যাপি অব্য. আজও; আজ পর্যন্ত; এখনও। অদ্যাবধি অব্য. 1 আজ থেকে; 2 আজ পর্যন্ত।

অদ্রব (p. 017) [adraba] বিণ. যা দ্রব হয় না বা গলে না। [সং. ন+দ্রব]।

অদ্রাব্য (p. 017) [adrābya] বিণ. গলানো যায় না এমন, insoluble (বি.প.)। [সং. ন+√দ্রাবি+য]।

অদ্রি (p. 017) [adri] বি. 1 পর্বত; 2 সূর্য। [সং. অদ্+রি]।˜ জা বি. (স্ত্রী.) গিরিজা; পার্বতী।˜ .নাথ বি. 1 শিব; 2 হিমালয়।˜ .রাজ হিমালয়।˜ শিখর বি. পর্বতের চূড়া।

অদ্রীশ (p. 017) [adrīśa] বি. 1 শিব; 2 হিমালয়। [সং. অদ্রি+ঈশ]।

অদ্রুত (p. 017) [adruta] বিণ. দ্রুত নয় এমন, ধীর। [সং. ন+দ্রুত]।

অদ্রোহ (p. 017) [adrōha] বি. 1 অহিংসা; 2 বিরোধের অভাব। [সং. ন+দ্রোহ]।

অধঃ (p. 017) [adhḥ] (-ধস্) অব্য. 1 নীচে, নিম্নে; 2 পাতালে। [সং. অধর+অস্, র লুপ্ত]।˜ .করণ বি. 1 নীচে নামানো, অবনমন; 2 হীন করা, নীচে ফেলা; 3 পরাজিত করা।˜ কৃত বিণ. নীচে ফেলা হয়েছে এমন; হীন করা হয়েছে এমন; পরাজিত।˜ ক্রম বি. ক্রমশ কমে যাওয়া, ক্রমাগত হ্রাস পাওয়া, ক্রমশ কমে এমন ক্রম, descending order (বি. প.)।˜ পতন,˜ পাত বি. অবনতি,

নীচে পড়ে যাওয়া। অধঃপাতে যাওয়া ক্রি. বি. উৎসন্নে অর্থাত্ উচ্ছন্নে যাওয়া, চরম অবনতি ঘটা।˜ .পতিত বিণ. উচ্ছন্নে গেছে এমন।˜ .পেতে বিণ. অধঃপাতে গেছে এমন।˜ .শিরা বিণ. নীচের দিকে মাথা রয়েছে এমন।˜ স্হ বিণ. 1 নীচে রয়েছে এমন; 2 অধীন।

অধন (p. 017) [adhana] বিণ. যার ধন নেই, নিঃস্ব, দরিদ্র। [সং. ন+ধন]।

অধম (p. 017) [adhama] বিণ. 1 নীচ, হীন; 2 তুচ্ছ; 3 অপ্রধান; 4 নিকৃষ্ট (এই অধমকে মনে রেখো, পশুর অধম)। [সং. অধম্+ম, স্ লুপ্ত]। অধমাঙ্গ বি. দেহের নিম্নাঙ্গ; পা (তু. উত্তমাঙ্গ)।

অধমাধম (p. 017) [adhamādhama] বিণ. অধমেরও অধম, অধমের চেয়েও নিকৃষ্ট; অত্যন্ত নীচ।

অধমর্ণ (p. 017) [adhamarṇa] বি. যে ঋণ করেছে, ধার নিয়েছে এমন ব্যক্তি, খাতক, দেনাদার (তু. উত্তমর্ণ)। [সং. অধম+ঋণ]।

অধর (p. 017) [adhara] বি. 1 বি. নীচের ঠোঁট ('ভাঙিয়া মিলিয়া যার দুইটি অধরে': রবীন্দ্র); 2 নিম্নস্হান ('প্রাণের আহুতি জ্বালি হৃদয়ের অধরে-উত্তরে' অ. চ.)। [সং. ন+√ ধৃ+অ]।˜ .পল্লব বি. কচি পাতার মতো নরম ঠোঁট।˜ .পান,˜ সুধা-পান বি. চুম্বন।

অধরা (p. 017) [adharā] বিণ. বি ধরা যায় না এমন (বস্তু বা ব্যক্তি), যে ধরা দেয় না ('অধরা মাধুরী ধরেছি ছন্দোবন্ধনে': রবীন্দ্র)। [সরং. ন+বাং. ধরা]।

অধরামৃত (p. 017) [adharāmṛta] বি. 1 ঠোঁটের অমৃত অর্থাত্ চুম্বনরস; 2 থুতু। [সং. অধর+অমৃত]।

অধরিক (p. 017) [adharika] বিণ. নিচুস্তরের, নিম্নশ্রেণীর, inferior (স. প.)।˜ কৃত্যক বি. নিম্নশ্রেণীর সরকারি চাকরি, inferior service (স. প.)।

অধরী-কৃত (p. 017) [adharī-kṛta] বিণ. 1 তিরস্কার করা হয়েছে এমন; 2 নীচে ফেলা হয়েছে এমন। [সং. অধর+√ কৃ+ত (চ্বি)]।

অধরোষ্ঠ, অধরৌষ্ঠ (p. 017) [adharōṣṭha, adharauṣṭha] বি. নিচের ও উপরের ঠোঁট। [সং. অধর+ওষ্ঠ]। অধরৌষ্ঠ্য বিণ. অধরোষ্ঠ দ্বারা উচ্চারিত হয় এমন।

অধর্ম (p. 017) [adharma] বি. ধর্মবিরুদ্ধ কাজ বা আচরণ; পাপ; অন্যায়। □ বিণ. পূণ্যহীন; ধর্মবিরুদ্ধ। [সং. ন+ধর্ম]। অধর্মাচরণ বি. পাপ কাজ; ধর্মবিরুদ্ধ কাজ।˜ .চারী (-রিন্), অধর্মী (-র্মিন্) বিণ. পাপ কাজ করে এমন, পাপী; ধর্মবিরুদ্ধ কাজ করে এমন, অন্যায়কারী। অধর্ম্য বিণ. ধর্মবিরুদ্ধ; পাপজনক।

অধশ্চৌর (p. 017) [adhaścaura] বি. সিঁধেল চোর। [সং অধম্+চোর+অ]।

অধস্তন (p. 017) [adhastana] বিণ. 1 নিচুস্তরের, নিম্নস্থিত; 2 নিম্নে উৎপন্ন; 3 অধীন, lower, subordinate (স. প.)। [সং. অধস্+তন]।

অধার্মিক (p. 017) [adhārmika] বিণ. ধর্ম মানে না এমন; পাপী। [সং. ন+ধার্মিক]।˜ তা বি. ধর্মের বিরুদ্ধাচরণ; পাপাচরণ।

অধিক (p. 017) [adhika] বিণ. বেশি; অতিরিক্ত; অনেক। [সং. অধি+ক]˜ তম বিণ. সবচেয়ে বেশি।˜ .তর বিণ. অন্যের তুলনায় বেশি, অপেক্ষাকৃত বেশি।˜ ন্তু অব্য. আরও, তা ছাড়া তার উপর।

অধি-করণ (p. 017) [adhi-karaṇa] বি. 1 দখল, অধিকার, আধিপত্য; 2 চার প্রকার আধার, যথা-সামীপ্য, বিষয়, একদেশ-সম্বন্ধ ও ব্যাপ্তি; 3 পাত্র; 4 (ব্যাক.) কারকবিশেষ; 5 বিচারালয় (ধর্মাধিকরণ)। [সং. অধি+√ কৃ+অন]।

অধি.কর্তা (p. 017) [adhi.kartā] (-র্তৃ) বি. যার অধিকারে কোনো সরকারি বিভাগ বা দপ্তর থাকে, কোনো সরকারি বিভাগের পরিচালক, director (স. প.)। [সং. অধি+কর্তা]।

অধি.কর্ম (p. 017) [adhi.karma] (-র্মন্) বি. কর্তৃত্ব, প্রভুত্ব। [সং. অধি+কর্ম]।

অধিকাংশ (p. 017) [adhikāṃśa] বিণ. 1 বেশির ভাগ; 2 অর্ধেকের বেশি; 3 প্রায় সমস্ত। [সং. অধিক+অংশ]।

অধি.কার (p. 017) [adhi.kāra] বি. 1 স্বত্ব; 2 দখল (এই জমি জমিদারের অধিকারে রেয়েছে); 3 কর্তৃত্ব; অধিপত্য; 4 এলাকা, jurisdiction; 5 সরকারি উচ্চবিভাগ, directorate (শিক্ষা-অধিকার); 6 অভিজ্ঞতা, জ্ঞান (সংস্কৃত ভাষায় তাঁর অধিকার); 7 যোগ্যতা, দাবি (সম্পত্তির অধিকার); 8 বিশেষ ক্ষমতা

(রাজ্যশাসনে ক্ষত্রিয়ের অধিকার)। [সং. অধি+√ কৃ+অ]।˜ .ক্ষেত্র বি. এলাকা, অধিক্ষেত্র (স. প.)।˜ .চ্যুত বিণ. বেদখল, হাতছাড়া হয়েছে এমন; বরখাস্ত।˜ .ভেদ বি. যার অধিকার আছে এবং যার অধিকার নেই এই দুইয়ের মধ্যে প্রভেদ নির্ণয়। অধি-কারী (-রিন্) বিণ. 1 যার স্বত্ব বা অধিকার আছে; 2 দাবিদার; 3 যোগ্যতাসম্পন্ন। □ বি. 1 মালিক; 2 রাজা ('কান্দে চান্দ অধিকারী': বি. গু); 3 যাত্রা থিয়েটার কীর্তন প্রভৃতির দলনায়ক বা পরিচালক; 4 বৈষ্ণবদলের পূজনীয় ব্যক্তি; 5 উপাধি বা পদবিবিশেষ। বি. (স্ত্রী.) অধিকারিণী।

অধিকারূঢ়-বৈশিষ্ট্য (p. 017) [adhikārūḍh়-baiśiṣṭya] বি. (ব্যাক.) রূপকালংকারবিশেষ, যাতে উপমানে কোনো অসম্ভব ধর্মের কল্পনা করে সেই অসম্ভব ধর্মযুক্ত উপমানটি উপমেয়তে আরোপ করা হয় (যথা, 'বয়ন শারদসুধানিধি নিষ্কলঙ্ক') [সং. অধিক + আরূঢ় + বৈশিষ্ট্য]।

অধি-কৃত (p. 017) [adhi-kṛta] বিণ. দখল করা বা অধিকার করা হয়েছে এমন; আয়ত্ত; লব্ধ। [সং. অধি+√ কৃ+ত]।

অধি-ক্রম (p. 017) [adhi-krama] বি. আক্রমণ। [সং. অধি+√ ক্রম্+অ]।

অধি-ক্ষিপ্ত (p. 017) [adhi-kṣipta] বিণ. 1 নিন্দিত, তিরস্কৃত; 2 অবজ্ঞাত, অনাদৃত। [সং. অধি+√ ক্ষিপ্+ত]।

অধি-ক্ষেত্র (p. 017) [adhi-kṣētra] বি. এলাকা, jurisdiction (স. প.)। [সং. অধি+ক্ষেত্র]।

অধি-ক্ষেপ (p. 017) [adhi-kṣēpa] বি. 1 নিন্দা, তিরস্কার; 2 অবজ্ঞা, অনাদর। [সং. অধি+√ ক্ষিপ্+অ]।

অধি-গত (p. 017) [adhi-gata] বিণ. 1 যা পাওয়া গেছে, প্রাপ্ত; 2 যা জানা হয়েছে, জ্ঞাত; আয়ত্ত করা বা শেখা হয়েছে এমন (অধিগত বিদ্যা); 3 অধীত, পঠিত। [সং. অধি+√ গম্+ত]।

অধি-গম, অধি-গমণ (p. 017) [adhi-gama, adhi-gamaṇa] বি. 1 প্রাপ্তি, লাভ; 2 জ্ঞানলাভ; 3 অভ্যাস; 4 অধ্যয়ন। [সং. অধি+√ গম্+অ, অন]।

অধি-গম্য (p. 017) [adhi-gamya] বিণ. 1 জ্ঞানলাভের যোগ্য; 2 প্রাপ্তব্য।

অধি-গম্যতা (p. 017) [adhi-gamyatā] বি. 1 প্রাপ্যতা; 2 শিক্ষণীয়তা।

অধি-গ্রহণ (p. 017) [adhi-grahaṇa] বি. সরকার-কর্তৃক বেসরকারি প্রতিষ্ঠানের কর্তৃত্ব ও দায়িত্ব গ্রহণ, takeover. [সং. অধি+√ গ্রহ্+অন]।

অধি-ত্যকা (p. 017) [adhi-tyakā] বি. পর্বতের সমতল উপরিভাগ। [সং. অধি+√ ত্যক্+আ (স্ত্রী.)]।

অধি-দেব, অধি-দেবতা, অধি-দৈবত (p. 017) [adhi-dēba, adhi-dēbatā, adhi-daibata] বি. 1 অধিষ্ঠিত দেবতা; 2 অন্তর্যামী; পরমেশ। [সং. অধি+দেব, দেবতা, দৈবত]।

অধি-নায়ক (p. 017) [adhi-nāẏaka] বি. 1 নেতা, নায়ক, দলপতি, পরিচালনা করেন এমন ব্যক্তি; অধ্যক্ষ; 2 সেনাপতি, commander. (স. প.)। [সং. অধি+নায়ক]।

অধি-নিয়ম (p. 017) [adhi-niẏama] বি. সংসদ বা বিধানসভা কর্তৃক বিধিবদ্ধ আইন, act (স. প.)। [সং. অধি+নিয়ম]। ̃ ন বি. আইনে বিধিবদ্ধ করা, enactment (স. প.)।

অধিপ, অধি-পতি (p. 017) [adhipa, adhi-pati] বি. 1 প্রভু; স্বামী; মালিক; রাজা (বঙ্গাধিপ, গৌড়াধিপ, গৌড়াধিপতি); 2 ঈশ্বর। [সং. অধি+√ পা+অ, অধি+পতি]।

অধিপুরুষ (p. 017) [adhipuruṣa] বি. 1 পরমপুরুষ, পরমেশ্বর; 2 সর্বময় কর্তা; 3 পরিচালক। [সং. অধি+পুরুষ]।

অধি-প্রাণ-বাদ (p. 017) [adhi-prāṇa-bāda] বি. রাসায়নিক ও অন্যান্য প্রাকৃতিক শক্তি থেকে সম্পূর্ণ পৃথক কোনো প্রাণশক্তি (বিশ্বাত্মা) থেকে প্রাণের উৎপত্তি হয়েছে এই দার্শনিক মত, vitalistic theory (বি. প.)। [সং. অধি+প্রাণ+বাদ]।

অধি-বক্তা (p. 017) [adhi-baktā] (-ক্তৃ) বি. ব্যবহারজীবিবিশেষ; advocate (স. প.)। [সং. অধি+বক্তা]।

অধি-বর্ষ (p. 017) [adhi-barṣa] বি. (ইংরেজি পঞ্জিকার) যে বৎসর ফেব্রুয়ারি মাসে 28 দিনের বদলে 29 দিন হয়, leap year. [সং. অধি+বর্ষ]।

অধিবাস1 (p. 017) [adhibāsa1] বি. 1 নিবাস, বাসস্থান, থাকবার জায়গা; 2 বসতি। [সং. অধি+√ বস্+অ]।

অধি-বাস2 (p. 017) [adhi-bāsa2] বি. মাঙ্গল্য দ্রব্যাদির দ্বারা অর্থাত্ গন্ধমাল্য, ধূপ, ধান ইত্যাদির দ্বারা সংস্কার; বিবাহাদি শুভ কর্মের পূর্ববর্তী মাঙ্গলিক অনুষ্ঠান। [সং. অধি+√ বাসি (=বস্+ণিচ্)+অ]। ̃ন বি. অধিবাসের কাজ।

অধি-বাসিত (p. 017) [adhi-bāsita] বিণ. 1 অধিবাস করানো হয়েছে এমন; 2 বাস করার ব্যবস্থা হয়েছে এমন; 3 স্থাপিত। [সং. অধি+√ বাসি+ত]।

অধি-বাসী (p. 017) [adhi-bāsī] (-সিন্) বি. বিণ. নিবাসী, বাসিন্দা। [সং. অধি+ √ বস্+ইন্]।

অধি-বিদ্যা (p. 017) [adhi-bidyā] বি. সৃষ্টি ও জ্ঞানসংক্রান্ত দর্শনশাস্ত্র, metaphysics (বি. প.)। [সং. অধি+বিদ্যা]। অধি-বিদ্যক বিণ. উক্ত দর্শনশাস্ত্রসংক্রান্ত, metaphysical.

অধিবিন্না (p. 017) [adhibinnā] দ্র অধিবেদন।

অধি-বেদন (p. 017) [adhi-bēdana] বি. এক স্ত্রী থাকা সত্ত্বেও পুরুষের দ্বিতীয় বিবাহ। [সং. অধি+√ বিদ্+অন]। অধি-বিন্না বি. (স্ত্রী.) দুইবার বিবাহিত

পুরুষের প্রথম স্ত্রী। [সং. অধি+ √ বিদ্+ত+আ স্ত্রী.]। অধি-বেত্তা বি. যে পুরুষ এক স্ত্রী থাকা সত্ত্বেও দ্বিতীয়বার বিবাহ করে।

অধি-বেশন (p. 017) [adhi-bēśana] বি. 1 সভা সমিতি ইত্যাদির বৈঠক বা অনুষ্ঠান, meeting; 2 উপবেশন। [সং. অধি+√বিশ্+অন]।

অধি-মাংস, অধি-মাস1 (p. 017) [adhi-māṃsa, adhi-māsa1] বি. 1 অতিরিক্ত বা বাড়তি মাংস; 2 মাংস বৃদ্ধি বা তজ্জনিত রোগবিশেষ; 3 চোখের অসুখ; 4 ফোড়া। [সং. অধি (=অধিক)+মাংস, মাস]।

অধিমাস2 (p. 017) [adhimāsa2] দ্র মলমাস।

অধিমূল্য (p. 017) [adhimūlya] দ্র অধিহার।

অধি-রথ (p. 017) [adhi-ratha] বি. 1 সারথি; 2 মহারথ; 3 মহাভারতে কর্ণের পালকপিতা। [সং. অধি+রথ]।

অধি-রাজ (p. 017) [adhi-rāja] বি. সম্রাট, সার্বভৌম রাজা। [সং. অধি+রাজন্]।

অধি-রাজ্য (p. 017) [adhi-rājya] বি. সার্বভৌম রাষ্ট্রের অধীন কোন রাজ্য, dominion. (স. প.)।

অধি-রূঢ় (p. 017) [adhi-rūḍh্] বিণ. 1 আরোহণ করেছে এমন, আরুঢ়; 2 আক্রান্ত। [সং. অধি+√ রুহ্+ত]।

অধি-রোপণ (p. 017) [adhi-rōpaṇa] বি. 1 আরোহণ করানো; 2 ধনুকে শরযোজনা। [সং. অধি+√ রোপি (রুব্+ণিচ্)+অন]।

অধি-রোহ, অধি-রোহণ (p. 017) [adhi-rōha, adhi-rōhaṇa] বি. আরোহণ; উপরে ওঠা; চড়া। [সং. অধি+√ রুহ্+অ, অন]। অধি-রোহণী বি. যার সাহায্যে উপরে উঠা যায়; সিঁড়ি, সোপান; মই।

অধি-রোহী (p. 017) [adhi-rōhī] (-হিন্) বি. বিণ. আরোহী, উপরে ওঠে এমন ব্যাক্তি। স্ত্রী. অধি-রোহিণী

অধি-শয়িত (p. 017) [adhi-śaẏita] বিণ. 1 অধিষ্ঠিত; 2 উপরে শুয়ে আছে এমন। [সং. অধি+√ শী+ত]।

অধি-শায়িত (p. 017) [adhi-śāẏita] বিণ. (উপরে) স্থাপিত; (উপরে) শোয়ানো হয়েছে এমন; শায়িত। [সং. অধি+√ শী+ণিচ্+ত]।

অধি-শ্রয়, অধি-শ্রয়ণ (p. 017) [adhi-śraẏa, adhi-śraẏaṇa] বি. 1 স্ফটিক ইত্যাদির মধ্য দিয়ে আলোক বিকীর্ণ হলে একটি বিন্দুতে তার কেন্দ্রীভবন, focus; 2 রান্নার জন্য উনুনে (হাঁড়ি) চড়ানো; 3 রান্না, রন্ধন। [সং. অধি+ √ শ্রি+ও, অন]।

অধি-শ্রয়ণী (p. 017) [adhi-śraẏaṇī] বি. উনুন, চুল্লি। [সং. অধি+ √ শ্রী+অন+ঈ (স্ত্রী.)]।

অধি-শ্রিত (p. 020) [adhi-śrita] বিণ. 1 আশ্রিত; 2 স্থাপিত; 3 প্রাপ্ত। [সং. অধি+√শ্রি+ত]।

অধিষ্ঠাতা (p. 020) [adhiṣṭhātā] (-তৃ) বি. 1 অবস্থানকারী, অধিষ্ঠান করে এমন ব্যক্তি; 2 অধ্যক্ষ। [সং. অধি+ √ স্থা+তৃ]। স্ত্রী. অধিষ্ঠাত্রী (অধিষ্ঠাত্রী দেবী)।

অধিষ্ঠান (p. 020) [adhiṣṭhāna] বি. 1 উপস্থিতি, স্থিতি, অবস্থান ('শয়নগৃহের শূন্য সিংহাসনে গিরিবালা অধিষ্ঠান করিতে লাগিল': রবীন্দ্র); 2 উপবেশন; 3 আবির্ভাব (এমন সময় হঠাত্ তাঁর অধিষ্ঠান হল); 4 নগর; 5 দেবতার আবির্ভাবস্থান বা আশ্রয়স্থান; 6 (মনোবিদ্যায়) স্বভাবগত হওয়া, inherence (বি. প.)। [সং অধি+ √ স্থা+অন]। অধিষ্ঠিত বিণ. অধিষ্ঠান করেছে এমন; অবস্থিত; আবির্ভূত; অধিকৃত।

অধি-হার (p. 020) [adhi-hāra] বি. ক্রি-বিণ. ন্যায্য বা নির্দিষ্ট মূল্যের চেয়ে বেশি দর বা দরে, above par (স. প.); অধিমূল্য। [সং. অধি+হার]।

অধীত (p. 020) [adhīta] বিণ. পড়া হয়েছে এমন; অধ্যয়ন করা হয়েছে এমন। [সং. অধি+ √ ই+ত]। অধীতি বি. পাঠ, অধ্যয়ন। অধীতী বি. বিণ. 1 অধ্যয়নকারী; ছাত্র; 2 কৃতবিদ্যা।

অধীন (p. 020) [adhīna] বিণ. 1 আয়ত্ত; 2 বশীভূত; 3 আশ্রিত; 4 বাধ্য; 5 অন্তর্ভুক্ত, included; 6 অপেক্ষাকৃত, নিম্নপদস্থ, subordinate (স. প.); 7 নির্ভরশীল (বি. প.)। □ বি. শাসন; অধিকার (আমি তোমার অধীনে নই)। [সং. অধি+ইন (=প্রভু)]। অধীনা, (অশু.) অধীনী বিণ. বি. (স্ত্রী.) বশীভূত বা বশে আছে এমন (রমণী)।˜ তা বি. পরাধীনতা; অন্যের আদেশ অনুযায়ী কাজ করার অবস্থা বা ভাব।

অধীয়-মান (p. 020) [adhīẏa-māna] বিণ. পড়া হচ্ছে এমন। [সং. অধি+√ ই+শানচ্ (মান)]

অধীর (p. 020) [adhīra] বিণ. 1 অস্থির, চঞ্চল; 2 অধৈর্য, অসহিষ্ণু; 3 ব্যগ্র, ব্যাকুল; উৎকণ্ঠিত। [সং. ন+ধীর]। স্ত্রী অধীরা।˜ তা বি. অস্থিরতা; চঞ্চলতা; ব্যাকুলতা; ব্যগ্রতা।

অধীশ, অধীশ্বর (p. 020) [adhīśa, adhīśbara] বি. বিণ. 1 প্রভু, কর্তা, মালিক (দিনাধীশ, ন্যায়াধীশ); 2 সম্রাট, মহারাজ, সার্বভৌম শাসক। [সং. অধি+ঈশ, ঈশ্বর]।

অধুনা (p. 020) [adhunā] ক্রি-বিণ. বর্তমানে, সম্প্রতি, আজকাল। [সং. ইদম্+ধুনা]।˜ .তন বিণ. আধুনিক, বর্তমানকালীন, এখনকার।

অধৃষ্য (p. 020) [adhṛṣya] বিণ. দুর্ধর্ষ, অপরাজেয়। [সং. ন+ধৃষ্য]।˜ তা বি. অপরাজেয়তা।

অধৈর্য (p. 020) [adhairya] বিণ. ব্যাকুল, অস্থির, ধৈর্যহীন। □ বি. অস্থিরতা, ধৈর্যের অভাব। [সং. ন+ধৈর্য]।

অধো-গতি, অধো-গমন (p. 020) [adhō-gati, adhō-gamana] বি. 1 নিম্নগতি, নীচের দিকে গতি; 2 হ্রাস; 3 অবনতি, অধঃপতন; 4 দুর্দশা; 5 নরকে যাওয়া; 6 (পরজন্মে) হীনতর দশাপ্রাপ্তি। [সং. অধঃ+গতি, গমন]। অধো-গত বিণ. যার অবনতি হয়েছে; দুর্দশাগ্রস্ত; নীচে পতিত। অধো-গামী (-মিন্) বিণ. নীচে নামছে এমন; যার অধঃপতন ঘটছে; কমছে এমন।

অধো-দৃষ্টি (p. 020) [adhō-dṛṣṭi] বি. 1 নীচের দিকে লক্ষ্য; 2 যোগ অভ্যাসের সময় নাসাগ্রভাগের প্রতি নিবদ্ধ দৃষ্টি। [সং. অধঃ+দৃষ্টি]। □ বিণ. উক্ত দুই অর্থে।

অধো-দেশ (p. 020) [adhō-dēśa] বি. নিম্নাংশ, নীচের দিক। [সং. অধঃ+দেশ]।

অধো-বদন, অধো-মুখ (p. 020) [adhō-badana, adhō-mukha] বিণ. নতমুখ, মাথা হেঁট করে আছে এমন। [সং. অধঃ+বদন, মুখ]। অধো-মুখী বিণ. নতমুখ। স্ত্রী. অধোবদনা।

অধো-বাস (p. 020) [adhō-bāsa] বি. নিম্নাঙ্গের পরিচ্ছদ। [সং. অধঃ+বাস < সং. বাসস্ (=বস্ত্র)]।

অধো-ভাগ (p. 020) [adhō-bhāga] বি. নিচের দিক বা অংশ। [সং. অধঃ+ভাগ]।

অধো-লোক (p. 020) [adhō-lōka] বি. পাতাল। [সং. অধঃ+লোক]।

অধৌত (p. 020) [adhauta] বিণ. ধোয়া হয়নি এমন। [সং. ন+ধৌত]।

অধ্বর (p. 020) [adhbara] বি. 1 যজ্ঞ; 2 অষ্ট বসুর অন্যতম। □ বিণ. মনোযোগী; সাবধান, সতর্ক। [সং. অধ্বন্+√ রা+অ]। অধ্বর্যু বি. যজুর্বেদজ্ঞ ঋত্বিক।

অধ্যক্ষ (p. 020) [adhyakṣa] বি. 1 কর্মকর্তা; পরিচালক; তত্ত্বাবধায়ক; 2 ভারপ্রাপ্ত কর্মচারী (মঠাধ্যক্ষ); 3 কলেজের প্রিন্সিপ্যাল, principal; 4 কর্মপরিচালক, manager (স.প.); 5 বিধানসভা ব্যবস্থাপক সভা ইত্যাদির সভাপতি, পরিচালক, speaker (স. প.)। [সং. অধি+অক্ষ]। বি.˜ তা,˜ ত্ব।

অধ্যবসায় (p. 020) [adhyabasāẏa] বি. ক্রমাগত চেষ্টা; দৃঢ় ও অবিরাম উদ্যম ও সাধনা। [সং. অধি+অব+√ সো+অ]।˜ শীল, অধ্যবসায়ী (-যিন্) বিণ. অবিরাম চেষ্টা করে যায় এমন, নিয়ত যত্নশীল।

অধ্যয়ন (p. 020) [adhyaẏana] বি 1 মনোযোগের সঙ্গে পাঠ; 2 শাস্ত্রালোচনা। [সং. অধি+√ ই+অন]।˜ .রত বিণ. গভীর মনোযোগের সঙ্গে পাঠ করেছে এমন।˜ .শীল বিণ. গভীর মনোযোগের সঙ্গে পাঠ করার অভ্যাস বা স্বভাববিশিষ্ট।

অধ্যশন (p. 020) [adhyaśana] বি. 1 অতিভোজন, গুরুভোজন; 2 ভুক্তদ্রব্য পরিপাক হওয়ার পূর্বেই পুনরায় ভোজন। [সং. অধি+অশন]।

অধ্যাত্ম (p. 020) [adhyātma] বিণ. 1 আত্মবিষয়ক, spiritual (অধ্যাত্মদৃষ্টি, অধ্যাত্মলোক); 2 শরীরবিষয়ক; 3 ব্রহ্মবিষয়ক; 4 চিত্তবিষয়ক। □ বি. পরব্রহ্ম; পরমাত্মা। [সং. অধি+আত্মন্+অ]।˜ .তত্ত্ব বি. আত্মবিদ্যা; ঈশ্বরবিষয়ক জ্ঞান।˜ .তত্ত্ব-বিত্,˜ তত্ত্ব-বিদ (-বিদ্) বি. বিণ. ব্রহ্মজ্ঞানী, ব্রহ্মবিষয়ক জ্ঞানে পারংগম (ব্যক্তি)।˜ .বাদ বি. ব্রহ্ম বা পরমাত্মই সবকিছুর মূল, এই দার্শনিক মত; আমাদের যাবতীয় জ্ঞানই জ্ঞাতার আত্মগত, এই মত; subjectivism (বি. প.)।˜ বাদী (-দিন্) বিণ. অধ্যাত্মবাদে বিশ্বাসী। অধ্যাত্মীয় বিণ. জ্ঞাতার নিজ সম্পর্কীয়, subjective (বি. প.)।

অধ্যাদেশ (p. 020) [adhyādēśa] বি. বিশেষ হুকুম বা আইন, ordinance (স. প.)। [সং. অধি+আদেশ]।

অধ্যাপক, অধ্যাপয়িতা (p. 020) [adhyāpaka, adhyāpaẏitā] (-তৃ) বি. 1 বিশেষ জ্ঞানসম্পন্ন শিক্ষক, আচার্য; 2 কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক; 3 বিশ্ববিদ্যালয়ের প্রফেসর। [সং. অধি+√ ই+ণিচ্+অক]। স্ত্রী অধ্যাপিকা, অধ্যাপয়িত্রী।

অধ্যাপন, অধ্যাপনা (p. 021) [adhyāpana, adhyāpanā] বি. শিক্ষাদান, অধ্যাপকের কাজ বা বৃত্তি। [সং.অধি+√ ই+ণিচ্+অন, আ]। অধ্যাপিত বিণ. শেখানো বা পড়ানো হয়েছে এমন (এই বিশ্ববিদ্যালয়ে সংগীতশাস্ত্র অধ্যাপিত হয়); যাকে বা যাদের শেখানো হয়।

অধ্যায় (p. 021) [adhyāẏa] বি. 1 গ্রন্থের পরিচ্ছেদ বা বিভাগ; সর্গ, কাণ্ড; 2 (আল.) পর্ব (তাঁর জীবনের অন্তিম অধ্যায়)। [সং. অধি+√ ই+অ]।

অধ্যারূঢ় (p. 021) [adhyārūḍh়.] বিণ. আরোহণ করেছে এমন; উঁচু জায়গায় চড়েছে এমন। [সং. অধি+আরূঢ়]।

অধ্যারোপ (p. 021) [adhyārōpa] বি. 1 আরোপ; 2 এক বস্তুতে অন্য বস্তু কল্পনা করে নেওয়া, অধ্যাস। [সং. অধি+আরোপ]। ˜ ণ বি. আরোপণ, আরোপকরণ, স্থাপন।

অধ্যাস1 (p. 021) [adhyāsa1] বি. 1 সত্তা বা গুণাগুণ আরোপ; 2 এক বস্তুতে অন্য বস্তুর বা তার গুণের কল্পনা, illusion (যেমন রজ্জুতে সর্পজ্ঞান বা একচন্দ্রস্থলে দ্বিচন্দ্রের অথবা শুক্তিতে রজতের প্রতীতি) (বি. প.)। [সং. অধি+√ অস্ (=নিক্ষেপ)+অ]। অধ্যস্ত বিণ. আরোপিত।

অধ্যাস2, অধ্যাসন (p. 021) [adhyāsa2, adhyāsana] বি. 1 অধিষ্ঠান; 2 উপবেশন। [সং. অধি+√ আস্ (=উপবেশন)+অন]। অধ্যাসিত, অধ্যাসীন বিণ. 1 উপবিষ্ট; 2 অধিষ্ঠিত; 3 আরূঢ়।

অধ্যা-হরণ, অধ্যা-হার (p. 021) [adhyā-haraṇa, adhyā-hāra] বি. 1 পাদপূরণ, ঊহ্যবাক্যপূরণ; 2 অনুমান; 3 বিতর্ক। [সং. অধি + আ + √ হৃ + অন, অ]। অধ্যা.হার্য বিণ. অধ্যাহার করার যোগ্য। অধ্যা-হৃত বিণ. অধ্যাহার করা হয়েছে এমন।

অধ্যুষিত (p. 021) [adhyuṣita] বিণ. (স্থান সম্বন্ধে) বাস করা বা উপনিবেশ স্থাপন করা হয়েছে এমন, উপনিবিষ্ট; অধিষ্ঠিত (কিন্নর-অধ্যুষিত এই জনপদ)। [সং. অধি+ √বস্+ত]।

অধ্যেতা (p. 021) [adhyētā] (-তৃ) বি. বিণ. 1 অধ্যয়নকারী, পাঠক, বিদ্যার্থী; 2 ছাত্র। [সং. অধি+ √ ই+তৃ]।

অধ্রুব (p. 021) [adhruba] বিণ. 1 যা ধ্রুব নয় অর্থাত্ চিরস্থায়ী নয়, অনিত্য; 2 অস্থির; 3 পরিবর্তনশীল; 4 অনিশ্চিত। [সং. ন+ধ্রুব]।

অন্ (p. 021) [an] দ্র অ2।

অনক্ষ (p. 021) [anakṣa] বিণ. 1 ইন্দ্রিয় নেই যার; 2 চোখ নেই যার, অন্ধ। [সং. ন+অক্ষ (=ইন্দ্রিয়)]।

অনক্ষর (p. 021) [anakṣara] বিণ. 1 অক্ষরজ্ঞানহীন, নিরক্ষর, বর্ণপরিচয়হীন; 2 মূর্খ। [সং. ন+অক্ষর]।

অনগ্র-সর (p. 021) [anagra-sara] বিণ. অগ্রসর বা আগুয়ান নয় এমন; পিছিয়ে আছে এমন (আমাদের এই অনগ্রসর দেশ)। [সং. ন+অগ্রসর]।˜ তা বি. অগ্রসর বা আগুয়ান নয় এমন অবস্হা বা দশা; পিছিয়ে-পড়া অবস্হা।

অনঘ (p. 021) [anagha] বিণ. 1 পাপহীন, নিষ্পাপ; 2 বিপদ বা বিপদের আশঙ্কা নেই এমন; 3 দুঃখহীন। [সং. ন+অঘ]।

অনঙ্কুরিত (p. 021) [anaṅkurita] বিণ. অঙ্কুরিত বা মুকুলিত হয়নি এমন ('অনঙ্কুরিত সফলতার বীজ': রবীন্দ্র)। [সং. ন+অঙ্কুরিত]।

অনঙ্গ (p. 021) [anaṅga] বিণ. দেহহীন। □ বি. 1 কন্দর্প, মদন, কামদেব; 2 আকাশ; 3 চিত্ত। [সং. ন+অঙ্গ]।˜ মোহন বি. শ্রীকৃষ্ণ। অনঙ্গারি বি. শিব।

অনচ্ছ (p. 021) [anaccha] বিণ. 1 যার ভিতর দিয়ে দেখা যায় না এমন, অস্বচ্ছ; 2 যার ভিতর দিয়ে আলো প্রবেশ করতে পারে না, opaque (বি. প.)। [সং. ন+অচ্ছ]।

অনটন, (p. 021) [anaṭana,] (আঞ্চ. কথ্য) অনাটন বি. অভাব, টানাটানি (ঘোর অনটনের মধ্যে তার সংসার চলে)। [সং. ন+√ অট্+অন]।

অনড় (p. 021) [anaḍ়] বিণ. 1 যা নড়ে না বা টলে না এমন, অটল, যাকে নড়ানো যায় না এমন; 2 অপরিবর্তনীয়; 3 অনমনীয় (আমার কথা অনড়)। [সং. ন+বাং. √ নড়্+অ]।

অনতি (p. 021) [anati] বিণ. 1 অধিক বা অতিরিক্ত নয় এমন, মাঝারি; 2 পরিমিত। [সং. ন+অতি]। ˜ কাল বি. অল্পকাল (অনতিকাল পর, অনতিকাল পূর্বে)। ˜ দীর্ঘ বিণ. বেশি দীর্ঘ নয়; যতটা দীর্ঘ হওয়া উচিত ততটা দীর্ঘ। ˜ পূর্বে ক্রি-বিণ. কিছুকাল আগে, বেশিদিন আগে নয়। ˜ বিলম্বে ক্রি-বিণ. বেশি দেরিতে নয়, শীঘ্রই। ˜ বিস্তৃত বিণ. বেশি বিস্তৃত নয় এমন।

অনতি-ক্রম, অনতি-ক্রমণ (p. 021) [anati-krama, anati-kramaṇa] বি. অতিক্রম বা লঙ্ঘন না করা, পার না হওয়া। [সং. ন+অতিক্রম, অতিক্রমণ]। অনতি-ক্রমণীয়, অনতি-ক্রম্য বিণ. অতিক্রম করা যায় না বা করা উচিত নয় এমন; পার হওয়া যায় না বা পার হওয়া উচিত নয় এমন; লঙ্ঘন করা উচিত নয় এমন; অবশ্যপালনীয় (গুরুবাক্য অনিতিক্রমণীয়)।

অনতি-ক্রান্ত (p. 021) [anati-krānta] বিণ. 1 যা বা যাকে অতিক্রম করা হয়নি এমন; 2 লঙ্ঘন করা হয়নি এমন; 3 বিগত নয় এমন। [সং. ন+অতিক্রান্ত]।

অনতিপূর্বে, অনতিবিলম্বে, অনতিবিস্তৃত (p. 021) [anatipūrbē, anatibilambē, anatibistṛta] দ্র অনতি।

অনতীত (p. 021) [anatīta] বিণ. অতীত বা বিগত নয় এমন। [সং. ন+অতীত]। ˜ বাল্য বিণ. বাল্যকাল অতিক্রম করেনি এমন; এখনও ছেলেমানুষ রয়েছে এমন।

অনাধিক (p. 021) [anādhika] বিণ. বেশি নয় এমন; অল্প; নির্দিষ্ট সংখ্যা বা পরিমাণের মধ্যে (অনাধিক একশত টাকা)। [সং. ন+অধিক]।

অনাধি-কার (p. 021) [anādhi-kāra] বি. অধিকার না থাকা, অধিকারের বা যোগ্যতার অভাব; দখলের অভাব। [সং. ন+অধিকার]। ˜ চর্চা বি. অনুচিত বা অনায়ত্ত বিষয়ে হস্তক্ষেপ বা তৎসম্বন্ধে আলোচনা; যে বিষয়ে আলোচনা করার যোগ্যতা নেই সেই বিষয়ে আলোচনা। ˜ প্রবেশ বি. অনুমতি বা অধিকার ব্যতীত অন্যের অধিকৃত স্থানে প্রবেশ; অন্যায়ভাবে প্রবেশ, trespass. অনাধি-কারী (-রিন্) বিণ. যার অধিকার নেই; অযোগ্য। অনধি-কৃত বিণ. যা অধিকার করা হয়নি; অনায়ত্ত।

অনধি-গত (p. 021) [anadhi-gata] বিণ. অধিগত বা আয়ত্ত হয়নি এমন; পাওয়া যায়নি বা জানা যায়নি বা পড়া হয়নি এমন। [সং. ন+অধিগত]।

অনধি-গম্য (p. 021) [anadhi-gamya] বিণ. 1 যা বোঝা যায় না, অবোধ্য; 2 যা জানা যায় না, অজ্ঞেয়; 3 যেখানে যাওয়া যায় না (অনধিগম্য বিষয়, অনধিগম্য স্থান)। [সং. ন+অধিগম্য]।

অনধীত (p. 021) [anadhīta] বিণ. অপঠিত, পাঠ করা হয়নি এমন (বইটি আমার অনধীত থেকে গেছে)। [সং. ন+অধীত]।

অনধ্যব-সায় (p. 022) [anadhyaba-sāẏa] বি. অধ্যবসায়ের অভাব, অধ্যবসায়হীনতা। [সং. ন+অধ্যবসায়]।

অনধ্যায় (p. 022) [anadhyāẏa] বি. পাঠে বা অধ্যয়নে বিরতি; যেদিন শাস্ত্রপাঠ নিষিদ্ধ; যেদিন বিদ্যালয়ের ছুটি। [সং. ন+অধি+√ ই +অ]।

অননু-করণীয় (p. 022) [ananu-karaṇīẏa] বিণ. অনুকরণ বা নকল করা যায় না বা করা উচিত নয় এমন। [সং. ন+অনুকরণীয়]।

অননু-তপ্ত (p. 022) [ananu-tapta] বিণ. যার আক্ষেপ বা আফশোস নেই, অনুতপ্ত নয় এমন। [সং. ন+ (অন্) + অনুতপ্ত]।

অননু-ভবনীয় (p. 022) [ananu-bhabanīẏa] বিণ. অনুভব বা উপলব্ধি করা যায় না এমন। [সং. ন+অনুভবনীয়]।

অননু-ভূত (p. 022) [ananu-bhūta] বিণ. অনুভব করা হয়নি এমন। [সং. ন+অনূভূত]।

অননু-মত (p. 022) [ananu-mata] বিণ. যে বিষয়ে অনুমতি দেওয়া হয়নি; যে বিষয়ে অনুমতি দেওয়া যায় না। [সং. ন+অনুমত]।

অননু-মেয় (p. 022) [ananu-mēẏa] বিণ. অনুমান করা যায় না এমন (তাঁর এই বিপুল ইচ্ছাশক্তি সাধারণ মানুষের পক্ষে অননুমেয়)। [সং. ন+অনুমেয়]।

অননু-মোদন (p. 022) [ananu-mōdana] বি. অনুমতি বা সম্মতির অভাব, অনুমোদনের অভাব। [সং. ন+অনুমোদন]। অননু-মোদিত বিণ. (যে বিষয়ে) অনুমোদন বা সম্মতি পাওয়া যায়নি এমন।

অননু-শীলন (p. 022) [ananu-śīlana] বি. অভ্যাস বা অনুশীলন বা চর্চার অভাব। [সং. ন+অনুশীলন]। অননু-শীলিত বিণ. যে বিষয়ে অভ্যাস বা চর্চা করা হয়নি।

অননুষ্ঠিত (p. 022) [ananuṣṭhita] বিণ. অনুষ্ঠান বা সম্পাদন করা হয়নি এমন (যে সভাটি হওয়ার কথা ছিল তা আজও অননুষ্ঠিতই থেকে গেছে)। [সং. ন+অনুষ্ঠিত]।

অনন্ত (p. 022) [ananta] বিণ. অন্তহীন, যার শেষ নেই; অক্ষয়; চিরস্থায়ী। □ বি. 1 বিষ্ণু; 2 সর্পরাজ শেষনাগ; 3 বলরাম; 4 (বাং.) কনুইয়ের উপরে পরিধেয় বালার মতো অলংকারবিশেষ, তাগা। [সং. ন+অন্ত]। ̃ কাল বি. ক্রি-বিণ. চিরকাল; চিরকাল ধরে। ̃ চতুর্দশী বি. ভাদ্র মাসের শুক্লা চতুর্দশী, হিন্দুদের ব্রতদিবসবিশেষ। ̃ নিদ্রা বি. যে ঘুম ভাঙে না, চিরনিদ্রা; মৃত্যু। ̃ মূল বি. শ্যামালতা, শারিবা, একরকম মূলপ্রধান লতা। ̃ রূপী (-পিন্) বিণ. অসংখ্য আকৃতি আছে এমন। ̃ বি. বিষ্ণু। ̃ শয়ন, ̃ শয্যা বি. 1 মৃত্যু, শেষ শয্যা; 2 ক্ষীরোদসমুদ্রে অনন্তনাগের উপর বিষ্ণুর শয়ন।

অনন্তর (p. 022) [anantara] অব্য. ক্রি-বিণ. তারপর। □ (বর্তমান বিরল) বিণ. অব্যবহিত পরবর্তী। [সং. ন+অন্তর]।

অনন্বয় (p. 022) [anambaẏa] বি. 1 অর্থালংকারবিশেষ, এতে একই বস্তুতে উপমান ও উপমেয় দুই-ই আরোপিত হয়; 2 অন্বয়ের অভাব। □ বিণ. অন্বয় অর্থাত্ মিল বা সম্বন্ধ নেই এমন। [সং. ন+অন্বয়]।

অনন্বিত (p. 022) [ananbita] বিণ. অন্বিত নয় এমন; অসংলগ্ন; সম্বদ্ধ বা সম্পর্কযুক্ত নয় এমন। [সং. ন+অন্বিত]।

অনন্য (p. 022) [ananya] বিণ. 1 অভিন্ন; অদ্বিতীয়, একক; 2 নিঃসঙ্গ। [সং. ন+অন্য]। বিণ. (স্ত্রী.) অনন্যা। ̃ কর্মা (-র্মন্) বিণ. অন্য কর্ম নেই যার; অন্য কাজ মনোযোগ দেয় না এমন; একাগ্র। ̃ গতি বিণ. অন্য গতি বা উপায় নেই এমন, গত্যন্তরহীন। ̃ চিত্ত বিণ. অন্য দিকে মন নেই যার, একাগ্র। ̃ দৃষ্টি বিণ. অন্য দিকে নজর বা দৃষ্টি নেই এমন; স্থিরদৃষ্টি। ̃ বৃত্তি বিণ. অন্য কর্ম বা প্রচেষ্টা নেই এমন। ̃ ব্রত বিণ. অন্য ব্রত বা কর্ম নেই যার। ̃ মনা বিণ. একাগ্রচিত্ত। ̃ শরণ বিণ. অন্য আশ্রয় বা রক্ষক নেই যার। ̃ সহায় বিণ. অন্য সহায় বা অবলম্বন বা আশ্রয় নেই যার। ̃ সাধারণ বিণ. যা সাধারণ নয়; অন্যকিছুর সঙ্গে যার তুলনা চলে না; অসাধারণ (অনন্যসাধারণ প্রতিভা)।

অনন্যোপায় (p. 022) [ananyōpāẏa] বিণ. অন্য উপায় নেই এমন; অসহায় (অনন্যোপায় হয়ে তাঁর কাছে ছুটে গেল)। [সং. ন+অন্য+উপায়.]।

অনপ-গত (p. 022) [anapa-gata] বিণ. অপগত বা দূরীভূত হয়নি এমন (অনপগত শোক)। [সং. ন+অপগত]।

অনপ-চয় (p. 022) [anapa-caẏa] বি. অপচয় বা অপব্যয়ের অভাব। [সং. ন+অপচয়]। বিণ. অনপ-চিত।

অনপত্য (p. 022) [anapatya] বিণ. অপত্য বা সন্তান নেই যার, নিঃসন্তান। [সং. ন+অপত্য]।

অন-পরাধ (p. 022) [ana-parādha] বি. অপরাধের অভাব, অপরাধহীনতা (এতে তার অনপরাধ প্রমাণিত হয় না)। □ বিণ. অপরাধ নেই যার, নিরপরাধ (কিছু অনপরাধ ব্যক্তি ও শাস্তি পেয়েছে)। [সং. ন+অপরাধ]। (বাং.) অনপ-রাধী বিণ. নিরপরাধ। স্ত্রী. অনপ-রাধিনী।

অনপায়ী (p. 022) [anapāẏī] (-য়িন্) বিণ. অবিনশ্বর, অক্ষয়। [সং. ন+অপায়ী]।

অনপেক্ষ (p. 022) [anapēkṣa] বিণ. অন্যের উপর নির্ভরশীল নয় এমন, কারও মুখাপেক্ষী নয় এমন; স্বাধীন; নিরপেক্ষ। [সং. ন+অপেক্ষা]। ˜ তা বি. স্বাধীনভাবে কাজ করতে পারার অবস্থা; কারও উপর নির্ভরশীল না হওয়া, অনির্ভরশীলতা। অনপেক্ষিত বিণ. 1 যা ঘটবে বলে আশা করা যায়নি; যার জন্য কেউ অপেক্ষা করেনি; 2 যাকে কেউ প্রত্যাশা করেনি; অপ্রত্যাশিত।

অনপেত (p. 022) [anapēta] বিণ. 1 বিচ্যুত হয়নি এমন; 2 যুক্ত; 3 সমন্বিত (ন্যায়ানপেত কর্ম)। [সং. ন+অপ+√ ই+ত]।

অনব-কাশ (p. 022) [anaba-kāśa] বি. অবকাশ বা অবসর বা সময়ের অভাব। □ বিণ. অবসরহীন। [সং. ন+অবকাশ]।

অনব-গত (p. 022) [anaba-gata] বিণ. অজ্ঞাত, অবিদিত। [সং. ন+অবগত]।

অনব-গুণ্ঠিত (p. 022) [anaba-guṇṭhita] বিণ. অবগুণ্ঠন নেই এমন, অনাবৃত; ঘোমটাহীন। [সং. ন+অবগুণ্ঠিত]। স্ত্রী. অনব-গুণ্ঠিতা ('উষার উদয়-সম অনবগুণ্ঠিতা': রবীন্দ্র)।

অনবচ্ছিন্ন (p. 022) [anabacchinna] বিণ. বিরামহীন, একটানা। [সং. ন+অবচ্ছিন্ন]।

অনবচ্ছেদ (p. 022) [anabacchēda] বি. ছেদহীনভাবে ঘটতে থাকা, বিরামহীনতা। [সং. ন+অব+√ ছিদ্ + অ]।

অনবদ্য (p. 022) [anabadya] বিণ. যা নিন্দনীয় নয়, নির্দোষ; (বাং.) চমৎকার। [সং. ন+অবদ্য (=নিন্দনীয়)]।

অনব-ধান (p. 022) [anaba-dhāna] বি. অমনোযোগ। □ বিণ. অমনোযোগী। [সং. ন+অবধান]।˜ তা (বাং.) বি. অমনোযোগ।

অনব-রত (p. 023) [anaba-rata] বিণ. ক্রি-বিণ. ক্রমাগত, অবিরাম; সর্বদা। [সং. ন+অব+√রম্+ত]।

অনব-রুদ্ধ (p. 023) [anaba-ruddha] বিণ. অবরোধ বা বাধা নেই এমন; মুক্ত। [সং. ন+অবরুদ্ধ]।

অনব-রোধ (p. 023) [anaba-rōdha] বি. বাধাহীনতা। [সং. ন+অবরোধ]।

অনব-লম্ব, অনব-লম্বন (p. 023) [anaba-lamba, anaba-lambana] বিণ. অবলম্বন বা আশ্রয় নেই এমন; নিরাশ্রয়। □ বি. আশ্রয়হীনতা; অবলম্বনের অভাব। [সং. ন+অবলম্ব, অবলম্বন]।

অনব-সর (p. 023) [anaba-sara] বি. অবসর বা অবকাশ বা ছুটির অভাব। □ বিণ. অবসরহীন; ব্যস্ত। [সং. ন+অবসর]।

অনবস্থা (p. 023) [anabasthā] বি. 1 অব্যবস্থা; 2 অস্থিরতা; 3 নিয়মের অভাব; 4 উপপাদ্য ও উপপাদকের অর্থাত্ যা প্রমাণ করতে হবে এবং যা প্রমাণের সহায় নেই দুইয়ের অনবরত উল্লেখজনিত তর্কদোষবিশেষ। [সং. ন+অবস্থা]। অনবস্থ, অনব-স্থিত বিণ. অস্থির, অব্যবস্থাযুক্ত। অনব-স্থিত-চিত্ত বিণ. যার চিত্ত চঞ্চল, যার মনের স্থিরতা নেই; অস্থিরচিত্ত; ক্ষণে ক্ষণে মত বদলায় এমন।

অনবহিত (p. 023) [anabahita] বিণ. 1 অমনোযোগী; 2 অসাবধান; 3 যত্নহীন। [সং. ন+অবহিত]।

অনভি-জাত (p. 023) [anabhi-jāta] বিণ. অভিজাত বা উচ্চবংশীয় নয় এমন; অকুলীন; নীচবংশীয়। [সং. ন+অভিজাত]।

অনভিজ্ঞ (p. 023) [anabhijña] বিণ. 1 অভিজ্ঞতা নেই এমন; 2 আনাড়ি; 3 মূর্খ, অজ্ঞ। [সং. ন+অভিজ্ঞ]।˜ তা বি. অভিজ্ঞতার অভাব; অজ্ঞতা।

অনভি-প্রায় (p. 023) [anabhi-prāẏa] বি. 1 অভিপ্রায় বা ইচ্ছার অভাব; 2 অসম্মতি। [সং. ন+অভিপ্রায়]।

অনভি-প্রেত (p. 023) [anabhi-prēta] বিণ. 1 অভিপ্রেত বা প্রত্যাশিত নয় বা চাওয়া হয়নি এমন, অবাঞ্ছিত; 2 ইচ্ছাবিরুদ্ধ। [সং. ন+অভিপ্রেত]।

অনভি-ব্যক্ত (p. 023) [anabhi-byakta] বিণ. বলা বা প্রকাশ করা হয়নি এমন (অনভিব্যক্ত কামনা)। [সং. ন+অভিব্যক্ত]।

অনভি-ভবনীয় (p. 023) [anabhi-bhabanīẏa] বিণ. পরাজিত করা যায় না এমন; অপরাজেয়; পরাজয় বা অভিভব অসাধ্য এমন। [সং. ন+অভিভবনীয়]।

অনভি-ভূত (p. 023) [anabhi-bhūta] বিণ. 1 অভিভূত বা বিহ্বল নয় এমন; 2 পরাজিত হয়নি এমন। [সং. ন+অভিভূত]।

অনভি-মত (p. 023) [anabhi-mata] বিণ. 1 অভিমত বা অভিপ্রেত নয় এমন; 2 অসম্মত; 3 অবাঞ্ছিত; 4 মতবিরুদ্ধ। [সং. ন+অভিমত]।

অনভি-লষণীয় (p. 023) [anabhi-laṣaṇīẏa] বিণ. অবাঞ্ছনীয়, অকাম্য। [সং. ন+অভিলষণীয়]। অনভি-লষিত বিণ. অবাঞ্ছিত, যা চাওয়া হয়নি। অনভি-লাষ বি. অনিচ্ছা; অভিলাষ বা বাসনার অভাব। অনভি-লাষী (-ষিন্) বিণ. অভিলাষী নয় বা ইচ্ছুক নয় এমন।

অনভ্যস্ত (p. 023) [anabhyasta] বিণ. 1 অভ্যাস বা অনুশীলন নেই এমন (কঠোর শ্রমে অনভ্যস্ত); 2 আনাড়ি। [সং. ন+অভ্যস্ত]।

অনভ্যাস (p. 023) [anabhyāsa] বি. অভ্যাস বা অনুশীলনের অভাব। (দীর্ঘ অনভ্যাসের জন্য তার গান তেমন জমল না)। [সং. ন+অভ্যাস]।

অনমনীয় (p. 023) [anamanīẏa] বিণ. 1 নত করা যায় না এমন; 2 নোয়ানো যায় না এমন; 3 যাকে নিজের মত থেকে বিচ্যুত করা বা টলানো যায় না (অনমনীয় মনোভাব)। [সং. ন+নমনীয়]।˜ তা বি. দৃঢ়তা।

অনম্বর (p. 023) [anambara] বিণ. আচরণ বা আচ্ছাদন নেই এমন, অনাবৃত, নগ্ন। □ বি. 1 আকাশ ('অনম্বর পথে সুকেশিনী': মধু.); 2 দিগম্বর জৈন বা বৌদ্ধ সন্যাসী। [সং. ন+অম্বর]।

অনয় (p. 023) [anaẏa] বি. 1 দুর্ভাগ্য; 2 অন্যায়; 3 দুর্দশা। [সং. ন(অ)+নয় (=নীতি)।

অনর্গল (p. 023) [anargala] বিণ. অর্গল বা বাধা নেই এমন, মুক্ত, অবারিত (অনর্গল বাক্যস্রোত)। □ ক্রি-বিণ. অবিরাম (অনর্গল কথা বলা)। [সং. ন+অর্গল]।

অনর্ঘ (p. 023) [anargha] বিণ. অমূল্য, অত্যন্ত মূল্যবান। [সং. ন+অর্ঘ]।

অনর্থ (p. 023) [anartha] বি. 1 অমঙ্গল, অশুভ, অনিষ্ঠ (অনর্থের সৃষ্টি); 2 ভুল অর্থ; 3 কুকাজ, দুর্ঘটনা (মহা অনর্থ ঘটবে, অনর্থ বাধিয়ে দেবে)। □ বিণ. অর্থহীন। [সং. ন+অর্থ]।˜ কর বিণ. অনিষ্টকর, ক্ষতিকর।˜ পাত বি. দুর্ঘটনা, বিপদ।

অনর্থক (p. 023) [anarthaka] বিণ. ব্যর্থ, কারণহীন (অনর্থক পরিশ্রম, অনর্থক বিলম্ব)। □ ক্রি-বিণ. বৃথা, অকারণে, (সেখানে অনর্থক গেলে)। [সং. ন+অর্থ+(সমাসান্ত) ক]।

অনর্থকর, অনর্থপাত (p. 023) [anarthakara, anarthapāta] দ্র অনর্থ।

অনর্হ (p. 023) [anarha] বিণ. 1 উপযুক্ত নয় বা যোগ্য নয় এমন; 2 পূজার যোগ্য নয় এমন। [সং. ন+অর্হ]।

অনল (p. 023) [anala] বি. আগুন। [সং. অন্+অল]।

অনলং-কার (p. 023) [anala-ṅkāra] বি. অলংকার বা ভূষণের অভাব। □ বিণ. অলংকারহীন। [সং. ন+অলংকার]। অনলংকৃত বিণ. অলংকৃত বা সজ্জিত নয় এমন।

অনল (p. 023) [anala] বিণ. 1 ক্লান্তিহীন, আলস্যহীন; 2 পরিশ্রমী। [সং. ন+অলস]।

অনল্প (p. 023) [analpa] বিণ. অল্প নয় এমন; বেশি। [সং. ন (অন্) + অল্প]।

অনশন (p. 023) [anaśana] বি. উপবাস; অনাহার। [সং. ন + অশন]। ̃ ক্লিষ্ট বিণ. অনাহারে বা উপবাসে কাতর। অনশন ধর্মঘট বি. ধর্মঘটে দাবিপূরণ না হওয়া পর্যন্ত অনাহারে থাকা। ̃ ব্রত বি. উপবাসের অর্থাত্ আহার বর্জনের সংকল্প।

অনশ্বর (p. 023) [anaśbara] বিণ. নাশহীন, অক্ষয় (অনশ্বর আত্মা)। [সং. ন+নশ্বর]। ̃ তা বি. নাশহীনতা, indestructibility (বি. প.), চিরস্থায়িত্ব।

অনসূয় (p. 023) [anasūẏa] বিণ. অসূয়া বা ঈর্ষা নেই এমন, হিংসাশূন্য। [সং. ন + অসূয়া]।

অনসূয়া (p. 023) [anasūẏā] বি. 1 হিংসাশূন্যতা, ঈর্ষাহীনতা; 2 শকুন্তলার সখীবিশেষ; 3 কর্দমমুনির কন্যা এবং অত্রিমুনির পত্নী। [সং. ন + অসূয়া + (স্ত্রী.) আ]।

অনস্তিত্ব (p. 023) [anastitba] বি. অস্তিত্বের অভাব, অস্তিত্বহীনতা। [সং. ন + অস্তিত্ব]।

অনস্বী-কার্য (p. 023) [anasbī-kārya] বিণ. অস্তিত্বের করা যায় না বা করা উচিত নয় এমন; মেনে নিতে হয় এমন। [সং. ন + অনস্বীকার্য]।

অনাকাঙ্ক্ষা (p. 023) [anākāṅkṣā] বি. আকাঙ্ক্ষা বা কামনার অভাব; অপ্রত্যাশা। [সং. ন + আকাঙ্ক্ষা]।

অনাকুল (p. 024) [anākula] বিণ. 1 আকুল নয় এমন, অবিচলিত (অনাকুল চিত্ত); 2 আলুথালু নয় এমন (অনাকুল কেশ)। [সং. ন + আকুল]।

অনাক্রমণ (p. 024) [anākramaṇa] বি. আক্রমণের অভাব, আক্রমণহীনতা। [সং. ন+আক্রমণ]।

অনাক্রম্য (p. 024) [anākramya] বিণ. 1 আক্রমণ করা অসাধ্য বা অনুচিত এমন; যাকে আক্রমণ করা যায় না; 2 (স্বাস্থ্যবিদ্যায়) রোগের আক্রমণ থেকে মুক্ত, immune (বি.প.)। [সং. ন + আক্রম্য]। ˜ তা বি. 1 আক্রান্ত হবার সম্ভাবনা থেকে মুক্ত এই ভাব বা অবস্থা; 2 (স্বাস্থ্যবিদ্যায়) রোগের আক্রমণ থেকে মুক্তির অবস্থা বা ভাব, immunity (বি. প.)। অনাক্রান্ত বিণ. আক্রমণ করা হয়নি এমন, আক্রান্ত নয় এমন।

অনাগত (p. 024) [anāgata] বিণ. 1 এখনও আসেনি এমন; আগামী, ভবিষ্যত্ (অনাগত যুগ); 2 অনুপস্থিত। [সং. ন+আগত]। ˜ বিধাতা (-তৃ) বি. বিণ. ভবিষ্যতের জন্য সংস্থানকারী; পরিণাম বিবেচনা করে ব্যবস্থা করে এমন ব্যক্তি।

অনাগ্রহ (p. 024) [anāgraha] বি. আগ্রহ বা উৎসাহের অভাব (কাজে অনাগ্রহ, সংগীতে অনাগ্রহ)। [সং. ন+আগ্রহ]।

অনাঘ্রাত (p. 024) [anāghrāta] বিণ. ঘ্রাণ নেওয়া হয়নি এমন; যার সুঘ্রাণ ভোগ করা হয়নি (অনাঘ্রাত পুষ্প)। [সং. ন+আঘ্রাত]। স্ত্রী. অনাঘ্রাতা।

অনাচার (p. 024) [anācāra] বি. 1 শাস্ত্রবিরুদ্ধ আচরণ বা কাজ; 2 অসত্ বা কুত্সিত কাজ (অনাচারে দেশ ছেয়ে গেছে)। [সং. ন + আচার]। অনাচারী (-রিন্) বিণ. অনাচার করে এমন, কুত্সিত আচরণকারী।

অনাচ্ছাদিত (p. 024) [anācchādita] বিণ. আচ্ছাদিত বা আবৃত নয় এমন, আঢাকা; উন্মুক্ত। [সং. ন + আচ্ছাদিত]।

অনাছিষ্টি, অনাচ্ছিষ্ঠি-অনাসৃষ্টি (p. 024) [anāchiṣṭi, anācchiṣṭhi-anāsṛṣṭi] র কথ্য রূপ।

অনাটন-অনটন (p. 024) [anāṭana-anaṭana] এর আঞ্চ. রূপ।

অনাড়ম্বর (p. 024) [anāḍ়mbara] বিণ. আড়ম্বরহীন; জমকালো নয় এমন (অনাড়ম্বর অনুষ্ঠান)। [সং. ন + আড়ম্বর]।

অনাত্মজ্ঞ (p. 024) [anātmajña] বিণ. 1 আপনাকে অর্থাত্ নিজেকে জানে না এমন; 2 নিজের স্বভাব বা শক্তি বুঝে চলে না এমন; 3 নির্বোধ। [সং. ন + আত্মজ্ঞ]। ̃ তা বি. নিজেকে বুঝে না চলা; নিজের স্বভাব না বোঝা।

অনাত্মীয় (p. 024) [anātmīẏa] বি. বিণ. 1 আত্মীয় বা সম্পর্কযুক্ত নয় এমন (ব্যক্তি); 2 শত্রু; 3 আত্মীয় নেই এমন, আত্মীয়হীন। [সং. ন + আত্মীয়]। ̃ তা বি. আত্মীয়হীনতা; অসদ্ভাব; আত্মীয়তার অভাব। স্ত্রী. অনাত্মীয়া।

অনাথ (p. 024) [anātha] বিণ. বি. সহায়হীন, সম্বলহীন; নিরাশ্রয়। [সং. ন + নাথ]। অনাথা, (অশু. কিন্তু প্রচলিত) অনাথিনী (স্ত্রী.) বিণ. সহায়হীনা, যে নারীর কোনো অবলম্বন নেই।˜ আলয়,˜ নিবাস, অনাথাশ্রম বি. অনাথ শিশুদের অর্থাত্‌ মাতা-পিতাহীন শিশুদের থাকার জায়গা বা আশ্রয়।

অনাত্ম্য (p. 024) [anātmya] বিণ. ব্যক্তিসম্পর্ক নেই এমন, নৈর্ব্যক্তিক ('আমার অনাত্ম্য দেহ পড়ে আছে মৃন্ময় নরকে': সু. দ.)। [সং. ন + আত্ম্য]।

অনাদর (p. 024) [anādara] বি. 1 আদরযত্ন শ্রদ্ধা বা মনোযোগের অভাব; 2 উপেক্ষা; 3 অপমান, অসম্মান। [সং. ন + আদর]।˜ ণীয় বিণ. অনাদরের যোগ্য। অনাদৃত বিণ. অবহেলিত, উপেক্ষিত; অসম্মানিত।

অনাদায় (p. 024) [anādāẏa] বি. আদায়ের অভাব; অপ্রাপ্তি। [সং. ন + বাং. আদায়]। অনাদায়ী (য়ি) বিণ. আদায় করা হয়নি এমন; সংগ্রহ করা যায়নি এমন (অনাদায়ী খাজনা)।

অনাদি (p. 024) [anādi] বিণ. 1 আদিহীন; 2 কারণহীন; 3 উত্‌পত্তিহীন ('অনাদি কালের রাত্রি': রবীন্দ্র); 4 স্বয়ম্ভু। □ বি. ঈশ্বর। [সং. ন + আদি]।

অনাদৃত (p. 024) [anādṛta] দ্র অনাদর।

অনাদেয় (p. 024) [anādēẏa] বিণ. আদান অর্থাত্‌ গ্রহণের অযোগ্য (অনাদেয় দান)। [সং. ন +আ + √ দা + য]।

অনাদ্য (p. 024) [anādya] বিণ. আদি বা উৎস নেই এমন, অনাদি। [সং. ন + আদ্য]।

অনাদ্যন্ত (p. 024) [anādyanta] বিণ. আদি ও অন্ত নেই এমন ('ধরণীর প্রান্ত হতে নীলাভ্রের সর্বপ্রান্ততীর/ধ্বনিতেছে চিরকাল অনাদ্যন্ত রবে': রবীন্দ্র)। [সং. ন + আদ্যন্ত]।

আনাপ্য (p. 024) [ānāpya] বিণ. যা প্রাপ্য নয়, যা পাওয়া যায় না। [সং. ন + আপ্য]।˜ তা বি. অপ্রাপ্যতা, না পাওয়া।

অনাবাদি, (বর্জি.) অনাবাদী (p. 024) [anābādi, (barji.) anābādī] বিণ. 1 যেখানে আবাদ বা চাষ হয় না (অনাবাদি জমি); 2 চাষের অযোগ্য। [সং. ন + ফা. আবাদ + বাং. ই]।

অনাবাসিক (p. 024) [anābāsika] বিণ. বাস করে না এমন, non-resident; যেখানে বাস করা হয় না এমন, non-residential. [সং. ন + আবাসিক]। অনাবাসী বিণ. অনাবাসিক (অনাবাসী ভারতীয়)।

অনাবিল (p. 024) [anābila] বিণ. 1 ময়লা বা ঘোলা নয় এমন; নির্মল (অনাবিল জল, অনাবিল আকাশ, অনাবিল চরিত্র); 2 নির্ভেজাল (অনাবিল আনন্দ)। [সং. ন + আবিল]।

অনাবিষ্কৃত (p. 024) [anābiṣkṛta] বিণ. 1 আবিষ্কৃত বা প্রকাশিত হয়নি এমন (পুঁথিটি এতদিন অনাবিষ্কৃত ছিল); 2 অজ্ঞাত। [সং. ন + আবিষ্কৃত]।

অনাবিষ্ট (p. 024) [anābiṣṭa] বিণ. অমনোযোগী। [সং. ন + আবিষ্ট]।

অনাবৃত (p. 024) [anābṛta] বিণ. আবৃত বা ঢাকা নয় এমন, খোলা। [সং. ন + আবৃত]।

অনাবৃত্তি (p. 024) [anābṛtti] বি. 1 পুনরাবৃত্তি না হওয়া; পুনরায় না হওয়া; 2. পুনরায় না আসা; 3 অনভ্যাস। [সং. ন + আবৃত্তি]।

অনাবৃষ্টি (p. 024) [anābṛṣṭi] বি. বৃষ্টির অভাব, খরা। [সং. ন + আ + বৃষ্টি]।

অনামক (p. 024) [anāmaka] বিণ. 1 যার নাম নেই, নামহীন; 2 অখ্যাতনামা। [সং. ন + নামক]।

অনাময় (p. 024) [anāmaẏa] বি. আরোগ্য, সুস্থতা। □ বিণ. রোগহীন, নীরোগ, সুস্থ। [সং. ন + আময়]।

অনামা1 (p. 024) [anāmā1] (-মন্) বিণ. নামহীন। [সং. ন + নামন্]। স্ত্রী. অনাম্নী।

অনামা2, অনামিকা (p. 024) [anāmā2, anāmikā] বি. 1 কড়ে আঙুলের পাশের আঙুল, কনিষ্ঠা ও মধ্যমার মাঝের আঙুল; 2 যে নারীর নাম মুখে আনতে নেই। [সং. ন + নামন্, নামিকা]।

অনামিক (p. 025) [anāmika] বিণ. 1 নামহীন; 2 নাম-না-জানা; 3 অখ্যাত ('এ-বিস্মৃত মরূভূর অনামিক কোণে': সু. দ.)। [সং. ন + নামিক (নাম + ইক?)]।

অনামিকা (p. 025) [anāmikā] দ্র অনামা2।

অনামুখ, অনামুখা, (কথ্য) অনামুখো (p. 025) [anāmukha, anāmukhā, (kathya) anāmukhō] বিণ. মুখ দেখলে অমঙ্গল হয় এমন; যার মুখ দেখা অশুভ। [বাং. অনা + মুখ]।

অনাম্মী (p. 025) [anāmmī] দ্র অনামা1।

অনায়ত্ত (p. 025) [anāẏatta] বিণ. 1 আয়ত্ত হয়নি বা বশে আনা যায়নি এমন; 2 অধিকারের বাইরে; 3 অবাধ্য। [সং. ন + আয়ত্ত]।

অনায়াস (p. 025) [anāẏāsa] বি. পরিশ্রম বা কষ্টের অভাব, অক্লেশ; অতি সামান্য পরিশ্রম। □ বিণ. 1 ক্লেশহীন; 2 স্বতঃস্ফূর্ত; 3 সহজ (অনায়াস ভঙ্গি)। [সং. ন + আয়াস]। ̃ লব্দ বিণ. সহজে প্রাপ্ত। ̃ লভ্য বিণ. সহজে লাভ করা যায় এমন। ̃ সাধ্য বিণ. সহজে করা যায় এমন। ̃ সিদ্ধ সহজে সম্পন্ন করা হয়েছে এমন। অনায়াসে ক্রি-বিণ. সহজে; অক্লেশে।

অনারম্ভ (p. 025) [anārambha] বি. 1 আরম্ভের অভাব, আরম্ভ না হওয়া বা না করা; 2 আরম্ভেই যেখানে বিঘ্ন। [সং. ন + আরম্ভ]।

অনারারি (p. 025) [anārāri] বিণ. অবৈতনিক ও সম্মানসূচক (অনারারি সেক্রেটারি)। [ইং. honorary]।

অনারেবল (p. 025) [anārēbala] বিণ. মাননীয়। [ইং. honourable]।

অনার্তবা (p. 025) [anārtabā] বিণ. (স্ত্রীলোক সম্বন্ধে) ঋতুমতী হয়নি এমন, যে নারীর রজোদর্শন হয়নি। [সং. ন + আর্তবা]।

অনার্দ্র (p. 025) [anārdra] বিণ. 1 ভিজে নয় এমন; 2 (রসা.) জলহীন, anhydrous (বি. প.)। [সং. ন + আর্দ্র]। বি.˜ তা।

অনার্য (p. 025) [anārya] বিণ. 1 আর্য নয় এমন, আর্য ভিন্ন অন্য; 2 অসভ্য, অভদ্র; 3 নীচকুলজাত। □ বি. 1 আর্য ভিন্ন অন্য জাতি; 2 আর্য ভাষায় কথা বলে না এমন জাতি বা সেই জাতির লোক। [সং. ন + আর্য]।

অনার্য (p. 025) [anārya] দ্র সাম্মানিক।

অনালোকিত (p. 025) [anālōkita] বিণ. 1 আলোকত নয় এমন; 2 অন্ধকার। [সং. ন + আলোকিত]।

অনালোচনীয়, অনালোচ্য (p. 025) [anālōcanīẏa, anālōcya] বিণ. আলোচনার অযোগ্য বা বহির্ভূত। [সং. ন + আলোচনীয়, আলোচ্য]।

অনালোচিত (p. 025) [anālōcita] বিণ. যা নিয়ে আলোচনা হয়নি (অনালোচিত বিষয়)। [সং. ন + আলোচিত]।

অনাশ্রয় (p. 025) [anāśraẏa] বিণ. আশ্রয় নেই যার, নিরাশ্রয়। □ বি. আশ্রয়ের অভাব। [সং. ন + আশ্রয়]। বিণ. অনাশ্রিত।

অনাসক্ত (p. 025) [anāsakta] বিণ. 1 আসক্তি বা মোহ বা অনুরাগ নেই এমন; 2 নির্লিপ্ত। [সং. ন + আসক্ত]। অনাসক্তি বি. আসক্তির অভাব, নির্লিপ্ততা।

অনাসৃষ্টি (p. 025) [anāsr̥ṣṭi] বিণ. 1 সৃষ্টিছাড়া; 2 কুৎসিত; 3 অদ্ভুত। □ বি. অনাসৃষ্টি ব্যাপার বা অবস্থা ('একী আনাসৃষ্টি': রবীন্দ্র)। [বাং. অনা + সং. সৃষ্টি]।

অনাস্থা (p. 025) [anāshā] বি. 1 অবিশ্বাস; 2 উপেক্ষা; 3 ভরসাহীনতা। [সং. ন+আস্থা]। অনাস্থা প্রস্তাব বি. (রাজ.) কোনো
পদে অধিষ্ঠিত ব্যক্তির বিরুদ্ধে কিংবা মন্ত্রিমণ্ডলের বিরুদ্ধে কিংবা সরকারের বিরুদ্ধে সংসদে বা পরিষদে আনীত অনাস্থাসূচক প্রস্তাব, vote of no-confidence.

অনাস্বাদিত (p. 025) [anāsbādita] বিণ. স্বাদ গ্রহণ হয়নি এমন। [সং. ন + আস্বাদিত]।

অনাহত (p. 025) [anāhata] বিণ. 1 আঘাত পায়নি এমন, অক্ষত; 2 বাজানো হয়নি এমন ('অনাহত মোর বীণা': রবীন্দ্র)। □ বি. তন্ত্রোক্ত ষট্‌চক্রের অন্তর্গত

চতুর্থ চক্র; যোগীদের শ্রুতিগোচর দেহাভ্যন্তরস্থ ধ্বনিবিশেষ (তু. 'অণহা ডমরু': চর্যা.)। [সং. ন + আহত]।

অনাহার (p. 025) [anāhāra] বি. না খেয়ে থাকা, উপবাস। [সং. ন + আহার]। অনাহারী (-রিন্) বিণ. 1 উপবাসী; 2 (ব্যঙ্গে) বেতন পায় না এমন।

অনাহুত (p. 025) [anāhuta] বিণ. যাকে ডাকা হয়নি বা আহ্বান করা হয়নি, অনিয়ন্ত্রিত ('তুমি এলে অনাহুত প্রেতস্তব্ধ গৃহে': সু. দ.)। [সং. ন + আহুত]।

অনিঃশেষ (p. 025) [aniḥśēṣa] বিণ. 1 নিঃশেষ হয় না বা ফুরায় না এমন, অফুরন্ত (অনিঃশেষ ভালোবাসা); 2 বিনাশের অতীত, বিনষ্ট হয় না এমন ('অনিঃশেষ প্রাণ': রবীন্দ্র)। [সং. ন + নিঃশেষ]।

অনিকেত, অনিকেতন (p. 025) [anikēta, anikētana] বিণ. 1 গৃহহীন, নিকেত বা নিকেতন অর্থাত্ গৃহ নেই এমন; 2 নিরাশ্রয় ('নিরন্তর কাকে যেন যাচে অনিকেত চক্ষুদ্বয়': সু. দ.)। [সং. ন + নিকেত, নিকেতন]।

অনিচ্ছা (p. 025) [anicchā] বি. 1 ইচ্ছার অভাব; 2 অরুচি; 3 অসম্মতিচ 4 ঔদাসীন্য> [সং. ন + ইচ্ছা]।˜ কৃত বিণ. বিনা ইচ্ছায় বা ইচ্ছার বিরুদ্ধে করা হয়েছে এমন (অনিচ্ছাকৃত ত্রুটি)। অনিচ্ছু, অনিচ্ছুক বিণ. অনাগ্রহী; ইচ্ছুক বা রাজি নয় এমন।

অনিত্য (p. 025) [anitya] বিণ. 1 অস্থায়ী, স্থায়ী নয় এমন; 2 নশ্বর। [সং. ন + নিত্য]।˜ তা বি. স্থায়িত্বের অভাব।

অনিদ্রা (p. 025) [anidrā] বি. 1 নিদ্রা বা ঘুমের অভাব, নিদ্রাহীনতা; 2 নিদ্রাহীনতা রোগ, insomnia. [সং. ন + নিদ্রা.। অনিদ্র বিণ. 1 সজাগ, নিদ্রাহীন; 2 উৎকণ্ঠিত, উদ্বিগ্ন।

অনিন্দনীয়, অনিন্দ্য (p. 025) [anindanīẏa, anindya] বিণ. 1 নিন্দা করা যায় না এমন, নিন্দার অযোগ্য; 2 প্রশংসাযোগ্য; 3 উৎকৃষ্ট; 4 সুন্দর; 5 নিখুঁত (অনিন্দ্যসুন্দর)। [সং. ন + √ নিন্দ্ + অনীয়, য]। অনিন্দিত বিণ. 1 নিন্দিত নয় এমন; 2 সুন্দর; 3 নিখুঁত (অনিন্দিত স্বভাব, অনিন্দিত কান্তি)। অনিন্দিতা বিণ. (স্ত্রী.) নিন্দিতা নয় এমন।

অনিপূণ (p. 025) [anipūṇa] বিণ. নিপূণ বা দক্ষ নয় এমন। [সং. ন + নিপূণ]। বি.˜ তা, অনৈপূণ্য।

অনিবদ্ধ (p. 025) [anibaddha] বিণ. 1 অনিয়মিত; 2 অলিখিত; 3 অগ্রথিত। [সং. ন + নিবদ্ধ]।

অনি-বর্তন (p. 025) [ani-bartana] বি. বিরতির অভাব; নিবৃত্তিহীনতা। [সং. ন + নিবর্তন]। অনি-বর্তিত বিণ. বিরতিহীন।

অনি-বার (p. 025) [ani-bāra] বিণ. 1 নিবারণ করা বা বাধা দেওয়া যা না এমন; 2 অবিরল। □ ক্রি-বিণ. 1 সর্বদা, নিরন্তর; 2 অবিরলভাবে ('গাহি যদি কোনো গান, গাব তবে অনিবার': কামিনী)। [সং. ন + নিবার (নিষেধ)]।˜ ণীয় বিণ. 1 নিবারণ করা বা বাধা দেওয়া যায় না এমন; 2 অনিবার্য; 3 এড়ানো যায়

না এমন। অনি-বারিত বিণ. 1 নিবারণ করা হয়নি এমন; 2 অনিষিদ্ধ; 3 অপ্রতিহত।

অনি-বার্য (p. 025) [ani-bārya] বিণ. 1 নিবারণ করা বা রোধ করা সম্ভব নয় এমন (জীবনে দুঃখকষ্ট একরকম অনিবার্য, অনিবার্য কারণে); 2 প্রতিহত বা প্রতিরোধ করা যায় না এমন (অনিবার্য গতি, অনিবার্য বেগ)। [সং. ন + নি + √ বৃ + ণিচ্ + য]।

অনিবিড় (p. 025) [anibiḍ়] বিণ. নিবিড় বা ঘন নয় এমন (অনিবিড় মেঘ)। [সং. ন + নিবিড়]।

অনিমন্ত্রিত (p. 025) [animantrita] বিণ. আহ্বান করা বা ডাকা হয়নি এমন, অনাহুত। [সং. ন + নিমন্ত্রিত]।

অনিমিখ (p. 025) [animikha] (কাব্যে) বিণ. অপলক, পলকহীন। □ ক্রি-বিণ. একদৃষ্টিতে, পলকহীনভাবে, অনিমিষে, নিমেষহীনভাবে ('খরদৃষ্টে চেয়ে অনিমিখে': রবীন্দ্র)। [সং. < অনিমিষ]।

অনিমিষ, অনিমেষ (p. 025) [animiṣa, animēṣa] বিণ. 1 অপলক, পলকহীন; 2 নিস্পন্দ; 3 স্থির (অনিমেষ নয়ন)। [সং. ন + নিমিষ্, নিমিষে]।˜ নেত্রে ক্রি-বিণ. একদৃষ্টিতে, চোখের পলক না ফেলে।

অনিয়ত (p. 025) [aniẏata] বিণ. 1 নিয়ত বা নির্দিষ্ট নয় এমন; 2 অসংযত; 3 অনিয়মিত; 4 অনিশ্চিত। [সং. ন + নিয়ত]।

অনিয়তকার (p. 025) [aniẏatakāra] বিণ. নির্দিষ্ট আকার নেই এমন, amorphous (বি. প.)। [সং. অনিয়ত + আকার]।

অনিয়ন্ত্রিত (p. 025) [aniẏantrita] বিণ. নিয়ন্ত্রিত বা সংযত করা হয়নি এমন, অনিরূপিত; অগোছালো, উচ্ছৃঙ্খল। [সং. ন + নিয়ন্ত্রিত]।

অনিয়ম (p. 025) [aniẏama] বি. 1 নিয়মের অভাব, নিয়মশীলতা; 2 বিশৃঙ্খলা, শৃঙ্খলার অভাব; 3 অসংযম। [সং. ন + নিয়ম]। অনিয়মিত বিণ. 1 অনির্দিষ্ট, নিয়মিত ঘটে না এমন, irregular (স. প.); 2 অসংযত; নিয়মহীন।

অনিরূদ্ধ (p. 025) [anirūddha] বিণ. রোধ করা হয়নি এমন; দমন করা হয়নি এমন; অনিবারিত; অবাধ। □ বি. শ্রীকৃষ্ণের পৌত্র ও প্রদ্যুম্নের পুত্র। [সং. ন + নিরুদ্ধ]।

অনিরূপিত (p. 025) [anirūpita] বিণ. নিরূপণ করা বা নির্দিষ্ট করা হয়নি এমন; নির্ণয় করা হয়নি এমন; নিশ্চিত নয় এমন (এর জন্য কে দায়ী তা এখনও অনিরূপিত আছে)। [সং. ন (অ) + নিরূপিত]।

অনির্ণীত (p. 025) [anirṇīta] বিণ. নির্ণয় বা নির্ধারণ করা হয়নি এমন। [সং. ন (অ) + নির্ণীত]। অনির্ণেয় বিণ. নির্ণয় করা যায় না এমন।

অনির্দিষ্ট (p. 025) [anirdiṣṭa] বিণ. নির্ধারিত বা নিশ্চিত নয় এমন। [সং. ন (অ) + নির্দিষ্ট]।

অনির্দেশ (p. 025) [anirdēśa] বি. নির্দেশের অভাব; অনির্দিষ্ট অবস্থা। [সং. ন (অ) + নির্দেশ]।

অনির্দেশ্য (p. 025) [anirdēśya] বিণ. অনির্ণেয়, স্পষ্ট বা নির্দিষ্টভাবে কিছু বলা যায় না এমন ('স্বর্গ ও মর্ত্যের মাঝখানে একটা অনির্দেশ্য..... স্থান আছে': রবীন্দ্র)। [সং. ন + নির্দেশ্য]।

অনির্ধারিত (p. 025) [anirdhārita] বিণ. নির্ধারণ বা নিরূপণ করা হয়নি এমন; অনিশ্চিত। [সং. ন (অ) + নির্ধারিত]।

অনির্বচনীয়, অনির্বাচ্য (p. 025) [anirbacanīẏa, anirbācya] বিণ. ভাষায় প্রকাশ করা বা বর্ণনা করা যায় না এমন, অবর্ণনীয়, বর্ণনার অসাধ্য (অনির্বচনীয়, আনন্দ, অনিবর্চনীয় অনুভূতি)। [সং. ন + নির্বচনীয়, নির্বাচ্য]।

অনির্বাচিত (p. 025) [anirbācita] বিণ. নির্বাচিত নয় বা বেছে নেওয়া হয়নি এমন; অনির্ধারিত। [সং. ন + নির্বাচিত]।

অনির্বাণ (p. 025) [anirbāṇa] বিণ. 1 নির্বাণ বা মুক্তিলাভ হয়নি এমন; 2 নেভে না বা নির্বাপিত হয় না এমন (অনির্বাণ দীপালোক, অনির্বাণ শোকাগ্নি); 3 জ্বলন্ত; 4 (-চির-) অশান্ত। [সং. ন + নির্বাণ]।

অনির্বেদ (p. 025) [anirbēda] বিণ. অনুতাপহীন, গ্লানিহীন ('অনির্বেদ অটহাসি হেসে': সু. দ.)। [সং. ন + নির্বেদ]।

অনির্ভর (p. 025) [anirbhara] বিণ. সহায়হীন, নির্ভরহীন। [সং. ন + নির্ভর]।˜ তা বি. (বাং.) অপরের উপর নির্ভর না করা; অনন্যপরতা।

অনিল (p. 025) [anila] বাতাস, বায়ু ('সে সুধা অনিলে উথলি যায়' রবীন্দ্র)। [সং. √ অন্ + ইল]।

অনিশ্চয় (p. 025) [aniścaẏa] বি. সন্দেহ, সংশয়, নিশ্চিতির অভাব। □ বিণ. অনিশ্চিত। [সং. ন + নিশ্চয়]। বি.˜ তা।

অনিশ্চিত (p. 025) [aniścita] বিণ. 1 নির্ধারিত বা নির্দিষ্ট নয় এমন; 2 অস্থির (অনিশ্চিত রাজনৈতিক অবস্থা); 3 নিশ্চয় করে বলা বা নির্দেশ করা যায় না এমন; 4 সন্দেহযুক্ত। [সং. ন + নিশ্চিত]। বি. অনিশ্চিতি।

অনিষ্ঠ (p. 025) [aniṣṭha] বি. 1 ক্ষতি, অপকার; 2 অমঙ্গল। □ বিণ. চাওয়া হয়নি এমন, অবাঞ্ছিত। [সং. ন + ইষ্ট]।˜ কর,˜ কারী (-রিন্),˜ জনক,˜ দায়ক বিণ. ক্ষতিকর। অনিষ্ঠাচরণ বি. ক্ষতিসাধন। অনিষ্ঠাশঙ্কা বি. ক্ষতি বা অমঙ্গল হওয়ার ভয়।

অনিষ্পত্তি (p. 025) [aniṣpatti] বি. নিষ্পত্তি বা মীমাংসার অভাব। [সং. ন + নিষ্পত্তি]। অনিষ্পন্ন বিণ. অমীমাংসিত; অনির্ধারিত।

অনীক (p. 025) [anīka] বি. 1 সৈন্যদল; 2 যুদ্ধ। [সং. অন্ + ঈক]। অনীকিনী বি. সৈন্যবাহিনীবিশেষ: এক অক্ষৌহিণীর দশ ভাগের এক ভাগ।

অনীপ্সিত (p. 025) [anīpsita] বিণ. অবাঞ্ছিত; চাওয়া হয়নি এমন। [সং. ন + ঈপ্সিত]।

অনীশ, অনীশ্বর (p. 025) [anīśa, anīśbara] বিণ. ঈশ্বরহীন, নাস্তিক; ঈশ্বর মানে না এমন। [সং. ন + ঈশ, ঈশ্বর]। অনীশ্বরবাদ বি. ঈশ্বর নেই এই মত; নাস্তিক্য। অনীশ্বর-বাদী (-দিন্) বি. বিণ. নাস্তিক।

অনীহ (p. 025) [anīha] দ্র অনীহা।

অনীহা (p. 025) [anīhā] বি. 1 উৎসাহেব অভাব; 2 চেষ্টার অভাব; 3 নিস্পৃহতা, apathy (বি. প.)। অনীহ বিণ. 1 অনুৎসাহী; 2 নিশ্চেষ্ট; 3 নিস্পৃহ। [সং. ন (অন্) + ঈহা]।

অনু (p. 025) [anu] অব্য. পরে পশ্চাত্ সাদৃশ্য যোগ্যতা ইত্যাদি সূচক উপসর্গ।

অনু-কম্পা (p. 025) [anu-kampā] বি. 1 সহানুভূতি; 2 দয়া, অনুগ্রহ। [সং. অনু + √ কম্প্ + ও + আ]।

অনু-করণ (p. 025) [anu-karaṇa] বি. 1 নকল; 2 অনুসরণ। [সং. অনু + করণ]।˜ কারী (-রিন্) বি. বিণ. নকল করতে ভালোবাসে বা অভ্যস্ত এমন।˜ প্রবৃত্তি বি. নকল করার ঝোঁক বা প্রবণতা।˜ বৃত্তি বি. নকল করার অভ্যাস। অনু-করণীয় বিণ. নকল বা অনুসরণ করার যোগ্য।

অনু-কল্প (p. 025) [anu-kalpa] বি. 1 গৌণ বা অপ্রধান বিধি, অপ্রধান নিয়ম; 2 বিকল্প, পরিবর্ত, alternative, 3 প্রতিনিধি। [সং. অনু + কল্প]।

অনু-কার (p. 025) [anu-kāra] বি. 1 অনুকরণ, নকল; 2 সদৃশীকরণ। [সং. অনু + √ কৃ + অ]।˜ শব্দ বি. ধ্বনির অনুকরণে ব্যবহৃত শব্দ, onomatopoeia, যথা বইটই, গাছটাছ। অনু-কারী (-রিন্) বিণ. 1 নকলকারী, অনুকরণকারী; 2 সদৃশ। অনু-কার্য বিণ. নকল বা অনুসরণ করার যোগ্য।

অনুকূল (p. 025) [anukūla] বিণ. 1 সহায়, সাহায্য করে এমন। (অনুকূল পরিস্থিতি); 2 সদয় ('আজু বিহি মোহে অনুকূল হোয়ল': বিদ্যা.)। □ বি. আনুকূল্য, সমর্থন (প্রস্তাবের অনুকূলে ভোট দেওয়া)। [সং. অনু + কূল]।

অনু-কৃত (p. 025) [anu-kṛta] বিণ. অনুকরণ করা হয়েছে এমন. [সং. অনু + কৃত]। অনুকৃতি বি. 1 অনুকরণ (রবীন্দ্র কবিতার এ এক অক্ষম অনুকৃতি); 2 অনুসরণ।

অনুক্ত (p. 025) [anukta] বিণ. বলা হয়নি এমন, অকথিত; ঊহ্য। [সং. ন (অন্) + উক্ত]।

অনু-ক্রম (p. 025) [anu-krama] বি. 1 যথাক্রম (বর্ণানুক্রম, পুরুষানুক্রমে); 2 ক্রমান্বয়, পারম্পর্য, sequence; 3 কর্মসূচি, programme. [সং. অনু + √ ক্রম্ + অ]।˜ ণ বি. অনুসরণ; পিছন পিছন যাওয়া।˜ ণিকা,˜ ণী বি. বইয়ের

মুখবন্ধ বা ভূমিকা। অনু-ক্রমিক বিণ. পারম্পর্যযুক্ত, ক্রম-অনুসারী, পরপর ঘটে এমন।

অনু-ক্ষণ (p. 025) [anu-kṣaṇa] ক্রি-বিণ. সর্বদা, নিরন্তর। [সং. অনু + ক্ষণ]।

অনুগ (p. 025) [anuga] বিণ. 1 অনুসরণকারী; অনুগমনকারী, অনুগামী; 2 অনাযায়ী, অনুসারী (নিয়মানুগ); 3 অনুচর; 4 সেবক। [সং. অনু + √ গম্ + অ]।

অনু-গত (p. 025) [anu-gata] বিণ. 1 মতের অনুসারী, মত অনুসারে চলে এমন (পিতার অনুগত); 2 অধীন; 3 আশ্রিত; 4 অনুগ (মূলের অনুগত ব্যাখ্যা)। [সং. অনু + √ গম্ + ত]।

অনু-গমন (p. 025) [anu-gamana] বি. 1 অনুসরণ; পরে যাওয়া; 2 একত্রে যাএয়া; 3 সহমরণ। [সং. অনু + গমন]। অনু-গামী (-মিন্) বিণ. অনুগমন করে এমন। স্ত্রী. অনু-গামিনী।

অনু-গৃহীত (p. 025) [anu-gṛhīta] বিণ. অনুগ্রহ বা দয়া লাভ করেছে এমন, উপকৃত। [সং. অনু + √ গ্রহ্ + ত]। স্ত্রী. অনুগৃহীতা।

অনুগ্র (p. 025) [anugra] বিণ. উগ্র বা তীব্র বা কড়া নয় এমন। [সং. ন + উগ্র]। বি.˜ তা।

অনু-গ্রহ (p. 025) [anu-graha] বি. 1 উপকার; আনুকূল্য; 2 প্রসন্নতা, প্রসাদ; 3 দয়া, কৃপা (অনুগ্রহ করে চলে যান, তাঁরই অনুগ্রহে এসব হয়েছে)। [সং. অনু + √ গ্রহ্ + অ]। অনু-গ্রাহক, অনু-গ্রাহী (-হিন্) বি. বিণ. অনুগ্রহণকারী; সহায়।

অনু-চর (p. 025) [anu-cara] বি. বিণ. 1 সহচর, সঙ্গী; 2 অনুগমনকারী; 3 ভৃত্য, ('তাহার কত অনুচর, কত ভক্ত': শরত্)। [সং. অনু + √ চর্ + ইন্]।

অনু-চিকীর্ষা (p. 025) [anu-cikīrṣā] বি. অনুকরণ বা নকল করার ইচ্ছা। [সং. অনু + √ কৃ + সন্ + আ]। অনু-চিকীর্ষু বিণ. অনুকরণ করতে ইচ্ছুক।

অনুচিত (p. 025) [anucita] বিণ. উচিত বা ন্যায্য নয় এমন, অন্যায়, অসংগত, অকর্তব্য (এমন অনুচিত কাজ আমার দ্বারা হবে না)। [সং. ন + উচিত]।

অনু-চিন্তন, অনু-চিন্তা (p. 025) [anu-cintana, anu-cintā] বি. 1 নিয়ত বা সর্বদা চিন্তা; 2 পরে চিন্তা; 3 গভীর চিন্তা, অনুধ্যান। [সং. অনু + চিন্তন, চিন্তা]।

অনুচ্চ (p. 025) [anucca] বিণ. উঁচু নয় এমন, নিচু; মৃদু (অনুচ্চ কণ্ঠ, অনুচ্চ স্বর)। [সং. ন + উচ্চ]।

অনুচ্চার (p. 025) [anuccāra] বিণ. উচ্চারিত নয় এমন, অনুচ্চারিত, প্রকাশহীন (অনুচ্চার কামনা) [সং. ন + উদ্ + √ চারি + অ]।˜ ণীয়, অনুচ্চার্য বিণ. উচ্চারণের অযোগ্য, উচ্চারণ করা যায় না বা উচিত নয় এমন; অকথ্য। অনুচ্চারিত বিণ. উচ্চারণ করা হয়নি এমন; অকথিত।

অনুচ্ছেদ (p. 025) [anucchēda] বি. 1 প্রবন্ধ বা অন্যান্য গদ্য রচনার বিভাগবিশেষ, প্যারাগ্রাফ; 2 ধারা, article (স. প.)। [সং. অনু + ছেদ]।

অনুজ (p. 025) [anuja] বিণ. পরে জন্ম হয়েছে এমন, কনিষ্ঠ। □ বি. কনিষ্ঠ ভ্রাতা। [সং. অনু + √ জন্ + অ]। অনুজা বিণ. (স্ত্রী.) কনিষ্ঠা। □ বি. কনিষ্ঠা ভাগিনী। অনু-জন্মা (-ন্মন্), অনু-জাত বিণ. পরে জন্ম হয়েছে এমন, অনুজ; কনিষ্ঠ।

অনু-জীবী (p. 025) [anu-jībī] (-বিন্) বি. বিণ. 1 ভৃত্য; 2 আশ্রিত; 3 পোষ্য (ব্যক্তি); 4 অনুবর্তী বা অধীন (ব্যক্তি)। [সং, অনু + √ জীব্ + ইন্]।

অনু-জীব্য (p. 025) [anu-jībya] বিণ. 1 আশ্রয় করার যোগ্য; 2 সেব্য। [সং. অনু + √ জীব্ + য]।

অনুজ্জ্বল (p. 025) [anujjbala] বিণ. 1 উজ্জ্বল বা দীপ্তিযুক্ত নয় এমন (অনুজ্জ্বল আলোক, অনুজ্জ্বল সকাল); 2 প্রখরতাহীন (অনুজ্জ্বল মেধা)। [সং. ন + উজ্জ্বল]।

অনুজ্ঞা (p. 025) [anujñā] বি. 1 আদেশ; 2 অনুমতি; 3 সম্মতি। [সং. অনু + √ জ্ঞা + অ]।˜ ত বিণ. আদেশপ্রাপ্ত; সম্মতিপ্রাপ্ত।

অনুত্-কর্ষ (p. 025) [anut-karṣa] বি. মন্দতা, নিকৃষ্টতা, অপকর্ষ। [সং. ন + উৎকর্ষ]। বিণ. অনুত্-কৃষ্ট।

অনু-তপ্ত (p. 025) [anu-tapta] বিণ. কৃতকর্মের জন্য দুঃখিত; অনুশোচনাকারী। [সং. অনু + তপ্ত]।

অনুত্-সাহ (p. 025) [anut-sāha] বি. উৎসাহের অভাব। [সং. ন + উৎসাহ]। অনুত্-সাহী বিণ. উৎসাহ নেই এমন।

অনু-তাপ (p. 025) [anu-tāpa] বি. কৃতকর্মের জন্য দুঃখ বা অনুশোচনা, আপশোস। [সং. অনু + তাপ]। অনু-তাপী (-পিন্) বিণ. অনুশোচনাকারী, কৃতকর্মের জন্য দুঃখিত এমন।

অনুত্তম (p. 025) [anuttama] বিণ. 1 যার থেকে উত্তম বা উৎকৃষ্ট হয় না, সর্বোৎকৃষ্ট, সবচেয়ে ভালো; 2 উত্তম নয় এমন, নিকৃষ্ট, অধম। [সং. ন (অন্) + উত্তম]।

অনুত্তর (p. 025) [anuttara] বিণ. 1 যার চেয়ে উত্তর অর্থাত্ উত্তম আর কিছু নেই এমন, শ্রেষ্ঠ; 2 নিরুত্তর, নীরব; 3 উত্তর দিক নয় এমন, উত্তর বাদে অন্য দিক; 4 উত্তীর্ণ হয় না এমন (অনুত্তর বিবাহ সম্বন্ধ)। [সং. ন (অন্) + উত্তর]।

অনুত্তীর্ণ (p. 028) [anuttīrṇa] বিণ. উত্তীর্ণ হয়নি এমন; অকৃতকার্য, ব্যর্থ। [সং. ন (অন্) + উত্তীর্ণ]।

অনুদাত্ত (p. 028) [anudātta] বিণ. উদাত্ত বা উচ্চস্বরবিশিষ্ট নয় এমন। □ বি. নিম্নস্বর। [সং. ন (অন্) + উদাত্ত]।

অনু-দান (p. 028) [anu-dāna] বি. (সরকারি) অর্থসাহায্য, subsidy, grant (স. প.)। [সং. অনু + দান]।

অনুদার (p. 028) [anudāra] বিণ. উদার নয় এমন, সংকীর্ণমনা, হীনচেতা, নীচাশয়; কৃপণ। [সং. ন (অন্) + উদার]।

অনুদিত1 (p. 028) [anudita1] বিণ. উদিত হয়নি এমন; অপ্রকাশিত। [সং. ন (অন্) + উদিত = উদ্ + √ ই + ত]।

অনুদিত2 (p. 028) [anudita2] বিণ. অকথিত, অনুক্ত, বলা হয়নি এমন। [সং. ন (অন্) + উদিত = √ বদ্ + ত]।

অনু-দিন (p. 028) [anu-dina] অব্য ক্রি-বিণ. প্রতিদিন, দিনের পর দিন ('অনুদিন করিও যতন': ক. ক.]। [সং. অনু + দিন]।

অনুদেশ (p. 028) [anudēśa] বি. 1 উপদেশ; নির্দেশ, direction; 2 (অপ্র.) অনুমতি, আদেশ। [সং. অনু + √ দিশ্ + অ]।

অনু-দৈর্ঘ্য (p. 028) [anu-dairghya] বিণ. দৈর্ঘ্য বরাবর, longitudinal (বি. প.)। [সং. অনু + দৈর্ঘ্য]।

অনুদ্ঘাত (p. 028) [anudghāta] বি. বন্ধুর বা উচুনিচু নয় এমন, স্থান। [সং. ন (অন্) + উদ্ + √ হন্ + অ]। অনুদ্ঘাতী (-তিন্) বিণ. উঁচুনিচু বা বন্ধুর নয় এমন, সমতল।

অনুদ্দিষ্ট (p. 028) [anuddiṣṭa] বিণ. 1 উদ্দেশ বা খোঁজ নেই এমন; নিরুদ্দিষ্ট, নিখোঁজ; 2 বক্তব্যের বিষয় নয় এমন। [সং. ন + উদ্দিষ্ট]।

অনুদ্দেশ (p. 028) [anuddēśa] বি. খোঁজ না পাওয়া। □ বিণ. নিখোঁজ। [সং. ন (অন্) + উদ্দেশ]।

অনুদ্ধত (p. 028) [anuddhata] বিণ. উদ্ধত বা দুর্বিনীত নয় এমন। [সং. ন + উদ্ধত]।

অনুদ্বায়ী (p. 028) [anudbāẏī] (-য়িন্) বিণ. (রসা.) উবে যায় না এমন, non-volatile (বি. প.)। [সং. ন (অন্) + উদ্বায়ী]। বি. অনুদ্বায়িতা।

অনুদ্বিগ্ন (p. 028) [anudbigna] বিণ. উদ্বিগ্ন বা উৎকণ্ঠিত এমন; ভাবনাচিন্তা নেই এমন। [সং. ন (অন্) + উদ্বিগ্ন]। অনুদ্বেগ বি. উদ্বেগহীনতা, উৎকণ্ঠার অভাব।

অনুদ্ভিন্ন (p. 028) [anudbhinna] বিণ. 1 (মাটি) ভেদ করে ওঠেনি এমন; অনুদ্গত; 2 অপরিস্ফুট; 3 পূর্ণরূপে প্রকাশ পায়নি এমন (অনুদ্ভিন্ন যৌবন)। [সং. ন + উদ্ভিন্ন]।

অনুদ্যত (p. 028) [anudyata] বিণ. উদ্যমহীন, কাজে উৎসাহ নেই এমন; কাজ শুরু করা হয়নি এমন। [সং. ন + উদ্যত]। অনুদ্যম বি. উদ্যমের অভাব।

অনু-ধাবন (p. 028) [anu-dhābana] বি. 1 পিছনে ধাওয়া করা, পশ্চাদ্ধাবন; দ্রুত অনুসরণ; 2 অনুসন্ধান; 3 মনোনিবেশ; পর্যালোচনা (তত্ত্বের অনুধাবন, ঈশ্বরের মহিমা অনুধাবন)। [সং. অনু + ধাবন]। অনু-ধাবিত বিণ. অনুধাবন করা হয়েছে এমন। অনু-ধাবনীয় বিণ. অনুধাবন করার যোগ্য, অনুধাবন করা উচিত এমন।

অনু-ধ্যান (p. 028) [anu-dhyāna] বি. সর্বদা চিন্তা বা স্মরণ; শুভচিন্তা। [সং. অনু + ধ্যান]। অনু-ধ্যায়ী (-য়িন্) বিণ. অনুধ্যান করে এমন। অনু-ধ্যেয় বিণ. অনুধ্যানের যোগ্য।

অনু-নয় (p. 028) [anu-naẏa] বি. মিনতি, বিনীত অনুরোধ। [সং. অনু + √ নী + অ]।~ বিনয় বি. সাধ্যসাধনা; কাতর প্রার্থনা। অনু-নয়ী (-য়িন্) বিণ. অনুনয় করে এমন।

অনু-নাদ (p. 028) [anu-nāda] বি. প্রতিধ্বনি, অনুরণন; সদৃশ শব্দ। [সং. অনু + নাদ]। অনু-নাদিত বিণ. প্রতিধ্বনিত; অনুরণিত; শব্দিত; সদৃশ শব্দবিশিষ্ট; একসঙ্গে শব্দিত।

অনু-নাসিক (p. 028) [anu-nāsika] বিণ. নাকি, খোনা; নাকের সাহায্যে উচ্চারণ করা হয় এমন। □ বি. নাকের সাহায্যে উচ্চারিত হয় এমন ধ্বনি। (ঙ্, ঞ, ন্, ম্ ং)। [সং. অনু + নাসিকা]। তু. সানুনাসিক।

অনুন্নত (p. 028) [anunnata] বিণ. উন্নত বা উচু নয় এমন; অনগ্রসর (অনুন্নত সম্প্রদায়)। [সং. ন (অন্) + উন্নত]।

অনুপ (p. 028) [anupa] বিণ. উপমাবিহীন, যার তুল্য কিছু নেই। □ বি. জলময় স্থান। অনূপ দ্র।

অনুপ-কার (p. 028) [anupa-kāra] বি. অপকার। [সং. ন (অন্) + উপকার]। ˜ ক, অনুপ-কারী (-রিন্) বিণ. অপকার বা ক্ষতি করে এমন, ক্ষতিকারক। অনুপ-কৃত বিণ. উপকার লাভ করেনি এমন।

অনু-পদ (p. 028) [anu-pada] অব্য ক্রি-বিণ. পদে পদে, পিছনে পিছনে। □ বিণ. অনুগামী, পশ্চাদ্গামী। অনু-পদী (-দিন্) বিণ. অনুগামী, অন্বেষণকারী।

অনুপ-দিষ্ট (p. 028) [anupa-diṣṭa] বিণ. 1 উপদেশ দেওয়া হয়নি বা পায়নি এমন; 2 অশিক্ষিত। [সং. ন + উপদিষ্ট]। বি. অনুপ-দেশ।

অনুপ-পত্তি (p. 028) [anupa-patti] বি. অসংগতি; যুক্তির অভাব, অসিদ্ধি; অভাব। [সং. ন + উপপত্তি]।

অনুপম (p. 028) [anupama] বিণ. উপমাহীন, তুলনাহীন, অতুলনীয়, সর্বোৎকৃষ্ট (অনুপম সৌন্দর্য)। [সং. ন + উপমা]। স্ত্রী. অনুপমা। অনুপ-মেয় বিণ. উপমা দেওয়া বা তুলনা করা যায় না এমন।

অনুপ-যুক্ত (p. 028) [anupa-yukta] বিণ. অযোগ্য; অক্ষম; অসংগত; প্রয়োজনের অনুরূপ নয় এমন। [সং. ন + উপযুক্ত]।

অনুপ-যোগিতা, অনুপ-যোগ (p. 028) [anupa-yōgitā, anupa-yōga] বি. অযোগ্যতা, প্রয়োজনের সঙ্গে, সংগতির অভাব। [সং. ন + উপযোগিতা, উপযোগ]। অনুপ-যোগী (-গিন্) বিণ. অনুপযুক্ত; যথেষ্ট বা যথার্থ নয় এমন।

অনু-পল (p. 028) [anu-pala] বি. এক বিপলের ষাট ভাগের এক বাগ (1/6), 1/15 সেকেণ্ড; অত্যল্প কাল। [সং. অনু + পল]।

অনুপ-লব্ধি (p. 028) [anupa-labdhi] বি. উপলব্ধি বা বোধের অভাব। [সং. ন + উপলব্ধি]। অনুপ-লব্ধ বিণ. উপলব্ধি করা বা বোঝা হয়নি এমন।

অনুপ-স্থিত (p. 028) [anupa-shita] বিণ. উপস্থিত বা হাজির নয় এমন; গরহাজির; অবর্তমান। [সং. ন + উপস্থিত]। অনুপ-স্থিতি বি. হাজির না হওয়া, গরহাজিরি; অবর্তমানতা।

অনু-পাত (p. 028) [anu-pāta] বি. 1 (গণি.) এক রাশির সঙ্গে অন্য রাশির ভাগ সম্বন্ধ; ratio (বি. প.); 2 এক বস্তুর হ্রাস-বৃদ্ধি অনুসারে অন্য বস্তুর হ্রাস-বৃদ্ধি, proportion (বি. প.); 3 হিসাব; 4 হার (সেই অনুপাতে এদেশের ভালোই উন্নতি হয়েছে বলতে হবে)। [সং. অনু + √ পত্ + অ]।

অনু-পান (p. 029) [anu-pāna] বি. কবিরাজ ওষুধের সঙ্গে সেবন করা হয় এমন দ্রব্য (যেমন মধু)। [সং. অনু + পান]।

অনুপাম (কাব্যে) অনুপম (p. 029) [anupāma (kābyē) anupama] এর রূপভেদ।

অনুপায় (p. 029) [anupāẏa] বি. উপায়ের অভাব; সহায়হীনতা। ☐ বিণ. নিরুপায়; উপায়হীন। [সং. ন (অন্) + উপায়]।

অনু-পুঙ্খ (p. 029) [anu-puṅkha] (ন. শ.) বি. কোনো বিষয় বা ঘটনার ক্ষুদ্র অংশ, minute detail. ☐ বিণ. সূক্ষ্ম; তন্নতন্ন (অনুপুঙ্খ বর্ণনা)। [আ. বাং. পুঙ্খানুপুঙ্খ]।

অনু-পূরক (p. 029) [anu-pūraka] বিণ. কোনোকিছু পূর্ণ বা পূর্ণাঙ্গ করে এমন, complementary (স. প.)। [সং. অনু + পূরক]।

অনু-পূর্ব (p. 029) [anu-pūrba] বি. অনুক্রম; যথাক্রম। ☐ বিণ. আনুক্রমিক, আনুপূর্বিক, পরপর (অনুপূর্ব বর্ণনা)। [সং. অনু + পূর্ব]।

অনুপেত (p. 029) [anupēta] বিণ. 1 পাওয়া যায়নি এমন, অপ্রাপ্ত; 2 অনুপস্থিত। [সং. ন + উপেত]।

অনুপ্ত (p. 029) [anupta] বিণ. বপন করা হয়নি এমন। [সং. ন + উপ্ত]।

অনু-প্রবেশ (p. 029) [anu-prabēśa] বি. 1 ভিতরে প্রবেশ; 2 (কারও) পিছন পিছন প্রবেশ; 3 (কোনো বিষয়ের) মর্মগ্রহণ; 4 গোপন এবং অবৈধ প্রবেশ, infiltration. [সং. অনু + প্রবেশ]। অনু-প্রবিষ্ট বিণ. অনুপ্রবেশ করেছে এমন।

অনু-প্রস্থ (p. 029) [anu-prasha] বিণ. ক্রি-বিণ. প্রস্থের বা আড়ের দিক অনুযায়ী, আড়াআড়ি। [সং. অনু + প্রস্থ]।

অনু-প্রাণন (p. 029) [anu-prāṇana] বি. শক্তিসঞ্চারণ, প্রেরণাদান; উৎসাহসঞ্চার। [সং. অনু + প্র + √ অন্ + ণিচ্ + অন]। অনু-প্রাণনা বি. শক্তিসঞ্চার, প্রেরণা, inspiration, animation.

অনু-প্রাণিত (p. 029) [anu-prāṇita] বিণ. অনুপ্রাণনা পেয়েছে এমন (স্বামী বিবেকানন্দের আদর্শের দ্বারা অনুপ্রাণিত) [সং. অনু + প্র + √ অন্ + ণিচ্ + ত]।

অনুপ্রাস (p. 029) [anuprāsa] বি. শব্দালংকারবিশেষ, একই ধ্বনি ও বর্ণের পুনঃ পুনঃ প্রয়োগসমন্বিত কাব্যলংকারবিশেষ (যেমন, 'মালঞ্চের চঞ্চল অঞ্চল': রবীন্দ্র)। [সং. অনু + প্র + √ অস্ + অ]।

অনু-প্রেরণা (p. 029) [anu-prēraṇā] বি. অনুপ্রাণনা, শক্তির সঞ্চার; উৎসাহ; উদ্দীপনাসঞ্চার (পিতার কাছ থেকেই তিনি সংগীতে অনুপ্রেরণা লাভ করেন)। [সং. অনু + প্রেরণা]। অনু-প্রেরিত বিণ. উৎসাহ বা উদ্দীপনা পেয়েছে এমন (রবীন্দ্রনাথের কাব্যের দ্বারা অনুপ্রেরিত)।

অনু-বদ্ধ (p. 029) [anu-baddha] বিণ. সমৃদ্ধ, সংশ্লিষ্ট, সম্পর্কযুক্ত; পরস্পরসংশ্লিষ্ট। [সং. অনু + √ বন্ধ্ + ত]।

অনুবন্ধ (p. 029) [anubandha] বি. 1 অবতারণা; আরম্ভ ('মনমথ পাঠ মহল অনুবন্ধ': বিদ্যা.) 2 সংকল্প; 3 অভিলাষ ('মাতাল মধুকর পীবইতে করু অনুবন্ধে': গো. দা.) 4 সম্বন্ধ; 5 পারম্পর্য, correlation; 6 প্রসঙ্গ; 7 উপলক্ষ্য; 8 (ব্যাক.) কল্পিত বর্ণ যা 'ইত্' হয় অর্থাত্ বাদ যায় (যেমন, ঘঞ্-প্রত্যয়ের ঘ্ ও ঞ্)। [সং. অনু + বন্ধ্ + অ]। অনুবন্ধী (-ন্ধিন্) বিম. 1 সম্বন্ধীয়, সম্পর্কিত; 2 অন্বিত; 3 অবিচ্ছিন্ন; 4 (জ্যামি.) অনুবর্তী conjugate (বি. প.); 5 অনুবর্তী ফলস্বরূপ আগত, consequential (স. প.); 6 পারম্পর্যযুক্ত, সুসম্বদ্ধ, relevant.

অনু-বর্তন (p. 029) [anu-bartana] বি. 1 অনুগমন, অনুসরণ; 2 স্থানান্তরে গমন; 3 আনুগত্য; 4 পরিচর্যা। [সং. অনু + √ বৃত্ + অন]। অনু-বর্তী (-র্তিন্) বিণ. 1 অনুগামী, সহগামী; 2 অনুযায়ী; 3 বশবর্তী (পিতার আজ্ঞার অনুবর্তী হয়ে)। স্ত্রী. অনু-বর্তিনী। অনু-বর্তিতা বি. 1 অনুগামিতা; 2 আনুগত্য (নিয়মানুবর্তিতা)।

অনু-বল (p. 029) [anu-bala] বি. 1 সহায় ('কেবা মোর হবে অনুবল': ক. ক.); 2 ক্ষমতা, প্রভাব ('ব্যাসের তপের অনুবলে': ভা. চ.); 3 প্রসাদ, অনুগ্রহ ('ধর্ম অনুবলে তাহা হইল পূরণ': কাশী.); 4 সৈন্যের পৃষ্ঠরক্ষক সৈন্য। □ বিণ. শক্তি অনুযায়ী, সামর্থ্যানুযায়ী। [সং. অনু (অনুগত) + বল]।

অনু-বাত (p. 029) [anu-bāta] বিণ. বায়ূর অনুকূল অর্থাত্ যে দিক থেকে বায়ূ প্রবাহিত হচ্ছে তার বিপরীতমুখী, leeward (বি. প.)। তু. বিপ. প্রতিবাত। [সং. অনু (অনুগত=অনুকূল) + বাত]।

অনু-বাদ (p. 029) [anu-bāda] বি. 1 ভাষান্তর, তরজমা, এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তর; 2 পুনঃ পুনঃ কথন (গুণানুবাদ); 3 অনুকরণ। [সং. অনু + √ বদ্ + অ]। ˜ ক বি. বিণ. ভাষান্তরকারী। অনূদিত বিণ. ভাষান্তরিত, অনুবাদ করা হয়েছে এমন। অনু-বাদিত (বাং. বর্ত. অপ্র.) বিণ. অন্যের দ্বারা অনুবাদ করিয়ে নেওয়া হয়েছে এমন। অনুবাদী (-দিন্) বিণ. 1 অনুবাদক, অনুবাদকারী, তরজমাকারী; 2 রাগরাগিণীতে বাদী সংবাদী বিবাদী ভিন্ন অন্য; 3 অনুরূপ। □ বি. (সংগীতে) বাদী সংবাদী ভিন্ন অন্য সুর।

অনু-বাসন (p. 029) [anu-bāsana] বি. সুগন্ধীকরণ, ধূপন, ধূপাদির দ্বারা সুরভিতকরণ। [সং. অনু + √ বাসি + অন]। অনু-বাসিত বিণ. সুগন্ধীকৃত, ধূপিত, সুরভিত।

অনু-বিদ্ধ (p. 029) [anu-biddha] বিণ. 1 যুক্ত; 2 গ্রথিত, খচিত (কণ্ঠহারে অনুবিদ্ধ রত্ন)। [সং. অনু + √ ব্যধ্ + ত]।

অনু-বিধান (p. 029) [anu-bidhāna] বি. 1 সদৃশ করা, একরকম করা; 2 নির্দেশ অনুসারে কাজ। [সং. অনু + বিধান].

অনু-বিধি (p. 029) [anu-bidhi] বি. নিয়মাবলি বা আইনের অন্তর্ভুক্ত বিশেষ ব্যবস্থা, proviso (স. প.)। [সং. অনু + বিধি]।

অনু-বৃত্তি (p. 029) [anu-bṛtti] বি. 1 অনুসরণ, অনুবর্তন; আনুগত্য (অন্ধ অনুবৃত্তি); 2 পূর্বপ্রসঙ্গের জের (পূর্বানুবৃত্তি)। [সং. অনু + √ বৃত্ + তি]।

অনু-বেদন (p. 029) [anu-bēdana] বি. 1 জ্ঞানদান, জ্ঞাপন; 2 সহানুভূতি, অনুগ্রহ ('তুমি অনুবেদন করিলে পাই হরি': শি.)। [সং. অনু + √ বিদ্ + অন]।

অনু-বোধ (p. 029) [anu-bōdha] বি. 1 বোধ বা অনুভবের পুনরায় আবিভাব; 2 পুনরুদ্দীপন; 3 কোনো কিছু থেকে উপজাত বোধ বা ধারণা, feeling (সু. দ.)। [সং. অনু + বোধ]।

অনু-বোল (p. 029) [anu-bōla] বি. হিতবাক্য; মঙ্গলকামনামূলক বাক্য। [সং. অনু + বাং. বোল]।

অনু-ব্রজ, অনু-ব্রজন (p. 029) [anu-braja, anu-brajana] বি. 1 অনুগমন, অনুসরণ; 2 প্রত্যুদ্গমন অর্থাত্ অতিথির বিদায়কালে তাঁর অনুগমন করা বা কিছুদূর পর্যন্ত তাঁকে অনুসরণ করা। [সং. অনু + √ ব্রজ্ + অ, অন]। অনু-ব্রজা ক্রি. অনুগমন বা প্রত্যুদ্গমন করা। অনু-ব্রজী বি. বিণ. অনুগামী, অনুগমনকারী।

অনু-ব্রত (p. 030) [anu-brata] ক্রি-বিণ. সর্বদা, অবিরত। □ বিণ. সহায়; অনুকূল কাজ করে এমন। [সং. অনু + √ বৃ + অত]।

অনু-ভব (p. 030) [anu-bhaba] বি. উপলব্ধি; জ্ঞান; বোধ; feeling (বি. প.)। [সং. অনু + √ ভূ + অ]। অনু-ভবনীয় বিণ. বোধের বা অনুভবের যোগ্য, বোধ্য।

অনু-ভাব (p. 030) [anu-bhāba] বি. 1 প্রভাব; মহিমা; মাহাত্ম্য; 2 মানসিক অভিপ্রায়সূচক ভাবভঙ্গি; 3 সুখ বা আনন্দের অনুভূতি ('কামুক পরশে যতেক অনুভব': গো. দা.) 4 (অল.) স্থায়িভাবের উদ্ভবজনিত দৈহিক বিকারাদির সঞ্চার sensation. [সং. অনু + √ ভূ + অ (ঘঞ্)]।

অনু-ভাবিত (p. 030) [anu-bhābita] বিণ. অনুভব করানো হয়েছে এমন। [সং. অনু + √ ভূ + ণিচ্ + ত]।

অনু-ভাবী (p. 030) [anu-bhābī] (-বিন্) বি. বিণ. 1 অনুভবকারী; 2 পরে ঘটে এমন। [সং. অনু + √ ভূ + ইন্]।

অনুভূ (p. 030) [anubhū] বি. (জ্যোতি.) গ্রহ-উপগ্রহের বিশেষত চন্দ্রের কক্ষ বা পরিক্রমণপথের যে বিন্দুটি পৃথিবীর নিকটতম, perigee. [সং. অনু + √ ভূ + ক্বিপ্]।

অনু-ভূতি (p. 030) [anu-bhūti] বি. উপলব্ধি; অনুভব; ইন্দ্রিয়ের বোধ, feeling (বি. প.)। [সং. অনু + √ ভূ + তি]।˜ প্রবণ বিণ. ভাবাবেগপূর্ণ।˜ হীন বিণ. অনুভূতি নেই এমন। অনু-ভূত বিণ. উপলব্ধি বা অনুভব করা হয়েছে এমন।

অনু-ভূমিক (p. 030) [anu-bhūmika] বিণ. দিগন্তের সঙ্গে সমান্তরাল; ভূমির সঙ্গে সমান্তরাল; ক্ষিতিজতলের সঙ্গে সমান্তরাল, horizontal (বি. প.)। [সং. অনু + ভূমি + ক]।

অনু-মত (p. 030) [anu-mata] বিণ. স্বীকৃত; সম্মত; অনুমোদিত। □ বি. আজ্ঞা; নির্দেশ বা আদেশ; অনুমোদন। [সং. অনু + √ মন্ + ত]। অনু-মতি বি. অনুমোদন; সম্মতি; স্বীকৃতি; আজ্ঞা। [সং. অনু + √ মন্ + তি]। অনু-মত্যনু-সারে ক্রি-বিণ. আজ্ঞা অনুসারে; আদেশ অনুসারে (by order এর অনুবাদ)।

অনু-মরণ (p. 030) [anu-maraṇa] বি. সহমরণ; স্বামীর সঙ্গে চিতায় আরোহণ করে মৃত্যুবরণ কিংবা স্বামীর মৃত্যুর পরই স্বেচ্ছায় মৃত্যুবরণ। [সং. অনু (পরে) + মরণ]।

অনু-মান, অনু-মিতি (p. 030) [anu-māna, anu-miti] বি. 1 ধারণা; আন্দাজ (আমার অনুমান, সে সফল হবে); 2 যুক্তির দ্বারা জ্ঞাত বস্তু থেকে অজ্ঞাত বস্তু সম্বন্ধীয় সিদ্ধান্তে যাওয়া, inference; 3 অর্থালংকারবিশেষ। [সং. অনু + √ মা + অন, তি]। অনু-মিত বিণ. অনুমান করা হয়েছে এমন। অনু-মেয় বিণ. অনুমানযোগ্য; অনুমান বা আন্দাজ করা যায় এমন (যন্ত্রের শক্তি সহজেই অনুমেয়)।

অনু-মাপক (p. 030) [anu-māpaka] বিণ. 1 অনুমান করায় এমন; 2 সিদ্ধান্তে পৌঁছতে সাহায্য করে এমন; 3 অনুমানজনক; 4 নির্ণায়ক; 5 অনুমানের কারণস্বরূপ। [সং. অনু + √ মাপি + অক]।

অনুমিত, অনুমিতি (p. 030) [anumita, anumiti] দ্র অনুমান।

অনু-মৃত (p. 030) [anu-mṛta] বিণ. সহমৃত; একই সঙ্গে বা পরে মৃত। [সং. অনু + মৃত]। অনুমৃতা বিণ. (স্ত্রী.) স্বামীর সঙ্গে সহমরণে গেছে এমন।

অনুমেয় (p. 030) [anumēẏa] দ্র অনুমান।

অনু-মোদন (p. 030) [anu-mōdana] বি. 1 সম্মতি; অনুকূল অভিমত; সমর্থন; 2 মঞ্জুরি sanction (কর্তৃপক্ষের অনুমোদন, সরকারি অনুমোদন)। [সং. অনু + √ মুদ্ + অন]। অনু-মোদিত বিণ. 1 সম্মতিপ্রাপ্ত; অনুমতিপ্রাপ্ত (সরকার-অনুমোদিত পাঠ্যপুস্তক); 2 সমর্থিত (শাস্ত্রানুমোদিত); 3 সরকারিভাবে স্বীকৃত বা ক্ষমতাপ্রাপ্ত, authorized; 4 মঞ্জুরিপ্রাপ্ত, sanctioned (স. প.)।

অনু-যাত (p. 030) [anu-yāta] বিণ. 1 পশ্চাদ্গামী; পশ্চাদ্গত; 2 অনুগত; 3 অনুকৃত। [সং. অনু + √ যা + ত]।

অনু-যাত্র, অনু-যাত্রিক (p. 030) [anu-yātra, anu-yātrika] বিণ. বি. 1 অনুচর; অনুগামী ('এলে পুনরায় অনুযাত্র সঙ্গে করে': সু. দ.); 2 পশ্চাদ্গামী; 3 অধীন; 4 সমভিব্যাহারী। [সং. অনু + √ যা + ত্র, অনু + যাত্রা + ইক]। অনু-যাত্রা বি. 1 অনুগমন; 2 সহগামিনী।

অনু-যায়ী (p. 030) [anu-yāẏī] (-য়িন্) বিণ. 1 অনুগামী, অনুবর্তী; 2 সদৃশ; অনুরূপ। □ ক্রি-বিণ. অনুসারে।

অনুযুক্ত, অনুযোক্তা (p. 030) [anuyukta, anuyōktā] দ্র অনুযোগ।

অনু-যোগ (p. 030) [anu-yōga] বি. 1 দোষারোপ, অভিযোগ, আক্ষেপ প্রকাশ; নালিশ ('তিনি আমার অনুপস্থিতির জন্য অনুযোগ জানালেন); মৃদু

র্ভৎসনা; 2 (বর্ত বিরল) প্রশ্ন, জিজ্ঞাসা। [সং. অনু + √ যুজ্ + অ]। অনু-যুক্ত বিণ. যার সম্পর্কে অনুযোগ করা হয়েছে; তিরস্কৃত; অভিযুক্ত। অনু-যোক্তা (-ক্তৃ), অনু-যোগী (-গিন্) বি. বিণ. অনুযোগকারী। অনু-যোজ্য বিণ. অনুযুক্ত বা তিরস্কৃত বা অভিযুক্ত হওয়ার যোগ্য; অনুযোগের যোগ্য।

অনু-রক্ত (p. 030) [anu-rakta] বিণ. 1 অনুরাগী, অনুরাগযুক্ত; আসক্ত; ভক্ত (অনুরক্ত পাঠক); প্রীতিযুক্ত; 2 রঞ্জিত; 3 রক্তবর্ণ। [সং. অনু + √ রন্জ্ + ত]। অনু-রক্তি বি. আসক্তি, অনুরাগ, প্রীতি।

অনুরঞ্জক (p. 030) [anurañjaka] দ্র অনুরঞ্জন।

অনু-রঞ্জন (p. 030) [anu-rañjana] বি. 1 তৃপ্তি বা সন্তোষ বিধান, প্রীতিসম্পাদন; মনোরঞ্জন; 2 রঞ্জিতকরণ। [সং. অনু + রন্জ্+ অন]। অনু-রঞ্জক বি. বিণ. 1। প্রীতি-উৎপাদক, আনন্দদানকারী (রাম প্রজানুরঞ্জক শাসক ছিলেন); 2 রঞ্জনকারী। অনু-রঞ্জিত বিণ. 1 অনুরাগযুক্ত; তোষিত; 2 বর্ণরঞ্জিত।

অনু-রণন (p. 030) [anu-raṇana] বি. 1 একটি ধ্বনির অনুবর্তী ক্রমশ বিলীয়মান ধ্বনিসমূহ; 2 প্রতিধ্বনি; 3 মৃদু প্রতিধ্বনিজাত ক্ষীণতর ধ্বনিসমূহ। [সং. অনু + √ রণ্ + অন]। অনু-রণিত বিণ. প্রতিধ্বনিত, ঝংকৃত।

অনু-রত (p. 030) [anu-rata] বিণ. অনুরাগযুক্ত, অনুরক্ত, আসক্ত; প্রীতিযুক্ত ('অনুরত বরসমাজ': বিদ্যা)। [সং. অনু + √ রম্ + ত; সং. অনুরক্ত > অনুরত্ত > অনুরত]। অনু-রতি বি. অনুরাগ, প্রীতি, আসক্তি।

অনু-রথ (p. 030) [anu-ratha] (ম. বাং. বর্ত. অপ্র.) বি. 1 অনর্থ, বিপদ; 2 অপবাদ, কলঙ্ক; 3 দৌরাত্ম্য, দুষ্টুমি; 4 ধূর্ততা; 5 অনর্থক বা ব্যর্থ ব্যাপার। [সং. অনর্থ > অনরথ > (স্বরাগমে) অনুরথ]।

অনু-রথ্যা (p. 031) [anu-rathyā] বি. 1 রাজপথের পাশের সংকীর্ণ পথ, গলিপথ; 2 ফুটপাত। [সং. অনু + রথ্যা, অর্থাত্ রথ্যা বা রাজপথের অনুগত]।

অনু-রাগ (p. 031) [anu-rāga] বি. 1 প্রীতি, স্নেহ; প্রেম, আসক্তি (স্ত্রীর প্রতি অনুরাগ, স্বদেশানুরাগ, বিদ্যানুরাগ, ধর্মানুরাগ); 2 আদর, সোহাগ; 3 (অপ্র.) ক্রোধ, বিরক্তি; 4 (বৈ. শা.) প্রেম যখন প্রেমের বিষয়কে অনুক্ষণ নব নব করে তোলে তখন তাকে 'অনুরাগ' বলে ('সোই পীরিতি অনুরাগ বাখানিতে তিলে তিলে নূতন হোয়': বিদ্যা)। [সং. অনু + √ রন্জ্ + অ]। অনু-রাগী (-গিন্) বি. বিণ. আসক্ত বা অনুরাগযুক্ত (ব্যক্তি); প্রেমিক। বিণ. (স্ত্রী.) অনু-রাগিণী।

অনু-রাধা (p. 031) [anu-rādhā] বি. বিশাখা নক্ষত্রের অনুগত মঙ্গলকর সপ্তদশ নক্ষত্র। [সং. অনু + √ রাধ্ + আ]।

অনু-রুদ্ধ (p. 031) [anu-ruddha] বিণ. 1 যাকে বা যে বিষয়ে অনুরোধ বা উপরোধ করা হয়েছে এমন; 2 প্রার্থিত; 3 নিরুদ্ধ, নিবারিত। [সং. অনু + √ রুধ্ + ত]।

অনু-রূপ (p. 031) [anu-rūpa] বিণ. তূল্য, সদৃশ, মতন; সমান গুণ বা আকৃতিবিশিষ্ট; যোগ্য; অনুসারী (সাধনার অনুরূপ সিদ্ধি)। [সং. অনু + রূপ]।˜ তা বি. সাদৃশ্য; তূল্যতা।

অনুরোধ (p. 031) [anurōdha] বি. 1 উপরোধ, মিনতিপূর্ণ যাচ্ঞা; 2 প্রার্থনা; মিনতি; 3 হেতু, নিমিত্ত (সত্যের অনুরোধে, কর্তব্যের অনুরোধে)। [সং. অনু + √ রুধ্ + অ]। বিণ. অনু-রুদ্ধ।

অনুর্বর (p. 031) [anurbara] বিণ. 1 যাতে (যে জমিতে) শস্যের ফলন ভালো হয় না, শস্য উৎপাদনের শক্তি নেই এমন; 2 মরুময়। [সং. ন + উর্বর]।

অনু-লম্ব (p. 031) [anu-lamba] বিণ. লম্বালম্বি, খাড়াই বরাবর। [সং. অনু + লম্ব]।

অনু-লাপ (p. 031) [anu-lāpa] বি. পুনরুক্তি; বারবার একই কথা বলা; পুনঃ পুনঃ কথন। [সং. অনু +˜ লপ্ + অ]।

অনু-লিখন, অনু-লিপি, অনু-লেখ (p. 031) [anu-likhana, anu-lipi, anu-lēkha] বি. 1 অনুরূপ লিখন, কোনো লেখার যথাযথ নকল; 2 লিপ্যন্তর, অন্য অক্ষর বা হরফে লিখন, transliteration; 3 শ্রুতিলিখন, শুনে শুনে লেখা, dictation. [সং. অনু + লিখন, লিপি, লেখ]।

অনু-লিপ্ত (p. 031) [anu-lipta] বিণ. অনুরঞ্জিত, প্রলেপ দেওয়া হয়েছে এমন; লেপন করা হয়েছে এমন। [সং. অনু + √ লিপ্ + ত]।

অনু-লেপ (p. 031) [anu-lēpa] বি. লেপন; প্রলেপ। [সং. অনু + √ লিপ্ + অ]। ̃ ন বি. (গন্ধদ্রব্যাদি দ্বারা) লেপন; প্রলেপ; লেপনের উপযোগী গন্ধদ্রব্য, যেমন চন্দন।

অনু-লেহ (p. 031) [anu-lēha] বি. (ব্রজ. বর্ত. অপ্র.) অনুরাগ; স্নেহ; প্রেম; প্রীতি। [সং. অনু + ম. বাং. নেহ (স্নেহ) > লেহ]।

অনু-লোম (p. 031) [anu-lōma] বি. ক্রম; অনুক্রম, যথাক্রম। □ বিণ. অনুকূল। □ ক্রি-বিণ. যথাক্রমে, ক্রমানুসারে; প্রকৃষ্ট প্রণালী অনুসারে। [সং. অনু + লোম]। অনুলোম বিবাহ বি. উচ্চবর্ণের পুরুষের সঙ্গে নিম্নবর্ণের কন্যার বিবাহ। তু. প্রতিলোম বিবাহ।

অনুল্লঙ্ঘনীয় (p. 031) [anullaṅghanīẏa] বিণ. উল্লঙ্ঘন বা অতিক্রম করা যায় না বা উচিত নয় এমন, অনতিক্রমণীয় (তাঁর নির্দেশ আমার কাছে অনুল্লঙ্ঘনীয়, হিমালয়ের অনুল্লঙ্ঘনীয় উচ্চতা)। [সং. ন + উল্লঙ্ঘনীয়]।

অনুল্লিখিত (p. 031) [anullikhita] বিণ. উল্লেখ করা হয়নি এমন। [সং. ন + উল্লিখিত]।

অনুল্লেখ (p. 031) [anullēkha] বি. উল্লেখ না করা বা না থাকা, উল্লেখের অভাব। [সং. ন + উল্লেখ]।

অনু-শয় (p. 031) [anu-śaẏa] বি. পূর্বে সঞ্জাত বিদ্বেষ, পূর্ববিদ্বেষ, সঞ্চিত বিদ্বেষ; অনুতাপ, অনুশোচনা। [সং. অনু + √ শী + অ]। অনু-শয়িত বিণ. অনুতপ্ত।

অনু-শাসন (p. 031) [anu-śāsana] বি. 1 উপদেশ; 2 শিক্ষা; 3 আদেশ, আজ্ঞা, নির্দেশ (ধর্মের অনুশাসন); 4 বিধান, edict (অশোকের অনুশাসন)। [সং. অনু + শাসন]।

অনু-শিষ্য (p. 031) [anu-śiṣya] বি. শিষ্যের শিষ্য। [সং. অনু + শিষ্য]।

অনু-শীলন (p. 031) [anu-śīlana] বি. অভ্যাস বা চর্চা। [সং. অনু + √ শীলি + অন]। অনু-শীলনী বি. অনুশীলনের সহায়ক প্রশ্নাবলি। অনু-শীলনীয় বিণ. অনুশীলনের যোগ্য; অনুশীলন করা উচিত বা আবশ্যক এমন। অনু-শীলিত বিণ. অনুশীলন করা হয়েছে এমন; চর্চিত, চর্চা বা অভ্যাসের দ্বারা লব্ধ।

অনু-শোচন, অনু-শোচনা (p. 031) [anu-śōcana, anu-śōcanā] বি. কৃতকর্মের জন্য খেদ, গত বিষয় বা ঘটনার জন্য খেদ, অনুতাপ (পরাজয়ের জন্য অনুশোচনা)। [সং. অনু + √ শুচ্ + অন, + আ]। অনু-শোচিত বিণ. অনুতপ্ত; অনুশোচনার বিষয়ীভূত।

অনু-ষঙ্গ (p. 031) [anu-ṣaṅga] বি. 1 প্রণয়; স্নেহ; 2 দয়া; 3 প্রসঙ্গ; সম্বন্ধ, association (বি. প.); 4 আসক্তি, টান, adherence (স. প.); 5 সাহচর্য; 6 সহচর। [সং. অনু + √ সন্জ্ + অ]। অনু-ষঙ্গী (-ঙ্গিন্) বিণ. অনুষঙ্গবিশিষ্ট; অনুষঙ্গস্বরূপ; সহচর। বিণ. আনুষঙ্গিক।

অনু-ষ্টুপ, অনু-ষ্টুভ (p. 031) [anu-ṣṭupa, anu-ṣṭubha] বি. সংস্কৃত ছন্দোবিশেষ। [সং. অনু + √ স্তুভ্+ক্বিপ্]।

অনুষ্ঠাতা (p. 031) [anuṣṭhātā] (-তৃ) বি. বিণ. অনুষ্ঠানকারী, উদ্যোক্তা; সম্পাদক। [সং. অনু + √ স্থা + তৃ]। স্ত্রী. অনুষ্ঠাত্রী বি. বিণ. অনুষ্ঠানকারিণী।

অনুষ্ঠান (p. 031) [anuṣṭhāna] বি. 1 আরম্ভ; উদ্যোগ; 2 ক্রিয়াকর্ম, উৎসবাদি কর্মের সম্পাদন; নির্বাহ। [সং. অনু + √ স্থা + অন]। অনুষ্ঠিত বিণ. নির্বাহিত; আচরিত; সম্পাদিত। অনুষ্ঠেয় বিণ. নির্বাহ করা উচিত বা করার যোগ্য, অনুষ্ঠানযোগ্য (প্রতিদিনের অনুষ্ঠেয় কর্ম)।

অনুষ্ণ (p. 031) [anuṣṇa] বিণ. গরম নয় এমন; শীতল; স্নিগ্ধ। [সং. ন + উষ্ণ]।

অনু-সঙ্গ (p. 031) [anu-saṅga] (প্রা. মধ্য. বাং. বর্ত. অপ্র.) বি. 1 স্নেহ; 2 দয়া; 3 ইঙ্গিত। [অনুসঙ্গ > অনুসঙ্গ]।

অনু-সন্ধান (p. 031) [anu-sandhāna] বি. খোঁজ, সন্ধান, অন্বেষণ। [সং. অনু + সন্ধান]। অনু-সন্ধানী (-নিন্) বি. বিণ. 1 খোঁজখবর রাখে এমন; 2 খোঁজখবর রাখার কাজে পটু; 3 সতর্ক ও লক্ষ্যযুক্ত (অনুসন্ধানী দৃষ্টি)। অনু-সন্ধাতা (-তৃ), অনু-সন্ধায়ক, অনু-সন্ধায়ী (-য়িন্) বিণ. অনুসন্ধানকারী, অন্বেষণকারী। অনু-সন্ধেয় বিণ. অনুসন্ধানের যোগ্য বা অনুসন্ধান করা উচিত এমন।

অনু-সন্ধিৎসা (p. 032) [anu-sandhitsā] বি. 1 অনুসন্ধান করার বা খোঁজ করার ইচ্ছা; 2 গবেষণা করার বা জানবার ইচ্ছা (প্রাচীন ইতিহাস সম্পর্কে

অনুসন্ধিৎসা)। [সং. অনু + সম্ + √ ধা + সন্ + আ]। অনু-সন্ধিৎসু বিণ. অন্বেষণ বা খোঁজ করতে ইচ্ছুক। অনুসন্ধেয় দ্র অনুসন্ধান।

অনু-সরণ (p. 032) [anu-saraṇa] বি. 1 পিছন পিছন যাওয়া, অনুগমন; অনুবর্তন; 2 অনুরূপ আচরণ; অনুকরণ (পিতার পন্হানুসরণ)। [সং. অনু + √ সৃ + অন]।

অনু-সর্গ (p. 032) [anu-sarga] বি. 1 বিশেষার্থবোধক শব্দ বা ধাতুর শেষে যোগ করা হয় এমন শব্দ, suffix; 2 যে শব্দ কোনো পদের পরে বসে বিভক্তির কাজ করে। [সং. অনু + √ সৃজ্ + অ]।

অনু-সার (p. 032) [anu-sāra] বি. অনুসরণ; অনুরূপ আচরণ। [সং. অনু + √ সৃ + অ]। অনু-সারী (-রিন্) বিণ. অনুসরণকারী, পিছু নেয় বা অনুসরণ করে এমন। অনু-সারে ক্রি-বিণ. অনুযায়ী, মতো (শক্তি অনুসারে, যোগ্যতা অনুসারে, নিয়ম অনুসারে)।

অনু-সিদ্ধান্ত (p. 032) [anu-siddhānta] বি. (জ্যামি.) উপপাদ্য থেকে সহজে যে সিদ্ধান্তে আসা যায়, corollary (বি. প.)। [সং. অনু + সিদ্ধান্ত]।

অনু-সূচক (p. 032) [anu-sūcaka] বিণ. 1 সূচিত করে এমন; নির্দেশ করে বা ইঙ্গিত প্রকাশ করে এমন; 2 নির্দেশক; 3 দ্যোতক। [সং. অনু + সূচক]।

অনু-সৃত (p. 032) [anu-sṛta] বিণ. অনুসরণ বা অবলম্বন করা হয়েছে এমন (অনুসৃত নীতি)। [সং. অনু + √ সৃ + ত]। অনু-সৃতি বি. অনুসরণ।

অনু-স্বর, অনু-স্বার (p. 032) [anu-sbara, anu-sbāra] বি. স্বরবর্ণের পরে বসে এমন অনুনাসিক বর্ণবিশেষ, 'ং'। [সং. অনু + √ স্বৃ + অ, অনু + √ স্বৃ + অ]।

অনু-স্মরণ (p. 032) [anu-smaraṇa] বি. পরে মনে করা বা মনে পড়া; অনুস্মৃতি। [সং. অনু + স্মরণ]।

অনু-স্মৃতি (p. 032) [anu-smṛti] বি. আগেকার ঘটনা পরে মনে পড়া বা মনে করা; পূর্বের ঘটনা স্মরণ, recollection. [সং. অনু + স্মৃতি]।

অনু-স্যূত (p. 032) [anu-syūta] বিণ. 1 গ্রথিত; 2 সম্বন্ধ; 3 অবিচ্ছিন্ন। [সং. অনু + √ সিব্ + ত]।

অনূঢ় (p. 032) [anūḍh়] বিণ. অবিবাহিত। [সং. ন + √ বহ্ + ত]। অনূঢ়া বিণ. (স্ত্রী.) অবিবাহিতা, কুমারী। অনূঢ়ান্ন বি. আইবুড়ো ভাত।

অনূদিত (p. 032) [anūdita] বিণ. 1 অনুবাদ করা হয়েছে এমন, ভাষান্তরিত; 2 পরে বলা হয়েছে এমন; পরে উক্ত। [সং. অনু + √ বদ্ + ত]।

অনূপ (p. 032) [anūpa] বি. জলময় স্থান; জলা; বিল। [সং. অনু + অপ্ (উপ্) + অ-সমাসান্ত]।

অনূরু (p. 032) [anūru] বিণ. উরু নেই এমন; ঊরুহীন। □ বি. গরুড়ের অনুজ অরুণ, অকালে ডিম ফোটার জন্য তাঁর ঊরু অপুষ্ট ছিল। [সং. ন + ঊরু]।

অনূর্ধ্ব (p. 032) [anūrdhba] বিণ. 1 যার চেয়ে ঊর্ধ্ব নেই; 2 অনধিক; 3 উঁচু নয় এমন। [সং. ন (অন্) + ঊর্ধ্ব]।

অনৃজু (p. 032) [anṛju] বিণ. সরল বা ঋজু নয় এমন, বাঁকা; কুটিল; শঠ, ধূর্ত। [সং. ন + ঋজু]।

অনৃণী (p. 032) [anṛṇī] বিণ. যার ঋণ নেই, অঋণী। [সং. ন + ঋণী]।

অনৃত (p. 032) [anṛta] বিণ. অসত্য, ঋত বা সত্য নয় এমন; মিথ্যা। [সং. ন + ঋত]।˜ বাদী (-দিন্)˜ ভাষী (-ষিন্) বিণ. মিথ্যাবাদী।

অনেক (p. 032) [anēka] বিণ. 1 একাধিক; 2 বহু, প্রচুর (অনেক চেষ্টা, অনেক তফাতে), নানা (অনেক কথা)। □ সর্ব. 1 বহু লোক (অনেকে বলে); 2 প্রচুর ('অনেক দিয়েছ নাথ': রবীন্দ্র)। [সং. ন + এক]। অনেকানেক বিণ. নানান ও বিভিন্ন।˜ টা বি. অধিকাংশ, বেশির ভাগ (তীরের অনেকটা ভেঙেছে)। □ বিণ. প্রচুর (অনেকটা ভাত)। □ ক্রি-বিণ. অধিকাংশ বিষয়ে (সে এখন অনেকটা ভালো)।˜ ধা অব্য ক্রি-বিণ. অনেক প্রকারে, নানা দিক থেকে।˜ প্রকার, ˜ ; বিধ,˜ রূপ বিণ. নানারকম। অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট এক কাজের জন্য অনেক লোক জুটে গেলে মতভেদ ইত্যাদির ফলে কাজটাই পণ্ড হয়।

অনেকাংশ (p. 032) [anēkāṃśa] বি. বেশির ভাগ। [সং. অনেক + অংশ]। অনেকাংশে ক্রি-বিণ. মূলত; পুরোপুরি না হলেও মোটামুটিভাবে (তাঁর কথা অনেকাংশে সত্য প্রমাণিত হয়েছে).

অনৈক্য (p. 032) [anaikya] বি. ঐক্য বা একতার অভাব; বিরোধ (সাম্প্রদায়িক অনৈক্য); মতভেদ। [সং. ন + ঐক্য]।

অনৈচ্ছিক (p. 032) [anaicchika] বিণ. স্বেচ্ছায় চালিত বা কৃত নয় এমন; ইচ্ছাশক্তির দ্বারা চালিত নয় এমন, involuntary (বি. প.)। [সং. ন + ঐচ্ছিক]।

অনৈতিক (p. 032) [anaitika] বিণ. নীতিসংগত নয় এমন; নীতিসম্পর্কিত নয় এমন। [সং. ন + নৈতিক্]। বি.˜ তা।

অনৈসর্গিক (p. 032) [anaisargika] বিণ. নিসর্গ সম্পর্কিত নয় এমন; অপ্রাকৃত, অলৌকিক; অস্বাভাবিক। [সং. ন + নৈসর্গিক]।

অনোখা (p. 032) [anōkhā] দ্র আনোখা।

অনৌচিত্য (p. 032) [anaucitya] বি. 1 অন্যায্যতা; অযৌক্তিকতা; 2 (অল.) অনুচিত বর্ণনাজনিত দোষবিশেষ। [সং. ন + ঔচিত্য]।

অন্ত (p. 032) [anta] বি. 1 মৃত্যু; বিনাশ (দেহান্ত); 2 শেষ, অবসান (নিশান্ত, অন্তহীন রাত্রি); 3 প্রান্ত, সীমা (বনান্ত, দিগন্ত) 4 স্বরূপ, হদিশ (অন্ত পাওয়া ভার); 5 জীবনশেষ ('অন্তে দিও গো পদাশ্রয়': সু. দ.)। [সং. অম্ + ত]।˜ ক বি. যম।

□ বিণ. 1 নাশক; 2 শেষ বা চরম, যার পর আর কিছু নেই, final (দর্শ.)।˜ কাল বি. মৃত্যুর সময়। ˜ ; ত, (-বর্জি.)˜ তঃ অব্য. কমপক্ষে।˜ স্থ বিণ. প্রান্তস্থ।

অন্তঃ (p. 032) [anthḥ] (অন্তর্) অব্য. মধ্যে, ভিতরে (এই শব্দটি পূর্বপদ হিসাবে অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে নূতন শব্দ সৃষ্টি করে। [সং.]˜ করণ বি. হৃদয়; মন।˜ কোণ বি. ভিতরে অবস্থিত কোণ, interior angle (বি. প.)।˜ পট বি. 1 মাঝখানে পরদার মতো ঝুলিয়ে দেওয়া কাপড় (যা বিশেষভাবে বিবাহের সময় বর ও কনের মাঝখানে ঝুলিয়ে দেওয়া হয়); 2 পরদা; 3 যবনিকা; 4 অবগুণ্ঠন।˜ পাতী (-তিন্) বিণ. মধ্যবর্তী, অন্তর্গত।˜ পুর বি. অন্দরমহল।˜ পুরিকা বি. যে নারী অন্তঃপুরে বাস করে।˜ প্রবেশন বি. এক লেখকের রচনায় অন্য লেখকের রচনার অংশ সংস্থাপন বা প্রক্ষেপ, interpolation.˜ শত্রু বি. 1 দেহের ভিতরে কামাদি ষড়্রিপু; 2 দেশের ভিতরেই দেশের যে শত্রু রয়েছে, গৃহবৈরী।˜ শীল বিণ. অন্তরে নিহিত বা অবস্থিত; অপ্রকাশিত, গুপ্ত ('অন্তঃশীল যে রহস্য': রবীন্দ্র)। স্ত্রী.˜ শীলা।˜ শুল্ক বি. দেশি পণ্যদ্রব্যের, বিশেষত মাদকদ্রব্যের উপর ধার্য কর, excise,˜ সংজ্ঞ,˜ সংজ্ঞা বিণ. (বাইরে চেতনাহীন মনে হলেও) ভিতরে ভিতরে বোধশক্তিসম্পন্ন।˜ সত্ত্বা বিণ. গর্ভিণী, গর্ভবতী।˜ সলিল বিণ. ভিতরে জলযুক্ত। স্ত্রী.˜ সলিলা। অন্তঃসলিলা নদী যে নদীর জল মাটির নীচে লোকচক্ষুর আড়ালে বয়ে যায়।˜ সার বি. ভিতরের সার পদার্থ।˜ সার-শূন্য বিণ. ভিতরে সারবস্তু কিছুই নেই এমন; ফাঁপা।˜ স্থ বিণ. মধ্যবর্তী। অন্তঃস্থ বর্ণ স্পর্শবর্ণ ও উষ্মবর্ণের মধ্যবর্তী য র ল ব এই চারটি বর্ণ। অন্তঃস্থয়-শ্রুতি পাশাপাশি দুটি স্বরধ্বনি থাকলে উচ্চারণের সময় মাঝথানে যে শ্রুতিধ্বনি এসে পড়ে। যেমন পা + এর = পায়ের।

অন্তর (p. 032) [antara] বি. 1 হৃদয়, মন ('অন্তর মম বিকশিত করো': রবীন্দ্র); 2 তফাত, ব্যবধান (তিন দিন অন্তর, নিরন্তর); 3 ভিতর, মধ্য (দুইয়ের অন্তরে); 4 পার্থক্য, তারতম্য; 5 ভেদ (মতান্তর); 6 পরিধান (অন্তরীয়)। □ বিণ. 1 (সমাসের উত্তরপদে) ভিন্ন, অপর (গত্যন্তর, দেশান্তর); 2 আত্মীয় (অন্তরতম)। [সং. অন্ত + √ রা + অ]। ˜ জ্ঞ বিণ. অন্তর্যামী; বিশেষজ্ঞ। ˜ টিপুনি বি. অন্যের অজ্ঞাতে কারও মনে গোপনে আঘাত। ˜ স্থ বিণ. মনোগত।

অন্তরঙ্গ (p. 032) [antaraṅga] বিণ. আত্মীয়, আত্মীয়তাপূর্ণ; অন্তরের সঙ্গে সম্পর্কযুক্ত (বিষয়টাকে তিনি অন্তরঙ্গভাবে জানেন); গভীর বন্ধুত্বপূর্ণ (অন্তরঙ্গ বন্ধু)। □ বি. ভিতরের বা অভ্যন্তরের অঙ্গ। [সং. অন্তর + √ গম্ + অ]। ˜ তা বি. আত্মীয়তা; ঘনিষ্ঠ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক।

অনুরজ্ঞ, অন্তরটিপুনি, অন্তরস্থ (p. 032) [anurajña, antaraṭipuni, antarasha] দ্র অন্তর।

অন্তরা (p. 032) [antarā] বি. গানের স্থায়ী ও সঞ্চারীর মাঝের অংশ, গানের দ্বিতীয় তুক। [সং. অন্তর্ + আ]।

অন্তরাত্মা (p. 032) [antarātmā] (-ত্মন্) বি. 1 (শরীরমধ্যস্থ) জীবাত্মা; 2 মন, অন্তঃকরণ, হৃদয় (কথাটা শোনামাত্রই তার অন্তরাত্মা কেঁপে উঠল)। [সং. অন্তর্ + আত্মন্]।

অন্তরায় (p. 032) [antarāẏa] বি. বাধা, বিঘ্ন; কাজে বা সিদ্ধান্তে যা বাধা হয়ে দাঁড়ায় (উন্নতির পথে কুসংস্কার প্রধান অন্তরায়)। [সং. অন্তর্ + √ ই + অ]।

অন্তরাল (p. 032) [antarāla] বি. আড়াল, দৃষ্টির বাইরে থাকা (অন্তরালে থেকে কলকাঠি নাড়ছে)। [সং. অন্তর্ + √লা + অ]। ̃ .বর্তী (-র্তিন্) বিণ. আড়ালে বা দৃষ্টির বাইরে রয়েছে এমন। স্ত্রী. ̃ বর্তিনী।

অন্তরিক্ষ, অন্তরীক্ষ (p. 032) [antarikṣa, antarīkṣa] বি. আকাশ। [সং. অন্তঃ + ঋক্ষ, অন্তর্ + √ঈক্ষ্ + অ]। ̃ চারী (-রিন্) বিণ. আকাশে বা শূন্যপথে বিচরণ করে এমন, গগনচারী। ̃ চারিণী। ̃ বাসী (-সিন্) বিণ. আকাশে বাস করে এমন। স্ত্রী. ̃ বাসিনী। ̃ মণ্ডল বি. সমগ্র আকাশ, নভোমণ্ডল।

অন্তরিত (p. 032) [antarita] বিণ. 1 অন্তর্হিত, অদৃশ্য বা দূর হয়েছে এমন (ব্যথা অন্তরিত); 2 আচ্ছন্ন, আবৃত; 3 সরকারি আদেশে কারাগারের বাইরে নির্দিষ্ট কোনো জায়গায় নিঃসঙ্গ অবস্থায় আবদ্ধ, গৃহবন্দি, interned. [সং. অন্তর + ইত]। অন্তরণ বি. অন্তরিত করা, internment. অন্তরিন বিণ. গৃহবন্দি, interned. □ বি. internee.

অন্তরিন্দ্রিয় (p. 032) [antarindriẏa] বি. মন। [সং. অন্তর্ + ইন্দ্রিয়]।

অন্তরীপ (p. 032) [antarīpa] বি. যে ভূখণ্ড ক্রমশ সরু হয়ে সমুদ্রে এসে মিশেছে, cape. [সং. অন্তর্ + √ অপ্ + অ]।

অন্তরীয় (p. 032) [antarīẏa] বি. ধুতি পাজামা শায়া ইত্যাদি পরিচ্ছদ যা দেহের নিম্নাঙ্গে পরিধান করা হয়, অধোবাস। [সং. অন্তর্ + ঈয়]।˜ তু. উত্তরীয়।

অন্তর্গত (p. 032) [antargata] বিণ. মধ্যে বা অভ্যন্তরে আছে এমন, মধ্যবর্তী, ভিতরস্থ (দেহের অন্তর্গত মন, দেশের অন্তর্গত রাজ্য)। [সং. অন্তর্ + গত]।

অন্তর্গূঢ় (p. 032) [antargūḍh়] বিণ. ভিতরে বা মনের মধ্যে গুপ্ত (অন্তর্গূঢ় রহস্য); অপ্রকাশিত (অন্তর্গূঢ় বেদনা)। [সং. অন্তর্ + গূঢ়]।

অন্তর্গৃহ (p. 032) [antargṛha] বি. বড়ো ঘরের মধ্যে অবস্থিত ঘর; ঘরের মধ্যে ঘর। [সং. অন্তর + গৃহ]।

অন্তর্গ্লানি (p. 032) [antarglāni] বি. মনের মধ্যে গুপ্ত বেদনা। [সং. অন্তর্ + গ্লানি]।

অন্তর্ঘাত (p. 032) [antarghāta] বি. ভিতরে থেকে গোপনে ক্ষতিসাধন (দলের লোকই অন্তর্ঘাত করেছে), sabotage. [সং. অন্তর্ + ঘাত]।˜ ক বি. অন্তর্ঘাতকারী; saboteur.˜ মূলক বিণ. অন্তর্ঘাতসম্বন্ধীয় (অন্তর্ঘাতমূলক কোনো কাজ বরদাস্ত করা হবে না)। অন্তর্ঘাতী (-তিন্) বিণ. অন্তর্ঘাতমূলক (অন্তর্ঘাতী কাজ)।

অন্তর্জগত্ (p. 032) [antarjagat] বি. মনোজগত্ ভাবলোক, মানুষের চিন্তারাজ্য। [সং. অন্তর্ + জগত্]।

অন্তর্জলি (p. 032) [antarjali] বি. মুমূর্ষু ব্যক্তির পারলৌকিক মঙ্গলের জন্য তার নিম্নাঙ্গ গঙ্গাজলে ডুবিয়ে রাখার শাস্ত্রীয় অনুষ্ঠানবিশেষ, নাভিস্নান। [সং. অন্তর্জল + বাং. ই]। ̃ যাত্রা বি. অন্তর্জলির অনুষ্ঠানের জন্য যাত্রা; (আল.) অন্তিমকাল।

অন্তর্জাতীয় (p. 032) [antarjātīẏa] বিণ. বিভিন্ন জাতি বা রাষ্ট্রের মধ্যে ঘটে বা থাকে এমন (অন্তর্জাতীয় বিরোধ)। [সং. অন্তর্জাতি + ঈয়]। দ্র আন্তর্জাতিক।

অন্তর্দশা (p. 032) [antardaśā] বি. (জ্যোতিষ.) কোনো গ্রহের দশার অন্তর্গত রবিচন্দ্রাদি গ্রহের আধিপত্যকাল। [সং. অন্তর্ + দশা]।

অন্তর্দশন (p. 032) [antardaśana] বি. নিজের মনকে দেখা বা পরীক্ষা করা, নিজের মনকে সূক্ষ্মভাবে বোঝা, introspection. [সং. অন্তর্ + দর্শন]।

অন্তর্দাহ (p. 032) [antardāha] বি. নিদারুণ মনঃকষ্ট; মনের জ্বালা। [সং. অন্তর্ + দাহ্]।

অন্তর্দীপন (p. 032) [antardīpana] বি. মনের মধ্যে জ্ঞানের আলো জ্বালানো; মানসিক গুণাবলির উৎকর্ষসাধন। [সং. অন্তর্ + দীপন]।

অন্তর্দৃষ্টি (p. 032) [antardṛṣṭi] বি. 1 ভিতরের দিকে বা মনের ভিতরের দিকে দৃষ্টি; 2 সূক্ষ্মভাবে দেখবার শক্তি; 3 নিজের মনকে সূক্ষ্মভাবে দেখা বা পরীক্ষা, অন্তর্দশন। [সং. অন্তর্ + দৃষ্টি]।

অন্তর্দেশ (p. 034) [antardēśa] বি. 1 ভিতরের অংশ; মধ্যবর্তী স্থান; 2 দেশের মধ্যভাগ; 3 হৃদয়। [সং. অন্তর্ + দেশ]। অন্তর্দেশীয় বিণ. দেশের ভিতরে ঘটে বা রয়েছে এমন, inland.

অর্ন্তদ্বার (p. 034) [arntadbāra] বি. গোপন দরজা; খিড়কি। [সং. অন্তর্ + দ্বার]।

অন্তর্ধান (p. 034) [antardhāna] বি. তিরোধান; অদৃশ্য হওয়া। [সং. অন্তর্ + √ ধা + অন]। বিণ. অন্তর্হিত।

অন্তর্নিবিষ্ট (p. 034) [antarnibiṣṭa] বিণ. 1 হৃদয়ে বা ভিতরে স্থাপিত, অন্তর্নিহিত; 2 বদ্ধমূল; 3 সহজাত (অন্তর্নিবিষ্ট শক্তি)। [সং. অন্তর্ + নিহিত]।

অন্তর্নিহিত (p. 034) [antarnihita] বিণ. ভিতরে স্থাপিত (অন্তর্নিহিত শক্তি)। [সং. অন্তর্ + নিহিত]।

অন্তর্বত্নী (p. 034) [antarbatnī] বিণ. গর্ভবতী। [সং. অন্তর্ + বত্ + ঈ]।

অন্তর্বতী (p. 034) [antarbatī] (-র্তিন্) বিণ. 1 অন্তর্গত, ভিতরের; 2 মধ্যবর্তী, মধ্যকালীন, interim (স. প.)। [সং. অন্তর্ + √ বৃত্ + ইন্]।

অন্তর্বাণিজ্য (p. 034) [antarbāṇijya] বি. দেশের বা সীমার মধ্যে অর্থাত্ ভিতরে বাণিজ্য, inland trade (বি. প.)। [সং. অন্তর্ + বাণিজ্য]। (তু. বিপ. বহির্বাণিজ্য)।

অন্তর্বাষ্প (p. 034) [antarbāṣpa] বি. চেপে রাখা চোখের জল, অবরুদ্ধ অশ্রু। [সং. অন্তর্ + বাষ্প]।

অন্তর্বাস (p. 034) [antarbāsa] বি. ভিতরে পরবার বস্ত্রাদি, গেঞ্জি, ফতুয়া শেমিজ বক্ষবাস, কৌপীন ইত্যাদি। (তু. বিপ. বহির্বাস)। [সং. অন্তর্ + বাস]।

অন্তর্বাহী (p. 034) [antarbāhī] (-হিন্) বিণ. ভিতরের দিকে যায় বা আকৃষ্ট হয় বা প্রবাহিত হয় এমন, afferent (বি. প.)। [সং. অন্তর্ + বাহিন্]।

অন্তর্বিগ্রহ (p. 034) [antarbigraha] বি. আত্মকলহ; গৃহবিবাদ; কোনো দেশের অধিবাসীদের মধ্যে পরস্পর দ্বন্দ্ব, civil war. [সং. অন্তর্ + বিগ্রহ]।

অন্তর্বিপ্লব (p. 034) [antarbiplaba] বি. গৃহবিবাদ; গৃহযুদ্ধ, civil war. [সং. অন্তর্ + বিপ্লব]।

অন্তর্বিবাহ (p. 034) [antarbibāha] বি. একই গোত্রের বা কুলের মধ্যে বিবাহ। [সং. অন্তর + বিবাহ]।

অন্তর্বিরোধ (p. 034) [antarbirōdha] বি. নিজেদের মধ্যে অর্থাত্ একই দেশের বা দলের লোকদের মধ্যে বিবাদ। [সং. অন্তর্ + বিরোধ]।

অন্তর্বেদনা (p. 034) [antarbēdanā] বি. মনঃকষ্ট, অন্তরের দুঃখ। [সং. অন্তর + বেদনা]।

অন্তর্বেদি, অন্তর্বেদী (p. 034) [antarbēdi, antarbēdī] বি. 1 দুই নদীর মধ্যবর্তী ভূখণ্ড, দোআব; 2 প্রয়াগ থেকে হরিদ্বার পর্যন্ত গঙ্গা ও যমুনার মধ্যবর্তী ভূভাগ; ব্রহ্মাবর্তদেশ। [সং. অন্তর্ + বেদি, বেদী]।

অন্তর্ভুক্ত (p. 034) [antarbhukta] বিণ. অন্তর্গত; ভিতরে বা অভ্যন্তরে রয়েছে এমন, মধ্যস্থিত। [সং. অন্তর্ + ভুক্ত]।

অন্তর্ভূত (p. 034) [antarbhūta] বিণ. অন্তর্গত; মধ্যস্থিত। [সং. অন্তর্ + ভূত]। অন্তর্ভূত কোণ (জ্যামি.) দুই বাহুর মধ্যবর্তী কোণ, included angle (বি. প.)।

অন্তর্ভেদী (p. 034) [antarbhēdī] (-দিন্) বিণ. অন্তর ভেদ করে এমন; মনের গুপ্ত ভাব জানতে পারে এমন (অন্তর্ভেদী দৃষ্টি)। [সং. অন্তর্ + ভেদিন্]।

অন্তর্মাধুর্য (p. 034) [antarmādhurya] বি. অন্তরের বা মনের মাধুর্য; আভ্যন্তরিক সৌন্দর্য। [সং. অন্তর্ + মাধুর্য]।

অন্তর্মুখ (p. 034) [antarmukha] বিণ. 1 ভিতরের দিকে মুখ গতি বা লক্ষ্য আছে এমন; 2 আত্মবিষয়ে চিন্তাশীল, introspective; 3 বাহ্যবস্তুকে উপেক্ষা করে গভীর চিন্তায় মগ্ন; 4 ভিতরের দিকে প্রবাহিত হয় এমন, afferent (বি. প.)। [সং. অন্তর্ + মুখ]। স্ত্রী. অন্তর্মুখী।

অন্তর্মুখিতা (p. 034) [antarmukhitā] বি. 1 ভিতরের দিকে যাবার প্রবণতা বা অভ্যাস; 2 অর্ন্তর্দৃষ্টি; 3 আপনমনে থাকার প্রবণতা। [সং. অন্তর্ + মুখিতা]।

অন্তর্যামী (p. 034) [antaryāmī] (-মিন্) বিণ. অন্তরের কথা জানেন এমন। □ বি. যিনি অন্তরে অর্থাত্ মনে অবস্হান করেন এবং. মনের সমস্ত কথা জানেন; ঈশ্বর। [সং. অন্তর্ + √ যামি + ইন্]।

অন্তর্লীন (p. 034) [antarlīna] বিণ. অন্তরে বা ভিতরে গুপ্ত; গুঢ়। [সং. অন্তর্ + লীন]।

অন্তর্হিত (p. 034) [antarhita] বিণ. তিরোধান করেছে এমন; অদৃশ্য হয়ে গেছে বা দৃষ্টির অগোচরে চলে গেছে এমন। [সং. অন্তর্ + √ ধা + ত]। বি. অন্তর্ধান।

অন্তস্তল (p. 034) [antastala] বি. অভ্যন্তর, ভিতর; হৃদয়, মন (অন্তরের অন্তস্তলে). [সং. অন্তর্ + তল]।

অন্তস্হ (p. 034) [antasha] বিণ. শেষে অবস্হিত, শেষে রয়েছে এমন। [সং. অন্ত + √ স্হা + অ]।

অন্ত-হীন (p. 034) [anta-hīna] বিণ. অসীম; অন্ত বা শেষ নেই এমন (অন্তহীন নীলাকাশ)। [সং. অন্ত + হীন]।

অন্তিক (p. 034) [antika] বিণ. সন্নিহিত; নিকটস্থ। □ বি. নৈকট্য; সান্নিধ্য। [সং. অন্ত + ইক]।

অন্তিম (p. 034) [antima] বিণ. 1 শেষ; 2 মৃত্যুকালীন (বৃদ্ধের অন্তিম ইচ্ছা)। □ বি. পরিণতি (অন্তিমে অক্ষয় স্বর্গলাভ). [সং. অন্ত + ইম ('ভব' অর্থে)]। ̃ কাল, ̃ সময় বি. মরণকাল। ̃ দশা বি. শেষ অবস্থা; মুমূর্ষু অবস্থা। ̃ শয্যা বি. যে শয্যায় শায়িত অবস্থায় মৃত্যু ঘটে।

অন্তে-বাসী (p. 034) [antē-bāsī] (-সিন্) বি. 1 গুরুগৃহবাসী শিষ্য, ছাত্র; 2 গ্রামের প্রান্তে বসবাসকারী চণ্ডাল। □ বিণ. নিকটবর্তী; নিকটে বাস করে এমন। [সং. অন্তে (=গুরুর নিকটে) + √ বস্ + ইন]।

অন্ত্য (p. 034) [antya] বিণ. 1 অন্তিম, শেষ (অন্ত্য বর্ণ, অন্ত্যেষ্টি); চরম; 2 অবশিষ্ট; 3 শূদ্রবংশজাত। [সং. অন্ত + য]। ̃ জ বিণ. নীচবংশজাত; নীচ। □ বি. নীচজাতি; শূদ্র; চণ্ডাল। ̃ বর্ণ বি. (শব্দাদির) শেষ বর্ণ।

অন্ত্যাক্ষরি (p. 034) [antyākṣari] বি. কবিতা বা গানের প্রতি চরণের শেষ বর্ণ দিয়ে অন্য কবিতা বা গানের প্রথম চরণ শুরু করার প্রতিযোগিতা বা খেলা। [সং. অন্ত্য + অক্ষর (বর্ণ) + বাং. ই]।

অন্ত্যানু-প্রাস (p. 034) [antyānu-prāsa] বি. (কাব্যে) এক প্রঙ্ক্তির শেষ শব্দ বর্ণ ধ্বনি ইত্যাদির সঙ্গে পরবর্তী পঙ্ক্তির শেষ শব্দ বর্ণ ধ্বনি ইত্যাদির মিল; অন্ত্যমিল, end rhyme. [সং. অন্ত্য + অনুপ্রাস]।

অন্ত্যেষ্টি (p. 034) [antyēṣṭi] বি. মৃতের সৎকার; মৃতের সৎকার ও পারলৌকিক ক্রিয়া। [সং. অন্ত্য (অন্তিম) + ইষ্টি (যজ্ঞ)]। ̃ ক্রিয়া বি. মৃতের সৎকার।

অন্ত্র (p. 034) [antra] বি. 1 নাড়িভুঁড়ি, bowels; 2 পাকস্থলীর নিম্নভাগ থেকে মলদ্বার পর্যন্ত দেহযন্ত্র, intestines. [সং. অম্ + ত্র]। ̃ ক্ষত বি. অন্ত্রে ক্ষত বা ঘা, intestinal ulcer. ̃ বৃদ্ধি বি. অন্ত্রের বা নাড়ির রোগবিশেষ, hernia.

অন্দর (p. 034) [andara] বি. 1 অভ্যন্তর, ভিতর; 2 অন্তঃপুর (তু. সদর)। [ফা. অন্দর্। তু. সং. অন্তর (ভিতর)]। ̃ মহল বি. অন্তঃপুর।

অন্দিসন্দি-অন্ধিসন্ধি (p. 034) [andisandi-andhisandhi] র কথ্য রূপ।

অন্ধ (p. 034) [andha] বি. 1 চোখে দেখে না এমন, কানা, দৃষ্টিহীন; 2 গাঢ় অন্ধকারময় ('অন্ধতামস': রবীন্দ্র); 3 অজ্ঞান, বিচারবোধহীন (অন্ধ আবেগ, অন্ধ বিশ্বাস, অন্ধ সমর্থক)। [সং. অন্ধ + অ]। বি. ̃ তা, ̃ ত্ব। ̃ কূপ বি. অন্ধকার গহ্বর, black hole. অন্ধ-কূপ হত্যা অতি ক্ষুদ্র একটি কক্ষে বহুসংখ্যক লোককে আবদ্ধ রেখে শ্বাসরোধ করে তাদের মৃত্যু ঘটানোর ঘটনা (এই অভিযোগ বাংলার নবাব সিরাজউদ্দৌলা সম্পর্কে করেছিলেন ইস্ট ইণ্ডিয়া কোম্পানির ইংরেজরা), black-hole tragedy. ̃ তমস বি. গাঢ় অন্ধকার। ̃ তমিস্র বি. গাঢ় অন্ধকার। □ বিণ. গাঢ় অন্ধকারময়। ̃ বিশ্বাস বি. বিচার বিবেচনা না ক'রে কোনো কিছু মনে নেওয়া, নির্বিচার আস্থা। ̃ বেগ বি. বেপরোয়া দ্রুত বেগ। অন্ধের নড়ি, অন্ধের যস্টি অক্ষম অসহায়ের একমাত্র অবলম্বন; অসহায়ের সহায়।

অন্ধ-কার (p. 034) [andha-kāra] বি. 1 আলোর অবাব; তমঃ, তিমির; 2 অজ্ঞতা (মনের অন্ধকার)। □ বিণ. অন্ধকারময় (অন্ধকার ঘর)। [সং. অন্ধ + √ কৃ + অ]। অন্ধকার দেখা ক্রি. বি. বিপদে দিগ্বিদিক জ্ঞান লোপ পাওয়া। অন্ধকারে ঢিল্ মারা কোনো বিষয়ে নিশ্চিত জ্ঞান না থাকায় আন্দাজে সেই বিষয়ে মন্তব্য করা (যদি লেগে যায় এই আশার)। অন্ধকারে থাকা ক্রি. বি. কোনো বিষয়ে সম্পূর্ণ অজ্ঞ থাকা। অন্ধকারে হাতড়ানো ক্রি. বি. 1 চোখে দেখতে না পাওয়ায় হাতের স্পর্শ দিয়ে অনুমান করা; 2 কোনো বিষয়ে স্থির জ্ঞান না থাকায় আন্দাজে আলোচনা করা বা অনুমান করা।

অন্ধি-সন্ধি (p. 034) [andhi-sandhi] বি. 1 ফাঁক, ফাঁকফোকর, রন্ধ্র; 2 গুপ্ত তথ্য (সমস্ত অন্ধিসন্ধি তার জানা); 3 মনের কথা। [বাং. অন্ধি + সন্ধি]।

অন্ধ্র (p. 034) [andhra] বি. 1 প্রাচীন ভারতের জাতিবিশেষ; 2 স্বাধীন ভারতের অন্যতম রাজ্য; তেলুগুভাষী প্রদেশ; পঞ্চদ্রাবিড়ের অন্যতম। [সং. অন্ধ্ + র]।

অন্ন (p. 034) [anna] বি. 1 ভাত; 2 খাদ্যদ্রব্য (অন্নদাতা)। [সং. √ অদ্ + ত]।˜ কষ্ট, অন্নভাব বি. খাদ্যের অভাব; দুর্ভিক্ষ।˜ কূট বি. অন্নের পাহাড় বা স্তূপ; রাশি রাশি খাদ্য বিতরণের উৎসব।˜ ক্ষেত্র,˜ সত্র বি. যে জায়গা থেকে অন্ন বিতরণ করা হয়।˜ গত বিণ. খাদ্যের উপর একান্ত নির্ভরশীল।˜ গত-প্রাণ বিণ. অন্ন না পেলে বাঁচে না এমন।˜ চিন্তা বি. আহার জোটানোর চিন্তা। অন্নচিন্তা চমৎকারা আহার জোটানোর চিন্তা কঠিন ব্যাপার কিন্তু অত্যন্ত প্রয়োজনীয়, কেননা আহার বিনা কোনো গুণেরই বিকাশ হয় না।˜ ছত্র বি. অন্নসত্র -র রূপভেদ।˜ জল বি. দানাপানি; খাবারদাবার; মৃতের আত্মার তৃপ্তির জন্য হিন্দু অনুষ্ঠানবিশেষ।˜

দা বিণ. স্ত্রী. অন্নদানকারিণী। □ বি. ভগবতী; দুর্গা, অন্নপূর্ণা।˜ দাতা (-তৃ) বিণ. 1 অন্নদানকারী; 2 প্রতিপালনকারী।˜ দাত্রী বিণ. (স্ত্রী.) অন্নদানকারিণী।˜ দাস বি. কেবল পেটের খোরাকের জন্য পরের দাসত্ব করে এমন ব্যক্তি।˜ ধ্বংস বি. (ব্যঙ্গে) ভাত ও অন্যান্য খাদ্য ভোজন (বসে বসে কেবল অন্নধ্বংস করে চলেছ)।˜ নালী বি. যে নালী দিয়ে খাদ্যদ্রব্য কণ্ঠ থেকে পাকস্থলীতে যায়, oesophagus.˜ পূর্ণা বি. (স্ত্রী.) অন্নদা, দুর্গা।˜ প্রাশন বি. হিন্দু শিশুর প্রথম অন্নগ্রহণের অনুষ্ঠান, 'ভাত', মুখে-ভাত। অন্নপ্রাশনের ভাত উঠে আসা বমির উদ্রেক হওয়া।˜ ময় বিণ. খাদ্যে পূর্ণ; খাদ্য দিয়ে গঠিত (অন্নময় কোষ)। অন্নময় কোষ স্থূল দেহ।˜ রস বি. ভুক্ত খাদ্যদ্রব্য থেকে উৎপন্ন এবং দেহগঠনের সহায়ক রসবিশেষ, chyle,˜ সংস্থান বি. আহারের ব্যবস্থা; জীবিকার্জন।˜ সত্র বি. খাদ্য বিতরণের স্থান, অন্নক্ষেত্র, অন্নছত্র।˜ হীন বিণ. আহারের সংস্থান নেই এমন, নিরন্ন।

অন্বয় (p. 034) [anbaẏa] বি. 1 এক পদের সঙ্গে অন্য পদের সম্বন্ধ; 2 সম্বন্ধযুক্ত পদগুলির বাক্যে ব্যবহারের ক্রম, syntactic order; 3 অনুবৃত্তি, ধারা; 4 বংশ; গোত্র; 5 মিল, agreement. [সং. অনু + √ ই + অ]। অন্বয়ী (-য়িন্) বিণ. অন্বয়যুক্ত, সম্বন্ধযুক্ত, অন্বিত।

অন্বর্থ (p. 034) [anbartha] বিণ. যথার্থ, অর্থানুরূপ; সার্থক। [সং. অনু + অর্থ]।˜ .নামা (-মন্) বিণ. নামের সঙ্গে গুণের বা চরিত্রের মিল আছে এমন।

অন্বিত (p. 034) [anbita] বিণ. যুক্ত, সম্পন্ন (গুণান্বিত); প্রত্যেক পদের পরস্পর সম্বন্ধবিশিষ্ট (অন্বিত বাক্য)। [সং. অনু + √ ই + ত]।

অন্বিষ্ট (p. 034) [anbiṣṭa] বিণ. খোঁজা হচ্ছে এমন। □ বি. 1 লক্ষ্য ('আমারও অন্বিষ্ট তাই': বিষ্ণু); 2 অন্বেষিত বিষয়। [সং. অনু + √ ইষ্ + ত]।

অন্বীক্ষা (p. 034) [anbīkṣā] বি. 1 পর্যালোচনা; 2 অন্বেষণ; 3 অনুমান। [সং. অনু + √ ঈক্ষ্ + অ + আ]।

অন্বেষণ (p. 034) [anbēṣaṇa] বি. অনুসন্ধান, খোঁজ, গবেষণা। [সং. অনু + √ ইষ্ + অন]। অন্বেষক, অন্বেষী বি. বিণ. অনুসন্ধানকারী। অন্বেষিত বিণ. খোঁজা হচ্ছে এমন।

অন্য (p. 034) [anya] বিণ. অপর, ভিন্ন (অন্য লোক)। □ সর্ব. অপর লোক (অন্যে যাই বলুক, অন্যের উপর ভরসা, একাজ অন্যের দ্বারা হবে না)। [সং. √ অন্ + য]˜ কৃত বিণ. অন্যের দ্বারা করিয়ে নেওয়া হয়েছে এমন।˜ গত বিণ. অন্যের উপর পুরোপুরি নির্ভরশীল।˜ ত, (বার্জি.)˜ তঃ অব্য. অন্যভাবে।˜ তম বিণ. বহুর মধ্যে এক।˜ তর বিণ. দুইয়ের মধ্যে এক।˜ এ অব্য. ক্রি-বিণ. অন্য জায়গায় বা বিষয়ে।˜ ত্ব বি. ভিন্নতা, the state of beign different.˜ থা অব্য. ভিন্নভাবে, নতুবা। □ বি. ব্যতিক্রম (এর অন্যথা হবে না)।˜ থা-করণ বি. অন্যরকম আচরণ করা; অগ্রাহ্য করা।˜ থা-চরণ বি. অন্যরকম বা বিরুদ্ধ আচরণ।˜ দীয় বিণ. অন্যবিষয়ক, অন্যসংক্রান্ত।˜ পুষ্ট বিণ. অন্যের দ্বারা পালিত। □ বি. কোকিল।˜ পূর্বা বিণ. (স্ত্রী.) পূর্বে অন্যের বাগদত্তা বা স্ত্রী ছিল এমন।˜ বিধ বিণ. অন্যরকম, ভিন্নরকম।˜ ভৃত্ বিণ. অন্যকে পালন করে এমন। □ বি. কাক।˜ ভৃত বিণ. অন্যের দ্বারা পালিত হয় এমন, অন্যপুষ্ট। □ বি. কোকিল।˜ মনস্ক,˜ মনা বিণ. অন্য বিষয়ে মন রয়েছে এমন; অমনোযোগী। বি.˜ মনস্কতা।˜ রূপ বিণ. ভিন্নরকম; অসদৃশ; অন্যরকমের, বিপরীত বা বিরুদ্ধ। □ বি. অন্যরকম

মূর্তি বা রূপ; অন্য প্রণালী। ˜ সাপেক্ষ বিণ. অন্যের সঙ্গে সম্পর্কযুক্ত অর্থাত্ একটিকে বুঝতে হলে অপরটিকে বোঝা চাই এমন, relative.

অন্যান্য (p. 034) [anyānya] বি. অপরাপর, ভিন্ন্ন ভিন্ন (অন্যান্য কাজ). □ সর্ব. অপরাপর লোক বা বস্তু (অন্যান্যেরাও এই কথা বলে)। [সং. অন্য + অন্য]।

অন্যায় (p. 034) [anyāẏa] বি. অনুচিত কাজ; অনৌচিত্য; অবিচার (অন্যায়ের প্রতিবাদ)। □ বিণ. ন্যায়বিরুদ্ধ; অনুচিত (অন্যায় কাজ); অকর্তব্য। [সং. ন + ন্যায়]। ˜ ত, (বার্জি.) ˜ তঃ অব্য ক্রি-বিণ. অন্যায়ভাবে। অন্যায়াচার বি. অনুচিত ব্যবহার। অন্যায়াচারী (-রিন্) বিণ. অনুচিত কাজ করে এমন।

অন্যায্য (p. 034) [anyāyya] বিণ. অনুচিত, অসংগত। [সং. ন + ন্যায্য]।

অন্যাসক্ত (p. 034) [anyāsakta] বিণ. অপরের প্রতি আসক্ত বা অনুরক্ত। [সং. অন্য + আসক্ত]। অন্যাসক্তা বিণ. (স্ত্রী.) অন্যের প্রতি অনুরক্তা।

অন্যূন (p. 034) [anyūna] বিণ. অন্তত; ন্যূন বা কম নয় এমন; সম্পূর্ণ। [সং. ন + ন্যূন]।

অন্যোন্য (p. 034) [anyōnya] বিণ. পরস্পর, mutual. □ বি. কাব্যের অর্থালংকারবিশেষ। ˜ জীবিত্ব বি. ভিন্ন্ন ভিন্ন জীবের মিলন, মিথোজীবিতা, symbiosis (বি. প.)। ˜ বিরোধী (-ধিন্) বি. পরস্পরবিরোধী, mutually opposed.

অপ-1 (p. 034) [apa-1] অব্য. প্রতিকূলতা হীনতা নিন্দা ইত্যাদি সূচক উপসর্গ। [সং.]।

অপ2 (p. 034) [apa2] বি. জল। [সং. √ আপ্ + ক্বিপ্-নি.]।

অপ-কর্ম (p. 034) [apa-karma] (-র্মন্) বি. নিন্দাজনক কাজ, কুকাজ; অপ্রীতিকর বা অন্যায় কাজ। [সং. অপ + কর্মন্]। অপ-কর্মা (-র্মন্) বিণ. কুকাজ করে এমন।

অপ-কর্ষ (p. 034) [apa-karṣa] বি. হীনতা, নিকৃষ্টতা; অবনতি। [সং. অপ + √ কৃষ্ + অ]। বি. অপ-কৃষ্ট।

অপ-কলঙ্ক (p. 034) [apa-kalaṅka] বি. মিথ্যা অপবাদ। [সং. অপ + কলঙ্ক]।

অপ-কার (p. 034) [apa-kāra] বি. অনিষ্ট, ক্ষতি; হানি। [সং. অপ + কৃ + অ]। অপ-কারী (-রিন্) বিণ. ক্ষতিকর। অপ-কৃত বিণ. ক্ষতিগ্রস্ত। অপ-কৃতি বি. ক্ষতি, অনিষ্ট।

অপ-কীর্তি (p. 034) [apa-kīrti] বি. কুকাজ বা তার জন্য নিন্দা; অপযশ, বদনাম, কলঙ্ক। [সং. অপ + কীর্তি]।

অপ-কৃষ্ট (p. 034) [apa-kṛṣṭa] বিণ. নিকৃষ্ট, হীন; জঘন্য; অবনতি হয়েছে এমন (তু. উৎকৃষ্ট)। [সং. অপ + √ কৃষ্ + ত]।

অপ-কেন্দ্র (p. 034) [apa-kēndra] বিণ. কেন্দ্র থেকে দূরে গমনকারী; কেন্দ্র থেকে দূরে সরে যায় এমন, centrifugal (বি. প.)। [সং. অপ + কেন্দ্র]।

অপক্ক (p. 034) [apakka] বিণ. 1 পাকেনি এমন; কাঁচা; 2 সিদ্ধ বা পাক করা হয়নি এমন; 3 অপরিণত। [সং. ন + পক্ক]। বি.˜ তা।

অপ-ক্রিয়া (p. 034) [apa-kriẏā] বি. কুকর্ম; নিন্দাযোগ্য কাজ। [সং. অপ + ক্রিয়া]।

অপক্ষ-পাত (p. 034) [apakṣa-pāta] বি. নিরপেক্ষতা, সমদর্শিতা। □ বিণ. পক্ষপাতহীন, সমদর্শী, নিরপেক্ষ। [সং. ন + পক্ষপাত]। অপক্ষ-পাতী (-তিন্) বিণ. নিরপেক্ষ। বি. অপক্ষ-পাতিতা, অপক্ষ-পাতিত্ব।

অপ-গত (p. 034) [apa-gata] বিণ. বিগত; প্রস্থিত, দূরীভূত, রহিত, চলে গেছে বা দূর হয়েছে এমন। [সং. অপ + গত]।

অপ-গম, অপ-গমন (p. 034) [apa-gama, apa-gamana] বি. 1 প্রস্থান; 2 অপসরণ; 3 পলায়ন; 4 মৃত্যু। [সং. অপ + √ গম্ + অ, অন]।

অপগা (p. 034) [apagā] বিণ. 1 নিম্নগামী, নীচের দিকে প্রবাহিত হয় এমন; 2 জলের অর্থাত্ সমুদ্রের দিকে প্রবাহিত হয় এমন। □ বি. নদী। [সং. অপ + √ গম্ + অ + আ (স্ত্রী.)]।

অপ-গুণ (p. 034) [apa-guṇa] বি. দোষ, ত্রুটি। [সং. অপ + গুণ]।

অপ-গ্রহ (p. 034) [apa-graha] বি. প্রতিকূল বা বিরুদ্ধ গ্রহ। [সং. অপ + গ্রহ্]।

অপ-ঘাত (p. 034) [apa-ghāta] বি. 1 আকস্মিক দুর্ঘটনাজনিত মৃত্যু, অপমৃত্যু; 2 আকস্মিক দুর্ঘটনায় আঘাতপ্রাপ্তি (অপঘাতে মৃত্যু)। অপ-ঘাতী (-তিন্) বিণ. অপঘাত ঘটায় এমন।

অপ-চয় (p. 034) [apa-caẏa] বি. 1 ক্ষতি; অপব্যয় (অযথা শক্তির অপচয়); 2 ক্ষয়; হ্রাস। [সং. অপ + √ চি + অ]। ˜ চয়ী বিণ. অপচয় করে এমন। অপ-চিত বিণ. ক্ষয়প্রাপ্ত; অপব্যয়িত, অযথা খরচ বা ব্যয়িত হয়েছে এমন; হ্রাসপ্রাপ্ত। অপ-চিতি বি. 1 অপব্যয়, অযথা ব্যয়; 2 দেহকোষের ক্ষয়., katabolism (বি. প.)। অপ-চীয়-মান বিণ. ক্ষয়প্রাপ্ত বা অপব্যয়িত হচ্ছে এমন, ক্ষীয়মাণ।

অপ-চার (p. 034) [apa-cāra] বি. 1 অনুচিত আচরণ, অসদাচরণ; 2 দুর্নীতিমূলক কাজ বা আচরণ, corruption; 3 কুপথ্যভোজন; 4 কুপথ্যভোজনের জন্য অজীর্ণ বা বদহজম। [সং. অপ + √ চর্ + অ]। ˜ নিরোধ বি. দুর্নীতিদমন, anti-corruption.

অপ-চিকীর্ষা (p. 034) [apa-cikīrṣā] বি. অপকার বা ক্ষতি করার ইচ্ছা। [সং. অপ + √ কৃ + সন্ + অ + আ]। অপ-চিকীর্ষু বিণ. অপকার বা ক্ষতি করতে ইচ্ছুক এমন।

অপচিত, অপচিতি (p. 034) [apacita, apaciti] দ্র অপচয়।

অপচীয়মান (p. 034) [apacīẏamāna] দ্র অপচয়।

অপ-চেষ্টা (p. 034) [apa-cēṣṭā] বি. 1 বৃথা চেষ্টা; 2 কুকর্মসাধনের জন্য চেষ্টা। [সং. অপ + চেষ্টা]।

অপচ্ছায়া (p. 034) [apacchāẏā] বি. 1 আবছায়া, আবছা; 2 ভূত-প্রেত ইত্যাদির অস্পষ্ট ছায়ামূর্তি। [সং. অপ + ছায়া]।

অপছন্দ (p. 034) [apachanda] বিণ. পছন্দ নয় এমন, মনের মতো নয় এমন। □ বি. মনের মতো নয় এমন জিনিস। [বাং. অ + পছন্দ < ফা. পসন্দ]।

অপ-জাত (p. 034) [apa-jāta] বিণ. কুলোচিত সদ্গুণাবলি থেকে বা পূর্বের উৎকর্ষ বা উচ্চ মান থেকে বিচ্যুত, হীনাবস্থাপ্রাপ্ত, degenerate. [সং. অপ + জাত]। বি. আপজাত্য।

অপ-জাতি (p. 034) [apa-jāti] বি. হীনতাপ্রাপ্ত জাতি; নীচ জাতি। [সং. অপ + জাতি]।

অপ-জ্ঞান (p. 034) [apa-jñāna] বি. উপেক্ষা, অবজ্ঞা। [তু. সং. অবজ্ঞান]।

অপটু (p. 034) [apaṭu] বিণ. 1 নিপুণ বা দক্ষ নয় এমন (অপটু হাতের কাজ); 2 অক্ষম, অসুস্থ (অপটু দেহ)। [বাং. অ + পটু]। বি. ˜ ; তা,˜ ত্ব।

অপঠিত (p. 034) [apaṭhita] বিণ. পড়া হয়নি এমন। [সং. ন + পঠিত]।

অপণ্ডিত (p. 034) [apaṇḍita] বিণ. পাণ্ডিত্য বা বিদ্যা নেই এমন; শাস্ত্রজ্ঞান নেই এমন; মূর্খ। [সং. ন + পণ্ডিত]।

অপতন (p. 034) [apatana] বি. পতিত না হওয়া, পড়ে না যাওয়া, স্খলিত না হওয়া। [সং. ন + পতন]। বিণ. অপতিত।

অপত্নীক (p. 034) [apatnīka] বিণ. 1 মৃতদার, বিপত্নীক; 2 অবিবাহিত। [সং. ন + পত্নী + ক]।

অপত্য (p. 034) [apatya] বি. যার জন্মের ফলে বংশের পতন হয় না, অর্থাত্ বংশ লোপ পায় না; সন্তান। [সং. ন + √ পত্ + য]। ̃ নির্বিশেষে ক্রি-বিণ. নিজের সন্তানের তুল্য ভেবে, নিজের সন্তানের থেকে পৃথক না ভেবে। ̃ স্নেহ বি. সন্তানের প্রতি স্নেহ-ভালোবাসা। ̃ হীন বিণ. নিঃসন্তান।

অপথ (p. 034) [apatha] বি. অন্যায় বা মন্দ পথ; অযোগ্য বা ভুল পথ ('অসময়ে অপথ দিয়ে': রবীন্দ্র)। [সং. ন + পথ]।

অপথ্য (p. 034) [apathya] বিণ. বি. কুপথ্য, রোগীর পক্ষে অখাদ্য। [সং. ন + পথ্য]।

অপদ (p. 034) [apada] বিণ. পা নেই এমন, পদহীন। □ বি. সরীসৃপ। [সং. ন + পদ]।

অপদস্ত (p. 034) [apadasta] বিণ. 1 অপমানিত, লাঞ্ছিত (পরের কাছে অকারণে অপদস্থ হওয়া); 2 উচ্চপদে অধিষ্ঠিত নয় এমন। [সং. ন + পদস্থ]।

অপদার্থ (p. 034) [apadārtha] বিণ. অসার; অযোগ্য; অকর্মণ্য, যার দ্বারা কোনো কাজ হয় না। [সং. ন + পদার্থ]। বি.˜ তা।

অপ-দেবতা (p. 034) [apa-dēbatā] বি. অপকৃষ্ট দেবতা; দেবতা থেকে হীন এমন দেবযোনি, যক্ষ, গন্ধর্ব, অপ্সরা ইত্যাদি; ভূতপ্রেত ইত্যাদি। [সং. অপ + দেবতা]।

অপ-নয়, অপ-নয়ন (p. 034) [apa-naẏa, apa-naẏana] বি. অপনোদন, দূরীকরণ (কলঙ্ক অপনয়ন)। [সং. অপ + √ নী + অ, অন]। অপ-নীত বিণ. অপনয়ন বা দূরীকরণ করা হয়েছে এমন; সরিয়ে নেওয়া হয়েছে এমন ('অপনীত প্রচ্ছদের তলে': সু. দ.)।

অপনীত (p. 034) [apanīta] দ্র অপনয়।

অপ-নোদন (p. 034) [apa-nōdana] বি. 1 অপসারণ, অপনয়ন, দূরীকরণ; 2 খণ্ডন। [সং. অপ + √ নুদ্ + অন]। অপ-নোদিত বিণ. অপসারিত, দূরীকৃত।

অপ-পাঠ (p. 034) [apa-pāṭha] বি. 1 অশুদ্ধ বা ভুল পাঠ। 2 অনভিপ্রেত পাঠ। [সং. অপ + পাঠ]।

অপ-প্রচার (p. 034) [apa-pracāra] বি. 1 অন্যায় বা অসত্য প্রচার; 2 হীন উপায়ে কোনো কিছু অন্যের কাছে প্রচার বা জ্ঞাপন। [সং. অপ + প্রচার]।

অপ-প্রয়োগ (p. 034) [apa-praẏōga] বি. অশুদ্ধ বা বেঠিক প্রয়োগ; অনুচিত প্রয়োগ। [সং. অপ + প্রয়োগ]।

অপ-বর্গ (p. 034) [apa-barga] বি. 1 মোক্ষ; মুক্তি; 2 পরিণাম; শেষ। [সং. অপ + √ বৃজ্ + অ]।

অপ-বর্জন (p. 034) [apa-barjana] বি. বিতরণ; দান; ত্যাগ; পরিত্যাগ। [সং. অপ + বর্জন]।

অপ-বাদ (p. 034) [apa-bāda] বি. নিন্দা, কুৎসা, বদনাম ('এই নিদারুণ অপবাদ সহ্য করিতে পারে নাই': শরত্)। [সং. অপ + √ বদ্ + অ]। অপ-বাদক বিণ. বি. যে অপবাদ দেয়, বদনামকারী।

অপবিত্র (p. 034) [apabitra] বিণ. অশুচি, অশুদ্ধ; দূষিত। [সং. ন + পবিত্র]।

অপ-বিদ্যা (p. 034) [apa-bidyā] বি. যে বিদ্যা অসত্য জিনিসকে সত্য বলে দর্শন করায়, যেমন মায়াবিদ্যা, ভোজবাজি ইত্যাদি। [সং. অপ + বিদ্যা]।

অপ-ব্যবহার (p. 034) [apa-byabahāra] বি. অন্যায়ভাবে বা অসদুদ্দেশ্যে ব্যবহার বা প্রয়োগ; অপচয়; অন্যায় আচরণ। [সং. অপ + ব্যবহার]। বিণ. অপ-ব্যবহৃত।

অপ-ব্যয় (p. 034) [apa-byaẏa] বি. অকারণ ব্যয়, অপচয়, বৃথা ব্যয়; অযথা অর্থব্যয়। [সং. অপ + ব্যয়]। অপ-ব্যয়িত বিণ. অযথা বা অকারণে বা অপচয় করে এমন। অপ-ব্যয়িতা বি. অপব্যয় বা অপচয় করার অভ্যাস।

অপভাষ (p. 034) [apabhāṣa] বি. নিন্দা, অপবাদ ('শুনিলে হইবে অপভাষ': চণ্ডী)। [সং. অপ + ভাষ]।

অপ-ভাষা (p. 034) [apa-bhāṣā] বি. অশিষ্ট অভদ্র বা গ্রাম্য ভাষা; ইতর ভাষা; মান্য ভাষার standard language চেয়ে ন্যূন হীন ভাষা। [সং. অপ + মিশ্রণ]।

অপভ্রংশ (p. 034) [apabhraṃśa] বি. 1 মূল শব্দের বিকৃত বা অশুদ্ধ রূপ; 2 প্রাকৃতের পরবর্তী এবং নব্যভারতীয় ভাষার পূর্ববর্তী রূপ; 3 অপভাষা; 4 বিকৃতি, বিকার; বিচ্যুতি। [সং. অপ + √ ভ্রন‍শ্ + অ]। অপ-ভ্রষ্ট বিণ. স্খলিত; বিকৃত; অশুদ্ধ; বিচ্যুত।

অপ-মান (p. 034) [apa-māna] বি. অসম্মান, অবমাননা, মর্যাদাহানি, লাঞ্ছনা। [সং. অপ + মান]। অপ-মানিত বিণ. অসম্মানিত, অপমান করা হয়েছে এমন; লাঞ্ছিত।

অপ-মিশ্রণ (p. 034) [apa-miśraṇa] বি. ভেজাল বা খাদের মিশেল, adulteration. [সং. অপ + মিশ্রণ]।

অপ-মৃত্যু (p. 034) [apa-mr̥tyu] বি. অস্বাভাবিকভাবে বা অপঘাতে মৃত্যু। [সং. অপ + মৃত্যু]। অপ-মৃত বিণ. অস্বাভাবিকভাবে মৃত্যু হয়েছে এমন ('অপমৃত বিধাতার লগ্নভ্রষ্ট প্রেত': সু. দ.)।

অপ-যশ (p. 034) [apa-yaśa] (-শস্, -শঃ) বি. অখ্যাতি, দুর্নাম; বদনাম, কলঙ্ক। [সং. অপ + যশস্ (যশঃ)]> অপ-যশস্কর বিণ. অখ্যাতিজনক; কলঙ্কজনক; নিন্দাজনক।

অপয়া (p. 034) [apaẏā] বিণ. কুলক্ষণযুক্ত, অলক্ষণা, অলক্ষুনে; পয়মন্ত নয় এমন। [বাং. অ + পয় + আ]।

অপর (p. 034) [apara] বিণ. 1 অন্য (অপর ব্যক্তি); 2 বিপরীত (নদীর অপর তীর); 3 পশ্চাদ্বর্তী (পূর্বাপর বিষয়); 4 শেষ (অপরাহ্ন); 5 অতিরিক্ত, additional (স. প.)। □ সর্ব অন্য কেউ (অপরে যাই বলুক)। [সং. ন + পর]। ˜ তা, ˜ ; ত্ব বি. অন্যত্ব। ˜ ত্র অব্য. অন্যত্র; অপরপক্ষে। ˜ ; ন্তু অব্য. আরও। ˜ পক্ষ বি. 1 শুক্লপক্ষের পরবর্তী পক্ষ অর্থাত্ কৃষ্ণপক্ষ; 2 অন্য পক্ষ বা দিক (এ বিষয়ে অপরপক্ষের মত কী?)।

অপরশ (p. 034) [aparaśa] বিণ. ছোঁয়ার অযোগ্য; ছোঁয়া হয়নি এমন, অস্পৃষ্ট ('অপরশ আঁচলের নব নীলিমা': রবীন্দ্র)। □ ক্রি-বিণ. কাউকে স্পর্শ না করে। □ বি. স্পর্শের অভাব। [বাং. অ + পরশ]।

অপরা (p. 034) [aparā] বিণ. (স্ত্রী.) (দর্শ.) 1 পরা বা শ্রেষ্ঠ নয় এমন (অপরাবিদ্যা); 2 প্রাকৃতিক (অপরাশক্তি)। □ সর্ব. অন্য রমণী।

অপরাঙ্মুখ (p. 034) [aparāṅmukha] বিণ. পরাঙ্মুখ বা গররাজি নয় এমন; উৎসাহী, আগ্রহী। [সং. ন + পরাঙ্মুখ]।

অপরাজিত (p. 034) [aparājita] বিণ. পরাজিত হয়নি বা হারেনি এমন। [সং. ন + পরাজিত]। অপরাজিতা বিণ. (স্ত্রী.) পরাজিত হয়নি এমন। □ বি. 1 নীল রঙের সুন্দর কিন্তু গন্ধহীন ছোট ফুলবিশেষ; 2 একটি ছন্দের নাম; 3 দুর্গাদেবী।

অপরাজেয় (p. 034) [aparājēẏa] বিণ. হারানো বা পরাজিত করা যায় না এমন, অদম্য, অজেয় (অপরাজেয় কথাশিল্পী, অপরাজেয় খেলোয়াড়)। [সং. ন + পরাজেয়]।

অপরাধ (p. 034) [aparādha] বি. দোষ; ত্রুটি; পাপ; দুষ্কর্ম; বেআইন কাজ। [সং. অপ + √ রাধ্ + অ]। ̃ মূলক বিণ. যাতে অপরাধ হয় এমন; বেআইন। ̃ হীনতা বি. নির্দোষিতা। অপরাধী (-ধিন্) বিণ. বি. দোষী; পাপী, বেআইনি কাজ করেছে এমন (লোক); দুষ্কৃতকারী। বি. বিণ. স্ত্রী. অপরাধিনী।

অপরাপর (p. 034) [aparāpara] বিণ. অন্যান্য, অন্য সমস্ত, আর-আর (অপরাপর বিষয় সম্পর্কে)। [সং. অপর + অপর]।

অপরা-ভূত (p. 034) [aparā-bhūta] বিণ. যাকে পরাজিত করা বা হারিয়ে দেওয়া যায়নি। [সং. ন + পরাভূত]।

অপরাস্ত (p. 034) [aparāsta] বিণ. পরাস্ত বা পরাজিত হয়নি এমন। [সং. ন (অ) + পরাস্ত]।

অপরা-হত (p. 034) [aparā-hata] বিণ. 1 পরাজিত বা পরাস্ত হয়নি এমন; 2 বাধাবিমুক্ত, অবাধ (অপারহত শক্তি, অপরাহত উদ্যম)। [সং. ন (অ) + পরাহত]।

অপরাহ্ন (p. 034) [aparāhna] বি. দিনের শেষ ভাগ, মধ্যাহ্ন থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়, বিকাল। [সং. অপর + অহ্ন]।

অপরি-কল্পিত (p. 034) [apari-kalpita] বিণ. পরিকল্পিত নয় এমন; অচিন্তিত। [সং. ন (অ) + পরিকল্পিত]।

অপরি-গ্রহ (p. 034) [apari-graha] বি. অগ্রহণ, গ্রহণ না করা; প্রত্যাখ্যান। □ বিণ. 1 কিছু (দান) গ্রহণ করেনি এমন; 2 অবিবাহিত। [সং. ন (অ) + পরিগ্রহ]।

অপরি-চয় (p. 034) [apari-caẏa] বি. পরিচয়ের বা জানার অভাব; জানাশুনা না থাকা। [সং. ন (অ) + পরিচয়]। অপরি-চিত বিণ. অচেনা; অজানা। বিণ. স্ত্রী. অপরি-চিতা। অপরি-চিতি বি. পরিচয়ের অভাব, অপরিচয়।

অপরিচ্ছন্ন (p. 034) [aparicchanna] বিণ. মলিন, নোংরা, অপরিষ্কার। [সং. ন (অ) + পরিচ্ছন্ন]। ˜ তা বি. মলিনতা, মালিন্য।

অপরিচ্ছিন্ন (p. 034) [aparicchinna] বিণ. 1 ছিন্ন বা বিভক্ত নয় এমন; 2 একটানা; 3 অনিয়মিত; 4 অনির্ণীত; 5 সীমাবদ্ধ নয় এমন। [সং. ন (অ) + পরিচ্ছিন্ন]।

অপরি-জ্ঞাত (p. 034) [apari-jñāta] বিণ. 1 ভালোভাবে জানা নেই এমন, অজ্ঞাত; অবিদিত; 2 অপরিচিত। [সং. ন + পরিজ্ঞাত]।

অপরি-জ্ঞে.য় (p. 034) [apari-jñē.ẏa] বিণ. অজ্ঞেয়; ভালোভাবে জানা যায় না এমন। [সং. ন + পরি + জ্ঞেয়]।

অপরি-ণত (p. 034) [apari-ṇata] বিণ. পরিণত হয়নি বা পরিণতি লাভ করেনি এমন; অপূর্ণ; অপক্ক, কাঁচা; তরুণ। [সং. ন + পরিণত]।˜ বয়স্ক বিণ. অল্পবয়সী; যৌবনপ্রাপ্ত হয়নি এমন; নাবালক।˜ বুদ্ধি বিণ. বুদ্ধি পাকেনি এমন; অস্থিরমতি।

অপরি-ণাম-দর্শী (p. 034) [apari-ṇāma-darśī] (-র্শিন্) বিণ. পরিণাম ভেবে কাজ করে না এমন; ভবিষ্যতে কী ঘটবে সে সম্পর্কে চিন্তা করে না এমন; অদূরদর্শী; অবিবেচক। [সং. ন + পরিণাম + √ দৃশ্ + ইন্]। বি. অপরি-ণাম-দর্শিতা।

অপরি-তুষ্ট (p. 034) [apari-tuṣṭa] বিণ. সন্তুষ্ট নয় এমন; তৃপ্ত হয়নি এমন। [সং. ন + পরি + √ তুষ্ + ত]।

অপরি-ত্যাজ্য (p. 034) [apari-tyājya] বিণ. পরিত্যাগ করা যায় না এমন; অপরিহার্য। [সং. ন + পরিত্যাজ্য]।

অপরি-পক্ক (p. 034) [apari-pakka] বিণ. 1 পাকেনি এমন, অপক্ক; 2 কাঁচা; 3 অপরিণত; অনভিজ্ঞ। [সং. ন + পরিপক্ক]। বি. অপরি-পক্কতা।

অপরি-পাটি (p. 034) [apari-pāṭi] বিণ. সাজানো-গোছানো নয় এমন, আগোছালো। [সং. ন + পরিপাটি]।

অপরি-পূর্ণ (p. 034) [apari-pūrṇa] বিণ. 1 পূর্ণ হয়নি বা পুরোপুরি ভরে যায়নি এমন (অপরিপূর্ণ পাত্র); 2 সফল হয়নি এমন, অপূর্ণ (অপরিপূর্ণ আশা)। [সং. ন + পরিপূর্ণ]। বি.˜ তা।

অপরি-বর্তন (p. 034) [apari-bartana] বি. বিকার পরিবর্তন বা বদলের অভাব, না বদলানো। [সং. ন + পরিবর্তন]। অপরি-বর্তনীয় বিণ. পরিবর্তন করা বা বদলানো যায় না বা বদলায় না এমন। (অপরিবর্তনীয় সিদ্ধান্ত)। অপরি-বর্তিত বিণ. বদলায়নি এমন, বিকার হয়নি এমন, অবিকৃত; পূর্বের মতোই আছে এমন।

অপরি-বাহী (p. 034) [apari-bāhī] (-হিন্) বিণ. পরিবহন করে না এমন; বিদ্যুত্ বা তাপ চলাচলের পথ নেই এমন, non-conducting. [সং. ন + পরিবাহী]। বি. অপরি-বাহিতা।

অপরি-মাণ (p. 034) [apari-māṇa] বিণ. 1 পরিমাণ নির্ণয় করা যায় না এমন; অপরিমেয়; 2 প্রচুর। [সং. ন + পরিমাণ। অপরি-মিত বিণ. মাপজোখ বা

সীমা-সংখ্যা নেই এমন; প্রচুর, দেদার, অপর্যাপ্ত (অপরিমিত অর্থব্যয়); ন্যায্যের অতিরিক্ত, যতটা প্রয়োজন তার চেয়ে বেশি (অপরিমিত আদরে শিশুর ক্ষতি হয়); অসংযত। অপরি-মেয় বিণ. পরিমাণ স্থির করা যায় না এমন; মাপা যা না এমন; অসীম (অপরিমেয় সৌন্দর্য, অপরিমেয় স্নেহ)।

অপরি-মার্জিত (p. 034) [apari-mārjita] বিণ. পরিমার্জনা অর্থাত্ সংশোধন বা সংস্কার করা হয়নি এমন, অসংশোধিত। [সং. ন + পরিমার্জিত]।

অপরি-ম্লান (p. 034) [apari-mlāna] বিণ. মলিন বা ম্লান হয়নি এমন; অবসন্ন হয়নি এমন; প্রফুল্ল; তাজা; সতেজ। [সং. ন + পরি + ম্লান]।

অপরি-শুদ্ধ (p. 034) [apari-śuddha] বিণ. বিশুদ্ধ নয় এমন; অপবিত্র; মলিন। [সং. ন + পরি + শুদ্ধ]।

অপরি-শোধ (p. 034) [apari-śōdha] বি. পরিশোধের অভাব; শোধ না করা। [সং. ন + পরিশোধ]।

অপরি-শোধনীয়, অপরি-শোধ্য (p. 039) [apari-śōdhanīẏa, apari-śōdhya] বিণ. পরিশোধ করা যায় না এমন (অপরিশোধ্য ঋণ)। [সং. ন + পরিশোধনীয়, পরিশোধ্য]। অপরি-শোধিত বিণ. পরিশোধ করা হয়নি এমন।

অপরিষ্কার (p. 039) [apariṣkāra] বিণ. মলিন, নোংরা, অপরিচ্ছন্ন (অপরিষ্কার ঘর)। □ বি. পরিচ্ছন্নতার অভাব, মালিন্য। [সং. ন + পরিষ্কার]। অপরিষ্কৃত বিণ. পরিষ্কার করা হয়নি এমন; অশোধিত।

অপরি-সর (p. 039) [apari-sara] বিণ. তেমন প্রশস্ত বা চওড়া নয় এমন, সংকীর্ণ (অপরিসর ঘর)। [সং. ন + পরিসর]।

অপরি-সীম (p. 039) [apari-sīma] বিণ. সীমা নেই এমন; সীমাহীন, অসীম, অশেষ (অপরিসীম আনন্দ, অপরিসীম করুণা)। [সং. ন + পরিসীমা]।

অপরিস্ফুট (p. 039) [aparisphuṭa] বিণ. 1 অস্পষ্ট, আবছা (অপরিস্ফুট স্মৃতি); 2 আধো-আধো (শিশুর অপরিস্ফুট ভাষা)। [সং. ন + পরিস্ফুট]।

অপরি-স্রুত (p. 039) [apari-sruta] বিণ. পরিস্রুত করা হয়নি বা ছেঁকে পরিষ্কার করা হয়নি এমন, unfiltered (অপরিস্রুত জল)। [সং. ন + পরিস্রুত]।

অপরি-হরণীয়, অপরি-হার্য (p. 039) [apari-haraṇīẏa, apari-hārya] বিণ. 1 ত্যাগ করা যায় না এমন, অত্যাজ্য; 2 এড়ানো যায় না বা বাদ দিয়ে চলা যায়

না এমন (অপরিহার্য কারণে সভা স্থগিত রইল, তাঁর সাহায্য আমার কাছে অপরিহার্য); 3 অবশ্যম্ভাবী, অনিবার্য (অপরিহার্য ঘটনা)। [সং. ন + পরিহার্য, পরিহরণীয়]।

অপরীক্ষিত (p. 039) [aparīkṣita] বিণ. পরীক্ষা করে দেখা হয়নি এমন, যাচাই করা হয়নি এমন (তাঁর সাধুতা এখনও অপরীক্ষিত, অপরীক্ষিত তথ্য)। [সং. ন + পরীক্ষিত]।

অপরূপ (p. 039) [aparūpa] বিণ. 1 অপূর্ব; অতুলনীয় রূপবিশিষ্ট (অপরূপ শিল্পসম্পদ); 2 (ব্যঙ্গে) আশ্চর্য, কিম্ভূত; 3 কদাকার, কুরূপ; বেয়াড়া। [(1)সং. অপূর্ব > প্রাকৃ. অপরূব > (2) সং. অপ (=অপগত) + রূপ (=সৌন্দর্য বা তুলনা)]।

অপরোক্ষ (p. 039) [aparōkṣa] বিণ. প্রত্যক্ষ; সাক্ষাত্। [সং. ন + পরোক্ষ]।

অপর্ণ (p. 039) [aparṇa] বিণ. (গাছের) পাতা নেই এমন ('অপর্ণ সে উপবন': সু. দ.)। [সং. ন + পর্ণ]।

অপর্ণা (p. 039) [aparṇā] বি. যিনি তপস্যাকালে পর্ণ বা পাতাও আহার করেননি, অর্থাত্ দুর্গা বা পার্বতী। [সং. ন + পর্ণ + আ (স্ত্রী.)]।

অপর্যাপ্ত (p. 039) [aparyāpta] বিণ. 1 প্রচুর, অঢেল; যথেষ্ট; প্রয়োজনের চেয়ে বেশি; 2 অপ্রচুর; মোটেই যথেষ্ট নয় এমন। [সং. ন + পর্যাপ্ত]।

অপর্যুসিত (p. 039) [aparyusita] বিণ. পর্যুসিত বা বাসি হয়নি এমন, টাটকা (অপর্যুসিত ফুল)। [সং. ন + পর্যুসিত]।

অপলক (p. 039) [apalaka] বিণ. পলকহীন, অনিমেষ, নিমেষহীন, স্থিরদৃষ্টি (অপলক দৃষ্টিতে দেখা)। [সং. ন + ফা. পলক]।

অপলকা (p. 039) [apalakā] বিণ. পলকা, ভঙ্গুর, ঠুনকো। [বাং. অ (সম্যক অর্থে) + পলকা]।

অপ-লাপ (p. 039) [apa-lāpa] বি. 1 গোপন; (সত্য) অস্বীকার (সত্যের অপলাপ); 2 মিথ্যা উক্তি। [সং. অপ + √ লপ্ + অ]।

অপ-শব্দ (p. 039) [apa-śabda] বি. 1 অপভ্রংশ; বিকৃত শব্দ; 2 ব্যাকরণদুষ্ট শব্দ; 3 অশ্লীল শব্দ। [সং. অপ (=অপকৃষ্ট) + শব্দ]।

অপ-শাসন (p. 039) [apa-śāsana] বি. 1 অত্যাচারমূলক শাসন, যে শাসনে শাসিত জনগণের উপর পীড়ন করা হয়; 2 অযোগ্য শাসকের শাসন। [সং. অপ (অপকৃষ্ট) + শাসন]।

অপ-শিক্ষা (p. 039) [apa-śikṣā] বি. মন্দ বা নিকৃষ্ট শিক্ষা, কুশিক্ষা। [সং. অপ + শিক্ষা]।

অপ-শ্রুতি (p. 039) [apa-śruti] বি. (ভাষাতত্ত্বে) একই ধাতু বা শব্দ থেকে কিংবা একই প্রত্যয় বা বিভক্তি যোগে নিষ্পন্ন পদে নির্দিষ্ট ক্রম অনুসারে

স্বরধ্বনির অপসরণ বা গুণবৃদ্ধি ও সম্প্রসারণজনিত পরিবর্তন (যথা √ কৃ-করণ, কারণ, কৃত), ablaut. [সং. অপ + শ্রুতি]।

অপ-সংস্কৃতি (p. 039) [apa-saṃskṛti] বি. শিক্ষা-সভ্যতা, রুচি ইত্যাদির অবনতি বা বিকৃতি; সংস্কৃতি বা কৃষ্টি বিষয়ে আদর্শচ্যুতি। [সং. অপ (অপকৃষ্ট অর্থে) + সংস্কৃতি]।

অপ-সর, অপ-সরণ (p. 039) [apa-sara, apa-saraṇa] বি. 1 অন্যত্র যাওয়া; 2 পলায়ন; 3 নির্গমন। [সং. অপ + √ সৃ + অ, অন]। অপ-সরা ক্রি. (কাব্যে) 1 সরে যাওয়া; 2 পালিয়ে যাওয়া; 3 দূরে চলে যাওয়া।

অপ-সারণ (p. 039) [apa-sāraṇa] বি. স্থানান্তরিত করা, বিতাড়ন, সরানো। [সং. অপ + √ সৃ + ণিচ্ + অন]। অপ-সারি অস-ক্রি. অপসারিত করে, সারিয়ে দিয়ে, দূরীভূত করে ('বিঘ্ন দাও অপসারি': রবীন্দ্র)। অপ-সারিত বিণ. দূরে সারিয়ে দেওয়া হয়েছে এমন, দূরীকৃত (বাধা অপসারিত হয়েছে)।

অপ-সিদ্ধান্ত (p. 039) [apa-siddhānta] বি. ভ্রান্ত সিদ্ধান্ত বা মত। [সং. অপ + সিদ্ধান্ত]।

অপ-সৃত (p. 039) [apa-sṛta] বিণ. পলায়ন বা প্রস্থান করেছে এমন; দূরীভূত (অবশেষে বাধা অপসৃত হয়েছে, সৈন্য অপসৃত হয়েছে,)। [সং. অপ + √ সৃ + ত]।

অপস্কর (p. 039) [apaskara] বি. 1 গুহ্যদ্বার, anus; 2 মল, বিষ্ঠা; 3 রথের অংশবিশেষ। [সং. অপ + √ কৃ + অ, স্ আগম].

অপ-স্মার (p. 039) [apa-smāra] বি. মৃগীরোগ, epilepsy. [সং. অপ + স্মার]।

অপ-স্রিয়-মাণ (p. 039) [apa-sriẏa-māṇa] বিণ. সরে যাচ্ছে এমন; ক্রমশ দূরে চলে যাচ্ছে এমন (অপস্রিয়মাণ ট্রেন)। [সং. (?) অপ + √ সৃ + শানচ্]। শব্দটি অশুদ্ধ, কেননা শানচ্ এক্ষেত্রে ভুল প্রত্যয়]।

অপ-হত (p. 039) [apa-hata] বি. বিনাশপ্রাপ্ত, বিনষ্ট; নিহত। [সং. অপ + ইত]।

অপ-হরণ (p. 039) [apa-haraṇa] বি. 1 বিনা অনুমতিতে বা অন্যায়ভাবে অন্যের জিনিস নেওয়া, চুরি; 2 লুণ্ঠন। [সং. অপ + √ হৃ + অন]। অপ-হরা ক্রি. চুরি করা, লুঠ করা। অপ-হারক, অপ-হারী (-রিন্) বিণ. অপহরণ বা চুরি করে এমন। □ বি. চোর; লুঠেরা। অপ-হৃত বিণ. অপহরণ করা বা চুরি করা হয়েছে এমন; লুণ্ঠিত।

অপহ্নব, অপহ্নুতি (p. 039) [apahnaba, apahnuti] বি. 1 (সত্যের) অপলাপ, (সত্য) গোপন; 2 অস্বীকার; 3 চৌর্য; 4 (অল.) বর্ণনীয় বিষয় বা বস্তুকে গোপন বা অস্বীকার করে উপমানের স্থাপন (যেমন, 'বৃষ্টিজলে গগন কাঁদিলা': মধু.) [সং. অপ + √ হ্নু + অ, তি]।

অপাক (p. 040) [apāka] বি. অজীর্ণ রোগ; অপক্ক অবস্থা। □ বিণ. অজীর্ণ; অপক্ক। [সং. ন + পাক]।

অপা-করণ, অপা-কৃতি (p. 040) [apā-karaṇa, apā-kṛti] বি. 1 অপসারণ, অপনয়ন, দূরীকরণ; 2 মোচন; 3 নিবারণ, প্রশমন; 4 শোধন। [সং. অপ + আ + √ কৃ + অন, তি]। অপা-কৃত বিণ. অপসারিত; দূরীকৃত, দূরে সরানো হয়েছে এমন; নিবারিত; মোচন করা হয়েছে এমন; শোধিত।

অপাঙ্‌ক্তেয় (p. 040) [apāṅktēẏa] বিণ. 1 এক পঙ্‌ক্তিতে বসার যোগ্য নয় এমন; 2 জাতিচ্যুত, একঘরে; 3 গুরুত্বহীন, মর্যাদাহীন। [সং. ন + পঙ্‌ক্তি + এয়]।

অপাঙ্গ (p. 040) [apāṅga] বি. চোখের কোণ; আড়চোখ, কটাক্ষ। [সং. অপ + অঙ্গ]। ̃ দৃষ্টি বি. চোরা চাহানি; কটাক্ষ। অপাঙ্গে দেখা ক্রি. বি. আড়চোখে দেখা।

অপাচ্য (p. 040) [apācya] বিণ. হজম হয় না এমন, হজম করা যায় না এমন। [সং. ন + পাচ্য]।

অপাঠ্য (p. 040) [apāṭhya] বিণ. 1 পাঠ করা অর্থাত্ পড়া যায় না এমন, পাঠের অযোগ্য; 2 অস্পষ্ট অক্ষরে লেখা কিংবা অস্পষ্টভাবে ছাপা; 3 অশ্লীল। [সং. ন + পাঠ্য]।

অপাত্র (p. 040) [apātra] বি. 1 অযোগ্য বা অধম পাত্র; 2 পাত্র হিসাবে যে ব্যক্তি মন্দ (অপাত্রে কন্যাকে দান করেছেন); 3 অযোগ্য ব্যক্তি (আমার মূল্যবান উপদেশগুলি অপাত্রে দান করলাম)। [সং. ন + পাত্র]।

অপা-দান (p. 040) [apā-dāna] বি. (ব্যাক.) কারকবিশেষ (এই কারকে সাধারণত পঞ্চমী বিভক্তি হয়), ablative case. [সং. অপ + আ + দা + অন]।

অপান (p. 040) [apāna] বি. 1 অধোবায়ু; নিম্নগামী বায়ু; বাতকর্ম; 2 মলদ্বার, পায়ু, anus; 3 বহির্মুখী বা নিঃসৃত বায়ু, নিশ্বাস। [সং. অপ + √ অন্ + অ]। অপান বায়ূ বি. পায়ুপথে নির্গত (সচ.) দুর্গন্ধময় বায়ু, বাতকর্ম।

অপাপ (p. 040) [apāpa] বিণ. নিষ্পাপ, পাপহীন। □ বি. পাপের অভাব, পাপহীন অবস্থা, innocence. [সং. ন + পাপ]। ̃ বিদ্ধ বিণ. পাপ দ্বারা বিদ্ধ নয় এমন অর্থাত্ নিষ্পাপ (অপাপবিদ্ধ শিশু)।

অপাবরণ (p. 040) [apābaraṇa] বি. আবরণ মোচন, উন্মোচন; উদ্ঘাটন। [সং. অপ + আচরণ]। অপাবৃত বিণ. আচরণমুক্ত; উন্মোচিত; উদ্ঘাটিত (দরজা ইত্যাদি) খুলে দেওয়া হয়েছে এমন।

অপা-মার্গ (p. 040) [apā-mārga] বি. ক্ষারযুক্ত উদ্ভিদবিশেষ, আপাং গাছ। [সং. অপ + আ + মৃজ্ + অ]।

অপায় (p. 040) [apāẏa] বি. 1 বিচ্ছেদ; 2 দুঃখ; ক্ষতি; অমঙ্গল; 3 মৃত্যু; বিনাশ; 4 বাধা, বিঘ্ন। [সং. অপ + √ ই + অ]।

অপায়ন (p. 040) [apāẏana] বি. 1 পলায়ন; 2 উপায়। [সং. অপ + √ ই + অন]।

অপার (p. 040) [apāra] বিণ. 1 পার বা কূল নেই এমন, পারহীন, অকূল (অপার সমুদ্র); 2 অসীম (অপার দুঃখ)। [সং. ন + পার].

অপারক, অপারগ (p. 040) [apāraka, apāraga] বিণ. পারক নয় এমন অর্থাত্ অক্ষম, অসমর্থ (ঘোষীভবন বা vocalization এর জন্য অপারক শব্দটি অপারগ হয়েছে)। [সং. ন + পারক]।

অপার-দর্শী (p. 040) [apāra-darśī] (-র্শিন্) বিণ. অদক্ষ, পটু নয় এমন। [সং. ন + পারদর্শিন্]। বি. অপার-দর্শিতা।

অপারেটর (p. 040) [apārēṭara] বি. মেশিনচালক। [ইং. operator]।

অপারেশন (p. 040) [apārēśana] বি. 1 ক্রিয়াকলাপ; সক্রিয়তা; 2 অস্ত্রোপচার। [ইং. operation]।

অপার্থ শব্দ (p. 040) [apārtha śabda] বি. অশিষ্ট শব্দ; ইতর শব্দ; অশ্লীল শব্দ; cant word, obscene word. [সং. অপ + অর্থ + শব্দ]।

অপার্থিব (p. 040) [apārthiba] বিণ. 1 পৃথিবীর নয় এমন, জাগতিক নয় এমন; 2 অলৌকিক; 3 অতীন্দ্রিয় ('সেই অপার্থিব সুর কেউ ভুলে যেতে পারে?': জী. দা.)। [সং. ন + পার্থিব]।

অপার্য-মানে (p. 040) [apārya-mānē] ক্রি-বিণ. অসামর্থ্যের জন্য বা অক্ষমতার জন্য কোনো কাজ না পারলে বা না পারায়; অসাধ্য হলে। [সং. অপার্যমাণ]।

অপালন (p. 040) [apālana] বি. ঠিকমতো পালনের অভাব; ত্রুটিপূর্ণ প্রজাপালন, কুশাসন; অযত্ন। [সং. ন + পালন]।

অপিচ (p. 040) [apica] (বর্ত. বিরল) অব্য. আরও, অধিকন্তু; পক্ষান্তরে; তবুও, তথাপি। [সং. অপি + চ]।

অপিধান (p. 040) [apidhāna] বি. আবরণ, অচ্ছাদন। একই অর্থে পিধান দ্র। □ বিণ. অনাচ্ছাদিত (অ-পিধান অর্থে)। [সং. অপি + √ ধা + অন]।

অপিনদ্ধ (p. 040) [apinaddha] বিণ. পরিধান করা হয়েছে এমন, পরিহিত, পরা হয়েছে এমন; শরীরকে আবৃত করার জন্য পরা হয়েছে এমন। [সং. অপি + √ নহ্‌+ ত]।

অপি-নিহিত (p. 040) [api-nihita] বি. (ভাষাতত্ত্বে) শব্দের মধ্যে ই বা উ ধ্বনি থাকলে পূর্বেই তা উচ্চারণ করার প্রবণতা (যেমন, আজি > আইজ, কাঁচি > কাঁইচি), epenthesis. [সং. অপি + নি + √ ধা + তি]। অপি-নিহিত বিণ. এইভাবে নিষ্পন্ন। □ বি. অপিনিহিতি।

অপুচ্ছ (p. 040) [apuccha] বিণ. পুচ্ছহীন, লেজবিহীন। [সং. ন + পুচ্ছ]।

অপুণ্য (p. 040) [apuṇya] বি. পুণ্যের অভাব; পাপ। [সং. ন + পুণ্য]।

অপুত্রক (p. 040) [aputraka] বিণ. পুত্র নেই এমন, পুত্রহীন (অপুত্রক অবস্থায় তাঁর মৃত্যু হল)। [সং. ন + পুত্র + (সমাসান্ত) ক]।

অপুনর্ভব (p. 040) [apunarbhaba] বি. পুনরায় জন্ম না হওয়া; মোক্ষ; পুনর্জন্ম থেকে মুক্তি। [সং. ন + পুনর্ভব]।

অপুষ্ট (p. 040) [apuṣṭa] বিণ. পুষ্ট বা পরিণত নয় এমন, পাকেনি এমন, কৃশ; রোগা। [সং. ন + পুষ্ট]। অপুষ্টি বি. পুষ্টির অভাব।

অপুষ্পক (p. 040) [apuṣpaka] বিণ. ফুল ধরে না এমন (ফার্ন একটি অপুষ্পক উদ্ভিদ)। [সং. ন + পুষ্প + (সমাসান্ত) ক]। ˜ ফলদ।

অপুষ্যি (p. 040) [apuṣyi] বি. কুপোষ্য (তোমার মতো অপুষ্যিকে আর খাওয়াতে পারব না)। [বাং. অ + পুষ্যি]।

অপূজিত (p. 040) [apūjita] বিণ. পূজা বা সমাদর করা হয়নি এমন, অসমাদৃত (অপূজিত দেবতা)। [সং. ন + পূজিত]।

অপূপ (p. 040) [apūpa] বি. পিষ্টক, পিঠা, পিঠে। [সং. অপ + বপ্ (=উপ্) + অ]।

অপূরণীয় (p. 040) [apūraṇīẏa] বিণ. পূরণ করা যায় না এমন (তাঁর মৃত্যু দেশের পক্ষে এক অপূরণীয় ক্ষতি)। [সং. ন + পূরণীয়]।

অপূর্ণ (p. 040) [apūrṇa] বিণ. 1 পূর্ণ নয় এমন; অসম্পূর্ণ; 2 অসমাপ্ত (অপূর্ণ সাধনা); 3 অতৃপ্ত (অপূর্ণ সাধ, অপূর্ণ বাসনা)। [সং. ন + পূর্ণ]। ̃ তা বি. 1 অসম্পূর্ণতা; 2 খামতি, ঘাটতি।

অপুর্ব (p. 040) [apurba] বিণ. 1 আগে হয়নি বা ঘটেনি বা ছিল না এমন; অভিনব, অভূতপূর্ব; 2 আশ্চর্য; অতি উৎকৃষ্ট। [সং. ন+ পূর্ব]। ̃ তা বি. অভিনবত্ব; চমৎকারিত্ব। ̃ দৃষ্টি বিণ. আগে তার দেখা যায়নি এমন, অদৃষ্টপূর্ব।

অপেক্ষক (p. 040) [apēkṣaka] দ্র অপেক্ষা।

অপেক্ষা (p. 040) [apēkṣā] বি. 1 প্রতীক্ষা (তোমার অপেক্ষায় আছি); 2 ভরসা (তাঁর দয়ার অপেক্ষায় বসে আছে); 3 দেরি, বিলম্ব (আর অপেক্ষা না করাই ভালো); 4 খাতির, তোয়াক্কা (সে কারও অপেক্ষা রাখে না)। □ অনু. চেয়ে, থেকে তুলনায় (বিন্ধ্য অপেক্ষা হিমালয় উচ্চতর)। [সং. অপ + √ ঈক্ষ্ + অ + আ]। ̃ কারী (-রিন্) বিণ. অপেক্ষা করে এমন। অপেক্ষক বিণ. অপেক্ষাকারী; অভিলাষী, কোনোকিছুর প্রত্যাশা করে এমন। □ বি. (গণি.) ভিন্ন সংখ্যা বা রাশির পরিবর্তনে যে সংখ্যা বা রাশির পরিবর্তন হয়, function. অপেক্ষ-মাণ বিণ. প্রতীক্ষা করছে এমন, প্রতীক্ষারত। অপেক্ষা-কৃত বিণ-. -বিণ. তুলনামূলকভাবে (অপেক্ষাকৃত ভালো)। অপেক্ষিত বিণ. প্রতীক্ষা করা হচ্ছে এমন, প্রত্যাশিত, ঈপ্সিত। অপেক্ষী (-ক্ষিন্) বিণ. অপেক্ষাকারী, প্রত্যাশী (মুখাপেক্ষী)।

অপেয় (p. 040) [apēẏa] বিণ. পান করার অযোগ্য, পান করা উচিত নয় এমন। [সং. ন + পেয়]।

অপেরণ (p. 040) [apēraṇa] বি. 1 স্থানচ্যুতি, নিজের নির্দিষ্ট স্থান থেকে সরে যাওয়া; 2 আপাতদৃষ্টিতে গ্রহনক্ষত্রের স্বস্থানচ্যুতি, aberration (বি. প.)। [সং. অপ + √ ঈর্ + অন]।

অপেশা-দার (p. 040) [apēśā-dāra] বিণ. কেবল পেশা বা জীবিকার জন্য করে না এমন (অপেশাদার অভিনেতা)। [বাং. অ + ফা. পেশাদার]।

অপোগণ্ড (p. 040) [apōgaṇḍa] বিণ. বি. 1 নাবালক; শিশু; 2 পনেরো বছর বয়সের অনূর্ধ্ব বালক-বালিকা; 3 (আল.) অকর্মণ্য, অপদার্থ (তার মতো অপোগণ্ড আমি আর দেখিনি)। [সং. অপ + √ গম্ + ড].

অপোষ্য (p. 040) [apōṣya] বি. যে শিশুকে যথাযথভাবে পালন করা অসাধ্য; কুপোষ্য, অপুষ্যি। [সং. ন + পোষ্য]।

অপোহ (p. 040) [apōha] বি. (ন্যায়.) বিরুদ্ধবাদীর তর্কনিরসনের জন্য বিপরীত তর্ক; যুক্তি বা তর্কের নরসন; খণ্ডন। [সং. অপ + √ ঊহ্ + অ]।

অপৌরুষ (p. 040) [apauruṣa] বি. 1 পুরুষকারের বা বীরত্বের অভাব; পুরুষের অযোগ্য আচরণ; 2 অগৌরব; 3 নিন্দা। [সং. ন + পৌরুষ]। অপৌরুষের

বিণ. 1 কোনো পুরুষের বা মানুষের কৃত নয় এমন; অলৌকিক (বেদ অপৌরুষেয়); 2 পৌরুষব্যঞ্জক বা বীরত্বব্যঞ্জক নয় এমন; কাপুরুষোচিত।

অপ্রকট (p. 040) [aprakaṭa] বিণ. গোপন, অপ্রকাশিত; অন্তর্হিত, তিরোহিত। [সং. ন + প্রকট]। অপ্রকট হওয়া ক্রি. বি. (ধার্মিক পুরুষ বা মহাপুরুষদের সম্বন্ধে) দেহত্যাগ করা, মারা যাওয়া। অপ্রকটিত বিণ. অপ্রকাশিত, গোপন; গুপ্ত।

অপ্রকাশ (p. 040) [aprakāśa] বি. গোপন; প্রকাশ বা ব্যক্ত না হওয়া। □ বিণ. অপ্রকাশিত; গুপ্ত। অপ্রকাশিত বিণ. প্রকাশিত বা ব্যক্ত হয়নি এমন; গুপ্ত। অপ্রকাশ্য বিণ. প্রকাশ করা যায় না বা উচিত নয় এমন; গোপনীয়। [সং. ন + প্রকাশ]।

অপ্রকৃত (p. 040) [aprakṛta] বিণ. প্রকৃত বা খাঁটি নয় এমন; আসল নয় এমন; অযথার্থ। [সং. ন + প্রকৃত]। অপ্রকৃত-ভগ্নাংশ বি. যে ভগ্নাংশে হররাশির চেয়ে লবরাশি বড়।

অপ্রকৃতিস্থ (p. 040) [aprakṛtisha] বিণ. স্বাভাবিক মানসিক অবস্থায় নেই এমন; মত্ত; বিকৃতমস্তিষ্ক। [সং. ন + প্রকৃতিস্থ]।

অপ্রকৃষ্ট (p. 040) [aprakṛṣṭa] বিণ. 1 উত্তম বা ভালো নয় এমন; নিকৃষ্ট; 2 বৈশিষ্ট্যহীন। [সং. ন + প্রকৃষ্ট]।

অপ্রখর (p. 040) [aprakhara] বিণ. প্রখর বা তীব্র নয় এমন; মৃদু (অপ্রখর রোদ)। [সং. ন + প্রখর]। বি.˜ তা।

অপ্রগল্ভ (p. 040) [apragalbha] বিণ. 1 অবিনীত বা নির্লজ্জ নয় এমন; 2 বিনীত; 3 লাজুক; কুণ্ঠিত। [সং. ন + প্রগল্ভ]।

অপ্রচলন (p. 040) [apracalana] বিণ. প্রচলনের অভাব; চলিত না থাকা; অব্যবহার। [সং. ন + প্রচলন]। অপ্রচলিত বিণ. চলিত নয় এমন; অব্যবহৃত।

অপ্রচার (p. 040) [apracāra] বি. প্রচারের অভাব; লোকসমক্ষে প্রকাশের অভাব। [সং. ন + প্রচার]। অপ্রচারিত বিণ. প্রচার করা হয়নি এমন।

অপ্রচুর (p. 040) [apracura] বিণ. প্রচুর বা অনেক নয় এমন; অল্প (অপ্রচুর বৃষ্টিপাতই এই দুর্দশার কারণ)। [সং. ন + প্রচুর]। অপ্রাচুর্য বি. প্রাচুর্যের অভাব; বহুলতার অভাব; স্বল্পতা।

অপ্রণয় (p. 040) [apraṇaẏa] বি. 1 প্রীতি বা অনুরাগের অভাব; 2 মনোমালিন্য, বিবাদ। [সং. ন + প্রণয়]। অপ্রণয়ী (-য়িন্) বিণ. প্রেমহীন, অপ্রেমিক; অরসিক। বিণ. স্ত্রী. অপ্রণয়িনী।

অপ্রতর (p. 040) [apratara] বিণ. পার হওয়া যায় না এমন, অনতিক্রম্য ('অপ্রতর পরিখার মাঝে': সু. দ.)। [সং. ন + প্রতর]।

অপ্রতর্ক্য (p. 040) [apratarkya] বিণ. তর্কের দ্বারা মীমাংসা করা যায় না এমন, তর্কাতীত। [সং. ন + প্র + √ তর্ক্ + য]।

অপ্রতি-কার (p. 040) [aprati-kāra] বি. প্রতিকার বা চিকিৎসার অভাব; অচিকিৎসা। [সং. ন + প্রতিকার]। অপ্রতি-কার্য, অপ্রতি-করণীয় বিণ. প্রতিকার বা নিবারণের অযোগ্য; প্রতিবিধান করা যায় না এমন।

অপ্রতি-দ্বন্দ্বী (p. 040) [aprati-dbandbī] (-ন্দ্বিন্) বিণ. প্রতিদ্বন্দ্বী বা শত্রু নেই এমন; সমকক্ষহীন (অপ্রতিদ্বন্দ্বী নাট্যকার)। [সং. ন + প্রতিদ্বন্দ্বী (প্রতিদ্বন্দ্বীন্)]।

অপ্রতি-পন্ন (p. 040) [aprati-panna] বিণ. প্রমাণিত বা নির্ধারিত হয়নি এমন। [সং. ন + প্রতিপন্ন]।

অপ্রতি-বন্ধ, অপ্রতি-বন্ধক (p. 040) [aprati-bandha, aprati-bandhaka] বি. প্রতিবন্ধ বা বাধার অভাব, বাধাহীনতা, ব্যাঘাতহীনতা। □ বিণ. অপ্রতিহত, অবাধ, বাধাহীন। [সং. ন + প্রতিবন্ধ]।

অপ্রতি-বিধান (p. 040) [aprati-bidhāna] বি. প্রতিবিধান বা প্রতিকারের অভাব, অপ্রতিকার। [সং. ন + প্রতিবিধান]। অপ্রতি-বিহিত বিণ. প্রতিবিধান বা প্রতিকার করা হয়নি এমন। অপ্রতি-বিধেয় বিণ. প্রতিবিধান নেই এমন বা নিবারণ করা যায় না এমন, প্রতিবিধানের অসাধ্য।

অপ্রতিভ (p. 040) [apratibha] বিণ. অপ্রস্তুত; হতবুদ্ধি; বিব্রত ও লজ্জিত। [সং. ন + প্রতিভা (=বুদ্ধির দীপ্তি)]।

অপ্রতিম (p. 042) [apratima] বিণ. তুলনা নেই এমন; তুলনাহীন (অপ্রতিম সৌন্দর্য); প্রতিমা বা সদৃশ নেই এমন। [সং. ন + প্রতিমা (=সাদৃশ্য)]।

অপ্রতি-রোধ্য (p. 042) [aprati-rōdhya] বিণ. প্রতিরোধ করা বা নিবারণ করা বা এড়ানো যায় না এমন (অপ্রতিরোধ্য বাসনা)। [সং. ন + প্রতিরোধ্য (প্রতি + √ রুধ্ + য)।

অপ্রতিষ্ঠ (p. 042) [apratiṣṭha] বিণ. 1 অখ্যাত; প্রতিপত্তিহীন; 2 স্থির হয়ে বসতে পারেনি এমন; 3 প্রতিষ্ঠিত হয়নি এমন। [সং. ন + প্রতিষ্ঠা]। অপ্রতিষ্ঠা বি. খ্যাতি বা প্রতিপত্তির অভাব; নিন্দা, অপযশ। অপ্রতিষ্ঠিত বিণ. খ্যাতিহীন; প্রতিষ্ঠা বা প্রতিপত্তি নেই এমন; স্থাপিত হয়নি এমন।

অপ্রতি-হত (p. 042) [aprati-hata] বিণ. ব্যাহত বা বাধাপ্রাপ্ত হয়নি এমন, অবাধ, অব্যাহত (অপ্রতিহত গতি, অপ্রতিহত প্রভাব)। [সং. ন + প্রতিহত]।

অপ্রতুল (p. 042) [apratula] বি. 1 অপ্রাচুর্য; অভাব, অনটন, টানাটানি; 2 অসংগতি। [সং. ন + প্রতুল]। ˜ তা (ন. শ.) বি. অপ্রাচুর্য।

অপ্রত্যক্ষ (p. 042) [apratyakṣa] বিণ. 1 ইন্দ্রিয়ের অগোচর, অতীন্দ্রিয়; 2 প্রত্যক্ষ নয় এমন, পরোক্ষ। [সং. ন + প্রত্যক্ষ]।

অপ্রত্যয় (p. 042) [apratyaẏa] বি. অবিশ্বাস, প্রত্যয়ের বা বিশ্বাসের অভাব, সন্দেহ। [সং. ন + প্রত্যয়]। অপ্রত্যয়ী (-য়িন্) বিণ. বিশ্বাস করে না এমন, অবিশ্বাসী।

অপ্রত্যাখ্যান (p. 042) [apratyākhyāna] বি. অস্বীকার বা ত্যাগ না করা; স্বীকার। [সং. ন + প্রত্যাখ্যান]। অপ্রত্যাখ্যাত বিণ. অগ্রাহ্য করা বা প্রত্যাখ্যান করা হয়নি এমন।

অপ্রত্যাশিত (p. 042) [apratyāśita] বিণ. 1 আশা করা হয়নি বা করা যায়নি এমন, অভাবিত (অপ্রত্যাশিত সৌভাগ্য); 2 অতর্কিত, আকস্মিক (অপ্রত্যাশিত উক্তি, অপ্রত্যাশিত উত্তর)। [সং. ন + প্রত্যাশিত]।

অপ্রদীপ (p. 042) [apradīpa] বি. আলোকের অভাব, আলোকহীনতা, blackout. [সং. ন + প্রদীপ]।

অপ্রধান (p. 042) [apradhāna] বিণ. শ্রেষ্ঠ বা মুখ্য নয় এমন; গৌণ। [সং. ন + প্রধান]।

অপ্রবল (p. 042) [aprabala] বিণ. সবল বা শক্তিশালী নয় এমন; প্রভাবহীন। [সং. ন + প্রবল]। বি.˜ তা।

অপ্রবাস (p. 042) [aprabāsa] বি. স্বদেশে বাস; বিদেশে বাস করতে হয় না এমন অবস্থা। [সং. ন + প্রবাস]। অপ্রবাসী (-সিন্) বি. বিণ. স্বদেশে বাস করে এমন (ব্যক্তি); বিদেশে যাকে বাস করতে হয় না।

অপ্রবীণ (p. 042) [aprabīṇa] বিণ. বিজ্ঞ নয় এমন; অভিজ্ঞতা নেই এমন; নবীন। [সং. ন + প্রবীণ]।

অপ্রবৃত্তি (p. 042) [aprabrṭtti] বি. অরুচি, অনিচ্ছা, অনাসক্তি (আহারে অপ্রবৃত্তি, অসাধু কাজে অপ্রবৃত্তি)। [সং. ন + প্রবৃত্তি].

অপ্রমত্ত (p. 042) [apramatta] বিণ. 1 মত্ত বা মাতাল নয় এমন; 2 প্রসাদহীন; 3 কর্তব্য সম্পর্কে সচেতন ও অবহিত। [সং. ন + প্রমত্ত]।

অপ্রমাণ (p. 042) [apramāṇa] বি. প্রমাণের অভাব। □ বিণ. প্রমাণিত নয় বা হয়নি এমন, অপ্রমাণিত। অপ্রমাণিত বিণ. প্রমাণিত হয়নি এমন। [সং. ন + প্রমাণ]।

অপ্রমাদ (p. 042) [apramāda] বি. 1 প্রমাদহীনতা; 2 সাবধানতা। □ বিণ. প্রমাদহীন; অবহিত। [সং. ন + প্রমাদ]।

অপ্রমেয় (p. 042) [apramēẏa] বিণ. 1 অজ্ঞেয়; 2 পরিমাপ করা যায় না এমন; অসংখ্য; প্রচুর; 3 প্রমাণ করা যায় না এমন। □ বি. ব্রহ্ম। [সং. ন + প্রমেয়]।

অপ্রযত্ন (p. 042) [aprayatna] বি. যথেষ্ট যত্ন বা চেষ্টার অভাব; উদ্যমের অভাব। [সং. ন + প্রযত্ন]।

অপ্রযুক্ত (p. 042) [aprayukta] বিণ. 1 প্রয়োগ করা বা ব্যবহার করা হয়নি এমন, অব্যবহৃত; 2 অসংগত; 3 অযোগ্য। [সং. ন + প্রযুক্ত]। ˜ তা বি. অব্যবহার্যতা; প্রয়োগ করা যায় না এমন অবস্থা; অসংগতি।

অপ্রযোজ্য (p. 042) [aprayōjya] বিণ. প্রয়োগ করা যায় না এমন। [সং. ন + প্রযোজ্য]।

অপ্রয়াস (p. 042) [apraẏāsa] বি. চেষ্টার অভাব, নিশ্চেষ্টতা। [সং ন + প্রয়াস]।

অপ্রয়োগ (p. 042) [apraẏōga] বি. প্রয়োগ বা ব্যবহারের অভাব, অব্যবহার; অপ্রচলন। [সং. ন + প্রয়োগ]।

অপ্রয়োজন (p. 042) [apraẏōjana] বি. প্রয়োজনের অভাব, প্রয়োজনহীনতা। [সং. ন + প্রয়োজন]। অপ্রয়োজনীয় বিণ. কাজে লাগে না এমন, প্রয়োজনীয় নয় এমন, অনাবশ্যক, অদরকারি। অপ্রয়োজনীয়তা বি. কাজে না লাগা, প্রয়োজনের অভাব।

অপ্রশংসা (p. 042) [apraśaṃsā] বি. অখ্যাতি, নিন্দা; প্রশংসার অভাব। [সং. ন + প্রশংসা]। অপ্রশংসনীয় বিণ. প্রশংসা করা যায় না এমন, নিন্দাজনক, প্রশংসার অযোগ্য। অপ্রশংসিত বিণ. প্রশংসিত হয়নি এমন; নিন্দিত।

অপ্রশমিত (p. 042) [apraśamita] বিণ. নিবারিত বা সংযত করা হয়নি এমন। [সং. ন + প্রশমিত]।

অপ্রশস্ত (p. 042) [apraśasta] বিণ. 1 চওড়া নয় এমন, সংকীর্ণ; 2 নিন্দিত; 3 অশুভ (অপ্রশস্ত সময়); 4 প্রতিকূল। [সং. ন + প্রশস্ত]।

অপ্রসন্ন (p. 042) [aprasanna] বিণ. 1 অসন্তুষ্ট, বিরক্ত (অপ্রসন্ন চিত্ত, অপ্রসন্ন মন); 2 বিষন্ন, ম্লান, দুঃখিত; 3 প্রতিকূল (ভাগ্য অপ্রসন্ন)। [সং. ন + প্রসন্ন]।˜ তা বি. অসন্তোষ, বিরক্তি, বিষন্নতা; প্রতিকূলতা।

অপ্রসিদ্ধ (p. 042) [aprasiddha] বিণ. 1 অবিখ্যাত; সাধারণের কাছে অজ্ঞাত; 2 অসিদ্ধ; 3 অপ্রমাণিত। [সং. ন + প্রসিদ্ধ]। অপ্রসিদ্ধি বি. 1 খ্যাতির অভাব; 2 প্রমাণের অভাব।

অপ্রস্তুত (p. 042) [aprastuta] বিণ. 1 প্রস্তুত বা তৈরি হয়নি এমন; উদ্যোগ-আয়োজন সম্পূর্ণ হয়নি এমন; 2 অনুপস্থিত; 3 লজ্জিত, অপ্রতিভ; 4 বর্ণনার বিষয়বহির্ভূত। [সং. ন + প্রস্তুত]।˜ প্রশংসা বি. অর্থালংকারবিশেষ (allegory) যাতে অপ্রাসঙ্গিক বর্ণনা থেকে প্রাসঙ্গিক বিষয়টি ব্যঞ্জনায় বোঝা যায়। অপ্রস্তুতি বি. উদ্যোগ-আয়োজনের অভাব। অপ্রস্তুত হওয়া ক্রি. বি. অপ্রতিভ হওয়া, লজ্জিত হওয়া বা ঘাবড়ে যাওয়া।

অপ্রহত (p. 042) [aprahata] বিণ. 1 অনাবাদি, কর্ষণ করা হয়নি এমন (অপ্রহত ভূমি); 2 লোকচলাচল হয়নি এমন (অপ্রহত স্থান)। [সং. ন + প্রহত]।

অপ্রাকৃত (p. 042) [aprākr̥ta] বিণ. পৃথিবীতে ঘটে না এমন, অলৌকিক; অসাধারণ, অস্বাভাবিক। [সং. ন + প্রাকৃত]।

অপ্রাচীন (p. 043) [aprācīna] বিণ. 1 প্রাচীন বা পুরনো নয় এমন। (অপ্রাচীন প্রথা); 2 নতুন, আধুনিক। [সং. ন + প্রাচীন]।

অপ্রাচুর্য (p. 043) [aprācurya] বি. বাহুল্যের অভাব; অল্পতা (বৃষ্টিপাতের অপ্রাচুর্য)। [সং. ন + প্রাচুর্য]। বিণ. অপ্রচুর।

অপ্রাণ (p. 043) [aprāṇa] বি. প্রাণহীনতা; প্রাণের অভাব, জীবনের অভাব। □ বিণ. প্রাণহীন, নির্জীব, মৃত। [সং. ন + প্রাণ]। অপ্রাণী (-ণিন্) বি. বিণ. প্রাণী নয় এমন; প্রাণ নেই এমন। অপ্রাণি-বাচক বিণ. অপ্রাণীকে বোঝায় এমন।

অপ্রাপনীয় (p. 043) [aprāpanīẏa] বিণ. পাওয়া যায় না এমন। [সং. ন + প্রাপনীয়]।

অপ্রাপ্ত (p. 043) [aprāpta] বিণ. পাওয়া যায়নি এমন, অলব্ধ। [সং. ন + প্রাপ্ত]।˜ বয়স্ক বিণ. নাবালক, পূর্ণবয়স্ক নয় এমন।˜ যৌবন বিণ. এখনও যৌবন লাভ করেনি এমন। স্ত্রী.˜ যৌবনা। অপ্রাপ্তি বি. না পাওয়া, প্রাপ্তি বা পাওয়ার অভাব; অলাভ। অপ্রাপ্য বিণ. পাওয়া সম্ভব নয় এমন, দুষ্প্রাপ্য।

অপ্রামাণিক (p. 043) [aprāmāṇika] বিণ. প্রমাণসিদ্ধ নয় এমন, যার কোনো প্রমাণ নেই এমন; বিশ্বাস করা বা মেনে নেওয়া যায় না এমন; তথ্যপ্রমাণ দ্বারা সমর্থিত নয় এমন (অপ্রামাণিক সিদ্ধান্ত)। [সং. ন + প্রামাণিক]। বি.˜ তা।

অপ্রামাণ্য (p. 043) [aprāmāṇya] বি. অপ্রামাণিকতা। □ বিণ. প্রমাণসিদ্ধ নয় এমন। [সং. ন + প্রামাণ্য]।

অপ্রার্থিত (p. 043) [aprārthita] বিণ. চাওয়া হয়নি এমন। [সং. ন + প্রার্থিত]।

অপ্রাসঙ্গিক (p. 043) [aprāsaṅgika] বিণ. প্রসঙ্গবহির্ভূত, প্রসঙ্গের সম্পর্ক নেই এমন, অবান্তর; irrelevant; অসম্বন্ধ। [সং. ন + প্রাসঙ্গিক]। বি.˜ তা।

অপ্রিয় (p. 043) [apriẏa] বিণ. অপ্রীতিকর, পছন্দ নয় এমন, বিরাগভাজন। [সং. ন + প্রিয়]।˜ কারী (-রিন্) বিণ. অপ্রিয় বা অপ্রীতিকর কাজ করে এমন।˜ বাদী (-দিন),˜ ভাষী (-ষিন্) বিণ. অপ্রিয় কথা বলে এমন; কটুভাষী। বিণ. স্ত্রী.˜ বাদিনী,˜ ভাষিণী।

অপ্রীতি (p. 043) [aprīti] বি. প্রীতির অভাব; মনোমালিন্য; অসদ্ভাব; বিরাগ। [সং. ন + প্রীতি]।˜ কর বিণ. বিরক্তিকর।˜ ভাজন বিণ. বিরক্তিভাজন।

অপ্রেম (p. 043) [aprēma] বি. প্রেমের অভাব; প্রীতি বা প্রণয়ের অভাব (প্রেমের দ্বারা অপ্রেমকে জয় করা)। [সং. ন + প্রেম]।

অপ্সরা (অশু.) অপ্সরী (p. 043) [apsarā (aśu.) apsarī] বি. দেবযোনিবিশেষ; স্বর্গের বারাঙ্গনা বা বেশ্যা; সুরসুন্দরী। [সং. অপ্ + সৃ + অস্ = অপ্সরস্ = অপ্সরা]।

অফল (p. 043) [aphala] বিণ. ফল নেই এমন, নিষ্ফল; ব্যর্থ (অফল পরিশ্রম)। □ (আ. বাং.) বি. ফল নয় (অ-ফল)। [সং. ন + ফল]।˜ দায়ক,˜ প্রসূ বিণ. কোনো ফল দেয় না এমন; নিষ্ফল, ব্যর্থ; অনর্থক।

অফলন (p. 043) [aphalana] বি. ফলন বা উৎপাদনের অভাব; অনাবাদ, চাষের অভাব। [সং. ন + বাং. ফলন]।

অফলা (p. 043) [aphalā] বিণ. ফল ধরে না এমন; বন্ধ্যা (অফলা গাছ)। [সং. অফল + আ]।

অফিস (p. 043) [aphisa] বি. কোনো প্রতিষ্ঠানের দফতর বা কার্যালয়। [ইং. office]। অফিসার বি. পদস্থ কর্মচারী। [ইং. officer।

অফুটন্ত (p. 043) [aphuṭanta] বিণ. (ফুল ইত্যাদি সম্পর্কে) ফোটেনি এমন; (ভাত ইত্যাদি সম্পর্কে) ভালোভাবে ফোটেনি বা সিদ্ধ হয়নি এমন। [সং. ন + বাং. ফুটন্ত]।

অফুরন্ত, অফুরান (p. 043) [aphuranta, aphurāna] বিণ. ফুরায় না এমন, অশেষ (অফুরন্ত অবসর, অফুরান ভালোবাসা); অপর্যাপ্ত। [সং. ন + বাং √ ফুরা + অন্‌ত, আন]।

অব1 (p. 043) [aba1] (প্রা. মধ্য বাং.) অব্য. ক্রি-বিণ. এখন, এবার ('সখি অব কি করব উপদেশ': গো. দা.)। [হি.]।

অব2 (p. 043) [aba2] অব্য. নিশ্চয়তা, নিকৃষ্টতা, বিস্তার, নিম্নগতি প্রভৃতি বোঝায় এমন উপসর্গবিশেষ।

অব-কাশ (p. 043) [aba-kāśa] বি. বিরাম; ফুরসত, অবসর; ফাঁক; ছুটি; সুযোগ (সন্দেহের অবকাশ, লেখার অবকাশ হয়নি)। [সং. অব + √ কাশ্ + অ]।

অব-কীর্ণ (p. 043) [aba-kīrṇa] বিণ. 1 চারদিকে বা এখানে-সেখানে ছড়িয়ে রয়েছে এমন; 2 বিনষ্ট, বিধ্বস্ত। [সং. অব + √ কৃ + ত]।

অবক্তব্য (p. 043) [abaktabya] বিণ. বলার অযোগ্য, বলা যায় না বা উচিত নয় এমন, অকথ্য। [সং. ন + বক্তব্য]। অবক্তা বি. বিণ. যে বলতে বা বক্তৃতা করতে পারে না।

অব-ক্ষয় (p. 043) [aba-kṣaẏa] বি. ধীরে ধীরে অথচ নিয়মিতভাবে ক্ষয়প্রাপ্তি; নিম্নগতি (জাতীয় আদর্শের অবক্ষয়, মূল্যবোধের অবক্ষয়)। [সং. অব + ক্ষয়]।

অবক্ষিপ্ত (p. 043) [abakṣipta] দ্র অবক্ষেপ।

অব-ক্ষেপ, অব-ক্ষেপণ (p. 043) [aba-kṣēpa, aba-kṣēpaṇa] বি. 1 বিক্ষেপ, ছোড়া, ইতস্তত ছোড়া; 2 নীচের দিকে ছোড়া; 3 তিরস্কার; নিন্দা; শ্লেষ। [সং. অব + √ ক্ষিপ্ + অ, অন]। অব-ক্ষিপ্ত বিণ. বিক্ষিপ্ত; নিচের দিকে নিক্ষিপ্ত; তিরস্কৃত।

অব-গত (p. 043) [aba-gata] বিণ. জেনেছে বা জানা হয়েছে এমন, জ্ঞাত, বিদিত। [সং. অব + √ গম্ + ত]। অব-গতি বি. অবধান; জ্ঞান; সংবাদপ্রাপ্তি (আপনার অবগতির জন্য এই খবরটি জানালাম)।

অব-গাঢ় (p. 043) [aba-gāḍh] বিণ. 1 নিমগ্ন, (জলে) ডুবে আছে এমন; 2 অন্তঃপ্রবিষ্ট; 3 স্নান করেছে এমন, অবগাহন করেছে এমন। [সং. অব + √ গাহ্ + ত]।

অব-গাহ্, অব-গাহন (p. 043) [aba-gāh, aba-gāhana] বি. 1 শরীর জলে ডুবিয়ে স্নান, জলে নেমে স্নান; 2 (আল.) গভীরে প্রবেশ। [সং. অব + √ গাহ্ + অ, অন]।

অব-গুণ (p. 043) [aba-guṇa] বি. দোষ, অপগুণ। [সং. অব + গুণ]।

অব-গুণ্ঠন (p. 043) [aba-guṇṭhana] বি. ঘোমটা; আবরণ; মুখের আবরণ। [সং. অব + √ গুণ্ঠ্ + অন]। অব-গুণ্ঠন-বতী বিণ. ঘোমটা-পরা; আবৃতা। অব-গুণ্ঠিত বিণ. ঘোমটায় (মুখ) ঢাকা রয়েছে এমন। স্ত্রী. অব-গুণ্ঠিতা।

অব-গ্রহ (p. 043) [aba-graha] বি. 1 অনাবৃষ্টি, বৃষ্টির অভাব; 2 নিন্দা, তিরস্কার; 3 প্রতিবন্ধক, বাধা; 4 অভিসম্পাত, শাপ। [সং. অব + √ গ্রহ্ + অ]।

অব-চয় (p. 043) [aba-caẏa] বি. 1 অপচয়, বাজে খরচ; 2 সম্পত্তি, জমি বা দ্রব্যাদির দাম কমা, মূল্যহ্রাস, depreciation (বি. প.); 3 ফুল চয়ন করা, পুষ্পচয়ন। [সং. অব + √ চি + অ]।

অব-চিত (p. 044) [aba-cita] বিণ. 1 অপব্যয়িত, অপচয় করা হয়েছে এমন; 2 সংগ্রহ করা হয়েছে এমন; 3 দাম কমেছে এমন, depreciated (বি. প.)।

অব-চেতনা (p. 044) [aba-cētanā] বি. চেতনা বা স্পষ্ট জ্ঞানের অন্তরালে অবস্থিত অস্পষ্ট চেতনা। [সং. অব + চেতনা]। অব-চেতন বিণ. স্পষ্ট জ্ঞানের অন্তরালে অবস্থিত অস্পষ্ট চেতনাযুক্ত (অবচেতন মন)।

অবচ্ছিন্ন (p. 044) [abacchinna] বিণ. 1 বিশিষ্ট, যুক্ত (মেঘাবচ্ছিন্ন, দুঃখাবচ্ছিন্ন); 2 বিভক্ত, বিচ্ছিন্ন (নিরবচ্ছিন্ন); খণ্ডিত; 3 সীমাবদ্ধ, limited (দেহাবচ্ছিন্ন প্রাণ)। [সং. অব + ছিন্ন]।

অবচ্ছেদ (p. 044) [abacchēda] বি. 1 ছেদন, ছিন্ন করা; 2 বিচ্ছেদ; বিরাম; 3 পরিচ্ছেদ; খণ্ড; একাংশ; বিভাগ; 4 সীমা। [সং. অব + √ ছিদ্ + অ]। অবচ্ছেদে ক্রি-বিণ. নির্বিশেষে; সব নিয়ে।

অবজার-ভেটরি (p. 044) [abajāra-bhēṭari] বি. মানমন্দির, গ্রহনক্ষত্রাদি পর্যবেক্ষণের গবেষণাগার। [ইং. observatory]।

অবজ্ঞা (p. 044) [abajñā] বি. 1 উপেক্ষা, তুচ্ছজ্ঞান, তুচ্ছতাচ্ছিল্য; 2 ঘৃণা। [সং. অব + √ জ্ঞা + অ]। অব-জ্ঞাত বিণ. উপেক্ষিত, তুচ্ছতাচ্ছিল্য করা হয়েছে এমন; অপমানিত। অব-জ্ঞেয় বিণ. অবজ্ঞা বা উপেক্ষার যোগ্য।

অব-তংস (p. 044) [aba-taṃsa] বি. ভূষণ, অলংকার; কানের অলংকার; শিরোভূষণ; গৌরব বা গৌরবের বস্তু (চন্দ্রবংশাবতংস)। [সং. অব + √ তংস্ (=ভূষণ) + অ]।

অব-তরণ (p. 044) [aba-taraṇa] বি. নিচে নামা, নিম্নে গমন; অবরোহণ (বন্দরে অবতরণ)। [সং. অব + √ তৃ + অন]। অব-তরণিকা বি. 1 (বইয়ের) ভূমিকা, মুখবন্ধ; 2 সিঁড়ি, সোপান। অব-তরা ক্রি. (কাব্যে) 1 নামা, নেমে আসা; 2 অবতীর্ণ বা আবির্ভূত হওয়া।

অব-তল (p. 044) [aba-tala] বিণ. মধ্যভাগ নিচু এমন; মধ্যদেশ নিচু এমন উপরিতলবিশিষ্ট, concave (বি. প.)। [সং. অব + তল]। বিপ. উত্তল, convex.

অব-তার (p. 044) [aba-tāra] বি. 1 জীবদেহ ধারণ করে দেবতার পৃথিবীতে আবির্ভাব incarnation; 2 জীবদেহধারী দেবতা (কূর্ম অবতার, বামন অবতার); 3 মূর্ত রূপ (ধর্মাবতার, করুণার অবতার); 4 অবতরণ, নীচে নামা; 5 (ব্যঙ্গাত্মক) কিম্ভূত বা অদ্ভুত মূর্তি। [সং. অব √ তৃ + অ]।

অব-তারণ (p. 044) [aba-tāraṇa] বি. 1 উপর থেকে বা উঁচু জায়গা থেকে নীচে নামানো, অবরোহণ; 2 প্রসঙ্গ উত্থাপন। [সং. অব + √ তৃ + ণিচ্ + অন]। অব-তারণা বি. আলোচনার সূত্রপাত; ভূমিকা; প্রসঙ্গ উত্থাপন। অব-তারণী বি. সিঁড়ি; যে নীচে নামায়।

অব-তীর্ণ (p. 044) [aba-tīrṇa] বিণ. 1 অবতরণ করেছে অর্থাত্ নেমেছে এমন; 2 অবতাররূপে আবির্ভূত; 3 উপনীত; 4 অতিক্রান্ত, উত্তীর্ণ। [সং. অব + √ তৃ + ত]।

অব-দংশ (p. 044) [aba-daṃśa] বি. 1 রুচিকর খাদ্য; 2 মদের চাট। [সং. অব + √ দনশ্ + অ]।

অব-দমন (p. 044) [aba-damana] বি. মনের স্বাভাবিক প্রবৃত্তি বা বাসনা দমন, repression (বি. প.)। [সং. অব + দমন]।

অব-দমিত (p. 044) [aba-damita] বিণ. অবদমন করা হয়েছে এমন, repressed. [সং. অব + দমিত]।

অব-দাত (p. 044) [aba-dāta] বি. সাদা রং, শ্বেত বর্ণ। □ বিণ. 1 সাদা; 2 শোভিত; 3 নির্মল। [সং. অব + √ দা + ত]।

অব-দান (p. 044) [aba-dāna] বি. 1 প্রশংসনীয় কর্ম; মহত্ কর্ম; কীর্তি; 2 কর্ম; কৃতকর্ম; 3 সাহসিকতাপূর্ণ কাজ। [সং. অব + √ দৈ (=দা) + অন]।

অব-দারণ (p. 044) [aba-dāraṇa] বি. 1 বিদারণ, বিদীর্ণ করা; 2 খনন। [সং. অব + √ দৃ + ণিচ্ + অন]। বিণ. অব-দীর্ণ। অব-দারণী বি. অবদারণ করার বা খোঁড়ার অস্ত্র; শাবল; কোদাল ইত্যাদি অস্ত্র।

অবদ্ধ (p. 044) [abaddha] বিণ. 1 আঁবাধা, বাঁধা নয় এমন; 2 অসম্বন্ধ। [সং. ন + বদ্ধ]। বি.˜ তা।

অবদ্য (p. 044) [abadya] বিণ. অকথ্য; নিন্দনীয়। [সং. ন + √ বদ্ + য]। তু. বিপ. অনবদ্য। অখদ্যে-অবদ্যে দ্র অখদ্যে।

অব-ধান (p. 044) [aba-dhāna] বি. একাগ্রতা; মনোযোগ, অভিনিবেশ; প্রণিধান; মনোযোগ দিয়ে শোনা। □ অনু-ক্রি. (নামধাতু) অবধান করুন, দয়া করে শুনুন ('অবধান নরপতি': রক্ষ)। [সং. অব + √ ধা + অন]। অব-ধেয় বিণ. মনোযোগের যোগ্য।

অব-ধায়ক (p. 044) [aba-dhāẏaka] বি. 1 রক্ষণাবেক্ষণের জন্য নিযুক্ত ব্যক্তি, caretaker; 2 মন দিয়ে শোনে এমন (ব্যক্তি)। [সং. অব + √ ধা + অক]। অব-ধেয় বিণ. অবধানের যোগ্য; প্রণিধানযোগ্য।

অব-ধারণ (p. 044) [aba-dhāraṇa] বি. নির্ধারণ; ধার্য করা; নিরূপণ। [সং. অব + ধারণ]। অব-ধারণা বি. (দর্শ.) বোধশক্তি, ধারণাশক্তি, congnition. অব-ধারিত বিণ. নিশ্চিত, অনিবার্য; নির্ধারিত, নিরূপিত। অব-ধার্য বিণ. নির্ধারণ বা নিরূপণ করতে হবে এমন।

অবধি (p. 044) [abadhi] অব্য. 1 থেকে, হতে (জন্মাবধি, সেই অবধি, 'জনম অবধি হাম': বিদ্যা.); 2 পর্যন্ত (আজ অবধি, মৃত্যু অবধি)। □ বি. সীমা; অন্ত, অবসান (দুঃখের অবধি রইল না)। [সং. অব + √ ধা + ই]। ˜ বাধিত বিণ. (আইনে) মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়ার দোষে দুষ্ট, barred by limitation (স. প.)।

অব-ধূত (p. 044) [aba-dhūta] বি. 1 শৈব সন্ন্যাসী; সংসারত্যাগী সন্ন্যাসী; 2 তান্ত্রিক সন্ন্যাসী। □ বিণ. 1 কল্পিত; 2 বিক্ষিপ্ত; 3 পরিত্যক্ত। [সং. অব + √ ধূ + ত]। অব-ধৌত, অব-ধৌতিক বিণ. অবধূত সম্পর্কিত।

অবধেয় (p. 044) [abadhēẏa] দ্র অবধান।

অবধৌত, অবধৌতিক (p. 044) [abadhauta, abadhautika] দ্র অবধূত।

অবধ্য (p. 044) [abadhya] বিণ. বধ করা বা হত্যা করা উচিত নয় এমন (দূত অবধ্য); বধের অযোগ্য। [সং. ন + √ বধ্ + য]। স্ত্রী. অবধ্যা।

অবনত (p. 044) [abanata] বিণ. 1 নিচু, নত; আনত (অবনত মস্তকে, বিনয়াবনত); 2 পতিত, হীনাবস্থাপ্রাপ্ত; দুর্দশাগ্রস্ত (অবনত জাতি)। [সং. অব + নত]। অব-নতি বি. 1 অবনত ভাব (ভূমির অবনতি); 2 অধোগতি, দুর্দশা (দেশের আর্থিক অবনতি, চারিত্রিক অবনতি)।

অব-নমন (p. 045) [aba-namana] বি. অবনতকরণ, অবনত করা; নোয়ানো। [সং. অব + √ নম্ + অন]। অব-নমিত বিণ. নোয়ানো হয়েছে এমন; অবনত করা হয়েছে এমন; দমন করা হয়েছে এমন।

অব-নয়ন (p. 045) [aba-naẏana] বি. নীচে নামিয়ে আনা, নোয়ানো, অবনমন। [সং. অব + √ নী + অন]।

অবনি-বনা, অবনি-বনাও (p. 045) [abani-banā, abani-banāō] বি. (মতের) অমিল, অনৈক্য; অসম্প্রীতি, সদ্ভাব বা মিলমিশের অভাব। [বাং. অ + হি. বনিবনাও]।

অবনি, অবনী (p. 045) [abani, abanī] বি. পৃথিবী; ভূমি। [সং. অব্ + অনি, অব্ + অনি + ঈ]।˜ তল বি. ভূতল, ধরণীতল।˜ পতি বি. পৃথিবীর অধিপতি; রাজা।˜ মণ্ডল বি. সারা পৃথিবী।

অবন্তি, অবন্তী (p. 045) [abanti, abantī] বি. 1 মালব প্রদেশ; 2 মালবের রাজধানী; উজ্জয়িনী; রাজা বিক্রমাদিত্যের রাজধানী। [সং. অব্ + অন্তি + ঈ]। অবন্তি-পুরী বি. উজ্জয়িনী।

অবন্ধন (p. 045) [abandhana] বি. বন্ধনের অভাব, বন্ধনহীনতা; মুক্তি। [সং. ন + বন্ধন]।

অবন্ধু (p. 045) [abandhu] বিণ. বন্ধুহীন; নির্বান্ধব; অসহায়। □ বি. বন্ধু নয় এমন ব্যক্তি (কে বন্ধু কে অবন্ধু)। [সং. ন + বন্ধু]।

অবন্ধুর (p. 045) [abandhura] বিণ. বন্ধুর বা অসমতল নয় এমন; সমতল। [সং. ন + বন্ধুর]।

অবন্ধ্যা (p. 045) [abandhyā] বিণ. বন্ধ্যা বা বিফল নয় এমন; ফলবান; সফল। [সং. ন + বন্ধ্যা]।

অব-পাত (p. 045) [aba-pāta] বি. 1 অধোগতি; নীচে পড়ে যাওয়া; 2 হাতি বা অন্য বন্য জন্তু ধরার চোরা গর্ত। [সং. অব + √ পত্ + অ]।

অব-বাহিকা (p. 045) [aba-bāhikā] বি. নদীর দুই তীরের ঢালু ভূমি, যেখান থেকে জল নদীতে এসে পড়ে, river basin. [সং. অব + √ বহ্ + ণিচ্ + অক + (স্ত্রী.) আ]।

অব-বুদ্ধ (p. 045) [aba-buddha] বিণ. 1 প্রবুদ্ধ; প্রজ্ঞাবান; জ্ঞানবান; 2 জাগরিত, সজাগ। [সং. অব + √ বুধ্ + ত]।

অব-বোধ (p. 045) [aba-bōdha] বি. 1 বিশেষ জ্ঞান; তত্ত্বজ্ঞান; 2 জাগরণ; উপলব্ধি। [সং. অব + √ বুধ্ + অ, ণিচ্ + অ]। অব-বোধন বি. 1 জ্ঞাপন, জানানো; 2 জাগানো। অব-বোধিত বিণ. 1 জানানো হয়েছে এমন; 2 উদ্বোধিত; জাগরিত।

অব-ভাস (p. 045) [aba-bhāsa] বি. 1 প্রকাশ; দীপ্তি; 2 মিথ্যাজ্ঞান বা ভ্রম আরোপ; 3 ছল। [সং. অব + √ ভাস্ + অ]।

অবম (p. 045) [abama] বিণ. 1 কম; ন্যূন; 2 নিকৃষ্ট; হীন। [সং. √ অব্ + অম]।

অব-মত (p. 045) [aba-mata] বিণ. অবজ্ঞা করা হয়েছে এমন; উপেক্ষিত; অনাদৃত। [সং. অব + √ মন্ + ত]। অব-মতি বি. অবজ্ঞা, উপেক্ষা; অনাদর।

অব-মন্তা (p. 045) [aba-mantā] (-ন্তৃ) বিণ. অবমানকারী, অবজ্ঞাকারী। [সং. অব + √ মন্ + তৃ]।

অব-র্মদ, অব-মর্দন (p. 045) [aba-rmada, aba-mardana] বি. 1 পদদলিত করা; 2 পীড়ন; 3 ধ্বংস করা। [সং. অব + √ মৃদ্ + অ, অন]। অব-মর্দিত বিণ. পদদলিত, প্রহৃত; বিধ্বস্ত।

অব-মর্শ, অব-মর্শন (p. 045) [aba-marśa, aba-marśana] বি. 1 প্রণিধান, চিন্তা; 2 স্পর্শ; 3 পরামর্শ। [সং. অব + √ মৃশ্ + অ, অন]।

অব-মর্ষ (p. 045) [aba-marṣa] বি. 1 ক্ষমার অভাব, অক্ষমা; 2 অসহন; 3 বিলোপ; 4 বিস্মৃতি। [সং. অব + √ মৃষ্ + অ]।

অব-মান, অব-মাননা (p. 045) [aba-māna, aba-mānanā] বি. অপমান, অসম্মান; অনাদর, উপেক্ষা। [সং. অব + √ মন্ + অ, অন + আ]। অব-মানিত বিণ. অপমান করা হয়েছে এমন, অসম্মানিত।

অব-মূল্যায়ন (p. 045) [aba-mūlyāẏana] বি. 1 নির্দিষ্ট দামের চেয়ে কম দামে বিক্রয়, মূল্যহ্রাস; 2 ছাড়, discount. [সং. অব + মূল্যায়ন]।

অব-মোচন (p. 045) [aba-mōcana] বি. 1 মুক্তিদান, বন্ধন থেকে মুক্তি দেওয়া; 2 পরিতাপ। [সং. অব + মোচন]।

অবয়ব (p. 045) [abaẏaba] বি. 1 শরীরের অঙ্গ, হাত-পা ইত্যাদি অঙ্গপ্রত্যঙ্গ; 2 চেহারা, আকৃতি; 3 অংশ; উপকরণ। [সং. অব + √ যু + অ]।

হীন বিণ. যার দেহ বা অঙ্গ নেই এমন, অশরীরী। অবয়বী (-বিন্) বিণ. অবয়ববিশিষ্ট, অঙ্গবিশিষ্ট, অবয়ব আছে এমন।

অবর (p. 045) [abara] বিণ. 1 নিকৃষ্ট; অধম; 2 কনিষ্ঠ; 3 সহকারী; 4 অধীন; অধস্তন, subordinate (স. প.)। [সং. ন + বর (=শ্রেষ্ঠ)]। অবরজ বি. কনিষ্ঠ ভ্রাতা, অনুজ। □ বিণ. ছোট বা হীন বংশে জন্ম এমন।

অব-রুদ্ধ (p. 045) [aba-ruddha] বিণ. 1 আবদ্ধ; আটক, ব্যাহত, নিরূদ্ধ (অবরুদ্ধ বাসনা, দৃষ্টি অবরূদ্ধ); 2 পরিবেষ্টিত (অবরুদ্ধ শহর); 3 রুদ্ধ (অবরুদ্ধ স্বর)। [সং. অব + রুদ্ধ]।

অবরেণ্য (p. 045) [abarēṇya] বিণ. সমাদরের অযোগ্য; বরণীয় বা শ্রেষ্ঠ নয় এমন ('অবরেণ্যে বরি': মধু.)। [সং. ন + বরেণ্য]।

অবরে-সবরে (p. 045) [abarē-sabarē] ক্রি-বিণ. কখনোসখনো, ক্বচিত্, কালেভদ্রে। [হি. অবের-সবের]।

অব-রোধ (p. 045) [aba-rōdha] বি. 1 বাধা, প্রতিবন্ধক; পরিবেষ্টন blockade; 2 কারাগার, জেলখানা; 3 অন্তঃপুর; 4 বন্দিত্ব, আটক, detention. [সং. অব + রোধ]। অব-রোধক বিণ. অবরোধকারী, বাধা সৃষ্টি করে এমন। ˜ প্রথা বি. পর্দা প্রথা, নারীদের পর্দানাশিন থাকার নিয়ম, নারীদের অন্তঃপুরে থাকার বা রাখার প্রথা।

অব-রোপণ (p. 045) [aba-rōpaṇa] বি. 1 নীচে নামানো, অবতারণ; 2 উৎপাটন, এক স্থান থেকে উৎপাটন করে অন্য স্থানে রোপণ, transplantation. [সং. অব + রোপণ]।

অব-রোহ (p. 045) [aba-rōha] বি. 1 নীচে নামা, অবতরণ; 2 (দর্শ. ও ন্যায়) কারণ থেকে কার্য অনুমান, deduction. [সং. অব + √ রুহ্ + অ]। ˜ ণ নীচে নামা, অবতরণ। ˜ ণী বি. সিঁড়ি, অবতারণী। অব-রোহী (-হিন্) বিণ. 1 অবরোহণকারী, নীচে নামছে এমন; 2 (দর্শ. ও ন্যায়.) কারণ থেকে কার্য অনুমানের প্রণালীগত, deductive. বিপ. আরোহী।

অবর্জনীয়, অবর্জ্য (p. 045) [abarjanīẏa, abarjya] বিণ. বর্জন বা পরিত্যাগ করা যায় না বা করা উচিত নয় এমন, অপরিত্যাজ্য, অপরিহার্য (অবর্জনীয় প্রথা)। [সং. ন + বর্জনীয়, বর্জ্য]।

অবর্ণ (p. 045) [abarṇa] বি. নিচু জাতি। □ বিণ. বর্ণহীন, বর্ণ নেই এমন। [সং. ন + বর্ণ]।

অবর্ণনীয় (p. 046) [abarṇanīẏa] বিণ. বর্ণনা করার বা বিবৃত করার অযোগ্য; বর্ণনা করা অসাধ্য এমন। [সং. ন + বর্ণনীয়]।

অবর্ত-মান (p. 046) [abarta-māna] বিণ. 1 অতীত বা ভবিষ্যত্, বর্তমান নয় এমন; 2 অনুপস্থিত; 3 মৃত; গত। [সং. ন + বর্তমান]। অবর্ত-মানে ক্রি. বিণ. অনুপস্থিতিতে; মৃত্যুর পর (পিতার অবর্তমানে পুত্রই অধিকারী।

অবর্ধিত (p. 046) [abardhita] বিণ. বর্ধিত হয়নি বা বাড়ানো হয়নি এমন। [সং. ন + বর্ধিত]।

অবল (p. 046) [abala] বিণ. বলহীন, দুর্বল ('অনাথের নাথ হও হে, অবলের বল': রবীন্দ্র)। □ বি. বরুণ গাছ। [সং. ন + বল]।

অব-লম্ব (p. 046) [aba-lamba] বি. অবলম্বন, আশ্রয়। □ বিণ. লম্বমান, ঝুলছে এমন, ঝুলন্ত। [সং. অব + √ লম্ব্ + অ]।

অব-লম্বন (p. 046) [aba-lambana] বি. 1 আশ্রয়, নির্ভর, ভরসা (চাকরিই তার একমাত্র অবলম্বন); 2 গ্রহণ, ধারণ (সন্ন্যাস অবলম্বন, পক্ষ অবলম্বন)। [সং. অব + লম্ব্ + অন]। অব-লম্বিত বিণ. 1 গৃহীত; 2 আশ্রিত; 3 লম্বমান, ঝুলন্ত। অব-লম্বী (-ম্বিন্) বিণ. অবলম্বন করেছে এমন; নির্ভরকারী, আশ্রয়কারী; ঝুলছে এমন।

অবলা2 (p. 046) [abalā2] বিণ. (স্ত্রী.) বলহীনা। □ বি. (স্ত্রী.) নারী। [সং. ন + বল + আ]।˜ জাতি বি. নারীজাতি, স্ত্রীজাতি।

অব-লিপ্ত (p. 046) [aba-lipta] বিণ. 1 লেপন করা হয়েছে বা লেপা হয়েছে এমন; প্রলেপ দেওয়া হয়েছে এমন; 2 (বিরল) গর্বিত। [সং. অব + √ লিপ্ + ত]।

অব-লীঢ় (p. 046) [aba-līḍh়] বিণ. লেহন করা বা চাটা হয়েছে এমন; স্বাদ গ্রহণ করা হয়েছে এমন, আস্বাদিত। [সং. অব + √ লিহ্ + ত]।

অব-লীলা (p. 046) [aba-līlā] বি. অনায়াস, ক্লেশ বা কষ্টের অভাব, অক্লেশ; হেলা; হেলাফেলা। [সং. অব + লীলা]। ˜ ক্রমে ক্রি-বিণ. অনায়াসে, অক্লেশে, বিনা কষ্টে; হেলায়।

অব-লুণ্ঠন (p. 046) [aba-lunṭhana] বি. মাটিতে লুটিয়ে পড়া বা গড়াগড়ি দেওয়া; ভূলুণ্ঠন। [সং. অব + লুণ্ঠন]। অব-লুণ্ঠিত বিণ. মাটিতে লুটিয়ে পড়েছে বা গড়াগড়ি দিচ্ছে এমন, ভূপতিত (ধূল্যবলুণ্ঠিত)। স্ত্রী. অব-লুণ্ঠিতা।

অব-লুপ্ত (p. 046) [aba-lupta] বিণ. 1 লুপ্ত হয়েছে বা লোপ পেয়েছে এমন; 2 অদৃশ্য, অন্তর্হিত (মেঘের আড়ালে অবলুপ্ত সূর্যরশ্মি)। [সং. অব + লুপ্ত]। অব-লোপ বি. 1 লুপ্ত হওয়া, লোপ; 2 আড়ালে চলে যাওয়া, অন্তর্ধান।

অব-লেপ (p. 046) [aba-lēpa] বি. 1 প্রলেপ, লেপন; 2 গর্ব, অহংকার। [সং. অব + √ লিপ্ + অ]। ˜ ন বি. প্রলেপন, প্রলেপ দেওয়া, লেপন, মাখানো।

অব-লেহ (p. 046) [aba-lēha] বি. 1 জিভ দিয়ে চাটা, জিভের সাহায্যে আস্বাদন; চাটা; 2 চেটে খেতে হয় এমন খাদ্য বা ওষুধ। [সং. অব + √ লিহ্ + অ]। ˜ ন বি. চেটে খাওয়া, জিভের সাহায্যে অস্বাদন।

অব-লোকন (p. 046) [aba-lōkana] বি. দৃষ্টিপাত, দর্শন, দেখা, তাকানো (প্রাণভরে সেই দৃশ্য অবলোকন করলেন)। [সং. অব + √ লোক্ + অন]. অব-লোকিত বিণ. দেখা হয়েছে এমন, দৃষ্ট।

অব-লোহিত রশ্মি (p. 046) [aba-lōhita raśmi] বি. দৃশ্যমান বর্ণালির লাল রশ্মির চেয়ে বেশি তরঙ্গদৈর্ঘ্যের কিন্তু বেতার তরঙ্গের চেয়ে কম তরঙ্গদৈর্ঘ্যের আলোকরশ্মি, infrared rays.

অবশ (p. 046) [abaśa] বিণ. 1 বশে নেই এমন, অবাধ্য; অনায়ত্ত; 2 বিকল, অসাড় (অবশ দেহ)। [সং. ন + বশ]। ˜ তা বি. অবাধ্যতা; অসাড়তা।

অব-শিষ্ট (p. 046) [aba-śiṣṭa] বিণ. 1 বাকি; 2 উদ্বৃত্ত, বাড়তি, অতিরিক্ত। [সং. অব + √ শিষ্ + ত]।

অবশী (p. 046) [abaśī] (-শিন্) বিণ. নিজেকে বশে রাখতে বা বাধ্য করতে পারে না এমন; ইন্দ্রিয়পরায়ণ। [সং. ন + √ বশ্ + ইন্]।

অবশী-ভূত (p. 046) [abaśī-bhūta] বিণ. বশ করা বা বশীভূত করা হয়নি এমন, বশ মানানো যায়নি এমন। [সং. ন + বশীভূত]।

অবশেন্দ্রিয় (p. 046) [abaśēndriẏa] বিণ. ইন্দ্রিয় বশে নেই এমন, ইন্দ্রিয়কে জয় করতে পারেনি এমন। [সং. অবশ + ইন্দ্রিয়]।

অব-শেষ (p. 046) [aba-śēṣa] বি. 1 অবশিষ্ট অংশ, বাকি অংশ (দেহাবশেষ, ভুক্তাবশেষ); শেষাংষ; 2 শেষ, অবসান (দিনাবশেষ); 3 সীমা-পরিসীমা (দুঃখের অবশেষ রইল না)। [সং. অব + শেষ]। বিণ. অব-শিষ্ট। অব-শেষে ক্রি-বিণ. শেষে, অন্তে।

অবশ্য1 (p. 046) [abaśya1] বিণ. বশ করা যায় না এমন, অবাধ্য। [সং. ন + বশ্য]।˜ তা বি. অবাধ্যতা।

অবশ্য2 (p. 046) [abaśya2] অব্য. ক্রি-বিণ. বিণ-বিণ. 1 নিশ্চয়, নিশ্চিতভাবে (অবশ্যপালনীয়, অবশ্য করতে হবে); নিংসংশয়ে, বলা বাহুল্য; 2 তবে, পক্ষান্তরে (মাংস খাওয়া ভালো, অবশ্য পরিমিত মাত্রায়)। [সং. অবশ্যম্]. অবশ্য অবশ্য ক্রি-বিণ. নিশ্চয়ই, বলা বাহুল্য।˜ করণীয়,˜ কর্তব্য,˜ কার্য বিণ. করতেই হবে এমন।˜ স্ভাবী (-বিন্) বিণ. নিশ্চয় ঘটবে এমন (মৃত্যু একটি অবশ্যম্ভাবী ঘটনা)। অবশ্যম্ভাবিতা বি. নিশ্চয়তা।

অব-শ্রয়ণ (p. 046) [aba-śraẏaṇa] বি. উনুন থেকে (পাত্র) নামানো। [সং. অব + √ শ্রি + অন]। বিপ. অধিশ্রয়ণ।

অব-সন্ন (p. 046) [aba-sanna] বিণ. 1 অবসাদগ্রস্ত, ক্লান্ত, শ্রান্ত (দেহ অবসন্ন); বিষণ্ণ; 2 অন্তিম; অবসানপ্রাপ্ত ('অবসন্ন দিবালোকে কোথা হতে ধীরে': রবীন্দ্র; রাত্রি অবসন্ন)। [সং. অব + √ সদ্ + ত]। অব-সন্নতা বি. 1 ক্লান্তি, অবসাদ; 2 অন্ত, সমাপ্তি; 3 বিষণ্ণতা।

অব-সর (p. 046) [aba-sara] বি. 1 অবকাশ; ছুটি; 2 সুযোগ, ফুরসত, ফাঁক (সেই অবসরে, ইত্যবসরে); 3 কর্ম বা চাকরি থেকে বিদায়, retirement. [সং. অব + √ সৃ + অ]।˜ জীবন বি. কর্ম বা চাকরি থেকে বিদায়ের পরবর্তী জীবন, life after retirement, retired life.˜ ভাতা বি. কর্ম বা চাকরি থেকে অবসর নেওয়ার পর যে ভাতা বা অর্থ-বরাদ্দ পাওয়া যায়।

অব-সাদ (p. 046) [aba-sāda] বি. 1 অতিশয় শ্রান্তি; 2 ক্লান্তিজনিত স্ফূর্তিহীনতা; উৎসাহের অভাব, নিস্তেজ নিরুদ্যম অবস্থা; 3 বিষণ্ণতা। [সং. অব + √ সদ্ + অ]।

অব-সান (p. 046) [aba-sāna] বি. 1 শেষ, সমাপ্তি (দিবা অবসান, রাত্রি অবসান); 2 সমাধান, অন্ত (তর্কের অবসান); 3 মৃত্যু (জীবনাবসান)। [সং. অব + √ সো + অন]। অব-সিত বিণ. সমাপ্ত, অবসানপ্রাপ্ত; ফুরিয়ে গেছে এমন।

অব-সৃত (p. 046) [aba-sṛta] বিণ. 1 অবসর নিয়েছে এমন, কোনো কাজ থেকে ছুটি বা বিদায় নিয়েছে এমন, অবসরপ্রাপ্ত; 2 দূর হয়েছে বা দূরে গেছে এমন; অপসৃত। [সং. অব + √ সৃ + ত]।

অবস্তু (p. 046) [abastu] বিণ. বস্তুহীন; অসার, অপদার্থ। □ বি. 1 অসার বা অপদার্থ জিনিস; 2 প্রকৃত অস্তিত্ব নেই এমন ব্রহ্মাতিরিক্ত অসার জগত্। [সং. ন + বস্তু]।˜ নির্বন্ধ বি. অসার বস্তু বা পদার্থের জন্য আগ্রহ।

অবস্থা (p. 046) [abashā] বি. 1 দশা (শৈশবাবস্থা); 2 ভাব (মানসিক অবস্থা); 3 সাংসারিক বা অন্য হাল (তার অবস্থা ভালো, এ অবস্থায় কী করা উচিত, রোগীর অবস্থা একটু ভালো); 3 সংগতি (অবস্থাপন্ন লোক)। [সং. অব + √ স্থা + অ]। অবস্থা বুঝে চলা ক্রি. বি. সুযোগ বুঝে চলা বা যখন যেমন করা উচিত তেমনই করা। অবস্থা-গতিকে ক্রি-বিণ. পারিপার্শ্বিক অবস্থার চাপে।˜ ন্তর বি. অবস্থা বা দশার পরিবর্তন।˜ সংকট বি. বিপজ্জনক পরিস্থিতি।

অব-স্থান (p. 046) [aba-shāna] বি. 1 স্থিতি, বাস; 2 বাসস্থান, location. [সং. অব + √ স্থা + অন]. অবস্থান ধর্মঘট বি. কর্মস্থলে কর্মবিরতি পালন, stay-in-strike. অব-স্থিত বিণ. 1 আছে বা বাস করছে এণন, স্থিত, বিদ্যমান (গঙ্গার তীরে অবস্থিত); 2 স্থির বা প্রশান্ত (অবস্থিতচিত্ত)। অব-স্থিতি বি. বাস; বিদ্যমানতা।

অব-স্থাপন (p. 046) [aba-shāpana] বি. স্থাপন, সংস্থাপন, স্থাপন করা, রাখা। [সং. অব + স্থাপন]।

অবস্থাপন্ন (p. 046) [abashāpanna] বিণ. সংগতিসম্পন্ন, আর্থিক অবস্থা ভালো এমন। [সং. অবস্থা + আপন্ন]।

অব-স্থাপিত (p. 046) [aba-shāpita] বিণ. স্থাপিত, রাখা হয়েছে বা প্রতিষ্ঠা করা হয়েছে এমন। [সং. অব + স্থাপিত]।

অব-স্থায়ী (p. 046) [aba-shāẏī] (-য়িন্) বিণ. 1 অবস্থানকারী; অবস্থান করে অর্থাত্ থাকে এমন; 2 স্থিতিশীল। [সং. অব + √ স্থা + ইন্]।

অবস্থিত (p. 046) [abashita] দ্র অবস্থান।

অব-হার1 (p. 046) [aba-hāra1] বি. 1 যুদ্ধবিরতি, armistice; 2 অন্যত্র অপসারণ; 3 সৈন্যদের যুদ্ধক্ষেত্র থেকে শিবিরে আনা; 4 ধর্মান্তর গ্রহণ। [সং. অব + √ হৃ + অ]।

অবহার2 (p. 046) [abahāra2] বি. নির্দিষ্ট মূল্য থেকে বাদ-দেওয়া অংশ, বাটা; ছাড়, discount (স. প.)। [সং. অব + √ হৃ + অ]।

অব-হিত (p. 046) [aba-hita] বিণ. 1 মনোযোগী, অভিনিবেশ আছে এমন, নিবিষ্ট; 2 সতর্ক, সচেতন; 3 জ্ঞাত, বিদিত, অবগত (এ বিষয়ে আমি অবহিত আছি)। [সং. অব + √ ধা + ত]।

অবহু, অবহুঁ (p. 046) [abahu, abahu] অব্য. (ব্রজ.) এখন, এখনও ('অবহু রাজপথে পুরজন জাগি': বিদ্যা.)। [ব্রজ. অব (=এখন) + হু, হুঁ (=নিশ্চয়ার্থক অব্যয়)। অবহি-অবহু র রূপভেদ।

অব-হৃত (p. 046) [aba-hṛta] বিণ. 1 অপহৃত, চুরি গেছে এমন; 2 সরিয়ে নেওয়া হয়েছে এমন, অপসারিত; 3 উদ্ধৃত; quoted. [সং. অব + √ হৃ + ত]।

অব-হেলন, অব-হেলা (p. 046) [aba-hēlana, aba-hēlā] বি. 1 উপেক্ষা, অবজ্ঞা, হেলা, তাচ্ছিল্য (উপদেশ অবহেলা করা); 3 অনায়াস (সে অবহেলায় এই কাজ করতে পারে। □ ক্রি-বিণ. অনায়াসে (করবে অবহেলে)। [সং. অব + হেলা]। অব-হেলিত বিণ. উপেক্ষিত, অবজ্ঞা করা হয়েছে এমন।

অবাক2 অবাক্ (p. 046) [abāka2 abāk] বিণ. অবনত, নীচের দিকে নামানো। □ বি. দক্ষিণ দিক। □ অব্য. নিম্নদেশ, অধোদেশ। [সং. অব + √ অন্চ্ + ক্বিপ্]।

অবাঙালি (p. 046) [abāṅāli] বি. বাঙালি ভিন্ন অন্য ভারতীয় (এখানে বহু অবাঙালি বাস করে)। □ বিণ. বাঙালিসুলভ নয় এমন, বাঙালির প্রকৃতিবিরুদ্ধ (তার চালচলনে অবাঙালি ভাব সুস্পষ্ট)। [বাং. অ + বাঙালি]।

অবাঙ্গনস-গোচর, অবাঙ্-মনস-গোচর (p. 046) [abāṅganasa-gōcara, abāṅ-manasa-gōcara] বিণ. ভাষা ও বোধের অগোচর, বাক্য ও মনের অগোচর, ভাষায় প্রকাশ করা বা চিন্তা করা যায় না এমন। [সং. ন + বাক্ + মনস্ + গোচর]।

অবাঙ্মুখ (p. 046) [abāṅmukha] বিণ. নীচের দিকে মুখ নামানো আছে এমন, অধোমুখ, অধোবদন (লজ্জায় অবাঙ্মুখ হয়ে রইল)। [সং. অবাক্2 + মুখ]।

অবাচী (p. 046) [abācī] বি. 1 দক্ষিণ দিক; 2 নীচের দিক, অধোদেশ। [সং. অবাচ্ + ঈ]। অবাচী উষা বি. কুমেরুজ্যোতি, aurora australis.

অবাচ্য (p. 046) [abācya] বিণ. 1 অকথ্য, বলা উচিত নয় এমন; 2 দক্ষিণ দিক সম্পর্কিত। □ বি. কুবাক্য, বলা উচিত নয় এমন বাক্য; অশ্লীল বাক্য বা কথা। [সং. ন + বাচ্য]।

অবাছাই (p. 046) [abāchāi] বিণ. 1 বেছে আবর্জনা ফেলে দেওয়া হয়নি এমন; 2 বেছে নেওয়া হয়নি এমন, অনির্বাচিত; 3 প্রতিযোগিতামূলক খেলায় (টেনিসে) সেরা খেলোয়াড় হিসাবে নির্বাচিত নয় এমন, unseeded. [বাং. অ + বাছাই]।

অবাঞ্ছিত (p. 046) [abāñchita] বিণ. চাওয়া হয়নি এমন; অকাম্য, অনভিপ্রেত (অবাঞ্ছিত অতিথি)। [সং. ন + বাঞ্ছিত]।

অবাত (p. 046) [abāta] বিণ. বায়ুশূন্য, বাতাস নেই এমন। [সং. ন + বাত (=বতাস)]।

অবাধ (p. 046) [abādha] বিণ. বাধাহীন, অবারিত; অনর্গল (অবাধ মেলামেশা, প্রবেশ অবাধ)। [বাং. অ + বাধা]. অবাধ বাণিজ্য বি. সংরক্ষণহীন বা বিধিনিষেধহীন বাণিজ্য, free trade.

অবাধে (p. 046) [abādhē] ক্রি-বিণ. নির্বিঘ্নে, বিনা বাধায় (অবাধে কাজ করে যাচ্ছে) [বাং. অবাধ + ত্র]।

অবাধ্য (p. 046) [abādhya] বিণ. বাধ্য বা বশীভূত নয় এমন, কথা শোনে না এমন; বাধা দেওয়া যায় না এমন। [সং. ন + বাধ্য]। ˜ তা বি. অমান্যতা, কথা লঙ্ঘন; অবশীভূততা।

অবান্তর (p. 046) [abāntara] বিণ. 1 অপ্রাসঙ্গিক, মূল প্রসঙ্গের বাইরে (অবান্তর প্রশ্ন), irrelevant; 2 গৌণ, অপ্রধান; 3 অন্তঃপাতী, প্রধানের অন্তর্গত। [সং. অব + অন্তর]।

অবান্ধব (p. 048) [abāndhaba] বিণ. বন্ধুহীন, নির্বান্ধব, মিত্র বা বন্ধু নেই এমন। [সং. ন + বান্ধব]।

অবাম (p. 048) [abāma] বিণ. 1 বাম দিকে অবস্থিত নয় এমন; 2 বামপন্থী নয় এমন, non-left. [বাং. অ + সং. বাম]। ˜ পন্থী বিণ. বামপন্থী নয় এমন, non-leftist.

অবারিত (p. 048) [abārita] বিণ. বারণ করা যায়নি বা বারণ করা হয়নি এমন; আটকানো হয়নি বা যায়নি এমন, মুক্ত, অবাধ (অবারিত দ্বার, অবারিত জলস্রোত)। [সং. ন + বারিত]।

অবাস-যোগ্য (p. 048) [abāsa-yōgya] বিণ. থাকবার উপযুক্ত নয় এমন, বাস করবার মতো নয় এমন, uninhabitablw. [সং. ন + বাসযোগ্য]।

অবাস্তব (p. 048) [abāstaba] বিণ. বাস্তব নয় এমন; সত্য নয় এমন, অমূলক (অবাস্তব আশা, অবাস্তব কল্পনা); অলীক; অস্তিত্বহীন। [সং. ন + বাস্তব]। ˜ তা বি. অমূলক বা অবাস্তব ভাব, কল্পনা ইত্যাদি; অমূলকতা।

অবি (p. 048) [abi] বি. 1 মেষ, ভেড়া; 2 ভেড়ার লোম; 3 ইঁদুর। [সং. √ অব্ + ই]।

অবিকল (p. 048) [abikala] বিণ. 1 বিকল বা অঙ্গহীন নয় এমন; 2 অবিকৃত, পূর্ণাঙ্গ; 3 যথাযথ। □ ক্রি-বিণ. যথাযথভাবে, হুবহু (অবিকল বর্ণনা করা)। [বাং. অ + বিকল]।

অবিকল্প (p. 048) [abikalpa] বিণ. 1 যার কোনো বিকল্প নেই এমন; 2 এক এবং অভিন্ন। [সং. ন + বিকল্প]।

অবিকার (p. 048) [abikāra] বিণ. 1 বিকারহীন, পরিবর্তনহীন; 2 হিংসা রাগ ইত্যাদি নেই এমন। □ বি. বিকারহীনতা। [সং. ন + বিকার]। অবিকারী (-রিন্) বিণ. বিকারহীন, পরিবর্তনহীন; রাগদ্বেষহীন।

অবিকৃত (p. 048) [abikṛta] বিণ. বিকৃত নয় এমন; আগে যেমন ছিল সেই অবস্থায় আছে এমন; অমিশ্র, বিশুদ্ধ; পচেনি এমন; যথাযথ। [সং. ন + বিকৃত]। বি. অবিকৃতি।

অবিক্রীত (p. 048) [abikrīta] বিণ. বেচা হয়নি এমন। [সং. ন + বিক্রীত]।

অবিক্রেয় (p. 048) [abikrēẏa] বিণ. বেচার যোগ্য নয় এমন; বেচা যায় না এমন। [সং. ন + বিক্রেয়]।

অবিঘ্ন (p. 048) [abighna] বিণ. বিঘ্নহীন, বাধাহীন। □ বি. বিঘ্ন বা বাধার অভাব। [সং. ন + বিঘ্ন]।

অবিচক্ষণ (p. 048) [abicakṣaṇa] বিণ. বিচক্ষণ বা বিবেচক নয় এমন। [সং. ন + বিচক্ষণ]।

অবিচল, অবিচলিত (p. 048) [abicala, abicalita] বিণ. বিচলিত নয় এমন; চঞ্চল নয় এমন; স্থির, অচঞ্চল, দৃঢ় (লক্ষ্যে অবিচল, অবিচলিত বিশ্বাস)। [সং. ন + বিচল, বিচলিত]।

অবিচার (p. 048) [abicāra] বি. 1 বিচারের অভাব, বিবেচনার অভাব; 2 অন্যায় বিচার; 3 অবিবেচনার কাজ। [সং. ন + বিচার]। অবিচারী (-রিন্ বিণ. বি. অবিচারকারী।

অবিচ্ছিন্ন (p. 048) [abicchinna] বিণ. 1 বিচ্ছেদ বা বিরাম নেই এমন; 2 খণ্ডিত নয় এণন; 3 ক্রমাগত, একটানা, বিরতি বা ফাঁক নেই এমন। [সং. ন + বিচ্ছিন্ন]। বি. অবিচ্ছিন্নতা।

অবিচ্ছেদ (p. 048) [abicchēda] বি. 1 বিচ্ছেদের অভাব; 2 অভেদ (অতীত ও বর্তমানের অবিচ্ছেদ)। □ বিণ. 1 অবিভক্ত, অখণ্ড; 2 অবিরাম, বিরতিহীন; 3 ক্রমাগত, ধারাবাহিক। [সং. ন + বিচ্ছেদ]। অবিচ্ছেদী (-দিন্) বিণ. বিচ্ছেদহীন; ভেদহীন। অবিচ্ছেদে ক্রি-বিণ. না থেমে একটানাভাবে, ধারাবাহিকভাবে (অবিচ্ছেদে বৃষ্টি পড়ছে)। অবিচ্ছেদ্য বিণ. বিভক্ত বা বিচ্ছিন্ন করা যায় না এমন (অবিচ্ছেদ্য অংশ, অবিচ্ছেদ্য সম্পর্ক)।

অবিজ্ঞ (p. 048) [abijña] বিণ. বিজ্ঞ নয় এমন; জ্ঞান বা অভিজ্ঞতা নেই এমন, অনভিজ্ঞ। [সং. ন + বিজ্ঞ]।˜ তা বি. বিজ্ঞতা বা অভিজ্ঞতার অভাব।

অবিজ্ঞাত (p. 048) [abijñāta] বিণ. জানা যায়নি এমন; জানে না এমন। [সং. ন + বি + জ্ঞাত]।

অবিজ্ঞেয় (p. 048) [abijñēẏa] বিণ. জানা যায় না এমন; জ্ঞানাতীত, অজ্ঞেয়। [সং. ন + বি + জ্ঞেয়]।

অবিতথ (p. 048) [abitatha] বি. সত্য। □ বিণ. যথার্থ, মিথ্যা নয় এমন। [সং. ন + বিতথ (=মিথ্যা)]।

অবিতর্কিত (p. 048) [abitarkita] বিণ. 1 তর্কের ব্যাপার নয় এমন, সন্দেহাতীত; 2 চিন্তা করা হয়নি এমন, অচিন্তিতপূর্ব। [সং. ন + বিতর্কিত]।

অবিদিত (p. 048) [abidita] বিণ. অজানা, জানা নেই এমন; অজ্ঞাত (সে খবর কারও অবিদিত নয়)। [সং. ন + বিদিত]।

অবিদ্বান (p. 048) [abidbāna] বিণ. পণ্ডিত নয় এমন, বিদ্যাহীন; মূর্খ (অবিদ্বান ব্যক্তির বিদ্যার ভান)। [সং. ন + বিদ্বান্]।

অবিদ্য-মান (p. 048) [abidya-māna] বিণ. অস্তিত্ব নেই এমন, নেই এমন, অনুপস্থিত। [সং. ন + বিদ্যমান]।˜ তা বি. অস্তিত্বের অভাব, অনুপস্থিতি।

অবিদ্যা (p. 048) [abidyā] বি. 1 বিদ্যা বা জ্ঞানের অভাব; (দর্শ.) সর্বপ্রকার ভ্রমের মূল কারণ; 2 মিথ্যাজ্ঞান; মায়া; 3 যুদ্ধাস্ত্রবিশেষ; 4 বারাঙ্গনা; রক্ষিতা। [সং. ন + বিদ্যা]।

অবিধান (p. 048) [abidhāna] বি. 1 অন্যায় বিধান, অন্যায় নিয়ম, অশাস্ত্রীয় বিধান; 2 অব্যবস্থা। [সং. ন + বিধান]।

অবিধি (p. 048) [abidhi] বি. অনিয়ম, অন্যায় বিধান; এমন নিয়ম বা বিধান যা ন্যায়সংগত নয়। [সং. ন + বিধি]।

অবিধেয় (p. 048) [abidhēẏa] বিণ. 1 বিধিসম্মত নয় এমন; অন্যায়; 2 অনুচিত বা অকর্তব্য। [সং. ন + বিধেয়]।

অবিনয় (p. 048) [abinaẏa] বি. বিনয়ের অভাব; অশিষ্টতা; ঔদ্ধত্য, ধৃষ্টতা। [সং. ন + বিনয়]। অবিনয়ী (-য়িন্) বিণ. উদ্ধত, বিনয়ী নয় এমন; অভদ্র।

অবি-নশ্বর, অবি-নাশী (p. 048) [abi-naśbara, abi-nāśī] (-শিন্) বিণ. অমর; অক্ষয়; শাশ্বত; ধ্বংস মৃত্যু বা ক্ষয় নেই এমন (অবিনশ্বর আত্মা, অবিনশ্বর কীর্তি)। [সং. ন + বি + নশ্বর, ন + বি + নাশিন্]।

অবিনাশ (p. 048) [abināśa] বিণ. যার বিনাশ বা লোপ হয় না। [সং. ন + বিনাশ]।

অবিনীত (p. 048) [abinīta] বিণ. বিনীত বা বিনয়ী নয় এমন, নম্র নয় এমন; উদ্ধত; অশিষ্ট (অবিনীত আচরণ)। [সং. ন + বিনীত]। স্ত্রী. অবিনীতা।

অবিন্যস্ত (p. 048) [abinyasta] বিণ. বিন্যস্ত বা সাজানো নয় এমন, অগোছালো, এলোমেলো (অবিন্যস্ত চুল, অবিন্যস্ত ঘর)। [সং. ন + বিন্যস্ত]। বি. ̃ তা, অবিন্যাস।

অবিপ্লুত (p. 049) [abipluta] বিণ. 1 ধ্বংস বা নষ্ট হয়নি এমন; বিপর্যস্ত হয়নি এমন; অক্ষত; 2 প্লাবনে নিমজ্জিত হয়নি এমন; ডুবে যায়নি এমন। [সং. ন + বি + √ প্লু + ত]।

অবিফল (p. 049) [abiphala] বিণ. বিফল বা ব্যর্থ নয় এমন, সফল। [সং. ন + বিফল]।

অবিবাহিত (p. 049) [abibāhita] বিণ. বিবাহ বা বিয়ে করেনি এমন, অনূঢ়। [সং. ন + বিবাহিত]। স্ত্রী. অবিবাহিতা।

অবিবেক (p. 049) [abibēka] বি. 1 বিবেকের বা ন্যায়-অন্যায় বিবেচনার অভাব; 2 অজ্ঞান। □ বিণ. বিবেকহীন; মূঢ়, অজ্ঞ। [সং. ন + বিবেক]। অবিবেকী (-কিন্) বিণ. বিবেকহীন, বিচারবোধহীন; মূঢ়। অবিবেকিতা বি. বিবেচনার অক্ষমতা; বিবেচনার অভাব।

অবিবেচক (p. 049) [abibēcaka] বিণ. বিবেচনাহীন, ন্যায়-অন্যায় বোধ নেই এমন, বিচারবোধ নেই এমন। [সং. ন + বিবেচক]।

অবিবেচনা (p. 049) [abibēcanā] বি. বিবেচনার অভাব, বিচারবুদ্ধির অভাব; অন্যায় বা ভুল বিবেচনা। [সং. ন + বিবেচনা]।˜ প্রসূত বিণ. বিচার বা বিবেচনা না করে করা হয়েছে এমন; হঠকারী (অবিবেচনাপ্রসূত সিদ্ধান্ত)।

অবিভক্ত (p. 049) [abibhakta] বিণ. 1 ভাগ করা হয়নি এমন (অবিভক্ত সম্পত্তি); 2 অখণ্ডিত, সম্পূর্ণ (অবিভক্ত ভারত)। [সং. ন + বিভক্ত]।

অবিভাজ্য (p. 049) [abibhājya] বিণ. ভাগ করা যায় না বা ভাগ করা অনুচিত এমন। [সং. ন + বিভাজ্য]।

অবিমিশ্র (p. 049) [abimiśra] বিণ. 1 মেশানো নয় এমন, অমিশ্র; 2 খাঁটি, ভেজালমুক্ত; বিশুদ্ধ। [সং. ন + বি + মিশ্র]।

অবিমৃশ্য (p. 049) [abimṛśya] বিণ. অবিবেচক, হঠকারী, চিন্তাভাবনা করে কাজ করে না এমন। [সং. ন + বি + √মৃশ্ + য]। ̃ কারী (-রিন্) বিণ. হঠকারী, অবিবেচক। ̃ কারিতা বি. হঠকারিতা, চিন্তাভাবনা করে কাজ না করা।

অবিয়ত (p. 049) [abiẏata] (আঞ্চ.) বিণ. অবিবাহিত, বিয়ে হয়নি এমন। [বাং. ন + বিয়া + ইত =অবিয়াইত]।

অবিযুক্ত (p. 049) [abiyukta] বিণ. বিভক্ত বা বিযুক্ত নয় এমন; অবিচ্ছিন্ন, যুক্ত, মিলিত। [সং. ন + বিযুক্ত]।

অবিরত (p. 049) [abirata] বিণ. বিরামহীন, অবিশ্রান্ত, একটানা, ক্রমাগত। ☐ ক্রি-বিণ. অনবরত, সতত, একটানাভাবে ('অবিরত বহে ধারা')। [সং. ন + বিরত]।

অবিরল (p. 049) [abirala] বিণ. বিরামহীন, ফাঁকহীন (অবিরল ধারায় বৃষ্টি); নিরন্তর, অজস্র। ☐ ক্রি-বিণ. অবিশ্রান্তভাবে (' তোর চক্ষে অবিরল বহে বারিধারা': দে. সে)। [সং. ন + বিরল]।

অবিরাম (p. 049) [abirāma] বিণ. বিরাম নেই এমন, বিরতি বা ফাঁক নেই এমন; থামে না এমন। □ ক্রি-বিণ. সর্বদা, সতত, ক্রমাগত (অবিরাম বয়ে চলেছে)। [সং. ন + বিরাম]।

অবিরুদ্ধ (p. 049) [abiruddha] বিণ. বিরুদ্ধ বা প্রতিকূল নয় এমন; অনুকূল। [সং. ন + বিরুদ্ধ]।

অবিরোধ (p. 049) [abirōdha] বি. বিরোধের অভাব, বিরোধহীন বা বিরোধিতাহীন অবস্থা; অবিবাদ; একমত্য; সমন্বয়। [সং. ন + বিরোধ]। অবিরোধী (-ধিন্) বিণ. বিরোধী নয় এমন, বিরোধ করে না এমন। অবিরোধে ক্রি-বিণ. নির্বিবাদে, অবাধে।

অবিলম্ব (p. 049) [abilamba] বি. বিলম্বের অভাব; ত্বরা, শীঘ্রতা। □ বিণ. বিলম্বহীন, দ্রুত, তাড়াতাড়ি। [সং. ন + বিলম্ব]। অবিলম্বিত বিণ. ত্বরিত, দ্রুত, তাড়াতাড়ি করা হয়েছে এমন (অবিলম্বিত সিদ্ধান্ত)। অবিলম্বে ক্রি-বিণ. দেরি না করে, তাড়াতাড়ি।

অবি-শঙ্ক (p. 049) [abi-śaṅka] বিণ. শঙ্কাহীন, ভয়হীন, নির্ভীক। [সং. ন + বিশঙ্কা]। অবি-শঙ্কিত বিণ. ভয়হীন, নির্ভীক (অবিশঙ্কিত চিত্তে)।

অবি-শুদ্ধ (p. 049) [abi-śuddha] বিণ. বিশুদ্ধ বা খাঁটি নয় এমন; ভেজালযুক্ত; বিমিশ্র। [সং. ন + বিশুদ্ধ]।

অবি-শেষ (p. 049) [abi-śēṣa] বি. ভেদহীন অবস্থা, অভেদ। □ বিণ. অভিন্ন, ভেদহীন; সমান, তুল্য, নির্বিশেষ। [সং. ন + বিশেষ]।

অবি-শোধিত (p. 049) [abi-śōdhita] বিণ. শোধিত নয় এমন, অশোধিত, অপরিশুদ্ধ। [সং. ন + বিশোধিত]।

অবিশ্বস্ত (p. 049) [abiśbasta] বিণ. বিশ্বাস করা যায় না এমন; বিশ্বাসের পাত্র নয় এমন। [সং. ন + বিশ্বস্ত]। বি. ̃ তা।

অবিশ্বাস (p. 049) [abiśbāsa] বি. বিশ্বাসের অভাব, বিশ্বাসহীনতা, অনাস্থা; সন্দেহ। [সং. ন + বিশ্বাস]। অবিশ্বাসী (-সিন্) বি. বিণ. বিশ্বাস করে না এমন, সন্দিগ্ধ; বিশ্বাসভাজন নয় এমন। অবিশ্বাস্য বিণ. বিশ্বাসের অযোগ্য; অসম্ভব।

অবিশ্রান্ত, অবিশ্রাম (p. 049) [abiśrānta, abiśrāma] বিণ. 1 অশ্রান্ত, অক্লান্ত; 2 বিরামহীন ('ওই তব অবিশ্রাম কলতান': রবীন্দ্র)। □ ক্রি-বিণ. অনবরত, বিরামহীনভাবে ('কোকিল শুধু অবিশ্রাম ডাকিছে কুহু কুহু': রবীন্দ্র)। [সং ন + বিশ্রান্ত, ন + বিশ্রাম]।

অবিষহ্য (p. 049) [abiṣahya] বিণ. অসহ্য, দুর্বিষহ, সহ্য করা যায় না এমন। [সং + ন + বি + √ সহ্ + য]।

অবি-সংবাদ (p. 049) [abi-sambāda] বি. বিরোধের অভাব, অবিরোধ, বিবাদহীনতা; মিলন। [সং. ন + বিসংবাদ]। অবি-সংবাদিত বিণ. (যে বিষয়ে) বিরোধ বা মতভেদ নেই এমন, সর্বসম্মত (অবিসংবাদিত শ্রেষ্ঠত্ব)। অবি-সংবাদী

(-দিন্) বিণ. অবিরোধী। স্ত্রী. অবি-সংবাদিনী। অবি-সংবাদে ক্রি-বিণ. নির্বিবাদে, অবাধে; বিনা প্রতিবাদে।

অবিস্তীর্ণ (p. 049) [abistīrṇa] বিণ. বিস্তীর্ণ বা প্রশস্ত নয় এমন; সংকীর্ণ। [সং. ন + বিস্তীর্ণ]।

অবি-স্মরণীয় (p. 049) [abi-smaraṇīẏa] বিণ. বিস্মৃত হওয়া যায় না বা ভোলা যায় না এমন (অবিস্মরণীয় ঘটনা)। [সং. ন + বিস্মরণীয়]।

অবিহিত (p. 049) [abihita] বিণ. অবৈধ; অশাস্ত্রীয়, শাস্ত্রসম্মত নয় বা নীতিসম্মত নয় এমন; অন্যায্য; অনুচিত, অকর্তব্য। [সং. ন + বিহিত]। ̃ কাল বি. খারাপ সময়, দুঃসময়; অপ্রশস্ত সময়।

অবিহ্বল (p. 049) [abihbala] বিণ. 1 বিহ্বল বা ব্যাকুল নয় এমন; অভিভূত নয় এমন; 2 প্রকৃতিস্থ, সুস্থ। [সং. ন + বিহ্বল]।

অবীচি (p. 049) [abīci] বিণ. বীচি বা তরঙ্গ নেই যেখানে, ঢেউহীন, নিস্তরঙ্গ। □ বি. নরকবিশেষ। [সং. ন + বীচি]।

অবীজ (p. 050) [abīja] বিণ. 1 বীজ নেই যেখানে; 2 কারণহীন বা মূলহীন। [সং. ন + বীজ]।

অবীর (p. 050) [abīra] বিণ. বীরত্বহীন, নির্বীর্য, দুর্বল; বীরশূন্য। [সং. ন + বীর]। অবীরা বিণ. (স্ত্রী.) পতিপুত্রহীনা; অভিভাবক নেই এমন; অনাথা।

অবুঝ, (p. 050) [abujha,] (কথ্য) অবুজ বিণ. বোঝে না এমন, বোধশক্তি নেই বা বোঝানো যায় না এমন; নির্বোধ,
অবোধ। [বাং. অ + বুঝ]।

অবুদ্ধি (p. 050) [abuddhi] বিণ. বুদ্ধিহীন, বোকা। □ বি. বুদ্ধির অভাব; বুদ্ধিহীনতা। [সং. ন + বুদ্ধি]।˜ মান বিণ. বুদ্ধিমান নয় এমন, নির্বোধ। বিণ. (স্ত্রী.)˜ মতী।

অবৃষ্টি (p. 050) [abr̥ṣṭi] বি. বৃষ্টির অভাব, অনাবৃষ্টি। [সং. ন + বৃষ্টি]।

অবেক্ষক (p. 050) [abēkṣaka] দ্র অবেক্ষণ।

অবেক্ষণ, অবেক্ষা (p. 050) [abēkṣaṇa, abēkṣā] বি. 1 দেখাশুনা (রক্ষণাবেক্ষণ); 2 পরিদর্শন, inspection; 2 পর্যবেক্ষণ; 4 অনুসন্ধান; 5 পর্যালোচনা, supervision. [সং. অব + √ ঈক্ষ্ + অন, অব + ঈক্ষ্ + অ + আ (স্ত্রী.)]। অবেক্ষক বি. বিণ. দর্শক; পরিদর্শক; পর্যবেক্ষক। অবেক্ষণীয় বিণ. দর্শনযোগ্য, পরিদর্শনের বা পর্যবেক্ষণের যোগ্য। অবেক্ষ-মাণ বিণ. দেখছে বা পরিদর্শন করছে এমন; পর্যবেক্ষণ করছে এমন। স্ত্রী. অবেক্ষ-মাণা। অবেক্ষাধীন বিণ. পরীক্ষা করে দেখা হচ্ছে এমন, পরীক্ষাধীন। অবেক্ষিত বিণ. পরীক্ষা করা হয়েছে এমন; পর্যালোচনা বা পরিদর্শন করা হয়েছে এমন। অবেক্ষ্য-মাণ বিণ. পরীক্ষা করে দেখা হচ্ছে এমন, পর্যালোচনা করা হচ্ছে এমন।

অবেণী-বদ্ধ, অবেণি-বদ্ধ (p. 050) [abēṇī-baddha, abēṇi-baddha] বিণ. (সাধারণত চুল সম্পর্কে) বেণী করে বাঁধা হয়নি এমন; আলুলায়িত, আলুথালু। [সং. ন + বেণী + বদ্ধ]।

অবেদন (p. 050) [abēdana] বি. অনুভূতি লোপ; বেদনার বোধ লোপ, anaesthesia (বি. প.)। [সং. ন + বেদন]। অবেদনিক বিণ. বি. অনুভূতিলোপকারী (ওষুধ), auaesthetic (বি. প.)।

অবেদনীয়, অবেদ্য (p. 050) [abēdanīẏa, abēdya] বিণ. জানা যায় না এমন; অজ্ঞে.য়; বুদ্ধির অগম্য ('তোমার অবেদ্য গানে অব্যক্তির সতর্ক প্রহরী': সু. দ.)। [সং. ন + √ বিদ্ + অনীয়, ন + √ বিদ্ + য]।

অবেলা (p. 050) [abēlā] বি. 1 বিকাল, দিনশেষ; 2 অসময়; ('অবেলায় যদি এসেছ আমার বনে': রবীন্দ্র); 3 অশুভ সময়। [সং. ন + বেলা]।

অবৈতনিক (p. 050) [abaitanika] বিণ. 1 বেতন নেয় না এমন, honorary (অবৈতনিক সম্পাদক); 2 বেতন নেওয়া হয় না এমন, free (অবৈতনিক বিদ্যালয়)। [সং. ন + বেতন + ইক]।

অবৈধ (p. 050) [abaidha] বিণ. বিধিসম্মত নয় এমন; নীতিবিরুদ্ধ; বেআইনি। [সং. ন + বৈধ]। বি.˜ তা। অবৈধ পর্ণয় বি. নিষিদ্ধ প্রেম; পরকীয়া প্রেম।

অবোদ্ধা (p. 050) [abōddhā] বিণ. 1 বোঝে না এমন; বোদ্ধা বা বোধযুক্ত নয় এমন; 2 অরসিক। [সং. ন + বোদ্ধা]।

অবোধ (p. 050) [abōdha] বিণ. 1 বোধহীন (অবোধ পশু), বোধ নেই এমন, নির্বোধ; 2 অজ্ঞান; 3 অবুঝ (অবোধ শিশু)। [সং. ন + বোধ]। অবোধের গোবধে আনন্দ অবোধ ব্যক্তির খারাপ কাজ করেও আনন্দ।

অবোধ্য (p. 050) [abōdhya] বিণ. বুদ্ধি বা জ্ঞানের অতীত; বোঝা য়ায় না এমন (অবোধ্য ভাষা)। [সং. ন + বোধ্য]।

অবোলা, অবোল (p. 050) [abōlā, abōla] বিণ. 1 কথা বলতে পারে না এমন, বাকশক্তিহীন; মূক (অবোলা জীব); 2 নিরীহ। [সং. ন + বাং. বোল + আ]।

অজ্ব (p. 050) [ajba] বি. 1 পদ্ম; 2 চাঁদ। □ বিণ. জলে জন্মায় এমন, জলজ। [সং. অপ্ + জ]। ˜ যোনি বি. ব্রহ্মা।

অব্দ (p. 050) [abda] বি. 1 বৎসর, সাল (বঙ্গাব্দ, শতাব্দ); 2 মেঘ; 3 পর্বত। [সং. অব্ + দ; অপ্ + দ]।

অব্ধি (p. 050) [abdhi] বি. সমুদ্র। [সং. অপ্ + √ ধা + ই]। ˜ জিত্ বিণ. সমুদ্রকে জয় করেছে এমন। ˜ তট বি. সমুদ্রের তীরভূমি।

অব্যক্ত (p. 050) [abyakta] বিণ. 1 প্রকাশ করা হয়নি বা প্রকাশিত হয়নি এমন (অব্যক্ত বেদনা); 2 অস্পষ্ট; 3 অজ্ঞাত; 4 সূক্ষ্ম। □ বি. (দর্শ.) পরমাত্মা, পরব্রহ্ম; সাংখ্যের মূল প্রকৃতি। [সং. ন + ব্যক্ত]।

অব্যগ্র (p. 050) [abyagra] বিণ. ব্যগ্র বা ব্যাকুল নয় এমন; ব্যস্ত নয় এমন; শান্ত, ধীর। [সং. ন + ব্যগ্র]। বি. ̃ তা।

অব্যতি-ক্রম (p. 050) [abyati-krama] বি. ব্যতিক্রমের অভাব, ব্যতিক্রমহীনতা। [সং. ন + ব্যতিক্রম]। অব্যতি-ক্রমী বিণ. ব্যতিক্রম হিসাবে গণ্য নয় এমন; ব্যতিক্রমহীন।

অব্যব-ধান (p. 050) [abyaba-dhāna] বি. ব্যবধান বা দূরত্বের অভাব, দূরত্বহীনতা; নৈকট্য, সামীপ্য, immediacy. □ (বিরল) বিণ. ব্যবধানহীন, সংলগ্ন, সন্নিহিত, immediate. [সং. ন + ব্যবধান]।

অব্যবসায় (p. 050) [abyabasāẏa] বি. চর্চা অভ্যাস বা অনুশীলনের অভাব; অভিজ্ঞতার অভাব; উদ্যোগ বা উদ্যমের অভাব; অনধিকার। [সং. ন + ব্যবসায়]। অব্যবসায়ী (-য়িন্) বি. বিণ. চর্চা বা অনুশীলন করে না এমন (ব্যক্তি); অনভিজ্ঞ;; বিশেষজ্ঞ নয় এমন; উদ্যমহীন; অনধিকারী; ব্যবসায়বুদ্ধিহীন।

অব্যবস্থা (p. 050) [abyabashā] বি. সুষ্ঠু ব্যবস্থার অভাব, শৃঙ্খলার অভাব, বেবন্দোবস্ত; গোলযোগ; অরাজকতা (দেশে তখন চরম প্রশাসনিক অব্যবস্থা)। [সং. ন + ব্যবস্থা]। অব্যবস্থ বিণ. ব্যবস্থাহীন, বিশৃঙ্খল; গোলযোগপূর্ণ; অস্থির।

অব্যবস্থিত (p. 050) [abyabashita] বিণ. অস্থির; সদা পরিবর্তনশীল (অব্যবস্থিতচিত্ত)। [সং. ন + ব্যবস্থিত]।˜ চিত্ত বিণ. মতি স্থির নেই এমন।

অব্যব-হার (p. 050) [abyaba-hāra] বি. ব্যবহার বা প্রয়োগের অভাব; কাজে না লাগানো। [সং. ন + ব্যবহার]. অব্যবহার্য বিণ. ব্যবহার করার পক্ষে অযোগ্য, ব্যবহার করা যায় না এমন, কাজের নয় এমন। অব্যবহৃত বিণ. ব্যবহার করা হয়নি এমন, কাজে লাগানো হয়নি এমন; নতুন।

অব্যব-হিত (p. 050) [abyaba-hita] বিণ. ব্যবধানহীন; দূরত্ব নেই এমন; সংলগ্ন, সন্নিহিত, পিঠাপিঠি। [সং. ন + ব্যবহিত]. অব্যবহিত পরে ক্রি-বিণ, ঠিক পরেই, অল্পক্ষণ পরেই। অব্যবহিত পূর্বে ক্রি-বিণ, ঠিক আগে, অল্পক্ষণ আগে।

অব্যবহৃত (p. 050) [abyabahṛta] দ্র অব্যবহার।

অব্যভি-চার (p. 050) [abyabhi-cāra] বি. ব্যভিচার বা ব্যতিক্রমের অভাব, অস্খলন, অচ্যুতি; স্থিরতা, দৃঢ়তা। [সং. ন+ব্যভিচার]। অব্যভি-চারী (রিন্) বিণ. ব্যভিচার করে না এমন অবৈধ কাজ করে না এমন; নিয়মনিষ্ঠ; দৃঢ, স্থির, অবিচল।

অব্যয় (p. 050) [abyaẏa] বিণ. ক্ষয় নেই এমন, ক্ষয়হীন; লয়প্রাপ্ত হয় না এমন; অবিনাশী; পরিবর্তনহীন। □ বি. 1 ব্রহ্ম; 2 (ব্যাক.) লিঙ্গ কিংবা কারক ভেদে যে শব্দের কোনো রূপান্তর বা পরিবর্তন হয় না। [সং, ন+ব্যয়]।

অব্যয়ী-ভাব (p. 050) [abyaẏī-bhāba] বি. (ব্যাক.) সমাসবিশেষ, যাতে অব্যয়ের সঙ্গে বিশেষ্যের যোগে সমাস হয়, যথা প্রতিদিন, অনুদিন।

অব্যর্থ (p. 050) [abyartha] বিণ. কখনো ব্যর্থ হয় না এমন (অব্যর্থ টিপ, অব্যর্থ নিশানা); অমোঘ (অব্যর্থ ওষুধ)। [সং, ন+ব্যর্থ]। অব্যর্থ নিশানা, অব্যর্থ লক্ষ্য বি. যে নিশানা লক্ষ্য বা টিপ ব্যর্থ হয় না।

অব্যাকুল (p. 050) [abyākula] বিণ, ব্যাকুলতাহীন, অস্থির নয় এমন; স্থির, শান্ত। [সং. ন + ব্যাকুল]

অব্যাখ্যা (p. 050) [abyākhyā] বিণ. ব্যাখ্যা করা হয়নি এমন, বর্ণনা করা বা বিবৃত করা হয়নি এমন। [সং. ন + ব্যাখ্যাত]।

অব্যাজ (p. 050) [abyāja] বি. ব্যাজ বা ছলের অভাব, অকপটতা, সরলতা। ☐ বি. অকপট; দ্রুত, অবিলম্ব। [সং. ন + ব্যাজ]। অব্যাজে ক্রি-বিণ. অবিলম্বে, শীঘ্র; অকপটে, সরলভাবে।

অব্যাপার (p. 050) [abyāpāra] বি. অকাজ, বাজে কাজ; যে ব্যপারে অভিজ্ঞতা নেই। [সং. ন + ব্যাপার]।

অব্যাহত (p. 050) [abyāhata] বিণ, বাধা নেই এমন, অবাধ ব্যাঘাতহীন (অব্যাহত শাস্ত্রচর্চা, অব্যাহত অর্থব্যয়); অপ্রতিহত (অব্যাহত গতি); অব্যর্থ। [সং. ন + ব্যাহত]। অব্যাহতি বি. রেহাই, নিস্তার, মুক্তি, নিষ্কৃতি (বিপদ থেকে অব্যাহতি)।

অব্যুত্-পন্ন (p. 050) [abyut-panna] 1 ব্যুৎপন্ন নয় এমন অর্থাত্ ব্যুৎপত্তিহীন (অব্যুৎপন্ন শব্দ); 2 পাণ্ডিত্যহীন; অশিক্ষিত। [সং. ন+ + ব্যুৎপন্ন]।

অব্যূঢ় (p. 050) [abyūḍh়] বিণ. অবিবাহিত, বিয়ে হয়নি এমন। [সং. ন + ব্যূঢ়]। স্ত্রী. অব্যূঢ়া। অব্যূঢ়ান্ন বি. আইবুড়ো ভাত, বিবাহের পূর্বে পাত্র-পাত্রীর অবিবাহিত অবস্থার শেষ অন্নগ্রহণ অনুষ্ঠান।

অব্রত (p. 050) [abrata] বিণ. 1 ব্রত গ্রহণ করেনি এমন, ব্রতহীন; 2 উপনয়ন হয়নি এমন। [সং. ন + ব্রত]। অব্রতী (-তিন্) বিণ. ব্রতহীন; উপনয়ন হয়নি এমন।

অব্রাহ্মণ্য (p. 050) [abrāhmaṇya] বিণ. বি. ব্রাহ্মণের অযোগ্য; ব্রাহ্মণের করা উচিত নয় এমন কাজ। [সং. ন. + ব্রহ্মণ্য]।

অব্রাহ্মণ (p. 050) [abrāhmaṇa] বি. বিণ. ব্রাহ্মণের চেয়ে নিচু (ব্যক্তি বা জাতি); নিকৃষ্ট ব্রাহ্মণ; (বিরল) ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতি। [সং. ন + ব্রাহ্মণ]।

অভক্তি (p. 050) [abhakti] বি. 1 ভক্তির অভাব, ভক্তিহীনতা; অশ্রদ্ধা; 2 ঘৃণা (অভক্তি নিয়ে খাওয়া)। [সং. ন + ভক্তি] অভক্ত বিণ. 1 ভক্ত বা অনুরাগী নয় এমন; 2 ভক্তিহীন, শ্রদ্ধাহীন; 3 বিভক্ত নয় এমন; 4 খাওয়া হয়নি এমন, অভুক্ত।

অভক্ষণীয়, অভক্ষ্য (p. 050) [abhakṣaṇīẏa, abhakṣya] বিণ. ভক্ষণ করার বা খাওয়ার যোগ্য নয় এমন, খাওয়া উচিত নয় এমন; আহার করা অর্থাত্ খাওয়া নিষিদ্ধ এমন; অখাদ্য। [সং. ন + ভক্ষ্য, ন + ভক্ষণীয়]।

অভগ্ন (p. 050) [abhagna] বিণ. ভাঙেনি এমন, অটুট (অভগ্ন তট); আস্ত, গোটা; পূর্ণ (অভগ্ন রাশি)। [সং. ন + ভগ্ন]।

অভঙ্গ (p. 050) [abhaṅga] বিণ. অভগ্ন, ভাঙেনি বা ভাঙা হয়নি এমন। অটুট; আস্ত। [সং. ন + ভঙ্গ]।

অভঙ্গুর (p. 050) [abhaṅgura] বিণ. সহজে ভাঙে না এমন; ভাঙে না এমন; ধ্বংস হয় না এমন, স্থায়ী। [সং. ন + ভঙ্গুর]।

অভদ্র (p. 050) [abhadra] বিণ. অশিষ্ট, অসভ্য; নিন্দাজনক, গর্হিত; নীচ, ইতর। [সং. ন + ভদ্র]। ̃ তা বি. অশিষ্টতা, অসভ্যতা (এই অভদ্রতা সহ্য করা যায় না); নিন্দাজনক কাজ; নীচতা।

অভদ্রা (p. 050) [abhadrā] বি. (আঞ্চ) বাধা, বিঘ্ন; অশুভ ব্যাপার (গ্রামে যেন অভদ্রা লেগেছে)। [দেশি]।

অভব্য (p. 050) [abhabya] বিণ. অভদ্র, শিষ্টতাহীন; সৌজন্য বা ভদ্রতা জানে না এমন। □ বি. 1 অমঙ্গল, অকল্যাণ; 2 দুভার্গ্য। [সং. ন + ভব্য]। ˜ তা বি. অভদ্রতা, অশিষ্টতা, সৌজন্যের অভাব।

অভয় (p. 050) [abhaẏa] বি. 1 ভয়হীনতা, নির্ভীকতা; সাহস; 2 আশ্বাস, ভরসা (তাকে অভয় দিয়ে এলাম); 3 (কালিকাদেবীর) মুদ্রাবিশেষ (বরাভয়)। □ বিণ. নির্ভীক, সাহসী; ভয়হীন; ভয়নাশক ('দাও গো অভয় মণ্ত্র' : রবীন্দ্র)। [সং. ন + ভয়]। অভয়া বি. (স্ত্রী.) ভয় দূরকারিণী বা ভয়নাশিনী দেবী দুর্গা। ˜ অরণ্য, অভয়ারণ্য বি. যে বনে পশুপাখি নিরাপদ আশ্রয় পায় এবং যেখানে শিকার নিষিদ্ধ। ˜ .দান বি. সাহস দেওয়া, 'ভয় নেই' এই আশ্বাস দেওয়া। ˜ .বচন, ˜ .বাক্য বি. যে কথা দিয়ে ভয় দূর করা হয়। ˜ বাণী অভয়বচন ও অভয়বাক্য -র অনুরূপ।

অভয়া (p. 050) [abhaẏā] দ্র অভয়।

অভয়ারণ্য (p. 050) [abhaẏāraṇya] দ্র অভয়।

অভরসা (p. 050) [abharasā] বি. ভরসা বা আস্থার অভাব; অবিশ্বাস। [বাং. অ + ভরসা]।

অভাগা (p. 050) [abhāgā] বিণ. বি. 1 ভাগ্যহীন, হতভাগ্য; 2 করুণার যোগ্য ('অভাগা যেদিকে চায় সাগর শুকায়ে যায়')। [সং. অভাগ্য]। বিণ. বি. স্ত্রী. অভাগী, অভাগিনী।

অভাগ্য (p. 050) [abhāgya] বিণ. ভাগ্যহীন, হতভাগ্য। □ বি. হতভাগ্য ব্যক্তি। [সং. ন + ভাগ্য]।

অভাজন (p. 050) [abhājana] বিণ. দীন; দুঃখী। □ বি. গুণহীন অযোগ্য ব্যক্তি (আমি অভাজন, আমাকে দয়া করো)। [সং. ন + ভাজন]।

অভাব (p. 050) [abhāba] বি. 1 না থাকা (টাকার অভাবে কাজটা করা গেল না, তোমার অভাব আমরা অনুভব করছি); 2 অনটন, টানাটানি; দরিদ্র (তাদের সংসারে বড়ই অভাব চলছে, অভাবের সংসার); 3 অসদ্ভাব, অ-ভাব। [সং. ন + √ ভূ +অ]। ̃ .গ্রস্ত বিণ. দরিদ্র, টানাটানির মধ্যে রয়েছে এমন। ̃ .পূরণ বি. দারিদ্র দূর করা। অভাবে স্বভাব নষ্ট অনটনের চাপে সৎপথ থেকে বিচ্যুত হওয়া।

অভাবনা (p. 050) [abhābanā] বি. চিন্তা বা ভাবনার অভাব, অচিন্তা। [বাং. অ + সং. ভাবনা]।

অভাবনীয়, অভাব্য (p. 050) [abhābanīẏa, abhābya] বি. ভাবা যায় না এমন, অচিন্তনীয় (অভাবনীয় আচরণ); অপ্রত্যাশিত (অভাবনীয় সৌভাগ্য)। [সং. ন + ভাবনীয়, ভাব্য]। অভাবিত বিণ. ভাবা যায়নি এমন; আশা করা যায়নি এমন (অভাবিত সৌভাগ্য)।

অভাবাত্মক (p. 050) [abhābātmaka] বিণ. (ব্যাক.) নঞর্থক, অস্তিত্বের অভাবসূচক, negative. [সং. অভাব +আত্মক]।

অভাবিত (p. 050) [abhābita] দ্র অভাবনীয়।

অভাবী (p. 050) [abhābī] (-বিন্) বিণ. অভাবগ্রস্ত, অনটনের মধ্যে রয়েছে এমন; দরিদ্র। [সং. অভাব + ইন্]। অভি- অব্য. সম্মুখ সমীপ চতুর্দিক সাদৃশ্য ইত্যাদি সূচক উপসর্গ।

অভি-কম্পন (p. 050) [abhi-kampana] বি. 1 প্রবল কম্পন; 2 কম্পন। [সং. অভি + কম্পন]।

অভি.কর্ষ (p. 050) [abhi.karṣa] বি. ভূকেন্দ্রাভিমুখে জড় পদার্থের আকর্ষণ, gravitational attraction (বি. প.) [সং. অভি + √ কৃষ্ + অ।

অভি-কেন্দ্র (p. 050) [abhi-kēndra] বিণ. কেন্দ্রের অভিমুখে অর্থাত্ কেন্দ্রের দিকে গমনকারী, কেন্দ্রাভিগ, centripetal (বি. প.)। [সং. অভি + কেন্দ্র]।

অভি-ক্রম (p. 050) [abhi-krama] বি. 1 অভিযান; আক্রমণ; 2 আরম্ভ। [সং. অভি + √ ক্রম্ + অ]।

অভি-ক্ষেপ (p. 050) [abhi-kṣēpa] বি. 1 সামনের দিকে ক্ষেপণ বা ছোড়া; 2 পরাজয়; 3 অপমান। [সং. অভি + √ ক্ষিপ্ + অ]।

অভি-ক্ষেপণ (p. 050) [abhi-kṣēpaṇa] বি. সামনের দিকে ছোড়া; নিক্ষেপ। [সং. অভি + √ ক্ষিপ্ + অন]।

অভিখ্যা (p. 050) [abhikhyā] বি. 1 নাম; সংজ্ঞা; 2 খ্যাতি; উপাধি; 3 সৌন্দর্য, শোভা। [সং. অভি + √ খ্যা + অ]।

অভি-গত (p. 050) [abhi-gata] বিণ. 1 অভিমুখে বা সমীপে গেছে এমন; কাছে গেছে এমন; 2 অনুকূলভাবে পাওয়া গেছে এমন। [সং. অভি + √ গম্ +ত]।

অভি-গম, অভি-গমন (p. 050) [abhi-gama, abhi-gamana] বি. 1 অভিমুখে গমন, কোনো কিছুর দিকে যাওয়া; 2 যৌন সম্ভোগ; 3 প্রত্যুদ্গমন; 4 প্রাপ্তি; 5 আশ্রয়। [সং. অভি + √ গম্ + অ, অন]। বিণ. অভি-গত। অ-.গম্য বিণ. যৌনসম্ভোগ করা যায় এমন; অভিমুখে বা কোনোকিছুর দিকে যাওয়া যায় এমন। অভি-গামী (-মিন্) বিণ. অভিমুখে যায় এমন, অভিমুখে গমনকারী। স্ত্রী. অভি-গামিনী।

অভি-গ্রস্ত (p. 050) [abhi-grasta] বিণ. আক্রান্ত; কবলিত, গ্রাস করা বা দখল করা হয়েছে এমন; লুণ্ঠিত। [সং. অভি + গ্রস্ত]।

অভি-গ্রহ (p. 050) [abhi-graha] বি. 1 আক্রমণ; লুণ্ঠন; 2 যুদ্ধের আহ্বান; 3 যুদ্ধের জন্য এগিয়ে যাওয়া। [সং. অভি + √ গ্রহ্ + অ]। ˜ ণ বি. আক্রমণ; লুণ্ঠন।

অভি-ঘাত (p. 050) [abhi-ghāta] বি. 1 আঘাত; সজোরে আঘাত; 2 হত্যা; ধ্বংস; 3 শব্দ ইত্যাদির উপর ঝোঁক বা ঝোঁক দেওয়ার চিহ্ন , emphasis. [সং. অভি + ঘাত]। অভি-ঘাতী (-তিন্) বিণ. বি. আঘাতকারী; শত্রু। স্ত্রী. অভি-ঘাতিনী।

অভি-চার (p. 050) [abhi-cāra] বি. তান্ত্রিক মন্ত্র বা প্রক্রিয়া যার দ্বারা নিজের ইষ্ট ও অন্যের অনিষ্ট সাধিত হয়; অন্যের প্রতি হিংসা বা হিংসাত্মক কাজ। [সং. অভি + √ চর্ + অ]। অভি.চারী (-রিন্) বিণ. অভিচার করে বা প্রয়োগ করে এমন। স্ত্রী অভি. চারিনী

অভি-জন (p. 050) [abhi-jana] বি. 1 কুল, বংশ; গোত্র; 2 উঁচু বংশ, কৌলীন্য; 3 জন্মভূমি। [সং. অভি + √ জন্ +অ]। বিণ. অভি-জাত।

অভি-জাত (p. 050) [abhi-jāta] বিণ. উঁচু বংশে জন্ম এমন, সদ্ বংশ (অভিজাত সম্প্রদায়, অভিজাত পরিবার); খানদানি (অভিজাত পল্লি); ধনী। [সং. অভি + জাত]।˜ .তন্ত্র বি. উচ্চবংশীয় ধনিকসম্প্রদায় দ্বারা দেশ বা রাজ্যশাসন, aristocracy.

অভি-জিত্ (p. 050) [abhi-jit] বিণ. বিজয়ী। □ বি. নক্ষত্রবিশেষ, Vega.. [সং. অভি √ জি + ক্বিপ্]।

অভিজ্ঞ (p. 050) [abhijña] বিণ. সমস্ত কিছু জানে এমন, বহুদর্শী; জ্ঞানী; কোনো বিষয়ে দক্ষতা বা জ্ঞান লাভ করেছে এমন (অভিজ্ঞ চিকিৎসক)। [সং অভি + √ জ্ঞা +অ]।˜ তা বি. কোনো ঘটনা বা বিষয়ের সঙ্গে আগে পরিচয় থাকা বা সেই সূত্রে অর্জিত জ্ঞান; জ্ঞান; দক্ষতা।

অভিজ্ঞা (p. 050) [abhijñā] বি. 1 প্রথম জ্ঞান; প্রথম উপলব্ধি; 2 স্মৃতি। ̃ .ত বিণ. চিহ্নের দ্বারা জ্ঞাত, কোনো চিহ্ন বা নিদর্শনের দ্বারা কোনো কিছু মনে রাখা হয়। অভি-জ্ঞান-পত্র বি. পরিচয়পত্র, identity card.

অভি-তপ্ত (p. 050) [abhi-tapta] বিণ. 1 আগুনে তপ্ত বা গরম হয়েছে এমন; 2 দুঃখিত। [সং. অভি + তপ্ত]।

অভিধা (p. 050) [abhidhā] বি. 1 নাম, সংজ্ঞা; উপাধি; 2 শব্দের যে শক্তির দ্বারা তার মূল অর্থ বোঝা যায়। [সং. অভি + √ ধা + অ]।

অভি-ধান (p. 050) [abhi-dhāna] বি. 1 শব্দকোষ, শব্দার্থকোষ, dictionary; 2 নাম, পরিচয়; 3 উক্তি। [সং. অভি + √ ধা + অন]। ̃ কার বি. অভিধান রচনাকারী। ̃ .তত্ত্ব বি. অভিধানসম্পর্কিত কিংবা অভিধানের রচনাসম্পর্কিত ভাবনাচিন্তা।

অভি-ধেয় (p. 050) [abhi-dhēẏa] বিণ. দ্যোতক, বোধক। □ বি. শব্দ উচ্চারণ করলে যে বস্তুকে বোঝায়, প্রতিপাদ্য বা উদ্দিষ্ট অর্থ; নাম, সংজ্ঞা। [সং. অভি + √ ধা + য]।

অভি-নন্দন (p. 050) [abhi-nandana] বি. আনন্দ প্রকাশের দ্বারা বা প্রশংসাবাদের দ্বারা সম্মান জানানো; সংবর্ধনা; আনন্দের সঙ্গে গৌরবের স্বীকৃতি জানানো। [সং. অভি + √ নন্দ্ + অন]। ̃ পত্র বি. সম্মানজ্ঞাপনের জন্য রচিত পত্র, মানপত্র। অভি-নন্দিত বিণ. বন্দিত, প্রশংসার দ্বারা সম্মানিত।

অভি-নব (p. 050) [abhi-naba] বিণ. 1 নূতন, নতুন, আগে কখনো হয়নি বা দেখা যায়নি এমন; 2 চমৎকার, অপূর্ব। [সং. অভি + নব]।

অভি-নয় (p. 050) [abhi-naẏa] বি. 1 নাটকের প্রদর্শন; 2 নাটকাদির কোনো চরিত্রে রূপদান; 3 ছলনা, ভান, কৃত্রিম ভাবপ্রকাশ। [সং. অভি + √ নী + অ]। অভি-নীত বিণ. অভিনয় করা হয়েছে এমন। অভি-নেতা (-তৃ) বিণ. বি. অভিনয়কারী। অভি-নেত্রী বিণ. বি. স্ত্রী. অভিনয়কারিনী। অভি-নেয় বিণ. অভিনয়যোগ্য; অভিনয় করা হবে এমন।

অভিনিবিষ্ট (p. 050) [abhinibiṣṭa] দ্র অভিনিবেশ।

অভি-নিবেশ (p. 050) [abhi-nibēśa] বি. মনোনিবেশ, মনোযোগ, একাগ্রতা (অভিনিবেশ সহকারে পাঠ করা)। [সং. অভি + নিবেশ]। অভি-নিবিষ্ট বিণ. মনোনিবেশ করেছে এমন, মনোযোগী; আগ্রহী।

অভিনেতা (p. 050) [abhinētā] দ্র অভিনয়।

অভিনেত্রী (p. 050) [abhinētrī] দ্র অভিনয়।

অভিন্ন (p. 050) [abhinna] বিণ. 1 ভিন্ন বা আলাদা নয় এমন; একই প্রকারের, সমান (অভিন্নহৃদয়); 2 ভেদ করা বা ছিন্ন করা হয়নি এমন, অচ্ছিন্ন। [সং. ন + ভিন্ন। বি.˜ তা,˜ ত্ব।

অভি-পন্ন (p. 050) [abhi-panna] বিণ. বিপদে পড়েছে এমন, বিপদগ্রস্ত; শরনাপন্ন। [সং. অভি + √ পদ্ + ত]।

অভি-প্রায় (p. 050) [abhi-prāẏa] বি. 1 ইচ্ছা; উদ্দেশ্য; মতলব, অভিসন্ধি; 2 অর্থ, তাৎপর্য। [সং. অভি + প্র + √ ই + অ]। অভি-প্রেত বিণ. চাওয়া হয়েছে এমন, উদ্দিষ্ট (তাঁর অসম্মান আমার অভিপ্রেত নয়)।

অভি-বন্দনা (p. 050) [abhi-bandanā] বি. সংবর্ধনা; প্রণতি, পূজা ('চিরসুন্দরের অভিবন্দনা')। [সং. অভি + সং অভি + বন্দনা]।

অভি-বাদন (p. 050) [abhi-bādana] বি. শ্রদ্ধা দেখানো, সম্মান দেখানো, নমস্কার জ্ঞাপন, বন্দনা। [সং. অভি + √ বদ্ + ণিচ্ + অন]। অভি-বাদক বিণ. বি. অভিবাদনকারী, নমস্কার করে বা সম্মান প্রদর্শন করে এমন (লোক)। স্ত্রী. অভি-বাদিকা। অভি-বাদ্য বিণ. অভিবাদনের উপযুক্ত, অভিবাদনের যোগ্য।

অভি-বাসন (p. 050) [abhi-bāsana] বি. স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাস, immigration. [সং. অভি + √ বস্ + ণিচ্ + অন]।˜ .কারী (-রিন), অভি-বাসী (-সিন্) বিণ. নিজের দেশ ত্যাগ করে অন্য দেশে বসবাসকারী।

অভি-ব্যক্তি (p. 050) [abhi-byakti] বি. 1 প্রকাশ, expression (দুঃখের অভিব্যক্তি, ভাবের অভিব্যক্তি); 2 ক্রমবিকাশ; জীবের ক্রমবিকাশের ফলে নতুন জাতির জীবের উৎপত্তি, evolution (বি. প.)। [সং. অভি + বি + √ অঞ্জ্ + তি]। অভি-ব্যক্ত বিণ. প্রকাশিত; বিকাশ লাভ করেছে এমন।˜ .বাদ বি. জীবের ক্রমবিকাশসম্বন্ধীয় মতবাদ, theory of evolution.

অভই-ব্যপ্তি (p. 050) [abhi-byapti] বি. সম্যক বিস্তৃতি, পুরোপুরি ছড়িয়ে থাকা। [সং. অভি + ব্যপ্তি]। অভি-ব্যপ্ত বিণ. পরিব্যপ্ত, সমগ্রভাবে বিস্তৃত।

অভি-ভব, অভি-ভাব, অভি-ভূতি (p. 050) [abhi-bhaba, abhi-bhāba, abhi-bhūti] বি. 1 পরাজয় (ধর্মের কাছে অধর্মের অভিভব); 2 অপমান; 3 ভাবাবেশ, ব্যাকুলতা; বিহ্বলতা (স্নায়বিক অভিভূতি)। [সং. অভি + √ ভূ + অ, তি]।

অভিভাব (p. 050) [abhibhāba] দ্র অভিভব।

অভি-ভাবক (p. 050) [abhi-bhābaka] বি. রক্ষণাবেক্ষণ বা তত্ত্বাবধান করে এমন ব্যক্তি, guardian; নাবালকের দেখাশুনা করার দায়িত্ব যে ব্যক্তির; আশ্রয়দাতা। [সং. অভি + √ ভূ + অক]। স্ত্রী অভি-ভাবিকা।

অভি-ভাষণ (p. 050) [abhi-bhāṣaṇa] বি. (সভায় উপস্থিত শ্রোতাদের উদ্দেশে) বক্তৃতা, address; সম্ভাষণ। [সং. অভি + ভাষণ]।

অভি-ভূত (p. 050) [abhi-bhūta] বিণ. 1 বিহ্বল (আনন্দে, বিস্ময়ে বা আতঙ্কে অভিভূত); 2 আবিষ্ট, আচ্ছন্ন (ধর্মবুদ্ধি অভিভূত); 3 পরাজিত; আক্রান্ত। [সং. অভি + √ ভূ + ত]। বি.˜ তা, অভি-ভূতি।

অভি-মত (p. 050) [abhi-mata] বি. মত, মতামত; উদ্দেশ্য, অভিপ্রায়। □ বিণ. অনুমোদিত; উদ্দেশ্য বা ইচ্ছা অনুসারে করা হয়েছে এমন, উদ্দিষ্ট, অভীষ্ট। [সং. অভি + মত]।

অভি-মন্যু (p. 050) [abhi-manyu] বি. 1 অর্জুন ও সুভদ্রার পুত্র, উত্তরার স্বামী, পরীক্ষিতের পিতা; 2 (বৈ. সা.) রাধার স্বামী আয়ান ঘোষ। [সং. অভী (নির্ভয়) + মন্যু]।

অভি-মান (p. 050) [abhi-māna] বি. 1 অহংকার, গর্ব, দেমাক (আভিজাত্যের অভিমান); 2 প্রিয়জনের উপেক্ষা কিংবা অনাদরের জন্য ক্ষোভ বা মনোবেদনা; উপেক্ষা বা অনাদরের জন্য সাময়িক দুঃখ ('সব রাগ অভিমান হঠাত্ ভুলিয়া গেলাম': শরত্)। [সং. অভি + মান]। অভি-মানী (-নিন্) বিণ. বি. অভিমানকারী; গর্বিত; অতিরিক্ত আত্মমর্যাদাসম্পন্ন। স্ত্রী. অভি-মানিনী।

অভি-মুখ (p. 050) [abhi-mukha] বি. সম্মুখ; দিক, উদ্দেশ (গুরুজনের অভিমুখে, সমুদ্রাভিমুখে)। □ বিণ. সম্মুখীন (প্রান্তরাভিমুখ গুহা); কোনো দিকে গমনোদ্যত বা অগ্রসর (গৃহাভিমুখ বালকের দল)। [সং. অভি + মুখ]। অভি-মুখী (-খিন্) বিণ. সম্মুখীন, কোনো দিকে গমনোদ্যত (সমুদ্রাভিমুখী নদী)। অভি-মুখীন বিণ. সম্মুখীন, কোনো দিকে গমনোদ্যত বা অগ্রসর, অভিমুখী। বি. অভি-মুখীনতা।

অভি-যাচিত (p. 050) [abhi-yācita] বিণ. চাওয়া বা প্রার্থনা করা হয়েছে এমন, অভিপ্রেত, প্রার্থিত (আমাদের অভিযাচিত ফল ফলেনি, নেতা হিসাবে তিনিই ছিলেন আমাদের অভিযাচিত)। [সং. অভি + যাচিত]।

অভি-যাত্রী (p. 050) [abhi-yātrī] বি. ভ্রমণকারী; দেশ আবিস্কারের উদ্দেশ্যে কিংবা দেশ ভ্রমণের উদ্দেশ্যে পর্যটনকারী বা অভিযানকারী। [সং অভি + যাত্রী]। অভি-যাত্রা বি. পর্যটন, অভিযান; পর্যটনে বা অভিযানে বেরিয়ে পড়া।

অভি-যান (p. 050) [abhi-yāna] বি. (দেশ জয়, দেশ আবিষ্কার, শত্রু দমন, অজানাকে জানা ইত্যাদি উদ্দেশ্যে) সদলবলে যাত্রা (নিরক্ষতার বিরুদ্ধে অভিযান, এভারেষ্ট জয়ের অভিযান, সমুদ্র অভিযান, আলেকজান্ডারের অভিযান)। [সং. অভি + √ যা + অন]।

অভি-যুক্ত (p. 050) [abhi-yukta] বিণ. দোষারোপ করা হয়েছে এমন, নালিশ করা হয়েছে এমন। □ বি. আসামি, যাকে দোষী বলা বা মনে করা হয়েছে। [সং. অভি + √ যুজ্ + ত]। অভি-যোক্তা (-ক্তৃ) বিণ. বি. নালিশ বা দোষারোপ করে এমন (ব্যক্তি), বাদী; ফরিয়াদি।

অভি-যোগ (p. 050) [abhi-yōga] বি. নালিশ, দোষারোপ; অনুযোগ। [সং. অভি + √ যুজ্ + অ]। অভি-যোগ্য বিণ. অভিযোগ করা য়ায এমন, নালিশ করার বা মামলা করার যোগ্য, actionable (স.প.)।

অভি-যোজন (p. 050) [abhi-yōjana] বি. উদ্দেশ্য সাধনের উপযোগী করে তোলা, কোনো কিছুকে বিশেষ কিছুর যোগ্য বা উপযোগী করে নেওয়া, adaptation [সং. অভি + √ যুজ্ + ণিচ্ + অন]। অভি-যোজিত বিণ, উদ্দেশ্য সাধনের উপযোগী করা হয়েছে এমন। অভি-যোজ্য বিণ. অভিযোজনের যোগ্য। অভি-যোজ্যতা বি. অভিযোজনের উপযুক্ততা, অভিযোজনের উপযোগী অবস্থা।

অভি-রত (p. 050) [abhi-rata] বিণ. অত্যন্ত আসক্ত বা অনুরক্ত। [সং. অভি + রত]। অভি-রতি বি. অত্যন্ত আসক্তি বা অনুরাগ।

অভি-রাম (p. 050) [abhi-rāma] বিণ. মনোরম, মনোহর, মনকে প্রীত করে এমন, রম্য; তৃপ্তিজনক (নয়নাভিরাম)। [সং. অভি + √ রম্ + অ]।

অভি-রুচি (p. 050) [abhi-ruci] বি. প্রবৃত্তি (ব্যক্তিগত অভিরুচি); অভিলাষ, ইচ্ছা (তোমার যেমন অভিরুচি তেমনিই করো)। [সং. অভি + √ রুচ্ + ই]।

অভি-রূপ (p. 050) [abhi-rūpa] বিণ. 1 মনোরম, অপরূপ; প্রীতিকর; 2 অনুরূপ; 3 পণ্ডিত, বিদ্বান। □ বি. বিষ্ণু; শিব। [সং. অভি + রূপ]।

অভিলষণীয়, অভিলষিত, (p. 050) [abhilaṣaṇīẏa, abhilaṣita,] দ্র অভিলাষ।

অভি-লাষ (p. 050) [abhi-lāṣa] বি. 1 বাসনা, কামনা, ইচ্ছা; লোভ; 2 অনুরাগ। [সং. অভি + √ লষ্ + অ]। অভি-লষণীয় বিণ. কামনা বা বাসনার যোগ্য, স্পৃহণীয়। অভি-লষিত বিণ. বাঞ্ছিত, প্রার্থিত, চাওয়া হয়েছে এমন। অভি-লাষী (-ষিন্) বিণ. ইচ্ছুক, কামনা করে এমন, পেতে চায় এমন। স্ত্রী. অভি-লাষিণী।

অভি-শংসক (p. 050) [abhi-śaṃsaka] বি. 1 যে ব্যক্তি প্রকাশ্যে আদালতে অন্যকে অভিযুক্ত করে, prosecutor (স.প.); 2 মিথ্যা অপবাদ দেয় এমন ব্যক্তি। [সং. অভি + √ শংস্ + অক]।

অভি-শংসন (p. 050) [abhi-śaṃsana] বি. 1 প্রকাশ্যভাবে অভিযুক্ত করা, prosecution, impeachment; 2 মিথ্যা অপবাদ। [সং. অভি + √ শংস্ + অন]।

অভি-শঙ্কা (p. 050) [abhi-śaṅkā] বি. 1 আশঙ্কা, ভয়; 2 সন্দেহ; 3 ভুল, ভ্রান্তি। [সং. অভি + শঙ্কা]। অভি-শঙ্কিত বিণ. আশঙ্কিত, ভীত; ভ্রান্ত। অভি-শঙ্কী (-ঙ্কিন্) বিণ. অবিশ্বাসী, সন্দিগ্ধ।

অভি-শপ্ত (p. 050) [abhi-śapta] বিণ. অভিশাপ বা শাপ দেওয়া হয়েছে এমন, শাপগ্রস্ত; (আল) যার জন্য পদে পদে দুর্দশা দুঃখ ইত্যাদির শিকার হতে হয় এমন (অভিশপ্ত জীবন, অভিশপ্ত গুপ্তধন); বিপদসৃষ্টিকারী। [সং. অভি + √ শপ্ + ত]। বি. অভি-শাপ।

অভি-শাপ (p. 050) [abhi-śāpa] বি. অন্যের অমঙ্গল কামনা; অন্যের অনিষ্টের জন্য প্রার্থনাবাক্য; শাপ, অভিসম্পাত। [সং. অভি + √ শপ্ + অ]।

অভি-শ্রুতি (p. 050) [abhi-śruti] বি. (ভাষাতত্ত্বে) যে নিয়মে অপিনিহিতি, স্বরলোপ ও স্বরসংগতির ফলে বহু বাংলা শব্দ পশ্চিমবঙ্গের কথ্য ভাষার সংক্ষিপ্ত রূপে পরিবর্তিত হয়-যেমন, রাখিয়া > রাইখ্যা > রেখে; umlaut. [সং. অভি + শ্রুতি]।

অভি-ষঙ্গ (p. 050) [abhi-ṣaṅga] বি. 1 তীব্র আসক্তি বা অনুরাগ; 2 আলিঙ্গন; 3 পরাজয়। [সং. অভি + √ সন্জ্ + অ]।

অভি-ষেক (p. 050) [abhi-ṣēka] বি. 1 রাজসিংহাসন প্রাপ্তির বা পূজাবেদিতে স্থাপনের অনুষ্ঠান; 2 মন্ত্রপূত তীর্থজলে স্নান করানো; 3 রাজপদে বরণ বা স্থাপন, coronation; 4 অবগাহন, স্নান; 5 (আল.) কোনো মহত্ বা গুরুত্বপূর্ণ কাজে নিয়োগ বা কাজের আরম্ভ। [সং. অভি + √ সিচ্ + অ]। অভি-ষিক্ত বিণ. অভিষেক করা হয়েছে এমন; স্নান করানো হয়েছে এমন; আর্দ্র; সিঞ্চিত; (কর্মে) নিযুক্ত। অভি-ষেচন বি. ভালোরকমে সিক্ত করা; অভিষেক।

অভি-ষ্যন্দ, অভি-স্যন্দ (p. 050) [abhi-ṣyanda, abhi-syanda] বি. 1 ফোঁটায় ফোঁটায় পড়া, ক্ষরণ, চুঁইয়ে পড়া; জল ঝরা; জলের ধারা বা প্রবাহ; 2 আধিক্য; লোকসংখ্যার আধিক্য। [সং. অভি + √ স্যন্দ্ + অ]। অভি-ষ্যন্দী (-ন্দিন্) বিণ. চুঁইয়ে পড়ছে বা ঝরছে এমন, ক্ষরণশীল; অতিরিক্ত বেড়ে গেছে এমন।

অভি-সন্তাপ (p. 050) [abhi-santāpa] বি. গভীর মনস্তাপ, গভীর দুঃখ। [সং. অভি + সন্তাপ]।

অভি-সন্ধান, অভি-সন্ধি (p. 050) [abhi-sandhāna, abhi-sandhi] বি. গুপ্ত মতলব; গোপন (অসত্) অভিপ্রায়; কুমতলব। [সং. অভি + সন্ধান, অভি + সম্ + √ ধা + ই]।

অভি-সম্পাত (p. 050) [abhi-sampāta] বি. অভিশাপ; অন্যের অনিষ্ট কামনা। [সং. অভি + সম্পাত]।

অভি-সরণ (p. 050) [abhi-saraṇa] বি. অনুসরণ, অনুগমন, পিছন পিছন যাওয়া; অভিসার। [সং. অভি + √ সৃ + অন]।

অভি-সার (p. 050) [abhi-sāra] বি. (সংস্কৃত সাহিত্যে) পরস্পরের সঙ্গে মিলিত হওয়ার জন্য নায়ক-নায়িকার কোনো নির্দিষ্ট স্থানে যাওয়া; প্রিয়মিলনের জন্য দুঃখকষ্ট বরণ; (আল.) কোনো গুপ্ত উদ্দেশ্যে গোপন অভিযান (রাতের অন্ধকারে অভিসারে বেরল)। [সং. অভি + √ সৃ + অ]। ˜ ক, অভি-সারী (-রিন্) বিণ. বি. যে অভিসার করে; যে এগিয়ে যায় বা অগ্রসর হয় (পর্বতাভিসারী)। স্ত্রী. অভি-সারিকা, অভি-সারিণী।

অভি-স্যন্দ (p. 050) [abhi-syanda] দ্র অভিষ্যন্দ।

অভি-হত (p. 050) [abhi-hata] বিণ. 1 আঘাত পেয়েছে এমন, আহত; 2 প্রহৃত; তাড়িত; 3 পরাজিত; 4 বিনষ্ট, যাকে নাশ করা হয়েছে। [সং. অভি + হত]। বি. অভি-ঘাত।

অভি-হিত (p. 050) [abhi-hita] বিণ. নামবিশিষ্ট, নামযুক্ত; সংজ্ঞাবিশিষ্ট, সংজ্ঞাপ্রাপ্ত; বলা হয়েছে এমন, উক্ত, কথিত (এই দেশ কলিঙ্গদেশ নামে অভিহিত)। [সং. অভি + √ ধা + ত]।

অভী, অভীক1 (p. 050) [abhī, abhīka1] বিণ. নির্ভীক, ভয়হীন। [সং. ন + ভী, + ক]।

অভীক2 (p. 050) [abhīka2] বিণ. কামুক, লোভী। [সং. অভি + √ কিম্ + অ (নিপাতনে)]।

অভীত (p. 055) [abhīta] বিণ. ভীত নয় এমন, ভয় পায়নি এমন; নির্ভীক। [সং. ন + ভীত]। অভীতি বি. নির্ভয়তা, ভয়ের অভাব।

অভীপ্সা (p. 055) [abhīpsā] বি. একান্ত কামনা; তীব্র আকাঙ্ক্ষা; প্রবল ইচ্ছা। [সং. অভি + ঈপ্সা]। অভীপ্সিত বিণ. একান্তভাবে বা প্রবলভাবে চাওয়া হয়েছে এমন; আকাঙ্ক্ষিত। অভীপ্সু বিণ. একান্তভাবে ইচ্ছু, অভিলাষী।

অভীষ্ট (p. 055) [abhīṣṭa] বি. 1 আকাঙ্ক্ষা, অভিলাষ, ইচ্ছা; 2 আকাঙ্ক্ষিত বস্তু, যে জিনিস চাওয়া হয়েছে (এতদিনে তাঁর অভীষ্ট লাভ হল)। □ বিণ. আকাঙ্ক্ষিত, ঈপ্সিত, চাওয়া হয়েছে এমন, বাঞ্ছিত (অভীষ্ট লক্ষ্য)। [সং. অভি + ইষ্ট]। ˜ .সিদ্ধি বি. আকাঙ্ক্ষিত বস্তু পাওয়া; আকাঙ্ক্ষা পূরণ।

অভুক্ত (p. 055) [abhukta] বিণ. 1 খায়নি এমন, অনাহারী, উপবাসে রয়েছে এমন (নিজে অভুক্ত থেকেও অতিথিকে আপ্যায়ন করা); 2 খাওয়া হয়নি এমন (অভুক্ত খাদ্য)। [সং. ন + ভুক্ত]।

অভূত (p. 055) [abhūta] বিণ. হয়নি বা জন্মায়নি এমন; ভূত নয় এমন। [সং. ন + ভূত]।˜ .পুর্ব বিণ. আগে কখনো ঘটেনি বা হয়নি এমন (অভূতপুর্ব ঘটনা, অভূতপূর্ব সাফল্য)।

অভূষিত (p. 055) [abhūṣita] বিণ. অলংকৃত বা সজ্জিত নয় এমন। [সং. ন + ভূষিত]। স্ত্রী. অভূষিতা

অভেদ (p. 055) [abhēda] বি. ভেদ পার্থক্য বা তারতম্যের অভাব; অভিন্নতা, ঐক্য (অভেদকল্পনা)। □ বিণ. অভিন্ন, সদৃশ, এক রকমের; নির্বিশেষ বা তারতম্যহীন। [সং. ন + ভেদ]। অভেদাত্মা বিণ. একাত্মা, এক মন এক প্রাণ এইরকম। অভেদী (-দিন্) বিণ. ভেদবুদ্ধি নেই এমন, ভেদভাবহীন, সমদর্শী। অভেদ্য বিণ. 1 ভেদ করা বা ছিদ্র করা যায় না এমন; 2 পার্থক্য নির্দেশ করা বা পৃথক করা যায় না এমন; 3 প্রবেশ করা যায় না এমন, দুর্ভেদ্য (অভেদ্য অন্ধকার)।

অভোগ্য (p. 055) [abhōgya] বিণ. ভোগ করা উচিত নয় বা ভোগ করা যায় না এমন, ভোগের অযোগ্য। [সং. ন + ভোগ্য]।

অভোজ্য (p. 055) [abhōjya] বিণ. ভোজনের অর্থাত্ খাওয়ার অযোগ্য, অখাদ্য (দুর্ভিক্ষের সময় মানুষ অভোজ্য খাদ্যও খেতে বাধ্য হয়)। [সং. ন + ভোজ্য]।

অভ্যগ্র (p. 055) [abhyagra] বিণ. 1 আসন্ন; নিকটবর্তী; সম্মুখবর্তী ('হে আমার অভ্যগ্র পদধ্বনি': শরত্); 2 সদ্য ঘটে গেছে এমন; 3 অভিনব। [সং. অভি + অগ্র]।

অভ্যঙ্গ, অভ্যঞ্জন (p. 055) [abhyaṅga, abhyañjana] বি. 1 তেল বা তেলজাতীয় স্নেহপদার্থ দিয়ে মর্দন; তেল মাখা; 2 আভাং। [সং. অভি + অঙ্গ, অভি +অঞ্জন]।

অভ্যন্তর (p. 055) [abhyantara] বি. ভিতর, মধ্য; অন্তর, মধ্যবর্তী স্থান (দেশের অভ্যন্তর, গৃহাভ্যন্তর)। [সং. অভি + অন্তর]। অভ্যন্তরীণ, আভ্যন্তর, আভ্যন্তরিক, (অশু.) আভ্যন্তরীণ বিণ. অভ্যন্তরে বা ভিতরে আছে এমন, ভিতরের, মানসিক।

অভ্যর্থনা (p. 055) [abhyarthanā] বি. 1 সংবর্ধনা; (অতিথিদের) আপ্যায়ন; সমাদরে ও সসম্মানে গ্রহণ ও আপ্যায়ন; 2 (বাংলায় অপ্র.) প্রার্থনা। [সং. অভি + √ অর্থ্ + অন + আ]। অভ্যর্থনা সভা, অভ্যর্থনা সমিতি বি. অভ্যর্থনা করার জন্য গঠিত সভা বা সমিতি, reception committee. অভ্যর্থিত বিণ. অভ্যর্থনা করা হয়েছে এমন, সাদরে ও সসম্মানে গৃহীত।

অভ্যর্হণ (p. 055) [abhyarhaṇa] বিণ. 1 সম্মাননা; 2 সংবর্ধনা; 3 পূজা। [সং. অভি + অর্হণ]।

অভ্যার্হিত (p. 055) [abhyārhita] বিণ. সম্মানিত; সংবর্ধিত; পূজিত। [সং. অভি + √ অর্হ্ +ত]।

অভ্যস্ত (p. 055) [abhyasta] দ্র অভ্যাস।

অভ্যাগত (p. 055) [abhyāgata] বিণ. অভিমুখে অর্থাত্ কোনো কিছুর দিকে এসেছে এমন; সমীপে আগত; অতিথিরূপে আগত। □ বি. অতিথি, নিমন্ত্রিত ব্যাক্তি (অতিথি-অভ্যাগতদের দেখাশুনা করা)। [সং অভি + আগত]।

অভ্যাগম, অভ্যাগমন (p. 055) [abhyāgama, abhyāgamana] বি. সামনে বা কাছে আসা, উপস্থিতি। [সং. অভি + আগম, + আগমন]।

অভ্যাস (p. 055) [abhyāsa] বি. 1 সুষ্ঠুভাবে শিক্ষা করার জন্য বারংবার এবং ক্রমাগত চর্চা; 2 ক্রমাগত আচরণের ফলে প্রাপ্ত স্বভাব, যে আচরণ স্বভাবে পরিণত হয়। [সং. অভি + √ অস্ + অ]। অভ্যস্ত বিণ. অভ্যাসের দ্বারা আয়ত্ত, বারবার করা হয় এমন, অভ্যাস আছে এমন (অভ্যস্ত বিদ্যা, অভ্যস্ত জীবন)। অভ্যাসী (-সিন্) বিণ. অভ্যাসকারী, বারংবার আচরণকরী। অভ্যাসিত বিণ. অভ্যস্ত, স্বভাবে পরিণত, অভ্যাসের দ্বারা রপ্ত বা আয়ত্ত।

অভ্যাহার (p. 055) [abhyāhāra] বি. লুন্ঠন, বলপূর্বক হরণ; আক্রমণ, হামলা। [সং. অভি + আ + √ হৃ + অ]। অভ্যাহৃত বিণ. লুন্ঠিত, বলপূর্বক হরণ করা হয়েছে এমন, কেড়ে নেওয়া হয়েছে এমন; আক্রান্ত।

অভ্যুত্থান (p. 055) [abhyutthāna] বি. 1 উত্থান, ওঠা; উন্নতি; উদয় (চেতনার অভ্যুত্থান); 2 বিদ্রোহ (সামরিকবাহিনীর অভ্যুত্থান, সশস্ত্র অভ্যুত্থান)। [সং. অভি + উত্থান]। অভ্যুত্থিত বিণ. উত্থিত, উঠেছে এমন; উদিত।

অভ্যুদয় (p. 055) [abhyudaẏa] বি. 1 উদ্ভব; প্রকাশ ('তিমির বিদার উদার অভ্যুদয়': রবীন্দ্র); 2 উন্নতি, শ্রীবৃদ্ধি, সৌভাগ্য; 3 উৎসব। [সং. অভি + উদয়]। অভ্যুদিত বিণ. উদিত; প্রকাশিত; অভ্যুত্থান ঘটেছে এমন; অভ্যুদয় ঘটেছে এমন।

অভ্যুদাহরণ (p. 055) [abhyudāharaṇa] বি. বিরুদ্ধ উদাহরণ, প্রতিকূল দৃষ্টান্ত; বিরুদ্ধপক্ষের যুক্তি বা উদাহরণ। [সং. অভি + উদাহরণ]।

অভ্যুদিত (p. 055) [abhyudita] দ্র অভ্যুদয়।

অভ্যুপ.গত (p. 055) [abhyupa.gata] বিণ. 1 নিকটে বা কাছে এসেছে এমন, নিকটে আগত; 2 পাওয়া গেছে এমন, প্রাপ্ত; 3 প্রতিশ্রুতি বা কথা দেওয়া হয়েছে এমন, প্রতিশ্রুতি। [সং. অভি + উপগত]।

অভ্যুপায় (p. 055) [abhyupāẏa] বি. 1 স্বীকার; প্রতিশ্রুতি, অঙ্গীকার; 2 উপায়। [সং. অভি + উপায়]।˜ .ন বি. উপহার, ভেট।

অভ্যুপায়ন (p. 055) [abhyupāẏana] দ্র অভ্যুপায়।

অভ্যুপেত (p. 055) [abhyupēta] বিণ. 1 পাওয়া গেছে এমন, প্রাপ্ত; 2 স্বীকৃত, অঙ্গীকার করা হয়েছে এমন; 3 কাছে এসেছে এমন, নিকটে আগত। [সং. অভি + উপ + √ ই + ত]। অভ্র বি. 1 আকাশ (অভ্রংলিহ উচ্চতা); 2 মেঘ; 3 একরম খনিজ ধাতু, mica. [সং. অপ্ + √ ভৃ + অ অভ্র্ + অ] অভ্রং.লিহ,˜ .ভেদী (-দিন্) বিণ. আকাশ স্পর্শ করে এমন, আকাশচুম্বী; অত্যুচ্চ (অভ্রংলিহ

উচ্চাশা, অভ্রভেদী পর্বত)। ˜ .চ্ছায়া বি. মেঘের ছায়া। ˜ .নীল বিণ. আকাশের মতো নীল (অভ্রনীল বস্ত্র)।

অভ্রক (p. 055) [abhraka] বি. অভ্রধাতু, অভ্র, আভ। [সং. অভ্র +ক]।

অভ্রচ্ছায়া (p. 055) [abhracchāẏā] দ্র অভ্র।

অভ্রনীল (p. 055) [abhranīla] দ্র অভ্র।

অভ্রপুস্প (p. 055) [abhrapuspa] বি. 1 বেতস গাছ; বেত গাছ; 2 বৃষ্টি; 3 (আল.) আকাশকুসুম, অলীক কল্পনা। [সং. অভ্র + পুস্প]।

অভ্রভেদী (p. 055) [abhrabhēdī] দ্র অভ্র।

অভ্রম (p. 055) [abhrama] বি. ভ্রমের বা ভুলের অভাব, ভ্রমহীনতা। [সং. ন + ভ্রম]।

অভ্রাতৃক (p. 055) [abhrātṛka] বিণ. ভ্রাতৃহীন, ভাই নেই এমন। [সং. ন + ভাতৃ + ক]।

অভ্রান্ত (p. 055) [abhrānta] বিণ. ভুল নয় এমন; ভুল হবার নয় এমন (অভ্রান্ত শাস্ত্রবাক্য); নির্ভুল, সঠিক; ভুল করে না এমন। [সং. ন + ভ্রান্ত]। অভ্রান্ত লক্ষ্য বি. অব্যর্থ লক্ষ্য বা টিপ; স্হির লক্ষ্য। □ বিণ. যার লক্ষ্য অভ্রান্ত। অভ্রান্তি বি. ভ্রান্তির অভাব; ভুলের অভাব।

অমঙ্গল (p. 055) [amaṅgala] বি. মঙ্গল বা কল্যাণের অভাব; অশুভ বিষয়; ক্ষতি, অপকার (অমঙ্গল ঘনিয়ে আসবে)। [সং. ন + মঙ্গল]। ̃ .কর, ̃ .জনক বিণ. অকল্যাণকর, ক্ষতিকর। অমঙ্গল্য বিণ. অমঙ্গলজনক, ক্ষতিকর।

অমত (p. 055) [amata] বি. অসম্মতি; অসমর্থন; আপত্তি (তাঁর অমতেই একাজ হয়েছে)। [বাং. অ + মত]। অমত করা ক্রি. আপত্তি জানানো (তিনি আর এতে অমত করেননি)।

অমৎসর (p. 055) [amatsara] বিণ. হিংসাশূণ্য, পরশ্রীকাতরতা নেই এমন। [সং. ন + মৎসর]।

অমতি (p. 055) [amati] বি. দুর্মতি, দুর্বুদ্ধি। □ বিণ. বুদ্ধিহীন; দুষ্টবুদ্ধিসম্পন্ন। [সং. ন + মতি]।

অমত্ত (p. 055) [amatta] বিণ. মত্ত নয় এমন; স্বাভাবিক বা শান্ত। [সং. ন + মত্ত]।

অমন (p. 055) [amana] বিণ. বিণ-বিণ. ক্রি-বিণ. ওই রকম (অমন রূপ, অমন ছেলে, অমন কথা, অমন দয়ালু, অমন হাসে)। [সং. অমুষ্মিন্ ?]। অমনই বিণ. বিণ. বিণ-বিণ. ক্রি-বিণ. ওইরকমই। ̃ .ধারা বিণ. (কথা) ওইরকম (অমনধারা কথা বোলো না)।

অমনি, অম্নি (p. 055) [amani, amni] বিণ. ক্রি-বিণ. 1 ওইরকম (অমনি গুছিয়ে রাখো, অমনি সুন্দর); 2 অকারণে (ওখানে অমনি যাচ্ছি); 3 (শুধু হাতে (কুটুমবাড়ি অমনি যেয়ো না); 4 খালি গায়ে (অমনি গায়ে থেকো না); 5 শুধু, কেবল (অমনি ভাত খাওয়া যায়?); 6 অবলম্বনহীন (খুঁটি ছাড়া চালাখানা কি অমনি থাকতে পারে ?); 7 বিনামূল্যে ('অমনি নেব কিনে': রবীন্দ্র); 8 তৎক্ষণাত্ (অমনি আমি উঠে বসলাম বিছানায়; 'অমনি চারিধারে নয়ন উঁকি মারে': রবিন্দ্র); 9 বিনা আয়াসে, পরিশ্রম ছাড়াই (পরীক্ষায় অমনি পাশ হয় না)। [তু. অমন]। অমনি অমনি ক্রি-বিণ. বিনা করণে (অমনি অমনি তোমায় মারল? অমনি অমনি কেউ শাস্তি পায় না) অমনি একরকম বিশেষ ভালোও নয় মন্দও নয়, মাঝামাঝিরকম।

অমনুষ্য (p. 055) [amanuṣya] বি. মনুষত্বহীন ব্যাক্তি; কাপুরুষ বা ভীরু ব্যাক্তি; পশুস্বভাব ব্যক্তি। [সং. ন + মনুষ্য]। ̃ .ত্ব বি. মনুষ্যত্বের অভাব; অমানুষের মতো বা পশুর মতো আচরণ।

অমনো-নয়ন (p. 055) [amanō-naẏana] বি. পছন্দের অভাব; মনোনিত না করা; পছন্দ না করা। [সং. ন + মনোনয়ন]। বিণ. অমনো. নীত

অমনো-নীত (p. 055) [amanō-nīta] বিণ. নির্বাচিত করা হয়নি অমন, পছন্দ করা হয়নি এমন, অপছন্দ, বেছে নেওয়া হয়নি এমন। [সং. ন + মনোনীত]।

অমনো-যোগ (p. 055) [amanō-yōga] বি. 1 মনোযোগ বা একাগ্রতার অভাব (পাঠে অমনোযোগ), অনবধানতা; 2 উপেক্ষা, অবহেলা। [সং. ন +

মনোযোগ]। অমনো-যোগী (-গিন্) বিণ. একাগ্র নয় এমন, মন দেয় না এমন; অন্যমনস্ক (অমনোযোগী পাঠক)।

অমন্ত্র (p. 055) [amantra] বিণ. মন্ত্রহীন, (গুরুর কাছে) মন্ত্র নেয়নি এমন। □ বি. মন্ত্রের অভাব; যা মন্ত্র নয়। ̃ক বিণ. গুরুমন্ত্র নেয়নি এমন; মন্ত্রহীন।

অমন্ত্রক (p. 055) [amantraka] দ্র অমন্ত্র

অমন্হর (p. 055) [amanhara] বিণ. মন্হর বা ধীর নয় এমন, ক্ষিপ্র, দ্রুত (অমন্হর পায়ে প্রস্থান, অমন্হর গতি)। [সং. ন + মন্হর]। ̃ তা বি. দ্রুততা; দ্রুত গতি।

অমন্দ (p. 055) [amanda] বিণ. 1 মন্দ বা খারাপ নয় এমন, ভালো; 2 বেগবান, দ্রুতগতিসম্পন্ন, দ্রুত যায় এমন; 3 প্রচুর; 4 পটু; দক্ষ; 5 (গ্রা.) খুব খারাপ। [সং. ন + মন্দ]।

অমর (p. 055) [amara] বিণ. মরে না এমন, মৃত্যুহীন, চিরজীবী; অবিনশ্বর; অক্ষয়, চিরস্মরণীয় (অমর কীর্তি)। □ বি. দেবতা। [সং. ন + মর]। ̃তা, ̃ত্ব বি. মৃত্যুহীনতা, চিরস্থায়িত্ব ('লভিয়াছে অমরতা এ মর ধরায়': নবীন)। ̃ .ধাম, ̃ .লোক বি. 1 যেখানে মৃত্যু নেই, দেবলোক, স্বর্গ; ইন্দ্রপুরী; 2 পরলোক।

অমর.কোষ (p. 055) [amara.kōṣa] বি. অমরসিংহের রচিত সংস্কৃত অভিধান। [সং. অমর + কোষ]।

অমর.তরু (p. 055) [amara.taru] বি. পারিজাত মন্দার কল্পবৃক্ষ সন্তানবৃক্ষ ও হরিচন্দন; স্বর্গের এই পাঁচটি বৃক্ষ। [সং. অমর + তরু]।

অমরতা (p. 055) [amaratā] দ্র অমর।

অমরধাম, অমরলোক (p. 055) [amaradhāma, amaralōka] দ্র অমর।

অমর.নাথ (p. 055) [amara.nātha] বি. 1 ইন্দ্র; 2 কাশ্মীরের উত্তর-পূর্বস্থ পার্বত্য স্থান, শিবমন্দিরের জন্য হিন্দুদের কাছে যা পরমতীর্থ হিসাবে বিবেচিত।

অমরা1 (p. 055) [amarā1] বি. 1 গর্ভস্থ নাভির সঙ্গে সংযুক্ত নাড়ীর অগ্রভাগের ফুল, গর্ভকুসুম, placenta (বি. প.); 2 জরায়ু। [সং. অমর + আ]।

অমরা2 (p. 055) [amarā2] বি. 1 স্বর্গ, দেবলোক; 2 ইন্দ্রপুরী। [সং. অমর + অ + আ]।

অমরাত্মা (p. 055) [amarātmā] (-ত্মন্) বি. পুণ্যশ্লোক মহাপুরুষ, চিরস্মরনীয় মহাপুরুষ। [সং. অমর + আত্মন্]।

অমরা-বতী (p. 057) [amarā-batī] বি. ইন্দ্রপুরী, দেবগণের বাসস্থান, স্বর্গ। [সং. অমরা +বত্ + ঈ]।

অমরালয় (p. 057) [amarālaẏa] বি. স্বর্গ, স্বর্গলোক, দেবগণের আলয়। [সং. অমর + আলয়]।

অমরু-শতক (p. 057) [amaru-śataka] বি. অমরু নামে পরিচিত জনৈক কবির রচিত একশত শ্লোকে সম্পূর্ণ সংস্কৃত কাব্য। [সং. অমরু + শতক]।

অমরেশ, অমরেশ্বর (p. 057) [amarēśa, amarēśbara] বি. দেবরাজ, অমরদেব, অধিপতি, দেবগণের রাজা; ইন্দ্র। [সং. অমর + ঈশ, + ঈশ্বর]।

অমর্ত্য (p. 057) [amartya] বিণ. 1 মর্ত্যের নয় এমন, অপার্থিব; 2 স্বর্গীয়। □ বি. অমর দেবতা। ˜ .ভুবন বি. দেবলোক, স্বর্গ। ˜ .লোক বি. দেবলোক, স্বর্গ। [সং. ন + মর্ত্য]।

অমর্যাদা (p. 057) [amaryādā] বি. মর্যাদা বা সম্মানের অভাব; অপমান, অনাদর; অবজ্ঞা। [সং. ন + মর্যাদা]। অমর্যাদ বিণ. মর্যাদাহীন; সীমাহীন।

অমর্ষ, অমর্ষণ (p. 057) [amarṣa, amarṣaṇa] বি. 1 ক্রোধ; 2 অক্ষমা, অসহিষ্ণুতা। □ বিণ. 1 ক্রুদ্ধ; 2 ক্ষমাহীন। [সং. ন + √ মৃষ্ + অ, + অন]। অমর্ষিত, অমর্ষী (-র্ষিন্) বিণ. রাগী, ক্রোধী; ক্রোধযুক্ত, ক্রুদ্ধ।

অমল (p. 057) [amala] বিণ. 1 মল বা ময়লা নেই এমন, নির্মল, অনাবিল, পরিষ্কার ('ওই অমল হাতে রজনী প্রাতে': রবীন্দ্র); 2 শুভ্র, ধবল ('অমল কমল সহজে জলের কোলে': রবীন্দ্র)। [সং. ন + মল]। স্ত্রী. অমলা। ˜ .ধবল বিণ. সম্পূর্ণ সাদা, শুভ্র ('অমলধবল পালে লেগেছে মন্দমধুর হাওয়া': র. ঠা.)।

অমলক (p. 057) [amalaka] বি. আমলকী। [সং. অমল + ক]।

অমলিন (p. 057) [amalina] বিণ. 1 মলিন বা ময়লা নয় এমন, পরিচ্ছন্ন; 2 নির্দোষ, নিষ্কলঙ্ক; 3 উজ্জ্বল (অমলিন সৌন্দর্য)। সং. ন + মলিন]।

অমলেট (p. 057) [amalēṭa] বি. ডিম ভেজে প্রস্তুত খাবার। [ইং. omlet]।

অমসৃণ (p. 057) [amasṛṇa] বিণ. মসৃণ নয় এমন, কর্কশ; এবড়োখেবড়ো, অসমতল। [সং. ন + মসৃণ]। ̃ তা বি. কর্কশতা, রুক্ষতা, এবড়োখেবড়ো অবস্থা।

অমা, অমা-বস্যা, অমা-বাস্যা (p. 057) [amā, amā-basyā, amā-bāsyā] বি. কৃষ্ণপক্ষের শেষ তিথি, যখন চাঁদকে একেবারেই দেখা যায় না। [সং. ন + √ মা + ক্বিপ্, অমা + √ বস্ + য + আ]। অমা-নিশা, (অশু. কিন্তু প্রচলিত) অমা-নিশি, অমা-রজনী বি. অমাবস্যার রাত্রি, ঘোর অন্ধকার রাত্রি ('দিশি দিশি গেল মিশি অমানিশি দূরে দূরে': রবীন্দ্র)। অমাবস্যার চাঁদ (আল.) যার দেখা পাওয়া ভার, যাকে সচরাচর দেখা যায় না।

অমাংসল (p. 057) [amāṃsala] বিণ. শরীরে মাংস তেমন নেই এমন; কৃশ। [সং. ন + মাংসল]।

অমাতৃক (p. 057) [amātṛka] বিণ. মা নেই এমন, মাতৃহীন (অমাতৃক শাবক)। [সং. ন + মাতৃ + ক]।

অমাত্য (p. 057) [amātya] বি. মন্ত্রী, পরামর্শ বা মন্ত্রণা দেন যিনি। [সং. অমা + √ অত্ + য]। ̃ .তন্ত্র বি. অমাত্যদের দ্বারা পরিচালিত শাসনব্যবস্থা।

অমাননা (p. 057) [amānanā] বি. অসম্মান; অনাদর; অবজ্ঞা; না মানা। [সং. ন + √ মন্ + ণিচ্ + অন + আ]।

অমানব (p. 057) [amānaba] বি. মনুষ্যত্বহীন ব্যক্তি; কুৎসিত মানুষ; মানবেতর সত্তা অর্থাত্ মানুষ ছাড়া অন্য (দেবতা, অসুর, ইত্যাদি)। □ বিণ. মানুষ নেউ এমন, মানবহীন। [সং. ন + মানব]। অমানবিক বিণ. 1 মানুষের পক্ষে স্বাভাবিক নয় এমন; 2 নিষ্ঠুর।

অমানান (p. 057) [amānāna] বিণ. মানানসই নয় এমন, মানায় না এমন। [বাং. ন + মানান (শোভনতা)]। তু. বেমানান।

অমানিশা, অমানিশি (p. 057) [amāniśā, amāniśi] দ্র অমা

অমানী (p. 057) [amānī] (-নিন্) বিণ. অহংকার বা অভিমান নেই এমন; বিনয়ী। [সং. ন + মানিন্]।

অমানুষ (p. 057) [amānuṣa] বিণ. 1 মনুষ্যত্বহীন, মানুষের গুণ নেই এমন; পশুর মতো স্বভাববিশিষ্ট; 2 অলৌকিক, মনুষ্যাতীত। □ বি. মানুষ ছাড়া অন্য; মনুষ্যত্বহীন ব্যক্তি; পশুতুল্য মানুষ, স্বভাবে হীন এমন ব্যক্তি। [সং. ন + মানুষ]। অমানুষিক বিণ. 1 মানুষের অসাধ্য (অমানুষিক পরিশ্রম); 2 মানুষের পক্ষে অসহ্য (অমানুষিক অত্যাচার)। বি. অমানুষিকতা।

অমান্য (p. 057) [amānya] বিণ. মানবার মতো নয় এমন; অশ্রদ্ধেয়; পালন করা যায় না এমন। □ বি. (বাংলায় বিশেষ প্রয়োগ) লজ্ঘন, অমাননা (আইন অমান্য আন্দোলন)। [সং. ন + মান্য]। অমান্য করা ক্রি. বি. লঙ্‌ঘন করা, না মানা; অসম্মান করা।

অমাবস্যা, অমাবাস্যা (p. 057) [amābasyā, amābāsyā] দ্র অমা।

অমায়িক (p. 057) [amāẏika] বিণ. 1 অকপট, সরল, 2 স্নেহশীল; 3 নিরহংকার; 4 ভদ্র ও আন্তরিকতাপূর্ণ (অমায়িক ব্যবহার)। [সং. ন + মায়া + ইক]। ̃ তা বি. অমায়িক আচরণ, ভদ্র ব্যবহার।

অমারজনী (p. 057) [amārajanī] দ্র অমা।

অমার্জনীয় (p. 057) [amārjanīẏa] বিণ. ক্ষমার অযোগ্য, ক্ষমা করা যায় না এমন (অমার্জনীয় অপরাধ, অমার্জনীয় ক্রুটি)। [সং. ন + মার্জনীয়]।

অমার্জিত (p. 057) [amārjita] বিণ. 1 পরিষ্কার করা হয়নি এমন; 2 সংস্কার করা হয়নি এমন; অপরিমার্জিত; 3 অভদ্র, অশিষ্ট (অমার্জিত রুচি); 4 মার্জনা বা ক্ষমা করা হয়নি এমন। [সং. ন + মার্জিত]।

অমিত (p. 057) [amita] বিণ. পরিমিত নয় এমন, প্রচুর, অত্যধিক; সীমাহীন, অসীম (অমিত বল, অমিত সাহস, অমিত তেজ)। [সং. ন + মিত]। ̃ .তেজা (-তেজস্‌) বিণ. সীমাহীন তেজ বা ক্ষমতা আছে এমন, অত্যধিক শক্তিশালী। ̃

.বিক্রম বি. বিণ. অসীম বিক্রম বা তেজ; অসীম তেজযুক্ত।˜ .বাক,˜ .বাক্,˜ .ভাষী (-ষিন্) বিণ. বেশি কথা বলে এমন, প্রয়োজনের চেয়ে বেশি কথা বলে এমন; বাচাল।˜ .ব্যয় বি. বেহিসাবি অর্থাত্ প্রচুর খরচ।˜ .ব্যয়িতা বি. বেহিসাবি খরচ করার স্বভাব বা অভ্যাস।˜ .ব্যয়ী (-য়িন্) বিণ. বেহিসাবি খরচ করে এমন।˜ .শক্তি বিণ. অত্যধিক শক্তির অধিকারী (অমিতশক্তি পুরুষ)। অমিতাক্ষর বি. অমিত্রাক্ষর যেখানে শেষ অক্ষরে মিল বা অন্ত্যমিল থাকে না। অমিতাচার বি. অসংযত আচরণ, অসংযম। □ বিণ. অসংযত আচরণকারী, অমিতাচারী, অসংযমী। অমিতাচারী (-রিন্) বিণ. অসংযমী, অসংযত আচরণ করে এমন। বি. অমিতাচারিতা। অমিতাভ দ্র অমিতাভ।

অমিতাভ (p. 057) [amitābha] বি. যাঁর আভা বা জ্যোতি অমিত অর্থাত্ অত্যধিক; বুদ্ধদেব। [সং. অমিত + আভা]।

অমিতি (p. 057) [amiti] বি. নিশ্চয় জ্ঞানের অভাব; প্রমানের অভাব ('প্রমিতির বিষবৃক্ষে, অমিতির অচিন্ত্য অভাবে': সু. দ.)। তু. বিপ. প্রমিতি। [সং. অ + √ মা + তি]।

অমিত্র (p. 057) [amitra] বি. বন্ধু নয় এমন ব্যক্তি; শত্রু। □ বিণ. মিত্রহীন; প্রতিকূল। [সং. ন + মিত্র]।˜ তা বি. শত্রুতা; প্রতিকূলতা।˜ .সুদন বি. শত্রুকে ধ্বংস করে এমন ব্যক্তি। □ শত্রুকে ধ্বংস করে এমন, শত্রুনিধনকারী।

অমিত্রাক্ষর (p. 057) [amitrākṣara] বি. অন্ত্যমিলহীন এবং যতির বাঁধাধরা নিয়মলঙ্ঘনকারী ছন্দরীতিবিশেষ। [সং. অমিত্র + অক্ষর]।

অমিয়, অমিয়া (p. 057) [amiẏa, amiẏā] বি. (কাব্যে) অমৃত ('অমিয়া সাগরে সিনান': চণ্ডী)। ☐ বিণ. অমৃততুল্য, অতি মধুর (অমিয় বাণী)। [সং. অমৃত >]।

অমিল (p. 057) [amila] বি. মিলের অভাব; বিরোধ (ভাইয়ে ভাইয়ে এই অমিল ক্ষতিকর)। ☐ বিণ. 1 মেলে না বা পাওয়া যায় না এমন, দুর্লভ (খাঁটি দুধ এখানে অমিল); 2 মিলহীন (অমিল কবিতা)। [বাং. অ + মিল]।

অমিশুক (p. 057) [amiśuka] বিণ. 1 সহজে সকলের সঙ্গে মিশতে পারে না এমন; 2 অসামাজিক। [সং. অ + মিশুক]।

অমিশ্র (p. 057) [amiśra] বিণ. অন্য কিছু মেশানো নয় এমন; বিশুদ্ধ, খাঁটি; পৃথক। [সং. ন + মিশ্র]। অমিশ্র রাশি বি. (গণি.) অখণ্ড বা পূর্ণ সংখ্যা, whole number.

অমিশ্রিত (p. 057) [amiśrita] বিণ. অন্যকিছু মেশানো হয়নি এমন; খাঁটি, বিশুদ্ধ; পৃথক। [সং. ন + মিশ্রিত]।

অমীমাংসা (p. 057) [amīmāṃsā] বি. মীমাংসার অভাব; সিদ্ধান্তের বা ফয়সালার অভাব; সমাধানের অভাব। [সং. ন + মীমাংসা]। অমীমাংসিত বিণ. সমাধান হয়নি এমন; এখনও বিবেচনাধীন এমন; বিচারাধীন।

অমীমাংসিত (p. 057) [amīmāṃsita] দ্র অমীমাংসা।

অমুক (p. 057) [amuka] সর্ব. বিণ. বি. অজ্ঞাতনামা বা অনির্দিষ্টনামা ব্যক্তি বা বস্তু (অমুক অমুক জায়গায় যাব, অমুকচন্দ্র দাস, অমুকটা ভালো আর অমুকটা মন্দ)। [সং. অদস + ক, নিপাতনে]।

অমুক্ত (p. 057) [amukta] বিণ. মুক্তি পায়নি এমন, মুক্তি দেওয়া হয়নি এমন; আবদ্ধ; আবৃত, ঢাকা। [সং. ন + মুক্ত]। বি. অমুক্তি।

অমুণ্ডিত (p. 057) [amuṇḍita] বিণ. মুণ্ডিত বা মুড়ানো নয় এমন (অমুণ্ডিত মস্তক)। [সং. ন + মুণ্ডিত]।

অমূর্ত (p. 057) [amūrta] বিণ. মূর্তিহীন, আকৃতি এমন। [সং. ন + মূর্ত]।

অমূল1 (p. 057) [amūla1] -অমূল্য -র কোমল রূপ।

অমূল2 (p. 057) [amūla2] বিণ. 1 ভিত্তিহীন; 2 মূল বা শিকড় নেই এমন। [সং. ম + মূল]। অমূলক বিণ. 1 মূল বা শিকড় নেই এমন; 2 ভিত্তিহীন, কাল্পনিক (অমূলক ভয়, অমূলক সন্দেহ)।

অমূল্য (p. 057) [amūlya] বিণ. মূল্য দিয়ে পাওয়া যায় না এমন; এত বেশি মূল্য যে কেনা যায় না এমন; অতি মূল্যবান, মূল্য নিরুপণ করা যায় না এমন (অমূল্য উপদেশ)। [সং. ন + মূল্য]।

অমৃত (p. 057) [amṛta] বি. 1 যা পান করলে মৃত্যু হয় না, সুধা, পীযূষ; অতি মধুর বা জীবনরক্ষক খাদ্য বা পানীয়; 2 দেবতা (অমৃতলোক, অমৃতের

পুত্র); 3 দেবলোক, স্বর্গ; 4 মোক্ষ; মুক্তি। □ বিণ. অত্যন্ত মধুর (অমৃত ফল); 2 জীবনরক্ষাকারী; 3 অমর। [সং. ন + মৃত]।˜ .কুণ্ড বি. যে কুণ্ড বা কূপের মধ্যে অমৃত থাকে; অমৃতের মতো মধুর খাদ্য থাকে এমন পাত্র।˜ .ফল বি. আম।˜ .বল্লী বি. গুলঞ্চ।˜ .ভাষী (-ষিন্) বিণ. মধুরভাষী। স্ত্রী.˜ .ভাষীণী।˜ .মন্হন বি. (হিন্দু পুরাণের কাহিনী অনুসারে) সমুদ্র মন্হন করে অমৃত উদ্ধার; (আল.) প্রবল প্রচেষ্টার দ্বারা বিশেষ মূল্যবান কোনো সামগ্রী আহরণ।˜ .যোগ বি. (জ্যোতিষ.) শুভ যোগবিশেষ।˜ .রস বি. সুধারস; অতি মধুর রস।˜ .লোক বি. দেবলোক, স্বর্গ।˜ ..হ্রদ বি. অমৃত বা সুধায় পূর্ণ হ্রদ। অমৃতা বি. 1 হরীতকী; 2 নাড়ীবিশেষ। অমৃতি বি. জিলিপির মতো আকৃতিবিশিষ্ট কিন্তু আরও বড় আরও পুষ্ট মিষ্টান্নবিশেষ। অমৃতে অরুচি (ব্যঙ্গে) অতি প্রিয় বস্তু সম্পর্কে বিরাগ (সিগারেট খেতে ইচ্ছে করছে না? হঠাত্ অমৃতে এমন অরুচি কেন?) অমৃতোপম বিণ. অমৃতের তুল্য, অমৃতের মতো; অতি মধুর।

অমেধাবী (p. 057) [amēdhābī] (-বিন্) মেধাবী নয় এমন, স্মৃতিশক্তি নেই এমন; বুদ্ধিহীন। [সং. ন + মেধাবিন্]।

অমেধ্য (p. 057) [amēdhya] বিণ. 1 যজ্ঞের পক্ষে অযোগ্য বা অনুপযুক্ত এমন; 2 অপবিত্র। □ বি. অপবিত্র বস্তু; মল, মূত্র ইত্যাদি। [সং. ন + মেধা]।

অমেয় (p. 057) [amēẏa] বিণ. মাপা যায় না এমন, পরিমাপ করা যায় না এমন; স্বরূপ বোঝা যায় না এমন (অমেয় জ্ঞানশক্তি, অমেয় প্রেমভক্তি)। [সং. ন + √ মা + য]।

অমেরু-দণ্ডী (p. 057) [amēru-danḍ̣ī] (-ণ্ডিন্) বিণ. মেরুদণ্ড নেই এমন (অমেরুদণ্ডী প্রাণী), invertebrate (বি. প.)। [সং. ন + মেরুদণ্ডী]।

অমোঘ (p. 057) [amōgha] বিণ. ব্যর্থ হয় না এমন, অব্যর্থ; সার্থক ('অত্যাচারের অমোঘ নিয়মে সুখী অসুখীর বিচ্ছেদ ভেঙে': বিষ্ণু; অমোঘ ওষুধ; অমোঘ বাণী)। [সং. ন + মোঘ (=বিফল)]।

অমোচনীয় (p. 057) [amōcanīẏa] বিণ. মোচন করা বা দূর করা যায় না এমন। [সং. মোচনীয়]।

অম্বর1 (p. 057) [ambara1] বি. 1 আকাশ ('নীল-অঞ্জনঘন পুঞ্জছায়ায় সম্বৃত অম্বর': রবীন্দ্র); 2 বস্ত্র (পীতাম্বর)। [সং. অম্ব্ + অর]। অম্বরী1 বি. শাড়ি (নীলাম্বরী)।

অম্বর2 (p. 057) [ambara2] বি. পাংশু বর্ণের ও ধূপের মতো দাহ্য একরকম গন্ধদ্রব্য, amber, ambergris. অম্বরী 2, অম্বুরি বিণ. অম্বর দ্বারা সুবাসিত বা সুগন্ধীকৃত (অম্বুরি তামাক)। [ইং. amber + বাং. ই-তু. সং. অম্বর + বাং. ই]।

অম্বরিষ1 (p. 057) [ambariṣa1] বি. ভাজার পাত্র, যে পাত্রে চাল, মুড়ি, খই ইত্যাদি ভাজা হয়। [সং. অম্ব্ + ঈষ, নিপাতনে]।

অম্বরীষ, অম্বরিষ2 (p. 059) [ambarīṣa, ambariṣa2] বি. 1 সূর্যবংশীয় জনৈক রাজা; 2 আকাশ। [সং. অম্ব্ + ঈষ, নিপাতনে]।

অম্বল (p. 059) [ambala] বি. 1 অম্ল, টক; 2 অম্লরোগ; 3 টক স্বাদের ঝোল। [সং. অম্ল]।

অম্বষ্ঠ (p. 059) [ambaṣṭha] বি. হিন্দুশাস্ত্রমতে ব্রাহ্মণ পুরুষ ও বৈশ্যা কন্যার বিবাহের ফলে উৎপন্ন জাতি; (কারও কারও মতে) বৈদ্যবর্ণ। [সং. অম্বা + √ স্থা + অ]।

অম্বা1 (p. 059) [ambā1] বি. মাতা, মা। [সং. অম্ব + অ + স্ত্রী + আ]।

অম্বা2, অম্বালিকা, অম্বিকা1 (p. 059) [ambā2, ambālikā, ambikā1] বি. 1 দুর্গা; 2 মহাভারতে উল্লিখিত কাশীরাজের যথাক্রমে জ্যেষ্ঠা, কনিষ্ঠা ও দ্বিতীয়া কন্যার নাম। [সং. অম্ব্ + অ + আ, অম্বলা + ক + আ, অম্বা + ক + আ]।

অম্বিকা2 (p. 059) [ambikā2] বি. 1 জননী; 2 দুর্গা। [সং. অম্বা + (স্বার্থে) ক + আ]। ̃ .নাথ, ̃ .পতি বি. শিব।

অম্বু (p. 059) [ambu] বি. জল। [সং. অম্ব + উ]। ̃ জ বিণ. জল থেকে বা জলে জন্ম হয়েছে এমন। □ বি. পদ্ম; শঙ্খ। ̃ জা বি. স্ত্রী. 1 পদ্মিনী; 2 লক্ষ্মী। ̃ দ বিণ. জল দেয় এমন। □ বি. মেঘ। ̃ ধি, ̃ .নিধি বি. সমুদ্র। ̃ .বাচি, ̃ .বাচী বি. জ্যৈষ্ঠ সংক্রান্তির পর অর্থাত্ আষাঢ় মাসে কৃষ্ণপক্ষে মিথুন রাশিতে সূর্য যখন আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ করে সেই তিথি (এইসময় হিন্দু বিধবারা অগ্নিপক্ক অর্থাত্ আগুনে পাক-করা কোনো খাদ্য গ্রহন করে না)। ̃ .বাসী (-সিন্) বিণ. জলে বাস করে এমন, জলচর। ̃ .বাহ, ̃ .বাহী (-হিন্) বিণ. জল বহন করে এমন। □ বি. মেঘ। ̃ .বিম্ব বি. জলের বুদবুদ।

অম্বুরি, অম্বুরী (p. 059) [amburi, amburī] দ্র অম্বর2।

অম্ভ, অম্ভঃ (p. 059) [ambha, ambhḥ] বি. জল। [সং. অন্ভ্ + অস্]।˜ .সার বি. মুক্তা। অম্ভোজ বিণ. জলজাত। □ বি. 1 পদ্ম; 2 শঙ্খ; 3 চন্দ্র। অম্ভোদ বি. মেঘ। অম্ভোধি, অম্ভো-নিধি বি. সমুদ্র।

অম্র (p. 059) [amra] বি. আম্র -র রূপভেদ।

অম্রাতক (p. 059) [amrātaka] বি. আমড়া। [সং. অম্র + অত্ + ক (স্বার্থে)]।

অম্ল (p. 059) [amla] বি. 1 রসবিশেষ; 2 টক স্বাদ; 3 দ্রাবক, acid; 4 অম্বল বা টকের ঝোল। □ বিণ. টকো, টক স্বাদযুক্ত। [সং. অম্ + ল]।˜ .জান দ্র অক্সিজেন।˜ তা বি. অম্লযুক্ত বা অম্লধর্মী অবস্থা, acidity (বি. প.)।˜ .পিত্ত বি. যে রোগে পিত্তদোষে ভুক্ত বস্তু অম্লরসযুক্ত হয়।˜. মধুর বিণ. মিষ্টি কিন্তু ঈষত্ টক স্বাদযুক্ত; টক-মিষ্টি; (আল.) (কথা ইত্যাদি সম্পর্কে) মিষ্টি প্রলেপ দেওয়া কিন্তু ঝাঁঝালো (অম্লমধুর তিরস্কার)।˜. মিতি বি. অম্লের পরিমাণ হিসাব করার বিদ্যা, acidimetry (বি. প.)।˜ .রাজ বি. দুটি বিশেষ অম্ল বা সিডের সংমিশ্রণ, aqua regia (বি. প.)।˜ .শূল বি. অম্লের আধিক্যজনিত পেটের ব্যাথা। অম্লাধিক্য বি. অম্ল বা অম্বলের আধিক্য বা বৃদ্ধি।

অম্লাক্ত (p. 059) [amlākta] বিণ. অম্ল স্বাদযুক্ত, টক। [সং. অম্ল + অক্ত]।

অম্লান (p. 059) [amlāna] বিণ. 1 ম্লান হয়নি বা হয় না এমন; অমলিন (অম্লান কুসুম, অম্লান সৌন্দর্য); 2 প্রফুল্ল; 3 কুণ্ঠাহীন, দ্বিধাহীন (অম্লানমুখে মিথ্যা বলা)। [সং. ন + ম্লান]।˜ .কুসুম বি. যে ফুল মলিন হয় না বা হয়নি।˜ .বদনে,˜ .মুখে ক্রি-বিণ. নিঃসংকোচে।

অম্লী-করণ (p. 059) [amlī-karaṇa] বি. বৈজ্ঞানিক প্রক্রিয়ায় অম্লে পরিণত করা, acidification (বি. প.)। [সং. অম্ল + ঈ + করণ]। অম্লী-কৃত বিণ. অম্লে পরিণত করা হয়েছে এমন, acidulated (বি. প.)।

অম্লোদ্-গার, অম্লোদগার (p. 059) [amlōd-gāra, amlōdagāra] বি. টক বা চোঁয়া ঢেকুর। [সং. অম্ল + উদ্গার]।

অযত্ন (p. 059) [ayatna] বি. যত্নের অভাব, চেষ্টার অভাব; অবহেলা। [সং. ন + যত্ন]।˜ ..কৃত বিণ. বিনা চেষ্টায় করা হয়েছে এমন; অবহেলায় করা হয়েছে এমন।˜ .জাত,˜ .সম্ভূত বিণ. বিনা চেষ্টায় বা আপনা থেকেই সৃষ্টি হয়েছে বা উৎপন্ন হয়েছে এমন।˜ .লব্ধ বিণ. চেষ্টা না করেই পাওয়া গেছে এমন।˜ .শীল বিণ. নিশ্চেষ্ট; অধ্যবসায়হীন।

অযথা (p. 059) [ayathā] বিণ. যথার্থ নয় বা ঠিক নয় এমন; অমূলক; সঠিক নয় এমন, অপ্রকৃত। □ ক্রি-বিণ. অন্যায়ভাবে; অকারণে (অযথা মিথ্যা বোলো না)। [সং. ন + যথা]।

অযথার্থ (p. 059) [ayathārtha] বিণ. মিথ্যা; কৃত্রিম; অন্যায্য; অনুচিত। [সং. ন + যথার্থ]।˜ তা বি. অসত্যতা; অকৃত্রিমতা; অনৌচিত্য।

অয়ন (p. 059) [aẏana] বি. 1 পথ; ব্যূহপথ; 2 ভূমি; 3 গৃহ; 4 সূর্যের গতি (উত্তরায়ণ, দক্ষিণায়ন); সূর্যের গতিপথ। [সং. √ অয়্ + অন]। ̃ .মণ্ডল বি. রাশিচক্র ও রাশিচক্রস্থ সূর্যের দৃশ্যমান গতিপথ। অয়নাংশ বি. সূর্যের ভ্রমণপথের অংশ।

অযশ, (বর্জি.) অযশঃ (p. 059) [ayaśa, (barji.) ayaśḥ] বি. অপযশ, অখ্যাতি, দুর্নাম, নিন্দা। [সং. ন + যশস্]। অযশস্কর বিণ. অখ্যাতিজনক, নিন্দা বা অপবাদ হয় এমন।

অয়স, অয়স্ (p. 059) [aẏasa, aẏas] বি. লোহা। [সং. অয় + অস্]। অয়স্কঠিন বিণ. লোহার মতো শক্ত; অত্যন্ত কঠিন বা শক্ত ('অয়স্কঠিন ব্রত': প্রেমেন্দ্র)। অয়স্কান্ত বি. চুম্বক পাথর, magnet, load-stone. অয়স্কার বি. লৌহকার, কামার।

অযাচনীয়, অযাচ্য (p. 059) [ayācanīẏa, ayācya] বিণ. প্রার্থনার অযোগ্য; চাওয়া যায় না বা উচিত নয় এমন। [সং. ন + যাচনীয়, যাচ্য]।

অযাচিত (p. 059) [ayācita] বিণ. চাওয়া হয়নি এমন (অযাচিত উপদেশ, অযাচিত দান)। [সং. ন + যাচিত]। ̃ .ভাবে ক্রি-বিণ. না চাইতেই, আপনা থেকেই (অযাচিতভাবে উপদেশ দিয়ে গেল)।

অযাজনীয়, অযাজ্য (p. 059) [ayājanīẏa, ayājya] বিণ. যাজনের বা যজ্ঞক্রিয়ার অযোগ্য। [সং. ন + যাজনীয়, যাজ্য]। অযাজ্য-যাজন বি. শাস্ত্রবিরুদ্ধ

যজ্ঞের পৌরোহিত্য, অশাস্ত্রীয় যজ্ঞের পরিচালনা। অযাজ্য-যাজী (-জিন্) বিণ. বি. অশাস্ত্রীয় যজ্ঞের পুরোহিত বা পরিচালক।

অযাত্রা (p. 059) [ayātrā] বি. 1 যে সময়ে কোথাও যাওয়া নিষিদ্ধ; অশুভ যাত্রা ('অযাত্রাতে নৌকো ভাসা': রবীন্দ্র); 2 যাওয়ার মুহূর্তে যা দেখা বা শোনা অশুভ লক্ষণ বলে মনে করা হয়। [সং. ন + যাত্রা]। অযাত্রিক বিণ. যাত্রার পক্ষে শুভ নয় এমন।

অযাথার্থ্য (p. 060) [ayāthārthya] বি. অসত্যতা; অন্যায্যতা, অযৌক্তিকতা। [সং. ন + যাথার্থ্য]।

অয়ি (p. 060) [aẏi] অব্য. (স্ত্রীলিঙ্গে) ভক্তি প্রেম বা স্নেহসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ ('অয়ি ভুবনমনমোহিনী' রবীন্দ্র)।

অযুক্ত (p. 060) [ayukta] বিণ. 1 যোগহীন, সংযোগ নেই এমন; যুক্ত নয় এমন; পৃথক; 2 যুক্তিবিরুদ্ধ, যুক্তিহীন; অনুচিত। [সং. ন + যুক্ত]। অযুক্তি বি. 1 যোগহীনতা, সংযোগহীনতা; পার্থক্য; 2 কুযুক্তি, কুপরামর্শ; 3 বিচারে অসংগতি; অন্যায় বা ভুল বিচার; অনৌচিত্য। অযুক্তি-যুক্ত বিণ. যুক্তিযুক্ত বা যুক্তিপূর্ণ নয় এমন, অযৌক্তিক।

অযুগ্ম (p. 060) [ayugma] বিণ. বিজোড়; পৃথক, স্বতন্ত্র। [সং. ন + যুগ্ম]।

অযুত (p. 060) [ayuta] বি. দশ হাজার। □ বিণ. যুক্ত নয় এমন, পৃথক। [সং. ন + যুত]।

অয়ে (p. 060) [aẏē] অব্য. (বিরল) অয়ি -র রূপভেদ।

অয়েল (p. 060) [aẏēla] বি. তেল। [ইং. oil]। অয়েল করা ক্রি. বি. 1 যন্ত্রাদি সচল রাখার জন্য তাতে তেল দেওয়া; 2 (ব্যঙ্গে) স্তাবকতা করা।˜ .ক্লথ বি. (সচ. শিশুদের বিছানায় পাতা হয় এমন) তেলা কাপড়বিশেষ, oil cloth.˜ .পেপার বি. তেলা কাগজবিশেষ, oil paper.˜ .পেইন্টিং বি. তৈলচিত্র, oil painting, অয়েলিং বি. (ব্যঙ্গে) তোয়াজ।

অযোগ (p. 060) [ayōga] বি. 1 যোগের অভাব; বিয়োগ; বিচ্ছেদ; 2 উপযোগিতার অভাব; 3 অশুভ যোগ। [সং. ন + যোগ]।

অযোগ-বাহ, অযোগ-বাহ বর্ণ (p. 060) [ayōga-bāha, ayōga-bāha barṇa] বি. যে বর্ণ অন্য বর্ণের সঙ্গে যুক্ত হয় না কিন্তু প্রয়োগ নির্বাহ করে, যথা অনুস্বার (ং) ও বিসর্গ (ঃ)। [সং. অযোগ + √ বহ্ + অ + বর্ণ]।

অযোগ্য (p. 060) [ayōgya] বিণ. 1 যোগ্য নয় এমন; উপযুক্ত নয় এমন; 2 অক্ষম, অকর্মণ্য; 3 অন্যায়। [সং. ন + যোগ্য]। স্ত্রী. অযোগ্যা।˜ তা বি. যোগ্যতার অভাব; অনুপযুক্ততা; অক্ষমতা; অকর্মণ্যতা।

অয়ো-ঘন (p. 060) [aẏō-ghana] বি. লোহার মুগুর; হাতুড়ি। [সং. অয়স্ + ঘন]।

অযোদ্ধা (p. 060) [ayōddhā] বি. 1 অপটু যোদ্ধা; 2 যে ব্যক্তি যোদ্ধা নয়। [সং. ন + যোদ্ধা]।

অযোধ্য (p. 060) [ayōdhya] বিণ. 1 যুদ্ধ করার অযোগ্য; 2 অজেয়, যুদ্ধে পরাজিত করা যায় না এমন। [সং. ন + যোধ্য]।

অযোধ্যা (p. 060) [ayōdhyā] বি. প্রাচীন কোশলরাজ্যের সূর্যবংশীয় রাজাদের রাজধানী।

অযোধ্যা-কাণ্ড (p. 060) [ayōdhyā-kāṇḍa] বি. রামায়ণের দ্বিতীয় কাণ্ড বা অধ্যায় যেখানে অযোধ্যার যুবরাজ রামের রাজ্যাভিষেক ও নির্বাসনের কাহিনী বর্ণিত আছে। [সং. অযোধ্যা + কাণ্ড]।

অযোনি (p. 060) [ayōni] বিণ. জন্মহীন। □ বি. যোনি ব্যতীত অন্য স্থান। [সং. ন + যোনী]। ̃ জ, ̃ .সম্ভব, ̃ .সম্ভৃত বিণ. নারীর গর্ভে জন্ম হয়নি এমন; যোনী থেকে উৎপন্ন হয়নি এমন। □ বি. 1 ব্রহ্মা; 2 পরমেশ্বর। ̃ জা, ̃ .সম্ভবা, ̃ .সম্ভূতা স্ত্রী. বিণ. নারীর গর্ভে জন্ম হয়নি এমন। □ বি. 1 সীতা; 2 দ্রৌপদী।

অয়ো-ময় (p. 060) [aẏō-maẏa] বিণ. লৌহময়; লোহা দিয়ে তৈরী। [সং. অয়স্ + ময়ট্]।

অয়ো-মল (p. 060) [aẏō-mala] বি. লোহার মরচে বা জং। [সং. অয়স্ + মল]।

অয়ো-মুখ (p. 060) [aẏō-mukha] বি. লোহামুখ বাণ, যে বাণের মুখ বা ডগা লোহার তৈরী। □ বিণ. মুখ বা ডগা লোহার তৈরী এমন, লৌহময় মুখবিশিষ্ট। [সং. অয়স্ + মুখ]।

অযৌক্তিক (p. 060) [ayauktika] বিণ. যুক্তিযুক্ত বা যুক্তিসহ নয় এমন; যুক্তিবিরুদ্ধ (অযৌক্তিক দাবি)। [সং. ন + যুক্তি + ইক]। ̃ তা বি. যুক্তিহীনতা, যুক্তিবিরুদ্ধতা।

অযৌগিক (p. 060) [ayaugika] বিণ. 1 যৌগিক নয় এমন; একাধিক উপাদান দিয়ে তৈরী নয় এমন; 2 (ব্যাক.) প্রকৃতি-প্রত্যয়যোগে সিদ্ধ নয় এমন। [সং. ন + যৌগিক]।

অযৌন (p. 060) [ayauna] বিণ. যৌনাঙ্গসম্পর্কিত নয় এমন, asexual; যোনিজাত নয় এমন। [সং. ন + যৌন]। ̃ জনন বি. যে জনন বা বংশবিস্তার যোনিজাত নয়, asexual reproduction (বি.প.)।

অর (p. 060) [ara] বি. চাকার পাখি অর্থাত্ যে শলাকা চাকার মাঝখানের নাভিকে পরিধির সঙ্গে যুক্ত করে, spoke. [সং. √ ঋ + অ]।

অরক্ষণীয় (p. 060) [arakṣaṇīẏa] বিণ. রাখা বা রক্ষা করা যায় না বা অনুচিত এমন। [সং. ন + রক্ষণীয়] অরক্ষণীয়া বি. বিণ. (স্ত্রী.) বিবাহের সময় উর্ত্তীণ হয়ে গেছে এমন (কন্যা); আর অবিবাহিতা রাখা অনুচিত এমন (কন্যা)।

অরক্ষিত (p. 060) [arakṣita] বিণ. 1 রক্ষা করা হয়নি এমন; রক্ষার ব্যবস্থা করা হয়নি এমন, unprotected (অরক্ষিত নগরী, অরক্ষিত অঞ্চল); 2 পালন করা হয়নি এমন (অরক্ষিত আদেশ); 3 অসঞ্চিত; বাজে খরচ করা হয়েছে এমন (অরক্ষিত ধন)। [সং. ন + রক্ষিত]।

অর-ঘট্ট (p. 060) [ara-ghaṭṭa] বি. 1 কূপ ইঁদারা; 2 কূপ থেকে জল তোলার কাঠের ঘটির মত যন্ত্রবিশেষ; [সং. অর. + ঘট্ট]।

অরজা, অরজাঃ (p. 060) [arajā, arajāḥ] বিণ. 1 এখনও ঋতুমতী হয়নি এমন (অরজা বালিকা); 2 রজোগুণ নেই এমন, রজোগুণরহিত, 3 ধূলিশূন্য; নির্মল। [সং. ন + রজঃ + আ (স্ত্রী.)]।

অরণি, অরণী (p. 060) [araṇi, araṇī] বি. 1 যে কাঠের ঘর্ষণে আগুন জ্বলে; 2 চকমকী পাথর flint. [সং. √ ঋ + অনি]। (অতএব অরণিকাষ্ঠ শব্দের কাষ্ঠ শব্দাংশ বাহুল্য)।

অরণ্য (p. 060) [araṇya] বি. গাছপালা ও ঝোপঝাড়ে পূর্ণ প্রায় দুর্গম বিস্তীর্ণ অঞ্চল যেখানে পশু বিচরণ করে; বন, জঙ্গল। [সং. √ ঋ + অন্য]।˜ .কাণ্ড বি. রামায়ণের তৃতীয় কাণ্ড বা অধ্যায় যেখানে রামের বনবাসের বর্ণনা আছে।˜ .চর,˜ .চারী (-রিন্) বিণ. বনে বিচরণ করে এমন, বনচর; বন্য।˜ .জাত বিণ. বনে জন্মে এমন, বনে উৎপন্ন হয়েছে এমন।˜ .বাসী (-সিন্) বিণ. বনে বাস করে এমন, বনবাসী।˜ .ষষ্ঠী বি. জ্যৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠী, জামাই ষষ্ঠী।˜ .সংকুল বিণ. জঙ্গলাকীর্ণ (অরণ্যসংকুল দেশ)। অরণ্যানী বি. বিশাল বন, মহাবন। অরণ্যে রোদন নিস্ফল আবেদন।

অরতি (p. 060) [arati] বি. রতির অভাব ('নামুক অরতি অতএব মোর শরীরে': সু. দ.); প্রীতির অভাব; বিরাগ। [সং. ন + রতি]।

অরন্ধন (p. 061) [arandhana] বি. রান্নার বিরতি; যেদিন রান্না করা নিষিদ্ধ: ভাদ্র মাসের সংক্রান্তির দিন, যেহেতু এই দিন রান্না করা নিষিদ্ধ। [সং. ন + রন্ধন]।

অর-বিন্দ (p. 061) [ara-binda] বি. 1 পদ্ম; 2 লালপদ্ম; 3 নীলপদ্ম। [সং. অর + √ বিন্দ্ + অ]।

অররু (p. 061) [araru] বি. 1 শত্রু ('অররু-পুরে': মধু.); 2 অসুরবিশেষের নাম। □ বিণ. হিংস্র; হিংসাপরায়ণ [সং. √ ঋ + অরু]।

অরসজ্ঞ, অরসিক (p. 061) [arasajña, arasika] বিণ. রসজ্ঞান নেই এমন; বেরসিক। [সং. ন + রসজ্ঞ, রসিক]। অরসজ্ঞা, অরসিকা বিণ. (স্ত্রী.) রসজ্ঞানহীনা, বেরসিকা।

অরাজক (p. 061) [arājaka] বিণ. 1 শাসনহীন; বিশৃঙ্খল; কোনো নিয়ম বা শৃঙ্খলা নেই এবং যার যা ইচ্ছা তাই করে এমন; 2 রাজা নেই এমন, রাজহীন। [সং. ন + রাজন্ + ক]। ˜ তা বি. বিশৃঙ্খল অবস্থা (দেশে তখন চরম অরাজকতা চলছিল)।

অরাতি (p. 061) [arāti] বি. যে সুখ বা আনন্দ দেয় না; শত্রু, অরি। [সং. ন + √ রা + তি]। ̃. দমন বিণ. শত্রুকে দমন করে এমন, শত্রুদমনকারী।

অরি1 (p. 061) [ari1] বি. 1 যে অনিষ্ট বা ক্ষতি করে; শত্রু; 2 শরীরের ছয়টি রিপু। [সং. √ ঋ +ই]। ̃ জিত্ বি. বিণ. শত্রুকে যে জয় করেছে। অরিন্দম বিণ. বি. অরিকে অর্থাত্ শত্রুকে দমন করে এমন, শত্রুদমনকারী। ̃. মর্দ, ̃. মর্দন বিণ. শত্রুকে মর্দন বা দমন করে এমন।

অরি2 (p. 061) [ari2] (-রিন্) বি. চাকা; চক্র; অর আছে যার। [সং. অর + ইন্]।

অরিজিত্ (p. 061) [arijit] দ্র অরি1।

অরিত্র (p. 061) [aritra] বি. নৌকার হাল বা দাঁড়। [সং. √ ঋ + ইত্র]।

অরিষ্ট (p. 061) [ariṣṭa] বিণ. 1 মঙ্গলজনক; কুশল; 2 অক্ষত; 3 হিংসা করা হয়নি এমন; 4 ক্ষয়হীন; অমর। □ বি. 1 উপদ্রব; 2 মদজাতীয় আয়ুর্বেদীয় ওষুধবিশেষ (দ্রাক্ষারিষ্ট); 3 মৃত্যুর লক্ষণ। [সং. ন + রিষ্ট]।

অরুগ্ণ (p. 061) [arugṇa] বিণ. শরীরে রোগ নেই এমন; সুস্থ। [সং. ন + রুগ্ণ]।

অরুচি (p. 061) [aruci] বি. (খাবারে) অনিচ্ছা বা বিরাগ; রোগবিশেষ যাতে খাবার জিনিস মুখে বিস্বাদ লাগে; যাতে প্রবৃত্তি হয় না। [সং. ন + রুচি]। ̃. কর বিণ. 1 অপ্রীতিকর, অমনঃপূত; 2 বিরক্তিকর।

অরণ (p. 061) [araṇa] বি. 1 সূর্যের সারথি, গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা; 2 সদ্য উদিত সূর্য; 3 উষাকালীন বা সন্ধ্যাকালীন সূর্যের দীপ্তি; 4 রক্তের বর্ণ। □ বিণ. রক্তবর্ণবিশিষ্ট; সদ্যউদিত সূর্যের কিরণে লাল (অরুণ উষা); আরক্ত, লাল। [সং. √ ঋ + উণ]। অরুণা বিণ. (স্ত্রী.) রক্তবর্ণবিশিষ্টা। □ বি. গরুড়ের ভগিনী। ̃. বসন বি. লাল রঙের বস্ত্র। ̃. লোচন, ̃. নেত্র বি. রক্তচক্ষু। ̃ সারথি বি. সূর্য। অরুণিত বিণ. রক্তের রঙে রঞ্জিত, লাল রঙে রাঙানো। অরুণিম বিণ. লাল আভাবিশিষ্ট। অরুণিমা বি. (স্ত্রী.) লালচে আভা; রক্তিমা। অরুণোদয় বি. সূর্যোদয়ের পূর্বমুহূর্ত, উষা।

অরুদ্ধ (p. 061) [aruddha] বিণ. রুদ্ধ বা আবদ্ধ নয় এমন; অবারিত। [সং. ন + রুদ্ধ]।

অরুন্তুদ (p. 061) [aruntuda] বিণ. মর্মভেদী; মর্মান্তিক; অত্যন্ত কর্কশ। [সং. অরুস্ (=মর্মস্থল) + √ তুদ্ + অ]।

অরুন্ধতী (p. 061) [arundhatī] বি. সপ্তর্ষিমন্ডলের দ্বারা বেষ্টিত ক্ষীণ নক্ষত্রবিশেষ; বশিষ্ঠমুনির পত্নী। [সং. ন + √ রুধ্ + ত + ঈ (স্ত্রী.)]।

অরূপ (p. 061) [arūpa] বিণ. 1 রূপ নেই এমন, রূপহীন; কুৎসিত; 2 আকার নেই এমন, নিরাকার ('অরূপরতন আশা করি': রবীন্দ্র)। [সং. ন + রূপ]।

অরোগ (p. 061) [arōga] বি. রোগের অভাব, রোগহীনতা। □ বিণ. নীরোগ, রোগ নেই এমন। [সং. ন + রোগ]। অরোগী (-গিন্) বিণ. রোগ নেই এমন।

অর্ক (p. 061) [arka] বি. 1 সূর্য (বালার্ক, কোণার্ক); 2 কিরণ, রশ্মি; 3 স্ফটিক; 4 আকন্দ গাছ। [সং. √ অর্ক্ + অ]। ˜. চন্দন বি. রক্তচন্দন। ˜. পত্র বি. আকন্দ গাছ; আকন্দ পাতা। ˜. ফলা বি. 1 রেফচিহ্ন; 2 টিকি (অর্কফলার আন্দোলন)।

অর্কিড (p. 061) [arkiḍa] বি. রাস্নাগোত্রীয় পরগাছাবিশেষ এবং তার ফুল। [ইং. orchid]।

অর্কেস্ট্রা (p. 061) [arkēsṭrā] বি. 1 ঐকতান বাদ্য; 2 ঐকতানবাদকের দল। [ইং. orchestra]।

অর্গল (p. 061) [argala] বি. 1 দরজার খিল, হুড়কো; 2 বাধা, প্রতিবন্ধক (অনর্গল কথা)। [সং. √. অর্জ্ + অল]। অর্গলিত বিণ. বন্ধ (অর্গলিত দ্বার); অবরুদ্ধ।

অর্ঘ1 (p. 061) [argha1] বি. মূল্য (মহার্ঘ বস্তু)। [সং. √ অর্ঘ্ (ক্রয় করা) + অ]।

অর্ঘ2 (p. 061) [argha2] বি. পূজা; পূজার উপকরণ। [সং. √ অর্ঘ্ (=পুজা করা) + অ]।

অর্ঘ্য (p. 061) [arghya] বি. পূজার উপকরণ ('রচেনি পূজার অর্ঘ্য': রবীন্দ্র); সম্মানিত ব্যক্তিকে বরণের জন্য মালা চন্দন ইত্যাদি উপচার। □ বিণ. 1 পূজ্য, উপাস্য; 2 শ্রদ্ধেয়। [সং. √ অর্ঘ্ + য]।

অর্চক (p. 061) [arcaka] বি. যে অর্চনা বা পূজা করে, পূজক। [সং. √ অর্চ্ + অক]।

অর্চন, অর্চনা (p. 061) [arcana, arcanā] বি. পূজা, উপাসনা। [সং. √ অর্চ্ + অন, + আ]। অর্চনীয়, অর্চ্য বিণ. পূজার যোগ্য, পূজনীয়। অর্চিত বিণ. পূজিত, পূজা করা হয়েছে এমন।

অর্চা (p. 061) [arcā] বি. পূজা (তু. পূজা-অর্চা)। [সং. √ অর্চ্ + অ + আ]।

অর্চি, অর্চিঃ (p. 061) [arci, arciḥ] (-র্চিস্) বি. 1 শিখা ('তপনের জ্বলদর্চিরেখা': রবীন্দ্র); 2 জ্যোতি, দীপ্তি; (অর্চিষ্মান) 3 জ্বালা। [সং. √ অর্চ্ + ই, ইস্]।

অর্চিষ্মান (p. 061) [arciṣmāna] বিণ. জ্যোতি বা দীপ্তি আছে এমন, জ্যোতিষ্মান, দীপ্তিমান। □ বি. 1 সূর্য; 2 অগ্নি। [সং. অর্চিস্ + মত্]।

অর্জক (p. 062) [arjaka] বিণ. অর্জন করে এমন। [সং. √ অর্জ + অক]।

অর্জন (p. 062) [arjana] বি. পরিশ্রম বা চেষ্টার দ্বারা প্রাপ্তি; চেষ্টায় পাওয়া; লাভ করা। [সং. √ অর্জ + অন]। অর্জা ক্রি, পাওয়া চেষ্টার দ্বারা পাওয়া ('অর্জিলাম

জয়')। অর্জয়িতা বিণ. অর্জনকারী। অর্জিত বিণ. চেষ্টা করে পাওয়া গেছে এমন, চেষ্টার দ্বারা প্রাপ্ত (অর্জিত বিদ্যা)।

অর্জিত (p. 062) [arjita] দ্র অর্জন।

অর্জুন (p. 062) [arjuna] বি. 1 পাণ্ডুর তৃতীয় পুত্র; 2 রাজা শতবীর্য, 3 চোখের রোগবিশেষ, আঞ্জনি; 4 গাছবিশেষ। [সং. √ অর্জ + উন]।

অর্ডার (p. 062) [arḍāra] বি. 1 হুকুম, আদেশ; নির্দেশ (আমার অর্ডার মানতে হবে); 2 ফরমাশ (জামার অর্ডার দিয়েছি)। [ইং. order]। অর্ডারি বিণ. ফরমায়েশি, ফরমাশ অনুযায়ী তৈরী হয়েছে বা করা হয়েছে এমন (অর্ডারি মাল)। অর্ণব বি. সমুদ্র, সাগর। [সং. অর্ণস + ব, নিপাতনে]।˜ .পোত,˜ .যান বি. সমুদ্রগামী জাহাজ, সমুদ্রে চলাচল করে এমন যান।

অর্থ1 (p. 062) [artha1] বি. 1 ধন, সম্পত্তি, সম্পদ; ঐশ্বর্য; 2 প্রয়োজন, উদ্দেশ্য, হেতু (স্বার্থ, জ্ঞান লাভার্থ, পরার্থে জীবন); 3 পার্থিব সৌভাগ্য (ধর্ম-অর্থ-কাম-মোক্ষ); 4 প্রার্থনা বা প্রার্থনার বিষয়; 5 কাম্য বস্তু (পুরুষার্থ); 5 রাজনীতি (অর্থশাস্ত্র); 7 কল্যান, মঙ্গল (অনর্থ বাধিয়ে দেবে)। [সং. √ অর্থ + অ, √ ঋ + থ]।˜ .করী বিণ. (স্ত্রী.) অর্থ উপার্জনের পক্ষে সহায়ক (অর্থকরী বিদ্যা)।˜ .কষ্ট,˜ কৃচ্ছ্র বি. টাকাপয়সার অভাবের জন্য কষ্ট, টাকাপয়সার টানাটানি।˜ .কামী (-মিন) বিন. টাকাপয়সা পেতে চায় এমন।˜ .গৃধ্ন বি. টাকার লোভ আছে এমন।˜ .চিন্তা বি. পয়সাকড়ির জন্য ভাবনা।˜ .চেষ্টা বি. টাকাপয়সা রোজগারের চেষ্টা।˜ .দণ্ড বি. জরিমানা; (আল.) অকারণ টাকাপয়সা খরচ (একগাদা অর্থদণ্ড হল)।˜ .নাশ বি. টাকাপয়সার অপব্যয়; ধনক্ষয়।˜ .নীতি বি. ধনবিজ্ঞান, economics.˜ .নৈতিক

বিণ. ধনবিজ্ঞানবিষয়ক (আর্থনীতিক-এর অসংগত কিন্তু প্রচলিত রূপভেদ)। ̃ .পিশাচ বিণ. বি. অর্থ উপার্জনের জন্য ন্যায়-অন্যায় বা উচিত-অনুচিত বিচার করে না এমন (ব্যক্তি)। ̃ .প্রাপ্তি বি. ধনলাভ। ̃ .বান, ̃ বান্ বিণ. ধনবান. ধনী; প্রচুর টাকাপয়সা আছে এমন। ̃ .বিদ্যা বি. ধনবিজ্ঞান; অর্থের উৎপত্তি, বন্টন ও প্রসরণবিষয়ক বিদ্যা, economic ̃ .বিনিয়োগ বি. (ব্যবসায়ে) টাকা খাটানো। ̃ .ব্যয় বি. টাকা খরচ। ̃ .ভাগ্য বি. ধনলাভের সৌভাগ্য। ̃ .লিপ্সা বি. টাকাপয়সার অত্যধিক লোভ। ̃ .লিপ্সু বিণ. অত্যাধিক টাকার লোভ আছে এমন। ̃ .শালী (-লিন) বিণ. ধনী। ̃ শাস্ত্র বি. ধনবিজ্ঞান; রাজনীতিশাস্ত্র। ̃ .শূন্য বিণ. অর্থহীন, টাকাপয়সা একেবারে নেই এমন। ̃ .সংগ্রহ, ̃ .সংস্থান বি. টাকাপয়সার জোগাড়। ̃ .সংকট, ̃ .সঙ্কট বি. টাকার সমস্যা। ̃ .সমস্যা বি. টাকার ভাবনা এবং সেইজন্য গুরুতর অবস্থা। ̃ .হানি বি. টাকাপয়সার অপব্যয় বা অত্যাধিক ব্যয়; ধনক্ষয়। ̃ .হীন বিণ. ধনহীন; দরিদ্র। অর্থাগম বি. ধনপ্রাপ্তি। অর্থোপার্জন বি. টাকাপয়সা আয়।

অর্থ2 (p. 062) [artha2] বি. তাৎপর্য; মানে (কথার অর্থ, শব্দের অর্থ)। [সং. √ + অ]। ̃ .গৌরব বি. তাৎপর্য বা ভাবের উৎকর্ষ। ̃ .গ্রহ বি. অর্থবোধ, মানে বোঝা। ̃ .বহ বিণ. যার মধ্যে বিশেষ মানে বা তাৎপর্য নিহিত আছে। ̃ .বিত্, ̃ বিদ বিণ. শব্দার্থ সম্বন্ধে অভিজ্ঞ, তত্ত্বজ্ঞ। ̃ .ভেদ। বি. মানে বা তাৎপর্যের পার্থক্য বা ভিন্নতা। ̃ .ময়, ̃ .যুক্ত বিণ. মানে বা তাৎপর্য আছে এমন। ̃ .শূন্য, ̃ .হীন বিণ. মানে বা তাৎপর্য নেই এমন।

অর্থাত্ (p. 062) [arthāt] অব্য. এর মানে। [সং. অর্থ + আত্ (পঞ্চমীর একবচন)]।

অর্থান্তর (p. 062) [arthāntara] বি. অর্থের বা মানের পার্থক্য; ভিন্ন অর্থ বা তাৎপর্য। [সং. অর্থ + অন্তর]। ˜ .ন্যাস বি. অর্থালংকারবিশেষ; বিশেষের দ্বারা সামান্যকে কিংবা সামান্যের দ্বারা বিশেষকে সমর্থন; কারণের দ্বারা কার্যকে কিংবা কার্যের দ্বারা কারণকে সমর্থন।

অর্থাপত্তি (p. 062) [arthāpatti] বি. কাব্যে অর্থালংকার ও দর্শনে অনুমানবিশেষ; এতে এক অর্থ থেকে অন্য অর্থের 'আপত্তি' (=প্রাপ্তি) বোঝায়। [সং. অর্থ + আপত্তি]।

অর্থালংকার (p. 062) [arthālaṅkāra] বি. (ব্যাক.) বাক্যের অর্থসম্বন্ধী অলংকার। [সং. অর্থ 2 + অলংকার]।

অর্থিত (p. 062) [arthita] বিণ. চাওয়া হয়েছে এমন; প্রার্থিত; কাম্য; জিজ্ঞাসিত। [সং. √ অর্থ্ + ত]

অর্থী (p. 062) [arthī] (থিন্) বিণ. 1 চায় এমন; অভিলাষী (বিদ্যার্থী, চিকিৎসার্থী, স্নেহার্থী, শুভার্থী); 2 বাদী, অভিযোগকারী; 3 ধনবান, অর্থ বা ধন আছে এমন। [সং. অর্থ1 + ইন]। ˜ .প্রত্যর্থী, অর্থিপ্রত্যর্থী বি. বাদীপ্রতিবাদী।

অর্থে (p. 062) [arthē] অব্য. জন্য, কারণে। □ বি. (7মী বিভক্তি) যুক্তিতে, মানতে, তাৎপর্যে (একে ভালো বলছ কী অর্থে?)। [সং. অর্থ + বাং. এ]।

অর্থোদ্-ঘাটন (p. 062) [arthōd-ghāṭana] বি. অর্থের প্রকাশ; অর্থের বোধ; অর্থের ব্যাখ্যা [সং. অর্থ2 + উদঘাটন]।

অর্থোদ্ভেদ (p. 062) [arthōdbhēda] বি. অর্থের প্রকাশ; অর্থবোধ; অর্থ বোঝা। [সং. অর্থ2 + উদ্ভেদ]।

অর্থোপ-পত্তি (p. 062) [arthōpa-patti] বি. ঠিক অর্থের বা যথাযথ অর্থের বোধ। [সং. অর্থ2 + উপপত্তি]।

অর্থ্য (p. 062) [arthya] বিণ. অর্থ আছে এমন, অর্থযুক্ত; যুক্তিযুক্ত, ন্যায্য। [সং. অর্থ2 + য]।

অর্ধ (p. 062) [ardha] বি. 1 সমান দুই ভাগের এক ভাগ (ব্যাসার্ধ); 2 দুই ভাগের যেকোনো এক ভাগ। □ বিণ. বিণবিণ. 1 আধা, আধাআধি (অর্ধাংশ); 2 দুই ভাগে বিভক্ত (অর্ধবঙ্গ); 3 অসম্পূর্ণ বা আংশিক (অর্ধাশন; অর্ধাহার)। □ক্রি-বিণ. আংশিকভাবে (অর্ধনির্মিত, অর্ধভুক্ত)। [সং. √ ঋধ্ + অ]।˜ কথন বি. অসম্পূর্ণ কথা।˜ .কথিত বিণ. কিছুটা বলা হয়েছে এমন, আংশিক বলা হয়েছে এমন।˜ কৃত বিণ. অর্ধেক করা হয়েছে বা দুটি অংশে ভাগ করা হয়েছে এমন।˜ .গ্রাস বি. আংশিক গ্রাস।˜ .চন্দ্র বি. 1 চাঁদের অংশ; অর্ধপ্রকাশিত চাঁদ; 2 (ব্যঙ্গে) গলাধাক্কা; গলাধাক্কা দিয়ে বিতাড়িত করা (অর্ধচন্দ্র দেওয়া)।˜ .চন্দ্রাকার,˜ .চন্দ্রাকৃতি বিণ. আধখানা চাঁদের আকারবিশিষ্ট।˜ .দিবস বি. 1 অর্ধেক দিন; দুই প্রহর; 2 মধ্যাহ্ন; 3 এক দিন-রাত্রির অর্ধেক; চার প্রহর।˜ .নারীশ্বর বি. এক দেহে মিলিত হর ও গৌরীর অর্থাত্ শিব ও পার্বতীর যুগলমূর্তি; (আল.) নারী ও পুরুষের যুগলমূর্তি।˜ .নিমীলিত বিণ. আধবোজা।˜ .নির্মিত বিণ. আংশিক তৈরি হয়েছে এমন।˜ .পথ বি. মাঝপথ; মাঝামাঝি পথ (অর্ধপথ অতিক্রম করার পর)।˜ .পরিস্ফুট বিণ. কিছুটা বা আংশিকভাবে বোঝা গেছে এমন; অস্পষ্ট।˜ .বয়স্ক বিণ.

মাঝবয়সী; প্রৌঢ়। ˜ .ভাগ বি. অর্ধেক। ˜ .মাত্রা বি. নির্দিষ্ট পরিমাণের অর্ধেক। ˜ .মৃত বিণ. আধমরা। ˜ .রাত্র বি. মাঝরাত। ˜ .শত বি. একশোর অর্ধেক পঞ্চাশ। ˜ .স্ফুট বিণ. অস্পষ্ট; আধফোটা। অর্ধাংশ বি. সমান দুই ভাগের এক ভাগ, অর্ধেক। অর্ধাঙ্গ বি. দেহের অর্ধাংশ, শরীরের অর্ধেক। অর্ধাঙ্গিনী বি. (স্ত্রী.) স্ত্রী। অর্ধার্ধ বি. অর্ধেকের অর্ধেক; সিকি ভাগ। অর্ধার্ধি বিণ. ক্রি-বিণ. দুই সমান অংশে, আধা-আধি (অর্ধার্ধি ভাগ করা)। অর্ধাশন বি. আধপেটা খাওয়া (অর্ধাশনে দিন কাটানো)। অর্ধাসন বি. আসনের অর্ধেক। অর্ধেক বি. বিণ. অর্ধ -র অনুরূপ। অর্ধেন্দু আংশিকভাবে উদিত চাঁদ; চাঁদের অংশ। অর্ধেন্দু-শেখর বি. মহাদেব (মস্তকে অর্ধ চাঁদ আছে বলে)। অর্ধোচ্চারিত বিণ. অসম্পূর্ণভাবে উচ্চারিত; অস্পষ্টভাবে উচ্চারিত। অর্ধোদয় বি. পূণ্য তিথিবিশেষ; পৌষ বা মাঘ মাসের অমাবস্যায় রবিবার দিনের বেলা শ্রবণা নক্ষত্র ও ব্যতীপাতঘটিত যোগ। অর্ধোদিত বিণ. আংশিক উদিত।

অর্ধাংশ, অর্ধাঙ্গ, অর্ধাঙ্গিনী, অর্ধার্ধ, অর্ধাশন (p. 062) [ardhāṃśa, ardhāṅga, ardhāṅginī, ardhārdha, ardhāśana] দ্র অর্ধ।

অর্ধেক (p. 062) [ardhēka] দ্র অর্ধ।

অর্ধেন্দু, অর্ধেন্দুশেখর (p. 062) [ardhēndu, ardhēnduśēkhara] দ্র অর্ধ।

অর্ধোচ্চারিত, অর্ধোদয় (p. 062) [ardhōccārita, ardhōdaẏa] দ্র অর্থ।

অর্পণ (p. 062) [arpaṇa] বি. 1 দান, দেওয়া (এই ধন তোমাকেই অর্পণ করলাম); 2 স্থাপন; 3 ন্যাস; ন্যস্ত করা (দায়িত্ব অর্পণ, ভারার্পণ)। [সং. √ অর্পি

+ অন]। অর্পিত বিণ. দেওয়া হয়েছে বা ন্যস্ত করা হয়েছে এমন। স্ত্রী. অর্পিতা। অর্পণীয় বিণ. অর্পণ করার যোগ্য। অর্পয়িতা (-তৃ) বি. বিণ. অর্পণকারী। স্ত্রী. অর্পয়িত্রী।

অর্বাচীন (p. 062) [arbācīna] বিণ. 1 নবীন, অপ্রাচীন, বয়সে প্রবীণ নয় এমন; আধুনিক; 2 পশ্চাদ্বর্তী; 3 মূর্খ, বুদ্ধি পাকা নয় এমন। [সং. অর্বাচ্ + ঈন]। ̃তা বি. নবীনতা; পশ্চাদ্বর্তিতা; কাঁচা বুদ্ধির ভাব, মূর্খতা।

অর্বুদ (p. 062) [arbuda] বি. 1 দশ কোটি; 2 রোগবিশেষ, আব, tumour. [সং. √ অর্ব্ + উদ]।

অর্ভক (p. 062) [arbhaka] বি. 1 শিশু; 2 পশুর শাবক; 3 বালক। □ বিণ. 1 ক্ষুদ্র; 2 অল্প; 3 দুর্বল, ক্ষীণ; 4 মুর্খ। [সং. √ ঋ + ভ + ক]।

অর্যমা (p. 062) [aryamā] (-মন্) বি. 1 সূর্য; 2 নক্ষত্রবিশেষ। [সং. √ ঋ + মন্]।

অর্শ (p. 062) [arśa] বি. মলনালির রোগবিশেষ, piles. [সং. √ ঋ + অস্ + অ শ্ আগম; √ ঋ + শ + অ]।

অর্শা, অর্শানো, (বর্জি.) অর্সা, (বর্জি.) অর্সানো (p. 062) [arśā, arśānō, (barji.) arsā, (barji.) arsānō] ক্রি. 1 বর্তানো, উত্তরাধিকার সূত্রে বা অন্যভাবে পাওয়া, অধিকারে আসা (পিতার সম্পত্তি পুত্রে অর্শে বা অর্শায়); 2 স্পর্শ করা (দোষ অর্শায়); 3 ভাগ্যে ঘটা। [ফা. উর্স্ > বাং. √ অর্শ্ + আ, আনো]।

অর্হ (p. 062) [arha] বিণ. যোগ্য (শ্রদ্ধার্হ, পূজার্হ); পূজ্য, পূজার যোগ্য। □ বি. মূল্য (মহার্হ)। [সং. √ অর্হ্ + অ]। ̃ ণ, ̃ ণা বি. পূজা; যোগ্যতা। ̃ ণীয় বিণ. পূজনীয়, পূজ্য।

অর্হত্ (p. 062) [arhat] বি. 1 বুদ্ধ; 2 নির্বাণের অধিকারী বৌদ্ধ বা জৈন সন্ন্যাসী। [সং. √ অর্হ্ + অত্]।

অলং-কার, (বর্জি.) অলঙ্কার (p. 062) [ala-ṅkāra, (barji.) alaṅkāra] বি. 1 গয়না, গহনা, ভূষণ; 2 প্রসাধন, সজ্জা; শোভা; 3 গৌরব (বিদ্বান দেশের অলংকার); 4 ভাষার সৌন্দর্য বা উৎকর্ষ বাড়ায় এমন গুণাবলি: যেমন উপমা, রূপক, অনুপ্রাস ইত্যাদি। [সং. অলম্ + √ কৃ + অ]। ̃ শাস্ত্র বি. কাব্যের অলংকারবিষয়ক তত্ত্ব। অলং-করণ, অলং-কৃতি বি. অলংকার; অলংকার দিয়ে সাজানো; প্রসাধন; সাহিত্যে উপমা, অনুপ্রাস ইত্যাদি অলংকার প্রয়োগ।

অলং-কর্তা (p. 062) [ala-ṅkartā] (-র্তৃ) বি. বিণ. অলংকার দিয়ে সাজায় এমন (ব্যাক্তি); প্রসাধক। স্ত্রী. অলং-কর্ত্রী। অলং-কৃত বিণ. সজ্জিত; ভূষিত।

অলক (p. 062) [alaka] বি. 1 কোঁকড়ানো চুলের গুচ্ছ, কুঞ্চিত চুল; 2 চুল, পাশের বা সামনের চুলের গুচ্ছ; 3 কেশগুচ্ছের মতো কুঞ্চিত ও ঢেউ-খেলানো মেঘ। [সং. √ অল্ + অক]। ̃ .মেঘ বি. পেঁজা তুলোর মতো বা কেশগুচ্ছের মতো মেঘ, cirrus.

অলক-নন্দা, অলকা-নন্দা (p. 062) [alaka-nandā, alakā-nandā] বি. 1 স্বর্গের গঙ্গা, মন্দাকিনী; 2 গঙ্গোত্রীর কাছে গঙ্গার ধারার নাম; 3 আট বা দশ বছরের মেয়ে। [সং. অলক (+ আ) + নন্দা]।

অলকা (p. 062) [alakā] বি. 1 ধনদেবতা কুবেরের পুরী; 2 আট বা দশ বছরের মেয়ে। [সং. অলক + আ (স্ত্রী.)]।

অলকা-তিলক, অলকা-তিলকা (p. 062) [alakā-tilaka, alakā-tilakā] বি. মুখের সৌন্দর্য বৃদ্ধির জন্য চুলে চুর্ণকুন্তল এবং মুখে চন্দন দিয়ে চিত্র আঁকা; তিলক ফোঁটা; পত্রলেখা অর্থাত্ মুখে চিত্র রচনা ('অলকা তিলক ভালে': বি. প্র.)। [সং. অলকা + তিলক, তিলকা]।

অলক্ত, অলক্তক (p. 062) [alakta, alaktaka] বি. আলতা, লাক্ষারস ('রক্ত-অলক্তক ধৌত পায়ে': রবীন্দ্র)। [সং. ন্ + রক্ত (=লক্ত) + স্বার্থে ক]। অলক্ত-রাগ বি. আলতার রং দাগ বা আভা।

অলক্ষণ (p. 062) [alakṣaṇa] বি. অশুভ লক্ষণ, দুর্লক্ষণ, কুলক্ষন। □ বিণ. কুলক্ষণযুক্ত; অপয়া। [সং. ন + লক্ষণ]। অলক্ষণা বিণ. (স্ত্রী.) যার অর্থাত্ যে স্ত্রীলোকের লক্ষণ শুভ নয়; অপয়া।

অলক্ষিত (p. 064) [alakṣita] বিণ. 1 লক্ষিত হয়নি বা দৃষ্টিগোচর হয়নি এমন (অলক্ষিত কারণে, অলক্ষিত উদ্দেশ্যে); 2 অতর্কিত (অলক্ষিত আক্রমণ)। [সং. ন + লক্ষিত]।˜ .ভাবে, অলক্ষিতে, ক্রি-বিণ. অতর্কিতে, অসতর্ক মুহূর্তে; অজ্ঞাতসারে; দৃষ্টির অগোচরে; অদৃশ্যভাবে।

অলক্ষ্মী (p. 064) [alakṣmī] বি. 1 দুর্ভাগ্যের দুষ্ট লক্ষ্মী দেবী, যে দেবী দুর্ভাগ্যের অধিষ্ঠাত্রী; 2 দুর্ভাগ্যের জন্য দায়ী নারী; 3 গৃহকর্মে অনিপুণা ও স্বভাবে অগোছালো স্ত্রীলোক। [সং. ন + লক্ষ্মী]। অলক্ষ্মীতে পাওয়া ক্রমাগত দুর্দশাগ্রস্ত হওয়া (গোটা পরিবারটাকেই যেন অলক্ষ্মীতে পেয়েছে)। অলক্ষ্মীর দশা বি. শ্রীহীনতা; দারিদ্র। অলক্ষ্মীর দৃষ্টি বি. অভাব-অনটন, দারিদ্র; দুর্ভাগ্য।

অলক্ষ্য (p. 064) [alakṣya] বিণ. দেখা যায় না এমন, অদৃশ্য, দৃষ্টির অগোচর (অলক্ষ্য প্রভাব, অলক্ষ্য শক্তি)। □ 1 (বিশেষ বাংলা প্রয়োগ) আড়াল, অন্তরাল, অদৃশ্য স্থান (সকলের অলক্ষ্যে দেবতা হেসেছেন); 2 স্বর্গ; শূন্য ('অলক্ষ্যের পানে': রবীন্দ্র)। [সং. ন + √ লক্ষ্ + য]।

অলখ (p. 064) [alakha] বিণ. দৃষ্টির অগোচর, নজর আসে না এমন; অদৃশ্য ('চাঁদের মতন অলখ টানে': রবীন্দ্র)। [সং. অলক্ষ্য > প্রা. অলক্খ]˜ .ঝোরা বি. চোখের আড়ালে অবস্থিত ঝরনা।

অলখিতে (p. 064) [alakhitē] ক্রি-বিণ. অলক্ষিতে -র কোমল রূপ; অজ্ঞাতসারে ('অলখিতে চিত হরিয়া লইল': গো. দা)।

অলগ্ন (p. 064) [alagna] বিণ. লগ্ন নয় অর্থাত্ লেগে নেই এমন; ফাঁক-ফাঁক, ছাড়া-ছাড়া; আলগা। [সং. ন + লগ্ন]।

অলঘু (p. 064) [alaghu] বিণ. 1 লঘু নয় এমন; হালকা নয় এমন; ভারী; 2 গুরুত্ব আছে এমন। [সং. ন + লঘু]।

অলঙ্করণ, অলঙ্কার, অলঙ্কর্তা, অলঙ্কর্ত্রী, অলঙ্কৃত (p. 064) [alaṅkaraṇa, alaṅkāra, alaṅkartā, alaṅkartrī, alaṅkṛta] দ্র অলঙ্কার।

অলঙ্ঘন (p. 064) [alaṅghana] বি. 1 লঙ্ঘন না করা বা অবহেলা না করা; 2 উপবাস পালন না করা; 3 ডিঙিয়ে না যাওয়া, অতিক্রম না করা। [সং. ন + লঙ্ঘন]। অলঙ্ঘনীয়, অলঙ্ঘ্য বিণ. 1 লঙ্ঘন করা উচিত্ নয় বা করা যায় না এমন (অলঙ্ঘ্য আদেশ)। অলঙ্ঘিত বিণ. লঙ্ঘিত হয়নি এমন, লঙ্ঘন করা হয়নি এমন।

অলজ্জ (p. 064) [alajja] বিণ. লজ্জা নেই এমন, লজ্জাহীন (অলজ্জ আচরণ)। [সং. ন + লজ্জা]। অলজ্জিত বিণ. লজ্জা পায়নি এমন; অকুণ্ঠিত, সপ্রতিভ।

অলপ্পেয়ে (p. 064) [alappēẏē] বিণ. (গালি হিসাবে ব্যবহৃত) আয়ু অল্প হবে এমন। [সং. অল্পায়ুঃ]।

অলবড্ডে, অলবড্যে (p. 064) [alabaḍḍē, alabaḍyē] বিণ. 1 অগোছালো, শৃঙ্খলাহীন; 2 নিটপিটে; 3 বুদ্ধিহীন, হাবাগোবা। [দেশি]।

অলব্ধ (p. 064) [alabdha] বিণ. যা লাভ করা হয়নি বা পাওয়া যায়নি, অপ্রাপ্ত। [সং. ন + লব্ধ]।˜ .প্রবেশ বিণ. প্রবেশের অধিকার পায়নি এমন; প্রবেশ করেনি এমন (কিছু অলব্ধপ্রবেশ শব্দকে অভিধানে স্থান দিতে হবে)।

অলভ্য (p. 064) [alabhya] বিণ. লাভ করা বা পাওয়া যায় না এমন, অপ্রাপ্য। [সং. ন + লভ্য]।

অলম্বুষ (p. 064) [alambuṣa] বি. 1 কুরুক্ষেত্রের যুদ্ধে ঘটোৎকোচের হাতে নিহত রাক্ষসবিশেষ; 2 (আল.) আকৃতিতে মোটাসোটা থপথপে এবং অলস প্রকৃতির লোক (তোমার মতো অলম্বুষকে দিয়ে আমার কী কাজ হবে)। [সং. অলম্ + √ বুস্ + অ]।

অলয় (p. 064) [alaẏa] বি. লয়হীনতা, লয়ের বা বিনাশের অভাব। □ বিণ. বিনাশ বা লয় নেই এমন। [সং. ন + লয়]।

অলর্ক (p. 064) [alarka] বি. খ্যাপা কুকুর, পাগল কুকুর; 2 শ্বেত আকন্দ। [সং. অল + √ অর্ক + অ]।

অলস (p. 064) [alasa] বিণ. 1 আলসে, কুঁড়ে, পরিশ্রমে কাতর; 2 উৎসাহ বা উদ্যম নেই এমন; 3 মন্হর, ধীর (অলস গতি)। [সং. ন + √ লস্ + অ]।˜ .তা বি. আলসেমি, কুঁড়েমি; শ্রমবিমুখতা; উদ্যমের অভাব।

অলাত (p. 064) [alāta] বি. 1 জ্বলন্ত কয়লা, জ্বলন্ত অঙ্গার; 2 আধাপোড়া কাঠ। [সং. ন + √ লা + ত]।˜ .চক্র বি. জ্বলন্ত অঙ্গার বা জ্বলন্ত কাঠ বেগে ঘোরালে যে চক্রকার আগুনের রেখা দেখা যায়; চক্রের মতো আগুনের রেখা।˜ .শিলা বি. পাথুরে কয়লা।

অলাবু (p. 064) [alābu] বি. লাউ। [সং. ন + √ লব্ + উ]।

অলাভ (p. 064) [alābha] বি. লাভের অভাব, লাভহীনতা; লোকসান; ক্ষতি (লাভ-অলাভ ভেবে কী লাভ)। [সং. ন + লাভ]।

অলি1 (p. 064) [ali1] বি. 1 ভ্রমর, ভোমরা ('গুঞ্জরিয়া আসে অলি': দ্বি. রা); 2 বৃশ্চিক; 3 মদ, সুরা (অলিপানা)। [সং. √ অল্ + ই]।

অলি2 (p. 064) [ali2] বি. অভিভাবক; রক্ষক। [আ. বলি]।

অলি-অছি (p. 064) [ali-achi] বি. নাবালকের অভিভাবক ও সম্পত্তিরক্ষক। [আ. বলি + বসি]।

অলি-কুল (p. 064) [ali-kula] বি. ভ্রমরের দল। [সং. অলি + কুল]।

অলিখিত (p. 064) [alikhita] বিণ. লেখা হয়নি বা লিপিবদ্ধ হয়নি এমন (অলিখিত আইন, অলিখিত চুক্তি)। [সং. ন + লিখিত]।

অলি-গলি (p. 064) [ali-gali] বি. সরু পথ; গলিঘুজি; সরু গলিপথ (অনেক অলিগলি পেরিয়ে সেখানে যেতে হয়)। [বাং. অলি + (সহচর শব্দ) গলি]।

অলি-জিহ্বা (p. 064) [ali-jihbā] বি. আলজিভ। [সং. √ অল্ + ই + জিহ্বা]।

অলিঞ্জর (p. 064) [aliñjara] বি. মাটির তৈরি বড় পাত্র; জালা। [সং. অলি + জর (ম্ আগম)]।

অলিন্দ (p. 064) [alinda] বি. পাকা বাড়ির বারান্দা; চাতাল। [সং. √ অল্ + ইন্দ]।

অলিম্পিক (p. 064) [alimpika] দ্র ওলিম্পিক।

অলী (p. 064) [alī] (-লিন্) বি. 1 ভ্রমর; 2 বৃশ্চিক। [সং. √ অল্ + ইন]।

অলীক (p. 064) [alīka] বি. অসত্য, মিথ্যা। □ বিণ. 1 অমূলক; ভিত্তিহীন; অপ্রামাণিক; 2 অসার; বৃথা (অলীক স্বপ্ন)। [সং. √ অল্ + ঈক]।

অলুক, (বর্জি) অলুক্ (লুচ্) (p. 065) [aluka, (barji) aluk (luc)] বিণ. লোপহীন, লোপ পায় না এমন। □ বি. লোপের অভাব, লোপহীনতা। [সং. ন + লুচ্]। অলুক সমাস বি. (ব্যাক.) সে সমাসে পূর্বপদের বিভক্তি লোপ হয় না, যেমন যুধি (যুদ্ধ, সপ্তমী বিভক্তি) + স্থির = যুধিষ্ঠির, গায়েহলুদ।

অলুব্ধ (p. 065) [alubdha] বিণ. লোভী নয় এমন, লোভহীন। [সং. ন + লুব্ধ]।

অলোক (p. 065) [alōka] বিণ. 1 লোকজন নেই এমন, নির্জন; 2 অদৃশ্য; 3 অসাধারণ। [সং. ন + লোক]।

অলোক-দৃষ্টি (p. 065) [alōka-dṛṣṭi] বি. অতীন্দ্রিয় বা অলৌকিক বস্তু বা ব্যাপার দেখবার শক্তি, clairvoyance. [সং. ন + লোক + দৃষ্টি]।

অলোক-সাধারণ, অলোক-সামান্য (p. 065) [alōka-sādhāraṇa, alōka-sāmānya] বিণ. মনুষ্যলোকে সচরাচর ঘটে না এমন, অসাধারণ; অলৌকিক। [সং. ন + লোক + সাধারণ, সামান্য]।

অলোক-সুন্দর (p. 065) [alōka-sundara] বিণ. মনুষ্যলোকে দুর্লভ এমন সুন্দর, অসামান্য সুন্দর। [সং. ন + লোক + সুন্দর]। স্ত্রী. অলোক-সুন্দরী।

অলোভ (p. 065) [alōbha] বি. লোভের অভাব, লোভহীনতা। □ বিণ. নির্লোভ, লোভ নেই এমন। [সং. ন + লোভ]।

অলোল (p. 065) [alōla] বিণ. ঢিলে নয় এমন, আঁটসাঁট; টানটান। [সং. ন + লোল]। অলোলিত বিণ. শিথিল বা ঢিলে নয় এমন; টানটান।

অলৌকিক (p. 065) [alaukika] বিণ. মনুষ্যলোকে অসম্ভব, মানুষের পক্ষে অসম্ভব; পৃথিবীতে ঘটে না এমন; লোকাতীত (অলৌকিক সৌন্দর্য, অলৌকিক শক্তি)। [সং. ন + লৌকিক]। বি.˜ তা।

অল্প (p. 065) [alpa] বিণ. 1 ঈষত্, কম (অল্প গরম, অল্প কথার মানুষ); 2 একটু, একটুখানি, সামান্য (অল্প একটু ভাত); 3 লঘু (অল্পপ্রাণ); 4 অনুদার, হীন (অল্পমতি); 5 ক্ষুদ্র (অল্প বৃদ্ধি, অল্প শক্তি)। □ সর্ব. কম লোক বা বস্তু বা বিষয় (অল্পেই একথা জানে, অল্পের জন্য)। [সং. √ অল্ + প]। বি.˜ তা,˜ ত্ব। অল্প

জলের মাছ বি. (আল.) 1 সামান্য পুঁজিবিশিষ্ট লোক, সামান্য অবস্থার লোক; 2 যে ব্যক্তি অল্প ধন বা বিদ্যা নিয়েও ধন বা বিদ্যার বড়াই করে। অল্পের উপর দিয়ে যাওয়া ক্রি. বি. সামান্য ক্ষতি বা কষ্টের বিনিময়ে রেহাই পাওয়া। ̃ .জীবী (বিন্) বিণ অল্পকাল বাঁচে এমন। বি. ̃ জীবিতা। ̃ জ্ঞ বিণ. অল্প জানে এমন, অল্প জ্ঞানবিশিষ্ট। ̃ .দর্শী (-র্শিন্) বিণ. অদূরদর্শী। ̃ .প্রাণ বিণ. 1 অল্পায়ু, অল্প কাল বাঁচে এমন; 2 ক্ষুদ্রপ্রাণ, অনুদার; 3 (ব্যাক.) ক্ষীণ শ্বাসযোগে উচ্চারিত। ̃ প্রাণ বর্ণ প্রতি বর্গের প্রথম, তৃতীয় ও পঞ্চম বর্ণ এবং য র ল ব এই কয়টি বর্ণ অল্প শ্বাসযোগে উচ্চারিত হয় বলে এদের অল্পপ্রাণ বর্ণ বলে। ̃ .বয়স্ক বিণ. বয়স অল্প এমন, অল্পবয়সী। ̃ বিদ্যা বি. অগভীর জ্ঞান, সামান্য লেখাপড়া। অল্পবিদ্যা ভয়ংকরী সামান্য বিদ্যা খুব ক্ষতিকর কারণ এতে অহংকার জন্মে অথচ প্রকৃত পাণ্ডিত্য লাভ হয় না। ̃ বিস্তর বিণ. ক্রি. বিণ. মোটামুটিরকম; একটু-আধটু; কম-বেশী। ̃ বুদ্ধি বিণ. সামান্য বুদ্ধিসম্পন্ন; মন্দমতি; জড়বুদ্ধি। ̃ ভাষী (-ষিন্) বিণ্. কম কথা বলে এমন। ̃ .মতি বিণ. হীনচেতা, নীচ; বোকা অল্পবুদ্ধিসম্পন্ন। ̃ .স্বল্প বিণ. একটু-আধটু। অল্পাধিক বিণ. কম-বেশি। অল্পায়ু, অল্পায়ুঃ (-য়ুস্) বিণ. অল্পকাল বাঁচে এমন। অল্পাশয় বিণ. হীনমতি; তুচ্ছ বিষয়ে আকাঙ্ক্ষা করে এমন। অল্পাহার বি. অল্প আহার, লঘু ভোজন। □ বিণ. অল্প খায় এমন। অল্পাহারী (-রিন্) বিণ. কম খায় এমন। অল্পে অল্পে, ক্রি-বিণ. ক্রমশ ধীরে ধীরে; সামান্যের উপর দিয়ে।

অশক্ত (p. 065) [aśakta] বিণ. অক্ষম; শক্তি নেই এমন; পারে না এমন, অপারগ (ভার গ্রহণে অশক্ত); দুর্বল। [সং. ন + শক্ত] অশক্তি বি. শক্তি বা ক্ষমতার অভাব।

অশক্য (p. 065) [aśakya] বিণ. অসাধ্য; শক্তি বা ক্ষমতার অতীত। [সং. ন + শক্য]।

অশঙ্ক (p. 065) [aśaṅka] বিণ. শঙ্কা নেই এমন, ভয়হীন; উদ্বেগ নেই এমন। [সং. ন + শঙ্কা]।˜ নীয় বিণ. শঙ্কা বা ভয়ের অযোগ্য; ভয় পাওয়ার মতো নয় এমন। অশঙ্কিত বিণ. ভয় পায়নি এমন, শঙ্কিত নয় এমন।

অশন (p. 065) [aśana] বি. 1 ভোজন, খাওয়া, আহার; 2 খাদ্যদ্রব্য। [সং. √ অশ্ + অন]।˜ .বসন বি. অন্নবস্ত্র, খাওয়া-পরা।

অশনি (p. 065) [aśani] বি. বজ্র, বাজ (অশনিসংকেত)। [সং. √ অশ্ + অনি]।˜ .পাত,˜ .সম্পাত বি. বজ্রপাত, বাজ পড়া।

অশরণ (p. 065) [aśaraṇa] বিণ. আশ্রয়হীন, সহায়সম্বল নেই এমন ('সঞ্জীবনী সুধা এনেছে অশরণ লাগি রে': র. সে)। [সং. ন + শরণ]।

অশরীরী (p. 065) [aśarīrī] (-রিন্) বিণ. শরীর নেই এমন, দেহহীন। □ বি. প্রেতাত্মা; ভূত। [সং. ন + শরীরী]। স্ত্রী. অশরীরিণী।

অশান্ত (p. 065) [aśānta] বিণ. চঞ্চল, অস্থির (অশান্ত মন); দুরন্ত (অশান্ত ছেলে); প্রবোধ মানে না এমন (অশান্ত হৃদয়); বিক্ষুব্ধ (অশান্ত সমুদ্র)। [সং. ন + শান্ত]।

অশান্তি (p. 065) [aśānti] বি. চঞ্চলতা, শান্তির অভাব; মানসিক কষ্ট (বড় অশান্তিতে আছি); কলহ, ঝগড়াঝাঁটি (পাড়ায় খুব অশান্তি;) বিক্ষোভ (তোমার সবকিছুতেই অশান্তি)। [সং. ন + শান্তি]।

অশালীন (p. 065) [aśālīna] বিণ. শালীনতাবর্জিত, অভদ্রোচিত; অশিষ্ট; কুৎসিত (অশালীন উক্তি, অশালীন ব্যবহার)। [সং. ন + শালীন]। ˜তা বি. অশালীন ব্যবহার; শালীনতার অভাব; অশিষ্টতা।

অশাশ্বত (p. 065) [aśāśbata] বিণ. চিরকালের নয় এমন, চিরকালীন নয় এমন; অনিত্য; অস্থির। [সং. ন + শাশ্বত]।

অশাসন (p. 065) [aśāsana] বি. শাসনের অভাব; অরাজকতা। [সং. ন + শাসন]। অশাসিত বিণ. শাসন করা হয়নি এমন; নিয়ন্ত্রণের বাইরে এমন। অশাস্য, অশাসনীয় বিণ. শাসনের অসাধ্য, শাসন করা যায় না এমন; দুর্দমনীয়. অবিনীত; উদ্ধত।

অশাস্ত্র (p. 066) [aśāstra] বি. যাকে শাস্ত্র বলা চলে না; কুশাস্ত্র। □ বিণ. শাস্ত্রবিরুদ্ধ; অবৈধ। [সং. ন + শাস্ত্র]। অশাস্ত্রীয় বিণ. শাস্ত্রবিরুদ্ধ, শাস্ত্রে যার সমর্থন নেই এমন; অবৈধ।

অশিক্ষা (p. 066) [aśikṣā] বি. শিক্ষার অভাব; লেখাপড়া অভাব; কুশিক্ষা। [সং. ন + শিক্ষা]। অশিক্ষিত বিণ. 1 শিক্ষা পায়নি এমন; বিদ্যাহীন; লেখাপড়া করেনি এমন; 2 মূর্খ; 3 দক্ষতা নেই এমন, অদক্ষ, অপটু। স্ত্রী. অশিক্ষিতা। অশিক্ষিত পটুত্ব বি. যথাবিধি শিক্ষাপ্রাপ্ত না হয়েও কোনো বিষয়ে নৈপুন্য।

অশিব (p. 066) [aśiba] বি. অকল্যাণ, অমঙ্গল। □ বিণ. অশুভ, অমঙ্গলজনক। [সং. ন + শিব]।

অশিষ্ট (p. 066) [aśiṣṭa] বিণ. অভদ্র, অসভ্য; শালীনতাবর্জিত; ভদ্রতার বাইরে (অশিষ্ট আচরণ, অশিষ্ট কথা)। [সং. ন + শিষ্ট]।˜ তা বি. অভদ্রতা, অসভ্যতা; অমার্জিত বা শালীনতাহীন ব্যবহার।

অশীতি (p. 066) [aśīti] বি. বিণ. আশি, ৪। [সং. অষ্ট + দশন্ + তি, নি.]।˜ .তম বিণ. আশিসংখ্যক।˜ পর বিণ. বয়স আশিরও বেশি এমন (অশীতিপর বৃদ্ধ)।

অশীল (p. 066) [aśīla] বিণ. অশিষ্ট; দুশ্চরিত্র, চরিত্রহীন; শীল বা চরিত্র মন্দ এমন ('অশীল নটীপনা জেগেছে প্রাণে প্রাণে': সু. দ.)। [সং. ন + শীল]।

অশুচি (p. 066) [aśuci] বিণ. অপবিত্র, অশুদ্ধ ('মোর কূপের বারি অশুচি' রবীন্দ্র; অশুচি দেল, অশুচি মন)। [সং. ন + শুচি]।˜ তা বি. অশুদ্ধতা, পবিত্রতার অভাব।

অশুদ্ধ (p. 066) [aśuddha] বিণ. 1 অপবিত্র; অশোধিত; 2 ভুল ভ্রমপূর্ণ। [সং. ন + শুদ্ধ]। অশুদ্ধি বি. 1 অপবিত্রতা; 2 ভুল। অশুদ্ধি-পত্র বি. অশুদ্ধ শব্দ ইত্যাদির (সংশোধনসহ) তালিকাপত্র।

অশুভ (p. 066) [aśubha] বি. অমঙ্গল, অকল্যাণ; পাপ। □ বিণ. অমঙ্গলজনক (অশুভ ইঙ্গিত)। [সং. ন + শুভ]।˜ .কর

অশুভ (p. 066) [aśubha] বি. অমঙ্গল, অকল্যাণ, পাপ। □ বিণ অমঙ্গলজনক (অশুভ ইঙ্গিত)। [সং. ন + শুভ]। ̃ কর ̃ ং.কর বিণ. অমঙ্গলজনক। ̃ কামনা বি. (অন্যের) অমঙ্গল কামনা করা। ̃ .কাল বি. যে কাল বা সময় শুভ নয় বা প্রশস্ত নয়। সবকিছুই জেনেছেন এমন; সমস্ত জ্ঞান অর্জন করেছেন এমন। ̃ বিধ নানারকম; সমস্তরকম।

অশোক (p. 066) [aśōka] বিণ. শোকহীন। □ বি. 1 গাঢ় লাল রঙের ফুলযুক্ত গাছবিশেষ; 2 মৌর্য বংশের তৃতীয় রাজা। [সং. ন + শোক]। ̃ .কানন, ̃ .বন বি. অশোক বৃক্ষে পূর্ণ বন বা বাগান; লঙ্কার যে বনে সীতা বন্দি হয়ে ছিলেন। ̃ লিপি বি. সম্রাট অশোকের লেখ অর্থাত্ পাথরস্তম্ভ ইত্যাদির গায়ে খোদাই-করা অনুশাসন। ̃ ষষ্ঠী বি. চৈত্রমাসের শুক্লা ষষ্ঠী। ̃ স্তম্ভ বি. সারনাথে অশোক কর্তৃক নির্মিত প্রস্তরস্তম্ভ। [অশোকস্তম্ভের শীর্ষে রয়েছে তিনটি সিংহমূর্তি এবং তাদের মাঝখানে তিনটি চক্র। স্তম্ভটি স্বাধীন ভারতের সরকারী প্রতীক চিহ্ন হিসাবে এবং অশোকচক্র স্বাধীন ভারতের জাতীয় পতাকায় স্থান পেয়েছে]। অশোকাষ্টমী বি. চৈত্র মাসের শুক্লা অষ্টমী।

অশোচনীয়, অশোচ্য (p. 066) [aśōcanīẏa, aśōcya] বিণ. শোক করা উচিত নয় এমন, শোকের বা দুঃখের অযোগ্য, যার জন্য শোক করা উচিত নয়। [সং. ন + শোচনীয়, শোচ্য]।

অশোধিত (p. 066) [aśōdhita] বিণ. 1 শোধিত বা সংশোধিত হয়নি এমন, অমার্জিত (অশোধিত তেল); পরিমার্জনা হয়নি এমন; 2 পরিশোধ বা শোধ করা হয়নি এমন (অশোধিত ঋণ)। [সং. ন + শোধিত]।

অশোভন (p. 066) [aśōbhana] বিণ. শোভা পায় না এমন; মানায় না এমন, বেমানান (অশোভন আচরণ); সুদৃশ্য বা সুসজ্জিত নয় এমন। [সং. ন + শোভন]। স্ত্রী. অশোভনা।˜ তা বি. বেমানান ব্যাপার, আচরণ ইত্যাদি। অশোভিত বিণ. অসজ্জিত, সাজানো নয় এমন।

অশৌচ (p. 066) [aśauca] বি. অপবিত্রতা; অশুদ্ধি; আত্মীয়ের জন্ম বা মৃত্যুর জন্য দেহের অশুদ্ধিরূপ সংস্কার। [সং. ন + শৌচ]। অশৌচান্ত বি. অশৌচ অবস্থার বা অশৌচকালের শেষ।

অশ্ব (p. 066) [aśba] বি. ঘোড়া। [সং. অশ্ + ব]। স্ত্রী. অশ্বা, অশ্বী।˜ .কোবিদ বিণ. ঘোড়া সম্বন্ধে জ্ঞানসম্পন্ন।˜ .খুর বি. 1 ঘোড়ার খুর; 2 গন্ধদ্রব্যবিশেষ।˜ .গন্ধা বি. ছোট গাছবিশেষ।˜ .ডিম্ব বি. ঘোড়ার ডিম; কাল্পনিক বা অস্তিত্বহীন বস্তু।˜ তর বি. ঘোড়া ও গাধার মিলনজাত প্রাণী, খচ্চর। স্ত্রী.˜ তরী।˜ পাল,˜ রক্ষক বি. ঘোড়ার রক্ষণাবেক্ষণ করে যে; সহিস।˜ বৈদ্য বি. ঘোড়ার চিকিৎসক।˜ .মুখী বি. কিন্নরী।˜ মেধ বি. ঘোড়া বলি দিয়ে সম্পন্ন হত এমন যজ্ঞবিশেষ।˜ যান বি. ঘোড়ায়-টানা যাত্রিবাহী গাড়ী, ঘোড়ার গাড়ী।˜ শালা বি. ঘোড়ার থাকার জায়গা, আস্তাবল।˜ সাদী (-দিন্), অশ্বারোহী (-হিন্) বি. ঘোড়সওয়ার।

অশ্বত্থ (p. 066) [aśbattha] বি. বড় গাছবিশেষ, পিপুল। [সং. ন + শ্ব + √ স্থা + অ]।

অশ্ব-ত্থামা (p. 066) [aśba-tthāmā] বি. (মহা.) কুরুপক্ষের যোদ্ধা; দ্রোণাচার্যের পুত্র (জন্মমুহূর্তে অশ্বের মতো ডেকে উঠেছিলেন বলে তাঁর এই

নাম)। [সং. অশ্ব + স্থা + মন্]। অশ্বত্থামা হত ইতি গজঃ সত্যের আবরণে মিথ্যা (মহাভারতে যুধিষ্ঠিরের একবারমাত্র মিথ্যাভাষণের উল্লেখ আছে। দ্রোণাচার্যের কাছে গিয়ে তিনি প্রকাশ্যে বলেন যে অশ্বত্থামা হত হয়েছেন, অবশ্য নিম্নস্বরে তিনি একথাও বলেন যে এই অশ্বত্থামা একটি হাতির নাম। কিন্তু দ্রোণাচার্য ধরে নিলেন যে তাঁর পুত্র অশ্বত্থামার কথাই বলা হয়েছে)।

অশ্বপাল, অশ্বমুখী, অশ্বমেধ, অশ্বযান (p. 066) [aśbapāla, aśbamukhī, aśbamēdha, aśbayāna] দ্র অশ্ব।

অশ্ব-শক্তি (p. 066) [aśba-śakti] বি. বিদ্যুত্ বা বাষ্পের সাহায্যে চালিত যন্ত্রের শক্তিনির্ণয়ের মাপকাঠি; এক অশ্বের শক্তির স্বীকৃত পরিমাণ (অর্থাত্ 1 মিনিটে প্রায় 4 মন ওজন 1 ফুট উঁচু করার জন্য প্রয়োজনীয় শক্তি), horsepower. [সং. অশ্ব + শক্তি]।

অশ্বা (p. 066) [aśbā] দ্র অশ্ব।

অশ্বারূঢ় (p. 066) [aśbārūḍh ়] বিণ. ঘোড়ায় চড়ে আছে এমন। [সং. অশ্ব + আরূঢ়]।

অশ্বারোহণ (p. 067) [aśbārōhaṇa] বি. ঘোড়ায় চড়া। [সং. অশ্ব + আরোহণ]। অশ্বারোহী (-হিন্) বি. ঘোড়সওয়ার (ছুটে এল অশ্বারোহীর দল)। □ ঘোড়ায় চড়ে আছে এমন (অশ্বারোহী সৈন্য)।

অশ্বিনী (p. 067) [aśbinī] বি. 1 (স্ত্রী.) অশ্বরূপিনী সূর্যপত্নী; 2 দক্ষের কন্যা; 3 নক্ষত্রবিশেষ; 4 (অশু.) ঘোটকী। [সং. অশ্ব + ইন্ + (অস্ত্যর্থে) ঈ]। ̃ .কুমার, ̃ সুত বি. দেবলোকের চিকিৎসক যমজ ভ্রাতৃদ্বয়।

অশ্বী (p. 067) [aśbī] দ্র অশ্ব।

অশ্ব (p. 067) [aśba] বি. 1 শিলা, প্রস্তর, পাথর; 2 শিলাজতু, bitumen; 3 পর্বত। [সং. √ অশ্ + মন্]। ̃ ক বি. 1 দক্ষিণ ভারতের প্রাচীন জাতিবিশেষ; 2 দক্ষিণ ভারতের প্রাচীন দেশ। ̃ জ বিণ. পাহাড়ে জাত বা উৎপন্ন। □ বি. লোহা। ̃ .মন্ডল বি. পৃথিবীর প্রস্তরময় স্তর, lithosphere (বি. প.)। ̃ র বিণ. প্রস্তরময়, পাথুরে। ̃ রী বি. পাথুরিরোগ। অশ্বী-ভবন বি. পাথরে পরিণত হওয়া। অশ্বী-ভূত বিণ. পাথরে পরিণত, শিলীভূত, fossilized.

অশ্রদ্ধ (p. 067) [aśraddha] দ্র অশ্রদ্ধা।

অশ্রদ্ধা (p. 067) [aśraddhā] বি. 1 অভক্তি (অশ্রদ্ধার দান); 2 অনুরাগ, প্রীতি বা প্রেমের অভাব; 3 অরুচি, ঘৃণা (আহারে অশ্রদ্ধা); অবজ্ঞা; অপ্রবৃত্তি; 4 অবিশ্বাস। [সং. ন + শ্রদ্ধা]। অশ্রদ্ধ বিণ. শ্রদ্ধাহীন; আস্থাহীন। অশ্রদ্ধেয় বিণ. 1 শ্রদ্ধার অযোগ্য; 2 অবিশ্বাস্য (একথা সম্পূর্ণ অশ্রদ্ধেয়)।

অশ্রবণ (p. 067) [aśrabaṇa] বি. কানে না শোনা, বধিরতা। □ বিণ. কর্ণহীন; শ্রবণশক্তিহীন। [সং. ন + শ্রবণ]। অশ্রবণীয় বিণ. শোনা উচিত নয় এমন, অশ্রোতব্য; অশ্লীল (অশ্রবণীয় ভাষা)।

অশ্রম (p. 067) [aśrama] বি. শ্রমের অভাব। □ বিণ. ক্লান্তিহীন অক্লান্ত। [সং. ন + শ্রম]।

অশ্রান্ত (p. 067) [aśrānta] বিণ. শ্রান্তি নেই এমন; শ্রান্তিহীন; অক্লান্ত; বিরামহীন (অশ্রান্ত অধ্যবসায়)। □ ক্রি-বিণ. অবিরত, বিরামহীনভাবে (পাহাড়ি নদী অশ্রান্ত বয়ে চলেছে)। [সং. ন + শ্রান্ত]। অশ্রান্তি বি. শ্রান্তির অভাব; শ্রান্তিহীনতা বিরামহীনতা।

অশ্রাব্য (p. 067) [aśrābya] বিণ. শোনার অযোগ্য, শোনা উচিত নয় এমন; অশ্লীল (অশ্রাব্য গালাগালি)। [সং. ন + শ্রাব্য]।

অশ্রু (p. 067) [aśru] বি. চোখের জল। [সং. √ অশ্ + রু]।˜ .কণা বি. চোখের জলের বিন্দু।˜ জল বি. (বাং. প্র.) অশ্রু, চোখের জল ('প্রফুল্ল কপোল বহি বহে অশ্রুজল': বিহারী)।˜ .পাত,˜ .বর্ষণ,˜ .মোচন বি. চোখের জল ফেলা, ক্রন্দন, কাঁদা।˜ পূর্ণ বিণ. চোখের জলে ভরা (অশ্রুপূর্ণ চোখ)।˜ .বারি বি. চোখের জল।˜ .মুখী বিণ. (স্ত্রী.) মুখ চোখের জলে ভেজা এমন; ক্রন্দনরতা।˜ রুদ্ধ বিণ. চাপা কান্নায় রুদ্ধ, কান্নায় রুদ্ধ হয়েছে বা আটকে গিয়েছে এমন (অশ্রুরুদ্ধ কণ্ঠ)।˜ সিক্ত বিণ. চোখের জলে ভেজা।

অশ্রুত (p. 067) [aśruta] বিণ. 1 শোনা যায়নি এমন, শোনা হয়নি এমন; 2 (বিরল) বেদবিরুদ্ধ, শ্রুতিবিরুদ্ধ। [সং. ন + শ্রুত]।˜ পূর্ব বিণ. আগে কখনো শোনা যায়নি এমন।

অশ্রেয়, অশ্রেয়ঃ (p. 067) [aśrēẏa, aśrēẏḥ] (-য়স্) বিণ. শ্রেয় বা হিতকর নয় এমন, অহিতকর, অমঙ্গলজনক; অধম। □ বি. অমঙ্গল, অনর্থ। [সং. ন + শ্রেয়স্]। অশ্রেয়স্কর বিণ. অশুভ; অমঙ্গলজনক।

অশ্রোতব্য (p. 067) [aśrōtabya] বিণ. শোনা উচিত নয় এমন, শোনার অযোগ্য; অশ্লীল। [সং. ন + শ্রোতব্য]।

অশ্রোত্রিয় (p. 067) [aśrōtriẏa] বি. বেদ অধ্যয়ন করেনি এমন ব্রাহ্মণ। □ বিণ. শ্রোত্রিয়হীন, বেদজ্ঞ ব্রাহ্মণবিহীন। [সং. ন + শ্রোত্রিয়]।

অশ্লাঘা (p. 067) [aślāghā] বি. নিন্দা, অপ্রশংসা। [সং. ন + শ্লাঘা]। অশ্লাঘনীয়, অশ্লাঘ্য বিণ. নিন্দার যোগ্য, নিন্দনীয়; অপ্রশংসনীয়।

অশ্লীল (p. 067) [aślīla] বিণ. 1 কুৎসিত; সুন্দর নয় এমন; জঘন্য; 2 কুরুচিপূর্ণ; 3 অশিষ্ট, ভদ্রসমাজে চলে না এমন। [সং. ন + শ্লীল]।˜ তা বি. কুৎসিত, অসুন্দর বা কুরুচিপূর্ণ আচরণ; অশিষ্টতা।

অশ্লেষা (p. 067) [aślēṣā] বি. (অশুভ) নক্ষত্রবিশেষ। [সং. ন + শ্লেষ + (স্ত্রী.) আ]।

অষ্ট (p. 067) [aṣṭa] (-ষ্টন্) বি. আট, আট সংখ্যা, 8। □ বিণ. আটসংখ্যক (অষ্টপ্রহর)। [সং. অশ্ + তন্]। অষ্ট ঐশ্বর্য বি. ঈশ্বর বা শিবের আটপ্রকার বিভূতি বা অলৌকিক গুণ।˜ ক বি. আটের সমষ্টি; আটটি অধ্যায়যুক্ত বা শ্লোকসংবলিত গ্রনহ। □ বিণ. আটসংখ্যক।˜ চত্বারিংশ,˜ .চত্বারিংশত্তম বিণ. আটচল্লিশসংখ্যক;

আটচল্লিশের পূরক। ˜ .চত্তারিং-শত্ বি. বিণ. আটচল্লিশ। ˜ .দিক-পাল, ˜ .দিক্-পাল বি. ইন্দ্র বহ্নি যম নৈর্ঋত বরুণ মরুত্ কুবের ঈশান-আটটি দিকের এই আট অধীশ্বর বা দেবতা। ˜ ধা অব্য. ক্রি-বিণ. আটরকম বা আটরকমে; আটবার বা আটবারে। ˜ ধাতু বি. সোনা, রূপা, তামা, পিতল, কাঁসা, রাং, সীসা ও লোহা-এই আট ধাতু। ˜ .নবতি বি. আটানব্বই। ˜ নবতি-তম বিণ. আটানব্বই সংখ্যক, আটানব্বইয়ের পূরক। ˜ নাগ বি. অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট ও শঙ্খ-এই আট সর্প। ˜ নায়িকা বি. মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী ও কৌমারী। ˜ নিধি বি. কুবেরের পদ্ম মহাপদ্ম প্রভৃতি আটটি নিধি বা রত্ন। ˜ পঞ্চাশ, ˜ পঞ্চাশত্ বি. বিণ. আটান্ন। ˜ পঞ্চাশত্তম বিণ. আটান্নর পূরক; আটান্নসংখ্যক। ˜ পর -অষ্ট-প্রহর -এর আঞ্চ. রূপ। ˜ পাদ বি. মাকড়সা। □ বিণ. আটটি পদবিশিষ্ট। ˜ প্রহর বি. 1 দিবারাত্র, দিবারাত্রি, দিনরাত; 2 সারা দিনরাত ধরে অনুষ্ঠিত সংকীর্তন। □ ক্রি-বিণ. দিনরাত ধরে (অষ্টপ্রহর সতর্ক থাকা)। ˜ বজ্র বি. বিষ্ণুর সুদর্শন চক্র, শিবের ত্রিশূল, ব্রহ্মার অক্ষ, ইন্দ্রের বজ্র, বরুণের পাশ, যমের দণ্ড, কার্তিকের শক্তি এবং দুর্গার অসি। ˜ বসু বি. ভব ধ্রুব সোম বিষ্ণু অনিল অনল প্রত্যুষ প্রভাস (মতান্তরে প্রভব)-দক্ষকন্যা বসুর এই আট পুত্র। ˜ বিধ বিণ. আটরকম, আটরকমের। ˜ ভুজ বিণ. আটটি হাতবিশিষ্ট। ˜ ভুজা বিণ. (স্ত্রী.) আটটি হাতবিশিষ্টা। □ বি. দুর্গার রূপভেদ। ˜ ম বিণ. আট সংখ্যার পূরক, eighth. ˜ মী বি. তিথিবিশেষ। ˜ মূর্তি বি. সর্ব ভব রুদ্র উগ্র ভীম পশুপতি মহাদেব ও ঈশান-শিবের এই আট মূর্তি। ˜ রম্ভা বি. কিছুই না, ফাঁকি; তু. ঘোড়ার ডিম; কাঁচকলা। ˜ ষষ্টি বি. আটষট্টি। ˜ ষষ্টি-তম বিণ. আটষট্টির পূরক, আটষট্টিসংখ্যক। ˜ সপ্ততি বি. আটাত্তর। ˜ সপ্ততি-তম বিণ. আটাত্তরের পূরক, আটাত্তরসংখ্যক। ˜ সিদ্ধি বি. অণিমা মহিমা গরিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিত্ব বশিত্ব-যোগের এই আটটি ঐশ্বর্য। অষ্টাংশিত বিণ. 1 আট ভাগে বিভক্ত; 2 (কাগজ সম্বন্ধে) আট পাতায় ভাঁজ-করা, octavo. অষ্টাঙ্গ বি. 1 দেহের আট অঙ্গ বা

অবয়ব (যথা দুই হাত, হৃদয়, কপাল, দুই চোখ, কণ্ঠ (মতান্তরে বাক্য), মেরুদণ্ড (মতান্তরে মন); অথবা পায়ের দুই বৃদ্ধাঙ্গুলি, দুই হাঁটু, দুই হাত, বুক ও নাক; 2 যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধ্যান ধারণা ও সমাধি-এই আটরকম যোগ। □ বিণ. বি. (আয়ু.) শল্য-শলাকা-কায় ইত্যাদি আটরকম (চিকিৎসা)। অষ্টা-ত্রিংশ, অষ্টা-ত্রিংশত্তম বিণ. আটত্রিশসংখ্যক, আটত্রিশের পূরক। অষ্টা-ত্রিংসত্ বি. আটত্রিশ। অষ্টা-দশ বি. বিণ. আঠারো। □ বিণ. আঠারো, সংখ্যার পূরক, আঠারোসংখ্যক। অষ্টা-দশী বিণ. অষ্টাদশ-এর স্ত্রীলিঙ্গ রূপ। □ বি. (স্ত্রী.) আঠারো বৎসর বয়স্কা নারী (ধীর পদে এগিয়ে এল এক অষ্টাদশী)। অষ্টা-পদ বি. স্বর্ণ, সোনা ('কাঠের সেঁউতী মোর হইল অষ্টাপদ': ভা. চ)। অষ্টা-বক্র বি. পৌরাণিক মুনিবিশেষ (এঁর শরীরের আট স্থানে বক্রতা ছিল বলে বর্ণিত আছে)। অষ্টা-বিংশ, অষ্টা-বিংশতি-তম বিণ. আটাশ সংখ্যার পূরক, আটাশসংখ্যক। অষ্টা-বিংশতি বি. বিণ. আটাশ। অষ্টাশীতি, অষ্টাশি বি. আটাশি, অষ্টআশি। অষ্টাশীতি-তম বিণ. আটাশি সংখ্যার পূরক আটাশিসংখ্যক। অষ্টা-ষষ্টি-অষ্টষষ্টি -র রূপভেদ। অষ্টাহ বি. আট দিন।

অষ্টাংশিত (p. 067) [aṣṭāṃśita] দ্র অষ্ট।

অষ্টাঙ্গ (p. 067) [aṣṭāṅga] দ্র অষ্ট।

অষ্টাত্রিংশ, অষ্টাত্রিংশত্, অষ্টাত্রিংশত্তম (p. 067) [aṣṭātriṃśa, aṣṭātriṃśat, aṣṭātriṃśattama] দ্র অষ্ট।

অষ্টাদশ, অষ্টাদশী (p. 067) [aṣṭādaśa, aṣṭādaśī] দ্র অষ্ট।

অষ্টাবক্র (p. 067) [aṣṭābakra] দ্র অষ্ট।

অষ্টাবিংশ, অষ্টাবিংশতি, অষ্টাবিংশতিতম (p. 067) [aṣṭābiṃśa, aṣṭābiṃśati, aṣṭābiṃśatitama] দ্র অষ্ট।

অষ্টাশি (p. 067) [aṣṭāśi] দ্র অষ্ট।

অষ্টাহ (p. 067) [aṣṭāha] দ্র অষ্ট।

অষ্টি (p. 067) [aṣṭi] বি. আঁঠি, বীজ, বিচি। [সং. √ অস্ + তি]।

অষ্টে-পৃষ্ঠে, আষ্টে-পৃষ্ঠে (p. 067) [aṣṭē-pṛṣṭhē, āṣṭē-pṛṣṭhē] ক্রি-বিণ. সর্বাঙ্গে, সারা শরীরে (আষ্টেপৃষ্ঠে বাঁধা)। [সং. অষ্ট + পৃষ্ঠ]।

অষ্টোত্তর (p. 067) [aṣṭōttara] বিণ. আট বেশি, অষ্টাধিক (অষ্টোত্তর শতনাম) [সং. অষ্ট + উত্তর]। ̃ শত-নাম বি. একশো আট নাম।

অসংকীর্ণ (p. 067) [asaṅkīrṇa] বিণ. সংকীর্ণ নয় এমন; প্রশস্ত, উদার। [সং. ন + সংকীর্ণ]।

অসংকুচিত, অসঙ্কুচিত (p. 067) [asaṅkucita, asaṅkucita] বিণ. 1 সংকোচ বা কুণ্ঠা নেই এমন, অকুণ্ঠিত (অসংকুচিত স্বীকৃতি); 2 সংকীর্ণ নয় এমন, প্রশস্ত। [সং. ন + সংকুচিত]।

অসংকোচ, অসঙ্কোচ (p. 067) [asaṅkōca, asaṅkōca] বিণ. সংকোচহীন (অসংকোচ স্বীকারোক্তি)। [সং. ন + সংকোচ]। অসংকোচে ক্রি-বিণ. বিনা দ্বিধায়, অকুণ্ঠভাবে (অসংকোচে স্বীকার করল)।

অসংখ্য (p. 067) [asaṅkhya] বিণ. সংখ্যাহীন, গুনে শেষ করা যায় না এমন, অগণিত। [সং. ন + সংখ্যা]। অসংখ্যেয় বিণ. অসংখ্য, গুণে শেষ করা যায় না এমন; সংখ্যা নিরুপণ করা যায় না এমন।

অসংগঠিত (p. 067) [asaṅgaṭhita] বিণ. সংগঠিত বা সংহত নয় এমন। [সং. ন + সংগঠিত]।

অসংগত, অসঙ্গত (p. 067) [asaṅgata, asaṅgata] বিণ. সংগত বা যুক্তিযুক্ত নয় এমন, অযৌক্তিক (অসংগত আচরণ); অবান্তর; অন্যায্য (অসংগত দাবি)। [সং. ন + সংগত]। অসংগতি, অসঙ্গতি বি. যুক্তি বা সম্বন্ধের অভাব; অসংলগ্নতা (কথার মধ্যে অসংগতি); (প্রধানত আর্থিক) অভাব, অসচ্ছলতা।

অসংবৃত (p. 067) [asambr̥ta] বিণ. 1 আঢাকা, অনাচ্ছাদিত; আবরণহীন; 2 শরীরের বসন বা কাপড়চোপড় শ্লথ হয়ে পড়েছে এমন। [সং. ন + সংবৃত]। স্ত্রী. অসংবৃতা

অসংযত (p. 067) [asaṃyata] বিণ. অনিয়ন্ত্রিত, সংযমহীন; উদ্দাম; বন্ধন বা নিয়ম মানে না এমন; উচ্ছৃঙ্খল (অসংযত আচরণ)। [সং. ন + সংযত]।

অসংযম (p. 067) [asaṃyama] বি. সংযমের অভাব; উচ্ছৃঙ্খলতা; উদ্দমতা; নিয়ন্ত্রণের অভাব। [সং. ন + সংযম]। অসংযমী (-মিন্) বিণ. অসংযত, উচ্ছৃঙ্খল, অমিতাচারী।

অসংযুক্ত (p. 067) [asaṃyukta] বিণ. সংযুক্ত নয় এমন, পৃথক, আলাদা, বিচ্ছিন্ন। [সং. ন + সংযুক্ত]।

অসংলগ্ন (p. 067) [asaṃlagna] বিণ. 1 পরস্পরসম্বন্ধহীন (অসংলগ্ন কথাবর্তা); 2 অসম্বদ্ধ; 3 অবান্তর (অসংলগ্ন বিষয়ের অবতারণা)। [সং. ন + সংলগ্ন]।

অসংশয় (p. 067) [asaṃśaẏa] বিণ. সংশয়হীন, নিঃসন্দেহ, নিশ্চিত। □ বি. সংশয়ের বা সন্দেহের অভাব। [সং. ন + সংশয়]। অসংশয়ে ত্রি-বিণ. নিঃসন্দেহে, নিশ্চয়। অসংশয়িত বিণ. সংশয়হীন, অসন্দিগ্ধ, নিশ্চিত।

অসংশোধন (p. 067) [asaṃśōdhana] বি. অসংস্কার, সংস্কার বা শোধনের অভাব; সংশোধন না করা। [সং. ন + সংশোধন]। অসংশোধনীয় বিণ. সংশোধন বা সংস্কার করার অযোগ্য, সংশোধন করা যায় না এমন। অসংশোধিত বিণ. সংশোধন করা হয়নি বা করা যায় নি এমন।

অসংশ্লিষ্ট (p. 067) [asaṃśliṣṭa] বিণ. সংশ্লিষ্ট বা সম্পর্কিত নয় এমন। [সং. ন + সংশ্লিষ্ট]।

অসংসক্ত (p. 067) [asaṃsakta] বিণ. সংসর্গহীন; সম্পর্কহীন; অসংশ্লিষ্ট। [সং. ন + সংসক্ত]।

অসংসারী (p. 067) [asaṃsārī] (-রিন্) বিণ. সংসারী বা গৃহী নয় এমন। [সং. ন + সংসারী]।

অসংস্কৃত (p. 067) [asaṃskṛta] বিণ. 1 অশোধিত, অমার্জিত, অপরিমার্জিত; 2 অবিন্যস্ত (অসংস্কৃত কেশপাশ); 3 চূড়াকরণ কর্ণবেধ ইত্যাদি শাস্ত্রীয় সংস্কার হয়নি এমন; 4 সংস্কৃত ভাষা থেকে ভিন্ন। [সং. ন + সংস্কৃত]। অসংস্কৃত বাক্য বি. সংস্কৃত ছাড়া অন্য ভাষায় উক্ত বাক্য; অমার্জিত কথা।

অসংস্থান (p. 067) [asaṃshāna] বি. সংস্থান না থাকা, অপ্রতুল, অভাব; অসদ্ভাব। [সং. ন + সংস্থান]।

অসংহত (p. 067) [asaṃhata] বিণ. সংলগ্ন বা সম্বদ্ধ নয় এমন; মিলিত নয় এমন; বিক্ষিপ্ত। [সং. ন + সংহত]।

অসকাল (p. 067) [asakāla] বি. 1 অসময়; 2 অবসান; 3 সন্ধ্যা, দিনের শেষ ('বেলি অসকাল': চণ্ডী.)। [বাং. অ + সকাল]।

অসকৃত্ (p. 067) [asakṛt] অব্য বারবার, পুনঃপুনঃ; বহুবার। [সং. ন + সকৃত্]।

অসক্ত (p. 067) [asakta] বিণ. 1 আসক্তিহীন, অনুরাগ বা প্রীতি নেই এমন; 2 ফলের আকাঙ্ক্ষা নেই এমন; নির্লিপ্ত। [সং. ন + √ সন্‌জ্ + ত]।

অসখ্য (p. 067) [asakhya] বি. সখ্য বা প্রীতির অভাব, বন্ধুতার অভাব। [সং. ন + সখ্য]।

অসঙ্কুচিত (p. 067) [asaṅkucita] দ্র অসংকুচিত।

অসঙ্কোচ (p. 067) [asaṅkōca] দ্র অসংকোচ।

অসঙ্‌গ (p. 067) [asaṅga] বিণ. নিঃসঙ্গ, সঙ্গী নেই এমন। □ বি. স্ত্রীপুত্র ও বিষয়াদি ত্যাগরূপ বৈরাগ্য, অনাসক্তি; পরব্রহ্ম। [সং. ন + সঙ্গ]।

অসঙ্গত, অসঙ্গতি (p. 067) [asaṅgata, asaṅgati] দ্র অসংগত।

অসচ্চরিত্র (p. 067) [asaccaritra] বিণ. চরিত্র ভালো নয় এমন; অসাধু; মন্দ স্বভাববিশিষ্ট। [সং. ন + সচ্চরিত্র]। স্ত্রী. অসচ্চরিত্রা। ˜ তা বি. চরিত্রের দোষ, মন্দ স্বভাব।

অসচ্ছল (p. 067) [asacchala] বিণ. আর্থিক টানাটানি আছে এমন, আর্থিক কষ্ট আছে এমন; দরিদ্র। [বাং. অ + সচ্ছল]। ˜ তা বি. আর্থিক অনটন, আর্থিক টানাটানি।

অসজ্‌জন (p. 067) [asajjana] বি. সজ্জন বা সাধু (ব্যক্তি) নয় এমন; দুর্বৃত্ত। [সং. ন + সজ্জন]।

অসত্‌ (p. 067) [asat] বিণ. 1 অসাধু, মন্দ, খারাপ; 2 অস্তিত্বহীন, অবিদ্যমান। [সং. ন + সত্‌]।˜ সঙ্গ বি. কুসঙ্গ, মন্দ লোকের সঙ্গে মেলামেশা ('সৎসঙ্গে স্বর্গবাস, অসৎসঙ্গে সর্বনাশ')। অসত্তা বি. সত্তার অভাব, সত্তাহীনতা, অস্তিত্বহীনতা।

অসততা (p. 067) [asatatā] বি. সততা বা সাধুতার অভাব; অসত্‌ কাজ বা চিন্তা। [বাং. অ + সততা]।

অসর্তক (p. 067) [asartaka] বিণ. অসাবধান। [সং. ন + সতর্ক]। বি.˜ তা।

অসতী (p. 067) [asatī] বিণ. ব্যভিচারিণী, ভ্রষ্টা; সাধ্বী নয় এমন। □ বি. ভ্রষ্টা বা ব্যভিচারিণী নারী। [সং. ন + সতী]।

অসত্তা (p. 067) [asattā] দ্র অসত্‌।

অসত্য (p. 067) [asatya] বিণ. সত্য নয় এমন, মিথ্যা; অলীক; যথার্থ নয় এমন (অসত্য উক্তি)। □ বি. অসত্য কথা, মিথ্যা কথা, untruth. [সং. ন + সত্য]।˜ বাদী (-দিন্‌) বিণ. মিথ্যা বলে এমন, মিথ্যা কথা বলে এমন, মিথ্যাবাদী।

অসদ্‌-গ্রাহী (p. 067) [asad-grāhī] (হিন্‌) বিণ. 1 অগ্রহণীয় জিনিস গ্রহন করে এমন, যে দান গ্রহণ করা উচিত নয় তা গ্রহণ করে এমন; 2 ঘুসখোর। [সং. অসত্‌ + গ্রাহিন্‌]। অসদ্‌-গ্রহ বি. খারাপ জিনিসের প্রতি আসক্তি বা আগ্রহ।

অসদ্-বুদ্ধি, অসদ্বুদ্ধি (p. 067) [asad-buddhi, asadbuddhi] বি. কুবুদ্ধি, সদ্বুদ্ধির অভাব, মন্দ কাজ করার মতলব বা বুদ্ধি। □ বিণ. (বিরল) কুবুদ্ধিপূর্ণ। [সং. অসত্ + বুদ্ধি]

অসদ্-বৃত্তি (p. 067) [asad-br̥tti] বি. মন্দ প্রবৃত্তি, খারাপ ব্যবহার বা আচরণ; জীবিকা অর্জনের অসত্ পথ বা উপায়। [সং. অসত্ + বৃত্তি]।

অসদ্-ব্যবহার, অসদ্ব্যবহার (p. 067) [asad-byabahāra, asadbyabahāra] বি. অভদ্র বা মন্দ ব্যবহার, মন্দ আচরণ; দুর্ব্যবহার। [সং. অসত্ + ব্যবহার]।

অসদ্-ভাব, অসদ্ভাব (p. 067) [asad-bhāba, asadbhāba] বি. 1 মনোমালিন্য (প্রতিবেশীদের মধ্যে অসদ্ভাব); কলহ; 2 অভাব; অবিদ্যমানতা। [সং. অসত্ + ভাব]।

অসদাচরণ (p. 067) [asadācaraṇa] বি. মন্দ ব্যবহার, দুর্ব্যবহার; খারাপ বা নিন্দনীয় বৃত্তি; দুর্বৃত্ততা। [সং. অসত্ + আচরণ]। অসদাচার বি. মন্দ আচরণ, দুর্বৃত্ততা। □ (বিরল) বিণ. অসত্ আচরণ করে এমন। অসদাচারী (-রিন্) বিণ. কদাচারী, দুর্বৃত্ত, অন্যায় আচরণকারী।

অসদুপ-দেশ (p. 067) [asadupa-dēśa] বি. মন্দ বা অসত্ পরামর্শ, কুপরামর্শ। [সং. অসত্ + উপদেশ]।

অসদৃশ (p. 067) [asadr̥śa] বিণ. সদৃশ নয় এমন, এক প্রকারের নয় এমন, ভিন্নরকম; বিসদৃশ; বিরুদ্ধ। [সং. ন + সদৃশ]।

অসদ্বুদ্ধি (p. 067) [asadbuddhi] দ্র অসদ্বুদ্ধি।

অসদ্ব্যবহার (p. 067) [asadbyabahāra] দ্র অসদ্ব্যবহার।

অসদ্ভাব (p. 067) [asadbhāba] দ্র অসদ্ভাব।

অসন্তুষ্ট (p. 067) [asantuṣṭa] বিণ. খুশি নয় এমন, প্রীত বা প্রসন্ন নয় এমন, অখুশী; অতৃপ্ত; বিরক্ত; ক্ষুব্ধ। [সং. ন + সন্তুষ্ট]। অসন্তুষ্টি, অসন্তোষ বি. তৃপ্তির অভাব, অখুশি ভাব; বিরক্তি। অসন্তোষ-জনক বিণ. অপ্রীতিজনক, অতৃপ্তিকর।

অসন্দিগ্ধ (p. 067) [asandigdha] বিণ. সন্দেহ করে না এমন, সন্দেহহীন; বিশ্বাসী, সংশয়াতীত; নিশ্চিত। [সং. ন + সন্দিগ্ধ]। ˜ চিত্ত বিণ. মনে কোনো সন্দেহ নেই এমন।

অসপত্ন (p. 067) [asapatna] বিণ. শত্রুহীন, প্রতিদ্বন্দ্বীহীন, নিষ্কন্টক (অসপত্ন সিংহাসন)। [সং. ন + সপত্ন]।

অসপিণ্ড (p. 067) [asapiṇḍa] বিণ. রক্তের সম্পর্ক নেই এমন, রক্তসম্পর্কহীন; (সাত পুরুষের অন্তর্গত) জাতি ভিন্ন অন্য। [সং. ন + সপিণ্ড]।

অসফল (p. 067) [asaphala] বিণ. সফল বা সার্থক নয় এমন; ব্যর্থ (অসফল প্রয়াস)। [সং. ন + সফল]।

অসবর্ণ (p. 067) [asabarṇa] বিণ. ভিন্ন বর্ণ বা জাতির অন্তর্ভুক্ত, অন্য বর্ণের অন্তর্গত। [সং. ন + সবর্ণ]। অসবর্ণ বিবাহ বি. ভিন্ন বর্ণের মধ্যে বিবাহ, intercaste marriage.

অসভ্য (p. 067) [asabhya] বিণ. সভ্য নয় এমন; অভদ্র, অমার্জিত, অশিষ্ট (অসভ্য লোক); অসামাজিক; বর্বর; বন্য (অসভ্য জাতি)। [সং. ন + সভ্য]। বি. ̃ তা।

অসম (p. 067) [asama] বিণ. 1 সমান নয় এমন, অসমান; সাদৃশ্যহীন, অসদৃশ; অন্যরকম; 2 অসমতল; উঁচু-নিচু। [সং. ন + সম]। বি. ̃ তা। ̃ দর্শী (-র্শিন্) বিণ. পক্ষপাত করে এমন, সকলকে সমান দেখে না এমন; একচোখো। বি. ̃ দর্শিতা। ̃ সাহস বি. দুর্জয় সাহস; নির্ভিয়তা, ভয়ের সম্পূর্ণ অভাব। ̃ সাহসিক, ̃ সাহসী (-সিন্) বিণ. দুঃসাহসী. নির্ভীক, দুর্জয় সাহস আছে এমন।

অসম-কক্ষ (p. 070) [asama-kakṣa] বিণ. সমকক্ষ বা তুল্য প্রতিদ্বন্দ্বী নয় এমন। [সং. ন + সমকক্ষ]। বি. ̃ তা।

অসম-কালীন (p. 070) [asama-kālīna] বি. একই সময়ের নয় এমন, সমকালীন নয় এমন। [সং. ন + সমকালীন]।

অসমক্ষে (p. 070) [asamakṣē] ক্রি-বিণ. অগোচরে, অসাক্ষাতে, পরোক্ষে (এ ঘটনা ঘটেছে আমার অসমক্ষে)। [বাং. অ + সমক্ষে]। অসমক্ষ বিণ. পরোক্ষ; অগোচর।

অসমঞ্জস (p. 070) [asamañjasa] বিণ. সংগতিহীন, অসংগত; সামঞ্জস্যহীন; বেখাপ, বেখাপ্পা। [সং. ন + সমঞ্জস]।

অসম-তল (p. 070) [asama-tala] বিণ. তল সমান নয় এমন; বন্ধুর, এবড়োখেবড়ো, উঁচু-নিচু। [সং. ন + সমতল]।

অসমতা, অসমদর্শী (p. 070) [asamatā, asamadarśī] দ্র অসম।

অসম-বয়স্ক, অসম-বয়সী (p. 070) [asama-baẏaska, asama-baẏasī] বিণ. সমান বয়সের নয় এমন, একই বয়সের নয় এমন। [সং. অসম + বয়স্ক, বয়সী]।

অসময় (p. 070) [asamaẏa] বি. 1 অনুপযুক্ত সময় (বিবাহের পক্ষে অসময়); 2 অপ্রকৃত সময়, অকাল (অসময়ের ফল, অসময়ের বৃষ্টি); 3 দুঃসময় (দেশের এখন বড় অসময়, তার এখন বড় অসময় চলছে); 4 যথাসময়ের বা উপযুক্ত কালের আগে বা পরে (অসময়ের সন্তান)। [সং. ন + সময়]। ক্রি-বিণ. অসময়ে।

অসমর্থ (p. 070) [asamartha] বিণ. 1 অক্ষম (আমি এ কাজ করতে অসমর্থ); 2 দুর্বল, শক্তিহীন (তিনি বৃদ্ধ এবং অসমর্থ); 3 অদক্ষ, অপটু (অসমর্থ হাতের কাজ)। [সং. ন + সমর্থ]। বি.˜ তা। স্ত্রী. অসমর্থা।

অসমর্থন (p. 070) [asamarthana] বি. সমর্থন বা অনুমোদনের অভাব, স্বীকৃতির অভাব। [সং. ন + সমর্থন]।

অসমর্থিত (p. 070) [asamarthita] বিণ. অনুমোদিত বা স্বীকৃত নয় এমন (অসমর্থিত সংবাদ)। [সং. ন + সমর্থিত]।

অসমর্পিত (p. 070) [asamarpita] বিণ. সমর্পিত বা প্রদত্ত হয়নি এমন (অসমর্পিত মন)। [সং. ন + সমর্পিত]।

অসমসাহস, অসমসাহসী (p. 070) [asamasāhasa, asamasāhasī] দ্র অসম।

অসমান (p. 070) [asamāna] বিণ. 1 সমান বা একরকম নয় এমন; 2 অসমতল (অসমান পথ); 3 বাঁকা, বক্র (লাইনটা অসমান হল)। [সং. ন + সমান]।

অসমাপন (p. 070) [asamāpana] বি. সমাপ্তির অভাব, শেষ না-হওয়া। [সং. ন + সমাপন]। অসমাপিত বিণ. শেষ করা হয়নি এমন; সম্পন্ন করা হয়নি এমন।

অসমাপিকা (p. 070) [asamāpikā] বিণ. (স্ত্রী.) যে শেষ বা সম্পূর্ণ করে না। [সং. ন + সমাপিকা]। অসমাপিকা ক্রিয়া (ব্যাক.) যে ক্রিয়া বাক্যের সমাপ্তি ঘটাতে পারে না, এবং বাক্যের সমাপ্তির জন্য অন্য ক্রিয়ার আশ্রয় নেয়-যথা করতে, গিয়ে।

অসমাপিত (p. 070) [asamāpita] দ্র অসমাপন।

অসমাপ্ত (p. 070) [asamāpta] বিণ. শেষ হয়নি বা শেষ করা হয়নি এমন, অসম্পূর্ণ; অনিষ্পন্ন। [সং. ন + সমাপ্ত]। বি. অসমাপ্তি।

অসমিয়া, (বর্জি.) অসমীয়া (p. 070) [asamiẏā, (barji.) asamīẏā] বি. অসম বা আসামের ভাষা বা অধিবাসী। □ বিণ. 1 অসম বা আসামসম্বন্ধীয়; 2 অসমে বা আসামে জাত বা উৎপন্ন। [অ. অহম + বাং. ইয় + আ]।

অসমী-করণ (p. 070) [asamī-karaṇa] বি. (গণি.) সমীকরণ বা সদৃশীকরণের অভাব, inequation. [সং. ন + সমীকরণ]।

অসমীক্ষা, অসমীক্ষণ (p. 070) [asamīkṣā, asamīkṣaṇa] বি. সমীক্ষার বা সম্পূর্ণভাবে বিচারবিবেচনার অভাব। [সং. ন + সমীক্ষা]। অসমীক্ষিত বিণ. সমীক্ষা করা বা সম্পূর্ণভাবে বিচারবিবেচনা করা হয়নি এমন; অপরীক্ষিত; বিশ্লেষণ করা হয়নি এমন।

অসমীক্ষ্য-কারী (p. 070) [asamīkṣya-kārī] (-রিন্) বিণ. ফলাফল বিচার না করে কাজ করে এমন, অবিমৃশ্যকারী, হঠকারী। [সং. ন + সমীক্ষ্যকারিন্]। অসমীক্ষ্য-কারিতা বি. অগ্রপশ্চাত্ বিবেচনা করে কাজ না করা, হঠকারিতা, অবিমৃশ্যকারিতা।

অসমীচীন (p. 070) [asamīcīna] বিণ. অনুচিত, অসংগত (অসমীচীন কাজ, অসমীচীন আচরণ); অন্যায়; অনুপযুক্ত। [সং. ন + সমীচীন]।˜ তা বি. অযথার্থতা, অনৌচিত্য।

অসমৃদ্ধি (p. 070) [asamṛddhi] বি. সমৃদ্ধির অভাব; অপ্রাচুর্য। [সং. ন + সমৃদ্ধ]।

অসম্পন্ন (p. 070) [asampanna] বিণ. সমাপন বা শেষ হয়নি এমন (অসম্পন্ন কাজ)। [সং. ন + সম্পন্ন]।

অসম্পর্ক (p. 070) [asamparka] বি. সম্পর্কের বা সম্বন্ধের অভাব। ☐ (বিরল) বিণ. সম্পর্কহীন, সম্বন্ধহীন। [সং. ন + সম্পর্ক]।

অসম্পর্কিত (p. 070) [asamparkita] বিণ. সম্পর্কহীন, সম্পর্ক নেই এমন; আত্মীয়তা নেই এমন, unrelated; অসংলগ্ন।

অসম্পাদন (p. 070) [asampādana] বি. (কোনো কাজ) না করা; অক্রিয়া, কাজের অভাব। [সং. ন + সম্পাদন]। অসম্পাদিত বিণ. করা হয়নি এমন, সম্পন্ন বা নিষ্পন্ন হয়নি এমন (অসম্পাদিত কাজ)।

অসম্পূর্ণ (p. 070) [asampūrṇa] বিণ. সম্পূর্ণ বা পূর্ণ নয় বা হয়নি এমন, অপূর্ণ; অসমাপ্ত। [সং. ন + সম্পূর্ণ]। বি.˜ তা।

অসম্পৃক্‌ত (p. 070) [asampr̥kta] বিণ. সম্পর্কহীন; যোগাযোগা বা সংযোগ নেই এমন, অসম্পর্কিত; সম্বন্ধহীন। [সং. ন + সম্পৃক্ত]।

অসম্বদ্ধ (p. 070) [asambaddha] বিণ. অসংলগ্ন, পরস্পর মিল নেই বা আলোচ্য বিষয়ের সঙ্গে সম্পর্ক বা সংগতি নেই এমন; এলোমেলো; অর্থহীন (অসম্বদ্ধ উক্তি, অসম্বদ্ধ প্রলাপ)। [সং. ন + সম্বদ্ধ]। বি.˜ তা।

অসম্বন্ধ (p. 070) [asambandha] বিণ. সম্বন্ধহীন; অনাত্মীয়, সম্পর্কহীন; অসম্বদ্ধ, অসংলগ্ন; অবান্তর, অর্থহীন। [সং. ন + সম্বন্ধ]।

অসম্বাধ (p. 070) [asambādha] বিণ. 1 বাধাহীন, অবাধ; 2 সংঘর্ষহীন; 3 অপ্রতিরোধ্য, বাধা দেওয়া যায় না এমন। [সং. ন + সম্বাধা]।

অসম্ভব (p. 070) [asambhaba] বিণ. 1 ঘটে না বা ঘটেনো যায় না এমন; 2 অদ্ভুত, বিস্ময়কর (এ কী অসম্ভব কথা)। □ বি. অস্বাভাবিক ঘটনা (অসম্ভবকে সম্ভব করা)। [সং. ন + সম্ভব]। অসম্ভাবনা বি. সম্ভাবনার অভাব। অসম্ভাবনীয়, অসম্ভাব্য বিণ. ঘটবার সম্ভাবনা নেই এমন। অসম্ভাবিত বিণ. ঘটবে বলে ভাবা যায়নি এমন, অপ্রত্যাশিত, unexpected. অসম্ভাব্যতা বি. সম্ভাবনার অভাব, অসম্ভাবনা। অসম্ভূত বিণ. 1 ঘটেনি এমন; 2 জন্ম হয়নি এমন, জন্মায়নি এমন।

অসম্ভ্রম (p. 070) [asambhrama] বি. অমর্যাদা, অসম্মান; অনাদর। [সং. ন + সম্ভ্রম]। অসম্ভ্রান্ত বিণ. মর্যাদাহীন, মানসম্মান নেই এমন; রুচিহীনতার পরিচায়ক।

অসম্মত (p. 070) [asammata] বিণ. গররাজি, রাজি নয় এমন (এই প্রস্তাবে তিনি অসম্মত হলেন); অনিচ্ছুক; অস্বীকৃত; অনুমোদন পাওয়া যায়নি এমন। [সং. ন + সম্মত]। অসম্মতি বি. সম্মতি বা অনুমোদনের অভাব, অমত, রাজি না হওয়া (তাঁর অসম্মতি তিনি স্পষ্ট ভাষায় জানিয়ে দিয়েছেন); অনিচ্ছা; অস্বীকৃতি।

অসম্মান (p. 070) [asammāna] বি. অমর্যাদা, সম্ভ্রম বা সম্মানের অভাব; অপমান; অনাদর। [সং. ন + সম্মান]। অসম্মানিত বিণ. অপমান করা হয়েছে এমন, অপমানিত। ̃ জনক বিণ. অমর্যাদাকর, মানহানিকর, সম্মানহানি হয় এমন। অসম্মাননা বি. অসম্মান।

অসরল (p. 070) [asarala] বিণ. 1 সরল বা সোজা নয় এমন, বাঁকা; 2 সহজ নয় এমন, কঠিন; 3 কুটিল; কপট। [সং. ন + সরল]।

অসহ (p. 070) [asaha] বিণ. 1 সহ্য করতে পারে না এমন, অসহিষ্ণু; ক্ষমাহীন; 2 সহ্য করা যায় না এমন, অসহ্য ('এ কুসুম-মালা হয়েছে অসহ': রবীন্দ্র)। [সং. ন + √ সহ্ + অ]। ̃ ন বি. অসহিষ্ণুতা, সহ্য না করা। □ বিণ. 1 অসহিষ্ণু, ক্ষমাহীন; 2 অসহ্য। ̃ নীয় বিণ. সহ্য করা যায় না এমন, দুঃসহ, অসহ্য (অসহনীয় দুঃখ)। ̃ মান বিণ. সহ্য করে না এমন; ক্ষমা করে না এমন।

অসহ-যোগ, অসহ-যোগিতা (p. 070) [asaha-yōga, asaha-yōgitā] বি. 1 সহযোগ না করা; অন্যের কাজে সাহায্য না করা; 2 অনাদর; 3 উপেক্ষা। [সং. ন + সহযোগ, সহযোগিতা]। অসহযোগ আন্দোলন বি. রাজ্যশাসনের কাজে ব্রিটিশ সরকারের সঙ্গে ভারতীয় জনগণের সহযোগিতা না করার জন্য গান্ধিজির নেতৃত্বে

আন্দোলন, non-cooperation movement. অসহ-যোগী (-গিন্) বিণ. সহযোগ বা সহযোগিতা করে না এমন।

অসহায় (p. 070) [asahāẏa] বিণ. সহায়হীন, সাহায্য করার কেউ নেই এমন; নিঃসঙ্গ, একক। [সং. ন + সহায়]। ̃ তা বি. সহায়হীনতা, সাহায্য করার কেউ নেই এমন অবস্থা; ভরসাহীন অবস্থা; নিঃসঙ্গতা।

অসহিষ্ণু (p. 070) [asahiṣṇu] বিণ. সহ্য করতে পারে না এমন, সহনশক্তিহীন; ধৈর্যহীন, অধীর (এত তাড়াতাড়ি অসহিষ্ণু হয়ে পড়লে চলবে না)। [সং. ন + সহিষ্ণু]। ̃ তা বি. সহনশক্তির অভাব; অধীরতা।

অসহ্য (p. 070) [asahya] বিণ. সহ্য করা যায় না এমন; অসহনীয় (অসহ্য গরম)। [সং. ন + সহ্য]

অসাংবিধানিক (p. 070) [asāmbidhānika] বিণ. সংবিধানের বিধিবহির্ভূত, unconstitutional. [সং. ন + সাংবিধানিক]।

অসাক্ষাত্‌ (p. 070) [asākṣāt] বি. সাক্ষাতের অভাব; দেখা না হওয়া। □ বিণ. অগোচর, দৃষ্টির বাইরে। [সং. ন + সাক্ষাত্‌]। অসাক্ষাতে ক্রি-বিণ. অগোচরে, দৃষ্টির বাইরে; গোপনে।

অসাজন্ত (p. 070) [asājanta] বিণ. অসজ্জিত; অশোভন, বেমানান। [বাং. অ + সাজন্ত]।

অসাড় (p. 070) [asāḍ়] বিণ. সাড় বা অনুভূতি নেই এমন; অবশ (অসাড় দেহ); বোধশক্তিহীন (অসাড় মন)। [বাং. অ + সাড়]। ˜ তা বি. সাড়হীনতা; অবশতা; বোধহীনতা। অসাড়ে ক্রি-বিণ. অজ্ঞান অবস্থায়; অজ্ঞাতসারে।

অসাদৃশ্য (p. 070) [asādṛśya] বি. 1 সাদৃশ্য বা মিলের অভাব, অমিল; 2 অনৈক্য। [সং. ন + সাদৃশ্য]।

অসাধ (p. 070) [asādha] বি. 1 সাধের অভাব, অনিচ্ছা (তোমাকে খাওয়াতে কি আমার অসাধ?); 2 অরুচি। [বাং. অ + সাধ]।

অসাধারণ (p. 070) [asādhāraṇa] বিণ. সাধারণ নয় এমন; সাধারণের মধ্যে সচরাচর হয় না বা ঘটে না এমন; অসামান্য; বিশিষ্ট। [সং. ন + সাধারণ]। ˜ তা, entilde; ত্ব বি. অসামান্যতা, বিশিষ্টতা; অনন্যতা।

অসাধু (p. 070) [asādhu] বিণ. 1 অসত্; মন্দ; প্রতারণা করে এমন (অসাধু ব্যবসায়ী); 2 ব্যাকরণদুষ্ট, অসিদ্ধ (অসাধু শব্দ)। [সং. ন + সাধু]। ˜ তা বি. অসত্ বা মন্দ কাজ বা আচরণ; প্রতারণা; ঠকানো।

অসাধ্য (p. 070) [asādhya] বিণ. 1 সম্পন্ন করা বা সাধন করা যায় না এমন (এ কাজ আমার অসাধ্য); সাধনার অতীত; 2 প্রতিকার করা যায় না এমন (অসাধ্য রোগ)। [সং. ন + সাধ্য]। ˜ সাধন বি. অসম্ভবকে সম্ভব করা। শিবের অসাধ্য একেবারেই অসম্ভব কাজ, এমন কাজ বা স্বয়ং শিবও সম্পন্ন করতে পারেন না।

অসাফল্য (p. 070) [asāphalya] বি. সাফল্যের অভাব; ব্যর্থতা। [সং. ন + সাফল্য]।

অসাবধান (p. 070) [asābadhāna] বিণ. সাবধান বা সর্তক নয় এমন, অসর্তক; অমনোযোগী (এ কাজে অসাবধান হয়ো না)। [বাং. অ + সাবধান]।˜ তা বি. অসতর্কতা; অমনোযোগ।

অসামঞ্জস্য (p. 070) [asāmañjasya] বি. সামঞ্জস্য বা সংগতির অভাব, অসংগতি; অমিল। [সং. ন + সামঞ্জস্য]।

অসাময়িক (p. 070) [asāmaẏika] বিণ. সময়ের উপযোগী নয় এমন, কালের সঙ্গে মানানসই নয় এমন। [সং. অসময় + ইক]। বিণ. (স্ত্রী.) অসাময়িকী।

অসামরিক (p. 070) [asāmarika] বিণ. সমর বা যুদ্ধসম্পর্কিত নয় এমন, non-military, civil. [সং. ন + সামরিক]। অসামরিক বিমানবহর, অসামরিক বিমানচলন বি. সাধারণ বিমানচলন, civil aviation.

অসামর্থ্য (p. 070) [asāmarthya] বি. সামর্থ্য বা ক্ষমতার অভাব; অক্ষমতা। [সং. ন + সামর্থ্য]।

অসামাজিক (p. 070) [asāmājika] বিণ. 1 সমাজের অন্তর্ভুক্ত নয় এমন, সমাজবহির্ভূত; 2 সমাজবিরোধী, সমাজের রীতিনীতির বিপরীত, anti-social (অসামাজিক ক্রিয়াকলাপ); 3 অমিশুক, unsociable; 4 অসভ্য; অভদ্র। [বাং. অ + সামাজিক]।

অসামান্য (p. 070) [asāmānya] বিণ. অসাধারণ, সাধারণত বা সচরাচর ঘটে না বা হয় না এমন; অলৌকিক। [সং. ন + সামান্য]।˜ তা বি. অসাধারণত্ব; বিশিষ্টতা; অলৌকিকতা।

অসামাল (p. 072) [asāmāla] বিণ. সামলাতে পারে না এমন, বেসামাল; অসর্তক; এলোমেলো, শিথিল স্বভাববিশিষ্ট; অসংযত (কাপড়চোপ়ড় অসামাল হওয়া)। [বাং. অ + হি. সম্ভাল > সামাল]।

অসাম্প্রদায়িক (p. 072) [asāmpradāẏika] বিণ. 1 বিশেষ কোনো দল বা (ধর্মীয়) সম্প্রদায় সম্পর্কে নিরপেক্ষ, বিশেষ কোনো সম্প্রদায়ের প্রতি পক্ষপাত নেই এমন; উদার, দলনিরপেক্ষ; 2 বিশেষ কোনো দল বা সম্প্রদায়ের জন্য নয় এমন। [বাং. অ + সং. সাম্প্রদায়িক]। বি.˜ তা।

অসাম্য (p. 072) [asāmya] বি. সাম্য বা সমতার অভাব; অসমতা; অমিল; একতার অভাব (অসাম্যের বিরুদ্ধে সংগ্রাম)। [সং. ন + সাম্য]।

আসার (p. 072) [āsāra] বিন. তুচ্ছ, অপদার্থ, বাজে; মিথ্যা (জগত্-সংসার অসার); ভিতর শক্ত নয় এমন (অসার কাঠ)। [সং. ন + সার]। বি.˜ তা,˜ ত্ব।˜ .কাঠ বি. যে কাঠের ভিতর নরম, sam wood, অসার-সুসার বি. অসুবিধা ও সুবিধা।

অসারল্য (p. 072) [asāralya] বি. সরলতা বা সারল্যের অভাব। [সং. ন + সারল্য]।

অসার্থক (p. 072) [asārthaka] বিণ. সার্থক বা সফল নয় এমন, ব্যর্থ। [সং. ন + সার্থক]।

অসি (p. 072) [asi] বি. খড়্গ; তরবারি, তরোয়াল; (আল.) অস্ত্রবল। [সং. &tick অস্ + ই]। ˜ চর্ম বি. তরোয়াল ও ঢাল।˜ চর্যা,˜ চালনা বি. তরবারি চালানো।˜ ধারা বি. খড়্গ বা তরোয়ালের তীক্ষ্ণ অগ্রভাগ; তরোয়ালের ধার।˜ ধারা-ব্রত বি. কঠিন ব্রতবিশেষ; যে ব্রতে একই শয্যায় শায়িতা রমণীকেও উপভোগ করা নিষেধ।˜ পত্র বি. 1 (অসির মতো পাতা বলে) আখ গাছ; 2 তরবারির খাপ।˜ যুদ্ধ বি. তরবারির সাহায্যে লড়াই।˜ লতা বি. তরবারির ফলক; তরবারি।

অসিত (p. 072) [asita] বি. কৃষ্ণবর্ণ, কালো রং। □ বিণ. কৃষ্ণবর্ণবিশিষ্ট, কালো রঙের; শ্যামল। [সং. ন + সিত]। স্ত্রী. অসিতা।˜ নয়ন বিণ. কালো চোখবিশিষ্ট। স্ত্রী.˜ নয়না। অসিতাঙ্গ বিণ. কৃষ্ণাঙ্গ, কৃষ্ণবর্ণ দেহবিশিষ্‌ট, শ্যামাঙ্গ। স্ত্রী. অসিতাঙ্গী। অসিতাপাঙ্গ বিণ. কৃষ্ণবর্ণ নেত্রপ্রান্তবিশিষ্ট; চোখ বা চোখের প্রান্ত কালো এমন। স্ত্রী. অসিতাপাঙ্গী।

অসিতোপল (p. 072) [asitōpala] বি. নীলা বা নীলকান্তমণি। [সং. অসিত + উপল]।

অসিদ্ধ (p. 072) [asiddha] বিণ. 1 যুক্তিতর্কের দ্বারা সমর্থিত নয় এমন (অসিদ্ধ মত); 2 ব্যাকরণদুষ্ট; 3 সিদ্ধ বা রান্না হয়নি এমন, কাঁচা; আংশিক সিদ্ধ;

4 অসম্পূর্ণ, ব্যর্থ। [সং. ন + সিদ্ধ]। অসিদ্ধি বি. অসাফল্য, ব্যর্থতা; অনিষ্পন্ন অবস্থা।

অসীম (p. 072) [asīma] বিণ. সীমাহীন; অনন্ত, অশেষ ('অসীম ধন তো আছে তোমার': রবীন্দ্র); প্রচুর। □ বি. বিশ্বচরাচরব্যাপী সত্তা ('তোমা মাঝে অসীমের চিরবিস্ময়': রবীন্দ্র)। [সং. ন + সীমা]। স্ত্রী. অসীমা।

অসু (p. 072) [asu] বি. প্রাণ, প্রাণবায়ু; জীবন (দীর্ঘ অসুস্থতার পর তিনি গতাসু হলেন)। [সং. √ অস্ + উ]।

অসুখ (p. 072) [asukha] বি. 1 সুখের অভাব; অশান্তি; 2 রোগ, ব্যাধি, পীড়া, অসুস্থতা। [সং. ন + সুখ]। ̃ কর, ̃ দায়ক, অসুখাবহ বিণ. অশান্তিজনক। ̃ বিসুখ বি. রোগ-বালাই, রোগ-জ্বালা ইত্যাদি। অসুখী বিণ. সুখ নেই এমন, দুঃখিত।

অসুন্দর (p. 072) [asundara] বিণ. সুন্দর নয় এমন, কুৎসিত, কুরূপ, দেখতে ভালো নয় এমন; অশোভন; শালীনতাবর্জিত। [সং. ন + সুন্দর]।

অসুবিধা (p. 072) [asubidhā] বি. বাধা, বাধাবিঘ্ন; অস্বস্তি, স্বাচ্ছন্দ্যের অভাব। [বাং. অ + সুবিধা]। ̃ জনক বিণ. বাধা আছে এমন, বিঘ্নজনক; অস্বচ্ছন্দ।

অসুর (p. 072) [asura] বি. হিন্দু পুরাণোক্ত দেবশত্রু মহাবল জাতিবিশেষ; দৈত্য, দানব (বেদের প্রাচীনতর অংশে এবং পারসিক আবেস্তায় অসুর > অহূর = দেবতা)। [সং. ন + সুর]। আসুর, আসুরিক বিণ. অসুরের তুল্য; অসুরসম্পর্কিত। স্ত্রী. অসুরী।

অসুসার (p. 072) [asusāra] বি. অসুবিধা; অস্বস্তি; অস্বাচ্ছন্দ্য। [বাং. অ + সুসার]।

অসুস্থ (p. 072) [asusha] বিণ. সুস্থ নয় এমন, রোগগ্রস্ত, পীড়িত; অপ্রকৃতিস্থ। [সং. ন + সুস্থ]। স্ত্রী. অসুস্থা। বি.˜ তা।

অসুহৃত্ (p. 072) [asuhṛt] বি. 1 বন্ধু নয় এমন ব্যক্তি; শত্রু; 2 (গ্রা.) অসদ্ভাব, শত্রুতা। [সং. ন + সুহৃত্]।

অসুক্ষ্ম (p. 072) [asukṣma] বিণ. সুক্ষ্ম নয় এমন; স্থূল। [সং. ন + সুক্ষ্ম]।˜ দর্শী (-র্শিন্) বিণ. সুক্ষ্মদর্শী নয় এমন, সবকিছু তলিয়ে দেখতে পারে না এমন।

অসূয়ক (p. 072) [asūẏaka] বিণ. অন্যের গুণকে ঈর্ষা করে বা অস্বীকার করে এমন, বিদ্বেষী; নিন্দুক। □ বি. স্বভাবতই সবকিছুর প্রতি বিদ্বেষযুক্ত বা অসূয়াপরবশ ব্যক্তি, cynic (বি. প.)। [সং. অসূয় + অক]।

অসূয়া (p. 072) [asūẏā] বি. (পরের) গুণে দোষারোপ; (পরের) গুণ অস্বীকার; ঈর্ষা, বিদ্বেষ। [সং. √ অসূ (য আগম) + অ + স্ত্রী. আ]।˜ পর,˜ পর-তন্ত্র,˜ পর-বশ বিণ. অসূয়াযুক্ত, ঈর্ষান্বিত।

অসূর্যস্পশ্য (p. 072) [asūryaspaśya] বিণ. সূর্যকে দেখে না এমন। [সং. ন + সূর্য + √ দৃশ্ + আ]। অসূর্যস্পশ্যা বিণ. (স্ত্রী.) সূর্যের মুখ পর্যন্ত দেখে না এমন; অন্তঃপুরবাসিনী; পর্দানশিন (নারী)।

অসৃক, অসৃক্ (p. 072) [asr̥ka, asr̥k] (-সৃজ্) বি. রক্ত। [সং. অসৃজ্]। অসৃগ্-ধারা, অসৃগ্ধারা বি. রক্তের স্রোত।

অসেবন (p. 072) [asēbana] বি. সেবন বা ভোগ না করা; সেবা না করা। [সং. ন + সেবন]। অসেবনীয় বিণ. সেবন করা উচিত নয় এমন; ভোগ করা বা পান করা বা খাদ্য, ওষুধ ইত্যাদি রূপে গ্রহণ করা উচিত নয় এমন।

অসৈরন, অসৈলন (p. 072) [asairana, asailana] (আঞ্চ. গ্রা.) বি. অসহ্য ব্যাপার। [বাং. অ + সৈরন, সৈলন < সহন]।

অসৌজন্য (p. 072) [asaujanya] বি. সৌজন্য বা ভদ্রতার অভাব, অভদ্রতা (তাঁর অসৌজন্যই তাঁর প্রতি আমাকে বিরূপ করেছে); শালীনতার অভাব। [সং. ন + সৌজন্য]।

অসৌষ্ঠব (p. 073) [asauṣṭhaba] বি. পারিপাট্যের অভাব, গঠনগত সৌন্দর্যের অভাব; শ্রীহীনতা; অগোছালো ভাব। [সং. ন + সৌষ্ঠব]।

অসৌহার্দ, অসৌহার্দ্য, অসৌহৃদ্য (p. 073) [asauhārda, asauhārdya, asauhr̥dya] বি. বন্ধুত্বের অভাব; অসদ্ভাব; শত্রুতা। [সং. ন + সৌহার্দ, সৌহৃর্দ্য]।

অস্খলন (p. 073) [askhalana] বি. স্খলন বা বিচ্যুতির অভাব; খুলে বা খসে না পড়া। [সং. ন + স্খলন]। অস্খলিত বিণ. বিচ্যুত হয়নি বা খুলে যায়নি এমন (অস্খলিত বসন)।

অস্ত (p. 073) [asta] বি. 1 কাল্পনিক পর্বতবিশেষ, অস্তাচল; 2 (সূর্য-চন্দ্রাদির) পশ্চিমদিকে অদৃশ্য হওয়া; 3 শেষ, অবসান। [সং. √ অস্ + ত]। ˜ গত বিণ. (সূর্য-চন্দ্রাদি সম্পর্কে) অস্তে গেছে বা অদৃশ্য হয়েছে এমন; হৃতগৌরব। ˜ গমন বি. অস্তে যাওয়া। ˜ গামী (-মিন্) বিণ. অস্তে যাচ্ছে এমন। ˜ গিরি, অস্তাচল বি. পুরাণে কল্পিত পর্বতবিশেষ। ˜ অস্তাচল-গামী (-মিন্) বিণ. অস্তে যাচ্ছে এমন। ˜ মন বি. অস্ত যাওয়া। ˜ মান (অশু.) বিণ. অস্তে যাচ্ছে এমন। ˜ মিত বিণ. অস্তে গেছে এমন। অস্তায়-মান বিণ. অস্তে যাচ্ছে এমন।

অস্তব্যস্ত (p. 073) [astabyasta] দ্র আস্তব্যস্ত।

অস্তর2, আস্তর (p. 073) [astara2, āstara] বি. 1 পলস্তারা, চুন-সুরকি-বালি প্রভৃতির মিশ্রিত প্রলেপ বা 'মশলা', plastering; 2 জামা, কোট প্রভৃতির লাইনিং বা ভিতরের দিকের কাপড়। [ফা. অস্তর্]।

অস্তাচল (p. 073) [astācala] দ্র অস্ত।

অস্তায়মান (p. 073) [astāẏamāna] দ্র অস্ত।

অস্তি (p. 073) [asti] ক্রি. আছে। □ বি. বিদ্যমানতা, স্হিতি, সত্তা, থাকা। [সং. √ অস্ + লট্ তি]। ˜ ত্ব বি. বিদ্যমানতা, সত্তা, স্হিতি, থাকা (অস্তিত্ব বজায়

রাখা, ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস)।˜ নাস্তি বি. থাকা বা না থাকা (ঈশ্বরের অস্তিনাস্তি নিয়ে আমি ভাবিত নই)। অস্ত্যর্থ বি. আছে এই অর্থ, বিদ্যমানতার অর্থ। অস্ত্যর্থক বিণ. অস্ত্যর্থবিশিষ্ট, আছে এই অর্থযুক্ত।

অস্তু (p. 073) [astu] ক্রি. হোক (তথাস্তু, শুভমস্তু)। [সং. √ অস্ + লোট্ তু]।

অস্তোদয় (p. 073) [astōdaẏa] বি. 1 সূর্যের অস্ত ও উদয়; 2 সূর্যের অস্তগমন থেকে পুনরায় উদয় পর্যন্ত সময় ('উদয়াস্ত অস্তোদয় করিল বিস্তার': ভা. চ.)। [সং. অস্ত + উদয়]।

অস্তোন্মুখ (p. 073) [astōnmukha] বিণ. অস্তে যাচ্ছে এমন। [সং. অস্ত + উন্মুখ]।

অস্ত্যর্থ্, অস্ত্যর্থক (p. 073) [astyarth, astyarthaka] দ্র অস্তি।

অস্ত্যান (p. 073) [astyāna] বি. নিন্দা; তিরস্কার। [সং. অ + √ স্তৈ + অন]।

অস্ত্র (p. 073) [astra] বি. যার দ্বারা অন্যকে আঘাত বা প্রহার করা হয়; হাতিয়ার আয়ুধ; যার সাহায্যে কিছু কাটা যায় (ছুতারের অস্ত্র); (আল.) উদ্দেশ্যসাধনের জন্য যন্ত্রের মতো ব্যবহৃত ব্যক্তি (এ কাজে সে-ই আমার প্রধান অস্ত্র)। [সং. √ অস্ + ত্র]। অস্ত্র করা ক্রি. বি. অস্ত্রের সাহায্যে চিকিৎসা করা, অস্ত্রোপচার করা, অপারেশন করা।˜ ক্ষত বি. অস্ত্রের সাহায্যে বা অস্ত্রের আঘাতে সৃষ্ট ক্ষত।˜ গুরু বি. অস্ত্রচালনার শিক্ষাদাতা।˜ চিকিৎসক বি. যিনি রোগীর দেহে অস্ত্রোপচার করেন, surgeon.˜ চিকিৎসা বি. রোগীর দেহে অস্ত্রচালনার দ্বারা

চিকিৎসা, surgery, শল্যচিকিৎসা।˜ জীবি (-বিন্) বি. সৈনিক।˜ ত্যাগ বি. 1 প্রতিপক্ষকে অস্ত্রের আঘাত না করার সিদ্ধান্ত; যুদ্ধ বর্জন; 2 আঘাত করার উদ্দেশ্যে (শত্রুর প্রতি) অস্ত্র নিক্ষেপ।˜ ধারণ বি. অস্ত্রগ্রহণ।˜ ধারী (-রিন্) বিণ. সশস্ত্র (অস্ত্রধারী পুলিশ)।˜ নিবারণ বি. অস্ত্রের আঘাত রোধ (অর্জুন বাণ ছুড়ে কর্ণের অস্ত্রনিবারণ করলেন)।˜ পাণি বিণ. হাতে অস্ত্র আছে এমন, অস্ত্রধারী।˜ বিদ (-বিদ্),˜ বিত্ বিণ. অস্ত্রচালনায় পটু; অস্ত্রের বিষয়ে ভালো জানে এমন।˜ বৃষ্টি বি. বৃষ্টির ধারার মতো ঝাঁকে ঝাঁকে অস্ত্র ছোড়া।˜ লেখা বি. অস্ত্রের ক্ষত বা দাগ।˜ শস্ত্র বি. নানারকম হাতিয়ার (যা ছোড়া হয় তা অস্ত্র এবং যা হাতে ধরা থাকে তা শস্ত্র; তবে বাংলায় এই পার্থক্য মনে রাখা হয় না)।˜ শিক্ষা বি. অস্ত্রচালনা শিক্ষা।˜ সংবরণ বি. অস্ত্রত্যাগ।˜ হীন বিণ. নিরস্ত্র। অস্ত্রাগার বি. অস্ত্রশস্ত্র রাখার ভাণ্ডার, armoury. অস্ত্রাঘাত বি. অস্ত্রের আঘাত। অস্ত্রাহত বিণ. অস্ত্রের আঘাত পেয়েছে এমন, অস্ত্রের দ্বারা আহত।

অস্ত্রী (p. 073) [astrī] (-স্ত্রিন্) বিণ. অস্ত্রধারী। [সং. অস্ত্র + ইন্ অস্ত্যর্থে]।

অস্ত্রীক (p. 073) [astrīka] বিণ. 1 স্ত্রী সঙ্গে নেই এমন (বিপ. সস্ত্রীক); 2 বিপত্নীক; অবিবাহিতা। [সং. ন + স্ত্রী + ক]।

অস্ত্রোপ-চার (p. 073) [astrōpa-cāra] বি. রোগীর দেহে অস্ত্রপ্রয়োগের দ্বারা চিকিৎসা, শল্যচিকিৎসা, সার্জারি, operation. [সং. অস্ত্র + উপচার]।

অস্থান (p. 073) [ashāna] বি. 1 মন্দ স্থান, খারাপ জায়গা; অনুপযুক্ত বা অযোগ্য স্থান; 2 অযোগ্য পাত্র (অস্থানে দান বা অনুরোধ)। [সং. ন + স্থান]।

অস্থানিক (p. 073) [ashānika] বিণ. স্থানীয় নয় এমন; বহিরাগত, adventitious (বি. প.)। [বাং. অ + স্থানিক]।˜ মূল বি. যে মূল অন্য স্থান থেকে বেরোয়, adventitious root (বি. প.)।

অস্থাবর (p. 073) [ashābara] বিণ. এক স্থান থেকে অন্য স্থানে সরানো যায় এমন; স্থানান্তরযোগ্য; অস্থিতিশীল; জঙ্গম, movable. [সং. ন + স্থাবর]। অস্থাবর সম্পত্তি বি. যে সম্পত্তি স্থানান্তর করা যায়, movable property যেমন টাকাপয়সা, গয়না ইত্যাদি।

অস্থায়িতা, অস্থায়িত্ব (p. 073) [ashāẏitā, ashāẏitba] দ্র অস্থায়ী।

অস্থায়ী (p. 073) [ashāẏī] (-য়িন্) বিণ. স্থায়ী নয় এমন, চিরকাল থাকে না এমন; অল্পকাল থাকে এমন, temporary; পাকা নয় এমন (অস্থায়ী চাকরি)। [সং. ন + স্থায়িন্]। বি. অস্থায়িতা, অস্থায়িত্ব।

অস্থি (p. 073) [ashi] বি. হাড়; যা দিয়ে মেরুদন্ডী প্রাণীর কঙ্কাল তৈরি হয়। [সং. √ অস্ + থি]।˜ চর্ম বি. হাড় ও চামড়া; হাড়-মাস।˜ চর্ম-সার বিণ. শরীরে কেবল হাড় আর চামড়াই আছে, আর কিছুই নেই এমন; অত্যন্ত শীর্ণ।˜ দান বি. গঙ্গা সমুদ্র প্রভৃতির পবিত্র জলে মৃতের অস্থি নিক্ষেপ।˜ পঞ্জর বি. শুধু হাড় ও পাঁজরা দিয়ে গঠিত দেহের কাঠামো; কঙ্কাল, skeleton.˜ পঞ্জর-সার বিণ. হাড়-পাঁজরা বেরিয়ে রয়েছে এমন, হাড়-জিরজিরে, অত্যন্ত শীর্ণ।˜ বিজ্ঞান,˜ বিদ্যা বি. (নর-) দেহের অস্থিসম্বন্ধীয় শাস্ত্র, osteology,˜ ভঙ্গ বি. হাড় ভেঙে যাওয়া। জটিল অস্থিভঙ্গ বি. দেহের হাড় ভেঙে চামড়া ভেদ করেছে এমন অবস্থা, compound fracture of bone. সরল অস্থিভঙ্গ বি. হাড় ভেঙেছে কিন্তু চামড়া

ভেদ করেনি এমন অবস্থা, single fracture of bone.˜ সন্ধি বি. 1 দুটি হাড়ের সংযোগস্থল, গাঁট; 2 ভাঙা হাড় জোড়া লাগানো।˜ সার বিণ. কেবল হাড়ই আছে এমন; অত্যন্ত শীর্ণ। □ বি. মজ্জা, bone marrow.

অস্থিত (p. 073) [ashita] বিণ. স্থিত নয় এমন; চলছে এমন, গমনশীল; অস্থির। [সং. ন + স্থিত]। অস্থিতি বি. গতি; সচলতা; স্থিতির অভাব।

অস্থিত-পঞ্চ, অস্থিত-পঞ্চক, অস্থিত-পঞ্চম, অস্থির-পঞ্চক, অস্থির-পঞ্চম (p. 073) [ashita-pañca, ashita-pañcaka, ashita-pañcama, ashira-pañcaka, ashira-pañcama] বি. 1 সমীকরণজাতীয় অঙ্কবিশেষ; 2 জটিল সমস্যা; 3 কিংকর্তব্যবিমূঢ় অবস্থা। [সং. ন + স্থিত, স্থির + পঞ্চ, পঞ্চক, পঞ্চম]।

অস্থিতি (p. 073) [ashiti] দ্র অস্থিত।

অস্থিতি-স্থাপক (p. 073) [ashiti-shāpaka] বিণ. স্থিতিস্থাপক নয় এমন; টেনে ধরলে বা বেঁকিয়ে দিলে আর আগের অবস্থায় ফিরে আসে না এমন, inelastic (বি. প.)। [সং. ন + স্থিতিস্থাপক]। বি.˜ তা।

অস্থিপঞ্জর, অস্থিবিজ্ঞান, অস্থিভঙ্গ, অস্থিসন্ধি, অস্থিসার (p. 073) [ashipañjara, ashibijñāna, ashibhaṅga, ashisandhi, ashisāra] দ্র অস্থি।

অস্থির (p. 073) [ashira] বিণ. 1 স্থির নয় এমন, স্থির থাকে না এমন; চঞ্চল; 2 আকুল, উদগ্রীব; 3 অনির্ধারিত, স্থিরীকৃত হয়নি এমন; অনিশ্চিত; 4 নশ্বর। [সং. ন + স্থির]। বি. ̃ তা, ̃ ত্ব, অস্থৈর্য। ̃ চিত্ত বিণ. মতি বা মনের স্থিরতা নেই এমন। বি. ̃ চিত্ততা। ̃ পঞ্চানন বি. স্বভাবে অস্থির ও ছটফটে লোক। ̃ বুদ্ধি বিণ. বুদ্ধি বা মতের স্থির নেই এমন। □ বি. উক্ত অর্থে। ̃ সংকল্প বিণ. সংকল্প বা কর্তব্য স্থির করেনি এমন; অব্যবস্থিতচিত্ত।

অস্থিরপঞ্চক, অস্থিরপঞ্চম (p. 073) [ashirapañcaka, ashirapañcama] দ্র অস্থিতপঞ্চ।

অস্থিরীকৃত (p. 073) [ashirīkṛta] বিণ. স্থিরীকৃত বা নির্ধারিত হয়নি এমন। [সং. ন + স্থিরীকৃত]।

অস্থূল (p. 073) [ashūla] বিণ. স্থূল নয় এমন; কৃশ; সূক্ষ্ম, তীক্ষ্ণ। [সং. ন + স্থূল]।

অস্থৈর্য (p. 073) [ashairya] বি. অস্থিরতা, স্থৈর্য বা স্থিরতার অভাব। [সং. ন + স্থৈর্য]।

অস্নাত (p. 073) [asnāta] বিণ. স্নান করেনি এমন। [সং. ন + স্নাত]। ̃ ক বি. 1 যে ব্যক্তি বিধিমতো ব্রহ্মচর্য পালনের পর সমাবর্তকালে রীতি অনুযায়ী স্নান করেনি; 2 (বর্ত.) যে ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের স্নাতক শ্রেণীর পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ডিগ্রি লাভ করেনি।

অস্নান (p. 073) [asnāna] বি. স্নানের অভাব, স্নান না করা। [সং. ন + স্নান]।

অস্নিগ্ধ (p. 073) [asnigdha] বি. 1 স্নিগ্ধ নয় এমন; 2 কোমল নয় এমন; 3 শুকনো; 4 কর্কশ। [সং. ন + স্নিগ্ধ]। বি.˜ তা।

অস্নেহ (p. 073) [asnēha] বি. স্নেহের অভাব; প্রীতির অভাব; ভালোবাসার অভাব। □ বিণ, স্নেহপ্রীতি নেই এমন, স্নেহহীন। [সং. ন + স্নেহ]।

অস্পন্দ (p. 073) [aspanda] বিণ. স্পন্দনহীন; অনড়, নড়ছে না এমন, স্তব্ধ (ধীরে ধীরে তার নাড়িও অস্পন্দ হয়ে এল)। [সং. ন + √ স্পন্দ + অ]।˜ ন বি. স্পন্দনের অভাব, স্তব্ধতা। অস্পন্দিত বিণ. স্পন্দনহীন, স্তব্ধ।

অস্পর্শ (p. 073) [asparśa] বি. স্পর্শের অভাব; সম্পর্কের অভাব। □ বিণ. স্পর্শহীন; অসম্পর্কিত, অসংলগ্ন। [সং. ন + স্পর্শ]।˜ ন বি. স্পর্শের অভাব।˜ নীয় বিণ. স্পর্শ করা বা ছোঁয়া উচিত নয় এমন, অস্পৃশ্য; ছোঁয়া যায় না এমন। অস্পর্শ্য বিণ. অস্পৃশ্য, অস্পর্শনীয়, ছোঁয়া উচিত নয় এমন। অস্পৃশ্য বিণ. ছোঁয়ার অযোগ্য, ছোঁয়া উচিত নয় এমন; ছোঁয়া নিষেধ এমন; অচ্ছুত; ঘৃণ্য; অশুচি। বি. অস্পৃশ্যতা।

অস্পষ্ট (p. 073) [aspaṣṭa] বিণ. স্পষ্ট নয় এমন; অপরিস্ফুট, আবছা, ঝাপসা (অস্পষ্ট ছবি); পুরোপুরি বা সহজে বোঝা যায় না এমন (অস্পষ্ট কথা)। [সং. ন + স্পষ্ট]। বি.˜ তা।

অস্পষ্টালোক (p. 073) [aspaṣṭālōka] বি. যে আলোয় ভালো দেখা যায় না। [সং. অস্পষ্ট + আলোক]।

অস্পৃশ্য (p. 073) [aspṛśya] দ্র অস্পর্
শ।

অস্পৃষ্ট (p. 073) [asprṣṭa] বিণ. ছোঁয়া হয়নি এমন (অস্পৃষ্ট অন্ন)। [সং. ন + স্পৃষ্ট]।

অস্পৃহ (p. 073) [aspṛha] বিণ. স্পৃহা নেই এমন; কামনা লোভ বা ইচ্ছা নেই এমন। [সং. ন + স্পৃহা]।

অস্ফুট (p. 073) [asphuṭa] বিণ. 1 ফোটেনি এমন, বিকশিত হয়নি এমন (অস্ফুট কলি); 2 অপরিস্ফুট; আধো-আধো (শিশুর অস্ফুট ভাষা); 3 অস্পষ্ট ('কোলাহলের অস্ফুট ধ্বনি': রবীন্দ্র)। [সং. ন + √ স্ফুট + অ]। ̃ বাক, ̃ বাক্ বিণ. অস্পষ্ট বা আধো-আধো কথা বলে এমন। অস্ফুটে ক্রি-বিণ. অস্পষ্টভাবে ('অস্ফুটে বারংবার কহিতে লাগিল': শরত্)।

অস্বচ্ছ (p. 073) [asbaccha] বিণ. স্বচ্ছ বা পরিষ্কার নয় এমন; ঘোলা, অনচ্ছ; ভিতর দিয়ে দেখা যায় না এমন, opaque. [সং. ন + স্বচ্ছ]। ̃ তা বি. ঘোলা ভাব, অনচ্ছতা, অপরিষ্কার ভাব।

অস্বচ্ছন্দ (p. 073) [asbacchanda] বিণ. স্বচ্ছন্দ বা সাবলীল নয় এমন; অস্বস্তিপূর্ণ। [সং. ন + স্বচ্ছন্দ]। বি. অস্বাচ্ছন্দ্য।

অস্বস্তি (p. 073) [asbasti] বি. 1 স্বস্তি বা আরামের অভাব; অস্বাচ্ছন্দ্য; সাবলীলতার অভাব; অসুবিধা; 2 দেহ বা মনের অশান্তি। [সং. ন + স্বস্তি]।˜ কর বিণ. দেহ বা মনের পক্ষে অসুবিধাজনক বা অশান্তিজনক।

অস্বস্থ (p. 073) [asbasha] বিণ. অসুস্থ, স্বাভাবিক অবস্থাযুক্ত নয় এমন; অশান্তিপূর্ণ। [সং. ন + স্বস্থ]। বি.˜ তা।

অস্বাচ্ছন্দ্য (p. 073) [asbācchandya] বি. স্বাচ্ছন্দ্য বা আরামের অভাব; স্বস্তির অভাব, অস্বস্তি, অসুবিধা। [সং. ন + স্বাচ্ছন্দ্য]।

অস্বাতন্ত্র্য (p. 073) [asbātantrya] বি. স্বাতন্ত্র্য বা স্বাধীনতার অভাব; পার্থক্যের বা বিশিষ্টতার অভাব; অন্যের উপর নির্ভরতা। [সং. ন + স্বাতন্ত্র্য]।

অস্বাদু (p. 075) [asbādu] বিণ. স্বাদু নয় এমন; স্বাদহীন, বিস্বাদ। [সং. ন + স্বাদু]। বি.˜ তা।

অস্বাভাবিক (p. 075) [asbābhābika] বিণ. 1 স্বাভাবিক নয় এমন; সাধারণভাবে বা সচারচর ঘটে না এমন; 2 অলৌকিক; 3 স্বভাব বা প্রকৃতির বিরোধী। [সং. ন + স্বাভাবিক]। বি.˜ ত্ব,˜ তা।

অস্বামিক (p. 075) [asbāmika] বিণ. প্রভু বা মালিক নেই এমন, মালিকহীন; বেওয়ারিশ। [সং. ন + স্বামিন্ + ক]।

অস্বাস্থ্য (p. 075) [asbāshya] বি. স্বাস্থ্যহীনতা; অসুস্থতা; রোগ, পীড়া। [সং. ন + স্বাস্থ্য]। ̃ কর বিণ. স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।

অস্বীকার (p. 075) [asbīkāra] বি. 1 না মানা (দোষ অস্বীকার); 2 অপলাপ, denial (ঋণ অস্বীকার); 3 অসম্মতি বা অমত প্রকাশ (সেখানে যেতে অস্বীকার করল); 4 প্রত্যাখ্যান (এতকালের বন্ধুত্ব সে অস্বীকার করল)। [সং. ন + স্বীকার]। অস্বীকৃত বিণ. অস্বীকার করা হয়েছে এমন; স্বীকার করেনি বা প্রত্যাখ্যান করেছে এমন। বি. অস্বীকৃতি। অস্বীকার্য বিণ. স্বীকারের অযোগ্য।

অস্বেচ্ছা-কৃত (p. 075) [asbēcchā-kṛta] বিণ. স্বেচ্ছায় করা হয়নি এমন; ইচ্ছাকৃত নয় এমন; নিজের ইচ্ছায় করা হয়নি এমন। [সং. ন + স্বেচ্ছাকৃত]।

অস্মদাদি (p. 075) [asmadādi] (বর্ত. বিরল) সর্ব. আমরা সবাই; আমি এবং আমার মতো অন্য সবাই। [সং. অস্মদ্ + আদি]

অস্মদীয় (p. 075) [asmadīẏa] (বর্ত. অপ্র) বিণ. আমাদের; আমাদের সম্বন্ধীয় (অস্মদীয় যুগের)। [সং. অস্মদ্ + ঈয়]।

অস্মদ্দেশীয় (p. 075) [asmaddēśīẏa] বিণ. আমাদের দেশের (অস্মদ্দেশীয় সাহিত্য)। [সং. অস্মদ্ + দেশীয়]।

অস্মরণ (p. 075) [asmaraṇa] বি. স্মরণ বা স্মৃতির অভাব; বিস্মৃতি, বিস্মরণ, ভুলে যাওয়া। [সং. ন + স্মরণ]

অস্মার (p. 075) [asmāra] বি. বিস্মৃতি, ভুলে যাওয়া, স্মৃতিভ্রংশ, amnesia (বি. প.)। [সং. ন + √ স্মৃ + অ]।

অস্মিতা (p. 075) [asmitā] বি. 1 অহংকার; নিজের সম্পর্কে গর্ব ('এ-কখানা জীর্ণ কাঠে অস্মিতার দাবি অসম্বভ': সু. দ.); 2 আমিত্ব; 3 ব্যক্তিত্ব, personality (বি.প.)। [সং. অস্মি (=আমি) + তা]।

অস্মৃতি (p. 075) [asmṛti] বি. ভুলে যাওয়া, বিস্মৃতি, স্মৃতির অভাব। [সং. ন + স্মৃতি]। অস্মৃত বিণ. ভুলে যাওয়া হয়েছে এমন, মনে নেই এমন, বিস্মৃত।

অহং, অহম্ (p. 075) [aha, ṃaham] সর্ব. আমি। □ বি. অব্য. আমিত্ব, আমিত্বভাব, আমিত্ববোধ; অহংকার; আমিত্বের সত্তা, ego (বি. প.)। [সং. অস্মদ্ + 1মার 1বচন]। অহং-বাদী (-দিন্) বিণ. অহংকার করতে অভ্যস্ত এমন, দাম্ভিক। অহং-বুদ্ধি বি. সচেতনতা; অহংকার। অহং-বোধ বি. আমিত্ব সম্পর্কে অর্থাত্ নিজের সম্পর্কে অত্যধিক সচেতনতা।

অহং-কার, অহঙ্কার (p. 075) [aha-ṅkāra, ahaṅkāra] বি. নিজের সম্পর্কে বড়াই বা গর্ব, অহমিকা; আত্মম্ভরিতা। [সং. অহম + √ কৃ + অ]। অহং-কারী (রিন্) বিণ. নিজের সম্পর্কে বড়াই করে এমন। অহং-কৃত বিণ. গর্বিত, দম্ভ করে এমন; দাম্ভিক। অহংকারে মাটিতে পা না পড়া ক্রি. বি. অহংকারে এতই অন্ধ যে নিজেকেই সর্বশ্রেষ্ঠ বলে মনে করা; অহংকারে অন্যকে গ্রাহ্যই না করা।

অহ-মাল (p. 075) [aha-māla] বি. (আদালতি ভাষায়) মালপত্র। [আ. হমল]।

অহমিকা (p. 075) [ahamikā] বি. অহংকার, গর্ব, দম্ভ; আমিত্ব, egoism, egotism. [সং. অহম্ + ইক + আ (স্ত্রী.)]।

অহম্পূর্বিকা (p. 075) [ahampūrbikā] বি. 'আমিই সবার আগে বা সবার চেয়ে অগ্রসর' এই মনোভাব। [সং. অহম্ + পূর্ব + ইক + আ (স্ত্রী.)]।

অহ-রহ, অহ-রহঃ (p. 075) [aha-raha, aha-rahḥ] ক্রি-বিণ. নিত্য, সর্বদা; প্রতিদিন, প্রতিনিয়ত ('অহরহ তব আহ্বান প্রচারিত': রবীন্দ্র)। [সং. অহঃ + অহঃ]।

অহর্নিশ (p. 075) [aharniśa] ক্রি-বিণ. দিনরাত; সতত, প্রতিনিয়ত। [সং. অহন্ (অহঃ) + নিশা]। অহর্নিশি ক্রি-বিণ. (অশু. কিন্তু প্রচলিত) দিনরাত, নিশিদিন; সতত, প্রতিনিয়ত।

অহল্যা1 (p. 075) [ahalyā1] বি. 1 পুরাণোক্ত গৌতমমুনির পত্নী, রামচন্দ্রের চরণস্পর্শে যাঁর শাপমুক্তি ঘটেছিল; 2 মারাঠা রাজা মলহর রাও হোলকারের পুত্রবধূ, যিনি সুশিক্ষিতা, দানশীলা ও রাজ্য পরিচালনায় অসীম দক্ষতাসম্পন্না। [সং. ন + হল্যা (=বিরূপা)]।

অহল্যা 2 (p. 075) [ahalyā 2] বিণ. 1 হল বা লাঙল চালনার অযোগ্য, কর্ষণের বা চাষের অযোগ্য; 2 হল বা লাঙল দিয়ে কর্ষণ বা চাষ করা হয়নি এমন (পার্বত্য অঞ্চলের অহল্যা ভুমি)। [সং. ন + হল্য (=হলকর্ষণযোগ্য) + আ (স্ত্রী.)]।

অহহ (p. 075) [ahaha] (বিরল) অব্য. হায় হায়। [সং. অহম্ + √ হা + ক্বিপ্]।

অহি (p. 075) [ahi] বি. সর্প, সাপ। [সং. ন + √ হা + ই]। অহি-নকুল সম্পর্ক বি. সাপ আর বেজির চিরশত্রুতার সম্পর্ক; (আল.) প্রবল শত্রুতা।

অহিংস (p. 075) [ahiṃsa] বিণ. 1 হিংসাশূন্য, হিংসা নেই এমন; 2 অন্যকে আঘাত দিতে চায় না এমন (সম্রাট অশোকের অহিংস নীতি)। [সং. ন + হিংসা]। অহিংস অসহযোগ (রাজ.) বলপ্রয়োগহীন অসহযোগ আন্দোলন, non-violent non-cooperation.

অহিংসক, অহিংস্র (p. 075) [ahiṃsaka, ahiṃsra] বিণ. 1 হিংসা করে না এমন; 2 অন্যকে আঘাত করে না এমন ('অহিংসক পাণ্ডবের না করিবে হিংসা': মধু)। [সং. ন + হিংসক, হিংস্র]।

অহিংসা (p. 075) [ahiṃsā] বি. হিংসাবৃত্তির অভাব; অন্যকে পীড়ন না করা; দ্বেষহীনতা; জীবহত্যা না করা। [সং. ন + হিংসা]।

অহিচ্ছত্র (p. 075) [ahicchatra] বি. প্রাচীন পঞ্চাল রাজ্যের উত্তরাংশ। [সং. অহি + ছত্র]।

অহিচ্ছত্রক (p. 075) [ahicchatraka] বি. সাপের ফণার মতো আকারের ছত্রাকবিশেষ। [সং. অহি + ছত্রক]।

অহিত (p. 075) [ahita] বি. হিত বা মঙ্গলের অভাব, অমঙ্গল; ক্ষতি (হিতাহিত জ্ঞান)। [সং. ন + হিত]।˜ কর বিণ. ক্ষতিকর, অপকারী।˜ কামী (-মিন্) বিণ. অমঙ্গল কামনা করে এমন।˜ কারী (-রিন্) বিণ. অপকার করে এমন, ক্ষতি করে এমন। অহিতাচরণ, অহিতাচার বি. অনিষ্টসাধন।

অহিতুণ্ডিক (p. 076) [ahituṇḍika] বি. সাপুড়ে, যে সাপের মুখ ধরে খেলা করে। [সং. অহিতুণ্ড (=সাপের মুখ) + ইক]।

অহিনকূহ (p. 076) [ahinakūha] দ্র অহি।

অহিফেন (p. 076) [ahiphēna] বি. আফিং, opium. [আ. আফয়ূন থেকে নকল সংস্কৃত]।

অহীন্দ্র (p. 076) [ahīndra] বি. 1 সর্পরাজ অনন্তনাগ; 2 অনন্তমূল গাছ। [সং. অহি + ইন্দ্র]।

অহৃষ্ট (p. 076) [ahṛṣṭa] বি. হৃষ্ট বা আনন্দিত নয় এমন; অসন্তুষ্ট। [সং. ন + হৃষ্ট]।

অহে (p. 076) [ahē] অব্য. (বর্ত. অপ্র.) সম্বোধনসূচক শব্দ। তু. ওহে।

অহেতুক (p. 076) [ahētuka] বিণ. 1 অকারণ, অনর্থক; 2 নিঃস্বার্থ (অহেতুক আনন্দ)। □ ক্রি-বিণ. বিনা কারণে, শুধু শুধু (অহেতুক রেগে গেহ)। [সং. ন + হেতু + ক]। স্ত্রী. অহেতুকী (অহেতুকী ভক্তি)।

অহৈতুক (p. 076) [ahaituka] বিণ. অকারণ, অহেতুক; অযৌক্তিক; স্বার্থসিদ্ধির আকাঙ্ক্ষাশূন্য। [সং. ন + হৈতুক]। স্ত্রী. অহৈতুকী (অহৈতুকী ভক্তি)।

অহো (p. 076) [ahō] অব্য. দুঃখ, বিস্ময়, আনন্দ প্রভৃতির সূচক শব্দ (অহো, কী আনন্দ; অহো কী দেখলাম)। তু. ওহো।

অহো-রাত্র (p. 076) [ahō-rātra] অব্য. ক্রি-বিণ. দিনরাত; সর্বদা। [সং. অহন্ (অহঃ) + রাত্রি (=রাত্র)]।

-অহ্ন (p. 076) [-ahna] বি. দিন (পূর্ব, পর, অপর ও মধ্য শব্দের পরে অহন্ শব্দের এই রূপ হয (যেমন পূর্ব + অহন্=পূর্বাহ্ন, মধ্য + অহন্=মধ্যাহ্ন)।

ঁ (p. 076) [a] অব্য. বিস্ময়, সাড়া ইত্যাদি জ্ঞাপক ধ্বনি।

কটর (p. 076) [kaṭara] বি. অভিনেতা; সিনেমা থিয়েটার যাত্রা ইত্যাদিতে যারা বিভিন্ন ভূমিকায় অভিনয় করে। [ইং actor]।

ক-সিডেন্ট (p. 076) [ka-siḍēnṭa] বি. দুর্ঘটনা; আকস্মিক দুর্ঘটনা। [ইং. accident]।

কোয়ে-রিয়াম (p. 076) [kōẏē-riẏāma] বি. জলজ উদ্ভিদ ও প্রাণী সংরক্ষণের জন্য কৃত্রিম পুষ্করিণী বা পাত্র। [ইং. aquarium]।

জমা (p. 076) [jamā] বি. হাঁপানি রোগ। [ইং. স্মা asthma]।

টম (p. 076) [ṭama] বি. পরমাণু। [ইং. atom]। টম বোমা, বি. পরমাণু বোমা, পারমাণবিক বোমা, atom bomb.

ড-ভানস (p. 076) [ḍa-bhānasa] বি. পাওনা অর্থ ইত্যাদির আগাম, প্রাপ্য অর্থের অগ্রিম প্রদত্ত অংশ; অগ্রিমক; দাদন, বায়না। [ইং. advance]।

ডভার-টিজ-মেন্ট (p. 076) [ḍabhāra-ṭija-mēnṭa] বি. প্রচার; প্রচারপত্র; বিজ্ঞাপন। [ইং. advertisement]।

ড-ভেঞ্চার (p. 076) [ḍa-bhēñcāra] বি. উত্তেজনাপূর্ণ ও দুঃসাহসিক কর্মপ্রচেষ্টা; অভিযান। [ইং. adventure]।

ড-ভোকেট (p. 076) [ḍa-bhōkēṭa] বি. আদালতের উকিল, ব্যবহারজীবী, অধিবক্তা। [ইং. advocate]।

নটি-বায়োটিক (p. 076) [naṭi-bāẏōṭika] বিণ. জীবাণু প্রতিরোধ করে এমন। □ বি. জীবানুপ্রতিরোধী ওষুধ। [ইং. antibiotic]।

নো-ফিলিস (p. 076) [nō-philisa] বি. ম্যালেরিয়া রোগের জীবাণুবাহী মশা। [ইং. anopheles]।

পোলো (p. 076) [pōlō] বি. গ্রিকদের সূর্যদেব, sun-god [ইং. Appolo. গ্রি. Apollon]।

ভেনিয়ু, ভেনিউ (p. 076) [bhēniẏu, bhēniu] বি. 1 দুই পাশে ছায়াতরুশোভিত প্রশস্ত রাজপথ; 2 প্রশস্ত রাজপথ। [ইং. avenue]।

মপ্লি-ফায়ার (p. 076) [mapli-phāẏāra] বি. ধ্বনিকে উচ্চতর করে দূরতর স্থান থেকে শ্রবণযোগ্য করার যন্ত্র, (পরি.) পরিবর্ধক, বিবর্ধক। [ইং. amplifier]।

মেচার (p. 076) [mēcāra] বি. বিণ. অপেশাদার (কর্মী. শিল্পী ইত্যাদি); অপটু, অদক্ষ, আনাড়ি। [ইং. ম্যাট্যার, ফ-আমাত্যর amateur]। আমেচারি বিন. অপেশাদারি; অপটু আনাড়ি (আমেচারি ভঙ্গিতে কাজ করা আমি মোটেই পছন্দ করি না)।

রেস্ট (p. 076) [rēsṭa] বি. ক্রি. গ্রেপ্তার (করা); বন্দি বা আটক (করা)। [ইং arest]।

লাউয়্যান্স (p. 076) [lāuẏyānsa] বি. 1 ভাতা, বিশেষ সুবিধা বা অধিকার; 2 স্বীকৃত বা অনুমোদিত বস্তু বা বক্তব্য। [ইং. allowance]।

লা-মাটি (p. 076) [lā-māṭi] বি. হলুদ রঙের মাটিবিশেষ। [দেশি]।

লার্ম (p. 076) [lārma] বি. বিপদসংকেত। [ইং. alarm]। ˜ ঘড়ি বি. ঘুম ভাঙাবার জন্য শব্দ করে এমন ঘড়ি, alarm-clock.

লু-মিনিয়ম (p. 076) [lu-miniẏama] বি. খুব হালকা রুপালি মিশ্র ধাতু। [ইং. aluminium]।

লো-প্যাথি (p. 076) [lō-pyāthi] বি. বিপরীতধর্মী ওষুধ প্রয়োগের দ্বারা রোগ নিরাময়ের পদ্ধতি; চিকিৎসাপদ্ধতিবিশেষ; এই পদ্ধতিই বর্তমানে সবিশেষ প্রচলিত। [ইং. allopathy]।

শট্রে (p. 076) [śaṭrē] বি. ছাইদানি; ধূমপানের সময় সিগারেট ইত্যাদির ছাই ফেলবার পাত্র। [ইং. ashtray]।

সিড (p. 076) [siḍa] বি. রাসায়নিক অম্ল; দ্রাবক। [ইং. acid]।

সিস্ট্যান্ট (p. 076) [sisṭyānṭa] বিণ. সহকারী, অধীন, সহযোগী (আসিস্ট্যান্ট ম্যানেজার)। □ বি. নিম্নপদস্থ কর্মচারী (এই অফিসে কিছু আসিস্ট্যান্ট নেওয়া হবে)। [ইং. assistant]।

সে-টি-লিন (p. 076) [sē-ṭi-lina] বি. কারবাইড ও জলের সহযোগে উৎপন্ন জ্বলনশীল গ্যাস। [ইং. acetylene]।

আ1 (p. 077) [ā1] বাংলার দ্বিতীয় স্বরবর্ণ এবং নিম্ন কেন্দ্রীয় বিবৃত আ-ধ্বনি দ্যোতক বর্ণ।

আ2 (p. 077) [ā2] অব্য. আনন্দ, বিস্ময় বিরক্তি খেদ প্রভৃতি জ্ঞাপক শব্দ (আ মর, আ কপাল)।

আ3 (p. 077) [ā3] অব্য. ঈষত্ সম্যক বৈপরীত্য সীমা না (নঞ্) অল্প প্রভৃতির সূচক উপসর্গ (আরক্ত, আগত, আসমুদ্র, আঢাকা, আধোয়া)।

আই1 (p. 077) [āi1] তদ্ভাব, ক্রিয়া, সম্বন্ধ প্রভৃতির সূচক বাংলা প্রত্যয় (বড়াই, ঢাকাই, খাড়াই, খোদাই)।

আই2, আয়ি (p. 077) [āi2, āẏi] বি. 1 (বর্ত. অপ্র.) মাতা, মা; 2 দিদিমা। [সং. আর্যিকা]।

আই-আই, আউ (p. 077) [āi-āi, āu] অব্য. ঘৃণাসূচক শব্দ।

আইচ (p. 077) [āica] বি. 1 পুষ্পবৃক্ষবিশেষ; আচ গাছ ও তার ফুল; 2 বাঙালির পদবিবিশেষ। [বাং. আচি < সং. আদিত্য]।

আইডিয়া (p. 077) [āiḍiẏā] বি. মনে উদিত ভাব কল্পনা বা চিন্তা (আমার মাথায় একটা আইডিয়া এসেছে)। [ইং. idea]।

আই-ঢাই (p. 077) [āi-ḍhāi] ক্রি-বিণ. হাঁসফাঁস, ছটফট (খাওয়া বেশি হওয়ায় শরীর আইঢাই করছে); শ্বাসরোধের মতো (গরমে শরীর আইঢাই করছে)। [দেশি]।

আইন (p. 077) [āina] বি. সরকারি বিধি; বিধান, কানুন; যে নিয়মাবলি দেশের সমস্ত মানুষ মেনে চলে বা মানতে বাধ্য। [আ. আঈন, ফা. আইন]। আইন অমান্য বি. সরকারের বিরুদ্ধে বিক্ষোভ জানাবার উপায় হিসাবে আইন ভাঙার আন্দোলন, civil disobedience.˜ কানুন বি. বিধিব্যবস্থা, নিয়মাবলি।˜ জীবী (-বিন্) বি. উকিল, ব্যারিষ্টার প্রভৃতি যাঁরা ওকালতি করে জীবিকা নির্বাহ করেন।˜ জ্ঞ বিণ. আইন সম্পর্কে অভিজ্ঞ।˜ ব্যবসায়ী (-য়িন্) বি. আইনজীবী।˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস) ক্রি-বিণ. আইনের বিচারে, আইনের চোখে; আইন অনুসারে।˜ মাফিক,˜ মোতাবেক বিণ. ক্রি-বিণ. আইন অনুযায়ী, আইন অনুসারে।˜ সম্মত,˜ সংগত বিণ. আইনের দিক দিয়ে সমর্থনযোগ্য। আইনানুগ বিণ. আইনসম্মত; আইন অনুসারী। আইন পাশ করা ক্রি. বি. 1 ওকালতি পরীক্ষায় পাশ করা (আইন পাশ করার পর সে ওকালতি শুরু করল); 2 আইন বা বিধি প্রবর্তন বা চালু করা; সংসদে বিধি প্রবর্তন করা। পাঁচ আইন বি. পুলিশের ক্ষমতা ও কর্তব্যবিষয়ক আইন।

আই-বড়, আই-বুড়ো (p. 077) [āi-baḍ়, āi-buḍ়ō] বিণ. অবিবাহিত বা অবিবাহিতা। [সং. অব্যূঢ় ? সং. আয়ুর্বৃদ্ধি?]˜ ভাত বি. গায়েহলুদের পরে এবং বিবাহ অনুষ্ঠানের আগে পাত্র-পাত্রীর অবিবাহিত অবস্থার শেষ ভাত খাওয়ার অনুষ্ঠান।

আইমা (p. 077) [āimā] বি. দিদিমা, মায়ের মা। [সং. আর্যিকা + বাং. মা]।

আইয়ো-ডিন (p. 077) [āiẏō-ḍina] বি. 1 অধাতব মৌলিক রাসায়নিক পদার্থবিশেষ; 2 ক্ষতাদি যাতে পেকে উঠতে না পারে সেইজন্য ব্যবহৃত প্রতিষেধক ওষুধবিশেষ। [ইং. iodine]।

আইল1 (p. 077) [āila1] ক্রি. আসিল -র আঞ্চ. ও কোমল রূপ।

আইল2 (p. 077) [āila2] বি. খেতের আল, আলবাল বা বাঁধ। [সং. আলি]।

আই-ল্যান্ড (p. 077) [āi-lyānḍa] বি. 1 দ্বীপ; 2 (আল.) যেকোনো বিচ্ছিন্ন উঁচু জায়গা। [ইং. island]।

আইস, আইসে-এস (p. 077) [āisa, āisē-ēsa] ও আসে -র অপ্র. রূপভেদ।

আইস-ক্রিম (p. 077) [āisa-krima] বি. বরফ-দেওয়া মিঠাইবিশেষ; দুধ, সর, চিনি, বরফ প্রভৃতি সহযোগে প্রস্তুত মিঠাই। [ইং. ice cream]।

আউ-ওল (p. 077) [āu-ōla] বিণ. অতি উৎকৃষ্ট; প্রথম শ্রেণীর। [আ. আওয়ল]। আউওল জমি বি. সবরকমের শস্যই পুরো ও ভালো উৎপন্ন হয় এমন জমি; ভালো জমি।

আউট (p. 077) [āuṭa] বিণ. 1 সংশোধনের অতীত; গোল্লায় গেছে এমন ('ও ছেলে একেবারে আউট হয়ে গেছে': শরত্); 2 ক্রিকেট খেলায় কোনো ব্যাটস্ম্যান ব্যাট করার অধিকার হারিয়েছে এমন। [ইং. out]।

আউটানো (p. 077) [āuṭānō] ক্রি. দুধ ইত্যাদি জ্বাল দেবার সময় হাতা বা চামচ দিয়ে নাড়তে থাকা। □ বি. জ্বাল দেবার সময় নাড়া দেওয়া বা আলোড়ন। □ বিণ. আউটানো হয়েছে এমন, আলোড়িত (আউটানো দুধ সহজে উথলে পড়ে না)। [বাং. √ আউটা (সং. আবর্তন >)]।

আউন্স (p. 077) [āunsa] বি. এক পাউন্ডের 1/16 অংশ পরিমাণ ওজন; প্রায় আধ ছটাক পরিমাণ ওজন; প্রায় 48 গ্রেনের সমান পরিমাণ ওজন। [ইং. ounce]।

আউল1 (p. 077) [āula1] বি. সহজিয়া সাধক (তু.বাউল); দৈবশক্তিসম্পন্ন ব্যক্তি। [আ. বলি]। আউলিয়া বি. আউল সম্প্রদায়ের লোক; দরবেশ, ফকির। [আ. বলিয়া, ওয়ালিয়া]।

আউল2, আউলা (p. 077) [āula2, āulā] বিণ. এলোমেলো, আলুলায়িত, আলুথালু। [সং. আকুত, প্রাকৃ. আউল]। আউলা-ঝাউলা বিণ. এলোমেলো ও অপরিচ্ছন্ন, ঢিলেঢালা ও নোংরা। আউলানো ক্রি. এলোমেলো করা, আলুলায়িত করা (চুল আউলে রোদে শুয়ে আছে)। □ বি. এলোমেলো করা (যখন-তখন চুল আউলানো ভালো নয়)। □ বিণ. এলোমেলো।

আউলিয়া (p. 077) [āuliẏā] দ্র আউল1।

আউশ, আউস, আশু1 (p. 077) [āuśa, āusa, āśu1] বি. বর্ষাকালে উৎপন্ন মোটা ধানবিশেষ। (এই আশু শব্দটি বিশেষপ্রকার ধানের নাম, এর শীঘ্র অর্থের

কোনো সম্পর্ক নেই। তথাপি সাধারণভাবে মনে করা হয় যে আউশ ধান শীঘ্র বা আশু ফলে বলেই একে আশু ধান বলে)। [< সং. আ + √ বৃষ্?]।

আওজানো (p. 077) [āōjānō] ক্রি. বি. ভেজানো, আলতো করে বন্ধ করা (দরজা আওজানো)। □ বিণ. ভেজিয়ে দেওয়া হয়েছে এমন (আওজানো দরজা খুলে ঢুকল)। [< সং. আ + √ বৃজ্]।

আওড় (p. 077) [āōḍ়়] বি. নদীর ঘূর্ণি; নদীর জলের আবর্ত বা ঘূর্ণি, whirlpool. [সং. আবর্ত]।

আওড়ানো (p. 077) [āōḍ়়ānō] ক্রি. আবৃত্তি করা, মুখস্থ বলা (শ্লোক আওড়ায়, মন্ত্র আওড়ায়)। □ বিণ. আবৃত্তি করা হয়েছে এমন (বহুবার আওড়ানো কথা)। □ বি. আবৃত্তি করা (সাপের মন্ত্র আওড়ানোই শেষ পর্যন্ত তার কাল হয়েছে)। [সং. আবৃত্তি > বাং. √ আওড়া]।

আওতা (p. 077) [āōtā] বি. 1 রোদের আড়াল, রৌদ্রনিবারক আচ্ছাদন; 2 ছায়া; 3 আশ্রয়; 4 প্রভাব। [সং. আবৃত? বাং. আড় (আড়াল, আবরণ অর্থে) + তা ?]। আওতায় আসা, আওতায় পড়া ক্রি. বি. এলাকাভুক্ত হওয়া; প্রভাবশালী ব্যক্তির আশ্রয়ে আসা; কবলে পড়া।

আওয়াজ (p. 077) [āōẏāja] বি. শব্দ, ধ্বনি; (রাজ.) আন্দোলনের সময় দাবিজ্ঞাপক ধ্বনি, জিগির, slogan. [ফা. আওয়াজ]। আওয়াজ তোলা ক্রি. বি. কোনো ধ্বনি বা স্লোগান দেওয়া। আওয়াজ দেওয়া ক্রি. বি. 1 ধ্বনি বা স্লোগান

উচ্চারণ করা; 2 বিদ্রুপাত্মক ধ্বনি উচ্চারণ করা; 3 সাড়া দেওয়া (এত ডাকছি, তবু আওয়াজ দাও না কেন?)।

আওয়াজি (p. 077) [āōẏāji] বি. দেওয়ালের উপরের দিকের ছোট জানালা; ঘুলঘুলির মতো ছোট জানালা। [ফা.]।

আওয়ারি (p. 077) [āōẏāri] বি. বাড়ি, ঘর; বাড়িঘর। [সং. আবারি]।

আওয়াস (p. 077) [āōẏāsa] বি. আবাস, বাসস্থান, থাকবার জায়গা। [সং. আবাস]।

আওরত (p. 077) [āōrata] (বর্জি.) আওরত্ বি. 1 নারী, স্ত্রীলোক; 2 স্ত্রী, পত্নী (সাধারণত মুসলিম সমাজে ও হিন্দিপ্রভাবিত লোকের মধ্যে ব্যবহৃত)। [আ. আওরত্]।

আওরানো (p. 077) [āōrānō] ক্রি. 1 ফুলে ওঠা; 2 টাটানো, টনটনে ব্যথা করা (ফোঁড়াটা খুব আওরাচ্ছে); 3 রোদে শুকিয়ে যাওয়া। □ বিণ. ফুলে উঠেছে এমন; টনটন করছে এমন। □ বি. ফোলা; টনটনে ব্যথা। [বাং. √ আওরা + আনো]।

আওল2 (p. 077) [āōla2] ক্রি. (প্রা. কাব্যে) আসিল, এল ('আওল ঋতুপতি': বিদ্যা)।

আওলাত, আওলাদ (p. 077) [āōlāta, āōlāda] বি. 1 সন্তান, সন্তানসন্ততি; 2 গাছপালা প্রভৃতি স্থাবর সম্পত্তি। [আ. আওলাদ্]। আওলাদ বুনিয়াদ বি. গোষ্ঠীভুক্ত লোকজন।

আওসত (p. 077) [āōsata] বি. বড় জমিদারির অধীন খাজনা-করা ছোট তালুক বা ভূসম্পত্তি; ছোট তালুক বা জোতজমি। [আ. আওসত্, অওসত্]।˜ হাওয়ালা বি. হাওয়ালা বা হাওলা-করা অর্থাত্ নির্দিষ্ট শর্তে দেওয়া প্রজাস্বত্ব বা চাষের অধিকার।

আওসা (p. 077) [āōsā] বি. (আঞ্চ.) গোরুর এবং অন্যান্য গবাদি পশুর রোগবিশেষ; গোরুর খুরের রোগবিশেষ। [দেশি?]।

আওহাল, আহোয়াল, আহাল (p. 077) [āōhāla, āhōẏāla, āhāla] বি. 1 অবস্থা, হাল; 2 দুরবস্থা, দুর্দশা (কী আওহালেই যা আছি)। [আ. আহ্'য়াল]।

আংগা, আঙ্গা (p. 077) [āṅgā, āṅgā] বি. (আঞ্চ.) জামা; ছোট জামা। [হি. অংগা]।

আংটা, আঙটা (p. 077) [āṇṭā, āṅaṭā] বি. 1 আংটির আকারবিশিষ্ট হাতল, কড়া; 2 আগুন রাখার পাত্র। [হি. আংগূঠা]।

আংটি, আঙটি (p. 077) [āṇṭi, āṅaṭi] বি. আঙুলে অলংকাররূপে পরা হয় এমন বলয়; অঙ্গুরীয়। [সং. অঙ্গুষ্ঠিকা]।

আংরা, আঙরা (p. 077) [āṃrā, āṅarā] বি. 1 জলন্ত অঙ্গার, জলন্ত কয়লা; 2 জলন্ত অঙ্গারের মতো লাল রং। [সং. অঙ্গার]।

আংরাখা, আঙরাখা (p. 077) [āṃrākhā, āṅarākhā] বি. চাপকানজাতীয় লম্বা ঝুলের জামাবিশেষ। [সং. অঙ্গরক্ষা, হি. অঙ্গরখা]।

আংশিক (p. 077) [āṃśika] বিণ. 1 অংশবিষয়ক, অংশসম্বন্ধীয়; 2 অসম্পূর্ণ, খানিক, কতক (আংশিক সত্য, আংশিক তথ্য)। [সং. অংশ + ইক]।

আঃ (p. 077) [āḥ] অব্য. বিরক্তি ক্ষোভ বিস্ময় ক্রোধ আরাম প্রভৃতি সূচক ধ্বনিবিশেষ।

আঁক (p. 077) [ān̐ka] বি. 1 চিহ্ন, দাগ (আঁক কাটা); রেখা; 2 গণিতের অঙ্ক (আঁক কষা)। [সং. অঙ্ক]।

আঁকড়া (p. 077) [ān̐kaḍ়ā] বি. কোনোকিছু ঝুলিয়ে বা আটকে রাখার জন্য বাঁকানো লোহার আংটা, hook; কড়া। [দেশি]। আঁকড়া-আঁকড়ি বি. জড়াজড়ি; টানাটানি।

আঁকড়ানো (p. 077) [ān̐kaḍ়ānō] ক্রি. জাপটে বা জড়িয়ে ধরা (ভয়ে সে বাবাকে আঁকড়ে ধরল)। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. আঁকড়া + আনো]। আঁকড়ে ধরা ক্রি. বি. জড়িয়ে ধরা।

আঁকড়ি, আঁকুড়ি (p. 077) [āṅ̐kaḍ়i, āṅ̐kuḍ়i] বি. 1 অঙ্কুশ; অঙ্কুশের মতো বাঁকানো জিনিস বা চিহ্ন; 2 অক্ষরের পাশে নাকের মতো বাঁকা অংশ। [বাং. আঁকড়া + ই]।

আঁকন (p. 077) [āṅ̐kana] বি. অঙ্কন, আঁকা; ছবি ('আঁকন আঁকা হবে': রবীন্দ্র)। [সং. অঙ্কন]।

আঁকশি, আঁকুশি (p. 077) [āṅ̐kaśi, āṅ̐kuśi] বি. গাছের উঁচু ডাল ইত্যাদি থেকে ফলফুল পাড়ার জন্য অঙ্কুশের মতো আগাবিশিষ্ট লাঠি বা লগা। [সং. অঙ্কুশ]।

আঁকা (p. 077) [āṅ̐kā] ক্রি. 1 রেখা টেনে চিত্র করা; দাগ কাটা; 2 লেখা (বিধাতা মানুষের ললাটে যা আঁকেন তা মোছা যায় না)। □ বি. অঙ্কন, চিত্রণ (ছবি আঁকা তার পেশা)। □ বিণ. অঙ্কিত, চিত্রিত (তোমার আঁকা ছবি); চিহ্নিত, লিখিত। [বাং. √ আঁক্ + অ]। ˜ নো ক্রি. অঙ্কিত বা চিত্রিত করানো। □ বিণ. অঙ্কিত করানো হয়েছে এমন। আঁকা-জোঁকা বি. বিণ. ক্রি. দাগ কাটা, চিত্রবিচিত্র করা, নকশা করা। আঁকিয়ে বি. যে ছবি আঁকে; শিল্পী।

আঁকা-বাঁকা (p. 077) [āṅ̐kā-bāṅ̐kā] বিণ. সাপের (কুটিল) গতির মতো আকৃতিবিশিষ্ট, টেরাবাঁকা। [সং. অঙ্কবঙ্ক]।

আঁকি-বুকি (p. 077) [āṅ̐ki-buki] বি. হিজিবিজি লেখা; অন্যমনস্কভাবে দাগ টানা। [তু. আঁকাবাঁকা]।

আঁকিয়ে (p. 077) [ān̐kiẏē] দ্র আঁকা।

আঁকু-পাঁকু, আঁকু-বাঁকু (p. 079) [ān̐ku-pān̐ku, ān̐ku-bān̐ku] বি. হাঁকডাক; ব্যস্ততা প্রকাশ (কিছু বলার জন্য সে কেবলই আঁকুপাঁকু করছে); অত্যন্ত ব্যাকুলতাসূচক অঙ্গভঙ্গি। [দেশি]।

আঁকুশি (p. 079) [ān̐kuśi] দ্র আঁকশি।

আঁখি (p. 079) [ān̐khi] বি. চোখ (নিদ্রাহীন আঁখি)। [সং. অক্ষি]। ˜ জল বি. চোখের জল, অশ্রু। ˜ ঠার বি. চোখের ইশারা বা ইঙ্গিত। ˜ পাত বি. 1 তাকানো, দৃষ্টিপাত, চাউনি; 2 চোখের পাতা ('চলে আসে আঁখিপাতে': নজরুল)।

আঁচ1 (p. 079) [ān̐ca1] আভাস (মনের আঁচ); আন্দাজ, অনুমান, ধারণা (ভবিষ্যত্ ঘটনার আঁচ)। [সং. √ আন্চ্]।

আচ2 (p. 079) [āca2] বি. আগুনের আভা; তাপ বা ঝাঁজ (উনুনের আঁচ)। [সং. অর্চি (=অগ্নিশিখা)]। আঁচ দেওয়া ক্রি. বি. উনুন ধরানো, উনুনে অগ্নিসংযোগ করা।

আঁচড় (p. 079) [ān̐caḍ়.] বি. দাগ, অগভীর রেখা; নখের আঘাত; (আল.) সামান্য চেষ্টা (এক আঁচড়েই বুঝে নিলাম)। [দেশি]। আঁচড়া-আঁচড়ি বি. নখের আঁচড়ের লড়াই। আঁচড়ানো ক্রি. 1 নখ দিয়ে ক্ষত সৃষ্টি করা; 2 চিরুনি দিয়ে চুল বিন্যাস করা। □ বি. বিণ. উক্ত দুই অর্থে।

আঁচা (p. 079) [ān̐cā] ক্রি. আঁচ করা, আন্দাজ করা, অনুমান করা (ব্যাপারটা আগেই আঁচতে পেরেছিল)। [বাং. √ আঁচ্ + আ]।

আঁচানো (p. 079) [ān̐cānō] ক্রি. বি. কিছু খাওয়ার পর এঁটো মুখ ধোঁয়া; আচমন করা। □ বি. মুখ ধোয়া, আচমন □ বিণ. মুখ ধোয়া হয়েছে এমন। [বাং. আঁচা + আনো]। না আঁচালে বিশ্বাস নেই কার্যসিদ্ধির আগে সাফল্য সম্পর্কে নিশ্চিত না হওয়া।

আঁচিল (p. 079) [ān̐cila] বি. মানুষের চামড়ার উপর ব্রণের মতো ছোট মাংসপিণ্ড; উপমাংস, wart. [দেশি]

আঁজনাই (p. 079) [ān̐janāi] বি. আঞ্জনি; চোখের পাতার ভিতরদিকের ফোঁড়াবিশেষ, sty, stye. [সং. অঞ্জন]।

আঁজল, আঁজলা (p. 079) [ān̐jala, ān̐jalā] বি. আঞ্জলি, গণ্ডূষ, হাতের কোষ। □ বিণ. অঞ্জলিপরিমাণ। [সং. অঞ্জলি]।

আঁজি (p. 079) [ān̐ji] বি. 1 রেখা; ডোরা দাগ; 2 কাপড়ে রঙিন সুতোর রেখা, রঙিন ডোরা; 3 ঘরবাড়ি তৈরির সময় সাজানো ইটের সন্ধিস্থলে রেখার আকারে চুনবালির প্রলেপ, pointing. আঁজি ধরানো ক্রি. ইটের সন্ধিস্থলে চুনবালির প্রলেপ জমানো, পয়েন্টিং করা। □ বি. উক্ত অর্থে।

আঁট (p. 079) [ān̐ṭa] বি. 1 টান, দৃঢ়তা (বাঁধনের আঁট); 2 বাঁধুনি (কথার বেশ আঁট আছে); 3 সংযম (মুখের আঁট নেই)। □ বিণ. 1 দৃঢ় (বাঁধন আঁট

করা); 2 টানটান, মাপে একটু ছোট টাইট, tight (জামাটা খুব আঁট হয়েছে)। [সং. অট্ট?]। ˜ সাঁট বিণ. ঢিলে নয় এমন (আঁটসাঁট পোশাক)।

আঁটা-আঁটি, আঁটি-সাঁটি (p. 079) [ān̐ṭā-ān̐ṭi, ān̐ṭi-sān̐ṭi] বি. কষাকষি, কড়া মনোভাব, অতিরিক্ত দরাদরি বা কড়াকড়ি (নিজের বেলা আঁটাসাঁটি)।

আঁট-কুড়1 (p. 079) [ān̐ṭa-kuḍ়1] বি জঞ্জাল, উচ্ছিষ্ট ইত্যাদি ফেলার জায়গা, আঁস্তাকুড়। [দেশি]।

আঁট-কুড়2, আঁ-কুড়ে, আঁট-কুড়ো (p. 079) [ān̐ṭa-kuḍ়2, ā-n̐kuḍ়ē, ān̐ṭa-kuḍ়ō] বিণ. নিঃসন্তান, সন্তান হয় না এমন। [দেশি]। আঁট-কুড়ি বিণ. (স্ত্রী) সন্তানহীনা, বাঁজা, বন্ধ্যা।

আঁটা (p. 079) [ān̐ṭā] ক্রি. 1 কষে বা শক্ত করে বাঁধা ('তোমার রাখি বাঁধো আঁটি': রবীন্দ্র); 2 বাঁধা, পরা (পাগড়ি আঁটা); 3 বন্ধ করা, লাগানো (দরজায় খিল আঁটা); 4 সংকুলান হওয়া (এই ঘরে এত লোক আঁটবে না); 5 সমকক্ষ হওয়া (বুদ্ধিতে তাকে আঁটা মুশকিল)। □ বিণ. বদ্ধ, আঁটকানো (আঁটা খাম)। [বাং. √ আট্ + আ]। ˜ নো ক্রি. বি. ধরানো (চেপে চেপে রাখলে ওই হাঁড়িতেই সব আটা আঁটানো যাবে) এঁটে ওঠা ক্রি. বি. সমকক্ষ হওয়া, সমানভাবে পাল্লা দেওয়া (বুদ্ধিতে তার সঙ্গে এঁটে ওঠা কঠিন)।

আঁটি1, আটি (p. 079) [ān̐ṭi1, āṭi] বি. শাক, ঘাস, খড় ইত্যাদির গোছা (শাকের আঁটি, খড়ের আঁটি, আঁটি বাঁধা)। [দেশি]। বোঝার উপর শাকের আঁটি

প্রচুর ওজনের উপর সামান্য ভার; বিরাট দায়িত্ব বা বোঝা যার কাঁধে রয়েছে অতি সামান্য বাড়তি বোঝা তার কাছে কিছুই নয়। আঁটিসাঁটি দ্র আঁট।

আঁটি2, আঁঠি (p. 079) [ān̐ṭi2, ān̐ṭhi] বি. ফলের ভিতরের বড় বীজ, বীচি (আমের আঁটি)। [সং. অস্থি]। আঁটি চোষা ক্রি. বি. (আল.) সার জিনিস বা খাঁটি জিনিস থেকে বঞ্চিত হওয়া।

আঁটুনি (p. 079) [ān̐ṭuni] বি. 1 শক্ত বাঁধন, টান; 2 (কথার) বাঁধুনি বা বিন্যাস (ওইটুকু ছেলের কথার আঁটুনি দেখেছ?)। [বাং. আঁট + উনি]। বজ্র আঁটুনি ফস্কা গেরো বাঁধন বা নিয়মের যতই কড়াকড়ি থাকুক, এড়ানোর পথ বা ফাঁকফোকরও ততই সহজ হয়ে আসে।

আঁটু-বাঁটু (p. 079) [ān̐ṭu-bān̐ṭu] বি. ক্রি-বিণ. ঢিলেঢালা চলন; নড়বড়েভাবে ('চলনে আঁটুবাঁটু': ভা.চ.)। [দেশি]। আঁটুবাঁটু করা ক্রি. বি. জড়সড়ভাবে চলা।

আঁড়িয়া, এঁড়ে (p. 079) [ān̐ḍ়iẏā, ēn̐ḍ়ē] বি. বিণ. পুরুষ বাছুর; পুরুষ গোরু; পুরুষ মোষ। আঁড়িয়া লাগা, এঁড়ে লাগা দ্র এঁড়ে।

আঁত (p. 079) [ān̐ta] বি. 1 অন্ত্র, নাড়ি; 2 অন্তর, হৃদয় (আঁতে ঘা দেওয়া); 3 মনোভাব, মতলব (আঁত বুঝে চলা)। [সং. অন্ত্র]।˜ আঁতড়ি বি. নাতিভুঁড়ি।

আঁতকানো (p. 079) [ān̐takānō] ক্রি. ভয়ে চমকানো, ভয়ে চমকে ওঠা □ বি. বিণ. উক্ত অর্থে। [সং. আতঙ্ক > বাং. আঁতকা]। আঁতকে ওঠা ক্রি. বি. ভয়ে চমকে ওঠা।

আঁতড়ি (p. 079) [ānँtaḍ়i] বি. অন্ত্র; নাড়িভুঁড়ি। [সং. অন্ত্র]

আঁতাঁত (p. 079) [ānँtānँta] বি. বিভিন্ন ব্যক্তি বা রাষ্ট্রের মধ্যে সদ্ভাব ও সহযোগিতা; মৈত্রী (অশুভ আঁতাঁত)। [ফ. entente]।

আঁতি-পাঁতি, আতি-পাতি (p. 079) [ānँti-pānँti, āti-pāti] অব্য. ক্রি-বিণ. সর্বত্র (আঁতিপাঁতি খোঁজা)। [হি. অঁয়তি-পঁয়তি?]।

আঁতু-আঁতু, আঁতু-পুঁতু (p. 079) [ānँtu-ānँtu, ānँtu-punँtu] বি. অতিরিক্ত যত্ন, বাড়াবাড়িরকমের সাবধানতা। [সং. আত্মন্ +পুত্র?]।

আঁতুআঁতু করা, আঁতুতুপুঁতু করা (p. 080) [ānँtuānँtu karā, ānँtutupunँtu karā] ক্রি. বি. আদরের বস্তুকে নিয়ে বাড়াবাড়িরকমের সাবধানতা অবলম্বন করা (ছেলেকে নিয়ে ওরা বড় আঁতুপুঁতু করে)।

আঁতুড় (p. 080) [ānँtuḍ়] বি. যে ঘরে শিশু ভূমিষ্ঠ হয়, সূতিকাগার, সন্তানপ্রসব গৃহ। [সং. অন্ত্র > আঁত + বাং. উড়ি=আঁতুড়ি > আঁতুড়]। আঁতুড়ে বিণ. নিতান্তই কচি (শিশু)।

আঁতেল (p. 080) [ānँtēla] বিণ. বি. (ব্যঙ্গে) পণ্ডিত, বিদ্বান, বুদ্ধিজীবীর ধরনধারণবিশিষ্ট (ব্যক্তি)। [ফ. ঁতেলেক্তুয়াল (intellectual এর অপভ্রংশ, কিংবা ইং. intellectual এর ফরাসিভঙ্গিম উচ্চারণ থেকে]।

আঁতলামো (p. 080) [ānँtalāmō] বি. (ব্যঙ্গে) আঁতেল-আঁতেল ভাব, (নকল) পণ্ডিতি, বুদ্ধিজীবীর ভাবভঙ্গির অনুকরণ।

আঁদরু-পেঁদরু (p. 080) [ānँdaru-pēnँdaru] বি. সাহেবিয়ানার উগ্র অনুকরণকারী দেশীয় খ্রিস্টান। [ইং. Andrews Pedro]।

আঁদর্সা, আঁতসা, আঁদসা (p. 080) [ānँdarsā, ānँtasā, ānँdasā] বি. গুড়ের রসে জ্বাল-দেওয়া নারকেল আর চালের গুঁড়োর পিঠে। [দেশি]।

আঁধলা (p. 080) [ānँdhalā] বি. অন্ধ লোক। [হি. অন্ধেলা]।

আঁধার (p. 080) [ānँdhāra] বি. অন্ধকার, আলোকের অভাব ('ও আমার আঁধার ভালো':রবীন্দ্র)। □ বিণ. নিরালোক, আলোকহীন ('আঁধার রাতে একলা পাগল': রবীন্দ্র)। [সং. অন্ধকার]। আঁধারা ক্রি. অন্ধকার করা। আঁধারি বি. অন্ধকার (আলো-আঁধারি)। আঁধার ঘরের মানিক বি. দুঃখের জীবনে বা সংসারে একমাত্র সুখের বস্তু; অত্যন্ত প্রিয়জন। মুখ আঁধার করা ক্রি. বি. মুখ গোমড়া করা, অখুশি হওয়া

আঁধি, আঁন্ধি (p. 080) [ānँdhi, ānnँdhi] বি. ঝড়ো হাওয়া যাতে ধুলো ও অন্ধকার সৃষ্টি হয়; ঝড়; অন্ধকার সৃষ্টিকারী জিনিস ('ঘুম ভাঙাবার আঁধি': ব. চ.)। [সং. অন্ধ, হি. আঁধী]। আঁধী-ঝড় বি. অন্ধকার সৃষ্টিকারী ঝড়।

আঁশ2 (p. 080) [āmँśa2] বি. 1 সুতোর মতো সূক্ষ্ম অংশ, রোঁয়া, তন্তু; গাছ-লতা-ফল প্রভৃতির ভিতরকার সূক্ষ্ম তন্তু; 2 মাছের গায়ের শল্ক; scales. [সং. অংশু]। আঁশটে বিণ. মাছের গায়ের গন্ধযুক্ত।

আঁশ-ফল (p. 080) [āmँśa-phala] বি. লিচুজাতীয় ছোট ফলবিশেষ। [দেশি?]।

আঁশানো (p. 080) [āmँśānō] ক্রি. 1 চিনি গুড় প্রভৃতির রসে জ্বাল দেওয়া (পিঠে আঁশানো, সে এখন পিঠে আঁশাচ্ছে); 2 একটু শুকিয়ে নেওয়া (রোদে আঁশানো)। □ বিণ. বি. উক্ত অর্থে [বাং. √ আঁশা (সং. অংশু) + আনো]।

আঁশালো (p. 080) [āmँśālō] বিণ. আঁশযুক্ত, আঁশবহুল (আঁশালো ফল)। [বাং. আঁশ + আলো]।

আঁষ, আঁইষ (p. 080) [āmँṣa, āmँiṣa] বি. আমিষ খাদ্য; আমিষ (আঁষ-নিরামিষ); মাছ-মাংস-ডিমজাতীয় খাদ্য। □ বিণ. আমিষ দ্রব্যযুক্ত; আমিষ রান্নার কাজে ব্যবহৃত (আঁষবঁটি)। [সং. আমিষ]।

আঁষটে (p. 080) [āmँṣaṭē] বিণ. মাছ-মাংস প্রভৃতি আমিষের গন্ধযুক্ত।

আঁসু (p. 080) [āmँsu] বি. চোখের জল, অশ্রু। [হি. আঁসু]।

আঁস্তা-কুড়, আঁস্তা-কুঁড় (p. 080) [āmँstā-kuḍ়, āmँstā-kunँḍ়] বি. উচ্ছিষ্ট বা আবর্জনা ফেলবার স্থান। [দেশি]। আঁস্তাকুড়ের পাতা 1 যে পাতা খাওয়ার

শেষে আঁস্তাকুড়ে ফেলা হয়; 2 আবর্জনা; 3 (আল.) হেয় ব্যক্তি। আঁস্তাকুড়ের পাতা স্বর্গে যায় না হেয় ও নীচ ব্যক্তির দ্বারা কোনো ভালো কাজ হয় না; নীচ লোক ভদ্রসমাজে মিশতে পারে না।

আক-কুটে, আক-খুটে (p. 080) [āka-kuṭē, āka-khuṭē] বিণ. 1 জিনিসপত্র সম্পর্কে যত্নহীন; অগোছালো; 2 উড়নচণ্ডী; অমিতব্যয়ী। [দেশি]।

আকচা-আকচি (p. 080) [ākacā-ākaci] বি. পরস্পর ঈর্ষা; রেষারেষি। [দেশি]।

আক-ছার, আক-চার (p. 080) [āka-chāra, āka-cāra] ক্রি-বিণ. হামেশা, প্রায়ই; সর্বদা; সচরাচর। [আ. অক্সর]।

আকড়িয়া, আকড়ে (p. 080) [ākaḍ়iẏā, ākaḍ়ē] বিণ. 1 কড়ি নেই এমন; 2 মাগ্না, বিনামূল্যের। [বাং. আ + কড়ি + ইয়া]

আকণ্ঠ (p. 080) [ākaṇṭha] ক্রি-বিণ কণ্ঠ পর্যন্ত, গলা পর্যন্ত; গলায় গলায় ('আকণ্ঠ ঋণে নিমগ্ন': রবীন্দ্র)। [সং. আ + কণ্ঠ]। ̃ মগ্ন বিণ. গলা পর্যন্ত ডুবে আছে এমন (দেনায় সে এখন আকণ্ঠমগ্ন)।

আকতা, আখতা (p. 080) [ākatā, ākhatā] বিণ. খাসি করা হয়েছে এমন (আকতা ষাঁড়)। [আ. আখ্তা]

আক্দ (p. 080) [ākda] বি. মুসলমান রীতিতে বিবাহবন্ধন; মুসলমানদের বিবাহে বরকন্যার পরস্পরকে স্বীকার ও গ্রহণ। [আ. আ'ক্দ্]।

আকনি, আখনি (p. 080) [ākani, ākhani] বি. মাংসের বা মশলার ক্বাথ। [ফা. অখ্নী]।

আকন্দ (p. 080) [ākanda] বি. অর্ক; গাছবিশেষ ও তার ফুল। [সং. অর্কমন্দার ?]।

আকপিল, আকপিশ (p. 080) [ākapila, ākapiśa] বিণ. পাঁশুটে রঙের, ঈষত্ কপিল বা কপিশ বর্ণের। [সং. আ (ঈষত্ অর্থে) + কপিল, কপিশ]।

আক-বত (p. 080) [āka-bata] বি. পরকাল। [আ. অ'কবত্]।

আক-বরি, আকব্বরি (p. 080) [āka-bari, ākabbari] বিণ. মোগল সম্রাট আকবরের সময়ের বা তাঁর নামাঙ্কিত (আকবরি মোহর)। [আ. আক্বর + বাং. ই]।

আকম্প, আকম্পন (p. 080) [ākampa, ākampana] বি. সামান্য কম্পন, অল্প কম্পন। [সং. আ + কম্প, কম্পন]।

আকম্পিত, আকম্প্র (p. 080) [ākampita, ākampra] বিণ. অল্প একটু কম্পিত, ঈষত্ কম্পিত; ঈষত্ কম্পমান, একটু একটু কাঁপছে এমন। [সং. আ. + কম্পিত, কম্প্র]।

আকর (p. 080) [ākara] বি. 1 খনি; উৎপত্তিস্থান; 2 আধার; পাত্র (গুণের আকর, রোগের আকর)। [সং. আ + √ কৃ + অ]। ˜ জ বিণ. খনিজ, খনিতে জন্মায় এমন। আকরিক, আকরীয় বিণ. 1 খনিজ; 2 খনিসম্বন্ধীয়।

আকর্ণ (p. 080) [ākarṇa] ক্রি-বিণ. কান পর্যন্ত (আকর্ণবিস্তৃত)। [সং. আ + কর্ণ]। ˜ নয়ন, ˜ লোচন বি. বিণ. কান পর্যন্ত টানা চোখ যার। আকর্ণবিস্তৃত হাসি সারা মুখে ছড়িয়ে যায় এমন হাসি, যে হাসিতে ঠোঁটের দুই প্রান্ত প্রায় কান স্পর্শ করে।

আকর্ণন (p. 080) [ākarṇana] বি. শ্রবণ, শোনা। [সং. আ + √ কর্ণ্ + অন]।

আকর্ণিত (p. 080) [ākarṇita] বিণ. শ্রুত, শোনা হয়েছে বা শোনা গেছে এমন।

আকর্ষ (p. 081) [ākarṣa] বি. 1 আকর্ষণ, টান; 2 যা দিয়ে আকর্ষণ করা বা টানা যায়যেমন, আঁকশি, চুম্বকপাথর ইত্যাদি; 3 লতাতন্তু, প্রতান, tendril. [সং. আ + √ কৃষ্ + অ]। ˜ .ক বিণ. বি. 1 যে আকর্ষণ করে; 2 চুম্বক (পাথর)। আকর্ষী (-র্ষিন্) বিণ. আকর্ষণ করে এমন, আকর্ষণকারী। □ বি. আঁকশি। বিণ. (স্ত্রী.) আকর্ষণী।

আকর্ষণ (p. 081) [ākarṣaṇa] বি. টান; নিজের দিকে আনার জন্য টান; (গৌণ অর্থে) যে গুণের দ্বারা মন প্রলুব্ধ হয় (গানের আকর্ষণ)। [সং. আ + √ কৃষ্ + অন] আকর্ষণী বিণ. টেনে আনে বা আকর্ষণ করে এমন (বক্তৃতার আকর্ষণী

শক্তি)। □ বি. আঁকশি। আকর্ষণীয় বিণ. আকর্ষণের যোগ্য আকর্ষণরকারী অর্থে অশুদ্ধ প্রয়োগ।

আকর্ষা (p. 081) [ākarṣā] ক্রি. আকর্ষণ করা টানা। [সং. আ + √ কৃষ্ + বাং. আ]।

আকলন (p. 081) [ākalana] বি. 1 গ্রহন; সংগ্রহ; 2 গহনা, হিসাব করা, 3 পরিধান; 4 আকাঙ্ক্ষা; 5 আকর্ষণ। [সং. আ + √ কলি + অন]।

আকস্মিক (p. 081) [ākasmika] বিণ. হঠাত্ ঘটেছে বা ঘটে এমন; আশা করা যায়নি এমন; অপ্রত্যাশিত (আকস্মিক মৃত্যু)। [সং. অকস্মাত্ + ইক]। বি.˜ তা (ঘটনার আকস্মিকতায় তিনি কিছুটা বিমূঢ় হয়ে পড়েছেন)।

আঁকাড়া (p. 081) [ānkāḍ়ā] বিণ. কাঁড়া বা ঝেড়ে পরিষ্কার করা হয়নি এমন (আঁকাড়া চাল)। [বাং. আ + কাঁড়া]।

আকাঙ্ক্ষা (p. 081) [ākāṅkṣā] বি. পাওয়ার ইচ্ছা; বাসনা; প্রার্থনা। [সং. আ + √কাঙ্ক্ষ + অ + আ] আকাঙ্ক্ষণীয় বিণ. চাওয়া হয়েছে এমন। আকাঙ্ক্ষী (-ক্ষিন) বিণ. আকাঙ্ক্ষা করে এমন (মঙ্গলাকাঙ্ক্ষী, শুভাকাঙ্ক্ষী)। স্ত্রী. আকাঙ্ক্ষিণী।

আকাচা (p. 081) [ākācā] বিণ. কাচা হয়নি এমন; ধোয়া হয়নি এমন (আকাচা কাপড়)। [বাং. আ + কাচা]।

আকাট1 - আকাঠ (p. 081) [ākāṭa1 - ākāṭha] এর রূপভেদ।

আকাট2 (p. 081) [ākāṭa2] বিণ. নিরেট; সম্পূর্ণ; অত্যন্ত; নির্ভেজাল (আকাট মূর্খ)। ̃ .মূর্খ বিণ. বি. মহামূর্খ।

আকাটা (p. 081) [ākāṭā] বিণ. কাটা হয়নি এমন (আকাটা ফল, আকাটা হীরে)। [বাং. আ + কাটা]।

আকাঠ, আকাঠা (p. 081) [ākāṭha, ākāṭhā] বি. বাজে কাঠ। [বাং. আ (মন্দ অর্থে) + কাঠ]।

আকাম-অকাম (p. 081) [ākāma-akāma] এর আঞ্চ. রূপ।

আকামানো (p. 081) [ākāmānō] বিণ. 1 কামানো বা মুড়ানো হয়নি এমন (আকামানো মাথা); 2 শ্রমের দ্বারা রোজগার করা হয়নি এমন; 3 (আঞ্চ.) সাপের বিষদাঁত ভাঙা হয়নি এমন (আকামানো সাপ)। [বাং. আ + কামানো]।

আ-কার, আকার1 (p. 081) [ā-kāra, ākāra1] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'আ' অক্ষর বা ধ্বনির যোগ।

আকার2 (p. 081) [ākāra2] বি. 1 আকৃতি, চেহারা; 2 গঠন; 3 প্রকার (নানা আকারে কথাটা প্রকাশ করা); 4 মূর্তি (আদর্শকে আকার দেওয়া)। [সং. আ + √ কৃ + অ]। ̃ .ইঙ্গিত, ̃ .প্রকার বি. ভাবভঙ্গি। ̃ .মাত্রিক বিণ. আ-কার চিহ্ন দিয়ে সংগীতের মাত্রার সংখ্যা বোঝানো হয় এমন (আকারমাত্রিক স্বরলিপি)।

আকাল (p. 081) [ākāla] বি. 1 দুর্ভিক্ষ; 2 দুঃসময়; 3 অভাব (দেশে কি ভালো শিল্পীর আকাল হয়েছে?)। [সং. অকাল]।

আকালিক (p. 081) [ākālika] বিণ. 1 অকালে বা অসময়ে উৎপন্ন; 2 তাড়াতাড়ি বিনষ্ট হয় এমন। [সং. অকাল + ইক]।

আকাশ (p. 081) [ākāśa] বি. পৃথিবীর বায়ুমন্ডলের উপরাংশে (বিশেষত ভূপৃষ্ঠ থেকে যেমন দেখায়; আবহাওয়া পরিষ্কার থাকলে দিনের বেলা আকাশকে নীল দেখায়); গগন, অন্তরীক্ষ, শূন্য। [সং. আ + √ কাশ্ + অ]।˜ .কুসুম বি. মিথ্যা কল্পনা, অসার কল্পনা, অলীক কল্পনা।˜ .গঙ্গা বি. 1 ছায়াপথ, milky way 2 স্বর্গগঙ্গা, মন্দাকিনী।˜ .চারী (-রিন্) বিণশূন্যপথে ভ্রমণকারী, গগনবিহারী। স্ত্রী.˜ .চারিণী।˜ .চুম্বী (-ম্বিন্) বিণ. আকাশকে স্পর্শ করে এমন; অত্যন্ত উঁচু।˜ .ছোঁয়া বিণ. আকাশ স্পর্শ করে এমন।˜ .জাত বিণ. আকাশে বা শূন্যে জন্মেছে এমন।˜ .দীপ, প্রদীপ বি. হিন্দুরা স্বর্গস্থিত দেবতাদের উদ্দেশে বা স্বর্গত পূর্বপুরুষদের উদ্দেশে কার্তিক মাসের প্রতি সন্ধ্যায় বাঁশের ডগায় যে প্রদীপ জ্বেলে দেয়।˜ .পট বি. আকাশের আঙিনা।˜ .পথ শূন্য দিয়ে যাওয়া-আসার পথ।˜ .পাতাল বিণ. বিস্তর, প্রচুর (আকাশপাতাল পার্থক্য)। □ ক্রি-বিণ. 1 স্বর্গ থেকে পাতাল পর্যন্ত; 2 সর্বত্র বা সমস্ত বিষয়ে (আকাশপাতাল ভাবছি)।˜ .বাণী বি. 1 দৈববাণী; 2 বেতারবাণী, radio.˜ .মণ্ডল বি. নভোমণ্ডল।˜ .যান বি. উড়োজাহাজ, এরোপ্লেন।˜ .স্থ বিণ. আকাশে অবস্থিত; আকাশের। আকাশ থেকে পড়া ক্রি. বি. কিছু না জানার ভান করা (কথাটা শুনে একেবারে আকাশ থেকে প়ড়লে যে); না জানার জন্য বিস্ময় প্রকাশ করা। আকাশ ধরা ক্রি. বি. বৃষ্টি বন্ধ হওয়া। আকাশে তোলা ক্রি. বি. অতিরিক্ত প্রশংসা করা। মাথায় আকাশ ভেঙে পড়া ক্রি. বি. আকস্মিক বিপদে দিশাহারা হওয়া।

আকাশি (p. 081) [ākāśi] বিণ. আকাশের রঙের, হালকা নীল রঙের। [সং. আকাশ + বাং. ই]।

আকিঞ্চন (p. 081) [ākiñcana] বি. 1 দৈন্য, নিঃস্বতা; 2 বিনীত কামনা, আকাঙ্ক্ষা; 3 আগ্রহ; 4 চেষ্টা। [সং. অকিঞ্চন + অ]।

আকীর্ণ (p. 081) [ākīrṇa] বিণ. ছড়ানো, বিক্ষিপ্ত, বিস্তীর্ণ; পূর্ণ (জনাকীর্ণ, কন্টকাকীর্ণ)। [সং. আ + √ কৃ + ত]।

আকুঞ্চন (p. 081) [ākuñcana] বি. একটুখানি কুঁকড়ে বা গুটিয়ে যাওয়া, কোঁকড়ানো; সংকোচন। [সং. আ + কুঞ্চন]। আকুঞ্চিত বিণ. কোঁকড়ানো, গুটানো, সংকুচিত।

আকুড়সি (p. 081) [ākuḍ়si] বি. আঁকশি। [সং. আকর্ষী]।

আকুত, আকুতি, আকূত, আকূতি (p. 081) [ākuta, ākuti, ākūta, ākūti] বি. 1 আকুলতা; আকুল প্রার্থনা; 2 অভিপ্রায়, মনের ইচ্ছা বা কামনা। [সং. আ + √ কু, √ কূ + ত, তি]।

আকুমার (p. 081) [ākumāra] ক্রি-বিণ. কুমার বয়স থেকে। [বাং. আ + কুমার]।

আকু-পাংচার (p. 081) [āku-pāñcāra] বি. শরীরের বিভিন্ন স্থানে ছুঁচ ফুটিয়ে রোগ সারানোর চৈনিক পদ্ধতি। [লা. acus (ছুঁচ) + punctura (ফোটানো)]।

আকুল (p. 082) [ākula] বিণ. 1 ব্যগ্র, উৎকণ্ঠিত (আকুল আহ্বান, আকুল প্রতীক্ষা); 2 অস্থির; 3 অসংবৃত, আলুলায়িত। [সং. আ + √কুল্ + অ]। বি.˜ তা। আকুলা ক্রি. আকুল হওয়া। আকুলিত বিণ. আকুল হয়েছে এমন। আকুলি-বিকুলি বি. অতিশয় ব্যাকুলতা (খবরটা পাওয়ার জন্য সে আকুলি-বিকুলি করছে)। □ ক্রি-বিণ. অতি আকুলভাবে। আকুলি-ব্যাকুলি-আকুলি-বিকুলি -র রূপভেদ। আকুলী.কৃত বিণ. আকুল করা হয়েছে এমন। আকুলি.ভূত বিণ.আকুল হয়ে উঠেছে এমন।

আকৃতি (p. 082) [ākṛti] বি. চেহারা; গঠন। [সং. আ + √ কৃ + তি]।˜ .প্রকৃতি বি. আকার-প্রকার; হাবভাব; লক্ষণ।

আকৃষ্ট (p. 082) [ākṛṣṭa] বিণ. আকর্ষণ করা হয়েছে এমন; প্রলুব্ধ; মুগ্ধ (সমুদ্রের দৃশ্যে মন আকৃষ্ট হয়)। [সং. আ + √ কৃষ্ + ত]।

আকৃষ্য-মাণ (p. 082) [ākṛṣya-māṇa] বিণ. আকৃষ্ট হচ্ছে এমন, আকর্ষণ করা হচ্ছে বা টেনে আনা হচ্ছে এমন। [সং. আ + √ কৃষ্ + মান]।

আক্কেল (p. 082) [ākkēla] বি. কান্ডজ্ঞান, বোধবুদ্ধি, বুদ্ধি-বিবেচনা। [আ. আক্ল্]।˜ .গুড়ুম বি. হতভম্ব অবস্থা (তার কথা শুনে আমার তো আক্কেলগুড়ুম)।˜

.দাঁত বি. পূর্ণবয়সে যে দাঁত ওঠে, wisdom tooth. আক্কেলদাঁত না গজানো ক্রি. বি. বুদ্ধিবিবেচনা বা কান্ডজ্ঞান না হওয়া, অপরিণত বুদ্ধির পরিচয় দেওয়া।˜ .দাঁত ওঠা ক্রি. বি. বুদ্ধি পরিপক্ক হওয়া।˜ .মন্দ,˜ .মন্ত বিণ. বিবেচক; বিজ্ঞ; আক্কেলযুক্ত। [আ. + আক্ল্ + বাং. মন্ত]।˜ .সেলামি বি. অপরিণত বুদ্ধি বা অনভিজ্ঞতার জন্য লোকসান বা শাস্তি।

আক্রম (p. 082) [ākrama] বি. 1 আক্রমণ; 2 বলপূর্বক অতিক্রম; 3 বিক্রম; 4 উদয়। [সং. আ + √ ক্রম্ + অ]।˜ ণ বি. 1 অন্যের প্রতি বলপ্রয়োগ; 2 অধিকার বা জয় করার জন্য হানা; হামলা; 3 গ্রাস (রোগের আক্রমণ)। আক্রমণীয় বিণ. আক্রমণের যোগ্য। আক্রান্ত বিণ. 1 আক্রমণ করা হয়েছে এমন; 2 আক্রমণের বিষয়ীভূত; 3 আচ্ছন্ন (জলভারাক্রান্ত মেঘ); 4 আক্রমণের ফলে পীড়িত (রোগাক্রান্ত)।

আক্রা (p. 082) [ākrā] বিণ. দুর্মূল্য, মহার্ঘ, অত্যন্ত দামি। □ বি. দুর্মূল্যের অবস্থা, চড়া দাম (এই আক্রার সময়)। [সং. অক্রেয়]।

আক্রামক (p. 082) [ākrāmaka] বিণ. আক্রমণকারী। [সং. আ + √ ক্রম্ + অক]। স্ত্রী আক্রামিকা।

আক্রীড় (p. 082) [ākrīḍ়] বি. 1 প্রমোদবন; 2 ক্রীড়াভূমি; 3 আখড়া। [সং. আ + √ ক্রীড়্ + অ]।

আক্রোশ (p. 082) [ākrōśa] বি. বিদ্বেষ, ক্রোধ, গায়ের ঝাল (দীর্ঘদিনের সঞ্চিত আক্রোশ)। [সং. আ + √ ক্রুশ্ + অ]।

আক্লান্ত (p. 082) [āklānta] বিণ. অতিশয় ক্লান্ত। [বাং. আ + সং. ক্লান্ত]।

আক্ষরিক (p. 082) [ākṣarika] বিণ. 1 অক্ষরসংক্রান্ত; অক্ষর অনুযায়ী; 2 বর্ণে বর্ণে করা হয়েছে এমন (আক্ষরিক অনুবাদ), হুবহু, literal. [সং. অক্ষর + ইক]। বি.˜ তা।

আক্ষিপ্ত (p. 082) [ākṣipta] বিণ. 1 ক্ষেপন করা বা ছোড়া হয়েছে এমন, নিক্ষিপ্ত; ছড়িয়ে রাখা হয়েছে বা ছড়িয়ে আছে এমন, বিক্ষিপ্ত; 2 আক্ষেপযুক্ত; দুঃখে অধীর। [সং. আ + √ ক্ষিপ্ + ত]।

আক্ষেপ (p. 082) [ākṣēpa] বি. 1 (বিকারগ্রস্ত রোগীর) হাত-পা ইত্যাদি ছোড়া, খিঁচুনি, তড়কা, fits, convulsion; 2 ক্ষোভ মনস্তাপ (আক্ষেপের বিষয়), বিলাপ; 3 অর্থালংকারবিশেষ। [সং. আ + √ ক্ষিপ্ + অ]। বিণ. আক্ষিপ্ত।

আক্ষোট, অক্ষোট (p. 082) [ākṣōṭa, akṣōṭa] বি. আখরোট গাছ। [সং. অক্ষোট তু. প.অখ্রোট্]।

আখ, আক (p. 082) [ākha, āka] বি. সরু লম্বা গাছ যার রস থেকে চিনি গুড় প্রভৃতি পাওয়া যায়, ইক্ষু, sugar-cane. [সং. ইক্ষু]।

আখটি, আখটে (p. 082) [ākhaṭi, ākhaṭē] দ্র আখুটি।

আখড়া (p. 082) [ākhaḍ়ā] বি. 1 (ব্যায়াম, গানবাজনা প্রভৃতি) অনুশীলনের স্থান; সন্ন্যাসীদের (বিশেষত বৈষ্ণব বৈরাগীদের) আশ্রম; 1 আড্ডা। [সং. অক্ষবাট, হি. আখড়া]। ˜ ই বি. অভিনয়ের মহলা, মহড়া, রিহার্সাল, rehearsal. ˜ .ধারী বি. আখড়া বা মঠের প্রধান বা অধ্যক্ষ।

আখণ্ডল (p. 082) [ākhaṇḍala] বি ইন্দ্র। [আ + √ খণ্ডি + অল]।

আখনজি (p. 082) [ākhanaji] দ্র আখুন্দ।

আখবার (p. 082) [ākhabāra] বি. খবরের কাগজ। [আ. আখ্বার]।

আখর (p. 082) [ākhara] বি. 1 অক্ষর; বর্ণ; 2 কীর্তন গানে মূল পদের সঙ্গে সংযোজিত বা জুড়ে দেওয়া পদ (আখর দেওয়া গান)। [সং. অক্ষর]।

আখরোট (p. 082) [ākharōṭa] বি. শক্ত খোলার মধ্যে শাঁস থাকে এমন পার্বত্য ফলবিশেষ, walnut. [সং. অক্ষোট, প. অখ্রোট্]।

আখা (p. 082) [ākhā] বি. উনুন, চুলো, চুল্লি। [বাং. তু. সং. উখা = হাঁড়ি, যজ্ঞীয় অগ্নিকুন্ড (হরিচরণ বন্দ্যোপাধ্যায়)]।

আখাম্বা (p. 082) [ākhāmbā] বিণ. থামের মতো আকৃতিবিশিষ্ট, খুব মোটা ও লম্বা (আখাম্বা বাঁশ)। [বাং. আ + হি. খম্বা]।

আখুটি, আখটি (p. 082) [ākhuṭi, ākhaṭi] বি. আবদার, বায়না; শিশুর জেদ। [সং. আখট্টি]। আখুটিয়া, আখুটে, আখটে বিণ. আবদেরে, অতিরিক্ত বায়না করে এমন (আখুটে শিশু)।

আখুঞ্জ, আখুনজি, আখনজি (p. 082) [ākhuñja, ākhunaji, ākhanaji] বি. ফারসি-শিক্ষক। [ফা. আখুন্ + হি.জি]।

আখেজ, আখজ (p. 082) [ākhēja, ākhaja] বি. শত্রুতা, বিদ্বেষ। [আ. আখজ]।

আখেটক, আখেটিক (p. 082) [ākhēṭaka, ākhēṭika] বি. ব্যাধ, শিকারি। [সং. আ + √ খিট্ + অক]। আখেটি বি. ব্যাধ। [তু. হি. আখেটী]

আখের, আখির (p. 082) [ākhēra, ākhira] বি. পরিণাম, শেষ, চূড়ান্ত পরিণতি। [আ. আখীর্]। আখেরি বিণ. অন্তিম, শেষের। আখেরি চাহার শুম্বা শেষ বুধবার; হজরত মোহম্মদের মৃত্যুর পূর্বের শেষ বুধবার (এই দিন অসুস্থতার মধ্যে তিনি সুস্থ বোধ করেছিলেন)। আখেরি জমানা বি. শেষ যুগ; কেয়ামত বা প্রলয়ের পূর্ববর্তী যুগ (তু. কলিযুগ)। আখেরে ক্রি-বিণ. শেষ পর্যন্ত, পরিণামে; ভবিষ্যতে।

আখোলা (p. 082) [ākhōlā] বিণ. খোলা নয় এমন, আটকানো, বন্ধ। [বাং. আ + খোলা]।

আখ্যা (p. 082) [ākhyā] বি. সংজ্ঞা, নাম; উপাধি। [সং. আ + √ খ্যা + অ + (স্ত্রী) আ]।˜ তা বিণ. সংজ্ঞাপ্রাপ্ত; কথিত, পরিচিত; ব্যাখ্যাত।˜ ন বি. কাহিনী, গল্প; ইতিহাস।˜ .য়ক বি. কথক; প্রচারক।˜ .য়িকা বি. কাহিনী।˜ য়ী (-য়িন্) বিণ. বর্ণনাকারী, কথক। আখ্যেয় বিণ. আখ্যাযুক্ত, নামবিশিষ্ট; কথনীয়।

আখ্যান (p. 082) [ākhyāna] দ্র আখ্যা।

আগ1 (p. 082) [āga1] বি. 1 আগা, অগ্রভাগ; সম্মুখভাগ। □ বিণ. অগ্রবর্তী, এগিয়ে আছে এমন; সবচেয়ে উঁচুতে রয়েছে এমন (আগডাল)। [সং. অগ্র]।˜ .পাছ বি. আগুপিছু, আগের ও পরের ব্যাপার (আগপাছ ভাবা)। আগ বাড়া, আগ বাড়ানো ক্রি. বি. এগিয়ে যাওয়া, কোনো কাজের জন্য আগেই প্রস্তুত হওয়া। আগু বাড়াআগ বাড়া র রূপভেদ।

আগ1 (p. 082) [āga1] বি. (কাব্যে) আগুন। [বাং. আগুন]।

আগ়ড়, আগল (p. 082) [āg়ḍ়, āgala] বি. 1 দরজার মতো করে ব্যবহৃত ঝাঁপ, টাটি; 2 খিল; 3 বাধা। [সং. অর্গল]।

আগ়ড়-বাগ়ড় (p. 082) [āg়ḍ়-bāg়ḍ়] বি. 1 নানারকম বাজে জিনিস; 2 বাজে কথা; অর্থহীন প্রলাপ। [তু. হি. অগ়ড় বগড়]।

আগড়ম-বাগ়ড়ম (p. 082) [āgaḍ়ma-bāg়ḍ়ma] বি. অর্থহীন অপ্রয়োজনীয় বা অসংলগ্ন কথা (আগড়ম-বাগড়ম বকছে)। [হি. আওড়ম্ বওড়ম]।

আগডুম - বাগ্‌ডুম, আগডোম- বাগডোম (p. 082) [āgaḍuma - bāg্ḍuma, āgaḍōma- bāgaḍōma] বি. শিশুদের খেলাবিশেষ ও তার সঙ্গে আবৃত্ত ছড়ার প্রথম অংশ [সমগ্র ছড়াটি মূলে কোনো যুদ্ধযাত্রা বা বিবাহযাত্রার বর্ণনা করছে বলে মনে হয়]।

আগত (p. 082) [āgata] বিণ. 1 এসেছে এমন, উপস্থিত; 2 প্রাপ্ত (শরাণাগত)। [সং. আ + √ গম্ + ত]। ̃ .প্রায় বিণ. এসে পড়েছে এমন, আসন্ন (পূজার দিন আগতপ্রায়)।

আগ.দুয়ার (p. 082) [āga.duẏāra] বি. 1 বাইরের দরজা; 2 বাহির বাড়ি। বিপ. পাছদুয়ার। [সং. অগ্রদ্বার]।

আগন্তুক (p. 082) [āgantuka] বি. অতিথি; নবাগত বা অপরিচিত ব্যক্তি। ☐ বিণ. 1 নবাগত, সদ্য বা হঠাত্ এসেছে এমন; 2 হঠাত্ ঘটেছে এমন (আগন্তুক বিপদ)। [সং. আ + √ গম্ + তু + ক (স্বার্থে)]।

আগ বাড়া, আগ বাড়ানো (p. 082) [āga bāḍ়ā, āga bāḍ়ānō] দ্র আগ1।

আগম (p. 082) [āgama] বি. 1 তন্ত্রশাস্ত্র, বেদ ইত্যাদি শাস্ত্র; 2 আগমন, আসা (বর্ষাগম, গ্রীষ্মাগম); 3 লাভ, উপার্জন (ধনাগম); 4 জীবদেহের শ্বাসগ্রাহী অঙ্গ, অন্তঃশ্বসন যন্ত্র, inhalant (বি.প.); 5 আমদানি, import (স. প.); 6 (ব্যাক.) প্রকৃতিপ্রত্যয়ের লোপ না করে শব্দের মধ্যে বর্ণের প্রবেশ। [সং. আ +

√ গম্ + অ]। ˜ .শুল্ক বি. আমদানির জন্য দেয় কর, import duty (স. প.)। আগম্য বিণ. আসা উচিত বা আসার যোগ্য এমন।

আগমন (p. 082) [āgamana] বি. এসে উপস্থিত হওয়া, আসা। [সং. আ + √ গম্ + অন]। আগমনি বি. শিবপত্নী ও হিমালয়কন্যা উমার পিত্রালয়ে আগমনবিষয়ক গান; দুর্গাপূজার আগে উমার আগমন নিয়ে যে গান গাওয়া হয়। □ বিণ. আগমনসংক্রান্ত। [সং. আগমন + বাং. ই (ঈ অপ্রয়োজনীয়)]।

আগম-বাগীশ, আগম-বেদী (p. 082) [āgama-bāgīśa, āgama-bēdī] বিণ. আগমশাস্ত্রে অর্থাত্ বেদাদি শাস্ত্রে অভিজ্ঞ। [সং. আগম + বাগীশ, বেদিন]।

আগর2 (p. 082) [āgara2] বিণ. (অপ্র.) শ্রেষ্ঠ, প্রধান; উৎকৃষ্ট। [সং. অগ্র]। স্ত্রী আগরী।

আগল (p. 082) [āgala] বি. 1 খিল, হুড়কো ('দ্বারে দ্বারে ভাঙল আগল'); 2 বাধা (মুখের আগল নেই); 3 বেড়া, ঝাঁপ। [সং. অর্গল]।

আগলা1 (p. 082) [āgalā1] বিণ. অনাবৃত, আঢাকা; খোলা (খাবারটা আগলা রয়েছে)। [সং. অলগ্ন, হি. অলগ]।

আগলা2 (p. 082) [āgalā2] ক্রি. আগলানো -র কোমল রূপ।

আগলানো (p. 082) [āgalānō] ক্রি. 1 আটক করা; 2 পাহারা দেওয়া, সামলানো। □ বি. উক্ত অর্থে (ছেলে আগলানোর লোক)। [বাং. √ আগ্লা + আনো]।

আগলি (p. 082) [āgali] বিণ. অগ্রবর্তী; আগেরটি; প্রধান। □ বি. আলয়, আগার ('বুদ্ধির আগলি': ক.ক.)। [সং. অগ্র. তু. বৈ. সা. আগরি]।

আগা (p. 082) [āgā] বি. অগ্রভাগ, উপরের অংশ, ডগা (গাছের আগা, সূচের আগা)। [সং. অগ্র]।˜ .গোড়া ক্রি-বিণ. প্রথম থেকে শেষ পর্যন্ত, আদ্যন্ত।

আগাছা (p. 082) [āgāchā] বি. অকেজো গাছ লতা তৃণ ইত্যাদি; বাজে গাছপালার জঞ্জাল। [বাং. আ + গাছ + আ]।

আগানো (p. 082) [āgānō] ক্রি. এগিয়ে যাওয়া, অগ্রসর হওয়া। □ বি. উক্ত অর্থে (আগানোর পথ)। [বাং. √ আগা (আগ + আ নামধাতু) + আনো]।

আগা.পাছ.তলা, আগা.পাস্তলা (p. 082) [āgā.pācha.talā, āgā.pāstalā] ক্রি-বিণ. আগাগোড়া, উপর থেকে নীচ পর্যন্ত, আপাদমস্তক; সর্বত্র। [বাং. আগা + পাছ (পিছন) + তলা]।

আগাম (p. 082) [āgāma] বিণ. আগে দেওয়া বা নেওয়া হয় এমন, অগ্রিম। □ বি. যে জিনিস অগ্রিম হিসাবে দেওয়া বা নেওয়া হয় (এখনও কিছু আগাম দিইনি)। [সং. অগ্রিম]।

আগামী (p. 082) [āgāmī] (-মিন্) বিণ. ভবিষ্যতে আসবে বা ঘটবে এমন, ভাবী (আগামী কাল, আগামী বছর)। [সং. আ + √ গম্ + ইন্]।

আগার (p. 082) [āgāra] বি. 1 থাকবার জায়গা; 2 গৃহ; আলয়; 3 ভান্ডার (ধনাগার, রত্নাগার, অস্ত্রাগার); আধার। [সং. (অগার অগ + আ + √ রা + অ) + অ]।

আগি (p. 082) [āgi] বি. (ব্রজ.) আগুন ('হৃদয়ে জ্বলত মঝু আগি': চণ্ডী)। [প্রাক্. আগ্গি < সং. অগ্নি]।

আগিলা (p. 082) [āgilā] বিণ. সামনের, সামনে রয়েছে এমন ('আগিলা ঘাটে সে নায়': চণ্ডী)। [বাং. আগ + ইলা (তু. পাছিলা)]।

আগু (p. 082) [āgu] বি. 1 প্রথম; পূর্ব (আগু থেকে); 2 গোড়া, সামনের দিক (আগুপিছু)। □ বিণ. অগ্রবর্তী; সামনে বা আগে রয়েছে এমন। □ ক্রি-বিণ. আগে, প্রথমে ('আগু গিয়া রাবণের গলে দিব ফাঁস': কৃত্তি)। [সং. অগ্র]।˜ তে ক্রি-বিণ. প্রথমে, আগে।˜ .পাছ,˜ .পিছু ক্রি-বিণ. 1 অগ্রপশ্চাত্, ভূত-ভবিষ্যত্ (আগুপিছু বিবেচনা করা); 2 ইতস্তত (আগুপিছু করা)। আগু বাড়া-আগ দ্র।˜ .য়ান,˜ .সার বিণ. এগিয়ে আছে এমন, অগ্রসর, অগ্রবর্তী।

আগুন, (কাব্যে) আগুনি (p. 082) [āguna, (kābyē) āguni] বি. 1 আলো উত্তাপ ও শিখা সৃষ্টি করে এমন রাসায়নিক অবস্থা; যা পুড়িয়ে দেয়; অগ্নি; 2 (গৌণ অর্থে) দুঃসহ তাপ (জ্বরে গা আগুন হয়েছে); 3 দুর্ভাগ্য (কপাল আগুন); 4 মূল্যবৃদ্ধি (বাজার আগুন)। [প্রাকৃ. আগণি < সং. অগ্নি]। আগুন করা ক্রি. বি.

রান্নার জন্য বা যজ্ঞের জন্য আগুন জ্বালাবার ব্যবস্থা করা। আগুন ধরা, আগুন লাগা ক্রি. বি. 1 আগুনের সংস্পর্শে এসে জ্বলতে শুরু করা (ঘরে আগুন লেগেছে); 2 বিপদ বিশৃঙ্খলা উপদ্রব ইত্যাদি উপস্থিত হওয়া (ফসলে এবার আগুন লেগেছে)। আগুন লাগানো ক্রি. বি. আগুনের সংস্পর্শে এনে জ্বালিয়ে দেওয়া। আগুন পোহানো ক্রি. বি. আগুনের তাপ উপভোগ করা, আগুনের তাপে শরীর গরম করা। আগুন হওয়া বি. ক্রি. (আল.) প্রচন্ড রেগে যাওয়া। ছাই-চাপা আগুন বি. 1 যে দুঃখ বা ক্ষোভ বাইরে প্রকাশিত নয় কিন্তু ভিতরে ভিতরে খুবই প্রবল; 2 যে গুণাবলি বা প্রতিভা লোকচক্ষুর অন্তরালে রয়েছে।

আগুয়ান, আগুসার (p. 082) [āguẏāna, āgusāra] দ্র আগু।

আগুরি, আগুড়ি (p. 082) [āguri, āguḍ়i] বি. উগ্রক্ষত্রিয়। [সং. উগ্রক্ষত্রিয়]।

আগুল্ফ (p. 082) [āgulpha] ক্রি-বিণ. গোড়ালি পর্যন্ত (আগুল্ফলম্বিত কেশ)। [সং. আ + গুল্ফ]।

আগে (p. 082) [āgē] ক্রি-বিণ. 1 প্রথমে, পূর্বে; 2 সামনে। [সং. অগ্রে]। ̃ .কার বিণ. প্রথমের, পূর্বের; অতীতের (আগেকার দিনে)। আগে আগে ক্রি-বিণ. সামনে (তার ছেলেটি আগে আগে চলেছে)। ̃ .পাছে ক্রি-বিণ. সামনে ও পিছনে। আগেপাছে করা ক্রি. ইতস্তত করা। ̃ .ভাগে ক্রি-বিণ. সবার আগে, আগে থেকে (আগেভাগে খবর দিয়ো)।

আগ্নেয় (p. 082) [āgnēẏa] বিণ. 1 আগুনসম্বন্ধীয়; 2 অগ্নিগর্ভ (আগ্নেয়গিরি); 3 আগুন নিঃসরণ করে এমন (আগ্নেয়াস্ত্র); 4 আগুনের তাপে গলে গিয়ে উৎপন্ন

হয়েছে এমন (আগ্নেয় প্রস্তর)। [সং. অগ্নি + এয়]। ˜ .গিরি বি. আগুন, তপ্ত গলিত ধাতু ইত্যাদি নিঃসরণ করে এমন পর্বতবিশেষ, volcano. আগ্নেয়াস্ত্র বি. কামান বন্দুক ইত্যাদি যেসব অস্ত্রে আগুন উৎপন্ন হয়; বজ্র, শতঘ্নী ইত্যাদি পৌরাণিক অস্ত্র।

আগ্রহ (p. 082) [āgraha] বি. 1 ঝোঁক, উৎসাহ (লেখাপড়ায় আগ্রহ); 2 বিশেষ প্রবৃত্তি, আসক্তি; 3 ঐকান্তিক চেষ্টা বা ইচ্ছা। [সং. আ + √ গ্রহ্ + অ]। আগ্রহাতি-শয় বি. অতিশয় আগ্রহ, অতিশয় উৎসাহ বা আসক্তি। আগ্রহান্বিত, আগ্রহী বিণ. আগ্রহ বা উৎসাহ আছে এমন, উৎসুক (শিখতে আগ্রহী, এ ব্যাপারে আমি বেশ আগ্রহান্বিত বোধ করছি)।

আগ্রাসন (p. 082) [āgrāsana] বি. বৈদেশিক রাজ্য বা দেশকে গ্রাস বা আক্রমণ করার প্রবৃত্তি, aggression. [সং. আ + √ গ্রস্ + ণিচ্ + অন]। আগ্রাসী (-সিন্) বিণ. অন্যের রাজ্য বা অধিকার গ্রাস করতে চায় এমন প্রবৃত্তিযুক্ত (আগ্রাসী নীতি, আগ্রাসী মনোভাব)।

আঘাট, আঘাটা (p. 082) [āghāṭa, āghāṭā] বি. ব্যবহার করা হয় না বা ব্যবহার করা যায় না এমন ঘাট; যে ঘাট ঠিক ঘাট নয়। [বাং. আ + ঘাট, + আ]।

আঘাত (p. 082) [āghāta] বি. চোট, ঘা (অভিমানে আঘাত লেগেছে, অস্ত্রাঘাত); প্রহার। [সং. আ + √ হন্ + অ]। ˜ ক বি. বিণ. আঘাতকারী, আঘাত করে এমন (ব্যক্তি, কথা ইত্যাদি)। ˜ ন বি. আঘাত দেওয়া। ˜ .সহ বিণ. আঘাত সহ্য করতে পারে এমন।

আঘ্রাণ (p. 082) [āghrāṇa] বি. 1 গন্ধ গ্রহণ, গন্ধ নেওয়া বা শোঁকা; 2 গন্ধ (আমের আঘ্রাণ)। [সং. আ + √ ঘ্রা + অন]। আঘ্রাত বিণ. শোঁকা হয়েছে এমন।

আঙিনা, আঙ্গিনা (p. 082) [āṅinā, āṅginā] বি. 1 উঠান, অঙ্গন ('মোর আঙিনায় আজি পাখি গাহিছে এ কি গান': অ. সে.); 2 ক্ষেত্র (সাহিত্যের আঙিনায়, বনের আঙিনায়)। [সং. আঙ্গন]।

আঙিয়া, আঙ্গিয়া (p. 082) [āṅiẏā, āṅgiẏā] বি. স্ত্রীলোকের ছোট ও আঁট জামাবিশেষ; মেয়েদের বক্ষাবরণ, চোলি, কাঁচুলি। [সং. অঙ্গিকা]।

আঙুর (p. 082) [āṅura] বি. সবুজ রঙের ছোট গোল ফলবিশেষ যা খাওয়া হয় আবার যা থেকে মদও প্রস্তুত হয়; দ্রাক্ষা, grapes. [ফা. আঙ্গুর্]।

আঙুল (p. 082) [āṅula] বি. হাত ও পায়ের শেষ প্রান্তের পাঁচটি অঙ্গ; অঙ্গুলি finger. [সং. অঙ্গুলি]। আঙুল ফুলে কলা গাছ হঠাত্ বিরাট পদোন্নতি, অবস্থার উন্নতি বা ধনবৃদ্ধি। ̃ .হাড়া আঙুলের যন্ত্রদায়ক রোগবিশেষ, আঙুলের মাথা পেকে ওঠা, whitlow.

আঙ্কিক (p. 082) [āṅkika] বিণ. অঙ্কসম্বন্ধীয়। □ বি. অঙ্কে পারদর্শী এমন ব্যক্তি। [সং. অঙ্ক + ইক]।

আঙ্গ (p. 082) [āṅga] বি. অঙ্গসম্বন্ধীয়; আঙ্গিক। [সং. অঙ্গ + অ]।

আঙ্গার1 (p. 082) [āṅgāra1] বি. অঙ্গারসমূহ। □ বিণ. অঙ্গারসম্বন্ধীয়। [সং. অঙ্গার + অ]।

আঙ্গার2 (p. 082) [āṅgāra2] বি. 1 কয়লা, আঙার; 2 পোড়া কাঠ। [সং. অঙ্গার]।

আঙ্গিক (p. 082) [āṅgika] বিণ. অঙ্গসম্বন্ধীয়; অঙ্গজাত; অঙ্গভঙ্গির সাহায্যে সম্পাদিত বা অভিনীত। □ বি. 1 অভিনয়াদি শিল্পকলার ভাবব্যঞ্জক অঙ্গভঙ্গি; 2 (বাং.) কলাকৌশল। [সং. অঙ্গ + ইক]।

আঙ্গিনা (p. 082) [āṅginā] দ্র আঙিনা।

আঙ্গিয়া (p. 082) [āṅgiẏā] দ্র আঙিয়া।

আঙ্গিরস (p. 082) [āṅgirasa] বি. 1 অঙ্গিরস মুনির পুত্র; 2 বৃহস্পতি; 3 গোত্রবিশেষ। [সং. অঙ্গিরস + অ]।

আঙ্গোট (p. 082) [āṅgōṭa] বি. পায়ের আঙুলে পরবার আংটি। [সং. অঙ্গুষ্ঠিকা]।

আচকা (p. 082) [ācakā] ক্রি. বিণ. হঠাত্, অকস্মাত্, আচমকা। [বাং. আচমকা]।

আচকান (p. 082) [ācakāna] বি. পুরুষদের পরিধেয় শেরওয়ানিজাতীয় লম্বা জামাবিশেষ। [ফা. আচ্কন]।

আচঞ্চল (p. 085) [ācañcala] বিণ. কিছুটা চঞ্চল, একটু চঞ্চল। [বাং. আ + সং. চঞ্চল]।

আচমকা (p. 085) [ācamakā] ক্রি-বিণ. হঠাত্, আচম্বিতে, চমকে দেয় এমনভাবে (আচমকা এসে উপস্থিত)। [হি. আচম্ভা, তু. হি. অচানক]। আচমকা-সুন্দরী বিণ. প্রকৃতপক্ষে সুন্দরী না হলেও হঠাত্ দেখলে সুন্দরী মনে হয় এমন।

আচমন (p. 085) [ācamana] বি. 1 পূজার কাজ আরম্ভ করার আগে জল দিয়ে বিধিমতো দেহশুদ্ধি; 2 আঁচানো, খাওয়ার পর হাত-মুখ ধোয়া। [সং. আ + √ চম্ + অন]। আচমনীয় বি. 1 আচমন করার জল; 2 যা খেলে আচমন করতে হয় এমন খাদ্য।

আচম্বিতে, (বিরল) আচম্বিত (p. 085) [ācambitē, (birala) ācambita] ক্রি-বিণ. হঠাত্, আকস্মিকভাবে, আচমকা ('উদ্দীপ্ত নয়ন নিবে গেল আচম্বিতে': সু. দ.)। [সং. অসম্ভারিত ? তু. হি. অচম্ভা]।

আচরণ (p. 085) [ācaraṇa] বি. 1 ব্যবহার, চালচলন; 2 পালন, অনুষ্ঠান (ধর্মাচরণ, পাপাচরণ)। [সং. আ + √ চর্ + অন]।˜ .বিধি বি. চালচলনের বা মেনে চলার জন্য নিয়মাবলি। আচরণীয় বিণ. 1 আচরণের যোগ্য; ব্যবহার্য; 2 অনুষ্ঠান বা পালন করার যোগ্য। আচরিত বিণ. আচরণ করা হয়েছে এমন।

আচা. ভুয়া, আচা.ভুয়ো (p. 085) [ācā. bhuẏā, ācā.bhuẏō] বিণ. অদ্ভুত, কিম্ভুতকিমাকার। [হি. অচম্ভা]। আচাভো বি. কিম্ভূতকিমাকার সংবিশেষ।

আচার1 (p. 085) [ācāra1] বি. টক ঝাল তেল ইত্যাদি সহযোগে তৈরি মুখরোচক চাটনিজাতীয় খাবার, sauce. [পো. achar. ফা. আচার]।

আচার2 (p. 085) [ācāra2] বি. 1 অনুষ্ঠান, পালন; 2 প্রচলিত ব্যবহার, চালচলন; সংস্কার, রীতিনীতি (দেশাচার); 3 শাস্ত্রীয় আচরণ ও নিয়মাদি (আচারসর্বস্ব ধর্ম); 4 সাধনরীতি (বামাচার)। [সং. আ + √ চর্ + অ]।˜ .নিষ্ঠা বি. আচার মেনে চলা। বিণ.˜ .নিষ্ঠ।˜ .বান,˜ .বান্ বিণ. শাস্ত্রীয় নিয়মাদি পালন করে এমন; শাস্ত্রীয় নিয়মের প্রতি শ্রদ্ধাশীল। স্ত্রী.˜ .বতী।˜ .বিচার বি. শাস্ত্রীয় বা প্রথাগত নিয়ম পালন।˜ .ভ্রষ্ট বিণ. শাস্ত্রীয় আচার থেকে বিচ্যুত, শাস্ত্রীয় আচার লঙ্ঘনকারী। আচারী (-রিন্) বিণ. নিষ্ঠাবান, শাস্ত্রীয় নিয়মাদি যথাবিধি পালন করে এমন। আচরণীয় দ্র আচরণ।

আচার্য (p. 085) [ācārya] বি. 1 বেদ শিক্ষাগুরু; 2 দৈবজ্ঞ ব্রাহ্মণ; 3 শিক্ষাগুরু; 4 বিশ্ববিদ্যালয়ের প্রধান বা চ্যান্সেলর। [সং. আ + √ চর্ + য]। আচার্যা বি. (স্ত্রী.) শিক্ষাদানকারিণী, শিক্ষাদাত্রী। আচার্যানী বি. (স্ত্রী.) আচার্যের পত্নী।

আচালা (p. 085) [ācālā] বিণ. চালুনি দিয়ে বা অন্য কোনোভাবে চালা হয়নি এমন; অপরিষ্কৃত। [বাং. আ + চালা]।

আচোট (p. 085) [ācōṭa] বিণ. চাষ করা হয়নি এমন, অকর্ষিত; পতিত। [বাং. আ + হি. চোট]।

আচ্ছন্ন (p. 085) [ācchanna] বিণ. 1 আবৃত (মেঘাচ্ছন্ন আকাশ); পরিব্যাপ্ত; 2 অচৈতন্য (রোগীর আচ্ছন্ন অবস্থা কেটে গেছে); 3 অভিভূত (শোকাচ্ছন্ন)। [সং. আ + √ ছদ্ + ত]। বি.˜ তা।˜ .দৃষ্টি বি. কোনো কিছুর দ্বারা অভিভূত বা প্রভাবিত দৃষ্টি, আবিল দৃষ্টি, যে দৃষ্টি মুক্ত বা পরিষ্কার নয়।

আচ্ছা (p. 085) [ācchā] অব্য. সম্মতিসূচক বা স্বীকারসূচক শব্দ (আচ্ছা, তাই হবে); ধরা যাক (আচ্ছা তাই যেন হল)। □ বিণ. ক্রি-বিণ. 1 বেশ, ভালো, উত্তম, খুব (আচ্ছা সেজেছে, আচ্ছা বলেছ ভাই); 2 (ব্যঙ্গে) বিলক্ষণ (আচ্ছা সাধুর পাল্লায় পড়েছ); 3 চমৎকার (আচ্ছা বুদ্ধি বটে তোমার, আচ্ছা কথা শুনিয়ে দিলাম)। [সং. অস্তু ? অচ্ছ?]।

আচ্ছাদ (p. 085) [ācchāda] দ্র আচ্ছাদক।

আচ্ছাদক (p. 085) [ācchādaka] বিণ. আবৃত করে এমন; আচ্ছাদনকারী। □ বি. যা দিয়ে আচ্ছাদন করা হয়। [সং. আ + √ ছদ্ + ণিচ্ + অক]। আচ্ছাদ, আচ্ছাদন বি. 1 আবরণ; 2 ঢাকনি; ছাউনি; 3 পরিধেয় বস্ত্র (গ্রাসাচ্ছাদন)। আচ্ছাদনীয়, আচ্ছাদ্য বিণ. আচ্ছাদনের যোগ্য। আচ্ছাদা ক্রি. আচ্ছাদন করা। আচ্ছাদিত বিণ. আচ্ছাদন করা হয়েছে এমন। আচ্ছাদনী বি. আবরণী, আচ্ছাদক; ঢাকনি।

আচ্ছিন্ন (p. 085) [ācchinna] বিণ. ছিন্ন করা বা ছেঁড়া হয়েছে এমন (আচ্ছিন্ন বস্ত্র)। [সং. আ + √ ছিদ্ + ত]।

আছ্ (p. 085) [āch] (> আছি, আছ, আছে প্রভৃতি) ক্রি. থাকা, হওয়া, বিদ্যমান বা উপস্থিত থাকা; উচিত বা সংগত হওয়া (অমন কথা বলতে আছে?)। [সং. √ অস্; ইন্দোইয়োরোপীয় এস্ + স্কো + তি (সুনীতি)]।

আছড়া (p. 085) [āchḍ়ā] বি. 1 ছড়া, পশলা, ছিটে বা ছিটা (এক আছড়া জল, জলের আছড়া); 2 গোছা। [তু. বাং. ছড়া1; সং. ছটা]

আছড়ানো (p. 085) [āchaḍ়ānō] বি. ক্রি. আছাড় দেওয়া; (বস্ত্রাদি) তুলে নীচে বা ভূমিতে সজোরে ফেলা। □ বিণ. উক্ত অর্থে। [বাং. √ আছড়া + আনো]।

আছাঁকা (p. 085) [āchān̐kā] বিণ. ছাঁকা হয়নি এমন (আছাঁকা দুধ); তরল জিনিস থেকে বর্জনীয় অংশ বার করে ফেলা হয়নি এমন। [বাং. আ + ছাঁকা]।

আছাঁটা (p. 085) [āchān̐ṭā] বিণ. 1 ঢেঁকিতে বা কলে ছাঁটা বা ভাঙা হয়নি এমন (আছাঁটা চাল); 2 কাটা হয়নি এমন (আছাঁটা চুল)। [বাং. আ + ছাঁটা]।

আছাড় (p. 085) [āchāḍ়] বি. জোরে পড়ে যাওয়া, মাটিতে বা নীচে জোরে পতন; পা পিছলে বা অন্য কারণে মাটিতে পড়ে যাওয়া। [আ. আসর্]। আছাড় খাওয়া ক্রি. বি. পা পিছলে পড়ে যাওয়া।

আছাড়ি-পিছাড়ি (p. 085) [āchāḍ়i-pichāḍ়i] বি. মাটিতে গড়াগড়ি। [দেশিতু. বাং. আছড়]

আছোলা (p. 085) [āchōlā] বিণ. 1 খোসা বা ছাল ছাড়ানো হয়নি এমন; 2 চাঁচা হয়নি এমন (আছোলা বাঁশ)। [বাং. আ + ছোলা]।

আজ (p. 085) [āja] অব্য. ক্রি-বিণ. এই দিনে, অদ্য (আজ সেখানে যাব)। □ বি. 1 এই দিন, অদ্যকার দিন (আজ শুভ দিন); 2 বর্তমান কাল। [প্রাকৃ. অজ্জ]। ̃ .কার, ̃ .কের বিণ. এই দিনের, বর্তমান দিনের, অদ্যকার। ̃ .কাল অব্য. ক্রি-বিণ. বর্তমানে, এখন, অধুনা। ̃ .কে অব্য. ক্রি-বিণ. আজ, বর্তমান দিনে, এই দিনে (আজকে আমি যাব না)। আজ-কাল করা ক্রি. অযথা দেরি বা গড়িমসি করা। আজ নয় কাল বি. অযথা দেরি, অযথা গড়িমসি, দীর্ঘসূত্রতা। আজ বাদে কাল বি. ক্রি. বিণ. শীঘ্রই (আজ বাদে কাল পরীক্ষা, এখনও সময় নষ্ট করছ?)।

আজ-গুবি, আজ-গবি (p. 085) [āja-gubi, āja-gabi] বিণ. অবিশ্বাস্য, অসম্ভব, অদ্ভুত ('আজগুবি চাল বেঠিক বেতাল': সু. রা)। [ফা. অজ্ + আ. গায়েব]।

আজন্ম (p. 085) [ājanma] ক্রি-বিণ. বিণ. বিণবিণ. জন্ম থেকে শুরু করে, জন্মাবধি, সারা জীবন ধরে (আজন্ম করে আসছি, আজন্ম বাস, আমি আজন্ম দরিদ্র)। □বি. সারা জীবন ('ফিরবে বীভৎস নৃত্যে আজন্মের নিস্ফলতা যত': সু. দ.)। [সং. আ + জন্মন্]। ̃ .কাল ক্রিবিণ. চিরকাল বা চিরজীবন ধরে।

আজব (p. 085) [ājaba] বিণ. অদ্ভুত, আশ্চর্যজনক (আজব ব্যাপার, আজব কান্ড)। [আ. অজব]।˜ .ঘর,˜ .খানা বি. জাদুঘর, প্রদর্শশালা, museum.

আজমিড় (p. 085) [ājamiḍ়] দ্র অজমিড়।

আজ-রাইল (p. 085) [āja-rāila] বি. (ইসলামি শাস্ত্রে) যম; যমদূত। [আ. ইজ্রাইল]।

আজা (p. 085) [ājā] বি. মাতামহ, মায়ের বাবা। [সং. আর্যক]। স্ত্রী. আজি, আজিমা।

আজাড় (p. 085) [ājāḍ়] বিণ. উজাড়, খালি, নিঃশেষ। [তু. উজাড়]।

আজাদ (p. 085) [ājāda] বিণ. স্বাধীন, মুক্ত। [ফা.আজাদ]। আজাদ হিন্দ ফৌজ ভারতের বাইরে রাসবিহারী বসু কর্তৃক প্রতিষ্ঠিত এবং নেতাজি সুভাষচন্দ্র বসু কর্তৃক পরিচালিত ভারতের মুক্তিবাহিনী। আজাদি বি. মুক্তি, স্বাধীনতা।

আজান (p. 085) [ājāna] বি. নমাজের জন্য ডাক বা আহ্বান। [আ. অজান্]। আজান দেওয়া ক্রি. বি. সকলকে নমাজে ডাকা।

আজানু (p. 085) [ājānu] ক্রিবিণ. হাঁটু পর্যন্ত। [সং. আ + জানু]।˜ .লম্বিত বিণ. (দেহের উপরদিক থেকে) হাঁটু পর্যন্ত লম্বা বা প্রসারিত।˜ .লম্বিত বাহু বিণ. হাঁটু পর্যন্ত প্রসারিত বাহুবিশিষ্ট।

আজার (p. 085) [ājāra] বি. রোগ, অসুখ। [ফা. আজার; তু. গুজ. আজর]। আজারি বিণ. রোগী, অসুস্থ ('এল মুসাফির গায়ে আজারির চিন্': নজরুল)।

আজি2, আজিমা (p. 085) [āji2, ājimā] দ্র আজা।

আজীব (p. 085) [ājība] বি. 1 যার সাহায্যে জীবনধারণ করা যায়; জীবিকা; বৃত্তি; 2 ব্যবসায় (ব্যবহারাজীব)। [সং. আ + √ জীব্ + অ]।

আজীবন (p. 085) [ājībana] ক্রি-বিণ. বিণ. সারা জীবন ধরে (আজীবন একথা মনে রাখব, আজীবন শত্রু)। [বাং. আ + সং. জীবন]।

আজু (p. 085) [āju] অব্য. ক্রি.-বিণ. (ব্রজ.) আজ, অদ্য ('বড় অপরূপ আজু পেখনু রাই': বিদ্যা.)। [প্রাকৃ. অজ্জ]।

আজে-বাজে (p. 085) [ājē-bājē] বিণ. (জিনিস কথাবার্তা প্রভৃতি সম্বন্ধে) নানারকমের অকেজো, বাজে, তুচ্ছ। [দেশি]।

আজ্জানো (p. 085) [ājjānō] ক্রি. রোপণ বা বপন করা। □ বি. রোপন বা বপন। □ বিণ. রোপিত বা উপ্ত (আজ্জানো চারা)। [বাং. √ আজ্জা + আনো]।

আজ্ঞপ্তি (p. 085) [ājñapti] বি. আদেশ, রায়, হুকুম, degree (স.প.)। [সং. আ + √ জ্ঞপ্ + তি]।

আজ্ঞা (p. 085) [ājñā] বি. আদেশ, অনুজ্ঞা, অনুমতি। □ অব্য. মান্য ব্যক্তির কথায় বা ডাকে সম্মতিসূচক সাড়া দেবার শব্দ (আজ্ঞা যাই, আজ্ঞা তাই হবে)। [সং. আ + √ জ্ঞা + অ + আ]। ̃ .কারী (-রিন্) বিণ. আদেশদাতা। স্ত্রী. ̃ .কারিণী। ̃ ধীন, ̃ নু-বর্তী (-র্তিন্), ̃ .বহ বিণ. আদেশ পালন করে এমন, বাধ্য। ̃ পক বি. বিণ. আদেশদাতা। ̃ .পত্র, ̃ .লিপি বি. হুকুমনামা, আদেশপত্র, যে কাগজে হুকুম লেখা হয়। ̃ পন বি. হুকুমদান। ̃ পিত বিণ. আদেশ দেওয়া হয়েছে এমন, আদিষ্ট। ̃ .বহ বিণ. আজ্ঞা পালন বা বহন করে এমন। আজ্ঞে অব্য মান্য ব্যক্তির বা গুরুজনের ডাকে বা কথায় সম্মতিসূচক সাড়া দেবার শব্দ (আজ্ঞে ঠিক আছে, আজ্ঞে যাই)। যে আজ্ঞা, যে আজ্ঞে অব্য ঠিক আছে, তাই হবে।

আজ্য (p. 085) [ājya] বি. যজ্ঞের ঘি; হবি। [সং. আ + √ অন্জ্ + য]।

আঝাড়া (p. 085) [ājhāḍ়ā] বিণ. (শস্যাদি সম্বন্ধে) ঝেড়ে ধুলোবালি প্রভৃতি বাজে জিনিস দূর করা হয়নি এমন। [বাং. আ + ঝাড়া]।

আঝালা1, আঝালি (p. 085) [ājhālā1, ājhāli] বিণ. ঝাল দেওয়া হয়নি এমন, লঙ্কা মেশানো হয়নি এমন। [বাং. আ + ঝাল + আ, ই]।

আঝালা2 (p. 085) [ājhālā2] বিণ. ঝাল বা ধাতু জুড়বার পান দিয়ে জোড়া হয়নি এমন, unsoldered. [বাং. আ + হি. ঝাল + বাং. আ]।

আঞ্চলিক (p. 085) [āñcalika] বিণ. 1 স্থানীয়, local; 2 অপেক্ষাকৃত ছোট কোনো স্থান বা এলাকাসংক্রান্ত (আঞ্চলিক শক্তি, আঞ্চলিক স্বার্থ)। [সং. অঞ্চল + ইক]। বি. ̃ তা, regionalism.

আঞ্জনি, আঞ্জুনি (p. 085) [āñjani, āñjuni] বি. আজনাই, চোখের পাতায় উদ্গত ব্রণবিশেষ। [সং. অঞ্জন + অ + বাং. ই]।

আঞ্জনেয় (p. 085) [āñjanēẏa] বি. অঞ্জনার পুত্র, হনুমান। [সং. অঞ্জনা + এয়]।

আঞ্জা (p. 085) [āñjā] বি. এক সন্তানের জন্ম থেকে পরবর্তী সন্তানের জন্মের মধ্যবর্তী সময়, দুই গর্ভের অন্তর্বর্তী সময়। [তু. উ. অনজনা (যার জন্ম হয়নি)]।

আঞ্জাম (p. 085) [āñjāma] বি. 1 বন্দোবস্ত; 2 নির্বাহ, সরবরাহ; 3 শেষ, সমাপ্তি। [ফা. আনজাম]।

আঞ্জিনেয় (p. 085) [āñjinēẏa] বি. পিঠে নীল ডোরা দাগবিশিষ্ট টিকটিকিজাতীয় জীববিশেষ; আজনাই। [সং. অঞ্জনী + এয়]।

আঞ্জির (p. 085) [āñjira] বি. ডুমুরজাতীয় ফলবিশেষ। [ফা. আন্জীর]।

আঞ্জুনি (p. 085) [āñjuni] দ্র আঞ্জনি।

আঞ্জু-মান, আঞ্জু-মন (p. 085) [āñju-māna, āñju-mana] বি. সভা, সমিতি, মজলিশ। [ফা. আন্জুমন্]।

আট (p. 085) [āṭa] বি. বিণ. আট (৪) সংখ্যা; আটসংখ্যক। [সং. অষ্ট]।˜ ই বি. মাসের ৪ তারিখ। □ বিণ. মাসের ৪ তারিখের বা ৪ তারিখসংক্রান্ত।˜ .কড়াইয়া,˜ .কৌড়ে বি. শিশুর জন্মের অষ্টম দিনে আটরকম কড়াইভাজার জলপান বিতরণের সংস্কার।˜ .কপালিয়া,˜ .কপালে বিণ. হতভাগ্য, খারাপ কপালবিশিষ্ট। স্ত্রী.˜ .কপালি। আট-খানা করা ক্রি. বি. খণ্ড খণ্ড বা টুকরো টুকরো করা। আট-খানা হওয়া ক্রি. বি. আনন্দে অধীর হওয়া।˜ ঘাট বি. চার দিক; সমস্ত পথ বা উপায় (আটঘাট বেঁধে কাজ করা)। আটঘাট বেঁধে চলা ক্রি. বি. সমস্ত দিক সামলে চলা।˜ চল্লিশ বি. বিণ. 48 সংখ্যা বা 48 সংখ্যক।˜ চালা বি. আটটি চালা বা চালবিশিষ্ট ঘর বা মণ্ডপ।˜ ত্রিশ বি. বিণ. 38 সংখ্যা বা 38 সংখ্যক।˜ পহর,˜ পর-আটপ্রহর -এর কথ্য রূপ।˜ পিঠা,˜ পিঠে বিণ. 1 আটটি পৃষ্ঠ বা তলযুক্ত; 2 সবরকমের কাজে দক্ষতা আছে এমন।˜ পৌরে বিণ. অষ্ট প্রহর অর্থাত্ সর্বদাব্যবহার করা যায় এমন (আটপৌরে পোশাক পরেই বেরিয়ে এলাম)।˜ প্রহর বি. ক্রি-বিণ. সমস্ত দিন ও রাত্রি (ধরে)।˜ ষষ্টি বি. বিণ. 68 সংখ্যা; 68 সংখ্যক।

আটই (p. 085) [āṭi] দ্র আট।

আটক (p. 085) [āṭaka] বি. বাঁধা, প্রতিবন্ধক (এতে কোনো আটক নেই)। □ বিণ. বন্দি; অবরুদ্ধ, কয়েদ (আটক ব্যক্তিদের ছাড়া হবে না)। [দেশি]। আটক পড়া ক্রি. বি. বন্দি হওয়া, অবরুদ্ধ হয়ে পড়া।

আটকড়াইয়া, আটকপালিয়া, আটকপালে (p. 085) [āṭakaḍ়āiẏā, āṭakapāliẏā, āṭakapālē] দ্র আট।

আটকা (p. 085) [āṭakā] বি. বাধা, প্রতিবন্ধক। □ বিণ. বন্দি, অবরুদ্ধ (জালে আটকা-পড়া মাছ, কলে আটকা ইঁদুর)। [বাং. আটক + আ]। আটকা-আটকি বি. কড়াকড়ি ব্যবস্থা।

আটকানো (p. 085) [āṭakānō] ক্রি. 1 আটকে রাখা, অবরুদ্ধ করা (খোঁয়াড়ে আটকানো); 2 বাধাপ্রাপ্ত হওয়া, বাধা পাওয়া (মুখে কথা আটকায় না); 3 লাগানো, সংবদ্ধ করা (দেওয়ালে ছবি আটকানো); 4 বাধা দেওয়া (বন্যা আটকানো); 5 বেধে যাওয়া (ঘুড়িটি গাছে আটকে গেছে)। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. আটক নামধাতু √ আটকা + আনো]।

আটকে, আটকিয়া (p. 085) [āṭakē, āṭakiẏā] বি. পুরীর জগন্নাথের প্রসাদবিশেষ। [ও. একাটিয়া]। আটকে বাঁধা জগন্নাথমন্দিরে পুণ্য অর্জনের জন্য অর্থদান যাতে একজনের উপযোগী প্রসাদের ব্যবস্থা হয়।

আটকৌড়ে, আটখানা, আটঘাট, আটচল্লিশ, আটচালা, আটত্রিশ, আটপ্রহর, আটপিঠে, আটপৌরে (p. 085) [āṭakauḍ়ē, āṭakhānā, āṭaghāṭa, āṭacalliśa, āṭacālā, āṭatriśa, āṭaprahara, āṭapiṭhē, āṭapaurē] দ্র আট।

আটা2 (p. 085) [āṭā2] বি. পেষাই-করা গম, গমের চূর্ণ। [দেশি]।

আটা3 (p. 085) [āṭā3] বি. আট ফোঁটার তাস। [বাং. আট + আ]।

আটাত্তর (p. 085) [āṭāttara] বি. বিণ. 78 সংখ্যা; 78 সংখ্যক। [সং. অষ্টসপ্ততি বা অষ্টাসপ্ততি-তু. প্রাকৃ. আটহত্তর]।

আটা-নব্বই (p. 085) [āṭā-nabbi] বি. বিণ. 98 সংখ্যা; 98 সংখ্যক। [সং. অষ্টনবতি, অষ্টানবতি-তু. প্রাকৃ. অট্ঠাণউই]।

আটান্ন (p. 085) [āṭānna] বি. বিণ. 58 সংখ্যা; 58 সংখ্যক। [সং. অষ্টপঞ্চাশত্, অষ্টাপঞ্চাশত্-তু. প্রাকৃ. অট্ঠাবণ্ণ]।

আটাশ, আঠাশ (p. 085) [āṭāśa, āṭhāśa] বি. বিণ. 28 সংখ্যা; 28 সংখ্যক। [সং. অষ্টাবিংশতি-তু. প্রাকৃ. অট্ঠাইস]। আটাশে, আঠাশে বি. 28 তারিখ। □ বিণ. 1 28 তারিখের; 2 গর্ভের অষ্টম মাসে জাত বা ভূমিষ্ঠ; 3 দুর্বল ('আটাশে ছেলে': রা. প্র.)।

আঠা (p. 085) [āṭhā] বি. 1 গঁদ, কাই, লেই; চট্চটে রস বা রসজাতীয় জিনিস (গাছের আঠা); 2 (আল.) আগ্রহ, উৎসাহ (তোমার দেখেছি কাজে বড়ই আঠা)।˜ কাটি,˜ কাঠি বি. পাখি ধরার জন্য আঠা-মাখানো শলা; (আল.) ফাঁদ।˜ লো বিণ. চট্চটে, আঠাযুক্ত।

আঠারো (p. 085) [āṭhārō] বি. বিণ. 18 সংখ্যা; 18 সংখ্যক। [সং. অষ্টাদশন্-তু. প্রাকৃ. অট্ঠারহ]। আঠারো মাসে বছর অতিশয় দীর্ঘসূত্রতা।˜ ই বি মাসের 18 তারিখ। □ বিণ. 18 তারিখের।

আঠালো (p. 085) [āṭhālō] দ্র আঠা।

আড়1 (p. 085) [āḍ়1] বি. ট্যাংরাজাতীয় বড় মাছ বিশেষ। [দেশি]।

আড়2 (p. 085) [āḍ়2] বি. আড়াল ('তেপান্তরে পাহাড়ের আড়ে দেখেছি সূর্যের যাত্রা': বিষ্ণু)। [সং. অন্তরাল; হি. আড়]।

আড়3 (p. 085) [āḍ়3] বিণ. অপর; বিপরীত (আড়পার)। [সং. তু. হি. আর]।

আড়4 (p. 085) [āḍ়4] বি. 1 প্রস্থ, পার্শ্ব (তক্তাটি লম্বায় ছফুট আর আড়ে এক ফুট); 2 কাপড়জামা রাখবার বা পাখির বসবার দণ্ড। [দেশি]।

আড়5 (p. 085) [āḍ়5] বি ণ. তেরছা, বাঁকা, তির্যক (আড়চোখে তাকানো)। □ বি. দেহের বা উচ্চারণের জড়তা (কথার আড়)। [সং. অরাল; তু. হি. আড়]। আড় ভাঙা ক্রি. বি. 1 সোজা করা; 2 (দেহের বা উচ্চারণের) জড়তা দূর করা। আড় হওয়া ক্রি. বি. কাত হয়ে শোয়া বা দাঁড়ানো।˜ কোলা বিণ. পাঁজাকোলা, শিশুকে দুধ খাওয়ানোর সময় বা তাকে যেভাবে কোলে শোয়ানো হয় সেইভাবে শায়িত।˜ খেমটা বি. সংগীত নৃত্য প্রভৃতির তালবিশেষ।˜ ঘোমটা বি. আধাআধি টানা ঘোমটা, অর্ধ-অবগুণ্ঠন।˜ চোখ,˜ নয়ন বি. কটাক্ষ, চোরা-চাহনি।˜ পাগলা বিণ. আধপাগল, পাগলাটে।˜ মোড়া বি. শরীর সোজা করে আড়ষ্টতা ও জড়তা ভাঙা।˜ বাঁশি বি. আড়ভাবে বা আড়াআড়িভাবে ধরে যে বাঁশি বাজাতে হয়।

আড়-কাঠি, আড়-কাটি (p. 085) [āḍ়-kāṭhi, āḍ়-kāṭi] বি. 1 খনি কারখানা প্রভৃতির জন্য মজুর সংগ্রহকারী, recruiter; 2 তাঁতের মাকু; 3 নদীর

চড়া প্রভৃতি সম্বন্ধে সতর্ক করার জন্য পুঁতে রাখা দণ্ড বা লাঠি; 4 কর্ণধার; 5 বন্দরের কাছে জাহাজের পথপ্রদর্শক। [দেশি]।

আড়-কাঠ (p. 085) [āḍ়-kāṭha] বি. কড়িকাঠ। [দেশি]।

আড়কোলা (p. 085) [āḍ়kōlā] দ্র আড়5।

আড়-গড়া (p. 085) [āḍ়-gaḍ়ā] বি. 1 আস্তাবল, ঘোড়ার থাকার জায়গা; 2 অশ্বপালনের প্রতিষ্ঠান বা কেন্দ্র। [হি. অড়্গাড়া]।

আড়ঙ্গ (p. 085) [āḍ়ṅga] দ্র আড়ং।

আড়চোখ (p. 085) [āḍ়cōkha] দ্র আড়5।

আড়ত (p. 085) [āḍ়ta] বি. গোলা, কেনা-বেচার কেন্দ্র, depot (কয়লার আড়ত)। তু. হি. আঢ়ত্]।˜ দার বি. যে ব্যক্তি অপরের মাল নিজের গোলায় রাখে এবং দালালি নিয়ে বিক্রয়ের ব্যবস্থা করে।˜ দারি বি. আড়তদারের কাজ বা পেশা। □ বিণ. আড়তদারসংক্রান্ত বা আড়তদারের পেশাসংক্রান্ত।

আড়ম্বর (p. 085) [āḍ়mbara] 1 জাঁকজমক, ঘটা, সমারোহ (মহা আড়ম্বরে মেয়ের বিয়ে দিলেন); 2 মেঘের গর্জন; 3 রণবাদ্য; 4 গর্ব। [সং. আ+ √ ডম্ব্ + অর]।˜ বর্জিত,˜ শূন্য,˜ হীন বিণ. জাঁকজমকহীন, সরল।

আড়রি, আড়ুরি (p. 085) [āḍ়ri, āḍ়uri] বি. 1 ভাঙা উঁচু তটভূমি; 2 নদীর উঁচু পাড়। [দেশি]।

আড়ষ্ট (p. 085) [āḍ়ṣṭa] বিণ. 1 অসাড় (শীতে হাত-পা আড়ষ্ট); 2 জড়, অস্বচ্ছন্দ (এত অপরিচিত লোকের মধ্যে সে একটু আড়ষ্ট হয়ে পড়ল)। (তু. মরা. অডস); [হি. আড়া]। ̃ তা বি. অস্বাচ্ছন্দ্য, জড়তা।

আড়া1 (p. 085) [āḍ়ā1] বি. 1 আকৃতি, ডৌল, ছাঁচ (বেআড়া); 2 প্রকার, ধরন। [সং. আকার]।

আড়া2 (p. 085) [āḍ়ā2] বি. ধান গম ইত্যাদির পরিমাণবিশেষ। [সং. আঢ়ক]।

আড়া3 (p. 085) [āḍ়ā3] বি. 1 ডাঙা, কিনারা; 2 আড়কাঠ; 3 কাপড় ইত্যাদি রাখার আড়, সাঙা। [দেশি]।

আড়া-আড়ি (p. 085) [āḍ়ā-āḍ়i] ক্রি-বিণ. কোনাকুনি। □ বি. পরস্পর শত্রুতা বা প্রতিযোগিতা। [বাং. আড়5]।

আড়াই (p. 085) [āḍ়āi] বিণ. দুই এবং আধ, 21 / 2। [প্রাকৃ. আড়ঢাইয়]। ̃ হাতি বিণ. আড়াই হাত দৈর্ঘ্যবিশিষ্ট। তাল গাছের আড়াই হাত কোনো কাজের শেষ এবং সবচেয়ে কঠিন অংশ। ̃ য়া বি. আড়াই গুনের নামতা; (বর্ত বিরল) আড়াই সের ওজনের বাটখারা।

আড়া-ঠেকা (p. 085) [āḍ়ā-ṭhēkā] বি. সংগীতের ষোলো মাত্রার তালবিশেষ। [বাং. আড়াই + ঠেকা]।

আড়ানা (p. 085) [āḍ়ānā] বি. কানাড়া গোষ্ঠীর রাগিণীবিশেষ, এই রাগিণী সাধারণত রাত্রি দ্বিতীয় প্রহরে গেয়। [দেশি]।

আড়াল (p. 085) [āḍ়āla] বি. 1 দৃষ্টির বাহির, অন্তরাল (চোখের আড়াল, আড়ালে রাখো); 2 পরদা, আবরণ (দুটো ঘরের মাঝে একটা আড়াল থাকা দরকার)। [বাং. আড়2]।

আড়ি2 (p. 085) [āḍ়i2] বি. 1 আড়াল, অন্তরাল; 2 বিবাদ, মনের অমিল, অসদ্ভাব; 3 (ছোট ছেলেমেয়েদের মধ্যে প্রচলিত) চিবুকে আঙুল ঠেকিয়ে কথা বন্ধের ঘোষণা। [দেশি]। আড়ি পাতা, আড়ি মারা ক্রি. বি. আড়াল থেকে লুকিয়ে অন্যের কথা শোনা।

আড়ে (p. 085) [āḍ়ē] ক্রি-বিণ. 1 আড়ালে ('সে ছিল গাছের আড়েই': নজরুল); 2 প্রস্থের দিকে (কাপড়টা আড়ে এক হাত)।

আড়ে-দিঘে, আড়ে-দীঘে (p. 085) [āḍ়ē-dighē, āḍ়ē-dīghē] ক্রি. বিণ. প্রস্থে ও দৈর্ঘ্যে, চওড়ায় ও লম্বায়। [বাং. আড় + সং. দৈর্ঘ্য]।

আড়ে-হাতে (p. 085) [āḍ়ē-hātē] ক্রি-বিণ. 1 উঠে-পড়ে, সোৎসাহে (এ কাজে সে আড়েহাতে লেগেছে); 2 সজোরে (দিলাম আড়েহাতে এক ঘা)। [দেশি]।

আড্ডা (p. 085) [āḍḍā] বি. 1 বাসস্থান; 2 মিলনস্থল (চোরের আড্ডা); 3 গল্পগুজব; 4 গল্পগুজব করার জায়গা, বৈঠক (আমাদের চায়ের আড্ডায় এসো)। [দেশি]। আড্ডা গাড়া ক্রি. বি. বাসা বাঁধা (এক সন্ন্যাসী এখানে আড্ডা গেড়েছেন)।

আড্ডা দেওয়া, আড্ডা মারা (p. 085) [āḍḍā dēōẏā, āḍḍā mārā] ক্রি. বি. দল বেঁধে গল্পগুজব করা, গল্পগুজব করে সময় কাটানো। ̃ ধারী বি. আড্ডার প্রধান ব্যক্তি; যে ব্যক্তি নিয়মিত আড্ডা দেয় ̃ বাজ বিণ. নিয়মিত আড্ডা দিয়ে বা গল্পগুজব করে সময় কাটাতে ভালোবাসে এমন; আড্ডা দিয়ে সময় নষ্ট করে এমন।

আঢাকা (p. 085) [āḍhākā] বিণ. ঢাকা বা আবৃত নয় এমন, খোলা। [বাং. আ + ঢাকা]।

আঢ্য (p. 085) [āḍhya] বিণ. 1 সমৃদ্ধ, ধনী; 2 যুক্ত, সম্পন্ন (ধনাঢ্য)। □ বি. পদবিবিশেষ। [সং আ + ধৈ + অ]।

আণব, আণবিক (p. 085) [āṇaba, āṇabika] বিণ. অণুসম্বন্ধীয়, molecular. [সং. অণু + অ, ইক]। আণবিক আকর্ষণ অণুর আকর্ষণ, molecular attraction.

আণ্ডীর (p. 085) [āṇḍīra] বিণ. ডিম্ববহুল; অনেক অণ্ডযুক্ত। [সং. অণ্ড + অ + ঈর। তু. হি. অণ্ডৈল]।

আতঙ্ক (p. 085) [ātaṅka] বি. শঙ্কা, ভয়। [সং. আ.+ √ তনক্ (=দুর্দশা) + অ]। ˜ বাদী বি. বিণ. সন্ত্রাসবাদী। আতঙ্কিত বিণ. ভীত, শঙ্কিত।

আতত (p. 085) [ātata] বিণ. 1 বিস্তৃত, প্রসারিত; 2 সজ্জিত। [সং. আ + √ তন্ + ত]। আততি বি. বিস্তার, প্রসার ('আততিবিহীন কবন্ধ দুঃস্বপ্ন': বিষ্ণু)।

আততায়ী (p. 085) [ātatāẏī] (য়িন্) বিণ. বি. হিংস্র আক্রমণকারী বা আঘাতকারী; বধ করতে উদ্যত; প্রাণনাশ করতে উদ্যত শত্রু। [সং. আতত + √ ই + ইন্]। বি. আততায়িতা।

আততি (p. 085) [ātati] বি. 1 বিস্তার, বিস্তৃতি, প্রসার; 2 আরোপ। [সং. আ + √ তন্ + তি]।

আতপ (p. 085) [ātapa] বি. সূর্যকিরণ, রোদ। [সং. আ + √ তপ্ + অ]।

আতপ-চাল, আতপ-তণ্ডুল (p. 085) [ātapa-cāla, ātapa-taṇḍula] বি. আলোচাল। আতপ-স্নান বি. শরীরে রোদ লাগানো, sunbath.

আতপত্র (p. 085) [ātapatra] বি. ছাতা। □ বিণ. আতপ বা রোদ থেকে পরিত্রাণকারী। [সং. আতপ + √ ত্রৈ + অ]।

আতপ্ত (p. 085) [ātapta] বিণ. ঈষত্ উষ্ণ। [বাং. আ + সং. তপ্ত]।

আতর1 (p. 085) [ātara1] বি. 1 সুগন্ধ ফুলের নির্যাস; 2 ফুল মৃগনাভি ইত্যাদির সুরভিত তেল। [আ. ইত্র্]। ˜ দান বি. আতর রাখার পাত্র।

আতর2 (p. 085) [ātara2] বি. (বিরল) খেয়ার ভাড়া, পারানির কড়ি ('আতর সঞ্চিত নাই বঞ্চিত সাঁতারে': কৃ. ম)। [সং. আ + √ তৃ + অ]।

আতশ, আতস (p. 085) [ātaśa, ātasa] বি. আগুন; উত্তাপ। [ফা. আতশ্, আতিশ্]। ˜ বাজি বি. তুবড়ি হাউই প্রভৃতি আগ্নেয় বাজি। আতশি, আতসি বিণ. আগ্নেয়। আতশ কাচ, আতশি কাঁচ বি. যে কাচে সূর্যরশ্মি কেন্দ্রীভূত হলে আগুন জ্বলে ওঠে।

আতা (p. 085) [ātā] বি. বুটিদার খোসাযুক্ত ফলবিশেষ। [লা. ata]।

আতান্তর (p. 089) [ātāntara] বি. দুরবস্থা; সংকট। [সং. অবস্থান্তর > অথান্তর]।

আতাম্র (p. 089) [ātāmra] বিণ. ঈষত্ তাম্রবর্ণ, তামাটে; লোহিতাভ। [বাং. আ + তাম্র]।

আতালি (p. 089) [ātāli] বি. মাচা; ভারা। [দেশি]।

আতালিপাতালি, আথালিপাথালি (p. 089) [ātālipātāli, āthālipāthāli] ক্রি-বিণ. 1 সর্বত্র, চারদিকে; 2 ব্যাকুল ও ব্যস্ত হয়ে; 3 এদিক-ওদিক চাইতে চাইতে। [প্রকৃ. উথল্ল-পথল্ল]।

আতি (p. 089) [āti] অব্য. (প্রা. বাং.) এত। [তু. সং. অতি]।

আতিক্ত (p. 089) [ātikta] বিণ. ঈষত্ তিক্ত, কিছুটা তেতো, তিতকুটে। [বাং. আ+ সং. তিক্ত]।

আতিথেয় (p. 089) [ātithēẏa] বিণ. অতিথিপরায়ণ, অতিথির সেবা করে এমন। [সং. অতিথি + এয়]। ̃ তা বি. অতিথিপরায়ণতা, অতিথির সেবা।

আতিথ্য (p. 089) [ātithya] বি. 1 অতিথির সেবা, অতিথির সৎকার; 2 অতিথিসেবার উপকরণ। [সং. অতিথি + য]। ̃ গ্রহণ, ̃ স্বীকার বি. অতিথি হওয়া (মাদ্রাজে আমরা তাঁর আতিথ্যগ্রহণ করেছিলাম)।

আতি-পাতি (p. 089) [āti-pāti] ক্রি-বিণ. বিণ. তন্নতন্ন, পুঙ্খানুপুঙ্খ, পাতিপাতি। [দেশি]।

আতি-শয্য (p. 089) [āti-śayya] বি. আধিক্য, অতিরিক্ততা (ভক্তির আতিশয্য, ভাবের আতিশয্য)। [সং. অতিশয় + য]।

আ-তু (p. 089) [ā-tu] অব্য. কুকুরকে ডাকার শব্দ।

আতুর (p. 089) [ātura] বিণ. 1 রুগণ্, রোগগ্রস্ত (অন্ধ-ধাতুর জন); 2 আর্ত, কাতর (শোকাতুর)। [সং. আ + √ তুর্ + অ]। বিণ. স্ত্রী. আতুরা (শোকাতুর জননী)। আতুরাশ্রম বি. রুগণ ও আর্ত লোকেদের আশ্রয়স্থান।

আতেলা (p. 089) [ātēlā] বিণ. 1 তৈলহীন, তেল নেই এমন, রুক্ষ; 2 (রাঁধা ব্যঞ্জনাদি সম্পর্কে) তেল কম হয়েছে বা তেল দেওয়া হয়নি এমন। [বাং. আ + তেল+ আ]।

আত্ত (p. 089) [ātta] বিণ. গৃহীত, প্রাপ্ত; লব্ধ (আত্তশস্ত্র)। [সং. আ + √ দা + ত]।

আত্তি (p. 089) [ātti] বি. আত্মীয়তা বা মমতা দেখানো, মায়ামমতা (যত্ন-আত্তি করা)। [সং. আত্মন্]।

আত্মী-করণ (p. 089) [ātmī-karaṇa] বি. দেহের অঙ্গী ভূত করা, assimilation. (বিপ.)। [সং. আ + √ দা + ত + চিব + করণ]।

আত্ম1 (p. 089) [ātma1] বিণ. নিজের, আপনার (আত্মকথা)। □ বি. আপনজন (কেবা আত্ম কেবা পর)। [সং. আত্মন]।

আত্ম2 (p. 089) [ātma2] (অন্য শব্দের পূর্বে বসলে) বিণ. নিজের, নিজস্ব।˜ কর্ম (-র্মন্) বি. নিজের কাজ।˜ কলহ বি. গৃহবিবাদ।˜ কৃত বিণ. কেউ নিজেই করেছে এমন, স্বকৃত, নিজের করা।˜ কেন্দ্রিক বিণ. কেবল নিজেরাই লাভ বা মঙ্গল একমাত্র লক্ষ্য এমন, স্বার্থপর।˜ গত বিণ. আত্মনিষ্ঠ; স্বগত অর্থাত্ নিজের মনে নিবিষ্ট হয়ে আছে এমন।˜ গর্ব বি. অহংকার।˜ গর্বী (-র্বিন্) বিণ. অহংকারী।˜ গোপন বি. নিজেকে বা নিজের মনোভাব লুকিয়ে রাখা।˜ গৌরব বি. নিজের মর্যাদা বা গুরুত্ব; নিজেকে নিয়ে গর্ব।˜ গ্লানি বি. নিজের ভুলত্রুটি বা অপরাধের

জন্য ক্ষোভ বা মনোবেদনা; নিজের প্রতি ধিক্কার। ˜ ঘাত বি. স্বেচ্ছায় বা নিজের হাতে নিজের জীবননাশ, আত্মহত্যা। ˜ ঘাতী (-তিন্) বিণ. 1 আত্মহত্যাকারী; 2 আত্মহত্যার শামিল (আত্মঘাতী প্রয়াস)। বিণ. স্ত্রী. ˜ ঘাতিনী। ˜ চরিত বি. নিজের জীবনী, নিজের জীবনকাহিনী। ˜ চিন্তা বি. 1 নিজের ভালোমন্দ সম্বন্ধে চিন্তা; 2 আত্মানুসন্ধান, আত্মা বা পরমাত্মা সম্বন্ধে দার্শনিক চিন্তা। ˜ জ বি. পুত্র (নিজ দেহ থেকে জন্ম হয়েছে বলে)। বি. (স্ত্রী.) ˜ জা কন্যা। ˜ জীবনী বি. নিজের জীবনী, আত্মচরিত। ˜ জ্ঞ বিণ. 1 নিজের চরিত্র শক্তি বা মনোবৃত্তি সম্বন্ধে সচেতন; 2 আত্মার সম্বন্ধে জ্ঞানপ্রাপ্ত। ˜ জ্ঞান, ˜ তত্ত্ব বি. 1 আত্মা বা পরমাত্মার সম্বন্ধে জ্ঞান; 2 অধ্যাত্মদর্শন। ˜ তত্ত্বজ্ঞ বিণ. 1 আত্মজ্ঞানী, ব্রহ্মজ্ঞানী; 2 অধ্যাত্মতত্ত্ববিদ। ˜ তুষ্টি, ˜ তৃপ্তি বি. নিজের তৃপ্তি বা সন্তোষ। ˜ তুল্য বিণ. নিজের সমান। বিণ. (স্ত্রী.) ˜ তুল্যা। ˜ ত্যাগ বি. 1 স্বার্থত্যাগ, নিজের লাভ ত্যাগ; 2 আত্মোৎসর্গ, নিজের জীবন দান। ˜ ত্যাগী (-গিন্) বিণ. স্বার্থত্যাগী; নিজেকে উৎসর্গ করে এমন। ˜ ত্রাণ বি. বিপদ থেকে নিজের মুক্তি। ˜ দমন বি. নিজেকে সংযত রাখা; রিপু বা ইন্দ্রিয়কে নিয়ন্ত্রণে রাখা। ˜ দর্শন বি. নিজের আত্মার স্বরূপ সম্বন্ধে দৃষ্টি বা বোধ; নিজের চরিত্র বিচার, নিজের মনের বিচার। ˜ দর্শী (-র্শিন্) বিণ. আত্মদর্শনকরতে পারে এমন। ˜ দান বি. অন্যের জন্য নিজের জীবন বিসর্জন। ˜ দৃষ্টি-আত্মদর্শন -এর অনুরূপ। ˜ দোষ বি. নিজের দোষ বা ত্রুটি। ˜ দ্রষ্টা (ষ্ট) বি. আত্মদর্শী ব্যক্তি। ˜ দ্রোহ বি. 1 নিজের ক্ষতি, নিজেকে পীড়ন; 2 গৃহবিবাদ, অন্তর্কলহ। ˜ দ্রোহী (-হীন্) বিণ. নিজের ক্ষতি বা নিজেকে পীড়ন করে এমন; গৃহবিবাদকারী। ˜ নিবেদন বি. নিজেকে উৎসর্গ করা, আত্মোৎসর্গ। ˜ নিয়ন্ত্রণ বি. নিজেকে নিজেই পরিচালন; নিজেকে সংযত রাখা। ˜ নিয়োগ বি. কোনো কাজে নিজেকে লিপ্ত করা। ˜ নির্ভর বি. নিজের ক্ষমতার উপর ভরসা, আত্মপ্রত্যয়, স্বাবলম্বন। □ বিণ. স্বাবলম্বী। ˜ নিষ্ঠ বিণ. 1 আত্মজ্ঞান বা ব্রহ্মজ্ঞান সম্বন্ধে নিষ্ঠা আছে এমন; 2 আত্মগত, subjective ˜ নেপদ বি. (ব্যাক.) পরস্মৈপদের বিপরীত ক্রিয়ার তিঙন্ত রূপ,

ক্রিয়ার আত্মফলভাগিত্ব-প্রকাশক তিঙন্ত রূপ।˜ পক্ষ বি. নিজের পক্ষ, স্বপক্ষ; নিজের পক্ষের লোকজন।˜ পর বি. নিজে ও অন্যেরা।˜ পরায়ণ বিণ. 1 ব্রহ্মনিষ্ঠ, আত্মা সম্বন্ধে নিষ্ঠা আছে এমন; 2 কেবল নিজের কথা ভাবে এমন, স্বার্থপর। পরীক্ষা-আত্মান্বেষণ -এর অনুরূপ।˜ পীড়ন বি. নিজেকে কষ্ট দেওয়া।˜ প্রকটন -আত্মপ্রকাশ -এর অনুরূপ ('বিক্ষুব্ধ সম্পাতে করে আত্মপ্রকটন': সু. দ.)।˜ প্রকাশ বি. 1 নিজ মূর্তি ধারণ; 2 আবির্ভাব; অন্তরাল থেকে বেড়িয়ে আসা; 3 নিজের পরিচয় দেওয়া।˜ প্রতারণা,˜ প্রবঞ্চনা -আত্মবঞ্চনা -র অনুরূপ।˜ প্রত্যয় বি. নিজের প্রতি বিশ্বাস, নিজের ক্ষমতায় আস্থা; নিজের অন্তরে উপলব্ধি।˜ প্রশংসা বি. (নিজের মুখে) নিজের সুখ্যাতি।˜ প্রসাদ বি. নিজের মনের মধ্যে তৃপ্তি।˜ বঞ্চনা বি. সজ্ঞানে নিজেকে মিথ্যা প্রবোধ দেওয়া বা ভুল বোঝানো, নিজেকে ঠকানো।˜ বত্ অব্য. নিজের মতো।˜ বন্ধু বি. একান্ত অন্তরঙ্গ বন্ধু, ঘনিষ্ঠ বন্ধু।˜ বর্গ বি. নিজের লোকজন; আত্মীয়স্বজন।˜ বলি,˜ বলি-দান আত্মদান -এর অনুরূপ।˜ বশ বিণ. স্বাধীন; সংযমী। □ বি. আত্মসংযম, মনকে বশ করা।˜ বিকাশ বি. নিজের অন্তর্নিহিত বা ভিতরের ক্ষমতার স্ফুরণ।˜ বিক্রয় বি. অন্যের কাছে নিজের স্বাধীনতা বিসর্জন।˜ বিচ্ছেদ বি. নিজের লোকজনের সঙ্গে বা আত্মীয়স্বজনের সঙ্গে সম্পর্ক ছেদ; গৃহবিবাদ।˜ বিদ,˜ বিদ্,˜ বিত্ বিণ. আত্মজ্ঞানসম্পন্ন, ব্রহ্মজ্ঞানসম্পন্ন, আত্মজ্ঞ।˜ বিদ্যা বি. ব্রহ্মবিদ্যা; অধ্যাত্মবিদ্যা।˜ বিরোধ বি. 1 নিজের বিরুদ্ধতা; নিজের মতেরই বিরোধিতা; 2 গৃহবিবাদ।˜ বিলাপ বি. নিজের মনে বা নিজের সম্বন্ধে খেদ।˜ বিলোপ বি. নিজের সত্তার বা নিজের নাম যশ কর্তৃত্ব ইত্যাদির স্বেচ্ছায় বিলোপসাধন। বিলোপী বিণ. আত্মবিলোপ ঘটায় এমন ('আত্মবিলোপী কালধারায়')।˜ বিশ্বাস বি. আত্মপ্রত্যয় -এর অনুরূপ।˜ বিসর্জন -আত্মদান -এর অনুরূপ।˜ বিস্মরণ,˜ বিস্মৃতি বি. নিজেকে ভুলে যাওয়া; নিজের সত্তা সম্পর্কে চেতনার অভাব˜ বিস্মৃত বিণ. নিজেকে বা নিজের সত্তাকে ভুলে গেছে এমন; তন্ময়; নিজের শক্তি বা সত্তাকে ভুলে গেছে

এমন; নিজের শক্তি সম্পর্কে অচেতন।˜ বুদ্ধি বি. নিজ বুদ্ধি; সজ্ঞান; আত্মজ্ঞান।˜ বেদী (-দিন্) বিণ. আত্মা সম্পর্কে জানে এমন; ব্রহ্মজ্ঞ।˜ ভাব বি. আত্মার সত্তা; স্বীয় ভাব, স্বভাব।˜ ভূত বিণ 1 স্বয়ংজাত; 2 নিজের মতো, আত্মতুল্য; 3 (অশু.) স্বীয় আত্মার সঙ্গে একত্রীকৃত বা আত্মসাৎকৃত।˜ মগ্ন বিণ. নিজের মধ্যে ডুবে আছে এমন, নিজের মনে নিবিষ্ট।˜ মর্যাদা বি. নিজ গৌরব; নিজ সম্মান, আত্মসম্মান।˜ ম্ভরি বিণ. আত্মসর্বস্ব; অহংকারী, দাম্ভিক।˜ ম্ভরিতা বি. আত্মসর্বস্বতা; অহংকার, দম্ভ।˜ রক্ষা বি. নিজেকে বাঁচানো।˜ রতি বি. নিজেকে নিয়ে আনন্দ, নিজেকে ভালোবাসা ('তাই অসহ্য লাগে ও আত্মরতি': সু. দ.)।˜ রূপ বি. স্বরূপ, নিজের চেহারা ও প্রকৃতি।˜ লোপ-আত্মবিলোপ -এর অনুরূপ।˜ শক্তি বি. নিজের ক্ষমতা; নিজের অন্তর্নিহিত ক্ষমতা।˜ শাসন-আত্মসংযম -এর অনুরূপ।˜ শুদ্ধি,˜ শোধন বি. নিজের দোষ-ত্রুটি-পাপ ক্ষালন করে মনকে পবিত্র করা।˜ শ্লাঘা বি. নিজের প্রশংসা।˜ সংবরণ বি. নিজেকে বা নিজের আবেগকে সংযত করা।˜ সংযম বি. নিজের রিপু বা ইন্দ্রিয়কে বশে রাখা। বিণ˜ সংযমী (-মিন্)।˜ সমর্পণ বি. সম্পূর্ণ ভাবে অন্যের বশ্যতা স্বীকার; (ভগবানের কাছে) নিজেকে সম্পূর্ণরূপে দান।˜ সমাহিত বিণ. আপনাতে আপনি মগ্ন; আত্মস্থ, তন্ময়।˜ সম্পর্কীয়,˜ সম্বন্ধীয় বিণ. নিজের সঙ্গে বা নিজের ব্যাপারে যুক্ত এমন।˜ সম্ভ্রম,˜ সম্মান আত্মমর্যাদা -র অনুরূপ।˜ সর্বস্ব বিণ. কেবল নিজের কথাই ভাবে এমন, স্বার্থপর।˜ সাত্ বিণ. (সাধারণত অন্যায়ভাবে) নিজের হস্তগত, নিজের অধিকারভুক্ত।˜ সার-আত্মসর্বস্ব -র অনুরূপ।˜ সিদ্ধি বি. নিজের মোক্ষ, নিজের মুক্তি।˜ স্থ বিণ. 1 আত্মায় স্থিত; 2 হৃদয়স্থ, নিজের ভিতরে নেওয়া হয়েছে এমন; 3 প্রকৃতিস্থ।˜ স্বরূপ বি. নিজের প্রকৃত রূপ; স্বীয় পরিচয়।˜ হত্যা বি. স্বেচ্ছায় নিজের দ্বারা নিজের প্রাণনাশ।˜ হন্তা (-ন্তৃ) বি. বিণ. আত্মহত্যাকারী। বিণ. (স্ত্রী.)˜ হন্ত্রী।˜ হা বিণ. আত্মঘাতী।˜ হারা বিণ. আত্মাবিস্মৃত, নিজেকে ভুলে গেছে এমন; বিহ্বল; তন্ময়।

-আত্মক (p. 089) [-ātmaka] বিণ. (সমাসের উত্তরপদে অর্থাত্‌ পরপদে) গুণবিশিষ্ট, প্রকৃতিবিশিষ্ট (হিংসাত্মক, ধংসাত্মক, রসাত্মক)। স্ত্রী. -আত্মিকা।

-আত্মা (p. 089) [-ātmā] (-ত্মন্‌) বি. 1 দেহের মধ্যে অধিষ্ঠিত চৈতন্যময় সত্তা, জীবাত্মা, soul; 2 পরমাত্মা, ব্রহ্ম; 3 স্বরূপ; স্বয়ং; 4 শরীর; 5 হৃদয়, মন; স্বভাব (পুণ্যাত্মা)। [সং. √ অত্‌ + মন্‌]।

আত্মাদর (p. 089) [ātmādara] বি. নিজের প্রতি শ্রদ্ধা, self-esteem. [সং. আত্মন্‌ + আদর]।

আত্মাদর্শ (p. 089) [ātmādarśa] বি. নিজের দৃষ্টান্ত, নিজের দ্বারা স্থাপিত আদর্শ। [সং. আত্মন্‌ + আদর্শ]।

আত্মাধীন (p. 089) [ātmādhīna] বিণ. স্ববশ, স্বাধীন। [সং. আত্মন্‌ + অধীন]।

আত্মানু-শাসন (p. 089) [ātmānu-śāsana] বি. আত্মার বিশেষ উপদেশ বা নির্দেশ। [সং. আত্মন্‌ + অনুশাসন]। আত্মানু-সন্ধান, আত্মান্বেষণ বি. 1 আত্মস্বরূপের অনুসন্ধান, ব্রহ্মজ্ঞান লাভের জন্য অনুসন্ধান বা সাধনা; 2 নিজের দোষ-গুণের বিচার। [সং. আত্মন্‌ + অনুসন্ধান, অন্বেষণ]। আত্মানু-সন্ধায়ী (-য়িন্‌), আত্মান্বেষী (-ষিন্‌) বিণ. আত্মানুসন্ধান করে এমন।

আত্মাপরাধ (p. 089) [ātmāparādha] বি. নিজের দোষ। [সং. আত্মন্‌ + অপরাধ]।

আত্মাপ-হারক, আত্মাপ-হারী (p. 089) [ātmāpa-hāraka, ātmāpa-hārī] (-রিন্) বিণ. নিজের পরিচয় গোপনকারী; প্রতারক। [সং. আত্মন্ + অপহারক, অপহারিন্]।

আত্মা-পুরুষ (p. 089) [ātmā-puruṣa] (অশু.) বি আত্মা; প্রাণ। [সং. আত্মা + পুরুষ]। আত্মাপুরুষ খাঁচাছাড়া হওয়া ক্রি. বি দেহ থেকে প্রাণ বেরিয়ে যাওয়া; মৃত্যু ঘটা বা সেইরকম অবস্থা হওয়া। আত্মাপুরুষ (বা আত্মারাম) শুকিয়ে যাওয়া ক্রি. বি. অত্যন্ত ভয় পাওয়া, ভয়ে আড়ষ্ট হওয়া।

আত্মাভি-মান (p. 089) [ātmābhi-māna] বি. নিজের সম্পর্কে গর্ব; অহংকার। [সং. আত্মন্ + অভিমান]। আত্মাভি-মানী (-নিন্) বিণ. অহংকারী। স্ত্রী. আত্মাভি-মানিনী।

আত্মা-রাম (p. 089) [ātmā-rāma] বিণ. ব্রহ্মজ্ঞান লাভ করার ফলে আত্মাতেই পরমানন্দ অনুভবকারী; আত্মতৃপ্ত, আত্মতুষ্ট। (বাং. অর্থ) বি. আত্মাপুরুষ; প্রাণপাখি; প্রাণ; টিয়া ময়না প্রভৃতিকে আদরের সম্বোধন ('বল বাবা আত্মারাম')। [সং. আত্মন্ + আরাম]।

আত্মাশ্রয় (p. 089) [ātmāśraẏa] বি. স্বাবলম্বন, নিজের উপর নির্ভর। □ বিণ. স্বাবলম্বী, নিজের উপর নির্ভর করে এমন। [সং. আত্মন্ + আশ্রয়]। আত্মাশ্রয়ী বিণ. আত্মনির্ভর, নিজের উপর নির্ভর করে এমন, স্বাবলম্বী।

আত্নাহুতি (p. 089) [ātnāhuti] বি. নিজেকে আহুতি দেওয়া, নিজের জীবন বিসর্জন। [সং. আত্মন্ + আহুতি]

আত্মিক (p. 089) [ātmika] বিণ. হৃদয়ঘটিত, হার্দ্য (আত্মিক সম্পর্ক)। [সং আত্ম + ইক]।

আত্মী-করণ (p. 089) [ātmī-karaṇa] বি. আত্মার ভিতর অর্থাত্ নিজের ভিতর গ্রহণ করা, assimilation; আত্মসাত্ করা। [সং. আত্মন্ + ঈ] (চিব)+ √কৃ + অন]।

আত্মীয় (p. 089) [ātmīẏa] বিণ. স্বকীয়, স্বীয়, নিজের। □ বি স্বজন, কুটুম্ব, জ্ঞাতি; বন্ধুবান্ধব। [সং. আত্মন্ + ঈয়] স্ত্রী. আত্মীয়া। ˜ তা বি. হৃদ্যতা; কুটুম্বিতা, জ্ঞাতিত্ব; বন্ধুত্ব। ˜ বন্ধু, ˜ স্বজন বি. বন্ধুবান্ধব, নিজের লোকজন।

আত্মোৎকর্ষ, আত্মোন্নতি. (p. 089) [ātmōtkarṣa, ātmōnnati.] বি. নিজের আত্মার উন্নতি; নিজের উন্নতি। [সং. আত্মন্ + উৎকর্ষ, উন্নতি]

আত্মোত্-সর্গ (p. 089) [ātmōt-sarga] বি নিজের জীবন বা স্বার্থ বিসর্জন। [সং আত্মন্ + উৎসর্গ]

আত্মোদর-পূর্তি (p. 089) [ātmōdara-pūrti] বি. নিজের পেট ভরার ব্যবস্থা; নিজের ক্ষুধা মেটানো। [সং. আত্মন্ + উদরপূর্তি]

আত্মোপম (p. 089) [ātmōpama] বিণ. আপনার বা নিজের সমান, নিজের মতো। [সং আত্মন্ + উপমা]। আত্মৌপম্য বি. নিজের সঙ্গে সাদৃশ্য; স্বীয় দৃষ্টান্ত।

আত্যন্তিক (p. 089) [ātyantika] বিণ. অত্যধিক, খুব বেশি; অশেষ; অত্যধিক পরিমাণবিশিষ্ট, extreme [সং. অত্যন্ত + ইক] বি. ˜তা।

আত্যয়িক (p. 089) [ātyaẏika] বিণ. 1 অত্যয় বা বিনাশসম্বন্ধীয়; 2 বিপজ্জনক; 3 জীবনহানিকর। [সং. অত্যয় + ইক]।

আত্রেয় (p. 089) [ātrēẏa] বি. অত্রিমুনির পুত্র □ বিণ. অত্রিমুনির বংশজাত। [সং. অত্রি + এয়]। স্ত্রী. আত্রেয়ী বি. অত্রির পত্নী। □ বিণ. অত্রির বংশে জাতা।

আথান্তর-আতান্তর (p. 089) [āthāntara-ātāntara] এর রুপভেদ।

আথাল (p. 089) [āthāla] বি গোয়াল, গোহাল (আথাল-ভরা গোরু)। [দেশি]

আথাল.পাথাল, আথালি.পাথালি-আতালি.পাতালি (p. 089) [āthāla.pāthāla, āthāli.pāthāli-ātāli.pātāli] র রুপভেদ।

আথি.বিথি, আথে.বেথে, আথে.ব্যথে (p. 089) [āthi.bithi, āthē.bēthē, āthē.byathē] ক্রি-বিণ. ব্যস্তসমস্ত হয়ে। [বাং. আস্তেব্যস্তে]।

আদ (p. 089) [āda] বিণ. আদি, সাবেক, মূল। [সং. আদি]।

আদত (p. 089) [ādata] বিণ. 1 আসল, খাটি, প্রকৃত; 2 সমগ্র, গোটা আস্ত। ☐ বি. 1 স্বভাব, অভ্যাস; 2 আচার, রীতি, ধারা। [সং. আদিত; তু. আ. আদদ্]। আদতে ক্রি-বিণ. অব্য. বাস্তবিকপক্ষে, আসলে।

আদপে (p. 089) [ādapē] ক্রি-বিণ. অব্য. আসলে, মূলে; মোটে, একেবারেই। [সং আদৌ]।

আদব (p. 089) [ādaba] বি. শিষ্টাচার, ভদ্রতা। [আ. আদব্]।˜ কায়দা বি. ভদ্রতার রীতিনীতি, ভদ্রসমাজের রীতিনীতি।˜ কায়দা.দুরস্ত,˜কায়দা.দোরস্ত বিণ. ভদ্রতার রীতিসম্মত।

আদম (p. 089) [ādama] বি. ইসলামি খ্রিস্টীয় ও ইহুদি পুরাণে বর্ণিত প্রথম মানুষ। [আ. আদম্]।

আদন.শুমার, আদম.শুমারি (p. 089) [ādana.śumāra, ādama.śumāri] (বর্জি) আদম.সুমারি বি. লোকগণনা, জনসংখ্যা গণনা। [আ. আদম্ + ফা শুমার]

আদমি, (p. 089) [ādami,] (বর্জি.) আদমী বি. 1 মানুষ, ব্যক্তি, লোক; 2 (হিন্দির প্রভাবে) পতি, স্বামী; 3 মরদ, মানুষের মতো মানুষ। [আ. আদম্]।

আদর (p. 089) [ādara] বি 1 যত্ন, খাতির, কদর (নতুন জামাইয়ের আদরই আলাদা); 2 স্নেহ, প্রীতি; সোহাগ; 3 শ্রদ্ধা, ভক্তি। [সং. আ + √দৃ + অ]।˜ নীয় বিণ.আদরের যোগ্য, আদর পাবার যোগ্য। আদরিণী বিণ. (স্ত্রী.) আদরের পাত্রী, আদুরি।

আদরা (p. 089) [ādarā] বি. 1 কিছু সাদৃশ্য; 2 নকশা, চিত্রাঙ্কনের প্রাথমিক কাঠামো, sketch [সং. আদর্শ]

আদর্শ (p. 089) [ādarśa] বি. 1 অনুকরণীয় বিষয়, ideal উদ্দেশ্য ও লক্ষ্য; 2 নমুনা, model (রচনার আদর্শ); 3 দর্পণ, আয়না। □ বিণ. অনুকরণীয় (আদর্শ চরিত্র)। [সং. আ + √দৃশ্ + অ]

আদল (p. 089) [ādala] বি. 1 (বিশেষত চেহারার) সাদৃশ্য (ছেলেটির মুখে তার বাবার মুখের আদল আছে); আভাস। [সং. আদর্শ]

আদলি, আধলি (p. 089) [ādali, ādhali] বি. আধখানা হাঁড়ি; চারা রোপণের জন্য ব্যবহৃত ভাঙা হাঁড়ির আধখানা ('আদলি উপরে কেবা কদলি রোপলি রে': চণ্ডী)। [সং. অর্ধস্থালী]

আদা (p. 089) [ādā] বি. মশলা হিসাবে ব্যবহৃত ঝাঁঝালো কন্দজাতীয় মূলবিশেষ, ginger. [সং. আর্দ্রক]। আদা-জল খেয়ে লাগা ক্রি. বি বিপুল উদ্যমের সঙ্গে কাজে নেমে পড়া। আদায়-কাঁচকলায় পরস্পর চিরশত্রুতা, সাপে-নেউলে। আদার ব্যাপারী বি. খুব ছোট ব্যবসায়ী; অতি তুচ্ছ লোক। আদার ব্যাপারীর জাহাজের খবরে কাজ কী তুচ্ছ লোকের বড় ব্যাপারে মাথা গলানো অনুচিত।

আদাড় (p. 089) [ādāḍ̣] বি. আবর্জনা বা নোংরা জিনিস ফেলবার জায়গা, আঁস্তাকুড়। [দেশি] আদাড়-পাদাড় বি. বাড়ির পিছনের বা আশপাশের আবর্জনাপূর্ণ জায়গা; অবাঞ্ছিত জায়গা (কেন তখন থেকে আদাড়েপাদাড়ে ঘুরে বেড়াচ্ছ ?)।

আদাড়ে বিণ. আদাড়ের; নোংরা; জংলা; নিকৃষ্ট (ওই আদাড়ে হাঁড়ি আমি ঘরে তুলব না।)

আদান (p. 089) [ādāna] বি. গ্রহণ; নেওয়া। [সং. আ (বিপরীত অর্থে) + দান]। আদান-প্রদান বি. দেওয়া-নেওয়া, গ্রহণ ও দান; সামাজিক সম্পর্ক স্থাপন (আদান-প্রদানের মাধ্যমেই গড়ে ওঠে সুসম্পর্ক)।

আদাব (p. 089) [ādāba] বি. (মুস.) সালাম, নমস্কার, অভিবাদন। [আ. আদাব]।

আদায় (p. 089) [ādāẏa] বি. 1 সংগ্রহ, উশুল (কর আদায়); 2 লাভ (দাবি) আদায় করা); 3 পরিশোধ (দেনা আদায়)। [আ. আদা]।

আদালত (p. 089) [ādālata] বি. বিচারালয়, কোর্ট, court [আ. আদালত্]। আদালতি বিণ. আদালতসম্বন্ধীয়।

আদি (p. 089) [ādi] বি. 1 আরম্ভ, উৎপত্তির কারণ, উৎপত্তি ('নাহি তুঁয়া আদি অবসানা': বিদ্যা); 2 উৎপত্তিস্থান; 3 (বহুব্রীহি সমাসনিষ্পন্ন পদান্তে) প্রভৃতি (ইন্দ্রবরুণাদি দেবতা,) রাবণাদি রাক্ষস)। □ 1 প্রথম (আদি কবি); 2 মূল (আদি বাসস্থান)। [সং. আ + √ দা + ই]। ˜ .অকৃত্রিম বিণ. মৌলিক, কৃত্রিমতাহীন; অপরিবর্তিত, অবিকৃত। ˜ .কবি বি. প্রথম কবি; ব্রহ্মা; বাল্মীকি। ˜ .কান্ড বি. গ্রন্হাদির (বিশেষত রামায়ণের) প্রথম অধ্যায়। ˜ .কাব্য বি. প্রথম রচিত কাব্য; রামায়ণ। ˜ .কারণ বি. 1 মূল কারণ; 2 পরমব্রহ্ম। ˜ .কাল বি. প্রাচীন কাল। ˜ .দেব বি. প্রথম দেবতা; ব্রহ্মা; বিষ্ণু; শিব। ˜ নাথ বি. ঈশ্বর; মহাদেব। ˜ .পুরাণ বি.

ব্রহ্মপুরাণ। ˜ .পুরুষ বি. বংশের প্রথম পুরুষ। ˜ .বাসী (-সিন্) বি. আদিম অধিবাসী বা জাতি। ˜ .ভূত বিণ. প্রথম জাত বা সৃষ্ট; আদ্য; মূলস্বরূপ। স্ত্রী˜ ভূতা। ˜ .রস বি. অলংকারশাস্ত্রের প্রথম রস, শৃঙ্গার রস, নারী-পুরুষের মিলন বা সম্ভোগসম্বন্ধীয রস। ˜ .রসাত্মক বিণ. আদিরসম্বন্ধীয়, আদিরসমূলক। ˜ .রূপ বি. মূল আদর্শ, archetype.

আদিখ্যেতা, আধিখ্যেতা (p. 089) [ādikhyētā, ādhikhyētā] বি. বাড়াবাড়ি; ভান; ন্যাকামি (ছেলেকে নিয়ে এত আদিখ্যেতা সহ্য করা যায় না)। [সং. আধিক্য]।

আদিগন্ত (p. 089) [ādiganta] বিণ. ক্রি-বিণ. দিগন্ত পর্যন্ত। [সং. আ + দিগন্ত]।

আদিতেয় (p. 089) [āditēẏa] বি. 1 অদিতির পুত্র; 2 দেবতা; 3 সূর্য। [সং. অদিতি + এয়]।

আদিত্য (p. 089) [āditya] বি. অদিতির পুত্র (বিবস্বান্ অর্যমা পূষা ত্বষ্টা সবিতা ভগ ধাতা বিধাতা বরুণ মিত্র শক্র ও উরুক্রম এই দ্বাদশ পুত্র)। [সং. অদিতি + য]।

আদিনাথ (p. 089) [ādinātha] দ্র আদি।

আদিবাসী (p. 089) [ādibāsī] দ্র আদি।

আদিম (p. 089) [ādima] বিণ. 1 প্রথম (আদিম প্রবৃত্তি); 2 অতি প্রাচীন ('দেখা হত যদি কোনও আদিম ফাল্গুনে': সু. দ; আদিম জাতি)। [সং. আদি + ম]।

আদিরস (p. 089) [ādirasa] দ্র আদি।

আদিরূপ (p. 089) [ādirūpa] দ্র আদি।

আদি.শূর (p. 089) [ādi.śūra] বি. প্রাচীন বাংলার পরাক্রান্ত হিন্দু রাজা। এঁকে দক্ষিণরাঢ়ী কায়স্থদের (মতান্তরে ব্রাহ্মণদের) পূর্বপুরুষ বলে মনে করা হয়। [সং. আদি + শূর]।

আদিষ্ট (p. 089) [ādiṣṭa] বিণ. আদেশপ্রাপ্ত, আজ্ঞাপ্রাপ্ত; উপদেশ বা নির্দেশ পেয়েছে এমন; নিযুক্ত। [সং. আ + √ দিশ্ + ত]।

আদুড় (p. 089) [āduḍ়] বিণ. খোলা, নগ্ন, অনাবৃত (আদুড় গায়ে থেকো না)। [বাং. আ + হি. উধড় = আউধড়]।

আদুরে (p. 089) [ādurē] বিণ. 1 অতিরিক্ত আদরের; 2 অতিরিক্ত প্রশ্রয় পায় এমন; 3 অত্যন্ত আবদার বা বায়না করে এমন। [সং. আদর + বাং. ইয়া > এ]। স্ত্রী আদুরি। আদুরে গোপাল বি. অতিরিক্ত আদরযত্নে যে ছেলেকে পালন করা হয়।

আদৃত (p. 089) [ādṛta] বিণ. 1 আদরপ্রাপ্ত, সমাদরপ্রাপ্ত; 2 সম্মানিত; অভ্যর্থিত। [সং. আ + √ দৃ + ত]।

আদেখলে, আদেখলা (p. 089) [ādēkhalē, ādēkhalā] বিণ. দেখার বা পাবার জন্য এমন ব্যাকুল হয় যে মনে হয় আগে আর কখনো দেখেনি বা পায়নি; হ্যাংলা; অতিশয় লোভী। [বাং. আ + দেখলে, দেখলা]। ̃ .পনা বি. আদেখলের ভাব (সব জিনিসের জন্যে এমন আদেখলেপনা ভালো নয়)।

আদেশ (p. 089) [ādēśa] বি. 1 আজ্ঞা, হুকুম; 2 অনুমতি; 3 অনুশাসন; উপদেশ; 4 নিয়োগ; 5 (ব্যাক.) এক শব্দাংশের স্থানে অন্য শব্দাংশের বিধান। [সং. আ + √ দিশ্ + অ]। ̃ ক বিণ. বি. যে আদেশ দেয়। ̃ ন বি. আদেশ করা বা দেওয়া। ̃ .পত্র, ̃ .নামা বি. হুকুমনামা, যে পত্রে আদেশ লেখা হয়।

আদেষ্টা (p. 089) [ādēṣṭā] (-ষ্টৃ) বিণ. আদেশদানকারী, আদেশক। [সং. আ + √ দিশ্ + তৃ]।

আদৌ (p. 089) [ādau] অব্য. ক্রি-বিণ. 1 আদিতে; আগে; 2 (বিশেষ বাং. অর্থ) মোটেই, আদপে (কথাটা আদৌ সত্য নয়)। [সং. আদি শব্দের 7মী বিভক্তির রূপ]।

আদ্য (p. 089) [ādya] বিণ. 1 প্রথম; আদিম; আদিতে জন্ম এমন; 2 শ্রেষ্ঠ। [সং. আদি + য]। ̃ .কৃত্য বি. প্রথম করণীয় কাজ; আদ্যশ্রাদ্ধ। ̃ ন্ত বি. 1 প্রথম ও শেষ; 2 প্রথম থেকে শেষ। □ বিণ. ক্রি-বিণ. প্রথম থেকে শেষ পর্যন্ত, আগাগোড়া; পূর্বাপর। ̃ .প্রান্ত বি. আদি ও অন্ত; প্রথম থেকে শেষ। □ ক্রি-বিণ.

প্রথম থেকে শেষ পর্যন্ত (বইটি আদ্যপ্রান্ত পড়েছে)।˜ .রস বি. আদিরস।˜ .শ্রাদ্ধ বি. অশৌচ শেষ হবার পরদিন মৃতের উদ্দেশে প্রথম শ্রাদ্ধ; (গৌণ অর্থে) চূড়ান্ত বাড়াবাড়ি।

আদ্যা (p. 089) [ādyā] বিণ. (স্ত্রী) আদিভূতা, আদিতে জন্ম হয়েছে এমন। □ বি. (স্ত্রী) 1 প্রকৃতি; 2 পরমেশ্বরী; 3 মহাবিদ্যা; মহামায়া; 4 দূর্গা; 5 কালী। [সং. আদ্য + আ]।˜ .শক্তি বি. মহামায়া; জগৎসৃষ্টির আদি কারণ; পরমেশ্বরী।

আদ্যি.কাল (p. 089) [ādyi.kāla] বি. অতি প্রাচীন কাল; মান্ধাতার আমল; (সচ. ব্যঙ্গে) বহু পূর্বের কাল, বিস্মৃত অতীত (কোন আদ্যিকালের ঘটনা, সে কি মনে থাকে?)। [বাং. আদ্যি + সং. কাল]। আদ্যিকালের (বদ্যি) বুড়ো অতি প্রাচীন বা বুড়ো লোক।

আদ্যোপান্ত (p. 089) [ādyōpānta] ক্রি-বিণ. প্রথম থেকে শেষ পর্যন্ত, আগাগোড়া (আদ্যোপান্ত মুখস্থ)। [সং. আদ্য + উপান্ত]।

আদ্রক (p. 089) [ādraka] বি. আদা। [সং. আর্দ্রক]।

আদ্রিয়.মাণ (p. 089) [ādriẏa.māṇa] বিণ. আদর পাচ্ছে বা আদৃত হচ্ছে এমন। [সং. আ + √ দৃ + মান]।

আধ (p. 089) [ādha] বিণ. 1 অর্ধেক, অর্ধ (আধ কেজি চাল); 2 আংশিক (আধময়লা)। [সং. অর্ধ]। আধোআধো বিণ. অসম্পূর্ণ; অপরিস্ফুট (আধোআধো ভাব, আধোআধো বুলি)। আধোআধো.পনা (ব্যঙ্গে) বি. শিশুসুলভ ব্যবহার।˜

.কপালি,˜ .কপালে বিণ. অর্ধেক বা আংশিক কপাল জুড়ে আছে এমন। □ বি. ওইরকম মাথাধরা রোগ।˜ .খেঁচড়া, আধা.খেঁচড়া বিণ. অসম্পূর্ণ; বিশৃঙ্খলা।˜ .পাকা বিণ. আংশিক পাকা।˜ .পাগলা বিণ. পাগলাটে; পাগল নয় অথচ পাগলের মতো হাবভাববিশিষ্ট।˜ .পেটা বিণ. পেটের অর্ধাঁশ মাত্র ভরে এমন (আধপেটা খাবার)। □ক্রি-বিণ. পেটের অর্ধেক ভরে বা অর্ধেক ক্ষুধা মেটে এমনভাবে (দিনের পর দিন আধপেটা খেয়ে)।˜ বয়সী, আধা-বয়সী বিণ. মাঝবয়সী, মধ্যবয়সী; প্রৌঢ়।˜ বুড়ো বি.বিণ প্রায় বুড়ো (একটা আধবুড়োর সঙ্গে/আধবুড়ো লোকের সঙ্গে মেয়েটার বিয়ে হয়েছে)। স্ত্রী.˜ বুড়ি।˜মনি,˜মণি বিণ. আধ মন ওজনবিশিষ্ট; আধ মন ওজনের খাবার খায় এমন (আধমনি কৈলাস)।˜ মরা বিণ. মৃতপ্রায়, অর্ধমৃত।˜ সিদ্ধ বিণ. অর্ধেক সিদ্ধ হয়েছে এমন (আধসিদ্ধ ডিম)।

আধলা (p. 089) [ādhalā] বিণ. আধখানা। □বি 1 ইটের অর্ধেক টুকরো, আধখানা ইট; 2 আধ পয়সা। [বা. আধ + লা]

আধলি (p. 089) [ādhali] দ্র আদলি ও আধুলি।

আধা (p. 089) [ādhā] বিণ. অর্ধেক (আধা মাইল)। □বি. অর্ধভাগ ('সুতনু তনুর আধা': ভা. চ.; আধা খাই আধা ফেলি)। [বাং. আধ + আ]।˜ .আধি বিণ. ক্রি-বিণ. অর্ধেক বা প্রায় অর্ধেক (আধাআধি পথ, কাজটা আধাআধি শেষ হয়েছে, আধাআধি ভাগ করেছি)।˜ .খেঁচড়া,˜. বয়সী দ্র আধ।

আধান (p. 089) [ādhāna] বি 1 স্থাপন (অগ্ন্যাধান); 2 সঞ্চার, বলাধান; 3 গ্রহণ; ধারণ। [সং. আ + √ ধা + অন]।

আধার1 (p. 089) [ādhāra1] বি. পাখি বা মাছের খাদ্য। [সং. আহার?]।

আধার2 (p. 089) [ādhāra2] বি. 1 যে ধারণ করে অর্থাত্ যার ভিতরে বা উপরে কিছু থাকে (কলসী জলের আধার, পৃথিবী যাবতীয় বস্তুর আধার); 2 আশ্রয়, স্থান; পাত্র (সর্বগুণাধার); 3 (ব্যাক.) আধিকরণ কারকের অর্থ। (সং. আ +ˇধৃ+অ]। আধারাধেয়.ভাব বি. পাত্র ও তার মধ্যের বস্তুর ভাব বা সম্পর্ক; ভূমি ও ঘটের তুল্য আশ্রয় ও আশ্রিতের ভাব

আধি (p. 089) [ādhi] বি. মানসিক পীড়া; দুশ্চিন্তা ('ব্যাধির চেয়ে আধি হল বড়ো': রবীন্দ্র)। [স. আ (=সম্যক্) +ˇধা + ই]ˇক্ষীণ বিণ. মনঃপীড়ায় কাতর।ˇ. ব্যাধি বি. মানসিক ও দৈহিক পীড়া।

আধি-কারিক (p. 089) [ādhi-kārika] বিণ. অধিকারসম্পর্কিত। □ বি. কোনো বিভাগের ভারপ্রাপ্ত উচ্চপদস্থ কর্মচারী, officer (তথ্য আধিকারিক, information officer)। [সং. অধিকার + ইক]।

আধিক্য (p. 089) [ādhikya] বি. আতিশয্য, অতিরিক্ততা; প্রাধান্য, প্রাবল্য; বাড়াবাড়ি। [সং. অধিক + য]। বিণ. অধিক

আধিক্যেতা, আধিখ্যেতা-আদিখ্যেতা (p. 089) [ādhikyētā, ādhikhyētā-ādikhyētā] র রূপভেদ।

আধি-ক্লিষ্ট (p. 089) [ādhi-kliṣṭa] বিণ. মনের পীড়ায় কাতর, মানসিক রোগে কাতর। [সং.আধি + ক্লিষ্ট]।

আধি-দৈবিক (p. 089) [ādhi-daibika] বিণ. 1 দেবতা থেকে সৃষ্ট, দৈবজাত; 2 ভূমিকম্প বন্যা ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ সম্বন্ধীয়। [সং অধিদেব + ইক]।

আধি-পত্য (p. 089) [ādhi-patya] বি. কর্তৃত্ব, প্রভুত্ব; প্রাধান্য; রাজত্ব। [সং. অধিপতি + য]।

আধি-বিদ্যক (p. 089) [ādhi-bidyaka] বিণ. অধিবিদ্যা বা পরাবিদ্যাসম্বন্ধীয়। [সং. অধিবিদ্যা + ক (সমাসান্ত)]।

আধিব্যাধি (p. 089) [ādhibyādhi] দ্র আধি।

আধি-ভৌতিক (p. 089) [ādhi-bhautika] বিণ. পঞ্চভূত বা জীব থেকে উৎপন্ন (আধিভৌতিক দুঃখ)। [সং. অধিভূত + ইক]।

আধি-রাজ্য (p. 089) [ādhi-rājya] বি. অধিরাজের ভাব; আধিপত্য। [সং. অধিরাজ + য]।

আধুত, আধূত (p. 089) [ādhuta, ādhūta] বিণ. ঈষত্ কম্পিত (আধুত বৃক্ষলতা)। [সং. আ + √ধু + ত]।

আধুনিক (p. 089) [ādhunika] বিণ. বর্তমানকালীন; সাম্প্রতিক, হালের, আধুনাতন, নব্য। [সং. অধুনা + ইক]। বি.˜ তা। স্ত্রী. আধুনিকী, (বাং. প্রয়োগ হিসাবে প্রচলিত) আধুনিকা। আধুনিকী-করণ বি. বর্তমান সময়ের বা যুগের উপযোগী কর।

আধুলি, আধলি (p. 089) [ādhuli, ādhali] বি. এক টাকার অর্ধেক মূল্যের মুদ্রা। [বাং. আধ + উলি, অলি]।

আধৃত (p. 089) [ādhṛta] বিণ. গৃহীত; আশ্রয় দেওয়া হয়েছে এমন। [সং. আ + √ ধৃ + ত]।

আধেক (p. 089) [ādhēka] বিণ. ক্রি-বিণ. অর্ধেক ('আধেক ঘুমে নয়ন চুমে স্বপন দিয়ে যায়': রবীন্দ্র)। [বাং. আধ + এক]।

আধেয় (p. 089) [ādhēẏa] বি. আধারস্হ বস্তু (কলসি আধার, জল আধেয়), content. □বিণ. স্থাপনযোগ্য; উৎপাদ্য। [সং.] আ + √ ধা + য]।

আধো-আধো (p. 089) [ādhō-ādhō] দ্র আধ।।

আধোয়া (p. 089) [ādhōẏā] বিণ. ধোয়া হয়নি এমন (আধোয়া কাপড়া); কাচা হয়নি এমন; অপরিষ্কৃত; কোরা। [বাং. আ + ধোয়া]।

আধ্মান (p. 089) [ādhmāna] বিণ. 1 শব্দিত, নিনাদ; 2 স্ফীতি, পেট ফাঁপা। [সং. আ + √ ধ্মা + অন]।

আধ্যাত্মিক (p. 089) [ādhyātmika] বিণ. 1 আত্মাসম্বন্ধীয়; আত্মিক, spiritual: 2 ব্রহ্মবিষয়ক; 3 মানসিক (আধ্যাত্মিক চিন্তা, আধ্যাত্মিক সাধনা)। [সং আধাত্ম + ইক]।

আধ্যান (p. 089) [ādhyāna] বি. 1 স্মরণ, উৎকণ্ঠার সঙ্গে স্মরণ; 2 চিন্তন; 3 উৎকণ্ঠা। [সং. আ + √ ধৈ + অন]।

আন1 (p. 089) [āna1] বিণ. (কাব্যে) অন্য, ভিন্ন ('আন পথে যাই': চণ্ডী)। [সং. অন্য]।

আন2 (p. 089) [āna2] ক্রি আনো (অর্থাত্ আনয়ন করো)-র বর্জি. রূপ।

আনক (p. 089) [ānaka] বি. 1 ঢাক, ভেরী; 2 মৃদঙ্গ; 3 শব্দযুক্ত মেঘ। □ বিণ. শব্দায়মান, শব্দ করছে এমন। [সং. আ + √অন্ + অক]।

আনকা, আনকো, আনখা (p. 089) [ānakā, ānakō, ānakhā] বিণ. 1 নতুন, অভিনব; 2 অদ্ভুত; 3 অপরিচিত, অজ্ঞান। [তু. হি. অনোখা]।

আনকোরা (p. 089) [ānakōrā] বিণ. 1 সম্পূর্ণ নতুন (আনকোরা ধুতি-শাড়ি); 2 টাটকা, অমলিন; 3 অব্যবহৃত। [হি. অন্কোরা]।

আনচান, আনছান (p. 089) [ānacāna, ānachāna] বিণ. অস্থির, চঞ্চল;, আকুল, উচাটন। [(1)আন (অন্য) + ফা. চয়েন (স্বস্তি); (2) হি. অনৈচন (অনচয়েন)]

আনত1 (p. 089) [ānata1] বিণ. 1 অবনত; ঈষত্ নত, হেঁট; 2 প্রণত। [সং. আ + নত]। আনতি বি. 1 অবনমন 2 প্রণাম 3 নম্রতা।

আনত2 (p. 089) [ānata2] ক্রি-বিণ. (ব্রজ) অন্য দিকে ('আনত হেরি ততহি দেই কানে': বিদ্যা)। [সং. অন্যত্র]

আন-তাবড়ি (p. 089) [āna-tābaḍ়i] বিণ. ক্রি-বিণ. 1 এলোমেলো, এলোপাথাড়ি; 2 আন্দাজে (আনতাবড়ি ঢিল ছোড়া)। [দেশি]।

আনদ্ধ (p. 094) [ānaddha] বি. চামড়া দিয়ে মুখ-বন্ধ-করা বাদ্যযন্ত্র (যেমন, মৃদঙ্গ, ঢোল, তবলা)। □ বিণ. 1 চমড়া দিয়ে ঢাকা রয়েছে এমন (আনদ্ধ যন্ত্র); 2 গ্রথিত, সজ্জিত (আনদ্ধ কেশপাশ); 3 বস্ত্রাদি দিয়ে সজ্জিত। [সং. আ + √ নহ্ + ত]।

আনন (p. 094) [ānana] বি. 1 মুখমন্ডল, বদন, face: 2 মুখ, mouth. [সং. আ + √ অন + অন]।

আনন্তর্য (p. 094) [ānantarya] বি. অনন্তরতা, ব্যবধানের অভাব। [সং. অনন্তর + য (ভাবার্থে)]।

আনন্ত্য (p. 094) [ānantya] বি. অনন্তের ভাব; অসীমতা; অন্তহীনতা। [সং. অনন্ত + য (ভাবার্থে)]।

আনন্দ (p. 094) [ānanda] বি. 1 হর্ষ, তৃপ্তি ('আনন্দেরই সাগর হতে': রবীন্দ্র); 2 সুখ, আহ্লাদ ('সদা থাকো আনন্দে': রবীন্দ্র); 3 স্ফুর্তি (সকলে মিলে আজ একটু আনন্দ করতে চাই); 4 সত্যের উপলব্ধি থেকে উৎপন্ন গভীর অনুভূতি এবং সেইরূপ সত্তা ('আনন্দ তুমি স্বামি, মঙ্গল তুমি': রবীন্দ্র); 5 আনন্দজনক বস্তু ('তোমার আনন্দ ওই এল দ্বারে': রবীন্দ্র); 6 মদ। □ বিণ. আনন্দিত, আনন্দময়, আনন্দপূর্ণ ('আজি এ আনন্দ সন্ধ্যা': রবীন্দ্র)। [সং. আ + √ নন্দ্ + অ]। ˜ .কন্দ বি. সমস্ত আনন্দের মূল। ˜ .ঘন বিণ. আনন্দময়। ˜ .ধাম বি. যে গৃহে আনন্দ বিরাজ করে। ˜ .ধারা বি. আনন্দের স্রোত। ˜ .ন বি. আনন্দ সৃষ্টি, আনন্দ উৎপাদন। □ বিণ. আনন্দদায়ক। ˜ .নাড়ু বি. চালের গুঁড়ো, নারকেল, গুড় প্রভৃতি দিয়ে তৈরি গোলাকার নাড়ু বা নাড়ুজাতীয় খাবার। ˜ .বিধান বি. আনন্দ দান, আনন্দ উৎপাদন। ˜ .ময় বিণ. আনন্দে পূর্ণ। □ বি. ঈশ্বর (আনন্দময় ও মঙ্গলময় বলে)। ˜ .লহরি, ˜ .লহরী বি. 1 আনন্দের ঢেউ; নিরবচ্ছিন্ন আনন্দ; 2 (সচ. পল্লিসংগীতে ব্যবহৃত) বাদ্যযন্ত্রবিশেষ। ˜ .সাগর বি. আনন্দরূপ সাগর; বিপুল আনন্দ। আনন্দা ক্রি. আনন্দিত করা। আনন্দাশ্রু বি. আনন্দের আবেগজনিত চোখের জল। .আনন্দিত বিণ. প্রফুল্ল, হৃষ্ট; পুলকিত।

আনমন1 (p. 094) [ānamana1] বি. অবনমন, নত করা, ঈষত্ নত করা। [সং. আ + √ নম্ + অন]। আনমনীয়, আনম্য বিণ. নোয়ানো বা বাঁকানো যায় এমন। আনমিত বিণ. নোয়ানো বা বাঁকানো হয়েছে এমন।

আন-মন, আন-মনা (p. 094) [āna-mana, āna-manā] বিণ. 1 অন্যমনস্ক (বড়ই আনমনা ছেলে); 2 অমনোযোগী; 3 উদাসীন। [সং. অন্যমনস্]।

আনম্র (p. 094) [ānamra] বিণ. ঈষত্ নম্র বা নত, ঈষত্ নমনশীল ('তোমার আনম্র শিরে আনন্দে আদরে': রবীন্দ্র)। [সং. + আ + নম্র]।

আনয়ন (p. 094) [ānaẏana] বি. নিয়ে আসা, আনা। [সং. আ + √ নী + অন]।

আনর্ত (p. 094) [ānarta] বি. 1 নৃত্যশালা; 2 রঙ্গালয়; 3 যুদ্ধ। [সং. আ + √ নৃত্য + অ]।

আনর্থ, আনর্থ্য, আনর্থক্য (p. 094) [ānartha, ānarthya, ānarthakya] বি. অনর্থকতা, নিস্ফলতা, ব্যর্থতা। [সং. অনর্থ + অ, য; অনর্থক + য]।

আনল (p. 094) [ānala] বি. অনলএর বিকৃত রূপ ('আনলে পুড়িয়া গেল': জ্ঞান.)।

আনহি (p. 094) [ānahi] ক্রি. বিণ. (অপ্র.) অন্যত্র; অন্যপ্রকারে। [< সং. অন্য]।

আনা1 (p. 094) [ānā1] বি. (বর্ত. অপ্র.) এক টাকার ষোলো ভাগের এক ভাগ; ষোড়শ ভাগের এক ভাগ (আমি এই সম্পত্তির এক আনার মালিক)। □ বিণ. ষোড়শাংশ পরিমাণের (এক আনা বখরা)। [সং. আনক]।

আনা2 (p. 094) [ānā2] ক্রি. নিয়ে আসা। □ বি. আনয়ন (আনার জন্য যাচ্ছি)। □ বিণ. আনীত, নিয়ে আসা হয়েছে এমন (তোমার আনা বইটি)। [বাং. √ আন্ + আ]।˜ .নো ক্রি. আনয়ন করানো। □ বি. অন্যের দ্বারা আনার কাজ সম্পাদন। □ বিণ. অন্যের দ্বারা আনীত।

আনা-গোনা, আনা-গনা (p. 094) [ānā-gōnā, ānā-ganā] বি. 1 আসা-যাওয়া; যাতায়াত; 2 (আল.) জন্ম-মৃত্যু; 3 সঞ্চরণ (হৃদয়ে আনাগোনা)। [তু. হি. আনা-যানা]।

আনা-কানাচ (p. 094) [ānā-kānāca] বি. গলিঘুঁজি; আশপাশ; অস্থান-কুস্থান; জানা-অজানা সমস্ত প্রান্ত (ঘরের আনাচকানাচ সমস্ত জায়গাই খুঁজেছি)। [দেশি]।

আনাজ (p. 094) [ānāja] বি. সবজি, কাঁচা তরকারি। [প্রাকৃ. অন্নজ্জ; হি. অনাজ]।˜ .পত্র বি. শাকসবজি।

আনাড়ি, (বর্জি.) আনাড়ী (p. 094) [ānāḍ়i, (barji.) ānāḍ়ī] বিণ. অপটু; অনভিজ্ঞ, অশিক্ষিত; মূর্খ, অজ্ঞ। [হি. অনাড়ী]।

আনানো (p. 094) [ānānō] দ্র আনা2।

আনায় (p. 094) [ānāẏa] বি. ফাঁদ ('আনায়-মাঝারে বাঘে পাইলে কি কভু': মধু); জাল। [সং. আ + √ নী + অ]।

আনার (p. 094) [ānāra] বি. 1 ডালিম; 2 বেদানা। [ফা. আনার]।˜ .কলি বি. কচি ডালিম।

আনা-রস (p. 094) [ānā-rasa] বি. পুরু ও অমসৃণ খোসাযুক্ত এবং মিষ্টি শাঁসযুক্ত রসালো ফলবিশেষ, pineapple. [পো. ananas]।

আনি (p. 094) [āni] বি. 1 আনা; এক আনা মূল্যের মুদ্রা; 2 1/16 অংশ (সম্পত্তির এক আনির মালিক)। □ বিণ. ষোড়শাংশ পরিমাণের (এক আনি অংশ)। [হি. অন্নী]।

আনীত (p. 094) [ānīta] বিণ. আনা হয়েছে এমন, নিয়ে আসা হয়েছে এমন (অঙ্গদ রাবণের সভায় আনীত হলেন)। [সং. আ + √ নী + ত]।

আনীল (p. 094) [ānīla] বিণ. ঈষত্ নীল, নীলাভ, light blue. [সং. আ + নীল]।

আনু-কুল্য (p. 094) [ānu-kulya] বি. 1 সহায়তা, পোষকতা (সরকারি আনুকূল্যে কাজটি সম্পন্ন হয়েছে): 2 অনুগ্রহ, উপকার। [সং. অনুকূল + য]। বিণ. অনুকূল।

আনু-গত্য (p. 094) [ānu-gatya] বি. 1 বশ্যতা, বাধ্যতা; 2 অনুসরণ; অনুবর্তন। [সং. অনুগত + য]। বিণ. অনুগত।

আনু-তোষিক (p. 094) [ānu-tōṣika] বি. ক্ষতিপূরণ হিসাবে বা সাহায্যরূপে প্রদত্ত বৃত্তি, gratuity (স.প.)। [সং. অনুতোষ + ইক]।

আনু-নাসিক (p. 094) [ānu-nāsika] বিণ. নাসিকার অর্থাত্ নাকের সাহায্যে উচ্চারিত (আনুনাসিক ধ্বনি)। [সং. অনুনাসা + ইক]।

আনু-পদিক (p. 094) [ānu-padika] বিণ. অনুসরণকারী, পিছনে আসে এমন; পশ্চাদ্গামী। [সং. অনুপদ + ইক]।

আনু-পাতিক (p. 094) [ānu-pātika] বিণ. অনুপাত অর্থাত্ সংগত অংশ অনুসারে বিবেচিত, proportional. [সং. অনুপাত + ইক]।

আনু.পূর্ব, আনু.পূর্ব্য (p. 095) [ānu.pūrba, ānu.pūrbya] বি. অগ্রপশ্চাত্, পরপর ক্রম; পরম্পরা, যথাক্রম। [সং. অনুপূর্ব + অ, য]।

আনু-পূর্বিক (p. 095) [ānu-pūrbika] বিণ. পরম্পরা অনুযায়ী, ক্রম অনুযায়ী; প্রথম থেকে শেষ (আনুপূর্বিক বর্ণনা)। □ ক্রি. বিণ. যথাক্রমে, আরম্ভ থেকে। [সং. অনুপূর্ব + ইক]।

আনু-মানিক (p. 095) [ānu-mānika] বিণ. 1 অনুমানযোগ্য; অনুমানের দ্বারা বোঝা যায় বা স্হির করা যায় এমন; 2 সম্ভাব্য, আন্দাজি (আনুমানিক হিসাব)। [সং. অনুমান + ইক]।

আনু-যাত্রিক (p. 095) [ānu-yātrika] বি. সঙ্গী, সহচর; সঙ্গে যায় এমন। [সং. অনুযাত্রিক + অ]

আনু-রক্তি (p. 095) [ānu-rakti] বি. অনুরাগ; আসক্তি; আনুগত্য। [সং. অনুরক্ত + ই]

আনু-রূপ্য (p. 095) [ānu-rūpya] বি. অনুরূপের ভাব, সাদৃশ্য, মিল। [সং. অনুরূপ + য]।

আনু-লোমিক (p. 095) [ānu-lōmika] বিণ. 1 অনুলোমভাবে ঘটে এমন, অনুকূল; 2 ক্রমিক, যথাক্রমিক, পরপর ঘটে এমন। [সং. অনুলোম + ইক]।

অনু-লোম্য (p. 095) [anu-lōmya] বি. 1 স্বাভাবিক ক্রম, যথাক্রম; 2 অনুকূল ভাব, আনুকূল্য। [সং. অনুলোম + য]।

আনু-শাসনিক (p. 095) [ānu-śāsanika] বিণ. অনুশাসনসংক্রান্ত। □ বি. মহাভারতের পর্ববিশেষ। [সং. অনুশাসন + ইক]।

আনু-ষঙ্গ (p. 095) [ānu-ṣaṅga] বিণ. আনুষঙ্গিক; গৌণ, মূল বিষয়ের সঙ্গে যুক্ত। [সং. অনুষঙ্গ + অ]

আনু-ষঙ্গিক (p. 095) [ānu-ṣaṅgika] বিণ. 1 অন্য বিষয়ের সঙ্গে যুক্ত (আনুষঙ্গিক ব্যয়); 2 গৌণ; অপ্রধান। [সং. অনুষঙ্গ + ইক]।

আনুষ্ঠানিক (p. 095) [ānuṣṭhānika] বিণ. 1 অনুষ্ঠানসম্বন্ধীয়; শাস্ত্রীয় রীতিসম্মত; 2 বিহিত অনুষ্ঠান অনুযায়ী (আনুষ্ঠানিক নির্বাচন)। [সং. অনুষ্ঠান + ইক]।

আনূপ (p. 095) [ānūpa] বিণ. জলময়। □ বি. জল ভালোবাসে এমন জন্তু (যেমন মোষ, গণ্ডার প্রভৃতি)। [সং. অনূপ + অ]।

আনৃণ্য (p. 095) [ānṛṇya] বি. ঋণের অভাব; অঋণীর ভাব; ঋণ বা দেনা থেকে মুক্তি। [সং. ন + ঋণ + য]।

আনৃশংস্য (p. 095) [ānṛśaṃsya] বি. নৃশংসতার বা হিংস্রতার অভাব; দয়া, করুণা। [সং. অনৃশংস + য]।

আনেতা (p. 095) [ānētā] (-তৃ) বিণ. আনয়নকারী, নিয়ে আসে এমন। [সং. আ + √ নী + তৃ]।

আনোখা (p. 095) [ānōkhā] বিণ. 1 অচেনা, অপরিচিত (আনোখা লোকের সঙ্গে যাব না); 2 বেঠিক। [হি. অনোখা]।

আন্ডিল, (বর্জি.) আন্ডীল (p. 095) [ānḍila, (barji.) ānḍīla] বিণ. মহাধনশালী (আন্ডীল লোক)। □ বি. স্তূপ (টাকার আন্ডীল)। [সং. আন্ডীর]।

আন্ডা (p. 095) [ānḍā] বি. ডিম; অণ্ড। [হি. অন্ডা]। ˜ বাচ্চা বি. গর্ভস্থ ও ক্রোড়স্থ সন্তান; ছেলেপুলে।

আন্তঃ-প্রাদেশিক (p. 095) [ānth̤-prādēśika] বিণ. দুই বা ততোধিক প্রদেশব্যাপী বা প্রদেশসংক্রান্ত, interprovincial. [সং. অন্তর্ + প্রদেশ + ইক]।

আন্তর (p. 095) [āntara] বিণ. 1 অন্তর বা মনসংক্রান্ত, আন্তরিক, মনোগত; 2 অন্তর্গত। □ বি. তফাত, পার্থক্য, ব্যবধান। [সং. অন্তর + অ]।

আন্তরিক (p. 095) [āntarika] বিণ. 1 অন্তরসম্পর্কিত, মনোগত, মানসিক (এটাই আমার আন্তরিক ইচ্ছা); 2 অকপট, অকৃত্রিম, হৃদ্য; 3 অভ্যন্তরীণ, দেহান্তর্গত। [সং. অন্তর্ + ইক]। ˜ .তা বি. অকপটতা, সারল্য; হৃদ্যতা।

আন্তরীক্ষ, আন্তরিক্ষ (p. 095) [āntarīkṣa, āntarikṣa] বিণ. আকাশ সম্বন্ধীয়; অন্তরীক্ষ বা আকাশ থেকে আগত (আন্তরীক্ষ উৎপাত)। □ বি. 1 আকাশ; 2 মেঘ ও জল। [সং. অন্তরীক্ষ + অ]। বি.˜ .তা।

আন্তর্জাতিক (p. 095) [āntarjātika] বিণ. সর্বজাতীয়, সকল জাতি বা রাষ্ট্রের মধ্যে বিদ্যমান (আন্তর্জাতিক খ্যাতি, আন্তর্জাতিক সম্পর্ক), international. [সং. অন্তর্ + জাতি + ইক]। আন্তর্জাতিকতা.বাদ বি. সর্বজাতীয়তার বোধ; সমস্ত জাতি বা রাষ্ট্রের মৈত্রী।

আন্ত্র, আন্ত্রিক (p. 095) [āntra, āntrika] বিণ. অন্ত্রসম্বন্ধীয়, অন্ত্রঘটিত (আন্ত্রিক জ্বর, enteric fever [সং. অন্ত্র + অ, অক]।

আন্দাজ (p. 095) [āndāja] বি. অনুমান (তার বয়স সম্পর্কে আমার কোনো আন্দাজ নেই)। □ বিণ. 1 আনুমানিক (আন্দাজ দুই মাইল) ; 2 আনুমানিক পরিমাণের (এক কেজি আন্দাজ চিনি)। [ফা. অন্দাজ্]। আন্দাজি বিণ. আনুমানিক; অনুমানের উপর নির্ভর করে বলা বা করা এমন (আন্দাজি কথা)।

আন্দু, আন্ধু (p. 095) [āndu, āndhu] বি. হাতির পা বাঁধার জন্য শিকল। [সং. অন্দু]।

আন্দোলন (p. 095) [āndōlana] বি. 1 কম্পন; দোলন; আলোড়ন (গাছের পাতার আন্দোলন); 2 কোনো লক্ষ্য সিদ্ধির জন্য প্রচার, উত্তেজনা, সংঘবদ্ধ বিক্ষোভ প্রদর্শন ইত্যাদি। [সং. √ আন্দোলি + অন]। আন্দোলিত বিণ. আলোড়িত, কম্পিত; উত্তেজিত।

আন্ধার (p. 095) [āndhāra] বি. বিণ. আঁধার, অন্ধকার। [সং. অন্ধকার]।

আন্নাকালী (p. 095) [ānnākālī] দ্র কালী।

আন্বয়িক (p. 095) [ānbaẏika] বিণ. (ব্যাক.) 1 অন্বয়সম্বন্ধীয়; 2 অন্বয়সংগত, অন্বয়ের দিক থেকে সংগত। [সং. অন্বয় + ইক]।

আন্বীক্ষিকী (p. 095) [ānbīkṣikī] বি. 1 তর্কশাস্ত্র; 2 ন্যায়দর্শন। [সং. অন্বীক্ষা + ইক + ঈ]।

আপ (p. 095) [āpa] বি. নিজে, আপনি (আপ ভালা তো জগত্ ভালা)। ☐ বিণ. নিজের, আপন (আপরুচি খানা)। [প্রাকৃ. আপ্পা; তু. হি. আপ্ (=আপনি, ইনি, উনি, তুমি)]।

আপকা-ওয়াস্তে (p. 095) [āpakā-ōẏāstē] অব্য. 1 আপনার জন্য; 2 নিজের জন্য। ☐ বিণ. স্বার্থান্বেষী; তোষামোদকারী। [হি. আপ্কা ওয়াস্তে]।

আপক্ক (p. 095) [āpakka] বিণ. 1 ঈষত্ পক্ক, আধসিদ্ধ; 2 ডাঁসা, আধপাকা। [সং. আ + পক্ক]।

আপ-খোরাকি (p. 095) [āpa-khōrāki] বিণ. খোরাকি অর্থাত্ খাওয়ার খরচ নিজেকে জোগাড় করতে হয় এমন (তার আপখোরাকি বেতন তিনশো টাকা। [হি. আপ + ফা. খুরাক + বাং. ই]।)

আপগা (p. 095) [āpagā] বি. নদী। [সং. আপ + √ গম্ + অ + আ]।

আপ-জাত্য (p. 095) [āpa-jātya] বি. জাতীয় বা কুলোচিত গুণের অভাব বা হানি; সদ্‌গুণের নাশ বা সদ্‌গুণ থেকে বিচ্যুতি, degeneracy. [সং. অপজাত + য]। বিপ. আভি.জাত্য।

আপড়া (p. 095) [āpaḍ়ā] বিণ. 1 পড়া হয়নি এমন, অপঠিত, unread; 2 অশিক্ষিত ('আপড়া পো সভায় নিয়ে থো')। [বাং. অ + পড়া2]।

আপণ (p. 095) [āpaṇa] বি. বিপণি, দোকান; কেনাবেচার জায়গা; হাট। [সং. আ + √ পণ্ + অ]। আপণিক বিণ. আপণসম্বন্ধীয়; কেনাবেচাসম্বন্ধীয়। □ বি. ব্যবসায়ী, দোকানদার (আপণিকেরা নিজ নিজ পণ্য নিয়ে ক্রেতাদের দৃষ্টি আকর্ষণ করতে সচেষ্ট হল)।

আপত্ (p. 095) [āpat] দ্র আপদ। ̃ .কাল বি. বিপদের সময়, দুঃসময়। ̃কালীন বিণ. বিপদের সময়ের (আপৎকালীন সতর্কতা)।

আপতন (p. 095) [āpatana] বি. 1 পতন, পড়ে যাওয়া; 2 সংঘটন; কোনো ঘটনার আকস্মিক সংঘটন, accident; 3 অবতরণ, নামা। [সং. আ + √ পত + অন]। আপতিক বিণ. সহসা বা হঠাত্ ঘটেছে এমন, accidental. আপতিত বিণ. দৈবাত্ বা হঠাত্ আগত; নিপতিত; অবতীর্ণ।

আপত্তি (p. 095) [āpatti] বি. 1 অসম্মতি; বিরুদ্ধ যুক্তি বা মত; 2 ওজর; 3 বিপদ। [সং. আ + √ পদ্ + তি]।

আপদ, আপদ্ (p. 095) [āpada, āpad] বি. 1 বিপদ; দুর্দশা; দুঃখ; 2 অবাঞ্ছিত ও অপ্রীতিকর ব্যক্তি বা বস্তু (এ আপদ আবার কোথা থেকে এল ?)। [সং. আ + √ পদ্ + ক্কিপ্]। ̃ .গ্রস্ত বিণ. বিপদে পড়েছে এমন, বিপন্ন। আপদর্থে অব্য. আপদের জন্য; বিপদ থেকে উদ্ধারের জন্য। ̃ .বিপদ বি. নানারকম বিপদ বা বিপত্তি। ̃ .ভঞ্জন বিণ. আপদবিপদ থেকে উদ্ধার করে এমন। আপদুদ্ধার বি. বিপদ থেকে উদ্ধার বা মুক্তি; বিপদ দূরীকরণ। আপদ্ধর্ম, ̃ .ধর্ম বি. অন্যসময় অকর্তব্য কিন্তু বিপদের সময় অবলম্বন করা যায় বা উচিত এমন ধর্ম।

আপন (p. 095) [āpana] বিণ. নিজ, স্বীয়, নিজের; আত্মীয় (আপনজন)। [সং. আত্মন্]।˜ .কার সর্ব. বিণ. আপনার; নিজের।˜ .জন বি. নিজের লোক; আত্মীয়।˜ .পর বি. আত্মীয়অনাত্মীয়; সত্রু-মিত্র।˜ .ভোলা বিণ. উদাসীন, নিজের সুখশান্তি সম্বন্ধে খেয়াল নেই এমন; আত্মহারা; তন্ময়।˜ .মনে ক্রিবিণ. নিজে নিজে; নিজের মনে; বাইরের সবকিছু সম্বন্ধে নির্লিপ্ত থেকে।˜ .সর্বস্ব বিণ. স্বার্থপর; কেবল নিজের কথাই ভাবে এমন।˜ .হারা বিণ. আত্মভোলা; আপনভোলা। আপনার পায়ে কুড়ুল মারা ক্রি. বি. নিজেই নিজের সর্বনাশ ডেকে আনা।

আপনা (p. 095) [āpanā] বি. নিজ (আপনা থেকেই এটা হয়েছে)। □ বিণ. নিজের (আপনা হাত জগন্নাথ); আত্মীয় (আপনা জন)। [হি. আপনা]। আপনা-আপনি ক্রি-বিণ. নিজে নিজে, আপনা থেকে, স্বাভাবিকভাবে। □ বি. আত্মীয়স্বজন (আপনাআপনির মধ্যে)।˜ .র মতো বিণ. ক্রি.বিণ. নিজের মতো, মনের মতো।

আপনি (p. 095) [āpani] সর্ব. 1 তুমি-র সম্ভ্রমসূচক রূপ (আপনি আসুন) 2 স্বয়ং, নিজে ('রাজা সবারে দেন মান, সে মান আপনি ফিরে পান': রবীন্দ্র)। [সং. আত্মন্; প্রাকৃ, অপ্পাণ; হি. আপ্নে, আপনা]। আপনি বাঁচলে বাপের নাম বংশমর্যাদা বা অন্য সবকিছুর চেয়ে নিজের জীবনের মূল্য বেশি।

আপন্ন (p. 095) [āpanna] বিণ. 1 আপদগ্রস্ত, বিপন্ন 2 গ্রস্ত, প্রাপ্ত (শরণাপন্ন, মরণাপন্ন)। [সং. আ + √ পদ্ + ত]।

আপরাহ্নিক (p. 095) [āparāhnika] বিণ. বৈকালিক, বিকাল বেলার, বিকালে ঘটে এমন (আপরাহ্নিক ভ্রমণ)। [সং. অপরাহ্ন + ইক]।

আপ-রুচি (p. 095) [āpa-ruci] বিণ. নিজের রুচি বা পছন্দমতো (আপরুচি খানা)। [হি. আপ্ + সং. রুচি]।

আপ-শোস, আপ-সোস (p. 095) [āpa-śōsa, āpa-sōsa] বি. আক্ষেপ; পরিতাপ, দুঃখ; মনস্তাপ। [ফা. আফসোস]।

আপস, আপোশ, (বর্জি.) আপোষ (p. 095) [āpasa, āpōśa, (barji.) āpōṣa] বি. মিটমাট, রফা; মীমাংসা। [ফা. ওয়াপ্স্]।

আপসে, আপোশে (p. 095) [āpasē, āpōśē] ক্রি-বিণ. 1 আপনাআপনির মধ্যে (আপসে ঝগড়া করা); 2 উভয়পক্ষের সম্মতিক্রমে (আপোশে মেটা); 3 বন্ধুভাবে (আপোসে কুস্তি লড়া); 4 আপনা থেকে; সহজে, অনায়াসে (তুমি কি ভেবেছ কাজটা আপসেই হয়ে যাবে ?)। [হি. আপ্ + সে]।

আপা (p. 095) [āpā] বি. (মুস) দিদি, (মুসলমান) মেয়েদের মধ্যে পারস্পরিক সম্বোধন। [ঢাকা আঞ্চ. দেশি ?]।

আপাকা (p. 095) [āpākā] বিণ. পাকা নয় এমন; ঈষত্ পক্ক, অল্প পাকা। [বাং. আ + পাকা]।

আপাঙ, আপাং, আপাঙ্গ (p. 095) [āpāṅa, āpā, ṃāpāṅga] বি. শিষ-আকন্দ নামে পরিচিত গাছ। [সং. অপাঙ্গক]।

আপাটল (p. 095) [āpāṭala] বিণ. ঈষত্ পাটল; ঈষত্ পাটকিলে, ফিকে লাল। [বাং. আ + পাটল]।

আপাণ্ডু, আপাণ্ডুর (p. 095) [āpāṇḍu, āpāṇḍura] বিণ. ঈষত্ পাণ্ডুর, হালকা পীত রঙের বা পীতাভ। [বাং. আ + সং. পাণ্ডু, পাণ্ডুর]।

আপাত (p. 095) [āpāta] বি. 1 (সাধারণত সমাসের পূর্বপদে) উপস্থিত সময়, তৎকাল, ঘটনাকাল (আপাতকঠিন, আপাতদর্শন); 2 (পরপদে) পতন, সংঘটন (অনিষ্টাপাত)। [সং. আ + √ পত + অ]।˜ .কঠিন বিণ. আপাতত কঠিন বলে মনে হয় (কিন্তু আসলে কঠিন নয়) এমন।˜ .কঠোর বিণ. এখন কঠোর মনে হচ্ছে তবে আসলে কঠোর নয় এমন।˜ ত,˜ তঃ (-তস্) অব্য. ক্রি-বিণ. (সং. অর্থ) প্রথম দর্শনে; (বাং. অর্থ) এখন, এই মুহূর্তে সম্প্রতি (আপাতত কোনো আশা দেখছি না)।˜ .দৃষ্টিতে ক্রি-বিণ. সাধারণভাবে দেখলে, অর্থাত্ খুঁটিয়ে না দেখলে; মোটামুটি বিচারে (আপাতদৃষ্টিতে তাকে সুশ্রী বলে মনে হয় বটে)।˜ .মধুর বিণ. আপাতত মধুর বলে মনে হয়, কিন্তু আসলে তা নয় এমন।˜ .রমণীয় বিণ. আপাতত সুন্দর বা প্রীতিকর বলে মনে হয় কিন্তু আসলে তা নয় এমন।

আপাদ (p. 095) [āpāda] অব্য. ক্রি-বিণ. 1 পা পর্যন্ত; 2 পা থেকে। [সং. আ + পাদ]।˜ .মস্তক ক্রি-বিণ. পা থেকে মাথা পর্যন্ত (আপাদমস্তক চাদরে ঢাকা)।

আপান (p. 097) [āpāna] বি. মদের আড্ডা, মদের দোকান। [সং. আ + √পা + অন]।

আপামর (p. 097) [āpāmara] ক্রি-বিণ. 1 পামর বা নরাধমকেও বাদ না দিয়ে, পামর পর্যন্ত সকলে; 2 উচ্চ-নীচ নির্বিশেষে। [সং. আ + পামর]। ̃ .সাধারণ, ̃ .জন-সাধারণ বি. সমস্ত লোক, সর্বসাধারণ।

আপিঙ্গল (p. 097) [āpiṅgala] বিণ. ঈষত্ পিঙ্গল বা তাম্র বর্ণ; নীলাভ পীত বর্ণ। [বাং. আ + সং. পিঙ্গল]।

আপিল (p. 097) [āpila] (বর্জি.) আপীল বি. উচ্চতর আদালতে কোনো মামলার পুনর্বিচারের জন্য আবেদন (আমি হাইকোর্টে আপিল করব)। [ইং appeal]

আপিস-অফিস (p. 097) [āpisa-aphisa] এর চলিত বিকৃত রূপ।

আপীড় (p. 097) [āpīḍ়] বি. পাগড়ি, শিরোভূষণ; মুকুট; মাথায় পরার মালা। [সং. আ + পীড়্ + অ]।

আপীড়ন (p. 097) [āpīḍ়na] বি. 1 রীতিমতো পীড়ন; নিপীড়ন; 2 গাঢ়] আলিঙ্গন। [সং. আ + পীড়ন]। আপীড়িত বিণ. অত্যন্ত পীড়িত; প্রগাঢ়ভাবে আলিঙ্গিত।

আপীত1 (p. 097) [āpīta1] বিণ. ঈষত্ পীত বর্ণ, পীতাভ, হরিদ্রাভ। [বাং.] আ + পীত

আপীত2 (p. 097) [āpīta2] বিণ. সম্যক পান করা হয়েছে এমন, ভালোভাবে পান করা হয়েছে এমন। [সং. আ + √ পা + ত]।

আপীন (p. 097) [āpīna] বি. 1 গবাদি পশুর স্তন বা পালান; 2 পালানের বাঁট। □ বিণ. সুপুষ্ট; স্ফীত। [সং. আ + √প্যায়্ + ত]।

আপুনি-আপনি (p. 097) [āpuni-āpani] র বিকৃত রূপ।

আপীল-আপিল (p. 097) [āpīla-āpila] এর বর্জি বানান।

আপেক্ষিক (p. 097) [āpēkṣika] বিণ. 1 তুলনামূলক, অপেক্ষাকৃত; 2 পরস্পর নির্ভরশীল, সাপেক্ষ relative. [সং. অপেক্ষা + ইক]। বি. ̃ তা। আপেক্ষিক গুরুত্ব তুলনামূলক গুরুত্ব বা ওজন; (বিজ্ঞানে) কোনো বস্তুর পরিমাণের অনুপাত (সাধারণত ঘন ও তরল বস্তুর সঙ্গে জলের এবং বায়বীয় বস্তুর সঙ্গে বায়ুর), specific gravity. আপেক্ষিক-তত্ত্ব, আপেক্ষিকতা-বাদ গতিমাত্রই আপেক্ষিক এবং স্থান-কাল specific-time জড় বস্তুর চতুর্থ মাত্রা: এই তত্ত্বের উপর প্রতিষ্ঠিত বিজ্ঞানী আইনস্টাইনের বিখ্যাত মতবাদ যা মহাকর্ষ সম্পর্কে সমস্ত পুরোনো ধারণাকে ভুল প্রমাণিত করেছে।

আপেল (p. 097) [āpēla] বি. গোলাপজাতীয় (rosaceous) পার্বত্য গাছের গোলাকার ফল বিশেষ। [ইং. apple]

আপোড়া (p. 097) [āpōḍ়ā] বিণ. 1 পোড়া বা পোড়ানো নয় এমন, অদগ্ধ; 2 কাঁচা; 3 ঈষত্ গদ্ধ, আধপোড়া, অল্প পোড়া; 4 শবদাহহীন, যেখানে শবদাহ হয় না এমন ('আপোড়া পৃথিবী যদি তুমি কোথা কাশী)। [বাং]. আ + পোড়া।

আপ্ত1 (p. 097) [āpta1] বিণ. 1 প্রাপ্ত, লব্ধ, পাওয়া গেছে এমন (আপ্ত কাম); 2 অভ্রান্ত, ভুল নেই এমন, প্রামাণিক (আপ্তবাক্য); 3 বন্ধুবান্ধব, আত্মীয়স্বজন ইত্যাদিস্থানীয় (আপ্তজন)। [সং. √ আপ্ + ত]। ̃ .কাম বিণ. মনোরথ বা মনোবাসনা পূর্ণ হয়েছে এমন। ̃ .দূতী বি. যে দূতী প্রিয়ভাষিণী, চতুরা, বিশ্বস্তা এবং মন বুঝে কাজ করে। ̃ .বচন, ̃ .বাক্য বি. 1 দেবতার কাছ থেকে পাওয়া আদেশ; 2 নির্বিচারে গ্রহণীয় বেদ ইত্যাদির বিধান; 3 (আল.) অভ্রান্ত বী প্রামাণিক কথা।

আপ্ত2 (p. 097) [āpta2] বিণ. আপন, নিজের (আপ্তগরজি)। [সং. আত্ম,] আত্মন্]। ̃ .কথা, আপতো কথা বি (আঞ্চ. প্রয়োগ) গোপন কথা। ̃ .গণ বি. নিজের জন্যই ভাবে বা কাজ করে এমন, স্বার্থপর। ̃ .সার বিণ. স্বার্থপর। □ বি. তন্ত্রবলে বা যোগবলে আত্মরক্ষা। ̃ .সুখী বিণ. আত্মসুখী, কেবল নিজের সুখই বোঝে এমন।

আপ্য (p. 097) [āpya] বিণ. পাওয়া যায় এমন, প্রাপ্য। [সং. √ আপ্ + য]।

আপ্যায়ন (p. 097) [āpyāẏana] বি. সংবর্ধনা, অভ্যর্থনা; প্রীতি সম্পাদন; প্রীতি ও সৌজন্যসহকারে বন্ধু অতিথি ইত্যাদির অভ্যর্থনা। [সং. করেছে এমন, সংবর্ধিত, অভ্যর্থিত।]

আপ্রাণ (p. 097) [āprāṇa] বিণ. ক্রি-বিণ. যতক্ষণ প্রাণ থাকে ততক্ষণ, প্রাণ থাকা পর্যন্ত (আপ্রাণ খেটে যাব); প্রাণপণ (আপ্রাণ চেষ্টা)। [সং. আ (=সীমা, অবধি) + প্রাণ]।

আপ্লব, আপ্লাব, আপ্লাবণ (p. 097) [āplaba, āplāba, āplābaṇa] বি 1 জলপ্লাবন, বন্যা; 2 অবগাহন, স্নান। [সং. আ + &tick প্লু + অ, অন]। আপ্লাবিত বিণ. প্লাবিত, ডুবে গেছে বা বন্যায় ভেসেছে এমন; সিক্ত।

আপ্লুত (p. 097) [āpluta] বিণ. সম্পূর্ণ সিক্ত; স্নাত; (আল.) অভিষিক্ত (করুণায় আপ্লুত মন) [সং. আ + √ প্লু + ত]।

আফ.গান (p. 097) [āpha.gāna] বি. আফগানিস্তানের অধিবাসী। □বিণ. আফগানিস্তানসম্বন্ধীয়; আফগানসম্বন্ধীয়। [ফা. অফ্গান্]। আফ.গানি বিণ. আফগানিস্তানের।

আফতাব (p. 097) [āphatāba] বি. সূর্য। [ফা. আফ্তাব]।

আফদ (p. 097) [āphada] বি. আপদ, বিপদ; বিপত্তি। [আ. আফত; তু. সং. আপদ্]।

আফলোদয় (p. 097) [āphalōdaẏa] ক্রি-বিণ. ফললাভ বা সাফল্যলাভ পর্যন্ত, যে পর্যন্ত ফললাভ না হয়। [সং. আ (=অবধি) + ফলোদয়]।

আফসানো (p. 097) [āphasānō] ক্রি. 1 আস্ফালন করা; 2 বিফল হয়ে খেদ বা ক্রোধ প্রকাশ করা। [বাং. √ আফসা + আনো]। আফসানি বি. আস্ফালন; আপশোস।

আফসোস-আপশোস (p. 097) [āphasōsa-āpaśōsa] এর. রুপভেদ।

আফিং, আফিঙ-আফিম (p. 097) [āphi, ṃāphiṅa-āphima] এর. রূপভেদ।

আফিম, আফিং (p. 097) [āphima, āphi] বি. অহিফেন; পোস্ত বীজ থেকে তৈরি ওষুধ ও মাদক দ্রব্য। [আ. আফিয়ুন]।

আফুটন্ত, আফুটা, আফোটা (p. 097) [āphuṭanta, āphuṭā, āphōṭā] বিণ. 1 অপরিস্ফুট, অবিকশিত; 2 সিদ্ধ হয়নি বা ফোটানো এমন (আফোটা) চাল)। [বাং. আ + ফুট্ + অন্ত (শতৃ), আ]।

আফোটা (p. 097) [āphōṭā] দ্র আফুটন্ত।

আফ্রিকান (p. 098) [āphrikāna] বি. আফ্রিকা-মহাদেশের লোক। □ বিণ. আফ্রিকার; আফ্রিকাসম্বন্ধীয়। [ইং African]

আব1 (p. 098) [āba1] বি. দেহে উৎপন্ন মাংসপিণ্ড বা এই রোগ, tumour [সং.অর্বুদ]।

আব2 (p. 098) [āba2] বি. 1 জল (পাঞ্জাব, দোআব); 2 উজ্জ্বলতা। [ফা. আব্]।

আব-ওয়াব (p. 098) [āba-ōẏāba] বি. নির্ধারিত বা বৈধ করের অতিরিক্ত কর বা খাজনা। [ফা. ওয়াব শব্দের বহুবচন]।

আব-কার, আব-গার (p. 098) [āba-kāra, āba-gāra] বি. যে মদ চোলাই বা প্রস্তুত করে এবং বিক্রয় করে; মাদকদ্রব্য প্রস্তুতকারী ও বিক্রেতা। [ফা. আব্কার্]। আব-কারি, আব-গারি বি 1 মাদকদ্রব্যের ব্যবসায়; 2 মাদক দ্রব্যসংক্রান্ত রাজস্ব (আবকারি বিভাগ, Excise Department) □ বিণ. মাদকদ্রব্য সম্বন্ধীয়; মাদক দ্রব্যের প্রস্তুতিকরণ ও ব্যবসায়সংক্রান্ত।

আব-খোরা (p. 098) [āba-khōrā] বি. জল পান করার পাত্রবিশেষ। [ফা. আখ্খোরা]।

আবছা, আব.ছায়া (p. 098) [ābachā, āba.chāẏā] বি. অস্পষ্ট প্রকাশ, অস্পষ্ট আকার; আভাস। □ বিণ. অস্পষ্ট; ছায়ার মতো ('আবছা রাতে দেখনু বিনা চশমাতে': সু. রা.)। □ ক্রি-বিণ. অস্পষ্টভাবে (আবছা দেখলাম)। [সং. অপচ্ছায়া]।

আবজানো-আওজানো (p. 098) [ābajānō-āōjānō] এর রুপভেদ।

আব-জুশ (p. 098) [āba-juśa] বি. ক্বাথ, সিদ্ধ করে প্রস্তুত কোনো জিনিসের ঘন নির্যাস, broth. [ফা. আজ্‌জোশ]।

আবড়া-খাবড়া-এবড়োখেবড়ো (p. 098) [ābaḍ়ā-khābaḍ়ā-ēbaḍ়ōkhēbaḍ়ō] এর রূপভেদ।

আবডাল (p. 098) [ābaḍāla] বি. আড়াল। [সং. অন্তরাল]।

আবণ্টন (p. 098) [ābanṭana] বি. অংশ বণ্টন বা ভাগবাঁটোয়ারা, allotmet (স.প..)। [সং. আ + বণ্টন]।

আবদার1 (p. 098) [ābadāra1] বি. বায়না; অন্যায় যুক্তিহীন বা উৎকট দাবি (ছেলের সব আবদার মেনে নিলে তাতে ছেলেরই ক্ষতি হবে)। আবদেরে বিণ. আবদার করে এমন, বায়না করে এমন (বড়ই আবদেরে ছেলে)। [হি. আব্দা]।

আবদার2 (p. 098) [ābadāra2] বিণ. উজ্জ্বল (আবদার মুক্তো)। [ফা. আব্ + দার]।

আবদ্ধ (p. 098) [ābaddha] বিণ. 1 রুদ্ধ, বন্ধ (গণ্ডির মধ্যে আবদ্ধ); 2 জড়িত (নানা সাংসারিক সমস্যায় আবদ্ধ); 3 বাঁধা রয়েছে বা বেঁধে রাখা হয়েছে এমন (শৃঙ্খলাবদ্ধ); 4 বন্ধকি, mortgaged [সং. আ + বদ্ধ]।

আবপন (p. 098) [ābapana] বি. (বীজ) বোনা। [সং. আ + √ বপ্ + অন]।

আবরক (p. 098) [ābaraka] বিণ. ঢাকে বা ঢেকে রাখে এমন, আবরণকারী, আচ্ছাদনকারী। □ বি. ঢাকনি; ঘোমটা। [সং. আ + √ বৃ + অক]।

আবরণ (p. 098) [ābaraṇa] বি. 1 আচ্ছাদন, আবৃতকরণ (গাত্রাবরণ); 2 আচ্ছাদনী, ঢাকনি (মাথার উপর কোনো আবরণ ছিল না)। [সং. আ + √ বৃ + অন]। আবরণী বি. ঢাকনি। আবরিত বিণ. আবৃত, ঢাকা রয়েছে এমন, আচ্ছাদিত ('বর্ম-আবরিত দ্বারীর চোখে')

আবরু (p. 098) [ābaru] বি. 1 মর্যাদা, (স্ত্রীজাতির) সম্ভ্রম; 2 শ্লীলতা, ইজ্জত; 3 পর্দা, আবরণ; 4 চোখের পাতা। [ফা. আব্রু]।

আবর্জন (p. 098) [ābarjana] বি. 1 সম্পূর্ণ বর্জন, পরিত্যাগ; 2 অবনমন; 3 নিয়মন। [সং. আ + বর্জন]। আবর্জিত বিণ. সম্পূর্ণ পরিত্যক্ত; অবনমিত; আকৃষ্ট (আবর্জিতচিত্ত); নিয়মিত।

আবর্জনা (p. 098) [ābarjanā] বি. জঞ্জাল, নোংরা জিনিস; সম্পূর্ণরূপে বর্জনীয় জিনিস; (আল.) অবাঞ্ছিত ব্যক্তি (সংসারের আবর্জনা)। [সং. আবর্জন + আ]।

আবর্ত (p. 098) [ābarta] বি. 1 ঘূর্ণন; আলোড়ন (রাজনীতির আবর্ত); 2 পরিক্রমণ; 3 ঘূর্ণিজল; 4 ঘূর্ণিপাক; 5 আবর্তন। □ বিণ. ঘূর্ণায়মান ('কে রোধিবে সেই আবর্ত গতিকে')। [সং. আ + √বৃত + অ]।

আবর্তন (p. 098) [ābartana] বিণ. 1 ঘূর্ণন; চক্রাকারে ভ্রমণ (গ্রহ-উপগ্রহের আবর্তন); 2 পরিভ্রমণ; 3 প্রত্যাবর্তন; 4 আলোড়ন, ঘোঁটন; 5 বারবার করা। [সং. আ + √বৃত + অন]।˜ .দণ্ড, আবর্তনী বি. মন্হনদণ্ড, ঘোঁটনকাঠি, যা দিয়ে মন্হন

বা ঘোঁটা হয়। আবর্ত.মান বিণ. আবর্তন করছে বা ঘুরেফিরে আসছে এমন (আবর্তমান গ্রহ-উপগ্রহ)। আবর্তা ক্রি. আবর্তন করা বা হওয়া। আবর্তিত বিণ. আবর্তন করা হয়েছে এমন।

আবলি, আবলী (p. 098) [ābali, ābalī] বি. 1 পঙ্ক্তি, সারি; 2 সমষ্টি (গ্রন্থাবলি, রচনাবলি)। [সং. আ + √বল্ + ই]।

আবলুস (p. 098) [ābalusa] বি. কঠিন কালো কাঠবিশেষ, ebony [আ. আবলুস]।

আবল্য (p. 098) [ābalya] বি. 1 দুর্বলতা; 2 জড়তা; 3 অবসাদজনিত তন্দ্রার ভাব। [সং. অবল + য]।

আবশ্যক (p. 098) [ābaśyaka] বিণ. প্রয়োজনীয়, দরকারি; অপরিহার্য। □ বি. প্রয়োজন, দরকার (তার আর আবশ্যক কী?)। [সং. অবশ্যম্ + ক]।˜ .তা বি. প্রয়োজনীয়তা, দরকার। আবশ্যকীয় (আশু. কিন্তু বাংলায় বহুলপ্রচলিত) বিণ. প্রয়োজনীয়। আবশ্যিক বিণ. আবশ্যকরণীয় বা গ্রহণীয়, compulsory.

আবহ (p. 098) [ābaha] বিণ. বহন করে বা বয়ে আনে এমন; ধারণা করে বা সৃষ্টি করে এমন (দুঃখাবহ, শোকাবহ, ভয়াবহ)। □ বি. সপ্তবায়ুর অন্যতম; ভূবায়ু, বায়ুমণ্ডল, atmosphere. [সং. আ + √বহ্ + অ]।˜ .বিজ্ঞান,˜ .বিদ্যা বি. বায়ুমণ্ডল বিদ্যা, meteorology.˜ .সংবাদ বি. জল-ঝড়-বায়ু প্রভৃতির গতি ও হালচালসম্বন্ধীয় খবর।˜ .সংগীত বি. নাটক-সিনেমা ইত্যাদিতে দর্শকদের দৃষ্টির

আড়ালে অভিনেয় ঘটনার অনুষঙ্গ হিসাবে কৃত সংগীত, নেপথ্য সংগীত, background music.

আবহ.মান (p. 098) [ābaha.māna] বিণ. ক্রমাগত; চিরপ্রচলিত (আবহমানকাল ধরে এই চলছে)। [সং. আ + √বহ্ + মান (শানচ্)]। ˜ .কাল বি. ক্রি-বিণ. চিরকাল, অনাদিকাল; চিরকাল ধরে।

আবহাওয়া (p. 098) [ābahāōẏā] বি. 1 জলবায়ু, climate; Weather; 2 (আল.) পরিবেশ, পরিস্থিতি (ঘরে ঢুকেই বুঝলাম ঘরের আবহাওয়া ভালো নয়)। [ফা. আব্ + হাওয়া]।

আবা (p. 098) [ābā] বি. বোতামহীন লম্বা ও ঢিলে জামাবিশেষ। [আ আ'বা]।

আঁবাধা (p. 099) [ām̐bādhā] বিণ. 1 বাঁধা নয় এমন, আবদ্ধ (আবাঁধা চুল); 2 বাঁধানো নয় এমন (আবাঁধা ঘাট); 3 আগোছালো (আবাঁধা সংসার)। [সং. আ + বাঁধা]।

আবাগা, আবাগে (p. 099) [ābāgā, ābāgē] বি. অভাগা, হতভাগ্য ব্যক্তি। [সং. অভাগ্য]। আবাগি, আবাগী বি. (স্ত্রী.) হতভাগ্য নারী; হতভাগী।

আবাছা (p. 099) [ābāchā] বিণ. 1 যা থেকে অদরকারি বাজে জিনিস বেছে ফেলে দেওয়া হয়নি (আবাছা মশলা, আবাছা চাল); 2 বেছে নেওয়া বা নির্বাচিত করা হয়নি এমন। [বাং. অ + বাছা]।

আবাদ (p. 099) [ābāda] বি. 1 চাল, কৃষি ('আবাদ করলে ফলত সোনা': রা. প্র.); 2 কর্ষিত বা চাষের জন্য তৈরি জমি; 3 জনপদ। [ফা. আবাদ]। আবাদি বিণ. চাষের উপযুক্ত; ফসল. জন্মে এমন; কর্ষিত (আবাদি জমি)।

আবাপ (p. 099) [ābāpa] বি. বীজ বোনা। [সং. আ +˜ বপ্ + অ]।

আবাপন (p. 099) [ābāpana] বি. কাপড় বোনার তাঁত। [সং. আ +˜ বাপি + অন]।

আবার (p. 099) [ābāra] ক্রি-বিণ. অব্য. 1 পুনর্বার, পুনরায় (একবার গেছ তো কী হয়েছে, আবার যাও); 2 অধিকন্তু, উপরন্তু (গরিব, আবার বদখেয়ালি); 3 অনিশ্চয়তা বা অবিশ্বাস বোঝাতে ও নেতিমূলক প্রশ্নে (দারিদ্রের আবার সুখশান্তি; তার মতো লোক আবার সাহায্য করবে; কী আবার করব) [সং. অপর; প্রাকৃ. অবর]।

আবাল-বৃদ্ধ-বনিতা (p. 099) [ābāla-bṛddha-banitā] ক্রি-বিণ. বি. বালক-বৃদ্ধ-স্ত্রীলোক পর্যন্ত সকলেই। [সং. আ + বাল (ক) + বৃদ্ধ + বনিতা]।

আবাল্য (p. 099) [ābālya] অব্য. ক্রি-বিণ. বাল্যকাল থেকে; শিশুকাল থেকে (আমরা আবাল্য এই কথা শুনে আসছি)। [সং. আ + বাল্য]।

আবাস (p. 099) [ābāsa] বি. থাকবার জায়গা, বাসস্থান; গৃহ, বাড়ি ('পুরানো আবাস ছেড়ে যাই যবে': রবীন্দ্র)। [সং. আ +˜ বস্ + অ]।

আবাসন (p. 099) [ābāsana] বি. নাগরিকদের বসবাসের জন্য ঘরবাড়ি নির্মাণ বণ্টন ও সংরক্ষণের সরকারি ব্যবস্থা (আবাসন-পর্ষদ্)। [সং. আ +˜ বস্ + ণিচ্ + অন]।

আবাসিক (p. 099) [ābāsika] বি. 1 (বৌদ্ধ বিহারের) রক্ষণাবেক্ষণের ভারপ্রাপ্ত ব্যক্তি, caretaker; 2 ছাত্রাবাসে বাসকারী ছাত্র (আবাসিকদের সুযোগসুবিধা বাড়ানো)। □ বিণ. আবাসসংক্রান্ত; আবাসবিশিষ্ট। [সং. আবাস + ইক]। আবাসিক বিদ্যালয় বি. যে বিদ্যালয়ে সমস্ত ছাত্রকেই ছাত্রাবাসে (hostel) আবাসিক হিসাবে থাকতে হয়, residential school.

আবাহন (p. 099) [ābāhana] বি. মন্ত্রোচ্চারণের দ্বারা দেবতাকে আমন্ত্রণ; দেবতাকে আবির্ভাবের জন্য আহ্বান, invocation; আহ্বান, আমন্ত্রণ, ডাক। [সং. আ +˜ বহ্ + ণিচ্ + অন্য]। আবাহনী বিণ. আবাহনাত্মক, আবাহনের জন্য রচিত। □ বি. দেবতাকে আবাহন করার করপুট ও আঙ্গুলসহযোগে কৃত মুদ্রাবিশেষ।

আবিক (p. 099) [ābika] বিণ. ভেড়ার লোম দিয়ে তৈরি, ভেড়ার লোমের (আবিক কম্বল) [সং. অবি + ইক]।

আবিদ্ধ (p. 099) [ābiddha] বিণ. বিদ্ধ, বেঁধা বা ছিদ্র করা হয়েছে এমন (আবিদ্ধ কান, আবিদ্ধ রত্ন)। [সং. আ + বিদ্ধ]।

আবির, (p. 099) [ābira,] (বর্জি.) আবীর বি. 1 ফাগ; রং-মেশানো অভ্রের চূর্ণ; 2 আবিরের রং (আকাশে আবির)। [সং. অভ্র; হি. আবীর]। আবির খেলা ক্রি. বি. (সচ. হোলি-উৎসবে) পরস্পরের দেহে আবির দেওয়া।

আবির্ভাব, আবির্ভবন (p. 099) [ābirbhāba, ābirbhabana] বি. 1 প্রকাশ, উদয় (মেঘের আড়াল থেকে সূর্যের আবির্ভাব); 2 অধিষ্ঠান (দেবতার আবির্ভাব); 3 প্রাদুর্ভাব (কলেরার আবির্ভাব)। [সং. আবিস্ +˜ ভূ + অ, অন]। আবির্ভূত বিণ. প্রকাশিত, উদিত; অধিষ্ঠিত; অবতীর্ণ (মহাপুরুষ আবির্ভূত হলেন); প্রাদুর্ভূত।

আবিল (p. 099) [ābila] বিণ. কলুষিত; পঙ্কিল, ঘোলা; অস্বচ্ছ (আবিল দৃষ্টি)। [সং. আ +˜ বিল্ + অ]।˜ .তা বি. কলুষ; অস্বচ্ছতা; মলিনতা (কামনার আবিলতা)।

আবিষ্করণ, আবিষ্কার, আবিষ্ক্রিয়া (p. 099) [ābiṣkaraṇa, ābiṣkāra, ābiṣkriẏā] বি. অপ্রকাশিত বা অজ্ঞাত বস্তু বা বিষয়ের প্রকাশ বা সন্ধানলাভ; কোনো অজানা বিষয় বা বস্তুর সম্পর্কে প্রথম জ্ঞানলাভ; উদ্ভাবন, discovery invention (আমেরিকা আবিষ্কার, বেতারযন্ত্রের আবিষ্কার, নতুন তথ্য আবিষ্কার)। [সং. আবিস্ +˜কৃ + অন, অ, ক্রিয়া]। আবিষ্করণীয় বিণ. আবিষ্কারের যোগ্য; আবিষ্কার, করতে হবে বা করা উচিত এমন। আবিষ্কর্তা (-র্তৃ), আবিষ্কারক বি. যে আবিষ্কার করে বা করছে; উদ্ভাবক। আবিষ্কৃত বিণ. আবিষ্কার করা হয়েছে এমন (নবাবিষ্কৃত তথ্য)

আবিষ্ট (p. 099) [ābiṣṭa] বিণ. 1 আচ্ছন্ন, অভিভূত (মোহাবিষ্ট); 2 অধিকৃত (ভূতাবিষ্ট); 3 বিহ্বল; তদ্গত; 4 অভিনিবিষ্ট (অধ্যয়নে আবিষ্ট, আবিষ্টমনে অধ্যয়ন); 5 পরিব্যাপ্ত (মেঘাবিষ্ট আকাশ) [সং. আ +˜ বিশ্ + তা]। বি. আবেশ।

আবীত1 (p. 099) [ābīta1] বিণ. 1 আবৃত, ঢাকা; 2 পরিহিত। [সং. আ +˜ ব্যে + ত]।

আবীত2 (p. 099) [ābīta2] বি. উপবীত, যজ্ঞসূত্র, পইতে। [সং. আ +˜ অজ্ (বী আদেশ) + ত]।

আবৃত (p. 099) [ābṛta] বিণ. 1 আচ্ছাদিত, ঢাকা; 2 বেষ্টিত (মেখলাবৃত); 3 ব্যাপ্ত (মেঘাবৃত)। [সং. আ +˜বৃ + ত]। আবৃতি বি. 1 আবরণ, আচ্ছাদন; 2 বেষ্টন; 3 প্রাচীর, বেড়া; 4 বেষ্টিত স্হান।

আবৃত্ত (p. 099) [ābṛtta] বিণ. 1 আবর্তন করা বা ঘোরানো হয়েছে এমন; 2 পুনঃপুনঃ পড়া হয়েছে এমন; 3 প্রত্যাগত, ফিরে এসেছে এমন, পুনরায় আগত। [সং. আ +˜বৃত + ত]।˜ .চক্ষু বিণ. ভিতরের দিকে চোখ ফিরিয়ে নিয়েছে এমন। আবৃত দশমিক বি. recurring decimal (পরি.)।

আবৃত্তি (p. 099) [ābṛtti] বি. 1 বারংবার পাঠ বা অভ্যাস করা; ছন্দ ভাব ইত্যাদি যথাসম্ভব বজায় রেখে উচ্চকণ্ঠে পাঠ; 2 পুনঃপুনঃ আগমন, পুনরায় আগমন। [সং. আ +˜ বৃত + তি]।

আবেগ (p. 099) [ābēga] বি. 1 তীব্র বেগ, বিশেষ বেগ, বেগের তীব্রতা ('বেগের আবেগ': রবীন্দ্র); 2 ভাবজনিত বিহ্বলতা, অনুভূতি, emotion (আবেগসঞ্চার); 3 মনের ভাবের আবেশ, ব্যাকুলতা, চঞ্চলতা, উদ্বেগ (ভাবাবেগ, প্রাণের আবেগ, শোকাবেগ) [সং. আ + √ বিজ্ + অ]

আবেদক (p. 099) [ābēdaka] বিণ. আবেদনকারী; প্রার্থী। [সং. আ + √ বেদি + অক]।

আবেদন (p. 099) [ābēdana] বি 1 প্রার্থনা, নিবেদন; 2 দরখাস্ত, আরজি, application; 3 অভিযোগ, নালিশ; 4 চিত্তবৃত্তিকে বা মনকে নাড়া দেবার প্রয়াস বা শক্তি, appeal (কবিতার আবেদন বুদ্ধির কাছে নয়, হৃদয়ের কাছে)। [সং. আ + √ বেদি + অন]। আবেদনীয় বিণ. আবেদনযোগ্য, আবেদন করা যায় এমন।

আবেশ, আবেশন (p. 099) [ābēśa, ābēśana] বি. 1 বিহ্বলতা, ভাবাবেগ ('আবেশ হিয়ার মাঝারে লই': বিদ্যা.); 2 আসক্তি, আনুরাগ অনুপ্রবেশ (ভূতাবেশ); 4 গভীর মনোযোগ; 5 মোহ, আচ্ছন্নতা (ঘুমের আবেশ)। [সং. আ + √বিশ্ + অ, অন]।

আবেষ্টক (p. 099) [ābēṣṭaka] দ্র আষ্টন।

আবেষ্টন (p. 099) [ābēṣṭana] বি. 1
সম্পূর্ণভাবে বেষ্টন বা ঘেরাও করা পরিবেষ্টন (অগ্নির আবেষ্টন); 2 বেড়া; 3 পরিপার্শ্বিক অবস্থা, প্রতিবেশ। [সং. আ + বেষ্টন]। আবেষ্টক বিণ. আবেষ্টন করে বা ঘিরে এমন। □ বি বেড়া, প্রাচীর। আবেষ্টনী বি. (স্ত্রী.) 1 বেষ্টনী, বেড়া; 2 পরিধি; 3 পারিপার্শ্বিকতা (পারিবারিক আবেষ্টনী, পল্লিজীবনের আবেষ্টনী), environment. আবেষ্টিত বিণ. আবেষ্টন বা ঘেরাও করা হয়েছে এমন।

আবোল-তাবোল (p. 099) [ābōla-tābōla] বি অসংবদ্ধ কথা; মানে হয় না এমন বা বাজে ছড়া। □ বিণ. অসংবদ্ধ; আজেবাজে ('কী বললি তুই, এ-সব কেবল আবোল-তাবোল বকুনি ?': সু.রা.)। [তু. হি. আব্বোল্-ভব্বোল্।]

আব্বা (p. 099) [ābbā] বি (মুসা.) বাবা, পিতা। [আ. বাবা]।˜ জান বি. (মুস. সম্ভ্রমার্থে) বাবা।

আব্রহ্ম (p. 099) [ābrahma] অব্য. ব্রহ্ম থেকে। [সং আ + ব্রহ্মন্]˜ স্তম্ভ বি. ব্রহ্ম থেকে আরম্ভ করে সামান্য স্তম্ব অর্থাত্ তৃণ পর্যন্ত জগত্-সংসার।

আব্রু-আবরু (p. 099) [ābru-ābaru] র বানানভেদ।

আভরণ (p. 099) [ābharaṇa] বি. ভূষণ, অলংকার, গয়না (নানা আভরণে ভূষিত হয়ে এল)। [সং. আ + √ভৃ + অন]।

আভা (p. 099) [ābhā] বি 1 দীপ্ত, প্রভা (চাঁদের আভা); 2 শোভা; 3 বর্ণ (কৃষ্ণাভা) [সং. আ + √ ভা + অ + আ]।

আভাং (p. 099) [ābhā] বি. তেল ইত্যাদি দিয়ে শরীর মর্দন; তেল মাখা। [সং. অভ্যঙ্গ]।

আভাঙা (p. 099) [ābhāṅā] বিণ. ভাঙা বা চূর্ণ করা হয়নি এমন, পেষানো হয়নি এমন (আভাঙ্গা গম)। [বাং. আ + ভাঙ্গা]।

আভাষ (p. 099) [ābhāṣa] বি. 1 মুখবন্ধ, ভুমিকা, অবতরণিকা (গ্রন্হের পূর্বাভাষ); 2 আলাপ। [সং. আ +˜ ভাষ্ + অ]।˜ ণ বি. সম্বোধনপূর্বক কথন; আলাপ; উক্তি; বক্তৃতা। আভাষিত বিণ. কথিত, উক্ত।

আভাস (p. 099) [ābhāsa] বি. 1 ক্ষীণ বা অস্পষ্ট প্রকাশ ('আভাসে দাও দেখা': রবীন্দ্র); 2 ছায়া; 3 ইঙ্গিত (আভাস দেওয়া, আভাস বলা); 4 আভা। [সং. আ + √ ভাস্ + অ]।˜ মান বিণ. প্রতীয়মান; ইঙ্গিত পাওয়া যাচ্ছে এমন। আভাসিত বিণ. অস্পষ্টভাবে প্রকাশিত, ঈষত্ প্রকটিত।

আভিজন (p. 099) [ābhijana] বি. অভিজনের ভাব, অভিজনের অবস্থা; কৌলীন্য। [সং. অভিজন + অ]

আভি-জাতিক (p. 099) [ābhi-jātika] বিণ. 1 অভিজাতসম্বন্ধীয়; 2 বংশঘটিত; কুলপরিচায়ক। [সং. অভিজাত + ইক]। আভিজাতিক চিহ্ন বি. বংশপরিচয় বুঝিয়ে দেয় এমন চিহ্ন, heraldry.

আভি-জাত্য (p. 099) [ābhi-jātya] বি. বংশমর্যাদা (আভিজাত্যের গৌরব); উঁচু বংশের প্রভাব-প্রতিপত্তি। [সং. আভিজাত + য]

আভি-ধানিক (p. 099) [ābhi-dhānika] বিণ. 1 অভিধানসংক্রান্ত; 2 অভিধানের অন্তর্গত (আভিধানিক অর্থ)। □ বি অভিধানপ্রণেতা। [সং. অভিধান + ইক]।

আভি-মুখ্য (p. 099) [ābhi-mukhya] বি. 1 অভিমুখীনতা 2 মুখোমুখি অবস্থা; 3 আনুকূল্য। [সং. অভিমুখ + য]।

আভীর (p. 099) [ābhīra] বি. আহির, গোয়ালাজাতিবিশেষ। [সং. আ + ভী + √রা + অ; তু. হি. অহীর]। বি. (স্ত্রী.) আভীরী, আভীরা, আভীরিণী। ̃পল্লি বি. যে পল্লিতে আভীররা বাস করে, গোয়ালপাড়া।

আভূমি (p. 099) [ābhūmi] ক্রি-বিণ. ভূমি পর্যন্ত। [সং. আ + ভূমি]। ̃ নত বিণ. ভূমি পর্যন্ত নত হয়েছে এমন।

আভোগ (p. 099) [ābhōga] বি 1 (সাধারণত ধ্রুপদ) সংগীতের চতুর্থ বা শেষ ভাগ; 2 উপভোগ; 3 পূর্ণতা; 4 বিস্তার। [সং. আ + √ ভূজ্ + অ]।

আভ্যন্তর, আভ্যন্তরিক (p. 099) [ābhyantara, ābhyantarika] বিণ. অভ্যন্তরে বা ভিতরে থাকে এমন, অন্তর্গত। [সং. অভ্যন্তর + অ, ইক]। আভ্যন্তরীণ বিণ. (অশু. কিন্তু প্রচলিত) অভ্যন্তরীণ, আভ্যন্তর, ভিতরের।

আভ্যুদয়িক (p. 099) [ābhyudaẏika] বিণ. 1 অভ্যুদয়সম্বন্ধীয়; অভ্যুদয় যার লক্ষ্য এমন; 2 মাঙ্গলিক; সমৃদ্ধি সাধন করে এমন। □ বি. বিবাহাদি উপলক্ষ্যে করণীয় পিতৃপুরুষের শ্রাদ্ধবিশেষ। [সং. অভ্যুদয় + ইক]।

আম1 (p. 099) [āma1] বি. অস্ত্রের নির্যাস, mucus, আমাশয়। [সং. √অমি + অ]।

আম2 (p. 099) [āma2] বি. সাধারণ। □ বিণ. সর্বসাধারণের (আমজনতা,) আমদরবার)। [আ. আম]। ˜ জনতা বি. সাধারণ মানুষ। ˜ দরবার সাধারণ মানুষকে নিয়ে যে দরবার বা সভা।

আম3 (p. 099) [āma3] বি. আম্রফল; শাঁসযুক্ত রসালো অম্লমধুর দ্বিবীজ ফলবিশেষ, mango. [সং. আম্র]। আমের আচার বি. আমের সঙ্গে টক ও ঝাল মিশিয়ে প্রস্তুত চাটনিবিশেষ। বর্ণচোরা আম বি. রং দেখে কাঁচা ও টক মনে হলেও প্রকৃতপক্ষে পাকা ও মিষ্টি আম; (আল.) ছদ্মবেশী। পাকা আম দাঁড়কাকে খায় (উক্তি) অপাত্রে সুপাত্রী দানের জন্য বা উৎকৃষ্ট বস্তুর নিকৃষ্ট ব্যবহারের জন্য আক্ষেপ।

আম4 (p. 099) [āma4] বিণ. অপক্ক, কাঁচা (আম মাংস); অদগ্ধ. আপোড়া (আমসরা, আমহাঁড়ি)। [সং. √অম্ + অ]।

আম-আদা (p. 099) [āma-ādā] বি আমের গন্ধযুক্ত আদাবিশেষ। [বাং. আম3 + আদা]।

আমক-শ্মশান (p. 101) [āmaka-śmaśāna] বি. যে শ্মশানে মৃতদেহ দাহ না করে শিয়াল কুকুরের খাওয়ার জন্য ফেলে রাখা হয়। [সং. আম4 + ক + শ্মশান].

আম-গন্ধি (p. 101) [āma-gandhi] বিণ. (রাঁধা খাবার সম্বন্ধে) কাঁচা গন্ধযুক্ত; দুর্গন্ধযুক্ত। [সং.আম4 + গন্ধ + ই]।

আমগ্ন (p. 101) [āmagna] বিণ. আংশিক মগ্ন, প্রায় ডুবে আছে এমন ('আমগ্ন কি স্বপ্নাবিষ্ট ঘুমে': সু.দ.)। [সং. আ + মগ্ন]।

আম-চুর (p. 101) [āma-cura] বি. আমশি, শুকিয়ে রাখা আমের ছোট ছোট টুকরো।[বাং. আম3 + চুর (সং. চূর্ণ)]।

আমড়া (p. 101) [āmaḍ়ā] বি. লম্বাটে গোলধরনের টক স্বাদযুক্ত ফলবিশেষ। [সং. আম্রাতক]। ˜ গাছি বি. (বিশেষ উদ্দেশ্যসাধনের জন্য) তোষামোদ।

আমতা, আমতা-আমতা (p. 101) [āmatā, āmatā-āmatā] অব্য. অস্পষ্টভাবে স্বীকার বা অস্বীকার; হ্যাঁ বা না কোনোটাই স্পষ্টভাবে না বলা। [দেশি]।

আমদ (p. 101) [āmada] বি. আগমন, আসা। [ফা. আমদন্]।

আমদরবার (p. 101) [āmadarabāra] দ্র আম2।

আম-দানি (p. 101) [āma-dāni] বি. 1 দেশের বাইরে থেকে অর্থাত্ অন্য দেশ থেকে পণ্যদ্রব্য আনা, import; 2 আয়, আগম (পয়সাকড়ি কিছু আমদানি হচ্ছে কি?)। □ বিণ. আমদানি করা হয়েছে এমন (আমদানি মাল)। [ফা. আমদন্]।˜ শুল্ক বি. বিদেশ থেকে পণ্য আমদানি করার জন্য যে কর বা মাশুল দিতে হয়, import duty.

আমধুর (p. 101) [āmadhura] বিণ. ঈষত্ মধুর, কিছুটা মধুর; অনুগ্র মাধুর্যযুক্ত, খুব মধুর নয় তবে কিছুটা মধুর এমন। [বাং. আ + মধুর]।

আমন (p. 101) [āmana] বিণ. হৈমন্তিক, হেমন্তকালীন। □ বি. হৈমন্তিক ধান। [সং. হৈমন]।

আমন্ত্রণ (p. 101) [āmantraṇa] বি. 1 আহ্বান, নিমন্ত্রণ; 2 সম্ভাষণ। [সং. আ + √ মন্ত্র + অন]। আমন্ত্রক, আমন্ত্রয়িতা (-তৃ) বিণ. বি. আমন্ত্রণকারী। আমন্ত্রিত বিণ. ডেকে আনা বা সম্ভাষণ করা হয়েছে এমন।

আম-বাত (p. 101) [āma-bāta] বি. গায়ের চামড়ায় চুলকানিযুক্ত উদ্ভেদবিশেষ। [বাং. আম2 + বাত]।

আম-মোক্তার (p. 101) [āma-mōktāra] বি. বিষয়কর্ম নির্বাহের জন্য আইনত নিযুক্ত প্রতিনিধি। [আ. আম্ + ফা. মুখ্তার]। ˜ নামা বি. আমমোক্তার নিয়োগের দলিল, power of attorney.

আময় (p. 101) [āmaẏa] বি. রোগ, ব্যাধি (নিরাময়, উদরাময়)। [সং. আম1 + √ যা + অ]। আময়িক বিণ. রোগসম্বন্ধীয়; রোগনিরাময়সম্বন্ধীয়।

আময়দা, আমদা (p. 101) [āmaẏadā, āmadā] বিণ. প্রচুর, অনেক, অপরিমিত। [ফা. আমাদাহ্].

আ মর (p. 101) [ā mara] অব্য. মরণ হোক এই উক্তি; বিরক্তি ক্রোধ ব্যঙ্গ ইত্যাদি সূচক ধ্বনি (আ মর, আমি তার কী জানি)। [বাং আ3 + মর]।

আম-রক্ত (p. 101) [āma-rakta] বি. মলের সঙ্গে যে রোগে রক্ত পড়ে, রক্তাতিসার। [সং. আম1 + রক্ত]।

আমরণ (p. 101) [āmaraṇa] ক্রি-বিণ. মৃত্যু পর্যন্ত (আমরণ সংগ্রাম করা)। □ বিণ. মৃত্যু পর্যন্ত ব্যাপ্ত (আমরণ দুঃখ)। [সং. আ + মরণ]।

আম-রস (p. 101) [āma-rasa] বি. অপক্ক বা অপরিণত রসধাতু, chyme.[সং. আম4 + রস]।

আ মরি, আমরি (p. 101) [ā mari, āmari] অব্য. আহা মরি, মরি মরি; প্রশংসা বা বিদ্রূপের সূচক ধ্বনি ('মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা': অ. প্র.)। [বাং. আ + মরি]।

আম-রুল (p. 101) [āma-rula] বি. গুল্মজাতীয় টক স্বাদের শাকবিশেষ। [তু. সং. অম্ললোনী]।

আমর্শ (p. 101) [āmarśa] বি. 1 স্পর্শ; 2 পরামর্শ, উপদেশ; 3 প্রণিধান, চিন্তা (পরামর্শ)। [সং. আ + √ মৃশ্ + অ]। ˜ ন বি. উক্ত সব অর্থে।

আমর্ষ (p. 101) [āmarṣa] বি. 1 অক্ষমা; 2 ক্রোধ। [সং. অমর্ষ]।

আমল (p. 101) [āmala] বি. 1 সময়, যুগ, কাল (ঠাকুরদার আমল, হাল আমল); 2 রাজত্বকাল, শাসনকাল (আকবরের আমল); 3 অধিকার ('কটকে হইল আলিবর্দির আমল': ভা. চ.); 4 প্রশ্রয়; গুরুত্ব (কথায় আমল না দেওয়া)। আমল দেওয়া ক্রি. বি. গ্রাহ্য করা, গুরুত্ব দেওয়া। ˜ নামা বি. জমি ইত্যাদিতে দখল দেওয়ার জন্য লিখিত আদেশ। আমলে আনা ক্রি. বি. 1 গ্রাহ্য করা (কারও কথাই আমলে আনে না); 2 কোনো কাজ হাতে নেওয়া বা আরম্ভ করা।

আমলকী (p. 101) [āmalakī] বি. টক ও কষায় স্বাদযুক্ত ফলবিশেষ, আমলা; ওই ফলের গাছ। [সং. আ + √ মল্ + অক্ + ঈ]।

আমলা1 (p. 101) [āmalā1] বি. আমলকী। [বাং, তু. হি. আঁওলা]। ˜ তেল বি. আমলা থেকে তৈরি কেশবর্ধক তেল।

আমলা2 (p. 101) [āmalā2] বি. 1 কেরানি; 2 কর্মচারী; 3 উচ্চপদস্থ কর্মচারী। [আ. আমিল]। ˜ তন্ত্র বি. যে শাসনব্যবস্থায় উচ্চপদস্থ সরকারি কর্মচারিমণ্ডলই সর্বেসর্বা; bureaucracy.

আমলানো (p. 101) [āmalānō] ক্রি. ক্রমশ বা একটু একটু করে বেদনা অনুভূত হওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. আমলা + আনো]।

আমশি (p. 101) [āmaśi] বি. কাঁচা আমের ছোট ছোট চাকলা শুকিয়ে প্রস্তুত টক স্বাদের খাবার। [আম3 দ্র]। আমশি হওয়া, মুখ শুকিয়ে আমশি হওয়া ক্রি. বি. বিবর্ণ বা বিরস বা বিশীর্ণ হওয়া।

আম-সত্ত্ব (p. 101) [āma-sattba] বি. পাকা আমের রস (সচ.) রোদে শুকিয়ে প্রস্তুত মিষ্টি বা টকমিষ্টি খাবারবিশেষ। [বাং আম্ 3 + সং. সত্ত্ব]।

আমা1 (p. 101) [āmā1] বিণ. আধপোড়া (আমা ইট, আমা ঝামা)। [সং. আম 4 + বাং. আ তু. প্রাকৃ. আমঅ]।

আমা2 (p. 101) [āmā2] সর্ব. 1 আমি নিজে, স্বয়ং; 2 আমার (' আমা হতে এই কার্য হবে না সাধন': নবীন: আমাপানে চাও); 3 আমাকে। [সং. অহম্ > আমা তু. পা. অম্মাকং]।

আমাতি-সার (p. 101) [āmāti-sāra] বি. আমাশয় বা আমাশা রোগ. [সং. আম1 + অতিসার]।

আমানত (p. 101) [āmānata] বি. কারও কাছে গচ্ছিত বা জমা রাখা হয়েছে এমন ধন বা অন্য বস্তু (আমানতের পরিমাণ, বিপুল আমানত)। □ বিণ. গচ্ছিত. মজুত, জমা (আমানত টাকা)। [আ. আমানত্]. আমানত রাখা, আমানত করা ক্রি. বি. জমা দেওয়া, গচ্ছিত রাখা। আমানতি বিণ. গচ্ছিত বা জমা রাখা হয়েছে এমন (আমানতি টাকা)।

আমানি (p. 101) [āmāni] বি. পানতা ভাতের জল, কাঁজি। [দেশি]।

আমান্ন (p. 101) [āmānna] বি. অপক্ব বা আরাঁধা অন্ন। [সং. আম4 + অন্ন]।

আমার (p. 101) [āmāra] বিণ. মদীয়; নিজের। [বাং. 'আমি' শব্দের ষষ্ঠীর 1 বচনে]।

আমাশয়, (কথ্য) আমাশা (p. 101) [āmāśaẏa, (kathya) āmāśā] বি. 1 পেটে আমসঞ্চয়রোগ এবং তার ফলে উদরাময়; 2 পেটে আমসঞ্চয়ের স্থান, আমস্থলী। [সং. আম1 + আশয়]।

আমি (p. 101) [āmi] সর্ব. বক্তা স্বয়ং (আমি যেতে চাই)। □ বি. 1 আত্মবোধের অবলম্বন ('কোন পথে গেলে ও মা আমি মেলে': রা. প্র.); 2 সত্তা, আত্মা (আত্মার আমি); 3 অহংকার ('আমি যাবে মলে')। [< সং. অহম্]। ̃ ত্ব বি. আমি-র ভাব; অহংকার।

আমিক্ষা (p. 101) [āmikṣā] বি. (অপ্র.) ছানা। [সং. আ + √মিহ্ + স + আ]।

আমিন (p. 101) [āmina] বি. 1 তত্ত্বাবধানকারী কর্মচারী; 2 জমি জরিপকারী কর্মচারী। [আ. আমীন]। আমিনি বি. আমিনের কাজ। □ বিণ. আমিনসংক্রান্ত (আমিনি কমিশন, আমিনি দায়িত্ব)।

আমির (p. 101) [āmira] বি. 1 সম্ভ্রান্ত ও ধনী মুসলমান; 2 সম্ভ্রান্ত মুসলমানের বা নৃপতির উপাধিবিশেষ; 3 ধনী বা সম্ভ্রান্ত ব্যক্তি। [আ. আমীর]। ̃ ওমরাহ, ̃ ওমরা বি. 1 সম্ভ্রান্ত ও পদস্থ মুসলমান ব্যক্তিবর্গ; 2 মুসলমান শাসকের দরবারের বা রাজ্যের ক্ষমতাশালী মুসলমান গোষ্ঠী। আমিরি বি. আমিরের পদ বা দায়িত্ব বা মর্যাদা। □ বিণ. আমিরের মতো, আমিরসুলভ (আমিরি চাল)।

আমিষ (p. 101) [āmiṣa] বি. 1 মাংস; 2 মাছ-মাংসজাতীয় জৈব খাদ্য, আঁষ। [সং. আ + √মিষ্ + অ]। আমিষাশী (-শিন্) বিণ. আমিষভোজী, আমিষ খাদ্য খায় এমন।

আমুক্ত (p. 101) [āmukta] বিণ. 1 ঈষত্ মুক্ত, একটুখানি মুক্ত বা উন্মুক্ত; 2 পরিত্যক্ত। [সং. আ + √মুচ্ + ত]।

আমুদে (p. 101) [āmudē] বিণ. আমোদপ্রিয়; আমোদ বা রঙ্গরসিকতা করতে পারে এমন (আমুদে লোক); রসিক; হাসিখুশি। [সং. আমোদ + বাং. ইয়া > এ]।

আমূল (p. 101) [āmūla] বিণ. মূল পর্যন্ত বিস্তৃত; সম্পূর্ণ (আমূল পরিবর্তন)। ☐ ক্রি-বিণ. 1 মূল পর্যন্ত বা মূল থেকে; 2 আগাগোড়া, পুরোপুরি (আমূল বদলে গেছে)। [সং. আ + মূল]।

আমৃত্যু (p. 101) [āmṛtyu] ক্রি-বিণ. মৃত্যু পর্যন্ত; জীবনের শেষ দিন পর্যন্ত (আমৃত্যু মনে রেখেছিলেন)। [সং. আ + মৃত্যু]।

আমেজ (p. 101) [āmēja] বি. 1 রেশ (নেশার আমেজ, খুশির আমেজ); 2 আভাস, ঈষত্ প্রকাশ। [ফা.]।

আমোদ (p. 101) [āmōda] বি. 1 আহ্লাদ, হর্ষ, আনন্দ (খুব আমোদ পেয়েছে); 2 মজা; 3 উৎসব; 4 দূর থেকে ভেসে আসা গন্ধ; 5 সুগন্ধ। [সং. আ + √ মুদ্ + অ]।˜ ন বি 1 বিনোদন, amusement; 2 আমোদ করা; 3 সুরভিত করা।

আমোদিত বিণ. হর্ষযুক্ত; সুরভিত। আমোদী (-দিন্) বিণ. হর্ষযুক্ত; আমুদে; সুগন্ধজনক।

আম্পায়ার (p. 101) [āmpāẏāra] বি. ক্রিকেট, হকি ইত্যাদি খেলায় বিচারক। [ইং. umpire]।

আম্বা (p. 101) [āmbā] বি. 1 স্পর্ধা, আস্ফালন; 2 বড়াই; 3 দুরাকাঙ্ক্ষা। [দেশি]।

আম্মা (p. 101) [āmmā] বি. মা, মাতা। [সং. অম্বা-তু. উ. আম্মা; তু. আ. উম্ম]।

আম্র (p. 101) [āmra] বি. আম গাছ বা তার ফল। [সং. অম্র + অ]।˜ কানন বি. আমের বাগান।˜ পল্লব বি. আমের পল্লব বা কচি ডাল, আমের শাখা।

আম্রাত, আম্রাতক (p. 101) [āmrāta, āmrātaka] বি. আমড়া গাছ; আমড়া ফল। [সং. আম্র + √ অত + অ, অক]।

আম্ল (p. 101) [āmla] বিণ. অম্লরসযুক্ত অর্থাত্ টক স্বাদযুক্ত। [সং. অম্ল + অ]। আম্লা বি. 1 তেঁতুল গাছ; 2 আমলকী।

আম্লিক (p. 101) [āmlika] বিণ. 1 আম্লাত্মক, অম্লযুক্ত, টক; 2 অম্লসম্বন্ধীয়। [সং. অম্ল + ইক]। আম্লিক অক্সাইড acidic oxide (বি. প.)। আম্লিক সন্ধান acidic fermentation. আম্লিকা বি. তেঁতুল গাছ।

আযুক্ত (p. 101) [āyukta] বিণ. নিযুক্ত; ভারপ্রাপ্ত, in charge (স. প.)। [সং. আ + যুক্ত]।

আয় (p. 101) [āẏa] বি. 1 রোজগার, উপার্জন, কোনো কাজের বা শ্রমের বিনিময়ে অর্থাগম; 2 উপস্বত্ব। [সং. আ + √অয্ + অ]।˜ কর বি. আয়ের উপর ধার্য কর, income tax. □ বিণ. আয়জনক; লাভজনক।˜ ব্যয় বি. রোজগার ও খরচ; জমাখরচ।

আয়ত1 (p. 101) [āẏata1] বিণ. 1 বিস্তৃত, চওড়া, টানা টানা (আয়তনেত্র); 2 (সমচতুষ্কোণ সম্বন্ধে) বিষমবাহুবিশিষ্ট (আয়তক্ষেত্র)। [সং. আ + √যম্ + ত]।

আয়ত2 (p. 101) [āẏata2] বি. এয়োতি। [আয়তি1 দ্র]।

আয়তন (p. 101) [āẏatana] বি. 1 ক্ষেত্রমান, area; 2 ঘনমান, volume; 3 প্রস্থ, পরিসর, বিস্তার; 3 মন্দির, গৃহ, প্রতিষ্ঠান (অচলায়তন); 4 যজ্ঞবেদি; 5 (বৌ. শা.) চক্ষু কর্ণ ইত্যাদি ইন্দ্রিয়। [সং. আ + √ যত + অন]।

আয়ত-নেত্র, আয়ত-লোচন (p. 101) [āẏata-nētra, āẏata-lōcana] বিণ. বড় ও টানা টানা চোখবিশিষ্ট। [সং. আয়ত + নেত্র, লোচন]।

আয়তি1 (p. 101) [āẏati1] বি. সধবার লক্ষণ বা অবস্থা; এয়োতি। [অবিধবত্ব > আয়ত + ই, তু. এয়োতি]।

আয়তি2 (p. 101) [āẏati2] বি. দৈর্ঘ্য, লম্বার দিকে বিস্তার; আয়তন। [সং. আ + √ যম্ + তি]।

আয়তি3 (p. 101) [āẏati3] বি. 1 ভবিষ্যত্ কাল, উত্তর কাল; 2 ফলদানকাল; 3 সন্তান; বংশধর। [সং. আ + √ যা + তি]।

আয়ত্ত (p. 101) [āẏatta] বিণ. 1 অধীন, অধিকৃত; 2 অধিগত ('সমস্ত ঘটনাই মানববুদ্ধির আয়ত্ত নহে': শরত্); 3 কবলিত (দৈবায়ত্ত, করায়ত্ত)। □ বি. অধিকার (আয়ত্তের বাইরে, আয়ত্তে আনা)। [সং. আ + যত + ত]। বি. আয়ত্তি,˜ তা। আয়ত্তাধীন (বাং. প্র.) বিণ. আয়ত্ত; অধীন; অধিগত।

আয়ত্তি (p. 101) [āẏatti] বি. 1 অধিকার, দখল; 2 নাগাল (আয়ত্তির বাইরে); 3 সংযম; 4 দক্ষতা। [সং. আ + √ যম্ + তি]। আয়ত্তী-কৃত বিণ. অধিকৃত; দখলীকৃত।

আয়না (p. 103) [āẏanā] বি. যাতে কোনো ব্যক্তি বা বস্তুর প্রতিবিম্ব দেখা যায়, দর্পণ, আরশি (আয়নায় মুখ দেখা)। [ফা. আঈনা]।

আয়ব্যয় (p. 103) [āẏabyaẏa] দ্র আয়।

আয়মা (p. 103) [āẏamā] বি. ধর্মপ্রচারের বা পাণ্ডিত্যের পুরস্কারস্বরূপ মৌলবিরা মুসলমান শাসকদের কাছ থেকে যে নিষ্কর জমি পেতেন। [আ. আএমা]।˜ দার বি. যে ব্যক্তি আয়মা জমি ভোগ করে।

আয়স (p. 103) [āẏasa] বি. লোহা। □ বিণ. লোহাসংক্রান্ত, লোহাঘাটিত, লোহানির্মিত। [সং. অয়স্ + অ]। আয়সী বি. (স্ত্রী.) লোহার তৈরি বর্ম।

আয়াত1 (p. 103) [āẏāta1] বিণ. আগত (যাতায়াত)। [সং. আ + √যা + ত]।

আয়াত2 (p. 103) [āẏāta2] বি. কোরানের ক্ষুদ্রতম বাক্য। [আ.]।

আয়াত3 (p. 103) [āẏāta3] বি. এয়োত্ব, সধবার চিহ্ন। [আয়তি 1 দ্র]।

আয়াম1 (p. 103) [āẏāma1] বি. 1 বিস্তার, প্রসার; 2 দৈর্ঘ্য। [সং. আ + √যম্ + অ]।

আয়াম2 (p. 103) [āẏāma2] বি. 1 ঋতু বা মরশুম; 2 উপযুক্ত কাল। [আ. আইয়াম্]।

আয়াস (p. 103) [āẏāsa] বি. 1 কষ্ট, ক্লেশ; 2 দুঃখ; 3 শ্রান্তি, ক্লান্তি; 4 বিশেষ চেষ্টা ও যত্ন; 5 পরিশ্রম (অনায়াস সাফল্য)। [সং. আ + √ যম্ + অ]। ˜ সাধ্য বিণ. বিশেষ যত্ন বা পরিশ্রমের দ্বারা সাধন করা যায় এমন।

আয়াসী (p. 103) [āẏāsī] (-সীন্) বিণ. পরিশ্রমী, যত্নশীল (উদ্দেশ্য সিদ্ধির জন্য সতত আয়াসী); উদ্যোগী। [সং. আ + √যম্ + ইন্]।

আয়ি-আই (p. 103) [āẏi-āi] র বানানভেদ।

আয়ু (p. 103) [āẏu] (-য়ুম্) বি. পরমায়ু; জীবনকাল (দীর্ঘায়ু ব্যক্তি, স্বল্পায়ু, আয়ুশেষ)। [সং. √ই + উস্]।

আয়ুঃপ্রদ (p. 103) [āẏuḥprada] বিণ. যাতে আয়ু বাড়ে, আয়ুবৃদ্ধিকর। [সং. আয়ুঃ + প্রদ]।

আয়ুধ (p. 103) [āẏudha] বি. অস্ত্র, অস্ত্রশস্ত্র, প্রহারের যন্ত্র, প্রহরণ। [সং. আ + √ যুধ্ + অ]।

আয়ুবৃদ্ধি (p. 103) [āẏubṛddhi] বি. আয়ু বাড়া, পরমায়ুর বৃদ্ধি (পরিমিত আহার ও নিয়মিত শরীরচর্চায় আয়ুবৃদ্ধি হয়)। [সং. আয়ুঃ + বৃদ্ধি]। ̃ কর বিণ. আয়ু বাড়ায় এমন।

আয়ুর্বেদ (p. 103) [āẏurbēda] বি. ধন্বন্তরির উদ্ভাবিত চিকিৎসাবিদ্যা; কবিরাজি চিকিৎসাবিদ্যা। [সং. আয়ুঃ + বেদ]। আয়ুর্বেদীয় বিণ. আয়ুর্বেদসম্বন্ধীয়; আয়ুর্বেদসম্মত।

আয়ুষ্কর (p. 103) [āẏuṣkara] বিণ. পরমায়ু বাড়ায় এমন, আয়ুর্বৃদ্ধিকর। [সং. আয়ুঃ + √কৃ + অ]।

আয়ুষ্কাল (p. 103) [āẏuṣkāla] বি. জীবিতকাল, জীবনকাল, পরমায়ু। [সং. আয়ুঃ + কাল]।

আয়ুষ্টোম (p. 103) [āẏuṣṭōma] বি. দীর্ঘায়ু লাভের জন্য অনুষ্ঠিত যজ্ঞ। [সং. আয়ুঃ + স্তোম]।

আয়ুষ্মতী (p. 103) [āẏuṣmatī] দ্র আয়ুষ্মান।

আয়ুষ্মান (p. 103) [āẏuṣmāna] (-ষ্মত্) বিণ. দীর্ঘজীবি, দীর্ঘ পরমায়ুযুক্ত। [সং. আয়ুঃ + মত্]। স্ত্রী. আয়ুষ্মতী।

আয়েন্দা (p. 103) [āẏēndā] বি. আগামী সময়, ভবিষ্যত্। □ ক্রি-বিণ. এখন থেকে, এর পর থেকে। [ফা. আইন্দা]।

আয়েশ, আয়েস (p. 103) [āẏēśa, āẏēsa] বি. 1 সুখ (একটু আয়েশ করে নিই); 2 বিলাসিতা, বিলাস। [আ. আএশ]। আয়েশি, আয়েসি বিণ. আরামে অভ্যস্ত; বিলাসপ্রিয় (আয়েশি জীবন)।

আয়োগ (p. 103) [āẏōga] বি. 1 তদন্তের জন্য নিযুক্ত কমিশন বা সমিতি; 2 নিযুক্তি। [সং. আ + √যুজ্ + অ]।

আয়োজক (p. 103) [āẏōjaka] বিণ. বি. আয়োজনকারী, ব্যবস্থা বা ব্যবস্থাপনা করে এমন; উদ্যোগী। [সং. আ + √যুজ্ + অক]। আয়োজন বি. 1 জোগাড়, ব্যবস্থা; 2 উদ্যোগ; 3 কোনো অনুষ্ঠানের জন্য সংগৃহীত দ্রব্যসামগ্রী (ভোজের আয়োজন)। আয়োজিত বিণ. আয়োজন করা বা সংগৃহীত করা বা উদ্যোগ নেওয়া হয়েছে এমন।

আয়িডিন-আইয়োডিন (p. 103) [āẏiḍina-āiẏōḍina] এর প্রচলিত বাংলা রূপ।

আর (p. 103) [āra] সমু. অব্য. 1 এবং, ও (তুমি আর আমি); 2 এর বেশি (অনেক লিখেছি, আর কী লিখব?); 3 অতঃপর (রাত হয়েছে, আর গল্প নয়); 4 অথবা, কিংবা (চাও আর না চাও); 5 যুগপত্ (এইসব দেখি আর দুঃখ পাই); 6 পক্ষান্তরে, কিন্তু (শক্তের ভক্ত আর নরমের যম); 7 পুনরায়, আবার (আর সেকথা কেন?); 8 এখনও (আর কেন বৃথা চেষ্টা); 9 এখন (আর সেদিন নেই); 1 কখনো (ধানগাছে কি আর তক্তা হয়); 11 আগে বা পরে কখনো (এমনটি আর হবে না); 12 অবশ্য (তুমি তো আর গরিব নও); 3 তদবধি (গেলে আর ফিরলে না)। □ বিণ. 1 অন্য, অপর (আর কেউ, আর পারে আমবন); 2 দ্বিতীয়, অন্য একটি (আর এমন লোক পাবে না); 3 বিগত (আর বছর এসেছিল); 4 আগামী (আর শনিবারে যাব)। □ সর্ব. অন্য কিছু (এক করতে আর হয়)। [সং. অপর > আবার > আর]। আর-আর অব্য. বিণ. অন্যান্য (আর-আর লোকে, আর-আর দিন)। আরও অব্য. বিণ. বিণ-বিণ. ক্রি-বিণ. 1 অধিকতর (আরও কষ্ট, আরও ভালো, আরও কাঁদবে); 2 এ ছাড়া অন্য (আরও লোকে জানে); 3 অধিকন্তু (আরও শোনো)।

আরও (p. 103) [ārō] দ্র আর।

আরক (p. 103) [āraka] বি. 1 নির্যাস, সার (জোয়ানের আরক); 2 রস; 3 চোয়ানো মদ। [আ. আরক্]।

আরক্ত (p. 103) [ārakta] বিণ. 1 ঈষত্ রক্তবর্ণ, রক্তাভ (বিকেলের আরক্ত আকাশ); 2 গাঢ় লাল (আরক্ত চক্ষু)। [সং. আ + রক্ত]।˜ চক্ষু,˜ নয়ন,˜ লোচন বিণ. 1 রক্তবর্ণ চোখযুক্ত, চোখ লাল হয়েছে এমন; 2 ক্রুদ্ধ।˜ মুখ বিণ. (লজ্জায়) মুখ লাল হয়েছে এমন।

আরক্তিম (p. 103) [āraktima] বিণ. ঈষত্ লাল হয়েছে এমন (আরক্তিম কর্ণমূল)। [বাং. আ + রক্তিম]।

আরক্ষ (p. 103) [ārakṣa] বি. 1 থানা, ঘাঁটি; 2 রক্ষিসৈন্য। □বিণ. রক্ষক। [সং. আ + √রক্ষ্ + অ]। আরক্ষা বি. 1 আরক্ষণ, রক্ষণ; 2 পুলিশ (স. প.)। আরক্ষিক, আরক্ষী (-ক্ষিন্) বি. 1 পুলিশের কনস্টেবল; 2 প্রহরী।

আরজি, আর্জি (p. 104) [āraji, ārji] বি. 1 প্রার্থনা; 2 দরখাস্ত, আবেদন, petition. [আ. আরজ্]।

আরণ্য (p. 104) [āraṇya] বিণ. 1 বন্য, বনজাত (আরণ্য সম্পদ); 2 বনসম্বন্ধীয় (আরণ্য প্রকৃতি)। [সং. অরণ্য + অ]।˜ ক বিণ. বন্য। □ বি. 1 বেদের অন্যতম উপসংহারভাগ; 2 অরণ্যবাসী মৃগয়াজীবী গোষ্ঠী।

আরতি2 (p. 104) [ārati2] বি. 1 নিবৃত্তি; 2 গভীর আসক্তি, একান্ত অনুরাগ ('বঁধুর পিরীতি আরতি দেখিয়া': চণ্ডী)। [সং. আ + √রম্+ তি]।

আরতি3 (p. 104) [ārati3] বি. প্রদীপাদি দিয়ে দেবমূর্তি বরণ; নীরাজনা। [সং. আরাত্রিক]।

আর-দালি (p. 104) [āra-dāli] বি. অফিস কাছারি ইত্যাদি প্রতিষ্ঠানের বেয়ারা, পরিচারক বা পিয়ন; চাপরাশি। [ইং. orderly]।

আরন্ধ (p. 104) [ārandha] বি. ভাদ্রমাসের সংক্রান্তির অরন্ধন। [সং. অরন্ধন]।

আরব1 (p. 104) [āraba1] বি. 1 আরবদেশ; 2 আরবের অধিবাসী, আরবজাতি। [আ.]। আরবি বিণ. 1 আরব দেশে জাত বা উৎপন্ন; 2 আরবদেশসম্বন্ধীয় (আরবি রীতি)। □ বি. 1 আরবের অধিবাসী; 2 আরবদের ভাষা। আরব্য বিণ. আরবদেশীয় (আরব্য উপন্যাস)।

আরব2 (p. 104) [āraba2] বি. উচ্চ ধ্বনি; গর্জন। [সং. আ + √রু+ অ]।

আরব্ধ (p. 104) [ārabdha] বিণ. আরম্ভ করা হয়েছে এমন (আরব্ধ কাজ শেষ করা)। [সং. আ + √ রভ্ + ত]।

আরভ-মাণ (p. 104) [ārabha-māṇa] বিণ. 1 আরম্ভ করা হচ্ছে এমন; 2 আরম্ভ করছে এমন। [সং. আ + √রভ্ + মান (শানচ্)]।

আর-মানি (p. 104) [āra-māni] বি. আরমিনিয়ার অধিবাসী। □ বিণ. আরমিনিয়াদেশীয়; আরমিনিয়াসংক্রান্ত (আরমানি গির্জা)। [ইং. Armenia > আরমান + ই]।

আরম্ভ (p. 104) [ārambha] বি. 1 সূত্রপাত, শুরু (বিবাদের আরম্ভ এভাবেই হয়েছিল); 2 উৎপত্তি (সৃষ্টির আরম্ভ); 3 উপক্রম, উদ্যোগ; 4 প্রস্তাবনা। [সং. আ + √রভ্ + অ]। ˜ক বিণ. আরম্ভকারী; সূচনাকারী। আরম্ভিক বিণ. সূত্রপাতসংক্রান্ত; আরম্ভবিষয়ক; প্রারম্ভিক, গোড়াকার (আরম্ভিক ভাষণ)।

আরশ (p. 104) [āraśa] বি. সিংহাসন, রাজাসন ('খোদার আরশ': নজরুল)। [আ. আর্শ্]।

আরশি (p. 104) [āraśi] বি. আয়না, দর্পণ। [প্রাকৃ. আঅরিশ]।

আর-শোলা (p. 104) [āra-śōlā] বি. তেলাপোকা, গাঢ় ও চকচকে বাদামি রঙের পতঙ্গবিশেষ। [দেশি]।

আরাত্রিক (p. 104) [ārātrika] বি. আরতি, নীরাজনা ('আমাকে ও-পার থেকে আরাত্রিকে আহ্বান পাঠায়': সু. দ.)। [সং. অরাত্রি + ইক]।

আরাধক (p. 104) [ārādhaka] বিণ. উপাসক, যে পূজা বা উপাসনা করে, পূজক (শিবের আরাধক)। [সং. আ + √রাধ্ + ণিচ্ + অক]।

আরাধন, আরাধনা (p. 104) [ārādhana, ārādhanā] বি. 1 উপাসনা, পূজা (দেবতার আরাধনা); 2 প্রার্থনা। [সং. আ + √রাধ্ + অন, + আ]। আরাধনীয় বিণ. উপাসনার যোগ্য। আরাধিত বিণ. আরাধনা বা পূজা করা হয়েছে এমন। আরাধ্য বিণ. পূজার যোগ্য, আরাধনীয়। আরাধ্য-মান বিণ. পূজিত হচ্ছে এমন।

আরাব-আরব2 (p. 104) [ārāba-āraba2] এর অনুরূপ।

আরাম1 (p. 104) [ārāma1] বিণ. সুস্থ, রোগমুক্ত (আরাম হওয়া)। [ফা. আরাম]।

আরাম2 (p. 104) [ārāma2] বি. 1 আয়েশ (একটু আরাম করছি); 2 সুখ, আনন্দ; 3 বিশ্রাম; 4 উপবন, বাগান (সংঘারাম)। [সং. আ + √ রম্ + অ]।

আরাম-কেদারা (p. 104) [ārāma-kēdārā] বি. হেলান দিয়ে আরামে বসার উপযোগী চেয়ার, easy chair. [সং. আরাম + পো. cadeira]।

আরিন্দা (p. 104) [ārindā] বি. চিঠিপত্র খাজনা প্রভৃতির বাহক; পেয়াদা। [ফা. অরিন্দহ্]।

আরূঢ় (p. 104) [ārūḍh] বিণ. আরোহণ করেছে এমন (গজারূঢ়, অশ্বারূঢ়); অধিষ্ঠিত। [সং. আ + √রুহ্ + ত]।

আরে (p. 104) [ārē] অব্য. বিস্ময়, লজ্জা, বিরক্তি, ক্রোধ প্রভৃতিসূচক ও সম্বোধনসূচক শব্দ (আরে, তুমি কখন এলে!)। [তু. সং. অরে]।

আরেক (p. 104) [ārēka] বিণ. অন্য একটি বা একজন (আরেক দিন)। □ সর্ব. অন্য এক (একে গায় আরেকে শোনে)। [বাং. আর + এক]।

আরোগ্য (p. 104) [ārōgya] বি. 1 রোগমুক্তি, অসুখ সেরে যাওয়া (আরোগ্যলাভ); 2 রোগাভাব, সুস্থতা, স্বাস্থ্য। [সং. আরোগ + য]।˜ নিকেতন বি. রোগমুক্তির চিকিৎসালয়। আরোগ্যাতীত বিণ. যে রোগ সারে না, যে রোগের আরোগ্য সম্ভব নয়।

আরোপ (p. 104) [ārōpa] বি. 1 এক বস্তুতে অন্য বস্তুর গুণ বা ধর্ম সংস্থাপন, অধ্যাস (রজ্জুতে সর্পের আরোপ); 2 অর্পণ, স্থাপন; 3 অন্যায়ভাবে বা অসংগতভাবে দায়ী করা (দোষারোপ)। [সং. আ + √রুহ্ + ণিচ্ +অ]।˜ ক বিণ. আরোপকারী বা আরোপণকারী।˜ ণ বি. 1 আরোপ করা; 2 স্থাপন; 3 আরোহণ করানো; 4 ধনুকে জ্যা পরানো; 5 শস্য রোপণ। আরোপিত বিণ. আরোপ করা বা আরোপণ করা হয়েছে এমন।

আরোহ (p. 104) [ārōha] বি. 1 উচ্চতা; 2 দৈর্ঘ্য; 3 কটিদেশ; 4 নিতম্ব (বরারোহা); 5 শ্রেণী; 6 (দর্শ.) ফল বা কার্য থেকে কারণ অনুমাণ, induction. [সং. আ + √রুহ্ + অ]।˜ ণ বি. উপরে ওঠা।˜ ণী বি. সিঁড়ি, সোপান। আরোহী (-হিন্) বিণ. 1 আরোহণকারী; 2 (সংগীতে) ক্রমান্বয়ে ঊর্ধ্বদিকে গতিযুক্ত, ক্রমশ চড়ার দিকে যাচ্ছে এমন (আরোহী সুর); 3 (দর্শ.) কার্য দেখে কারণ বিচারের প্রণালীসম্মত, inductive. স্ত্রী. আরোহিণী।

আর্ক (p. 104) [ārka] বিণ. সৌর। [সং. অর্ক + অ]।˜ ফলা বি. 1 রেফ, ব্যঞ্জনবর্ণের মাথায় (র্) এই চিহ্ন; 2 (ব্যঙ্গে) টিকি, চৈতন।

আর্জব (p. 104) [ārjaba] বি. ঋজুতা, ঋজুভাব। [সং. ঋজু + অ]।

আর্জি-আরজি (p. 104) [ārji-āraji] র বানানভেদ।

আর্জুনি (p. 104) [ārjuni] বি. অর্জুনের পুত্র। [সং. অর্জুন + ই]।

আর্ট (p. 104) [ārṭa] বি. 1 চারুকলা, সুকুমার শিল্পকলা; 2 চিত্রাঙ্কন সাহিত্য নৃত্যগীতাদির অভিনয় প্রভৃতি অবলম্বনে রসসৃষ্টি; 3 সৌন্দর্যসৃষ্টির উদ্দেশ্যে কৃত্রিম ভঙ্গি (কথা বলার আর্টি)। [ইং. art]। আর্ট কলেজ চারুকলা বা শিল্পকলা লেখার প্রতিষ্ঠান।˜ পেপার বি. ছবি আঁকার উপযোগী পুরু ও বড় মাপের কাগজ।

আর্টস (p. 104) [ārṭasa] বি. 1 শিল্পকলাদি; 2 মানবিকী বিদ্যা। [ইং. arts]।

আর্ত (p. 104) [ārta] বিণ. 1 পীড়িত, দুঃখিত, ক্লেশিত, কাতর (শীতার্ত, আর্তজনের সেবা); 2 বিপন্ন। [সং. আ + √ঋ + ত]।˜ নাদ বি. কাতর বা আকুল চিৎকার; যন্ত্রণাক্লিষ্ট চিৎকার।

আর্তব (p. 104) [ārtaba] বি. স্ত্রীরজঃ। □ বিণ. 1 মরশুম বা ঋতুসংক্রান্ত; 2 স্ত্রীরজঃসংক্রান্ত। [সং. ঋতু + অ]।

আর্তি (p. 104) [ārti] বি. 1 যন্ত্রণা, কাতরতা, পীড়া; 2 দুঃখ (প্রাণের আর্তি)। [সং. √ঋ + তি]।

আর্থ (p. 104) [ārtha] বিণ. অর্থসম্বন্ধীয়, ধনবিষয়ক (আর্থসামাজিক অবস্থা)। [সং. অর্থ + অ]।

আর্থনীতিক (p. 104) [ārthanītika] বিণ. অর্থনীতিসম্বন্ধীয় (আর্থনীতিক পরিকল্পনা)। [সং. অর্থনীতি + ইক]।

আর্থিক (p. 104) [ārthika] বিণ. অর্থসম্বন্ধীয়, আর্থ (আর্থিক সচ্ছলতা, আর্থিক পরিস্থিতি)। [সং. অর্থ + ইক]।

আর্দ্র (p. 104) [ārdra] বিণ. 1 ভেজা, সজল (আর্দ্রনয়নে); 2 নরম (স্নেহার্দ্র)। [সং. √অর্দ্ + র]। বি.˜ তা।

আর্দ্রক (p. 104) [ārdraka] বি. আদা। [সং. আর্দ্র + ক]।

আর্দ্রা (p. 104) [ārdrā] বি. জ্যোতিষমতে সাতাশ নক্ষত্রের মধ্যে ষষ্ঠ নক্ষত্র। [সং. আর্দ্র + আ]।

আর্য (p. 104) [ārya] বি. 1 প্রাচীনকালে মধ্য এশিয়া থেকে ভারতে যে (আর্যভাষী) জাতি এসেছিল; 2 আর্যাবর্তের সম্মানীয় ব্যক্তি; 3 গুরুজন। □ বিণ. 1 মান্য, পূজা; 2 শ্রেষ্ঠ; 3 সৎকুলজাত; 4 সুসভ্য। [সং. √ঋ + য]।˜ তা বি. আর্যের ভাব; সদাচার।˜ পুত্র বি. (সংস্কৃতে সম্বোধনে) স্বামী।˜ সমাজ বি. দয়ানন্দ সরস্বতীর প্রতিষ্ঠিত বৈদিক ধর্মানুগামী সম্প্রদায়। আর্যা বিণ. আর্য-র স্ত্রীলিঙ্গ। □ বি. 1 শাশুড়ি; 2 মাননীয়া নারী; 3 সংস্কৃত ছন্দোবিশেষ; 4 (বাংলায়) পদ্যে রচিত গণিতের সূত্র (শুভংকরের আর্যা)। আর্যাবর্ত বি. (প্রাচীন আর্যদের দ্বারা অধ্যুষিত বলে) ভারতের উত্তরাংশ, উত্তরে হিমালয় থেকে দক্ষিণে বিন্ধ্যপর্বত পর্যন্ত বিস্তৃত ভূখণ্ড। [সং. আর্য + আবর্ত]।

আর্ষ (p. 104) [ārṣa] বিণ. 1 ঋষিসম্বন্ধীয়; 2 কোনো ঋষির উক্ত যদিও ব্যাকরণবিরুদ্ধ (আর্ষপ্রয়োগ)। [সং. ঋষি + অ]।

আর্হত (p. 104) [ārhata] বিণ. 1 অর্হৎসম্বন্ধীয়; 2 জৈনধর্মসম্বন্ধীয়। □ বি. 1 বুদ্ধবিশেষ; 2 জৈন। [সং. অর্হত্ + অ]।

আল1 (p. 104) [āla1] বি. জমির বাঁধ, আইল, এক জমি থেকে তার পাশের জমিকে আলাদা করার জন্য নির্মিত বাঁধ। [সং. আলি]।

আল2 (p. 104) [āla2] বি. 1 কীটপতঙ্গাদির হুল; 2 কোনো বস্তুর সূক্ষ্ম প্রান্ত (লাট্টুর আল); 3 বেধনাস্ত্র, awl (জুতো সেলাইয়ের আল); 4 খোঁচা, তীক্ষ্ণ বাক্যবাণ (কথার আল)। [সং. অল]।˜ কাটা বিণ. কাঠ বা লোহা সংযুক্ত করবার জন্য খাঁজ-কাটা।

আলংকারিক (p. 104) [ālaṅkārika] বিণ. অলংকারসম্বন্ধীয়; অলংকার হিসাবে ব্যবহৃত। □ বি. অলংকারশাস্ত্রে পণ্ডিত ব্যক্তি। [সং. অলংকার + ইক]।

আল-কাতরা (p. 104) [āla-kātarā] বি. পাথুরে কয়লা ইত্যাদি থেকে তৈরি গাঢ় কালো রঙ্গের আঠালো পদার্থ। [আ. অলকত্রহ্ তু. পো. alcatrao]।

আল-কাপ (p. 104) [āla-kāpa] বি. বাংলার আঞ্চলিক লোকগানবিশেষ।

আল-কুশি (p. 104) [āla-kuśi] বি. হুলের মতো আলযুক্ত লতাগাছ বা তার ফল। [বাং. আল2 + কুশি]।

আঁল-খাল্লা (p. 104) [ām̐la-khāllā] বি. হাঁটু পর্যন্ত ঝুলওয়ালা ঢিলে জামাবিশেষ। [আ. আল্খালিক্]।

আলগা (p. 104) [ālagā] বিণ. 1 আটকানো বা সংলগ্ন নয় এমন; 2 এলায়িত, শিথিল (ফাঁস আলগা করা, আলগা খোঁপা); 3 ফসকা (আলগা গেরো); 4 অনাবৃত, পোশাক পরা নয় এমন (আলগা গা); 5 আঢাকা (আলগা ভাত, তরকারিটা আলগা আছে); 6 খোলা (দরজা আলগা); 7 বেফাঁস, অসংযত (মুখ আলগা); 8 আন্তরিকতাহীন (আলগা সোহাগ); 9 অসাবধান, উদাসীন (আলগা পুরুষ); 1 সহজেই কাবু হয় এমন (আলগা শরীর)। [সং. অলগ্ন তু. হি. অলগ্, অল্লা]।

আল-গোছ (p. 104) [āla-gōcha] বিণ. অসংলগ্ন, আলগা, আলাদা, অন্যকিছুর সংস্পর্শ থেকে মুক্ত (বাসনগুলো আলগোছ করে রাখো)। [তু. সং. অলগ্ন তু. হি. অলগ]। আল-গোছে ক্রি-বিণ. 1 আলগাভাবে, আলতো করে (কাচের বাসনগুলো আলগোছে রেখো); 2 সন্তর্পণে (আলগোছে যাও)।

আলঙ্কারিক-আলংকারিক (p. 104) [ālaṅkārika-ālaṅkārika] এর বানানভেদ।

আল-জিভ, আল-জিব (p. 104) [āla-jibha, āla-jiba] বি. গলনালির মধ্যস্থ ছোট মাংসখণ্ড, উপজিহ্বা, uvula. [সং. অলিজিহ্বা]।

আল-টপকা (p. 104) [āla-ṭapakā] ক্রি-বিণ. হঠাত্, আচমকা, অপ্রত্যাশিতভাবে (আলটপকা এসে হাজির)। [দেশি তু. আ. আলুফ্ফা]।

আল-টাকরা (p. 104) [āla-ṭākarā] বি. গলনালির উপরে টাকরার পশ্চাদ্ভাগ, soft palate. [বাং. আল2 + টাকরা]।

আলটু-ফালটু (p. 104) [ālaṭu-phālaṭu] বি. আজেবাজে কথা; অর্থহীন ও অসার কথাবার্তা (আলটুফালটু বকা)। □ বিণ. উক্ত অর্থে (আলটুফালটু কথা)। [দেশি]।

আলতা (p. 104) [ālatā] বি. মেয়েদের পায়ের পাতার চার দিকে প্রলেপনীয় লাল রঙের তরল; লাক্ষারস। [সং. অলক্ত]।

আল-তারাফ, আল-তারাপ (p. 104) [āla-tārāpha, āla-tārāpa] বি. সিন্দুক আলমারি প্রভৃতির কপাট বন্ধ করার খিলবিশেষ। [আ. আলতর্ফ]।

আলতো (p. 104) [ālatō] বিণ. আলগা (আলতো করে বেঁধেছে)। [দ্রা. আলিঙ্গ্ তোলাহ্]।

আলনা (p. 104) [ālanā] বি. কাপড়চোপড় ঝুলিয়ে রাখার বা ভাঁজ করে রাখার কাঠের মঞ্চবিশেষ। [সং. আলম্বন]।

আল-পনা (p. 104) [āla-panā] বি. (সচ. জলে গোলা চালের গুঁড়ো দিয়ে) পূজার মণ্ডপ, দেবস্থান, ঘরের মেঝে প্রভৃতিতে আঁকা মাঙ্গল্য চিত্র। [< সং. আলেপন]।

আল-পাকা (p. 104) [āla-pākā] বি. ভেড়াজাতীয় পশুবিশেষ বা তার লোমজাত বস্ত্র। [ইং. alpaca]।

আল-পিন (p. 104) [āla-pina] বি. কাগজপত্র গাঁথবার জন্য ধাতুর তৈরি সরু ও ছোট কীলকবিশেষ। [পো. alfinete]।

আল-বত, আল-বাত (p. 104) [āla-bata, āla-bāta] অব্য. নিশ্চয়, অবশ্যই (আলবাত যাবে)। [আ. আল্বত্তাহ্]।

আল-বাঁধ (p. 106) [āla-bān̐dha] বি. জমির আল; বিভিন্ন খেতের সীমারেখা নির্দিষ্ট করার জন্য যে বাঁধ দেওয়া হয়। [বাং. আল + বাঁধ]।

আলবাত (p. 106) [ālabāta] দ্র আলবত।

আল-বার্ট (p. 106) [āla-bārṭa] বি. চুলের সামনের দিক ফাঁপিয়ে উচু করার ঢংবিশেষ; চুলের টেড়ি। [< Prince Albert]।

আলবাল (p. 106) [ālabāla] বি. জল সেচনের জন্য গাছের গোড়ায় মাটির ঘের। [সং. আ + লব + আ + √লা + অ]।

আল-বোলা (p. 106) [āla-bōlā] বি. লম্বা নলযুক্ত হুকাবিশেষ, গড়গড়া। [ফা. আল্বলা]।

আলম (p. 106) [ālama] বি. পণ্ডিত ব্যক্তি, বিদ্বান লোক। [আ. ইলম্]।

আলম-গির (p. 106) [ālama-gira] বি 1 জগতের শ্রেষ্ঠ ব্যক্তি; 2 মোগল সম্রাট ঔরঙ্গজেবের উপাধি। [আ ইলম + ফা গীর]

আলম-মারি (p. 106) [ālama-māri] বি. জামাকাপড় ও অন্যান্য (সচ.) দামি ও শৌখিন জিনিসপত্র রাখবার জন্য কপাটযুক্ত আধারবিশেষ। [পো. armario > ইং. almirah]।

আলম্ব (p. 106) [ālamba] বি. অবলম্বন; আশ্রয় (নিরালম্ব)। [সং. আ + √লম্ব্ + অ]। ˜ ন বি. অবলম্বন; আশ্রয়; আশ্রয় নেওয়া; (অল.) স্থায়িভাবের সঞ্চারক বিভাববিশেষ। আলম্বিত বিণ. অবলম্বিত; ধৃত; প্রলম্বিত। আলম্বী (-ম্বিন্) বিণ. আলম্বনকারী; লম্বমান।

আলয় (p. 106) [ālaẏa] বি. 1 বাড়ি, গৃহ (দেবালয়, শ্বশুরালয়); 2 বাসস্থান (লোকালয়, মনুষ্যালয়); 3 আশ্রয় (মঙ্গলালয়); 4 আধার (হিমালয়)। [সং. আ + √লী + অ]।

আলসে1 (p. 106) [ālasē1] বি. পাকা বাড়ির ছাদের প্রান্ত বা উচু কিনারা, কার্নিশ; আলিসা। [সং. আলি + বাং. সা = আলিসা > আলসে]।

আলসে2অলস (p. 106) [ālasē2alasa] এর কথ্য রূপ।

আলস্য (p. 106) [ālasya] বি. 1 অলসতা, কুঁড়েমি; 2 জড়তা; 3 পরিশ্রমে অনিচ্ছা। [সং. অলস + য]।˜ ত্যাগ বি. কুঁড়েমি বা জড়তা দূর করা, দেহের জড়তা দূর করা।

আলা1-ওয়ালা1 (p. 106) [ālā1-ōẏālā1] এর রূপভেদ।

আলা2 (p. 106) [ālā2] বি. আলো বা আলোকিত অবস্থা ('আলার ভিতরে কালাটি রয়েছে': চণ্ডী; আলায় আলায় চলে যাই)। □ বিণ. আলোকিত; উদ্ভাসিত ('ভুবন হয়েছে আলা')। [সং. আলোক]।

আলা3 (p. 106) [ālā3] বিণ. প্রথম, শ্রেষ্ঠ (সদরআলা)। [আ. আলা]।

আলাং-আলাং (p. 106) [ālā-ṃālā] বি. 1 আবোলতাবোল; 2 বাগাড়ম্বর বা গালভারী কথা। [দেশি]।

আলাত (p. 106) [ālāta] বিণ. অলাত বা জ্বলন্ত অঙ্গারসম্বন্ধীয়। [সং. অলাত + অ]। □ বি. জ্বলন্ত অঙ্গার।

আলাদা (p. 106) [ālādā] বিণ. 1 ভিন্ন, অন্য বা অন্যরকম (আলাদা বিছানায় শোয়); 2 স্বতন্ত্র, পৃথক (এটাকে আলাদা রাখো) [আ. আলাহিদা]।

আলাদিনের প্রদীপ (p. 106) [ālādinēra pradīpa] আশ্চর্য জাদুময় প্রদীপ যা দিয়ে অসাধ্যসাধন করা যায়।

আলান (p. 106) [ālāna] বি. 1 যে স্তম্ভে বা খুঁটিতে হাতিকে বাঁধা হয়, হস্তিবন্ধনস্তম্ভ; 2 জীবজন্তু বেঁধে রাখার জন্য খুঁটি বা গোঁজ। [সং. আ + √ লা + অন]।

আলানো (p. 106) [ālānō] ক্রি. 1 আলুলায়িত করা, এলোমেলো করা; 2 ধান বা শস্যাদি ছড়িয়ে দেওয়া; 3 আলগা করা; 4 খোলা, খুলে দেওয়া (পাঁজি আলানো)। [সং. আকুল > বাং. আউল + আনো]।

আলাপ (p. 106) [ālāpa] বি. 1 কথাবার্তা; 2 সম্ভাষণ; 3 মার্গ বা উচ্চাঙ্গ সংগীতে প্রারম্ভিক সুরবিস্তার; 4 (বাং.) জানাশুনা, পরিচয় (দুদিনের আলাপে মানুষ চেনা যায় না)। [সং. আ + √লপ্ + অ]। ˜ চারী বি. 1 সুরের আলাপ, সুর ভাঁজা; 2 কথাবার্তা, কথোপকথন। □ বিণ. আলাপযোগ্য। ˜ ন বি. কথোপকথন, কথাবার্তা। ˜ পরিচয়, ˜ সালাপ বি. পরস্পর কথোপকথন; ঘনিষ্ঠ আলাপ। আলাপিত বিণ. 1 আলাপ করা হয়েছে এমন; 2 (বাং.) পরিচিত। আলাপী (-পিন্) বিণ. 1 আলাপপ্রিয়; 2 (বাং.) পরিচিত। □ বি. পরিচিত ব্যক্তি (উনি আমার এক পুরোনো আলাপী)। স্ত্রী. আলাপিনী।

আলা-ভোলা (p. 106) [ālā-bhōlā] বিণ. 1 সাদাসিধে, সরল; 2 কোনো দিকে খেয়াল নেই এমন; উদাসীন; 3 অল্পেই তুষ্ট। □ সাদাসিধে বা বেখেয়ালি লোক। [হি. বালা ভোলা]।

আলাম (p. 106) [ālāma] বি. দণ্ড, ধ্বজ, flagstaff. [< সং. আলম্ব]।

আলাল (p. 106) [ālāla] বিণ. ধনী। [হি. আলাল (অকর্মণ্য) -তু. হি. লাল]। আলালের ঘরের দুলাল বড়লোকের ঘরের আদুরে এবং বয়ে-যাওয়া ছেলে।

আলিহিয়া বিলাবল (p. 106) [ālihiẏā bilābala] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [হি. অলহিয়া + বিলাবল -তু. বেলাবলী]।

আলি1 (p. 106) [āli1] বি. 1 সম্ভ্রান্ত মুসলমান পুরুষের পদবিবেশেষ; 2 মোহম্মদের জামাতা ও প্রধান শিষ্য। □ বিণ. 1 উদার; 2 উন্নত, উচ্চ। [আ. আলী]।

আলি2 (p. 106) [āli2] বি. সখী; সঙ্গিনী। [সং. আ + √অল্ + ই -তু. হি. সহেলী]।

আলি3 (p. 106) [āli3] বি. 1 জমির বাঁধ, আল, আইল; 2 সারি, শ্রেণী (গীতালি)। [সং. আ + √ অল্ + ই -তু. আবলি]।

আলিখিত (p. 106) [ālikhita] বিণ. 1 লিখিত; 2 অঙ্কিত; 3 চিত্রিত, চিত্রে অঙ্কিত। [সং. আ + লিখিত]।

আলিঙ্গন (p. 106) [āliṅgana] বি. কোলাকুলি, বুকে জড়িয়ে ধরা, আশ্লেষ। [সং. আ + √লিনগ্ + অন]। আলিঙ্গিত বিণ. আলিঙ্গন করা হয়েছে এমন।

আলিপনা-আলপনা (p. 106) [ālipanā-ālapanā] র অপ্র. রূপভেদ।

আলিপ্ত (p. 106) [ālipta] বিণ. ভালোভাবে বা প্রকৃষ্টভাবে লিপ্ত বা চর্চিত (আলিপ্ত চন্দন)। [সং. আ + লিপ্ত]।

আলিম (p. 106) [ālima] বি. বিদ্বান ব্যক্তি, পণ্ডিত লোক। [অ. ইলম্]।

আলিম্পন, আলিম্পনা (p. 106) [ālippana, ālippanā] বি. আলপনা; আলপনা দেওয়া। [সং. আ + √লিপ্ > লিম্প্ + অন + আ]।

আলিসা -আলসে (p. 106) [ālisā -ālasē] র মার্জিত কিন্তু বর্ত. অপ্র. রূপ। [দ্র আলসে1]।

আলী1, 2, 3-আলি1, 2, 3 (p. 106) [ālī1, 2, 3-āli1, 2, 3] এর বার্জি. বানানভেদ।

আলীঢ় (p. 106) [ālīḍh̤] বিণ. 1 লেহন করা বা চাটা হয়েছে এমন; 2 স্বাদ নেওয়া হয়েছে এমন, আস্বাদিত। □ বি. বাণ নিক্ষেপের সময় বাম হাঁটু মুড়ে ডান পা সামনের দিকে প্রসারিত করে বসার ভঙ্গি। [সং. আ + √লিহ্ + ত]।

আলীন (p. 106) [ālīna] বিণ. 1 বিলীন, লুপ্ত, লয়প্রাপ্ত; 2 পরিব্যাপ্ত। [সং. আ + লীন]।

আলু1 (p. 106) [ālu1] বি. যে সুপরিচিত কন্দ বা মূল সবজি হিসাবে খাওয়া হয় (গোল আলু, লাল আলু, আলুর দম)। [দেশি]। ˜ কাবলি বি. আলু, মটর প্রভৃতি সিদ্ধ করে মশলা পেঁয়াজ সহযোগে প্রস্তুত নোনতা ও ঝাল খাবার।

আলু2 (p. 106) [ālu2] সংস্কৃত কৃৎপ্রত্যয়বিশেষ, আলুচ্ (নিদ্রালু, দয়ালু, তন্দ্রালু)।

আলুই (p. 106) [ālui] বি. কালমেঘের পাতা জোয়ান প্রভৃতি মিশিয়ে প্রস্তুত শিশুদের ওষুধবিশেষ। [দেশি]।

আলু-থালু (p. 106) [ālu-thālu] বিণ. 1 আলুলায়িত (আলুথালু চুল); 2 অসংবৃত, এলোমেলো (আলুথালু বেশ)। [< সং. আলুলায়িত]।

আলুনি (p. 106) [āluni] বিণ. লবণহীন, নুন কম দেওয়া হয়েছে বা দেওয়া হয়নি এমন (আলুনি তরকারি)। [বাং. আ + লুন + ই]।

আলুফা (p. 106) [āluphā] বিণ. অনায়াসে কিংবা বিনা ব্যয়ে পাওয়া গেছে এমন। [আ. আলুফ্ফাহ]।

আলু-বোখরা (p. 106) [ālu-bōkharā] বি. কুলজাতীয় কাবুলি ফলবিশেষ। [তু. আলু + বোখারা]।

আলুর দোষ, আলু-দোষ (p. 106) [ālura dōṣa, ālu-dōṣa] বি. (আশি.) মেয়েদের প্রতি পুরুষের মাত্রাতিরিক্ত ও অশোভন আসক্তি।

আলুলায়িত (p. 106) [ālulāẏita] বিণ. অসম্বন্ধ, এলানো; এলোমেলো (আলুলায়িত কেশ)। [সং. আ + √নুড্ (=লুল্) অ = আলুল + য = √আলুলায় + ত]।

আলুলিত (p. 106) [ālulita] বিণ. এলানো; এলোমেলো। [< সং. আলুলায়িত]।

আলেকম, আলেকুম (p. 106) [ālēkama, ālēkuma] মুসলমানদের নমস্কার ও প্রতিনমস্কারের উক্তি। [আ. আলেকুম]।

আলেখা (p. 106) [ālēkhā] বিণ. লেখা হয়নি এমন, অলিখিত (আলেখা চিঠি)। [বাং. আ3 + লেখা]।

আলেখ্য (p. 106) [ālēkhya] বি. ছবি. অঙ্কিত চিত্র (আলেখ্যদর্শন); অঙ্কিত প্রতিমূর্তি। [সং. আ + √লিখ্ + য]।

আলেপ, আলেপন (p. 106) [ālēpa, ālēpana] বি. 1 লেপন; 2 প্রলেপ দেওয়া, প্রলেপন; 3 আলপনা। [সং. আ + √ লিপ্ + অ, অন]।

আলেম -আলিম (p. 106) [ālēma -ālima] এর রূপভেদ।

আলেয়া (p. 106) [ālēẏā] বি. 1 (সাধারণত রাতে) জলাভূমিতে দৃষ্ট জ্বলন্ত গ্যাস যাতে প্রায়ই পথিকের পথভ্রম ঘটে, will-o-the-wisp; 2 (আল.) বিভ্রান্তিকর বস্তু, প্রহেলিকা। আলেয়ার আলো (আল.) মিথ্যা মায়া।

আলো (p. 106) [ālō] বি. 1 আলোক (আলেয়ার আলো, প্রদীপের আলো); 2 প্রদীপ, দীপ (একটা আলো নিয়ে এসো)। [সং. আলোক]। আলো করা ক্রি-বি. আলোকিত বা উদ্ভাসিত করা; উজ্জ্বল করা, মহিমান্বিত করা (পরিবারের মুখ আলো করেছে)। আলো-আঁধারি বি. 1 আলোক ও অন্ধকারের মিশ্রণ; 2 খানিকটা বোঝা যায় এবং খানিকটা বোঝা যায় না এমন ভাষায় বা ভাবে বর্ণনা বা চিত্রণ।˜ ছায়া বি. আঁকা ছবিতে যুগপত্ আলোক ও অন্ধকারের বা স্পষ্টতা ও অস্পষ্টতার মিশ্রণ, chiaroscuro. আলো-আঁধারি। আলোয়-আলোয় ক্রি-বিণ. 1 দিনের আলো থাকতে থাকতে (আলোয়-আলোয় বাড়ি ফিরতে হবে); 2 (আল.) সুদিন থাকতে থাকতে।

আলোক (p. 106) [ālōka] বি. 1 দীপ্তি, জ্যোতি, প্রভা বা উজ্জ্বলতা, যার সাহায্যে সমস্ত কিছু দৃশ্যমান হয়; 2 কিরণ (সূর্যালোক)। [সং. আ + √লোক্ + অ]।˜ চিত্র বি. ফোটোগ্রাফ।˜ চ্ছটা বি. আলোকরশ্মি।˜ পাত বি. জ্ঞানের আলো নিক্ষেপ, অজানা তথ্যাদি পরিবেষণ (এ বিষয়ে আলোকপাত করুন)।˜ বর্ষ বি. (জ্যোতি.) এক বছরে আলো যে দূরত্ব অতিক্রম করে, light year.˜ বিজ্ঞান বি. আলোক ও দৃষ্টিসম্বন্ধীয় তত্ত্ব, দৃষ্টিবিজ্ঞান, optics.˜ লতা বি. পরগাছাবিশেষ।˜ শক্তি বি. শক্তিরূপ আলোক, শক্তিতে রূপান্তরিত বা শক্তি হিসাবে ব্যবহৃত আলোক, light energy.˜ সংকেত বি. জাহাজ বিমানপোত প্রভৃতিকে আলো দেখিয়ে পথের নিশানা জানাবার বিশেষ ব্যবস্থা, beacon.˜ সজ্জা বি. আলো বা প্রদীপ জ্বেলে মণ্ডপসজ্জা।˜ সম্পাত বি. সিনেমা থিয়েটায় ইত্যাদিতে নানা কোণ থেকে নানাভাবে আলো ফেলবার কৌশল।˜ স্তম্ভ বি. (সচ. সমুদ্রতীরে) জাহাজকে আলো দেখাবার জন্য স্থাপিত উঁচু বাতিঘর, light house. আলোকিত বিণ.

আলোকের দ্বারা উজ্জ্বল বা দীপ্তিমান; দীপ্ত, উদ্ভাসিত। আলোকোজ্জ্বল বিণ. উদ্ভাসিত, দীপ্ত।

আলোকন (p. 106) [ālōkana] বি. 1 অবলোকন, দর্শন, দেখা। [সং. আ + √ লোক্ + অন]; 2 দেখানো, প্রদর্শন। [সং. আ + √লোক্ + ণিচ্ + অন]। আলোকনীয় বিণ. দর্শনীয়, দেখার মতো।

আলোচক (p. 106) [ālōcaka] দ্র আলোচনা।

আলোচনা, আলোচন (p. 106) [ālōcanā, ālōcana] বি. 1 বিচারবিবেচনা; 2 অনুশীলন, চর্চা। [সং. আ + √লোচ্ + অন + আ]। আলোচক বিণ. বি. যে আলোচনা করে। আলোচনা-চক্র বি. যে সভায় কোনো একটি বিষয় নিয়ে নানাজনে আলোচনা করে, seminar. আলোচনীয়, আলোচ্য বিণ. আলোচনার যোগ্য, আলোচনা করা উচিত বা করতে হবে এমন (আলোচ্য বিষয়)। আলোচিত বিণ. যা নিয়ে আলোচনা হয়েছে; বিচারিত।

আলো-চাল (p. 106) [ālō-cāla] বি. আতপ চাল, সূর্যের আলোয় অর্থাত্ রোদে শুকিয়ে যে চাল তৈরি হয়।

আলোচিত, আলোচ্য (p. 106) [ālōcita, ālōcya] দ্র আলোচনা।

আলোছায়া (p. 106) [ālōchāẏā] দ্র আলো।

আলোড়ন (p. 106) [ālōḍ়na] বি. 1 আন্দোলন; প্রবল নাড়াচাড়া; 2 আবর্তন, মন্হন, ঘোটন। [সং. আ + √ লুড় + অন]। আলোড়ক বি. 1 যে আলোড়ন করে; 2 আলোড়নদণ্ড। আলোড়িত বিণ. আলোড়ন করা হয়েছে এমন (সংশয়ে মন আলোড়িত)।

আলোনা (p. 108) [ālōnā] বিণ. লবণাক্ত নয় এমন, লবণহীন (আলোনা জল, আলোনা ঝোল)। [বাং. আ3 + লোনা]।

আলোয়ান (p. 108) [ālōẏāna] বি. গায়ের (সচ.) গরম চাদর; পাড়বিহীন গরম গায়ের চাদর। [আ. আল্ওয়ান্]।

আলোল (p. 108) [ālōla] বিণ. 1 ঈষত্ চঞ্চল; 2 বিলোল, আলোড়িত (আলোল কুন্তল)। [সং. আ + লোল]।

আলোহিত (p. 108) [ālōhita] বিণ. ঈষত্ লাল, রক্তাভ। [সং. আ + লোহিত]।

আল্লা, আল্লাহ্ (p. 108) [āllā, āllāh] বি. পরমেশ্বর, ভগবান, খোদা। [আ. অল্লাহ্]।

আশ1 (p. 108) [āśa1] বি. আহার, ভোজন (প্রাতরাশ)। [সং, √ অশ্ + অ]।

আশ2 (p. 108) [āśa2] বি. আশা, আকাঙ্ক্ষা, বাসনা, কামনা (আশ মিটিয়ে খাও)। [< সং. আশা বা আশয়]। আশ মিটিয়ে ক্রি-বিণ. মনের সাধ পূরণ করে।

আশংসন, আশংসা (p. 108) [āśaṃsana, āśaṃsā] বি. 1 আশা, প্রত্যাশা; 2 কামনা (শুভাশংসা); 3 সম্ভাবনা। [সং. আ + √ শন্স্ + অন, অ + আ]। আশংসিত বিণ. প্রত্যাশিত; আকাঙ্ক্ষিত; প্রার্থিত; সম্ভাবিত।

আশক (p. 108) [āśaka] বিণ. বি. প্রেমিক, প্রণয়ী। [আ. আশিক্]।

আশ-কারা (p. 108) [āśa-kārā] বি. 1 প্রশ্রয় (ছেলেকে বড্ড আশকারা দিয়েছে); 2 তদন্তের ফলে গোপন অপরাধ প্রকাশ (খুনের আশকারা)। [ফা. আশ্কারা]।

আশঙ্কনীয় (p. 108) [āśaṅkanīẏa] বিণ. আশঙ্কার যোগ্য, ভয়প্রদ, যাতে ভয় হয়। [সং. আ + √ শঙ্ক্ + অনীয়]।

আশঙ্কা (p. 108) [āśaṅkā] বি. 1 ভয়, শঙ্কা; 2 সংশয়। [সং. আ + শঙ্কা]। আশঙ্কিত বিণ. আশঙ্কা করা হয়েছে এমন; ভীত, ত্রস্ত (আশঙ্কিত হয়ো না, আমরা তো আছি)।

আশ-নাই (p. 108) [āśa-nāi] বি. 1 বন্ধুত্ব, বন্ধুভাব; 2 অবৈধ প্রেম। [ফা. আশনহ্]।

আশ-পাশ (p. 108) [āśa-pāśa] বি. কাছাকাছি জায়গা, নিকটবর্তী চারদিক (আশপাশ থেকে আওয়াজ আসছে)। [পাশ-এর সহচর শব্দ আশ]। আশ-পাশে, আশে-পাশে ক্রি-বিণ. চার দিকে, এদিকে-ওদিকে (আশেপাশে কোথাও নিশ্চয় আছে জিনিসটা)।

আশ-মান (p. 108) [āśa-māna] বি. আকাশ। [ফা.]। আশমান-জমিন ফারাক আকাশ-পাতাল তফাত, বিরাট পার্থক্য। আশমানি বিণ. 1 আকাশসম্বন্ধীয়; 2 আকাশের মতো হালকা নীল রঙের (আশমানি রং)। □ বি. আকাশি নীল রং।

আশয় (p. 108) [āśaẏa] বি. 1 মন, অন্তঃকরণ (নীচাশয়, মহাশয়); 2 আধার (জলাশয়); 3 অভিপ্রায়, ইচ্ছা, অভিলাষ। [সং. আ + √ শী + অ]।

আশ-রফি (p. 108) [āśa-raphi] বি. স্বর্ণমুদ্রাবিশেষ, মোহর। [ফা. আশরফী]।

আশা1-আসা1 (p. 108) [āśā1-āsā1] এর বানানভেদ।

আশা2 (p. 108) [āśā2] বি. 1 প্রার্থিত বস্তু পাবার সম্ভাবনায় বিশ্বাস (চাকরির আশা); 2 ভরসা (ছেলের উপর আশা); 3 দিক (পূর্বাশা)। [সং. আ + √ অশ্ + অ + আ]। ˜ ; জনক আশা জাগায় এমন।˜ তিরিক্ত বিণ. যতটা আশা করা যায় বা উচিত তার চেয়ে বেশি (আশাতিরিক্ত সাফল্য)।˜ তীত বিণ. আশাতিরিক্ত- র অনুরূপ।˜ ন্বিত বিণ. আশাযুক্ত, অন্তরে আশা আছে এমন (আপনার কথায় আশান্বিত হচ্ছি)।˜ পতি বি. দিকপাল।˜ বাদ বি. আশা পোষণ করার স্বভাব, আশা ত্যাগ না করা।˜ বাদী বিণ. সবসময় আশা পোষণ করা উচিত এই মতে বিশ্বাসী; শেষ পর্যন্ত সবকিছুই ভালো হবে এই বিশ্বাসে বিশ্বাসী।˜ ভরসা বি. বলভরসা, সহায় ও সম্বল (তোমরাই এখন আমার আশাভরসা)।˜ হত বিণ. হতাশ; ভরসাহীন।˜ হীন-আশাহত র অনুরূপ।

আশান-আসান (p. 108) [āśāna-āsāna] এর বানানভেদ।

আশা-বরি (p. 108) [āśā-bari] বি. সংগীতের প্রাতঃকালীন রাগিণীবিশেষ। [আ. আসারবী]।

আশি (p. 108) [āśi] বি. বিণ. ৪ সংখ্যা বা সংখ্যক; অশীতি। [সং. অশীতি]।

আশিস (p. 108) [āśisa] (-শীঃ, শিস্) বি. আশীর্বাদ; গুরুজনের শুভেচ্ছা প্রকাশ। [সং. আ + শাস্ + ক্বিপ্]।

আশী (p. 108) [āśī] বি. সাপের বিষদাঁত (আশীবিষ)। [সং. আ + √ শাস্ + ক্বিপ্]।˜ বিষ বি. যার দাঁতে বিষ থাকে অর্থাত্ সাপ (আশীবিষের দংশন)।

আশীর্বচন, আশীর্বাদ (p. 108) [āśīrbacana, āśīrbāda] বি. গুরুজনের দ্বারা মঙ্গল কামনা বা শুভেচ্ছা প্রকাশ। [সং. আশিস্ + বচন, বাদ]। আশীর্বাদক বি. বিণ. আশীর্বাদকারী। স্ত্রী. আশীর্বাদিকা। আশীর্বাদি বিণ. আশীর্বাদের সঙ্গে প্রদেয় (আশীর্বাদি ফুল)। □ বি. আশীর্বাদসহ প্রদেয় বা প্রদত্ত বস্তু। [আশীর্বাদ + বাং. ই]।

আশীষ-আশিস (p. 108) [āśīṣa-āśisa] এর রূপভেদ।

আশু1 (p. 108) [āśu1] দ্র আউস।

আশু2 (p. 108) [āśu2] অব্য. বিণ. শীঘ্র, ক্ষিপ্র, দ্রুত (আশু প্রতিকার)। □ ক্রি-বিণ. সত্বর, দ্রুত, অবিলম্বে। [সং. √ অশ্ + উ]।˜ গ,˜ গতি,˜ গামী (-মিন্)

বিণ. দ্রুতগামী। স্ত্রী.˜ গামিনী।˜ তোষ বি. 1 যে শীঘ্র বা অল্পে তুষ্ট হয়; 2 শিব।˜ পাতী (-তিন্) বিণ. খুব শীঘ্র পড়ে বা ঝরে যায় এমন।

আশেপাশে (p. 108) [āśēpāśē] দ্র আশপাশ।

আশৈশব (p. 108) [āśaiśaba] অব্য. ক্রি-বিণ. শিশুকাল থেকে (আশৈশব সংগীতচর্চা করছেন)। [সং. আ + শৈশব]।

আশোয়ার (p. 108) [āśōẏāra] বি. অশ্বারোহী যোদ্ধা। [তু. সং. অশ্ববার তু. ফা. সওয়ার]।

আশ্চর্য (p. 108) [āścarya] বিণ. 1 বিস্মিত (তার কথা শুনে আশ্চর্য হয়ে গেলাম); 2 অদ্ভুত, বিস্ময়কর (এ কী আশ্চর্য ব্যাপার)। □ বি. 1 অদ্ভুত ঘটনা বা ব্যাপার, বিস্ময় (আশ্চর্যের কথা); 2 বিস্ময়ের বিষয় (পৃথিবীর সপ্তম আশ্চর্য)। [সং. আ + √ চর্ + য]। আশ্চর্যান্বিত বিণ. বিস্মিত, অবাক হয়ে গেছে এমন।

আশ্বস্ত (p. 108) [āśbasta] বিণ. ভরসা পেয়েছে এমন, ভয় বা উদ্বেগ থেকে মুক্তি পেয়েছে এমন (আপনার কথা শুনে আশ্বস্ত হলাম)। [সং. আ + √ শ্বস্ + ত]। বি. আশ্বাস।

আশ্বাস (p. 108) [āśbāsa] বি. 1 ভরসা, অভয়; 2 প্রবোধ, সান্ত্বনা; 3 উৎসাহদান (আশ্বাস দেওয়া)। [সং. আ + √ শ্বস্ + অ]।˜ ক বিণ. বি. আশ্বাসদানকারী।˜ ন বি. আশ্বাস দেওয়া। আশ্বাসিত বিণ. আশ্বাস দেওয়া হয়েছে এমন, আশ্বস্ত।

আশ্বিন (p. 108) [āśbina] বি. বাংলা সনের ষষ্ঠ মাস। [সং. অশ্বিনী (নক্ষত্র) + অ]। আশ্বিনে বিণ. আশ্বিন মাসের বা আশ্বিন মাসে ঘটে এমন (আশ্বিনে ঝড়)।

আশ্রম (p. 108) [āśrama] বি. 1 সংসারত্যাগী সাধু বা তপস্বীদের আবাস, শাস্ত্রচর্চার বা সাধনার স্থান, মঠ; 2 তপোবন (আশ্রমবালক); 3 শাস্ত্রোক্ত জীবনযাত্রার চতুর্বিধ অবস্থা অর্থাত্ ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস (ব্রহ্মচর্যাশ্রম, চতুরাশ্রম); 4 আশ্রয়স্থান (অনাথাশ্রম)। [সং. আ + √ শ্রম্ + অ]।˜ ধর্ম বি. আশ্রমবাসীদের কর্তব্য। আশ্রমিক, আশ্রমী বিণ. বি. চতুরাশ্রমের কোনো একটি আশ্রম পালনকারী; কোনো আশ্রমে বাসকারী।

আশ্রয় (p. 108) [āśraẏa] বি. 1 অবলম্বন (ভগবানের চরণকে আশ্রয় করেছেন); 2 শরণ, সহায়, রক্ষক (দীনের আশ্রয়); 3 আধার (সর্বগুণের আশ্রয়); 4 গৃহ, বাসস্থান (আশ্রয়চ্যুত, নিরাশ্রয়)। [সং. আ + √ শ্রি + অ]।˜ ণ বি. অবলম্বন; আশ্রয়গ্রহণ।˜ ণীয় বিণ. আশ্রয় নেওয়ার যোগ্য।˜ দাতা বি. বিণ. যিনি আশ্রয় দেন।˜ প্রার্থী বি. বিণ. আশ্রয় চায় এমন।˜ হীন বিণ. আশ্রয় নেই এমন, নিরাশ্রয়। বি.˜ হীনতা। আশ্রয়ার্থী বিণ. আশ্রয় চায় এমন; আশ্রয়প্রার্থী। স্ত্রী. আশ্রয়ার্থিনী। আশ্রয়ী বিণ. আশ্রয় গ্রহণ করে বা করেছে এমন, আশ্রয়প্রাপ্ত। আশ্রিত বিণ. 1 আশ্রয় পেয়েছে এমন; 2 অনুগত; 3 অবলম্বন করেছে এমন (সুরাশ্রিত)। স্ত্রী. আশ্রিতা। আশ্রিত-বৎসল বিণ. আশ্রিতের প্রতি স্নেহশীল।

আশ্রুত (p. 108) [āśruta] বিণ. 1 প্রতিশ্রুত, অঙ্গীকৃত; 2 শ্রুত। [সং. আ + √ শ্রু + ত]।

আশ্লিষ্ট (p. 108) [āśliṣṭa] বিণ. 1 আলিঙ্গিত; 2 ব্যাপ্ত; 3 সংযুক্ত; 4 শ্লেষোক্তিপূর্ণ। [সং. আ + √ শ্লিষ্ + ত]।

আশ্লেষ (p. 108) [āślēṣa] বি. 1 আলিঙ্গন; 2 মিলন; 3 সংযুক্ত; 4 শ্লেষোক্তিপূর্ণ। [সং. আ + √ শ্লিষ্ + ত]।

আষাঢ় (p. 108) [āṣāḍh়.] বি. 1 বাংলা সনের তৃতীয় মাস; 2 (লক্ষ্যার্থে) বর্ষা ('আসন্ন আষাঢ় ঐ ঘনায় গগনে')। [সং. আষাঢ়া (নক্ষত্র) + অ]। আষাঢ়ে বিণ. 1 আষাঢ়মাসে ঘটে এমন (আষাঢ়ে বাদল); 2 অদ্ভুত, মিথ্যা, অলীক (আষাঢ়ে গল্প)।

আষ্টে-পৃষ্ঠে (p. 108) [āṣṭē-pṛṣṭhē] ক্রি-বিণ. সারা গায়ে, সর্বাঙ্গে (লোকটাকে আষ্টেপৃষ্ঠে বেঁধে রাখা হল)। [অষ্টেপৃষ্ঠে দ্র]।

আসক (p. 108) [āsaka] বি. (প্রা. বাং.) অনুরাগ, প্রেম ('পিরীতি আসকে সদাই থাকিব': চণ্ডী)। [< সং. আসক্তি]।

আসকে (p. 108) [āsakē] বি চালের গুঁড়ো দিয়ে ছাঁচে তৈরি পিঠেবিশেষ। [দেশী]।

আসক্ত (p. 108) [āsakta] বিণ. 1 একান্ত অনুরক্ত বা প্রীত; 2 অতিশয় লিপ্ত; 3 অতিশয় প্রবণতাযুক্ত, নেশাগ্রস্ত (পানাসক্ত)। [সং. আ + √ সনজ্ + ত]। আসক্তি বি. 1 অনুরাগ, অনুরক্তি; 2 লিপ্সা; প্রবণতা; 3 নেশা (পানাসক্তি); 4 লিপ্ততা, সংলগ্নতা; 5 ভোগবাসনা (বিষয়াসক্তি)।

আসঙ্গ (p. 108) [āsaṅga] বি. 1 সহবাস, মিলন (আসঙ্গলিপ্সা); 2 ভোগের ইচ্ছা; 3 অনুরাগ; 4 অভিনিবেশ। [সং. আ + √ সনজ্ + অ]।

আসছে (p. 108) [āsachē] ক্রি. আগমন করছে। □ বিণ. আগামী (আসছে কাল)। [বাং. আসিতেছে]।

আসঞ্জন (p. 108) [āsañjana] বি. 1 আসক্তি, আসঙ্গ; 2 এঁটে থাকার ভাব, আঠালো ভাব; 3 সংযোগ। [সং. আ + √ সনজ্ + অন]।

আসত্তি (p. 108) [āsatti] বি. 1 মিলন; 2 নৈকট্য; 3 লাভ; 4 (ব্যাক.) পরস্পর অন্বিত পদসমূহের সন্নিহিত অবস্থান। [সং. আ + √ সদ্ + তি]।

আসন (p. 108) [āsana] বি. 1 বসার স্থান (সিংহাসন, কাষ্ঠাসন); 2 বসার জন্য ছোট গালিচা বা ওইজাতীয় বস্তু; 3 পীঠ (দেবীর আসন); 4 যোগসাধনে বসার প্রণালী বা যোগব্যায়ামের প্রণালী (শবাসন, পদ্মাসন); 5 সম্মানের স্থান, মর্যাদা (বিদ্বানের আসন সর্বত্র, তাঁর আসন সবার হৃদয়ে)। [সং. √ আস্ + অন]।˜ গ্রহণ বি. বসা, নির্দিষ্ট আসনে উপবেশন।˜ পিঁড়ি বিণ. পরস্পর বিপরীত হাঁটুর উপর পা তুলে বসা (আসনপিঁড়ি হয়ে বসা)।

আসন্ন (p. 108) [āsanna] বিণ. 1 প্রায় এসে গেছে এমন (আসন্ন বিপদ, বর্ষা আসন্ন); 2 নিকটবর্তী; 3 অন্তিম, শেষ (আসন্ন অবস্থা)। [সং. আ + √ সদ্ + ত]।˜ কাল বি. মৃত্যুকাল; বিপৎকাল।˜ প্রসবা বিণ. (স্ত্রী.) যার প্রসবকাল উপস্থিত।˜ মৃত্যু বিণ. মুমূর্ষু।

আস-বাব (p. 108) [āsa-bāba] বি. টেবিল চেয়ার ইত্যাদি গৃহসজ্জার জিনিসপত্র; সরঞ্জাম। [আ. আসবাব্]।

আসমান-আশমান (p. 108) [āsamāna-āśamāna] এর বানানভেদ।

আসমাপ্ত (p. 108) [āsamāpta] বিণ. সমাপ্ত ('আসমাপ্ত মুহূর্তের ঊর্ধ্বশ্বাস গতি': সু. দ.)। [সং. আ + সমাপ্ত]।

আসমুদ্র (p. 108) [āsamudra] বিণ. ক্রি-বিণ. সমুদ্র পর্যন্ত (আসমুদ্র হিমাচল)। [সং. আ + সমুদ্র]।˜ হিমাচল বিণ. ক্রি-বিণ. সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত। □ বি. সমগ্র ভারতবর্ষ।

আসর (p. 108) [āsara] বি. সভা, মজলিশ, বৈঠক (কুস্তির আসর, সাহিত্যের আসর, গানের আসর)। [ফা.] আসর গরম করা ক্রি. বি. সভা মজলিশ জমিয়ে তোলা, সভায় উদ্দীপনা সৃষ্টি করা। আসর জমানো (বা জাঁকানো), আসর মাতানো ক্রি. বি. কথাবার্তা বা ভাবভঙ্গির দ্বারা নিজেকে সভার প্রধান আকর্ষণ হিসাবে প্রতিপন্ন করা। আসরে নামা ক্রি. বি. কর্মক্ষেত্রে অবতীর্ণ হওয়া, কাজে নামা, যোগ দেওয়া।

আসল (p. 108) [āsala] বিণ. 1 খাঁটি (আসল হীরা); 2 সত্য, প্রকৃত, যথার্থ (আসল কথাটা বলো); 3 অবিকৃত; 4 মূল, original (আসল দলিলটা দেখতে চাই); 5 খরচখরচা বাদে মোট, নিট। □ বি. 1 মূল জিনিস; 2 মূলধন (আসলের

চেয়ে সুদ বেশি)। [আ. অস্ল্]। আসলি বিণ. খাঁটি, বিশুদ্ধ, নির্ভেজাল (আসলি সোনা)। আসলে ক্রি-বিণ. প্রকৃতপক্ষে।

আস-শেওড়া (p. 108) [āsa-śēōḍ়ā] বি. ছোট বন্য গাছবিশেষ যার ডাল দিয়ে দাঁত মাজা হয়। [সং. আস্যশাখোট]।

আসা1 (p. 110) [āsā1] বি. লাঠি বা দণ্ড; রাজদণ্ড। [আ. আসা]।˜ নাড়ি বি. লাঠি।˜ বরদার বি. রাজদণ্ডধারী, দণ্ডধারী।˜ সোঁটা বি. রাজদণ্ড।

আসা2 (p. 110) [āsā2] ক্রি. 1 আগমন করা, উপস্থিত হওয়া (বাড়ি আসবে); 2 সাধ্যে কুলানো, পটুতা থাকা (গানবাজনা আমার আসে না); 3 জোগানো (মাথায় একটা বুদ্ধি এসেছে); 4 উদয় হওয়া (মনে আসা, হাসি আসছে); 5 আয় হওয়া (অনেক টাকা এসেছে); 6 শুরু হওয়া (ফুরিয়ে আসছে, মাঘের শেষে বসন্ত আসে); 7 ঘটা (বিপদ আসছে); 8 উপযোগী হওয়া, কাজে লাগা (ঘড়িটা কাজে আসছে না); 9 প্রবেশ করা, ঢোকা (জানলা দিয়ে আলো আসে)। □ বিণ. 1 আগত (ডাকে-আসা চিঠি); 2 গত, সমাপ্ত (নিবে-আসা আলো)। □ বি. আগমন (তার আমার আশায় আছি)। [বাং. √ আস্ + আ]।˜ আসি,˜ যাওয়া বি. 1 যাতায়াত, আসা ও যাওয়া; 2 মেলামেশা (দুই পরিবারের মধ্যে তেমন আসা-যাওয়া নেই). কথা আসা ক্রি. বি. কথাবার্তা বা উত্তর জোগানো (মুখে কথা আসছে না)। কানে আসা ক্রি. বি. শুনতে পাওয়া, কর্ণগোচর হওয়া (কথাটা কানে এল)। পেটে আসা ক্রি. বি. গর্ভে জন্ম নেওয়া, গর্ভসঞ্চার হওয়া (সেই বছরই ছেলেটা পেটে এল)। বলে আসা ক্রি. বি. অনুমতি নিয়ে আসা বা জানিয়ে আসা। মনে আসা ক্রি. বি. স্মরণ হওয়া, মনে পড়া। মাথায় আসা ক্রি. বি. বুঝতে পারা। মুখে

আসা ক্রি. বি. উচ্চারিত হওয়া বা মুখে জোগানো। হাতে আসা ক্রি. বি. অধিকারে বা আয়ত্তে আসা।

আসাদন (p. 110) [āsādana] বি. 1 লাভ, প্রাপ্তি; 2 সমাগম; 3 সম্পাদন। [সং. আ + √ সাদি + অন]। আসাদিত বিণ. লব্ধ, প্রাপ্ত; কাছে এসেছে এমন; সম্পাদিত।

আসান (p. 110) [āsāna] বি. 1 লাঘব (মুশকিল আসান); 2 সুবিধা (এতে পয়সার আসান হবে কি?)। [আ. আহ্সান্]।

আসানড়ি, আসাবরদার (p. 110) [āsānaḍ়i, āsābaradāra] দ্র আসা1।

আসামি1 (p. 110) [āsāmi1] বি. 1 অভিযুক্ত ব্যক্তি, (ফৌজদারিমামলায়) প্রতিবাদী; 2 (বিরল) প্রজা; 3 (বিরল) দেনদার লোক। [আ. অস্মা]।

আসামি2-অসমিয়া (p. 110) [āsāmi2-asamiẏā] র রূপভেদ।

আসার (p. 110) [āsāra] বি. 1 বৃষ্টিপাত; 2 প্রবল বৃষ্টিপাত (ধারাসার)। [সং. আ + √ সৃ + অ]।

আসাসোঁটা (p. 110) [āsāsōn̐ṭā] দ্র আসা1।

আসিক্ত (p. 110) [āsikta] বিণ. 1 ঈষত্ সিক্ত; 2 সম্পূর্ণ সিক্ত বা ভেজা (আসিক্ত বস্ত্রাঞ্চল)। [বাং আ + সং. সিক্ত]।

আসিদ্ধ (p. 110) [āsiddha] বিণ. 1 আধসিদ্ধ, অল্পসিদ্ধ; 2 সিদ্ধ নয় এমন। [বাং. আ + সিদ্ধ]।

আসীন (p. 110) [āsīna] বিণ. 1 উপবিষ্ট, বসে আছে এমন; 2 অধিষ্ঠিত, অবস্থিত। [সং. √ আস্ + ঈন (শানচ্)]।

আসুর, আসুরিক (p. 110) [āsura, āsurika] বিণ. 1 অসুরসম্বন্ধীয়; 2 অসুরতুল্য (আসুরিক শক্তি); 3 গর্হিত, অপরাধজনক (আসুরিক বলপ্রয়োগ); 4 অপবিত্র; 5 ভয়ংকর। [সং. অসুর + অ, ইক]। আসুর বিবাহ যে বিবাহে বর কন্যার অভিভাবককে মূল্য দিয়ে কন্যা গ্রহণ করে।

আসেচন (p. 110) [āsēcana] বি. 1 ভালোমতো সেচন বা সিক্তকরণ; ভালোভাবে সিঞ্চন করা; 2 ভালোমতো সেক দেওয়া। [সং. আ + সেচন]।

আসোয়ার, আসোবার (p. 110) [āsōẏāra, āsōbāra] বিণ. হাতি বা ঘোড়ার পিঠে আরূঢ়। □ বি. হাতি বা ঘোড়ার পিঠে আরূঢ় ব্যক্তি। [ফা. সওয়ার]।

আস্কন্দিত (p. 110) [āskandita] বি. ঘোড়ার প্লুত গতি অর্থাত্ লাফিয়ে চলা ('আস্কন্দিতে নাচে বাজিরাজি': মধু)। [সং. আ + √ স্কন্দ্ + ণিচ্ + ত]।

আস্ত (p. 110) [āsta] বিণ. 1 গোটা (আস্ত ডিম্, আস্ত কাঁঠাল); 2 অভগ্ন, সমুদয়, সমগ্র (আস্ত জেলাটা, আস্ত দেশ); 3 পাকা, প্রকৃত (আস্ত চোর); 4

বিলক্ষণ, ভীষণ, মারাত্মক (আস্ত বদমাশ, আস্ত কেউটে); 5 পুরোপুরি (আস্ত পাগল)। [দেশি]।

আস্তর, আস্তরণ (p. 110) [āstara, āstaraṇa] বি. 1 শয্যা; 2 শয্যার আচ্ছাদন বা চাদর; 3 গালিচা, শতরঞ্চি প্রভৃতি আসন; 4 হাতির পিঠে পাতবার জন্য চিত্রিত আচ্ছাদন। [সং. আ + √ স্তৃ + অ, অন]।

আস্তানা (p. 110) [āstānā] বি. 1 আড্ডা (সাপের আস্তানা); 2 বাসস্থান (কোনোক্রমে এখানে একটা আস্তানা করেছি); 3 আখড়া, আশ্রম (কোনোক্রমে এখানে একটা আস্তানা করেছি) 3 আখড়া, আশ্রম (ফকিরের অস্তানা)। [ফা. আস্তানা]। আস্তানা গাড়া ক্রি. বি. (অস্থায়ী) বাসস্থান স্থাপন করা। আস্তানা গুটানো ক্রি. বি. আড্ডা তুলে দেওয়া। তু. পাততাড়ি গুটানো।

আস্তা-বল (p. 110) [āstā-bala] বি. 1 ঘোড়ার আড্ডা, ঘোড়াশাল; 2 ঘোড়া বা হাতির থাকবার জায়গা। [আ. ইস্তবল্]।

আস্তিক1, আস্তীক (p. 110) [āstika1, āstīka] বি. মুনিবিশেষ, মনসাদেবীর পুত্র। [সং. অস্তি + ইক, ঈক]।

আস্তিক2 (p. 110) [āstika2] বিণ. 1 ঈশ্বরের আস্তিত্বে বিশ্বাসী; 2 পরলোকে ও বেদাদি শাস্ত্রে বা তার অভ্রান্ততায় বিশ্বাসী। [সং. আস্তি + ক]। বি.˜ তা,˜ ত্ব, আস্তিক্য।

আস্তিন (p. 110) [āstina] বি. জামার হাতা। [ফা. আস্তীন্]। আস্তিন গুটানো ক্রি. বি. যেন মারামারি করতে প্রস্তুত এমন ভাব করা।

আস্তীক-আস্তিক1 (p. 110) [āstīka-āstika1] এর বানানভেদ।

আস্তীর্ণ (p. 110) [āstīrṇa] বিণ. 1 বিছানো হয়েছে এমন; 2 প্রসারিত, বিস্তীর্ণ; 3 সমাকীর্ণ, ছাওয়া (কুসুমাস্তীর্ণ)। [সং. আ + √ স্তৃ + ত]।

আস্তৃত (p. 110) [āstṛta] বিণ. বিস্তৃত, প্রসারিত; আচ্ছাদিত। [সং. আ + √ স্তৃ + ত]।

আস্তে (p. 110) [āstē] ক্রি-বিণ. 1 ধীরে (আস্তে হাঁটো); 2 সন্তপর্ণে, লঘু পায়ে (আস্তে এগিয়ে চলো); 3 মৃদু স্বরে (আস্তে কথা বলো); 4 নিঃশব্দ। [ফা. আহিস্তা]। ˜ ব্যস্তে ক্রি-বিণ. ব্যস্তসমস্ত হয়ে ও তাড়াহুড়ো করে।

আস্থা (p. 110) [āshā] বি. 1 ভরসা (তার উপর আস্থা রেখো); 2 শ্রদ্ধা, নিষ্ঠা, ভক্তি (ধর্মে আস্থা); 3 বিশ্বাস (হোমিয়োপ্যাথিতে আস্থা নেই)। [সং. আ + √ স্থা + অ]। ˜ বান (-বত্), ˜ শীল বিণ. আস্থা আছে এমন। ˜ হীন বিণ. আস্থা বা ভরসা বা বিশ্বাস নেই এমন।

আস্থান (p. 111) [āshāna] বি. 1 আস্থা; 2 অবস্থিতি; 3 আশ্রয়; 4 সভা। [সং. আ + ˜ স্থা + অন]।

আস্থায়ী (p. 111) [āshāẏī] (-য়িন্) বি. গানের প্রথম পদ বা চরণ। [সং. আ + √ স্থা + ইন্]।

আস্থিত (p. 111) [āshita] বিণ. 1 আরোহণ করেছে এমন, আরূঢ়; 2 আশ্রিত; 3 অধিষ্ঠিত; 4 পরিব্যাপ্ত। [সং. আ + স্থিত]।

আস্পদ (p. 111) [āspada] বি. আধার, পাত্র (প্রেমাস্পদ, শ্রদ্ধাস্পদ)। [সং. আ + (স্) + √ পদ্ + অ]।

আস্পর্ধা (p. 111) [āspardhā] বি. স্পর্ধা, দম্ভ, দর্প; বাড়। [সং. আ + স্পর্ধা]।

আস্ফালন (p. 111) [āsphālana] বি. 1 বেগে সঞ্চালন বা আন্দোলিত করা; 2 দম্ভপ্রকাশ (শক্তির আস্ফালন)। [সং. আ + √ স্ফল্ + ণিচ্ + অন]। আস্ফালিত বিণ. বেগে সঞ্চালিত বা আন্দোলিত।

আস্ফোট, আস্ফোটন (p. 111) [āsphōṭa, āsphōṭana] বি. 1 সংঘর্ষণ, সংঘর্ষ; 2 ঠোকাঠুকির বা আছড়াবার শব্দ (বাহ্বাস্ফোট); 3 কুস্তিতে তাল ঠোকা। [সং. আ + √ স্ফোটি + অ]।

আস্বচ্ছ (p. 111) [āsbaccha] বিণ. ঈষত্ স্বচ্ছ, কিছুটা স্বচ্ছ ('আস্বচ্ছ কপিশ বস্ত্র': সু. দ.)। [সং. আ + স্বচ্ছ]।

আস্বাদ (p. 111) [āsbāda] বি. স্বাদ, রসানুভূতি; তার (দুধের আস্বাদ)। [সং. আ + √ স্বদ্ + অ]।˜ ক বিণ. স্বাদগ্রহণকারী।˜ ন বি. স্বাদগ্রহণ; পান; ভোজন;

উপভোগ। ˜ ণীয়, আস্বাদ্য বিণ. আস্বাদযোগ্য। আস্বাদা ক্রি. (কাব্যে) স্বাদ নেওয়া, আস্বাদন করা। আস্বাদিত বিণ. স্বাদগ্রহণ করা হয়েছে এমন।

আস্য (p. 111) [āsya] বি. মুখ (পূর্বাস্য, 'মেলিল বিপুল আস্য': রবীন্দ্র)। [সং. √ অস্ + য]।

আহত (p. 111) [āhata] বিণ. 1 আঘাত পেয়েছে এমন (খেলতে গিয়ে আহত); 2 প্রহৃত (লগুড়াহত); 3 তাড়িত (বাত্যাহত); 4 মর্দিত (পদাহত); 5 (তারের বাদ্যযন্ত্র সম্বন্ধে) ধ্বনিত। [সং. আ + √ হন্ + ত]। আহতি বি. আঘাত; প্রহার; তাড়না; মর্দন; ধ্বনন।

আহব1 (p. 111) [āhaba1] বি. যুদ্ধ, সংগ্রাম। [সং. আ + √ হ্বে +অ]।

আহব2 (p. 111) [āhaba2] বি. যজ্ঞ। [সং. আ + √ হু + অ]। আহবনীয় বিণ. সম্যক হোম করার যোগ্য, উত্তমরূপে হোম করার যোগ্য। □ বি. গার্হপত্য থেকে যে সংস্কৃত যজ্ঞাগ্নি উদ্ধার করা হয়।

আহরণ (p. 111) [āharaṇa] বি. 1 সংগ্রহ; 2 সংকলন; 3 সঞ্চয়; 4 উপার্জন; 5 আয়োজন; 6 বিবাহাদির উপঢৌকন। [সং. আ + √ হৃ + অন]। আহরক বিণ. বি. যে আহরণ করে, সংগ্রহকারী, সংকলক। আহরণী বি. বিভিন্ন রচনাবলি থেকে রচনা সংকলন করে প্রস্তুত গ্রন্হ, anthology. আহরণীয়, আহর্তব্য বিণ. আহরণযোগ্য। আহর্তা বিণ. বি. আহরণকারী।

আহরিত্ (p. 111) [āharit] বিণ. ঈষত্ সবুজ, সবজেটে। [বাং. আ + সং. হরিত্]।

আহরিত (p. 111) [āharita] বিণ. আহৃত-র বাংলা রূপ।

আহা (p. 111) [āhā] অব্য দুঃখ শোক সহানুভূতি প্রভৃতি প্রকাশক শব্দ। আহা মরি প্রশংসাসূচক বা বিদ্রূপসূচক ধ্বনি।

আহাম্মক, আহাম্মুক (p. 111) [āhāmmaka, āhāmmuka] বিণ. নিরেট মূর্খ, নির্বোধ, বেঅকুফ, বোকা। [আ. আহ্মক্]।

আহার (p. 111) [āhāra] বি. 1 খাদ্যগ্রহণ, ভোজন; 2 খাদ্য (আহার জোটানো); 3 আহরণ, সংগ্রহ। [সং. আ + √ হৃ + অ]। আহারবিহার বি. ভোজন ও ভ্রমণ; খাওয়াদাওয়া। আহারান্ত বি. আহারের বা ভোজনের শেষ। আহারার্থী (-র্থিন্) বিণ. বি. ভোজন করতে ইচ্ছুক, খেতে চায় এমন (ব্যক্তি)। আহারী (-রিন্) বিণ. 1 ভোজনকারী (মিতাহারী); 2 প্রচুর আহার করতে পারে এমন। আহারীয় বিণ. ভোজনের যোগ্য।

আহার্য (p. 111) [āhārya] বিণ. 1 আহারের যোগ্য; 2 আহরণীয়, আহরণ করার যোগ্য; 3 যত্নসাধ্য। □ বি. খাদ্যসামগ্রী। [সং. আ + √ হৃ + য]।

আহিক (p. 111) [āhika] বি. সাপুড়ে। [সং. অহি + ইক]।

আহিড়ি (p. 111) [āhiḍ়i] বি. ব্যাধ; শিকারি। [আহেরিয়া দ্র]।

আহিত (p. 111) [āhita] বিণ. 1 ন্যস্ত; 2 স্থাপিত; 3 প্রতিষ্ঠিত; 4 অর্পিত। [সং. আ + √ ধা + ত]। আহিতাগ্নি বি. সাগ্নিক, অগ্নিহোত্রী ব্রাহ্মণ।

আহির (p. 111) [āhira] বি. গোপ জাতিবিশেষ। < [সং আভীর তু হি আহির]। স্ত্রী আহিরি, আহিরী।

আহির ভৈরব (p. 111) [āhira bhairaba] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [হি. আহীর + সং. ভৈরব]।

আহুড়ি-আহিড়ি (p. 111) [āhuḍ◌ị-āhiḍ◌ị] র রূপভেদ।

আহুত (p. 111) [āhuta] বিণ. (যাতে বা যা) আহুতি দেওয়া হয়েছে এমন। [সং. আ + √ হু + ত]। আহুতি বি. হোম; হোমের সামগ্রী।

আহূত (p. 111) [āhūta] বিণ. আমন্ত্রিত, নিমন্ত্রিত; ডাকা বা আহ্বান করা হয়েছে এমন (রবাহূত, অনাহূত)। [সং. আ + √ হ্বে + ত]। আহূতি বি. আমন্ত্রণ, আহ্বান।

আহৃত (p. 111) [āhṛta] বিণ. 1 আহরণ করা হয়েছে এমন; 2 সংগৃহীত, সংকলিত; 3 সঞ্চিত; 4 আয়োজিত। [সং. আ + √ হৃ + ত]।

আহেরিয়া, আহেড়িয়া (p. 111) [āhēriẏā, āhēḍ়iẏā] বি. রাজপুতানার শিকারোৎসববিশেষ; মৃগয়া। □ বিণ. মৃগয়াকারী। [প্রাকৃ. আহেড় (< সং. আখেট) + ইয়া]।

আহেল, আহলে, আহেলি (p. 111) [āhēla, āhalē, āhēli] বিণ. খাস; খাঁটি, অমিশ্র; নতুন, আনকোরা। [আ. আহল্]।˜ বিলাত,˜ বিলাতি বিণ. সদ্য বিলাত বা বিদেশ থেকে এসেছে এমন।

আহ্নিক (p. 111) [āhnika] বি. নিত্য বন্দনা উপাসনা ইত্যাদি, নিত্য সন্ধ্যাদি উপাসনা। □ বিণ. দৈনিক, প্রাত্যহিক (আহ্নিক গতি)। [সং. অহন্ + ইক]।

আহ্বান (p. 111) [āhbāna] বি. 1 আমন্ত্রণ, নিমন্ত্রণ; 2 ডাক, সম্বোধন। [সং. আ + √ হ্বে + অন]।

আহ্বায়ক (p. 111) [āhbāẏaka] বি. বিণ. আমন্ত্রণকারী; (গৌণার্থে) কোনো সমিতি বা পরিষদের মূল আয়োজক। [সং. আ + √ হ্বে + অক]। স্ত্রী. আহ্বায়িকা।

আহ্লাদ (p. 111) [āhlāda] বি. 1 আনন্দ, হর্ষ (আহ্লাদে আটখানা); 2 মজা; 3 স্নেহ বা আশকারা (বেশি আহ্লাদ পেলে ছেলে বিগড়ে যাবে, আহ্লাদ পেলে কুকুর মাথায় ওঠে)। [সং. আ + √ হ্লাদ্ + অ]।˜ ন বি. আহ্লাদ উৎপাদন। আহ্লাদিত বিণ. আনন্দিত, হৃষ্ট। আহ্লাদী (-দিন্) বিণ. (স্ত্রী.) 1 আমোদপ্রিয়া; 2 নেকি; 3 অতিরিক্ত স্নেহ বা আশকারা পেয়েছে এমন। পুং. আহ্লাদে। আহ্লাদে আটখানা আনন্দে আত্মহারা।

ই (p. 113) [i] বাংলা ভাষার তৃতীয় স্বরবর্ণ এবং উর্ধ্ব সম্মুখ সংবৃত তালব্য 'ই' ধ্বনির দ্যোতক বর্ণ।

-ই (p. 113) [-i] অব্য নির্দে. বক্তব্যে বা বক্তব্যের কোনো অংশে জোর দেবার জন্য নিশ্চয়াদি অর্থে শব্দান্তে 'ই' যুক্ত হয়। যথা নিশ্চয়ার্থে আমি বলবই, বাড়িতেই থাকবে। অবিরাম অর্থে বৃষ্টি হচ্ছে তো হচ্ছেই। অধিক অর্থে যতই বলো, কতই বা আর খাবে। অবজ্ঞার্থে বা বিদ্রূপার্থে আহা, কী গানই গাইলে! পূরণবাচক বিশেষণে সাতই চৈত্র। অনিশ্চয়ার্থে -দেখলই যদি, যদিই বা যায়। [তু. সং. এব]।

ইউ-ক্যালিপ-টাস (p. 113) [iu-kyālipa-ṭāsa] বি. দীর্ঘ বা ঋজু গাছবিশেষ যার পাতা থেকে নিষ্কাশিত তেল ওষুধে ও প্রসাধনে ব্যবহৃত হয় এবং যার কাঠ আসবাবপত্রে ব্যবহৃত হয়। [ইং. cucalyptus।

ইউ-নানি (p. 113) [iu-nāni] বিণ. 1 হাকিমি (ইউনানি চিকিৎসা); 2 গ্রিক, যাবনিক। [আ. য়ুনানী]।

ইউনিট (p. 113) [iuniṭa] বি. একক, ওজন উচ্চতা গভীরতা দূরত্ব প্রভৃতি পরিমাপের একক। [ইং. unit]।

ইউ-নিয়ন (p. 113) [iu-niẏana] বি. 1 কর্মীদের সংঘ; 2 শ্রমিক সংঘ; 3 প্রদেশ অঙ্গরাজ্য প্রভৃতির সংঘ। [ইং. union]।

ইউরেশিয়ান (p. 113) [iurēśiẏāna] বি. ইয়োরোপীয় ও এশীয়দের মিলনজাত ব্যক্তিবর্গ, যাদের মাতাপিতার মধ্যে একজন ইয়োরোপীয় ও অপরজন এশীয়। [ইং. Eurasian]।

ইউরোপীয়, ইয়োরোপীয় (p. 113) [iurōpīẏa, iẏōrōpīẏa] বিণ. ইয়োরোপের অধিবাসী সম্বন্ধীয়; ইয়োরোপে জাত (ইয়োরোপীয় সংস্কৃতি)। □ বি. ইয়োরোপের অধিবাসী (ইয়োরোপীয়দের ইতিহাস)। [ইং. European]।

ইংরাজ-ইংরেজ (p. 113) [iṃrāja-iṃrēja] এর বর্জি. রূপ।

ইংরেজ (p. 113) [iṃrēja] বি. ইংল্যাণ্ডের অধিবাসী। [পো. Engrez তু. ফ. Anglaise]। ইংরেজি বিণ. ইংরেজসম্বন্ধীয়। □ বি. ইংরেজদের ভাষা। ইংরেজিয়ান বি. ইংরেজদের চালচলনের উৎকট বা অন্ধ অনুকরণ, সাহেবিয়ানা।

ইঁচড়, এঁচড় (p. 113) [in̐caḍ়, ēn̐caḍ়] বি. কাঁচা কাঁঠাল যা তরকারি হিসেবে খাওয়া হয়। [দেশি]। ইঁচড়ে পাকা অকালপক্ব, ফাজিল, ডেঁপো।

ইঁট-ইট (p. 113) [in̐ṭa-iṭa] এর রূপভেদ।

ইঁদারা (p. 113) [in̐dārā] বি. বড় পাকা কুয়ো, বাঁধানো বড় ও গভীর পাতকুয়ো। [< সং. ইন্দ্রাগার]।

ইঁদুর (p. 113) [in̐dura] বি. লম্বা লেজ ও তীক্ষ্ণ দাঁতওয়ালা এবং বিড়ালের খাদ্য হিসাবে পরিচিত ছোট প্রাণীবিশেষ, মূষিক। [সং. ইন্দুর]।

ইকড়ি-মিকড়ি (p. 113) [ikaḍ◌ị-mikaḍ◌ị] বি. শিশুদের খেলাবিশেষ বা সেই খেলার অঙ্গ হিসাবে আবৃত্ত ছড়ার প্রারম্ভিক শব্দবিশেষ। [দেশি]।

ইকমিক কুকার (p. 113) [ikamika kukāra] বি. ইন্দুমাধব মল্লিকের উদ্ভাবিত এবং বর্তমানে স্বল্পপরিচিত রন্ধনচুল্লিবিশেষ। [Icmic < I. Mullick]।

ই-কার (p. 113) [i-kāra] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ই অক্ষর বা ধ্বনির যোগ।

ইকেবানা (p. 113) [ikēbānā] বি. (প্রধানত ঘরে) ফুল সাজাবার জাপানি প্রথা। [জাপ.]।

ইক্ষু (p. 113) [ikṣu] বি. 1 মিষ্টি রসযুক্ত শরজাতীয় গাছ, আখ; 2 সমুদ্র। [সং. √ ইষ্‌ + সু]।

ইক্ষ্বাকু (p. 113) [ikṣbāku] বি. (পুরাণে) বৈবস্বত মনুর পুত্র, সূর্যবংশীয় প্রথম রাজা। [সং. ইক্ষু + √ অক্‌ + উ]।

ইগল (p. 113) [igala] বি. মজবুত ও তীক্ষ্ণ ঠোঁট ও নখযুক্ত বড় শিকারি পাখিবিশেষ। [ইং. eagle]।

ইঙ্গ-বঙ্গ (p. 113) [iṅga-baṅga] বিণ. 1 বিসদৃশভাবে ইংরেজি ও বাংলা মেশানো (ইঙ্গবঙ্গ ভাষা); 2 রুচি ও চালচলনে আধা-ইংরেজ ও ধা-বাঙালি; 3 ইংরেজি বা ইংরেজভাবাপন্ন (ইঙ্গবঙ্গ সমাজ)। [< ইং. Anglo-Bengali]।

ইঙ্গিত (p. 113) [iṅgita] বি. 1 ইশারা, সংকেত, মনোভাব বোঝাবার জন্য হাত-পায়ের চোখের বা অন্য অঙ্গের ইশারা; 2 আভাস (ঝড়ের ইঙ্গিত)। [সং. √ ইন্গ্ + ত]।

ইঙ্গুদ, ইঙ্গুদী (p. 113) [iṅguda, iṅgudī] বি. কাঁটাযুক্ত তাপসতরুবিশেষ, Terminalia Catappa. [সং. √ ইঙ্গ্ + উদ, ঈ]। ইঙ্গুদী তেল ইঙ্গুদী বীজের রস থেকে তৈরি তেল।

ইচড়্-ইঁচড়্ (p. 113) [icaḍ়-in̐caḍ়] এর রূপভেদ।

ইচ্ছা (p. 113) [icchā] বি. 1 বাঞ্ছা, স্পৃহা (ইচ্ছা করে ধাক্কা দিয়েছে); 2 প্রবৃত্তি, রুচি (খাওয়ার ইচ্ছা নেই); 3 অভিপ্রায়, আকাঙ্ক্ষা (কর্তার ইচ্ছায় কর্ম)। [সং. √ ইষ্ + অ + আ]। ˜ কৃত বিণ. নিজেরই ইচ্ছায় করা হয়েছে এমন (ইচ্ছাকৃত গাফিলতি)। ˜ ক্রমে ক্রি-বিণ. নিজের ইচ্ছায়। ˜ ধীন বিণ. (নিজের) ইচ্ছার অধীন বা বশ। ˜ নু.যায়ী (-য়িন্) বিণ. ক্রি-বিণ. নিজের ইচ্ছামতো (সে তো ইচ্ছানুযায়ী সর্বত্র ঘুরে বেড়াচ্ছে)। ˜ পত্র বি. মৃত্যুর আগে কোনো ব্যক্তির রচিত সম্পত্তি ইত্যাদি বণ্টনের দলিল। ˜ ময়ী বি. স্ত্রী. পরমেশ্বরী; কালিকাদেবী। ˜ মৃত্যু বি. নিজের ইচ্ছানুযায়ী মৃত্যু, কেবল নিজে চাইলেই মৃত্যু হবে এই ক্ষমতা। ˜ শক্তি বি. প্রবল ইচ্ছার দ্বারা কাজ সম্পন্ন করার শক্তি। ইচ্ছু বিণ. ইচ্ছাযুক্ত (মরণেচ্ছু)। ইচ্ছুক বিণ. রাজি, সম্মত (অনিচ্ছুক)।

ইজার-ইজের (p. 113) [ijāra-ijēra] এর বর্ত. অপ্র. রূপভেদ।

ইজারা (p. 113) [ijārā] বি. নির্দিষ্ট খাজনায় জমি কারবার প্রভৃতির মেয়াদি বন্দোবস্ত, ঠিকা, লিজ। [আ. ইজারা]। ˜ দার বি. বিণ. ইজারা গ্রহণকারী।

ইজি-চেয়ার (p. 113) [iji-cēẏāra] বি. হেলান দিয়ে আরামে বসার বা আধশোয়া ভঙ্গিতে বসার উপযুক্ত চেয়ার। [ইং. easy chair, তু. arm chair]।

ইজের (p. 113) [ijēra] বি. 1 দড়ির ফিতেওয়ালা হাফপ্যাণ্ট; 2 পায়জামা। [ফা. ইজার]।

ইজ্জত (p. 113) [ijjata] বি. 1 সম্মান, সম্ভ্রম, কদর (গুণী লোকের ইজ্জতই আলাদা); 2 সতীত্ব, শ্লীলতা, আবরু (ইজ্জত নাশ, ইজ্জত রক্ষা করতে প্রাণ দেওয়া)। [আ. ইজ্জত্]।

ইজ্যা (p. 114) [ijyā] বি. যজ্ঞ, যাগযজ্ঞ। [সং. √ যজ্ + য (ক্যপ্) + আ]।

ইঞ্চি (p. 114) [iñci] বি. দৈর্ঘ্যের মাপ বা এককবিশেষ; 1 ফুটের 1/12 অংশ। [ইং. inch]।

ইঞ্জিন (p. 114) [iñjina] বি. 1 কলকারখানার চালকযন্ত্র; 2 যে চালকযন্ত্র মোটরগাড়ি বা রেলগাড়িকে চালিত করে। [ইং. engine]।

ইঞ্জিনিয়ার (p. 114) [iñjiniẏāra] বি. পূর্তকার্য বৈদ্যুতিক ক্রিয়াকর্ম ও যান্ত্রিক কার্যাদির পরিচালক ও পরিকল্পক; যন্ত্রনির্মাতা ও যন্ত্রকুশল কারিগর; যন্ত্রবিদ ও

যন্ত্রবিজ্ঞানী; প্রযুক্তিবিদ। [ইং. engineer]। ইঞ্জিনিয়ারিং বি. যন্ত্রবিদ্যা, যন্ত্রবিজ্ঞান; প্রযুক্তিবিদ্যা। □ বিণ. যন্ত্রবিদ্যাসম্পর্কিত।

ইট (p. 114) [iṭa] বি. পাকা ইমারত তৈরির জন্য রোদে বা আগুনে পুড়িয়ে শক্ত করা মাটির আয়তাকার পিণ্ডবিশেষ, ইষ্টক। [প্রাকৃ. ইট্টা > সং. ইষ্টক]।˜ খোলা বি. যে জায়গায় মাটি কেটে ছাঁচে ফেলা হয় ও সেই পিণ্ড আগুনে পুড়িয়ে শক্ত ইট তৈরি হয়।˜ পাটকেল বি. পুরো বা টুকরো ইট, ইট বা তার টুকরো। ইটটি মারলে পাটকেলটি খেতে হয় কারও সঙ্গে দুর্ব্যবহার করলে বিনিময়ে দুর্ব্যবহার পেতেও হয়। ইটের পাঁজা পোড়াবার জন্য রাখা ইটের স্তূপ বা পোড়ানো ইটের স্তূপ।

ইটা (p. 114) [iṭā] বি. ট্যাংরাজাতীয় কিন্তু ট্যাংরার চাইতে বড় আঁশহীন মাছবিশেষ। [দেশি]।

ইড়া (p. 114) [iḍ়ā] বি. 1 মানুষের মেরুদণ্ডের বাঁপাশে অবস্থিত নাড়িবিশেষ; 2 শাস্ত্রোক্ত তিনটি নাড়ির অন্যতম; 3 পৃথিবী। [সং. √ ইল্ + অ + আ]।

ইতঃপূর্বে - ইতিপূর্বে (p. 114) [itḥpūrbē - itipūrbē] র শুদ্ধ কিন্তু অপ্র. রূপ।

ইতর (p. 114) [itara] বিণ. 1 (মূল অর্থে) অন্য, অপর, ভিন্ন (বামেতর); 2 নীচ, অধম (ইতর লোক); 3 নিম্নশ্রেণীভুক্ত (ইতর প্রাণী)। [সং. √ ই + তর]। বি.˜ তা।˜ বিশেষ বি. কিছুমাত্র পার্থক্য, সামান্য তফাত (দুজনের রুচির তেমন

ইতরবিশেষ নেই)। ইতর ভাষা বি. অপভাষা, অশিষ্ট ভাষা। ইতরামি, ইতরাম বি. নীচ বা অশিষ্ট আচরণ। ইতরেতর বিণ. পরস্পর, অন্যোন্য।

ইতস্তত (বর্জি.) ইতস্ততঃ (p. 114) [itastata (barji.) itastatḥ] ক্রি-বিণ. এখানে-সেখানে, এদিকে-অদিকে; নানাদিকে (ইতস্তত ঘুরে বেড়াচ্ছে)। □ বি. দ্বিধা, সংকোচ; টালবাহানা (কথাট বলতে ইতস্তত করছিল)। [সং. ইতম্ + ততস্]। ইতস্তত করা ক্রি-বি. সংকোচ বা কুণ্ঠা বোধ করা; দ্বিধাগ্রস্ত হওয়া; গড়িমসি করা।˜ বিক্ষিপ্ত বিণ. এখানে-ওখানে ছড়িয়ে রয়েছে এমন।

ইতি (p. 114) [iti] বি. 1 শেষ, সমাপ্তি, অন্ত (এখানেই ইতি টানছি); 2 (সং.) এইরকম, এই। □ বিণ. শেষ সমাপ্ত। [সং. √ ই + তি]।˜ উতি ক্রি-বিণ. এদিক-ওদিক (ইতিউতি চাইছে)।˜ কথা বি. উপকথা, কাহিনি; ইতিহাস।˜ কর্তব্য বি. কর্তব্যকর্ম, উচিতকর্ম। ইতি গজঃ বি. আংশিক সত্যের আবরণে মিথ্যাভাষণ (মহাভারতে যুধিষ্ঠিরের 'অশ্বত্থামা হত ইতি গজঃ এই অর্ধসত্য উক্তি থেকে)।˜ পূর্বে ক্রি-বিণ. এর আগে।˜ বৃত্ত বি. ইতিহাস।˜ বৃত্তকার বি. ইতিহাসরচয়িতা।˜ মধ্যে ক্রি-বিণ. এর মধ্যে; এর আগে; এই অন্তর্বর্তী সময়ে।

ইতিহাস (p. 114) [itihāsa] বি. অতীত বৃত্তান্ত, বর্তমান সময়ের আগে যেসব ঘটনা ঘটেছে তার বৃত্তান্ত। [সং. ইতিহ + √ অস্ + অ]।

ইতু (p. 114) [itu] বি. 1 সূর্য; 2 মিত্র; 3 সূর্যপূজার ঘট। [সং. মিত্র > মিতু > ইতু]।˜ পূজা বি. অগ্রহায়ণ মাসে অনুষ্ঠিত সূর্যপূজা।

ইতোমধ্যে-ইতিমধ্যে (p. 114) [itōmadhyē-itimadhyē] র শুদ্ধ কিন্তু স্বল্পব্যবহৃত রূপ।

ইত্তিলা, ইত্তেলা-এত্তেলা (p. 114) [ittilā, ittēlā-ēttēlā] র রূপভেদ।

ইত্যনু-সারে (p. 114) [ityanu-sārē] ক্রি-বিণ. এই অনুযায়ী; এইভাবে। [সং. ইতি + অনুসারে]।

ইত্যবসরে (p. 114) [ityabasarē] ক্রি-বিণ. এই সুযোগে, এই ফাঁকে (ইত্যবসরে লোকটা পালিয়ে গেল)। [সং. ইতি + অবসরে]।

ইত্যাকার (p. 114) [ityākāra] বিণ. এই আকারের; এই রকমের (ইত্যাকার কথাবার্তা)। [সং. ইতি + আকার]।

ইত্যাদি (p. 114) [ityādi] অব্য. প্রভৃতি এইরকম আরও। [সং. ইতি + আদি]।

ইথে (p. 114) [ithē] অব্য. 1 একে ('ইথে মোর কিবা দোষ'); 2 (অপ্র.) এই, এর, এইজন্য। [< সং. ইত্থম্]।

ইদ (p. 114) [ida] বি. ইদ-উল-ফিতর্ ও ইদ-উজ্-জোহা মুসলমানদের এই দুই প্রধান পরব বা উৎসব। [আ. ঈদ্]। ˜ গা বি. মুসলমানরা যেখানে মিলিত হয়ে (ইদের দিনে) নামাজ পড়েন; ইদের প্রার্থনার স্থান। [আ. ঈদ্ + ফা. গাহ্]।

ইদানীং (p. 114) [idānī] অব্য. ক্রি-বিণ. আজকাল, অধুনা, সম্প্রতি (ইদানীং এখানে মশা বেড়েছে)। [সং. ইদম্ + দানীম্]। ইদানীন্তন বিণ. ইদানীং হচ্ছে বা চলছে এমন, অধুনাতন, আজকালকার।

ইদ্দত (p. 114) [iddata] বি. (মুস.) বিধবা হওয়ার পরে বা তালাক পাওয়ার পরে যে শাস্ত্রবিহিত সময় পার না হলে মুসলমান স্ত্রীলোকের পুনর্বিবাহ নিষিদ্ধ। [আ. ইদ্দত্]।

ইন-কাম (p. 114) [ina-kāma] বি. আয়, রোজগার (আপনার তো ইনকাম ভালোই হচ্ছে আজকাল)। [ইং. income]।

ইন-কার (p. 114) [ina-kāra] বি. অস্বীকার, অগ্রাহ্য করা। [আ. ইন্কার]।

ইনকিলাব (p. 114) [inakilāba] বি. বিপ্লব; আমূল পরিবর্তন। [ফা. ইন্কিলাব্]। ইনকিলাব জিন্দাবাদ বিপ্লব দীর্ঘজীবী হোক।

ইন-ভিজিলেটর (p. 114) [ina-bhijilēṭara] বি. পরীক্ষাগৃহের পরিদর্শক বা নজরদার। [ইং. invigilator]।

ইন-সল-ভেন্ট (p. 114) [ina-sala-bhēṇṭa] বিণ. দেউলিয়া। [ইং. insolvent]।

ইন-সান (p. 114) [ina-sāna] বি. মানুষ; প্রকৃত মানুষ। [আ. ইনসান্]। ইন-সানিয়াত বি. মনুষ্যত্ব।

ইন-সাফ (p. 114) [ina-sāpha] বি. সুবিচার, ন্যায়বিচার। [আ. ইন্সাফ্]।

ইনাম (p. 114) [ināma] বি. পুরস্কার; বখশিশ। [আ. ঈনাম্]।

ইনি (p. 114) [ini] সর্ব. (সম্ভ্রমার্থে) এই ব্যক্তি, এই জন। [< সং. এতত্]।

ইনিংস (p. 114) [iniṃsa] বি. ক্রিকেট খেলায় এক পক্ষের ব্যাট করার পালা বা পর্ব। [ইং. innings]।

ইনিয়ে-বিনিয়ে (p. 114) [iniẏē-biniẏē] ক্রি-বিণ. নানারকমে পল্লবিত করে বা বাড়িয়ে; অনুনয়বিনয় সহকারে। [দেশি]।

ইণ্টার-ভিউ (p. 114) [iṇṭāra-bhiu] বি. 1 সাক্ষাৎকার; 2 (সচ.) চাকরি ইত্যাদির জন্য প্রার্থীর যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার বা কথাবার্তা। [ইং. interview]।

ইন্তাকাল, ইন্তেকাল (p. 114) [intākāla, intēkāla] বি. মৃত্যু, দেহাবসান। [আ. ইন্তকাল]।

ইন্তাজার, ইন্তেজার (p. 114) [intājāra, intējāra] বি. প্রতীক্ষা, অপেক্ষা। [আ. ইনতিজার]।

ইন্তিজাম (p. 114) [intijāma] বি. ব্যবস্থা; সুব্যবস্থা। [আ. ইন্তিজাম্]।

ইন্দি-বর (p. 114) [indi-bara] বি. নীলপদ্ম। [সং. ইন্দি (লক্ষ্মী) + বর (ইষ্ট)]।

ইন্দিরা (p. 114) [indirā] বি. লক্ষ্মীদেবী, কমলা। [সং. √ ইন্দ্ + ইর + আ]।

ইন্দু (p. 114) [indu] বি. চাঁদ, সুধাকর। [সং. √ ইন্দ্ + উ]। ̃কলা বি. চাঁদের কলা বা অংশ। ̃ কান্ত বি. চন্দ্রকান্তমণি, মুনস্টোন। ̃ নিভানন বিণ. চাঁদমুখ, চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্ট। স্ত্রী. ̃ নিভাননা, ̃ নিভাননী। ̃ ভূষণ বি. চাঁদ যাঁর অলংকার অর্থাত্ শিব। ̃ মতী বি. 1 পূর্ণিমা; 2 রঘুবংশীয় অঙ্গরাজের পত্নী। ̃ মুখী বিণ. বি. (স্ত্রী.) চন্দ্রমুখী, (যে স্ত্রীলোক) চাঁদের মতো মুখবিশিষ্টা। ̃ মৌলি, ̃ শেখর বি. চাঁদ যাঁর ললাটভূষণ; চন্দ্রচূড়; শিব। ̃ লেখা বি. চন্দ্রকলা।

ইন্দুর, ইন্দূর-ইঁদুর (p. 114) [indura, indūra-in̐dura] এর বর্ত. অপ্র. রূপ।

ইন্দ্র (p. 114) [indra] বি. 1 দেবতাদের রাজা, পুরন্দর; বাসব; 2 প্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি (যোগীন্দ্র, বীরেন্দ্র); 3 রাজা, অধিপতি (নরেন্দ্র, দনুজেন্দ্র)। [সং. √ ইন্দ্ + র]। ̃ গোপ বি. বর্ষাকালে প্রাদুর্ভাব হয় এমন রক্তবর্ণ কীটবিশেষ, মখমলি পোকা। ̃ চাপ বি. 1 ইন্দ্রের ধনুক; 2 রামধনু। ̃ জাল বি. জাদু, ভোজবাজি, ম্যাজিক; ভেলকি; মায়া (সুরের ইন্দ্রজাল)। ̃ জালিক, ঐন্দ্রজালিক বি. জাদুকর, মায়াবী। □ বিণ. ইন্দ্রজালসম্বন্ধীয়। ̃ জিত্ বি. রাবণের জ্যেষ্ঠপুত্র, মেঘনাদ। □বিণ. ইন্দ্রকে যে পরাজিত করেছে। ̃ ত্ব বি. ইন্দ্রের পদ বা মহিমা; রাজমহিমা; প্রাধান্য। ̃ ধনু-ইন্দ্রচাপ এর অনুরূপ। ̃ নীল, ̃ নীলক, ̃ মণি বি. মরকত,

নীলকান্তমণি, পান্না ('ইন্দ্রমণির হার')।˜ পতন বি. কোনো বিখ্যাত ব্যক্তির বা অসাধারণ মানুষের মৃত্যু।˜ পাত-ইন্দ্রপতন এর অনুরূপ।˜ পুরী,˜ লোক বি. অমরাবতী, স্বর্গে দেবরাজ ইন্দ্রের পুরী বা প্রাসাদ; (গৌণ অর্থে) ঐশ্বর্যমণ্ডিত বিরাট ও সুন্দর প্রাসাদ।˜ লুপ্ত বি. মাথার টাক ('তার মাথায় ইন্দ্রলুপ্ত': অন্নদাশঙ্কর রায়)। ˜ ; লোক দ্র ইন্দ্রপুরী।˜ সুত বি. 1 ইন্দ্রের পুত্র জয়ন্ত; 2 বানররাজ বালী; 3 তৃতীয় পাণ্ডব অর্জুন।˜ সেন বি. যুধিষ্ঠিরের রথের সারথি। ইন্দ্রাণী বি. ইন্দ্রপত্নী, শচীদেবী। ইন্দ্রায়ুধ বি রামধনু। ইন্দ্রারি বি ইন্দ্রের শত্রু, অসুর। ইন্দ্রাসন বি. ইন্দ্রের সিংহাসন।

ইন্দ্রিয় (p. 114) [indriẏa] বি. যেসমস্ত দেহযন্ত্র বা শক্তির সাহায্যে বাহ্য বিষয় সম্বন্ধে জ্ঞান ও বিভিন্ন ক্রিয়া সম্পাদনে সামর্থ্য জন্মে-ইন্দ্রিয় চোদ্দোটি। বাক্ পাণি পাদ পায়ু উপস্থ: এই পাঁচটি কর্মেন্দ্রিয়; চক্ষু কর্ণ নাসা জিহ্বা ত্বক: এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়; এবং মন বুদ্ধি অহংকার চিত্ত: এই চারটি অন্তরিন্দ্রিয়। [সং. ইন্দ্র + ঈয় (ঘ)]।˜ গম্য,˜ গোচর,˜ গ্রাহ্য বিণ. ইন্দ্রিয়ের সাহায্যে আয়ত্ত করা যায় এমন; প্রত্যক্ষ।˜ গ্রাম বি. ইন্দ্রিয়সমূহ।˜ জয়,˜ দমন বি. ইন্দ্রিয়কে স্ববশে রাখা বা উচ্ছৃঙ্খল হতে না দেওয়া, ইন্দ্রিয়কে নিয়ন্ত্রণ করা; লালসা-কামনা জয় করা।˜ দোষ বি. কামপ্রবৃত্তির প্রাবল্য; লাম্পট্য।˜ নিগ্রহ বি. ইন্দ্রিয়ের সংযম।˜ পর,˜ পর.তন্ত্র,˜ পর.বশ,˜ পরবশতা,˜ পরায়ণ˜ সেবী -(বিন্) বিণ. ইন্দ্রিয়ের দাবি মেটাতে তৎপর; অতিরিক্ত ভোগবিলাসী; লম্পট। বি পরতা,˜ পরবশতা,˜ পরায়ণতা˜ বৃত্তি বি. ইন্দ্রিয়ের শক্তি বা ক্রিয়া।˜ সংযম বি. ইন্দ্রিয়সমূহকে নিয়ন্ত্রণে রাখা।˜ সুখ বি. 1 ইন্দ্রিয়সমূহের পক্ষে সুখকর বস্তু অর্থাত্ শব্দ ঘ্রাণ শোভা ইত্যাদি; 2 (শিথিল অর্থে) কামবাসনার চরিতার্থতা।˜ সেবা বি. ইন্দ্রিয়সমূহের সুখবিধান; ভোগবিলাস; কামবাসনার তৃপ্তিসাধন; লাম্পট্য।

ইন্ধন (p. 114) [indhana] বি. 1 আগুন জ্বালবান উপকরণ; কাঠ কয়লা ইত্যাদি; 2 (গৌণ অর্থে) উত্তেজক বা সহায়ক জিনিস (লোভের ইন্ধন, ক্রোধের ইন্ধন)। [সং. √ ইন্ধি + অন]।

ইফ-তার (p. 114) [ipha-tāra] বি. (মুস.) সারাদিন রোজা করার পর প্রথম যে খাদ্য গ্রহণ করা হয়। [আ. ইফ্তার]।

ইবাদত (p. 114) [ibādata] বি. (মুস.) প্রার্থনা, উপাসনা (ইবাদতখানা)। [আ.]।

ইমন (p. 114) [imana] বি. সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ। [আ. য়মন]।˜ কল্যাণ বি. রাত্রিকালীন মিশ্ররাগবিশেষ।˜ কেদার বি. ইমন ও কেদার বা কেদারা রাগের মিশ্র রূপ।˜ ভূপালি বি. ইমন ও ভূপালি এই দুই রাগের মিশ্র রূপ।

ইমলি (p. 114) [imali] বি. তেঁতুল। [হি. ইমলী]।

ইমান (p. 114) [imāna] বি. 1 ধর্মবিশ্বাস; 2 বিবেক, বিবেকবুদ্ধি। [আ. ঈমান্]।˜ দার বিণ. 1 ধার্মিক; 2 সাধুস্বভাবসম্পন্ন; 3 বিশ্বস্ত; 4 বিবেকসম্পন্ন।˜ দারি বি. ধার্মিকতা; সাধুতা; বিশ্বস্ততা।

ইমাম (p. 114) [imāma] বি. মুসলমানদের ধর্মনেতা বা ধর্মগুরু। [আ. ঈমাম্]।˜ বাড়া বি. (বিশেষত) মোহরম অনুষ্ঠানের জন্য ধর্মগৃহ।

ইমারত (p. 114) [imārata] বি. পাকাবাড়ি, অট্টালিকা; বড় পাকাবাড়ি। [আ. ইমারত্]। ইমারতি দোকান পাকা বাড়ি তৈরির জন্য লোহালক্কড় বা অন্য উপকরণ যে দোকানে বিক্রয় হয়।

ইয়ত্তা (p. 114) [iẏattā] বি. 1 পরিমাণ বা সংখ্যা; 2 হিসাব; 3 সীমা। [সং. ইয়ত্ + তা]।

ইয়াংকি, ইয়াঙ্কি (p. 114) [iẏāṅki, iẏāṅki] বি. (বিদ্রূপে বা ঈষত্ নিন্দায়) আমেরিকার লোক। □ বিণ. আমেরিকার অধিবাসীসংক্রান্ত (ইয়াঙ্কি কালচার)। [ইং. Yankee]।

ইয়াকুত (p. 114) [iẏākuta] বি. চুনি বা রুবি। [আ. য়াকুত]।

ইয়াদ (p. 114) [iẏāda] বি. স্মরণ, স্মৃতি; খেয়াল (ইয়াদ রেখো)। [ফা. য়াদ্]।

ইয়ার (p. 114) [iẏāra] বি. 1 বন্ধু, বয়স্য, সঙ্গী; 2 ফাজিল লোক। [ফা. য়ার্]। ˜ কি, ইয়ার্কি বি. রসিকতা; ফাজলামি। ˜ বকশি বি. রসিক বা রঙ্গপ্রিয় বন্ধু বা সঙ্গী; আড্ডার সঙ্গী।

ইয়ারিং (p. 114) [iẏāri] বি. কানের বালাজাতীয় গয়নাবিশেষ। [ইং. earring]।

ইয়ে (p. 114) [iẏē] বি. স্মরণ হয় না এই অবস্থায় অথবা বাঞ্ছিতভাব প্রকাশের উপযোগী শব্দ খুঁজে না পেলে ফাঁক পূরণের শব্দ। [দেশি]।

ইরম্মদ (p. 116) [irasmada] বি. (বর্ত. অপ্র.) 1 বজ্র বা বজ্রাগ্নি, বিদ্যুত্; 2 সমুদ্রের আগুন; 3 হাতি। [সং. ইরা (জল) + √ মদ্ + অ]।

ইরা (p. 116) [irā] বি. 1 পৃথিবী; 2 বাক্য বা বাণী; 3 জল; 4 খাদ্য বা অন্ন। [সং. √ ই + র + আ]।

ইরাকি (p. 116) [irāki] বি. ইরাক দেশের অধিবাসী বা ভাষা। □ বিণ. ইরাক দেশ বা ওই দেশের অধিবাসীসম্বন্ধীয় (ইরাকি হামলা, ইরাকি গান)।

ইরানি, ইরানীয় (p. 116) [irāni, irānīẏa] বি. বিণ. পারস্য বা ইরানের অধিবাসী বা ইরানদেশ সম্বন্ধীয়।

ইরাদা, এরাদা (p. 116) [irādā, ērādā] বি. 1 ইচ্ছা, অভিলাষ, অভিপ্রায়; 2 সংকল্প। [আ. ইরাদা]।

ইরাবতী (p. 116) [irābatī] বি. 1 পাঞ্জাবের অন্তর্গত রাবি নদী; 2 ব্রহ্মদেশের নদীবিশেষ। [সং. ইরা (জল) + বতী]।

ইরাবান (p. 116) [irābāna] বি. সমুদ্র। [সং. ইরা (জল) বান্]।

ইলশে-গুঁড়ি (p. 116) [ilaśē-gun̐ḍ়i] বি. গুঁড়ি গুঁড়ি বৃষ্টি। [বাং. ইলিশ > ইলশে + গুঁড়ি]।

ইলা (p. 116) [ilā] বি. 1 পৃথিবী; 2 বাক্য বা বাণী; 3 ধেনু, গাভী; 4 সুরা; 5 জল; 6 বুধপত্নী। [সং. ইল + আ]। ̃ বৃত, ̃ বৃত-বর্ষ বি. 1 পুরাণোক্ত দেশবিশেষ; 2 জম্বুদ্বীপের বিভিন্ন 'বর্ষ' বা ভূভাগের এক 'বর্ষ', কৈলাসের নিকটবর্তী স্থানের পৌরাণিক নাম।

ইলাকা-এলাকা (p. 116) [ilākā-ēlākā] র অপ্র. রূপভেদ।

ইলাজ (p. 116) [ilāja] বি. রোগের চিকিৎসা বা উপশম। [আ. ইলাজ্]।

ইলাহি (p. 116) [ilāhi] বি. ঈশ্বর, ভগবান। □ বিণ. 1 মহান (ইলাহি পুরুষ; 2 বিরাট, বিশাল (ইলাহি ব্যাপার)। [আ. ইলাহী]। দ্র এলাহি।

ইলিশ (p. 116) [iliśa] বি. (সচ. নদীর) সুস্বাদু মাছবিশেষ। [অর্বাচীন সং. ইল্লীশ]।

ইলেক (p. 116) [ilēka] বি. টাকা, গণ্ডা প্রভৃতি নির্দেশক গণিতের বর্ত. অপ্র. চিহ্নবিশেষ। [দেশি]। তু. ঈষত্ লেখ]।

ইলেক-ট্রন (p. 116) [ilēka-ṭrana] বি. বিদ্যুতের অবিভাজ্য পরমাণু; (পরি.) বিদ্যুতিন। [ইং. electron]। ইলেক-ট্রনিক্স বি. ইলেকট্রনবিষয়ক বৈজ্ঞানিক তত্ত্ব; ওই তত্ত্ব অবলম্বনে শিল্প ইত্যাদিতে বহুধাবিচিত্র প্রয়োগকৌশল।

ইলেক-ট্রিক (p. 116) [ilēka-ṭrika] বিণ. বিদ্যুৎসম্বন্ধীয়, বৈদ্যুতিক, বিদ্যুতের দ্বারা চালিত (ইলেকট্রিক পাখা)। □ বি. বিদ্যুত্ (ইলেকট্রিকের কাজ)। [ইং. electric]।

ইলেক-শন (p. 116) [ilēka-śana] বি. ভোট; ভোট দেবার অধিকারী জনগণ কর্তৃক প্রতিনিধি বা সদস্য নির্বাচন। [ইং. election]।

ইল্লত (p. 116) [illata] বি. নোংরামি, কলঙ্ক, কলুষ (ইল্লত যায় না মরলে)। [আ. ইললত্]।

ইল্লি (p. 116) [illi] বি. (সচ. ছোটদের মধ্যে প্রচলিত) অবিশ্বাসসূচক শব্দ (তুমি এ কাজ করেছ ? ইল্লি আর কী?)। [দেশি?]।

ইশকাবন, ইশকাপন (p. 116) [iśakābana, iśakāpana] বি. তাসের রংবিশেষ। [ওল. schopen]।

ইশর-মূল (p. 116) [iśara-mūla] বি. বিষহর লতাবিশেষের মূল, অর্কমূলা, Aristolochia Indiaca. [বিষহর মূল?]।

ইশাদি বি. সাক্ষী। [ফা. ইশাদী]।

ইশারা (p. 116) [iśārā] বি. ইঙ্গিত, সংকেত। [আ. ইশারাহ্]।

ইষু (p. 116) [iṣu] বি. বাণ, তির। [সং. √ ইষ্ + উ]।

ইষ্ট1 (p. 116) [iṣṭa1] বি. যজ্ঞ, যজ্ঞাদি কর্ম। [সং. √ যজ্ + ত]।

ইষ্ট2 (p. 116) [iṣṭa2] বিণ. 1 বাঞ্ছিত, কাম্য (ইষ্টকর্ম); 2 কল্যাণকর (ইষ্টচিন্তা); 3 গুরুদত্ত (ইষ্টমন্ত্র); 4 উপাস্য (ইষ্টদেবতা); 5 আত্মীয় (ইষ্টকুটুম্ব); 6 প্রিয় (ইষ্টজন)। □ বি. 1 অভীষ্ট বস্তু বা বিষয় (ইষ্টলাভ); 2 প্রিয়জন (ইষ্টবিয়োগ)। [সং. √ ইষ্ + ত]।˜ কর্ম বি. উদ্দিষ্ট বা বাঞ্ছিত কাজ।˜ কুটুম্ব বি. আত্মীয়স্বজন।˜ দেব বি. উপাস্য দেবতা।˜ নাম বি. উপাস্য দেবতার নাম।˜ মন্ত্র বি. উপাস্য দেবতার পূজার্থ মন্ত্র; গুরুমন্ত্র।˜ সাধন,˜ সিদ্ধি বি. অভীষ্ট বস্তু পাওয়া।

ইষ্টক (p. 116) [iṣṭaka] বি. ইট। [< সং. ইষ্টকা]।

ইষ্টাপত্তি (p. 116) [iṣṭāpatti] বি. 1 অভীষ্ট বস্তু লাভ; 2 লাভ; 3 উপকার। [সং. ইষ্ট + আপত্তি (প্রাপ্তি)]।

ইষ্টি1 (p. 116) [iṣṭi1] বি. অভিলাষ, ইচ্ছা। [সং. √ ইষ্ + তি]।

ইষ্টি2 (p. 116) [iṣṭi2] বি. যজ্ঞ (অন্ত্যেষ্টি)। [সং. √ যজ্ + তি]।

ইষ্টি-কুটুম-ইষ্টকুটুম্ব (p. 116) [iṣṭi-kuṭuma-iṣṭakuṭumba] র কথ্যরূপ।

ইষ্টি-পত্র-ইচ্ছাপত্র (p. 116) [iṣṭi-patra-icchāpatra] র রূপভেদ। দ্র ইচ্ছা।

ইস, ইস্ (p. 116) [isa, is] অব্য. বিস্ময় বিরক্তি আক্ষেপ প্রভৃতি সূচক ধ্বনি (ইস্, এখন কী হবে?)। [দেশি-ধ্বন্যা.]।

ইসদন্ত (p. 116) [isadanta] বি. কশের দাঁত, গালের পাশের দাঁত। [দেশি]।

ইসবগুল (p. 116) [isabagula] বি. উদ্ভিদবিশেষের বীজ যা কোষ্ঠপরিষ্কারক হিসাবে পরিচিত। [ফা. ইস্পগুলা]।

ইসরাফিল (p. 116) [isarāphila] বি. চারজন শ্রেষ্ঠ ফিরিশতার অন্যতম, যাঁর শিঙার ফুৎকারে মহাপুনরুত্থান সূচিত হয়। [আ. ইসরাফীল্]।

ইস-লাম (p. 116) [isa-lāma] বি. 1 হজরত মোহাম্মদ প্রবর্তিত ধর্ম মুসলমানদের ধর্ম। ইস-লামি বিণ. ইসলামসম্বন্ধীয় ইসলাম ধর্মের অনুযায়ী (ইসলামি রীতি)। [আ. ইস্লাম]।

ইস্ত্রুপ-স্ত্রু (p. 116) [istrupa-stru] (screw) র বিকৃত রূপ।

ইস্তক1 (p. 116) [istaka1] অব্য. হতে, থেকে (সেই ইস্তক সে আর ওখানে যায় না)। [হি. ইস্ তক্]।

ইস্তক2 (p. 116) [istaka2] বি. তাসখেলায় রঙের সাহেব-বিবি।

ইস্তফা (p. 116) [istaphā] বি. 1 (চাকরি, কাজকর্ম ইত্যাদি) ত্যাগ বা ত্যাগপত্র; 2 শেষ; 3 ক্ষান্তি, নিবৃত্তি। [আ. ইসত্ আফা]।

ইস্তামাল (p. 116) [istāmāla] বি. 1 ব্যবহার; 2 অভ্যাস; 3 অনুশীলন। [অ. ইস্তামাল]।

ইস্তাহার (p. 116) [istāhāra] বি. বিজ্ঞপ্তি; প্রচারপত্র; বিজ্ঞাপন। [আ. ইশ্তিহার]।

ইস্তিরি, ইস্ত্রি (p. 116) [istiri, istri] বি. বস্ত্রাদি মসৃণ ও চকচকে করা, বস্ত্রাদি মসৃণ ও চকচকে করার জন্য ধাতুনির্মিত যন্ত্রবিশেষ। [পো. estirar]।

ইস্পাত (p. 117) [ispāta] বি. কারবন বা অঙ্গার দিয়ে কঠিন-করা লোহা, steel. [পো. espada]। ইস্পাতি বিণ, ইস্পাতেতৈরি ('ইস্পাতী রেলের': অ. চ.)।

ইহ (p. 117) [iha] ক্রি-বিণ. এই স্থানে বা সময়ে; এই জগতে। □ বিণ. এই, উপস্থিত ('ছাড় ইহ বাত': গো. দা)। [সং. ইদম্ + হ্]। ˜ কাল বি. জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সময়; এই জীবন বা জন্ম, জীবিতকাল। ˜ জগত্, ˜ লোক বি. এই পৃথিবী; পৃথিবী; মনুষ্যলোক, মর্তলোক (ইহলোক ত্যাগ করা)। ˜ জন্ম, ˜ জীবন বি. এই জীবন; পৃথিবীতে এই জন্ম।

ইহা (p. 117) [ihā] সর্ব. (সাধু রূপ) এই বস্তু। [তু. ওড়ি. এহা; তু. ই-হ (< ইদম্ হ)।

ইহুদি (p. 117) [ihudi] বি. হিব্রু জাতি, জু জাতি, jew. [আ. য়হূদ]।

ঈ (p. 118) [ī] বাংলা ভাষার চতুর্থ স্বরবর্ণ। ি কার বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঈ অক্ষর যোগ।

ঈক্ষণ (p. 118) [īkṣaṇa] বি. 1 দৃষ্টি, দেখা; 2 চোখ। [সং. √ঈক্ষ্ + অন]। ঈক্ষিত বিণ. দেখা গেছে বা দেখা হয়েছে এমন, দৃষ্ট।

ইক্ষমাণ (p. 118) [ikṣamāṇa] বিণ. দৃষ্ট হচ্ছে এমন, পরিদৃশ্যমান। [সং. √ ঈক্ষ্ + শানচ্]।

ঈদৃক (ঈদৃক্), ঈদৃশ (p. 118) [īdṛka (īdṛk), īdṛśa] বিণ. এইরকম, এর মতো, এর অনুরূপ (ঈদৃশ কথা কখনো শুনি নাই)। [সং. ইদম্ + √ দৃশ্ + ক্বিপ্, অ]। স্ত্রী. ঈদৃশী।

ঈস্পনীয় (p. 118) [īspanīẏa] দ্র ঈপ্সা।

ঈপ্সা (p. 118) [īpsā] বি. 1 পাবার বা লাভ করার ইচ্ছা, বাঞ্ছা; 2 লোভ। [সং. √ আপ্ + সন্ + অ + আ]। ঈপ্সনীয় বিণ. চাওয়ার যোগ্য, বাঞ্ছনীয়, কামনার যোগ্য। ঈপ্সিত বিণ. চাওয়া হয়েছে এমন, কাঙ্ক্ষিত (ঈপ্সিত বস্তু লাভ করা)। ঈপ্সু বিণ. ইচ্ছুক, পেতে চায় এমন।

ঈর্ষণীয় (p. 118) [īrṣaṇīẏa] দ্র ঈর্ষা।

ঈর্ষা, ঈর্ষ্যা (p. 118) [īrṣā, īrṣyā] বি. পরশ্রীকাতরতা, দ্বেষ; হিংসা (বাং. অর্থে)। [সং. ঈর্ষ্য + অ + আ]। ঈর্ষ্যা শুদ্ধ, ঈর্ষা অধিকতর চলিত রূপ]। ঈর্ষণীয় বিণ. হিংসনীয়, ঈর্ষার যোগ্য।˜ ম্বিত,˜ লু, ঈর্ষী বিণ. দ্বেষযুক্ত, পরশ্রীকাতর।

ঈশ (p. 118) [īśa] বি. 1 ঈশ্বর; 2 দেবতা (মহেশ); 3 প্রভু, স্বামী (প্রাণেশ); 4 রাজা, অধিপতি (নরেশ, দেবেশ)। [সং. √ ঈশ্ + অ]। স্ত্রী. ঈশা।

ঈশান (p. 118) [īśāna] বি. 1 শিব, মহাদেব; 2 উত্তর-পূর্ব কোণ('ঈশানের পুঞ্জমেঘ অন্ধবেগে ধেয়ে চলে আসে': রবীন্দ্র)। [সং. √ ঈশ্ + আন]। ঈশানী বি. স্ত্রী. মহেশ্বরী, দুর্গাদেবী।

ঈশিতা, ঈশিত্ব (p. 118) [īśitā, īśitba] বি. 1 ঈশ্বরত্ব; 2 ঈশ্বরের মহিমা; 3 ঐশ্চর্যবিশেষ; 4 প্রভুত্ব বা প্রভুত্ব করার ক্ষমতা। [সং. √ ঈশ্ + ইন্ + তা, ত্ব]।

ঈশ্বর (p. 118) [īśbara] বি. 1 ভগবান; 2 জগতের স্রষ্টা; 3 প্রভু, স্বামী (প্রাণেশ্বর); 4 রাজা, অধিপতি (রাজ্যেশ্বর); 5 শ্রেষ্ঠ বা প্রধান ব্যক্তি (যোগীশ্বর); 6 মৃত ব্যক্তির বা পুণ্যতীর্থের নামের আগে মহিমাসূচক চিহ্ন -* (*ভূদেব মুখোপাধ্যায়, *বারাণসী)। [সং. √ ঈশ্ + বর]। স্ত্রী. ঈশ্বরী। বি.˜ তা,˜ ত্ব।˜ দত্ত বিণ. ভগবানের কাছ থেকে পাওয়া গেছে এমন, ঈশ্বরের কৃপায় প্রাপ্ত (ঈশ্বরদত্ত কণ্ঠ)।˜ দ্বেষী (-ষিন্) বিণ. ঈশ্বরের বিরোধী; ঈশ্বরের ক্ষমতা বা মহিমা বা অস্তিত্ব অস্বীকার করে এমন; নাস্তিক।˜ নিষ্ঠ,˜ পরায়ণ বিণ. ঈশ্বরভক্ত, ধার্মিক। বি.˜ নিষ্ঠা,˜ পরায়ণতা।˜ প্রাপ্তি বি. ঈশ্বরকে পাওয়া; মৃত্যু।˜ বিরোধী-ঈস্বরদ্বেষী -র অনুরূপ।˜ ভক্ত, ˜ ; ভক্তি যথাক্রমে ঈশ্বরনিষ্ঠ ও ঈশ্বরনিষ্ঠা -র অনুরূপ। ঈশ্বরাজ্ঞা,

ঈশ্বরাদেশ বি. ঈশ্বরের নির্দেশ। ঈশ্বরাধীন বিণ. ঈশ্বরের ইচ্ছার উপর নির্ভরশীল; দৈবাধীন। ঈশ্বরীয় বিণ. ঈশ্বরসম্বন্ধীয়, ঐশ্বরিক।

ঈশ্বরী (p. 118) [īśbarī] দ্র ঈশ্বর।

ঈশ্বরীয় (p. 118) [īśbarīẏa] দ্র ঈশ্বর।

ঈশ্বরোপাসনা (p. 118) [īśbarōpāsanā] বি. ভগবানের আরাধনা। [সং. ঈশ্বর + উপাসনা]।

ঈষ (p. 118) [īṣa] বি. লাঙলের (কাঠের তৈরি) দণ্ড। [< সং. ঈষা]।

ঈষত্ (p. 118) [īṣat] বিণ. কিঞ্চিত্, একটুখানি, অল্প (ঈষদুষ্ণ, ঈষত্ বৃদ্ধি)। [সং. √ ঈষ্ + অত্]। বি. ঈষত্ত্ব। ঈষদুচ্চ বিণ. সামান্য উঁচু বা চড়া (ঈষদুচ্চ কণ্ঠে বললেন)। ঈষদুষ্ণ বিণ. অল্প গরম, সামান্য গরম। ঈষদূন বিণ. একটু কম।

ঈষা (p. 118) [īṣā] বি. 1 লাঙলের দণ্ড; 2 লাঙলের খাত, সীতা। [সং. √ ঈষ্ + অ + আ]।

ঈষিকা, ঈষীকা (p. 118) [īṣikā, īṣīkā] বি. 1 হাতির চোখের গোলক; 2 তুলি, তুলিকা; 3 কাশতৃণ। [সং. √ ঈষ্ + ইক, ঈক + আ]।

ঈহা (p. 118) [īhā] বি. 1 ইচ্ছা; 2 চেষ্টা (অনীহা). [সং. √ ঈহ্ + অ + আ]। ঈহিত বিণ. 1 ঈপ্সিত, বাঞ্ছিত; 2 চেষ্টিত।

উ (p. 119) [u] বাংলা ভাষার পঞ্চম স্বরবর্ণ এবং উর্ধ্ব পশ্চাত্ সংবৃত কণ্ঠ্য 'উ' ধ্বনির দ্যোতক বর্ণ।

উই (p. 119) [ui] বি. পিঁপড়ের মতো কীটবিশেষ, বল্মীক। [দেশি]।~ ঢিপি,~ ঢিবি বি. উইপোকা মাটি খুঁড়ে ঢিপির মতো যে বাসা তৈরি করে।~ ধরা,~ লাগা বিণ. উইয়ের দ্বারা আক্রান্ত।

উইল (p. 119) [uila] বি. ইচ্ছাপত্র, শেষ ইচ্ছাপত্র। [ইং. will]।

উঃ (p. 119) [uḥ] অব্য. বেদনা বিস্ময় বিরক্তি ইত্যাদিতে উচ্চারিত ধ্বনি।

উঁকি (p. 119) [un̐ki] বি. আড়াল থেকে দেখা, অল্পক্ষণের জন্য বা লুকিয়ে দেখা। [দেশি-তু. সং. উদীক্ষণ]।~ ঝুঁকি বি. আড়াল থেকে বারবার বা ক্রমাগত দেখা।

উঁচ-কপালে (p. 119) [un̐ca-kapālē] বিণ. উঁচু কপালবিশিষ্ট; সৌভাগ্যশালী। [বাং. উঁচু + কপাল + ইয়া > এ]। স্ত্রী. উঁচ-কপালি (স্ত্রীলোকের পক্ষে উঁচু কপাল দুর্ভাগ্যসূচক বলে বিবেচিত হওয়ায়) অলক্ষণা।

উঁচা (p. 119) [un̐cā] বিণ. উঁচু-র পুরানো ও বর্ত. আঞ্চ. রূপ। □ ক্রি. উঁচু করা।~ নো ক্রি. বি. উঁচু করা; উন্নত বা উত্তোলিত করা (লাঠি উঁচানো)।

উঁচু (p. 119) [un̐cu] বিণ. 1 উচ্চ; 2 উন্নত, উদার (উঁচু মন); 3 অভিজাত, খানদানি (উঁচু বংশ); 4 চড়া (উঁচু গলা)। [সং. উচ্চ]। ˜ নিচু বিণ. অসমান; কোথাও উঁচু কোথাও নিচু এমন (উঁচুনিচু রাস্তা)।

উঁহু (p. 119) [um̐hu] অব্য অসম্মতিসূচক ধ্বনি।

উ-কার (p. 119) [u-kāra] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে উ অক্ষর যোগ।

উকি (p. 119) [uki] বি. হিক্কা, হেঁচকি। [< সং. হিক্কা]।

উকিল (p. 119) [ukila] বি. আদালতে বিচারের জন্য মক্কেলের হয়ে যে পেশাধারী ব্যক্তি মামলা লড়ে, ব্যবহারজীবী, আইনজীবী। [আ. ওঅকীল]। উকিলি বিণ. উকিলসুলভ (উকিলি বুদ্ধি)।

উকুন (p. 119) [ukuna] বি. চুলের পোকা, উৎকুণ। [সং. উৎকুণ]।

উকো-উখা2 (p. 119) [ukō-ukhā2] এর কথ্য রূপ।

উক্ত (p. 119) [ukta] বিণ. বলা বা উল্লেখ করা হয়েছে এমন, কথিত, উল্লিখিত (উক্ত বিষয়, উক্ত স্থান)। [সং. √ বচ্ + ত]। উক্তি বি. কথা; বচন; কথন; উল্লেখ।

উখড়া (p. 119) [ukhaḍ়ā] ক্রি. উৎপাতিত করা, উপড়ানো। [< সং. উত্ + √ খন্, কিংবা উত্ + √ ঘট্]।˜ নো বি. উৎপাটন, উন্মূলন। □ ক্রি. উপড়ে ফেলা। □ বিণ. উপড়ে ফেলা হয়েছে এমন।

উখা1 (p. 119) [ukhā1] বি. 1 পাকপাত্র, হাঁড়ি; 2 উনুন। [সং. √ উখ্ + অ + আ]।

উখা2 (p. 119) [ukhā2] বি. ধাতুদ্রব্যাদি ঘষে সমান করার জন্য ব্যবহৃত দাঁতওয়ালা যন্ত্রবিশেষ, রেতি, file, rasp. [দেশি]।

উগরা (p. 119) [ugarā] ক্রি. 1 বমি করা, উদ্গিরণ করা; 2 (আল.) মুখস্থ-করা কথা বা বিষয় না বুঝে আউড়ে যাওয়া (পড়া উগরে দিয়েছি); 3 নেওয়া বা পাওয়া জিনিষ বাধ্য হয়ে ফেরত দেওয়া (চোরাই মাল উগরে দিয়েছে)। [< সং. উত্ + √ গৃ]।˜ নো ক্রি. উগরে দেওয়া; বমি করা। □ বি. উক্ত অর্থে। □ বিণ. উগরে দেওয়া হয়েছে এমন।

উগলা, উগলানো (p. 119) [ugalā, ugalānō] যথাক্রমে উগরা ও উগরানো -র রূপভেদ।

উগ্র (p. 119) [ugra] বিণ. 1 প্রচণ্ড, ঘোর, তীব্র, চড়া (উগ্র তেজ, উগ্র গন্ধ); 2 কর্কশ, কোপন (উগ্র স্বভাব); 3 রূঢ়, নিষ্ঠুর। [সং. √ উচ্ + র]। বি.˜ তা।˜ কণ্ঠ,˜ স্বর বিণ. কর্কশ ও ক্রুদ্ধ কণ্ঠস্বরবিশিষ্ট।˜ কর্মা (-র্মন্) বিণ. ভয়ানক বা হিংসাজনক কাজ করে এমন।˜ ক্ষত্রিয় বি. (মূলত বর্ধমান জেলার ও তৎসন্নিহিত রাঢ় অঞ্চলের) হিন্দু সম্প্রদায়বিশেষ, আগুরি।˜ চণ্ডা বিণ. অত্যন্ত কোপনস্বভাব;

অত্যন্ত ক্রোধী; প্রচণ্ড চড়া মেজাজবিশিষ্ট। উগ্র জাতীয়তা-বাদ বি. নিজের দেশ ও জাতিই শ্রেষ্ঠ এবং অন্যের উপর তার কর্তৃত্ব স্থাপন করা উচিত এই অসহিষ্ণু ও যুক্তিহীন মতবাদ। ˜ পন্হী বিণ. দলীয় বা গোষ্ঠী স্বার্থে হিংসাত্মক বা নাশকতামূলক ক্রিয়াকলাপের সমর্থক। বি.˜ পন্হা।˜ প্রকৃতি,˜ স্বভাব বিণ. ক্রোধী, ক্রোধপরায়ণ; চড়া মেজাজযুক্ত।˜ বীর্য বিণ. তীব্র তেজঃপূর্ণ।˜ মূর্তি বিণ. অতি ক্রুদ্ধ বা ভয়ংকর মূর্তিবিশিষ্ট। উগ্রা বিণ. স্ত্রী. অতি কোপনস্বভাবা ও কলহপরায়ণা। □ বি. 1 প্রখরা নারী; 2 যোগিনীবিশেষ।

উঘারা (p. 119) [ughārā] ক্রি. উদঘাটন বা প্রকাশ করা ('আবেশে আপন ভাব কহয়ে উঘারি: চৈ. চ)। [< সং. উদঘাটন]।

উচক্কা (p. 119) [ucakkā] বিণ. উঠতি, নব্য (উচক্কা বয়েস)। □ ক্রি-বিণ. উচক্কা হোঁচট খেল)। [হি. উচকা, উচকানা]।

উচল (p. 119) [ucala] বিণ. উঁচু ('উচল বলিয়া অচলে চড়িনু': জ্ঞান.)। [বাং. উচ (উচ্চ) + ল]।

উচাটন (p. 119) [ucāṭana] বি. উৎকণ্ঠা; ব্যাকুলতা। □ বিণ. উৎকণ্ঠিত; ব্যাকুল; অধীর ('তোমা বিনে মন করে উচাটন': বৈ. প.)। [সং. উচ্চাটন]।

উচিত (p. 119) [ucita] বিণ. 1 ন্যায্য, যুক্তিযুক্ত (উচিতকর্ম); 2 যোগ্য, উপযুক্ত। [সং. √ বচ্ + ইত]। বি. ঔচিত্য। উচিত কথা বি. ঠিক কথা; অস্বস্তিকর হলেও যেকথা ঠিক। উচিত বক্তা বিণ. উচিত কথা বলে এমন। উচিত শাস্তি বি. যথোচিত শাস্তি।

উচ্চ (p. 119) [ucca] বিণ. 1 উন্নত ('রহিবে উচ্চ শির'); 2 উঁচু (উচ্চবৃক্ষ); 3 সম্ভ্রান্ত, অভিজাত (উচ্চবংশীয়); 4 জোরালো (উচ্চকণ্ঠ); 5 চড়া (উচ্চমূল্য, উচ্চহার); 6 ঊর্ধ্বতন (উচ্চ আদালত)। [সং. উত্ + √ চি + অ]। বি.˜ তা।˜ গ্রাম বি. উঁচু পর্দায় বাঁধা স্বর বা কণ্ঠ।˜ নীচ বিণ. 1 উঁচুনিচু, উন্নত-অনুন্নত; 2 উত্তম ও অধম।˜ বাচ্য বি. সাড়াশব্দ; বাদ-প্রতিবাদ; ভালোমন্দ মন্তব্য।˜ বিত্ত বিণ. অর্থশালী; আর্থিক সচ্ছলতাযুক্ত।˜ বিদ্যালয় বি. যে বিদ্যালয়ে প্রবেশিকা বা মাধ্যমিক পরীক্ষা পর্যন্ত পড়ানো হয়।˜ ভাষী বিণ. কড়া কথা বলে এমন; চড়া গলায় কথা বলে এমন।

উচ্চকিত (p. 119) [uccakita] বিণ. 1 উদ্বিগ্ন, উৎকণ্ঠিত; 2 চঞ্চল; 3 চমকিত। [সং. উত্ + চকিত]।

উচ্চণ্ড (p. 119) [uccaṇḍa] বিণ. 1 প্রচণ্ড; 2 অতি কোপন; 3 ভয়ানক; 4 ক্ষিপ্রকারী, ক্ষিপ্রতাযুক্ত। [সং. উত্ + √ চণ্ড্ + অ]।

উচ্চতা (p. 119) [uccatā] দ্র উচ্চ।

উচ্চনীয়, উচ্চবাচ্য (p. 119) [uccanīẏa, uccabācya] দ্র উচ্চ।

উচ্চয়, উচ্চায় (p. 119) [uccaẏa, uccāẏa] বি. 1 চয়ন (পুষ্পোচ্চয়); 2 সংগ্রহ, রাশি, পুঞ্জ (সলিলোচ্চয়)। [সং. উত্ + √ চি + অ]।

উচ্চ-রোল (p. 119) [ucca-rōla] বি. 1 জোর কণ্ঠ; 2 চড়া আওয়াজ। [সং. উচ্চ + রোল]।

উচ্চ-শিক্ষা (p. 119) [ucca-śikṣā] বি. বিদ্যালয় ও কলেজীয় শিক্ষার শেষে পরবর্তী পর্যায়ে আরও উঁচু স্তরের শিক্ষা, higher education. [সং. উচ্চ + শিক্ষা]।

উচ্চাকাঙ্ক্ষা (p. 119) [uccākāṅkṣā] বি. উঁচু আশা, অনেক ভালো কিছু করার বা হবার আশা; জীবনে প্রচুর উন্নতি করার আশা বা ইচ্ছা। [সং. উচ্চ + আকাঙ্ক্ষা]।

উচ্চাঙ্গ (p. 119) [uccāṅga] বি. 1 শরীরের ঊর্ধ্ব বা উপরের অংশ; 2 উন্নত দেহ; 3 উঁচু, ভালো বা গম্ভীর বিষয়। □ বিণ, উঁচু বা উন্নত (উচ্চাঙ্গসংগীত)। [সং. উচ্চ + অঙ্গ]।

উচ্চাটন (p. 119) [uccāṭana] বি. 1 উৎপাটন, উৎপাটিত করা বা তুলে ফেলা, উচ্ছেদ করা; 2 অপসারণ; 3 উৎপীড়ন; 4 ব্যাকুলতা, উদ্বেগ; 5 শত্রুর ক্ষতিসাধনের জন্য অনুষ্ঠিত অভিচারকর্মবিশেষ (মারণ উচ্চাটন)। [সং. উত্ + √ চট্ + ণিচ্ + অন]।

উচ্চাবচ (p. 119) [uccābaca] বিণ. উঁচুনিচু, বন্ধুর; অসমান। [সং. উদচ্ + অবাচ্]।

উচ্চাভি-লাষ (p. 119) [uccābhi-lāṣa] বি. উচ্চাকাঙ্ক্ষা, বড় বা ভালো কিছুর আশা। [সং. উচ্চ + অভিলাষ]।

উচ্চায় (p. 119) [uccāẏa] দ্র উচ্চয়।

উচ্চার (p. 119) [uccāra] বি. 1 বিষ্ঠা, মল; 2 উচ্চারণ। [সং. উত্ + √ চর্ + অ]।

উচ্চারণ (p. 119) [uccāraṇa] বি. 1 কথন, বলা; 2 মুখ দিয়ে শব্দ করা; 3 বাচনভঙ্গি। [সং. উত্ + √ চারি + অন]। ̃ বিভ্রাট বি. বিকৃত বা ভুল উচ্চারণ, উচ্চারণের ভুল। ̃ স্থান মুখমণ্ডলের যে অংশ দ্বারা ধ্বনি উচ্চারণ করা হয়, place of articulation. উচ্চারণীয়, উচ্চার্য বিণ. বলার বা উচ্চারণ করার যোগ্য (সেকথা উচ্চার্য নয়); উচ্চারণ করতে হবে এমন। উচ্চারা ক্রি. উচ্চারণ করা ('উচ্চারিবে সবে')। উচ্চারিত বিণ. বলা বা উচ্চারণ করা হয়েছে এমন। উচ্চার্য-মাণ বিণ. উচ্চারণ করা হচ্ছে এমন।

উচ্চাশয় (p. 119) [uccāśaẏa] বিণ. উদার; মহান, মহানুভব। [সং. উচ্চ + আশয়]।

উচ্চৈঃ (p. 119) [uccaiḥ] (-চ্চৈস্) অব্য. 1 উঁচু, উন্নত (উচ্চৈঃস্বর); 2 প্রচুর; 3 অধিক। [সং. উত্ + √ চি + ঐস্]। ̃ স্বর বি. উচ্চরব, চিৎকার।

উচ্চৈঃশ্রবা (p. 119) [uccaiḥśrabā] বি. (পুরাণে) সমুদ্রমন্থনে উত্থিত যে অশ্ব ইন্দ্রের বাহনরূপে পরিচিত। [সং. উচ্চৈঃ + শ্রবস্]।

উচ্ছন্ন (p. 119) [ucchanna] বি. উৎসন্ন -র কথ্যরূপ (ছেলেটা উচ্ছন্নে গেছে)।

উচ্ছব-উৎসব (p. 119) [ucchaba-utsaba] এর বিকৃত কথ্যরূপ।

উচ্ছল (p. 119) [ucchala] বিণ. 1 দোলায়িত; 2 প্রাণবন্ত, হাসিখুশি (উচ্ছল স্বভাবের মেয়ে, প্রাণোচ্ছল); 3 চারদিকে ছড়িয়ে পড়েছে এমন, উথলে উঠেছে এমন ('উচ্ছল নদীজল'); 4 ফুলে উঠেছে এমন, স্ফীত (ফেনোচ্ছল)। [সং. উত্ + √ শল্ + অ]। ˜ তা বি. দোলায়িত ভাব; প্রাণবন্ত ভাব; উচ্ছ্বাস; উথলে ওঠার অবস্থা বা ভাব। উচ্ছলিত বিণ. দোলিত; উচ্ছ্বসিত; ফুলে বা উথলে উঠেছে এমন; স্ফীত।

উচ্ছিত্তি (p. 119) [ucchitti] বি. উচ্ছেদ; বিনাশ; উৎসাদন; নির্মূল হওয়া। [সং. উত্ + √ ছিদ্ + তি]।

উচ্ছিদ্য-মান (p. 119) [ucchidya-māna] বিণ. যার বিনাশ ঘটছে; যার উচ্ছেদ হচ্ছে (উচ্ছিদ্যমান অরণ্য)। [সং. উত্ + √ ছিদ্ + মান (শানচ্)]।

উচ্ছিন্ন (p. 119) [ucchinna] বিণ. উচ্ছেদ হয়েছে এমন, উৎপাটিত; উন্মূলিত; বিনাশপ্রাপ্ত, বিনষ্ট। [সং. উত্ + √ ছিদ্ + ত]।

উচ্ছিষ্ট (p. 119) [ucchiṣṭa] বি. বিণ. 1 ভুক্তাবশেষ, এঁটো, খাওয়ার পর পাতে যা অবশিষ্ট থাকে; 2 (মূলত ভাত) খাওয়ার পর মুখ ধোয়া হয়নি এমন (উচ্ছিষ্ট মুখ)। [সং. উত্ + √ শিষ্ + ত]। ̃ ভোজী (-জিন্) বিণ. অন্যের ভুক্তাবশেষ খায় এমন; পরমুখাপেক্ষী। উচ্ছিষ্টান্ন বি. ভাত বা রাঁধা অন্য খাদ্যের ভুক্তাবশেষ; কেউ খেয়ে চলে যাবার পর পাতে যে খাবার পড়ে থাকে।

উচ্ছৃঙ্খল (p. 119) [ucchr̥ṅkhala] বিণ. শৃঙ্খলা বা নিয়মের শাসন নেই এমন; যথেচ্ছাচারী; অনিয়ন্ত্রিত; নিয়ম বা বিধি মানে না এমন। [সং. উত্ + শৃঙ্খলা]। বি. ̃ তা।

উচ্ছে (p. 119) [ucchē] বি. রেঁধে খাওয়ার উপযুক্ত তেতো সবজিফলবিশেষ। [দেশি]।

উচ্ছেত্তা (p. 119) [ucchēttā] (-ত্তৃ) বি. বিণ. উচ্ছেদক, যে উচ্ছেদ করে। [সং. উত্ +√ ছিদ্ + তৃ]।

উচ্ছেদ (p. 119) [ucchēda] বি. বিনাশ; উৎপাটন (অরণ্যের উচ্ছেদ); আশ্রয়চ্যুত বা স্থানচ্যুত করা (ভাড়াটে উচ্ছেদ)। [সং. উত্ + √ ছিদ্ + অ]। ̃ ক বি. বিণ. যে উচ্ছেদ করে। ̃ নীয়, ̃ উচ্ছেদ্য বিণ. উচ্ছেদ করবার যোগ্য।

উচ্ছোষণ (p. 119) [ucchōṣaṇa] বিণ. 1 যা বা যে শুষে নেয়, শোষক; 2 যে সন্তাপ সৃষ্টি করে। □ বি. 1 শুষ্ক করা; 2 সন্তাপ সৃষ্টি, সন্তাপন। [সং. উত্ + √ শুষ্ + অন]। উচ্ছোষিত বিণ. শোষিত, শুষে নিয়েছে এমন; সন্তাপিত।

উচ্ছ্বসন (p. 119) [ucchbēsana] বি. 1 উস; 2 স্ফীতি; 3 ভাবের স্ফুরণ; 4 শ্বাসপ্রশ্বাস ক্রিয়া। [সং. উত্ + শ্বসন]। উচ্ছ্বসা ক্রি. উচ্ছ্বসিত হওয়া। উচ্ছ্বসিত বিণ. 1 স্ফীত; 2 ভাবাবেগে আকুল (উচ্ছ্বসিত প্রশংসা); 3 উৎফুল্ল।

উচ্ছ্বাস (p. 119) [ucchbāsa] বি. 1 স্ফীতি (জলোচ্ছ্বাস); 2 উল্লাস; 3 প্রবল ভাবাবেগ (প্রাণের উচ্ছ্বাস); 4 স্ফুরণ, বিকাশ; 5 নিশ্বাস। [সং. উত্ + √ শ্বস্ + অ]।

উচ্ছ্বাসিত (p. 119) [ucchbāsita] বিণ. 1 উচ্ছ্বসিত হয়ে উঠেছে এমন; 2 উন্মেষিত; 3 বিকশিত। [সং. উত্ + √ শ্বস্ + ণিচ্ + অ]।

উচ্ছ্রয়, উচ্ছ্রায় (p. 119) [ucchraẏa, ucchrāẏa] বি. 1 উচ্চতা; 2 উন্নতি। [সং. উত্ + √ শ্রি + অ]। উচ্ছ্রায়ী (-য়িন্) বিণ. ঊর্ধ্বগামী, উন্নতিশীল। উচ্ছ্রিত বিণ. উন্নত; স্ফীত; বৃদ্ধিপ্রাপ্ত। উচ্ছ্রিয়া অস-ক্রি. স্ফীত বা বৃদ্ধিপ্রাপ্ত হয়ে ('উচ্ছ্রিয়া উঠিবে বিশ্ব পুঞ্জ পুঞ্জ বস্তুর পর্বতে: রবীন্দ্র)।

উছল (p. 119) [uchala] বিণ. উথলে উঠেছে এমন, উচ্ছ্বসিত, উদ্বেল ('উছল হৃদয়, উছল নদী)। [< সং. উচ্ছল]। ˜ ন, উছলানো বি. উথলানো, উথলে ওঠা। □ ক্রি. উথলে উঠা। □ বিণ. উথলিত; উচ্ছ্বসিত। উছলা ক্রি. উথলে ওঠা; উদ্বেল হওয়া ('উছলি উঠেছে রস')।

উজবুক, (অপ্র.) উজবক (p. 119) [ujabuka, (apra.) ujabaka] বিণ. মূর্খ; আহাম্মক (উজবুকের মতো আবরণ)। [তুব. উজবেগ]।

উজল-উজ্জ্বল (p. 119) [ujala-ujjbala] এর কোমল রূপ ('নয়ন উজল')। উজলা ক্রি. (কাব্যে) উজ্জ্বল হওয়া।

উজাগর (p. 119) [ujāgara] বিণ. বিনিদ্র, নির্ঘুম। [< সং. উজ্জাগর]।

উজাড় (p. 119) [ujāḍ়.] বিণ. 1 শূন্য, খালি, নিঃশেষ (পাত্র উজাড় করেছে); 2 জনহীন (কলেরায় গ্রাম উজাড় হয়ে গেছে)। [< সং. উত্ + জড় হি. উজাড়]।

উজান (p. 119) [ujāna] বি. স্রোতের বিপরীত দিক (উজান স্রোতে গুণ টানা); জোয়ার। [< সং. উদযান?]। ˜ ভাটি বি. জোয়ারভাটা। উজানি বি. 1 উজানস্রোত, জোয়ার; 2 উঁচুভূমি; 3 দুপুরবেলা। উজানি-ভাটানি বি. অনুকূল ও প্রতিকূল স্রোত। উজানো ক্রি. স্রোতের উলটো দিকে যাওয়া; বিপরীত দিকে যাওয়া (এখন আবার উজিয়ে অতটা পথ যেতে হবে?)। □ বি. বিপরীত দিকে গমন। □ বিণ. বিপরীত দিকে যাচ্ছে বা গেছে এমন।

উজির (p. 119) [ujira] বি. (মূলত পূর্বতন মুস. শাসকের) মন্ত্রী, অমাত্য (রাজাউজির)। উজিরি, উজিরালি বি. মন্ত্রিত্ব।

উজু (p. 119) [uju] বি. মুসলমানদের শাস্ত্রীয় আচমন বা জল দিয়ে হাত-পা-মুখ ইত্যাদি ধোয়া। [আ. ওঅজু]।

উজ্জীবন (p. 119) [ujjībana] বি. 1 নবজীবনসঞ্চার; 2 মৃতের বা মৃতপ্রায়ের চেতনাসঞ্চার; 3 যা লুপ্তপ্রায় ছিল তার পুনরায় জেগে ওঠা বা প্রবল হওয়া (প্রাচীন

সভ্যতার উজ্জীবন)। [সং. উত্ + √ জীব্ + অন]। উজ্জীবিত বিণ. নবজীবনপ্রাপ্ত; নতুনভাবে চেতনাপ্রাপ্ত; উদ্দীপিত, সঞ্জীবিত।

উজ্জ্বল (p. 119) [ujjbala] বিণ. আলোকিত; দীপ্তিমান (আনন্দে উজ্জ্বল মুখ); উদ্ভাসিত; ঝলমলে (আলোকোজ্জ্বল); শোভমান। [সং. উত্ + √ জ্বল্ + অ]। বি.˜ তা, ঔজ্জ্বল্য। উজ্জ্বল রস (বৈ. সা.) মধুর রস বা শৃঙ্গার রস। উজ্জ্বলিত বিণ. আলোকিত; উদ্ভাসিত; দীপ্ত।

উঞ্ছ (p. 119) [uñcha] বি. 1 কোনো জায়গায় পড়ে-থাকা বা পরিত্যক্ত শস্যকণা খুঁটে খুঁটে সংগ্রহ; 2 হীন জীবিকা। [সং. √ উন্ছ্ + অ]।˜ জীবী (-বিন্) বিণ. অতি নগণ্য বা হীন কাজ করে জীবিকানির্বাহকারী।˜ বৃত্তি বি. হীন কর্মের দ্বারা জীবিকানির্বাহ।

উট (p. 119) [uṭa] বি. লম্বা উঁচু গলা এবং পিঠে একটি বা দুটি কুঁজবিশিষ্ট (মূলত মরু অঞ্চলের) ভারবাহী, পশুবিশেষ। [< সং. উষ্ট্র]।˜ পাখি বি. উটের মতো লম্বা গলাওয়ালা এবং উড়তে অক্ষম কিন্তু অতি দ্রুতগামী পাখিবিশেষ, ostrich.

উটকনো, উটকানো (p. 119) [uṭakanō, uṭakānō] বি. জিনিসপত্র উলটেপালটে খোঁজা। □ বিণ. খুঁজতে গিয়ে জিনিসপত্র এলোমেলো হয়ে গেছে এমন। [বাং. √ উটকা]।

উটকো (p. 119) [uṭakō] বিণ. 1 অপরিচিত (একটা উটকো লোকের সঙ্গে চলে গেল?); 2 বিশ্বাসের অযোগ্য (উটকো খবর); 3 অল্পকালস্থায়ী (উটকো

ভাড়াটে); 4 বাজে; 5 অতি চঞ্চলচিত্ত; 6 যে স্ত্রী স্বামীর ঘর ছেড়ে কেবলই পালাতে চায় এমন। [দেশি]।

উটজ (p. 119) [uṭaja] বি. 1 পর্ণকুটির; 2 কুঁড়েঘর (উটজপ্রাঙ্গণ)। [সং. উট (তৃণ) + √ জন্ + অ]।

উটপাখি (p. 119) [uṭapākhi] দ্র উট।

উঠ-কিস্তি, উঠ-কিশতি (p. 119) [uṭha-kisti, uṭha-kiśati] বি. দাবাখেলায় বোড়ে সরাতে গেলেই যে কিস্তি পড়ে। [বাং. উঠা + ফা. কিশতি]।

উঠতি (p. 119) [uṭhati] বিণ. 1 বাড়ছে এমন, বয়ঃপ্রাপ্ত হচ্ছে এমন (উঠতি বয়েসের ছেলে); 2 বৃদ্ধিশীল, চড়তি (উঠতি বাজার); 3 উন্নতিশীল (উঠতি অবস্থা)। □ বি. উন্নতি; উত্থান; চড়তি (উঠতির সময়)। [বাং. √ উঠ্ (< সং. উত্ + √ স্থা)]। উঠতি-পড়তি বি. ওঠা-নামা; উন্নতি ও অবনতি; হ্রাস-বৃদ্ধি। উঠতির মুখ বি. উন্নতির আরম্ভ।

উঠন-উঠান (p. 119) [uṭhana-uṭhāna] এর কথ্য রূপ।

উঠন্ত (p. 119) [uṭhanta] বিণ. উঠছে এমন; উদীয়মান। [বাং. √ উঠ্ + অন্ত]।

উঠ-বন্দি (p. 119) [uṭha-bandi] বি. চাষ-আবাদের জন্য চাষিদের সঙ্গে মেয়াদি বন্দোবস্তবিশেষ। [বাং. উঠ + ফা. বন্দি]।

উঠা, ওঠা (p. 119) [uṭhā, ōṭhā] ক্রি. 1 উত্থিত হওয়া (জলের ভিতর থেকে ডাঙ্গা উঠছে); 2 আসন ছেড়ে উঠে দাঁড়ানো (অনেক রাত হল, এখন সবাই ওঠো); 3 শয্যা ত্যাগ করা (সকালে কটায় ওঠো?); 4 গজানো (দাঁত উঠছে না); 5 উদিত হওয়া, প্রকাশ পাওয়া (চাঁদ উঠেছে); 6 চড়া, আরোহণ করা (গাছে ওঠা, কাঁধে ওঠা); 7 স্খলিত হওয়া (চুল ওঠা); 8 উঁচু ধাপে বা ক্লাসে উন্নীত হওয়া (ক্লাস ফাইভে উঠেছে); 9 সংগৃহীত হওয়া (অনেক চাঁদা উঠেছে); 1 গোচরে আসা (কথাটা কর্তার কানে উঠেছে); 11 আমদানি হওয়া, দোকানে-বাজারে আসা (বাজারে আম উঠেছে); 12 উন্নীত হওয়া (জাতে ওঠা); 13 মুছে যাওয়া (কালির দাগটা উঠছে না); 14 প্রচারিত হওয়া (চারদিকে একটা রব উঠছে); 15 উল্লিখিত বা তালিকাভুক্ত হওয়া (তার নামটা লিস্টে উঠেছে); 16 পরিবর্তন, বিকৃতি ইত্যাদি দেখা দেওয়া (পেকে ওঠা, পচে উঠছে, কেঁপে উঠছে)। [বাং. উঠ্ (< সং. উত্ + √ স্থা)]। উঠা-উঠি, (কথ্য) ওঠা-উঠি বি. পরস্পর ওঠা; ক্রমাগত বা বারবার ওঠা। উঠানো, ওঠানো ক্রি. বি. উত্থিত বা উত্তেলিত করা; খাড়া করা; উপরে তুলে দেওয়া; অপসারিত করা বা উচ্ছেদ করা। উঠিয়ে দেওয়া ক্রি. বি. উঠানো; তুলে দেওয়া বা উচ্ছেদ করা (ভাড়াটেকে উঠিয়ে দেওয়া)। উঠেপড়ে লাগা ক্রি. বি. দৃঢ়সংকল্পে কাজে লাগা। উঠে যাওয়া 1 স্থানত্যাগ করা; 2 লুপ্ত হওয়া (রং উঠে গেছে, দোকান উঠে গেছে); 3 রহিত হওয়া (পণপ্রথা উঠে যাচ্ছে)।

উঠান, (কথ্য) উঠোন (p. 119) [uṭhāna, (kathya) uṭhōna] বি. বাড়ির বা ঘরের সামনের খোলা জায়গা, প্রাঙ্গণ, আঙিনা। [তু. হি. উঠ আঁগন -তু. প্রা. বাং. উঠাঅণ। < প্রাকৃ. উট্ঠাণ]।

উঠিত (p. 119) [uṭhita] বিণ. জঙ্গল সাফ করে চাষের উপযুক্ত করা হয়েছে এমন, আবাদি (উঠিত জমি)। [বাং. √ উঠ্ + ইত]।

উড্ডয়ন (p. 119) [uḍḍaẏana] বি. ওড়া; শূন্যে বিচরণ। [সং. উত্ + √ ডী + অন]। ̃ শীল বিণ. উড়ছে এমন, উড়ন্ত।

উড্ডীয়, উড্ডীয়-মান (p. 119) [uḍḍīẏa, uḍḍīẏa-māna] বিণ. উড়ন্ত, উড়ছে এমন, উড্ডয়নশীল (পতাকা উড্ডীন)। [সং. উত্ + √ ডী + ত, মান (শানচ্)]।

উড়কি (p. 119) [uḍ়ki] বি. উড়িধান ('উড়কি ধানের মুড়কি)। [দেশি]।

উড়তি (p. 119) [uḍ়ti] বিণ. 1 উড়ন্ত, উড়ছে এমন (উড়তি পাখি); 2 অস্থির; 3 লোকের মুখে মুখে প্রচারিত (উড়তি খবর)। [বাং. √ উড়্ + তি]।

উড়ন-চণ্ডী (p. 119) [uḍ়na-caṇḍī] বিণ. (স্ত্রী.) অপব্যয়ী; অমিতব্যয়ী। [দেশি]। পুং. উড়ন-চণ্ডে।

উড়ন-পেকে (p. 119) [uḍ়na-pēkē] বিণ. উড়নচণ্ডে -র অনুরূপ।

উড়ন্ত (p. 119) [uḍ়nta] বিণ. উড়ছে এমন, উড্ডয়নশীল (উড়ন্ত পাখি)। [বাং. উড্ + অন্ত]। উড়ন্ত চাকি আকাশে উড়ন্ত অবস্থায় পরিদৃশ্যমান গোলাকার চাকি যার অস্তিত্বের নিশ্চিত প্রমাণ পাওয়া যায়নি, flying saucer, UFO.

উড়ুশ (p. 119) [uḍ়śa] বি. (অপ্র.) ছারপোকা। [< সং. উদ্দংশ]।

উড়া, ওড়া (p. 119) [uḍ়ā, ōḍ়ā] ক্রি. 1 শূন্যে বিচরণ করা; 2 (আল.) অতি দ্রুত ছুটে যাওয়া; 3 লোকের মুখে মুখে প্রচারিত হওয়া (খবর উড়ছে)। □ বি. ওড়া, আকাশে বিচরণ। □ বিণ. উড়ন্ত, উড়ো (ওড়া খই)। [বাং. √ উড়্ (< সং. উত্ + √ ডী) + আ]।˜ নো ক্রি. বি. 1 উড্ডীন করা, শূন্যে ভাসানো; অপব্যয় করা (টাকা ওড়ানো)। উড়িয়ে দেওয়া ক্রি. বি. 1 বন্ধনমুক্ত করা (পাখিটাকে উড়িয়ে দিল); 2 একেবারে নস্যাত্ করা বা পর্যুদস্ত করা (কালকের খেলায় আমরা ওদের উড়িয়ে দেব); 3 অগ্রাহ্য বা উপেক্ষা করা (কথাটা উড়িয়ে দেওয়া যাবে না)। উড়ে যাওয়া ক্রি. বি. 1 বন্ধনমুক্ত হওয়া; 2 অদৃশ্য হওয়া (ঘাড়িটা উড়ে গেল নাকি?); 3 মারা যাবার উপক্রম হওয়া (ভয়ে প্রাণ উড়ে গেল); 4 হাওয়ায় ভেসে দূরে চলে যাওয়া (বাতাসে মেঘ উড়ে গেল)। উড়ে এসে জুড়ে বসা অপ্রত্যাশিতভাবে বাইরে থেকে এসে কায়েম হয়ে বসা।

উড়ান (p. 119) [uḍ়āna] বি. উড়ে যাওয়া, উড্ডয়ন, flight (খারাপ আবহাওয়ার জন্যে বিমানের উড়ান বাতিল করা হয়েছে)। [বাং. √ উড় + আন]।

উড়ানি, (কথ্য) উড়ুনি (p. 119) [uḍ়āni, (kathya) uḍ়uni] বি. 1 উত্তরীয়, চাদর; 2 (সচ.) মেয়েদের সালোয়ার-কামিজের সঙ্গে পরিধেয় হালকা চাদরবিশেষ। [হি. ওঢ়নি]।

উড়াল (p. 119) [uḍ়āla] বিণ. মাথার উপরে শূন্যে নির্মিত (উড়ালপুল)। [বাং. √ উড় + আল]।˜ পুল,˜ সেতু বি. পথের এক প্রান্তের সঙ্গে অপর প্রান্তের সংযোগকারী শূন্যে নির্মিত সেতু, fly-over.

উড়ি-ধান (p. 119) [uḍ়i-dhāna] বি. বিলে বা জলায় উড়ে-পড়া বীজ থেকে আপনিই জন্মায় আবার অল্প বাতাসে আপনিই ঝরে যায় এমন ধানবিশেষ, নীবার। [বাং. আঞ্চ. উড়েধান-তু. সং. ওড়িকা]।

উড়ু-উড়ু (p. 119) [uḍ়u-uḍ়u] বিণ. 1 উড়তে উদ্যত (পাখিটা উড়ুউড়ু করছে); 2 পালাই-পালাই ভাবযুক্ত; 3 চঞ্চল (মন উড়ুউড়ু)। [বাং. উড়া]।

উড়ুক্কু (p. 119) [uḍ়ukku] বিণ. উড়তে পারে বা ওড়ে এমন (উড়ুক্কু মাছ)। [হি. উড়াংকু]।

উড়ুপ (p. 119) [uḍ়upa] বি. (অপ্র.) 1 ভেলা, ডোঙা; 2 চাঁদ। [সং. উড়ু + √ পা + অ]।

উড়ো (p. 119) [uḍ়ō] বিণ. 1 উড়তে পারে এমন (উড়োজাহাজ); 2 ভিত্তিহীন (উড়ো খবর); 3 ওড়ে এমন (উড়ো খই); 4 অনিশ্চিত, সহসা আগত ও বেনামি (উড়ো চিঠি)। [বাং. √ উড় + ও]। উড়ো খই গোবিন্দায় নমঃ যা নিজের কোনো কাজে লাগবে না, বাধ্য হয়ে তা কোনো সত্ কাজে নিয়োগ করা। ˜ জাহাজ বি. বিমান, এরোপ্লেন।

উৎক (p. 119) [utka] বিণ. ব্যাকুল, উদ্বিগ্ন। [সং. উত্ + ক]।

উত্-কট (p. 119) [ut-kaṭa] বিণ. 1 তীব্র, উদগ্র, প্রবল (উৎকট সাধনা); 2 ভয়ানক, উগ্র, অস্বাভাবিক (উৎকট রোগ)। [সং. উত্ + কট]।

উত্-কণ্ঠ (p. 119) [ut-kaṇṭha] বিণ. ব্যাকুল, উদ্গ্রীব। [সং. উত্ + কণ্ঠ]।

উত্-কণ্ঠা (p. 119) [ut-kaṇṭhā] বি. উদ্বেগ, ব্যাকুলতা, চিন্তা-ভাবনা। [সং. উত্ + √ কণ্ঠ্ + অ + আ]। উত্-কণ্ঠিত বিণ. উদ্বিগ্ন, ব্যাকুল। স্ত্রী. উত্-কণ্ঠিতা।

উত্-কর্ণ (p. 119) [ut-karṇa] বিণ. শোনার জন্য ব্যাকুল; শোনার জন্য কান খাড়া করে আছে এমন। [সং. উত্ + কর্ণ]।

উত্-কর্ষ (p. 119) [ut-karṣa] বি. 1 উৎকৃষ্টতা, ভালোত্ব (রুচির উৎকর্ষ); 2 শ্রেষ্ঠতা; 3 উন্নতি, বৃদ্ধি। [সং. উত্ + √ কৃষ্ + অ]। বিণ. উত্-কৃষ্ট।

উত্-কল (p. 119) [ut-kala] বি. ওড়িশার প্রাচীন নাম; উত্তর কলিঙ্গ। [উৎক + √ লা + অ]।

উত্-কলিকা (p. 119) [ut-kalikā] বি. 1 তরঙ্গ; 2 ফুলের কুঁড়ি; 3 উৎকণ্ঠা, উদ্বেগ। [সং. উত্ + √ কল্ + অক + আ]।

উত্-কলিত (p. 119) [ut-kalita] বিণ. 1 উদ্বিগ্ন; 2 তরঙ্গিত; 3 গৃহীত, উদ্ধৃত (পঙ্ক্তিটি কোন কবিতা থেকে উৎকলিত?)। [সং. উত্ + √ কল্ + ত]।

উত্-কিরণ (p. 123) [ut-kiraṇa] বি. খোদাই, খোদাই করা। [সং. উত্ + √ কৃ + অন]।

উত্-কীর্ণ (p. 123) [ut-kīrṇa] বিণ. 1 খোদাই করা হয়েছে এমন; 2 চিত্রিত; 3 বিদ্ধ। [সং. উত্ + √ কৃ + ত]।

উত্-কীর্তন (p. 123) [ut-kīrtana] বি. 1 ঘোষণা; 2 প্রচার; 3 অতি প্রশংসা। [সং. উত্ + কীর্তন]। উত্-কীর্তিত বিণ. ঘোষণা বা প্রচার বা উচ্চ প্রশংসা করা হয়েছে এমন।

উত্-কুণ (p. 123) [ut-kuṇa] বি. চুলের পোকা, উকুণ। [সং. উত্ + √ কুণ্ + অ]।

উত্-কূলিত (p. 123) [ut-kūlita] বিণ. তীরে বা কূলে নিক্ষিপ্ত; তীরে বা কূলে উত্তোলিত। [সং. উত্ + √ কূল্ + ণিচ্ + ত]।

উত্-কৃত্ত (p. 123) [ut-kṛtta] বিণ. টুকরো টুকরো করে কাটা হয়েছে এমন; কর্তিত। [সং. উত্ + √ কৃত্ + ত]।

উত্-কৃষ্ট (p. 123) [ut-kṛṣṭa] বিণ. 1 উত্তম, প্রকৃষ্ট; 2 শ্রেষ্ঠ। [সং. উত্ + √ কৃষ্ + ত]। বি.˜ তা, উৎকর্ষ।

উত্-কেন্দ্রতা (p. 123) [ut-kēndratā] বি. (গণি.) পরাবৃত্ত বা অধিবৃত্তের নাভি থেকে তার পরিসীমার দূরত্ব, eccentricity (বি. প.)। [সং. উত্ + কেন্দ্র + তা]।

উত্-কোচ (p. 123) [ut-kōca] বি. ঘুষ। [সং. উত্ + √ কুচ্ + অ]। ˜ ক বি. বিণ. ঘুষ যে দেয়। ˜ গ্রাহী (-হিন্) বিণ. বি. উৎকোচ যে নেয়।

উত্-ক্রম (p. 123) [ut-krama] বি. 1 স্বাভাবিক ক্রমের বিপরীত গতি; 2 বিপরীত ক্রম; 3 ক্রমভঙ্গ, ব্যতিক্রম; 4 লঙ্ঘন; 5 মৃত্যু। [সং. উত্ + √ ক্রম্ + অ]। ˜ ণ বি. 1 ক্রমের বিপরীত দিকে যাওয়া; 2 ক্রমবিপর্যয়, ক্রমভঙ্গ; 3 মৃত্যু; 4 (ব্যাক.) বাক্যে শব্দবিন্যাসে বিপর্যয়; 5 বাইরে বেরিয়ে যাওয়া, নির্গমন।

উত্-ক্রান্ত (p. 123) [ut-krānta] বিণ. 1 উল্লঙ্ঘিত; 2 বাইরে বেরিয়ে গেছে এমন; 3 মৃত। [সং. উত্ + √ ক্রম্ + ত]। উত্-ক্রান্তি বি. উল্লঙ্ঘন; নির্গমন; মৃত্যু; ক্রমোন্নতি।

উত্-ক্রোশ (p. 123) [ut-krōśa] বি. 1 ইগলজাতীয় বড় শিকারিপাখি; 2 কুরর বা কুরল পাখি; 3 চিৎকার। [সং. উত্ + √ ক্রুশ্ + অ]।

উত্-ক্ষিপ্ত (p. 123) [ut-kṣipta] বিণ. 1 উপরের দিকে ছুড়ে ফেলা হয়েছে এমন (ঊর্ধ্বে উৎক্ষিপ্ত জলরাশি); 2 উৎপাটিত। [সং. উত্ + √ ক্ষিপ্ + ত]। বি. উত্-ক্ষেপ, উত্-ক্ষেপণ।

উত্-ক্ষেপ, উত্-ক্ষেপণ (p. 123) [ut-kṣēpa, ut-kṣēpaṇa] বি. ঊর্ধ্বে নিক্ষেপ (কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ)। [সং. উত্ + √ ক্ষিপ্ + অ, অন]। উত্-ক্ষেপক বি. বিণ. উপরের দিকে নিক্ষেপকারী।

উত্-খনন (p. 123) [ut-khanana] বি. খনন, খোঁড়া। [সং. উত্ + খনন]। উত্-খনিত বিণ. খোঁড়া হয়েছে এমন।

উত্-খাত (p. 123) [ut-khāta] বিণ. 1 খুঁড়ে তুলে ফেলা হয়েছে এমন; 2 সমূলে উৎপাটিত; 3 বিনষ্ট; 4 দূরীভূত (ভাড়াটে উৎখাত হয়েছে)। □ বি. উৎপাটন; বিনাশ; দূরীভূত করা। [সং. উত্ + √ খন্ + ত]।

উত্-ত্রাস (p. 123) [ut-trāsa] বি. ভয়, সন্ত্রাস। [সং. উত্ + ত্রাস]। ˜ ন বি. অতিশয় ভীত করা।

উত্-পতন (p. 123) [ut-patana] বি. 1 উদয়; 2 উত্থান; 3 ঊর্ধ্বগমন; 4 উড্ডয়ন, ওড়া। [সং. উত্ + পতন]। উত্-পতিত বিণ. উদিত, উত্থিত, ঊর্ধ্বগত; উড্ডীন।

উত্-পত্তি (p. 123) [ut-patti] বি. উদ্ভব, জন্ম, সৃষ্টি (ভয়েক উৎপত্তি); অভ্যুদয় (রাষ্ট্রব্যবস্থার উৎপত্তি)। [সং. উত্ + √ পদ্ + তি]। ˜ স্থল বি. উৎপত্তির জায়গা; কোনোকিছুর যেখানে সূচনা হয়।

উত্-পথ (p. 123) [ut-patha] বি. 1 বিরুদ্ধ বা উলটো বা বিপরীত পথ; 2 অসত্ পথ, কুপথ। [সং. উত্ + পথিন্ + অ]। ˜ গামী (-মিন্) বিণ. বিপথে গেছে বা যাচ্ছে এমন।

উত্-পদ্য-মান (p. 123) [ut-padya-māna] বিণ. জন্মাচ্ছে বা উৎপন্ন হচ্ছে এমন (মনে উৎপাদ্যমান সংশয়)। [সং. উত্ + √ পদ্ + শানচ্]।

উত্-পন্ন (p. 123) [ut-panna] বিণ. জন্ম হয়েছে এমন, জাত, সৃষ্ট; উদ্ভূত। [সং. উত্ + √ পদ্ + ত]। ̃ দ্রব্য বি. মানুষ যেসব খাদ্যদ্রব্য বা ভোগ্যপণ্য উৎপাদন করে। ̃ মতি বিণ. উপস্থিত বুদ্ধিসম্পন্ন। বি. ̃ মতিত্ব।

উত্-পল (p. 123) [ut-pala] বি. পদ্ম; কুমুদ (নীলোৎপল)। [সং. উত্ + √পল্ + অ]। উত্-পলাক্ষ বিণ. পদ্মের মতো চোখবিশিষ্ট। স্ত্রী. উত্-পলাক্ষী।

উত্-পাটন (p. 123) [ut-pāṭana] বি. সমূলে উপড়ে ফেলা (মূলোৎপাটন)। [সং. উত্ + √ পট্ + ণিচ্ + অন]। উত্-পাটক বিণ. বি. উৎপাটনকারী। উত্-পাটনীয় বিণ. উৎপাটনের যোগ্য; উৎপাটন করতে হবে এমন। উত্-পাটিত বিণ উপড়ে ফেলা হয়েছে এমন।

উত্-পাত (p. 123) [ut-pāta] বি. 1 উপদ্রব, দৌরাত্ম্য; 2 আপদ, ঝামেলা, বিপদ (দুপুরবেলা এ কী উৎপাত ?)। [সং. উত্ + √ পত + অ]।

উত্-পাদ1 (p. 123) [ut-pāda1] বিণ. যার পা উপরের দিকে রয়েছে বা থাকে, ঊর্ধ্বপদ। [সং. উত্ + পাদ]।

উত্-পাদ2 (p. 123) [ut-pāda2] বি. উৎপাদিত বস্তু বা উৎপাদনের মোট পরিমাণ, output. [সং. উত্ + √ পদ্ + অ]।

উত্-পাদন (p. 123) [ut-pādana] বি. 1 সৃষ্টি, নির্মাণ, জনন (অন্তরে ভয়োৎপাদন); 2 নির্মিত বস্তু, শিল্পজাত দ্রব্য, production. [সং. উত্ + √ পদ্

+ ণিচ্ + অন]। ~ শুল্ক, অন্তঃশুল্ক বি. দেশের মধ্যে উৎপন্ন বা নির্মিত পণ্যদ্রব্যের উপর ধার্য শুল্ক বা মাশুল, excise duty. উত্-পাদক বিণ. বি. উৎপাদনকারী; জনক; সৃজক, নির্মাতা; (গণি.) গুণনীয়ক, factor. স্ত্রী. উত্-পাদিকা। উত্-পাদনীয়, উত্-পাদ্য বিণ. উৎপাদন করতে হবে এমন, উৎপাদনের যোগ্য। উত্-পাদয়িতা বিণ. বি. উৎপাদক। স্ত্রী. উত্-পাদয়িত্রী। উত্-পাদিত বিণ. উৎপন্ন; নির্মাণ বা সৃষ্টি বা তৈরি করা হয়েছে এমন। উত্-পাদী বিণ. উৎপন্ন হয় বা করে এমন। উত্-পাদ্য-মান বিণ. উৎপাদিত হচ্ছে এমন।

উত্-পিঞ্জর (p. 123) [ut-piñjara] বিণ. 1 পিঞ্জরমুক্ত, খাঁচা থেকে মুক্তি পেয়েছে এমন; 2 বন্ধনমুক্ত (উৎপিঞ্জর পাখি)। [সং. উত্ + পিঞ্জর]।

উত্-পিপাসু (p. 123) [ut-pipāsu] বিণ. 1 অত্যন্ত তৃষ্ণার্ত; 2 উৎকণ্ঠিত। [সং. উত্ + √ পা + সন্ + উ]।

উত্-পীড়ন (p. 123) [ut-pīḍ়ana] বি. 1 পীড়ন, নিগ্রহ, অত্যাচার (প্রজাদের উপর জমিদারদের উৎপীড়ন); 2 কষ্ট দেওয়া; 3 উত্যক্ত করা। [সং. উত্ + পীড়ন]। উত্-পীড়ক বিণ. বি. যে উৎপীড়ন করে। উত্-পীড়িত বিণ. উৎপীড়ন করা হয়েছে এমন; নিগৃহীত; অত্যাচারিত।

উত্-প্রাস (p. 123) [ut-prāsa] বি. 1 পরিহাস, বিদ্রূপ; 2 কৌতুক। [সং. উত্ + প্র + √ অস্ + অ]।

উত্-প্রেক্ষা (p. 123) [ut-prēkṣā] বি. 1 অর্থালংকারবিশেষ-এতে উপমেয়কেই উপমান বলে কল্পনা করা হয়, যথা-'সুন্দর মুখে নিলীন হাসিটি তব,

বিকচ পদ্মে লাবণ্য অভিনব': রবীন্দ্র); 2 বিচার; 3 অনুমান, আন্দাজ। [সং. উত্ + প্র + √ ঈক্ষ্ + অ + আ]।

উত্-ফুল্ল (p. 123) [ut-phulla] বিণ. 1 আনন্দে বিহ্বল; 2 অত্যন্ত আনন্দিত বা প্রফুল্ল, উল্লসিত (' উৎফুল্ল নয়নে' ' উল্লাসে উৎফুল্ল আঁখি')। [সং. উত্ + √ ফুল্ল্ + অ]।

উতরা (p. 123) [utarā] ক্রি. 1 নামা, নেমে আসা; 2 গন্তব্যস্থানে বা লক্ষ্যে পৌঁছানো; 3 সফল বা সন্তোষজনক হওয়া (রান্নাটা উতরেছে); 4 অতিবাহিত করা, কাটানো (দিন উতরানো); 5 পার হওয়া (নদী উতরানো)। [< সং. উত্ + √ তৃ]।

উতরাই (p. 123) [utarāi] বি. 1 পাহাড় বা পাহাড়ি পথ থেকে নীচের দিকে নামার পথ; 2 ঢল। [হি.]।

উতরানো (p. 123) [utarānō] বি. উত্তরণ; সফল বা আশানুরূপ হওয়া (পরীক্ষায় উতরে গেছে); অতিক্রম করা। □ ক্রি. উক্ত উভয় অর্থে। [বাং. উতরা + আনো]।

উত-রোল (p. 123) [uta-rōla] বিণ. অশান্ত, বিক্ষুব্ধ ('চিত উতরোল')। □ বি. কোলাহল, গণ্ডগোল। [দেশি]।

উতল (p. 123) [utala] বিণ. 1 উদ্বিগ্ন (মন উতল হওয়া); 2 ভাবাবেগে আকুল; 3 চঞ্চল (উতল হাওয়া)। [< সং. উত্তাল]।

উতলা2 (p. 123) [utalā2] ক্রি. উতল হওয়া (উতলিবে, উতলিল)।

উৎস (p. 123) [utsa] বি. 1 যেখান থেকে জল নিঃসৃত হয়; 2 প্রস্রবণ, ঝরনা, ফোয়ারা (উৎসমুখ); 3 (গৌণ অর্থে) আদি বা মূল কারণ (বিবাদের উৎস)। [সং. √ উন্দ্ + স]। ̃ মুখ বি. প্রস্রবণ বা ঝরনার মুখ; উৎপত্তিস্থল।

উত্-সঙ্গ (p. 123) [ut-saṅga] বি. 1 কোল, ক্রোড়; 2 পর্বতের সানুদেশ, অধিত্যকা। [সং. উত্ + √ সনজ্ + অ]।

উত্-সন্ন (p. 123) [ut-sanna] বিণ. বিনষ্ট, বিধ্বস্ত; অধঃপতিত। [সং. উত্ + √ সদ্ + ত]। উৎসন্নে যাওয়া ক্রি. বি. উচ্ছন্নে বা অধঃপাতে যাওয়া।

উত্-সব (p. 123) [ut-saba] বি. আনন্দপূর্ণ বা জাঁকজমকপূর্ণ সামাজিক বা ধর্মীয় অনুষ্ঠান। [সং. উত্ + √ সু + অ]। ̃ প্রাঙ্গণ বি. যে খোলা জায়গায় উৎসব অনুষ্ঠিত হয়। ̃ মুখর বিণ. উৎসবের আনন্দে ব্যস্ত।

উত্-সর্গ (p. 123) [ut-sarga] বি. 1 সত্ বা শুভ উদ্দেশ্যে দেবতাকে অর্পণ; 2 স্বত্বত্যাগ; দান; 3 পরিত্যাগ (জীবন উৎসর্গ করা); 4 নিবেদন (বইটি তিনি তাঁর পিতাকে উৎসর্গ করেছেন); 5 প্রতিষ্ঠা করা (পুকুর উৎসর্গ করা)। [সং. উত্ + √ সৃর্জ্ + অ]। ̃ পত্র বি. গ্রন্হাদির যে পৃষ্ঠায় তা লিখিতভাবে কাউকে নিবেদন করা হয়। উৎসর্গী-কৃত (বাং. প্রয়োগে) উত্-সর্গিত বিণ. উৎসর্গ করা হয়েছে এমন; নিবেদিত।

উত্‌-সর্জন (p. 123) [ut-sarjana] বি. দান; ত্যাগ। [সং. উত্‌ + √ সৃজ্‌ + অন]। উত্‌-সর্জক বিণ. বি. যে উৎসর্গ করে। উত্‌-সৃষ্ট বিণ. উৎসর্গ করা হয়েছে এমন, উৎসর্গীকৃত।

উত্‌-সাদন (p. 123) [ut-sādana] বি. উচ্ছেদ, উন্মূলন, উপড়ে ফেলা, উৎপাটন; কোনো স্থান থেকে কাউকে বিতাড়িত করা (ভিটা থেকে উৎসাদন)। [সং. উত্‌ + সদ্‌ + ণিচ্‌ + অন]। উত্‌-সাদনীয় বিণ. উপড়ে ফেলতে হবে এমন, উচ্ছেদযোগ্য। উত্‌-সাদিত বিণ. উন্মূলিত, উৎপাটিত, বিতাড়িত।

উত্‌-সার (p. 123) [ut-sāra] বি. 1 দূরীকরণ, অপনয়ন; 2 ঊর্ধ্বে ক্ষেপণ। [সং. উত্‌ + √ সৃ + অ]। উত্‌-সারক বিণ. বি. উৎসারণকারী। উত্‌-সারণ বি. উৎসার। উত্‌-সারণীয় বিণ. উৎসার বা উৎসারণ করার যোগ্য; উৎসারণ করতে হবে এমন। উত্‌-সারিত বিণ. 1 দূরীকৃত; 2 উৎক্ষিপ্ত; 3 চালিত ('উৎসারিত নব জীবন নির্ভর': রবীন্দ্র)। স্ত্রী. উত্‌-সারিতা।

উত্‌-সাহ (p. 123) [ut-sāha] বি. 1 কাজে আগ্রহ, উদ্যম, উদ্দীপনা (নতুন উৎসাহে কাজে লাগা); 2 অধ্যবসায়। [সং. উত্‌ + √ সহ্‌ + অ]। ˜ ক বিণ. বি. যে উৎসাহ দেয়। ˜ দাতা বিণ. বি. যে উৎসাহ দেয়, উৎসাহক। ˜ ন বি. উৎসাহ দেওয়া। ˜ ভঙ্গ বি. উৎসাহ নষ্ট হওয়া, উদ্যমনাশ। ˜ শীল বিণ. উৎসাহযুক্ত, সোৎসাহ। ˜ হীন বিণ. উৎসাহ নেই এমন। উত্‌-সাহিত বিণ. উৎসাহ পেয়েছে বা লাভ করেছে এমন (তাঁর কথায় উৎসাহিত হয়েছি)। উত্‌-সাহী (-হিন্‌) বিণ. উৎসাহশীল; উদ্যমশীল।

উত্‌-সিক্ত (p. 123) [ut-sikta] বিণ. 1 উপরে জলসেচন করা হয়েছে এমন, উপরিসিক্ত; 2 গর্বিত, উদ্ধত। [সং. উত্‌ + সিক্ত]।

উত্‌-সিচ্য-মান (p. 123) [ut-sicya-māna] বিণ. উৎসিক্ত হচ্ছে এমন। [সং. উত্‌ + √ সিচ্‌ + শানচ্‌]।

উত্‌-সুক (p. 123) [ut-suka] বিণ. আগ্রহান্বিত, ব্যগ্র, উদ্গ্রীব, কৌতূহলী (জানতে উৎসুক)। [সং. উত্‌ + √ সু + ক]।

উত্‌-সৃজন (p. 123) [ut-sṛjana] বি. উৎসর্গ, নিবেদন। [সং. উত্‌ + √ সৃজ্‌ + অন]।

উত্‌-সৃষ্ট (p. 123) [ut-sṛṣṭa] বিণ. উৎসর্গ করা হয়েছে এমন (দেবতার চরণে উৎসৃষ্ট)। [সং. উত্‌ + √ সৃজ্‌ + ত]।

উত্‌-সেক, উত্‌-সেচন (p. 123) [ut-sēka, ut-sēcana] বি. 1 সেচন, উপরে সেচন; 2 উদ্রেক; 3 গর্ব, অহংকার; 4 উৎসাহদান। [সং. উত্‌ + √ সিচ্‌ + অ, অন]। উত্‌-সেচন ক্রিয়া গাঁজিয়ে তোলা, fermentation.

উতোর-চাপান (p. 123) [utōra-cāpāna] বি. প্রশ্ন ও উত্তর; প্রশ্ন ও পালটা প্রশ্ন। [সং. উত্তর + বাং. চাপান]।

উত্তপ্ত (p. 123) [uttapta] বিণ. 1 অত্যন্ত গরম; অতিশয় তপ্ত; 2 ক্রুদ্ধ (উত্তপ্ত বাদ-প্রতিবাদ)। [সং. উত্‌ + তপ্ত]। বি. উত্তাপ।

উত্তম (p. 123) [uttama] বিণ. 1 খুব ভালো, উৎকৃষ্ট; 2 শ্রেষ্ঠ; 3 উপাদেয়। [সং. উত্ + তম]। স্ত্রী. উত্তমা।˜ পুরুষ (ব্যাক.) ক্রিয়ার বক্তা অর্থাত্ যে নিজের সম্বন্ধে বলে, first person.˜ মধ্যম বি. (ব্যঙ্গে) বিলক্ষণ প্রহার, প্রচুর মারধর। উত্তমর্ণ বিণ. বি. ঋণদাতা, যে ঋণ দেয়; মহাজন। [সং. উত্তম + ঋণ]। বিপ. অধমর্ণ।

উত্তমাঙ্গ (p. 125) [uttamāṅga] বি. 1 শরীরের প্রধান অঙ্গ; 2 মাথা; 3 মাথা থেকে কোমর পর্যন্ত দেহাংশ। [সং. উত্তম + অঙ্গ]।

উত্তর (p. 125) [uttara] বি. 1 জবাব, প্রতিবাক্য (কথার উত্তর দাও); 2 সাড়া ('উত্তর মেলে না'); 3 আপত্তি; খণ্ডন; 4 মীমাংসা, সিদ্ধান্ত; 5 উত্তর দিক; 6 অর্থালংকারবিশেষ। □ বিণ. 1 ভবিষ্যত্ বা পরবর্তী (উত্তরসূরি, রবীন্দ্রোত্তর); 2 অসাধারণ (লোকোত্তর); 3 অধিক (অষ্টোত্তরশত); 4 শেষ; 5 উপরিস্থ (উত্তরীয়)। □ ক্রি-বিণ. অনন্তর, তারপর (শ্রবণোত্তর তিনি বললেন)। [সং. উত্ + √ তৃ + অ]।˜ কাণ্ড বি. রামায়ণের শেষ বা সপ্তম কাণ্ড।˜ কাল বি. পরবর্তী বা ভবিষ্যত্ কাল।˜ কারী বিণ. বি. যে উত্তর বা জবাব দেয়।˜ কুরু বি. পুরাণে বর্ণিত জম্বুদ্বীপের নয়টি অংশের অন্যতম; মেরুর দক্ষিণে অবস্থিত দেবভূমি।˜ ক্রিয়া বি. 1 মৃত্যুর পরবর্তী কাজকর্ম অর্থাত্ শবদাহাদি বা সমাধিস্থ করা; 2 উত্তরদান।˜ চ্ছদ বি. উপরের আচ্ছাদন; বিছানার চাদর; উত্তরীয়।˜ দান বি. জবাব বা সাড়া দেওয়া।˜ দায়ক বিণ. বি. যে জবাব বা সাড়া দেয়।˜ পক্ষ বি. 1 তর্কের মীমাংসা; 2 প্রশ্নের জবাব (তু. পূর্বপক্ষ)।˜ পদ বি. (ব্যাক.) সমাসের শেষ পদ।˜ পুরুষ বি. ভবিষ্যত্ বংশধর।˜ পূর্ব বি. ঈশানকোণ। উত্তর-প্রত্যুত্তর বি. প্রশ্ন ও জবাব; বাদ-প্রতিবাদ, তর্ক।˜ ফল্গুনী,˜ ফাল্গুনী বি. নক্ষত্রবিশেষ।˜ বিচার বি. নতুন করে বিচার,

পুনর্বিচার। ̃ ভাদ্র-পদ বি. নক্ষত্রবিশেষ, Andromeda. ̃ মালা বি. সমাধানসমূহ। ̃ মীমাংসা বি. বেদান্তদর্শন। ̃ মেরু বি. পৃথিবীর উত্তর প্রান্ত, সুমেরু। ̃ সাধক বি. 1 তান্ত্রিক সাধকের প্রধান সহকারী; 2 ক্রিয়া-সমাপ্তির সহায়ক; 3 উত্তরসূরি। স্ত্রী. ̃ সাধিকা। ̃ সূরি বি. পরবর্তী যুগের কবি বা মনীষী। (তু. বিপ. পূর্বসূরি)।

উত্তরঙ্গ (p. 125) [uttaraṅga] বিণ. তরঙ্গময়, তরঙ্গবিক্ষুব্ধ (উত্তরঙ্গ সমুদ্র)। [সং. উত্ + তরঙ্গ]।

উত্তরণ (p. 125) [uttaraṇa] বি. 1 (প্রধানত নদী সাগর প্রভৃতি) পার হওয়া; 2 পৌঁছানো; 3 উপরে ওঠা, নীচের দিক থেকে উপরে ওঠা; 4 পরীক্ষায় সাফল্য। [সং. উত্ + √ তৃ + অন]।

উত্তরা1 (p. 125) [uttarā1] ক্রি. পার হওয়া; পৌঁছানো, উপনীত হওয়া ('অন্নপূর্ণা উত্তরিলা গাঙ্গিনীর তীরে': ভা. চ.)। [দ্র উত্তরণ]।

উত্তরা2 (p. 125) [uttarā2] ক্রি. জবাব দেওয়া ('উত্তরিল শেষে')। [দ্র উত্তর।

উত্তরা-কাণ্ড (p. 125) [uttarā-kāṇḍa] বি. রামায়ণের শেষ বা সপ্তম কাণ্ড, উত্তরকাণ্ড। [সং. উত্তর + আ (স্বার্থে) + কাণ্ড]।

উত্তরাধি-কার (p. 125) [uttarādhi-kāra] বি. আত্মীয়তার দাবিতে মৃতের সম্পত্তির অধিকার, ওয়ারিশি স্বত্ব। [সং. উত্তর + অধিকার]। ̃ সূত্রে ক্রি-বিণ. উত্তরাধিকারীর দাবিতে; উত্তরাধিকারী হিসাবে (উত্তরাধিকারসূত্রে পাওয়া

সম্পত্তি)। উত্তরাধি-কারী (-রিন্) বিণ. বি. আত্মীয়তার দাবিতে মৃতের সম্পত্তিতে অধিকারী। স্ত্রী. উত্তরাধি-কারিণী।

উত্তরা-পথ (p. 125) [uttarā-patha] বি. ভারতবর্ষের উত্তরাংশ, আর্যাবর্ত; (মূলত) বিন্ধ্যপর্বতের উত্তরে অবস্থিত ভারতের উত্তরাংশ। [সং. উত্তরা + পথিন্ + অ]। তু. দক্ষিণাপথ।

উত্তরায়ণ (p. 125) [uttarāẏaṇa] বি. দক্ষিণ দিকের অয়নান্ত রেখা বা মকরক্রান্তি রেখা থেকে সূর্যের ক্রমশ উত্তরে যাওয়া। [সং. উত্তর + অয়ন]। উত্তরায়ণান্ত-বৃত্ত বি. সূর্যের উত্তরায়ণের সীমানিরূপক কল্পিত রেখা, কর্কটক্রান্তি, Tropic of Cancer.

উত্তরাশা1 (p. 125) [uttarāśā1] বি. উত্তর দিক। [সং. উত্তর + আশা (দিক)]।

উত্তরাশা2 (p. 125) [uttarāśā2] বি. জবাবের আশা। [সং. উত্তর + আশা]।

উত্তরাষাঢ়া (p. 125) [uttarāṣāḍh়ā] বি. নক্ষত্রবিশেষ। [সং. উত্তরা + আষাঢ়া]।

উত্তরাসঙ্গ (p. 125) [uttarāsaṅga] বি. উত্তরীয়, চাদর; উড়ানি। [সং. উত্তর + আসঙ্গ]।

উত্তরাস্য (p. 125) [uttarāsya] বিণ. উত্তর দিকে মুখ করে আছে এমন। [সং. উত্তর + আস্য]।

উত্তরীয় (p. 125) [uttarīẏa] বি. উড়ানি; চাদর। [সং. উত্তর + ঈয়]।

উত্তরোত্তর (p. 125) [uttarōttara] ক্রি-বিণ. পরপর; ক্রমশ; ক্রমাগত (জিনিসপত্রের দাম উত্তরোত্তর বাড়ছে)। [সং. উত্তর + উত্তর]।

উত্তরোষ্ঠ (p. 125) [uttarōṣṭha] বি. উপরের ঠোঁট। [সং. উত্তর + ওষ্ঠ]।

উত্তল (p. 125) [uttala] বিণ. যার উপরের ভাগ উঁচু ও অর্ধবৃত্তাকার, convex. [সং. উত্ + তল]।

উত্তান (p. 125) [uttāna] বিণ. ঊর্ধ্বমুখে অবস্থিত, চিত। [সং. উত্ + √ তন্ + অ]। ̃ পাণি বি. চিত-করা হাত। ̃ শয়ন বি. চিত হয়ে শোয়া।

উত্তাপ (p. 125) [uttāpa] বি. 1 তাপ, গরমের ভাব বা অবস্থা; উষ্ণতা; 2 সন্তাপ। [সং. উত্ + তাপ]। উত্তাপন বি. তাপ দেওয়া। উত্তাপিত বিণ. গরম বা তপ্ত করা হয়েছে এমন, উষ্ণীকৃত, heated.

উত্তাল (p. 125) [uttāla] বিণ. 1 অতি উঁচু (উত্তাল তরঙ্গ); 2 অতি তরঙ্গময়; 3 বিক্ষুব্ধ, আলোড়িত (উত্তাল সমুদ্র)। [সং. উত্ + √ তল্ + অ]।

উত্তিষ্ঠ (p. 125) [uttiṣṭha] অনু-ক্রি. ওঠো, গাত্রোত্থান করো। [সং. উত্ + √ স্থা + লোট্ হি]। ̃ মান বিণ. 1 উঠতে সচেষ্ট; 2 উদ্যমশীল, উদ্যোগী, সচেষ্ট।

উত্তীর্ণ (p. 125) [uttīrṇa] বিণ. 1 অতিক্রম করেছে এমন; 2 কৃতকার্য, সফল (পরীক্ষায় উত্তীর্ণ); 3 নিষ্কৃতি পেয়েছে এমন (বিপদুত্তীর্ণ)। [সং. উত্ + √ তৃ + ত]।

উত্তুঙ্গ (p. 125) [uttuṅga] বিণ. অতি উঁচু (উত্তুঙ্গ পর্বতচূড়া)। [সং. উত্ + তুঙ্গ]।

উত্তুরে (p. 125) [utturē] বিণ. উত্তর দিকের; উত্তর দিক থেকে আগত (উত্তুরে বাতাস)। [সং. উত্তর + বাং, ইয়া > এ]।

উত্তেজক (p. 125) [uttējaka] দ্র উত্তেজনা।

উত্তেজনা, উত্তেজন (p. 125) [uttējanā, uttējana] বি. 1 উদ্দীপনা, উৎসাহ; 2 কাজে উৎসাহ সঞ্চার; 3 তীব্র বা প্রবল মানসিক আবেগ, প্রবল চিত্তচাঞ্চল্য। [সং. উত্ + √ তিজ্ + অন + আ]। উত্তেজক বিণ. বি. প্রেরণাদায়ক; উদ্দীপক; বিক্ষোভ সঞ্চারকারী। উত্তেজিত বিণ. উত্তেজনাপ্রাপ্ত; উদ্দীপিত; বিক্ষুব্ধ; (যার) প্রবল চিত্তচাঞ্চল্য ঘটেছে এমন; অশান্ত।

উত্তোলন (p. 125) [uttōlana] বি. তুলে ধরা; উঁচু করা; ঊর্ধ্বে ধারণ বা বহন বা স্থাপন (ভারোত্তোলন); উত্থাপন। [সং. উত্ + তোলন]।

উত্তোলিত (p. 126) [uttōlita] বিণ. তুলে ধরা হয়েছে এমন; ঊর্ধ্বে ধারণ বা বহন বা স্থাপন করা হয়েছে এমন; উত্থাপিত।

উত্যক্ত (p. 126) [utyakta] বিণ. অত্যন্ত বিরক্ত, ব্যতিব্যস্ত (মশার জ্বালায় উত্যক্ত); অস্থির। [সং. উত্ + ত্যক্ত]।

উত্থান (p. 126) [utthāna] বি. 1 ওঠা, খাড়া হওয়া (গাত্রোত্থান); 2 উন্নতি; 3 অভুদ্যয়, আবির্ভাব; 4 বিদ্রোহ। [সং. উত্ + √ স্থা + অন]। ̃ পতন বি. ওঠা ও নামা; অভ্যুদয় ও অবনতি; হ্রাসবৃদ্ধি। ̃ শক্তি-রহিত বিণ. ওঠবার ক্ষমতা নেই এমন (রোগে তাকে একেবারে উত্থানশক্তি রহিত করে ফেলেছে)।

উত্থাপন (p. 126) [utthāpana] বি. 1 কথা তোলা, প্রস্তাব করা, প্রসঙ্গ তোলা (প্রস্তাব উত্থাপন করা); 2 উল্লেখ। [সং. উত্ + √ স্থা + ণিচ্ + অন]। উত্থাপক বিণ. বি. উত্থাপনকারী, প্রস্তাবক; উত্তোলক। উত্থাপিত বিণ. উত্থাপন করা হয়েছে এমন (প্রসঙ্গ উত্থাপিত হয়নি)।

উত্থিত (p. 126) [utthita] বিণ. 1 উঠেছে বা উত্থান করেছে এমন; 2 উপরে গেছে এমন; 3 উদ্যত; 4 বর্ধিত, উন্নত; 5 বিরুদ্ধে বা বিপক্ষে দাঁড়িয়েছে এমন। [সং. উত্ + √ স্থা + ত]। উত্থিতি বি. উত্থান।

উথল (p. 126) [uthala] বিণ. 1 উত্তাল, উত্তুঙ্গ; 2 স্ফীত, উচ্ছলিত। [< সং. উত্তাল]। উথলা ক্রি. উথলে ওঠা; উপচে পড়া; ফেঁপে ওঠা। উথলানো ক্রি. বি. উথলে ওঠা। □ বিণ. উথলে উঠেছে বা উপচে পড়েছে এমন (উথলানো দুধ)। উথলিত বিণ. স্ফীত, উদ্বেলিত; প্লাবিত।

উদ1 (p. 126) [uda1] বি. উদ্বিড়াল, ভোঁদড়। [< সং. উদ্র]।

উদ2, উদক (p. 126) [uda2, udaka] বি. জল। [সং. √ উন্দ্ + অ, অক]।

উদগ্র (p. 126) [udagra] বিণ. 1 তীব্র (উদগ্র কামনা); 2 সুউচ্চ, ঊর্ধ্বাভিমুখ। [সং. উত্ + অগ্র]।

উদ্-গত, উদ্গত (p. 126) [ud-gata, udgata] বিণ. 1 উদ্ভূত; উৎপন্ন; 2 বাইরে বেরিয়ে এসেছে এমন, বহির্গত (ফোড়া উদ্গত); 3 নির্গত (উদ্গত অশ্রু)। [সং. উত্ + √ গম্ + ত]। বি. উদ্-গম, উদ্গম।

উদ্-গম, উদ্গম (p. 126) [ud-gama, udgama] বি. উদ্ভব, উদয়; উত্থান। [সং. উত্ + √ গম্ + অ]।

উদ্-গাতা, উদ্গাতা (p. 126) [ud-gātā, udgātā] বি. সামবেদগায়ক। □ বিণ. 1 উচ্চকণ্ঠে যে গান গায়; 2 (গৌণ অর্থে) কোনো উচ্চ আদর্শের প্রচারক (মুক্তিমন্ত্রের উদ্গাতা)। [সং. উত্ + √ গৈ + তৃ]। স্ত্রী. উত্-গাত্রী, উদ্গাত্রী।

উদ্-গার, উদ্গার (p. 126) [ud-gāra, udgāra] বি. ঢেকুর; বমি; নিঃসারণ (ধুমোদগার)। [সং. উত্ + √ গৃ + অ]।

উদ্-গিরণ, উদ্গিরণ (p. 126) [ud-giraṇa, udgiraṇa] বি. ঢেকুর তোলা; বমি করা; নিঃসারণ, নির্গমন (অগ্নি-উদ্গিরণ)। [সং. উত্ + গৃ + অন]। উদ্-গীরিত, উদ্গীরিত বিণ. বমিত; নিঃসারিত।

উদ্-গীত, উদ্গীত (p. 126) [ud-gīta, udgīta] বিণ. উচ্চকণ্ঠ বা উদাত্তস্বরে গীত। [সং. উত্ + গীত]। উদ্-গীতি, উদ্গীতি বি. উচ্চকণ্ঠে বা উদাত্তস্বরে গাওয়া গান।

উদ্-গীথ, উদ্গীথ (p. 126) [ud-gītha, udgītha] বি. সামগান; সামবেদের দ্বিতীয় অধ্যায়। [সং. উত্ + √ গৈ + থ]।

উদ্-গীরিত (p. 126) [ud-gīrita] দ্র উদ্গিরণ।

উদ্-গীর্ণ, উদ্গীর্ণ (p. 126) [ud-gīrṇa, udgīrṇa] বিণ. উদ্গিরণ করা বা বমি করা হয়েছে এমন; নিঃসৃত। [সং. উত্ + √ গৃ + ত]।

উদ্-গ্রীব (p. 126) [ud-grība] বিণ. অত্যন্ত আগ্রহান্বিত, ব্যগ্র, উৎকণ্ঠিত (প্রকৃত ঘটনা জানার জন্য উদ্গ্রীব)। [সং. উত্ + গ্রীবা]।

উদ্-ঘাটন, উদ্ঘাটন (p. 126) [ud-ghāṭana, udghāṭana] বি. 1 উন্মোচন, অনাবৃত করা; 2 উন্মুক্ত করা, প্রকাশ করা (দ্বারোদ্ঘাটন)। [সং. উত্ + √ ঘট্ + ণিচ্ + অন[। উদ্-ঘাটক বিণ. বি. উদশ্রঘাটনকারী; উন্মোচক; প্রকাশক। উদ্-ঘাটিত বিণ. উন্মোচিত; প্রকাশিত (সত্য অবশেষে উদ্ঘাটিত হল)।

উদজ (p. 126) [udaja] বিণ. জলজাত, জলে যার জন্ম (উদজ উদ্ভিদ) [সং. উদ + √ জন্ + অ]।

উদ-জান (p. 126) [uda-jāna] বি. জলীয় গ্যাসবিশেষ, হাইড্রোজেন। [সং. উদ + √ জন্ + অ]।

উদধি (p. 126) [udadhi] বি. সমুদ্র। [সং. উদ + √ ধা + ই]।

উদ্-ভ্রম (p. 126) [ud-bhrama] বি. 1 বুদ্ধিভ্রংশ; 2 উদ্বেগ, ব্যাকুলতা। [সং. উদ্ + √ ভ্রম্ + অ]।

উদ্-ভ্রান্ত (p. 126) [ud-bhrānta] বিণ. 1 ব্যাকুল; 2 বিহ্বল (উদ্ভ্রান্তচিত্ত); 3 উন্মত্ত, ক্ষিপ্ত; 4 হতজ্ঞান ('উদ্ভ্রান্ত সেই আদিম যুগে': রবীন্দ্র); 5 উচ্ছৃঙ্খলভাবে বা উদ্দেশ্যহীনভাবে বিচরণকারী। [সং. উত্ + √ ভ্রম্ + ত]।

উদম (p. 126) [udama] বিণ. 1 উলঙ্গ; 2 দুরন্ত, উদ্দাম; 3 মুক্ত। [তু. সং. উদ্দাম, তু. অস. উদং (অনাবৃত)]।

উদ্-যাপন (p. 126) [ud-yāpana] বি. 1 সমাপন, ব্রত-সমাপন; 2 সম্পাদন; 3 নির্বাহ; 4 পালন (জন্মদিন উদ্যাপন করা)। [সং. উত্ + যাপন]। উদ্-যাপিত বিণ. সম্পন্ন বা পালন করা হয়েছে এমন।

উদয় (p. 126) [udaẏa] বি. 1 আবির্ভাব, প্রথম প্রকাশ (সূর্যোদয়, সৌভাগ্যের উদয়); 2 উৎপত্তি, লাভ (ফলোদয়); 3 উৎকর্ষ, উন্নতি (উদয়ের পথে); 4 সঞ্চার,

উদ্রেক (দয়ার উদয়, চেতনার উদয়)। [সং. উত্ + √ ই + অ]। ̃ গিরি, উদয়াচল বি. পূর্ব দিকের যে কল্পিত পর্বত থেকে সূর্যের উদয় হয়। উদয়াস্ত ক্রি. বিণ. দিনভোর, সকাল থেকে বিকেল পর্যন্ত, সূর্যের উদয় থেকে অস্ত পর্যন্ত। □ বি. সূর্যের উদয় থেকে অস্ত পর্যন্ত সময়; উদয় ও অস্ত।

উদয়ন (p. 126) [udaẏana] বি. 1 উদয়; 2 উত্থান; 3 আবির্ভাব; 4 বিশিষ্ট নৈয়ায়িক উদয়নাচার্য; 5 সংস্কৃত রূপকথার নায়কবিশেষ। [সং. উত্ + √ ই + অন]।

উদয়াচল, উদয়াস্ত (p. 126) [udaẏācala, udaẏāsta] দ্র উদয়।

উদর (p. 126) [udara] বি. 1 পেট, জঠর (উদরপূর্তি); 2 অভ্যন্তর (পর্বতোদরে)। [সং. উত্ + √ ঋ + অ]। ̃ পরায়ণ. ̃ সর্বস্ব বিণ. পেটুক, খাওয়াই যার প্রধান কাজ, ঔদরিক। ̃ সাত্ বিণ. খেয়ে ফেলা হয়েছে এমন, ভক্ষিত। উদরাধ্মান বি. পেটফাঁপা। উদরান্ন বি. পেটের ভাত। উদরাময় বি. পেটের অসুখ। উদরী বি. পেটের স্ফীতিরোগ, যাতে পেটে জল জমে, dropsy.

উদলা (p. 127) [udalā] বিণ. (মূলত আঞ্চ.) অনাবৃত (উদলা গা); নগ্ন। [দেশি]।

উদাত্ত (p. 127) [udātta] বিণ. 1 মহান (উদাত্তচরিত্র); 2 গম্ভীর, মন্দ্র, গাঢ় (উদাত্তকণ্ঠ)। □ বি. 1 সংগীতের স্বরবিশেষ; 2 বেদগানের উচ্চস্বরবিশেষ; 3 অর্থালংকারবিশেষ। [সং. উত্ + আ + √দা + ত]।

উদান (p. 127) [udāna] বি. দেহস্থ পঞ্চবায়ুর অন্যতম, কণ্ঠস্থিত বায়ু। [সং. উত্ + √ অন্ + অ]।

উদার (p. 127) [udāra] বিণ. 1 মহত্, উচ্চ, প্রশস্ত (উদারহৃদয়, উদার আকাশ); 2 দানশীল, বদান্য; 3 করুণাপূর্ণ; 4 সংকীর্ণতাশূন্য (উদার প্রকৃতি, উদার নীতি)। [সং. উত্ + আ + √ ঋ + অ]। বি.˜ তা।˜ চরিত্র বিণ. চরিত্রে উদারতা আছে এমন।˜ চিত্ত বিণ. অন্তর উদারতার পূর্ণ এমন; উন্নতমনা; বদান্য; সংকীর্ণতামুক্ত।˜ চেতা-উদারচিত্ত -র অনুরূপ।˜ নীতি বি. সংকীর্ণতামুক্ত নীতি, liberal policy. বিণ.˜ নীতিক,˜ নৈতিক।˜ পন্হী বিণ. বি. উদারনীতি অনুসরণ করে এমন; উদারনৈতিক।˜ মতি,˜ মনা-উদারচিত্ত ও উদারচেতা -র অনুরূপ।˜ স্বভাব বিণ. উদারমনা; উদারচিত্ত।˜ হৃদয় বিণ. যার হৃদয় উদারতার ভরা।

উদারা (p. 127) [udārā] বি. সংগীতের নিম্নসপ্তকের সুর, খাদের সপ্তক বা তার সুর। [দেশি?]।

উদাস (p. 127) [udāsa] বিণ. 1 উদাসীন, আসক্তিহীন; 2 আকুল. এলোমেলো (উদাস বাতাস); 3 বিষণ্ণ, উন্মনা (উদাস মূর্তি)। □ বি. বৈরাগ্য; উদাসীনতা। [সং. উত্ + √ আস্ + অ]।

উদাসী (p. 127) [udāsī] (-সিন্) বিণ. 1 আসক্তিহীন; নির্লিপ্ত; 2 এলোমেলো ('এই উদাসী হাওয়ার পথে পথে': রবীন্দ্র); 3 বিষণ্ণ, উন্মনা। □ বি. সন্ন্যাসী; সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। [সং. উদাস + ইন্]। স্ত্রী. উদাসিনী ('উদাসিনীবেশে বিদেশিনী কে সে': রবীন্দ্র)।

উদাসীন (p. 127) [udāsīna] বিণ. 1 অনাসক্ত, নিরাসক্ত (লাভ-লোকসান সম্পর্কে উদাসীন); 2 বিষয়বাসনা থেকে বিরত হয়ে ধর্মচিন্তায় রত; 3 নিরপেক্ষ, নিঃসম্পর্ক। [সং. উত্ + আসীন] বি. উদাসীনতা। স্ত্রী. উদাসীনা।

উদাহরণ (p. 127) [udāharaṇa] বি. বক্তব্য বা যুক্তিকে বিশদ বা সপ্রমাণ করবার জন্য বা তার সমর্থনের জন্য অনুরূপ বিষয় বা ঘটনার উল্লেখ; দৃষ্টান্ত, নিদর্শন। [সং. উত্ + আহরণ]। উদাহৃত বিণ. দৃষ্টান্তরূপে কথিত বা বর্ণিত; উল্লিখিত।

উদাহৃত (p. 127) [udāhṛta] দ্র উদাহরণ।

উদিত1 (p. 127) [udita1] বিণ. 1 উত্থিত (উদ
িত সূর্য); 2 উৎপন্ন; 3 প্রকাশিত, আবির্ভূত। [সং. উত্ + √ ই + ত]।

উদিত2 (p. 127) [udita2] বিণ. উক্ত, বলা হয়েছে এমন, উল্লিখিত। [সং. √ বদ্ + ত]।

উদীক্ষণ (p. 127) [udīkṣaṇa] বি. 1 উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি, ঊর্ধ্বদৃষ্টি; 2 প্রতীক্ষা; 3 উৎসুকভাবে দেখা। [সং. উত্ + √ ঈক্ষ্ + অন]। উদীক্ষিত বিণ. উপরের দিকে দৃষ্টি রয়েছে এমন; প্রতীক্ষিত; উৎসুকভাবে দৃষ্ট।

উদীচী (p. 127) [udīcī] বি. উত্তর দিক। [সং. উদচ্ + ঈ]। উদীচী উষা Aurora Borealis.˜ ন, উদীচ্য বিণ.উত্তর দিকস্থ, উত্তরদিকের।

উদীয়-মান (p. 127) [udīẏa-māna] বিণ. 1 উদিত হচ্ছে এমন (উদীয়মান সূর্য); 2 প্রতিষ্ঠা লাভ করছে এমন (উদীয়মান কবি)। [সং. উত্ + √ ঈ + শানচ্]। স্ত্রী. উদীয়-মানা।

উদীরণ (p. 127) [udīraṇa] বি. 1 উচ্চারণ, কথন, বলা; 2 উদ্দীপন, উৎসাহদান। [সং. উত্ + √ ঈর্ + অন]। উদীরিত বিণ. উচ্চারিত, কথিত, উক্ত; উদ্দীপিত, অনুপ্রেরিত, উৎসাহিত।

উদীর্ণ (p. 127) [udīrṇa] বিণ. 1 উদ্গত, নির্গত; 2 উৎপন্ন, জাত; 3 মহান, শ্রেষ্ঠ ('উদীর্ণ আবির্ভাব'); 4 দৃপ্ত, উদ্ধত (উদীর্ণ ঘোষণা)। [সং. উত্ + √ ঋ + ত]।

উদীর্য-মাণ (p. 127) [udīrya-māṇa] বিণ. উচ্চারিত হচ্ছে এমন (উদীর্যমাণ মন্ত্র, উদীর্যমাণ বাণী)। [সং. উত্ + √ ঈর্ + শানচ্]।

উদুম্বর (p. 127) [udumbara] বি. যজ্ঞডুমুর বা তার গাছ। [সং. উত্ + অম্বর]।

উদূখল (p. 127) [udūkhala] বি. উখলি, যে পাত্রের মধ্যে শস্যাদি রেখে মুষল দিয়ে পেষাই বা পরিষ্কার করা হয়। [সং. উত্ + উ + খ + √ লা + অ]।

উদো, উধো (p. 127) [udō, udhō] বিণ. নির্বোধ, কাণ্ডজ্ঞানহীন; হাবাগবা। [দেশি]। উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে একজনের কাজের দায় অন্যায়ভাবে বা

অজ্ঞাতসারে আর একজনের উপর আরোপ করা। ˜ মাদা বিণ. বোকাসোকা, হাবাগবা।

উদ্গত, উদ্গম, উদ্গাতা, উদ্গার, উদ্গিরণ, উদ্গীত, উদ্গীথ, উদ্গীর্ণ, উদ্ঘাটন যথাক্রমে উদ্গত, উদ্গম, উদ্গাতা, উদ্গার, উদ্গিরণ, উদ্গীত, উদ্গীথ, উদ্গীর্ণ, ও উদ্ঘাটনষ (p. 127) [udgata, udgama, udgātā, udgāra, udgiraṇa, udgīta, udgītha, udgīrṇa, udghāṭana yathākramē udgata, udgama, udgātā, udgāra, udgiraṇa, udgīta, udgītha, udgīrṇa, ō udghāṭanaṣa] দ্র।

উদ্দণ্ড (p. 127) [uddaṇḍa] বিণ. 1 দণ্ড উচিয়েছে এমন; 2 দণ্ড বা শাস্তি দিতে উদ্যত; 3 প্রতাপান্বিত, দোর্দণ্ড □বি উত্তোলিত দণ্ড। [সং উত্ + দণ্ড]।

উদ্দাম (p. 127) [uddāma] বিণ 1 দুর্দমনীয়, অদম্য, অত্যন্ত প্রবল (উদ্দাম বেগ); 2 অসংযত, লাগামছাড়া, উচ্ছৃঙ্খল (উদ্দাম আবেগ, উদ্দাম প্রেম)। [সং. উত্ + দাম (দামন্)]। বি.˜ তা।

উদ্দিষ্ট (p. 127) [uddiṣṭa] বিণ. 1 যাকে উদ্দেশ্য করা হয়েছে, লক্ষ্যীকৃত (উদ্দিষ্ট ব্যক্তি); 2 অভীষ্ট (উদ্দিষ্ট লক্ষ্য); 3 যাকে অন্বেষণ বা খোঁজ করা হয়েছে। [সং. উত্ + √ দিশ্ + ত]। বি. উদ্দেশ।

উদ্দীপক (p. 127) [uddīpaka] বিণ. উত্তেজনা সৃষ্টি করে এমন, উত্তেজক; বাড়ায় এমন, বর্ধক; দীপ্তি দেয় বা প্রকাশিত করে এমন। [সং. উত্ + √ দীপ্ + অক]। উদ্দীপন বি. উত্তেজন; প্রজ্বলন; প্রকাশ করা (করুণা-উদ্দীপন)। উদ্দীপনা

বি. উত্তেজনা; উৎসাহ; প্রেরণা (ধর্মভাবের উদ্দীপনা)। উদ্দীপনীয় বিণ. উদ্দীপনযোগ্য। উদ্দীপিত বিণ. উত্তেজিত; প্রজ্বালিত; প্রকাশিত; প্রেরিত; বর্ধিত।

উদ্দীপিত (p. 127) [uddīpita] দ্র উদ্দীপক।

উদ্দীপ্ত (p. 127) [uddīpta] বিণ. 1 জ্বলে উঠেছে এমন, প্রজ্বলিত, জ্বলন্ত; 2 আলোকিত; 3 উত্তেজিত, অনুপ্রাণিত (কল্পনাকে উদ্দীপ্ত করা)। [সং. উত্ + দীপ্ত]।

উদ্দেশ (p. 128) [uddēśa] বি. 1 লক্ষ্য (তোমাকে উদ্দেশ করে বলেছে); 2 খোঁজ, সন্ধান (নিখোঁজ ছেলের উদ্দেশে, নিরুদ্দেশ); 3 মতলব, উদ্দেশ্য (কী উদ্দেশে এখানে এসেছ?); 4 বার্তা, সংবাদ (ওখানে গিয়ে একবার তার উদ্দেশ নিয়ো); 5 স্মরণ (দেবতার উদ্দেশে নিবেদন)। [সং. উত্ + √ দিশ্ + অ]।˜ ক বিণ. উদ্দেশকারী।

উদ্দেশ্য (p. 128) [uddēśya] বিণ. 1 উদ্দেশ করা হয় বা হয়েছে এমন; 2 অভিপ্রেত (ওকথা বলা আমার উদ্দেশ্য ছিল না)। □ বি. 1 অভিপ্রায়, মতলব, অভিসন্ধি; 2 লক্ষ্য (আগে উদ্দেশ্যটা ঠিক করো); 3 (ব্যাক।) বাক্যে যার সম্বন্ধে কিছু বলা হয় (উদ্দেশ্য ও বিধেয়)। [সং. উত্ + √ দিশ্ + য]।˜ বিহীন,˜ হীন বিণ. কোনো লক্ষ্য বা স্থির অভিপ্রায় নেই এমন (উদ্দেশ্যবিহীন ঘোরাঘুরি)।

উদ্ধত (p. 128) [uddhata] বিণ. 1 যার স্বভাবে বা আচরণে বিনয়ের অভাব রয়েছে, অবিনীত, ধৃষ্ট (গর্বোদ্ধত); 2 উগ্র, দুর্দান্ত; 3 গোঁয়ার। [সং. উত্ + √ হন্ + ত]। বি. ঔদ্ধত্য।˜ স্বভাব বিণ. স্বভাবে দুর্বিনীত বা ধৃষ্টতাযুক্ত।

উদ্ধরণ (p. 128) [uddharaṇa] বি. 1 উদ্ধার বা উদ্ধার করা; 2 উপরে তোলা, উত্তোলিত করা; 3 কোনো রচনার অংশ উদ্ধৃত করা। [সং. উত্ + √ ধৃ + অন]।

উদ্ধার (p. 128) [uddhāra] বি. 1 পরিত্রাণ, নিষ্কৃতি (বিপদ থেকে উদ্ধার পাওয়া); 2 হাসিল করা, সফলতা (কার্যোদ্ধার); 3 উত্তোলন, উন্নয়ন (পঙ্কোদ্ধার); 4 হারিয়ে-যাওয়া বা নষ্ট হয়ে-যাওয়া জিনিস আবার ফিরে পাওয়া (লুপ্তোদ্ধার); 5 উদ্ধৃতি (উদ্ধার চিহ্ন)। [সং. উত্ + √ হৃ, √ ধৃ + অ]। ̃ ক বিণ. বি. উদ্ধারকারী। ̃ কার্য বি. বিপন্ন লোকজনকে বাঁচাবার কাজ। উদ্ধার চিহ্ন বি. উদ্ধৃতি চিহ্ন। উদ্ধারাশ্রম বি. বিপন্ন বা অসহায় মানুষকে উদ্ধারের জন্য যেখানে আশ্রয় দেওয়া হয়।

উদ্ধৃত (p. 128) [uddhṛta] বিণ. 1 উত্তোলিত ('উদ্ধত প্রেম উদ্ধৃত হাতে আনে': বিষ্ণু); 2 কোনো উক্তি বা রচনা থেকে গৃহীত; 3 পুনরধিকৃত; 4 মোচিত, মুক্তি দেওয়া হয়েছে এমন। [সং. উত্ + √ ধৃ, √ হৃ + ত]। উদ্ধৃতি বি. উত্তোলন; কোনো রচনা বা উক্তি থেকে আহরণ; মোচন।

উদ্বন্ধন (p. 128) [udbandhana] বি. (আত্মহত্যার জন্য) গলায় দাড়ি বাঁধা; ফাঁসি (উদ্বন্ধনে মৃত্যু)। [সং. উত্ + বন্ধন]। ̃ রজ্জু বি. ফাঁসির দড়ি।

উদ্বমন (p. 128) [udbamana] বি. উদ্গিরণ; বমন। [সং. উত্ + বমন]।

উদ্বর্ত (p. 128) [udbarta] বি. 1 প্রয়োজন মিটে যাবার পরে যে অংশ পড়ে থাকে; 2 উদ্ধৃত্ত অংশ। □ বিণ. প্রয়োজন মিটে যাবার পরে বাকি বা উদ্বৃত্ত আছে এমন, উদ্বৃত্ত; অতিরিক্ত। [সং. উত্ + √ বৃত্ + অ]।

উদ্বর্তন1 (p. 128) [udbartana1] বি. 1 উন্নতি; 2 জীবনসংগ্রামে বা প্রাকৃতিক নির্বাচনে টিকে থাকা, survival (যোগ্যতমের উদ্বর্তন); 3 সর্বাঙ্গীণ উন্নতি বা প্রসার, development. [সং. উত্ + √ বৃত্ + অন]।

উদ্বর্তন2 (p. 128) [udbartana2] বি. 1 গন্ধদ্রব্যাদি দিয়ে লেপন; গন্ধলেপন; 2 অঙ্গমার্জনা; 3 বিলেপনদ্রব্য ('রাধাপ্রতি কৃষ্ণস্নেহ সুগন্ধি-উদ্বর্তন: চৈ. চ)। [সং. উত্ + √ বৃত্ + ণিচ্ + অন]।

উদ্বায়িতা (p. 128) [udbāyitā] দ্র উদ্বায়ী।

উদ্বায়ী (p. 128) [udbāyī] (-য়িন্) বিণ. বাতাসে উবে যায় এমন, volatile (বি. প.)। [সং. উত্ + √ বা + ইন্]। বি. উদ্বায়িতা।

উদ্বাসন (p. 128) [udbāsana] বি. 1 ত্যাগ, বিসর্জন; 2 স্বদেশ ত্যাগ করা বা সেখান থেকে বিতাড়িত হওয়া, evacuation (স. প.)। [সং. উত্ + √ বস্ + ণিচ্ + অন]।

উদ্বাস্তু (p. 128) [udbāstu] বিণ. নিজের বাস্তুভিটা বা বসতবাড়ি ত্যাগ করতে বাধ্য (দেনার দায়ে উদ্বাস্তু)। □ বি. বাসভূমি থেকে বিচ্যুত বা বিতাড়িত ব্যক্তি। [সং. উত্ + বাস্তু]।

উদ্বাহ (p. 128) [udbāha] বি. বিবাহ, পরিণয়। [সং. উত্ + √ বহ্ + অ]।

উদ্বাহন (p. 128) [udbāhana] বি. 1 বিবাহদান, বিয়ে দেওয়া; 2 উদ্ধারকার্য; উদ্ধারসাধন। [সং. উত্ + √ বহ্ + ণিচ্ + অন]। উদ্বাহিত বিণ. বিবাহিত। উদ্বাহী (-হিন্) বিণ. বিবাহ করে বা করছে এমন।

উদ্বাহু (p. 128) [udbāhu] বিণ. ঊর্ধ্ববাহু, বাহু উঁচু করে রয়েছে এমন। [সং. উত্ + বাহু]।

উদ্বিগ্ন (p. 128) [udbigna] বিণ. দুশ্চিন্তাগ্রস্ত, উৎকণ্ঠিত; শঙ্কিত। [সং. উত্ + √ বিজ্ + ত]।

উদ্বিড়াল (p. 128) [udbiḍ়āla] বি. ভোঁদড়। [< সং. উদ্ + বিড়াল]।

উদ্বুদ্ধ (p. 128) [udbuddha] বিণ. 1 উৎসাহিত, প্রাণিত (মহান আদর্শে উদ্বুদ্ধ); 2 জাগরিত, চেতনাপ্রাপ্ত। [সং. উত্ + √ বুধ্ + ত]।

উদ্বৃত্ত (p. 128) [udbṛtta] বিণ. অতিরিক্ত, বাকি; বাড়তি (উদ্বৃত্ত অর্থ, উদ্বৃত্ত সময়)। [সং. উত্ + √ বৃত্ + ত]।

উদ্বেগ, উদ্-বেগ (p. 128) [udbēga, ud-bēga] বি. উৎকণ্ঠা, দুশ্চিন্তা; সংশয়জনিত ব্যাকুলতা ('উদ্বেগে তাকায়ো না বাইরে': রবীন্দ্র)। [সং. উত্ + √ বিজ্ + অ]।˜ শূন্য,˜ হীন বিণ. উৎকণ্ঠা নেই এমন। বি.˜ শূন্যতা,˜ হীনতা।

উদ্বেজক (p. 128) [udbējaka] বিণ. 1 উদ্বেগজনক; 2 কষ্টকর বা বিরক্তিকর। [সং. উত্ + √ বিজ্ + অক]। উদ্বেজন বি. উদ্বেগ; উদ্বিগ্ন বা উত্যক্ত করা। উদ্বেজিত বিণ. উদ্বিগ্ন বা উত্যক্ত করা হয়েছে এমন।

উদ্বেজয়িতা (p. 128) [udbējaẏitā] (-তৃ) বিণ. উদ্বেগসৃষ্টিকারী। [সং. উত্ + √ বিজ্ + ণিচ্ + তৃ]। স্ত্রী. উদ্বেজয়িত্রী।

উদ্বেল (p. 128) [udbēla] বিণ. 1 উচ্ছলিত (উদ্বেল অশ্রু, উদ্বেল আবেগ); 2 উথলিত; 3 বেলাভূমি বা তীর অতিক্রম করেছে এমন (উদ্বেল ঢেউ)। [সং. উত্ + বেলা]। উদ্বেলিত বিণ. উদ্বেল হয়েছে এমন, ব্যাকুলিত; ব্যাকুলীকৃত (উদ্বেলিত হৃদয়)।

উদ্বোধ (p. 128) [udbōdha] বি. 1 বোধের উদয়, বোধোদয়, জ্ঞানের উন্মেষ; 2 বিস্মৃত বিষয় মনে পড়া। [সং. উত্ + বোধ]। উদ্বোধক বিণ. বি. 1 বোধ উদ্রেককারী; 2 চেতনা সঞ্চারকারী; 3 উদ্দীপক; 4 স্মারক।

উদ্বোধন (p. 128) [udbōdhana] বি. 1 জ্ঞান বা বোধের উদ্রেক; 2 চেতনা সঞ্চার; 3 জাগরণ; 4 যা জানিয়ে দেয়; 5 (বাং. অর্থ) আনুষ্ঠানিক আরম্ভ বা উন্মোচন (অনুষ্ঠানের শুভ উদ্বোধন)। [সং. উত্ + বোধন]।

উদ্ব্যক্ত (p. 128) [udbyakta] বিণ. জোর বা ঝোঁক দিয়ে প্রকাশিত, emphatic. [সং. উত্ + ব্যক্ত]। উদ্ব্যক্তি বি. জোর বা ঝোঁক সহকারে প্রকাশ, emphasis.

উদ্ভট (p. 128) [udbhaṭa] বিণ. 1 (বাং.) উৎকট, অদ্ভুত, আজগুবি (উদ্ভট কল্পনা, উদ্ভট কাণ্ড); 2 (সং.) অজ্ঞাত লেখকের রচিত কিন্তু লোকপ্রসিদ্ধ (উদ্ভট কবিতা); 3 (সং.) গ্রন্হবহির্ভূত (উদ্ভট শ্লোক)। [সং. উত্ + √ ভট্ + অ]।

উদ্ভটি, উদ্ভুট্টি (p. 128) [udbhaṭi, udbhuṭṭi] বিণ. বি. অদ্ভুত, আজগুবি। [উদ্ভট দ্র]।

উদ্ভব (p. 128) [udbhaba] বি. উৎপত্তি, জন্ম (সমস্যার উদ্ভব, নতুন চিন্তার উদ্ভব)। [সং. উত্ + √ ভূ + অ]।

উদ্ভাবন, উদ্-ভাবন (p. 128) [udbhābana, ud-bhābana] বি. 1 আবিষ্কার (উপায় উদ্ভাবন); 2 উৎপাদন; 3 সৃজন (শিল্পসামগ্রীর উদ্ভাবন)। [সং. উত্ + √ ভূ + ণিচ্ + অন]। উদ্ভাবক বিণ. বি. আবিষ্কারক; সৃজক; রচয়িতা। উদ্ভাবনী-শক্তি বি. সৃজন করার ক্ষমতা, সৃজনশক্তি। উদ্ভাবনীয়, উদ্ভাব্য বিণ. উদ্ভাবনযোগ্য। উদ্ভাবিত বিণ. উদ্ভাবন করা হয়েছে এমন।

উদ্ভাস (p. 128) [udbhāsa] বি. 1 প্রকাশ, বিকাশ; 2 দীপ্তি, শোভা (আলোর উদ্ভাস)। [সং. উত্ + √ ভাস্ + অ]। ˜ ক বিণ. প্রকাশক; দীপ্তিসাধক। ˜ ন বি. আলোকিত করা; প্রকাশ করা; উদ্দীপন। উদ্ভাসিত বিণ. আলোকিত, দীপ্ত; উজ্জ্বলভাবে প্রকাশিত ('মহিমা তব উদ্ভাসিত': রবীন্দ্র)।

উদ্ভাসক, উদ্ভাসন (p. 128) [udbhāsaka, udbhāsana] দ্র উদ্ভাস।

উদ্ভিজ্জ (p. 128) [udbhijja] বিণ. উদ্ভিদজাত, উদ্ভিদ থেকে তৈরি (উদ্ভিজ্জ তেল)। □ বি. তরুলতাগুল্মাদি যাকিছু ভূমি ভেদ করে জন্মে। [সং. উদ্ভিদ্ + √ জন্ + অ]। উদ্ভিজ্জাণু বি. যে ক্ষুদ্র উদ্ভিদকে খালি চোখে দেখা যায় না। উদ্ভিজ্জাশী (-শিন্) বিণ. উদ্ভিদভোজী; নিরামিষাশী।

উদ্ভিদ (p. 128) [udbhida] (-দ্) বিণ. বি. তৃণলতাগুল্মাদি যা মাটি ভেদ করে জন্মে, এবং তাদের অঙ্কুর। [সং. উত্ + √ ভিদ্ + ক্বিপ্]।˜ ণু বি. উদ্ভিজ্জাণু।˜ বিদ্যা বি. উদ্ভিদসংক্রান্ত বিজ্ঞান, botany.

উদ্ভিন্ন (p. 128) [udbhinna] বিণ. 1 অঙ্কুরিত; 2 প্রকাশিত, বিকশিত ('প্রীতির উদ্ভিন্ন কলি': সু. দ.; উদ্ভিন্নযৌবনা); 3 (সচ. মাটি) ভেদ করে উত্থিত। [সং. উত্ + √ ভিদ্ + ত]।

উদ্ভূত (p. 128) [udbhūta] বিণ. 1 উৎপন্ন; 2 জাত (লোভ থেকে উদ্ভূত); 3 প্রকাশিত; 4 উদিত। [সং. উত্ + √ ভূ + ত]। স্ত্রী. উদ্ভূতা।

উদ্ভেদ (p. 128) [udbhēda] বি. 1 প্রকাশ, বিকাশ, প্রকটন; 2 প্রস্ফুটন (পুষ্পোদ্ভেদ); 3 উদগম (অঙ্কুরোদ্ভেদ); 4 আবিষ্কার (অর্থোদ্ভেদ); 5 ফোড়া অর্বুদ ইত্যাদি যা দেহের ভিতর থেকে চামড়ার উপর বেরোয়। [সং. উত্ + √ ভিদ্ + অ]। উদ্ভেদী (-দিন্) বিণ. মাটি ভেদ করে ওঠে এমন।

উদ্যত (p. 128) [udyata] বিণ. 1 উপক্রম করেছে এমন; উন্মুখ (রণোদ্যত); 2 উন্মত্ত, ক্ষিপ্ত; 3 উদ্যমশীল ('উদ্যত কর জাগ্রত কর': রবীন্দ্র); 4 উত্তোলিত (উদ্যত তরবারি)। [সং. উত্ + √ যম্ + ত]। উদ্যতি বি. উদ্যম, উদ্যোগ।

উদ্যম (p. 128) [udyama] বি. 1 উৎসাহ; 2 উদ্যোগ, চেষ্টা; 3 অধ্যবসায়; 4 উপক্রম (কর্মের উদ্যম)। [সং. উত্ + √ যম্ + অ]।˜ শীল বিণ. চেষ্টা বা প্রযত্ন আছে এমন; উদ্যমী।˜ হীন বিণ. চেষ্টা নেই এমন। বি.˜ হীনতা। উদ্যমী বিণ. উদ্যমশীল।

উদ্যান (p. 128) [udyāna] বি. বাগান, বাগিচা; উপবন। [সং. উত্ + √ যা + অন]।˜ পাল,˜ পালক,˜ রক্ষক বিণ.বি. উদ্যানের রক্ষণাবেক্ষণ যে করে; মালী।˜ বাটিকা বি. বাগানবাড়ি।

উদ্যুক্ত (p. 128) [udyukta] বিণ. উদ্যোগবিশিষ্ট; বেষ্টিত; যত্নবান। [সং. উত্ + √ যুজ্ + ত]।

উদ্যোগ (p. 128) [udyōga] বি. 1 উদ্যম, চেষ্টা, সযত্ন চেষ্টা; 2 উপক্রম, আয়োজন (একটা বিরাট অনুষ্ঠানের উদ্যোগ চলছে); 3 (হিন্দির প্রভাবে)। শিল্পদ্রব্যাদি উৎপাদন বা উৎপাদনের চেষ্টা (গ্রামোদ্যোগ)। [সং. উত্ + √ যুজ্ + অ]। উদ্যোগী (-গিন্) বিণ. যত্নশীল, চেষ্টাযুক্ত; উদ্যমী, উৎসাহী (উদ্যোগী পুরুষ)। উদ্যোক্তা বিণ. আয়োজনকারী; উদ্যোগকারী।

উদ্র (p. 128) [udra] বি. উদ্বিড়াল। [সং. √ উন্দ্ + র]।

উদ্রিক্ত (p. 128) [udrikta] বিণ. 1 উদ্রেক বা সঞ্চার করা হয়েছে এমন, সঞ্চারিত (মনে দয়া উদ্রিক্ত হয়েছে); 2 উত্তেজিত। [সং. উত্ + √ রিচ্ + ত]।

উদ্রেক (p. 128) [udrēka] বি. সঞ্চার, উদয় (ক্ষুধার উদ্রেক, চেতনার উদ্রেক)। [সং. উত্+ √ রিচ্ + অ]।

উধাত্ত (p. 128) [udhātta] বিণ. অদৃশ্য, নিরুদ্দেশ; চোখের আড়ালে চলে গেছে এমন (লোকটা টাকাটা নিয়ে উধাত্ত হয়ে গেছে)। □ বি. ঊর্ধ্বে ধাবন, ('উধাত্ত করিয়া আইল পাটীনগর': গো. গী.)। [< সং. উদ্ধাবন]।

উধো, উন, উনন (p. 128) [udhō, una, unana] যথাক্রমে উদো, ঊন ও উনুন -এর রূপভেদ।

উন-পাঁজুরে (p. 128) [una-pān̐jurē] বিণ. 1 যার পাঁজর দুর্বল অর্থাত্ যে দুর্বলচেতা, দুর্বল; 2 হতভাগ্য। [বাং. উন (< সং. ঊন) + পাঁজর + ইয়া > এ]।

উনা (p. 128) [unā] দ্র ঊন।

উনান (p. 128) [unāna] দ্র উনুন।

উনি (p. 128) [uni] সর্ব (সম্ভ্রমার্থে) সামনের ওই ব্যক্তি, তিনি (উনি কি এসব জানেন?)। [< সং. অদস্]।

উনিশ (p. 128) [uniśa] বি. বিণ. 19 সংখ্যা বা সংখ্যক। [সং. ঊনবিংশতি]। উনিশে বি. বিণ. মাসের উনিশ তারিখ বা তারিখের। উনিশ-বিশ বি. অতি সামান্য তফাত; অল্প পার্থক্য।

উনুন, উনান (p. 128) [ununa, unāna] বি. চুল্লি, চুলো, যাতে আগুনের তাপ বা অন্যভাবে তাপ উৎপন্ন করে খাদ্যাদি রান্না করা হয়। [< সং. উদস্থান]।

উন্নত (p. 128) [unnata] বিণ. 1 উত্থিত; 2 উঁচু (উন্নতমস্তক, উন্নত বৃক্ষশাখা); 3 শ্রীবৃদ্ধিসম্পন্ন; 4 ভাগ্যবান; 5 মহত্, উদার (উন্নতহৃদয়); 6 শক্তি ও সমৃদ্ধির প্রাচুর্যবিশিষ্ট (উন্নত দেশ)। [সং. উত্ + নত]। উন্নতি বি. 1 শ্রীবৃদ্ধি; 2 উঁচু অবস্থা বা অবস্থান; 3 সমৃদ্ধ অবস্থা, সৌভাগ্য; 4 অভ্যুদয়। উন্নতি-বিধান বি. সমৃদ্ধিশালী বা শ্রীবৃদ্ধিযুক্ত করা। ˜ শীল বিণ. যার উন্নতি ঘটছে এমন।

উন্নদ্ধ (p. 128) [unnaddha] বিণ. 1 ঊর্ধ্বে বদ্ধ বা সংযত (উন্নদ্ধ বেণী); 2 স্ফীত। [সং. উত্ + √ নহ্ + ত]।

উন্নমন (p. 130) [unnamana] বি. 1 উপরে তোলা, উত্তোলন; 2 উপরে রাখা বা স্থাপন; 3 উন্নতি। [সং. উত্ + √ নম্ + ণিচ্ + অন]। উন্নমিত বিণ. উন্নমন করা হয়েছে এমন।

উন্নয়ন (p. 130) [unnaẏana] বি. 1 উত্তোলন; 2 উন্নতিসাধন; 3 উন্নতি (শিল্পের মানোন্নয়ন)। [সং. উত্ +√ নী + অন]। ˜ মুখী বিণ. যাতে উন্নয়ন বা উন্নতি হয় এমন; উন্নতির কাজে নিয়োজিত। ˜ শীল বিণ. শক্তিবৃদ্ধি ও উন্নতিসাধনে সচেষ্ট কিন্তু যথার্থ উন্নত নয় এমন।

উন্নাসিক (p. 130) [unnāsika] বিণ. অবজ্ঞায় নাক উঁচু করে বা বাঁকায় এমন, সব-কিছুকেই তুচ্ছ করে এমন। [সং. উত্ + নাসা + ইক]। বি. ˜ তা উন্নাসিক আচরণ বা মনোভাব।

উন্নিদ্র (p. 130) [unnidra] বিণ. নিদ্রাহীন, বিনিদ্র ('কেটেছে উন্নিদ্র রাত')। [সং. উত্ + নিদ্রা]। উন্নিদ্রা বি. 1 নিদ্রাহীনতা; 2 সতর্কতা।

উন্নীত (p. 130) [unnīta] বিণ. উত্তোলিত, ঊর্ধ্বে নীতি; উন্নতিপ্রাপ্ত হয়েছে এমন (উচ্চতর শ্রেণীতে উন্নীত)। [সং. উত্ + নীত]।

উন্নেতা (p. 130) [unnētā] (-তৃ) বিণ. উন্নীত করে বা ঊর্ধ্বে নিয়ে যায় এমন; উন্নয়নকারী। [সং. উত্ + √ নী + তৃ]।

উন্মগ্ন (p. 130) [unmagna] বিণ. ডুবজল থেকে উত্থিত। [সং. উত্ + মগ্ন]। উন্মজ্জন বি. ডুবজল থেকে ভেসে ওঠা; ভাসা।

উন্মত্ত (p. 130) [unmatta] বিণ. 1 ক্ষিপ্ত, ক্ষেপে গেছে এমন; 2 পাগল; 3 হিতাহিতজ্ঞান নেই এমন (রাগে উন্মত্ত হয়ে এসব করেছে); 4 অতিশয় আসক্ত; 5 আত্মহারা। [সং. উত্ + মত্ত]। বি. ˜ তা। স্ত্রী. উন্মত্তা।

উন্মথন (p. 130) [unmathana] বি. 1 মন্থন; 2 ভালোভাবে মথিত করা বা ঘোঁটা; 3 মর্দন; 4 হনন, হত্যা ('শত্রুর উন্মথন')। [সং. উত্ + √ মথ্ + অন]। উন্মথিত বিণ. 1 মন্থন করা হয়েছে এমন; 2 আলোড়িত; 3 বাইরের আকর্ষণের ফলে উদ্বেলিত বা উত্তেজিত ('উন্মথিত যৌবন': রবীন্দ্র)।

উন্মদ (p. 130) [unmada] বিণ. উন্মত্ত, প্রমত্ত; ক্ষিপ্ত। [সং. উত্ + √ মদ্ + অ]। স্ত্রী. উন্মদা।

উন্‌মন (p. 130) [unmana] বিণ. 1 অন্যমনস্ক; 2 উদ্বেগযুক্ত ('উন্মন হইয়া ভাবেন ব্যাস)'। [সং. উত্‌ + মনস্‌]।

উন্মনা (p. 130) [unmanā] (-নস্‌) বিণ. 1 অন্যমনস্ক; 2 উৎকণ্ঠিত, ব্যাকুল; 3 (বিরল) উদাস। [সং. উত্‌ + মনস্‌]।

উন্মন্হ, উন্মন্হন (p. 130) [unmanha, unmanhana] বি. আলোড়ন; মন্হন। [সং. উত্‌ + মন্হ, মন্হন]।

উন্মাদ (p. 130) [unmāda] বি. উন্মত্ততা, পাগলামি (উন্মাদরোগ)। □ বিণ. ক্ষিপ্ত, পাগল; হিতাহিত জ্ঞানহারা; প্রচণ্ড (উন্মাদ বেগ)। [সং. উত্‌ + √ মদ্‌ + অ]।

উন্মাদন (p. 130) [unmādana] বি. চিত্তচাঞ্চল্যের সৃষ্টি; উন্মত্ত করা, পাগল করা। □ যার দ্বারা উন্মত্ত করা যায় এমন, উন্মত্ততা সম্পাদক (উন্মাদন-রূপরাশি)। [সং. উত্‌ + √ মদ্‌ + ণিচ্‌ + অন]। উন্মাদক বিণ. উন্মত্ততা জন্মায় এমন। উন্মাদনা বি. প্রবল উত্তেজনা; প্রবল উৎসাহ; চিত্তবিক্ষোভ। উন্মাদিত বিণ. উন্মত্ত করা হয়েছে এমন; উন্মাদযুক্ত। উন্মাদী (-দিন্‌) বিণ. উন্মত্ত, প্রমত্ত, পাগল; যে. বা যা পাগল করে, উন্মাদক (চিত্তোন্মাদী)। স্ত্রী. উন্মাদিনী।

উন্মান (p. 130) [unmāna] বি. 1 পরিমাণবিশেষ; 2 ওজন; 3 তুলাদণ্ড। [সং. উদ্‌ + √ মা + অন]। বিণ. উন্মিত।

উন্মার্গ (p. 130) [unmārga] বি. 1 অসৎপথ, কুপথ; 2 ভ্রষ্টাচার, অসদাচরণ। □ বিণ. কুপথগামী, কদাচারী। [সং. উদ্ + মার্গ]। ˜ গামী (-মিন্) বিণ. কুপথে গেছে এমন, কুপথগামী, অসদাচারী।

উন্মিষিত (p. 130) [unmiṣita] দ্র উন্মেষ।

উন্মীলন (p. 130) [unmīlana] বি. 1 চোখ মেলা; 2 উন্মেষ, প্রকাশ। [সং. উদ্ + √ মীল্ + অন]। উন্মীলিত বিণ. চোখ মেলেছে এমন; উন্মীলন হয়েছে এমন; প্রকাশিত; উদ্ঘাটিত।

উন্মুক্ত (p. 130) [unmukta] বিণ. 1 খোলা; বাধা বা বন্ধন নেই এমন (উন্মুক্ত গতি); 2 অনাবৃত (উন্মুক্ত আকাশ); 3 উদার, অকপট (উন্মুক্ত প্রাণ)। [সং. উদ্ + মুক্ত]। বি.˜ তা।

উন্মুখ (p. 130) [unmukha] বিণ. 1 ব্যগ্র, উৎসুক (শোনবার আশায় উন্মুখ); 2 উদ্যত (পতনোন্মুখ); 3 প্রবৃত্ত, তৎপর। [সং. উদ্ + মুখ]। বি.˜ তা।

উন্মুদ্র (p. 130) [unmudra] বিণ. 1 মুদ্রা বা শিলমোহরের চিহ্ন নেই এমন, মুদ্রাচিহ্নহীন; 2 বিকশিত, প্রস্ফুটিত ('উন্মুদ্র উষার লগ্নে': সু. দ.)। [সং. উদ্ + মুদ্রা]।

উন্মূল (p. 130) [unmūla] বিণ. মূল উৎপাটিত হয়েছে এমন। [সং. উদ্ + মূল]। উন্মূলন বি. সমূলে উৎপাটন; উচ্ছেদ; বিনাশ। উন্মূলিত বি. সমূলে

উৎপাটিত করা হয়েছে এমন। উন্মূলয়িতা (-তৃ) বিণ. উন্মূলনকারী। স্ত্রী. উন্মূলয়িত্রী।

উন্মেষ, উন্মেষণ (p. 130) [unmēṣa, unmēṣaṇa] বি. 1 চোখ মেলা, উন্মীলন; 2 উদ্রেক; সঞ্চার; 3 উদ্ভব; প্রকাশ (জ্ঞানের উন্মেষ, সভ্যতার উন্মেষ, চেতনার উন্মেষ)। [সং. উদ্ + √ মিষ্ + অ, অন]। উন্মেষিত, উন্মিষিত বিণ. উন্মেষ করা হয়েছে এমন; বিকশিত, উন্মীলিত।

উন্মোচন (p. 130) [unmōcana] বি. খুলে ফেলা, উদ্ঘাটন; বন্ধন বা আবরণ মুক্ত করা (মূর্তির আবরণ উন্মোচন করা)। [সং. উদ্ + মোচন]। উন্মোচিত বিণ. খুলে ফেলা হয়েছে এমন, উদ্ঘাটিত।

উপ (p. 130) [upa] অব্য. নৈকট্য, উৎকর্ষ, সাদৃশ্য, ন্যূনতা ইত্যাদি সূচক উপসর্গ (উপকূল, উপভোগ, উপবন, উপগ্রহ)।

উপ-কণ্ঠ (p. 130) [upa-kaṇṭha] বি. গ্রাম শহর ইত্যাদির প্রান্ত, উপান্ত; সমীপ, নিকট (তাঁর বাস এই শহরের উপকণ্ঠে)। □ ক্রি-বিণ. আকণ্ঠ, কণ্ঠ পর্যন্ত। [সং. উপ + কণ্ঠ]।

উপ-কথা (p. 130) [upa-kathā] বি. রূপকথা, উপাখ্যান, গল্প। [সং. উপ + কথা]।

উপ-করণ (p. 130) [upa-karaṇa] বি. 1 উপাদান, কোনো কার্য সাধনের জন্য প্রয়োজনীয় বস্তু (ইতিহাসের উপকরণ, জীবনযাত্রার উপকরণ); 2 পূজার নৈবেদ্য ইত্যাদি, উপচার। [সং. উপ + √ কৃ + অন]।

উপ-কর্তা (p. 130) [upa-kartā] (র্তৃ) বি. বিণ. উপকারক, উপকার করে যে (ব্যক্তি)। [সং. উপ + √ কৃ + তৃ]। স্ত্রী. উপ-কর্ত্রী।

উপ-কার (p. 130) [upa-kāra] বি. মঙ্গলসাধন, হিতসাধন; কল্যাণ; সাহায্য; অনুগ্রহ। [সং. উপ + √ কৃ + অ]। ˜ ক, উপ-কারী (-রিন্) বিণ. উপকার করে এমন, উপকর্তা। স্ত্রী. উপ-কারিকা, উপ-কারিণী। উপ-কারিতা বি. উপযোগিতা, উপকারসাধনের ক্ষমতা। উপ-কার্য বিণ. উপকারলাভের যোগ্য।

উপ-কূল (p. 131) [upa-kūla] বি. নদী সমুদ্র প্রভৃতির তীরের নিকটবর্তী স্থান, বেলাভূমি। [সং. উপ + কূল]।

উপ-কৃত (p. 131) [upa-kṛta] বিণ. উপকার করা হয়েছে এমন, উপকারপ্রাপ্ত (তাঁর এই সাহায্যে আমি খুবই উপকৃত হয়েছি)। [সং. উপ + √ কৃ + ত]। বি. উপ-কৃতি।

উপ-ক্রন্তা (p. 131) [upa-krantā] (-ন্তৃ) বিণ. উপক্রম করছে এমন; আরম্ভ করছে এমন, উদ্যোক্তা। [সং. উপ + √ ক্রম্ + তৃ]।

উপ-ক্রম (p. 131) [upa-krama] বি. 1 উদ্যোগ; 2 চেষ্টা; 3 আরম্ভ, সূত্রপাত (কলহের উপক্রম হল, আলোচনা ভেঙে যাবার উপক্রম)। [সং উপ + √ ক্রম্ +

অ]। ˜ ণিকা বি. 1 আরম্ভ, সূত্রপাত; 2 ভূমিকা, মুখবন্ধ, প্রস্তাবনা। ˜ ণীয় বিণ. আরম্ভ করার যোগ্য। উপ-ক্রান্ত বিণ. আরম্ভ হয়েছে এমন, আবদ্ধ।

উপ-ক্রিয়া (p. 131) [upa-kriẏā] বি. উপকার। [সং. উপ + ক্রিয়া]।

উপ-ক্রোশ (p. 131) [upa-krōśa] বি. নিন্দা, কুৎসা। [সং. উপ + √ ক্রুশ্ + অ]। উপ-ক্রোষ্টা বিণ. নিন্দাকারী, নিন্দুক।

উপ-ক্ষয় (p. 131) [upa-kṣaẏa] বি. ক্ষতি, অপচয়; হানি। [সং. উপ + ক্ষয়]।

উপ-ক্ষার (p. 131) [upa-kṣāra] বি. নাইট্রোজেনযুক্ত মৌলিক পদার্থবিশেষ, alkaloid (বি. প.)। [সং. উপ + ক্ষার]।

উপ-গত (p. 131) [upa-gata] বিণ. 1 উপস্থিত; সমাগত; 2 সন্নিহিত, নিকটবর্তী; 3 সংঘটিত, ঘটেছে এমন; 4 আসক্ত, অনুরক্ত; 5 মৈথুন বা রতিক্রিয়া করেছে এমন; 6 লব্ধ; জ্ঞাত। [সং. উপ + √ গম্ + ত]।

উপ-গম, উপ-গমন (p. 131) [upa-gama, upa-gamana] বি. 1 আবির্ভাব, উৎপত্তি (ক্রোধোপগম, গ্রীষ্মোপগম); 2 উপস্থিতি; 3 কাছে বা নিকটে যাওয়া; 4 লাভ, প্রাপ্তি; 5 স্ত্রীসংগম। [সং. উপ + √ গম্ + অ, অন]।

উপ-গিরি (p. 131) [upa-giri] বি. 1 পর্বতের নিকট বা উপকণ্ঠ; 2 ছোট পাহাড়, খণ্ডশৈল; 3 নকল পাহাড়। [সং. উপ + গিরি]।

উপ-গুরু (p. 131) [upa-guru] বি. গুরুস্থানীয় ব্যক্তি; গুরুর প্রতিনিধি। [সং. উপ + গুরু]।

উপ-গ্রহ (p. 131) [upa-graha] বি. 1 গ্রহকে প্রদক্ষিণ করে এমন ক্ষুদ্র গ্রহ (চন্দ্র পৃথিবীর উপগ্রহ); অনুষঙ্গী গ্রহ; 2 উপদ্রব, আপদ। [সং. উপ + গ্রহ্]।

উপ-ঘাত (p. 131) [upa-ghāta] বি. 1 বিনাশ, ধ্বংস; 2 আঘাত; 3 ক্ষতি। [সং. উপ + √ হন্ + অ]। ̃ ক বিণ. বিনাশকারী; আঘাতকারী; ক্ষতিসাধন করে এমন।

উপচক্ষু (p. 131) [upacakṣu] বি. 1 দিব্য চোখ; 2 চশমা। [সং. উপ + চক্ষুঃ]।

উপ-চয় (p. 131) [upa-caẏa] বি. 1 সমূহ; সংগ্রহ; 2 উন্নতি, শ্রীবৃদ্ধি; 3 পুষ্টি; 4 সম্পত্তির মূল্যবৃদ্ধি; appreciation (বি. প.); 5 (জ্যোতিষ) রাশিচক্রে লগ্ন থেকে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থান। [সং. উপ + √ চি + অ]। বিপ. অপ-চয়। বিণ. উপ-চিত।

উপচরিত (p. 131) [upacarita] দ্র উপচার।

উপ-চর্ষা (p. 131) [upa-carṣā] বি. 1 সেবা, পরিচর্যা; 2 চিকিৎসা। [সং. উপ + √ চর্ + য + আ]।

উপচা, উপচানো (p. 131) [upacā, upacānō] ক্রি. ছাপিয়ে পড়া (জল উপচে পড়ছে), নদীর দুই কূল উপচে পড়ে); প্রয়োজনের অতিরিক্ত হওয়া। [সং. উপচয় + বাং. আ, আনো]।

উপ-চার (p. 131) [upa-cāra] বি. 1 পূজার সামগ্রী (ষোড়শ উপচারে পূজা); 2 সেবা; 3 চিকিৎসা (অস্ত্রোপচার); 4 ধর্মানুষ্ঠান; 5 লক্ষণ দেকে বুঝতে পারা। [সং. উপ + √ চর্ + অ]। উপ-চরিত বিণ. উপচারপ্রাপ্ত; সেবা বা পূজা করা হয়েছে এমন। ˜ শালা বি. অস্ত্রচিকিৎসার কক্ষ, operation theatre (স. প.)। বিণ. উপ-চারিক।

উপ-চিকীর্ষা (p. 131) [upa-cikīrṣā] বি. পরোপকারের ইচ্ছা, অন্যের হিতসাধনের ইচ্ছা। [সং. উপ + √ কৃ + সন্ + অ + আ]। উপ-চিকীর্ষু বিণ. পরোপকার করতে ইচ্ছুক বা আগ্রহী।

উপ-চিত (p. 131) [upa-cita] বিণ. 1 সংগৃহীত; সঞ্চিত; 2 পরিপুষ্ট; বর্ধিত; 3 সমৃদ্ধ। [সং উপ + √ চি + ত]। উপ-চিতি বি. সংগ্রহ; সঞ্চয়; পুষ্টি; সমৃদ্ধি; মূল্যবৃদ্ধি; (প্রাণি.) দেহস্থ টিশু বা কলার পুষ্টি বা পোষণ, anabolism (বি. প.)।

উপ-চীয়-মান (p. 131) [upa-cīẏa-māna] বিণ. উপচিত হচ্ছে এমন; বর্ধিত সঞ্চিত বা পুষ্ট হচ্ছে এমন। [সং. উপ + √ চি + মান (শানচ্)]।

উপচ্ছদ (p. 131) [upacchada] বি. ঢাকনি; আবরণী। [সং. উপ + √ ছাদি + অ]।

উপচ্ছায়া (p. 131) [upacchāẏā] বি. 1 অপচ্ছায়া; ভূতপ্রেতের অস্পষ্ট ছায়াময় শরীর; 2 অনিষ্টকর ছায়া; 3 (বিজ্ঞা.) প্রচ্ছায়া বা নিবিড় ছায়ার প্রান্তস্থিত লঘু ছায়া, penumbra. [উপ + ছায়া]।

উপ-জনন (p. 131) [upa-janana] বি. 1 উৎপত্তি, জন্ম, উদ্ভব। [সং. উপ + √ জন্ + অন]। 2 উৎপাদন। [সং. উপ + √ জন্ + ণিচ্ + অন]।

উপজা (p. 131) [upajā] ক্রি. উৎপন্ন হওয়া, জন্মানো ('হৃদয়ে উপজে মহা কৌতুক': রবীন্দ্র)। [সং. উৎপদ্য > প্রাকৃ. উপ্পজ্জ > বাং. উপজ + আ]।

উপ-জাত (p. 131) [upa-jāta] বিণ. উদ্রিক্ত, উৎপন্ন (ক্রোধ উপজাত হল)। □ বি. 1 প্রধান দ্রব্যের উৎপাদনকালে জাত অন্য দ্রব্য, by-product (বি. প.); 2 ছন্দোবিশেষ। [সং. উপ + জাত]।

উপ-জাতি (p. 131) [upa-jāti] বি. 1 সংস্কৃত ছন্দোবিশেষ; 2 প্রধান জাতির অন্তর্ভুক্ত ক্ষুদ্রতম, এবং বহু ক্ষেত্রে অপেক্ষাকৃত অনগ্রসর, জাতি বা সম্প্রদায়। [সং. উপ (অপ্রধান) + জাতি]।

উপ-জিহ্বা (p. 131) [upa-jihbā] বি. আলজিভ। [সং. উপ + জিহ্বা]।

উপ-জীবিকা (p. 131) [upa-jībikā] বি. বৃত্তি বা জীবিকা; পেশা (কৃষি এদেশের অধিকাংশ মানুষের উপজীবিকা)। [সং. উপ + জীবিকা]। উপ-জীবী (-বিন্) বিণ. বৃত্তি বা জীবিকা অবলম্বনকারী। উপ-জীব্য বিণ. জীবিকা হিসাবে বা

প্রয়োজনে গ্রহণযোগ্য। □ বি. 1 জীবনধারণের উপায়; 2 অবলম্বন (নাটকের উপজীব্য)।

উপজ্ঞা (p. 131) [upajñā] বি. 1 প্রথম জ্ঞান; 2 উপদেশ ছাড়া অর্জিত প্রথম জ্ঞান; 3 সহজাত জ্ঞান, instinct. [সং. উপ + √ জ্ঞা + অ]।

উপড়া (p. 131) [upaḍ়ā] ক্রি. উন্মূলিত করা, উৎপাটিত করা (ঝাড়েবংশে উপড়ে ফেলা)। [বাং. √ উপড়া]। ˜ নো বি. উৎপাটন, মূলোচ্ছেদ। □ ক্রি. উৎপাটিত করা। □ বিণ. উৎপাটিত করা হয়েছে এমন (ঝড়ে উপড়ানো গাছ)।

উপ-ঢৌকন (p. 132) [upa-ḍhaukana] বি. উপহার, ভেট, সওগাত; নজরানা। [সং. উপ + √ ঢৌকি + অন]।

উপ-তারা (p. 132) [upa-tārā] বি. চোখের তারার চার দিকের রঞ্জিত মণ্ডল, কনীনিকা, iris. [সং. উপ + তারা]।

উপ-ত্যকা (p. 132) [upa-tyakā] বি. 1 পর্বতের নীচের দিকের ভূভাগ; দুই পর্বতের মধ্যবর্তী নিচু সমতলভূমি; 2 নদীর অববাহিকা (গাঙ্গেয় উপত্যকা)। [সং. উপ + √ ত্যকন্ + আ]।

উপ-দংশ (p. 132) [upa-daṃśa] বি. যৌনরোগবিশেষ, গরমি, syphilis. [সং. উপ + √ দনশ্ + অ]।

উপ-দর্শক (p. 132) [upa-darśaka] বি. 1 পথপ্রদর্শক, যে (ব্যক্তি) পথ দেখায়; 2 দ্বারপাল, দ্বাররক্ষক। [সং. উপ + √ দৃশ্ + ণিচ্ + অক]; 3 প্রত্যক্ষ সাক্ষী, eye-witness. [সং. উপ + √ দৃশ্ + অক]।

উপ-দিশ্য-মান (p. 132) [upa-diśya-māna] বিণ. 1 উপদেশপ্রাপ্ত হচ্ছে এমন, যাকে উপদেশ দেওয়া হচ্ছে এমন; 2 উপদেশের বিষয়ীভূত। [সং. উপ + √ দিশ্ + মান (শানচ্)]।

উপ-দিষ্ট (p. 132) [upa-diṣṭa] বিণ. 1 উপদেশপ্রাপ্ত, উপদেশ পেয়েছে এমন (এইভাবে উপদিষ্ট হয়ে তিনি কাজ আরম্ভ করলেন); 2 উপদেশের বিষয়ীভূত। [সং. উপ + √ দিশ্ + ত]।

উপ-দেবতা, উপ-দেব (p. 132) [upa-dēbatā, upa-dēba] বি. 1 অপ্রধান দেবতা; 2 ভূত প্রেত ইত্যাদি দেবযোনি। [সং. উপ + দেবতা, দেব]।

উপ-দেশ (p. 132) [upa-dēśa] বি. 1 পরামর্শ, মন্ত্রণা; কনিষ্ঠের প্রতি জ্যেষ্ঠের পরামর্শ; 2 কর্তব্য সম্বন্ধে নির্দেশ; অনুশাসন; 3 শিক্ষা। [সং. উপ + √ দিশ্ + অ]। ˜ ক বিণ. উপদেষ্টা, উপদেশদানকারী। উপ-দেশাত্মক বিণ. উপদেশ বা নীতিশিক্ষা দেয় এমন; উপদেশমূলক। উপ-দেশ্য, ˜ ণীয়, উপ-দেষ্টব্য বিণ. উপদেশ দেওয়ার যোগ্য। উপ-দেষ্টা (-ষ্টৃ) বিণ. বি. উপদেশক, শিক্ষক, গুরু; মন্ত্রণাদাতা।

উপ-দ্বীপ (p. 132) [upa-dbīpa] বি. প্রায় সম্পূর্ণভাবে জলবেষ্টিত ভূভাগ, peninsula. [সং. উপ + দ্বীপ]। উপ-দ্বীপীয় বিণ. উপদ্বীপসংক্রান্ত, peninsular.

উপ-দ্রব (p. 132) [upa-draba] বি. 1 উৎপাত, দৌরাত্ম্য; অত্যাচার (মশার উপদ্রব, চোরের উপদ্রব); 2 বিপদ, অশুভ ঘটনা (এমন সময় এক উপদ্রব ঘটল)। [সং. উপ + √ দ্রু + অ]।

উপ-দ্রুত (p. 132) [upa-drūta] বিণ. উপদ্রবপীড়িত; বিপন্ন; অত্যাচারিত (উপদ্রুত এলাকা)। [সং. উপ + √ দ্রু + ত]।

উপ-ধর্ম (p. 132) [upa-dharma] বি. 1 অপ্রশস্ত বা অপকৃষ্ট ধর্ম; 2 ধর্মের অঙ্গীভূত কুসংস্কার, ধর্মের নামে চলে এমন কুসংস্কার; 3 লৌকিক ধর্ম। [সং. উপ + ধর্ম]।

উপধা (p. 132) [upadhā] বি. 1 (ব্যাক.) অন্ত্যবর্ণের অব্যবহিত পূর্ববর্তী বর্ণ; 2 ছল; 3 উপায়; 4 অমাত্য প্রভৃতির সাধুতার পরীক্ষা। [সং. উপ + √ ধা + অ (অচ্) + আ]।

উপ-ধাতু (p. 132) [upa-dhātu] বি. 1 (আয়ু.) অষ্ট প্রধান ধাতুর মতো সাতটি ধাতু, যেমন মাক্ষিক তুঁতে বা তুত্থক নীলাঞ্জন অভ্র হরিতাল মনঃশিলা ও রসাঞ্জন; 2 দেহস্থ বা দেহ থেকে উদ্ভূত সাতটি পদার্থ, যেমন স্তন্য রজঃ শ্বেদ দন্ত কেশ ওজঃ বসা। [সং. উপ + ধাতু]।

উপ-ধান (p. 132) [upa-dhāna] বি. 1 উপাধান, বালিশ; 2 ধারণ; স্থাপন; 3 প্রণয়; 4 ব্রতবিশেষ; 5 উৎকর্ষ। [সং. উপ + √ ধা + অন]। উপ-ধানীয় বি. বালিশ।

উপ-ধায়ক, উপ-ধায়ী (p. 132) [upa-dhāẏaka, upa-dhāẏī] (-য়িন্) বিণ. জন্ম দেয় এমন, জনক; উৎপাদক। [সং. উপ + √ ধা + অক, ইন্]।

উপধি (p. 132) [upadhi] বি. 1 ছল, চাতুরী, কপটতা; 2 রথের চাকা। [সং. উপ + √ ধা + ই]।

উপ-নক্ষত্র (p. 132) [upa-nakṣatra] বি. অশ্বিনী প্রভৃতি নক্ষত্রের অনুগামী নক্ষত্র। [সং. উপ + নক্ষত্র]।

উপ-নগর (p. 132) [upa-nagara] বি. 1 ক্ষুদ্র নগর; 2 শহরতলি, শহর বা নগরের উপকণ্ঠ। [সং. উপ + নগর]।

উপ-নদ, উপ-নদী (p. 132) [upa-nada, upa-nadī] বি. যে নদ বা নদী অন্য নদীতে গিয়ে পড়ে, tributary, affluent. [সং. উপ + নদ, নদী]।

উপ-নয়ন (p. 132) [upa-naẏana] বি. 1 যজ্ঞোপবীত ধারণের সংস্কার, পইতে ধারণের অনুষ্ঠান; 2 বেদ অধ্যয়নের জন্য গুরুর কাছে আনা। [সং. উপ + √ নী + অন]।

উপ-নাম (p. 132) [upa-nāma] বি. আসল নামের বদলে প্রাপ্ত বা প্রদত্ত নাম; উপাধি; আখ্যা। [সং. উপ + নাম]।

উপনিবিষ্ট (p. 132) [upanibiṣṭa] দ্র উপনিবেশ।

উপ-নিবেশ (p. 132) [upa-nibēśa] বি. কোনো জনগোষ্ঠীর দ্বারা বিদেশে স্থাপিত স্থায়ী আবাস, colony. [সং. উপ + নি + √ বিশ্ + অ]। ˜ বাদ বি. কোনো উপনিবেশস্থাপয়িতা স্থায়ীভাবে উপনিবেশের কর্তৃত্ব বজায় রাখবে এই মতবাদ, colonialism. উপ-নিবিষ্ট, উপনিবেশিত বিণ. উপনিবেশে স্থিত, উপনিবেশে বসবাস করছে এমন।

উপ-নিষদ, উপ-নিষত্ (p. 132) [upa-niṣada, upa-niṣat] (-ষদ্) বি. বেদান্ত; বেদের জ্ঞানকাণ্ড; ব্রহ্মবিদ্যা। [সং. উপ + নি + √ সদ্ + ক্বিপ্]।

উপ-নিহিত (p. 132) [upa-nihita] বিণ. (অন্যের কাছে) গচ্ছিত, ন্যস্ত। [সং. উপ + নি + √ ধা + ত]।

উপ-নীত (p. 132) [upa-nīta] বিণ. 1 আগত; উপস্থিত, উপস্থিত হয়েছে বা পৌঁছেছে এমন; 2 আনীত; 3 (যার) উপনয়ন বা পইতা হয়েছে এমন। [সং. উপ + √ নী + ত]।

উপ-নেতা (p. 132) [upa-nētā] (-তৃ) বিণ. 1 উপনয়নদাতা; 2 উপনায়ক, সহনায়ক; 3 যে সামনে বা কাছে আনে এমন, আনয়নকর্তা। [সং. উপ + নেতৃ]।

উপ-নেত্র (p. 132) [upa-nētra] বি. চশমা। [সং. উপ + নেত্র]।

উপ-ন্যস্ত (p. 132) [upa-nyasta] বিণ. 1 প্রস্তাবের আকারে উল্লিখিত; উপস্থাপিত; 2 ন্যস্ত, গচ্ছিত। [সং. উপ + নি + √ অস্ (নিক্ষেপ করা) + ত]।

উপ-ন্যাস (p. 132) [upa-nyāsa] বি. 1 বড় গল্প, আখ্যান, নভেল; 2 মুখবন্ধ; 3 প্রস্তাব; 4 গচ্ছিত রাখা। [সং. উপ + নি + √ অস্ + অ]।

উপ-পতি (p. 132) [upa-pati] বি. অবৈধ প্রণয়ী, জার। [সং. উপ + পতি]।

উপ-পত্তি (p. 132) [upa-patti] বি. 1 যুক্তি, প্রমাণ; 2 সিদ্ধান্ত; মীমাংসা, সমাধান; 3 উৎপত্তি; 4 প্রাপ্তি; 5 সম্পাদন। [সং. উপ + √ পদ্ + তি]।

উপ-পত্নী (p. 132) [upa-patnī] বি. অবৈধ প্রণয়িনী; রক্ষিতা। [সং. উপ + পত্নী]।

উপ-পথ (p. 133) [upa-patha] বি. 1 সংকীর্ণ বা সরু পথ; 2 যে পথে সচরাচর লোকে চলাফেরা করে না; 3 অপথ। [সং. উপ + পথ]।

উপ-পদ (p. 133) [upa-pada] বি. (ব্যাক.) সমাসবদ্ধ কৃদন্ত পদের পূর্বপদ; পূর্বপদের সঙ্গে কৃদন্ত পদের সমাস, যেমন কুম্ভকার শব্দে কুম্ভ এবং ছেলেধরা শব্দে ছেলে উপপদ। [সং. উপ + পদ]।

উপ-পন্ন (p. 133) [upa-panna] বিণ. 1 যুক্তিযুক্ত; 2 সংগত; 3 যোগ্য; 4 উৎপন্ন; 5 প্রতিপন্ন; 6 আগত; 7 প্রাপ্ত। [সং. উপ + √ পদ্ + ত]।

উপ-পাত (p. 133) [upa-pāta] বি. হঠাত্ ঘটে-যাওয়া ঘটনা, আকস্মিক ঘটনা ('সে কি মাত্র উপপাত, মূলে তার কোনো অর্থ নাই': সু. দ.)। [সং. উপ + √ পত + অ]।

উপ-পাতক (p. 133) [upa-pātaka] বি. 1 লঘু পাপ; 2 মহাপাতক থেকে লঘুতর উনপঞ্চাশরকম পাপ। [সং. উপ + পাতক]।

উপ-পাদন (p. 133) [upa-pādana] বি. 1 মীমাংসা সাধন; 2 সম্পাদন; 3 প্রতিপাদন, যুক্তির সাহায্যে সমর্থন। [সং. উপ + √ পাদি (√ পদ্ + ণিচ্) + অন]। উপপাদক বিণ. মীমাংসাকারী; সম্পাদনকারী। উপ-পাদনীয় বিণ. উপপাদনের যোগ্য; প্রতিপাদ্য; সম্পাদন করতে হবে বা করার যোগ্য এমন। উপ-পাদ্য বিণ. উপপাদনীয়। □ বি. (জ্যামি.) যথার্থ বলে প্রমাণ করতে হবে এমন প্রতিজ্ঞা, theorem.

উপ-পাপ (p. 133) [upa-pāpa] বি. লঘু পাপ। [সং. উপ + পাপ]।

উপ-পুরাণ (p. 133) [upa-purāṇa] বি. আঠারো পুরাণের বহির্ভূত আঠারো ক্ষুদ্র পুরাণ, আঠারো পুরাণের বাইরে অপ্রধান পুরাণ, যেমন আদিপুরাণ, শিবধর্মপুরাণ। [সং. উপ + পুরাণ]।

উপ-প্লব (p. 133) [upa-plaba] বি. 1 প্রাকৃতিক উৎপাত বা উপদ্রব; 2 বিপদ; 3 বিদ্রোহ; 4 অরাজকতা। [সং. উপ + √ প্লু + অ]। উপ-প্লুত বিণ. প্রাকৃতিক উপদ্রবে পীড়িত; উপদ্রুত; বিপন্ন।

উপ-বন (p. 133) [upa-bana] বি. বাগান, উদ্যান, বাগিচা; মানুষের দ্বারা রোপিত তরুলতায় পূর্ণ কৃত্রিম বন। [সং. উপ + বন]।

উপ-বাস (p. 133) [upa-bāsa] বি. অনশন, আহারে বিরতি, উপোস। [সং. উপ + √ বস্ + অ]। ˜ ক, উপ-বাসী (-সিন্) বিণ. উপবাসকারী।

উপ-বিধি (p. 133) [upa-bidhi] বি. 1 মূল আইনের অন্তর্গত অপ্রধান আইন, by-law; 2 স্থানীয় স্বায়ত্তশাসন সংস্থা কর্তৃক প্রবর্তিত আইন। [সং. উপ + বিধি]।

উপ-বিষ (p. 133) [upa-biṣa] বি. 1 আকন্দর আঠা, করবীর আঠা প্রভৃতি পাঁচ রকম বিষাক্ত পদার্থ; 2 কৃত্রিম বিষ। [সং. উপ + বিষ]।

উপ-বিষ্ট (p. 133) [upa-biṣṭa] বিণ. বসে রয়েছে এমন, আসীন। [সং. উপ + √ বিশ্ + ত]।

উপ-বীত (p. 133) [upa-bīta] বি. যজ্ঞসূত্র, পইতে। [সং. উপ + √ বী + ত]। উপ-বীতি (-তিন্) বিণ. উপবীত বা পইতে ধারণ করেছে এমন।

উপ-বৃক্ষ (p. 133) [upa-bṛkṣa] বি. পরগাছা; লতা। [সং. উপ + বৃক্ষ]।

উপ-বেদ (p. 133) [upa-bēda] বি. বেদ নয় কিন্তু প্রায় বেদের মতো মূল্যবান গ্রনহ্ বা শাস্ত্র যথা আয়ুর্বেদ ধনুর্বেদ গন্ধর্ববেদ স্থাপত্যবেদ। [সং. উপ + বেদ]।

উপ-বেশন, উপ-বেশ (p. 133) [upa-bēśana, upa-bēśa] বি. 1 আসনগ্রহণ, বসা। [সং. উপ + √ বিশ্ + অন, অ]; 2 বসানো। [উপ + √ বিশ্ +

ণিচ্ + অন, অ]। উপ-বেশয়িতা (-তৃ) বিণ. যে বসার বা বসিয়ে দেয়। উপ-বেশিত বিণ. বাসিয়ে দেওয়া হয়েছে এমন। উপ-বিষ্ট বিণ. বসে আছে এমন।

উপ-ভাষা (p. 133) [upa-bhāṣā] বি. মূল ভাষার বিভিন্ন প্রাদেশিক বা আঞ্চালিক রূপ, dialect. [সং. উপ + ভাষা]।

উপভুক্ত (p. 133) [upabhukta] দ্র উপভোগ।

উপ-ভোগ (p. 133) [upa-bhōga] বি. 1 সম্ভোগ, তৃপ্তি বা আনন্দের সঙ্গে ভোগ (সৌন্দর্য উপভোগ); 2 ভক্ষণ; আস্বাদন; 3 ব্যবহার। [সং. উপ + ভোগ]। উপ-ভুজ্য-মান বিণ. যা উপভোগ করা হচ্ছে এমন। উপ-ভুক্ত বিণ. উপভোগ করা হয়েছে এমন; ভক্ষিত; ব্যবহৃত; আস্বাদিত। উপ-ভোক্তা (-ক্তৃ) বিণ. বি উপভোগকারী। উপ-ভোগ্য বিণ. উপভোগের যোগ্য; উপভোগ করতে হবে এমন; মনোরম।

উপম (p. 133) [upama] বিণ. (সমাসে পরপদরূপে ব্যবহৃত) সদৃশ, তুল্য (দেবোপম, নিরুপম)। [সং. উপ + √ মা + অ]।

উপ-মন্ত্রী (p. 133) [upa-mantrī] বি. সহযোগী বা সহকারী মন্ত্রী, deputy minister. [সং. উপ + মন্ত্রী]।

উপমা (p. 133) [upamā] বি. 1 সাদৃশ্য, তুলনা (উপমা দেওয়া); 2 অর্থালংকারবিশেষ এই অলংকারে একই ধর্মবিশিষ্ট দুই ভিন্নজাতীয় বস্তুর মধ্যে সাদৃশ্য কল্পিত হয়, simile. [সং. উপ + √ মা + অ]। ̃ ন বি. যার সঙ্গে বা যার

দ্বারা তুলনা দেওয়া হয় (যেমন, 'রক্তের মত রাঙা দুটি জবাফুল' এখানে উপমান 'রক্ত')। উপ-মিত বিণ. তুলিত। উপ-মিতি বি. উপমা, সাদৃশ্যকল্পনা। উপ-মেয় বিণ. বি. উপমার বিষয়ীভূত (উপরের দৃষ্টান্তে 'জবাফুল' উপমেয়)।

উপ-মাংস (p. 133) [upa-māṃsa] বি. আঁচিল। [সং. উপ + মাংস]।

উপ-মাতা1 (p. 133) [upa-mātā1] (-তৃ) বি. (স্ত্রী.) ধাত্রী পালয়িত্রী শিক্ষাদাত্রী পিসি মাসি শাশুড়ি প্রভৃতি মাতৃতুল্যা বা মাতৃস্থানীয়া নারী। [সং. উপ + মাতা]।

উপমাতা2 (p. 133) [upamātā2] বিণ. যে উপমা দেয় বা তুলনা করে। [সং. উপ + √ মা + তৃ]।

উপমান, উপমিতি, উপমেয় (p. 133) [upamāna, upamiti, upamēẏa] দ্র উপমা।

উপ-যাচক (p. 133) [upa-yācaka] বিণ. বি. স্বতঃপ্রবৃত্ত, বিনা আহ্বানে আপনা থেকে এসে (অন্যের কাজ বা দায়িত্ব নিতে) প্রার্থনাকারী; উপর-পড়া (কেন তুমি উপযাচক হয়ে তাকে সাহায্য করতে গেলে?)। [সং. উপ + √ যাচ্ + অক]। উপযাচিকা বিণ. (স্ত্রী.) উপর-পড়া; স্বতঃপ্রবৃত্ত হয়ে সাহায্য করতে এগিয়ে যায় এমন। □ বি. যে নারী উপর-পড়া হয়ে অনুরাগ প্রকাশ বা সম্ভোগ প্রার্থনা করে। উপ-যাচিত বিণ. উপর-পড়াভাবে প্রার্থিত; প্রার্থিত।

উপ-যুক্ত (p. 133) [upa-yukta] বিণ. 1 যথাযোগ্য, উপযোগী (সে এই কাজের উপযুক্ত); 2 ন্যায্য, উচিত (উপযুক্ত শাস্তি, উপযুক্ত মূল্য); 3 সমকক্ষ,

অনুরূপ; 4 যোগ্য, সমর্থ (উপযুক্ত পুত্র)। [সং. উপ + √ যুজ্ + ত]। বি.˜ তা, উপ-যুক্তি।

উপযোগ (p. 133) [upayōga] বি 1 উপযুক্ততা, উপযোগীতা, যতাযোগ্যতা; 2 উপকার; 3 আবশ্যকতা; 4 কাজে ব্যবহার বা প্রয়োগ; প্রয়োজনসাধন। [সং. উপ + √ যুজ্ + অ]।

উপ-যোগী (p. 133) [upa-yōgī] (-গিন্) বিণ. 1 উপযুক্ত (সময়োপযোগী, কালোপযোগী); 2 কার্যকর; প্রয়োজন সাধন করে এমন; 3 অনুকূল। [সং. উপ + √ যুজ্ + ইন্]। উপ-যোগিতা বি. কার্যকারিতা।

উপ-যোজন (p. 133) [upa-yōjana] বি. অবস্থা বা পরিস্থিতির উপযোগী করা; সামঞ্জস্যসাধন, সমন্বয়সাধন। [সং. উপ + √ যুজ্ + অন]।

উপর (p. 133) [upara] বি. 1 ঊর্ধ্বভাগ, উপরিভাগ (জলের উপরটা দেখো); 2 চল, ছাদ। □ বিণ. 1 ঊর্ধ্বে স্থিত; উচ্চ (উপরমহল); 2 অতিরিক্ত, বাড়তি (উপর-পাওনা)। □ অব্য. প্রতি (প্রজাদের উপর জমিদারের অত্যাচার)। [সং. উপরি]।˜ অলা,˜ ওয়ালা বিণ. ঊর্ধ্বতন। □ বি. ঊর্ধ্বতন কর্মচারী। [বাং. উপর + ফা. বালা]। উপর-উপর অব্য. ক্রি-বিণ. বিণ. ভাসাভাসা, অগভীরভাবে (বইখানা উপর-উপর দেখেছি)। উপর-চড়া, উপর-চড়াও বিণ. ক্রি-বিণ. অকারণ; গায়ে-পড়া; গায়ে পড়ে (উপর চড়া হয়ে ঝগড়া করা, লোকটি ভারি উপর-চড়া)।˜ চাল বি. 1 লোক-দেখানো ভাবভঙ্গি; 2 (দাবা খেলায়) দর্শকের বলে-দেওয়া চাল।˜ চালাক বিণ. (যথার্থ বুদ্ধিমান না হয়েও) মাত্রাধিক চালাকি করে এমন; ফাজিল।˜ টপকা বিণ. ক্রি-বিণ. 1 উপর-উপর; 2 উপর-পড়া।˜ তলা বি. 1 পাকা বাড়ির

একতলার উপরের অংশ; 2 (আল.) সম্পন্ন বা ধনী লোকের অবস্থান (উপরতলার লোক)।˜ নীচ করা ক্রি. বি. বারবার ওঠা ও নামা।˜ পড়া বিণ. স্বয়ংপ্রবৃত্ত, উপযাচক।

উপ-রত (p. 133) [upa-rata] বিণ. 1 নিবৃত্ত, বিরত; 2 মৃত; 3 বিগত। [সং. উপ + √ রম্ + ত]। উপ-রতি বি. 1 বৈরাগ্য; 2 কামনাবাসনার নিবৃত্তি; 3 মৃত্যু।

উপ-রত্ন (p. 133) [upa-ratna] বি. 1 রত্নের মতো উজ্জ্বল বস্তু; 2 অল্প মূল্যের রত্ন। [সং. উপ + রত্ন]।

উপবস্তু (p. 133) [upabastu] অব্য. তা ছাড়া, অধিকন্তু। ['অধিকন্তু'-র অনুকরণে সৃষ্ট নকল সংস্কৃত শব্দ]।

উপ-রম (p. 133) [upa-rama] বি. 1 নিবৃত্তি, বৈরাগ্য; 2 সমাপ্তি; 3 মৃত্যু। [সং. উপ + √ রম্ + অ]।

উপ-রাগ (p. 133) [upa-rāga] বি. 1 সূর্য ও চাঁদের গ্রহণ; 2 প্রাকৃতিক উৎপাত; 3 রঞ্জন। [সং. উপ + √ রন্জ্ + অ]।

উপ-রাজ (p. 133) [upa-rāja] বি. প্রকৃত শাসকের প্রতিনিধিরূপে যিনি শাসন করেন; রাজপ্রতিনিধি, viceroy. [সং. উপ + রাজন্]।

উপরি1 (p. 133) [upari1] অব্য. 1 ঊর্ধ্বে, উপরে; 2 অতঃপর, তারপর। [সং. উপ + রি (নি.)]। উপরি-উপরি অব্য. বিণ. পরপর (উপরি-উপরি তিন

দিন)। □ ক্রি.-বিণ. 1 ভাসাভাসা, অগভীরভাবে (উপরি-উপরি বোঝা)। 2 একটির উপর আর একটি করে (উপরি-উপরি রাখা)।˜ চর বিণ. উপরে বিচরণ করে এমন।˜ তন বিণ. উপরওয়ালা; ঊর্ধ্বতন।˜ ভাগ বি. উপরের অংশ।˜ স্থ,˜ স্থিত বিণ. উপরে অবস্থিত।

উপরি2 (p. 133) [upari2] বিণ. নিয়মিত বা আশা অনুযায়ী যা প্রাপ্য তার অতিরিক্ত, বাড়তি (উপরি আয়, উপরি লাভ)। □ বি. বকশিশ; ঘুষ; দস্তুরি; নিয়মবহির্ভূত আয়। [বাং. উপর + ই]।

উপ-রুদ্ধ (p. 133) [upa-ruddha] বিণ. উপরোধ বা অনুরোধ করা হয়েছে এমন। [সং. উপ + √ রুধ্ + ত]।

উপরোক্ত-উপরি-উক্ত (p. 133) [uparōkta-upari-ukta] বা উপর্যুক্ত র বাংলায় প্রচলিত রূপ।

উপ-রোধ (p. 133) [upa-rōdha] বি. 1 সনির্বন্ধ অনুরোধ; 2 সুপারিশ; খাতির ('কোন্ উপরোধ গুরু করিল তোমারে': কাশী.); 3 নিমিত্ত (কার্যের উপরোধে)। [সং. উপ + √ রুধ্ + অ]।˜ ক বিণ. অনুরোধকারী। উপরোধে ঢেঁকি গেলা অনুরোধ এড়াতে না পেরে অনিচ্ছাসত্ত্বেও কোনো কঠিন কাজ করতে রাজি হওয়া।

উপর্যুক্ত (p. 133) [uparyukta] বিণ. উপরে উক্ত বা উল্লিখিত হয়েছে এমন, পূর্বে উল্লিখিত (উপর্যুক্ত বিষয়গুলি)। [সং. উপরি + উক্ত]।

উপর্যুপরি (p. 133) [uparyupari] অব্য. ক্রি-বিণ. একটির উপর আরা একটি; পরপর; ক্রমান্বয়ে; ক্রমাগত (এই নিয়ে উপর্যুপরি তিনবার তারা জিতল)। [সং. উপরি + উপরি]।

উপল (p. 133) [upala] বি. 1 শিলা, প্রস্তর; পাথরের টুকরো; 2 মূল্যবান পাথর; মণি, রত্ন। [সং. উপ + √ লা + অ]।

উপ-লক্ষ, উপ-লক্ষ্য (p. 133) [upa-lakṣa, upa-lakṣya] বি. 1 প্রয়োজন, উদ্দেশ্য, অবলম্বন (পুজো উপলক্ষ্যে দেশে গেছে); 2 অজুহাত, ছুতো, অছিলা (তাঁর দেশসেবা উপলক্ষ্য মাত্র)। [সং. উপ + √ লক্ষ্ + অ, য]।

উপ-লক্ষণ (p. 133) [upa-lakṣaṇa] বি. 1 সূচনা; 2 লক্ষণ, চিহ্ন; 3 আভাস; উপক্রম। [সং. উপ + লক্ষণ]। উপ-লক্ষণা বি. শব্দের অর্থবোধক শক্তিবিশেষ; অর্থালংকারবিশেষ, এই অলংকারে বাচ্যার্থসংশ্লিষ্ট অন্য অর্থ বোধিত হয়।

উপ-লক্ষিত (p. 133) [upa-lakṣita] বিণ. 1 উপলক্ষ্য হিসাবে ব্যবহার করা হয়েছে এমন; 2 সূচিত; 3 উদ্দিষ্ট; 4 অনুমিত। [সং. উপ + লক্ষ্ + ণিচ্ + ত]।

উপলক্ষ্য (p. 133) [upalakṣya] দ্র উপলক্ষ।

উপ-লব্ধ (p. 133) [upa-labdha] বিণ. 1 অনুভূত; 2 লব্ধ, প্রাপ্ত, অর্জিত (উপলব্ধ জ্ঞান); 3 জ্ঞাত (উপলব্ধ সত্য)। [সং. উপ + √ লভ্ + ত]। উপ-লব্ধি বি. অনুভূতি; বোধ (সত্যের উপলব্ধি); প্রাপ্তি, লাভ; লব্ধ জ্ঞান।

উপ-লভ্য (p. 133) [upa-labhya] বিণ. 1 জ্ঞেয়; 2 প্রাপ্য; 3 সাধ্য। [সং. উপ + √ লভ্ + য]।

উপ-লম্ভ (p. 133) [upa-lambha] বি. 1 লাভ, প্রাপ্তি; 2 অনুভব, বোধ। [সং. উপ + √ লভ্ + অ, ম্ আগম]।

উপ-লিপ্ত (p. 133) [upa-lipta] বিণ. উপরে লেপন করা বা প্রলেপ দেওয়া হয়েছে এমন, লেপিত। [সং. উপ + √ লিপ্ + ত]।

উপ-লেপ (p. 133) [upa-lēpa] বি. 1 উপরে লেপন; উপরে প্রলেপ; 2 অতিরিক্ত অঙ্গের সৃষ্টি ও বৃদ্ধি, accretion. (বি. প.)। [সং. উপ +√ লিপ্ + অ]।˜ ন বি. উপরে লেপন।

উপ-শম (p. 133) [upa-śama] বি. 1 শান্তি, নিবৃত্তি (রোগের উপশম); 2 ইন্দ্রিয় দমন। [সং. উপ + √ শম্ + অ]।˜ ক বিণ. উপশমকারী।˜ নীয় বিণ. উপশম করা যায় এমন; উপশম করা উচিত এমন। উপ-শমিত, উপ-শান্ত বিণ. উপশমপ্রাপ্ত, উপশম করা হয়েছে এমন; শান্ত বা সংযত করা হয়েছে এমন।

উপ-শয় (p. 133) [upa-śaẏa] বি. 1 শিকারির লুকিয়ে থাকার জন্য ব্যবহৃত গর্ত। 2 শোয়া, শয়ন; 3 পথ্যের সাহায্যে রোগের উপশম। [সং. উপ + √ শী + অ]। উপ-শয়ী, উপ-শায়ী বিণ. শুয়ে আছে এমন ('মৌনের বিশ্রম্ভালাপ উপশয়ী বিভীষিকা-সনে': সু.দ.)।

উপ-শাখা (p. 133) [upa-śākhā] বি. শাখা থেকে উদ্গত শাখা। [সং. উপ + শাখা]।

উপ-শিরা (p. 133) [upa-śirā] বি. 1 সূক্ষ্ম শিরা; 2 শাখা শিরা। [সং. উপ + শিরা]।

উপ-শিষ্য (p. 133) [upa-śiṣya] বি. 1 অপ্রধান শিষ্য; 2 শিষ্যের শিষ্য, প্রশিষ্য। [সং. উপ + শিষ্য]।

উপ-সংহার (p. 133) [upa-saṃhāra] বি. 1 আলোচনা বা গ্রন্থের শেষাংশ; 2 সমাপ্তি, পরিশেষ। [সং. উপ + সম্ + √ হৃ + অ]। উপ-সংহৃত বিণ. সমাপ্ত। উপ-সংহৃতি বি. সমাপ্তি।

উপ-সমিতি (p. 133) [upa-samiti] বি. সমিতির অধীন ছোট সংস্থা, subcommittee. [সং. উপ + সমিতি]।

উপ-সর্গ (p. 133) [upa-sarga] বি. 1 মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ (জ্বর ছাড়া অন্য সব উপসর্গই গেছে); 2 রোগজাত বিকার, রোগের লক্ষণ; 3 আকস্মিক উৎপাত বা বিঘ্ন (নানা উপসর্গ দেখা দিতে লাগল); 4 (ব্যাক.) ধাতুর পূর্বে বসে ধাতুর অর্থ পরিবর্তনকারী অব্যয়, যথা আ, প্র, অপ (আকার, প্রকার, অপকার)। [সং. উপ + √ সৃজ্ + অ]।

উপ-সাগর (p. 133) [upa-sāgara] বি. তিন দিকে স্থলবেষ্টিত সমুদ্রের অংশ; প্রায় সম্পূর্ণরূপে স্থল দ্বারা বেষ্টিত সমুদ্রাংশ, bay, gulf. [সং. উপ + সাগর]।

উপ-সুন্দ (p. 133) [upa-sunda] বি. পৌরাণিক অসুরবিশেষ (তিলোত্তমার রূপে মুগ্ধ হয়ে তাঁকে লাভ করবার জন্য স্বীয় অগ্রজ সুন্দের সঙ্গে ইনি দ্বন্দ্বযুদ্ধে প্রবৃত্ত হয়ে নিহত হয়েছিলেন)।

উপ-সেক (p. 133) [upa-sēka] বি. 1 জলসেচন করে কোনো জিনিসকে নরম করাচ 2 জল সেচন। [সং. উপ + √ সিচ্ + অ]।

উপ-সেচন (p. 133) [upa-sēcana] বি. জলসেচন; কোনো জিনিসকে জল দিয়ে নরম করা। [সং. উপ + সেচন]।

উপ-সেবন (p. 133) [upa-sēbana] বি. 1 উপভোগ; সম্ভোগ; 2 উপাসনা; 3 আসক্তি। [সং. উপ + সেবন]। উপ-সেবক বিণ. 1 উপসেবনকারী; 2 পরস্ত্রীর প্রতি আসক্ত। উপ-সেবা বি. 1 উপসেবন; 2 চাকরি। উপ-সেবিত বিণ. উপসেবন বা উপসেবা করা হয়েছে এমন। উপ-সেবী (-বিন্) বিণ. উপসেবাকারী, উপসেবনকারী; পরিচর্যাকারী।

উপস্কর (p. 133) [upaskara] বি. 1 ভূষণ, অলংকার; 2 ঝোলব্যঞ্জন ইত্যাদি রান্নার মশলা, বাটনা; 3 উপকরণ; 4 ঘরের কাজে লাগে এমন উপকরণ। [সং. উপ + √ কৃ + অ, স্ আগম]।

উপস্ত্রী (p. 133) [upastrī] বি. উপপত্নী, রক্ষিতা। [সং. উপ + স্ত্রী]।

উপস্থ (p. 133) [upasha] বিণ. 1 সমীপস্থ, নিকটস্থ; 2 উপরিস্থিত। □ বি. জননেন্দ্রিয়, লিঙ্গ বা যোনি। [সং. উপ + √ স্থা + অ]।

উপ-স্থাপন (p. 133) [upa-shāpana] বি. উপস্থিত করা; প্রস্তাব করা; উত্থাপন; পেশ করা (প্রস্তাবটি উপস্থাপন করা হল না)। [সং. উপ + স্থাপন]। উপ-স্থাপনা বি. উপস্থাপন; উপস্থাপনের কৌশল।

উপ-স্থাপক, উপ-স্থাপয়িতা (p. 133) [upa-shāpaka, upa-shāpaẏitā] (-তৃ) বিণ. উপস্থাপনকারী, প্রস্তাব-উত্থাপক। স্ত্রী. উপ-স্থাপিকা, উপ-স্থাপয়িত্রী। উপ-স্থাপিত বিণ. উপস্থাপন করা হয়েছে এমন।

উপ-স্থিত (p. 133) [upa-shita] বিণ. 1 আগত, সমাগত, হাজির (উপস্থিত শ্রোতারা সকলেই বক্তৃতার প্রশংসা করলেন); 2 বর্তমান (উপস্থিত কাল); 3 আসন্ন (উপস্থিত বিপদ); 4 বিদ্যমান (উপস্থিত থাকা)। [সং. উপ + √ স্থা + ত]। ˜ বক্তা (-ক্তৃ) বি. আগে থেকে প্রস্তুত না হয়েও যিনি বক্তৃতা করতে পারেন। ˜ বুদ্ধি বি. প্রত্যুৎপন্নমতিত্ব; ঠাণ্ডা মাথায় পরিস্থিতির মোকাবিলা করতে পারার ক্ষমতা। ˜ মতো বিণ. ক্রি-বিণ. প্রয়োজনানুসারে; সময়মতো (উপস্থিতমতো ব্যবস্থা করা যাবে)। উপ-স্থিত বি. 1 সমাগম; হাজিরা; 2 বিদ্যমানতা।

উপ-স্বত্ব (p. 133) [upa-sbatba] বি. 1 বিষয়সম্পত্তি থেকে আয় বা লাভ; 2 খাজনা। [সং. উপ + স্বত্ব]।

উপ-হত (p. 133) [upa-hata] বিণ. 1 আহত; 2 পীড়িত; 3 অভিভূত (শোকোপহত); 4 বিনষ্ট। [সং. উপ + √ হন্ + ত]।

উপ-হসিত (p. 133) [upa-hasita] বিণ. উপহাস করা হয়েছে এমন (এ কাজ করে লোকের কাছে উপহসিত হতে চাই না)। [সং. উপ + √ হস্ + ত]।

উপ-হার (p. 133) [upa-hāra] বি. 1 উপঢৌকন, ভেট; 2 পুরস্কার; 3 সমাদরপূর্বক দান। [সং. উপ + √ হৃ + অ]। বিণ. উপ-হৃত।

উপ-হাস (p. 133) [upa-hāsa] বি 1 পরিহাস, ঠাট্টা, ব্যঙ্গবিদ্রুপ; 2 অবজ্ঞা, তুচ্ছতাচ্ছিল্য। [সং. উপ + √ হস্ + অ]। উপহাস্য বিণ. উপহাসের পাত্র বা যোগ্য। □ বি পরিহাস।

উপ-হৃত (p. 133) [upa-hṛta] বিণ 1 উপহারস্বরূপ দেওয়া হয়েছে এমন; 2 উপসর্গীকৃত; 3 অর্পিত। [সং উপ + &tick হৃ + ত]।

উপ-হ্রদ (p. 133) [upa-hrada] বি. সমুদ্রের সঙ্গে যোগবিশিষ্ট হ্রদ, lagoon. [সং. উপ + হ্রদ]।

উপাংশু (p. 133) [upāṃśu] বিণ. ক্রি-বিণ. একান্তে, নির্জনে; কেবল নিজেই শোনা যায় এমনভাবে (উপাংশু জপ)। ˜ বধ বি. গুপ্তহত্যা। [সং. উপ + অংশু]।

উপা-করণ (p. 133) [upā-karaṇa] বি. 1 (উপনয়নের পর বেদ অনুশীলনের) আরম্ভ; 2 পশুযজ্ঞে পশুকে স্পর্শ করা। [সং. উপ + আ + √ কৃ + অন]।

উপাখ্যান (p. 133) [upākhyāna] বি. 1 কাল্পনিক কাহিনী; রূপকথা; 2 পুরাকাহিনী; 3 মূল কাহিনীর অন্তর্গত ক্ষুদ্রতর কাহিনী। [সং. উপ + আখ্যান]।

উপাগত (p. 133) [upāgata] বিণ. 1 সমীপে বা নিকটে আগত, উপস্থিত; 2 প্রাপ্ত। [সং. উর + আগত]।

উপাগম (p. 133) [upāgama] বি. 1 সমীপে বা নিকটে আগমন; উপস্থিতি; 2 প্রাপ্তি। [সং. উপ + আগম]।

উপাঙ্গ (p. 133) [upāṅga] বি. 1 অঙ্গের অঙ্গ বা অংশ, প্রত্যঙ্গ (যেমন, হাত বা পা অঙ্গ, আঙুল উপাঙ্গ); 2 বেদের সদৃশ শাস্ত্র (যেমনA পুরাণ ন্যায় মীমাংসা ধর্মশাস্ত্র); 3 accessory member (বি. প.); 4 পরিশিষ্ট। [সং. উপ + অঙ্গ]।

উপাচার্য (p. 133) [upācārya] বি. আচার্যের সহকারী; (বিশ্ববিদ্যালয়ে) আচার্যের সহকারী হিসাবে যিনি বিশ্ববিদ্যালয় পরিচালনা করেন, vice-chancellor. [সং. উপ + আচার্য]।

উপাড়া (p. 133) [upāḍ়ā] ক্রি. (পুরোনো কাব্যে) উৎপাটন করা ('শালগাছ উপাড়িয়া আনে': কৃত্তি)। [বাং. √ উপাড়্ + আ]। উপাড়ন বি. উৎপাটন।

উপাত্ত (p. 133) [upātta] বিণ. 1 গৃহীত; স্বীকৃত; 2 অর্জিত; লব্ধ। □ বি. যা থেকে অনুমান বা সিদ্ধান্ত করা হয় এইরকম স্বীকৃত বিষয়, অনুমান বা সিদ্ধান্তের ভিত্তিস্বরূপ বিষয়, data (বি. প.)। [সং. উপ + আ + √ দা + ত]।

উপাত্যয় (p. 133) [upātyaẏa] বি. 1 প্রচলিত বিধি বা আচার লঙ্ঘন, নিয়ম লঙ্ঘন; 2 মৃত্যু। [সং. উপ + অতি + √ ই + অ]।

উপা-দান (p. 133) [upā-dāna] বি. 1 উপকরণ, যেসব বস্তু একত্র করে অন্য বস্তু গঠিত হয় (নানান উপাদানে গঠিত); 2 সমবায়ী বা নিত্যসম্বন্ধযুক্ত কারণ অর্থাত্ যা পরিবর্তিত হয়ে অন্য জিনিসে পরিণত হয় (যেমন মাটি ঘটের উপাদান)। [সং. উপ + আ + √ দা + অন]।

উপাদেয় (p. 133) [upādēẏa] বিণ. 1 উপভোগ্য; মনোরম; 2 সুস্বাদু; সুখাদ্য; 3 গ্রহণযোগ্য। [সং. উপ + আ + √ দা + য]।

উপা-ধান (p. 133) [upā-dhāna] বি. বালিশ। [সং. উপ + আ + √ ধা + অন]।

উপাধি (p. 133) [upādhi] বি. 1 উপনাম; জাতি বংশ বিদ্যা সম্মান প্রভৃতির পরিচায়ক নামান্ত; 2 পদবি; 3 (দর্শনে) যা কাছে থেকে নিজগুণ নিকটস্থ বস্তুতে আরোপ করে, যেমন জবাফুল স্ফটিকের 'উপাধি'। [সং. উপ + আ + √ ধা + ই]। ̃ ক, ̃ ধারী (-রিন্) বিণ. উপাধি পেয়েছে এমন; উপাধিযুক্ত। ̃ পত্র বি. যে পত্রে উপাধি লেখা হয়, প্রশংসাপত্র, certificate.

উপাধ্যায় (p. 133) [upādhyāẏa] বি. 1 আচার্যের সহকারী অধ্যাপক, শিক্ষক; উপদেষ্টা; 2 যিনি বেদ শিক্ষা দিয়ে জীবিকা অর্জন করেন; 3 রাঢ়ী কুলীন ব্রাহ্মণদের পদবিবিশেষ, যেমন বন্দ্যোপাধ্যায়, চট্টোপাধ্যায়। [সং. উপ + অধি +

√ ই + অ]। উপাধ্যায়া, উপাধ্যায়ী (-য়িন্) বি. (স্ত্রী.) মহিলা-উপাধ্যায়। উপাধ্যায়ী, উপধ্যায়ানী বি. (স্ত্রী.) উপাধ্যায়ের পত্নী।

উপা-নত্, উপা-নহ (p. 133) [upā-nat, upā-naha] বি. চামড়ার জুতো। [সং. উপ + আ + √ নহ্ + ক্বিপ্]।

উপান্ত (p. 133) [upānta] বি. 1 প্রান্ত, উপকণ্ঠ (নগরের উপান্তে); 2 সমীপ; 3 যা অন্ত বা শেষের অব্যবহিত পূর্বে অবস্থিত। [সং. উপ + অন্ত]। উপান্ত্য বিণ. উপান্তে অবস্থিত; অন্তের অব্যবহিত পূর্বে অবস্থিত, penultimate (উপান্ত্য বর্ণ)।

উপাবর্তন (p. 133) [upābartana] বি. ফিরে আসা, প্রত্যাবর্তন। [সং. উপ + আ + √ বৃত + অন]। বিণ. উপাবৃত।

উপায় (p. 133) [upāẏa] বি. 1 কার্যসিদ্ধির বা অভীষ্টলাভের পন্হা বা প্রণালী; কৌশল (নানা উপায়ে সে তার মনের কষ্ট বুঝিয়ে দিল); 2 প্রতিকার; পরিত্রাণ (ক্ষতি যা হবার হয়েছে, এখন একটা উপায় তো বার করতেই হবে); 3 আয়, রোজগার; লাভ (সে ভালোই উপায় করে)। [সং. উপ + √ ই + অ]। ̃ ক্ষম বিণ. রোজগার করতে সমর্থ। ̃ জ্ঞ বিণ. কৌশল বা প্রতিকার জানে এমন। উপায়ান্তর বি. অন্য উপায়, গত্যন্তর (উপায়ান্তর না দেখে সে জলে ঝাঁপ দিল)। উপায়ী (-য়িন্) বিণ. উপার্জনকারী, যে রোজগার করে।

উপায়ন (p. 133) [upāẏana] বি. উপহার, পারিতোষিক। [সং. উপ + √ ই + অন]।

উপায়ান্তর (p. 133) [upāẏāntara] দ্র উপায়।

উপারম্ভ (p. 133) [upārambha] বি. আরম্ভ। [সং. উপ + আ + √ রভ্ + অ, 'ম্' আগম]।

উপার্জন (p. 133) [upārjana] বি. 1 আয়, রোজগার; 2 লাভ, প্রাপ্তি। [সং. উপ + √ অর্জ্ + অন]। উপার্জক বিণ. উপার্জনকারী, রোজগেরে। উপার্জিত বিণ. উপার্জন বা আয় করা হয়েছে এমন।

উপার্থন (p. 133) [upārthana] বি. 1 সম্মতি, রাজি হওয়া, সায়; 2 উমেদারি; (ভোট বা সমর্থন) প্রার্থনা, canvassing (স. প.)। [সং. উপ + √ অর্থ্ + অন]।

উপা-লম্ভ (p. 133) [upā-lambha] বি. 1 দুর্বাক্য, তিরস্কার; 2 লাভ; আয়। [সং. উপ + আ + √ লভ্ অ, + ম্ আগম]।

উপাশ্রয় (p. 133) [upāśraẏa] বি. 1 আশ্রয়, অবলম্বন; 2 জৈন ভিক্ষুণীদের মঠ; 3 আশ্রয়কর্তা। □ বিণ. আশ্রয়ের যোগ্য, অবলম্বনীয়। [সং. উপ + আশ্রয়]।

উপাসন, উপাসনা (p. 133) [upāsana, upāsanā] বি. 1 আরাধনা, ভজনা, পূজা; 2 ভগবত্-চিন্তা; 3 উপকার-প্রত্যাশায় অপরের সেবা বা মনস্তুষ্টি বা সন্তোষসাধনের চেষ্টা। [সং. উপ + √ আস্ + অন, অ]। উপাসক বিণ. বি. উপাসনাকারী (সৌন্দর্যের উপাসক, ঈশ্বরের উপাসক, অর্থের উপাসক)। স্ত্রী. উপাসিকা। উপাসিত বিণ. উপাসনা করা হয়েছে এমন।

উপাস্হি (p. 133) [upāshi] বি. হাড়ের মতো কিন্তু অপেক্ষাকৃত নরম দেহাংশ, নরম হাড়, cartilage. [সং. উপ + অস্হি]।

উপাস্য (p. 133) [upāsya] বিণ. উপাসনার যোগ্য, ভজনা বা আরাধনা করা উচিত এমন, আরাধ্য (উপাস্য দেবতা)। [সং. উপ + √ আস্ + য]।˜ মান বিণ. উপাসিত বা পূজিত হচ্ছে এমন।

উপাহার (p. 133) [upāhāra] বি. সামান্য আহার, হালকা আহার, জলযোগ। [সং. উপ + আহার]।

উপাহৃত (p. 133) [upāhṛta] বিণ. 1 সংগৃহীত; আনা হয়েছে এমন; 2 কল্পিত। [সং. উপ + আহৃত]।

উপুড়, উবুড় (p. 133) [upuḍ়, ubuḍ়] বিণ. পিঠ উপর দিকে এবং বুক নীচের দিকে এই অবস্থায় রয়েছে এমন; ভূমির দিকে মুখ করে রাখা হয়েছে এমন (উপুড়হস্ত, উপুড় হয়ে শোয়া, হাঁড়ি উপুড় করা)। [সং. অবমূর্ধ]। উপুড়-হস্ত করা ক্রি. বি. দান করা।

উপেক্ষা, উপেক্ষণ (p. 133) [upēkṣā, upēkṣaṇa] বি. 1 অগ্রাহ্য করা, তুচ্ছতাচ্ছিল্য করা (দোষত্রুটি উপেক্ষা করা); 2 অবহেলা (আদেশ উপেক্ষা করা); 3 ঔদাসীন্য, অমনোযোগ; অনাদর; অস্বীকার। □ ক্রি. গ্রাহ্য না করা; অবহেলা করা; গুরুত্ব না দেওয়া। [সং. উপ + √ ঈক্ষ্ + অ + আ, অন]। উপেক্ষক বিণ. উপেক্ষাকারী; উদাসীন; অমনোযোগী। উপেক্ষণীয় বিণ. উপেক্ষার যোগ্য, উপেক্ষা

করা উচিত বা উপেক্ষা করা যায় এমন। উপেক্ষিত বিণ. উপেক্ষা বা অবহেলা করা হয়েছে এমন। স্ত্রী. উপেক্ষিতা।

উপেত (p. 133) [upēta] বিণ. 1 (সাধারণত পরপদে) সংযুক্ত (গুণোপেত); 2 মিলিত; 3 সম্মুখে আগত। [সং. উপ + √ ই + ত]।

উপেন্দ্র (p. 133) [upēndra] বি. 1 ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা; 2 বিষ্ণুর বামনাবতার। [সং. উপ + ইন্দ্র]। ̃ বজ্রা বি. সংস্কৃত ছন্দোবিশেষ।

উপোদ্‌-ঘাত (p. 133) [upōd-ghāta] বি. 1 উপক্রম; আরম্ভ; সূচনা; 2 প্রস্তাবনা; 3 উদাহরণ। [সং. উপ + উদ্ + √ হন্ + অ]।

উপোষণ (p. 133) [upōṣaṇa] বি. উপবাস, অনাহার, না খেয়ে থাকা। [সং. উপ + √ বস্ + অন]। উপোষিত বিণ. না খেয়ে আছে এমন, অভুক্ত; উপবাসী।

উপ্ত (p. 133) [upta] বিণ. বোনা বা বপন করা হয়েছে এমন (হিংসার বীজ সেইদিনই উপ্ত হয়েছিল)। [সং. √ বপ্ + ত]। উপ্তি বি. বপন।

উবরা (p. 133) [ubarā] ক্রি. উদ্বৃত্ত বা বাড়তি হওয়া (অনেকটা ভাত উবরেছে)। [সং. উদ্বৃত্ত]। ̃ নো বি. বিণ. বাড়তি, উদ্বৃত্ত।

উবা (p. 133) [ubā] ক্রি. বাতাসে মিলিয়ে যাওয়া (বইটা কি কর্পূরের মতো উবে গেল?)। [সং. উদ্ + √ ভূ + আ > বাং. উবা]।

উবু (p. 133) [ubu] বিণ. দুই হাঁটু ভাঁজ করে গোড়ালিতে ভর দিয়ে বসা; নিতম্বে ভর না দিয়ে হাঁটু ভাঁজ করে বসা। [প্রাকৃ উব্ভ]।

উভ1 (p. 133) [ubha1] সর্ব. উভয়, দুইজন ('দেশকাল উভে জিনি': ব্র. স.)। [সং. উভ্ + অ]।˜ চর, উভয়-চর বিণ. জল ও স্থল উভয় স্থানেই বিচরণ করতে পারে এমন, amphibious˜ লিঙ্গ বিণ. বি. একই দেহে লিঙ্গ ও যোনিবিশিষ্ট (প্রাণী), androgynous: (ব্যাক.) স্ত্রী ও পুরুষ উভয় লিঙ্গবোধক (উভলিঙ্গ শব্দ)।

উভ2 (p. 133) [ubha2] বিণ. উঁচু: ঊর্ধ্বমুখী (উভলেজ)। [প্রাকৃ. উড্ড < ঊর্ধ্ব]।˜ রড়ে ক্রি-বিণ. (প্রা. বাং.) দ্রুতবেগে। ˜ ; রায় ক্রি-বিণ. (বর্ত. অপ্র.) উচ্চকণ্ঠে, উচ্চরবে।˜ রোল বি. উচ্চ শব্দ, গণ্ডগোল। উভে ক্রি-বিণ. উচ্চতায়; খাড়াভাবে।

উভয় (p. 133) [ubhaẏa] বিণ. দুই (উভয়প্রকার, উভয় সংকট)। □ সর্ব. দুইজন (উভয়ে সেখানে গেল)। [সং. √ উভ্ + অয়]।˜ ত.˜ তঃ (-তস্) অব্য. ক্রি-বিণ. দুই দিকেই, দুই পক্ষেই।˜ তো-মুখ বিণ. দুটি বা দুই দিকে মুখবিশিষ্ট।˜ এ অব্য. ক্রি-বিণ. দুই দিকে; দুই পক্ষে; দুই স্থানে।˜ থা অব্য. ক্রি-বিণ. উভয়প্রকারে, দুইপ্রকারে।˜ লিঙ্গ বিণ. (প্রাণি.) একই দেহে ডিম্বাণু ও শুক্রাণু উৎপাদনে সমর্থ এমন জননযন্ত্রবিশিষ্ট (প্রাণী), hermaphrodite, androgynous.˜ সংকট বি. উভয় দিকেই বিপদ অর্থাত্ পরিত্রাণের উপায় নেই এমন অবস্থা, dilemma.

উমদা (p. 133) [umadā] বিণ. চমৎকার; সুন্দর; পছন্দসই (তোমার জন্য একটি উমদা চিজ উপহার এনেছি)। [আ. উম্দহ্]।

উমর (p. 133) [umara] বি. বয়স। [আ. উম্র্]।

উমরাহ্, উমরা (p. 133) [umarāh, umarā] বি. আমির সম্প্রদায়; মুসলমান অভিজাত সম্প্রদায়। [আ. উম্রাহ্]।

উমা (p. 133) [umā] বি. হিমালয় (পিতা) ও মেনকার (মাতা) কন্যা; পার্বতী, দুর্গা, গৌরী। [উ (=শিব) + মা (=লক্ষ্মী)]। ̃ নাথ, ̃ পতি বি. শিব।

উমান (p. 133) [umāna] বি. পরিমাণ; মাপ; ওজন। [সং. উন্মান]। উমানা ক্রি. ওজন করা।

উমানো (p. 133) [umānō] ক্রি. বি. গরম করা; তাতানো; তা দেওয়া। □ বিণ. তাতানো বা গরম করা বা তা দেওয়া হয়েছে এমন (উমানো ডিম)। [বাং. √ উমা (সং. উষ্ণ) + আনো]।

উমেদ, উম্মেদ (p. 133) [umēda, ummēda] বি. আশা, আকাঙ্ক্ষা (পরীক্ষায় ফাস্ট হব এমন উমেদ রাখি না)। [ফা. উম্মেদ্]। উমে-দার বি. বিণ. প্রার্থী, প্রত্যাশী। উমে-দারি বি. প্রার্থনা; চাকরির আশায় ভজনা করা (চাকরির উমেদারি আমার পোষাবে না)।

উমেশ (p. 133) [umēśa] বি. উমার স্বামী অর্থাত্ শিব। [সং. উমা + ঈশ]।

উর1 (p. 133) [ura1] (বার্জি.) উরঃ বি. বক্ষস্হল, বুক। [সং. উরস্]।

উর2, উরহ (p. 133) [ura2, uraha] দ্র ঊরা।

উরগ, উরঙ্গ, উরঙ্গম (p. 133) [uraga, uraṅga, uraṅgama] বি. (বুক দিয়ে চলে বলে) সাপ। [সং. উরস্ + √ গম্ + অ]। স্ত্রী. উরগী, উরঙ্গী, উরঙ্গমী।

উরজ (p. 133) [uraja] বি. স্তন। [সং. উরস্ + √ জন্ + ড]।

উরত, উরুত-ঊরু (p. 133) [urata, uruta-ūru] -র আঞ্চ. রূপ।

উরমাল, উরুমাল (p. 133) [uramāla, urumāla] বি. 1 রুমাল; 2 ঘোড়ার ঊরুতে বা পায়ে বাঁধা হয় এমন ঊরুত্রাণ। [ফা. রুমাল: হি. উরমাল]।

উরশ্ছদ, উরস্ত্র, উরত্রাণ (p. 133) [uraśchada, urastra, uratrāṇa] বি. বর্ম, কবচ; বক্ষ রক্ষার জন্য আবরণী। [সং. উরঃ (উরস্) + √ ছদ্ + ণিচ্ + অ, উরঃ + √ ত্রৈ + ড, উরঃ + ত্রাণ]।

উরস (p. 133) [urasa] বি. বক্ষস্থল, বুক ('উচ্ছ্বসি পড়িবে আসি উরসে গলে': রবীন্দ্র)। [সং. উরস্]।

উরসিজ, উরোজ (p. 133) [urasija, urōja] বি. স্তন। [সং. উরসি + √ জন্ + ড, উরস্ + √ জন্ + ড]।

উরু (p. 133) [uru] বিণ. বিশাল; মহান। [সং. √ উর্ + উ]।˜ কীর্তি বিণ. বিশাল বা বিরাট কীর্তি অর্জন করেছে এমন।˜ ক্রম বি. বামনদেব।˜ বুক বি. এরণ্ড বা ভেরেণ্ডা গাছ।˜ মার্গ বি. বিশাল বা প্রশস্ত পথ।

উর্দি (p. 133) [urdi] বি. (প্রধানত সরকারি ও সেনাবাহিনীর) কর্মচারীদের কাজের সময় পরবার জন্য পেয়াদা বেয়ারা প্রভৃতি নিম্নপদস্থ কর্মচারীদের জন্য নির্দিষ্ট পোশাক, uniform [তুর্ ওর্দি]।

উর্দু (p. 133) [urdu] বি. হিন্দুস্থানি ভাষা; মূলত আরবি হরফে লিখিত এবং আরবি-ফারসি ও হিন্দির সংমিশ্রণে গঠিত ভাষাবিশেষ। [তুর. ওর্দু]।˜ নবিশ বিণ. উর্দু ভাষা জানে এমন। [তুর. ওর্দু + ফা. নবীস]।

উর্বর (p. 133) [urbara] বিণ. প্রচুর; (ফসল ইত্যাদি) উৎপাদনের শক্তি আছে এমন (উর্বর জমি)। [সং. উরু (=প্রচুর) + √ ঋ + অ]। স্ত্রী. উর্বরা।˜ তা বি. প্রচুর উৎপাদনের শক্তি।˜ মস্তিষ্ক বিণ. যার মাথায় নিত্যনতুন এবং নানান ভাবনাচিন্তা খেলে; মাথায় নানান ভাবনাচিন্তা খেলে এমন।

উর্বশী (p. 133) [urbaśī] বি. সুন্দরীশ্রেষ্ঠা ও অনন্তযৌবনা অপ্সরাবিশেষ। [সং. উরু + √ বশ্ + অ + ঈ]।

উর্বী (p. 133) [urbī] বি. পৃথিবী। [সং. উরু + ঈ (ঙীপ্)]।

উর্ষ, উর্স (p. 133) [urṣa, ursa] ক্রি. (বর্ত. অপ্র.) ছিদ্র দিয়ে জল পড়া; চালের ছিদ্র দিয়ে জল পড়া ('ভাঙ্গা তুম্ব দিয়া জল উর্সিয়া পলায়')। [সং. বর্ষণ]।

উল (p. 133) [ula] বি. ভেড়ার লোম; ভেড়া বা ওইজাতীয় পশুর লোম, পশম। [ইং. wool]।

উলকি, উল্কি (p. 133) [ulaki, ulki] বি. চামড়ায় ছুঁচ ফুটিয়ে বিশেষ প্রক্রিয়ায় আঁকা চিত্র: (আল.) চিত্র ('দুধারে দেয়ালের উলকিগুলি হাতছানি দেয়': শ. ঘো.)। [দেশি]।

উলঙ্গ (p. 133) [ulaṅga] বিণ. 1 বিবস্ত্র, নগ্ন, দেহ সম্পূর্ণ অনাবৃত এমন (উলঙ্গ শিশু); 2 উন্মুক্ত (উলঙ্গ অসি); 3 অকপট ('শিশুসম উলঙ্গ পরাণ': মা. ব.)। [সং. উন্নগ্ন]। স্ত্রী. উলঙ্গা, উলঙ্গী, উলঙ্গিনী।

উলটা, উলটো (p. 133) [ulaṭā, ulaṭō] বিণ. 1 নীচের দিকে মুখ রয়েছে এমন; 2 স্বাভাবিক অবস্থার বিপরীত; 3 বিপর্যস্ত। [প্রাকৃ. অল্লট্ট; তু. হি. উল্লাট]। উলটা, উলটানো ক্রি-বি. 1 উলটো করা বা হওয়া, উপুড় হওয়া বা উপুড় করা; 2 প্রত্যাহার করা (কথা উলটানো)। উলটে ক্রি-বিণ. পক্ষান্তরে (তুমি আমার কাছে কিছুই পাও না, উলটে আমিই তোমার কাছে টাকা পাই)। উলটো-পালটা, উলট-পালট বিণ. 1 বিপর্যস্ত, বিশৃঙ্খল, বিপরীত (উলটোপালটা ঢেউ, ঘরের জিনিসপত্র সব উলটোপালটা হয়ে আছে); 2 নড়চড়, খেলাপ (কথার উলটোপালটা যেন না হয়)। উলটো-রথ বি. রথযাত্রার আট দিন পরে জগন্নাথদেবের পুনর্যাত্রা বা দক্ষিণ দিকে যাত্রা। উলটা বুঝলি রাম (উক্তি) ভালো কথার বা সদুপদেশের বিপরীত অর্থ করা। উলটি-পালটি ক্রি-বিণ. 1 ঘুরিয়ে ফিরিয়ে; 2 তন্নতন্ন করে; 3 গড়াগড়ি দিয়ে।

উলপ, উলুপ (p. 133) [ulapa, ulupa] বি. 1 উলুখড়; 2 হাঁড়ি কলসি ইত্যাদির মুখ বন্ধ করার জন্য মাটির প্রলেপ। [সং. √ উল্ + অপ]।

উলসা (p. 133) [ulasā] ক্রি. উল্লসিত হওয়া ('উলসি উঠেছে প্রাণ')। [বাং. √ উলস্ (সং. উত্ + √ লস্) + আ]। উলসিত বিণ. (কাব্যে) উল্লসিত ('উলসিত তটিনী': রবীন্দ্র)।

উলা, ওলা (p. 133) [ulā, ōlā] ক্রি. নামানো; উনুন থেকে নামিয়ে রাখা ('বেহুলা উলাইল ভাত'); নেমে যাওয়া। [বাং. √ উল + আ]।

উলি (p. 133) [uli] বি. চুলের মধ্যে আঙুল চালিয়ে বিলে কাটা ('আল্যালে মাথায় চুলি, না জানি করিতে উলি': ব. প.)। [বিলি দ্র]।

উলু1 (p. 133) [ulu1] বি. উলুখড়, তৃণবিশেষ। [সং. উলূক, উলূপ]।

উলু2 (p. 133) [ulu2] বি. শুভকর্মে হিন্দু নারীদের উচ্চারিত মঙ্গলধ্বনিবিশেষ; হুলুধ্বনি। [ধ্বন্যাত্মক]।

উলুই (p. 133) [ului] (বর্ত. অপ্র.) বিণ. উড়নচণ্ডী; অপব্যয়ী। [বাং. উড়া]।

উলু-খাগড়া (p. 133) [ulu-khāgaḍ়ā] বি. 1 উলুখড় ও নল; 2 বাজে লোক; 3 গরীব লোক; 4 নিরীহ ও অকিঞ্চিৎকর লোক। [বাং. উলু + খাগড়া]। রাজায় রাজায় যুদ্ধ হয় উলুখাগড়ার প্রাণ যায় (উক্তি) রাজা নেতা বা শীর্ষস্থানীয় লোকদের বিবাদ বা সংঘর্ষে সাধারণ মানুষেরই বেশি কষ্ট সইতে হয়।

উলূক (p. 133) [ulūka] বি. 1 পেঁচা; 2 দেবরাজ ইন্দ্র; 3 দুর্যোধনের মাতুলপুত্র, শকুনির পুত্র; 4 হিমালয়ের নিকটবর্তী দেশবিশেষ; 5 উলুখড়। [সং. উদ্ + √ লোক্ + অ, নি। তু. লা ulula জা. ula/eule. ইং. owl]। স্ত্রী. উলূকী।

উলেমা (p. 133) [ulēmā] বি. (মূল অর্থ অনুসারে বহুবচন কিন্তু বাংলায় একবচনেই প্রয়োগ হয়) মুসলমান পণ্ডিত ও শাস্ত্রজ্ঞ। [আ. উলমা, আ'লিম শব্দের বহুবচনের রূপ]।

উল্কা (p. 133) [ulkā] বি. 1 আকাশ থেকে প্রবল বেগে পড়ে এমন জ্বলন্ত প্রস্তর; বায়ব্য আলোক; আকাশে অতিদ্রুত সঞ্চরণশীল অগ্নিপিণ্ড, meteor, shooting star; 2 মশাল। [সং. √ উল্ + ক + আ]।˜ পাত বি. উল্কা পড়া।˜ পিণ্ড বি. আকাশে ধাবমান অগ্নিপিণ্ড।˜ বেগে ক্রি-বিণ. উল্কার গতির মতো দ্রুত বেগে।˜ মুখী বি. 1 খেঁকশিয়ালি; 2 সদাক্রুদ্ধ স্ত্রীলোক; 3 আলেয়া।

উল্বণ (p. 133) [ulbaṇa] বিণ. 1 তীক্ষ্ণ; প্রচণ্ড ('নিষাদের উল্বণ উল্লাস': সু. দ.); 2 সুস্পষ্ট। □ বি. বায়ু পিত্ত ইত্যাদির প্রাবল্যজনিত রোগবিশেষ। [সং. উদ্ + √ লু + অন]।

উল্মুক (p. 133) [ulmuka] বি. 1 আধপোড়া কাঠ; 2 জ্বলন্ত অঙ্গার। [সং. √ উল্ + মুক]।

উল্লঙ্ঘন (p. 133) [ullaṅghana] বি. 1 লাফিয়ে পার হওয়া, ডিঙানো, উল্লম্ফন; 2 লঙ্ঘন; বিরুদ্ধাচরণ। [সং. উদ্ + লঙ্ঘন]। উল্লঙ্ঘা ক্রি. উল্লঙ্ঘন

করা। উল্লঙ্ঘনীয়, উল্লঙ্ঘ্য বিণ. লাফিয়ে পার হওয়া উচিত বা হওয়া যায় এমন। উল্লঙ্ঘিত বিণ. উল্লঙ্ঘন করা হয়েছে এমন।

উল্লম্ফন, উল্লম্ফ (p. 133) [ullamphana, ullampha] বি. 1 লাফ দিয়ে পার হওয়া, ডিঙানো, উল্লঙ্ঘন; 2 উপরের দিকে লাফানো। [সং. উদ্ + √ রম্ফ্ (র=ল) + অন, অ]। উল্লম্ফনীয় বিণ. লাফিয়ে পার হওয়া যায় বা উচিত এমন।

উল্লম্ব (p. 133) [ullamba] বিণ. খাড়া, খাড়াভাবে রয়েছে এমন, ঊর্ধ্বাধভাবে অবস্থিত, vertical. [সং. উদ্ + √ লম্ব্ + অ]।

উল্লসিত (p. 133) [ullasita] দ্র উল্লাস।

উল্লাস (p. 133) [ullāsa] বি. 1 পরমানন্দ; হর্ষ; আহ্লাদ; 2 গ্রন্থের অধ্যায় বা পরিচ্ছেদ (প্রথমোল্লাস)। [সং. উদ্ + √ লস্ + অ]। উল্লসা ক্রি. উল্লসিত হওয়া। ̃ ধ্বনি বি. আনন্দের চিৎকার। উল্লসিত, উল্লাসী (-সিন্) বিণ. উল্লাসযুক্ত, উৎফুল্ল, আনন্দিত ('চন্দ্রকরে উল্লসিত ঝিল্লিবনে তন্দ্রা আনে: রবীন্দ্র)। স্ত্রী. উল্লসিতা, উল্লাসিনী।

উল্লিখিত (p. 133) [ullikhita] বিণ. 1 উল্লেখ করা হয়েছে এমন; 2 উপরে বা পূর্বে লেখা হয়েছে এমন, পূর্বোক্ত। [সং. উদ্ + লিখিত]।

উল্লুক (p. 139) [ulluka] বি. 1 সর্বাঙ্গে কালো লোমযুক্ত লেজহীন বনমানুষজাতীয় বানর, gibbon; 2 গালিবিশেষ, নির্বোধ বা অভদ্র লোক, বেকুব। [ধ্বন্যা.]।

উল্লেখ (p. 139) [ullēkha] বি. 1 প্রসঙ্গত কোনো বিষয় সম্পর্কে উক্তি বা কথন; বর্ণন; 2 অর্থালংকারবিশেষ, allusion. [সং. উদ্ + √ লেখ্ + অ]। ˜ ন বি. উল্লেখ করা, কথন। উল্লেখনীয়, উল্লেখ্য বিণ. উল্লেখ করার মতো, উল্লেখ করা উচিত এমন, উল্লেখযোগ্য। ˜ যোগ্য বিণ. উল্লেখ করা উচিত এমন, উল্লেখ করার উপযুক্ত।

উল্লোল (p. 139) [ullōla] বি. বৃহত্ তরঙ্গ, বিরাট ঢেউ ('ঊর্ধ্বশ্বাস মিলন-উল্লোল': সু. দ.)। □ বিণ. দোদুল্যমান। [সং. উদ্ + √ লোড়্ + অ]।

উশ-খুশ (p. 139) [uśa-khuśa] উসখুস -এর বানানভেদ।

উশনা (p. 139) [uśanā] (-নস্) বি. 1 দৈত্যগুরু, শুক্রাচার্য; 2 শুক্রগ্রহের অধিদেবতা; 3 শুক্রগ্রহ। [সং. √ বশ্ (=কান্তি) + অনস্]।

উশীর, উশীরক, উষীর (p. 139) [uśīra, uśīraka, uṣīra] বি. বেনার মূল: খসখস। [সং. √ বশ্ + ঈর]।

উশো, উসো (p. 139) [uśō, usō] রাজমিস্ত্রিদের ব্যবহৃত চুনবালি সিমেণ্টের পলস্তারা ঘসে সমান করার কাঠের পাত। [দেশি ?]।

উষসী1, ঊষসী1 (p. 139) [uṣasī1, ūṣasī1] বি. 1 উষা, প্রভাতকাল ('স্বর্গের উদয়াচলে মূর্তিমতী তুমি হে উষসী': রবীন্দ্র); 2 (বিরল) সন্ধ্যাকাল। [সং. উষস্ + √ সো + ঈ]।

উষসী2, ঊষসী2 (p. 139) [uṣasī2, ūṣasī2] বি. প্রভাত, প্রভাতকাল। □ বিণ. 1 প্রভাতি; 2 রূপবতী, সুন্দরী। [সং. উষস্ + ঈ]।

উষা, ঊষা (p. 139) [uṣā, ūṣā] বি. রাত্রির অবসান; সূর্যোদয়ের অব্যবহিত পূর্বক্ষণ; ভোরবেলা। [সং. √ উষ্ + আ, (বিকল্পে) √ ঊষ্ + আ]।

উষ্ট্র (p. 139) [uṣṭra] বি. উট। [সং. √ উষ্ + ট্র]। স্ত্রী. উষ্ট্রী।˜ গ্রীব বিণ. উটের মতো গলা যার।

উষ্ণ (p. 139) [uṣṇa] বি. 1 তাপ; 2 রৌদ্র; 3 গ্রীষ্মকাল, (উষ্ণপ্রধান অঞ্চল, উষ্ণাগম)। □ বিণ. 1 তপ্ত, গরম; 2 প্রখর; 3 ক্রুদ্ধ। [সং. √ উষ্ + ণ]।˜ তা,˜ ত্ব বি. তাপ; তাপমাত্রা, temperature (বি. প.)।˜ প্রস্রবণ বি. গরম জলের ঝরনা।˜ বীর্য বিণ. তেজস্কর; উত্তেজক। □ বি. সূর্য।˜ মণ্ডল বি. গ্রীষ্মপ্রধান অঞ্চল। উষ্ণাগম বি. 1 গ্রীষ্মের আবির্ভাব; 2 গ্রীষ্মকাল।

উষ্ণা (p. 139) [uṣṇā] বিণ. সিদ্ধ। □ বি. সিদ্ধ চাল। [সং. উষ্ণ; তু. হি. উস্না]।

উষ্ণীষ (p. 139) [uṣṇīṣa] বি. পাগড়ি, কিরীট। [সং. উষ্ণ + √ ঈষ্ + অ]।˜ কমল বি. বৌদ্ধতন্ত্রে বর্ণিত মস্তকস্থিত পদ্ম।

উষ্ম, উষ্মা (p. 139) [uṣma, uṣmā] (ষ্মন্) বি. 1 তাপ; 2 গ্রীষ্মকাল; 3 প্রখরতা; 4 ক্রোধ; উত্তেজনা; 5 তাপমাত্রা, temperature (বি. প.)। [সং. √

ঊষ্ + ম, মন্]। ˜ বর্ণ বি. (ব্যাক.) শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত চারটি বর্ণ, যথা শ ষ স হ spriants. উষ্মা প্রকাশ করা ক্রি. বি. রাগ করা।

উসকা (p. 139) [usakā] ক্রি. 1 বাড়িয়ে দেওয়া (আগুনটা উসকে দাও); 2 উত্তেজিত করা; 3 প্ররোচিত করা (তুমি কেন ছেলেটাকে উসকে দিচ্ছ ?); 4 (ফোঁড়া ইত্যাদির মুখ) খোঁচা দিয়ে ফাটিয়ে দেওয়া। [বাং. √ উসকা]। ˜ নো ক্রি. বি. প্ররোচনা; উত্তেজিত করা। □ বিণ. প্ররোচিত; উত্তেজিত; বর্ধিত। উসকানি বি. প্রবর্ধন; উত্তেজনা; প্ররোচনা (তোমার উসকানিতেই ছেলেটা এ কাজ করেছে)।

উসকো-খুসকো (p. 139) [usakō-khusakō] বিণ. শুকনো ও শ্রীহীন; তেলহীন; রুক্ষ ও অবিন্যস্ত (উসকোখুসকো চেহারা, উসকোখুসকো চুল)। [দেশি]।

উস-খুস (p. 139) [usa-khusa] বি. অস্বস্তি বা অস্থিরতার ভাব প্রকাশ করা। [দেশি-তু. হি. অস্থস্]।

উসুল, উশুল (p. 139) [usula, uśula] বি. 1 আদায়; সংগ্রহ; 2 ক্ষতি পুষিয়ে দেওয়া, ক্ষতিপূরণ (এই ক্ষতি সে অল্প সময়ের মধ্যেই উসুল করে নেবে)। [আ. ওঅসূল]।

উস্তম-পুস্তম, উস্তম-ফুস্তম (p. 139) [ustama-pustama, ustama-phustama] বি. জ্বালাতন; বিরক্তি। [ফা. উস্তন্ খুস্তন্]।

উহা, (অপ্র.) উহ (p. 139) [uhā, (apra.) uha] সর্ব. ওই বা সেই ব্যক্তি প্রাণী বস্তু বা বিষয়; তা। [সং. অদস্]।

উঁহু (p. 139) [um̐hu] অব্য. অসম্মতিসূচক ধ্বনি।

উহু, উঃ (p. 139) [uhu, uḥ] অব্য. বেদনা যন্ত্রণা বা কাতরতাসূচক ধ্বনি।

উহ্য-মান (p. 139) [uhya-māna] বিণ. বয়ে নেওয়া হচ্ছে এমন; নীয়মান। [সং. √ বহ্ + মান (শানচ্)]।

ঊ (p. 140) [ū] বাংলা ভাষার ষষ্ঠ স্বরবর্ণ; ঊ বর্ণে ও বানানে থাকলেও উচ্চারণ দীর্ঘ হয় না। ঊ-কার বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে দীর্ঘ-ঊ যোগ।

ঊঢ় (p. 140) [ūḍh◌̣] বিণ. 1 বিবাহিত (অনূঢ়); 2 বহন করা হয়েছে এমন, বাহিত। [সং. √ বহ্ + ত]। ঊঢ়া বিণ. (স্ত্রী.) বিবাহিতা (নাবোঢ়া)। বি. ঊঢ়ি বিবাহ।

ঊন (p. 140) [ūna] বিণ. 1 কম, ন্যূন (বয়সে ঊন, আপ্যায়নে ঊন, ঊনবিংশতি); 2 হীন; 3 দুর্বল, কমজোর। [সং. ঊন্ + অ]।˜ কোটি বিণ. প্রায় এক কোটি।˜ বিংশতি বিণ. বি. উনিশ সংখ্যা বা তার পূরক।˜ বিংশতি-তম বিণ. উনিশ সংখ্যার পূরক।

ঊনআশি, ঊনচল্লিশ, ঊনত্রিশ, ঊননব্বই (p. 140) [ūnāśi, ūnacalliśa, ūnatriśa, ūnanabbi] যথাক্রমে উনআশি, উনচল্লিশ, উনত্রিশ ও উননব্বই -এর বর্জি. বানান।

ঊনপাঁজুরে (p. 140) [ūnapān̐jurē] দ্র উনপাঁজুরে।

ঊরু-উরু (p. 140) [ūru-uru] বি. মানুষের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত দেহাংশ। [সং. ঊর্ণু + উ]।˜ স্তম্ভ বি. ঊরুতে যে দুষ্টব্রণ বা ফোঁড়া উদ্গত হয়ে ঊরুকে অবশ করে দেয়।

ঊর্জ-স্বল, ঊর্জস্বী (p. 140) [ūrja-sbala, ūrjasbī] বিণ. তেজস্বী; বলশালী। [সং. ঊর্জস্ + বল, বিন্]।

ঊর্ণ-নাভ, উর্ণনাভ (p. 140) [ūrṇa-nābha, urṇanābha] বি. মাকড়সা। [সং. ঊর্ণা, উর্ণা + নাভি]।

ঊর্ণা, উর্ণা (p. 140) [ūrṇā, urṇā] বি. ভেড়া বা ওইজাতীয় পশুর লোম, পশম। [সং. ঊর্ণু+ অ + আ]।˜ ময় বিণ. ভেড়ার লোম বা পশম দিয়ে তৈরি।

ঊর্ধ্ব (p. 140) [ūrdhba] বি. 1 উপরের দিক, উপরিভাগ (ঊর্ধ্বে দৃষ্টি স্থাপন করা); 2 উচ্চতা (ঊর্ধ্বে পাঁচ হাত); 3 বেশি (শতবৎসরের ঊর্ধ্বে)। □ বিণ. 1 উঁচু, উন্নত (ঊর্ধ্ব কণ্ঠ); 2 উপরে অবস্থিত (ঊর্ধ্বগগন)। [সং. উদ্ + √ হা + অ]।˜ গ,˜ গামী (-মিন্) বিণ. উপরদিকে যাচ্ছে এমন; ক্রমশ উপরে উঠছে বা উঁচু হচ্ছে এমন।˜ গগন বি. উঁচু আকাশ, উপরের আকাশ ('ঊর্ধ্বগগনে বাজে

মাদল': কাজি)।˜ গতি বি. উপরের দিকে যাওয়া, উপরে ওঠবার প্রবণতা। □ বিণ. উপরে উঠছে এমন (ঊর্ধ্বগতি দ্রব্যমূল্য)।˜ চারী (-রিন্) বিণ. 1 শূন্যে বিচরণকারী; 2 উচ্চাকাঙ্ক্ষী।˜ তন বিণ. 1 উপরে অবস্থিত, উপরিস্থ; 2 উচ্চতর অবস্থানে রয়েছে এমন (ঊর্ধ্বতন অফিসার)।˜ দৃষ্টি,˜ নেত্র বিণ. চোখ উলটিয়ে রয়েছে এমন, শিবচক্ষুবিশিষ্ট। □ বি. 1 উপরের দিকে নিবদ্ধ দৃষ্টি, উদাস দৃষ্টি; 2 যোগদৃষ্টি, ভ্রূদ্বয়ের মধ্যে নিবদ্ধ দৃষ্টি।˜ দেহ বি. 1 মৃত্যুর পরে প্রাপ্ত শরীর; 2 সূক্ষ্ম দেহ।˜ পাতন বি. চোলাই।˜ বাহু বিণ. হাত উপরে তুলে রয়েছে এমন।˜ রেতা (-তস্) বি. 1 শুক্র বা বীর্য ক্ষয় করেনি এবং যার শুক্র ঊর্ধ্বগামী এমন পুরুষ; 2 শিব।˜ লোক বি. স্বর্গ।˜ শায়ী (-য়িন্) বিণ. চিত হয়ে শুয়ে আছে এমন।˜ শ্বাস বি. দ্রুত হাঁটাচলা বা শারীরিক পরিশ্রম করার ফলে ঘন ঘন শ্বাস।˜ স্থ বিণ. উপরে আছে এমন। ঊর্ধ্বাংশ বি. উপরের অংশ। ঊর্ধ্বাকাশ বি. মাথার উপরের আকাশ। ঊর্ধ্বাঙ্গ বি. শরীরের উপরদিক।

ঊর্বস্থি (p. 140) [ūrbashi] বি. 1 স্থূল বা মোটা হাড়; 2 ঊরুর হাড়। [সং. ঊরু + অস্থি]।

ঊর্মি (p. 140) [ūrmi] বি. ঢেউ, তরঙ্গ। [সং. √ ঋ + মি]।˜ ভঙ্গ বি. সমুদ্রের যে ঢেউ তীরে বা পাহাড়ের গায়ে এসে আছড়ে পড়ে।˜ মালা বি. পর পর অনেক ঢেউ।˜ মালী (-লিন্) বি. সমুদ্র।˜ লা বিণ. ঢেউ খেলানো; তরঙ্গপূর্ণ (ঊর্মিল সমুদ্র)।˜ লা বি. লক্ষ্মণের পত্নী।

ঊষর (p. 140) [ūṣara] বিণ. 1 যে মাটিতে ভালো ফসল উৎপন্ন হয় না, অনুর্বর (ঊষর মরু); 2 যার মাটি নোনা বা ক্ষারময়। [সং. √ ঊষ্ + র]।

ঊষসী, ঊষা (p. 140) [ūṣasī, ūṣā] যথাক্রমে উষসী ও উষা র বানানভেদ।

ঊষ্ম, ঊষ্মা (p. 140) [ūṣma, ūṣmā] যথাক্রমে উষ্ম ও উষ্মা র বর্জি. বানানভেদ।

ঊহিনী (p. 140) [ūhinī] বি. সমষ্টি (অক্ষৌহিণী)। [সং. √ ঊহ্ + ইন্ + ঈ]।

ঊহ্য (p. 140) [ūhya] বিণ. 1 অনুক্ত, বলা বা উল্লেখ করা হয়নি এমন; 2 অনুমান করে নিতে হয় এমন, অনুমেয়। [সং. √ ঊহ্ + য]।

ঋ1 (p. 141) [ṛ1] বাংলা ভাষার সপ্তম স্বরবর্ণ, স্বরবর্ণ হিসাবে গণ্য হলেও এর উচ্চারণ ব্যঞ্জনের মতো।

ঋ2 (p. 141) [ṛ2] স্বরগ্রামের দ্বিতীয় স্বর ঋষভ এর সংক্ষিপ্ত রূপ।

ঋ-কার (p. 141) [ṛ-kāra] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঋ যোগ -কৃ খৃ গৃ ইত্যাদি।

ঋক (p. 141) [ṛka] (ঋক্) বি. 1 ঋগ্বেদ; 2 ছন্দোবদ্ধ বেদমন্ত্রবিশেষ; 3 গায়ত্রী। [সং. √ ঋচ্ + ক্বিপ্]।

ঋক্থ, রিক্থ (p. 141) [ṛktha, riktha] বি. 1 ধন; 2 উত্তরাধিকারসূত্রে পাওয়া ধনসম্পত্তি; 3 মৃত ব্যক্তির পরিত্যক্ত বা ফেলে-যাওয়া সম্পত্তি। [সং. √ ঋচ্ + থ]।

ঋক্ষ (p. 141) [ṛkṣa] বি. 1 ভল্লুক; 2 নক্ষত্র; 3 প্রাচীনকালের পর্বতবিশেষ। [সং. √ ঋষ্ + স]। বি.˜ মণ্ডল বি. সপ্তর্ষিমণ্ডল, the Great Bear. বি.˜ রাজ বি. 1 ভল্লুকরাজ জাম্ববান; 2 চন্দ্র।

ঋগ্বেদ, ঋগ্-বেদ (p. 141) [ṛgbēda, ṛg-bēda] বি. চারটি বেদের মধ্যে প্রাচীনতম ও প্রধান বেদ। [সং. ঋক্ + বেদ]। ঋগ্বেদী বিণ. 1 ঋগ্বেদজ্ঞ, যিনি ঋগ্বেদ প্রকৃষ্টরূপে জানেন; 2 ঋগ্বেদীয় পুরোহিত।

ঋজু (p. 141) [ṛju] বিণ. 1 সোজা, সরল, অবক্র (ঋজু রেখা); 2 অকপট (ঋজু মন); 3 সহজ, সহজবোধ্য (ঋজু পাঠ)। [সং. √ ঋজ্ (অর্জ্) + উ]। বি.˜ তা।˜ রেখ বিণ. সরলরেখা দিয়ে ঘেরা, সরলরেখাযুক্ত (ঋজুরেখ ক্ষেত্র)।˜ রেখা বি. সরলরেখা।

ঋণ (p. 141) [ṛṇa] বি. ফেরত দেবার শর্তে অপরের কাছ থেকে সাময়িক ব্যবহারের জন্য কিছু নেওয়া, দেনা, ধার, কর্জ। [সং. √ঋ + ত]।˜ গ্রস্ত, ঋণী বিণ. ধার করেছে এমন, দেনদার, খাতক (কারও কাছে ঋণী থাকতে চাই না)।˜ চিহ্ন বি. বিয়োগচিহ্ন, minus.˜ জাল বি. দেনার দায় (ঋণজালে জড়িয়ে পড়েছে)।˜ দাস বি. যে ব্যক্তি দেনা শোধ না হওয়া পর্যন্ত, বা দেনার বিনিময়ে উত্তমর্ণের দাসত্ব করে।˜ পত্র বি. দেনার দলিল, তমসুক, খত, debenture.˜ মুক্ত বিণ. দেনার দায় থেকে রেহাই পেয়েছে এমন, দেনা শোধ করেছে এমন।˜ শোধ বি. দেনা মিটিয়ে দেওয়া। ঋণাত্মক বিণ. 1 বিয়োগসূচক; বিয়োজ্য; 2 নঞর্থক, না-বোধক।

ঋত (p. 141) [ṛta] বি. 1 সত্য, পরম সত্য (ঋতব্রত); 2 পরব্রহ্ম। □ বিণ. 1 সত্য, যথার্থ; 2 পূজিত; 3 দীপ্ত; 4 পীড়িত। [সং. √ ঋ + ত]। ̃ ব্রত বিণ. সত্যই যার ব্রত। ̃ স্তর বিণ. বি. সত্যপালক, সত্যনিষ্ঠ। ̃ স্তরা বি. 1 সত্যনিষ্ঠা; 2 সত্যজ্ঞানরূপ চিত্তবৃত্তি।

ঋতি (p. 141) [ṛti] বি. 1 গমন, গতি; 2 পথ; 3 সৌভাগ্য। [সং. √ ঋ + তি]।

ঋতু (p. 141) [ṛtu] বি. 1 প্রাকৃতিক অবস্থা অনুযায়ী বছরের বিভাগ, যথা গ্রীষ্ম বর্ষা শীত ইত্যাদি; 2 মেয়েদের মাসিক রজস্রাব, স্ত্রীরজ। [সং. √ ঋ + তু]। ̃ কাল বি. মাসের যে কয়দিন মেয়েদের ঋতুস্রাব চলে। ̃ পতি, ̃ রাজ বি. ঋতুশ্রেষ্ঠ বসন্ত। ̃ পরিবর্তন বি. এক ঋতুর পরে আর এক ঋতুর আগমন, ঋতু বদলে যাওয়া। ̃ মতী বিণ. রজস্বলা, যার ঋতুস্রাব হয় এমন। ̃ স্নান বি. ঋতুমতী হওয়ার পর চতুর্থ দিন স্নান করার সংস্কার।

ঋত্বিক (p. 141) [ṛtbika] (-ত্বিজ্) বি. বৈদিক যজ্ঞের পুরোহিত, যাজক। [সং. ঋতু +√ যজ্ + ক্বিপ্]।

ঋদ্ধ (p. 141) [ṛddha] বিণ. সমৃদ্ধিযুক্ত, ঐশ্চর্যশালী, গুণশালী ('ঋদ্ধ, বিধিবদ্ধ জগত্': বুদ্ধ)। [সং. √ ঋধ্ + ত]। ঋদ্ধি বি. সমৃদ্ধি, ঐশ্চর্যশালিতা; সর্বাঙ্গীণ উন্নতি, শ্রীবৃদ্ধি; সৌভাগ্য। ঋদ্ধি-মান বিণ. সমৃদ্ধ; সৌভাগ্যশালী; শ্রীবৃদ্ধিযুক্ত।

ঋভু (p. 141) [ṛbhu] বি. 1 দেবতা; 2 দেবত্বপ্রাপ্ত মানুষ, দেবতার গুণ বা ক্ষমতা পেয়েছে এমন মানুষ। [সং. ঋ + √ ভূ + উ]।

ঋষভ (p. 141) [ṛṣabha] বি. 1 ষাঁড়; 2 (সমাসের উত্তরপদে) শ্রেষ্ঠ জন (পুরুষর্ষভ); 3 পৌরাণিক পর্বতবিশেষ; 4 সংগীতে স্বরগ্রামের দ্বিতীয় স্বর বা রে। [সং. √ ঋষ্ + অভ]।

ঋষি1 (p. 141) [ṛṣi1] বি. 1 মন্ত্রদ্রষ্টা মুনি, তপস্যাকারী মুনি; 2 শাস্ত্রজ্ঞ তপস্বী; 3 বেদ মন্ত্রের সংকলয়িতা যোগী। [সং.√ ঋষ্ + ই]। ̃ কল্প বিণ. ঋষির তুল্য। ̃ তা বি ঋষির গুণ। ̃ প্রোক্ত বিণ. ঋষির দ্বারা উক্ত, ঋষি বলেছেন এমন, আর্ষ (ঋষিপ্রোক্ত বাণী)। ̃ শ্রাদ্ধ বি. মৃত ঋষির শ্রাদ্ধকার্য এতে কেবল কলাপাতাই কাটা হয়, কাউকে খাওয়ানো হয় না।

ঋষি2 (p. 141) [ṛṣi2] বি. বাঙালি চর্মকার জাতিবিশেষ। [হি. রৈসি]।

ঋষ্টি (p. 141) [ṛṣṭi] বি. 1 রিষ্টি, কল্যাণ, শুভ; 2 অকল্যাণ, অশুভ। [সং. √ ঋষ্ + তি]।

ঋষ্য (p. 141) [ṛṣya] বি. 1 কৃষ্ণসার মৃগ; 2 মৃগ। [সং. √ঋষ্ + য]।

এ1 (p. 142) [ē1] বাংলা ভাষার দশম (বর্তমানে অষ্টম) স্বরবর্ণ এবং উচ্চমধ্য অর্ধসংবৃত এ-ধ্বনির দ্যোতক বর্ণ।

এ2 (p. 142) [ē2] অব্য. ওহে, হে, ওগো ইত্যাদি বোধক আহ্বান বা ডাক ('এ সখি হামারি দুখের নাহি ওর': বিদ্যা.)। □ সর্ব. এই, এই ব্যক্তি, এই প্রাণী বস্তু বা বিষয় (এ কে? এ মোটেই ভালো নয়)। □ বিণ. এই, সামনের, সম্মুখবর্তী

(এপার, এ দিন); নিকটস্থ, আলোচ্য (এ পথ, এ ঘটনা)। [সং. এতদ্]। এ-ও-তা সর্ব. নানা বিষয় বা প্রসঙ্গ; আজেবাজে ব্যাপার। এ-ও-সে সর্ব. আজেবাজে ব্যাপার বা প্রসঙ্গ বা লোক।

এ3 (p. 142) [ē3] (বাং. প্রত্যয়বিশেষ) 1 সেখানে প্রচলিত বা সেখানে উৎপন্ন অর্থে (শহুরে কায়দা, চিনে হাঁস); 2 প্রকার বা ভাব অর্থে (মিটমিটে, জ্বলজ্বলে, গমগমে); 3 তন্নিমিত্ত অর্থে (কাগুজে, মেটে); 4 দিন-কাল-বয়স ইত্যাদি নির্দেশে পূরণবাচক সংখ্যায় (বিশে জুলাই, একুশে পৌষ); 5 বাংলা বিভক্তি (রাজায়, বাজায়, 'জগন্নাথে প্রণামিল', খেয়ে ফেলো, যেতে চাও, মেঘে মেঘে বেলা হল)।

এই (p. 142) [ēi] বিণ. সামনের, সম্মুখবর্তী, নিকটস্থ, আলোচ্য (এই লোকটি, এই গাছটি, এই ঘটনা, এই বিষয়। □ অব্য. ওরে, ওহে (এই ছেলেটা; তুই ওখানে কী করছিস ?); বিরক্তি ভয় বা বিস্ময়প্রকাশক (এই রে, এই সেরেছে); এখনই, এইমাত্র (এই এলাম)। □ সর্ব. ইহা (আমি এই চাই)। [বাং. এ (সং. এতদ্) + ই (নিশ্চয়ার্থে)]।˜ জন্য অব্য. এই কারণে।˜ টুকু বি. বিণ. এই সামান্য ব্যাপার বা বস্তু (এইটুকু কাজ. এইটুকু দরকার, এইটুকু ভাত)।

এইরে (p. 142) [ēirē] অব্য. বিরক্তি ভয় বিস্ময়াদিসূচক শব্দ (এইরে, লোকটা যে এদিকেই আসছে)।

এইসা (p. 142) [ēisā] অব্য. বিণ. এমন, এইরূপ (চোরটা এইসা মার খেয়েছে)। [হি. ঐসা]।

এও (p. 142) [ēō] এয়ো -র বানানভেদ।

এওজ, এয়জ, এয়োজ (p. 142) [ēōja, ēẏaja, ēẏōja] বি. বদল, বিনিময়; পরিবর্ত (তার সঙ্গে আমি ডিউটি এয়জ করেছি)। [আ. এওয়জ]। ˜ তরাজ, ˜ দরাজ বি. পরস্পর বদল বা বিনিময়। এওজি, এউজি, এয়োজি বিণ. বিনিময়ে প্রাপ্ত (এওজি জমি)। এওজে ক্রি-বিণ. বিনিময়ে, বদলে।

এঃ (p. 142) [ēḥ] অব্য. ঘৃণা বিরক্তি প্রভৃতিসূচক ধ্বনি (এঃ এই পচা ডিমগুলো এনেছ কোত্থেকে?)।

এঁটুলি, এঁটুল (p. 142) [ēn̐ṭuli, ēn̐ṭula] বি. কুকুর গোরু ছাগল ইত্যাদির গায়ে এঁটে থেকে রক্ত শোষণ করে এমন ক্ষুদ্র কীটবিশেষ। [বাং. আঁটা + উলি, উল]।

এঁটে (p. 142) [ēn̐ṭē] অস-ক্রি. আঁট করে, শক্ত করে (বস্তার মুখটা এঁটে বাঁধো)। এঁটে ওঠা ক্রি. বি. সমকক্ষ হওয়া, পেরে ওঠা (তাঁর সঙ্গে কথায় এঁটে ওঠা সহজ নয়)।

এঁটেল (p. 142) [ēn̐ṭēla] বিণ. এঁটে ধরে এমন; শুকনো অবস্থায় শক্ত এবং ভিজে অবস্থায় আঠার মতো চটচটে ও পিচ্ছিল হয় এমন (এঁটেল মাটি)। [বাং. আঁটা + আল > এল]।

এঁটো, এঁঠো (p. 142) [ēn̐ṭō, ēn̐ṭhō] বিণ. উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট; রান্না-করা সামগ্রীর বা উচ্ছিষ্ট দ্রব্যের ছোঁয়া লেগেছে এমন (এঁটো থালা, এঁটো হাত)। □ বি. উচ্ছিষ্ট খাবার; ভুক্তাবশিষ্ট দ্রব্যাদি (এঁটো কুড়ানো, এঁটো পরিষ্কার করা)। [সং.

উচ্ছিষ্ট]।˜ খেকো বিণ. (আল.) অতি হীন ও পরমুখাপেক্ষী; অন্যের পরিত্যক্ত খাবার খেয়ে বেঁচে থাকে এমন। এঁটো পাত কখনো স্বর্গে যায় না পরান্নভোজী বা পরমুখাপেক্ষী লোক কখনো বড় হতে পারে না।

এঁড়ে (p. 142) [ēn̐ḍ়ē] বি. বলদ, ষাঁড়, বৃষ। □ বিণ. 1 পুরুষজাতীয় (এঁড়ে বাছুর); 2 ষাঁড়ের মতো তীব্রগম্ভীর ধ্বনিবিশিষ্ট (এঁড়ে গলা); 3 ক্রুদ্ধ ষাঁড়ের মতো দুর্দমনীয় বা একরোখা (এঁড়ে লোক)। [সং. অণ্ড + বাং. ইয়া > এ]।˜ তর্ক বি. একগুঁয়ে লোকের যুক্তিহীন তর্ক। এঁড়ে লাগা ক্রি. বি. (শিশুদের) মাতৃস্তন্যের অভাবে অজীর্ণ রোগে আক্রান্ত হওয়া।

এঁদো, এঁধো (p. 142) [ēn̐dō, ēn̐dhō] বিণ. 1 অন্ধকারময়, আলো ঢোকে না এমন (এঁদো গলি, এঁদো বাড়ি); 2 সংকীর্ণ নোংরা ও পঙ্কিল (এঁদো পুকুর)। [সং. অন্ধ > অন্ধুয়া > আঁধুয়া]।

এক (p. 142) [ēka] বি. 1 1 সংখ্যা; 2 এক ব্যক্তি, একজন (দেশোদ্ধার একের কাজ নয়)। □ বিণ. 1 1 সংখ্যক; 2 একটি (এক মাস); 3 অনির্দিষ্ট কোনো (একসময় সেখানে যাব); 4 পূর্ণ, ভর্তি (এক গাল ভাত, এক মুখ দাড়ি, এক বাড়ি লোক); 5 অভিন্ন (এক মায়ের সন্তান, এক বয়সী, এক দেশে বাস); 6 মিলিত, একত্র ('বাঙালীর ঘরে যত ভাইবোন এক হউক': রবীন্দ্র); 7 যুক্ত, জোড়করা (দুই হাত এক করো); 8 মিশ্রিত (চালে-ডালে এক হয়ে গেছে); 9 অদ্বীতীয় ও অনন্য (ঈশ্বর এক ও অভিন্ন); 1 অন্যতম (রবীন্দ্রনাথ বিশ্বের এক শ্রেষ্ঠ কবি)। [সং. √ ই + ক; প্রাকৃ. এক্ক]। এক আঁচড়ে বোঝা ক্রি. বি. একটুখানি দেখেই বুঝে ফেলা (এক আঁচড়েই লোকটির মতলব বুঝে গেছি)। এক-এক বিণ. কোনো কোনো (এক-এক দিন আমিও তার বাড়ি যাই)।˜ ক বি. 1 সংখ্যার

দক্ষিণের প্রথম অঙ্ক; 2 পরিমাপের মাত্রা, unit. □ বিণ. সঙ্গিহীন, একাকী (একক প্রচেষ্টা)।˜ কলমি বি. বিণ. সংবাদপত্রে একটিমাত্র কলম (column) বা স্তম্ভ লেখেন এমন (ব্যক্তি)। এক কলসি দুধে এক ফোঁটা চোনা এমন উৎকট মন্দ জিনিস যার অল্প একটু পরিমাণই প্রচুর ভালো জিনিসকে নষ্ট করতে পারে।˜ কাট্টা বিণ. এক উদ্দেশ্যে বা যুক্তিতে দলবদ্ধ (এককাট্টা হয়ে লড়াই করা)।˜ কালীন বিণ. 1 একবারে করা হয় বা দেওয়া হয় এমন (এককালীন চাঁদা, এককালীন দান); 2 সমসাময়িক (এককালীন লোক)। এক ক্ষুরে মাথা কামানো (মুড়ানো) ক্রি. বি. একই দলভুক্ত হওয়া; সমপ্রকৃতির বা সমান ভাগ্যবিশিষ্ট হওয়া।˜ খানা বি. বিণ. একটি; এক খণ্ড বা টুকরো।˜ গলা বিণ. গলা পর্যন্ত ডুবে যায় এমন (এক গলা জল)।˜ গাছা,˜ গাছি বি. একটি. একখানা।˜ গাদা বিণ. প্রচুর, অনেক, স্তূপাকার।˜ গাল বিণ. গালভরা (একগাল হাসি);একগ্রাম মাত্র (একগাল খাবার)।˜ গুঁয়ে বিণ. একরোখা; দুর্দমনীয়, অবাধ্য (ভারি একগুঁয়ে ছেলে)।˜ ঘরে বিণ. জাতিচ্যুত, সমাজচ্যুত।˜ ঘেয়ে বিণ. বৈচিত্র্যহীন, নতুনত্ববর্জিত; একটানা কিন্তু বিরক্তিকর (একঘেয়ে সুর), monotonous.˜ চক্ষু, (বর্জি.)˜ চক্ষুঃ (-ক্ষুস্) বিণ. একটিমাত্র চক্ষুবিশিষ্ট, এক চোখ কানা।˜ চত্বারিংশত্ (কথ্য)˜ চল্লিশ বি. বিণ. 41 সংখ্যা বা সংখ্যক।˜ চত্বারিংশত্তম বিণ. 41 সংখ্যক।˜ চর বি. গণ্ডার। □ বিণ. একাকী বিচরণ করে এমন।˜ চালা বি. একটি চালাযুক্ত ঘর। □ বিণ. একটি চালাযুক্ত।˜ চিত্ত বিণ. একমনা, অনন্যচিত্ত, অন্যদিকে মন নেই এমন।˜ চুল বিণ. একগাছি চুল পরিমাণ। □ ক্রি-বিণ. লেশমাত্র (একচুল এদিক-ওদিক হবার উপায় নেই)।˜ চেটিয়া,˜ চেটে বিণ. কেবল এক ব্যক্তি বা একটি প্রতিষ্ঠানের আয়ত্ত এমন (একচেটিয়া অধিকার, একচেটিয়া কারবার)।˜ চোখো বিণ. একচক্ষুবিশিষ্ট; পক্ষপাতদুষ্ট।˜ চোখোমি বি. পক্ষপাতিত্ব।˜ চোট বিণ. ক্রি-বিণ. প্রচুর, যথেষ্ট (একচোট বৃষ্টি, খুব একচোট খেয়েছে, একচোট ঝগড়া)।˜ চ্ছত্র বিণ. পূর্ণ ক্ষমতার অধিকারী (একচ্ছত্র অধিপতি)।˜ ছুট বি. 1 এক দৌড় (এক

ছুট লাগাও); 2 এক প্রস্থ। এক ছুটে ক্রি-বিণ. এক দৌড়ে।˜ জাই ক্রি-বিণ. বারবার; ক্রমাগত; অবিরাম (একজাই কথা বলা)। □ বিণ. একত্র, জড়ো, সম্মিলিত (সকলকে একজাই করা)। □ বি. মোট হিসাব, একুন (সারা বছরের আয়ব্যয়ের একজাই)।˜ জোট বিণ. দলবদ্ধ, একত্র মিলিত (শ্রমিকরা একজোট হয়েছে)।˜ টা,˜ টি বিণ. বি. 1 সংখ্যক; একমাত্র; একের অনধিক (একটা পয়সা হলেই চলবে); নির্দিষ্ট কোনো এক (একটা পরামর্শ আছে); অনির্দিষ্ট যেকোনো (একটা কিছু চাই)। একটা-কিছু বিণ. অজ্ঞাত, কিন্তু আছে (একটা কিছু গোলমাল আছে এখানে)। □ বি. যেকোনো বস্তু বিষয় কাজ প্রভৃতি (তোরা একটা কিছু কর)।˜ টানা বিণ. ক্রি-বিণ. অবিরাম, ক্রমাগত; একঘেয়ে (একটানা সুর, একটানা স্রোত)।˜ টু,˜ টুকু বিণ. অল্প, সামান্য কিছু। ঠাঁই বিণ. এক জায়গায় মিলিত।˜ তন্ত্রী (-স্ত্রিন্) বি. একতারা। □ বিণ. 1 একটি তারবিশিষ্ট; 2 একমতাবলম্বী (একতন্ত্রী হয়ে কাজ করা); 3 একজন শাসকের অধীন (একতন্ত্রী সরকার)।˜ তম বিণ. দুইয়ের অ অধিকের বা বহুর মধ্যে এক।˜ তরফ বি. এক দিক; এক পাশ; এক পক্ষ।˜ তরফা বিণ. একপক্ষীয়, কেবল এক পক্ষ বিবেচনা করে কৃত, exparte.˜ তলা বিণ. কেবল একটি তলাবিশিষ্ট (একতলা বাড়ি)।˜ তা বি. ঐক্য; মিলন; ঐকতান।˜ তান বিণ. 1 এক সুরে বাঁধা; 2 একাগ্রচিত্ত। □ বি. এক সুরে বাঁধা ধ্বনি; ঐকতান।˜ তারা বি. একটিমাত্র তারবিশিষ্ট বাদ্যযন্ত্র।˜ তাল,˜ তালা বি. সংগীতের বারো মাত্রার তালবিশেষ।˜ তিল-তিল দ্র।˜ ত্ব বি. অভিন্নতা, একতা; ঐক্য।˜ ত্র অব্য. ক্রি-বিণ. বিণ একস্থানে মিলিতভাবে; সমবেত।˜ ত্রিত বিণ. (বাং. প্রয়োগ) সমবেত, মিলিত।˜ ত্রিংশ বিণ. 31 সংখ্যক। ˜ ; ত্রিংশত্ (কথ্য)˜ ত্রিশ বি. 31 সংখ্যা।˜ ত্রিংশত্তম বিণ. 31 সংখ্যক।˜ দম ক্রি-বিণ. একেবারেই, সম্পূর্ণ, মোটেই (একদম ভালো লাগেনি)।˜ দমে ক্রি-বিণ. রুদ্ধশ্বাসে; খুব দ্রুত, নিমেষে (একদমে পৌঁছে যাব)।˜ দা অব্য. ক্রি-বিণ. কোনোএক সময়, কোনোএক দিনে।˜ দৃষ্টি বিণ. স্থিরনেত্র, একাগ্রদৃষ্টি। □ বি. একনজর।˜ দৃষ্টে

ক্রি-বিণ. অপলক চোখে, স্থিরনেত্রে (আমার দিকে একদৃষ্টে চেয়ে আছে)।˜ দেশ বি. এক অংশ।˜ দেশ-দর্শী (-র্শিন্) বিণ. একাংশ মাত্র বিচার করে এমন; অনুদার; সংকীর্ণ; অদূরদর্শী; পক্ষপাতিত্ব করে এমন।˜ ধর্মা (-র্মন্) বিণ. একই ধর্ম বা প্রকৃতিবিশিষ্ট।˜ ধর্মী (-র্মিন্) বিণ. এক ধর্মসম্প্রদায়ভুক্ত।˜ নজরে ক্রি-বিণ. একবার বা ক্ষণেক দেখেই; পুঙ্খানুপুঙ্খভাবে না দেখে।˜ নবতি বি. বিণ. 91 সংখ্যা বা সংখ্যক।˜ নবতি-তম বিণ. 91 সংখ্যক বা তার পূরক।˜ নলা বিণ. একটি নলাবিশিষ্ট (একনলা বন্দুক)।˜ নাগাড়ে ক্রি-বিণ. অবিরাম, ক্রমাগত (একনাগাড়ে বৃষ্টি হয়ে চলেছে)।˜ নায়ক বি. অপ্রতিদ্বন্দী নায়ক বা একচ্ছত্র নেতা।˜ নায়ক-তন্ত্র বি. একজনমাত্র শাসকের অধীন যে শাসনব্যবস্থা, autocracy.˜ নিষ্ঠ বিণ. একাগ্র; মাত্র এক বিষয়ে বা বস্তুতে অবিচল নিষ্ঠা এমন (সংগীতের একনিষ্ঠ সাধক)। বি.˜ নিষ্ঠতা।˜ নিষ্ঠা।˜ পঞ্চাশত্ বি. 51 সংখ্যা।˜ পঞ্চাশত্তম বিণ. 51 সংখ্যক।˜ পতিকা বিণ. যাঁর একজনমাত্র পতি; পতিব্রতা।˜ পত্নীক বিণ. যাঁর একটিমাত্র পত্নী।˜ পত্নী-ব্রত বি. পুরুষের একবারমাত্র বিবাহ করার ব্রত।˜ পদী-করণ বি. একাধিক পদকে এক পদে পরিণত করা বা সমাসবদ্ধ করা।˜ পেট বিণ. ক্রি-বিণ. পেট ভরে, ভরপেট (একপেট খেয়েছি, একপেট ভাত)।˜ পেশে বিণ. একদিকে ঝুঁকে আছে এমন; পক্ষপাতী।˜ প্রস্থ বি. বিণ. এক দফা, এক কেতা; এক সেট (একপ্রস্থ খাওয়াদাওয়া হল)।˜ বচন বি (ব্যাক.) এক সংখ্যার বাচক পদ, এক সংখ্যার নির্দেশক বচন, singular number.˜ বর্গা,˜ বগ্গা বিণ. একরোখা, একগুঁয়ে।˜ বর্ণ বিণ. একরঙা। □ বি. ক্রি-বিণ. কিছুমাত্র (তোমার কথা সে একবর্ণ বোঝেনি)।˜ বলকা বিণ. জ্বাল দেবার সময় যে তরল বস্তু একবার উথলে উঠেছে এমন (একবলকা দুধ)। [বলক দ্র]।˜ বস্ত্র বিণ. কেবল একটি কাপড় পরেছে এমন।˜ বাক্যে ক্রি-বিণ. একবার শোনামাত্র (এবং বিনা আপত্তিতে বা প্রতিবাদে); সর্বসম্মতভাবে।˜ বার বি. ক্রি-বিণ. মাত্র এক দফা, মাত্র এক দফায়।˜ বিংশতি বি. বিণ. 21 সংখ্যা; 21 সংখ্যক,

21 সংখ্যার পূরক। ˜ বিংশতি-তম বিণ. 21 সংখ্যক, 21 সংখ্যার পূরক। ˜ বিধ বিণ. একরকম; সদৃশ; অভিন্ন। ˜ ভিতে ক্রি-বিণ. এক ধারে; এক পার্শে ˜ মতাবলম্বী (ম্বিন্) বিণ. এক মতে বিশ্বাসী। ˜ মনা (বর্জি.) ˜ মনাঃ (-নস্) বিণ. একাগ্রচিত্ত। ˜ মনে ক্রি-বিণ. একাগ্রতার সঙ্গে, নিবিষ্টচিত্তে। ˜ মাত্র বিণ. কেবল একটি। ˜ মুখো বিণ. (পথ সম্পর্কে) কেবল একদিকে মুখবিশিষ্ট। ˜ মুঠ, ˜ মুঠো, ˜ মুষ্টি বিণ. এক মুষ্টিতে বা মুঠোয় যতটা ধরে ততটা। ˜ মেটে বিণ. খড়ের কাঠামোর উপর একবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন (একমেটে প্রতিমা)। একমেটে করা ক্রি. বি. (আল.) কোনোকিছুতে প্রথম হস্তক্ষেপ করা; কোনো কাজ আংশিকভাবে করা। ˜ মেবাদ্বিতীয়ম্ বিণ. এক এবং অনন্য; যার তুলনা নেই। ˜ যোগে ক্রি-বিণ. দলবদ্ধভাবে, সম্মিলিতভাবে (একযোগে কাজ করা)। ˜ রকম বিণ. একই ধরনের, একজাতীয়। □ ক্রি-বিণ. কোনরকমে, মোটামুটিভাবে (দিন একরকম কেটে যাচ্ছে, কাজটা একরকম এগুচ্ছে)। ˜ রঙা বিণ. কেবল একটি রঙে রঞ্জিত। ˜ রতি, ˜ রত্তি বিণ. 1 এক রতি পরিমাণ; 2 সামান্য একটুখানি; খুব অল্প; 3 অতি ক্ষুদ্র (একরত্তি ছেলে)। ˜ রাশ বিণ. স্তূপীকৃত; প্রচুর; প্রচুর পরিমাণ। ˜ রূপ বিণ. একরকম এর অনুরূপ। ˜ রোখা বিণ. 1 একগুঁয়ে; ক্রুদ্ধস্বভাব; 2 যে কাপড়ের একদিকে নকশা আছে (একরোখা শাল)। ˜ লপ্ত বিণ.একসঙ্গে বা অবিচ্ছিন্নভাবে অবস্থিত (একলপ্তে তিন বিঘা জমি)। ˜লেডা বিণ. এক-একটি লেড দিয়ে পঙ্ক্তি পৃথক করে ছাপা হয়েছে এমন। ˜ শত, ˜ শো বিণ. বি. 1 সংখ্যা; 1 সংখ্যক। ˜ শিরা বি. অণ্ডকোষের স্ফীতিজনিত রোগবিশেষ। ˜ শিলা বিণ. একটিমাত্র পাথর দিয়ে গড়া। ˜ শৃঙ্গ বিণ. যার একটিমাত্র শিং (একশৃঙ্গ গণ্ডার)। ˜ শেষ বি. 1 চূড়ান্ত, আতিশয্য, (অপমানের একশেষ); 2 (ব্যাক.) সমাসবিশেষ। ˜ ষষ্টি বি. বিণ. 61 সংখ্যা বা সংখ্যক। ˜ ষষ্টি-তম বিণ. 61-র পূরক। ˜ সপ্ততি বি. বিণ. 71 সংখ্যা বা সংখ্যক। ˜ সপ্ততি-তম বিণ. 71-এর পূরক। ˜ সহস্র, ˜ হাজার বি. বিণ. 1 সংখ্যা বা সংখ্যক। ˜ হাত বিণ. এক হাত পরিমিত (একহাত কাপড়)। □ ক্রি-বিণ. এক

দফায়, প্রচুর পরিমাণে-তিরস্কার করা অর্থে (তাকে একহাত নেব)। ˜ হৃদয় বিণ. অভিন্নহৃদয়, একাত্মা।

এক-জমিন, এগ-জমিন (p. 142) [ēka-jamina, ēga-jamina] বি. পরীক্ষা। [ইং. examine (v), examination]।

একজি-বিশন (p. 142) [ēkaji-biśana] বি. প্রদর্শনী। [ইং. exhibition]।

একতার (p. 142) [ēkatāra] এখতিয়ার -এর রূপভেদ।

একপশলা (p. 142) [ēkapaśalā] দ্র পশলা।

একরার (p. 142) [ēkarāra] বি. স্বীকার, কবুল। [আ. এক্কার]। ˜ নামা বি. স্বীকারপত্র, প্রতিজ্ঞাপত্র।

একরাশ (p. 142) [ēkarāśa] দ্র এক।

একল (p. 142) [ēkala] বিণ. একক, একাকী, একলা। [সং. এক + √ লা + অ]। ˜ সেঁড়ে, ˜ ষেঁড়ে বিণ. একা থাকতে ভালোবাসে এমন, অসামাজিক; স্বার্থপর। [সং. একল + বাং. ষাঁড় + ইয়া > এ]।

-একলা (p. 142) [-ēkalā] বিণ. একা, নিঃসঙ্গ, একক; অসহায়। [সং. একল; তু. হি. অকেলা]।

একলি (p. 142) [ēkali] বিণ. (ব্রজ.) একাকী, একাকিনী। [তু. হি. অকেলী]।

একশা, একসা (p. 142) [ēkaśā, ēkasā] বিণ. 1 একত্র; মিলিত; মিশ্রিত; 2 একাকার। [তু. হি. এক্সা]।

একশিরা (p. 142) [ēkaśirā] দ্র এক।

একস-প্রেস (p. 142) [ēkasa-prēsa] দ্র এক্সপ্রেস।

একসা (p. 142) [ēkasā] দ্র একশা।

এক হাতে (p. 142) [ēka hātē] ক্রি-বিণ. নিজে নিজে; কারও সাহায্য ছাড়াই (এক হাতে সব কাজ করা)। [সং. এক + বাং. হাত + এ]।

এক-হারা (p. 142) [ēka-hārā] বিণ. ছিপছিপে গড়নের; কৃশ, রোগা (একহারা চেহারা)। [হি. এক্হরা]।

একা (p. 142) [ēkā] বিণ. একক, নিঃসঙ্গ (একা আমি, একা রাম); কেবল (একা রামে রক্ষা নেই তায় সুগ্রীব দোসর)। [সং. একাকিন্]।

একাংশ (p. 142) [ēkāṃśa] বি. একটি অংশ বা ভাগ। [সং. এক + অংশ]।

একাকার (p. 142) [ēkākāra] বিণ. 1 সমান আকৃতিবিশিষ্ট; 2 একত্র মিলিত বা মিশ্রিত; 3 একশা (জলে স্থলে একাকার)। [সং. এক + আকার]।

একাকী (p. 142) [ēkākī] (-কিন্) বিণ. 1 একক; একা ('একাকী গায়কের নহে তো গান'); 2 অসহায়। [সং. এক + আকিন্]। স্ত্রী. একাকিনী।

একাক্ষর (p. 142) [ēkākṣara] বিণ. একটিমাত্র অক্ষরবিশিষ্ট। [সং. এক + অক্ষর]। বিণ. স্ত্রী. একাক্ষরা, একাক্ষরী।

একাগ্র (p. 142) [ēkāgra] বিণ. অনন্যমনা; একনিষ্ঠ; অভিনিবিষ্ট (একাগ্র মনে, একাগ্র চিত্ত)। [সং. এক + অগ্র]। বি.˜ তা। একাগ্র করা ক্রি. বি. এক বিন্দুতে আনা ('সমস্ত চিত্ত প্রাণপণে একাগ্র করিয়া': শরত্)।

একাঘ্নী (p. 142) [ēkāghnī] বি. (মহাভারতে কর্ণের) যেকোনো একজনকে বধ করার শক্তিসম্পন্ন অমোঘ ক্ষেপণাস্ত্র। [সং. একঘ্নী শুদ্ধ। এক + √ হন্ + অ + ঈ। একাঘ্নী অশু. কিন্তু প্রচলিত]।

একাট্টা, এক-কাট্টা (p. 142) [ēkāṭṭā, ēka-kāṭṭā] বিণ. এক উদ্দেশ্যে দলবদ্ধ, একজোট; একস্থানে মিলিত। [হি. ইকট্ঠা]।

একাত্তর (p. 142) [ēkāttara] বি. বিণ. 91 সংখ্যা বা সংখ্যক। [সং. একসপ্ততি; তু. হি. একহত্তর]।

একাত্মতা (p. 142) [ēkātmatā] দ্র একাত্মা।

একাত্ম-বাদী (p. 142) [ēkātma-bādī] (-দিন্) বিণ. এক ব্রহ্ম ছাড়া আর কিছুই নেই এই বৈদান্তিক মতে বিশ্বাসী। [সং. এক + আত্মন্ + বাদিন্]।

একাত্মা (p. 142) [ēkātmā] (-ত্মন্) বিণ. একই আত্মা যাদের এমন, অভিন্নহৃদয়; একমন। [সং. এক + আত্মন্]। বি. একাত্মতা।

একাদশ1 (p. 142) [ēkādaśa1] (-শন্) বি. বিণ. 11 সংখ্যা বা সংখ্যক। [সং. এক + দশন্]।

একাদশ2 (p. 142) [ēkādaśa2] বিণ. 11 সংখ্যার পূরক। [সং.একাদশন্ + অ]।

একাদশ বৃহস্পতি, একাদশে (p. 145) [ēkādaśa bṛhaspati, ēkādaśē] বৃহস্পতি রাশিচক্রে জন্মলগ্ন থেকে একাদশ স্থানে বৃহস্পতির অবস্থিতি, এই অবস্থিতি পরম সৌভাগ্যের লক্ষণ বলে কথিত। একাদশ রুদ্র পিনাকী ত্র্যম্বক শম্ভু হর অপরাজিত বৃষাকপি প্রভৃতি রুদ্রের একাদশ রূপ বা অনু।

একাদশী (p. 145) [ēkādaśī] বিণ. একাদশ অর্থাত্ এগারো বৎসর বয়স্কা। □ বি. তিথিবিশেষ (এই তিথিতে বিশেষত হিন্দু বিধবাদের উপবাস পালনীয়)। [সং. একাদশ + ঈ]।

একাদি-ক্রমে (p. 145) [ēkādi-kramē] ক্রি-বিণ. নিরন্তর, ক্রমাগত; একনাগাড়ে; আনুপূর্বিকভাবে; আনুক্রমিকভাবে। [সং. এক + আদি + ক্রম + বাং. এ]।

একাধার (p. 145) [ēkādhāra] বি. একই পাত্র। একাধারে ক্রি-বিণ. একসঙ্গে; একত্রে; মিলিতভাবে (তিনি একাধারে লেখক ও শিল্পী)। [সং. এক + আধার]।

একাধিক (p. 145) [ēkādhika] বিণ. একের বেশি। [সং. এক + অধিক]।

একাধি-কার (p. 145) [ēkādhi-kāra] বি. একচোটিয়া অধিকার, monopoly.[সং. এক + অধিকার]।

একাধি-পতি (p. 145) [ēkādhi-pati] বি. একমাত্র প্রভু; সার্বভৌম নৃপতি; সর্বেসর্বা। [সং. এক + অধিপতি]। একাধি-পত্য বি. কেবল একজনের সর্বময় কর্তৃত্ব, সার্বভৌম ক্ষমতা।

একা-নব্বই (কথ্য) একা-নব্বুই (p. 145) [ēkā-nabbi (kathya) ēkā-nabbui] বি. বিণ. 91 সংখ্যা বা সংখ্যক। [সং. একনবতি]।

একান্ত (p. 145) [ēkānta] বিণ. 1 অত্যন্ত; নিতান্ত (একান্ত প্রয়োজন); 2 নির্জন (একান্ত বসে আলোচনা); 3 একাগ্র (একান্ত মনে); 4 নিজস্ব, খাস। [সং. এক + অন্ত]। একান্ত সচিব ব্যক্তিগত কাজে সহচর বা সহায়ক, খাস সহকারী

বা সেক্রেটারি, private secretary (স. প.)। একান্তে ক্রি-বিণ. নির্জনে, বিজনে; গোপনে (একান্তে কথাবার্তা)।

একান্তর (p. 145) [ēkāntara] বিণ. একটির পরে একটি করে বাদ দেওয়া হয়েছে এমন, alternate. [সং. এক + অন্তর]।

একান্ন1 (p. 145) [ēkānna1] বি. বিণ. 51 সংখ্যা বা সংখ্যক। [সং. একপঞ্চাশত্; প্রাকৃ. একপান্ন]।

একান্ন2, একান্ন-বর্তী, একান্ন-ভুক্ত (p. 145) [ēkānna2, ēkānna-bartī, ēkānna-bhukta] বিণ. এক যৌথ পরিবারভুক্ত, আহারাদির ব্যাপারে একই গৃহস্থালির অন্তর্ভুক্ত। [সং. এক + অন্ন, + বর্তিন্, + ভুক্ত]। একান্নবর্তী পরিবার বি. যৌথ পরিবার।

একাবলি (p. 145) [ēkābali] বি. 1 একনর হার; 2 এগারো অক্ষর বা সিলেবলযুক্ত বাংলা ছন্দোবিশেষ। [সং. এক + আবলি]।

একার1 (p. 145) [ēkāra1] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'এ' অক্ষর বা ধ্বনির যোগ।

একার2 (p. 145) [ēkāra2] বিণ. কেবল একজনের। [বাং. একা + র (ষষ্ঠী) বিভক্তি]।

একার্থ (p. 145) [ēkārtha] বিণ. সমার্থবোধক; একই অভিপ্রায় বা উদ্দেশ্যবিশিষ্ট। [সং.এক + অর্থ]।

একাশি, (বর্জি.) একাশী (p. 145) [ēkāśi, (barji.) ēkāśī] বি. বিণ. 81 সংখ্যা বা সংখ্যক। [সং. একাশীতি]।

একাশীতি (p. 145) [ēkāśīti] বি. বিণ. 81 সংখ্যা বা সংখ্যক। [সং. এক + অশীতি]। একাশীতি-তম বিণ. 81 সংখ্যার পূরক।

একাশ্রয়, একাশ্রিত (p. 145) [ēkāśraẏa, ēkāśrita] বিণ. কেবল একজনের শরণাপন্ন; যার অন্য আশ্রয় নেই এমন. অনন্যগতি। [সং. এক + আশ্রয়, আশ্রিত]।

একাসন (p. 145) [ēkāsana] বি. 1 একমাত্র আসন; 2 যোগাসন (একাসনে বসে আছেন)। □ বিণ. 1 আসন বদল করে না এমন; 2 অন্য আসন নেই এমন; 3 একাসনে অর্থাত্ যোগাসনে বসে আছে বা আছেন এমন। [সং. এক + আসন]।

একাহ (p. 145) [ēkāha] বি. একদিন। □ বিণ. একদিনের। [সং. এক + অহন্]। একাহিক বিণ. একদিনে সম্পাদন করা হয় এমন। তু. ঐকাহিক।

একাহার (p. 145) [ēkāhāra] বি. সারা দিনে-রাতে মাত্র একবার ভোজন। [সং. এক + আহার]। একাহারী (-রিন্) বিণ. বি. সারা দিনে-রাতে একবারমাত্র ভোজনকারী।

একি, একী (p. 145) [ēki, ēkī] অব্য. (আশ্চর্যবোধক) এ কেমন, এ কীরূপ (এ কী কথা, এ কী শুনি)। [বাং. এ (=ইহা) + কি (কী)]।

একিদা (p. 145) [ēkidā] বি. বিশ্বাস; ঈশ্বরে বা ধর্মে বিশ্বাস। [আ. আ'কীদহ্]।

একী-করণ (p. 145) [ēkī-karaṇa] বি. 1 সমান করা; বিভিন্নতা দূর করা; 2 একত্রে স্থাপন বা মিশ্রণ। [সং. এক + ঈ (চিব) + √ কৃ + অন]। একী-কৃত বিণ. একীকরণ করা হয়েছে এমন।

একী-ভবন (p. 145) [ēkī-bhabana] বি. এক হওয়া; সমান অবস্থা প্রাপ্তি; একত্রে মিলিত বা স্থাপিত হওয়া। [সং. এক + ঈ (চিব) + √ ভূ + অন]।

একী-ভূত (p. 145) [ēkī-bhūta] বিণ. সমান অবস্থাপ্রাপ্ত; একরকম অবস্থাপ্রাপ্ত; একত্র স্থাপিত বা মিশ্রিত। [সং. এক + ঈ (চিব) + √ ভূ + ত]।

একুন (p. 145) [ēkuna] বি. সমষ্টি। [দেশি]। একুনে ক্রি-বিণ. মোট হিসাবে, সাকুল্যে, মোটমাট।

একুল-ওকুল (p. 145) [ēkula-ōkula] বি. শ্বশুরকুল ও পিতৃকুল (মেয়েটির একুল-ওকুল দুই-ই গেছে)। [বাং. এই + সং. কুল + বাং. ওই + সং. কুল]।

একুশ (p. 145) [ēkuśa] বি. বিণ. 21 সংখ্যা বা সংখ্যক। [সং. একবিংশতি- তু. প্রাকৃ. একোইস]। একুশে বিণ. বি. মাসের একুশ তারিখ; একুশ তারিখের বা একুশ তারিখসম্বন্ধীয়।

একূল-ওকূল (p. 145) [ēkūla-ōkūla] বি. এপার-ওপার; নদীর দুই দিক (নদী বন্যায় একূল-ওকূল ছাপিয়ে গেছে)। [বাং. এ + সং. কূল + বাং. ও + সং. কূল]।

একে1 (p. 145) [ēkē1] সর্ব. এই ব্যক্তিকে (কলমটা একে দাও)। [বাং. এ (=এই) + কে (2য়া বিভক্তি)]।

একে2 (p. 145) [ēkē2] (উচ্চারণ আকে) সর্ব. 1 এক ব্যক্তি, একজন (একে চায় আরে পায়); 2 এক বস্তুকে; 3 এক বস্তুতে বা ব্যক্তিতে (একেই চলবে)। □ অব্য. ক্রি-বিণ. একপক্ষে, একদিকে (একে মূর্খ তায় অহংকারী)। [সং. এক + বাং. এ]। একে একে ক্রি-বিণ. একের পর এক, পরপর (একে একে এসো)।˜ বারে ক্রি-বিণ. বিণ-বিণ. পুরোপুরি, সম্পূর্ণভাবে (একেবারে শেষ, একেবারে গোল্লায় গেছে)।

একেলে (p. 146) [ēkēlē] বিণ. বর্তমান কালের, এই কালের; আধুনিক রুচি ও চালচলনসম্পন্ন (একেলে ধরনধারণ)। [বাং. একাল + ইয়া > এ]।

একেশ্বর (p. 146) [ēkēśbara] বি. একমাত্র ঈশ্বর বা প্রভু। □ বিণ. 1 সার্বভৌম; সর্বময় কর্তৃত্বসম্পন্ন; 2 একক; একলা ('একেশ্বর যাবে তুমি')। [সং.

এক + ঈশ্বর]। স্ত্রী. একেশ্বরী।˜ বাদ বি. ঈশ্বর এক এবং অদ্বিতীয়, এই দার্শনিক মত।˜ বাদী (-দিন্) বি. বিণ. একেশ্বরবাদের মত মানে এমন (ব্যক্তি)।

একৈক (p. 146) [ēkaika] বিণ. একাকী, একা। □ ক্রি-বিণ. একে একে, একজন করে। [সং. এক + এক]।

একোদর (p. 146) [ēkōdara] বি. সহোদর ভাই। □ বিণ. সহোদর। [সং. এক + উদর]।

একোদ্দিষ্ট (p. 146) [ēkōddiṣṭa] বি. (অন্যান্য পূর্বপুরুষদের বাদ দিয়ে) একজন মাত্র মৃতের উদ্দেশে শ্রাদ্ধবিশেষ। [সং. এক + উদ্দিষ্ট]।

একোন (p. 146) [ēkōna] বিণ. এক কম এমন (একোননবতি, একোনবিংশতি)। [সং. এক + ঊন]।

এক্কা (p. 146) [ēkkā] বি. একটি ঘোড়ার দ্বারা চালিত দুই চাকার গাড়িবিশেষ। [হি. এক্কা]।

এক্কা-দোক্কা (p. 146) [ēkkā-dōkkā] বি. বালিকাদের খেলাবিশেষ। [< এক-দুই?]।

এক্কেবারে (p. 146) [ēkkēbārē] ক্রি-বিণ. (কথ্য) সম্পূর্ণভাবে, পুরোপুরি (মার খেয়ে এক্কেবারে ঠাণ্ডা হয়ে গেছে)। [বাং. একেবারে]।

এক্ষণ (p. 146) [ēkṣaṇa] বি. এই মুহূর্ত বা এই সময়। [বাং. এ (=এই) + সং. ক্ষণ]। এক্ষণে ক্রি-বিণ. এই সময়ে বা মুহূর্তে, এখনই; বর্তমানে।

এক্স-চেঞ্জ (p. 146) [ēksa-cēñja] বি. 1 বাণিজ্যসংক্রান্ত বিনিময়; 2 মুদ্রাবিনিময়; 3 যে স্থানে ব্যবসায়-বাণিজ্যসংক্রান্ত বিনিময়াদি হয়। [ইং. exchange]।

এক্স-প্রেস (p. 146) [ēksa-prēsa] বিণ. যাতে দ্রুততা অত্যাবশ্যক সেইরকম কাজের সঙ্গে সংশ্লিষ্ট (এক্সপ্রেস চিঠি)। □ বি. দ্রুতগামী রেলগাড়ি বা অন্য গাড়ি। [ই. express]।

এখ-তিয়ার, এক-তিয়ার (p. 146) [ēkha-tiẏāra, ēka-tiẏāra] বি. ক্ষমতা, অধিকার (এটা আমার এখতিয়ারে নয়)। [আ. ইখ্তিয়ার]।

এখন (p. 146) [ēkhana] ক্রি-বিণ. 1 এইসময়ে; বর্তমান কালে, অধুনা, সম্প্রতি; 2 এবার, এই অবস্থায় (ক্ষতি যা হবার হয়েছে, এখন কী করা যায়); 3 এতক্ষণে, এত পরে (এখন বুঝি খেয়াল হল?); 4 পরে কোনোএক সময় (যাব এখন, করব এখন)। □ বি. এইসময়, বর্তমান কাল (এখন শীতকাল)। □ অব্য. (সচ. নতুন বাক্যের সূচনায়) আসলে, প্রকৃতপক্ষে (এখন কথা হল, সে আসবে না)। [বাং. এ (=এই) + খন (সং ক্ষণ)]। ~ই, এখনি, (কথ্য) এখুনি ক্রি-বিণ. এই মুহূর্তে। ~ও, এখনো ক্রি-বিণ. বর্তমান সময় পর্যন্ত; এই অবস্থায়ও; এই ঘটনা বা যুক্তির পরেও; এর পরেও (এখনও কি বলবে সে নির্দোষ?)। ~কার বিণ. বর্তমানের, ইদানীন্তন। এখন-তখন বিণ. মুমূর্ষু (রোগীর এখন-তখন অবস্থা)।

এখান (p. 146) [ēkhāna] বি. এই জায়গা, এই স্থান (তুমি এখন এখান থেকে যাও); এই জগত্, এই সংসার (এবার এখান থেকে যাবার সময় হল)। [বাং. এ (এই) + খান (সংস্থান)]। ̃ কার বিণ. এই স্থানের।

এখুনি (p. 146) [ēkhuni] দ্র এখন।

এখো (p. 146) [ēkhō] বিণ. আখের রস দিয়ে তৈরি (এখো গুড়)। [বাং. আখ + উয়া > ও]।

এগনো, এগোনো (p. 146) [ēganō, ēgōnō] ক্রি. অগ্রসর হওয়া; সামনে যাওয়া (তুমি এগোচ্ছ না কেন?)। □ বি. অগ্রসর হওয়া (বারবার এমন এগোনো-পেছোনো করছ কেন?)। [বাং. এগা + আনো]। এগিয়ে দেওয়া ক্রি. বি. আগে যেতে বা অগ্রসর হতে সাহায্য করা; অন্যের অভীষ্টলাভের সুযোগ সৃষ্টি করা।

এগারো (p. 146) [ēgārō] বি. বিণ. 11 সংখ্যা বা সংখ্যক। [সং. একাদশন্, প্রাকৃ. এক্করহ]। ̃ ই বি. বিণ. মাসের এগারো তারিখ বা তারিখের।

এজন্য, এজন্যে (p. 146) [ējanya, ējanyē] অব্য. এর জন্য; এই কারণে। [বাং. এই + জন্য]।

এজ-মালি, ইজ-মালি (p. 146) [ēja-māli, ija-māli] বিণ. একাধিক লোকের অধিকারভুক্ত, যৌথ (এজমালি সম্পত্তি)। [আ. ইজমাল]।

এজ-লাস, ইজ-লাস (p. 146) [ēja-lāsa, ija-lāsa] বি. বিচারালয়, আদালত (এর ফয়সালা এজলাসেই হবে)। [ফা. ইজ্লাস]।

এজাহার, ইজাহার (p. 146) [ējāhāra, ijāhāra] বি. 1 বিজ্ঞপ্তি, ফৌজদারি ঘটনা সম্পর্কে (থানায়) প্রদত্ত বিবৃতি; 2 সাক্ষ্য (দারোগা একে একে সবার এজাহার নেবেন)। [আ. ইজ্'হার]।

এজাজত, ইজাজত (p. 146) [ējājata, ijājata] বি. অনুমতি, সম্মতি (বিচারক এজাজত দিয়েছেন)। [আ. ইজাজত্]। এজাজত-নামা বি. অনুমতিপত্র, permit, license.

এজেন্ট (p. 146) [ējēṇṭa] বি. প্রতিনিধি; কর্মচারী; ব্যবসায়ী। [ইং. agent]।

এজেন্সি (p. 146) [ējēnsi] বি. প্রতিনিধিত্ব; এজেন্টের অধিকার কাজ বা দফতর। [ইং. agency]।

এঞ্জিন, এঞ্জিনিয়ার (p. 146) [ēñjina, ēñjiniẏāra] যথাক্রমে ইঞ্জিন ও ইঞ্জিনিয়ার -এর রূপভেদ।

এটর্নি (p. 146) [ēṭarni] বি. 1 বিশেষ এক শ্রেণীর আইনজীবী; 2 বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কর্মচারী, আমমোক্তার। [ইং. attorney]।

এটা (p. 146) [ēṭā] সর্ব. (তুচ্ছার্থে) এই বস্তু জন্তু বা ব্যক্তি। [বাং. এ + টা]।

এটি (p. 146) [ēṭi] সর্ব. (আদরার্থে) এই বস্তু ব্যক্তি বা প্রাণী। [বাং. এ + টি]।

এটে, এটেল, এডভান্স (p. 146) [ēṭē, ēṭēla, ēḍabhānsa] যথাক্রমে এঁটে, এঁটেল ও আডভান্স -এর রূপভেদ।

এড়া1 (p. 146) [ēḍ়ā1] ক্রি. (বর্ত. বিরল) ছোড়া, নিক্ষেপ করা ('মন্ত্র পড়ি রাবণ শেলপাট এড়ে': কৃত্তি)। [সং. √ ইন্ > ইড়্ (নিক্ষেপ) > এড়্ + বাং. আ]।

এড়া2 (p. 146) [ēḍ়ā2] ক্রি. 1 পরিহার করা, বর্জন করা (ভাইকে এড়িয়ে কোনো কাজ করতে পারব না); 2 অতিক্রম করা; 3 অমান্য করা। [বাং. √ এড়া1]। ̃ নো বিণ. পরিহার করা বা অমান্য করা বা অতিক্রম করা হয়েছে এমন; জড়ানো (এড়ানো কথা)। □ বি. পরিহার; নিষ্কৃতি; ছাড়ান। □ ক্রি. পরিহার করা; পাশ কাটানো। এড়িয়ে যাওয়া ক্রি. বি. জড়িয়ে যাওয়া (কথা এড়িয়ে যাওয়া)।

এডিটর (p. 146) [ēḍiṭara] বি. সংবাদপত্র সাময়িকপত্র ইত্যাদির সম্পাদক। [ইং. editor]। এডিট করা ক্রি. বি. সংবাদপত্র ইত্যাদির জন্য প্রাপ্ত বা সংগৃহীত রচনা সংশোধন পরিমার্জন বা সংক্ষেপ করা। এডিটরি বি. এডিটরের বা সম্পাদকের কাজ।

এডিশন (p. 146) [ēḍiśana] বি. কোনো বইয়ের একবারের মুদ্রণ (বইয়ের প্রথম এডিশন শেষ হয়ে গেছে)। পকেট এডিশন বি. বইয়ের ছোট আকারের সংস্করণ (যা পকেটে রাখা যায়)।

এড়ো (p. 146) [ēḍ়ō] বিণ. একপেশে, আড়, কাত হয়ে আছে এমন; বিস্তারের দিকের। [বাং. আড় + উয়া > ও]।

এণ (p. 146) [ēṇa] বি. হরিণ। [সং. √ ই + ণ]। স্ত্রী. এণী। ˜ ক বি. খুব ছোট হরিণ। স্ত্রী. এণিকা। এণাক্ষী বিণ. মৃগনয়না।

এণ্ডা, এণ্ডি (p. 146) [ēṇḍā, ēṇḍi] দ্র এণ্ডা, এণ্ডি।

এত (p. 146) [ēta] বিণ. বি. এই পরিমাণ বা সংখ্যক; এমন বেশি। [সং. এতাবত্-প্রাকৃ এত্তঅ]। ˜ টুকু বিণ. 1 এইটুকু; সামান্য পরিমাণ; যৎকিঞ্চিত্, অত্যল্প; 2 লজ্জা ঘৃণা বা সংকোচে জড়সড় (লজ্জায় এতটুকু হয়ে গেলাম)।

এতত্ (p. 146) [ētat] (-তদ্) সর্ব. বিণ. এই, ইনি, উপস্থিত ব্যক্তি বা বস্তু (এতদ্বিষয়ে, এতদ্দেশে, এতদ্দ্বারা)। [সং. এতদ্]। ˜ কালীন বিণ. এইসময়ের; একালের, ইদানীন্তন। এতদতিরিক্ত বিণ. এর বেশি; এ ছাড়া। এতদবস্থা বি. এই অবস্থা। এতদর্থে ক্রি-বিণ. এই জন্য; এই মর্মে। এতদীয় বিণ. এই ব্যক্তি বা বস্তুসম্বন্ধীয়, এতৎসংক্রান্ত। এতদুদ্দেশ্যে ক্রি-বিণ. এই অভিপ্রায়ে; এই জন্য; এই উপলক্ষ্যে। এতদ্দেশ বি. এই দেশ। এতদ্দেশীয় বিণ. এই দেশের। এতদ্রূপ বিণ. এইরূপ, এইরকম। এতদ্ব্যতীত অব্য. এ ছাড়া। এতদ্ভিন্ন অব্য. এ ছাড়া।

এতবার, এত্বার1 (p. 146) [ētabāra, ētbāra1] বি. রবিবার। [আ. এত্বার, তু. সং. আদিত্যবার]।

এতবার, এত্বার2 (p. 146) [ētabāra, ētbāra2] বি. বিশ্বাস, প্রত্যয়। [আ. ইতেবার]।

এতবার3 (p. 146) [ētabāra3] ক্রি-বিণ. এত বেশি বার বা দফায় (এতবার যাচ্ছ কেন?)। [সং. এতদ্ + বার]।

এতলা, এতালা, এত্তেলা (p. 146) [ētalā, ētālā, ēttēlā] দ্র এত্তেলা।

এতহি (p. 146) [ētahi] ক্রি-বিণ. (ব্রজ.) এই জায়গায়, এখানে। [তু. সং. এতস্মিন্]।

এতহুঁ (p. 146) [ētahu] বিণ. (ব্রজ.) এই সমস্ত, এতখানি ('এতহুঁ সম্বাদ': গো. দা.)। [সং. এতাবত্]।

এতাদৃশ, এতাদৃক্ (p. 146) [ētādṛśa, ētādṛk] (-দৃশ্) বিণ. এইরকম, এমন, ঈদৃশ। [সং. এতদ্ + √ দৃশ্ + অ, ক্বিপ্]। স্ত্রী. এতাদৃশী।

এতাবত্ (p. 146) [ētābat] বিণ. 1 এত, এই; 2 এই পর্যন্ত (এতাবৎকাল)। [সং. এতদ্ + বত্]।

এতিম (p. 146) [ētima] বিণ. অনাথ; অভিভাবকহীন। [আ. য়তীম]। ˜ ; খানা বি. অনাথ-আশ্রম।

এতেক (p. 146) [ētēka] বিণ. এত, এই সমস্ত; এই পরিমাণ; এই পর্যন্ত; এইটুকু। [বাং. এত + এক]।

এতেলা, এত্তেলা (p. 146) [ētēlā, ēttēlā] বি. খবর; নোটিস; তলব। [দ্র ইত্তেলা]।

এথা (p. 146) [ēthā] অব্য. ক্রি-বিণ. এখানে; এদিকে। [সং. অত্র]।

এদানীং (p. 146) [ēdānī] ইদানীং -এর বিকৃত রূপ।

এদিক (p. 146) [ēdika] বি. 1 এই দিক; এই দেশ অঞ্চল বা স্থান; 2 এই পক্ষ (আমি এদিকের হয়ে লড়ব)। [বাং. এ (এই) + সং. দিক্]। এদিক-ওদিক বি. ক্রি-বিণ. 1 চার দিক (এদিক-ওদিক থেকে খবর আসছে); 2 ইতস্তত (তুমি এদিক-ওদিক করছ কেন?); 3 ত্রুটি (একটু এদিক-ওদিক হলে কী আসে যায়?)। এদিকে ক্রি-বিণ. 1 এই দিকে, অঞ্চলে বা স্থানে; 2 এই পক্ষে; 3 এই সঙ্গে; 4 এই অবস্থায়; 5 পক্ষান্তরে (ঘরে হাঁড়ি চড়ে না, এদিকে বাবুর বিলাসের ধুম কত)।

এদ্দাত, (বর্জি.) এদ্দাত্ (p. 146) [ēddāta, (barji.) ēddāt] বি. (মুস.) বৈধব্যব্রত ('এদ্দাত্ সময় উত্তীর্ণ হয় নাই': মীর)। [আ. এদ্দাত্]।

এদ্দিন (p. 146) [ēddina] ক্রি-বিণ. এত দিন, এত কাল, এত দীর্ঘ সময়। [বাং. এত + দিন]।

এধার (p. 146) [ēdhāra] বি. এই ধার, এই দিক; এদিক। [বাং. এ (এই) + ধার, তু. হি. ইধর্]। এধার-ওধার বি. ক্রি-বিণ. এদিক-ওদিক; চারিদিক; সর্বত্র; ইতস্তত।

এনকোর (p. 146) [ēnakōra] বি. (অভিনয় নৃত্যগীত প্রভৃতি শিল্পকলা) আবার দেখাবার বা শোনাবার জন্য অনুরোধ; আবার আবার; বাহবা (শ্রোতারা তাঁর বক্তৃতা শুনে এনকোর দিতে লাগল)। [ফা. encore (মূল উচ্চারণ অঁকর্। কিন্তু শব্দটির ইংরেজি উচ্চারণ অনুসারে এনকোর বাংলায় প্রচলিত হয়েছে]।

এনজিন, এনজিনিয়ার (p. 146) [ēnajina, ēnajiniẏāra] যথাক্রমে ইঞ্জিন ও ইঞ্জিনিয়ার এর রূপভেদ।

এনতার, এন্তার (p. 146) [ēnatāra, ēntāra] বিণ. অজস্র, প্রচুর, দেদার; অবিরাম। [পো. entaro তু. ইং. entire]।

এনামেল (p. 146) [ēnāmēla] বি. 1 কেওলিন নামে মাটি পাথর সিসা লবণ ইত্যাদির চূর্ণ তৈরি প্রলেপ; 2 ধাতুর পাত্রের উপর একরকম সাদা মসৃণ ও স্বচ্ছ কলাই; 3 দাঁতের স্বচ্ছ মসৃণ প্রলেপ। [ইং. enamel]।

এনু (p. 146) [ēnu] ক্রি. (কাব্যে. বা আঞ্চ.) এলাম।

এন-ট্রানস্ (p. 146) [ēna-ṭrānas] বি. প্রবেশিকা পরীক্ষা; বিশ্ববিদ্যালয়ের প্রথম পরীক্ষা। [ইং. entrance (examination)]।

এন-ভেলপ, এন-ভেলাপ (p. 146) [ēna-bhēlapa, ēna-bhēlāpa] বি. কাগজের খাম, লেফাফা। [ইং. envelope]।

এণ্ডা (p. 146) [ēṇḍā] বি. 1 আণ্ডা, ডিম; 2 অত্যন্ত ছোট ছেলেমেয়ে। [সং. অণ্ড]। এণ্ডা-বাচ্ছা বি. ছোট ছেলেমেয়ে। এণ্ডায়-গণ্ডায় বিণ. ক্রি-বিণ. গোঁজামিলপূর্ণ; গোঁজামিল দিয়ে।

এণ্ডি (বর্জি.) এণ্ডী (p. 146) [ēṇḍi (barji.) ēṇḍī] বি. (মূলত আসামে উৎপন্ন এরণ্ডপত্রভোজী রেশম কীটজাত) তসরবিশেষ। [সং. এরণ্ড > এণ্ড + বাং. ই]।

এন্তে-কাল, ইন্তা-কাল, এন্তা-কাল (p. 146) [ēntē-kāla, intā-kāla, ēntā-kāla] বি. মৃত্যু। [আ. ইন্তিকাল]।

এন্তে-জাম, ইন্তি-জাম (p. 146) [ēntē-jāma, inti-jāma] বি. সুবন্দোবস্ত। [আ. ইন্তিজাম]।

এন্তে-জার, ইন্তা-জার, এন্তা-জার (p. 148) [ēntē-jāra, intā-jāra, ēntā-jāra] বি. সাগ্রহ প্রতীক্ষা; পথ চেয়ে থাকা (তখন থেকে আপনার এন্তেজার করছি)। [আ. ইন্তিজার]।

এপার (p. 148) [ēpāra] বি. 1 এই দিক; 2 এই তীর, এই কূল। বিপ. ওপার। [বাং. এ (এই) + সং. পার]। এপার-ওপার বি. 1 এই কূল আর ওই কূল (বর্ষাকালে নদীর এপার-ওপার দেখা যায় না); 2 পারাপার ('তুমি এপার-ওপার করো কে গো ওগো খেয়ার নেয়ে': রবীন্দ্র)।

এপ্রিল (p. 148) [ēprila] বি. ইংরেজি বছরের চতুর্থ মাস-বাংলা চৈত্রের মাঝামাঝি থেকে বৈশাখের মাঝামাঝি পর্যন্ত। [ইং. April]। ̃ ফুল বি. পাশ্চাত্য প্রথা অনুসারে পয়লা এপ্রিল কাউকে কৌতুক করে ঠকানো (ওকে এপ্রিল ফুল করা সহজ হবে না)।

এফোঁড়-ওফোঁড় (p. 148) [ēphōnd̃ḍ়-ōphōnd̃ḍ়] দ্র ফোঁড়।

এবং (p. 148) [ēba] অব্য. (মূল সং. অর্থ) এই, এইপ্রকার, এমন (এবংবিধ, এবম্প্রকার); (বাং.) আর, অধিকন্তু (সচ. দুই বা ততোধিক শব্দ বাক্যাংশ ও বাক্যের মধ্যে সংযোজক অব্যয় হিসাবে ব্যবহৃত হয় (সে পরীক্ষায় পাশ করেছে এবং বৃত্তি পেয়েছে; রাম এবং শ্যাম; রামের ছেলে এবং শ্যামের ছেলে)। [সং. এবম্]। এবংবিধ, এবম্প্রকার বিণ. এইরকম (এবংবিধ ঘটনাবলি)।

এবড়ো-খেবড়ো (p. 148) [ēbaḍ়ō-khēbaḍ়ō] বিণ. উঁচু-নিচু, অসমান; বন্ধুর (এবড়োখেবড়ো রাস্তায় চলা শক্ত)। [হি. উভড়খাবড়]।

এবম্ভূত (p. 148) [ēbambhūta] বিণ. এইরকম, এইপ্রকার। [সং. এবম্ + ভূত]।

এবরা (p. 148) [ēbarā] বি. রেহাই, অব্যাহতি; ছাড়। [আ. ইব্রা]। ̃ নামা বি. (সচ. স্ত্রীধনের) দাবি পরিত্যাগের স্বীকৃতি বা স্বীকৃতিপত্র। [আ. ইব্রা + ফা নামহ্]।

এবাদত, ইবাদত (p. 148) [ēbādata, ibādata] বি. প্রার্থনা, উপাসনা। [আ. ইবাদত্]। ˜ খানা বি. প্রার্থনাগৃহ, উপাসনার স্থান; মোগল সম্রাট আকবরের প্রতিষ্ঠিত ধর্মচর্চার গৃহ। [আ. ই'বাদত্ + ফা. খানা]।

এবার (p. 148) [ēbāra] বি. ক্রি-বিণ. 1 এই সময়ে (এবার আবার শুরু হল, এবার যাব); 2 এই যাত্রায় (এবার তুমি পেলে না); 3 এখন (এবার তবে আসি); 4 এই বছর (এবার তেমন ধান হয়নি); 5 এই জীবন, এই জীবনে (এবারের খেলা সাঙ্গ হল)। [বাং. এ (এই) + বার]। ˜ কার বিণ. এবারের। এবারের মতো ক্রি-বিণ. এ যাত্রায়. এই দফায়; এই জন্মের মতো।

এবে (p. 148) [ēbē] অব্য. ক্রি-বিণ. (কাব্যে) এখন, এইসময়। [হি. মৈ. অব]।

এবেলা (p. 148) [ēbēlā] ক্রি-বিণ. (এ বেলা -র রূপভেদ); 1 দিনের এই ভাগে বা অংশ (এবেলা সে কিছুই খায়নি); 2 এখন, এইসময় ('এবেলা ডাক পড়েছে': রবীন্দ্র)। [বাং. এ (এই) + বেলা]।

এভিনিউ (p. 148) [ēbhiniu] দ্র ভিনিয়ু।

এম এ, এম এসসি, এম কম (p. 148) [ēma ē, ēma ēsasi, ēma kama] বি. যথাক্রমে কলা বা মানবিকবিদ্যা, বিজ্ঞান ও বাণিজ্যে বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রি বা উপাধি। [ইং. M.A., M.Sc., M.Com.]।

এম বি (p. 148) [ēma bi] বি. (বর্তমানে পরিবর্তিত) চিকিৎসাশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর ডিগ্রি বা প্রাক্-স্নাতক উপাধি। [ইং. M.B]।

এম বি বি এস (p. 148) [ēma bi bi ēsa] বি. চিকিৎশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর ডিগ্রি অর্থাত্ প্রাক্-স্নাতক উপাধি। [ইং. M.B.B.S]।

এম ডি (p. 148) [ēma ḍi] বি. চিকিৎসাশাস্ত্রের ডক্টরেট উপাধি। [ইং. M.D.]।

এমত, (অপ্র.) এমতি (p. 148) [ēmata, (apra.) ēmati] বিণ. ক্রি-বিণ. এমন, এই রকম। [বাং. এ (এই) + মতো]।

এমন (p. 148) [ēmana] সর্ব. বি. বিণ. ক্রি-বিণ. এইরকম, এহেন (এমন যে হবে তা জানতাম, এমন খেলা কে দেখেছে, এমন করেই মরে)। [বাং. এ (এই) + মন]। এমনই. এমনি1 বিণ. এইরকম (এমনি জিনিস যে হাত দিতেই ভেঙে গেল)। □ ক্রি-বিণ. এই রকমে ('এমনই করে ঘুরিব দূরে বাহিরে': রবীন্দ্র)। এমনকী অব্য. বেশি আর কী বলব, আর কী বলার আছে (এমনকী, সে মাকেও মানে না)। ˜ টি বি. এইরকম আর একটি (এমনটি আর পাবে না)। ˜ তরো বিণ. এইরকম, এই ধরনের (এমনতরো গুণ. এমনতরো মানুষ)। এমন-তেমন বিণ. তুচ্ছ; সাধারণ; অগ্রাহ্য করার মতো (সে কিন্তু মোটেই এমন-তেমন লোক নয়)। □ বি. 1 ব্যতিক্রম (নিয়ম থেকে এতটুকু এমন-তেমন হবার উপায় নেই); 2 বেগতিক; বিপদ (এমন-তেমন দেখলে পালাব)।

এমনি2 (p. 148) [ēmani2] (উচ্চা. এম্নি) ক্রি-বিণ. অকারণে, বিনা কারণে, অপ্রয়োজনে (এমনি এসেছি)। এমনি এমনি ক্রি-বিণ. অপ্রয়োজনে, শুধু শুধু। [এমনই দ্র]।

এমুখো, এ মুখো (p. 148) [ēmukhō, ē mukhō] বিণ. এদিকে বা এখানে আসতে প্রস্তুত বা রাজি (তার পর থেকে তুমি তো আর এমুখো হওনি)। [বাং. এ (এই) + মুখ + উয়া > ও]।

এমুড়ো-ওমুড়ো, এমুড়া-ওমুড়া (p. 148) [ēmuḍ়ō-ōmuḍ়ō, ēmuḍ়ā-ōmuḍ়ā] বি. ক্রি-বিণ. এদিক থেকে ওদিক; এদিক থেকে ওদিক পর্যন্ত, আগাপাস্তলা (রাস্তার এমুড়ো-ওমুড়ো তাকে খুঁজে বেড়াচ্ছি)। [বাং. এ + মুড়া (=মাথা) + ও (ওই) + মুড়া; 'মুড়ো' কথ্য]।

এযাত্রা, এ যাত্রা (p. 148) [ēyātrā, ē yātrā] ক্রি-বিণ. এবার, এইবার। [বাং. এ + সং. যাত্রা (বাং. অর্থে)]।

এযাবত্ (p. 148) [ēyābat] অব্য. ক্রি-বিণ. এখন পর্যন্ত, আজ পর্যন্ত (এযাবত্ সে এই নিয়মই মেনে চলেছে)। [বাং. এ + সং. যাবত্]।

এয়ো (p. 148) [ēẏō] বি. বিণ. সধবা রমণী, সধবা (এই উৎসবে পাড়ার এয়োরা সবাই এলেন)। [সং. অবিধবা]। ˜ তি1 বি. সধবার অবস্থা; হিন্দু সধবার চিহ্ন অর্থাত্ শাঁখা, সিন্দুর। ˜ তি2 বিণ. বি সধবা। এয়ো-স্ত্রী বি. সধবা নারী।

এরকা (p. 148) [ērakā] বি. নলখাগড়া; শর গাছ। [সং. √ ই + রক্ + আ]।

এরণ্ড (p. 149) [ēraṇḍa] বি. ভেরেণ্ডা গাছ, রেড়ি গাছ। [সং. এরণ্ড + অ (অপ্) প্রত্যয়লোপ]।˜ তেল,˜ তৈল বি. রেড়ির তেল, castor oil. এরণ্ডা বি. পিপ্পলি বা পিপুল গাছ।

এরশাদ, ইরশাদ (p. 149) [ēraśāda, iraśāda] বি. নির্দেশ; আদেশ; আজ্ঞা। [আ. ইর্শাদ]।

এরা (p. 149) [ērā] ইহারা র চলিত ও আধুনিকতর রূপ।

এরাদা, ইরাদা (p. 149) [ērādā, irādā] বি. ইচ্ছা, অভিলাষ; সংকল্প। [আ. ইরাদা]।

এরারুট (p. 149) [ērāruṭa] দ্র রারুট ও স্হহ আরারুট।

এরূপ (p. 149) [ērūpa] বি. সর্ব. বিণ. ক্রি-বিণ. বিণ-বিণ. এইরকম (এরূপ কথা শুনি, এরূপই হবার কথা, পৃথিবী এরূপ ঘুরছে, এরূপ প্রখর তেজ)। [বাং. এ (এই) + রূপ]।

এরে (p. 149) [ērē] সর্ব. (কাব্যে ও আঞ্চ.) এক, ইহাকে ('এরে ভিখারী সাজায়ে': রবীন্দ্র)। [বাং. এ + রে (2য়া বিভক্তি)]।

এরো-প্লেন, রো-প্লেন (p. 149) [ērō-plēna, rō-plēna] বি. উড়োজাহাজ; বিমান। [ইং. aeroplane]।

এল (p. 149) [ēla] ক্রি আসিল -র চলিত ও আধুনিকতর রূপ। [আসিল > আইল > এল]।

এলচি, ইলচি (p. 149) [ēlaci, ilaci] বি. দূত, রাজদূত। [তুর. এল্চী]।

এল-তলা (p. 149) [ēla-talā] (আঞ্চ.) বি. ছাঁচতলা; ঘরের বাইরে চালের নীচের জায়গা।˜ বেল-তলা বি. এ জায়গা ও জায়গা, এখান-ওখান।

এল-বাস (p. 149) [ēla-bāsa] বি. পোশাক; পোশাক-আশাক। [আ. ইলবাস্]।

এলা1 (p. 149) [ēlā1] বি. এলাচ; এলাচ গাছ। [সং. √ ইল্ + অ + আ]।

এলা2 (p. 149) [ēlā2] ক্রি. 1 খোলা, আলগা করা; আলুলায়িত বা এলোমেলো করা (বেণী এলানো); 2 ছড়িয়ে বা বিছিয়ে দেওয়া (ধান এলানো, দেহটা একটু এলিয়ে দেই); 3 অবশ হওয়া (এত খাটুনিতে শরীর এলিয়ে গেছে)। [সং. আলুলায়িত]।

এলাচ, এলাচি (p. 149) [ēlāca, ēlāci] বি. সুগন্ধি মশলাবিশেষ; এলা গাছের ফল. cardamom. [সং. এলা; হি. ইলাইচ]।

এলানো (p. 149) [ēlānō] বিণ. আলুলায়িত; খোলা; শিথিল; এলো। [বাং √ এলা2 + আনো]। এলা2 দ্র।

এলাম (p. 149) [ēlāma] ক্রি. আসিলাম -এর চলিত ও আধুনিকতর রূপ।

এলে-বেলে (p. 149) [ēlē-bēlē] বি. বিণ. গুরুত্বহীন (জিনিস বা লোক); যাকে ধরা বা গোনা হয় না এমন (লোক)। [দেশি]।

এলেম1 (p. 149) [ēlēma1] এলাম বা আসিলাম -এর কাব্যরূপ বা আঞ্চ. রূপ।

এলেম2 (p. 149) [ēlēma2] বি. ক্ষমতা; দক্ষতা (ছেলেটার এলেম আছে বলতে হবে)। [আ. ইল্ম্]। ̃ দার বিণ. ক্ষমতাশালী; দক্ষ, পটু; চৌকস (এলেমদার লোক)। [আ. ইলম্ + ফা. দার]।

এলো2 (p. 149) [ēlō2] বিণ. এলানো; আলুলায়িত (এলো চুল); শিথিল (এলো খোঁপা); অসংযত, অসম্বন্ধ, এলোমেলো (এলো কথা); অবাধ, বিশৃঙ্খল (এলো বাতাস)। [সং. আকুল]। ̃ পাথাড়ি, ̃ ধাবাড়ি বিণ. ক্রি-বিণ. এলোমেলো, বিশৃঙ্খল; ক্রমাগত (এলোপাথাড়ি ছোটা)। ̃ মেলো বিণ. অগোছালো, অসম্বদ্ধ।

এলোপ্যাথি (p. 149) [ēlōpyāthi] দ্র আলোপ্যাথি।

এশিয়া, এসিয়া (p. 149) [ēśiẏā, ēsiẏā] বি. পৃথিবীর মহাদেশগুলির মধ্যে আয়তনে বৃহত্তমটি। [ইং. Asia]। ̃ বাসী (-সিন্) বিণ. এশিয়া মহাদেশের অধিবাসী, এশিয়ায় বসবাসকারী।

এশিয়াড (p. 149) [ēśiẏāḍa] বি. এশিয়া মহাদেশের অন্তর্গত দেশগুলির মধ্যে চার বছর অন্তর অন্তর বিপুল সমারোহে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগিতাবিশেষ, এশিয়ান গেমস। [ইং. Asiad]।

এশীয় (p. 149) [ēśīẏa] বিণ. এশিয়া মহাদেশসম্বন্ধীয়; এশিয়া মহাদেশের মধ্যে সীমাবদ্ধ। [এশিয়া + ঈয়]।

এষণা, এষা1 (p. 149) [ēṣaṇā, ēṣā1] বি. 1 অন্বেষণ, অনুসন্ধান (গবেষণা); 2 ইচ্ছা, বাসনা (পরহিতৈষণা)। [সং. √ ইষ্ + অন + অ + আ]।

এষা2 (p. 149) [ēṣā2] বিণ. (স্ত্রী.) 1 বাঞ্ছিতা; 2 স্মরণীয়া; 3 অনুসন্ধানযোগ্যা। [সং. এষা1 দ্র]।

এসপার-ওসপার (p. 149) [ēsapāra-ōsapāra] অব্য. বি. যা হয় একটা চরম নিষ্পত্তি; হয় ভালো নয় মন্দ কিছু একটা, হেস্তনেস্ত (আর দেরি ভালো লাগে না, একটা এসপার-ওসপার হয়ে গেলে বাঁচি; এবারে একটা এসপার-ওসপার করে তবে ছাড়ব)। [হি. ইস্পার-উস্পার]।

এসরাজ, এস্রাজ (p. 149) [ēsarāja, ēsrāja] বি. সেতার ও সারেঙ্গির মিশ্রণে তৈরি ছড়ি দিয়ে বাজাতে হয় এমন তারের বাদ্যবিশেষ। [আ. ইস্রার্]।

এসেন্স (p. 149) [ēsēnsa] বি. গন্ধসার, সেণ্ট, তরল সুগন্ধদ্রব্য ('মন্ত্রী বলে এসেন্স দিচ্ছি গন্ধ তো নয় মন্দ': সু. বা.)। [ইং. essence]।

এস্টেট (p. 149) [ēsṭēṭa] বি. জমিদারি; তালুক; ভূসম্পত্তি (তিনি এই এস্টেটের ম্যানেজার)। [ইং. estate]।

এহেন (p. 149) [ēhēna] বিণ. এইরকম, এমন (তাঁর কাছ থেকে এহেন ব্যবহার আশা করিনি)। [বাং. এ (এই) + হেন]।

ঐ1 (p. 150) [ai1] বাংলা বর্ণমালার একাদশ স্বরবর্ণ, আধুনিকমতে নবম স্বরবর্ণ, দ্বিস্বরধ্বনি ওই এর লিখিত রূপ।

ঐ2ওই (p. 150) [ai2ōi] ওই, সেই, উল্লিখিত, সম্মুখস্থ (ঐ লোকটি ওই বিষয়)। □ অব্য. 1 অদূরে, সেখানে, দূরে কিন্তু ইন্দ্রিয়গ্রাহ্যভাবে ('সখী, ওই বুঝি বাঁশি বাজে': রবীন্দ্র); 2 সম্বোধন স্মরণ খেদ ইত্যাদি সূচক ধ্বনি (ঐ দেখ, ভুলে গেছি; ঐ যা, বইটা আনিনি)। [সং. অদস্]।

ঐক-তান (অশু.) ঐক্যতান (p. 150) [aika-tāna (aśu.) aikyatāna] বি. বিভিন্ন বাদ্যযন্ত্রের সমস্বর বাদ্য, কনসার্ট (concert); বিভিন্ন ও বিচিত্র সুরের মিলন। [সং. একতান + অ]।

ঐক-পত্য (p. 150) [aika-patya] বি. একাধিপত্য; পূর্ণ প্রাধান্য (বাংলা সাহিত্যের জগতে এখন রবীন্দ্রনাথের ঐকপত্য প্রতিষ্ঠিত)। [সং. একপতি + য]।

ঐক্য-পদ্য (p. 150) [aikya-padya] বি. একপদতা; বহুপদের একার্থবোধকত্ব সম্পাদন, বহুপদকে একার্থবোধক পদে পরিণত করা। [সং. একপদ + য]।

ঐক-বাক্য (p. 150) [aika-bākya] বি. 1 একবাক্যতা; বাক্য বা বক্তব্যের একতা; সমোক্তি; 2 একমত অবলম্বন। [সং. একবাক্য + অ]।

ঐক-মত্য (p. 150) [aika-matya] বি. মতের মিল বা অভিন্নতা, মতের ঐক্য (সদস্যদের মধ্যে ঐকমত্য না হওয়ায় সিদ্ধান্ত নেওয়া গেল না)। [সং. একমতি + য]।

ঐক-রাজ্য (p. 150) [aika-rājya] বি. একাধিপত্য; সার্বভৌমত্ব। [সং. একরাজন্ + য]।

ঐকল্য (p. 150) [aikalya] বি. একাকিত্ব, একাকিতা; একলা থাকা। [সং. একল + য]।

ঐকাগ্র্য (p. 150) [aikāgrya] বি. একাগ্রতা, এক বিষয়ে মনোযোগ বা আসক্তি। [সং. একাগ্র + য]।

ঐকাত্ম্য (p. 150) [aikātmya] বি. একাত্মতা, অভিন্নহৃদয়ের ভাব; এক প্রাণ। [সং. একাত্মন্ + য]।

ঐকান্তিক (p. 150) [aikāntika] বিণ. অত্যধিক, একান্ত (ঐকান্তিক আগ্রহ); প্রগাঢ়; একনিষ্ঠ (ঐকান্তিক চেষ্টা)। [সং. একান্ত + ইক]। বি. ̃ তা।

ঐকার (p. 150) [aikāra] বি. (ব্যাক.) ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ঐ' অক্ষর বা ধ্বনির যোগ।

ঐকাহিক (p. 150) [aikāhika] বিণ. 1 একদিন স্থায়ী বা একদিন ধরে হয় এমন; 2 একদিন অন্তর হয় এমন (ঐকাহিক জ্বর); 3 ক্ষণস্থায়ী। [সং. একাহ + ইক]। তু. একাহিক।

ঐকিক (p. 150) [aikika] বিণ. এক বিষয়ক, এক সংখ্যার বাচক। □ বি. গণিতের প্রণালীবিশেষ। [সং. এক + ইক]।

ঐক্য (p. 150) [aikya] বি. একতা (জাতীয় ঐক্য, সাম্প্রদায়িক ঐক্য, ঐক্যের বন্ধন); মিল, একত্ব, অভিন্নতা (ভাবের ঐক্য)। [সং. এক + য]।

ঐক্ষব (p. 150) [aikṣaba] বিণ. 1 ইক্ষুজাত. এখো; 2 ইক্ষু বা আখসম্বন্ধীয়। [সং. ইক্ষু + অ]।

ঐচ্ছিক (p. 150) [aicchika] বিণ. 1 ইচ্ছানুযায়ী; 2 ইচ্ছাধীন (ঐচ্ছিক পাঠ্যবিষয়). optional (তু. বিপ আবশ্যিক; 3 ইচ্ছাসম্পর্কিত। [সং. ইচ্ছা + ইক]।

ঐণিক (p. 150) [aiṇika] বিণ. 1 যে এণ অর্থাত্ হরিণ শিকার করে; 2 মৃগয়াকারী। [সং. এণ + ইক]।

ঐণেয় (p. 150) [aiṇēẏa] বি. হরিণের চামড়া। □ বিণ. হরিণসম্বন্ধীয়। [সং. এণ + এয়]।

ঐতরেয় (p. 150) [aitarēẏa] বি. 1 ঋগ্বেদের ব্রাহ্মণ অংশবিশেষ, ঐতরেয় বা ইতর মুনির পুত্রের রচিত ঋগ্বেদের ব্রাহ্মণ অংশ; 2 ইতর মুনির পুত্র। [সং.ইতর + এয়]।

ঐতি-হাসিক (p. 150) [aiti-hāsika] বিণ. 1 ইতিহাসজ্ঞ; 2 ইতিহাসসম্পর্কিত; 3 ইতিহাসে স্থান লাভ করার যোগ্য (ঐতিহাসিক ঘটনা)। □ বি. ইতিহাস জানেন এমন ব্যক্তি; ইতিহাস রচনা করেন এমন ব্যক্তি (তিনি একজন বিখ্যাত ঐতিহাসিক)। [সং. ইতিহাস + ইক]।

ঐতিহ্য (p. 150) [aitihya] বি. 1 পরম্পরায় চলে আসে এমন চিন্তা বিশ্রুতি বা বিশ্বাস (ভারতের প্রাচীন ঐতিহ্য অনুসারে মহাভারত রচিত হয়েছিল কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসের দ্বারা); 2 পরম্পরাগত চিন্তা সংস্কার ভাবধারা অভ্যাস প্রভৃতি, tradition (ভারতের জাতীয় ঐতিহ্য. দেশের ঐতিহ্যের বিরোধী কাজ)। [সং. ইতিহ + য]।

ঐন্দ্র (p. 150) [aindra] বিণ. ইন্দ্রসম্বন্ধীয়। □ বি. ইন্দ্রের পুত্র। [সং. ইন্দ্র + অ]। ˜ অস্ত্র বি. বজ্রাস্ত্র; অগ্ন্যস্ত্র।

ঐন্দ্র-জালিক (p. 150) [aindra-jālika] বিণ. 1 ইন্দ্রজালবিদ্যায় বা ভোজবাজিতে বা ম্যাজিকে পারদর্শী; 2 ইন্দ্রজালসম্বন্ধীয়। □ বি. জাদুকর। [সং. ইন্দ্রজাল + ইক]।

ঐন্দ্রিয়ক (p. 150) [aindriẏaka] বিণ. ইন্দ্রিয়সম্বন্ধীয়; ইন্দ্রিয়গ্রাহ্য; প্রত্যক্ষ। [সং. ইন্দ্রিয় + অক]।

ঐন্দ্রিলা (p. 150) [aindrilā] বি. বৃত্রাসুরের কন্যা।

ঐমত (p. 150) [aimata] বিণ. (বর্ত. অপ্র.) ওইরকম, সেইরকম। [বাং. ঐ2 + মত 1]।

ঐরাবত (p. 150) [airābata] বি. সমুদ্রমন্থনে উত্থিত এবং দেবরাজ ইন্দ্রের বাহন হাতি। [সং. ইরাবত্ (=সমুদ্র) + অ]।

ঐরূপ (p. 150) [airūpa] বিণ. ওইরকম, সেইরকম (ঐরূপ বুদ্ধি, ঐরূপ দৃশ্য, ঐরূপ মানুষ)। □ সর্ব. ওইরকম বস্তু বা বিষয় (ঐরূপ আর দেখা যায় না)। □ ক্রি-বিণ. ওইরকমভাবে (ঐরূপ ভালো, ঐরূপ রঙিন)। [বাং. ঐ + সং. রূপ]।

ঐশ. ঐশিক, ঐশ্বর, ঐশ্বরিক (p. 150) [aiśa. aiśika, aiśbara, aiśbarika] বিণ. 1 ঈশ্বরসম্বন্ধীয়; ঈশ্বরের; 2 ঈশ্বরের দ্বারা কৃত। [সং. ঈশ + অ, ইক, ঈশ্বর + অ, ঈক]। ঐশী বিণ. (স্ত্রী.) ঈশ্বরীয়, ঈশ্বরীসম্বন্ধীয় (ঐশীশক্তি, ঐশীমায়া)।

ঐশ্বর্য (p. 150) [aiśbarya] বি. 1 ধনসম্পত্তি, বিভব; 2 প্রভুত্ব; ঈশ্বরত্ব; 3 যোগলব্ধ অষ্টবিধ শক্তি; বিভূতি। [সং. ঈশ্বর + য]।˜ .গর্ব বি. ধনগর্ব, টাকার অহংকার।˜ .বান (-বান্),˜ .শালী (-লিন্) বিণ. ধনবান, ঐশ্বর্যের অধিকারী। স্ত্রী. ˜ ; .বতী,˜ .শালিনী।

ঐষীক (p. 151) [aiṣīka] বিণ. ইষীকাসম্বন্ধীয়; ইষীকা দিয়ে তৈরি এমন। □ বি. মহাভারতের সৌপ্তিক পর্বের অন্তর্গত পরিচ্ছেদ। [সং. ইষীকা + অ]।

ঐসন. ঐসে (p. 151) [aisana. aisē] যথাক্রমে অইছন ও অইছে -র রূপভেদ।

ঐহলৌকিক (p. 151) [aihalaukika] বিণ. ইহলোকসম্বন্ধীয়। [সং. ইহলোক + ইক]। তু. বিপ. পারলৌকিক।

ঐহিক (p. 151) [aihika] বিণ. ইহলোকসম্বন্ধীয়; ইহকলোকের; এই জন্মের। [সং. ইহ + ইক]।

ও1 (p. 152) [ō1] বাংলা বর্ণমালার দ্বাদশ, এবং আধুনিকমতে দশম বর্ণ উচ্চমধ্য অর্ধসংবৃত 'ও' ধ্বনির দ্যোতক বর্ণ।

ও2 (p. 152) [ō2] সর্ব. অদূরের বস্তু বা ব্যক্তি বা বিষয় (ও পারবে, ও নিয়ে পরে কথা হবে)। □ বিণ. 1 ওই (ওকথা, ওবিষয়); 2 গত (ওমাসে); 3 অপর, ওপার (ওপার বাংলা)। □ অব্য. সম্বোধন, স্মরণ, বিস্ময় অনুকম্পা প্রভৃতির সূচক ধ্বনি (ও রাম, ও ভুলে গেছি ও তাই নাকি)।

ও3 (p. 152) [ō3] অব্য. 1 আর, এবং (রাম ও শ্যাম, সুখ ও দুঃখ); 2 অধিকন্তু, আরও, আবার (সেও আসবে, এটিও ভালো ওটিও ভালো); 3 মাত্র, পর্যন্ত, এমনকী, মোটেও (তার নামও শুনিনি, আমি সেখানে যাইওনি)। [ফা. ঊঅ]।

ওআটার পোলো, ওয়াটার পোলো (p. 152) [ōāṭāra pōlō, ōẏāṭāra pōlō] বি. জলে ভাসন্ত বা সন্তরণরত অবস্থায় বল খেলাবিশেষ। [ইং. water polo]।

ওঃ (p. 152) [ōḥ] অব্য. বিস্ময় বিরক্তি খেদ যন্ত্রণা অবজ্ঞা ইত্যাদি সূচক ধ্বনি (ওঃ কী যন্ত্রণা, ওঃ আবার এসেছে)।

ওঁ, ওম্ (p. 152) [ō, mँōm] বি. প্রণব বা সকল মন্ত্রের আদ্যবীজ; সকল মন্ত্রের ভিত্তিভূমি; ঈশ্বরবাচক ধ্বনি বা চিহ্ন; ব্রহ্মের শব্দপ্রতীক। [সং. অ + উ +ম্]। ওঁকার, ওঙ্কার, ওংকার বি. ওঁ ধ্বনি।

ওঁচলা (p. 152) [ōn̐calā] বি. 1 খোসা; শস্যের ঝেড়ে-ফেলা অসার অংশ; 2 জঞ্জাল, আবর্জনা। [সং. উঞ্ছ > ওঁচ + বাং. লা]।

ওঁচা, ওঁছা (p. 152) [ōn̐cā, ōn̐chā] বিণ. অত্যন্ত নিকৃষ্ট বা বাজে, হীন, খেলো (বাজার থেকে পয়সা দিয়ে যত ওঁচা জিনিস নিয়ে এসেছে)। [সং. উঞ্ছ]।

ওকড়া (p. 152) [ōkaḍ়ā] বি. লতাগাছবিশেষ; তার ফল বা পাতা [দেশি]।

ওকার (p. 152) [ōkāra] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ও' অক্ষর বা ধ্বনির যোগ।

ওকালতনামা (p. 152) [ōkālatanāmā] বি. আমমোক্তারনামা, উকিল হিসাবে নিয়োগের পত্র, power of attorney. [আ. ওকালত্ + ফা. নামহ্]।

ওকালতি (p. 152) [ōkālati] বি. উকিলের কাজ বা পেশা (মহকুমা আদালতে ওকালতি করে সে আজকাল বেশ রোজগার করছে); 2 পক্ষ-সমর্থন (বন্ধুর হয়ে তোমাকে আর ওকালাতি করতে হবে না)। [আ. ওকালত্]। □ বিণ. উকিলের, উকিলসম্বন্ধীয় (ওকালতি বুদ্ধি)।

ওকি (p. 152) [ōki] অব্য. প্রশ্ন বিস্ময় ভয় ইত্যাদি সূচক ধ্বনি। [বাং. ও2 + কি (কী)]।

ও কী (p. 152) [ō kī] সর্ব. বিণ. ও কেমন (ও কী কথা?) [ওকি দ্র]।

ওক্ত, ওক্ত (p. 152) [ōkta, ōkta] বি. সময়; বার বা দফা (পাঁচ ওক্ত নমাজ)। [আ. ওঅখ্ত]।

ওখান (p. 152) [ōkhāna] বি. ওই স্থান, ওই জায়গা; অদূরবর্তী বা উল্লিখিত স্থান; সেখান। [বাং. ও (=ঐ) + খান (সং. স্থান]। ˜ কার বিণ. সেই জায়গায়, সেখানকার।

ওগয়রহ (p. 152) [ōgaẏaraha] অব্য. ইত্যাদি; অপরাপর, অন্য সব। [আ. ওগয়রহ্]।

ওগরা1 (p. 152) [ōgarā1] বি. চাল-ডাল একসঙ্গে সিদ্ধ করে প্রস্তুত রোগীর পথ্যবিশেষ। [দেশি]।

ওগো (p. 152) [ōgō] অব্য. আবেগ উচ্ছ্বাস ইত্যাদি ভাবের প্রকাশক সম্বোধনসূচক ধ্বনি ('ওগো আমার চির অচেনা পরদেশী': রবীন্দ্র; ওগো কে আছ)। [দেশি]।

ওঙ্কার (p. 152) [ōṅkāra] দ্র ওঁ।

ওছি. ওছিয়তনামা (p. 152) [ōchi. ōchiẏatanāmā] যথাক্রমে অছি ও অছিয়তনামা -র রূপভেদ।

ওজঃ (p. 152) [ōjḥ] (-জস্) বি. 1 তেজ, বল; 2 সাহিত্যের গাম্ভীর্য সৃষ্টিকারী গুণবিশেষ; 3 দীপ্তি। [সং. ওজস্]।

ওজন (p. 152) [ōjana] বি. 1 তৌল ভার, ভরের পরিমাণ বা পরিমাপ (এক কেজি ওজন); 2 গুরুত্ব, ক্ষমতা, মর্যাদা (নিজের ওজন বুঝে চলা)। [আ. ওজন্]। ̃ দর বি. তৌল হিসাবে নির্ধারিত দাম, অর্থাত্ সংখ্যা হিসাবে নয় (ওজনদরে আম কিনেছি)। ̃ দার বিণ. 1 ভারী; 2 গুরুত্ব বা প্রতিপত্তি আছে এমন।

ওজর (p. 152) [ōjara] বি. 1 আপত্তি; 2 অজুহাত, ছল। [আ. উজর্]।

ওজস্বল (p. 152) [ōjasbala] বিণ. 1 তেজস্বী, দৃপ্ত; 2 বলশালী, বলিষ্ঠ। [সং. ওজস্ + বল]।

ওজস্বী (p. 152) [ōjasbī] (-স্বিন্) বিণ. 1 তেজস্বী, দৃপ্ত; 2 বলবান; 3 ওজোগুণবিশিষ্ট, উদ্দীপক (ওজস্বী বক্তৃতা); 4 দীপ্তিমান। [সং. ওজস্ + বিন্]। স্ত্রী. ওজস্বিনী। বি. ওজস্বিতা।

ওজু, ওজুহাত (p. 152) [ōju, ōjuhāta] যথাক্রমে অজু ও অজুহাত -এর রূপভেদ।

ওজো-গুণ (p. 152) [ōjō-guṇa] বি. সাহিত্যিক রচনার গাম্ভীর্য আনে এমন বৈশিষ্ট্য বা উদ্দীপক গুণবিশেষ। [সং. ওজস্ + গুণ]।

ওজোন (p. 152) [ōjōna] বি. অম্লজান সার। [ই. ozone]।

ওঝা (p. 152) [ōjhā] বি. 1 মন্ত্রতন্ত্রের দ্বারা যে সাপের বিষের চিকিৎসা করে; 2 মন্ত্রতন্ত্রের সাহায্যে যে ভূত নামায়; রোজা; 3 ব্রাহ্মণদের উপাধিবিশেষ। [সং. উপাধ্যায় > প্রাকৃ. উঅজঝাঅ]।

ওটা (p. 152) [ōṭā] সর্ব. (অবজ্ঞাসূচক) ব্যক্তি বা বস্তুর নির্দেশক (ওটা আবার কী. ওটা ফেলে দাও)। [বাং. ও2 + টা]।

ওঠ-বস (p. 153) [ōṭha-basa] বি. 1 ক্রমাগত ওঠা আর বসা; 2 একই সঙ্গে চলাফেরা (সারাদিন তোমার সঙ্গে ওঠবস করি, আর আমিই এটা জানতে পারলাম না!)। [বাং. ওঠা + বসা]।

ওডি-কোলন (p. 153) [ōḍi-kōlana] বি. জার্মানির্ কলন্ শহরে (ফরাসি নাম কলঞ্) প্রস্তুত সুগন্ধ সুরাসারবিশেষ। [ফ. eau-de-cologne, মূল ফ. উচ্চারণ য়্য-দ্য-কলঞ্]।

ওড্র (p. 153) [ōḍra] বি. উৎকলদেশ, উড়িষ্যা, ওড়িশা। [সং. আ + √ উন্দ্ + র]।

ওড়ন-পাড়ন (p. 153) [ōḍ়na-pāḍ়na] বি. 1 পেতে শোয়ার ও গায়ে দেবার চাদর; 2 উঠানো ও পেতে দেওয়া। [হি. ওঢ়না + বাং. পাড়ন]।

ওড়না (p. 153) [ōḍ়nā] বি. স্ত্রীলোকের পাতলা চাদর বা উত্তরীয়। [সং. অববেষ্টন; তি. হি. ওঢ়না]।

ওড়-পুষ্প, ওড় (p. 153) [ōḍ়-puṣpa, ōḍ়] বি. জবাফুল। [সং. ওড্র, ওড্রপুষ্পম্]।

ওড়ব, ঔড়ব (p. 153) [ōḍ়ba, auḍ়ba] বি. মার্গসংগীতের রাগের জাতিবিশেষ যাতে মাত্র পাঁচটি স্বর ব্যবহৃত হয় যেমন ভূপালি হিন্দোল প্রভৃতি। [সং. ওড়ব, ওড়ব + অ]।

ওড়িয়া, উড়িয়া (p. 153) [ōḍ়iẏā, uḍ়iẏā] বি. উড়িষ্যা বা ওড়িশা প্রদেশের লোক বা ভাষা (ওড়িয়ার সঙ্গে বাংলার বেশ মিল আছে)। □ বিণ. ওড়িশাসম্বন্ধীয় (ওড়িয়া সংস্কৃতি)। [সং. ওড্র]।

ওড়িশা বি উড়িষ্যা (p. 153) [ōḍ়iśā bi uḍ়iṣyā] র বর্ত. অধিকতর চলিত রূপ। ওড়িশি বি. ওড়িশার নৃত্য। □ বিণ. ওড়িশাসম্বন্ধীয় (ওড়িশি সংস্কৃতি)। [ওড়িশা + বাং. ই]।

ওত (p. 153) [ōta] বি. শিকারের বা আক্রমণের উদ্দেশ্যে আত্মগোপন করে অপেক্ষা। [দেশি]।˜ আত বি. অন্ধিসন্ধি, ঘাঁতঘোঁত। ওত পাতা ক্রি. বি. শিকারের অপেক্ষায় থাকা; (হেঁট হয়ে)। শিকারের উপর ঝাঁপিয়ে পড়ার জন্য তৈরি থাকা।

ওত-প্রোত (p. 153) [ōta-prōta] বিণ. সর্বত্র পরিব্যাপ্ত; পরস্পর সম্পূর্ণ জড়িত (এই ব্যাপারটার সঙ্গে আমি ওতপ্রোতভাবে জড়িয়ে আছি; 'সময় দিয়ে ওতপ্রোত বাঁধে আমার ভিটে': শ. ঘো.)। [সং. অত (=অন্তর্ব্যাপ্ত) + (প্রোত) (=প্রোথিত)]।

ওতরা, ওতলা (p. 153) [ōtarā, ōtalā] যথাক্রমে উতরা ও উতলা -র চলিত রূপ।

ওথা (p. 153) [ōthā] ক্রি-বিণ. (প্রা. বাং/আঞ্চ.) ওখানে, কিছু দূরে। [বাং. ও2 + থা (সং. স্থান)]।

ওদন (p. 153) [ōdana] বি. অন্ন, ভাত, সিদ্ধ তণ্ডুল ('শিশু কাঁদে ওদনের তরে': ক.ক)। [সং. √ উন্দ্ + অন]।

ওদিক (p. 153) [ōdika] বি. ওই দিক; ওই পক্ষ (ওদিকে গেছে; একবার এদিক একবার ওদিক)। [বাং. ও2 + সং. দিক্]।

ওধার (p. 153) [ōdhāra] বি. ওদিক, ওই দিক। [বাং. ও (ওই) + ধার, তু. হি. উধর্]।

ওনাকে (p. 153) [ōnākē] সর্ব. (আঞ্চ.) তাঁকে, ওঁকে। [বাং. উনি + কে >]। ওনাদের সর্ব. ওঁদের, তাঁদের।

ওপড়া, ওপাড়ানো (p. 153) [ōpaḍ়ā, ōpāḍ়ānō] যথাক্রমে উপড়া ও উপড়ানো -র চলিত রূপ।

>ওপার (p. 153) [>ōpāra] বি. 1 অন্য পার; ওই পার; 2 ওই দিক; 3 পরলোক। [বাং. ও (ওই) + সং. পার]।

>ওভার-টাইম (p. 153) [>ōbhāra-ṭāima] বি. 1 নির্দিষ্ট সময়ের অতিরিক্ত কাজের জন্য মজুরি; 2 নির্দিষ্ট সময়ের অতিরিক্ত কাজ। [ইং. overtime]।

ওভার-ব্রিজ (p. 153) [ōbhāra-brija] বি. রেল স্টেশনে এক প্ল্যাটফর্ম থেকে অন্য প্ল্যাটফর্মে যাতায়াতের জন্য নির্মিত উঁচু সেতুবিশেষ। [ইং. overbridge]।

ওম্ (p. 153) [ōm] দ্র ওঁ।

ওয়াক, ওক (p. 153) [ōẏāka, ōka] অব্য. বমির অনুকারধ্বনি। ওক তোলা. ওয়াক তোলা ক্রি. বি বমির উদ্রেক হয়েছে এমন শব্দ করা (বাচ্চাটা দুধ খেয়েই ওক তুলতে শুরু করেছে)।

ওয়াক-ওভাব (p. 153) [ōẏāka-ōbhāba] বি. (খেলায়) বিপক্ষ দলের অনুপস্থিতিতে না খেলেই জয়লাভ। [ইং. walk over]।

ওয়াকফ-নামা (p. 153) [ōẏākapha-nāmā] বি. ধর্মের জন্য বা জনহিতে ঈশ্বরের নামে দানপত্র। [আ. বাকিফ্ + ফা. নামহ্]।

ওয়াকিফ, ওয়াকেফ, ওয়াকিব, ওয়াকেব (p. 153) [ōẏākipha, ōẏākēpha, ōẏākiba, ōẏākēba] বিণ. অভিজ্ঞ; কোনো বিষয়ে ধারণা আছে এমন। ওয়াকিবহাল বিণ. অবস্থা সম্পর্কে অভিজ্ঞ। [আ. ওয়াকিফ্ + হাল্]।

ওয়াক্ত (p. 153) [ōẏākta] দ্র ওক্ত।

ওয়াজিব, ওয়াজেব (p. 153) [ōẏājiba, ōẏājēba] বিণ. 1 সঠিক; 2 ন্যায়সংগত; 3 প্রয়োজনীয়। [আ. ওয়াজীব্]।

ওয়াটারপোলো (p. 153) [ōẏāṭārapōlō] দ্র ওআটারপোলো।

ওয়াড়, ওড় (p. 153) [ōẏāḍ়, ōḍ়] বি. বালিশ লেপ ইত্যাদির ঢাকনা খোল বা আবরণ। [সং. অববেষ্ট-তু. হি. মরা. ওঢ়ণী]।

ওয়াদা (p. 153) [ōẏādā] বি. 1 মেয়াদ, নির্দিষ্ট সময় (তোমার ওয়াদা শেষ); 2 প্রতিশ্রুতি, ভবিষ্যতে কাউকে কিছু দেবার প্রতিশ্রুতি (আমি তাকে টাকা দেব বলে ওয়াদা করেছিলাম; তাকে ওয়াদা দিয়েছিলাম যে টাকা দেব)। [আ.

ওয়াদাহ্]। ওয়াদা খেলাপ করা ক্রি-বি. কথার খেলাপ করা, কথা দিয়ে কথা না রাখা।

ওয়াপস (p. 153) [ōẏāpasa] বি. ফেরত (বইটা ওয়াপস দাও)। [ফা. ওয়াপস্]।

ওয়ারিস, ওয়ারিশ (p. 153) [ōẏārisa, ōẏāriśa] বি. উত্তরাধিকারী। [আ. ওয়ারিস্]। ওয়ারিসান, ওয়ারিশান বি. 1 উত্তরাধিকারিগণ; 2 (বাংলায়) উত্তরাধিকারী ('তস্য ওয়ারিশানগণ মালিক দখলিকারস্বত্বে': সু.রা.)।

ওয়ারেণ্ট, ওআরেণ্ট (p. 153) [ōẏārēṇṭa, ōārēṇṭa] বি. গ্রেপ্তারি পরোয়ানা। [ইং. warrant]।

ওয়ালা1 (p. 153) [ōẏālā1] (তদ্ধিত প্রত্যয়বিশেষ); 2 ব্যবসায়ী, বিক্রেতা (ফলওয়ালা); 2 পেশাধারী (ফেরিওয়ালা, পাহারাওয়ালা); 3 অধিকারী, মালিক (বাড়িওয়ালা, টাকাওয়ালা লোক)। [হি. ওয়ালা]। স্ত্রী. ওয়ালি, উলি।

ওয়ালা2-আলা1 (p. 153) [ōẏālā2-ālā1] র রূপভেদ।

ওয়াসিল, ওয়াশিল (p. 153) [ōẏāsila, ōẏāśila] বি. পাওনা-আদায়, উসুল। [আ. ওয়াসিল্]।

ওয়াস্তা (p. 153) [ōẏāstā] বি. 1 অপেক্ষা; 2 তোয়াক্কা, ভরসা (সে কারও ওয়াস্তা করে না); 3 উপায় (শত্রুসৈন্য ঢুকে পড়লে আর ওয়াস্তা থাকবে না); 4 হেতু, জন্য, দরুন (কারও ওয়াস্তে কিছু করা)। [আ. ওয়াস্তা]।

ওয়াহাবি (বর্জি.) ওয়াহাবী, ওহাবি (p. 153) [ōẏāhābi (barji.) ōẏāhābī, ōhābi] বিণ. বি. মুসলমান ধর্মসংস্কারক আবদুল ওয়াহাব-এর অনুগামী। [আ. ওয়হাবী]।

ওয়েটিং-রুম (p. 153) [ōẏēṭi-ṃruma] বি. রেল স্টেশনে যাত্রীদের বিশ্রামঘর। [ইং. waiting room]।

ওয়েস্ট-কোট (p. 153) [ōẏēsṭa-kōṭa] বি. ফতুয়াজাতীয় একরকম জামা। [ইং. waistcoat]।

ওর1 (p. 153) [ōra1] বি. (বৈ. সা.) অন্ত, পার, সীমা ('রূপের নাহিক ওর': চণ্ডী)। [হি. ওর]।

ওর2 (p. 153) [ōra2] সর্ব. তার, ওই ব্যক্তির। [সং. অদস্]।

ওরফে (p. 153) [ōraphē] অব্য. বি. 1 বনাম, নামান্তরে (এই লোকটিই রতন ওরফে বাবু); 2 উপনাম, ডাকনাম। [আ. উর্ফ্]।

ওরম্বা, ওড়ম্বা (p. 153) [ōrambā, ōḍ়mbā] বি. 1 অকর্মা লোক; যে কেবল ঘুরে ফিরে বেড়ায়; 2 লম্পট ব্যক্তি। [প্রাকৃ. √ উরুম্বা]।

ওরসা (p. 153) [ōrasā] বিণ. ভিজে, আর্দ্র; স্যাঁতসেঁতে। [দেশি]।

ওরাং-ওটাং (p. 153) [ōrā-ṃōṭā] বি. মনুষ্যাকৃতি দীর্ঘবাহু বৃক্ষবাসী বানরজাতীয় প্রাণী, যাদের প্রধানত সুমাত্রা ও বোর্নিয়ো-র বনাঞ্চলে দেখা যায়। [ইং. orange-outang. মালয়ি ভাষায় মূল অর্থ বনের মানুষ বা বনমানুষ]।

ওরে1 (p. 153) [ōrē1] সর্ব. (কাব্যে ও আঞ্চ.) ওকে, তাকে ('ওকে জাগায়ো না': রবীন্দ্র)। [বাং. 'সে' শব্দের দ্বিতীয়ার একবচন]।

ওরে2 (p. 153) [ōrē2] অব্য. তুচ্ছার্থে বা আদরে ব্যবহৃত ধ্বনি (ওরে ছাড়্ রে, ওরে বাবারে, ওরে আমার সাত সাগরের মানিক)।

ওল (p. 153) [ōla] বি. তরকারিরূপে ব্যবহৃত কন্দবিশেষ। [সং. ওল্ল, প্রাকৃ. ওল্ল]। বুনো ওল বি. বনে জঙ্গলে অযত্নে বেড়ে-ওঠা একজাতীয় তীব্র ওল যা খেলে গলা ধরে বা কুটকুট করে। যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল যেমন দুষ্ট প্রকৃতির লোক তেমনি তাকে শায়েস্তা করবার মতো কঠোর শাসন।

ওল-কপি (p. 153) [ōla-kapi] বি. মানুষের আহার্য শালগমজাতীয় তরকারি বা আনাজবিশেষ। [ইং. kohlrabi]।

ওলন1 (p. 153) [ōlana1] বি. অবতরণ, অবরোহণ; নামা। [বাং. √ ওল্ + অন]।

ওলন2 (p. 153) [ōlana2] বি. লম্বরেখা বা খাড়াই নির্ণয়ের জন্য নীচে তার-বাঁধা সুতো, খাড়াই পরীক্ষার জন্য রাজমিস্ত্রিদের ব্যবহৃত ওলনদাড়ি। □ বিণ. উল্লম্ব, vertical. [সং. অবলম্বন]।

ওলন্দাজ (p. 153) [ōlandāja] বি. হল্যাণ্ডের অধিবাসী. ডাচ। [ফ. Hollandaise, মূল ফ. উচ্চারণ অলাঁদেজ্; Holandes, মূল পো. উচ্চারণ ওলাঁদেশ]।

ওলা2 (p. 153) [ōlā2] বি. সাদা চিনির নাড়ু। [দেশি]।

ওলা3 (p. 153) [ōlā3] ক্রি. (আঞ্চ.) নামা বা নামানো (ওলা-ওঠা, গলা দিয়ে ভাত ওলে না)। [বাং. √ ওল্ + আ]।˜ নো বিণ. বি. নামানো।

ওলাই-চণ্ডী (p. 153) [ōlāi-caṇḍī] বি. ওলাওঠা বা কলেরা রোগের অধিষ্ঠাত্রী গ্রাম্য বা লৌকিক দেবীবিশেষ। [বাং. ওলা3 + সং. চণ্ডী]।

ওলা-উঠা, ওলা-ওঠা (p. 153) [ōlā-uṭhā, ōlā-ōṭhā] বি. ভেদবমি, কলেরা, বিসূচিকারোগ। [বাং. ওলা3 + উঠা]।

ওলানো (p. 153) [ōlānō] দ্র ওলা3।

ওলা-বিবি (p. 153) [ōlā-bibi] বি. ওলাইচণ্ডীকে মুসলমানদের দেওয়া নাম। [বাং. ওলা + তুর্. বিবি]।

ওলিম-পিক, অলিম-পিক (p. 153) [ōlima-pika, alima-pika] বি. চার বৎসর অন্তর অন্তর ভিন্ন ভিন্ন দেশে মহাসমারোহে অনুষ্ঠিত আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা। [ইং. Olympic]।

ওলো (p. 153) [ōlō] অব্য. নারীদের পরস্পরকে সম্বোধনবিশেষ; সখীদের পরস্পর আহ্বানধ্বনি ('ওলো শেফালী, আমার সবুজ ছায়ার প্রদোষে তুই জ্বালিস দীপালি': রবীন্দ্র;
ওলো আয়, জল আনতে যাই)। [প্রাকৃ. হলা]।

ওষধি, ওষধী (p. 153) [ōṣadhi, ōṣadhī] বি. ধানগাছ কলাগাছ প্রভৃতি যেসব উদ্ভিদ একবার ফল দিয়েই মরে যায়। [সং. ওষ (=দীপ্তি) + √ ধা + ই]।˜ নাথ,˜ পতি বি. 1 চন্দ্র; 2 সোমলতা; 3 কর্পূর।

ওষ্ঠ (p. 153) [ōṣṭha] বি. উপরের ঠোঁট; (বাং.) নীচের বা উপরের ঠোঁট। [সং. √ উষ্ + থ]।˜ পুট বি. মিলিত ওষ্ঠদ্বয়।˜ ব্রণ বি. ঠোঁটের বিষফোঁড়াবিশেষ ওষ্ঠাগত বিণ. 1 প্রাণ বেরিয়ে যাবার উপক্রম হয়েছে এমন, মুর্মূষু; 2 জ্বালাতনে অতিষ্ঠ; পরিশ্রম ইত্যাদিতে কাতর ও অতিষ্ঠ। ওষ্ঠাগত-প্রায় বিণ. মৃতপ্রায়। ওষ্ঠাধর বি. নীচের ও উপরের দুটি ঠোঁট। ওষ্ঠ্য বিণ. ওষ্ঠের দ্বারা উচ্চার্য বা উচ্চারিত (ওষ্ঠ্যবর্ণ)। □ বি. ওষ্ঠের দ্বারা উচ্চার্য বর্ণ, ওষ্ঠ্যবর্ণ। [সং. ওষ্ঠ + য]।

ওস, ওসা (p. 153) [ōsa, ōsā] বি. হিম, শিশির (এ বছর যেন একটু আগেই ওস পড়তে শুরু করেছে)। [প্রাকৃ. ওসাঅ]।

ওসার (p. 153) [ōsāra] বি. বিস্তার, প্রস্থ। [সং. প্রসার]।

ওস্তাগর (p. 153) [ōstāgara] বি. 1 নিপুণ কারিগর বা শিল্পী; 2 রাজমিস্ত্রী; 3 দরজি; 4 মুসলমানদের উপাধিবিশেষ। [ফা. উস্তাদ্গার]।

ওস্তাদ (p. 153) [ōstāda] বিণ. গুরু, শিক্ষক, সংগীতের গুরু (আমার ওস্তাদ রামদাসজি নিজে এখনও কঠোর অনুশীলন করেন)। □ বিণ. 1 দক্ষ, নিপুণ; 2 (মন্দার্যে) অতিরিক্ত চালাক (বেশি ওস্তাদ হয়েছ বুঝি?)। [ফা. উস্তাদ্]।

ওস্তাদি (p. 153) [ōstādi] বি. 1 গুরুগিরি, শিক্ষকতা; 2 দক্ষতা, কেরামতি (ছেলেটার ওস্তাদি মানতেই হবে); 3 চালবাজি, অতিরিক্ত চালাকি। □ বিণ. ওস্তাদসম্বন্ধীয়; ওস্তাদের কৃত; যাতে ওস্তাদি আছে এমন (ওস্তাদি গান)।

ওহাবি (p. 153) [ōhābi] দ্র ওয়াহাবি।

ওহে (p. 153) [ōhē] অব্য. আহ্বানধ্বনি, সম্বোধনসূচক ধ্বনি (ওহে রাম, এদিকে এসো)। [সং. অহে]।

ওহো (p. 153) [ōhō] অব্য. স্মরণ বিস্ময় আক্ষেপ প্রভৃতিসূচক ধ্বনি। [সং. অহো]।

ঔ (p. 155) [au] বাংলা বর্ণমালার পুরনোমতে এয়োদশ এবং আধুনিকমতে একাদশ বর্ণ; দ্বিস্বরধ্বনি ওউ এর লিখিত রূপ। ˜ কার বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ঔ' অক্ষর বা ধ্বনির যোগ।

ঔক্ষ (p. 155) [aukṣa] বি. ষাঁড়ের দল, ষাঁড়ের পাল। □ বিণ. ষাঁড়সম্বন্ধীয়। [সং. উক্ষন্ + অ]।

ঔখ্য (p. 155) [aukhya] বি. হাঁড়ি কড়াই ইত্যাদিতে রান্না-করা খাদ্যবস্তু। [সং. উখা + য]।

ঔঘ (p. 155) [augha] বি. জলরাশি। □ বিণ. জলরাশিসম্বন্ধীয়। [সং. ওঘ + অ]।

ঔচিত্য (p. 155) [aucitya] বি. উপযুক্ততা, ন্যায্যতা। [সং. উচিত + য]।

ঔজ্জ্বল্য (p. 155) [aujjbalya] বি. উজ্জ্বলতা, দীপ্তি; প্রখরতা; চাকচিক্য, চেকনাই। [সং. উজ্জ্বল + য]।

ঔৎকর্ষ, ঔৎকর্ষ্য (p. 155) [autkarṣa, autkarṣya] বি. 1 উৎকর্ষ, উৎকৃষ্টতা; 2 বিকাশ, বৃদ্ধি; 3 শ্রেষ্ঠতা। [সং. উৎকর্ষ + অ, য]।

ঔত্-পাতিক (p. 155) [aut-pātika] বিণ. 1 উৎপাতসম্বন্ধীয়; 2 উপদ্রবসূচক; 3 প্রাকৃতিক অমঙ্গলবিশিষ্ট। [সং. উৎপাত + ইক]।

ঔত্-সর্গিক (p. 155) [aut-sargika] বিণ. 1 উৎসর্গসম্বন্ধীয়; 2 সাধারণ বিধিসম্বন্ধীয় (ঔৎসর্গিক বিধি, general rule); 3 স্বাভাবিক। [সং. উৎসর্গ + ইক]।

ঔৎসুক্য (p. 155) [autsukya] বি. উৎসুকভাব, আগ্রহ; উৎকণ্ঠা, উদ্বেগ। [সং. উৎসুক + য]।

ঔদরিক (p. 155) [audarika] বিণ. 1 পেটুক, পেটসর্বস্ব; 2 উদরসম্বন্ধীয়। [সং. উদর + ইক]।

ঔদার্য (p. 155) [audārya] বি. উদারতা; বদান্যতা; মুক্ত মনের ভাব। [সং. উদার + য]।

ঔদাসীন্য (p. 155) [audāsīnya] বি. 1 উদাসীনতা, নির্লিপ্ততা; 2 অনাসক্তি, বৈরাগ্য। [সং. উদাসীন + য]।

ঔদাস্য (p. 155) [audāsya] বি. 1 উদাসভাব; 2 উদাসীনতা, নির্লিপ্ততা; 3 বৈরাগ্য, অনাসক্তি (চিত্তের ঔদাস্য)। [সং. উদাস + য]।

ঔদ্ধত্য (p. 155) [auddhatya] বি. 1 উদ্ধত আচরণ, অবিনয়; 2 ধৃষ্টতা, দম্ভ; 3 অশিষ্টতা। [সং. উদ্ধত + য]।

ঔদ্বাহিক (p. 155) [audbāhika] বিণ. 1 উদ্বাহ অর্থাত্ বিবাহের দরুন পাওয়া গেছে এমন (ঔদ্বাহিক উপহার); 2 বিবাহসম্বন্ধীয়। [সং. উদ্বাহ + ইক]।

ঔদ্ভিজ্জ, ঔদ্ভিদ (p. 155) [audbhijja, audbhida] বিণ. 1 উদ্ভিদ থেকে জাত; 2 উদ্ভিদসংক্রান্ত। □ বি. সৈন্ধব লবণ। [সং. উদ্ভিজ্জ + অ, উদ্ভিদ্ + অ]।

ঔপ-চারিক (p. 155) [aupa-cārika] বিণ. উপচারসংক্রান্ত। □ বি. উপচার। [সং. উপচার + ইক]।

ঔপ-দেশিক (p. 155) [aupa-dēśika] বিণ. 1 উপদেশের দ্বারা লব্ধ বা অর্জিত (ঔপদেশিক জ্ঞান); 2 উপদেশসংক্রান্ত। [সং. উপদেশ + ইক]।

ঔপ-নায়নিক (p. 155) [aupa-nāẏanika] বিণ. 1 উপনয়নবিষয়ক (ঔপনায়নিক যাগযজ্ঞ); 2 উপনয়নকর্তা। [সং. উপনয়ন + ইক]।

ঔপ-নিবেশিক (p. 155) [aupa-nibēśika] বিণ. 1 উপনিবেশসংক্রান্ত; 2 উপনিবেশ স্থাপনকারী (আমেরিকার ইংরেজ ঔপনিবেশিক); 3 উপনিবেশে বাসকারী (আমেরিকায় ঔপনিবেশিকদের অভাব-অভিযোগ)। □ বি. উপনিবেশে বাসকারী ব্যক্তি। [সং. উপনিবেশ + ইক]।

ঔপ-নিষদ (p. 155) [aupa-niṣada] বিণ. 1 উপনিষদবিষয়ক; 2 উপনিষদ থেকে জ্ঞাত এমন (ঔপনিষদ দর্শন)। [সং. উপনিষদ্ + অ]।

ঔপ-ন্যাসিক (p. 155) [aupa-nyāsika] বি. উপন্যাসরচয়িতা। □ বিণ. উপন্যাস সংক্রান্ত (ঔপন্যাসিক কাহিনী আর বাস্তব ঘটনায় মিল নেই)। [সং. উপন্যাস + ইক]।

ঔপ-পত্তিক (p. 155) [aupa-pattika] বিণ. 1 উপপত্তিসম্বন্ধীয়; যুক্তি-তর্কের দ্বারা প্রমাণ করা যায় এমন; 2 যা থেকে সিদ্ধান্ত প্রতিপন্ন হয় এমন অর্থাত্ সিদ্ধান্তপ্রতিপাদক। [সং. উপপত্তি + ইক]।

ঔপমিক (p. 155) [aupamika] বিণ. 1 উপমাবিষয়ক; 2 উপমা দিয়ে বর্ণনা করা হয়েছে এমন। [সং. উপমা + ইক]।

ঔপম্য (p. 155) [aupamya] বি. 1 সাদৃশ্য, মিল; 2 তুল্যতা। [সং. উপমা + য]।

ঔপল (p. 155) [aupala] বিণ. 1 পাথরসংক্রান্ত; 2 পাথর দিয়ে তৈরি; 3 উপলময় (ঔপল সমুদ্রবেলা)। [সং. উপল + অ]।

ঔপ-সর্গিক (p. 155) [aupa-sargika] বিণ. 1 উপসর্গসম্বন্ধীয়; 2 (রোগের) উপসর্গ বা উৎপাতসৃষ্টিকারী। [সং. উপসর্গ + ইক]।

ঔপাধিক (p. 155) [aupādhika] বিণ. 1 উপাধিবিষয়ক; 2 উপাধিজাত; 3 নামমাত্র; 4 অনিত্য, অস্থায়ী। [সং. উপাধি + ইক]।

ঔরস, ঔরস্য (p. 155) [aurasa, aurasya] বি. বিণ. 1 নিজের দ্বারা নিজের ধর্মপত্নীর গর্ভে উৎপাদিত সন্তান; 2 বক্ষোজাত। [সং. উরস্ + অ, য]। (বাং.) ঔরসে বি. পিতৃত্বে, বীর্যে (বিশ্বামিত্রের ঔরসে শকুন্তলার জন্ম)।

ঔর্ধ্ব-দেহিক, ঔর্ধ্ব-দৈহিক (p. 155) [aurdhba-dēhika, aurdhba-daihika] বিণ. অন্ত্যেষ্টিসম্বন্ধীয়। □ বি. মৃত্যুর পরে করণীয় অগ্নিসংস্কার শ্রাদ্ধ, তর্পণ ইত্যাদি; অন্ত্যেষ্টি। [সং. ঊর্ধ্বদেহ + ইক]।

ঔর্ব1 (p. 155) [aurba1] বি. বাড়বাগ্নি, সামুদ্রিক বহ্নি। [সং. উর্ব + অ]।

ঔর্ব2 (p. 155) [aurba2] বিণ. পার্থিব, উর্বীসম্বন্ধীয়। [সং. উর্বী + অ]।

ঔর্বাগ্নি (p. 155) [aurbāgni] বি. বাড়বাগ্নি, সামুদ্রিক অগ্নি। [সং. ঔর্ব + অগ্নি]।

ঔষধ (p. 155) [auṣadha] বি. রোগের প্রতিকারক বা প্রতিষেধক দ্রব্য, ওষুধ। [সং. ঔষধি + অ]। ঔষধালয় বি. ওষুধ যেখানে পাওয়া যায়; ওষুধের দোকান। ঔষধি বি. (বাং. প্রয়োগ) যেসব গাছগাছড়া থেকে ওষুধ প্রস্তুত হয়; ওষধি। ঔষধীয় বিণ. ঔষধসম্বন্ধীয়।

ক1 (p. 156) [ka1] বাংলা বর্ণমালার প্রথম ব্যঞ্জনবর্ণ এবং অঘোষ অল্পপ্রাণ কণ্ঠ্য ক্-ধ্বনির দ্যোতক বর্ণ। ক অক্ষর গোমাংস অক্ষরপরিচয়ও নেই এমন অবস্থা, আকাট মূর্খ। ক খ না জানা (আল.) কোনো বিষয়ের প্রাথমিক তথ্যও না জানা (আরে সে তো সংগীতের ক খ-ও জানে না).

ক2 (p. 156) [ka2] ক্রি. (তুচ্ছার্থে) কহ, বল। [বাং. √ কহ্]।

ক3 (p. 156) [ka3] বিণ. কয়, কত (ক-রকম, কখানি)। [বাং. কয়]।

ক4, কো (p. 156) [ka4, kō] (কাব্যে বা কথ্য) নিষেধাত্মক শব্দকে শ্রুতিমধুর, মিনতিপূর্ণ বা জোরালো করবার জন্য স্বার্থে ব্যবহৃত প্রত্যয়বিশেষ (যেয়ো নাকো, নেইকো)।

কই1 (p. 156) [ki1] অব্য. 2 কোথায় (জিনিসটা কই?); 2 নৈরাশ্য, প্রত্যাশিত্যের অভাব, অস্বীকার, বিস্ময় ইত্যাদি বোঝাতে (কই আর গেলাম; কই, পাইনি তো; কই, দেখি)। [সং. ক্ব]।

কই2 (p. 156) [ki2] বি. পিঠে শক্ত কাঁটাযুক্ত এবং হাঁটতে পারে এমন কালো রঙের ছোট মাছবিশেষ, anabas. [সং. কবয়ী]।

কই3 (p. 156) [ki3] ক্রি. কহি -র কথ্যরূপ ('কইতে কথা বাধে': রবীন্দ্র)। ̃য়ে বিণ. খুব কথা বলতে পারে এমন, বাক্পটু (বেশ কইয়ে লোক)। কইয়ে-বলিয়ে বিণ বাক্পটু ও চৌকস। [কহা দ্র]।

কইলা, (p. 156) [kilā,] (কথ্য) কইলে বি. নবজাত বকনা বা স্ত্রীবাছুর। [সং. কপিলা]।

কইসন (p. 156) [kisana] বিণ. (অপ্র.) কেমন। [হি. কৈসন]।

কই-সর (p. 156) [ki-sara] বি. সম্রাট, বাদশাহ্। [আ. কয়সর্ তু. লা. caesar কাঈজার]।

কওন, কওয়া (p. 156) [kōna, kōẏā] যথাক্রমে কহন ও কহা -র রূপভেদ।

কংগ্রেস (p. 156) [kaṅgrēsa] বি. 1 মহাসভা, সম্মেলন; 2 আমেরিকা যুক্তরাষ্ট্রের ব্যবস্থাপক পরিষদ; 3 ভারতের রাজনৈতিক দলবিশেষ। [ইং. congress]। কংগ্রেসি বিণ. 1 ভারতের জাতীয় কংগ্রেস দলের অন্তর্ভুক্ত বা অনুগামী; 2 কংগ্রেসসম্বন্ধীয়।

কংস1, কংশ1 (p. 156) [kaṃsa1, kaṃśa1] বি. শ্রীকৃষ্ণের মাতুল দুরাত্মা মথুরাধিপতির নাম। [সং. কংস্ + অ]। ̃ হা (-হন্) বি. কংসের নিধনকারী শ্রীকৃষ্ণ।

কংস2, কংশ2 (p. 156) [kaṃsa2, kaṃśa2] বি. 1 কাঁসার পাত্র। [সং. কম্ + স, শ]। ̃ কার বি. কাঁসার জিনিসপত্রের নির্মাতা। ̃ বণিক (-জ্) বি. কাঁসারি, কাঁসার জিনিসপত্রের ব্যবসায়ী।

কংসক (p. 156) [kaṃsaka] বি. হীরাকস। [সং. কংস + ক]।

কংসারি (p. 156) [kaṃsāri] বি. কংসের শত্রু, শ্রীকৃষ্ণ। [সং. কংস + অরি]।

ককা, ককানো (p. 156) [kakā, kakānō] ক্রি. 1 (প্রধানত পীড়িতের ও শিশুর) রুদ্ধস্বরে কাঁদা বা যন্ত্রণায় অস্ফুটভাবে কাঁদা; আর্তস্বরে কাঁদা; 2 অতিশয় অনুনয়বিনয় করা (কেঁদে ককিয়ে আদায় করল)। [সং. √ কক্ + বাং. আ, আনো]। ককানি বি. ককানোরণ কাজ বা শব্দ।

ককুদ, ককুত্ (p. 156) [kakuda, kakut] (-কুদ্) বি. ষাঁড়ের কাঁধের ঝুঁটি, ষাঁড়ের কাঁধের উঁচু মাংসপিণ্ড, অংসকূট, hump. [সং. ক + √ কু + ক্বিপ্]।

ককুভ (p. 156) [kakubha] বি. 1 মার্গসংগীতের রাগিণীবিশেষ; 2 অর্জুন গাছ; 3 দিক। [সং. ক + √ স্কুভ্ + অ]।

কক্ষ (p. 156) [kakṣa] বি. 1 ঘর, প্রকোষ্ঠ, কামরা; 2 বাহুমূল, বগল (কক্ষপুট); 3 গ্রহগুলির পরিভ্রমণপথ, orbit (কক্ষচ্যুত নক্ষত্র); 4 (উদ্ভি.) কাণ্ড ও পাতার মধ্যেকার কোণ, axil. [সং. কষ্ + স]। ˜ চ্যুত, ˜ ভ্রষ্ট বিণ. কক্ষ বা নির্দিষ্ট পথ থেকে পতিত বা বিচ্যুত। ˜ তল বি. 1 গৃহতল, ঘরের মেঝে; 2 বগল। ˜ পুট বি. বগল।

কক্ষনও, কক্ষনো, কক্খনও, কক্খনো (p. 156) [kakṣanō, kakṣanō, kakkhanō, kakkhanō] অব্য. ক্রি-বিণ. 1 কখনও, কখনো, কোনো সময়েই; 2 কোনো কারণেই, কোনো অবস্থাতেই। [বাং. 'কখনও' বা 'কখনো' শব্দের পরিবর্তিত এবং জোরসূচক রূপ]।

কক্ষান্তর (p. 156) [kakṣāntara] বি. অন্য ঘর, ভিন্ন ঘর; অন্য কক্ষ। [সং. কক্ষ + অন্তর]।

কখন (p. 156) [kakhana] অব্য. ক্রি-বিণ. 1 কোন সময়ে (কখন যাবে?); 2 বহুক্ষণ আগে (সে তো কখন চলে গেছে)। [বাং. কোন্ + খন (সং. ক্ষণ)]। কখনোই, কখনো অব্য. ক্রি-বিণ. কোনো সময়েই, কোনো অবস্থাতেই, কোনো

কারণেই। কখনো কখনো, কখনোসখনো অব্য. ক্রি-বিণ. সময়ে সময়ে, মাঝে মাঝে।

কঙ্ক (p. 156) [kaṅka] বি. 1 কাঁক পাখি; 2 (মহাভারতে) বিরাটনগরে অজ্ঞাতবাসের সময় যুধিষ্ঠিরের ছদ্মনাম। [সং. √ কন্‌ক্ + অ]।

কঙ্কণ (p. 156) [kaṅkaṇa] বি. 1 স্ত্রীলোকের হাতের অলংকারবিশেষ, কাঁকন; বলয়, খাড়ু; 2 (আল.) ভূষণ (কবিকঙ্কণ)। [সং. ধ্বন্যাত্মক কম্ + √ কণ্ + অ]।

কঙ্কত (p. 156) [kaṅkata] বি. 1 কাঁকুই, চিরুনি; 2 মাছের ফুলকো, grills (বি.প.)। [সং. √ কঙ্ক্ (কন্‌ক্) + অত]। কঙ্কতিকা, কঙ্কতী বি. চিরুনি, কাঁকুই।

কঙ্কর (p. 156) [kaṅkara] বি. কাঁকর। □ বিণ. কর্কশ। [সং. কং + √ কৃ + অ]।

কঙ্ক-রোল (p. 156) [kaṅka-rōla] বি. কাঁকরোল গাছ বা তার ফল। [সং. কঙ্ক + লোল]।

কঙ্কাল (p. 156) [kaṅkāla] বি. হাড়পাঁজরা, অস্থিপঞ্জর; দেহের খাঁচা। skeleton. [সং. √ কন্‌ক্ + আল]। ˜ মালী (-লিন্) বি. অস্থিমালারী শিব, মহাদেব। ˜ মালিনী বি. (স্ত্রী.) রুদ্রাণী, কালী। ˜ সার বিণ. অস্থিমাত্র অবশিষ্ট আছে এমন; অত্যন্ত কৃশকায়।

কঙ্গুরা (p. 156) [kaṅgurā] বি. দুর্গের মধ্যে যুদ্ধ করবার উপযুক্ত উঁচু জায়গা, বুরুজ। [হি. কঁগুরা]।

কচ1 (p. 156) [kaca1] অব্য. তীক্ষ্ণ অস্ত্র দিয়ে নরম জিনিস কাটবার বা দাঁত দিয়ে কামড়াবার অনুকারধ্বনিবিশেষ।˜ কচ অব্য. ক্রমাগত পেঁচিয়ে কাটবার চিবানোর শব্দবিশেষ।˜ কচানি,˜ কচি বি. 1 একটানা কচকচ শব্দ; 2 ঝগড়াঝাঁটি; 3 তর্কবিতর্ক (আইনের কচকচি)।˜ কচে বিণ. চিবানোর ফলে কচকচ শব্দ হয় এমন।

কচ2 (p. 156) [kaca2] বি. দেবগুরু বৃহস্পতির পুত্র ও দৈত্যগুরু শুক্রাচার্যের শিষ্য। [সং. √ কচ্ + অ]।

কচ3 (p. 156) [kaca3] বি. চুল। [সং. √ কচ্ + অ]।

কচ4 (p. 156) [kaca4] বি. 1 কলম ইত্যাদির সূক্ষ্মভাব, কত; 2 জমি ইমারত ইত্যাদির তেরচাভাবে বেরিয়ে-থাকা অংশ। [ফা. কজ্]।

কচটা (p. 156) [kacaṭā] ক্রি. চটকানো, মাখা। [বাং. চটকা-ধ্বনি বিপর্যয়ের ফলে]।˜ নো বি. বিণ. চটকানো, মাখা; মাখা হয়েছে এমন।

কচড়া (p. 156) [kacaḍ়ā] বি. পাকানো মোটা দাড়ি, দড়া। [দেশি]।

কচর-মচর, কচর-কচর (p. 156) [kacara-macara, kacara-kacara] অব্য. চিবানোর বা তর্কবিতর্কের বা গোলমালের অনুকারধ্বনি।

কচলা (p. 156) [kacalā] ক্রি. (প্রধানত ধোয়ার সময়) রগড়ানো, চটকানো। ̃নি বি. রগড়ানো, চটকানো; রগড়ানো বা চটকানো জিনিস। ̃নো বিণ. রগড়ানো বা চটকানো হয়েছে এমন। □ বি. চটকানো বা রগড়ানো। [হি. কুচলানা]।

কচা (p. 156) [kacā] বি. 1 গাছের কচি ডাল (চলতে চলতে একটা জিয়লের কচা ভেঙে নিল); 2 লাঠি, দণ্ড (কচা হাতে ছুটে এল)। [দেশি]।

কচাত্‌ (p. 156) [kacāt] অব্য. নরম জিনিস এক কোপে কাটবার শব্দবিশেষ। [ধ্বন্যা.]।

কচাল, কোচল (p. 156) [kacāla, kōcala] বি. অনাবশ্যক ঝগড়া বা মন কষাকষি। [দেশি]। কচালে, কুচুলে বিণ. ঝগড়াটে, কুঁদুলে।

কচি (p. 156) [kaci] বিণ. 1 অতি কাঁচা; 2 নবজাত (কচি বাচ্চা); 3 অল্পবয়স্ক (কচি ছেলে); 4 নবীন (কচি বয়স)। [দেশি]।

কচি কলাপাতা রং (p. 156) [kaci kalāpātā ra] বি. কচি কলাপাতার রঙের মতো হালকা সবুজ রং। [বাং. কচি + কলাপাতা + রং]।

কচু (p. 156) [kacu] বি. 1 মানুষের খাদ্য কন্দবিশেষ; 2 (অবজ্ঞায়) কিছুই না, ঘোড়ার ডিম (তুমি আমার কচু করবে)। [সং. √ কচ্‌ + উ, তু. হি. কচচূ]। ̃কাটা বিণ. অবলীলাক্রমে ও সম্পূর্ণভাবে কেটে ফেলা হয়েছে এমন। ̃ঘেঁচু বি. আজেবাজে শাকসবজি; অখাদ্য বস্তু। ̃পোড়া বি. অখাদ্য বস্তু; কিছুই নয়।

কচুরি (p. 156) [kacuri] বি. লুচি-পুরিজাতীয় গোলাকার ভাজা খাবারবিশেষ; ডালের পুর-দেওয়া ডালডা বা ঘিয়ে-ভাজা পুরিজাতীয় খাবার। [হি. কচৌড়ী]।

কচুরি-পানা (p. 156) [kacuri-pānā] বি. অতি দ্রুত বৃদ্ধি পায় এমন জলজ উদ্ভিদবিশেষ, water-hyacinth. [বাং. কচুরি + পানা 2]।

কচ্ছ (p. 156) [kaccha] বি. 1 জলময় ভূমি, জলা জমি; 2 সমুদ্রতীরের ভূমি; 3 গুজরাতের উত্তরে সমুদ্রতীরবর্তী অঞ্চলবিশেষ; 4 নদী হ্রদ প্রভৃতির তীরদেশ; 5 কাছা, পরিধেয় বস্ত্রের যে শেষ অংশ পিছনে কোমরে গোঁজা হয়। [সং. ক + √ ছো + অ]। ˜ টিকা বি. 1 কাছা, কাছুটি; 2 কৌপীন।

কচ্ছপ (p. 156) [kacchapa] বি. কাছিম। [সং. কচ্ছ + √ পা + অ]। বি. স্ত্রী. কচ্ছপী।

কছম (p. 156) [kachama] বি. রকম, প্রকার। [ফা. কিস্‌ম্]।

কছু (p. 156) [kachu] সর্ব. (ব্রজ.) কিছু। [হি. কুছ্]।

কজ্জল (p. 156) [kajjala] বি. 1 কাজল, অঞ্জন; 2 কালি, মসী; ভুসো; 3 মেঘ। [সং. কু (কুদ্) + জল]।

কজ্জলী, কজ্জ্বলী (p. 156) [kajjalī, kajjbalī] বি. পর্পটিকা, রসকজ্জলী, পারদ-গন্ধকঘটিত কালো রঙের ওষুধবিশেষ। [সং. কজ্জল + ঈ]।

কঞ্চি (p. 156) [kañci] বি. বাঁশের সরু ডাল (বাঁশের চেয়ে কঞ্চি দড়)। [তুর. কম্চী]।

কঞ্চুক (p. 156) [kañcuka] বি. 1 বর্ম, কবচ; 2 সাঁজোয়া; 3 কাঁচুলি; 4 জামা; 5 সাপের খোলস। [সং. √ কন্চ্ + উক]।

কঞ্চুকী (p. 156) [kañcukī] (-কিন্) বি. 1 রাজ-অন্তঃপুরে বাসকারী সর্বকার্যকুশল বৃদ্ধ ব্রাহ্মণ; 2 অন্তঃপুরের খোজা বা নপুংসক প্রহরী; 3 বর্মধারী ব্যক্তি; 4 সাপ। [সং. কঞ্চুক + ইন্]।

কঞ্চুল (p. 156) [kañcula] বি. স্ত্রীলোকের অলংকারবিশেষ। [সং. √ কচ্ + উল]।

কঞ্চুলিকা, কঞ্চুলী (p. 156) [kañculikā, kañculī] বি. কাঁচুলি, স্তনাবরণ। [সং. √ কন্চ্ + উল + ঈ, ক (কন্) + আ]।

কঞ্জ (p. 156) [kañja] বি. 1 চুল; 2 পদ্মফুল (কঞ্জনয়নী, কঞ্জমুখী)। [সং. কম্ + √ জন্ + অ]।

কঞ্জুস (p. 156) [kañjusa] বিণ. কৃপণ, পয়সা খরচ করতে চায় না এমন। [প্রাকৃ. কঞ্জুষ; হি. কনজুস]।

কট1 (p. 156) [kaṭa1] অব্য. শক্ত জিনিস কাটবার বা কামড়ে ভাঙবার শব্দবিশেষ। [সং. কট্ট]। কট-কট অব্য. কট করে কামড়ালে যেমন ব্যথা বোধ হয় সেইরকম (কান কটকট করা). কট-কটে বিণ. 1 কটকট শব্দকারী (কটকটে ব্যাঙ); 2 কঠোর, কর্কশ; 3 মর্মভেদী; 4 নীরস (কটকটে কথা)। কট-মট অব্য. ক্রোধের ভাব প্রকাশ (কটমট করে তাকানো)। কট-মটে বিণ. নীরস, কঠোর।

কট2 (p. 156) [kaṭa2] বিণ. বন্ধকী, নির্দিষ্ট শর্তযুক্ত (কট-কবালা)। □ বি. বন্ধকী তমসুক; কট-কবালা। [দেশি]।

কটক (p. 156) [kaṭaka] বি. 1 ওড়িশার নগরবিশেষ; 2 পর্বতের সানুদেশ; 3 সৈন্যবাহিনী; 4 সৈন্যশিবির; 5 বলয়, বালা, bracelect [সং. √ কট্ + অক]। কটকি, (বর্জি.) কটকী বিণ. ওড়িশার কটক নগরে বা কটক জেলায় উৎপন্ন (কটকি শাড়ি, কটকি চাদর)।

কট-কবালা (p. 156) [kaṭa-kabālā] বি. শর্তযুক্ত দলিল। [বাং. কট2 + আ. কবালা]।

কটকিনা, কটকেনা (p. 156) [kaṭakinā, kaṭakēnā] বি. 1 নিয়মের বাঁধাবাঁধি বা কড়াকড়ি (শর্ত নিয়ে ওরা কটকিনা করছে); 2 মেয়াদি ইজারা বা লিজ; 3 প্রতিজ্ঞা (তার কটকিনা ভাঙা কঠিন)। [সং. কঠিন]।

কটকী, কটকি (p. 156) [kaṭakī, kaṭaki] দ্র কটক।

কট-মট (p. 156) [kaṭa-maṭa] বিণ. 1 কঠিন (কটমট করে তাকানো); 2 নীরস; 3 দুর্বোধ্য। কট-মটি বি. নীরসতা, দুর্বোধ্যতা। [বাং. কট (সং. কঠিন) + মট (অনুকার শব্দ)।

কটর-মটর (p. 156) [kaṭara-maṭara] অব্য. বি. শুকনো শক্ত জিনিস চিবানোর শব্দ (কটরমটর করে ছোলা খাওয়া)। [ধ্বন্যা.]।

কটরা (p. 156) [kaṭarā] বি. কাঁসার বাটি। [হি. কটোরা]।

কটা2 (p. 158) [kaṭā2] বিণ. পিঙ্গলবর্ণ, ফ্যাকাসে; রুক্ষ (কটা চুল)। [দেশি]। কটা চোখ বি. পিঙ্গলবর্ণ চোখ।˜ চোখ বিণ. বিড়ালের মতো চোখযুক্ত।˜ শে বিণ. পিঙ্গল আভাযুক্ত; ঈষত্ কটা।

কটাক্ষ (p. 158) [kaṭākṣa] বি. 1 অপাঙ্গদৃষ্টি অর্থাত্ দেখার সময় চোখের তারা কোণের দিকে চালনা করা; আড়দৃষ্টি, বাঁকা বা চোরা চাহনি; 2 পরোক্ষভাবে বিরুদ্ধ সমালোচনা বা শ্লেষ (কারও প্রতি কটাক্ষ করা)। [সং. কট + অক্ষি সমাসান্ত]।˜ পাত বি. বক্রদৃষ্টি; অপাঙ্গদর্শন; শ্লেষ বা বক্রোক্তি; বিন্দুমাত্র নজর। কটাক্ষে ক্রি-বিণ. নিমেষে, অবিলম্বে।

কটাল, কোটাল (p. 158) [kaṭāla, kōṭāla] বি. অমাবস্যায় ও পূর্ণিমার নদী ও সমুদ্রে জলোচ্ছ্বাস, জোয়ার (কটালের বান)। ভরা কটাল বি. অমাবস্যা ও পূর্ণিমায় নদী ও সমুদ্রে পূর্ণ জলোচ্ছ্বাস, পূর্ণ জোয়ার। মরা কটাল বি. ভাঁটা। [হি. কটাল, তু. তা. কডেল (=সমুদ্র)]।

কটাশ, কটাত্ (p. 158) [kaṭāśa, kaṭāt] অব্য. শক্ত জিনিস দাঁত দিয়ে ভেঙে বা কেটে ফেলবার শব্দবিশেষ। [ধ্বন্যা.]। কটাশ কটাশ অব্য. তীব্র যন্ত্রণার শব্দ; পিঁপড়ের কামড়ের কল্পিত শব্দ।

কটাশে (p. 158) [kaṭāśē] দ্র কটা2।

কটাহ (p. 158) [kaṭāha] বি. কড়াই; রান্নার পাত্রবিশেষ। [সং. কট + আ + √ হন্ + অ]।

কটি1-কটা1 (p. 158) [kaṭi1-kaṭā1] এর আদরার্থক বা সংখ্যার অল্পতাবোধক রূপ।

কটি2, কটী (p. 158) [kaṭi2, kaṭī] বি. কোমর, মাজা; মানবদেহের মধ্যদেশ। [সং. √ কট্ + ই]। ̃ তট, ̃ দেশ বি. কোমর। ̃ ত্র, ̃ বন্ধ বি. কোমরবন্ধ, বেল্ট, ঘুনসি, belt, ̃ বসন, ̃ বাস বি. কোমরের কাপড়, পরনের কাপড় (অর্থাত্ শাড়ি ধুতি ইত্যাদি)। ̃ বাত, ̃ শূল বি. কোমরের বাত বা বেদনা। ̃ ভূষণ বি. চন্দ্রহার, মেখলা। ̃ সূত্র বি. ঘুনসি।

কটু (p. 158) [kaṭu] বিণ. 1 তেতো; 2 ঝাল (কটু রস); 3 উগ্র, কঠোর (কটু বাক্য); 4 বিস্বাদ (মাখনটা কটু হয়ে গেছে)। [সং. √ কট্ + উ]। ̃ কাটব্য বি. গালমন্দ, কড়া কথা। ̃ ; তা, ̃ ত্ব বি. কটু ভাব। কটু তেল বি. সরষের তেল। কটুক্তি বি. দুর্বাক্য; গালিগালাজ।

কট্টর (p. 158) [kaṭṭara] বিণ. উগ্র, চরমপন্থী, আপসবিরোধী (ও হল কট্টর বিচ্ছেদপন্থী)। [হি. কট্টর]।

কঠ (p. 158) [kaṭha] দ্র কঠোপনিষত্।

কঠিন (p. 158) [kaṭhina] বিণ. 1 শক্ত, দৃঢ় (কঠিন বাঁধন); 2 কঠোর, নিষ্ঠুর (কঠিন হৃদয়); 3 দুরূহ, দুর্বোধ্য (কঠিন প্রশ্ন); 4 ভীষণ (কঠিন বিপদ); 5 দুরারোগ্য (কঠিন রোগ); 6 সহজে সমাধান করা যায় না এমন (কঠিন সমস্যা, কঠিন মামলা)। [সং. √ কঠ্ + ইন]। বিণ. (স্ত্রী.) কঠিনা। বি.˜ তা,˜ ত্ব, কাঠিন্য। কঠিনী-কৃত বিণ. কঠিন করা হয়েছে এমন। কঠিনী-ভূত বিণ. কঠিন হয়েছে এমন।

কঠোপনিষত্ (-দ্) কঠোপনিষদ, কঠ (p. 158) [kaṭhōpaniṣat (-d) kaṭhōpaniṣada, kaṭha] বি. কঠ উপনিষদ, কঠপ্রোক্ত উপনিষদ। [সং. কঠ + উপনিষদ্]।

কঠোর (p. 158) [kaṭhōra] বিণ. 1 কঠিন, শক্ত, দৃঢ় (কঠোর শাসনে রাখা); 2 নির্মম, নিষ্ঠুর (কঠোর বাক্য); 3 ভীষণ (কঠোর পরীক্ষা, কঠোর সংগ্রাম); 4 দুঃসহ (কঠোর পরিশ্রম); 5 শুষ্ক, নীরস (কঠোর স্বর, কঠোর চিত্ত); 6 পূর্ণ (কঠোরগর্ভা)। [সং. √ কঠ্ + ওর]। বি.˜ তা।

কড়1 (p. 158) [kaḍ়1] বি. 1 বালা; 2 বিবাহের সময় কন্যার হাতে ধারণীয় বালাবিশেষ। [সং. কটক]।

কড়2, কড়া (p. 158) [kaḍ◌̣2, kaḍ◌̣ā] বি. মুকুল থেকে সদ্য যে কচি ফল বেরিয়েছে; ফলের গুটি, অপুষ্ট কচি ফল (আমের কড়া, কুমড়োর কড়া)। [সং. কলি=কড়ি]।

কড়-কচ (p. 158) [kaḍ◌̣-kaca] বি. সমুদ্রজাত লবণ, করকচ নুন। [ধ্বন্যাত্মক, সং. কড়ক]।

কড়-কড়, কড়-মড় (p. 158) [kaḍ◌̣-kaḍ◌, kaḍ◌̣-maḍ◌̣] অব্য. মেঘের শব্দ বা কঠিন জিনিস চিবানোর শব্দ। [ধ্বন্যা.]। কড়-কড়ে বিণ. 1 শুকনো (কড়কড়ে ভাত); 2 ভঙ্গুর; 3 যা চিবালে কড়কড় করে। কড়-কড়ানি, কড়-মড়ানি বি. কড়কড় বা কড়মড় শব্দ।

কড়কা (p. 158) [kaḍ◌̣kā] ক্রি. ধমক দেওয়া, ভৎর্সনা করা (ওকে আচ্ছা করে কড়কে দিয়েছি)। ˜ নো বি. ধমকানি, ভৎর্সনা। □ ক্রি. কড়কে দেওয়া। [তু. হি. কড়কনা]।

কড়ঙ্গ (p. 158) [kaḍ◌̣ṅga] বি. 1 নারকেলমালা দিয়ে তৈরি ভিক্ষাপাত্রবিশেষ; 2 জলপাত্রবিশেষ। [সং. করঙ্ক]।

কড়চা (p. 158) [kaḍ◌̣cā] বি. 1 বৈষ্ণব সাহিত্যে পদ্যে লিখিত ইতিবৃত্ত, জীবনী বা দিনলিপি; 2 রোজনামচা, দিনলিপি; 3 প্রজার দেয় খাজনায় বিবরণ সংবলিত বই বা নথি। [তু. হি. কড়খা]।

কড়্তা, করতা (p. 158) [kaḍ্ṭā, karatā] বি. জিনিসপত্র বিক্রয়ের সময় পাত্রের ওজন (তেলের বোতলের করতা বাদ দিয়েছ তো?), tare [দেশি]।

কড়্মড়, কড়্মড়ানি (p. 158) [kaḍ্ṃaḍ্, kaḍ্ṃaḍ্āni] দ্র কড়্কড়্।

কড়্মা (p. 158) [kaḍ্ṃā] বি. দইয়ের সঙ্গে ছাতু ময়দা চিঁড়ে প্রভৃতি মিশিয়ে প্রস্তুত খাদ্যবিশেষ। [সং. করম্ভ]।

কড়া1 (p. 158) [kaḍ্ā1] বি. ধাতুর বালা; বালার মতো হাতল (দরজার কড়া); আংটা। [সং. কটক]।

কড়া2, কড়াই (p. 158) [kaḍ্ā2, kaḍ্āi] বি. ধাতুর তৈরি (সচ.) দুটি আংটাওয়ালা রান্নার পাত্র, কটাহ। [সং. কটাহ]।

কড়া3 (p. 158) [kaḍ্ā3] বিণ. 1 শক্ত, কঠিন, কঠোর (কড়া শাসন); 2 তীব্র, প্রখর (কড়া রোদ, কড়া তাপ); 3 প্রবল, উগ্র (কড়া মেজাজ); 4 কটু (কড়া কথা); 5 কর্কশ (কড়া আওয়াজ)। □বি. চামড়ায় ঘর্ষণজনিত কাঠিন্য, ঘাঁটা (হাত-পায়ের কড়া)। [সং. কঠোর]। ̃ কড়, ̃ক্কড় বিণ. কঠিন, কঠোর। □ বি. কড়াকড়ি (বেশি কড়াক্কড় ভালো নয়)। ̃ কড়ি, ̃ক্কড়ি বি. বাঁধাবাঁধি; কঠোর শাসন।

কড়া4 (p. 158) [kaḍ্ā4] বি. কর্পদক, কড়ি। [সং. কর্পদক, তু. হি. কৌড়ী]। এক কড়া বি. বিণ. (আল.) অতি তুচ্ছ বা সামান্য পরিমাণ (তার এক কড়া বুদ্ধি নেই)। ̃ কিয়া (গ্রা.) ̃ ঙ্কিয়া, ̃ ঙ্কে বি. (1 থেকে 1) কড়ার হিসাব। ̃ ক্রান্তি দ্র

ক্রান্তি। কড়ায়-গণ্ডায় ক্রি-বিণ. অতি নিপুণ ও সূক্ষ্ম হিসাবমতে (কড়ায়-গণ্ডায় আদায় করেছি)।

কড়া5 (p. 159) [kaḍ়āa5] দ্র কড়2।

কড়াই (p. 159) [kaḍ়āi] দ্র কড়া2।

কড়াত্ (p. 159) [kaḍ়āt] বি. অব্য. বজ্রপাত বা কোনো শক্ত জিনিস ভাঙার শব্দবিশেষ। [ধ্বন্যা.]।

কড়ার1 (p. 159) [kaḍ়āra1] বিণ. পিঙ্গল বা কপিশ, পিঙ্গল বর্ণের। [সং. √ কড়ার্ + অচ্ (অ) অস্ত্যর্থে]।

কড়ার2 (p. 159) [kaḍ়āra2] বি. অঙ্গীকার, শপথ; শর্ত (কড়ার করা, কড়ার করিয়ে নেওয়া, কড়ারে আবদ্ধ)। [আ. করার্]। কড়ারি, (বর্জি.) কড়ারী বিণ. অঙ্গীকারনির্দিষ্ট, শর্তানুযায়ী।

কড়ি1 (p. 159) [kaḍ়i1] বি. ছাদ ধরে রাখার উপযোগী কাঠ বা লোহার আড়কাঠ, আড়া (কড়িবরগা), beam, joist. [বাং. < সং. কাণ্ড; তু. হি. কাঁড়]।

কড়ি2 (p. 159) [kaḍ়i2] বি. শামুকজাতীয় সামুদ্রিক জীববিশেষের খোল; মুদ্রারূপে ব্যবহৃত ওই দ্রব্য, কপর্দক (বৈদ্যের কড়ি, কানাকড়ি)। ˜ কপালে বিণ. যার অর্থভাগ্য ভালো। [প্রাকৃ. কওড়ী; হি. কৌড়ী]।

কড়ি3 (p. 159) [kaḍ়i3] বি. (সংগীতে) কোনো সুরের অপেক্ষাকৃত চড়া বা বিবৃত পরদা (কড়ি ও কোমল)। [দেশি]। ̃ মধ্যম বি. মধ্যম বা 'মা' সুরের ঈষত্ চড়া পরদা, মধ্যম ও পঞ্চমের মধ্যবর্তী সুর।

কড়ি-য়াল1, কড়ি-আলা, কড়ি-ওয়ালা (p. 159) [kaḍ়i-ẏāla1, kaḍ়i-ālā, kaḍ়i-ōẏālā] বিণ. ধনশালী, পয়সাওয়ালা। [বাং. কড়ি + হি. ওয়ালা]।

কড়ি-য়ালি, কড়ি-য়াল2 (p. 159) [kaḍ়i-ẏāli, kaḍ়i-ẏāla2] বি. লাগাম বা বলগার মতো যা ঘোড়ার মুখে লাগানো থাকে। [কড়ি (=কড়া1) + আল]।

কড়ুই1 (p. 159) [kaḍui1] বি. ধানের গোলা। [বাং. কুঁড়া + ই]।

কড়ুই2 (p. 159) [kaḍ়ui2] বি. পটোল ঝিঙে থোড় ইত্যাদির ব্যঞ্জনবিশেষ। [দেশি]।

কড়ুয়া1 (p. 159) [kaḍuẏā1] বিণ. 1 কটু, তীব্র (কড়ুয়া গন্ধ); 2 কড়া (কড়ুয়া তেল)। [সং. কটুক; প্রাকৃ. কড়ুঅ; বাং. কড়ুয়া]।

কড়ুয়া2 (p. 159) [kaḍ়uẏā2] বি. 1 অঙ্কুর; 2 আঁকশি। [দেশি]।

কড়ে (p. 159) [kaḍ়ē] বিণ. কনিষ্ঠ; ছোট, ক্ষুদ্র (কড়ে আঙুল)। [সং. কনীয়স্-কনিষ্ঠ; হি. কনেঠ]। কড়ে আঙুল মানুষের হাতের বা পায়ের সবচেয়ে ছোট আঙুল। কড়ে রাঁড়ি অল্পবয়স্কা বিধবা।

কণা, কণ, কণিকা (p. 159) [kaṇā, kaṇa, kaṇikā] বি. 1 অতিক্ষুদ্র বা সূক্ষ্ম অংশ (কণামাত্র, এক কণাও নয়); 2 রেণু, গুঁড়ো (ধূলিকণা); 3 শস্যের ক্ষুদ্র অংশ; চালের খুদ। [সং. √ কণ্ + অ + আ, ক + আ (স্ত্রী)।

কণাদ (p. 159) [kaṇāda] বি. বৈশেষিক দর্শনপ্রণেতা মুনিবিশেষ। [সং. কণ + √ অদ্ + অ]।

কণিকা (p. 159) [kaṇikā] বি. ক্ষুদ্র অংশ, কণা (প্রসাদকণিকা)। [কণা দ্র]।

কণ্টক (p. 159) [kaṇṭaka] বি. 1 গাছের বা মাছের কাঁটা (কণ্টকাকীর্ণ পথ); 2 অন্তরায়, বাধা, বিঘ্ন (সুখের কণ্টক); 3 লজ্জা বা কষ্টের কারণ; 4 শত্রু; 5 রোমাঞ্চ। [সং. √ কণ্ট্ + অক]।~ ফল, কণ্টকি-ফল, কণ্টকী-ফল বি. কাঁঠাল; কাঠালগাছ।~ শয্যা বি. অস্বস্তি; অত্যন্ত অস্বস্তিকর বা যন্ত্রণাদায়ক অবস্থা। কণ্টকিত বিণ. 1 রোমাঞ্চিত (শরীর কণ্টকিত হল); 2 বাধাজনক; জটিলতাপূর্ণ (সমস্যাকণ্টকিত পথ)। কণ্টকী (-কিন্) বিণ. যাতে কাঁটা আছে এমন। □ বি. 1 খেজুর বা ওইজাতীয় কাঁটাযুক্ত গাছ; 2 বেউড় বাঁশ; 3 কাঁটাওয়ালা মাছবিশেষ। কণ্টকোদ্ধার বি. কাঁটা দূরীকরণ, বিঘ্ননাশ; শত্রুদমন। কণ্টকে কণ্টকোদ্ধার শত্রুকে দিয়ে শত্রু দমন করা, কাঁটা দিয়ে কাঁটা তোলা; এক শত্রুর বিরুদ্ধে অন্য শত্রুকে লেলিয়ে দেওয়া।

কণ্টি-কারি (p. 159) [kaṇṭi-kāri] বি. কাঁটাওয়ালা ভেষজ গাছবিশেষ। [সং. কণ্টকারী]।

কণ্ট্রাকটর (p. 159) [kaṇṭrākaṭara] দ্র কনট্রাকটর।

কণ্ঠ (p. 159) [kaṇṭha] বি. 1 গলা, গলদেশ (কণ্ঠভূষণ); 2 স্বরনালী (কণ্ঠরোধ্); 3 গলার স্বর (সুকণ্ঠ)। [সং. √ কণ্ + ঠ]। ˜ গত বিণ. কণ্ঠাগত; কণ্ঠ পর্যন্ত এসেছে এমন; বাইরে বেরিয়ে এসেছে এমন। ˜ নালী, ˜ নালি বি. গলনালি, গলার নালি। ˜ বদ্ধ, ˜ লগ্ন, ˜ লীন বিণ. আলিঙ্গন করে গলা জড়িয়ে ধরেছে এমন। ˜ ভূষণ বি. গলার হার; চিক, মালা ইত্যাদি গলার অলংকার। ˜ মণি বি. 1 গলায় ধারণীয় রত্ন; 2 (আল.) পরম আদরের পাত্র; 3 গলনালীর বাইরের দিকের উঁচু নরম হাড়বিশেষ, Adam's apple. ˜ রোধ শ্বাসরোধ; কথা বলার ক্ষমতা বা প্রতিবাদের অধিকার বিলোপ (সংবাদপত্রের কণ্ঠরোধ)। ˜ লগ্ন বিণ. গলায় জড়ানো রয়েছে এমন (কণ্ঠলগ্ন হয়ে)। ˜আলিঙ্গন করে রয়েছে এমন (স্বামীর কন্ঠলগ্ন হয়ে) স্থ বিণ. 1 কণ্ঠে অবস্থিত; 2 (আল.) মুখস্থ। ˜ হার বি. 1 গলায় পরবার হার; অতি প্রিয়মাত্র। কণ্ঠা বি. 1 গলার দুই পাশের হাড়, কণ্ঠাস্থি; 2 গলা, কণ্ঠ (কণ্ঠা জেগে গেছে)। কণ্ঠাগত বিণ. 1 কণ্ঠ পর্যন্ত এসেছে এমন; 2 বেরিয়ে এসেছে এমন। কণ্ঠাগত-প্রাণ বিণ. মুর্মূষু, প্রাণ বেরিয়ে যাবার উপক্রম হয়েছে এমন; অত্যন্ত ক্লান্ত। □ বি. মূমূর্ষু প্রাণ। কণ্ঠাভরণ বি. গলার অলংকার। কণ্ঠি বি. বৈষ্ণবদের গলার তুলসীর মালা। কণ্ঠি-ধারণ বি. বৈষ্ণবদের তুলসীর মালা পরা; বৈষ্ণবধর্ম গ্রহণ। কণ্ঠি-ধারী (-রিন্) বিণ. বি. বৈষ্ণব, বৈরাগী। কণ্ঠিবদল বি. মালাবদলের মতো কণ্ঠিবদল করে বৈষ্ণবদের বিবাহপ্রথা। কণ্ঠী, কণ্ঠিকা বি. 1 গলার একনর মালা; 2 কণ্ঠি। কণ্ঠৌষ্ঠ্য বিণ. কণ্ঠ ও ওষ্ঠ থেকে উচ্চারিত। কণ্ঠ্য বিণ. 1 কণ্ঠসম্বন্ধীয়; 2 কণ্ঠ থেকে উচ্চারিত (কণ্ঠ্যবণ)।

কণ্ডন (p. 159) [kaṇḍana] বি. কাঁড়ানো, শস্য ছেঁটে তুষ নিষ্কাশিত করা। [সং. √ কণ্ড্ + অন]। কণ্ডনী বি. মুষল; শস্য কাঁড়াবার উদূখল।

কণ্ডু (p. 159) [kaṇḍu] বি. 1 চুলকানি; খোস; 2 মুনিবিশেষ। [সং. √ কণ্ড্ + উ]।

কণ্ডূ (p. 159) [kaṇḍū] বি. চুলকানি; খোসপাঁচড়া। [সং. √ কণ্ডু + ক্বিপ্]।˜ তি বি. 1 চুলকানি; 2 কোনো কিছুর জন্য অতিরিক্ত ব্যগ্রতা বা উসখুস ভাব (হস্তকণ্ডূতি, কণ্ঠকণ্ডূতি)।˜| য়ন বি. কণ্ডূতি; চুলকানো।˜ য়-মান বিণ. চুলকাচ্ছে এমন।

কণ্ব (p. 159) [kaṇba] বি. মুনিবিশেষ, শকুন্তলা যাঁর পালিতা কন্যা। [সং. √ কণ্ + ব]।

কত1 (p. 160) [kata1] বি. কলমের মুখ, কচ; নিব। [আ. কত্]।˜ কাটা বিণ. কলমের মতো ছুঁচলো ও তেরছাভাবে কাটা।

কত2 (p. 160) [kata2] বিণ. 1 কী পরিমাণ, কয়টি, কয়জন (কত দুধ? কত আম? কত লোক?); 2 বহু (কত লোকেই তো জানে)। □ ক্রি-বিণ. বহু পরিমাণে (কত এল, কত গেল)। □ সর্ব. কী পরিমাণ (আমার কাছে টাকা আছে, তোমার কত চাই?)। [সং. কতি]। কত করে 1 কী দামে, কী দরে (মাছ কত করে কিনলে); 2 বহু অনুনয়বিনয় করে (কত করে বললাম তবু শুনল না); 3 বহু চেষ্টার ফলে (কত করে পাশ করেছি)।˜ ক বিণ. কিছু পরিমাণ (কতক লোক, কতক জল, ঘা কতক)। □ ক্রি-বিণ. অংশত (বইখানা কতক পড়েছি)। □ সর্ব. কিছু অংশ (আমগুলোর কতক কতক টক)। □ বি. কিছুসংখ্যক লোক (দেশের কতক অনাহারে কাটাচ্ছে)।˜ কটা বিণ. কিছুপরিমাণ (কতকটা পথ গেছে)। □ ক্রি-বিণ. কিছু পরিমাণে (কতকটা তাই-ই হয়েছে)। কত কী বি. সর্ব. বিণ.

নানারকম (কত কী খাবার, কত কী ঘটবে, কত কী দেখছি)।˜ ক্ষণ বি. 1 কিছু সময়; 2 বহু সময়। □ ক্রি-বিণ. 1 কিছু সময় ধরে (কতক্ষণ নীরব রইল); 2 কত সময় পূর্বে (কতক্ষণ এসেছ?)।˜ টা বিণ. কতখানি, কী পরিমাণ (কতটা দুধ পড়েছে?)। □ সর্ব. বি. কোনো জিনিসের কতটা, কতখানি বা কতগুলি জিনিস (তুমি কতটা খেয়েছ?)।˜ দূর বি. কিছু দূর; অনেক দূর। □ ক্রি-বিণ. কিছু দূরে; কত দূরে (সে কত দূর গেছে)। কত-না বিণ. বহু, অসংখ্য; বহু পরিমাণ (কত-না দুঃখ পেয়েছ, কত-না কেঁদেছি)।˜ বার ক্রি-বিণ. 1 কয়বার (কতবার ওখানে গেছে?); 2 বহুবার ('কতবার ভেবেছিনু আপনা ভুলিয়া': রবীন্দ্র)।˜ মতো বিণ. ক্রি-বিণ. বহুপ্রকার, বহুপ্রকারে (কতমতো চেষ্টা করলাম, কতমতো করে দেখেছি)।˜ শত বিণ. অসংখ্য (কতশত লোক)।˜ হুঁ (ব্রজ.) বিণ. কতই, বিবিধ; বহু ('চুম্বন করল কতহুঁ ছন্দ': বিদ্যা)।

কতল, কোতল (p. 160) [katala, kōtala] বি. 1 মুণ্ডচ্ছেদ, শিরচ্ছেদ; 2 হত্যা, খুন; 3 প্রাণদণ্ড (রাজার আদেশে তাকে কতল করা হবে)। [আ. কত্ল্]।

কতি (p. 160) [kati] বিণ. (প্রা. বাং.) 1 কত, কতপরিমাণ; 2 কিছু, কতিপয়। □ সর্ব. কোথায়। [সং. কিম্ + অতি, হি. কতী]।

কতি-পয় (p. 160) [kati-paẏa] বিণ. কয়েকটি, কতকগুলি, কিছুসংখ্যক (কতিপয় দিবস, কতিপয় বালক)। [সং. কতি + অয় প আগম]।

কতেক (p. 160) [katēka] বিণ. কত ('কতেক মধু শ্যাম নামে আছে গো' চণ্ডী)। তু. যতেক। [বাং. কত + এক]।

কত্তা (p. 160) [kattā] বি. কর্তা -র কথ্য রূপবিশেষ।

কত্থক (p. 160) [katthaka] বি. ভারতীয় উচ্চাঙ্গ নৃত্যপদ্ধতিবিশেষ। [হিং. কত্থক]।

কথক (p. 160) [kathaka] বি. 1 পুরাণাদি গ্রন্েহর ব্যাখ্যাকারক বা পাঠক; 2 বক্তা। [সং. √ কথ্ + অক]।˜ ঠাকুর বি. যে ব্রাহ্মণ পুরাণাদি গ্রন্হ পাঠ এবং ব্যাখ্যা করেন।˜ তা বি. কথকের বৃত্তি; পুরাণাদি পাঠ ও ব্যাখ্যা।

কথঞ্চিত্, কথঞ্চন (p. 160) [kathañcit, kathañcana] ক্রি-বিণ. কোনোরকমে। □ বিণ. কিঞ্চিত্, কিছুটা (রোগী এখন কথঞ্চিত্ সুস্হ)। [সং. কথম্ + চিত্, চন]।

কথন (p. 160) [kathana] বি. কথা, উক্তি, বলা; বিবৃতি, ভাষণ। [সং. √ কথ্ + অন]। কথনীয় বিণ. কথ্য, বলার যোগ্য; বলা উচিত এমন; বক্তব্য।

কথা (p. 160) [kathā] বি. 1 উক্তি, বচন (আস্তে কথা বলে); 2 কাহিনি, গল্প, আখ্যান (রামায়ণের কথা, মহাভারতের কথা); 3 মত, অভিমত (এ ব্যাপারে এই হল আমার কথা); 4 প্রসঙ্গ, বিষয় (অবান্তর কথার অবতারণা করা); 5 প্রতিশ্রুতি (কথা দেওয়া, কথা রাখা); 6 কথকতা (আজ জমিদারবাড়িতে কথা হবে); 7 আলাপ (তার সঙ্গে কথা বন্ধ); 8 পরামর্শ, প্ররোচনা (মন্হরার কথায় কৈকেয়ী দশরথের কাছে বর চাইলেন); 9 তিরস্কার, কটুবাক্য (খুব করে কথা শুনিয়ে দিয়েছি); 1 তুলনা (ধনীর সঙ্গে কার কথা?); 11 ব্যাপার (যে-সে কথা নয়); 12 প্রয়োজন, বাধ্যবাধকতা (যেতেই হবে এমন কোনো কথা নেই); 13

ওজন, কৈফিয়ত (ভুল হলে কোনো কথা শুনব না); 14 কল্পনাধর্মী বর্ণনা (কথাসাহিত্য); 15 আদেশ, নির্দেশ (গুরুর কথা ঠেলতে পারব না); 16 প্রবাদ (কথায় বলে, কানা গোরুর ভিন্ন পথ)। [সং. √ কথ্ + অ + আ]। কথা কাটা ক্রি. বি. কথা এড়ানো; প্রতিবাদ করা; যুক্তি খণ্ডন করা। কথা কাটা-কাটি বি. তর্কাতর্কি; বাদ-প্রতিবাদ; বচসা।˜ কলি বি. পৌরাণিক যুদ্ধকাহিনিমূলক ভারতীয় নৃত্যবিশেষ। [সং. কথা (কাহিনি) + কলি (=যুদ্ধ)]।˜ চ্ছলে, কথার ছলে ক্রি-বিণ. প্রসঙ্গক্রমে, কথাবার্তা বলতে বলতে (কথাচ্ছলে প্রস্তাবটা করলাম)।˜ ন্তর বি. 1 ঝগড়া, বাদানুবাদ, কথা কাটাকাটি; 2 অন্য প্রসঙ্গ; 3 কথার মধ্যে বিরাম; 4 কথার খেলাপ। কথা পাড়া ক্রি. বি. প্রস্তাব করা; প্রস্তাব উত্থাপন করা।˜ প্রসঙ্গে ক্রি-বিণ. কথাচ্ছলে, কথা বলতে বলতে; কথায় কথায়। কথা ফোটা ক্রি বি. (শিশু, পাখি প্রভৃতির) মুখে অর্থযুক্ত শব্দ উচ্চারিত হওয়া; কথা বলতে শেখা।˜ বার্তা বি. আলাপ-আলোচনা। কথা-মাত্র সার কেবল কথাই, কাজ নয়; ফাঁকা আওয়াজ; ফাঁকি। কথায় কথায় ক্রি-বিণ. 1 কথাচ্ছলে, কথাপ্রসঙ্গে; 2 অকারণে বা প্রায়ই (কথায় কথায় ঝগড়া)। কথার কথা বি. গুরুত্বহীন বা বাজে কথা, অসার বা অবাস্তব কথা। কথার নড়চড় বি. প্রতিশ্রুতিভঙ্গ। কথার মারপ্যাঁচ বি. কথার কৌশল বা জটিলতা।˜ রম্ভ বি. বক্তব্য বা কাহিনির শুরু।˜ শিল্প বি. উপন্যাস গল্প ইত্যাদি গদ্যে লিখিত সাহিত্য শিল্পী বি. উপন্যাসপ্রণেতা; গল্প বা কাহিনির লেখক। কথাসাহিত্য বি. গল্প-উপন্যাস প্রভৃতি। উচিত কথা বি. যোগ্য বা হক কথা; ন্যায্য এবং কড়া মন্তব্য (উচিত কথা শুনিয়ে দিয়েছি)। কাজের কথা বি. দরকারি কথা। ছোট মুখে বড় কথা বি. তুচ্ছ বা কনিষ্ঠ লোকের মুখে বড়র প্রতি বা মাননীয়ের প্রতি অসম্মানজনক কথা। দশ কথা বি. অনেক কথা, নানা কথা; গালমন্দ (বাড়ি বয়ে দশ কথা শুনিয়ে গেল)। নাকে মুখে কথা, চোখে মুখে কথা বি. বেশি কথা, বাচালতা। বাজে কথা বি. খেলো বা অসার কথা। মোট কথা বি. মোটমাট বক্তব্য, ফলকথা; সব মিলে যা দাঁড়াল তাই। লাখ কথার এক কথা বি. অনেক বাজে

কথার মধ্যে একটিমাত্র দামি বা কাজের কথা। শেষ কথা বি. 1 যে কথার পর আর বক্তব্য বা মন্তব্য চলে না; 2 মরণকালের কথা।

কথা-সরিত্-সাগর (p. 160) [kathā-sarit-sāgara] বি. সোমদেব ভট্ট রচিত বিখ্যাত সংস্কৃত কাহিনিগ্রন্থবিশেষ। [সং. কথা (গল্প) + সরিত্ + সাগর]।

কথিত (p. 160) [kathita] বিণ. 1 উক্ত, বলা হয়েছে এমন; 2 বর্ণিত; 3 উচ্চারিত। [সং. √ কথ্ + ত]।

কথোপ-কথন (p. 160) [kathōpa-kathana] বি. পরস্পরের কথাবার্তা, আলাপ আলোচনা। [সং. কথা + উপকথন]।

কথ্য (p. 160) [kathya] বিণ. 1 বলার যোগ্য বা বলা উচিত এমন; কথনীয়, বক্তব্য; 2 কথাবার্তায় ব্যবহৃত (কথ্যভাষা)। [সং. √ কথ্ + য]।

কদক্ষর (p. 160) [kadakṣara] বি. 1 কুৎসিত অক্ষর; 2 বিশ্রী হাতের লেখা। □ বিণ. অক্ষর বা হাতের লেখা কুৎসিত এমন। [সং. কু (কুৎসিত) + অক্ষর]।

কদগ্নি (p. 160) [kadagni] বি. 1 যে আগুন প্রায় নিভে যাচ্ছে, নিবুনিবু আগুন; 2 অগ্নিমান্দ্য; অজীর্ণ রোগ। [সং. কু (মন্দ) + অগ্নি]।

কদন্ন (p. 160) [kadanna] বি. 1 কুখাদ্য; খাওয়া যায় না এমন খাবার; 2 বাসি খাবার বা ভাত। [সং. কু (মন্দ) + অন্ন]।

কদভ্যাস (p. 160) [kadabhyāsa] বি. মন্দ অভ্যাস, কু-অভ্যাস। [সং. কু + অভ্যাস]। তু বদভ্যাস।

কদম1 (p. 160) [kadama1] বি. 1 পা, চরণ; 2 পদক্ষেপ; 3 ঘোড়ার গতিভঙ্গি। [আ. কদ্ম্]।

কদম2 (p. 160) [kadama2] বি. কদম্ব, হলুদ রঙের সুগন্ধ ফুল বা তার গাছ। [সং. কদম্ব]। কদমা বি. (কদম ফুলের মতো আকারবিশিষ্ট) চিনির তৈরি সাদা মিঠাইবিশেষ। জোর কদম বি. দ্রুত পায়ে চলা; দ্রুত গতি।

কদম্ব (p. 160) [kadamba] বি. বড় গাছবিশেষ ও তার ফুল. কদম। [সং. √ কদি + অম্ব]।

কদর (p. 160) [kadara] বি. খাতির, সম্মান, মর্যাদা, আদরযত্ন (সে ভালো জিনিসের কদর বোঝে)। [আ. কদর্]।

কদর্থ (p. 160) [kadartha] বি. বিকৃত, অসংগত বা ভুল মানে; কুৎসিত অর্থ। [সং. কু + অর্থ]।˜ ন,˜ না বি. 1 নিন্দা; 2 কদর্থ করা (আমার বক্তব্যর এই কদর্থন আমাকে খুবই পীড়া দেয়)। কদর্থিত, কদর্থী-কৃত বিণ. ভুল অসংগত বা বিকৃত অর্থ করা হয়েছে এমন।

কদর্য (p. 160) [kadarya] বিণ. 1 অত্যন্ত কুৎসিত, জঘন্য, হীন, নীচ; 2 (মূল অর্থ কিন্তু বর্ত. বিরল) কৃপণ। [সং. কু + অর্য]। বি.˜ তা।

কদলী, কদল (p. 160) [kadalī, kadala] বি. কলা; কলাগাছ। [সং. ক + √ দল্ + অ + ঈ]। কদলী-কুসুম, কদলী-পুষ্প বি. কলার ফুল, মোচা।

কদাকার (p. 160) [kadākāra] বিণ. অত্যন্ত কুৎসিত বা জঘন্য আকৃতিবিশিষ্ট। [সং. কু + আকার]।

কদাচ (p. 160) [kadāca] অব্য. ক্রি-বিণ. কখনো, কখনোই (এ কাজ আমার দ্বারা কদাচ হবে না); দৈবাত্ কখনো। [সং. কদাচন]।

কদাচন, কদাচিত্ (p. 160) [kadācana, kadācit] অব্য. ক্রি-বিণ. কোনো সময়ে; দৈবাত্ কখনো; খুব একটা নয় (আমি কদাচিত্ সেখানে যাই)। [সং. কদা + চন, চিত্]।

কদাচার, কদাচরণ (p. 160) [kadācāra, kadācaraṇa] বি. জঘন্য বা বিশ্রী আচরণ, খুব খারাপ কাজকর্ম। □ বিণ. কুৎসিত আচারবিশিষ্ট। [সং. কু + আচার, আচরণ]। কদাচারী (-রিন্) বিণ. জঘন্য আচরণকারী, দুর্বৃত্ত।

কদাপি (p. 160) [kadāpi] অব্য. 1 কখনো (একথা কদাপি ঠিক নয়; কদাপি এ কাজ কোরো না); 2 কোনো-এক সময়ে (যদি কদাপি সে একথা বলেও থাকে)। [সং. কদা + অপি]।

কদিন, (কথ্য) কদ্দিন (p. 160) [kadina, (kathya) kaddina] ক্রি-বিণ. কয়দিন, কতদিন (আর কদিন অপেক্ষা করব?); অল্প কিছু দিন (কদিনের মধ্যেই সে সেরে উঠবে)। [বাং. কয় + দিন]।

কদু (p. 160) [kadu] বি. লাউ। [ফা. কদ্দু, হি. কদ্দু]।

কদুক্তি (p. 160) [kadukti] বি. খারাপ বা অসংগত কথা, কটু কথা, কুকথা, দুর্বাক্য। [সং. কু + উক্তি]।

কদুত্তর (p. 160) [kaduttara] বি. খারাপ বা অসংগত জবাব; মুখে মুখে জবাব। [সং. কু + উত্তর]।

কদুষ্ণ, কবোষ্ণ, কোষ্ণ (p. 160) [kaduṣṇa, kabōṣṇa, kōṣṇa] বিণ. ঈষদুষ্ণ, অল্প গরম। [সং. কত্, কব, ক + উষ্ণ]।

কদ্দিন (p. 160) [kaddina] দ্র কদিন।

কদ্রু, কদ্রূ (p. 160) [kadru, kadrū] বি. নাগমাতা, কশ্যপমুনির পত্নী। [সং. √ কদ্ + রু]।

কনক (p. 160) [kanaka] বি. স্বর্ণ, সোনা। [সং. √ কন্ + অক]।˜ চাঁপা বি. হলুদ রঙের চাঁপা ফুল, সোনা রঙের চাঁপা ফুল।˜ চূড় বি. ধানবিশেষ। □ বিণ. যার শীর্ষদেশ সোনায় মোড়া ('কনকচূড় মুকুটখানি': রবীন্দ্র)।˜ চূর বি. ধানবিশেষ, কনকচূড় ধান।˜ পত্র বি. পাতার মতো দেখতে এমন কর্ণভূষণ।˜ প্রভা বি.সোনার দ্যুতি, সোনার উজ্জ্বলতা।˜ ময় বিণ, সোনার তৈরি; যাতে সোনা রয়েছে এমন।˜ মুকুট বি. সোনার মুকুট।˜ রঞ্জিত বিণ. সোনার জলে গিল্টি করা হয়েছে এমন।˜ রস বি. হলুদ রঙের বিষাক্ত ধাতব পদার্থবিশেষ, হরিতাল।˜ সূত্র বি. সোনার

তার, সোনার ডোর। কনকাচল বি. সুমেরু পর্বত; স্বর্ণময় পর্বত। কনকাঞ্জলি বি. হিন্দু বিবাহানুষ্ঠানে বা অন্য অনুষ্ঠানে মাঙ্গলিক সোনা দান।

কন-কন (p. 160) [kana-kana] বি. 1 তীব্র যন্ত্রণা (দাঁত কনকন করছে); 2 তীব্র ঠাণ্ডা বা শীত। কন-কনানি বি. কনকন করার অনুভূতি। কন-কনানো ক্রি. বি. কনকন করা (দাঁত কনকনাচ্ছে)। কন-কনে বিণ. অত্যন্ত কষ্টদায়ক, যন্ত্রণা বা অস্বস্তি জন্মায় এমন (কনকনে শীত, কনকনে হাওয়া)।

কন-ট্রাকটর, কন-ট্রাকটার (p. 160) [kana-ṭrākaṭara, kana-ṭrākaṭāra] বি. যে ঠিকায় বা নির্ধারিত শর্তে কাজ করে; ঠিকাদার। [ইং. contractor]। কন-ট্রাকটরি, কন-ট্রাকটারি বি. ঠিকা নিয়ে কাজ, ঠিকাদারি।

কন-ট্রোল (p. 160) [kana-ṭrōla] বি. অত্যাবশ্যকীয় দ্রব্যাদি নির্দিষ্ট মূল্যে সরবরাহের জন্য সরকারি ব্যবস্থা (কনট্রোলের চাল, কনট্রোলের দোকান)। [ইং. control]।

কন-ডাকটর (p. 162) [kana-ḍākaṭara] বি. 1 পরিচালক; 2 বাস ট্রাম প্রভৃতিতে ভাড়া আদায়কারী কর্মচারী। [ইং. conductor]।

কন-ভোকেশন (p. 162) [kana-bhōkēśana] বি. বিশ্ববিদ্যালয়ের বার্ষিক উপাধি বিতরণ সভা, সমাবর্তন উৎসব। [ই. convocation]।

কন-সার্ট (p. 162) [kana-sārṭa] বি. (বিবিধ বাদ্যযন্ত্রের) ঐকতান; বাদ্যবৃন্দ, সমবেত যন্ত্রসংগীত। [ইং. concert]। কনসার্ট পার্টি ঐকতানবাদকের দল।

কন-স্টেবল (p. 162) [kana-sṭēbala] বি. পুলিশ প্রহরী; সান্ত্রি; পাহারাওয়ালা। [ইং constable]।

কনিষ্ঠ (p. 162) [kaniṣṭha] বিণ. ক্ষুদ্রতম; সবচেয়ে ছোট (কনিষ্ঠ অঙ্গুলি); বয়সে সবচেয়ে ছোট (কনিষ্ঠ পুত্র); অনুজ, পরে জন্মেছে এমন (কনিষ্ঠ সহোদর)। [সং. যুবন্ + ইষ্ঠ]। কনিষ্ঠা বিণ. (স্ত্রী) সবচেয়ে ছোট বা অল্পবয়স্কা, অনুজা। □ বি. কড়ে আঙুল (খেলতে গিয়ে কনিষ্ঠায় আঘাত লেগেছে)।

কনীনিকা (p. 162) [kanīnikā] বি. 1 চোখের মণি বা তারা; 2 কড়ে আঙুল; 3 কনিষ্ঠা ভগিনী। [সং. √ কন্ + ঈন + ক (স্বার্থে) ই আগম + আ (স্ত্রী.)]।

কনীয়ান্ (p. 162) [kanīẏān] (-য়স্) আধুনিক বাংলায় বিরল) দুইয়ের মধ্যে ছোট বা অল্পবয়স্ক; ক্ষুদ্রতর; কনিষ্ঠ; অতি ক্ষুদ্র। [সং. যুবন্ + ঈয়স্]। বিণ. (স্ত্রী.) কনীয়সী।

কনুই, (বিরল) কণুই (p. 162) [kanui, (birala) kaṇui] বি. বাহু বা হাতের সন্ধিস্থলের বাইরের দিক, elbow. [সং. কফোণি]।

কনে (p. 162) [kanē] বি. 1 বিবাহের পাত্রী; বিবাহযোগ্যা কন্যা (কনে দেখা); 2 নববধূ (বরকনেকে নিয়ে সকলেই তখন মশগুল)। [সং. কন্যা]। ̃ চন্দন ব. বিবাহের সময় কন্যার মুখমণ্ডল চন্দন দিয়ে চিত্রিত করা। ̃ বউ বি. নববধূ; বালিকাবধূ। ̃ যাত্রী বি. বিবাহে কন্যাপক্ষের লোকজন, কন্যার সঙ্গে বিবাহ উৎসবে আগত লোকজন।

কনৌজ (p. 162) [kanauja] বি. প্রাচীন কান্যকুব্জ। [সং. কান্যকুব্জ]। কনৌজিয়া বিণ. কনৌজদেশীয়। □ বি. কনৌজদেশীয় ব্রাহ্মণ।

কন্হা (p. 162) [kanhā] বি. কাঁথা (জীর্ণ কন্হা)। [সং. √ কম্ + থন্ + আ (স্ত্রী.)]।

কন্দ (p. 162) [kanda] বি. যে উদ্ভিদের প্রধান অংশ মাটির নীচে থাকে (যেমন কচু, আলু)। [সং. √ কন্দ্ + অ]।

কন্দর (p. 162) [kandara] বি. 1 পর্বতের গুহা; 2 আদা, আর্দ্রক; 3 ওল; 4 কাঁধ, স্কন্ধ। [সং. কম্ + √ দৃ + অ]।

কন্দর্প (p. 162) [kandarpa] বি. 1 মদন, কামদেব; 2 কন্দর্পের মতো সুপুরুষ (কন্দর্পকান্তি)। [সং. কম্ + √ দৃপ্ + ণিচ্ + অ]। ˜ কান্তি বিণ. কন্দর্পের মতো সৌন্দর্যবিশিষ্ট। ˜ কেলি বি. কামক্রীড়া। ˜ মথন বি. কন্দর্পকে যিনি মথন বা নাশ করেছেন, মহাদেব।

কন্দল (p. 162) [kandala] বি. 1 কলহ, বিবাদ; 2 যুদ্ধ; 3 কলাগাছ; 4 অঙ্কুর। [সং. √ কন্দি + অল; কং + √ দল্ + অ]। কন্দলিত বিণ. বিকশিত; অঙ্কুরিত। কন্দলিয়া বিণ. কুঁদুলে, ঝগড়াটে।

কন্দু (p. 162) [kandu] বি. লোহার পাকপাত্র; কড়াই; তাওয়া; তন্দুর। [সং. √ স্কন্দ্ + উ]।

কন্দুক, কন্দূক (p. 162) [kanduka, kandūka] বি. খেলার বল, ভাঁটা, গেণ্ডুক। [সং. কম্ + √ দা + উ + ক]।˜ ক্রীড়া বি. গোলা বা বল নিয়ে খেলা।

কন্ধ (p. 162) [kandha] বি. 1 কাঁধ; 2 মাথা; 3 মুণ্ডহীন দেহ, ধড়। [সং. স্কন্ধ]।˜ কাটা বিণ. মস্তকহীন। □ বি. কবন্ধ, মস্তকহীন ভূত।

কন্ধর (p. 162) [kandhara] বি. 1 কাঁধ; 2 গ্রীবা। [সং. কম্ + √ধৃ + অ]।

কন্না, কর্না, করনা (p. 162) [kannā, karnā, karanā] বি. কর্তব্য কাজ, করণীয় কাজকর্ম (ঘরকন্না)। [সং. করণীয়। তু. হি. কর্না]।

কন্যকা (p. 162) [kanyakā] বি. 1 দশ বৎসর বয়স্কা কুমারী; 2 অবিবাহিতা কন্যা; 3 কন্যা, তনয়া। [সং. কন্যা + ক + আ]।

কন্যা (p. 162) [kanyā] বি. 1 দুহিতা, পুত্রী, মেয়ে; 2 অবিবাহিতা বা বিবাহযোগ্যা কুমারী; 3 বিবাহের পাত্রী; 4 রাশিবিশেষ। [সং. √ কন্ + য + আ]।˜ কর্তা বি. বিবাহে পাত্রীপক্ষের অভিভাবক বা কর্মকর্তা।˜ কাল বি. নারীর অবিবাহিত কাল।˜ দান বি. বিবাহে আনুষ্ঠানিকভাবে পাত্রীকে সম্প্রদান; দুহিতার বিবাহ দেওয়া।˜ দায় বি. কন্যা বা দুহিতাকে বিবাহ দেওয়ার দায় বা দায়িত্ব।˜ পক্ষ বি. বিবাহে পাত্রীপক্ষ।˜ পণ বি. বিবাহে পাত্রীপক্ষের কাছ থেকে পাত্রপক্ষের প্রাপ্ত অর্থ।˜ প্রণিধি বি. সমাজসেবিকা বালিকাদের সংঘবিশেষের সদস্যা, girl guide (স. প.)।˜ যাত্র,˜ যাত্রী (ত্রিন্) বি. বিবাহোপলক্ষ্যে কন্যাপক্ষ থেকে

পাত্রপক্ষের গৃহে নিমন্ত্রিত ব্যক্তি। ̃ রত্ন বি. রত্নের মতো মেয়ে বা দুহিতা; মেয়ে, দুহিতা (তাঁর একটি কন্যারত্ন লাভ হয়েছে)।

কন্যা-কুমারী, কন্যা-কুমারিকা (p. 162) [kanyā-kumārī, kanyā-kumārikā] বি. ভারতের দক্ষিণে কুমারিকা অন্তরীপ।

কপ (p. 162) [kapa] অব্য. তাড়াতাড়ি মুখে পোরার বা গেলার ধ্বন্যাত্মক শব্দবিশেষ (কপ করে পোকাটা গিলে ফেলল)। [ধ্বন্যা.]। কপ কপ অব্য. বারবার ওইরকম করার শব্দ (কপ কপ করে খাওয়া)। কপা-কপ ক্রি-বিণ. কপ কপ ক'রে (কপাকপ খেয়ে ফেলল)।

কপচানো (p. 162) [kapacānō] ক্রি. বি. 1 পাখির বুলি আওড়ানো; 2 পাণ্ডিত্য জাহির করার জন্য মামুলি বা শেখা কথা বলা (বুলি কপচানো); 3 বকবক করা; 4 ছাঁটা (চুল কপচানো)। [বাং. √ কপ্চা]।

কপট (p. 162) [kapaṭa] বিণ. 1 কৃত্রিম (কপট স্নেহ); 2 ছদ্ম (কপট বেশ); 3 শঠ, প্রতারক, ভণ্ড (কপট বন্ধু)। □ (প্রা. বাং.) বি. ছল, প্রতারণা, শঠতা, চাতুরী ('কলিঙ্গে কপট করি রাখ নিজ দাস': ক. ক.)। [সং. √ কপ্ + অট]। ̃ তা, কপট্য বি. শঠতা, প্রতারণা, চাতুরী। ̃ চারী (-রিন্) বিণ. ছদ্মবেশী; ধূর্ত; প্রতারক। ̃ পটু বিণ. কপট আচরণে দক্ষ। ̃ প্রবন্ধ বি. ছলনা, প্রবঞ্চনা। কপটাচার, কপটাচরণ বি. ছলনা। কপটাচারী (-রিন্) বিণ. কপটাচার করে এমন। বিণ. স্ত্রী. কপটাচারিণী। কপটী (-টিন্) বিণ. প্রবঞ্চক, ঠক। বিণ. (স্ত্রী.) কপটিনী।

কপনি (p. 162) [kapani] বি. কৌপীন, ল্যাঙট। [সং. কৌপীন]।

কর্পদ (p. 162) [karpada] বি. 1 শিবের জটা; 2 কড়ি। [সং. ক +√ পৃ + দ]।

কর্পদক (p. 163) [karpadaka] বি. 1 শিবের জটা; 2 কড়ি। [সং. কর্পদ + ক (স্বার্থে)]।˜ হীন বিণ. নিঃস্ব।˜ হীনতা বি. নিঃস্বতা; দারিদ্র।

কপর্দী (p. 163) [kapardī] (-র্দিন্) বি. শিব। [সং. কর্পদ + ইন্]। কপর্দিনী বি. (স্ত্রী.) পার্বতী।

কপাকপ (p. 163) [kapākapa] দ্র কপ।

কপাট (p. 163) [kapāṭa] বি. দরজার পাল্লা, কবাট; আবরণ (মনের কপাট খুলে দিয়েছি)। [সং. + ক √ পাটি = √ পট্ + ণিচ্ + অ]।˜ ক বি. হৃৎপিণ্ডের কোটর দুটির মধ্যস্থ দরজার মতো রক্তনিয়ামক আবরণ, valve (বি. প.)।˜ সন্ধি বি. দরজা ও চৌকাঠের সংযোগস্থান।

কপাটি, (p. 163) [kapāṭi,] (বর্জি.) কপাটী বি. হা-ডু-ডু খেলা। [হি. কবড্ডী]।

কপাটি লাগা, দাঁত কপাটি লাগা (p. 163) [kapāṭi lāgā, dām̐ta kapāṭi lāgā] ক্রি. দাঁতে দাঁতে খিল ধরা; চোয়াল আটকে যাওয়া।

কপাল (p. 163) [kapāla] বি. 1 মাথার খুলি, করোটি; 2 ললাটস্হল; ভ্রূ ও মাথার মধ্যবর্তী অংশ, forehead; 3 ভাগ্য, অদৃষ্ট; 4 কলসির অর্ধাংশ, খাপরা।

[সং. ক + √ পালি + অ]। ~ ক্রমে ক্রি-বিণ. ভাগ্যক্রমে, ভাগ্যগুণে; হঠাত্। কপাল চাপড়ানো ক্রি. বি. হা-হুতাশ করা, আফশোস করা। ~ জোর বি. ভাগ্যের জোর, ভাগ্যের অনুকূলতা। কপাল ঠুকে কাজে নামা ক্রি. বি. ফলাফল ভাগ্যের হাতে ছেড়ে দিয়ে কাজ আরম্ভ করা। কপাল ঠোকা ক্রি. বি. 1 মাটিতে মাথা ঠুকে প্রণাম করা, মাথা খোঁড়া; 2 যে কাজের ফল অনিশ্চিত তাতে সাফল্য অর্জনের জন্য মাথা খুঁড়ে দৈবের সাহায্য পাবার চেষ্টা করা। ~ পোড়া বিণ. হতভাগ্য। কপাল ফেরা ক্রি. বি. ভাগ্যের উন্নতি হওয়া। কপাল ভাঙা ক্রি. বি. ভাগ্যহত হওয়া। ~ ভৃত্, ~ মালী বি. (নরমুণ্ডধারী) শিব। কপালের ফের বি. ভাগ্যের বিড়ম্বনা। কপালের লেখা বি. ভাগ্যলিপি, ভবিতব্য।

কপালি1 (p. 163) [kapāli1] বি. 1 চৌকাঠের মাথা বা মাথার কাঠ, ঝনকাঠ; 2 (আঞ্চ.) খেজুর গাছের মাথার দিকের অংশ যেখান থেকে রস নির্গত হয়। [দেশি]।

কপালি2 (p. 163) [kapāli2] বি. 1 (ধীরবের ঔরসে এবং ব্রাহ্মণকন্যার গর্ভজাত) বাঙালি জাতিবিশেষ; 2 শণ-দড়ি প্রস্তুতকারক ও বিক্রয়কারী জাতি। [দেশি]।

কপালিনী (p. 163) [kapālinī] দ্র কপালী2।

কপালিয়া, কপালে (p. 163) [kapāliẏā, kapālē] বিণ. 1 ভাগ্যবান; 2 কপালযুক্ত (আটকপালিয়া, উঁচকপালে)। [সং. কপাল + বাং. ইয়া > এ]।

কপালী (p. 163) [kapālī] (-লিন্) বি. মহাদেব। □ বিণ. 1 কপালধারী, কপালযুক্ত; 2 ভাগ্যবান। [সং. কপাল + ইন্]। কপালিনী বিণ. (স্ত্রী.) কপালধারিণী, কপালযুক্ত। □ বি. কালিকাদেবী।

কপি1 (p. 163) [kapi1] বি. বানর, বাঁদর। [সং. √ কপ্ + ই]। ˜ কেতন, ˜ ধ্বজ বি. 1 অর্জুন (কপি বা হনুমান কেতন বা ধ্বজা অর্থাত্ পতাকা যাঁর); 2 অর্জুনের রথ।

কপি2 (p. 163) [kapi2] বি. 1 রচনাদির নকল বা প্রতিলিপি (এত বড় একটা উপন্যাস কপি করা কি সহজ কাজ?); 2 ছাপাখানায় যে পাণ্ডুলিপি দেখে মুদ্রণ করা হয় (প্রেসের লোকেরা কপি হারিয়ে ফেলেছে)। [ইং. copy]। কপি করা ক্রি. বি. 1 নকল করা, প্রতিলিপি প্রস্তুত করা; 2 পরীক্ষার সময় অসদুপায়ে অন্যের খাতা বা কাগজ দেখে লেখা; টুকলি করা (ও তো কপি করে পরীক্ষায় পাশ করেছে)। ˜ রাইট বি. বই বা কোনো মুদ্রিত রচনার স্বত্ব, গ্রন্হস্বত্ব। [ইং. copyright]।

কপি3 (p. 163) [kapi3] বি. ব্যঞ্জন রেঁধে খাওয়ার উপযুক্ত সবজিবিশেষ। [পো. couve তু. হি. গোবি]। ওল-কপি বি. শালগম জাতীয় আনাজবিশেষ। ফুল-কপি বি. চার দিকে বড় পাতায় ঘেরা পুষ্পাকার কপি। বাঁধা কপি বি. কেবল বড় বড় পাতা পরপর সাজানো থাকে যে কপিতে।

কপি-কল (p. 163) [kapi-kala] বি. ভারী জিনিস নিচু জায়গা থেকে সহজে উপরে তোলার জন্য চাকার মতো যন্ত্রবিশেষ, pulley। [দেশি]।

কপিকেতন (p. 163) [kapikētana] দ্র কপি1।

কপিঞ্জল (p. 163) [kapiñjala] বি. 1 চাতক পাখি; 2 গৌরবর্ণ তিতির পাখি; 3 মুনিবিশেষ। [সং. কপিঃ (ইব) + পিঙ্গল]।

কপিত্থ (p. 163) [kapittha] বি. কয়েতবেল বা তার গাছ (বানরের প্রিয় বিচরণস্থান বলে)। [সং. কপি + √ স্থা + অ]।

কপিধ্বজ (p. 163) [kapidhbaja] দ্র কপি1।

কপিল (p. 163) [kapila] বিণ. পিঙ্গলবর্ণ ('চৈতন্যের কপিল সাগরে': বিষ্ণু)। □ বি. মুনিবিশেষ, যাঁর শাপে সগরবংশ ধ্বংস হয়েছিল; ইনিই প্রখ্যাত সাংখ্যদর্শনরচয়িতা। [সং. কপি + ল (লচ্), বানরের গায়ের মতো রং বলে]। কপিলা বি. (স্ত্রী.) 1 কপিল বর্ণের গোরু; 2 কামধেনু; 3 স্ত্রী-বাছুর, কইলা।

কপিশ (p. 163) [kapiśa] বি. পাঁশুটে বা মেটে রং, নীল-পীতমিশ্রিত বর্ণ। □ বিণ. মেটে, পাঁশুটে। [সং. কপি (=বানর বা তদ্রূপ বর্ণ) + শ (অস্ত্যর্থে)। তু. লোমশ]।

কপোত (p. 163) [kapōta] বি. পায়রা। [সং. ক (=বায়ু) + পোত]। বি. (স্ত্রী.) কপোতী।˜ পালি বি. পাকা বাড়ির কার্নিশ।˜ পালী,˜ পালিকা বি. (স্ত্রী.) পায়রার খোপ।˜ বৃত্তি বি. কপোতের আচরণ; কপোতের মতো সঞ্চয়হীন জীবিকা। □ বিণ. কপোতের মতো সদ্য আহরণ করে বাঁচতে হয় এমন; সঞ্চয়হীন বৃত্তিসম্পন্ন। কপোতারি বি. শ্যেন, বাজপাখি। কপোতেশ্বর বি. মহাদেব।

কপোতাক্ষ (p. 163) [kapōtākṣa] বি. যশোর জেলার নদীবিশেষ, যার তীরবর্তী সাগরদাঁড়ি গ্রামে কবি মধুসূদনের জন্ম হয়েছিল। [সং. কপোত (সদৃশ) + অক্ষি (যার)]।

কপোল (p. 163) [kapōla] বি. গণ্ড, গাল। [সং. √ কপ্ + ওল]।˜ কল্পনা বি. অবান্তর কল্পনা; গালগল্প।˜ কল্পিত বিণ. মনগড়া (কপোলকল্পিত গল্প)।

কফ1, কাফ (p. 163) [kapha1, kāpha] বি. জামার হাতা বা আস্তিনের মুখ। [ইং. cuff]।

কফ2 (p. 163) [kapha2] বি. 1 দেহাভ্যন্তরের শ্লৈষ্মিক ধাতু; 2 শ্লেষ্মা। [সং. ক + √ ফল্ (=ফ) + অ]।˜ ঘ্ন বিণ. কফনাশক, শ্লেষ্মানাশক, শ্লেষ্মা দূর করে এমন। তু. ইং. cough.

কফণি, কফোণি (p. 163) [kaphaṇi, kaphōṇi] বি. কনুই। [সং. ক + √ ফণ্ + ই]।

কফন, কাফন (p. 163) [kaphana, kāphana] বি. শব আচ্ছাদন করার বস্ত্র। [আ. ক'ফন্]।

কফি (p. 164) [kaphi] বি. বীজবিশেষ; এই বীজের গুঁড়ো দিয়ে প্রস্তুত পানীয়। [ইং. coffee]।

কফিন (p. 164) [kaphina] বি. সমাধিস্থ করার পূর্বে মৃতদেহ সংরক্ষণ করার জন্য ব্যবহৃত আধার বা বাক্স। [ইং. coffin]।

কব1 (p. 164) [kaba1] ক্রি. 'কহিব' ক্রিয়ার রূপভেদ; বলব (দোষ-গুণ কব কার)। [বাং. √ কহ্]।

কব2 (p. 164) [kaba2] অব্য. ক্রি-বিণ. (ব্রজ.) কখন, কবে। [সং. কদাতু. হি. কব]।

কবচ (p. 164) [kabaca] বি. 1 বিপক্ষের অস্ত্রাঘাত থেকে মুক্ত থাকবার জন্য অঙ্গাবরণ; বর্ম; সাঁজোয়া; 2 মন্ত্রপূত মাদুলি বা তাবিজ; 3 বিঘ্ননিবারক মন্ত্র বা দেবদত্ত রক্ষাতাবিজ। [সং. ক (=বায়ু) + √ বন্চ্ + অ]।˜ কুণ্ডল বি. কুন্তীপুত্র কর্ণের সহজাত অভেদ্য বর্ম ও কর্ণভূষণ।˜ পত্র বি. কবচ বা মন্ত্র লেখার পত্র, ভূর্জপত্র। কবচী (-চিন্) বিণ. কবচধারী। □ বি. ডিম কচ্ছপ কাঁকড়া প্রভৃতির মতো শক্ত আবরণযুক্ত বা খোলকী প্রাণী, crustacean (বি. প.)।

কবজ1 (p. 164) [kabaja1] বি. 1 রসিদ; দাখিলা; খত; 2 অধিকার, দখল। [আ. ক'জ্]।

কবজ2 (p. 164) [kabaja2] বি. মাদুলি, তাবিজ। [সং. কবচ]।

কবজা, কব্জা (p. 164) [kabajā, kabjā] বি. 1 কপাটযোজক ধাতুর পাত; কোনো দুটি পরস্পরসংলগ্ন অংশ সহজে ভাঁজ করার জন্য সংযোজক কল, hinge; 2 (আল.) অবাঞ্ছিত প্রভাব। [আ. ক'জ্]। কবজা করা ক্রি. বি. আয়ত্তে

আনা বা অধিকার করা (লোকটাকে কিছুতেই কবজা করতে পারছি না, অঙ্কটাকে কবজা করা যাচ্ছে না)।

কবজি, কব্জি (p. 164) [kabaji, kabji] বি. মণিবন্ধ, পুরোবাহু ও করতলের সন্ধিস্থল, wrist (কবজিতে ঘড়ি বাঁধা)। [আ. কব্জা + বাং. ই]। ˜ ঘড়ি বি. হাতঘড়ি, wrist-watch.

কবন্ধ (p. 164) [kabandha] বি. 1 স্কন্ধকাটা, মস্তকহীন ব্যক্তি বা প্রাণী; 2 মস্তকহীন দেহধারী ভূতবিশেষ; 3 রাহু। [সং. ক. (=মস্তক) + √ বন্ধ্ + অ]।

কবয়ী (p. 164) [kabaẏī] বি. কইমাছ। [সং. ক (=জল) + √ বয়্ + ইন্]।

কবর (p. 164) [kabara] বি. সমাধি, মুসলমানদের গোর (কবরস্থান)। [আ. ক'ব্র্]।

কবরী (p. 164) [kabarī] বি. 1 খোঁপা; 2 বেণী; 3 নারীর কেশবিন্যাস। [সং. ক (=মস্তক) + √ বৃ + অ + ঈ]। ˜ ভূষণ বি. খোঁপার গয়না।

ক-বর্গ (p. 164) [ka-barga] বি. ক খ গ ঘ ঙ এই পাঁচটি বর্ণ যে বর্গভুক্ত।

কবল (p. 164) [kabala] বি. 1 গ্রাস; একগাল (এক কবল ভাত); 2 কুলকুচো (মুখে জল নিয়ে কবল করা); 3 অধিকার; জবরদখল (শক্ত একটা লোকের কবলে পড়েছে)। [সং. ক (=শরীর) + √ বল্ + অ]। ˜ ধারণ বি. কুলকুচা, gargle.

কবলিত, কবলী-কৃত বিণ. 1 গ্রাস করা বা জবরদখল করা হয়েছে এমন; 2 ভক্ষিত।

কবলা (p. 164) [kabalā] (উচ্চা. কব্লা) ক্রি. 1 কবুল করা বা স্বীকার করা; 2 (সাধারণত ঘুষ হিসাবে দিতে চাওয়া (চোরটা কনস্টেবলকে পাঁচ টাকা কবলাচ্ছে)। [আ. ক'বুল + বাং. আ]। ˜ নো বিণ. কবুল বা স্বীকার করা হয়েছে এমন; ঘুষরূপে দিতে চাওয়া হয়েছে এমন। □ বি. কবুল; স্বীকার; অঙ্গীকার।

কবলিত, কবলীকৃত (p. 164) [kabalita, kabalīkṛta] দ্র কবল।

কবহুঁ, কবহু (p. 164) [kabahu, n̐kabahu] অব্য. ক্রি-বিণ. (ব্রজ.) কখনো। [কব2 দ্র]।

কবাট, কবাটি (p. 164) [kabāṭa, kabāṭi] যথাক্রমে কপাট ও কপাটি -র রূপভেদ।

কবালা, কোবালা (p. 164) [kabālā, kōbālā] বি. বিক্রয়পত্র, জমি ইত্যাদি বিক্রয়ের দলিল। [আ. ক'বালা]।

কবি (p. 164) [kabi] বি. 1 কবিতারচয়িতা; 2 পণ্ডিত; বিদ্বান; তত্ত্বজ্ঞ; 3 যার কল্পনাশক্তি প্রবল; 4 একজাতীয় বাংলা গান ও তার রচয়িতা বা তার গায়ক। [সং. √ কব্ + ই]। ˜ ওয়ালা বি. যে কবিগান লেখে বা গায়; কবিগানের দলের অধিকারী। ˜ কঙ্কণ বি. কবি মুকুন্দরামের উপাধি; উপাধিবিশেষ। ˜ কল্পনা বি. কবিতা রচয়িতার উদ্ভাবনা; মনগড়া ব্যাপার। ˜ গান বি. সভায় উপস্থিতমতো মুখে

মুখে রচিত ও তৎক্ষণাত্ সুরারোপিত গানবিশেষ। ˜ প্রসিদ্ধি বি. সুপ্রাচীন কাল থেকে প্রচলিত এবং পরবর্তী কালের কবিদের দ্বারা গৃহীত ও ব্যবহৃত বর্ণনা, কল্পনা ইত্যাদি (যথা, সূর্যোদয়ে পদ্মের প্রকাশ, চন্দ্রোদয়ে কুমুদের প্রকাশ, চাতকের ঊর্ধ্বমুখে বৃষ্টিজল পান ইত্যাদি)। ˜ বর বি. বিশিষ্ট কবি, সুকবি। কবির লড়াই দুই কবিগানের দলের মধ্যে কবিগানের মাধ্যমে পরস্পরকে হীন প্রতিপন্ন করার প্রতিযোগিতা।

কবিতা (p. 164) [kabitā] বি. 1 ছন্দোবদ্ধ রচনা; পদ্য; কাব্য; 2 শ্লোক। [সং. কবি + তা]।

কবিত্ব (p. 164) [kabitba] বি. কবির ভাব (তার কবিতায় কবিত্বের বড় অভাব); 2 কবিতা রচনা করার শক্তি; 3 ভাবমাধুর্য; 4 কল্পনাবিলাস (কবিত্ব করা)। [সং. কবি + ত্ব]। ˜ পূর্ণ, ˜ ময় বিণ. কাব্যগুণসমন্বিত। ˜ শক্তি বি. কবিতা রচনার ক্ষমতা।

কবির-পন্হী (p. 164) [kabira-panhī] বিণ. বি. কবিরের প্রচারিত ধর্মীয় মতের সমর্থক ও অনুসরণকারী। [কবির + বাং. পন্হী (পন্হি)]।

কবি-রাজ (p. 164) [kabi-rāja] বি. 1 কবিশ্রেষ্ঠ; 2 আয়ুর্বেদীয় চিকিৎসক, বৈদ্য। ়. [সং. কবি + রাজন্; বাং. নিত্য সমাস]। কবি-রাজি বি. কবিরাজের কাজ, আয়ুর্বেদীয় চিকিৎসা। □ বিণ. কবিরাজসংক্রান্ত; কবিরাজকৃত (কবিরাজি চিকিৎসা)।

কবিলা (p. 164) [kabilā] বিণ. (বিরল) স্ত্রী, পত্নী। [আ. ক'বীলা]।

কবুতর (p. 164) [kabutara] বি. পায়রা, পারাবত। [ফা. কবুতর তু. সং. কপোত] বি. (স্ত্রী.) কবুতরি।

কবুল (p. 164) [kabula] বি. স্বীকার (দোষ কবুল করা)। □ বিণ. 1 স্পষ্ট; 2 সত্য বলে স্বীকৃত; দায়িত্ব স্বীকারপূর্বক কৃত (কবুল জবাব); 3 স্বীকৃত (আল্লার কাছে প্রার্থনা কবুল হোক)। [আ. ক'বূল]। কবুল জমা বি. স্বীকৃত বা প্রতিশ্রুত কর বা খাজনা।

কবুলতি, কবুলিয়ত (p. 164) [kabulati, kabuliẏata] বি. স্বীকৃতিপত্র, প্রজা কর্তৃক জমিদারকে খাজনা দেওয়ার অঙ্গীকারপত্র। [আ. কবূলিয়ত্]।

কবে1 (p. 164) [kabē1] ক্রি. 'কহিবে'-র রূপভেদ; বলবে (কথা কবে না)। [বাং. √ কহ্]।

কবে2 (p. 164) [kabē2] অব্য. ক্রি-বিণ. কোন দিন, কোন কালে, কোন সময়। [কব2 দ্র]। ˜ কার বিণ. 1 কোন দিনের; 2 বহুদিন আগেকার (সেই কবেকার কথা)।

কবোষ্ণ (p. 164) [kabōṣṇa] বিণ. ঈষত্ উষ্ণ, অল্প গরম, কুসুম কুসুম গরম। [সং. কু + উষ্ণ]। কদুষ্ণ দ্র।

কব্জা, কব্জি (p. 164) [kabjā, kabji] যথাক্রমে কবজা ও কবজি -এর রূপভেদ।

কব্য (p. 164) [kabya] বি. পরলোকগত পিতৃপুরুষকে নিবেদিত ভোজ্যদ্রব্যাদি। [সং. √ কব্ + য]। ̃ বাহ, ̃ বাহন বি. কব্য যে বহন করে, কব্যের বাহন, অগ্নি।

কভু (p. 164) [kabhu] অব্য. ক্রি-বিণ. (পদ্যে) কখনো, কোনো কালে, কোনো কালেও। [তু. হি. কবহুঁ]।

কম1 (p. 164) [kama1] (উচ্চা. কমো) বিণ. মনোহর, কমনীয়; বাঞ্ছনীয় (কম কলেবর)। [সং. √ কম্ + অ]।

কম2 (p. 164) [kama2] (উচ্চা. কম্) বিণ. 1 অল্প (ওজনে কম, কম খাওয়া); 2 ন্যূন (বেতন এক হাজারের কম); 3 পশ্চাৎপদ, হীন, অক্ষম (চালাকিতে সেই বা কম কীসে?)। [ফা. কম্]। কম করা ক্রি. বি. কমানো, হ্রাস করা (ভাই, দামটা একটু কম করো)। কম করে অব্য. অন্তত, কমপক্ষে। ̃ জোর বিণ. দুর্বল (অসুখে ভুগে কমজোর হয়ে পড়েছ)। ̃ জোরি বি. দুর্বলতা। ̃ তি বি. কমের বাব, কমের অবস্থা; হ্রাস, অল্পতা (শরীরে দুর্বল হলেও তার কথার কিছু কমতি নেই)। ̃ পোক্ত বিণ. 1 তেমন মজবুত বা পোক্ত নয় এমন, কমজোরি; 2 বিচলিত। ̃ বেশি অব্য. অল্পাধিক। □ বি. কম বা বেশি; পার্থক্য (এতটুকু কমবেশি হওয়ার উপায় নেই)। ̃ সম বিণ. অল্পের উপর, একটু-আধটু (কমসম ঝাল দিয়ে রান্না)। কমসে কম অব্য. ক্রি-বিণ. অন্ততপক্ষে, খুব কম করেও। কম হওয়া ক্রি. অল্প হওয়া, কমে যাওয়া (ভাতে কম হবে?)।

কমঠ (p. 164) [kamaṭha] বি. 1 কচ্ছপ; 2 সন্ন্যাসীদের ব্যবহৃত কাঠের জলপাত্রবিশেষ; 3 বাঁশ। [সং. √ কম্ + অঠ]। বি. (স্ত্রী.) কমঠী।

কমণ্ডলু (p. 164) [kamaṇḍalu] বি. সন্ন্যাসীদের ব্যবহৃত মাটির বা কাঠের বা ধাতব জলপাত্রবিশেষ। [সং. ক + √ মণ্ড্ + লা + উ]।

কমতি (p. 164) [kamati] দ্র কম2।

কমনীয় (p. 164) [kamanīẏa] বিণ. 1 মনোহর, রমণীয়, সুন্দর (কমনীয় কান্তি); 2 বাঞ্ছনীয়, কাম্য। [সং. √ কম্ + অনীয়]। বিণ. (স্ত্রী.) কমনীয়া। বি.˜ তা।

কমনে, কম্নে (p. 164) [kamanē, kamnē] ক্রি-বিণ. (আঞ্চ.) 1 কোথায়; 2 কোন পথে; 3 কেমন করে ('খাঁচার মধ্যে অচিন পাখি কম্নে আসে যায়). [< বাং. কেমন]।

কম্-বক্ত, কম্-বখ্ত্ (p. 164) [kam-bakta, kam-bakht] বিণ. হতভাগ্য। [আ. কম্বখ্ত্]।

কমরেড (p. 164) [kamarēḍa] বি. 1 বন্ধু; সহযোগী; 2 আন্দোলনের বা সংগ্রামের সাথি। [স্পে. comrada > ইং. comrade]।

কমল (p. 164) [kamala] বি. 1 পদ্ম; 2 জল। [সং. কম্ + √ অল্ + অ]। কমল-আঁখি বি. 1 পদ্মের মতো সুন্দর চক্ষু; 2 পদ্মের মতো চক্ষুবিশিষ্ট ব্যক্তি।˜

কলি বি. পদ্মের কুঁড়ি।˜ যোনি বি. বিষ্ণুর নাভিপদ্ম থেকে যার জন্ম বা উৎপত্তি, ব্রহ্মা।˜ লোচন বি. পদ্মের মতো চক্ষু। □ বিণ. পদ্মের মতো চক্ষুবিশিষ্ট। কমলাক্ষ- কমললোচন এর অনুরূপ। কমলালয়া, কমলাসনা বি. লক্ষ্মীদেবী। কমলাসন বি. ব্রহ্মা।

কমলা1 (p. 164) [kamalā1] বি. 1 লক্ষ্মীদেবী; 2 দশমহাবিদ্যার অন্যতমা। [সং. √ কম্ + অল্ + অ + স্ত্রী. আ]।˜ পতি বি. বিষ্ণু।

কমলা2 (p. 164) [kamalā2] বি. 1 লেবুবিশেষ, লেবুজাতীয় অম্লমধুর ফলবিশেষ; 2 কমলালেবুর বর্ণের অনুরূপ বর্ণ; 3 পাণ্ডুরোগ, jaundice. [তু. প্রাকৃ. কঁঅলা]।

কমলাকর (p. 164) [kamalākara] বি. পদ্মবহুল জলাশয়; সরোবর। [সং. কমল + আকর]।

কমলা-গুঁড়ি (p. 164) [kamalā-gun̐ḍ়i] বি. বস্ত্ররঞ্জনের কাজে ব্যবহৃত কাম্পিল্ল ফলের লাল গুঁড়ো। [সং. কাম্পিল্ল + বাং. গুঁড়ি]।

কমলালয়া, কমলাসন, কমলাসনা (p. 164) [kamalālaẏā, kamalāsana, kamalāsanā] দ্র কমল।

কমলিনী (p. 164) [kamalinī] বি. 1 পদ্মিনী; 2 শ্রীরাধিকা, রাইকমলিনী; 3 পদ্মসমূহ; পদ্মের ঝাড়। [সং. কমল + ইন্ (দেশ বা সমূহ অর্থে) + ঈ]।

কমলে-কামিনী (p. 164) [kamalē-kāminī] বি. দুর্গার রূপবিশেষ; সাগরোত্থিতা ও কমলাসনা দেবী চণ্ডী (কবিকঙ্কণ মুকুন্দরাম কর্তৃক বর্ণিত)। [সং. কমলে (আসীনা) কামিনী]।

কমা1 (p. 164) [kamā1] বি. বিরামচিহ্নবিশেষ, পাদচ্ছেদ (,)। [ইং. comma]।

কমা2 (p. 164) [kamā2] ক্রি. হ্রাস পাওয়া, কমে যাওয়া (জ্বর কমেছে)। [বাং. √ কম্ + আ]।˜ নো ক্রি. কমিয়ে দেওয়া, কম করা; খাটো করা। □ বিণ. হ্রস্বীকৃত। □ বি. হ্রস্বীকরণ।

কমা3 (p. 164) [kamā3] (আঞ্চ.) বিণ. নিকৃষ্ট, খারাপ, উৎকৃষ্ট নয় এমন (পয়সা খরচ করে কমা জিনিস নেব কেন?)। [ফা. কম্ + বাং. আ]।

কমি (p. 164) [kami] বি. কমতি, অল্পতা, হ্রাস। [ফা. কম্ + বাং. ই]।˜ বেশি বি. হ্রাস-বৃদ্ধি, তারতম্য (বয়সের কমিবেশি)।

কমিউনিজম (p. 164) [kamiunijama] বি. কার্ল মার্কস প্রবর্তিত সাম্যবাদ। [ই. communism]। কমিউনিস্ট বি. বিণ. সাম্যবাদে বিশ্বাসী, সাম্যবাদী।

কমিটি (p. 164) [kamiṭi] বি. সমিতি; কার্যনির্বাহক সমিতি, পরিচালক সভা; মন্ত্রণাসভা। [ইং. committee]।

কমিশন (p. 164) [kamiśana] বি. 1 ক্রয়-বিক্রয়র উপর দস্তুরি, দালালি; 2 অনুসন্ধান সমিতি, তদন্ত কমিটি, আয়োগ। [ইং. commission]।

কমিশনার (p. 164) [kamiśanāra] বি. 1 শাসনাঞ্চলের বা বিভাগের প্রশাসক; 2 মিউনিসিপ্যালিটি বা পৌরসংঘের সদস্য; 3 অনুসন্ধান সমিতি বা তদন্ত কমিটির সদস্য। [ইং. commissioner]।

কম্প, কম্পন (p. 164) [kampa, kampana] বি. কাঁপুনি; শিহরন; স্পন্দন। [সং. √ কম্প্ + অ, অন], কম্প-মান বিণ. কাঁপছে এমন (কম্পমান প্রদীপশিখা)।

কম্পাউণ্ডার (p. 164) [kampāuṇḍāra] বি. ডাক্তারের অর্থাত্ চিকিৎসকের নির্দেশ অনুযায়ী যে ওষুধ প্রস্তুত করে; ডাক্তারখানার যে কর্মচারী ওষুধ প্রস্তুত করে। [ইং. compounder শব্দের অর্থান্তরে]। কম্পাউণ্ডারি বি. কম্পাউণ্ডারের কাজ (কম্পাউণ্ডারি শিখেছে)।

কম্পান্বিত (p. 164) [kampānbita] বিণ. 1 কাঁপছে এমন, কম্পিত; 2 বিচলিত। [সং. কম্প + অন্বিত]। বিণ. (স্ত্রী.) কম্পান্বিতা।

কম্পাস (p. 164) [kampāsa] বি. 1 দিঙ্নির্ণয় যন্ত্র, দিক নির্ণয়ের যন্ত্রবিশেষ; 2 বৃত্ত অঙ্কনের যন্ত্রবিশেষ। [ইং. compass]।

কম্পিত (p. 166) [kampita] বি. 1 বিণ. কাঁপছে এমন; স্পন্দিত, শিহরিত (কম্পিত হৃদয়ে); 2 বিচলিত। [সং. √ কম্প্ + ত]। বিণ. (স্ত্রী.) কম্পিতা।

কম্পোজ (p. 166) [kampōja] বি. মুদ্রণের জন্য অর্থাত্ ছাপানোর জন্য টাইপ সাজানো। [ইং. compose]। কম্পোজিটর, কম্পোজিটার বি. য়ে কম্পোজ করে। [ইং. compositor]।

কম্প্র (p. 166) [kampra] বিণ. কম্পিত, কাঁপছে এমন ('কম্প্রবক্ষে নম্রনেত্রপাতে': রবীন্দ্র)। [সং. √ কম্প্ + র]।

কম্ফর্টার (p. 166) [kampharṭāra] বি. গলাবন্ধ, গলা গরম রাখার জন্য (সাধারণত পশমের) পটিবিশেষ। [ইং. comforter]।

কম্বল (p. 166) [kambala] বি. মোটা পশমি চাদরবিশেষ; মূলত ভেড়ার লোমে প্রস্তুত বিছানায় পাতার বা গায়ে দেওয়ার মোটা চাদরবিশেষ। [সং. √ কম্ (ব্ আগম) + অল]। ˜ সম্বল 1 বি. অতি দরিদ্র অবস্থা; 2 সন্ন্যাসজীবন। □ বিণ. কম্বলই একমাত্র সম্বল এমন অবস্থাবিশিষ্ট, অতি দরিদ্র।

কম্বু (p. 166) [kambu] বি. শঙ্খ, শাঁখ। [সং. √ কম্ব্ + উ]। ˜ কণ্ঠ 1 বি. শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবা; 2 শঙ্খধ্বনির মতো উচ্চ ও গম্ভীর কণ্ঠস্বর। □ বিণ. 1 শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাবিশিষ্ট; 2 শঙ্খধ্বনির মতো উচ্চ ও গম্ভীর কণ্ঠস্বরবিশিষ্ট। বিণ. (স্ত্রী.) ˜ কণ্ঠী। ˜ গ্রীব বিণ. শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাবিশিষ্ট। ˜ গ্রীবা বিণ. শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবা

কম্যুনিজম, কম্যুনিস্ট (p. 166) [kamyunijama, kamyunisṭa] যথাক্রমে কমিউনিজম ও কমিউনিস্ট -এর রূপভেদ।

কম্র (p. 166) [kamra] বিণ. 1 কমনীয়, সুন্দর ('কম্র নীড় বাঁধে': সু.দ.); 2 অভিলাষী, কামুক। [সং. √ কম্ (=কান্তি, ইচ্ছা) + র]।

কয়1 (p. 166) [kaẏa1] বিণ. 1 কত (কয়টা কাপড় এনেছ?); 2 কতিপয় (এতে কয়টা দিন চলে যাবে)। [< সং. কিয়ত্]।

কয়2 (p. 166) [kaẏa2] ক্রি. (কথ্যভাষায় ও কাব্যে) বলে (ময়না কথা কয় না)। [বাং. √ কহ্]।

কয়লা (p. 166) [kaẏalā] বি. কালো রঙের কঠিন দাহ্য খনিজ পদার্থবিশেষ, জ্বালানি হিসাবে ব্যবহৃত কালো রঙের খনিজ পদার্থবিশেষ; অঙ্গার। [প্রাকৃ. কোইলা]। কয়লা ধুলে ময়লা যায় না স্বভাবে যে মন্দ, শত চেষ্টাতেও সে ভালো হয় না।

কয়াল (p. 166) [kaẏāla] বি. 1 যে ব্যক্তি বাজারে বা আড়তে ধান, চাল ইত্যাদি ওজন করে; 2 শস্যসংগ্রাহক ও শস্যসংরক্ষক। [তু. আ. কইয়াল্]। কয়ালি বি. কয়ালের পারিশ্রমিক বা পেশা।

কয়েক (p. 166) [kaẏēka] বিণ. কতিপয়, অল্পসংখ্যক। [বাং. কয়1 + এক]।

কয়েত-বেল, কত-বেল (p. 166) [kaẏēta-bēla, kata-bēla] বি. ছোট বেলের আকারের টক স্বাদের ও শক্ত খোলাযুক্ত ফলবিশেষ। [সং. কপিত্থ-বিল্ব]।

কয়েদ (p. 166) [kaẏēda] বি. 1 জেল, ফাটক, হাজত (কয়েদে রাখা); 2 কারাদণ্ড (তিন মাস কয়েদ হল)। □ বিণ. কারারুদ্ধ (কয়েদ করা)। [আ. কইদ্, কয়েদ্]। কয়েদি, (বর্জি.) কয়েদী বিণ. কয়েদে আটক। □ বি. কয়েদে আটক ব্যক্তি।

কর1 (p. 166) [kara1] বিণ. 1 যে করে, কারক; 2 জনক, উৎপাদনকারী (সুখকর); 3 নির্মাতা (চিত্রকর)। [সং. √ কৃ + অ]। বিণ. (স্ত্রী.) -করী (অর্থকরী বিদ্যা)।

কর2 (p. 166) [kara2] বি. কিরণ, রশ্মি (রবিকর, চন্দ্রকর)। [সং. √ কৃ (=বিক্ষিপ্ত হওয়া) + অ]।

কর3 (p. 166) [kara3] বি. হস্ত, হাত (করজোড়ে, করপুট); 2 হাতির শুঁড়; 3 আঙুলের ভাঁজের দাগ (কর গুনে যোগবিয়োগ করা)। [সং. √ কৃ + অ]।˜ কবলিত বিণ. হস্তগত, অধিকৃত।˜ কমল বি. 1 হস্তরূপ পদ্ম; 2 পদ্মের মতো হাত।˜ কমলেষু বি. প্রীতিভাজন ব্যক্তিকে পুস্তকাদি উপহারদানের উৎসর্গপত্রে প্রাপকের নামসহ এই সপ্তমী বিভক্তিযুক্ত পদটির প্রয়োগ হয়।˜ কোষ্ঠী বি. করতলের রেখা, যা ভবিষ্যত্ গণনায় কোষ্ঠীর কাজ করে; কররেখা নির্ণীত কোষ্ঠী।˜ গ্রহ,˜ গ্রহণ বি. 1 হস্তধারণ, হাত ধরা; 2 বিবাহ।˜ গ্রাহক,˜ গ্রাহী (-হিন্) বিণ. বি. পাণিগ্রহণকারী; স্বামী, পতি।˜ জোড়ে ক্রি-বিণ. দুই হাত যুক্ত করে।˜ তল বি. হাতের তেলো, palm.˜ তল-গত বিণ. হস্তগত, আয়ত্ত।˜ তালি বি. হাততালি।˜ ন্যাস বি. পূজার সময় মন্ত্রোচ্চারণের সঙ্গে করচিহ্নে বৃদ্ধাঙুলি স্পর্শ করা।˜ পদ্ম বি করকমল এর অনুরূপ।˜ পল্লব বি. ফুলের নরম পাতার মতো হাত; সুন্দর হাত।˜ পীড়ন বি. বিবাহ।˜ পুট বি. জোড়হাত।˜ ভূষণ বি.

হাতের গয়না। ˜ মর্দন বি. দুইজনে প্রীতিভরে পরস্পরের হাত ঝাঁকুনি, handshake.˜ মুক্ত বিণ. হস্তচ্যুত; হাত ছাড়িয়েছে এমন।

কর4 (p. 166) [kara4] বি. রাজস্ব, খাজনা, শুল্ক, ট্যাক্স্ (রাজকর, পথকর, জলকর, আয়কর)। [সং. √ কৃ +অ]।˜ গ্রহ, ˜ গ্রহণ বি. খাজনা গ্রহণ, খাজনা আদায়। ˜ গ্রাহ,˜ গ্রাহক,˜ গ্রাহী (-হিন্) বিণ. রাজস্ব আদায়কারী।˜ দাতা (তৃ.) বি. বিণ. রাজস্ব প্রদানকারী।˜ মুক্ত বিণ. নিষ্কর, কর বা খাজনা দিতে হয় না এমন।

কর5 (p. 166) [kara5] বি. বাঙালি হিন্দুর পদবি-বিশেষ।

করই (p. 166) [kari] অস-ক্রি. (ব্রজ.) করতে। [বাং. √ কর্]।

কর-কচি (p. 166) [kara-kaci] বিণ. 1 কোমল; 2 অপুষ্ট (করকচি ডাব)। □ বি. কোমল বা অপুষ্ট ভাব। [দেশি]।

কর-কর (p. 166) [kara-kara] অব্য. 1 কাঁকর বা কাঁকরের মতো ক্ষুদ্র কঠিন দ্রব্যের ঘর্ষণজনিত শব্দ; 2 কাঁকরের আঁচড় বা ঘষা লাগার অনুভূতি; 3 অস্থিরতাবোধ; 4 জ্বালা বা যন্ত্রণা (চোখ করকর করা)। [সং. কর্কর > হি. কর্কর্]। কর-করা ক্রি. করকর করা। কর-করানো বি. ক্রি. করকর করা। কর-করে বিণ. 1 কর্কশ, বালির মতো দানাদার (তু. খরখরে); 2 শুষ্ক ও করকর শব্দকারক (করকরে ভাত); 3 আনকোরা, একেবারে নতুন (করকরে নোট)।

করকা (p. 166) [karakā] বি. (মেঘজাত) শিলা, বৃষ্টির সঙ্গে পতিত শিলা। [সং. (1) √ কৃ + অক + আ; (2) কর + কন্ + আ]। ̃ পাত বি. শিলাবৃষ্টি।

করঙ্ক (p. 166) [karaṅka] বি. 1 কমণ্ডলু; 2 নারকেলের মালা; 3 ভিক্ষাপাত্র; 4 কৌটো, ডিবা (তাম্বূলকরঙ্ক); 5 করোটি, মাথার খুলি। [সং. √ কৃ + অঙ্গ]।

করঙ্গ, করচা, করজ (p. 166) [karaṅga, karacā, karaja] যথাক্রমে কড়ঙ্গ, কড়চা ও কর্জ -র রূপভেদ।

করঞ্জ, করঞ্জক (p. 167) [karañja, karañjaka] বি. করমচা গাছ; করমচা ফল। [সং. ক (=জল) + √ রন্জ্ + অ; স্বার্থে ক]।

করঞ্জা (p. 167) [karañjā] বি. করমচা, টক স্বাদের ফলবিশেষ, অম্লফলবিশেষ। [সং. করঞ্জ]।

করণ (p. 167) [karaṇa] বি. 1 সম্পাদন; কার্য; 2 কারণ, কার্যের প্রধান সহায় বা সাধক; 3 ইন্দ্রিয়; 4 শরীর; 5 স্থান, ক্ষেত্র; 6 দফতর, অফিস (তু. মহাকরণ); 7 (ব্যাক.) ক্রিয়া সম্পাদনে সহায়ক কারকবিশেষ; 8 কায়স্থ বর্ণভুক্ত হিন্দু লিপিকর জাতিবিশেষ। [সং. √ কৃ + অন]। ̃ কারণ বি. বিবাহে আদান-প্রদানসংক্রান্ত অনুষ্ঠান।

করণিক (p. 167) [karaṇika] বি. কেরাণি, clerk (স. প.)।

করণী (p. 167) [karaṇī] বি. 1 যে রাশির মূল সূক্ষ্মরূপে প্রকাশিত হয় না, অমূলদ রাশি, surd (বি.প.); 2 বর্গমূলের চিহ্ন। [সং. করণ + ঈপ্]।

করণীয় (p. 167) [karaṇīẏa] বিণ. 1 করার যোগ্য; করা উচিত এমন; বিধেয় কর্তব্য; করতে হবে এমন; 2 বিবাহ সম্বন্ধের উপযুক্ত। [সং.√ কৃ + অনীয়]।

করণ্ড, করণ্ডক (p. 167) [karaṇḍa, karaṇḍaka] বি. 1 মৌচাক; 2 ফুলের সাজি; 3 ঝাঁপি; 4 ঝুড়ি; 5 হাঁসজাতীয় পাখিবিশেষ, কারণ্ডব। [সং. √ কৃ + অণ্ড, + ক]। বি. (স্ত্রী.) করণ্ডিকা, করণ্ডী।

করত, (p. 167) [karata,] (বর্জি.) করতঃ ক্রি. অব্য. 1 (বৈ. সা) করে; 2 করে, পূর্বক, করণান্তর। [বাং. √ কর্]।

কর-তাল (p. 167) [kara-tāla] বি. 1 হাততালি; 2 দুই করতলে ধরে বাজাবার যন্ত্রবিশেষ; 3 কাঁসার বাদ্যযন্ত্রবিশেষ, cymbal; মন্দিরা। [সং. কর3 + তাল]।

কর-তালি (p. 167) [kara-tāli] বি. 1 দুই করতলের অভিঘাতজনিত ধ্বনি, হাততালি; 2 প্রশংসা, বাহবা (গান গেয়ে প্রচুর করতালি পেল)। [সং. কর3 বাং. তালি]।

করদ (p. 167) [karada] বিণ. অপরকে (বিশেষত অন্য রাষ্ট্রকে) কর দেয় এমন (করদ রাজ্য); কর দিয়ে অধীনতা স্বীকার করে এমন। [সং. কর4 + √ দা + অ]।

করনা (p. 167) [karanā] দ্র কন্না।

কর-ন্যাস (p. 167) [kara-nyāsa] বি. তন্ত্রমতে মন্ত্র উচ্চারণ করে হাতের আঙুল স্পর্শ করার বিধিবিশেষ। [সং. করে ন্যাস]।

কর-পত্র (p. 167) [kara-patra] বি. করাত। [সং. কর3 + √ পত্ + র]।

কর-পাল, কর-বাল (p. 167) [kara-pāla, kara-bāla] বি. তরবারি, অসি; খড়্গ। [সং. কর + √ পালি + অ; কর + √ বালি + অ]।

করবী, করবীর (p. 167) [karabī, karabīra] বি. মধুর কিন্তু মৃদু গন্ধবিশিষ্ট ফুলবিশেষ ও তার গাছ। [সং. করবীর]। রক্তকরবী বি. লাল করবী। শ্বেত করবী বি. সাদা রঙের করবী।

করভ1 (p. 167) [karabha1] বি. মণিবন্ধ বা কবজি থেকে কড়ে আঙুলের মূল পর্যন্ত করতল বা হাতের বাইরের অংশ। [সং. কর + √ ভা + অ]।

করভ2 (p. 167) [karabha2] বি. 1 হস্তিশাবক; 2 উটের শাবক; 3 উট; 4 অশ্বতর। [সং. √ কৃ + অভ]। বি. (স্ত্রী.) করভী।

করমচা (p. 167) [karamacā] বি. করঞ্জা ফল, ছোট অম্লফলবিশেষ। [সং. করঞ্জ]।

করর্মদ (p. 167) [kararmada] বি. করমচা ফল ও তার গাছ। [সং. কর + √ মৃদ্ + অ]।

করল (p. 167) [karala] বি. (ব্রজ.) করিল -র কোমল রূপ।

করলা, করল্লা (p. 167) [karalā, karallā] বি. উচ্ছেজাতীয় তিক্ত স্বাদের সবজিফলবিশেষ। [সং. কারবেল্ল]।

করহ (p. 167) [karaha] ক্রি.(অনুজ্ঞা অপ্র.) করো। [বাং. √ কর্]।

করা (p. 167) [karā] ক্রি. 1 কিছু সম্পাদন বা সাধন করা (কাজ করা, রান্না করা, ঝগড়া করা); 2 উৎপাদন বা সৃষ্টি করা (আগুন করা); 3 নির্মাণ করা, তৈরি করা (বাড়ি করা); 4 প্রয়োগ করা, খাটানো (জোর করা); 5 নিক্ষেপ করা, ছোড়া (গুলি করা); 6 যুক্ত হওয়া, অন্বিত হওয়া (রাগ করা, স্নেহ করা); 7 চালনা করা, সঞ্চালন করা (পাখা করা); 8 বিশেষ কোনো স্থানে যাওয়া বা তৎসংক্রান্ত কাজ করা (তীর্থ করা, বাজার করা); 9 ভাড়া করা (গাড়ি করে যাওয়া); 1 নিয়মিতভাবে হাজির হওয়া বা যাতায়াত করা(আপিস করা); 11 নির্বাহ করা (সংসার করা); 12 স্থাপন করা, প্রতিষ্ঠা করা (হাসপাতাল করা, স্কুল করা); 13 উপার্জন বা সঞ্চয় করা (টাকা করা); 14 পরিণত বা রূপান্তরিত করা (ইংরেজি করা, গদা করা); 15 বিছানো, পেতে দেওয়া (বিছানা করা); 16 পেশা হিসাবে নেওয়া (ব্যাবসা করা, ডাক্তারি করা, ওকালতি করা); 17 ঘটা, হওয়া (অসুখ করা, পাশ করা, ফেল করা); 18 রাঁধা (ভাত করা, তরকারি করা); 19 সঞ্চারিত হওয়া, জমে ওঠা (মেঘ করা); 2 বিখ্যাত হওয়া (সে বেশ নাম করেছে); 21 উল্লেখ করা (তিনি প্রায়ই তোমার নাম করেন)। □ বিণ. করেছে এমন (ঘর আলো-করা

ছেলে); কৃত, সম্পাদিত (করা অঙ্ক)। □ বি.ক্রিয়ার সমস্ত অর্থে, সম্পাদন, করণ ইত্যাদি। [বাং, √ কর্ (সং. √ কৃ) + আ]।

করাইত, কিরাইত, করেত (p. 167) [karāita, kirāita, karēta] বি. বিষধর সাপবিশেষ। [< সং. কিরাত = সর্প; তু. 'কিরাতাশিন্' অর্থাত্ সর্পভুক, গরুড়ের অন্যতম নাম]।

করাঘাত (p. 167) [karāghāta] বি. চড়, চপেটাঘাত, চাপড়; হাত বা করতল দিয়ে আঘাত (কপালে করাঘাত)। [সং. কর3 + আঘাত]।

করাত (p. 167) [karāta] বি. লোহার পাত দিয়ে তৈরি একদিকে দাঁত-কাটা কাঠ চেরাইয়ের বা অন্য দ্রব্য কাটবার যন্ত্রবিশেষ। [সং. করপত্র]। করাতি, (বর্জি.) করাতী বি. করাত দিয়ে কাঠ চেরা যার পেশা।

করানো (p. 167) [karānō] ক্রি. অপরকে দিয়ে করিয়ে নেওয়া। □ বি. উক্ত অর্থে (মাঝে মাঝে গোরুকে স্নান করানো ভালো)। □ বিণ. করিয়ে নেওয়া হয়েছে এমন (করানো অঙ্ক আবার করে কী লাভ?)। [বাং. √ কর্ + আনো]।

করায়ত্ত (p. 167) [karāẏatta] বিণ. হস্তগত; অধিগত (ক্ষমতা করায়ত্ত হয়েছে)। [সং. 3 + আয়ত্ত]।

করাল (p. 167) [karāla] বিণ. 1 বড় বড় দাঁতযুক্ত, দন্তুর; 2 ভয়ানক আকৃতিবিশিষ্ট; ভীতিজনক; 3 ভীষণ; 4 তুঙ্গ। [সং. কর + √ অল্ + অ]। ~ বদনা

বিণ. (স্ত্রী.) ভীষণ মুখবিশিষ্টা □ বি. মহাকালী। করালী বি. (স্ত্রী.) 1 চামুণ্ডা, চণ্ডী; 2 অগ্নিজিহ্বাবিশেষ।

করিকর, করিণী (p. 167) [karikara, kariṇī] দ্র করী।

করিত-কর্মা (p. 167) [karita-karmā] বিণ. কর্মকুশল; চৌকস। [সং. কৃতকর্মন্]।

করিয়া (p. 167) [kariẏā] অস-ক্রি. (সাধু) করার পর, ক'রে (খেলা করিয়া, গমন করিয়া)। □ অব্য. 1 দ্বারা, সাহায্যে, অবলম্বনে (হাতে করিয়া, মুখে করিয়া); 2 বিবেচনায় (এক টাকা করিয়া চাঁদা, দোষ কম করিয়া দেখি); 3 প্রকারে, উপায়ে (কী করিয়া এ কাজ করিলে? ভালো করিয়া খাও); 4 পর্যায়ক্রমে (একজন-একজন করিয়া যাও)। [বাং. √ কর্ + ইয়া]।

করিয়া-কর্মিয়া, (চলিত) করেকর্মে (p. 167) [kariẏā-karmiẏā, (calita) karēkarmē] ক্রি-বিণ. স্বহস্তে সম্পাদন করে; হাতেকলমে অভিজ্ঞতা অর্জন করে; পরিশ্রমের দ্বারা এবং চেষ্টাচরিত্র করে (ছেলেটা যাহোক করেকর্মে খাচ্ছে)। [বাং. করিয়া-কর্ম করিয়া]।

করিষ্ণু (p. 167) [kariṣṇu] বিণ. করণশীল, করে বা করছে এমন. ক্রিয়াশীল। [সং. √ কৃ +ইষ্ণু]।

করিষ্য-মাণ (p. 167) [kariṣya-māṇa] (বর্ত. বিরল) বিণ. যে করবে; ভবিষ্যতে যা করা হবে। [সং. √ কৃ + স্যমান]।

করী (p. 167) [karī] (-রিন্) বি. হাতি, গজ। [সং. কর3 + ইন্]। বি. (স্ত্রী.) করিণী। করি-কর বি. হাতির শুঁড়। করীন্দ্র বি. গজশ্রেষ্ঠ, মহাগজ।

করীষ (p. 167) [karīṣa] বি. শুকনো গোবর; ঘুঁটে। [সং.√ কৃ + ঈষ]।

করু (p. 167) [karu] ক্রি. (ব্রজ.) করে; করুক; কোরো ('অসম মহিমা কো করু ওর': বা. ঘো.)। [বাং. √ কর্]।

করুণ (p. 167) [karuṇa] বিণ. 1 শোক বা করুণা উদ্রেককারী (করুণ বিলাপ); 2 করুণাপূর্ণ (করুণ হৃদয়); 3 আর্ত, কাতর (করুণ স্বরে)। □ বি. (অল.) 1 শোকরূপ স্থায়িভাব থেকে জাত করুণা উদ্রেককারী রস; 2 দয়া, অনুগ্রহ। [সং. করুণা + অ (অস্ত্যর্থে)]।

করুণা (p. 167) [karuṇā] বি. দয়া, কৃপা, অনুগ্রহ। [সং.√ কৃ (চিত্ত বিক্ষিপ্ত হওয়া) + উন + আ]।˜ নিদান,˜ নিধান,˜ নিধি,˜ নিলয়,˜ ময় বিণ. (সচ. ঈশ্বর সম্বন্ধে প্রযুক্ত) দয়ালু, দয়াময়। বিণ. (স্ত্রী.)˜ ময়ী।

করেণু (p. 167) [karēṇu] বি. 1 হাতি; 2 হাতির শাবক। [সং. √ কৃ + এণু]।˜ কা বি. (স্ত্রী.) হস্তিনী।

করোগেট (p. 167) [karōgēṭa] বি. দস্তার কলাই-করা লোহার তরঙ্গায়িত পাত বা চাদরবিশেষ। [ইং. corrugated]।

করোটি, করোটী, করোট (p. 167) [karōṭi, karōṭī, karōṭa] বি. মাথার খুলি। [সং. ক (মাথা) + √ রুট্ (রক্ষা করা) + অ + ই, ঈ]। করোটিক বিণ. 1 মাথার খুলিসংক্রান্ত; 2 খুলিতে বা করোটিতে স্হিত। করোটিকা বি. করোটি, cranium (বি. প.)।

কর্ক (p. 167) [karka] বি. ছিপি; ইয়োরোপীয় কর্ক গাছের ছালে প্রস্তুত ছিপি। [ইং. cork।

কর্কট, কর্কটক (p. 167) [karkaṭa, karkaṭaka] বি. কাঁকড়া; (জ্যোতিষ.) মেষাদি দ্বাদশ রাশির চতুর্থটি। [সং. √ কর্ক্ + অটন্]। কর্কট-ক্রান্তি বি. নিরক্ষরেখার 23° 27' অংশ উত্তরের অক্ষরেখা, Tropic of Cancer.˜ রোগ বি. দুরারোগ্য দুষ্ট ক্ষতরোগবিশেষ, ক্যানসার।

কর্কটি, কর্কটিকা (p. 167) [karkaṭi, karkaṭikā] বি. কাঁকুড়; কাঁকুড়গাছ। [সং. √ কর্ক্ + অট্ + ই, + ক + আ (স্ত্রী.)]।

কর্কশ (p. 167) [karkaśa] বিণ. 1 অমসৃণ, খরখরে (কর্কশ মেঝে, কর্কশ দেওয়াল); 2 শ্রুতিকটু, কঠোর (কর্কশ বাক্য); 3 নির্মম, নিষ্ঠুর (কর্কশ প্রকৃতি); 4 নীরস, শুষ্ক। [সং. কর্ক + শ (অস্ত্যর্থে)]। বি.˜ তা।

কর্কোট, কর্কোটক (p. 167) [karkōṭa, karkōṭaka] বি. 1 তীব্র বিষবিশেষ; 2 সাপবিশেষ; 3 কাকরোল এবং তার গাছ; 4 কাঁকুড়। [সং. কর্কোটক]।

কর্জ (p. 167) [karja] বি. ঋণ, ধার, দেনা (কর্জ করে সংসার চালানো)। [আ. কর্জ্]।

কর্ণ1 (p. 167) [karṇa1] বি. (মহাভারতে) কুন্তীর কুমারীকালের পুত্র। [সং. √ কর্ণ্ + অ]।

কর্ণ2 (p. 167) [karṇa2] বি. (জ্যামি.) চতুষ্কোণ ক্ষেত্রের এক কোণ থেকে বিপরীত কোণ পর্যন্ত অঙ্কিত সরলরেখা, diagonal. [সং. √ কৃ + ন]।

কর্ণ3 (p. 167) [karṇa3] বি. শ্রবণেন্দ্রিয়, কান। [সং. √ কর্ণি + অ]।˜ কুহর,˜ বিবর,˜ রন্ধ্র বি. কানের ছিদ্র বা ফুটো।˜ গোচর বিণ. শ্রুত, কানে এসেছে বা শোনা গেছে এমন (কথাটা তাঁর কর্ণগোচর হয়নি)।˜ পট,˜ পটহ বি. শ্রবণযন্ত্রের সূক্ষ্ম ঝিল্লি যাতে আঘাত লাগলে ধ্বনি শ্রুত হয়।˜ পথ বি. কানের মধ্যে শব্দ ঢোকার পথ, কর্ণকুহর।˜ পাত বি. শ্রবণ; কান দেওয়া(অপরের কথায় কর্ণপাত না করা)।˜ বেধ বি. কানে অলংকার পরবার জন্য কান ছিদ্র করার সংস্কারবিশেষ।˜ মল বি. কানের ময়লা, কানের খোল।˜ মূল বি. কানের গোড়া।˜ শূল বি. কানের প্রদাহ বা যন্ত্রণা। কর্ণাভরণ বি. কানের গয়না।

কর্ণ4 (p. 167) [karṇa4] বি. নৌকার হাল; অরিত্র। [সং. √ কৃ + ন]।˜ ধার বি. 1 মাঝি, কাণ্ডারি; 2 (গৌণ অর্থে) কর্তা, পরিচালক।

কর্ণাট (p. 167) [karṇāṭa] বি. দাক্ষিণাত্যের অঞ্চলবিশেষ। [সং. কর্ণ + √ অট্ + অ]।˜ ক 1 বি. কর্ণাটের অধিবাসী। □ বিণ. কর্ণাটের; কর্ণাটসম্বন্ধীয় (কর্ণাটক সংগীত)। কর্ণাটী বি. (স্ত্রী.) রাগিণীবিশেষ।

কর্ণান্তর (p. 167) [karṇāntara] বি. অন্য কান বা শ্রুতি। □ বিণ. ক্রি-বিণ. এক কান থেকে অন্য কানে (খবরটা দ্রুত কর্ণান্তর হয়ে গেল)। [সং. কর্ণ + অন্তর]।

কর্ণিকা (p. 167) [karṇikā] বি. 1 কানের গয়নাবিশেষ; 2 পদ্মের বীজকোষ; 3 বৃন্ত, বোঁটা; 4 লেখনী। [সং. কর্ণ3 + ইক + আ]।

কর্ণিকার (p. 167) [karṇikāra] বি. 1 সোঁদাল গাছ; তার ফুল; 2 পদ্মের বীজকোষ; 3 শর বা বাণবিশেষ। [সং. কর্ণিকা + √ ঋ + অ]।

কর্ণে-জপ (p. 167) [karṇē-japa] বি. 1 গোয়েন্দা; 2 গুপ্তচর; 3 কুপরামর্শদাতা। [সং. কর্ণে + √ জপ্ + অ]।

কর্তন (p. 169) [kartana] বি. ছেদন, কাটা। [সং. √ কৃত্ + অন]। কর্তনী বি. 1 যার সাহায্যে কাটা যায়; 2 কাঁচি; 3 কাটারি।

কর্তব, কর্তব (p. 169) [kartaba, kartaba] বি. গানের সুরের নানারকম কৌশল প্রদর্শন. সুর ভাঁজা (তান-কর্তব)। [হিং. কর্তব্]।

কর্তব্য (p. 169) [kartabya] বিণ. 1 করণীয়; অনুষ্ঠেয়; 2 উচিত, বিধেয়। □ বি. করণীয় কর্ম ('একা আমি বসে আছি কর্তব্য সাধিতে': রবীন্দ্র)। [সং. √ কৃ + তব্য]।˜ তা বি. ঔচিত্য (আমার কাজের কর্তব্যতা আমিই স্থির করব)।

কর্তবী, কর্তরিকা (p. 169) [kartabī, kartarikā] বি. 1 ছেদনযন্ত্র; 2 কাটারি; 3 ছুরি; 4 কাঁচি। [সং. √ কৃত্ + অর + ঈ, ক + আ]।

কর্তা (p. 169) [kartā] (-র্তৃ) বিণ. বি. 1 যিনি স্বাধীনভাবে কর্ম করেন; 2 প্রণেতা (গ্রন্হকর্তা); 3 নির্মাতা, স্রষ্টা (বিশ্বকর্তা); 4 গৃহস্বামী (কর্তা-গিন্নি দুজনেই বিচক্ষণ); 5 প্রভু, মনিব (এ বাড়ির বড় কর্তা); 6 প্রধান ব্যক্তি (কর্তাব্যক্তি); 7 (ব্যাক.) ক্রিয়ার সম্পাদক, nominative. [সং. √ কৃ + তৃ]। কর্ত্রী বিণ. বি. (স্ত্রী.) 1 কর্মসম্পাদনকারিণী; 2 প্রণেত্রী; লেখিকা; 3 গৃহিণী; 4 প্রভুপত্নী; 5 অধ্যক্ষা।˜ ভজা বি. 1 আউলচাঁদ কর্তৃক প্রবর্তিত বৈষ্ণব ধর্মসম্প্রদায়বিশেষ; 2 (ব্যঙ্গে) ক্ষমতাবান ব্যক্তির স্তাবক বা মোসাহেব। কর্তৃত্ব বি. কর্তার ভাব পদ বা অধিকার; প্রভুত্ব, আধিপত্য।

কর্তিত (p. 169) [kartita] বিণ. কাটা বা ছেদন করা হয়েছে এমন, ছেদিত, ছিন্ন। [সং. √ কত্ + ত]।

কর্তু-কাম (p. 169) [kartu-kāma] বিণ. করতে ইচ্ছুক, চিকীর্ষু; করতে উদ্যত। [সং. কর্তুম্ + কাম]।

কর্তৃক (p. 169) [kartṛka] অব্য. কর্তৃত্বে, দ্বারা (লেখক কর্তৃক স্বীকৃত)। [সং. কর্তৃ + ক]।

কর্তৃ-কারক (p. 169) [kartṛ-kāraka] বি. (ব্যাক.) ক্রিয়ার সঙ্গে অন্বিত কর্তৃপদ, nominative case. [সং. কর্তৃ + কারক]।

কর্তৃত্ব (p. 169) [kartṛtba] দ্র কর্তা।

কর্তৃ-পক্ষ, কর্তৃ-বর্গ (p. 169) [kartṛ-pakṣa, kartṛ-barga] বি. কার্যসম্পাদকগণ, কর্মাধিকারিগণ; পরিচালকবৃন্দ; শাসকবর্গ। [সং. কর্তৃ + পক্ষ, বর্গ]।

কর্তৃ-পদ (p. 169) [kartṛ-pada] বি. (ব্যাক.) বাক্যে ক্রিয়ার সম্পাদনকর্তা, বাক্যের কর্তা, nominative. [সং. কর্তৃ + পদ]।

কর্তৃ-বাচ্য (p. 169) [kartṛ-bācya] বি. (ব্যাক.) যে বাচ্যে ক্রিয়ার কার্য সম্পূর্ণ কর্তৃনিষ্ঠ বা কর্তার অধীন হয়, active voice. [সং. কর্তৃ + বাচ্য]।

কর্ত্রী (p. 169) [kartrī] দ্র কর্তা।

কর্দম (p. 169) [kardama] বি. 1 কাদা, পাঁক; 2 কলুষ, পাপ। [সং. √ কর্দ্ + অম + ক]। কর্দমাক্ত বিণ. কাদা-মাখা, পঙ্কিল।

কর্নিক (p. 169) [karnika] বি. চুন-বালি-সিমেণ্টের প্রলেপ লাগাবার জন্য রাজমিস্ত্রিদের যন্ত্রবিশেষ, trowel. [দেশি]।

কর্পূর (p. 169) [karpūra] বি. গাছবিশেষের চোলাই-করা নির্যাস, সাদারঙের উদ্বায়ী গন্ধদ্রব্যবিশেষ। [সং. √ কৃপ্ + ঊর, তু. আ. কাফুর]।˜ রস বি. পারদ।

কর্বুর, কর্বূর (p. 169) [karbura, karbūra] বি. 1 রাক্ষস; 2 পাপ। □ বিণ. নানা বর্ণযুক্ত; চিত্রবিচিত্র। [সং. √ কর্ + উর বিকল্পে ঊ]। ˜ পতি বি. রাক্ষসদের রাজা, রাবণ। কর্বুরিত বিণ. নানা বর্ণে রঞ্জিত।

কর্ম (p. 169) [karma] (-র্মন্) বি. 1 যা করা হয়, কার্য; 2 কর্তব্য; 3 উপযোগিতা (সে কোনো কর্মের নয়); 4 বিবাহাদি সামাজিক অনুষ্ঠান; ধর্মানুষ্ঠান (ক্রিয়াকর্ম); 5 বৃত্তি, পেশা, ব্যবসায় (চিকিৎসকের কর্ম, কর্মস্থল); 6 (ব্যাক.) কর্মপদ বা কর্মকারক, object. objective case. [সং. √ কৃ + মন্]। ˜ কর্তা (-র্তৃ) বি. কাজকর্মের ব্যাপারে প্রধান ব্যক্তি। ˜ কর্তৃ-বাচ্য বি. (ব্যাক.) যে বাচ্যে কর্মই কর্তা বলে প্রতীত হয় এবং ক্রিয়াটি আপনাআপনিই নিষ্পন্ন হচ্ছে বলে মনে হয়, যথা, ভাত ফুটছে, বাঁশি বাজছে। ˜ কাণ্ড বি. 1 বেদের যে অংশে যজ্ঞাদি কর্মের বিধান আছে; 2 কর্মসমূহ। ˜ কারী (-রিন্) বিণ. বি. কর্মী, কর্ম করে এমন (ব্যক্তি)। ˜ কুশল বিণ. কার্যদক্ষ, কাজেকর্মে পটু। ˜ ক্ষম বি. কাজের জায়গা। ˜ চারী (-রিন্) বি. নির্দিষ্ট কাজের জন্য বেতনভোগী ব্যক্তি, যে বেতনের বিনিময়ে কাজ করে। ˜ ঠ বিণ. কার্যক্ষম, কাজ করতে সমর্থ। ˜ ণ্য বিণ. কার্যক্ষম; কাজের উপযোগী। ˜ ত্যাগ বি. কাজ ছাড়া; চাকরি ছেড়ে দেওয়া। ˜ দোষ বি. কুকর্ম বা অন্যায় কাজ করার জন্য অপরাধ; পূর্বজন্মে কৃত পাপ; দুরদৃষ্ট। ˜ নাশা বিণ. কাজ পণ্ড করে এমন। □ বি. নদীবিশেষ। ˜ নিষ্ঠ বিণ. কাজে মনোযোগী; কর্তব্যপরায়ণ। ˜ ফল বি. কৃতকর্মের ফল (বিশেষত যা জন্মান্তরেও ভোগ করতে হয়)। ˜ বাচ্য বি. (ব্যাক.) যে বাচ্যে কর্মই প্রধান হয়ে ক্রিয়াকে নিয়ন্ত্রিত করে। ˜ বাদ বি. যে মতবাদ অনুসারে কৃতকর্মের ফল ইহজন্মেই হোক বা পরজন্মেই হোক ভোগ করতে হবে। ˜ বাদী (-দিন্) বিণ. কর্মবাদ মানে এমন। ˜ বিপাক বি. কর্মের পরিণাম বা শেষ ফল; কৃতকর্মের ফলভোগ। ˜ বিরতি বি. কোনো দাবি আদায়ের জন্য বা কোনো কিছুর প্রতিবাদে কর্মচারী শ্রমিক ইত্যাদির সাময়িক কাজ বন্ধ, cease-

work.~ বীর বিণ. অসাধারণ কর্মী, কাজে উৎসর্গীকৃত জীবন যার।~ ভূমি বি. কর্মক্ষেত্র, কাজের জায়গা; সংসার।~ ভোগ বি. কর্মের ফলভোগ; বৃথা কষ্টভোগ; অনর্থক পরিশ্রম।~ মুখী বিণ. কর্ম অর্থাত্ বৃত্তি বা ব্যবসায় যার লক্ষ্য (কর্মমুখী শিক্ষা)।~ যোগ বি. 1 চিত্তের সংযম ও শুদ্ধিকারক শাস্ত্রোক্ত কর্ম; 2 গীতায় নির্দিষ্ট নিষ্কাম অর্থাত্ ফলের আকাঙ্ক্ষা না করে কর্মের দ্বারা আত্মোন্নতিবিধান। ~ ; যোগী (-গিন্) বিণ. বি. কর্মযোগে বিশ্বাসী; কর্মযোগপালনকারী।~ শালা বি. কর্মস্থান; কারখানা।~ শীল বিণ. কার্যসাধনে তৎপর, কর্মে নিষ্ঠা আছে এমন।~ সচিব বি. 1 কার্য পরিচালনে সহায়তাকারী, সহকারী; 2 কার্যপরিচালক মন্ত্রী।~ সাক্ষী (-ক্ষিন্) বি. সকল কর্মের সাক্ষাত্ দ্রষ্টা; চন্দ্রসূর্যাদি।~ সিদ্ধি বি. কাজে সাফল্য; ইষ্টপূরণ।~ সূত্র বি. 1 কাজের নিয়ম, ক্রম বা প্রয়োজন; 2 কর্মফল; 3 নিয়তি।~ সূত্রে ক্রি-বিণ. কাজের প্রয়োজনে (কর্মসূত্রে একবার সেখানে গিয়েছিলাম); নিয়তির বন্ধনে; কর্মফলস্বরূপ।~ স্থল বি. কাজের জায়গা; কার্যালয়, অফিস।

কর্ম-কার (p. 169) [karma-kāra] বি. 1 কামার, লৌহজীবী; 2 বাঙালি হিন্দুর পদবিবিশেষ। [সং. কর্মন্ + √ কৃ + অ]।

কর্ম-ধারয় (p. 169) [karma-dhāraẏa] বি. (ব্যাক.) সমাসবিশেষ, যাতে সমান বিভক্তিযুক্ত বিশেষণ ও বিশেষ্য পদের মিলন হয় এবং পরপদ বিশেষ্যের অর্থ প্রধান হয় যথা, নীলোৎপল, কানাকড়ি। [সং. কর্মন্ + √ ধৃ + ণিচ্ + অ]।

কর্ম-প্রবচনীয় (p. 169) [karma-prabacanīẏa] বি. অব্যয় পদবিশেষ, যা নির্দিষ্ট অর্থে কোনো বিশেষ্য বা সর্বনামের পর ব্যবহৃত হয়ে তাকে বিভক্তিযুক্ত করে যথা, হাত দিয়ে খাও, গাছ থেকে পড়ে, তোমার প্রতি বিশ্বাস; অনুসর্গ। [সং. কর্মন্ + প্র + বচনীয়]।

কর্মাকর্ম (p. 169) [karmākarma] (-র্মন্) বি. কাজ ও অকাজ; কর্তব্য ও অকর্তব্য। [সং. কর্মন্ + অকর্মন্]।

কর্মাধ্যক্ষ (p. 169) [karmādhyakṣa] বি. কাজের পরিচালক; কাজের পরিদর্শক বা তত্ত্বাবধায়ক। [সং. কর্মন্ + অধ্যক্ষ]।

কর্মানু-বন্ধ (p. 169) [karmānu-bandha] বি. কাজের প্রয়োজন বা তাগিদ, কাজের বাঁধন। [সং. কর্মন্ + অনুবন্ধ]।

কর্মানু-রূপ (p. 169) [karmānu-rūpa] বিণ. কর্মানুযায়ী, কাজ অনুসারে (কর্মানুরূপ ফল, কর্মানুরূপ বেতন)। [সং. কর্মন্ + অনুরূপ]।

কর্মান্তর (p. 169) [karmāntara] বি. অন্য কর্ম, অন্য কাজ। [সং. কর্মন্ + অন্তর]।

কর্মার (p. 169) [karmāra] বি. কর্মকার, কামার, লৌহজীবী। [সং. কর্মন্ + √ ঋ + অ]।

কর্মার্হ (p. 169) [karmārha] বিণ. 1 কার্যোপযুক্ত (কর্মার্হ কাল, কর্মার্হ সময়); 2 কর্মক্ষম। [সং. কর্মন্ + অর্হ]।

কর্মিষ্ঠ (p. 169) [karmiṣṭha] বিণ. অতিশয় কর্মশীল, একান্ত কর্মনিষ্ঠ; কর্মঠ। [সং. কর্মিন্ + ইষ্ঠ]।

কর্মী (p. 169) [karmī] (-র্মিন্) বিণ. বি. 1 কর্মক্ষম, কার্যদক্ষ; 2 কর্মচারী; 3 যে কর্ম বা কাজ করে, কর্মকারী। [সং. কর্মন্ + ইন্]।

কর্মেন্দ্রিয় (p. 169) [karmēndriẏa] বি. যে সমস্ত ইন্দ্রিয়ের সাহায্যে কর্ম সম্পাদন করা হয়, যথা বাক্ পাণি, পাদ, পায়ু, উপস্থ। [সং. কর্মন্ + ইন্দ্রিয়]।

কর্ষ1 (p. 169) [karṣa1] বি. ওজনের পরিমাণবিশেষ (16 মাষা, কবিরাজি মতে 2 তোলা)। [সং. √ কৃষ্ + অ]।

কর্ষ2 কর্ষণ (p. 169) [karṣa2 karṣaṇa] বি. 1 কৃষি. চাষ (ভূমিকর্ষণ, হলকর্ষণ); 2 আকর্ষণ (বিপ্রকর্ষণ); 3 পীড়ন; 4 ঘর্ষণ (নিকষে কর্ষণ করা)। [সং. √ কৃষ্ + অ, অন]। কর্ষক বি. বিণ. যে কর্ষণ করে, কৃষক। কর্ষণীয় বিণ. কর্ষণযোগ্য; কর্ষণ করতে হবে এমন। কর্ষিত, কৃষ্ট বিণ. কর্ষণ করা হয়েছে এমন (তু. অকৃষ্ট ভূমি)। কর্ষী (-র্ষিন্) বিণ. আকর্ষণকারী।

কল1 (p. 169) [kala1] বি. অঙ্কুর, বীজ থেকে জাত উদ্ভিদের প্রথম অবস্থা। [সং. কলল]।

কল2 (p. 169) [kala2] বি. 1 যন্ত্র (ঘড়ির কল, সেলাইয়ের কল); 2 বন্দুকের ঘোড়া; 3 যন্ত্রসমন্বিত কারখানা (তেলকল); 4 ফাঁদ (কল পাতা, ইঁদুরের কল); 5 কৌশল, চাতুর্যপূর্ণ উপায় (কলেকৌশলে); 6 প্যাঁচ (তালার কল); 7 যা ঘুরিয়ে খোলা বা বন্ধ করা হয় (জলের কল)। [তু সং. √ কল্ (=গতি), হি. কল]।˜ কব্জা বি. যন্ত্রপাতি।˜ কার-খানা বি. যন্ত্র ও যন্ত্রের সাহায্যে উৎপাদনের স্থান, মিল (

mill), ফ্যাক্টরি। ˜ ঘর বি. 1 (কারখানার) যে ঘরে মেশিন থাকে, মেশিনঘর; 2 বাথরুম, স্নানের ঘর যেখানে জলের কল থাকে। কল টেপা ক্রি. বি. গোপনে পরামর্শ বা প্ররোচনা দেওয়া। কলের গান আগের যুগের গ্রামোফোন যন্ত্র; রেকর্ড বাজিয়ে গান শোনার পুরোনো যন্ত্রবিশেষ। কলের পুতুল 1 যে পুতুলে এমন যন্ত্র বসানো থাকে যা পরিচালনা করে পুতুলকে নাড়ানো যায়; 2 (গৌণ অর্থে) অন্যের দ্বারা পরিচালিত হয় এমন ব্যক্তিত্বহীন লোক। কলের মানুষ মানুষের আকৃতিবিশিষ্ট যন্ত্রযুক্ত পুতুল; পরাধীন বা ব্যক্তিত্বহীন লোক.

কল3 (p. 169) [kala3] বি. মধুর অস্ফুট ধ্বনি; কাকলি। □ বিণ. অস্ফুট কিন্তু মধুর (কলধ্বনি)। [সং. √ কল্ + অ]। ˜ কণ্ঠ বি. সুস্বর, মধুর স্বর; মধুর ধ্বনি। □ বিণ. 1 অব্যক্ত মধুর রবকারী; মধুর কণ্ঠবিশিষ্ট; 2 মধুর কাব্যরচনাকারী (কলকণ্ঠ কবি)। ˜ কণ্ঠী বি. (স্ত্রী.) মধুর কণ্ঠবিশিষ্টা। ˜ কল বি. 1 মধুর অস্ফুট ধ্বনি; 2 অবিরাম জলপ্রবাহের বা জলনির্গমনের শব্দ; 3 পাখির কলরব; 4 কোলাহল। ˜ কলানি বি. কলকল শব্দ। ˜ কলানো ক্রি. বি. মধুর অস্ফুট ধ্বনি করা; কাকলিধ্বনি করা। ˜ কল্লোলিনী বিণ. (স্ত্রী.) (সাধারণত নদী সম্বন্ধে) মধুর ধ্বনিযুক্ত তরঙ্গ যার (কলকল্লোলিনী যমুনা)। ˜ তান বি. মধুর ধ্বনি (যমুনার কলতান, পাখির কলতান)। ˜ নাদ বি. মধুর ধ্বনি। ˜ নাদিনী। ˜ রব, ˜ রোল বি. 1 কলকল শব্দ; 2 সমবেত বহু লোকের মিশ্রিত অস্পষ্ট শব্দ, কোলাহল। ˜ স্বন, ˜ স্বর বি. 1 অস্পষ্ট শব্দ; 2 উচ্চ স্বর, তারস্বর। □ বিণ. ওইরকম শব্দকারী। ˜ স্বনা বিণ. (স্ত্রী.) অস্পষ্ট শব্দকারিণী (কলস্বনা নদী)। ˜ হংস বি. 1 রাজহাঁস; 2 বালিহাঁস। বি. (স্ত্রী.) ˜ হংসী। ˜ হাস, ˜ হাস্য বি. মধুর অস্পষ্ট হাসির শব্‌দ; মধুর অস্পষ্ট হাসি। ˜ হাসিনী বিণ. (স্ত্রী.) কলহাস্যকারিণী।

কলকা (p. 169) [kalakā] (উচ্চা. কল্কা) বি. বস্ত্রাদিতে মোরগফুলের মতো বা পাতার মতো নকশাবিশেষ। (কলকা পাড়ের শাড়ি)। [হি. কলগা; তু. তুর. কলগী]। ̃ দার বিণ. কলকাযুক্ত। ̃ পেড়ে বিণ. কলকাদার পাড়যুক্ত।

কলকাতাই, কলকাত্তাই (p. 169) [kalakātāi, kalakāttāi] বিণ. কলকাতা শহরে ঘটে বা পাওয়া যায় এমন; কলকাতাসম্বন্ধীয় (কলকাত্তাই চালচলন)। [বাং. কলকাতা + আই]।

কলকে, কলকি (p. 169) [kalakē, kalaki] বি. 1 হুঁকা, গড়গড়া প্রভৃতিতে ধূমপানের সময় (সাধারণত মাটির তৈরি) যে পাত্রে তামাক পোড়ানো হয়; ছিলিম; 2 হলদে রঙের ফুলবিশেষ। কলকে পাওয়া ক্রি. বি. সমাদর বা খাতির পাওয়া; উপেক্ষিত না হওয়া।

কলগি, কলগা (p. 169) [kalagi, kalagā] বি. 1 শিরোভূষণ; 2 মুকুট; 3 তাজ; 4 পাগড়ির চূড়া। [আ. তুর. কলগী]।

কলঙ্ক (p. 169) [kalaṅka] বি. 1 তামা পিতল ইত্যাদি ধাতুপাত্রের দাগ বা মালিন্য; 2 মরচে; 3 অখ্যাতি; 4 কেলেঙ্কারি। [সং. ক + √ লন্ক্ + অ]। কলঙ্কিত বিণ. কলঙ্কযুক্ত; কলঙ্কী; অপবাদগ্রস্ত। বিণ. (স্ত্রী.) কলঙ্কিতা। কলঙ্কী (-ঙ্কিন্) বিণ. দুর্নামগ্রস্ত, কলঙ্কগ্রস্ত। বিণ. (স্ত্রী.) কলঙ্কিনী।

কলজে (p. 169) [kalajē] দ্র কলিজা।

কলতান (p. 169) [kalatāna] দ্র কল3।

কল-তানি (p. 169) [kala-tāni] বি. ক্ষতস্থান থেকে নিঃসৃত রস; লালা, পুঁজ প্রভৃতি ক্লেদ। [দেশি]।

কলত্র (p. 169) [kalatra] বি. পত্নী, স্ত্রী. (পুত্রকলত্রসহ)। [সং. (1) √ গড্‌ + অত্রন্‌ (গ > ক); (2)কল + √ ত্রৈ + অ]।

কল-ধৌত, কল-ধূত (p. 169) [kala-dhauta, kala-dhūta] বি. 1 সোনা; 2 রুপো; 3 কলধ্বনি। [সং. কল (মলভাগ) + ধৌত]।

কলন (p. 169) [kalana] বি. 1 গণন, সংখ্যা করা; হিসাব; 2 গ্রহণ। [সং. √ কল্‌ + অন]।

কলপ (p. 169) [kalapa] বি. 1 পাকা চুল কালো করবার রং; 2 মাড় (শাড়ির পাড়ে কলপ দেওয়া)। [আ. কলফ্‌]।

কল-বিঙ্ক (p. 169) [kala-biṅka] বি. চড়াই পাখি, চটক। [সং. কল 3 + বিঙ্ক (স্বর? রব?)]।

কলভ (p. 169) [kalabha] বি. হাতির শাবক, হাতির বাচ্চা। (করভ দ্র)। [সং. কর + √ ভা + অ। র > ল]।

কলম1 (p. 169) [kalama1] বি. 1 কোনো গাছ থেকে কেটে-নেওয়া কচি ডাল যা থেকে অন্য গাছ হয়; 2 কোনো গাছের কচি ডাল যা অন্য গাছের সঙ্গে

জুড়ে নতুন গাছ উৎপাদন করা হয়। [আ. ক'লম্]। কলম করা ক্রি. বি. নতুন গাছ জন্মাবার জন্য বড় গাছের ডাল কেটে নিয়ে তাই দিয়ে গাছ উৎপাদন করা।

কলম2 (p. 169) [kalama2] বি. পল-কাটা কাচ বা স্ফটিকের লম্বা ফলক বা খণ্ড (ঝড়ের কলম)। [আ. ক'ল্ম্]। কলমি বিণ. কলমের লম্বা কাচ বা স্ফটিকের ফলকের আকৃতিবিশিষ্ট (কলমি শোরা)।

কলম3 (p. 169) [kalama3] বি. সংবাদপত্র, বই ইত্যাদির প্রতি পৃষ্ঠায় মুদ্রিত লেখার আড়াআড়ি ভাগ, স্তম্ভ। [ইং. column]।

কলম4 (p. 169) [kalama4] বি. 1 লেখনী; 2 কলমের আকারের যন্ত্র (কাচ কাটবার কলম)। [সং. কলম্ব; আ. ক'ল্ম্]।˜ দান বি. কলম রাখার পাত্র।˜ পেশা বি. কেরানিগিরি; মসিজীবীর বৃত্তি।˜ বাজ বিণ. বি. দক্ষ লেখক।˜ বাজি বি. লেখকের বৃত্তি বা কাজ; লিপিকুশলতা; লেখালেখি; কলমের যুদ্ধ। কলমের খোঁচা বি. অন্যের অনিষ্ট বা বিরক্তি জন্মাতে পারে এমন লেখা।

কলমচি (p. 169) [kalamaci] বি. 1 লিপিকর, scribe; 2 শ্রুতিলেখক, শুনে শুনে যে লেখে। [ফা. কলম্চী]।

কলমা1 (p. 169) [kalamā1] বি. ইসলাম ধর্মের মূল বাক্য বা ইষ্টমন্ত্র। [আ. কল্মহ্]। কলমা পড়া ক্রি. বি. ইসলাম ধর্ম গ্রহণের স্বীকারোক্তিসহ প্রাথমিক কর্তব্য পালন করা।

কলমা2 (p. 169) [kalamā2] বি. (প্রধানত) পশ্চিমবঙ্গে উৎপন্ন চালবিশেষ। [দেশি]।

কলমি1 (p. 169) [kalami1] বি. শাকবিশেষ। [সং. কলম্বী]।

কলমি2 (p. 169) [kalami2] দ্র কলম2।

কলম্ব (p. 169) [kalamba] বি. 1 বাণ, তির, শর ('উড়িল কলম্বকুল অম্বর প্রদেশে': মধু); 2 কদম্ব গাছ; 3 শাকের ডাঁটা। [সং. √ কল্ + অম্ব]।

কলম্বী, কলম্বিকা (p. 169) [kalambī, kalambikā] বি. কলমি শাক। [সং. √ কল্ + অম্ব+ঈ, কলম্বী + ক স্বার্থে + আ (স্ত্রী.)]।

কলশ (p. 169) [kalaśa] দ্র কলস।

কলস, কলসি, কলসী, কলশ (p. 169) [kalasa, kalasi, kalasī, kalaśa] বি. জালার আকারের মাটির বা ধাতুর তৈরি জলপাত্র, ঘড়া, গাগরী, কুম্ভ। [সং. (1) ক + √ লস্ + অ; (2) √ কল্ + শু + অ]।

কলহ (p. 169) [kalaha] বি. ঝগড়া, বিবাদ। [সং. কল + √ হন্ + অ]। ̃ পরায়ণ বিণ. ঝগড়াটে, কারণে অকারণে ঝগড়া করে এমন। কলহান্তরিতা বি. যে নায়িকা প্রত্যাখ্যাত নায়কের সঙ্গে বিচ্ছেদের জন্য পরে মনস্তাপ ভোগ করে।

কলা1 (p. 169) [kalā1] বি. 1 চাঁদের ষোড়শ ভাগের এক ভাগ; 2 রাশিচক্রের অতি সূক্ষ্ম ভাগ; 3 কালের অংশবিশেষ (8 সেকেণ্ড পরিমাণ সময়); অতি অল্প সময়; 4 লেশ, ক্ষুদ্র অংশ; 5 (শারীর.) দেহের বিভিন্ন অংশের উপাদনস্বরূপু তন্তু, tissue (বি. প.); 6 শিল্প, সুকুমার শিল্প (নৃত্যকলা, চিত্রকলা); 7 শাস্ত্রোক্ত নৃত্যগীতাদি চৌষট্টিরকম বিদ্যা; 8 সুকুমার শিল্পে দক্ষতা, শিল্পে নৈপুণ্য; 9 চিত্তবৃত্তি; 1 ছলচাতুরী (ছলাকলা)। [সং. √ কল্ + অ + আ]। ˜ কুশল বিণ. চৌষট্টিরকম বিদ্যায় পারদর্শী; সুকুমার শিল্পে অর্থাত্ নৃত্যগীতাদিতে দক্ষ। ˜ ধর বি. 1 চন্দ্র; 2 শিব। ˜ নিধি বি. চন্দ্র। ˜ বত্ বিণ. বি. কালোয়াত, কালোয়াতি সংগীত করে এমন (ব্যক্তি)। ˜ বতী বিণ. বি. (স্ত্রী.) চৌষট্টি বিদ্যায় পারদর্শিনী; নিপুণা নায়িকা। ˜ বিদ্যা বি. শিল্পবিজ্ঞান, শিল্পবিদ্যা। ˜ ভবন বি. শিল্পশালা; চিত্রশালা, নাট্যশালা ইত্যাদি শিল্পচর্চার বা শিল্পসংগ্রহের স্থান। ˜ ভৃত্ বি. 1 চন্দ্র; 2 শিল্পী; 3 শিব। কারু-কলা বি. শ্রমশিল্প; যন্ত্রশিল্প। চারু-কলা, ললিত-কলা বি. চিত্রাঙ্কনাদি সুকুমার শিল্প; fine-arts. শিল্প-কলা বি. চিত্রাঙ্কন-নৃত্যগীতাদি শিল্প।

কলা2 (p. 169) [kalā2] বি. 1 (প্রধানত) গ্রীষ্মমণ্ডল উৎপন্ন লম্বা ফলবিশেষ, কদলী, রম্ভা; 2 (আল.) কিছুই না (সে কলা করবে); (গৌণার্থে) বুড়ো আঙুল (কলা দেখিয়ে চলে গেল)। [সং. কদলী]। কলা খাওয়া ক্রি. বি. ব্যর্থ হয়ে পড়ে থাকা (তুমি এখন বসে কলা খাও)। কলা দেখানো ক্রি. বি ফাঁকি দেওয়া। কলাপোড়া খাওয়া (তু. কচুপোড়া খাওয়া) ক্রি. বি. ব্যর্থ হয়ে পড়ে থাকা। ˜ বউ, ˜ বধূ, ˜ বৌ বি. 1 দুর্গাপূজার প্রথম দিনে পূজিত পাতাসহ কলাগাছের বধূমূর্তি; 2 কলা, ধান প্রভৃতি নয়টি গাছ দিয়ে তৈরি দেবীমূর্তি; 3 নবপত্রিকা; 4 নবদুর্গা; 5 (সাধারণের ভ্রান্ত ধারণায়) গণেশপত্নী; 6 (বিদ্রূপে) দীর্ঘ ঘোমটা-দেওয়া বধূ; অতি লজ্জাশীলা বধূ।

কলাই1, কড়াই (p. 169) [kalāi1, kaḍ়āi] বি. 1 মাষকলাই; 2 মটর, শুঁটিযুক্ত যাবতীয় শস্য। [সং. কলায়]।˜ শুঁটি বি. মটরশুঁটি।

কলাই2 (p. 169) [kalāi2] বি. রাং ইত্যাদি ধাতুর প্রলেপ; ইনামেল, মিনা (কলাই-করা থালা)। [আ. ক'লা']।

কলাদ (p. 169) [kalāda] বি. স্বর্ণকার, স্যাকরা। [সং. কলা + আ + √ দা + অ]।

কলানো (p. 169) [kalānō] ক্রি. বি. অঙ্কুরিত হওয়া, গজানো। [সং. কল1 + বাং. আনো]।

কলাপ (p. 172) [kalāpa] বি. 1 আভরণ, অলংকার; 2 ময়ূরপুচ্ছ (ময়ূর কলাপ মেলেছে); 3 সমূহ (কার্যকলাপ); 4 বিখ্যাত সংস্কৃত ব্যাকরণবিশেষ। [সং. কল + √ আপ্ + অ]।

কলাপী (p. 172) [kalāpī] (-পিন্) বি. ময়ূর। বি. (স্ত্রী.) কলাপিনী।

কলাবত্ (p. 172) [kalābat] দ্র কলা1।

কলায় (p. 172) [kalāẏa] বি. ডালজাতীয় শস্য; মাষকলাই, কলাই, মটর। [সং. কল + √ অয়্ + অ]।

কলার (p. 172) [kalāra] বি. শার্ট, কোট ইত্যাদির গলদেশের চওড়া ও শক্ত পটিবিশেষ। [ইং. collar]।

কলালাপ1 (p. 172) [kalālāpa1] বি. 1 অস্ফুট মধুর ধ্বনি; 2 মধুর আলাপ; 3 ভ্রমর। [সং. কল3 + আলাপ]।

কলালাপ2 (p. 172) [kalālāpa2] বি. নৃত্যগীতাদি কলা সম্বন্ধে আলোচনা। [সং. কলা1 + আলাপ]।

কলি1 (p. 172) [kali1] বি. 1 পুরাণোক্ত চতুর্থ বা শেষ যুগ (কলিকাল, কলিযুগ); 2 কলিদেব, দ্বাপরের পরবর্তী যুগের অধিদেবতা। [সং. √ কল্ + ই]। (সবে) কলির সন্ধ্যা (সন্ধে) কলির সূচনামাত্র, অর্থাত্ বিপদের সূচনামাত্র, ভয়াবহ ভবিষ্যত্ পরিণামের উপক্রমমাত্র।

কলি2 (p. 172) [kali2] বি. 1 কলিকা, কুঁড়ি; 2 কেশবিন্যাসের ভঙ্গিবিশেষ; 3 বৈষ্ণবদের তিলক কাটার ভঙ্গিবিশেষ (রসকলি); 4 কবিতা বা গানের চরণ। [সং. √ কল্ + ই]।

কলি3 (p. 172) [kali3] বি. চুনকাম, দেওয়ালে চুন দেওয়া। [আ. কলী]। কলী করা, কলি ধরানো, কলি ফেরানো ক্রি. বি. চুনকাম করা।

কলিকা1 (p. 172) [kalikā1] বি. কোরক, কুঁড়ি, কলি (কমলকলিকা)। [সং. কলি + ক স্বার্থে + স্ত্রী. আ]।

কলিঙ্গ (p. 172) [kaliṅga] বি. ওড়িশা ও তার দক্ষিণে দ্রাবিড় অঞ্চলসমেত প্রাচীন প্রদেশবিশেষ। [সং.কলি + √ গম্ + অ]।

কলি-চুন (p. 172) [kali-cuna] বি. ঝিনুক শামুক ইত্যাদি পুড়িয়ে তৈরি চুন। [আ. কলি3 + বাং. চুন]।

কলিজা, (কথ্য.) কলজে (p. 172) [kalijā, (kathya.) kalajē] বি. 1 যকৃত্; 2 হৃৎপিণ্ড; 3 বুক; 4 (আল.) সাহস। [তু. হি. কলেজা]। কলজে-পুরু বিণ. উচ্চহৃদয়, হৃদয়বান; উদার; অকৃপণ। কলজের জোর (আল.) সাহস।

কলিত (p. 172) [kalita] বিণ. 1 গণনা করা বা কলন করা হয়েছে এমন; 2 গৃহীত। [সং. √ কল্ + ত]।

কলিল (p. 172) [kalila] বিণ. সমন্বিত, যুক্ত, মিশ্রিত (মোহকলিল বুদ্ধি)। [সং. √ কল্ + ইল]।

কলু (p. 172) [kalu] বি. তৈলকার জাতি বা ব্যক্তি, যে ঘানিতে তেল তৈরি করে। [দেশি; তু. হি. কোলহু]। স্ত্রী.˜ নি। কলুর বলদ (আল.) এমন ব্যক্তি যার স্বাধীনতা বা চিন্তাশক্তি নেই, কেবল অন্যের ইচ্ছানুসারে যাকে সর্বদা ঘুরতে বা খাটতে হয়।

কলুষ (p. 172) [kaluṣa] বি. 1 পাপ; 2 মালিন্য; মল; দোষ ('সকল কলুষতামসহর জয় হোক তব জয়': রবীন্দ্র)। [সং. √ কল্ + উষ]। কলুষিত বিণ. কলুষযুক্ত; মলিন।

কলেজ (p. 172) [kalēja] বি. (স্কুলের শিক্ষা সমাপনান্তে) উচ্চতর শিক্ষালাভের জন্য প্রতিষ্ঠান, মহাবিদ্যালয়। [ইং. college]। কলেজীয় বিণ.কলেজসংক্রান্ত (কলেজীয় শিক্ষার শেষে)।

কলেবর (p. 172) [kalēbara] বি. শরীর, দেহ (দিন দিন কলেবর বৃদ্ধি পাচ্ছে)। [সং. কল (=শুক্র) + এ (7মী বিভক্তি) + বর (শ্রেষ্ঠ)।

কলেরা (p. 172) [kalērā] বি. ওলাওঠা রোগ, বিসূচিকা। [ইং. cholera]।

কলোনি (p. 172) [kalōni] বি. 1 বিস্তীর্ণ অঞ্চলে কিছু পরিবারের দ্বারা স্থাপিত বসতি; 2 পিতৃভূমি থেকে দূরে কোনো অপেক্ষাকৃত অনুন্নত দেশে এক দল লোকের দ্বারা স্থাপিত বসতি; 3 উপনিবেশ (দীর্ঘকাল ভারত ছিল ব্রিটেনের কলোনি)। [ইং. colony]।

কল্ক (p. 172) [kalka] বি. 1 খইল; 2 শিটা; 3 পাপ; 4 মল। [সং. √ কল্ + ক]।

কল্কি, কল্কী (p. 172) [kalki, kalkī] (-ল্কিন্) বি. বিষ্ণুর দশম বা শেষ অবতার, কলি যুগের শেষে যাঁর আবির্ভাব হওয়ার কথা। [সং. (1) √ কল্ + কি (-র্তৃ); (2) √ কল্ক্ + ইন্]। ̃ পুরাণ বি. কল্কি অবতারের বিবরণ ও কাহিনিসংবলিত পুরাণগ্রন্হ, অনুভাগবত।

কল্প1 (p. 172) [kalpa1] ঈষদূন বা তৎসদৃশ অর্থে তদ্ধিত প্রত্যয়বিশেষ (মৃতকল্প, অনুজকল্প, পিতৃকল্প)।

কল্প2 (p. 172) [kalpa2] বি. 1 যজ্ঞাদি সম্পাদনের নিয়মসংবলিত বেদাঙ্গ গ্রন্থবিশেষ; 2 ব্রহ্মার এক অহোরাত্র অর্থাত্ 432 কোটি বৎসর (কল্পান্তে); 3 শাস্ত্রীয় বিধি (কল্পাবাস, নবম্যাদি কল্প); 4 প্রলয়; 5 পূজার বিধি (কল্পারম্ভ); 6 অভিপ্রায় (রক্ষাকল্পে); 7 সংকল্প (দৃঢ়কল্প); 8 পক্ষ (মুখ্যকল্প)। [সং. √ ক্9প্ (যোগ্যতা, উৎপত্তি প্রভৃতি অর্থে) + অ]।

কল্পক (p. 172) [kalpaka] বিণ. 1 কল্পনাকারী; 2 রচয়িতা; 3 পরিকল্পনাকারী; 4 আরোপকারী। [সং. √ ক্9প্ + অক]।

কল্প-ক্ষয় (p. 172) [kalpa-kṣaẏa] বি. 1 কল্পের (অর্থাত্ ব্রহ্মার এক দিনের) অবসান; 2 প্রলয়। [সং. কল্প2 + ক্ষয়]।

কল্প-তরু, কল্প-দ্রুম, কল্প-বৃক্ষ (p. 172) [kalpa-taru, kalpa-druma, kalpa-bṛkṣa] বি. 1 ইন্দ্রলোকের সর্বকামনাপূরণকারী দেবতরু; 2 (আল.) অত্যন্ত উদার ও বদান্য ব্যক্তি যিনি সহজেই অন্যের ইচ্ছা পূরণ করেন। [সং. কল্প2 (ইচ্ছা) + তরু, দ্রুম, বৃক্ষ]।

কল্পন (p. 172) [kalpana] বি. 1 উদ্ভাবন; 2 মানসিক রচনা; 3 অবাস্তবকে বাস্তবরূপে চিন্তা করা; 4 আরোপ; 5 মানস; মনন; 6 সংকল্প। [সং. √ ক্9প্ + অন]।

কল্পনা (p. 172) [kalpanā] বি. 1 কল্পিত বা মনগড়া বিষয়; 2 উদ্ভাবনা; 3 উদ্ভাবনী শক্তি; 4 অনুমান। [সং. ক্9প্ + অন + আ]। ˜ প্রবণ বিণ. কল্পনা করতে ভালোবাসে এমন, ভাবুক। ˜ বিলাসী (-সিন্) বিণ. কল্পনা করে সুখ পায় এমন, কল্পনা করতে ভালোবাসে এমন। ˜ শক্তি বি. কল্পনার বা উদ্ভাবনী ক্ষমতা।

কল্প-বিজ্ঞান (p. 172) [kalpa-bijñāna] বি. কাল্পনিক বিজ্ঞানকাহিনি। কল্পনার মিশেল-দেওয়া বিজ্ঞানকাহিনী। [সং. কল্প (কল্পনা) + বিজ্ঞান]।

কল্প-লোক (p. 172) [kalpa-lōka] বি. কল্পনার রাজ্য, মানসলোক, মনোরাজ্য। [সং. কল্প (কল্পনা) + লোক]।

কল্পান্ত (p. 172) [kalpānta] বি. ব্রহ্মার এক অহোরাত্রের অবসান; মহাপ্রলয়। [সং. কল্প2 + অন্ত]।

কল্পারম্ভ (p. 172) [kalpārambha] বি. 1 পূজাবিধির আরম্ভ; 2 দুর্গাপূজার পনেরো দিন আগে থেকে নিত্যপালনীয় অনুষ্ঠান। [সং. কল্প2 + আরম্ভ]।

কল্পিত (p. 172) [kalpita] বিণ. 1 কল্পনা করা হয়েছে এমন; 2 রচিত; 3 সম্পাদিত; 4 আরোপিত; 5 মনগড়া; অবান্তর (এসব নিছকই কল্পিত গল্প); 6 অনুমিত। [সং. √ ক্9প্ + ণিচ্ + ত]।

কল্পী (p. 172) [kalpī] (-ল্পিন্) বিণ. কল্পনাকারী, কল্পক। [সং. কল্প + ইন্]।

কল্প্য (p. 172) [kalpya] বিণ. 1 কল্পনাযোগ্য; 2 বচনীয়; 3 বিধেয়। [সং. √ ক্9প্ + ণিচ্ + য]।

কল্মষ (p. 172) [kalmaṣa] বি. কলুষ, পাপ। □ বিণ. 1 মলিন; 2 পাপিষ্ঠ। [সং. কর্মন্ (শুভ কর্ম) + √ সো (বিনাশ করা) + অ র্ > ল্]।

কল্মাষ (p. 172) [kalmāṣa] বি. 1 কৃষ্ণ বর্ণ; 2 ধূসর বর্ণ। □বিণ. শ্বেতকৃষ্ণমিশ্রিত বর্ণবিশিষ্ট। [সং. কল্ + √ মষ্ + অ]।

কল্য (p. 172) [kalya] বি. 1 কাল, আগামী কাল, আগামী দিন; 2 গতকাল, পূর্বদিন; 3 প্রভাতকাল। [সং. (1) কলা + য; (2) কল + য]। ˜ কার বিণ. গত বা আগামী দিনের (কল্যকার ঘটনা)।

কল্যাণ (p. 172) [kalyāṇa] বি. 1 হিত, মঙ্গল; 2 কুশল; 3 সুখসমৃদ্ধি; 4 সংগীতের রাগিণীবিশেষ। □ বিণ. 1 সুখী; 2 শুভযুক্ত। [সং. কলা + √ অণ্ + অ]। কল্যাণী বি. বিণ. (স্ত্রী.) শুভদা; মঙ্গলময়ী। কল্যাণীয় বিণ. 1 কল্যাণযুক্ত; 2 যার কল্যাণ প্রার্থনা করা যায় বা উচিত; 3 কল্যাণাস্পদ। বিণ. (স্ত্রী.) কল্যাণীয়া। ˜ কর বিণ. কল্যাণ করে এমন; মঙ্গলকর, শুভকর। ˜ বর, ˜ বরেষু, কল্যাণীয়-বর, কল্যাণীয়েষু স্নেহের পাত্রদের কাছে লিখিত সম্বোধনের পাঠ। স্ত্রী. কল্যাণীয়াসু। ˜ বান (-বত্) বিণ. মঙ্গলযুক্ত। ˜ বতী বিণ. (স্ত্রী.) কল্যাণী; কল্যাণময়ী।

কল্ল (p. 172) [kalla] বিণ. বধির, কালা, কানে শোনে না এমন। [সং. √ কল্ল্ + অ]।

কল্লা (p. 172) [kallā] বিণ. (স্ত্রী.) 1 মুখরা, ঝগড়াটে; 2 অতি চতুরা; 3 দুষ্টা। ☐ বি. ছলা; ঠাট। [হি. কল্লা]।

কল্লোল (p. 172) [kallōla] বি. 1 শব্দকারী তরঙ্গ, যে-ঢেউ থেকে শব্দ ওঠে; শব্দময় তরঙ্গ; 2 মহাতরঙ্গ; 3 মহা আনন্দ; পরমানন্দ; 4 কলরব, কোলাহল। [সং. √ কল্ল্ + ওল]। কল্লোলিত বিণ. কল্লোলযুক্ত। কল্লোলিনী বি. (স্ত্রী.) নদী। ☐ বিণ. (স্ত্রী.) কল্লোলময়ী।

কশ (p. 172) [kaśa] বি ওষ্ঠ ও অধরের দুই প্রান্ত, ঠোটের দুই প্রান্ত বা পাশ, সৃক্কণী (কশের দাঁত, কশ দিয়ে পানের রস পড়া)। [দেশি]।

কশা1, কষা (p. 172) [kaśā1, kaṣā] বি. চাবুক। [সং. √ কশ্ + অ + স্ত্রী. আ]।˜ ঘাত বি. চাবুকের আঘাত, চাবুকের ঘা।˜ হত বিণ. চাবুক দিয়ে আঘাত করা হয়েছে এমন।

কশা2, কশানো (p. 172) [kaśā2, kaśānō] ক্রি. 1 চাবুক মারা; 2 আঘাত করা (চড় কশানো)। ☐ বি. উক্ত অর্থে. [বাং. √ কশ্ (সং. √ কশ্) + আ, আনো]।

কশাড় (p. 172) [kaśāḍ়] বি. বড় কাশতৃণবিশেষ। [সং. কশেরু]।

কশিদা (p. 172) [kaśidā] বি. সূচ-সুতো দিয়ে কাপড়ে ফুল তোলার কাজ, embroidery. [ফা. কশীদাহ্]।

কশেরু1 (p. 172) [kaśēru1] বি. তৃণমূলবিশেষ, কেশুর। [সং.]।

কশেরু2 (p. 172) [kaśēru2] মেরুদণ্ড, শিরদাঁড়া। [সং. ক + √ শৃ+ উ, বিকল্পে কসেরু]।

কশেরুক (p. 172) [kaśēruka] বি. 1 মেরুদণ্ড; 2 কেশুর। □ বিণ. মেরুদণ্ডবিশিষ্ট, মেরুদণ্ডী। [সং. কশেরু + ক]। কশেরুকা বি. (স্ত্রী.) 1 মেরুদণ্ড; 2 মেরুদণ্ডের এক-একটি অংশ, vertebra (বি.প.)।

কষ1 (p. 172) [kaṣa1] বি. 1 হরীতকী আম গাব প্রভৃতি ফল বা গাছের কষায় রস (কলার কষ); 2 ওই রসের ছোপ (কষ লাগা); 3 চামড়া পাকাবার কষায় রস বা ক্বাথ, tannin. [সং. কষায়]।

কষ2 (p. 172) [kaṣa2] বি. কষ্টিপাথর বা নিকষ, যাতে ঘষে সোনা বা অন্য ধাতুর বিশুদ্ধতা পরীক্ষা করা হয়। [সং. √ কষ্ (হিংসা করা, পরীক্ষা করা) + অ]।

কষণ (p. 172) [kaṣaṇa] বি. 1 ঘর্ষণ; 2 কণ্ডূয়ন; 3 কষ্ঠিপাথরে ঘষে পরীক্ষা করা। [সং. √ কষ্ + অন]।

কষন1 (p. 172) [kaṣana1] বি. (চামড়ায়) কষ দেওয়া, কষানো tanning. [বাং. কষ1 + অন; তু. সং. √ কষায়ি + অন]।

কষন2 (p. 172) [kaṣana2] বি. 1 এঁটে বাঁধা, শক্ত বাঁধন; 2 মাংস ইত্যাদি সাঁতলানো। [কষা4 + অন]।

কষা1 (p. 172) [kaṣā1] দ্র কশা1।

কষা2 (p. 172) [kaṣā2] বিণ. কষায় রসযুক্ত, ঈষত্ তিক্ত কষায় রসযুক্ত। [সং. কষায়]।

কষা3 (p. 172) [kaṣā3] ক্রি. 1 কষ্টিপাথরে ঘষে সোনা ইত্যাদি পরীক্ষা করা; 2 অঙ্কপাত করা, গণিতের ফল বার করা (অঙ্ক কষা, আঁক কষা); 3 মূল্য নিরূপণ করা (দাম কষা)। □ বি. বিণ. উক্ত সমস্ত অর্থে। [সং. √ কষ্ + বাং. আ]।

কষা4 (p. 172) [kaṣā4] ক্রি. 1 (মাংসাদি) সাঁতলানো; 2 আঁট করে বাঁধা; 3 শক্ত করা (কষে বাঁধো); 4 শুষ্ক বা রুক্ষ হওয়া (শরীর কষে গেছে); 5 জটিল কৌশল করা (প্যাঁচ কষা)। □ বিণ. 1 আঁট, শক্ত, কড়া; 2 কৃপণ; 3 বদ্ধকোষ্ঠ (কষা ঘাত); 4 সাঁতলানো হয়েছে এমন, সাঁতলে রাঁধা হয়েছে এমন (কষা মাংস)। কষে ক্রি-বিণ. দৃঢ়ভাবে, শক্ত করে, সজোরে (কষে বাঁধো, কষে চড়)। [বাং. √ কষ্]।

কষা5, কষানো (p. 172) [kaṣā5, kaṣānō] ক্রি. (চামড়ায়) কষ দেওয়া, কষায় রসযুক্ত করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. √ কষ1 + আ (নাম ধাতু), আনো; তু. সং. √ কষায়ি]।

কষা-কষি (p. 172) [kaṣā-kaṣi] বি. 1 তাড়না; 2 টানাটানি; পীড়াপীড়ি (মন কষাকষি, দর কষাকষি). [বাং. কষা4 + কষা4 + ই]।

কষাটে (p. 172) [kaṣāṭē] বিণ. 1 ঈষত্ কষায় স্বাদযুক্ত; 2 বিস্বাদ। [বাং. কষা5 + টে]।

কষায় (p. 174) [kaṣāẏa] বি. 1 তিক্ত বা কটু রস; 2 কষযুক্ত স্বাদ; 3 ক্বাথ; 4 ফিকে লাল বর্ণ; 5 খয়ের বর্ণ। □ বিণ. 1 কষায় স্বাদযুক্ত; 2 রক্তপীতমিশ্রিত বর্ণযুক্ত; 3 লোহিত; 4 রঞ্জিত। [সং. √ কষ্ + আয়]। কষায়িত বিণ. 1 রক্তবর্ণ, আরক্ত (রোষকষায়িত দৃষ্টি); 2 রঞ্জিত, রংযুক্ত।

কষি (p. 174) [kaṣi] বি. 1 লম্বা সরলরেখা (স্লেটে কষি টানা); দাঁড়ি; 2 পরিধেয় বস্ত্রের যে অংশ কোমরে বাঁধা বা আটকানো থাকে; 3 কাঁচা আমের আঁঠি। [দেশি]।

কষিত (p. 174) [kaṣita] বিণ. নিকষে বা কষ্টিপাথরে পরীক্ষিত। কষিত কাঞ্চন পরীক্ষা করা বা যাচাই করা হয়েছে এমন সোনা; খাঁটি সোনা; খাঁটি এবং উজ্জ্বল সোনা। [সং. √ কষ্ + ত]।

কষ্ট (p. 174) [kaṣṭa] বি. 1 দুঃখ, ক্লেশ, যন্ত্রণা (কষ্টকর, কষ্টদায়ক); 2 পরিশ্রম, আয়াস, মেহনত (কষ্টার্জিত ধন); 3 অনটন (কষ্টে আছে)। [সং. √ কষ্ + ত]। ˜ কর বিণ. যন্ত্রণাদায়ক। কষ্ট করা ক্রি. বি. পরিশ্রম করা, মেহনত করা; ক্লেশ স্বীকার করা; দুঃখ বা যন্ত্রণা ভোগ করা। ˜ কল্পনা বি. সহজসাধ্য বা স্বাভাবিক নয় এমন কল্পনা। ˜ কল্পিত বিণ. কষ্ট করে, কল্পনা করা হয়েছে এমন। ˜ জীবী (-

জীবিন্) বিণ. বহু কষ্টে দুঃখ ভোগ করে বেঁচে থাকে বা জীবিকা অর্জন করে এমন। ˜ লভ্য বিণ. কষ্ট করে লাভ করতে হয় এমন। ˜ দায়ক বিণ. কষ্টকর, যাতে কষ্ট বা যন্ত্রণা ভোগ হয় এমন। ˜ সহ, ˜ সহিষ্ণু বিণ. কষ্ট সহ্য করতে পারে এমন। ˜ সাধ্য বিণ. কষ্ট করে নির্বাহ বা সম্পাদন করতে হয় এমন, দুষ্কর। কষ্টার্জিত বিণ. বহু কষ্টে অর্জন করা হয়েছে এমন।

কষ্টি (p. 174) [kaṣṭi] বি. 1 পরীক্ষণ; যাচাই করা; 2 যে কালো মসৃণ পাথরে ঘষে সোনা পরীক্ষা করা হয়, নিকষ (কষ্টিপাথর)। [সং. √ কষ্ + তি; তু. হি. কসৌটী]। ˜ পাথর বি. সোনা পরীক্ষা করার জন্য ব্যবহৃত কালো মসৃণ পাথর।

কষ্টে-সৃষ্টে (p. 174) [kaṣṭē-sṛṣṭē] ক্রি-বিণ. কায়ক্লেশে, বহুকষ্টে; কোনোক্রমে ('কষ্টেসৃষ্টে দিন চলে যায়': সু. বা.)। [সং. কষ্ট + বাং. এ + বাং. সৃষ্ট (সহচর শব্দ) + বাং. এ]।

কসবা (p. 174) [kasabā] বি. 1 গ্রামের চেয়ে বড় কিন্তু শহরের চেয়ে ছোট বসতি; সমৃদ্ধ গ্রাম; 2 গণ্ডগ্রাম। [আ. কস্বাহ্]।

কসবি, (বর্জি.) কসবী (p. 174) [kasabi, (barji.) kasabī] বি. (স্ত্রী.) বেশ্যা, গণিকা। [আ. কস্ব]।

কসম (p. 174) [kasama] বি. শপথ, দিব্যি (কসম খেয়ে বলছি, আমি এ কাজ করিনি)। [আ. কসম্]। কসম খাওয়া ক্রি. বি. শপথ করা, দিব্যি গালা।

কসরত, (বর্জি.) কসরত্ (p. 174) [kasarata, (barji.) kasarat] বি. 1 ব্যায়ামের কৌশল; 2 কায়দা, কৌশল (দড়ির উপর নানা কসরত দেখাল)। [আ. কস্রত্]।

কসাই (p. 174) [kasāi] বি. 1 পশুহননকারী মাংসবিক্রেতা, যে পশু হত্যা করে তার মাংস বিক্রয় করে; 2 (আল.) অতি নির্মম ব্যক্তি। [আ. কসাঈ]। ˜ খানা বি. পশুহত্যার স্থান; পশুর মাংসের দোকান। ˜ গিরি বি. কসাইয়ের ব্যাবসা; হৃদয়হীন আচরণ।

কসুর (p. 174) [kasura] বি. 1 দোষ, ত্রুটি; অপরাধ (আমার কসুর ক্ষমা করুন); 2 ন্যূনতা; অপূর্ণতা (ভদ্রতার কসুর নেই); 3 অবহেলা (আদর-যত্নের কোনো কসুর করা হয়নি)। [আ. ক'সূর]।

কসেরূ-কশেরু1 (p. 174) [kasērū-kaśēru1] এর বানানভেদ।

কস্তা (p. 174) [kastā] বিণ. টকটকে লাল, ঘোর লাল রঙের। [সং. কষায়িত?]। কস্তা-পেড়ে বিণ. চওড়া লাল পাড়যুক্ত (কস্তা-পেড়ে শাড়ি)।

কস্তা-কস্তি, কোস্তা-কুস্তি (p. 174) [kastā-kasti, kōstā-kusti] বি. 1 ধস্তাধস্তি; 2 কুস্তি। [বাং. কুস্তি + কুস্তি < হিং. কুস্তমকুস্তা]।

কস্তুরী, কস্তূরী, কস্তুরিকা (p. 174) [kasturī, kastūrī, kasturikā] বি. 1 কস্তূরী মৃগ; 2 মৃগনাভি। [সং. কস্তুরী]।

কস্মিন্কালে (p. 174) [kasminkālē] ক্রি-বিণ. কোনো কালেও, কখনো(এমন কথা কস্মিন্কালে শুনিনি)। [সং.]।

কস্য (p. 174) [kasya] সর্ব. বিণ. (আদালতি ভাষায়) কার, যার, অমুকের ('কস্য পত্রমিদং কার্যঞ্চাগে')। [সং. কিম্ শব্দের 6ষ্ঠীর 1 বচনে]।

কহ, কহো (p. 174) [kaha, kahō] ক্রি. (অনুজ্ঞায়) বলো, বর্ণনা করো ('কহো মোরে কে গো তুমি মাত': রবীন্দ্র)। [বাং. √ কহ্]।˜ ই ক্রি. বলে; □ অস-ক্রি বলতে।˜ ত ক্রি. (ব্রজ.) বল।˜ ব ক্রি. বলব।˜ বি ক্রি. বল্বি।

কহ-তব্য (p. 174) [kaha-tabya] বিণ. কথনযোগ্য, বলার যোগ্য, বলার মতো (তুমি যা করেছ সে আর কহতব্য নয়)। [বাং. √ কহ্ + সং. তব্য]।

কহন (p. 174) [kahana] বি. বলা, কথন। [বাং. √ কহ্ + অন]। কহনীয় বিণ. বলার যোগ্য, কহতব্য।

কহা (p. 174) [kahā] ক্রি. বলা। □ বি. কথন। □বিণ. কথিত, উক্ত। [বাং. √ কহ্ + আ]।˜ নো ক্রি. বলানো।˜ য়সি ক্রি.(ব্রজ.) বলাও ('তুঁহু জগনাথ জগতে কহায়সি')।

কহিয়ে (p. 174) [kahiẏē] দ্র কই।

কহ্লার (p. 174) [kahlāra] বি. শ্বেতপদ্ম; শালুক; সুঁদি। [সং. ক (=জল) + √ হ্লাদ্ + অ]।

কাই (p. 174) [kāi] বি. আঠা, লেই; ঘন মাড়। [সং. ক্বাথ]।

কাইট (p. 174) [kāiṭa] বি. শিটা, তেল ইত্যাদির গাদ। [সং. কিট্ট]।

কাউন, কাউনি (p. 174) [kāuna, kāuni] বি. খাদ্যশস্যরূপে ব্যবহৃত একরকম ধান (কাউনের চাল)। [দেশি]।

কাউন্সিল (p. 174) [kāunsila] বি. কার্যনির্বাহক সভা বা পরিষদ। [ইং. council]।

কাউর (p. 174) [kāura] বি. চর্মরোগবিশেষ। [আ. কর্হ্]।

কাউয়া (p. 174) [kāuẏā] বি. (আঞ্চ.) কাক। [তু. হি. কৌয়া]।

কাওয়া (p. 174) [kāōẏā] বি. কফির মতো গন্ধ। [আ. কওয়া]।

কাওয়াজ (p. 174) [kāōẏāja] বি. 1 কৌশল, কসরত; 2 সৈন্যদের যুদ্ধকৌশল শিক্ষা বা ড্রিল। [আ. কবায়দ্]।

কাওয়ালি (p. 174) [kāōẏāli] বি. সংগীতের সুর ও তালবিশেষ; দরবেশি সুর। [আ. কওয়ালী]।

কাওরা (p. 174) [kāōrā] বি. অনুন্নত হিন্দু জাতিবিশেষ, কাহার। [দেশি]।

কাংস্য, কাংস, কাংস্যক, কাংসক (p. 174) [kāṃsya, kāṃsa, kāṃsyaka, kāṃsaka] বি. 1 কাঁসা; 2 কাঁসার বাসন; 3 কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ, কাঁসি। □ বিণ. (আল.) উচ্চকিত, কর্কশ ('সমস্বরে কাংস্য কোলাহল': সু. দ.)। [সং. কংস + য; কংস + অ; কংস + য + ক; কংস + অ + ক]। কাংস্য-কার, কাংস-কার বি. কাঁসারি। কাংস্য-বণিক বি. যে ব্যবসায়ীসম্প্রদায় কাঁসার বাসন তৈরি করে, কাঁসারি।

কাঁই-বীচি, কাঁই-বিচি (p. 174) [kāmi̐-bīci, kāmi̐-bici] বি. তেঁতুলের বীজ বা বিচি। [বাং. কাঁই + বীজ]।

কাঁই-মাই (p. 174) [kāmi̐-māi] বি. নাকি সুরে কাতর অনুনয়বিনয় (অন্যায় করে এখন কাঁইমাই করলে চলবে না)। [ধ্বন্যা.]।

কাঁইয়া (p. 174) [kāmi̐ẏā] বি. মাড়োয়ারি বণিক। [কেঁয়ে দ্র]।

কাঁক1 (p. 174) [kāṅ̐ka1] বি. বকজাতীয় পাখিবিশেষ। [সং. কঙ্ক]।

কাঁক2, কাঁখ (p. 174) [kāṅ̐ka2, kāṅ̐kha] বি. 1 কক্ষ, কাঁকাল (কলসি কাঁখে); 2 বগল। [সং. কক্ষ]। ˜ বিড়ালি, ˜ বেড়ালি বি. বগলের ফোঁড়া।

কাঁকই (p. 174) [kāṅ̐ki] বি. বড় ও মোটা দাড়ার চিরুনি। [সং. কঙ্কতিকা]।

কাঁকড়া (p. 174) [kān̐kaḍ়ā] বি. কর্কট, শক্ত দেহাবরণ বিশিষ্ট এবং দশটি পা-বিশিষ্ট ভক্ষ্য জলজ প্রাণিবিশেষ। [সং. কর্কট]। ̃ বিছা, ̃ বিছে বি. বৃশ্চিক, কাঁকড়ার মতো বিষাক্ত বিছাবিশেষ, scorpion.

কাঁকন (p. 174) [kān̐kana] বি. কঙ্কণ, স্ত্রীলোকের হাতের অলংকারবিশেষ। [সং. কঙ্কণ]।

কাঁকবিড়ালি (p. 174) [kān̐kabiḍ়āli] দ্র কাঁক2।

কাঁকর (p. 174) [kān̐kara] বি. পাথরের ছোট কুঁচি। [সং. কর্কর, কঙ্কর]। কাঁকুরে বিণ. কাঁকরযুক্ত (কাঁকুরে মাটি)।

কাঁক-রোল (p. 174) [kān̐ka-rōla] বি. গায়ে কাঁটাযুক্ত করলার আকৃতিবিশিষ্ট সবজিফলবিশেষ। [সং. কর্কোটক]।

কাঁক-লাস, কাক-লাস (p. 174) [kān̐ka-lāsa, kāka-lāsa] বি. 1 সরীসৃপবিশেষ, গিরগিটি; 2 (আল.) অত্যন্ত কৃশ ও কদাকার ব্যক্তি। [সং. কঙ্কাল]।

কাঁকুড় (p. 174) [kān̐kuḍ়.] বি. 1 কাঁচা বা অপক্ক ফুটি; 2 শস্যজাতীয় সবুজ রঙের লম্বাটে ফলবিশেষ। [সং. কর্কটি]।

কাঁকুরে (p. 174) [kān̐kurē] দ্র কাঁকর।

কাঁচ-কড়া (p. 174) [kān̐ca-kaḍ়ā] বি. 1 কাছিমের খোলা, tortoise shell; 2 তিমির দন্তসংলগ্ন কোমল অস্থি, wale-bone; 3 রবার থেকে প্রস্তুত কাছিমের খোলার মতো পদার্থবিশেষ; vulcanite. [কাচ (কচ্ছ, কাছিম) + কড়া (কটাই); তু. হি. কচকড়া]।

কাঁচ-কলা (p. 174) [kān̐ca-kalā] বি. 1 ব্যঞ্জনে খাবার কলাবিশেষ, যে কলা সবুজ রঙেরই থাকে, পাকে না; 2 (আল.) কিছুই না (সবাই ভালো জিনিসগুলো নিয়ে গেল, তুমি এখন কাঁচকলা খাও)। [বাং. কাঁচা + কলা]।

কাঁচ-পোকা (p. 174) [kān̐ca-pōkā] বি. উজ্জ্বল নীল রঙের বোলতাজাতীয় পতঙ্গবিশেষ। [বাং. কাচ + পোকা]।

কাঁচল, কাঁচলা, কাঁচুলি, কাঁচলি (p. 174) [kān̐cala, kān̐calā, kān̐culi, kān̐cali] বি. স্ত্রীলোকের বুকের আবরণ, স্তনাবরক বস্ত্র, বক্ষবাস। [সং. কঞ্চুলিকা]।

কাঁচা (p. 174) [kān̐cā] বিণ. 1 অপক্ব (কাঁচা ফল); 2 আরাঁধা, অসিদ্ধ (কাঁচা মাংস); 3 অদগ্ধ (কাঁচা ইট); 4 মাটির তৈরি (কাঁচা বাড়ি, কাঁচা রাস্তা); 5 কোমল, কচি (কাঁচা ঘাস); 6 তরুণ (কাঁচা বয়স); 7 অপরিণত (কাঁচা বুদ্ধি); 8 অপটুভাবে কৃত (কাঁচা লেখা, কাঁচা কাজ); 9 অদক্ষ, আনাড়ি (অঙ্কে কাঁচা, কাঁচা হাতের কাজ); 1 সাময়িক, পরিবর্তিত হতে পারে এমন (কাঁচা রসিদ, কাঁচা কথা); 11 প্রাথমিক খসড়া (কাঁচা খাতা); 12 পাকা বা স্থায়ী নয় এমন, টেকে না এমন (কাঁচা রং); 13 অমিশ্র, বিশুদ্ধ (কাঁচা সোনা); 14 কালো (কাঁচা চুল); 15 অশুষ্ক (কাঁচা কাঠ); 16 নির্ধারিত বা বিধিবদ্ধ ওজনের চেয়ে কম (কাঁচা সের); 17

সহজলভ্য; নগদ (কাঁচা পয়সা); 18 অতৃপ্ত, অপূর্ণ (কাঁচা ঘুম); 19 কৃষিজাত বা অসংস্কৃত, স্বাভাবিক অবস্থায় রয়েছে এমন (কাঁচা মাল)। □ ক্রি. সিদ্ধির পথে অগ্রসর হয়েও পরিত্যক্ত হওয়া, পণ্ড হওয়া (বিয়েটা অল্পের জন্য কেঁচে গেছে)। কাঁচা কলা বি. অনাজি কলা. যে কলা কাঁচাই থাকে এবং তরকারি হিসাবে খাওয়া হয়। কাঁচা খিস্তি বি. অত্যন্ত অশ্লীল গালাগাল।˜ গোল্লা বি. নরম পাকের সন্দেশবিশেষ।˜ নো ক্রি. 1 কাঁচা করা; 2 পুনরায় পূর্বাবস্থায় নিয়ে যাওয়া; 3 পণ্ড করা। □ বি. বিণ. উক্ত সব অর্থে। কাঁচা-মাথা বি. তরুণবয়স্কদের মাথা; (আল.) অপরিনত বুদ্ধি (কাঁচামাথার কাজ)।˜ মাল বি. শিল্পদ্রব্য তৈরির জন্য প্রয়োজনীয় উপাদান, raw material.˜ মিঠে,˜ মিঠা বিণ. কাঁচা অবস্থাতেও মিষ্টি স্বাদের এমন (কাঁচা-মিঠে আম)। কাঁচা নাড়ি সদ্যপ্রসূতা নারীর দুর্বল হজমের অবস্থা, সদ্যপ্রসূতার হজমের দুর্বলতা। কাঁচা রাঁড়ি বালবিধবা। কাঁচা-সর্দি সর্দির প্রথম অবস্থা, তরল সর্দি।

কাঁচি1 (p. 174) [kān̐ci1] বি. দুটি ফলাযুক্ত কর্তনযন্ত্র কঁচ কঁচ শব্দ হয়। [তুব. কইন্চি]।

কাঁচি2 (p. 174) [kān̐ci2] বি. 1 গুঞ্জা, কুঁচ; 2 মোটা সুতোর ঘন বুনটযুক্ত কাপড়বিশেষ; 3 চন্দ্রহার, কোমরের অলংকারবিশেষ, কাঞ্চি। [সং. কাঞ্চী]।

কাঁচি3, (বর্জি.) কাঁচী (p. 174) [kān̐ci3, (barji.) kān̐cī] বিণ. কম; কম ওজনের (কাঁচি সের); ঠাসবোনা (কাঁচি ধুতি)। [বাং. কাঁচা + ই]।

কাঁচিয়া, কেঁচে (p. 174) [kān̐ciẏā, kēn̐cē] দ্র কেঁচে।

কাঁচু-মাচু (p. 174) [kām̐cu-mācu] বিণ. জড়সড়; ভয়ে বা লজ্জায় আড়ষ্ট (কাঁচুমাচু হয়ে কথাগুলো বলল)। [দেশি]।

কাঁচুয়া (p. 174) [kām̐cuẏā] বি. স্ত্রীলোকের স্তনাবরণ; কাঁচুলি। [সং. কঞ্চুক]।

কাঁচ্চা (p. 174) [kām̐ccā] বি. এক ছটাকের চার ভাগের এক ভাগ। [দেশি]।

কাঁজি (p. 174) [kām̐ji] বি. পান্তাভাতের টকো জল; আমানি। [সং. কাঞ্জিক]।

কাঁটা (p. 174) [kām̐ṭā] বি. 1 সূক্ষ্মাগ্র অর্থাত্ ছুঁচলো বস্তু; কণ্টক (গাছের কাঁটা, খোঁপার কাঁটা); 2 কাঁটার মতো লোহার ছুঁচ (ঘড়ির কাঁটা); 3 সূক্ষ্ম ও সূক্ষ্মাগ্র হাড় (মাছের কাঁটা); 4 খাদ্যবস্তু মুখে তোলার জন্য শলাকাবিশেষ, fork; 5 তুলাদণ্ড, বড় নিক্তি (কাঁটার ওজন); 6 ছোট পেরেক; 7 পুলক, রোমাঞ্চ ('শুনে তোমার গায়ে দেবে কাঁটা': রবীন্দ্র)। [সং. কণ্টক]। কাঁটা করা ক্রি. বি. ওজন করা (আলুর বস্তাটা এখনও কাঁটা করা হয়নি)। কাঁটা-চামচ, কাঁটা-ছুরি বি. ইয়োরোপীয় প্রথায় ভোজনের জন্য কাঁটা অর্থাত্ fork এবং চামচ বা ছুরি।˜ ঝাঁপ বি. চড়কের সময় বাঁশের ভারার উপর থেকে মাটিতে খাড়াভাবে বিছানো লোহার কাঁটার উপর ঝাঁপ দেওয়া।˜ ঝোপ,˜ বন বি. কাঁটাওয়ালা গাছে ভরা ঝোপ বা বন।˜ তারের বেড়া বি. কাঁটার মতো সূক্ষ্মাগ্র লোহার শলাকাযুক্ত বাঁকানো তারের বেষ্টনী, barbed wire.˜ নটে বি. শাকবিশেষ। কাঁটায় কাঁটায় ক্রি-বিণ. ঠিক ঠিক, সময়ের এতটুকু ব্যতিক্রম না করে (কাঁটায় কাঁটায় কাজ করা)। কাঁটা দিয়ে কাঁটা তোলা ক্রি. বি. এক দুষ্টের বিরুদ্ধে অন্য এক দুষ্টকে লেলিয়ে দিয়ে উভয়েরই বিনাশ করা। গায়ে কাঁটা দেওয়া-গাঁ3 দ্র। কাঁটা হওয়া ক্রি. বি. ভয়ে শিউরে ওঠা। পথের কাঁটা বি. বাধা, পথের প্রতিবন্ধক; উন্নতি বা সাফল্যের পথে বাধা।

কাঁটাচুয়া (p. 174) [kān̐ṭācuẏā] বি. শজারু। [দেশি]।

কাঁটাল2, কাঁটালো (p. 174) [kān̐ṭāla2, kān̐ṭālō] বিণ. কাঁটাযুক্ত। [বাং. কাঁটা + আল]।

কাঁটালি কলা, কাঁঠালি কলা (p. 174) [kān̐ṭāli kalā, kān̐ṭhāli kalā] বি. বিশেষ একজাতীয় কলা। [বাং. কাঁটাল + ই + কলা]।

কাঁটি, কাঁঠি (p. 174) [kān̐ṭi, kān̐ṭhi] বি. 1 তুলসীর মালা (হরি কাঁটি); 2 একনর কণ্ঠহার (সোনার কাঁটি); 3 তুলসীর মালার গুটিকা ('ডাগর রসের কাঁঠি গাঁথ্যা পরে গলে': ব. প.); 4 জালের কাঠি। [সং. কণ্ঠী, কণ্টিকা]।

কাঁঠাল (p. 174) [kān̐ṭhāla] বি. গায়ে কাঁটাযুক্ত গ্রীষ্মের ফলবিশেষ, পনস। [সং. কণ্টকী]। কাঁঠাল-চাঁপা, কাঁঠালি-চাঁপা বি. পাকা কাঁটালের গন্ধযুক্ত ফুলবিশেষ। কাঁঠালের আমসত্ত্ব অবান্তর ও অমূলক বস্তু, অলীক বস্তু, সোনার পাথরবাটি। কিলিয়ে কাঁঠাল পাকানো ক্রি. বি. কাঁচা কাঁঠালের বোঁটায় কীল বা গোঁজ ঢুকিয়ে তাড়াতাড়ি পাকানো; (আল.) দ্রুত কার্যসাধনের জন্য অস্বাভাবিক ব্যবস্থা গ্রহণ করা।

কাঁড় (p. 174) [kān̐ḍ়] বি. 1 বাঁশের ধনুক; 2 বাঁশের তির, বাঁশের বাণ। [< সং. কাণ্ড, কোদণ্ড]।

কাঁড়া (p. 174) [kān̐ḍ়ā] ক্রি. বি. ছাঁটা, তুষহীন করা; পরিষ্কার করা (ধান কাঁড়া)। □ বিণ. ছাঁটা হয়েছে এমন, পরিষ্কৃত (কাঁড়া ধান. কাঁড়া চাল)। [সং. √ কণ্ড্ + বাং. আ]। ~ নো ক্রি. (অন্যের দ্বারা) ছাঁটানো। □ বি. তুষহীন করা বা পরিষ্কার করা। □ বিণ. তুষহীন করা হয়েছে এমন, পরিষ্কৃত।

কাঁড়ার, কাঁঢার (p. 174) [kān̐ḍ়āra, kān̐ḍhāra] বি. কর্ণধার, মাঝি, হাইল। [সং. কর্ণধার; তু. কাণ্ডার]। কাঁড়ারি বি. মাঝি।

কাঁড়ি (p. 174) [kān̐ḍ়i] বি. স্তূপ, রাশি (কাঁড়ি কাঁড়ি জঞ্জাল, এক কাঁড়ি ভাত)। [সং. কাণ্ড তু. হি. কাঁড়ী]।

কাঁথা (p. 174) [kān̐thā] বি. (সাধারণত ছেঁড়া) কাপড় একত্র সেলাই করে প্রস্তুত মোটা আস্তরণ বা শীতবস্ত্রবিশেষ, কন্হা। [সং. কন্হা]।

কাঁথি, কাঁথী (p. 174) [kān̐thi, kān̐thī] বি. 1 নদীর উঁচু তীর বা পাড়; 2 প্রাচীর; দেওয়াল। [সং. কন্হা > প্রাকৃ. কংথা > বাং. কাঁথ (=ভিত্তি)]।

কাঁদন (p. 174) [kān̐dana] বি. ক্রন্দন, রোদন, কান্না। [কাঁদা দ্র]। কাঁদনি বি কাঁদুনি -র রূপভেদ।

কাঁদা (p. 174) [kān̐dā] ক্রি. ক্রন্দন বা রোদন করা, দুঃখে, রাগে বা অভিমানে চোখের জল ফেলা। □ বি. রোদন, ক্রন্দন। [বাং. √ কাঁদ্ + আ]। কাঁদাকাটা, কাঁদাকাটি বি. কান্নাকাটি. বিলাপ; কাতরতা প্রকাশ; কাতর অনুনয়বিনয়। ~ নে বিণ. কাঁদায় এমন। কাঁদানে গ্যাস একপ্রকার গ্যাস যার ঝাজে চোখে জল আসে

(tear gas)। ˜ নো ক্রি. কাঁদিয়ে দেওয়া, অপরকে রোদন করানো। □ বি. উক্ত অর্থে। কেঁদে হাট করা, কেঁদেকেটে হাট করা ক্রি. বি. উচ্চরবে কান্নাকাটি করে লোক জড়ো করা। ইনিয়েবিনিয়ে কাঁদা ক্রি. বি. নানারকম বিলাপ করে বা নানাভাবে কাতরতা প্রকাশ করে কাঁদা। গুমরে কাঁদা ক্রি. বি. চাপা কান্না কাঁদা, যে কান্নায় মৃদু গুমগুম বা উমউম শব্দ শোনা যায় তেমনিভাবে কাঁদা। ডুকরে কাঁদা ক্রি. বি. ডাক ছেড়ে বা চিৎকার করে কাঁদা। ফুলে ফুলে কাঁদা ক্রি. বি. এমনভাবে কাঁদা যে কান্নার দমকে বুক ঘনঘন ফুলে ওঠে। ফুঁপিয়ে কাঁদা ক্রি. বি. এমনভাবে কাঁদা যাতে ফোঁপানি ছাড়া আর কিছু শোনা যায় না। কেঁদেকঁকিয়ে ক্রি. বিণ. কান্নাকাটি ও কাতর অনুনয়বিনয় সহযোগে (কেঁদেকঁকিয়ে মাকে রাজি করাল)।

কাঁদি (p. 174) [kān̐di] বি. ফলের বড় গুচ্ছ (কলার কাঁদি)। [সং. স্কন্ধ]। গাছে না উঠতেই এক কাঁদি-গাছ দ্র।

কাঁদুনি, কাঁদনি (p. 174) [kān̐duni, kān̐dani] বি. 1 কান্না; বিলাপ; 2 কাতরোক্তি; কাতরতা; সকাতরে আবেদন-নিবেদন। [কাঁদা দ্র]। কাঁদুনি গাওয়া ক্রি. বি. সকাতরে অনুযোগ করা বা দুঃখ-অভাব-অভিযোগ প্রভৃতি প্রকাশ করা।

কাঁদুনে (p. 174) [kān̐dunē] বিণ. অতিরিক্ত কাঁদে এমন; ঘ্যানঘেনে। [কাঁদা দ্র]। কাঁদুনে গ্যাস-কাঁদানে গ্যাস -এর চলিত রূপ।

কাঁদোকাঁদো (p. 174) [kān̐dōkān̐dō] বিণ. প্রায় কেঁদে ফেলেছে এমন, ক্রন্দনোন্মুখ (কাঁদোকাঁদো মুখ)। [কাঁদা দ্র]।

কাঁধ (p. 174) [kān̐dha] বি. স্কন্ধ; ঘাড়, শরীরের যে-অংশের সঙ্গে দুই হাত যুক্ত থাকে। [সং. স্কন্ধ]। কাঁধ দেওয়া ক্রি. বি. বোঝা বইতে বইতে ক্লান্ত হয়ে অপরের কাঁধে পালাক্রমে বোঝা দেওয়া। কাঁধে কাঁধে মিলানো ক্রি. বি. পরস্পরের সহায়তায় কাজে অগ্রসর হওয়া; পরস্পরের সঙ্গে সহযোগিতা করা। কাঁধা-কাঁধি বি. পরস্পরের কাঁধে বহন করা। □ ক্রি-বিণ. একজনের কাঁধের উপরে বা পাশে একজন, তার কাঁধের উপরে বা পাশে আর একজন, এইভাবে (কাঁধাকাঁধি দাঁড়াও); একবার এর কাঁধে এবং আরেকবার অন্যজনের কাঁধে এইভাবে (কাঁধাকাঁধি বয়ে নিয়ে যাওয়া)। কাঁধে নেওয়া ক্রি. বি. (আল.) দায়িত্ব গ্রহণ করা।

কাঁধার, কাঁধা (p. 174) [kān̐dhāra, kān̐dhā] বি. পার্শ্বদেশ, কিনারা; ধার (থালা বা বাটির কাঁধা)। [< সং. কন্ধরা (=গ্রীবা)]।

কাঁপ, কাঁপন, কাঁপুনি (p. 177) [kām̐pa, kām̐pana, kām̐puni] বি. 1 কম্পন; কেঁপে ওঠা; 2 স্পন্দন। [সং. কম্প]।

কাঁপই, কাঁপয়ে (p. 177) [kām̐pi, kām̐paẏē] ক্রি. (ব্রজ.) কাঁপে। [কাঁপা দ্র]।

কাঁপন (p. 177) [kām̐pana] দ্র কাঁপ।

কাঁপা (p. 177) [kām̐pā] ক্রি. কম্পিত হওয়া, থরথর করা। □ বি. কম্প, কম্পন। [সং. √ কম্প্]। ˜ নো ক্রি. কম্পিত করানো; নড়ানো। □ বি. বিণ. উক্ত অর্থে (ময়দান-কাঁপানো খেলোয়াড়)।

কাঁপুনি (p. 177) [kām̐puni] দ্র কাঁপ।

কাঁসর (p. 177) [kām̐sara] বি. কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ, কাঁসি। [বাং. কাঁসা + র]।

কাঁসা (p. 177) [kām̐sā] বি. মিশ্র ধাতুবিশেষ, রাং ও তামার মিশ্রণে তৈরি ধাতু। [সং.কাংস্য]।˜ রি বি. কাঁসার দ্রব্যনির্মাতা ও তার ব্যাপারি (ব্যক্তি বা জাতি)।

কাঁসি (p. 177) [kām̐si] বি. 1 কাঁসার তৈরি কিনারা-উঁচু থালা বা ডিশ; 2 কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। [সং. কাঁসা + ই]।

কাঁহা, কাহা (p. 177) [kām̐hā, kāhā] অব্য. ক্রি-বিণ. কোথায়, কোথা। [সং. কুত্র]।˜ তক ক্রি-বিণ. কোন পর্যন্ত, কতদূর বা কতক্ষণ পর্যন্ত।

কাক2 (p. 177) [kāka2] বি. 1 বায়স, কর্ভুম (corvus) গোষ্ঠীভুক্ত বড় কালো পাখিবিশেষ; 2 এক কড়ার চার ভাগের এক ভাগ। [সং. √ কৈ (শব্দ করা) + ক]। স্ত্রী. কাকী।˜ চক্ষু বিণ. কাকের চক্ষুর মতো স্বচ্ছ।˜ জ্যোৎস্না বি. অস্বচ্ছ, অল্প জ্যোৎস্না।˜ তন্দ্রা,˜ নিদ্রা বি. কাকের ঘুমের মতো অতি সতর্ক ও পাতলা ঘুম; কপটনিদ্রা।˜ তালীয় বিণ. (ন্যায়.) পরস্পর সম্বন্ধহীন অথচ অকস্মাত্ একসঙ্গে সংঘটিত (দেখে মনে হয় যেন পরস্পর কার্যকারণ সম্বন্ধযুক্ত)।˜ পক্ষ বি. দুই কানের পাশে লম্বিত কেশগুচ্ছ; কানপাটা; জুলফি।˜ পদ বি. 1 উদ্ধার চিহ্ন, উদ্ধৃতি চিহ্ন (' '); 2 লেখার মধ্যে পরিত্যক্ত বা শূন্য স্থান বোঝাবার চিহ্নবিশেষ (* * *); 3 ভুলক্রমে পরিত্যক্ত অক্ষরাদির স্থানসূচক চিহ্নবিশেষ (>),

caret.˜ পুচ্ছ বি. কাকের মতো পুচ্ছবিশিষ্ট পাখি অর্থাত্ কোকিল।˜ ফল বি. নিমফল; নিমগাছ।˜ বন্ধ্যা যে নারী একবার মাত্র গর্ভধারণ করেছে।˜ ভূশণ্ডি বি. ভূশণ্ডি দ্র।˜ শীর্ষ বি. বকফুলের গাছ। কাক-কোকিলের সমান দর (প্র.) ভালো-মন্দ, উত্তম-অধম প্রভৃতির মধ্যে তারতম্য না থাকা।˜ স্নান বি. কাকের স্নানের মতো অপরিচ্ছন্ন ও তাড়াহুড়ো করে কোনোরকমে সম্পন্ন স্নান। কাকের ছা বকের ছা অত্যন্ত কুৎসিত হস্তাক্ষর।

কাকলাস (p. 177) [kākalāsa] দ্র কাঁকলাস।

কাকলি, (p. 177) [kākali,] (বিরল) কাকলী বি. মধুর অস্পষ্ট ধ্বনি; কলধ্বনি। [সং. কাকল (অস্পষ্ট মধুর ধ্বনিযুক্ত + ইন্]।

কা-কা1 (p. 177) [kā-kā1] অব্য. বি. কাকের ডাক।

কাকা2 (p. 177) [kākā2] বি. পিতার ছোট ভাই, পিতৃব্য, খুড়ো; পিতার ছোট ভাইয়ের তুল্য ব্যক্তি। [ফা. কাকা (বড় ভাই) বাংলায় অর্থান্তরিত]। স্ত্রী. কাকি, (বর্জি.) কাকী।

কাকা-তুয়া (p. 177) [kākā-tuẏā] বি. শুক বা তোতাজাতীয় বড় কথা-বলা পাখিবিশেষ। [মাল. কাকাতুয়া]।

কাকু1 (p. 177) [kāku1] বি. (আদরে) কাকা।

কাকু2 (p. 177) [kāku2] বি. 1 শোক ভয় ইত্যাদির আবেগে বিকৃত কণ্ঠস্বর; 2 স্বরবিকৃতি ও তার ফলে বিপরীত অর্থের সূচনা; 3 বক্রোক্তি; 4 কাকুতি। [সং. √ কক্ + উ]। ̃ বাদ বি. কাকুতি, মিনতি। কাকূক্তি বি. 1 কাতরোক্তি; 2 বক্রোক্তি।

কাকুতি, কাকূতি (p. 177) [kākuti, kākūti] বি. কাতরোক্তি, খেদোক্তি; অনুনয়, মিনতি। [সাং. কাকূক্তি]। কাকুতি-মিনতি বি. অনুনয়বিনয়।

কাকুৎস্থ, কাকুৎস্থ্য (p. 177) [kākutsha, kākutshya] বি. সূর্যবংশীয় প্রাচীন রাজা, কাকুৎস্থ বা পুরঞ্জয়ের বংশধর, বিশেষত রামচন্দ্র। □ বিণ. পুরঞ্জয়বংশীয়। [সং. ককুৎস্থ + অ, য]।

কাকুবাদ, কাকূক্তি (p. 177) [kākubāda, kākūkti] দ্র কাকু2।

কাকে (p. 177) [kākē] সর্ব. 1 কাহাকে-র চলিত রূপ; 2 কাউকেই নয় (আমি কাকে ভয় পাই?) [বাং. 'ক' শব্দের দ্বিতীয়ার একবচনের রূপ]।

কাকোদর (p. 177) [kākōdara] বি. সর্প, সাপ। [সং. কাক (বক্র) উদর যার]।

কাগজ (p. 177) [kāgaja] বি. 1 কাপড়, তুলো, কাঠ প্রভৃতির আঁশ থেকে প্রস্তুত লেখার, আঁকার বা মুদ্রণের উপকরণবিশেষ; 2 সংবাদপত্র (খবরটা সহ কাগজেই বেরিয়েছে); 3 দলিলপত্র (কোম্পানির কাগজ)। [আ. < চৈ. কায়গদ্]। ̃ ওয়ালা বি. খবরের কাগজবিক্রেতা; সংবাদপত্রের সঙ্গে সম্পর্কিত ব্যক্তি (এ

ব্যাপারে কাগজওয়ালারা নীরব কেন?)। ˜ পত্র বি. দলিলপত্র; প্রামাণিক লিখিত তথ্যাদি।

কাগজি, (বর্জি.) কাগজী (p. 177) [kāgaji, (barji.) kāgajī] বিণ. 1 কাগজসম্বন্ধীয়; 2 কেবল কাগজেই প্রচারিত কিন্তু অবাস্তব; 3 কাগজের মতো পাতলা আবরণবিশিষ্ট (কাগজি লেবু)। □ বি. কাগজের ব্যাপারি। কাগজাত বি. (আদালতের ভাষায়) কাগজপত্র; হিসাবপত্র; দলিলপত্র। কাগজে-কলমে ক্রি. বিণ. লিখিতভাবে। কাগুজে বিণ. 1 কাগজসম্বন্ধীয়; 2 কেবল কাগজেই প্রচারিত কিন্তু অবাস্তব (কাগুজে বাঘ)। [আ. কায়গদ]।

কাগতি (p. 177) [kāgati] বি. কাগজনির্মাতা সম্প্রদায়বিশেষ, কাগজ প্রস্তুতকারক মুসলমান সম্প্রদায়বিশেষ। [তু. মৈ. কগতা]।

কাগা-বগা (p. 177) [kāgā-bagā] অব্য. বি. ছন্নছাড়া বা উচ্ছৃঙ্খল ভাব; সামঞ্জস্যহীন ভাব। [দেশি]।

কাঙাল, কাঙালি (p. 177) [kāṅāla, kāṅāli] 1 বিণ. দরিদ্র, নিঃস্ব; 2 দীন; 3 অতিশয় লোলুপ (যশের কাঙাল, অর্থের কাঙাল); 4 দুঃখী। □ বি. ভিক্ষুক (কাঙালের দল, কাঙালি বিদায়)। [দেশি]। স্ত্রী. কাঙালিনি। কাঙালের কথা বাসি হলে খাটে (প্র.) গৌরবহীন গুরুত্বহীন লোকের উক্তি অন্যের কাছে প্রথমে উপেক্ষার বস্তু হলেও পরে প্রমাণিত হয় যে তা-ই সত্য। কাঙালের ঘোড়ারোগ দরিদ্রের সাধ্যতীত ব্যয়বহুল শখ। ˜ খানা বি. অনাথ আশ্রম। ˜ পনা বি. দীনতা; কাঙালের মতো আচরণ; অতিশয় লোলুপতা; দীন যাচঞ্ঞা। কাঙাল বিদায়, কাঙালি

বিদায় বি. দরিদ্র ও ভিখারিদের অন্নবস্ত্র ও অর্থ দান; (গৌণ অর্থে) অবজ্ঞার সঙ্গে দান।

কাঙ্ক্ষা (p. 178) [kāṅkṣā] বি. আকাঙ্ক্ষা, অভিলাষ, কামনা। [সং. √ কাঙ্ক্ষ্ + অ + আ]। কাঙ্ক্ষণীয় বিণ. আকাঙ্ক্ষা করার যোগ্য, কাম্য, স্পৃহণীয়। কাঙ্ক্ষিত বিণ. অভিলাষিত, বাঞ্ছিত, চাওয়া হয়েছে এমন (কাঙ্ক্ষিত বস্তু পাওয়া)।

কাঙ্গি (p. 178) [kāṅgi] বি. কাঠের চিরুনি। [দেশি]।

কাচ1 (p. 178) [kāca1] বি. বালি ও একপ্রকার ক্ষারসহযোগে প্রস্তুত স্বচ্ছ, ভঙ্গপ্রবণ বস্তুবিশেষ, কাচ, শিশা। [সং. √ কচ্ (দীপ্তি) + অ]।

কাচ2 (p. 178) [kāca2] বি. রঙ্গতামাসা, ক্রীড়াকৌতুক (চড়কের কাচ, কার্তিক পুজোর কাচ)। [দেশি]।

কাচ3 (p. 178) [kāca3] বি. 1 ল্যাঙট, কৌপীন; 2 কাছা। [তু. হি. কাছ]।

কাচা1 (p. 178) [kācā1] বি. মাতা বা পিতার মৃত্যুতে অশৌচকালে উত্তরীয়রূপে পরিধেয় বস্ত্রখণ্ড (কাচা গলায় দেওয়া)। [বাং. কাছা (সং. কচ্ছ)]।

কাচা2 (p. 178) [kācā2] ক্রি. (বস্ত্রাদি) আছড়ে বা কচলে ধোয়া। □ বি. ধৌতকরণ, কাপড়চোপড় ধুয়ে পরিষ্কার করা। □ বিণ. ধোয়া হয়েছে এমন, ধুয়ে পরিষ্কার করা হয়েছে এমন (কাচা কাপড়)। [বাং. √ কাচ্]। ̃ নো ক্রি. ধোয়ানো। □ বি. অন্যের দ্বারা ধৌতকরণ। □ বিণ. অন্যের দ্বারা ধৌত।

কাচ্চা-বাচ্চা (p. 178) [kāccā-bāccā] বি. কচি বা অতি অল্পবয়স্ক ছেলেমেয়ে। [দেশি; তু. কচি + বাচ্চা]।

কাছ (p. 178) [kācha] বি. নিকট, সমীপ (কাছের লোক, তার কাছ থেকে এনেছি)। [প্রাকৃ. কচ্ছ < সং. কক্ষ]। কাছে ক্রি-বিণ. অব্য. 1 নিকটে, সমীপে (ঘরের কাছে); 2 নাগালে (হাতের কাছে); 3 পাশে ('সে যে কাছে এসে বসেছিল': রবীন্দ্র); 4 তুলনায় (বিদ্যার কাছে অর্থ মূল্যহীন); 5 বিবেচনায় (তার কাছে টাকার কোনো দামই নেই); 6 সঙ্গে (ওঝার কাছে ভূতের জারিজুরি)। কাছে কাছে ক্রি-বিণ. সঙ্গে সঙ্গে; সর্বদা কাছে (ছেলেকে তিনি কাছে কাছে রাখেন)। কাছে-পিঠে ক্রি-বিণ. কাছাকাছি (কাছেপিঠে তখন লোক ছিল না)।

কাছট, কাছটি, কাছুটি (p. 178) [kāchaṭa, kāchaṭi, kāchuṭi] বি. 1 মালকোঁচা; 2 কৌপীন। [সং. কচ্ছোটিকা]।

কাছা1 (p. 178) [kāchā1] ক্রি. নিকটবর্তী হওয়া, কাছে যাওয়া, ঘনানো। [বাং. কাছ + আ]।

কাছা2 (p. 178) [kāchā2] বি. পরিধেয় বস্ত্রের যে-অংশ কোমরের পিছনদিকে গোঁজা থাকে। [সং. কচ্ছ > প্রা. কচ্ছা]। কাছা-আলগা বিণ. অসাবধান, বেখেয়ালি (কাছা-আলগা লোক)। ̃ ধরা বিণ. তোষামোদকারী; পরাশ্রয়ী।

কাছা-কাছি (p. 178) [kāchā-kāchi] ক্রি-বিণ. 1 নিকটে, কাছে (ওর কাছাকাছি যেয়ো না, কাছাকাছি কোনো বসতি নেই); 2 প্রায় সমান, প্রায় (একশো

টাকার কাছাকাছি)। □ বিণ. নিকটবর্তী (কাছাকাছি বাড়িগুলো)। [বাং. কাছ + আ + কাছ + ই]।

কাছানো (p. 178) [kāchānō] ক্রি. নিকটবর্তী হওয়া, কাছে যাওয়া, ঘনানো। [বাং. √ কাছা + আলো]।

কাছারি (p. 178) [kāchāri] বি. 1 বিচারালয়, আদালত; 2 দফতর, কার্যালয় (জমিদারের কাছারি)। [তু. হি. কচ্হরী]।

কাছি (p. 178) [kāchi] বি. বড় ও মোটা দড়ি। [সং. কক্ষা]।

কাছিম (p. 178) [kāchima] বি. কড় কচ্ছপ; কচ্ছপ। [তু. ওড়ি. কাছম]।

কাছে (p. 178) [kāchē] দ্র কাছ।

কাজ (p. 178) [kāja] বি. 1 কার্য (একটা কাজ করো); 2 প্রয়োজন, দরকার (এখানে তোমার কী কাজ? কথায় কাজ কী?); 3 কর্তব্য (দেশরক্ষা সরকারের কাজ); 4 চাকরি (তার কাজটা গেছে); 5 বৃত্তি, পেশা (চুরি করাই তার কাজ); 6 অভ্যাস, স্বভাব (আড্ডা দেওয়াই তার কাজ); 7 সুফল, প্রয়োজনসাধন (উপদেশে কাজ হয়েছে, ওষুধে কাজ হয়েছে); 8 কলাকৌশল, কারুকার্য (ছবিতে রঙের কাজ)। [সং. কার্য > প্রা. কজ্জ]। কাজও নেই কামাইও নেই কর্মহীন হয়েও সদ্যব্যস্ত; অকারণে এবং অকাজে ব্যস্ত। কাজ আদায় করা ক্রি. বি. অন্যকে দিয়ে কাজ করিয়ে নেওয়া। কাজ চলা ক্রি. বি. উপযুক্ত হওয়া, চলনসই হওয়া (এতেই আমার কাজ চলে যাবে)। কাজ দেওয়া ক্রি. বি. 1 চাকরি দেওয়া; 2 কাজের ভার

দেওয়া; 3 সুফল দেওয়া, প্রয়োজনসাধন করা (ঘড়িটায় বেশ কাজ দিচ্ছে)। কাজ দেখা ক্রি. বি. 1 কাজ তদারক করা; 2 চাকরি খোঁজা। কাজ দেখানো ক্রি. বি. 1 কর্মব্যস্ততার ভান করা; 2 কাজ করে নিজের যোগ্যতা প্রকাশ করা। কাজ হাসিল হওয়া ক্রি. বি. কাজ সম্পন্ন হওয়া। কাজের কাজি করণীয় কাজের যোগ্যতাসম্পন্ন কর্মী। কাজের বার (বাহির) বিণ. অকর্মণ্য; অকেজো। কাজের বেলায় কাজি, কাজ ফুরোলে পাজি (উক্তি) কার্যসাধনের জন্য অনুনয়বিনয় করে, কিন্তু কাজ মিটে গেলে কৃতজ্ঞতা প্রকাশ হবে না।˜ কর্ম বি. জীবিকা, পেশা, চাকরি; দৈনন্দিন ব্যাপার।˜ পাগল,˜ পাগলা বিণ. কাজ করতে ভীষণ ভালোবাসে এমন, অস্বাভাবিক রকমের কাজের নেশাযুক্ত।

কাজরি, (বর্জি.) কাজরী (p. 178) [kājari, (barji.) kājarī] বি. ভারতীয় পল্লিসংগীতবিশেষ বা তার সুর। [হি. কাজরী]।

কাজল (p. 178) [kājala] বি. চোখে প্রসাধনী হিসাবে লাগাবার কালো কালিবিশেষ, অঞ্জন। □ কাজলের মতো কালো বা কাজলযুক্ত (কাজল আঁখি, কাজল মেঘ)। [সং. কজ্জ্বল > প্রা. কজ্জল]।˜ লতা বি. কাজল তৈরি করবার ও রাখবার পাত্রবিশেষ। <কাজলা1 (স্ত্রী.) বিণ. কাজলবর্ণা, উজ্জ্বল শ্যামবর্ণা। কাজলা2 বি. আখবিশেষ বা তার গাছ।

কাজলি2 (p. 178) [kājali2] বি. ছোট সাদা মাছবিশেষ, বাঁশপাতা মাছ। [দেশি]।

কাজি1 (p. 178) [kāji1] বি. মুসলমান বিচারক বা ব্যবস্থাপক। [আ. কাজী]। কাজির বিচার (ব্যঙ্গে) ন্যায়ধর্মহীন বা একপেশে বিচার।

কাজি2 (p. 179) [kāji2] বি. কর্মী, যে কাজ করে (কাজের বেলায় কাজি)। [বাং. কাজ + ই]।

কাজিয়া (p. 179) [kājiẏā] বি. 1 বিবাদ, ঝগড়া; 2 দাঙ্গা। [আ. কদীয়া]।

কাজু, কাজু-বাদাম (p. 179) [kāju, kāju-bādāma] বি. মূলত দক্ষিণ ভারতে উৎপন্ন বাদামবিশেষ। [তু. মাল. গাজুস]।

কাজেই, কাজে-কাজেই (p. 179) [kājēi, kājē-kājēi] অব্য. সুতরাং. অতএব।

কাঞ্চন (p. 179) [kāñcana] বি. 1 স্বর্ণ, সোনা; 2 স্বর্ণমুদ্রা; 3 ধন (কামিনীকাঞ্চন); 4 ফুলবিশেষ বা তার গাছ; 5 ধানবিশেষ। □ বিণ. স্বর্ণবর্ণ, সোনার মতো রংবিশিষ্ট (কাঞ্চনকান্তি); সোনার তৈরি, স্বর্ণময় (কাঞ্চনমুদ্রা)। [সং. কাঞ্চন + অ]। ̃ মূল্য বি. কাঞ্চনের বা স্বর্ণমূদ্রার মূল্য; স্বর্ণমুদ্রার মূল্যস্বরূপ দক্ষিণা; অতি উচ্চ মূল্য; পারিশ্রমিকস্বরূপ অর্থ। কাঞ্চনী বি. (স্ত্রী.) 1 হলুদ; 2 গোরোচনা।

কাঞ্চি, কাঞ্চী (p. 179) [kāñci, kāñcī] বি. স্ত্রীলোকের কোমরের অলংকারবিশেষ, মেখলা, গোট। [সং. √ কাঞ্চ্+ ইন্]।

কাঞ্জি (p. 179) [kāñji] বি. কাঁজি, আমানি, পান্তাভাতের জল। [সং. কাঞ্জিক]।

কাঞ্জিক, কাঞ্জীক, কাঞ্জিকা (p. 179) [kāñjika, kāñjīka, kāñjikā] বি. কাঁজি। [সং. কাঞ্জিক]।

কাট2 (p. 179) [kāṭa2] বি. গঠনকৌশল, আকৃতি, গড়ন (মুখের কাট, জামার কাট)। [ইং. cut]।

কাট3 (p. 179) [kāṭa3] বি. কাঠ এর কথ্য রূপ। কাট কাট বিণ. কাঠ কাঠ।

কাটকুট (p. 179) [kāṭakuṭa] দ্র কাটা।

কাট-খোট্টা (p. 179) [kāṭa-khōṭṭā] বিণ. গোঁয়ার; রুক্ষপ্রকৃতি; শুষ্কহৃদয়, দয়ামায়াহীন। [দেশি]।

কাট-গোঁয়ার (p. 179) [kāṭa-gōm̐ẏāra] বিণ. অত্যন্ত গোঁয়ার, অত্যন্ত একরোখা প্রকৃতির। [বাং. আকাট + গোঁয়ার]।

কাটছাঁট, কাটতি, কাটন (p. 179) [kāṭachān̐ṭa, kāṭati, kāṭana] দ্র কাটা।

কাটনা (p. 179) [kāṭanā] বি. 1 তুলো থেকে সুতো প্রস্তুত করা; 2 সুতো কাটার যন্ত্র; চরকা; তক্লি। [বাং. √ কাট্ + না]। কাটনি1 বি. সুতো কাটার মজুরি। কাটনি2 বি. যে (প্রায়শ স্ত্রীলোক) সুতো কাটে। কাটুনি বি. কাটনি -র রূপভেদ।

কাটব (p. 179) [kāṭaba] ক্রি. (ব্রজ.) কাটবে; দংশন করবে। [বাং. √ কাট্]।

কাটব্য (p. 179) [kāṭabya] বি. কর্কশতা; রূঢ়তা। [সং. কটু শব্দের সহচর]। কটু-কাটব্য দ্র কটু।

কাট-মোল্লা (p. 179) [kāṭa-mōllā] বি. 1 যে মুসলমান ইসলাম ধর্মের বাহ্য নিয়মগুলিকেই কঠোরভাবে অনুসরণের পক্ষপাতী, ধর্মের মূলতত্ত্ব যে জানে না; 2 তত্ত্বজ্ঞানহীন সংকীর্ণমনা মুসলমান পুরোহিত। [বাং. আকাট + তুর. মুল্লা]।

কাটরা, কাঠরা (p. 179) [kāṭarā, kāṭharā] বি. 1 কাঠ দিয়ে তৈরি ঘর; 2 বাজারের মধ্যে অবস্থিত শ্রেণিবদ্ধ ঘর; 3 কাঠগড়া (সাক্ষীর কাটরা)। [তু. হি. কাঠ্ঘরা]।

কাটলেট (p. 179) [kāṭalēṭa] বি. ইয়োরোপীয় প্রণালীতে ভাজা মাছ বা মা ংসের বড়াজাতীয় খাদ্য। [ইং. cutlet]।

কাটা (p. 179) [kāṭā] ক্রি. 1 কর্তন বা ছেদন করা (কাঠ কাটা, গাছ কাটা); 2 খণ্ডন করা (যুক্তি কাটা); 3 প্রতিবাদ করা (কথা কাটা-কাটি); 4 রেখা টেনে বাতিল করা (ভুল উত্তর কাটা); 5 দূর হওয়া (মেঘ কেটে যাবে, তুমি কেটে পড়ো, নেশা কেটে গেছে); 6 অকেজো বা বাতিল হওয়া (বালব কেটে গেছে); 7 খনন করা (পুকুর কাটা, কুয়ো কাটা, খাল কাটা); 8 অঙ্কন করা, আঁকা (লাইন কাটা, দাগ কাটা); 9 রচনা করা (ছড়া কাটা, ফোঁটা বা তিলক কাটা); 1 লিখে দেওয়া (চেক কাটা); 11 প্রস্তুত করা বা বিন্যাস করা (পথ কাটা, টেরি কাটা, সিঁথি কাটা, ছানা কাটা, সুতো কাটা); 12 চুরির উদ্দেশ্যে ছেদন বা কর্তন করা (পকেট কাটা, গাঁট কাটা, সিঁদ কাটা); 13 খোদাই করা (শিল কাটা); 14 সামঞ্জস্যচ্যুত হওয়া (সুর কাটা, তাল কাটা); 15 অতিবাহিত হওয়া বা যাপিত হওয়া (দিন কেটে যায়,

রাত কাটছে না); 16 কেনা, ক্রয় করা (টিকিট কাটা); 17 বিক্রয় বা চালু হওয়া (বইটা কাটছে ভালো, ভারে কাটছে); 18 নির্গত হওয়া, বেরোনা (জল কাটা, লালা কাটা); 19 জলে ভেসে থাকার অভ্যাস করা (সাঁতার কাটা); 2 প্রদর্শন বা ধারণ করা (ভেংচি কাটা); 21 অস্ত্রোপচার করা (ফোঁড়া কাটা, চোখের ছানি কাটা)। □ বি. উক্ত সমস্ত অর্থে। □ বিণ. কর্তিত, ছিন্ন, খণ্ডিত; খনিত; বাতিল। [বাং. √ কাট্ (সং. √ কৃত্) + আ]। কাটিয়ে ওঠা ক্রি. বি. বিপদ বা দুঃখের সময় উত্তীর্ণ হওয়া। কাটা ঘায়ে নুনের ছিটা অসহ্য কষ্ট বা যন্ত্রণার উপর আঁতে ঘা দিয়ে কথা বা তিরস্কার। কাট-কুট বি.কাটাকুটি; সংশোধন। কাটা কাটা বিণ. কর্কশ (কাটা কাটা কথা); ছাড়া ছাড়া, বিচ্ছিন্ন (কাটা কাটা ভাবে কথা বলে)। কাট-ছাঁট বি. (মূলত পোশাকের) কাটবার ভঙ্গি। কাটতি বি. বাজারে চলন; প্রচুর বিক্রয়; বিক্রয়ের পরিমাণ। কাটন বি. কর্তন, ছেদন; খণ্ডন; বাতিল; রচনা; নির্মাণ; খনন; যাপন; দূর হওয়া; চালু হওয়া। কাটনি, কাটুনি, কাটাই বি. কাটবার খরচ। কাটা-কাপড় বি. পোশাক তৈরি করার উপযোগী কাটা ছিটে, cut-piece ছিটকাপড়। ˜ কাটি বি. হানাহানি, মারামারি, তর্কাতর্কি। ˜ কুটি বি. কাটকুট; সংশোধন। ˜ ন বি. (উচ্চা. কাটান) রেহাই, অব্যাহতি (এ থেকে আর কাটান নেই); পরিশোধ। ˜ নো ক্রি. কর্তন বা ছেদন করানো; অতিবাহিত করা (দিন কাটানো); উত্তীর্ণ হওয়া বা মুক্ত করা (বিপদ কাটানো); বেচা (মাল কাটানো); ক্রয় করানো (টিকিট কাটানো)। □ বি. বিণ. উক্ত সমস্ত অর্থে। কেটে পড়া ক্রি. বি. (কথ্য) বিপদ বা অসুবিধা বুঝে পালিয়ে যাওয়া; দূর হওয়া (তুমি এখন এখান থেকে কেটে পড়ো তো)।

কাটাই (p. 179) [kāṭāi] দ্র কাটা।

কাটারি (p. 179) [kāṭāri] বি. কাটবার অস্ত্রবিশেষ, দা। [সং. কর্তরী]।

কাটি-খাল (p. 179) [kāṭi-khāla] বি. মানুষের কাটা খাল বা জলপথ। [বাং. কাটা + খাল]।

কাটি-গঙ্গা (p. 179) [kāṭi-gaṅgā] বি. কাটা খাল। [বাং. কাটা + গঙ্গা]।

কাটিম, কাটুনি (p. 179) [kāṭima, kāṭuni] যথাক্রমে কাঠিম ও কাটনি -র চলিত রূপ।

কাটুর-কুটুর (p. 179) [kāṭura-kuṭura] বি. অব্য. কাটবার বা কাটাকাটি করার মৃদু, অনুচ্চ শব্দ।

কাট্য (p. 179) [kāṭya] বিণ. কাটবার যোগ্য, খণ্ডনীয় (তু. অকাট্য)। [বাং. √ কাট্ + সং. য]।

কাঠ (p. 179) [kāṭha] বি. গাছের কঠিন অংশ, কাষ্ঠ। □ বিণ. 1 কাঠের মতো অনড় ও নিস্পন্দ (ভয়ে কাঠ); 2 অসাড়, শক্ত (মরে কাঠ); 3 রসহীন (শুকিয়ে কাঠ); 4 অবাক, নিস্তব্ধ। [সং. কাষ্ঠ]। ̃ কয়লা বি. কাঠ পুড়িয়ে তৈরি কয়লা। কাঠ-কাঠ বিণ. কাঠের মতো শুষ্ক, শক্ত ও লাবণ্যহীন। ̃ কুড়ানি, ̃ কুড়নি বি. (স্ত্রী.) যে কাঠকুটো কুড়িয়ে জ্বালানি হিসাবে ব্যবহার করে অথবা বিক্রি করে। ̃ খড় বি. কাঠ ও শুকনো তৃণ; পোড়াবার উপকরণ; জোগাড়যন্ত্র। অনেক কাঠখড় পোড়ানো বহু চেষ্টা ও পরিশ্রম করা। ̃ খোলা বি. বালিহীন ভাজার পাত্র, বালি, তেল ইত্যাদি ছাড়াই কেবল তাপে ভাজার পাত্র; (কাঠখোলায় ভাজা চিঁড়ে)। ̃ গড়া বি. আদালতে কাঠের রেলিংযুক্ত সাক্ষীর মঞ্চ, dock. ̃ গোলা বি. কাঠের আড়ত। ̃

গোলাপ বি. গন্ধহীন গোলাপজাতীয় ফুলবিশেষ।˜ ঝুনো বিণ. (নারকেল সম্বন্ধে) শাঁস কাঠের মতো শক্ত হয়ে গেছে এমন।˜ ঠোকরা বি. কাঠে ঠোকর মেরে কাঠের পোকা খেতে অভ্যস্ত পাখিবিশেষ, woodpecker.˜ পিঁপড়ে বি. বড় কালো পিঁপড়েবিশেষ।˜ ফড়িং বি. কাঠির মতো রোগা ফড়িংবিশেষ। ফাটা বিণ. (তাপে) কাঠ ফেটে যায় এমন (কাঠফাটা রোদ)।˜ বমি বি. যে বমিতে ভুক্ত দ্রব্য উঠে আসে না।˜ বিড়াল বি. (সচ.) বৃক্ষচারী ঝাঁকড়া লেজওয়ালা ছোট জন্তুবিশেষ। স্ত্রী.˜ বিড়ালী।˜ মল্লিকা বি. বনমল্লিকা। কাঠে কাঠে ক্রি-বিণ. পরস্পরের জোড়ের সঙ্গে (কাঠে কাঠে মিলে গেছে); সমানে সমানে; সেয়ানে সেয়ানে (কাঠে কাঠে লড়াই)।

কাঠরা, কাঠরিয়া (p. 179) [kāṭharā, kāṭhariẏā] যথাক্রমে কাটরা ও কাঠুরিয়া -র রূপভেদ।

কাঠা1 (p. 179) [kāṭhā1] বি. 1 জমির পরিমাণবিশেষ, 72 বর্গফুট পরিমাণ; 2 ধান বা ওইজাতীয় শস্যের পরিমাপ করার পাত্র, রেক। [সং. কাষ্ঠা]।˜ কালি বি. জমির আয়তন বা কাঠার পরিমাণ বিষয়ক হিসাব।˜ কিয়া বি. একশত পর্যন্ত কাঠা গণনা।

কাঠা2 (p. 179) [kāṭhā2] বি. (আঞ্চ.) কচ্ছপ, কাছিম। [দেশি]।

কাঠাম, কাঠামো (p. 179) [kāṭhāma, kāṭhāmō] বি. 1 কাঠ, বাঁশ, খড় প্রভৃতির দ্বারা গঠিত আধার, frame, framework (প্রতিমার কাঠাম); 2 ছাঁচ, ঠাট, বহিরাকৃতি (শাসনতন্ত্রের কাঠামো)। [দেশি]।

কাঠি2 (p. 179) [kāṭhi2] বি. 1 কাঠ, বাঁশ, ধাতু ইত্যাদির লম্বা ও সরু টুকরো (দেশলাইয়ের কাঠি, চাবিকাঠি); 2 ক্ষুদ্র সরু শলাকা (ঝাঁটার কাঠি, খড়কে কাঠি)। [সং. কাষ্ঠিকা]। কাঠি-কাঠি বিণ. অত্যন্ত সরু বা কৃশ (কাঠিকাঠি হাত-পা)। জিয়ন-কাঠি, মরণ-কাঠি বি. এমনকিছু বা এমন কাঠির মতো জিনিস যার শক্তিতে নিষ্প্রাণ দেহে প্রাণ ফিরে আসে বা প্রাণবন্তের প্রাণনাশ হয়। কাঠি দেওয়া ক্রি. বি. বাধার সৃষ্টি করা, বাগড়া দেওয়া।

কাঠিন্য (p. 179) [kāṭhinya] বি. কঠিনতা, অনমনীয়তা, দৃঢ়তা; নির্দয়তা। [সং. কঠিন + য]।

কাঠিম (p. 179) [kāṭhima] বি. সুতো জড়িয়ে রাখার জন্য কাঠের তৈরি ছোট চক্রাকার বস্তুবিশেষ, রিল বা নাটাই। [বাং. কাঠ + ইম]।

কাঠুরিয়া, কাঠুরে (p. 179) [kāṭhuriẏā, kāṭhurē] বি. কাঠ কেটে বিক্রি করা যার পেশা। [বাং. কাঠ + উরিয়া, উরে]।

কাঠে কাঠে (p. 179) [kāṭhē kāṭhē] দ্র কাঠ।

কাড়ন (p. 179) [kāḍ়na] দ্র কাড়া1।

কাড়া1 (p. 179) [kāḍ়ā1] ক্রি. 1 ছিনিয়ে নেওয়া, জোর করে নেওয়া (সর্বস্ব কেড়ে নেওয়া); 2 আকর্ষণ করা, টানা (মন কাড়া, নজর কাড়া); 3 উচ্চারণ করা (রা কাড়ে না)। □ বি. আকর্ষণ; জিনিয়ে নেওয়া। □ বিণ. ছিনিয়ে নেওয়া হয়েছে এমন (কেড়ে-নেওয়া ধন); লুণ্ঠিত। [< সং. কর্ষণ > প্রাকৃ. কড্ঢণ > কাঢ়ন >

কাড়ন > কাড়া]। কাড়ন বি. কেড়ে নেওয়া। ˜ কাড়ি বি. পরস্পর টানাটানি বা হেঁচড়াহেঁচড়ি (কাঙালের মতো কাড়াকাড়ি)। ˜ নো ক্রি. অন্যের দ্বারা কাড়া; স্বীকার করানো (কথা কাড়ানো); আদায় করা (আদর কাড়ানো)। □ বিণ. বি. উক্ত সমস্ত অর্থে।

কাড়া2 (p. 179) [kāḍ়ā2] বি. ঢাক-এর মতো বাদ্যযন্ত্রবিশেষ, একদিক চর্মাবৃত ঢাকের মতো বড় বাদ্যযন্ত্রবিশেষ। [সং. কটাহ]। কাড়া-নাকাড়া বি. ঢাকজাতীয় নানাবিধ বাদ্যযন্ত্র।

কাণ, কাণা, কাণী (p. 179) [kāṇa, kāṇā, kāṇī] যথাক্রমে কান2, কানা ও কানি -র বর্ত. অপ্রচলিত বানানভেদ।

কাণ্ড (p. 179) [kāṇḍa] বি. 1 গাছের মূল থেকে শাখা পর্যন্ত অংশ, গুঁড়ি; 2 পর্ব, পাব; 3 গ্রন্হের অধ্যায় বা বিষয়বিভাগ (বেদের কর্মকাণ্ড, রামায়ণের সপ্তকাণ্ড); 4 ব্যাপার, ঘটনা (অবাক কাণ্ড, কত কাণ্ড ঘটে গেল); 5 (বিরল) বাণ, কাঁড় (ধনুষ্কাণ্ড)। [সং. √ কন্ + ড]। ˜ কারখানা বি. ঘটনাসমূহ; কার্যাবলি। ˜ জ বিণ. কাণ্ড বা গুঁড়ি থেকে উৎপন্ন। ˜ জ্ঞান বি. সহজাত বুদ্ধি; অবস্থা অনুযায়ী কর্তব্য-অকর্তব্য বিচারের ক্ষমতা, common sense. কাণ্ডা-কাণ্ড-জ্ঞান, কাণ্ডা-কাণ্ডি-জ্ঞান বি. ভালো-মন্দ বোধ, কর্তব্য-অকর্তব্য জ্ঞান।

কাত, কাত্ (p. 179) [kāta, kāt] বি. পাশ, পার্শ্ব (কোন কাতে শুয়েছে?)। □ বিণ. 1 আড়, একপেশে (থালাটাকে কাত করে রাখো); 2 ভূপতিত, পর্যুদস্ত (এক চড়ে কাত, ভয়ে কাত)। [দেশি]। কেতিয়ে পড়া, কেতিয়ে যাওয়া ক্রি. বি. নেতিয়ে পড়া; পর্যুদস্ত হওয়া (যে ভয়েই কেতিয়ে পড়েছে)।

কাতর (p. 179) [kātara] বি. 1 আর্ত; কষ্টে বা দুঃখে অভিভূত; 2 ব্যাকুল (কাতর প্রাণের প্রার্থনা); 3 কুণ্ঠিত (অর্থব্যয়ে কাতর; তু. অকাতরে অর্থব্যয়); 4 ভীত (ভয়ে কাতর)। [সং. কু (-ঈষত্) + তৃ + অ]। স্ত্রী. কাতরা1। বি. ̃ তা, (বিরল) কাতর্য। কাতরা2 ক্রি. কাতরতা বা যন্ত্রণা প্রকাশ করা, ছটফট করা; আর্তনাদ করা। কাতরানো ক্রি. বি. কাতর হওয়া, কাতরতা প্রকাশ করা। কাতরানি বি. কাতরতা; যন্ত্রণা প্রকাশ অথবা যন্ত্রণা প্রকাশের ধ্বনি; ছটফটানি; আর্তনাদ। কাতরোক্তি বি. কাতরতাপূর্ণ বাক্য।

কাতলা1 (p. 179) [kātalā1] বি. করাত দিয়ে চেরাই করা কাঠের চিরের মুখে যে কাঠের টুকরো গুঁজে দেওয়া হয়, wedge; কাজলা। [দেশি]।

কাতলা2, কাতল, কাত্লা (p. 181) [kātalā2, kātala, kātlā] বি. রুই মাছের মতো আকৃতিবিশিষ্ট বড় আঁশযুক্ত মাছবিশেষ, যার দেহের অনুপাতে মাথা বড় হয়। [দেশি]।

কাতা (p. 181) [kātā] বি. 1 নারকেল-ছোবড়ার দড়ি (কাতা দিয়ে বাঁধা); 2 নাপিতের বাক্স। [প্রাকৃ. কট্টঅ > বাং. কাটা > কাতা]।

কাতান (p. 181) [kātāna] বি. কর্তনকারী অস্ত্র, দা, কাটারি। [পো. catane; তু. সং. কর্তনী; তু. হি. কত্তান]।

কাতান বেনারসি (p. 181) [kātāna bēnārasi] বি. বেনারসি শাড়িবিশেষ। [দেশি কাতান + বাং.বেনারস + ই]।

কাতার, কিতার (p. 181) [kātāra, kitāra] বি. 1 শ্রেণি, পঙ্ক্তি ('দুই দুই কিতারে কিতারে': বিষ্ণু); 2 বড় দল (কাতারে কাতারে লোক)। [আ. ক'তার, কিতার]।

কাতি (p. 181) [kāti] বি. শাঁখ কাটার অস্ত্র, শাঁখের করাত। [সং. কর্তরী]।

কাতু-কুতু (p. 181) [kātu-kutu] বি. হাসাবার জন্য গায়ের বিশেষ বিশেষ স্পর্শকাতর জায়গায় হাত দিয়ে সুড়সুড়ি। [সং. কুতুকুতুক]।

কাতুরি (p. 181) [kāturi] বি. ধাতুর পাত কাটার অস্ত্রবিশেষ; কাতি। [সং. কর্তরী]।

কাত্যায়ন (p. 181) [kātyāẏana] বি. 1 প্রখ্যাত মুনিবিশেষ; 2 পাণিনি-ব্যাকরণের বার্তিক প্রণেতা। [সং. কাত্য + আয়ন]।

কাত্যায়নী (p. 181) [kātyāẏanī] বি. দুর্গাদেবী (সর্বাগ্রে কাত্যায়ন মুনি এঁর উপাসনা করেন বলে এই নাম)। [সং. কাত্যায়ন + ঈ]।

কাথিক (p. 181) [kāthika] বিণ. বাক্পটু, কথায় দক্ষ। [সং. কথা + ইক]।

কাদম্ব (p. 181) [kādamba] বিণ. কদম্বসম্বন্ধীয়। □ বি. 1 কদম্বসমূহ; 2 কদম্বগাছ; 3 কদম্বফুল; 4 বাণ, তির ('উড়িল কাদম্বকুল': মধু); 5 বালিহাঁস; 6

কালো পাখাযুক্ত কলহংস। [সং.কদম্ব + অ]। কাদম্বা বি. (স্ত্রী.) কলহংসী ('কাদম্বা যেমতি মধুস্বরা': মধু);কদমফুলের গাছ।

কাদম্বর (p. 181) [kādambara] বি. 1 মদ্যবিশেষ; 2 আখের গুড়। [সং. কাদম্ব + র]।

কাদম্বরী1 (p. 181) [kādambarī1] বি. সংস্কৃত কথাসাহিত্যের সুপ্রসিদ্ধ গ্রন্হ, বাণভট্ট যার রচয়িতা। [সং. কাদম্ব + র + ঈ]।

কাদম্বরী2 (p. 181) [kādambarī2] বি. মদ্যবিশেষ, গৌড়ী মদিরা। [সং. কু + অম্বর + অ + ঈ]।

কাদম্বিনী (p. 181) [kādambinī] বি. মেঘপুঞ্জ। [সং. কাদম্ব (=কদম্ব পুষ্পের বিকাশ) + ইন্ + ঈ]।

কাদা (p. 181) [kādā] বি. পাঁক, কর্দম। □ বিণ. কর্দমাক্ত, পঙ্কিল (রক্তে পথ কাদা হয়েছে)। [সং. কর্দম]।˜ খোঁচা বি. কাদা খুঁচে খুচেঁ আহার্য সন্ধান করে এমন খঞ্জনজাতীয় পাখিবিশেষ।˜ টে বিণ. কাদার মতো; কাদাযুক্ত।

কান1, কানু (p. 181) [kāna1, kānu] বি. কানাই, কৃষ্ণ। [প্রাকৃ. কণ্হ্ < সং. কৃষ্ণ]।

কান2 (p. 181) [kāna2] বি. 1 শ্রবণেন্দ্রিয়; 2 সেতার, এসরাজ, বেহ্বালা প্রভৃতি বাদ্যযন্ত্রের চাবি; 3 কানের অলংকারবিশেষ। [সং. কর্ণ]। কান কাটা

যাওয়া (আল.) ক্রি. পরাজিত হওয়া; অপমানিত হওয়া (তোর জন্য আমার কান কাটা গেল)। কান-কাটা বিণ. নির্লজ্জ, বেহায়া। কান খাড়া করা ক্রি. বি. শোনার জন্য উৎকর্ণ হওয়া। কান দেওয়া ক্রি বি শোনা; মনোযোগ দেওয়া; গ্রাহ্য করা (ওর কথায় কান দিয়ো না)। কান ধরা ক্রি. বি. তিরস্কার বা অপমান করার জন্য কানে হাত দেওয়া। কান পাকা ক্রি. বি. কানের ভিতরে পূঁজ জমা। কান পাতা ক্রি. বি. (গোপনে) শোনার জন্য প্রস্তুত হওয়া। কান ভাঙানো ক্রি. বি. কারও বিরুদ্ধে অপর কাউকে কিছু বলে উভয়ের মধ্যে মনোমালিন্য সৃষ্টি করা। কান ভারী করা ক্রি. বি. গোপনে নিন্দা করে কারও বিরুদ্ধে অসন্তোষ সৃষ্টি করা। কান মলা ক্রি. বি. (শাস্তিস্বরূপ বা অপমান করার জন্য) কান মুচড়ে দেওয়া; অপমান করা; শোচনীয়ভাবে পরাজিত করা। কানে আঙুল দেওয়া ক্রি. বি. (অশ্রাব্য কিছু) শুনতে না চাওয়া। কানে ওঠা ক্রি. বি. কর্ণগোচর হওয়া। কানে তালা লাগা ক্রি. বি. দুর্বলতার জন্য বা ভয়ানক গোলমালে কানে কিছু শুনতে না পাওয়া। কানে তোলা ক্রি. বি. শোনানো (সে মনিবের কানে কথাটা তুলল); 2 গ্রাহ্য করা (সে কানো কথাই কানে তুলছে না)। কানে ধরে বলা ক্রি. বি. বিশেষভাবে বা তিরস্কারপূর্বক মনোযোগী করানো। কানে লাগা ক্রি. বি. বিশ্বাসের যোগ্য বলে মনে হওয়া (কথাটা তার কানে লাগল); শ্রুতিমধুর মনে হওয়া। ˜ কোটারি বি. কেন্নো, কীটবিশেষ-এই কীট কানে প্রবেশ করে বলে কেউ কেউ মনে করে। ˜ খুশকি, ˜ খুস্কি বি. কানের খোল বের করার ধাতুনির্মিত কাঠি। কান-পাতলা বিণ. কোনো বিচারবিবেচনা ছাড়াই অন্যের বিরুদ্ধে লাগানি-ভাঙানি শোনে এমন। কান-ফাটা, কান-ফাটানো বিণ. কানের পরদা ফাটিয়ে ফেলার মতো প্রচণ্ড আওয়াজযুক্ত। কান-বালা বি. মাকড়িজাতীয় কানের অলংকারবিশেষ। কানা-কানি বি. কানে কানে কথা বলাবলি; গোপন রটনা। কানা-ঘুষা, কানা-ঘুষো বি. গোপন রটনা। কানে কানে ক্রি-বিণ. মৃদুস্বরে; চুপি চুপি; কানের কাছে মুখ নিয়ে; (আঞ্চ.)

কানায় কানায়। কানে-খাটো বিণ. কানে কম শোনে এমন। কানে তুলো গোঁজা (দেওয়া) ক্রি. বি. ইচ্ছা করে না শোনা।

কানকো (p. 181) [kānakō] বি. মাছের ফুলকোর উপরের শক্ত আবরণ। [সং. কর্ণকূপ]।

কানড়1 (p. 181) [kānaḍ়1] বি. বিষধর সাপবিশেষ, কাঁদোড় সাপ। [দেশি]।

কানড়2, কানড়া (p. 181) [kānaḍ়2, kānaḍ়ā] বি. 1 স্ত্রীলোকের কেশবিন্যাসবিশেষ, কর্ণাটপ্রদেশের প্রসিদ্ধ কুণ্ডলাকৃতি খোঁপা; 2 নীলপদ্ম। [< সং. কন্দোট]।

কানন (p. 181) [kānana] বি. বন, অরণ্য; উপবন, বাগান। [সং. √ কানি (দীপ্তি, কান্তি) + অন]। ̃ কুসুম বি. বনফুল।

কান-মাগুর (p. 181) [kāna-māgura] বি. মাগুরজাতীয় বড় মাছবিশেষ। [দেশি]।

কানা1 (p. 181) [kānā1] বি. 1 কিনারা, প্রান্ত (পুকুরের কানা); 2 পাত্রাদির মুখের বেড় (কলসির কানা)। [সং. কর্ণ]। কানায় কানায় ক্রি. বিণ. কিনারা পর্যন্ত (পুকুরটা কানায় কানায় ভরে গেছে)।

কানা2 (p. 181) [kānā2] বিণ. 1 চক্ষুহীন; 2 অন্ধ; 3 ফুটো (কানাকড়ি, কানাবেগুন); 4 একদিক বন্ধ, একমুখো (কানাগলি)। □ বি. চক্ষুহীন ব্যক্তি, অন্ধ

লোক। [সং. কাণ]। কানি বিণ. বি. (স্ত্রী.) চক্ষুহীনা (স্ত্রীলোক)। ̃ কড়ি বি. ভাঙা বা ফুটো কড়ি; (আল.) অতি তুচ্ছ পরিমাণ (এক খেটেও পাবে তো কানাকড়ি)। ̃ মাছি বি. 1 ছোটদের খেলাবিশেষ (এই খেলায় একজন চোখ-বাঁধা অবস্থায় অন্যদের ধরতে চেষ্টা করে); 2 বড় মাছিবিশেষ। কানা খোঁড়ার একগুণ বাড়া (প্র.) গুণহীন লোকেরই অহংকার বা বড়াই বেশি হয়। কানা গোরুর ভিন্ন পথ (প্র.) অজ্ঞান বা কাণ্ডজ্ঞানহীন লোক কানা গোরুর মতো গোয়ালের দিকে না গিয়ে অর্থাত্ নিরাপদ পথ ত্যাগ করে বিপথে যায়। কানা ছেলের নাম পদ্মলোচন যার যে-গুণ একেবারেই নেই, তার নামের মধ্যে সেই গুণের উল্লেখ থাকার মতো হাস্যকর ব্যাপার।

কানাই (p. 181) [kānāi] বি. শ্রীকৃষ্ণ। [< সং. কৃষ্ণ; তু. হি. কহ্নাই]। কানাই-বলাই বি. কৃষ্ণ ও বলরাম।

কানাঘুষো (p. 181) [kānāghuṣō] দ্র কান2।

কানাচ (p. 181) [kānāca] বি. বাড়ির পশ্চাদ্ভাগ; ছাঁচতলা; (দেওয়ালের বাইরে প্রসারিত) চালাঘরের ছাঁচ (ঘরের কানাচে)। [তুর. ক'নাত্]।

কানাড়া (p. 181) [kānāḍ়ā] বি. 1 রাগিণীবিশেষ, কর্ণাট রাগিণী; 2 কানড় খোঁপা। [সং. কর্ণাট]।

কানাত, (বর্জি.) কানাত্ (p. 181) [kānāta, (barji.) kānāt] বি. তাঁবু; তাঁবুর ঘের বা পরদা। [তুর্. ক'নাত্]।

কানামাছি (p. 181) [kānāmāchi] দ্র কানা2।

কানি (p. 181) [kāni] বি. জীর্ণ বস্ত্রখণ্ড, ন্যাকড়া। [দেশি]।

কানী (p. 181) [kānī] দ্র কানা2।

কানীন (p. 181) [kānīna] বিণ. কুমারীর গর্ভজাত (কর্ণ কুন্তীর কানীন পুত্র)। ☐ বি. কুমারীর গর্ভজাত সন্তান। [সং. কন্যা (< কনীন) + অ]। বি. (স্ত্রী.) কানীনী।

কানু (p. 181) [kānu] দ্র কান1।

কানুটি (p. 181) [kānuṭi] বি. কানমলা। [হি. কনেঠী]।

কানুন1 (p. 181) [kānuna1] বি. আইন, বিধান; বিধিব্যবস্থা। [আ. কা'নূন]।

কানুন2 (p. 181) [kānuna2] বি. বহুতন্ত্র বাদ্যযন্ত্রবিশেষ। [< সং. কাত্যায়নী বীণা]।

কানুনগো, (বর্ত. অপ্র.) কানুন-গোই (p. 181) [kānunagō, (barta. apra.) kānuna-gōi] বি. রাজস্ববিভাগীয় হিসাবপরীক্ষক; জমি-জরিপকারী সরকারি কর্মচারী। [আ. কানূন্ + ফা. গোয়্]।

কানেস্তারা (p. 181) [kānēstārā] বি. টিনের তৈরি বড় পাত্রবিশেষ। [ইং. canister]।

কাণ্ডার1 (p. 181) [kāṇḍāra1] বি. 1 তাঁবু; 2 পরদা। [< সং. স্কন্ধাবার]।

কাণ্ডার2 (p. 181) [kāṇḍāra2] বি. 1 নৌকার হাল; 2 (বিরল) কাণ্ডারি, মাঝি। [সং. কর্ণধার > প্রাকৃ. কণ্ণার]। কাণ্ডারি বি. যে নৌকার হাল ধরে গতি নিয়ন্ত্রণ করে; মাঝি।

কান্ত (p. 181) [kānta] বি. 1 স্বামী; 2 (সূর্য, চন্দ্র ও অয়স শব্দের পর) মণি বা পাথর (সূর্যকান্ত, অয়স্কান্ত)। □ বিণ. 1 কমনীয়; মনোহর; 2 প্রিয়। [সং. √ কম্ + ত]। কান্তা বি. (স্ত্রী.) 1 প্রিয়া; 2 সুন্দরী রমণী; 3 স্ত্রী, পত্নী।˜ লৌহ, কান্তায়স, কান্তিক, কান্তি-লৌহ বি. 1 অয়স্কান্ত মণি; 2 চুম্বক পাথর; 3 বিশুদ্ধ লোহা, refined iron; 4 ইস্পাত; 5 পেটা লোহা; ঢালাই লোহা। বি. কান্তি লাবণ্য, সৌন্দর্য, দীপ্তি, শোভা। কান্তি দ্র।

কান্তার (p. 181) [kāntāra] বি. 1 নিবিড় অরণ্য, ঘন বন; 2 দুর্গম পথ। [সং. ক(জল) + অন্ত (নিকট) + √ ঋ + অ]।

কান্তি (p. 181) [kānti] বি. সৌন্দর্য, শোভা; দীপ্তি। [সং. √ কম্ + তি]।˜ বিদ্যা বি. সৌন্দর্যবিজ্ঞান, সৌন্দর্যতত্ত্ব; নন্দনতত্ত্ব, aesthetics (বি. প.)।˜ ময়,˜ মান (-মত্)বিণ. কান্তিযুক্ত, সুন্দর, দীপ্তিমান। বিণ. (স্ত্রী.)˜ ময়ী,˜ মতী।

কান্দ (p. 181) [kānda] বিণ. কন্দজাত; কন্দসম্বন্ধীয়। [সং. কন্দ + অ]।

কান্দন (p. 181) [kāndana] বি. কান্না। [কান্দা দ্র]।

কান্দর্প (p. 181) [kāndarpa] বি. কন্দর্পের পুত্র। □ বিণ. কন্দর্পসম্বন্ধীয়। [সং. কন্দর্প + অ]।

কান্দা (p. 181) [kāndā] ক্রি. কান্না, রোদন করা, ক্রন্দন করা। [বাং. √ কান্দ্ (সং. ক্রন্দ্) + আ]।˜ নো ক্রি. কাঁদানো।

কান্না (p. 181) [kānnā] বি. ক্রন্দন, রোদন, দুঃখকষ্ট বা ব্যথায় চোখের জল ফেলা। [সং. √ ক্রন্দ্]। কান্না আসা, কান্না পাওয়া ক্রি. বি. কাঁদার উপক্রম করা, কাঁদার ইচ্ছা হওয়া। কান্না চাপা ক্রি. বি. কান্না রোধ করার চেষ্টা করা; কান্না রোধ করা। কান্না জোড়া ক্রি. বি. কাঁদতে আরম্ভ করা।˜ কাটি বি. প্রবল বা অবিরাম কান্না; বিলাপ; (আল.) একান্ত আবদার; অনুনয়বিনয়।

কান্য-কুব্জ (p. 181) [kānya-kubja] বি. আধুনিক কনৌজের প্রাচীন নাম। □ বিণ. কান্যকুব্জসম্বন্ধীয়, কনৌজি (কান্যকুব্জ ব্রাহ্মণ)। [সং. কান্যকুব্জ + অ]।

কাপ1 (p. 181) [kāpa1] বি. পেয়ালা। [ইং. cup]।

কাপ2 (p. 181) [kāpa2] বি. 1 বারেন্দ্র ব্রাহ্মণের শ্রেণিবিশেষ, ভঙ্গকুলীন; 2 ছলনা, ভান (মোটেই অসুখ হয়নি, কাপ করে পড়ে আছে)। □ বিণ. ছদ্মবেশী, কপটী; কৌতুককারী ('ঐ এল শিব বুড়া কাপ': ভা. চ.)। [সং. কপট]।

কাপটিক (p. 181) [kāpaṭika] বিণ. শঠ, ধূর্ত। [সং. কপট + ইক]।

কাপট্য (p. 181) [kāpaṭya] বি. শঠতা; ছলনা। [সং. কপট + য]।

কাপড় (p. 181) [kāpaḍ়] বি. বস্ত্র, বসন। [সং. কর্পট]। কাপড়-চোপড় বি. পোশাকপরিচ্ছদ। কাপড় ছাড়া ক্রি. বি. পোশাক বদল করা (তোমরা বসো, আমি ওপরে গিয়ে কাপড়টা ছেড়ে আসি)।

কাপালিক (p. 181) [kāpālika] বি. 1 নরকপালধারী ও শ্মশানবাসী বামাচারী তান্ত্রিকবিশেষ, তান্ত্রিক সন্ন্যাসীবিশেষ; 2 কপালী বা কপালিজাতি, কৃষিজীবী হিন্দু জাতিবিশেষ। [সং. কপাল + ইক]।

কাপাস (p. 181) [kāpāsa] বি. তুলাবিশেষ, কাপাস গাছের বীজ থেকে পাওয়া তুলা। [সং. কার্পাস]।

কাপুড়ে, কাপুড়িয়া (p. 181) [kāpuḍ়ē, kāpuḍ়iẏā] বিণ. কাপড়সম্বন্ধীয় (কাপুড়ে পাটি)। □ বি. 1 কাপড় ব্যবসায়ী (কাপুড়েরা প্রতি সপ্তাহে এই হাটে আসে); 2 কাপড়বিলাসী (কাপুড়ে বাবু)। [বাং. কাপড় + ইয়া > এ]।

কাপুরুষ (p. 181) [kāpuruṣa] বি. সাহসহীন ও পুরুষ নামের অযোগ্য ব্যক্তি; ভয়ে কর্তব্য বা আত্মসম্মান বিসর্জন দেয় এমন অপদার্থ ব্যক্তি। □ বিণ. ভীরু, সাহসহীন; অপদার্থ। [সং. কু (কা) + পুরুষ]। বি.˜ তা,˜ ত্ব।

কাপ্তান1, কাপ্তেন (p. 181) [kāptāna1, kāptēna] বি. 1 জাহাজের অধ্যক্ষ; 2 সেনাপতি; 3 খেলোয়াড়দের প্রধান বা দলপতি; 4 (অশি.) হীন আমোদপ্রমোদরত ও ইয়ারদের পৃষ্ঠপোষক ধনী ব্যক্তি। [ইং. captain]।

কাপ্তান2, কাফতান (p. 181) [kāptāna2, kāphatāna] বি. মেয়েদের লম্বা ঝুলের ঢোলা ফ্রকজাতীয় জামাবিশেষ। [তুর. কাফ্তান্]।

কাফন (p. 181) [kāphana] দ্র কফন।

কাফরি, (বর্জি.) কাফরী (p. 181) [kāphari, (barji.) kāpharī] বি. আফ্রিকার নিগ্রোজাতি। [পো. caffre]।

কাফি2 (p. 181) [kāphi2] বি. সংগীতের সন্ধ্যাকালীন রাগিণীবিশেষ। [আ. কাফী]।

কাফের, কাফির (p. 181) [kāphēra, kāphira] বি. 1 ইসলামধর্মে অবিশ্বাসী বা ইসলামবিরোধী লোক; 2 নিষ্ঠুর ব্যক্তি। [আ. কাফির্]।

কাফেলা, কাফিলা (p. 181) [kāphēlā, kāphilā] বি. তীর্থযাত্রীর দল; (সাধারণত উট-আরোহী) ভ্রমণকারীর দল। [আ. কাফিলা]।

কাবা1 (p. 181) [kābā1] বি. আলখাল্লাজাতীয় মুসলমানি জামাবিশেষ। [আ. ক'বা]।

কাবা2 (p. 181) [kābā2] বি. মক্কার বিখ্যাত মসজিদ যা মুসলমানদের সর্বপ্রধান তীর্থ। [আ. কা'বা]।

কাবাডি (p. 181) [kābāḍi] বি. হাডুডু খেলা, কবাডি। [হি. কবড্ডী]।

কাবাব (p. 181) [kābāba] বি. শলাকায় বা শিকে বিদ্ধ করে বিশেষ পদ্ধতিতে সেঁকা মাংস। [আ. ক'বাব্]।

কাবাব-চিনি (p. 181) [kābāba-cini] বি. গোলমরিচের মতো এবং মশলা হিসাবে বা ওষুধে ব্যবহৃত ফলবিশেষ, cubeb. [আ. ক'বাব্ + চি. চিনি]।

কাবার (p. 181) [kābāra] বিণ. শেষ, সমাপ্ত, খতম (দিন কাবার, রাত কাবার, পুরো খাবার কাবার করেছি)। □ বি. শেষ দিন (মাসকাবার)। [আ. কুব্র্; তু. পো. acabar]।

কাবারি, কাবাড়ি (p. 181) [kābāri, kābāḍ়i] বি. 1 মাংসবিক্রেতা; 2 শিকারি; 3 বাঁশের বাখারি। [সং. কর্বট]।

কাবিল (p. 181) [kābila] বিণ 1 উপযুক্ত; লায়েক; 2 গুণবান; 3 যোগ্য। [আ. কা'বিল্]।

কাবু (p. 181) [kābu] বিণ. 1 দুর্বল (অসুখে ভুগে কাবু হয়েছে); 2 পরাস্ত, জব্দ (এতদিনে তাকে কাবু করা গেছে); 3 বশীভূত (এত সহজে আমাকে কাবু করতে পারবে না)। [তুর. কা'বু]।

কাবুলি, কাবলি (p. 181) [kābuli, kābali] বিণ. কাবুলদেশীয়। □ বি. কাবুলের লোক। [ফা.কাবুল্ + বাং. ই]।˜ ওয়ালা বি. কাবুলের লোক।

কাব্য (p. 181) [kābya] বি. 1 ভাবপ্রধান ও রসঘন বাক্য; 2 পদ্যসাহিত্য; 3 কবিতাগ্রন্হ (রবীন্দ্রনাথের 'পূরবী' কাব্য); 4 গদ্যে বা পদ্যে লিখিত ভাবাশ্রয়ী রসাত্মক রচনা (গদ্যকাব্য, নাট্যকাব্য, দৃশ্যকাব্য)। [সং. কবি + য]।˜ কলা বি. কাব্য রচনার কৃতি বা কৌশল।˜ জগত্ বি. 1 কবিসমাজ; 2 কবিকল্পিত জগত্, ভাবজগত্; কবিতায় প্রতিফলিত জগত্।˜ রস বি. কবিতার রস অর্থাত্ মাধুর্য।˜ রসিক বি. কাব্যরস উপলব্ধি করতে পারে এমন ব্যক্তি। কাব্যানুশীলন, কাব্যালোচনা বি. কাব্য সম্বন্ধে চর্চা বা আলোচনা; কাব্যচর্চা।

কাম1 (p. 181) [kāma1] বি. কাজ। [সং. কর্ম; তু. হি. কাম]।

কাম2 (p. 181) [kāma2] বি. কন্দর্পদেব, মদন, অনঙ্গ। [সং. √কম্ + ণিচ্ + অ]।

কাম3 (p. 181) [kāma3] বি. 1 কামনা, বাসনা, অভিলাষ (মনস্কাম); 2 অনুরাগ; 3 যৌন সম্ভোগের ইচ্ছা। [সং. √ কম্ + অ]।˜ কলহ বি. প্রণয়কলহ, প্রণয়ী-প্রণয়িনীর ঝগড়া।˜ কলা বি. রতিবিদ্যা, রতিশাস্ত্র।˜ কেলি বি. রতিক্রীড়া, যৌনসম্ভোগ।˜ ক্ষুধা বি. সম্ভোগের ইচ্ছা, যৌনকামনা।˜ গন্ধ বি. কামের আভাস বা লেশ।˜ চর বি. স্বেচ্ছাচার। □ বিণ. সেচ্ছাচারী।˜ চারী (-রিন্) বিণ. ইচ্ছা অনুসারে সর্বত্রগামী; স্বেচ্ছাচারী; কামের বশীভূত হয়ে চলে এমন; লম্পট। স্ত্রী.˜ চারিণী।˜ জ বিণ. কাম থেকে অর্থাত্ সম্ভোগবাসনার ফলে উৎপন্ন।˜ জ্বর বি. তীব্র সম্ভোগেচ্ছা।˜ দ বিণ. অভীষ্ট পূরণকারী, কামনাপূরক। □ বি. শিব।˜ দা বিণ. অভিষ্টদাত্রী। □ বি. কামধেনু।˜ দেব বি. মদনদেব।˜ ধেনু বি. পুরাণোক্ত সর্ব-অভীষ্টদায়িনী গাভী।˜ পত্নী বি. রতিদেবী।˜ প্রদ বিণ. অভীষ্টপূরক। কাম-

বসায়িতা, কাম-বশায়িতা বি. 1 অলৌকিক শক্তিবিশেষ; 2 নীজের সর্বকামনা পূরণ করার ক্ষমতা; 3 ইন্দ্রিয়নিগ্রহশক্তি।˜ বাই বি. কামোন্মত্ততা।˜ বাণ,˜ শর বি. মদনদেবের পঞ্চবাণ যার আঘাতে প্রাণীরা কামোন্মত্ত হয়ে ওঠে।˜ রূপ,˜ রূপী (-পিন্) বিণ. 1 ইচ্ছানুসারে রূপ বা চেহারা ধারণ করতে পারে এমন; 2 সুন্দর।˜ শাস্ত্র,˜ সূত্র বি. রতিশাস্ত্র, কামকেলিসম্বন্ধীয় শাস্ত্র।˜ সখ বি. বসন্ত ঋতু। কামাগ্নি, কামানল বি. প্রবল যৌন সম্ভোগেচ্ছা, তীব্র যৌন লালসা। কামাতুর, কামার্ত বিণ. উদগ্র যৌন কামনায় পীড়িত। স্ত্রী. কামাতুরা, কামার্তা। কামান্ধ বিণ. কামপ্রবৃত্তির বশে হিতাহিতজ্ঞানশূন্য। কামাসক্ত বিণ. কামপ্রবৃত্তির পরবশ; লম্পট।

কামঠ (p. 181) [kāmaṭha] বি. 1 কচ্ছপের মাংস; 2 (আঞ্চ.) কচ্ছপ। □ বিণ. কচ্ছপসম্বন্ধীয়। [সং. কমঠ + অ]।

কামড় (p. 181) [kāmaḍ়] বি. 1 দংশন, দন্তাঘাত (বিড়ালের কামড়); 2 দাঁত দিয়ে আঁকড়ে ধরা (মরণকামড়); 3 নির্দয় বা অত্যধিক দাবি (মহাজনের সুদের কামড়); 4 বেদনা, যন্ত্রণা (পেটের কামড়); 5 তীব্রতা (শীতের কামড়)। [দেশি]। কামড়া, কামড়ানো ক্রি. বি. দংশন করা, দাবি করা; সবলে চেপে ধরা (মেশিনটা তার হাত কামড়ে ধরেছে); দৃঢ়সংলগ্ন হয়ে থাকা (মাটি কামড়ে থাকা)। কামড়ানি, কামড়ি1 বি. কামড়ের ভাব বা যন্ত্রণাবোধ। কামড়া-কামড়ি বি. 1 পরস্পর ক্রমাগত দংশন; 2 মারামারি।

কামড়ি2 (p. 181) [kāmaḍ়i2] বি. ধাতুর পাতের কিনারা মুড়ে দেওয়া জোড়। [দেশি]।

কাম-দানি, (বর্জি.) কাম-দানী (p. 181) [kāma-dāni, (barji.) kāma-dānī] বি. 1 কাপড়ের ফুল তোলার কাজ, এমব্রয়ডারি; 2 সল্মা চুমকি প্রভৃতির কাজ করা কাপড়; 3 তুলোর কাপড়ের উপর জরি বসানোর কাজ। [হি. কাম্দানী]। কাম-দার বিণ. কারুকার্যবিশিষ্ট।

কাম-দুঘা (p. 181) [kāma-dughā] বি. বিণ. কামধেনু বা কামধেনুর মতো অভীষ্টপূরণকারিণী। [সং. কাম্ + √ দুহ্ + অ + আ (স্ত্রী.)]।

কামনা (p. 181) [kāmanā] বি. অভিলাষ, ইচ্ছা, মনোরথ। [সং. √ কম্ + ণিচ্ + অন + আ]।

কামরা (p. 181) [kāmarā] বি. কক্ষ, ঘর। [পো. camara]।

কাম-রাঙা, কাম-রাঙ্গা (p. 181) [kāma-rāṅā, kāma-rāṅgā] বি. পাঁচটি শিরাযুক্ত অম্ল স্বাদের ফলবিশেষ। [সং. কর্মরঙ্গ]।

কামরূপ1 (p. 181) [kāmarūpa1] দ্র কাম3।

কাম-রূপ2 (p. 181) [kāma-rūpa2] বি. আসামের অন্তর্গত স্থানবিশেষ। [সং. কাম (সুন্দর) যে রূপ]। কাম-রূপী (-পিন্) বিণ. কামরূপজাত; কামরূপসম্বন্ধীয়।

কামলা (p. 181) [kāmalā] বি. রোগবিশেষ, কাঁওলা, ন্যাবা রোগ, জণ্ডিস। [সং. কামল + আ]।

কামা, কামানো (p. 181) [kāmā, kāmānō] ক্রি. বি. 1 ক্ষৌরকর্ম করা, ক্ষুর দিয়ে চাঁছা; খেউরি করা, দাড়িগোঁফ চাঁছা; 2 আয় করা, রোজগার করা (টাকা কামানো)। [বাং. কাম1 + আ, আনো]। কামাই বি. আয়, রোজগার। কামানি1 বি. ক্ষৌরকারের অর্থাত্ নাপিতের মজুরি।

কামাই1 (p. 181) [kāmāi1] দ্র কামা।

কামাই2 (p. 181) [kāmāi2] বি. 1 অনুপস্থিতি, গরহাজিরি (কাজে কামাই); 2 বিরাম (বৃষ্টির কামাই নেই)। [ফা. কম্ঈ]।

কামাক্ষী (p. 181) [kāmākṣī] বি. (স্ত্রী.) (সুন্দর চক্ষু বলে) কামাখ্যা দেবী। [সং. কাম + অক্ষি + ঈ]।

কামাখ্যা (p. 181) [kāmākhyā] বি. (স্ত্রী.) 1 হিন্দুদের তীর্থরূপে পরিগণিত বাহান্ন মহাপীঠের অন্যতম, আসামে গুয়াহাটির নিকটস্হ পর্বতবিশেষ (এখানে সতীর অঙ্গ পতিত হয়েছিল বলে মনে করা হয়); 2 কামাখ্যা তীর্থের অধিষ্ঠাত্রী দেবী। [সং. কাম3 + আখ্যা]।

কামান (p. 181) [kāmāna] বি. মহাশক্তিশালী আগ্নেয় ক্ষেপণাস্ত্রবিশেষ, তোপ। [ফা. কমান্; তু. ইং. cannon]।

কামানি1 (p. 181) [kāmāni1] বি. ধনুকাকৃতি স্প্রিংবিশেষ। [ফা. কমান্]।

কামানি2 (p. 181) [kāmāni2] দ্র কামা।

কামানো (p. 181) [kāmānō] দ্র কামা।

কামার (p. 181) [kāmāra] বি. যে-ব্যক্তি লৌহদ্রব্য গড়ে, কর্মকার। [সং. কর্মকার > কর্মার]।˜ নি বি. (স্ত্রী.) কামারের স্ত্রী।˜ শালা বি. কামারের কারখানা বা কর্মস্হল।

কামাল (p. 181) [kāmāla] বি. নৈপুণ্য; অসাধারণ কর্ম বা কর্মসাধন। [আ. ক'মাল্]। কামাল করা ক্রি. বি. প্রশংসনীয় কাজ করা বা অসাধারণ সাফল্য অর্জন করা (তুমি তো কামাল করে দিয়েছ ভাই)।

কামিজ (p. 181) [kāmija] বি. জামাবিশেষ, ঢিলে শার্ট। [পো. camisa; তু. আ. ক'মীদ্]।

কামিন (p. 181) [kāmina] বি. (স্ত্রী.) 1 দাসী, ঝি; 2 নারীশ্রমিক (কলিয়ারির কামিন)। তু. কুলি-কামিন। [দেশি]।

কামিনী (p. 181) [kāminī] বি. 1 রমণী; 2 পত্নী; 3 সুগন্ধি ফুলবিশেষ। [সং. কাম + ইন্ + ঈ]।˜ সুলভ বিণ. স্ত্রীজাতির পক্ষে স্বাভাবিক বা মানানসই।

কামিল (p. 181) [kāmila] বি. বিণ. 1 ওস্তাদ; কর্মকুশল; 2 পণ্ডিত; 3 শিল্পী; 4 স্বর্ণকার। [পা. কামিল্]।

কামী (p. 181) [kāmī] (-মিন্) বিণ. 1 কামুক; 2 ইচ্ছুক; অভিলাষী (শান্তিকামী)। [সং. কাম + ইন্]।

কামুক (p. 181) [kāmuka] বিণ. 1 কামপরবশ, রমণাভিলাষী; 2 অভিলাষী। [সং. √ কম্ + উক]। স্ত্রী. কামুকা, কামুকী।

কামোদ (p. 181) [kāmōda] বি. সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ। [সং. কামদ (কাম + √ দা + অ)]। স্ত্রী. কামোদা।

কামোদ্দীপক (p. 181) [kāmōddīpaka] বিণ. কামপ্রবৃত্তির উদ্রেক করে বা বৃদ্ধিসাধন করে এমন। [সং. কাম + উদ্দীপক]।

কামোপহত (p. 181) [kāmōpahata] বিণ. কামার্ত, কামপীড়িত। [সং. কাম + উপহত]।

কাম্য (p. 181) [kāmya] বিণ. বাঞ্ছনীয়, কামনার যোগ্য; অভীষ্ট (কাম্য ফল); ফললাভের জন্য অনুষ্ঠেয় (কাম্য কর্ম)। [সং. √ কম্ + ণিচ্ + য]। স্ত্রী. কাম্যা।

কায় (p. 181) [kāẏa] বি. শরীর, দেহ। [সং. √ চি + অ]। ̃ কল্প বি. পুনর্যৌবন লাভ বা আয়ুর্বৃদ্ধির জন্য আয়ুর্বেদীয় চিকিৎসাবিশেষ। ̃ ক্লেশ বি. শারীরিক পরিশ্রম। ̃ ক্লেশে ক্রি-বিণ. কষ্টেসৃষ্টে (কায়ক্লেশে দিন যাপন করছে)। ̃ চিকিৎসা বি. (আয়ু.) জ্বরাদি শারীরিক রোগের চিকিৎসা। ̃ ব্যূহ বি. (বৈ. সা.) একসঙ্গে বহু দেহ রচনা বা ধারণ, যা কেবল যোগীর পক্ষে সম্ভব; একই শরীরের অবিকল সেইরকম বহু শরীর হওয়া ('ব্রজদেবীগণ শ্রী রাধার কায়ব্যূহরূপ':

চৈ.চ.)।˜ মনো-বাক্যে ক্রি-বিণ. দেহে মনে ও কথায় অর্থাত্ সর্বপ্রকারে।˜ সাধনা বি. দেহকে অমর করবার যৌগিক সাধনা।˜ সিদ্ধি বি. যৌগিক সাধনার দ্বারা দেহের অমরত্ব লাভ।

কায়দা (p. 181) [kāẏadā] বি. 1 কৌশল, দক্ষতা; 2 ব্যবহার, আচার-আচরণ (আদবকায়দা); 3 দমন (শত্রুকে কায়দা করা); 4 সুযোগ, অধিকার (এবার তাকে কায়দায় পেয়েছি)। তু. বেকায়দা। [আ. কা'য়েদা]।

কায়স্থ (p. 181) [kāẏasha] বি. 1 কায়েত, হিন্দু জাতিবিশেষ; 2 (অপ্র.) কেরানি, সরকারি কর্মচারীবিশেষ। [সং. কায় + √ স্থা + অ]। কায়স্থা, (অশু.) কায়স্থিনী বি. (স্ত্রী.); 1 কায়স্থজাতীয়া নারী; 2 কায়স্থের পত্নী ('নবীনের কায়স্থিনী পতিশোকে ব্যাকুলা': দীন.)।

কায়া (p. 181) [kāẏā] বি. দেহ, শরীর (ছায়া ও কায়া)। [সং. কায়]।

কায়িক (p. 181) [kāẏika] বিণ. দৈহিক, শারীরিক (কায়িক পরিশ্রম)। [সং. কায় + ইক]।

কায়েত (p. 181) [kāẏēta] বি. কায়স্থ। [সং. কায়স্থ > প্রা. কায়ত্থ]।

কায়েম (p. 181) [kāẏēma] বিণ. 1 দৃঢ়, মজবুত; 2 স্থায়ী, পাকা (চাকরিতে কায়েম হওয়া); 3 যথাবত্, যেমন আছে তেমনি (কায়েম থাকা)। [আ. কায়িম্]। কায়েমি বিণ. স্থায়ী (কায়েমি বন্দোবস্ত); সুদৃঢ়; বহুকাল যাবত্ বিনা বাধায় চলছে এমন (কায়েমি অধিকার, কায়েমি স্বার্থ)।

কার1 (p. 181) [kāra1] কাহার -এর চলিত রূপ।

কার2 (p. 181) [kāra2] বি. পাকানো সরু সুতো। [ইং. cord]।

কার3 (p. 181) [kāra3] বি. ফ্যাসাদ; ঝামেলা; সংকট (আচ্ছা কারে পড়েছি)। [ফা. কার্]।

কার4 (p. 181) [kāra4] বি. 1 যে করে; নির্মাতা, রচনাকারী;শিল্পী (স্বর্ণকার, মালাকার, রূপকার); 2 উক্তি, উচ্চারণ (জয়জয়কার, হুংকার); 3 কার্য, ক্রিয়া (নমস্কার, আবিষ্কার); 4 অক্ষর বা তার চিহ্ন (অ-কার, ও-কার)। [সং. √ কৃ + অ]।

কার (p. 185) [kāra] 5 -কের সম্বন্ধার্থ বাংলা প্রত্যয়বিশেষ (আজিকার, আজকের, আগেকার, ভিতরকার)

কারক (p. 185) [kāraka] বিণ. কর্মসম্পাদক, সাধক (অনিষ্টকারক, পুষ্টিকারক)। □বি. (ব্যাক.) ক্রিয়ার সঙ্গে যার অন্বয় বা সম্পর্ক আছে (কর্তৃকারক, কর্মকারক, করণকারক)। [সং. √ কৃ + অক]। বিণ. (স্ত্রী.) কারিকা।

কার-কিত (p. 185) [kāra-kita] বি. কৃষিকার্যাদি; চাষের জন্য জমি তৈরির কাজ, জমি পাট করা; চাষের তদবির। [দেশি, তু. কারু + কৃত্য]।

কার-কুন (p. 185) [kāra-kuna] বি. জমিদারির বা বিষয়সম্পত্তির তত্ত্বাবধায়ক। [ফা.কার্কুন্]।

কার-খানা (p. 185) [kāra-khānā] বি. 1 পণ্য উৎপাদনের বা শিল্পদ্রব্য নির্মাণের স্থান (কারখানার শ্রমিক); 2 (আল.) বিরাট ব্যাপার (কাণ্ডকারখানা)। [ফা. কার্খানা]।

কার-চুপি, কার-চুবি (p. 185) [kāra-cupi, kāra-cubi] বি. 1 কৌশল, চালাকি, শঠতা; 2 কাপড়ের উপর নকশার কাজ। [ফা. কার্চোব্]।

কারণ1 (p. 185) [kāraṇa1] বি. (দর্শনে) যার দ্বারা কাজ করা যায়; দেহ; ইন্দ্রিয়। [সং. করণ + অ]।

কারণ2 (p. 185) [kāraṇa2] বি. 1 হেতু, নিমিত্ত (তার আগমনের কারণ কী); 2 প্রয়োজন, উদ্দেশ্য (বিনা কারণেই এই কাজ করেছে?); 3 মূল, বীজ; যা থেকে বা যার সহযোগে কোনো কার্য উৎপন্ন হয়; যা থেকে কোনো বিষয় উদ্ভূত হয় (ধর্ম সুখের কারণ)। □ অব্য. যেহেতু (সে আজ আসেনি কারণ তার ছেলে অসুস্থ)। [সং. √ কৃ + ণিচ্ + অন]। ˜ ; জল,˜ বারি বি. শাস্ত্রোক্ত জল যা থেকে জীবের বা সর্বভূতের সৃষ্টি হয়।˜ শরীর বি. বেদান্ত-উক্ত সূক্ষ্ম দেহবিশেষ। কারণিক বিণ. কারণসম্বন্ধীয়; কারণ অনুসন্ধানকারী; পরীক্ষক; বিচারক। কারণী-ভূত বিণ. কারণস্বরূপ; কারণরূপে কল্পিত বা উপস্থাপিত।

কারণ্ডব (p. 185) [kāraṇḍaba] বি. একরকম হাঁস; বালিহাঁস। [সং. কারণ্ড + অ]।

কার-তুজ, কার-তুশ, কার্তুজ (p. 185) [kāra-tuja, kāra-tuśa, kārtuja] বি. টোটা, বন্দুকের টোটা বা গুলি। [পো. cartucho: তু. ইং. cartridge]।

কার-দানি (p. 185) [kāra-dāni] বি. 1 কৃতিত্ব; 2 কর্মকৌশল; 3 বাহাদুরি। [ফা. কার্দানী]।

কারনিস, কার্নিস (p. 185) [kāranisa, kārnisa] বি. ছাদ বা দেওয়ালের যে অংশ বাইরের দিকে প্রলম্বিত থাকে বা বেরিয়ে থাকে। [ইং. cornice]।

কার-পর-দাজ, কার-পর-দার (p. 185) [kāra-para-dāja, kāra-para-dāra] বি. 1 আজ্ঞাবাহক প্রতিনিধি; কর্মচারী; 2 ভৃত্য। [ফা. কার্পর্দার্]।

কার-পেট, কার্পেট (p. 185) [kāra-pēṭa, kārpēṭa] বি. গালিচা। [ইং. carpet]।

কার-বন, কার্বন (p. 185) [kāra-bana, kārbana] বি. মৌলিক পদার্থবিশেষ, যা অঙ্গার হীরা কৃষ্ণসীসা প্রভৃতির প্রধান উপাদান; অঙ্গার। [ইং. carbon]।˜ পেপার বি. (লেখার সঙ্গে প্রতিলিপি গ্রহণের সহায়ক) এক পিঠে কালি-মাখানো কাগজবিশেষ।

কার-বলিক, কার্বলিক (p. 185) [kāra-balika, kārbalika] বিণ. অঙ্গার বা আলকাতরা জাতীয় অম্লসম্বন্ধীয়। [ইং. carbolic]। কারবলিক আসিড বি. অঙ্গার-অম্লবিশেষ। কারবলিক সাবান বি. কারবলিক আসিড়-মেশানো সাবানবিশেষ।

কার-বাইড (p. 185) [kāra-bāiḍa] বি. চুন ও অঙ্গারঘটিত দ্রব্যবিশেষ; এই দ্রব্য জলে দিলে একপ্রকার গ্যাস উৎপন্ন হয় এবং তা থেকে আলো হয়। [ইং. carbide]।

কার-বার (p. 185) [kāra-bāra] বি. 1 ব্যবসায়; 2 পেশা; 3 কাজকর্ম; 4 আদান-প্রদান; 5 (আল.) কাণ্ড, ব্যাপার (ওর কারবারটা দেখেছ?)। [ফা. কার্বার্]। কারবারি বিণ. ব্যবসায়ী, ব্যাপারী।

কারয়িতা (p. 185) [kāraẏitā] (-তৃ) বিণ. অন্যের দ্বারা কাজ করিয়ে নেয় এমন। [সং.√ কৃ + ণিচ্ + তৃ]। স্ত্রী. কারয়িত্রী।

কার-রবাই, কার-রওয়াই, কার-বাই (p. 185) [kāra-rabāi, kāra-rōẏāi, kāra-bāi] বি. 1 কর্মকৌশল; 2 কারসাজি; 3 আপত্তিকর কাজকর্ম। [ফা. কার্রবাঈ]।

কার-সাজি (p. 185) [kāra-sāji] বি. 1 কূটকৌশল; 2 প্রবঞ্চনা; চালাকি। [ফা. কার্সাজী]।

কারা2 (p. 185) [kārā2] বি. জেলখানা, কয়েদ (কারারুদ্ধ)। [সং. √ কৃ + অ + আ]।˜ গার বি. জেলখানা, কয়েদখানা।˜ পাল বি. জেলখানার অধ্যক্ষ, jailor (স.প.)।˜ বাস বি. বন্দিত্ব; বন্দি হিসাবে কারাগারে বাস।˜ রক্ষী বি. কারাগারের প্রহরী।

কারি (p. 185) [kāri] বি. মাছ বা মাংসের ঝোল। [তামি. কারি; তু. ইং. curry]।

কারি-কর (p. 185) [kāri-kara] বি. শিল্পদ্রব্যের নির্মাতা, শিল্পী, শিল্পকার। [সং. কারি + √ কৃ + অ]।

কারিকা (p. 185) [kārikā] বি. 1 ছন্দোবদ্ধ ব্যাখ্যা; 2 অল্পাক্ষর ব্যাখ্যার দ্বারা বহু অর্থের বোধক কবিতা; 3 শিল্পকর্ম; 4 (স্ত্রী.) কর্মসম্পাদিকা। □ বিণ. কর্মসম্পাদিকা, কারয়িত্রী। [সং. √ কৃ + অক + আ]।

কারি-কুরি (p. 185) [kāri-kuri] বি. 1 কারুকার্য; শিল্পনৈপুণ্য; 2 কারসাজি (তোমার কারিকুরি সেখানে খাটবে না)। [সং. কারিকর + বাং. ই]।

কারি-গর (p. 185) [kāri-gara] বি. শিল্পী, কারিকর; মিস্ত্রি, artisan. [ফা. কারীগর্]। কারি-গরি বি. শিল্পনৈপুণ্য; কারুকার্য। □ বিণ. 1 শিল্পনৈপুণ্যবিশেষ; 2 শিল্পসম্বন্ধীয়; 3 শিল্পদ্রব্যের নির্মাণ যার লক্ষ্য (কারিগরি শিক্ষা)।

কারিত (p. 185) [kārita] বিণ. অপরের দ্বারা করানো হয়েছে এমন। [সং. √ কৃ + ণিচ্ + ত]।

কারী (p. 185) [kārī] (-রিন্) বিণ. করে এমন (অনিষ্টকারী, আজ্ঞাকারী, ক্ষয়কারী)। [সং. √ কৃ + ইন্]। স্ত্রী. কারিণী।

কারু (p. 185) [kāru] বি. (তন্তুবায়, রজক প্রভৃতি) শিল্পকার, artisan. □ বিণ. নির্মাতা। [সং. √ কৃ + উ]।˜ কর্ম,˜ কলা,˜ শিল্প বি. কাঠের কাজ, ধাতুর কাজ প্রভৃতি কারিগরি শিল্প, প্রধানত হাতের কাজ, crafts (স.প.)।˜ কর্মী (-কর্মিন্),˜ শিল্পী (-ল্পিন্) বি. বিণ. কারিকর, craftsman, artisan.˜ কার্য বি. শিল্পনৈপুণ্য; নকশা। কারু সমবায় বি. কারিগরদের শিল্পোৎপাদন ও শিল্পদ্রব্য বিক্রয়ের সমবায় প্রতিষ্ঠান, guild.

কারুণিক (p. 185) [kāruṇika] বিণ. করুণাময়, অন্যের দুঃখে কাতর (পরম কারুণিক বুদ্ধ)। [সং. করুণা + ইক]।

কারুণ্য (p. 185) [kāruṇya] বি. করুণার ভাব, দয়াগুণ; অনুকম্পা (তাঁর অন্তর কারুণ্যে পূর্ণ)। [সং. করুণা + য (স্বার্থে)]।

কারেনসি নোট (p. 185) [kārēnasi nōṭa] বি. পত্রমুদ্রা, কাগজি মুদ্রা, টাকার নোট। [ইং. currency note]।

কারেণ্ট1 (p. 186) [kārēṇṭa1] বি. 1 জলস্রোত; 2 বিদ্যুৎপ্রবাহ। [ইং. current]।

কারেণ্ট2 (p. 186) [kārēṇṭa2] বিণ. চলতি, চলছে বা ব্যবহৃত হচ্ছে এমন। [ইং. current]। কারেণ্ট আকাউণ্ট বি. ব্যাংকে চলতি আমানত বা জমা।

কার্কশ্য (p. 186) [kārkaśya] বি. কর্কশতা; রুক্ষতা (কণ্ঠস্বরের কার্কশ্য)। [সং. কর্কশ + য (ভাবে)]।

কার্টিজ (p. 186) [kārṭija] বি. বন্দুকের টোটা। [ইং. cartridge]।

কার্টুন (p. 186) [kārṭuna] বি. ব্যঙ্গচিত্র। [ইং. cartoon]।

কার্ড (p. 186) [kārḍa] বি. মোটা কাগজখণ্ড, পুরু কাগজের ফলক। [ইং. card]।

কার্তিক (p. 186) [kārtika] বি. 1 বাংলা সনের সপ্তম মাস; 2 কার্তিকেয়, শিব-পার্বতীর পুত্র। [সং. কৃত্তিকা + অ]। কার্তিকেয় বি. শিব-পার্বতীর পুত্র ও দেবসেনাপতি (কৃত্তিকার দ্বারা পালিত বলে এই নাম)। কেলে কার্তিক, নব কার্তিক, লোহার কার্তিক বি. (বিদ্রূপে) অতি কৃষ্ণকায় ও কুৎসিত লোক।

কার্তুজ, কার্নিস (p. 186) [kārtuja, kārnisa] যথাক্রমে কারতুজ ও কারনিস -এর বানানভেদ।

কার্পট (p. 186) [kārpaṭa] বি. 1 জীর্ণ বস্ত্রখণ্ড, ন্যাকড়া, কানি; 2 উমেদার। [সং. কর্পট (ছেঁড়া কাপড়) + অ সম্বন্ধার্থে]। কার্পটিক বিণ. বি. 1 তীর্থযাত্রী; 2 ছিন্ন বস্ত্র পরেছে এমন; 3 উমেদার।

কার্পণ্য (p. 186) [kārpaṇya] বি. কৃপণতা। [সং. কৃপণ + য]।

কার্পাস (p. 186) [kārpāsa] বি. তুলাবিশেষ, কাপাস। [সং. কার্পাসী; তু. প্রাকৃ. কাপাস]।

কার্পেট, কার্বন, কার্বলিক (p. 186) [kārpēṭa, kārbana, kārbalika] যথাক্রমে কারপেট, কারবন ও কারবলিক এর বানানভেদ।

কার্ফু, কার-ফিউ (p. 186) [kārphu, kāra-phiu] বি. সান্ধ্য আইন। [ইং. curfew]।

কার্বা, কারবা (p. 186) [kārbā, kārabā] বি. গোলাবপাশ, গোলাপজল রাখার পাত্র। [ফা. কারাবা]।

কার্মিক (p. 186) [kārmika] বিণ. 1 যার উপর সূচিকর্ম করা হয়েছে এমন, (সাধারণত) সূচিকর্মের দ্বারা কারুকার্য করা হয়েছে এমন; 2 বিচিত্র; 3 নির্মিত কর্মসম্বন্ধীয়। [সং. কর্মন্ + ইক]।

কার্মুক (p. 186) [kārmuka] বি. 1 ধনুক; 2 (জ্যামি.) জ্যামিতিক ক্ষেত্রবিশেষ. চাপ, arc (বি.প.)। [সং. কর্মন্ + উক]।

কার্য (p. 186) [kārya] বি. 1 কাজ, কর্ম; 2 প্রয়োজন (কোন কার্যে এখানে আগমন?); 3 ফল, উপকার (এতে কোনো কার্য দর্শাবে কি?)। □ বিণ. কর্তব্য, করণীয় (অবশ্যকার্য)। [সং. √ কৃ + য]।˜ কর,˜ কারী (কারিন্) বিণ. উপযোগী; ফলদায়ক। স্ত্রী.˜ করী,˜ কারিণী।˜ করতা,˜ কারিতা বি. উপযোগিতা, প্রয়োজন সাধনের ক্ষমতা।˜ কলাপ বি. কাজকর্ম, নানাবিধ কাজ।˜ কারণ সম্বন্ধ বি. কার্য ও তার কারণের মধ্যে আপেক্ষিক সম্বন্ধ।˜ কাল বি. চাকরি প্রভৃতির ব্যাপ্তিকাল; প্রয়োজন (কার্যকালে বন্ধুদের দেখা পাওয়া যায় না)।˜ কুশল বিণ. দক্ষ,

কর্মনিপুণ। ˜ ক্রম বি. করণীয় কাজের ক্রমানুযায়ী তালিকা, programme. ˜ ক্ষম বিণ. কাজ করতে সমর্থ; কর্মদক্ষ। ˜ গতিকে ক্রি-বিণ. কাজের প্রয়োজনে বা তাগিদে। ˜ ঞ্চাগে অব্য. লিপি, দলিল প্রভৃতির প্রারম্ভিক পাঠবিশেষ, যার অর্থ: কাজের আদেশ দেওয়া হচ্ছে। [সং. কার্যম্ + চ + বাং. আগে]। ˜ ত (বর্জি.) ˜ তঃ (-তস্) অব্য. ক্রি-বিণ. ফলত, প্রকৃতপ্রস্তাবে; প্রয়োজনের সময়, কার্যকালে। ˜ পরম্পরা বি. ক্রমানুযায়ী কাজ, কাজের ক্রম। ˜ বশত (বর্জি.) বশতঃ অব্য. ক্রি-বিণ. কার্যানুরোধে, কাজের জন্য। ˜ বাহ বি. সভাসমিতিতে আলোচিত বা নির্বাহিত বিষয়সমুহ, proceeding (স.প.)। ˜ সিদ্ধি বি. অভীষ্টলাভ; সাফল্য। কার্যাকার্য বি. কাজ ও অকাজ; বিধেয় ও অবিধেয় কর্ম। কার্যানুরোধে ক্রি-বিণ. কাজের প্রয়োজনে, কাজের তাগিদে, কাজের দাবিতে; কাজের জন্য। কার্যান্তর বি. ভিন্ন কর্ম, অন্য কাজ। কার্যোদ্ধার বি. কার্যসিদ্ধি, কাজ সম্পাদন, কাজ হাসিল। কার্যোপলক্ষ্যে ক্রি-বিণ. কাজের জন্য, কাজের উদ্দেশ্যে।

কার্শ্য (p. 186) [kārśya] বি. 1 কৃশতা; ক্ষীণতা; 2 দারিদ্র; দৈন্য; 3 লকুচ বা মাদার গাছ। [সং. কৃশ + য]।

কার্ষাপণ (p. 186) [kārṣāpaṇa] বি. ষোলো পণ বা এক কাহন। [সং. কর্ষ + অ=কার্ষ + আ + √ পণ্ + অ]।

কার্ষ্ণ (p. 186) [kārṣṇa] বিণ. কৃষ্ণসম্বন্ধীয়, কৃষ্ণসংক্রান্ত। [সং. কৃষ্ণ + অ]।

কার্ষ্ণি (p. 186) [kārṣṇi] বি. কৃষ্ণের পুত্র। [সং. কৃষ্ণ + ই, অপত্যার্থে]।

কার্ষ্ণ্য (p. 186) [kārṣṇya] বি. কৃষ্ণতা; কালো রং। [সং. কৃষ্ণ + য]।

কাল1 (p. 186) [kāla1] বিণ. (আঞ্চ.) অত্যন্ত ঠাণ্ডা, হিমশীতল (হাত-পা কাল হয়ে গেছে)। □ বি. শৈত্য। [দেশি]।

কাল2 (p. 186) [kāla2] বি. 1 সময় (রাত্রিকাল, শিশুকাল); 2 অবসর (কালাভাব); 3 মানবজীবনে বিভিন্ন অবস্থা অর্থাত্ শৈশব, কৈশোর, যৌবন, প্রৌঢ়ত্ব ইত্যাদি (তিন কাল গিয়ে এক কালে ঠেকেছে); 4 আয়ুষ্কাল (তাঁর কাল পূর্ণ হয়েছে); 5 সম; মৃত্যু; সর্বনাশ (কালের কবলে); 6 সমূহ বিপদ (মামলা করাই তার কাল হয়েছে); 7 (ব্যাক.) ক্রিয়ার কার্যের সময় অর্থাত্ অতীত, বর্তমান, ভবিষ্যত্ প্রভৃতি। [সং. √ কল্ + ণিচ্ + অ]। ˜ কর্ণী বি. অলক্ষ্মী। ˜ কূট বি. মারাত্মক বিষবিশেষ। ˜ ক্রমে ক্রি-বিণ. কালে কালে; কিছুকাল পরে; সময়ে। ˜ ক্ষেপ, ˜ ক্ষেপণ বি. সময় অতিবাহন, কালাতিপাত। ˜ গ্রাস বি. মৃত্যুর কবল, মৃত্যু (কালগ্রাসে পতিত হল)। ˜ ঘাম বি. মৃত্যুকালীন ঘাম; অতিশয় পরিশ্রমজনিত ঘাম। ˜ ঘুম, ˜ নিদ্রা বি. মৃত্যুরূপ ঘুম, যে ঘুম কখনো ভাঙে না (কালঘুমে ঢলে পড়ল)। ˜ চক্র বি. চক্রবত্ অবিরাম ভ্রমণশীল সময়। ˜ জ্ঞ বিণ. কালবিত্, কোন কালে কী কর্তব্য তা জানে এমন। □ বি. দৈরজ্ঞ। ˜ জ্ঞান বি. সময়ের বোধ, যথাযোগ্য সময়ের বোধ; জ্যোতিষশাস্ত্র। ˜ ধর্ম বি. 1 মৃত্যু; কালের ধর্ম; 2 বিভিন্ন বয়সের বা ঋতুর স্বাভাবিক প্রকৃতি বা গুণ; 3 কালক্রমে যা নিশ্চয়ই ঘটবে। ˜ পুরুষ বি. 1 যমের অনুচরবিশেষ; 2 পুরুষাকৃতি নক্ষত্রপুঞ্জবিশেষ, Orion. ˜ বেলা বি.(জ্যোতিষ.) অশুভ সময়বিশেষ। ˜ বৈশাখী (কথ্য.) ˜ বোশেখি বি. চৈত্র-বৈশাখ মাসের বৈকালিক ঝড়বৃষ্টি। ˜ ব্যাজ বি. এখন নয় পরে করা যাবে: এইরকম চিন্তা করে বিলম্ব;A গড়িমসি। ˜ ভৈরব বি. শিবের অংশ থেকে বা দেহ থেকে জাত ভৈরববিশেষ। ˜ যাপন বি. সময় কাটানো, কালক্ষেপ। ˜ রাত্রি বি. 1 যে রাত্রিতে মৃত্যু বা বিপদ ঘটে; ভয়ংকর রাত্রি; 2 (জ্যোতিষ.) রাত্রির অশুভ ভাগ। ˜ শুদ্ধি বি.

1 কালের শুদ্ধি; 2 (জ্যোতিষ.) কালের প্রশস্ত বা শুভ ভাগ।˜ সমুদ্র বি. সমুদ্রের মতো অনন্তবিস্তার কাল।˜ স্রোত বি. সময়ের অগ্রগতি ('কালস্রোতে ভেসে যায় জীবন যৌবন ধনমান': রবীন্দ্র)।˜ হরণ বি. কালযাপন, সময় কাটানো। কালে ক্রি-বিণ. ভবিষ্যতে, কালক্রমে (এ ছেলে কালে উন্নতি করবে)। কালে কালে ক্রি-বিণ. কালক্রমে, ক্রমে ক্রমে; বিভিন্ন কালে। কালে-ভদ্রে ক্রি-বিণ. কদাচিত্, কখনোসখনো।

কাল3, কালো (p. 186) [kāla3, kālō] বি. কৃষ্ণবর্ণ, কালো রং। □ বিণ. কৃষ্ণবর্ণবিশিষ্ট, কালো রঙের। [সং. কৃ + √ অল্ + অ]। কালো-কিষ্টি, কাল-কিষ্টি বিণ. অত্যন্ত কালো, মলিন ও কুৎসিত। কাল-গঙ্গা বি. কালিন্দী, যমুনা। কাল-চিটা, কাল-চিটে বি. বিণ. কালো দাগ; কালচে। কালচে বিণ. কৃষ্ণাভ তবে গাঢ় কালো নয় এমন। কাল-শশী বি. কৃষ্ণপক্ষের চাঁদ। কাল-শিরা, কাল-শিটা, কাল-শিটে বি. আঘাতের ফলে রক্ত জমে উৎপন্ন কালো দাগ। কাল-নাগ, কাল-সর্প, কাল-সাপ বি. কৃষ্ণসর্প, কেউটে সাপ।

কাল4 (p. 186) [kāla4] বি. ক্রি-বিণ, 1 আগামীকাল, পরদিন; 2 গতকাল, পূর্বদিন। [সং. কল্য]।˜ কে বি. ক্রি-বিণ. (কথ্য) কাল (আজ নয়, কালকে যাব)। কালি বি. ক্রি-বিণ. (প্রধানত কাব্যে) কাল।˜ কার,˜ কের, কালি-কার বিণ. আগামীকালের বা গতকালের পরদিনের বা পূর্বদিনের।

কাল-নেমি (p. 186) [kāla-nēmi] বি.(রামায়ণে) রাবণের মাতুল। কালনেমির লঙ্কাভাগ হনুমানকে মারতে পারলে লঙ্কারাজ্য ভাগ করে নেওয়া যাবে একথা জানতে পেরে কালনেমি যেমন হনুমাননিধনের আগেই লঙ্কা ভাগাভাগি করার

কথা কল্পনা করেছিল তেমনি) কোনো বস্তু লাভ করার আগেই তা উপভোগ করার অলীক কল্পনা।

কাল-পেঁচা (p. 186) [kāla-pēn̐cā] বি. 1 ধূসর রঙের মাথাবিশিষ্ট কটা রঙের পেঁচাবিশেষ যার চিৎকার অশুভ বলে বিবেচিত; 2 (আল.) অত্যন্ত অশুভকর বা কালো ও কদাকার ব্যক্তি। [বাং. কাল2 + পেঁচা]।

কাল-বুদ (p. 186) [kāla-buda] বি. 1 জুতো তৈরি করার কাঠের ফর্মা বা ছাঁচ; 2 খিলান-করা ছোট সাঁকো, culvert,; 3 খিলান গাঁথবার ফর্মা। [ফা. কাল্বুদ্]।

কালবেলা (p. 186) [kālabēlā] দ্র কাল2।

কাল-বোস, কাল-বাউশ (p. 186) [kāla-bōsa, kāla-bāuśa] বি. রুই মাছের মতো আকৃতিবিশিষ্ট ঈষত্ কালো রঙের মাছবিশেষ। [দেশি]।

কাল-মেঘ (p. 186) [kāla-mēgha] বি. যকৃতের রোগে উপকারী উপক্ষারহীন ছোট গুল্মজাতীয় গাছবিশেষ। [সং. কালমেঘী]।

কালা1 (p. 186) [kālā1] বিণ. বধির, শ্রবণশক্তিরহিত; কানে শুনতে পায় না এমন। [সং. কল্ল]।

কালা2 (p. 186) [kālā2] বি. শ্রীকৃষ্ণ। □ বিণ. 1 কৃষ্ণবর্ণ; 2 কলঙ্কিত (এই কালা মুখ আর দেখাতে চাই না)। [সং. কাল3]। কালা কানুন বি. প্রজাস্বার্থবিরোধী অন্যায় আইন, black act.˜ চাঁদ বি. শ্রীকৃষ্ণ।

কালাংড়া, কালেংড়া (p. 186) [kālāṇḍ়ā, kālēṇḍ়ā] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [তু. কলিঙ্গ + ড়া]।

কালাকাল (p. 186) [kālākāla] বি. 1 সুসময় ও দুঃসময়; উপযুক্ত ও অনুপযুক্ত সময়; 2 (জ্যোতিষ.) শুদ্ধ ও অশুদ্ধ বা শুভ ও অশুভ সময়। [সং. কাল2 + অকাল]।

কালাগুরু (p. 186) [kālāguru] বি. কৃষ্ণচন্দন। [সং. কাল3 + অগুরু]।

কালাগ্নি, কালানল (p. 186) [kālāgni, kālānala] বি. প্রলয়াগ্নি, প্রলয়কালের সৃষ্টিনাশক অগ্নি। [সং. কাল2 + অগ্নি, অনল]।

কালাচাঁদ (p. 186) [kālācān̐da] দ্র কালা2।

কালাজিন (p. 186) [kālājina] বি. কৃষ্ণসারের চামড়া। [সং. কাল3 + অজিন]।

কালা-জ্বর (p. 186) [kālā-jbara] বি. প্লীহা ও রক্তাল্পতাযুক্ত জ্বররোগবিশেষ। [অসম. কালা আজর]।

কলাতি-ক্রম, কালাতি-পাত, কালাত্যয় (p. 186) [kalāti-krama, kālāti-pāta, kālātyaẏa] বি. সময়ক্ষেপ, সময়যাপন, সময় কাটানো। [সং. কাল2 + অতিক্রম, অতিপাত, অত্যয়]।

কালানো (p. 186) [kālānō] ক্রি. বি. (আঞ্চ.) অত্যন্ত শীতল হওয়া, খুব ঠাণ্ডা হয়ে যাওয়া। □ বিণ. খুব ঠাণ্ডা হয়ে গেছে এমন (কালানো ভাত খেয়ো না)। [বাং. কাল1 + আনো]।

কালানল (p. 186) [kālānala] দ্র কালাগ্নি।

কালানু-ক্রমিক (p. 186) [kālānu-kramika] বিণ. কালের বা সময়ের পারম্পর্য অনুসারে, কালের পারম্পর্য অনুসরণকারী (কালানুক্রমিক বর্ণনা), chronological. [সং. কাল2 + অনুক্রম + ইক]।

কালান্তক (p. 186) [kālāntaka] বিণ. কালের বা যুগের লোপকারী; প্রলয়ংকর। □ বি. যম। [সং. কাল2 + অন্তক]।

কালান্তর (p. 186) [kālāntara] বি. অন্য কাল বা যুগ; যুগান্তর; যুগের শেষ। [সং. কাল2 + অন্তর]।

কালা-পানি (p. 186) [kālā-pāni] বি. 1 (একসময় ভারতীয়দের কাছে সমুদ্রযাত্রা অশুভ ও নিষিদ্ধ ছিল বলে) সমুদ্র বা নিষিদ্ধ সমুদ্র; 2 আন্দামান দ্বীপপুঞ্জে নির্বাসন; 3 দ্বীপান্তর দণ্ড। [বাং. কালা2 + হি. পানি]।

কালা-পাহাড় (p. 186) [kālā-pāhāḍ়] বি. 1 মুসলমান আমলের ইতিহাসবিশ্রুত হিন্দু ব্রাহ্মণ যিনি ইসলামধর্ম গ্রহণ করেন এবং বহু মন্দির ধ্বংস করে কালাপাহাড় নামে পরিচিত হন; 2 (আল.) স্বধর্মদ্বেষী অত্যাচারী ও ভয়ংকর ব্যক্তি; 3 প্রচলিত ধর্ম ও সংস্কারের বিরোধী ব্যক্তি। [বাং. কালা2 + পাহাড়]। কালা-পাহাড়ি বিণ. বি. কালাপাহাড়ের মতো; কালাপাহাড়ের মতো আচরণ।

কালা-পেড়ে (p. 186) [kālā-pēḍ়ē] বিণ. কালো রঙের পাড়ওয়ালা। [বাং. কালা1 + পাড় + ইয়া > এ]।

কালা-মুখ (p. 186) [kālā-mukha] বিণ. 1 কলঙ্কলিপ্ত মুখবিশিষ্ট; 2 কলঙ্কী; 3 নির্লজ্জ, বেহায়া (এমন কালামুখ লোক আর দেখিনি)। □ বি. কলঙ্কলিপ্ত মুখ (ও কালামুখ আর দেখিয়ো না)। কালা-মুখো বিণ. কলঙ্কী; নির্লজ্জ। বিণ. (স্ত্রী.) কালা-মুখী।

কালাশুদ্ধি (p. 186) [kālāśuddhi] বি. (জ্যোতিষ.) অকাল, অশুভ বা অপ্রশস্ত সময়। [সং. কাল2 + অশুদ্ধি]।

কালাশৌচ (p. 188) [kālāśauca] বি. মাতাপিতার বা মাতাপিতার তুল্য গুরুজনের মৃত্যুজনিত বর্ষব্যাপী অশৌচ; মৃত্যুর জন্য ধর্মানুষ্ঠানের বিষয়ে নিষিদ্ধ সময়। [সং. কাল2 + অশৌচ]।

কালি1 (p. 188) [kāli1] বি. 1 সংকলন; একত্রীকরণ; 2 ক্ষেত্রের বা ঘন পদার্থের পরিমাপবিশেষ; ঘনফল; বর্গফল (কাঠাকালি, বিঘাকালি)। [সং. √ কল্]। কালি করা, কালি কষা ক্রি. বি. ক্ষেত্রফল বার করা।

কালি2 (p. 188) [kāli2] বি. 1 লেখার বা ছাপার রঞ্জিত তরলবিশেষ, মসি (লেখার কালি, লাল কালি); 2 অন্ধকার, মালিন্য (মনের কালি সহজে দূর হয় না); 3 কলঙ্ক (কুলে কালি দেওয়া); 4 ভুসো (প্রদীপের কালি, তেলকালি মাথা)। [সং. কালী]।˜ ঝুলি বি. মসি ও ঝুল।

কালিক (p. 188) [kālika] বিণ. 1 সময়সম্পর্কিত, সাময়িক; 2 কালে উৎপন্ন; 3 সময়োপযোগী। [সং. কাল2 + ইক]।

কালিকা (p. 188) [kālikā] বি. (স্ত্রী.) কালী, চণ্ডিকাদেবীর রূপবিশেষ। [সং. কালী + স্বার্থে ক + আ]।˜ পুরাণ বি. কালিকার মাহাত্ম্যসংবলিত গ্রন্হবিশেষ।

কালি-দহ (p. 188) [kāli-daha] বি. 1 নদীর গর্ভে কালিয় নাগের বাসস্থান; 2 (আল.) গভীর নদী (কালিদহের জলে)। [বাং. কালি (=কালিয়) + দহ (=অগাধ জল); দহ < হ্রদ]।

কালি-দাস (p. 188) [kāli-dāsa] বি. প্রাচীন ভারতের শ্রেষ্ঠ কবি। [সং. কালী + দাস]।

কালিনী1 (p. 188) [kālinī1] বিণ. (প্রা. কাব্যে) দুঃখিনী, শোকার্তা। [বাং. কালি + নী]।

কালিন্দী (p. 188) [kālindī] বি. যমুনা নদী। [সং. কলিন্দ (=পর্বত বিশেষ) + অ + ঈ]।

কালিমা (p. 188) [kālimā] (-মন্) বি. 1 মলিনতা, কৃষ্ণতা; 2 কলঙ্ক। [সং. কাল3 + ইমন্]। ̃ ময় বিণ. কলঙ্কযুক্ত।

কালিয় (p. 188) [kāliẏa] দ্র কালীয়।

কালিয়া1 (p. 188) [kāliẏā1] বি. মাছ, মাংস প্রভৃতির দ্বারা প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। [আ. ক'লিআ]।

কালিয়া2 (p. 188) [kāliẏā2] বি. শ্রীকৃষ্ণ, কালা। [সং. কাল3]।

কালী (p. 188) [kālī] বি. 1 কালিকাদেবী, চণ্ডিকার রূপবিশেষ, দশমহাবিদ্যার অন্যতমা; 2 (ব্যঙ্গে) কৃষ্ণবর্ণা নারী; 3 লেখার বা ছাপার কালি, মসি; 4 কালিয় নাগ। [সং. কাল3 + ঈ]। ̃ তলা বি. কালিকাদেবীর পূজার জন্য নির্দিষ্ট স্থান। আন্না-কালী বি. কন্যাসন্তানের নামবিশেষ-ক্রমাগত কন্যাসন্তান লাভের পর আর যাতে কন্যালাভ না হয়, সেজন্য কালীর কাছে প্রার্থনা জানিয়ে এই নাম রাখা হয়। [বাং. আর + না + কালী]।

কালীন, কালীয়1 (p. 188) [kālīna, kālīẏa1] বিণ. (অন্য শব্দের পর ব্যবহৃত) সাময়িক, সময়ে ঘটিত (মৃত্যুকালীন উক্তি, সায়ংকালীয় প্রার্থনা)। [সং. কাল2 + ঈন, ঈয়]।

কালীয়2, কালিয় (p. 188) [kālīẏa2, kāliẏa] বি. ভাগবতে বর্ণিত যমুনা নদীর গর্ভে বাসকারী নাগবিশেষ। [সং. কাল1 ঈয়, ইয়]। ̃ দমন বি. শ্রীকৃষ্ণ কর্তৃক কালিয় নাগকে শাসন।

কালে, কালে কালে, কালেভদ্রে (p. 188) [kālē, kālē kālē, kālēbhadrē] দ্র কাল2।

কালেক-টর, কালেক্টর (p. 188) [kālēka-ṭara, kālēkṭara] বি. জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মচারী। [ইং. collector]। কালেক-টরি, কালেক্টরি বি. কালেকটরের কাছারি বা দফতর। [ইং. collectorate]।

কালেভদ্রে (p. 188) [kālēbhadrē] দ্র কাল2।

কালো (p. 188) [kālō] বিণ. 1 কৃষ্ণবর্ণ, অন্ধকারের রং (কালো চুল); 2 ময়লা, মলিন (জামাকাপড় কালো হয়েছে); 3 বিষণ্ণ, গোমড়া (মুখ কালো করা)। [< সং. কাল3]। ̃ টাকা বি. বেআইনিভাবে আয় করা টাকা; হিসাববহির্ভূত টাকা। ̃ বাজার বি. সরকারের নির্ধারিত দামের চেয়ে বেশি দামে জিনিস বিক্রয়ের বাজার; নির্ধারিত দামের চেয়ে বেশি দামে জিনিস কেনা-বেচা। ̃ বাজারি বি. কালোবাজারে জিনিস বিক্রির কাজ।

কালোচিত (p. 188) [kālōcita] বিণ. বিশেষ সময়ের পক্ষে উপযুক্ত, সময়োচিত (কালোচিত ব্যবস্থা)। [সং. কাল2 + উচিত]।

কালোবাজার (p. 188) [kālōbājāra] দ্র কাল3।

কালোয়াত (p. 188) [kālōẏāta] বি. উচ্চাঙ্গসংগীতে পারদর্শী ব্যক্তি। কালোয়াতি বি. 1 উচ্চাঙ্গ বা মার্গ সংগীতে দক্ষতা বা পারদর্শিতা; 2 কালোয়াতের পেশা; 3 (ব্যঙ্গে) ওস্তাদি। □ বিণ. 1 কালোয়াতসম্বন্ধীয়; 2 উচ্চাঙ্গসংগীতসম্বন্ধীয়। [সং. কলাবত্]।

কালোয়ার (p. 188) [kālōẏāra] বি. মদ প্রস্তুতকারক বা মদ্য-ব্যবসায়ী। [হি. কলবার]।

কাল্পনিক (p. 188) [kālpanika] বিণ. 1 কল্পনাপ্রসূত, মনগড়া; 2 অবাস্তব, অলীক। [সং. কল্পনা + ইক]। বি.˜ তা।

কাশ1 (p. 188) [kāśa1] বি. লম্বা তৃণবিশেষ, কেশে; কেশে ফুল, শরৎকালের সাদা ফুলবিশেষ ('আমরা বেঁধেছি কাশের গুচ্ছ': রবীন্দ্র)। [সং. √ কাশ্ + অ]।

কাশ2 (p. 188) [kāśa2] বি. ব্যাধিবিশেষ, কাশিরোগ। [সং. √ কাশ্ + অ]। কাশা ক্রি. খকখক শব্দ করে গলা থেকে শ্লেষ্মা তুলে ফেলার চেষ্টা করা ('বুড়ো মরে কেশে')। □ বি. উক্ত অর্থে। কাশি বি. 1 কাশার শব্দ; 2 গয়ার, শ্লেষ্মা (কাশি উঠছে না); 3 কাশরোগ (কাশিতে ভুগছে)।

কাশি (p. 188) [kāśi] দ্র কাশ2।

কাশী (p. 188) [kāśī] বি. হিন্দুদের মহাতীর্থবিশেষ, বারাণসী। [সং. √ কাশ্ + অ + ঈ]। ˜ নাথ, ˜ শ, ˜ শ্বর বি. 1 কাশীর অধিদেবতা, শিব; 2 কাশীরাজ। ˜ প্রাপ্তি, ˜ লাভ বি. কাশীতে মৃত্যু; স্বর্গলাভ। ˜ য়াল, কেশেল বি. 1 কাশীর অধিবাসী; 2 স্বদেশে প্রচারিত লোকনিন্দা এড়াবার জন্য কাশীতে আশ্রয়গ্রহণকারী ব্যক্তি; 3 কলঙ্কযুক্ত ব্যক্তি।

কাশ্মীরি (p. 188) [kāśmīri] বিণ. কাশ্মীরদেশীয়। □ বি. 1 কাশ্মীরের অধিবাসী; 2 কাশ্মীরদেশে জাত শাল বা অন্য শীতবস্ত্র। [সং. কাশ্মীর + বাং. ই]।

কাশ্যপ (p. 188) [kāśyapa] বিণ. 1 কশ্যপমুনির বংশধর; 2 কশ্যপসম্বন্ধীয়। □ বি. 1 গোত্রবিশেষ; 2 প্রাচীন মুনিবিশেষ, কণাদমুনি। [সং. কশ্যপ + অ]। কাশ্যপেয় বি. 1 কশ্যপমুনির সন্তান; 2 সূর্য; 3 গরুড়।

কাষায় (p. 188) [kāṣāẏa] বিণ. কষায় বর্ণবিশিষ্ট, গৈরিক। [সং. কষায় + অ]।

কাষ্ঠ (p. 188) [kāṣṭha] বি. বৃক্ষের ভিতরকার কঠিন অংশ; কাঠ, দারু। [সং. √ কাশ্ + থ]। ˜ কুট্ট বি. কাঠঠোকরা পাখি। ˜ পাদুকা বি. খড়ম। ˜ ফলক বি. কাঠের তক্তা। ˜ বত্ বিণ. কাঠের মতো; নীরস, শুষ্ক। ˜ ভার বি. কাঠের বোঝা। ˜ হাসি বি. আন্তরিকতাহীন বা লোক-দেখানো হাসি, কৃত্রিম হাসি।

কাষ্ঠা (p. 188) [kāṣṭhā] বি. 1 সীমা (পরাকাষ্ঠা); 2 অতি সূক্ষ্ম কালপরিমাণ বিশেষ। [সং. কাষ্ঠ + আ]।

কাষ্ঠাসন (p. 188) [kāṣṭhāsana] বি. চেয়ার, টুল, পিঁড়ি প্রভৃতি কাঠের তৈরি আসন। [সং. কাষ্ঠ + আসন]।

কাষ্ঠিকা (p. 188) [kāṣṭhikā] বি. কাঠি; কাঠের ছোট বা সরু টুকরো। [সং. কাষ্ঠ + ইক + আ]।

কাস-কেট (p. 188) [kāsa-kēṭa] বি. গহনা বা তদ্রূপ মূল্যবান বস্তু রাখার জন্য ব্যবহৃত ছোট বাক্স। [ইং. casket]।

কাসন (p. 188) [kāsana] বি. গুঁড়ো সরষের ঝোলবিশেষ; কাসুন্দি। [বাং. কাসুন্দি]।

কাসার (p. 188) [kāsāra] বি. সরোবর; পুষ্করিণী। [সং. ক + অসার]।

কাসিদ, কাসেদ (p. 188) [kāsida, kāsēda] বি. দূত; পয়গম্বর। [আ. কা'সিদ্]।

কাসীস (p. 188) [kāsīsa] বি, হিরাকস; iron sulphate. [সং. কাসী + √ সো + ক]।

কাসুন্দি (p. 188) [kāsundi] বি. কাঁচা আম, সরষে প্রভৃতির দ্বারা প্রস্তুত আচারবিশেষ। [সং. কাসর্মদ]।

কাস্তে (p. 188) [kāstē] বি. ধান কাটার বা বাগানের কাজে ব্যবহারের জন্য অর্ধচন্দ্রাকার অস্ত্রবিশেষ। [দেশি]

কাহন (p. 188) [kāhana] বিণ. বি. ষোলো পণ, 128টি। [সং. কার্ষাপণ]।

কাহাকে (p. 188) [kāhākē] সর্ব. কোন জনকে। [বাং. 'কে'-শব্দের 2য়া ও 4র্থীর 1 বচনের সাধু রূপ]।

কাহার1 (p. 188) [kāhāra1] বি. শিবিকাবাহক অর্থাত্ পালকিবাহক হিন্দু সম্প্রদায়বিশেষ। [সং. স্কন্ধাবার]।

কাহার2 (p. 188) [kāhāra2] সর্ব. কোন জনের, কার। [বাং. 'কে'-শব্দের 6ষ্ঠীর 1 বচনের সাধু রূপ]।

কাহারবা, কার্ফা (p. 188) [kāhārabā, kārphā] বি. সংগীতের 8 মাত্রার তালবিশেষ। [হি. কাহার্বা]।

কাহাল (p. 188) [kāhāla] বি. ঢাকজাতীয় চর্মবাদ্যবিশেষ। [দেশি]।

কাহিনি, (অসং.) কাহিনী (p. 188) [kāhini, (asa.) ṅkāhinī] বি. বৃত্তান্ত, গল্প, উপাখ্যান। [হি. কহানী < সং. কথন]।

কাহিল (p. 188) [kāhila] বিণ. রোগা, দুর্বল; নিস্তেজ (শরীর কাহিল)। [আ. কাহিল্]।

কাহে (p. 188) [kāhē] ক্রি-বিণ. কেন, কীসের জন্য। [সং. কথম্, কস্মাত্; তু. হি. কাঁহে]।

কি (p. 188) [ki] অব্য. 1 সংশয়াত্মক প্রশ্নসূচক শব্দ (সেও কি আসবে? তুমি কি সেখানে যাবে?); 2 কিংবা, অথবা (কি বালক কি বৃদ্ধ)। [সং. কিম্]।

কিউ (p. 188) [kiu] বি. সারিবদ্ধভাবে কোনোকিছুর জন্য অপেক্ষা, লাইন করে পরপর দাঁড়ানো। [ইং. queue]।

কিংকর, কিঙ্কর (p. 188) [kiṅkara, kiṅkara] বি. ভৃত্য, চাকর; অনুচর। [সং. কিম্ + √ কৃ + অ]। স্ত্রী. কিংকরী।

কিংকর্তব্য-বিমূঢ় (p. 188) [kiṅkartabya-bimūḍh] বিণ. কী করতে হবে বুঝতে পারে না এমন, কর্তব্য স্হির করতে অক্ষম, হতবুদ্ধি (প্রচণ্ড বকুনি খেয়ে লোকটা কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়ল)। [সং. কিম্ + কর্তব্য + বিমূঢ়]। বিঁ. তা।

কিংখাপ, কিংখাব (p. 188) [kiṅkhāpa, kiṅkhāba] বি. জরির কাজ-করা ফুল-কাটা রেশমি কাপড়বিশেষ। [ফা. কম্খ্বাব]।

কিংবদন্তি, কিংবদন্তী (p. 188) [kimbadanti, kimbadantī] বি. জনশ্রুতি, জনরব, গুজব, মুখে মুখে প্রচলিত কথা। [সং. কিম্ + √ বদ্ + অন্তি]।

কিংবা (p. 188) [kimbā] অব্য. অথবা, বা, পক্ষান্তরে, বিকল্পে (সে কিংবা আমি, আমি যেতে পারি কিংবা তাকে পাঠাতে পারি)। [সং. কিম্ + বা]।

কিংশুক (p. 188) [kiṃśuka] বি. (শুক পাখির ঠোঁটের মতো রক্তবর্ণ বলে) পলাশ ফুল বা পলাশ গাছ। [সং. কিম্ + শুক]।

কিঙ্কিণি, কিঙ্কিণী (p. 188) [kiṅkiṇi, kiṅkiṇī] বি. 1 ক্ষুদ্র ঘণ্টাযুক্ত কটিভূষণবিশেষ; 2 ঘুঙুর বা পায়ের ওইরকম গহনাবিশেষ। [সং. কিম্ + √ কিণ্ + ই, ঈ (স্ত্রী.)]।

কিচ্-কিচ্ (p. 188) [kic-kic] বি. 1 বালি বা অতি ক্ষুদ্র কাঁকর দাঁতে পড়লে যে শব্দ হয়; 2 ঝগড়াঝাঁটি; 3 কোলাহল। [দেশি]।

কিচ্-মিচ্, কিচির-মিচির (p. 188) [kic-mic, kicira-micira] বি. 1 ইঁদুর, বানর, ছোট পাখি প্রভৃতির কোলাহলধ্বনি; 2 বকাবকি, ঝগড়া; কোলাহল, গোলমাল। [দেশি]।

কিচ্ছু (p. 188) [kicchu] দ্র কিছু।

কিছু (p. 188) [kichu] বিণ. কয়েক, অল্প, সামান্য, কিয়ত্ (কিছু ভাত, কিছু দিন, কিছু কথা)। □ বিণ-বিণ. অপেক্ষাকৃত (আজ রোগীর অবস্থা কিছু ভালো)। □ সর্ব. বি. কোনো বস্তু বা বিষয় ('আরো কিছু আছে বাকি': রবীন্দ্র; আমি কিছুর মধ্যেই থাকি না)। [সং. কিঞ্চিত্]। কিছু কিছু বিণ. অল্পস্বল্প (কিছু কিছু লোক)। □ বি. সর্ব. অংশ (আমি এর কিছু কিছু জানি)। □ ক্রি-বিণ. অল্পপরিমাণে (বইটি

কিছু কিছু পড়েছি)। ˜ তে ক্রি-বিণ. কোনো উপায়ে, কোনোমতে (তাকে কিছুতেই বোঝানো গেল না)। □ সর্ব. বি. কোনো বিষয়ে বা বস্তুতে ('মন নাহি মোর কিছুতেই': রবীন্দ্র)। কিচ্ছু বি. বিণ. সর্ব. ক্রি-বিণ. কিছু -র ঝোঁক বা প্রবলতাজ্ঞাপক রূপ।

কিঞ্চিত্ (p. 188) [kiñcit] অব্য. বিণ. অল্প, সামান্য, একটু। [সং. কিম্ + চিত্]। কিঞ্চিদধিক বিণ. সামান্য বা একটু বেশি। কিঞ্চিদুষ্ণ বিণ. সামান্য বা একটু গরম। কিঞ্চিদূন বিণ. সামান্য বা ঈষত্ কম। কিঞ্চিমাত্র বিণ. বি. সামান্যপরিমাণ. একটুও, কিছুমাত্র (কিঞ্চিন্মামাত্র খাদ্যও গ্রহণ করেনি)। □ ক্রি-বিণ. সামান্য পরিমাণেও, একটুও (তাকে কিঞ্চিন্মাত্রও বিশ্বাস করি না)।

কিঞ্জল, কিঞ্জল্ক (p. 188) [kiñjala, kiñjalka] বি. 1 ফুলের কেশর; 2 পরাগ; পুষ্পরেণু। [সং. কিম্ + জল + অ, + ক]।

কিট-কিটে (p. 188) [kiṭa-kiṭē] বিণ. 1 অত্যধিক মিষ্টি স্বাদের ভাবপ্রকাশক (কিটকিটে মিষ্টি ভালো লাগে না); 2 অত্যন্ত নোংরা, ময়লা। [দেশি]।

কিড়-মিড়, কিড়ি-মিড়ি (p. 188) [kiḍ়-miḍ়, kiḍ়i-miḍ়i] অব্য. বি. দাঁতে দাঁতে ঘষার শব্দ (রাগে দাঁত কিড়মিড় করছে; দাঁতের কিড়িমিড়ি শোনা যাচ্ছে)। [দেশি]।

কিড়া, কীড়া (p. 190) [kiḍ়ā, kīḍ়ā] বি. পোকা, কীট (ধানের কিড়া, কাঠের কিড়া)। [সং. কীট]।

কিণ (p. 190) [kiṇa] বি. 1 কড়া, জামড়া, corn; 2 ঘষার চিহ্ন; 3 শুষ্ক ব্রণ। [সং. √ কণ্ + অ]। কিণাঙ্ক বি. ঘষার দাগ; হাত পায়ের কড়া। কিণাঙ্কিত বিণ. ঘষার দাগযুক্ত, কড়াযুক্ত, কড়া-পড়া।

কিণ্ব (p. 190) [kiṇba] বি. 1 খমির, ফেনা, গাঁজ; 2 কলঙ্ক। [সং. √ কণ্ + ব]।

কিতব (p. 190) [kitaba] বিণ. 1 শঠ, প্রবঞ্চক; 2 জুয়াড়ি। [সং. কিত + √ বা + অ]। কৈতব বি. শঠতা, প্রবঞ্চনা।

কিতা, কেতা (p. 190) [kitā, kētā] বি. 1 খণ্ড, গোছা; সারি (দুই কিতা জমি, দশ কিতা নোট); 2 কায়দা, ফ্যাশান, ধরন; 3 দফা। [আ. ক'তা]। ˜ দুরস্ত বিণ. রুচিসম্মত, ফ্যাশনসম্মত; ফিটফাট (কেতাদুরস্ত পোশাক)।

কিতাব, কিতাবতী (p. 190) [kitāba, kitābatī] দ্র কেতাব।

কিতার (p. 190) [kitāra] দ্র কাতার।

কি না (p. 190) [ki nā] অব্য. 1 সংশয়, বিতর্ক, প্রশ্ন ইত্যাদি সূচক শব্দ (যাবে কি না বলো, করবে কি না জানি না); 2 প্রশ্নসূচক শব্দ (তুমি তো খুব বুদ্ধিমান, ঠিক কি না?)। [সং. কিংনু]।

কিনা1 (p. 190) [kinā1] অব্য. যেহেতু (যাবে কিনা, তাই গাড়ি ডেকেছে) [কি না দ্র]।

কিনার (p. 190) [kināra] বি 1 ধার প্রান্ত (খাটের কিনার, ছাদের কিনার); 2 কূল, তীর ('আমি তরী নিয়ে বসে আছি নদী কিনারে' রবীন্দ্র)। [ফা. কিনারা]।

কিনারা (p. 190) [kinārā] বি. 1 তীর, কূল (নদীর কিনারা); 2 সীমা, প্রান্ত, পার্শ্ব (পথের কিনারা); 3 উপায়, বন্দোবস্ত (সমস্যার কিনারা করা); 4 প্রতিকার (বিপদের কিনারা); 5 সত্য উদ্ঘাটন (চুরির কিনারা করা); 6 উদ্ধার, অনুসন্ধান, খোঁজ (হারানো টাকার কিনারা করা); 7 নিষ্পত্তি, মীমাংসা, সমাধান (মামলার কিনারা করা)। [ফা. কিনারা]।

কিন্তু (p. 190) [kintu] অব্য. অথচ, পক্ষান্তরে (সে দরিদ্র কিন্তু সত্)। □ বিণ. দ্বিধাগ্রস্ত, সংকুচিত (কিন্তুভাব)। □ বি. সংকোচ, দ্বিধা, (তার কথাবার্তায় একটা কিন্তু রয়েছে)। [সং. কিম্ + তু]। কিন্তু কিন্তু বি. দ্বিধার ভাব, আমতা আমতা।

কিন্নর (p. 190) [kinnara] বি. ঘোড়ার মতো মুখ এবং মানুষের মতো দেহবিশিষ্ট দেবলোকের গায়কজাতিবিশেষ; দেবযোনিবিশেষ। [সং. কিম্ (কুৎসিত) + নর]।˜ কণ্ঠ বিণ. (কিন্নরদের মতো) সুকণ্ঠবিশিষ্ট। বি. (স্ত্রী.) কিন্নরী।

কিপটে (p. 190) [kipaṭē] বিণ. (কথ্য.) কৃপণ (কিপটে বুড়ো)। [সং. কৃপণ]।

কিফায়ত, কিফায়েত, কিফাইত (p. 190) [kiphāẏata, kiphāẏēta, kiphāita] বি. 1 কম খরচ; ব্যয়হ্রাস; 2 সস্তা দর; 3 লাভ। [আ. কিফায়ত্]।

কিবা (p. 190) [kibā] অব্য. 1। হোক না কেন, কি, অথবা (অন্ধের কিবা দিন কিবা রাত); 2 (প্রশংসায় বা ব্যঙ্গে) কেমন, কী সুন্দর (কিবা মনোহর, আহা কিবা ভঙ্গি); 3 কী আর (তুমি কিবা বলবে)। [বাং. কি + বা]।

কিমতে (p. 190) [kimatē] ক্রি-বিণ. (কাব্যে) কেমন করে, কীভাবে। [বাং. কি (কী) + মত + এ]।

কিমাকার (p. 190) [kimākāra] বিণ. 1 কী আকারের, কীরূপ; 2 কুৎসিত আকৃতিবিশিষ্ট (কিম্ভূতকিমাকার)। [সং. কিম্ + আকার]।

কিমাশ্চর্য (p. 190) [kimāścarya] বি. কী অদ্ভুত ব্যাপার। □ বিণ. অদ্ভুত। [সং. কিম্ + আশ্চর্য]।

কিমিতি, কিমিয়া (p. 190) [kimiti, kimiẏā] বি. রসায়নবিদ্যা। [< ইং. chemistry. তু. আ. অল্কিমিয়া; তু. ইং. alchemy]।

কিম্পুরুষ (p. 190) [kimpuruṣa] বি. 1 কিন্নর, দেবযোনিবিশেষ; 2 পুরাণোক্ত ভূখণ্ড, জম্বুদ্বীপের অংশবিশেষ। [সং. কিম্ (কুৎসিত) + পুরুষ]।

কিম্বদন্তী, কিম্বা (p. 190) [kimbadantī, kimbā] যথাক্রমে কিংবদন্তি ও কিংবা -র অশু. বানান।

কিম্ভূত (p. 190) [kimbhūta] বিণ. 1 কীরূপ, কেমন; 2 অদ্ভুত। [সং. কিম্ + ভূত]। ̃ কিমাকার বিণ. অদ্ভুত; কুৎসিত আকারবিশিষ্ট, বিকট।

কিমত, (বর্জি.) কিমত্ (p. 190) [kimata, (barji.) kimat] বি. মূল্য, দাম। [আ. কীমত্]।

কিয়ত্ (p. 190) [kiẏat] অব্য. বিণ. 1 কত বা কী পরিমাণ; 2 কিঞ্চিত্, একটু (কিয়ৎপরিমাণে সুস্থ)। [সং. কিম্ + ইয়ত্]। কিয়দ্দিন বি. কিছুদিন, অল্পদিন (কিয়দ্দিন পর)। কিয়দ্দূর বি. কিছুদূর, খানিকদূর।

কিয়ে (p. 190) [kiẏē] অব্য. বিণ. সর্ব. (প্রা. কাব্যে) 1 কী; 2 কেন; 3 কিংবা, অথবা; 4 কিবা, কেমন (কিয়ে মনোহর); 5 অতি সুন্দর; 6 কে; 7 কেমন; 8 কত; 9 অতি, অত্যন্ত; 1 কী অদ্ভুত; 11 কোন। [মৈথি. < সং. কিম্?]।

কির-কির, কির্-কির্ (p. 190) [kira-kira, kir-kir] বি. সূক্ষ্ম বালুকণার ঘষায় যে অনুভূতি হয় (চোখটা কিরকির করছে)। কির-কিরে বিণ. 1 বালুকণাময়; 2 বালির মতো খরখরে; 3 কর্কশ। [ধ্বন্যা.]।

কিরণ (p. 190) [kiraṇa] বি. 1 আলোকরশ্মি, অংশু (সূর্যকিরণ, চন্দ্রকিরণ); 2 রৌদ্র। [সং. √ কৃ + অন]। ˜ পাত, ˜ সম্পাত বি. আলোকরশ্মিবর্ষণ, আলোকপাত। ˜ ময় বিণ. আলোকময়, দীপ্তিময়। স্ত্রী. ˜ ময়ী। ˜ মালী (-লিন্) বি. সূর্য।

কিরা, কিরে (p. 190) [kirā, kirē] (আঞ্চ.) বি. শপথ, দিব্যি। [তু. হি. কিরিয়া, < সং. ক্রিয়া]।

কিরাইত (p. 190) [kirāita] বি বিষধর সাপবিশেষ, কেউটে, krait, [হি করাইত]।

কিরাত (p. 190) [kirāta] বি. 1 ভারতের প্রাচীন বন্যজাতিবিশেষ; 2 ব্যাধ; 3 পার্বত্য অঞ্চলবিশেষ। [সং. কির + √ অত্ + অ]। বি. (স্ত্রী.) কিরাতী। কিরাতিনী বি. (স্ত্রী.) কিরাত দেশে উৎপন্ন সুগন্ধযুক্ত বস্তুবিশেষ; জটামাংসী।

কিরিচ (p. 190) [kirica] বি. বাঁকা ছোরা বা তরোয়ালবিশেষ। [মাল. ক্রিস্ < পো. cris]।

কিরীট (p. 190) [kirīṭa] বি. মুকুট, শিরোভূষণ। [সং. √ কৃ + ঈট]। কিরীটী (-টিন্) বিণ. মুকুটধারী। □ বি. অর্জুন। কিরীটিনী বিণ. (স্ত্রী.) 1 মুকুটধারিণী; 2 যার ঊর্ধ্বদেশ মণ্ডিত বা শোভিত ('শুভ্রতুষারকিরীটিনী': রবীন্দ্র)।

কিরূপ (p. 190) [kirūpa] বিণ. কেমন, কীরকম। [বাং. কি (কী) + রূপ]।

কিরে2 (p. 191) [kirē2] অব্য. প্রশ্ন বা সম্বোধনসূচক শব্দ (কিরে, কেমন আছিস?)। [বাং. কি + রে]।

কিল (p. 191) [kila] বি. 1 বদ্ধ মুষ্টি; 2 মুষ্ট্যাঘাত, ঘুসি। [দেশি]। কিল খেয়ে কিল চুরি করা আঘাত পেয়ে বা অপমানিত হয়ে তা গোপনে সহ্য করা, যাতে অন্যে জানতে না পারে।˜ গুঁতো বি. মারধর; দুর্ব্যবহার (অযথা কিলগুঁতো খেয়ে সেখানে থাকতে পারব না)। কিলা-কিলি, কিলো-কিলি বি. পরস্পর মুষ্টিযুদ্ধ; মারামারি। কিলানো ক্রি. মুষ্টিপ্রহার করা (সুখে থাকতে ভূতে কিলায়)। □ বি.

মুষ্টিপ্রহার। কিলিয়ে কাঁঠাল পাকানো ক্রি. বি. 1 কিল বা কনুইয়ের আঘাত দিয়ে কাঁচা কাঁঠালকে দ্রুত পাকাবার বৃথা চেষ্টা করা অর্থাত্ অসম্ভবকে সম্ভব করার চেষ্টা করা; 2 কাঁচা কাঁঠালের বোঁটায় কীল বা গোঁজ গুঁজে দ্রুত পাকাবার চেষ্টা করা।

কিল-কিঞ্চিত (p. 191) [kila-kiñcita] বি. (বৈ. শা.) গভীর আনন্দজনিত গর্ব অভিলাষ ইত্যাদি বিভিন্ন ভাবের যুগপত্ প্রকাশ। [সং. কিল + কিম্ + চিত]।

কিল-কিল, কিল-বিল (p. 191) [kila-kila, kila-bila] অব্য. বহুসংখ্যক জীবজন্তুর (বিশেষত কেঁচো, কৃমি, সাপ প্রভৃতির) দলবদ্ধভাবে বিচরণ বা অবস্থানসূচক (সাপের ছানাগুলো কিলবিল করছে)। [ধ্বন্যা.]।

কিলো (p. 191) [kilō] বি. মেট্রিক পদ্ধতির এক হাজার পরিমাণ; কিলোগ্রাম কিলোলিটার কিলোমিটার প্রভৃতির সংক্ষিপ্ত রূপ (এক কিলো মাছ)। [ইং. kilo]।˜ গ্রাম বি. বিণ. এক হাজার গ্রাম [গ্রাম1 দ্র]।˜ মিটার বি. বিণ. এক হাজার মিটার [মিটার1 দ্র]।˜ লিটার বি. বিণ. এক হাজার লিটার।

কিশ-মিশ (p. 191) [kiśa-miśa] বি. বীজহীন শুকনো ছোট আঙুর। [ফা. কিশ্মিশ]।

কিশলয়, কিসলয় (p. 191) [kiśalaẏa, kisalaẏa] বি. 1 গাছের কচি পাতা, নবপল্লব; 2 নতুন পাতাযুক্ত শাখা। [সং. কিং (কিছু) + √ শল্ (√ সল্) + অয়]।

কিশোর (p. 191) [kiśōra] বিণ. বাল্য ও যৌবনের মধ্যবর্তী বয়সী, সাধারণত দশ-এগারো থেকে পনেরো-ষোলো বছর বয়সী (তখন আমার কিশোর কাল)! □ বি. কিশোর বয়স্ক অর্থাত্‌ অপ্রাপ্তবয়স্ক পুরুষ (দরজায় দাঁড়িয়ে একটি কিশোর)। বিণ. বি. (স্ত্রী.) কিশোরী।˜ সাহিত্য বি. সাধারণত অপ্রাপ্তবয়স্কদের জন্য রচিত সাহিত্য।

কিষান, কিষাণ (p. 191) [kiṣāna, kiṣāṇa] বি. কৃষক, চাষি। [সং. কৃষাণ]। বি. (স্ত্রী.) কিষানি, কিষাণি।

কিষ্কিন্ধ্যা, কিষ্কিন্ধা (p. 191) [kiṣkindhyā, kiṣkindhā] বি. রামায়ণে বর্ণিত বানরদের দেশবিশেষ বা তার রাজধানী। [সং. কিখি + √ ইন্ধি + অ + আ]।

কিসম, কিসিম (p. 191) [kisama, kisima] বি. প্রকার, রকম (হরেক কিসিমের খেলনা)। [আ. কিস্‌ম্‌]।

কিসমত (বর্জি.) কিসমত্‌ (p. 191) [kisamata (barji.) kisamat] বি. ভাগ্য, অদৃষ্ট, বরাত। [আ. কিস্মত্‌]।

কিস্সা (p. 191) [kissā] বি. কেচ্ছা, কুৎসামূলক গল্প। [আ. কি'স্সা]।

কিসে, কীসে (p. 191) [kisē, kīsē] সর্ব. 1 কী থেকে, কীসের জন্য (এ কথা উঠল কিসে); 2 কোন্‌ বস্তুর দ্বারা, কোন্‌ উপায়ে, কেমন করে (সুখ কীসে হবে?); 3 কোন্‌ বস্তুর মধ্যে, কার মধ্যে (সুখ কিসে আছে? দুধ কিসে আছে?)। [বাং.

কিস > হি. কিস (প্রাকৃ. কীস) + এ]। কিসে আর কিসে অতি উত্তমের সঙ্গে অতি অধমের বা নিকৃষ্টের তুলনা।

কিসের, কীসের (p. 191) [kisēra, kīsēra] সর্ব. 1 কোন্ বস্তুর, কোন্ বিষয়ের ('কিসের তরে অশ্রু ঝরে': রবীন্দ্র); 2 কী ধরনের, আদৌ সে কিসের গরিব?); 3 অকারণ, মিথ্যা ('কিসের দৈন্য, কিসের দুঃখ': দ্বি. রা)। [বাং. কিস + এর]।

কিস্তি1 (p. 191) [kisti1] বি. বড় মালবাহী নৌকা; জাহাজ। [ফা.কিশ্তী]।

কিস্তি2 (p. 191) [kisti2] বি. 1 ঋণের পরিশোধযোগ্য অংশ; 2 আংশিক ঋণ শোধের সময়; 3 খাজনা আদান-প্রদানের সময়; 4 দফা, ক্ষেপ, খেপ, বার, instalment (আর এক কিস্তি মাল আসবে)। [ফা. কিস্ত]।˜ বন্দি বি. দফায় দফায় ঋণপরিশোধের ব্যবস্থা।

কিস্তি3 (p. 191) [kisti3] বি. দাবাখেলায় বিপক্ষের রাজাকে সরাসরি আক্রমণ বা তার চলাচল রোধের জন্য চালবিশেষ। [ফা. কিশ্ত্]।˜ মাত বি. দাবাখেলায় বিপক্ষের রাজার সমস্ত চলাচলপথ বন্ধ হয় যে চালে; সম্পূর্ণ জয় বা সাফল্য লাভ।

কী (p. 191) [kī] সর্ব. কোন্ বস্তু; কোন্ ধরনের জিনিস বা ব্যাপার (কী চাই? কী খাচ্ছ? কী যে বল)। □ বিণ. কেমন, কীরূপ (কী খেলা, কী কথা)। □ (বিস্ময়সূচক) অব্য. খুব, অতিশয় (কী আশ্চর্য!)। [বাং. কী < সং. কিম্]।˜ জন্য

অব্য. কেন (কীজন্য কাঁদছ?)। ˜ রকম অব্য. বিণ. কেমন, কী ধরনের (কীরকম আছ? কীরকম লোক তিনি?)।

কীচক (p. 191) [kīcaka] বি. 1 ছিদ্রযুক্ত বাঁশ, বায়ুপ্রবাহে শব্দকারক বাঁশ; 2 মহাভারতোক্ত বিরাটরাজের শ্যালক ও সেনাপতি, যাঁকে ভীম বধ করেছিলেন। ˜ বধ বি. কীচক যেভাবে ভীমের দ্বারা নিহত হয়েছিলেন সেইরকম কাউকে হত্যা করে তালগোল পাকিয়ে দেওয়া। [সা. √ চীক্ + (কীচ্) + অক]।

কীট (p. 191) [kīṭa] বি. 1 পোকা; 2 কৃমি। [অর্বাচীন সং. √ কীট্ + অ]। ˜ ঘ্ন বিণ. কীটনাশক। ˜ জ বিণ. কীট থেকে উৎপন্ন। ˜ দষ্ট বিণ. পোকায় কেটে নষ্ট করেছে এমন (কীটদষ্ট বই)। ˜ পতঙ্গ বি. পোকামাকড়; নানাবিধ কীট। কীটস্য কীট (আল.)নিতান্ত তুচ্ছ ব্যক্তি। কীটাণু বি. অতি ক্ষুদ্র পোকা। কীটাণু-কীট বি. 1 ক্ষুদ্রাতিক্ষুদ্র পোকা, কীটাণুর চেয়েও ক্ষুদ্র কীট; 2 (আল.) অতি তুচ্ছ বা নগণ্য ব্যক্তি।

কীড়া (p. 191) [kīḍ়ā] দ্র কিড়া।

কীদৃশ, কীদৃক্ (p. 191) [kīdṛśa, kīdṛk] বিণ. কেমন, কীরকম। [সং. কিম্ + √ দৃশ্ + অ, ক্বিপ্]। বিণ. (স্ত্রী.) কীদৃশী (কীদৃশী ভাবনা)।

কীর্ণ (p. 192) [kīrṇa] বিণ. 1 ইতস্তত ছড়ানো, বিক্ষিপ্ত; 2 ব্যাপ্ত। [সং. √ কৃ + ত]। তু. বিকীর্ণ, পরিকীর্ণ।

কীর্তন (p. 192) [kīrtana] বি. 1 গুণবর্ণনা (মহিমা কীর্তন), যশঃপ্রচার; 2 নামগান; 3 রাধাকৃষ্ণের লীলাবিষয়ক গান; 4 রাধাকৃষ্ণের লীলাবিষয়ক গানের ভঙ্গি (কীর্তনাঙ্গ গান)। [সং. √ কৃত্ + অন]। কীর্তক বিণ. কীর্তনকারী। কীর্তনাঙ্গ বিণ. কীর্তনগানের সুরযুক্ত। কীর্তনীয়া, (কথ্য) কীর্তনে, কীর্তুনে বিণ. বি. কীর্তনগায়ক। কীর্তনীয় বিণ. কীর্তনযোগ্য; প্রচারযোগ্য। বিণ. (স্ত্রী.) কীর্তনীয়া। কীর্তিত বিণ. কীর্তন করা হয়েছে এমন; সুখ্যাতির বিষয়ীভূত।

কীর্তি (p. 192) [kīrti] বি. 1 যশ, খ্যাতি (কীর্তিমান); 2 কৃতিত্বের পরিচায়ক কার্য বা প্রতিষ্ঠান (তাজমহল শাহজাহানের অমর কীর্তি)। [সং. √ কৃত্ + তি]।˜ কলাপ বি. কৃতিত্বের পরিচায়ক কার্যাবলি।˜ বাস,˜ মান (-মত্),˜ মান্ বিণ. যশস্বী, বিখ্যাত।˜ স্বম্ভ বি. মহত্ কার্যের বা মহত্ কর্মীর স্মৃতিস্তম্ভ, monument.

কীল, কীলক (p. 192) [kīla, kīlaka] বি. 1 হুড়কো, খিল; 2 গোঁজ, খোঁটা; 3 শলাকা, পেরেক, গজাল। [সং. √ কীল্ + অ, + ক]।

কু1 (p. 192) [ku1] বি. 1 পৃথিবী; 2 আগম-নিগমাদি বেদাঙ্গের ব্যাখ্যা ('কু-কথায় পঞ্চমুখ': ভা. চ.); 3 পাপ, দোষ, অমঙ্গল (কু পরিহার করা)। □ বিণ. 1 মন্দ, কুৎসিত (কুকথা, কু-অভ্যাস); 2 অমঙ্গলজনক (কুদৃষ্টি, কুলক্ষণ); 3 কুটিল, দুষ্ট (কুমন্ত্রণা); 4 দুর্লভ (কু-আশা)। [সং. √ কু + উ]।

কু2, কূ (p. 192) [ku2, kū] বি. 1 সামরিক অভ্যুত্থান; 2 রাজনৈতিক বা সামরিক অভ্যুত্থানের ফলে সরকার বদল, কুদেতা। [ইং. coup < ফ. coup d'e'tat]।

কুই-নিন, কুই-নাইন (p. 192) [kui-nina, kui-nāina] বি. সিন্কোনা গাছের ছাল থেকে প্রস্তুত অত্যন্ত তিক্ত স্বাদযুক্ত জরঘ্ন ওষুধবিশেষ; ম্যালেরিয়ার ওষুধবিশেষ। [ইং. quinine]।

কুইণ্টাল (p. 192) [kuinṭāla] বি. মেট্রিক পদ্ধতির একশত কিলোগ্রাম ওজন, একশো কিলো। [ইং. quintal]।

কুংফু (p. 192) [kumphu] বি. চীনদেশীয় কারাটে; খালি হাতে আত্মরক্ষার চীনদেশীয় পদ্ধতিবিশেষ। [ইং. kungfu < চৈ.]।

কুঁই-কুঁই (p. 192) [kumi̐-kumi̐] অব্য. বি. ক্ষুধা, শীত, কষ্ট প্রভৃতির সূচক চাপা আর্তনাদ (কুকুরছানাটা শীতে কুঁইকুঁই করছে, কোথা থেকে যেন একটা কুঁইকুঁই শব্দ আসছে)। [ধ্বন্যা.]।

কুঁকড়া1, কুঁকড়ো (p. 192) [kun̐kaḍ়ā1, kun̐kaḍ়ō] বি মোরগ, কুক্কুট। [সং কুক্কুট] কুঁকড়ি বি (স্ত্রী) মুরগি।

কুঁকড়া2, কোঁকড়ো (p. 192) [kun̐kaḍ়ā2, kōn̐kaḍ়ō] ক্রি. 1 কুঞ্চিত হওয়া বা করা (পাতাগুলো কুঁকড়ে গেছে); 2 জড়সড় হওয়া বা করা (ভয়ে কুঁকড়ে গেছে)। [প্রা. বাং. কোঁকড়]।˜ নো ক্রি. কুঁকড়ে যাওয়া; কুঞ্চিত হওয়া বা করা। □ বি. কুঞ্চন; জড়সড় ভাব। □ বিণ. কুঞ্চিত; জড়সড়।

কুঁকড়ি-মুকড়ি, কুঁকড়ি-সুকড়ি (p. 192) [kun̐kaḍ়i-mukaḍ়i, kun̐kaḍ়i-sukaḍ়i] বিণ. কুণ্ডলী পাকিয়ে রয়েছে এমন; জড়সড় (শীতে কুঁকড়িমুকড়ি হয়ে আছে)। [তু. হি. কুঁকড় সুঁকড়]।

কুঁচ (p. 192) [kun̐ca] বি. 1 গুঞ্জাফল, একদিক কালো এবং একদিক লাল রংবিশিষ্ট ছোট গোলাকার ফলবিশেষ; 2 গুঞ্জার পরিমাণ (=1 রতি ওজন)। [সং. কুঞ্চিকা, গুঞ্জা]।

কুঁচকা (p. 192) [kun̐cakā] ক্রি. কুঞ্চিত হওয়া বা করা (চামড়া কুঁচকে গিয়েছে)। [সং. √ কুঞ্চ্ + বাং. আ]।˜ নো ক্রি. কুঞ্চিত হওয়া বা করা। □ বি. কুঞ্চন। □ বিণ. কুঞ্চিত।

কুঁচকি, কুচকি (p. 192) [kun̐caki, kucaki] বি. উরু ও কোমরের সন্ধিস্থল, groin. [তু. হি. কুচকি]।˜ কণ্ঠা ক্রি-বিণ. কুঁচকি থেকে গলা পর্যন্ত, আকণ্ঠ, আড়গিলে করে (নেমন্তন্নবাড়ি গিয়ে কুঁচকিকণ্ঠা খেয়েছে)।

কুঁচা1, (কথ্য) কুঁচো (p. 192) [kun̐cā1, (kathya) kun̐cō] বিণ. 1 অতি ক্ষুদ্র (কুঁচো চিংড়ি); 2 গুঁড়ানো বা খুব ছোট করা (কুঁচো নৈবেদ্য, কুঁচো সাবান)। [সং. কুচিত; তু. ফা. কুচক্]।˜ কাঁচা বি. কচি ছেলেমেয়ে (কুঁচোকাঁচাদের নিয়ে রাস্তায় বেরিয়েছ কেন?)।

কুঁচা2 (p. 192) [kun̐cā2] ক্রি. কুঞ্চিত করা। [সং. √ কুঞ্চ্ + বাং. আ]।˜ নো ক্রি. কুঞ্চিত করা। □ বি. কুঞ্চন। □ বিণ. কুঞ্চিত।

কুঁচি (p. 192) [kun̐ci] বি. 1 অতি ক্ষুদ্র ঝাঁটা; 2 চালমুড়ি ভাজার ঝাঁটাবিশেষ; 3 বুরুশ, brush; 4 মোটা পশুলোম; 5 ইট পাথর ইত্যাদির অতি ক্ষুদ্র টুকরো বা অংশ (পাথরের কুঁচি); 6 কুঞ্চিত অংশ (মশারির কুঁচি)। [সং. কুর্চিকা]।

কুঁচিয়া, কুঁচে1 (p. 192) [kun̐ciẏā, kun̐cē1] বি. সর্পাকৃতি মাছবিশেষ। [সং. কুচিকা]।

কুঁচিলা, কুঁচে2 (p. 192) [kun̐cilā, kun̐cē2] যথাক্রমে কুচিলা ও কুচে -র রূপভেদ।

কুঁজ (p. 192) [kun̐ja] বি. পিঠের উঁচু ও বাঁকা গড়নবিশেষ। [সং. কুব্জ; তু. ফা. কুজ্]। কুঁজা, (কথ্য) কুঁজো1 বিণ. কুঁজওয়ালা। □ বি. কুঁজওয়ালা লোক। বিণ. বি. (স্ত্রী.) কুঁজি।

কুঁজড়া, কুঁজড়ো (p. 192) [kun̐jaḍ়ā, kun̐jaḍ়ō] বিণ. 1 ঝগড়াটে, কুঁদুলে; 2 কুটিলমনা। [বাং. কুঁজ + ড়া]। ̃ পনা, ̃ মি বি. ঝগড়াটে ভাব; কুটিলতা।

কুঁজি, কুঁজি-কাঠি (p. 192) [kun̐ji, kun̐ji-kāṭhi] বি. চাবি। [সং. কুঞ্চিকা; তু. হি. কুঞ্জী]।

কুঁজো1 (p. 192) [kun̐jō1] দ্র কুঁজ।

কুঁড় (p. 192) [kun̐ḍ়] বি. 1 স্তূপ, গাদা (পাঁশকুঁড়); 2 বড় গর্ত, কুণ্ড। [সং. কুণ্ড]।

কুঁড়া (কথ্য) কুঁড়ো (p. 192) [kun̐ḍ়ā (kathya) kun̐ḍ়ō] বি. তুষের নীচে চালের গায়ের আবরণ বা পর্দা (ধান ভানলে কুঁড়ো দেব)। [সং. কণ্ডন]।

কুঁড়া-জালি, কুঁড়ো-জালি (p. 192) [kun̐ḍ়ā-jāli, kun̐ḍ়ō-jāli] বি. 1 মাছ ধরার ক্ষুদ্র জালবিশেষ; 2 (ব্যঙ্গে) বৈষ্ণবের জপমালার থলি। [বাং. কুঁড় + জাল + ই]।

কুঁড়ি (p. 192) [kun̐ḍ়i] বি. মুকুল, কোরক, কলিকা ('সকাল বেলার কুঁড়ি আমার': রবীন্দ্র)। [সং. কুড্মল > কুট্মল]।

কুঁড়ে1, (বর্জি.) কুঁড়িয়া1 (p. 192) [kun̐ḍ়ē1, (barji.) kun̐ḍ়iẏā1] বি. ঘাসপাতা ইত্যাদিতে ছাওয়া গরিবের ছোট কাঁচা ঘর। [সং. কুটির]।

কুঁড়ে2 (বর্জি.) কুঁড়িয়া2 (p. 192) [kun̐ḍ়ē2 (barji.) kun̐ḍ়iẏā2] বি. কুণ্ডের আকৃতিবিশিষ্ট পাত্র, পান্তি। [সং. কুণ্ড]।

কুঁড়ে3 (p. 192) [kun̐ḍ়ē3] বিণ. অলস। [দেশি]। ˜ মি বি. অলসতা, আলসেমি।

কুঁতা, কুঁথা, কোঁতা, কোঁথা (p. 192) [kun̐tā, kun̐thā, kōn̐tā, kōn̐thā] ক্রি. 1 মলত্যাগের জন্য বেগ দেওয়া; 2 কষ্টকর কাজ করার সময় বা শারীরিক কষ্ট পেলে একটু একটু করে দম ফেলার ধ্বনি করা। □ বি. উক্ত সব অর্থে।

[সং. √ কুন্থ্ + বাং. আ]। ˜ নো ক্রি. 1 কোঁতা, কোঁত পাড়া; কোঁতাতে বাধ্য করা; 2 (আল.) কষ্ট বা বেগ দেওয়া। □ বি. উক্ত সমস্ত অর্থে।

কুঁদ (p. 192) [kun̐da] বি. 1 ছুতোরের চাঁচার বা কোঁদার যন্ক্ষ; 2 সাদা রঙের ফুলবিশেষ। [সং. কুন্দ]।

কুঁদন (p. 192) [kun̐dana] দ্র কুঁদা1, 2।

কুঁদরু (p. 192) [kun̐daru] বি. তরকারিরূপে ব্যবহার্য পটোলের মতো ফলবিশেষয [সং. কুন্দুরুকী]।

কুঁদা1 (p. 192) [kun̐dā1] ক্রি. কুঁদযন্ত্রে ঘুরিয়ে কাটা; 2 খোদাই করা; 3 কেটে গঠন করা। □ বি. উক্ত সব অর্থে। [বাং. √কুঁদ্ + আ]। কুঁদন1 বি. খোদাই।

কুঁদা2, কোঁদা (p. 192) [kun̐dā2, kōn̐dā] ক্রি. 1 লম্ফঝম্প করা, লাফানো; 2 আস্ফালন করা; 3 মারার জন্য তেড়ে বা রুখে যাওয়া। □ বি. উক্ত সব অর্থে। [< সং. √ কুর্দ্]। কুঁদন2, কোঁদন বি. আস্ফালন; লম্ফঝম্প (নাচনকোঁদন)।

কুঁদা3, কুঁদো (p. 192) [kun̐dā3, kun̐dō] বি. 1 বন্দুক, রাইফেল ইত্যাদির কাঠের বাঁট; 2 গাছের গুঁড়ি; 3 মোটা কাঠের খণ্ড; 4 কোনো জিনিসের বড় খণ্ড বা চাঙড় (মিছরির কুঁদো)। [ফা. কুন্দা]।

কুঁদুলি (p. 192) [kun̐duli] বিণ. (স্ত্রী.) ঝগড়াটে (তার মতো কুঁদুলি মেয়ে সচরাচর দেখা যায় না)। [বাং. কোঁদল (< সং. কন্দল) + ইয়া > এ + ই]। বিণ. (পুং.) কুঁদুলে।

কুক (p. 192) [kuka] বি. 1 (ছোটদের খেলার সময়ের) তীব্র সংকেতধ্বনিবিশেষ; 2 ডাকাতদের সংকেতধ্বনিবিশেষ। [দেশি]। কুক দেওয়া ক্রি. বি. 1 ছোটদের খেলার সময় বা ডাকাতদের সংকেতধ্বনি দেওয়া; 2 আর্তনাদ করা (কুক দিয়ে কাঁদছে)।

কুকথা (p. 192) [kukathā] বি. 1 কুৎসিত কথা; দুর্বাক্য; অশ্লীল কথা; 2 (বিরল) 'কু' অর্থাত্ পৃথিবী সম্বন্ধে কথা বা তত্ত্ব অথবা আগম-নিগমাদি বেদাঙ্গের ব্যাখ্যা ('কুকথায় পঞ্চমুখ': ভা. চ.)। [সং. কু + কথা]।

কুকরি (p. 192) [kukari] বি. ভোজালির মতো ছোট তরবারিবিশেষ; সাধারণত নেপালিদের ব্যবহৃত ছোট তরবারিবিশেষ।

কুকর্ম (p. 192) [kukarma] (-র্মন্) বি. অসত্ বা হীন কাজ; খারাপ কাজ। [সং. কু + কর্মন্]। কুকর্মা (-মন্), কুকর্মী (-মিন্) বিণ. বি. অসত্ বা হীন কর্মকারী (ব্যক্তি)।

কুক-শিমা (p. 192) [kuka-śimā] বি. কুকুর-শোঁকা গাছ, ওষুধরূপে ব্যবহৃত হয় এমন গাছবিশেষ। [দেশি]।

কুকার্য (p. 192) [kukārya] বি. অসত্ বা হীন কাজ। [সং. কু + কার্য]।

কুকীর্তি (p. 192) [kukīrti] বি. অপকীর্তি, কুকর্ম, অসত্ বা হীন কাজ। [সং. কু + কীর্তি]।

কুকুর (p. 192) [kukura] বি. শ্বদন্তবিশিষ্ট. ছুঁচলো মুখবিশিষ্ট বন্য বা গৃহপালিত চতুষ্পদ জন্তুবিশেষ, সারমেয়, কুত্তা। [সং. কুক্কুর]। বি. (স্ত্রী.) কুকুরী।˜ কুণ্ডলী বি. কুকুরের মতো কুঁকড়ে শয়ন করার প্রণালী।˜ ছড়ি বি. কুকুড়ের লেজের মতো ফুলবিশিষ্ট একরকম ছোট গাছ। কুকুরে-দাঁত বি. শ্বদন্ত, কুকুরজাতীয় মাংসাশী প্রাণীর চোয়ালের দুপাশের ছুঁচলো দাঁত। যেমন কুকুর তেমনি মুগুর (প্র.) দুষ্টের উপযুক্ত শাসক, দুষ্ট লোকের উপযুক্ত শাস্তি। মাথার ঘায়ে কুকুর পাগল (প্র.) অত্যন্ত অসুবিধাজনক ও অস্বস্তিকর ঝামেলায় ব্যতিব্যস্ত অবস্থা।

কুক্কুট (p. 192) [kukkuṭa] বি. মোরগ বা মুরগি। [সং. কু (পৃথিবী) + √ কুট্ + অ]। বি. (স্ত্রী.) কুক্কুটী। কুক্কুটাণ্ড বি. মুরগির ডিম। কুক্কুটাসন বি. যৌগিক আসন বা ব্যায়ামের প্রক্রিয়াবিশেষ।

কুক্কুভ (p. 192) [kukkubha] বি. 1 মোরগ; 2 বনমোরগ; 3 চক্রবাক পাখি, কুক পাখি। [সং. কুক্ + √ কু + ভ]।

কুক্কুর (p. 192) [kukkura] বিণ. কুকুর। [সং. √ কুক্ + ক + উর-তু. সং. কুর্কুর্]। বি. (স্ত্রী.) কুক্কুরী।

কুক্রিয় (p. 192) [kukriẏa] বিণ. কুকর্মকারী, কুকর্মা, মন্দ কাজ করে এমন। [সং. কু + ক্রিয়া সমাসান্ত]। কুক্রিয়া বি. মন্দ কাজ।

কুক্ষণ (p. 192) [kukṣaṇa] বি. অশুভ ক্ষণ, অশুভ সময় (কী কুক্ষণেই না রওনা হয়েছিলাম)। [সং. কু + ক্ষণ]।

কুক্ষি (p. 192) [kukṣi] বি. 1 পেট, উদর, জঠর; 2 গর্ভ; 3 গুহা; 4 অভ্যন্তরস্থান, ভিতর। [সং. √ কুষ্ (=কুক্) + সি]। ˜ গত বিণ. 1 উদরে প্রবেশ করেছে এমন; উদরে বা ভিতরে প্রবিষ্ট হয়েছে এমন; 2 (আল.) সম্পূর্ণ অধিকৃত, পুরোপুরি আত্মসাত্ করা হয়েছে এমন।

কুখাদ্য (p. 192) [kukhādya] বি. অখাদ্য, খাওয়া যায় না বা খাওয়া উচিত নয় এমন খাবার; নিষিদ্ধ খাদ্য। [সং. কু + খাদ্য]।

কুখ্যাত (p. 192) [kukhyāta] বিণ. নিন্দিত, অখ্যাতিযুক্ত। [সং. কু + খ্যাত]। কুখ্যাতি বি. নিন্দা, অপযশ।

কুগঠন (p. 192) [kugaṭhana] বিণ. কুৎসিত গড়নবিশিষ্ট, গড়ন বা আকৃতি মন্দ এমন। □ বি. কুৎসিত গড়ন; ত্রুটিপূর্ণ গড়ন। [সং. কু + গঠন]।

কুগ্রহ (p. 192) [kugraha] বি. 1 অশুভ গ্রহ, পাপগ্রহ; 2 (আল.) উৎপাত, উপদ্রব (আমার জীবনে সে এক মূর্তিমান কুগ্রহ)। [সং. কু + গ্রহ]।

কুঙ্কুম (p. 192) [kuṅkuma] বি. 1 জাফরান বা জাফরান ফলের নির্যাস যা প্রসাধনী হিসাবে ব্যবহৃত হয়, কুমকুম; 2 কুসুম ফুল। [সং. √ কুন্ক্ + উম]।

কুঙ্গি (p. 192) [kuṅgi] বি. ছোট ঝাঁপি, পেঁটরা বা ঠোঙা, খুঙ্গি। [দেশি]।

কুচ1 (p. 192) [kuca1] বি. স্ত্রীলোকের স্তন। [সং.√ কুচ্ + অ]। ̃ তট বি. স্তন।

কুচ2 (p. 192) [kuca2] বি. সৈন্যদের যুদ্ধযাত্রা বা দলবদ্ধভাবে একস্থান থেকে অন্যস্থানে যাওয়া। [ফা. কূচ্-তু. তুর. কুচ্]। ̃ কাওয়াজ বি. সৈন্যদের সমবেত ব্যায়াম ও রণশিক্ষা, military parade. [ফা. কূচ্ + আ. কাওয়াঈদ্]।

কুচ3, কুচ্ (p. 192) [kuca3, kuc] অব্য. তীক্ষ্ণ অস্ত্রের এক কোপে নরম জিনিস কেটে ফেলার বা নরম জিনিসের মধ্যে তীক্ষ্ণ কিছু বিঁধে বা ফুটিয়ে দেবার শব্দ। ̃ কুচ1 অব্য. ক্রমাগত কুচ করে কাটার শব্দ। কুচ করে ক্রি-বিণ. 'কুচ' এই শব্দসহযোগে।

কুচ-কুচ2 (p. 192) [kuca-kuca2] অব্য. উজ্জ্বল কালো রঙের ভাবপ্রকাশক (চুলগুলো কালো কুচকুচ করছে)। [বাং. < চুকচুক > চক্চক্ (ধ্বনিবিপর্যয়ের ফলে)]। কুচ-কুচে বিণ. কুচকুচ করছে এমন, চকচকে ও গাঢ় (কুচকুচে কালো চুল)।

কুচকুম্ভ (p. 194) [kucakumbha] বি. স্তন। [সং. কুম্ভের মতো কুচ (সমাসান্ত কথ্য)]।

কুচক্র (p. 194) [kucakra] বি. ষড়যন্ত্র, চক্রান্ত। [সং. কু + চক্র]। কুচক্রী (-ক্রিন্) বিণ. বি. চক্রান্তকারী; কুমন্ত্রণাদাতা।

কুচনি (p. 194) [kucani] বি. 1 কোচজাতীয়া নারী; 2 বেশ্যা। [বাং.কোচনি? তু. কুটনী]।

কুচন্দন (p. 194) [kucandana] বি. 1 রক্তচন্দন; 2 কুঙ্কুম; 3 বকম কাঠ। [সং. কু + চন্দন]।

কুচফল (p. 194) [kucaphala] বি. (কুচ বা স্তনের সদৃশ বলে) দাড়িম্বফল, ডালিম। [সং. কুচ + ফল]।

কুচরিত্র (p. 194) [kucaritra] বি. মন্দ স্বভাব, অসত্ চরিত্র। □ বিণ. মন্দ স্বভাববিশিষ্ট (তার মতো কুচরিত্র লোকের সঙ্গ পরিহার করাই ভালো)। [সং. কু + চরিত্র]। বিণ. স্ত্রী. কুচরিত্রা।

কুচর্যা (p. 194) [kucaryā] বি. 1 গর্হিত বা নিন্দাজনক আচরণ; 2 কুরীতি। [সং. কু + চর্যা]।

কুচা, কুচি, কুচো (p. 194) [kucā, kuci, kucō] ক্রি. কুচি কুচি করে অর্থাত্ খুব ছোট ছোট করে কাটা। □ বি. ছোট টুকরো (পাথর-কুচি)। [বাং. √ কুচ্ + আ; তু. ফা. কুচক্]। কুচানো ক্রি. কুচি কুচি করে কাটা। □ বি. কুচি করে কর্তন। □ বিণ. কুচি কুচি করে কাটা হয়েছে এমন।

কুচাগ্র (p. 194) [kucāgra] বি. স্তনের বোঁটা। [সং. কুচ + অগ্র]।

কুচানো (p. 194) [kucānō] দ্র কুচা।

কুচাল (p. 194) [kucāla] বি. অসত্ আচরণ; মন্দ বা নিন্দাজনক চালচলন। [সং. কু + বাং. চাল]।

কুচি (p. 194) [kuci] দ্র কুচা।

কুচিকিৎসক (p. 194) [kucikitsaka] বি. অনভিজ্ঞ বা অদক্ষ চিকিৎসক, কুবৈদ্য, হাতুড়ে ডাক্তার। [সং. কু + চিকিৎসক]। কুচিকিৎসা বি. ভুল চিকিৎসা।

কুচিন্তা (p. 194) [kucintā] বি. 1 অসত্ চিন্তা; 2 অশুভ চিন্তা; 3 দুশ্চিন্তা, দুর্ভাবনা। [সং. কু + চিন্তা]।

কুচিলা, কুচলে (p. 194) [kucilā, kucalē] বি. (ওষুধে ব্যবহৃত) বিষতরুবিশেষ বা তার ফল বা বীজ। [সং. কুচেলক]।

কুচুটে, কুচুঢিয়া, কুচুণ্ডে (p. 194) [kucuṭē, kucuḍhiẏā, kucuṇḍē] বিণ. 1 হিংসুটে; 2 কুটিলস্বভাব; 3 কুচক্রী। [দেশি]।

কুচুত্ (p. 194) [kucut] অব্য. বি. নরম জিনিস ছোট এক কোপে কেটে ফেলার শব্দ। [ধ্বন্যা.]।

কুচুর-মুচুর (p. 194) [kucura-mucura] বি. অব্য. ভাজা বা মুচমুচে জিনিস চিবিয়ে খাওয়ার শব্দ। [ধ্বন্যা.]।

কুচো (p. 194) [kucō] দ্র কুচা।

কুচ্ছা, কুচ্ছিত (p. 194) [kucchā, kucchita] যথাক্রমে কুৎসা ও কুৎসিত -এর কথ্য রূপ।

কুছ (p. 194) [kucha] বিণ. সর্ব. কিছু। [হি. কুছ্]।

কুজ (p. 194) [kuja] বি. মঙ্গলগ্রহ। [সং. কু (পৃথিবী) + √জন্ + অ]। ˜ গ্রহ বি. মঙ্গলগ্রহ।

কুজ্-ঝটিকা, কুজ্-ঝটি, কুজ্-ঝটী (p. 194) [kuj-jhaṭikā, kuj-jhaṭi, kuj-jhaṭī] বি. কুয়াশা, কুহেলিকা। [সং. ক + উত্ + √ ঝট্ + ইক + আ]।

কুজা, (কথ্য) কুঁজো (p. 194) [kujā, (kathya) kun̐jō] বি. মাটির জলপাত্রবিশেষ, সোরাই। [ফা. কুজা]।

কুজাত (p. 194) [kujāta] (উচ্চা. কুজাত্) বি. ছোট জাত; নিচু জাত (অজাতকুজাত)। [সং. কু + বাং. জাত]।

কুঞ্চন (p. 194) [kuñcana] বি. 1 সংকোচন; 2 কুঁচকে যাওয়া। [সং. √ কুন্চ্ + অন]। কুঞ্চিত বিণ. কুঁচকে গেছে এমন; সংকুচিত; কোঁকড়া (কুঞ্চিত কেশ)।

কুঞ্চি, কুঞ্চী (p. 194) [kuñci, kuñcī] বি. পরিমাণবিশেষ (1 কুঞ্চি =8মুষ্টি); খুঁচি। [সং. √ কুন্চ্ + ই, ঈ]।

কুঞ্চিকা (p. 194) [kuñcikā] বি. 1 কুঁচ, গুঞ্জাফল; 2 বাঁশের কঞ্চি; 3 চাবি; 4 সূচি, নির্ঘণ্ট; 5 কুঁচে মাছ। [সং. √ কুন্চ্ + অক + আ]।

কুঞ্চিত (p. 194) [kuñcita] দ্র কুঞ্চন।

কুঞ্জ1 (p. 194) [kuñja1] বি. 1 উপবন; 2 লতাবেষ্টিত স্থান বা গৃহ (কুঞ্জকানন, কুঞ্জবন); 3 বৈষ্ণবদের আশ্রম। [সং. √ কুজ্ + অ, ঞ্ আগম]।˜ বাটিকা,˜ বাটী বি. বৈষ্ণবদের ভজনস্থান, যেখানে রাধাকৃষ্ণের বিগ্রহ প্রতিষ্ঠিত থাকে।

কুঞ্জ2 (p. 194) [kuñja2] বি. বস্ত্রাদির কলকা বা নকশা; শাড়ি, জামা ইত্যাদিতে ফুলের নকশা। [ফা. কুঞ্জ্]।˜ দার বিণ. কলকা-তোলা, নকশা-করা।

কুঞ্জর (p. 194) [kuñjara] বি. 1 হাতি; 2 (অন্য শব্দের পরে সমাসবদ্ধ হলে) শ্রেষ্ঠ (নরকুঞ্জর)। [সং. কুঞ্জ(=হস্তিদন্ত) + র]। বি. (স্ত্রী.) কুঞ্জরা, কুঞ্জরী।

কুঞ্জল (p. 194) [kuñjala] বি. পান্তাভাতের জল, আমানি। [সং. কু + জল (নি.)]।

কুট1 (p. 194) [kuṭa1] বি. 1 দুর্গ, গড়; 2 পর্বত; 3 পর্বতশৃঙ্গ; 4 গাছ। [সং. √ কুট্ + অ]। ˜ জ বি. 1 গিরিমল্লিকা ফুলের গাছ, কুড়চি; 2 দ্রোণাচার্য; 3 অগস্ত্য।

কুট2 (p. 194) [kuṭa2] অব্য. বি. ক্ষুদ্র কামড়ের শব্দ। [ধ্বন্যা.]। ˜ কুট অব্য. বি. চুলকানির ভাব বোধ (মুখ কুটকুট করছে)। ˜ কুটানি, (কথ্য) ˜ কুটুনি বি. চুলকানোর ইচ্ছা বা প্রবণতা; চুলকানির ভাব। ˜ কুটে বিণ. কুটকুট করে বা চুলকায় এমন, চুলকানির প্রবৃত্তি জন্মায় এমন (কুটকুটে কচু)।

কুটজ, কুটন (p. 194) [kuṭaja, kuṭana] যথাক্রমে কুট1 ও কুটা2 দ্র।

কুটনা, (কথ্য) কুটনো (p. 194) [kuṭanā, (kathya) kuṭanō] বি. রান্নার জন্য ছোট ছোট খণ্ডে কাটা বা কাটবার তরকারি (এখনও কুটনো কোটা হয়নি)। কুটনা কোটা, কুটনো কোটা ক্রি. বি. রান্নার জন্য তরকারি কোটা।

কুটনি (p. 194) [kuṭani] বি. (স্ত্রী.) নায়ক-নায়িকার বা স্ত্রী-পুরুষের অবৈধ মিলন সংঘটনকারিণী; দূতী। [সং. কুট্টনী]। বি. (পুং.) কোটনা।

কুটা1, কুটো (p. 194) [kuṭā1, kuṭō] বি. কাঠ খড় বা তৃণের টুকরো (কুঠকুটো, খড়কুটো)। [দেশি; তু. হি. কুট্টী]।

কুটা2, কোটা (p. 194) [kuṭā2, kōṭā] ক্রি. 1 কেটে খণ্ড খণ্ড বা কুটি কুটি করা (মাছ-তরকারি কোটা); 2 চূর্ণ করা, পেষা (মশলা কোটা, হলুদ কোটা); 3 ছেঁচা, ঠোকা, ক্রমাগত আঘাত করা (মাথা কোটা)। □ বিণ. টুকরো টুকরো করে

কাটা হয়েছে এমন; পেষাই করা হয়েছে এমন; চুর্ণিত; ঢেঁকিতে পেষাই-করা। □ বি. কোটার কাজ। [সং. √ কুট্ (√ কুট্ট্) + বাং. আ]। কুটন, কোটন বি. কোটার কাজ। কুটানো, কোটানো ক্রি. অন্যের দ্বারা কোটার কাজ করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

কুটি1 (p. 194) [kuṭi1] বি. 1 কুটির, কুঁড়েঘর; 2 ছোট ঘর। [সং. কুটির]।

কুটি2 (p. 194) [kuṭi2] বি. ছোট ছোট খণ্ডে কাটা খড় বা তৃণ; খড়কুটো। [হিং. কুট্টী]।˜ কুটি বিণ. 1 খুব ছোট ছোট কুচি বা টুকরো করা হয়েছে এমন (আলুগুলোকে অত কুটিকুটি করেছ কেন?); 2 (আল. যেন টুকরো টুকরো হয়ে যাবে এমন, আকুল (হেসে কুটিকুটি হওয়া)। কুটিকুটি করা ক্রি. কেটে বা ছিঁড়ে খুব ছোট করা।

কুটি-পাটি (p. 194) [kuṭi-pāṭi] বিণ. (সাধারণত হেসে) আকুল। [দেশি]।

কুটির, (বর্জি.) কুটীর (p. 194) [kuṭira, (barji.) kuṭīra] বি. কুঁড়েঘর; অতি ক্ষুদ্র ও দীন গৃহ। [সং. কুটি + √ রা + অ]।˜ শিল্প বি. গৃহে উৎপন্ন, প্রধানত হস্তনির্মিত, এবং কারখানায় প্রস্তুত নয় এমন শিল্পদ্রব্য; গৃহে উৎপন্ন, সাধারণত হস্তনির্মিত শিল্প।

কুটিল (p. 194) [kuṭila] বিণ. 1 বাঁকা (কুটিল কটাক্ষ); অসরল (কুটিল রেখা); 2 খল, শঠ, কপট (কুটিল স্বভাব); 3 জটিল (কুটিল প্রশ্ন)। [সং. কুটি + ল]। কুটিলা1 বিণ. (স্ত্রী.) কুটিল -এর সব অর্থে। কুটিলা2 বি. 1 সরস্বতী নদী; 2 আয়ানের ভগিনী ও রাধিকার নন্দিনী। বি.˜ তা।

কুটুম্ব (কথ্য) কুটুম (p. 194) [kuṭumba (kathya) kuṭuma] বি. 1 আত্মীয়; 2 পোষ্যবর্গ, পরিবারভুক্ত লোকজন; 3 বৈবাহিক সম্বন্ধে আবদ্ধ ব্যক্তি (বাড়িতে কুটুম এসেছে)। [সং. √ কুটুম্ব্ + অ]। নতুন কুটুম বি. সম্প্রতি যার সঙ্গে বৈবাহিক সম্বন্ধ স্থাপিত হয়েছে। বড় কুটুম বি. (কৌতু.) শ্যালক, সম্বন্ধী। কুটুম্বী (-ম্বিন্) বিণ. (স্ত্রী.) কুটুম্ববিশিষ্টা। □ বি. 1 পতিপুত্রযুক্তা স্ত্রী; 2 গৃহিণী; 3 মেয়েকুটুম। কুটুম্বিতা বি. 1 আত্মীয়তা; 2 বৈবাহিক সম্পর্ক ও তজ্জনিত আদান-প্রদান বা লৌকিকতা।

কুটুর (p. 194) [kuṭura] অব্য. বি. ছোট ও সূক্ষ্ম দাঁত বা অস্ত্র দিয়ে কাঠজাতীয় দ্রব্য কাটার লঘু শব্দ। কুটুর কুটুর, কুটুর কাটুর অব্য. বি. ক্রমাগত ওই শব্দ (ইঁদুরের কুটুর কুটুর)।

কুটো-কাটা (p. 194) [kuṭō-kāṭā] বি. 1 খুব ছোটখাটো জিনিসপত্র; 2 অকিঞ্চিৎকর বা তুচ্ছ জিনিসপত্র। [দেশি]।

কুট্টন (p. 194) [kuṭṭana] বি. 1 ছেদন, কর্তন; 2 খনন, খোঁড়া; 3 নিষ্পেষণ; 4 নিন্দা করা, দোষারোপ। [সং. √ কুট্ট্ + অন]। কুট্টক বিণ. বি. পেষণকারী; ছেদক। কুট্টনী বি. (স্ত্রী.) দূতী, কুটনি।

কুট্টিত (p. 194) [kuṭṭita] বিণ. 1 খণ্ডিত, ছেদিত, কর্তিত; 2 পেষণ বা চূর্ণ করা হয়েছে এমন। [সং. √ কুট্ট্ + ত]।

কুট্টিম (p. 194) [kuṭṭima] বি. 1 চাতাল; 2 পাকা মেঝে (গৃহকুট্টিম); 3 রত্নের খনি। [সং. কুট্ট + ইম]।

কুট্মল; কুড্মল (p. 194) [kuṭmala; kuḍmala] বি. কলিকা, কুঁড়ি। [সং. √ কুট্, √ কুড্ + মল]। কুট্মলিত, কুড্মলিত বি. মুকুলিত; কুঁড়িযুক্ত।

কুঠ (p. 194) [kuṭha] বি. কুষ্ঠরোগ। [সং. কুষ্ঠ]।

কুঠরি (p. 194) [kuṭhari] বি. 1 কক্ষ, কামরা, প্রকোষ্ঠ; 2 ছোট ঘর। [সং. কোষ্ঠ > কুঠ (=বৃক্ষ) + বাং. রি]।

কুঠার, (বিরল) কুঠারিকা, কুঠারী (p. 194) [kuṭhāra, (birala) kuṭhārikā, kuṭhārī] বি. কুড়ুল, পরশু; টাঙ্গি। [সং. কুঠ (=বৃক্ষ) + √ ঋ + অ]।

কুঠি (p. 194) [kuṭhi] বি. 1 (প্রধানত ইয়োরোপীয়) ব্যবসায়ীদের কার্যালয় বা বাসস্থান (নীলকুঠি); 2 রাজপুরুষ বা পদস্থ ব্যক্তির বাসগৃহ, বাংলো (কালেক্টরের কুঠি, ম্যাজিস্ট্রেটের কুঠি)। [সং. কোষ্ঠিকা; তু. হি. কোঠি]। ˜ য়াল বি. কুঠির মালিক বা অধ্যক্ষ; সওদাগর।

কুঠিয়া (কথ্য) কুঠে (p. 194) [kuṭhiẏā (kathya) kuṭhē] বিণ. কুষ্ঠরোগগ্রস্ত। □ বি. কুষ্ঠরোগগ্রস্ত ব্যক্তি; কুষ্ঠরোগী। [কুঠ দ্র]।

কুঠুরি (p. 194) [kuṭhuri] বি. ছোট কক্ষ বা কামরা। [দ্র কুঠরি]।

কুড়1 (p. 194) [kuḍ়1] বি. 1 রাশি, স্তূপ (পাঁশকুড়, ছাইয়ের কুড়)। [সং. কুল]; 2 আবর্জনা; 3 আবর্জনা ফেলার স্থান (আঁস্তাকুড়)। [সং. কুণ্ড]। কুঁড় দ্র।

কুড়2 (p. 194) [kuḍ়2] বি. 1 বৃক্ষবিশেষ; 2 ওষুধবিশেষ। [প্রাকৃ. কুট্ঠ]।

কুড়3 (p. 194) [kuḍ়3] বি. জমির পরিমাণবিশেষ, বিঘা। [বাং.কুড়বা]।

কুড়-কুড় (p. 194) [kuḍ়-kuḍ়] অব্য. বি. ভাজা কড়াই, মুড়ি ইত্যাদি চিবানোর শব্দ। [ধ্বন্যা.]।

কুড়চি (p. 194) [kuḍ়ci] বি. কুটজ গাছ। [সং. কুটজ]।

কুড়বা (p. 194) [kuḍ়bā] বি. ভূমির পরিমাণবিশেষ (2 কাঠা= 1 কুড়বা =1 বিঘা), বিঘা। [সং. কুড়ব]।

কুড়-মুড়, কুড়া1 (p. 194) [kuḍ়-muḍ়, kuḍ়ā1] যথাক্রমে কুড়কুড় ও কুড়2 -এর রূপভেদ।

কুড়া2 (p. 194) [kuḍ়ā2] ক্রি. 1 ছড়ানো জিনিস একত্র বা জড়ো করা; 2 পতিত বা পরিত্যক্ত জিনিস তুলে নেওয়া (কুড়িয়ে নেওয়া, কুড়িয়ে পাওয়া); 3 ঝাঁটি দেওয়া (ঘর কুড়ানো, উঠান কুড়ানো); 4 ফেলে দেবার জন্য তুলে নেওয়া (এঁটো কুড়ানো)। [সং. √ কুল্ (ল্=ড়) + বাং. আ]। ˜ নো ক্রি. পূর্বোক্ত কুড়া2 অর্থে। □ বিণ. 1 পতিত বা পরিত্যক্ত অবস্থায় প্রাপ্ত (কুড়ানো ছেলে); 2 ঝাঁটি দেওয়া হয়েছে এমন (কুড়ানো উঠোন); 3 সংগৃহীত (কুড়ানো ফুল)। □ বি. 1

সংগ্রহ; 2 একত্রীকরণ; 3 সম্মার্জন, ঝাঁট। কুড়ানি, কুড়ুনি বিণ. বি. (স্ত্রী.) 1 যে কুড়ায় (পাতকুড়ানি); 2 যাকে কুড়িয়ে পাওয়া গেছে।

কুড়াল, কুড়ুল (বিরল) কুড়ালি (p. 194) [kuḍ়āla, kuḍ়ula (birala) kuḍ়āli] বি. কুঠার, পরশু, কাঠ বা গাছ কাটার কাঠের হাতলওয়ালা অস্ত্রবিশেষ। [সং. কুঠার]।

কুড়ি1 (p. 194) [kuḍ়i1] বি. বিণ. 2 সংখ্যা বা সংখ্যক। [হি. কোড়ী-তু. পো. corja, তু., সাঁও. কুড়ি]।

কুড়ি2 (p. 194) [kuḍ়i2] বি. কুষ্ঠরোগ (কুড়িকুষ্ঠি)। [সং. কুষ্ঠ > কুঠিয়া]।

কুড়ুর-মুড়ুর (p. 194) [kuḍ়ura-muḍ়ura] অব্য. কুড়কুড় ও কুড়মুড় -এর চেয়ে লঘুতর শব্দ।

কুড়ে, কুড়ো, কুণী, কুণো (p. 194) [kuḍ়ē, kuḍ়ō, kuṇī, kuṇō] যথাক্রমে কুঁড়ে, কুঁড়ো, কুনি ও কুনো -র রূপভেদ।

কুণ্ঠ (p. 194) [kuṇṭha] বিণ. 1 (অন্য শব্দের পরে সমাসবদ্ধভাবে ব্যবহৃত) অনিচ্ছুক, কাতর (ব্যয়কুণ্ঠ, শ্রমকুণ্ঠ); 2 সংকুচিত, কুণ্ঠিত (অকুণ্ঠ)। [সং. √ কুণ্ঠ্ + অ]। কুণ্ঠা বি. সংকোচ; জড়তা; লজ্জা; দ্বিধা; ভয়। কুণ্ঠিত বিণ. কুণ্ঠাযুক্ত; সংকুচিত; দ্বিধাগ্রস্ত; লজ্জিত (দানগ্রহণে কুণ্ঠিত); অপ্রতিভ। বিণ. (স্ত্রী.) কুণ্ঠিতা।

কুণ্ঠা (p. 194) [kuṇṭhā] দ্র কুণ্ঠ।

কুণ্ড (p. 196) [kuṇḍa] বি. 1 গর্ত (নাভিকুণ্ড); 2 কৃত্রিম গহ্বর; আগুন জল প্রভৃতি রাখার গর্ত (যজ্ঞ কুণ্ড, হোমকুণ্ড); 3 তীর্থস্থানের জলাশয় (রাধাকুণ্ড, সীতাকুণ্ড); 4 গোলাকার পাত্র (তাম্রকুণ্ড, ঘৃতকুণ্ড)।[সং. √ কুন্ড্ + অ]।

কুণ্ডল (p. 196) [kuṇḍala] বি. 1 কানের অলংকার; 2 বলয়; 3 বলয়াকার অলংকার বা বন্ধনী। [সং. √ কুন্ড্ + অল]। কুণ্ডলী বিণ. কুণ্ডলধারী, কুণ্ডলযুক্ত। □ বি. কুণ্ডলের আকারে পাকানো বা গোটানো জিনিস (ধোঁয়ার কুণ্ডলী)। কুণ্ডলিনী বিণ. (স্ত্রী.) কুণ্ডলধারিণী। □ বি. (স্ত্রী.) 1 সর্পী, সর্পিণী; 2 জীবের মূলশক্তি, কুলকুণ্ডলিনী।

কুত, কুদ (p. 196) [kuta, kuda] বি. নৌকা, ইত্যাদিতে বাহিত মালপত্রের উপর শুল্ক, toll. [হি. কুত্]। ̃ ঘাট বি. নৌকার মালের উপর শুল্ক আদায়ের ঘাট।

কুতর্ক (p. 196) [kutarka] বি. কূট তর্ক; অন্যায় বা বাজে তর্ক। [সং. কু + তর্ক]।

কুৎসা (p. 196) [kutsā] বি. নিন্দা, কলঙ্ক রটনা; দোষারোপ। [সং. √ কুৎস্ + অ + আ]। ̃ কারী (রিন্) বিণ. নিন্দাকারী, কলঙ্ক বা অপবাদ রটনাকারী।

কুৎসিত (p. 196) [kutsita] বিণ. 1 কদাকার, বিশ্রী, কুরূপ; 2 কদর্য; 3 জঘন্য; 4 অশ্লীল। [সং. √ কুৎস্ + ত]।

কুতূহল (p. 196) [kutūhala] বি. 1 ঔৎসুক্য, অজানা জিনিস বা বিষয় সম্বন্ধে জানবার আগ্রহ; 2 কৌতুক; 3 আমোদ। [সং. (1) কু + √তুলি + অ; হ আগম; (2) কুতু + √ হল্ + অ]। কুতূহলী (-লিন্) বিণ. 1 উৎসুক, আগ্রহযুক্ত; 2 আমোদিত, আনন্দিত। কুতূহলে ক্রি-বিণ. আনন্দে, আনন্দের সঙ্গে; আনন্দের জন্য ('ব্রাহ্মণ রাজার কুতূহলে': ক.ক.)।

কুত্তা, কুত্তো (p. 196) [kuttā, kuttō] বি. কুকুর (ডালকুত্তা, খেঁকিকুত্তা, নেড়িকুত্তা)। [হি.কুত্তা]। বি. (স্ত্রী.) কুত্তি।

কুত্র (p. 196) [kutra] অব্য. ক্রি-বিণ. কোথায়, কোনখানে। [সং.]।

কুত্রাপি (p. 196) [kutrāpi] অব্য. ক্রি-বিণ. কোথাও, কোনোখানে (এমন কথা কুত্রাপি লেখা নেই)। [সং. কুত্র + অপি]।

কুদ-রত (p. 196) [kuda-rata] বি. 1 মহিমা; 2 ক্ষমতা, শক্তি; 3 বাহাদুরি, কেরামতি। [সং. কুদরত্]। কুদ-রতি বিণ. ঐশী; স্বাভাবিক বা প্রাকৃতিক অর্থাত্ মানুষের সৃষ্ট নয় এমন।

কুদর্শন (p. 196) [kudarśana] বিণ. কদাকার, কুৎসিতদর্শন, কুরূপ, দেখতে খারাপ এমন। [সং. কু + দর্শন]। বিণ. (স্ত্রী.) কুদর্শনা।

কুদিন (p. 196) [kudina] বি. 1 দুর্দিন; দুঃসময়; 2 অশুভ দিন।[সং. কু + দিন]।

কুদৃষ্টি (p. 196) [kudṛṣṭi] বি. 1 অশুভ বা অমঙ্গলকর দৃষ্টি; 2 দুরভিসন্ধিপূর্ণ দৃষ্টি। [সং. কু + দৃষ্টি]।

কুদেতা (p. 196) [kudētā] বি. আকস্মিক সামরিক বা রাজনৈতিক অভ্যুত্থান, যার ফলে প্রায়ই সরকারবদল ঘটে। [ফ. coup d'e'tat]।

কুনকি (p. 196) [kunaki] বি. পালিতা হস্তিনী যার সাহায্যে বন্য হাতি ধরা হয়। [হি. কুম্কী]।

কুনকে1 (p. 196) [kunakē1] বি. কুনকি, অন্য হাতি বা বন্য হাতি ধরতে সাহায্য করে এমন হস্তিনী। [বাং. কুনকি < হি. কুম্কী]।

কুনখ (p. 196) [kunakha] বি. নখের রোগবিশেষ। [সং. কু + নখ]। কুনখী (-খিন্) বিণ. 1 কুৎসিত নখবিশিষ্ট; 2 নখের রোগে আক্রান্ত।

কুনজর (p. 196) [kunajara] বি. 1 কুদৃষ্টি; অশুভ নজর (ওপরওয়ালার কুনজরে পড়েছে); 2 দুরভিসন্ধিপূর্ণ নজর। [সং. কু + আ. নজর্]।

কুনি (p. 196) [kuni] বি. নখপ্রান্তের রোগবিশেষ, নখের কোণের রোগবিশেষ। [সং. কোণ]।

কুনিকা (p. 196) [kunikā] বি. শস্যাদি মাপার পাত্রবিশেষ, রেক, ছটাক। [সং. কুঞ্চি]।

কুনীতি (p. 196) [kunīti] বি. 1 দুর্নীতি, অসদাচরণ; 2 ভুল বা অনুচিত নীতি। [সং. কু + নীতি]।

কুনো (p. 196) [kunō] বিণ. 1 কোণসম্বন্ধীয়; 2 ঘরের কোণে থাকতে ভালোবাসে এমন; 3 অমিশুক, লাজুক। [সং. কোণ + বাং. উয়া > ও]। কুনো ব্যাং বি. 1 গর্তের কোণে বা অন্য স্থানের কোণে বাস করে এমন ভীরু প্রকৃতির ব্যাংবিশেষ; 2 (আল.) কূপমণ্ডূক; ঘরকুনো লোক।

কুন্ত1 (p. 196) [kunta1] বি. পাখি। তু. শকুন্ত। [সং. ক + √অন্ত্ + অ]।

কুন্ত2 (p. 196) [kunta2] বি. 1 বাণ বা তির; 2 বর্শার আকৃতিবিশিষ্ট অস্ত্রবিশেষ। [সং. কু + অন্ত]।

কুন্তল (p. 196) [kuntala] বি. কেশ. চুল ('আলুলিত কুন্তলরাশি': রবীন্দ্র)। [সং. কুন্ত + √ লা + অ]। বি. (স্ত্রী.) কুন্তলা।

কুন্তি, কুন্তী (p. 196) [kunti, kuntī] বি. (মহাভারতে) পাণ্ডুর পত্নী এবং কর্ণ ও পঞ্চপাণ্ডবের মাতা। [সং. কুন্ত + ই, ঈ]।

কুন্হন (p. 196) [kunhana] বি. 1 কোঁথ দেওয়া, কোঁথা; 2 কাতরানি। [সং. √ কুন্হ্ + অন]।

কুন্দ1 (p. 196) [kunda1] বি. সাদা রঙের ফুলবিশেষ, কুঁদফুল। [সং. কু + √ উন্দ্ + অ]।

কুন্দ2 (p. 196) [kunda2] বি. ছুতোরের ভ্রমিযন্ত্র, কুঁদযন্ত্র যার সাহায্যে কাঠ কুঁদানো হয়। [সং. কুম + √ দা + অ]।˜ কার,˜ কর বি. যে কুঁদযন্ত্রের সাহায্যে জিনিস গড়ে; ছুতোর মিস্ত্রি।

কুন্দর (p. 196) [kundara] বি. বিষ্ণু। [সং. কু + √ দৃ + অ, ন্ আগম]।

কুন্দুলি (p. 196) [kunduli] বিণ. (স্ত্রী.) ঝগড়াটে (কুন্দুলি মহিলা)। [সং. কোন্দল + বাং. ই]।

কুপথ (p. 196) [kupatha] বি. 1 অসত্ পথ; অন্যায় বা পাপের পথ; 2 দুর্গম পথ। [সং. কু + পথ]।˜ গামী (-মিন্) বিণ. অসত্ বা অন্যায় পথে গেছে এমন; সত্ পথ থেকে বিচ্যুত।

কুপথ্য (p. 196) [kupathya] বি. অনিষ্টকর খাদ্য, যা রোগীর খাওয়া উচিত নয়। [সং. কু + পথ্য]।

কুপন (p. 196) [kupana] বি. 1 মানি-অর্ডার বা ওইজাতীয় ফর্মের যে ছেদ্য অংশে প্রেরক প্রাপকের কাছে পত্রাদি লিখতে পারে; 2 টিকিট বা রসিদের যে অংশ দেখালে কিছু দাবি করা যেতে পারে, চেকমুড়ি। [ই. coupon]।

কুপরামর্শ (p. 197) [kuparāmarśa] বি. অসত্ পরামর্শ; কুমন্ত্রণা। [সং. কু + পরামর্শ]।

কুপা1, কুপো (p. 197) [kupā1, kupō] বি. 1 মাটি বা চামড়ার তৈরি পেটমোটা ও সরুমুখ পাত্রবিশেষ; 2 (ব্যঙ্গে) নাদাপেটা লোক। [সং. কূপক]। কুপো-কাত বিণ. পরাজিত; বিধ্বস্ত।

কুপা2, কোপা (p. 197) [kupā2, kōpā] ক্রি. 1 তীক্ষ্ণধার ভারী অস্ত্রের সাহায্যে (ক্রমাগত) আঘাত করা; অস্ত্রের কোপ দেওয়া; কোপ দিয়ে কাটা; 2 মাটি কোপানো। [বাং. √ কোপ্ + আ]।˜ নো ক্রি. কুপা বা কোপা অর্থে। □ বিণ. বি. উক্ত অর্থে।

কুপাত্র (p. 197) [kupātra] বি. 1 অযোগ্য, অসত্ বা অবাঞ্ছিত ব্যক্তি (কুপাত্রে দান); 2 (বিবাহে) অনুপযুক্ত বর; অপাত্র (কুপাত্রে কন্যাদান)। [সং. কু + পাত্র]।

কুপানো (p. 197) [kupānō] দ্র কুপা2।

কুপি (p. 197) [kupi] বি. 1 ছোট কুপা; 2 তেলজাতীয় তরল জিনিস এক পাত্র থেকে অন্য পাত্রে ঢালবার জন্য ব্যবহৃত বাঁশ, কাচ, মাটি প্রভৃতির তৈরি চোঙবিশেষ; 3 কেরোসিনের ডিবে। [সং. কূপী, কূপিকা]।

কূপিত (p. 197) [kūpita] বিণ. 1 ক্রুদ্ধ, রুষ্ট, কোপযুক্ত; 2 (বৈদ্য.) বৃদ্ধিপ্রাপ্ত, দূষিত (কুপিত বায়ু)। [সং. √ কুপ্ + ত]। বিণ. (স্ত্রী.) কুপিতা।

কুপুত্র (p. 197) [kuputra] বি. অসত্, গুণহীন বা অবাধ্য ছেলে। [সং. কু + পুত্র]।

কুপুরুষ (p. 197) [kupuruṣa] বি. 1 পুরুষোচিত গুণাবলিবর্জিত ব্যক্তি; কাপুরুষ ব্যক্তি; 2 কুদর্শন বা কুচরিত্র লোক। □ বিণ. 1 পুরুষোচিত গুণাবলিবর্জিত; কাপুরুষ; 2 কুৎসিতদর্শন, কুদর্শন; কুচরিত্র। [সং. কু + পুরুষ]।

কুপো, কুপোকাত (p. 197) [kupō, kupōkāta] দ্র কুপা1।

কুপোষ্য, (কথ্য) কুপুষ্যি (p. 197) [kupōṣya, (kathya) kupuṣyi] বিণ. বি. ভরণপোষণ করা উচিত নয় বা ভরণপোষণ করার কথা নয় তবু যার ভরণপোষণ করতে হয় এমন; অবাঞ্ছিত পোষ্য বা পুষ্যি; গলগ্রহ (ব্যক্তি)। [সং. কু + পোষ্য]।

কুপ্য (p. 197) [kupya] বি. সোনা ও রুপো ভিন্ন অন্য যেকোনো ধাতু, base metal. [সং. √ গুপ্ + য]। ̃ শালা বি. 1 যেখানে কুপ্য অর্থাত্ সোনা-রুপো ছাড়া অন্য ধাতু তৈরি হয়; 2 কাঁসারির দোকান বা কর্মশালা।

কুপ্রকৃতি (p. 197) [kuprakṛti] বি. বিণ. মন্দ স্বভাব বা মন্দ স্বভাববিশিষ্ট। [সং. কু + প্রকৃতি]।

কুফল (p. 197) [kuphala] বি. খারাপ ফল বা পরিণাম। [সং. কু + ফল]।

কুবক্তা (p. 197) [kubaktā] (-ক্তৃ) বি. ভালো বক্তৃতা করতে পারে না বা সুন্দর কথা বলতে পারে না এমন ব্যক্তি। [সং. কু + বক্তৃ]।

কুবচন (p. 197) [kubacana] বি. 1 খারাপ কথা; দুর্বাক্য; 2 গালাগালি; নিন্দা। [সং. কু + বচন]।

কুবল (p. 197) [kubala] বি. 1 পদ্মফুল; 2 ডালিম; 3 বদরীফল অর্থাত্ কুল; 4 মুক্তা। [সং. কু + √ বল্ + অ]।

কুবলয় (p. 197) [kubalaẏa] বি. 1 নীলপদ্ম; 2 পদ্মফুল। [সং. কু (=পৃথিবী) + বলয়]।

কুবাক্য (p. 197) [kubākya] বি. দুর্বাক্য, মন্দ কথা; কুৎসিত বা নিন্দনীয় কথা। [সং. কু + বাক্য]।

কুবাদ (p. 197) [kubāda] বি. কুবাক্য, দুর্বাক্য, মন্দ কথা। [সং. কু + বাদ (বাক্য)]।

কুবাস (p. 197) [kubāsa] বি. দুর্গন্ধ। [সং. কু + বাস]।

কুবাসনা (p. 197) [kubāsanā] বি. মন্দ ইচ্ছা; অসত্ অভিপ্রায়; দুরভিসন্ধি। [সং. কু + বাসনা]।

কুবিচার (p. 197) [kubicāra] বি. 1 অন্যায় বিচার, অবিচার; 2 অন্যায়। [সং. কু + বিচার]।

কুবিধা (p. 197) [kubidhā] বি. 1 অসুবিধা; 2 দুঃখকষ্ট। [সং. কু + বিধা- তু. সুবিধা]।

কুবিন্দ (p. 197) [kubinda] বি. তন্তুবায়, তাঁতি। [সং. কু + √ বিদ্ + অ]।

কুবিন্দু (p. 197) [kubindu] বি. দর্শকের নিম্নস্থ নভোমণ্ডলের কাল্পনিক সর্বনিম্ন বিন্দু, সর্বোচ্চ বিন্দুর সম্পূর্ণ বিপরীত বিন্দু, nadir (বি. প.)। [সং. কু (পৃথিবী) + বিন্দু]।

কুবুদ্ধি (p. 197) [kubuddhi] বি. কুমতলব; দুর্বুদ্ধি, মন্দ বা অসত্ বুদ্ধি। □ বিণ. দুর্বুদ্ধিযুক্ত। [সং কু + বুদ্ধি]।

কুবৃত্তি (p. 197) [kubṛtti] বি. অসত্ আচরণ, মন্দ বা নিন্দাযোগ্য আচরণ। □ বিণ. অসত্ আচরণকারী; দুর্বৃত্ত। [সং. কু + বৃত্তি]।

কুবের (p. 197) [kubēra] বি. 1 ধনের দেবতা, যক্ষরাজ; 2 ধনীশ্রেষ্ঠ (ধনকুবের)। [সং. কু + বের (দেহ)]। কুবেরের ধন (আল.) যে-ঐশ্বর্য ফুরায় না; সুবিপুল ঐশ্বর্য।

কুবৈদ্য (p. 197) [kubaidya] বি. অযোগ্য বা অপটু বৈদ্য বা চিকিৎসক। [সং. কু + বৈদ্য]।

কুবোধ (p. 197) [kubōdha] বি. কুবুদ্ধি, দুর্মতি। [সং. কু + বোধ -তু. সুবোধ]।

কুব্জ (p. 197) [kubja] বিণ. কুঁজো, বক্রপৃষ্ঠ (কুব্জদেহ)। [সং. কু + √ উব্জ্ + অ]। কুব্জা বিণ. (স্ত্রী.) কুঁজবিশিষ্টা, কুঁজি। □ বি. (রামায়ণে) মন্থরা দাসী।

কুভোজন (p. 197) [kubhōjana] বি. অখাদ্য খাওয়া; মন্দ আহার; অপরিমিত ও অখাদ্য আহার। [সং কু + ভোজন]।

কুম-কুম1 (p. 197) [kuma-kuma1] বি. আবির ও সুবাসিত জলে পূর্ণ গোলকবিশেষ। [আ. কুম্কুম্]।

কুম-কুম2 (p. 197) [kuma-kuma2] বি, কুঙ্কুম, প্রসাধনীবিশেষ। [সং, কুঙ্কুম]।

কুমড়া, কুমড়ো (p. 197) [kumaḍ়ā, kumaḍ়ō] বি. তরকারি হিসাবে রেঁধে খাওয়ার সবজি ফলবিশেষ, কুষ্মাণ্ড। [সং. কুষ্মাণ্ড]। কুমড়ো-গড়াগড়ি বি. কুমড়োর মতো মাটিতে পড়ে গড়াগড়ি; ভূলুণ্ঠন। গুড়-কুমড়ো, মিঠে কুমড়ো, বিলাতি কুমড়ো বি. মিষ্টি স্বাদের কুমড়োবিশেষ। চাল-কুমড়ো, ছাঁচি-কুমড়ো, দেশি-কুমড়ো বি. ঘরের চালে বা মাচায় যে কুমড়ো গাছকে লতিয়ে দেওয়া হয়।

কুমড়ো-পটাশ (p. 197) [kumaḍ়ō-paṭāśa] বি. কুমড়োর মতো গোলগাল কিন্তু নিরীহ কাল্পনিক প্রাণীবিশেষ ('যদি কুমড়োপটাশ নাচে, খবরদার যেয়ো না কেউ রান্নাঘরের কাছে': সু.রা.); (আল.) মোটাসোটা ও অকর্মণ্য লোক। [বাং. কুমড়ো + (ধ্বন্যা.) পটাশ]।

কুমতলব (p. 197) [kumatalaba] বি. দুরভিসন্ধি, অসত্ উদ্দেশ্য। [সং. কু + আ. মত্লব]।

কুমতি (p. 197) [kumati] বি. মন্দ বুদ্ধি, অসত্ বুদ্ধি। □ বিণ. মন্দবুদ্ধিবিশিষ্ট। [সং. কু + মতি]।

কুমন্ত্রণা (p. 197) [kumantraṇā] বি. মন্দ বা অসত্ পরামর্শ। [সং. কু + মন্ত্রণা]।

কুমন্ত্রী (p. 198) [kumantrī] (ন্ত্রিন্) বি. 1 কুপরামর্শদাতা; 2 দুষ্টবুদ্ধি মন্ত্রী। [সং. কু + মন্ত্রিন্]।

কুমরে পোকা (p. 198) [kumarē pōkā] বি. ঘরের দেওয়ালে, দরজায় বা জানালায় মাটির বাসা নির্মাণকারী পোকাবিশেষ। [বাং. কুমার (কুমোর) পোকা]।

কুমাতা (p. 198) [kumātā] (-তৃ) বি. 1 যে মাতা প্রকৃষ্টরূপে সন্তানপালনে অক্ষম; 2 সন্তানবাৎসল্যহীনা মাতা। [সং. কু + মাতৃ]।

কুমার1, কুমোর (p. 198) [kumāra1, kumōra] বি. কুম্ভকার; মৃণ্ময় পাত্র পুতুল প্রতিমা প্রভৃতির নির্মাতা। [সং. কুম্ভকার]। কুমোরের চাক বি. কুমোরের ব্যবহৃত গোলাকার চাকবিশেষ।

কুমার2 (p. 198) [kumāra2] বি. 1 পাঁচ থেকে দশ বৎসর বয়স্ক বালক; 2 পুত্র ('কৃষকের ছেলে কিংবা রাজার কুমার'); 3 রাজপুত্র; 4 যুবরাজ; 5 দেবসেনাপতি কার্তিকেয়; 6 (বৈদ্য.) সতেরো থেকে ত্রিশ বৎসর বয়স্ক পুরুষ; 7 অবিবাহিত পুরুষ (আজীবন কুমার থেকে গেছেন, চিরকুমার)। [সং. √ কুমারি (ক্রীড়া অর্থে) + অ]। ̃ চার বি. ব্রতী বালক, বয়-স্কাউট। ̃ ব্রত আমরণ অবিবাহিত থেকে ব্রহ্মচর্য পালনের ব্রত।

কুমারিকা (p. 198) [kumārikā] বি. 1 ভারতের দক্ষিণেস্থ অন্তরীপবিশেষ, Cape Comorin; 2 দ্বাদশবর্ষীয়া কন্যা; 3 অনূঢ়া কন্যা, কুমারী। [সং. কুমারী + ক + আ]।

কুমারী (p. 198) [kumārī] বি. 1 অনূঢ়া অর্থাত্ অবিবাহিতা কন্যা; 2 দশ থেকে বারো বৎসর বয়স্কা কন্যা; 3 ষোড়শবর্ষীয়া অনূঢ়া কন্যা; 4 কন্যা (রাজকুমারী); 5 রাজকন্যা। [সং. কুমার2 + ঈ]।

কুমির (p. 198) [kumira] বি. গিরগিটির আকৃতিসদৃশ বৃহদাকার হিংস্র প্রধানত জলচর সরীসৃপবিশেষ, নক্র, কুম্ভীর। [সং. কুম্ভীর]। কুমির কুমির খেলা বি. বালক-বালিকাদের খেলাবিশেষ। জলে কুমির ডাঙায় বাধ (প্রাণঘাতী) উভয়সংকট। জলে বাস করে কুমিরের সঙ্গে বিবাদ প্রবল প্রতিপত্তিশালী ব্যক্তির অধীনে থেকে তারই সঙ্গে বিবাদ।

কুমুদ, (কাব্যে) কুমুদী (p. 198) [kumuda, (kābyē) kumudī] বি. 1 লালপদ্ম; 2 শ্বেতপদ্ম; 3 শালুক, সুঁদি; 4 দক্ষিণ দিকের রক্ষাকর্তা দিঙ্নাগ। [সং. কু (পৃথিবী) + √ মুদ্ (হর্ষে) + অ]। কুমুদ-নাথ, কুমুদ-বান্ধব বি. চাঁদ। কুমুদ-

বতী, কুমুদ্বতী বি. (স্ত্রী.) কুমুদের ঝাড়, কুমুদসমূহ। □ বিণ. (স্ত্রী.) কুমুদবহুলা, যেখানে কুমুদ ফুটে আছে (কুমুদবতী সরোবর)। কুমুদিনী বি. 1 কুমুদের ঝাড়; 2 কুমুদশোভিত সরসী বা পুষ্করিণী। কুমুদ্বান (দ্বত্) বিণ. কুমুদশোভিত (স্থান)।

কুমেরু (p. 198) [kumēru] বি. দক্ষিণ মেরু; পৃথিবীর দক্ষিণ প্রান্ত। [সং. কু + মেরু; তু. সুমেরু]।˜ বৃত্ত বি. দক্ষিণমেরুর 23½° অক্ষাংশ উত্তরের কল্পিত অক্ষরেখা, antarctic circle.

কুমোর (p. 198) [kumōra] দ্র কুমার1।

কুম্ভ (p. 198) [kumbha] বি. 1 কলস, কলসি; ঘট; 2 হাতির মাথার পাশের মাংসপিণ্ড; 3 (জ্যোতিষ.) মেষাদি দ্বাদশ রাশির মধ্যে একাদশ রাশি। [সং. ক (জল) + √ উন্‌ভ্ + অ]।˜ কার বি. কুমোর, মৃণ্ময় পাত্রাদি নির্মাতা।˜ মেলা বি. বারো বৎসর অন্তর হরিদ্বার প্রয়াগ প্রভৃতি তীর্থস্থানে কুম্ভ রাশিতে সূর্যের সংক্রমণ বা প্রবেশ উপলক্ষ্যে অনুষ্ঠিত বিখ্যাত মেলাবিশেষ।˜ যোনি বি. অগস্ত্যমুনি।˜ শাল,˜ শালা বি. কুমোরের কর্মশালা বা কারখানা।

কুম্ভক (p. 198) [kumbhaka] বি. দেহাভ্যন্তরে শ্বাসরোধরূপ যৌগিক প্রক্রিয়াবিশেষ। [সং. কুম্ভ + ক]।

কুম্ভ-কর্ণ (p. 198) [kumbha-karṇa] বি. 1 রাক্ষসরাজ রাবণের মধ্যম ভ্রাতা যিনি প্রায় ছয় মাস একটানা ঘুমের পর মাত্র একদিনের জন্য জাগতেন; 2 (আল.) অত্যন্ত নিদ্রাপরায়ণ ব্যক্তি। [সং. কুম্ভ + কর্ণ]।

কুম্ভকার, কুম্ভমেলা, কুম্ভশাল, কুম্ভশালা (p. 198) [kumbhakāra, kumbhamēlā, kumbhaśāla, kumbhaśālā] দ্র কুম্ভ।

>কুম্ভিল, কুম্ভিলক, কুম্ভীলক (p. 198) [>kumbhila, kumbhilaka, kumbhīlaka] বি. 1 চোর; 2 যে অপরের রচিত সাহিত্য থেকে ভাব ভাষা প্রভৃতি চুরি করে নিজের বলে চালায়, plagiarist; 3 শ্যালক; 4 শালমাছ। [সং. কুম্ভীরক > প্রাকৃ. কুম্ভিলক; তু. সং. কুম্ভিল]।

কুম্ভী-পাক (p. 198) [kumbhī-pāka] বি. হিন্দু শাস্ত্রাদিতে উল্লিখিত নরকবিশেষ। [সং. কুম্ভী + √ পচ্ + অ]।

কুম্ভীর (p. 198) [kumbhīra] বি. কুমির, নক্র। [সং. কুম্ভী + √ রা + অ]। কুম্ভীরাশ্রু বি. মায়াকান্না; কপট সমবেদনা। (তু. ইং. crocodile tears)।

কুযাত্রা (p. 198) [kuyātrā] বি. অসময়ের বা অশুভ সময়ে যাত্রা; যে যাত্রায় ভালো ফল হয় না। [সং. কু + যাত্রা]।

কুযুক্তি (p. 198) [kuyukti] বি. 1 অসার অদ্ভুত বা অন্যায় যুক্তি; 2 কুমন্ত্রণা, মন্দ পরামর্শ। [সং. কু + যুক্তি]।

কুযোগ (p. 198) [kuyōga] বি. অশুভ বা অমঙ্গলজনক যোগ বা কাল। [সং. কু + যোগ]।

কুয়া, কুয়ো (p. 198) [kuẏā, kuẏō] বি. মাটির তলা থেকে জল তেল প্রভৃতি তোলবার জন্য যে গর্ত খোঁড়া হয়, কূপ; পাতকুয়ো। [সং. কূপ]। কুয়োর ব্যাং বি. কূপমণ্ডূক; যে ব্যক্তির অভিজ্ঞতা সংকীর্ণ; যে জ্ঞানলাভে অনিচ্ছুক, কুনো লোক।

কুয়াশা, কুয়াসা (p. 198) [kuẏāśā, kuẏāsā] বি. কুজ্ঝটিকা, কুহেলিকা, ভূপৃষ্ঠের কাছাকাছি যে সূক্ষ্ম জলবিন্দুর পুঞ্জ ধোঁয়ার মতো দেখা যায়, fog. [তু. হি. কুহাসা]।

কুয়ো (p. 198) [kuẏō] দ্র কুয়া।

কুর-কুটে, ঝির-কুটে (p. 198) [kura-kuṭē, jhira-kuṭē] বিণ. খর্বাকৃতি, বেঁটে; বাড় নেই এমন। [দেশি]।

কুর-কুরে (p. 198) [kura-kurē] বিণ. কুরকুর শব্দপূর্ণ। [< সং. √ কুর]।

কুরঙ্গ, কুরঙ্গম (p. 198) [kuraṅga, kuraṅgama] বি. মৃগ, হরিণ। [সং. কু (পৃথিবী) + √ রন্গ্ + অ]। কুরঙ্গী, (অশু.) কুরঙ্গিণী বি. (স্ত্রী.) হরিণী।˜ নয়না বিণ. (স্ত্রী.) মৃগনয়না, হরিণের মতো চোখবিশিষ্টা; সুন্দর নয়নবিশিষ্ট।

কুরচি, কুড়চি (p. 198) [kuraci, kuḍ়ci] বি. উপক্ষারধারী বনৌষধিবিশেষ, কুটজ গাছ। [সং. কুটজ]।

কুরচি-নামা, কুরছি-নামা (p. 198) [kuraci-nāmā, kurachi-nāmā] বি. বংশতালিকা, কুলপঞ্জি। [আ. কুরসি + ফা. নামহ্]।

কুরণ্ড, (কথ্য) কোরণ্ড (p. 198) [kuraṇḍa, (kathya) kōraṇḍa] বি. অণ্ডকোষে জল-জমা রোগ, মুষ্কবৃদ্ধি রোগ বা ওই রোগে বৃদ্ধিপ্রাপ্ত অণ্ডকোষ, hydrocele. [সং. কু + √ রম্ + ড]।

কুরনি, কুরুনি (p. 198) [kurani, kuruni] দ্র কুরা।

কুর-নিশ, কুর্নিশ (p. 199) [kura-niśa, kurniśa] বি. সেলাম; মুসলমানি কায়দায় পিছনে হঠে সসম্ভ্রম অভিবাদন। [ফা. কোর্নিশ্]।

কুরব (p. 199) [kuraba] বি. 1 কুৎসিত বা কর্কশ স্বর; 2 বদনাম; 3 অশ্লীল বাক্য, অশ্লীল কথা। ☐ বিণ. কুৎসিত বা কর্কশ স্বরবিশিষ্ট। [সং. কু + রব]।

কুরবক, কুরবানি (p. 199) [kurabaka, kurabāni] যথাক্রমে কুরুবক ও কোরবানি -র রূপভেদ।

কুরর (p. 199) [kurara] বি. উৎক্রোশ বা ইগলজাতীয় কুরল পাখি, osprey. [সং. √ কুর্ + অর]। বি. (স্ত্রী.) কুররী।

কুরল (p. 199) [kurala] বি. 1 উৎক্রোশ, কুরর; 2 অলক, চূর্ণকুন্তল। [সং. কুরর > কুরল]।

কুরসি, কুর্শি, কুর্সি (p. 199) [kurasi, kurśi, kursi] বি. চেয়ার, কেদারা। [আ. কুর্সী]।

কুরসি-নামা (p. 199) [kurasi-nāmā] বি. বংশতালিকা। [আ. কুরসি + ফা. নামহ্ (নামা)]। তু. কুরচিনামা।

কুরা, কোরা (p. 199) [kurā, kōrā] ক্রি. 1 (নারকেল ইত্যাদি) কুরুনি দিয়ে চাঁচা বা আঁচড়ানো (নারকেল কোরাচ্ছে); 2 নখ, দাঁত প্রভৃতি দিয়ে একটু একটু করে খোঁড়া। [দেশি]।˜ নো ক্রি. বি. বিণ. উক্ত সব অর্থে।˜ নি, কুরনি, কুরুনি কোরানি বি. নারকেলজাতীয় জিনিস কোরাবার জন্য দাঁতাল যন্ত্রবিশেষ।

কুরানো, কোরানো (p. 199) [kurānō, kōrānō] দ্র কুরা।

কুরিয়ার (p. 199) [kuriẏāra] বি. বিশেষ উদ্দেশ্যে নিযুক্ত দূত বা উক্ত দূতের মাধ্যমে সংবাদ চিঠি ইত্যাদি প্রেরণ। [ইং. courier]।

কুরীতি (p. 199) [kurīti] বি. মন্দ ব্যবহার বা ধারা। [সং. কু + রীতি]।

কুরু (p. 199) [kuru] বি. 1 চন্দ্রবংশীয় প্রসিদ্ধ প্রাচীন রাজাবিশেষ; 2 প্রাচীন ভারতের দেশবিশেষ। [সং. √ কৃ + উ]।˜ ক্ষেত্র বি. মহাভারতে বর্ণিত কুরুপাণ্ডবের যুদ্ধক্ষেত্র; (আল.) তুমুল যুদ্ধ বা কলহ (কুরুক্ষেত্র কাণ্ড বেধে গেছে)।˜ কুল বি. কুরুরাজার বংশ।˜ বৃদ্ধ বি. কুরুবংশে প্রবীণ ব্যক্তি, ভীষ্ম।

কুরুচি (p. 199) [kuruci] বি. অভদ্র, কুৎসিত বা অশ্লীল কথায় বা বিষয়ে প্রবৃত্তি বা অনুরাগ। [সং. কু + রুচি]।

কুরুনি (p. 199) [kuruni] দ্র কুরা।

কুরুবক, কুরবক (p. 199) [kurubaka, kurabaka] বি. ঝিণ্টি বা ঝাঁটি ফুল: ঝাঁটি ফুলের গাছ। [সং. কুরব (কুরুব) + ক স্বার্থে]।

কুরু-বিন্দ (p. 199) [kuru-binda] বি. পদ্মরাগ মণি (তু. 'কুরুবিন্দং রত্নভেদে'-মেদিনীকোষ)। [সং. কুরু + √ বিন্দ্ + অ]।

কুরুশকাঠি (p. 199) [kuruśakāṭhi] দ্র ক্রুশকাঠি।

কুরূপ (p. 199) [kurūpa] বিণ. কুৎসিত, দেখতে মন্দ এমন। [সং. কু + রূপ]।

কুর্তা, কোর্তা (p. 199) [kurtā, kōrtā] বি. পুরুষের ছোট জামা বা কোট। [তুর. > হি. কুর্তা]। লাল কুর্তা বি. ভারতের উত্তর-পশ্চিম সীমান্তে খান আবদুল গফ্ফর খান কর্তৃক গঠিত লাল কুর্তাপরিহিত স্বাধীনতাসংগ্রামী দল। কুর্তি বি. ছোট কুর্তা।

কুর্দন (p. 199) [kurdana] বি. 1 লম্ফ, লাফ; 2 আস্ফালন। [সং. √ কুর্দ্ + অন]।

কুর্পর (p. 199) [kurpara] বি. 1 জানু, হাঁটু; 2 কনুই। □ বিণ. অধীন ('নহে নীচের কুর্পর': চৈ. চ)। [সং. √ কুর্ + অর্, প্ আগম]।

কুর্মি (p. 199) [kurmi] বি. হিন্দু জাতিবিশেষ। [দেশি]।

কুল1 (p. 199) [kula1] বি. মূলত মাঘ-ফাল্গুন মাসের অম্ল স্বাদের গোলাকার ফলবিশেষ, বদবী। [< সং. কুরল]।

কুল2 (p. 199) [kula2] বি. তান্ত্রিক ধর্মসম্প্রদায়বিশেষ। [সং. √কুল্ + অ]।~ মার্গ বি. 1 উক্ত তান্ত্রিকদের অবলম্বিত সাধনপ্রণালী ও জীবনযাত্রা; 2 সাধক তাঁর গুরুর নির্দিষ্ট যে আচারকে অবলম্বন করে মুক্তিকামী হন (তু. 'আচারঃ কুলমুচ্যতে')। কুলাচার বি. উক্ত সম্প্রদায়ের আচার। কুলাচার্য বি. উক্ত সম্প্রদায়ের গুরু।

কুল3 (p. 199) [kula3] বি. 1 বংশ, গোত্র, গোষ্ঠী (কুলের গৌরব, কুলের কলঙ্ক); 2 সদ্বংশ (তাঁর কুলের উপযুক্ত অনুষ্ঠান); 3 সন্তানসন্ততি (তার কুল আজও আছে); 4 কৌলীন্য, বংশমর্যাদা, আভিজাত্য (কুলশীল); 5 গৃহ; সমাজ; কুলধর্ম (কুলত্যাগ); 6 আবাস, ভবন (গুরুকুল); 7 জাতি, বর্ণ (রক্ষঃকুল); 8 গণ; সমুহ (বানরকুল, জীবকুল)। [সং. কু + √ লা + অ]। কুল করা ক্রি. বি. কুলীন বংশের সঙ্গে বৈবাহিক সম্বন্ধ স্থাপন করা; নিজ কুলের উপযুক্ত বা নিজ কুলের সঙ্গে তুলনীয় অন্য কুলে পুত্রকন্যার বিবাহ দেওয়া। কুল মজানো ক্রি. বি. বংশের সুনাম নষ্ট করা। কুলে কালি দেওয়া ক্রি. বি. কুকার্য করে নিজের বংশকে কলঙ্কিত করা। কুলে বাতি দেওয়া ক্রি. বি. বংশের অস্তিত্ব টিকিয়ে রাখা (তার মৃত্যুতে তার কুলে বাতি দেওয়ার কেউ রইল না)। কুলের বাহির (বার) হওয়া ক্রি. বি. (স্ত্রীলোক সম্বন্ধে) স্বামীর গৃহ বা পিতৃগৃহ ত্যাগ করে কুলটা হওয়া। কুল-রাখি কি শ্যাম রাখি (প্র.) একদিকে (শ্যামের সঙ্গে) প্রণয় এবং অন্যদিকে সতীত্বধর্ম ও বংশের সম্মান -এই দুই বিপরীত আকর্ষণের মধ্যে পড়ে (রাধিকার) মানসিক

দ্বন্দ্ব; (আল.) উভয়সংকট। ~ কণ্টক বি. বংশের কাঁটা বা কলঙ্কস্বরূপ ব্যক্তি। ~<কন্যা, ~ নারী বি. সৎকুলজাত কন্যা বা নারী; সতী নারী। ~ কর্ম, ~ ক্রিয়া বি. কুলোচিত কাজকর্ম; কুলের প্রথানুযায়ী বা কুলীন বংশে পুত্রকন্যার বিবাহদান। ~ কলঙ্ক বি. বংশের লজ্জাস্বরূপ ব্যক্তি। ~ কলঙ্কিনী বি. (স্ত্রী.) যে রমণীর চরিত্রদোষে বংশের সুনাম ও গৌরব নষ্ট হয়। ~ কামিনী বি. (স্ত্রী.) সৎকুলের বধূ। ~ ক্রিয়া, কুলকর্ম -র অনুরূপ। ~ ক্ষয় বি. বংশনাশ। ~ গর্ব বি. বংশের মর্যাদার গর্ব, আভিজাত্য গর্ব। ~ গুরু বি. বংশপরম্পরায় সকলেই যে-গুরুর শিষ্য। ~ গৌরব বি. বংশের মর্যাদা; বংশের গৌরবস্বরূপ ব্যক্তি। ~ ঘ্ন বিণ. বংশনাশক। ~ জ বিণ. সৎকুলজাত, কুলীন। ~ জি, (বর্জি.) ~ জী বি. বংশতালিকা; বংশপরিচয়। [সং. কুলপঞ্জি, কুলপঞ্জী]। ~ টা বিণ. বি. (স্ত্রী.) কুলত্যাগিনী, ভ্রষ্টা; স্বামীর গৃহ বা পিতার গৃহ ত্যাগ করে যে (নারী)। ~ তিলক বিণ. বি. বংশের তিলক বা অলংকারস্বরূপ (ব্যক্তি); কুলচূড়ামণি। ~ ত্যাগ বি. কুলটা হওয়া; সমাজ কুলধর্ম বা স্বামীর গৃহ ত্যাগ। ~ ত্যাগিনী বিণ. (স্ত্রী.) কুলটা। ~ দূষক, ~ দূষণ বিণ. বি. কুলাঙ্গার; কুলের সুনাম নষ্ট করে এমন (ব্যক্তি)। ~ ; দেবতা বি. বংশপরম্পরায় পূজিত দেবতা। ~ ধর্ম বি. বংশগত আচার-আচরণ; কুলাচার। ~ নারী বি. সত্ কুলের বধূ, কুলকামিনী। ~ নাশন বিণ. কুলক্ষয়কারী। ~ পঞ্জি, ~ পঞ্জী বি. কুলজি। ~ পতি বি. গোষ্ঠীপতি; দশ সহস্র মুনির প্রতিপালক ও শিক্ষাদাতা বিপ্রর্ষি। ~ পুত্র বি. সৎকুলজাত পুরুষ। ~ পুরোহিত বি. বংশপরম্পরাগত যাজক ব্রাহ্মণ। ~ প্রদীপ বিণ. বি. নিজ বংশের গৌরববৃদ্ধিকারী (ব্যক্তি)। ~ বতী, ~ বধূ বি. সচ্চরিত্রা স্ত্রী। ~ বালা বি. কুলকন্যা, কুলবধূ। ~ ভঙ্গ বি. (সাধারণত হীনতর বংশের সঙ্গে বৈবাহিক সম্পর্ক স্থাপনের ফলে) কৌলীন্যনাশ বা বংশমর্যাদাহানি। ~ ভূষণ বিণ. বি. বংশের গৌরব। ~ ভ্রষ্ট বিণ. নিজ বংশ থেকে চ্যুত। ~ মর্যাদা বি. বংশের মানসম্মান; আভিজাত্য; কুলীনের প্রাপ্য দক্ষিণা; পারিবারিক গৌরব চিহ্ন। ~ মান বি. বংশের সম্মান। ~ লক্ষণ বি. সত্ কুলের গুণাবলি-যথা আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা,

তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপঃ ও দান; কৌলীন্যের পরিচায়ক গুণ।˜ লক্ষ্মী বি. সাধ্বী গৃহস্থ নারী; বংশের কল্যাণস্বরূপা গৃহিণী; বংশের অধিষ্ঠাত্রী ও হিতকারিণী দেবী।˜ শীল বি. বংশ ও চরিত্র।

কুলক (p. 199) [kulaka] বি. একটিমাত্র ক্রিয়াপদের সাহায্যে রচিত কমপক্ষে পাঁচটি শ্লোকের সমষ্টি। [সং. কুল + ক]।

কুল-কুচা (কথ্য) কুল-কুচো (p. 199) [kula-kucā (kathya) kula-kucō] বি. মুখের মধ্যে জল বা অন্য তরল পুরে কুলকুল শব্দে আলোড়িত করা, কুল্লি বা কিল। [দেশি-তু. হি. কুলকুলানা]।

কুল-কুণ্ডলিনী (p. 199) [kula-kuṇḍalinī] বি. (তন্ত্রশাস্ত্র ও যোগশাস্ত্রমতে) দেহমধ্যে মূলাধার পদ্মে অর্থাত্ অধোমুখে, তিনটি বেষ্টনে কুণ্ডলীভাবে বিরাজিত জীবগণের পরমাশক্তি বা শিবশক্তি; এই শক্তি জীবগণের নিশ্বাস-প্রশ্বাসের মধ্যে জীবনদায়ী শক্তিরূপে বিরাজ করে। [সং. কুল2 কুণ্ডলিনী]।

কুল-কুল (p. 199) [kula-kula] অব্য. জলস্রোতের মৃদু কলকলধ্বনি (কুলকুল করে নদী বয়ে যাচ্ছে)। [ধ্বন্যা.]।

কুলক্ষণ (p. 199) [kulakṣaṇa] বি. অশুভ চি.। □ বিণ. অশুভচিহ্ন যুক্ত। [সং. কু + লক্ষণ]। কুলক্ষণা বিণ. (স্ত্রী.) অশুভলক্ষণযুক্তা, অলক্ষণা; দুর্ভাগিনী। কুলক্ষুনে বিণ. অশুভলক্ষণযুক্ত, অলক্ষুনে।

কুলগ্ন (p. 199) [kulagna] বি. কুক্ষণ, অশুভ সময়। [সং. কু + লগ্ন]।

কুলঙ্গি, কুলুঙ্গি (p. 199) [kulaṅgi, kuluṅgi] বি. ঘরের দেওয়ালে তাক হিসাবে ব্যবহৃত ছোট খুপরি বা খোপ। [দেশি]।

কুল-চুর (p. 199) [kula-cura] বি. কুলের কুচি ও গুড় দিয়ে তৈরি আচারবিশেষ। [বাং. কুল1 + চুর (< সং. চূর্ণ)।

কুলটা (p. 199) [kulaṭā] দ্র কুল3।

কুলত্থ (p. 199) [kulattha] বি. কলাইবিশেষ। [প্রাকৃ. কুলত্থ < সং. কুলস্থ (কুল + √ স্থা + অ)]।

কুলনো> (p. 199) [kulanō>] দ্র কুলা2।

কুলপি, কুলফি (p. 199) [kulapi, kulaphi] বি. 1 বরফ জমাট করার জন্য ব্যবহৃত টিনের চোঙাকৃতি ছাঁচ; 2 কুলপিতে জমানো বরফের খাবার। [হি. কুলফী < আ. কুফ্লতালা]। ̃ বরফ বি. কুলপিতে জমানো বরফ; চেটে বা চুষে খাবার মতো বরফের মিঠাইবিশেষ। ̃ মালাই বি. চিনি ও দুধের সঙ্গে কুলপিতে জমানো বরফের মিঠাইবিশেষ।

কুলা1, কুলো (p. 199) [kulā1, kulō] বি. শস্যাদি ঝাড়বার চ্যাটালো ডালবিশেষ; শূর্প। [সং. কুল্য]।

কুলা2 (p. 199) [kulā2] ক্রি. 1 প্রয়োজন মেটা (এ টাকায় কুলাবে না); 2 কার্যনির্বাহের পক্ষে যথেষ্ট হওয়া (আমার শক্তিতে কুলাবে না); 3 স্থান সংকুলান হওয়া (এখানে এত লোক কুলাবে না)। [বাং. √ কুল্ + আ]। ̃ নো, কুলনো ক্রি. কুলা অর্থে। □ বি. বিণ. কুলা অর্থে।

কুলাঙ্গার (p. 199) [kulāṅgāra] বি. যে ব্যক্তির কুকর্মের জন্য তার নিজ বংশ কলঙ্কিত হয়। [সং. কুল3 + অঙ্গার]।

কুলাচল, কুলাদ্রি (p. 199) [kulācala, kulādri] বি. পুরাণে বর্ণিত সাতটি পর্বত-যথা, মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য, পারিপাত্র বা পারিযাত্র। [সং. কুল3 + অচল, অদ্রি]।

কুলাচার1 (p. 199) [kulācāra1] দ্র কুল2।

কুলাচার2 (p. 199) [kulācāra2] বি. কুলধর্ম, বংশগত আচার-আচরণ। [সং. কুল3 + আচার]।

কুলাচার্য (p. 199) [kulācārya] বি. 1 কুলগুরু; কুলপুরোহিত; বংশপরম্পরাগত পারিবারিক ধর্ম-উপদেষ্টা; 2 ঘটক। [সং. কুল3 + আচার্য]।

কুলানো (p. 199) [kulānō] দ্র কুলা2।

কুলাভি-মান (p. 199) [kulābhi-māna] বি. আভিজাত্যের গর্ব (তার অবস্থা এখন পড়তি, কিন্তু তবু কুলাভিমান ছাড়ে না)। [সং. কুল3 + অভিমান]। কুলাভি-মানী (-নিন্) বিণ. আভিজাত্যগর্বী।

কুলায় (p. 199) [kulāẏa] বি. পাখির বাসা, নীড় (সন্ধ্যায় পাখিরা কুলায়ে ফিরছে)। [সং. কুল3 (পক্ষিকুল) + √ অয়্ + অ]। কুলায়িকা বি. 1 পক্ষিনিবাস; 2 চিড়িয়াখানা।

কুলাল (p. 199) [kulāla] বি. কুম্ভকার, কুমোর। [সং. কু + √ লাল্ + অ]।˜ চক্র বি. কুমোরের চাক বা চাকা।

কুলি1 (p. 199) [kuli1] বি. কুল্লি, কুলকুচো। [দেশি]।

কুলি2 (p. 199) [kuli2] বি. 1 মুটে, বোঝাবাহক; 2 মজুর। [তুর. কুলী]।˜ কামিন বি. কুলি ও কুলি রমণী।˜ ধাওড়া বি. কুলি বা মজুরদের বাসস্থান।

কুলির, কুলীর, কুলীরক (p. 199) [kulira, kulīra, kulīraka] বি. 1 কাঁকড়া; 2 কর্কট রাশি। [সং. কুল + ইর, ঈর, + ক]।

কুলিশ (p. 199) [kuliśa] বি. বজ্র, অশনি (কুলিশপাত)। [সং. কুল + √ শো +অ]।˜ ধারী (-রিন্) বি. ইন্দ্র।˜ পাত বি. বজ্রপাত।

কুলীন (p. 199) [kulīna] বিণ. বি. উচ্চবংশজাত, সৎকুলজাত, (সম্ভবত) বল্লালসেন প্রদত্ত কুলমর্যাদাবিশিষ্ট ব্যক্তিগণের বংশধর। [সং. কুল + ঈন]। বি. কুলীনত্ব।

কুলীর (p. 199) [kulīra] দ্র কুলির।

কুলীশ, কুলুঙ্গি, কুলুজি (p. 199) [kulīśa, kuluṅgi, kuluji] যথাক্রমে কুলিশ, কুলঙ্গি ও কুলজি -র রূপভেদ।

কুলুপ (p. 199) [kulupa] বি. তালা, lock. [আ. কুফ্ল্ থেকে, ধ্বনি বিপর্যয়ের ফলে]।

কুলে-খাড়া, কুলিয়া-খাড়া (p. 201) [kulē-khāḍ়ā, kuliẏā-khāḍ়ā] বি. কাঁটা ও পাতাওয়ালা গাছবিশেষ, সাধারণত যা শাক হিসাবে ব্যবহৃত। [সং. কোকিলাক্ষ]।

কুলোদ্ভব (p. 201) [kulōdbhaba] বিণ. কুলে বা বংশে জাত (কুলীন কুলোদ্ভব)। [সং. কুল 3 + উদ্ভব]। কুলোদ্ভূত বিণ. কুলে বা বংশে জাত।

কুল্লে, কুল্যে (p. 201) [kullē, kulyē] ক্রি-বিণ. সব মিলিয়ে, সমুদয়ে; মাত্র। [আ. কুল]।

কুশ (p. 201) [kuśa] বি. 1 তীক্ষ্ণাগ্র তৃণবিশেষ (কুশাসন, কুশপুত্তলিকা); 2 পৌরাণিক সপ্তদ্বীপের অন্যতম; 3 রামচন্দ্রের পুত্রবিশেষ। [সং. কু + √ শী + অ]।

কুশণ্ডিকা (p. 201) [kuśaṇḍikā] বি. বিবাহের পর অনুষ্ঠেয় মাঙ্গলিক যজ্ঞবিশেষ। [সং. কুশ্ + অণ্ড + ক + আ]।

কুশন (p. 201) [kuśana] বি. পেতে বসার বা পিঠে দিয়ে বসার গদিযুক্ত আসনবিশেষ। [ইং. cushion]।

কুশপা (p. 201) [kuśapā] বিণ. যার পা কুশের মতো সরু ও দুর্বল; যার পা বিকৃত। [সং. কুশ + বাং. পা]।

কুশ.পুত্তলি, কুশ.পুত্তলী, কুশ.পুত্তলিকা (p. 201) [kuśa.puttali, kuśa.puttalī, kuśa.puttalikā] বি. 1 কোনো (প্রধানত মৃত) ব্যক্তির প্রতীকস্বরূপ কুশ দ্বারা গঠিত মূর্তি; 2 কুশনির্মিত প্রতিমূর্তি। [সং. কুশ + পুত্তলি, পুত্তলিকা]।

কুশল1 (p. 201) [kuśala1] বি. মঙ্গল, কল্যাণ (তোমাদের কুশল কামনা করি)। □ বিণ. কল্যাণযুক্ত; নিরাপদ। [সং. √ কুশ্ (=সংযোগ) + অল]। কুশলী1 (-লিন্) বিণ. মঙ্গলযুক্ত।

কুশল2 (p. 201) [kuśala2] বিণ. অভিজ্ঞ; দক্ষ, নিপুণ (রণকুশল)। [সং. কুশ + √ লা (=গ্রহণ) + অ]।˜ তা বি. দক্ষতা। বিণ. (স্ত্রী.) কুশলা। কুশলী2 (বাং. প্রয়োগ) বিণ. দক্ষ, কৌশলী (ক্রীড়াকুশলী, কুশলী তিরন্দাজ)।

কুশলী1 (p. 201) [kuśalī1] দ্র কুশল1।

কুশলী2 (p. 201) [kuśalī2] দ্র কুশল2।

কুশাক্ষ (p. 201) [kuśākṣa] বি. বাঁদর। [সং. কুশ + অক্ষি সমাসান্ত]।

কুশাগ্র (p. 201) [kuśāgra] বি. কুশের অগ্রভাগ বা ডগা। □ বিণ. (কুশের ডগার মতো) তীক্ষ্ণ বা সূক্ষ্ম। [সং. কুশ + অগ্র]।˜ ধী,˜ বুদ্ধি বিণ. অতি তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন। কুশাগ্রীয় বিণ. কুশাগ্রের মতো তীক্ষ্ণ, অতি তীক্ষ্ণ।

কুশাঙ্কুর (p. 201) [kuśāṅkura] বি. কুশতৃণের নবজাত পাতা বা ফলা, নবজাত কুশ। [সং. কুশ + অঙ্কুর]।

কুশাঙ্গুরী, কুশাঙ্গুরীয় (p. 201) [kuśāṅgurī, kuśāṅgurīẏa] বি. পূজা, তর্পণ ইত্যাদির সময় ধারণীয় কুশনির্মিত আংটি। [সং. কুশ + অঙ্গুরী, অঙ্গুরীয়]।

কুশাসক (p. 201) [kuśāsaka] বি. অত্যাচারী শাসক; অযোগ্য শাসক। [সং. কু + শাসক]।

কুশাসন1 (p. 201) [kuśāsana1] বি. কুশের তৈরি আসন। [সং. কুশ + আসন]।

কুশাসন2 (p. 201) [kuśāsana2] বি. অন্যায় শাসন; অবিচার; প্রজাপীড়ন। [সং. কু + শাসন]। কুশাসিত বিণ. অন্যায় বা অযোগ্যভাবে শাসিত।

কুশি1, কুষি (p. 201) [kuśi1, kuṣi] বি. চামচের আকারের তাম্রপাত্র যা পূজার কাজে ব্যবহৃত হয়; কোষা থেকে জল তোলার জন্য ব্যবহৃত তামার চামচাকৃতি পাত্রবিশেষ। [সং. কোষা + বাং. ক্ষুদার্থে ই]। কোষাকৃতি দ্র।

কুশি2 (p. 201) [kuśi2] বি. আম, পেয়ারা ইত্যাদির একেবারে কচি ফল (আমের কুশি)। □ বিণ. অত্যন্ত কচি (কুশি আমের আচার)। [সং. কোশ (=কুঁড়ি) > কুশ + বাং. ই]।

কুশিক্ষা (p. 201) [kuśikṣā] বি. হীন শিক্ষা, অনুচিত বা অন্যায় শিক্ষা। [সং. কু + শিক্ষা]।

কুশীল (p. 201) [kuśīla] বিণ. দুষ্ট বা মন্দ স্বভাববিশিষ্ট; দুশ্চরিত্র। [সং. কু + শীল]।

কুশীলব1 (p. 201) [kuśīlaba1] বি. 1 নাচকের পাত্রপাত্রী; 2 অভিনেতা; 3 গায়ক; 4 নর্তক। [সং. কু + শীল + √ বা + অ]।

কুশী-লব2 (p. 201) [kuśī-laba2] বি. রামচন্দ্রের পুত্রদ্বয়; কুশ ও লব। [সং. কুশ + লব, ঈ আগম]।

কুশে-শয় (p. 201) [kuśē-śaẏa] বি. পদ্ম। [সং. কুশে (=জলে) + √ শী + অ]।

কুশ্রী (p. 201) [kuśrī] বিণ. কুরূপ, কুৎসিতদর্শন; বিশ্রী। [সং. কু + শ্রী]।˜ তা বি. শ্রীহীনতা; কদর্যতা (কুশ্রীতাকে কখনো প্রশ্রয় দিয়ো না)।

কুষ্ঠ (p. 201) [kuṣṭha] বি. দেহচর্মকে বিকৃত করে এমন রোগবিশেষ, কুঠ। [সং. ক + √ স্থা + অ]।˜ ঘ্ন বিণ. কুষ্ঠরোগ দূর করে এমন (কুষ্ঠঘ্ন ওষুধ)। কুষ্ঠাশ্রম বি. কুষ্ঠরোগীদের চিকিৎসার কেন্দ্র।

কুষ্ঠী (p. 201) [kuṣṭhī] (-ষ্ঠিন্) বিণ. বি. কুষ্ঠরোগী। [সং. কুষ্ঠ + ইন্]।

কুষ্মাণ্ড (p. 201) [kuṣmāṇḍa] বি. 1 ছাঁচি কুমড়ো; 2 কুমড়ো। [সং. কু + উষ্মা + অণ্ড]।

কুসংসর্গ (p. 201) [kusaṃsarga] বি. কুসঙ্গ, অসৎসঙ্গ (কুসংসর্গই তার পতনের কারণ)। [সং. কু + সংসর্গ]। কুসংসর্গী (-র্গিন্) বিণ. কুসঙ্গে বা অসৎসঙ্গে বাস করে এমন।

কুসংস্কার (p. 201) [kusaṃskāra] বি. যুক্তিহীন ভ্রান্ত ধারণা বা ধর্মবিশ্বাস, গোঁড়ামি, superstition. [সং. কু + সংস্কার]।˜ মূলক বিণ. কুসংস্কার থেকে উৎপন্ন। কুসংস্কারাচ্ছন্ন বিণ. কুসংস্কারে অন্ধ বা মোহগ্রস্ত।

কুসঙ্গ (p. 201) [kusaṅga] বি. অসৎসঙ্গ, মন্দ লোকের সঙ্গ (ছেলেটা কুসঙ্গে পড়েছে)। [সং. কু + সঙ্গ]। কুসঙ্গী (-ঙ্গিন্) বিণ. অসত্ বা মন্দ সঙ্গী, অসত্ বন্ধু।

কুসন্তান (p. 201) [kusantāna] বি. অযোগ্য এবং পিতামাতার প্রতি ভক্তি নেই এবং তাঁদের প্রতি দায়িত্ব পালন করে না এমন সন্তান। [সং. কু + সন্তান]।

কুসম-কুসম, কুসুম-কুসুম (p. 201) [kusama-kusama, kusuma-kusuma] বিণ. ঈষদুষ্ণ, সামান্য গরম, কবোষ্ণ (কুসুম-কুসুম জল)। [সং. কোষ্ণ]।

কুসিম্বী (p. 201) [kusimbī] বি. শিমগাছ। [< সং. কু + শিম্বী]।

কুসীদ (p. 202) [kusīda] বি. 1 সুদ; 2 ঋণদান-ব্যবসায়; 3 সুদের কারবার, তেজারাতি। [সং. √ কুস্ (সংযোগ) + ঈদ]।˜ জীবী (-বিন্) বিণ. বি. সুদে টাকা ধার দিয়ে অর্থাত্ তেজারতি করে জীবিকার্জনকারী, সুদখোর।˜ ব্যবহার বি. তেজরতি; সুদকষা।

কুসুম1 (p. 202) [kusuma1] বি. (বস্ত্রাদি রং করতে ব্যবহৃত) ফুলবিশেষ। [সং. কুসুম্ভ]।

কুসুম2 (p. 202) [kusuma2] বি. 1 ফুল, পুষ্প ('জড়াই কুসুম-দাম': স. দ.); 2 ডিমের হলদে অংশ; 3 চোখের ব্যাধিবিশেষ; 4 স্ত্রীরজঃ। [সং. √ কুস্ (উজ্জ্বল হওয়া) + উম]।˜ কলি বি. ফুলের কুঁড়ি।˜ কানন বি. ফুলের বন।˜ কার্মুক,˜ চাপ,˜ ধনু,˜ ধন্বা (ন্বন্) বি. মদনদেব।˜ কোরক বি. ফুলের কুঁড়ি।˜ দাম বি. ফুলের মালা; ফুলের গুচ্ছ।˜ পেলব বিণ. ফুলের মতো নরম।˜ মালিকা বি. 1 ছোট ফুলের মালা, ক্ষুদ্র ফুলমালা; 2 সংস্কৃত ছন্দোবিশেষ।˜ শয্যা বি. 1 ফুলশয্যা; 2 নরম বিছানা; 3 আরাম।˜ শর বি. অশোক, অরবিন্দ ইত্যাদি পাঁচটি ফুলকে যিনি বাণ হিসাবে ব্যবহার করেন অর্থাত্ কামদেব, মদন।˜ স্তবক বি. ফুলের তোড়া।

কুসুমাকর, কুসুমাগম বি. ফুল ফোটার কাল অর্থাত্ বসন্তঋতু। কুসুমাঞ্জলি বি. ফুলসহযোগে অঞ্জলি; ফুল দিয়ে অঞ্জলি; ফুল নিবেদন। কুসুমায়ুধ বি. ফুল যার আয়ুধ বা অস্ত্র অর্থাত্ কন্দর্প, মদনদেব। কুসুমাসব বি. পুষ্পমধু, মকরন্দ। কুসুমাসার বি. পুষ্পবৃষ্টি। কুসুমাস্তরণ বি. কুসুমময় আচ্ছাদন বা গালিচা; ফুলের শয্যা। কুসুমাস্তীর্ণ বিণ. ফুল ছড়ানো; যেখানে ফুল বিছিয়ে দেওয়া হয়েছে (কুসুমাস্তীর্ণ পথ)। কুসুমিত বিণ. পুষ্পিত, পুষ্পযুক্ত (কুসুমিত বন)। কুসুমেষু বি. মদন; কন্দর্প।

কুসুম3 (p. 202) [kusuma3] বিণ. কবোষ্ণ, অল্প গরম। [সং. কোষ্ণ].

কুসুম্ভ (p. 202) [kusumbha] বি. কুসুমফুল; বস্ত্রাদি রঞ্জিত করতে ব্যবহৃত ফুলবিশেষ। [সং. √ কুস্ + উম্ভ]।

কুস্তি, (বর্জি.) কুস্তী (p. 202) [kusti, (barji.) kustī] বি. মল্লযুদ্ধ; (আল.) জড়াজড়ি। [ফা. কুশ্তী]।˜ গির, (বর্জি.)˜ গীর,˜ বাজ বি. কুস্তিতে পটু ব্যক্তি, মল্ল।

কুস্তুভ (p. 202) [kustubha] বি. সমুদ্র, সাগর। [সং. কু (=পৃথিবী) + √ স্তন্ভ্ + অ]।

কুস্থান (p. 202) [kushāna] বি. মন্দ জায়গা; অনুপযুক্ত জায়গা। [সং. কু + স্থান]।

কুস্বভাব (p. 202) [kusbabhāba] বি. অসত্ চরিত্র; মন্দ প্রকৃতি। □ বিণ. দুশ্চরিত্র। [সং. কু + স্বভাব]। বিণ. স্ত্রী. কুস্বভাবা।

কুহক (p. 202) [kuhaka] বি. 1 মায়া, ইন্দ্রজাল, ভেলকি (কুহক সৃষ্টি করা); 2 প্রতারণা, ছলনা (কল্পনার কুহক, আশার কুহক)। [সং. √ কুহ্ + অক]।˜ জীবী (-বিন্) বি. বিণ. জাদুকর, ঐন্দ্রজালিক। কুহকী (-কিন্) বিণ. মায়াবী, ঐন্দ্রজালিক, জাদুকর। স্ত্রী. কুহকিনী।

কুহর (p. 202) [kuhara] বি. 1 গর্ত, গহ্বর, ছিদ্র (কর্ণকুহর); 2 কণ্ঠস্বর। [সং. কু + √ হৃ + অ]।

কুহরা (p. 202) [kuharā] ক্রি. (কোকিলের মতো) মধুর স্বরে ডাকা, কুহুরব করা ('কুহরে পিক অনর্গল': স. দ.)। [বাং. √ কুহর্ + আ]। কুহরই (প্রা. কাব্যে) ক্রি. কুহুরব করে। কুহরন, কুহরণ বি. কুহুধ্বনি, কূজন, কোকিলের রব। কুহরিত বিণ. কূজিত; ধ্বনিত।

কুহা (p. 202) [kuhā] বি. কুজ্ঝটিকা, কুয়াশা। [সং. কুহা]।

কুহু, কুহূ1 (p. 202) [kuhu, kuhū1] বি. 1 কোকিলের রব; 2 কূজন; 3 নাড়ীবিশেষ। [সং. √ কুহ্ + উ, ঊ]।˜ কণ্ঠ বি. কোকিল।˜ তান বি. কোকিলের গান।˜ রব বি. 1 কোকিলের ডাক; 2 কোকিল।

কুহূ2 (p. 202) [kuhū2] বি. অমাবস্যার রাত্রি ('একে কুলকামিনী তাহে কুহু যামিনী')। [সং. √ কুহ্ + ঊ]।

কুহেলিকা, কুহেড়িকা, কুহেলি, কুহেলী (p. 202) [kuhēlikā, kuhēḍ়ikā, kuhēli, kuhēlī] বি. কুজ্ঝটিকা, কুয়াশা। [সং. কু (পৃথিবী) + √ হেড়্ (বেষ্টন করা) + ইক + আ, ই, ঈ; ড=ল]।

কূচিকা (p. 202) [kūcikā] বি. ক্ষুদ্র তুলি, তুলিকা। [সং. কূচ + ইক + আ]।

কূজন (p. 202) [kūjana] বি. 1 পাখির ডাক; 2 অব্যক্ত মধুর ধ্বনি। [সং. √ কূজ্ + অন]। কূজিত বিণ. কূজনের দ্বারা ধ্বনিত (কোকিলকূজিত)।

কূট (p. 202) [kūṭa] বিণ. 1 কুটিল (কূটবুদ্ধি); 2 জটিল, দুর্বোধ্য (কূটপ্রশ্ন); 3 মিথ্যা, কপট (কূচসাক্ষী); 4 অসরল, শঠ (কূটচরিত্র); 5 (প্রধানত রাষ্ট্রীয় ব্যাপারে) কৌশলপূর্ণ (কূটনীতি)। □ বি. 1 দুর্বোধ্য ও অস্পষ্ট উক্তি বা শ্লোক (ব্যাসকূট); 2 পর্বতশৃঙ্গ (চিত্রকূট); 3 শীর্ষ (প্রাসাদকূট); 4 স্তূপ (অন্নকূট); 5 মৃগাদি পশুকে বাঁধার যন্ত্র, ফাঁদ, জাল (কূটবদ্ধ, কূটযন্ত্র); 6 (আল.) আপাতবিরোধী উক্তি, বিরোধাভাস, paradox (বি.প.)। [সং. √ কূট্ + অ]। ̃ কচাল বি. 1 ঘোরপ্যাঁচ; 2 বাধাবিঘ্ন; 3 চুলচেরা তর্ক। ̃ কচালে বিণ. 1 জটিল, দুর্বোধ্য; 2 বিঘ্নময়; 3 ঘোরপ্যাঁচযুক্ত (কূটকচালে লোক); কূটিল, কলহপ্রিয়। ̃ কর্ম বি. জালিয়াতি, জোচ্চুরি। ̃ কৌশল বি. ফন্দি, কারসাজি।

কূটজ (p. 202) [kūṭaja] বি. তিক্ত স্বাদযুক্ত গাছবিশেষ, কুড়চি। [সং. কূট + √ জন্ + অ]।

কূট-তর্ক (p. 202) [kūṭa-tarka] বি. কুতর্ক; এঁড়ে তর্ক। [সং. কূট + তর্ক]।

কূট-নীতি (p. 202) [kūṭa-nīti] বি. কুটিল নীতি; 2 কপটতা (কূটনীতির দ্বারা ক্ষমতা অর্জন করলেন); 3 (প্রধানত এক রাষ্ট্রের সঙ্গে অন্য রাষ্ট্রের) কৌশলপূর্ণ রাজনীতি, diplomacy. [সং. কূট + নীতি]। কূট-নীতিক, কূট-নৈতিক বিণ. কূটনীতিসম্পর্কিত (কূটনৈতিক সম্পর্ক, কূটনৈতিক আদান-প্রদান)।

কূট-প্রশ্ন (p. 202) [kūṭa-praśna] বি. 1 দুর্বোধ্য বা জটিল প্রশ্ন; 2 বিব্রত করার বা ছলনা করার জন্য প্রশ্ন। [সং. কূট + প্রশ্ন]।

কূট-বুদ্ধি (p. 202) [kūṭa-buddhi] বি. ধূর্ততা, ফন্দিবাজি। □ বিণ. ধূর্ত, ফন্দিবাজ (কূটবুদ্ধি ব্যক্তি)। [সং. কূট + বুদ্ধি]।

কূট-ভাষী (p. 202) [kūṭa-bhāṣī] (-ষিন্) বিণ. কপটতা বা ছলনা করে কথা বলে এমন। [সং. কূট + ভাষিন্]।

কূট-যন্ত্র (p. 202) [kūṭa-yantra] বি. ফাঁদ; জাল (কূটযন্ত্রে আবদ্ধ পশু)। [সং. কূট + যন্ত্র]।

কূট-যুদ্ধ (p. 202) [kūṭa-yuddha] বি. অন্যায় যুদ্ধ (ইংরেজরা কূটযুদ্ধে বাংলার নবাবকে পরাজিত করে). [সং. কূট + যুদ্ধ]। কূট-যোদ্ধা বি. অন্যায়ভাবে যে যুদ্ধ করে।

কূট-সাক্ষী (p. 202) [kūṭa-sākṣī] (-ক্ষিন্) বি. মিথ্যা সাক্ষ্য দেয় এমন ব্যক্তি। [সং. কূট + সাক্ষিন্]।

কূটস্হ (p. 202) [kūṭasha] বিণ. 1 (দর্শ.) সব অবস্থায় ও সব কালে একভাবে রয়েছে এমন, নিত্য, নির্বিকার-যথা, আত্মা, ঈশ্বর, আকাশ; 2 গূঢ়, অন্তর্ব্যাপ্ত (কূটস্হ চৈতন্য)। [সং. কূট (=গিরিশৃঙ্গবত্ নিশ্চল) + √ স্থা + অ]।

কূটাগার (p. 202) [kūṭāgāra] বি. 1 সবচেয়ে উপরের ঘর অর্থাত্ চিলেকোঠা; 2 দুর্গের প্রহরাকক্ষ, watch-tower. [সং. কূট + আগার]।

কূটাভাস (p. 202) [kūṭābhāsa] বি. বাক্যালংকারবিশেষ-এই অলংকারে আপাতদৃষ্টিতে বর্ণিত বিষয় পরস্পরবিরোধী বা অসম্ভব মনে হলেও প্রকৃতপক্ষে সত্য, paradox ('বড় যদি হতে চাও, ছোট হও তবে': ঈ.গু.)। [সং. কূট + আভাস]।

কূটার্থ (p. 202) [kūṭārtha] বি. 1 দুরূহ অর্থ; 2 গুপ্ত বা গূঢ় অর্থ; 3 বিরুদ্ধ অর্থ। [সং. কূট + অর্থ]।

কূপ (p. 202) [kūpa] বি. 1 কুয়ো, পাতকুয়ো, ইঁদারা (কূপখনন); 2 গর্ত, রন্ধ্র (লোমকূপ)। [সং. √ কু + উপ]।˜ দণ্ড বি. মাস্তুল।˜ মণ্ডূক বি. কুয়োর ব্যাং; কুয়োর ব্যাঙের মতো যে নিজের সংকীর্ণ গণ্ডির মধ্যে আবদ্ধ এবং বাইরের জগত্ সম্পর্কে আগ্রহহীন; সংকীর্ণচেতা ব্যক্তি।

কূপোদক (p. 202) [kūpōdaka] বি. পাতকুয়ো বা ইঁদারার জল। [সং. কূপ + উদক]।

কূর্চ, কূর্চা (p. 202) [kūrca, kūrcā] বি. 1 তুলিকা, তুলি, painter's brush; 2 ভ্রূদ্বয়ের মধ্যস্থল; 3 ভ্রূমধ্যস্থ লোমসমূহ; 4 শক্ত দাড়ি; 5 তৃণগুচ্ছ। [সং. √ কূচ্ + উর্চ]।

কূর্চিকা (p. 202) [kūrcikā] বি. 1 তুলি; 2 শলাকা, ছুঁচ; 3 কুঁড়ি; মুকুল (কমলকূর্চিকা); 4 ক্ষীর, ঘন দুধ। [সং. কূর্চ + ইক + আ]।

কূর্ম (p. 202) [kūrma] বি. 1 কচ্ছপ; 2 বিষ্ণুর দ্বিতীয় অবতার। [সং. কু (কুৎসিত) + ঊর্মি (বেগ বা গতি) সমাসান্ত]। কূর্মী বি. (স্ত্রী.) কচ্ছপী। ̃ পুরাণ বি. কূর্মারতার-বিষয়ক পুরাণ। কূর্মাবতার বি. বিষ্ণুর দ্বিতীয় অবতার।

কূর্মী1 (p. 202) [kūrmī1] দ্র কূর্ম।

কূর্মী2 (p. 202) [kūrmī2] দ্র কুর্মি -র বর্জি. বানান।

কূল (p. 202) [kūla] বি. 1 তীর, তট, কিনারা (সমুদ্রকূল, নদীর একূল ভাঙে ওকূল গড়ে); 2 (আল.) আশ্রয় (অকূলে কূল পাওয়া); 3 অবধি, শেষ (দুঃখের কূল নেই)। [সং. √ কূল্ + অ]। কূল-কিনারা বি. দিশা, মুক্তির উপায়; নিষ্কৃতি (এই ঘোর বিপদে কূল-কিনারা দেখছি না)। ̃ বর্তী (-র্তিন্) বিণ. তীরে রয়েছে এমন। একূল ওকূল দুকূল যাওয়া ক্রি. বি. সব আশ্রয় হারানো।

কূল-প্লাবী (p. 202) [kūla-plābī] (-বিন্) কূল বা তীরভূমিকে প্লাবিত করে বা ধুয়ে দেয় এমন (কূলপ্লাবী নদীস্রোত)। [সং. কূল + প্লাবিন্]।

কৃক-লাস, কৃক-লাশ (p. 202) [kṛka-lāsa, kṛka-lāśa] বি. কাঁকলাস, গিরগিটি, বহুরূপী। [সং. কৃক + √ লস্ + অ]।

কৃচ্ছ্র (p. 202) [kṛcchra] বি. 1 শারীরিক ক্লেশ; কষ্ট; 2 কষ্টসাধ্য ব্রত বা প্রায়শ্চিত্ত (কৃচ্ছ্রসাধন); 3 (বিরল) পাপ। □ বিণ. কষ্টসাধ্য (কৃচ্ছ্রব্রত)। [সং. √ কৃচ্ছ্র + অ]।˜ সাধন,˜ সাধনা বি. অত্যন্ত কষ্টসাধ্য ব্রত বা সাধনা।

কৃত1 (p. 202) [kṛta1] বি. সত্যযুগ (কৃতযুগ)। [সং. √ কৃ + ত]।

কৃত2 (p. 202) [kṛta2] বিণ. 1 সম্পাদিত, সাধিত করা হয়েছে এমন (কৃতকর্ম, কৃত অপরাধ); 2 রচিত (কাশীরাম দাসকৃত মহাভারত); 3 নির্মিত, গঠিত (মোগলগণের কৃত হর্ম্যরাজি); 4 শিক্ষাপ্রাপ্ত, লব্ধ, আহৃত (কৃতবিদ্যা); 5 নিযুক্ত, নির্ধারিত (কৃতদাস, কৃতকর্তব্য)। [সং. √ কৃ + ত]।˜ ক বি
ণ. 1 কল্পিত; 2 কৃত্রিম।˜ ক-পুত্র বি. পালিত পুত্র।˜ কর্মা (-র্মন্) বিণ. কৃতী, কর্ম সম্পন্ন করেছে এমন; কর্মকুশল; অভিজ্ঞ।˜ কাম বিণ. যার কামনা সিদ্ধ হয়েছে, সিদ্ধমনোরথ; কৃতার্থ।˜ কার্য বিণ. সফল।˜ কার্যতা বি. সাফল্য।˜ কীর্তি বিণ. কীর্তি স্থাপন বা অর্জন করেছে এমন।˜ কৃত্য বিণ. কৃতকার্য।, কর্তব্যকর্মে সফল।˜ তীর্থ বিণ. তীর্থ পর্যটন, দানধ্যান ও পূজা সম্পন্ন করে ফিরেছে এমন।˜ দার বিণ. দার গ্রহণ করেছে এমন, বিবাহিত।˜ দাস বি. নির্দিষ্ট সময়ের জন্য দাসত্বে আবদ্ধ ব্যক্তি।˜ ধী,˜ বুদ্ধি বিণ. স্থিরচিত্ত; মার্জিতবুদ্ধি।˜ নিশ্চয় বিণ. স্থিরসংকল্প; সাফল্য সম্পর্কে সংশয়হীন। বি.˜ নিশ্চয়তা।˜ পূর্ব বিণ. পূর্বেই করা হয়ে গেছে এমন।˜ প্রতিজ্ঞ বিণ. যে প্রতিজ্ঞা গ্রহণ বা পালন করেছে।˜ বিদ্য বিণ. সুশিক্ষিত; বিদ্বান। বি.˜ বিদ্যতা।˜ শ্রম বিণ. পরিশ্রম করে কোনো বিষয় অধ্যয়ন করেছে এমন (ব্যাকরণে কৃতশ্রম)।˜ সংকল্প বিণ. স্থিরনিশ্চয়; সংকল্প বা প্রতিজ্ঞা করেছে এমন।

কৃত্1 (p. 202) [kṛt1] বিণ. (সাধারণত পরপদে যুক্ত হয়) যে করে, সম্পাদক, কর্তা (পথিকৃত্, গ্রন্থকৃত্)। [সং. √ কৃ + ক্বিপ্]।

কৃত্2 (p. 202) [kṛt2] বি. (ব্যাক.) ধাতুর উত্তর বিহিত প্রত্যয়।

কৃত্-কৌশল (p. 202) [kṛt-kauśala] বি. কৌশল, কারিকুরি; কর্মপদ্ধতি। [< সং. কৃত + কৌশল]।

কৃতঘ্ন (p. 202) [kṛtaghna] বিণ. উপকারীর অপকার করে বা তার উপকার অস্বীকার করে এমন; নিমকহারাম। [সং. কৃত + √ হন্ + অ]। বি.˜ তা।

কৃতজ্ঞ (p. 202) [kṛtajña] বিণ. 1 উপকারীর উপকার মনে রাখে ও স্বীকার করে এমন; 2 ঋণী (চিরদিন তোমার কাছে কৃতজ্ঞ থাকব)। [সং. কৃত + √ জ্ঞা + অ]। বি.˜ তা।˜ চিত্ত বিণ. মনে কৃতজ্ঞতার বোধ আছে এমন; উপকারীর উপকার মনে রেখেছে বা রাখে এমন।

কৃত-বর্মা (p. 202) [kṛta-barmā] (-বর্মন্) বি. (মহাভারতে) কৌরব পক্ষের বিখ্যাত যদুবংশীয় যোদ্ধা যিনি কৃষ্ণের সারথি সাত্যকির হাতে নিহত হয়েছিলেন। □ বিণ. বর্ম পরেছে এমন। [সং. কৃত + বর্মন]।

কৃৎস্ন (p. 202) [kṛtsna] বিণ. সমস্ত, সমুদয়। [সং. √ কৃত + স্ন]।

কৃতাঞ্জলি (p. 204) [kṛtāñjali] বিণ. দুই হাত জোড় করেছে এমন, যুক্তকর (কৃতাঞ্জলি হয়ে বললেন) [সং. কৃত + অঞ্জলি]˜. পুটে ক্রি-বিণ. দুই হাত জোড় করে; দুই করতলকে পুট বা ঠোঙ্গার মতো জোড় করে।

কৃতাত্মা (p. 204) [kṛtātmā] (-ত্মন্) বিণ. শুদ্ধিচিত্ত; শুদ্ধান্তঃকরণ; শিক্ষিতচিত্ত।[সং. কৃত + আত্মন]।

কৃতান্ত (p. 204) [kṛtānta] বি. যম, শমন। □ 1 সিদ্ধান্ত; 2 সম্পাদিত। [সং. কৃত + আন্ত]।˜. দলনী বি. (স্ত্রী.) কালিকাদেবী, কালী।

কৃতাপ-রাধ (p. 204) [kṛtāpa-rādha] বিণ. অপরাধ করেছে এমন, অপরাধী। [সং. কৃত + অপরাধ]।

কৃতাভি-ষেক (p. 204) [kṛtābhi-ṣēka] বিণ. অভিষিক্ত হয়েছে এমন (রাম তখন যৌবরাজ্যে কৃতাভিষিক্ত হলেন)।[সং. কৃত + অভিষেক]।

কৃতার্থ (p. 204) [kṛtārtha] বিণ. A 1 সিদ্ধমনোরথ, কৃতকার্য; 2 চরিতার্থ, ধন্য (আপনার উপকার পেয়ে কৃতার্থ হলাম) [সং. কৃত + অর্থ]।˜ স্মন্য বিণ. নিজেকে কৃতার্থ মনে করে এমন।

কৃতাস্ত্র (p. 204) [kṛtāstra] বিণ. অস্ত্রচালনা শিখেছে এমন।[সং. কৃত (=শিক্ষিত) + অস্ত্র]।

কৃতাহ্নিক (p. 204) [kṛtāhnika] বিণ. (সন্ধ্যাবন্দনাদি) নিত্যকর্ম সম্পন্ন করেছে এমন।[সং. কৃত + আহ্নিক]।

কৃতি (p. 204) [kṛti] বিণ.A 1 সম্পাদন, করণ (স্বীকৃতি); 2 নির্মাণ, রচনা (কবিকৃতি); 3 সম্পাদিত কর্ম (সুকৃতি); 4 সাধনা, যত্ন (কৃতিসাধ্য)। [সং. √কৃ + তি]।˜ স্বত্ব বি. কোনো পন্যদ্রব্য তার আবিষ্কারক বা উদ্ভাবক ভিন্ন অন্য কেউ যাতে তৈরি করতে বা বিক্রয় করতে না পারে তার জন্য আইনগত ব্যবস্থা, patent (স.প.)।

কৃতিত্ব (p. 204) [kṛtitba] বি. 1 কর্মদক্ষতা, নিপুণতা, বাহাদুরি; 2 কীর্তি, সুকৃতি।[সং. কৃতিন্ + ত্ব]।

কৃতী (p. 204) [kṛtī] (-তিন্) বিণ. 1 কর্মকুশল; 2 কৃতকার্য, মহত্ বা সত্ প্রচেষ্টায় সফল হয়েছে এমন (কৃতি পুরুষ, কৃতী সন্তান); 3 গুণবান। [সং. কৃত + ইন্]।

কৃতোদ্বাহ (p. 204) [kṛtōdbāha] বিণ. 1 উদ্বাহ বা বিবাহ হয়েছে এমন, বিবাহিত। [সং. কৃত + উদ্বাহ]।

কৃতোপ.কার (p. 204) [kṛtōpa.kāra] বিণ. 1 উপকার করছে এমন, উপকারী; 2 (যার) উপকার করা হয়েছে এমন, উপকৃত। [সং. কৃত + উপকার]।

কৃত্ত (p. 204) [kṛtta] বিণ. কর্তিত, ছিন্ন বা খণ্ডিত হয়েছে এমন। [সং. √কৃত্ + ত]।

কৃত্তি (p. 204) [kṛtti] বি. 1 বাঘ, হরিণ বা হাতির চামড়া; 2 ত্বক। [সং. √কৃত্ + তি]।

কৃত্তিক (p. 204) [kṛttika] বি. বহিশ্চর্ম, ছাল, cuticle (বি. প.)। [সং. √কৃত + তি + ক]।

কৃত্তিকা (p. 204) [kṛttikā] বি. 1 নক্ষত্রবিশেষ; 2 দেবসেনাপতি কার্তিকেয়র ছয়জন ধাত্রীর অন্যতমা [সং. √কৃত্ + তি + ক + আ]। ̃. সূত বি. কার্তিকেয়।

কৃত্তি.বাস (p. 204) [kṛtti.bāsa] বি. 1 যিনি বাঘছাল বা গজাসুরের চামড়া পরিধান করেন অর্থাত্ শিব; 2 রামায়ণের বঙ্গানুবাদক কৃত্তিবাস ওঝা। [সং. কৃত্তি (পশুচর্ম) + বাস (বাসস্)]। কৃত্তি-বাসি, কৃত্তি-বাসী বিণ. কৃত্তিবাস ওঝার রচিত (কৃত্তিবাসী রামায়ণ)।

কৃত্য (p. 204) [kṛtya] বিণ. করণীয় (কৃত্যকর্ম)। □ বি 1 কার্য, কর্তব্যকর্ম (নিত্যকৃত্য, প্রাতঃকৃত্য); 2 (ব্যাক.) তব্যাদি প্রত্যয়। [সং. √কৃ + য]। ̃. ক বি. সরকারি চাকরি, service (স. প.)। ̃. কৃত্যা বি. (স্ত্রী.) 1 আভিচারিক তন্ত্রমন্ত্র; 2 কার্য, ক্রিয়া। কৃত্যাকৃত্য বি. কর্তব্য-অকর্তব্য, কার্যাকার্য।

কৃত্রিম (p. 204) [kṛtrima] বিণ. 1 স্বভাবজ নয় কিন্তু ক্রিয়ার দ্বারা নিষ্পন্ন (কৃত্রিম প্রক্রিয়া, কৃত্রিম প্রণালী); 2 কৌশলে নির্মিত; 3 শিল্পবুদ্ধির দ্বারা রচিত (কৃত্রিম খাল, কৃত্রিম হীরা, কৃত্রিম রেশম); 4 নকল, জাল, মেকি (কৃত্রিম দলিল, কৃত্রিম মুদ্রা); 5 কপট, মিথ্যা (কৃত্রিম স্নেহ)। [সং. √কৃ + ত্রিম]।বি. ̃. তা। কৃত্রিম

উপগ্রহ বি. মহাকাশে উৎক্ষিপ্ত বৈজ্ঞানিক প্রক্রিয়ায় উদ্ভাবিত উপগ্রহ, sputnik, artificial satelite.

কৃদন্ত (p. 204) [kṛdanta] বিণ. (ব্যাক.) কৃৎপ্রত্যয়ান্ত। □ বি. কৃৎপ্রত্যয়ান্ত শব্দ। [সং. কৃত্ + অন্ত]।

কৃন্তক (p. 204) [kṛntaka] বিণ. কর্তনকারী, ছেদক। □ বি. ছেদনকারী দাঁত, incisor (বি.প)। [সং. √কৃত্ + অক]।

কৃন্তন (p. 204) [kṛntana] বি. 1 ছেদন, কর্তন; বীণা, সেতার ইত্যাদি বাদ্যযন্ত্রের তার আঙ্গুল দিয়ে টেনে বাজাবার প্রক্রিয়াবিশেষ।[সং. √কৃত্ + অন]।

কৃপ, কৃপাচার্য (p. 204) [kṛpa, kṛpācārya] বি. (মহাভারতে) সাতজন চিরজীবীর অন্যতম, যিনি ছিলেন কৌরবপক্ষীয় প্রসিদ্ধ যোদ্ধা ও অশ্বত্থামার মাতুল। [সং. √ কৃপ + অ, কৃপ + আচার্য]

কৃপণ (p. 204) [kṛpaṇa] বিণ. 1 ব্যয়কুণ্ঠ ও অত্যন্ত সঞ্চয়প্রিয় (কৃপণের ধন); 2 অনুদার। [সং. কৃপ + অন]। বিণ. (স্ত্রী.) কৃপণা, কৃপণী। বি. ̃. তা।

কৃপা (p. 204) [kṛpā] বি. 1 দয়া, করুণা (কৃপাময়); 2 অনুকম্পা (কৃপার পাত্র); 3 প্রসন্নতা, অনুগ্রহ (কৃপাদৃষ্টি)। [সং. √কৃপ্ + অ + আ]। ̃. দৃষ্টি বি. অনুগ্রহ। ̃ ব.লোকন বি. দয়াপূর্ণ দৃষ্টি, সদয় দৃষ্টি। ̃. ময় বিণ. দয়ালু, করুণাময়। ̃. লু বিণ. দয়ালু। ̃. সিন্ধু বিণ. বি. দয়ার সাগর।

কৃপাণ (p. 204) [kṛpāṇa] বি. তরবারি; খড়্গ; ছোরা। [সং. √কৃপ্ + আন]। ̃. পাণি বিণ. খড়্গহস্ত, যার হাতে তরবারি বা ছোরা রয়েছে।

কৃমি (p. 204) [kṛmi] বি. 1 পোকা, কীট; 2 (বিশেষত মানুষের) পেটের মধ্যে বিদ্যমান কেঁচোজাতীয় কীটবিশেষ। [সং. √ক্রম্ + ই]। ̃. ঘ্ন বিণ. বি কৃমিনাশক (ওষুধ)। ̃. জ বিণ. কৃমি থেকে জাত। □ বি লাক্ষা। ̃. ল বিণ. কৃমিযুক্ত।

কৃশ (p. 204) [kṛśa] বিণ. 1 শীর্ণ, রোগা ক্ষীণকায় (কৃশকায়); 2 দুর্বল, কাহিল (অনশনকৃশ)। [সং. কৃশ + ত, নি]। ̃. তা বি. শীর্ণতা; দুর্বলতা।

কৃশর, কৃশরান্ন (p. 204) [kṛśara, kṛśarānna] বি. খিচুড়ি। [সং. √কৃ + শর, + অন্ন]।

কৃশলা (p. 204) [kṛśalā] বি. চুল, কেশ। [সং. কৃশ + √লা + অ]।

কৃশাঙ্গ (p. 204) [kṛśāṅga] বিণ. 1 ক্ষীণকার, শীর্ণকার; দুর্বল বা কাহিল দেহবিশিষ্ট।[সং. কৃশ + অঙ্গ]। বিণ. (স্ত্রী.) কৃশাঙ্গী।

কৃশানু (p. 205) [kṛśānu] বি. অগ্নি, আগুন ('জানুভানু কৃশানু শীতের পরিত্রাণ': ক. ক.)। [সং. √কৃশ + আনু]।

কৃশোদর (p. 205) [kṛśōdara] বিণ. ক্ষীণ বা সরু উদরবিশিষ্ট। [সং. কৃশ + উদর]। স্ত্রী. কৃশোদরী।

কৃষক (p. 205) [kr̥ṣaka] বি. বিণ. যে ব্যক্তি কৃষিকাজ বা চাষ করে, চাষা, কৃষিজীবী। [সং. √কৃষ + অক]। ̃. কুল বি. সমস্ত কৃষক। ̃. সমাজ বি. কৃষকশ্রেণির অন্তর্ভুক্ত সমস্ত লোক।

কৃষাণ (p. 205) [kr̥ṣāṇa] বি. 1 কৃষক; 2 খেতমজুর। [সং. √কৃষ + বাং. আন]। কৃষাণী বি. (স্ত্রী.) কৃষকের বা খেতমজুরে স্ত্রী; স্ত্রী-কৃষক। কৃষানি1 বি. 1 কৃষিকর্ম; 2 কৃষকের মজুরি; 3 কৃষাণসংক্রান্ত; 4 কৃষাণের যোগ্য। কৃষানি2 স্ত্রী-কৃষক বা কৃষকের স্ত্রী অর্থে কৃষাণী-র অধিকতর সংগত রূপ।

কৃষান, কৃষানি (p. 205) [kr̥ṣāna, kr̥ṣāni] যথাক্রমে কৃষাণ ও কৃষাণী -র সংগততর বানান।

কৃষি (p. 205) [kr̥ṣi] বি. কৃষকের কর্ম; চাষ। [সং. √কৃষ + ই]। ̃. কর্ম বি. চাষের কাজ। ̃. জ, ̃. জাত বিণ. কৃষি থেকে উৎপন্ন, ভূমিজাত (কৃষিজ ফসল)। ̃. জীবী (-বিন্) বিণ. বি. কৃষিকর্মের দ্বারা জীবিকা নির্বাহকারী। ̃. পণ্য বি. কৃষিজাত পণ্যদ্রব্য।

কৃষী.বল (p. 205) [kr̥ṣī.bala] বি. কৃষিজীবী. চাষি। [সং. কৃষি + (অস্ত্যর্থে দীর্ঘ ঈ) + বল]।

কৃষ্ট (p. 205) [kr̥ṣṭa] বিণ. কর্ষিত; চষা হয়েছে এমন (কৃষ্ট জমি)।[সং. √কৃষ্ + ত]।

কৃষ্টি (p. 205) [kr̥ṣṭi] বি. 1 কর্ষণ, হালচালনা; 2; চর্যা, সংস্কৃতি (কৃষ্টিসম্পন্ন); 3 অনুশীলন। [সং. √কৃষ্ + তি]।

কৃষ্ণ (p. 205) [kr̥ṣṇa] বি. বিষ্ণুর অবতার; কানাই, শ্যাম। □ বিণ. 1 কালো বা নীল (কৃষ্ণবর্ণ, কৃষ্ণতিল); 2 অন্ধকারময় (কৃষ্ণরাত্রি, কৃষ্ণপক্ষ) [সং. √কৃষ্ + ন]।˜. কথা বি. কৃষ্ণলীলা, কৃষ্ণবিষয়ক কাহিনী।)˜. কলি বি. ফুলবিশেষ বা তার গাছ।˜. কীর্তন বি. 1 কৃষ্ণবিষয়ক লীলাগান বা কাব্য; 2 বড়ু চণ্ডীদাসরচিত শ্রীকৃষ্ণের লীলাবিষয়ক (সংগীত) কাব্য।˜. দ্বৈপায়ন বি. ব্যাসদেব।˜. পক্ষ বি. প্রতিবাদ জানাবার জন্য বা শোকপ্রকাশের জন্য ব্যবহৃত কালো রঙের পতাকা।˜. প্রাপ্তি বি. মৃত্যু।˜. বর্ত্মা (-র্ত্মন্) বি. 1 অগ্নি; 2 রাহু।˜. ভক্ত বি. কৃষ্ণের অনুরাগী।˜. যাত্রা বি. শ্রীকৃষ্ণের জীবন বা জীবনকাহিনী।˜. সর্প বি. কালসাপ, কেউটে।˜. সার,˜. শার বি. মৃগবিশেষ।˜. সারথি বি. কৃষ্ণ যাঁর রথের সারথি অর্থাত্ অর্জুন।˜. সীস বি. গ্রাফাইট, graphite.˜. কৃষ্ণা বি. (স্ত্রী.) 1 দ্রৌপদী; 2 দাক্ষিণাত্যের নদীবিশেষ। □ বিণ. (স্ত্রী.) কৃষ্ণবর্ণা। কৃষ্ণাগুরু বি. কালাগুরু, কৃষ্ণচন্দন। কৃষ্ণাজিন বি. কৃষ্ণসার মৃগের চামড়া। কৃষ্ণাভ বিণ. কালো আভাযুক্ত। কৃষ্ণাষ্টমী বি. ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী তিথি অর্থাত্ কৃষ্ণের জন্মতিথি।

কৃষ্য (p. 205) [kr̥ṣya] বিণ. কর্ষণের উপযুক্ত, চাষের উপযোগী (ক্রমাগত অনাবৃষ্টির ফলে জমি অকৃষ্য হয়ে প়ড়েছে)। [সং. √কৃষ্ য] বি.˜. তা।

কৃস্টাল-ক্রিস্টাল (p. 205) [kr̥sṭāla-krisṭāla] এর রূপভেদ।

কে1 (p. 205) [kē1] সর্ব. 1 কোন ব্যক্তি (কে বলেছে ?); 2 কোন সম্বন্ধযুক্ত ব্যক্তি (সে তোমার কে ?); 3 অনির্দিষ্ট কোনো ব্যক্তি (কে একজন লোক, কে

ভালো কে মন্দ)।[সং. কিম্]। কে কে সর্ব. কারা, কোন কোন ব্যক্তি (আমার সঙ্গে কে কে যাবে ?)। কেবা (বর্ত. অপ্র.) সর্ব. বোধহয় কেউ না (কেবা জানে)।

কে2 (p. 205) [kē2] বাং. দ্বিতীয়া বিভক্তি চিহ্ন (আমাকে, লোকটিকে)। [তু. হি. কে/কো; মৈ. কে/কেঁ]।

কেউ (p. 205) [kēu] সর্ব. 1 কেহ, কোনো ব্যক্তি; 2 আপনজন, সম্বন্ধীয় ব্যক্তি (সে আমার কেউ নয়)। [বাং. কেহ > প্রা. বাং. কেহু]।˜. কেটা, কেও.কেটা বি. সামান্য সাধারণ নগণ্য বা হেয় করবার মতো ব্যক্তি, যে-সে লোক; (ব্যঙ্গে) মানী বা পদস্থ লোক (তুমি এমন-কিছু কেউকেটা নও)। □ বিণ. যে-সে, হেয় করবার মতো; (ব্যঙ্গে) মানী বা পদস্থ (কেউকেটা লোক নয়)।

কেউটে, কেউটিয়া (p. 205) [kēuṭē, kēuṭiẏā] বি. মারাত্মক বিষধর ফণাওয়ালা সাপবিশেষ, krait. [দেশি]।

কেওট, কেবট, কেঅট (p. 205) [kēōṭa, kēbaṭa, kēaṭa] বি. হিন্দুজাতিবিশেষ, জেলে। [সং. কৈবর্ত]।˜. নি,˜. নী বি. (স্ত্রী.) কেওটরমণী।

কেওড়া (p. 205) [kēōḍ়ā] বি. 1 কেয়াফুল বা তার গাছ; 2 কেয়াফুলের নির্যাস; 3 কেয়ার নির্যাস দিয়ে তৈরি সুবাসিত জল (কেওড়া দেওয়া সন্দেশ)।[তু. সং. কোতক, হি. কেবড়া]।

কেঁউ-কেঁউ (p. 205) [kēmu̐-kēmu̐] অব্য. কুকুরের আর্ত চিৎকার (কুকুরটা কেঁউকেঁউ করতে করতে পালিয়ে গেল)।

কেঁচে (p. 205) [kēn̐cē] অস-ক্রি. 1 পণ্ড হয়ে (সব কেঁচে গেছে); 2 নতুন করে (কেঁচে আরম্ভ করা)। [বাং. √কাঁচ্ + ইয়া = কাঁচিয়া > কেঁচে]। কেঁচে গণ্ডূষ করা ক্রি. বি. সম্পূর্ণ নতুনভাবে আরম্ভ করা, আবার গোড়া থেকে শুরু করা।

কেঁচো (p. 205) [kēn̐cō] বি. মাটির নীচে বাসকারী কৃমিজাতীয় সরীসৃপ কীটবিশেষ, মহীলতা। [সং. কিঞ্চলুক, কিঞ্চুলুক]। কেঁচো খুড়তে সাপ বের হওয়া তুচ্ছ কারণ থেকে বা সামান্য কাজ করতে গিয়ে অপ্রত্যাশিতভাবে গুরুতর ব্যাপার ঘটা বা ভীষণ বিপদের সম্মুখীন হওয়া।

কেঁড়ে (p. 205) [kēn̐ḍ়ē] বি. মাটির হাঁড়ি বা ভাঁড় (দুধের কেঁড়ে)। [সং. কুণ্ড ?]।

কেঁড়েলি (p. 205) [kēn̐ḍ়ēli] বি. বখাটেপনা; ডেঁপোমি। [দেশি]।

কেঁদকঁকিয়ে (p. 205) [kēn̐dakan̐kiẏē] দ্র কাঁদা।

কেঁদো (p. 205) [kēn̐dō] বিণ. মোটা, অতিকায়, প্রকাণ্ড (কেঁদো বাঘ)।[বাং. কাঁধ + উয়া=কাঁধুয়া > কেঁদো]।

কেঁয়ে (p. 205) [kēmẏ̐ē] বি. মাড়োয়াড়ি বণিক। □ বিণ. 1 ঝগড়াটে; 2 কৃপণ; 3 স্বার্থপর [হি. কাঁইয়া]।

কেক (p. 205) [kēka] বি. ইয়োরোপীয় প্রণালীতে ময়দা চিনি ডিম ইত্যাদি দ্বারা প্রস্তুত পিঠেজাতীয় খাবার। [ইং. cake]

কেকা (p. 206) [kēkā] বি. ময়ূরের ডাক। [সং. কে √ কৈ + অ + আ]। কেকী (-কিন্) বি. কেকারবকারী অর্থাত্ ময়ূর।

কেঙ্গারু, কেঙারু (p. 206) [kēṅgāru, kēṅāru] দ্র ক্যাঙারু।

কেচ্ছা (p. 206) [kēcchā] বি. 1 কাহিনী, গল্প; 2 কুৎসা, কলঙ্ককাহিনী। [আ. কিস্সা]।

কেজো (p. 206) [kējō] বিণ. 1 কার্যদক্ষ, কাজে পটু (সে বেশ কেজো লোক); 2 কাজের সহায়ক (কেজো রকমের সমাধান); 3 কাজের জন্য প্রয়োজনীয় (কেজো জিনিস)। [বাং. কাজ + উয়া > ও]।

কেটলি, কেতলি (p. 206) [kēṭali, kētali] বি. (প্রধানত চায়ের) জল গরম করার নলওয়ালা পাত্রবিশেষ। [ইং. kettle]।

কেটা (p. 206) [kēṭā] সর্ব. (আঞ্চ.) কোন ব্যক্তি, কে (কেউকেটা)। [বাং. কে + টা]।

কেটে পড়া (p. 206) [kēṭē paḍ়ā] দ্র কাটা।

কেঠুয়া, কেঠো1 (p. 206) [kēṭhuẏā, kēṭhō1] বি. কচ্ছপজাতীয় প্রাণী। [< সং. কমঠ]।

কেঠো2 (p. 206) [kēṭhō2] বি. কাঠের তৈরি পাত্রবিশেষ (নুনের কেঠো)। □ বিণ. 1 কাঠের তৈরি; 2 (আল.) কাঠের মতো শুকনো, রসবর্জিত বা রুক্ষ (কেঠো হাত, কেঠো চেহারা)। [বাং. কাঠ + উয়া > ও]।

কেড়া (p. 206) [kēḍ়ā] বি. 1 কীট, পোকা (তোমার মাথায় কি কেড়া আছে?); 2 সাধারণত কাঠে থাকে এমন পোকা, কেড়া পোকা। [সং. কীট, তু. হি. কিড়া]। কেড়ি বি. কীটবিশেষ, যে পোকা ধান, চাল ইত্যাদি শস্যে থাকে।

কেতক, কেতকী (p. 206) [kētaka, kētakī] বি. কেয়াফুল বা তার গাছ। [সং. √ কিত্ + অক, ঈ]।

কেতন (p. 206) [kētana] বি. পতাকা, ধ্বজ, নিশান ('মরুবিজয়ের কেতন উড়াও': রবীন্দ্র)। [সং. √ কিত + অন]।

কেতা (p. 206) [kētā] বি. কায়দা; ফ্যাশন (পোশাকের কেতা)। [দ্র কিতা]।˜ দুরস্ত বিণ. ফিটফাট; ফ্যাশনদুরস্ত।

কেতাব, কিতাব (p. 206) [kētāba, kitāba] বি. পুস্তক, গ্রন্হ, বই (তিনি একখানি জবরদস্ত কেতাব লিখেছেন)। [আ. কিতাব]। কেতাবি, কিতাবি বিণ. 1 পুঁথিগত; 2 বইসম্বন্ধীয়। কেতাব-কীট বি. 1 বইয়ের পোকা; 2 (আল.) যে সর্বদা বই পড়ে (এবং বইয়ের জগতের বাইরের কিছু জানে না), গ্রন্হকীট।

কেতু (p. 206) [kētu] বি. 1 (জ্যোতিষ.) নবমগ্রহ; 2 পতাকা, নিশান (ধূমকেতু)। [সং. √ চায়্ (=কে, পূজা করা) + তু]।

কেদার1 (p. 206) [kēdāra1] বি. 1 হিমালয় পর্বতে অবস্হিত হিন্দুতীর্থবিশেষ; 2 শিব; 3 কৃষিক্ষেত্র, ক্ষেত; 4 ক্ষেতের আলি; 5 আলবাল। [সং. কে + √ দৃ + অ]। ̃ নাথ বি. শিব, কেদারের অধীশ্বর।

কেদার2, কেদারা1 (p. 206) [kēdāra2, kēdārā1] বি. সন্ধ্যাকালীন রাগবিশেষ (ব্যাকরণগতভাবে কেদারকে রাগ এবং কেদারাকে রাগিণী বলা হলেও সংগীতে এই দুটি রাগ অভিন্ন)। [সং. কেদার]।

কেদারা2 (p. 206) [kēdārā2] বি. চেয়ার (আরামকেদারা)। [পো. cadeira কাদেইরা]।

কেন (p. 206) [kēna] অব্য. 1 কী জন্য, কী কারণে (সে কেন এখানে এসেছে?); 2 সাড়াজ্ঞাপক ধ্বনি। [সং. কেন-তু. প্রা. বাং. কেহ্নে]। ̃ না অব্য. যেহেতু (আজ সে যাবে না, কেননা সে খুব ব্যস্ত)।

কেনা (p. 206) [kēnā] ক্রি. ক্রয় করা, মূল্যের বিনিময়ে নেওয়া (নতুন বই কিনেছে)। □ বিণ. ক্রয় করা হয়েছে এমন (কেনা গোলাম)। □ বি. ক্রয় (কেনাকাটা)। [< বাং. √ কিন্ + আ কিনা > কেনা]। কেনা দর বি. যে দামে কেনা হয়েছে, ক্রয়মূল্য। ̃ নো ক্রি. বি. অপরকে দিয়ে ক্রয় করানো। ̃ বেচা বি. ক্রয়-বিক্রয়।

কেনাবেচা (p. 206) [kēnābēcā] দ্র কিনা2।

কেন্দ্র (p. 206) [kēndra] বি. 1 মধ্যবিন্দু (ভূকেন্দ্র); 2 মূল বা প্রধান স্থান (শীক্ষাকেন্দ্র, কর্মকেন্দ্র, বাণিজ্যকেন্দ্র); 3 (জ্যোতিষ.) রাশিচক্রের লগ্নস্থান এবং লগ্ন থেকে চতুর্থ সপ্তম ও দশম স্থান; 4 সূর্য থেকে গ্রহ-উপগ্রহগুলির ব্যবধান; 5 (জ্যামি.) বৃত্ত; মধ্যবিন্দু। [সং. < গ্রি. কেন্ত্রন kentron]। ̃ গত বিণ. মধ্যস্ত; প্রধান বা মূল স্থানে অবস্থিত। ̃ বিন্দু বি. প্রধান স্থান; প্রধান কেন্দ্র (আন্দোলনের কেন্দ্রবিন্দু)। ̃ বিমুখ, কেন্দ্রাতিগ বিণ. কেন্দ্র থেকে দূরে গমনশীল, centrifugal. কেন্দ্রাভিগ, কেন্দ্রানুগ বিণ. কেন্দ্রাভিমুখে গমনশীল, centripetal. কেন্দ্রিক বিণ. (ন.শ.) কোনো কিছুকে কেন্দ্র করে রয়েছে বা ঘটছে এমন (নগরকেন্দ্রিক সভ্যতা, গ্রামকেন্দ্রিক, আত্মকেন্দ্রিক)। কেন্দ্রিত বিণ. কেন্দ্রগত। কেন্দ্রী (-ন্দ্রিন্) বিণ. কেন্দ্রযুক্ত; কেন্দ্রস্থলে অবস্থিত। কেন্দ্রীয় (অপ্র.) কৈন্দ্রিক বিণ. কেন্দ্রসম্পর্কীয়; কেন্দ্রে অবস্থিত (কেন্দ্রীয় সরকার)। কেন্দ্রীভূত বিণ. কেন্দ্রে আগত বা নীত (সরকারি ক্ষমতাকে কেন্দ্রীভূত করা); কেন্দ্রগত; কেন্দ্রে পরিণত।

কেন্নো, কেন্নুই, কেন্নাই (p. 206) [kēnnō, kēnnui, kēnnāi] বি. (সাধারণত গাঢ় বাদামি বা মেরুন রঙের) বহুপদ কীটবিশেষ, যা ভয় পেলেই গোল হয়ে গুটিয়ে যায়, কানকোঁটারি। [দেশি]।

কেবট (p. 206) [kēbaṭa] দ্র কেওট।

কেবল (p. 206) [kēbala] বিণ. 1 অদ্বিতীয়, অসঙ্গ (সাংখ্যের কেবল পুরুষ); 2 শুদ্ধ, বিকারহীন (কেবল আত্মা)। □ অব্য. 1 শুধু (এখন কেবল আমার নিন্দাই

করছে); 2 মাত্র ('একটু কেবল বসতে দিয়ো কাছে': রবীন্দ্র)। □ ক্রি-বিণ. 1 অনবরত, একাদিক্রমে (তিনদিন কেবল বৃষ্টি হয়ে চলেছে; কেবল হাসছে কেন?); 2 এইমাত্র, সবে (কেবল খেয়ে উঠেছি)। [সং. √ কেব্ + অল]। বি. কৈবল্য। ˜ ই অব্য. ক্রি-বিণ. 1 শুধুই ('আমি কেবলই স্বপন করেছি বপন': রবীন্দ্র); 2 সবেমাত্র, এখুনি; 3 ক্রমাগত (কেবলই এক কথা বলে যাচ্ছে)। ˜ রাম দ্র কেবলা।

কেবলা, ক্যাবলা (p. 206) [kēbalā, kyābalā] বিণ. স্থূলবুদ্ধি, বোকাসোকা ধরনের। [আ. কিব্লা]। কেবল-রাম, ক্যাবল-রাম বি. স্থূলবুদ্ধি লোক, বোকা লোক, হাঁদারাম। কেবলা হাসি, ক্যাবলা হাসি বি. বোকা-বোকা হাসি।

কেবিন, ক্যাবিন (p. 206) [kēbina, kyābina] বি. কক্ষ, কামরা (জাহাজের ক্যাবিন)। [ইং. cabin]।

কেমন (p. 207) [kēmana] ক্রি-বিণ. কীরকম (কেমন আছ? ওরা কেমন খেলছে?)। □ অব্য. 1 একরকম (কেমন যেন বোকার মতো); 2 বেশ, আচ্ছা, খুব (কেমন জব্দ ! কেমন হল!); 3 সম্মতি আশা করে প্রশ্ন (যেয়ো কেমন?)। □ বিণ. কীরকম (কেমন আঘাত? কেমন ব্যথা?)। [বাং. কী (কি) + মন]। কেমন কেমন বিণ. ঠিক ভালো নয়; ভালো কি মন্দ সন্দেহজনক (শরীরটা কেমন কেমন করছে; ওখানে যেন কেমন কেমন ব্যাপার চলছে)। ˜ তর, ˜ তরো বিণ. কীরকম (কেমনতর লোক তুমি?)। কেমন যেন বিণ. ভালো নয় বলে সন্দেহ হয় এমন (কেমন যেন অবস্থাটা); কিছুপরিমাণ (কেমন যেন অসুস্থ)। কেমনে (কাব্যে) ক্রি-বিণ. কীভাবে ('কেমনে শুধিব বল তোমার এ ঋণ': রবীন্দ্র)।

কেম-ব্রিক (p. 207) [kēma-brika] বি. সাদা রঙের মিহি লিনেনজাতীয় বস্ত্রবিশেষ। [ইং. cambric]।

কেমি-কেল, কেমি-ক্যাল (p. 207) [kēmi-kēla, kēmi-kyāla] বি. বিণ. 1 রাসায়নিক প্রক্রিয়ায় প্রস্তুত; 2 কৃত্রিম, নকল (কেমিক্যাল সোনা)। [ইং. chemical]।

কেয়া1 (p. 207) [kēẏā1] বি. ফুলবিশেষ, কেতকী (কেয়ার ঝাড়)। [সং. কেতক]। কেয়া-কাঁদি বি. কেয়াফুলের গুচ্ছ বা ছড়া-এতে প্রচুর রেণু থাকে এবং হাত দিলে ধুলোর মতো পদার্থ ওড়ে।

কেয়া2 (p. 207) [kēẏā2] অব্য. কী চমৎকার (কেয়া বাত ! কেয়া মজা!)। [হি. ক্যা]। কেয়া বাত, (বর্জি.) কেয়া বাত্ অব্য. কী চমৎকার কথা; কী ব্যাপার; বাহবা; শাবাশ।

কেয়া-মত (p. 207) [kēẏā-mata] বি. 1 (ইসলামি মতে) সমাধি থেকে মৃতের পুনরুত্থান; 2 মহাবিচারক কর্তৃক মৃতদের পাপপুণ্য বিচার, শেষ বিচার; 3 মহাপ্রলয়।

কেয়ার (p. 207) [kēẏāra] বি. 1 অবধান, যত্ন, মনোযোগ (শরীর সম্বন্ধে যথেষ্ট কেয়ার নিয়ো); 2 গ্রাহ্য, সমীহ (বাপকে মোটেই কেয়ার করে না); 3 তত্ত্বাবধান (ছেলেটি এখন আমার কেয়ারে আছে); 4 ঠিকানা (রামবাবুর কেয়ারে পত্র দিয়ো)। [ইং. care]।

কেয়ারি, কিয়ারি (p. 207) [kēẏāri, kiẏāri] বি. 1 আল-বাঁধা খেত বা উদ্যান (ফুলের কেয়ারি, কেয়ারি-করা ফুলবাগান); 2 সযত্ন বিন্যাস (কেয়ারি-করা চুল)। [সং. কেদারিকা]।

কেয়াস (p. 207) [kēẏāsa] বি. অনুমান, আন্দাজ (এ ব্যাপারে তোমার কেয়াস কেমন দেখি; সঠিক বলা যায় না, তবে কেয়াস করে বলতে পারি)। [আ. কি'য়াস]।

কেয়ূর (p. 207) [kēẏūra] বি. বাহুর বা উপর-হাতের অলংকারবিশেষ, অঙ্গদ, বাজু। [সং. কে (বাহুশীর্ষে) + √ যা + ঊর]।

কেরল (p. 207) [kērala] বি. ভারতের দক্ষিণ-পশ্চিম প্রান্তস্থিত অঞ্চলবিশেষ; ওই অঞ্চলের অধিবাসী। [সং.]। কেরলি বি. (বাং.) 1 (স্ত্রী.) কেরলদেশীয় রমণী; 2 কেরলবাসী। □ বিণ. (বাং.) 1 কেরলসম্বন্ধীয়; 2 কেরলের।

কেরাঞ্চি (p. 207) [kērāñci] বি. ভাড়াটে গোরুর গাড়ি। [হি. কিরাঁচি < আ. কেরোচ]।

কেরানি, (বর্জি.) কেরাণী (p. 207) [kērāni, (barji.) kērāṇī] বি. করণিক, অফিসে নথিপত্রের তদারকি ও লেখাজোখার কাজ করে এমন কর্মচারী। [পো. escrevente]। ˜ গিরি বি. কেরানির কাজ (কেরানিগিরি করেই জীবন কেটে গেল)।

কেরামত, কেরামতি (p. 207) [kērāmata, kērāmati] বি. 1 শক্তি, ক্ষমতা, প্রতাপ; 2 বাহাদুরি (তোমার কেরামতি ফাঁস হয়ে গেছে)। [আ. করামত্]।

কেরায়া, (বিরল) কেরেয়া (p. 207) [kērāẏā, (birala) kērēẏā] বি. ভাড়া (রেলের কেরায়া জোগাড় করতেই দিশেহারা)। [আ. কিরায়া]।

কেরো-সিন (p. 207) [kērō-sina] বি. খনিজ জ্বালানি তেলবিশেষ. মেটে তেল। [ইং. kerosene]।

কেলানো (p. 207) [kēlānō] ক্রি. 1 (অশা.) প্রকাশ করা, বার করা, আবরণমুক্ত করা (দাঁত কেলানো); 2 খোসা বা ছাল ছাড়ানো। [বাং. √ কেলা + আনো]।

কেলাস2 (p. 207) [kēlāsa2] বি. স্ফটিকমণি, রাসায়নিক বস্তুর স্ফটিকের মতো দানা, crystal. [সং. কে (=জলে) + লাস (শোভা)]। কেলাসন বি. স্ফটিকমণি নির্মাণ; স্ফটিকীভবন। কেলাসিত বিণ. স্ফটিকীভূত, দানা-বাঁধা, crystallized.

কেলি (p. 207) [kēli] বি. 1 প্রমোদ, বিহার (কেলিকুঞ্জ); 2 ক্রীড়া, কৌতুক (জলকেলি)। [সং. √ কিল্ + ই]। ˜ কদম্ব বি. 1 শ্রীকৃষ্ণলীলার প্রসঙ্গে স্মরণীয় কদম্ব গাছ; 2 একরকম কদমফুল। ˜ কুঞ্জ বি. প্রমোদকানন। ˜ গৃহ বি. প্রমোদভবন।

কেলে (p. 207) [kēlē] বিণ. (অনাদরে বা ব্যঙ্গে) কালো, কালো রঙের। [বাং. কালিয়া >]। ̃ কার্তিক দ্র কার্তিক। ̃ ভূত বি. ভূতের মতো কালো ব্যক্তি। ̃ মানিক, ̃ সোনা (আদরে) বি. কালো ছেলে; কালাচাঁদ, শ্রীকৃষ্ণ। কেলে হাঁড়ি বি. বহুকাল ভাত রাঁধার ফলে যে (মাটির) হাঁড়ির তলদেশ কালো হয়ে গেছে।

কেলেঙ্কার (p. 207) [kēlēṅkāra] বিণ. কলঙ্কজনক। [সং. কলঙ্ককর]। কেলেঙ্কারি বি. 1 কলঙ্ক, অপযশ; 2 কলঙ্ককর ব্যাপার; 3 ঢলাঢলি।

কেল্লা (p. 207) [kēllā] বি. দুর্গ, গড়; সেনানিবাস। [আ. কিলাহ্]। ̃ দার বি. দুর্গের অধিপতি, দুর্গের অধিনায়ক। কেল্লা ফতে করা ক্রি. বি. 1 দুর্গ জয় করা; 2 (আল.) কাজ হাসিল করা, সিদ্ধিলাভ করা। কেল্লা মাত করা কেল্লা ফতে করা -র অনুরূপ। কেল্লা মেরে দেওয়া ক্রি. বি. জয়ী হওয়া; সফল হওয়া (কেল্লা মেরে দিয়েছ, আর তোমাকে পায় কে?)।

কেশ (p. 207) [kēśa] বি. চুল। [সং. কে (মস্তকে) + √ শী + অ]। ̃ কর্ম (-র্মন্) বি. চুল বাঁধা; কবরী রচনা। ̃ কলাপ, ̃ গুচ্ছ, ̃ দাম, ̃ পাশ বি. চুলের গোছা। ̃ কীট বি. চুলের পোকা, উকুন। ̃ গ্রহণ বি. চুল ধরা। ̃ ঘ্ন বি. টাক। ̃ তৈল বি. চুলে বা মাথায় মাখার উপযুক্ত তেল। ̃ প্রসাধন বি. চুলের পরিচর্যা; চুলের সংস্কার ও শোভা বর্ধন। ̃. বতী বি. (স্ত্রী.) ভালো চুল আছে যে নারীর। ̃. বিন্যাস বি. চুল বাঁধা; চুলের সংস্কার; চুল আঁচড়ানো; চুলের বাহার। ̃. মুণ্ডন বি. মাথা মুড়িয়ে ফেলা, নেড়া হওয়া।

কেশব (p. 207) [kēśaba] বি. শ্রীকৃষ্ণ। [সং. কে (জলে) + শব (শবতুল্য) অর্থাত্ অনন্ত শয়নে শয়ান]।

কেশর (p. 207) [kēśara] বি. 1 ফুলের ভিতরের কেশতুল্য সূক্ষ বস্তু; 2 সিংহ ঘোড়া প্রভৃতি প্রাণীর ঘাড়ের দীর্ঘ লোমরাজি; 3 জাফরান; 4 নাগকেশর ফুল বা তার গাছ। [সং. কে (জলে) + শর]। কেশরী (-রিণ) বি. 1 সিংহ; 2 কেশরযুক্ত প্রাণী। □ বিণ. (সমাসে পরপদে) 1 শ্রেষ্ট বা প্রধান (পাঞ্জাবকেশরী); 2 জাফরান-এর রংবিশিষ্ট (কেশরী রং)।

কেশাকর্ষণ (p. 207) [kēśākarṣaṇa] বি. চুল ধরে টানা। [সং. কেশ + আকর্ষণ]।

কেশা-কেশি (p. 207) [kēśā-kēśi] বি. পরস্পরের চুল ধরে টানাটানি বা যুদ্ধ; চুলোচুলি। [সং. কেশ + বাং. আ + সং. কেশ + বাং. ই]।

কেশাগ্র (p. 207) [kēśāgra] বি. চুলের ডগা [সং. কেশ + অগ্র]। কেশাগ্র স্পর্শ করতে না পারা ক্রি. বি. কোনো ক্ষতি বা অপমান করতে না পারা।

কেশিয়ার, ক্যশিয়ার (p. 207) [kēśiẏāra, kyaśiẏāra] বি. অফিস ব্যাঙ্ক ইত্যাদি প্রতিষ্ঠানের নগদ টাকার বা তহবিলের ভারপ্রাপ্ত কর্মচারী, খাজাঞ্চি। [ইং. cashier]।

কেশী (p. 207) [kēśī] (-শিন্) বিণ. 1 সুদীর্ঘ বা ঘন কেশযুক্ত; 2 কেশবিশিষ্ট। □ বি. কৃষ্ণের দ্বারা নিহত দৈত্যরাজ কংসের মল্লবিশেষ। [সং. কেশ + ইন্]। বিণ. স্ত্রী. কেশিনী।

কেশুর (p. 207) [kēśura] বি. মুথ্যজাতীয় কন্দবিশেষ। [সং. কশেরু]।

কেশেল (p. 207) [kēśēla] দ্র কাশী।

কেষ্ট (p. 207) [kēṣṭa] বি. অনাদরে, ব্যঙ্গে, আঞ্চ. এবং ব্যক্তিনামে) কৃষ্ণ। [> সং. কৃষ্ণ]˜. বিষ্টু বিণ. গণ্যমান্য ব্যক্তি; হোমরাচোমরা লোক (আমাদের গ্রামে প্রায়ই কেষ্টবিষ্টুরা আসেন)।

কেস (p. 207) [kēsa] বি. 1 মামলা, মোকদ্দমা (তার নামে একটা কেস ঠুকে দিয়েছি); 2 ব্যাপার, ঘটনা (সে এক মজার কেস); 3 রোগী, মক্কেল (ডাক্তারের কেস, উকিলবাবুর কেস); 4 বাক্স (গয়নার কেস, সিগারেটের কেস)। [ইং. case]।

কেসর-কেশর (p. 207) [kēsara-kēśara] -এর বানানভেদ।

কেহ (p. 207) [kēha] সর্ব. (সাধু ভাষার) 1 কোনো ব্যক্তি (কেহ জানে না); 2 আপনজন, সম্বন্ধীয় ব্যক্তি (সে আমার কেহ নয়)। কেউ শব্দের সাধু রূপ। [প্রাকৃ. কেঅ, তু. মাগ. কেহু < সং. কঃ অপি]। কেহ কেহ সর্ব. কেউ কেউ, কোনো কোনো লোক; কতিপয় লোক। কেহ না কেহ সর্ব. কেউ-না-কেউ, কোনো-না-কোনো লোক।

কৈ-কই (p. 207) [kai-ki] (মাছবিশেষ)-এর বানানভেদ।

কৈকেয়ী (p. 207) [kaikēẏī] বি. (রামায়ণে) রাজা দশরথের মধ্যমা পত্নী-ভরতের গর্ভধারিণী।[সং. কেকয় + অ + ঈ]।

কৈছন-কইসন (p. 207) [kaichana-kisana] এর রুপভেদ।

কৈছে, কৈসে (p. 207) [kaichē, kaisē] ক্রি-বিণ. (ব্রজ.) কেমন করে, কীভাবে ('কৈছে গোঙ্গায়ব': বিদ্যা)। [হি. কৈসে]।

কৈটভ (p. 207) [kaiṭabha] বি. বিষ্ণুর কর্ণমল থেকে উদ্ভূত এবং বিষ্ণুরই দ্বারা নিহত অসুরবিশেষ। [সং. কীট (কর্ণমল) + √ ভা + অ]। কৈটভারি বি. কৈটভের নিধনকারী অর্থাত্ বিষ্ণু।

কৈতব (p. 207) [kaitaba] বি. 1 কপটতা, ছল; 2 জুয়া খেলা। [সং. কিতব + অ]।˜. বাদ বি. 1 মিথ্যা কথা, অমৃতবাদ; 2 চাটুবাদ, তোষামোদ ('কৈতববাদের এমনি মহিমা': শরত্)।˜. বাদী (-দিন্) বিণ. মিথ্যাবাদী; চাটুকার।

কৈন্দ্রিক (p. 207) [kaindrika] দ্র কেন্দ্র।

কৈফিয়ত, (p. 207) [kaiphiẏata,] (বর্জি.) কৈফিয়ত্ বি. 1 কারণের ব্যাখ্যা, কারণপ্রদর্শনসহ জবাব (আমার এই কাজের জন্য উপরওয়ালা কৈফিয়ত চেয়েছে); 2 জমা-খরচের বিস্তারিত বিবরণ, হিসাবনিকেশ (কৈফিয়ত কাটা, কৈফিয়ত মেলানো)। [আ. কইফিয়ত্]।

কৈবর্ত (p. 207) [kaibarta] বি. কৃষিজীবী ও মৎসজীবী এই দুই শ্রেণীতে বিভক্ত হিন্দু সম্প্রদায়বিশেষ।[সং. কেবর্ত + অ]।

কৈবল্য (p. 207) [kaibalya] বি. 1 কাবলের ভাব [কেবল দ্র]; 2 মোক্ষ; 3 (যোগদর্শনে) চিত্তের ধর্ম-অধর্ম সংস্কার দগ্ধ হওয়ার ফলে প্রাকৃতির প্রভাব বা সংসার থেকে মুক্তি। [সং. কেবল + য]। ̃. দায়িণী বি. (স্ত্রী.) (কৈবল্য দান করেন বলে) আদ্যাশক্তি, পরমা শক্তি, ঈশ্বরী। ̃. ধাম বি. মোক্ষধাম অর্থাত্ স্বর্গ।

কৈরব (p. 207) [kairaba] বি. কুমুদ; শ্বেতপদ্ম। [সং. কে (জলে) + √রব্ + অ]। ̃. নাথ বি. চন্দ্র

কৈল (p. 207) [kaila] ক্রি. করিল এই সাধু ক্রিয়ারূপের কোমল রূপ ('হিয়ার ভিতর হৈতে কে কৈল বাহির': বল.)

কৈলাস (p. 207) [kailāsa] বি. শিবের বাসস্থানরূপে বর্ণিত হিমালয়ের উত্তরস্থ পর্বতবিশেষ; শিবলোক। [সং. কৈল (সুখ) + আস (আবাস) বা কেলাস] + অ]। ̃. নাথ, কৈলাসেশ্বর বি. শিব। ̃. বাসিনী বি. (স্ত্রী.) দুর্গা।

কৈশিক (p. 207) [kaiśika] বিণ. 1 কেশসম্বন্ধীয়; 2 কেশসদৃশ; 3 অতি সুক্ষ নলাকার, capillary [সং. কেশ + ইক]। কৈশিকা নাড়ী বি. চুলের মতো অতি সূক্ষ রক্তবহা নাড়ী।

কৈশোর (p. 207) [kaiśōra] বি. কিশোর কাল বা অবস্থা; (আল.) অপরিণত কাল। [সং. কিশোর + অ]।˜ ক বিণ. কৈশোরসুলভ; কৈশোরসম্বন্ধীয়।

কো (p. 207) [kō] সর্ব. (ব্রজ.) কোন জন, কে ('তুয়া বিনে অধম কারণ কো দেয়ব': গো. দা.); কেউ। [সং. + কিম্]।˜. ই সর্ব. কেউ ('কোই বলে গোরা জানকীবল্লভ')।

কোআর্টার, কোয়ার্টার (p. 207) [kōārṭāra, kōẏārṭāra] বিণ. 1 সরকারিভাবে ব্যবস্থাপিত অস্থায়ী বাসভবন; 2 কোনো প্রতিষ্ঠানের নিজস্ব কর্মচারীদের জন্য অস্থায়ী বাসভবন। [ইং. quarters]।

কোং-কোম্পানি (p. 207) [kō-ṅkōmpāni] র. সংক্ষিপ্ত রূপ।

কোঁ, কোঁ-কোঁ (p. 207) [kō, n̐kō-n̐kō] অব্য. ব্যথা বা যন্ত্রণায় কাতরতাসূচক ধ্বনিবিশেষ (পেট কোঁ-কোঁ করছে)। [ধ্বন্যা.]।

কোঁক (p. 207) [kōn̐ka] বি. 1 উদর; 2 উদরের পার্শ্বদেশ; 3 গর্ভ।[সং. কুক্ষি]।

কোঁকড়া1 (p. 207) [kōn̐kaḍ়ā1] বিণ. কুঞ্চিত, কোঁচকানো। [সং. কুঞ্চিত]।

কোঁকড়া2, কোঁকড়ানো (p. 209) [kōn̐kaḍ়ā2, kōn̐kaḍ়ānō] যথাক্রমে কুঁকড়া 2 ও কুঁকড়ানো -র চলিত রূপ।

কোঁকা, কোঁকানো (p. 209) [kōn̐kā, kōn̐kānō] ক্রি. 1 কোঁ-কোঁ করা, যন্ত্রণার অব্যক্ত কাঁদা; 2 কোঁথা। [ধ্বন্যা.]। কোঁকানি বি. যন্ত্রণায় অব্যক্ত কান্না; কোঁথানি।

কোঁচ2 (p. 209) [kōn̐ca2] বি. মাছ বা অন্য প্রাণী বিঁধে মারার বর্শাবিশেষ। [দেশি-তু. সং. কুন্ত]।

কোঁচ3 (p. 209) [kōn̐ca3] বি. কোঁচকানো ভাব। [সং. কুঞ্চন]।

কোঁচকা, কোঁচকানো (p. 209) [kōn̐cakā, kōn̐cakānō] যথাক্রমে কুঁচকা ও কুঁচকানো -র চলিত রূপ।

কোঁচড় (p. 209) [kōn̐caḍ়] বি. পরিধেয় বস্ত্রের কোঁচা বা সামনের কোঁচকানো অংশ দিয়ে সাময়িক প্রয়োজনে থলের মতো আধার (কোঁচড়ে রয়েছে কিছুটা মুড়ি)। [দেশি-তু. সং. ক্রোড়]।

কোঁচা1 (p. 209) [kōn̐cā1] বি. (প্রধানত পুরুষের) পরিধেয় বস্ত্রের অর্থাত্ ধুতির পাট করা সম্মুখভাগ)। [বাং. কোঁচ3 + আ]। কোঁচা দুলিয়ে বেড়ানো ক্রি. বি. দায়িত্বজ্ঞানহীন হয়ে আলস্যে দিন কাটানো; বাবুগিরি করা। বাইরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন (প্র.) ঘরে অভাবের জ্বালায় কষ্ট পাচ্ছে অথচ বাইরে লোক-দেখানো বাবুগিরি ও বড়লোকি করছে এমন অবস্থা।

কোঁচা2, কোঁচানো (p. 209) [kōn̐cā2, kōn̐cānō] যথাক্রমে কুঁচা2 ও কুঁচানো -র চলিত রূপ।

কোঁড়, কোঁড়া (p. 209) [kōn̐ḍ়, kōn̐ḍ়ā] বি. 1 বাঁশ বেত ইত্যাদির নতুন অঙ্কুর; 2 ব্যাঙের ছাতা। [সং. অঙ্কুর]।

কোঁত, কোঁথ (p. 209) [kōn̐ta, kōn̐tha] বি. মলত্যাগের বেগ, কুন্হন। [সং. √ কুন্হ্]। কোঁত দেওয়া, কোঁত পাড়া ক্রি. বি. মলত্যাগের জন্য দম বন্ধ করে ও তলপেট কুঞ্চিত করে বেগ দেওয়া।

কোঁতা, কোঁথা, কোঁতানো, কোঁথানো (p. 209) [kōn̐tā, kōn̐thā, kōn̐tānō, kōn̐thānō] যথাক্রমে কুঁতা, কুঁথা, কুঁতানো ও কুঁথানো -র চলিত রূপ।

কোঁতকা, (বর্জি.) কোৎকা (p. 209) [kōn̐takā, (barji.) kōtkā] বি. মোটা লাঠি বা মুষল। কোঁতকা মারা ক্রি. বি. লাঠি কনুই ইত্যাদি দিয়ে গুঁতো বা গোত্তা দেওয়া (ভিড়ের মধ্যে লোকটা কনুই দিয়ে আমাকে এমন কোঁতকা মারল)। [তুর. কুৎকা]।

কোঁদন, কোঁদল, কোঁদা (p. 209) [kōn̐dana, kōn̐dala, kōn̐dā] যথাক্রমে কুঁদন1, 2, কোন্দল ও কুঁদা -র চলিত রূপ।

কোক (p. 209) [kōka] বি. গৃহস্থের ব্যবহারের উপযোগী করে পোড়ানো খনিজ কয়লা (কোকচুল্লি)। [ইং. coke]।

কোক-নদ (p. 209) [kōka-nada] বি. লাল পদ্ম; লাল শালুক ('মধুহীন কোর না গো তব মনঃ কোকনদে': মধু.)। [সং. কোক (চক্রবাক পাখি) + √ নাদি (শব্দ করানো) + অ]।

কোকিল (p. 209) [kōkila] বি. কোয়েলজাতীয় সুকণ্ঠ পাখিবিশেষ, পিক। [সং. √ কুক্ (গ্রহণ করা) + ইল]। বি. (স্ত্রী.) কোকিলা।˜ কণ্ঠ বিণ. কোকিলের মতো মধুর কণ্ঠবিশিষ্ট। স্ত্রী.˜ কণ্ঠী। কোকিলাসন বি. তান্ত্রিক যোগাসনবিশেষ। কোকিলেক্ষু বি. কালো রঙের বা 'কাজলা' আখ।

কোকেন (p. 209) [kōkēna] বি. কোকা গাছের পাতা থেকে প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ। [ইং. cocaine]।

কোঙর, কোঙার (p. 209) [kōṅara, kōṅāra] বি. (অপ্র.) 1 পুত্র ('ঐলোক্যবিজয়ী হবে তোমার কোঙর': কৃত্তি); 2 কুলের পরিচায়ক পদবি বা উপাধিবিশেষ। [সং. কুমার]।

কোঙা (p. 209) [kōṅā] বিণ. 1 কুব্জ, কুঁজো, পিঠ-বাঁকা; 2 সামনের দিকে ঝুঁকে পড়েছে এমন। [হি. কুঁআ]।

কোঙ্কণি (p. 209) [kōṅkaṇi] বি. ভারতের দক্ষিণ-পশ্চিমের কোঙ্কণ উপকূলের অধিবাসী। □ বিণ. কোঙ্কণ উপকূলসম্বন্ধীয় (কোঙ্কণি রীতিনীতি)। [সং. কোঙ্কণ + বাং. ই]।

কোচ1 (p. 209) [kōca1] বি. 1 ধীবর জাতিবিশেষ; 2 আদিম অধিবাসী। [সং. √ কুচ্ + অ]।

কোচ2 (p. 209) [kōca2] বি. কৌচ, গদিযুক্ত বসবার আসনবিশেষ। [ইং. couch]।

কোচ-ওয়ান, কোচোয়ান, কোচ-মান, কোচ-ম্যান (p. 209) [kōca-ōẏāna, kōcōẏāna, kōca-māna, kōca-myāna] বি. ঘোড়ার গাড়ির গাড়োয়ান। [ইং. coachman]।

কোচ-দাদ (p. 209) [kōca-dāda] বি. কুঁচকি বা তার কাছাকাছি স্থানের দাদ। [বাং. কুঁচকি + দাদ]।

কোচ-বাক্স (p. 209) [kōca-bāksa] বি. গাড়িতে কোচোয়ানের বসবার স্থান বা আসন। [ইং. coachbox]।

কোচল (p. 209) [kōcala] বি. ঝগড়া, বিবাদ; তর্কতর্কি। [দেশি]।

কোজাগর (p. 209) [kōjāgara] বি. আশ্বিন মাসের পূর্ণিমা তিথি (কোজাগর=পূর্ণিমা)। (তু. 'নিশীথে বরদা দেবী কো জাগর্তীতিবাদিনী')। [সং. কঃ + √ জাগৃ + অ]। কোজাগরী বিণ. কোজাগরসম্বন্ধীয় (কোজাগরী লক্ষ্মীপূজা, কোজাগরী পূর্ণিমা)।

কোট1 (p. 209) [kōṭa1] বি. 1 দুর্গ (রাজকোট); 2 নগর, শহর (শিয়ালকোট, পাঠানকোট) ; 3 অধিকার, আয়ত্তি; দখল (এবার তোমাকে আমার নিজের কোটে পেয়েছি); 4 পণ, জিদ (কোট বজায় রাখা); 5 সীমানা, চৌহদ্দি (কোটের বাইরে যাওয়া)। [সং. কোট্ট-তু. হি. কোঠরি]।

কোট2 (p. 209) [kōṭa2] বি. জামার উপরে পরিধেয় মোটা কাপড়ে প্রস্তুত সচ. হাতাওয়ালা এবং বোতামযুক্ত বহির্বাসবিশেষ। [ইং. coat]।

কোটন, কোটনা1 (p. 209) [kōṭana, kōṭanā1] যথাক্রমে কুটন ও কুটনা -র রূপভেদ।

কোটনা2 (p. 209) [kōṭanā2] বি. 1 যে পুরুষ গুপ্তপ্রণয়ের নায়ক-নায়িকার মিলনে সাহায্য করে; 2 কান-ভাঙানি দিয়ে বিবাদ বাধায় এমন লোক। [সং. কুট্টনী-র বাং. পুং. রূপ]। বি. (স্ত্রী.) কোটনী। কুটনী দ্র.। ̃ গিরি, ̃ পনা বি. কোটনার কাজ। ̃ মি বি. কোটনাপনা, কান-ভাঙানি।

কোটর (p. 209) [kōṭara] বি. 1 গাছের গুঁড়ির মধ্যকার খোঁড়ল বা গহ্বর (গাছের কোটরে সাপের বাসা); 2 গর্ত (কোটরাগত চক্ষু); 3 কুঠুরি বা ছোট ঘর (কোটরবাসী)। [সং. কোট + √ রা + অ]।

কোটা1, কোটানো (p. 209) [kōṭā1, kōṭānō] যথাক্রমে কুটা ও কুটানো -র চলিত রূপ।

কোটা2 (p. 209) [kōṭā2] বি. 1 মিহি বস্ত্রবিশেষ; 2 মিহি সুতোর তৈরি শাড়িবিশেষ (কোটা শাড়ি)। [বাং. কোষ্টা (পাট) < সং. কোষ্ট]।

কোটাল2 (p. 210) [kōṭāla2] বি. কোতোয়াল, নগররক্ষী; প্রহরী। [সং. কোষ্ঠপাল]। কোটালি বি. কোটালের পদ বা কাজ।

কোটি (p. 210) [kōṭi] বি. 1 ক্রোর, এক লক্ষের শতগুণ বা 1 সংখ্যা; 2 খড়্গ ধনুক প্রভৃতির প্রান্ত বা অগ্রভাগ; 3 তর্কের এক পক্ষ (ন্যায়ের কোটি); 4 শ্রেণি (উচ্চকোটির মানুষ); 5 উৎকর্ষ। □ বিণ. 1 1 সংখ্যক; 2 অসংখ্য (কোটি কোটি মানুষ); 3 (গণি.) ordinate (বি.প.)। [সং. √ কুট্ + ই]।˜ কল্প বি. 1 ব্রহ্মার এক কোটি আহোরাত্র অর্থাত্ মানুষের 864, , বৎসর; 2 অনন্তকাল।˜ পতি, কোটীশ্বর বি. অপরিমিত ধনের অধিকারী।

কোটেশন (p. 210) [kōṭēśana] বি. 1 উদ্ধৃতি চিহ্ন বা উদ্ধার চিহ্ন, " "এই চিহ্ন; 2 দর, মূল্য বা পারিশ্রমিক। [ইং. quotation]।

কোঠা (p. 210) [kōṭhā] বি. 1 প্রকোষ্ঠ, ঘর; 2 পাকা বাড়ি, অট্টালিকা (দালানকোঠা) ; 3 শ্রেণি (তাঁকে মধ্যবিত্তের কোঠায় ফেলা যায় না); 4 স্তর, অবস্থা (জীবনের শেষ কোঠায় এসে)। [সং. কোষ্ঠ]।

কোড়া (p. 210) [kōḍ়ā] বি. চাবুক, কশা, বেত। [হি. কোড়া]।

কোণ (p. 210) [kōṇa] বি. 1 (জ্যামি.) দুই সরলরেখার মিলনস্থল, angle (সরলকোণ, সমকোণ); 2 অভ্যন্তর (গৃহকোণ); 3 প্রান্ত (আঁখিকোণ); 4 খুঁট

(কাপড়ের কোণ); 5 অস্ত্রাদির সূক্ষ্ম অগ্রভাগ (ছুরির কোণ); 6 বাড়ির ভিতরদেশ, অন্তঃপুর ('বাবুটী সন্ধ্যা না হইতেই কোণে ঢোকেন': অ. ব.)। [সং. √ কুণ্ + অ]। ˜ ঘেঁষা বিণ. 1 এক কোণে বা এক প্রান্তে রয়েছে এমন; 2 লাজুক; নির্জনে থাকতে অভ্যস্ত। ˜ ঠাসা বিণ. উপেক্ষিত; অন্য সকলের চাপে জড়সড়। প্রবৃদ্ধ-কোণ বি. (জ্যামি.) দুই সমকোণ অপেক্ষা বড় কিন্তু চার সমকোণ অপেক্ষা ছোট কোণ, reflex angle. সন্নিহিত কোণ বি. (জ্যামি.) এক সরলরেখার উপর অপর সরলরেখা স্থাপিত হলে পাশাপাশি যে-দুটি কোণ উৎপন্ন হয় তাদের যে-কোনোটি, adjacent angle. সম-কোণ বি. (জ্যামি.) এক সরলরেখার উপর অপর একটি সরলরেখা লম্বভাবে স্থাপিত হলে যে-দুটি পরস্পর-সমান সন্নিহিত কোণ উৎপন্ন হয় তাদের যে-কোনোটি, right angle. সম-কৌণিক বিণ, সমকোণযুক্ত; সমকোণসম্বন্ধীয়। সরল-কোণ বি. (জ্যামি.) দুই সমকোণ বা 18 ডিগ্রি পরিমিত কোণ, straight angle. সূক্ষ্ম-কোণ বি. (জ্যামি.) সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর কোণ, acute angle. স্থূল-কোণ বি. (জ্যামি.) এক সমকোণের চেয়ে বড় কিন্তু দুই সমকোণের চেয়ে ছোট কোণ, obtuse angle.

কোণা, কোণাকুণি, কোণাচ (p. 210) [kōṇā, kōṇākuṇi, kōṇāca] যথাক্রমে কোনা, কোনাকুনি ও কোনাচ -এর বর্জি. বানান।

কোতরা (p. 210) [kōtarā] বি. কালো রঙের ঝোলা গুড়, মাতগুড়। [ও. কোতরা]।

কোতোয়াল (p. 210) [kōtōẏāla] বি. নগররক্ষক, কোটাল; থানাদার। [ফা. কোত্ওয়াল্]। কোতোয়ালি বি. 1 কোতোয়ালের পদ বা কাজ; 2 থানা।

কোথা (p. 210) [kōthā] বি. অব্য. কোনো স্থান (কোথা থেকে)। □ ক্রি-বিণ. অব্য. কোন স্থানে, কোথায় (কোথা আছে সে?)। [সং. কুত্র]।˜ ও ক্রি-বিণ. 1 কোনো স্থানে (কোথাও নেই); 2 কোনো কোনো স্থানে ('কোথাও বা কাশবন ফুলে ফুলে সাদা': রবীন্দ্র)।˜ কার বিণ. 1 কোন স্থানের (কোথাকার জিনিস?); 2 অস্থানের (কোথাকার কে); 3 (র্ভৎসনায়) অস্থানের কুস্থানের (বদ ছেলে কোথাকার)।˜ য় অব্য. ক্রি-বিণ. কোন স্থানে।

কোদণ্ড (p. 210) [kōdaṇḍa] বি. 1 ধনুক (কোদণ্ডটঙ্কার); 2 ভ্রূলতা। [সং. √ কুণ্ (শব্দ করা) + অণ্ড, ণ্ স্থানে দ্]।˜ টঙ্কার বি. ধনুকের ছিলা আস্ফালনের শব্দ।

কোদলানো (p. 210) [kōdalānō] দ্র কোদাল।

কোদাল, কোদালি (p. 210) [kōdāla, kōdāli] বি. মাটি কোপানোর অস্ত্রবিশেষ, spade. [সং. কুদ্দাল]। কোদলানো, কোদাল পাড়া ক্রি. বি. কোদাল দিয়ে মাটি কোপানো। কোদালিয়া বি. বিণ. কোদাল দিয়ে মাটি খননকারী। □ বিণ. কোদাল দিয়ে খনিত মাটির মতো (কোদালিয়া মেঘ)।

কোন, কোন্ (p. 210) [kōna, kōn] সর্ব. বিণ. 1 (প্রশ্নে) কী, কে, কোনটি (কোন কথা? কোন বই?); 2 অনির্দিষ্ট কোনো (কোন দিন হয়তো শুনব)। □ ক্রি-বিণ. কীসে, কী প্রকারে, (তুমিই বা কোন ভালো ছেলে?); 2 কেন (সবাই ওই কথা বলে-আমিই কোন না বলি)। [< প্রাকৃ. কৌণকি-তু. হি. কৌন]। কোন না অব্য. অবশ্যই, নিশ্চয় (গতকাল ভালো খেলেছে, আজও কোন না খেলবে)।

কোনও, কোনো (p. 210) [kōnō, kōnō] সর্ব. বিণ. 1 অনির্দিষ্ট একটি বা একজন (কোনো বিষয়, কোনো লোক); 2 বহুর মধ্যে এক (কোনো বই-ই পড়েনি)। [তু. হি. কৌন < প্রাকৃ. কৌণকি]। কোনও কোনও, কোনো কোনো সর্ব. বিণ. 1 অনির্দিষ্ট একাধিক (কোনো কোনো লোক, কোনো কোনোটি বেশ ভালো); 2 মাঝে মাঝে এক-এক (কোনো কোনো দিন বৃষ্টি হয়)। ˜ মতে, ˜ রকমে ক্রি-বিণ. কোনো উপায়ে (কোনোমতে তাকে রাজি করিয়েছি)।

কোনা (p. 210) [kōnā] বি. কোণ, প্রান্ত (ঘরের এক কোনায় পড়ে আছে)। □ বিণ. কোণযুক্ত (চারকোনা)। [সং. কোণ + বাং. আ]। কোনা-কুনি, কোনা-কোনি ক্রি-বিণ. এক কোণ থেকে বিপরীত কোণ পর্যন্ত (কোনাকুনি ছুটতে লাগল)। □ বিণ. ওইভাবে বিস্তৃত (কোনাকুনি রাস্তা)।

কোনাচ (p. 210) [kōnāca] বি. 1 কোণের দিকের অংশ; 2 বাক্স সিন্ধুক ইত্যাদির কোণে যে ধাতুর পাত আঁটা হয়। [সং. কোণ + বাং. আচ]। কোনাচে বিণ. টেড়া, কোণাভিমুখী, কোনাকুনি।

কোন্দল, কোঁদল (p. 210) [kōndala, kōn̐dala] বি. কলহ, ঝগড়া (সকালে উঠেই কোঁদল শুরু করেছ)। [সং. কন্দল]। কোন্দলিয়া বিণ. কুঁদুলে, ঝগড়াটে। বিণ. স্ত্রী. কোন্দলি, কুঁদুলি।

কোপ1 (p. 210) [kōpa1] বি. ধারালো ভারী অস্ত্রের আঘাত (তলোয়ারের কোপ, দা দিয়ে কোপ, কোদালের কোপ)। তু. ইং. chop. [দেশি]।

কোপ2 (p. 210) [kōpa2] বি. 1 ক্রোধ, রাগ, রোষ (কোপানল); 2 অসন্তোষ, বিরাগ (দেবতার কোপে পড়ে সে সবই হারাল)। [সং. √ কুপ্ + অ]। ̃ কটাক্ষ বি. ক্রুদ্ধদৃষ্টি। ̃ ন বিণ. ক্রুদ্ধ; ক্রোধপ্রবণ, ক্রোধী (কোপনস্বভাব)। বিণ. স্ত্রী. কোপনা। কোপন-প্রকৃতি, কোপন-স্বভাব বিণ. একটুতেই রেগে যায় এমন স্বভাববিশিষ্ট। কোপানল বি. ক্রোধরূপ অগ্নি; তীব্র ক্রোধ। কোপাবিষ্ট বিণ. ক্রোধযুক্ত, ক্রুদ্ধ।

কোপা, কোপানো (p. 210) [kōpā, kōpānō] যথাক্রমে কুপা2 ও কুপানো -র চলিত রূপ।

কোপিত (p. 210) [kōpita] বিণ. ক্রুদ্ধ করা হয়েছে এমন, রোষিত, যাকে রাগিয়ে দেওয়া হয়েছে (ক্রমাগত নিন্দাবাদে কোপিত হয়ে তিনি উঠে গেলেন)। [সং. √ কুপ্ + ণিচ্ + ত]। কোপী (-পিন্) বিণ. রাগী, ক্রোধী, ক্রুদ্ধ।

কোপ্তা, কোফতা (p. 210) [kōptā, kōphatā] বি. পেষা মাছ বা মাংসের বড়া দিয়ে তৈরি ঝোলবিশেষ। [ফা. কোফ্তা]।

কোবিদ (p. 210) [kōbida] বিণ. পণ্ডিত; (কোনো বিদ্যায়) দক্ষ, পারদর্শী (অস্ত্রকোবিদ, শিল্পকোবিদ)। [সং. কো + √ বিদ্ + অ]।

কোমর (p. 210) [kōmara] বি. কটি, মাজা (কোমরের ব্যথা)। [ফা. কমর্]। ̃ বন্ধ বি. কোমরে বাঁধার পটিবিশেষ, পোটি, বেল্ট্, belt. ̃ জল বি. কোমর অবধি জল, যে জল কোমর পর্যন্ত গভীর। কোমর-বাঁধা ক্রি. বি. 1 দৃঢ় সংকল্প করা; 2 কোনো কার্যসাধনে উঠে-পড়ে লাগা (এবার কোমর বেঁধে কাজে লাগো)।

কোমল (p. 210) [kōmala] বিণ. 1 নরম (কোমল স্পর্শ, কোমল শয্যা); 2 মৃদু; ললিত (কোমল কলরব, কোমল কণ্ঠ); 3 সুকুমার, মধুর (কোমল স্বর, কোমল হৃদয়); 4 (সংগীতে) শুদ্ধ স্বরের চেয়ে নিচু পরদা (কোমল ধা, কোমল নি)। [সং. √ কম্ + অল]। বি.˜ তা,˜ ত্ব। বিণ. স্ত্রী. কোমলা। কোমলাঙ্গ বিণ. কোমল বা নরম দেহবিশিষ্ট। কোমলায়ন বি. প্রথমে তাপপ্রয়োগের দ্বারা উত্তপ্ত করে পরে ধীরে ধীরে ঠাণ্ডা করে কঠিন বা শক্ত করার প্রণালী annealing (বি.প.)।

কোম্পানি (p. 210) [kōmpāni] বি. 1 বণিক সমিতি; 2 যৌথ ব্যবসায় প্রতিষ্ঠান; 3 ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপনকারী ইস্ট ইণ্ডিয়া কোম্পানি নামে খ্যাত বাণিজ্য প্রতিষ্ঠান। [ইং. company]। কোম্পানির আমল বি. ভারতে ইস্ট ইণ্ডিয়া কোম্পানির শাসনকাল। কোম্পানির কাগজ বি. (সাধারণের কাছ থেকে) সরকার কর্তৃক গৃহীত ঋণের দলিল বা স্বীকারপত্র।

কোয় (p. 210) [kōẏa] সর্ব. (ব্রজ.) কাউকেই, কাকেও। [হি. কোহু]।

কোয়া (p. 210) [kōẏā] বি. 1 ফলের বীজ; 2 কোষ (কাঁঠালের কোয়া. কমলালেবুর কোয়া)। [সং. কোষ]।

কোয়াক (p. 210) [kōẏāka] বি. 1 হাতুড়ে ডাক্তার; 2 অশিক্ষিত বা প্রশিক্ষণপ্রাপ্ত নয় এমন কারিগর বা মিস্ত্রী। [ইং. quack]।

কোয়ালিশন (p. 210) [kōẏāliśana] বি. বিণ. বিভিন্ন মত বা নীতির দল বা সংঘ বা শক্তির কোনো উদ্দেশ্যে সংঘটিত ঐক্য। [ইং. coalition]। কোয়ালিশন সরকার বি. যে সরকারে একাধিক রাজনৈতিক দল মিলিত হয়, ফ্রণ্ট।

কোয়াশিয়া (p. 210) [kōẏāśiẏā] বি. দক্ষিণ আমেরিকার সুপরিচিত গাছবিশেষ; ভেষজরূপে ব্যবহৃত এই গাছের অত্যন্ত তিক্ত স্বাদের ছাল। [ইং. quassia < Quassi (এই গাছের ছালের ভেষজগুণের আবিষ্কর্তার নাম)]।

কোয়েল (p. 210) [kōẏēla] বি. কোকিল ('ডাকিছে দোয়েল, গাহিছে কোয়েল')। [সং. কোকিল]। বি. স্ত্রী. কোয়েলা।

কোর (p. 210) [kōra] বি. (ব্রজ.) কোল, ক্রোড়। [সং. ক্রোড়]।

কোরক (p. 210) [kōraka] বি. কুঁড়ি, মুকুল, কলিকা (পুষ্পকোরক)। [সং. √ কুর্ + অক]।

কোরণ্ড (p. 210) [kōraṇḍa] বি. অণ্ডকোষে জলসঞ্চয়জনিত রোগবিশেষ, কুরণ্ড। [সং. কুরণ্ড]।

কোর-বানি (p. 210) [kōra-bāni] বি. মুসলমান শাস্ত্র অনুযায়ী পশু উৎসর্গ বা পশুবলি (আগামী কাল কারবালায় উট কোরবানি হবে)। [আ. কুর্বানী]।

কোরা1 (p. 210) [kōrā1] বিণ. 1 সম্পূর্ণ নতুন; আগে ব্যবহৃত হয়নি এমন; 2 (ধুতি, শাড়ি ইত্যাদি সম্পর্কে) আধোয়া; 3 মাড়যুক্ত। [হি. কোরা]। কোরা

কাগজ বি. সাদা বা অব্যবহৃত কাগজ; যে কাগজে লেখা হয়নি। কোরা মার্কিন বি. আধোয়া ও মাড়-দেওয়া নতুন মার্কিন কাপড়। আন-কোরা দ্র আনকোরা।

কারা2 (p. 210) [kārā2] ক্রি. কুরা -র চলিত রূপ। □ বি. যা কোরাবার ফলে তৈরি হয়েছে (নারকেল কোরা)। [কুরা দ্র]।

কোরান, (বর্জি.) কোরাণ (p. 210) [kōrāna, (barji.) kōrāṇa] বি. মুসলমানদের প্রধান ধর্মগ্রন্হ, কোরানশরিফ। [আ. কুর্আন]।

কোরাল (p. 210) [kōrāla] বি. ভেটকিজাতীয় মাছবিশেষ। [দেশি]।

কোরাস (p. 210) [kōrāsa] বি. 1 সমবেত কণ্ঠ বা যন্ত্রসংগীত (আমরা একখানা কোরাস গাইব); 2 (আল.) সমবেদ ধ্বনি (ব্যাঙের কোরাস শুনছি)। [ইং. chorus]।

কোর্ট (p. 210) [kōrṭa] বি. আদালত, বিচারালয়। [ইং. court]।

কোর্ট-শিপ (p. 210) [kōrṭa-śipa] বি. (ইয়োরোপীয় প্রথায়) বিবাহের পূর্বে পাত্র-পাত্রীর মধ্যে হৃদয়ের আদান-প্রদান বা মন দেওয়া-নেওয়া (ওদের বিয়ের দেরি আছে, এখনও কোর্টশিপ চলছে)। [ইং. courtship]।

কোর্ট-মার্শাল (p. 210) [kōrṭa-mārśāla] বি. সামরিক আইন অনুযায়ী বিচারের ব্যবস্থা বা সেই বিচারের জন্য স্থাপিত আদালত। কোর্টমার্শাল করা ক্রি. বি. সামরিক আইন অনুসারে বিচার করা।[ইং. court martial]।

কোর্ফা (p. 210) [kōrphā] বি. 1 জমির নিম্নতম স্বত্ব বা অধিকার; 2 যে প্রজা তার ঊর্ধ্বতন প্রজার কাছ থেকে জমি নিয়ে চাষ করে। [ফা. কোর্ফা]। কোর্ফা প্রজা বি. এক প্রজার অধীন অন্য প্রজা।

কোর্মা (p. 210) [kōrmā] বি. মুসলমানি (বিশেষত তুর্কি) প্রথায় ভাজা মাছ বা মাংসের কালিয়া। [তুর. কোর্মা]।

কোল1 (p. 210) [kōla1] বি. ভারতের আদিম জাতিবিশেষ। [দেশি]।

কোল2 (p. 210) [kōla2] বি. 1 ক্রোড় (শিশুকে কোলে নেওয়া); 2 আলিঙ্গন (কোল দাও) ; 3 পেট বা মধ্যভাগ (মাছের কোল, কোলের মাছ); 4 কিনারা (নদীর কোল); 5 সন্নিহিত স্থান, সান্নিধ্য (বনের কোল, গাছের, কোল); 6 বক্ষ, মধ্যদেশ (সমুদ্রকোল)। [সং. ক্রোড়]। কোল আঁচল বি. শাড়ি পরবার পর যে আঁচল কোল বা কোমরের কাছে থাকে। কোল-আলো-করা ছেলে বি. মায়ের কোলের আলোস্বরূপ সুন্দর ফুটফুটে ছেলে।˜ কুঁজো বিণ. কোল বা কোমরের দিকে একটু হেলানো বা কুঁজো।˜ জমা বি. (ভূসম্পত্তির) জমার অধীন জমা; কোর্ফা প্রজার অস্থায়ী স্বত্ব।˜ পোঁছা,˜ মোছা বিণ. (সন্তান সম্বন্ধে) সবশেষে যার জন্ম হয়েছে, কনিষ্ঠ (কোলপোঁছা ছেলে)।˜ জুড়ানো বিণ. মায়ের কোলে বসে মায়ের অন্তরে আনন্দদান করে এমন।˜ বালিশ বালিশ দ্র।

কোল-জোড়া হয়ে থাকা (p. 210) [kōla-jōḍ়ā haẏē thākā] ক্রি. বি. 1 মায়ের কোল অধিকার করে থাকা; 2 (আল.) চিরজীবী হয়ে থাকা।

কোলন (p. 210) [kōlana] বি. যতিচিহ্ন বিশেষ;: এই চিহ্ন। [ইং. colon]।

কোল-পাতি (p. 210) [kōla-pāti] বি. ক্রোড়পত্র। [সং. ক্রোড়পত্র]।

কোলম্বক (p. 210) [kōlambaka] বি. তন্ত্রী বা তার ভিন্ন বীণার বাকি সমুদয় অবয়ব। [সং. √ কুল্ + অম্ব + ক]।

কোলা (p. 210) [kōlā] বি. বড় মোটা জালাবিশেষ। □ বিণ. বড় ও মোটা (কোলা ব্যাং)। [দেশি]।

কোলা-কুলি, কোলা-কোলি (p. 210) [kōlā-kuli, kōlā-kōli] বি. পরস্পর আলিঙ্গন। [কোল 2 দ্র]।

কোলাহল (p. 210) [kōlāhala] বি. বহু লোকের মিলিত কণ্ঠস্বরে সৃষ্ট গোলমাল। [অর্বাচীন সং. কোল + আ + √ হল্ + অ]।

কোল্ড ড্রিঙ্ক (p. 210) [kōlḍa ḍriṅka] বি. হিমায়িত পানীয়। [ইং. cold drinks]।

কোশল (p. 210) [kōśala] বি. কাশীর উত্তরস্থ অযোধ্যা প্রদেশ এবং সন্নিহিত প্রাচীন জনপদ। [সং. √ কুশ্ + অল]।

কোশিশ (p. 210) [kōśiśa] বি. বিশেষ চেষ্টা, প্রয়াস, প্রযত্ন। [ফা. কোশিশ্]।

কোশ্চেন (p. 210) [kōścēna] বি. প্রশ্ন (কোশ্চেন পেপার)। [ইং. question]।

কোষ (p. 210) [kōṣa] বি. 1 আধার, পাত্র, (অণ্ডকোষ, বীজকোষ); 2 খাপ (কোষবদ্ধ তরোয়াল); 3 ভাণ্ডার (রাজকোষ); 4 ধনরাশি (কোষাগার); 5 কাঁঠাল লেবু ইত্যাদির কোয়া (কাঁঠালের কোষ); 6 প্রাণিদেহের সূক্ষ্ম অংশবিশেষ, cell; 7 (দর্শ.) জৈবসত্তার বিভিন্ন স্তর (অন্নময় কোষ, মনোময় কোষ); 8 অভিধান (শব্দকোষ); 9 মুষ্ক, প্রাণিদেহের অণ্ড (কোষবৃদ্ধি); 1 মঞ্জুষা, পেটিকা; 11 কোষা; 12 রেশমগুটি, গুটিপোকা। [সং. √ কুষ্ + অ]। ̃ কার বি. পরস্পর সম্পর্কহীন কবিতার সংকলনগ্রন্হ। ̃ কার বি. অভিধানপ্রণেতা। ̃ বৃদ্ধি বি. অণ্ডকোষের স্ফীতিজনিত রোগবিশেষ।

কোষা (p. 210) [kōṣā] বি. পূজায় ব্যবহার্য তামার তৈরি জলপাত্রবিশেষ; ডোঙা। [সং. কোষ + বাং. আ]।

কোষাগার (p. 210) [kōṣāgāra] বি. ধনভাণ্ডার। [সং. কোষ + আগার]।

কোষাধ্যক্ষ (p. 210) [kōṣādhyakṣa] বি. ধনাগারের কর্তা বা রক্ষক, cashier, treasurer. [সং. কোষ + অধ্যক্ষ]।

কোষী, কুষি, কুশি (p. 210) [kōṣī, kuṣi, kuśi] বি. কোষা থেকে জল তোলবার পাত্রবিশেষ, ছোট কোষা। [সং. কোষ + ইন্]।

কোষ্টা (p. 210) [kōṣṭā] বি. পাট। [দেশি]।

কোষ্ঠ (p. 210) [kōṣṭha] বি. 1 প্রকোষ্ঠ, ঘর; 2 গৃহের অভ্যন্তর; 3 শস্যের গোলা; 4 পেটের ভিতরের মলভাণ্ড, মলাশয় (কোষ্ঠ পরিষ্কার হয়নি)। [সং. √ কুষ্ (=নিঃসারণ) + থ]।˜ কাঠিন্য বি. মলাশয়ের মল ঠিকমতো পরিষ্কার না হওয়া; মলে কাঠিন্যহেতু মলত্যাগে কষ্টবোধ।˜ বদ্ধ,˜ বদ্ধতা বি. কোষ্ঠকাঠিন্য, constipation.˜ শুদ্ধি বি. কোষ্ঠ পরিষ্কার হওয়া; যথোচিত পরিমাণ মল বার হওয়া।

কোষ্ঠী (p. 210) [kōṣṭhī] বি. (জ্যোতিষ শাস্ত্রানুযায়ী) জন্মপত্রিকা, যাতে জন্ম সময়ের গ্রহরাশি ও নক্ষত্রাদির অবস্থান বিচার করে মানবজীবনের শুভাশুভ নিরূপণ করা হয়। [সং. কোষ্ঠ + ঈ]।˜ বিচার বি. কোষ্ঠী বা জন্মপত্রিকা বিশ্লেষণ করে জাতকের অতীত বর্তমান ভবিষ্যত্ গণনা করা।

কোহল (p. 210) [kōhala] বি. 1 মদবিশেষ; 2 সুরাসার, alcohol; 3 বাদ্যযন্ত্রবিশেষ। [তু. আ. আল্কোহল্]।

কোহিনুর (p. 210) [kōhinura] বি. 1 মহামূল্য হীরকবিশেষ; 2 (আল.) অত্যন্ত মূল্যবান বস্তু; 3 গৌরবস্বরূপ ব্যক্তি। [ফা. কোহ্-ই নূর]।

কৌচ (p. 210) [kauca] বি. 1 পালঙ্ক; 2 বসবার গদিযুক্ত আসনবিশেষ। [ইং. couch]।

কৌটা, কৌটো (p. 210) [kauṭā, kauṭō] বি. ঢাকনিযুক্ত ছোট পাত্রবিশেষ (মশলার কৌটো)। [দেশি]।

কৌটিল্য (p. 210) [kauṭilya] বি. 1 কুটিলতা, ক্রূরতা; 2 বক্রতা; 3 মৌর্য সম্রাট চন্দ্রগুপ্তের কূটনীতিবিশারদ মন্ত্রী এবং 'অর্থশাস্ত্র'-প্রণেতা চাণক্যের অপর নাম [সং. কুটিল + য]।

কৌণিক (p. 210) [kauṇika] বিণ. 1 কোণসম্বন্ধীয়; 2 কোনাচে, কোনাকুনি (কৌণিক দূরত্ব)। [সং. কোণ + ইক]।

কৌতুক (p. 210) [kautuka] বি. 1 আমোদ, মজা; 2 ঠাট্টা, তামাশা, পরিহাস; 3 উৎসব; 4 কৌতুহল, ঔৎসুক্য। [সং. কুতুক + অ]। কৌতুকাবহ বিণ. আমোদজনক, মজাদার; কৌতুহলজনক। কৌতুকী (-কিন্) বিণ. কৌতুকপূর্ণ; কৌতুককারী; আমোদপ্রিয়; কৌতূহলী।

কৌতূহল (p. 210) [kautūhala] বি. (কোনোকিছু) জানার বা দেখার জন্য মানসিক চঞ্চলতা; নতুন বা অজ্ঞাত বিষয়ে আগ্রহ (ব্যাপারটা জানার জন্য আমার কৌতূহল চেপে রাখতে পারছি না)। [সং. কুতূহল + অ]। কৌতূহলী বিণ. আগ্রহী; কৌতূহল উদ্রেককারী ('কৌতূহলী পুষ্পগন্ধ': রবীন্দ্র)। কৌতূহলোদ্দীপক বিণ. কৌতূহল জাগায় এমন; কৌতূহল উদ্রেককারী।

কৌন্তেয় (p. 210) [kauntēẏa] বি. কুন্তীর পুত্র। [সং. কুন্তী + এয়]।

কৌন্সিলি, কৌন্সলি (p. 210) [kaunsili, kaunsali] বি. 1 ব্যারিস্টার; 2 উচ্চ আদালতের উকিল। [ইং. counsel]।

কৌপ (p. 210) [kaupa] বিণ. কূপসম্বন্ধীয়; কূপ থেকে উৎপন্ন। □ বি. কুয়োর জল। [সং. কূপ + অ]।

কৌপীন (p. 210) [kaupīna] বি. ল্যাঙট, কপনি। [সং. কূপ + ঈন]।

কৌম (p. 210) [kauma] বি. জনগোষ্ঠী, জনসমাজ। [হি. কৌম]।

কৌমার (p. 210) [kaumāra] বি. 1 পঞ্চম থেকে দশম (তান্ত্রিকমতে ষোড়শ) বর্ষ পর্যন্ত অবস্থা; 2 অবিবাহিত অবস্থা। □ বিণ. কুমারসম্বন্ধীয়; কুমারের (কৌমারব্রত)। [সং. কুমার + অ]। কৌমারী বি. কার্তিকেয় শক্তি, মাতৃকাবিশেষ। ̃ ভৃত্য, ̃ ভৃত্য-তন্ত্র বি. আয়ুর্বেদীয় প্রণালীতে শিশুব্যাধি ও প্রসূতিরোগের চিকিৎসাশাস্ত্র।

কৌমার্য (p. 210) [kaumārya] বি. অবিবাহিত অবস্থা, কৌমার। [সং. কুমার + য]।

কৌমুদী (p. 210) [kaumudī] বি. 1 জ্যোৎস্না, চাঁদের আলো; 2 (শব্দের শেষে সমাসবদ্ধ হলে) আলোকিত করে এমন ব্যাখ্যা (ব্যাকরণ কৌমুদী, সিদ্ধান্ত কৌমুদী)। [সং. কুমুদ + অ + ঈ]। ̃ পতি বি. চন্দ্র।

কৌমোদকী (p. 210) [kaumōdakī] বি. বিষ্ণুর গদা। [সং. কুমোদক (=বিষ্ণু) + অ + ঈ]।

কৌরব (p. 210) [kauraba] বি. 1 কুরুবংশধর; 2 দুর্যোধনাদি শত ভ্রাতা। [সং. কুরু + অ]। কৌরব্য, কৌরবেয় বিণ. কুরুরাজের বংশে জাত; কুরুবংশীয়।

কৌর্ম (p. 210) [kaurma] বি. কূর্মপুরাণ। □ বিণ. কূর্মসম্বন্ধীয়। [সং. কূর্ম + অ]।

কৌল (p. 210) [kaula] বিণ. 1 কুলক্রমাগত, কুলপরম্পরায় আগত; 2 সদ্বংশজাত, কুলীন। □ বি. 1 বামাচারী তান্ত্রিক (কৌলধর্ম); 2 (তন্ত্রমতে) শিব ও শক্তির একাত্মতা। [সং. কুল + অ]।

কৌলিক (p. 210) [kaulika] বিণ. 1 কুলসম্বন্ধীয়; 2 বংশপরম্পরাগত (কৌলিক আচার, কৌলিক পদবি); 3 কুলাচার বা কুলধর্ম অনুযায়ী ; 4 কুলধর্ম প্রবর্তনকারী; 5 বামাচারী তান্ত্রিক সাধক। □ বি. তন্তুবায়, তাঁতি। [সং. কুল + ইক]।

কৌলীন্য (p. 210) [kaulīnya] বি. 1 কুলমর্যাদা, কুলীনত্ব; আভিজাত্য; 2 কুলীন প্রথা। [সং. কুলীন + য]।

কৌলেয়, কৌলেয়ক (p. 210) [kaulēẏa, kaulēẏaka] বি. সৎকুলজাত কুকুর। □ বিণ. সৎকুলজাত, কুলীন। [সং. কুল + এয়, ক]।

কৌল্য (p. 210) [kaulya] বি. কৌলীন্য; আভিজাত্য। □ বিণ. অভিজাত, সত্ কুলে জাত। [সং. কুল + য]।

কৌশল (p. 210) [kauśala] বি. 1 কুশলতা, নিপুণতা; 2 কারিগরি, সাধনচাতুর্য (শিল্পকৌশল); 3 ছল, ফন্দিফিকির (কৌশলে কার্যোদ্ধার করা)। [সং. কুশল + অ]। কৌশলী বিণ. 1 কুশলতাসম্পন্ন, নিপুণ; 2 ফিকিরবাজ, ফন্দিবাজ।

কৌশলেয় (p. 210) [kauśalēẏa] বি. কৌশল্যার পুত্র অর্থাত্ রাম। [সং. কৌশল্যা + এয়]।

কৌশল্যা, কৌসল্যা (p. 210) [kauśalyā, kausalyā] বি. (রামায়ণে) রাজা দশরথের প্রথমা পত্নী, রামের জননী। [সং. কোশল + য + আ]।

কৌশাম্বী (p. 210) [kauśāmbī] বি. বৎসরাজ উদয়নের রাজধানী; প্রয়াগের নিকটবর্তী নগরবিশেষ। [সং. কুশাম্ব + অ + ঈ]।

কৌশিক1 (p. 210) [kauśika1] বি. কুশিক মুনির পুত্র, বিশ্বামিত্র। [সং. কুশিক + অ]।

কৌশিক2, কৌশেয় (p. 210) [kauśika2, kauśēẏa] বিণ. রেশমের তৈরি, রেশমি। [সং. কোশ + ইক, এয়]।

কৌশিকী (p. 210) [kauśikī] বি. 1 আদ্যশক্তির রূপবিশেষ-পুরাণমতে কালিকার কোষ বা কায় থেকে জাত; 2 রচনার প্রকারভেদ (কৌশিকীবৃত্তি); 3 সংগীতের রাগবিশেষ। [সং. কৌশিক + ঈ]।

কৌশেয় (p. 210) [kauśēẏa] দ্র কৌশিক2।

কোষিকী, কৌষেয়, কৌসল্যা (p. 210) [kōṣikī, kauṣēẏa, kausalyā] যথাক্রমে কৌশিকী, কৌশেয় ও কৌশল্যা -র বানানভেদ।

কৌস্তুভ (p. 210) [kaustubha] বি, নারায়ণের বক্ষোভূষণ, সমুদ্রমন্হনের ফলে যে সুপ্রসিদ্ধ মণি পাওয়া গিয়েছিল। [সং. কুস্তুভ (=বিষ্ণু, নারায়ণ) + অ]।

ক্বচিত্ (p. 210) [kbacit] অব্য. ক্রি-বিণ. 1 কোথাও; 2 কখনো; 3 খুব কম, প্রায় না (সেখানে ক্বচিত্ যাই)। [সং. ক্ব + চিত্]।

ক্বণ (p. 210) [kbaṇa] বি. বীণা সেতার ইত্যাদি বাদ্যযন্ত্রের ধ্বনি; নিক্বণ। [সং. √ ক্বণ্ (শব্দ করা) + অ]। ̃ ন বি. ধ্বনিত বা ঝংকৃত করা; ধ্বনি বা ঝংকার। ক্বণিত বিণ. 1 ধ্বনিত, ঝংকৃত; 2 শব্দায়মান।

ক্বাথ, ক্বথ (p. 210) [kbātha, kbatha] বি. জলে সিদ্ধ করে প্রস্তুত ঘন নির্যাস বা সার অংশ। [সং. √ ক্বথ্ + অ]।

ক্যাঁক (p. 210) [kyām̐ka] অব্য. আকস্মিক আঘাত উত্তেজনা বা বেদনাব্যঞ্জক ধ্বনিবিশেষ (লাথি খেয়ে ক্যাঁক করা, ক্যাঁক করে লাথি মারা)। [ধ্বন্যা.]। ক্যাঁক ক্যাঁক করা ক্রি. বি. কর্কশ স্বরে বিরক্তি বা রাগ প্রকাশ করা। ক্যাঁক-কেঁকে বিণ. কর্কশ (ক্যাঁককেঁকে গলা)।

ক্যাঁচ (p. 210) [kyām̐ca] অব্য. বি. ছুরি, কাঁচি ইত্যাদি তীক্ষ্ণ অস্ত্র দিয়ে কাটবার (কল্পিত) ধ্বনিবিশেষ (ক্যাঁচ করে খানিকটা চুল কেটে দিল)। [ধ্বন্যা.]। ̃

ক্যাঁচ, ক্যাঁচর-ক্যাঁচর অব্য. বি. ক্রমাগত কাটবার বা ঘষার শব্দ। ক্যাঁচর-ম্যাচর অব্য. বি. বহু কণ্ঠের মিলিত কলরব (সবাই মিলে ক্যাঁচরম্যাচর করলে আমি কারও কথাই শুনতে পাব না)। ˜ ক্যাঁচানি বি. ক্যাঁচক্যাঁচ শব্দ (তোমাদের ক্যাঁচক্যাঁচানি এবার থামাও)।

ক্যাঁট ক্যাঁট, ক্যাট ক্যাট (p. 210) [kyān̐ṭa kyān̐ṭa, kyāṭa kyāṭa] অব্য. বারবার বিঁধে যাবার কল্পিত ধ্বনিবিশেষ; কর্কশভাবে কথা বলার ধ্বনিবিশেষ। [ধ্বন্যা.]। ক্যাঁট-কেঁটে, ক্যাট-কেটে বিণ. 1 মর্মভেদী; 2 কর্কশ ও চড়া বা তীব্র (ক্যাঁটকেঁটে রং, ক্যাটকেটে কথা)।

ক্যাঁত, ক্যাঁত্ (p. 210) [kyān̐ta, kyān̐t] অব্য. লাথি মারার শব্দ (ক্যাঁত ক্যাঁত করে লাথি মারছে)। [ধ্বন্যা.]।

ক্যাঙারু, ক্যাঙ্গারু (p. 210) [kyāṅāru, kyāṅgāru] বু. অস্ট্রেলিয়ার উদ্ভিদভোজী চতুষ্পদ অঙ্কগর্ভ প্রাণিবিশেষ-এদের সামনের পা দুটি পিছনের পায়ের তুলনায় অস্বাভাবিকরকম ছোট বলে এরা প্রাগৈতিহাসিক জীবজগতের নমুনারূপে পরিগণিত। [ইং. kangaroo]।

ক্যাটকেটে (p. 210) [kyāṭakēṭē] দ্র ক্যাঁটক্যাঁট।

ক্যাটালগ (p. 210) [kyāṭālaga] বি. সুবিন্যস্ত তালিকা বা সূচি (বইয়ের ক্যাটালগ)। [ইং. catalogue]।

ক্যাডার, কাডার (p. 210) [kyāḍāra, kāḍāra] বি. 1 সৈন্যদলের নিয়মিত সদস্য; 2 রাজনীতিক দল বা সংগঠনের কর্মিবৃন্দ (রাজনীতিক দলগুলো তাদের ক্যাডারদের বোঝাক)। [ইং. ফ. cadre < লা. quadro]।

ক্যাথলিক (p. 210) [kyāthalika] বি. বিণ. খ্রিস্টীয় ধর্মসম্প্রদায়বিশেষ বা সেই ধর্মসম্প্রদায়সম্বন্ধীয় (ক্যাথলিক ধর্ম)। [ইং. Catholic]।

ক্যান-ক্যান (p. 210) [kyāna-kyāna] অব্য. অনুনয়বিনয় সহযোগে নাকি সুরে কথা বলা (ক্যানক্যান করছ কেন?)। [ধ্বন্যা.]। ক্যান-কেনে বিণ. ক্যানক্যান করে এমন।

ক্যান-ভাস1 (p. 210) [kyāna-bhāsa1] বি. 1 তাঁবু, চিত্রপট প্রভৃতির জন্য ব্যবহৃত শক্ত মোটা কাপড়বিশেষ, ক্যাম্বিস ; 2 চিত্রপট (বিরাট ক্যানভাস জুড়ে ছবি)। [ইং. canvas]।

ক্যান-ভাস2 (p. 210) [kyāna-bhāsa2] বি. ভোট চাঁদা ইত্যাদি চাওয়ার জন্য লোকের কাছে যাওয়া; ভোটের জন্য বা কারও পক্ষে জনমত তৈরির জন্য প্রচার (সারা দিন ভোটের ক্যানভাস করে ক্লান্ত)। [ইং. canvass]।

ক্যান-সার, ক্যান্সার (p. 210) [kyāna-sāra, kyānsāra] বি. দুরারোগ্য দুষ্ট ক্ষতরোগবিশেষ; কর্কটরোগ। [ইং. cancer]।

ক্যানেল, ক্যানাল (p. 210) [kyānēla, kyānāla] বি. খাল; কৃত্রিম উপায়ে (সাধারণত) সেচের জল পৌঁছে দেবার জন্য খনিত খাল (সারা বছর ক্যানেলের জলের জন্য চাষিরা হাপিত্যেশ করে)। [ইং. canal]।

ক্যান-টিন (p. 210) [kyāna-ṭina] বি. স্কুল কলেজ অফিস কারখানা প্রভৃতি স্থানের রেস্তোঁরা বা খাবারের দোকান (দুপুরে ক্যানটিনে খেয়ে নেয়)।[ইং. canteen]।

ক্যাপ (p. 210) [kyāpa] বি. 1 পাতলা টুপি (ক্যাপ মাথায় দেওয়া); 2 ছোটদের খেলনা বন্দুক বা পিস্তলের টোটা হিসাবে ব্যবহৃত বারুদের টিপ (পুজোর সময় সব ছেলেই ক্যাপ ফাটায়) ; 3 শিশিবোতলের ধাতব ঢাকনি। [ইং. cap]।

ক্যাপ-সুল (p. 210) [kyāpa-sula] বি. 1 (উদ্ভি.) শুষ্ক বীজকোষ; 2 মহাকাশযানের অংশবিশেষ ; 3 ওষুধ-পোরা আধারবিশেষ; 4 ট্যাবলেটবিশেষ (ক্যাপসুল খেয়ে খেয়ে পেটে চড়া পড়ে গেল)। [ইং. capsule]।

ক্যাপ্টেন (p. 210) [kyāpṭēna] বি. 1 দলনেতা (ফুটবল দলের ক্যাপ্টেন, মেরু অভিযাত্রীদের ক্যাপ্টেন); 2 জাহাজ স্টিমার প্রভৃতি যানের প্রধান চালক। [ইং. captain]।

ক্যাবিনেট (p. 210) [kyābinēṭa] বি. 1 মন্ত্রিসভা; 2 দেরাজযুক্ত (মূলত কাঠের) আলমারিবিশেষ। [ইং. cabinet]।

ক্যামেরা (p. 210) [kyāmērā] বি. ফটো তোলার অর্থাত্ আলোকচিত্র তোলার যন্ত্রবিশেষ। [ইং. camera]।

ক্যাম্প (p. 210) [kyāmpa] বি. শিবির, সৈন্য খেলোয়াড় বা কর্মীদের সাময়িক প্রশিক্ষণের শিবির বা অস্থায়ী আবাস (ট্রেনিং ক্যাম্প, ক্যাম্পে বাস করা)। [ইং. camp]।

ক্যাম্বিস (p. 210) [kyānbisa] বি. খুব মোটা ও টেকসই কাপড়বিশেষ (ক্যাম্বিসের ব্যাগ, ক্যাম্বিস বল)। [ইং. canvas]।

ক্যারম, ক্যারাম (p. 210) [kyārama, kyārāma] বি. একটি বোর্ডে উনিশটি ঘুঁটিকে একটি স্ট্রাইকার দিয়ে আঙুলের টোকায় পকেটে ফেলবার খেলাবিশেষ। [ইং. carom < স্পে. carombola]।

ক্যারা (p. 210) [kyārā] বি. 1 কেন্নো; 2 কীট, পোকা; 3 (আল.) পাগলামি, খ্যাপামি (মাথায় ক্যারা আছে)। [দেশি]।

ক্যারাটে, কারাতে (p. 210) [kyārāṭē, kārātē] বি. খালি হাতে আত্মরক্ষার জন্য জাপানি কুস্তির কৌশলবিশেষ। [জা. karate]।

ক্যালেণ্ডার (p. 210) [kyālēṇḍāra] বি. বর্ষপাঞ্জি; দেওয়ালপঞ্জি। [ইং. calendar]।

ক্যালোর-ব্যালোর (p. 210) [kyālōra-byālōra] বি. (সাধারণত ছোটদের) একসঙ্গে মিলিত অস্পষ্ট ধ্বনিবিশেষ (সবাই মিলে ক্যালোরব্যালোর করছে)। [দেশি]।

ক্যাশ (p. 210) [kyāśa] 1 নগদ টাকা (ক্যাশ বাক্স); 2 টাকা-পয়সা (বেড়াতে তো যাচ্ছ, সঙ্গে ক্যাশ কীরকম আছে?)। [ইং. cash]।

ক্যাশ-মিলন (p. 210) [kyāśa-milana] বি. সিনথেটিক বা রাসায়নিক প্রক্রিয়ার প্রস্তুত পশমবিশেষ। [তু. ইং. cash-mere =নরম উলবিশেষ]।

ক্যাসেট (p. 210) [kyāsēṭa] বি. সংগীত অভিনয় বক্তৃতা প্রভৃতি রেকর্ড করা 'টেপ' এর আধার; টেপসহ আধার (গানের ক্যাসেট বাজছে)। [ইং. < ফ. cassette]।

ক্যাস্টর অয়েল (p. 210) [kyāsṭara aẏēla] বি (সাধারণত) জোলাপ হিসাবে ব্যবহৃত তেলবিশেষ, রেড়ির তেল। [ইং. castor oil]।

ক্রকচ (p. 210) [krakaca] বি. করাত। [সং. ক্র + √ কচ্ ('কচ' শব্দ করা) + অ]।

ক্রতু (p. 210) [kratu] বি. 1 যজ্ঞ (তু. শতক্রতু); 2 সপ্তর্ষির অন্যতম। [সং. √ কৃ + অতু]।

ক্রন্দন (p. 210) [krandana] বি. কান্না, রোদন (ক্রন্দনরোল). [সং. √ ক্রন্দ্ + অন]।˜ ধ্বনি বি. কান্নার শব্দ।˜ রোল বি. কান্নার শব্‌দ।˜ শীল,˜ রত বিণ. কাঁদছে এমন।

ক্রন্দসী (p. 215) [krandasī] বি. আকাশ ও পৃথিবী; স্বর্গ-মর্ত। [ঋগ্বৈদিক সং. ক্রন্দস্ + ঈ]।

ক্রন্দিত (p. 215) [krandita] বিণ. 1 রোদনকারী; 2 রুদিত। [সং. √ ক্রন্দ্ + ত]। □ বি. 1 রোদন; 2 আহ্বান, পরস্পর স্পর্ধা।

ক্রব্য (p. 215) [krabya] বি. কাঁচা বা অপক্ক মাংস। [সং. √ ক্রপ্ + য]। ক্রব্যাদ (-দ্) বি. 1 মাংসাশী জন্তু; 2 রাক্ষস।

ক্রম (p. 215) [krama] বি. 1 ধারাবাহিকতা, পরম্পরা (ক্রমানুসারে); 2 প্রণালী, পদ্ধতি, রীতি (কার্যক্রম); 3 নির্দেশ, নিয়ম (পাঠ্যক্রম); 4 অনুসার, অনুসরণ (অনুমতিক্রমে, ভাগ্রক্রমে); 5 গমন; পদক্ষেপ (পরিক্রম); 6 অতিক্রম (কালক্রমে); 7 বিন্যাস (বর্ণানুক্রম)। [সং. √ ক্রম্ + অ]।˜ ণ বি. গমন; পদক্ষেপ; পায়চারি।˜ নিম্ন বিণ. ঢালু, গড়ানে, ক্রমশ নিচু হয়ে গেছে এমন (ক্রমনিম্ন পথ)।˜ পর্যায় বি. ধাপে ধাপে অগ্রগতি, gradation.˜ বর্ধ-মান বিণ. ক্রমশ বৃদ্ধিশীল, ক্রমশ বাড়ছে এমন।˜ বিকাশ বি. ক্রমোন্নতি; বিবর্তন; বিবর্ধন।˜ ভঙ্গ বি. পর্যায়চ্যুতি, ধারাবাহিকতা লঙ্ঘন; নিয়মলঙ্ঘন; বিশৃঙ্খলা।˜ মাণ বিণ. ইতস্তত গমনশীল।˜ শ, (বর্জি.)˜ শঃ (-শস্) ক্রি-বিণ. ক্রমে ক্রমে; পর্যায়ক্রমে; ধীরে ধীরে।˜ হ্রাস-মাণ বিণ. ক্রমশ কমে আসছে এমন। ক্রমাগত বিণ. 1 পরম্পরাগত (কুলক্রমাগত প্রথা); 2 ধারাবাহিক; 3 অবিরাম (ক্রমাগত পরিশ্রম)। □ ক্রি-বিণ.

সর্বদা, কেবলই (ক্রমাগত বৃষ্টি হচ্ছে)। ক্রমাঙ্কন বি. পরপর অংশ চিহ্নিত করা, graduation (বি.প.)। ক্রমান্বয় বি. ধারাবাহিকতা, পারস্পর্য। ক্রমান্বয়ে ক্রি-বিণ. পর্যায়ক্রমে, একের পর এক করে, পরপর (তোমাদের প্রত্যেককে ক্রমান্বয়ে ডাকা হবে)। ক্রমায়াত বিণ. ক্রম অনুসারে আগত, পরপর এসেছে এমন, successive. ক্রমিক বিণ. ক্রমাগত, ধারাবাহিক (ক্রমিক সাফল্য)। ক্রমে ক্রি-বিণ. 1 ক্রমানুযায়ী, একের পর এক করে; ধারাবাহিকভাবে; 2 এইভাবে কিছু সময় কাটবার পর (ক্রমে তিনি নগরে পৌঁছলেন)। ক্রমোত্-কর্ষ বি. ক্রমশ উৎকর্ষ লাভ, ক্রমোন্নতি। ক্রমোন্নত বিণ. 1 ক্রমশ উৎকর্ষপ্রাপ্ত, ক্রমশ উন্নতি লাভ করেছে এমন; 2 ক্রমে উঁচু হয়ে গেছে এমন। ক্রমোন্নতি বি. 1 ক্রমশ উন্নতি বা উৎকর্ষ লাভ; 2 ক্রমশ উচ্চতা।

ক্রমেলক (p. 215) [kramēlaka] বি. উট। [√ ক্রম্ + এল + ক]।

ক্রয় (p. 215) [kraẏa] বি. মূল্যের বিনিময়ে নেওয়া; কেনা। [সং. √ ক্রী + অ]।˜ বিক্রয় বি. 1 কেনাবেচা; 2 ব্যাবসা-বাণিজ্য।˜ মূল্য বি. কেনাদাম, যে দামে কেনা হয়েছে (কোনো দোকানদার কি তোমাকে ক্রয়মূল্যে জিনিস দেবে?)।˜ যোগ্য বিণ. কেনা বা খরিদ করা যেতে পারে এমন (দোকানে যাই বটে, তবে ক্রয়যোগ্য জিনিস তো তেমন চোখে পড়ে না)।˜ সাধ্য বিণ. কেনার ক্ষমতা আছে এমন।˜ সীমা বি. যে পর্যন্ত কেনা যেতে পারে (ও জিনিস সাধারণ লোকের ক্রয়সীমার বাইরে)। ক্রয়েচ্ছু বিণ. কিনতে আগ্রহী।

ক্রসিং (p. 215) [krasi] বি. 1 দুটি বা ততোধিক পথের সংযোগস্থল (শ্যামবাজারের পাঁচমাথার ক্রসিং); 2 কোনো স্থানে দুই দিক থেকে দুটি

রেলগাড়ির সাক্ষাত্ এবং একটি কর্তৃক অপরটিকে আগে রওনা করে দেবার ব্যবস্থা। [ইং. crossing]।

ক্রাউন (p. 215) [krāuna] বি. 1 রাজমুকুট; 2 কাগজের মাপবিশেষ। [ইং. crown]।

ক্রান্ত (p. 215) [krānta] বিণ. 1 ব্যাপ্ত; 2 সঞ্চারিত; 3 অতীত (অতিক্রান্ত)। [সং. √ ক্রম্ + ত]। ̃ দর্শী (-র্শিন্) বিণ. সর্বজ্ঞ, যিনি ভূত-ভবিষ্যত্ সবই জানেন।

ক্রান্তি (p. 215) [krānti] বি. 1 সংক্রমণ; 2 অগ্রগতি; 3 আমূল পরিবর্তন, বিপ্লব; 4 অয়নবৃত্ত; অয়নমণ্ডল (কর্কটক্রান্তি, মকরক্রান্তি); 5 এক কড়ার তিন ভাগের এক ভাগ (কড়াক্রান্তি, ক্রান্তিকিয়া)। [সং. √ ক্রম্ + তি]। ̃ পাত বি. বিষুববৃত্ত ও ক্রান্তিবৃত্ত যে বিন্দুতে পরস্পরকে ছেদ করে, eq uinoctial point. ̃ বলয় বি. বিষুবরেখার প্রায় চল্লিশ ডিগ্রি উত্তর ও দক্ষিণে কল্পিত বলয়াকৃতি রেখা। ̃ বৃত্ত, ̃ মণ্ডল বি. অয়নবৃত্ত; সূর্যের আপাত গতিপথ, ecliptic. কড়া-ক্রান্তির হিসাব বি. অতি সূক্ষ্ম হিসাব। ক্রান্তীয় বিণ. সংক্রমণ বা গতি সম্বন্ধীয়।

ক্রিকেট (p. 215) [krikēṭa] বি. ইংরেজদের দ্বারা উদ্ভাবিত এবং বর্তমানে অন্যান্য দেশে প্রচলিত ও জনপ্রিয় খোলা মাঠের খেলাবিশেষ যাতে ব্যাট বল স্টাম্প ইত্যাদি উপকরণ নিয়ে দুই দলে বাইশজন খেলোয়াড় অংশ নেয়। [ইং. cricket]।

ক্রিয়-মাণ (p. 215) [kriẏa-māṇa] বিণ. করা হচ্ছে এমন। [সং. √ কৃ + মান (শানচ্)]।

ক্রিয়া (p. 215) [kriẏā] বি. 1 কাজ (ওষুধের ক্রিয়া, দক্ষিণ হস্তের ক্রিয়া); 2 শাস্ত্রীয় অনুষ্ঠান বা সংস্কার (অন্ত্যেষ্টিক্রিয়া); 3 অভ্যাস; 4 কৃত্য (নিত্যক্রিয়া); 4 আচার আচারব্যবহার; 5 পূজা; 6 (ব্যাক.) ধাতুর অর্থপ্রকাশকারী পদ, verb [সং. √ কৃ + অ + আ]। ̃ কর্ম বি. সামাজিক বা ধর্মীয় কাজ, পূজাপার্বণাদির অনুষ্ঠান। ̃ কলাপ, ̃ কাণ্ড বি. কার্যসমূহ; শাস্ত্রোক্ত অনুষ্ঠানসমূহ। ̃ ন্বিত বিণ. ধর্মকর্মাদির অনুষ্ঠান করা হচ্ছে এমন। ̃ বাচক বিণ. (ব্যাক.) কার্যবোধক। ̃ বিধি বি. (প্রধানত ধর্মীয়) কাজকর্মের অনুষ্ঠান-নিয়ম। ̃ বিশেষণ বি. (ব্যাক.) ক্রিয়াপদের বিশেষণ, adverb. ̃ শীল বিণ. কার্যশীল; কার্যকর; ক্রিয়ান্বিত। ̃ সক্ত বিণ. কাজকর্মে বা শাস্ত্রীয় অনুষ্ঠানে আসক্ত, কর্মে অনুরক্ত।

ক্রিস্টাল (p. 215) [kristạ̄la] বি. 1 কেলাস, দানা; 2 স্ফটিকের দানা। [ইং. crystal]।

ক্রীড়া (p. 215) [krīḍ়ā] বি. 1 খেলা; 2 তামাশা; 3 আমোদজনক অনুষ্ঠান (মল্লক্রীড়া)। [সং. √ ক্রীড় + অ + আ]। ক্রীড়ক বিণ. বি. খেলোয়াড়; যে খেলা দেখায়। ক্রীড়-নক বি. 1 খেলনা, খেলার সামগ্রী; 2 (আল.) অপরের নির্দেশে চলে এমন ব্যক্তি। ক্রীড়নীয় বিণ. খেলার যোগ্য। ক্রীড়-মান বিণ. ক্রীড়ারত। ̃ কন্দুক বি. খেলার গোলক বা বল। ̃ কৌতুক বি. রঙ্গতামাশা; খেলাধূলা। ̃ চ্ছলে ক্রি-বিণ. খেলার ছলে। ̃ ভূমি বি. রঙ্গভূমি; খেলার স্থান।

ক্রীত (p. 215) [krīta] বিণ. কেনা হয়েছে এমন। [সং. √ ক্রী + ত]। ̃ ক বি. পুত্রার্থে মাতাপিতার কাছ থেকে যে পুত্রকে ক্রয় করা হয়। ̃ দাস বি. কেনা গোলাম; যাবজ্জীবন দাসত্ব করার জন্য যাকে কেনা হয়েছে। স্ত্রী. ̃ দাসী।

ক্রুদ্ধ (p. 215) [kruddha] বিণ. রুষ্ট, রাগান্বিত। [সং. √ ক্রুধ্ + ত]। স্ত্রী. ক্রুদ্ধা। ˜ দৃষ্টি বি. চোখ রাঙানো; রাগি চাউনি।

ক্রুশ (p. 215) [kruśa] বি. ' + ' এই চিহ্ন বা এই আকারে যে কাষ্ঠখণ্ডে জিশু খ্রিস্টকে বিদ্ধ করে বধ করা হয়েছিল; ঢেরা চিহ্ন (+, *)। [ইং. cross]।

ক্রুশ-কাঠি, ক্রুশ-কাটি, ক্রুশ-কাঁটা (p. 215) [kruśa-kāṭhi, kruśa-kāṭi, kruśa-kān̐ṭā] বি. সুতো বা পশম বোনার শলাকা বা কাঁটাবিশেষ। [ইং. crochet]।

ক্রুসেড (p. 215) [krusēḍa] বি. ধর্মযুদ্ধ; মধ্যযুগে ধর্মস্থানের অধিকার নিয়ে খ্রিস্টান ও মুসলমানদের মধ্যে সংঘটিত ধর্মযুদ্ধ। [ইং. crusade]।

ক্রূর (p. 215) [krūra] বিণ. 1 নির্দয়; 2 হিংস্র (ক্রূর কটাক্ষ); 3 খল; 4 অশুভকর। [সং. √ কৃত্ + র]। বি.˜ তা।˜ কর্মা (-র্মন্) বিণ. নিষ্ঠুর কাজ করে এমন; নিষ্ঠুর।˜ মতি বিণ. নিষ্ঠুর মন যার, নিষ্ঠুর; খল।˜ লোচন বি. শনিগ্রহ। ক্রূরাত্মা (-ত্মন্) বিণ. নির্দয়; হিংস্র; খলস্বভাব।

ক্রেঙ্কার (p. 215) [krēṅkāra] বি. হাঁসের ডাক। [সং. ক্রেঙ্ + কার]।

ক্রেতব্য (p. 215) [krētabya] বিণ. কেনা যায় এমন, ক্রয়যোগ্য; কেনা উচিত এমন। [সং. √ ক্রী + তব্য]।

ক্রেতা (p. 215) [krētā] (-তৃ) বিণ. বি. ক্রয়কারী, খরিদ্দার, যে কেনে (ক্রেতাসাধারণ, জিনিস ভালো হলে ক্রেতার অভাব হয় না)। [সং. √ ক্রী + তৃ]। স্ত্রী. ক্রেত্রী।

ক্রেয় (p. 215) [krēẏa] বিণ. ক্রয়যোগ্য, ক্রেতব্য, কেনা যায় বা উচিত এমন। [সং. √ ক্রী + য]।

ক্রোক (p. 215) [krōka] বি. (সচ. সরকারি আদেশে বা কর্তৃত্ববলে) সম্পত্তি আটক। [আ. কূর্ক]। ক্রোকি বিণ. ক্রোকসম্বন্ধীয়।

ক্রোটন (p. 215) [krōṭana] বি. জয়পাল গাছ; পাতাবাহার। [ইং. croton]।

ক্রোড়1 (p. 215) [krōḍ়1] বি. 1 অঙ্ক, কোল ('বালিকা মাতার ক্রোড়ে ফিরিয়া আসিল': রবীন্দ্র); 2 শূকর; 3 শনিগ্রহ। [সং. √ ক্রুড্ + অ]। ক্রোড় অঙ্ক, ক্রোড়াঙ্ক বি. নাটকের শেষে সংযোজিত অংশ।˜ চ্যুত বিণ. কোল থেকে বিচ্যুত, কোলছাড়া।˜ পত্র বি. 1 গ্রন্হ দলিল প্রভৃতির অতিরিক্ত অংশ বা সংযোজন, supplement; 2 উইলের অতিরিক্ত অংশ, codicil.

ক্রোড়2, ক্রোর (p. 215) [krōḍ়2, krōra] বি. বিণ. 1 সংখ্যা বা সংখ্যক, কোটি, শত লক্ষ। [হি. করোড়। তু. সং. কোটি]।˜ পতি বি. বিণ. কোটি টাকার মালিক; অতিশয় ধনশালী (ক্রোড়পতি ব্যবসায়ী)।

ক্রোধ (p. 215) [krōdha] বি. 1 রাগ, কোপ, রোষ; 2 মানুষের ষড়্ রিপুর দ্বিতীয়টি। [সং. √ ক্রুধ্ + অ]।˜ কর,˜ জনক বিণ. যাতে রাগ জন্মায়, ক্রোধ

উদ্রেক করে এমন। ˜ ন বি. ক্রোধ, রাগ। □ বিণ. হঠাত্ যার রাগ হয়; ক্রোধপ্রবণ। ক্রোধাগার বি. গোঁসাঘর। ক্রোধাগ্নি, ক্রোধানল বি. প্রচণ্ড ক্রোধের তেজ; প্রচণ্ড ক্রোধ। ক্রোধান্ধ বিণ. প্রচণ্ড ক্রোধে হিতাহিতজ্ঞানশূন্য; ক্রুদ্ধ হয়ে বিচারবুদ্ধি হারিয়ে ফেলেছে এমন। ক্রোধান্বিত বিণ. রুষ্ট, ক্রুদ্ধ। স্ত্রী. ক্রোধান্বিতা। ক্রোধাবিষ্ট বিণ. ক্রোধে অভিভূত; ক্রোধ যাকে অভিভূত করে ফেলেছে। ক্রোধী (-ধিন্) বিণ. রাগি।

ক্রোশ (p. 215) [krōśa] বি. 8 হাত বা দুই মাইলের কিছু বেশি দীর্ঘ পথ-পরিমাণ (এখনও তিন ক্রোশ পথ হাঁটতে হবে)। [সং. √ ক্রুশ্ + অ]।

ক্রৌঞ্চ (p. 215) [krauñca] বি. 1 কোংচবক; 2 হিমালয় পর্বতের অংশবিশেষ। [সং. √ ক্রুঞ্চ্ + অ]। স্ত্রী. ক্রৌঞ্চী। ˜ মিথুন বি. ক্রৌঞ্চদম্পতি।

ক্রৌর্য (p. 215) [kraurya] বি. ক্রূরতা, নির্দয়তা, কুটিলতা। [সং. ক্রূর + অ]।

ক্লক (p. 215) [klaka] বি. দেওয়ালঘড়ি বা বড় ঘড়ি। [ইং. clock]।

ক্লম (p. 215) [klama] বি. ক্লান্তি, অবসন্নতা (বিগতক্লম)। [সং. √ ক্লম্ + অ]।

ক্লাউন (p. 215) [klāuna] বি. ভাঁড়, যে স্থূল রসিকতা করে বা অঙ্গভঙ্গি করে লোককে হাসায় (সার্কাসের ক্লাউন)। [ইং. clown]।

ক্লান্ত (p. 215) [klānta] বিণ. 1 পরিশ্রান্ত, অবসন্ন (পথশ্রমে ক্লান্ত); 2 ক্লিষ্ট। [সং. √ ক্লম্ + ত]। ক্লান্তি বি. শান্তি, অবসন্নতা ('সারা পথের ক্লান্তি আমার': রবীন্দ্র)। ক্লান্তি হীন বিণ. অক্লান্ত; যে সহজে ক্লান্ত হয় না।

ক্লাব (p. 215) [klāba] বি. স্থায়ী সমিতি, গোষ্ঠী; খেলাধূলা ব্যায়ামচর্চা বা সংস্কৃতিচর্চার প্রতিষ্ঠান। [ইং. club]।

ক্লার্ক (p. 215) [klārka] বি. করণিক, কেরানি।[ইং. clerk]।

ক্লাস (p. 215) [klāsa] বি. 1 শ্রেণি, বিভাগ; 2 বিদ্যালয়াদির পাঠশ্রেণি (কোন ক্লাসে পড়)। [ইং. class]। ক্লাস-ঘর বি. বিদ্যালয়ে এক-একটি শ্রেণির জন্য নির্দিষ্ট কক্ষ।

ক্লাসিকাল, ক্ল্যাসিকাল (p. 215) [klāsikāla, klyāsikāla] বিণ. (সংগীতাদি সম্বন্ধে) উচ্চাঙ্গ (সে ক্ল্যাসিকাল গানের ভক্ত); (সাহিত্য সম্বন্ধে) উৎকৃষ্ট ও উচ্চমার্গের বলে যুগে যুগে স্বীকৃত; ধ্রুপদী। [ইং. classical]।

ক্লিনিক (p. 215) [klinika] বি. ডাক্তারখানা, চিকিৎসালয়। [ইং. clinic]।

ক্লিন্ন (p. 215) [klinna] বিণ. 1 ক্লেদাক্ত, ক্লেদযুক্ত (ক্লিন্ন শরীর, ক্লিন্ন মন); 2 আর্দ্র, ভিজে; ঘামে ভেজা (ক্লিন্ন বস্ত্র)। [সং. √ ক্লিদ্ + ত]। বি.˜ তা।

ক্লিশিত, ক্লিষ্ট (p. 215) [kliśita, kliṣṭa] বিণ. 1 ক্লেশপ্রাপ্ত, কষ্ট পেয়েছে এমন (অনাহারক্লিষ্ট শরীর); 2 ক্লান্ত, অবসন্ন। [সং. √ ক্লিশ্ + ত]।

ক্লিশ্য-মান (p. 215) [kliśya-māna] বিণ. ক্লেষ পাচ্ছে এমন। [সং. √ ক্লিশ্ + য + মান (শানচ্)]।

ক্লীব (p. 215) [klība] বি. 1 পৌরুষহীন ব্যক্তি; ব্যক্তিত্বহীন পুরুষ; 2 নপুংসক। ☐ বিণ. ভীরু, কাপুরুষ; অক্ষম। [সং. √ ক্লীব্ + অ]। বি.˜ তা,˜ ত্ব।˜ লিঙ্গ বি. (ব্যাক.) পুরুষবাচকও নয়, স্ত্রীবাচকও নয় এমন লিঙ্গ, স্ত্রী-পুরুষভিন্ন লিঙ্গ, neuter gender.

ক্লেদ (p. 217) [klēda] বি. 1 তরল ময়লা; ঘাম লালা পুঁজ প্রভৃতি তরল ময়লা (শরীরের ক্লেদ, ক্লেদাক্ত শরীর); 2 কাদাজল, পঙ্ক; 3 আর্দ্রতা। [সং. √ ক্লিদ্ + অ]। ক্লেদাক্ত বিণ. ক্লেদযুক্ত; ভিজে ও নোংরা।

ক্লেশ (p. 217) [klēśa] বি. কষ্ট; দুঃখ; যন্ত্রণা (শরীর ও মনের নানারকম ক্লেশ)। [সং. √ ক্লেশ্ + অ]। ক্লেশাবহ বিণ. ক্লেশকর, কষ্টদায়ক। ক্লেশিত বিণ. ক্লেশ দেওয়া হয়েছে এমন; ক্লেশ বা কষ্ট পাচ্ছে এমন (তার ক্লেশিত মনে নতুন করে আঘাত দিয়ো না)।

ক্লৈব্য (p. 217) [klaibya] বি. 1 ক্লীবত্ব, অক্ষমতা; 2 কাপুরুষতা; পৌরুষের অভাব ; 3 কাতরতা। [সং. ক্লীব + য]।

ক্লোম (p. 217) [klōma] (-মন্) বি. 1 পিত্তকোষ; 2 মূত্রাশয়; 3 ফুসফুস, lungs. [সং. √ ক্লু + মন্]।˜ নালিকা বি শ্বাসনালী, wind pipe (বি. প.)।˜ শাখা বি. শ্বাসনালীর প্রধান শাখাদ্বয়ের যেকোনোটি, bronchus (বি.প.)।

ক্লোরিন (p. 217) [klōrina] বি. হরিতাভ রঙের অধাতব ও তীব্র গন্ধযুক্ত গ্যাসবিশেষ, পীত-সবুজ রঙের বিষাক্ত গ্যাসীয় পদার্থ, সাধারণত জল পরিশোধনের কাজে ব্যবহৃত গ্যাসবিশেষ। [ইং. chlorine]।

ক্ল্যাসিকাল (p. 217) [klyāsikāla] দ্র ক্লাসিকাল।

ক্ষণ (p. 217) [kṣaṇa] বি. 1 কালের অংশবিশেষ, এক মুহূর্তের 12 ভাগের এক ভাগ, 4 মিনিট; 2 অতি অল্প সময় (ক্ষণকালও বিলম্ব যেন না হয়); 3 সময় (বহুক্ষণ আগে); 4 বিশেষ কাল (শুভক্ষণ)। [সং. √ ক্ষণ্ + অ]।˜ কাল বি. অতি সামান্য সময়।˜ চর বিণ. অল্পকাল বিচরণকারী; অল্পকালস্থায়ী।˜ জন্মা (-ন্মন্) বিণ. 1 শুভ মুহূর্তে জাত; 2 ভাগ্যবান; 3 অসাধারণ গুণসম্পন্ন (ক্ষণজন্মা মহাপুরুষ)।˜ দা বি. রাত্রি।˜ দ্যুতি বি. বিদ্যুত্।˜ পূর্বে ক্রি-বিণ. একটু আগে, এক মুহূর্ত আগে।˜ প্রভা বি. বিদ্যুত্, বিজলি।˜ ভঙ্গুর বিণ, অল্পকালের মধ্যেই ভেঙে যায় বা নষ্ট হয় এমন।˜ স্থায়ী (-য়িন্) বিণ. বেশিক্ষণ থাকে না এমন; অল্পকাল থাকে এমন। ক্ষণিক বিণ. ক্ষণস্থায়ী (ক্ষণিক আমোদে মত্ত); □ বি. ক্ষণকাল ('ক্ষণিকের অতিথি': রবীন্দ্র)। ক্ষণে ক্রি-বিণ. মুহূর্তের ব্যবধানে; এক সময়ে ('ক্ষণে হাতে দড়ি, ক্ষণে চাঁদ')। ক্ষণে ক্ষণে ক্রি-বিণ. মহুর্মুহু, ঘনঘন; থেকে থেকে (মেঘের চেহারা ক্ষণে ক্ষণে বদলে যাচ্ছে)। ক্ষণেক বি. অতি অল্প সময় (ক্ষণেকের জন্য)। □ ক্রি-বিণ. এক মুহূর্তের জন্য ('দাঁড়াও, ক্ষণেক দাঁড়াও': রবীন্দ্র)।

ক্ষত (p. 217) [kṣata] বি. 1 ঘা (পুরোনো ক্ষত); 2 চোট; 3 শরীরের আঘাতপ্রাপ্ত স্থান ; 4 ব্রণ। □ বিণ. 1 আঘাতপ্রাপ্ত; 2 ছিন্ন। [সং. √ ক্ষণ্ (=হিংসা)

+ তৃ]। ˜ চিহ্ন বি. ঘা বা আঘাত সেরে যাবার পর যে দাগ থাকে। ˜ বিক্ষত বিণ. (সর্বাঙ্গ) আঘাতে আঘাতে ছিন্নভিন্ন হয়েছে এমন। ˜ স্থান বি. যে স্থানে আঘাত লেগেছে; যে স্থান ক্ষত হয়েছে (ক্ষতস্থানে ওষুধ লাগানো)। ক্ষতশৌচ বি. দেহ আঘাতপ্রাপ্ত হওয়ার দরুন অথবা দেহ থেকে রক্তস্রাবজনিত অশুদ্ধি।

ক্ষতি (p. 217) [kṣati] বি. 1 হানি, অনিষ্ট (শরীরের ক্ষতি, বন্যায় ফসলের ক্ষতি); 2 ক্ষয়, অবক্ষয়; 3 লোকসান (অনেক টাকার ক্ষতি হয়ে গেল); 4 ন্যূনতা (মধুর অভাবে গুড় কিনে দিলেও ক্ষতি নেই)। [সং. ক্ষণ্‌ + তি]। ˜ গ্রস্ত বিণ. ক্ষতি ভোগ করছে এমন; (যার) ক্ষতি হয়েছে এমন। ˜ পূরণ বি. লোকসানের মূল্যদান; লোকসান পুষিয়ে দেওয়া। ˜ বৃদ্ধি বি. লাভ-লোকসান (তার সাহায্য না পেলেও এমন কিছু ক্ষতিবৃদ্ধি হবে না)। ˜ সাধন বি. অনিষ্ট।

ক্ষত্তা (p. 217) [kṣattā] (-ত্তৃ) বি. 1 ক্ষত্রিয়া বা বৈশ্যা নারীর গর্ভে শুদ্রের ঔরসজাত সন্তান; 2 সারথি; 3 দাসীপুত্র; 4 বিদুর। [সং. √ ক্ষদ্‌ + তৃ + আ]।

ক্ষত্র (p. 217) [kṣatra] বি. ক্ষত্রিয় জাতি। [সং. ক্ষত্‌ + √ঐ + অ]। ˜ কর্‌ম বি. ক্ষত্রিয়ের পক্ষে উচিত কর্ম, ক্ষত্রিয়ের যোগ্য কাজ। ˜ তেজ বি. ক্ষত্রিয়ের পক্ষে যোগ্য পরাক্রম। ˜ ধর্ম ক্ষত্রিয়ের পালনীয় ধর্ম; (ক্ষত্রিয়ের) সাহস, পুরুষকার বীরত্ব ইত্যাদি। ˜ বন্ধু বি. অপকৃষ্ট ক্ষত্রিয়।

ক্ষত্রিয় (p. 217) [kṣatriẏa] বি. 1 হিন্দু চতুর্বর্ণের দ্বিতীয় বর্ণ; 2 ক্ষেত্রী বা ছত্রী জাতি। [সং. ক্ষত্র + ইয় (স্বার্থে)]। ক্ষত্রিয়া, ক্ষত্রিয়াণী বি. (স্ত্রী.) ক্ষত্রিয়জাতীয়া নারী। ক্ষত্রিয়ী বি. (স্ত্রী.) ক্ষত্রিয়ের পত্নী।

ক্ষত্রী (p. 217) [kṣatrī] বি. ক্ষত্রিয় জাতি; ক্ষেত্রী বা ছত্রী জাতি। [সং. ক্ষত্র + ইন্]।

ক্ষন্তব্য (p. 217) [kṣantabya] বিণ. ক্ষমার যোগ্য বা ক্ষমা করা উচিত এমন। [সং. √ ক্ষম্ + তব্য]।

ক্ষন্তা (p. 217) [kṣantā] (-ন্তৃন্) বি. যে ক্ষমা করা। [সং. √ ক্ষম্ + তৃন্]।

ক্ষপণক (p. 217) [kṣapaṇaka] বি. 1 বৌদ্ধ সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ; 2 মহারাজ বিক্রমাদিত্যের 'নবরত্নে'র অন্যতম। [সং. √ ক্ষপ্ + অন + ক (স্বার্থে)]।

ক্ষপণী (p. 217) [kṣapaṇī] বি. ক্ষেপণী, নৌকার দাঁড়। [সং. √ ক্ষপ্ + অন + ঈ]।

ক্ষপা (p. 217) [kṣapā] বি. রাত্রি। [সং. √ ক্ষপি (কর্মপ্রচেষ্টা ক্ষয় করানো) + অ + আ]। ̃ কর বি. চাঁদ।

ক্ষম (p. 217) [kṣama] বিণ. 1 ক্ষমতাবান, সমর্থ, পারগ (কর্মক্ষম, অক্ষম, উপার্জনক্ষম); 2 যোগ্য, উপযুক্ত (স্পর্শক্ষম উত্তাপ)। [সং. √ ক্ষম্ + অ]।

ক্ষমতা (p. 217) [kṣamatā] বি. 1 শক্তি, সামর্থ্য (শারীরিক ক্ষমতা, ওজন তোলার ক্ষমতা); 2 যোগ্যতা; 3 পটুতা, কর্মদক্ষতা, নৈপুণ্য; 4 প্রভাব, আধিপত্য (রাজকীয় ক্ষমতা, রাজনৈতিক ক্ষমতা, প্রশাসনিক ক্ষমতা)। [সং. ক্ষম + তা]। ̃ চ্যুত বিণ. ক্ষমতা চলে গেছে এমন। ̃ বান (-বান্) বিণ. ক্ষমতাশালী, যার ক্ষমতা

আছে। স্ত্রী.˜ বতী।˜ শালী (-লিন্) বিণ. ক্ষমতা আছে এমন। স্ত্রী.˜ শালিনী।˜ সীন বিণ. শাসনক্ষমতায় অধিষ্ঠিত, (যার) হাতে শাসনক্ষমতা রয়েছে এমন।

ক্ষমা (p. 217) [kṣamā] বি. 1 সহিষ্ণুতা, সহ্যগুণ, তিতিক্ষা; 2 অপরাধ মার্জনা (ক্ষমা করে দিলাম) ; 3 অপকার বা ক্ষতি সহ্য করা; 4 নিবৃত্তি (এবার ক্ষমা দাও)। [সং. √ ক্ষম্ + অ + আ]।˜ গুণ,˜ ধর্ম বি. ক্ষমা করার শক্তি বা মানসিকতা।˜ ঘেন্না বি. দোষ মার্জনা করা ও দয়া দেখানো।˜ বান (-বান্) বিণ. ক্ষমাশীল, ক্ষমাগুণে (যার) অন্তর পূর্ণ। স্ত্রী.˜ বতী।˜ র্হ বিণ. ক্ষমার যোগ্য। ক্ষমী (-মিন্) বিণ. সহিষ্ণু, ক্ষমাশীল; সমর্থ। ক্ষম্য বিণ. ক্ষমার যোগ্য, ক্ষমার্হ।

ক্ষয় (p. 217) [kṣaẏa] বি. 1 ধ্বংস, বিনাশ (শত্রুক্ষয়); 2 পরাজয় (অধর্মের ক্ষয়); 3 অপচয়, ক্ষতি (অর্থক্ষয়); 4 হ্রাস, ক্রমশ ক্ষীণ হওয়া (চন্দ্রের ক্ষয়, পেনসিলের সিস ক্ষয় হয়ে আসছে); 5 ক্ষয় রোগ, ক্ষয় কাশি। [সং. √ ক্ষি + অ]।˜ কাশ বি. যক্ষ্মারোগ, টি.বি.।˜ ক্ষতি বি. লোকসানাদি।˜ প্রাপ্ত বিণ. ক্ষয় হয়ে গেছে এমন।˜ শীল বিণ. ক্রমে ক্ষয় হয়ে যায় এমন। ক্ষয়া-খয়া -র বানানভেদ। ক্ষয়িত বিণ. ক্ষয়প্রাপ্ত। ক্ষয়িষ্ণু বিণ. ক্ষয়শীল। বি.˜ তা। ক্ষয়ী (-য়িন্) বিণ. ক্ষয়শীল; ভঙ্গুর; নশ্বর।

ক্ষর (p. 217) [kṣara] বি. 1 ক্ষরণ, নিঃসরণ; 2 নাশ, ধ্বংস। □ বিণ. 1 ক্ষরিত হয় এমন; 2 নশ্বর; 3 ভঙ্গুর। [সং. √ ক্ষর্ (সঞ্চালনে) + অ]।˜ ণ বি. নিঃসরণ, ফোঁটায় ফোঁটায় পড়া বা বেরোনো; চুইয়ে পড়া; স্যন্দন, exudation; নাশ। ক্ষরিত বিণ. নিঃসৃত; চুইয়ে পড়েছে এমন। ক্ষরী (-রিন্) বিণ. ক্ষরণশীল; চুইয়ে পড়ে এমন।

ক্ষাত্র (p. 217) [kṣātra] বিণ. ক্ষত্রিয়সম্বন্ধীয়; ক্ষত্রিয়োচিত (ক্ষাত্রধর্ম)। □ বি. ক্ষত্রিয়ের কর্ম ধর্ম বা শক্তি, ক্ষত্রিয়ত্ব। [সং. ক্ষত্র + অ]।˜ ধর্ম বি. ক্ষত্রিয়ের পালনীয় কর্তব্য-যথা যুদ্ধ, দেশরক্ষা, বিপন্নকে উদ্ধার প্রভৃতি (তু. chivalry)।˜ বল,˜ শক্তি বি. ক্ষত্রিয়োচিত যুদ্ধ করার ক্ষমতা; ক্ষত্রিয়ের সামর্থ্য বা ক্ষমতা।

ক্ষান্ত (p. 217) [kṣānta] বিণ. 1 নিরস্ত, নিবৃত্ত; বিরত (ক্ষান্ত হও, এই যুদ্ধ বন্ধ করো); 2 সহিষ্ণু, ক্ষমাশীল। [সং. √ ক্ষম্ + ত]। ক্ষান্ত দেওয়া ক্রি. বি. নিবৃত্ত হওয়া ('ক্ষান্ত দে মা, শান্ত হ মা': রবীন্দ্র)। ক্ষান্তি বি. সহিষ্ণুতা, সহ্যগুণ; নিবৃত্তি; বিরতি (বৃষ্টির ক্ষান্তি নেই)।

ক্ষাম (p. 217) [kṣāma] বিণ. ক্ষীণতাপ্রাপ্ত, ক্ষয় হয়েছে এমন; কৃশ; দুর্বল। [সং. √ ক্ষৈ + ত]।

ক্ষার (p. 217) [kṣāra] বি. সাজিমাটি যবক্ষার সোরা ক্ষারীয়লবণ সোডা চুন প্রভৃতি; লকালি, alkali. [সং. √ ক্ষর্ + অ]।˜ জল বি. ক্ষারমিশ্রিত জল, লোনা জল।˜ ধাতু বি. যার অম্লজানজারিত অবস্থা ক্ষার, alkali metal.˜ মিতি বি. যে বিদ্যার বলে ক্ষারের পরিমাণ হিসাব করা যায়, alkalimetry.˜ মৃত্তিকা বি. সাজিমাটি, লোনাজমি, alkaline earth.

ক্ষারিত (p. 217) [kṣārita] বিণ. 1 স্রাবিত, গলানো হয়েছে এমন; 2 অপবাদগ্রস্ত; 3 দূষিত। [সং. √ ক্ষর্ + ণিচ্ + ত]।

ক্ষারীয় (p. 217) [kṣārīẏa] বিণ. ক্ষারযুক্ত; ক্ষারধর্মী, alkaline. [সং. ক্ষার + ঈয়]। ক্ষারীয় সন্ধান বি. ক্ষার সহযোগে গাঁজন, alkaline fermentation.

ক্ষালন (p. 217) [kṣālana] বি. 1 প্রক্ষালন, ধোয়া (পদক্ষালন); 2 শোধন, মোচন (পাপক্ষালন)। [সং. √ ক্ষল্ + ণিচ্ + অন]। ক্ষালিত বিণ. ধৌত, শোধিত, পরিমার্জিত; দূরীকৃত।

ক্ষিতি (p. 217) [kṣiti] বি. 1 পৃথিবী; 2 মাটি, ভূমি (ক্ষিতিতল)। [স. √ ক্ষি + তি]।˜ জ বিণ. ভূমিজাত; পৃথিবীতে জাত। □ বি. 1 মঙ্গলগ্রহ; 2 চক্রবাল, horizon (বি.প.)।˜ ধর,˜ ভৃত্ বি. পর্বত।˜ নাথ,˜ প,˜ পতি,˜ পাল, ক্ষিতীশ বি. পৃথিবীর অধিপতি; রাজা।

ক্ষিপ্ত (p. 217) [kṣipta] বিণ. 1 নিক্ষিপ্ত, ছুড়ে ফেলা হয়েছে এমন; 2 বিক্ষিপ্ত, ছড়িয়ে ফেলা হয়েছে এমন ; 3 উন্মত্ত, পাগল. খ্যাপা (রাগে ক্ষিপ্ত হওয়া)। [সং. √ ক্ষিপ্ + ত]। স্ত্রী. ক্ষিপ্তা।

ক্ষিপ্য-মাণ (p. 217) [kṣipya-māṇa] বিণ. নিক্ষিপ্ত হচ্ছে বা ছুড়ে ফেলা হচ্ছে এমন। [সং. √ ক্ষিপ্ (+ য) + মান (শানচ্)]।

ক্ষিপ্র (p. 217) [kṣipra] ক্রি-বিণ. দ্রুতভাবে, দ্রুত, দ্রুততার সঙ্গে শীঘ্র (ক্ষিপ্র কাজ করো)। □ বিণ. দ্রুত, ত্বরিত (ক্ষিপ্রগতিতে এগিয়ে গেল)। [সং. √ ক্ষিপ্ + র]। বি.˜ তা।˜ কারী (-রিন্) বিণ. দ্রুত কাজ করে এমন, চটপটে। বি.˜ কারিতা।˜ গতি,˜ গামী (-মিন্) বিণ. দ্রুতগামী, দ্রুত চলতে পারে এমন, বেগবান (ক্ষিপ্রগতি ট্রেন)। স্ত্রী.˜ গামিনী।

ক্ষীণ (p. 217) [kṣīṇa] বিণ. 1 ক্ষয়প্রাপ্ত, ক্ষয়িত (ক্ষীণচন্দ্র); 2 শীর্ণ, কৃশ, রোগা (ক্ষীণকায়); 3 সরু (ক্ষীণমধ্যা, ক্ষীণকটি); 4 অত্যল্প, মৃদু; অস্পষ্ট (ক্ষীণ আভাস, ক্ষীণালোক); 5 দুর্বল (ক্ষীণদৃষ্টি)। [সং. √ ক্ষি + ত]। স্ত্রী. ক্ষীণা। বি.˜ তা।˜ চন্দ্র বি. ক্ষয়প্রাপ্ত অর্থাত্ কৃষ্ণপক্ষের চাঁদ।˜ জীবী (-বিন্) অল্পপ্রাণ, দুর্বল, জীবনীশক্তিবিহীন।˜ শ্বাস বিণ. মুমূর্ষু, যার শ্বাস খুব ক্ষীণ হয়ে এসেছে। ক্ষীণায়ু বিণ. অল্পায়ু। ক্ষীণালোক বি. অস্পষ্ট বা মৃদু আলো।

ক্ষীয়-মাণ (p. 217) [kṣīẏa-māṇa] বিণ. ক্ষয়প্রাপ্ত হচ্ছে এমন (ক্ষীয়মাণ ঐশ্বর্য, ক্ষীয়মাণ যৌবন)। [সং. √ ক্ষি + য + মান (শানচ্)]।

ক্ষীর (p. 217) [kṣīra] বি. 1 দুধ (গো-ক্ষীর); 2 রস, নির্যাস বা আঠা; 3 জ্বাল দিয়ে ঘন-করা দুধ, মিষ্টান্নবিশেষ। [সং. √ ঘস্ (খাওয়া) + ঈর, ঘস্ =ক্ষ্]।˜ দ্রুম বি. যে বৃক্ষ থেকে ক্ষীর নিঃসৃত হয়-যথা বট, অশ্বত্থ, ডুমুর, মহুয়া।˜ মোহন বি. ক্ষীর ও ছানার তৈরি চ্যাপটা আকারের রসপূর্ণ মিষ্টান্নবিশেষ।˜ সমুদ্র,˜ সাগর বি. নারায়ণের অনন্তশয্যারূপে বর্ণিত সমুদ্র, পুরাণোক্ত সপ্তসাগরের অন্যতম।

ক্ষীরা, (আঞ্চ.) ক্ষীরই (p. 217) [kṣīrā, (āñca.) kṣīri] বি. 1 শশাজাতীয় ফলবিশেষ; 2 শশা। [সং. ক্ষীরিকা]।

ক্ষীরাব্ধি (p. 217) [kṣīrābdhi] বি. ক্ষীরসমুদ্র। [সং. ক্ষীর + অব্ধি]।˜ জ বি. চন্দ্র।˜ জা,˜ তনয়া বি. (স্ত্রী.) লক্ষ্মী।

ক্ষীরিকা (p. 217) [kṣīrikā] বি. ক্ষীরা; শশা। [সং. ক্ষীর + ইক + আ]।

ক্ষীরোদ (p. 217) [kṣīrōda] বি. ক্ষীরসমুদ্র। [সং. ক্ষীর + উদ (=উদক)]।˜ তনয়া বি. (স্ত্রী.) লক্ষ্মী।˜ নন্দন বি. চন্দ্র।

ক্ষুণ্ণ (p. 217) [kṣuṇṇa] বিণ. 1 দুঃখিত, ব্যথিত, ক্ষুব্ধ (ক্ষুণ্ণ মনে); 2 খর্ব (অধিকার ক্ষুণ্ণ করা, বিশ্বাস বা শ্রদ্ধা ক্ষুণ্ণ করা) ; 3 বাধাপ্রাপ্ত, ব্যাহত (অগ্রগতি অক্ষুণ্ণ রইল); 4 (বিরল), চূর্ণীকৃত। [সং. √ ক্ষুদ্ + (চূর্ণ করা) + ত]।

ক্ষুত্ (p. 217) [kṣut] (ক্ষুধ্) বি (সাধারণত অন্য শব্দের পূর্বে সমাসবদ্ধ হয়ে) ক্ষধা। [সং. √ ক্ষুধ্ + ক্বিপ্]।˜ কাতর,˜ পীড়িত বিণ. ক্ষুধার্ত।˜ ক্ষাম বিণ. ক্ষুধায় কাতর।˜ পিপাসা বি. ক্ষুধা ও তৃষ্ণা।

ক্ষুদ, ক্ষুদি, ক্ষুদে (p. 217) [kṣuda, kṣudi, kṣudē] যথাক্রমে খুদ, খুদি ও খুদে -র বর্জি. বানান।

ক্ষুদ্র (p. 217) [kṣudra] বিণ. 1 ছোট, খর্ব, হ্রস্ব (ক্ষুদ্রকায়); 2 নীচ, হীন (ক্ষুদ্রমনা); 3 অনুদার, সংকীর্ণ; 4 সামান্য, প্রতিপত্তিহীন, দরিদ্র (ক্ষুদ্র লোক); 5 অল্প (ক্ষুদ্র শক্তি) [সং. √ ক্ষুদ্ + র]। ক্ষুদ্রা বিণ. (স্ত্রী.) ক্ষুদ্র -র সব অর্থে। □ বি. 1 মৌমাছি; 2 (বিরল) বেশ্যা; 3 বিকৃতদেহ নারী। বি.˜ তা,˜ ত্ব।˜ চেতা,˜ মতি, ক্ষুদ্রাশয় বিণ. নীচমনা, সংকীর্ণমনা।˜ তম বিণ. সবচেয়ে ক্ষুদ্র।

ক্ষুধা (p. 217) [kṣudhā] বি. 1 খিদে, ভোজনের প্রবৃত্তি বা ইচ্ছা, বুভুক্ষা; 2 ইচ্ছা, বাসনা ('জাগো নূতনের ক্ষুধা': স. দ.)। [সং. √ ক্ষুধ্ + ক্বিপ্]।˜ তুর, ক্ষুধার্ত বিণ. ক্ষুধায় কাতর। বিণ. (স্ত্রী.)˜ তুরা।˜ নিবৃত্তি,˜ শান্তি বি. আহার করে ক্ষুধা দূর করা।˜ ন্বিত বিণ. ক্ষুধিত, ক্ষুধার্ত।˜ মান্দ্য বি. আহারে অনিচ্ছা, ক্ষুধার

অভাব বা ক্ষুধার হ্রাস। ˜ সঞ্চার বি. ক্ষুধার উদ্রেক। ক্ষুধিত বিণ. ক্ষুধার্ত; ভোজনেচ্ছু। স্ত্রী. ক্ষুধিতা। দুষ্ট-ক্ষুধা বি. রোগ বা লোভজনিত ভোজনলালসা।

ক্ষুন্নিবারণ, ক্ষুন্নিবৃত্তি (p. 217) [kṣunnibārana, kṣunnibṛtti] বি. ক্ষুধার শান্তি, আহারের ফলে ক্ষুধার উপশম; ভোজন। [সং. ক্ষুত্ + নিবারণ, নিবৃত্তি]।

ক্ষূপ (p. 217) [kṣūpa] বি. 1 বহু ক্ষুদ্র শাখাবিশিষ্ট ছোট গাছ; 2 শ্রীকৃষ্ণ ও সত্যভামার পুত্র। [সং. √ ক্ষু + প]।

ক্ষুব্ধ (p. 217) [kṣubdha] বিণ. 1 বিচলিত; 2 আলোড়িত ('ক্ষুব্ধ শাখার আন্দোলনে': রবীন্দ্র); 3 ক্ষুণ্ণ, দুঃখিত (তার আচরণে ক্ষুব্ধ হয়েছি). [সং. √ ক্ষুভ্ + ত]। স্ত্রী. ক্ষুব্ধা।

ক্ষুভিত (p. 217) [kṣubhita] বিণ. 1 ক্ষুব্ধ; বিচলিত; 2 আলোড়িত করা হয়েছে এমন। [সং. √ক্ষুভ্ + ণিচ্ + ত]। স্ত্রী. ক্ষুভিতা।

ক্ষূমা (p. 217) [kṣūmā] বি. 1 শণ; 2 অতসী; 3 মসিনা, তিসি। [সং. √ ক্ষু + ম + আ]। বিণ. ক্ষৌম।

ক্ষুর (p. 217) [kṣura] বি. চুলদাড়ি কামাবার ছুরি বা অস্ত্রবিশেষ। (খুর দ্র)। [সং. √ ক্ষুর্ + অ]। ˜ কর্ম বি. ক্ষুর দিয়ে চুল বা দাড়ি কামানো, খেউরি। ˜ ধার বিণ. ক্ষুরের মতো তীক্ষ্ণ ধারবিশিষ্ট; সুতীক্ষ্ণ (ক্ষুরধার বুদ্ধি)। ক্ষুরী (-রিন্) বি. 1 নাপিত; 2 ক্ষুরযুক্ত পশু।

ক্ষুরপ্র (p. 217) [kṣurapra] বি. অর্ধচন্দ্রের মতো বাঁকানো অস্ত্রবিশেষ, খুরপা বা খুরপি। [সং. ক্ষুর + √ পৃ + অ]।

ক্ষুরা, ক্ষেত, ক্ষেতি (p. 217) [kṣurā, kṣēta, kṣēti] যথাক্রমে খুরা, খেত ও খেতি -র বর্জি. বানান।

ক্ষূরী (p. 217) [kṣūrī] দ্র ক্ষুর।

ক্ষেত্র (p. 217) [kṣētra] বি. 1 জমি, ভূমি, শস্য-উৎপাদনের মাঠ (শস্যক্ষেত্র, ধান্যক্ষেত্র); 2 স্থান (যুদ্ধক্ষেত্র, কর্মক্ষেত্র); 3 সিদ্ধভূমি, তীর্থ (কুরুক্ষেত্র, জগন্নাথক্ষেত্র); 4 (দর্শ.) শরীর; 5 ইন্দ্রিয়; 6 মন; 7 (জ্যামি.) রেখার দ্বারা সীমাবদ্ধ স্থান; 8 স্ত্রী, পত্নী (পরক্ষেত্রে জাত সন্তান); 9 অবস্থা বা পরিস্থিতি (এক্ষেত্রে নীরব থাকাই ভালো)। [সং. √ ক্ষি + ত্র]। ̃ কর্ম বি. চাষবাস; অবস্থানুযায়ী কাজ। ̃ জ বিণ. 1 জমিতে জন্মেছে এমন (ক্ষেত্রজ ফসল) ; 2 কৃষিজাত; 3 স্বীয় পত্নীর গর্ভে অন্য পুরুষের ঔরসজাত। ̃ জ্ঞ বি. (দর্শ.) জীবাত্মা, অন্তর্যামী পুরুষ। □ বিণ. 1 কোন অবস্থায় কী কর্তব্য তা জানে এমন, অভিজ্ঞ; পণ্ডিত; 2 নিপূণ ; 3 কৃষিকর্ম সম্পর্কে অভিজ্ঞ। ̃ পতি বি. জমির মালিক। ̃ পাল বি. জমির রক্ষক বা পালক। ̃ ফল বি. জমির কালি বা পরিমাণ ফল। ̃ মিতি বি. জ্যামিতি। ̃ স্বামী (-মিন্) ক্ষেত্রাধি-কারী (-রিন্) বি. জমির মালিক।

ক্ষেত্রী (p. 217) [kṣētrī] (-ত্রিন্) বি. 1 ক্ষেত্রের মালিক; 2 স্বামী, পতি। [সং. ক্ষেত্র + ইন্]।

ক্ষেপ (p. 217) [kṣēpa] বি. 1 নিক্ষেপ. ছোড়া (শরক্ষেপ); 2 বিন্যাস (পদক্ষেপ); 3 চালনা (ভ্রূক্ষেপ, হস্তক্ষেপ); 4 যাপন, অতিবাহন (কালক্ষেপ); 5 লঙ্ঘন। [সং. √ ক্ষিপ্ + অ]।˜ ক বিণ. নিক্ষেপকারী। □ বি. গ্রন্হের মধ্যে প্রক্ষিপ্তপাঠ।˜ ণ বি. 1 নিক্ষেপ (পারমাণবিক অস্ত্রক্ষেপণ); 2 অতিবাহন, যাপন (সময়ক্ষেপণ); 3 ফেলে দেওয়া।˜ ণি,˜ ণী বি. নৌকার দাঁড়; খেপলা জাল।˜ ণিক বি. দাঁড় চালনাকারী দাঁড়ি।˜ ণীয় বিণ. ক্ষেপণযোগ্য। □ বি. ক্ষেপণ করার অস্ত্র।

ক্ষেপলা, ক্ষেপা (p. 217) [kṣēpalā, kṣēpā] যথাক্রমে খেপলা, ও খেপা -র বর্জি. বানান।

ক্ষেপ্তা (p. 217) [kṣēptā] (-প্তৃ) বিণ. ক্ষেপণকারী, ক্ষেপণ করে এমন। [সং. √ ক্ষিপ্ + তৃ]।

ক্ষেম (p. 217) [kṣēma] বি. 1 শুভ, মঙ্গল, কল্যাণ ('মহাশক্তি মহাক্ষেম': রবীন্দ্র); 2 লব্ধবস্তু সংরক্ষণ (যোগক্ষেম)। [সং. √ ক্ষি + ম]।˜ ংকর,˜ ঙ্কর বিণ. মঙ্গলদায়ক, শুভকর। স্ত্রী.˜ ংকরী,˜ ঙ্করী।˜ দর্শী (-র্শিন্) বিণ. কল্যাণদর্শী, শুভদর্শী, যে নিজের মঙ্গলের দিকে নজর দেয়।˜ বান (-বত্) মঙ্গলযুক্ত; কুশলী।

ক্ষৈরেয় (p. 217) [kṣairēẏa] বিণ. ক্ষীরসম্বন্ধীয়; দুগ্ধজাত; দুগ্ধপক্ক। [সং. ক্ষীর + এয়]।

ক্ষোদন (p. 217) [kṣōdana] বি. 1 চূর্ণ করা; 2 উৎকীর্ণ করা, খোদাই। [সং. √ ক্ষুদ্ + অন]। ক্ষোদিত বিণ. খোদাই করা হয়েছে এমন, উৎকীর্ণ।

ক্ষোভ (p. 217) [kṣōbha] বি. 1 মানসিক চাঞ্চল্য, বেদনা, মনস্তাপ (তার রূঢ় ব্যবহারে ক্ষোভ হওয়াই স্বাভাবিক); 2 আন্দোলন, আলোড়ন, বিক্ষোভ (ইন্দ্রিয়ক্ষোভ)। [সং. √ ক্ষুভ্ + অ]। ক্ষোভন বি. কামদেবের পঞ্চবাণের অন্যতম। ক্ষোভিত বিণ. যার মনে ক্ষোভ সৃষ্টি হয়েছে; আলোড়িত; চঞ্চলীকৃত।

ক্ষৌণি, ক্ষৌণী (p. 217) [kṣauṇi, kṣauṇī] বি. পৃথিবী, ক্ষিতি। [সং. √ ক্ষু + নি. নী]। ক্ষৌণীশ বি. পৃথিবীপতি; রাজা।

ক্ষৌদ্র (p. 217) [kṣaudra] বিণ. 1 ক্ষুদ্র বা ক্ষুদ্রাসম্বন্ধীয়; 2 মৌমাছিজাত। □ বি. মধু। [সং. ক্ষুদ্র + অ, ক্ষুদ্রা + অ]। ˜ জ বি. মোম।

ক্ষৌম (p. 217) [kṣauma] বি. 1 শণ বা শণবস্ত্র. linen; 2 পট্টবস্ত্র, রেশমি কাপড়। □ বিণ. 1 শণের তৈরি; 2 রেশমি। [সং. ক্ষুমা + অ].

ক্ষৌর (p. 217) [kṣaura] বি. ক্ষুরকর্ম, খেউরি, দাড়ি গোঁফ প্রভৃতি কামানো। □ বিণ. ক্ষুরসম্বন্ধীয়। [সং. ক্ষুর + অ]। ক্ষৌরিক বি. নাপিত। ক্ষৌরী, ক্ষৌরি বি. ক্ষুরকর্ম, খেউরি।

ক্ষ্মা (p. 217) [kṣmā] বি. পৃথিবী। [সং. √ ক্ষম্ + অ + আ, যে সমস্ত ভার সহ্য বা বহন করে, এই অর্থে]। ˜ ধর বি. পৃথিবীপতি, রাজা। ˜ ভৃত্ বি. 1 রাজা; 2 পর্বত।

খ1 (p. 221) [kha1] বাংলা ভাষার দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ এবং অঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য খ্ ধ্বনির দ্যোতক বর্ণ।

খ2 (p. 221) [kha2] বি. 1 আকাশ (খগ, খেচর, খদ্যোত); 2 (অপ্র.) সূর্য; 3 (অপ্র.) ইন্দ্রিয়। [সং. √ খদ্ + অ, অদ্ লোপ]।

খই (p. 221) [khi] বি. ধান ভেজে প্রস্তুত মুড়িজাতীয় খাদ্যবিশেষ, লাজ। [সং. খদিকা]। ˜ চালা বি. ভাজা খই থেকে তুষ ও অন্যান্য অপ্রয়োজনীয় জিনিস বার করে দেবার চালনি। ˜ চুর বি. চিনির রসে পাক দেওয়া মিষ্টান্নবিশেষ। ˜ ঢেকুর বি. চোঁয়া ঢেকুর। ˜ য়া, ˜ য়ে বিণ. খইয়ের মতো আকার বা রংবিশিষ্ট (খইয়ে গোখরো)। (মুখে) খই ফোটা অনবরত বকবক করা, অনর্গল কথা বলা (ছেলেটার মুখে যেন খই ফুটছে)।

খইনি (p. 221) [khini] বি. চুন-মাখানো তামাকপাতা; শুকনো তামাকপাতায় চুন মাখিয়ে প্রস্তুত নেশার বস্তুবিশেষ (খইনি মুখে সেপাই)। [হি.]।

খইল, (কথ্য) খোল (p. 221) [khila, (kathya) khōla] বি. তিল সরষে প্রভৃতি থেকে তেল বার করে নেবার পর অবশিষ্ট ছিবড়ে। [সং. খলি]।

খওয়া (p. 221) [khōẏā] ক্রি. ক্ষয় হওয়া (পেনসিলটা খয়ে গেছে)। □ বিণ. ক্ষয়প্রাপ্ত (খওয়া দাঁত)। □ বি. ক্ষয়। [সং. ক্ষয় + বাং. আ]। ˜ নো ক্রি. ক্ষয় করে দেওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

খক, খক্ (p. 221) [khaka, khak] অব্য. কাশির বা হাসির শব্দ (খক করে কেশে উঠল)। ˜ খক অব্য. ক্রমাগত কাশি বা হাসির শব্দ। ˜ খকানি বি. ক্রমাগত সশব্দে কাশি বা হাসি। ˜ খকে বিণ. খকখক আওয়াজযুক্ত।

খগ (p. 221) [khaga] বি. (আকাশে বিচরণ করে বলে) পাখি। [সং. খ + √ গম্ + অ]।˜ পতি,˜ রাজ, খগেন্দ্র বি. পাখিদের রাজা, গরুড়।

খগম (p. 221) [khagama] বি. 1 পাখি; 2 জনৈক পৌরাণিক ঋষিপুত্র যিনি নিজের কৃতকর্মের ফলে সহস্রপাদ নামে এক ঋষিবন্ধুর শাপে ঢোঁড়া সাপে পরিণত হয়েছিলেন। □ বিণ. আকাশে বিচরণকারী। [সং. খ + √ গম্ + অ]।

খগোল (p. 221) [khagōla] বি. 1 নভোমণ্ডল; 2 নভোমণ্ডলের প্রতিরূপক কৃত্রিম গোলক। [সং. খ + গোল]।˜ বিদ্যা বি. নভোবিজ্ঞান; জ্যোতির্বিজ্ঞান, astronomy.

খচ, খচ্ (p. 221) [khaca, khac] অব্য. বি. ছুঁচলো বস্তু বিঁধে যাবার বা কাঁটা বেঁধার (কল্পিত) আওয়াজ (খচ করে ছুঁচটা আঙুলে ফুটে গেল)।˜ খচ অব্য. ক্রমাগত কাটবার বা বেঁধবার শব্দ। খচখচ করা ক্রি. বি. ক্রমাগত কর্কশ বা কষ্টকর স্পর্শের অনুভূতি হওয়া (এই অস্বস্তিটা সর্বদা মনের মধ্যে খচখচ করছে; ভাতে কাঁকর খচখচ করছে)।˜ খচানি বি. ক্রমাগত বকুনি বা তিরস্কার, খিচখিচ করা, ক্যাটক্যাট করা। খচাখচ ক্রি. বিণ. খচখচ শব্দে এবং অতি দ্রুত (ফুলগাছগুলো খচাখচ কেটে দিল; খচাখচ লিখে দিলাম)। খচ-খচে বিণ. খচখচ করে এমন।

খচ-মচ, খচো-মচো (p. 221) [khaca-maca, khacō-macō] অব্য. বি. 1 করতাল খঞ্জনি ইত্যাদি বাজাবার কর্কশ শব্দ; 2 কাগজ ইত্যাদি নাড়াচাড়া করার বা দলা পাকাবার শব্দ (প্যাকিং বাক্সের মধ্যে বিড়ালটা খচমচ করছে)। □ বি.

গোলমেলে ব্যাপার; গণ্ডগোল ('রাজসেবা কত খচমচ': ভা. চ.; সবসময় ওখানে খচমচ লেগেই আছে)।

খচরামি (p. 221) [khacarāmi] বি. 1 খচ্চরের মতো ব্যবহার; 2 ইতরামি, বদমায়েশি। [দেশি খচ্চর + বাং. আমি]।

খচা1 (p. 221) [khacā1] বিণ. খচিত, শোভিত ('তাকাও যখন তারাখচা মহাকাশে': সু. দ.)। [সং. √ খচ্ + বাং. আ]।

খচা2 (p. 221) [khacā2] ক্রি. (অশা.) রেগে যাওয়া (আমার কথায় সে খুব খচেছে)। খচে বোম বিণ. (অশা.) রেগে আগুন, অত্যন্ত কুপিত (এই কথা শুনে সে তো খচে একেবারে বোম হয়ে গেছে)। [দেশি]।

খচাখচ (p. 221) [khacākhaca] দ্র খচ।

খচিত (p. 221) [khacita] বিণ. 1 জড়িত; 2 মধ্যে মধ্যে স্থাপিত (মণিরত্নখচিত হার); 3 গ্রথিত; 4 পরিব্যাপ্ত; 5 শোভিত (নক্ষত্রখচিত আকাশ)। [সং. √ খচ্ + ত]।

খচ্চর (p. 221) [khaccara] বি. 1 অশ্বতর, ঘোড়া ও গাধার মিলনজাত জীববিশেষ; 2 (আল.) দুর্বৃত্ত, বদমাশ লোক (আচ্ছা খচ্চর তো!)। [দেশি]। তিলে খচ্চর গায়ে তিলের মতো দাগযুক্ত খচ্চর; হাড়ে হাড়ে বদমাশ।

খজ্যোতি (p. 221) [khajyōti] বি. জোনাকি। [সং. খ + জ্যোতিঃ]।

খঞ্চা (p. 221) [khañcā] বি. বড় থালা; বারকোশ। [ফা. খঞ্চহ্]।˜ পোষ, খঞ্চি-পোষ বি. খঞ্চার ঢাকনি বা আবরণ।

খঞ্জ (p. 221) [khañja] বিণ. খোঁড়া (খঞ্জ ভিখারি গান গায়)। [সং. √ খনজ্ + অ]। বি.˜ তা,˜ ত্ব।

খঞ্জন (p. 221) [khañjana] বি. চঞ্চল স্বভাবের লেজ-নাচানো ছোট পাখিবিশেষ। [সং. √খনজ্ + অন]। খঞ্জনা, খঞ্জনিকা বি. (স্ত্রী.) 1 স্ত্রী-খঞ্জন, খঞ্জন পাখির স্ত্রী; 2 খঞ্জনের মতো পক্ষিণীবিশেষ, কাদাখোঁচা।˜ গঞ্জন আঁখি বি. যে চোখ খএ্ঞজন পাখির (সুন্দর ও চঞ্চল) চোখকেও লজ্জা দেয় বা পরাজিত করে, অত্যন্ত সুন্দর ও চঞ্চল চোখ।

খঞ্জনা, খঞ্জনিকা (p. 221) [khañjanā, khañjanikā] দ্র খঞ্জন।

খঞ্জনি (p. 221) [khañjani] বি. চামড়া দিয়ে একমুখ-ঢাকা এবং করতাল-লাগানো ছোট গোলাকার বাদ্যযন্ত্রবিশেষ। [দেশি]।

খঞ্জর (p. 221) [khañjara] বি. 1 ছোরাবিশেষ, দুই দিকে ধারবিশিষ্ট ছোরা; 2 গোলা; কামান ইত্যাদির গোলা। [আ. খঞ্জর্]।

খট, খট্ (p. 221) [khaṭa, khaṭ] অব্য. বি. কাঠ, শক্ত মেঝে প্রভৃতি কঠিন পদার্থে ধাক্কা খাওয়ার আওয়াজ (দরজায় খটখট আওয়াজ); শক্ত সোলের জুতো শক্ত মেঝেতে ঠোকার আওয়াজ; ঘোড়ার খুরের আওয়াজ। [দেশি]। খটখট,

খটাখট অব্য. ক্রমাগত 'খট' শব্দ; অতি শুষ্কতার লক্ষণ প্রকাশ (শুকিয়ে খটখট করা)। খট-খটে বিণ. শুকনো, জলহীন (খটখটে মেঝে, খটখটে দিন)।

খটকা (p. 221) [khaṭakā] বি. সন্দেহ, সংশয়, অবিশ্বাস ('মনে লাগে খটকা': সু. রা)। [হি. খট্‌কা]।

খটখটে (p. 221) [khaṭakhaṭē] দ্র খট।

খট-মট, খটো-মটো (p. 221) [khaṭa-maṭa, khaṭō-maṭō] বিণ. দুর্বোধ্য, জটিল (খটমট বিষয়, খটোমটো অঙ্ক)। [দেশি]।

খটাত্ (p. 221) [khaṭāt] অব্য. খট-এর চেয়ে জোর শব্দ (জানালাটা খটাত্ করে উঠল)। [দেশি, ধ্বন্যা.]।

খটাশ, খাটাশ (p. 221) [khaṭāśa, khāṭāśa] বি. 1 নকুলজাতীয় মাংসাশী জন্তুবিশেষ, polecat; 2 ভাম, খট্টাশ, গন্ধগোকুল, civet cat. [সং. খট্টাশ]।

খটাস (p. 221) [khaṭāsa] অব্য. খটাত্ -এর অনুরূপ বা তার চেয়েও জোর শব্দ। [দেশি, ধ্বন্যা.]।

খটিকা, খটী (p. 221) [khaṭikā, khaḍhī] বি. খড়ি, খড়িমাটি, চকখড়ি। [সং. খটী + ক + আ]।

খটিনী (p. 221) [khaṭinī] বি. খড়ি, খটিকা। [সং. তু. কঠিনী]।

খট্টাশ (p. 221) [khaṭṭāśa] দ্র খটাশ।

খট্টি, খট্টী (p. 221) [khaṭṭi, khaṭṭī] বি. শব বহন করার খাট, খাটিয়া। [সং. √খট্ট্ + ই, ঈ]।

খট্বা (p. 221) [khaṭbā] বি. খাট, পালঙ্ক, পর্যঙ্ক। [সং. √খট্ + ব (ক্বন্) + আ]।˜ ঙ্গ বি. 1 খাটের পায়া বা খুরা; 2 খট্বাঙ্গের মতো মুগুর; 3 আগায় নরকপালযুক্ত লাঠি-যা শিবের অস্ত্র।˜ ঙ্গ-ধর বি. শিব।˜ রূঢ় বিণ. 1 নিষিদ্ধ অনুষ্ঠান করছে এমন; 2 (কৌতু.) খাটের উপর বসেছে বা শুয়েছে এমন।

খড (p. 221) [khaḍa] দ্র খদ।

খড় (p. 221) [khaḍ়] বি. শুকনো তৃণ, বিচালি (খড়ের চাল)। [দেশি]।˜ কুটো,˜ কুটা বি. শুকনো তৃণ বা অনুরূপ তুচ্ছ বস্তু।

খড়কে, খড়িকা (p. 221) [khaḍ়kē, khaḍ়ikā] বি. সরু ছোট কাঠি; দাঁত পরিষ্কার করার ছোট সরু কাঠি, toothpick. [বাং. খড় + ইকা > কে]।

খড়-খড়, খড়-মড় (p. 221) [khaḍ়-khaḍ়, khaḍ়-maḍ়] বি. শুকনো খড় ইত্যাদিতে চলাফেরা বা নড়াচড়ার আওয়াজ (সারারাত প্যাকিং বাক্সের মধ্যে খড়খড় শব্দ শুনেছি)। [দেশি]। খড়-খড়ে বিণ. 1 ওইরকম শব্দকারী; 2 অত্যন্ত শুকনো (খড়খড়ে গামছায় মুখ মুছো না)।

খড়-খড়ি (p. 221) [khaḍ়-khaḍ়i] বি. পাটে পাটে ভাঁজ করা ও খোলা যায় জানলার এমন কপাটবিশেষ, ঝিলমিল (জানলার খড়খড়ি তুলে বাইরের দৃশ্য দেখতে লাগলাম)। [দেশি]।

খড়খড়ে (p. 221) [khaḍ়khaḍ়ē] দ্র খড়খড়।

খড়ম (p. 221) [khaḍ়ma] বি. কাঠের পাদুকা। [তু. হি. খড়ৌঙ]। খড়মপেটা করা ক্রি. বি. খড়ম দিয়ে প্রহার করা। খড়ম-পেয়ে বিণ. (সচ. নিন্দার্থে) যার পা খড়মের মতো, চলবার সময় যার পদতলের মাঝখান ভূমি স্পর্শ করে না।

খড়মড় (p. 221) [khaḍ়maḍ়] দ্র খড়খড়।

খড়রা (p. 221) [khaḍ়rā] বি. ঘোড়া, গোরু প্রভৃতির গা ঘষে পরিষ্কার করার জন্য লোহার চিরুনিবিশেষ। [হি. খরহরা]।

খড়ি (p. 221) [khaḍ়i] বি. 1 সাদা মাটিবিশেষ, লেখবার খড়িমাটি, chalk; 2 তিলকমাটি; 3 গণনা, অঙ্ক (খড়িপাতা); 4 ধুলো; শুকনো কাঠের গুঁড়ো, খুস্কি (খড়ি উড়ছে, গা থেকে খড়ি উঠছে)। [সং. খটিকা]। খড়ি পাতা ক্রি. চকখড়ির সাহায্যে জ্যোতিষিক গণনা করা। চা-খড়ি, ফুল-খড়ি বি. সাদা মাটিবিশেষ; চকখড়ি। হাতেখড়ি বি. 1 বালক-বালিকাদের বিদ্যারম্ভের অনুষ্ঠানবিশেষ; 2 (আল.) কোনো কাজ আরম্ভ করা, কার্যারম্ভ (পরিচারক হিসাবে তার সবে হাতেখড়ি হল)।

খড়িকা (p. 221) [khaḍ়ikā] দ্র খড়কে।

খড়ি-মাটি (p. 221) [khaḍ়i-māṭi] বি. খড়ি, তিলকমাটি। [বাং. খড়ি + মাটি]।

খড়িশ (p. 221) [khaḍ়iśa] বি. (আঞ্চ.) তীব্র বিষযুক্ত সাপবিশেষ; গোখরো সাপ (খড়িশের ছোবল)। [দেশি]।

খড়ো, খড়ুয়া (p. 221) [khaḍ়ō, khaḍ়uẏā] বিণ. খড় দিয়ে তৈরি বা ছাওয়া (খড়ো চাল, খড়ো ঘর)। [বাং. খড় + উয়া > ও]।

খড়্গ (p. 221) [khaḍ়ga] বি. 1 খাঁড়া, প্রাণী বলি দেবার তরবারিবিশেষ (খড়্গের এক কোপে দেহ থেকে মাথা বিচ্ছিন্ন হয়ে গেল) ; 2 গণ্ডারের শৃঙ্গ বা শিং। [সং. √খড্ + গ]।˜ হস্ত বিণ. 1 কৃপাণধারী, হাতে খড়্গ নিয়েছে এমন; 2 অত্যন্ত ক্রুদ্ধ; প্রহার বা তিরস্কার করতে উদ্যত (তিনি আমার প্রতি কেন যে এমন খড়্গহস্ত তা বুঝি না)। খড়্গী (-ড়্গিন্) বি. গণ্ডার। □ বিণ. যার খড়্গ আছে এমন।

খণ্ড (p. 221) [khanḍa] বি. 1 অংশ, ভাগ, টুকরো (এক খণ্ড মেঘ, মাংসের খণ্ড); 2 গ্রন্হের ভাগ (চার খণ্ডে বিভক্ত বই); 3 অঞ্চল, দেশের অংশ (শ্রীখণ্ড, ভূখণ্ড); 4 টি, টা, খানি, খানা, খান (এক খণ্ড কাপড়)। [সং. √খণ্ড্ + অ]।˜ ক বিণ. ছেদক, যে খণ্ড বা ছেদন করে।˜ কথা বি. ক্ষুদ্র কাহিনী।˜ কাব্য বি. ক্ষুদ্র কাব্য-যথা মেঘদূত, ঋতুসংহার। খণ্ড খণ্ড বিণ. টুকরো টুকরো; ছিন্নভিন্ন।˜ ন বি. 1 খণ্ডে খণ্ডে ভাগ করা; 2 ছেদন, কর্তন, কাটা; 3 যুক্তি দিয়ে অন্যের যুক্তির ভুল দেখানো; 4 (দোষ পাপ ইত্যাদি) মোচন, নিরাকরণ (পাপ খণ্ডন, মোহ খণ্ডন)।

[সং. √খণ্ড্ + অন]। ˜ নীয় বিণ. খণ্ডনযোগ্য; খণ্ডন করতে হবে বা করা যায় বা উচিত এমন। ˜ প্রলয় বি. 1 আংশিক প্রলয়; 2 স্বর্গ বাদে সমুদয় সৃষ্টির অবসান; 3 তুমুল কাণ্ড, ঘোর দাঙ্গাহাঙ্গামা (ঘরের মধ্যে ততক্ষণে খণ্ডপ্রলয় ঘটে গেছে)। ˜ বিখণ্ড বিণ. ছিন্নভিন্ন; টুকরো টুকরো। ˜ শ (-শস্) ক্রি-বিণ. খণ্ডে খণ্ডে, খণ্ড খণ্ড করে, ক্রমশ (অভিধানখানি খণ্ডশ প্রকাশিত হবে)। খণ্ডানো ক্রি. বি. 1 যুক্তির দ্বারা ভুল বা মিথ্যা বলে প্রতিপন্ন করা ; 2 পাপ, দোষ প্রভৃতি মোচন বা নিবারণ করা (এতে কি তোমার দোষ খণ্ডাবে?); 3 লঙ্ঘন করা ('বিধির বিধি কে পারে খণ্ডাতে?)। খণ্ডিত বিণ. খণ্ড করা হয়েছে এমন, টুকরো বা বিভক্ত করা হয়েছে এমন (খণ্ডিত ভারতবর্ষ); অঙ্গহীন, অসম্পূর্ণ (খণ্ডিত জ্ঞান); নিরাকৃত, মোচন করা হয়েছে এমন (পাপ খণ্ডিত হয়েছে)। খণ্ডিতা বি. (স্ত্রী.) নায়কের দেহে অন্য নারীর প্রণয়ের চিহ্নাদি দেখে ক্রুদ্ধা ও ঈর্ষান্বিতা নায়িকা। খণ্ডী-করণ বি. খণ্ড করা।

খণ্ডাখণ্ডি (p. 221) [khaṇḍākhaṇḍi] বি. প্রবল মারামারি; ভয়ানক যুদ্ধ। [দেশি]।

খত (p. 221) [khata] বি. 1 চিঠি, লিপি (একটি খত লিখে পাঠিয়েছি); 2 তমসুক, ঋণপত্র, ঋণের দলিল; 3 স্বীকারপত্র (দাসখত লিখে দিয়েছি নাকি?); 4 আঁচড় বা ঘষার দাগ। [আ. খত্]। নাকে খত বি. অপরাধের দণ্ড হিসাবে মাটিতে নাক ঘষা।

খতনা (p. 221) [khatanā] বি. (মুস.) মুসলমানি, লিঙ্গের ত্বকছেদনরূপ সংস্কার, circumcision. [আ. খত্না]।

খতবা (p. 221) [khatabā] বি. শুক্রবারের নামাজে বা ইদের নামাজে ইমামের অর্থাত্ নামাজপরিচালকের ভাষণ-এতে ধর্মের বিধিনিষেধাবলি স্মরণ করিয়ে দেওয়া হয় এবং হজরত মোহাম্মদ ও আন্যান্য মুসলমান ধর্মনেতাদের প্রতি আনুগত্য স্বীকার করে তাঁদের জন্য আল্লাহ্র কাছে প্রার্থনা জানানো হয়। [আ. খুত্বা]।

খতম (p. 221) [khatama] বি. 1 সমাপ্তি, শেষ (কাজ খতমের পর); 2 বিনাশ, নিকাশ (শত্রুকে খতম করবই)। □ বিণ. 1 সমাপ্ত (তদন্ত খতম হয়েছে); 2 বিনষ্ট (শত্রু খতম হয়েছে)। [আ. খতম্]।

খতরা (p. 221) [khatarā] বি. 1 বিপদ; 2 ভয়; 3 গোলযোগ। [আ. খত্রহ্]।

খতা, খতানো (p. 221) [khatā, khatānō] ক্রি. 1 হিসাবনিকাশ করা (আমার হিসাবটা একটু খতিয়ে দেখো); 2 (আল.) বিবেচনা করা (সে কোনো ব্যাপারই খতিয়ে দেখে না)। [খত দ্র]। □ বি. হিসাবনিকাশ; বিবেচনা। □ বিণ. হিসাবনিকাশ করা হয়েছে এমন; বিবেচিত।

খতি (p. 221) [khati] বি. ঘুষ, উৎকোচ। [আ. খত্]।

খতিব (p. 221) [khatiba] বি. খতবাপাঠক, যে খতবা পাঠ বা ঘোষণা করে। [আ. খতীব]।

খতিয়ান, খতেন (p. 221) [khatiẏāna, khatēna] বি. বিষয়ানুক্রমিক হিসাবের বই, ledger; জমিজমার খাজনাদি আদায়-উশুলের হিসাববই। [হি. খতিয়ান]।

খত্তাল (p. 221) [khattāla] বি. কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। [সং. করতাল]।

খদ, খড (p. 221) [khada, khaḍa] বি. খুব নিচু উপত্যকা; পর্বতমালার মধ্যস্হ গভীর নিম্নভূমি; 2 ছোট পুকুর বা ডোবা। [হি. খড্]।

খদি, খদিকা (p. 221) [khadi, khadikā] বি. খই। [সং. খদিকা]।

খদির (p. 221) [khadira] বি. খয়ের। [সং. √খদ্ + ইর]।

খদ্দর (p. 221) [khaddara] বি. হাতে-কাটা কার্পাস সুতোয় প্রস্তুত বস্ত্র; হাতে-কাটা মোটা বস্ত্রবিশেষ। [গুজ. খদ্দর]।

খদ্যোত (p. 221) [khadyōta] বি. জোনাকি পোকা। [সং. খ + √দ্যুত্ + অ]। স্ত্রী. খদ্যোতিকা।

খধূপ (p. 221) [khadhūpa] বি. হাউই; তারাবাজি। [সং. খ + ধূপ]।

খনক (p. 221) [khanaka] বি. খননকারী। [সং. √খন্ + অক]।

খন-খন (p. 221) [khana-khana] অব্য. বি. ধাতুপাত্রাদির আঘাতের শব্দ, ঠনঠন। [দেশি]। খন-খনে বিণ. খনখন আওয়াজবিশিষ্ট, কর্কশ আওয়াজবিশিষ্ট (খনখনে গলার গান)।

খনন (p. 221) [khanana] বি. খোঁড়া (মৃত্তিকা খনন করা)। [সং. √খন্ + অন]।˜ কারী (রিন্) বিণ. বি. খনক, যে খোঁড়ে।˜ যন্ত্র বি. যে যন্ত্র দিয়ে খোঁড়া হয়। খনিত বিণ. খোঁড়া হয়েছে এমন, খাত। খননীয়, খন্য বিণ. খোঁড়ার যোগ্য, খুঁড়তে হবে বা খোঁড়া উচিত এমন। খনয়িত্রী বি. (স্ত্রী.) যে খোঁড়ে।

খনা (p. 221) [khanā] বি. জ্যোতিষ ও গণিতশাস্ত্রে পারদর্শিনী প্রাচীন বাংলার প্রখ্যাতা নারী, মিহিরের স্ত্রী। খনার বচন শস্য বৃক্ষরোপণ গৃহনির্মাণ জ্যোতিষ প্রভৃতি সম্বন্ধে ছড়ার আকারে প্রচলিত বচন, যা খনার রচিত বলে প্রসিদ্ধ।

খনি (p. 221) [khani] বি. আকর, ভূগর্ভের ধাতু রত্নাদির উৎপত্তিস্থান ('অজানা খনির নূতন মণির গেঁথেছি হার': রবীন্দ্র)। [সং. √খন্ + ই]।˜ ক বি. কয়লাখনির মধ্যে কর্মরত শ্রমিক (রবীন্দ্র)।˜ জ বিণ. খনিজাত, আকরিক, খনিতে জন্মায় এমন (খণিজ পদার্থ)।

খনিত্র (p. 221) [khanitra] বি. মাটি খনন করার অস্ত্রবিশেষ, খন্তা, শাবল। [সং. √খন্ + ইত্র]।

খন্তা, খোন্তা (p. 221) [khantā, khōntā] বি. মাটি খোঁড়বার অস্ত্রবিশেষ, শাবল। [সং. খনিত্র]।

খন্দ1 (p. 221) [khanda1] বি. গর্ত, খানা, নিচু জমি (খানাখন্দ, খালখন্দ)। [ফা. খন্দক]। খন্দক বি. গর্ত।

খন্দ2 (p. 221) [khanda2] বি. ফসল, শস্যাদি (রবিখন্দ)। [সং. কন্দ]। ̃কার বি. 1 শস্য-উৎপাদক, চাষি; 2 মুসলমান পদবি খোন্দকার, খোন্দেকার প্রভৃতির রূপভেদ।

খপ (p. 221) [khapa] অব্য. দ্রুত শীঘ্র বা হঠাত্ কিছু করা বা ধরার ভাবপ্রকাশক (খপ করে ধরে ফেলল)। [দেশি]।

খপুষ্প (p. 221) [khapuṣpa] বি. আকাশকুসুম; অলীক পদার্থ। [সং. খ + পুষ্প]।

খপোত (p. 221) [khapōta] বি. বিমান, ব্যোমযান, এরোপ্লেন। [সং. খ + পোত]।

খপ্পর (p. 221) [khappara] বি. 1 কবল, ফাঁদ (একটা বদমাশের খপ্পরে পড়েছে); 2 খাপরা, খোলা; 3 খোলা বা খাপরার চাল। [সং. খর্পর]।

খবর (p. 221) [khabara] বি. 1 সংবাদ, বার্তা; জানবার বা জানাবার মতো তথ্য (ওখানকার খবর কী?) খবরের কাগজ পড়ো); 2 তত্ত্ব, সন্ধান (ওদের খবর নিতে হবে)। [আ. খব্র্]। খবর করা ক্রি. বি. ডেকে পাঠানো (মক্কেলকে খবর করতে হবে)। খবর রাখা ক্রি. বি. 1 তত্ত্ব বা সন্ধান সম্বন্ধে অবগত থাকা (আজকাল আর ওদের খবর রাখি না) ; 2 যোগাযোগ রাখা। খবর নেওয়া ক্রি.

বি. খোঁজ নেওয়া; তত্ত্ব বা সন্ধান নেওয়া। খবর হওয়া ক্রি. বি. সংবাদ রটা বা সংবাদ জানাজানি হওয়া (ট্রেনের খবর হয়েছে?)। ˜ দার অব্য. হুঁশিয়ার, সাবধান (খবরদার ! এমন কাজ আর কোরো না)। □ বিণ. সতর্ক, সাবধান। ˜ দারি বি. সতর্কতা; তত্ত্বাবধান (জমিজমার খবরদারি করা)। খবরা-খবর বি. তত্ত্বতালাশ; খোঁজখবর (এদিকে কী হল তার খবরাখবর কিছু রাখ?)। খবরের কাগজ বি. যাতে নানাধরনের খবর ছেপে প্রকাশিত ও প্রচারিত হয় এমন কাগজ, সংবাদপত্র।

খবিশ, খপিশ (p. 221) [khabiśa, khapiśa] বি. (মুসলমানদের বিশ্বাস অনুযায়ী)। ভূত-প্রেত। □ বিণ. নোংরা, ময়লা (আমার বাড়ির চাকরটা ভারি খবিশ)। [আ. খবীশ্]।

খমধ্য (p. 221) [khamadhya] বি. মাথার ঠিক সোজাসুজি উপরে আকাশে কল্পিত বিন্দুবিশেষ, সুবিন্দু, zenith (বি.প.)। [সং. খ + মধ্য]।

খম্বা, খাম্বা (p. 224) [khambā, khāmbā] বি. থাম, খুঁটি, স্তম্ভ। [হি. থম্ভ < সং. স্তম্ভ]।

খয়রা1 (p. 224) [khaẏarā1] বিণ. খয়েরি রঙের (খয়রা কাপড়)। [বাং. খয়ের + আ (যুক্তার্থে)]।

খয়রা2 (p. 224) [khaẏarā2] বি. ছোট সাদা আঁশযুক্ত মাছবিশেষ। [দেশি]।

খয়রাত (p. 224) [khaẏarāta] বি. 1 দান (আমি কি এখানে খয়রাত করতে বসেছি?); 2 বিতরণ; 3 ভিক্ষা। [আ. খয়্রাত্]। খয়রাতি বিণ. দানসম্বন্ধীয়; দানরূপে প্রাপ্ত; দাতব্য।

খয়া (p. 224) [khaẏā] বিণ. 1 ক্ষয়প্রাপ্ত, খয়ে গেছে এমন; 2 রোগা, পাতলা (খয়া গড়ন, খয়া চেহারা)। [সং. ক্ষয় + বাং. আ]।

খয়ের (p. 224) [khaẏēra] বি. পানের উপকরণরূপে ব্যবহৃত গাছবিশেষের কষায় ক্বাথ। [সং. খদির]।

খয়ের খাঁ (p. 224) [khaẏēra khā] বি. স্তাবক, মোসায়েব। [আ. খয়র্ + ফা. খোআহ্]।

খয়েরি (p. 224) [khaẏēri] বিণ. খয়েরের মতো (খয়েরি রঙের জামা)। [বাং. খয়ের + ই]।

খর1 (p. 224) [khara1] বি. 1 গাধা; 2 অশ্বতর; 3 রামায়ণোক্ত রাক্ষসবিশেষ। [সং. খ + র]।

খর2 (p. 224) [khara2] বিণ. 1 তীক্ষ্ণ, ধারালো (খর তরবারি); 2 উগ্র, প্রখর (খরতাপ); 3 প্রবল, তীব্র (খরবায়ু); 4 রূঢ় (খরবাক্য); 5 ক্ষারমিশ্রিত (খরজল)। [সং. খ + √রা + অ]।˜ তর বিণ. 1 দুইয়ের বা উভয়ের মধ্যে অধিক খর, অপেক্ষাকৃত বেশি খর; 2 খুব তীক্ষ্ণ বা বেগবান ('খরতর বক্র হাসি': রবীন্দ্র)।˜ দৃষ্টি বি. 1 তীক্ষ্ণ বা অন্তর্ভেদী দৃষ্টি ; 2 ক্রুদ্ধ দৃষ্টি।˜ ধার,˜ শান,˜ শাণ বিণ. অত্যন্ত

ধারালো।˜ স্রোত (-তস্) বি. তীব্র স্রোত, অতি বেগবান স্রোত।˜ স্রোতা বিণ. যার স্রোত বা প্রবাহ অতি বেগবান (খরস্রোতা নদী)।

খর-খর (p. 224) [khara-khara] অব্য. বি. 1 কর্কশ শব্দ (দেওয়ালটা খরখর করছে); 2 দ্রুত চলার শব্দ (খরখর করে চলে গেল)। [ধ্বন্যা.]। খর-খরে বিণ. 1 কর্কশ; 2 বেশি চালাকচতুর ও চটপটে (খুব খরখরে ছেলে); 3 অনবরত কথা বলে এমন; 4 চঞ্চল (খরখরে স্বভাব)।

খরগোশ (p. 224) [kharagōśa] বি. শশক, দ্রুতগামী লম্বা কান ও ছোট লেজবিশিষ্ট নিরামিষাশী জন্তুবিশেষ। [ফা. খর্গোশ্]।

খরচ, খরচা (p. 224) [kharaca, kharacā] বি. ব্যয়। [ফা. খর্চ্]। খরচ-খরচা, খরচ-পত্র বি. নানারকম ব্যয়; অতিরিক্ত খরচ। খরচে, খরুচে বিণ. অত্যধিক খরচ করে এমন।

খরজ (p. 224) [kharaja] বি. সংগীতের স্বরগ্রামের প্রথম সুর, ষ়ড়্জ; সা। [সং. ষড়্জ]।

খরমুজ, খরমুজা (p. 224) [kharamuja, kharamujā] বি. ফুটিজাতীয় ফলবিশেষ। [ফা. খরবুজহ্]।

খরশান, খরশুলা (p. 224) [kharaśāna, kharaśulā] যথাক্রমে খর2 ও খোলশোলা দ্র।

খরা (p. 224) [kharā] বি. 1 রৌদ্র; 2 গ্রীষ্ম; 3 অনেক দিন ধরে একটানা অনাবৃষ্টি। □ ক্রি. কড়া করে ভাজা। □ বিণ. কড়া ভাজা হয়েছে এমন। [সং. খর + বাং. আ]।

খরাজ (p. 224) [kharāja] বি. যে জমির কর দিয়ে হয়। [ফা. খিরাজ]।

খরাদ (p. 224) [kharāda] বি. কুঁদযন্ত্রে কাঠ চেঁছে মসৃণ করা। [আ.]।

খরানি (p. 224) [kharāni] বি. (আঞ্চ.) রৌদ্রময় ও বৃষ্টিহীন দিন।

খরিদ (p. 224) [kharida] বি. ক্রয়, কেনা। [ফা. খরিদ]।˜ দার, খদ্দের বি. ক্রেতা।˜ মূল্য বি. যে-দামে কেনা হয়েছে। খরিদা বিণ. ক্রীত (খরিদা সম্পত্তি)।

খরিফ (p. 224) [kharipha] বি. হেমন্তকালীন শস্য। □ বিণ. উক্ত অর্থে। [আ.]।

খরোষ্ঠী (p. 224) [kharōṣṭhī] বি. প্রাচীন ভারতের উত্তর-পশ্চিম প্রান্তে প্রচলিত লিপিবিশেষ। [সং. খরোষ্ট্রি]।

খর্জূর (p. 224) [kharjūra] বি. খেজুর গাছ বা তার ফল। [সং. খর্জ্ + ঊর]।

খর্পর (p. 224) [kharpara] বি. 1 খাপরা; খোলা, মাটির পাত্রের টুকরো; 2 মড়ার মাথার খুলি; 3 ভিক্ষাপাত্র; 4 চোর। [সং. কর্পর > প্রাকৃ. খর্পর]।

খর্ব (p. 224) [kharba] বিণ. 1 খাটো, বেঁটে (খর্বকায়); 2 ছোট, হীন (গর্ব খর্ব হওয়া)। □ বি. সহস্র কোটি সংখ্যা। [সং. খর্ব্ + অ]।

খল1 (p. 224) [khala1] বিণ. 1 হিংসক, হিংসাকারী; 2 কপট, ক্রূর; 3 নীচ। [সং. √খল্ + অ]। বি.˜ তা।˜ নায়ক বি. (নাটকে) নায়ক বা নায়িকার দুর্বৃত্ত শত্রু, villain.

খল2 (p. 224) [khala2] বি. ওষুধ পেষণ করার পাত্রবিশেষ; 2 (বিরল) ধান মাড়াইয়ের স্থান; খামার। [সং. √খল্ (সঞ্চয়ে) + অ]।˜ নুড়ি বি. ওষুধ পেষণের পাত্র ও দণ্ড।

খল-খল (p. 224) [khala-khala] অব্য. জোর হাসির শব্দ (শিশুটি খলখল করে হেসে উঠল)। [ধ্বন্যা.]।

খলট (p. 224) [khalaṭa] (আঞ্চ.) বি. 1 ধান মাড়াইয়ের স্থান; 2 উঠান। [দেশি-তু. সং. খল2]।

খলতি (p. 224) [khalati] বি. 1 ইন্দ্রলুপ্ত, টাক; 2 টেকো লোক। □ বিণ. টাকযুক্ত, টেকো। [সং. √স্খল্ + অতি]।

খল-বল (p. 224) [khala-bala] অব্য. অল্প জলে বা জলপূর্ণ পাত্রে মাছ লাফানোর শব্দ (হাঁড়িতে জিয়ল মাছগুলো খলবল করছে)। [ধ্বন্যা.]। খল-বলানো ক্রি. বি. খলবল করা।

খলি (p. 224) [khali] বি. খইল, খোল। [সং. √খল্ (চলনে) + ই]।

খলিত (p. 224) [khalita] বিণ. 1 টাকযুক্ত; 2 পতিত, চ্যুত, ভ্রষ্ট; 3 শিথিল (খলিত বসন)। [সং. < স্খলিত]।

খলিন, খলীন (p. 224) [khalina, khalīna] বি. লাগাম; ঘোড়ার মুখে বল্গা বাঁধার লৌহদণ্ড। [সং. খ + লীন, মুখে সংলগ্ন এই অর্থে]।

খলিফা (p. 224) [khaliphā] বি. 1 ওস্তাদ কারিগর; 2 দরজি; 3 মুসলমানজগতের শ্রেষ্ঠ নৃপতি ও ধর্মনেতার উপাধি; 4 (ব্যঙ্গে) ওস্তাদ বা ধূর্ত ব্যক্তি। □ বিণ. (ব্যঙ্গে) ওস্তাদ বা ধূর্ত (আচ্ছা খলিফা লোক তো!)। [আ. খলীফা]।

খলিশা, (কথ্য) খলশে (p. 224) [khaliśā, (kathya) khalaśē] বি. কইজাতীয় ছোট মাছবিশেষ। [সং. খলিশ বা খলেশয়]।

খলিল (p. 224) [khalila] বি. ঘনিষ্ঠ বন্ধু, বিশেষ বন্ধু। [আ. খলীল্]।

খল্বাট, খল্লিট (p. 224) [khalbāṭa, khalliṭa] বি. টেকো লোক। [সং. √স্খল্ ধাতুজ]।

খস (p. 224) [khasa] অব্য. খসে পড়ার শব্দ। [ধ্বন্যা.]। ˜ খস1 অব্য. শুকনো পাতা বস্ত্র প্রভৃতি পড়ার বা পরস্পর ঘর্ষণের শব্দ। ˜ খসানি বি. খসখস শব্দ (শুকনো পাতার খসখসানি)। ˜ খসে বিণ. 1 খসখস শব্দ করে এমন; 2 অমসৃণ, কর্কশ (কাপড়ের জমিটা খসখসে, গায়ের চামড়া খসখসে)।

খস-খস2 (p. 224) [khasa-khasa2] বি. 1 বেনার মূল, উশীর; 2 খসখসের তৈরি আচ্ছাদন বা পরদা। [ফা. খস্]।

খসড়া (p. 224) [khasaḍ়ā] বি. 1 মুসাবিদা, draft; 2 নকল বা পাণ্ডুলিপি (চিঠির খসড়া, দলিলের খসড়া)। [আ. খস্রা]।

খসম (p. 224) [khasama] বি. স্বামী, পতি (আমার খসমের দিব্যি)। [আ. খস্ম]।

খসা (p. 224) [khasā] ক্রি. খুলে পড়ে যাওয়া (খিল খসে গেছে); 2 ঢিলে হয়ে যাওয়া (কাপড় খসা); 3 বিচ্যুত হওয়া ('মালা হতে খসে-পড়া ফুলের একটি দল': রবীন্দ্র); 4 ধসে যাওয়া, ভেঙে পড়া (দেওয়ালের চুনবালি খসে যাচ্ছে); 5 নির্গত হওয়া (মুখ থেকে কথা খসছে না) ; 6 খরচ হওয়া (আজ আমার একশো টাকা খসল) ; 7 মৃত্যু হওয়া (বুড়োটা খসেছে); 8 পালিয়ে যাওয়া (চোরটা খসে পড়েছে)। □ বি. উক্ত সমস্ত অর্থে। □ বিণ. খসে পড়েছে এমন, স্খলিত, বিচ্যুত (গাছ থেকে খসা আম, হার থেকে খসা পুঁতি)। [বাং. √খস্ + আ-তু. সং. √স্খল্]।˜ নো ক্রি. খসিয়ে ফেলা। □ বি. স্খলন। □ বিম. স্খলিত, বিচ্যুত।

খাই2 (p. 224) [khāi2] বি. 1 গর্ত, খাত; 2 পারিখা, গড়খাই ('কৈল খাই সমুদ্রসমান': কাশী.) ; 3 গভীরতা (চার হাত খাই)। [সং. খাত]।

খাই3 (p. 224) [khāi3] ক্রি. আহার করি। □ বি. ভোজন। [বাং. √খা (সং. √খাদ্) + ই]।˜ খরচ,˜ খরচা বি. খাওয়াদাওয়া বাবদ খরচ, খাওয়ার জন্য যে

টাকা খরচ হয়। খাই খাই করা ক্রি. বি. সর্বদা খাওয়ার জন্য লালসা প্রকাশ করা।˜ খালাশি বিণ. জমির উপস্বত্ব থেকে ঋণ পরিশোধের শর্তবিশিষ্ট।˜ য়ে বিণ. ভোজনপটু, প্রচুর খেতে পারে বা খেতে ভালোবাসে এমন (খাইয়ে লোককে খাইয়েও সুখ)।

খাওন (p. 224) [khāōna] বি. (আঞ্চ.) ভোজন, আহার (নেমন্তন্ন বাড়িতে খাওনটা মন্দ হয়নি)। [বাং. √খা + অন]।

খাওয়া (p. 224) [khāōẏā] ক্রি. 1 ভোজন করা, আহার করা; 2 পান করা (চা দুধ খাওয়া) ; 3 সেবন করা (হাওয়া খেতে বেরিয়েছি); 4 ভোগ করা, সহ্য করা (মার খাওয়া, গালি খাওয়া); 5 উৎকোচ বা ঘুষ নেওয়া (পয়সা খেয়েছে, ঘুষ খেয়েছে); 6 দংশন করা (সাপে খেয়েছে); 7 নষ্ট করা, কলঙ্কিত করা (চোখের মাথা খেয়েছ নাকি?) ছেলেটার মাথা খাচ্ছ কেন?); 8 গ্রাস করা (আমার সব সম্পত্তি মহাজনে খেয়েছে); 9 শেষ করা, বিনষ্ট করা (স্বামী-পুত্র খেয়ে এখন বাপের বাড়িতে এসে উঠেছে); 1 টেনে নেওয়া, শোষা (যন্ত্রটা বেশ তেল খায়) ; 11 (চুম্বন ইত্যাদি) দেওয়া (চুমু খাওয়া); 12 (আদর) পাওয়া (মায়ের আদর খাচ্ছে); 13 খাটা, উপযুক্ত হওয়া (খাপ খায় না)। □ বি. ভোজন। □ বিণ. খাওয়া হয়েছে এমন। [বাং. √খা + আ]।˜ দাওয়া বি. পানভোজন ; আহারাদি।˜ নো ক্রি. (অন্যকে) ভোজন বা পান করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।˜ পরা বি. খাওয়াদাওয়া ও পোশাক-আশাক (আমি কারও খাওয়াপরার দায়িত্ব নিতে পারব না)।˜ র জল. খাবার জল বি. পানীয় জল।

খাঁ (p. 224) [khā] বি. 1 সম্ভ্রসূচক মুসলমানি উপাধিবিশেষ। [ফা. খান্]।

খাঁই (p. 224) [khāṁi] বি. 1 আকাঙ্ক্ষা, লালসা, লোভ (টাকার খাঁই); 2 পাওয়ার ইচ্ছা, দাবি (তুমি ওর খাঁই মেটাতে পারবে?)। [< সং. আকাঙ্ক্ষা]।

খাঁকতি (p. 224) [khān̐kati] বি. 1 অভাব; 2 লোভ, খাঁই (টাকার খাঁকতি)। [দেশি]।

খাঁকার, খাঁকারি, খাঁকরি (p. 224) [khān̐kāra, khān̐kāri, khān̐kari] বি. গলা সাফ করার শব্দ; কৃত্রিম কাশির শব্দ। [দেশি-তু. হি. খঁখার]।

খাঁ খাঁ (p. 224) [khā n̐khā] অব্য. শূন্যতা নির্জনতা বা ব্যাকুলতার ভাব প্রকাশ (বাড়িটা খাঁ খাঁ করছে; মন খাঁ খাঁ করা)। [দেশি]।

খাঁচা (p. 224) [khānc̐ā] বি. 1 পিঞ্জর (পাখির খাঁচা); 2 পিঞ্জরের আকৃতিবিশিষ্ট বস্তু (বুকের খাঁচা, সিংহের খাঁচা)। [হি. খাঁচা-তু. সং. কঞ্চিকা]।

খাঁজ (p. 224) [khānj̐a] বি. 1 রেখা; ইট কাঠ প্রভৃতির জোড়ের মুখে লম্বা ফাঁক (খাঁজ ভরাট করা); 2 ভাঁজ (খাঁজ-কাটা)। [তু. হি. খাঁচ (=সন্ধি, জোড়া)]। খাঁজ-কাটা বিণ. খাঁজ রয়েছে এমন, খাঁজযুক্ত।

খাঁটি1 (p. 224) [khānṭ̐i1] বি. দেশি মদ। [ইং. country?]।

খাঁটি2 (p. 224) [khānṭ̐i2] বিণ. 1 বিশুদ্ধ, ভেজালহীন (খাঁটি দুধ); 2 অকৃত্রিম, আসল (খাঁটি সোনা) ; 3 সাধুচরিত্রবিশিষ্ট (খাঁটি লোক); 4 সত্য (খাঁটি কথা বলবে)। [দেশি]।

খাঁড় (p. 224) [khān̐ḍ়] বি. দানাওয়ালা গুড়। [সং. খণ্ড]।

খাঁড়া, খাণ্ডা (p. 224) [khān̐ḍ়ā, khāṇḍā] বি. খড়্গ (খাঁড়ার ঘা)। [সং. খড়্গ]।

খাঁড়ি, খাড়ি (p. 224) [khān̐ḍ়i, khāḍ়i] বি. 1 (সাগরসংগমের নিকটবর্তী) সরু শাখানদী; 2 নদীর মোহানা; 3 সাগর নদী খাল প্রভৃতির সংকীর্ণ অংশ। [দেশি]।

খাঁদা, খ্যাঁদা (p. 224) [khān̐dā, khyān̐dā] বিণ. চ্যাপটা বা অনুন্নত নাকবিশিষ্ট। [দেশি]। বিণ. (স্ত্রী.) খাঁদি। খাঁদা-বোঁচা বিণ. 1 নাক-কান দুই-ই কাটা গেছে এমন; 2 নাক-থেবড়া; 3 কুৎসিতদর্শন। খেঁদি বিণ. বি. (স্ত্রী.) 1 নাক কান দুই-ই কাটা গেছে এমন (স্ত্রীলোক); 2 চ্যাপটা নাকবিশিষ্টা; 3 কুৎসিতদর্শনা, কুরূপা।

খাক (p. 224) [khāka] বি. ছাই, ভস্ম (পুড়ে খাক হয়ে গেছে)। [ফা. খাক্=ধূলি]।

খাক-সার (p. 224) [khāka-sāra] বি. 1 দীন সেবক; (ইসলামি রীতিতে চিঠিপত্রের শেষে নাম স্বাক্ষরের আগে লিখিত) অকিঞ্চন; 2 মুসলমানদের রাজনৈতিক দলবিশেষ। [আ. খাক্সার্]।

খাকি1 (p. 224) [khāki1] বিণ. ছাই রঙের, ছাইরঙা; বাদামি বা কপিল রঙের (খাকি জামা, খাকি পোশাক)। [ফা. খাক্ + বাং. ই]। খাকি2, খাগি বিণ. (স্ত্রী.) (সাধারণত নিন্দার্থে বা গালি হিসাবে ব্যবহৃত) ভক্ষণকারিণী (চোখখাকি, গতরখাকি, ভাতারখাকি)। [সং. খাদিকা]। খেকো, -খেগো বিণ. খাদক, ভক্ষণকারী (মানুষখেকো বাঘ)।

খাগ (p. 224) [khāga] বি. 1 খাগড়ার নল; 2 খাগড়ার নল দিয়ে তৈরি কলম। [বাং. খাগড়া]।

খাগড়া (p. 226) [khāgaḍ়ā] একরকম বড় ঘাস বা শর (খরগোশটা খাগড়া বনে লুকাল)। [সং. খগ্গড়]।

খাগড়াই (p. 226) [khāgaḍ়āi] বিণ. মুরশিদাবাদ জেলার অন্তর্গত খাগড়ানামক স্থানে নির্মিত (খাগড়াই বাসন)। [বাং. খাগড়া + ই]।

খাজনা, খাজানা (p. 226) [khājanā, khājānā] বি. রাজস্ব; জমিদার বা সরকারের প্রাপ্য কর; জমিদার বা সরকার প্রজার কাছ থেকে যে ভূমিকর পান। [আ. খজানা]।˜ খানা বি. কোষাগার।

খাজা (p. 226) [khājā] বি. ময়দার তৈরি মিঠাইবিশেষ (খাজাগজা খাই না)। □ বিণ. 1 শক্তি, কচ্কচে (খাজা কাঁঠাল); 2 নিরেট বোকা; অপদার্থ (আচ্ছা খাজা লোক তো)। [সং. খাদ্য > খজ্জ > খাজা]।

খাজাঞ্চি (p. 226) [khājāñci] বি. কোষাধ্যক্ষ, treasurer. [আ. খজানা + তুর্. চি]। ̃ খানা বি. কোষাগার।

খাঞ্জা খাঁ (p. 226) [khāñjā khā] বি. যে ব্যক্তি (খানজহান্ খাঁয়ের মতো) নবাবি চালে চলে। [ফা. খানজহান্ খাঁ]।

খাট1 (p. 226) [khāṭa1] বি. পর্যঙ্ক, পালংক; খাটিয়া। [সং. খট্বা]।

খাটনি (p. 226) [khāṭani] দ্র খাটুনি।

খাটলি (p. 226) [khāṭali] দ্র খাটুলি।

খাটা (p. 226) [khāṭā] ক্রি. 1 পরিশ্রম করা (পরীক্ষার জন্য খুব খাটছে); 2 কাজ করা (বাড়িতে এখন মিস্ত্রি খাটছে) ; 3 মানানসই হওয়া (ঘরের সঙ্গে আসবাবপত্র ঠিক খাটছে না); 4 নিয়োজিত বা বিনিযুক্ত হওয়া (ব্যবসায়ে আমার টাকা খাটছে); 5 যথাযথ হওয়া (তোমার সম্বন্ধে একথা খাটে না)। □বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 খেটেছে এমন (খাটা কথা, খাটা টাকা); 2 যার জন্য (মেথরকে) খাটতে হয় (খাটা পায়খানা)। [বাং. √খাট্ + আ]। ̃ নো ক্রি. 1 অপরকে দিয়ে খাটিয়ে নেওয়া; 2 পরিশ্রম করানো (শরীরটাকে একটু খাটাও, মাথা খাটানো); 3 কাজ করানো (মিস্ত্রি খাটিয়ে খাই); 4 বিনিয়োগ করা (টাকা খাটানো, বুদ্ধি খাটানো); 5 স্থাপন করা (তাঁবু খাটানো); 6 লাগানো, পরানো (ছবিতে ফ্রেম খাটানো); 7 টাঙানো (আলনা খাটানো, মশারি খাটানো)। □ বি. উক্ত সব অর্থে। খাটা পায়খানা বি. যে পায়খানা মেথরে খেটে বা পরিশ্রম করে সাফ করে।

খাটাল (p. 226) [khāṭāla] বি. 1 গৃহতল, ঘরের মেঝে; 2 অন্তর, মধ্যস্থল; 3 গোরুমোষ রাখার স্থান, বাথান, গোয়াল। [দেশি]।

খাটাশ (p. 226) [khāṭāśa] দ্র খটাশ।

খাটিয়া (p. 226) [khāṭiẏā] বি. 1 ছোট খাটবিশেষ; 2 দড়ি ও বাঁশ দিয়ে তৈরি হালকা খাটবিশেষ। [সং. খট্টিকা]।

খাটিয়ে (p. 226) [khāṭiẏē] বিণ. পরিশ্রমী, খাটতে পারে এমন (খুব খাটিয়ে লোক)। [বাং. √খাট্ + ইয়ে]।

খাটুনি, খাটনি (p. 226) [khāṭuni, khāṭani] বি. পরিশ্রম, মেহনত; চেষ্টা। [বাং. √খাট্ + উনি, অনি]।

খাটুলি, খাটলি (p. 226) [khāṭuli, khāṭali] বি. ছোট খাটবিশেষ, খাটিয়া; মড়া বহন করার খাট। [বাং. খাট (সং. খট্বা) + উলি, অলি]।

খাটো (p. 226) [khāṭō] বিণ. 1 আকৃতিতে ছোট, বেঁটে, লম্বা নয় এমন (খাটো গড়ন); 2 মৃদু, চাপা, অনুচ্চ (খাটো গলায় কথা বলা); 3 হীন (খাটো নজর, যোগ্যতায় কারও চেয়ে খাটো নয়)। [দেশি]। খাটো করা ক্রি. বি. ছোট করা; হীন বা অপমানিত করা। খাটো হওয়া ক্রি. বি. অপমানিত বা হীন হওয়া; হীন বোধ করা।

খাট্টা (p. 226) [khāṭṭā] বি. টক স্বাদ, অম্ল স্বাদ। □ বিণ. 1 টক, টকো, অম্ল স্বাদযুক্ত; 2 (কথ্য) বিগড়ে গেছে এমন, বিরক্ত (মেজাজ খাট্টা হওয়া)। [হি. খট্টা]।

খাড়ব (p. 226) [khāḍ়ba] বি. সংগীতে ছয়টি স্বরবিশিষ্ট রাগ। [সং. ষাড়ব]।

খাড়া (p. 226) [khāḍ়ā] বিণ. 1 সোজাভাবে দাঁড়িয়ে আছে এমন (এক পায়ে খাড়া হয়ে আছে); 2 লম্বভাবে অবস্থিত, perpendicular (খাড়া পাহাড়); 3 একটানা, পুরো (খাড়া দুই ক্রোশ পথ)। □ বি. ডাঁটা (সজনের খাড়া)। [দেশি]। ˜ ই বি. উচ্চতা। ˜ খাড়ি ক্রি-বিণ. লম্বালম্বি (খাড়াখাড়িভাবে শুয়ে আছে)।

খাড়ু, খাড়ুয়া (p. 226) [khāḍ়u, khāḍ়uẏā] বি. হাতের বা পায়ের বলয় বা বালাবিশেষ। [দেশি]।

খাণ্ডব (p. 226) [khāṇḍaba] বি. মহাভারতের বর্ণিত ইন্দ্রপ্রস্থের নিকটস্থ অরণ্যবিশেষ। [সং. খণ্ডু + অ]। ˜ দাহন বি. কৃষ্ণার্জুনের সহায়তায় অগ্নির দ্বারা খাণ্ডব বন দাহন। খাণ্ডবানল বি. যে অগ্নিতে খাণ্ডব বন দগ্ধ হয়েছিল; (আল.) ভয়ংকর অগ্নিকাণ্ড।

খাণ্ডিক (p. 226) [khāṇḍika] বি. ময়রা; যে গুড় বা মিঠাই প্রস্তুত করে। [সং. খণ্ড (=আখের গুড়) + ইক]।

খাত (p. 226) [khāta] বি. (উচ্চা. খাত্) 1 খনিত স্থান, গর্ত, খানা; 2 পুকুর; 3 খাঁড়ি; 4 খনি; 5 গড়খাই, পরিখা, প্রণালী; 6 যাওয়া-আসার পথ (নানা খাতে

খরচ)। □ বিণ. (উচ্চা. খাতো) খনন করা হয়েছে এমন, খনিত (স্বখাত সলিল)। [সং. √খন্ + ত]।

খাতক (p. 226) [khātaka] বি. অধমর্ণ, দেনাদার, ঋণী (খাতকদের কাছ থেকে টাকা আদায় করা যাচ্ছে না)। [< সং. খাদক]।

খাতা (p. 226) [khātā] বি. লেখার বা হিসাবের পুস্তকবিশেষ; লেখার জন্য একত্র বাঁধা কাগজ। [ফা. খত্]। খাতা খোলা ক্রি. বি. হিসাব আরম্ভ করা।˜ পত্র বি. নানান বিষয়ের বা নানাবিধ খাতা।˜ বন্দি বি. বিণ. হিসাব নির্ধারণ; হিসাবের বইয়ের অন্তর্ভুক্ত। খাতা লেখা ক্রি. বি. দোকান বা ব্যাবসা প্রতিষ্ঠানের জমা-খরচ খাতায় লেখা।

খাতির (p. 226) [khātira] বি. 1 সম্মান, সমাদর, কদর (সেখানে সে খুব খাতির পেল); 2 প্রভাব (তার খাতিরেই কাজটা হল); 3 সৌহার্দ্য, সম্প্রীতি (তার সঙ্গে আমার যথেষ্ট খাতির আছে) ; 4 কারণ, গরজ, নিমিত্ত (সত্যের খাতিরে বলতেই হয়, চাকরির খাতিরে)। [আ. খাতর্]। খাতির করা ক্রি. বি. সমাদর বা আপ্যায়ন করা।˜ জমা বি. নিশ্চয়তা; দৃঢ় ধারণা; নিশ্চিন্ততা। □ বিণ. নিশ্চিন্ত।˜ দারি বি. সমাদর; আতিথ্য।˜ নাদারত,˜ নাদারদ বিণ. যে কাউকে খাতির করে কথা বলে না, যে কারও খাতিরে উচিত কথা বলতে পিছপা নয়; স্পষ্ট বক্তা। □ বি. উপেক্ষা।

খাতুন, খানুম (p. 226) [khātuna, khānuma] বি. মুসলমান মহিলাদের নামের শেষে প্রযোজ্য উপাধিবিশেষ। [তুব. আ. খাতুন্, খানুম্]।

খাদ1 (p. 226) [khāda1] বি. সোনারুপোর সঙ্গে মিশ্রিত অন্য ধাতু, পান (এই সোনায় একটু বেশি খাদ আছে)। [সং. ক্ষয়দ]।

খাদ2 (p. 226) [khāda2] বি. 1 (সংগীতে) নিম্ন স্বর; 2 খনিত স্থান; গর্ত; পরিখা; 3 খনি। [সং. খাত]।

খাদক (p. 226) [khādaka] বিণ. 1 ভক্ষক (নরখাদক); 2 পণ্যদ্রব্যের ভোক্তা বা ব্যবহারকারী, consumer. [সং. √খাদ্ + অক]।

খাদন (p. 226) [khādana] বি. ভোজন, আহার। [সং. √খাদ্ + অন]।

খাদা (p. 226) [khādā] বি. 1 জমির পরিমাণবিশেষ, 16 বিঘা; 2 কাঠের বা পাথরের তৈরি গামলাজাতীয় পাত্রবিশেষ। [দেশি]।

খাদি (p. 226) [khādi] বি. হাতে-কাটা বা চরকায় বোনা মোটা সুতার কাপড়বিশেষ, খদ্দর। [গুজ. খদ্দর]।

খাদিত (p. 226) [khādita] বিণ. ভক্ষিত, খাওয়া হয়েছে এমন। [সং. √খাদ্ + ত]।

খাদিম, খাদেম (p. 226) [khādima, khādēma] বি. 1 ভৃত্য, সেবক; 2 মসজিদের তত্ত্বাবধায়ক। [আ. খাদিম]।

-খাদী (p. 226) [-khādī] (-দিন্) বিণ. ভক্ষক (নরখাদী)। [সং. √খাদ্ + ইন]।

খাদ্য (p. 226) [khādya] বি. ভোজ্যদ্রব্য, খাবার জিনিস, খাবার। □ বিণ. ভোজনের যোগ্য (পশুর অখাদ্য)। [সং. √খাদ্ + য]। ˜ গ্রহণ বি. খাওয়া, আহার। ˜ নালী বি. জীবদেহের যে অন্ত্রপথে খাদ্যবস্তু পরিপাকের জন্য পরিবাহিত হয়, food canal. ˜ প্রাণ বি. খাদ্যবস্তুতে থাকে এমন জীবনীশক্তিবর্ধক পদার্থবিশেষ, ভিটামিন। খাদ্যাখাদ্য বি. খাওয়ার উপযুক্ত ও অনুপযুক্ত পদার্থ।

খান2 (p. 226) [khāna2] বি. স্থান, জায়গা (এইখান, কোনখানে)। [ফা. খানহ্]।

খান3 (p. 226) [khāna3] (নির্দেশক) অব্য. খণ্ড, টুকরো, সংখ্যাপরিমাণ, খানা (একখান, খানকয়েক)। [সং. খণ্ড]। ˜ কতক বি. বিণ. কয়েকটা (খানকতক শাড়ি)। ˜ খান অব্য. টুকরো টুকরো, খণ্ড় খণ্ড (ভেঙে খানখান করেছে)।

খানকি (p. 226) [khānaki] বি. (সচ. গালিতে) বেশ্যা। [ফা. খান্গী]। ˜ গিরি বি. বেশ্যাবৃত্তি। ˜ পনা বি. বেশ্যার মতো আচরণ।

খান-দান (p. 226) [khāna-dāna] বি. 1 বংশ; 2 বংশকৌলীন্য; আভিজাত্য; উচ্চবংশে জন্মের গৌরব (তোমার খানদানের কথা স্মরণ রেখে কাজ করবে)। [ফা. খান্দান]। খান-দানি বিণ. উচ্চবংশীয়; অভিজাত বা উচ্চশ্রেণির (খানদানি হোটেল, খানদানি চালচলন)।

খান-সামা (p. 226) [khāna-sāmā] বি. 1 খানদানি পরিবারের তত্ত্বাবধায়ক; 2 সম্ভ্রান্ত পরিবারের বা ব্যক্তির পরিচায়ক, খিদমতগার বা খাদ্যপরিবেশক। [ফা. খান্-সামান্]। ˜ গিরি বি. খানসামার কাজ বা বৃত্তি।

খানা1 (p. 226) [khānā1] অব্য. টুকরো, খণ্ড, খান ('একখানা দিলে নিমেষ ফেলিতে তিনখানা করে আনে': রবীন্দ্র); সংখ্যা-পরিমাণ, সংখ্যামাত্র (পাঁচখানা); বস্তু বা বিষয়ের নির্দেশকবিশেষ (বইখানা দাও)। [সং. খণ্ড]।

খানা2 (p. 226) [khānā2] বি. গর্ত, খাদ, ছোট জলাশয় (গাড়িটা খানায় পড়েছে, খানাখন্দ দেখে গাড়ি চালিয়ো)। [পো. cana]।˜ খন্দ,˜ খোঁদল বি. গর্ত খাদ ইত্যাদি।

খানা3 (p. 226) [khānā3] বি. স্হান, কক্ষ বা গৃহ (ডাক্তারখানা, গোসলখানা)। [ফা. খানা (=বাড়ি)]।˜ তল্লাশ,˜ তল্লাশি বি. (অপরাধীর বা আপত্তিকর বস্তুর সন্ধানে) গৃহাদি অনুসন্ধান। [ফা. খানা + আ. তলাশা]।

খানা4 (p. 226) [khānā4] বি. 1 মুসলমানি বা বিলাতি কায়দায় রান্না-করা খাবারদাবার (আজ কোথায় খানা খাবে?); 2 ভোজ (খানাপিনা ভালোই হয়েছে)। [হি. খানা]।˜ পিনা বি. পানভোজন; আহারাদি।

খানি (p. 226) [khāni] আদরার্থেখানা1 -এর রূপভেদ ('মুখখানি তার পড়ে মনে': রবীন্দ্র; নাতনির মুখখানি দেখে সব ভুলে গেলাম)।

খানিক (p. 226) [khānika] ক্রি-বিণ. অল্পসময়, কিছুক্ষণ (খানিক দাঁড়াও)। □ বিণ. অল্প, কিছু, কতক (খানিকক্ষণ)। [< সং. ক্ষণ]।

খানুম (p. 226) [khānuma] দ্র খাতুন।

খানেক (p. 226) [khānēka] বিণ. প্রায় এক, একের কাছাকাছি (মিনিটখানেক, সেরখানেক)। [বাং. খান + এক]।

খানে-জাদ (p. 226) [khānē-jāda] বি. 1 ভৃত্য; 2 দাসীপুত্র। [ফা. খান-এ-জাদ]।

খাণ্ডার (p. 226) [khāṇḍāra] বিণ. কলহপ্রিয়, ঝগড়াটে। [দেশি]। খাণ্ডারি, খাণ্ডারনি বিণ. (স্ত্রী.) কলহপ্রিয়; উগ্রস্বভাবা।

খাপ (p. 226) [khāpa] বি. 1 অস্ত্র রাখার আধার (খাপ থেকে তরোয়াল বার করল); 2 কোষ, আধার (চশমার খাপ); 3 মিল, সামঞ্জস্য (খাপ খাওয়া); 4 ঘনত্ব, ঠাসবুনন (কাপড়ের খাপ, খাপযুক্ত কাপড়)। [< ফা. খাম্]। ̃ ছাড়া বিণ. বেমানান, অসংলগ্ন, অপ্রাসঙ্গিক, অসম্বন্ধ (খাপছাড়া বর্ণনা); অদ্ভুত (খাপছাড়া স্বভাবের লোক)। খাপা ক্রি. 1 খাপ খাওয়া, সামঞ্জস্যপূর্ণ বা সংগতিপূর্ণ হওয়া; 2 ছোট হয়ে যাওয়া (কাচলে কাপড়টা খেরে যাবে কি?)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। খাপানো ক্রি. বি. খাপ খাওয়ানো, মানানো; খাপি করা। খাপি বিণ. ঠাসবুননযুক্ত; মোটা (খাপি ধুতি)।

খাপচি (p. 226) [khāpaci] বি. চিমটি, খামচি (খাপচি কাটছ কেন?)। [দেশি]।

খাপছাড়া (p. 226) [khāpachāḍ়ā] দ্র খাপ।

খাপরা (p. 226) [khāparā] বি. 1 ভাঙা কলসি মাটির হাঁড়ি ইত্যাদির টুকরো; 2 ঘর ছাওয়ার খোলা (খাপরার চাল)। [সং. খর্পর]। খাপরেল বি. 1 খোলায় ছাওয়া ঘর; 2 খোলা।

খাপি (p. 226) [khāpi] দ্র খাপ।

খাপ্পা (p. 226) [khāppā] বিণ. ক্ষিপ্ত, অত্যন্ত ক্রুদ্ধ (অল্পেই এক খাপ্পা হয়ে ওঠ কেন?)। [ফা. খাফা]।

খাবরি (p. 226) [khābari] বি. মাটির বা কাঁসা-পিতলের পাত্র। [বাং. খাবরা + ই (সাদৃশ্যার্থে)]।

খাবল (p. 226) [khābala] বি. 1 হাতের খাবায় যতটা নেওয়া যায় (এক খাবল ভাত); 2 থাবা; কামড় (বাঘটা অতর্কিতে ঝাঁপিয়ে পড়ে তার ঘাড়ে খাবল দিল)। [সং. কবল]। খাবলা বি. খাবল (এক খাবলা ভাত)। ☐ ক্রি. খাবল দিয়ে ধরা, কামড়ানো (খাবলেছে)। খাবলানো বি. খাবল দিয়ে ধরা; কামড়; কামড়ে এক অংশ তুলে নেওয়া। ☐ বিণ. খাবল দিয়ে ধরা হয়েছে এমন; কামড়ানো হয়েছে এমন (খাবলানো মাংস)। ☐ ক্রি. খাবল দেওয়া।

খাবার (p. 226) [khābāra] বি. খাদ্যদ্রব্য; জলখাবার (খাবার খেয়ে বাইরে যাব)। ☐ বিণ. 1 খাদ্য, ভোজ্য, আহার্য, খাওয়ার উপযুক্ত (খাবার জিনিস); 2

পানীয় (খাবার জল)। [বাং. খাইবার < √খা]।˜ ওয়ালা বি. খাবার জিনিসের বিক্রেতা; মিষ্টান্ন ইত্যাদি বিক্রেতা।

খাবি (p. 226) [khābi] বি. নিশ্বাস বাধাপ্রাপ্ত হলে নিশ্বাস গ্রহণের চেষ্টায় মুখ ব্যাদান। [দেশি]। খাবি খাওয়াঁ ক্রি. বি. 1 বাধাপ্রাপ্ত নিশ্বাস গ্রহণের জন্য শেষ চেষ্টা করা; 2 (আল.) বিপদ থেকে উদ্ধার পাবার জন্য প্রাণপণ চেষ্টা করা।

খাম1 (p. 226) [khāma1] বি. স্তম্ভ, থাম, খুঁটি। [সং. স্তম্ভ > থাম > খাম]।˜ আলু বি. মোটা কন্দবিশেষ, চুপড়ি আলু।

খামকা, খামোকা, খামোখা (p. 226) [khāmakā, khāmōkā, khāmōkhā] ক্রি-বিণ. 1 অকারণে, অনর্থক (খামোকা ছেলেটাকে বকছ কেন?); 2 হঠাত্। [ফা. খো আমখো + বাং. আ]।

খাম-খেয়াল (p. 226) [khāma-khēẏāla] বি. চিত্তের অস্থিরতা; হঠাত্ বা অদ্ভুত খেয়াল; অদ্ভুত বা অসার কল্পনা।[ফা. খাম্ + আ. খেয়াল]। খাম-খেয়ালি বিণ. অদ্ভুত খেয়ালবিশিষ্ট; খেয়ালের বশে হঠাত্ হঠাত্ কোনো কাজ করে বসে এমন (আমার বাবা ছিলেন খুব খামখেয়ালি লোক)। খাম-খেয়ালি-পনা বি. খেয়ালি বা খামখেয়ালি স্বভাব (খামখেয়ালিপনার জন্য তার যথেষ্ট ক্ষতি হয়েছে)।

খামচ (p. 226) [khāmaca] বি. থাবা, খাবল। [দেশি]। খামচা বি. খামচ, থাবা (এক খামচা নুন নিল)। □ ক্রি. খাবলানো, খামচানো (আমার পিঠে ওভাবে খামচাচ্ছ কেন?)। খামচানো ক্রি. আঁচড়ানো, খাবলানো; নখ দিয়ে আঁচড়ানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে। খামচি বি. নখের আঘাত; খাবল।

খামটি (p. 226) [khāmaṭi] বি. 1 মালকোঁচা; 2 রাগে বা আক্রোশে উপরের পাটির দাঁত দিয়ে নীচের ঠোঁট কামড়ে ধরা (মুখখামটি)। [দেশি]।

খামতি (p. 226) [khāmati] বি. 1 ঘাটতি; 2 ত্রুটিবিচ্যুতি (ভাষার উজ্জ্বলতা এই প্রবন্ধের যুক্তির খামতিকে পুষিয়ে দিয়েছে)। [দেশি]।

খামার (p. 226) [khāmāra] বি. শস্য মাড়াই করার ও রাখার স্থান (খেত-খামার, খামার বাড়ি)। [হি. খামার্]।

খামি1 (p. 226) [khāmi1] বি. 1 অলংকারের মধ্যাংশ; 2 কণ্ঠহারের বলয়ের মধ্যে সংযোগকারী আংটা (খামি-দেওয়া হার)। [ফা. খম্]।

খামি2, খামির (p. 226) [khāmi2, khāmira] বি. জিলাপি বা অনুরূপ খাদ্যদ্রব্য তৈরি করার গাঁজ, yeast. [আ. খমীর]। খামিরা, খাম্বিরা বি. মশলাযুক্ত তামাকবিশেষ।

খামোশ (p. 226) [khāmōśa] অব্য. অনু-ক্রি. চুপ করো; চুপ। [ফা.খামোশ্]।

খাম্বা (p. 226) [khāmbā] বি. থাম, খাম, স্তম্ভ। [খাম < সং, স্তম্ভ]।

খাম্বাজ (p. 226) [khāmbāja] বি. সংগীতের সন্ধ্যাকালীন রাগিণীবিশেষ, খাম্বাবতী। [দেশি]।

খাম্বিরা (p. 226) [khāmbirā] দ্র খামির।

খারাপ (p. 226) [khārāpa] বিণ. 1 মন্দ, বদ (খারাপ কাজ, খারাপ লোক); 2 খেলো, নিকৃষ্ট, বাজে (খারাপ কাপড়) ; 3 দুষ্ট, নষ্ট (খারাপ চরিত্রের লোক); 4 অভদ্র (খারাপ ব্যবহার); 5 অশ্লীল, অশালীন (খারাপ কথা); 6 রুক্ষ, উগ্র (খারাপ মেজাজ) ; 7 দুঃখিত, ব্যথিত (মন খারাপ); 8 অসুস্থ (শরীর খারাপ) ; 9 বিকল, অব্যবহার্য (ফোন খারাপ হয়েছে); 1 দুর্দশাগ্রস্ত (খারাপ অবস্থা); 11 দুশ্চিকিত্ স্য ; সংক্রামক (খারাপ রোগ); 12 দূষিত (খারাপ রক্ত) ; 13 অশুভ (খারাপ দিন); 14 কুশ্রী, অসুন্দর (খারাপ চেহারা) ; 15 বিকৃত (মাথা খারাপ); 16 নোংরা (মুখ খারাপ করা); 17 অসত্ মতলব বা অভিপ্রায়যুক্ত (খারাপ নজর, খারাপ দৃষ্টি)। [আ. খরাব্]।

খারাবি (p. 226) [khārābi] বি. 1 ক্ষতি; 2 বদমায়েশি; 3 সর্বনাশ। [আ. খারাব্]। খুন-খারাবি, খুন-খারাব, খুন-খারাপি বি. 1 দাঙ্গাহাঙ্গামা; হত্যাকাণ্ড ; 2 টকটকে লাল রংবিশেষ।

খারিজ (p. 226) [khārija] বিণ. 1 বাতিল, অগ্রাহ্য (তোমার আবেদন খারিজ হয়ে গেছে); 2 পরিত্যক্ত (ওই পরিকল্পনা অনেকদিন আগেই খারিজ হয়ে গেছে); পরিবর্তিত। □ বি. 1 পরিবর্তন ; 2 বর্জন (নাম খারিজ করা, খারিজের দরখাস্ত)। [আ. খারিজ]। খারিজা বিণ. খারিজ করা হয়েছে এমন (খারিজা দরখাস্ত)।

খাল (p. 226) [khāla] বি. 1 খাত, খাদ; 2 জলনালি, প্রণালী, canal; 3 নিম্নভূমি (জায়গাটায় খাল হয়ে জল জমেছে); 4 দেহের খিঁচুনি বা আড়ষ্টভাব,

খিল (খাল ধরা) ; 5 ছাল, চামড়া (গায়ের খাল খুলে নেওয়া)। [সং. খল্ল]।˜ বিল বি. জলাভূমি ও নিম্নভূমি; জলা (আমাদের গাঁয়ে খালবিল খুব কম)।

খালসা (p. 226) [khālasā] বি. গুরু গোবিন্দের মতাবলম্বী শিখ সম্প্রদায়বিশেষ। □ বিণ. বিশুদ্ধ, খাঁটি। [আ. খালিস]।

খালা (p. 226) [khālā] বি. (স্ত্রী.) (মুস.) খালাতো বিণ. মাসতুতো (খালাতো ভাই)।

খালাস (p. 226) [khālāsa] বি. 1 মুক্তি, রেহাই, অব্যাহতি (অভিযোগ থেকে খালাস পাওয়া); 2 (আঞ্চ.) প্রসব (পোয়াতিদের খালাসের ব্যবস্থা); 3 দায়মুক্তি (তুমি তো বলেই খালাস) ; 4 বন্দি অবস্থা থেকে মুক্তি (জেল থেকে খালাস পেয়েছে) ; 5 ছাড়ানো (মাল খালাস করা)। □ বিণ. 1 খালি, শূন্য (ঘর খালাস করা); 2 দায়মুক্ত (একবার বলেই খালাস হলাম); 3 প্রসূতা (পোয়াতি খালাস হয়েছে)। [আ. আখ্লস্]।

খালাসি1 (p. 226) [khālāsi1] বিণ. খালাস করা হয়েছে এমন (খালাসি মাল)। [বাং. খালাস + ই]।

খালাসি2 (p. 229) [khālāsi2] বি. 1 জাহাজ-স্টিমারে বা সৈন্যবিভাগে নিযুক্ত নিম্নশ্রেণির কর্মচারী ; 2 ভারী বস্তু ওঠানো-নামানোর কাজে নিযুক্ত ভৃত্য বা শ্রমিক। [আ. খালাস্]।

খালি1 (p. 229) [khāli1] বি. (মুস.) মাসি, খালা। [দেশি]।

খালি2 (p. 229) [khāli2] বিণ. 1 শূন্য, রিক্ত, নিঃশেষ (খালি হাত, খালি কলসি); 2 ফাঁকা (খালি কামরা); 3 কেবল, ক্রমাগত (খালি বায়না, খালি কান্না)। ☐ ক্রি-বিণ. 1 কেবল, শুধু, মাত্র (খালি বসব, আমি খালি দেখব); 2 সর্বদা (ছেলেটা খালি কাঁদছে)। [আ. খালী]। খালি খালি ক্রি-বিণ. অনর্থক (খালি খালি আমাকে বকছ)। ☐ বিণ. প্রায় ফাঁকা (ঘরটা খালি খালি ঠেকছে)।

খালি-জুলি (p. 229) [khāli-juli] বি. ক্ষুদ্র জলস্রোত। [দেশি]।

খালিত্য (p. 229) [khālitya] বি. মাথার টাক, ইন্দ্রলুপ্ত। [সং. খলিত + য]।

খালু (p. 229) [khālu] বি. (মুস.) মেসো, মাসির স্বামী। [দেশি]।

খালুই (p. 229) [khālui] বি. বাঁশ বা সরু কাঠের ফালি দিয়ে তৈরি মাছের ঝুড়িবিশেষ; মাছ রাখার খাঁচা। [দেশি]।

খাস (p. 229) [khāsa] বিণ. 1 অসাধারণ (শাক দরবার); 2 নিজস্ব (খাস কামরা); 3 মালিকের সরাসরি অধিকারভুক্ত বা কর্তৃত্বাধীন (খাসদখল)। [আ. খাস্]। ˜ খামার বি. নিজের চাষবাসের জমি। ˜ মহল, ˜ মহাল, ˜ তালুক বি. যে জমি বা তালুক প্রজার কাছে বিলি না করে জমির মালিক সরাসরি নিজের তত্ত্বাবধানে রাখে (খাস তালুকের প্রজা)।

খাস-গেলাস (p. 229) [khāsa-gēlāsa] বি. 1 অভ্র থেকে প্রস্তুত কাচবিশেষ; 2 উক্ত কাচ থেকে গেলাসের আকারে তৈরি শোভাযাত্রাদিতে ব্যবহৃত বাতিদান। [ইং. cutglass]।

খাস-নবিশ (p. 229) [khāsa-nabiśa] বি. রাজা বা জমিদারের নিজস্ব মুনশি বা সচিব, private secretary. [আ. খাসনবীশ]।

খাস-বরদার (p. 229) [khāsa-baradāra] বিণ. বি. (প্রভুত্বের চিহ্নস্বপূর) দণ্ডধারী বা আসাসোঁটাধারী। [আ. খাসবর্দার্]।

খাসা (p. 229) [khāsā] বিণ. 1 উৎকৃষ্ট; চমৎকার (খাসা ছেলে); 2 উপাদেয় (খাসা রান্না হয়েছে)। [আ. খাসা]। খাসা দই বি. খুব ঘন ও সুমিষ্ট দই।

খাসি (p. 229) [khāsi] বি. ছিন্নমুষ্ক নপুংসক ছাগ (খাসির মাংস)। □ বিণ. ছিন্নমুষ্ক (খাসি মোরগ)। [আ. খসি]।

খাস্ত, খাস্তা1 (p. 229) [khāsta, khāstā1] বিণ. নষ্ট, বিকৃত। [ফা. খস্তা]। সাত নকলে আসল খাস্তা বারবার বা ক্রমাগত নকল হতে হতে আসল বা মূলই হারিয়ে যায় বা নষ্ট হয়ে যায়।

খাস্তা2 (p. 229) [khāstā2] বিণ. 1 প্রচুর ঘিয়ের ময়ান-দেওয়া, মুচমুচে (খাস্তা কচুরি, খাস্তা বিস্কুট) ; 2 উৎকৃষ্ট। [ফা. খস্ত]।

খিঁচ1 (p. 229) [khim̐ca1] বি. 1 সজোরে হাত-পা ইত্

যাদি অঙ্গের চালনা (রোগীর হাত-পায়ের খিঁচ শুরু হয়েছে) ; 2 টান (খিঁচ ধরা)। খিঁচা, খেঁচা ক্রি. (হঠাত্) জোরে টান দেওয়া (দাঁড় খেঁচা, লাঠি খিঁচিয়ে এগিয়ে গেল); মুখ ইত্যাদির বিকৃত ভঙ্গি করা; ভেংচানো (দাঁত খেঁচা, মুখ খিঁচিয়ে বলল); হাত-পা সজোরে সঞ্চালন করা (হাত-পা খেঁচা)। [দেশি]। খিঁচানো ক্রি. খিঁচা, খেঁচা। □ বিণ. খিঁচা র সব অর্থে। খিঁচুনি, খিচুনি, খিঁচনি, খিচনি বি. বিকৃত অঙ্গভঙ্গি বা অঙ্গের আক্ষেপ; ভেংচানি। খিঁচে নেওয়া বি. ক্রি. বলপূর্বক আদায় করা; কারও ইচ্ছার বিরুদ্ধে আদায় করা (ওর কাছ থেকে কিছু টাকা খিঁচে নিতে হবে)।

খিঁচ2 (p. 229) [khin̐ca2] বি. 1 কাঁকর; 2 সামান্য ত্রুটি বা গোলযোগ (আগে খিঁচটা দূর করতে হবে) ; 3 টান; 4 মনান্তর (আমাদের মধ্যে একটা খিঁচ রয়েই গেছে) ; 5 তর্কবিতর্ক। [দেশি]।

খিচ-খিচ, খিচ-মিচ, খিচি-মিচি (p. 229) [khica-khica, khica-mica, khici-mici] অব্য. বি. ক্রমাগত বকুনি, তিরস্কার (সারাদিন এত খিচখিচ কর কেন?)। [দেশি]।

খিচুড়ি (p. 229) [khicuḍ়i] বি. চাল ও ডাল একত্র সিদ্ধ করে প্রস্তুত খাদ্যবস্তুবিশেষ; (আল.) বিসদৃশ নানা দ্রব্যের বা বিভিন্ন জাতীয় উপকরণের মিশ্রণ (তোমার ওই খিচুড়িভাষা আমি বুঝি না, সব কিছু নিয়ে একেবারে খিচুড়ি পাকিয়ে রেখেছ যে)। [সং. কৃশর]।

খিট-কেল (p. 229) [khiṭa-kēla] বি. (আঞ্চ.) গণ্ডগোল; ঝামেলা; ফ্যাসাদ (আমার চাকরি নিয়ে ভারি খিটকেল বেধেছে)। [দেশি]।

খিট-খিট, খিট-মিট (p. 229) [khiṭa-khiṭa, khiṭa-miṭa] বি. ক্রমাগত তিরস্কার বা অসন্তোষ প্রকাশ; খিচখিচ (সবসময় খিটখিট না করা ভালো মুখে ওর সঙ্গে দুটো কথা বলতে পার না?)। [দেশি]। খিট-খিটে বিণ. সর্বদা খিটখিট করে এমন (খিটখিটে স্বভাবের লোক).

খিটি-মিটি (p. 229) [khiṭi-miṭi] বি. সামান্য কারণে সর্বদা কলহ বা মনান্তর (স্বামী-স্ত্রীতে খিটিমিটি লেগেই আছে)। [দেশি]।

খিড়কি (p. 229) [khiḍ়ki] বি. বাড়ির পিছনের দরজা (খিড়কি দিয়ে চোর পালিয়েছে)। [< হি. খড়ক্কী]। খিড়কি পুকুর বি. বাড়ির পিছন দিকের পুকুর, সাধারণত যেখানে মেয়েরা বাসন মাজে ও কাপড় কাচে।

খিদ-মত, খিদ-মদ (p. 229) [khida-mata, khida-mada] বি. সেবা; পরিচর্যা (আল্লা তোমাকে এই খিদমতের পুরস্কার নিশ্চয় দেবেন)। [আ. খিদমত্]। ˜ গার বি. সেবক; ভৃত্য, পরিচায়ক; খানসামা। ˜ গারি বি. খিদমতগারের পেশা পদ বা কাজ।

খিদে (p. 229) [khidē] বি. (কথ্য) ক্ষুধা, আহারের ইচ্ছা। [সং. ক্ষুধা]। চোখের খিদে প্রকৃত খিদে না থাকা সত্ত্বেও চোখের সামনে খাদ্যবস্তু থাকায় যে খিদের উদ্রেক হয়। চোরা খিদে যে খিদে অনুভব করা যায় না। দুষ্টু খিদে পেট ভরা থাকা সত্ত্বেও খাদ্যবস্তুর প্রতি লোভ। খিদের মাথায় খিদের সময়, খিদের উদ্রেক হলে। খিদে মরা ক্রি. বি. খিদের সময় খাবার না পেয়ে খাওয়ার ইচ্ছা নষ্ট হওয়া (খিদে মরে গেলে আর পোলাও মাংস কিছুই খেতে পারব না)।

খিদ্য-মান (p. 229) [khidya-māna] বিণ. খেদ বা দুঃখ করছে এমন। [সং. √খিদ্ + মান (শানচ্)]।

খিন্ন (p. 229) [khinna] বিণ. 1 খেদযুক্ত, দুঃখিত; 2 ক্লান্ত, অবসন্ন। [সং. √খিদ্ + ত]।

খিমচা, খিমচানো (p. 229) [khimacā, khimacānō] ক্রি. খিমচি কাটা (আমাকে খিমচাচ্ছে কেন?)। [বাং. খিমচি + আ, আনো]।

খিমচি (p. 229) [khimaci] বি. চিমটি, নখ বা আঙুল দিয়ে অনতিজোর খামচি। [দেশি]।

খিল1 (p. 230) [khila1] বি. 1 (দরজা ইত্যাদির) অর্গল, হুড়কো; 2 খেঁচুনি, মাংসপেশির বা হাত-পায়ের আড়ষ্ট অসাড় ভাব (হাসতে হাসতে পেটে খিল ধরা)। [সং.কীলক]।

খিল2 (p. 230) [khila2] বিণ. 1 অকর্ষিত; পতিত (খিল জমি); 2 পরিশিষ্ট (খিল হরিবংশ)। [সং. খ (শূন্য) + লা (পাওয়া) + অ, নিপাতনে]।

খিল-খিল (p. 230) [khila-khila] অব্য. বি. অনুচ্চ শব্দে ক্রমাগত হাসির শব্দ। [ধ্বন্যা.]।

খিলা (p. 230) [khilā] ক্রি. (জোড় বা সন্ধি) আটকানো। [বাং. খিল1 + আ]।

খিলাত, খেলাত (p. 230) [khilāta, khēlāta] বি. রাজদত্ত সম্মানসূচক পোশাক। [আ. খিলাত্]।

খিলান2 (p. 230) [khilāna2] বি. ইট পাথর প্রভৃতি দিয়ে তৈরি অর্ধগোলাকার গাঁথনিবিশেষ, arch. [দেশি]।

খিলি (p. 230) [khili] বি. সাজা পান; সাজা পানের মোড়ক (এক খিলি পান খাও)। [দেশি-তু. হি. ঠিঁলি]।

খিস্তি (p. 230) [khisti] বি. অশ্লীল গালাগালি। [দেশি]।

খুঁচা (p. 230) [khun̐cā] দ্র খোঁচা2।

খুঁচি (p. 230) [khun̐ci] বি. ধান চাল ইত্যাদি মাপবার পাত্রবিশেষ, কুনকে। [সং. কুঞ্চি]।

খুঁজা, খোঁজা (p. 230) [khun̐jā, khōn̐jā] ক্রি. খোঁজ করা, সন্ধান করা (অনেকক্ষণ ধরে তোমাকে খুঁজছি)। □ বি. সন্ধান, অন্বেষণ, খোঁজ (জিনিসটার জন্যে খোঁজা এখনও চলছে)। [বাং. √খুঁজ্]। ˜ খুঁজি বি. ক্রমাগত বা বারংবার খোঁজ বা সন্ধান (খোঁজাখুঁজিই সার হল, জিনিসটা পেলাম না)। ˜ নো ক্রি. (পরের দ্বারা) সন্ধান করানো বা অন্বেষণ করানো। □ বি. (অন্যের দ্বারা) সন্ধান।

খুঁট (p. 230) [khun̐ṭa] বি. 1 কাপড়ের কোণ (খুঁটে পয়সা বেঁধে নিল); 2 সুতোর প্রান্ত। [বাং. √খুঁট্ + অ]।

খুঁটা1, খোঁটা1 (p. 230) [khun̐ṭā1, khōn̐ṭā1] বি. 1 গোঁজ, কীলক; 2 ছোট খুঁটি, সীমানা নির্দেশ করার জন্য পোঁতা খুঁটি; 3 খাটের পায়া; 4 (আল.) সহায় বা অবলম্বন (খোঁটার জোর থাকলে সব হয়)। [সং. ক্ষোড]।

খুঁটা2, খোঁটা2 (p. 230) [khun̐ṭā2, khōn̐ṭā2] ক্রি. নখ ঠোঁট বা কোনো ছুঁচলো বস্তু দিয়ে একটু একটু করে তুলে নেওয়া বা খোঁচানো (খুঁটে নেওয়া, দাঁত খোঁটা)। □ বি. বিণ. উক্ত অর্থে। [দেশি]। খুঁটন বি. খোঁটা।˜ খুঁটি বি. ক্রমাগত বা বারংবার খোঁটা।˜ নো ক্রি. অপরের দ্বারা খুঁটে নেওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে। খুঁটিয়ে ক্রি. বিণ. পুঙ্খানুপুঙ্খভাবে, বিশদভাবে, সূক্ষ্মভাবে (কাগজপত্রগুলো খুঁটিয়ে দেখতে হবে)।

খুঁটি (p. 230) [khun̐ṭi] বি. 1 কাঠের বা বাঁশের থাম (খুঁটি পুঁতে রেখেছে); 2 বড় গোঁজ বা কীলক (গোরুর খুঁটি) ; 3 সীমানা নির্দেশের জন্য পোঁতা গোঁজ বা থাম; 4 (আল.) মুরুব্বি, পৃষ্ঠপোষক (খুঁটির জোরে চাকরি)। [সং. কূট? ক্ষোড? প্রা. বাং. খুণ্টি]। খুঁটি গাড়া ক্রি. বি. 1 তীরের খুঁটিতে নৌকা বাঁধা; 2 (আল.) স্থায়ী হয়ে বসা, পাকাপাকিভাবে বসা (সাধুবাবা বটতলায় খুঁটি গেড়ে বসেছেন)।

খুঁটি-নাটি (p. 230) [khun̐ṭi-nāṭi] বি. 1 তুচ্ছ দ্রব্যাদি; অকিঞ্চিৎকর বিষয়; সূক্ষ্ম ও ছোটখাটো ব্যাপারসমূহ, details; 2 অকিঞ্চিৎকর দোষত্রুটি। [তু. বাং. খুঁট্]।

খুঁটিয়ে (p. 230) [khun̐ṭiẏē] দ্র খুঁটা2।

খুঁড়া, খোঁড়া (p. 230) [khun̐ḍ়ā, khōn̐ḍ়ā] ক্রি. 1 খনন করা (মাটি খুঁড়ছে, কবর খোঁড়া); 2 কিছুতে ঠোকা (মাথা খোঁড়া); 3 অতিরিক্ত প্রশংসা করে ক্ষতি বা অমঙ্গল করা (দয়া করে আমার ছেলেটাকে তোমরা খুঁড়ো না)। □ বি. বিণ. উক্ত অর্থে। [প্রাকৃ. √খুড্ < সং. √ক্ষুদ্]।˜ খুঁড়ি বি. ক্রমাগত বা বারংবার খনন (এই রাস্তায় এখন খোঁড়াখুঁড়ি চলছে)। খোঁড়ানো1 ক্রি. (অপরের দ্বারা) খনন করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

খুঁড়ানো, খোঁড়ানো2 (p. 230) [khun̐ḍ়ānō, khōn̐ḍ়ānō2] ক্রি. খঞ্জের মতো চলা (হাঁটার নামেই তুমি খোঁড়াতে শুরু করলে?)। □ বি. খঞ্জের মতো চলন বা গতি (তোমার খোঁড়ানো বন্দ করো)। [খোঁড়া দ্র]।

খুঁত (p. 230) [khun̐ta] বি. 1 ক্ষতচিহ্ন (শরীরে খুঁত আছে); 2 স্বল্প ত্রুটি বা দোষ ; 3 কলঙ্ক। [< সং. ক্ষত]। খুঁত ধরা ক্রি. বি. দোষত্রুটি দেখানো (সবার খুঁত ধরাই ওর কাজ)।˜ খুঁত করা ক্রি. বি. সামান্য ত্রুটিতেই অসন্তুষ্ট হওয়া; কিছুতেই সন্তুষ্ট না হওয়া।˜ খুঁতানি,˜ খুঁতুনি বি. খুঁতখুঁত করা।˜ খুঁতে বিণ. কেবলই খুঁত ধরে এমন; সবকিছুতেই অসন্তুষ্ট।

খুঁতি (p. 230) [khun̐ti] বি. দড়ি দিয়ে তৈরি ছোট থলিবিশেষ। [দেশি]।

খুঁয়া, খুঞা (p. 230) [khum̐ẏā, khuñā] বি. 1 রেশম, সিল্ক; 2 শণ; 3 রেশমি বা শণসুতোর তৈরি কাপড় ; 4 মোটা কাপড়বিশেষ। [সং. ক্ষুমা]। খুঁয়ে

বিণ. মোটা কাপড় বোনে এমন অর্থাত্ সূক্ষ্ম বস্ত্র বয়নে অক্ষম ('খুঁয়ে তাঁতি হয়ে দাও তসরেতে হাত': ভা. চ.)।

খুক (p. 230) [khuka] অব্য. অনুচ্চ কাশির শব্দ। [দেশি]। ̃ খুক অব্য. ক্রমাগত অনুচ্চ কাশির শব্দ। ̃ খুকানি বি. ক্রমাগত অনুচ্চ কাশি (ও ঘর থেকে সারারাত দাদুর খুকখুকানির শব্দ এসেছে)।

খুকি (p. 230) [khuki] বি. 1 ছোট মেয়ে (তোমার নাম কী খুকি?); 2 কন্যা সন্তান (আপনার ছোট খুকি কোথায়?)। [সং. কুক্ষি?]। ̃ পনা বি. খুকির মতো আচরণ; ছোট মেয়ের মতো আবদেরে ও অবুঝ ব্যবহার। খুকু বি. (আদরে) খুকি।

খুঙ্গি, খুঙি (p. 230) [khuṅgi, khuṅi] বি. বেত বা বাঁশের তৈরি (পুঁথিপত্র রাখার) ঝাঁপিবিশেষ। [দেশি-তু. সং. করঙ্গ]। ̃ পুঁথি বি. খুঙ্গি ও তার ভিতরের পুঁথি।

খুচ-খাচ (p. 230) [khuca-khāca] বি. 1 ছোটখাটো বা তুচ্ছ জিনিস বা ব্যাপার; 2 তুচ্ছ ব্যাপার নিয়ে ঝগড়া (ওদের মধ্যে খুচখাচ তো লেগেই আছে)। [দেশি]।

খুচরা, খুচরো (p. 230) [khucarā, khucarō] বিণ. 1 ছোট ছোট ও বিবিধ (খুচরো কাজ, খুচরো খরচ); 2 ভাঙানো (খুচরো টাকা)। □ বি. টাকার ভাঙানি; ভাঙানো টাকা-পয়সা ইত্যাদি (আমার পকেটে একেবারেই খুচরো নেই)। [হি. খুদরা < সং. ক্ষুদ্র]।

খুজলি (p. 230) [khujali] বি. 1 খোস; 2 চুলকানি। [হি. খুজ্লি]।

খুঞ্চি (p. 231) [khuñci] বি. বারকোশ। [ফা. খঞ্জহ]˜. পোষ বি. খুঞ্চির ঢাকনা বা আবরণ।

খুট (p. 231) [khuṭa] অব্য. কঠিন বস্তুর উপর মৃদু আঘাত শব্দ। [দেশি]।˜. খুট অব্য. ক্রমাগত 'খুট'-আওয়াজ।

খুটুর.মুটুর, খুটুর.খাটুর (p. 231) [khuṭura.muṭura, khuṭura.khāṭura] বি. অব্য ক্রমাগত মৃদু খুটখুটি শব্দ (তখন থেকে কী খুটুরমুটুর করে চলছ ?) [দেশি]।

খুড়তুতো (p. 231) [khuḍ়tutō] দ্র খুড়া।

খুড়া, খুড়ো (p. 231) [khuḍ়ā, khuḍ়ō] বি. কাকা, পিতৃব্য পিতার কনিষ্ঠ ভাই; কাকার তুল্য ব্যক্তি। [সং. খুল্ল (তাত)। খুড়ি বি. (স্ত্রী.) কাকি, কাকার স্ত্রী। খুড়-তুতো বিণ. খুড়োর বা কাকার সন্তান এমন সম্পর্কিত (খুড়তুতো ভাই)।˜. শ্বশুর, খুড়.শ্বশুর বি. শ্বশুরের কনিষ্ঠ ভাই। স্ত্রী।˜. শাশুড়ি, খুড়.শাশুড়ি।

খুতনা-খতনা (p. 231) [khutanā-khatanā] র রূপভেদ.।

খুতবা-খতবা (p. 231) [khutabā-khatabā] র. রূপভেদ।

খুদ1-খোদ (p. 231) [khuda1-khōda] এর রূপভেদ।

খুদ2 (p. 231) [khuda2] বিণ. তণ্ডুলকণা, যেকোনো শস্যের কণা (চালের খুদ)। [সং. ক্ষোদ, ক্ষুদ্র]।˜. কুঁড়া,˜.কুঁড়ো বি. নিতান্ত তুচ্ছ ও অত্যল্পপরিমাণ খাদ্য (খুদকুঁড়ো খেয়ে বেঁচে আছি) খুদি, খুদে বিণ. অতি ক্ষুদ্র, খুব ছোট (খুদে রাক্ষস)।

খুদা1, খুদাহ্-খোদা1 (p. 231) [khudā1, khudāh-khōdā1] এর রূপভেদ।

খুদা2 খোদা2 (p. 231) [khudā2 khōdā2] বিণ. ক্রি. উৎকীর্ণ বা অঙ্কিত করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [সং. √ক্ষুদ]।˜. ই বি. উৎকিরণ; ক্ষোদন, ধাতু প্রস্তর ইত্যাদি কঠিন বস্তুর উপর অস্ত্র দিয়ে লেখা বা আঁকা, engraving˜. নো ক্রি. খোদাই করানো (পাথরের নাম খোদানো)। □ বি উক্ত অর্থে। [ক্ষোদন, ক্ষোদিত দ্র]।

খুন (p. 231) [khuna] বি. 1 হত্যা; 2 রক্ত ('জালিমের বুকে বেয়ে খুন ঝরে' নজরুল)। □ বিণ. আকুল ('শুনিয়া গবু ভাবিয়া হল খুন'): রবীন্দ্র)। [ফা. খুন]। মাথায় খুন চাপা (চড়া) ক্রি. বি. ক্রোধে রক্ত গরম হওয়া, প্রচণ্ড রেগে যাওয়া; অত্যন্ত উত্তেজিত হওয়া। খুন করা ক্রি. বি. হত্যা করা। খুন হওয়া ক্রি. বি. 1 নিহত হওয়া; 2 (আল.) আকুল হওয়া। খুনা.খুনি, খুনো.খুনি বি. পরস্পর হত্যা বা সাংঘাতিক মারামারি; রক্তারক্তি কাণ্ড; তুমুল ঝগড়া-বিবাদ। খুনি, খুনে বিণ. হত্যাকারী; হত্যা করতে সমর্থ বা অভ্যস্ত; (আল.) অত্যন্ত নিষ্ঠুর। □ বি. ওইরকম লোক।

খুনখারাপি, খুনখারাবি (p. 231) [khunakhārāpi, khunakhārābi] দ্র খারাবি

খুন.খুনে (p. 231) [khuna.khunē] বিণ. অতি বৃদ্ধ, জরাগ্রস্ত (খুনখুনে বুড়ো)। [দেশি]।

খুন.সুটি, খুন.সুড়ি (p. 231) [khuna.suṭi, khuna.suḍ়i] বি. 1 শিশুকালের বা বালকোচিত ঝগড়াঝাঁটি (ভাই-বোনে খুনসুটি লেগেই আছে); 2 প্রেমের মান-অভিমান, প্রণয়কলহ। [দেশি]।

খুন্তি (p. 231) [khunti] বি. রান্নার কাজে ব্যবহার্য খন্তার মতো ছোট হাতা। [সং. খনিত্র]।

খুপরি (p. 231) [khupari] বি. ছোট কক্ষ বা ঘর; খোপ (ছোট ছোট খুপরিতে শ্রমিকেরা থাকে)। [দেশি]।

খুপি (p. 231) [khupi] বি. ছোট খোপ। [বাং. খোপ + ই]। □ 1 খোপবিশিষ্ট; 2 চৌকো ঘর-কাটা (চৌখুপি ঘুড়ি)। [বাং. খোপ + ই (যুক্তার্থে)]।

খুব (p. 231) [khuba] বিণ-বিণ. অত্যন্ত (খুব বেশি)। □ ক্রি-বিণ. 1 বেশ, উত্তম, চমৎকার (খুব ঘোরে খুব শুনিয়ে দিয়েছি, খুব খেতে পারে); 2 নিশ্চয় (খুব পারবে)। [ফু. খুব]। খুব করা ক্রি. বি. বেশ করা, উচিত বা উপযুক্ত কাজ করা (ওকে বকেছ খুব করেছ, এখন যাও)। খুব করে বকে দিয়ো।

খুবরি-খুপরি (p. 231) [khubari-khupari] র. রূপভেদ।

খুব.সুরত (p. 231) [khuba.surata] বিণ. পরম সুন্দর বা সুন্দরী (খুবসুরত মহিলা)। [ফা. খুবসুরত্]।

খুবানি, খোবানি (p. 231) [khubāni, khōbāni] বি. কুল ও খেজুরের মতো আঁটিযুক্ত ফলবিশেষ, apricot.[ফা. খুবানি]।

খুর (p. 231) [khura] বি. গবাদি পশুর পায়ের অস্থিময় প্রান্তভাগ। [সং. √খুর্ (=ছেদন করা বা আঁচড়ানো) + অ. তু. ক্ষুর]।

খুরপা, খুরপি (p. 231) [khurapā, khurapi] বি. মাটি খোঁড়াবার ছোট খন্তাজাতীয় অস্ত্রবিশেষ। [সং. ক্ষুরপ্র]।

খুরমা (p. 231) [khuramā] বি. শুকানো খেজুর। [ফা. খুরমা]।

খুরলি, খুরলী (p. 231) [khurali, khuralī] বি. 1 ব্যায়াম; 2 শরাভ্যাস; 3 অভ্যাস ('বিম্ব-অধরে মুরলী খুরলী': গো. দা.); 4 রঙ্গ ('পথে কতই কর খুরলি': গো. দা.)। [সং. খুরলী]।

খুরা, খুরো (p. 231) [khurā, khurō] বি. খাট আলমারি ইত্যাদি আসবাবপত্রের পায়ার নীচে স্থাপিত কাঠের টুকরো। [সং. খুরক]।

খুরি (p. 231) [khuri] বি. মাটির তৈরি ছোট ভাঁড় (খুরিতে করে চা খাই)। [দ্রা. খুরি]।

খুর্মা-খুরমা (p. 231) [khurmā-khuramā] র. বানানভেদ।

খুলা (p. 231) [khulā] দ্র খোলা2।

খুলি1 (p. 231) [khuli1] বি. 1 মাথার উপরিভাগ, করোটি; 2 ছোট পাত্রবিশেষ। [দেশি]।

খুলি2 (p. 231) [khuli2] বি. যে খোল বাজায়; খোলবাদক। [বাং. খোল + ই-তু. ঢুলি]।

খুল্ল-তাত (p. 231) [khulla-tāta] বি. কাকা, খুড়ো। [সং. ক্ষুল্ল>খুল্ল + তাত (√ তন + ত)]।

খুশ, খুশখবর, খুশনবিশ, খুশনাম, খুশমেজাজ (p. 231) [khuśa, khuśakhabara, khuśanabiśa, khuśanāma, khuśamējāja] দ্র খোশ।

খুশকি, খুসকি, খুস্কি (p. 231) [khuśaki, khusaki, khuski] বি. মরামাস; মাথার চামড়া থেকে উঠে-যাওয়া শুকনো চর্মরেণু। [ফা. খুশক]।

খুশবু (p. 231) [khuśabu] বি. সুগন্ধ, ভালো গন্ধ। [আ. খুশব]।

খুশি (p. 231) [khuśi] বি. 1 আনন্দ, আহ্লাদ, আমোদ (মুখে-চোখে খুশি উপচে পড়ছে : খুশিতে ঝলমল করছে); 2 ইচ্ছা, মরজি (যেখানে খুশি সেখানে যাও); 3 সন্তোষ (তোমার সাফল্যে আমরা খুশির কথা জানাই)। □ বিণ. আনন্দিত; প্রীত, সন্তুষ্ঠ, তৃপ্ত (তুমি খুশি হয়েছ তো ?)। [ফা. খুশী]।

খুসকি, খুস্কি (p. 231) [khusaki, khuski] দ্র খুশকি।

খৃষ্ট, খৃষ্টান, খৃষ্টীয় (p. 231) [khṛṣṭa, khṛṣṭāna, khṛṣṭīẏa] খ্রিস্ট, খ্রিস্টান, খ্রিস্টীয় -র বানানভেদ।

খেই (p. 231) [khēi] বি. 1 সুতোর প্রান্ত; 2 সুতোর সংখ্যা (পাঁচ খেই); 3 সূত্র, প্রসঙ্গ (কথার খেই হারানো)। [সং. ক্ষেপ]।

খেউড়, খেঁউড় (p. 232) [khēuḍ়, khēm̐uḍ়] বি. অশ্লীল গ্রাম্য গান বা কবিতা; অশ্রাব্য গালাগালি (আবার খেউড় শুরু করলে)। [< সং. ক্ষেড়া (=ধ্বনি)]।

খেউরি (p. 232) [khēuri] বি. ক্ষৌরকর্ম; দাড়িগোঁফ কামানো (খেউরি করা, খেউরি হওয়া)। [সং. ক্ষৌর]।

খেংরা, খ্যাংরা (p. 232) [khēṃrā, khyāṃrā] বি. ঝাঁটা (খ্যাংরা মেরে বিদেয় করব ওকে)। [দেশি]।

খেঁক (p. 232) [khēn̐ka] বি. অব্য. 1 শিয়াল বা কুকুরের রাগ বা বিরক্তি-প্রকাশক শব্দ; 2 কর্কশ বাক্য। [ধ্বন্যা.]। ̃ খেঁক বি. কর্কশভাবে ক্রোধ প্রকাশ বা তেড়ে যাওয়া। ̃ খেঁকানি, ̃ খেঁকানো বি. খেঁক খেঁক করে ক্রোধ প্রকাশ বা তেড়ে যাওয়া; খেঁক খেঁক শব্দ। খেঁকানো ক্রি. বি. খেঁক খেঁক শব্‌দ করে তেড়ে যাওয়া বা খেঁক খেঁক শব্দে ক্রোধ প্রকাশ করা।

খেঁক-শিয়াল (p. 232) [khēn̐ka-śiẏāla] বি. শিয়ালবিশেষ, fox. [দেশি]। স্ত্রী. খেঁক-শিয়ালি।

খেঁকি (p. 232) [khēn̐ki] বিণ. রাগী; খেঁক খেঁক করে এমন। ̃ কুকুর, ̃ কুত্তা বি. খেঁক খেঁক করে তাড়া করতে অভ্যস্‌ত কুকুরবিশেষ। [বাং. খেঁক + ই]।

খেঁচকা (p. 232) [khēn̐cakā] বি. পিছন দিকে টান; হেঁচকা টান। [তু. হি. খিচনা]। ̃ নো ক্রি. বি. সজোরে টান দেওয়া; ক্রমাগত অনুরোধ জানিয়ে বা তাগাদা দিয়ে বিরক্ত করা।

খেঁচড়া (p. 232) [khēn̐caḍ়ā] বিণ. 1 অশিষ্ট; বজ্জাত; দুষ্ট; 2 অপরিচ্ছন্ন বা অসম্পূর্ণভাবে করা হয়েছে এমন (আধ-খেঁচড়া)। [দেশি]।

খেঁচা-খেঁচি (p. 232) [khēn̐cā-khēn̐ci] বি. ঝগড়া-বিবাদ, কলহ ও চেঁচামেচি; বকাবকি। [দেশি]।

খেঁট (p. 232) [khēn̐ṭa] দ্র খ্যাঁট।

খেঁড়ু (p. 232) [khēn̐ḍ়u] বি. খেউড়গান বা কবিতা। ['খেউড়' শব্দের উচ্চারণ-বিকৃতি-ঘটিত রূপ]।

খেঁদা, খেঁদি (p. 232) [khēn̐dā, khēn̐di] দ্র খাঁদা।

-খেকো (p. 232) [-khēkō] বিণ. 1 যে খায় (মানুষখেকো বাঘ); 2 ভক্ষিত (পোকায় খেকো ফল)। [বাং. √খা + উকা]।

খেচর (p. 232) [khēcara] বিণ. আকাশচারী(খেচর প্রাণীরা)। □ বি. পাখি। [সং. খে + √চর্ + অ]। স্ত্রী. খেচরী1, খচরী।

খেচরান্ন, খেচরী2 (p. 232) [khēcarānna, khēcarī2] বি. খিচুড়ি। [খেচর + অন্ন, ঈ]

খেচা-খেচি, খেচা-মেচি (p. 232) [khēcā-khēci, khēcā-mēci] বি. গোলমাল; অপ্রিয় বাদ-প্রতিবাদ (তোমাদের এই খেচাখেচি এবার দয়া করে থামাও)। [তু. কচকচি]।

খেজুর (p. 232) [khējura] বি. (প্রধানত) এশিয়া ও আফ্রিকায় জন্মায় এমন গাছবিশেষ ও তার ফল, খর্জূর, date palm. [সং. খর্জূর]। ̃ ছড়ি বি. 1 খেজুরের কাঁদি; 2 ধানবিশেষ; 3 খেজুর পাতার মতো নকশাযুক্ত পাড়বিশেষ। খেজুরে, খেজুরিয়া বিণ. খেজুর দিয়ে বা খেজুরের রসে প্রস্তুত (খেজুরে গুড়)।

খেটক (p. 232) [khēṭaka] বি. 1 গদা বা মুগুর; 2 ঢাল (খড়্গাখেটকধারিণী)। [সং. √খেট্ + ক]।

খেটে1 (p. 232) [khēṭē1] বি. ছোট মুগুর; ছোট মোটা লাঠি। [সং. খেট]।

খেটে2 (p. 232) [khēṭē2] অস-ক্রি. 'খাটিয়া'-র চলিত রূপ, পরিশ্রম করে (খেটে-খাওয়া মানুষ)। [বাং. √খাটা]। ̃ ল বি. যে ব্যক্তি শারীরিক পরিশ্রমের দ্বারা আহার সংগ্রহ করে; মেহনতি মানুষ; শ্রমিক, মজুর।

খেড় (p. 232) [khēḍ়] (উচ্চা. খ্যাড়) খড় -এর বিকৃত রূপ।

খেত (p. 232) [khēta] বি. চাষের জমি, ক্ষেত (খেতের ফসল)। [সং. ক্ষেত্র]।

খেতাব (p. 232) [khētāba] বি. সম্মানসূচক উপাধি; শিরোপা। [আ. খিতাব্]। ̃ ধারী (-রিন্) বিণ. খেতাবপ্রাপ্ত, যার খেতাব আছে (খেতাবধারী পণ্ডিত)।

খেতি2 (p. 232) [khēti2] বি চাষ-আবাদ। [সং. ক্ষেত্র]। ̃ মজুর, খেত-মজুর বি. যে ভূমিহীন কৃষক পরের খেতে খেটে খায়।

খেত্রি (p. 232) [khētri] বি. হিন্দুস্থানি গোষ্ঠীবিশেষ, ছেত্রী। [সং. ক্ষত্রিয়]।

খেদ (p. 232) [khēda] বি. 1 আক্ষেপ (ব্যাপারটার জন্যে এখন খেদ হচ্ছে); 2 বিলাপ; দুঃখ (জন্মালে মরতেই হবে, তার জন্যে খেদ করে লাভ নেই); 3 অনুতাপ (কৃতকর্মের জন্য খেদ)। [সং. √খিদ্ + অ]।

খেদা1 (p. 232) [khēdā1] বি. হাতি ধরার ফাঁদবিশেষ। [তু. বাং. √খেদা]।

খেদা2 (p. 232) [khēdā2] ক্রি. তাড়িয়ে দেওয়া, দূর করে দেওয়া (দল থেকে খেদিয়ে দেওয়া হল)। [বাং. √খেদা < সং. √খিদ্ + বাং. আ]।˜ নো ক্রি. বিণ. উক্ত অর্থে।˜ ড়া ক্রি. খেদানো, তাড়ানো।˜ নিয়া,˜ নে বিণ. বিতাড়নকারী, যে তাড়ায় বা খেদায়।

খেদোক্তি (p. 232) [khēdōkti] বি. 1 দুঃখপ্রকাশ; 2 কান্নাকাটি। [সং. খেদ + উক্তি]।

খেপ (p. 232) [khēpa] বি. 1 বার, দফা (খেপে খেপে; তিন খেপে পুরো টাকা শোধ করব); 2 নিক্ষেপ (এক খেপ জাল ফেলবে না কি?)। [সং. ক্ষেপ]।

খেপলা (p. 232) [khēpalā] বি. মাছ ধরার জালবিশেষ। [সং. √ক্ষিপ্ + বাং. লা]।

খেপা1 (p. 232) [khēpā1] ক্রি. নিক্ষেপ করা, ক্ষেপণ করা। □ বিণ. বি উক্ত অর্থে। [সং. √ক্ষিপ্ + বাং. আ]।

খেপা2, খ্যাপা (p. 232) [khēpā2, khyāpā] ক্রি. 1 ক্ষিপ্ত হওয়া, পাগল হওয়া; 2 ক্রুদ্ধ হওয়া; ক্রোধে মত্ত হওয়া (ষাঁড়টা হঠাত্ খেপেছে); 3 উদ্দাম হওয়া (সমুদ্র খেপেছে)। [সং. √ক্ষিপ্]। □ বিণ. 1 খেপেছে এমন (খ্যাপা লোক, খ্যাপা ষাঁড়); 2 উদ্দাম হয়েছে এমন (খ্যাপা হাওয়া); 3 ভাবোন্মত্ত (খ্যাপা বাউল)। □

বি. 1 খ্যাপা লোক; ভাবোন্মত্ত ব্যক্তি (বামা খ্যাপা) ; 2 আদরের বা স্নেহের সম্বোধনবিশেষ (দূর খ্যাপা, খেপা কোথাকার)। স্ত্রী. খেপি। ̃ নো ক্রি. পাগল করে তোলা; জ্বালাতন করা। □ বি. বিণ. উক্ত সব অর্থে। ̃ মি বি. পাগলামি (এমন খ্যাপামি করছ কেন?)।

খেমটা (p. 232) [khēmaṭā] বি. 1 সংগীতের তালবিশেষ; 2 ওই তালের লঘু নাচ। [দেশি]। ̃ ওয়ালা বি. খেমটা নাচের দলের পুরুষ গায়ক বা দোহার। ̃ ওয়ালি বি. (স্ত্রী.) পেশাদার নর্তকী; যে স্ত্রীলোক খেমটা নেচে বেড়ায়।

খেয়া (p. 232) [khēẏā] বি. 1 নদী পারাপারের নৌকা (শেষ খেয়া চলে গেছে); 2 নৌকা বা অন্য জলযানের দ্বারা নদী বা খাল পারাপার (খেয়ার ঘাটে নৌকা বাঁধা আছে)। [সং. ক্ষেপ]। খেয়া দেওয়া ক্রি. বি. নৌকায় পারাপার করানো। ̃ ঘাট বি. নদীর যে জায়গা থেকে নৌকায় চড়ে নদী পারপার করা হয়। ̃ নৌকা, ̃ তরী বি. নদী পারাপারের নৌকা। ̃ মাঝি বি. যে মাঝি নৌকায় করে নদী পারাপার করায়। খেয়ার কড়ি বি. নদী পারাপারের পয়সা, খেয়ার ভাড়া, পারানি।

খেয়াল (p. 232) [khēẏāla] বি. 1 কল্পনা; স্বপ্ন; 2 জ্ঞান, হুঁশ, চেতনা (কখন বেলা গেল খেয়ালই ছিল না) ; 3 স্মরণ (কী বলেছিলাম খেয়াল নেই); 4 প্রবৃত্তি, ঝোঁক (বদখেয়াল); 5 মরজি, খুশি, ইচ্ছা (আপন খেয়ালে চলা); 6 অসাধারণ ব্যাপার (প্রকৃতির খেয়াল, বড়মানুষি খেয়াল); 7 (প্রচলিত বিশ্বাস অনুযায়ী) আমির খসরু ও সুলতান হোসেন কর্তৃক প্রবর্তিত উচ্চাঙ্গ সংগীতবিশেষ। [আ. খয়াল্]। খেয়ালি বি. খেয়ালগায়ক, খেয়ালিয়া। □ বিণ. কল্পনাপ্রিয়, ভাবুক; অব্যবস্থিতচিত্ত (ভারি খেয়ালি লোক)। ̃ খুশি বি. যেমন ইচ্ছা তেমন করা; খামখেয়াল। খেয়ালিয়া বি. খেয়াল-গাইয়ে।

খেয়ো-খেয়ি (p. 232) [khēẏō-khēẏi] বি. পরস্পর ঝগড়াবিবাদ বা মারামারি (নিজেদের মধ্যে খেয়োখেয়ির জন্যেই দলটা ডুবল)। [বাং. খাওয়া + খাওয়া + ই]।

খেরুয়া, খেরো (p. 232) [khēruẏā, khērō] বি. লাল রঙে রঞ্জিত মোটা সুতার কাপড়বিশেষ। [তু. হি. খারুয়া]। খেরো খাতা বি. মোটা লাল কাপড়ে বাঁধাই-করা খাতা; জাবেদা খাতা; যে খাতায় নানান বিষয় লেখা থাকে।

খেল (p. 232) [khēla] দর্ খেলা।

খেলনা (p. 232) [khēlanā] দ্র খেলা।

খেলা (p. 232) [khēlā] বি. 1 ক্রীড়া (বল নিয়ে খেলা); 2 কৌতুক বা পারদর্শিতা প্রদর্শন (সাপ খেলা, ছোরা খেলা) ; 3 লীলা, অবস্থাবিশেষের আচরণ ('এই খেলা তো শেষ খেলা নয়': রবীন্দ্র) ; 4 ভোজবাজি (ভানুমতীর খেলা)। □ ক্রি. 1 খেলা করা (ছেলেরা মাঠে খেলছে); 2 স্ফুরিত বা বিকশিত হওয়া (মাথায় একটা বুদ্ধি খেলে গেল) ; 3 বুদ্ধিযুক্ত হওয়া (অঙ্কটা তার মাথায় ঠিক খেলে না)। [সং. √খেল্ + বাং. আ]। খেল বি. 1 ক্রীড়া; 2 ভোজবাজি (ভানুমতীর খেল)। খেলনা বি. ক্রীড়নক, পুতুল। □ বিণ. ক্রীড়নকরূপে ব্যবহার্য (খেলনা-পুতুল)।˜ ঘর বি. (আল.) কৃত্রিম সংসার।˜ ধুলা বি. তুচ্ছ জিনিস নিয়ে শিশুদের ক্রীড়াকৌতুক; নানাবিধ খেলা।˜ নো ক্রি. 1 খেলা করানো (ছেলেদের খেলাচ্ছে); 2 চালনা করে কৌতুক দক্ষতা রঙ্গ ইত্যাদি প্রদর্শন করা (সাপ খেলানো) ; 3 ইচ্ছামতো পরিচালিত করা (মাছটাকে খেলাচ্ছি, পুলিশ চোরকে খেলাচ্ছে)।

খেলাপ (p. 232) [khēlāpa] বি. অন্যথাচরণ, ব্যত্যয় (আমি কখনো কথার খেলাপ করি না)। [আ. খিলাফ্]।

খেলুড়ে, খেলুড়িয়া (p. 232) [khēluḍ̣ē, khēluḍ̣iẏā] বি. 1 খেলোয়াড়, যে খেলে (ও তো ভালো দাবা-খেলুড়ে); 2 খেলার সাথি। [বাং. খেলা + ড়িয়া > ড়ে]। স্ত্রী. খেলুড়ি।

খেলো (p. 232) [khēlō] বিণ. 1 নিরেস, নিকৃষ্ট (খেলো কাপড়); 2 হীন, নীচ, অপদস্থ (খেলো হয়ে গেছি); 3 আস্থা স্থাপনের অযোগ্য, বাজে (খেলো কথা)। [সং. ক্ষুদ্রক > ক্ষুল্লক > খুল্ল]।

খেলোয়াড় (p. 232) [khēlōẏāḍ̣] বি. যে খেলে, ক্রীড়ক। □ বি. বিণ. কূটকৌশলী, ধূর্ত, চক্রান্তকারী (সে খুব খেলোয়াড় লোক)। [হি. খেল্বাড় < সং. √খেল্]। খেলোয়াড়ি বিণ. 1 খেলোয়াড়সুলভ (খেলোয়াড়ি মনোভাব); 2 কৌশলী।

খেসারত (p. 232) [khēsārata] বি. ক্ষতিপূরণ (অনেক টাকা খেসারত দিতে হল)। [আ. খিসারত্]। খেসারতি বি. বিণ. ক্ষতিপূরণ; ক্ষতিপূরণসম্পর্কিত।

খেসারি (p. 232) [khēsāri] বি. ডালবিশেষ। [দেশি]।

খোঁচ (p. 232) [khōn̐ca] বি. 1 কাঁটা; 2 ছুঁচের মতো সূক্ষ্ম ও তীক্ষ্ণ মুখ; 3 সূক্ষ্ম কোণ ; 4 (আল.) ত্রুটি, ছটোখাটো ঝঞ্ঝাট (সবই হল, তবে একটা খোঁচ থেকেই গেল)। [দেশি]।

খোঁচা1 (p. 232) [khōn̐cā1] বিণ. খোঁচযুক্ত, তীক্ষ্ণাগ্র (খোঁচা খোঁচা দাড়ি)। [বাং. খোঁচ + আ]।

খোঁচা2 (p. 232) [khōn̐cā2] বি. তীক্ষ্ণ বস্তুর আঘাত (বল্লমের খোঁচা); কোনো কিছুর আগা দিয়ে ঠেলা বা আঘাত (লাঠির খোঁচা); আঁচড়, দাগ (কলমের খোঁচা)। [বাং. √খোঁচা]।˜ নো ক্রি. বি. 1 খোঁচা দেওয়া; 2 বিরক্ত বা উত্তেজিত করা।˜ খুঁচি বি. কার্যসিদ্ধির জন্য নানা দিকে খোঁচার প্রয়োগ; পরস্পর খোঁচা দেওয়া; ক্রমাগত বিরক্ত করা (ব্যাপারটা নিয়ে এত খোঁচাখুঁচি করছ কেন?)।

খোঁজ (p. 232) [khōn̐ja] বি. 1 সন্ধান, অন্বেষণ (চাকরির খোঁজ করছে); 2 খবর, তত্ত্ব (আমি কেমন আছি তার খোঁজ রাখো? ছেলেটার খোঁজ পেলে?)। [বাং. √খুঁজ্ + অ]।˜ খবর বি. তত্ত্বতলাশ, সন্ধান, পাত্তা।

খোঁজা (p. 232) [khōn̐jā] দ্র খুঁজা।

খোঁটা1 (p. 232) [khōn̐ṭā1] বি. ত্রুটি ধরা; ত্রুটি দেখিয়ে তিরস্কার বা গঞ্জনা (আমি বেঁটে বলে রাতদিন খোঁটা দেয়)। [দেশি]।

খোঁটাখুঁটি, খোঁটানো (p. 232) [khōn̐ṭākhun̐ṭi, khōn̐ṭānō] দ্র খুঁটা।

খোঁড়ল, খোঁদল (p. 232) [khōn̐ḍ়la, khōn̐dala] বি. 1 গর্ত, কোটর (সাপটা খোঁদলের মধ্যে ঢুকে গেছে); 2 দেওয়ালের গায়ে ছোট খোপ। [দেশি]।

খোঁড়া1 (p. 232) [khōn̐ḍ়ā1] বি. বিণ. পায়ের ত্রুটি বা অসুবিধার জন্য ঠিকমতো হাঁটতে পারে না এমন, খঞ্জ (খোঁড়াটা ছুটিতে পারছে না; খোঁড়া ভিখিরি)। [সং. খোঁড়]।

খোঁড়া2, খোঁড়াখুঁড়ি, খোঁড়ানো1 (p. 232) [khōn̐ḍ়ā2, khōn̐ḍ়ākhun̐ḍ়i, khōn̐ḍ়ānō1] দ্র খুঁড়া।

খোঁপা, খোপা (p. 234) [khōm̐pā, khōpā] বি. কবরী, মেয়েদের ঝুঁটবাধা চুল, মেয়েদের গুচ্ছাকারে বাঁধা চুল। [তু. ম. বাং. খোপ্পা]।

খোঁয়াড় (p. 234) [khōm̐ẏāḍ়] বি. 1 শুয়োর ভেড়া ইত্যাদির থাকার স্থান; 2 ইতস্তত ঘুরে-বেড়ানো পশুকে আটকে রাখার স্থান, pound (গোরুটাকে ধরে খোঁয়াড়ে দিয়ে দাও)। [দেশি]।

খোঁয়াড়ি, খোঁয়ারি (p. 234) [khōm̐ẏāḍ়i, khōm̐ẏāri] বি. মদের নেশা কেটে যাবার পর অবসাদ। [তু. আ. খুমার]। খোঁয়ারি ভাঙা ক্রি. বি. মদের নেশার পর যে অবসাদ আসে তা দূর করার জন্য পুনরায় অল্পমাত্রায় মদ খাওয়া।

খোকন (p. 234) [khōkana] বি. (আদরার্থে) খোকা। [খোকা দ্র]।

খোকা (p. 234) [khōkā] বি. 1 শিশুপুত্র (তার একটি খোকা হয়েছে); 2 অল্পবয়স্ক বালক (খোকাখুকুর খেলা) ; 3 (ব্যঙ্গে) অল্পবয়সীর মতো আচরণকারী বয়স্ক লোক (বুড়ো খোকা)। [আঞ্চ. কোকা < সং. কুক্ষি?]। ˜ পনা, ˜ মি বি. বয়স্ক

লোকের খোকার মতো আচরণ (এই খোকামি তোমাকে আর মানায় না)। স্ত্রী. খুকি, খুকু। ˜ ইলিশ বি. ইলিশের স্বাদগন্ধযুক্ত ছোট ইলিশবিশেষ।

খোক্কস (p. 234) [khōkkasa] বি. রূপকথায় বর্ণিত রাক্ষসের মতো কাল্পনিক প্রাণী। [দেশি]।

খো-খো (p. 234) [khō-khō] বি. মূলত ভারতীয়দের খোলা মাঠের খেলবিশেষ। [দেশি]।

খোজা (p. 234) [khōjā] বি. বিণ. ক্লীব, নপুংসক, পুরুষত্বহীন (ব্যক্তি)। [ফা. খাজা]। খোজা-প্রহরী বি. ভারতের মুসলমান নৃপতিদের হারেম বা অন্তঃপুরের নপুংসক পাহারাদার।

খোটেল (p. 234) [khōṭēla] বিণ. বি. ধূর্ত, ধড়িবাজ (আচ্ছা খোটেল লোকের পাল্লায় পড়েছি)। [দেশি]।

খোট্টা (p. 234) [khōṭṭā] বি. (অবজ্ঞায়) হিন্দুস্হানি; বিহার মধ্যপ্রদেশ ও উত্তরপ্রদেশের হিন্দিভাষী লোক (খোট্টার মতো চুল কেটেছ কেন?)। [দেশি]। স্ত্রী. ˜ নি।

খোদ (p. 234) [khōda] বিণ. 1 স্বয়ং (খোদ মালিকই এটা দিয়েছেন); 2 আসল (তোমাকে খোদ জিনিসই দেব)। ˜ কর্তা বি. আসল কর্তা বা মালিক; কর্তা স্বয়ং। [আ. খুদ্]।

খোদ-কার, খোদ-গার (p. 234) [khōda-kāra, khōda-gāra] বিণ. বি. যে খোদাইয়ের কাজ করে। খোদ-কারি বি. 1 খোদাই, নকশা, খোদাইয়ের কাজ ; 2 (আল.) অসংগত ও অনুচিত হস্তক্ষেপ (এর ওপর তুমি তার দয়া করে খোদকারি কোরো না)। খোদার উপর খোদকারি বি. যোগ্য লোকের কাজে অযোগ্য লোকের অসংগত হস্তক্ষেপ। [ফা. কোদ্গর]।

খোদা1 (p. 234) [khōdā1] বি. ঈশ্বর, আল্লাহ্। [আ. খুদা]। খোদাই-খিদমদগার বি. 1 খোদার সেবক; 2 উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে আবদুল গফ্ফুর খান-প্রবর্তিত সেবাদল। খোদার খাশি বি. (ব্যঙ্গে) অত্যন্ত হৃষ্টপুষ্ট বা নাদুসনুদুস কিন্তু নিষ্কর্মা লোক।

খোদা2, খোদাই, খোদানো (p. 234) [khōdā2, khōdāi, khōdānō] যথাক্রমে খুদা2, খুদাই ও খুদানো -র চলিত রূপ।

খোদা-বন্দ (p. 234) [khōdā-banda] বি. হুজুর; রাজা মনিব বা অনুরূপ মান্য ব্যক্তিকে সম্বোধনে শব্দবিশেষ (বন্দেগি খোদাবন্দ; খোদাবন্দ যা বলবেন তাই করব)। [ফা. খুদাবন্দ্]।

খোনা (p. 234) [khōnā] বিণ. নাকি সুরে কথা বলে এমন (খোনা গলার গান); নাকি, অনুনাসিক। [আ. খামনা-তু. সং. ঘোণা]।

খোন্তা, খোন্দল, খোন্দকার (p. 234) [khōntā, khōndala, khōndakāra] যথাক্রমে খন্তা, খোঁড়ল ও খন্দকার -এর রূপভেদ।

খোপ, খোপর (p. 234) [khōpa, khōpara] বি. 1 খুপরি, কোটর (ঘরের দেওয়ালে খোপ কাটা আছে); 2 খোপের আকারবিশিষ্ট নকশা (মাটিতে খোপ কাটছে); 3 ছোট বাসা (পায়বার খোপ)। [দেশি]।

খোপা, খোবানি (p. 234) [khōpā, khōbāni] যথাক্রমে খোঁপা ও খুবানি -র রূপভেদ।

খোয়া1 (p. 234) [khōẏā1] বি. 1 জমাট-বাঁধানো শুকনো ক্ষীর (সচ. খোয়াক্ষীর); 2 ইটের টুকরো (খোয়া ভাঙে)। [হি. খোয়া < সং. ক্ষয়]।

খোয়া2 (p. 234) [khōẏā2] ক্রি. হারানো; নষ্ট করে ফেলা (কলমটাকে কীভাবে খোয়ালে? সম্মান খোয়ানো)। □ বিণ. হারিয়ে গেছে এমন; নষ্ট; অপহৃত (কলমটা খোয়া গেছে)। [সং. ক্ষয়িত]। খোয়া যাওয়া ক্রি. বি. হারিয়ে যাওয়া; চুরি যাওয়া। ̃নো ক্রি. হারানো, নষ্ট করে ফেলা (সর্বস্ব খোয়ানো, মানসম্মান খুইয়েছে)। □ বি. বিণ. উক্ত অর্থে।

খোয়ার (p. 234) [khōẏāra] বি. স্বপ্ন (তুমি কি খোয়াব দেখছ নাকি?)। [ফা. খ্বাব্]।

খোয়ার (p. 234) [khōẏāra] বি. 1 দুর্গতি, দুর্দশা (চরম খোয়ারে পড়েছি); 2 ক্ষতি ; 3 অপমান; 4 নিন্দা, কুৎসা। [ফা. খার্]।

-খোর (p. 234) [-khōra] বিণ. 1 (নিন্দার্থে) যে খায় বা ভোগ করে (সুদখোর, ঘুষখোর); 2 আসক্ত (নেশাখোর)। [ফা. খোর্]।

খোর-পোশ (p. 234) [khōra-pōśa] বি. 1 অন্নবস্ত্র; গ্রাসাচ্ছাদন; 2 ভরণপোষণের খরচ (খোরপোশ জোগাবে কে?)। [ফা. খোর + পোশাক (খাওয়া + পরা)]।

খোর-শোলা, খোর-সোলা, খোর-শুলা (p. 234) [khōra-śōlā, khōra-sōlā, khōra-śulā] বি. ছোট মাছবিশেষ। [দেশি]।

খোরা, খোরাই (p. 234) [khōrā, khōrāi] বি. (সাধারণত) মাটির বা পাথরের কিনারা-উঁচু পাত্রবিশেষ; মাটির বা পাথরের বাটি। [দেশি]।

খোরাক (p. 234) [khōrāka] বি. 1 খাদ্যদ্রব্য (গোরুর খোরাকের জন্য খরচ কি কম?); 2 খাওয়ার পরিমাণ (তার খোরাক কম)। [ফা. খুরাক্]। খোরাকি বি. খাইকরচ (খোরাকি লাগে না)।

খোরাসানি (p. 234) [khōrāsāni] বিণ. খোরাসানদেশীয় (খোরাসানি পোশাক)। □ বি. খোরাসানের লোক; খোরাসানের সৈনিক (দলে দলে খোরাসানি আসছে)। [খুরাসান, খোরাসান + বাং. ই]।

খোর্মা, খোল1 (p. 234) [khōrmā, khōla1] যথাক্রমে খুর্মা ও খইল -এর কথ্য রূপ।

খোল2 (p. 234) [khōla2] বি. 1 আবরণ (শামুকের খোল); 2 ওয়াড় (বালিশের খোল) ; 3 চর্মাবৃত বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ; 4 গর্ত, গহ্বর, কোটর

(নৌকার খোল) ; 5 বস্ত্রাদির জমি (এই শাড়ির খোলটা খুব মিহি); 6 গাছের ছালবিশেষ (সুপুরির খোল) ; 7 আধার. তুম্ব (হুঁকার খোল); 8 কানের ময়লা, কর্ণমল (কানের খোল)। [সং. খলি]।

খোলক (p. 234) [khōlaka] বি. সর্বাঙ্গ আবৃত করে এমন বস্ত্রবিশেষ; খোলা, আবরণ, shell. [সং. খোল + ক (স্বার্থে)]।

খোলতা (p. 235) [khōlatā] বিণ. উজ্জ্বল; শোভমান, সুবিকশিত (চেহেরাটা বেশ খোলতা হয়েছে)। [দেশি-তু. হি. খোলতা]।˜ ই বি. ঔজ্জ্বল্য; শোভা।

খোলস (p. 235) [khōlasa] বি. বাইরের আবরণ (খোলস ছেড়ে বেরিয়ে এল); খোল, নির্মোক (সাপের খোলস)। [সং. খোলক]।

খোলসা (p. 235) [khōlasā] বিণ. 1 পরিষ্কৃত, মুক্ত (আকাশ খোলসা হয়েছে); 2 খোলা, অকপট (খোলসা করে বলো); 3 খালি, উজাড় (মনের কথা খোলসা করো)। [আ. খুলাসা]।

খোলা1 (p. 235) [khōlā1] বি. 1 খোসা, আবরণ (কলার খোলা); 2 ভাজবার পাত্রবিশেষ ('খোলা পেতে ভাজে খই মুড়ি': রবীন্দ্র); 3 খাপরা (খোলার চাল); 4 খেত, খামার (ধানের খোলা); 5 স্থান (হাটখোলা, ইটখোলা)। [খোলক]।

খোলা1, খুলা (p. 235) [khōlā1, khulā] ক্রি. 1 উন্মুক্ত করা (দরজা খোলো); 2 বন্ধনমুক্ত করা (জাহাজ খোলা) ; 3 শিথিল করা (খোঁপা খোলা); 4 খসানো, অবিন্যস্ত করা (চুল খোলা); 5 পরিত্যাগ করা, ছাড়া (জামা খোলা); 6 প্রতিষ্ঠা

করা, স্থাপন করা (একটা স্কুল খুলেছি); 7 আরম্ভ হওয়া (আজ স্কুল খুলবে); 8 বিকশিত হওয়া, শোভা পাওয়া (তোমার গায়ে জামাটা বেশ খুলেছে) ; 9 আড়ষ্টতা ত্যাগ করা (হাত খুলে খেলো); 1 অকপট হওয়া (মন খুলে কথা বলা); 11 স্খলিত হওয়া (ইট খুলে খুলে পড়ছে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. উক্ত সব অর্থে, এবং বিশেষত উন্মুক্ত; বন্ধনহীন; অকপট (খোলা মন); [বাং. √খুল্ < সং. স্খল্ + বাং. আ]। ˜ ;খুলি বিণ. অকপট, স্পষ্ট (খোলাখুলি কথা)। □ ক্রি-বিণ. অকপটে, স্পষ্টভাবে (একটা কথা তোমাকে খোলাখুলি বলব)। □ বি. অকপটতা, স্পষ্টতা; বারবার খোলা ও বাঁধা (পঞ্চাশবার এই খোলাখুলি কার ভালো লাগে?)। ˜ নো ক্রি. বি. অন্যকে দিয়ে খুলিয়ে নেওয়া।

খোলা-বাজার (p. 235) [khōlā-bājāra] বি. সর্বসাধারণের জন্য উন্মুক্ত (এবং সরকারি বা অন্যবিধ নিয়ন্ত্রণমুক্ত) বৈধ বাজার (খোলাবাজারে এখন অঢেল চাল পাওয়া যাচ্ছে)। [বাং. খোলা (=নিয়ন্ত্রণমুক্ত) + বাজার]।

খোলাম-কুচি (p. 235) [khōlāma-kuci] বি. 1 হাঁড়ি-কলসি প্রভৃতির ছোট ভাঙা টুকরো; 2 (আল.) অকিঞ্চিৎকর জিনিস। [< বাং. খোলা1 + কুচি]।

খোশ (p. 235) [khōśa] বিণ. আনন্দজনক, প্রীতিকর (খোশখবর)। [ফা. খুশ্]। ˜ কবালা বি. পাকাপাকিভাবে স্বত্ব হস্তান্তরের দলিল। ˜ খবর বি. সুসংবাদ। ˜ খেয়াল বি. খামখেয়াল, মরজি। ˜ খোরাক বি. শৌখিন আহার। ˜ খোরাকি বিণ. শৌখিন আহারে অভ্যস্ত; ভোজনবিলাসী। ˜ গল্প বি. আমোদজনক হালকা গল্পগুজব বা আলাপ (সারাটা দিন খোশগল্প করেই কেটে গেল)। ˜ নবিশ বি. অতি সুন্দর হস্তাক্ষরবিশিষ্ট ব্যক্তি; সুলেখক। ˜ নাম বি. সুনাম, সুখ্যাতি। ˜ পোশাক বি. শৌখিন

পোশাক। ˜ পোশাকি বিণ. পোশাকবিলাসী। ˜ বু, খুশবু, ˜ বাই, ˜ বয় বি. সুগন্ধ ˜ মেজাজ বি. প্রফুল্লতা; প্রফুল্ল মন।

খোশামদ (p. 235) [khōśāmada] বি. স্তাবকতা, তোষামোদ, চাটুবাক্য (খোশামোদে ভোলে না এমন লোক কমই আছে)। [ফা. খুশ্‌আমদ্]। খোশামুদি, খোশামোদি বি. স্তুতি; চাটুবাক্য। খোশামুদে বিণ. খোশামোদ করে এমন, চাটুকার।

খোশাল (p. 235) [khōśāla] বিণ. সন্তুষ্ট, খুশি। [ফা. খুশ্‌হাল]।

খোস (p. 235) [khōsa] বি. পাঁচড়া, চর্মরোগবিশেষ। [সং. খস; অথবা সং. কচ্ছ (=itching)]।

খোসা (p. 235) [khōsā] বি. ফলাদির ত্বক (তরকারির খোসা, আমের খোসা); ছাল। [সং. কোষ]।

খ্যাঁট (p. 235) [khyānṭa] বি. (কৌতু.) ভোজ, ভোজন; জবর খাওয়া (বিয়েবাড়িতে খ্যাঁট কেমন হল?)। [সং. খেট]। ˜ ন বি. ভোজ, খ্যাঁট।

খ্যাঁত্-খ্যাঁত্ (p. 235) [khyānt-khyānt] বি. অব্য. অসুস্থ বা রুগ্‌ণ শিশুর বিরক্তিকর মৃদু কান্না বা ঘ্যানরঘ্যানর (ছেলেটা সারাদিন এত খ্যাঁত্ খ্যাঁত্ করছে যে ওকে রেখে কাজ করতেই পারছি না)। [দেশি]।

খ্যাত (p. 235) [khyāta] বিণ. 1 বিখ্যাত, প্রসিদ্ধ (খ্যাতনামা); 2 উক্ত, কথিত, অভিহিত, পরিচিত (সে এই নামেই খ্যাত)। [সং. খ্যা + ত]। ˜ নামা (-মন্) বিণ. বিখ্যাত, প্রসিদ্ধ। খ্যাতি বি. 1 প্রসিদ্ধি, যশ; 2 আখ্যা; 3 প্রচার।

খ্যান-খ্যান (p. 235) [khyāna-khyāna] বি. অব্য. খ্যাঁত্ খ্যাঁত্ এর অনুরূপ। খ্যান-খেনে বিণ. খ্যাঁত্ খ্যাঁত্ বা খ্যানখ্যান করে এমন (খ্যানখেনে ছেলে). [দেশি]।

খ্যাপক (p. 235) [khyāpaka] বিণ. ঘোষণাকারী, প্রচারক। [সং. √খ্যা + ণিচ্ + অক]। খ্যাপন বি. প্রচার, ঘোষণা; কীর্তন (নামখ্যাপন)।

খ্যাপা, খ্যাপামি (p. 235) [khyāpā, khyāpāmi] যথাক্রমে খেপা ও খেপামি -র বানানভেদ।

খ্রিষ্ট, খ্রিষ্টান, খ্রিষ্টীয় (p. 235) [khriṣṭa, khriṣṭāna, khriṣṭīẏa] যথাক্রমে খ্রিস্ট, খ্রিস্টান ও খ্রিস্টীয় -র বানানভেদ।

খ্রিস্ট (p. 235) [khrisṭa] বি. খ্রিস্টান ধর্মের প্রবর্তক জিশু, Jesus. [ইং. Christ]। ˜ ধর্ম বি. জিশুর প্রবর্তিত ধর্ম। ˜ পূর্ব বিণ. জিশুর জন্মের পূর্ববর্তী (ইং. Before Christ (B.C.) এর বঙ্গানুবাদ)। খ্রিস্টান বি. বিণ. খ্রিস্টধর্মাবলম্বী। [ইং. Christian]। খ্রিস্টানি বি. 1 সাহেবিয়ানা। ☐ বিণ. খ্রিস্টান-সম্প্রদায়সম্বন্ধীয়; খ্রিস্টধর্মসম্বন্ধীয়; খ্রিস্টানদের (খ্রিস্টানি রীতি)। খ্রিস্টাব্দ বি. জিশুখ্রিস্টের জন্ম থেকে পরিগণিত অব্দ। খ্রিস্টীয় বিণ. 1 খ্রিস্টসম্বন্ধীয়; 2 খ্রিস্টের জন্ম থেকে পরিগণিত (খ্রিস্টীয় চতুর্থ শতক)।

গ (p. 236) [g] বাংলা ভাষার তৃতীয় ব্যঞ্জনবর্ণ এবং অল্পপ্রাণ ঘোষবত্ কণ্ঠ্যধ্বনি গ্-এর লিখিত রূপ।

গ (p. 236) [g] বিণ. 1 গামী, গমনকারী (খগ, পতঙ্গ); 2 অভিমুখীন (নিম্নগ)। [সং. √গম্ + অ]। স্ত্রী. -গা (মধ্যগা)]।

গং (p. 236) [ga] (লেখায়) গয়রহ-র সংক্ষিপ্ত রূপ।

গঁদ (p. 236) [gan̐da] বি. বাবলা জিওল প্রভৃতি গাছের রস বা রস থেকে তৈরি আঠা (গঁদের আঠা)। [হি. গোঁদ্]।

গগন (p. 236) [gagana] বি. আকাশ, নভোমণ্ডল, অম্বর ('গগনে গরজে মেঘ ঘন বরষা': রবীন্দ্র)। [সং. √গম্ + অন, ম্ স্থানে গ্ আদেশ]। ̃ চারী (-রিন্) বিণ. আকাশে বিচরণ করে এমন, খেচর। ̃ চুম্বী (-ম্বিন্) বিণ. আকাশস্পর্শী; অত্যন্ত উঁচু। ̃ তল বি. আকাশপট, আকাশের পৃষ্ঠ। ̃ পট বি. আকাশের পৃষ্ঠ, আকাশরূপ পট। ̃ পথ বি. আকাশপথ, আকাশমার্গ। ̃ প্রান্ত বি. আকাশের একধার, দিগন্ত। ̃ বিহারী (রিন্) বিণ. আকাশচারী, খেচর (গগনবিহারী পাখি, গগনবিহারী মেঘ)। ̃ মণ্ডল বি. নভোমণ্ডল, আকাশের পরিধি (সেই শব্দ সমগ্র গগনমণ্ডলে পরিব্যাপ্ত হল)। ̃ স্পর্শী (-র্শিন্) বিণ. আকাশছোঁয়া; অত্যন্ত উঁচু (গগনস্পর্শী আশা)। গগনাঙ্গন বি. আকাশরূপ আঙিনা; আকাশমণ্ডল। গগনাম্বু বি. বৃষ্টির জল।

গঙ্গ (p. 236) [gaṅga] বি. (ব্রজ.) গঙ্গা। [গঙ্গা দ্র]।

গঙ্গা (p. 236) [gaṅgā] বি. 1 গঙ্গা নদী, ভাগীরথী; 2 শিবপত্নী; গঙ্গাদেবী। [সং. √গম্ + গ + আ]। ˜ জ বিণ. গঙ্গাজাত। □ বি. 1 ভীষ্ম; 2 কার্তিকেয়। ˜ জল বি. 1 গঙ্গানদীর জল; 2 সখী বা সই পাতানোর সম্পর্ক। ˜ জলি বি. 1 অন্তর্জলি; মুমূর্ষু ব্যক্তির মুখে গঙ্গাজল দেওয়া; 2 গঙ্গাজল স্পর্শ করে শপথ; 3 গঙ্গাজলের মতো গেরুয়া রংবিশিষ্ট। ˜ ধর বি. শিব। ˜ পুত্র বি. 1 ভীষ্ম; 2 শবদাহ করে এমন সম্প্রদায়বিশেষ, মুর্দাফরাস। ˜ প্রাপ্তি বি. গঙ্গাতীরে মৃত্যু; মৃত্যু। ˜ ফড়িং বি. সবুজ রঙের পতঙ্গবিশেষ। ˜ বাসী (-সিন্) বিণ. বি. গঙ্গানদীর তীরে বসবাসকারী। ˜ যমুনা বি. গঙ্গা ও যমুনা নদী। □ বিণ. 1 সাদা ও কালো রঙের; 2 দুই ভিন্ন রং পাশাপাশি আছে এমন (গঙ্গাযমুনা শাড়ি); 3 সোনা ও রুপা মিশ্রিত। ˜ যাত্রা বি. গঙ্গাজল স্পর্শ করে মরার জন্য মুমূর্ষু ব্যক্তির গঙ্গাতীরে যাওয়া। ˜ যাত্রী (-ত্রিন্) বি. 1 মুমূর্ষু ব্যক্তি; 2 যোগ মেলা ইত্যাদি উপলক্ষ্যে গঙ্গাস্নানে গমনকারী। ˜ লাভ বি. গঙ্গাতীরে মৃত্যু। ˜ সংগম, ˜ সাগর বি. গঙ্গার সঙ্গে সাগরের মিলনস্থান। গঙ্গোত্তরী, গঙ্গোত্রী বি. হিমালয়ের প্রান্তবর্তী গাড়োয়ালপ্রদেশস্থ গঙ্গানদীর অবতরণস্থান; হিমালয়ের প্রান্তবর্তী হিন্দু তীর্থস্থানবিশেষ। গঙ্গোদক বি. গঙ্গাজল।

গঙ্গোপাধ্যায়, গাঙ্গুলি (p. 236) [gaṅgōpādhyāẏa, gāṅguli] বি. বাঙালি ব্রাহ্মণদের পদবিবিশেষ।

গচ্চা, গচ্ছা (p. 236) [gaccā, gacchā] বি. ক্ষতিপূরণ; অনর্থক দণ্ড; অসাবধানতার জন্য লোকসান (একগাদা টাকা গচ্চা গেল; গচ্চা দিতে হল)। [দেশি]।

গচ্ছিত (p. 236) [gacchita] বিণ. রক্ষিত, ন্যস্ত; জমা রাখা হয়েছে এমন (ওর জিনিসগুলো আমার কাছে গচ্ছিত রেখে গেছে, অপরের গচ্ছিত ধন)। [দেশি]।

গচ্ছা (p. 236) [gacchā] ক্রি. গ্রহণ করানো, ঘাড়ে চাপানো, ছলে বলে গ্রহণ করতে স্বীকার করানো (দোকানদারটা গছিয়ে দিল, যত বাজে জিনিস তোমাকে গছিয়ে দেয়)। [দেশি]।˜ নো ক্রি. গছা -র অনুরূপ। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

গজ1 (p. 236) [gaja1] বি. দুই হাত বা 36 ইঞ্চি পরিমাণ মাপবিশেষ। □ বিণ. ওই মাপের (দুই গজ কাপড়)। [তু. সং. 'সাধারণ নরাঙ্গুল্যা ত্রিংশদঙ্গুলকো গজঃ']।˜ কাঠি বি. এক গজ মাপের কাঠি। গজি বিণ. এক গজ পরিমাণবিশিষ্ট (পাঁচগজি কাপড়)।

গজ2 (p. 236) [gaja2] বি. 1 হাতি; 2 দাবা খেলার বল বা ঘুঁটিবিশেষ; 3 শিবের হাতে নিহত অসুরবিশেষ। [সং. √গজ্ + অ]।˜ কচ্ছপ বি. 1 পুরাণোক্ত দুই সহোদর মুনিকুমার যারা শাপগ্রস্ত হয়ে হাতি ও কচ্ছপের দেহ ধারণ করে পরস্পরের সঙ্গে দীর্ঘকাল লড়াই করতে করতে অবশেষে গরুড়ের হাতে নিহত হয় ; 2 (আল.) দুই বলশালী, স্থূলকায় ও প্রবল প্রতিপক্ষ; 3 (ব্যঙ্গে) অতিকায় ব্যক্তি। গজ-কচ্ছপের লড়াই বি. প্রবল যুদ্ধ; দুই বলশালী প্রতিপক্ষের প্রবল ও দীর্ঘস্থায়ী যুদ্ধ।˜ কুম্ভ বি. হাতির মাথায় কুম্ভের মতো মাংসপিণ্ড।˜ গতি বিণ. হাতির মতো ধীর ও গম্ভীর গতিবিশিষ্ট। □ বি. 1 হাতির গমনভঙ্গি ; 2 সংস্কৃত ছন্দোবিশেষ।˜ গামী (-মিন্) বিণ. 1 গজে চড়ে যায় এমন; 2 হাতির মতো ধীর ও গম্ভীর গমনভঙ্গি যার। স্ত্রী.˜ গামিনী।˜ ঘণ্টা বি. দূর থেকে লোকজনকে সাবধান করে দেবার জন্য হাতির গলায় যে বৃহদাকার ঘণ্টা বেঁধে দেওয়া হয়।˜ চক্ষু বি.

ঈষত্ বাঁকা এবং দেহের তুলনায় ছোট চোখ।˜ দন্ত বি. 1 হাতির দাঁত, ivory; 2 মানুষের একটি দাঁতের উপরে যে দাঁত ওঠে, উঁচু দাঁত; 3 গণেশ।˜ পতি বি. 1 শ্রেষ্ঠ হাতি; 2 হাতিদের প্রধান; 3 ওড়িশার প্রাচীন নৃপতিদের উপাধিবিশেষ।˜ বীথি বি. হাতিদের সুবিন্যস্ত ও সুশৃঙ্খল শ্রেণি।˜ ভুক্ত-কপিত্থ-বত্ অব্য. ক্রি-বিণ. ভিতরে সারবস্তু কিছুই অবশিষ্ট নেই এইভাবে; অন্তঃসারহীনভাবে; গজ নামের ক্ষুদ্র কীটে খাওয়া কয়েতবেল যেমন বাইরে অটুট কিন্তু ভিতরে অন্তঃসারশূন্য, সেইরকম।˜ মোতি,˜ মুক্তা বি. হাতির মাথায় যে মুক্তা জন্মে বলে প্রবাদ আছে। গজাজিন বি. গজাসুরের চামড়া, শিবের পরিধেয়। গজানন বি. যার মুখ হাতির মতো, গণেশ। গজানীক বি. গজারোহী সৈন্যদল। গজারি বি. 1 হাতির শত্রু সিংহ; 2 গজাসুরের হন্তা শিব ; 3 গাছবিশেষ। গজারূঢ় বিণ. হাতির পীঠে চড়ে আছে এমন। গজারোহী বি. বিণ. হাতির পিঠে আরোহণ করে আছে যে (গজারোহী রাজা)।

গজ-গজ, গজ্-গজ্, গজর-গজর (p. 236) [gaja-gaja, gaj-gaj, gajara-gajara] অব্য. বি. 1 বিরক্তিসূচক অস্পষ্ট উক্তি ; 2 অসন্তোষ প্রকাশ (রেগে গজগজ করছে); 3 বাইরে বেরিয়ে আসার জন্য চঞ্চলতা প্রকাশ (পেটে কথা গজগজ করছে); 4 স্থানাভাবে ঠেলাঠেলির ভাব (এখনও পেটে খাবারগুলো গজগজ করছে)। [দেশি, ধ্বন্যা.]।

গজ-গিরি, গজ-গির (p. 236) [gaja-giri, gaja-gira] বি. 1 কুয়োর চার দিকের শান-বাঁধানো চাতাল; 2 পঙ্খের কাজ বা ঘরের মেঝেতে চুনের প্রলেপ বা কারুকার্য। [হি. গচগীরী-তু. মরাঠি গচগিরী]।

গজরগজর (p. 236) [gajaragajara] দ্র গজগজ।

গজরা (p. 236) [gajarā] ক্রি. চাপা গর্জন করা; বৃথা আক্রোশে গজগজ করা (খাঁচায় বাঘটা গজরাচ্ছে). [< সং. √গর্জ্ (বাং. গজ্র ধ্বনিবিপর্যয়ে) + আ]।˜ নো ক্রি. গজরা। □ বি. গর্জন। গজরানি বি. চাপা গর্জন।

গজল (p. 236) [gajala] বি. (পারস্যদেশীয়) সংগীতের সুরবিশেষ; প্রেমসংগীতবিশেষ। [ফা. গজ.ল]।

গজা1 (p. 236) [gajā1] বি. ময়দার মিঠাইবিশেষ। [দেশি]।

গজা2 (p. 236) [gajā2] ক্রি. 1 অঙ্কুরিত হওয়া, জন্মানো (দাড়ি গজানো, বহু দোকান গজিয়ে উঠেছে) ; 2 বৃদ্ধি পাওয়া। [বাং. √গজা]।˜ নো ক্রি. গজা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

গজাল (p. 236) [gajāla] বি. 1 বড় পেরেক; 2 শোলজাতীয় মাছবিশেষ। [ফা. গজ + বাং. আল]।

গজেন্দ্র (p. 236) [gajēndra] বি. 1 সেরা হাতি; 2 হাতিদের প্রধান, হাতিদের দলপতি ; 3 ঐরাবত। [সং. গজ + ইন্দ্র]।˜ গমন বি. বড় হাতির মতো ধীর ও গুরুগম্ভীর গতি।˜ গামিনী বিণ. (স্ত্রী.) গজেন্দ্রগমনবিশিষ্টা, ধীরগামিনী।

গঞ্জ (p. 236) [gañja] বি. 1 গোলা, হাট, বড় বাজার; 2 শস্য ও অন্য পণ্য ক্রিয়-বিক্রয়ের স্থান। [ফা. গঞ্জ্]।

গঞ্জন (p. 236) [gañjana] বি. তিরস্কার করা, লাঞ্ছিত করা। □ বিণ. অবজ্ঞা বা তিরস্কার করে এমন (অলিকুলগঞ্জন, খঞ্জন-গঞ্জন-আঁখি)। [সং. √গঞ্জ্ + অন]। গঞ্জনা বি. তিরস্কার, লাঞ্ছনা (শ্বশুরবাড়িতে তাকে অনেক গঞ্জনা সইতে হয়)। গঞ্জা ক্রি. তিরস্কার করা ('বৃথা গঞ্জ তুমি দশাননে': মধু)।

গঞ্জিকা (p. 236) [gañjikā] বি. গাঁজা, সিদ্ধি গাছের জটা। ['গাঁজা' শব্দকে সংস্কৃতরূপ দানের জন্য গঠিত]।˜ সেবী (-বিন্) বিণ. বি. গাঁজাখোর।

গঞ্জিত (p. 236) [gañjita] বিণ. তিরস্কৃত; লাঞ্ছিত। [সং. √গঞ্জ্ + ণিচ্ + ত]।

গট-গট, গট-মট (p. 236) [gaṭa-gaṭa, gaṭa-maṭa] বি. অব্য. দম্ভভারে দৃঢ় পদক্ষেপে চলার শব্দ (আমার সামনে দিয়ে গটমট করে হেঁটে গেল)। [দেশি]।

গঠন (p. 236) [gaṭhana] বি. 1 নির্মাণ (গঠনমূলক সমালোচনা); 2 রচনা, গ'ড়ে তোলা (মূর্তিগঠন, দলগঠন); 3 বিন্যাস, গড়ন; চেহারা (দেহের গঠন)। [< সং. ঘটন]। গঠা ক্রি. গঠন করা। গঠিত বিণ. রচিত; বিন্যাস্ত (দল গঠিত হল, চরিত্র গঠিত হয়েছে)।

গড্ডল, গড্ডর (p. 236) [gaḍḍala, gaḍḍara] বি. ভেড়া; গাড়ল। [অর্বাচীন সং.]। গড্ডলিকা, গড্ডরিকা বি. (স্ত্রী.) 1 ভেড়ার পালের মধ্যে সবার আগে আগে চলে যে ভেড়ি; 2 এক মেষের অনুবর্তী মেষের দল। গড্ডলিকা প্রবাহ বি. পালের ভেড়ারা যেমন অন্ধের মতো অগ্রবর্তী ভেড়া বা ভেড়ির অনুসরণ করে, তেমনি ভালো-মন্দ বিচার না করে অন্যান্য সকলের সঙ্গে অগ্রবর্তীর অনুসরণ।

গড়1 (p. 236) [gaḍ়1] বি. 1 দুর্গ, কেল্লা (গড়ের মধ্যে বন্দি সৈন্য); 2 খাত, পরিখা (গড় পার হয়ে কেল্লায় ঢুকেছে) ; 3 ধান ভানার সময় মুষলের আঘাত যে গহ্বরের মধ্যে পড়ে। [সং. গর্ত > গড্ড]।˜ খাই বি. দুর্গের চারপাশের খাত বা পরিখা। [গড় + খাত > খাই]। গড়ের বাদ্যি বি. 1 কেল্লার সৈন্যদলের বাজনা ; 2 বিলাতি ব্যাণ্ডপার্টির বাজনা; গোরার বাজনা। গড়ের মাঠ বি. 1 নগরদুর্গ ও নগরভবনগুলির মধ্যবর্তী মাঠ বা সমতল জমি esplanade; 2 (আল.) খালি, শূন্য (পকেট গড়ের মাঠ)।

গড়2 (p. 236) [gaḍ়2] বি. প্রণাম, দণ্ডবত্ হওয়া, প্রণিপাত। [দেশি]। গড় করা ক্রি. বি. প্রণাম করা (দাদুকে গড় করো)। গড় হওয়া ক্রি. বি. প্রণত হওয়া (গড় হয়ে বললাম)।

গড়3 (p. 236) [gaḍ়3] বি. মোটামুটি হিসাব, মাঝামাঝি গণনা, average (গড় কষা, গড়ে পাঁচ টাকা)। [সং. গণ]।˜ পড়তা ক্রি-বিণ. গড়ে, স্থূল গণনায়, মোটামুটি হিসাবে (গড়পড়তা পাঁচ টাকা)।

গড়-গড় (p. 236) [gaḍ়-gaḍ়] বি. অব্য. মেঘগর্জন, গড়িয়ে যাওয়া, গাড়ি চলা ইত্যাদির শব্দ। গড়গড় করে ক্রি-বিণ. অতি সহজে, অবাধে, অবলীলাক্রমে (গড়গড় করে মুখস্থ বলা)।

গড়-গড়া (p. 236) [gaḍ়-gaḍ়ā] বি. তামাক খাওয়ার বড় হুঁকাবিশেষ; আলবোলাবিশেষ। [দেশি]।

গড়ন (p. 236) [gaḍ়na] বি. 1 নির্মাণ, গঠন, প্রস্তুতকরণ; 2 সৌষ্ঠব, সৌন্দর্য, সুগঠন (চোখের গড়ন)। [বাং. গঠন]।˜ পিটন,˜ পেটন বি. গঠন ও সৌষ্ঠব।˜ দার বি. নির্মাতা; ধাতু ইত্যাদি পিটিয়ে যে জিনিসপত্র গড়ে। [বাং. গড়ন + ফা. দার]।

গড়া1 (p. 236) [gaḍ়ā1] বি. মোটা থানধুতিবিশেষ। [দেশি]।

গড়া2 (p. 236) [gaḍ়ā2] ক্রি. 1 নির্মাণ বা তৈরি করা (পুতুল গড়া); 2 সৃষ্টি করা (ঈশ্বর মানুষকে গড়েছেন) ; 3 সৃষ্ট হওয়া (সম্পর্ক গড়ে উঠেছে) ; 4 শিক্ষিত করা, পালন করা (জননীই সন্তানকে গড়েন); 5 উদ্বুদ্ধ করা, উন্নত করা (জাতি বা দেশকে গড়া); 6 সংগঠন করা (দল গড়া); 7 স্থাপন করা (স্কুল গড়া)। □ বি. উক্ত সমস্ত অর্থে। □ বিণ. 1 নির্মিত, সৃষ্ট, গঠিত (লোহা দিয়ে গড়া শরীর, হাতে-গড়া রুটি, আমারই গড়া স্কুল) ; 2 সাজানো, মিথ্যা (মনগড়া গল্প; গড়া সাক্ষী; গড়া মামলা)। [সং. √ঘট্ > বাং. √গঠ্ > √গড়্ + আ]।˜ নো ক্রি. অপরের দ্বারা গড়া। □ বিণ. বি. উক্ত অর্থে।

গড়া3 (p. 236) [gaḍ়ā3] ক্রি. 1 গড়াগড়ি দিতে দিতে যাওয়া বা নামা (পাহাড় থেকে গড়িয়ে নামছে, উপর থেকে গড়িয়ে আসছে) ; 2 ঢালা বা পড়া (কলসি থেকে জল গড়াচ্ছে); 3 শোয়া (একটু গড়িয়ে নাও) ; 4 ভূলুণ্ঠিত হওয়া (মাটিতে গড়াচ্ছে) ; 5 অতিরিক্ত ভাবাবেগ দেখানো (আহ্লাদে গড়াচ্ছে); 6 প্রবাহিত হওয়া (তেল গড়াচ্ছে); 7 অগ্রসর হওয়া (ব্যাপারটা কতদূর গড়াল? বেলা গড়িয়ে গেল)। [বাং. √গড়া]।˜ নো ক্রি. গড়া। □ বিণ. বি. উক্ত সব অর্থে।˜ নে বিণ. গড়ায় এমন; ঢালু। গড়ায়-গড়ায় ক্রি-বিণ. পাশাপাশি।

গড়া-গড়ি (p. 236) [gaḍ়ā-gaḍ়i] বি. 1 ভূলুণ্ঠন, লুটোপুটি (ধুলোয় গড়াগড়ি); 2 এলোমেলো, অনাদৃত বা ছড়ানো অবস্থায় থাকা (তার টাকা গড়াগড়ি যাচ্ছে; জিনিসপত্র সব গড়াগড়ি যাচ্ছে)। [বাং. গড়া3 + গড়ি (সহচর শব্দ)]।

গড়ি-মসি (p. 236) [gaḍ়i-masi] বি. দীর্ঘসূত্রতা; আলসেমি, (গড়িমসি করে সারাটা দিন কাটিয়ে দিলে)। [দেশি]।

গড়ু (p. 236) [gaḍ়u] বি. দেহের কোনো অংশের মাংসস্ফীতি-যেমন কুঁজ, গলগণ্ড ইত্যাদি (গলার গড়ু, পিঠের গড়ু)। □ বিণ. কুব্জ। [সং. √গড্ + উ]।

গণ (p. 236) [gaṇa] বি. 1 সমূহ, সমষ্টি, বহুবচনসূচক শব্দবিশেষ (দেবগণ, মুনিগণ, জনগণ); 2 সম্প্রদায়, শ্রেণি; 3 (বিভিন্ন বিভাগ বা উপজাতিসমন্বিত) সমশ্রেণিভুক্ত বস্তু বা প্রাণিবর্গ, genus; 4 জনসাধারণ (গণ-আন্দোলন, গণশক্তি) ; 5 শিবের অনুচরবৃন্দ; 6 (আইনশাস্ত্রে) গোষ্ঠীবর্গ ; 7 (জ্যোতিষ) নক্ষত্রানুসারে জাতকের ভেদ (দেবগণ, নরগণ, রাক্ষসগণ); 8 (ব্যাক.) ধাতুসমূহ (হ-আদিগণ, খা-আদিগণ)। [সং. √গণ্ + অ]।˜ ডেপুটেশন বি. বহু লোকের একসঙ্গে কোনো কর্তৃপক্ষের কাছে দাবি পেশ করতে যাওয়া, mass deputation.˜ তন্ত্র বি. জনসাধারণের প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রশাসন; অনুরূপভাবে শাসিত রাষ্ট্র, democracy.˜ তন্ত্রী (ন্ত্রিন্),˜ তান্ত্রিক বিণ. গণতন্ত্রমূলক বা গণতন্ত্রের নীতি অনুসারী (গণতন্ত্রী বা গণতান্ত্রিক রাষ্ট্র)।˜ দেব বি. 1 গণেশ; 2 গণশক্তির অধিদেবতা।˜ দেবতা বি. 1 সংঘভূত দেবগণ (যথা 49 বায়ু, 8 বসু, 12 আদিত্য ইত্যাদি); 2 গণশক্তির অধিদেবতা।˜ নায়ক বি. জনসাধারণের নেতা।˜ পতি,˜ নাথ বি. 1 গণেশ; 2 শিব।˜ পিটুনি,˜ প্রহার বি. বহু লোকে মিলে একজনকে

প্রহার। ˜ শক্তি বি. সম্মিলিত জনসাধারণ বা তাদের শক্তি। গণাধিপ, গণাধি-পতি গণপতি -র অনুরূপ।

গণইতে (p. 236) [gaṇitē] অস-ক্রি. (ব্রজ.) গণনা করতে ('গণইতে দোষ গুণ লেশ ন পাওবি': বিদ্যা.)। [গনা দ্র]।

গণক (p. 236) [gaṇaka] বি. দৈবজ্ঞ, গণৎকার, জ্যোতিষী। □ বিণ. যে গণনা করে, গণনাকারী। [সং. √গণ্ + অক]। গণক-যন্ত্র বি. নির্ভুল হিসাব বা গণনা করে দেয় এমন স্বয়ংক্রিয় যন্ত্র, computer.

গণতি, গণৎকার (p. 236) [gaṇati, gaṇatkāra] যথাক্রমে গনতি ও গনতকার -এর বর্জি. বানান।

গণন, গণনা (p. 236) [gaṇana, gaṇanā] বি. 1 সংখ্যা করা, অঙ্ক কষা; 2 বিবেচনা (দোষী বলে গণনা করা হল); 3 হিসাব (লাভ-লোকসান গণনা); 4 স্বীকার করা (মানুষ বলে গণনা করা); 5 উল্লেখ ; 6 নির্দেশ (শত্রু বলে গণনা); 7 (জ্যোতিষ.) রাশি-নক্ষত্রের দ্বারা ভবিষ্যত্ শুভাশুভ নিরূপণ (ভবিষ্যত্ গণনা)। [সং. √গণ্ + অন, আ]। গণনীয় বিণ. স্বীকার্য; গণনা করার যোগ্য; গণনা করতে হবে এমন।

গণ-নাট্য (p. 236) [gaṇa-nāṭya] বি. জনগণের বা সাধারণ মানুষের দুঃখ বেদনা ও সংগ্রামের কথাই যে নাটকে বলা হয়। [সং. গণ + নাট্য]।

গণনাথ, গণনায়ক, গণপতি, গণশক্তি (p. 236) [gaṇanātha, gaṇanāẏaka, gaṇapati, gaṇaśakti] দ্র গণ।

গণ-সংগীত (p. 236) [gaṇa-saṅgīta] বি. 1 সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করার সংগীত; 2 সাধারণ মানুষের দুঃখ ও সংগ্রাম যে সংগীতের উপজীব্য। [সং. গণ + সংগীত]।

গণ-হত্যা (p. 236) [gaṇa-hatyā] বি. একসঙ্গে বহু লোককে হত্যা; ব্যাপক হত্যাকাণ্ড। [সং. গণ + হত্যা]।

গণিকা (p. 236) [gaṇikā] বি. বেশ্যা, বারাঙ্গনা। [সং. গণ (=সমূহ) + ইক + আ]। ̃ লয় বি. বেশ্যাবাড়ি।

গণিত (p. 236) [gaṇita] বি. অঙ্কশাস্ত্র, গণনাবিজ্ঞান, mathematics. □ বিণ. গণনা করা হয়েছে এমন; গণনার দ্বারা নির্ধারিত। ̃ ক বি. হিসাব, accounts (স.প.)। ̃ জ্ঞ বিণ. গণিতে পারদর্শী; গণিতশাস্ত্রে অভিজ্ঞ। ̃ বিজ্ঞান, ̃ বিদ্যা বি. অঙ্কশাস্ত্র।

গণী-ভূত (p. 236) [gaṇī-bhūta] বিণ. 1 জাতিগত; 2 গণের বা দলের অন্তর্ভুক্ত; সম্প্রদায়ভুক্ত। [সং. গণ + ঈ (চিব) + √ভূ + ত]।

গণেশ (p. 236) [gaṇēśa] বি. শিব ও দুর্গার জ্যোষ্ঠপুত্র, সিদ্ধিদাতা, গজানন। [সং. গণ + ঈশ]।

গণ্ড (p. 236) [gaṇḍa] বি. 1 গাল, কপোল (গণ্ডদেশ); 2 আব, বড় ফোঁড়া, মাংসস্ফীতি (গলগণ্ড) ; 3 গ্রন্হি; 4 চিহ্ন; 5 যোগবিশেষ। □ বিণ. 1 প্রধান; 2 ক্ষুদ্র ও দূরবর্তী (কোন গণ্ডগ্রামে তার বাড়ি)। [সং. √গণ্ড্ + অ]।˜ কূপ বি. 1 অধিত্যকা; 2 গালের টোল।˜ গ্রাম বি. 1 জনবহুল বড় গ্রাম; 2 দূরবর্তী ও ক্ষুদ্র গ্রাম।˜ দেশ বি. গাল, কপোল।˜ মালা বি. গলদেশের গ্রন্হিস্ফীতি রোগ।˜ মূর্খ বি. একেবারে মূর্খ, আকাট মূর্খ।˜ যোগ বি. (জ্যোতিষ.) যে যোগে জন্ম হলে জাতকের মাতা-পিতার মৃত্যু হয়।˜ শৈল বি. 1 পাহাড়ের গা থেকে উৎক্ষিপ্ত বড় পাথর ; 2 ছোট পাহাড়।˜ স্হল বি. গাল, কপোল।

গণ্ডক (p. 236) [gaṇḍaka] বি. 1 গণ্ডার; 2 অন্তরায়, বিঘ্ন; 3 সংখ্যাবিশেষ, গণ্ডা ; 4 নদীবিশেষ। [সং. গণ্ড় + ক]।

গণ্ডকী (p. 236) [gaṇḍakī] বি. উত্তর বিহারের নদীবিশেষ। [সং. গণ্ডক + ঈ]।˜ শিলা বি. গণ্ডকী নদীর গর্ভে উৎপন্ন শালগ্রাম শিলা।

গণ্ডকূপ (p. 236) [gaṇḍakūpa] দ্র গণ্ড।

গণ্ডগ্রাম, গণ্ডদেশ, গণ্ডমালা, গণ্ডমূর্খ, গণ্ডযোগ, গণ্ডশৈল, গণ্ডস্হল (p. 236) [gaṇḍagrāma, gaṇḍadēśa, gaṇḍamālā, gaṇḍamūrkha, gaṇḍayōga, gaṇḍaśaila, gaṇḍashala] দ্র গণ্ড।

গণ্ডি, গণ্ডী (p. 236) [gaṇḍi, gaṇḍī] বি. বেষ্টনরেখা, সীমা (নিজের গণ্ডির মধ্যে আবদ্ধ, সমাজের গণ্ডি); মন্ত্রবলে যে স্হান নিরাপদ করা হয়েছে। [সং. √গণ্ড্ + ই, ঈ]।

গণ্ডু, গণ্ডূ (p. 239) [gaṇḍu, gaṇḍū] বি. 1 বালিশ; 2 গ্রন্হি। [সং. √গণ্ড্ + উ, ঊ]।˜ পদ বি. কেঁচো।˜ পদী বি. (স্ত্রী.) ছোট কেঁচো।

গণ্ডূষ (p. 239) [gaṇḍūṣa] বি. 1 এক মুখ বা এক কোষ জল; 2 হাতের কোষ; 3 মন্ত্রোচ্চারণ করে হাতের কোষ ভরে জল পান (পুজোয় বসে আগে গণ্ডূষ করবে)। [সং. √গণ্ড্ + ঊষ]।

গণ্য (p. 239) [gaṇya] বিণ. 1 গণনীয়, গণনার যোগ্য (অগণ্য); 2 গ্রাহ্য, স্বীকৃত (পণ্ডিত বলে গণ্য, মূল্যবান বলে গণ্য); 3 বিবেচ্য; 4 উল্লেখের যোগ্য। [সং. √গণ্ + য]।˜ মান্য বিণ. সম্ভ্রান্ত; বিশেষরূপে মান্য।

গত্ (p. 239) [gat] বি. 1 যন্ত্রসংগীতের বোল (গত্ বাজাচ্ছে); 2 গানের সুর ; 3 গতি, ধারা, নিয়ম (বাঁধা গত্)। [সং. গতি? হি. গত্]। বাঁধা গত্ বি. গতানুগতিক ধারা।

গত (p. 239) [gata] বিণ. 1 চলে গেছে বা হয়ে গেছে এমন, প্রস্হিত, সমাপ্ত, অতীত, বিগত (গত যুগ, গতযৌবন, গতপ্রাণ) ; 2 অব্যবহিত পূর্ববর্তী (গত কাল, গত মাসে); 3 মৃত (গত হয়েছেন) ; 4 লব্ধ, প্রাপ্ত (হস্তগত); 5 পরিব্যাপ্ত, নিহিত, আশ্রিত (মনোগত, দেহগত, রন্ধ্রগত); 6 সম্বন্ধযুক্ত (ব্যক্তিগত সম্পর্ক, গুণগত পার্থক্য)। [সং. √গম্ + ত]।˜ কল্য,˜ কাল বি. আজকের অব্যবহিত পূর্ববর্তী দিন।˜ ক্লম বিণ. ক্লান্তি দূর হয়েছে এমন (গতক্লম ব্যক্তি)।˜ চেতন বিণ. চেতনাহীন।˜ জীব,˜ জীবন,˜ প্রাণ বিণ. প্রাণহীন, মৃত।˜ নিদ্র বিণ. নিদ্রাহীন; ঘুম ভেঙেছে যার।˜ প্রায় বিণ. যা শীঘ্রই গত হবে।˜ ব্যথ বিণ. ব্যথা দূর হয়েছে এমন

(গতব্যথ দেহ); ব্যথাশূন্য।˜ যৌবন বিণ. যৌবনোত্তীর্ণ; প্রৌঢ় বা বৃদ্ধ। স্ত্রী.˜ যৌবনা।˜ শোক বিণ. শোক দূর হয়েছে এমন, শোকোত্তীর্ণ।˜ সঙ্গ বিণ. বিণ. আসক্তিহীন।˜ স্পৃহ বিণ. বীতরাগ; কামনাহীন; আসক্তিহীন।

গতর (p. 239) [gatara] বি. (আঞ্চ.) 1 শরীর, দেহ (গতর খাটানো); 2 স্বাস্থ্য (গতরখানা দেখেছ?) ; 3 দেহের শক্তি বা সামর্থ্য। [সং. গাত্র]।˜ খাকি,˜ খাগি বি. বিণ. (স্ত্রী.) (গালিবিশেষ) সামর্থ্য থাকা সত্ত্বেও অলস বা শ্রমবিমুখ (স্ত্রীলোক)। পুং.˜ খেকো,˜ খেগো। গতর খাটানো ক্রি. বি. দৈহিক পরিশ্রম করা।˜ পোষা বিণ. শরীরকে পুষে রাখে অর্থাত্‌ পরিশ্রম করে না এমন।

গতাগত, গতাগতি (p. 239) [gatāgata, gatāgati] বি. 1 যাতায়াত; আসা-যাওয়া; 2 জন্ম ও মৃত্যু ('করমবিপাকে গতাগতি পুন পুন': বিদ্যা.)। [সং. গত (=গমন) + আগত, আগতি (=আগমন)]।

গতানু-গতিক (p. 239) [gatānu-gatika] বিণ. প্রচলিত ধারা অনুসরণ করে চলে এমন; নতুনত্বহীন; একঘেয়ে; মামুলি (গতানুগতিক জীবনযাপন)। [সং. গত + অনুগতিক]।˜ তা বি. একঘেয়েমি; নতূনত্বহীনতা।

গতানু-শোচনা, গতানু-শোচন (p. 239) [gatānu-śōcanā, gatānu-śōcana] বি. গত বিষয়ের জন্য বা কৃতকর্মের জন্য খেদ বা আক্ষেপ, যা ঘটে গেছে তার জন্য দুঃখ, পশ্চাত্তাপ (আদে এসব ভাবোনি, এখন গতানুশোচনা অর্থহীন)। [সং. গত + অনুশোচনা, অনুশোচন]।

গতায়তি, গতায়াত (p. 239) [gatāẏati, gatāẏāta] যথাক্রমে গতাগতি ও গতাগত -র রূপভেদ ('এই পথে নিতি কর গতায়তি': চণ্ডী)।

গতায়ু (p. 239) [gatāẏu] বিণ. আয়ু ফুরিয়ে গেছে এমন, মুমূর্ষু (রাম তখন গতায়ু জটায়ুর কাছ থেকে এই কথা জানলেন)। [সং. গত + আয়ু (আয়ুস্)]।

গতাসু (p. 239) [gatāsu] বিণ. মৃত, যার অসু বা প্রাণ গত হয়েছে (এইভাবে বিলাপ করতে করতে রাজা দশরথ গতাসু হলেন)। [সং. গত + অসু (=প্রাণ)]।

গতি (p. 239) [gati] বি. 1 গমন, যাত্রা; 2 চলার বেগ (মৃদুগতি, হাঁটার গতি) ; 3 উপায়, ব্যবস্থা (একটা গতি করতে হবে); 4 আশ্রয়, শরণ, সহায় (তিনি ছাড়া আমাদের আর গতি কে আছেন?) ; 5 পরিণাম, মৃত্যুর পরবর্তী অবস্থা (নরকেও তোমার গতি হবে না, নরক-গতি); 6 উদ্ধারের পথ (পাপিষ্ঠের কী গতি হবে?) ; 7 সৎকার, অন্ত্যেষ্টিক্রিয়া (মৃতের গতি করা দরকার) ; 8 অবস্থা (দুর্গতি); 9 ধরনধারণ, গতিক (আকাশের গতি সুবিধার নয়)। [সং. √গম্ + তি]।˜ ক্রিয়া বি. দীর্ঘসূত্রতা।˜ দায়ী (-য়িন্) বিণ. মুক্তিদাতা।˜ দায়িনী বিণ. (স্ত্রী.) মোক্ষদাত্রী; যিনি মুক্তি দেন।˜ বিজ্ঞান,˜ বিদ্যা বি. গতিবিষয়ক বা বেগবিষয়ক শাস্ত্র, dynamics kinetics.˜ বিধি বি. 1 চালচলন, কার্যকলাপ (শত্রুর গতিবিধি); 2 যাতায়াত (রাজসভায় গতিবিধি আছে তাঁর); 3 মুক্তির উপায় ('ওমা কর গতিবিধি' রা. প্র.)।˜ ভঙ্গ বি. চলতে চলতে বাধা পেয়ে থেমে যাওয়া; অর্ধপথে নিবৃত্তি।˜ ময় বিণ. গতিসম্পন্ন, বেগবান।˜ রোধ বি. পথরোধ; বাধা।˜ শীল বিণ. চলিষ্ণু, প্রগতিধর্মী, গতিময় (গতিশীল সমাজ)। গতিষ্ণু বিণ. গতিশীল, যার গতি আছে এমন, চলিষ্ণু, dynamic.

গতিক (p. 239) [gatika] বি. 1 অবস্থা, দশা, হাল (শরীরের গতিক ভালো নয়); 2 উপায় (বেগতিক); 3 কৌশল (কোনো গতিকে পালাব)। [সং. গতি + ক; আঞ্চলিক ভাষায় অর্থান্তরিত]।

গতীয় (p. 239) [gatīẏa] বিণ. গতি গতিবিদ্যা বা গতিবিজ্ঞানসম্বন্ধীয়, kinetic, dynamic (বি.প.)। [সং. গতি + ঈয়]।

গতে (p. 239) [gatē] ক্রি-বিণ. (বর্ত. বিরল) অব্য. গত হলে (বেলা তিনটা গতে)। [গত দ্র]।

গত্তি (p. 239) [gatti] বি. মাংস (গায়ে তো বেশ গত্তি লেগেছে দেখছি)। [দেশি]।

গত্যন্তর (p. 239) [gatyantara] বি. অন্য গতি বা উপায় (গত্যন্তর না দেখে লোকটা পালাল)। [সং. গতি + অন্তর]।

গদ (p. 239) [gada] বি. 1 বিষ; 2 ব্যাধি; 3 (আঞ্চ.) অজীর্ণ ভুক্তদ্রব্যের ভার (পেটে গদ আছে, এখন আর খেতে পারব না)। [সং. √গদ্ + অ]।

গদ-গদ, গদ্-গদ (p. 239) [gada-gada, gad-gada] বি. ভাবের প্রাবল্য বা আতিশয্যজনিত অব্যক্ত কণ্ঠধ্বনি। □ বিণ. 1 আবেগে বিহ্বল (ভক্তিতে গদগদ) ; 2 অব্যক্ত ধ্বনিযুক্ত (গদ্গদ কণ্ঠে বললেন); 3 আবেগের আতিশয্যে রুদ্ধ বা জড়িত। [সং. গদ্গদ + অচ্]।

গদা (p. 240) [gadā] বি. মুগুর বা মুগুরজাতীয় অস্ত্র। [সং. √গদ্ + অ + আ (স্ত্রী.)। ˜ ঘাত বি. গদার ঘা; গদা দিয়ে প্রহার (গদাঘাতে দুঃশাসনকে বধ করলেন)। ˜ ধর, ˜ পাণি বি. গদা যাঁর প্রহরণ বা অস্ত্র অর্থাত্ বিষ্ণু। ˜ যুদ্ধ বি. যে যুদ্ধে গদা অস্ত্ররূপে ব্যবহৃত হয়।

গদাই-লশকরি (p. 240) [gadāi-laśakari] বিণ. 1 গাধাবোট অর্থাত্ ভারী নৌকার লশকর বা খালাশির মতো অলসগতি বা ধীরগতিসম্পন্ন; 2 কুঁড়ে (গদাইলশকারি চাল)। [বাং. গদা (গাধা) + ই + ফা. লশকর + ই]।

গদি (p. 240) [gadi] বি. 1 তুলো নারকেল-ছোবড়া ইত্যাদির দ্বারা নির্মিত কোমল আসন বা শয্যা (গদি-তোশক, গদি পেতে দিয়েছি); 2 ব্যবসায়ীর দফতর (মারোয়াড়ির গদি); 3 রাজাসন (গদিতে আরোহণ করা); 4 উচ্চপদ বা আসন, মহান্ত, পির, মন্ত্রী, জমিদার প্রভৃতির পদ বা আসন (গদি পাওয়া)। [হি. গদ্দী]। ˜ য়ান বিণ. 1 সিংহাসনে পদে বা দফতরে আসীন (গদিয়ান হয়ে বসেছেন); 2 সম্পত্তির অধিকারী। [হি. গদিবান]। ˜ য়ানি বি. গদিয়ানের কাজ বা পদ। □ বিণ. গদিয়ানসুলভ।

গদ্য (p. 240) [gadya] বি. 1 ছন্দোবদ্ধ নয় এমন রচনা; ছন্দ বা অন্ত্যমিল দ্বারা সীমাবদ্ধ নয় এমন রচনা ; 2 কথোপকথনের ভাষা। □ বিণ. কথনীয়। [সং. √গদ্ (=কথনে) + য]। ˜ ছন্দ বি. গদ্য রচনার মধ্যে যে সুরের আমেজ।

গন-গন, গন্-গন্ (p. 240) [gana-gana, gan-gan] বি. অব্য. অগ্নিশিখার প্রজ্বলনের আওয়াজ বা তার প্রখরতার ভাবসূচক (গনগন করছে)। গন-গনে বিণ. তেজালো, লেলিহান ('গনগনে দুপুরে কিংবা অবিশ্বাসের রাতে': শ. ঘো.)।

গনত-কার (p. 240) [ganata-kāra] বি. দৈবজ্ঞ, গণক, জ্যোতিষী। [< সং. গণকার > গণক্কার > গনতকার]।

গনা, গণা (p. 240) [ganā, gaṇā] ক্রি. 1 গণনা করা, গোনা; 2 গণ্য করা (মানুষ বলেই গনে না) ; 3 অনুমান করা, আঁচ করা (বিপদ গনলাম)। □ বি. 1 গণন (গনাগুনতি); 2 গণ্য করা; 3 অনুমান। □ বিণ. 1 গণিত (গনা ফল); 2 ঠিক ঠিক, পুরোপুরি (গনা দশ বছর)। [সং. √গণ + বাং. আ]। ˜ গনতি,˜ গুনতি,˜ গাঁথা বিণ. একেবারে ঠিক ঠিক, কমও নয় বেশিও নয় এমন।

গনা-গোষ্ঠী (p. 240) [ganā-gōṣṭhī] বি. গণ ও গোষ্ঠী; আত্মীয়পরিজনসমূহ (সাতদিন ধরে গনাগোষ্ঠীকে খাওয়ানো কি সহজ কথা?)। [সং. গণ + (আ) + গোষ্ঠী]।

গনানো (p. 240) [ganānō] ক্রি. অপরের দ্বারা গণনা করানো; দৈবজ্ঞ কে দিয়ে শুভাশুভ নির্ধারণ করানো (গনতকারকে দিয়ে ভাগ্য গনিয়েছে)। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. √গনা + আনো]।

গণ্ডগোল (p. 240) [gaṇḍagōla] বি. 1 গোলমাল, হইচই (এত গণ্ডগোল কীসের?); 2 গোলযোগ, বিশৃঙ্খলা (হিসেবে গণ্ডগোল হয়ে গেছে)। [দেশি]।

গণ্ডা (p. 240) [gaṇḍā] বি. 1 চারটি (এক গণ্ডা আম); 2 পাওনা (আপন গণ্ডা বুঝে নাও)।] < সং. গণ্ডক]। ˜ কিয়া বি. গণ্ডা হিসাব করার প্রণালী। গণ্ডা গণ্ডা

বিণ. বহুসংখ্যক; বহুপরিমাণ; অনেক (গণ্ডা গণ্ডা লুচি)। গণ্ডায় এণ্ডা দেওয়া ক্রি. বি. গোলমালের সুযোগে নিজের কাজে ফাঁকি দেওয়া।

গণ্ডার (p. 240) [gaṇḍāra] বি. নাকের উপর খড়্গাযুক্ত অত্যন্ত স্থূলচর্ম জন্তুবিশেষ; খড়্গী। [সং. গণ্ডক]। গণ্ডারের চামড়া (গণ্ডারের চামড়া যেমন সহজে অস্ত্রাদিতে বিদ্ধ হয় না, তেমনি) কিছুতেই অপমান বোধ করে না এমন মনোবৃত্তি।

গণ্ডে-পিণ্ডে (p. 240) [gaṇḍē-piṇḍē] ক্রি-বিণ. কুঁচকি-কণ্ঠা ভরে, কুঁচকি থেকে গাল পর্যন্ত অর্থাত্ মাত্রাতিরিক্ত পেট বোঝাই করে (নেমন্তন্ন বাড়িতে গেলেই সে গণ্ডেপিণ্ডে গিলবে)। [সং.গণ্ড + বাং. এ + বাং. পিণ্ড়ে (কুঁচকিতে)]।

গন্তব্য (p. 240) [gantabya] বিণ. 1 গমনীয়, গম্য, যেখানে যেতে হবে (গন্তব্য স্থান); 2 জ্ঞাতব্য, অধিগম্য। [সং. √গম্ + তব্য]।

গন্তা (p. 240) [gantā] বিণ. গমনকারী, যে যায় বা যাচ্ছে। [সং. √গম্ + তৃ]। স্ত্রী. গন্ত্রী।

গন্ধ (p. 240) [gandha] বি. 1 বস্তুর যে-গুণ কেবল নাকের দ্বারা অনুভবনীয়. বাস (গন্ধ ছড়ায়); 2 ঘ্রাণ (গন্ধ পাচ্ছি); 3 সুগন্ধ (গন্ধ মেখেছে?); 4 সামান্যতম উল্লেখ, লেশ (নামগন্ধ নেই); 5 সম্পর্ক (এর সঙ্গে টাকার কোনো গন্ধ নেই)। [সং. √গন্ধ্ + অ]। ˜ কাষ্ঠ বি. চন্দন কাঠ; কালাগুরু। ˜ গোকুল, ˜ গোকুলা বি. নকুল বা বেজিজাতীয় জন্তুবিশেষ, খট্টাশ। [সং. গন্ধনকুল]। ˜ তেল, ˜ তৈল বি. সুবাসিত তেল, ফুলেল তেল। ˜ দ্রব্য বি. 1 সুগন্ধ দ্রব্য ; 2 নাগকেশর। ˜ পুষ্প বি. সুগন্ধি ফুল; সচন্দন ফুল। ˜ বণিক (-নিজ্) বি. গন্ধদ্রব্য ব্যবসায়ী; মশলা ব্যবসায়ী,

বাঙালি হিন্দু সম্প্রদায়বিশেষ. গন্ধবেনে।˜ বহ,˜ বাহ বি. বাতাস।˜ ভাদাল,˜ ভাদুলি বি. দুর্গন্ধযুক্ত লতাবিশেষ, গাঁধাল।˜ মাদন বি. রামায়ণোক্ত যে বিশাল পর্বত হনুমান বিশল্যকরণীর জন্য উপড়ে এনেছিলেন।˜ মূষিক বি. ছুঁচো।˜ মৃগ বি. কস্তুরীমৃগ।˜ রাজ বি. সুগন্ধি সাদা ফুলবিশেষ।˜ সার বি. চন্দন; চন্দন গাছ। গন্ধে গন্ধে ক্রি-বিণ. সূত্র অনুসরণ করে (গন্ধে গন্ধে এসে ঠিক হাজির হয়েছে)।

গন্ধক (p. 240) [gandhaka] বি. হলুদ বর্ণের মৌলিক পদার্থবিশেষ, sulphur [সং. গন্ধ + ক]।˜ চূর্ণ বি. বারুদ। গন্ধক-দ্রাবক, গন্ধকাম্ল বি. মহাদ্রাবক, sulphuric acid.

গন্ধর্ব (p. 240) [gandharba] বি. 1 দেবযোনিবিশেষ, স্বর্গের গায়ক শ্রেণি; 2 স্বভাবগায়ক। [সং. গন্ধ + √অর্ব্ (=গতি) + অ]।˜ বিদ্যা বি. সংগীতবিদ্যা।˜ বিবাহ বি. কেবল পাত্র-পাত্রীর মতানুসারেই অনুষ্ঠিত হিন্দু বিবাহবিধিবিশেষ।˜ বেদ বি. সংগীতশাস্ত্র।˜ লোক বি. গন্ধর্বদের আবাস।

গন্ধলি (p. 240) [gandhali] বি. গাঁদা ফুল। [দেশি]।

গন্ধাধি-বাস, গন্ধাধি-বাসন (p. 240) [gandhādhi-bāsa, gandhādhi-bāsana] বি. পূজায় বা বিবাহাদি শুভকার্যে গন্ধদ্রব্যাদির দ্বারা কৃত সংস্কারবিশেষ। [সং. গন্ধ + অধিবাস, অধিবাসন]।

গন্ধী (p. 240) [gandhī] (-ন্ধিন্) বিণ. গন্ধযুক্ত। □ বি. 1 গন্ধবণিক; 2 গাঁধিপোকা। [সং. গন্ধ + ইন্]।

গন্ধেন্দ্রিয় (p. 240) [gandhēndriẏa] বি. ঘ্রাণেন্দ্রিয়, নাক। [সং. গন্ধ + ইন্দ্রিয়]।

গন্ধেশ্বরী (p. 240) [gandhēśbarī] বি. গন্ধবণিকদের কুলদেবতা। [সং. গন্ধ + ঈশ্বরী]।

গন্ধোপ-জীবী (p. 241) [gandhōpa-jībī] (-বিন্) বি. গন্ধবণিক। □ বিম. গন্ধদ্রব্য ও মশলার ব্যবসায়ে জীবিকানির্বাহকারী। [সং গন্ধ + উপ + √জীব্ + ইন্]।

গন্না-কাটা (p. 241) [gannā-kāṭā] বিণ. যার উপরের ঠোঁট জন্মাবধি কাটা, harelip. [তু. ও. গ্রহণ-খণ্ডিয়া]।

গপ-গপ, গব-গব (p. 241) [gapa-gapa, gaba-gaba] বি. অব্য. বড় বড় গ্রাসে খাবার গেলার শব্দ (গপগপ করে খায়)। গপা-গপ, গবা-গব ক্রি-বিণ. তাড়াতাড়ি গপগপ করে (গপাগপ গিলে ফেলল)। [ধ্বন্যা.].

গপ্প, গপ্পো, গপ্পো (p. 241) [gappa, gappō, gappō] বি. (কথ্য) 1 গল্প; 2 গালগল্প; 3 হালকা বা শিশুবোধ্য গল্প ; 4 অতিরঞ্জিত কাহিনী (নিজের বীরত্বের গপ্পো ফেঁদেছে)। [গল্প দ্র]। গপ্পে, গপ্পে বিণ. খোশগল্প করতে পারে বা খোশগল্পে দক্ষ এমন; গপ্পোবাজ।

গব-চন্দ্র (p. 241) [gaba-candra] বি. বিণ. নিরেট বোকা; গোরুর মতো বোধশক্তিহীন (কী হবে তোমার মতো গবচন্দ্রকে দিয়ে?)। [গবা দ্র]।

গবয় (p. 241) [gabaẏa] বি. 1 গোরুর মতো গলকম্বলহীন পশুবিশেষ; 2 এক শ্রেণির বানর। [সং. গো + √অয়্ + অ]।

গবা (p. 241) [gabā] বি. বিণ. নিরেট বোকা, হাবা (একেবারে হাবাগবা ছেলে)। [সং. 'গো' শব্দের বিকৃত রূপ]।

গবাক্ষ (p. 241) [gabākṣa] বি. 1 গোরুর চক্ষুর মতো ক্ষুদ্র বায়ুপথ; 2 জানালা। [সং. গো + অক্ষি]।

গবাগব (p. 241) [gabāgaba] দ্র গপগপ।

গবাদি (p. 241) [gabādi] বিণ. গোরু ও গোরুর মতো গৃহপালিত অন্যান্য (পশু)। [সং. গো + আদি]।

গবী (p. 241) [gabī] বি. গাভী; গাই গোরু। [সং. গো + ই]।

গবেট (p. 241) [gabēṭa] বিণ. বি. নিরেট বোকা; আকাট মূর্খ (তুমি একটি আস্ত গবেট)। [দেশি]।

গবেষণা, গবেষণ (p. 241) [gabēṣaṇā, gabēṣaṇa] বি. তত্ত্বানুসন্ধান, research. [সং. √গবেষ্ (অন্বেষণ করা) + অন + আ]। গবেষক বিণ. বি. গবেষণাকারী। গবেষিত বিণ. গবেষণা করা হয়েছে এমন। গবেষণাগার বি.

যেখানে গবেষণা করা হয়, laboratory. গবেষণা-লব্ধ বিণ. গবেষণা করে জানা গেছে এমন (গবেষণালব্ধ জ্ঞান)।

গব্য (p. 241) [gabya] বিণ. 1 গাভীসম্বন্ধীয়; 2 গোরুর দুধ থেকে প্রস্তুত (গব্য ঘৃত)। □ বি. গাভীজাত বস্তু (পঞ্চগব্য)। [সং. গো + য]। পঞ্চ-গব্য বি. দধি, দুগ্ধ, ঘৃত, গোমূত্র ও গোময়-এই পাঁচটি দ্রব্য।

গভর্ন-মেণ্ট (p. 241) [gabharna-mēṇṭa] বি. সরকার, রাষ্ট্রশাসক বিভাগ, রাষ্ট্রশাসক গোষ্ঠী; রাষ্ট্রশাসনব্যবস্থা; রাষ্ট্রশাসনতন্ত্র। [ইং. government]।

গভর্নর (p. 241) [gabharnara] বি. 1 শাসনকর্তা; 2 প্রাদেশিক শাসনকর্তা; 3 রাজ্যপাল। [ইং. governor]। গভর্নর-জেনারেল বি. সর্বপ্রধান শাসনকর্তা; বড়লাট। [ইং. governor-general]।

গভর্নিং বডি (p. 241) [gabharni mbaḍi] বি. পরিচালক সমিতি; নিয়ন্ত্রক সমিতি। [ইং. governing body]।

গভস্তি (p. 241) [gabhasti] বি. সূর্যের আলো। [সং. গ + √ভস্ + তি]।

গভীর (p. 241) [gabhīra] বিণ. 1 নিম্নে অর্থাত্ নীচের দিকে সুদূরবিস্তৃত (গভীর জল) ; 2 অতিনিম্ন (গভীর খাদ); 3 নিচু তলদেশবিশিষ্ট (গভীর পাত্র); 4 নিবিড়, গহন (গভীর বন); 5 প্রগাঢ় (গভীর চিন্তা, গভীর জ্ঞান); 6 দুর্গম, দুরধিগম্য, জটিল, দুর্বোধ্য (গভীর তত্ত্ব, গভীর ব্যাপার) ; 7 গম্ভীর (গভীর কণ্ঠ) ; 8 জমাট, ঘন (গভীর অন্ধকার)। □ বি. দুর্গম দূরবর্তী বা গোপন স্থান (মনের

গভীরে)। [সং. √গম্ + ঈর, নি.]। বি.˜ তা,˜ ত্ব। গভীর জলের মাছ (আল.) অগাধ জলের মাছের মতো যাকে সহজে ধরাছোঁয়া যায় না; অত্যন্ত ধূর্ত ও চাপা স্বভাবের লোক।

গম (p. 241) [gama] বি. ভোজ্য শস্যবিশেষ, গোধূম। [সং. গোধূম]।

গমক (p. 241) [gamaka] বি. সংগীতের অলংকারবিশেষ; সংগীতের স্বরকম্পনবিশেষ। [সং. √গম্ + ণিচ্ + অক]।

গম-গম (p. 241) [gama-gama] বি. অব্য. গম্ভীর শব্দে শব্দিত বা ভরপুর হওয়ার ভাব (আসর গমগম করছে)। গম-গমে বিণ. গমগম করছে এমন; গম্ভীর নাদবিশিষ্ট (গমগমে কণ্ঠ)।

গমন (p. 241) [gamana] বি. 1 যাওয়া, প্রস্থান; 2 চলন, গতি; 3 স্ত্রী-সম্ভোগ (পরদার গমন)। [সং. √গম্ + অন]। গমনাগমন বি. যাতায়াত, আনাগোনা। গমনার্হ, গমনীয় বিণ. যাওয়া যেতে পারে এমন; গন্তব্য; গমনযোগ্য। গমনোদ্যত, গমনোন্মুখ বিণ. যাবার জন্য প্রস্তুত হয়েছে এমন বা যাবার উপক্রম করেছে এমন। গমিত বিণ. 1 অতিবাহিত; 2 জ্ঞাপিত, জানানো হয়েছে এমন ; 3 প্রাপিত, পাওয়ানো হয়েছে এমন।

গম্বুজ (p. 241) [gambuja] বি. মন্দির মিনার বা অন্য ইমারতের গোলাকার শীর্ষদেশ, গুম্বজ। [গুম্বজ দ্র]।

গম্ভীর (p. 241) [gambhīra] বিণ. 1 নিম্ন ও ভারী ধ্বনিযুক্ত, গভীর (গম্ভীরস্বর); 2 ভারিক্কি, অলঘু (গম্ভীর চাল, গম্ভীর প্রকৃতির মানুষ); 3 গুরু (গম্ভীর ব্যাপার); 4 দুঃখ চিন্তা ক্রোধ প্রভৃতি কারণে নিরানন্দ (গম্ভীর মুখ). [সং. √গম্ + ঈর]। বি.˜ তা।

গম্ভীর-বেদী (p. 241) [gambhīra-bēdī] (-দিন্) বিণ. মদমত্ত (গম্ভীরবেদী হাতি)। [সং. গম্ভীর + √বিদ্ + ইন্]।

গম্ভীরা (p. 241) [gambhīrā] বি. 1 (প্রধানত মালদহের) গাজনের উৎসবে শিবার্চনাসম্বন্ধীয় সংগীতনৃত্যের অনুষ্ঠানবিশেষ; 2 রাঙের পাত-বসানো চিত্রবিচিত্র সাজ; 3 দেবমন্দিরের অভ্যন্তর (পুরীর গম্ভীরা)। [সং. গম্ভীর + আ]।

গম্য (p. 241) [gamya] বিণ. 1 গমনযোগ্য (অগম্য স্থান); 2 প্রাপ্য, লভ্য (বুদ্ধিগম্য, বুদ্ধির অগম্য) ; 3 ভোগ্য, উপভোগ করার যোগ্য; সম্ভোগ করার যোগ্য (অগম্যগমন)। [সং. √গম্ + য]। গম্যা বিণ. (স্ত্রী.) ভোগ্যা, সম্ভোগযোগ্যা (অগম্যা নারী)। গম্য-মান বিণ. জানা বা অনুমান করা যাচ্ছে এমন; ঊহ্য, অনুনীয়মান।

গয় (p. 241) [gaẏa] বি. গয়াক্ষেত্রে বিষ্ণুর দ্বারা নিহত অসুরবিশেষ। [সং. √গৈ + অয়, ঐ লোপ]।

গয়ং-গচ্ছ (p. 241) [gaẏa-ṅgaccha] বি. যাচ্ছি-যাব ভাব; দীর্ঘসূত্রতা; কুঁড়েমি। [সং. √গম্ থেকে গঠিত বাংলা শব্দ]।

গয়না, গয়নার নৌকা (p. 241) [gaẏanā, gaẏanāra naukā] যথাক্রমে গহনা ও গহনার নৌকা -র চলতি রূপ।

গয়বি, গৈবি (p. 242) [gaẏabi, gaibi] বিণ. 1 গুপ্ত, অপ্রকাশিত (গয়বি খুন); 2 আজগুবি (গয়বি কথা); 3 বেনামি (গয়বি চিঠি); 4 দৈব (গয়বি আদেশ)। [আ. গায়িব্]। গয়বি চাল বি. 1 (শতরঞ্জ খেলায়) না দেখে দূর থেকে দেওয়া চাল; 2 (আল.) অবস্থা না জেনেই ব্যবস্থা করা।

গয়রহ, গয়লা, গয়লানি (p. 242) [gaẏaraha, gaẏalā, gaẏalāni] যথাক্রমে বগয়রহ গোয়ালা ও গোয়ালিনীর চলতি রূপ।

গয়সাল (p. 242) [gaẏasāla] বি. ইসলাম ধর্ম গ্রহণকারী হিন্দু। [দেশি]।

গয়ার, গয়ের (p. 242) [gaẏāra, gaẏēra] বি. গলা থেকে বেরোনো সর্দির শ্লেষ্মা; কফ। [দেশি]।

গয়াল (p. 242) [gaẏāla] বি. গোরুজাতীয় বন্যপ্রাণিবিশেষ। [প্রাকৃ. গঅল]।

গয়ালি (p. 242) [gaẏāli] বি. বিখ্যাত তীর্থস্থান গয়ার পাণ্ডা। [বাং. গয়া + লি]।

গর (p. 242) [gara] অব্য. (পূর্বপদে) অভাব, বৈপরীত্য, নঞ্ (-ন) ইত্যাদি সূচক (গররাজি, গরহাজির)। [আ. গয়র্]।

গর-গর1, গর্-গর্ (p. 242) [gara-gara1, gar-gar] অব্য. ক্রোধাদি লক্ষণপ্রকাশক। গরগর করা ক্রি. বি. 1 রাগের ভাব প্রকাশ করা, গর্জন করা (রাগে গরগর করতে লাগল); 2 টকটকে লাল করা (চোখ গরগর করা)। গর-গরে বিণ. গরগর ভাবযুক্ত; গরগর শব্দযুক্ত।

গর-গর2 (p. 242) [gara-gara2] বিণ. 1 গদ্গদ, বিহ্বল, অভিভূত (ভাবে গরগর); 2 উল্লসিত ('রাইরূপ হেরি অন্তর গরগর': বিদ্যা.); 3 টকটকে, ঘোর লাল। [দেশি]।

গরজ (p. 242) [garaja] বি. 1 স্বার্থ, প্রয়োজন (গরজ থাকলে সে নিজেই তোমার কাছে আসবে); 2 যত্ন (পড়াশুনায় গরজ নেই)। [আ. গর্জ্]। গরজি বিণ. গরজবিশিষ্ট (আপ্তগরজি)। গরজ বড় বালাই প্রয়োজন বড় জ্বালা, তার দাবি যেমন করেই হোক মেটাতে হয়। গরজে গঙ্গাস্নান বি. দায়ে পড়ে পুণ্যকর্ম করা।

গরজা, গরজানি, গরজানো (p. 242) [garajā, garajāni, garajānō] যথাক্রমে গর্জা, গর্জানি ও গর্জানো -র বানানভেদ।

গর-ঠিকানা (p. 242) [gara-ṭhikānā] বি. ভুল ঠিকানা। [আ. গয়র্ + হি. ঠিকানা]।

গর-ঠিকানিয়া (p. 242) [gara-ṭhikāniẏā] বিণ. যার ঠিকানা নেই

গরদ (p. 242) [garada] বি. (সচ. ঘি রঙের) রেশমি কাপড়বিশেষ। [দেশি]।

গরদা (p. 242) [garadā] গর্দা -র বানানভেদ।

গরব (p. 242) [garaba] গর্ব -র কোমল রূপ।

গরবা (p. 242) [garabā] বি. গুজরাতি নৃত্যগীতবিশেষ। [গুজ.]।

গরবিত (p. 242) [garabita] গর্বিত -র কোমল রূপ।

গরবিনি (p. 242) [garabini] বিণ. 1 গৌরববতী; 2 গর্বিতা ('তোমার গরবে গরবিণী হাম': জ্ঞান.)। [সং. গর্বিণী]। গরবি বিণ. (পুং) গৌরবযুক্ত; গর্বিত। [সং. গর্বী]।

গরম (p. 242) [garama] বি. 1 উত্তাপ, উষ্ণতা (চৈত্রের গরম); 2 গ্রীষ্ম (গরমের সময়) ; 3 ঔদ্ধত্য (কথার গরম); 4 দর্প, দম্ভ, অহংকার (টাকার গরম); 5 বিকার, রোগ (পেট গরম)। □ বিণ. 1 উষ্ণ, তপ্ত (গরম জল); 2 গ্রীষ্ম (গরম কাল) ; 3 শীতনিবারক (গরম জামা); 4 উদ্ধত; উগ্র, গর্বিত, ক্রুদ্ধ (গরম চোখে তাকানো, গরম মেজাজ); 5 কড়া, তিরস্কারপূর্ণ (গরম গরম কথা); 6 চড়া, মহার্ঘ (বাজার খুব গরম) ; 7 উত্তেজনাপূর্ণ, যুদ্ধোন্মুখ (গরম পরিস্থিতি); 8 টাটকা (গরম খবর)। [ফা. গর্ম্]। গরম গরম, গরমা-গরম বিণ. একেবারে সদ্য-ভাজা (গরমাগরম লুচি); টাটকা (গরমাগরম খবর)। গরম মশলা বি. এলাচ দারচিনি ও লবঙ্গ এই তিনটি উত্তেজক মশলা। গরম মোজা বি. পশমি মোজা। কুসুমকুসুম গরম বিণ. ঈষদুষ্ণ. কবোষ্ণ। গুমোট গরম, ভ্যাপসা গরম যে গরমে বায়ুপ্রবাহ বন্ধ থাকে এবং খুব ঘাম হয়। পচা গরম ভ্যাপসা গরম, বেশি ঘাম হয় এমন গরম।

গরমা (p. 242) [garamā] ক্রি. 1 গরম হওয়া; 2 গর্বিত বা ক্রুদ্ধ হওয়া। [গরম দ্র]।˜ নো ক্রি. গরম বা ক্রুদ্ধ হওয়া। □ বি. উক্ত অর্থে।

গরমি, গর্মি (p. 242) [garami, garmi] বি. 1 গ্রীষ্ম (গরমির দিন); 2 উত্তাপ (সর্দিগরমি); 3 উষ্মা; দর্প (খুব গরমি হয়েছে দেখছি); 4 উপদংশ রোগ। [হি. গর্মী]।

গর-মিল (p. 242) [gara-mila] বি. 1 অমিল (দুজনের স্বভাবের গরমিল নজরে পড়বেই); 2 হিসাবে গোলযোগ; 3 মনান্তর। [বাং. গর (< আ. গয়র্) + মিল]।

গর-রাজি (p. 242) [gara-rāji] বিণ. অনিচ্ছুক, রাজি নয় এমন (এ কাজে সে নিতান্তই গররাজি)। [বাং. গর + আ. রাজি]।

গরল (p. 242) [garala] বি. 1 বিষ; 2 সাপের বিষ; 3 (আঞ্চ.) বিষাক্ত ঘা। [সং. গর + ল (স্বার্থে)]।

গর-হাজির (p. 242) [gara-hājira] বিণ. অনুপস্থিত। [বাং. গর + আ. হাজির]।

গরাদ, গরাদে (p. 242) [garāda, garādē] বি. জানালায় লাগাবার জন্য লোহা বা কাঠের শিক। [পো. grade]।

গরান (p. 242) [garāna] বি. বন্য গাছবিশেষ ও আসবাবপত্র ব্যবহৃত তার কাঠ। [দেশি]।

গরিব (p. 242) [gariba] বিণ. দরিদ্র। [আ. গরীব্]। ̃ খানা বি. দীনের কুটির; (সৌজন্য ও বিনয় প্রকাশার্থে) আমার গৃহ। [আ. গরীব্ + ফা. খানা3]। ̃ গুরবো বি. দরিদ্র লোকজন; বিত্তহীন সম্প্রদায় (গরিবগুরবোদের কথাও একটু ভাবা উচিত ছিল)। গরিবানা, গরিবি-য়ানা বি. গরিবের ভাব; গরিবের মতো চালচলন। □ বিণ. দরিদ্রোচিত। গরিবি বি. 1 দারিদ্র; 2 দুঃখদৈন্য।

গরিমা (p. 242) [garimā] (-মন্) বি. 1 গৌরব, মাহাত্ম্য (জ্ঞানে গরিমায় প্রাচীন ভারতের অগ্রগতি); 2 গর্ব, অহংকার; 3 গুরুত্ব। [সং. গুরু + ইমন্]।

গরিলা (p. 242) [garilā] বি. আফ্রিকার বিরাটকার শক্তিশালী লোমশ বানরজাতীয় প্রাণিবিশেষ। [ইং. gorilla]।

গরিষ্ঠ (p. 242) [gariṣṭha] বিণ. 1 সর্বাধিক গুরু, গুরুতম; 2 বৃহত্তম (সংখ্যাগরিষ্ঠ দল) ; 3 পূজ্যতম। [সং. গুরু + ইষ্ঠ]। গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক, সংক্ষেপে গ সা গু বি. গণিতের প্রণালীবিশেষ।

গরীয়ান (p. 242) [garīẏāna] (-য়স্) বিণ. 1 গুরুতর; 2 বৃহত্তর; 3 পূজ্যতর; 4 গৌরবান্বিত, মর্যাদাপূর্ণ, মহান। [সং. গুরু + ঈয়স্ প্রথমার একবচন]। স্ত্রী. গরীয়সী।

গরু (p. 242) [garu] দ্র গোরু।

গরুড় (p. 243) [garuḍ.] বি. পক্ষিরাজ, বিষ্ণুর বাহন। [সং. (1) √গৃ + উড়; 2 গরুত + √ডী + অ]। ̃ ধ্বজ, ̃ বাহন বি. বিষ্ণু। গরুড়াসন বি. যোগাসনবিশেষ।

গরুত্ (p. 243) [garut] বি. 1 পালক, পাখনা; 2 নৌকার পাল। [সং. √গৃ + উত্]।

গরুত্মান্ (p. 243) [garutmān] (ত্মত্) বি. 1 পাখি; 2 গরুড়। □ বিণ. পালকযুক্ত। [সং. গরুত্ + মত্]। গরুত্মতী বি. (স্ত্রী.) পক্ষিণী। □ বিণ. (স্ত্রী.) 1 পালকযুক্তা; পালযুক্ত ('গরুত্মতী তরী': মধু.)।

গর্গর (p. 243) [gargara] বি. 1 কলসি, গাগরি; 2 জলের আবর্ত; 3 দধি মন্হনের পাত্র। [সং. গর্গ + √রা + অ]। স্ত্রী. গর্গরী।

গর্জক (p. 243) [garjaka] বিণ. গর্জনকারী। [সং. √গর্জ্ + অক]।

গর্জন (p. 243) [garjana] বি. 1 উঁচু গম্ভীর আওয়াজ; ক্রোদ উদ্ধত্য ইত্যাদি সূচক আওয়াজ, নাদ (মেঘের গর্জন, সিংহের গর্জন)। [সং. √গর্জ্ + অন]।

গর্জ-মান (p. 243) [garja-māna] বিণ. গর্জন করছে এমন, গর্জনরত (মাথার উপর গর্জমান মেঘ)। [সং. √গর্জ্ + মান (শানচ্)]।

গর্জন তেল (p. 243) [garjana tēla] বি. মাটির পুতুল প্রতিমা ইত্যাদির রঙে ঔজ্জ্বল্য দেবার জন্য এবং মালিশ হিসাবে ব্যবহার্য গাছের রসবিশেষ। [তু. সং. সর্জরস তৈল]।

গর্জা (p. 243) [garjā] ক্রি. গর্জন করা (গর্জিয়া উঠিল, গর্জে উঠল)। [সং. √গর্জ্ + বাং. আ]।˜ নি বি. গর্জন; গর্জনের শব্দ।˜ নো ক্রি. গর্জা। □ গর্জন (গর্জানো থেমে গেল, গর্জানো শুনেই বুঝেছি ওটা সিংহ)।

গর্জিত (p. 243) [garjita] বিণ. নিনাদিত, ধ্বনিত। □ বি. মত্ত হাতি। [সং. √গর্জ্ + ত (ই আগম)]।

গর্ত (p. 243) [garta] বি. 1 গহ্বর; 2 রন্ধ্র, ছিদ্র, ছেঁদা। [সং. √গৃ + ত]।

গর্দভ (p. 243) [gardabha] বি. 1 গাধা; 2 (ব্যঙ্গে বা তিরস্কারে) নিরেট মূর্খ ব্যক্তি। [সং. √গর্দ্ (=শব্দ) + অভ]। স্ত্রী. গর্দভী।

গর্দা (p. 243) [gardā] বি. ময়লা; ধুলোবালি। [ফা. গর্দ]।

গর্দান (p. 243) [gardāna] বি. ঘাড়, গলা; ঘাড়সমেত মাথা। [ফা. গর্দন্]। গর্দান নেওয়া ক্রি. বি. শিরশ্ছেদ করা। গর্দানি বি. ঘাড়ধাক্কা।

গর্ব (p. 243) [garba] বি. 1 অহংকার, আত্মশ্লাঘা, দর্প (রূপের গর্ব); 2 গর্বের বস্তু, গৌরব (বিদ্বান ব্যক্তি জাতির গর্ব)। [সং. √গর্ব্ + অ]। গর্বিত, গর্বী (-বিন্)

বিণ. অহংকারী। স্ত্রী. গর্বিতা, গর্বিনী। গর্বোজ্জ্বল বিণ. গৌরবে উদ্ভাসিত। গর্বোদ্ধত বিণ. অহংকারে উন্মত্ত, দাম্ভিক।

গর্ভ (p. 243) [garbha] বি. 1 অভ্যন্তর, ভিতর (নারকেলের গর্ভ); 2 তলদেশ (নদীগর্ভ, খনির গর্ভ) ; 3 উদর, কুক্ষি, গর্ভাশয় (গর্ভে সন্তান ধারণ); 4 ভ্রূণ, উদরস্থ সন্তান (গর্ভপাত); 5 অন্তঃসত্ত্বা অবস্থা (গর্ভ-লক্ষণ)। [সং. √গৃ + ভ]।˜ কেশর বি. (উদ্ভি.) পুষ্পের যে কেশরের নীচে বীজকোষ থাকে, pistil.˜ কোষ বি. জরায়ু।˜ গৃহ-গর্ভাগার -এর অনুরূপ।˜ চ্যুত বিণ. (সচরাচর অস্বাভাবিকভাবে) গর্ভ থেকে পতিত বা নিঃসৃত।˜ জ বিণ. গর্ভে জাত।˜ দাস বি. ক্রীতদাসীর গর্ভজাত পুত্র।˜ ধারণ বি. অন্তঃস্বত্ত্বা হওয়া।˜ ধারিণী বি. (স্ত্রী.) মাতা, জননী।˜ নাড়ী বি. যে নাড়ীর এক প্রান্ত গর্ভস্থ শিশুর নাড়ীর সঙ্গে এবং অপর প্রান্ত গর্ভপুষ্পের সঙ্গে যুক্ত থাকে।˜ নিঃসৃত বিণ. গর্ভ থেকে বাইরে নির্গত হয়েছে এমন।˜ পাত বি. 1 অসময়ে বা অস্বাভাবিকভাবে ভ্রূণের গর্ভচ্যুতি; 2 ভ্রূণহত্যা।˜ বতী বিণ. (স্ত্রী.) অন্তঃসত্ত্বা; গর্ভে সন্তান আছে এমন।˜ বাস বি. মাতৃগর্ভে অবস্থান।˜ মাস বি. গর্ভারম্ভের মাস।˜ মোচন বি. প্রসব।˜ যন্ত্রণা বি. গর্ভধারণের কষ্ট; (আল.) অসহ্য যন্ত্রণা।˜ লক্ষণ বি. গর্ভসঞ্চারের লক্ষণ, যেসব চিহ্ন দেখলে বোঝা যায় যে গর্ভে সন্তান আছে।˜ সংক্রমণ,˜ সঞ্চার বি. গর্ভে সন্তানের জন্ম, গর্ভে ভ্রূণের জন্ম।˜ স্থ বিণ. গর্ভের, গর্ভে রয়েছে এমন (গর্ভস্থ সন্তান)।˜ স্রাব বি. 1 অসময়ে গর্ভপাত; 2 ভ্রূণহত্যা; 3 (গালি) অপদার্থ; মনুষ্যত্বহীন। গর্ভাগার বি. 1 আঁতুরঘর; 2 ঘরের মধ্যে ছোট ঘর, অন্তঃকক্ষ। গর্ভাঙ্ক বি. নাটকের অঙ্কের মধ্যস্থিত অংশ বা দৃশ্য। গর্ভাধান বি. 1 বিবাহিতা নারীর প্রথম রজোদর্শন উপলক্ষ্যে। সংস্কারবিশেষ; 2 সন্তান উৎপাদন। গর্ভাশয়, গর্ভ-শয্যা বি. জরায়ু, গর্ভস্থ সন্তান যেখানে থাকে। গর্ভিণী বি. (স্ত্রী.) গর্ভবতী নারী, পোয়াতি।

গর্হণ, গর্হণা, গর্হা (p. 243) [garhaṇa, garhaṇā, garhā] বি. নিন্দা, দোষারোপ; তিরস্কার। [সং. √গর্হ্ + অন, আ (স্ত্রী.) গর্হ্ + আ]।

গর্হিত (p. 243) [garhita] বিণ. 1 অতীব নিন্দিত বা নিন্দনীয় (গর্হিত আচরণ, গর্হিত অপরাধ); 2 জঘন্য, কুৎসিত, অত্যন্ত মন্দ। [সং. √গর্হ্ + ত]।

গর্হ্য (p. 243) [garhya] বিণ. নিন্দাযোগ্য, নিন্দনীয়। [সং. √গর্হ্ + য (যত্)]।

গল (p. 243) [gala] বি. গলা, কণ্ঠদেশ। [সং. √গল্ + অ (অচ্)]। ̃ কম্বল বি. গোরুর গলার নিম্নদেশে লম্বমান মাংসপিণ্ড, সাম্না। ̃ গণ্ড বি. গলদেশের মাংসস্ফীতি রোগবিশেষ। ̃ গ্রহ বি. 1 গলায় অনভিপ্রেত বোঝা; 2 (আল.) যাকে ইচ্ছা না থাকলেও প্রতিপালন করতে হয়; যে-দায়িত্ব বা যে-ব্যক্তিকে অনিচ্ছা সত্ত্বেও পালন করতে হয়। ̃ দেশ বি. গলা। ̃ নালি বি. অন্ননালির উপর অংশে মুখের ঠিক পিছনে নলাকার দেহাংশ। ̃ বস্ত্র বি. গলায় কাপড় জড়িয়ে বিনয় প্রকাশ; বিনীত ভাব প্রকাশের জন্য গলায় কাপড় জড়ানো। □ বিণ. অতি বিনীত (গলবস্ত্র হয়ে অনুরোধ করা)। ̃ বিল বি. অন্ননালির উপরিভাগের গহ্বর, pharynx. ̃ রজ্জু বি. গলায় দড়ি, ফাঁসি। ̃ লগ্নী-কৃত-বাস, ̃ বস্ত্র বিণ. সবিনয় প্রার্থনাকালে নিজের গলায় কাপড় জড়িয়েছে এমন; অতি বিনীত। ̃ হস্ত বি. গলাধাক্কা, অর্ধচন্দ্র।

গল-গল (p. 243) [gala-gala] অব্য. তরল পদার্থ দ্রুত নির্গত হওয়ার ভাবপ্রকাশক (গলগল করে রক্ত বেরোচ্ছে)। [ধ্বন্যা.]।

গলত্‌, গলদ (p. 243) [galat, galada] বিণ. গলছে এমন (গলদ্ধর্ম, গলৎকুষ্ঠ)। [সং. √গল্‌ + অত্‌]।

গলতি (p. 243) [galati] বি. ভূল, ভূলত্রুটি। [আ. গল্‌তী]।

গলদ (p. 243) [galada] ভূল, দোষত্রুটি (এই যন্ত্রটার নিশ্চয় কোনো গলদ আছে)। [আ. গলত্‌]। গোড়ায় গলদ মূলেই গোলমাল, শুরুতেই ভূল।

গলদ্‌-ধর্ম (p. 244) [galad-dharma] বিণ. (দেহ থেকে) ঘাম ঝরছে এমন (গলদ্ঘর্ম চেহারা)। [সং. গলদ্‌ + ধর্ম]।

গলদশ্রু (p. 244) [galadaśru] বিণ. ক্রমাগত অশ্রু ঝরছে এমন, ক্রমাগত অশ্রুপাত করছে এমন (গলদশ্রুলোচন)। [সং. গলত্‌ + অশ্রু]।

গলদা (p. 244) [galadā] বি. বড় চিংড়িমাছবিশেষ। □ বিণ. মোটা, মোটাসোটা (গলদা চেহারা)। [দেশি]।

গলদেশ (p. 244) [galadēśa] দ্র গল।

গলন (p. 244) [galana] বি. 1 দ্রবীভবন, গলে যাওয়া; 2 নির্গমন, বেরিয়ে যাওয়া। [সং. √গল্‌ + অন]।

গলা1 (p. 244) [galā1] বি. 1 কণ্ঠ, ঘাড়ের বিপরীত দিক; 2 ঘাড়; গ্রীবা; 3 টুঁটি (গলা চেপে ধরেছে) ; 4 কণ্ঠস্বর (গলার জোর, তার গলা শোনা যাচ্ছে) ; 5

গলার জোর (কী গলা ! চিৎকার করতে গলা থাকা চাই)। [সং. গল + বাং. আ (স্বার্থে)]। ভারী গলা বি. গম্ভীর স্বর। গলা টিপলে দুধ বেরয় নিতান্ত শিশু বা অজ্ঞ সম্পর্কে উক্তি। গলা ধরা ক্রি. বি. ঠাণ্ডা লেগে বা শ্লেষ্মার জন্য স্বর বন্ধ হওয়া। গলা বসা ক্রি. বি. (সচ. ঠাণ্ডা লাগার দরুন) কণ্ঠস্বর অস্পষ্ট হয়ে যাওয়া। গলা ভাঙা ক্রি. বি. স্বরভঙ্গ হওয়া; সাময়িক স্বরবিকৃতি হওয়া। গলায় গলায় বিণ. 1 আকণ্ঠ; 2 অত্যন্ত ঘনিষ্ঠ (গলায় গলায় ভাব)। □ ক্রি-বিণ. ঘনিষ্ঠভাবে। গলায় গাঁথা, গলায় পড়া ক্রি. বি. গলগ্রহ হওয়া। গলায় দড়ি ধিক্কারসূচক উক্তি (অমন স্বামীর গলায় দড়ি)। গলায় লাগা ক্রি. বি. 1 ভুক্তদ্রব্য গলায় আটকে শ্বাসরোধের উপক্রম হওয়া; 2 (ওল কচু প্রভৃতি খাওয়ার ফলে) গলা কুটকুট করা। ̃ কাটা বি. যে গলা কেটে হত্যা করে; দস্যু। □ বিণ. মাত্রাতিরিক্ত, পীড়নমূলক (গলাকাটা দাম)। ̃ গলি বি. পরস্পর গলা জড়িয়ে ধরা; অত্যন্ত ঘনিষ্ঠতা। ̃ টিপি বি. গলা টিপে ধরা। ̃ ধাক্কা বি. বিতাড়িত করবার জন্য গলায় হাত দিয়ে সামনের দিকে ঠেলে দেওয়া; ঘাড়ধাক্কা; বিতাড়ন। ̃ বন্ধ বি. গলা গরম রাখার পট্টিবিশেষ, কম্ফর্টার। ̃ বাজি বি. চেঁচামেচি, হাঁকডাক; (ব্যঙ্গে) অসার ও নিষ্ফল বক্তৃতা। ̃ ভাঙা বিণ. স্বরভঙ্গ হয়েছে এমন, বিকৃতস্বর। গলা সাধা ক্রি. বি. গানের সুর গলায় ভাঁজা, গানের সুর সাধনা করা।

গলা2 (p. 244) [galā2] ক্রি. 1 গলে যাওয়া, তরল বা দ্রব হওয়া (বরফ গলা) ; 2 সরু ফাঁকের মধ্য দিয়ে বেরিয়ে যাওয়া (হাত দিয়ে জল গলে না, 'পাঁচিলের ফোকর গলে': নজরুল); 3 অভিভূত হওয়া (পুত্রস্নেহে গলে যাওয়া); 4 ফেটে নরম ও তরল হওয়া (ফোঁড়া গলে যাওয়া); 5 ঢোকা, প্রবেশ করা (এর মধ্যে মাথা গলবে না) ; 6 বেশি সিদ্ধ হয়ে নরম হওয়া (ভাত গলে গেছে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. গলিত, দ্রবীভূত; জীর্ণ; অতিরিক্ত নরম হয়েছে বা ফেটে গেছে এমন; পচা (পচা-গলা)। [বাং. √গল্ (সং. √গল্) + আ]। ̃ নো ক্রি. 1

গালানো, দ্রব বা তরল করা ; 2 সংকীর্ণ ফাঁকের মধ্য দিয়ে চালনা করা (সে বলটা জানলা দিয়ে গলিয়ে দিল); 3 অভিভূত করা (মিষ্টি কথায় তাঁকে গলিয়ে দিল); 4 প্রবেশ করানো, ঢুকানো (ছুঁচে সুতো গলানো) ; 5 পরিধান করা (জুতোটা পায়ে গলাও, জামাটা গলিয়ে নিই)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

গলাধঃ-করণ (p. 244) [galādhḥ-karaṇa] বি. 1 গিলে ফেলা; 2 ভক্ষণ (খানিকটা খিচুড়ি গলাধঃকরণ করেই বেরিয়ে পড়লাম) ; 3 পান, তরল জিনিস খাওয়া (এই বিশ্রী চা তো গলাধঃকরণই করা যায় না)। [সং. গল + অধঃ + √কৃ + অন]।

গলাশি, গলাসি (p. 244) [galāśi, galāsi] বি. 1 দোয়াত ইত্যাদি হাতে ঝুলিয়ে নেবার জন্য ব্যবহৃত দড়ি; 2 যে দড়ি গবাদি পশুর গলায় বাঁধা হয়। [দেশি]।

গলি (p. 244) [gali] বি. সংকীর্ণ রাস্তা। [হি. গলী]।˜ ঘুঁজি বি. খুব সরু রাস্তা; সরু ও দুর্গম রাস্তা; অলিগলি (সেই গলিঘুঁজির মধ্যে বাড়িটা খুঁজে বার করতে খুবই বেগ পেতে হয়েছে)।

গলিজ (p. 244) [galija] বিণ. 1 নোংরা; 2 দুর্গন্ধযুক্ত; 3 পচা। [আ. গলীজ]।

গলিত (p. 244) [galita] বিণ. 1 গলে গেছে এমন, দ্রবীভূত; 2 তরল; 3 ক্ষয়প্রাপ্ত (গলিত নখদন্ত) ; 4 শিথিল (গলিত দেহ); 5 গলত্, গলছে এমন (গলিতকুষ্ঠ)। [সং. √গল্ + ত]।˜ কুষ্ঠ বি. যে সাংঘাতিক কুষ্ঠরোগে অঙ্গপ্রত্যঙ্গ পচে গলে পড়ে।

গলুই (p. 244) [galui] বি. নৌকার সামনের বা পিছনের সরু অংশ, নৌকোর যে অংশ ক্রমশ সরু হয়ে এসেছে (মাঝি গলুইয়ের উপর বসে দাঁড় টানছে)। [দেশি]।

গল্প (p. 244) [galpa] বি. 1 কাহিনি, উপকথা (তিনি গল্প লেখেন); 2 কথাবার্তা, আলাপ (তাঁরা গল্পে মত্ত) ; 3 অতিরঞ্জিত বর্ণনা, আতিশয্যমূলক বর্ণনা (এ তোমার গল্প, এ কি আর সত্যি হতে পারে?)। [তু-সং. জল্প]। গল্প করা ক্রি. বি. ঘনিষ্ঠভাবে কথাবার্তা বলা; আড্ডা দেওয়া। গল্প গেলা ক্রি. বি. তন্ময় হয়ে গল্প শোনা। ˜ গুজব, ˜ সল্প বি. কথাবার্তা, আলাপ। গল্পে, (কথ্য) গপ্পে বিণ. গল্পবাজ, যে গল্প করতে ভালোবাসে।

গস-গস (p. 244) [gasa-gasa] অব্য. চাপা ক্রোধের ভাবব্যঞ্জক শব্দ (রাগে গসগস করা)। [ধ্বন্যা.]।

গ সা গু (p. 244) [ga sā gu] দ্র গরিষ্ঠ।

গস্ত (p. 244) [gasta] বি. 1 ভ্রমণ; 2 হাটেবাজারে ঘুরে ঘুরে জিনিসপত্র কেনা (গস্ত করা)। [ফা. গশ্ত্]।

গস্তানি (p. 244) [gastāni] বি. 1 কুলটা, ভ্রষ্টা নারী; 2 বেশ্যা। [ফা. গস্তান্]।

গহন (p. 244) [gahana] বিণ. 1 নিবিড়, গভীর (গহন অরণ্য); 2 দুর্গম ('গহনকুসুম কুঞ্জ মাঝে': রবীন্দ্র) ; 3 দুর্বোধ, দুরূহ। □ বি. দুর্গম স্থান (মনের গহনে)। [সং. √গহ্ + অন]।

গহনা (p. 244) [gahanā] বি. অলংকার। [তু. হি. গহ্না < সং. গ্রহণ]। ˜ গাটি, ˜ পত্র বি. নানাবিধ অলংকার ও অন্যান্য মূল্যবান সামগ্রী।

গহনার নৌকা, গয়নার নৌকো (p. 244) [gahanāra naukā, gaẏanāra naukō] বি. বহু যাত্রী নিয়ে চলাচলকারী বড় নৌকাবিশেষ। [দেশি]।

গহিন, গহীন (p. 244) [gahina, gahīna] বিণ. 1 গভীর; 2 দুর্গম (গহীন অরণ্য)। [সং. গহন ও গভীর এই দুই শব্দের প্রভাবে সৃষ্ট]।

গহ্বর (p. 244) [gahbara] বি. 1 গর্ত, খাদ; 2 পর্বতের গুহা। [সং. গো + √হৃ + অ]।

গা1 (p. 245) [gā1] অব্য. (গ্রা.) সম্বোধনসূচক শব্দবিশেষ (ওখানে কে গা, হ্যাঁ গা)।

গা2 (p. 245) [gā2] বি. (সংগীতে) স্বরগ্রামের তৃতীয় সুর গান্ধারের সংক্ষিপ্ত রূপ বা সংকেত।

গা3 (p. 245) [gā3] বি. 1 দেহ, গাত্র, শরীর (গা-ভরতি গয়না); 2 দেহের উপরিভাগ বা চামড়া (খসখসে গা) ; 3 যেকোনো বস্তুর পৃষ্ঠ (কলসির গা দিয়ে

জল গড়াচ্ছে, মন্দিরের গায়ে অলংকরণ) ; 4 অনুভূতি (অপমান তার গায়ে লাগে না); 5 মনোযোগ, ইচ্ছা, প্রবৃত্তি (কাজে মোটেই গা নেই); 6 শারীরিক অবস্থা (গা পাক দিচ্ছে)। [সং. গাত্র]। গা করা ক্রি. বি. উৎসাহ, দেখানো; মনোযোগ দেওয়া। গা কশকশ করা ক্রি. বি. ক্রোধ, বিরক্তি ইত্যাদির জন্য চাপা আক্রোশে অস্বস্তি হওয়া। গা কাঁপা ক্রি. বি. প্রচণ্ড ভয় পাওয়া। গা কেমন (কেমন কেমন) করা ক্রি. বি. ভয়, অস্থিরতা বা অসুস্থতা বোধ করা; বমির উদ্রেক হওয়া। গা গতর বি. সর্বাঙ্গ; সারা গা (খাটুনির চোটে গা-গতর ব্যথা হয়ে গেছে)। গা গুলানো ক্রি. বি. বমির উদ্রেক হওয়া। গা ঘেঁষা ক্রি. বি. কাছে ঘেঁষে আসা; বেশি অন্তরঙ্গ হওয়ার চেষ্টা করা। গা জুড়ানো ক্রি. বি. শান্তি বা তৃপ্তি পাওয়া বা দেওয়া; ক্লান্তি বা জ্বালা-যন্ত্রণা দূর হওয়া। গা জ্বালা করা ক্রি. বি. ক্রোধ বা বিরক্তির উদ্রেক হওয়া। গা ঝাড়া দিয়ে ওঠা ক্রি. বি. জড়তা ত্যাগ করে কাজে প্রবৃত্ত হওয়া। গা ঝিম ঝিম করা ক্রি. বি. অবসন্ন বা অসুস্থ বোধ করা। গা ঢাকা দেওয়া ক্রি. বি. লুকানো, পালিয়ে যাওয়া (সেই সুযোগে চোরটা গা ঢাকা দিল)। গা ঢেলে দেওয়া ক্রি. বি. 1 শুয়ে পড়া; 2 চেষ্টা ত্যাগ করা। গা তোলা ক্রি. বি. ওঠা। গা দেওয়া ক্রি. বি. উৎসাহ দেখানো; মনোযোগ দেওয়া (ছেলেটা আমার কথায় গা-ই দিল না)। গা পেতে নেওয়া ক্রি. বি. বিনা প্রতিবাদে অথবা স্বেচ্ছায় সহ্য করা। গা বমি বমি করা ক্রি. বি. বমির উদ্রেক হওয়া; অত্যন্ত ঘৃণা বোধ হওয়া। গা ভারী হওয়া ক্রি. বি. 1 অসুস্থ বোধ করা ; 2 (আঞ্চ.) অন্তঃসত্ত্বা হওয়ার জন্য শরীর স্ফীত হওয়া। গা ম্যাজম্যাজ করা ক্রি. বি. আলস্য বোধ হওয়া; শরীরে অস্বস্তি বোধ করা বা জ্বরভাব বোধ করা। গায়ে কাঁটা দেওয়া ক্রি. বি. ভয়ে রোমাঞ্চিত হওয়া। গায়ের চামড়া তোলা ক্রি. বি. অত্যধিক প্রহার করা। গায়ের চামড়া জ্বালা বি. গাত্রদাহ; ঈর্ষা; হিংসা; ক্রোধ, আক্রোশ (প্রচণ্ড মেরে তবে তার গায়ের জ্বালা মিটল)। গায়ের ঝাল ঝাড়া (মেটানো) ক্রি. বি. মনের জমে-থাকা ক্রোধ প্রকাশ করা; প্রতিশোধ নেওয়া। গায়ে থুতু দেওয়া ক্রি. বি. অত্যন্ত অবজ্ঞা বা ঘৃণা প্রকাশ

করা। গায়ে দেওয়া ক্রি. বি. পরিধান করা (জামা গায়ে দাও)। গায়ে ফুঁ দিয়ে বেড়ানো ক্রি. বি. পরিশ্রম না করে আরামে দিন কাটানো বা দায়-দায়িত্ব এড়িয়ে চলা। গায়ে ফোসকা পড়া ক্রি. বি. (আল.) অসহ্য যন্ত্রণা বোধ হওয়া। গায়ে মাখা ক্রি. বি. আমল দেওয়া; গ্রাহ্য করা। গায়ে মাস (মাংস) লাগা ক্রি. বি. মোটা হওয়া, শরীর ভালো হওয়া। গায়ে হাত তোলা ক্রি. বি. মার দেওয়া, প্রহার করা। গা গরম বি. অল্প জ্বর। গা-জুড়ানো বিণ. শান্তি বা তৃপ্তিদায়ক; শান্তি বা জ্বালা দূর করে এমন (গা-জুড়ানো হাওয়া)। গা-জোরি, গা-জোয়ারি বি. জবরদস্তি (গা-জোয়ারি দেখিয়ে কোনো লাভ নেই)। □ বিণ. জবরদস্তিসহ কৃত (তার গা-জোয়ারি মনোভাব ছাড়তে হবে)। □ ক্রি-বিণ. জবরদস্তিভাবে (শেষ পর্যন্ত অবশ্য কাজটা গা-জোয়ারি আদায় করে নিয়েছে)। গা-সহা, গা-সওয়া বিণ. অভ্যস্ত, সহ্য (ওসব ব্যবহার আমাদের গা-সওয়া হয়ে গেছে)। গায়ে-পড়া বিণ. উপর-পড়া; অযাচিত ও অবাঞ্ছিত (গায়ে-পড়া স্বভাব, গায়ে-পড়া উপদেশ)। গায়ে পড়ে ক্রি-বিণ. উপর-পড়া হয়ে, অযাচিতভাবে (গায়ে পড়ে ঝগড়া বাধানো)। গায়ে হলুদ বি. বিবাহের অব্যবহিত পূর্বে পাত্র-পাত্রীকে হলুদ মাখিয়ে স্নান করানোর হিন্দু সংস্কারবিশেষ।

গাই, গাইগোরু (p. 245) [gāi, gāigōru] বি. গাভী। [সং. গবী]।

গাইয়ে (p. 245) [gāiẏē] বিণ. বি. গায়ক, গীতকারী; যে গাইতে পারে। [বাং. √গা + ইয়া > ইয়ে]।

গাউন (p. 245) [gāuna] বি. 1 পাশ্চাত্য নারীদের শেমিজজাতীয় বহিঃ-পরিচ্ছদবিশেষ; 2 বিচারক, ব্যবহারজীবী, বিশ্ববিদ্যালয়ের আচার্য, স্নাতক প্রভৃতির পরিধেয় আলখাল্লাবিশেষ। [ইং. gown]।

গাওনা (p. 245) [gāōnā] বি. গান; পেশাদারি গায়কের গান; মুজরো। [বাং. √গাহ্ + অনা]।

গাওয়া1 (p. 245) [gāōẏā1] বি. সাক্ষী। [ফা. গবা]।

গাওয়া2 (p. 245) [gāōẏā2] বিণ. গব্য, গোদুগ্ধে প্রস্তুত (গাওয়া ঘি)। [বাং. গাই + ওয়া]।

গাওয়া3 (p. 245) [gāōẏā3] ক্রি. 1 গান করা; 2 কীর্তন করা, মহিমা বর্ণনা করা (গুণ গাওয়া) ; 3 প্রচার করা (গেয়ে বেড়ানো, আগে থেকেই তার অসুবিধার কথা গেয়ে রেখেছে)। □ বিণ. গীত, গাওয়া হয়েছে এমন (গাওয়া গান)। □ বি. গান (গাওয়া শেষ হল, গাওয়া শুনেই কার শিষ্য বলে দেওয়া যায়)। [বাং. √গাহ্ (সং. গৈ) + আ]।˜ নো ক্রি. অন্যের দ্বারা গান করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

গাং, গাঙ (p. 245) [gā, ṅgāṅa] বি. বড় নদী। [সং. গঙ্গা]।˜ চিল বি. নদীর উপর উড়ে বেড়ায় এমন চিলবিশেষ।˜ দাড়া বি. বকঠুঁটো মাছ।˜ শালিক বি. নদীর তীরে বিচরণকারী ও বসবাসকারী শালিকবিশেষ, bank myna.

গাঁ (p. 245) [gā] বি. গ্রাম (গাঁয়ের লোক)। [সং. গ্রাম]। গাঁয়ে মানে না আপনি মোড়ল গ্রামের লোকেরা না মানলেও নিজেই নিজেকে গ্রামের কর্তা বলে জাহির করা; মূর্খ ও অযোগ্য ব্যক্তির হাস্যকর আত্মশ্লাঘা এবং উপর-পড়া হয়ে কর্তৃত্ব করা।

গাঁই (p. 245) [gām̐i] বি. আদি বাসস্থান অনুযায়ী ব্রাহ্মণদের শ্রেণি। [সং. গ্রামীণ বা গ্রামিণ্ (=গ্রামী)]।

গাঁই-গুঁই (p. 245) [gām̐i-gum̐i] অব্য. অনিচ্ছা বা অসম্মতিসূচক অস্পষ্ট ধ্বনি বা অভিব্যক্তি (তাকে যেতে বললাম বটে, কিন্তু সে তো গাঁইগুইঁ করতে লাগল)।

গাঁইতি (p. 245) [gām̐iti] দ্র গাঁতি2।

গাঁইয়া (p. 245) [gām̐iẏā] বিণ. গেঁয়ো; গেঁয়ো স্বভাববিশিষ্ট। [বাং. গাঁ + ইয়া]।

গাঁক-গ্যাঁক, গাঁ-গাঁ (p. 246) [gān̐ka-gyān̐ka, gā-n̐gā] অব্য. 1 ষাঁড় বা ওইজাতীয় পশুর ক্রুদ্ধ আওয়াজবিশেষ ; 2 উৎকট চিৎকার; 3 উৎকটভাবে চিৎকার করে কথা বলার ভাবপ্রকাশক (সে এত গাঁকগাঁক করে কথা বলে যে কানে তালা লেগে যায়)। [ধ্বন্যা.]।

গাঁজ, গাঁজলা (p. 246) [gān̐ja, gān̐jalā] বি. ফেনা, froth; খামির। [দেশি]। গাঁজন বি. পচন, গেঁজে ওঠা, মাতন fermentation.

গাঁজা1 (p. 246) [gān̐jā1] বি. গঞ্জিকা, সিদ্ধি গাছের জটা থেকে প্রস্তুত মাদকবিশেষ ; 2 (আল.) অবাস্তব বা অলীক কথা। [সং. গঞ্জা (=সুরাগৃহ) > হি. গাঞ্জা]। গাঁজা খাওয়া ক্রি. বি. 1 গাঁজার ধোঁয়া পান করা; 2 (আল.) অলীক ও বানানো কথা বলা (গাঁজা খেয়ে কথা বলছ নাকি?)। ̃ খোর বিণ. বি. গাঁজা খেতে

অভ্যস্ত (ব্যক্তি), গেঁজেল।˜ খুরি বিণ. গাঁজাখোরের স্বপ্ন দেখার মতো আজগুবি; বিশ্বাস করা যায় না এমন।˜ নো ক্রি. বাজে কথায় মত্ত হয়ে সময় নষ্ট করা। □ বি. উক্ত অর্থে।

গাঁজা2 (p. 246) [gāñjā2] ক্রি. ফেনাযুক্ত হওয়া; মেতে ওঠা; সঞ্চিত হওয়া। □ বি. বিণ. উক্ত সমস্ত অর্থে। [বাং. √গাঁজ + আ]।˜ নো ক্রি. গাঁজাযুক্ত করা, পচানো; মাতানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

গাঁট, গাঁঠ (p. 246) [gāñṭa, gāñṭha] বি. 1 গেরো, বাঁধন (শক্ত গাঁট); 2 দেহের অস্থির সংযোগস্থল, গ্রন্থি (আঙুলের গাঁট) ; 3 বস্তা, বাণ্ডিল (কাপড়ের গাঁট); 4 ট্যাঁক, সঞ্চয়স্থান (গাঁটের পয়সা)। [তু. হি. গঁঠ, গাঁঠ]।˜ কাটা বি. যে ব্যক্তি পরের ট্যাঁক কেটে টাকাকড়ি চুরি করে, পকেটমার।˜ গচ্চা বি. গাঁটের পয়সা অযথা খরচ।˜ ছড়া বি. হিন্দুদের বিবাহকালে বরের উত্তরীয়ের সঙ্গে কনের বস্ত্রাঞ্চলের গ্রন্থিবন্ধন। গাঁটের পয়সা নিজের টাকা পয়সা; সঞ্চিত অর্থ।

গাঁটরি, গাঁঠরি (p. 246) [gāñṭari, gāñṭhari] বি. ছোটো বস্তা, বোঁচকা, পুঁটলি (চলেছে পিঠে গাঁটরি নিয়ে)। [বাং. গাঁট + রি]।

গাঁট্টাগোঁট্টা (p. 246) [gāñṭṭāgōñṭṭā] দ্র গাট্টা।

গাঁতা (p. 246) [gāñtā] বি. গ্রামের কোনো নিঃস্ব বা বিপন্ন কৃষকের কাজ অন্য কৃষকদের দ্বারা দলবদ্ধভাবে ও বিনা পারিশ্রমিকে করার রীতি [গাঁতি1 দ্র]।

গাঁতি1 (p. 246) [gām̐ti1] বি. অল্পকিছু জোতজমা; জমিদারের অধীনস্থ জোতজমা। [বাং. গাঁ]।

গাঁতি2, গাঁইতি (p. 246) [gām̐ti2, gāim̐ti] বি. শক্ত মাটি, ইট, পাথর প্রভৃতি কাটবার দুমুখো কুড়ুলবিশেষ, pickaxe. [হি. গাঁয়ত্, গৈঁতি]।

গাঁথন (p. 246) [gām̐thana] বি. 1 (ফুলের মালা ইত্যাদি) রচনা; 2 গঠন, নির্মাণ; 3 (পাকা বাড়ি ইত্যাদি নির্মাণের জন্য) স্তরে স্তরে ইট ইত্যাদি স্থাপন। [গাঁথা দ্র]।

গাঁথনি, গাঁথুনি (p. 246) [gām̐thani, gām̐thuni] বি. 1 (পাকা ইমারত তৈরিতে) পরপর স্থাপিত ইট ইত্যাদির কাজ (পাথরের গাঁথনি); 2 ইট ইত্যাদি স্থাপনের পদ্ধতি (শক্ত গাঁথনি); 3 বিন্যাস, রচনা ('ফুলের গাঁথুনি: চণ্ডী)। [গাঁথা দ্র]।

গাঁথা (p. 246) [gām̐thā] ক্রি. 1 পরপর স্থাপনপূর্বক রচনা বা নির্মাণ করা (ফুল দিয়ে মালা গাঁথা, ইট দিয়ে বাড়ি গাঁথা, ভিত গাঁথা); 2 দৃঢ়সংলগ্ন থাকা, চিরদিন অটুট বা জাগরূক থাকা (কথাটা মনে গেঁথে গেছে) ; 3 আবদ্ধ বা যুক্ত করা (বঁড়শিতে মাছ গাঁথা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং. √গাঁথ্ (সং. √গ্রন্থ্) + আ]।

গাঁদা (p. 246) [gām̐dā] বি. হলুদ রঙের ফুলবিশেষ, marigold. [হি. গেঁদা < সং. গেন্দুক?]।

গাঁধাল, গাঁদাল (p. 246) [gān̐dhāla, gān̐dāla] বি. উৎকট গন্ধযুক্ত এবং ওষুধরূপে ব্যবহৃত লতাবিশেষ। [সং. গন্ধালী]।

গাগরি (p. 246) [gāgari] বি. কলসি। [সং. গর্গরী]।

গাঙ (p. 246) [gāṅa] দ্র গাং।

গাঙ্গ (p. 246) [gāṅga] (উচ্চা. গাংগো) বিণ. 1 গঙ্গাসম্বন্ধীয়; 2 গঙ্গা থেকে বা গঙ্গায় উৎপন্ন। [সং. গঙ্গা + অ]।

গাঙ্গিনী (p. 246) [gāṅginī] বি. গঙ্গা নদীর শাখাবিশেষ। [বাং. গাঙ্গ + ইনী]।

গাঙ্গেয় (p. 246) [gāṅgēẏa] বি. গঙ্গার পুত্র, ভীষ্ম। □ বিণ. 1 গঙ্গার সন্নিহিত (গাঙ্গেয় সমভূমি, গাঙ্গেয় উপত্যকা); 2 গঙ্গাসম্বন্ধীয়। [সং. গঙ্গা + এয়]।

গাছ (p. 246) [gācha] বি. 1 শিকড় কাণ্ড ও শাখাযুক্ত উদ্ভিদ, বৃক্ষ, তরু (আমগাছ, বটগাছ, গাছে ওঠা); 2 গাছের আকৃতিবিশিষ্ট বস্তু (ঘানিগাছ); 3 লতা, গুল্ম, তৃণ (লাউ গাছ)। □ বিণ. গাছের মতো লম্বা (মেয়েটা দিন দিন গাছ হয়ে উঠছে)। [সং. গচ্ছ]। গাছকোমর বাঁধা ক্রি. বি. (সাধারণত মেয়েদের সম্বন্ধে) গাছে ওঠার সময় বা অন্য কোনো ভারী কাজ করার সময় বস্ত্রাঞ্চল কোমরে জড়ানো। গাছে চড়ানো (আল.) ক্রি. বি. অযথা প্রশংসা করে বা চাটু বাক্য বলে কাউকে গর্বিত করা। গাছে তুলে মই কেড়ে নেওয়া ক্রি. বি. (বিদ্রুপে) প্ররোচনা দিয়ে কঠিন বা বিপজ্জনক কাজে লিপ্ত করবার পর অসহায় অবস্থায় ফেলে চলে যাওয়া। গাছে কাঁঠাল গোঁফে তেল, গাছে না উঠতেই এক কাঁদি (বিদ্রুপে) কাজ

শুরুর আগেই ফল উপভোগের ব্যবস্থা। ̃ গাছড়া বৃক্ষলতাদি; ওষুধে ব্যবহৃত উদ্ভিজ্জ বস্তু। ̃ ড়া বি. যেকোনো ক্ষুদ্র বন্য গাছ বা গুল্মলতা; ওষুধে ব্যবহার্য উদ্ভিজ্জ। ̃ পাথর বি. হিসাবের নির্দেশক (তার বয়েসের গাছপাথর নেই-অর্থাত্ অনেক বয়েস হয়েছে)। ̃ পালা বি. বৃক্ষলতাপাতা; নানারকম গাছ ও লতাপাতা।

গাছা1 (p. 246) [gāchā1] বি. পিলসুজ, দীপাধার। [বাং. গাছ + আ (সাদৃশ্যার্থে)].

গাছা2, গাছি (p. 246) [gāchā2, gāchi] সচ. দীর্ঘ ও সরু বস্তুর সংখ্যাসূচক বা নির্দেশক, enclitic; গোটা, খণ্ড, -টা, -টি (লাঠিগাছা, একগাছি মালা, পাঁচগাছি সজনে খাড়া)।

গাজন (p. 246) [gājana] বি. (বিশেষত চড়কের সময়) শিবের উৎসব; শিবের গান। [সং. গর্জন]। অনেক (অধিক) সন্ন্যাসীতে গাজন নষ্ট এক কাজে অনাবশ্যক অনেক কর্মী জুটলে বিশৃঙ্খলা ঘটে এবং কাজ পণ্ড হয়।

গাজর (p. 246) [gājara] বি. মুলোর মতো ধন্যাকগোত্রীয় গাছের ভক্ষ্য মূলবিশেষ, carrot. [সং. গর্জর]।

গাজি (p. 246) [gāji] বি. মুসলিম ধর্মযোদ্ধা; সুপরিচিত ধর্মযোদ্ধা ও পিরবিশেষ। [আ. গাজী]। গাজির গান মুসলমানদের ধর্মসংগীতবিশেষ। গাজির পট গাজিসম্বন্ধীয় ছবি যা দেখিয়ে ফকিরেরা গান করে বেড়ায়।

গাট্টা, গাঁট্টা (p. 246) [gāṭṭā, gān̐ṭṭā] বি. হাত মুঠো করে আঙুলের গাঁট বা তা দিয়ে আঘাত (মাথায় গাঁট্টা মারল)। [দেশি-তু. সং. গ্রন্হি]। গাট্টা মরা ক্রি. বি. গাট্টা দিয়ে আঘাত করা। গাট্টা-গোট্টা, গাঁট্টা-গোঁট্টা বিণ. সুগঠিত ও পেশিযুক্ত ও শক্তিশালী (গাট্টাগোট্টা চেহারা)।

গাঠিয়া (p. 246) [gāṭhiẏā] বি. ময়দা বেসন প্রভৃতি দিয়ে তৈরি চুষির মতো সরু কাঠি ভাজা। [বাং. কাঠি + আ?]।

গাড্ডা (p. 246) [gāḍḍā] বি. 1 গর্ত; 2 (আল.) বিপদ। [সং. গর্ত > গট্ট, গড্ড-তু. হি. গাড্ঢা]। গাড্ডা মারা (অশি.) ক্রি. বি. (পরীক্ষায়) ফেল হওয়া। গাড্ডায় পড়া ক্রি. বি. বিপদে বা ঝামেলায় পড়া।

গাড়ল, গাড়র (p. 246) [gāḍ◌̣la, gāḍ◌̣ra] বি. 1 মেষ, ভেড়া; 2 (আল.) মূর্খের মতো অন্যের বুদ্ধিতে চলে এমন ব্যক্তি। [সং. গড্ডল, গড্ডর]।

গাড়া (p. 246) [gāḍ◌̣ā] ক্রি. 1 ভিতরে ঢোকানো, পোঁতা (খুঁটি গাড়া, শিকড় গাড়া); 2 চাপা, স্হাপন করা (আড্ডা গাড়া, আস্তানা গাড়া, গেড়ে বসেছে); 3 মুড়ে বসা (হাঁটু গাড়া)। [বাং. √গাড়্ + আ]।

গাড়ি (p. 246) [gāḍ◌̣i] বি. যান, স্হলপথে এক স্হান থেকে অন্যত্র পরিবহণের জন্য ব্যবহৃত যান, শকট। [হি. গাড়ী-তু. সং. গন্ত্রী]। গাড়ি করা ক্রি. বি. গাড়ি ভাড়া করা; নিজের ব্যবহারের জন্য গাড়ি কেনা। গাড়ি ডাকা ক্রি. বি. গাড়ি ভাড়া করে নিয়ে আসা। গাড়ি ধরা ক্রি. বি. গাড়িতে ওঠা (রোজ পাঁচটার

গাড়ি ধরতে হয়)। গাড়ি ফেল করা ক্রি. বি. গাড়ি ধরতে না পারা। গাড়ি বারান্দা বি. যে বারান্দার নীচে গাড়ি দাঁড়াতে পারে।

গাড়ু (p. 246) [gāḍ়u] বি. 1 নলযুক্ত জলপাত্রবিশেষ, বদনা; 2 ঝারি। [সং. গড্ডুক]।

গাড়োয়ান (p. 246) [gāḍ়ōẏāna] বি. গাড়ির চালক, (সাধারণত) ঘোড়ার গাড়ি, গোরুর গাড়ি ইত্যাদির চালক। [বাং. গাড়ি + ওয়ান-তু. হি. গাড়ীবান্]।

গাঢ় (p. 246) [gāḍh়] বিণ. 1 ঘন (গাঢ় অন্ধকার); 2 গভীর (গাঢ় ঘুম, গাঢ় রহস্য) ; 3 স্তূপীকৃত (গাঢ় মেঘ); 4 তীব্র, প্রবল (গাঢ় প্রেম); 5 ফাঁক নেই এমন, নিবিড় (গাঢ় আলিঙ্গন); 6 অবরুদ্ধ (গাঢ় স্বরে বললেন)। [সং. √গাহ্ + ত]। বি.˜ তা,˜ ত্ব।

গাণনিক (p. 246) [gāṇanika] বি. হিসাবরক্ষক; হিসাবশাস্ত্রবিদ; accountant. [সং. গণনা + ইক]।

গাণ-পত্য (p. 246) [gāṇa-patya] বিণ. গণেশসম্বন্ধীয়। □ বি. গণেশপূজক সম্প্রদায়বিশেষ। [সং. গণপতি + য]।

গাণিতিক (p. 246) [gāṇitika] বি. বিণ. গণিতজ্ঞ, গণিত শাস্ত্রে পণ্ডিত এমন (ব্যক্তি)। □ বিণ. গণিতবিষয়ক (গাণিতিক সমস্যা)। [সং. গণিত + ইক]।

গাণ্ডিব, গাণ্ডীব (p. 246) [gāṇḍiba, gāṇḍība] বি. অর্জুনের ধনুক। [সং. গাণ্ডি (=গ্রন্থি) + ব]। গাণ্ডিবী (-বিন্) বি. গাণ্ডিবধারী অর্থাত্ অর্জুন। ̃ ধন্বা বি. (গাণ্ডিব ধনু যার এই অর্থে) অর্জুন।

গাত (p. 246) [gāta] বি. (ব্রজ.) গা, দেহ ('তাঁহা তাঁহা ধরণী হইয়ে মঝু গাত': গো. দা.)। [সং. গাত্র]। (গ্রা.) গাঁত।

গাতব্য (p. 246) [gātabya] বিণ. গাওয়ার যোগ্য; গাওয়া যায় এমন; উচ্চকণ্ঠে বলার যোগ্য। [সং. √গৈ + তব্য]।

গাতা (p. 246) [gātā] (-তৃ) বিণ. বি. গায়ক (উদ্গাতা)। [সং. √গৈ + তৃ]। স্ত্রী. গাত্রী।

গাত্র (p. 246) [gātra] বি. 1 শরীর, অঙ্গ, গা ('ছায়ার সঙ্গে কুস্তি করে গাত্রে হল ব্যথা': সু. রা); 2 পার্শ্বদেশ বা উপরিভাগ (পর্বতগাত্র)। [সং. √গা (গত্যর্থক) + ত্র ('ষ্ট্রন্' করণে)]। ̃ জ্বালা, ̃ দাহ বি. গায়ের জ্বালা; (আল.) ঈর্ষা, ক্রোধ প্রভৃতি মনোভাব। ̃ মার্জনী বি. গামছা তোয়ালে প্রভৃতি। ̃ হরিদ্রা বি. গায়েহলুদের অনুষ্ঠান। গাত্রানু-লেপনী বি. 1 গায়ে অনুলেপন করার অর্থাত্ অঙ্গরাগ লাগাবার তুলিকা ; 2 সাবান। গাত্র-বস্ত্র, গাত্রাবরণ, গাত্রাবরণী বি. 1 গায়ের চাদর; 2 বর্ম, সাঁজোয়া। গাত্রোত্থান, গাত্রোত্-পাটন বি. গা তোলা, শয্যা থেকে উঠে বসা বা দাঁড়ানো।

গাত্রী (p. 246) [gātrī] বি. (স্ত্রী.) গায়িকা। [গাতা দ্র]।

গাথক (p. 246) [gāthaka] বিণ. বি. গায়ক। [সং. √গৈ + থক]। স্ত্রী. গাথিকা।

গাথা (p. 246) [gāthā] বি. 1 গেয় শ্লোক; 2 দেবতা অথবা কীর্তিমান নৃপতি ইত্যাদির প্রশংসামূলক গান ; 3 কাহিনিমূলক কবিতা, শ্লোক, গীতিকবিতাবিশেষ, ballad; 4 মঙ্গলকাব্যের পালাগান; 5 বর্ণনা (গুণগাথা) [সং. √গৈ + থ + আ]।

গাদ (p. 246) [gāda] বি. তরল পদার্থের যে ময়লা উপরে ভেসে ওঠে; কাইট, শিটা, তলানি। [তু. হি. গর্দা < সং. কর্দ]। গাদ কাটা ক্রি. বি. গাদ বা ময়লা পরিষ্কার করা, ময়লা বার করা।

গাদন (p. 246) [gādana] বি. 1 ঠেসেঠুসে ভরা; ঠাসা; 2 (কৌতু.) প্রহার (যা গাদন দেওয়া হয়েছে!)। [গাদা2 দ্র]।

গাদা1 (p. 246) [gādā1] বি. বড় মাছের পিঠের অংশ (গাদার মাছ খেতে পারি না)। [< গ্রা. বাং. গাঁত (=গাত্র)]।

গাদা2 (p. 246) [gādā2] ক্রি. ঠেসে ভরা, ঠাসা, জোর করে ভরা। □ বি. গাদন। □ বিণ. ঠেসে ভরা হয় বা হচ্ছে এমন। [হি. √গাদ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 ঠেসে ভরা (এইটুকু ভ্যানে এতগুলো ছাগল গাদানো হয়েছে কেন?); 2 জোর করে খাওয়ানো। গাদা বন্দুক বি. বারুদ ঠেসে ঠেসে ভরতে হয় এমন বন্দুক।

গাদা3, গাদি (p. 246) [gādā3, gādi] বি. 1 স্তূপ (খড়ের গাদা); 2 রাশি, ভিড় (বইয়ের গাদা)। [হি. গদ্দা]। গাদা গাদা বিণ. স্তূপীকৃত; রাশি রাশি; বহু। গাদা-গাদি বি. ঠাসাঠাসি, ঘেঁষাঘেঁষি; ভিড়।

গাধা (p. 246) [gādhā] বি. 1 গর্দভ; 2 (আল.) বোকা লোক। [সং. গর্দভ]। স্ত্রী. গাধি। গাধার খাটুনি বি. যে কাজে বা যে পরিশ্রমে রসকষ নেই, বুদ্ধিবত্ত প্রয়োজন হয় না।˜ বোট বি. গাধার মতো মন্হরগতি ভারবাহী নৌকা বা পোত।˜ মি বি. মূর্খতা, বোকামি।

গাধেয় (p. 246) [gādhēẏa] বি. গাধির পুত্র বিশ্বামিত্র। [সং. গাধি + এয়]।

গান (p. 246) [gāna] বি. 1 কণ্ঠসংগীত; 2 সংগীত (আমি গান ভালোবাসি); 3 গীতিকবিতা, কবিতা; 4 গীতাভিনয় (পালাগান); 5 সুমধুর ধ্বনি (পাখির গান)। [সং. √গৈ + অন]। ওস্তাদি গান বি. ধ্রুপদ খেয়াল প্রভৃতি উচ্চাঙ্গের গান। চটকি গান বি. খেমটা প্রভৃতি হালকা চালের ও তালের গান। গানের দল বি. পেশাদারি গায়কের দল।

গান্ধর্ব (p. 246) [gāndharba] বিণ. 1 গন্ধর্বসম্বন্ধীয়; 2 গন্ধর্ব প্রথায় অর্থাত্ পরস্পরের প্রতি অনুরক্ত পাত্র-পাত্রীর ইচ্ছানুসারে সম্পাদিত (গান্ধর্ব বিবাহ)। [সং. গন্ধর্ব + অ]।˜ বিদ্যা গন্ধর্ববিদ্যা -র অনুরূপ।

গান্ধার (p. 246) [gāndhāra] বি. 1 কান্দাহারের প্রাচীন নাম; 2 (সংগীতে) স্বরগ্রামের তৃতীয় স্বর, গা ; 3 সংগীতের রাগবিশেষ। □ বিণ. গান্ধারদেশীয়; গান্ধারদেশবাসী। গান্ধারী বি. (স্ত্রী.) গান্ধার রাজকন্যা, দুর্যোধনের জননী।

গান্ধি, গান্ধি পোকা (p. 246) [gāndhi, gāndhi pōkā] বি. শস্য ধ্বংসকারী দুর্গন্ধযুক্ত কীটবিশেষ। [দেশি]।

গান্ধি-বাদ (p. 246) [gāndhi-bāda] বি. মহাত্মা গান্ধির মতবাদ।

গাপ (p. 246) [gāpa] বিণ. গায়েব; লুক্কায়িত, গুপ্ত (জিনিসটা গাপ হয়ে গেছে); গোপনে আত্মসাত্ (গাপ করা)। [বাং. গায়েব < আ. গায়ব্]।

গাফিলতি, গাফিলি (p. 246) [gāphilati, gāphili] বি. 1 অমনোযোগ, অবহেলা (তোমার গাফিলাতির জন্যই আমার এই ক্ষতি হল); 2 কুঁড়েমি। [আ. গফ্লত্]।

গাব (p. 246) [gāba] বি. 1 কষায় রসপূর্ণ ও আঠাযুক্ত গোলাকার ফলবিশেষ; 2 ধাতুদ্রব্যের কলঙ্ক বা ময়লা দাগ; 3 তবলা পাখোয়াজ প্রভৃতির চামড়ার উপর জমানো কালো রঙের আঠার স্তর। [সং. গালব]।

গাব-গুবা-গুব (p. 246) [gāba-gubā-guba] বি. গোপীযন্ত্র, একতারাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [দেশি]।

গাবা1 (p. 246) [gābā1] ক্রি. 1 কলঙ্কযুক্ত করা বা হওয়া; 2 নৌকায় গাবের কষ লাগানো। [বাং. গাব + আ]। ˜ নো1 ক্রি. গাবা। □ বি. বিণ. উক্ত অর্থে।

গাবা2 (p. 246) [gābā2] বি. (আঞ্চ.) 1 গর্ভ; 2 গর্ত, খাদ (গঙ্গার গাবায় ফেলে দিয়ে এসো)। □ ক্রি. পুকুর, ডোবা প্রভৃতি জলশয়ের জল আলোড়িত করা বা ঘোঁটা।

গাবা3 (p. 246) [gābā3] ক্রি. 1 গর্বভরে নিজের প্রভাব প্রতিপত্তি প্রচার করা; 2 বিনা কাজে গল্পগুজব করা এবং ঘুরে বেড়ানো (সারাদিন বেশ গাবিয়ে বেড়াচ্ছে)। [< সং. গর্ব + বাং. আ]।˜ নো2 ক্রি. গাবা। □ বি. উক্ত অর্থে।

গাব্বু (p. 246) [gābbu] বি. গুলি বা মারবেল দিয়ে খেলাবিশেষ। [দেশি]।

গাভি (p. 246) [gābhi] বি. ধেনু, গাইগোরু। [সং. গর্বী]।

গাভিন (p. 246) [gābhina] বিণ. গর্ভিণী, গর্ভবতী (সাদা গাইটা গাভিন হয়েছে) [সং. গর্ভিণী]।

গাভুর (p. 246) [gābhura] বিণ. জোয়ান। □ বি. যুবক। [অস. গভরু]।

গামছা (p. 246) [gāmachā] বি. গা মোছার জন্য ব্যবহৃত কাপড়ের খণ্ড। [বাং. গা + √মুছ্ + আ]।

গামলা (p. 246) [gāmalā] বি. মাটির বা ধাতুর তৈরি বড় বাটির মতো বাসনবিশেষ। [পো. gamella]।

গামার1, গাম্ভারি (p. 246) [gāmāra1, gāmbhāri] বি. গাম্ভারি গাছ বা তার কাঠ (গামার কাঠ)। [সং. গাম্ভারিকা]।

গামার2 (p. 246) [gāmāra2] বিণ. 1 গোঁয়ার; 2 গেঁয়ো, গ্রাম্য। [হি. গঁওয়ার]। -গামী (-মিন্) বিণ. গমনকারী, গমনশীল (দ্রুতগামী, দিল্লিগামী ট্রেন)। [সং. √গম্ + ইন্]। স্ত্রী. -গামিনী।

গাম্ভারি (p. 246) [gāmbhāri] দ্র গামার1।

গাম্ভীর্য (p. 246) [gāmbhīrya] বি. গম্ভীরতা, গম্ভীর ভাব; চপলতা বা লঘুতার অভাব (পরিবেশের গাম্ভীর্য)। [সং. গম্ভীর + য]।

গায়ক (p. 246) [gāẏaka] বি. বিণ. সংগীতকারী; যে গান করে। [সং. √গৈ + অক]। স্ত্রী. গায়িকা, (বিরল) গায়কী ('গাইছে গায়কী': মধু.)।

গায়কি (p. 246) [gāẏaki] বি. গাওবার ঢং; বিশেষ সংগীত ঘরানার বৈশিষ্ট্য। [তি. হি. গায়কী]।

গায়ত্রী (p. 246) [gāẏatrī] বি. 1 বেদমাতা; 2 সন্ধ্যাহ্নিক প্রভৃতিতে জপ্য ত্রিপাদ মন্ত্রবিশেষ (যথা-'তত্ সবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াত্'); 3 বৈদিক ছন্দোবিশেষ। [সং. গায়ত্ + √ত্রৈ + অ + ঈ]।

গায়ন (p. 246) [gāẏana] বি. গাওয়া (গায়ন পদ্ধতি)। [বাং. √গাহ্ + অন]।

গায়িকা (p. 246) [gāẏikā] দ্র গায়ক।

গায়েন (p. 246) [gāẏēna] বি. বিণ. 1 গায়ক; 2 রামায়ণ পুরাণ ইত্যাদি যিনি গেয়ে থাকেন।[সং. গায়ন (=সংগীতকারী)]।

গায়েব (p. 246) [gāẏēba] বিণ. 1 গাপ, গুপ্ত; 2 আত্মসাত্ (আমার জিনিসটা বেমালুম গায়েব করে দিল) ; 3 অদৃশ্য (লোকটা এরই মধ্যে গায়েব হয়ে গেল? জ্বালা-যন্ত্রণা সব গায়েব হয়ে গেছে)। [আ. গয়িব]। গায়েবি বিণ. গুপ্ত (গায়েবি খুন)।

গারদ (p. 246) [gārada] বি. কয়েদ; জেলখানা, কারাগার। [ইং. guard]।

গারুড় (p. 246) [gāruḍ়] বিণ. গরুড়সম্বন্ধীয়। □ বি. 1 মরকত মণি, emerald; 2 পৌরাণিক তন্ত্রবিশেষ; 3 ব্যূহ রচনার প্রণালীবিশেষ; 4 সাপের বিষ দূর করার মন্ত্রবিশেষ। [সং. গরুড় + অ]। গারুড়িক বি. সাপের ওঝা; বিষবৈদ্য।

গারো (p. 246) [gārō] বি. অসমের গারো পর্বতের উপত্যকা অঞ্চলের অধিবাসী উপজাতিবিশেষ।

গার্গী (p. 246) [gārgī] বি. গর্গ মুনির কন্যা। [সং. গর্গ + ই (অপত্যার্থে) + ঈ (স্ত্রী.)]।

গার্জেন, গার্জিয়ান (p. 246) [gārjēna, gārjiẏāna] বি. (সাধারণত নাবালকের) অভিভাবক। [ইং. guardian]।

গার্টার, গার্ডার (p. 246) [gārṭāra, gārḍāra] বি. রবারের ফিতাবিশেষ; মোজা বাঁধার ফিতাবিশেষ, রবার ব্যাণ্ড। [ইং. garter, girder]।

গার্‌ড (p. 246) [gār্ḍa] বি. 1 রক্ষী; 2 (পরীক্ষা ইত্যাদিতে) নজরদার invigilator; 3 চলন্ত রেলগাড়ির ভারপ্রাপ্ত কর্মচারীবিশেষ। [ইং. guard]। গার্‌ড করা ক্রি. বি. নজর রাখা ও আটকানো বা ঠেকানো; আড়াল করে রাখা এবং রক্ষা করা। গার্ড দেওয়া ক্রি. বি. পাহারা দেওয়া; নজরদারি করা।

গার্হ-পত্য (p. 246) [gārha-patya] বি. 1 যে সাগ্নিক গৃহস্থ অগ্নি চিরকাল প্রজ্বলিত রাখে ; 2 যে যজ্ঞাগ্নি চিরদিন প্রজ্বলিত রাখা হয়। □ বিণ. গৃহপতিসম্বন্ধীয়। [সং. গৃহপতি + য]।

গার্হস্থ, গার্হস্থ্য (p. 246) [gārhasha, gārhashya] বি. গৃহস্থাশ্রম, গৃহস্থ জীবন। □ বিণ. গৃহস্থসম্বন্ধীয়। [সং. গৃহস্থ + অ, য]।

গাল1 (p. 246) [gāla1] বি. গালি, গালাগালি (কথায় কথায় গাল দেয়)। [বাং. গালি]।˜ মন্দ বি. গালাগালি, কটু কথা বলা, কটুকাটব্য। গাল খাওয়া ক্রি. বি. গালি শোনা। গাল পাড়া ক্রি. বি. গালি দেওয়া।

গাল2 (p. 246) [gāla2] বি. 1 কপোল, গণ্ড, চোখের নীচে মুখের দুপাশ (গালে চুনকালি) ; 2 মুখবিবর (গালভরা ভাত)। [সং. গল্ল]। গালে চড় জবরদস্তি করে অত্যন্ত চড়া দাম আদায় (দোকানদারটা তো আমার গালে চড় দিয়েছে)। গালে চূন-কালি শাস্তিস্বরূপ গালে চুনকালি মাখিয়ে লোকসমাজে ঘোরানো; (আল.)

তীব্র অপমান বা দূরপনেয় কলঙ্ক আরোপ। গালে লাগা ক্রি. বি. ওল, কচু প্রভৃতি খাওয়ার ফলে মুখের মধ্যে কুটকুট করা। গালে হাত দেওয়া ক্রি. বি. অবাক হওয়া। ̃ গল্প বি. মনগড়া কথা, বানানো গল্প বা বর্ণনা। ̃ পাট্টা বি. চাপদাড়ি, দুই গালজোড়া দাড়ি। ̃ বাদ্য বি. মুখ ফুলিয়ে গাল বাজিয়ে বম্বম্ ধ্বনি করা। ̃ ভরা বিণ. (কথা, শব্দ প্রতিশ্রুতি ইত্যাদি সম্বন্ধে) বড়; (হাসি সম্বন্ধে) পূর্ণ সন্তোষসূচক (গালভরা হাসি)।

গালচে2, গালসি (p. 246) [gālacē2, gālasi] বি. ঠোঁটের কোণ, কশ। [দেশি]।

গালন (p. 246) [gālana] বি. 1 গালিয়ে ফেলা; গলানো; 2 ছাঁকা; 3 চুয়ানো। [সং. √গল্ + ণিচ্ + অন]।

গালা1 (p. 246) [gālā1] বি. লাক্ষা, লা, জতু। [দেশি]।

গালা2 (p. 246) [gālā2] ক্রি. 1 গালিয়ে ফেলা, দ্রব বা তরল করা; 2 ফাটিয়ে ভিতরের পদার্থ বার করা (ফোঁড়া গালা) ; 3 বার করে ফেলা, নিষ্কাশিত করা (ভাতের ফেন গালা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √গল্ + ণিচ্ + বাং. আ]।

গালাগাল, গালাগালি (p. 246) [gālāgāla, gālāgāli] দ্র গালি।

গালানো (p. 246) [gālānō] ক্রি. গালিয়ে ফেলা; তরল বা দ্রব করা (সোনা গালানো)। □ বি. বিণ. উক্ত অর্থে। [গালা2 দ্র]।

গালি (p. 246) [gāli] বি. 1 কটু বাক্য; তিরস্কারপূর্ণ বাক্য (সময়মতো না যাওয়ার জন্য তার কাছে গালি খেলাম); 2 কুৎসিত বা অশ্লীল বাক্য (কথায় কথায় এত গালি দেয় কেন ছেলেটা)। [সং. √গাল্ + ই-তু. আ. গালী]। গালা-গালি, গালা-গাল বি. তিরস্কার; কুৎসিত বাক্য; নোংরা গালি। গালি-গালাজ করা, গালা-গালি দেওয়া ক্রি. বি. গালি দেওয়া, কটু বাক্য বলা; কুৎসিত বা অশ্লীল কথা বলা।

গালিচা (p. 246) [gālicā] বি. কার্পেট, পশুলোমে প্রস্তুত আবরণ বস্ত্রবিশেষ, ঘরের মেঝেতে পাতবার শৌখিন ফরাশবিশেষ। [ফা. গালীচা]।

গালিত (p. 246) [gālita] বিণ. 1 গালানো হয়েছে এমন (গালিত সোনা); 2 ছাঁকা বা চোয়ানো হয়েছে এমন। [সং. √গল্ + ণিচ্ + ত]।

গালিম (p. 246) [gālima] বি. বিণ. 1 বিজয়ী; 2 প্রবল শত্রু। [আ. গালিব্]।

গাহন, গাহ (p. 246) [gāhana, gāha] বি. (পুকুর, নদী ইত্যাদির) জলে সর্বাঙ্গ ডুবিয়ে স্নান, অবগাহন। [সং. √গাহ্ + অন, অ]।

গিঁট, গিঁঠ (p. 246) [gin̐ṭa, gin̐ṭha] বি. 1 গ্রন্হি, গাঁট, গিরা; 2 দেহের অস্হিসমূহের সংযোগস্হল; 3 বাঁধন (শক্ত করে গিঁট দাও)। [সং. গ্রন্হি]। গিঁটানো ক্রি. গিঁট দেওয়া।

গিজ-গিজ (p. 246) [gija-gija] অব্য. বহু প্রাণী বা বস্তুর ঠাসাঠাসি করে থাকার ভাব প্রকাশ (সভায় লোক গিজগিজ করছে)। [দেশি]।

গিট-কিরি (p. 246) [giṭa-kiri] বি. সংগীতের অলংকারবিশেষ; সংগীত মনোহর করার জন্য একাধিক সুরের পরপর দ্রুত উচ্চারণের প্রক্রিয়াবিশেষ। [তু. হি. গিট্‌কিরী]।

গিদ্ধড়, গিধড় (p. 246) [giddhaḍ়, gidhaḍ়.] বি. শৃগাল, শিয়াল। □ বিণ. (আল.) নোংরা, অপরিচ্ছন্ন। [হি. গিদ্ধড়]।

গিনি (p. 246) [gini] বি. ইংল্যাণ্ডের পূর্বতন স্বর্ণমুদ্রাবিশেষ (=21 শিলিং)। [ইং. guinea]। ˜ সোনা বি. গিনির মতো 22 ভাগ সোনা ও 2 ভাগ তামা-মেশানো ধাতু।

গিন্নি (p. 246) [ginni] বি. 1 গৃহিণী, গৃহকর্ত্রী; 2 পত্নী। [সং. গৃহিণী]। ˜ পনা বি. গৃহিণীর আচরণ; গৃহকর্ত্রীর মতো ভাব দেখানো; (ব্যঙ্গে) অল্পবয়স্ক মেয়ের পাকামি। ˜ বান্নি বি. বয়স্কা ও অভিজ্ঞা গৃহিণী।

গিবন (p. 246) [gibana] বি. লম্বা হাতবিশিষ্ট এশীয় বানরবিশেষ, উল্লুক। [ইং. gibbon]।

গিমা, গিমে (p. 246) [gimā, gimē] বি. তিক্ত স্বাদযুক্ত ভক্ষ্য শাকবিশেষ। [দেশি]।

গিয়া, গিয়ে, গে (p. 246) [giẏā, giẏē, gē] অস-ক্রি. গমন করে (ওখানে গিয়ে তার সঙ্গে দেখা করব)। □ অব্য. কথার মাত্রাবিশেষ (তারপর হল গিয়ে, যাওগে, খাওগে)। [বাং. √যা (সং. √গম্) + ইয়া, ইয়ে, এ]।

গির-গিটি (p. 246) [gira-giṭi] বি. টিকটিকিজাতীয় সরীসৃপবিশেষ, বহুরূপী। [হি. গির্গিট্]।

গিরা1, গেরো (p. 246) [girā1, gērō] বি. গিঁট, বাঁধন (আঁচলে গিরা বা গেরো দেওয়া)। [ফা. গিরহ্]।

গিরা2 (p. 246) [girā2] বি. বস্ত্রাদি মাপার (বর্ত. অপ্র.) পরিমাণবিশেষ (=1/16 গজ)। [ফা. গিরা]।

গিরি1 (p. 246) [giri1] আচরণ, বৃত্তি ইত্যাদি বোধক প্রত্যয়বিশেষ (কেরানিগিরি, বাবুগিরি)। [ফা. গর্ > গরী > বাং. গিরি]।

গিরি2 (p. 246) [giri2] বি. 1 পর্বত, পাহাড়; 2 দশনামী সম্প্রদায়ের তান্ত্রিকবিশেষ। [সং. √গৃ+ ই]। ̃ কন্দর, ̃ গহ্বর, ̃ গুহা বি. পর্বতের গুহা। ̃ কুমারী, ̃ জা বি. হিমালয়কন্যা দুর্গাদেবী, উমা, পার্বতী। ̃ জায়া বি. হিমালয়পত্নী, উমার জননী মেনকা। ̃ তল বি. পর্বতের নিম্নদেশ; পর্বতপৃষ্ঠ। ̃ দরী বি. পর্বতগুহা। ̃ দুর্গ বি. পাহাড়ের উপর নির্মিত দুর্গ; পর্বতরূপ দুর্গ। ̃ নন্দিনী গিরিকুমারী -র অনুরূপ। ̃ পথ বি. পর্বতের মধ্য দিয়ে পথ। ̃ বর বি. শ্রেষ্ঠ পর্বত, হিমালয়। ̃ বর্ত্ম বি. গিরিপথ -এর অনুরূপ। ̃ মল্লিকা বি. কুড়চি গাছ বা তার ফুল। ̃ মাটি বি. গৈরিক বা গেরি মাটি। ̃ রাজ বি. হিমালয়। ̃ রানি বি. গিরিজায়া

-র অনুরূপ। ˜ শৃঙ্গ বি. পর্বতের চূড়া, শৈলশিখর। ˜ সংকট বি. পর্বতশ্রেণির মধ্যস্থ সংকীর্ণ নিম্নভূমি যা পথরূপে ব্যবহৃত হয়।

গিরিশ (p. 246) [giriśa] বি. (কৈলাস গিরিতে শয়ন করেন বলে) মহাদেব। [সং. গিরি + √শী + অ]।

গিরীন্দ্র (p. 246) [girīndra] বি. হিমালয়। [সং. গিরি + ইন্দ্র]।

গিরীশ (p. 250) [girīśa] বি. 1 হিমালয়; 2 শিব, মহাদেব। [সং. গিরি + ঈশ]; 3 (বিরল) বাচস্পতি, বৃহস্পতি। [সং. গির্ (=বাক্)]।

গিরে-গিরা1, 2 (p. 250) [girē-girā1, 2] এর কথ্য রূপ।

গির্জা (p. 250) [girjā] বি. খ্রিস্টানদের ধর্মমন্দির বা উপাসনালয়। [পো. igreja]।

গির্দা (p. 250) [girdā] বি. তাকিয়া; পাশবালিশ। [ফা. গির্দ্]।

গিলটি (p. 250) [gilaṭi] বি. (সোনাদি ধাতুর) ; 2 অলংকরণ; 2 চকচকে পালিশ ; 3 সোনার রঙের পালিশ। [ইং. gilt]। ˜ করা বিণ. 1 অলংকৃত; 2 সোনার পালিশযুক্ত (গিলটি-করা গয়না)।

গিলন (p. 250) [gilana] বি. গলাধঃকরণ, গেলা। [সং. √গৃ + অন (নি.)]।

গিলা1 (p. 250) [gilā1] বি. চ্যাপটা ও মসৃণ লতাফলবিশেষ। [দেশি]। গিলা-করা বিণ. গিলার সাহায্যে কুঞ্চিত করা হয়েছে এমন (গিলা-করা পাঞ্জাবি)।

গিলা2, গেলা (p. 250) [gilā2, gēlā] ক্রি. 1 গলাধঃকরণ করা (ট্যাবলেট গেলা); 2 পান করা (জল গেলা); 3 সেবন করা (গাদা গাদা ওষুধ গেলা) ; 4 (মন্দার্থে) খাওয়া (গাণ্ডেপিণ্ডে গেলা, এখন এই ভাতগুলো গেলো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √গৃ (গিলনে) + বাং. আ]। ̃ নো ক্রি. 1 গলাধঃকরণ করানো ; 2 পান করানো; 3 সেবন করানো; 4 খাওয়ানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

গিলিত (p. 250) [gilita] বিণ. গলাধঃকরণ করা হয়েছে এমন; গেলা হয়েছে এমন; ভক্ষিত (গিলিতান্ন)। [সং. √গৃ + ত]। ̃ চর্বণ বি. রোমন্থন, জাবর কাটা, ভক্ষিত বস্তু উগরে পুনরায় মুখের মধ্যে এনে চর্বণ।

গিলে, গিসগিস (p. 250) [gilē, gisagisa] যথাক্রমে গিলা1 ও গিলগিজ -এর কথ্য রূপ।

গিল্ড (p. 250) [gilḍa] বি. বণিকসংঘ, নিগম। [ইং. guild]।

গীঃ (p. 250) [gīḥ] (-গির্) বি. বাণী, বাক্য (গীষ্পতি, গীর্বাণ)। [সং. √গৃ (শব্দে) + ক্বিপ্]।

গীত (p. 250) [gīta] বিণ. 1 গাওয়া হয়েছে এমন (সুগীত); 2 কীর্তিত; 3 কথিত, বর্ণিত। □ বি. গান (গীতবাদ্য, গীতবিতান)। [সং. √গৈ + ত]। ̃ বাদ্য বি. গানবাজনা।

গীতল (p. 250) [gītala] বিণ. সুরসংযোগে গাওয়ার যোগ্য, সুরধর্মী, lyrical.˜ তা বি. সুরধর্মিতা। [সং. গীত + ল (অস্ত্যর্থে)]।

গীতা (p. 250) [gītā] বি. শ্রীমদ্ভগবদ্গীতার সংক্ষিপ্ত ও প্রচলিত রূপ। [সং. √গী + ত + আ (স্ত্রী.)]।

গীতি (p. 250) [gīti] বি. গান, সংগীত। [সং. √গৈ + তি]।˜ কবিতা বি. গীতধর্মী আত্মনিষ্ঠ কবিতা।˜ কা বি. গাথা, গান; ছোট গীতিকবিতা।˜ কাব্য বি. গীতিকবিতা -র অনুরূপ।˜ নাট্য বি. যে নাটকে গান প্রধান হয়ে বাচনিক অভিনয়ের স্থান গ্রহণ করে, যে নাটকে গানই সংলাপ; গীতপ্রধান নাটক।

গীম, গিম (p. 250) [gīma, gima] বি. (ব্রজ.) গ্রীবা, গলা ('উন্নত গীম': গো. দা.)। [সং. গ্রীবা]।

গীর্ণ (p. 250) [gīrṇa] বিণ. 1 কথিত, বর্ণিত, কীর্তিত; গীত; 2 গিলিত, গেলা হয়েছে এমন। তু. উদ্গীর্ণ। [সং. √গৃ + ত]।

গীর্দেবী (p. 250) [gīrdēbī] বি. সরস্বতী। [সং. গির্ + দেবী]।

গীর্বাণ (p. 250) [gīrbāṇa] বি. গীঃ অর্থাত্ বাক্যই যার বাণ বা কার্যসিদ্ধির উপায়; দেবতা। [সং. গির্ + বাণ (বহু.)।˜ বাণী বি. দেবভাষা; সংস্কৃত ভাষা।

গীষ্পতি, গীঃপতি (p. 250) [gīṣpati, gīḥpati] বি. 1 দেবগুরু বৃহস্পতি; 2 মহাপণ্ডিত। [সং. গির্ + পতি]।

গু (p. 250) [gu] বি. বিষ্ঠা, মল। [সং. গু]। ̃ খোর বি. (গালিবিশেষ) যে গু খায়। ̃ খুরি, ̃ খোরি বি. বিষ্ঠা খাওয়ার মতো জঘন্য কাজ; মূর্খতা; বড়রকমের ভুল (তোমাকে চাকরি দিয়ে আমি খুব গুখোরি করেছি)। গুয়ে বিণ. 1 গু-সম্বন্ধীয় (গুয়ে রঙের জামা); 2 গু থেকে উৎপন্ন (গুয়ে পোকা)।

গুঁজা, গোঁজা (p. 250) [gum̐jā, gōm̐jā] ক্রি. 1 ঢোকানো (মাথা গুঁজবার জায়গা); 2 পোঁতা (পেরেক গোঁজা); 3 এঁটে রাখা, স্থাপন করা (কানে কলম গোঁজা) ; 4 লুকিয়ে রাখা, ভালো করে রাখা (ট্যাঁকে টাকা গোঁজা); 5 নিচু করা (মুখ গোঁজা)। □ বি. 1 অন্যকিছুর মধ্যে গুঁজে-দেওয়া বস্তু; 2 খড়ের চাল মেরামতের জন্য গুঁজে-দেওয়া বস্তু ; 2 খড়ের চাল মেরামতের জন্য গুঁজে দেওয়া খড়। □ বিণ. গুঁজে দেওয়া হয়েছে এমন। [বাং. √গুঁজ্ + আ]। ̃ মিল বি. বাজে হিসাবের দ্বারা অঙ্ক মিলিয়ে দেওয়া।

গুঁজি (p. 250) [gum̐ji] বি. 1 ছোট গোঁজ, খিল; 2 ছিপি; 3 খোঁপার কাঁটা। [বাং. গোঁজ + ই (ক্ষুদ্রার্থে)]।

গুঁড়া, গুঁড়ো (p. 250) [gum̐ḍ়ā, gum̐ḍ়ō] বি. চূর্ণ, রেণু (লঙ্কার গুঁড়ো)। □ বিণ. চূর্ণীকৃত, গুঁড়ানো (গুঁড়ো মশলা)। □ ক্রি. চূর্ণ করা (হাড় গুঁড়িয়ে দেব)। [সং. √গুণ্ড্ (চূর্ণকরণ)]। ̃ নো ক্রি. চূর্ণ করা। □ বি. চূর্ণন। □ বিণ. চূর্ণিত।

গুঁড়ি1 (p. 250) [gun̐ḍ়i1] বি. 1 চূর্ণ, গুঁড়ো (দাঁতের গুঁড়ি); 2 ক্ষুদ্র বিন্দু (গুঁড়ি গুঁড়ি বৃষ্টি)। [সং. গুণ্ডিক]।

গুঁড়ি2 (p. 250) [gun̐ḍ়i2] বি. বৃক্ষের কাণ্ড অর্থাত্ মূল থেকে শাখা পর্যন্ত স্থূল অংশ (বটগাছের গুঁড়ি)। [সং. গণ্ডি]।

গুঁতা, গুঁতো (p. 250) [gun̐tā, gun̐tō] বি. 1 কনুই লাঠি কিংবা গবাদি পশুর শিং ইত্যাদির দ্বারা দেওয়া আঘাত বা ধাক্কা (শিং দিয়ে দিল এক গুঁতো, কনুইয়ের গুঁতোয় পথ করে নিল); 2 ঢুঁ। □ ক্রি. গুঁতো দেওয়া, গুঁতানো। [দেশি]।˜ নো ক্রি. গুঁতো মারা, ঢুঁ মারা; প্রহার করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

গুঁফো, গুঁপো (p. 250) [gum̐phō, gum̐pō] বিণ. গোঁফযুক্ত। [বাং. গোঁফ + (সং. গুম্ফ) + উয়া > ও]।

গুগ-গুল, গুগ-গুলু (p. 250) [guga-gula, guga-gulu] বি. বৃক্ষবিশেষ ও তার সুগন্ধি নির্যাস। [সং. √গুজ্ + ক্বিপ্ =গুগ; √গুড়্ +ক=গুল]।

গুগলি1 (p. 250) [gugali1] বি. শামুকজাতীয় জলচর প্রাণিবিশেষ। [দেশি]।

গুগলি2 (p. 250) [gugali2] বি. ক্রিকেট খেলায় বোলিং-এর কৌশলবিশেষ। [ইং. googly]।

গুচ্ছ (p. 250) [guccha] বি. গোছা, থোলো; আঁটি, স্তবক (গোলাপগুচ্ছ, কেশগুচ্ছ)। [সং. √গু + ছ]।

গুচ্ছের (p. 250) [gucchēra] বিণ. (ঈষত্ বিরক্তিসূচক) অনেকগুলি অবাঞ্ছিত ও প্রয়োজনের অতিরিক্ত (গুচ্ছের ভাত দিয়েছে)। [বাং. গুচ্ছার < গুচ্ছকার]।

গুছা, গোছা (p. 250) [guchā, gōchā] ক্রি. 1 সাজানো, সুবিন্যস্ত করা (জিনিসপত্র গোছাও, সব কথা গুছিয়ে বলা যাবে না); 2 সংস্থান করা, সংগ্রহ করা, ব্যবস্থা করা (ঘর গুছিয়ে নিয়েছে); 3 হাসিল করা (কাজ গুছিয়ে নিয়েছে)।~ নো ক্রি. গুছা, গোছা। □ বি. উক্ত অর্থে। □ বিণ. গুছিয়ে রাখা হয়েছে এমন (গোছানো সংসার); গুছিয়ে রাখতে অভ্যস্ত।~ নে বিণ. গুছিয়ে রাখতে অভ্যস্ত।

গুছি (p. 250) [guchi] বি. 1 ছোট গুচ্ছ; 2 চুলের বিনুনি বা খোঁপা বড় করার জন্য ব্যবহৃত পরচুলজাতীয় উপকরণবিশেষ। [সং. গুচ্ছ]।

গুজ-গুজ (p. 250) [guja-guja] অব্য. 1 নিচু কণ্ঠে পরস্পর আলাপ; 2 গোপন পরামর্শ (তখন থেকে দুজনে কী এত গুজগুজ করছ?)। [দেশি.-তু. সং. √গুজ্ (শব্দ করা)]। গুজ-গুজে বিণ. মনের কথা স্পষ্ট করে প্রকাশ করে না এমন (গুজগুজে স্বভাব)। গুজ-গুজানি বি. গোপন পরামর্শ; নিচু স্বরে কথাবার্তা।

গুজব (p. 250) [gujaba] বি. 1 জনরব, মুখে মুখে রটে-যাওয়া কথা; 2 ভিত্তিহীন প্রচার, মিথ্যা রটনা (ওসব গুজবে কান দিয়ো না)। [আ. গওয, হি. গুজফ্]। গুজব ওঠা ক্রি. বি. গুজবের সৃষ্টি হওয়া। গুজব ছড়ানো, গুজব রটা ক্রি. বি. 1 গুজব প্রচারিত হওয়া ; 2 গুজব প্রচার করা।

গুজ-রত (p. 250) [guja-rata] অব্য. ক্রি-বিণ. মারফত, হাতে, মাধ্যমে, হাত দিয়ে। [ফা. গুজার্দা]।

গুজ-রাতি (p. 250) [guja-rāti] বি. (গুজরাতেই বেশি উৎপন্ন হয় বলে) ছোট এলাচ। [সং. গুর্জর রাষ্ট্র > গুজরাট > গুজরাত + ই]।

গুজরা, গুজরানো (p. 250) [gujarā, gujarānō] ক্রি. বি. যাপন করা, অতিবাহিত করা (দিন গুজরানো)। [হি. √গুজর্না < ফা. গুজ্রান]। গুজরান (উচ্চা. গুজ্রান্) বি. যাপন, অতিবাহন; জীবিকানির্বাহ; কাটানো (এই টাকায় কোনোক্রমে আমার দিন গুজরান হয়)।

গুজরাট, গুজরাত (p. 250) [gujarāṭa, gujarāta] বি. প্রাচীন গুর্জর রাষ্ট্র; ভারতরাষ্ট্রের পশ্চিমদিকস্থ অঙ্গরাজ্যবিশেষ। গুজরাটি, গুজরাতি বি. গুজরাতের ভাষা বা অধিবাসী। □ বিণ. গুজরাতসম্বন্ধীয়; গুজরাতের; গুজরাতে উৎপন্ন।

গুজরি, গুজরি-পঞ্চম (p. 250) [gujari, gujari-pañcama] বি. 1 গাছের পোকাবিশেষ; 2 প্রাচীন ভারতে ব্যবহৃত পায়ের অলংকারবিশেষ। [ধ্বন্যা. গুঞ্জরন > গুজরি + পঞ্চম]।

গুজিয়া (p. 250) [gujiẏā] বি. ক্ষীরের ছোট মিঠাইবিশেষ। [দেশি]।

গুঞ্জ (p. 250) [guñja] বি. 1 স্তবক, গুচ্ছ; 2 পুষ্পস্তবক; 3 কুঁচ, গুঞ্জা ; 4 গুঞ্জন। [সং. √গুঞ্জ্ + অ]।

গুঞ্জন (p. 250) [guñjana] বি. 1 গুনগুন রব; 2 অস্পষ্ট মধুর ধ্বনি (মধুকর গুঞ্জন) ; 3 ঝংকার। [সং. √গুঞ্জ্ + অন]।

গুঞ্জরন (p. 250) [guñjarana] বি. গুনগুন শব্দ; ঝংকার। [বাং. গুঞ্জর + অন]।

গুঞ্জরা (p. 250) [guñjarā] ক্রি. (কাব্যে) গুনগুন শব্দ করা (ভ্রমর গুঞ্জরে, 'গুঞ্জরে অলিকুল')। [হি. গুংজর < সং. √গুঞ্জ্]। গুঞ্জরিত বিণ. গুঞ্জিত, ঝঙ্কৃত (গীতধ্বনি গুঞ্জরিত)।

গুঞ্জা, গুঞ্জিকা (p. 250) [guñjā, guñjikā] বি. কুঁচফল। [সং. √গুঞ্জ্ + অ + আ, ক + আ (স্ত্রী.)]।

গুঞ্জিত (p. 250) [guñjita] বিণ. গুঞ্জনপূর্ণ; ঝংকৃত। □ বি. গুঞ্জন। [সং. √গুঞ্জ্ + ত]।

গুটলি, গুটলে (p. 250) [guṭali, guṭalē] বি. 1 গুটি, ছোট ডেলা (গুটলি পাকানো); 2 ছোট ও কঠিন ডেলার মতো মল। [< গুটি2]।

গুটা (p. 250) [guṭā] ক্রি. 1 টেনে এনে জড় করা (সুতো গুটাচ্ছে); 2 সংকুচিত করা (হাত-পা গুটানো, আস্তিন গুটানো) ; 3 বন্ধ করা, তুলে দেওয়া (কারবার গুটিয়ে ফেলব); 4 টেনে তোলা (জাল গুটানো)। [সং. √গুড়্ (=রক্ষণ, বেষ্টন)]।˜ নো ক্রি. গুটা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

গুটি1 (p. 250) [guṭi1] (অল্পার্থে) সংখ্যার নির্দেশক (গুটি দুয়েক)। [বাং. গোটা + ই]।˜ কত,˜ কতক বিণ. কয়েকটি, অল্পসংখ্যক।

গুটি2, গুটিকা (p. 250) [guṭi2, guṭikā] বি. 1 বটিকা, বাড়ি (ঔষধের গুটিকা); 2 গুলি, ছোট ডেলা; 3 ঘুঁটি (দাবার গুটি); 4 নবজাত ফল, কুশি (আমের গুটি) ; 5 ছোট ছোট দানা বা গোলাকার বস্তু ; 6 বসন্ত ইত্যাদি রোগের ব্রণ (মারীগুটিকা); 7 রেশমের কোষ (রেশমের গুটি); 8 কোষকীট (গুটি পোকা)। [সং. √গুড্ (=গুট্) + ই (স্বার্থে) + আ]।˜ পোকা বি. রেশমকীট, তুঁতপোকা।

গুটি-গুটি, গুড়ি-গুড়ি (p. 250) [guṭi-guṭi, guḍ়i-guḍ়i] ক্রি-বিণ. (গুটিপোকার মতো) আস্তে আস্তে পা ফেলে, ধীরগমনে ('আসে গুটি গুটি বৈয়াকরণ': রবীন্দ্র)। [গুটি2 দ্র]।

গুটি-সুটি (p. 250) [guṭi-suṭi] ক্রি-বিণ. জড়সড় (গুটিসুটি হয়ে থাকা)। [বাং. গুটি 2 + সুটি (সহচর শব্দ)]।

গুড় (p. 250) [guḍ়] বি. আখ, তাল, খেজুর ইত্যাদির রস থেকে প্রস্তুত সুমিষ্ট খাদ্যবিশেষ। [সং. √গুড্ + অ]।˜ কুমড়া কুমড়া দ্র। গুড়ে বালি (আল.) আশা বিফল।

গুড়-গুড় (p. 250) [guḍ়-guḍ়] অব্য. মৃদু ও একটানা গম্ভীর শব্দ; মৃদু ও একটানা মেঘের শব্দ। [দেশি, ধ্বন্যা.]।

গুড়-গুড়ি (p. 250) [guḍ◌̣-guḍ◌̣i] বি. আলবোলা, ছোট গড়গড়া হুকাবিশেষ [দেশি]।

গুড়া (p. 250) [guḍ◌̣ā] বি. নৌকার দুপাশের তক্তা; নৌকার দুপাশের বসবার তক্তা। [দেশি]।

গুড়াকেশ (p. 250) [guḍ◌̣ākēśa] বি. 1 যিনি নিদ্রা ও আলস্যকে জয় করেছেন; 2 শিব ; 3 অর্জুন। [সং. গুড়াকা (=নিদ্রা, জড়তা) + ঈশ (=বিজয়ী)]।

গুড়ি (p. 250) [guḍ◌̣i] বি. দেহ সংকুচিত করে বা গুটিয়ে নিঃশব্দে চলার বা অবস্থানের ভাব। [সং. গুটি বা গূঢ়]। গুড়ি মারা ক্রি. বি. 1 দেহ সংকুচিত করে লুকিয়ে থাকা; 2 ওত পাতা (বাঘটা ঝোপের আড়ালে গুড়ি মেরে বসে আছে)।

গুড়ুক (p. 250) [guḍuka] বি. কলকেয় সেজে খাওয়া হয় এমন গুড়মিশ্রিত তামাক (গুড়ুক খাওয়া)। [তু. হি. গুড়াকু]।

গুড়ুচী, গুড়ূচী (p. 250) [guḍ◌̣ucī, guḍ◌̣ūcī] বি. গুলঞ্চ লতা। [সং.]।

গুড়ুম (p. 250) [guḍ◌̣uma] বি. অব্য. তোপধ্বনি; বন্দুক, পিস্তল ইত্যাদি আগ্নেয়াস্ত্রের আওয়াজ। [ধ্বন্যা.]।

গুণ (p. 250) [guṇa] বি. 1 ধর্ম, প্রকৃতি (দ্রব্যগুণ); 2 সদ্গুণ (গুণমুগ্ধ); 3 উপকার, সুফল (শিক্ষার গুণ); 4 ফলদায়ক শক্তি (ওষুধের গুণ) ; 5 দক্ষতা, যোগ্যতা (হাতের গুণ); 6 (বিজ্ঞা.) পদার্থের স্বাভাবিক ধর্ম; 7 (দর্শ.) প্রকৃতির

ত্রিবিধ ধর্ম অর্থাৎ সত্ত্ব, রজঃ, তমঃ; 8 জাদু. তুকতাক, বশীকরণ (ওঝা গুণ জানে, আমার ছেলেটাকে সে গুণ করেছে); 9 (অল.) রচনার উৎকর্ষসাধক ত্রিবিধ ধর্ম অর্থাৎ প্রসাদ, ওজঃ, মাধুর্য; 1 (গণি.) পূরণ, গুণন (5 কে 2 দিয়ে গুণ করা); 11 বার, গুণিত (পাঁচ গুণ, বহুগুণ বেশি); 12 ধনুকের জ্যা বা ছিলা (ধনুর্গুণ); 13 দড়ি, সুতো ('গাঁথে বিদ্যা গুণে': ভা.চ.) ; 14 নৌকা টেনে নিয়ে যাওয়ার দড়ি; 15 (ব্যাক.) নির্দিষ্ট ক্রম অনুসারে ই > এ, উ > ও ইত্যাদি স্বরধ্বনির পরিবর্তন। [সং. √গুণ্ + অ]। গুণ করা ক্রি. বি. 1 জাদু দিয়ে বশ করা; 2 পূরণ করা। গুণ টানা ক্রি. বি. দড়ি তার ইত্যাদি বেঁধে নৌকা টেনে নিয়ে যাওয়া। গুণে ঘাট নেই 1 কোনো বিষয়েই হীন নয়; সর্বগুণে গুণান্বিত; 2 (বিদ্রুপে) সর্বপ্রকার দোষযুক্ত।˜ক বি. যে রাশির দ্বারা গুণ করা হয়। □ বিণ. গুণকারক।˜ কীর্তন বি. যশোগান, গুণের প্রচার।˜ গরিমা,˜ গৌরব বি. সদ্গুণাবলির মহিমা।˜ গ্রহণ বি. পরের গুণ উপলব্ধি করা ও তার মর্যাদা দেওয়া।˜ গ্রাম বি. গুণাবলি।˜ গ্রাহী (-হিন্) বিণ. অন্যের গুণের সমাদর করে এমন। স্ত্রী.˜ গ্রাহিণী বি.˜ গ্রাহিতা।˜ চট বি. শণের সুতো দিয়ে তৈরি চট বা থলি।˜ জ্ঞ বিণ. গুণগ্রাহী।˜ ধর বিণ. 1 গুণবান; 2 (ব্যঙ্গে) হীনচরিত্র, মন্দ কাজ করে এমন (গুণধর ছেলে)।˜ ধাম,˜ নিধি বি. গুণী ব্যক্তি।˜ ন বি. (গণি.) গুণ করা, পূরণ, multiplication.˜ নীয়, গুণ্য বিণ. গুণ করতে হবে এমন। □ বি. ওইরূপ রাশি, multiplicand.˜ নীয়ক বি. যে রাশির দ্বারা অন্য নির্দিষ্ট রাশিকে ভাগ করলে ভাগশেষ থাকে না, factor.˜ পনা বি. নৈপুণ্য, দক্ষতা।˜ ফল বি. (গণি.) গুণনের দ্বারা উৎপন্ন রাশি, product.˜ বত্তা বি. গুণশালিতা; গুণের অস্তিত্ব।˜ বাচক বিণ. গুণপ্রকাশক।˜ বাদ বি. গুণবর্ণন।˜ বান (-বত্) বিণ. গুণযুক্ত, গুণী। স্ত্রী.˜ বতী।˜ বৃক্ষ বি. নৌকার মাস্তুল, যাতে গুণ বাঁধা হয়।˜ বৈষম্য বি. গুণের অসামঞ্জস্য।˜ মণি বি. বিশিষ্ট গুণী ব্যক্তি।˜ ময় বিণ. গুণসম্পন্ন। স্ত্রী.˜ ময়ী।˜ মুগ্ধ বিণ. গুণের দ্বারা আকৃষ্ট। স্ত্রী.˜ মুগ্ধা।˜ শালী

(-লিন্) বণ. গুণসম্পন্ন। স্ত্রী.˜ শালিনী। বি.˜ শালিতা।˜ শূন্য,˜ হীন বিণ. যার গুণ নেই।˜ সম্পন্ন বিণ. গুণযুক্ত।˜ সাগর বি. গুণের সাগর; পরম গুণবান ব্যক্তি।

গুণতি, গুণা (p. 250) [guṇati, guṇā] যথাক্রমে গুনতি ও গুনা1 দ্র।

গুণাকর (p. 250) [guṇākara] বি. 1 গুণের খনি; 2 পরম গুণসম্পন্ন ব্যক্তি; 3 কবি ভারতচন্দ্রের উপাধি। [সং. গুণ + আকর]।

গুণাগুণ (p. 250) [guṇāguṇa] বি. গুণ ও দোষ (ওষুধের গুণাগুণ পরীক্ষা করা)। [সং. গুণ + অগুণ]।

গুণাঢ্য (p. 250) [guṇāḍhya] বিণ. বিবিধ গুণের অধিকারী, নানা গুণে সমৃদ্ধ। [সং. গুণ + আঢ্য2]।

গুণাতীত (p. 250) [guṇātīta] বিণ. সত্ত্ব, রজঃ, তমঃ-এই ত্রিগুণের অতীত। [সং. গুণ + অতীত]।

গুণাধার (p. 250) [guṇādhāra] বি. গুণের আধার; গুণসম্পন্ন ব্যক্তি। [সং. গুণ + আধার]।

গুণানু-বাদ (p. 250) [guṇānu-bāda] বি. গুণকীর্তন, প্রশংসা। [সং. গুণ + অনুবাদ]।

গুণানু-রাগ (p. 250) [guṇānu-rāga] বি. গুণের প্রতি আকর্ষণ; গুণগ্রাহিতা। [সং. গুণ + অনুরাগ]।

গুণান্বিত (p. 250) [guṇānbita] বিণ. গুণসম্পন্ন (সর্বগুণে গুণান্বিত). [সং. গুণ + অন্বিত]।

গুণাপ-কর্ষ (p. 250) [guṇāpa-karṣa] বি. গুণের হ্রাস, গুণের ক্ষয়। [সং. গুণ + অপকর্ষ]।

গুণাবলি, গুণাবলী (p. 250) [guṇābali, guṇābalī] বি. গুণসমূহ। [সং. গুণ + আবলি, আবলী]।

গুণাভাস (p. 250) [guṇābhāsa] বি. 1 গুণ আছে বলে ভ্রম; 2 যা গুণ বলে ভ্রম হয়; 3 গুণসাদৃশ্য। [সং. গুণ + আভাস]।

গুণিত (p. 250) [guṇita] বিণ. গুণন করা হয়েছে এমন, পূরিত। [সং. √গুণ্ + ত]।

গুণিতক (p. 250) [guṇitaka] বি. যে রাশিকে অন্য নির্দিষ্ট রাশি দ্বারা ভাগ করলে ভাগশেষ থাকে না, অন্য রাশি দ্বারা নিঃশেষে বিভাজ্য রাশি, multiple. [সং. গুণিত + ক]।

গুণী (p. 250) [guṇī] (-ণিন্) বিণ. 1 গুণসম্পন্ন, গুণবান; 2 কলা বা শিল্পে পারদর্শী, কলাবিত্; 3 ধর্মী (রজোগুণী); 4 মন্ত্রতন্ত্র জানে এমন, বশ করতে পরে এমন। [সং. গুণ + ইন্]।

গুণীভূত ব্যঙ্গ্য (p. 250) [guṇībhūta byaṅgya] বি. (অল.) কাব্যাদি যে রচনায় ব্যঙ্গ্যার্থ বা অভিভাবিতা (suggestiveness) অপেক্ষা বাচ্যার্থ (primary meaning) অধিক চিত্তাকর্ষক। [সং. গুণীভূত (গৌণ) + ব্যঙ্গ্য]।

গুণোত্-কর্ষ (p. 250) [guṇōt-karṣa] বি. 1 গুণের আধিক্য; 2 গুণের জন্য বা গুণহেতু শ্রেষ্ঠতা। [সং. গুণ + উৎকর্ষ]।

গুণোপেত (p. 250) [guṇōpēta] বিণ. গুণসম্পন্ন; গুণবান; গ্ুণী। [সং. গুণ + উপেত (=যুক্ত)]।

গুণ্ঠন (p. 250) [gunṭhana] বিণ. 1 ঘোমটা; অবগুণ্ঠন; 2 আবরণ; 3 বেষ্টন। [সং. √গুণ্ঠ্ + অন]। গুণ্ঠিত বিণ. 1 আবৃত; 2 ঘোমটায় ঢাকা ; 3 বেষ্টিত; 4 সংকুচিত, গুটানো।

গুণ্ডিত (p. 250) [gunḍita] বিণ. 1 চূর্ণিত; 2 চূর্ণযুক্ত। [সং. √গুণ্ড্ + ত]।

গুণ্য (p. 250) [guṇya] দ্র গুণনীয়।

গুদাম, গুদম (p. 250) [gudāma, gudama] বি. মালখানা; বিক্রেয় দ্রব্যের ভাণ্ডার, godown. [পো. godao তু. মাল. খেয়াঘাট]। [ফা. গুদাব]।

গুন (p. 250) [guna] বি. চট, gunny. [সং. গোণী]।˜ সূচ,˜ ছুঁচ বি. চট সেলাই করার বড় ছুঁচ।

গুন-গুন (p. 250) [guna-guna] অব্য. গুঞ্জন; মৃদু অস্পষ্ট মধুর ধ্বনি। [দেশি]।

গুনতি (p. 250) [gunati] বি. গণনা, সংখ্যা নির্ণয়, গোনা (গুনতিতে বেশি)। [বাং. √গুণ্ (সং. √গুণ্) + তি]।

গুনা1 (p. 250) [gunā1] বি. তার, ধাতুনির্মিত সুতো। [সং. গুণ]।

গুনা2, গুনাহ (p. 250) [gunā2, gunāha] বি. দোষ, অপরাধ; পাপ। [ফা. গুনহ্]।˜ গার,˜ গারি বি. অপরাধ বা পাপের শাস্তি; আক্কেল সেলামি (একগাদা টাকা গুনাগার দিতে হল)।

গুনিন (p. 250) [gunina] বি. মন্ত্রতন্ত্রজ্ঞ ব্যক্তি, তুকতাক বা 'গুণ' করতে জানে এমন লোক। [সং. গুণিন্]।

গুণ্ডা (p. 253) [guṇḍā] বি. বিণ. 1 দুর্বৃত্ত, বদমাশ; 2 অশান্ত, বেয়াড়া (গুণ্ডা হাতি) ; 3 জবরদস্তি করে এমন। [দেশি]।˜ মি,˜ মো বি. গুণ্ডার বৃত্তি বা আচরণ, গুণ্ডার মতো আচরণ।

গুণ্ডি (p. 253) [guṇḍi] বি. তামাকপাতা বা তার চূর্ণ দিয়ে তৈরি নেশার জিনিস। [তু. সং. গুণ্ডিত]।

গুপি-যন্ত্র, গোপি-যন্ত্র (p. 253) [gupi-yantra, gōpi-yantra] বি. বাউলের (গুবগুব শব্দকারী) একতারা বাদ্যযন্ত্র। [বাং. গুবি (গুবগুব শব্দকারী) + সং. যন্ত্র]।

গুপ্ত (p. 253) [gupta] বিণ. 1 অপ্রকাশ্য, লুকানো (গুপ্তধন, গুপ্তব্যাধি); 2 অদৃশ্য, প্রচ্ছন্ন ('কে বলে ঈশ্বর গুপ্ত, ব্যাপ্ত চরাচরে': ঈ. গু.); 3 (প্রায় অপ্রচলিত) রক্ষিত; 4 বৈদ্য বা বৈশ্য জাতির পদবিবিশেষ। [সং. √গুপ্ + ত]। স্ত্রী. গুপ্তা।˜ কথা বি. গোপন কথা; গোপনীয় কথা; অজ্ঞাত কাহিনী।˜ ঘাতক বি. গোপনে হত্যাকারী (গুপ্তঘাতকের হাতে প্রাণ হারিয়েছেন)।˜ চর বি. যে গোপনে সংবাদ সংগ্রহ করে; গোয়েন্দা।˜ ধন বি. সবার অজ্ঞাতে ও অগোচরে লুকানো ধন।˜ বেশ বি. ছদ্মবেশ।˜ ভোট, গুপ্ত মত বি. ব্যালট ভোট, গোপন ভোট, secret ballot. গুপ্তি বি. 1 গোপনে রক্ষণ (মন্ত্রগুপ্তি); 2 ফাঁপা লাঠির মধ্যে লুকিয়ে রাখা সরু তরবারি।

গুপ্তি (p. 253) [gupti] দ্র গুপ্ত।

গুফা (p. 253) [guphā] বি. পর্বতগুহা। [সং. গুহা]।

গুবরে পোকা (p. 253) [gubarē pōkā] বি. পচা গোবরে জাত কীটবিশেষ। [বাং. গোবরে পোকা]।

গুব-লেট (p. 253) [guba-lēṭa] বি. বিণ. ভেস্তে যাওয়া; ভেস্তে গেছে এমন (সব গুবলেট করে দিয়ো না, সব গুবলেট হয়ে গেছে)। [দেশি]।

গুবাক (p. 253) [gubāka] বি. সুপারি গাছ। [সং. √গু (ত্যাগ করা) + আক]।

গুম1 (p. 253) [guma1] অব্য. গম্ভীর শব্দবিশেষ; কিলের শব্দ (গুম করে মারল এক কিল)। [দেশি]। গুম গুম, গুমা-গুম অব্য. ক্রি-বিণ. ক্রমাগত গুম শব্দ; গুম গুম করে (গুমাগুম কিলোতে লাগল)।

গুম2 (p. 253) [guma2] বিণ. 1 গুপ্ত, অপ্রকাশিত (গুমখুন); 2 নিখোঁজ (গুম করা, গুম হওয়া) ; 3 নির্বাক ও নিশ্চল, স্তম্ভিত (গুম হয়ে বসে আছে)। [ফা. গুম্]।

গুম-খুন (p. 253) [guma-khuna] বি. গুপ্ত হত্যা, গোপন হত্যা। [ফা. গুম্ + খুন]।

গুমট (p. 253) [gumaṭa] বি. বায়ু চলাচলের অভাবের জন্য ভাপসা ভাব বা পচা গরম। [দেশি]।

গুমটি (p. 253) [gumaṭi] বি. প্রহরী বা দারোয়ানের থাকার জন্য তিন দিক বন্ধ ও অপ্রশস্ত ছোট কুঠুরি। [হি. গুমটী]।

গুমর (p. 253) [gumara] বি. অহংকার, গর্ব, দেমাক (না হয় ভালো চাকরিই করে, তাতেই এত গুমর?)। [ফা. গুমান্]।

গুমরা (p. 253) [gumarā] ক্রি. মনে চেপে রাখা শোক, দুঃখ, অভিমান, ঈর্ষা প্রভৃতিতে কষ্ট পাওয়া; মনে মনে দুঃখকষ্ট ভোগ করা (নিজের মনে গুমরে মরছে, বেদনা গুমরে উঠছে)। [তু. ফা. গুম্সুম=মৌনী, নিস্তব্ধ]। নো ক্রি. গুমরা। □ বি. উক্ত অর্থে।

গুমসা (p. 253) [gumasā] বিণ. ভাপসা, গুমটযুক্ত; গরমের জন্য ঈষত্ পচা বা দুর্গন্ধযুক্ত। □ ক্রি. গুমসা হওয়া (গুমসে গেছে)। [দেশি]।˜ নো ক্রি. গুমসা হওয়া। □ বি. উক্ত অর্থে।˜ নি বি. গুমসা হওয়া; গুমসা ভাব। গুমসো বিণ. গুমসা -র কথ্য রূপ।

গুমা, গুমো (p. 253) [gumā, gumō] বিণ. গুমসা; গরমের জন্য ঈষত্ পচা বা ভাপসা (গুমা গন্ধ)। [দেশি]।

গুমাগুম (p. 253) [gumāguma] দ্র গুম1।

গুমি (p. 253) [gumi] বিণ. লুকানো, গুপ্ত; নিখোঁজ। [গুম2 দ্র]।

গুম্ফ (p. 253) [gumpha] বি. 1 গোঁফ; 2 গুচ্ছ। [সং. √গুনফ্ + অ]।

গুম্ফন (p. 253) [gumphana] বি. 1 গ্রন্হিত করা, গাঁথন; রচনা; 2 গুচ্ছাকারে সাজানো। [সং. √গুনফ্ (বাঁধা, গাঁথা) + অন]।

গুম্ফা (p. 253) [gumphā] বি. 1 তিব্বতি বা ভুটিয়া বৌদ্ধ মন্দির; 2 গুহা। [সং. গুহা]।

গুম্ফিত (p. 253) [gumphita] বিণ. 1 গ্রন্হিত; গাঁথা হয়েছে এমন; 2 রচিত; 3 গুচ্ছের আকারে রাখা হয়েছে এমন। [সং. √গুনফ্ + ত]।

গুম্বজ, গম্বুজ (p. 253) [gumbaja, gambuja] বি. মন্দির, মিনার, প্রাসাদ প্রভৃতির শীর্ষদেশে গোলাকার ছাদ। [ফা. গুম্বদ]।

গুয়া (p. 253) [guẏā] বি. সুপারি (দেব গুয়া-পান)। [সং. গুবাক]। ˜ বাড়ি বি. সুপারি বাগান।

গুরবাঁক (p. 253) [gurabānka] বি. (সাধারণত রুপোর তৈরি) নূপুরবিশেষ। [সাঁও. গুরবাঁক]।

গুরিয়া পুতুল (p. 253) [guriẏā putula] বি. কাপড়ের তৈরি খেলনা পুতুল। [ও. গুরিয়া + বাং. পুতুল]।

গুরু (p. 253) [guru] বি. 1 ধর্মোপদেষ্টা; দীক্ষাদাতা, মন্
ত্রদাতা; 2 আচার্য, উপদেশক, শিক্ষক (গুরুর কাছে শেখা বিদ্যা) ; 3 গুরুজন, মাননীয় বা পূজনীয় ব্যক্তি; 4 দেবগুরু বৃহস্পতি (গুরু বার) ; 5 (অমা.) ওস্তাদ্, নেতা (ওসব ধান্দা ছাড়ো গুরু)। □ বিণ. 1 ভারী, অধিক (সংখ্যাগুরু সম্প্রদায়); 2 দুর্বহ (গুরুভার) ; 3 দায়িত্বপূর্ণ; 4 কঠিন (গুরুদণ্ড); 5 মহান (গুরু দায়িত্ব) ; 6 অলঘু (গুরুপাক খাদ্য); 7 অতিরিক্ত, অধিক (গুরুভোজন) ; 8 (ব্যাক.) দীর্ঘ

মাত্রাযুক্ত। [সং. √গৃ + উ]। ˜ কুল বি. 1 গুরুর গৃহ বা আশ্রম; 2 পুরুষানুক্রমে পারিবারিক আচার্যের বংশ; 3 হরিদ্বারের নিকটবর্তী প্রাচীন ভারতীয় আদর্শে স্থাপিত শিক্ষাকেন্দ্র। ˜ গম্ভীর বিণ. গভীর অর্থযুক্ত এবং গম্ভীর শব্দবিশিষ্ট (গুরুগম্ভীর বর্ণনা, গুরুগম্ভীর ভাষা)। ˜ গিরি বি. গুরুর বৃত্তি বা পেশা। ˜ গৃহ বি. গুরুর বাড়ি। ˜ চণ্ডালী বি. 1 সাধু ভাষার সঙ্গে চলিত ভাষার মিশ্রণ; 2 সংস্কৃত শব্দের সঙ্গে দেশজ শব্দের মিশ্রণ; 3 গম্ভীর শব্দের সঙ্গে হালকা ও চটুল শব্দের মিশ্রণ (যথা, বারিধিতে ডুব দেওয়া, ডোবার জলে নিমজ্জিত)। ˜ জন বি. পূজনীয় বা বয়োজ্যেষ্ঠ ব্যক্তি। ˜ ঠাকুর বি. পারিবারিক ও বংশানুক্রমিক ধর্মোপদেষ্টা। ˜ তর বিণ. 1 দুইয়ের মধ্যে অধিক গুরু; মহত্তর ; 2 সাংঘাতিক, ভয়ানক (একটা গুরুতর ব্যাপার ঘটে গেছে)। ˜ তা, ˜ ত্ব বি. 1 গুরুগিরি; 2 মহত্ত্ব, মূল্য; 3 মনোযোগ পাওয়ার যোগ্যতা (কথার গুরুত্ব); 4 ভার, ওজন (gravity); 5 আধিক্য (অপরাধের গুরুত্ব) ; 6 গাম্ভীর্য (পরিস্থিতির গুরুত্ব)। ˜ দক্ষিণা বি. শিক্ষা সমাপ্ত হবার পর শিষ্য কর্তৃক গুরুকে দেওয়া অর্থ বা মূল্য, গুরুবিদায়। ˜ দশা বি. 1 পিতা বা মাতার মৃত্যুজনিত অবস্থা; 2 (জ্যোতিষ) বৃহস্পতির দশা। ˜ পাক বিণ. সহজে হজম হয় না এমন। ˜ বরণ বি. দীক্ষাগুরুকে বস্ত্র অর্থ অলংকার ইত্যাদি দিয়ে বরণ বা পূজা। ˜ বল বি. গুরুর করুণারূপ শক্তি; গুরুর আশীর্বাদ। ˜ বার বি. বৃহস্পতিবার। ˜ ভাই বি. একই গুরুর শিষ্য। ˜ মহাশয়, ˜ মশাই বি. 1 (প্রধানত পাঠশালার) শিক্ষক ('পাঠশালাটি দোকান-ঘরে, গুরুমশাই দোকান করে': স. দ.); 2 (ব্যঙ্গে) অকালপক্ব বা ডেঁপো ছেলে; জ্যাঠা ছেলে। ˜ মা বি. 1 ধর্মোপদেশদাত্রী; 2 গুরুর পত্নী। গুরু-মারা বিদ্যা গুরুর কাছ থেকে লব্ধ যে বিদ্যা গুরুকেই জব্দ বা পরাজিত করবার জন্য ব্যবহৃত হয়। গুরুমুখী বিদ্যা যে বিদ্যা কেবল গুরুর কাছ থেকেই পাওয়া যায়, অর্থাত্ যা বই পড়ে বা অন্যভাবে অর্জন করা যায় না (সংগীত একটি গুরুমুখী বিদ্যা)। ˜ মুখী, গুর-মুখী বি. শিখদের মধ্যে প্রচলিত বর্ণমালাবিশেষ। ˜ য়া বিণ. তীব্র, দুঃসহ ('গুরুয়া দুখভার': বিদ্যা); 2 বিপুল

('গিরিবর গুরুয়া': বিদ্যা) ; 3 দুর্ভর ('গুরুয়া কবরীভার': শ্রীকৃষ্ণমঙ্গল); 4 গভীর, উৎকৃষ্ট ('আমোদ গুরুয়া': শ্রীকৃষ্ণমঙ্গল)।˜ লঘু-জ্ঞান বি. কে মান্য বা পূজ্য এবং কে নয় এই জ্ঞান (ছেলেটার এখনও গুরু-লঘু জ্ঞানই হল না)।˜ লাঘব বি. আপেক্ষিক গুরুত্ব ও লঘুত্ব।˜ সেবা বি. গুরুর পরিচর্যা।˜ স্থানীয় বিণ. গুরুতুল্য। যেমন গুরু তেমনি চেলা গুরু ও শিষ্য দুজনেই সমান মন্দ বা মূর্খ।

গুরু গুরু (p. 253) [guru guru] অব্য. গম্ভীর ও মৃদু মেঘগর্জন ধ্বনি ('গুরু গুরু গরজনে কাঁপি': রবীন্দ্র)। [ধ্বন্যা.]।

গুর্জর (p. 253) [gurjara] বি. প্রাচীন গুজরাতের অধিবাসী। গুর্জরী বি. (স্ত্রী.) 1 প্রাচীন গুজরাতের অধিবাসিনী ; 2 সংগীতের রাগিণীবিশেষ।

গুর্বিণী (p. 253) [gurbiṇī] বিণ. গর্ভবতী, গর্ভিণী। [সং. গুরু + ইন্ + ঈ]।

গুর্বী (p. 253) [gurbī] বি. (স্ত্রী.) গুরুপত্নী। □ বিণ. (স্ত্রী.) 1 গর্ভিণী; 2 মহতী ; 3 গৌরবময়ী। [সং. গুরু + ঈ]।

গুল1 (p. 253) [gula1] বি. 1 পোড়া তামাক; 2 (জ্বালানি হিসাবে) গোবর, কয়লার গুঁড়ো বা মাটি মিশিয়ে প্রস্তুত গুলি। [বাং. গুলি]।

গুল2 (p. 253) [gula2] বি. 1 গোলাপ ফুল (গুলবাগ, গুলবাগিচা); 2 ফুলের নকশা। [ফা. গুল্]।

গুল3 (p. 253) [gula3] (অশা.) বি. ধাপ্পা; বাজে বা মিথ্যা কথা (গুল মারা)। [তু. ফা. গুলতান্]। ˜ বাজ বিণ. মিথ্যাবাদী। গুল মারা ক্রি. বি. ধাপ্পা দেওয়া, মিথ্যা কথা বলা।

গুল-জার (p. 253) [gula-jāra] বিণ. 1 শোভাময়, জাঁকজমকপূর্ণ; 2 সরগরম, জমজমাট (নরক গুলজার)। [সং. গুলজার]।

গুলঞ্চ (p. 253) [gulañca] বি. লতাবিশেষ, গুড়ুচী। [সং. গুড়ুচী]।

গুল-তানি, গুল-তান (p. 253) [gula-tāni, gula-tāna] বি. 1 জটলা, ঘোঁট; 2 আড্ডা ও খোশগল্প (বসে বসে গুলতানি করলে ভাত জুটবে না)। [ফা. গল্তান্]। গুলতানি পাকানো, গুলতানি করা ক্রি. বি. কয়েকজন মিলে জটলা করা ও ঘোঁট পাকানো।

গুলতি (p. 253) [gulati] বি. বাঁটুল, ছোট পাথর, মাটির গুলি ইত্যাদি ছোড়ার প্রাচীন ও দেশীয় অস্ত্রবিশেষ। [দেশি]।

গুল-দার (p. 253) [gula-dāra] বিণ. ফুলের নকশাওয়ালা, ফুল-কাটা, বুটিদার। [ফা. গুল2 + দার]।

গুল-পট্টি (p. 253) [gula-paṭṭi] বি. ধাপ্পা, ধাপ্পাবাজি। [বাং. গুল3 + পট্টি]। গুলপট্টি মারা ক্রি. বি. ধাপ্পা দেওয়া; মিথ্যা কথা বলে ঠকানো।

গুল্ফ (p. 253) [gulpha] বি. গোড়ালি। [সং. √গুল্ + ফ]।

গুল-বদন (p. 253) [gula-badana] বিণ. গোলাপ ফুলের মতো কোমলাঙ্গ। □ বি. রেশমি শাড়ি। [ফা. গুল্‌বদন্]। গুল-বদনি বিণ. (স্ত্রী.) কোমলাঙ্গী।

গুল-বাহার (p. 253) [gula-bāhāra] বি. বুটিদার শাড়িবিশেষ। [ফা. গুলবাহার]।

গুলা1, গুলি, গুলো (p. 253) [gulā1, guli, gulō] বহুত্ববোধক প্রত্যয়বিশেষ (বইগুলি, ছেলেগুলো)। [সং. কুল]।

গুলা2, গোলা (p. 253) [gulā2, gōlā] ক্রি. 1 তরল বস্তুতে অতরল বস্তু মিশিয়ে সম্পূর্ণভাবে একাকার করে দেওয়া (জলে রং গোলা, জলে চিনি গুলে দেওয়া); 2 গোলমাল করে ফেলা (সে সবকিছু গুলিয়ে ফেলেছে); 3 বিশৃঙ্খল হওয়া (হিসাব গুলিয়ে যাচ্ছে) ; 4 ঘুলিয়ে তোলা, আলোড়িত করা; 5 ঘুলিয়ে ওঠা, আলোড়িত হওয়া (পেট গুলানো)। [দেশি]। ̃ নো ক্রি. বি. অন্যের দ্বারা তরল বস্তুতে অতরল বস্তু সম্পূর্ণভাবে মেশানো; গোলমাল করে ফেলা; বিশৃঙ্খল করা; বিশৃঙ্খল হওয়া; আলোড়িত করা; আলোড়িত হওয়া বা ঘুলিয়ে ওঠা।

গুলাব (p. 253) [gulāba] বি. 1 সুগন্ধি ফুলবিশেষ; 2 ওই ফুলের নির্যাসমিশ্রিত জল। [ফা. < গুল্ (গোলাপ) + আব্ (জল) -তু. সং. অপ্]। ̃ পাশ বি. গোলাপজল ছিটাবার যন্ত্রবিশেষ। গুলাবি বিণ. 1 গোলাপের গন্ধযুক্ত; 2 মৃদু, ঈষত্ (গুলাবি নেশা)।

গুলাল (p. 253) [gulāla] বি. আবির, ফাগ। [ফা. গুল্লাল]।

গুলি2 (p. 253) [guli2] বি. 1 যেকোনো ক্ষুদ্র গোলাকার বস্তু, গুটিকা (গুলি খেলা) ; 2 ওষুধের বড়ি, pill (হজমি গুলি, আমাশার গুলি) ; 4 আফিম থেকে প্রস্তুত মাদকবিশেষ, চণ্ডু (গুলিখোর); 5 বন্দুকের ছর্রা বা ধাতুগোলক, bullet. [হি. গোলী < সং. √গুড্ + অ + ই]।˜ খোর বি. বিণ. চণ্ডুসেবনকারী।˜ ডাণ্ডা বি. খেলাবিশেষ ও তার উপকরণ; ডাংগুলি।˜ কা বি. গুটিকা; বটিকা; বন্দুকের গুলি। গুলি মারা (অশা.) ক্রি. বি. তোয়াক্কা না করা; উপেক্ষা করা (গুলি মারো ওই চাকরিকে)।

গুল্ম (p. 253) [gulma] বি. 1 ঝাড়বিশিষ্ট ছোট গাছ; 2 কাণ্ডহীন গাছ; 3 সৈন্যের ঘাঁটি বা থানা ; 4 পুরাণোক্ত সৈন্যসংখ্যাবিশেষ-1 গুল্মে 9 হস্তি 9 রথ 27 অশ্ব ও 45 পদাতি থাকে; 5 প্লীহাবৃদ্ধি রোগ। [সং. √গুড্ (বেষ্টন করা) + ম]।

গুহ (p. 253) [guha] বি. 1 কার্তিক; 2 বিষ্ণু; 3 গুহক চণ্ডাল; 4 বাঙালি কায়স্থদের পদবিবিশেষ। [সং. √গুহ্ (সংবরণ করা, রক্ষা করা) + অ]।˜ ষষ্ঠী বি. কার্তিকের প্রিয় আগ্রহায়ণী শুক্লা ষষ্ঠী।

গুহা (p. 253) [guhā] বি. গহ্বর; 2 পাহাড়ের গর্ত; 3 (আল.) গুপ্ত বা নিভৃত স্থান; অন্তরতম প্রদেশ। [সং. √গুহ্ (আচ্ছাদন করা) + অ + আ]।˜ চর বিণ. গুহায় বাস করে এমন।˜ চিত্র বি. গুহায় বা গুহার দেওয়ালে আঁকা বা খোদাই করা চিত্র।˜ মানব বি. গুহাবাসী (আদিম) মানুষ।˜ শয় বিণ. গুহায় শয়নকারী বা বসবাসকারী। □ বি. সিংহ, বাঘ প্রভৃতি গুহাবাসী পশু।˜ হিত,˜ আহিত বি. হৃদয়গুহায় নিলীন পরমব্রহ্ম বা পরমাত্মা।

গুহ্য (p. 253) [guhya] বিণ. 1 গোপনীয়, অপ্রকাশ্য (গুহ্য ব্যাপার); 2 নিগূঢ় (গুহ্য রহস্য) ; 3 নিভৃত, নির্জন (গুহ্য বনভূমি, গুহ্য প্রান্তর)। □ বি. মলদ্বার (গুহ্যদ্বার)। [সং. √গুহ্ + য]।

গুহ্যক (p. 253) [guhyaka] বি. কুবেরের অনুচর দেবযোনিবিশেষ; যক্ষ। [সং. গুহ্য + ক]।

গূঢ় (p. 253) [gūḍh ̣] বিণ. 1 গুপ্ত, অপ্রকাশিত, অলক্ষিত (গূঢ় অভিসন্ধি); 2 অজ্ঞাত, দুর্জ্ঞেয়, জটিল (গূঢ়তত্ত্ব); 3 দুর্গম, দুষ্প্রবেশ্য (গূঢ় রহস্য); 4 লুক্কায়িত (গূঢ় পথ); 5 নিভৃত। [সং. √গুহ্ + ত]।˜ পাদ বি. 1 কচ্ছপ; 2 সাপ।˜ পুরুষ বি. গুপ্তচর।˜ বৃক্ষ বি. করবী গাছ।˜ মার্গ বি. গুপ্তপথ; সুড়ঙ্গ।˜ সাক্ষী বি. যে সাক্ষী গোপনে বিরুদ্ধপক্ষের কথা জেনে নেয় বা জেনে নিয়েছে।

গূঢ়ার্থ (p. 253) [gūḍh ̣ārtha] বি. গভীর বা অপ্রকাশিত অর্থ। [সং. গূঢ় + অর্থ]।

গূঢ়ৈষণা (p. 253) [gūḍh ̣aiṣaṇā] বি. 1 মনের জটিলতা; মনোভাব বা মানসিকতার দুর্জ্ঞেয়তা বা জটিলতা; 2 গূঢ় বা গোপন ইচ্ছা। [সং. গূঢ় + এষণা]।

গৃধিনী (p. 253) [gṛdhinī] দ্র গৃধ্র।

গৃধ্নু (p. 253) [gṛdhnu] বিণ. লোভী, লোলুপ (অর্থগৃধ্নু)। [সং. √গৃধ্ + নু]। বি.˜ তা।

গৃধ্র (p. 253) [gṛdhra] বি. শকুন পাখি। [সং. √গৃধ্ + র]। ̃ রাজ বি. 1 গরুড় ; 2 জটায়ু; 3 সম্পাতি। বি. (স্ত্রী.) গৃধিনী।

গৃহ (p. 253) [gṛha] বি. 1 কক্ষ, ঘর, প্রকোষ্ঠ; 2 বাড়ি, বাসস্থান, আবাস (আমার গৃহে একদিন পদার্পণ করুন)। [সং. √গ্রহ্ + অ]। ̃ কপোত বি. পোষা পায়রা, পারাবত। ̃ কর্তা (-র্তৃ) বি. গৃহস্বামী। স্ত্রী. ̃ কর্ত্রী। ̃ কর্ম, ̃ কার্য বি. ঘরকান্নার কাজ, গৃহস্থালি। ̃ কোণ বি. ঘরের কোণ; অন্তঃপুর (দিনের শেষে ফিরে গৃহকোণে আশ্রয় নিই)। ̃ গোধিকা বি. টিকটিকি। ̃ চ্ছিদ্র বি. পারিবারিক দোষ বা কলঙ্ক। ̃ চ্যুত বিণ. স্বগৃহ থেকে বিতাড়িত বা বিচ্ছিন্ন। ̃ জাত বিণ. ঘরে তৈরি হয়েছে এমন। ̃ ত্যাগ বি. বাড়ি ছেড়ে যাওয়া; সংসারত্যাগ, বৈরাগ্য, সন্ন্যাস। ̃ দাহ বি. অগ্নিসংযোগে গৃহের আংশিক বা সম্পূর্ণ পুড়ে যাওয়া। ̃ দেবতা বি. পুরুষানুক্রমে পূজিত ও গৃহে প্রতিষ্ঠিত দেবতা বা দেবমূর্তি। ̃ ধর্ম বি. গার্হস্থ্যধর্ম, সংসারধর্ম, গৃহীর পালনীয় কর্তব্য। ̃ নির্মাণ বি. ঘর-বাড়ি তৈরি। ̃ পতি বি. গৃহস্বামী। ̃ পালিত বিণ. ঘরে অর্থাত্ বাড়িতে পোষা বা পোষার যোগ্য (গৃহপালিত পশু)। ̃ প্রবেশ বি. নবনির্মিত গৃহে প্রথম প্রবেশকালীন অনুষ্ঠানবিশেষ। ̃ প্রাঙ্গণ বি. গৃহের সংলগ্ন প্রাঙ্গণ বা উঠান। ̃ বধূ বি. ঘরেই থাকে এবং সংসারধর্ম পালন করে এমন বিবাহিতা স্ত্রীলোক। ̃ বন্দি বিণ. ঘরে আটক (বৃষ্টির জন্যে সারাটা দিন গৃহবন্দি হয়ে আছি)। ̃ বলি-ভুক (-ভুজ্) পায়রা। ̃ বাটিকা বি. বাসগৃহসংলগ্ন বাগান; বাগানবাড়ি। ̃ বাসী (-সিন্) বিণ. বি. গৃহস্থ, সংসারী (লোক)। ̃ বিচ্ছেদ বি. আত্মীয়পরিজনের মধ্যে ঝগড়া বা পরস্পর ছাড়াছাড়ি। ̃ বিবাদ বি. 1 একই সংসারের লোকজনের মধ্যে বা পরিজনদের মধ্যে ঝগড়া ; 2 একই রাষ্ট্রের প্রজাদের মধ্যে পরস্পর কলহ বা লড়াই। ̃ ভেদ বি. 1 গৃহবিবাদ; 2 সিঁধ কেটে চুরি। ̃ ভেদী বিণ. 1 পরিজনদের মধ্যে বিবাদ ঘটায় এমন, ঘরভাঙানে; 2 (বিরল) চৌর্যব্যবসায়ী। ̃ মণি বি. প্রদীপ। ̃ মৃগ বি. কুকুর। ̃ মেধী বি. বিণ. গৃহস্থ; কৃতদার,

যে বিবাহ করেছে। ̃ মেধিনী বি. (স্ত্রী) গৃহিণী। ̃ যুদ্ধ বি. ঘরোয়া যুদ্ধ; রাষ্ট্রের মধ্যে অন্তর্যুদ্ধ। ̃ লক্ষ্মী বি. কুলবধূ; গৃহিণী। ̃ শত্রু বি. যে ব্যক্তি (প্রধানত গোপনে) স্বগৃহের বা স্বদলের প্রতি শত্রুতা করে। ̃ শিক্ষক বি. যে শিক্ষক পারিশ্রমিকের বিনিময়ে বাড়িতে এসে ছাত্র-ছাত্রীকে পড়ান। ̃ শূন্য বিণ. 1 নিরাশ্রয়; 2 বিপত্নীক। ̃ সজ্জা বি. ঘরের আসবাবপত্র। ̃ স্থ বি. সংসারী লোক; মধ্যবিত্ত অবস্থার লোক। □ বিণ. গৃহে স্থিত। ̃ স্থালি, ̃ স্থালী বি. ঘরকন্নার কাজকর্ম। ̃ স্বামী (-মিন্) বি. বাড়ির বা পরিবারের কর্তা। স্ত্রী. ̃ স্বামিনী। ̃ হীন বিণ. গৃহ নেই যার; আশ্রয়হীন।

গৃহস্থাশ্রম (p. 253) [gṛhashāśrama] বি. গার্হস্থ্য, গৃহস্থজীবন। [সং. গৃহস্থ + আশ্রম]।

গৃহাগত (p. 253) [gṛhāgata] বিণ. 1 গৃহে যে এসেছে; 2 (নিজ) গৃহে আগমনকারী বা প্রত্যাবর্তনকারী ; 3 অতিথি, অভ্যাগত। [সং. গৃহ + আগত]।

গৃহান্তর (p. 253) [gṛhāntara] বি. অন্য কক্ষ বা বাড়ি (গৃহান্তরে গিয়ে খোঁজ করব)। [সং. গৃহ + অন্তর]।

গৃহাভি-মুখী (p. 253) [gṛhābhi-mukhī] (-খিন্) বিণ. গৃহের দিকে চলেছে এমন (গৃহাভিমুখী শ্রমিকের দল); গৃহের দিকে ফিরে রয়েছে এমন। [সং. গৃহ + অভিমুখিন্]।

গৃহাভ্যন্তর (p. 253) [gṛhābhyantara] বি. ঘরের ভিতর দিক বা ভিতরের অংশ (তিনি দ্রুত গৃহাভ্যন্তরে গেলেন)। [সং. গৃহ + অভ্যন্তর]।

গৃহাশ্‌রম (p. 253) [gṛhāśrama] বি. গৃহস্থজীবন; সংসারজীবন। [সং. গৃহ + আশ্রম]। তু. গৃহস্থাশ্রম।

গৃহাসক্ত (p. 253) [gṛhāsakta] বিণ. গৃহের বা সংসারের প্রতি অতিশয় অনুরক্ত; ঘরকুনো। [সং. গৃহ + আসক্ত]।

গৃহিণী (p. 253) [gṛhiṇī] বি. 1 বাড়ি বা পরিবারের কর্ত্রী; 2 গৃহীর পত্নী। [সং. গৃহ + ইন্ + ঈ]। ̃ পনা বি. 1 গৃহিণীর আচরণ; 2 গৃহিণীর নৈপুণ্য; 3 (ব্যঙ্গে) অল্প বয়সে বা বিনা অধিকারে গৃহকর্ত্রীর ভাব দেখানো।

গৃহী (p. 253) [gṛhī] (-হিন্) বি. 1 গৃহস্থ, সংসারী লোক; 2 বিবাহিত লোক। [সং. গৃহ + ইন্ অস্ত্যর্থে]।

গৃহীত (p. 256) [gṛhīta] বিণ. 1 গ্রহণ করা হয়েছে বা মেনে নেওয়া হয়েছে এমন; স্বীকৃত (তাঁর প্রস্তাব গৃহীত হয়েছে); 2 ধৃত; 3 প্রাপ্ত; 4 আশ্রিত। [সং. √গ্রহ্ + ত]।

গৃহ্য1 (p. 256) [gṛhya1] বিণ. 1 গ্রহণযোগ্য; 2 আয়ত্ত। [সং. √গ্রহ্ + য]।

গৃহ্য2 (p. 256) [gṛhya2] বিণ. 1 গৃহসম্বন্ধীয় (গৃহ্যকর্ম); 2 গৃহপালিত; 3 গৃহে উৎপন্ন বা জাত। □ বি. গৃহ্যসূত্র। [সং. গৃহ + য]। ̃ সূত্র বি. জাতকর্ম বিবাহ প্রভৃতি গৃহস্থের অনুষ্ঠেয় সংস্কারের বিধিসংবলিত প্রাচীন গ্রন্থবিশেষ।

গেও (p. 256) [gēō] ক্রি. (ব্রজ.) গেল, গিয়েছে ('হরি গেও মধুপুর': বিদ্যা)।

গেঁজ (p. 256) [gēn̐ja] বি. 1 অঙ্কুর, গজ, কল; 2 অর্বুদ, আব। [দেশি]।

গেঁজলা, গেঁজা, গেঁজানো (p. 256) [gēn̐jalā, gēn̐jā, gēn̐jānō] যথাক্রমে গাঁজলা, গাঁজান2 ও গাঁজানো -র চলিত রূপ।

গেঁজে, গেঁজিয়া (p. 256) [gēn̐jē, gēn̐jiẏā] বি. (সাধারণত টাকা-পয়সা রাখার জন্য) কাপড়ের তৈরি সরু থলিবিশেষ। [দেশি]।

গেঁটে1 (p. 256) [gēn̐ṭē1] ? বিণ. বেঁটে মোটা ও বলিষ্ঠ। [গেঁটে2 দ্র]।

গেঁটে2 (p. 256) [gēn̐ṭē2] বিণ. 1 গ্রন্হি বা গাঁটযুক্ত, গ্রন্হিল (গেঁটে বাঁশ, গেঁটে লাঠি); 2 গ্রন্হিজাত বা গ্রন্হিতে জন্মে এমন (গেঁটে বাত); 3 গ্রন্হিসম্বন্ধীয়। [বাং. গাঁট + ইয়া > এ]।

গেঁট্টা-গোঁট্টা, গাঁট্টা-গোঁট্টা (p. 256) [gēn̐ṭṭā-gōn̐ṭṭā, gān̐ṭṭā-gōn̐ṭṭā] বিণ. বেঁটে ও হৃষ্টপৃষ্ট; বেঁটে ও বলিষ্ঠ। [বাং. গেঁটে]।

গেঁড় (p. 256) [gēn̐ḍ়] বি. কন্দ; কচু আদা প্রভৃতি গ্রন্হিযুক্ত মূল। [সং. গণ্ড]।

গেঁড়া, গ্যাঁড়া (p. 256) [gēn̐ḍ়ā, gyān̐ḍ়ā] বি. (অশা.) আত্মসাত্ করা, অপহরণ (গেঁড়া দেওয়া, গেঁড়া মারা)। □ বিণ. বেঁটে (গেঁড়ামতন ছেলে)। [দেশি]। ̃ কল বি. লোককে ঠকাবার কৌশল; বিপদ, ফাঁদ (আচ্ছা গেঁড়াকলে

পড়েছি তো!)। ˜ নো ক্রি. আত্মসাত্ বা চুরি করা, হাতানো (সে নিশ্চয় ওটা গেঁড়িয়েছে)। □ বি. চুরি। □ বিণ. হাতানো বা চুরি করা হয়েছে এমন (গ্যাঁড়ানো পেনটা)।

গেঁড়ি (p. 256) [gēn̐ḍ়i] বি. ক্ষুদ্র শামুকবিশেষ। [দেশি]।

গেঁড়ু, গেঁড়ুয়া (p. 256) [gēn̐ḍ়u, gēn̐ḍ়uẏā] বি. 1 গোলক, ভাঁটা, কন্দুক, খেলার বল; 2 স্তবক; 3 মালা ('ফুলের গেঁড়ুয়া লুফিয়া ধরয়ে': চণ্ডী)। [সং. গেণ্ডুক]।

গেঁতো (p. 256) [gēn̐tō] বিণ. দীর্ঘসূত্রী; অলস (গেঁতো লোক)। [দেশি]।

গেঁয়ে, গেঁয়ো (p. 256) [gēm̐ẏē, gēm̐ẏō] বিণ. 1 গ্রাম্য; 2 গ্রামবিষয়ক; 3 গ্রামবাসী; 4 অশিক্ষিত ও অমার্জিত (গেঁয়ো স্বভাব, গেঁয়ো চালচলন)। [বাং. গাঁ + ইয়া > এ, উয়া > ও]।

গেঙা, গেঙানো (p. 256) [gēṅā, gēṅānō] যথাক্রমে গোঙা ও গোঙানো -র আঞ্চ. রূপ।

গেছো (p. 256) [gēchō] বিণ. 1 গাছসম্বন্ধীয়; 2 গাছে গাছে থাকে বা বেড়ায় এমন (গেছো টিকটিকি); 3 ডানপিটে, উদ্দাম ও পুরুষভাবাপন্ন (গেছো মেয়ে)। [বা. গাছ + উয়া > ও]।

গেজেট (p. 256) [gējēṭa] বি. 1 সংবাদপত্র; 2 সরকারি নির্দেশ ও তথ্যাদি সংবলিত সংবাদপত্র; 3 (আল.) সমস্ত খবর রাখে ও সরবরাহ করে এমন ব্যক্তি (পাড়ার গেজেট)। [ইং. gazette]।

গেঞ্জি (p. 256) [gēñji] বি. সুতোয় বোনা এবং (সাধারণত) জামার নীচে পরিধেয় পুরুষের ফতুয়াজাতীয় অন্তর্বাসবিশেষ। [ইং. guernsey]।

গেট (p. 256) [gēṭa] বি. ফটক, সদর দরজা। [ইং. gate]।

গেণ্ডু, গেণ্ডুক (p. 256) [gēṇḍu, gēṇḍuka] বি. ভাঁটা, কন্দুক, বল, ball. [সং. গেণ্ডু]। গেণ্ডুয়া বি. গেণ্ডু, বল।

গেদে দেওয়া (p. 256) [gēdē dēōẏā] ক্রি. বি. প্রচণ্ড তিরস্কার করা। [দেশি]।

গেনু (p. 256) [gēnu] ক্রি. (আঞ্চ. ও কাব্যে) গেলাম, গেলুম। [গেল1 দ্র]।

গেয় (p. 256) [gēẏa] বিন. 1 গান করার যোগ্য; 2 গাওয়া হয় বা হবে এমন। [সং. √গৈ + য]।

গেরন (p. 256) [gērana] (চন্দ্রসূর্যের) গ্রহণ -এর অমা. কথ্য রূপ।

গেরি (p. 256) [gēri] বিণ. গেরুয়া রঙের (গেরিমাটি)। [সং. গৈরিক]।

গোরিলা যুদ্ধ (p. 256) [gōrilā yuddha] বি. ক্ষুদ্র ক্ষুদ্র দলে বিভক্ত হয়ে এবং গোপন স্থান থেকে আক্রমণের দ্বারা শত্রুকে বিধ্বস্ত করার যুদ্ধপ্রণালী বা পদ্ধতিবিসেষ। [ইং. guerrilla war]।

গেরুয়া (p. 256) [gēruẏā] বিণ. গৈরিক বর্ণযুক্ত বা গৈরিক বর্ণে রঞ্জিত (গেরুয়া কাপড়)। ☐ বি. সাধারণত বৈরাগী বা সন্ন্যাসীদের পরিধেয় গেরুয়া রঙের বস্ত্র (গেরুয়া পরা লোক)। [সং. গৈরিক]।

গেরো1 (p. 256) [gērō1] বি. বাঁধন, গিঁট, গিরা (কাপড়ের খুঁটে গেরো দিয়ে রাখো)। [গিরা1 দ্র]।

গেরো2 (p. 256) [gērō2] বি. ফ্যাসাদ; বিপদ, ফের (কপালের গেরো); কুগ্রহ, গ্রহের অমঙ্গলজনক ক্রিয়া। [সং. গ্রহ]।

গেরো-বাজ (p. 256) [gērō-bāja] বি. পায়বার প্রজাতিবিশেষ। [হি. গিরবাজ]।

গের্দ (p. 256) [gērda] বি. 1 বেষ্টন, বেড়, ঘের; 2 এলাকা, অঞ্চল, চারপাশ। [ফা. গির্দ]।

গেল1 (p. 256) [gēla1] ক্রি. গমন করল। [বাং. √যা + ইল(অতীতে)]।

গেল2 (p. 256) [gēla2] বিণ. বিগত, অব্যবহিত পূর্ববর্তী (গেল সনে, গেল মাসে)। [বাং. সং. গত + বাং. ইল-তু. প্রা. বাং. গৈল]।

গেল3 (p. 256) [gēla3] অব্য. বিস্ময় বিরক্তি প্রভৃতি প্রকাশক (এই গেল যা!)।

গেলা, গেলানো (p. 256) [gēlā, gēlānō] যথাক্রমে গিলা2 ও গিলানো -র চলিত রূপ।

গেলাপ (p. 256) [gēlāpa] বি. বালিশ, লেপ ইত্যাদির ওয়াড়; আবরণ। [আ. গিলাফ্]

গেলাস (p. 256) [gēlāsa] বি. জল ইত্যাদি পান করার পাত্রবিশেষ, গ্লাস। [ইং. glass].

গেহ, (ব্রজ.) গেহা (p. 256) [gēha, (braja.) gēhā] বি. 1 গৃহ ('তোমারি গেহে পালিছ স্নেহে': রবীন্দ্র); 2 (সাধারণত কাব্যে ব্যবহৃত) বাসস্থান। [সং. গৃহ]। গেহী (-হিন্) বি. গৃহী, গৃহস্থ। স্ত্রী. গেহিনী।

গৈরিক (p. 256) [gairika] বি. 1 গিরিমাটি; 2 স্বর্ণ; 3 গেরুয়া রং ('অলকসিঞ্চিত গৈরিকে স্বর্ণে': স. দ.); 4 গেরুয়া বসন (গৈরিকধারী). □ বিণ. 1 গেরুয়া (গৈরিক বসন); 2 গিরিমাটির বর্ণবিশিষ্ট; 3 পর্বতসম্ভূত (গৈরিক নিঃস্রাব)। [সং. গিরি + ইক]।

গৈরিশ (p. 256) [gairiśa] বি. বিণ. গিরিশচন্দ্র ঘোষ প্রবর্তিত ছন্দোবিশেষ বা তৎসম্পর্কিত (গৈরিশ ছন্দে রচিত)। [সং. গিরিশ + অ]।

গৈরেয় (p. 256) [gairēẏa] বি. 1 গিরিমাটি; 2 পর্বতে উৎপন্ন বস্তু। [সং. গিরি + এয়]।

গো1 (p. 256) [gō1] অব্য. সম্বোধনসূচক শব্দবিশেষ (আজ আমি যাব না গো, সে কী গো)। [সং. অঘোঃ > বাং. ওগো]।

গো2 (p. 256) [gō2] বি. 1 ধেনু, গাভী, গোরু; 2 গোজাতি; 3 বৃষ; 4 ইন্দ্রিয় (গোচর); 5 পৃথিবী (গোপতি)। [সং. √গম্ + ও]। ̃ কর্ণ বি. অনামিকা ও বৃদ্ধাঙ্গুলি প্রসারিত করলে তার মধ্যবর্তী ব্যবধান; গণ্ডূষ। ̃ কুল বি. 1 গোরুর পাল; 2 গোষ্ঠ; 3 যমুনাতীরের গ্রামবিশেষ, যেখানে শ্রীকৃষ্ণ ও বলরাম নন্দগৃহে পালিত হয়েছিলেন। গোকুলের ষাঁড় (ব্যঙ্গে) বৃন্দাবনের মুক্তভাবে বিচরণশীল ষাঁড়ের মতো স্বেচ্ছাচারী এবং দায়দায়িত্বহীন ব্যক্তি। ̃ ক্ষীর বি. গোদুগ্ধ, গোরুর দুধ। ̃ খুর, ̃ ক্ষুর বি. 1 কাঁটা গাছবিশেষ; 2 গোরুর ক্ষুর; 3 গোখরো সাপ। ̃ ক্ষুরা, ̃ খুরা, গোখরো বি. ফণায় গোরুর ক্ষুরের মতো চিহ্নযুক্ত বিষধর সাপবিশেষ। গোখাদক বিণ. গোমাংস ভক্ষণকারী। ̃ গৃহ বি. গোশালা, গোয়াল। ̃ গ্রন্থি বি. ঘুঁটে। ̃ গ্রাস বি. 1 প্রায়শ্চিত্তের পর গোরুর মুখে মন্ত্রপূত ঘাস দান; 2 বড় বড় গ্রাস (গোগ্রাসে গেলা)। ̃ ঘৃত বি. গাওয়া ঘি। ̃ ঘ্ন বিণ. গোহত্যাকারী। ̃ চন্দন বি. গোরোচনা। ̃ চারণ বি. গোরু চরানো; গোরুকে মাঠে নিয়ে ঘাস খাওয়ানো। ̃ দান বি. গাভিদানরূপ পূণ্যকর্ম। ̃ দোহনী, ̃ দোহিনী বি. দুধের ভাঁড় বা হাঁড়ি। ̃ ধন বি. গাভিরূপ সম্পদ। ̃ ধূলি বি. যখন গোরুর পাল খুরের আঘাতে ধুলো উড়িয়ে গোয়ালে ফেরে সেই সময়; সূর্যাস্তকাল। গোধূলি লগ্ন বি. গোধূলির শুভক্ষণ (গোধূলি লগ্নে বিয়ে)। ̃ পাট, ̃ বাট বি. গোগৃহ, গোয়াল। ̃ বৎস বি. বাছুর। ̃ বধ বি. গোহত্যা। ̃ বেড়েন বি. গোরুকে প্রহার করার মতো নির্দয় প্রহার। ̃ বৈদ্য বি.

1 গোরুর রোগের চিকিৎসক।˜ ব্রজ বি. গোষ্ঠ; গোচারণ মাঠ।˜ ভাগাড় বি. মরা গোরু ফেলবার স্থান।˜ মাংস বি. গোরুর মাংস।˜ মাতা (-তৃ) বি. 1 সমস্ত গোজাতির মাতৃস্থানীয়া সুরভি নামের গাভী; 2 মাতৃস্বরূপা গোজাতি।˜ মুখ বি. 1 গোরুর মুখ; 2 গোরুর মুখাকৃতিবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ; 3 জপমালার ঝুলি। □ বিণ. গোরুর মুখের মতো আকৃতিবিশিষ্ট।˜ মূখী বি. 1 হিমালয়ের গোমুখাকৃতি গহ্বরবিশেষ যার ভিতর দিয়ে গঙ্গা নির্গত হয়েছে; 2 জপমালার ঝুলি।˜ মূর্খ বিণ. গোরুর মতো নির্বোধ, নিরেট, বোকা; অক্ষরপরিচয় পর্যন্ত নেই এমন।˜ মূত্র বি. চোনা, গোরুর প্রস্রাব।˜ মেধ বি. গোবলিঘটিত বৈদিক যজ্ঞবিশেষ।˜ যান বি. বলদে টানা গাড়ি, গোরুর গাড়ি।˜ রক্ত বি. গোরুর রক্ত; (হিন্দুর পক্ষে) অস্পৃশ্য বস্তু।˜ রক্ষক বি. রাখাল।˜ রস বি. গোদুগ্ধ; গোদুগ্ধজাত দই. ঘি, ইত্যাদি।˜ শালা বি. গোয়াল; গোরুর থাকার জায়গা।˜ স্তন বি. 1 গোরুর স্তন; 2 চারটি 'নর' বি পঙ্ক্তিযুক্ত হারবিশেষ।˜ স্তনী বি. আঙুর ফলের গোছা।˜ হত্যা বি. গোবধ -এর অনুরূপ।

গোই (p. 256) [gōi] অস-ক্রি. (ব্রজ.) গোপন করে ('মরমহি গোই': গো. দা.)। [ব্রজ. গোপই]।

গোঁ (p. 256) [gō] বি. জিদ, রোখ (গোঁ ধরা, বাঙালির গোঁ)। [বাং. গুম]।

গোঁ গোঁ (p. 256) [gō n̐gō] অব্য. যন্ত্রণা ক্রোধ ইত্যাদির জন্য চাপা আর্তনাদ। [দেশি]।

গোঁজ (p. 256) [gōn̐ja] বি. কীলক, খোঁটা (গোঁজ গুঁজে কাঁঠাল পাকানো)। □ বিণ. বিরক্তিতে বা অভিমানে নির্বাক ও নিশ্চল (মুখ গোঁজ করে বসে থাকা)। [বাং. √গুঁজ্ + অ]।

গোঁজা, গোঁজানো (p. 256) [gōn̐jā, gōn̐jānō] যথাক্রমে গুঁজা ও গুঁজানো -র চলিত রূপ।

গোঁজা-মিল (p. 256) [gōn̐jā-mila] বি. বাজে হিসাব দিয়ে অঙ্ক মিলিয়ে দেওয়া; কোনোরকমে জোড়াতালি দিয়ে হিসাব মেলানো। [বাং. গুঁজা + মিল]।

গোঁড় (p. 256) [gōn̐ḍ়] বি. নাভিদেশে বর্ধিত মাংসপিণ্ড। [সং. গোণ্ড]।

গোঁড়া1 (p. 256) [gōn̐ḍ়ā1] বিণ. গোঁড়বিশিষ্ট অর্থ উঁচু নাভিবিশিষ্ট। [বাং. গোঁড় + আ]। ̃ লেবু বি. অত্যন্ত টক স্বাদের বড় লেবুবিশেষ, জামির।

গোঁড়া2 (p. 256) [gōn̐ḍ়ā2] বিণ. (ধর্মমতাদিতে) অন্ধবিশ্বাসী এবং একগুঁয়েভাবে অনুসরণকারী; একান্ত রক্ষণশীল (গোঁড়া বৈষ্ণব); অন্ধভক্ত; অত্যধিক পক্ষপাতী। [বাং. গোঁড় (গোড়=পদমূল) + আ, orthodox বা fundamentalist অর্থে]। ̃ মি, (কথ্য) ̃ মো বি. অন্ধবিশ্বাস ও একগুঁয়েমি; একান্ত রক্ষণশীলতা; অন্ধ ভক্তি; অতিরিক্ত পক্ষপাত।

গোঁফ, গোঁপ (p. 256) [gōm̐pha, gōm̐pa] বি. পুরুষের নাকের নীচে ওষ্ঠের উপরে গজানো চুল বা লোম, মোচ ('কারুর যদি গোঁফ গজায় একশো আনা ট্যাক্স চায়': সু. রা.)। [সং. গুম্ফ]। ̃ খেজুরে বিণ. খেজুরটি গোঁফের উপর এসে

পড়েছে তবু সেটি মুখের মধ্যে পুরে নেবার চেষ্টা করে না এমন অলস; অত্যন্ত অলস। গোঁফে তা 1 গোঁফ চুমরানো; 2 (আল.) সুযোগের অপেক্ষায় থাকা বা আরামে দিন কাটানো।

গোঁয়া (p. 256) [gōm̐ẏā] (বর্ত. অপ্র.) ক্রি. 1 অতিবাহিত করা, কাটানো (দিন গোঁয়ানো); 2 অতিবাহিত হওয়া, যাপিত হওয়া ('মিছে খেলায় দিন গোঁয়াল: রা. প্র.); 3 অনুগমন করা ('সকল লোক পশ্চাতে গোঁয়ার': কৃত্তি); 4 মিলেমিশে একসঙ্গে বাস করা (তার সঙ্গে গোঁয়ানো শক্ত)। [বৈ. সা. গোঁআ < গম্ + বাং. আ]।˜ নো ক্রি. গোঁয়া -র অনুরূপ। □ বি. যাপন, অতিবাহন। □ বিণ. যাপিত, অতিবাহিত।

গোঁয়ার (p. 256) [gōm̐ẏāra] বিণ. 1 একগুঁয়ে, জেদি; 2 হঠকারী, উদ্ধত, কাণ্ডজ্ঞানহীন; 3 দুঃসাহসী; 4 অশিক্ষিত, অমার্জিত। [বাং. গাঁও + আর-তু. হি. গমার]।˜ গোবিন্দ বিণ. বি. হঠকারী, কাণ্ডজ্ঞানহীন ও দুঃসাহসী।˜ তুমি, গোঁয়ার্তুমি বি. গোঁয়ারের ভাব বা কাজ। কাঠ-গোঁয়ার বিণ. ভালো-মন্দজ্ঞানহীন, রসকষহীন ও একগুঁয়ে।

গোঁয়ারা (p. 256) [gōm̐ẏārā] বি. 1 হাসান-হোসেনের শবাধার বা মহরমের তাজিয়া; 2 মহরম উৎসব। [ফা. গোর + হি. য়ারা]।

গোঁসাই (p. 256) [gōm̐sāi] দ্র গোসাঁই।

গোঙানো2 (p. 256) [gōṅānō2] ক্রি. বি. গোঁ গোঁ শব্দ করা বা ওই শব্দযোগে কাঁদা। গোঙানি বি. গোঁ গোঁ শব্দে কান্না (অন্ধকারে গোঙানি শুনে এগোতে লাগলাম)।

গোচর (p. 256) [gōcara] বি. 1 ইন্দ্রিয়ের বিষয়, ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু বা বিষয় (কর্ণগোচরে আসা); 2 (জ্যোতিষ.) এলাকা, দৃষ্টি বা প্রভাবের এলাকা (শনির গোচর); 3 অবগতি (বিষয়টি তাঁর গোচরে আনতে হবে); 4 গোচারণভূমি। □ বিণ. প্রত্যক্ষ; আশ্রিত; স্হিত; বিষয়ীভূত (নয়নগোচর, শ্রুতিগোচর)। [সং. গো + √চর্ + অ]।

গোছ (p. 256) [gōcha] বি. 1 বত্রিশটির সমষ্টি বা গুচ্ছ (দুই গোছ পান); 2 আঁটি (ধানের গোছ); 3 সুবন্দোবস্ত, শৃঙ্খলা (কাজের গোছ); 4 রকম (বেঁটে গেছের লোক); 5 গোড়ালির উপরে হাঁটুর নীচের অংশ (পায়ের গোছ)। [সং. গুচ্ছ]।˜ গাছ বি. বিন্যাস; সুশৃঙ্খলভাবে স্হাপন; গুছিয়ে রাখা, পরিপাটি।

গোছা1 (p. 256) [gōchā1] বি. 1 গুচ্ছ (এক গোছা চুল, চাবির গোছা); 2 থোকা, থোলো, তাড়া (গোছা গোছা কাগজ); 3 পায়ের গোছ। [বাং. গোছ + আ (স্বার্থে)]।

গোছা2, গোছানো (p. 256) [gōchā2, gōchānō] যথাক্রমে গুছা ও গুছানো -র চলিত রূপ।

গোছালো (p. 256) [gōchālō] বিণ. 1 সুবিন্যস্ত, সুশৃঙ্খলভাবে স্থাপিত (গোছালো সংসার); 2 শৃঙ্খলার সঙ্গে বা পরিপাটিভাবে কাজ করে এমন (গোছালো স্বভাবের মানুষ)। [বাং. গোছ + আলো (যুক্তার্থে)]।

গোট (p. 256) [gōṭa] বি. স্ত্রীলোকের কোমরের অলংকারবিশেষ, মেখলা। [দেশি]।

গোটা1 (p. 256) [gōṭā1] বিণ. 1 আস্ত, অখণ্ড, সম্পূর্ণ (গোটা বাড়িটা, গোটা দেশ, গোটা গোটা ডিম); 2 বিভিন্নরকম চূর্ণ মশলার মিশ্রণ; 3 বস্তু বা সংখ্যার নির্দেশক, -টা, মাত্র (গোটা পাঁচেক)। □ বি. (আঞ্চ.) আস্ত জিনিস (গোটা সেদ্ধ)। [দেশি]। ̃ কতক, ̃ কয়েক বিণ. অল্প কয়েকটি। গোটা গোটা বিণ. আস্ত আস্ত, অভঙ্গ (গোটা গোটা ডিম)। [গুটি1 দ্র]।

গোটা2, গোটানো (p. 256) [gōṭā2, gōṭānō] যথাক্রমে গুটা ও গুটানো -র চলিত রূপ।

গোঠ2 (p. 256) [gōṭha2] বি. গোচারণভূমি (গোরুগুলিকে গোঠে নিয়ে গেছে)। [সং. গোষ্ঠ]।

গোড় (p. 256) [gōḍ়] বি. 1 গোড়া, মূলদেশ; 2 শিকড়; 3 পা। [হি. গোড়]। ̃ তোলা বিণ. উঁচু গোড়লিযুক্ত; উঁচু হিলওয়ালা (গোড়-তোলা জুতো)। গোড়ে গোড় দেওয়া ক্রি. বি. 1 পায়ে পা মেলানো; 2 পদাঙ্ক অনুসরণ করা; 3 মতে সায় দেওয়া।

গোড়া (p. 256) [gōḍ়ā] বি. 1 মূলদেশ; শিকড় (গাছের গোড়া); 2 সন্নিধান, নিকট (হাতের গোড়ায় সব জিনিস পাওয়া); 3 ভিত, ভিত্তি, বনিয়াদ (গোড়াপত্তন করা); 4 আদি, শুরু, সূত্রপাত (গোড়া থেকেই গল্পটা বলি, গোড়ায় গলদ); 5 মূল কারণ (যত নষ্টের গোড়া)। [বাং. গোড় + আ]। ˜ গুড়ি ক্রি-বিণ. সর্বপ্রথমে (গোড়াগুড়ি ব্যাপারটা কেউ জানত না); প্রথম থেকে (ঘটনাটা আমি গোড়াগুড়ি জানি)। ˜ পত্তন বি. 1 ভিত্তিস্থাপন; 2 সূত্রপাত, আরম্ভ। গোড়ায় গলদ শুরুতেই গোলমাল বা ত্রুটি।

গোড়ালি (p. 256) [gōḍ়āli] বি. গুল্ফ, পাদমূলের পিছনের অংশ। [গোড় দ্র]।

গোডিম (p. 256) [gōḍima] বি. ডিম থেকে বেরোবার পর পক্ষিশাবকের অসহায় অবস্থা। গোডিমওয়ালা ছেলে (আল.) দুধের শিশু। গোডিম না ভাঙা (আল.) শৈশবাবস্থা বা অসহায় অবস্থা না কাটা (ওর এখনও গোডিম ভাঙেনি)।

গোড়ে (p. 256) [gōḍ়ē] বি. পুষ্পমালা; বড় ফুলের মালা। [বাং. < গড়িয়া]।

গোতম (p. 256) [gōtama] বি. 1 ন্যায়দর্শনপ্রণেতা ঋষিবিশেষ; 2 (পা.) গৌতম বুদ্ধ।

গোত্তা, গোপ্তা (p. 256) [gōttā, gōptā] বি. নীচের দিকে মাথা দিয়ে বেগে পতন (ঘুড়িটা গোত্তা খেয়ে পড়ল)। [আ. গউতহ্]।

গোত্র1 (p. 256) [gōtra1] বি. 1 বংশ, কুল (নামগোত্রহীন); 2 বংশপ্রবর্তক ঋষির সন্তানপরম্পরা (শাণ্ডিল্য গোত্র)। [সং. √গু (শব্দ বা কীর্তন করা) + এ (ষ্টন্)]। ˜ জ বিণ. গোত্রে জাত; একই গোত্রে জাত, সগোত্র, জ্ঞাতি। গোত্রীয় বিণ. বংশীয়।

গোত্র2 (p. 256) [gōtra2] বি. পর্বত ('গোত্রের প্রধান পিতা (অর্থাত্ হিমালয়); ভা. চ.)। [সং গো (পৃথিবী) + √ত্রৈ + অ]। ˜ প্রধান,˜ শ্রেষ্ঠ বি. হিমালয়। ˜ ভিত্ (-দ্) বি. (পর্বত বিদীর্ণকারী) ইন্দ্র।

গোদ (p. 256) [gōda] বি. পা ফোলা রোগ, শ্লীপদ। [দেশি]। গোদা বি. বিণ. 1 গোদযুক্ত; 2 অত্যন্ত স্থূল বা মোটা (গোদা লোকটা); 3 (মন্দ অর্থে) প্রধান ব্যক্তি, নায়ক (পালের গোদা)। গোদের উপর বিষফোঁড়া এক যন্ত্রণার উপর তীব্রতর আরেক যন্ত্রণা।

গোদাবরী (p. 256) [gōdābarī] বি. দক্ষিণ ভারতের নদীবিশেষ। [সং. গো (জল) + দা (দান করে) = গোদা (নদী) + বর (শ্রেষ্ঠ) + ঈ (স্ত্রী.)]।

গোদারণ (p. 256) [gōdāraṇa] বি. লাঙল। [সং. গো (ভূমি) + দারণ (√দৃ + অন]।

গোদুগ্ধ (p. 256) [gōdugdha] বি. গোরুর দুধ। [সং গো + দুগ্ধ]।

গোদোহিনী (p. 256) [gōdōhinī] দ্র গো।

গোধা, গোধিকা (p. 256) [gōdhā, gōdhikā] বি. গোসাপ। [সং. √গুধ্ (বেষ্টন করা) + অ + আ]।

গোধূম, গোধুম (p. 256) [gōdhūma, gōdhuma] বি. গম। [সং. √গুধ্ + উম-তু. ফা. গনদুম্]।˜ চূর্ণ বি. 1 আটা; 2 ময়দা।

গোধূলি (p. 256) [gōdhūli] বি. 1 সূর্যাস্তকাল; বিকালবেলা; 2 (আল.) শেষজীবন ('ধূসর জীবনের গোধূলিতে': রবীন্দ্র)। [সং. গো2+ধূলি]।

গোপ (p. 256) [gōpa] বি. 1 গোয়ালা জাতি; গোপালক; 2 (পৃথিবীর পালক) অর্থে) রাজা; 3 ভূম্যধিকারী। [সং. গো (গোরু, পৃথিবী, ভূমি) + √পা + অ]।˜ নারী বি. গোয়ালাজাতীয়া নারী।

গোপথ (p. 256) [gōpatha] বি. নিয়মিত গো-মহিষাদি চলাচলের ফলে যে পথ তৈরি হয়েছে। [সং. গো + পথ]।

গোপন (p. 256) [gōpana] বি. 1 লুকানো, লুকিয়ে ফেলা বা লুকিয়ে রাখা (ডাক্তারের কাছে কিছু গোপন কোরো না); 2 আবরণ (গোপনসঞ্চারী)। □ বিণ. 1 গুপ্ত; 2 গোপনীয় (গোপন কছাটি, গোপন সংবাদ)। [সং. √গুপ্ + অন]। গোপনতা বি. গোপনীয়তা, প্রচ্ছন্নতা; লুকোছাপা (এ ব্যাপারে এত গোপনতা কেন?)। গোপনীয় বিণ. গোপন রাখা উচিত এমন।

গোপা (p. 256) [gōpā] বি. 1 গোয়ালাজাতীয়া স্ত্রীলোক, গোপিনী; 2 গয়লানি; 3 বুদ্ধদেবের পত্নী। [সং. গো + √পা + অ + আ]।

গোপাঙ্গনা (p. 256) [gōpāṅganā] বি. গোপকূলবধূ, গোপনারী। [সং. গোপ + অঙ্গনা]।

গোপাল1 (p. 256) [gōpāla1] বি. 1 গোয়ালা; 2 রাখাল; 3 শ্রীকৃষ্ণের বালকবয়সের নাম; 4 রাজা; 5 সন্তান, পুত্র (আমার গোপাল, আদুরে গোপাল)। [সং. গো (গোরু, পৃথিবী) + √পা + ণিচ্ + অ]। ̃ ক বি. গোরু পালনকারী, গোয়ালা; রাখাল। ̃ ন বি. গোরুর পালন বা পরিচর্যা।

গোপাল2 (p. 256) [gōpāla2] বি. গোরুর পাল। [সং. গো + পাল (6ষ্ঠী তত্)]।

গোপাল-ভোগ (p. 256) [gōpāla-bhōga] বি. আমের জাতিবিশেষ। [বাং. গোপাল (শ্রীকৃষ্ণ) + ভোগ]।

গোপিকা, গোপিনী, গোপী (p. 256) [gōpikā, gōpinī, gōpī] বি. 1 গোয়ালিনি; 2 গোপবধূ। [সং. গোপ+ক+আ; গোপ+বাং. ইনি]। গপিনী-বল্লভ, গোপী-জন-বল্লভ বি. শ্রীকৃষ্ণ। গোপী-চন্দন বি. বৈষ্ণবদের ব্যবহার্য তিলকমাটি। গোপী-যন্ত্র বি. এক তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ।

গোপিত (p. 256) [gōpita] বিণ. 1 লুক্কায়িত, গোপন করা বা করে রাখা হয়েছে এমন; 2 রক্ষিত। [সং. গুপ্ + ণিচ্ + ত]।

গোপিত্ত (p. 256) [gōpitta] বি. গোরুর পীতবর্ণ শূষ্ক পিত্ত। [সং. গো + পিত্ত]।

গোপিনী (p. 256) [gōpinī] দ্র গোপিকা।

গোপী, গোপীজনবল্লভ, গোপীচন্দন, গোপীযন্ত্র (p. 256) [gōpī, gōpījanaballabha, gōpīcandana, gōpīyantra] দ্র গোপিকা।

গোপুর (p. 256) [gōpura] বি. 1 মন্দিরদ্বার; 2 নগরতোরণ। [সং. √ুপ্ + উর]।

গোপেন্দ্র, গোপেশ্বর (p. 256) [gōpēndra, gōpēśbara] বি. শ্রীকৃষ্ণ। [সং. গোপ+ইন্দ্র, গোপ+ঈশ্বর]।

গোপ্তব্য, গোপ্য (p. 256) [gōptabya, gōpya] বিণ. 1 গোপন করতে হবে বা করা উচিত এমন, গোপনীয়, অপ্রকাশ্য (গোপ্তব্য সংবাদ); 2 রক্ষণীয়। [সং. √গুপ্ + তব্য, য]।

গোপ্তা1 (p. 256) [gōptā1] দ্র গোত্তা।

গোপ্তা2 (p. 256) [gōptā2] (-প্তৃ) বিণ. রক্ষক, প্রতিপালক ('শাশ্বত ধর্মগোপ্তা')। [সং. √গুপ্ + তৃ]।

গোপ্তা3 (p. 256) [gōptā3] বিণ. গুপ্ত, অজ্ঞাত (গোপ্তা ঘুসি)। [< সং. গুপ্ত]। চোরাগোপ্তা দ্র]।

গোবদা (p. 256) [gōbadā] বিণ. অশোভন বা বেমানানরকম মোটা (গোবদা লাউ, গোবদা লাঠি, গোবদা গোবদা পা)। [দেশি-তু হি. গব্দা]।

গোবর (p. 256) [gōbara] বি. গোময়, গোরুর মল। [সং. গোবিট্]।˜ গণেশ বিণ. বি. (ব্যঙ্গে) গোবরে তৈরি গণেশমূর্তির মতো অকর্মণ্য, ব্যক্তিত্বহীন ও নির্বোধ।˜ গঙ্গা বি. গোবরের স্তূপ।˜ ছড়া বি. জলে গোলা গোবরের ছিটে।˜ ভরা মাথা বি. 1 যার মাথায় একটুও বুদ্ধি নেই; 2 যে মাথা বাজে জিনিসে বোঝাই। গোবরে পদ্মফুল নিকৃষ্ট স্থানে উৎপন্ন উৎকৃষ্ট বস্তু; হীনকুলজাত মহত্ বা অপূর্ব সুন্দর ব্যক্তি।

গোবরাট, গোবরাঠ (p. 256) [gōbarāṭa, gōbarāṭha] বি. দরজার বা জানালার চৌকাঠের নিম্নস্থ কাঠ (গোবরাটে পা দিয়ে দাঁড়াল)। [দেশি]।

গোবর্ধন (p. 256) [gōbardhana] বি. বৃন্দাবনের প্রসিদ্ধ পাহাড়, গিরিগোবর্ধন। [সং. গো + √বৃধ্ + অন]।˜ ধারী (-রিন্) বি. শ্রীকৃষ্ণ।

গোবশা (p. 256) [gōbaśā] বি. যে গাভী প্রসব করে না, বন্ধ্যা গাভী। [সং. গো+বশা (বন্ধ্যা) সমাসান্ত]।

গোবাঘ, গোবাঘা (p. 256) [gōbāgha, gōbāghā] বি. 1 সাধারণত গোরু শিকার করে এমন বাঘ; 2 হাইনা, hyena. [বাং. গো + বাঘ]।

গোবাট (p. 256) [gōbāṭa] দ্র গো।

গোবিন্দ (p. 256) [gōbinda] বি. 1 বিষ্ণু, শ্রীকৃষ্ণ; 2 গোরু সম্বন্ধে যে জানে; 3 বেদজ্ঞ। [সং. গো + √বিদ্ + অ (ন্ আগম)]।

গোবিষ্ঠা (p. 256) [gōbiṣṭhā] বি. গোবর, গোময়। [সং. গো + বিষ্ঠা]।

গোবেচারা, গোবেচারি (p. 256) [gōbēcārā, gōbēcāri] বিণ. (গোরুর মতো) অত্যন্ত নিরীহ; অতিরিক্ত ভালোমানুষ (তাকে গোবেচারা পেয়ে খুব পীড়ন করেছে)। [সং. গো + ফা. বেচারা. বাং. ই]।

গোবৈদ্য, গোভাগাড় (p. 256) [gōbaidya, gōbhāgāḍ়] দ্র গো।

গোমড়া (p. 256) [gōmaḍ়ā] বিণ. (অপ্রসন্নতা বা অসন্তোষহেতু) গম্ভীর ও বিষণ্ণ (গোমড়া মুখে বসে আছ কেন?)। [ফা. গুমান্?-তু. হি. গুমর]।

গোমতী (p. 256) [gōmatī] বি. অযোধ্যা অঞ্চলের নদীবিশেষ। [সং. গো + মত্ + ই]।

গোময় (p. 256) [gōmaẏa] বি. গোবর, গোরুর মল। [সং. গো + ময়ট্]।

গোমস্তা, গোমশতা (p. 256) [gōmastā, gōmaśatā] বি. 1 তহসিলদার, খাজনা আদায়কারী; 2 জমিদার বা মহাজনের পাওনা আদায়কারী কর্মচারী; 3 প্রতিনিধি; 4 হিসাবরক্ষক। [ফা. গুমাশ্তা]।

গোমাংস, গোমাতা (p. 256) [gōmāṃsa, gōmātā] দ্র গো।

গোমায়ু (p. 256) [gōmāẏu] বি. শৃগাল। [সং. গো + √মি + উ বা গো + √মা + উ]।

গোমুখ, গোমুখী, গোমূর্খ, গোমূত্র (p. 256) [gōmukha, gōmukhī, gōmūrkha, gōmūtra] দ্র গো।

গোমেদ (p. 256) [gōmēda] বি. পীতবর্ণ মণিবিশেষ; বৈদূর্য মণি। [সং. গো + √মিদ্ + অ]।

গোয় (p. 256) [gōẏa] ক্রি. (ব্রজ.) 1 গোপন করে ('আঁচরে মূখশশী গোয়' : গো. দা.); 2 কাটায়, অতিবাহিত করে; 3 রাখে। [< বাং. গোপয়ে (=গোপন করে)]।

গোয়াল1 (p. 256) [gōẏāla1] বি. গোরু রাখার ঘর, গোগৃহ। [সং. গোশালা < প্রাকৃ. গোহালা]।

গোয়াল2, গোয়ালা, গয়লা (p. 256) [gōẏāla2, gōẏālā, gaẏalā] বি. 1 গোপ, গোপালক; 2 দুগ্ধ ব্যবসায়ী। [সং. গোপাল]। স্ত্রী. গোয়ালিনি, গয়লানি।

নামে গোয়ালা কাঁজি ভক্ষণ নিজে গোয়ালা হয়েও দুধ খেতে পায় না-খায় আমানি; (আল) নামমাত্র সার, কাজে কিছু নয়।

গোয়েন্দা (p. 256) [gōẏēndā] বি. 1 গুপ্তচর; 2 রহস্যসন্ধানী; সত্যান্বেষী, ডিটেকটিভ। [ফা. গোইন্দা]।˜ গিরি বি. গোয়েন্দার কাজ বা বৃত্তি।

গোর1 (p. 256) [gōra1] বিণ. (কাব্যে) গৌরবর্ণ। [সং. গৌর]।

গোর2 (p. 256) [gōra2] বি. সমাধি, কবর (গোর দেওয়া)। [ফা. গোর]। গোর দেওয়া ক্রি. বি. কবর দেওয়া সমাধিস্থ করা।˜ স্থান বি. সমাধিভূমি কবর যে স্থানে গোর দেওয়া হয়। গোর নেওয়া, গোরে যাওয়া ক্রি. মরা।

গোরখ-নাথ, গোরক্ষ-নাথ (p. 256) [gōrakha-nātha, gōrakṣa-nātha] বি. নাথ গুরুদের মধ্যে প্রসিদ্ধতম গুরু মীননাথের শিষ্য।

গোরখা, গোর্খা (p. 256) [gōrakhā, gōrkhā] বি. নেপালের যোদ্ধা জাতিবিশেষ।

গোরা (p. 256) [gōrā] বিণ. 1 গৌরবর্ণ, ফরসা; 2 (ফরসা বলে) ইংরেজজাতীয় (গোরা পল্টন, গোরা সৈন্য)। □ বি. 1 শ্রীচৈতন্য ('কৃষ্ণ কৃষ্ণ বলি গোরা কাঁদে ঘনে ঘনে': বা. ঘো.); 2 ইয়োরোপের অধিবাসী; 3 ইয়োরোপীয় সৈন্য (একদল গোরা)। [সং. গৌর]।˜ চাঁদ বি. শ্রীচৈতন্য, গৌরচন্দ্র। গোরার বাদ্য বি. ইয়োরোপীয় সৈনিকদের বাজনা।

গোরু (p. 256) [gōru] বি. 1 গাভিজাতীয় তৃণভোজী, সচ গৃহপালিত, পুরুষ বা স্ত্রী পশু (গোরুর দুধ, গোরুর শিং); 2 বৃষ, বলদ (গোরুর গাড়ি); 3 (বিদ্রুপে বা গালিতে) বোকা, মূর্খ (তুমি তো আচ্ছা গোরু!)। [সং. গোরূপ, প্রাকৃ. গোরুঅ]। ˜ খোঁজা বি. গোরু হারালে যেভাবে খোঁজা হয় সেইরকম সর্বত্র খোঁজাখুঁজি। ˜ চোর বি. 1 যে অন্যের গোরু চুরি করে হিন্দু সমাজে যা অত্যন্ত নীচ ও হীন কাজ বলে বিবেচিত; 2 যে ব্যক্তি মুখ বুজে সমস্ত পীড়ন সহ্য করে; 3 ভীতসন্ত্রস্ত ব্যক্তি। গোরু মেরে জুতো দান জঘন্য অন্যায়কর্মের প্রায়শ্চিত্তস্বরূপ অল্পকিছু ভালো কাজ করা।

গোরোচনা (p. 256) [gōrōcanā] বি. 1 গোপিত্ত থেকে নিঃসৃত উজ্জ্বল পীতবর্ণ দ্রব্যবিশেষ; 2 গোরুর পীতবর্ণ পিত্ত। [সং. গো + √রোচি (√রুচ্ + ণিচ্) অন + আ]।

গোল1 (p. 256) [gōla1] বি. 1 ফুটবল হকি প্রভৃতি খেলায় বল যে নির্দিষ্ট স্থানে প্রবেশ করাতে হয় (গোল রক্ষা করা, গোলে দাঁড়ানো); 2 ওই স্থানে বল পাঠানো (গোল দেওয়া, তিন গোলে জিতেছি)। [ইং. goal]।

গোল2 (p. 256) [gōla2] বি. 1 জোর শব্দ, চিৎকার, গোলমাল (ছেলেরা গোল করছে); 2 সরলতার অভাব, জটিলতা, প্যাঁচ (তার মনে বেশ গোল আছে); 3 সন্দেহ (মনের গোল মেটানো); 4 ফ্যাসাদ, ঝামেলা (ভারি গোল বেধেছে) -তু. গণ্ডগোল; 5 ভুল (না বুঝে গোল করে ফেলেছি)। [ফা. গোল্]। গোলে হরিবোল দেওয়া ক্রি. বি. গোলমাল বা ভিড়ের সুযোগে কাজে ফাঁকি দেওযা।

গোল3 (p. 256) [gōla3] বিণ. গোলাকার, বৃত্তাকার, বর্তুলাকার, round (গোল মাঠ)। □ বি. 1 বৃত্ত, বৃত্তাকৃতি বস্তু; 2 মণ্ডল (ভূগোল); 3 কন্দুক, গোলক, ball. [সং. গুড় + অ]। ˜ গাল বিণ. প্রায় গোলাকৃতি; হৃষ্টপুষ্ট (গোলগাল চেহারা)।

গোলক (p. 256) [gōlaka] বি. 1 গোলাকৃতি বস্তু (ভূগোলক); 2 ভাঁটা, কন্দুক, বাঁটুল, বল; 3 যে বর্তুলের উপর পৃথিবীর প্রতিরূপ অঙ্কিত থাকে, globe. [সং. গোল3+ ক (স্বার্থে)]।

গোলক-ধাঁধা (p. 256) [gōlaka-dhām̐dhā] বি. 1 যে বেষ্টনীর মধ্যে ক্রমাগত ঘুরেও বাইরে যাবার পথ খুঁজে পাওয়া যায় না; 2 গুরু মীননাথকে উদ্ধার করার জন্য শিষ্য গোরখনাথ যেসব কথা বলেছিলেন, সেইরকম ধাঁধা; 3 (আল.) জটিল সমস্যা। [হি. গোরখধান্ধা]।

গোল-দার (p. 256) [gōla-dāra] বিণ. বি. আড়তদার, গোলার অর্থাত্ শস্যগোলার মালিক। [হি. গোলা + ফা. দার]। গোল-দারি বি. গোলদারের বৃত্তি বা কাজ, আড়তদারি। □ বিণ. গোলদারবিষয়ক (গোলদারি কারবার)।

গোলন্দাজ (p. 256) [gōlandāja] বি. যে সৈনিক কামান দাগে; সে সৈনিক গোলা ছোড়ে। [হি. গোলা + ফা. অন্দাজ]। গোলন্দাজি বি. গোলন্দাজের বৃত্তি বা কাজ। □ বিণ. গোলন্দাজসম্বন্ধীয়।

গোল-পাতা (p. 256) [gōla-pātā] বি. তাল বা নারকেলজাতীয় গাছবিশেষের গোলাকৃতি পাতা-প্রধানত যা ঘরের চাল ছাওয়ার কাজে ব্যবহৃত হয়। [দেশি]।

গোল-মরিচ (p. 256) [gōla-marica] বি. কালো রঙের গোলাকৃতি ও ছোটো মরিচবিশেষ। [বাং. গোল3 + মরিচ]।

গোল-মাল (p. 256) [gōla-māla] বি. 1 বহু লোকের মিলিত চিৎকার, হট্টগোল (ওখানে এত গোলমাল কীসের?); 2 বিশৃঙ্খলা (তুমি কাজে হাত দিয়েই তো সব গোলমাল করে ফেলেছ); 3 বিঘ্ন; হাঙ্গামা (এখন এই গোলমাল থেকে উদ্ধার কী করে পাব?)। [হি. গোলমাল]। গোল-মেলে বিণ. 1 জটিল; 2 বিশৃঙ্খল (গোলমেলে ব্যাপার); 3 অবিন্যস্ত, অসংলগ্ন, এলোমেলো।

গোল-যোগ (p. 256) [gōla-yōga] বি. 1 গোলমাল, হট্টগোল; 2 বিশৃঙ্খলা; 3 অব্যবস্থা; 4 বিঘ্ন; বিপত্তি; হাঙ্গামা। [ফা. গোল2 + সং. যোগ]।

গোলা1 (p. 256) [gōlā1] বি. 1 ধান ইত্যাদি রাখার মরাই; 2 আড়ত (কাঠের গোলা); 3 বাজার; গঞ্জ। [দেশি-তু. হি. গোলা]। জাত বিণ. গোলা বা মরাইয়ে রাখা হয়েছে এমন। ̃ বাড়ি বি. শস্যাগার, ধান্যাদি শস্য মজুত করার জন্য বাড়ি; খামার।

গোলা2 (p. 256) [gōlā2] বি. 1 কামানের গোলা; 2 কন্দুক, খেলবার বল। [সং. গোলক]। ̃ গুলি বি. 1 কামান-বন্দুক প্রভৃতির নানা উপকরণ; 2 কামান-বন্দুকের অগ্নিবর্ষণ বা গোলাবর্ষণ (গোলাগুলি উপেক্ষা করে এগোতে লাগল)।

গোলা3 (p. 256) [gōlā3] বিণ. অশিক্ষিত, একেবারে সাধারণ, বৈশিষ্ট্যহীন (গোলা লোক, গোলা পায়রা)। [ফা. গোল (দল, ভিড়) + বাং. আ]।

গোলা4 (p. 256) [gōlā4] ক্রি. গুলা (গুলা2 দ্র), জল ইত্যাদির সঙ্গে মিশিয়ে তরল করা (ওষুধ গোলা, জলে রং গোলা)। □ বি. জলের সঙ্গে মিশিয়ে তরল করা হয়েছে এমন বস্তু (গোবর গোলা, রঙের গোলা)। □ বিণ. ওইভাবে তরলীকৃত (গোলা ময়দা, গোলা রং)। [বাং. √গুল্ + আ]। গোলা হাঁড়ি যে হাঁড়িতে ঘর নিকাবার ও গোবরছড়া দেবার জন্য গোবর-গোলা রাখা হয়।

গোলাকার, গোলাকৃতি (p. 261) [gōlākāra, gōlākṛti] বিণ. চক্রাকার, বর্তুলাকার, গোল আকারযুক্ত, round. [সং. গোল3 + আকার, আকৃতি]।

গোলাপ (p. 261) [gōlāpa] বি. 1 সুগন্ধ ফুলবিশেষ, গুলাব; 2 গোলাপের নির্যাস-মেশানো জল। [ফা. গুলাব (গুল + আব)]। গোলাপি বি. বিণ. গোলাপের বর্ণ বা বর্ণযুক্ত।

গোলাপ-জাম (p. 261) [gōlāpa-jāma] বি. গোলাপের মতো সুগন্ধযুক্ত মিষ্টি স্বাদের ফলবিশেষ। [বাং. গোলাপ + জাম]।

গোলাপ-পাশ (p. 261) [gōlāpa-pāśa] বি. ঝার্বা, গোলাপজলের পাত্র। [বাং. গোলাপ + ফা. পাশ2]।

গোলাম (p. 261) [gōlāma] বি. 1 ভৃত্য, চাকর; 2 ক্রীতদাস; 3 তাসের ফোঁটা বা রংবিশেষ। [আ. গুলাম]। ˜ খানা বি. 1 গোলামদের বাসস্থান ; 2 (আল.) গোলাম বা গোলামের মনোবৃত্তিসম্পন্ন লোক তৈরি করার কারখানা (এই গোলামখানা থেকে উদ্ধার পাওয়া কঠিন)। গোলামি বি. গোলামের বৃত্তি, দাসত্ব (বিদেশি সরকারের গোলামি আর করব না)।

গোলার্ধ (p. 261) [gōlārdha] বি. নিরক্ষরেখার দ্বারা বিভক্ত পৃথিবীর উত্তর অর্ধাংশ বা দক্ষিণ অর্ধাংশ, hemisphere . [সং. গোল3 + অর্ধ]।

গোলালো (p. 261) [gōlālō] বিণ. 1 প্রায় গোলাকার; 2 গোলগাল। [সং. গোল3 + বাং. আলো]।

গোলোক (p. 261) [gōlōka] বি. বৈকুণ্ঠ, বিষ্ণুলোক, স্বর্গে নারায়ণের বাসস্থান। [সং. গো (স্বর্গ) + লোক (ভূবন)]। ˜ ধাম বি. 1 বৈকুণ্ঠপুরী; 2 খেলাবিশেষ। ˜ নাথ, ˜ পতি, ˜ বিহারী (-রিন্) বি. বিষ্ণু।

গোল্লা (p. 261) [gōllā] বি. 1 গোলাকার মিষ্টান্নবিশেষ (রসগোল্লা); 2 শূন্য (পরীক্ষায় গোল্লা পাওয়া) ; 3 নরক, অধঃপাত (গোল্লায় যাওয়া)। [সং. গোল3 বাং. লা]। গোল্লায় যাওয়া ক্রি. উচ্ছন্নে যাওয়া (ছেলেটা একেবারে গোল্লায় গেছে)।

গোশালা (p. 261) [gōśālā] দ্র গো।

গোষ্ঠ (p. 261) [gōṣṭha] বি. 1 গবাদি পশুর থাকার জায়গা; 2 গোচারণভূমি; 3 মিলনস্হল, সভা (গোষ্ঠাগার, গোষ্ঠাধ্যক্ষ)। [সং. গো + √স্হা + অ]। ˜ গৃহ বি. গোয়ালঘর, গোশালা। ˜ বিহারী (-রিন্) বি. শ্রীকৃষ্ণ। ˜ যাত্রা, ˜ লীলা বি. বৃন্দাবনে শ্রীকৃষ্ণের গোচারণ লীলা।

গোষ্ঠী (p. 261) [gōṣṭhī] বি. 1 পরিবার; 2 জ্ঞাতি (জ্ঞাতিগোষ্ঠী); 3 বংশ, কূল ; 4 দল (শিষ্যগোষ্ঠী, গোষ্ঠীদ্বন্দ্ব); 5 বৈঠক, সভা। [সং. গোষ্ঠ + ঈ]। ˜ পতি

বি. 1 বংশ পরিবার বা সম্প্রদায়ের প্রধান ব্যক্তি ; 2 দলপতি; 3 সভাপতি। ˜ বদ্ধ বিণ. 1 গোষ্ঠীর মধ্যে আবদ্ধ; 2 গোষ্ঠীর নিয়মে চলে এমন (গোষ্ঠীবদ্ধ জীবন)। ˜ বর্গ বি. পরিজন ও জ্ঞাতিগণ। ˜ ভুক্ত বিণ. গোষ্ঠীর অন্তর্গত।

গোষ্ঠী-নিরপেক্ষ (p. 261) [gōṣṭhī-nirapēkṣa] দ্র জোটনিরপেক্ষ।

গোষ্পদ (p. 261) [gōṣpada] বি. 1 গোরুর পায়ের দ্বারা চিহ্নিত ক্ষুদ্র স্থান; 2 (আল.) ওই ক্ষুদ্র স্থানে যতটুকু জল ধরে অর্থাত্ অতি ক্ষুদ্র জলাশয়। [সং. গো + পদ (নি.)]।

গোসল (p. 261) [gōsala] বি. স্নান। [আ. গুস্ল]। ˜ খানা বি. স্নানের ঘর, বাথরুম।

গোসা, গোসসা (p. 261) [gōsā, gōsasā] বি. 1 ক্রোধ, রাগ; 2 অভিমান। [আ. গুস্সা]। ˜ ঘর বি. ক্রোধাগার, অভিমান কক্ষ; রানি বা বেগম অভিমানিনী হয়ে যে-ঘরে থাকেন।

গোসাঁই, (অপ্র.) গোসাঞি (p. 261) [gōsām̐i, (apra.) gōsāñi] বি. 1 প্রভু, ঈশ্বর; 2 বৈষ্ণব গুরুবংশীয় ব্যক্তিদের উপাধিবিশেষ। [সং. গোস্বামী]।

গোসাপ (p. 261) [gōsāpa] দ্র গোধা, গোধিকা। [সং. গোসর্প]।

গোস্ত (p. 261) [gōsta] বি. 1 মাংস; 2 (অশু. কিন্তু প্রচলিত) গোমাংস। [ফা. গোশ্ত্]।

গোস্তন (p. 261) [gōstana] বি. 1 গাভীর স্তন, পালান; 2 চারটি নর বা পঙ্ক্তিবিশিষ্ট হার। [সং. গো + স্তন]। গোস্তনী বি. গোরুর স্তনের আকৃতিবিশিষ্ট ফলবিশেষ, আঙুর বা মনাক্কা।

গোস্তাকি (p. 261) [gōstāki] বি. ঔদ্ধত্য, বেয়াদপি (হুজুর আমার গোস্তাকি মাফ করবেন)। [ফা. গুস্তাখী]।

গোস্বামী (p. 261) [gōsbāmī] (-মিন্) বি. 1 গোসমূহের বা পৃথিবীর অধিপতি বা রক্ষক; প্রভু, ঈশ্বর; 2 ধর্মোপদেষ্টা; 3 বৈষ্ণগুরু ও ভক্তশ্রেষ্ঠদের উপাধিবিশেষ; 4 বৈষ্ণব গুরুবংশীয় ব্রাহ্মণদের উপাধিবিশেষ। [সং. গো + স্বামিন্]।

গো-হারা (p. 261) [gō-hārā] বিণ. ক্রি-বিণ. শোচনীয়ভাবে পরাজিত (খেলায় ওদের গো-হারা হার হয়েছে, ওরা গো-হারা হেরেছে)। [বাং. গো (গোরুর মতো?) + হারা]।

গোহারি (p. 261) [gōhāri] বি. (প্রা. ম. বাং.) সবিনয়ে দুঃখনিবেদন ও প্রতিকারপ্রার্থনা ('ব্রহ্মার সদনে গিয়া করিল গোহারি: কাশী.)। [হি. গোহারী]।

গৌড় (p. 261) [gauḍ] বি. বাংলাদেশের, বিশেষত উত্তরবঙ্গের প্রাচীন নাম। [সং. গুড় + অ]। গৌড়ী বি. 1 সংগীতের রাগিণীবিশেষ; 2 কাব্যের রীতিবিশেষ; 3 গুড় থেকে প্রস্তুত মদবিশেষ। □ বিণ. গৌড়সম্বন্ধীয়। গৌড়ীয় বিণ. 1 গৌড়দেশে উৎপন্ন ; 2 গৌড়দেশসম্বন্ধীয়; 3 গৌড়দেশের বা গৌড়দেশীয় (গৌড়ীয় মঠ)।

গৌড়-সারং (p. 261) [gauḍ়-sāra] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [সং. গৌড় + সারঙ্গ]।

গৌণ (p. 261) [gauṇa] বিণ. অপ্রধান (গৌণ কারণ)। □ বি. বিলম্ব, দেরি (গৌণ কোরে না, অগৌণে আসবে)। [সং. গুণ + অ]। ˜ কর্ম বি. (ব্যাক.) অপ্রধান কর্মপদ, indirect object. গৌণতা বি. (অল.) শব্দের অপ্রদান অর্থ, অর্থাত্ যা মুখ্যার্থ বা বাচ্যার্থ নয়, লক্ষ্যার্থ।

গৌতম (p. 261) [gautama] বি. 1 ঋষিবিশেষ; 2 বুদ্ধ। [সং. গোতম + অ]। গৌতমী বি. (স্ত্রী.) 1 গোতমবংশীয় স্ত্রী; 2 দুর্গা।

গৌর (p. 261) [gaura] বিণ. ফরসা, উজ্জ্বল বর্ণবিশিষ্ট, দুধে-আলতায় গোলা বর্ণবিশিষ্ট (গৌরবর্ণ)। □ বি. শ্রীচৈতন্যদেব। [সং. গুর + অ]। ˜ চন্দ্র বি. শ্রীচৈতন্যদেব। ˜ চন্দ্রিকা বি. 1 মূল গীতের পূর্বে গৌরচন্দ্রের অর্থাত্ শ্রীচৈতন্যদেবের বন্দনা; 2 ভূমিকা, মুখবন্ধ।

গৌরব (p. 261) [gauraba] বি. 1 গুরুত্ব (বিষয়গৌরব); 2 মহিমা, গরিমা; 3 মর্যাদা, কদর, সম্মান (তিনি আমাদের গৌরব বৃদ্ধি করেছেন) ; 4 গর্ব (অতীত নিয়ে গৌরব করা)। [সং. গুরু + অ]। ˜ চ্যুত বিণ. মর্যাদা বা সম্মান থেকে স্খলিত বা বিচ্যুত। ˜ শালী (-লিন্) বিণ. মর্যাদাপূর্ণ; মহিমান্বিত; মহনীয়। ˜ হানি বি. গৌরব বা মর্যাদা হারানো। গৌরবান্বিত, গৌরবিত বিণ. গৌরবযুক্ত। গৌরবান্বিতা বিণ. (স্ত্রী.) 1 গৌরবযুক্তা; 2 গর্বিতা, গরবিনি। গৌরবোজ্জ্বল বিণ. মর্যাদা বা গৌরবে পূর্ণ (আমাদের সাহিত্যের গৌরবোজ্জ্বল যুগ)।

গৌরাঙ্গ (p. 261) [gaurāṅga] বিণ. গৌরবর্ণ দেহবিশিষ্ট। □ বি. শ্রীচৈতন্যদেব। [সং. গৌর + অঙ্গ]। স্ত্রী. গৌরাঙ্গী।

গৌরী (p. 261) [gaurī] বি. 1 গৌরবর্ণা নারী; 2 দুর্গা; 3 অবিবাহিতা অষ্টমবর্ষীয়া বালিকা। □ বিণ. গৌরবর্ণা। [সং. গৌর + ঈ]। ̃ দান বি. 1 অষ্টমবর্ষীয়া কন্যাকে বিবাহে সম্প্রদান; 2 (আল.) অপ্রাপ্তবয়স্কাকে অর্থাত্ নিতান্তই বালিকাকে বিবাহে সম্প্রদান। ̃ পট্ট বি. শিবলিঙ্গের নিম্নস্থ পীঠ, পেনেট। ̃ শংকর, ̃ শঙ্কর বি. 1 দুর্গা ও শিব ; 2 হিমালয়ের চূড়াবিশেষ।

গ্যাঁজে, গ্যাঁজলা (p. 261) [gyānँjē, gyānँjalā] যথাক্রমে গাঁজ ও গাঁজলা -র রূপভেদ।

গ্যাঁজানো (p. 261) [gyānँjānō] ক্রি. বি. (অশা.) অসার গল্পগুজব করা; বাজে গল্পে সময় কাটানো (দুপুরটা গোঁজিয়ে কাটালাম; এই ভরদুপুরে কোথায় গ্যাঁজাতে যাবে?)। [বাং. গ্যাঁজ1 > গ্যাঁজা + আনো]।

গ্যাঁট (p. 261) [gyānँṭa] বিণ. স্হির, অনড়, নিশ্চল (গ্যাঁট হয়ে বসে আছ যে?)। [দেশি]। ̃ গ্যাঁট অব্য. গটগট -এর অনুরূপ।

গ্যাঁড়ানো (p. 261) [gyānँḍ়ānō] দ্র গেঁড়া।

গ্যারাজ, গ্যারেজ (p. 261) [gyārāja, gyārēja] বি. মোটরগাড়ি, বাস ইত্যাদি রাখার স্হান। [ইং. garage < ফ. garage গারাজ্]।

গ্যালন (p. 261) [gyālana] বি. তরল দ্রব্যের ওজনের পরিমাণবিশেষ-এক গ্যালন প্রায় সাড়ে চার লিটারের সমান। [ইং. gallon]।

গ্যালি (p. 261) [gyāli] বি. ছাপার অক্ষর রাখার কাষ্ঠফলক। [ইং. galley]।˜ প্রুফ বি. গ্যালি থেকে তোলা প্রুফ।

গ্যাস (p. 261) [gyāsa] বি. বায়ব্য পদার্থ, কয়লা প্রভৃতি থেকে উৎপন্ন বায়ব্য দাহ্য পদার্থ। [ইং. gas]। গ্যাস দেওয়া, গ্যাস ছাড়া (অশা.) বি. ক্রি. বাজে কথা বলা; মিথ্যা গল্প বলা; মিথ্যা কথা বিশ্বাস করবার চেষ্টা করা। তু. গুল মারা।˜ বেলুন বি. গ্যাস-পোরা বেলুন। গ্যাসীয় বিণ. 1 গ্যাসসংক্রান্ত; 2 গ্যাসজাত ; 3 গ্যাসধর্মী।

গ্রথন, গ্রন্হন, গ্রন্হনা (p. 261) [grathana, granhana, granhanā] বি. 1 গাঁথা, গাঁথনি; 2 রচনা; 3 বিন্যাস। [সং. √গ্রন্হ্ + অন, + আ]। গ্রথিত. গ্রন্হিত বিণ. 1 গাঁথা হয়েছে এমন; 2 রচিত; 3 সাজানো বা বিন্যস্ত।

গ্রন্হ (p. 261) [granha] বি. 1 বই; পুঁথি; 2 শাস্ত্র। [সং. √গ্রন্হ্+ অ]।˜ কার,˜ কর্তা (-র্তৃ) বি. গ্রন্হের রচয়িতা; লেখক।˜ কীট বি. 1 বইয়ের পোকা; 2 (আল.) গ্রন্হপাঠে অত্যধিক অনুরক্ত এবং অন্য কোনো দিকে খেয়াল নেই এমন ব্যক্তি, book-worm.˜ মেলা বি. বইমেলা, যেখানে বহু বই বিক্রয়ের জন্য প্রদর্শিত হয়।˜ সাহেব বি. শিখ ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্হ।˜ সূচি বি. বইয়ের তালিকা, catalogue.˜ স্বত্ব বি. কোনো গ্রন্হের মুদ্রণ বা প্রকাশ সম্পর্কে উক্ত গ্রন্হের লেখক বা তাঁর মনোনীত ব্যক্তির অধিকার, copyright.

গ্রন্হন (p. 261) [granhana] দ্র গ্রথন।

গ্রন্হাগার (p. 261) [granhāgāra] বি. যে গৃহে পাঠকদের জন্য বহু বই সাজিয়ে রাখা হয়, পাঠাগার, লাইব্রেরি। [সং. গ্রন্হ + আগার]। গ্রন্হাগারিক বি. গ্রন্হাগারের অধ্যক্ষ বা পরিচালক, লাইব্রেরিয়ান।

গ্রন্হাবলি (p. 261) [granhābali] বি. 1 গ্রন্হসমূহ, বহু বই; বইপত্র; 2 কোনো লেখকের রচিত বিভিন্ন গ্রন্হের একত্র সংকলন বা সংগ্রহ (শরৎচন্দ্রের গ্রন্হাবলি, তারাশঙ্করের গ্রন্হাবলি)। [সং. গ্রন্হ + আবলি]।

গ্রন্হি (p. 261) [granhi] বি. 1 গাঁট, গিরা (গ্রন্হি শিথিল হওয়া); 2 দেহের (বিশেষত অস্হির) সন্ধিস্হান ; 3 বাঁশ ইত্যাদির সন্ধি বা গিঁট; 4 দেহাভ্যন্তরস্হ রসনিঃসারক কোষ, gland (পাচকগ্রন্হি, লালাগ্রন্হি)। [সং. √গ্রন্হ্ + ই]। ̃ প্রদাহ বি. অস্হির সন্ধিস্হানের জ্বালা। ̃ বন্ধন বি. গাঁটছড়া। ̃ ল বিণ. বহু গ্রন্হিযুক্ত, গ্রন্হিময়।

গ্রন্হিক (p. 261) [granhika] বি. 1 দৈবজ্ঞ, গনতকার; 2 কনিষ্ঠ পাণ্ডব সহদেবের অজ্ঞাতবাসকালীন নাম। [সং. গ্রন্হ + ইক]।

গ্রন্হী (p. 261) [granhī] (স্হিন্) বি. 1 বহু গ্রন্হের মালিক; 2 বহু গ্রন্হের পাঠক; 3 বহু গ্রন্হের রচয়িতা। [সং. গ্রন্হ + ইন্]।

গ্রসন (p. 261) [grasana] বি. গ্রাস করা, ঢেকে ফেলা (চন্দ্র-সূর্যের গ্রসন)। [সং. √গ্রস্ + অন]।

গ্রস-মান (p. 261) [grasa-māna] বিণ. গ্রাস করছে এমন; গ্রাসকারী। [সং. √গ্রস্ + মান (শানচ্)]।

গ্রন্হ (p. 261) [granha] বিণ. 1 গ্রাস করা হয়েছে এমন (রাহুগ্রস্ত); 2 গিলিত, গিলে ফেলা হয়েছে এমন (গ্রস্ত অন্ন) ; 3 আক্রান্ত (রোগগ্রস্ত); 4 অভিভূত (শোকগ্রস্ত)। [সং. √গ্রস্ + ত]।

গ্রহ (p. 261) [graha] বি. 1 (জ্যোতি.) সূর্যকে প্রদক্ষিণকারী পৃথিবীবুধাদি জ্যোতিষ্ক, planet; 2 গ্রহণ, ধারণ (রূপগ্রহ, দারগ্রহ); 3 উপলব্ধি (অর্থগ্রহ) ; 4 গ্রহবৈগুণ্য, কুগ্রহ (গ্রহের ফের), দুরদৃষ্টি। [সং. √গ্রহ্ + অ]। ˜ দেবতা বি. (জ্যোতিষ.) গ্রহের অধিদেবতা। ˜ দোষ বি. (জ্যোতিষ.) গ্রহের বিরুদ্ধ বা প্রতিকূল দৃষ্টি বা আচরণ। ˜ পতি বি. সূর্য। ˜ বিদ্যা বি. জ্যোতিষবিদ্যা। ˜ বিপাক বি. অশুভ গ্রহের প্রভাবের ফলে বিপত্তি। ˜ বিপ্র বি. জ্যোতিষী, গ্রহাচার্য। ˜ বৈগুণ্য বি. গ্রহদোষ -এর অনুরূপ। ˜ মণ্ডল বি. জ্যোতির্মণ্ডল, গ্রহজগত্। ˜ রাজ বি. 1 সূর্য; 2 চন্দ্র; 3 বৃহস্পতি। ˜ শান্তি অশুভ গ্রহের প্রভাব দূর করার জন্য পূজা বা স্বস্ত্যয়ন। ˜ স্ফুট বি. (জ্যোতিষ.) গ্রহের স্থিতিস্থাপক রাশি। গ্রহের ফের বি. 1 কুগ্রহের বা অদৃষ্টের প্রতিকূল আচরণ ; 2 বিপদ।

গ্রহণ (p. 261) [grahaṇa] বি. 1 প্রাপ্তি, আদান (ভিক্ষাগ্রহণ); 2 ধারণ (হস্তগ্রহণ) ; 3 স্বীকার (নিমন্ত্রণগ্রহণ); 4 অবলম্বন, আশ্রয় (সন্ন্যাসগ্রহণ); 5 বরণ (অতিথিকে সাদরে গ্রহণ); 6 মেনে নেওয়া (উপদেশগ্রহণ, পরামর্শগ্রহণ); 7

উপলব্ধি (অর্থগ্রহণ) ; 8 সমাদর (গুণগ্রহণ); 9 আহার, পান (অন্নগ্রহণ, জলগ্রহণ); 1 আকর্ষণ, টেনে নেওয়া (কেশগ্রহণ); 11 গ্রহাদির গ্রাস বা অদৃশ্য হওয়া (চন্দ্রগ্রহণ, সূর্যগ্রহণ)। [সং. √গ্রহ্ + অন]। গ্রহণীয় বিণ. গ্রহণযোগ্য, গ্রহণ করার মতো। গ্রহণেচ্ছা বি. গ্রহণের ইচ্ছা। গ্রহণেচ্ছু বিণ. গ্রহণ করতে ইচ্ছুক।

গ্রহণী, গ্রহণি (p. 261) [grahaṇī, grahaṇi] বি. 1 উদরাময়ধরনের রোগবিশেষ; 2 (শারীর.) ক্ষুদ্রান্ত্রের অগ্রভাগ, duodenum. [সং. √গ্রহ্ + অনি + ঈ]।

গ্রহণীয় (p. 261) [grahaṇīẏa] দ্র গ্রহণ।

গ্রহদেবতা, গ্রহদোষ, গ্রহপতি, গ্রহবিপাক, গ্রহবিপ্র, গ্রহবৈগুণ্য, গ্রহমণ্ডল, গ্রহরাজ, গ্রহশান্তি, গ্রহস্ফুট (p. 261) [grahadēbatā, grahadōṣa, grahapati, grahabipāka, grahabipra, grahabaiguṇya, grahamaṇḍala, graharāja, grahaśānti, grahasphuṭa] দ্র গ্রহ।

গ্রহাচার্য (p. 261) [grahācārya] বি. দৈবজ্ঞ, জ্যোতিষী। [সং. গ্রহ + আচার্য]।

গ্রহাণু (p. 261) [grahāṇu] বি. 1 উপগ্রহ; 2 সূর্যের চতুর্দিকে পরিভ্রমণকারী অতি ক্ষুদ্র গ্রহ, asteroid. [সং. গ্রহ + অণু]। ˜ পুঞ্জ বি. বহু গ্রহাণুর একত্র সমাবেশ।

গ্রহীতা (p. 261) [grahītā] (-তৃ) বিণ. গ্রহণকারী, গ্রাহক (দানগ্রহীতা)। [সং. √গ্রহ্ + তৃ, ঈ আগম]।

গ্রাবু (p. 261) [grābu] বি. একরকম তাসখেলা। [দেশি]।

গ্রাম1 (p. 261) [grāma1] বি. ওজনের মাপবিশেষ, কিঞ্চিদধিক 7 1/2 রতি, এক কিলোগ্রামের এক হাজার ভাগের এক ভাগ, 1/1 কিলোগ্রাম। [ইং. gram(me), কিলো দ্র]।

গ্রাম2 (p. 261) [grāma2] বি. 1 পল্লি, পাড়াগাঁ; 2 ক্ষুদ্র জনবসতি; 3 সমূহ (গুণগ্রাম) ; 4 (সংগীতে) প্রবাহ বা ওঠা-নামা ভেদে স্তর বা পর্দা (স্বরগ্রাম)। [সং. √গ্রস্ + ম]।˜ জ বিণ. গ্রামে জাত বা উৎপন্ন (গ্রামজ সম্পদ)।˜ ণী গ্রামের মণ্ডল বা নেতা।˜ ধর্ম বি. স্ত্রীসংসর্গ, যৌনসম্ভোগ।˜ বাসী (সিন্) বি. গ্রামের অধিবাসী।˜ ভাটি বি. গ্রামবৃত্তি; গ্রামের সামাজিক অনুষ্ঠানাদির জন্য সংগৃহীত অর্থ।˜ মৃগ বি. কুকুর।˜ সম্পর্ক বি. একই গ্রামের অধিবাসী হওয়ার ফলে প্রতিষ্ঠিত বা স্থাপিত সম্বন্ধ (গ্রামসম্পর্কে তিনি আমার কাকা)। গ্রামান্ত বি. গ্রামের প্রান্তসীমা বা শেষ সীমা। গ্রামান্তর বি. অন্য গ্রাম, ভিন্ন গ্রাম (গ্রামান্তরে চলে যাওয়া)। গ্রামিক বি. গ্রামের অধিকারী; গ্রামরক্ষক। গ্রামী (-মিন্) বিণ. 1 গ্রামের কর্তা ; 2 গ্রামবাসী; 3 গ্রাম্য; 4 গ্রামবিশিষ্ট; গ্রামযুক্ত। গ্রামীণ বিণ. 1 গ্রামে উৎপন্ন; 2 গ্রাম্য; 3 গ্রামস্থ (গ্রামীণ শিল্প)।

গ্রামো-ফোন (p. 261) [grāmō-phōna] বি. রেকর্ড-করা অর্থাত্ গোলাকার চাকতিতে মুদ্রিত স্বরতরঙ্গ ধ্বনিত করার যন্ত্রবিশেষ, কলের গান। [ইং. gramophone]।

গ্রাম্য (p. 261) [grāmya] বিণ. 1 গ্রামসম্বন্ধীয়, গ্রামবিষয়ক; 2 গ্রামজাত, গ্রামে উৎপন্ন ; 3 গ্রামস্থ, গ্রামের; 4 ইতর, অমার্জিত, অভদ্র, প্রাকৃত (গ্রাম্য স্বভাব)। [সং. গ্রাম + য]। ̃ তা বি. 1 অমার্জিত ভাব, অভদ্রতা; 2 ভাষার শব্দগত ও অর্থগত অশোভনতা। ̃ ধর্ম বি. গ্রামধর্ম, স্ত্রীসম্ভোগ। ̃ মৃগ বি. কুকুর।

গ্রাস (p. 261) [grāsa] বি. 1 ভোজনের জন্য এক-একবারে যে পরিমাণ খাদ্যদ্রব্য হাত দিয়ে মুখে তোলা হয়; 2 কবল (কালগ্রাস) ; 3 ভক্ষণ, গলাধঃকরণ, গেলা; 4 খোরাক, অন্ন (গ্রাসাচ্ছাদন) ; 5 গ্রহণের সময় আবৃত হওয়া (চন্দ্রের বা সূর্যের পূর্ণগ্রাস, বলয়গ্রাস) ; 6 (গৌণার্থে) অন্যায়ভাবে গ্রহণ (অপরের সম্পত্তি গ্রাস)। [সং. √গ্রস্ + অ]। ̃ কারী (-রিন্) বিণ. বি. ভক্ষণকারী, খাদক; যে গ্রাস করে। ̃ নালি, ̃ নালী বি. যে-পথে ভুক্ত দ্রব্য পাকস্থলীতে পৌঁছায়, অন্ননলি, খাদ্যনলি, gullet. গ্রাসাচ্ছাদন বি. খোরপোশ, অন্নবস্ত্র। গ্রাসিত বিণ. 1 কবলিত; 2 ভক্ষিত।

গ্রাহ (p. 261) [grāha] বি. 1 আদান, গ্রহণ; 2 উপলব্ধি, বোধ (ভাবগ্রাহ, অর্থগ্রাহ) ; 3 আগ্রহ; নির্বন্ধ; 4 হাঙর কুমির প্রভৃতি হিংস্র জলচর প্রাণী। [সং. √গ্রহ্ + অ]। ̃ ক বিণ. 1 যে গ্রহণ করে, গ্রহণকারী; 2 ক্রেতা। স্ত্রী. গ্রাহিকা। গ্রাহিত বিণ. গ্রহণ করা হয়েছে এমন। গ্রাহী (-হিন্) বিণ. বি. 1 গ্রহণকারী (গুণগ্রাহী); 2 আকর্ষক (হৃদয়গ্রাহী); 3 মলবদ্ধকারক, ধারক।

গ্রাহ্য (p. 261) [grāhya] বিণ. 1 গ্রহণযোগ্য, স্বীকার্য (এই ব্যাখ্যা গ্রাহ্য নয়); 2 জ্ঞেয় (বুদ্ধিগ্রাহ্য) ; 3 বিবেচ্য; 4 গণনীয়। [সং. √গ্রহ্ + য]। গ্রাহ্য করা ক্রি. বি. মেনে নেওয়া বা সমীহ করা (আমার কথা কেউ গ্রাহ্য করে না)। গ্রাহ্য হওয়া

ক্রি. বি. 1 স্বীকৃত হওয়া; 2 বিবেচনার যোগ্য বলে গৃহীত হওয়া (আবেদন গ্রাহ্য হবে না)।

গ্রিক (p. 261) [grika] বি. গ্রিসদেশের লোক বা ভাষা। □ বিণ. গ্রিসদেশ বা গ্রিক ভাষাসম্বন্ধীয় (গ্রিক পুরাণের গল্প)। [ইং. Greek]।

গ্রিন-রুম (p. 261) [grina-ruma] বি. রঙ্গমঞ্চে অভিনেতাদের বিশ্রামকক্ষ বা সাজঘর। [ইং. greenroom]।

গ্রিল (p. 261) [grila] বি. (জানালা দরজায় ব্যবহৃত) লোহার জাফরি বা জাফরির মতো গরাদ। [ইং. grill]।

গ্রীবা (p. 261) [grībā] বি. 1 গলদেশ; 2 ঘাড়। [সং. √গৃ + ব + আ]। ̃ দেশ বি. ঘাড়। ̃ ভঙ্গি বি. (সুন্দরভাবে) ঘাড় বেঁকানো।

গ্রীষ্ম (p. 261) [grīṣma] বি. 1 গরমের কাল, নিদাঘ; 2 উত্তাপ। □ বিণ. গরম। [সং. গ্রস্ + ম]। ̃ কাল বি. গ্রীষ্মঋতু, গরমের কাল। ̃ পীড়িত বিণ. গরমে ক্লান্ত, তাপক্লান্ত, তাপক্লিষ্ট। ̃ মণ্ডল বি. কর্কটক্রান্তি ও মকরক্রান্তির অন্তর্বর্তী তীব্র তাপযুক্ত ভূভাগ, torrid zone, উষ্ণমণ্ডল। গ্রীষ্মাতিশয্য বি. উত্তাপের আধিক্য। গ্রীষ্মাবকাশ বি. (স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ে) গ্রীষ্মকালীন ছুটি।

গ্রেন (p. 261) [grēna] বি. এক যবোদর বা অর্ধরতি পরিমিত ওজনবিশেষ; এক ভরির একশো আশি ভাগের এক ভাগ। [ইং. grain]।

গ্রেপ্তার, গ্রেফ্তার (p. 261) [grēptāra, grēphtāra] বি. পাকড়াও, আটক, ধরা (গ্রেপ্তার এড়াতে সে দেশের সীমানার বাইরে চলে গেল)। □ বিণ. পাকড়াও বা আটক করা হয়েছে এমন, ধৃত (অবশেষে সেই কুখ্যাত চোরাচালানকারী গ্রেপ্তার হল)। [ফা. গিরিফ্তার]। গ্রেপ্তারি, গ্রেফতারি বিণ. গ্রেফতারসম্বন্ধীয়; গ্রেফতারের (গ্রেফতারি পরোয়ানা)।

গ্রৈব, গ্রৈবেয় (p. 264) [graiba, graibēẏa] বিণ. গ্রীবাসম্বন্ধীয়। [সং. গ্রীবা + অ, এয়]। গ্রৈবেয়ক বি. কণ্ঠভূষণ।

গ্রৈষ্মিক (p. 264) [graiṣmika] বিণ. গ্রীষ্মকালীন; গ্রীষ্মসম্বন্ধীয়। [সং. গ্রীষ্ম + ইক]।

গ্র্যাচুইটি (p. 264) [gryācuiṭi] বি. আনুতোষিক; চাকুরি ইত্যাদি থেকে অবসর গ্রহণের সময় সেবার স্বীকৃতিস্বরূপ প্রদেয় এককালীন অর্থ। [ইং. gratuity]।

গ্লান (p. 264) [glāna] দ্র গ্লানি।

গ্লানি (p. 264) [glāni] বি. 1 ক্লান্তি, অবসাদ; 2 ক্ষয়, হ্রাস (ধর্মের গ্লানি); 3 মল (মনের গ্লানি) ; 4 কলঙ্কস্বরূপ ব্যক্তি বা বস্তু (বীরকুল-গ্লানি); 5 নিন্দা; কল্পিত দোষারোপ (আত্মগ্লানি)। [সং. √গ্লৈ + তি]। গ্লান বিণ. 1 ক্লান্ত, অবসন্ন ; 2 নোংরা; 3 কলঙ্কস্বরূপ; 4 নিন্দিত।

ঘ (p. 265) [gh] বাংলা ভাষার চতুর্থ ব্যঞ্জনবর্ণ এবং ঘোষ মহাপ্রাণ কণ্ঠ্য ঘ্ ধ্বনির লিখিত রূপ।

ঘচ-ঘচ (p. 265) [ghaca-ghaca] অব্য. বি. নরম জিনিস ক্রমাগত কাটবার শব্দ। [ধ্বন্যা.]। ঘচাঘচ ক্রি-বিণ. ঘচঘচ শব্দে (ঘচাঘচ কাটতে লাগল)।

ঘট (p. 265) [ghaṭa] বি. 1 ছোট কলসি ('মঙ্গলঘট হয়নি যে ভরা': রবীন্দ্র); 2 পাত্র, আধার (সর্ব ঘটে); 3 মাথা, মগজ (ঘটে বুদ্ধি নেই); 4 দেহ ('ঘটের মধ্যে সাঁই বিরাজে': বাউল গান)। [সং. √ঘট্ + অ]।˜ কর্পর বি. 1 ঘটের ভাঙা টুকরো, ভাঙা খাপরা; 2 বিক্রমাদিত্যের সভার নবরত্নের অন্যতম।˜ কার বি. কুম্ভকার, কুমোর।

ঘটক (p. 265) [ghaṭaka] বি. 1 সংঘটনকর্তা, যে ঘটায়; 2 বিবাহের সম্বন্ধ স্থাপনকারী পুরুষ ; 3 ব্রাহ্মণদের পদবিবিশেষ। [সং. √ঘট্ + অক]। ঘটকী বি. (স্ত্রী.) বিবাহের সম্বন্ধ স্থাপনকারিণী স্ত্রীলোক। ঘটকালি বি. ঘটকের কাজ; বিবাহের সম্বন্ধ করা।

ঘটকার (p. 265) [ghaṭakāra] দ্র ঘট।

ঘট-ঘট (p. 265) [ghaṭa-ghaṭa] অব্য. বি. (প্রধানত) শূন্য কাঠের পাত্রের মধ্যে কাঠের দণ্ড বা অনুরূপ কিছু নাড়াচাড়া করার শব্দ। [দেশি-ধ্বন্যা.]। ঘটর-ঘটর অব্য. বি. ক্রমাগত ঘটঘট জাতীয় গড়ানোর শব্দ।

ঘটন (p. 265) [ghaṭana] বি. সংঘটন, ঘটা, হওয়া; 2 যোজন (অঘটন-ঘটন); 3 বিধির নির্বন্ধ। [সং. √ঘট্ + অন]।

ঘটনা (p. 265) [ghaṭanā] বি. 1 ব্যাপার, যা ঘটে; 2 যোজনা; 3 আকস্মিক ব্যাপার। [সং. √ঘট্ + অন + আ]।˜ ক্রমে,˜ চক্রে ক্রি-বিণ. দৈবাত্, ঘটনাগতিকে, accidentally.˜ চক্র বি. ঘটনাপরম্পরা।˜ ধীন বিণ. দৈবাধীন।˜ পূর্ণ,˜ বহুল বিণ. নানা ঘটনায় পূর্ণ।˜ বলি বি. ঘটনাসমূহ।˜ স্থল বি. অকুস্থল, যেখানে (কোনো) ঘটনা ঘটে বা ঘটেছে।

ঘটনীয় (p. 265) [ghaṭanīẏa] বিণ. 1 সংঘটনযোগ্য; 2 ঘটবে এমন; 3 সম্ভাব্য। [সং. √ঘট্ + অনীয়]।

ঘট-মান (p. 265) [ghaṭa-māna] বিণ. 1 ঘটছে এমন; 2 (ব্যাক.) চলছে এমন (ঘটমান বর্তমান, ঘটমান অতীত)। [সং. √ঘট্ + মান (শানচ্)]।

ঘটরঘটর (p. 265) [ghaṭaraghaṭara] দ্র ঘটঘট।

ঘটা1 (p. 265) [ghaṭā1] বি. 1 ঘটন; 2 সমারোহ, জাঁকজমক (ছেলের বিয়েতে খুব ঘটা হয়েছিল) ; 3 সম্মিলন (গজঘটা); 4 শোভা (পোশাকের কী ঘটা) ; 5 (প্রা. ম. বাং.) সমূহ ('অনঙ্গ তরঙ্গ হোলো উলঙ্গের ঘটা')। [সং. √ঘট্ + অ + আ]।

ঘটা2 (p. 265) [ghaṭā2] ক্রি. 1 সংঘটিত হওয়া (বিপদ ঘটেছে); 2 সম্পন্ন হওয়া (ঘটে উঠল না) ; 3 পরিণতি লাভ করা (কী থেকে কী ঘটল)। □ বি. সংঘটন। [বাং. √ঘট্ (সং. √ঘট্) + আ]।˜ নো ক্রি. 1 সংঘটিত করানো (ছেলেটা দেখছি বিপদ ঘটাবে); 2 সম্পন্ন করানো (বিয়েটা ঘটিয়ে দাও)। □ বি. সংঘটিত

করা (এ বিয়ে ঘটানো আমার কর্ম নয়)। □ বিণ. অন্যের দ্বারা সংঘটিত (শত্রুর দ্বারা ঘটানো বিপদ)।

ঘটাটোপ (p. 265) [ghaṭāṭōpa] বি. 1 গোরুর গাড়ি, পালকি বা আসবাবপত্রের আবরণ, ঘেরাটোপ; 2 বাহুল্যপূর্ণ আড়ম্বর। [সং. ঘট (=পাত্র) + আটোপ (=আড়ম্বর)]।

ঘটি (p. 265) [ghaṭi] বি. ঘটের মতো ধাতুনির্মিত ছোট জলপাত্রবিশেষ (ঘটিবাটি)। [সং. ঘটী]।

ঘটিকা (p. 265) [ghaṭikā] বি. 1 আড়াই দণ্ড, ঘণ্টা (দুই ঘটিকায়); 2 ছোট ঘট, ঘটি ; 3 পায়ের গোড়ালি। [সং. ঘটী + ক + আ]।

ঘটিত (p. 265) [ghaṭita] বিণ. 1 সংঘটিত; 2 সম্পাদিত; 3 জনিত, সংক্রান্ত (নারীঘটিত, অর্থঘটিত) ; 4 যুক্ত, যোজিত (স্বর্ণঘটিত)। [সং. √ঘট্ + ত]। ˜ ব্য বিণ. ঘটবে এমন; সম্ভাবিত।

ঘটি-রাম (p. 265) [ghaṭi-rāma] বি. মূর্খ বা অযোগ্য কর্মচারী। [দীনবন্ধু মিত্রের 'সধবার একাদশী' থেকে]।

ঘটী (p. 265) [ghaṭī] বি. 1 ঘট, ঘটি; 2 আড়াই দণ্ড, ঘণ্টা; 3 কালনির্ণায়ক যন্ত্র, ঘড়ি। [সং. ঘট + ঈ]। ˜ যন্ত্র বি. 1 কুয়ো থেকে জল তোলার যন্ত্র ; 2 কালনিরূপক যন্ত্রবিশেষ, সেকালের ঘড়ি।

ঘটোধ্নী (p. 265) [ghaṭōdhnī] বিণ. যার উধস্ বা পালান ঘটের মতো বৃহদাকার (ঘটোধ্নী গাভী)। [সং. ঘট + উধস্ + নী (স্ত্রী.)]।

ঘট্ট (p. 265) [ghaṭṭa] বি. পুকুরের ঘাট। [সং. √ঘট্ + অ]।

ঘট্টন (p. 265) [ghaṭṭana] বি. 1 সংঘটন; 2 ঘোটন, ঘোটা; 3 ঘর্ষণ; 4 গঠন। [সং. √ঘট্ + অন]। ঘট্টনী বি. (স্ত্রী.) যা দিয়ে ঘাঁটা বা বাটা হয়, ঘোটনা। ঘট্টিত বিণ. 1 সংঘটিত; 2 নির্মিত; 3 ঘোটা হয়েছে এমন।

ঘড়-ঘড় (p. 265) [ghaḍ়-ghaḍ়] অব্য. বি. 1 কণ্ঠনালিতে শ্লেষ্মাজনিত আওয়াজ (গলার ঘড়ঘড়); 2 চলন্ত গাড়ির চাকার শব্দ। [দেশি-ধ্বন্যা.].

ঘড়া (p. 265) [ghaḍ়ā] বি. বড় কলসি; ধাতুনির্মিত কলসি (এক ঘড়া জল)। [সং. ঘট]।

ঘড়াঞ্চি (p. 265) [ghaḍ়āñci] বি. বাঁশ বা কাঠের সিঁড়িযুক্ত উঁচু টুলবিশেষ; মই। [দেশি]।

ঘড়ি (p. 265) [ghaḍ়i] বি. 1 সময়নিরূপক যন্ত্রবিশেষ (ঘড়ি ধরে কাজ করো); 2 ঘণ্টা, আড়াই দণ্ড (দু-ঘড়ি)। [সং. ঘটী]। ঘড়ি-ঘড়ি ক্রি-বিণ. 1 ঘণ্টায় ঘণ্টায়; 2 প্রতি মুহূর্তে; 3 বারংবার। ট্যাঁকঘড়ি, পকেট ঘড়ি বি. যে ঘড়ি ট্যাঁক বা পকেটে রাখা হয়। দেওয়াল ঘড়ি, দেয়াল ঘড়ি বি. যে-ঘড়ি দেওয়ালে আটকে রাখা হয়। পেটা ঘড়ি বি. যে ঘড়ি পিটিয়ে বাজাতে হয়-যে ঘড়ি আপনা-আপনি

বাজে না। সূর্য ঘড়ি বি. যে ঘড়িতে দিনের বেলা রোদের ছায়া দেখে সময় নিরূপণ করা হয়। হাত-ঘড়ি বি. যে ঘড়ি কব্জিতে বাঁধা হয়।

ঘড়িয়াল1 (p. 266) [ghaḍ়iẏāla1] বি. যে ব্যক্তি ঘণ্টা বাজিয়ে ঘণ্টায় ঘণ্টায় সময় নির্দেশ করে। [বাং. ঘড়ি + আল]।

ঘড়িয়াল2 (p. 266) [ghaḍ়iẏāla2] (কথ্য) ঘড়েল বিণ. ধূর্ত, ধড়িবাজ (ঘড়েল লোক)। □ বি. 1 লম্বা মুখওয়ালা কুমিরবিশেষ; 2 ধূর্ত বা ধড়িবাজ লোক। [তু. হি. ঘড়িবাল]।

ঘণ্ট (p. 266) [ghanṭa] বি. তরকারি ঘেঁটে রান্না করা ব্যঞ্জনবিশেষ (মোচার ঘণ্ট)। [সং. ঘণ্ট?]।

ঘণ্টা (p. 266) [ghanṭā] বি. 1 কাঁসা বা অন্য ধাতু দিয়ে তৈরি বাদ্যযন্ত্রবিশেষ; 2 ষাট মিনিট বা আড়াই দণ্ডকাল সময়; 3 (বিদ্রূপে) কিছুই না, ঘোড়ার ডিম (ঘণ্টা করবে)। [সং. √ঘণ্ + ট + আ]।

ঘণ্টা-কর্ণ (p. 266) [ghanṭā-karṇa] বি. 1 ঘেঁটু ফুল; 2 ঘেঁটু ঠাকুর। [সং. ঘণ্টা + কর্ণ]।

ঘণ্টা-ঘর (p. 266) [ghanṭā-ghara] বি. যে ঘর থেকে নির্দিষ্ট সময়ে ঘণ্টা বাজানো হয়। [সং. ঘণ্টা + বাং. ঘর]।

ঘণ্টা-ধ্বনি (p. 266) [ghanṭā-dhbani] বি. ঘণ্টার শব্দ। [সং. ঘণ্টা + ধ্বনি]।

ঘণ্টা-পথ (p. 266) [ghanṭā-patha] বি. বড় রাস্তা; রাজপথ। [সং. ঘণ্টা + পথ]।

ঘণ্টি (p. 266) [ghanṭi] বি. ছোট ঘণ্টা (ঘণ্টি নেড়ে দাও); বাদ্যযন্ত্রবিশেষ। [সং. ঘণ্টা + ই > ক্ষুদ্রার্থে]।

ঘণ্টিকা, ঘণ্টী (p. 266) [ghanṭikā, ghanṭī] বি. 1 ছোট ঘণ্টা, ঘণ্টি; 2 আলজিভ। [সং. ঘণ্টা + ক + আ, ঘণ্ট + ঈ]।

ঘণ্টেশ্বর (p. 266) [ghanṭēśbara] বি. 1 মঙ্গলপুত্র ঘেঁটু, ঘেঁটু ঠাকুর; 2 মহাদেব। [সং. ঘণ্টা + ঈশ্বর]।

ঘন (p. 266) [ghana] বি. 1 মেঘ (ঘনঘটা); 2 (গণি.) সমান তিন রাশির গুণফল, cube যেমন, 2x2x2=8; 3 (জ্যামি.) দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ-এই ত্রিমাত্রাবিশিষ্ট বস্তু, solid. □ বিণ. 1 নিবিড়, দুর্ভেদ্য, দুর্গম (ঘন অন্ধকার, ঘন জঙ্গল, ছায়াঘন পথ) ; 2 অবিরল, বারংবার কৃত (ঘন ঘন বিলাপ, ঘন ঘন আসা-যাওয়া) ; 3 ঠাসা, ঠাসবুনটযুক্ত (ঘন বুনানি); 4 জমাট, মোটা (ঘন কাপড়); 5 প্রবল, গভীর (ঘন বরষা); 6 দৈর্ঘ্য প্রস্থ ও বেধ-এই ত্রিমাত্রাবিশিষ্ট (ঘন ক্ষেত্র)। [সং. √হন্ + অ]। ̃ কৃষ্ণ বিণ. মেঘের মতো কালো; গাঢ় কৃষ্ণবর্ণ। ̃ ঘটা বি. মেঘের আড়ম্বর বা সমারোহ। ঘন ঘন ক্রি-বিণ. প্রায়ই, বারংবার; খুব কাছাকাছি (ঘন ঘন সন্নিবিষ্ট)। ̃ ঘোর বিণ. মেঘে আচ্ছন্ন ও অন্ধকারময়। ̃ তা, ̃ ত্ব বি. দৈর্ঘ্য প্রস্থ ও বেধ-এই ত্রিমাত্রাযুক্ত অবস্থা বা আকার; দৃঢ়তা; নিবিড়তা; গাঢ়তা। ̃ ফল বি. দৈর্ঘ্য প্রস্থ ও বেধের গুণফল। ̃ বসতি বি. গায়ে গায়ে লাগা ঘরবাড়ি; যেখানে

খুব কাছাকাছিভাবে লোকে বাস করে। ˜ বিন্যাস বি. ফাঁক না রেখে পরপর স্থাপন। ˜ বীথি বি. মেঘলোক, মেঘমালা; আকাশপথ। ˜ মূল বি. যে রাশি আপনার দ্বারা দুবার গুণিত হয় সেই রাশি উক্ত গুণফলের ঘনমূল, cube-root. ˜ শ্যাম বিণ. মেঘের মতো শ্যামবর্ণ। □ বি. 1 শ্রীকৃষ্ণ; 2 রামচন্দ্র। সার বি. 1 কর্পূর; 2 চন্দন ; 3 পারদ।

ঘনক (p. 266) [ghanaka] বি. ঘনক্ষেত্র, ঘন, cube. [সং. ঘন + ক (স্বার্থে)]।

ঘনা (p. 266) [ghanā] ক্রি. 1 কাছে যাওয়া, নিকটবর্তী হওয়া (ভয়ে তার কাছে কেউ ঘনায় না) ; 2 আসন্ন হওয়া (মৃত্যু ঘনাল, দুর্যোগ ঘনিয়ে এল)। [বাং. ঘন + আ]।

ঘনাগম (p. 266) [ghanāgama] বি. 1 মেঘের আবির্ভাব; 2 বর্ষাকালের আরম্ভ (ঘনাগমে চাতকের আনন্দ)। [সং. ঘন + আগম]।

ঘনাঙ্ক (p. 266) [ghanāṅka] বি. ঘনতার পরিমাণ, ঘনত্ব, density (বি.প.)। [সং. ঘন + অঙ্ক]।

ঘনাত্যয়, ঘনান্ত (p. 266) [ghanātyaẏa, ghanānta] বি. 1 মেঘের প্রস্থান; 2 বর্ষাকালের অবসান বা বিদায় ; 3 শরত্ ঋতু। [সং. ঘন + অত্যয়, অন্ত]।

ঘনানো (p. 266) [ghanānō] ক্রি. 1 নিকটবর্তী হওয়া, ঘনা (বিপদ ঘনিয়ে আসছে); 2 জমাট হওয়া বা করা (মেঘ ঘনিয়েছে)। □ বি. 1 নিকটবর্তী হওয়া; 2 ঘনীকরণ। □ বিণ. ঘনীকৃত। [বাং. √ঘন + আনো]।

ঘনান্ধ-কার (p. 266) [ghanāndha-kāra] বি. গাঢ় অন্ধকার। [সং. ঘন + অন্ধকার]।

ঘনাবৃত (p. 266) [ghanābṛta] বিণ. মেঘাচ্ছন্ন, মেঘে ঢাকা (ঘনাবৃত আকাশ)। [সং. ঘন + আবৃত]।

ঘনায়-মান (p. 266) [ghanāẏa-māna] বিণ. 1 ঘনিয়ে আসছে বা নিকটবর্তী হচ্ছে এমন; 2 ঘন হয়ে আসছে বা জমে উঠছে বা জমাট হচ্ছে এমন (ঘনায়মান অন্ধকার)। [সং. √ঘনায় (নামধাতু) + মান (শানচ্)]।

ঘনিমা (p. 266) [ghanimā] (-মন্) বি. (সচ. কাব্যে) ঘনত্ব। [সং. ঘন + ইমন্]।

ঘনিষ্ঠ (p. 266) [ghaniṣṭha] বিণ. 1 অতি নিকট (ঘনিষ্ঠ সম্পর্ক); 2 অতি অন্তরঙ্গ (ঘনিষ্ঠ বন্ধু)। [সং. ঘন + ইষ্ঠ]। স্ত্রী. ঘনিষ্ঠা। বি. ̃ তা।

ঘনী-কৃত (p. 266) [ghanī-kṛta] বিণ. ঘন করা হয়েছে এমন। [সং. ঘন + ঈ (চ্বি) + √কৃ + ত]।

ঘনী-ভবন (p. 266) [ghanī-bhabana] বি. ঘন হওয়া। [সং. ঘন + ঈ (চিব) + √ভূ + অন]।

ঘনী-ভূত (p. 266) [ghanī-bhūta] বিণ. 1 ঘন হয়েছে এমন (ঘনীভূত অন্ধকার); 2 জমাট, আসন্ন (দুর্যোগ, ঘনীভূত)। [সং. ঘন + ঈ (চিব) + √ভূ + ত]।

ঘনোপল (p. 266) [ghanōpala] বি. করকা, শিল (ঘনোপলসহ বৃষ্টিপাত)। [সং. ঘন + উপল]।

ঘর (p. 266) [ghara] বি. 1 গৃহ বা বাড়ি, বাসভবন; 2 প্রকোষ্ঠ, কক্ষ (পড়ার ঘর, বসবার ঘর) ; 3 মন্দির (ঠাকুর ঘর); 4 পরিবার (এ পাড়ায় চল্লিশ ঘর লোকের বাস); 5 বংশ, কুল (ভালো ঘরের ছেলে); 6 ছোট রন্ধ্র, ছিদ্র, ঘাট (জামায় বোতামের ঘর) ; 7 ভিতর, অন্তর, মধ্য (ঘরের কথা, ঘরে-বাইরে); 8 স্হান, বিষয় (জমার ঘরে শূন্য)। [সং. গৃহ > প্রাকৃ. ঘর]। ঘর-আলো-করা বিণ. গৃহ বা সংসারের শোভা বৃদ্ধি করে এমন (ঘর-আলো-করা ছেলে)। ঘর আলো করা ক্রি. (আল.) গৃহ বা সংসারের শোভা বৃদ্ধি করা (ঘর আলো করে চাঁদের মতো ছেলে জন্মাল)। ঘর করা ক্রি. গৃহিণী বা বধূ হয়ে সংসারে বাস করা (শ্বশুরের ঘর করা, স্বামীর ঘর করা)। ঘর কাটা ক্রি. চৌকো খোপ আঁকা। ঘর জ্বালানো ক্রি. 1 ঘরে আগুন দেওয়া; 2 (আল.) পরিবারের সুখশান্তি নষ্ট করা বা পরিবারের ধ্বংসসাধন করা (তুমি কি আমার ঘর জ্বালাতে এসেছ?)। ঘর তোলা ক্রি. বাড়ি তৈরি করা (এই সামান্য টাকায় কি আর পাকা ঘর তোলা যায়?)। ঘর নষ্ট করা ক্রি. পরিবারের শান্তি বা মানসম্মান নষ্ট করা। ঘর পাওয়া ক্রি. 1 বাসাবাড়ি সংগ্রহ করা; 2 (বৈবাহিক সম্বন্ধ স্হাপনের জন্য) উপযুক্ত বংশ অর্থাত্ পাত্রপাত্রী পাওয়া। ঘর বাঁধা ক্রি. 1 বসতি স্হাপন করা; 2 বিবাহাদি করে সংসার পাতা। ঘর-বার করা ক্রি. আকুল প্রতীক্ষায় ক্রমাগত ঘরের বাইরে যাওয়া ও ভিতরে আসা। ঘর ভাঙা ক্রি. ঘর নষ্ট করা -র অনুরূপ। ঘরে আগুন দেওয়া ক্রি.

(আল.) পরিজনদের ধ্বংসসাধন করা; সংসারের শান্তি নষ্ট করা। ঘরে পরে ক্রি-বিণ. ঘরের ভিতরে ও বাইরে, দেশেবিদেশে, সর্বত্র ('ঘরে পরে সব হাসিছে': রবীন্দ্র)। ঘরের কথা পরিবারের এবং নিজ পক্ষের গুপ্ত বা অন্তরঙ্গ কথা বা ব্যাপার (ঘরের কথা পরকে বলা)। ঘরের খেয়ে বনের মোষ তাড়ানো ক্রি. বি. অকারণে অন্যের দায়িত্ব মাথায় নেওয়া। ঘরের শত্রু স্বজনের বা স্বদলের শত্রুতাসাধনকারী। ˜ কন্না, ˜ করনা বি. গৃহস্থালি, সংসার, সংসারের দৈনন্দিন কাজকর্ম; সংসারধর্ম; গৃহকর্ম; গৃহিণীপনা। ˜ কুনো বিণ. 1 গৃহকোণ ছেড়ে নড়তে চায় না এমন; 2 অমিশুক, অসামাজিক। ঘর ঘর ক্রি-বিণ. প্রত্যেক বাড়িতে বা পরিবারে ('পল্লীর ঘর ঘর': স. দ.)। ˜ ছাড়া বিণ. 1 গৃহহীন ('ঘরছাড়া আজ ঘর পেল যে': রবীন্দ্র); 2 গৃহত্যাগী, বৈরাগী। ˜ জামাই বি. যে পুরুষ বিবাহের পর শ্বশুরালয়ে বাস করে। ˜ জোড়া বিণ. সমস্ত ঘর জুড়ে থাকে অর্থাত্ সংসার জমজমাট করে রাখে এমন। ˜ জ্বালানে বিণ. পরিবারের সুখশান্তি নষ্ট করে এমন। স্ত্রী. ˜ জ্বালানি। ঘর-ঘর বি. আত্মপর, আপনপর। ˜ পোড়া বিণ. 1 যার ঘর পুড়েছে এমন; 2 (আল.) পরিবারের বা আত্মপক্ষের ধ্বংসকারক (ঘর-পোড়া বুদ্ধি)। □ বি. হনুমান। ঘর-পোড়া গোরু সিঁদুরে মেঘ দেখলে ডরায় একবার অগ্নিদাহ থেকে রক্ষা পেয়েছে এমন গোরু সিঁদুর-রাঙা মেঘ দেখলে তাকে অগ্নিশিখা ভাবে শঙ্কিত হয়; (আল.) একবার বিপদ থেকে রক্ষা পেলে লোকে তুচ্ছ কারণেও ভয় পায়। ˜ পোষা বিণ. গৃহপালিত। ˜ বর বি. স্বামী ও তার বংশমর্যাদা (ঘরবর দেখে মেয়ের বিয়ে দেওয়া)। ˜ বাড়ি বি. বাসগৃহাদি। ˜ ভাঙানে বিণ. গৃহবিচ্ছেদকারী। স্ত্রী. ˜ ভাঙানি। ˜ মুখো বিণ. নিজ গৃহাভিমুখী। ˜ সংসার বি. গৃহস্থালি ও সাংসারিক কাজকর্ম। ˜ সন্ধানী বিণ.সংসারের বা পরিবারের সমস্ত গুপ্ত কথা জানে ও ফাঁস করে এমন (ঘরসন্ধানী বিভীষণ)।

ঘরনি (p. 266) [gharani] বি. 1 গৃহিণী, সংসারের কর্ত্রী; 2 স্ত্রী, পত্নী (রাজার ঘরনি) ; 3 সংসার পরিচালনে নিপুণা রমণী। [সং. গৃহিণী]। অতি বড় ঘরনি না পায় ঘর প্রায়ই ঘরকন্নার কাজে অতিশয় নিপুণা নারীর স্বামীর ঘরকন্নার সুযোগ জোটে না।

ঘরন্তী (p. 266) [gharantī] বি. বিণ. (স্ত্রী.) গৃহকর্মনিপুণা। □ বি. ঘরনি। [বাং. ঘর + অন্ত + ঈ]।

ঘরা-ঘরি (p. 266) [gharā-ghari] ক্রি-বিণ. আপোশে; নিজেদের মধ্যে; আত্মীয়স্বজনের মধ্যে (আমরা জিনিসগুলো ঘরাঘরি ভাগ করে নিয়েছি)। [বাং. ঘর + আ + ঘর + ই]।

ঘরানা (p. 266) [gharānā] বি. (সংগীতে) বংশবিশেষ কর্তৃক পুরুষানুক্রমে প্রচলিত অনুশীলনরীতি (বিষ্ণুপুর ঘরানা, পাতিয়ালা ঘরানা)। □ বিণ. 1 উচ্চবংশীয়; সদ্বংশজাত, বনেদি (ঘরানা লোক) ; 2 বংশীয় (নবাব ঘরানা); 3 পারিবারিক, সকলের কাছে প্রকাশ্য নয় এমন (ঘরানা কথা, ঘরানা ব্যাপার)। [হি. ঘরানা]।

ঘরামি (p. 266) [gharāmi] বি. খড় ইত্যাদি দিয়ে ছাওয়া কাঁচা ঘরের নির্মাণকারী, যে কাঁচা বাড়ি তৈরি করে। [বাং. ঘর + আমি]।

ঘরুটে (p. 266) [gharuṭē] বিণ. (আঞ্চ.) ঘরোয়া (আমরা ঘরুটে বাড়ির দুধ নিই-অর্থাত্ পেশাদার গোয়ালার দুধ নিই না)। [দেশি]।

ঘরোয়া (p. 266) [gharōẏā] বিণ. 1 গৃহসম্বন্ধীয়, পারিবারিক (ঘরোয়া ব্যাপার); 2 অতি ঘনিষ্ঠ, আপন (ঘরোয়া লোক); 3 ঘরেই সহজ ও স্বাভাবিক বোধ করে এমন (আমার পুত্রবধূটি বেশ ঘরোয়া স্বভাবের মেয়ে)। [বাং. ঘর + উয়া]।

ঘর্ঘর (p. 266) [gharghara] বি. চলন্ত গাড়ির চাকার শব্দ বা ওইজাতীয় শব্দ (ঘোড়ার গাড়ির ঘর্ঘর শব্দে কান পাতা যায় না)। [সং. ধ্বন্যা. ঘর্ঘর + অ (অস্ত্যর্থে)]। ঘর্ঘরিত বিণ. ঘর্ঘর শব্দে ধ্বনিত, মুখরিত বা পূর্ণ।

ঘর্ম (p. 266) [gharma] বি. 1 ঘাম, স্বেদ; 2 (বিরল) রৌদ্র; 3 (বিরল) গ্রীষ্ম। [সং. √ঘৃ (ক্ষরণ, সেচন) + ম]। ঘর্মাক্ত বিণ. ঘামে ভিজে গেছে এমন (ঘর্মাক্ত দেহে সামনে এসে দাঁড়াল)। ঘর্মাক্ত-কলেবর বিণ. শরীর ঘামে ভিজে গেছে এমন।

ঘর্ষণ, ঘর্ষ (p. 266) [gharṣaṇa, gharṣa] বি. 1 ঘষা, মার্জন; 2 সংঘর্ষ। [সং. √ঘৃষ্ + অন, অ]। ঘর্ষিত বিণ. ঘষা বা মার্জন করা হয়েছে এমন।

ঘষটা, ঘষড়া (p. 266) [ghaṣaṭā, ghaṣaḍ়ā] ক্রি. 1 ঘষে ঘষে টানা; 2 ক্রমাগত ঘষা; 3 হেঁচড়ানো ; 4 রগড়ানো; 5 (আল.) ক্রমাগত আবৃত্তি, অভ্যাস বা চেষ্টা করা। [সং. √ঘৃষ্ + বাং. টা, ড়া]।˜ নো ক্রি. বি. ঘষটা, ঘষড়া। □ বিণ. উক্ত সমস্ত অর্থে। ঘষটানি, ঘষড়ানি বি. ঘর্ষণ; হেঁচড়ানি; রগড়ানি।

ঘষা (p. 266) [ghaṣā] ক্রি. ঘর্ষণ করা (গা ঘষা)। □ বি. ঘর্ষণ (ঘষা লেগেছে)। □ বিণ. 1 ঘর্ষিত (ঘষা কাচ); 2 ক্ষয়প্রাপ্ত (ঘষা পয়সা)। [সং. √ঘৃষ্ + বাং. আ]। ঘষা ঘষা বিণ. সামান্য ঘষা, ঘষাভাবযুক্ত।˜ ঘষি বি. 1 পরস্পর

ঘর্ষণ; 2 ক্রমাগত ঘর্ষণ। ˜ মাজা বি. ঝকঝকে করা, পরিষ্কার-পরিচ্ছন্ন করা। ঘষে মেজে অস-ক্রি. নানাভাবে চেষ্টাচরিত্র করে; তোয়াজ-তদারক করে।

ঘসি (p. 266) [ghasi] (আঞ্চ.) বি. ঘুঁটে। [দেশি]।

ঘা (p. 266) [ghā] বি. 1 আঘাত, চোট (মাথায় ঘা লেগেছে); 2 প্রহার (দিয়েছি ঘা-কতক) ; 3 ক্ষত (ঘায়ে মলম লাগানো); 4 মনঃকষ্ট (অভিমানে ঘা লাগ); 5 শোক; 6 ক্ষতি (ব্যাবসায় ঘা। [সং. ঘাত-তু. সাঁও. ঘাও]। ঘা করা ক্রি. বি. ক্ষত সৃষ্টি করা (খুঁচিয়ে ঘা করা)। ঘা খাওয়া ক্রি. বি. (প্রধানত মনে) আঘাত বা বেদনা পাওয়া; ক্ষতিগ্রস্ত হওয়া। ঘা দেওয়া ক্রি. বি. 1 (প্রধানত মনে) আঘাত বা বেদনা দেওয়া; 2 (সর্পের দংশন সম্বন্ধে) দংশন করা (জাতসাপে ঘা দিয়েছে)। ঘা মারা ক্রি. বি. আঘাত করা। ঘা শুকানো ক্রি. বি. ক্ষত আরোগ্য হওয়া (এ ঘা শুকোতে সময় লাগবে)। ঘা সওয়া ক্রি. বি. আঘাত বা ক্ষতি সহ্য করা (এ জীবনে অনেক ঘা সয়েছি)। ঘা-সওয়া বিণ. আঘাত বা ক্ষতি সহ্য করেছে এমন। ঘা হওয়া ক্রি. বি. ক্ষত হওয়া। ঘা-কতক বি. বেশকিছু প্রহার। ঘা-কতক খাওয়া ক্রি. বি. ভালোরকম মার খাওয়া। ঘা-কতক দেওয়া, ঘা-কতক বসিয়ে দেওয়া ক্রি. বি. ভালোরকম মার দেওয়া, উত্তম-মধ্যম প্রহার করা। খুঁচিয়ে ঘা করা ক্রি. অকারণ খোঁচাখুঁচির ফলে সুস্থ স্থান ক্ষত করা; (আল.) অনাবশ্যক আলোচনার দ্বারা অপ্রিয় অবস্থার সৃষ্টি করা।

ঘাই (p. 266) [ghāi] বি. 1 আঘাত; 2 জলের মধ্যে বড় মাছের লেজের আঘাত (পুকুরে মাছগুলো ঘাই মারছে)। [সং. (আ-) ঘাত]।

ঘাইট, ঘাইল (p. 266) [ghāiṭa, ghāila] যথাক্রমে ঘাট1 ও ঘায়েল -এর অপ্র. রূপ।

ঘাঁটা1 (p. 266) [ghān̐ṭā1] ক্রি. বি. আলোড়িত বা মথিত করা, বিশেষভাবে নাড়া, নাড়াচাড়া করা (বই ঘাঁটা, জামাকাপড় ঘাঁটা)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ঘট্ট + বাং. আ]।˜ ঘাঁটি বি. ক্রমাগত ঘাঁটা; আলোড়ন।˜ নো ক্রি. বি. 1 নাড়ানো ; 2 উত্ত্য বা উত্তেজিত করা, চটিয়ে দেওয়া (আমাকে ঘাঁটালে তার ফল ভালো হবে না)। □ বিণ. উক্ত সব অর্থে।

ঘাঁটা2 (p. 266) [ghān̐ṭā2] বি. কড়া (হাতে ঘাঁটা পড়ে গেল)। [দেশি]।

ঘাঁটি (p. 266) [ghān̐ṭi] বি. 1 প্রহরীর থাকবার স্থান, চৌকি; 2 প্রবেশপথ বা পথের সন্ধিস্থল; 3 যুদ্ধরত সৈনিকদের অবস্থিতিস্থান, থানা, আড্ডা (ঘাঁটি স্থাপন করা)। [সং. ঘট্ট]।˜ য়াল বি. ঘাঁটির প্রহরী বা অধ্যক্ষ। ঘাঁটি আগলানো ক্রি. বি. প্রবেশপথ রক্ষার জন্য পাহারা দেওয়া।

ঘাঁত-ঘোঁত (p. 266) [ghān̐ta-ghōn̐ta] বি. অন্ধিসন্ধি, সুলুকসন্ধান। [দেশি]।

ঘাগর, ঘাঘর (p. 266) [ghāgara, ghāghara] বি. কিঙ্কিণী; ঘুঙুর। [সং. ঘর্ঘরা]।

ঘাগরা, ঘাঘরা (p. 266) [ghāgarā, ghāgharā] বি. স্ত্রীলোকের লম্বা ঝুলওয়ালা বা ঢিলা পোশাকবিশেষ। [হি. ঘাগরা > সং ঘর্ঘরা]।

ঘাগি, ঘাঘি, ঘাগু (p. 266) [ghāgi, ghāghi, ghāgu] বিণ. 1 বারংবার ঘা খেয়েছে এমন; ভুক্তভোগী; 2 বারংবার শাস্তি পেয়েছে এমন, পুরনো (ঘাগি চোর)। [হি. ঘাঘ]।

ঘাট1 (p. 266) [ghāṭa1] বি. 1 ত্রুটি, অপরাধ (আমার ঘাট হয়েছে, ঘাট স্বীকার করছি) ; 2 ন্যূনতা, ঘাটতি, কমতি (গুণের ঘাট নেই)। [হি. ঘাটি]।˜ তি বি. 1 কমতি, অভাব (টাকার ঘাটতি নেই); 2 লোকসান (ব্যাবসায় ঘাটতি)। ঘাট মানা ক্রি. ত্রুটি স্বীকার করা; ত্রুটি স্বীকার করে নত হওয়া। ঘাটতি-বাড়তি বি. অল্পাধিক্য, কম-বেশি।

ঘাট2 (p. 266) [ghāṭa2] বি. 1 পুকুর নদী প্রভৃতি জলাশয়ের অবতরণস্থান; 2 নদী খাল প্রভৃতির তীরে নৌকা ইত্যাদি ভিড়াবার স্থান (খেয়াঘাট, জাহাজঘাট, স্টিমারঘাট); 3 সেতার এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্রের সুরের পর্দা; 4 পর্বত (পূর্বঘাট, পশ্চিমঘাট); 5 গিরিসংকট। [সং. ঘট্ট]। ঘাটের কড়ি বি. খেয়া পারাপারের মাশুল, পারানি।˜ খরচ,˜ খরচা বি. মড়া পোড়াবার খরচ।˜ লা বি. পাকা ঘাট, বাঁধানো ঘাট। ঘাটে ঘাটে ক্রি-বিণ. 1 প্রতি ঘাটে; 2 সর্বত্র ('ভুবনের ঘাটে ঘাটে: রবীন্দ্র)। ঘাটের মড়া (ঈষত্ উপেক্ষার্থে বা ব্যঙ্গার্থে) মুমূর্ষু ব্যক্তি; অতি বৃদ্ধ লোক।

ঘাটা (p. 266) [ghāṭā] বি. নদী খাল প্রভৃতির তীরে নৌকা স্টিমার ইত্যাদি ভিড়াবার স্থান (জাহাজঘাটা, স্টিমারঘাটা)। [বাং. ঘাট2 + আ]।

ঘাটিয়াল, ঘাটোয়াল (p. 266) [ghāṭiẏāla, ghāṭōẏāla] বি. 1 খেয়াঘাট বা পারাপারের ঘাটের তত্ত্বাবধায়ক, পাটনি; 2 ঘাঁটিরক্ষক; 3 তীর্থস্থানে যাত্রীদের কাছ থেকে যে কর সংগ্রহ করে। [বাং. ঘাটি (ঘাঁটি) + আল ; ঘাট2 + ওয়াল]।

ঘাটোয়ালি বি. 1 ঘাটিয়াল বা ঘাটোয়ালের পদ বা কাজ (তিরিশ বছর ঘাটোয়ালি করছি) ; 2 ঘাটোয়াল-এর স্ত্রীলিঙ্গ; 3 ঘাটোয়ালকে প্রদত্ত জমি।

ঘাড় (p. 266) [ghāḍ়] বি. গ্রীবা, কণ্ঠের পশ্চাদ্ভাগ, কাঁধ (বোঝা ঘাড়ে নেওয়া)। [প্রাকৃ. ঘাড় < সং. ঘাটা (=গ্রীবার পশ্চাদ্ভাগ)]। ঘাড় ভাঙা দ্র ভাঙা। ঘাড়ে করা, ঘাড়ে নেওয়া ক্রি. বি. 1 কাঁধে তুলে নেওয়া; 2 (আল.) দায়িত্ব বা ভার গ্রহণ করা। ঘাড়ে চাপা ক্রি. বি. 1 আশ্রয় করা; 2 গলগ্রহ হওয়া। ঘাড়ে দুটো মাথা থাকা ক্রি. অত্যন্ত দুঃসাহস হওয়া (আমার ঘাড়ে তো দুটো মাথা নেই)। ˜ ধাক্কা বি. গলাধাক্কা; (আল.) তাড়িয়ে দেওয়া (গলাধাক্কা খাওয়া, গলাধাক্কা দেওয়া)। ঘাড়ে-গর্দানে বিণ গজস্কন্ধ; অত্যন্ত স্থূল বা মোটাসোটা (ঘাড়ে-গর্দানে চেহারা; বেশ ঘাড়ে-গর্দানে হয়েছে)।

ঘাত (p. 266) [ghāta] বি. 1 আঘাত, ঘা ('নাশো কঠিন ঘাতে': রবীন্দ্র); 2 প্রহার ; 3 ক্ষত, ঘা; 4 হিংসা, হত্যা (পশুঘাত-তু. পশুঘাতী); 5 (গণি.) কোনো রাশিকে সেই রাশি দ্বারা বারংবার গুণ করে প্রাপ্ত ফল, power (বি.প.)। [সং. √হন্ + অ]। ˜ ক বি. বিণ. 1 হত্যাকারী (গুপ্তঘাতক) ; 2 জল্লাদ। ˜ চিহ্ন বি. (গণি.) বর্গ ঘন প্রভৃতি সূচক অঙ্ক। ˜ ন1 বি. 1 হত্যা; 2 যজ্ঞের প্রয়োজনে বধ, বলি; 3 আঘাত। ˜ ন2 বি. 1 অন্যের দ্বারা বধ করানো; 2 প্রহার করার অস্ত্র। □ বিণ. নাশক, ঘাতক, হত্যাকারী (দৈত্যঘাতন, অসুরঘাতন)। ঘাত-প্রতিঘাত বি. 1 আঘাত-প্রত্যাঘাত; 2 ক্রিয়া ও প্রতিক্রিয়া (ঘটনার ঘাত-প্রতিঘাত)। ˜ সহ বিণ. আঘাত সহ্য করতে পারে এমন; ঘা দিলে ভাঙে না বরং বিস্তৃত হয় এমন, malleable. ঘাতী (-তিন্) বিণ. (সমাসের উত্তরপদে) হত্যাকারী (পুত্রঘাতী, নারীঘাতী)। স্ত্রী. ঘাতিনী। ঘাতুক বিণ. 1 হিংস্র, নিষ্ঠুর, ক্রূর; 2 নাশক, হত্যাকারী, ঘাতক। ঘাত্য বিণ. বধ্য; ঘাতযোগ্য; আঘাত করার বা বধ করার যোগ্য।

ঘানি (p. 266) [ghāni] বি. সরষে তিল প্রভৃতি পিষে তেল বার করার যন্ত্রবিশেষ। [দেশি]। ˜ গাছ বি. যে মোটা খুঁটিতে বেঁধে তার চার দিকে ঘানি ঘোরানো হয়। ঘানি টানা ক্রি. বি. (এককালে জেলের কয়েদিদের ঘানি টানতে হত বলে) কারাদণ্ড ভোগ করা। শক্ত ঘানি বি. 1 যার কাছে সহজে নিষ্কৃতি পাওয়া যায় না; 2 কঠিন পরিশ্রমের কাজ।

ঘাপটি (p. 266) [ghāpaṭi] বি. ওঁত; লুকিয়ে অবস্থান। [বাং. ঘোপ + টি]। ঘাপটি মারা ক্রি. বি. শিকারের অপেক্ষায় ওঁত পাতা।

ঘাপলা (p. 266) [ghāpalā] বি. 1 বিপদ, সংকট; 2 প্যাঁচ, ঝামেলা; ফ্যাচাং। [দেশি]।

ঘাবড়া (p. 269) [ghābaḍ়ā] ক্রি. থতমত খাওয়া, বিচলিত হওয়া, হতবুদ্ধি হওয়া, ভয় পাওয়া (ঘাবড়েছে, ঘাবড়িয়ো না)। [হি. √ঘব্ড়া]। ˜ নি বি. ঘাবড়ানোর ভাব। ˜ নো ক্রি. বি. বিণ. থতমত খাওয়া; হতবুদ্ধি হওয়া; ঘাবড়েছে বা হতবুদ্ধি হয়েছে এমন।

ঘাম (p. 269) [ghāma] বি. ঘর্ম, স্বেদ, ত্বকের ছিদ্র দিয়ে যে জলীয় পদার্থ শরীর থেকে বেরিয়ে আসে। [সং. ঘর্ম]। ঘাম দিয়ে জ্বর ছাড়া ক্রি. বি. (আল.) উদ্বেগ বা বিপদ কেটে যাওয়ায় আশ্বস্ত হওয়া। ˜ তেল বি. গর্জনতেল-প্রতিমায় যে তেলের প্রলেপ দিলে প্রতিমা ঘেমেছে বলে মনে হয়। ঘামা ক্রি. ঘর্মাক্ত হওয়া (আমি শীতকালেও ঘামি)। ঘামানো ক্রি. 1 ঘর্মাক্ত করানো; 2 খাটানো, পরিশ্রম করানো (মাথা ঘামানো)। □ বি. ঘর্মাক্ত করা, পরিশ্রান্ত করানো।

ঘামাচি (p. 269) [ghāmāci] বি. ঘামের জন্য দেহে উদ্গত ক্ষুদ্র ব্রণবিশেষ, ঘামের জন্য দেহে যে ক্ষুদ্র জলপূর্ণ উদ্ভেদ সৃষ্ট হয়। [বাং. ঘাম + আচি-তু. সং. ঘর্মচর্চিকা]।

ঘায়েল, ঘাল (p. 269) [ghāẏēla, ghāla] বিণ. 1 আহত; 2 পরাস্ত, বিপর্যস্ত, কাবু ('উনিশটিবার ম্যাট্রিকে সে ঘায়েল হয়ে থামল শেষে': সু. রা.); 3 নিহত। [বাং. ঘা (সং. ঘাত) + এল, ইল-তু. হি. ঘায়ল্]।

ঘাস (p. 269) [ghāsa] বি. দূর্বাদি তৃণ, সবুজ উদ্ভিদ যার পাতা গোরু মোষ ছাগল ইত্যাদির প্রধান স্বাভাবিক খাদ্য। [সং. √অদ্ (=ঘস্) + অ]। ˜ জল বি. গবাদি পশুর খাদ্য ও পানীয়। ঘাসি বিণ. ঘাসসম্বন্ধীয়। □ বি. ঘাস-ব্যবসায়ী, ঘেসেড়া। [সং. ঘাস + বাং. ই]। ঘাসি নৌকা ঘাস বহনের উপযুক্ত নৌকা, মাল ও যাত্রিবাহী ছোট লম্বা নৌকাবিশেষ।

ঘাসুড়িয়া, ঘাসুয়া (p. 269) [ghāsuḍ়iẏā, ghāsuẏā] যথাক্রমে ঘেসেড়া ও ঘেসো -র মার্জিত রূপ।

ঘি (p. 269) [ghi] বি. 1 ঘৃত, দুধ থেকে প্রস্তুত স্নেহজাতীয় পদার্থবিশেষ; 2 ঘিলু (মাথার ঘি)। [সং. ঘৃত]। ঘিয়ে-ভাজা বিণ. 1 ঘি দিয়ে ভাজা হয়েছে এমন (ঘিয়ে-ভাজা লুচি); 2 (-বিদ্রূপে) অত্যন্ত রুগ্ন, হাড়জিরজিরে (ঘিয়ে-ভাজা কুকুর)।

ঘিচি-ঘিচি (p. 269) [ghici-ghici] বিণ. ঘেঁষাঘেঁষি (ঘিচিঘিচি হাতের লেখা)। [দেশি]।

ঘিঞ্জি (p. 269) [ghiñji] বিণ. 1 ঘন, নিবিড়, ঘেঁষাঘেঁষি; 2 জনবহুল। [হি. গঝিন্-তু. ফা. গুন্জান্]।

ঘিন-ঘিন (p. 269) [ghina-ghina] অব্য. বি. ঘৃণার জন্য অস্বস্তি বোধ (গা ঘিনঘিন করা)। [সং. ঘৃণা]। ঘনে-ঘিনে বিণ. অতিরিক্ত ঘৃণা বোধ করে এমন।

ঘিয়ে-ভাজা (p. 269) [ghiẏē-bhājā] দ্র ঘি।

ঘিরা (p. 269) [ghirā] দ্র ঘেরা।

ঘিলু (p. 269) [ghilu] বি. মস্তিষ্ক, মগজ, মাথার ঘি (চিন্তায় চিন্তায় মাথার ঘিলু শুকিয়ে গেল)। [দেশি]।

ঘিস-কাপ, ঘিস-ক্যাপ (p. 269) [ghisa-kāpa, ghisa-kyāpa] বি. কাঠ চাঁচবার যন্ত্রবিশেষ; রাঁদা। [দেশি]।

ঘুংড়ি-কাশি (p. 269) [ghuṇḍ়i-kāśi] বি. (সচ. শিশুদের) কষ্টদায়ক কাশি রোগবিশেষ, হুপিং কাশি, hooping cough. [ধ্বন্যা.]।

ঘুঁজি, ঘুঞ্জি (p. 269) [ghun̐ji, ghuñji] বি. 1 সংকীর্ণ গালি বা স্হান; 2 এঁদো স্হান (গলিঘুঁজি)। [দেশি]।

ঘুঁটা, ঘোঁটা (p. 269) [ghun̐ṭā, ghōn̐ṭā] বি. ক্রি. 1 আলোড়িত করা, তরল পদার্থের সঙ্গে নেড়েচেড়ে মেশানো; 2 তোলপাড় করা, তন্নতন্ন করে খোঁজা। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ঘট্ট + বাং. আ]. ˜ নো বি. ক্রি. (অন্যের দ্বারা) আলোড়িত করানো। □ বিণ. উক্ত অর্থে।

ঘুঁটি (p. 269) [ghun̐ṭi] বি. দাবা পাশা প্রভৃতি খেলার গুটিকা। [সং. গুটিকা]। ঘুঁটি চালা ক্রি. বি. দাবা পাশা প্রভৃতি খেলায় দান দেওয়া।

ঘুঁটে (বিরল) ঘুঁটিয়া (p. 269) [ghun̐ṭē (birala) ghun̐ṭiẏā] বি. জ্বালানিরূপে ব্যবহৃত গোবরের শুকনো চাপড়া বা চাকতি। [সং. গোবিষ্ঠা > গোইঠা > গুঠা]।

ঘুগনি (p. 269) [ghugani] বি. আলু, সিদ্ধ মটর, নারকেল প্রভৃতি মিশিয়ে তৈরি খাবারবিশেষ। [হি. ঘুঁঘ্নী]।˜ দানা বি. ঘুগনি।

ঘুঘু (p. 269) [ghughu] বি. 1 পায়রাজাতীয় পাখিবিশেষ; 2 (আল.) অতি ধূর্ত ও ফন্দিবাজ লোক। [ধ্বন্যা.]। ঘুঘু দেখেছ ফাঁদ দেখনি (আল.) ঘুঘু পাখির আনন্দে বিচরণই দেখছ, তার ফাঁদে পড়ার যন্ত্রণা দেখনি-অর্থাত্ আনন্দ আর আরামই ভোগ করেছ বা আরামের কথাই ভাবছ, দুঃখকষ্টের কথা ভাবছ না।

ঘুঙট, ঘোঙট, ঘোঙ্গট (p. 269) [ghuṅaṭa, ghōṅaṭa, ghōṅgaṭa] বি. (বৈ. সা.) ঘোমটা। [হি. ঘুঁঘট, ঘুঙট-তু. সং. অবগুণ্ঠন, অবগুণ্ঠিকা।]। ঘুঙুর, বি. পায়ের অলংকারবিশেষ; নূপুর, কিঙ্কিণী। [ধ্বন্যা.-তু. সং. ঘর্ঘরা; মরা, ঘুংগুর]।

ঘুচা, ঘোচা (p. 269) [ghucā, ghōcā] বি. ক্রি. 1 লোপ পাওয়া, বিনষ্ট হওয়া (সম্পর্ক ঘুচেছে); 2 অতিবাহিত হওয়া, কেটে যাওয়া (সুখের দিন ঘুচেছে); 3 দূর হওয়া, শেষ হওয়া (দৈন্য ঘোচা, দ্বিধা ঘোচা)। [বাং. √ঘুচ্ + আ]। ̃ নো বি. ক্রি. 1 দূর করা (আমি তোমার দুঃখ ঘোচাব); 2 নষ্ট বা রহিত করা (মাতব্বরি ঘুচিয়ে দেব) ; 3 (উচ্ছিষ্ট বা ময়লা) পরিষ্কার করা। □ বিণ. উক্ত সব অর্থে।

ঘুট-ঘুট (p. 269) [ghuṭa-ghuṭa] অব্য. ঘোর কৃষ্ণবর্ণের বা অন্ধকারের ভাবপ্রকাশক (অন্ধকার ঘুটঘুট করছে)। [দেশি]। ঘুট-ঘুটে বিণ.গাঢ়, ঘোর কালোরঙের (ঘুটঘুটে আঁধার)।

ঘুটিং (p. 269) [ghuṭi] বি. একপ্রকার কাঁকর বা ছোট নুড়ি যা পুড়িয়ে চুন তৈরি হয়। [হি. ঘুট]।

ঘুড়ি1, (আঞ্চ.) ঘুড্ডি (p. 269) [ghuḍ়i1, (āñca.) ghuḍḍi] বি.পাতলা কাগজে বাঁশের শলাকা এঁটে তৈরি আকাশে উড়াবার খেলনাবিশেষ। [তু. হি. গুড্ডী]।

ঘুড়ি2 (p. 269) [ghuḍ়i2] বি. (স্ত্রী.) ঘোড়া, ঘোটকী। [বাং. ঘোড়া + ই (স্ত্রী.)]।

ঘুণ (p. 269) [ghuṇa] বি. কাঠ ধ্বংসকারী পোকাবিশেষ (ঘুণ করা)। □ বিণ. (কথ্য. বাং.) 1 অভিজ্ঞ; 2 নিপুণ (এ কাজে সে খুবই ঘুণ)। [সং. √ঘুণ্ + অ]। ঘুণাক্ষর বি. কাঠে ঘুণপোকা অক্ষরের মতো অস্পষ্ট যে ক্ষতচিহ্ন করে; (আল.) সামান্য ইঙ্গিত, আভাস (ঘুণাক্ষরেও টের পাইনি)।

ঘুণ্টি (p. 269) [ghuṇṭi] বি. 1 বোতামবিশেষ; 2 অতি ক্ষুদ্র ঘণ্টা। [সং. ঘণ্টী]।

ঘুনসি, ঘুনশি (p. 269) [ghunasi, ghunaśi] বি. কোমরে বাঁধবার সুতো (ঘুনসিতে কড়ি বাঁধা)। [দেশি]।

ঘুনি (p. 269) [ghuni] বি. মাছ ধরার ফাঁদাবিশেষ, বাঁশের শলাকা দিয়ে তৈরি খাঁচার মতো মাছ-ধরা ফাঁদ। [দেশি]।

ঘুপসি (p. 270) [ghupasi] বিণ. 1 অন্ধকার ও সংকীর্ণ (ঘুপসি ঘর); 2 জড়সড়, গুটিসুটি (ঘুপসি মেরে থাকা)। □ বি. অন্ধকার ও সংকীর্ণ স্থান। [বাং. ঘোপ + সি]।

ঘুম (p. 270) [ghuma] বি. নিদ্রা, শরীর ও মনের যে (রাত্রীকালীন) অবস্থায় চোখ বন্ধ থাকে, নার্ভতন্ত্র নিষ্ক্রিয় থাকে এবং পেশি থাকে শিথিল। [দেশি]। ঘুম চটে যাওয়া ক্রি. বি. ঘুমের আবেশ কেটে যাওয়া। ঘুম দেওয়া, ঘুম যাওয়া, ঘুম লাগানো ক্রি. বি. ঘুমানো। ঘুম পাড়ানো ক্রি. বি. (কাউকে) নিদ্রিত করা। ˜ কাতুরে বিণ. নিদ্রালস; সর্বদাই ঘুমাতে চায় এমন; অনেকক্ষণ ঘুমাতে না পারলে কাতর হয় এমন। ˜ ঘোর বি. 1 গভীর ঘুম; 2 ঘুমের আবেশ (তখনও তার ঘুমঘোর কাটেনি)। ˜ন্ত বিণ. নিদ্রিত (ঘুমন্ত শিশু, ঘুমন্ত বাঘ)। ˜ পাড়ানি বিণ. নিদ্রিত করায় এমন, ঘুমিয়ে পড়তে সাহায্য করে এমন (ঘুমপাড়ানি গান)। ঘুমা ক্রি. ঘুমানো। ঘুমিয়ে থাকা ক্রি. বি. (আল.) অলস বা অসতর্ক হয়ে থাকা (সামনে বিপদ।

এখনও ঘুমিয়ে থাকবে?)। ঘুমানো ক্রি. নিদ্রিত হওয়া; নিদ্রিত থাকা। □ বি. উক্ত অর্থে। কাঁচা ঘুম বি. অপূর্ণ ঘুম।

ঘুর (p. 270) [ghura] বি. 1 ঘূর্ণন, পাক, চক্র (ঘুর দেওয়া); 2 ঘূর্ণি রোগ (ঘুর লেগেছে) ; 3 দূরের পথ (পৌঁছতে ঘুর পড়বে); 4 ঘোরপ্যাঁচ (তার কথাটায় কোনো ঘুর ছিল না)। □ বিণ. 1 অসরল, সোজার বিপরীত (ঘুর পথ); 2 গাঢ় (ঘুরঘুট্টি)। [সং. ঘূর্ণ]। ̃ ন্ত বিণ. ঘুরছে এমন (ঘুরন্ত চাকা)। ̃ পথ বি. ঘোরা পথ, কুটিল বা বাঁকা পথ, সোজা পথের বিপরীত। ̃ পাকা বি. চক্রাকারে পরিক্রমণ বা ঘোরা। ̃ পাক খাওয়া ক্রি. (ক্রমাগত) চক্রাকারে পরিক্রমণ করা; ঘূর্ণিত হওয়া। ̃ পেঁচ, ̃ প্যাঁচ, ঘোরপেঁচ, ঘোরপ্যাঁচ বি. জটিলতা, কুটিলতা (তার মনে মোটেই ঘোরপ্যাঁচ নেই)।

ঘুর-ঘুট্টি (p. 270) [ghura-ghuṭṭi] বিণ. গাঢ় বা ঘোর অন্ধকারময় (ঘুরঘুট্টি অন্ধকার)। [দেশি]।

ঘুর-ঘুর (p. 270) [ghura-ghura] বি. অব্য. ঘোরাঘুরি করার ভাবপ্রকাশক (ঘুরঘুর করছ কেন?)। [ঘুরা দ্র]। ঘুর-ঘুরে, ঘুর-ঘুরিয়া বি. পোকাবিশেষ।

ঘুরপ্যাঁচ (p. 270) [ghurapyām̐ca] দ্র ঘুর।

ঘুরা, ঘোরা (p. 270) [ghurā, ghōrā] ক্রি. 1 ঘূর্ণিত হওয়া, চক্রাকারে ভ্রমণ করা (চাকা ঘুরছে, পৃথিবী সূর্যের চার দিকে ঘোরে); 2 পাক খাওয়া (মাথা ঘুরছে); 3 বেড়ানো (একটু ঘুরে আসি); 4 প্রকৃত বা সঠিক পথ খুঁজে না পেয়ে একই পথে ক্রমাগত ভ্রমণ করা; লক্ষ্যহীন হয়ে বেড়ানো (কেবল ঘুরে মরছি)। □ বি.

উক্ত সব অর্থে। □ বিণ. অসরল, কুটিল, ঘুর (ঘোরা পথ)। [সং. √ঘূর্ণ > ঘুর + বাং. আ]।˜ ঘুরি বি. হাঁটাহাঁটি; বারবার আসা-যাওয়া (এই ঘোরাঘুরি আর ভালো লাগছে না)।˜ নো ক্রি. 1 ঘূর্ণিত করা (হাত ঘোরালে নাড়ু দেব); 2 পাক দেওয়া (লাট্টু ঘোরানো) ; 3 ভ্রমণ বা অনর্থক হাঁটাহাঁটি করানো; 4 বারবার ফিরিয়ে দেওয়া (আপনি আমাকে এত ঘোরাচ্ছেন কেন?)। □ বি. উক্ত সব অর্থে। □ ক্রি-বিণ. কুটিলভাবে (তুমি এত ঘুরিয়ে বলছ কেন?)।˜ নি, ঘুরুনি বি. ঘূর্ণিত করা বা ঘূর্ণিত হওয়া; পাক দেওয়া; ভ্রমণ; লক্ষ্যহীন হয়ে একই পথে বারবার ঘুরে বেড়ানো।

ঘূর্ঘুর (p. 270) [ghūrghura] বি. পোকাবিশেষ, ঘুরঘুরে পোকা। [দেশি]।

ঘুল-ঘুলি (p. 270) [ghula-ghuli] বি. ঘরের দেওয়ালের বড় (সচরাচর) গোলাকার ছিদ্র। [দেশি]।

ঘুলা (p. 270) [ghulā] ক্রি. 1 নেড়ে ঘোলা করা বা ঘোলা হওয়া; 2 আলোড়িত করা বা হওয়া ; 3 মিশিয়ে দেওয়া বা মিশে যাওয়া; 4 জটিল করা বা হওয়া; 5 বিভ্রান্ত করা বা হওয়া (বুদ্ধি ঘুলিয়ে যাওয়া, বুদ্ধি ঘুলিয়ে দেওয়া)। [তু. হি. ঘুলনা]।˜ নো ক্রি. বি. ঘুলা। □ বিণ. উক্ত সব অর্থে।

ঘুষ, ঘুস (p. 270) [ghuṣa, ghusa] বি. কোনো কাজে সাহায্য লাভের জন্য বা কার্যসিদ্ধির জন্য গোপনে দেওয়া পুরস্কার বা অর্থ, উৎকোচ। [দেশি]।

ঘুষ-খোর, ঘুস-খোর (p. 270) [ghuṣa-khōra, ghusa-khōra] বি. বিণ. যে ঘুষ নেয়। [বাং. ঘুষ + আ. খোর্]।

ঘুষ-ঘুষে, ঘুস-ঘুসে (p. 270) [ghuṣa-ghuṣē, ghusa-ghusē] বিণ. 1 চাপা, গুপ্ত; 2 মৃদু, অল্প; 3 ভিতরে ভিতরে রয়েছে অথচ বাইরে থেকে বোঝা যায় না এমন (ঘুষঘুষে জ্বর)। [দেশি]।

ঘুষা, ঘোষা (p. 270) [ghuṣā, ghōṣā] ক্রি. 1 ঘোষণা করা; 2 উচ্চৈঃস্বরে আবৃত্তি করা (নামতা ঘোষা)। □ বি. উক্ত অর্থে। [সং. √ঘুষ্ (শব্দ করা) + বাং. আ]।˜ নো ক্রি. (অন্যের দ্বারা) ঘোষিত করানো বা আবৃত্তি করানো (ছেলেটি ক্লাসের ছেলেদের নামতা ঘোষাচ্ছে)। □ বি. উক্ত অর্থে।

ঘুষি, ঘুষো (p. 270) [ghuṣi, ghuṣō] যথাক্রমে ঘুসি ও ঘুসো -র বানানভেদ।

ঘুসঘুসে (p. 270) [ghusaghusē] দ্র ঘুষঘুষে।

ঘুসা1, ঘুসো1 (p. 270) [ghusā1, ghusō1] বি. ছোট চিংড়িমাছবিশেষ। [দেশি]।

ঘুসা2, ঘুসি, ঘুসো2 (p. 270) [ghusā2, ghusi, ghusō2] বি. 1 মুষ্টি; 2 মুষ্টি দিয়ে প্রহার। [দেশি-তু. হি. ঘুস্সা, ঘুসা]। ঘুসি মারা ক্রি. বি. মুষ্ট্যাঘাত করা, হাতের মুঠি দিয়ে আঘাত করা। ঘুসি লড়া ক্রি. মুষ্টিযুদ্ধ করা। ঘুসা-ঘুসি, ঘুসো-ঘুসি বি. ঘুসির লড়াই, মুষ্টিযুদ্ধ, boxing.

ঘূত্-কার (p. 270) [ghūt-kāra] বি. 1 পেঁচার ডাক; 2 ঘোঁত্ ঘোঁত্ শব্দ। [সং. ঘূত্ (ধ্বন্যা.) + √+ কৃ + অ]।

ঘূর্ণ (p. 270) [ghūrṇa] বি. ঘূর্ণি, ঘূর্ণন, জল বা বাতাসের আবর্ত, ভ্রমি। □ বিণ. ঘূর্ণিত, আবর্তিত (ঘূর্ণবায়ু)। [সং. √ঘূর্ণ + অ]।˜ ন বি. আবর্তন, ক্রমাগত ঘুরন ; 2 ভ্রমণ, পরিভ্রমণ।˜ বাত,˜ বায়ু বি. ঘূর্ণিঝড়, cyclone.˜ মান বিণ. যা ঘুরছে, যা আবর্তিত হচ্ছে, ঘূর্ণায়মান (ঘূর্ণমান জ্যোতিষ্ক)। ঘূর্ণাবর্ত বি. ঘূর্ণিজল, whirlpool. ঘূর্ণায়-মান বিণ. যা ঘুরছে, আবর্তিত হচ্ছে এমন; ভ্রমণরত (ঘূর্ণায়মান জ্যোতিষ্ক)। ঘূর্ণি বি. 1 ঘূর্ণিবায়ু; 2 জলভ্রমি, ঘূর্ণিজল (নৌকোটা ঘূর্ণির মধ্যে গিয়ে পড়ল)। ঘূর্ণি-জল বি. জলস্রোতের মধ্যে আবর্তিত জল, ঘূর্ণাবর্ত। ঘূর্ণিত বিণ. আবর্তিত। ঘূর্ণিত নয়নে ক্রি-বিণ. 1 চোখের তারা ঘুরছে এমনভাবে; 2 অতি ক্রোধভরে, অতি ক্রুদ্ধভাবে। ঘূর্ণি-বাত, ঘূর্ণি-বায়ু বি. ঘূর্ণবায়ু, ঘূর্ণিঝড়, যে বায়ুপ্রবাহ পাক খেতে খেতে বেগে ছুটে আসে। ঘূর্ণি-বৃষ্টি বি. ঘূর্ণিঝড়সহ বৃষ্টিপাত। ঘূর্ণ্য-মান বিণ. (যাকে) ঘোরানো হচ্ছে এমন।

ঘূর্ণায়মান মঞ্চ (p. 270) [ghūrṇāẏamāna mañca] বি. যে মঞ্চ ঘোরে, revolving stage. [সং. √ঘূর্ণ্ + ণিচ্ + শানচ্ = ঘূর্ণায়মান + মঞ্চ]।

ঘূর্ণি, ঘূর্ণিত, ঘূর্ণিবাত, ঘূর্ণ্যমান (p. 270) [ghūrṇi, ghūrṇita, ghūrṇibāta, ghūrṇyamāna] দ্র ঘূর্ণ।

ঘৃণা (p. 270) [ghṛṇā] বি. 1 (নোংরামির কারণে) বিরাগ; বিদ্বেষ; বিতৃষ্ণা; অবজ্ঞা ও অশ্রদ্ধা; 2 লজ্জাবোধ বা অপমানবোধ (গালাগালিতে তার ঘৃণা হয় না); 3 দয়া, করুণা। [সং. √ঘৃণ্ + অ + আ]।˜ র্হ, ঘৃণ্য বিণ. ঘৃণার যোগ্য।˜ স্পদ বিণ. ঘৃণার পাত্র। ঘৃণিত বিণ. 1 ঘৃণা করা হয়েছে এমন; 2 ঘৃণার বিষয়ীভূত; 3 কদর্য, গর্হিত (ঘৃণিত কাজ)। ঘৃণী (-ণিন্) বিণ. 1 ঘৃণাকারী; 2 দয়ালু।

ঘৃত (p. 270) [ghṛta] বি. ঘি, হবিঃ। [সং. √ঘৃ (=ক্ষরণ) + ত]।˜ পক্ক বিণ. ঘি দিয়ে বা ঘিয়ে ভাজা বা তৈরি (ঘৃতপক্ক লুচি)।

ঘৃত-কুমারী (p. 270) [ghṛta-kumārī] বি. ওষধিবিশেষ। [সং. ঘৃত + কুমারী -তু. হি. ঘিউকুআরি]।

ঘৃতপক্ক (p. 270) [ghṛtapakba] দ্র ঘৃত।

ঘৃতাক্ত (p. 270) [ghṛtākta] বিণ. ঘিয়ে-মাখা, ঘি দেওয়া হয়েছে বা মাখা হয়েছে এমন। [সং. ঘৃত + অক্ত]।

ঘৃতাচী (p. 270) [ghṛtācī] বি. অপ্সরাবিশেষ। [সং. ঘৃত + অঞ্চ + ক্বিপ্ + ঈ]।

ঘৃতান্ন (p. 270) [ghṛtānna] বি. ঘি-ভাত। [সং. ঘৃত + অন্ন]।

ঘৃতাহুতি (p. 270) [ghṛtāhuti] বি. 1 মন্ত্রপাঠপূর্বক যজ্ঞাগ্নিতে ঘৃত-নিক্ষেপ; 2 (আল.) ক্রোধের উত্তেজনা-বৃদ্ধি (অগ্নিতে ঘৃতাহুতি)। [সং. ঘৃত + আহুতি]।

ঘৃষ্ট (p. 270) [ghṛṣṭa] বিণ. 1 যা ঘষা হয়েছে, ঘর্ষিত; 2 মার্জিত; 3 (ব্যাক.) ঘর্ষণ-জাত (ঘৃষ্ট ব্যঞ্জন, ঘৃষ্ট বর্ণ)। [সং. √ঘৃষ্ + ত]।

ঘেউ, ঘেউ-ঘেউ (p. 270) [ghēu, ghēu-ghēu] অব্য. বি. কুকুরের ডাক। [দেশি-ধ্বন্যা.]।

ঘেঁচড়া (p. 270) [ghēn̐caḍ়ā] বি. বারবার ঘষার ফলে কড়া পড়া, জামড়া (ঘেঁচড়া পড়া)। □ বিণ. 1 কড়া পড়েছে এমন; 2 অবাধ্য ও একগুঁয়ে (ঘেঁচড়া ছেলে); 3 বোধহীন (মারঘেঁচড়া)। [দেশি-তু. সং. ঘৃষ্ট]।

ঘেঁচড়ানো (p. 270) [ghēn̐caḍ়ānō] ক্রি. বি. 1 বারবার ঘষা; 2 (আল.) একই জিনিসের বিরক্তিকর পুনরাবৃত্তি করা; বারবার একই কথা বোঝানো বা একই পড়া মুখস্থ করা (একই পড়া রোজ রোজ ঘেঁচড়াতে আর ভালো লাগে না)। [দেশি ঘেঁচড়া + বাং. আনো]।

ঘেঁচু (p. 270) [ghēn̐cu] বি. 1 ক্ষুদ্র কচু; 2 (অবজ্ঞার্থে) কিছুই নয় (তুমি আমার ঘেঁচু করবে)। [দেশি; 'কচু'-র সহচর শব্দ-কচুঘেঁচু]।

ঘেঁটু (p. 270) [ghēn̐ṭu] বি. 1 ঘণ্টাকর্ণ, ঘেঁটুঠাকুর, চর্মাদি রোগের অধিদেবতা; 2 বন্য গুল্ম বা ফুলবিশেষ, ভাঁটফুল। [সং. ঘণ্টাকর্ণ]।

ঘেঁষ1, ঘেঁস1 (p. 270) [ghēm̐ṣa1, ghēm̐sa1] বি. 1 পাথুরে কয়লার ছাই; 2 ভাঙা বাড়ির ইট-পাথরের গুঁড়োর স্তূপ। [দেশি]।

ঘেঁষ2, ঘেঁস2 (p. 270) [ghēm̐ṣa2, ghēm̐sa2] বি. 1 ছোঁয়া; স্পর্শ; 2 সংস্রব। □ বিণ. ঘনিষ্ঠ (ঘেঁষ হয়ে বসা)। [সং. ঘর্ষ]। ঘেঁষা, ঘেঁসা ক্রি. বি. 1 স্পর্শ করা; 2 কাছাকাছি যাওয়া; নিকটবর্তী হওয়া (দেয়াল ঘেঁষে দাঁড়াও, সে

আমাকে কাছে ঘেঁষতে দেয় না) ; 3 ঘনিষ্ঠ হওয়া। □ বিণ. উক্ত সব অর্থে। ঘেঁষা-ঘেঁসি, ঘেঁসা-ঘেঁসি বি. খুব কাছে এসে চাপাচাপি করে অবস্থান (এত ঘেঁষাঘেঁষি করে বসেছ কেন, ঘেঁষাঘেঁষির জন্যই এত অসুবিধা হচ্ছে)। □ ক্রি-বিণ. গায়ে গা লাগিয়ে, চাপাচাপি করে (ঘেঁষাঘেঁষি বসেছে)।

ঘেঙা (p. 270) [ghēṅā] ক্রি. ঘ্যানঘ্যান করা, একঘেয়ে কাতরোক্তি করা। [দেশি-ধ্বন্যা.]। ˜ নো ক্রি. ঘেঙা। □ বি. ঘ্যানঘ্যান।

ঘেঙানি (p. 270) [ghēṅāni] বি. একঘেয়ে কাতরোক্তি। [ঘেঙা দ্র]।

ঘেন্না (p. 270) [ghēnnā] বি. ঘৃণা -র কথ্য ও বিকৃত রূপ। ঘেন্না করা ক্রি. 1 ঘৃণার ভাব পোষণ করা, মনে ঘৃণার ভাব জাগা ; 2 গা ঘিনঘিন করা (আরশোলা দেখলেই ঘেন্না করে)।

ঘেমো (p. 270) [ghēmō] বিণ. ঘামযুক্ত, ঘামে ভিজে গেছে এমন (ঘেমো গা, ঘেমো জামা)। [বাং. ঘাম + উয়া > ও]।

ঘেয়ো (p. 270) [ghēẏō] বিণ. ঘা-যুক্ত (ঘেয়ো কুকুর)। [বাং. ঘা + উয়া > ও]।

ঘের (p. 270) [ghēra] বি. 1 বেড়, পরিধি (জামার ঘের, পাজামার ঘের); 2 বেষ্টনী, বেড়া ('এরা আমায় জাঁকজমকে ঘের দিয়েছে': শ. ঘো.)। [বাং. √ঘির্ + অ]।

ঘেরা, ঘিরা (p. 270) [ghērā, ghirā] ক্রি. 1 বেষ্টন করা (বেড়া দিয়ে ঘেরা); 2 চার পাশে বেষ্টনী দেওয়া বা বেষ্টন করা (বাড়িটাকে ঘিরতে হবে); 3 আবৃত বা আচ্ছাদিত করা ('আকাশ ঘিরে মেঘ জুটেছে': রবীন্দ্র)। □ বি. বেষ্টন; আচ্ছাদন; পরিবেষ্টিত স্থান; ঘের। □ বিণ. 1 বেষ্টিত (ঘেরা বারান্দা); 2 আবৃত। [হি. ঘির-তু. সং. √ঘৃ]।˜ ও বি. 1 বেষ্টন; 2 অবরোধ; দাবিপূরণের জন্য কর্তৃপক্ষীয় ব্যক্তিকে আটক বা অবরোধ। □ বিণ. 1 ঘেরাও করা হয়েছে এমন (অফিসারটি সারাদিন নিজের ঘরে ঘেরাও হয়ে বসে আছেন) ; 2 বেষ্টিত, পরিবেষ্টিত।˜ টোপ বি. 1 সর্বাঙ্গ ঢেকে পরবার মতো জামাবিশেষ; 2 বোরখা; 3 (গাড়ি পালকি প্রভৃতি) সম্পূর্ণ ঢেকে রাখার জন্য ঢাকনা।˜ নো ক্রি. বি. পরিবেষ্টিত বা অবরুদ্ধ করানো। □ বিণ. উক্ত অর্থে।

ঘেসেড়া (p. 270) [ghēsēḍ়ā] বি. যে ব্যক্তি ঘোড়ার খাওয়ার জন্য ঘাস কাটে। [বা. ঘাসুড়িয়া]। স্ত্রী.˜ নি।

ঘেসো (p. 270) [ghēsō] বিণ. 1 ঘাসে পূর্ণ (ঘেসো জমি); 2 ঘাসের মতো (ঘেসো গন্ধ) ; 3 অসার, বাজে (ঘেসো জিনিস, ঘেসো মাল); 4 ঘাস থেকে বা ঘাসজাতীয় জিনিস থেকে প্রস্তুত (ঘেসো কাগজ)। [বাং. ঘাস + উয়া > ও]।

ঘোঁজ (p. 270) [ghōn̐ja] বি. 1 বাঁকা স্থান, বাঁক (পথের ঘোঁজে দাঁড়িয়েছিল); 2 ক্ষেত বা আলের বাঁক; 3 ঘুঁজি, কোণ (গলির ঘোঁজ)। [দেশি]।˜ ঘাঁজ বি. 1 সংকীর্ণ স্থান; 2 আড়াল-আবডাল।

ঘোঁট (p. 270) [ghōn̐ṭa] বি. 1 জটলা; 2 আন্দোলন, নাড়াচাড়া। [দেশি-তু. সং. √ঘট্ট]। ঘোঁট পাকানো ক্রি. বি. 1 জটলা করা; 2 দল বেঁধে বিরূপ সমালোচনা করা বা ষড়যন্ত্র করা।

ঘোঁত-ঘোঁত (p. 272) [ghōn̐ta-ghōn̐ta] অব্য. বি. শুয়োরের ডাক; অসন্তোষ বা ক্রোধের চাপা ধ্বনি। [দেশি-ধ্বন্যা.]।

ঘোগ (p. 272) [ghōga] বি. 1 বাঘ ও কুকুরের মাঝামাঝি জন্তুবিশেষ; 2 বাঘের শত্রু বুনো কুকুর ; 3 মাঠে ও ক্ষেতে জল বেরোবার গর্ত বা নালি। [দেশি-তু. সং. কোক]।

ঘোঙট, ঘোঙ্গট (p. 272) [ghōṅaṭa, ghōṅgaṭa] দ্র ঘুঙট।

ঘোচা, ঘোচানো (p. 272) [ghōcā, ghōcānō] যথাক্রমে ঘুচা ও ঘুচানো -র চলিত রূপ।

ঘোটক (p. 272) [ghōṭaka] বি. ঘোড়া। [দ্রা. গুর্রম্ > সং. √ঘুট্ + অ + ক]। স্ত্রী. ঘোটকী। ঘোটকারূঢ় বিণ. ঘোড়ার পিঠে আরূঢ়, অশ্বারোহী।

ঘোটন (p. 272) [ghōṭana] বি. 1 আলোড়ন; 2 তরল পদার্থের সঙ্গে মিশ্রিত করা ; 3 পেষণ; 4 অন্বেষণ। [বাং. √ঘুট্ (ঘুঁট্) + অন]। ঘোটনা বি. যে দণ্ডের দ্বারা ঘোটা হয়।

ঘোড়-গাড়ি (p. 272) [ghōḍ়-gāḍ়i] বি. ঘোড়ায় টানা গাড়ি; ঘোড়ার গাড়ি। [বাং. ঘোড়া (বাহিত) + গাড়ি]।

ঘোড়-দৌড় (p. 272) [ghōḍ়-dauḍ়] বি. বাজি জেতার জন্য ঘোড়ার দৌড়ের প্রতিযোগিতা। [বাং. ঘোড়া + দৌড়]। ঘোড়দৌড় করানো ক্রি. বি. অত্যধিক দৌড়াদৌড়ি করিয়ে হয়রান করা (আমাকে এইভাবে ঘোড়দৌড় করিয়ে তোমার কী লাভ হল?)।

ঘোড়-সওয়ার (p. 272) [ghōḍ়-sōẏāra] বিণ. বি. যে ঘোড়ার পিঠে চড়েছে। [বাং. ঘোড়া + ফা. সওয়ার]।

ঘোড়া (p. 272) [ghōḍ়ā] বি. 1 অশ্ব, তৃণভোজী দ্রুতগামী চতুষ্পদ প্রাণিবিশেষ-ভারবাহী ও যাত্রীবাহী হিসাবে বহুলব্যবহৃত; 2 দাবা খেলার বলবিশেষ; 3 বন্দুকের বারুদে আগুন ধরাবার বা গুলিনিক্ষেপের চাবি। [সং. ঘোটক]। স্ত্রী. ঘুড়ি, ঘোড়ি। ঘোড়া ঘোড়া খেলা বি. ছোট ছেলেমেয়েদের ঘোড়া সেজে ছোটাছুটি করা খেলাবিশেষ। ঘোড়ার ডিম ডিম দ্র। ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া ক্রি. বি. (আল.) যথার্থ ক্ষমতাশালী ব্যক্তিকে অতিক্রম করে কার্যোদ্ধারের চেষ্টা করা। ঘোড়া দেখে খোঁড়া হওয়া ক্রি. বি. আরাম পাবার উপায় থাকলে তারই ভরসায় নিশ্চেষ্ট হয়ে থাকা। ̃ মুখো বিণ. ঘোড়ার মতো লম্বা মুখবিশিষ্ট। স্ত্রী. ̃ মুখি। ̃ মুগ বি. নিকৃষ্ট ধরনের মুগকলাইবিশেষ। ̃ রোগ বি. 1 উৎকট বাতিক; 2 গরিবের অত্যধিক খরচ করে বড়মানুষি করার প্রবৃত্তি; 3 ঘোড়দৌড়, বাজি জেতার নেশা, রেস খেলার নেশা। ̃ শাল বি. আস্তাবল, ঘোড়ার থাকার জায়গা।

ঘোণা (p. 272) [ghōṇā] বি. 1 নাক; 2 ঘোড়ার নাক। [সং. √ঘুণ্ + অ + আ (স্ত্রী.)]।

ঘোপ (p. 272) [ghōpa] বি. গোপন স্থান। [তু. বাং. খোপ]। ˜ ঘাপ বি. লুকিয়ে থাকার গোপন বা সংকীর্ণ স্থান।

ঘোমটা (p. 272) [ghōmaṭā] বি. 1 অবগুণ্ঠন, স্ত্রীলোকের মুখাবরণ; 2 (সচরাচর বিবাহিতা) স্ত্রীলোকের পরিধেয় বস্ত্রের যে অংশ মাথার উপর থাকে। [তু. হি. ঘুঙট]। ঘোমটায় নীচে (ভিতরে) খেমটা নাচ কুলবধূর বেশে অসতীত্ব; বাইরে সাধুত্ব কিন্তু ভিতরে ভিতরে নষ্টামি।

ঘোর (p. 272) [ghōra] বিণ-বিণ. বিণ. 1 ভয়ংকর, নিদারুণ (ঘোর বিপদ); 2 অত্যন্ত (ঘোর-নাস্তিক, ঘোর বৈষ্ণব) ; 3 উৎকট (ঘোর মাতাল); 4 দুর্গম ('এ কী এ ঘোর বন': রবীন্দ্র); 5 গাঢ়, গভীর (ঘোর নিদ্রা, ঘোর অন্ধকার)। □ বি. 1 জড়তা (ঘুমের ঘোর) ; 2 আবেশ (নেশার ঘোর এখনও কাটেনি); 3 অন্ধকার (সন্ধ্যার ঘোর); 4 মোহ (চোখের ঘোর)। [সং. √ঘুর্ + অ]। স্ত্রী. ঘোরা ('ঘোরা রজনী দিকললনা ভয়বিভলা': রবীন্দ্র)। ঘোর ঘোর বি. অন্ধকারের ভাব (চারিদিকে ঘোর ঘোর হয়ে আসছে)। ˜ পেঁচ, ˜ প্যাঁচ, ˜ ফের বি. 1 জটিলতা; 2 কুটিল অভিসন্ধি। ˜ তর বিণ. 1 অত্যন্ত ভয়ংকর, নিদারুণ (ঘোরতর নাস্তিক, ঘোরতর যুদ্ধ হল); 2 দুইয়ের মধ্যে বেশি ঘোর। ˜ দর্শন বিণ. বিকটাকার; দেখলে ভয় লাগে এমন (ঘোরদর্শন মূর্তি)।

ঘোরা, ঘোরাঘুরি, ঘোরানো (p. 272) [ghōrā, ghōrāghuri, ghōrānō] যথাক্রমে ঘুরা, ঘুরাঘুরি ও ঘুরানো -র চলিত রূপ।

ঘোরা-ফেরা (p. 272) [ghōrā-phērā] বি. ঘুরে ফিরে বেড়ানো, ইতস্তত বেড়ানো, [বাং. ঘোরা + ফেরা]।

ঘোরালো, ঘোরাল (p. 272) [ghōrālō, ghōrāla] বিণ. 1 গাঢ় অন্ধকারময় (ঘোরালো রাত্রি); 2 গাঢ় (ঘোরালো রং); 3 ক্রোধ অভিমান ইত্যাদিতে অত্যন্ত গম্ভীর (ঘোরালো মুখ); 4 ভয়ংকর (ঘোরালো বিপদ) ; 5 অত্যন্ত জটিল (ঘোরালো ব্যাপার)। [বাং. ঘোর + আলো, আল]।

ঘোল (p. 272) [ghōla] বি. তক্র, জলের সঙ্গে মিশিয়ে পাতলা করা বা মাখন-তোলা দই। [সং. √ঘূণ্ (< ঘূর্ণ) + অ; অথবা √হন্ + অ -তু. প্রাকৃ. ঘোল]। ঘোল খাওয়া ক্রি. বি. (আল.) বিপদে পড়ে বিব্রত হওয়া। ঘোল খাওয়ানো ক্রি. বি. (আল.) নাকাল করা। মাথায় ঘোল ঢালা ক্রি. বি. (আল.) অপমানিত বা জব্দ করা।˜ মউনি বি. যে দণ্ড বা যন্ত্র দিয়ে দই ঘুটে ঘোল করা হয়, দধিমন্হনদণ্ড।

ঘোলা (p. 272) [ghōlā] বিণ. 1 আবিল, অস্বচ্ছ (ঘোলা চোখে দেখা, ঘোলা দৃষ্টি); 2 কর্দমাক্ত, কাদা-গোলা (ঘোলা জল)। □ ক্রি. ঘুলা -র চলিত রূপ। [সং. ঘোল + বাং. আ (সাদৃশ্যার্থে)]।˜ টে বিণ. ঈষত্ ঘোলা।˜ নো ক্রি. বি. ঘুলানো-র চলিত রূপ।

ঘোষ (p. 272) [ghōṣa] বি. 1 গম্ভীর শ্বদ বা ধ্বনি (তু. বজ্রনির্ঘোষ); 2 ঘোষণা ; 3 গোয়ালা (ঘোষের দুধ); 4 গোয়ালাদের পাড়া; 5 বাঙালি কায়স্থদের পদবিবিশেষ। [সং. √ঘুষ্ + অ]।˜ ক বিণ. বি. ঘোষণাকারী।˜ যাত্রা বি. (প্রধানত

মহাভারতে বর্ণিত দুর্যোধনের গোধন পরিদর্শনের জন্য) গোপপল্লিতে যাওয়া।˜ বর্ণ বি. বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ এবং য্ র্ ল্ ব্ হ্।

ঘোষণ, ঘোষণা (p. 272) [ghōṣaṇa, ghōṣaṇā] বি. 1 সর্বসাধারণকে জানানো, বিজ্ঞপ্তি প্রচার; 2 উচ্চ শব্দ। [সং. √+ ঘুষ্ + অন, + আ]। ঘোষ-পত্র, ঘোষণা-পত্র বি. বিজ্ঞাপন, ইস্তাহার।

ঘোষা, ঘোষানো (p. 272) [ghōṣā, ghōṣānō] যথাক্রমে ঘুষা ও ঘুষানো -র চলিত রূপ।

ঘোষিত (p. 272) [ghōṣita] বিণ. ঘোষণা করা হয়েছে এমন, প্রচারিত (সরকারি সিদ্ধান্তটি গত সপ্তাহে ঘোষিত হয়েছে, সরকারের ঘোষিত নীতি)। [সং. √ঘুষ্ + ণিচ্ + ত]।

ঘ্যাঁচ (p. 272) [ghyām̐ca] অব্য. বি. নরম জিনিস কাটার শব্দবিশেষ (কচু গাছটাকে ঘ্যাঁচ করে কেটে ফেলল)। [দেশি-ধ্বন্যা.]। ঘ্যাঁচ ঘ্যাঁচ অব্য. বি. ক্রমাগত ঘ্যাঁচ শব্দ (ঘ্যাঁচ ঘ্যাঁচ করে কাটছে)।

ঘ্যাঁট (p. 272) [ghyām̐ṭa] বি. 1 ঘণ্ট, নানাবিধ সবজির মিশ্রিত ব্যঞ্জন; 2 (আল.) নানাবিধ বস্তুর অবাঞ্ছিত মিশ্রণ (ঘ্যাঁট পাকিয়ে রেখেছে)। [দেশি]।

ঘ্যাগ (p. 272) [ghyāga] বি. গলগণ্ড। [দেশি]।

ঘ্যাঙর-ঘ্যাঙ (p. 272) [ghyāṅara-ghyāṅa] অব্য. বি. ব্যাঙের ডাক। [দেশি-ধ্বন্যা.]।

ঘ্যান-ঘ্যান (p. 272) [ghyāna-ghyāna] বি. বিরক্তিকর ও ক্রমাগত নাকি কান্না বা অনুনয় (ছেলেটা তখন থেকে ঘ্যানঘ্যান করছে, এই ঘ্যানঘ্যান আর ভালো লাগে না)। [দেশি-ধ্বন্যা.]। ঘ্যান-ঘেনে বিণ. ঘ্যানঘ্যান করে এমন (ঘ্যানঘেনে ছেলে)।

ঘ্যানর-ঘ্যানর (p. 272) [ghyānara-ghyānara] বি. 1 ক্রমাগত বিরক্তিকর নাকি কান্না বা অনুনয়; 2 একটানা বিরক্তিকর শব্দ। [ধ্বন্যা.]।

ঘ্যাম (p. 272) [ghyāma] বিণ. (অশোভন) উঁচুদরের (এসব ঘ্যাম ব্যাপারের মর্ম তুমি কী বুঝবে?)। [দেশি]।

ঘ্রাণ (p. 272) [ghrāṇa] বি. 1 গন্ধ (ঘ্রাণ নেওয়া); 2 গন্ধগ্রহণ (ঘ্রাণশক্তি); 3 ঘ্রাণেন্দ্রিয়, নাক। [সং. √ঘ্রা + অন]। ̃ জ বিণ. 1 ঘ্রাণেন্দ্রিয় বা নাক থেকে উৎপন্ন; 2 আঘ্রাণের বা গন্ধগ্রহণের ফলে উৎপন্ন। ̃ তর্পণ বি. 1 ঘ্রাণেন্দ্রিয়ের তৃপ্তিসাধন; 2 অতিশয় সুগন্ধ। ̃ শক্তি বি. গন্ধ উপলব্ধি করার ক্ষমতা, গন্ধ গ্রহণের ক্ষমতা। ঘ্রাণেন্দ্রিয় বি. নাক।

ঘ্রাত (p. 272) [ghrāta] বিণ. ঘ্রাণ নেওয়া হয়েছে এমন, (গন্ধ) শোঁকা হয়েছে এমন। [তু. বিপ. অনাঘ্রাত)। [সং. √ঘ্রা + ত]। ঘ্রাতব্য বিণ. শোঁকবার যোগ্য। ঘ্রাতা (-তৃ) বি. বিণ. ঘ্রাণগ্রহণকারী, যে শোঁকে।

ঘ্রেয় (p. 272) [ghrēẏa] বিণ. শোঁকবার বা ঘ্রাণ নেবার যোগ্য। [সং. √ঘ্রা + য]।

ঙ (p. 272) [ṅ] বাংলা ভাষার পঞ্চম ব্যঞ্জনবর্ণ এবং কণ্ঠ্য নাসিক্য ধ্বনি ঙ্-র লিখিত রূপ। বর্তমানে ঙ এবং ং (অনুস্বার) উচ্চারণে অভিন্ন। বহুক্ষেত্রে ঙ-র পরিবর্তে ং লিখিত হয়।

চ (p. 274) [c] বাংলা ভাষার ষষ্ঠ ব্যঞ্জনবর্ণ এবং অঘোষ তালব্য চ্ ধ্বনির দ্যোতক।

চই (p. 274) [ci] বি. পিঁপুলজাতীয় লতাবিশেষ; তার ডাল বা মূল। [সং. চবিকা]।

চই-চই (p. 274) [ci-ci] অব্য. বি. হাঁসকে ডেকে আনার ধ্বনি। [ধ্বন্যা.]।

চওড়া (p. 274) [cōḍ়ā] বিণ. 1 প্রশস্ত, বিস্তৃত (চওড়া বুক); 2 প্রস্থবিশিষ্ট (পাঁচ হাত চওড়া থান)। □ বি. বিস্তার, প্রস্থ (চওড়ায় তিন হাত, চওড়ার দিক)। [সং. চর্পট (প্রসারিত, বিপুল)। ̃ ই বি. প্রস্থের পরিমাণ।

চক1 (p. 274) [caka1] বি. খড়ি, ফুলখড়ি। [ইং. chalk]।

চক2 (p. 274) [caka2] বি. 1 চতুষ্কোণ ক্ষেত্র, চৌকোনা ভূমি; 2 নগর বা গ্রামের কেন্দ্রস্থিত ভূমিখণ্ড বা ময়দান (মোল্লার চক); 3 চতুষ্কোণ উঠান ঘিরে অট্টালিকাশ্রেণি (চকমিলানো বাড়ি); 4 চতুষ্কোণাকৃতি বাজার (চাঁদনি চক); 5

জমিদারির অংশবিশেষ, তালুক বা তহসিল। [< সং. চতুষ্ক-তু. বাং. চৌক]। ̃ বন্দি বি. 1 জমির বা গ্রামের সীমা নির্ধারণ; 2 জমির ভাগ, লাট, তৌজি। □ বিণ. 1 চতুঃসীমাযুক্ত; চতুঃসীমা নির্ধারিত হয়েছে এমন (চকবন্দি জমি); 2 চকমিলানো। ̃ মিলানো বিণ. চতুষ্কোণ উঠানকে ঘিরে অট্টালিকাশ্রেণি উঠেছে এমন।

চক-চক1 (p. 274) [caka-caka1] অব্য. বি. জিভ দিয়ে তরল জিনিস পান করার শব্দ (কুকুরটা চকচক করে জল খাচ্ছে)। [ধ্বন্যা.]।

চক-চক2 (p. 274) [caka-caka2] অব্য. বি. ঔজ্জ্বল্য বা দীপ্তি প্রকাশ (চোখ দুটো চকচক করছে)। [সং. চাকচক্য]। চকচক করা ক্রি. বি. দীপ্তি পাওয়া। চক-চকানি বি. অতিশয় উজ্জ্বলতা; দীপ্তি, উজ্জ্বলতা। চক-চকানো ক্রি. বি. চকচক করা। চক-চকে বিণ. উজ্জ্বল, চকচক করে এমন।

চক-মক (p. 274) [caka-maka] অব্য. বি. ঔজ্জ্বল্‌য প্রকাশ, ঝকমক (চকমক করছে)। [তুর. চক্মক্]। চক-মকানি বি. তীব্র ঔজ্জ্বল্য, ঝকমকানি। চক-মকানো ক্রি. বি. চকমক করা; বিদ্যুত্ চমকানো; ঝলকানো। চকমকে বিণ. চকমক করে এমন, ঝকমকে; বিদ্যুতের ছটার মতো দীপ্তিবিশিষ্ট।

চক-মকি (p. 274) [caka-maki] বি. ঠুকলে আগুন জ্বলে এমন পাথর। [তুর. চক্মকি]।

চকমিলানো (p. 274) [cakamilānō] দ্র চক2।

চকা, চখা (p. 274) [cakā, cakhā] বি. হাঁসজাতীয় পাখিবিশেষ। [সং. চক্রবাক]। স্ত্রী. চকি, চখি। চকা-চকি, চখা-চখি বি. চক্রবাক দম্পতি-এদের দাম্পত্য চিরপ্রসিদ্ধ।

চকিত (p. 274) [cakita] বিণ. 1 চমকিত (ভয়চকিত দৃষ্টি); 2 ভয়চঞ্চল, এস্ত, কম্পিত (চকিত দৃষ্টি)। □ বি. নিমেষ, অত্যল্প কাল (চকিতে অদৃশ্য হল, চকিতের দেখা)। [সং. √চক্ (প্রতিঘাত, প্রতিক্রিয়া) + ত]। স্ত্রী. চকিতা (চকিতা হরিণী)।

চকোর (p. 274) [cakōra] বি. (জ্যোৎস্না পান করে তৃপ্ত হয় বলে কথিত) পাখিবিশেষ। [সং. √চক্ (=তৃপ্তি) + ওর]। স্ত্রী. চকোরী, (কাব্যে) চকোরিণী।

চকোলেট (p. 274) [cakōlēṭa] বি. কোকো চিনি প্রভৃতি দিয়ে তৈরি এবং চুষে খেতে হয় এমন লজেন্সজাতীয় মিঠাইবিশেষ। [ইং. chocolate]।

চক্কর (p. 274) [cakkara] বি. 1 চাকা, চক্র; 2 আবর্ত; 3 চতুর্দিকে ঘুরবার চক্রাকার পথ (ঘোড়দৌড়ের চক্কর); 4 দেহে, বিশেষত সাপের দেহে বা মাথায়, চক্রাকার চিহ্ন (কুলোপানা চক্কর); 5 ঘুরপাক, ভ্রমণ (মাঠে একটা চক্কর দিয়ে আসি); 6 ঘূর্ণন (মাথাটা চক্কর দিয়ে উঠল); 7 কয়েকটি গ্রামের সমষ্টি। [সং. চক্র]।

চক্র (p. 274) [cakra] বি. 1 চাকা (রথচক্র); 2 চাকার মতো আকারবিশিষ্ট বস্তু (কুম্ভকারের চক্র); 3 যথানিয়মে যা ঘুরছে (কালচক্র); 4 ভ্রমণ, ঘুরপাক (চক্র দিচ্ছে); 5 চক্রাকার পৌরাণিক অস্ত্রবিশেষ (সুদর্শন চক্র); 6 চাকার মতো

আকৃতিযুক্ত ও বিস্তারবিশিষ্ট বস্তু (আলোকচক্র); 7 গ্রহমণ্ডল; 8 তান্ত্রিক সাধনার মণ্ডলী (ভৈরবচক্র); 9 (জ্যোতিষ.) রাশি বা গ্রহগুলির অবস্থাননির্দেশক ছক (রাশিচক্র); 1 পতাকীচক্র ইত্যাদির চিত্র; 11 হাতের তালুতে বা আঙুলে এবং পদতলে মণ্ডলাকার রেখা; 12 গ্রামসমূহের সমষ্টি, চাকলা; 13 বহুবিস্তৃত রাজ্য বা দেশসমূহ; 14 চক্রান্ত, ষড়যন্ত্র (দশচক্র); 15 ক্রম, পরম্পরা (ঘটনাচক্র); 16 গুচ্ছ, বর্গ; 17 সাপের ফণা। [সং. √কৃ + অ (ক ঘঞর্থে) নি.]। ̃ গতি বি. আবর্তন, ঘূর্ণন, গোল হয়ে ঘোরা। ̃ ধর বি. 1 বিষ্ণু; 2 রাজা, নৃপতি; 3 ফণাযুক্ত সাপ। ̃ ধুরা বি. চাকার মধ্যবর্তী দণ্ড, অক্ষদণ্ড। ̃ নাভি বি. চক্রের কেন্দ্রস্থিত অংশ। ̃ নেমি বি. চাকার বেড়। ̃ পাণি বি. 1 কৃষ্ণ; 2 বিষ্ণু। ̃ বক্র বি. কূটকৌশল, ছল; ফন্দিফিকির। ̃ বর্তী (-র্তিন্) বি. 1 বহুধাবিস্তৃত রাজ্যের রাজা, সম্রাট, সার্বভৌম নৃপতি; 2 ব্রাহ্মণের পদবিবিশেষ। ̃ বাক বি. হাঁসজাতীয় পাখিবিশেষ, চখা। স্ত্রী. ̃ বাকী। ̃ বাত বি. ঘূর্ণিবায়ু, ঝঞ্ঝাবাত, cyclone. ̃ বাল, (বিরল) ̃ বাড় বি. দিঙ্মণ্ডল, দিগন্তবৃত্ত, আকাশকক্ষ, দূর থেকে তাকালে যেখানে আকাশ পৃথিবীর সঙ্গে মিশেছে বলে মনে হয়, horizon. ̃ ব্যূহ বি. চক্রাকারে বা মণ্ডলাকারে সৈন্যসমাবেশ। ̃ বৃদ্ধি বি. সুদের সুদ, compound interest.

চক্র-বত্ (p. 274) [cakra-bat] বিণ. ক্রি-বিণ. চক্রের মতো (চক্রবত্ বিশ্বজগত্, চক্রবত্ ঘুরছে)। [সং. চক্র + বত্]।

চক্রাকার (p. 274) [cakrākāra] বিণ. চাকার মতো আকৃতিবিশিষ্ট, গোল (চক্রাকার ক্ষেত্র, চক্রাকার মাঠ)। [সং. চক্র + আকার]।

চক্রান্ত (p. 274) [cakrānta] বি. ষড়যন্ত্র, কারও অনিষ্ট করার জন্য গুপ্ত ফন্দি। [সং. চক্র + অন্ত]। ̃ কারী (-রিন্) বিণ. বি. ষড়যন্ত্রকারী।

চক্রাবর্ত (p. 275) [cakrābarta] বি. মণ্ডলাকারে আবর্তন, ঘুরপাক। [সং. চক্র + আবর্ত]।

চক্রায়ুধ (p. 275) [cakrāẏudha] বি. বিষ্ণু, চক্র যাঁর আয়ুধ বা অস্ত্র। [সং. চক্র + আয়ুধ]।

চক্রিকা (p. 275) [cakrikā] বি. 1 হাঁটুর গোল অস্হি, মালাইচাকি; 2 হাঁটু, জানু। [সং. চক্র + ক + আ]।

চক্রী (p. 275) [cakrī] (ক্রিন্) বিণ. 1 চক্রধারী; 2 চক্রান্তকারী; 3 খল, কুটিল। □ বি. 1 বিষ্ণু; 2 কৃষ্ণ; 3 সাপ। [সং. চক্র + ইন্]।

চক্ষু (p. 275) [cakṣu] (চক্ষুঃ) বি. 1 চোখ, অক্ষি, নয়ন; 2 দৃষ্টি, নজর। [সং. √চক্ষ্ + উস্]। চক্ষু কর্ণের বিবাদ ভঞ্জন করা ক্রি. বি. কানে-শোনা বিষয় স্বচক্ষে দেখে তার সত্যাসত্য সম্বন্ধে নিশ্চিত হওয়া। চক্ষু খুলে যাওয়া ক্রি. বি. অজ্ঞতা দূর হওয়া। ˜ গোচর বিণ. দেখা যায় এমন, দৃষ্টির বিষয়ীভূত। ˜ দান, ˜ দান বি. 1 দৃষ্টিশক্তি দান; 2 প্রতিমাদির চোখে জ্যোতি দান করে প্রাণপ্রতিষ্ঠা; 3 (আল.) অজ্ঞানকে জ্ঞানদান; 4 সতর্কীকরণ; 5 (ব্যঙ্গে) চুরি। ˜ রুন্মীলন বি. 1 চক্ষু উন্মুক্ত করা, চোখ মেলা, চেয়ে দেখা; 2 (আল.) অর্ন্তদৃষ্টি; অর্ন্তদৃষ্টির ক্ষমতার উন্মেষ। ˜ রোগ, চক্ষু-রোগ বি. চোখের অসুখ। ˜ র্লজ্জা, ˜ লজ্জা বি. অন্যের সামনে কিছু করতে বা বলতে সংকোচ। ˜ শূল, চক্ষুঃশূল বি. 1 চোখের বেদনা; 2 (আল.) দেখলে বিরক্তি জন্মে এমন ব্যক্তি। ˜ ষ্মান, ˜ ষ্মান্ (-ষ্মত্) বিণ. 1 বিণ. 1 চক্ষুযুক্ত;

দৃষ্টিশক্তিবিশিষ্ট; 2 (আল.) সত্য উপলব্ধি করতে সমর্থ, সত্যদ্রষ্টা। স্ত্রী. ˜ ষ্মতী। চক্ষুস্থির হওয়া ক্রি. বি. ভয়ে বা বিস্ময়ে হতবুদ্ধি হওয়া।

চখা (p. 275) [cakhā] বি. চক্রবাক পাখি। [সং. চক্রবাক]। স্ত্রী. চখি। চকা দ্র।

চঙক্রমণ (p. 275) [caṅakramaṇa] বি. পুনঃপুনঃ ভ্রমণ; পায়চারি। [সং. √ক্রম্ + যঙ্লুক্ + অন]।

চঙ্গ1 (p. 275) [caṅga1] বিণ. 1 সুস্থ; 2 সবল, সতেজ। [সং. চঙ্ + √গম্ + অ]। তু. হি. চংগা > বাং. চাঙ্গা, চাঙা]।

চঙ্গ2 (p. 275) [caṅga2] বি. (আঞ্চ.) ঘড়াঞ্চি, মই। [দেশি]।

চচ্চড় (p. 275) [caccaḍ়] অব্য. শুষ্কতার এবং শুকনো জিনিস ভাঙার ধ্বনিবিশেষ (গা শুকিয়ে চচ্চড় করছে, চচ্চড় করে গাছের ডাল ভাঙে)। [ধ্বন্যা.]।

চচ্চড়ি (p. 275) [caccaḍ়i] বি. সবজি ডাঁটা প্রভৃতি দিয়ে তৈরি ব্যঞ্জনবিশেষ। [দেশি]।

চঞ্চরীক (p. 275) [cañcarīka] বি. 1 পুনঃপুনঃ ভ্রমণকারী; 2 ভ্রমর। [সং. √চর্ + যঙ্লুক্ + ঈক]। স্ত্রী. চঞ্চরিকা, চঞ্চরী।

চঞ্চল (p. 275) [cañcala] বিণ. 1 অস্হির, চপল, ছটফটে (চঞ্চল বালক); 2 ব্যাকুল (মন চঞ্চল হয়েছে); 3 নড়ছে এমন, কম্পিত (চঞ্চল বৃক্ষশাখা); 4 বিচলিত। [সং. √চল্ + যঙ্লুক্ + অ]। চঞ্চলা বিণ. (স্ত্রী.) চঞ্চল-এর অর্থে। □ বি. 1 লক্ষ্মীদেবী; 2 বিদ্যুত্। □ ক্রি. (কাব্যে) চঞ্চল হওয়া বা চঞ্চলতা প্রকাশ করা। বি.˜ তা। চঞ্চলিয়া বিণ. (বৈ. সা.) চঞ্চলতাযুক্ত, চঞ্চল। □ বি. চঞ্চল ব্যক্তি প্রাণী বা বস্তু ('যত চপলতা করে চঞ্চলিয়া')। চঞ্চলিত বিণ. চাঞ্চল্যযুক্ত; বিচলিত; আন্দোলিত।˜ চিত্ত,˜ মতি বিণ. অস্হির মন যার।˜ দৃষ্টি,˜ নয়ন বিণ. যার দৃষ্টি বা চাহনি চঞ্চল।

চঞ্চু, চঞ্চূ (p. 275) [cañcu, cañcū] বি. পাখির ঠোঁট। [সং. √চঞ্চ্ + উ, ঊ]।˜ পুট বি. পাখির দুই ঠোঁঠের দ্বারা কৃত আধার, দুই ঠোঁঠের মধ্যভাগ।

চট1 (p. 275) [caṭa1] বি. পাটের সুতোর তৈরি মোটা বস্ত্রবিশেষ, গুন। [দেশি]।˜ কল বি. চট তৈরির কারখানা।

চট2 (p. 275) [caṭa2] অব্য. তাড়াতাড়ি, শীঘ্র, ঝট (চট করে নিয়ে এসো)। [তু. সং. ঝটিতি]।

চট3 (p. 275) [caṭa3] অব্য. হঠাত্ ফাটা বা চড় মারার বা অনুরূপ কিছুর শব্দ। [সং. √চট্]।˜ চট1 অব্য. ক্রমাগত চট শব্দ।

চটক1 (p. 275) [caṭaka1] বি. 1 ঔজ্জ্বল্য; 2 বাহার, চাকচিক্য; 3 ভড়ং; 4 আড়ম্বর (বিজ্ঞাপনের চটক, কথার চটক, রঙের চটক)। [দেশি]।˜ দার বিণ. যাতে চটক আছে এমন।

চটক2 (p. 275) [caṭaka2] বি. চড়াই পাখি। [সং. √চট্ + অক]। চটকা1 বি. (স্ত্রী.) স্ত্রী-চড়াই। [সং. চটক + আ]।

চটকা2 (p. 275) [caṭakā2] বি. 1 ঘুমের আবেশ, তন্দ্রা, আচ্ছন্নতা (সেই শব্দে আমার চটকা ভেঙে গেল); 2 অন্যমনস্কতা। [দেশি-তু. সং. √চট্ (আবরণ)]। চটকা ভাঙা ক্রি. বি. 1 নিদ্রাবেশ দূর হওয়া, সজাগ হওয়া; 2 অসতর্ক ভাব কেটে যাওয়া।

চটকা3 (p. 275) [caṭakā3] ক্রি. নরম জিনিস হাত দিয়ে মর্দন বা পেষণ করা (ভাতগুলো ভালো করে চটকাও)। [সং. √চট্ (পেষণ করা) + বাং. কা-তু. হি. √চটকা]।˜ নো ক্রি. বি. চটকা। □ বিণ. উক্ত অর্থে। চটকানি বি. হাত দিয়ে মর্দন বা পেষণ।

চটচট1 (p. 275) [caṭacaṭa1] দ্র চট3।

চট-চট2 (p. 275) [caṭa-caṭa2] অব্য. আঠালো ভাব প্রকাশ (চটচট করছে)। [দেশি]। চট-চটে বিণ. আঠালো।

চট-পট (p. 275) [caṭa-paṭa] ক্রি-বিণ. খুব তাড়াতাড়ি, অতি দ্রুত (চটপট কাজ সারো)। [দেশি]। চট-পটে বিণ. 1 ক্ষিপ্রকারী, তৎপর; 2 চালাকচতুর (খুব চটপটে ছেলে)।

চটা1 (p. 275) [caṭā1] বি. 1 বাখারি, বাঁশের পাতলা ফালি (চটার বেড়া); 2 ধাতুদ্রব্যের বা কাঠের জিনিসের ফাটা অংশ, চাকলা (চটা উঠে গেছে)। [> চটা 3]।

চটা2 (p. 275) [caṭā2] ক্রি, রুষ্ট হওয়া, রাগ করা (আহা, চটছ কেন)। □ বি. বিণ. উক্ত অর্থে। [< চটা3]।˜ চটি বি. 1 রাগারাগি; 2 বিবাদ।˜ নো ক্রি. রাগানো (আমাকে চটিয়ো না, তাকে চটাচ্ছ কেন?)। □ বি. বিণ. উক্ত অর্থে।

চটা3 (p. 275) [caṭā3] ক্রি. 1 চিড় খাওয়া, ফাট ধরা, বিদীর্ণ হওয়া; 2 হ্রাস পাওয়া, নষ্ট হওয়া (রং চটে গেছে, ভক্তি চটেছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √চট্ (ভেদ করা, বিদীর্ণ করা) + বাং. আ]।˜ নো ক্রি. 1 ফাটানো (বাঁশটা চটাতে হবে); 2 চাকলা উঠানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

চটি1 (p. 275) [caṭi1] বি. গোড়ালির উপরিভাগ খোলা থাকে এমন জুতাবিশেষ। [সং. চর্ম > চামাটি]।

চটি2 (p. 275) [caṭi2] বিণ. পাতলা (চটি বই)। [দেশি]।

চটি3 (p. 275) [caṭi3] বি. পান্হশালা, সরাইখানা। [ফা. চত্রী]।

চটু (p. 275) [caṭu] বি. চাটু, প্রিয়বাক্য; তোষামোদ। [সং. √চট্ + উ]।

চটুল (p. 276) [caṭula] বিণ. 1 চঞ্চল, অস্থির (চটুল চরণ); 2 লঘু, হালকা, গাম্ভীর্যহীন (চটুল প্রেম, চটুল স্বভাব, চটুল ছন্‌দ); 3 মনোহর, সুন্দর (চটুল ভঙ্গি)। [সং. √চট্ + উল]। স্ত্রী. চটুলা। বি.˜ তা।

চট্টল, চট্টলা (p. 276) [caṭṭala, caṭṭalā] বি. চট্টগ্রামের প্রাচীন নাম।

চট্টোপাধ্যায় (p. 276) [caṭṭōpādhyāẏa] বি. বাঙালি ব্রাহ্মণদের পদবিবিশেষ। [চট্ট + উপাধ্যায়]।

চড় (p. 276) [caḍ়] বি. হাতের তালু দিয়ে আঘাত, চপেটাঘাত, চাপড়, থাপ্পড় (প্রাকৃ. চঅড-তু. সং. চপেট]।˜ চাপড় বি. চড় এবং ওইজাতীয় মার (দু-চারটে চড়চাপড় মেরে ছেড়ে দেওয়া হল)।

চড়ক (p. 276) [caḍ়ka] বি. চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠিত শিবের পূজাবিশেষ ও উৎসব; গাজন। [সং. চক্র (বর্ষচক্রের পরিক্রমণান্তে অনুষ্ঠান) > চক্র > (ধ্বনিবিপর্যয়ে) চরক]।˜ গাছ বি. যে খুঁটিতে আড়া বেঁধে গাজনের সন্ন্যাসীরা ঘুরপাক খায়। চক্ষু চড়কগাছ ভয়ে বা বিস্ময়ে বিস্ফারিত দৃষ্টি।˜ সংক্রান্তি বি. চৈত্র মাসের সংক্রান্তি বা শেষ দিন।

চড়চড়, চড়-চড়ি (p. 276) [caḍ়caḍ়, caḍ়-caḍ়i] যথাক্রমে চচ্চড় ও চচ্চড়ি -র রূপভেদ।

চড়তি (p. 276) [caḍ়ti] বি. 1 আরোহণ (চড়তির মুখে); 2 বৃদ্ধি (দামের চড়তি)। □ বিণ. বৃদ্ধিশীল, বাড়ছে এমন (চড়তি দর, চড়তি বাজার)। [চড়া3 দ্র]।

চড়ন (p. 276) [caḍ়na] বি. আরোহণ; বৃদ্ধি (দামের চড়ন)। [চড়া3 দ্র]।˜ দার বি. 1 যানবাহনের আরোহী বা যাত্রী; 2 (আঞ্চ.) মহিলা আরোহী বা যাত্রীদের সঙ্গী পুরুষ যাত্রী।

চড়-বড় (p. 276) [caḍ়-baḍ়] অব্য. 1 ভাজনাখোলায় অর্থাত্ মাটি বা লোহার পাত্রে খই-মুড়ি ভাজার শব্দ; 2 ভাজনাখোলায় খই ফোটার মতো দ্রুত কথা বলার শব্দ (মুখে যেন চড়বড় করে খই ফুটছে)। [দেশি]।

চড়া1 (p. 276) [caḍ়ā1] বি. চর, নদীগর্ভে পলি জমার ফলে উৎপন্ন স্থলভাগ (নৌকা চড়ায় ঠেকেছে)। [দেশি]।

চড়া2 (p. 276) [caḍ়ā2] বিণ. 1 উদ্ধত, উগ্র (চড়া মেজাজ); 2 তীব্র, তীক্ষ্ণ, তেজালো (চড়া রোদ, চড়া গলা); 3 উচ্চ (চড়া সুর, চড়া দাম)। [সং. চণ্ড]।

চড়া3 (p. 276) [caḍ়ā3] ক্রি. 1 আরোহণ করা, উপরে ওঠা (গাছে চড়া); 2 বৃদ্ধি পাওয়া (দাম চড়ে গেছে); 3 আক্রমণ করা, চড়াও হওয়া (বিপক্ষের উপর চড়া)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √চট্ + বাং. আ-তু. হি. চঢ়না]।

চড়া4 (p. 276) [caḍ়ā4] ক্রি. চড় মারা (ছেলেটাকে অমনভাবে চড়াচ্ছ কেন?)।[বাং. চড় + আ]।

চড়াই1 (p. 276) [caḍ়āi1] বি. 1 (সাধারণত পাহাড়ের) ঊর্ধ্বগত বা ক্রমোন্নত পথ, (পাহাড়ের) নীচের দিক থেকে উপরের দিকে ওঠার পথ (তু. বিপ. উতরাই); 2 আরোহণ; 3 ঊর্ধ্বগতি; 4 উচ্চতা। [হি. চড়াই]।

চড়াই2 (p. 276) [caḍ়āi2] বি. ছয় ইঞ্চি লম্বা ধূসর রঙের পাখিবিশেষ, চটক। [সং. চটক]।

চড়াই-ভাতি (p. 276) [caḍ়āi-bhāti] বি. বনভোজন, picnic. [সং. চটকবৃত্তি]।

চড়াও (p. 276) [caḍ়āō] বি. আক্রমণ (বাড়ি চড়াও করা)। □ বিণ. আক্রমণকারী; আক্রমণের জন্য আপতিত, আক্রমণ করতে উদ্যত (চড়াও হওয়া)। [চড়া3 দ্র]।

চড়াত্ (p. 276) [caḍ়āt] অব্য. শক্ত জিনিস ফেটে যাওয়ার শব্দ। [ধ্বন্যা.]।

চড়ানো1 (p. 276) [caḍ়ānō1] বি. ক্রি. 1 আরোহণ করানো (ঘোড়ায় চড়ানো) 2 বাড়ানো, উচ্চতর করা (দাম চড়িয়েছে, সুর চড়ানো হয়েছে); 3 পরানো, লাগানো (ধনুকে ছিলা চড়ানো, রং চড়ানো, গায়ে জামা চড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে। [চড়া3 দ্র]।

চড়ানো2 (p. 276) [caḍ়ānō2] বি. ক্রি. চড় মারা, চপেটাঘাত করা (গালে চড়ানো)। □ বিণ. উক্ত অর্থে। [চড়া4 দ্র]।

চড়ুকে (p. 276) [caḍ়ukē] বিণ. 1 চড়কসংক্রান্ত; 2 চড়কগাছে ঘুরতে অভ্যস্ত কিংবা ওইরকম কাজে আগ্রহী; 3 (সচ. অন্তরে যন্ত্রণা সত্ত্বেও বাইরে) চটকদার বা জমকালো (চড়ুকে হাসি)। [বাং. চড়ক + ইয়া > এ]।

চণক (p. 276) [caṇaka] বি. ছোলা, চানা, বুট। [সং. √চণ্ + অ + ক (স্বার্থে)- তু. হি. চনা]।

চণ্ড (p. 276) [caṇḍa] বিণ. 1 ভীষণ, প্রচণ্ড (চণ্ড বিক্রম); 2 অত্যন্ত কোপন, বা ক্রুদ্ধ (চণ্ড প্রকৃতি); 3 উগ্র (চণ্ড নীতি, চণ্ড রশ্মি)। □ বি. দৈত্যবিশেষ, মুণ্ড নামের দৈত্যের ভ্রাতা ও শুম্ভ-নিশুম্ভের অনুচর। [সং. √চণ্ড্ + অ]। স্ত্রী. চণ্ডা, চণ্ডী।

চণ্ডাল (p. 276) [caṇḍāla] বি. 1 নিচু শ্রেণির হিন্দু সম্প্রদায়বিশেষ, চাঁড়াল; 2 নিষ্ঠুরপ্রকৃতি বা ক্রূরকর্মা লোক। [সং. √চণ্ড্ (=ক্রোধ) + আল]।

চণ্ডিকা (p. 276) [caṇḍikā] বি. 1 চণ্ডীদেবী; 2 অতি কোপনা স্ত্রীলোক। [সং. চণ্ড + ক + আ (স্ত্রী)]।

চণ্ডী (p. 276) [caṇḍī] বি. 1 দুর্গার রূপবিশেষ; 2 মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবীমাহাত্ম্য; 3 চণ্ডিকাদেবীর মাহাত্ম্যকথা; 4 অতি কোপনস্বভাবা স্ত্রীলোক। [সং. চণ্ড + ঈ]। ˜ মঙ্গল বি. চণ্ডীর মাহাত্ম্যকথা সম্বন্ধে রচিত বাংলার মধ্যযুগীয় কাব্যবিশেষ। ˜ মণ্ডপ বি. 1 যে মণ্ডপে দুর্গা কালী প্রভৃতি দেবীর পূজা হয়; 2 ঠাকুরদালান। মঙ্গল-চণ্ডী বি. শুভদা চণ্ডী, দুর্গা। রণ-চণ্ডী বি. 1 দানবদের সঙ্গে

উন্মত্তভাবে সংগ্রামকারিণী চণ্ডী; 2 (আল.) অতি কোপনস্বভাবা বা কলহপ্রিয়া নারী। □ বিণ. রণোন্মত্তা, উগ্রা (রণচণ্ডী মূর্তি)।

চতুঃ (p. 276) [catuḥ] (-তূর্) বি. বিণ. চার। [সং. চতুর্]।˜ পঞ্চাশত্ বি. বিণ 54, চুয়ান্ন।˜ পঞ্চাশত্তম বিণ. 54 সংখ্যক। স্ত্রী˜ পঞ্চাশত্তমী।˜ পার্শ্ব বি. চার দিক।˜ শাখ বি. বেদ। □ বিণ. চারটি শাখাবিশিষ্ট।˜ শাল,˜ শালা বি. চকমিলানো বাড়ি।˜ ষষ্টি বি. বিণ. 64, চৌষট্টি।˜ ষষ্টি-তম বিণ. 64 সংখ্যক। স্ত্রী˜ ষষ্টি-তমী।˜ সপ্ততি বি. বিণ. 74, চুয়াত্তর।˜ সপ্ততি-তম বিণ. 74 সংখ্যক। স্ত্রী˜ সপ্ততি-তমী।˜ সীমা বি. চার দিকের সীমানা, চৌহদ্দি।

চতুর (p. 277) [catura] বিণ. 1 বুদ্ধিমান; 2 কুশল, নিপুণ (চতুর প্রয়োগ); 3 ধূর্ত, ঠগ। [সং. √চত্ + উর]। স্ত্রী. চতুরা। বি.˜ তা।

চতুরংশ (p. 277) [caturaṃśa] বি. চার ভাগ। □ বিণ. চার ভাগে বিভক্ত। [সং. চতুর্ + অংশ]। চতুরংশিত বিণ. 1 চার ভাগে বিভক্ত; 2 চার পেজি, quarto.

চতুরঙ্গ (p. 277) [caturaṅga] বিণ. 1 হস্তী, অশ্ব, রথ ও পদাতি-এই চার শাখাবিশিষ্ট (চতুরঙ্গ সেনা); 2 চার অঙ্গবিশিষ্ট; 3 সর্বাঙ্গসম্পন্ন। □ বি. 1 হস্তী অশ্ব রথ ও পদাতি-এই চার অঙ্গবিশিষ্ট সৈন্যবাহিনী; 2 সংগীতের প্রকারভেদ; 3 দাবা খেলা, শতরঞ্জ খেলা। [সং. চতুর্ + অঙ্গ]।

চতূরশীতি (p. 277) [catūraśīti] বি. বিণ. 84 চুরাশি। [সং. চতুর্ + অশীতি]।˜ তম বিণ. 84 সংখ্যক। স্ত্রী.˜ তমী।

চতুরশ্ব (p. 277) [caturaśba] বি. চারটি ঘোড়া। □ বিণ. চার ঘোড়াবিশিষ্ট (চতুরশ্ব রথ)। [সং. চতুর্ + অশ্ব]।

চতুরস্র (p. 277) [caturasra] বিণ. 1 চতুষ্কোণ, চারকোনা (চতুরস্র কক্ষ); 2 চৌরস, উঁচুনিচু নয় এমন (চতুরস্র ভূমি); 3 নিঁখুত, নির্দোষ (চতুরস্র সিদ্ধান্ত)। [সং. চতুর্ + অস্র]।

চতুরানন (p. 277) [caturānana] বি. চার মুখ যাঁর, চতুর্মুখ, ব্রহ্মা। [সং. চতুর্ + আনন]।

চতুরালি (p. 277) [caturāli] বি. চাতুরী, ছল, ছলনা, চালাকি। [সং. চতুর + বাং. আলি]।

চতুরাশ্রম (p. 277) [caturāśrama] বি. ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস-মানবজীবনের (বিশেষত দ্বিজগণের) এই চার অবস্থা বা আশ্রম। [সং. চতুর্ + আশ্রম]।

চতুর্গুণ (p. 277) [caturguṇa] বিণ. 1 চার গুণ; 2 বহু গুণ বা খুব বেশি (ব্যথা চতুর্গুণ বেড়ে গেছে)। [সং. চতুর্ + গুণ]।

চতুর্থ (p. 277) [caturtha] বিণ. 4 সংখ্যক বা 4 সংখ্যার পূরক। [সং. চতুর্ + থ]। চতুর্থ আশ্রম বি. সন্ন্যাস আশ্রম, চতুরাশ্রমের চতুর্থটি। চতুর্থী বিণ. (স্ত্রী.) চতুর্থ অর্থে। □ বি. 1 (জ্যোতিষ.) তিথিবিশেষ; 2 সং. (ব্যাক.) প্রধানত সম্প্রদান

কারকে প্রযোজ্য বিভক্তি; 3 বিবাহের পর চতুর্থ দিনে করণীয় হোম; 4 মাতা-পিতার মৃত্যুর পর চতুর্থ দিনে বিবাহিতা কন্যার করণীয় শ্রাদ্ধ।

চতুর্দশ (p. 277) [caturdaśa] (-শন্) বি. বিণ. 14 সংখ্যা; 14 সংখ্যার পূরক। [সং. চতুর্ + দশন্]। চতুর্দশ পুরুষ পিতা পিতামহ ইত্যাদি ক্রমে ঊর্ধ্বতন চোদ্দো পুরুষ। চতুর্দশ বিদ্যা চার বেদ, ছয় বেদাঙ্গ এবং মীমাংসা ন্যায় ইতিহাস ও পুরাণ এই চোদ্দো বিদ্যা। চতুর্দশ ভুবন সপ্ত স্বর্গ ও সপ্ত পাতাল। চতুর্দশী বি. (স্ত্রী.) তিথিবিশেষ। চতুর্দশ-পদী বি. চোদ্দোটি চরণ বা পঙ্ক্তিযুক্ত কবিতাবিশেষ; সনেট।

চতুর্দিক (p. 277) [caturdika] (-র্দিশ্) বি. 1 উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম-এই চার দিক; 2 সর্বদিক (চতুর্দিকেই তাঁর মনোযোগ আছে)। [সং. চতুর্ + দিশ্]।

চতুর্দোলা, চতুর্দোল (p. 277) [caturdōlā, caturdōla] বি. চারজনে বয়ে নেয় এমন শিবিকাবিশেষ। [সং. চতুর্ (বাহিত) + দোলা, দোল]।

চতুর্ধা (p. 277) [caturdhā] ক্রি-বিণ. 1 চার রকমে, চারভাবে (চতুর্ধা বিভক্ত); 2 চারদিকে (সৈন্যেরা চতুর্ধা ছড়িয়ে পড়ল); 3 চারবার; 4 চার খণ্ডে, চার ভাগে (চতুর্ধা বিভক্ত হয়ে গেল রাজ্যটি)। [সং. চতুর্ + ধা]।

চতুর্নবতি (p. 277) [caturnabati] বি. বিণ. 94, চুরানব্বই সংখ্যা; 94 সংখ্যক। [সং. চতুর্ + নবতি]। ˜ তম বিণ. 94 সংখ্যার পূরক। স্ত্রী. ˜ তমী।

চতুর্বক্ত্র (p. 277) [caturbaktra] বি. (চার মুখবিশিষ্ট) ব্রহ্মা। [সং. চতুর্ + বক্ত্র]।

চতুর্বর্গ (p. 277) [caturbarga] বি. ধর্ম অর্থ কাম মোক্ষ-এই চার পুরুষার্থ বা জীবনের চার লক্ষ্য। [সং. চতুর্ + বর্গ]।

চতুর্বর্ণ (p. 277) [caturbarṇa] বি. ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চার জাতি বা বর্ণ। [সং. চতুর্ + বর্ণ]।

চতুর্বিংশ (p. 277) [caturbiṃśa] বিণ. 24 অর্থাত্ চব্বিশ সংখ্যার পূরক। [সং. চরুর্বিংশতি + অ]। ˜ তি বি. বিণ. চব্বিশ। ˜ তি-তম বিণ. চতুর্বিংশ, চব্বিশ সংখ্যার পূরক, চব্বিশসংখ্যক। স্ত্রী. ˜ তি-তমী।

চতুর্বিধ (p. 277) [caturbidha] বিণ. চাররকম, চারপ্রকারের (চতুর্বিধ উপায়)। [সং. চতুর্ + বিধ]। স্ত্রী. চতুর্বিধা।

চতুর্বেদ (p. 277) [caturbēda] বি. ঋক্ যজুঃ সাম ও অথর্ব-এই চার বেদ। [সং. চতুর্ + বেদ]। চতুর্বেদী (-দিন্) বিণ. চার বেদে অভিজ্ঞ। □ বি. ব্রাহ্মণদের বংশানুক্রমিক উপাধিবিশেষ, চৌবে।

চতুর্ভুজ (p. 277) [caturbhuja] বি. 1 (চার হাতবিশিষ্ট) নারায়ণ; 2 (জ্যামি.) চারটি সরলরেখা দ্বারা বেষ্টিত ক্ষেত্র; 3 (ব্যঙ্গে) কৃতার্থ, অত্যন্ত আনন্দিত, আনন্দে অভিভূত (প্রশংসা শুনলেই অমন চতুর্ভুজ হয়ে যাও কেন?)। [সং. চতুর্ + ভূজ]। চতুর্ভুজা বি. (স্ত্রী.) কালী। □ বিণ. (স্ত্রী.) চার হাতবিশিষ্টা (চতুর্ভুজা মূর্তি)।

চতুর্মুখ (p. 277) [caturmukha] বি. (চার মুখবিশিষ্ট) ব্রহ্মা, চতুর্বক্ত্র। [সং. চতুর্ + মুখ]।

চতুর্যুগ (p. 277) [caturyuga] বি. সত্য ত্রেতা দ্বাপর ও কলি-এই চার যুগ। [সং. চতুর্ + যুগ]।

চতুষ্ক (p. 277) [catuṣka] বি. 1 চারটির সমষ্টি; 2 চার কোণবিশিষ্ট ক্ষেত্র; 3 চত্বর; 4 চারটি স্তম্ভযুক্ত মণ্ডপ। [সং. চতুঃ + √কৈ + অ]।

চতুষ্কোণ (p. 277) [catuṣkōṇa] বিণ. চার কোণবিশিষ্ট, চৌকো। [সং. চতুঃ + কোণ]।

চতুষ্টয় (p. 277) [catuṣṭaẏa] বিণ. 1 চার অবয়ববিশিষ্ট (বেদচতুষ্টয়); 2 চার রকমের (আশ্রমচতুষ্টয়)। □ বি. চারটির সমষ্টি (নীতিচতুষ্টয়)। [সং. চতুঃ + তয় (তয়প্)]।

চতুষ্পথ (p. 277) [catuṣpatha] বি. চারটি রাস্তার সংযোগস্থল, চৌরাস্তা, চৌমাথা। [সং. চতুঃ + পথিন্ (দ্বিগু)]।

চতুষ্পদ (p. 277) [catuṣpada] বি. 1 চারটি পা-বিশিষ্ট প্রাণী; 2 জন্তু, পশু। □ বিণ. 1 চারপেয়ে; 2 (আল.) পশুর মতো নির্বোধ বা মূর্খ। [সং. চতুঃ + পদ]। চতুষ্পদী বি. (স্ত্রী.) চৌপদী কবিতা।

চতুষ্পাঠী (p. 277) [catuṣpāṭhī] বি. 1 যে বিদ্যালয়ে চার বেদ বা ব্যাকরণ কাব্য স্মৃতি ও দর্শন এই চার শাস্ত্র কিংবা নানা শাস্ত্র পড়ানো হয়; 2 টোল। [সং. চতুঃ + পাঠ + ঈ]।

চতুষ্পাদ (p. 277) [catuṣpāda] বিণ. 1 চার চরণবিশিষ্ট (চতুষ্পাদ শ্লোক); 2 সর্বাঙ্গবিশিষ্ট, পূর্ণাঙ্গ (চতুষ্পাদ ধর্ম)। □ বি. চতুষ্পদ প্রাণী। [সং. চতুঃ + পাদ]।

চতুষ্পার্শ্ব, চতুঃপার্শ্ব (p. 277) [catuṣpārśba, catuḥpārśba] বি. চারপাশ, চারদিক। [সং. চতুঃ + পার্শ্ব]।

চতুস্তল (p. 278) [catustala] বিণ. চারটি তলবিশিষ্ট, চৌতলা, চারতলা (চতুস্তল অট্টালিকা)। [সং. চতুঃ + তল]।

চতুস্ত্রিংশ (p. 278) [catustriṃśa] বি. বিণ. চৌত্রিশ সংখ্যা বা তার পূরক। [সং. চতুস্ত্রীংশত্ + অ]। ˜ ত্ বি. বিণ. চৌত্রিশ। ˜ ত্তম বিণ. চৌত্রিশের পূরক। স্ত্রী. ˜ ত্তমী।

চত্বর (p. 278) [catbara] বি. 1 চাতাল, প্রাঙ্গণ, উঠান; 2 রঙ্গস্থান; 3 যজ্ঞভূমি। [সং. √চত্ + বর]।

চত্বারিংশ (p. 278) [catbāriṃśa] বি. বিণ. চল্লিশ সংখ্যা বা তার পূরক। [সং. চত্বারিংশত্ + অ]। ˜ ত্ বি. বিণ. চল্লিশ সংখ্যা বা চল্লিশসংখ্যক। ˜ ত্তম বিণ. চল্লিশতম। স্ত্রী. ˜ ত্তমী।

চত্বাল (p. 278) [catbāla] বি. 1 চাতাল; 2 উঠান। [সং. √চত্ + বাল]।

চন-চন (p. 278) [cana-cana] অব্য. বি. বেদনা প্রবাহ প্রখরতা বা পরিপূর্ণতাসূচক ধ্বনিবিশেষ। [ধ্বন্যা.]। চন-চনে বিণ. চনচন করে এমন।

চন-মন (p. 278) [cana-mana] অব্য. বি. সজীবতার ভাবপ্রকাশক। [দেশি]। চন-মনে বিণ. সতেজ, প্রাণবন্ত (প্রাতর্ভ্রমণে শরীর চনমনে থাকে)।

চণ্ডু (p. 278) [caṇḍu] বি. আফিং থেকে প্রস্তুত মাদকবিশেষ। [হি. চণ্ডু]। ̃ খোর বি. চণ্ডু খেয়ে যে ব্যক্তি নেশা করে।

চন্দ, চন্দা (p. 278) [canda, candā] বি. (ব্রজ.) চাঁদ ('শরৎচন্দ পবন মন্দ': গো. দা.; 'লাখ উদয় করু চন্দা': বিদ্যা)। [সং. চন্দ্র]।

চন্দক (p. 278) [candaka] বি. চাঁদা মাছ। [সং. √চন্দ্ + অক]।

চন্দন (p. 278) [candana] বি. 1 সুগন্ধ কাঠবিশেষ বা তার গাছ; 2 বাটা চন্দন। [সং. √চন্দ্ (=আনন্দ) + অন]। ̃ চর্চিত বিণ. বাটা চন্দনে লিপ্ত (চন্দনচর্চিত মুখ)। ̃ পিঁড়ি বি. যে পীঠিকার উপর বা শিলের উপর চন্দন কাঠ ঘষা হয়। ̃ পুষ্প বি. লবঙ্গ। কুচন্দন বি. (গন্ধহীন বলে) রক্তচন্দন। হরি-চন্দন বি. পীতবর্ণ সুগন্ধযুক্ত কাঠবিশেষ, পীতচন্দন, শ্বেতচন্দন; গোশীর্ষনামক শ্বেতচন্দন।

চন্দনা (p. 278) [candanā] বি. (স্ত্রী.) 1 নদীবিশেষ; 2 গলায় লাল রেখাযুক্ত একরকম টিয়াপাখি; 3 ইলিশজাতীয় মাছবিশেষ। [সং. চন্দন + আ]।

চন্দ্র (p. 278) [candra] বি. 1 চাঁদ; 2 (তৎপুরুষ সমাসে শব্দের পরে) শ্রেষ্ঠ বা সুন্দর ও আনন্দজনক ব্যক্তি (কুলচন্দ্র)। [সং. √চন্দ্ + র]। ˜ ক বি. ময়ূরপুচ্ছের অর্ধচন্দ্রকার চিহ্ন। ˜ কর বি. চাঁদের কিরণ, জ্যোৎস্না। ˜ কলা বি. চন্দ্রমণ্ডলের 1/16 অংশ, চাঁদের ষোলো ভাগের এক ভাগ। ˜ কান্ত বি. মণিবিশেষ, চন্দ্রকিরণের স্পর্শে সমধিক দীপ্তিশালী মণি। ˜ কান্তা বি. (স্ত্রী.) 1 চন্দ্রপত্নী; 2 তারকা; 3 জ্যোৎস্না; 4 রাত্রি। ˜ কান্তি বিণ. চাঁদের মতো কান্তিবিশিষ্ট □ বি. রুপো। ˜ কিরণ বি. জ্যোৎস্না। ˜ কোষ বি. সংগীতের রাগবিশেষ। ˜ গ্রহণ বি. পৃথিবীর ছায়াপাতে চন্দ্রের আচ্ছাদিত হওয়া। ˜ চূড় বি. শিব। ˜ ধর বি. শিব। ˜ পুলি বি. অর্ধচন্দ্রাকৃতি মিঠাইবিশেষ। ˜ প্রভ বিণ. 1 চাঁদের মতো প্রভাবিশিষ্ট; 2 সৌম্যমূর্তি। ˜ প্রভা বি. জ্যোৎস্না। □ বিণ. (স্ত্রী.) চাঁদের মতো প্রভাবিশিষ্টা। ˜ বংশ বি. চন্দ্র থেকে উৎপন্ন পৌরাণিক রাজবংশ (কৌরব যাদব ইত্যাদি বংশ)। ˜ বদন বিণ. বি. চাঁদের মতো (সুন্দর) মুখ বা মুখবিশিষ্ট, চাঁদমুখ। স্ত্রী. ˜ বদনা। ˜ বিন্দু বি. বিন্দুযুক্ত অর্ধচন্দ্রাকৃতি চিহ্ন; ঁ -এই ধ্বনি বা চিহ্ন। ˜ বোড়া বি. ফণাহীন বিষধর সাপবিশেষ। ˜ ভাগা বি. পঞ্জাবের নদীবিশেষ, সিন্ধুর শাখানদী চেনাব। ˜ মণি বি. চন্দ্রকান্তমণি। ˜ মল্লিকা বি. সুপরিচিত ফুলবিশেষ। ˜ মা বি. চাঁদ। ˜ মুখ বি. বিণ. চাঁদের মতো (সুন্দর) মুখ বা মুখবিশিষ্ট। স্ত্রী. ˜ মুখী। ˜ মৌলি বি. শিব। ˜ রেখা, ˜ লেখা বি. 1 চন্দ্রকলা; 2 অপ্সরাবিশেষ; 3 সংস্কৃত ছন্দবিশেষ। ˜ রেণু বি. কাব্যচোর, কুম্ভীলক, plagiarist. ˜ লেখা দ্র চন্দ্ররেখা। ˜ লোক বি. 1 চন্দ্রের উপরিস্থ ভূমি; 2 চন্দ্র-অধিষ্ঠিত পৌরাণিক স্থান। ˜ শালা, ˜ শালিকা বি. চিলেকোঠা। ˜ শেখর বি. শিব। ˜ সম্ভব বি. চন্দ্রের পুত্র, বুধ। ˜ সুধা বি. জ্যোৎস্না। ˜ হার বি. 1 মেখলাবিশেষ; 2 গলার হারবিশেষ। ˜ হাস বি. খড়্গ বা তরবারিবিশেষ।

চন্দ্রাংশু (p. 278) [candrāṃśu] বি. চাঁদের কিরণ, জ্যোৎস্না। [সং. চন্দ্র + অংশু]।

চন্দ্রাতপ (p. 278) [candrātapa] বি. 1 চাঁদোয়া, শামিয়ানা; 2 জ্যোৎস্না। [সং. চন্দ্র + আতপ]।

চন্দ্রানন (p. 278) [candrānana] বি. বিণ. চাঁদবদন, চাঁদের মতো সুন্দর মুখ, বা মুখবিশিষ্ট। [সং. চন্দ্র + আনন]। স্ত্রী. চন্দ্রাননা, চন্দ্রাননী।

চন্দ্রাপীড় (p. 278) [candrāpīḍ়.] বি. 1 চন্দ্রচূড়, শিব; 2 বাণভট্টরচিত 'কাদম্বরী' গ্রন্হের নায়ক। [সং. চন্দ্র + আপীড় (কিরীট শিরোভূষণ)]।

চন্দ্রাবলী (p. 278) [candrābalī] বি. 1 শ্রীরাধার প্রিয় সখী ('শ্রীরাধিকা চন্দ্রাবলী, কারে থুয়ে কারে বলি'); 2 কানের গহনাবিশেষ; 3 রাধিকা; 4 চন্দ্রকিরণ।

চন্দ্রালোক (p. 278) [candrālōka] বি. চাঁদের আলো, জ্যোৎস্না।[সং. চন্দ্র + আলোক]। চন্দ্রালোকিত বিণ. চাঁদের আলোয় উদ্ভাসিত, চাঁদের আলোয় আলোকিত (চন্দ্রালোকিত রাত্রি)।

চন্দ্রাহত (p. 278) [candrāhata] বিণ. পাগল। [সং. চন্দ্র + আহত, moonstruck শব্দের অনুকরণে]।

চন্দ্রিকা (p. 278) [candrikā] বি. 1 জ্যোৎস্না; 2 আলোকদায়িনী ব্যাখ্যা (বেদান্তচন্দ্রিকা, অলংকারচন্দ্রিকা); 3 চাঁদামাছ; 4 সংস্কৃত ছন্দবিশেষ। [সং. চন্দ্র + ইক + আ (স্ত্রী.)]।

চন্দ্রিমা (p. 278) [candrimā] বি. 1 চাঁদ; 2 জ্যোৎস্না। [সং. চন্দ্রমা ও চন্দ্রিকার মিশ্রণজাত]।

চন্দ্রোদয় (p. 278) [candrōdaẏa] বি. চাঁদের উদয় (চন্দ্রোদয়ে অন্ধকার দূর হয়)। [সং. চন্দ্র + উদয়]।

চন্নন, চন্নামেত্ত (p. 278) [cannana, cannāmētta] যথাক্রমে চন্দন ও চরণামৃত -র বিকৃত কথ্য রূপ।

চপ (p. 278) [capa] বি. ইয়োরোপীয় প্রণালীতে প্রস্তুত মাছ মাংস বা সবজির বড়াবিশেষ। [ইং. chop]।

চপ-চপ (p. 278) [capa-capa] অব্য. আর্দ্রতাব্যঞ্জক শব্দ (জামাটা ঘামে চপচপ করছে)। [দেশি]। চপ-চপে বিণ. অত্যন্ত ভেজা; কোনো তৈলাক্ত পদার্থ দ্বারা বিশেষভাবে মাখা (তেল চপচপে)।

চপল (p. 278) [capala] বিণ. 1 অস্থির, চঞ্চল ('চপল তব নবীন আঁখিদুটি': রবীন্দ্র); 2 তরল; 3 প্রগলভ; 4 ক্ষণস্থায়ী। [সং. √চপ্ + অল]। চপলা বিণ. (স্ত্রী.) চপল অর্থে। □ বি. 1 লক্ষ্মী; 2 বিদ্যুত্। বি. ˜ তা।

চপেট, চপেটা, চপেটিকা (p. 279) [capēṭa, capēṭā, capēṭikā] বি. চড়, থাপ্পড়। [সং. √চপ্ + অ = চপ + √ইট্ + অ, ক + আ]। চপেটাঘাত বি. চড়, করতলের আঘাত, করতলের প্রহার।

চপ্পল (p. 279) [cappala] বি. চটিজুতাবিশেষ, স্যাণ্ডেল (sandal)। [হি. চপ্পল্]।

চ-বর্গ (p. 279) [ca-barga] বি. চ ছ জ ঝ ঞ-এই পাঁচটি বর্ণ।

চবু-তর, চবু-তরা, চবু-তারা (p. 279) [cabu-tara, cabu-tarā, cabu-tārā] বি. চত্বর, চাতাল। [সং. চত্বর-তু. হি. চউতরা]।

চব্বিশ (p. 279) [cabbiśa] বি. বিণ. 24 সংখ্যা বা সংখ্যক। [সং. চতুর্বিংশতি]। চব্বিশ ঘণ্টা বি. এক দিনের পরিমাণ সময়। □ ক্রি-বিণ. সারা দিনরাত্রি ধরে, সমস্ত সময়, অনবরত (চব্বিশ ঘণ্টা কাজ করছে)। চব্বিশে বি. মাসের চব্বিশ তারিখ। □ বিণ. চব্বিশ তারিখের (চব্বিশে জ্যৈষ্ঠ)।

চমক (p. 279) [camaka] বি. 1 ঝলক, ঝলকানি (বিদ্যুতের চমক); 2 বিস্ময় (দেখলে চমক লাগে); 3 আতঙ্ক; 4 চৈতন্য, জ্ঞান, হুঁশ (এতক্ষণে চমক হয়েছে)। [সং. চমত্]।˜ ই,˜ য়ে ক্রি. (প্রা. বাং) চমকিত হয় ('শুনইতে চমকই গৃহপতি রাব': গো. দা.)। চমক ভাঙা ক্রি. বি. হঠাত্ হুঁশ হওয়া; অন্যমনস্ক ভাব সহসা কেটে যাওয়া। চমকা ক্রি. 1 হঠাত্ ভীত বা বিস্মিত করা, চমকিত করা। চমকানো ক্রি. চমকা। □ বি. বিণ. উক্ত সব অর্থে। চমকানি বি. হঠাত্ ঝলকানি, ঝিলিক। চমকিত বিণ. চমকে উঠেছে বা গেছে এমন। স্ত্রী. চমকিতা।

চমক-দার (p. 279) [camaka-dāra] ব
িণ. 1 চকচকে, উজ্জ্বল; চটক আছে এমন (চমকদার পোশাক); 2 বিস্ময়কর (চমকদার ঘটনা)। [বাং. চমক + ফা. দার]।

চমক-প্রদ (p. 279) [camaka-prada] বিণ. বিস্ময়কর, আশ্চর্যজনক (ভারি চমকপ্রদ ঘটনা)। [বাং. চমক + সং. প্রদ (প্রদানকারী)]।

চম-চম (p. 279) [cama-cama] বি. ছানার তৈরি লম্বাটে ধরনের মিষ্টান্নবিশেষ। [হি. চম্চম্]।

চমত্-করণ (p. 279) [camat-karaṇa] বি. বিস্মিতকরণ, আশ্চর্যের বোধ উৎপাদন। [সং. চমত্ + √কৃ + অন]।

চমত্-কার (p. 279) [camat-kāra] বিণ. 1 বিস্ময়কর; 2 আশাতীত সুন্দর বা ভালো, চমক লাগাবার মতো ভালো (চমৎকার দৃশ্য, চমৎকার মানুষ, চমৎকার খাবার)। □ বি. বিস্ময় (চমৎকারজনক দৃশ্য)। □ ক্রি-বিণ. অতি সুন্দরভাবে (চমৎকার খেলেছ, চমৎকার বুঝে গেছ)। [সং. চমত্ + √কৃ + অ]। ˜ ক, চমত্-কারী (-রিন্) বিণ. বিস্ময়জনক। স্ত্রী. চমৎকারিণী। চমত্-কারিতা, চমত্-কারিত্ব বি. 1 বিস্ময় উৎপাদনের শক্তি; 2 পরম উৎকর্ষ। চমত্-কৃত বিণ. বিস্মিত; বিস্ময়বিমুগ্ধ, বিস্ময়ে অভিভূত।

চমর (p. 279) [camara] বি. 1 গোরুজাতীয় তিব্বতীয় প্রাণিবিশেষ, yak; 2 উক্ত প্রাণীর লেজের লোমে প্রস্তুত ব্যজন বা পাখাবিশেষ, চামর। [সং. √চম্ + অর]। স্ত্রী. চমরী।

চমস (p. 279) [camasa] বি. চামচ, হাতা। [সং. √চম্ + অস]।

চমূ (p. 279) [camū] বি. (এক অক্ষৌহিণীর ত্রিশ ভাগের এক ভাগ পরিমাণ) বৃহত্ সেনাদল। [সং. √চম্ + ঊ]।

চম্পক (p. 279) [campaka] বি. 1 চাঁপা ফুল বা তার গাছ; 2 চাঁপা কলা। [সং. √চম্প্ + অক]। ˜ দাম (-মন্) বি. চাঁপা ফুলের মালা বা গুচ্ছ।

চম্পট (p. 279) [campaṭa] বি. পলায়ন; তাড়াতাড়ি সরে পড়া (তাকে দেখেই চম্পট দিলাম)। [তু. হি. চম্পত্]।

চম্পা1 (p. 279) [campā1] বি. 1 প্রাচীন ভারতের নগরবিশেষ; কর্ণের রাজধানী (বর্তমান ভাগলপুর); 2 কর্ণের পত্নী। [সং. √চনপ্ + অ + আ (স্ত্রী.)]।

চম্পা2 (p. 279) [campā2] বি. চাঁপাফুলের গাছ বা তার ফুল। [সং. চম্পক]।

চম্পূ (p. 279) [campū] বি. গদ্যপদ্যময় কাব্যবিশেষ। [সং. √চম্প্ + ঊ]।

চয় (p. 279) [caẏa] বি. 1 সমূহ, পুঞ্জ, রাশি (কুসুমচয়); 2 চয়ন, আহরণ। [সং. √চি + অ]।

চয়ন (p. 279) [caẏana] বি. 1 আহরণ করা; 2 সংগ্রহ (কবিতাচয়ন, পুষ্পচয়ন)। [সং. √চি + অন]। চয়নিকা বি. (স্ত্রী.) স্বল্পসংগ্রহ; সংকলিত রচনা বা কবিতাবলি। চয়নীয়, চেয় বিণ. চয়নের যোগ্য; চয়ন করা হবে এমন। (বাং.) চয়িত, চিত বিণ. চয়ন বা আহরণ করা হয়েছে এমন, সংগৃহীত, সংকলিত (তু. সঞ্চিত)।

চর1 (p. 279) [cara1] বি. শাসক রাজা রাজপুরুষ বা অন্য কারও দ্বারা নিযুক্ত হয়ে গোপনে সংবাদ সংগ্রহে রত ব্যক্তি, গুপ্তদূত, গুপ্তচর; 2 (জ্যোতিষ.) মঙ্গলগ্রহ। [সং. √চর্ + অ]।

চর2 (p. 279) [cara2] বি. নদীগর্ভে পলি পড়ে উৎপন্ন স্থলভাগ, চড়া। [দেশি]।

চর3 (p. 279) [cara3] বিণ. 1 (উপপদের পর) বিচরণকারী (খেচর, জলচর); 2 জঙ্গম, গমনশীল (চরাচর)। [সং. √চর্ + অ]।

চরকা, চরখা (p. 279) [carakā, carakhā] বি. সুতা কাটার যন্ত্রবিশেষ। [সং. চক্র-তু. ফা. চর্খ্]। নিজের চরকায় তেল দেওয়া (অন্যের ব্যাপারে মাথা না ঘামিয়ে) নিজের কাজে মন দেওয়া। চরকা কাটা ক্রি. বি. চরকায় সুতা কাটা।

চরকি (p. 279) [caraki] বি. 1 চক্রাকার আতশবাজিবিশেষ; 2 সুতা জড়াবার নাটাই; 3 মনহনদণ্ডবিশেষ। [ফা. চর্খী]।

চরণ (p. 279) [caraṇa] বি. 1 পা, পদ; 2 কবিতার পদ বা পঙ্ক্তি, শ্লোকের একচতুর্থাংশ; 3 ভ্রমণ, বিচরণ; 4 শীল, আচরণ, অনুষ্ঠান। [সং. √চর্ + অন]। ̃ কমল বি. পাদপদ্ম, চরণরূপ পদ্ম। ̃ চারণ বি. পদচারণা, পায়চারি। ̃ চারী (-রিন্) বিণ. বি. পথিক, পদব্রজে গমনকারী। ̃ চিহ্ন বি. পায়ের চিহ্ন। ̃ ধুলা, ̃ ধূলি, ̃ রেণু বি. পদধূলি। ̃ পদ্ম বি. পাদপদ্ম। ̃ প্রান্ত বি. পদপ্রান্ত, পাদমূল, পায়ের কাছে। ̃ বন্দনা বি. পাদপূজা, পায়ের আরাধনা। ̃ রেখা বি. পদচিহ্ন। ̃ সেবা বি. পাদপূজা; পা টেপা। চরণামৃত বি. বিগ্রহাদি বা পূজনীয় ব্যক্তির পা-ধোয়া জল। চরণাম্বুজ, চরণারবিন্দ বি. পাদপদ্ম। চরণাশ্রয় বি. পায়ের কাছে আশ্রয়, পা-কে আশ্রয় করা। চরণাশ্রিত বিণ. পায়ে আশ্রয় নিয়েছে এমন। চরণোপান্ত বি. পদপ্রান্ত।

চরম (p. 279) [carama] বিণ. 1 চূড়ান্ত (চরম শাস্তি, চরম দুর্ভোগ); 2 অন্তিম, মৃত্যুকালীন (চরম দশা); 3 যত বেশি সম্ভব (চরম মূল্য); 4 সর্বশেষ (চরম পরিণতি, চরম লক্ষ্য)। □ বি. 1 অন্ত, শেষ (এ ব্যাপারে আমি চরম দেখে ছাড়ব); 2 সর্বশেষ অবস্থা বা কঠিনতম অবস্থা (অবস্থা চরমে উঠল)। [সং. √চর্ + অম]। ̃ পত্র বি. 1 ইষ্টিপত্র, ইচ্ছাপত্র, উইল, will; 2 (যুদ্ধঘোষণা ইত্যাদির পূর্বে) প্রতিপক্ষকে প্রেরিত শেষ সতর্কপত্র, ultimatum. ̃ পন্হা বি. (প্রধানত রাজনীতিতে) আপোশহীনতা, উগ্র মতামত, extremism. ̃ পন্হী বি. বিণ. চরমপন্হায় বিশ্বাসী। চরমোৎকর্ষ বি. পরম উন্নতি, উন্নতির পরাকাষ্ঠা।

চরস (p. 279) [carasa] বি. গাঁজা থেকে প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ। [হি. চর্স্]।

চরা (p. 279) [carā] ক্রি. 1 বিচরণ করা (গ্রামময় চরে বেড়াচ্ছে); 2 (প্রধানত গবাদি পশুর তৃণক্ষেত্রে) বিচরণ করে তৃণাদি আহার করা (মাঠে গোরু চরছে); 3 (মাছের) চারা খাওয়া; 4 চরানো। □ বি. বিচরণ; গবাদি পশুর বিচরণপূর্বক

তৃণাদি আহার। [সং. √চর্ + বাং. আ]। ˜ নো বি. ক্রি. 1 গবাদি পশুকে মাঠে নিয়ে গিয়ে তৃণাদি আহার করানো; 2 (বিদ্রূপে) পরিচালন করা বা পড়ানো (ছেলে চরানো)।

চরাচর (p. 279) [carācara] বি. বিণ. 1 যা চলে এবং যা চলে না অর্থাত্ জঙ্গম ও স্থাবর সমস্ত কিছু; 2 সমস্ত পৃথিবী। [সং. √চর্ + অ + অচর]।

চরিত (p. 279) [carita] বি. 1 চরিত্র (সুচরিত); 2 আচরণ, কার্যকলাপ; 3 জীবনবৃত্তান্ত (জীবনচরিত)। □ বিণ. আচরিত, অনুষ্ঠিত; সম্পন্ন। [সং. √চর্ + ত]। ˜ কথা বি. জীবনকাহিনী। ˜ কার বি. জীবনবৃত্তান্তের লেখক। চরিতাবলি বি. জীবনবৃত্তান্তসমূহ; বিভিন্ন ব্যক্তির জীবনকাহিনী-সংবলিত গ্রন্হ। চরিতামৃত বি. অমৃততুল্য মধুর জীবনবৃত্তান্ত (চৈতন্য চরিতামৃত)।

চরিতার্থ (p. 279) [caritārtha] বিণ. 1 সফল, কৃতকার্য, কৃতার্থ (আমার বাসনা চরিতার্থ হয়েছে); 2 সাফল্যের জন্য সন্তুষ্ট বা ধন্য। [সং. চরিত (=সম্পন্ন) + অর্থ (=প্রয়োজন)]। বি.˜ তা।

চরিত্র (p. 279) [caritra] বি. 1 স্বভাব; আচরণ; 2 রীতিনীতি; 3 সদাচার, সত্ প্রকৃতি (চরিত্রবান ছেলে); 4 উপন্যাস-কাব্য-নাটকাদির পাত্র-পাত্রী (উপন্যাসের নারী ও পুরুষ চরিত্র)। [সং. √চর্ + ইত্র]। চরিত্র খোয়ানো, চরিত্র হারানো ক্রি. বি. চরিত্র নষ্ট করা, দুশ্চরিত্র বা মন্দচরিত্র হওয়া, লম্পট হওয়া। ˜ দোষ বি. অসচ্চরিত্রতা। ˜ বান (-বত্) বিণ. সৎস্বভাব, সচ্চরিত্র। ˜ হনন বি. কারও স্বভাবচরিত্র সম্পর্কে বদনাম রটিয়ে ক্ষতি করা, character assassination এর অনুকরণে। ˜ হীন বিণ. লম্পট, মন্দচরিত্র।

চরিষ্ণু (p. 279) [cariṣṇu] বিণ. বিচরণশীল, গমনশীল, চলন্ত, জঙ্গম। [সং. √চর্ + ইষ্ণু]।

চরু (p. 279) [caru] বি. বৈদিক যজ্ঞের পায়সান্ন। [সং. √চর্ + উ]। ̃ স্থালী বি. চরুপাকের পাত্র।

চর্চরী (p. 279) [carcarī] বি. 1 বাদ্যযন্ত্রবিশেষ; 2 প্রাচীন সংগীতবিশেষ; 3 চাঁচর উৎসব। [সং. √চর্চ্ + অর + ঈ (স্ত্রী.)]।

চর্চা (p. 279) [carcā] বি. 1 আলোচনা (বিদ্যাচর্চা, পরচর্চা); 2 অনুশীলন, পুনঃ পুনঃ অভ্যাস, শিক্ষা (সংগীতচর্চা, শিল্পচর্চা); 3 চিন্তা, অনুধ্যান (মোক্ষচর্চা); 4 লেপন (তিলকচর্চা)। [সং. √চর্চ্ + অ + আ]। চর্চিত বিণ. 1 আলোচিত; 2 অনুশীলিত, অভ্যাস বা শিক্ষা করা হয়েছে এমন; 3 চিন্তিত, অনুধ্যাত; 4 প্রলিপ্ত (চন্দনচর্চিত মুখ)।

চর্পট (p. 279) [carpaṭa] বি. চাপড়, চড়। [সং. √চৃপ্ + অট]।

চর্পটী (p. 279) [carpaṭī] বি. চাপাটি, হাতে চাপড় দিয়ে তৈরি-করা রুটি। [সং. চর্পট + ঈ (স্ত্রী.)]।

চর্বণ (p. 279) [carbaṇa] বি. দাঁত দিয়ে চূর্ণ করা বা পেষা, চিবানো। [সং. √চর্ব্ + অন]। চর্বণীয়, চর্ব্য বিণ. চর্বণযোগ্য, চিবিয়ে খেতে হয় এমন; চিবানো যায় এমন। চর্বিত বিণ. 1 চিবানো হয়েছে এমন; 2 ভক্ষিত, খাওয়া হয়েছে এমন।

গিলিত-চর্বণ, চর্বিত-চর্বণ বি. 1 ভক্ষিত বস্তু উগরে পুনরায় চর্বণ, জাবর কাটা, রোমন্থন; 2 (আল.) পূর্বে আলোচিত বিষয় নিয়ে পুনরায় আলোচনা, একই বিষয়ের বারবার আলোচনা।

চর্বি (p. 279) [carbi] বি. মেদ, বসা, প্রাণীর দেহের স্নেহজাতীয় পদার্থ। [ফা. চর্বী]।

চর্ব্য (p. 279) [carbya] বিণ. চর্বণযোগ্য। [সং. √চর্ব্ + য]।˜ চুষ্য,˜ চোষ্য বিণ. চিবিয়ে এবং চুষে খেতে হয় এমন। □ বি. 1 চিবিয়ে এবং চুষে খেতে হয় এমন খাবার; 2 (আল.) উত্তম আহার্য।

চর্ম (p. 279) [carma] বি. 1 চামড়া, ত্বক; 2 বল্কল, গাছের ছাল; 3 ঢাল। [সং. √চর্ + মন্]।˜ কার বি. চামার; মুচি।˜ চক্ষু বি. 1 রক্তমাংসে গড়া চোখ; 2 (আল.) স্থূলদৃষ্টি; স্বাভাবিক দৃষ্টি।˜ চটক (পুং) বি. বাদুড়।˜চটিকা,˜ চটী (স্ত্রী) বি. 1 চামচিকা; 2 বাদুড়।˜ জ বিণ. চামড়ার তৈরি; চামড়া থেকে উৎপন্ন।˜ ধারী (রিন্) বিণ. ঢালহাতে যুদ্ধ করে এমন, ঢালী।˜ পেটিকা বি. 1 চামড়ার বাক্স বা থলি; 2 চামড়ার তৈরি কোমরবন্ধ।˜ রোগ বি. গায়ের চামড়ার রোগ।˜ শিল্প বি. চামড়ার জিনিস তৈরির শিল্প; চামড়ার কাজ।˜ স্থলী বি. চামড়ার থলি বা ব্যাগ। চর্মাবরণ বি. চামড়ার ঢাকনি। চর্মার বি. চামার, মুচি। চর্মাসন বি. চামড়ার তৈরি আসন।

চর্য (p. 279) [carya] বিণ. আচরণীয়, পালনীয়। [সং. √চর্ + য]। চর্যা বি. (স্ত্রী.) 1 আচরন, পালন, অনুষ্ঠান (ধর্মাচর্যা, দিনচর্যা); 2 রক্ষণ, নিয়মপালন (দেহচর্যা, দিনচর্যা); 3 চরিত্র। চর্যা-পদ বি. বৌদ্ধ সহজিয়াদের ধর্ম ও সাধনা

সম্বন্ধে গীতিকবিতা; বর্তমান জ্ঞানমতে বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম নিদর্শনবিশেষ।

চল (p. 279) [cala] বিণ. চঞ্চল; অস্থির (চলচিত্ত)। □ বি. প্রচলন, রেওয়াজ (এখন আর এর তেমন চল নেই)। [সং. √চল্ + অ]। ˜ চিত্ত বিণ. চিত্তের স্থিরতা নেই এমন, অস্থিরমতি। চলা বি. (স্ত্রী.) লক্ষ্মী।

চলকা (p. 279) [calakā] ক্রি. নাড়া পাওয়ায় উছলে বা উপছে পড়া। [সং. √চল্-তু. হি. √ছলক]। ˜ নো ক্রি. বি. চলকা। □ বিণ. উক্ত অর্থে।

চলচ্চিত্র (p. 279) [calaccitra] বি. 1 বায়োস্কোপ বা সিনেমার ছবি; 2 সিনেমা। [সং. চলত্ + চিত্র]। চলচ্চিত্রায়ণ বি. 1 চলচ্চিত্র নির্মাণ; 2 চলচ্চিত্রে রূপায়ণ।

চলত্ (p. 281) [calat] বিণ. 1 চলনশীল, গতিশীল; 2 প্রচলিত, চলিত। [সং. √চল্ + অত্]। ˜ শক্তি (অশু.) বি. চলনশক্তি, চলবার ক্ষমতা।

চলতি (p. 281) [calati] বিণ. 1 চলছে এমন, চলন্ত (চলতি গাড়ি); 2 প্রচলিত (চলতি কথা, চলতি রীতি); 3 সামাজিক, বিশেষত বৈবাহিক, সম্পর্কস্থাপনের যোগ্য (চলতি ঘর)। [বাং. √চল্ + তি]।

চলন1 (p. 281) [calana1] বি. গমন, ভ্রমণ (চলনশীল)। [সং. √চল্ + অন]। ˜ ক্ষম বিণ. চলার শক্তি আছে এমন। ˜ ধর্ম বি. গতিধর্ম, গতিময়তা, চলিষ্ণুতা; চলাফেরা। ˜ বলন বি. চলাফেরা, কথাবার্তা বা তার ধরন। চলনে-বলনে ক্রি-বিণ.

চলাফেরায় ও কথাবার্তার ধরনে (সে তো চলনে-বলনে একেবারে সাহেব)।˜ শক্তি বি. চলার ক্ষমতা; গতিশক্তি।

চলন2 (p. 281) [calana2] বি. 1 প্রচলন, রেওয়াজ (এখন আর এর তেমন চলন নেই); 2 আচরণ (চালচলন); 3 রীতি, ধারা (সাবেকি চলন)। [বাং. √চল্ + অন]।˜ সই বিণ. কাজ চালানো গোছের, কোনোমতে কাজ চলতে পারে এমন; মাঝামাঝি রকমের।

চলন্ত (p. 281) [calanta] বিণ. চলছে এমন, গতিশীল (চলন্ত ট্রেন, চলন্ত গাড়ি)। [সং. √চল্ + বাং. অন্ত]।

চল-মান (p. 281) [cala-māna] বিণ. চলন্ত, চলছে এমন (চলমান জীবন)। [সং. √চল্ + শানচ্ (পাণিনির সূত্রমতে শীল অর্থে]।

চলা (p. 281) [calā] ক্রি. 1 গমন করা, যাওয়া; 2 হাঁটা (অত জোরে চললে আমি হাঁপিয়ে যাই); 3 যাবার উদ্যোগ করা (আমি এখন চলি); 4 যাত্রা করা, রওনা হওয়া (কোথায় চললে? তিনি তো বিলেত চললেন); 5 অগ্রসর হওয়া (তুমি চলো, আমিও যাচ্ছি; 6 অতিবাহিত হওয়া (সময় চলে যাচ্ছে); 7 কেটে যাওয়া, নির্বাহ হওয়া (সংসার আর চলে না); 8 সংকুলান হওয়া (এ টাকায় কদিন চলবে?); 9 সক্রিয় হওয়া (আপনার যন্ত্রটা ঠিকঠাক চলছে তো?); 1 সঞ্চালিত বা প্রবাহিত হওয়া (রক্ত চলা); 11 প্রচলিত বা চালু হওয়া (এই ফ্যাশান এখনও চলছে); 12 স্বীকৃত হওয়া; স্বীকৃতি পাওয়া (এসব এ সমাজে চলবে না); 13 আচরণ করা (খুশিমতো চলা); 14 উপযুক্ত বা সংগত হওয়া (থামা চলবে না, রাগ করলে চলবে?); 15 ক্রমাগত হতে বা ঘটতে থাকা (রাতভোর নাচগান

চলল); 16 অভ্যাস থাকা (আপনার কি চা-কফি চলে?); 17 মৃত্যুযাত্রা করা (বুড়ো এবার চলল); 18 প্রসারিত হওয়া (অত দূরে আমার চোখ চলে না, দৃষ্টি চলে না)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. চলতে হয় এমন (পায়ে-চলা পথ)। [সং. √চল্ + বাং. আ]। কথা-মতো চলা ক্রি. বি. আদেশ নির্দেশ বা উপদেশ পালন করা। চলে আসা ক্রি. বি. স্থান ত্যাগ করে আসা (ওখান থেকে চলে এসো)। চলে চলা ক্রি. বি. (আঞ্চ.) দ্রুত অগ্রসর হওয়া (অনেক কথা হয়েছে, এখন চলে চলো)।˜ ফেরা বি. ইতস্তত ভ্রমণ; পায়চারি; চালচলন। চলার সাথি বি. পথের সঙ্গী।

চলাচল (p. 281) [calācala] বি. 1 গমনাগমন, যাতায়াত (ট্রেন চলাচল); 2 সঞ্চালন (রক্ত চলাচল)। [বাং. চলা + চল (বীপ্সায়)]।

চলানো (p. 281) [calānō] বি. ক্রি. 1 হাঁটানো; 2 চালিত করা, চালানো (এ পয়সায় চলানো যাবে না)। [বাং. √চলা + আনো]।

চলাফেরা (p. 281) [calāphērā] দ্র চলা।

চলিত (p. 281) [calita] বিণ. প্রচলিত, চালু (চলিত প্রথা)। [বাং. √চল্ + ইত]। চলিত ভাষা বি. বর্তমানে প্রচলিত ও কথ্য ভাষা; ভাষার শিষ্ট কথ্য রূপ।

চলিষ্ণু (p. 281) [caliṣṇu] বিণ. 1 গতিশীল; 2 অস্থির; 3 প্রস্থানোদ্যত। [সং. √চল্ + ইষ্ণু]।˜ তা বি. গতিশীলতা; চলার বা এগিয়ে যাওয়ার প্রবৃত্তি।

চলোর্মি (p. 281) [calōrmi] বি. অস্থির তরঙ্গ। [সং. চল + ঊর্মি]।

চল্লিশ (p. 281) [calliśa] বি. বিণ. 4 সংখ্যা বা সংখ্যক। [সং. চত্বারিংশত্- তু. প্রাকৃ. চত্তালীস]। চল্লিশা বি. চালশা ও চালশে -র মার্জিত কিন্তু অপ্র. রূপ।

চশম-খোর (p. 281) [caśama-khōra] বিণ. চক্ষুলজ্জাহীন, সম্পূর্ণ বেহায়া। [ফা. চশমখোর]।

চশমা (p. 281) [caśamā] বি. দৃষ্টিসহায়ক কাচবিশেষ, নাকে উপর স্থাপনীয় দৃষ্টিসহায়ক কাচের যন্ত্রবিশেষ, উপনেত্র, spectacles. [ফা. চশ্মহ্]।

চষক (p. 281) [caṣaka] বি. 1 পানপাত্র, সুরাপানপাত্র; 2 সুরা; 3 মধু। [সং. √চষ্ + অক]।

চষা, চসা (p. 281) [caṣā, casā] ক্রি. কর্ষণ করা, লাঙল দেওয়া, চাষ করা। □ বি. কর্ষণ। □ বিণ. কর্ষিত। [বাং. √চষ্ + আ]।˜ নো ক্রি. বি. (অন্যের দ্বারা) লাঙল দেওয়ানো বা চাষ করানো। □ বিণ. উক্ত অর্থে।

চা (p. 281) [cā] বি. 1 প্রধানত চীন, ভারত প্রভৃতি এশীয় দেশে উৎপন্ন এবং বর্তমানে সমগ্র পৃথিবীতে প্রসিদ্ধ গাছবিশেষ বা তার পাতা; 2 সেই পাতা থেকে প্রস্তুত প্রসিদ্ধ ও জনপ্রিয় পানীয়। [চৈ. চা]। চা-কর বি. বিণ. চা-উৎপাদক; চা-বাগানের মালিক।

চাইতে2 (p. 281) [cāitē2] অনু. চেয়ে, অপেক্ষা (তোমার চাইতে সে বয়সে বড়)। [হি. চাহি]।

চাইনিজ (p. 281) [cāinija] বিণ. চীনা, চৈনিক, চীন বা চীনাসম্বন্ধীয়। □ বি. চীনা খাবার (সপ্তাহে অন্তত একবার চাইনিজ খাই)। [ইং. Chinese]।

চাউর (p. 281) [cāura] বিণ. প্রচারিত, সুবিদিত (খবরটা চাউর হয়ে গেছে)। [তু. চালু]।

চাউল (p. 281) [cāula] বি. তণ্ডুল, চাল। [দেশি-তু. সং. তণ্ডুল তু. হি. চাওঅল]।˜ পড়া বি. মন্ত্রপূত চাল। আতপ চাউল বি. রোদে শুকানো ধান থেকে প্রস্তুত চাল, আলো চাল। সিদ্ধ চাউল বি. সিদ্ধ করা ধান থেকে প্রস্তুত চাল।

চাওয়া1 (p. 281) [cāōẏā1] ক্রি. 1 ইচ্ছা করা, কামনা করা (সুখ চাওয়া, মরতে চাওয়া); 2 প্রার্থনা বা ভিক্ষা করা (সময় চাওয়া, অনুগ্রহ চাওয়া); 3 রাজি হওয়া (কথা শুনতে চাও কি?)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং. √চাহ্]।˜ নো ক্রি. কামনা বা প্রার্থনা করানো; রাজি করানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে। চাই কী অব্য. এমনকী, হয়তো (চাই কী, সেখানে তার সঙ্গে দেখাও হয়ে যেতে পারে)।

চাওয়া2 (p. 281) [cāōẏā2] ক্রি. 1 দৃষ্টিপাত করা, দেখা, তাকানো (আমার দিকে চাও, আকাশের দিকে চেয়ে আছে); 2 উন্মীলন করা (চোখ চাওয়া)। □ বি. উক্ত সব অর্থে। [তু. হি. √চাহ্ < সং. √চক্ষ্]।˜ চাওয়ি বি. পরস্পরের প্রতি দৃষ্টিপাত করা; তাকাতাকি।˜ নো ক্রি. চোখ খোলানো, দৃষ্টিপাত করানো। □ বি. উক্ত অর্থে।

চাঁই1 (p. 281) [cāmँi1] বি. বিণ. প্রধান, নেতা, মোড়ল (দলের চাঁই); ঝানু (চাঁই লোক)। [দেশি]।

চাঁই2 (p. 281) [cāmँi2] বি. 1 চাঙড়, ডেলা; 2 বাঁশের শলাকা দ্বারা প্রস্তুত মাছধরা জালবিশেষ। [দেশি-তু. হি. চাঙ্গর]।

চাঁচ1 (p. 281) [cānँca1] বি. চাটাই, দরমা। [সং. চঞ্চা]।

চাঁচ2 (p. 281) [cānँca2] বি. পাত-গালা, পাতলা ও স্বচ্ছ গালাবিশেষ। [বাং. চাঁদ > চাঁচ]।

চাঁচর1 (p. 281) [cānँcara1] বি. দোলের পূর্বদিনে অনুষ্ঠিত বহ্ন্যুৎসববিশেষ. নেড়াপোড়া (সন্ধ্যাবেলায় ছেলেরা চাঁচরে মেতেছে)। [সং. চর্চরী]।

চাঁচর2 (p. 281) [cānँcara2] বিণ. কুঞ্চিত, কোঁকড়া ('চাঁচর চিকুর')। [দেশি]।

চাঁচা, চাঁছা (p. 281) [cānँcā, cānँchā] ক্রি. 1 অস্ত্রের সাহায্যে উপরের অংশ বা ছাল তুলে ফেলা (বাঁশের টুকরোটাকে চেঁছে মসৃণ করো); 2 মসৃণ বা পরিষ্কার করা (দাড়ি চাঁচা)। □ বি. বিণ. উক্ত অর্থে। [প্রাকৃ. √চচ্ছ, চংছ (< সং. √তক্ষ্) > বাং. চাঁছ + আ]।˜ ছোলা বিণ. 1 উপরের ছাল তুলে মসৃণ করা হয়েছে এমন, মার্জিত; 2 (আল.) রূঢ়ভাবে স্পষ্ট, মাধুর্যহীন (চাঁচাছোলা কথাবার্তা)।

চাঁচাড়ি (p. 281) [cānँcāḍ়i] চেঁচাড়ি -র রূপভেদ।

চাঁচি, চাঁছি (p. 281) [cāँci, cāँchi] বি. জ্বাল-দেওয়া দুধের যে গাঢ় অংশ পাত্র থেকে চেঁচে তোলা হয়। [চাঁচা দ্র]।

চাঁট, চাট (p. 281) [cāँṭa, cāṭa] বি. ঘোড়া গোরু প্রভৃতি পশুর লাথি। [দেশি]।

চাঁড়া (p. 281) [cāँḍ়ā] বি. খোলা-ভাঙা, খাপরা, খোলার টুকরো। [দেশি]।

চাঁড়াল (p. 281) [cāँḍ়āla] বি. হিন্দু জাতিবিশেষ, চণ্ডাল। [সং. চণ্ডাল]।

চাঁদ (p. 281) [cāँda] বি. 1 চন্দ্র, পৃথিবীর উপগ্রহ; 2 (বিদ্রূপে) অসুন্দর ব্যক্তি; 3 (কৌতুকে) বন্ধু বা বয়স্যকে সম্বোধনবিশেষ (এসো দেখি চাঁদ)। [সং. চন্দ্র]।˜ বদন,˜ মুখ বিণ. চাঁদের মতো মুখবিশিষ্ট। স্ত্রী.˜ বদনী। চাঁদের কণা 1 চাঁদের টুকরো; 2 শিশুচাঁদ; 3 অতি সুন্দর বা মনোহর ব্যক্তি-প্রধানত শিশু।

চাঁদ-কুড়া, (কথ্য) চাঁদ-কুড়ো (p. 281) [cāँda-kuḍ়ā, (kathya) cāँda-kuḍ়ō] বি. ছোট মাছবিশেষ। [বাং. চাঁদ (চাঁদের মতো রুপালি বলে) + কুড়া (ক্ষুদ্রার্থে)]।

চাঁদনি1 (p. 281) [cāँdani1] বি. শামিয়ানা, চাঁদোয়া; মণ্ডপ। [সং. চন্দ্রাতপ]।

চাঁদনি2 (p. 281) [cāँdani2] বি. চন্দ্রকিরণ, জ্যোৎস্না। □ বিণ. চন্দ্রকিরণযুক্ত, জ্যোৎস্নাময় (চাঁদনি রাত)। [চাঁদ দ্র]।

চাঁদ-মারি (p. 281) [cān̐da-māri] বি. ধনুর্বাণ বন্দুক প্রভৃতি ছোড়া অভ্যাসের জন্য স্থাপিত লক্ষ্য, নিশানা, target. [দেশি]।

চাঁদ-মালা (p. 281) [cān̐da-mālā] বি. পূজার সময় প্রতিমার সাজে ব্যবহৃত শোলার মালা। [বাং. চাঁদ + মালা]।

চাঁদা1 (p. 281) [cān̐dā1] দ্র চাঁদি2।

চাঁদা2 (p. 281) [cān̐dā2] বি. 1 চাঁদ, চন্দ্র (চাঁদামামা); 2 (জ্যামি.) অর্ধচন্দ্রাকার কোণমানযন্ত্রবিশেষ, protractor. [সং. চন্দ্র]।

চাঁদা3 (p. 281) [cān̐dā3] বি. ছোট মাছবিশেষ। [সং. চন্দ্রক]।

চাঁদা4 (p. 281) [cān̐dā4] বি. কোনো বিশেষ উদ্দেশ্যে বহু লোকের কাছ থেকে সংগৃহীত অর্থ (পূজার চাঁদা); নির্দিষ্ট সময়ের ব্যবধানে দেয় মূল্য বা অর্থসাহায্য (লাইব্রেরির চাঁদা, ক্লাবের মাসিক চাঁদা)। [ফা. চন্দ্]।

চাঁদা-মামা (p. 281) [cān̐dā-māmā] বি. (ছড়ায়) শিশুদের মামারূপে বর্ণিত চাঁদ। [বাং. চাঁদা2 + মামা]।

চাঁদি1 (p. 281) [cān̐di1] বি. খাদহীন স্বচ্ছ রূপা -চাঁদের মতো সুন্দর ও ঝকঝকে বলে (চাঁদির থালা)। [বাং. চাঁদ + ই]।

চাঁদি2, চাঁদা (p. 281) [cām̐di2, cām̐dā] বি. মাথার উপরিভাগ, ব্রহ্মতালু। [বাং. চাঁদ + ই, আ]।

চাঁদিনি (p. 281) [cām̐dini] বিণ. জ্যোৎস্নাময়ী (চাঁদিনি রাত)। [প্রাকৃ. চংদিণ-তু. হি. চাঁদনী]।

চাঁদিমা (p. 281) [cām̐dimā] বি. জ্যোৎস্না। [বাং. চাঁদ + ইমা-তু. চন্দ্রিমা]।

চাঁদোয়া (p. 281) [cām̐dōẏā] বি. চন্দ্রাতপ, শামিয়ানা। [সং. চন্দ্রাতপ-তু. হি. চন্দওয়া]।

চাঁপা (p. 281) [cām̐pā] বি. 1 চম্পক গাছ বা তার ফুল; 2 কলাবিশেষ। [সং. চম্পক]।

চাক (p. 281) [cāka] বি. 1 চক্র, চাকা, চক্রাকার বস্তু (কুমোরের চাক, ছোলার চাক); 2 মৌচাক (চাক-ভাঙা মধু)। [সং. চক্র]।

চাক-চক্য (p. 281) [cāka-cakya] বি. ঔজ্জ্বল্য, দীপ্তি; পালিশ। [সং. √চক্ + অ + √চক্ + অ + য]।

চাকতি (p. 281) [cākati] বি. 1 ক্ষুদ্র চাকা; 2 চাকার মতো ছোট বস্তু (সোনার চাকতি)। [বাং. চাক (> সং. চক্র) + তি]। রুপোর চাকতি বি. (ব্যঙ্গে) টাকা।

চাকর (p. 281) [cākara] বি. 1 ভৃত্য, পরিচারক; 2 কর্মচারী (সরকারের চাকর)। [ফা. চাকর]।˜ বাকর বি. ভৃত্যবর্গ, দাসদাসী; চাকর এবং চাকরস্থানীয় লোকজন। স্ত্রী. চাকরানি।

চা-কর (p. 281) [cā-kara] দ্র চা।

চাকরান (p. 281) [cākarāna] বি. বেতনের পরিবর্তে ভৃত্যকে প্রদত্ত জমি। [ফা. চাক্রান্]।

চাকরানি (p. 281) [cākarāni] দ্র চাকর।

চাকরি, চাকুরি (p. 281) [cākari, cākuri] বি. (অফিস কারখানা প্রভৃতিতে) বেতন নিয়ে নিয়মিত কাজ করার দায়িত্ব। [ফা. চাকরি]। চাকরি-বাকরি বি. চাকরি ও তদ্রূপ জীবিকা। চাকরে, চাকুরে, চাকুরিয়া বিণ. বি. চাকরিজীবী।˜ জীবী (-বিন্) বি. বিণ. অফিস কারখানা ইত্যাদিতে চাকরি করে জীবিকা নির্বাহ করে এমন ব্যক্তি।

চাকলা1 (p. 281) [cākalā1] বি. চক্রাকার বা চাকার মতো টুকরো বা খণ্ড (আমের চাকলা)। □ বিণ. চক্রাকার, চাকার মতো (চাকলা দাগ)। [বাং. চাক + লা]।

চাকলা2 (p. 281) [cākalā2] বি. কয়েকটি পরগনার সমষ্টি। [ফা. চকলা]।˜ দার বি. চাকলার শাসক, চাকলার প্রধান সরকারি কর্মচারী। [ফা. চক্লা + দার]।

চাকা (p. 281) [cākā] বি. 1 চক্র (গাড়ির চাকা); 2 চক্রাকার বস্তু (মাছের চাকা, ক্ষীরের চাকা)। □ বিণ. গোলাকার (চাকা চাকা দাগ)। [বাং. চাক + আ]। চাকা চাকা বিণ. গোল গোল, গোল খণ্ড খণ্ড।

চাকি (p. 281) [cāki] বি. 1 চাকতি; 2 গম ডাল প্রভৃতি পেষার যন্ত্র বা জাঁতা (আটার চাকি); 3 রুটি, লুচি প্রভৃতি বেলার গোল পীঠিকা বা পিঁড়ি। [বাং. চাক + ই]। ̃ বেলন বি. রুটি লুচি ইত্যাদি বেলার পীঠিকা ও গোল কাঠের দণ্ডবিশেষ।

চাকু (p. 281) [cāku] বি. মুড়ে বা ভাঁজ করে রাখা যায় এমন ফলাযুক্ত ছুরি। [তুর্. চাকু]।

চাক্ষুষ (p. 281) [cākṣuṣa] বিণ. 1 চোখের সাহায্যে জ্ঞাত বা জানা হয়েছে এমন (চাক্ষুষ পরিচয়); 2 প্রত্যক্ষ, চোখে-দেখা (চাক্ষুষ প্রমাণ)। [সং. চক্ষুস্ + অ]। বিণ. স্ত্রী. চাক্ষুষী (চাক্ষুষী বিদ্যা)।

চাখড়ি, চা-খড়ি (p. 281) [cākhaḍ়i, cā-khaḍ়i] দ্র খড়ি।

চাখা (p. 281) [cākhā] ক্রি. 1 স্বাদ নেওয়া (দইটা এখনও চাখিনি); 2 ভোগ করা (এখানে ওখানে কেবল মজা চেখে বেড়ানোই তার কাজ)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং. √চাখ্-তু. হি. √চখ্]। ̃ নো ক্রি. বি. স্বাদ গ্রহণ করানো। □ বিণ. স্বাদ গ্রহণ করানো হয়েছে এমন।

চাগা (p. 281) [cāgā] ক্রি. 1 সতেজ বা প্রবল হয়ে ওঠা; 2 জেগে ওঠা, উদিত হওয়া, উদ্রিক্ত হওয়া (বাতিক চাগিয়েছে)। [< প্রাকৃ. চঙ্গ]। ̃ নো 1 চাগা;

উত্তেজিত করা; উদ্রিক্ত করা, জাগিয়ে তোলা; 2 ওঠানো, তোলা ('দে হাওয়া চাগিয়ে কাপড়': নজরুল)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

চাগাড় (p. 281) [cāgāḍ়] বি. উত্তেজনা; প্রবলভাব ধারণ। [দেশি]। চাগাড় দেওয়া ক্রি. বি. উত্তেজিত হওয়া, প্রবলভাব ধারণ করা।

চাঙ, চাঙ্গ (p. 281) [cāṅa, cāṅga] বি. মাচান, মাচা। [অস. চাং ?-তু. ফা. চাঙ্]।

চাঙড় (p. 281) [cāṅaḍ়] বি. মাটি প্রভৃতির বড় ডেলা চাপ বা তাল। [ফা. চাঙ্]।

চাঙা, চাঙ্গা (p. 281) [cāṅā, cāṅgā] বিণ. 1 সবল, সতেজ; 2 রোগমুক্ত, সুস্থ (ফল দুধ খেয়ে দুদিনেই চাঙা হয়ে উঠল)। [প্রাকৃ. চঙ্গ; < সং. চাঙ্গ ('চাঙ্গস্তু শোভনে দক্ষে')।

চাঙ্গাড়ি, চাঙ্গারি (p. 281) [cāṅgāḍ়i, cāṅgāri] বি. বাঁশ বেত প্রভৃতি দিয়ে তৈরি ঝুড়িবিশেষ। [দেশি? তু. 'তান্তি বিকণঅ ডোম্বি অবরণা চাংগেড়া': চর্যাপদ 1]।

চাচা (p. 281) [cācā] বি. (বিশেষত মুসলমান সমাজে প্রচলিত) পিতৃব্য, কাকা। [হি. চাচা-তু. সং. তাত]। চাচি বি. (স্ত্রী.) কাকি, পিতৃব্যপত্নী। ˜ তো বিণ. খুড়তুতো বা জেঠতুতো।

চাঞ্চল্য (p. 281) [cāñcalya] বি. চঞ্চলতা, মনের বা দেহের অস্থিরতা; চপলতা। [সং. চঞ্চল + য]।

চাট1 (p. 281) [cāṭa1] বি. 1 যা চেটে খেতে হয়; 2 নেশার অনুপানরূপে ব্যবহৃত মুখরোচক খাদ্যদ্রব্য (মদের চাট)। [চাটা2 দ্র]। নি বি. অম্লমধুর স্বাদযুক্ত লেহ্য খাবারবিশেষ।

চাট2 (p. 281) [cāṭa2] বি. চাঁট -এর রূপভেদ।

চাটা2 (p. 281) [cāṭā2] ক্রি. বি. লেহন করা, জিভের সাহায্যে খাওয়া বা স্বাদ নেওয়া। □ বিণ. উক্ত অর্থে। [হি. √চাট]।˜ চাটি বি. 1 পরস্পরকে লেহন; 2 বারবার চাটা; 3 (ব্যঙ্গে) অন্তরঙ্গতা; 4 পরস্পর পরস্পরের প্রশংসা।˜ নো ক্রি. বি. লেহন করানো। □ বিণ. উক্ত অর্থে। চেটে-পুটে ক্রি-বিণ. নিঃশেষে চেটে (দইটা চেটেপুটে খেয়ে নাও)।

চাটাই (p. 281) [cāṭāi] বি. 1 গাছের পাতা, বাঁশের পাতলা চোকলা ইত্যাদির তৈরি আসনবিশেষ; 2 দরমা। [দেশি]।

চাটালো (p. 281) [cāṭālō] বিণ. চওড়া, প্রশস্ত (চাটালো বারান্দা)। [দেশি]।

চাটি1, চাঁটি (p. 281) [cāṭi1, cān̐ṭi] বি. 1 চপেটাঘাত (তবলায় চাটি দেওয়া); 2 (অবজ্ঞায়) চড় (মারব এক চাঁটি)। [সং. চপেট]।

চাটি2 (p. 281) [cāṭi2] বিণ. উৎসন্ন, উৎসাদিত, উৎখাত হয়ে গেছে এমন (ভিটেমাটি চাটি করা)। [দেশি]।

চাটু1 (p. 281) [cāṭu1] বি. ভাজার কাজে ব্যবহৃত চ্যাপটা চাটালো লৌহপাত্রবিশেষ, তাওয়া। [হি. চট্টু]।

চাটু2 (p. 281) [cāṭu2] বি. স্তুতিবাক্য, অতিপ্রশস্তি, তোষামোদ। [সং. √চট্ + উ]।˜ কার,˜ বাদী (দিন্),˜ ভাষী (-ষিন্) বিণ. তোষামোদকারী। স্ত্রী.˜ বাদিনী,˜ ভাষিণী।

চাটূক্তি (p. 281) [cāṭūkti] বি. 1 তোষামোদপূর্ণ বাক্য; 1 কপট স্তুতি। [সং. চাটু + উক্তি]।

চাট্টি, চাট্টি-খানি (p. 281) [cāṭṭi, cāṭṭi-khāni] যথাক্রমে চারটি ও চারটিখানি -র আঞ্চ. রূপ।

চাড়, চাড়া1 (p. 281) [cāḍ়, cāḍ়ā1] বি. 1 কোনো ভারী বস্তু তোলবার জন্য প্রযুক্ত বল বা জোর (চাড় দেওয়া); 2 চেষ্টা, উৎসাহ, উদ্যম (লেখাপড়ায় চাড় নেই); 3 চাপ, বোঝা (কাজের চাড়)। [দেশি]।

চাড়া1 (p. 281) [cāḍ়ā1] দ্র চাড়।

চাড়া2 (p. 281) [cāḍ়ā2] বি. 1 তোলা, উপরের দিকে উঠানো; মোচড় দিয়ে উপর দিকে তোলা ('গোঁফে দিল চাড়া': রবীন্দ্র); 2 ঠেকনা, অবলম্বন (ভাঙা ছাদে চাড়া দিয়ে রাখা হয়েছে)। [দেশি]।

চাড়ি (p. 281) [cāḍ়i] বি. মাটির বড় গামলাবিশেষ। [দেশি]।

চাতক (p. 281) [cātaka] বি. কোকিলবর্গের বৃষ্টিপ্রেমী পাখিবিশেষ, pied crested cuckoo ভ্রান্ত ধারণা আছে যে এরা মেঘের কাছে জল প্রার্থনা করে এবং কেবল সেই জলই পান করে ('চাতক বারি যাচে রে': স. দ.)। [সং. √চত্ + অক]। স্ত্রী. চাতকী, (অশু.) চাতকিনী।

চাতাল (p. 281) [cātāla] বি. 1 চত্বর; পাথর বা সিমেন্টে বাঁধানো খোলা জায়গা; 2 উঠান বা রোয়াক। [সং. চত্বর]।

চাতুরালি (p. 281) [cāturāli] বি. 1 চতুরতা; 2 শঠতা, ধূর্ততা। [চতুরালি-র অশু. রূপ]।

চাতুরী, চাতুর্য (p. 281) [cāturī, cāturya] বি. 1 চতুরতা; 2 নৈপুণ্য (গঠনচাতুর্য); 3 শঠতা, ধূর্ততা, চালাকি। [সং. চতুর + অ + ঈ, চতুর + য]।

চাতুর্বর্ণ্য (p. 281) [cāturbarṇya] বি. ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র-হিন্দুজাতির এই চার বর্ণ বা তাদের পালনীয় ধর্ম। □ বিণ. চতুর্বর্ণসম্বন্ধীয়। [সং. চতুর্বর্ণ + য]।

চাতুর্মাস্য (p. 281) [cāturmāsya] বি. চার মাসে নিষ্পন্ন করা হয় এমন ব্রতবিশেষ। [সং. চতুর্মাস + য]। চাতুর্মাস্যা বি. চাতুর্মাস্য ব্রত।

চাতুর্য (p. 281) [cāturya] দ্র চাতুরী।

চাদর (p. 281) [cādara] বি. 1 উড়ানি, উত্তরীয়, গায়ে জড়াবার আলোয়ান; 2 আস্তরণ বা আচ্ছাদন (বিছানার চাদর); 3 ধাতু বা অনুরূপ বস্তুর পাতলা পাত (তামার চাদর)। [ফা. চাদর্]।

চানকা (p. 281) [cānakā] ক্রি. 1 তৎপর করা, আলস্য বা জড়তা দূর করা, নেড়েচেড়ে তৎপর করা (তিনি তাঁর ভৃত্যকে চানকে দিলেন, ঘুম থেকে উঠে আগে শরীরটাকে চানকাতে লাগল); 2 সমুজ্জ্বল করা, রং বার্নিশ প্রভৃতি প্রয়োগ করে উজ্জ্বলতা দান করা (প্রতিমার চোখ চানকাচ্ছেন শিল্পী, কাঠের আলামারিটাকে চানকাচ্ছে); 3 গরম করা বা অল্প অল্প ভাজা (কড়াইয়ে মশলা চানকাচ্ছে) 4 (আঞ্চ.) ভাজার সময় খোলা থেকে মুড়ি উঠিয়ে নেওয়া। [হি. চনক (=ফেটে যাওয়া)।˜ নো ক্রি. বি. চানকা। □ বিণ. উক্ত সমস্ত অর্থে।

চানা (p. 281) [cānā] বি. ছোলা। [সং. চণক]।˜ চুর বি. ভাজা ডাল বাদাম ইত্যাদি সহযোগে প্রস্তুত চিবিয়ে খাবার মুখরোচক খাদ্যবিশেষ।

চান্দ, চান্দা (p. 281) [cānda, cāndā] বি. (ব্রজ.) চাঁদ। [সং. চন্দ্র]।

চান্দ্র (p. 281) [cāndra] বিণ. 1 চাঁদসম্বন্ধীয়; 2 চাঁদের গতির দ্বারা নিয়ন্ত্রিত (চান্দমাস, চান্দ্রবৎসর)। [সং. চন্দ্র + অ]।˜ মাস বি. চাঁদের গতির দ্বারা নিয়ন্ত্রিত

মাস অর্থাৎ শুক্লপ্রতিপদ থেকে অমাবাস্যা পর্যন্ত ত্রিশ তিথিব্যাপী মাস।˜ বৎসর বি. দ্বাদশ চান্দ্রমাস, বারোটি চান্দ্রমাসের সমষ্টি।

চান্দ্রায়ণ (p. 281) [cāndrāẏaṇa] বি. এক চান্দ্রমাসব্যাপী পালনীয় ব্রত; প্রায়শ্চিত্তবিশেষ। [সং. চন্দ্র + অয়ন]। চান্দ্রায়ণিক বিণ. চান্দ্রায়ণব্রতে দীক্ষিত, চান্দ্রায়ণব্রত উদযাপনকারী।

চাপ1 (p. 281) [cāpa1] বি. 1 ধনুক; 2 (জ্যামি.) বৃত্ত-পরিধির অংশ, arc. [সং. √চপ্ + অ]।

চাপ2 (p. 281) [cāpa2] বি. 1 ভার, পেষণ, পীড়ন (পায়ের চাপ, কাজের চাপ); 2 (বি. প.) প্রেষ, pressure (রক্তের উচ্চচাপ); 3 পীড়াপীড়ি, পরোক্ষ পীড়ন (চাপ দিয়ে কাজ আদায় করা); 4 জমাট বস্তু, ডেলা, চাঙড় (চাপ চাপ রক্ত, মাটির চাপ ভেঙে পড়েছে)। □ বিণ. ঘন, ঠাস, জমাট (চাপবুনন, চাপদই)। [বাং. √চাপ্ + অ]। চাপ-মান-যন্ত্র বি. বায়ুর চাপ মাপার যন্ত্রবিশেষ, barometer.

চাপ-কান (p. 281) [cāpa-kāna] বি. লম্বা ঝুলের ঢিলা জামাবিশেষ (চোগা চাপকান পরে এসেছে)। [ফা. চপ্কন্]।

চাপটি (p. 281) [cāpaṭi] বি. উবু হয়ে পাছার উপর ভর (চাপটি খেয়ে বসে কাজ করছে)। [দেশি]।

চাপড় (p. 281) [cāpaḍ়] বি. আলতো চড় বা থাপ্পড় (মাথায় চাপড় মারা) [সং. চপেট]।

চাপড়া1 (p. 281) [cāpaḍ়ā1] বি. বড় চ্যাপটা খণ্ড, চাঙড় (ঘাসের চাপড়া)। [বাং. চাপ 2 (=চাঙড়) + ড়া]।

চাপড়া2 (p. 281) [cāpaḍ়ā2] ক্রি. ক্রমাগত চাপড় বা চড় মারা; ক্রমাগত মৃদু চড় মারা (মাথা চাপড়াচ্ছে)। [চাপড় দ্র]।˜ নো ক্রি. বি. চাপড়া (কপাল চাপড়ানো)। □ বিণ. উক্ত অর্থে।

চাপ-দণ্ড (p. 281) [cāpa-daṇḍa] বি. যে যন্ত্রের সাহায্যে জল বা বায়ু উপরে-নীচে সঞ্চালিত হয়, pump. [বাং. চাপ (=প্রেষ) + দণ্ড]।

চাপ-দাড়ি (p. 281) [cāpa-dāḍ়i] বি. সারা মুখমণ্ডল জুড়ে জমাট খাটো দাড়ি। [বাং. চাপ2 + দাড়ি]।

চাপ-রাশ (p. 281) [cāpa-rāśa] বি. পদসূচক চিহ্ন বা ফলক; ভৃত্য পরিচারক প্রভৃতির ধারণীয় মনিবের পরিচয়সূচক ধাতুপট্ট। [ফা. চাপ্রাস্]। চাপ-রাশি বি. চাপরাশধারী, পেয়াদা, আরদালি।

চাপল্য, চাপল (p. 281) [cāpalya, cāpala] বি. 1 চপলতা; 2 অস্থিরতা; 3 ঔদ্ধত্য, প্রগলভতা। [সং. চপল + য, অ]।

চাপা (p. 281) [cāpā] ক্রি. 1 চাপ দেওয়া, ভর দেওয়া, ভার দেওয়া (চেপে বসা, বোঝা হয়ে চেপে থাকা); 2 টেপা (গলা চেপে ধরা); 3 ঢাকা, লুকানো (কথাটা চেপে গেছি); 4 ব্যাপ্ত করা ('পাঞ্চগৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা': কৃত্তি.);

5 আরোহণ করা (গাড়ি চেপে যাওয়া, ঘোড়ায় চাপা, মায়ের কোলে চেপে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 রুদ্ধ (চাপা গলায় কথা); 2 পিষ্ট (গাড়ি চাপা পড়েছে); 3 আবৃত, আচ্ছাদিত (জায়গাটা কাঁটা ঝোপে চাপা); 4 অস্পষ্ট, অনুচ্চ (চাপা সুর); 5 গুপ্তভাবে রচিত বা প্রচলিত (চাপা গুজব); 6 টোল-খাওয়া, বসে-যাওয়া (মেরুদেশ কিঞ্চিত্ চাপা); 7 অব্যক্ত, প্রকাশ করে না এমন (চাপা দুঃখ); 8 মনের কথা সহজে প্রকাশ করে না এমন (চাপা স্বভাবের লোক)। [সং. √চপ্ + বাং. আ]। চাপা দেওয়া ক্রি. বি. 1 ঢাকা দেওয়া বা ভার চাপানো (কাগজটা চাপা দাও); 2 গোপন করা (একথা চাপা দেওয়া যাবে না)। চাপা পড়া ক্রি. বি. 1 ঢেকে যাওয়া (লতাপাতায় চাপা পড়েছে); 2 স্মরণ বা আলোচনার বাইরে থাকা (আমার কথাটা চাপা পড়ে গেল); 3 ভারের চাপে পড়া বা পিষ্ট হওয়া (গাড়ির নীচে চাপা পড়েছে)। চেপে ধরা ক্রি. বি. (আল.) বিশেষভাবে অনুরোধ বা পীড়াপীড়ি করা। চেপে যাওয়া বি. ক্রি. না বলে চুপ করে থাকা। চেপে বসা বি. ক্রি. 1 ঠেলে বসা; 2 কায়েম হয়ে বসা, দীর্ঘকালের জন্য বসা; উঠতে না দেওয়া; সম্পূর্ণভাবে অধিকার করা। ˜ চাপি বি. 1 পীড়াপীড়ি; 2 ঢাকাঢাকি; গোপনতা। ˜ চুপি বি. গোপনতা।

চাপাটি (p. 281) [cāpāṭi] বি. (প্রধানত হাতে চাপড় মেরে তৈরি) রুটি, হাতে-তৈরি রুটি। [সং. চপটী]।

চাপান (p. 281) [cāpāna] (উচ্চা চাপান্) বি. 1 কবিগান তরজা প্রভৃতিতে এক পক্ষ অপর পক্ষকে সমাধানের জন্য যে সমস্যা দেয় (তু. কাটান); 2 যা চাপানো হয়। [বাং. √চাপা + আন]।

চাপানো (p. 281) [cāpānō] ক্রি. বি. 1 বোঝাই করা (গাড়িতে মাল চাপানো); 2 চড়ানো বা স্থাপন করা (ঘাড়ে দোষ চাপানো)। □ বিণ. উক্ত সমস্ত অর্থে। [বাং. √চাপা + আনো]।

চাবকা (p. 281) [cābakā] ক্রি. চাবুক দিয়ে মারা (লোকটাকে নিষ্ঠুরভাবে চাবকাচ্ছে)। [ফা. চাবুক + বাং. আ]।˜ নো ক্রি. চাবুক দিয়ে মারা (তাকে আচ্ছা করে চাবকে দিল)। □ বি. বিণ. উক্ত অর্থে।˜ নি বি. চাবুকের প্রহার।

চাবি, চাবি-কাঠি (p. 281) [cābi, cābi-kāṭhi] বি. 1 তালা বন্ধ করার বা খোলার শলাকাবিশেষ, কুঞ্চিকা; 2 যন্ত্রাদি চালু করার কলবিশেষ (ঘড়ির চাবি, হারমানিয়ামের চাবি)। [পো. chave]। চাবি দেওয়া ক্রি. বি. তালা বন্ধ করা ('সমস্ত অলঙ্কার লৌহ-সিন্ধুকে পুরিয়া চাবি দিল': শরত্)।

চাবুক (p. 281) [cābuka] বি. কশা; বেত চামড়া প্রভৃতি দিয়ে তৈরি সরু লম্বা ও নমনীয় প্রহরণবিশেষ। [ফা. চাবুক্]।

চাম (p. 281) [cāma] বি. (আঞ্চ. কথ্য) চামড়া, ত্বক (গায়ের চাম)। [সং. চর্ম]।

চামচ, (কথ্য) চামচে (p. 281) [cāmaca, (kathya) cāmacē] বি. ক্ষুদ্র হাতাবিশেষ। [সং. চমস; তু. ফা. চম্চহ্]।

চামচা (p. 281) [cāmacā] বি. তোষামুদে; তল্পিবাহক (নেতাদের চেয়ে তাঁদের চামচাদের প্রতাপই বেশি)। [দেশি]।

চামচিকা, (কথ্য) চামচিকে (p. 281) [cāmacikā, (kathya) cāmacikē] বি. বাদুড়জাতীয় ক্ষুদ্র প্রাণী, titmouse. [সং. চর্মচটিকা]।

চামড়া (p. 281) [cāmaḍ়ā] বি. দেহের বাইরের আবরণ, চর্ম, চাম, ত্বক। [বাং. চাম [< সং. চর্ম) + ড়া (স্বার্থে)]।

চামর (p. 281) [cāmara] বি. চমরী গোরুর পুচ্ছকেশ দিয়ে তৈরি ব্যজন বা পাখা। [সং. চমর + অ]।˜ ধারিণী বিণ. (স্ত্রী.) চামর দিয়ে বীজন করছে এমন।

চামরী (p. 281) [cāmarī] (-রিন্) বিণ. চামরযুক্ত। □ বি. 1 ঘোড়া; 2 চমরী মৃগী ('কবরী-ভয়ে চামরী গিরিকন্দরে': বিদ্যা.)। [সং. চামর + ইন্]।

চামসা (p. 281) [cāmasā] বিণ. (গন্ধ-সম্বন্ধে) শুকনো চামড়ার মতো (চামসা গন্ধ)। [বাং. চাম + সা (সাদৃশ্যার্থে)]।

চামাটি, চামাতি (p. 281) [cāmāṭi, cāmāti] বি. চামড়ার পটি; ক্ষুদ্র ঘষবার চর্মখণ্ড। [সং. চর্মপত্র]।

চামার (p. 281) [cāmāra] বি. 1 চর্মকার, মুচি; 2 (আল.) নিষ্ঠুর বা নীচ ব্যক্তি (মানুষ নয়, একটা আস্ত চামার)। [সং. চর্মার]। স্ত্রী.˜ নি।

চামুণ্ডা (p. 281) [cāmuṇḍā] বি. দুর্গাদেবীর রূপবিশেষ-এই রূপে দুর্গা চণ্ড ও মুণ্ড নামে দুই দৈত্যকে বিনাশ করেছিলেন। [সং. চণ্ড-মুণ্ড]।

চামেলি (p. 281) [cāmēli] বি. মল্লিকাজাতীয় ছোট ফুলবিশেষ, মালতী, জাতিফুল। [তু. হি. চমেলী]।

চার2 (p. 281) [cāra2] বি. 1 গুপ্তচর; 2 বাঁশের সাঁকো বা পুল। [সং. চর + অ (স্বার্থে)]।

চার3 (p. 281) [cāra3] বি. 1 মাছকে আকর্ষণ করার মশলা (পুকুরে চার ফেলা); 2 জলাশয়ের যেখানে ওই মশলা ফেলা হয়েছে (চারে মাছ এসেছে)। [হি. চারা1]।

চার4 (p. 281) [cāra4] বি. বিণ. 4 সংখ্যা বা সংখ্যক। [সং. চতুর্]। চার আনা বি. সিকি অংশ; এক টাকার চার ভাগের এক ভাগ। চার আনি বি. সিকি টাকা মূল্যের মুদ্রা; কোনোকিছুর চতুর্থাংশ, সিকিভাগ।˜ কোনা বিণ. চারটি কোণযুক্ত।˜ গুণ বিণ. চতুর্গুণ, কোনো সংখ্যার বা পরিমাণের চৌগুণ; বহুগুণ।˜ চালা বিণ. চার দিকে ঢালুভাবে তৈরি চারটি চালবিশিষ্ট। □ বি. ওইরকম ঘর।˜ চৌকা, (কথ্য)˜ চৌকো বিণ. চারটি কোণবিশিষ্ট; সমচতুষ্ক।˜ টা (কথ্য)˜ টে বি. (ঘড়িতে) চার ঘটিকা। □ বিণ. চারখানি (চারটে বই)।˜ টি,˜ টি-খানি বিণ. (আল.) অল্প কিছু, যৎসামান্য। চার ধার বি. চার দিক, চতুষ্পার্শ্ব; সবদিক।˜ পায়া বি. চারটি পায়াযুক্ত (প্রধানত দড়ির তৈরি) খাটিয়াবিশেষ।˜ পেয়ে বিণ. চার পায়াযুক্ত। চার পো, চার পোয়া বিণ. সম্পূর্ণ, পরিপূর্ণ। □ বি. এক সের পরিমাণ। চার চক্ষু এক হওয়া, চার চোখের মিলন 1 দুজনের দৃষ্টি মিলিত হওয়া, দুজনের দৃষ্টিবিনিময়; 2 বিবাহকালে শুভদৃষ্টি। চার সন্ধ্যা বি. প্রভাত মধ্যাহ্ন সন্ধ্যা ও মধ্যরাত্রি। চার হাত এক করা ক্রি. বি. বিবাহ দেওয়া; বিবাহের ব্যবস্থা করা।

চারক (p. 281) [cāraka] বিণ. যে চরায় (গোচারক, পশুচারক)। [সং. √চর্ + ণিচ্ + অক]।

চার-চাকা (p. 281) [cāra-cākā] বি. চারটি চাকাযুক্ত গাড়ি (চারচাকায় চড়ে এসেছি)। □ বিণ. চারটি চাকাযুক্ত (চারচাকা গাড়ি)। [বাং. চার + চাকা]।

চারচালা, চারচৌকা, চারটা, চারটে (p. 281) [cāracālā, cāracaukā, cāraṭā, cāraṭē] দ্র চার4।

চার ডবল (p. 281) [cāra ḍabala] বিণ. চারগুণ (চার ডবল টাকা খরচ হয়ে গেল); (আল.) অনেক বেশি। [বাং. চার + ডবল < ইং. double]।

চারণ1 (p. 281) [cāraṇa1] বি. কুলকীর্তিগায়ক, স্তুতিগায়ক; ভাটজাতীয় স্তুতিপ্রচারক। [সং. √চর্ + ণিচ্ + অন]।

চারণ2 (p. 281) [cāraṇa2] বি. 1 পশু চরানোর কাজ (গোচারণ); 2 পশু চরাবার স্থান, চারণভূমি। [সং. √চর্ + ণিচ্ + অন]।

চারণ3, চারণা (p. 281) [cāraṇa3, cāraṇā] বি. চালনা (পদচারণ, স্মৃতিচারণা)। [সং. √চর্ + ণিচ্ + অন, + আ]।

চারপায়া, চারপো, চারপোয়া (p. 281) [cārapāẏā, cārapō, cārapōẏā] দ্র চার4।

চারা1 (p. 281) [cārā1] বি. পশু বা মাছের খাদ্য বা টোপ। [হি. চারা]।

চারা2 (p. 281) [cārā2] বি. উপায়, প্রতিকার, প্রতিষেধক (বেচারা, নাচার, এ বিপদে আর কোনো চারা নেই)। [ফা. চারাহ্]।

চারা3 (p. 281) [cārā3] বি. 1 কচি গাছ (আমের চারা); 2 মাছের বাচ্চা (চারাপোনা)। □ বিণ. নবজাত; নবোদ্ভিন্ন (চারাগাছ)। [দেশি]।

চারা4, চারানো (p. 281) [cārā4, cārānō] ক্রি. ছড়িয়ে পড়া, ব্যাপক হওয়া, সকলের উপর বা সর্বত্র ছড়িয়ে পড়া ('বেত চারাইয়া না পড়িলে': শরত্)। [সং. চার (=প্রচার, প্রসার)]।

চারিত (p. 281) [cārita] বিণ. 1 চরানো হয়েছে এমন; 2 সঞ্চালিত; 3 চারিয়ে দেওয়া বা চারানো হয়েছে এমন। [সং. √চর্ + ণিচ্ + ত]।

চারিত্র, চারিত্র্য (p. 281) [cāritra, cāritrya] বি. 1 চরিত্র; 2 সদাচার, সত্ স্বভাব (চারিত্রপূজা, চারিত্রশক্তি)। [সং. চরিত্র + অস য (স্বার্থে)]। চারিত্রিক বিণ. চরিত্রগত, চরিত্রসম্বন্ধীয় (চারিত্রিক বৈশিষ্ঠ্য)।

-চারী (p. 281) [-cārī] (-রিন্) বিণ. (উপপদের পরে) 1 বিচরণকারী (আকাশচারী, গগনচারী); 2 আচরণকারী (ব্রতচারী)। [সং. √চর্ + ইন্] স্ত্রী. চারিণী।

চারু (p. 281) [cāru] বিণ. 1 সুন্দর, মনোরম, সুদর্শন (চারুনেত্র); 2 ললিত, সুকুমার (চারুকলা)। [সং. √চর্ + উ]। ˜ কলা কলা1 দ্র। বি. ˜ তা। ˜ শীলা বিণ. (স্ত্রী.) সৎস্বভাবা।

চার্চ (p. 281) [cārca] বি. গির্জা, খ্রিস্টানদের উপাসনামন্দির। [ইং. church]।

চার্জ (p. 281) [cārja] বি. 1 অভিযোগ, অপরাধ আরোপ (আপনার নামে একটা চার্জ আছে); 2 আহার বাসস্থান ইত্যাদি বাবদ ব্যয় (হোটেলের চার্জ), মাশুল; 3 দায়িত্ব, তত্ত্বাবধান (আমার চার্জে এটা রইল)। [ইং. charge]। ˜ শিট বি. কোনো কর্মচারীর কৃত অপরাধের বিবরণসহ অপরাধীর কৈফিয়ত-তলব-সংবলিত উপরওয়ালার পত্র। [ইং. charge-sheet]।

চার্বাক (p. 281) [cārbāka] বি. নাস্তিক মুনিবিশেষ-ইনি বেদ আত্মা পরলোক ইত্যাদির অস্তিত্ব স্বীকার করতেন না। [সং. চারু + বাক্]। ˜ দর্শন বি. চার্বাকের দর্শন বা মত; চার্বাকের নাস্তিক্য বা লোকায়ত মত।

চার্ম (p. 281) [cārma] বিণ. চর্মসম্বন্ধীয়, চামড়াসম্বন্ধীয়। [সং. চর্ম + অ]।

চাল1 (p. 281) [cāla1] বি. ধানের খোসা ছাড়ালে যে খাদ্যশস্য পাওয়া যায়, তণ্ডুল। [চাউল দ্র]। আতপচাল, সিদ্ধচাল দ্র চাউল।

চাল2 (p. 281) [cāla2] বি. 1 বাঁশ টিন খড় তৃণ ইত্যাদির তৈরি কাঁচা ঘরের আচ্ছাদন বা ছাদ (ঘরের চাল ফুটো হয়েছে); 2 প্রতিমার পিছনের গোল করে আঁকা চিত্র বা পট (চালচিত্র)। [সং. √চল্ + অ]। ˜ কুমড়ো বি. ছাঁচি কুমড়ো। ˜

চিত্র বি. প্রতিমার পিছনে স্থাপিত চিত্রিত গোলাকার পট। ̃ চুলা (কথ্য) ̃ চুলো বি. আশ্রয় ও অন্নসংস্থান-কুঁড়েঘরের চাল এবং রান্নার চুলো বা উনুন অর্থে (এমন চালচুলোহীন লোকের সঙ্গে মেয়ের বিয়ে দেবে?)। চাল কেটে উঠানো ক্রি. উদ্বাস্তু করা। চালের বাতা বাতা দ্র।

চাল3 (p. 281) [cāla3] বি. 1 জীবনযাত্রার ধরন (বনেদি চাল); 2 প্রথা, কর্মপ্রণালী, আচারব্যবহার (চালচলন); 3 ফন্দি, কৌশল (চাল ফসকানো, বুদ্ধির চাল); 4 গতিভঙ্গি (গদাইলশকরি চাল); 5 দাবা লুডো পাশা প্রভৃতি খেলায় ঘুঁটির দান (এবার তুমি চাল দেবে); 6 মিথ্যা বা ফাঁকা বড়াই (চালবাজ, চাল মারা)। [দেশি-তু. সং. √চল্]। চাল কমানো ক্রি. বি. জীবনযাত্রার আড়ম্বর কমানো; ব্যয় সংকোচ করা। চাল চালা ক্রি. বি. ফন্দি খাটানো; 3 দাবা পাশা ইত্যাদি খেলায় দান দেওয়া। চাল বাড়ানো ক্রি. বি. জীবনযাত্রার আড়ম্বর বাড়ানো; ব্যয় বৃদ্ধি করা। চাল মারা বি. ক্রি. মিথ্যা বড়াই করা; ফাঁকি দেওয়া। ̃ চলন বি. রীতিনীতি; স্বভাবচরিত্র; আচারব্যবহার। ̃ বাজ বিণ. মিথ্যা বড়াইকারী; ফন্দিবাজ। ̃ বাজি বি. মিথ্যা বড়াই; ফাঁকিবাজি; ফন্দিবাজি।

চালক (p. 281) [cālaka] বিণ. বি. 1 পরিচালক; 2 নেতা (দেশের চালক); 3 সারথি, চালনাকারী (নৌচালক, রথচালক)। [সং. √চল্ + ণিচ্ + অক]।

চাল-চিঁড়ে (p. 281) [cāla-cin̐ḍ়ē] বি. (আল.) দীর্ঘ পথ অতিক্রম করতে যে খাবার দরকার (সাতসকালে চালচিঁড়ে বেঁধে রওনা হয়ে গেল)। [বাং. চাউল + চিঁড়া]।

চালচিত্র (p. 281) [cālacitra] দ্র চাল2।

চালতা, (কথ্য) চালতে (p. 281) [cālatā, (kathya) cālatē] বি. অম্লকষায় রসযুক্ত কাঁচা বা অম্বল রেঁধে খাওয়ার ফলবিশেষ। [দেশি]।

চালন, চালনা (p. 281) [cālana, cālanā] বি. 1 সঞ্চালন (দৃষ্টিচালন); 2 প্রয়োগ করা (অসিচালনা); 3 চর্চা, অনুশীলন, খাটানো (মস্তিষ্ক চালনা); 4 পরিচালনা (রাজ্যচালনা); 5 স্থানান্তরিত করা (সৈন্যচালনা)। [সং. √চল্ + ণিচ্ + অন, + আ]। চালিত বিণ. চালনা করা হয়েছে এমন (যন্ত্রচালিত)। চালনীয় বিণ. চালনার যোগ্য।

চালনি, চালুনি (p. 281) [cālani, cāluni] বি. গম আটা ইত্যাদির অখাদ্য বা অসার অংশ ঝেড়ে ফেলার জন্য ছিদ্রবহুল পাত্রবিশেষ; বৃহদাকার ছাকনিবিশেষ। [সং. √চল্ + ণিচ্ + অন + বাং. ই-তু. হি. চালনা]।

চাল-মুগরা (p. 281) [cāla-mugarā] বি. বুনো গাছবিশেষ বা তার বীজ। [দেশি]। চালমুগরার তেল বি. চালমুগরার বীজ থেকে প্রস্তুত এবং ওষুধরূপে ব্যবহৃত তেল।

চালশে (p. 281) [cālaśē] বি. চল্লিশ বছর বয়সে যে দৃষ্টিক্ষীণতা জন্মে; বয়সের আধিক্যজনিত দৃষ্টিক্ষীণতা (চালশের চশমা)। [বাং. চল্লিশ + ইয়া > এ]।

চালা1 (p. 281) [cālā1] ক্রি. 1 সঞ্চালন করা, নাড়া (হাত চালা, মাথা চালা); 2 চালুনির সাহায্যে পরিষ্কার করা বা ঝাড়া (শস্য চালা); 3 দাবা পাশা ইত্যাদি খেলায় ঘুঁটির দান দেওয়া; 4 মন্ত্রবলে গতিশীল করা (বাটি চালা); 5 খাটানো,

প্রয়োগ করা (চাল চালা); 6 চালানো (ব্যাবসা চালাচ্ছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √চালি + বাং. আ]। ~ চালি বি. নাড়ানাড়ি, ইতস্তত সঞ্চালন (কথা চালাচালি)।

চালা2 (p. 281) [cālā2] বিণ. তৃণাদির দ্বারা নির্মিত চাল বা ছাদবিশিষ্ট (চালাঘর)। □ বি. 1 চালবিশিষ্ট ঘর (আটচালা); 2 কুঁড়ে (কোনোমতে একটি চালা তৈরি করে তাতেই বাস করছে)। [বাং. চাল + আ]।

চালাক (p. 281) [cālāka] বিণ. 1 চতুর, বুদ্ধিমান; 2 ধূর্ত। [ফা. চালাক্]। চালাকি বি. চাতুরী, ধূর্তামি; ফন্দি।

চালান (p. 281) [cālāna] বি. 1 প্রেরণ; রপ্তানি (বিদেশে চালান দেওয়া); 2 প্রেরিত দ্রব্যের তালিকা, invoice ; 3 (অপরাধীকে গ্রেপ্তার করে) বিচারের জন্য প্রেরণ (আসামিকে চালান দেওয়া হয়েছে)। [বাং. √চালা + আন-তু. হি. চালান্]।

চালানি (p. 281) [cālāni] বিণ. 1 চালানসম্বন্ধীয়; 2 রপ্তানি করা হয়েছে বা হবে এমন, অন্য স্থানে পাঠানো হয়েছে বা অন্য স্থান থেকে প্রেরিত হয়ে এসেছে এমন (চালানি ইলিশ); 3 রপ্তানির উপযোগী। [বাং. চালান + ই]।

চালানো (p. 281) [cālānō] ক্রি. বি. 1 পরিচালনা করা (অফিস চালানো); 2 নির্বাহ করা (সংসার চালানো); 3 গতিযুক্ত করা বা চলিত করা (গাড়ি চালানো); 4 প্রয়োগ করা (কাঁচি চালানো, ছুরি চালানো); 5 প্রচলিত বা চালু করা (এ জিনিস বাজারে চালানো যাবে না); 6 অন্যের কাছে অন্যায়ভাবে গছানো (জাল টাকা চালানো); 7 মন্ত্রবলে গতিশীল করা (বাটি চালানো); 8 নিয়ন্ত্রিত করা (ছেলেকে

সত্ পথে চালানো); 9 করতে থাকা (তুমি গানবাজনা চালিয়ে যাও); 1 উপযোগী করা (এতেই চালিয়ে নেব)। □ বি. বিণ. উক্ত সমস্ত অর্থে। [বাং. √চালা + আনো]।

চালি (p. 281) [cāli] বি. 1 বাঁশ বাঁখারি ইত্যাদি দিয়ে তৈরি আসনবিশেষ; 2 প্রতিমার পিছনের গোলাকার পট বা চালচিত্র। [দেশি]।

চালিকা শক্তি (p. 281) [cālikā śakti] বি. গতিশক্তি, চলনশক্তি। [সং. চালিকা (চালক + স্ত্রী আ?) + শক্তি]।

চালিত (p. 281) [cālita] দ্র চালন।

চালিয়াত (p. 281) [cāliẏāta] বিণ. বি. যে ব্যক্তি নিজের সম্বন্ধে মিথ্যা বড়াই করে বেড়ায়। [চাল দ্র-তু. হি. চালিয়া]। চালিয়াতি বি. মিথ্যা বড়াই, মিথ্যা জাঁক।

চালু (p. 281) [cālu] বিণ. 1 প্রচলিত (কথাটা চালু হয়ে গেছে); 2 চলতি, চলন্ত (চালু মাল, চালু ব্যাবসা); 3 প্রবর্তিত (এই মত চালু করা সহজ নয়); 4 (সচ. নিন্দায়) অতিরিক্ত চালাক, ফন্দিবাজ (চালু ছেলে)। [বাং. √চলা + উ-তু. হি. চালু]। চালু মাল 1 বাজারে চলতি পণ্য; 2 (বিদ্রূপে) (অশোভন) ফন্দিবাজ লোক; লোকের মন জয় করে নিজের কাজ আদায় করতে দক্ষ ব্যক্তি।

চাষ1, চাস (p. 281) [cāṣa1, cāsa] বি. নীলকণ্ঠ পাখি; সোনা চড়াই। [সং. √চষ্ + ণিচ্ + অ)]।

চাষ2 (p. 281) [cāṣa2] বি. 1 ভূমিকর্ষণ, কৃষিকর্ম; 2 উৎপাদন (মাছের চাষ); 3 চর্চা, অনুশীলন (বুদ্ধির চাষ)। [সং. √চষ্ + অ]। ˜ বাস বি. কৃষিকাজ। চাষা বি. 1 কৃষক; 2 মূর্খ, অভদ্র বা অমার্জিত লোক (চাষার মতো কথাবার্তা)। চাষাড়ে বিণ. 1 চাষার তূল্য; 2 অসভ্য; অশিক্ষিত বা অমার্জিত; 3 গোঁয়ার; গ্রাম্য। চাষা-ভুষা, (কথ্য) চাষা-ভুষো, চাষা-ভুসো বি. চাষা এবং ওই শ্রেণির লোক; অশিক্ষিত ও দরিদ্র গ্রাম্য লোক। চাষি বি. কৃষক, কৃষিজীবী।

চাহন1 (p. 281) [cāhana1] বি. 1 ইচ্ছা; 2 প্রার্থনা, যাচঞ্ঞা। [চাওয়া1 দ্র]।

চাহন2 (p. 281) [cāhana2] বি. অবলোকন; দৃষ্টিপাত; দেখা। [চাওয়া2 দ্র]। চাহনি বি. দৃষ্টিপাত, নজর (চোরা চাহনি)।

চাহা1 (p. 281) [cāhā1] ক্রি. 1 যাচঞ্ঞা করা, প্রার্থনা করা; 2 কামনা করা, ইচ্ছা করা ('মারিতে চাহি না আমি সুন্দর ভুবনে': রবীন্দ্র)। [চাওয়া1 দ্র]।

চাহা2 (p. 281) [cāhā2] ক্রি. চাওয়া, তাকানো, দেখা, দৃষ্টি দেওয়া ('চাহিয়া দেখো': রবীন্দ্র)। [চাওয়া2 দ্র]।

চাহিদা (p. 281) [cāhidā] বি. (ভোগ্য বস্তু সম্পর্কে) 1 কেনবার ইচ্ছা বা প্রয়োজন; 2 টান, সাধারণের দরকারের পরিমাণ, demand. [হি. চাহিতা]।

চিংড়ি (p. 281) [ciṇḍ়i] বি. (বৈজ্ঞানিকমতে মাছ না হলেও সাধারণভাবে মাছ হিসাবে পরিগণিত) দশটি পা-যুক্ত সুপরিচিত ভোজ্য জলচর প্রাণিবিশেষ। [সং. চিঙ্গট]। কুচো চিংড়ি, ঘুষো চিংড়ি বি. অতি ক্ষুদ্র চিংড়িবিশেষ। গলদা চিংড়ি

বি. একজোড়া লম্বা পা ও দাঁড়াওয়ালা বড় চিংড়িবিশেষ। বাগদা চিংড়ি বি. গায়ে (বাঘের মতো) দাগবিশিষ্ট চিংড়িবিশেষ।

চিঁ, চিঁচিঁ (p. 281) [ci, n̐cin̐ci] অব্য. বি. 1 (প্রধানত পাখির) ক্ষীণ আর্তনাদ ধ্বনি; 2 দুর্বলতাজনিত ক্ষীণ আর্তনাদধ্বনি। [ধ্বন্যা.]।

চিঁড়া, চিঁড়ে (p. 281) [cin̐ḍ়ā, cin̐ḍ়ē] বি. চিপিটক, (ঢেঁকি ইত্যাদিতে) ধান চ্যাপটা করে পিষে প্রস্তুত খাদ্যবিশেষ। [সং. চিপিটক]। চিঁড়ে কোটা বি. ক্রি. জলে ভেজা ধান অল্প ভেজে নিয়ে ঢেঁকিতে পিষে চিঁড়ে তৈরি করা। চিঁড়ে-চ্যাপটা বিণ. চিঁড়ের মতো চ্যাপটা; (আল.) অতিরিক্ত ভিড়ের মধ্যে পড়ে নাজেহাল (ভিড়ের মধ্যে চিঁড়েচ্যাপটা হয়ে কোনো গতিকে এসেছি); নাস্তানাবুদ; আধমরা (মেরে চিঁড়েচ্যাপটা করে দেব)।

চিঁহি (p. 281) [cim̐hi] অব্য. বি. ঘোড়ার ডাকের আওয়াজ, হ্রেষাধ্বনি। [ধ্বন্যা.]।

চিক1 (p. 281) [cika1] বি. গলার গয়নাবিশেষ। [দেশি]।

চিক2 (p. 281) [cika2] বি. বাঁশের শলা দিয়ে তৈরি পর্দা। [তুব. চিক]।

চিক-চিক, চিক-মিক (p. 281) [cika-cika, cika-mika] অব্য. ঈষত্ ঔজ্জ্বল্য প্রকাশ, ঝিকমিক (শিশুরবিন্দু চিকচিক করছে, চোখদুটি চিকমিক করে উঠল)। [দেশি]।

চিকণিয়া (p. 281) [cikaṇiẏā] বিণ. (প্রা. কাব্যে) চিকন; মনোহর ('চূড়া চিকণিয়া': ভা.চ.)। [চিকন1 দ্র]।

চিকন1, (বর্জি.) চিকণ (p. 281) [cikana1, (barji.) cikaṇa] বিণ. 1 চকচকে, উজ্জ্বল ('চিকণ বরণী: চণ্ডী); 2 মসৃণ; 3 স্নিগ্ধ, সুশ্রী, সুন্দর (চিকনকালা)। [সং. চিক্কণ]।˜ কালা বি. শ্রীকৃষ্ণ, শ্যামসুন্দর।

চিকন2 (p. 281) [cikana2] বি. বস্ত্রাদির উপর সূক্ষ্ম সূচিকর্ম (চিকনের কাজ)। □ বিণ. পাতলা, সূক্ষ্ম, মিহি (চিকন কাপড়)। [ফা. চিকন্]।

চিকনিয়া (p. 281) [cikaniẏā] অস-ক্রি. চিকন করে, সুন্দর করে ('চিকনিয়া গাঁথিনু সজনি ফুলমালা': মধু.)। [বাং. √চিকনা (নামধাতু) + ইয়া]।

চিকারি (p. 281) [cikāri] বি. সেতারাদি তারযন্ত্রে ঝালা দেবার জন্য সংলগ্ন অতিরিক্ত তার। [হি. চিকারী]।

চিকিৎসা (p. 281) [cikitsā] বি. রোগনিরাময়ের জন্য ওষুধপত্রের ব্যবস্থা। [সং. √কিত্ + সন্ + আ]।˜ ধীন বিণ. চিকিৎসিত হচ্ছে এমন।˜ লয় বি. যেখানে চিকিৎসা করা হয় বা রোগনিরাময়ের ব্যবস্থা করা হয়, ডাক্তারখানা; হাসপাতাল। চিকিৎসক বি. চিকিৎসাকারী, বৈদ্য, ডাক্তার। চিকিৎসনীয়, চিকিত্ স্য বিণ. চিকিৎসার যোগ্য; চিকিৎসা করা চলবে বা করতে হবে এমন।˜ বিভ্রাট,˜ সংকট বি. বহু চিকিৎসককে দিয়ে চিকিৎসার ফলে কিংবা ভুল চিকিৎসার ফলে উদ্ভুত সংকট। চিকিৎসিত বিণ. চিকিৎসা করা হয়েছে এমন।

চিকীর্ষা (p. 288) [cikīrṣā] বি. করার ইচ্ছা (উপচিকীর্ষা)। [সং. √কৃ + সন্ + অ + আ]। চিকীর্ষিত বিণ. অভিপ্রেত, বাঞ্ছিত, অভিলাষিত। চিকীর্ষু বিণ. করতে ইচ্ছুক।

চিকুর (p. 288) [cikura] বি. 1 কেশ, চুল ('বাঁধিতেছিল বা দীর্ঘ চিকুর': রবীন্দ্র); 2 বিদ্যুত্। □ বিণ. চপল, চঞ্চল, অস্থির। [সং. চি + √কুর্ + অ]। ̃ জাল বি. কেশগুচ্ছ, কেশদাম, চুলের গোছা।

চিকেন (p. 288) [cikēna] বি. মুরগি বা মুরগির মাংস। [ইং. chicken]।

চিক্কণ (p. 288) [cikkaṇa] বিণ. 1 চিকন, মসৃণ ও উজ্জ্বল; চকচকে (তৈলচিক্কণ কেশদাম); 2 স্নিগ্ধ, সুন্দর, শোভন। [সং. √চিত্ + কণ]।

চিক্কুর1 (p. 288) [cikkura1] বি. তীব্র বিদ্যুত্ বা বজ্র (চিক্কুর হানছে)। [সং. চিকুর]।

চিক্কুর2 (p. 288) [cikkura2] (আঞ্চ.) তীব্র চিৎকার (চিক্কুর দেওয়া)। [সং. চিৎকার]।

চিঙ্গট, চিঙ্গড় (p. 288) [ciṅgaṭa, ciṅgaḍ.] বি. চিংড়ি। [সং. চিঙ্গ (মনোহর) + √অট্ (গমন করা) + অ]। চিঙ্গটী বি. (স্ত্রী.) ছোট চিংড়ি।

চিচিং-ফাঁক (p. 288) [cici-mphām̐ka] বি. (আরব্যোপন্যাসে বর্ণিত) দরজা-কবাট ইত্যাদি উন্মোচনের গুপ্ত মন্ত্রবিশেষ; বুদ্ধদ্বারের উন্মোচন। [গি. ঘো. উদ্ভাবিত]।

চিচিঙ্গা, (কথ্য) চিচিঙ্গে (p. 288) [ciciṅgā, (kathya) ciciṅgē] বি. ব্যঞ্জনরূপে ভক্ষ্য সর্পাকৃতি লম্বা সবজিবিশেষ। [সং. চিচিণ্ড]।

চিচ্ছক্তি (p. 288) [cicchakti] বি. চৈতন্যশক্তি, চিদ্রূপা শক্তি; পরম জ্ঞান যা ইন্দ্রিয়ের সম্পূর্ণ অগোচর (তু. জড়শক্তি)। [সং. চিত্ + শক্তি]।

চিজ1 (p. 288) [cija1] বি. 1 সামগ্রী, দ্রব্য, বস্তু; 2 মূল্যবান সামগ্রী (আপনার জন্যে এমন চিজ এনেছি যা দেখলে আপনার মাথা ঘুরে যাবে); 3 (বিদ্রূপে) ধূর্ত বা অদ্ভুত লোক (সে একটি চিজ)। [ফা. চীজ্]।

চিজ2 (p. 288) [cija2] বি. দুধের তৈরি জমাট খাবারবিশেষ, পনির। [ইং. cheese]।

চিট1 (p. 288) [ciṭa1] বি. কাগজের ছোট টুকরো, চিরকুট। [হি. চীট্]।

চিট2 (p. 288) [ciṭa2] বি. 1 আঠালো ভাব; 2 চটচটে জিনিস (চিট ধরেছে)। [দেশি]।˜ চিটে বিণ. আঠালো, ঈষত্ চটচটে।

চিটা1, চিটে1 (p. 288) [ciṭā1, ciṭē1] বিণ. শুকনো, নীরস, অসার। □ বি. যে ধানের মধ্যে চাল নেই। [দেশি]।

চিটা2, চিটে2 (p. 288) [ciṭā2, ciṭē2] বিণ. চিটযুক্ত, ঈষত্ চটচটে বা আঠালো। □ বি. চিটা গুড়। [বাং. চিট + আ, এ]। ̃ গুড় বি. (সচ. তামাক মাখার কাজে ব্যবহৃত) ঘন কালো চটচটে গুড়বিশেষ, কোতরা গুড়।

চিটিং-বাজ (p. 288) [ciṭi-mbāja] বি. ঠক, প্রতারক। [ইং. cheating + ফা. বাজ]। চিটিং-বাজি বি. প্রতারণা; ছল-চাতুরী।

চিঠা (p. 288) [ciṭhā] বি. 1 ছোট চিঠি; 2 ফর্দ, তালিকা; 3 জমিদারিসংক্রান্ত খসড়া হিসাবপত্র (হাত-চিঠা); 4 জমির পরিমাপ সংক্রান্ত বিবরণ। [হি. চিট্ঠা]।

চিঠি (p. 288) [ciṭhi] বি. পত্র, লিপি। [হি. চিট্ঠী]। ̃ চাপাটি বি. চিঠিপত্র, পত্রাদি। ̃ পত্র বি. চিঠি ও ওইধরনের কাগজপত্র; চিঠিচাপাটি।

চিড় (p. 288) [ciḍ়] বি. 1 ফাটল, ফাট, বিদারণ; 2 ফাটার সরু রেখা বা চিহ্ন। [দেশি]। চিড় খাওয়া, চিড় ধরা ক্রি. বি. ফাট ধরা সরু ফাটল তৈরি হওয়া (কাঠে চিড় ধরেছে); 2 (আল.) ভেঙে যাবার উপক্রম হওয়া (তাদের বন্ধুত্বে চিড় ধরছে)।

চিড়-বিড় (p. 288) [ciḍ়-biḍ়] অব্য. বি. 1 অস্থিরতার ভাব (এমন চিড়বিড় করছ কেন?); 2 শরীরের কোনো স্থানে চুলকানি বা সুড়সুড়ির মতো অনুভূত হওয়া (পিঠে কেমন যেন চিড়বিড় করছে)। [দেশি-ধ্বন্যা.]।

চিড়িক (p. 288) [ciḍ়ika] অব্য. হঠাত্ সূচ ফোটার মতো তীব্র যন্ত্রণা (মাথার মধ্যে চিড়িক মারছে)। [দেশি]।

চিড়ি-তন (p. 288) [ciḍ়i-tana] বি. তাসের রংবিশেষ, club. [হি. চিড়ী চিড়িয়া]।

চিড়িয়া (p. 288) [ciḍ়iẏā] বি. 1 পাখি; 2 জন্তু (আজব চিড়িয়া)। [হি. চিড়িয়া = পাখি]।˜ খানা বি. পশুপক্ষিশালা, zoo

চিত1 (p. 288) [cita1] বি. পদ্যে চিত্ত -র কোমল রূপ ('হেন বুঝি চিতে', চিতচকোর)।

চিত2 (p. 288) [cita2] দ্র চিত্2।

চিত3 (p. 288) [cita3] বিণ. 1 চয়ন করা হয়েছে এমন; 2 সঞ্চিত; 3 রচিত। [সং. √চি + ত]। উচ্চা. চিতো।

চিত্1 (p. 288) [cit1] বি. চিত্ত, জ্ঞান, চৈতন্য (চিৎশক্তি)। [সং. √চিত্ + ক্বিপ্]।

চিত্2, চিত (p. 288) [cit2, cita] বিণ. 1 ঊর্ধ্বমুখে শয়ান (চিত্ হওয়া); 2 ওইভাবে শায়িত (চিত করে রাখো); 3 (আল.) পরাজিত ('তোমার শত্রুরা রণক্ষেত্রে চিত্': ব. চ.)। [দেশি-তু. হি. চিত]।˜ পটাং,˜ পাত বিণ. সম্পূর্ণ চিত হয়ে পড়ে গেছে এমন। [তি. চিত্রপটাঙ্গ]।

চিতই (p. 288) [citi] বি. আসকে পিঠে। [সং. চিত্রপূপ]।

চিত্-কার (p. 288) [cit-kāra] বি. 1 চেঁচানি, উচ্চ কণ্ঠস্বর (এটা হাসপাতাল এখানে চিৎকার কোরো না); 2 গোলমাল, হইচই (এখানে এক চিৎকার হচ্ছে কেন?)। [সং. চিত্ + √কৃ + অ]। চিত্-কৃত বিণ. চিৎকার করে বলা হয়েছে এমন (চিৎকৃত ঘোষণা); সরবে ঘোষিত।

চিত-চোর (p. 288) [cita-cōra] বি. মনকে যে হরণ করেছে; প্রেমিক। [বাং. চিত (< চিত্ত) + চোর]।

চিতল (p. 288) [citala] বি. চ্যাপটা দেহ, চওড়া পেট ও সাদা আঁশযুক্ত মাছবিশেষ। [সং. চিত্রফল]।

চিতা1 (p. 288) [citā1] বি. শবদাহের চুল্লি। [সং. √চি + ত + আ]। রাবণের-চিতা (প্রবাদ আছে যে রাবণের চিতা কখনো নেভে না) বি. (আল.) চিরস্থায়ী মর্মযন্ত্রণা।

চিতা2 (p. 288) [citā2] বি. 1 গুল্মবিশেষ (রাংচিতা, শ্বেতচিতা); 2 কাপড়ে যে তিলের মতো ছোট ছোট কালো দাগ পড়ে; 3 গাছে বা গাছের পাতায় শ্যাওলা বা ছাতাধরা দাগ; 4 মানুষের চামড়ায় মেচেতাজাতীয় দাগ (সারা গায়ে চিতা পড়েছে)। [সং. চিত্র]।

চিতা3 (p. 288) [citā3] বি. হলুদ রঙের উপর গোল গোল কালো ছাপ যুক্ত অত্যন্ত দ্রূতগামী বাঘবিশেষ, cheetah. [সং. চিত্রক]।

চিতা4 (p. 288) [citā4] ক্রি. চিত হওয়া বা করা (মাছটা চিতিয়ে রয়েছে) 2 ফোলানো (বুক চিতিয়ো না)। [চিত্2 দ্র]।˜ নো ক্রি. চিতা, চিত হওয়া বা করা (বুক চিতানো)।

চিতি (p. 288) [citi] বি. 1 চিত্রিতদেহ সাপবিশেষ (চিতিসাপ); 2 চিত্রিতদেহ কাঁকড়াবিশেষ (চিতিকাঁকড়া)। [সং. চিত্রক]।

চিতেন (p. 288) [citēna] বি. গানে (বিশেষত কবিগানে) মহড়ার পরে উচ্চকণ্ঠে গীত অংশ। [দেশি]।

চিত্ত (p. 288) [citta] বি. মন, হৃদয়, অন্তঃকরণ। [সং. √চিত্ + ত]।˜ ক্ষোভ বি. মনের ক্ষোভ বা দুঃখ।˜ চাঞ্চল্য বি. মনের চঞ্চলতা বা বিকার।˜ চোর বি. মনোহরণকারী, প্রেমিক।˜ দমন বি. আত্মসংযম, মনকে সংযত করা।˜ দাহ বি. মনের জ্বালা, মর্মযন্ত্রণা।˜ নিরোধ বি. বাহ্য বিষয় থেকে মনকে নিবৃত্ত করা।˜ প্রসাদ বি. প্রফুল্লতা, সন্তোষ; মনের আনন্দ।˜ বিকার বি. মনের বিকৃতি বা নৈতিক অবনতি।˜ বিক্ষেপ বি. 1 ভিন্ন বিষয়ে আকৃষ্ট হবার ফলে মনোযোগের হানি; 2 যোগে ব্যাঘাতসৃষ্টিকারী মানসিক চাঞ্চল্য।˜ বিনোদন বি. মানসিক প্রফুল্লতাবিধান, মনকে আনন্দদান।˜ বিভ্রম বি. মনের বিমূঢ়তা, বুদ্ধিভ্রংশ।˜ বৃত্তি বি. মনের ধর্ম ক্রিয়া বা প্রকৃতি।˜ বৈকল্য বি. মনের বিকার; নৈতিক অবনতি; কর্তব্যনির্ণয়ে অক্ষমতা।˜ ভ্রংশ বি. মনের বিকার; স্মৃতিশক্তির লোপ, মানসিক শক্তির নাশ।˜ রঞ্জন বি. চিত্তবিনোদন, মনের আনন্দসাধন। □ বিণ. মনে আনন্দ দেয় এমন।˜

রঞ্জিনী বৃত্তি বি. মনের যে আনন্দদায়ক প্রকৃতি মানুষকে সৌন্দর্য ও রস উপভোগে প্রবৃত্ত করায়।˜ শুদ্ধি বি. মনের পাপ মালিন্য বা কু-ভাব দূর করে মনকে নির্মল করা।˜ স্থৈর্য বি. মানসিক অচঞ্চলতা; উদ্বেগহীনতা।˜ হারী (-রিন্) বিণ. মন-ভুলানো, চিত্তাকর্ষক। চিত্তাকর্ষক বিণ. 1 মনোহর; 2 কৌতূহল জাগায় এমন। চিত্তোন্নতি বি. মানসিক উন্নতি, চিত্তবৃত্তির উন্নতি।

চিত্র (p. 288) [citra] বি. 1 ছবি, আলেখ্য; 2 প্রতিকৃতি; 3 নকশা; 4 পত্রলেখা। □ বিণ. বিস্ময়কর; 2 বিচিত্র; 3 নানা বর্ণে রঞ্জিত। [সং. √চিত্র্ + অ]।˜ কর,˜ কার,˜ কৃত্ বি. যে ছবি আঁকে' পটুয়া।˜ কলা বি. ছবি আঁকার বিদ্যা বা শিল্প।˜ কল্প বি. কবিতায় বা গদ্যে শব্দ দিয়ে ছবি ফুটিয়ে তোলা, রূপকল্প, ভাবচ্ছবি, imagery.˜ কৃত্ চিত্রকর এর অনুরূপ।˜ কাব্য বি. 1 যে কবিতার পদসমূহ চিত্র বা ছবির আকারে গ্রথিত হয়; 2 ব্যাঙ্গার্থহীন এবং শব্দার্থের আড়ম্বরপ্রধান কবিতা বা কাব্য।˜ গন্ধ বি. 1 মনোহর গন্ধ; 2 হরিতাল।˜ ণ বি. 1 চিত্রিতকরণ; 2 লেখন (চরিত্রচিত্রণ)।˜ দীপ বি. পঞ্চপ্রদীপের অন্যতম।˜ নাট্য বি. গল্প বা উপন্যাসের সিনেমার উপযোগী নাট্যরূপ, scenario, screenplay.˜ পট বি. ছবি আঁকার জন্য মোটা বস্ত্রবিশেষ, canvas; চিত্রাঙ্কিত বস্ত্র।˜ ফলক বি. চিত্রাঙ্কিত ধাতুপাত, কাষ্ঠখণ্ড প্রভৃতি।˜ বিচিত্র বিণ. বিবিধ বর্ণযুক্ত বা চিত্রযুক্ত।˜ বিদ্যা বি. চিত্রকলা।˜ ময় বিণ. 1 ছবিতে ভরা; 2 ছবির তুল্য; 3 ছবির দ্বারা বর্ণিত। স্ত্রী.˜ ময়ী।˜ যোধী (-ধিন্) বি. অর্জুনের অন্য নাম।˜ ল বিণ. চিত্রময় ('গড়ে তুলি ভাস্কর্যের চিত্রল প্রেরণা': বিষ্ণু.)।˜ লেখনী বি. তুলি, ছবি আঁকার তুলি।˜ শালা বি. 1 চিত্রকরের কর্মস্থান, studio; 2 চিত্রসমূহ রাখার বা সংগ্রহ করার স্থান।˜ শিল্পী (-ল্পিন্) বি. চিত্রকর।

চিত্রক1 (p. 288) [citraka1] বি. 1 চিতা, cheetah; 2 চিতাবাঘ, leopard. [সং. চিত্র + √কৈ + অ]।

চিত্‌রক2 (p. 288) [citraka2] বি. 1 চিত্র; 2 তিলক। [সং. চিত্র + ক]।

চিত্রক3 (p. 288) [citraka3] বিণ. চিত্রাঙ্কনকারী। [সং. √চিত্‌ + অক]।

চিত্র-কর্মা (p. 288) [citra-karmā] (-র্মন্‌) বিণ. অদ্ভুত কাজ করে এমন। [সং. চিত্র + কর্মন্‌]।

চিত্র-কূট (p. 288) [citra-kūṭa] বি. 1 রামায়ণোক্ত পর্বতবিশেষ; 2 বুন্দেলখণ্ডের পাহাড়বিশেষ, রামগিরি। [সং. চিত্র + কূট]।

চিত্র-গুপ্ত (p. 288) [citra-gupta] বি. যমরাজের অধীন কর্মচারী-সর্বজীবের আয়ু ও পাপ-পুণ্যের হিসাবরক্ষক। [সং. চিত্র (লেখন) + √গুপ্‌ (-রক্ষণ) + ত]।

চিত্র-জগত্‌ (p. 288) [citra-jagat] বি. (সাধারণত) চলচ্চিত্রশিল্পের জগত্‌ (চিত্রজগতে সকলেই তাঁকে চেনে)। [সং. চিত্র + জগত্‌]।

চিত্রণ (p. 288) [citraṇa] দ্র চিত্র।

চিত্র-তারকা (p. 288) [citra-tārakā] বি. চলচ্চিত্র বা সিনেমার প্রখ্যাত অভিনেতা-অভিনেত্রী। [ইং. film-star এর অনুকরণে]।

চিত্র-পরিচালক (p. 288) [citra-paricālaka] বি. চলচ্চিত্র বা সিনেমার নির্দেশক, film director. [সং. চিত্র + পরিচালক]।

চিত্র-ভানু (p. 288) [citra-bhānu] বি. 1 অগ্নি; 2 সূর্য। [সং. চিত্র + ভানু (-কিরণ)]।

চিত্রল (p. 288) [citrala] দ্র চিত্র।

চিত্রা (p. 288) [citrā] বি. 1 (জ্যোতিষ.) নক্ষত্রবিশেষ; 2 সংস্কৃত ছন্দবিশেষ। [সং. চিত্র + আ]।

চিত্রাঙ্কন (p. 288) [citrāṅkana] বি. ছবি আঁকা। [সং. চিত্র + অঙ্কন]।

চিত্রানুগ (p. 288) [citrānuga] বিণ. 1 ছবির অনুসরণ বা ব্যাখ্যা করে এমন (চিত্রানুগ বর্ণনা); 2 ছবির মতো বর্ণিত, picturesque; 3 অতি স্পষ্ট। [সং. চিত্র + অনুগ]।

চিত্রায়ণ (p. 288) [citrāẏaṇa] বি. 1 চিত্রে রূপায়ণ; 2 চিত্রনির্মাণ। [সং. চিত্র + ক্যঙ্ + অন]। চিত্রায়িত বিণ. চিত্রে রূপায়িত; চিত্রিত।

চিত্রার্পিত (p. 288) [citrārpita] বিণ. 1 ছবিতে অঙ্কিত; 2 চিত্রে নিবদ্ধ; 3 স্থির বা নিশ্চল (কথাটা শুনে সে চিত্রার্পিত হয়ে রইল)। [সং. চিত্র + অর্পিত]।

চিত্রালং-কার (p. 288) [citrāla-ṅkāra] বি. ছবির আকারে শব্দ সাজানোর রচনারীতি। [সং. চিত্র + অলংকার]।

চিত্রিণী (p. 288) [citriṇī] বি. 1 কামশাস্ত্রে বর্ণিত চারপ্রকার নায়িকা বা স্ত্রীজাতীর অন্যতমা (অন্য তিনপ্রকার-হস্তিনী, শঙ্খিনী ও পদ্মিনী); 2 তন্ত্রোক্ত দেহস্থ নাড়ীবিশেষ। [সং. চিত্র + ইন্ + ঈ]।

চিত্রিত (p. 288) [citrita] বিণ. 1 অঙ্কিত; লিখিত; 2 চিহ্নিত; 3 নকশা-কাটা; 4 চিত্রার্পিত। [সং. চিত্র্ + ত]। স্ত্রী. চিত্রিতা।

চিত্রীয়-মান (p. 288) [citrīẏa-māna] বিণ. চিত্রিত বা অঙ্কিত বা চিহ্নিত হচ্ছে এমন। [সং. চিত্র + ক্যঙ্ + শানচ্]।

চিদম্বর (p. 290) [cidambara] বি. 1 আকশবত্ নির্লিপ্ত পরব্রহ্ম; 2 চৈতন্যরূপ আকাশ; 3 মনোরূপ পরব্রহ্ম; 4 চিত্তরূপ আকাশ। [সং. চিত্ + অম্বর]।

চিদাকাশ (p. 290) [cidākāśa] বি. চিদম্বর -এর অনুরূপ ('তোমার চিদাকাশে ভাতে সুরয-চন্দ্র-তারা': রবীন্দ্র)। [সং. চিত্ + আকাশ]।

চিদাত্মা (p. 290) [cidātmā] (-ত্মন্) বি. 1 চৈতন্যরূপ আত্মা; 2 জ্ঞানময় ব্রহ্ম। [সং. চিত্ + আত্মন্]।

চিদানন্দ (p. 290) [cidānanda] বি. 1 চৈতন্য ও আনন্দের স্বরূপ যিনি অর্থাত্ পরব্রহ্ম; 2 চিন্ময় শিব। [সং. চিত্ (=চৈতন্য) + আনন্দ]।

চিদাভাস (p. 290) [cidābhāsa] বি. 1 চৈতন্যের আভাস, চৈতন্য বা জ্ঞানের আভাস বা দীপ্তি; চৈতন্য বা জ্ঞানের অপূর্ণ প্রকাশ; 2 চৈতন্যের প্রতিবিম্বস্বরূপ জীবাত্মা। [সং. চিত্ + আভাস]।

চিদ্রূপ (p. 290) [cidrūpa] বি. চৈতন্যস্বরূপ জ্ঞানময় আত্মা, ব্রহ্ম। [সং. চিত্ + রূপ]।

চিন1 (p. 290) [cina1] বি. 1 চিহ্ন, দাগ; 2 লক্ষণ, নিদর্শন ('লেজের চিন': কৃত্তি)। [সং. চিহ্ন]।

চিন2 (p. 290) [cina2] বি. জানাশুনা, চেনাশোনা (চিন-পরিচয়)। □ বিণ. চেনা, পরিচিত (অচিন দেশ, অচিন পাখি)। [বাং. √চিন্ + অ]।

চিন-চিন (p. 290) [cina-cina] অব্য. বি. অস্পষ্ট ঈষত্ জ্বালা (নখের ডগাটা চিনচিন করছে)। [দেশি]।

চিনা, চেনা (p. 290) [cinā, cēnā] বি. ক্রি. 1 পরিচিত বলে বা আগে দেখা বলে জানা, পরিচয় জানা (আমি তাকে চিনি); 2 স্বরূপ জানা (আসল মুক্তো চেনা); 3 শনাক্ত করা (নিহত লোকটিকে চিনতে পারলে?); 4 বাছাই করা (ভালোমন্দ চিনি না); 5 পরিচয় করা (অক্ষর চেনা)। □ বিণ. পরিচিত, জানাশুনা (চেনা লোক)। [সং. চিহ্ন > বাং. চিন + আ]।˜ চিনি বি. পরস্পর পরিচয়।˜ নো ক্রি. বি. পরিচিত করানো। □ বিণ. উক্ত অর্থে।˜ পরিচয়,˜ শুনা, (কথ্য)˜ শোনা বি. আলাপপরিচয়।

চিনা-বাদাম (p. 290) [cinā-bādāma] বি. ছোট বাদামবিশেষ, groundnut. [তা. তেলু. চিন্না (=ক্ষুদ্র) + ফা. বাদাম]।

চিনি (p. 290) [cini] বি. শর্করা, sugar. [চৈ. চি-নি-তু. হি. চীনী]। চিনি-পাতা দই চিনি-মেশানো দুধ দিয়ে তৈরি দই। চিনির বলদ (আল.) (বলদ যেমন মহাজনের চিনির বস্তা বহন করে অথচ তার স্বাদগ্রহণ করতে পারে না তেমনি) যে ব্যক্তি পরের সুখসমৃদ্ধির জন্য খেটে মরে অথচ নিজে তার কিছুমাত্র ভোগ করতে পারে না। যে খায় চিনি জোগান চিন্তামণি কোনো সত্ অভ্যাসের জন্য বা সত্ কাজের জন্য অর্থের বা উপায়ের ভাবনা ভাবতে হয় না, ভগবৎকৃপায় তা আপনিই জুটে যায়।

চিন্তক (p. 290) [cintaka] বিণ. বি. চিন্তাকারী, যে চিন্তা করে। [সং. √ চিন্ত্ + অক]।

চিন্তন (p. 290) [cintana] বি. 1 মনন; 2 ধ্যান; 3 স্মরণ; 4 ভাবনা, মনে মনে আলোচনা (পরের অনিষ্ট চিন্তন); 5 অনুধাবন। [সং. √ চিন্ত্ + অন)।

চিন্তা (p. 290) [cintā] বি. 1 মনন (ব্যাপারটা একটু চিন্তা করে দেখতে হবে); 2 ধ্যান (ঈশ্বরচিন্তা); 3 স্মরণ (ভালো করে চিন্তা করে দেখো, ঠিক মনে পড়বে); 4 কল্পনা, বিচার, প্রভৃতি মানসিক কাজ, ভাবনা (চিন্তার বিষয়); 5 উদ্বেগ (চিন্তাকুল); 6 ভয়, আশঙ্কা (তোমার কোনো চিন্তা নেই)। [সং. √চিন্ত্ + অ + আ]। চিন্তনীয়, চিন্ত্য বিণ. গুণদোষ বিচার করতে হয় এমন, চিন্তা করতে হয় বা চিন্তা করা উচিত এমন।˜ কুল,˜ কুলিত বিণ. চিন্তায় বা উদ্বেগে আকুল (চিন্তাকুল

মনে এগিয়ে চললেন)।˜ গম্য বিণ. চিন্তা করে যা বোঝা যায়, ভাবনাচিন্তা করা যায় এমন (চিন্তাগম্য বিষয়)।˜ জনক বিণ. ভাবনা বা চিন্তা জন্মায় এমন, চিন্তায় ফেলে এমন।˜ তীত বিণ. চিন্তা বা ধারণা করা যায় না এমন, চিন্তার অতীত।˜ন্বিত বিণ. ভাবনাগ্রস্ত, উদ্বিগ্ন।˜ পর বিণ. চিন্তামুক্ত, চিন্তিত।˜ প্রবণ বিণ. চন্তাভাবনা করতে অভ্যস্ত (চিন্তাপ্রবণ মন)।˜ মগ্ন বিণ. চিন্তায় ডুবে আছে এমন, চিন্তায় বিভোর।˜ মণি বি. 1 যে মণি অভীষ্ট ফল জোগায়; স্পর্শমণি; 2 ভগবান; 3 ব্রহ্মা; 4 নারায়ণ।˜ শক্তি বি. চিন্তা করার ক্ষমতা।˜ শীল বিণ. 1 ভাবুক; 2 চিন্তা করে বিচার করেত সমর্থ (চিন্তাশীল মনীষী)।

চিন্তিত (p. 290) [cintita] বিণ. 1 চিন্তাযুক্ত, চিন্তা করছে বা ভাবছে এমন; 2 উদ্বিগ্ন (ছেলেটার জন্যে একটু চিন্তিত আছি); 3 স্মরণ করা হয়েছে এমন; 4 বিবেচিত, চিন্তার বিষয়ীভূত (সুচিন্তিত অভিমত)। [সং. √চিন্ত্ + ত]।

চিন্তে (p. 290) [cintē] বি. চিন্তা -র বিকৃত কথ্য রূপ। অস-ক্রি. চিন্তিয়া -র কথ্য রূপ (ভেবেচিন্তে কাজ করবে)।

চিন্ত্য (p. 290) [cintya] দ্র চিন্তা।

চিন্ময় (p. 290) [cinmaẏa] বিণ. 1 চৈতন্যময়, জ্ঞানময়; 2 চৈতন্যস্বরূপ। □ বি. পরমেশ্বর। [সং. চিত্ + ময়]। বিণ. স্ত্রী. চিন্ময়ী।

চিপটা, চেপটা (p. 290) [cipaṭā, cēpaṭā] ক্রি. 1 চ্যাপটা করা বা হওয়া, পিষ্ট করা বা হওয়া (ফুলগুলো চেপটে গেছে, মোটরে চেপটে দিযেছে); 2 চাপ দিয়ে সংলগ্ন করা (টিকিটগুলো চেপটে দাও)। [হি. চিপট্না-তু. বাং. চাপ]।˜ নো

ক্রি. বি. চিপটা। □ বিণ. উক্ত অর্থে। চিপটানি বি. চ্যাপটা করা, পিষ্ট করা; চেপে সংলগ্ন করা (কচি হাড়ে অত চিপটানি সহ্য হয় না)।

চিপটান, (কথ্য) চিপটেন (p. 290) [cipaṭāna, (kathya) cipaṭēna] বি. নিচু স্বরে মধ্যে মধ্যে উচ্চারিত চিমটি কাটার মতো জ্বালা-ধরা উক্তি বা টিপ্পুনি (চিপটেন কাটা)। [চিপটা দ্র]। চিপটান কাটা, চিপটান ঝাড়া ক্রি. বিদ্রূপ করা, ব্যঙ্গ করে মন্তব্য করা।

চিপসা, চিপসানো (p. 290) [cipasā, cipasānō] যথাক্রমে চুপসা -র এবং চুপসানো ও চোপসানো -র রূপভেদ।

চিপা (p. 290) [cipā] ক্রি. নিষ্পেষণ করা, টেপা (ফলের রস চিপে বের করা); 2 নিংড়ানো। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 উক্ত সব অর্থে; 2 সংকীর্ণ (চিপা গলি, চেপা গলি)। [বাং. √চিপ্ + আ]।

চিপিটক (p. 290) [cipiṭaka] বি. চিঁড়া, চিঁড়ে। [সং. চি + √পিটচ্ + ক স্বার্থে]।

চিবা (p. 290) [cibā] ক্রি. চর্বণ করা। [সং. √চর্ব্ + বাং. আ]। ˜ নো, চিবোনো ক্রি. চর্বণ করা (বাদাম চিবোচ্ছে, এত শক্ত পেয়ারা চিবানো যায় না)। □ বি. বিণ. উক্ত অর্থে। চিবিয়ে চিবিয়ে কথা বলা ক্রি. বি. বক্তব্য পরিষ্কার করে না বলা। চিবুনি বি. চর্বণ।

চিবুক (p. 290) [cibuka] বি. দুই ওষ্ঠের নিম্নদেশ, থুতনি (চিবুক স্পর্শ করে স্নেহপ্রকাশ করলেন)। [সং. √চী + উ + ক (নি.)]। ~ স্পর্শ বি. আদর বা স্নেহপ্রকাশের উদ্দেশ্যে থুতনি ছোঁয়া।

চিবুনি (p. 290) [cibuni] দ্র চিবা।

চিমটা (p. 290) [cimaṭā] বি. জ্বলন্ত কয়লা কাঠ ইত্যাদি বা তপ্ত কোনোকিছু ধরবার জন্য লোহার তৈরি যন্ত্রবিশেষ। [দেশি-তু. হি. চিম্টা]।

চিমটানো (p. 290) [cimaṭānō] বি. ক্রি. নখ বা আঙুল দিয়ে গায়ের চামড়া চিমটার মতো টিপে ধরা; চিমটি কাটা। [বাং. √চিমটা + আনো]। চিমটানি বি. চিমটি।

চিমটি (p. 290) [cimaṭi] বি. 1 দুই আঙুলের ডগা বা নখ দিয়ে চেপে ধরা; 2 দুই আঙুলের অগ্রভাগ দিয়ে চেপে যতটা তোলা যায় (এক চিমটি নূন)। [বাং. চিমটা + ই]। চিমটি কাটা বি. ক্রি. চিমটি দিয়ে বিদ্ধ বা পেষণ করা।

চিমড়া, (কথ্য) চিমড়ে (p. 290) [cimaḍ়ā, (kathya) cimaḍ়ē] বিণ. 1 শুকনো চামড়ার মতো শক্ত (চিমড়ে লুচি); 2 (আল.) একগুঁয়ে, অবাধ্য (চিমড়ে স্বভাবের লোক); 3 অত্যন্ত রোগাটে কিন্তু শক্ত, পাকানো (চিমড়ে গড়ন)। [হি. চীমড় < সং. চর্ম]।

চিমনি (p. 290) [cimani] বি. 1 ধোঁয়া বার করার নলাকার যন্ত্রবিশেষ (চিমনির কালো ধোঁয়া); 2 হারিকেন লণ্ঠন প্রভৃতির কাচনির্মিত গোলাকার আবরণ বা বেষ্টনী। [ইং. chimney]।

চির1 (p. 290) [cira1] বি. 1 ফাট, বিদারণ; 2 লম্বা ফালি বা টুকরো (কাগজটাকে তিন চির করে কাটো; ফেটে চৌচির)।[সং. চীর]। ~ কূট বি. 1 কাগজের টুকরো; 2 অতি ক্ষুদ্র চিঠি (তাঁর কাছে একটা চিরকুট পাঠিয়ে দিল); 3 ছেঁড়া ময়লা পুরনো কাপড়।

চির2 (p. 290) [cira2] বিণ. 1 নিত্য, সর্বদা, সদা, অনন্ত (চিরসত্য); 2 দীর্ঘকালব্যাপী ('সুচির শর্বরী' : রবীন্দ্র); 3 সর্ব. সমস্ত (চিরজীবন); 4 আবহমান, আজীবন (চিরকাল, চিরদিন, চিরদুঃখ)। □ বি. দীর্ঘকাল (আচিরে, চিরতরে)। [সং. √চি + র]। ~ কর্মা (র্মন্), ~ কারী (-রিন্), ~ ক্রিয় বিণ. দীর্ঘসূত্র, কাজে দেরি করে এমন। বি. ~ কারিতা, ~ ক্রিয়তা। ~ কাঙ্ক্ষিত বিণ. চিরদিন যা চাওয়া হয়েছে (চিরকাঙ্ক্ষিত সুখ)। ~ কাল বি. ক্রি-বিণ. অনন্তকাল, সবসময়, সারাজীবন (চিরটা কাল ভুগছি)। ~ কালীন, ~ কেলে বিণ. চিরকালের, চিরন্তন (চিরকালীন সত্য, চিরকেলে ঢং)। ~ কুমার বিণ. আজীবন অবিবাহিত। বি. (স্ত্রী.) ~ কুমারী। ~ ক্রীত বিণ. 1 চিরদিনের জন্য কেনা; 2 কোনো প্রতিদান দেওয়া যায় না এমনভাবে উপকৃত (আপনার কাছে চিরক্রীত হয়ে রইলাম)। ~ জীবন বি. সারা জীবন, সমস্ত জীবিতকাল। □ ক্রি-বিণ. আজীবন, সারা জীবন ধরে। ~ জীবী (-বিন্) বিণ. 1 দীর্ঘায়ু, দীর্ঘজীবী; অমর। □ বি. অশ্বত্থামা কৃপাচার্য পরশুরাম বলিরাজ ব্যাসদেব বিভীষণ ও হনুমান-এই সাতজন অমর বা চিরজীবী ব্যক্তি। বিণ. (স্ত্রী.) ~ জীবিনী। ~ঞ্জীব, ~ ঞ্জীবী (-বিন্) চিরজীবী -র অনুরূপ। ~ ত্ব বি. চিরস্থায়িত্ব (ছড়া ও লোকগীতির মধ্যে একটা চিরত্ব আছে)। ~ দারিদ্র, ~ দারিদ্র্য বি. চিরকালের দারিদ্র,

দারিদ্র কখনো ঘোচে না এমন অবস্থা। ˜ দিন বি. ক্রি-বিণ. সারাজীবন; আবহমান কাল। ˜ দীন বিণ. চিরকাল ধরে দীন বা দরিদ্র; দারিদ্র বা দৈন্য কখনো ঘোচে না এমন। বি. ˜ দৈন্য, ˜ দীনতা। ˜ দুঃখ বি. জীবনব্যাপী দুঃখ। ˜ নবীন বিণ. বরাবর নবীন থাকে এমন; পুরোনো হয় না এমন (চিরনবীন প্রেম)। ˜ নিদ্রা বি. যে নিদ্রা কখনো ভাঙে না; মৃত্যু (চিরনিদ্রায় ঢলে পড়ল)। ˜ নির্দিষ্ট, ˜ নির্ধারিত বিণ. চিরকালের জন্য নির্ধারিত বা স্থিরীকৃত। ˜ নির্বাসন বি. চিরকালের জন্য দেশান্তরীকরণ; স্বদেশ থেকে চিরকালের মতো বহিষ্কার। ˜ নির্ভর বিণ. চিরদিন ভরসা রাখা যায় এমন; চিরকাল আশ্রয় দেয় এমন ('চিরবন্ধু, চিরনির্ভর, চিরশান্তি': রবীন্দ্র)। ˜ নীহার, ˜ তুষার বি. যে তুষার কখনো গলে না। ˜ নীহার-রেখা, ˜ তুষার-রেখা হিমরেখা -র অনুরূপ। ˜ নূতন বিণ. কখনো পুরোনো হয় না এমন। ˜ স্তন বিণ. 1 চিরকালীন (চিরন্তন সত্য); 2 চিরকালব্যাপী। বি. ˜ স্তনতা। বিণ. (স্ত্রী.) ˜ স্তনী। ˜ পরিচিত বিণ. দীর্ঘদিন ধরে জানা আছে এমন; বহু-পুরোনো আলাপী; অনেকদিন ধরেই যার সঙ্গে পরিচয় ˜ প্রচলিত বিণ. আবহমানকাল ধরে বা বহুদিন ধরে চলে আসছে এমন (চিরপ্রচলিত প্রথা)। ˜ প্রবাস বি. 1 জীবনভর বিদেশে বাস; 2 দীর্ঘকাল বিদেশে বাস। ˜ বিচ্ছেদ বি. সারাজীবনের জন্য বা দীর্ঘকালের জন্য ছাড়াছাড়ি। ˜ বিদায় বি. চিরদিনের মতো বিদায় বা প্রস্থান। ˜ বৈর বি. চিরকালের শত্রুতা, যে শত্রুতার কখনো অবসান হয় না। ˜ বৈরী বিণ. বি. দীর্ঘকালব্যাপী বা জীবনভর শত্রুতা করে এমন (ব্যক্তি)। ˜ রহস্য বি. কোনোদিন যে রহস্যের অবসান বা সমাধান হয় না। ˜ রুগ্ণ বিণ. দীর্ঘকালব্যাপী বা জীবনভর রোগগ্রস্ত (ঘরে আছে চিররুগ্ণ স্ত্রী)। ˜ রোগী (-গিন্) বিণ. বি. দীর্ঘকাল ধরে রোগে ভুগছে এমন (ব্যক্তি)। ˜ রুগি (কথ্য) বিণ. বি. চিররোগী -র অনুরূপ। ˜ শত্রু চিরবৈরী -র অনুরূপ। ˜ শান্তি বি. 1 চিরকালের জন্য শান্তি; 2 মুক্তি, মোক্ষ; 3 মৃত্যু। ˜ শ্যামল, ˜ হরিত্ বিণ. বৎসরের সব ঋতুতে সবুজ থাকে এমন। ˜ সুখী (-খিন্) বিণ. জীবনভর সুখী; জীবনে কখনো দুঃখ পায়নি এমন। ˜

সুহৃত্,~ সুহৃদ্ বি. চিরদিনের বন্ধু।~ স্থায়ী (-য়িন্) বিণ. 1 চিরকাল বা দীর্ঘকাল থাকে বা টিকে থাকে এমন; 2 অবিনশ্বর, অক্ষয়; 3 অপরিবর্তনীয়। চিরস্থায়ী বন্দোবস্ত সরকারকে নিয়মিতভাবে নির্দিষ্ট হারে খাজনা দেওয়ার শর্তে বাংলার জমিদারদের পুরুষানুক্রমে জমি ভোগদখলের যে ব্যবস্থা 1793 সালে গভর্নর-জেনারেল লর্ড কর্নওয়ালিস প্রবর্তন করেছিলেন, Permanent Settlement.~ স্মরণীয় বিণ. যা বা যাকে চিরদিন মনে রাখা হয় বা মনে রাখা উচিত।~ হরিত্ দ্র চিরশ্যামল।

চিরতা (p. 290) [ciratā] বি. তিক্ত স্বাদযুক্ত ওষধিবিশেষ। [সং. চিরাত্তিক্ত (কিরাততিক্ত)]।

চিরন-দাঁতি, চিরন-দেঁতো (p. 290) [cirana-dām̐ti, cirana-dēm̐tō] বিণ. চিরুনির মতো ফাঁক-ফাঁক দাঁতযুক্ত। [বাং. চিরনি + দাঁত + ই, উয়া > ও]।

চিরনি (p. 290) [cirani] দ্র চিরুনি।

চিরন্তন (p. 290) [cirantana] দ্র চির2।

চিরা, চেরা (p. 290) [cirā, cērā] ক্রি. 1 বিদারণ করা, বিদীর্ণ করা (বুক চিরে রক্তদান) ফাড়া; 2 লম্বা ফালি করা (কাঠ চেরা)। □ বি. বিদারণ; ছেদন (কাঠ চেরার কাজ করে)। □ বিণ. বিদীর্ণ, বিদারিত; ছিন্ন; চিরে বার করা হয়েছে এমন (চেরা কাঠ, দুভাগে চেরা থান কাপড়)। [সং. চীর্ণ + বাং. আ]।~ ই বি. 1 বিদারণ; 2 চেরবার মজুরি।~ নো ক্রি. অন্যকে দিয়ে বিদারণ করানো; ফাড়ানো। □ বি. উক্ত অর্থে।

চিরাগ, চিরাগি (p. 290) [cirāga, cirāgi] দ্র চেরাগ।

চিরাগত (p. 290) [cirāgata] বিণ. আবহমানকাল ধরে চলে আসছে এমন, আবহমানকালে ধরে প্রচলিত (চিরাগত প্রথা, চিরাগত সংস্কার)। [সং. চির1 + আগত]।

চিরাচরিত (p. 290) [cirācarita] বিণ. আবহমানকাল ধরে অনুষ্ঠিত হয়ে চলেছে এমন (চিরাচরিত নিয়ম)। [সং. চির2 + আচরিত]।

চিরানুরক্ত (p. 290) [cirānurakta] বিণ. আজন্ম বা দীর্ঘকাল যাবত্ ভক্ত বা অনুরক্ত। [সং. চির2 + অনুরক্ত]।

চিরান্ধ (p. 290) [cirāndha] বিণ. জন্মান্ধ; চিরকাল অন্ধ। [সং. চির2 + অন্ধ]।

চিরাভ্যস্ত (p. 290) [cirābhyasta] বিণ. দীর্ঘকাল যাবত্ যা অভ্যাস করা হচ্ছে (চিরাভ্যস্ত আরাম)। [সং. চির2 + অভ্যস্ত]।

চিরাভ্যাস (p. 290) [cirābhyāsa] বি. চিরকালের বা পুরোনো অভ্যাস, দীর্ঘকালের অভ্যাস। [সং. চির2 + অভ্যাস]।

চিরায়ত (p. 290) [cirāẏata] বিণ. বহুকাল যাবত্ প্রতিষ্ঠিত বা প্রচলিত (চিরায়ত প্রথা, চিরায়ত সমাজব্যবস্থা)। [সং. চির2 + আয়ত (=বিস্তৃত)]।

চিরায়ু, চিরায়ুঃ (য়ুস্) চিরায়ুষ্মান (p. 290) [cirāẏu, cirāẏuḥ (ẏus) cirāẏuṣmāna] (ষ্মত্) বিণ. চিরজীবী, অমর; পরমায়ুবিশিষ্ট (চিরায়ু হও, চিরায়ুষ্মান হও)। [সং. চির2 + আয়ুস্, আয়ুস্ + মত্]। চিরায়ুষ্মতী বিণ. (স্ত্রী.) 1 চিরজীবিনী; 2 আজীবন সধবা।

চিরুনি, চিরনি (p. 290) [ciruni, cirani] বি. চুল আঁচড়াবার জন্য দাঁতওয়ালা যন্ত্রবিশেষ, কাঁকুই। [বাং. √চির্ (=বিদারণ) + উনি, অনি]।

চিল (p. 290) [cila] বি. বাঁকা মজবুত ঠোঁট ও তীক্ষ্ণ নখযুক্ত শিকারি মাংসাশী পাখিবিশেষ। [সং. চিল্ল]।

চিলতা, চিলতে (p. 290) [cilatā, cilatē] বি. লম্বা ও সরু ফালি (কাগজের বা কলাপাতার চিলতে)। □ বিণ. লম্বা ও সরু ফালি-করা (চিলতে কাগজ)।

চিলমচি (p. 290) [cilamaci] বি. খাওয়ার পর হাত-মুখ ধোয়ার জন্য গামলাজাতীয় পাত্রবিশেষ। [তুর. চিলম্চী]।

চিলে-কোঠা (p. 290) [cilē-kōṭhā] বি. ছাদে সিঁড়ির ঘর, attie. [দেশি]।

চিল্লা (p. 290) [cillā] ক্রি. চিৎকার করা। [হি. চিল্লানা-তু. সং. √চিল্ল]। ˜ চিল্লি বি. (সচ. বহুকণ্ঠের মিলিত) ক্রমাগত চেঁচামেচি। □ বি. উক্ত অর্থে। ˜ নি বি. চিৎকার। ˜ নো ক্রি. বি. চিৎকার করা।

চিহ্ন (p. 290) [cihna] বি. 1 দাগ, কলঙ্ক, রেখা (কালির চিহ্ন, ক্ষতচিহ্ন); 2 ছাপ (পদচিহ্ন); 3 লক্ষণ (মৃত্যুর চিহ্ন দেখা যাচ্ছে); 4 নিদর্শন, পরিচায়ক (রাজচিহ্ন); 5 সংকেত, ইশারা; 6 স্মারক, প্রতীক (সধবার চিহ্ন); 7 সাংকেতিক লিখন। [সং. √চিহ্ন্ + অ]। চিহ্নিত বিণ. চিহ্নযুক্ত।

চীন (p. 290) [cīna] বি. পূর্ব-এশিয়ার বিশাল দেশবিশেষ। [সং. চীন-তু. চীনাংশুক]।

চীনা1, চিনা1 (p. 290) [cīnā1, cinā1] বি. ক্ষুদ্র ধানবিশেষ।˜ বাদাম চিনাবাদাম -এর বানানভেদ। [তা. তেলু. চিন্না (=ক্ষুদ্র)]।

চীনা2, চিনা2 (p. 290) [cīnā2, cinā2] বি. চীনদেশের অধিবাসী। □ বিণ. চীনদেশীয়, চৈনিক। [সং. চীন + বাং. আ]। চীনাংশুক বি. চীনদেশীয় রেশমি বস্ত্রবিশেষ।˜ মাটি বি. সাদা মাটিবিশেষ যা দিয়ে কাপ ডিশ ইত্যাদি তৈরি হয়, কড়েমাটি, Chinaclay, poreelain.

চীবর (p. 290) [cībara] বি. সন্ন্যাসীদের, বিশেষত বৌদ্ধভিক্ষুদের পরিধেয় গৈরিক বসন, কৌপীন; চীর। [সং. √চি + বর]।

চীর (p. 290) [cīra] বি. 1 ছিন্ন বস্ত্রখণ্ড, ন্যাকড়া; 2 গাছের ছাল; 3 চিরকুট। [সং. √চি + র]।

চীর্ণ (p. 290) [cīrṇa] বিণ. 1 ছিন্ন, খণ্ডিত; 2 বিদীর্ণ ('সংসারের নির্বোধ আঘাতে চীর্ণ, দীর্ণ হৃদয় আমার': সু. দ.)। [সং. √চর্ + ন]।

চুঁই-চুঁই (p. 290) [cum̐i-cum̐i] অব্য. জল শোষণ, ক্ষুধা, আগুনে জ্বাল দেওয়া প্রভৃতির সূচক মৃদু অনুভূতি বা শব্দ (খিদেয় পেট চুঁইচুঁই করছে)। [ধ্বন্যা.]।

চুঁচড়ো, চুঁচড়া (p. 290) [cun̐caḍ়ō, cun̐caḍ়ā] বিণ. ছুঁচলো (চুঁচড়োমুখো)। [সং. চঞ্চু-তু. হি. চোঁচ]।

চুঁচি (p. 290) [cun̐ci] বি. (অশি.) স্তন বা স্তনের বোঁটা। [সং. চুচুক]।

চুক (p. 290) [cuka] বি. ত্রুটি; বিস্মৃতিজনিত স্খলন (ভুলচুক)। [হি. চুক]।

চুক-চুক (p. 290) [cuka-cuka] অব্য. জিভ দিয়ে আস্তে আস্তে তরল পদার্থ খাওয়ার বা চোষার শব্দ। [ধ্বন্যা.]।

চুকলি (p. 290) [cukali] বি. আড়ালে নিন্দা; লাগানিভাঙানি। [আ. চুগল্]। চুকলি কাটা ক্রি. বি. ভাঙানি দেওয়া; আড়ালে নিন্দা করা। ˜ খোর বিণ. আড়ালে নিন্দা বা লাগানিভাঙানি করে এমন।

চুকা1, (কথ্য) চুকো (p. 290) [cukā1, (kathya) cukō] বিণ. টক, অম্লস্বাদ (চুকা আম)। [সং. চুক্র]।

চুকা2, চোকা (p. 290) [cukā2, cōkā] ক্রি. 1 শেষ বা সম্পন্ন হওয়া (এতক্ষণে কাজ চুকল); 2 থেমে যাওয়া (হাঙ্গামা চুকেছে); 3 দূর হওয়া, বিদায় হওয়া (আপদ চুকেছে); 4 (বিরল) গ্রাহ্য বা ভয় করা (আমি কাউকে চুকি না);

5 পিছে হটা, দমে যাওয়া (সে এত সহজে চুকবে না)। [হি. √চুক্ + বাং. আ]।˜ নো ক্রি. শেষ বা সমাপ্ত করা; মিটানো (কাজ চুকিয়ে দাও); পরিশোধ করা (দাম চুকিয়ে দিয়ো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

চুক্তি (p. 290) [cukti] বি. 1 শর্ত, কড়ার (সেও টাকা পাবে এই চুক্তি করে নিল); 2 দুই বা ততোধিক পক্ষের মধ্যে স্বীকৃত ব্যবস্থা (শান্তি চুক্তি); 3 নিষ্পত্তি, মিটমাট (ঝগড়ার চুক্তি হয়েছে); 4 সমাধা, অবসান (কাজ চুক্তির পর)। [হি. চুকৌতা]।˜ নামা বি. শর্ত বা কড়ারের দলিল।˜ বদ্ধ বিণ. চুক্তির দ্বারা নিয়ন্ত্রিত; চুক্তির অন্তর্ভুক্ত।

চুঙি, চুঙ্গি (p. 290) [cuṅi, cuṅgi] বি. ছোট নল বা চোঙা। □ বিণ. চোঙা বা নলের আকৃতিবিশিষ্ট (চুঙ্গি পাতলুন)।˜ কর বি. শহরের মধ্যে প্রবেশকালে আমদানি ও রপ্তানিকৃত পণ্যের উপর ধার্য শুল্ক বা কর, octroi. [হি. চুঙ্গী]।

চুচূক (p. 290) [cucūka] বি. স্তনের বোঁটা। [সং. চুচু + ক (ধ্বন্যা.)]।

চুচু-কৃতি (p. 290) [cucu-kṛti] বি. চুম্বন; চোষণ বা তরল পদার্থ পান করার চুকচুক শব্দ। [সং. চুচু + √কৃ + তি]।

চুঞ্চু (p. 290) [cuñcu] বিণ. (শব্দের শেষে সমাসবদ্ধ হয়ে) খাত, প্রসিদ্ধ (তর্কচুঞ্চু, ন্যায়চুঞ্চু)। [প্রত্যয়বিশেষ-তু. চঞ্চু]।

চুটকি1 (p. 290) [cuṭaki1] বি. (মৃদুব্যঙ্গে) টিকি ('যাও ঠাকুর চৈতন চুটকি নিয়া': রবীন্দ্র)। [হি. চুটিয়া < সং. চূড়া]।

চুটকি2 (p. 290) [cuṭaki2] বি. 1 পায়ের আঙুলের ঝুমকোযুক্ত আংটি; 2 আঙুলের তুড়ি (চুটকি দিয়ে ডাকা); 3 চিমটি (এক চুটকি নুন)। □ বিণ. অল্প কথায় ব্যক্ত সরস ও সরল (চুটকি সাহিত্য)। □ বি. ছোট ও চটুল রসিকতাপূর্ণ গল্প। [সং. ছোটিকা]।

চুটা, চুটানো (p. 290) [cuṭā, cuṭānō] ক্রি. চূড়ান্ত করা, সমস্ত শক্তি প্রয়োগ করা (চুটিয়ে কাজ করা)। [বাং. √চুটা]।

চুড়, চূড় (p. 290) [cuḍ়, cūḍ়] বি. চুড়ির মতো হাতের অলংকার। [বাং.-তু. হি. চুড়ী]।

চুড়ি (p. 290) [cuḍ়i] বি. সরু বালার মতো গহনাবিশেষ। [হি. চুড়ী; তু. সং. চূড়া]।˜ দার বিণ. 1 আগা কোঁচকানো বা সরু (চুড়িদার পাঞ্জাবি); 2 চুনট-করা। □ বি. মেয়েদের পরিধেয় পায়জামাবিশেষ, যার পায়ের দিক সরু ও আঁটসাট।

চুড়ো-খোঁপা (p. 290) [cuḍ়ō-khōm̐pā] বি. মাথার পিছনে উঁচু করে বাঁধা খোঁপা। [বাং. চুড়ো + খোঁপা]।

চুণ, চুণকাম (p. 290) [cuṇa, cuṇakāma] যথাক্রমে চুন ও চুনকাম -এর বর্জি. বানান।

চুন (p. 290) [cuna] বি. পাথর শামুক ঝিনুক প্রভৃতি পুড়িয়ে বা চুনাপাথর থেকে যে সাদা ক্ষার পাওয়া যায় (চুন-সুরকির গাঁথনি)। □ বিণ. বিবর্ণ, ফ্যাকাশে, পাংশু (মুখ চুন হয়ে যাওয়া)। [সং. চূর্ণ-তু. হি. চূণা]।˜ কাম বি. দেওয়ালে চুন-গোলা জলের প্রলেপ (বাড়ি চুনকাম করা)।˜ কালি বি. (আল.) কলঙ্ক (মুখে চুনকালি দেওয়া)।

চুনট (p. 290) [cunaṭa] বি. 1 সংকোচন; 2 কোঁচানো; ধুতি চাদর ইত্যাদির প্রান্ত কোঁচানো (চুনট করা ধুতি)। □ বিণ. কোঁচকানো, কুঞ্চিত। [হি. চুনটি]।

চুনন (p. 290) [cunana] দ্র চুনা3।

চুনা1 (p. 290) [cunā1] বিণ. চুনযুক্ত, চুন-মেশানো; চুনের (চুনাপাথর)। [বাং. চুন + আ]।

চুনা2, (কথ্য) চুনো (p. 290) [cunā2, (kathya) cunō] বি. অতি ছোট মাছ। □ বিণ. অতি সংকীর্ণ (চুনাগলি)।˜ পুঁটি বি. খুব ছোট ছোট পুঁটিমাছ; (ব্যঙ্গে) সামান্য বা গুরুত্বহীন লোক (চুনোপুঁটিদের শাস্তি দেওয়া সহজ। আসল চাঁইদের ধরতে পারবে?)।˜ মাছ বি. ছোট ছোট মাছ।[সং. চূর্ণ]।

চুনা3 (p. 290) [cunā3] ক্রি. বেছে নেওয়া, নির্বাচন করা (চুনে চুনে জমিয়েছে)। □ বি. বাছাই; নির্বাচন। [হি. চুন্না]। চুনন বি. নির্বাচন; বাছাই।

চুনারি2 (p. 290) [cunāri2] বি. চুনপ্রস্তুতকারী সম্প্রদায়। [বাং. চুন + আরি]।

চুনি (p. 290) [cuni] বি. রক্তবর্ণ বহুমূল্য রত্ন, পদ্মরাগ মণি, ruby. [হি. চুন্নী > সং. শোণী]।

চুনুরি (p. 290) [cunuri] বি. রঙিন কাপড়। □ বিণ. রং-করা, রং করা হয়েছে এমন (চুনুরি আলোয়ান, চুনুরি শাড়ি)। [হি. চুন্রী]।

চুপ (p. 290) [cupa] বিণ. নীরব, নিঃশব্দ (চুপ থাকা, চুপ হওয়া)। □ অব্য. চুপ করার নির্দেশসূচক-চোপ্ (চুপ ও কী কথা?)। [বাং.-তু. সং. √চুপ্=নীরবে অগ্রগতি]। চুপ করা ক্রি. বি. কথা না বলা, কথা বলা বন্ধ করা। ̃ চাপ বিণ. একদম চুপ। চুপটি করে, চুপটি মেরে ক্রি-বিণ. একদম চুপ করে, সম্পূর্ণ নীরবে। চুপ মারা ক্রি. বি. হঠাত্ নীরব হয়ে যাওয়া।

চুপড়ি, চুবড়ি (p. 290) [cupaḍ়i, cubaḍ়i] বি. ছোট ঝুড়ি বা ধামা (আমের চুপড়ি)। [দেশি.-তু. হি. টোক্রী]।

চুপসা, চোপসা (p. 290) [cupasā, cōpasā] বিণ. 1 বসে বা তুবড়ে গেছে এমন (চোপসা গাল); 2 ভিতরের জিনিস বেরিয়ে যাওয়ার ফলে সংকুচিত (চোপসা ফোড়া)। □ ক্রি. 1 তুবড়ে যাওয়া; 2 নীরস হওয়া এবং শুকিয়ে যাওয়া; 3 সংকুচিত হওয়া (বকুনি শুনে চুপসে যাওয়া)। [সং. √চুষ্ + বাং. সা = চুপসা]। ̃ নো ক্রি. 1 শুষে নেওয়া; 2 তুবড়ে যাওয়া; 3 সংকুচিত হওয়া। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

চুপি (p. 290) [cupi] বি. নীরবতা। [বাং. চুপ + ই]। ̃ চাপি ক্রি-বিণ. গণ্ডগোল না করে অন্যের অগোচরে (চুপিচাপি সরে পড়া)। ̃ চুপি, চুপে চুপে ক্রি-বিণ. 1

খুব আস্তে আস্তে, ফিসফিস করে (চুপিচুপি বলা); 2 নিঃশব্দে, অন্যের অগোচরে (চুপিচুপি পালানো)। ˜ সারে ক্রি-বিণ. চুপিচুপি, নিঃশব্দে; অন্যের অগোচরে, গোপনে। চুপে ক্রি-বিণ. (সচ. কাব্যে) নীরবে, নিঃশব্দে।

চুবানি (p. 290) [cubāni] দ্র চুবানো।

চুবানো (p. 290) [cubānō] ক্রি. জল বা অন্য কোনো তরল জিনিসে ডুবানো (কাপড় জলে চুবানো, কুকুরছানাকে পুকুরে চুবানো)। [হি. √চুবা]। □ বি. বিণ. উক্ত অর্থে। চুবানি, চুবনি, চুবুনি বি. ডুবানো, ডুবিয়ে দেওয়া, নিমজ্জন (খুব চুবুনি খেয়েছে)।

চুমকি1 (p. 294) [cumaki1] বি. সোনা, রুপো বা রাঙের চমমকে ছোট ছোট পাত বা বুটি (চুমকি বসানো জামা)। [হি. চম্কি]।

চুমকি2 (p. 294) [cumaki2] বিণ. চুমুক দিয়ে পান করার উপযুক্ত; ছোট (চুমকি ঘটি)। [বাং. চুমুক + ই]।

চুম-কুড়ি (p. 294) [cuma-kuḍ়i] বি. সশব্দ চুম্বনের মতো আওয়াজ; দুই ঠোঁট সংকুচিত করে চুম্বনের মতো শব্দ করা (গাড়োয়ানের চুমকুড়ি গোরুতে চেনে)। [তু. হি. চুম্কারী]।

চুমটি (p. 294) [cumaṭi] বি. গায়ের চামড়ার শুকনো মামড়ি বা খোসা (চুমটি ওঠা)। [দেশি-তু. হি. চমড়ী (চামড়া)]।

চুমরা (p. 294) [cumarā] ক্রি. 1 কার্যসিদ্ধির জন্য মিথ্যা প্রশংসায় গর্বিত করা; মিথ্যা প্রশংসা করে ফোলানো; 2 পাকানো, মোচড় দেওয়া (গোঁফ চুমরানো)। [তি. হি. চুমকার্না]। ̃ নো বি. ক্রি. চুমরা; পাকানো। □ বিণ. উক্ত অর্থে।

চুমরি (p. 294) [cumari] বি. নারকেল খেজুর প্রভৃতির নৌকাকৃতি পুষ্পকোষ; নারকেলের ফুল বা নবজাত ফলের আধার। [তু. সং. চমর-তু. আঞ্চ. চুরী]।

চুমা, চুমু, চুমো (p. 294) [cumā, cumu, cumō] বি. চুম্বন। [তু. হি. চুম্পা]। ̃ চুমি বি. পরস্পর চুম্বন। চুমু খাওয়া, চুমো খাওয়া ক্রি. চুম্বন করা।

চুমুক (p. 294) [cumuka] বি. পাত্রে ঠোঁট লাগিয়ে জল চা দুধ ইত্যাদি তরল পানীয় পান (এক চুমুকে খাওয়া; চায়ে চুমুক দেওয়া)। [দেশি]।

চুম্ব (p. 294) [cumba] বি. চুমা। [সং. √চুম্ব + অ]। চুম্বই ক্রি. (ব্রজ.) চুমু খায়। চুম্বী (-ম্বিন্) বিণ. চুম্বন বা স্পর্শ করে এমন (গগনচুম্বী)।

চুম্বক (p. 294) [cumbaka] বি. 1 যে-ইস্পাত লোহাকে আকর্ষণ করে, magnet; অয়স্কান্ত মণি; 2 সংক্ষিপ্তসার (বক্তব্যের চুম্বক)। [সং. √চুম্ব্ + অক]। চুম্বকীয়, চৌম্বক বিণ. চুম্বকের ধর্ম বা গুণসম্পন্ন, magnetic.

চুম্বন (p. 294) [cumbana] বি. ওষ্ঠাধর দিয়ে স্পর্শ, চুমা। [সং. √চুম্ব্ + অন]। চুম্বন করা ক্রি. চুমু খাওয়া। চুম্বন দেওয়া ক্রি. 1 চুমু খাওয়া; 2 চুমু খেতে দেওয়া। চুম্বিত বিণ. চুমু খাওয়া হয়েছে এমন; স্পর্শ করেছে এমন (অম্বরচুম্বিত)।

চুম্বী (p. 294) [cumbī] দ্র চুম্ব।

চুয়া1 (p. 294) [cuẏā1] বি. সুগন্ধ ঘন নির্যাসবিশেষ। [হি. চুআ]।

চুয়া2 (p. 294) [cuẏā2] ক্রি. চুয়ানো, চুইয়ে পড়া। [সং. চ্যু (=চ্যুতি, ক্ষরণ)-তু. হি. চুআ]।

চুয়াত্তর (p. 294) [cuẏāttara] বি. বিণ. 74 সংখ্যা বা সংখ্যক। [সং. চতুঃসপ্ততি-তু. হি. চৌহত্তর]।

চুয়ানো, চোয়ানো (p. 294) [cuẏānō, cōẏānō] ক্রি. 1 অল্প অল্প করে বা ফোঁটা ফোঁটা করে ঝরা বা ঝরানো, ক্ষরানো বা ক্ষরিত হওয়া (হাঁড়ি থেকে রস চোয়াচ্ছে); 2 চোলাই করা, distil (মদ চোয়ানো হচ্ছে)। □ বিণ. 1 চুইয়ে পড়েছে এমন (চোয়ানো রস); 2 পরিস্রুত (চোয়ানো মদ)। □ বি. 1 ক্ষরণ; 2 চোলাই করা; চোলাইয়ের কাজ। চুয়ানি বি. চোয়ানো বা পরিস্রুত জিনিস।

চুয়ান্ন (p. 294) [cuẏānna] বি. বিণ. 54 সংখ্যা বা সংখ্যক। [তি. হি. চৌবন]।

চুয়াল্লিশ (p. 294) [cuẏālliśa] বি. বিণ. 44 সংখ্যা বা সংখ্যক। [তু. হি. চৌবালীস]।

চুর (p. 294) [cura] বি. চূর্ণ, গুঁড়ো (লোহাচুর, আমচুর)। □ বিণ. 1 বিহ্বল; মাতাল, নেশাগ্রস্ত (মদে চুর হয়ে থাকা); 2 চূর্ণ; 3 নষ্ট, ধ্বংস ('যশ অর্থ মান

স্বাস্থ্য সকলি করেছে চুর': র. সে.)। [সং. চূর্ণ]। ̃ মার বিণ. একেবারে চূর্ণ এবং ধ্বংস (শিশি-বোতলগুলো ভেঙে চুরমার হয়ে গেল)।

চুরট, চুরুট (p. 294) [curaṭa, curuṭa] বি. ধুমপানের জন্য পাকানো তামাকপাতার মোটা শলাকা। [তামি. শুরুট্টু-তু. ইং. cheroot]।

চুরা-নব্বই, চুরা-নব্বুই (p. 294) [curā-nabbi, curā-nabbui] বি. বিণ. 94 সংখ্যা বা সংখ্যক। [তু. হি. চৌরানবে]।

চুরাশি (p. 294) [curāśi] বি. বিণ. 84 সংখ্যা বা সংখ্যক। [সং. তু. হি. চৌরাসী]।

চুরি (p. 294) [curi] বি. অপহরণ, না জানিয়ে বা গোপনে অন্যের জিনিস আত্মসাত্ করা। [সং. √চুর্-তু. হি. চোরী]। ̃ চামারি বি. চুরি ও অনুরূপ দুষ্কর্ম। চুরি করে ক্রি-বিণ. গোপনে, অলক্ষ্যে (চুরি করে দেখা)।

চুরুট (p. 294) [curuṭa] দ্র চুরট।

চুল (p. 294) [cula] বি. কেশ, মানুষের মাথায় গজানো সাধারণত কালো রঙের রোমরাজি। [সং. চুল]। ̃ চেরা বিণ. অতি সূক্ষ্ম (চুলচেরা বিচার, চুলচেরা হিসাব)। চুল বাঁধা ক্রি. বি. স্ত্রীলোকের চুলের খোঁপা বা বেণি বাঁধা।

চুলকানি (p. 294) [culakāni] বি. 1 দেহে সড়সড়ানির অনুভূতি; 2 চর্মরোগবিশেষ, কণ্ডূয়ন। চুলকানো ক্রি. নখ দিয়ে আঁচড়ানো; কণ্ডূয়ন করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [তু. হি. খুজলানা]।

চুল-বুল, চুল-বুলানি (p. 294) [cula-bula, cula-bulāni] বি. ছটফটানি; অস্থিরতা বা অধীরতা; উসখুস। [দেশি]। চুল-বুলে বিণ. অস্থির স্বভাবের; চঞ্চল।

চুলা, চুলো (p. 294) [culā, culō] বি. 1 উনুন; 2 চিতা। [সং. চুল্লী]। চুলা ধরানো ক্রি. বি. উনুনে বা চিতায় আগুন দেওয়া; উনুন বা চিতা জ্বালা। চুলোয় যাওয়া ক্রি. বি. (গালিবিশেষ) চিতায় ওঠা, মরা; (আল.) দূর হওয়া (চুলোয় যাক ওসব ব্যাপার)। চুলোর দোরে যাওয়া চুলোয় যাওয়া -র অনুরূপ।

চুলা-চুলি, (কথ্য) চুলো-চুলি (p. 294) [culā-culi, (kathya) culō-culi] বি. 1 পরস্পর চুল ধরে টানাটানি; 2 (আল.) তুমুল ঝগড়া বা দ্বন্দ্ব (সামান্য একটা ব্যাপার নিয়ে যে এমন চুলোচুলি হবে তা কে জানত?)। [বাং. চুল + আ + চুল + ই]।

চুলো (p. 294) [culō] দ্র চুলা।

চুল্লি (p. 294) [culli] বি. 1 উনুন; 2 চিতা। [সং. চুল্লী]।

চুষা, চোষা (p. 294) [cuṣā, cōṣā] ক্রি. মুখ দিয়ে রস প্রভৃতি শোষণ করা। □ বি. শোষণ। □ বিণ. 1 শোষণকারী; শোষক (রক্তচোষা. চর্মচোষা); 2 শোষিত (বাদুড়চোষা ফল)। [সং. √চুষ্ + বাং. আ]।

চুষি (p. 294) [cuṣi] বি. চুষিকাঠি; রবার বা অন্য জিনিসের তৈরি কৃত্রিম চুচুক। □ বিণ. চোষা যায় বা চুষে খাওয়া যায় এমন (চুষিপিঠে)। [বাং. √চুষ্ (< সং. √চুষ্) + ই]। ̃ কাঠি বি. শিশুদের খেলনাবিশেষ। ̃ পিঠা, ̃ পিঠে বি. চুষে বা চেটে খেতে হয় এমন মিষ্টান্নবিশেষ।

চূড় (p. 294) [cūḍ়়] দ্র চুড়।

চূড়া (p. 294) [cūḍ়া] বি. 1 শিখর, শীর্ষদেশ, শৃঙ্গ (পর্বতচূড়া, বৃক্ষচূড়া, কৃতিত্বের চূড়ায় আরোহণ করা); 2 মুকুট; 3 ঝুঁটি, টিকি (মাথায় চূড়া বাঁধা); 4 সংস্কারবিশেষ (চূড়াকরণ); 5 শ্রেষ্ঠ, প্রধান, অলংকারস্বরূপ ব্যক্তি (বংশের চূড়া)। [সং. √চূড়্ + অ + আ]। ̃ করণ, ̃ কর্ম বি. ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের প্রাচীন সংস্কারবিশেষ, যাতে মাথা মুড়িয়ে মাথার মাঝখানে একগোছা চুল রেখে দেওয়া হয়। ̃ ন্ত বি. শেষ বা চরম পরিণতি (এই ব্যাপারের চূড়ান্ত দেখতে চাই; অপমানের চূড়ান্ত)। □ বিণ. চরম (চূড়ান্ত অপমান)। ̃ মণি বি. 1 মুকুটে বা মাথায় পরার রত্ন; 2 সংস্কৃত পণ্ডিতদের উপাধিবিশেষ; 3 (আল.) শ্রেষ্ঠ বা প্রধান ব্যক্তি (সমাজের চূড়ামণি)। ̃ মণি-যোগ বি. নির্দিষ্ট দিনে চন্দ্রগ্রহণ বা সূর্যগ্রহণ উপলক্ষ্যে গঙ্গাস্নানের যোগ।

চূত (p. 294) [cūta] বি. 1 আমগাছ; 2 আম। [সং. √চুত্ + অ (দীর্ঘ-ঊ)। ̃ মঞ্জরি বি. আমের শিষ বা মুকুল। ̃ লতা বি. যে লতা আমগাছকে বেষ্টন করে থাকে।

চূর, চূর-মার (p. 294) [cūra, cūra-māra] যথাক্রমে চুর ও চুরমার -এর বর্জি. বানান।

চূর্ণ (p. 294) [cūrṇa] বি. 1 গুঁড়ো (আমলকী চূর্ণ); 2 চুন; 3 আবির। □ বিণ. 1 চূর্ণীকৃত, সম্পূর্ণ ভগ্ন (পাথরটা চূর্ণ হয়ে গেছে); 2 একেবারে বিধ্বস্ত বা বিনষ্ট (গর্ব চূর্ণ হয়েছে)। [সং. √চূর্ণ্ + অ]। ˜ কার বি. চুনারি জাতি, চুন প্রস্তুতকারী। ˜ কুন্তল বি. কোঁকড়ানো চুল; চুলের ছোট স্তবক বা গুচ্ছ। ˜ ন বি. গুঁড়ো করা। ˜ নীয় বিণ. চূর্ণনযোগ্য, গুঁড়ো করার উপযুক্ত। ˜ বিচূর্ণ বিণ. একেবারে চূর্ণ (আয়নাটা চূর্ণবিচূর্ণ হয়ে গেল); সম্পূর্ণ ধ্বংস (অহংকার চূর্ণবিচূর্ণ হয়ে গেল)। চূর্ণিত, চূর্ণী-কৃত বিণ. গুঁড়ো করা হয়েছে এমন; ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট। চূর্ণী-ভূত বিণ. গুঁড়ো হয়েছে এমন।

চূল, চূলক (p. 294) [cūla, cūlaka] বি. চুল, কেশ। [সং. চুল-তু. সং. চূড়]।

চূষণীয়, চূষ্য (p. 294) [cūṣaṇīẏa, cūṣya] বিণ. চোষার যোগ্য। [সং. √চূষ্ + অনীয়, য]।

চূষিত (p. 294) [cūṣita] বিণ. চোষা হয়েছে এমন। [সং. √চূষ্ + ত]।

চেঁচা (p. 294) [cēn̐cā] ক্রি. চিৎকার করা। [দেশি-তু. হি. চিল্লা]।

চেঁচা-চেঁচি, চেঁচা-মেচি (p. 294) [cēn̐cā-cēn̐ci, cēn̐cā-mēci] বি. চিৎকার; হইচই, গণ্ডগোল। [দেশি]।

চেঁচাড়ি (p. 294) [cēn̐cāḍ়i] বি. বাঁশের পাতলা ফালি। [সং. চঞ্চু]।

চেঁচানি (p. 294) [cēn̐cāni] দ্র চেঁচানো।

চেঁচানো (p. 294) [cēn̐cānō] ক্রি. চিৎকার করা (চেঁচাচ্ছ কেন?)। □ বি. চিৎকার (তোমার চেঁচানো থামাও)। চেঁচানি বি. চিৎকার। [বাং. √চেঁচা]।

চেঁচে-পুঁছে (p. 294) [cēn̐cē-pun̐chē] ক্রি-বিণ. 1 চেঁচেমুছে; চেটেপুটে; 2 নিঃশেষে, একটুও অবশিষ্ট না রেখে (চেঁচেপুঁছে খেয়ে নিল)। [চাঁচা ও পুঁছা দ্র]।

চেক1 (p. 294) [cēka1] বি. চৌখুপি, ছক (চেক-কাটা জামা)। □ বিণ. চৌখুপি-করা, ছক-কাটা (চেক শাড়ি, চেক জামা)। [ইং. check]।

চেক2 (p. 294) [cēka2] বি. ব্যাংককে টাকা দেবার আদেশপত্র বা হুণ্ডি; ব্যাংক থেকে আমানতি টাকা তোলার জন্য নির্দেশপত্র। [ইং. cheque]। চেক কাটা ক্রি. বি. চেক দেওয়া, চেক দাখিল করা।˜ দাখিলা বি. জমিদার প্রজাকে জমির বিবরণসংবলিত খাজনার যে-রসিদ দেন; খাজনার রসিদ।˜ মুড়ি বি. দাখিলার অর্থাত্ রসিদের যে অংশ দাখিলাদাতা নিজের কাছে রাখে, counterfoil.

চেক-নাই (p. 294) [cēka-nāi] বি. উজ্জ্বলতা, চকচকে আভা (আলোর চেকনাই); চাকচিক্য (পোশাকের চেকনাই)। [হি. চিকনাই-তু. সং. চিক্কণ]।

চেঙ1, চেং1, (p. 294) [cēṅa1, cē1,] দ্র চ্যাং1।

চেঙ2, চেং2 (p. 294) [cēṅa2, cē2] দ্র চ্যাং2।

চেঙড়া, চেংড়া (p. 294) [cēṅaḍ়ā, cēṇḍ়ā] দ্র চ্যাংড়া।

চেটিকা, চেটী, চেড়ী (p. 294) [cēṭikā, cēṭī, cēḍ়ī] বি. (স্ত্রী.) 1 দাসী; 2 অন্তঃপুরের নারীপ্রহরী; 3 রামায়ণে বর্ণিত রাবণের অন্তঃপুরের নারীপ্রহরী। [সং. চেট]। বি. (পুং.) (বিরল) চেট, চেটক, চেড়।

চেটেপুটে (p. 294) [cēṭēpuṭē] দ্র চাটা2।

চেটো (p. 294) [cēṭō] বি. করতল বা পদতল (হাতের চেটো)। [বাং. চপেট < সং. চপট]।

চেড়, চেড়ী (p. 294) [cēḍ়, cēḍ়ī] দ্র চেটিকা।

চেত, চেতঃ (p. 294) [cēta, cētḥ] (-তস্) বি. 1 হৃদয়, মন; 2 চিত্তবৃত্তি (উদারচেতা)। [সং. চিত্ + অস্]।

চেতক (p. 294) [cētaka] বিণ. 1 চেতনা দানকারী, যে চেতনা জাগিয়ে তোলে; উদ্বোধক; 2 দলের শৃঙ্খলারক্ষক ও কর্তব্যনিয়ামক, party whip. [সং. √চিত্ + অক]।

চেতন (p. 294) [cētana] বিণ. 1 জ্ঞানযুক্ত, চেতনাযুক্ত; 2 সজীব, প্রাণযুক্ত (চেতন পদার্থ, অচেতন জগত্)। □ বি. 1 চৈতন্য, সংজ্ঞা; 2 আত্মা; 3 জীব। [সং. √চিত্ + অন]।

চেতনা (p. 294) [cētanā] বি. 1 চৈতন্য (জাতীয় চেতনা, নব চেতনার উন্মেষ); 2 সংজ্ঞা, হুঁশ (চেতনা ফিরে পাওয়া); 3 জ্ঞান, অনুভূতি; 4 প্রাণ, জীবন। [সং. √চিত্ + অন + আ]।

চেতা (p. 294) [cētā] ক্রি. 1 চেতনা লাভ করা, সংজ্ঞা লাভ করা, জাগা; 2 উদ্বুদ্ধ হওয়া ('চেত রে চেত রে চেত ডাকে চিদানন্দ': ভা. চ.); 3 সতর্ক হওয়া। [সং. √চিত্ + বাং. + আ]। ˜ নো ক্রি. 1 চৈতন্য জাগানো; 2 উত্তেজিত বা উদ্বুদ্ধ করা; 3 খেপানো, রাগানো (ওকে চেতিয়ো না); 4 আলস্য দূর করা; 5 সতর্ক করা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

চেতা-বনি (p. 294) [cētā-bani] বি. 1 বিপদ সংকেত; 2 হুঁশিয়ারি। [বাং. চেতা (=হিঁশিয়ার করা)]।

চেতো-মান (p. 294) [cētō-māna] বিণ. চেতনাযুক্ত; চৈতন্যবান। [সং. চেতস্ + মতুপ্]।

চেন (p. 294) [cēna] বি. 1 শিকল, শিকলি (লোহার চেন; ঘড়ির চেন); 2 হার (গলার চেন); 3 জমি জরিপের বা জলাশয়ের গভীরতা মাপের পরিমাণবিশেষ (1 চেন=66 ফুট)। [ইং. chain]।

চেনা, চেনাচিনি, চেনানো, চেনা পরিচয় (p. 294) [cēnā, cēnācini, cēnānō, cēnā paricaẏa] দ্র চিনা।

চেয় (p. 294) [cēẏa] বিণ. চয়নযোগ্য, চয়নীয়, চয়ন করা যায় এমন। [সং. √চি + য]।

চেয়ার (p. 294) [cēẏāra] বি. কেদারা, হেলান দিয়ে বসার উঁচু আসনবিশেষ. কুরসি। [ইং. chair]।

চেয়ার-ম্যান (p. 294) [cēẏāra-myāna] বি. সভাপতি, সমিতি বা সভার পরিচালক, অধিকর্তা। [ইং. chairman]।

চেয়ে1, চাইতে (p. 294) [cēẏē1, cāitē] অনু. অপেক্ষা, থেকে (অপমানের চেয়ে মৃত্যুও ভালো, তোমার চাইতে সে বড়)। [বাং. < চাহিয়া]।

চেয়ে2 (p. 294) [cēẏē2] অস-ক্রি. চাওয়া দ্র।

চেরা, চেরাই (p. 294) [cērā, cērāi] যথাক্রমে চিরা ও চিরাই -এর চলিত রূপ।

চেরাগ, চিরাগ (p. 294) [cērāga, cirāga] বি. প্রদীপ, বাতি, দীপ।য [ফা. চিরাগ্]। চেরাগি, চিরাগি বি. পিরস্থানে নিত্য প্রদীপ জ্বালাবার ব্যয়নির্বাহের জন্য প্রদত্ত নিষ্কর জমি।

চেল (p. 294) [cēla] বি. 1 পরিধেয় বস্ত্র; 2 স্ত্রী-পুরুষের অন্তরীয় পরিচ্ছদ বা নিম্নাঙ্গের পরিচ্ছদ। [সং. √চিল্ + অ]।

চেলা1, চ্যালা (p. 294) [cēlā1, cyālā] বি. আঁশযুক্ত ছোট মাছবিশেষ। [দেশি]।

চেলা2 (p. 294) [cēlā2] বি. শিষ্য, ছাত্র; শাগরেদ। [হি. চেলা]।

চেলা3 (p. 294) [cēlā3] বি. বিছা, ছোট বৃশ্চিক। [দেশি]।

চেলা4 (p. 294) [cēlā4] ক্রি. কুড়ুল, দা ইত্যাদির সাহায্যে (কাঠ) চেরা বা ফাড়া। □ বি. ওইভাবে ফাড়া কাঠ। □ বিণ. ফাড়া হয়েছে এমন (চেলা কাঠ)। [তু. চিরা, চেরা; হি. চিরনা]। ̃ কাঠ বি. ফাড়া কাঠ। ̃ নো বি. ক্রি. কুড়ুল বা দা দিয়ে ফাড়া।

চেলি (p. 294) [cēli] বি. পট্টবস্ত্রবিশেষ, বিবাহাদিতে ব্যবহার্য রেশমি কাপড়বিশেষ। [সং. চেল]।

চেলো (p. 294) [cēlō] বি. বেহালার মতো কিন্তু আকারে বড় বাদ্যযন্ত্রবিশেষ। [ইং. cello]।

চেল্লাচেল্লি, চেল্লানো (p. 294) [cēllācēlli, cēllānō] যথাক্রমে চিল্লাচিল্লি ও চিল্লানো -র চলিত রূপ।

চেষ্টক (p. 294) [cēṣṭaka] বিণ. চেষ্টাকারী, যে চেষ্টা করে। [সং. √চেষ্ট্ + অক]।

চেষ্টন (p. 294) [cēṣṭana] বি. চেষ্টা, চেষ্টা করা। [সং. √চেষ্ট্ + অন]।

চেষ্ট-মান (p. 294) [cēṣṭa-māna] বিণ. চেষ্টাশীল, উদ্যোগী, সচেষ্ট। [সং. √চেষ্ট্ + মান (শানচ্)]।

চেষ্টা (p. 294) [cēṣṭā] বি. কোনো কর্মসাধনের জন্য দেহের বা মনের চালনা; প্রয়াস (চেষ্টায় কী না হয়); উদ্যোগ। [সং. √চেষ্ট্ + অ + আ]। চেষ্টিত বিণ. চেষ্টাযুক্ত, সচেষ্ট (এই কাজে চেষ্টিত আছে)। ̃ চরিত্র বি. উদ্যোগ; প্রয়াস।

চেহারা (p. 294) [cēhārā] বি. 1 আকৃতি, আকার (এখনও বইটার চেহারাই দেখলাম না); 2 অবয়ব, শরীর (তোমার চেহারা বেশ খারাপ হয়েছে)। [ফা. চেহরা]।

চৈতন (p. 294) [caitana] বি. টিকি, শিখা। [সং. চৈতন্য]। ̃ চুটকি বি. টিকি।

চৈতন্য (p. 294) [caitanya] বি. 1 হুঁশ, সংজ্ঞা, বাহ্যজ্ঞান (আঘাত পেয়ে চৈতন্য হারাল); 2 বোধ, চেতনা, অনুভূতি (কবে আর তোমার চৈতন্য হবে?); 3 টিকি। [সং. চেতন + য]। ̃ দেব বি. বৈষ্ণবধর্মপ্রবর্তক শচীপুত্র নিমাই বা গৌরাঙ্গ। ̃ চরিতামৃত বি. চৈতন্যদেবের জীবনবৃত্তান্ত ও তাঁর প্রবর্তিত ধর্মের তত্ত্ব। চৈতন্যোদয় বি. জ্ঞান বা বুদ্ধির উদয়।

চৈতালি (p. 294) [caitāli] বি. 1 চৈত্রমাসে উৎপন্ন ফসল বা রবিশস্য; 2 চৈত্রমাসে দেয় খাজনা; 3 বসন্তবায়ু; 4 চৈত্রমাসকালীন ভাবাবেগ। □ বিণ. চৈত্রমাসকালীন। [বাং. চৈত + আলি]।

চৈতি (p. 294) [caiti] দ্র চৈত।

চৈত্ত, চৈত্তিক (p. 294) [caitta, caittika] বিণ. চিত্তসম্বন্ধীয় (চৈত্তিক আবেগ)। [সং. চিত্ত + অ, ইক]।

চৈত্য1 (p. 294) [caitya1] বি. 1 পূজার স্থান, যজ্ঞ স্থান; 2 বৌদ্ধ মঠ, মন্দির বা স্মৃতিস্তম্ভ; 3 বুদ্ধের চিতাভস্ম বা অস্থি দণ্ড প্রভৃতি স্মরণচিহ্নসংবলিত মন্দির। [সং. চিত্যা (=চিতা) + অ]।

চৈত্য2 (p. 294) [caitya2] বিণ. চিতাসম্বন্ধীয়। □ বি. পথের পাশে অবস্থিত বৌদ্ধদের পূজনীয় বৃক্ষ। [সং. চিত্যা + অ]।

চৈত্র, চৈত্রিক (p. 294) [caitra, caitrika] বি. বাংলা সনের দ্বাদশ মাস। [সং. চিত্রা + অণ্ + ঈ (স্ত্রী.) = চৈত্রী + অ, ইক]। ˜ সংক্রান্তি বি. চৈত্র মাসের শেষ দিন।

চৈত্রী (p. 294) [caitrī] বি. চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমা, চৈত্রপূর্ণিমা। [সং. চিত্রা + অ (অণ্) + ঈ]।

চৈন, চৈনিক (p. 294) [caina, cainika] বিণ. 1 চীনদেশসম্বন্ধীয়; 2 চীনদেশে জাত। □ বি. চীনদেশের অধিবাসী। [সং. চীন + অ, ইক]।

চোঁ (p. 294) [cō] অব্য. দ্রুত গমন বা শোষণ সূচক। [ধ্বন্যা.]। চোঁ করে ক্রি-বিণ. 1 অতিবেগে (চোঁ করে দৌড়ে যাও); 2 নিমেষের মধ্যে; একটুও দেরি না করে (দুধটা চোঁ করে খেয়ে ফেলো)। চোঁ চোঁ বিণ. ক্রি-বিণ. সটান, কোনোদিকে দৃক্পাত না করে সবেগে (চোঁ চোঁ দৌড় লাগাল)। চোঁ চোঁ করে ক্রি-বিণ. দ্রুত ও ক্রমাগত (চোঁ চোঁ করে দৌড় লাগাল); 2 দ্রুততার সঙ্গে এবং সাগ্রহে (দুধটা চোঁ চোঁ করে খেয়ে ফেলল)।

চোঁচ (p. 294) [cōn̐ca] বি. তীক্ষ্ণাগ্র কাঁটার মতো বাঁশের পাত বা আঁশ (পায়ে চোঁচ ফুটে গেছে)। [হি. চোঁচ < সং. চঞ্চু]।

চোঁয়া (p. 294) [cōm̐ẏā] বিণ. অল্প পোড়ার গন্ধযুক্ত (চোঁয়া দুধ); 2 হজম না হওয়ার জন্য অম্লগন্ধযুক্ত (চোঁয়া ঢেকুর)। চোঁয়ানো1 বি. ক্রি. অল্প পোড়ানো। [দেশি]।

চোক, চৌক (p. 294) [cōka, cauka] বি. 1 কাহনের এক-চতুর্থাংশ; চার পণ পরিমাণ; সিকিপরিমাণ; 2 সিকির চিহ্ন (I.)। [সং. চতুষ্ক]।

চোকল (p. 294) [cōkala] বি. 1 শস্যের খোসা; 2 গম ইত্যাদির ভূসি। [তু. সং. চোলক]।

চোকলা (p. 297) [cōkalā] বি. প্রধানত ফল আনাজ প্রভৃতির খোসা বা আবরণ। [তু. সং. চোলক]।

চোকা, চোকানো (p. 297) [cōkā, cōkānō] যথাক্রমে চুকা ও চুকানো -র চলিত রূপ।

চোখ (p. 297) [cōkha] বি. 1 দৃষ্টির ইন্দ্রিয়, চক্ষু (চোখের অসুখ); 2 দৃষ্টি, নজর (স্নেহের চোখে দেখা); 3 সুজনর, অনুকুল দৃষ্টি (তোমার প্রতি তার চোখ আছে); 4 লোলুপ দৃষ্টি (পরের জিনিসে চোখ দিয়ো না); 5 বাঁশ আখ আনারস প্রভৃতির অঙ্কুরোদগমের স্থান। [সং. চক্ষুস]। চোখ উলটানো ক্রি. বি. মৃত্যুর ঠিক আগে হঠাত্ চোখ অপলক অবস্থায় স্থির হওয়া। চোখ ওঠা ক্রি. বি. চোখের একটি বিশেষ রোগ হওয়া; চোখ লাল হওয়া এবং চোখে পিচুটি কাটা। চোখ কাটানো ক্রি. বি. চিকিৎসার জন্য চোখে অস্ত্রোপচার করানো। চোখ খাওয়া ক্রি. বি. দৃষ্টিহীন হওয়া।˜ খাগি,˜ খাকি বিণ. বি. (স্ত্রী.) (গালিতে) দৃষ্টিহীনা, কানি। পুং.˜ খেগো,˜ খেকো। চোখ খোলা ক্রি. বি. জাগা; সতর্ক হওয়া; জ্ঞানলাভ করা বা করানো (এ ব্যাপারে সে-ই তো তোমার চোখ খুলে দিয়েছে)। চোখ-গেল বি. কোকিলজাতীয় পাখি; পাপিয়া-এই পাখি 'চোখ গেল' এইরকম ডাকে। চোখ ঘোরানো, চোখ পাকানো ক্রি. বি. চার দিকে ক্রুদ্ধ দৃষ্টি নিক্ষেপ করা। চোখ চাওয়া ক্রি. বি. 1 (প্রধানত নিদ্রা বা মূর্ছার পরে) চোখ মেলা; 2 প্রসন্ন বা অনকূল হওয়া (এতদিনে ভগবান চোখ চেয়েছেন)। চোখ ছলছল করা ক্রি. বি. দুঃখ শোক অভিমান প্রভৃতির দরুন অবরুদ্ধ অশ্রুতে চোখ ভরে যাওয়া। চোখ ঝলসানো ক্রি. বি. অতিরিক্ত আলো বা উজ্জ্বলতায় চোখ ধাঁধানো। চোখ টাটানো ক্রি. বি. 1 চোখে বেদনা বোধ হওয়া; 2 ঈর্ষান্বিত হওয়া। চোখ টেপা, চোখ ঠারা ক্রি. বি. 1 চোখের ভঙ্গির দ্বারা ইশারা করা; 2 মিথ্যা স্তোক দেওয়া (নিজের মনকে চোখ

ঠারা)। চোখ পড়া ক্রি. বি. মনোযোগ আকৃষ্ঠ হওয়া। চোখপাকানো চোখ ঘোরানো দ্র। চোখ ফোটা ক্রি. বি. 1 জন্মের পর প্রথম চোখের পাতা খোলা; 2 প্রকৃত তথ্য অবগত হওয়া; ভুল ধারণা থেকে মুক্ত হয়ে প্রকৃত অবস্থা জানতে পারা; 3 জ্ঞানলাভ করা। চোখ বুজে ক্রি-বিণ. বিচারবিবেচনা বিসর্জন দিয়ে (চোখ বুজে হুকুম তামিল করা)। চোখ বোজা ক্রি. বি. 1 (আল.) মরে যাওয়া; 2 ঘুমানো। চোখ বোলানো ক্রি. বি. অগভীরভাবে বা দ্রুত দেখা বা পড়া। (বইয়ের পাতায় চোখ বোলানো)। চোখ মটকানো ক্রি. বি. চোখের ইঙ্গিত বা ইশারা করা। চোখ মারা ক্রি. বি. (অশি.) এক চোখ বুজে অশ্লীল ইঙ্গিত করা। চোখ রাঙানো ক্রি. বি. রাগে চোখ লাল করা; রাগ দেখানো। চোখে আঙুল দিয়ে দেখানো ক্রি. বি. প্রমাণ দিয়ে স্পষ্ট বা সন্দেহাতীতভাবে বোঝানো। চোখে চোখে রাখা ক্রি. বি. সতর্ক দৃষ্টি রাখা; দৃষ্টির বাইরে যেতে না দেওয়া। চোখে ধরা ক্রি. বি. পছন্দ হওয়া; নজরে লাগা। চোখে ধুলো দেওয়া ক্রি. বি. ফাঁকি দেওয়া। চোখে-মুখে কথা বলা ক্রি. বি. বাচালতা করা বা বেশি কথা বলা; বাক্চাতুর্য করা। চোখে লাগা ক্রি. বি. 1 পছন্দ হওয়া; 2 বিসদৃশ মনে হওয়া। চোখে সরষে ফুল দেখা ক্রি. বি. (আল.) বিপদে পড়ে দিশাহারা হওয়া। চোখের দেখা বি. অল্পক্ষণের জন্য দেখা; কথাবার্তা নয়, শুধু দেখা। চোখের নেশা বি. কেবল দেখবার জন্য উৎকট মোহ। চোখের পরদা (আল.) বি. লজ্জাসংকোচ। চোখের পলক বি. নিমেষ; মুহূর্তকাল। চোখের পাতা বি. চোখের পল্লব, চোখের উপরের চামড়া; (আল.) লজ্জা। চোখের বালি বি. (আল.) চোখের পীড়া বা বিরক্তির কারণ; চক্ষুশূল লোক। চোখের ভূল বি. দেখার ভূল। কটা চোখ, বিড়াল চোখ বি. পীতাভ তারকাযুক্ত চোখ। ভালো চোখ বি. নীরোগ চোখ; অনুকূল দৃষ্টি। মন্দ চোখ বি. বিরূপ দৃষ্টি। রাঙা চোখ, লাল চোখ বি. ক্রোধে বা নেশায় লাল-হওয়া চোখ। সাদা চোখ বি. অবিকৃত বা স্বাভাবিক দৃষ্টি; যে দৃষ্টি নেশায় বা কুসংস্কারে আচ্ছন্ন নয়। চোখা-চোখি বি. পরস্পর দেখা, পরস্পরের চোখে চোখে মিলন; সামনাসামনি উপস্থিতি।

চোখল (p. 297) [cōkhala] বিণ. 1 চোখযুক্ত; 2 সব দিকে নজর আছে এমন; 3 চালাকচতুর। [বাং. চোখ + ওয়াল > অল]।

চোখা (p. 297) [cōkhā] বিণ. 1 তীক্ষ্ণ, ধারালো (চোখা বাণ); 2 অতি তীব্র (চোখা চোখা কথা); 3 তুখোড়; বুদ্ধিমান ও চৌকস (চোখা লোক); 4 খাঁটি, বিশুদ্ধ (চোখা মাল)। [সং. চোক্ষ]।˜ ল,˜ লো বিণ. তীক্ষ্ণ বা তীব্র স্বাদযুক্ত (চোখালো রান্না); চালাক; তুখোড়; ধারালো (চোখালো বাণ)। চোখা চোখা কথা বি. মর্মভেদী কথা।

-চোখো (p. 297) [-cōkhō] বিণ. চোখবিশিষ্ট (একচোখো, চারচোখো)। [বাং. চোখ + উয়া > ও]।

চোগা (p. 297) [cōgā] বি. ঢোলা বহির্বাসবিশেষ; লম্বা ঢিলা জামাবিশেষ (চোগা চাপকান)। [ফা. চোগা]।

চোঙ (p. 297) [cōṅa] বি. 1 সরু ফাঁপা নল; 2 মেগাফোন (চোঙে মুখ লাগিয়ে কথা বলা)। [হি. চোঙ্গা]।

চোঙ-দার (p. 297) [cōṅa-dāra] বি. সৈন্যদলের অধিপতি, সেনাদলের নেতা। [মরা. চুংগ (সৈন্য) + ফা. দার]।

চোঙা (p. 297) [cōṅā] বি. সরু ফাঁপা নল। □ বিণ. সরু নলাকার (চোঙা প্যাণ্ট)। [হি. চোঙ্গা]।˜ কাটা বিণ. সরু নলাকার বা নল-পরানো (চোঙা-কাটা টুপি)।

চোট (p. 297) [cōṭa] বি. 1 আঘাত (লাঠির চোট, পায়ে চোট আছে); 2 জোর, শক্তি (কথার চোট, মারের চোটে); 3 ক্রোধ, রাগ, কোপ (চোটপাট করা); 4 বেগ, তোড়, দমক (হাসির চোট); 5 দফা, বার (একচোটে অনেকটা)। [হি. চোট্]।˜ পাট বি. ক্রোধ প্রকাশ; তিরস্কার, বকুনিঝকুনি। চোট হওয়া ক্রি. বি. (অশোভন) ক্ষতি হওয়া; লোকসান হওয়া (অনেকগুলো টাকা চোট হয়ে গেল)।

চোটা1 (p. 297) [cōṭā1] বি. চড়া সুদ; বেশি সুদ (চোটা খাটানো; চোটাখোর বেণে': কা. প্র.)। [হি. চৌথা]।

চোটা2 (p. 297) [cōṭā2] বি. চিটাগুড়। [হি. চোট]।

চোটা3 (p. 297) [cōṭā3] ক্রি. চোটানো, চোট লাগানো। [হি. চোট + বাং. আ]।˜ নো বি. ক্রি. 1 আঘাত দেওয়া; 2 রাগ করে ধমক দেওয়া; 3 কোপানো, কোদলানো (মাটি চোটানো)। □ বিণ. উক্ত সব অর্থে।

চোট্টা (p. 298) [cōṭṭā] বি. চোর; প্রবঞ্চক। [হি. চোট্টা]।˜ মি বি. চৌর্য; প্রবঞ্চনা (চোট্টামি করে জেতা)।

চোদ্দো, চোদ্দোই (p. 298) [cōddō, cōddōi] যথাক্রমে চৌদ্দ ও চৌদ্দই -এর কথ্য রূপ।

চোনা (p. 298) [cōnā] বি. গোমূত্র। □ ক্রি. চোনানো। [হি. চুনা]।˜ নো ক্রি. গবাদি পশুর মূত্রত্যাগ করানো।□ বি. উক্ত অর্থে।

চোপ1 (p. 298) [cōpa1] বি. ভারী অস্ত্রের ঘা, কোপ, চোট (খাঁড়ার চোপ, এক চোপ দেওয়া)। [তু. কোপ1, ইং. chop]।

চোপ2 (p. 298) [cōpa2] অব্য. নিষেধসূচক ধমক (একদম চোপ, চোপ রও)। [তি. হি. চোপ]।

চোপড়া (p. 298) [cōpaḍ়ā] বি. 1 ফলের খোসা বা বাইরের আবরণ; ছোবড়া; 2 (আঞ্চ.) মাছের চোয়াল। [বাং. চোপড় (< হি. চাপড়) + আ]।

চোপ-দার, চোব-দার (p. 298) [cōpa-dāra, cōba-dāra] বি. রাজা জমিদার ইত্যাদির আসাসোঁটাধারী সুসজ্জিত ভৃত্য; রাজারাজড়ার সুসজ্জিত ভৃত্য, আসাবরদার। [ফা. চোব্দার]।

চোপ-রও, চোপ-রাও (p. 298) [cōpa-rō, cōpa-rāō] (অনুজ্ঞাসূচক) ক্রি. চুপ করো। [হি. চুপ্ রহ]।

চোপরা2 (p. 298) [cōparā2] দ্র চোপা1।

চোপসা, চোপসানো (p. 298) [cōpasā, cōpasānō] যথাক্রমে চুপসা ও চুপসানো -র কথ্য রূপ।

চোপা1, চোপরা2 (p. 298) [cōpā1, cōparā2] বি. 1 (মন্দ অর্থে) মুখ (চোপা করা, চোপা ফুলানো, চোপা ভেঙে দেওয়া); 2 তিরস্কার; গঞ্জনা দেওয়া; 3 রূঢ়ভাবে কথা বলা; দুর্বিনীত জবাব। [দেশি]। চোপা করা ক্রি. রূঢ়ভাবে বা দুর্বিনীতভাবে কথা বলা।

চোপা2 (p. 298) [cōpā2] ক্রি. চোপানো। [চোপ1 দ্র]।˜ নো ক্রি. ভারী ও ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা, চোপ মারা। □ বি. বিণ. উক্ত অর্থে।

চোপাড় (p. 298) [cōpāḍ়] বি. (সচ. গালে) চড়। [বাং. চোপা1 ও চাপড়-এর মিশ্রণজাত]।

চোবদার (p. 298) [cōbadāra] দ্র চোপদার।

চোবা, চোবানো (p. 298) [cōbā, cōbānō] যথাক্রমে চুবা ও চুবানো -র চলিত রূপ।

চোয়া, চোয়ানো, চোয়ানি (p. 298) [cōẏā, cōẏānō, cōẏāni] যথাক্রমে চুয়া, চুয়ানো ও চুয়ানি -র চলিত রূপ।

চোয়াড় (p. 298) [cōẏāḍ়] বি. পার্বত্য জাতিবিশেষ। □ বিণ. 1 অসভ্য, বর্বর; 2 দুর্বৃত্ত; 3 গোঁয়ার। [হি.]। চোয়াড়ে বিণ. 1 চোয়াড়ের মতো; 2 অমার্জিত।

চোয়াল (p. 298) [cōẏāla] বি. মুখের ভিতরের যে অংশে দাঁতের পাটি সংলগ্ন থাকে, হনু। [দেশি]।

চোর (p. 298) [cōra] বি. যে ব্যক্তি গোপনে অন্যের জিনিস নেয় বা অপহরণ করে, তস্কর। [সং. √চুর্ + অ]। বি. (স্ত্রী.) চোরী,˜ নি।˜ কাঁটা বি. তৃণজাতীয় বন্য গুল্মবিশেষ যার কাঁটার মতো ফল কাপড়ে বিঁধে যায়।˜ কুঠুরি বি. গুপ্তকক্ষ।˜ চূড়া-মণি বি. (কৌতু.) চোরের রাজা, মার্কামারা চোর। চোর-চোর খেলা বি. ছোটদের খেলা বিশেষ-এতে একজন চোর সাজে এবং অন্যেরা তাকে ধরার চেষ্টা করে। চোর-ছ্যাঁচড় বি. চোর ও প্রতারক। চোরে চোরে মাসতুতো ভাই (মন্দার্থে) একই অন্যায় কাজের কাজি; সমব্যবসায়ী। চোরের উপর বাটপাড়ি চোরের কাছ থেকে চোরাই মাল চুরি। চোরের ধন বাটপাড়ে খায় চোর চুরির ধন প্রায়ই ভোগ করতে পারে না; অর্থাত্ অসত্ উপায়ে অর্জিত ধন ভোগে আসে না। চোরের মায়ের কান্না (আল.) লজ্জাকর বা অন্যায় কাজের জন্য শাস্তিভোগের ফলে নিষ্ফল ও গোপন বিলাপ। চোরের মায়ের বড় গলা যে যত বেশি অসত্ সে-ই তত বেশি সাধুতার ভান করে বা অন্য অপরাধীদের উপর তম্বি করে।

চোরা1 (p. 298) [cōrā1] বি. যে চুরি করে, চোর (ননীচোরা)। [বাং. চোর + আ (স্বার্থে)]। চোরা না শোনে ধর্মের কাহিনী পাপিষ্ঠকে সদুপদেশ দেওয়া বৃথা।

চোরা2 (p. 298) [cōrā2] বিণ. 1 অপহৃত, চোরাই (চোরা টাকা); 2 গুপ্ত, অদৃশ্য, অজানিত (চোরা ঘুসি; চোরা গর্ত); 3 চুরিঘটিত, বেআইনি (চোরাকারবার)। [বাং. চুরি + আ]।˜ কারবার বি. শুল্ক ফাঁকি দিয়ে গোপনে অনুষ্ঠিত বেআইনি ব্যাবসা।˜ গর্ত বি. বালি ঘাস মাটি প্রভৃতিতে ঢাকা থাকায় অদৃশ্য গর্ত।˜ গলি বি. গলির ভিতর প্রায়-অদৃশ্য কানা গলি।˜ গোপ্তা বিণ. যে

কাজের কর্তা অদৃশ্য ও অজানিত; গোপনে করা হয় এমন (চোরাগোপ্তা আক্রমণ)।˜ চালান বি. অবৈধভাবে ও গোপনে মাল চালান, smuggling.˜ পথ বি. গুপ্ত এবং সচ. অবৈধ পথ।˜ বালি বি. বাইরে শক্ত কিন্তু ভিতরে তলতলে, ভিজে ও গভীর এমন বালুচর যার উপর পড়লে জীবজন্তু নৌকা প্রভৃতি তলিয়ে যায়।

চোরা3, চোরানো (p. 298) [cōrā3, cōrānō] ক্রি. (প্রা. বাং.) চুরি করা। [বাং. চুরি + আ, আনো]।

চোরাই (p. 298) [cōrāi] বিণ. চুরি করা হয়েছে এমন, অপহৃত (চোরাই মাল উদ্ধার)। [বাং. চোর + আই]।

চোরিত (p. 298) [cōrita] বিণ. (বর্ত. অপ্র.) অপহৃত। [সং. √চুর্ + ত]।

চোল1 (p. 298) [cōla1] দক্ষিণ ভারতের তাঞ্জোর বা তাঞ্জাভুরের প্রাচীন রাজবংশ।

চোল2 (p. 298) [cōla2] বি. 1 কাঁচুলি, স্ত্রীলোকের স্তনাবরণ বা বক্ষবাস; 2 ঘাঘরা। [সং. √চুল্ + অ]।

চোলাই (p. 298) [cōlāi] বি. 1 চুয়ানো (মদ চোলাই); 2 ঊর্ধ্বপাতন বা তির্যক্পাতন, রাসায়নিক প্রক্রিয়াবিশেষ, distillation. [তু. হি. চোলানা]।

চোলি (p. 298) [cōli] কাঁচুলি, বক্ষবাস, চোল। [হি.]।

চোষ (p. 298) [cōṣa] বি. শোষণ। [বাং. √চুষ্ [সং. √চূষ) + অ]। ̃ ক বিণ. শোষণকারী। ̃ কাগজ বি. কালি জল প্রভৃতি তরল পদার্থ শুষে নেবার কাগজবিশেষ, ব্লটিং পেপার। ̃ ণ, ̃ ন বি. শোষণ। ̃ ণীয়, ̃ নীয়, চোষ্য বিণ. চুষে খেতে হয় এমন (চর্ব্য-চোষ্য)।

চোষা (p. 299) [cōṣā] দ্র চুষা।

চোষা (p. 299) [cōṣā] দ্র চোষ।

চোস্ত (p. 299) [cōsta] বিণ. 1 সমতল; 2 মসৃণ; 3 নির্দোষ; 4 চটপটে, চৌকস (চোস্ত বাংলা বলে); 5 আঁটসাট। □ বি. খুব আঁটসাট পায়জামাবিশেষ। [ফা. চুস্ত্]।

চৌ (p. 299) [cau] বিণ. চার। [সং.চতুর্]। ̃ কাঠ, ̃ কাট বি. দরজার চার পাশের কাঠের চৌকো ফ্রেম। [তু. হি. চৌখট্]। ̃ কো বিণ. চারকোনা, চার চোণবিশিষ্ট, চতুষ্কোণ। ̃ কোনা চৌকো -র অনুরূপ। ̃ খণ্ড, ̃ খণ্ডি বি. 1 চারচালা ঘর; 2 চৌকি। ̃ খণ্ডিয়া বিণ. 1 চার পায়ওয়ালা ('চৌখণ্ডিয়া পীড়ি': ক. ক.); 2 চার দিকে ধারওয়ালা ('চৌখণ্ডিয়া কাঁড়': ক. ক.)। ̃ খুপি বি. চৌকো খোপ, চেক। □ বিণ. চার খোপওয়ালা। ̃ গুণ ̃ গুনো বিণ. চারগুণ, চতুর্গুণ। ̃ গোঁপ্পা বি. যে দাড়ি দুই ভাগে ভাগ করে গোঁফের সঙ্গে উপরের দিকে তুলে দেওয়া হয়। □ বিণ. এইরকম দাড়িওয়ালা। ̃ ঘাট বি. চার ঘাট; চার দিকের ঘাট; চতুর্দিক। ̃ ঘুড়ি বি. চার ঘোড়ায় টানা গাড়ি। ̃ চাকা, ̃ চাক্কা বিণ. চার চাকাবিশিষ্ট। ̃ চাপটে, ̃ চাপড়ে ক্রি-বিণ. 1 চার দিকে; সর্বত্র; 2 সকল বিষয়ে; 3 সর্বতোভাবে; 4

সটানভাবে (চৌচাপটে আছাড় খাওয়া)। ˜ চালা বি. চারটি চালবিশিষ্ট ঘর। ˜ চির বিণ. 1 চার খণ্ডে বিভক্ত; 2 খণ্ডবিখণ্ড (ভেঙে চৌচির)। ˜ ঠা বি. বিণ. মাসের চতুর্থ দিন বা সেই দিনের। ˜ তলা, ˜ তালা বিণ. চার তলাবিশিষ্ট। □ বি. চতুর্থ তল। ˜ তারা বি. 1 চত্বর, চবুতরা; 2 চারটি তারবিশিষ্ট বাদ্যযন্ত্র। ˜ তাল বি. সংগীতের বারো মাত্রার তালবিশেষ। ˜ ত্রিশ বি. বিণ. 34 সংখ্যা বা সংখ্যক। [সং. চতুস্ত্রিংশত্]। ˜ দিক বি. চার দিক; সর্বদিক ('চৌদিকে মোর সুরের জাল বুনি': রবীন্দ্র)। ˜ দিশে, ˜ দিশা চৌদিক -এর অনুরূপ। ˜ দুলি বি. চতুর্দোলাবাহক সম্প্রদায়বিশেষ। ˜ দোলা বি. শিবিকা, চতুর্দোলা। ˜ পদী বি. চার চরণবিশিষ্ট পদ্যছন্দ বা কবিতা। □ বিণ. চার চরণবিশিষ্ট। ˜ পর বি. চার প্রহরকাল। □ ক্রি-বিণ. সমস্ত দিনরাত ধরে, সর্বক্ষণ ('চৌপর দিনভর': স. দ.)। ˜ পল বিণ. চার পলবিশিষ্ট; চারকোনা। ˜ পায়া বি. চৌকি। ˜ মাথা, ˜ মোহনা, ˜ রাস্তা বি. চারপথের মিলনস্থল। ˜ রাশি বি. বিণ. 84 সংখ্যা বা সংখ্যক, চুরাশি। ˜ রি বিণ. চারখানি চালযুক্ত। □ বি. চারটি চালযুক্ত ঘর। ˜ ষাট্টি বি. বিণ. 64 সংখ্যা বা সংখ্যক। চৌষট্টি কলা বি. 64 প্রকার কলাবিদ্যা।

চৌকস (p. 299) [caukasa] বিণ. 1 সতর্ক, চালাকচতুর; 2 চার দিকে বা সমস্ত কাজে দক্ষ। [হি.]।

চৌকা, (কথ্য) চৌকো (p. 299) [caukā, (kathya) caukō] বিণ. চার কোণবিশিষ্ট। □ বি. 1 চারফোঁটাযুক্ত তাস; 2 উনুন, চুল্লি। [সং. চতুষ্ক]।

চৌকি (p. 299) [cauki] বি. 1 চারটি পায়াযুক্ত কাষ্ঠাসন, তক্তপোশ; 2 প্রহরীর ঘাঁটি, ফাঁড়ি, থানা; 3 পাহারা (চৌকি দেওয়া); 4 খাজনা বা কর আদায়ের ঘাঁটি।

[সং. চতুষ্কী]। ˜ দার বি. 1 প্রহরী; 2 কর আদায়কারী পেয়াদা। ˜ দারি বি. চৌকিদারের বৃত্তি বা কাজ। □ বিণ. চৌকিদারসংক্রান্ত।

চৌঙকি (p. 299) [cauṅaki] অস-ক্রি. (ব্রজ.) চমকে ('চৌঙকি চলয়ে ক্ষণে ক্ষণে': বিদ্যা.)। [সং. চমক]।

চৌচাকা, চৌচাপটে, চৌচালা, চৌচির, চৌঠা, চৌতাল (p. 299) [caucākā, caucāpaṭē, caucālā, caucira, cauṭhā, cautāla] দ্র চৌ।

চৌথ (p. 299) [cautha] বি. এক-চতুর্থাংশ; (ইতিহাসে) মারাঠা শাসকদের দ্বারা প্রজা ও পরাজিত জনগণের কাছ থেকে কর হিসাবে গৃহীত ফসলের এক-চতুর্থাংশ বা তার সমান মূল্য। [সং. চতুর্থ]।

চৌদোল (p. 299) [caudōla] দ্র চৌ ও চতুর্দোল।

চৌদ্দ (p. 299) [caudda] বি. বিণ. (সাধু) 14 সংখ্যা বা সংখ্যক, চোদ্দো। [সং. চতুর্দশ]। ˜ ই বি. বিণ. মাসের চোদ্দো তারিখ বা তারিখের। ˜ পুরুষ বি. পিতা-পিতামহাদিক্রমে ঊর্ধ্বতন চোদ্দোপুরুষ বা পুত্রপৌত্রাদিক্রমে অধস্তন চোদ্দোপুরুষ; ঊর্ধ্বতন সাত পুরুষ ও অধস্তন সাত পুরুষ।

চৌধুরি, চৌধুরী (p. 299) [caudhuri, caudhurī] বি. 1 সামন্ত নেতা; 2 নগর বা গঞ্জের প্রধান ব্যবসায়ী; 3 গ্রামের প্রধান বা মোড়ল; 4 কুলিসর্দার; 5 পদবি বা উপাধিবিশেষ। [সং. চতুর্ধুরীণ]। বি. (স্ত্রী.) চৌধুরানি।

চৌপট (p. 299) [caupaṭa] বিণ. 1 সমতল; 2 ধ্বংস, নষ্ট (সম্পত্তি সম্মান সবই চৌপট হয়ে গেল)। [হি. চৌপট্]।

চৌপদী, চৌপর, চৌপল (p. 299) [caupadī, caupara, caupala] দ্র চৌ।

চৌপাড়ি, চৌপাঠি (p. 299) [caupāḍ়i, caupāṭhi] বি. টোল, সংস্কৃত পাঠশালা। [সং. চতুষ্পাঠী]।

চৌপায়া (p. 299) [caupāẏā] দ্র চৌ।

চৌবাচ্চা (p. 299) [caubāccā] বি. চারকোনা জলকুণ্ড, ইটের বাঁধানো নাতিবৃহত্ জলাধার, হৌজ। [ফা. চাবচ্চা]।

চৌবে (p. 299) [caubē] বি. চতুর্বেদী; ব্রাহ্মণের পদবিবিশেষ। [হি. < সং. চতুর্বেদী]।

চৌমাথা, চৌমোহনা (p. 299) [caumāthā, caumōhanā] দ্র চৌ।

চৌম্বক (p. 299) [caumbaka] বিণ. 1 আকর্ষক; আকর্ষণশক্তিবিশিষ্ট; 2 চুম্বকসংক্রান্ত। [সং. চুম্বক + অ]।

চৌর (p. 299) [caura] বি. চোর। [সং. চোর + অ]।

চৌরস (p. 299) [caurasa] বিণ. 1 প্রশস্ত; 2 সমতল; 3 চারকোনা। [সং. চতুরস্র]।

চৌরি (p. 299) [cauri] দ্র চৌ।

চৌর্য (p. 299) [caurya] বি. চুরি; চোরের বৃত্তি। [সং. চোর + য]। ̃ বৃত্তি বি. চোরের পেশা, চৌর্য। চৌর্যোন্মাদ বি. চুরি করার অদম্য লালসারূপ ব্যাধিবিশেষ, চুরিরোগ, kleptomania.

চৌহদ্দি (p. 299) [cauhaddi] বি. চতুঃসীমা (জমির চৌহদ্দি)। [বাং. চৌ + আ. হদ্]।

চৌহান (p. 299) [cauhāna] বি. রাজপুতদের বীর রাজবংশবিশেষ, রাজপুত বংশবিশেষ।

চ্যবন (p. 299) [cyabana] বি. পৌরাণিক মুনিবিশেষ। [সং. চ্যু + অন]। ̃ প্রাশ বি. কবিরাজি ওষুধবিশেষ-অশ্বিনীকুমারের ব্যবস্থানুযায়ী এই ওষুধ সেবন করে পৌরাণিক চ্যবন মুনি নবযৌবন লাভ করেছিলেন। [সং. চ্যবন + প্র + √অশ্ + অ]।

চ্যাং1, (বর্জি.) চেঙ্গ (p. 299) [cyā1, (mbarji.) cēṅga] বি. শোলজাতীয় মাছবিশেষ। [দেশি]। ̃ মুড়ি বিণ. বি. চ্যাং মাছের মতো ছোট মাথাবিশিষ্ট ('চেঙ্গমুড়ী কাণী: বি. গু.)।

চ্যাং2 (p. 299) [cyā2] বি. শব বহনের খাটুলি বা বাঁশের মাচা। [দেশি]।˜ দোলা বি. শবের মতো বয়ে নেওয়া।

চ্যাংড়া (p. 299) [cyāṇḍ়ā] বিণ. 1 অর্বাচীন; 2 অপরিণতবুদ্ধি; 3 চপলমতি; 4 ছ্যাবলা। □ বি. অপরিণতবুদ্ধি তরুণ। [দেশি]।˜ মি,˜ মো বি. চ্যাংড়ার ভাব, ছ্যাবলামি।

চ্যাঁচামেচি, চ্যাঁচানো (p. 299) [cyān̐cāmēci, cyān̐cānō] যথাক্রমে চেঁচামেচি ও চেঁচানো -র বানানভেদ।

চ্যাঙা-ব্যাঙা (p. 299) [cyāṅā-byāṅā] বি. (আল.) গুরুত্বহীন লোক; চুনোপুঁটি। [দেশি]।

চ্যাটাং, চ্যাটাং (p. 299) [cyāṭā, ñcyāṭā] বিণ. ধৃষ্টতাপূর্ণ ও কর্কশ (চ্যাটাং চ্যাটাং কথা)। [দেশি]।

চ্যাটালো (p. 299) [cyāṭālō] বিণ. প্রশস্ত, চওড়া। [দেশি]।

চ্যান্সেলর (p. 299) [cyānsēlara] বি. বিশ্ববিদ্যালয়ের আচার্য। [ইং. chancellor]।

চ্যাপটা (p. 299) [cyāpaṭā] বিণ. 1 চ্যাটালো, থেবড়া; 2 পিষ্ট; চাপের দ্বারা প্রসারিত। □ ক্রি. চ্যাপটানো। [< সং. চিপিট, চিপট]।˜ নো ক্রি. চ্যাপটা করা, চাপ দিয়ে প্রসারিত করা; পিষ্ট করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

চ্যুত (p. 299) [cyuta] বিণ. 1 ভ্রষ্ট (আদর্শচ্যুত); 2 পতিত (বৃক্ষচ্যুত); 3 বহিষ্কৃত, বিতাড়িত (পদচ্যুত, রাজ্যচ্যুত)। [সং. √চ্যু + ত]। চ্যুতি বি. পতন; ভ্রংশ; বহিষ্কার; হানি; নাশ (ধৈর্যচ্যুতি)।

ছ1 (p. 301) [cha1] বাংলা ভাষার সপ্তম ব্যঞ্জনবর্ণ এবং অঘোষ মহাপ্রাণ তালব্য ছ্ ধ্বনির লিখিত রূপ।

ছই (p. 301) [chi] বি. নৌকা গোরুর গাড়ি প্রভৃতির চাল বা ছাদ। [সং. ছদি]।

ছউই (p. 301) [chui] বি. মাসের ষষ্ঠ দিন। □ বিণ. মাসের ষষ্ঠ দিনের (ছউই চৈত্র)। [বাং. ছয় + ই]।

ছক (p. 301) [chaka] বি. 1 দাবা পাশা ইত্যাদি খেলার ঘর; 2 নকশা, কোনোকিছুর পরিকল্পিত আদল। [দেশি]। ছক কাটা ক্রি. বি. 1 রেখা দ্বারা চারকোনা ঘরে বিভক্ত করা; 2 (আল.) কোনোকিছু করার আগে স্পষ্ট পরিকল্পনা করে নেওয়া। ছক-কাটা বিণ. চৌকো ঘর কাটা হয়েছে এমন; চৌকো খোপযুক্ত (ছক-কাটা কাগজ)। ছক-বাঁধা বিণ. পূর্বপরিকল্পনার মধ্যে আবদ্ধ, অপরিবর্তনীয়। ছকা ক্রি. ছক বা নকশা অঙ্কন করা; পরিকল্পনার বা কাজের মুসাবিদা বা খসড়া করা (আগে প্ল্যানটা ঠিকমতো ছকে নাও)।

ছকড়া-নকড়া (p. 301) [chakaḍ়ā-nakaḍ়ā] বি. 1 তুচ্ছতাচ্ছিল্য; 2 বিশৃঙ্খলা। □ বিণ. বিশৃঙ্খল। [দেশি]।

ছকা (p. 301) [chakā] দ্র ছক।

ছক্কড় (p. 301) [chakkaḍ়] বি. নড়বড়ে ঘোড়ার গাড়ি। [সং. শকট-তু. ছ্যাকড়া]।

ছক্কা1 (p. 301) [chakkā1] বি. সবজি দিয়ে রাঁধা ব্যঞ্জনবিশেষ, ছোঁকা। [দেশি]।

ছক্কা2 (p. 301) [chakkā2] বি. 1 ছয় ফোঁটা চিহ্নিত তাস; 2 (ক্রিকেট ইত্যাদিতে) ছয় (ছক্কা হাঁকিয়েছে)। [বাং. ছয়-তু. সং. ষট্ক]।

ছট-ফট (p. 301) [chaṭa-phaṭa] বি. 1 অস্থিরতা আকুলতা উদ্বেগ প্রভৃতির ভাব; 2 আইঢাই আনচান বা ধড়ফড় অবস্থা (গরমে বা ব্যথায় ছটফট করা)। [দেশি]। ছট-ফটানো ক্রি. ছটফট করা। □ বি. উক্ত অর্থে। ছট-ফটানি বি. অস্থিরতা, আকুলতা; উদ্বেগ। ছট-ফটে বিণ. অস্থির, চঞ্চল।

ছটরা, ছর্রা (p. 301) [chaṭarā, charrā] বি. বন্দুকের ছোট গুলি বা ছিটে। [ইং. shot + বাং. রা]।

ছটা (p. 301) [chaṭā] বি. 1 দীপ্তি (সূর্যের রঙের ছটা); 2 আভা, আলোক; 3 সৌন্দর্য, শোভা (রূপের ছটা); 4 জাঁকজমক, ঘটা (বাক্যের ছটা); 5 সমূহ; পরম্পরা (শ্লোকের ছটা)। [সং. √ ছো + অট + আ]।

ছটাক (p. 301) [chaṭāka] বি. 1 ওজনের পরিমাণবিশেষ (=5 তোলা বা 1/16 সের বা 1/4 পোয়া); 2 ভূমির পরিমাণবিশেষ (=5 হাত লম্বা ও 4 হাত চওড়া)। [হি. ছটাংক < ? সং. ষট্টঙ্ক]।

ছড়1 (p. 301) [chaḍ়1] বি. 1 সরু লম্বা দণ্ড, শিক (বন্দুকের ছড়, লোহার ছড়); 2 ছোট ছড়ি, বেহালা এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্রের ছড়ি; 3 লম্বা আঁচড় ('বাছার গায়ে কতই ছড় গিয়াছে': টেকচাঁদ ঠাকুর)। [বাং. ছড়ি]।

ছড়2 (p. 301) [chaḍ়2] বি. চামড়া, ছাল ('অভাগী ফুল্লরা পরে হরিণের ছড়': ক. ক.)। [সং. ছল্লি]।

ছড়া1 (p. 301) [chaḍ়ā1] ক্রি. ছড়ানো। [সং. ছটা]।

ছড়া2 (p. 301) [chaḍ়ā2] ক্রি. ছড়ে যাওয়া, আঁচড় লাগা; ছাল উঠে যাওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে। [ছড়2 দ্র]।

ছড়া3 (p. 301) [chaḍ়ā3] বি. 1 শিশু-ভোলানো বা মেয়েলি কবিতা; 2 গ্রাম্য কবিতাবিশেষ; 3 ছড়ি বা মালার আকারবিশিষ্ট বস্তু (গোটছড়া, হারছড়া); 4 গুচ্ছ, থোলো (কলার ছড়া); 5 ইতস্তত ছড়ানো তরল পদার্থ, ছিটা (জলছড়া, গোবরছড়া, ছড়া দেওয়া)। [সং. ছটা]। ছড়া কাটা ক্রি. বি. ছড়া আবৃত্তি করা; ছড়া তৈরি করে উত্তর-প্রত্যুত্তর করা। ছড়া-কার বি. ছড়া তৈরি করে এমন ব্যক্তি, ছড়া-রচয়িতা।

ছড়া-ছড়ি (p. 301) [chaḍ়ā-chaḍ়i] বি. 1 অযত্নে ইতস্তত নিক্ষেপ; 2 ওইভাবে অপচয় (জিনিসপত্রের ছড়াছড়ি); 3 চার দিকে ছড়িয়ে আছে এমন প্রাচুর্য (এ বছর এখানে আমের ছড়াছড়ি)। [ছড়া1 দ্র]।

ছড়ানো (p. 301) [chaḍ়ānō] ক্রি. 1 ইতস্তত নিক্ষেপ করা, বিক্ষিপ্ত করা (জিনিসপত্র এভাবে ছড়াল কে?); 2 বিস্তৃত হওয়া, বিস্তার লাভ করা, ব্যাপ্ত হওয়া (রোগ ছড়াচ্ছে, আগুন ছড়িয়ে পড়ছে); 3 ছিটানো (জল ছড়ানো, বীজ ছড়ানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [ছড়া1 দ্র]।

ছড়ি (p. 301) [chaḍ়i] বি. 1 সরু লাঠি (ছড়ি হাতে বেড়ানো); 2 বেহালা এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্রের ছড়। [বাং.-তু. হি. ছড়ী < সং. যষ্টি?]। ˜ দার বি. 1 ছড়িধারী ব্যক্তি; 2 তীর্থস্থানে পাণ্ডার অনুচর। ˜ বরদার বি. সুসজ্জিত ভৃত্য, চোপদার।

ছতরি, ছত্রি (p. 301) [chatari, chatri] বি. 1 গোরুর গাড়ি বা নৌকার চাল বা ছাদ, ছই; 2 মশারি টাঙাবার ফ্রেম। [সং. ছত্র]।

ছত্র1 (p. 301) [chatra1] বি. অন্নাদির বিতরণস্থান (অন্নছত্র, জলছত্র)। [সং. সত্র]।

ছত্র2 (p. 301) [chatra2] বি. অক্ষর-পঙ্ক্তি, লাইন (দু-চার ছত্র লেখা)। [আ. সত্র্]।

ছত্র3 (p. 301) [chatra3] বি. 1 ছাতা, আঁতপত্র; 2 ব্যাঙের ছাতা; 3 রাজচিহ্ন; 4 রাজছত্র। [সং. ছদ্‌ + ণিচ্‌ + র]।˜ ক, ছত্রাক বি. 1 ছাতা, fungus (বইয়ে ছাতা ধরেছে); 2 কোঁড়ক, ব্যাঙের ছাতা, mushroom.˜ খান বিণ. 1 উন্মুক্ত ছাতার মতো চার দিকে বিস্তৃত; 2 এলোমেলো ও চার দিকে ছড়ানো (জিনিসপত্র নানাদিকে ছত্রখান হয়ে আছে)।˜ দণ্ড বি. রাজছত্র ও রাজদণ্ড।˜ ধর,˜ ধারী (-রিন্‌) বিণ. বি. 1 যে ছাতা ধরে রয়েছে; 2 বংশবদ অনুচর।˜ পতি বি. 1 সম্রাট; রাজচক্রবর্তী; 2 শিবাজির উপাধি।˜ ভঙ্গ বিণ. 1 বিশৃঙ্খল; 2 দলভ্রষ্ট। □ বি. পরাজিত সৈন্যদলের বিশৃঙ্খল অবস্থা। ছত্রাকার বিণ. 1 ছাতার মতো আকারবিশিষ্ট; 2 চতুর্দিকে বিক্ষিপ্ত, বিশৃঙ্খলভাবে বিকীর্ণ, ছত্রখান।

ছত্রাক, ছত্রাকার (p. 301) [chatrāka, chatrākāra] দ্র ছত্র3।

ছত্রি1 (p. 301) [chatri1] বি. নৌকা বা গোরুর গাড়ির ছই, ছতরি; মশারির ফ্রেম। [সং. ছত্র + বাং. ই]।

ছত্রি2 (p. 301) [chatri2] বি. ক্ষত্রিয় জাতিবিশেষ, খেত্রি। [< সং. ক্ষত্রিয়]।

ছত্রিশ (p. 301) [chatriśa] বি. বিণ. 36 সংখ্যা বা সংখ্যক। [সং. ষট্‌ত্রিংশত্‌- তু. হি. ছত্তীস]।

ছত্রী2 (p. 301) [chatrī2] (-ত্রিন্‌) বিণ. ছত্রধারী। [সং. ছত্র + ইন্‌]।˜ সেনা,˜ সৈন্য বি. ছত্রাকৃতি প্যারাশুট-এর সাহায্যে বিমান হেলিকপ্টার ইত্যাদি থেকে ভূতলে অবতরণকারী সৈন্য, parachute troops, paratroops.

ছদ (p. 301) [chada] বি. 1 গাছের পাতা (সপ্তচ্ছদ); 2 আচ্ছাদন (পরিচ্ছদ)। [সং. √ ছদ্ + ণিচ্ + অ]।

ছদ্ম (p. 301) [chadma] (-দ্মন্) বিণ. 1 কপট, ছলনাকারী; 2 আচ্ছাদক। [সং. √ ছদ্ (=গোপন) + ণিচ্ + মন্]।˜ নাম বি. প্রকৃত নাম গোপন করার জন্য গৃহীত অন্য নাম।˜ বেশ বি. আত্মগোপনের জন্য পরিধেয় বেশ।˜ বেশী (শিন্) বিণ. ছদ্মবেশধারী। স্ত্রী.˜ বেশিনী।

ছন (p. 301) [chana] বি. পূর্ববঙ্গে ঘর ছাওয়ার খড়জাতীয় তৃণবিশেষ। [তু. সং. শণ]।

ছন্দ1 (p. 301) [chanda1] বি. 1 প্রবৃত্তি, ঝোঁক; 2 অভিপ্রায় (ছন্দানুবর্তন, ছন্দানুসরণ); 3 বশ্যতা (স্বচ্ছন্দে); 4 ধরন, রকম (নানা ছন্দে)। [সং. √ ছন্দ্ (গোপন) + অ]। ছন্দানু-গমন বি. ইচ্ছা বা প্রবৃত্তি অনুসারে চলা বা করা। ছন্দানু-সরণ ছন্দানুগমন -এর অনুরূপ। ছন্দানু-গামী (-গামিন্), ছন্দানু-সারী (-সারিন্) বিণ. ইচ্ছা বা প্রবৃত্তি অনুসারে চলে বা করে এমন। ছন্দানু-বর্তন, ছন্দানু-বৃত্তি বি. মন জোগানো; অন্যের ইচ্ছানুসারে চলা। ছন্দানু-বর্তী (-র্তিন্.) বিণ. পরের মন জুগিয়ে চলে বা পরের ইচ্ছানুসারে চলে এমন।

ছন্দ2, ছন্দঃ (p. 301) [chanda2, chandḥ] (-ন্দস্) বি. 1 পদ্যবন্ধ, নিয়মিত অংশে বিভক্ত পদ্যের রচনারীতি; 2 রচনার মাত্রা বা তাল, ছাঁদ। [সং. √ ছন্দি + অস্ (অসুন)]।˜ পতন,˜ পাত বি. পদ্যরচনায় তালভঙ্গ, পদ্যরচনায় অক্ষর বা মাত্রার আধিক্য বা ন্যূনতার জন্য নিয়মভঙ্গ। ছন্দোভঙ্গ ছন্দঃপতন -এর অনুরূপ।

ছন্দানুগমন, ছন্দানুগামী, ছন্দানুবর্তন, ছন্দানুবর্তী, ছন্দানুবৃত্তি, ছন্দানুসরণ, ছন্দানুসারী (p. 301) [chandānugamana, chandānugāmī, chandānubartana, chandānubartī, chandānubṛtti, chandānusaraṇa, chandānusārī] দ্র ছন্দ1।

ছন্দে-বন্দে (p. 301) [chandē-bandē] ক্রি-বিণ. কলেকৌশলে, পাকেপ্রকারে (ছন্দেবন্দে কার্যোদ্ধার করা)। [সং. ছন্দবন্ধ]।

ছন্দো-বদ্ধ (p. 301) [chandō-baddha] বিণ. ছন্দে গ্রথিত; পদ্যরীতিতে রচিত। [সং. ছন্দঃ + বদ্ধ]।

ছন্দোভঙ্গ (p. 301) [chandōbhaṅga] দ্র ছন্দ2।

ছন্ন (p. 301) [channa] বিণ. 1 আচ্ছাদিত, আচ্ছন্ন (ছায়ায় ছন্ন আশ্রম); 2 লুপ্ত, নষ্ট, অপসারিত ('পাপতাপ হবে ছন্ন': ভা. চ.)। [সং. √ ছদ্ + ত]। ̃ ছাড়া বিণ. লক্ষ্মীছাড়া, উচ্ছন্নে গেছে এমন; আশ্রয়হীন (ছন্নছাড়া জীবন)। ̃ মতি বিণ. বুদ্ধি লুপ্ত বা নষ্ট হয়েছে এমন।

ছপ্পর (p. 301) [chappara] বি. 1 আচ্ছাদন; 2 ছাদ। [হি.]। ছপ্পর ফুঁড়ে ক্রি-বিণ. 1 ছাদ ফুঁড়ে; 2 (আল.) আশাতীতভাবে।

ছবি1 (p. 301) [chabi1] বি. 1 দ্যুতি, দীপ্তি (রবিচ্ছবি); 2 শোভা, কান্তি (মুখচ্ছবি)। [সং. √ ছো + ই]।

ছবি2 (p. 301) [chabi2] বি. চিত্রিত মূর্তি, প্রতিমূর্তি; আলেখ্য। [আ. শবীহ্- তু. আ. তস্বীর]।

ছমছম (p. 301) [chamachama] বি. ভয়জনিত বিকারের ভাব, ভয়জনিত শিহরন (গা ছমছম করা)। [ধ্বন্যা.]। ছম-ছমে বিণ. গা ছমছম করে এমন, ভয়োৎপাদক।

ছয় (p. 301) [chaẏa] বি. বিণ. 6 সংখ্যা বা সংখ্যক। [সং. ষট্]।

ছয়-লাপ (p. 301) [chaẏa-lāpa] বিণ. 1 পরিপূর্ণ, ছেয়ে গেছে এমন (কাগজপত্রে ঘর একেবারে ছয়লাপ); 2 সম্পূর্ণ নষ্ট (জিনিসপত্র ছয়লাপ করা)। [ফা. সয়লাব্]।

ছর-কট, ছর-কোট (p. 301) [chara-kaṭa, chara-kōṭa] বি. ছড়াছড়ি, বিশৃঙ্খলা, বেবন্দোবস্ত (জিনিসপত্রের ছরকট)। [দেশি]। ছর-কুটে বিণ. বিশৃঙ্খল; এলোমেলো স্বভাবের (ছরকুটে লোক)।

ছর্দি2 (p. 301) [chardi2] বি. বমি; উদগার। [সং. √ ছর্দ্ + ই]।

ছর্রা (p. 301) [charrā] দ্র ছটরা।

ছল (p. 301) [chala] বি. 1 ছলনা, প্রবঞ্চনা, প্রতারণা (ছলেবলে); 2 উপলক্ষ্য, ব্যপদেশ, প্রসঙ্গ (কথাচ্ছলে); 3 রূপ, আকার ('বৃষ্টি ছলে মেঘ কাঁদে': ভা. চ.); 4 ইঙ্গিত, ইশারা ('কথা কয় ছলে': ভা. চ.); 5 ছুতা, ওজর, ভান (প্রশংসার ছলে

বিদূপ, খেলাচ্ছলে); 6 দোষ, ত্রুটি, খুঁত (ছল ধরা)। □ বিণ. কপট, ছদ্ম। [সং. √ ছল্ + অ]। ছল পাতা ক্রি. বি. ফাঁদ পাতা।˜ কপট,˜ চাতুরী বি. শঠতা; প্রবঞ্চনা।˜ গ্রাহী (-হিন্) বিণ. ছিদ্রান্বেষী, দোষদর্শী।˜ ছুতো বি. 1 অছিলা; 2 সামান্য ত্রুটি।

ছল-ছল, ছলচ্ছল (p. 301) [chala-chala, chalacchala] বি. 1 জলপ্রবাহের বা ঢেউয়ের ছলাত্ ছলাত্ শব্দ (ছলছল করে বয়ে চলেছে); 2 অশ্রুপূর্ণতার লক্ষণ প্রকাশ (চোখ ছলছল করছে)। □ বিণ. 1 ছলাত্ ছলাত্ শব্দযুক্ত ('ছলচ্ছল টলট্টল কলক্কল তরঙ্গা': ভা. চ.); 2 অশ্রূপূর্ণ, সজল (ছলছল চোখে)। [ধ্বন্যা.]।

ছলন, ছলনা (p. 301) [chalana, chalanā] বি. 1 কপটতা, শঠতা, প্রতারণা ('আশার ছলনে ভূলি': মধু); 2 ধোঁকা। [সং. √ ছলি + অন + আ]। ছলিত বিণ. প্রতারিত।

ছলা (p. 301) [chalā] বি. ছল, ছলনা। □ ক্রি. ছলনা করা, প্রতারণা করা, ঠকানো, ধোঁকা দেওয়া ('কোন ছলে ছলিয়া': রবীন্দ্র)। [সং. ছল + বাং. আ স্বার্থে]।˜ কলা বি. শঠতা; মন-ভোলানো হাবভাব বা কৌশল।

ছলাত্ (p. 301) [chalāt] বি. অব্য. 1 নদীর তটে ঢেউয়ের আঘাতের শব্দ; 2 তরল পদার্থ হঠাত্ উথলে বা চলকে পড়ার শব্দ। [ধ্বন্যা.]।

ছা (p. 301) [chā] বি. 1 ছানা; শাবক (পাখির ছা); 2 শিশু, বাচ্চা (ছাপোষা)। [পা. ছাব < সং. শাবক]।˜ পোষা বিণ. বহু সন্তানপালনের দায়দায়িত্ববিশিষ্ট (ছাপোষা লোক, ছাপোষা কেরানি)।

ছাই (p. 303) [chāi] বি. 1 ভস্ম, খাক, কোনো পদার্থ সম্পূর্ণ পুড়ে যাবার পর যে মিহি অবশেষ থাকে; 2 (আল.) অকিঞ্চিৎকর অসার বা জঞ্জালতুল্য বস্তু বা বিষয় (ও ছাই কেন খাচ্ছ ?); 3 কিছুই নয় (তুমি ছাই জানো)। [সং. ক্ষার]। ছাই-চাপা আগুন যে মর্মযন্ত্রণা বা প্রতিভা প্রকাশ করা যায় না বা প্রকাশিত হয় না। ছাই-চাপা কপাল ভাঙা কপাল; দুর্ভাগ্য। ̃ পাঁশ বি. (আল.) আজেবাজে জিনিস। ছাই ফেলতে ভাঙা কুলো অতি অকিঞ্চিৎকর কার্যসাধনের জন্য যে অবহেলিত ব্যক্তির প্রয়োজন। ̃ ভস্ম বি. বাজে বা জঞ্জালতুল্য বস্তু।

ছাউনি1 (p. 303) [chāuni1] বি. 1 আচ্ছাদন (খড়ের ছাউনি); 2 চাঁদোয়া। [সং. ছাদনী]।

ছাউনি2 (p. 303) [chāuni2] বি. 1 সেনানিবাস, সৈন্যদের স্থায়ী আড্ডা, cantonment; 2 শিবির, যুদ্ধের সময় সৈন্যবাহিনীর ঘাঁটি। [হি. সাউনি]।

ছাও (p. 303) [chāō] বি. (আঞ্চ.) শাবক, ছানা, ছা। [ছা দ্র]।

ছাওয়া (p. 303) [chāōẏā] বি. ক্রি. 1 আচ্ছাদন করা, আবৃত করা, ঢাকা (শুকনো পাতায় উঠোনটা ছেয়ে গেছে); 2 বিছানো, ছড়ানো, পরিব্যাপ্ত করা (মেঘে আকাশ ছেয়ে গেছে)। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. √ ছাহ্ (< সং. √ ছদ্) + আ]। ̃ নো ক্রি. বি. আচ্ছাদিত বা আবৃত করানো। □ বিণ. উক্ত অর্থে।

ছাওয়াল, ছাবাল (p. 303) [chāōẏāla, chābāla] বি. (আঞ্চ.) 1 ছেলে; 2 শিশু। [পা. ছাব]।

ছাঁইচ, ছাঁচ (p. 303) [chāmিca, chānিca] বি. ঢালু চালের প্রান্তভাগ বা তার দ্বারা আবৃত ঘরের চারপাশ। [দেশি]। ˜ তলা বি. ঘরের চাল বা ছাতের তলদেশ, যেখানে জল গড়িয়ে পড়ে।

ছাঁকন (p. 303) [chānিkana] বি. ছাঁকা, বস্ত্রাদির সাহায্যে তরল পদার্থ নিঃসারণ বা পরিস্রুত করা। [বাং. √ ছাঁক্ + অন]।

ছাঁকনা, ছাঁকনি (p. 303) [chānিkanā, chānিkani] বি. ক্ষুদ্র ছিদ্রযুক্ত পাত্রবিশেষ যার দ্বারা ছাঁকা হয়, ছোট চালনি, sieve, strainer. [বাং. √ ছাঁক্ + অনা, অনি]।

ছাঁকা (p. 303) [chānিkā] ক্রি. 1 বস্ত্রাদির সাহায্যে তরল বস্তু থেকে বর্জনীয় অংশ বার করে ফেলা, পরিস্রুত বা শোধন করা (দুধ ছাঁকা); 2 চালা, গুঁড়ো পৃথক করা (আটা ছাঁকা)। □ বি. ছাঁকার কাজ। □ বিণ. 1 ছাঁকা হয়েছে এমন (ছাঁকা দুধ); 2 খাঁটি (ছাঁকা কথা বলে দিলাম); 3 বিশেষভাবে নির্বাচিত (ছাঁকা ছাঁকা লোককে নিয়ে যাবে); 4 নির্ভেজাল, বিশুদ্ধ (ছাঁকা গঙ্গাজল); 5 সহজলভ্য (ছাঁকা পয়সা); 6 ছাঁকার জন্য উদ্দিষ্ট (দুধ-ছাঁকা কাপড়); আটা-ছাঁকা চালুনি)। [বাং. √ ছাঁক্ + আ]। ছাঁকা তেলে ভাজা ক্রি. বি. ঝাঁঝরির দ্বারা ছেঁকে তোলা যায় এমন বেশি তেলে ভাজা। ছেঁকে ধরা ক্রি. বি. ঘিরে ধরা; চারদিক থেকে অনেকে মিলে ব্যতিব্যস্ত করা (পিঁপড়েয় ছেঁকে ধরেছে, পাওনাদারেরা ছেঁকে ধরেছে)।

ছাঁকি-জাল (p. 303) [chānিki-jāla] বি. চুনোপুঁটিজাতীয় ছোট ছোট মাছ ধরার জন্য ক্ষুদ্র জাল। [বাং. ছাঁকা + ই + জাল]।

ছাঁচ2 (p. 303) [chā̃ca2] বি. 1 ফর্মা, mould, যার মধ্যে ফেলে কোনো বস্তুর আকার দেওয়া হয় (সন্দেশের ছাঁচ, পুতুলের ছাঁচ); 2 ছাঁচে প্রস্তুত খাবার (ক্ষীরের ছাঁচ); 3 (আল.) ধরন, সাদৃশ্য, আদল (একই ছাঁচে গড়া)। [দেশি-তু. হি. সাঁচা]।

ছাঁচি (p. 303) [chā̃ci] বিণ. 1 আসল; 2 দেশি (ছাঁচি কুমড়ো)। [হি. সাঁচ > ছাঁচ + বাং. ই]। ছাঁচি কুমড়ো বি. চালকুমড়ো। ছাঁচি পান বি. সুগন্ধ পানবিশেষ। ছাঁচি বেত বি. সরু বেতবিশেষ।

ছাঁট1 (p. 303) [chā̃ṭa1] বি. 1 কেটে বাদ দেওয়া অংশ বা বাড়তি অংশ (কাপড়ের ছাঁট); 2 ছাঁটার বা কাটার প্রণালী (জামার ছাঁট, চুলের ছাঁট)। □ বিণ. কেটে বাদ দেওয়া হয়েছে এমন (ছাঁট কাপড়)। [ছাঁটা দ্র]।˜ কাট বি. জামা বা সেলাই-করা পোশাকের কাটার ও সেলাইয়ের প্রণালী বা নৈপুণ্য।

ছাঁট2 (p. 303) [chā̃ṭa2] বি. জলের ছিটা, ছাট। [ছাট দ্র]।

ছাঁটা (p. 303) [chā̃ṭā] ক্রি. 1 অপ্রয়োজনীয় অংশ কেটে ফেলা বা কেটে ছোট করা (গাছ ছাঁটা, চুল ছাঁটা); 2 কাঁড়ানো (চাল ছাঁটা); 3 বাদ দেওয়া (দল থেকে ছেঁটে দেওয়া); 4 অগ্রাহ্য করা, উপেক্ষা করা (মনের দুঃখ ছেঁটে ফেলা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [হি. √ ছাঁট-তু. সং. √ শাতি (শাতন বা ছেদন করা)]।˜ ই বি. 1 কর্তন; 2 বাদ দেওয়া; 3 অমান্য বা অগ্রাহ্য করা; 4 বর্জন; 5 বরখাস্ত করা, ব্যয় সংকোচের জন্য কারখানা ইত্যাদি থেকে কর্মচারীর সংখ্যা হ্রাস

করা; 6 ছেঁটে বাদ দেওয়া।˜ নো ক্রি. অন্যের দ্বারা ছাঁটাই করা (ছেলেটার চুল ছাঁটিয়ে আনতে যাব)। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছাঁত্ (p. 303) [chān̐t] অব্য. বি. শরীরে বা বুকের মধ্যে হঠাত্ তীব্র শিহরনের অনভূতি। [ধ্বন্যা.]।

ছাঁদ (p. 303) [chān̐da] বি. 1 আকৃতি, গঠন (মুখের ছাঁদ); 2 প্রকার, ধরন, স্বকীয় রীতি (লেখার ছাঁদ, কথার ছাঁদ, নানা ছাঁদে)। [সং. ছন্দ]।

ছাঁদন (p. 303) [chān̐dana] বি. 1 বেষ্টন; 2 বাঁধন; 3 দোহনকালে গাভীর দুই পা বাঁধা (ছাঁদনদড়ি)। [ছাঁদা দ্র]।

ছাঁদনা-তলা (p. 303) [chān̐danā-talā] বি. বিবাহের ছায়ামণ্ডপ, যে মণ্ডপে বিবাহ-আসর অনুষ্ঠিত হয়। [সং. ছাদন + বাং. আ + তলা (স্হল)]।

ছাঁদা (p. 303) [chān̐dā] ক্রি. 1 বেষ্টন করা, জ়ড়ানো; 2 বাঁধা, দোহনকালে গোরুর পিছনের দুই পা দড়ি দিয়ে বাঁধা (গোরু ছাঁদার দড়ি); 3 ফাঁদা, পত্তন করা (বাড়ি ছাঁদা)। □ বিণ. উক্ত সব অর্থে। □ বি. 1 বেষ্টন (বাঁধাছাঁদা); 2 বন্ধন; 3 নিমন্ত্রিত ব্যক্তি ভোজনশেষে যে খাদ্যবস্তু কাপড়ে বেঁধে নিয়ে যায় (ছাঁদা বাঁধা)। [বাং. ছাঁদ (=বন্ধন) + বাং. আ]।

ছাগ (p. 303) [chāga] বি. ছাগল, অজ। [সং. √ ছো + গ]। বি. (স্ত্রী.) ছাগী।˜ বাহন বি. অগ্নিদেব।

ছাগল (p. 303) [chāgala] বি. শিং ও ছোট লেজবিশিষ্ট তৃণভোজী এবং রোমন্থক পশুবিশেষ, অজ, ছাগ। [সং. ছগল + অ]। ছাগলাদ্য ঘৃত নপুংসক ছাগ অর্থাত্ খাসির চর্বিতে প্রস্তুত আয়ুর্বেদীয় ওষুধবিশেষ। স্ত্রী. ছাগলী।

ছাট (p. 304) [chāṭa] বি. বায়ুতাড়িত জলের ধারা বা ছিটা (বৃষ্টির ছাট)। [সং. ছটা]।

ছাড় (p. 304) [chāḍ়] বি. 1 বাদ, ত্যাগ (এই শব্দটি ছাড় গেছে); 2 রেহাই, মুক্তি (কোনো ছাড় নেই); 3 মুক্তির বা যাওয়ার অনুমতি (ছাড়পত্র); 4 বিরাম, অবসর (একটু ছাড় পেয়েছি); 5 মূল্যহ্রাস (দামে ছাড়); 6 অনুমতিপত্র, ছাড়পত্র (একটা ছাড় লিখে দাও)। [ছাড়া দ্র]।

ছাড়া (p. 304) [chāḍ়ā] ক্রি. 1 ত্যাগ করা (সংসার ছাড়বে); 2 পরিবর্তন করা, বদল করা (কাপড় ছাড়া); 3 যাত্রা করা, স্থানত্যাগ করে চলতে আরম্ভ করা (গাড়ি কখন ছাড়বে?); 4 মুক্তি দেওয়া (পুলিশ আসামিকে ছেড়ে দিল); 5 দূর হওয়া (জ্বর ছেড়েছে); 6 অভ্যাস ত্যাগ করা (ধূমপান ছেড়েছে, সেই কবে ধুতি ছেড়েছি); 7 উপেক্ষা করা (ওর কথা ছাড়ো); 8 ক্ষমা করা (অন্যায় করলে কেউ তোমাকে ছেড়ে দেবে না); 9 শিথিল হওয়া, খোলা (জোড় ছেড়ে গেছে; বাঁধন ছেড়ে গেছে); 1 জড়তা ত্যাগ করা, স্বর উঁচুতে তোলা (গলা ছেড়ে গাও); 11 ডাকে দেওয়া, বাইরে পাঠানো (চিঠি ছাড়া); 12 স্পন্দহীন হওয়া (নাড়ি ছেড়ে গেছে); 13 প্রসব করা (মাছটা ডিম ছেড়েছে); 14 নিক্ষেপ করা (বাণ ছাড়া); 15 অবারিত বা বাধাহীন করা (পথ ছাড়ো); 16 সঙ্গ ত্যাগ করা (মাকে ছেড়ে থাকতে পারে না); 17 নিষ্কৃতি দেওয়া (খেয়ে তবে ছেড়েছে)। □ বিণ. 1 পরিত্যক্ত (ছাড়া ভিটা); 2 বঞ্চিত (ভিটা-ছাড়া, মা-ছাড়া); 3 স্বাধীন, বন্ধনহীন (ছাড়া গোরু); 4

বর্জিত (লক্ষ্মীছাড়া); 5 বহির্ভূত (সৃষ্টিছাড়া)। □ বি. ক্রিয়ার সব অর্থে (গাড়ি ছাড়ার সময়, কাপড় ছাড়ার ঘর, সংসার ছাড়ার ইচ্ছা, মাছের ডিম ছাড়া দেখেছি, ছাড়া পাওয়া)। □ অব্য. অনু. ব্যতীত (এ ছাড়া কী করার আছে? লাভ ছাড়া লোকসান নেই)। [পা. √ ছড্ড < √ ছর্দ্]। ছাড়া ছাড়া বিণ. বিরল, ফাঁক ফাঁক, বিচ্ছিন্ন (ছাড়া ছাড়া কতগুলি শব্দ, সবাই আজকাল ছাড়া ছাড়া থাকে)। ̃ ছাড়ি বি. বিচ্ছেদ।

ছাড়ান (p. 304) [chāḍ়āna] (উচ্চা. ছাড়ান্) বি. মুক্তি, রেহাই, নিষ্কৃতি, খালাস (ওর হাত থেকে সহজে ছাড়ান পাবে না)। [ছাড়া দ্র]।

ছাড়ানো (p. 304) [chāḍ়ānō] ক্রি. 1 ত্যাগ করানো (নেশা ছাড়ানো); 2 পরিবর্তন করানো (কাপড় ছাড়ানো); 3 খালাস করা, উদ্ধার বা মুক্ত করা (জেল থেকে ছাড়িয়ে এনেছি); 4 তাড়ানো (ভূত ছাড়ানো); 5 মোচন করা (হাত ছাড়ানো); 6 খোলা (জট ছাড়ানো); 7 বাদ দেওয়া, বিচ্যুত করা (খোসা ছাড়ানো); 8 অতিক্রম করা (আমাকে ছাড়িয়ে গেছে; ছেলে বাবাকেও ছাড়াবে)। □ বি. উক্ত সব অর্থে (আমাকে ছাড়ানো কি সোজা কথা?)। □ বিণ. উক্ত সব অর্থে (খোসা-ছাড়ানো ফল)। [বাং. ছাড়া + নো]।

ছাতরা (p. 304) [chātarā] ক্রি. ছত্রাকারে ছড়িয়ে পড়া। [< ছত্রাকারছত্র1 দ্র]। ̃ নো ক্রি. ছত্রাকারে ছড়িয়ে পড়া। □ বি. বিণ. উক্ত অর্থে (চার দিকে ছাতরানো সব জিনিসপত্র)।

ছাতলা (p. 304) [chātalā] বি. 1 ছত্রক, ছত্রাক; 2 ছাতা, শ্যাওলার মতো মরচে বা ময়লা (ছাতলা পড়া, ছাতলা ধরা)। [বাং. ছাতা2 + লা]।

ছাতা1 (p. 304) [chātā1] বি. রোদ বৃষ্টি প্রভৃতি এড়াবার জন্য মাথার উপরে ধৃত আচ্ছাদনবিশেষ, ছত্র, আতপত্র। [সং. ছত্র]।

ছাতা2 (p. 304) [chātā2] বি. 1 কোঁড়ক; 2 ছাতলা। [সং. ছত্রাক]।˜ ধরা,˜ পড়া বিণ. ছাতলাযুক্ত। ব্যাঙের ছাতা বি. কোঁড়ক, mushroom.

ছাতার, ছাতারে (p. 304) [chātāra, chātārē] বি. চড়াইজাতীয় কিন্তু আকারে একটু বড় ধূসর রঙের পাখিবিশেষ, warbler, seven sisters. [বাং. ছত্র্ (ধ্বন্যা.) + ইয়া > এ]।

ছাতি1 (p. 304) [chāti1] বি. ছাতা, রোদ-বৃষ্টি এড়াবার জন্য আচ্ছাদনবিশেষ। [বাং. ছাতা + ই]।

ছাতি2 (p. 304) [chāti2] বি. 1 বুকের পাটা বা বিস্তার, ছিনা; 2 (আল.) সাহস। [হি. ছাতী]। ছাতি ফাটা ক্রি. বি. বুক বিদীর্ণ হওয়া (পিপাসায় ছাতি ফাটা)। ছাতি ফোলানো ক্রি. বি. 1 বুক ফোলানো; 2 (আল.) গর্ব বা শক্তিমত্তা জাহির করা।

ছাতিম (p. 304) [chātima] বি. পাতা ও ডালপালাসহ ছাতার মতো আকৃতিযুক্ত গাছবিশেষ, সপ্তপর্ণী। [বাং. ছাতি + ম, তু-সং. সপ্তপর্ণ]।

ছাতিয়া (p. 304) [chātiyā] বি. (ব্রজ.) বুক, ছাতি ('ফাটি যাওত ছাতিয়া': বিদ্যা.)। [ছ
াতি2 দ্র]।

ছাতু (p. 304) [chātu] বি. 1 ভাজা ছোলা যব ইত্যাদির গুঁড়ো; 2 (আল.) মিহি গুঁড়ো (মেরে ছাতু করে দেবে); 3 (আল.) কিছুই নয় (সে জানে ছাতু)। [হি. ছত্তু (< সং. শক্তু)]। ˜ খোর বি. 1 ছাতুভোজী; 2 (বিদ্রূপে) হিন্দুস্থানি।

ছাত্র (p. 304) [chātra] বি. শিক্ষার্থী; শিষ্য। [সং. ছত্র + অ]। বি. (স্ত্রী.) ছাত্রী। ˜ জীবন বি. পাঠ্যাবস্থা। ˜ নিবাস, ছাত্রাবাস বি. ছাত্রদের থাকা-খাওয়ার ব্যবস্থাযুক্ত স্থান, বোর্ডিং, হস্টেল। ˜ বৃত্তি বি. 1 ভালো ছাত্রকে প্রদত্ত আর্থিক পুরস্কার বা জলপানি; 2 জলপানির পরীক্ষাবিশেষ।

ছাদ (p. 304) [chāda] বি. পাকা বাড়ির উপরের আচ্ছাদন, ছাত। [সং. √ ছদ্ + ণিচ্ + অ]। ˜ ক বিণ. 1 আচ্ছাদনকারী; 2 ছাদ নির্মাণকারী, ঘরামি। ˜ ন বি. 1 আচ্ছাদন; 2 ছাদ নির্মাণ; 3 ঘর ছাওয়া; 4 যা দিয়ে আচ্ছাদিত করা হয়। ছাদিত বিণ. 1 আচ্ছাদিত; 2 ছাদবিশিষ্ট।

ছানতা (p. 304) [chānatā] বি. ঝাঁঝরি, ছিদ্রযুক্ত হাতা। [তু. হি. ছন্না]।

ছানা1 (p. 304) [chānā1] ক্রি. 1 কোনো জিনিসের সঙ্গে জল ইত্যাদি তরল পদার্থ মিশিয়ে চটকে মাখা (আটা ছানা, ময়দা ছানছি); 2 ছাঁকা ('অকূল ছানিয়ে যা পাস তা নিয়ে': রবীন্দ্র)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে। [হি. √ ছান + বাং. আ]।

ছানা2 (p. 304) [chānā2] বি. অম্লযোগে দুধ বিকৃত করে পাওয়া পিণ্ডের মতো খাদ্য বস্তু। [সং. ছিন্নক]। ছানা কাটা ক্রি. বি. ছানা প্রস্তুত করা বা হওয়া।

ছানা3 (p. 304) [chānā3] বি. বাচ্চা; পশুপাখির শাবক (বিড়ালছানা, পাখির ছানা)। [বাং. ছা (< পা. ছাব) + না (?)-তু. হি. সৌনা]।˜ পোনা বি. কাচ্চাবাচ্চা।

ছানি1 (p. 304) [chāni1] বি. (আঞ্চ.) গোরুর জাব; গোরুর খাওয়ার জন্য কুচানো খড়-বিচালি। [হি. সানী]।

ছানি2 (p. 304) [chāni2] বি. দৃষ্টির প্রতিবন্ধক নেত্ররোগবিশেষ, চোখের তারার উপর আবরণীরূপ রোগবিশেষ, cataract. [সং. ছন্নিকা]। ছানি কাটানো ক্রি. বি. অস্ত্রোপচারের দ্বারা ছানি তুলে ফেলা। ছানি পড়া ক্রি. বি. চোখে ছানির সৃষ্টি হওয়া।

ছানি3 (p. 304) [chāni3] বি. মামলা-মোকদ্দমা পুনর্বিচারের আবেদন, আপিল। [আ. সানী]।

ছানি4 (p. 304) [chāni4] বি. ইশারা (হাতছানি)। [হি. সয়েন্]।

ছান্দ1 (p. 304) [chānda1] বি. (বর্ত. অপ্র.) বন্ধন ('তব মায়া ছান্দে বিশ্ব পড়ি কান্দে': ভা. চ.)। [সং. √ ছন্দ্ + অ]।

ছান্দ2 (p. 304) [chānda2] বি. ছন্দ, রকম ('বিনাইয়া নানা ছান্দে')। [সং. ছন্দস্]।

ছান্দস (p. 304) [chāndasa] বি. বেদাধ্যায়ী, বেদশিক্ষক; শ্রোত্রিয়। □ বিণ. বৈদিক (ছান্দস প্রয়োগ); 2 ছন্দসম্বন্ধীয়। [সং. ছন্দস্ + অ]।

ছান্দসিক (p. 304) [chāndasika] বি. ছন্দজ্ঞানী, ছন্দ সম্পর্কে জ্ঞানসম্পন্ন ব্যক্তি। □ বিণ. ছন্দবিষয়ক। [সং. ছন্দস্ + ইক]।

ছান্দোগ্য (p. 304) [chāndōgya] বি. সামবেদের অন্তর্গত উপনিষদ্বিশেষ। [সং. ছান্দোগ + য]।

ছাপ (p. 304) [chāpa] বি. 1 মোহর (ডাকঘরের ছাপ); 2 চিহ্ন, দাগ (কালির ছাপ)। [বাং. √ ছাপ্ + অ]।

ছাপর (p. 304) [chāpara] বি. আচ্ছাদন, ছাদ, খোলার চাল। [হি. ছপ্পর]।˜ খাট বি. মশারি টাঙানোর চালযুক্ত খাট।

ছাপরা (p. 304) [chāparā] বি. 1 ঘর ছাওয়ার খোলা; 2 খোলা দিয়ে ছাওয়া ঘর। [তু. খাপরা < সং. খর্পর]।

ছাপল (p. 304) [chāpala] দ্র ছাপা2।

ছাপা1 (p. 304) [chāpā1] ক্রি. মুদ্রিত করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. √ ছাপা]।˜ ই বি. 1 মুদ্রণ; 2 মুদ্রণের খরচ। □ বিণ. মুদ্রণসম্বন্ধীয়।˜ খানা বি. যেখানে বইপত্র ইত্যাদি ছাপা হয়।˜ নো ক্রি. মুদ্রিত করা বা করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছাপা2 (p. 304) [chāpā2] ক্রি. বি. ঢাকা পড়া বা ঢাকা থাকা, চাপা থাকা (এসব কথা ছাপা থাকে না)। □ বিণ. গুপ্ত, ঢাকা রয়েছে এমন। [বাং. √ ছাপা; তু. হি. ছিপা]।˜ ছাপি বি. গোপনীয়তা; পরস্পর থেকে গোপন; ঢাকাঢাকি।˜ নো ক্রি. লুকানো, লুকিয়ে রাখা, গোপন করা। □ বি. বিণ. উক্ত অর্থে।˜ য়ল, ছাপল ক্রি. (ব্রজ.) লুকিয়ে রাখল।

ছাপা3 (p. 304) [chāpā3] ক্রি. উপচে ওঠা বা পড়া; কূল বা সীমা অতিক্রম করা (নদী বা নদীর তীর ছাপিয়ে উঠেছে)। [তু. উপচা (< সং. উপচয়)]।˜ ছাপি বি. কূল বা সীমা অতিক্রম; প্লাবিত অবস্থা। □ বিণ. কূল বা সীমা অতিক্রম করা হয়েছে এমন; প্লাবিত; উপছে ওঠার মতো অবস্থাপ্রাপ্ত (পুকুরে জল ছাপাছাপি হয়েছে)।˜ নো ক্রি. উপচে ওঠা বা পড়া; প্লাবিত করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছাপোষা (p. 304) [chāpōṣā] দ্র ছা।

ছাপ্পান্ন (p. 304) [chāppānna] বি. বিণ. 56 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. ছপ্পণ্ণ, হি. ছপ্পন]।

ছাব্বিশ (p. 304) [chābbiśa] বি. বিণ. 26 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. ছব্বীস]। ছাব্বিশে বি. মাসের ছাব্বিশ তারিখ। □ বিণ. উক্ত তারিখের (ছাব্বিশে ভাদ্র)।

ছামনি1 (p. 304) [chāmani1] বি. বিয়ের সময় বরকনের শুভদৃষ্টি; মুখচন্দ্রিকা। [বাং. (সামনা-) সামনি]।

ছামনি2 (p. 304) [chāmani2] বি. (আঞ্চ.) ছাউনি। [বাং. ছাউনি]।

ছামুতে (p. 304) [chāmutē] ক্রি-বিণ. সামনে, সম্মুখে। [তু. প্রাকৃ. ছাঅন; তু. সং. সম্মুখ]।

ছায়া (p. 304) [chāẏā] বি. 1 কোনোকিছুর দ্বারা আলোকরশ্মির গতিপথ রুদ্ধ হওয়ার ফলে উৎপন্ন প্রতিবিম্ব, shadow (গাছের ছায়া); 2 রৌদ্রের অভাব (এসো, ছায়ায় বসি); 3 প্রতিরূপ, সাদৃশ্য (মৃত্যুর ছায়া, কালের করাল ছায়া); 4 অশরীরী অবয়ব (ছায়াময় দেহ); 5 দীপ্তি, প্রভা (রত্নচ্ছায়া); 6 আশ্রয় ('দেহ পদচ্ছায়া'); 7 সূর্যের পত্নী। [সং. √ ছো + য + আ]।˜ চিত্র বি. সিনেমার ছবি।˜ চ্ছন্ন বিণ. ছায়ায় ঢাকা; অন্ধকার।˜ তরু বি. ছায়াপ্রধান গাছ, যে গাছের ছায়া বহুদূর পর্যন্ত ছড়িয়ে পড়ে।˜ ত্মজ বি. ছায়ার পুত্র অর্তাত্ শনিদেব।˜ দেহ,˜ শরীর বি. অশরীরী মূর্তি।˜ নট বি. রাগবিশেষ।˜ পথ বি. (জ্যোতি.) শুভ্র মেঘের মতো নক্ষত্রপুঞ্জবিশেষ, আকাশগঙ্গা, যমের জাঙ্গাল, milky way.˜ বাজি বি. 1 ছায়া-দেখানো খেলা; 2 ম্যাজিক লণ্ঠন; 3 ভেলকিবাজি।˜ মণ্ডপ বি. চাঁদোয়া-ঢাকা স্থান; ছাঁদনাতলা।˜ ময় বিণ. 1 ছায়ায় ভরা বা ছায়ায় ঢাকা (ছায়াময় গাছ); 2 ছায়ায় গঠিত অর্থাত্ ভূতুড়ে (ছায়াময় রূপ)। ছায়া মাড়ানো ক্রি. বি. (আল.) কোনোরকম সংস্রব রাখা (তোর ছায়া মাড়ালেও পাপ হয়)।˜ মূর্তি বি. অশরীরী বা বায়বীয় মূর্তি।˜ সুত বি. শনি।

ছার (p. 304) [chāra] বি. 1 ক্ষার, ছাই, ভস্ম ('রাগ দ্বেষ মোহ লইআ ছার' : চর্যা); 2 ধ্বংসাবশেষ ('এক ভস্ম আর ছার'); 3 তুচ্ছ বা নগণ্য লোক (আমরা কোন ছার); 4 অসার বস্তু (এ কোন ছার)। □ বিণ. 1 অধম; 2 হেয়, তুচ্ছ, নগণ্য; 3 অসার। [সং. ক্ষার]।˜ কপালে বিণ. বি. হতভাগা, হতভাগ্য। স্ত্রী.˜ কপালি।˜ খার বি. সর্বনাশ; অধঃপাত। □ বিণ. ভস্মতূল্য সারহীন, ধ্বংসীভূত, উৎসন্ন (ছারখার হওয়া)।

ছার-পোকা (p. 304) [chāra-pōkā] বি. (সচ.) বিছানায় থাকে এবং মানুষের রক্ত খায় এমন কীটবিশেষ, মৎকুণ, শয্যাকীট। [দেশি]।

ছাল (p. 304) [chāla] বি. 1 ত্বক, চামড়ার পাতলা স্তর; 2 চামড়া (পিঠের ছাল তুলে নেব, ছাল ছাড়ানো); 3 খোসা, বল্কল (গাছের ছাল)। [সং. ছল্লি]।˜ ট বি. গাছের ছাল, বাকল।˜ টি শণ, তিসি প্রভৃতির ছালের সুতায় বোনা কাপড়।

ছালা1 (p. 304) [chālā1] বি. থলে, বস্তা। [দেশি-তু. হি. থৈলা, থৈলিয়া]।

ছালা2 (p. 304) [chālā2] ক্রি. (আঞ্চ.) ছাল তোলা বা ওঠা (পাঁঠা ছালা, গা ছালা)। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. √ ছাল্ + আ]।

ছি, ছ্যা (p. 304) [chi, chyā] অব্য. বি. ঘৃণা নিন্দা লজ্জা প্রভৃতি প্রকাশক শব্দ। [প্রাকৃ. ছি]। ছি ছি, ছ্যা ছ্যা বি. ধিক্কার, নিন্দা। ছি ছি করা ক্রি. বি. ধিক্কার দেওয়া, নিন্দা করা, ঘৃণা করা। ছিছিক্কার বি. নিন্দা, অপবাদ (এ নিয়ে চার দিকে একেবারে ছিছিক্কার পড়ে গেছে)।

ছিঁচকা1, (কথ্য) ছিঁচকে1 (p. 304) [chin̐cakā1, (kathya) chin̐cakē1] বি. হুঁকোর নলচে ইত্যাদি সাফ করার জন্য লোহার সরু শিক বা শলাকা। [ফা. শিকচা]।

ছিঁচকা2, (কথ্য) ছিঁচকে2 (p. 304) [chin̐cakā2, (kathya) chin̐cakē2] বিণ. সামান্য জিনিস চুরি করে এমন, হাতের কাছে যা পায় তাই চুরি করে এমন (ছিঁচকে চোর)। [দেশি-তু. হি. উচক্কা]।

ছিঁচ-কাঁদুনে (p. 304) [chin̐ca-kān̐dunē] বিণ. ছুঁলেই কাঁদে অর্থাত্ অল্পেই কাঁদে এমন। [দেশি]। স্ত্রী. ছিঁচকাঁদুনি।

ছিঁড়া, ছেঁড়া (p. 304) [chin̐ḍ়ā, chēn̐ḍ়ā] ক্রি. 1 ছিন্ন করা বা হওয়া, বিদীর্ণ করা বা হওয়া (কাপড়টা ছিঁড়ে গেল); 2 তোলা বা উপড়ানো (ফুল ছেঁড়া, চুল ছেঁড়া); 3 ছানা কাটা (দুধটা ছিঁড়ে গেছে); 4 যন্ত্রণায় দীর্ণ হওয়া (মাথাটা ছিঁড়ে যাচ্ছে)। □ বিণ. 1 বাজে, তুচ্ছ (ছেঁড়া কাজ, ছেঁড়া কথা); 2 ছিন্ন, বিদীর্ণ (ছেঁড়া কাপড়); 3 উৎপাটিত (ছেঁড়া ফুল); 4 ছানা-কাটা (ছেঁড়া দুধ)। [সং. √ ছিদ্ + বাং. আ]।˜ খোঁড়া বিণ. ছিন্নবিচ্ছিন্ন (যাহোক একটা ছেঁড়াখোঁড়া কাপড় দিলেও চলবে)।˜ ছিঁড়ি বি. 1 বারবার ছেঁড়া (এটাকে কতবার আর ছেঁড়াছিঁড়ি করবে?); 2 পরস্পর আঁচড়ানো-কামড়ানো এবং ক্ষতবিক্ষত করা; 3 উৎকট বিপদ।˜ নো ক্রি. অন্যের দ্বারা ছিন্ন বা বিদীর্ণ করানো; অন্যের দ্বারা উপড়ানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছিচকা, ছিচকে (p. 304) [chicakā, chicakē] যথাক্রমে ছিঁচকা1, 2 ও ছিঁচকে1, 2 -এর রূপভেদ।

ছিছিক্কার (p. 304) [chichikkāra] দ্র ছি।

ছিট1 (p. 304) [chiṭa1] বি. 1 ফোঁটা, বিন্দু, ছিটা (কালির ছিট, জলের ছিট); 2 ছাপযুক্ত রঙিন কাপড় (ছিটের কাপড়, বিলিতি ছিট); 3 অস্পষ্ট লক্ষণ, আভাস (পাগলামির ছিট দেখা দিয়েছে); 4 ঈষত্ পাগলামি (মাথায় ছিট আছে)। [হি. ছিট]।

ছিট2 (p. 304) [chiṭa2] বি. খণ্ড, টুকরা। □ বিণ. বিচ্ছিন্ন (ছিট জমি, ছিটমহল)। [তু. ছিট1]। ছিট জমি বি. ভিন্ন মৌজার জমি।

ছিটকা (p. 304) [chiṭakā] ক্রি. নিক্ষিপ্ত হওয়া (ছিটকে পড়ল)। [তু. হি. √ ছীট]।˜ নো ক্রি. 1 ছিটানো (কালি ছিটকানো); 2 বেগে বহির্গত বা নিক্ষিপ্ত হওয়া (ছিটকে গেল, ছিটকে ঘর থেকে বেরিয়ে গেল)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

ছিটকানি1 (p. 304) [chiṭakāni1] বি. ছিটকে-পড়া তরল পদার্থ। [ছিটকা দ্র]।

ছিট-কানি2 (p. 304) [chiṭa-kāni2] বি. দরজা-জানলা ইত্যাদি বন্ধ করার ছোট হুক বা হুড়কোবিশেষ। [হি. সিটকিনী]।

ছিটা, (কথ্য) ছিটে (p. 304) [chiṭā, (kathya) chiṭē] বি. 1 নিক্ষিপ্ত কণা; 2 ছাট (জলের ছিটে); 3 বিন্দু, ফোঁটা (একছিটে চিনি); 4 বন্দুকের ছটরা; 5 আফিম-গুলিতে প্রস্তুত মাদক। □ ক্রি. বি. ছিটানো; ফোঁটায় ফোঁটায় ছড়িয়ে পড়া

বা ঝরা (কলম থেকে কালি ছিটছে)। [তু. হি. √ ছীট্]।˜ ছিটি বি. পরস্পরের প্রতি ছিটানো।˜ নো ক্রি. 1 ছড়া দেওয়া; 2 বিন্দু বিন্দু করে ছড়িয়ে দেওয়া বা নিক্ষেপ করা; 3 সিঞ্চন করা; 4 ছড়ানো (জল ছিটানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।˜ ফোঁটা বিণ. সামান্য (ছিটেফোঁটা বৃষ্টি)। □ বি. কণা-পরিমাণ দ্রব্য (ঘি-মাখনের ছিটেফোঁটাও পাতে পড়ে না)।˜ বেড়া বি. মাটির প্রলেপযুক্ত বাঁখারির বেড়া।˜ বোনা ক্রি. পলি-পড়া বা চর জমিতে চাষ না করে কেবল বীজ ছড়িয়ে দেওয়া। কাটা ঘায়ে নুনের ছিটে (আল.) আহতকে আরও কষ্ট দেওয়া বা অপমান করা।

ছিতরা, ছিতরানো (p. 304) [chitarā, chitarānō] যথাক্রমে ছাতরা ও ছাতরানো -র রূপভেদ।

ছিদাম (p. 304) [chidāma] কৃষ্ণসখা শ্রীদাম -এর নামের বিকৃত রূপ।

ছিদ্য-মান (p. 304) [chidya-māna] বিণ. ছেদিত হচ্ছে এমন, ছিন্ন করা বা ছেঁড়া হচ্ছে এমন। [সং. √ ছিদ্ + মান (শানচ্)]।

ছিদ্র (p. 304) [chidra] বি. 1 ছেঁদা, ফুটো (ছিদ্র দিয়ে জল ঢুকছে); 2 দোষত্রুটি (পরের ছিদ্র খোঁজা); 3 চক্ষু-কর্ণ-নাসিকা ইত্যাদি দেহস্থ বিবর (নবচ্ছিদ্র দেহ)। [সং. √ ছিদ্ + র]।˜ দর্শী (-র্শিন্) বিণ. কেবল পরের দোষ দেখে এমন। ছিদ্রানু-সন্ধান, ছিদ্রান্বেষণ বি. পরের দোষত্রুটি খুঁজে বেড়ানো, অন্যের দোষের খোঁজখবর। ছিদ্রানু-সন্ধায়ী (-য়িন্), ছিদ্রান্বেষী (-ষিন্) বিণ. পরের দোষ-ত্রুটি অনুসন্ধানে অভ্যস্ত। ছিদ্রিত বিণ. 1 ছিদ্রযুক্ত; 2 বিদ্ধ; 3 ছিদ্র করা হয়েছে এমন।

ছিনতাই (p. 304) [chinatāi] দ্র ছিনা3।

ছিনা1 (p. 304) [chinā1] (কথ্য) ছিনে বিণ. শীর্ণ (ছিনা গড়ন)। [সং. ক্ষীণ]।~ জোঁক বি. 1 সরু জোঁকবিশেষ যা ধরলে সহজে ছাড়ে না; 2 (আল.) নাছোড়বান্দা লোক।

ছিনা2 (p. 304) [chinā2] বি. 1 বুক, বক্ষঃস্থল; 2 বুকের পাটা বা বিস্তার, ছাতি। [ফা. সীনা]।

ছিনা3, ছিনানো (p. 304) [chinā3, chinānō] ক্রি. ছিনিয়ে বা কেড়ে নেওয়া (টাকা ছিনিয়ে নিয়েছে)। [বাং. √ ছিনা-তু. হি. ছীন্]। ছিন-তাই, ছিন্তাই বি. ছিনিয়ে নেওয়া বা বলপ্রয়োগ করে কিছু কেড়ে নেওয়া (আজকাল এই রাস্তায় ছিনতাই খুব বেড়েছে)।

ছিনাল (p. 304) [chināla] বি. ভ্রষ্টা নারী, কুলটা; ব্যভিচারিণী স্ত্রীলোক। [প্রাকৃ. ছিন্নাল]। ছিনালি বি. ভ্রষ্টা নারীর চাতুরী হাবভাব বা মিথ্যা প্রণয়, মান-অভিমানের ভান।

ছিনি-মিনি (p. 304) [chini-mini] বি. 1 জলে খোলামকুচি ভাসিয়ে খেলাবিশেষ; 2 (আল.) অত্যন্ত বেহিসাবি খরচ; 3 (আল.) চূড়ান্ত অপচয় (টাকা নিয়ে ছিনিমিনি খেলা); 4 ইচ্ছামতো ব্যবহার করা (মানুষের মন নিয়ে ছিনিমিনি খেলা উচিত নয়)। [দেশি]।

ছিন্ন (p. 304) [chinna] বিণ. 1 ছিঁড়েছে বা ছেঁড়া হয়েছে এমন (ছিন্ন বস্ত্র); 2 ছেদিত, কর্তিত (ছিন্ন বৃক্ষ); 3 উৎপাটিত (ছিন্নমূল); 4 সংযোগভ্রষ্ট, বিচ্যুত, দূরীকৃত, নিরাকৃত (ছিন্নসংশয়)। [সং. √ ছিদ্ + ত]। ছিন্না বিণ. (স্ত্রী.) ছিন্ন -র সব অর্থে। □ বি. বেশ্যা।˜ দ্বৈধ বিণ. দ্বিধামুক্ত, দ্বিধাহীন।˜ পক্ষ বিণ. ডানা কাটা গেছে বা কাটা হয়েছে এমন।˜ বিচ্ছিন্ন,˜ ভিন্ন বিণ. ছিঁড়েখুঁড়ে একাকার করা হয়েছে এমন; লণ্ডভণ্ড।˜ মস্তক বিণ. মস্তকহীন, স্কন্ধকাটা।˜ মস্তা বি. (স্ত্রী.) মহাবিদ্যার রূপবিশেষ।˜ মুষ্ক বিণ. অণ্ডহীন, অণ্ড কাটা হয়েছে এমন, খাসি।˜ মূল বিণ. মূল ছিন্ন বা উৎপাটিত হয়েছে এমন (ছিন্নমূল বৃক্ষ)।

ছিপ1 (p. 304) [chipa1] বি. দ্রুতগামী সরু ও লম্বাটে নৌকাবিশেষ। [সং. ক্ষিপ্র]।

ছিপ2 (p. 304) [chipa2] বি. বাঁশের কঞ্চি থেকে প্রস্তুত মাছ ধরার লম্বা সরু দণ্ডবিশেষ (ছিপ ফেলে মাছ ধরা)। [দেশি]।

ছিপ-ছিপে (p. 304) [chipa-chipē] বিণ. কৃশ ও লম্বা (ছিপছিপে গড়নের)। [বাং. ছিপ 2 + ছিপ2 + আ]।

ছিপা (p. 304) [chipā] ক্রি. লুকানো, গোপন করা। [হি. ছিপ্না]।˜ নো ক্রি. লুকানো, গোপন করা, ছিপা। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছিপি (p. 304) [chipi] বি. শোলা কাচ প্রভৃতির তৈরি গোঁজবিশেষ যা দিয়ে শিশি-বোতলের মুখ বন্ধ করা হয়, cork. [তু. হি. ছিপ্পা (=ঢেকে রাখা)]।

ছিবড়া, (কথ্য) ছিবড়ে, (আঞ্চ.) ছিবে (p. 304) [chibaḍ়ā, (kathya) chibaḍ়ē, (āñca.) chibē] বি. পদার্থের রস বার করে নেওয়ার পর যা অবশিষ্ট থাকে, শিটা। [দেশি]।

ছিম-ছাম (p. 304) [chima-chāma] বিণ. 1 পরিপাটি, শোভন; 2 আতিশয্যবর্জিত কিন্তু শোভন ও সুচারু (ছিমছাম ঘর, ছিমছাম পোশাক)। [দেশি]।

ছিয়াত্তর (p. 304) [chiẏāttara] বি. বিণ. 76 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. ছাহত্তরি-তু. হি. ছিহত্তর]। ছিয়াত্তরের মন্বন্তর 1176 বঙ্গাব্দে বাংলাদেশে সংঘটিত ভয়ানক দূর্ভিক্ষ।

ছিয়া-নব্বই, (কথ্য) ছিয়া-নব্বুই (p. 304) [chiẏā-nabbi, (kathya) chiẏā-nabbui] বি. বিণ. 96 সংখ্যা বা সংখ্যক। [সং. ষণ্ণবতি-তু. প্রাকৃ. ছনবই-তু. হি. ছানবে]।

ছিয়াশি (p. 304) [chiẏāśi] বি. বিণ. 86 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. ছাসীই]।

ছিয়ে (p. 304) [chiẏē] অব্য. (ব্রজ.) ধিক ('ছিয়ে ছিয়ে রাধা': রবীন্দ্র)। [বাং. ছি]।

ছিরি (p. 304) [chiri] বি. (মূলত কথা) 1 শ্রী, কান্তি, রূপ (ছিরি তো খুব খুলেছে); 2 ধরন (কথার ছিরি দেখ); 3 বিবাহাদি শুভকার্যের জন্য রঙিন পিঠালি দিয়ে গড়া চূড়ার মতো মাঙ্গলিক দ্রব্যবিশেষ। [সং. শ্রী]। ~ ছাঁদ বি. লাবণ্য ও গঠন; সৌকর্য (কথাবার্তার কোনো ছিরিছাঁদ নেই)।

ছিলকা, (কথ্য) ছিলকে (p. 304) [chilakā, (kathya) chilakē] বি. গাছের ছালের টুকরো; বল্কল, ত্বক, খোসা। [সং. ছল্লি]।

ছিলা1 (p. 304) [chilā1] ক্রি. বাং. আছ্ ধাতুর অতীত কালের মধ্যম পুরুষে ছিলে -র আঞ্চ. রূপ।

ছিলা2 (p. 304) [chilā2] বি. 1 ধনুকের গুণ, জ্যা; 2 বস্ত্রাদির প্রান্তভাগের ঝালরের মতো সুতো। [সং. ছল্লি]।

ছিলিম (p. 304) [chilima] বি. 1 তামাকের কলকে; 2 এক কলকে তামাক (এক ছিলিম খাবে না কি?)। [ফা. চিলম্]। ˜ চি বি. 1 হুঁকার যে অংশে কলকে বসানো হয়; 2 হাত ধোরার ধাতুনির্মিত পাত্র।

ছিষ্টি, ছুঁচ (p. 304) [chiṣṭi, chun̐ca] যথাক্রমে সৃষ্টি ও সুচ -এর কথ্য রূপ।

ছুঁচা, ছুঁচো (p. 304) [chun̐cā, chun̐cō] বি. 1 ইঁদুরজাতীয় প্রাণিবিশেষ, গন্ধমূষিক; 2 (আল.) স্বভাবে নীচ, নোংরা বা ঘৃণ্য লোক। [সং. ছুছুন্দরী]। ˜ বাজি বি. ছুঁচোর মতো বেগে ছুটে যায় এমন আতশবাজিবিশেষ। ছুঁচোর কেত্তন ছুঁচোর মতো বিরক্তিকর চেঁচামেচি; নিরন্তর কলহ। ছুঁচো মেরে হাত গন্ধ করা ক্রি. বি. নীচ বা হীন ব্যক্তিকে শাস্তি দিয়ে লাভের বদলে বদনাম কুড়ানো। বাইরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন কোঁচা দ্র।

ছুঁচালো, ছুঁচলো (p. 304) [chun̐cālō, chun̐calō] বিণ. 1 সুচের ডগার মতো সরু ও তীক্ষ্ণাগ্র, সুচালো (ছুঁচলো পিন); 2 ক্রমশ আগার দিকে সরু হয়ে এসেছে এমন (ছুঁচলো দাড়ি)। [বাং. ছুঁচ (< সূচি) + আলো]।

ছুঁচি-বাই (p. 304) [chun̐ci-bāi] বি. অশুচি হওয়ার ভয় ও শুচিতা রক্ষার জন্য বাড়াবাড়ি; ছোঁয়াছুঁয়ি সম্বন্ধে বাতিক, শুচিবায়ু। [বাই (< শুচিবায়ু) দ্র]।

ছুঁড়া (p. 304) [chun̐ḍ়ā] দ্র ছুড়া, ছোড়া।

ছুঁড়ি (p. 304) [chun̐ḍ়i] বি. (সচ. তুচ্ছার্থে) 1 নবযুবতী; 2 কিশোরী; 3 বালিকা, ছুকরি। [সং. ছমণ্ডী]। পুং. ছোঁড়া। ওঠ ছুঁড়ি তোর বিয়ে যথোচিত প্রস্তুতির আগেই হঠাত্ কোনো গুরুতর বা চেষ্টাসাধ্য কাজ করার আহ্বান।

ছুঁত, ছুঁত্ (p. 304) [chun̐ta, chun̐t] বি. 1 স্পর্শ; স্পর্শদোষ; 2 খুঁত; 3 অশৌচ। [হি. ছুত < সং. √ ছুপ্]। ˜ মার্গ বি. 1 তথাকথিত অস্পৃশ্য জাতিকে স্পর্শ করলে দোষ হয়-এই মত; 2 ছোঁয়াছুঁয়ির বিচার।

ছুঁয়া (p. 304) [chum̐ẏā] দ্র ছোঁয়া।

ছুকরি (p. 304) [chukari] বি. (সচ. তুচ্ছার্থে) ছুঁড়ি; নবযুবতী; কিশোরী; বালিকা। [হি. ছোকরী]। পু. ছোকরা।

ছুছুন্দরি (p. 304) [chuchundari] বি. (স্ত্রী.) গন্ধমূষিক, ছুঁচো। [< সং. ছুচ্ছুন্দরি]।

ছুট1 (p. 304) [chuṭa1] বি. 1 চুল বাঁধার দড়ি; 2 পরিধেয় বস্ত্র (দোছুট)। [সং. সূত্র]।

ছুট2 (p. 304) [chuṭa2] বি. 1 ফাঁক; অবসর; 2 মুক্তি (ছুট পাওয়া ভার)। [বাং. ছুটি]।

ছুট3 (p. 304) [chuṭa3] বি. 1 ছাঁট, বাদ-দেওয়া অংশ (ছুটের পরিমাণ, কথার ছুট); 2 বাদ, ছাড় (ছুট গেছে); 3 দৌড় (এক ছুটে বাড়ি গিয়ে হাজির)। [ছাঁট ও ছুটা দ্র]।

ছুটন্ত (p. 304) [chuṭanta] বিণ. ছুটছে এমন (ছুটন্ত ঘোড়া, ছুটন্ত গাড়ি)। [বাং. √ ছুট্ + অন্ত]।

ছুটা, ছোটা (p. 304) [chuṭā, chōṭā] ক্রি. 1 দৌড়ানো (জোরে ছোটো); 2 বেগে চলা বা প্রবাহিত হওয়া (বাতাস ছুটছে, গাড়ি ছুটছে); 3 প্রবলভাবে নির্গত হওয়া (ফিনকি দিয়ে রক্ত ছুটছে); 4 বেগে বর্ষিত হওয়া ('ভোর হতে আজ বাদল ছুটেছে': রবীন্দ্র); 5 দূর হওয়া (নেশা ছুটে গেছে, মায়া-মোহ ছুটে যাবে); 6 ছিঁড়ে বা টুটে যাওয়া (বাঁধন ছোটা); 7 ভেঙে বা খুলে যাওয়া (খিল ছুটে গেল); 8 লোপ পাওয়া, নিশ্চিহ্ন হওয়া (এই রং সহজে ছুটবে না)। □ বি. উক্ত সব অর্থে। [প্রাকৃ. ছূট-তু. হি. √ ছুট]।˜ ছুটি বি. দৌড়াদৌড়ি; ব্যস্ততা।˜ নো ক্রি. 1 ধাবিত করানো (কুকুরটাকে মাঠে একটু ছুটিয়ে আনো); 2 বন্ধনহীন করা (মুখ ছুটানো); 3 বিচ্ছিন্ন করা (তক্তা থেকেপেরেকটা ছোটানো গেল না); 4 দূর করা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

ছুটি (p. 304) [chuṭi] বি. 1 অবসর, অবকাশ, ফুরসত (সকাল থেকে একটুও ছুটি মেলেনি); 2 দৈনিক কাজের অবসান (কারখানা কখন ছুটি হবে?); 3 কিছুক্ষণের জন্য বা কিছুদিনের জন্য দৈনিক কর্মে বিরতি (আজ স্কুলের ছুটি); 4 কর্ম থেকে কিছুকালের জন্য অবসর (বড়বাবু এক মাসের ছুটি নিয়েছেন); 5 কর্ম থেকে স্থায়ী অবসর বা বিদায়, retirement; 6 নিষ্কৃতি, মুক্তি, খালাস (কয়েদি ছুটি পেল)। [হি. ছুটী]।

ছুড়া (p. 304) [chuḍ়ā] দ্র ছোড়া।

ছুতমার্গ (p. 304) [chutamārga] দ্র ছুঁত।

ছুতা, (কথ্য) ছুতো (p. 304) [chutā, (kathya) chutō] বি. 1 সামান্য ত্রুটি বা খুঁত (ছুতো ধরা); 2 অছিলা, ছল (ছুতো করে কাজে এল না, রোগের ছুতোয় কামাই করল); 3 সামান্য হেতু, উপলক্ষ্য (একটা ছুতো পেয়ে গেল)। ̃ নাতা, ছল-ছুতো বি. ছল বা অছিলা; সামান্য ত্রুটি।

ছুতার, (কথ্য) ছুতোর (p. 304) [chutāra, (kathya) chutōra] বি. সূত্রধর, কাঠের মিস্ত্রি; হিন্দু জাতিবিশেষ। [সং. সূত্রধর]।

ছুপা, ছোপা (p. 304) [chupā, chōpā] ক্রি. 1 ছোপ ধরানো; 2 রাঙানো, রং করা (শাড়ি ছোপানো)। [বাং. √ ছোপা]। ̃ নো ক্রি. রঞ্জিত করা, রং করা, ছোপা। □ বি. রঞ্জন। □ বিণ. রঞ্জিত (ছোপানো শাড়ি)।

ছুবলা, ছোবলা (p. 304) [chubalā, chōbalā] ক্রি. ছোবল দেওয়া, ছোবল মারা (সাপে ছুবলেছে)। [বাং. ছোবল + আ]। ̃ নো ক্রি. ছোবল মারা। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছুমন্তর (p. 304) [chumantara] বি. 1 মন্ত্রতন্ত্র; 2 ঝাড়ফুঁক। [হি. ছু (< ফুঁ?) + মন্তর্ (< সং. মন্ত্র)]।

ছুরি (p. 304) [churi] বি. ছোট ছোরা, চাকু। [সং. ছুরী, ছুরিকা]। গলায় ছুরি দেওয়া (চালানো) ক্রি. বি. গলা কেটে ফেলা; (আল.) একেবারে ঠকানো।

ছুরিকা (p. 304) [churikā] বি. ছুরি, ছোট ছোরা। [সং. √ ছুর্ + অ + ঈ + ক + আ]। ̃ ঘাত বি. ছুরির আঘাত (ছুরিকাঘাতে মৃত্যু)।

ছুরিত (p. 304) [churita] বিণ. 1 লিপ্ত, জড়িত; 2 শোভিত, খচিত; 3 পরিব্যাপ্ত। [সং. √ ছুর্ + ত]। তু. বিচ্ছুরিত।

ছুলা, ছোলা (p. 304) [chulā, chōlā] ক্রি. 1 ছাল বা খোসা ছাড়ানো (নারকেল ছুলছে, বাঁশ ছোলা); 2 চাঁচা, পরিষ্কার করা (জিভ ছোলা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [প্রাকৃ. ছোল্ল]। ̃ নো ক্রি. অন্যের দ্বারা খোসা বা ছাল ছাড়ানো; চাঁচানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

ছুলি (p. 304) [chuli] বি. চর্মরোগবিশেষ, গায়ের চামড়ায় এবং বিশেষত মুখে খুব হালকা সাদা দাগ। [সং. ছল্লি]।

ছে (p. 304) [chē] বি. (আঞ্চ.) 1 খণ্ড, ছিন্ন অংশ (কাঠের ছে); 2 বিরাম, ছেদ (বৃষ্টির ছে নেই)। [সং. ছেদ]। ছে কাঠ বি. ঢেঁকির মুষল।

ছেঁক2, ছ্যাঁক (p. 304) [chēn̐ka2, chyān̐ka] অব্য. বি. সহসা উত্তপ্ত তেলে কিছু পড়ার বা উত্তপ্ত কিছুতে জল পড়ার শব্দ। [ধ্বন্যা.]। ছেঁক ছেঁক, ছ্যাঁক ছ্যাঁক অব্য. বি. 1 ক্রমাগত ছেঁক শব্দ; 2 ঈষত্ তাপপ্রকাশক (গা-টা ছ্যাঁক ছ্যাঁক করছে)।

ছেঁকা1 (p. 304) [chēn̐kā1] বি. তপ্ত বস্তুর দাহজনক স্পর্শ (ছেঁকা দেব, ছেঁকা লেগেছে)। [বাং. ছেঁক2 + আ]।

ছেঁকা2 (p. 304) [chēn̐kā2] ক্রি. অল্প তেলে বা ঘিয়ে ভাজা; সাঁতলানো। □ বি. বিণ. উক্ত অর্থে। [সেকা দ্র]।

ছেঁচড়, ছ্যাঁচড় (p. 304) [chēn̐caḍ়, chyān̐caḍ়] বিণ. 1 প্রতারক; 2 নীচপ্রকৃতির; 3 দেনা সহজে শোধ করতে চায় না এমন। [হি. ছিছোড়]।

ছেঁচড়া2, ছ্যাঁচড়া2 (p. 304) [chēn̐caḍ়ā2, chyān̐caḍ়ā2] বি. মাছের কাঁটা তেল প্রভৃতির সঙ্গে শাকসবজি মিশিয়ে তৈরি ব্যঞ্জনবিশেষ। [দেশি]।

ছেঁচড়া3 (p. 304) [chēn̐caḍ়ā3] ক্রি. ছেঁচড়ানো; মাটির উপর দিয়ে ঘষটে যাওয়া বা চলা (ছেঁচড়ে ছেঁচড়ে চলেছে)। [হিঁচড়া দ্র]। ˜ নো ক্রি. হেঁচড়ানো, টেনে বা ঘষটাতে ঘষটাতে নিয়ে যাওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

ছেঁচা1 (p. 304) [chēn̐cā1] ক্রি. জল তুলে ফেলা (নৌকোর জল ছেঁচা)। [সেচা দ্র]।

ছেঁচা2 (p. 304) [chēn̐cā2] ক্রি. বি. থেঁতলানো, পেষা (আদা ছেঁচা)। □ বি. পেষণ; পিষ্ট দ্রব্য। □ বিণ. পিষ্ট (ছেঁচা আদা, ছেঁচা পান)। [√ সিচ্ > প্রাকৃ. √ সিংচ > বাং. ছিঁচ + আ]। ̃ নো ক্রি. বিণ. বি. অন্যের দ্বারা পিষ্‌ট করানো।

ছেঁটে দেওয়া (p. 304) [chēn̐ṭē dēōẏā] দ্র ছাঁটা।

ছেঁড়া, ছেঁড়াছিঁড়ি (p. 304) [chēn̐ḍ়ā, chēn̐ḍ়āchin̐ḍ়i] যথাক্রমে ছিঁড়া ও ছিঁড়াছিঁড়ি -র চলিত রূপ।

ছেঁদা (p. 304) [chēn̐dā] বি. ছিদ্র, ফুটো (কলসির ছেঁদা)। [সং. ছিদ্র]।

ছেঁদে (p. 304) [chēn̐dē] অস-ক্রি. 1 দৃঢ়ভাবে জড়িয়ে ('ছেঁদে ধরি গলে'); 2 কৌশলে উত্থাপন করে (কথা ছেঁদে)। [বাং. ছাঁদা]।

ছেঁদো (p. 304) [chēn̐dō] বিণ. 1 কৌশলপূর্ণ, কপট (ছেঁদো কথা); 2 অসার। [বাং. ছাঁদ + উয়া > ও]।

ছেক1 (p. 304) [chēka1] বি. বিরাম (বৃষ্টি ছেক দিয়েছে)। [সং. ছেদ]।

ছেক2 (p. 304) [chēka2] বি. (অল.) পর্যায়ক্রমে উচ্চারিত ব্যঞ্জনযুক্ত অনুপ্রাসবিশেষ। [সং. √ ছো + এক]।

ছেকড়া, ছ্যাঁকড়া (p. 304) [chēkaḍ়ā, chyānঁkaḍ়ā] বি. নিকৃষ্ট শ্রেণির ভাড়াটে ঘোড়ার গাড়ি। [সং. শকট; ছক্কড় দ্র]।

ছেচল্লিশ (p. 304) [chēcalliśa] বি. বিণ. 46 সংখ্যা বা সংখ্যক। [বাং. ছয় + চল্লিশ-তু. হি. ছিয়ালীস]।

ছেত্তা (p. 304) [chēttā] (-তৃ) বিণ. ছেদনকারী, ছেদক, যে কাটে। [সং. √ ছিদ্ + তৃ]। ছেত্তব্য বিণ. ছেদনযোগ্য।

ছেদ (p. 304) [chēda] বি. 1 ছেদন, বিচ্ছিন্ন করা (শিরশ্ছেদ); 2 বিরাম (বৃষ্টির ছেদ নেই); 3 ভাগ, খণ্ড, অধ্যায়, পরিচ্ছেদ (পঞ্চম ছেদ); 4 দাঁড়ি কমা ইত্যাদি যদি বা বিরামচিহ্ন (ছেদ চিহ্ন)। [সং. √ ছিদ্ + অ]। ˜ ক বিণ. ছেদনকারী। ˜ ন বি. 1 কর্তন; 2 নাশন (বন্ধন ছেদন)। ˜ বি. ছেদনের অস্ত্র। ˜ নীয়, ছেদ্য বিণ. ছেদনযোগ্য (আচ্ছেদ্য সম্পর্ক)। ছেদিত বিণ. ছেদন বা কর্তন করা হয়েছে এমন; খণ্ডিত।

ছেনাল, ছেনালি (p. 304) [chēnāla, chēnāli] যথাক্রমে ছিনাল ও ছিনালি -র কথ্য ও অধিকতর প্রচলিত রূপ।

ছেনি (p. 304) [chēni] বি. ধাতু ও প্রস্তরাদি কাটার ও বাটালিজাতীয় অস্ত্র। [সং. ছেদনিকা]।

ছেপ (p. 304) [chēpa] (উচ্চা. ছ্যাপ্) বি. (আঞ্চ.) থুতু, নিষ্ঠীবন। [হি. ছেপ]।

ছেপত, ছেপ্ত (p. 304) [chēpata, chēpta] বিণ. 1 লিখিত; 2 মোহরাঙ্কিত। [আ. সব্ত্]।

ছেবলা, ছ্যাবলা (p. 304) [chēbalā, chyābalā] বিণ. 1 লঘুপ্রকৃতি; বালকের মতো চপল; 2 বাচাল, প্রগলভ। [তু. সং. চপল]।˜ মি,˜ মো বি. ছেবলা আচরণ বা স্বভাব।

ছেলে (p. 304) [chēlē] বি. 1 বালক, শিশু (ছেলেখেলা); 2 পুত্র (তাঁর তিনটি ছেলে); 3 লোক, ব্যক্তি (বেটা ছেলে, মেয়ে ছেলে); 4 বিবাহের পাত্র (মেয়ের জন্য ছেলে দেখতে গিয়েছিলাম)। [বাং. ছাওয়াল, ছাবাল < পা. ছাব-তু. সং. শাবক]।˜ খেলা বি. 1 ছোটদের খেলা; 2 (আল.) অতি সহজসাধ্য ব্যাপার (সেতার বাজানো মোটেই ছেলেখেলা নয়)।˜ ছোকরা বি. অপক্কবুদ্ধি যুবক, অপরিণতবুদ্ধি তরুণ।˜ ধরা বি. যে-ব্যক্তি অসদুদ্দেশ্যে বালকবালিকাদের চুরি করে।˜ পিলে,˜ পুলে বি. 1 ছোট ছেলেমেয়ে; 2 সন্তানসন্ততি।˜ বেলা বি. শিশুকাল, বাল্যকাল। ছেলে-ভুলানো বিণ. যাতে কেবল শিশুরাই ভোলে বা আকৃষ্ট হয় (ছেলে-ভুলানো ছড়া)।˜ মানুষ বিণ. অল্পবয়স্ক; অপরিণতবুদ্ধি।˜ মানুষি বি. বিণ. বালকসুলভ আচরণ; বালসুলভ (ছেলেমানুষি কথা)।˜ মি বি. ছেলেমানুষি।˜ মেয়ে বি. বালকবালিকা; সন্তানসন্ততি।

ছেষট্টি (p. 304) [chēṣaṭṭi] বি. বিণ. 66 সংখ্যা বা সংখ্যক। [সং. ষট্ষষ্টি]।

ছোঁ (p. 304) [chō] বি. হঠাত্ ঝাঁপিয়ে পড়ে আক্রমণ করা বা কামড় বা ছোবল দেওয়া বা কেড়ে নেবার চেষ্টা করা (ছোঁ মারা, ছোঁ মেরে নিয়ে যাওয়া)। [সং. ছুপ]।

ছোঁক-ছোঁক (p. 304) [chōn̐ka-chōn̐ka] অব্য. বি. 1 ঘ্রাণ নেওয়ার সময় নাকের শব্দ; 2 লোভসূচক চাঞ্চল্য (খাওয়ার জন্যে ছোঁকছোঁক করে)। [ধ্বন্যা.]।

ছোঁকা (p. 304) [chōn̐kā] বি. ছক্কা, ঘিয়ে বা তেলে সাঁতলানো কুমড়ো ইত্যাদি নানারকম সবজির ব্যঞ্জনবিশেষ। [ছেঁকা2 দ্র]।

ছোঁচা1 (p. 304) [chōn̐cā1] বিণ. 1 অত্যন্ত খাদ্যলোভী ('ছোঁচা তুমি, তোমার সঙ্গে আড়ি আমার, যাও': নজরুল); 2 প্রতারক; 3 আত্মসম্মানহীন। [সং. সূচক? (=দুর্জন)]।

ছোঁচা2 ছোঁচানো (p. 304) [chōn̐cā2 chōn̐cānō] ক্রি. মলত্যাগের পর জলশৌচ করা। [সং শৌচ]।

ছোঁড়া1 (p. 304) [chōn̐ḍ়ā1] বি. (অনাদরে) ছোকরা, বালক; কিশোর। [বাং. ছেমড়া < সং. ছমণ্ডা। স্ত্রী. ছুঁড়ি]।

ছোঁড়া2, ছুড়া, ছোড়া (p. 304) [chōn̐ḍ়ā2, chuḍ়ā, chōḍ়ā] ক্রি. 1 নিক্ষেপ করা (ঢিল ছুড়ছে); 2 সঞ্চালন করা (হাত-পা ছোড়া); 3 দাগা (বন্দুক ছোড়া)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. নিক্ষিপ্ত। [সং. √ ক্ষিপ্]। ˜ ছুঁড়ি, ˜ ছুড়ি

বি. ক্রমাগত ছোড়া; পরস্পরের প্রতি ছোড়া।˜ নো ক্রি. নিক্ষেপ করানো; দাগানো। □ বি. উক্ত দুই অর্থে।

ছোঁয়া, ছুঁয়া (p. 304) [chōm̐ẏā, chum̐ẏā] ক্রি. স্পর্শ করা (ময়লা ছোঁয়া)। □ বি. স্পর্শ (ছোঁয়া লেগেছে)। □ বিণ. 1 স্পৃষ্ট, ছোঁয়া লেগেছে এমন (পাপে ছোঁয়া মন); 2 ছুঁয়েছে বা ঠেকেছে এমন, স্পর্শী (আকাশছোঁয়া)। [সং. √ ছুপ + বাং. আ]।˜ চে বিণ. স্পর্শ করলেই বা ছুঁলেই সংক্রামিত হয় এমন (ছোঁয়াচে রোগ)।˜ ছুঁয়ি বি. পরস্পর স্পর্শ; স্পর্শদোশ; ছুঁতমার্গ।˜ নো ক্রি. স্পর্শ করানো, ঠেকানো (মাথা ছোঁয়ানো, একটা টাকাও ছোঁয়াল না)। □ বি. বিণ. উক্ত অর্থে।˜ লেপা বি. অস্পৃশ্য বস্তু বা ব্যক্তির সঙ্গে সংস্পর্শদোষ।

ছোকরা (p. 304) [chōkarā] বি. 1 বালক; 2 নবযুবক; 3 কিশোর; 4 ছোঁড়া; 5 বালকভৃত্য। □ বিণ. অপরিণতবয়স্ক (একটা ছোকরা চাকর আছে)। [হি.]। স্ত্রী. ছুকরি।

ছোট, ছোটো (p. 304) [chōṭa, chōṭō] বিণ. 1 ক্ষুদ্র, খর্ব (একটা ছোট বাঁশ); 2 হীন, নীচ, হেয় (ছোটো নজর, ছোটো কাজ, ছোট লোক); 3 কনিষ্ঠ (ছোট ভাই); 4 সংকুচিত (তার মুখটা ছোট হয়ে গেল); 5 সমাজে অবনত (ছোট জাত); 6 অপেক্ষাকৃত অল্পবয়স্ক (তোমার চেয়ে ছোট); 7 ক্ষমতায় পদে বা মর্যাদায় নিম্নতর (ছোট সাহেব, ছোট বাবু, ছোট আদালত); 8 বিনীত, নম্র ('বড় যদি হতে চাও ছোট হও তবে); 9 অনুচ্চ (ছোট গলায় কথা)। [প্রাকৃ. ছুড্ড < সং. ক্ষুদ্র]।˜ খাট,˜ খাটো বিণ. ক্ষুদ্রায়তন, স্বল্পায়তন (একখানি ছোটখাটো ঘর); সংক্ষিপ্ত (ছোটখাটো গল্প)।˜ বেলা ছেলেবেলা -র অনুরূপ।˜ মোটো ছোটখাটো -

র অনুরূপ। ˜ লোক বিণ. 1 নীচপ্রকৃতির লোক; অভদ্র লোক; 2 সমাজের অবনত ও অনুন্নত সম্প্রদায়ের লোক। ছোট হাজরি হাজরি দ্র।

ছোটা1, ছোটাছুটি, ছোটানো (p. 304) [chōṭā1, chōṭāchuṭi, chōṭānō] যথাক্রমে ছুটা, ছুটাছুটি ও ছুটানো -র চলিত রূপ।

ছোটা2 (p. 304) [chōṭā2] বি. শুকনো ঘাস, কলাগাছের খোসা ইত্যাদি দিয়ে তৈরি বোঝা বাঁধবার দড়ি (ছোটা দিয়ে বাঁধা)। [সং. সূত্র?]।

ছোট্ট (p. 304) [chōṭṭa] বিণ. (সচ. আদরার্থে) অতি ছোট, অতি হ্রস্ব বা সামান্য (ছোট্ট বই, ছোট্ট ফুল)। [বাং. ছোট]।

ছোড় (p. 304) [chōḍ়] বি. ছাড়াছাড়ি, পরিত্যাগ (নাছোড়)। □ বিণ. পৃথক, বিচ্ছিন্ন (ছোড় হয়ে গেছে)। [বাং. √ ছোড় (সং. √ ছুর্) + অ]। ˜ ই (ব্রজ.) ত্যাগ করে, ছাড়ে। ˜ ন বি. পরিত্যাগ, বর্জন (আর ছোড়ন নেই)। ˜ ব ক্রি. (ব্রজ.) ছাড়বে ('অবহি ছোড়ব মোহি': বিদ্যা.)। ˜ বি ক্রি. (ব্রজ.) ছাড়বি ('দয়া জনু ছোড়বি মোয়': বিদ্যা.)। ˜ ভঙ্গ বিণ. বিশৃঙ্খল, দল থেকে ছাড়াছাড়ি হয়েছে এমন, দলছুট; বিচ্ছিন্ন ও বিক্ষিপ্ত। [সং. ছত্রভঙ্গ > ছড়ভঙ্গ]।

ছোড়া, ছোড়াছুড়ি, ছোড়ানো (p. 304) [chōḍ়ā, chōḍ়āchuḍ়i, chōḍ়ānō] যথাক্রমে ছুড়া, ছুড়াছুড়ি ও ছুড়ানো -র চলিত রূপ।

ছোপ (p. 304) [chōpa] বি. 1 ছাপ, দাগ (কালির ছোপ, পানের ছোপ); 2 প্রলেপ (আরও এক ছোপ রং দিতে হবে)। [বাং. √ ছুপ্ + অ]।

ছোপা, ছোপানো (p. 304) [chōpā, chōpānō] যথাক্রমে ছুপা ও ছুপানো -র চলিত রূপ।

ছোবড়া (p. 304) [chōbaḍ়ā] বি. ফলের বাইরের অসার বা রসহীন আবরণ; নারকেল ইত্যাদির খোসা। [দেশি]।

ছোবল (p. 304) [chōbala] বিল. 1 সাপের কামড়; 2 খাবল, নখ বা দাঁত দিয়ে হঠাত্ আক্রমণ। [< সং. কবল]। ছোবল খাওয়া ক্রি. বি. সাপের কামড় খাওয়া; নখ বা দাঁতের দ্বারা বিদ্ধ হওয়া। ছোবল দেওয়া, ছোবল মারা ক্রি. বি. নখ বা দাঁত দিয়ে বিদ্ধ করা।

ছোবলা, ছোবলানো (p. 304) [chōbalā, chōbalānō] যথাক্রমে ছুবলা ও ছুবলানো -র চলিত রূপ।

ছোবা (p. 304) [chōbā] বি. (আঞ্চ.) ছোবড়া। [দেশি]। তু. ছোবড়া।

ছোরা (p. 304) [chōrā] বি. বৃহদাকার ছুরি। [দেশি]।

ছোলঙ্গ (p. 304) [chōlaṅga] বি. (আঞ্চ.) বাতাবি লেবু। [দেশি]।

ছোল-দারি (p. 304) [chōla-dāri] বি. (প্রধানত, সৈন্যদের) ত্রিকোণ তাঁবুবিশেষ। [ইং. soldier + বাং. ই?]।

ছোলা1 (p. 304) [chōlā1] বি. চণক, চানা, বুট। [সং. চণক > হি. চনা]।

ছোলা2, ছোলানো (p. 304) [chōlā2, chōlānō] যথাক্রমে ছুলা ও ছুলানো -র চলিত রূপ।

ছোহারা (p. 304) [chōhārā] বি. শুকানো খেজুর; খুরমা। [হি. ছুহারা]।

ছৌ, ছো (p. 304) [chau, chō] বি. পশ্চিমবঙ্গের পুরুলিয়া জেলার প্রসিদ্ধ নৃত্যবিশেষ। [দেশি]।

ছ্যা (p. 304) [chyā] দ্র ছি।

ছ্যাঁক, ছ্যাঁচড়, ছ্যাঁচড়া (p. 304) [chyān̐ka, chyān̐caḍ়, chyān̐caḍ়ā] যথাক্রমে ছেঁক, ছেঁচড় ও ছেঁচড়া -র বানানভেদ।

ছ্যাঁত্ (p. 304) [chyān̐t] বি. অব্য. ভয়ের ভাব, ভয়ে শিউরে ওঠা (বুকটা ভয়ে ছ্যাঁত্ করে উঠল)। [দেশি-তু. ছাঁত্]।

ছ্যাকড়াগাড়ি (p. 304) [chyākaḍ়āgāḍ়i] দ্র ছেকড়া।

ছ্যাত্লা, ছ্যাতলা (p. 304) [chyātlā, chyātalā] দ্র ছাতলা।

ছ্যাবলা, ছ্যাবলামি (p. 304) [chyābalā, chyābalāmi] যথাক্রমে ছেবলা ও ছেবলামি -র বানানভেদ।

জ1 (p. 311) [ja1] বাংলা বর্ণমালার অষ্টম ব্যঞ্জনবর্ণ এবং অল্পপ্রাণ তালব্য জ-ধ্বনির দ্যোতক।

জ2 (p. 311) [ja2] বি. বিণ. সিকি-ইঞ্চি; সিকি-ইঞ্চি-পরিমাণ (তিন জ পেরেক)। [সং. যব]।

-জ3 (p. 311) [-ja3] বিণ. (সমাসের পরপদে) জাত, উৎপন্ন (জলজ, পঙ্কজ, সরোজ)। [সং. √ জন্ + অ]।

জই (p. 311) [ji] বি. যবজাতীয় শস্যবিশেষ। [সং. যবিকা]।

জউ, জৌ (p. 311) [ju, jau] বি. লাক্ষা, গালা। [সং. জতু > প্রাকৃ. জউ]। ̃ ঘর, জৌহর, জোহর বি. জতুগৃহ, লাক্ষা দিয়ে তৈরি ঘর।

জওজে, জওজ (p. 311) [jōjē, jōja] বি. স্বামী (দলিলের ভাষায়) পত্নী, যার স্বামী (জাহানারা খাতুন জওজে ইয়াকুব আলি)। [আ. যওজ]।

জওয়ান (p. 311) [jōẏāna] বি. 1 হৃষ্টপুষ্ট বা শক্তিশালী, ব্যক্তি (তিন জওয়ানে মিলে এটাকে তুলতে পারলে না?); 2 সেনাবাহিনীর যোদ্ধা। □ বিণ. হৃষ্টপুষ্ট, শক্তিশালী, জোয়ান। [ফা. জবান]। জোয়ান দ্র।

জওয়াব্, জওসম (p. 311) [jōẏāb◌্, jōsama] যথাক্রমে জবাব ও জসম -এর অপ্রচলিত রূপভেদ।

জং (p. 311) [ja] বি. মরচে, ধাতুমল, rust. [ফা. জংগ্]।

জংলা, জংলি (p. 311) [jaṃlā, jaṃli] দ্র জঙ্গল।

জংশন (p. 311) [jaṃśana] বি. বিণ. 1 দুটি রাস্তার মিলনস্থান; 2 দুটি রেলপথের মিলন যে স্টেশনে হয়। [ইং. junction]।

জখম (p. 311) [jakhama] বি. ক্ষত, ঘা, আঘাত, চোট। □ বিণ. আহত (জখম হয়েছে)। [ফা. যখম্]। জখমি বিণ. 1 আহত, আঘাতপ্রাপ্ত (জখমি বাঘ খুবই ভয়ংকর); 2 আঘাতসংক্রান্ত।

জগ1 (p. 311) [jaga1] বি. বিশ্ব, জগত্, ভুবন (জগজন, জগবন্ধু)। [সং. জগত্]।

জগ2 (p. 311) [jaga2] বি. হাতলওয়ালা গাড়ুবিশেষ, হাতলওয়ালা জলপাত্রবিশেষ। [ইং. jug]।

জগ-জগ (p. 311) [jaga-jaga] অব্য. বি. ঝকমক, ঝকমকানি (থালাটা জগজগ করছে)। [হি. জগজগা]। জগ-জগা বি. রাংতা প্রভৃতির ঝকঝকে পাত।

জগ-জন (p. 311) [jaga-jana] বি. (সচ. কাব্যে) পৃথিবীর লোক, জগতের মানুষ ('জগজন মানিবে বিস্ময়': অ. সে)। [বাং. জগ + সং. জন]।

জগজ্জন (p. 311) [jagajjana] বি. পৃথিবীর মানুষ। [সং. জগত্ + জন]।

জগজ্জননী (p. 311) [jagajjananī] বি. 1 জগতের মাতা; জগন্মাতা; 2 দুর্গাদেবী; 3 পরমেশ্বরী। [সং. জগত্ + জননী]।

জগজ্জয়ী (p. 311) [jagajjaẏī] বিণ. পৃথিবী জয়কারী, বিশ্বজয়ী, দিগ্বিজয়ী। [সং. জগত্ + জয়ী]।

জগ-ঝপ্প (p. 311) [jaga-jhappa] বি, জয়ঢাক; প্রাচীন রণবাদ্যবিশেষ। [ধ্বন্যা.]।

জগত্ (p. 311) [jagat] বি. 1 পৃথিবী, ভুবন, বিশ্ব; 2 সমাজ (পশুজগত্)। [সং. √ গম্ + ক্বিপ্]।˜ পতি,˜ পিতা বি. জগদীশ্বর, পরমেশ্বর।˜ সংসার বি. বিশ্বজগত্; জীবজগৎসহ সমগ্র পৃথিবী।

জগতি (p. 311) [jagati] (অপ্র.) বি. 1 জগৎকর্তা; ঈশ্বর; 2 সিংহাসন। [সং. জগত্]।

জগতী (p. 311) [jagatī] বি. (স্ত্রী.) 1 পৃথিবী (জগতীতল); 2 পৃথিবীর মানুষজন; 3 বৈদিক ছন্দোবিশেষ; 4 ইহলোক। [সং. জগত্ + ঈ]।

জগদ্-গুরু (p. 311) [jagad-guru] বি. 1 পৃথিবীর গুরু; 2 পরমেশ্বর। [সং. জগত্ + গুরু]।

জগদম্বা (p. 311) [jagadambā] বি. 1 পৃথিবীর মাতা; জগন্মাতা; 2 দুর্গাদেবী; 3 পরমেশ্বরী। [সং. জগত্ + অম্বা]।

জগদীশ, জগদীশ্বর (p. 311) [jagadīśa, jagadīśbara] বি. ভগবান; পরমেশ্বর। [সং. জগত্ + ঈশ, ঈশ্বর]।

জগদ্গৌরী (p. 311) [jagadgaurī] বি. (স্ত্রী.) সর্পের অধিষ্ঠাত্রী মনসাদেবী। [সং. জগত্ + গৌরী]।

জগদ্দল (p. 311) [jagaddala] বিণ. 1 পৃথিবীকে দলন করে এমন; 2 নড়ানো যায় না এমন গুরুভার (জগদ্দল পাথর)। □ বি. সরানো বা নড়ানো যায় না এমন গুরুভার পাথর। [সং. জগত্ + √ দল্ + অ]।

জগদ্ধাত্রী (p. 311) [jagaddhātrī] বি. 1 পৃথিবীর ধাত্রী বা পালয়িত্রী; 2 দুর্গাদেবী; 3 পরমেশ্বরী। [সং. জগত্ + ধাত্রী]।

জগদ্বন্ধু (p. 311) [jagadbandhu] বি. 1 পৃথিবীর বা সর্বজনের বন্ধু; 2 পরমেশ্বর। [সং. জগত্ + বন্ধু]।

জগদ্বরেণ্য (p. 311) [jagadbarēṇya] বিণ. সারা জগতের বরেণ্য বা সম্মাননীয়; পৃথিবীব্যাপী খ্যাতিসম্পন্ন। [সং. জগত্ + বরেণ্য]।

জগদ্বাসী (p. 311) [jagadbāsī] (-সিন্) বিণ. বি. পৃথিবীর অধিবাসী। স্ত্রী. জগদ্বাসিনী। [সং. জগত্ + √ বস্ + ইন্]।

জগন্নাথ (p. 311) [jagannātha] বি. 1 পৃথিবীর প্রভু; পরমেশ্বর; 2 বিষ্ণু; 3 শ্রীকৃষ্ণ; 4 পুরীর মন্দিরের বিষ্ণুমূর্তি। [সং. জগত্ + নাথ]। ̃ ক্ষেত্র বি. 1 পুরীধাম; 2 জাতিবিচারহীন পুণ্যভূমি।

জগন্নিবাস (p. 311) [jagannibāsa] বি. 1 যিনি জগতের বা সর্বজনের নিবাস আধার বা আশ্রয়; ঈশ্বর; 2 শ্রীকৃষ্ণ; 3 বিষ্ণু। [সং. জগত্ + নিবাস]।

জগন্মণ্ডল (p. 311) [jaganmaṇḍala] বি. 1 ভূমণ্ডল, পৃথিবী; 2 নিখিল সৃষ্টি। [সং. জগত্ + মণ্ডল]।

জগন্ময় (p. 311) [jaganmaẏa] বিণ. বিশ্বব্যাপক। □ বি. পরমেশ্বর। [সং. জগত্ + ময়]। জগন্ময়ী বিণ. (স্ত্রী.) বিশ্বব্যাপিনী। □ বি. (স্ত্রী.) বিশ্ব জুড়ে বিরাজ করছেন এমন শক্তি; আদ্যাশক্তি; পরমেশ্বরী।

জগন্মাতা (p. 311) [jaganmātā] বি. পৃথিবীর মাতা; আদ্যাশক্তি; পরমেশ্বরী। [সং. জগত্ + মাতা]।

জগন্মোহন (p. 312) [jaganmōhana] বিণ. বি. পৃথিবীকে যে মুগ্ধ করে। [সং. জগত্ + মোহন]।

জগ-মোহন (p. 312) [jaga-mōhana] বিণ. পৃথিবীকে মুগ্ধ করে এমন, জগন্মোহন। [বি. 1 পৃথিবীকে মুগ্ধ করে এমন ব্যক্তি; 2 মন্দির ও নাটমন্দিরের

মধ্যবর্তী স্থান; 3 পুরীর জগন্নাথমন্দিরে যে স্থান থেকে দর্শনার্থীরা ঠাকুর দর্শন করে। [বাং. জগ1 + সং. মোহন]।

জগা-খিচুড়ি (p. 312) [jagā-khicuḍ়i] বি. বিবিধ শাকসবজি সহযোগে রান্না করা খিচুড়ি; (আল.) বিভিন্নরকম জিনিসের (অবাঞ্ছিত) সংমিশ্রণ। [সং. জগা (জগতের সমস্ত বস্তু অর্থে) + বাং. খিচুড়ি]।

জগাতি (p. 312) [jagāti] বি. 1 শুল্ক আদায়কারী কর্মচারী; 2 বাধা, বিঘ্ন। [আ. যকাত্]।

জগ্ধ (p. 312) [jagdha] বিণ. ভূক্ত, ভক্ষণ করা বা খাওয়া হয়েছে এমন ('জগ্ধতৃণ': বিষ্ণু)। [সং. √ অদ্ + ত]।

জঘন (p. 312) [jaghana] বি. 1 স্ত্রীলোকের নিতম্বের সম্মুখভাগ; 2 নিতম্ব; 3 কোমর। [সং. √ হন্ + যঙ্লুক + অ]।

জঘন্য (p. 312) [jaghanya] বিণ. নোংরা, কদর্য; ঘৃণিত, নীচ, হেয়। [সং. জঘন + য]। বি. ̃ তা।

জঙ্গযখ2 (p. 312) [jaṅgayakha2] বি. যুদ্ধ। ম [ফফা. জংগ]। ̃ ডিঙা বি. রণতরি, যুদ্ধজাহাজ। জঙ্গি বিণ. 1 যুদ্ধসংক্রান্ত, সামরিক (জঙ্গি বিমান); 2 রণোম্মুখ, মারমুখো (জঙ্গি মনোভাব); 3 রণকুশল; 4 শক্তিশালী (জঙ্গি পালোয়ান)।

জঙ্গম (p. 312) [jaṅgama] বিণ. 1 গতিশীল; অস্থাবর; 2 প্রাণবিশিষ্ট। [সং. √ গম্ + যঙ্লুক্+ অ]।

জঙ্গল (p. 312) [jaṅgala] বি. 1 ছোট বা অগভীর বন; 2 বন, অরণ্য (জঙ্গলের পশু); 3 আগাছা (জঙ্গল সাফ করছে)। [সং. √ গল্ + য-তু. ফা. জঙ্গল্]। জংলা বিণ. বুনো, বন্য। জংলি বিণ. 1 বুনো, বন্য; 2 অসভ্য; 3 অমার্জিত। জঙ্গুলে বিণ. বন্য, বুনো; অরণ্যজাত।

জঙ্গাল (p. 312) [jaṅgāla] বি. বাঁধ, জাঙ্গাল। [সং. √ জঙ্গ্ + আল]।

জঙ্গি (p. 312) [jaṅgi] দ্র জঙ্গ2।

জঙ্গুলে (p. 312) [jaṅgulē] দ্র জঙ্গল।

জঙ্ঘা (p. 312) [jaṅghā] বি. 1 হাঁটু থেকে গোড়ালি পর্যন্ত দেহাংশ; 2 ঊরু, জাং। [সং. √ হন্ (গত্যার্থে) + যঙ্ লুক্ + অ + আ]।

জজ (p. 312) [jaja] বি. বিচারক, বিচারপতি। [ইং. judge]। জজিয়তি বি. জজের বৃত্তি বা কাজ (তিনি বড় আদালতে জজিয়তি করেন)।

জঞ্জাল (p. 312) [jañjāla] বি. 1 আবর্জনা; 2 আগাছা; 3 (আল.) অবাঞ্ছিত বস্তু; ঝঞ্ঝাট, উপদ্রব (আচ্ছা জঞ্জাল জুটেছে)। [হি.]।

জট (p. 312) [jaṭa] বি. 1 জটা, বিশৃঙ্খলভাবে জড়ানো বা চাপ-খাওয়া কেশরাশি (মাথায় জট পড়েছে); 2 জড়ানো বা তালগোল-পাকানো অবস্থা (জট বেঁধেছে); 3 গাঁট, গিঁট, জটিলতা (জট ছাড়ানো); 4 গাছের ঝুরি; 5 (মনোবি.) মনের জটিল গ্রন্হি। [সং. জটা]।

জটলা (p. 312) [jaṭalā] বি. 1 বহু লোকের সমাবেশ; 2 একজাতীয় প্রাণী বা বস্তুর একত্র সমাবেশ ('ছোট ছোট দ্বীপের জটলা': প্রেমেন্দ্র); 3 বহু লোকের একত্র জল্পনা বা কোলাহল। [সং. জটিল]।

জটা (p. 312) [jaṭā] বি. 1 বিশৃঙ্খলভাবে জড়ানো বা চাপ খাওয়া কেশরাশি, জট; 2 কেশর; 3 গাছের ঝুরি (বটের জটা)। [সং. √ জট (পরস্পর লগ্ন) + অ + আ]।˜ জাল,˜ জূট বি. জটারাশি; লম্বিত অবিন্যস্ত কেশরাশি।˜ ধর,˜ ধারী (-রিন্),˜ জূট-ধারী বিণ. মাথায় জটা আছে এমন (জটাজূটধারী সন্ন্যাসী)। □ বি. জটাধারী শিব।˜ মাংসী বি. ছোট গুল্মজাতীয় গাছ থেকে প্রস্তুত মলমের মতো সুগন্ধ দ্রব্যবিশেষ।˜ ল বিণ. জটাযুক্ত।

জটিল (p. 312) [jaṭila] বিণ. 1 জটাযুক্ত; 2 জট-পাকানো, জড়ানো (জটিল গ্রন্হি); 3 গোলমেলে; কঠিন, সমাধান করা বা উত্তর দেওয়া শক্ত এমন, দুর্বোধ্য (জটিল প্রশ্ন)। [সং. জটা + ইল]। বি.˜ জটিলা বিণ. (স্ত্রী.) 1 জটাযুক্তা; 2 দুর্বোধ্য, সমাধান করা কঠিন এমন; 3 অনিষ্টকর কূটবুদ্ধিসম্পন্না; 4 কলহপরায়ণা; 5 বধূদের গঞ্জনাদাত্রী। □ বি. শ্রীরাধিকার শাশুড়ি।

জটী (p. 312) [jaṭī] (-টিন্) বিণ. জটাযুক্ত, জটাধারী। [সং. জটা + ইন্]।

জটে, জটিয়া (p. 312) [jaṭē, jaṭiẏā] বিণ. জটাবিশিষ্ট, জোটে। [বাং. জট + ইয়া > এ]। ˜ বুড়ি জোটেবুড়ি -র রূপভেদ।

জঠর (p. 312) [jaṭhara] বি. 1 উদর, পেট (জঠরজ্বালা, জঠরাগ্নি); 2 পাকস্থলী; 3 গর্ভ, জরায়ু, গর্ভাশয় (জঠরের সন্তান)। [সং. √ জন্ + অর]। ˜ জ্বালা বি. অত্যন্ত ক্ষুধাবোধ। ˜ যন্ত্রণা বি. 1 গর্ভধারণের কষ্ট ও প্রসব বেদনা; 2 গর্ভে অবস্থানের কষ্ট ('দিবি পুনঃ জঠরযন্ত্রণা': রা. প্র.)। ˜ স্থ বিণ. গর্ভের, গর্ভে অবস্থিত; উদরে অবস্থিত। জঠরাগ্নি, জঠরানল বি. তীব্র ক্ষুধা; পরিপাকশক্তি; পাকস্থলীর পাচকরস।

জড়1 (p. 312) [jaḍ়1] বি. 1 শিকড়, মূল; 2 মূল কারণ (রোগের জ়ড় নির্ণয়)। [সং. জটা]। জড় মারা ক্রি. বি. শিকড় তুলে ফেলা; মূল কারণ নষ্ট করা।

জড়2 (p. 312) [jaḍ়2] বিণ. 1 চেতনাহীন (জড় পদার্থ); 2 ইন্দ্রিয়গ্রাহ্য, পঞ্চভূতের দ্বারা সৃষ্ট, material (জড় জগত্, জড় দেহ); 3 চেষ্টাহীন, নিষ্ক্রিয় (জড় হয়ে থাকা); 4 মূর্খ, অজ্ঞান (জ়ড় বুদ্ধি)। □ বি. 1 জ্ঞানশক্তিহীন নিষ্ক্রিয় ব্যক্তি; 2 মূর্খ বা সুখদুঃখবোধহীন লোক; 3 অচেতন পদার্থ (জীব ও জড়ের পার্থক্য); 4 পঞ্চভূত যথা ক্ষিতি অপ্ তেজ মরুত্ ব্যোম। [সং. √ জল্ (ল্=ড়) + অ]। ˜ ক্রিয় বিণ. দীর্ঘসূত্র। ˜ তা, ˜ ত্ব বি. 1 জড়ের ভাব, জাড্য; 2 বুদ্ধি বা চৈতন্যের অভাব; 3 আড়ষ্টতা (জড়তা কাটিয়ে ওঠা); 4 অস্পষ্টতা (কথার জড়তা); 5 স্ফূর্তিহীনতা। ˜ পদার্থ বি. অচেতন প্রাকৃতিক বস্তু যথা পর্বত, মাটি, জল। ˜ পিণ্ড বি. স্থূল বা পিণ্ডে পরিণত জড়পদার্থ। ˜ পুত্তলি বি. প্রাণহীন পুতুল; (আল.) গতিহীন, আড়ষ্ট বা স্থূলবুদ্ধি ব্যক্তি। ˜ বাদ বি. জড়জগতের বা জড়প্রকৃতির বাইরে

কোনোকিছুর স্বতন্ত্র অস্তিত্ব নেই, এই মতবাদ।˜ বাদী (-দিন্) বিণ. বি. জড়বাদে বিশ্বাসী।˜ বিজ্ঞান বি. ভৌতবিজ্ঞান।˜ বুদ্ধি বিণ. বোধহীন, হাবাগবা (জড়বুদ্ধি লোক)।˜ ভরত বি. 1 ভরত নামে প্রাচীন চন্দ্রবংশীয় রাজা যিনি মোক্ষলাভের জন্য জড়ত্ব অবলম্বন করেছিলেন; 2 (আল.) জড়বুদ্ধি বা জড়ভাবাপন্ন লোক। □ বিণ. 1 অকর্মণ্য, নিষ্ক্রিয় জ়ড়ভরত হয়ে বসে আছ কেন?); 2 জবুথবু, নিশ্চল শীতে জড়ভরত হওয়া)।˜ সড় বিণ. আড়ষ্ট; সংকুচিত।

জড়া (p. 312) [jaḍ়ā] ক্রি. জড়ানো। □ বিণ. জড়িয়ে আছে বা জড়িয়ে ধরেছে এমন। [সং. √ জট্ + বাং. আ-তু. হি. √ জ়ড়্]।

জড়া-জড়ি (p. 312) [jaḍ়ā-jaḍ়i] বি. পরস্পর বেষ্টন বা আলিঙ্গন (দু-ভাই জড়াজড়ি করে শুয়ে আছে)। □ বিণ. জড়িয়ে ধরে অবস্থিত; পরস্পর আলিঙ্গিত (জড়াজড়ি অবস্থা)। [বাং. জড়া + জড়া + ই]। জড়ামড়ি জড়াজড়ি -র অনুরুপ।

জড়ানো (p. 312) [jaḍ়ānō] ক্রি. 1 আলিঙ্গিন করা, জাপটানো (ছেলেকে জড়িয়ে ধরে আদর করা); 2 বেষ্টিত করা (গলায় চাদর জড়ানো, দুহাতে গাছটাকে জড়িয়ে ধরল); 3 মোড়া, আবৃত করা (কাগজে জড়ানো); 4 গোটানো (কম্বলটা জড়িয়ে রেখেছে); 5 পরস্পর মেশানো; 6 লিপ্ত হওয়া মামলায় জড়িয়ে পড়েছে); 7 অস্পষ্ট বা অবশ হওয়া (কথা জড়িয়ে যাওয়া)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং. √ জড়া + আনো]।

জড়িত (p. 312) [jaḍ়ita] বিণ. 1 সংলগ্ন (শিকড় মাটির সঙ্গে জড়িয়ে রয়েছে); 2 সম্বন্ধযুক্ত (তিনি এই ব্যাপারটির সঙ্গে ঘনিষ্ঠভাবে জড়িত); 3 লিপ্ত

(মামলায় জড়িত হওয়া); 4 খচিত (মণিমাণিক্যজড়িত); 5 যুক্ত (লজ্জাজড়িত কণ্ঠ); 6 অস্পষ্ট, জড়তাযুক্ত (জড়িত কণ্ঠ, জড়িত ভাষা)। [সং. √ জড়া + ইত]।

জড়ি-বুটি (p. 312) [jaḍ়i-buṭi] বি. 1 টোটকা চিকিৎসা; 2 কবচ-তাবিজ; 3 তুকতাক। [হি. জড় + বাং. ই + বুটি ই + বুটি (সং. বটিকা)]।

জড়িমা (p. 312) [jaḍ়imā] (-মন্) বি. 1 জড়ত্ব, আড়ষ্টতা, জড়তা; 2 নিশ্চেষ্টতা; 3 আচ্ছন্নভাব, ঘোর (স্বপ্নজড়িমা)। [সং. জড় + ইমন্]।

জড়ী-কৃত, জড়ী-ভূত (p. 312) [jaḍ়ī-kṛta, jaḍ়ī-bhūta] বিণ. 1 জডতাপ্রাপ্ত; জড়ে পরিণত; 2 নিরুদ্যম, নিষ্ক্রিয়; 3 জড়িত; 4 সমাচ্ছন্ন ঋণজালে জড়ীভূত)। [সং. জড় + ঈ চির) + √ কৃ + ত, √ ভূ + ত]।

জড়ুল, (বিরল) জড়ুর (p. 312) [jaḍula, (birala) jaḍ়ura] বি. গায়ের চামড়ায় তিলের চেয়ে জড় জন্মচিহ্নবিশেষ। [সং. জটুল]।

জড়া (p. 312) [jaḍ়ā] বিণ. 1 একত্র, একত্রীকৃত; 2 সংগৃহীত (লোক জড়ো করা); 3 জমায়েত (তিনটের সময় রাস্তার মোড়ে সকলে জড়ো হন)। [সং. √ জট্ (=একত্র হওয়া, পরস্পরলগ্ন হওয়া)]।

জড়োপাসক (p. 312) [jaḍ়ōpāsaka] বিণ. জড়প্রকৃতি অর্থাত্ নদী বৃক্ষ প্রভৃতি অচেতন পদার্থের উপাসনাকারী। [সং. জড় + উপাসক]।

জড়োপাসনা (p. 312) [jaḍ়ōpāsanā] বি. জড়প্রকৃতির পূজা, fetishism.

জড়োয়া (p. 312) [jaḍ়ōẏā] বি. হীরা-মণি-মুক্তাখচিত গহনা। □ বিণ. হীরা-মণি-মুক্তাখচিত (জড়োয়া গয়না)। [হি. জড়াবট, জড়াউ]।

জতু (p. 312) [jatu] বি. 1 লাক্ষা, গালা (জতুগৃহ); 2 আলতা। [সং. √ জন্ +উ]।~ ক বি. হিং. হিঙ্গু।~ গৃহ বি. মহাভারতে পাণ্ডবদের জীবন্ত দগ্ধ করার জন্য দুর্যোধনের আদেশে গালা দিয়ে তৈরি গৃহ।~ রস বি. আলতা, গালা থেকে প্রস্তুত রং-বিশেষ।

জত্রু (p. 312) [jatru] বি. কণ্ঠের দুই পাশের হাড়, কণ্ঠাস্থি, collar-bone. [সং. √ জন্ + রু]।

জন (p. 312) [jana] বি. 1 মানুষ, লোক (শত শত জন); 2 শ্রমিক, মজুর (জন খাটানো); 3 জনসাধারণ, সাধারণ লোক (জননেতা)। □ বিণ. ব্যক্তির সংখ্যানির্দেশক (তিনজন লোক)। [সং. √ জন্ + অ]। জন খাটানো ক্রি. বি. মজুরের দ্বারা কাজ করানো।~ গণ জনসাধারণ -এর অনুরূপ।~ গণনা বি. লোকসংখ্যা নির্ণয়, লোকের সংখ্যা গোনা।~ গণ-তন্ত্র বি. জনগণের মঙ্গলের জন্য জনগণের প্রতিষ্ঠিত সরকার।~ গণেশ বি. জনসাধারণের অধিদেবতা, গণদেবতা ('জনগণেশের প্রচণ্ড কৌতুক': রবীন্দ্র)।~ তা বি. 1 ভিড়; বহু লোকের সমাবেশ (জনতার ভিড়ে হারিয়ে যাওয়া); 2 বিত্তহীন মানুষ; সাধারণ মানুষ, the masses ('পরিচিত জনতার সরণীতে': রবীন্দ্র)।~ নেতা,~ নায়ক বি. জনগণের পরিচালক বা নেতা।~ পদ বি. 1 লোকালয়, জনবসতিযুক্ত স্থান; 2 শহর।~ পদ-বধূ বি. গণিকা, বেশ্যা।~ প্রবাদ বি. কিংবদন্তি, যে কথা বা কাহিনী দীর্ঘকাল ধরে লোকের মুখে মুখে প্রচলিত আছে।~ প্রাণী (-ণিন্) বি. একজনও মানুষ বা প্রাণী (কোথাও

কোনো জনপ্রাণী দেখা যাচ্ছে না)। ˜ প্রিয় বিণ. সাধারণ বা অধিকাংশ লোকে ভালোবাসে এমন। ˜ বল বি. লোকবল, বহু লোক থাকার ফলে অর্জিত বল। ˜ বসতি বি. লোকজনের বাস বা বাসস্থান। ˜ বহুল বিণ. বহু লোক বাস করে এমন, বহুলোকপূর্ণ (জনবহুল শহর)। বিপ. জনবিরল। ˜ মজুর বি. (সচ. ঠিকা) শ্রমিক। ˜ মত বি. অধিকাংশ লোকের মত। ˜ মানব জনপ্রাণী -র অনুরূপ। ˜ যুদ্ধ বি. 1 যে যুদ্ধে জনগণই অংশ নেয়; 2 যে যুদ্ধে জনগণের সক্রিয় সমর্থন আছে; 3 জনগণের হিতার্থে যুদ্ধ। ˜ রব বি. লোকের মুখে মুখে প্রচারিত কথা; গুজব। ˜ লোক বি. পুরাণে বর্ণিত সপ্তলোকের অন্যতম; মহর্লোকের উপরিস্থ লোক। ˜ শিক্ষা বি. সাধারণ মানুষের জন্য শিক্ষা। ˜ শূন্য বিণ. লোকজন নেই বা বাস করে না এমন, নির্জন। ˜ শ্রুতি বি. কিংবদন্তি, গুজব, জনপ্রবাদ। ˜ সংখ্যা বি. কোনো স্থানের অধিবাসীদের সংখ্যা, population. ˜ সংভরণ বি. জনসাধারণের খাদ্যাদি সরবরাহের সরকারি ব্যবস্থা, civil supply (স. প.)। ˜ সংযোগ বি. সরকার কর্তৃক প্রচারের দ্বারা জনসাধারণের সঙ্গে যোগস্থাপন। ˜ সংঘ বি. জনগণের মঙ্গলের জন্য জনগণের দ্বারা গঠিত ও পরিচালিত সমিতি। ˜ সভা বি. বহু মানুষের সমাবেশ, public meeting. ˜ সমাজ বি. মানুষের সমাজ। ˜ সমুদ্র বি. সমুদ্রের মতো বিরাট জনতা, অসংখ্য মানুষের ভিড় (এই জনসমুদ্রে তাকে খুঁজে বার করা অসম্ভব)। ˜ সাধারণ বি. 1 সাধারণ লোক; 2 কোনো দেশের বা সমাজের অধিকাংশ লোক; 3 মূলত বিত্তহীন লোকসম্প্রদায়, the masses. ˜ সেবা বি. মানুষের সেবা। ˜ স্থান বি. 1 লোকালয়; 2 রামায়ণে বর্ণিত দণ্ডকারণ্যের মধ্যবর্তী স্থানবিশেষ। ˜ স্রোত (-তস্) বি. চলন্ত মানুষের অবিচ্ছিন্ন শ্রেণি, লোকপ্রবাহ। ˜ হিত-কর বিণ. লোকের পক্ষে কল্যাণকর। ˜ হীন বিণ. নির্জন, মানুষজন নেই এমন।

জনক (p. 312) [janaka] বি. 1 জন্মদাতা, পিতা; 2 রামায়ণোক্ত মিথিলার রাজা। □ বিণ. উৎপাদক (সুখজনক, সন্দেহজনক)। [সং. √ জন্ + ণিচ্ + অক]।˜ তা বি. সৃজনশক্তি; উৎপাদকতা; উৎপাদনশক্তি।˜ তনয়া,˜ নন্দিনী,˜ সূতা বি. সীতা। জনিকা বি. (স্ত্রী.) জননী।

জনগণ, জনগণেশ, জনতা (p. 312) [janagaṇa, janagaṇēśa, janatā] দ্র জন।

জনন (p. 312) [janana] বি. 1 জন্মদান (জননশক্তি, জননেন্দ্রিয়); 2 উৎপাদন; 3 জন্ম, উৎপত্তি। [সং. √ জন্ + অন]। জননান্তর বি. জন্মান্তর। জননাশৌচ বি. হিন্দুমতে সন্তান জন্মের জন্য যে অশৌচ।

জননী (p. 312) [jananī] বি. গর্ভধারিণী, মাতা। □ বিণ. উৎপাদনকারিণী। [সং. √ জন্ + ণিচ্ + অন + ঈ]।

জননীয় (p. 312) [jananīẏa] বিণ. জননযোগ্য, জন্মদান বা উৎপাদনের উপযুক্ত। [সং. √ জন্ + অনীয়]।

জননেতা (p. 312) [jananētā] দ্র জন।

জননেন্দ্রিয় (p. 312) [jananēndriẏa] বি. উপস্থ; লিঙ্গ; পুরুষের লিঙ্গ বা নারীর যোনি; যে ইন্দ্রিয়ের সাহায্যে সন্তানের জন্মদান করা হয়। [সং. জনন + ইন্দ্রিয়]।

জনপ্রবাদ, জনপ্রাণী, জনপ্রিয়, জনবহুল (p. 312) [janaprabāda, janaprāṇī, janapriẏa, janabahula] দ্র জন।

জনমজুর, জনমত, জনমানব (p. 312) [janamajura, janamata, janamānaba] দ্র জন।

জনয়িতা (p. 312) [janaẏitā] (-তৃ) বি. জন্মদাতা, জনক, পিতা। [সং. √ জন্ + ণিচ্ + তৃ]। জনয়িত্রী বি. (স্ত্রী.,) জন্মদাত্রী, জননী, মাতা।

জনশিক্ষা, জনসংখ্যা, জনসমুদ্র, জনসাধারণ, জনস্থান, জনস্রোত, জনহীন (p. 312) [janaśikṣā, janasaṅkhyā, janasamudra, janasādhāraṇa, janashāna, janasrōta, janahīna] দ্র জন।

জনা (p. 312) [janā] বি. (কাব্যে ও কথ্য ভাষায়) জন ('শূলের উপর মরিবে সে জনা': রবীন্দ্র); ব্যক্তি (জনা প্রতি)। [সং. জন + বাং. আ স্বার্থে]।

জনাকীর্ণ (p. 312) [janākīrṇa] বিণ. জনবহুল, বহু লোকের দ্বারা পূর্ণ। [সং. জন + আকীর্ণ]।

জনান্তিকে (p. 312) [janāstikē] ক্রি-বিণ. 1 অন্য লোকের অনতিদূরে কিন্তু আড়ালে, একপাশে; 2 (নাটকে) লোকের সমক্ষে কিন্তু রঙ্গমঞ্চের অন্যান্য অভিনেতা শুনতে না পায় এমনভাবে। [সং. জন + অন্তিক + বাং. এ]।

জনাপ-বাদ (p. 312) [janāpa-bāda] বি. লোকনিন্দা, অখ্যাতি, কলঙ্ক। [সং. জন + অপবাদ]।

জনাব (p. 312) [janāba] বি. (সচ. মুসলমানদের মধ্যে প্রচলিত) সম্মানসূচক বা ভদ্রতামূলক সম্বোধন; মহাশয়। [আ.]।

জনার (p. 312) [janāra] বি. মকাই বা ভুট্টা বা ওইজাতীয় শস্যবিশেষ। [হি.]।

জনারণ্য (p. 312) [janāraṇya] বি. বহু লোকের ভিড়। [সং. জন + অরণ্য]।

জনার্দন (p. 312) [janārdana] বি. ('জন' নামক অসুরের নিধনকারী বলে) বিষ্ণু। [সং. জন + অর্দন (=পীড়ন, দমন)]।

জনি1, জনী (p. 312) [jani1, janī] বি. 1 উৎপত্তি, জন্ম; 2 নারী; 3 জায়া, পত্নী; 4 পুত্রবধূ। [সং. √ জন্ + ই, ঈ]।

জনি2, জনু (p. 312) [jani2, janu] অব্য. (ব্রজ.) 1 যদি ('না জানি কানুর প্রেম তিলে জনি টুটে' : চণ্ডী); 2 যেন ('চরণ কমল জনু': গো. দা); 3 যেন না ('দয়া জনু ছোড়বি মোয়': বিদ্যা.); 4 বুঝি, বুঝি বা ('জনু রবিশশি একাহিঁ উজল': বিদ্যা.)। [তু. বাং. যেন]।

জনিকা (p. 312) [janikā] দ্র জনক।

জনিত (p. 312) [janita] বিণ. জাত, উৎপাদিত, উদ্ভুত (দুর্বলতাজনিত ভয়, তজ্জনিত)। [সং. √ জন্ + ণিচ্ + ত]। স্ত্রী. জনিতা1।

জনিতা2 (p. 312) [janitā2] (-তৃ) বি. (অপ্র.) জনক, উৎপাদক। [সং. √ জন্ + তৃ]। স্ত্রী. জনিত্রী।

জনিত্র (p. 312) [janitra] বি. উৎপাদকযন্ত্র (গ্যাসজনিত্র = gasplant)। [সং. √ জন্ + ইত্র]।

জনী (p. 312) [janī] দ্র জনি1।

জনু1 (p. 312) [janu1] দ্র জনি2।

জনু2, জনূ (p. 312) [janu2, janū] বি. উৎপত্তি, জন্ম। [সং. √ জন্ + উ, ঊ]।

জনেক (p. 312) [janēka] বিণ. অনির্দিষ্ট কোনো একজন, জনৈক ('জনেক যক্ষের কর্মে অবহেলা ঘটলো বলে শাপ দিলেন প্রভু': বুদ্ধ)। [বাং.মতে জন + এক]।

জনৈক (p. 312) [janaika] বিণ. অনির্দিষ্ট কোনো একজন। [সং. জন + এক]। স্ত্রী. জনৈকা।

জণ্ডিস (p. 312) [jaṇḍisa] বি. ন্যাবারোগ, পাণ্ডুরোগ, লিভার বা যকৃতের রোগবিশেষ। [ইং. jaundice]।

জন্তু (p. 312) [jantu] বি. 1 প্রাণী, জীব; 2 জানোয়ার, পশু। [সং. √ জন + তু]।

জন্ম (p. 312) [janma] (-ন্মন্) বি. 1 মাতৃগর্ভ থেকে বার হওয়া, ভূমিষ্ঠ হওয়া; 2 উৎপত্তি, সৃষ্টি, আবির্ভাব (পৃথিবীর জন্ম, খনিতে মণির জন্ম); 3 দেহধারণ (মনুষ্যজন্ম); 4 দেহাশ্রিত অবস্থা (জন্মজন্মান্তর); 5 জীবনকাল (জন্ম গেল খেটে খেটে)। [সং. √ জন্ + মন্]। জন্ম-এয়োতি, জন্ম-এয়োস্ত্রী বি. চিরসধবা। জন্ম কাটা, জন্ম যাওয়া ক্রি. বি. জীবন অতিবাহিত হওয়া।˜ কুণ্ডলী বি. (জ্যোতিষ) জন্মকালীন রাশিচক্র।˜ গত বিণ. সহজাত, জন্ম থেকে প্রাপ্ত (জন্মগত অভ্যাস বা সংস্কার)।˜ গ্রহণ বি. ভূমিষ্ঠ হওয়া, মাতৃগর্ভ থেকে বার হওয়া; উৎপত্তি।˜ জন্ম বি. প্রতি জন্ম, যতবার জন্ম বা আবির্ভাব ঘটবে।˜ জন্মান্তর বি. এই জন্ম ও পরবর্তী অন্যান্য জন্ম।˜ জয়ন্তী বি. বিশিষ্ট ব্যক্তির জন্মদিনের স্মরণে অনুষ্ঠিত উৎসব।˜ তিথি বি. জন্মকালীন তিথি।˜ দ,˜ দাতা (-তৃ) বি. পিতা, জনক। স্ত্রী.˜ দা,˜ দাত্রি।˜ দান বি. উৎপাদন।˜ দুঃখী বিণ. চিরদিন দুঃখভোগ করে এমন। স্ত্রী.˜ দুঃখিনী।˜ নক্ষত্র বি. জন্মের সময় যে নক্ষত্রের প্রভাব সর্বাধিক।˜ পত্র,˜ পত্রিকা বি. কোষ্ঠী।˜ বৃত্তান্ত বি. জন্মের কাহিনী; জীবনকালের কাহিনী।˜ ভূমি বি. যে ভূমিতে বা দেশে জন্ম হয়েছে, মাতৃভূমি।˜ শাসন বি. জন্মনিয়ন্ত্রণ, birth control.˜ শোধ ক্রি-বিণ. জন্মের মতো, চিরদিনের মতো। জন্মে ক্রি-বিণ. 1 জন্ম থেকে, জন্মাবধি; 2 সারা জীবনে (জন্মেও সে একটা সত্যি কথা বলল না)।

জন্মা (p. 312) [janmā] ক্রি. 1 জন্মগ্রহণ করা (পুত্র জন্মাল); 2 উৎপন্ন হওয়া (ধান জন্মে)। [বাং. √ জন্ম্ + আ]। ˜ নো ক্রি. জন্মগ্রহণ করা; উৎপন্ন হওয়া; উৎপাদন করা (মনে অবিশ্বাস জন্মানো)। □ বি. উক্ত সব অর্থে।

জন্মাধি-কার (p. 312) [janmādhi-kāra] বি. সহজাত অধিকার, যে অধিকার নিয়ে মানুষ জন্মায় (আমার জন্মাধিকার কে কেড়ে নেবে?)। [সং. জন্ম + অধিকার]।

জন্মানো (p. 312) [janmānō] দ্র জন্মা।

জন্মান্তর (p. 312) [janmāntara] বি. অন্য জন্ম, পূর্বজন্ম (জন্মান্তরের প্রভাব); পরজন্ম (জন্মজন্মান্তরেও ভুলব না)। [সং. জন্ম + অন্তর]। ˜ বাদ বি. মৃত্যুর পর কর্মফলে পুনরায় জন্ম হয় এই মত; পুনর্জন্মবাদ।

জন্মান্ধ (p. 312) [janmāndha] বিণ. জন্ম থেকেই অন্ধ বা দৃষ্টিহীন। [সং. জন্ম + অন্ধ]।

জন্মাবচ্ছিন্ন (p. 312) [janmābacchinna] বিণ. চিরজীবনব্যাপী; জন্ম থেকে মৃত্যু পর্যন্ত থাকে বা ঘটে এমন। [সং. জন্ম + অবচ্ছিন্ন]।

জন্মাবধি (p. 312) [janmābadhi] ক্রি-বিণ. জন্মকাল থেকে, আজন্ম (জন্মাবধি এই কথা শুনে আসছি)। [সং. জন্ম + অবধি (থেকে)]।

জন্মায়তি (p. 312) [janmāẏati] বিণ. চিরসধবা। [সং. জন্ম + বাং. আয়তি (আয়ুষ্মতী)]।

জন্মাষ্টমী (p. 312) [janmāṣṭamī] বি. শ্রীকৃষ্ণের জন্মতিথি, ভাদ্র মাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী। [সং. জন্ম + অষ্টমী]।

জন্মিত (p. 312) [janmita] বিণ. (পিতার সন্তানরূপে) জাত; (কিছু থেকে) উৎপন্ন। [বাং. √ জন্ম্ + ইত]।

জন্য, (কথ্য) জন্যে (p. 312) [janya, (kathya) janyē] অব্য. অনু. 1 কারণে, ফলে, বশত, দরুন (অসুস্থতার জন্য দুর্বলতা, সেইজন্য দুঃখকষ্ট); 2 নিমিত্ত, উদ্দেশ্যে, প্রয়োজনে (উপার্জনের জন্য বিদেশে যাওয়া, আমার জন্য চিন্তা করছে)। □ বিণ. উৎপাদ্য; উৎপাদক। [সং. √ জন্ + ণিচ্ + য]। ̃ জনক-সম্বন্ধ বি. যে উৎপাদন করে এবং যা উৎপন্ন হয় এই দুইয়ের সম্বন্ধ।

জপ (p. 312) [japa] বি. (সচ. মনে মনে বা অনুচ্চ স্বরে) ইষ্টমন্ত্রাদি পুনঃ পুনঃ উচ্চারণ বা আবৃত্তি। [সং. √ জপ্ + অ]। ̃ তপ বি. জপ ও উপাসনা; পূজা-অর্চনা। ̃ তহি ক্রি. (ব্রজ.) জপ করে, জপ করছে। ̃ ন বি. জপ করা। ̃ মালা বি. ইষ্টমন্ত্রাদি জপ করার সময় যে মালার গুটিকা গোনা হয়; (আল.) সর্বদা স্মরণীয় বিষয় (টাকাই এখন তার জপমালা হয়েছে)। ̃ যজ্ঞ বি. ইষ্টনাম জপরূপ যজ্ঞ বা পূণ্যকর্ম। জপা ক্রি. জপ করা; মনে মনে আবৃত্তি করা। জপানো ক্রি. 1 জপ করানো; মুখস্থ করানো; 2 (কথ্য.) ক্রমাগত প্ররোচনা বা পরামর্শ দিয়ে কার্যোদ্ধারের চেষ্টা করা, ভজানো (লোভ দেখিয়ে তাকে জপানো সহজ হবে না)। জপ্য বিণ. জপের যোগ্য. জপনীয়। □ বি. জপমালা।

জপানো (p. 312) [japānō] দ্র জপ।

জপিত (p. 312) [japita] বিণ. জপ করা হয়েছে এমন (জপিত নাম)। [সং. √ জপ্ + ত]।

জপ্য (p. 312) [japya] দ্র জপ।

জব-জব (p. 312) [jaba-jaba] বি. তেল ঘি ইত্যাদি তরল পদার্থে সিক্ত হওয়ার ভাব (চুলে তেল একেবারে জবজব করছে)। [দেশি]। জব-জবে বিণ. জবজব করছে এমন।

জবড়ে, জবরজং (p. 312) [jabaḍ়ē, jabaraja] বিণ. 1 এলোমেলো, বিশৃঙ্খল; 2 বেমানান, বিসদৃশ (জবড়জং চেহারা, জবড়জং পোশাক)। [আ. যবর + ফা. জঙ্গ]।

জবর (p. 312) [jabara] বিণ. 1 জাঁকালো (জবর আয়োজন, জবর মজা, জবর উৎসব); 2 চমৎকার, উৎকৃষ্ট (জবর জিনিস); 3 জোরালো (জবর মার, জবর ঘা দিয়েছি); 4 বলিষ্ঠ (জবর পালোয়ান); 5 কঠিন, কঠোর (জবর শাস্তি); 6 নাছোড়বান্দা (জবর লোক); 7 উত্তেজনাজনক; 8 জরুরি (জবর খবর)। [আ. যবর]।˜ দখল বি. জোর করে দখল, বলপ্রয়োগের দ্বারা বা বেআইনি দখল। □ বিণ. বলপ্রয়োগের দ্বারা বা বেআইনিভাবে অধিকৃত (জবরদখল জমি)।˜ দস্ত বিণ. 1 দুর্দান্ত; 2 অত্যন্ত বলবান; 3 অত্যন্ত জুলুমবাজ; অত্যন্ত নাছোড়বান্দা।˜ দস্তি

বি. জুলুম, কঠিন অত্যাচার বা বলপ্রয়োগ। □ ক্রি-বিণ. বলপ্রয়োগের দ্বারা, জুলুম করে (জবরদস্তি কেড়ে নেওয়া)।

জবা (p. 312) [jabā] বি. (সচ.) লাল রঙের পাঁচটি পাপড়িযুক্ত গন্ধহীন ফুলবিশেষ। [সং. জপা > প্রাকৃ. জবা]।

জবাই (p. 312) [jabāi] বি. 1 মুসলমান রীতিতে কণ্ঠনালি ছিন্ন করে পশুবধ; 2 (আল.) হত্যা ('এ গোঁফ যদি আমার বলিস করব তোদের জবাই': সু. রা.)। [আ. জবহ্]।

জবান (p. 312) [jabāna] বি. 1 ভাষা (হিন্দি জবান); 2 কথা, প্রতিশ্রুতি (জবানের ঠিক নেই); 3 জিহ্বা (জবান সামলে কথা বলবে, জবান দুরস্ত করো)। [ফা. যবান; তু. আ. জবান]। ˜ বন্দি বি. বিচারকার্যে ব্যবহারের জন্য প্রদত্ত সাক্ষ্য। জবানি বি. উক্তি। □ ক্রি-বিণ. প্রমুখাত্, মুখে (সব কথা তার জবানিতে শুনে নিয়ো)।

জবাব (p. 312) [jabāba] বি. 1 চিঠিপত্র বা প্রশ্নের উত্তর (চিঠির জবাব দেওয়া); 2 কৈফিয়ত (এর জবাবে তোমার কী বলার আছে?); 3 উদ্ধত প্রত্যুত্তর, চোপা (মুখে মুখে জবাব দেওয়া); 4 ইস্তফা, বিদায়, বরখাস্ত (ও চাকরিতে তার জবাব হয়ে গেছে)। [আ. জবাব]। ˜ দিহি বি. 1 কৈফিয়ত; 2 দায়িত্ব।

জবাবি (p. 312) [jabābi] বিণ. 1 জবাব লেখার জন্য প্রদত্ত (জবাবি পোস্টকার্ড); 2 জবাব হিসাবে বলা হয় এমন, পালটা (জবাবি কৈফিয়ত)। [আ. জওয়াব + বাং. ই]।

জবু-থবু (p. 312) [jabu-thabu] বিণ. জড়ের মতো নিষ্ক্রিয় ও শক্তিহীন; নড়াচড়া করতে পারে না বা চায় না এমন (এই বয়সেই এমন জবুথবু হয়ে গেলে কী করে)। [তু. সং. জড় + স্থবির]।

জব্দ (p. 312) [jabda] বিণ. 1 নাকাল, নিগৃহীত, লাঞ্ছিত (তার পিছনে লাগতে গিয়ে নিজেই জব্দ হল); 2 পরাজিত, পরাভূত, দমিত (শত্রু জব্দ হয়েছে); 3 বাজেয়াপ্ত (জামিন জব্দ); 4 অধিকৃত (ভিটেমাটি জব্দ)। [আ. জব্‌ত্]।

জমক (p. 312) [jamaka] বি. 1 আড়ম্বরপূর্ণ শোভা; 2 সমারোহ; 3 জেল্লা। [হি. ঝমক, তু. সং. চমক]। জমকানো বি. ক্রি. জাঁকানো; জমজমে হওয়া; শোভিত হওয়া বা করা। □ বিণ. উক্ত সব অর্থে। জমকালো বিণ. জাঁকালো, আড়ম্বরপূর্ণ, জাঁকজমকবিশিষ্ট।

জম-জম (p. 312) [jama-jama] বি. লোকসমাগমের জন্য উপভোগ্য অবস্থা, গমগমে ভাব (মেলাপ্রাঙ্গণ লোকে জমজম করছে)। জম-জমে বিণ. জমজম করছে এমন (জমজমে মেলাপ্রাঙ্গণ)। [দেশি]।

জম-জমাট (p. 312) [jama-jamāṭa] বিণ. জমজমে ও সেই কারণে আকর্ষণীয় হয়েছে এমন; সরগরম (জমজমাট আসর)। [হি. ঝমঝমানা]।

জমদগ্নি (p. 312) [jamadagni] বিণ. 1 অগ্নি ভক্ষণকারী; 2 ক্রোধী। □ বি. পরশুরামের পিতা। [সং. √ জম্ + অত্ + অগ্নি]।

জমা1 (p. 312) [jamā1] ক্রি. 1 সঞ্চিত বা সংগৃহীত হওয়া (টাকা জমছে); 2 স্তূপীকৃত হওয়া (ময়লা জমে); 3 বৃদ্ধি পাওয়া (পসার জমছে না, মেঘ জমছে); 4 জমাট বাঁধা, ঘন বা কঠিন হওয়া (বরফ জমছে); 5 সমবেত বা একত্র হওয়া (লোক জমছে); 6 উপভোগ্য হওয়া, সরগরম হওয়া (গানটা বেশ জমেছে, আসর জমেছে); 7 অসাড় বা ঠাণ্ডা হওয়া (হাত-পা জমে যাচ্ছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [জমা2 দ্র]।

জমা2 (p. 312) [jamā2] বি. 1 পুঁজি, সঞ্চয়; সংগ্রহ; 2 আয় (জমা-খরচ); 3 খাজনা (বার্ষিক দশ টাকা জমা); 4 খাজনা করা জমি (তাঁর অধীনে আমার কিছু জমা আছে)। [আ. জম্‌আ]। ̃ ওয়াশিল-বাকি বি. আদায়ীকৃত ও অনাদায়ী খাজনার হিসাব। ̃ খরচ বি. আয়-ব্যয়ের হিসাব। ̃ নবিশ বি. জমি ও খাজনার হিসাবরক্ষক। ̃ বন্দি বি. প্রজাবিলি ও খাজনার হিসাব।

জমাট (p. 312) [jamāṭa] বিণ. 1 ঘনীভূত, কাঠিন্যপ্রাপ্ত (জমাট দই); 2 দৃঢ়, সংহত, শক্ত, মজবুত (জমাট গাঁথনি); 3 অবিচ্ছেদ্য, অন্তরঙ্গ (জমাট বন্ধুত্ব); 4 পরিপূর্ণভাবে উপভোগ্য (জমাট আড্ডা); 5 সরগরম (জমাট আসর)। □ বি. কাঠিন্য; জমাট-বাঁধা বস্তু বা জিনিস (চূন-সুরকির জমাট)। [বাং. জমা1 + অট - তু. আ. জমাবট]।

জমাটি (p. 312) [jamāṭi] বিণ. জমাট, সরগরম (জমাটি আড্ডা)। [বাং. জমাট + ই]।

জমাদার (p. 312) [jamādāra] বি. 1 উচ্চপদস্থ ভারতীয় সৈনিকবিশেষ; 2 হেড কনস্টেবল; 3 ধাঙড়, মেথর বা কুলির সর্দার; 4 প্রধান যন্ত্রচালক (ছাপাখানার জমাদার); 5 মেথর। [ফা. জমাদার্]।

জমানত (p. 312) [jamānata] বি. জামিনস্বরূপ প্রদত্ত টাকা, জামিনের টাকা; জামিন। [আ. জমানত্]।

জমানা, জামানা (p. 312) [jamānā, jāmānā] বি. 1 আমল, যুগ (সে জমানা আর নেই); 2 শাসনকাল (কংগ্রেসি জমানা)। [আ. জমানা]।

জমানো (p. 312) [jamānō] বি. ক্রি. সঞ্চয় বা সংগ্রহ করা (টাকা জমানো); 2 ঘনীভূত করা (বরফ জমানো); 3 জমায়েত করা (চেঁচিয়ে লোক জমানো); 4 সরগরম করা (আসর জমানো)। □ বিণ. উক্ত সব অর্থে। [জমা2 দ্র-তু. হি. জমানা]।

জমায়েত, (বর্ত. অপ্র.) জমায়ত (p. 312) [jamāẏēta, (barta. apra.) jamāẏata] বি. জনসমাবেশ (বিরাট জমায়েত হয়েছে)। [আ. জমায়ত্]। জমায়েত হওয়া ক্রি. বি. ভিড় করে একত্র হওয়া; সমবেত হওয়া।

জমি (p. 312) [jami] বি. 1 ভূমি (জমিতে পড়ে আছে); 2 কৃষিক্ষেত্র (চাষের জমি); 3 ভূ-সম্পত্তি (সমস্ত জমি ক্রোক হয়েছে); 4 ভূতল, ভূপৃষ্ঠ (সর্বত্র বন্যার জল, কোথাও জমি দেখা যায় না); 5 বস্ত্রাদির বুনুনি (শাড়ির জমি)। [ফা. জমীন্]।˜ জমা বি. ভূ-সম্পত্তি।˜ জিরাত,˜ জিরেত বি. চাষবাসের উপযুক্ত জমি; কৃষিজমি।˜ দার বি. জমির মালিক, ভূস্বামী।˜ দারি বি. 1 জমিদারের পদ; 2

জমিদারের সম্পত্তি (এত বড় জমিদারি সামলায় কে?); 3 (আল.) দাপট, খবরদারি, মাতব্বরি (এখানে তোমার জমিদারি মানব না)। □ বিণ. 1 জমিদারসংক্রান্ত (জমিদারি কায়দা); 2 জমিদারিসংক্রান্ত (জমিদারি আয়)।

জমিন (p. 312) [jamina] বি. জমি ('মানবজমিন রইল পতিত': রা. প্র.)। [ফা. জমীন্]।

জম্পতি (p. 312) [jampati] বি. 1 স্বামী ও স্ত্রী; দম্পতি; 2 মিথুন, যুগল। [সং. জায়া + পতি]।

জম্পেশ, জম-পেশ (p. 312) [jampēśa, jama-pēśa] বিণ. উত্তম, তোফা; খুব উপভোগ্য; জমিয়ে করা হয় এমন (আজ বেশ জম্পেশ করে খাওয়া হল)। [দেশি]।

জম্বির, জম্বীর (p. 312) [jambira, jambīra] বি. জামির, গোঁড়া লেবু। [সং. √ জম্ + ইর, ঈর]।

জম্বু (p. 312) [jambu] বি. 1 জাম বা জামগাছ ('জম্বুপুঞ্জে শ্যাম বনান্ত': রবীন্দ্র); 2 পুরোণোক্ত সপ্তদ্বীপের অন্যতম, এশিয়া মহাদেশ; 3 সুমেরু পর্বতের নদীবিশেষ। [সং. √ জম্ + উ, ব্ আগম]। ˜ দ্বীপ বি. পৌরাণিক দ্বীপবিশেষ, পুরোণোক্ত সপ্তদ্বীপের অন্যতম।

জম্বুক (p. 312) [jambuka] বি. শিয়াল। [সং. √ জম্ + উ + ক]।

জম্বুরা (p. 312) [jamburā] বি. (আঞ্চ.) বাতাবিলেবু। [তু. জম্বীর]।

জয় (p. 312) [jaẏa] বি. 1 পরাভূত বা দমন করা (শত্রু জয়, যুদ্ধ জয়); 2 যুদ্ধ ইত্যাদির দ্বারা অধিকার করা (দেশ জয়); 3 কার্যসিদ্ধি, সাফল্য (জীবনে জয়লাভ করা, মহারাজের জয় হোক)। [সং. √ জি + অ]। ̃ কেতু বি. জয়পতাকা। ̃ জয়-কার বি. জয়ধ্বনি; বিজয়ের পরাকাষ্ঠা; জয়োল্লাসের ধ্বনি। ̃ জয়ন্তী বি. 1 সংগীতের রাগবিশেষ; 2 বিজয়নিশান। ̃ ঢাক বি. রণবাদ্যরূপে ব্যবহৃত বিরাট ঢাক; বড় ঢাক। ̃ তি ক্রি. জয় হয়। ̃ তু ক্রি. জয় হোক। ̃ দুর্গা বি. দুর্গাদেবীর রূপবিশেষ। ̃ ধ্বজ বি. জয়পতাকা। ̃ ধ্বনি বি. 1 জয়োল্লাসের ধ্বনি; 2 গৌরবকীর্তন বা বিজয়ঘোষণা ('তোরা সব জয়ধ্বনি কর': নজরুল)। ̃ নাদ বি. জয়ধ্বনি; আনন্দধ্বনি। ̃ পতাকা বি. বিজয়নিশান। ̃ পত্র বি. বিজয় বা সাফল্যের নিদর্শনসূচক পত্র বা লেখন। ̃ ভেরী বি. জয়ঢাক। ̃ মঙ্গল বি. 1 মঙ্গলচণ্ডী; 2 জ্বরনাশক কবিরাজি ওষুধবিশেষ; 3 রাজহস্তী। ̃ মাল্য বি. জয়ের নিদর্শনরূপে প্রাপ্ত মালা। ̃ যুক্ত বিণ. জয়ী; জয় বা সাফল্য অর্জন করেছে এমন (জয়যুক্ত হও)। ̃ লক্ষ্মী বি. সাফল্যরূপ লক্ষ্মী; জয়শ্রী; বিজয়। ̃ লেখ বি. বিজয়ীর ললাটে জয়ের যে বিবরণপত্র এঁটে দেওয়া হয় বা হত ('ললাটে দিয়াছে জয়লেখ': রবীন্দ্র); (আল.) বিজয় নিদর্শন; সাফল্যের নিদর্শন। ̃ শঙ্খ বি. যে শঙ্খ বাজিয়ে যোদ্ধা নিজের জয় ঘোষণা করে। ̃ শ্রী বি. 1 জয়লক্ষ্মী, বিজয়ের অধিষ্ঠাত্রী দেবী; 2 সংগীতের রাগবিশেষ। ̃ স্তম্ভ বি. বিজয়লাভের নিদর্শন বা স্মারক হিসাবে নির্মিত স্তম্ভ। জয়োন্মত্ত বিণ. জয়লাভের ফলে উন্মত্ত বা উদ্দাম। জয়োৎসব বি. বিজয়লাভের উপলক্ষ্যে উৎসব। জয়োল্লাস বি. জয়ের আনন্দ।

জয়ত্রি, জৈত্রি (p. 312) [jaẏatri, jaitri] বি. জায়ফল গাছের ফুল বা ছাল। [সং. জাতিপত্রী]।

জয়ন্ত (p. 312) [jaẏanta] বি. 1 ইন্দ্রপুত্র; 2 শিব; মহাদেব; 3 ভীমের ছদ্মনাম। [সং. √ জি + অন্ত]।

জয়ন্তী (p. 312) [jaẏantī] বি. 1 পতাকা, নিশান; 2 দুর্গা; 3 ইন্দ্রকন্যা; 4 শ্রীকৃষ্ণের জন্মতিথি বা জন্মরাত্রি; 5 বরণীয় ব্যক্তির সম্মানে অনুষ্ঠিত উৎসব (রবীন্দ্রজয়ন্তী); 6 বৃক্ষবিশেষ জয়ন্তীপত্র)। [সং. √ জি + অত্ (শতৃ) + ঈ]। রৌপ্য জয়ন্তী বি. পঁচিশ বৎসর পূর্ণ হওয়া উপলক্ষ্যে উৎসব। সুবর্ণ জয়ন্তী বি. পঞ্চাশ বৎসর পূর্ণ হওয়া উপলক্ষ্যে উৎসব। হীরক জয়ন্তী বি. ষাট বৎসর পূর্ণ হওয়া উপলক্ষ্যে অনুষ্ঠিত উৎসব।

জয়-পাল (p. 312) [jaẏa-pāla] বি. 1 ব্রহ্মা; 2 বিষ্ণু; 3 বৃক্ষবিশেষ যার বীজ থেকে croton oil নামে পরিচিত উগ্র বিরেচক তেল উৎপন্ন হয়। [সং. জয় + √ পালি + অ]।

জয়া (p. 312) [jaẏā] বি. 1 পার্বতী, শিবপত্নী; 2 পার্বতীর সখীবিশেষ; 3 জয়ন্তীবৃক্ষ; 4 হরীতকী; 5 ভাং, সিদ্ধি। [সং. √ জি + অ + আ]।

জয়ী (p. 312) [jaẏī] (-য়িন্) বিণ. জয়লাভকারী, জয়যুক্ত, জয়শীল। [সং. √ জি + ইন্]।

জয়োল্লাস (p. 312) [jaẏōllāsa] দ্র জয়।

জয়োস্তু (p. 312) [jaẏōstu] ক্রি. জয় হোক, জয়তু। [< সং. জয়ঃ + অস্তু]।

জর-জর (p. 312) [jara-jara] বিণ. 1 অতিশয় ক্লিষ্ট (দুঃখে জরজর); 2 জীর্ণ; 3 জারিত (নুনে জরজর); 4 দুঃখে বা আনন্দে বিহ্বল ('তার পুলকিত তনু জরজর', 'শোকে হিয়া জরজর': রবীন্দ্র)। [সং. জর্জর]।

জরজেট (p. 312) [jarajēṭa] দ্র জর্জেট।

জরঠ (p. 312) [jaraṭha] বিণ. 1 অতি বৃদ্ধ; 2 শক্ত বা কঠিন ('জরঠ কর্মঠ': ক. ক.)। [সং. √ জৃ + অঠ]।

জরত্ (p. 312) [jarat] বিণ. জরাজীর্ণ (জরদ্গব)। [সং. √ জৃ + অত্]। জরতী বিণ. (স্ত্রী.) জরাগ্রস্তা; অতি বৃদ্ধা; অতি প্রাচীনা ('জরতী পৃথিবী')। □ বি. অতি বৃদ্ধা ও জরাগ্রস্তা স্ত্রীলোক ('রূপজীবী জরতীর মতো': সু. দ.)।

জরত্-কারু (p. 312) [jarat-kāru] বি. পৌরাণিক মুনিবিশেষ, মনসাদেবীর পতি। [সং. জরত্ (জরাজীর্ণ) + কারু]।

জরতী (p. 312) [jaratī] দ্র জরত্।

জরথুস্ত্র, জরথুস্ট্র (p. 312) [jarathustra, jarathusṭra] বি. প্রাচীন পারসিক ধর্মপ্রবর্তক, পশ্চিম ভারতীয় পারসি সম্প্রদায়ের ধর্মগুরু, Zarathustra.

জরদ (p. 312) [jarada] বিণ. হলদে, পীতবর্ণ। [ফা. যর্দ্]।

জরদ্-গব (p. 312) [jarad-gaba] বি. 1 জরাগ্রস্ত ষাঁড়; 2 (আল.) অকর্মণ্য স্থবির লোক। [সং. জরত্ + গো + অ]।

জরদা, জর্দা (p. 312) [jaradā, jardā] বি. পানের সঙ্গে খাবার সুগন্ধ তামাকচূর্ণবিশেষ, সুরতি। □ বিণ. হলদে, পীত।˜ পোলাও বি. জাফরানমিশ্রিত হলদে রঙের মিষ্টি পোলাও।

জরা1 (p. 312) [jarā1] বি. বার্ধক্য, স্থবিরতা (জরায় আক্রান্ত, জরাজনিত দুর্বলতা)। [সং. √ জৃ + অ + আ]।˜ জনিত বিণ. জরার কারণ ঘটিত, জরার জন্য ঘটেছে এমন।˜ জীর্ণ বিণ. বার্ধক্যের জন্য দুর্বল ও অকর্মণ্য (জরাজীর্ণ শরীর)।˜ রহিত,˜ হীন বিণ. জরায় আক্রান্ত হয় না এমন, যার জরা নেই, অজর।

জরা2 (p. 312) [jarā2] ক্রি. জীর্ণ হওয়া (নুনে জরা)। □ বি. উক্ত অর্থে। [সং. √ জৃ + আ]।˜ নো বি. ক্রি. জারিত করা। □ বিণ. উক্ত অর্থে।

জরাজীর্ণ (p. 312) [jarājīrṇa] দ্র জরা1।

জরায়ু (p. 312) [jarāẏu] বি. যে থলি বা আধারে ভ্রূণ থাকে, গর্ভকোষ, গর্ভাশয়, গর্ভশয্যা, uterus. [সং. জরা + ই + উ]।˜ জ বিণ. জরায়ু থেকে প্রসূত বা জরায়ুতে জাত অর্থাত্ মানুষ পশু প্রভৃতি যারা মাতৃগর্ভ থেকে শিশুরূপে জন্মগ্রহণ করে এমন (জরায়ুজ প্রাণী)। তু. অণ্ডজ।

জরি (p. 312) [jari] বি. সোনালি বা রুপালি তার পাত; সোনালি বা রুপালি তার বা পাতে মোড়া সরু সুতো। [ফা. যরী, যরীন]। ̃ দার বিণ. জরিওয়ালা, জরিযুক্ত।

জরিপ (p. 312) [jaripa] বি. জমির মাপ, ক্ষেত্র পরিমাপ। [আ. জরীব]।

জরিমানা (p. 312) [jarimānā] বি. অর্থদণ্ড, ফাইন ('এই না বলে জরিমানা করলেন তিনি সবায়': সু. রা.)। [আ. জুর্মানা]।

জরু, জোরু (p. 312) [jaru, jōru] বি. পত্নী, স্ত্রী। [হি. জোরু]।

জরুর (p. 312) [jarura] অব্য. ক্রি-বিণ. নিশ্চয়, অবশ্যই (জরুর হবে; কেন যাবে না, জরুর যাবে)। [আ. জরুর্]। ̃ ত বি. প্রয়োজন, দরকার। জরুরি বিণ. 1 অত্যন্ত দরকারি; আশু প্রয়োজনীয় (জরুরি কথা, জরুরি কাজ); 2 এই মুহূর্তে করণীয়, urgent (জরুরি তলব)।

জর্জর (p. 312) [jarjara] বিণ. জীর্ণ, অতিশয় ক্লিষ্ট (রোগজর্জর, দুঃখে জর্জর)। [সং. √ জর্জ্ + অর]। জর্জরিত বিণ. জর্জর করা হয়েছে এমন (কশাঘাতে জর্জরিত); জর্জর (রোগে জর্জরিত শরীর)।

জর্জেট, জর-জেট (p. 312) [jarjēṭa, jara-jēṭa] বি. মিহি রেশমজাতীয় ক্রেপ বস্ত্রবিশেষ। [ইং. georgette]।

জর্দা (p. 312) [jardā] দ্র জরদা।

জল (p. 312) [jala] বি. 1 স্বাদ-বর্ণ-গন্ধহীন স্বচ্ছ তরল, বারি, সলিল, উদক, অম্বু, নীর (পানীয় জল, নদীর জল); 2 বৃষ্টি (আজ নিশ্চয়ই জল হবে); 3 (আঞ্চ.) হালকা খাবার (তুমি সকালে জল খেয়েছ?)। □ বিণ. 1 শীতল (প্রাণ জল হয়ে গেল); 2 শান্ত (মিষ্টি কথায় জল হয়ে গেলাম); 3 তরল, সরল ('বুঝিয়ে দিলে যেন জল': সু. রা.); 4 নষ্ট, অপব্যয়িত (টাকা জল হওয়া, পরিশ্রম জল হওয়া)। [সং. √ জল্ + অ]। ˜ কণা বি. জলের ফোঁটা, জলের বিন্দু। ˜ কন্যা বি. নদী ইত্যাদি থেকে উত্থিতা অপ্সরী; জলপরি। ˜ কপাট বি. নদী ইত্যাদির মধ্যে জলস্রোত নিয়ন্ত্রণের জন্য কপাটযুক্ত বাঁধবিশেষ, floodgate. ˜ কর বি. জলাশয়াদির উপর ধার্য খাজনা; মাছ চাষের জন্য জলাশয়ের উপর যে খাজনা ধার্য হয়। ˜ কল্লোল বি. জলস্রোতের কলকল শব্দ; শব্দকারী জলতরঙ্গ। ˜ কষ্ট বি. জলের অভাবের জন্য কষ্ট। ˜ কাদা বি. বৃষ্টির জল এবং তার ফলে রাস্তায় কাদা। ˜ কুক্কুট বি. গাংচিল। ˜ কেলি, ˜ ক্রীড়া, ˜ খেলা বি. জলের মধ্যে আনন্দে সাঁতার ও অন্য ক্রীড়াকৌতুক। জল খাওয়া ক্রি. বি. 1 জল পান করা; 2 হালকা খাবার বা জলখাবার খাওয়া। ˜ খাবার বি. সকাল-বিকালের হালকা খাবার, জলযোগ, টিফিন। ˜ গৃহ জলটুঙি -র অনুরূপ। ˜ চর বিণ. জলে বিচরণ করে এমন (জলচর পাখি)। ˜ চল বিণ. যার ছোঁয়া জল পান করতে বাধা নেই। ˜ চুড়ি বি. পরিধেয় বস্ত্রাদিতে সরু ডোরার মতো জলছাপ। ˜ চৌকি বি. ছোট ও নিচু চৌকো বসার টুল। ˜ ছত্র জলসত্র -র চলিত রূপ। ˜ ছবি বি. যেঁ ছবি জলে ভিজিয়ে অন্য কাগজে চেপে ছাপ তোলা যায়। ˜ জ বিণ. জলে বা জলাশয়াদিতে উৎপন্ন হয় এমন (জলজ উদ্ভিদ)। □ বি. পদ্ম ফুল। ˜ জন্তু বি. জলচর জন্তু। ˜ জিয়ন্ত, ˜ জ্যান্ত বিণ. সম্পূর্ণ সজীব; সম্পূর্ণ স্পষ্ট (জলজ্যান্ত প্রমাণ); একেবারে, ডাহা (জলজ্যান্ত মিথ্যা)। ˜ টল বি. জল ও ওইজাতীয় অন্য জিনিস; জলখাবার (জলটল খেয়েছে?)। ˜ টুঙি, ˜ টুঙ্গি বি. পুকুর, দিঘি প্রভৃতির মধ্যে নির্মিত ঘর। ˜ ঢোঁড়া বি. জলচর নির্বিষ ঢোঁড়া

সাপবিশেষ।˜ তরঙ্গ বি. 1 জলের ঢেউ; 2 সাতটি জল-ভরা বাটিতে কাঠির আঘাতে সুর তোলা হয় এমন বাদ্যযন্ত্রবিশেষ।˜ তেষ্টা বি. জলপিপাসা, তৃষ্ণা।˜ দ বিণ. জল দেয় এমন। □ বি. মেঘ।˜ দস্যু বি. যারা নদীতে বা সমুদ্রপথে ডাকাতি করে বেড়ায়।˜ দেবতা বি. জলে অধিদেবতা; বরুণ।˜ দোষ বি. 1 উদরীরোগ; 2 কোষবৃদ্ধি।˜ ধর বিণ. জলধারণকারী; জলপূর্ণ। □ বি. 1 মেঘ (নব জলধর); 2 সমুদ্র।˜ ধি বি. সমুদ্র।˜ নালি,˜ প্রণালী বি. জলনিকাশের নর্দমা।˜ নিধি বি. সমুদ্র।˜ পাটি বি. দেহের আহত স্থানে বাঁধার জন্য বা জ্বরের তাপ কমানোর জন্য কপালে দেবার জলসিক্ত কাপড়ের টুকরো বা ফালি।˜ পড়া বি. রোগ-বালাই, ভূত প্রভৃতি অমঙ্গল দূর করার জন্য মন্ত্রপূত জল।˜ পথ বি. নৌকা জাহাজ প্রভৃতি যোগে চলবার পথ অর্থাত্ নদী, সমুদ্র ইত্যাদি।˜ পরি বি. জলে বিচরণ বা বাস করে এমন কাল্পনিক কন্যা, জলকন্যা।˜ পান বি. জলখাবার।˜ পানি বি. 1 মেধাবী ছাত্রের পুরস্কার বা বৃত্তি; 2 জলখাবার খাওয়ার পয়সা।˜ পিপি বি. জলে ভাসমান উদ্ভিদের উপর চলে বেড়ায় এমন বকজাতীয় পাখিবিশেষ, water jacana.˜ প্রপাত বি. পর্বত বা ওইরকম উঁচু জায়গা থেকে অবিরত বেগে পতনশীল জলধারা।˜ প্লাবন বি. প্রবল বন্যা।˜ বসন্ত, পানি-বসন্ত বি. সংক্রামক কিন্তু মারাত্মক নয় এমন, গুটিকারোগ, chicken-pox.˜ বাতাস,˜ বায়ু বি. আবহাওয়া।˜ বিছুটি বি. জলে ভিজানো বা জলে জাত বিছুটি গাছ, যা গায়ে লাগলে অত্যন্ত চুলকায় জ্বালা করে।˜ বিজ্ঞান বি. জলবিষয়ক শাস্ত্র।˜ বিদ্যুত্ বি. প্রধানত জল থেকে বা বাষ্প থেকে উৎপাদিত বিদ্যুত্, hydroelectricity.˜ বিভাজিকা বি. বিভিন্ন নদী ইত্যাদির মিলনস্থানে জলের বিভাজক রেখা; দুই নদীর জলের মিলনস্থানে যে রেখা দুই নদীর জলকে পৃথকভাবে চিহ্নিত করে, watershed.˜ বিম্ব বি. জলের বুদ্বুদ, ভুড়ভুড়ি।˜ বিষুব বি. কার্তিক মাসের সংক্রান্তি।˜ বিহার বি. জলক্রীড়া। জল ভাঙা ক্রি. বি. 1 জল বার হওয়া; 2 সন্তানপ্রসবের অনতিপূর্বে গর্ভিণীর গর্ভাশয় থেকে জল বার হওয়া; 3 জলের মধ্য

দিয়ে হাঁটা (জল ভেঙে এত পথ যাওয়া যায়?)। ˜ ভাত বি. (আল.) অতি সহজ ব্যাপার (এটা বুঝছ না? এ তো জলভাত)। ˜ ভ্রমি বি. নদী সমুদ্র প্রভৃতির মধ্যে জলের আবর্ত বা ঘূর্ণি। ˜ মগ্ন বিণ. জলে ডুবে গেছে বা ডুবে আছে এমন। ˜ ময় বিণ. জলপূর্ণ, জলে ভরা; জলপ্লাবিত। জল মরা ক্রি. বি. জল কমে বা শুকিয়ে যাওয়া। ˜ মার্জার বি. উদ্বিড়াল। ˜ মুক (-মুচ্‌) বি. মেঘ। ˜ যন্ত্র বি. 1 জল তুলবার যন্ত্র; 2 জলঘড়ি; 3 ধারাযন্ত্র, পিচকারি, spray. ˜ যাত্রা বি. 1 জলপথে যাত্রা; 2 জল আনার জন্য যাওয়া। ˜ যান বি. জলপথে যাতায়াতের জন্য নৌকো জাহাজ ইত্যাদি যান। ˜ যোগ বি. জলখাবার খাওয়া। ˜ রং বি. জলে গুলে নিয়ে আঁকতে হয় এমন রং। ˜ রোধী বিণ. 1 জল আটকায় এমন, watertight; 2 যার মধ্যে দিয়ে জল প্রবেশ করতে পারে না, waterproof. ˜ শৌচ বি. মলমূত্রাদি ত্যাগের পর জল দিয়ে শরীরের অঙ্গ ধোওয়া। ˜ সত্র, ˜ ছত্র বি. যে স্থান থেকে সর্বসাধারণকে বিনামূল্যে জল দান করা হয়। জল সরা ক্রি. বি. 1 জল বার হওয়া; 2 পুকুর ইত্যাদি জলাশয়ে নিত্যপ্রয়োজনে জল ব্যবহার করা। জল সহা, (কথ্য) জল সওয়া ক্রি. বি. বিবাহাদি উপলক্ষ্যে প্রতিবেশীর বাড়ি থেকে জল সংগ্রহরূপ মঙ্গলাচরণ করা। ˜ সেক বি. জলসেচন; গরম জলে ন্যাকড়া তুলো ইত্যাদি ভিজিয়ে সেক দেওয়া। ˜ স্তম্ভ বি. সমুদ্র নদী ইত্যাদিতে স্তম্ভের আকারে উত্থিত জলরাশি, waterspout. জল হওয়া ক্রি. বি. 1 বৃষ্টি হওয়া; 2 তরল বা দ্রব হওয়া (গলে জল হয়ে গেছে); 3 শান্ত বা শুঁড়িবিহীন জলজন্তুবিশেষ। ˜ হাওয়া বি. আবহাওয়া। জলীয় বিণ. 1 জলপূর্ণ; 2 জলসম্বন্ধীয়; 3 জলমিশ্রিত। জলে দেওয়া, জলে ফেলা ক্রি. বি. নষ্ট করা; অপাত্রে দান করা। জলে পড়া ক্রি. বি. অস্থানে উপস্থিত হওয়া; অপাত্রে পড়া; বিপদে পড়া। জলে যাওয়া ক্রি.বি. নষ্ট হওয়া; অপচয় হওয়া; লোকসান বা ব্যর্থ হওয়া। জলের দাগ বি. নিমেষেই মুছে যায় এমন চিহ্ন। জলের দামে ক্রি-বিণ. নামমাত্র দামে, খুব সস্তায়।

জলদ2 (p. 312) [jalada2] বিণ. ক্রি-বিণ. শীঘ্র, সত্বর, দ্রুত (গানটা জলদ লয়ে গাও)। [ফা. জলদ্ -তু. হি. জলদী]।

জলদ-গম্ভীর (p. 312) [jalada-gambhīra] বিণ. মেঘের গর্জনের মতো গম্ভীর (জলদগম্ভীর কণ্ঠ)। [সং. জলদ + গম্ভীর]।

জলদি (p. 312) [jaladi] ক্রি.-বিণ. শীঘ্র, দ্রুত, তাড়াতাড়ি। [ফা. জলদ্]।

জল-পাই (p. 312) [jala-pāi] বি. অম্লস্বাদযুক্ত আমড়ার মতো ছোট ফলবিশেষ, olive. [দেশি]।

জলসা (p. 312) [jalasā] বি. নাচগান ইত্যাদির আসর বা বৈঠক। [আ. জল্স্অ]।

জলা (p. 312) [jalā] বি. জলময় নিম্নভূমি, বিল। □ বিণ. জলময় ও নিচু; জলে ডুবে থাকে এমন (জলাভূমি, জলাজায়গা)। [সং. জল + বাং. আ]। ˜ ভূমি বি. নিচু জলা জায়গা।

জলাচরণীয় (p. 312) [jalācaraṇīẏa] বিণ. জলচল, উচ্চবর্ণের হিন্দুরা যে নিম্নবর্ণের ছোঁয়া জল ব্যবহার করতে পারে সেই বর্ণযুক্ত। [সং. জল + আচরণীয়]।

জলাঞ্জলি (p. 312) [jalāñjali] বি. 1 শবদাহের পর হিন্দুদের সংস্কার অনুযায়ী প্রেতাত্মার উদ্দেশে আঁজলা ভরে জল দেওয়া; 2 (আল.) বিসর্জন, সম্পূর্ণ পরিত্যাগ

(পড়াশুনায় জলাঞ্জলি দিয়েছে); 3 অপচয় (টাকাপয়সা জলাঞ্জলি দেওয়া)। [সং. জল + অঞ্জলি]।

জলাতঙ্ক (p. 312) [jalātaṅka] বি. যে ভাইরাসঘটিত ভয়ংকর রোগে রোগী জল দেখলেই ভয় পায়, hydrophobia, rabies. [সং. জল + আতঙ্ক]।

জলাত্যয় (p. 312) [jalātyaẏa] বি. 1 বর্ষার শেষ; 2 শরৎকাল। [সং. জল (=বৃষ্টি) + অত্যয় (অপগমন, অপসরণ, প্রস্থান)]।

জলাধার (p. 312) [jalādhāra] বি. 1 জলাশয়; 2 জলপাত্র; 3 জল সংরক্ষণের জন্য নির্মিত বৃহত্ চৌবাচ্চা, dam. [সং. জল + আধার]।

জলাধিপ (p. 312) [jalādhipa] বি. 1 সমুদ্র; 2 বরুণ। [সং. জল + অধিপ]।

জলাধি-পতি (p. 312) [jalādhi-pati] বি. জলের দেবতা বরুণ। [সং. জল + অধিপতি]।

জলাবর্ত (p. 312) [jalābarta] বি. নদী সমুদ্র প্রভৃতির জলে ঘূর্ণি, জলভ্রমি, whirpool. [সং. জল + আবর্ত]।

জলাভাব (p. 312) [jalābhāba] বি. 1 জলের অভাব; 2 জলের অভাবহেতু কষ্ট। [সং. জল + অভাব]।

জলাভূমি (p. 312) [jalābhūmi] দ্র জলা।

জলাশয় (p. 312) [jalāśaẏa] বি. 1 জলের আধার; 2 নদী, পুকুর, ডোবা প্রভৃতি। [সং. জল + আশয় (=আধার)]।

জলীয় (p. 312) [jalīẏa] দ্র জল।

জলুস, জৌলুস (p. 312) [jalusa, jaulusa] বি. জেল্লা (পোশাকের জলুস); ওজ্জ্বল্য। [আ. জুলুস]।

জলেন্দ্র, জলেশ, জলেশ্বর (p. 312) [jalēndra, jalēśa, jalēśbara] বি. 1 সমুদ্র; 2 বরুণদেব। [সং. জল + ইন্দ্র, ঈশ, ঈশ্বর]।

জলো (p. 312) [jalō] দ্র জোলো।

জলোচ্ছ্বাস (p. 312) [jalōcchbāsa] বি. 1 জলের স্ফীতি; 2 জোয়ার। [সং. জল + উচ্ছ্বাস]।

জলৌকা (p. 312) [jalaukā] বি. জোঁক। [সং. জল + ওক (=বাসস্থান) + আ]।

জল্প (p. 312) [jalpa] বি. 1 (ন্যায়.) পরমত খণ্ডনের দ্বারা স্বমত প্রতিষ্ঠা; 2 বাক্যব্যয়; কথা বলা; 3 বাচালতা। [সং. √ জল্প্ + অ]। ̃ক বিণ. বাচাল; বহুভাষী। ̃ন, ̃না বি. 1 কথা, উক্তি, কথা বলা; 2 বাচালতা; 3 পরস্পর পরামর্শ, প্রস্তাব; 4

সূচনা। জল্পনা-কল্পনা বি. পরামর্শ, অনুমান; আলোচনা। জল্পিত বিণ. কথিত; প্রস্তাবিত।

জল্লাদ (p. 312) [jallāda] বি. 1 ঘাতক; 2 প্রাণদণ্ডে দণ্ডিত ব্যক্তিকে যে বধ করে; 3 (আল.) অত্যন্ত নিষ্ঠুর ব্যক্তি (লোকটা একেবারে জল্লাদ)। [আ. জল্লাদ]।

জশদ (p. 312) [jaśada] বি. দস্তা। [সং. যশদ]।

জশম (p. 312) [jaśama] বি. (সচ.) লম্বা সোনার মাদুলির সঙ্গে পরিধেয় হাতের গহনাবিশেষ। [ফা. জউশন্]।

জহর1 (p. 312) [jahara1] বি. বিষ. গরল। [ফা. যহ্র্]।

জহর2 (p. 312) [jahara2] বি. মণি, বহুমূল্য পাথর, রত্ন। [আ. জওহর্]।

জহর-কোট (p. 312) [jahara-kōṭa] বি. জওহরলাল নেহরু কর্তৃক ব্যবহৃত ওয়েস্টকোটের মতো ফতুয়াজাতীয় জামাবিশেষ। [জহর < জওহর + ইং. coat]।

জহরত (p. 312) [jaharata] বি. মণিমুক্তাদি বহুমূল্য রত্ন। [আ. জওহরাত্ (বহুবচনে)]।

জহর-ব্রত (p. 312) [jahara-brata] বি. আত্মসম্মান রক্ষার জন্য রাজপুত রমণীদের জ্বলন্ত চিতায় ঝাঁপ দিয়ে বা বিষপান করে মৃত্যুবরণের ব্রত। [ফা. যহ্র্ + সং. ব্রত]।

জহরি, জহুরি (p. 312) [jahari, jahuri] বি. 1 যে জহরতের ব্যাবসা করে; 2 যে ব্যক্তি জহরত চেনে বা জহরতের উৎকর্ষ নির্ণয় করতে পারে; 3 (আল.) যে ভালো জিনিস বা আসল জিনিস চেনে। [আ. জওহরি]।

জহিন (p. 312) [jahina] বিণ. 1 বুদ্ধিমান, চালাক; 2 সমঝদার। [আ. যহীন্]।

জহুরি (p. 312) [jahuri] দ্র জহরি।

জহ্নু (p. 312) [jahnu] বি. পৌরাণিক রাজর্ষিবিশেষ। [সং. √ হা +নু]।˜ কন্যা,˜ তনয়া,˜ সুতা বি. গঙ্গা।

জা1 (p. 312) [jā1] বি. দেবর বা ভাসুরের পত্নী। [সং.যাতৃ]।

জা2 (p. 312) [jā2] বি. সন্তান; পুত্র (ঘোষজা, বোসজা)। [বাং. প্রত্যয় < সং. জাত]।

জাউ (p. 312) [jāu] বি. 1 মণ্ড; খুদ বা চাল বা খুব নরম করে সিদ্ধ করে প্রস্তুত খাবার; 2 মাড়; 3 ফেনভাত। [সং. যবাগূ]।

জাওলা (p. 312) [jāōlā] বিণ. জল থেকে তুলেও যে মাছকে জিইয়ে বা বাঁচিয়ে রাখা যায়, জিওল। □ বি. জাওলা বা জিওল মাছ ধরার উপযুক্ত জাল বা যন্ত্র। [বাং. তু. জিওল, জিয়ল]।

জাং (p. 312) [jā] বি. জঙ্ঘা, ঊরু। [সং. জঙ্ঘা]।

জাঁক (p. 320) [jān̐ka] বি. 1 গর্ব, দম্ভ, বড়াই (জাঁক করে কত কথাই না বলে গেল); 2 আড়ম্বর, সমারোহ (মেয়ের বিয়েতে খুব জাঁক করেছেন)। [সং. জমক]।˜ জমক বি. সমারোহ, আড়ম্বর, বিশেষ সমারোহ।

জাঁকড় (p. 320) [jān̐kaḍ়] বি. অপছন্দ হলে কেনা জিনিস ফেরত দেওয়া হবে এবং দামও ফেরত পাবে এই শর্ত (জিনিসটা জাঁকড়ে কিনেছি)। [হি. জাকড়]।

জাঁকা (p. 320) [jān̐kā] ক্রি. 1 জমকালো হওয়া; 2 চেপে বসা (জেঁকে বসেছে); 3 এঁটে ধরা। □ বি. উক্ত সব অর্থে। [বাং. জাঁক + আ]।˜ নো ক্রি. বি. শোভিত করা, শোভামণ্ডিত করা; 2 জমকালো হওয়া। □ বিণ. জমকালো, সরগরম; গুলজার। □ বি. জমকালো ভাব বা অবস্থা।

জাঁকালো (p. 320) [jān̐kālō] বিণ. জমকালো, জাঁকজমকপূর্ণ। [বাং. জাঁক + আলো]।

জাঁতা1 (p. 320) [jān̐tā1] বি. 1 ডাল গম ইত্যাদি শস্য পেষনের জন্য পাথরের তৈরী গোলাকার যন্ত্রবিশেষ; 2 হাপরে হাওয়া দেওয়ার চর্মাবৃত যন্ত্র, ভস্ত্রা। [সং. যন্ত্র]।

জাঁতা2 (p. 320) [jān̐tā2] ক্রি. (আঞ্চ. প্রা. বাং.) জাঁতায় চাপা; টেপা ('চরণ জাঁতিছে')। □ বি. বিণ. উক্ত দুই অর্থে। [জাঁতা1 দ্র]। জাঁতা দেওয়া ক্রি. বি. পিষ্ট

করা; চাপা দেওয়া। ~ নো ক্রি. (আঞ্চ.) চাপানো। □ বি. বিণ. উক্ত অর্থে। জাঁতি বি. সুপারি কাটবার অস্ত্রবিশেষ। [সং. যন্ত্র]। ~ কল বি. ইঁদুর মারার জন্য জাঁতির মতো আকৃতিবিশিষ্ট কল বিশেষ।

জাঁদরেল (p. 320) [jān̐darēla] বি. 1 সেনাপতি; 2 মহাবীর। □ বিণ. 1 মাতব্বর; 2 জবরদস্ত (জাঁদরেল অফিসার); 3 মস্ত, প্রকাণ্ড। [ইং. general]।

জাগ (p. 320) [jāga] বি. কাঁচা ফল পাকাবার জন্য বা পাট পচাবার জন্য খড় পাতা প্রভৃতির চাপ (পাট জাগ দেওয়া, জাগে পাকানো)। [সং. হি. জকড়]।

জাগ-গান (p. 320) [jāga-gāna] বি. উত্তর ও পূর্ববঙ্গে প্রচলিত পল্লিসংগীতবিশেষ। [< বাং. জাগর-গান]।

জাগতিক (p. 320) [jāgatika] বিণ. জগত্ বা ইহলোক সম্বন্ধীয়, পার্থিব (জাগতিক নিয়ম, জাগতিক সুখ-শান্তি)। [সং. জগত্ + ইক]।

জগন্ত (p. 320) [jaganta] বিণ. জেগে আছে এমন, জাগ্রত্, জাগ্রত। তু. বিপ. ঘুমন্ত [বাং. জাগা + অন্ত]।

জাগর (p. 320) [jāgara] বি. 1 জাগ্রত্ বা জাগ্রত অবস্থা ('রজনী জাগর ক্লান্ত': রবীন্দ্র); 2 নিদ্রাভঙ্গ, জেগে জাওয়া; 3 ঘুমভাঙানি গানবিশেষ। [সং. √ জাগৃ + অ]। ~ মন্ত্র বি. ঘুম ভাঙানোর মন্ত্র; নিস্ক্রিয়তা বা অচৈতন্য অবস্থা দূর করার মন্ত্র ('নবীন প্রাণের জাগরমন্ত্র': রবীন্দ্র)।

জাগরণ (p. 320) [jāgaraṇa] বি. 1 নিদ্রাভঙ্গ; 2 নিদ্রাহীনতা; 3 জাগ্রত অবস্থা; 4 কীর্তনাদি পালাগানের অঙ্গবিশেষ; 5 (আল.) নিষ্ক্রিয় বা অচেতন অবস্থা থেকে মুক্তি; 6 উদ্দিপনা; 7 চৈতন্যলাভ (জাতির জাগরণ, নবজাগরণ)। [সং. √ জাগৃ + অন]। জাগরণী বি. জাগরণগান; জাগরণপর্ব। □ বিণ. জাগরণবিষয়ক।

জাগরিত (p. 320) [jāgarita] বিণ. 1 জেগে উঠেছে এমন, নিদ্রোত্থিত; 2 জেগে রয়েছে এমন, নিদ্রাহীন; 3 চেতনাপ্রাপ্ত। [সং. √ জাগৃ + ত]।

জাগরী (p. 320) [jāgarī] (-রিন্) বিণ. 1 জাগরণকারী, জাগিয়ে দেয় এমন; 2 নিদ্রাহীন, জাগরিত। [সং. √ জাগৃ + ইন্]।

জাগরূক (p. 320) [jāgarūka] বিণ. 1 জাগ্রত্, সজাগ; 2 সতর্ক, হুঁশিয়ার; 3 অবিস্মৃত, অটুট (আশা বা সংকল্প হৃদয়ে জাগরূক থাকা)। [সং. √ জাগৃ + ঊক]।

জাগর্তি (p. 320) [jāgarti] বি 1 জাগ্রত অবস্থা; জাগ্রত ভাব; 2 সচেতনতা, চেতনা; 3 উদ্দিপনা। [সং. √ জাগৃ + তি]।

জাগা (p. 320) [jāgā] ক্রি. বি. 1 নিদ্রোত্থিত হওয়া, ঘুম থেকে ওঠা (খুব ভোরে জেগে যাই); 2 না ঘুমানো, বিনিদ্র থাকা (রাত জাগা ভালো নয়); 3 প্রবৃদ্ধ হওয়া, চেতনা লাভ করা ('জাগিয়া উঠেছে প্রাণ': রবীন্দ্র); 4 উদিত হওয়া (মনে একটা প্রশ্ন জেগেছে); 5 উঁচু হয়ে থাকা (কাঁটাটা জেগে আছে, জলের মধ্যে ডালপালাগুলো জেগে আছে)। [সং. জাগৃ + বাং আ]। ˜ নো বি. ক্রি. 1 ঘুম ভাঙানো ('ওরে জাগায়ো না': রবীন্দ্র); 2 প্রবুদ্ধ বা সচেতন করা; 3 সতর্ক করা; 4 স্মরণ করানো। □ বিণ. উক্ত সব অর্থে।

জাগ্রত্ (p. 320) [jāgrat] বিণ. 1 জেগে আছে এমন, জাগ্রত, সজাগ; 2 সতর্ক, সচেতন (সদাজাগ্রত্)। [সং. √ জাগৃ + অত্]।

জাগ্রত (p. 320) [jāgrata] (বাং.) বিণ. 1 জাগ্রত্, সজাগ, জেগে আছে এমন; 2 সতর্ক, সচেতন ('জাগ্রত হে ভগবান', জাগ্রত প্রাণ)। [< সং. জাগ্রত্]।

জঙ্গল (p. 320) [jaṅgala] বিণ. 1 জঙ্গলসম্বন্ধীয়; 2 বনপ্রায়, প্রায় বনের মতো (জাঙ্গল ভূমি); 3 জঙ্গলময়; 4 বন্য, অসভ্য (জাঙ্গল প্রকৃতি, জাঙ্গল স্বভাব)। □ বি. জল-বায়ু-রৌদ্রবিশিষ্ট ও কৃষিসম্পদে সমৃদ্ধ দেশবিশেষ (কুরু-জাঙ্গল)। [সং. জঙ্গল + অ]।

জাঙ্গাল, জাঙাল (p. 320) [jāṅgāla, jāṅāla] বি. 1 বাঁধ, dam. 2 সেতু; 3 জমির আল বা আলি; 4 পথ; 5 পতিত জমি। [সং. জঙ্গাল]।

জাঙ্গিয়া, জাঙিয়া (p. 320) [jāṅgiẏā, jāṅiẏā] বি. জাং বা ঊরু পর্যন্ত লম্বিত খাটো ও আঁটসাঁট অন্তর্বাসবিশেষ [সং. জঙ্ঘা > বাং. জাং + ইয়া]।

জাজিম (p. 320) [jājima] বি. ফরাস; বিছানা, গালিচা, কার্পেট প্রভৃতির উপর বিছাবার মোটা নকশাদার চাদরবিশেষ। [ফা. জাজম্]।

জাজ্বল্য (p. 320) [jājbalya] বিণ. উজ্জ্বল ('অন্তরে জাজ্বল্য থাকে উজ্জ্বল রতন': রবীন্দ্র)। [বাং. প্রয়োগ < সং. জাজ্বল্যমান]।

জাজ্বল্য-মান (p. 320) [jājbalya-māna] বিণ. অতিশয় উজ্জ্বল বা স্পষ্ট। [সং. √ জ্বল্ + যঙ্ + মান (শানচ্)]।

জাট, জাঠ (p. 320) [jāṭa, jāṭha] বি. পঞ্জাব ও রাজপুতানার জাতিবিশেষ। [হি. জাট]।

জাঠর (p. 320) [jāṭhara] বিণ. জঠরসম্বন্ধীয়। [সং. জঠর + অ]।

জাঠা1, যাঠা (p. 320) [jāṭhā1, yāṭhā] বি. পৌরাণিক যুদ্ধাস্ত্রবিশেষ, লৌহযষ্টি। [সং. যষ্টি]।

জাঠা2 (p. 320) [jāṭhā2] বি. অভিযান, মিছিল। [তু. সং. যাত্রা]।

জাড্য (p. 321) [jāḍya] বি. 1 জড়তা, অলসতা; 2 জড়বুদ্ধির ভাব, মূর্খতা; 3 শৈত্য; 4 (বিজ্ঞা.) জড় পদার্থের ধর্মবিশেষ, বাহ্যশক্তির সংস্পর্শে না এলে নিশ্চল অবস্থার বা চলত্ অবস্থার পরিবর্তন না হওয়ার ধর্ম, inertia (বি. প.)। [সং. জড় + য]।

জাড় (p. 321) [jāḍ়] বি. শীত; ঠাণ্ডা, হিম। [হি. জাড়-তু. সং. জাড্য, জড়]।

জাড়ি1 (p. 321) [jāḍ়i1] বি. ভাণ্ড, পাত্র, আধার ('ধনের জাড়ি': চৈ. চ.)। [তু. ইং. jar]।

জাড়ি2 (p. 321) [jāḍ়i2] বি. 1 গুল্ম, ভেষজ গুল্ম; 2 জ্বরনাশক পাচন। [< সং. জ্বর]।

জাত1 (p. 321) [jāta1] বিণ. সঞ্চিত, সংগৃহীত, রক্ষিত (গুদামজাত করে রাখা)। [আ. যাদ]।

জাত2 (p. 321) [jāta2] বিণ. 1 শ্রেষ্ঠ (জাত শিল্পী); 2 আসল (জাত সাপ, জাত কেউটে)। [সং. জাত্য]। ̃ বসন্ত বি. সংক্রামক ও মারাত্মক মসূরিকা রোগ, গুটি বসন্ত, small-pox. ̃ সাপ বি. 1 বিষধর সাপ; 2 কেউটে বা গোখরো সাপ।

জাত3 (p. 321) [jāta3] বিণ. 1 জন্মেছে এমন (সদ্যোজাত); 2 উৎপন্ন (ক্ষেত্রজাত)। □ বি. 1 জন্ম (জাতকর্ম); 2 সমূহ (দ্রব্যজাত)। [সং. √ জন্ + ত]। ̃ কর্ম, ̃ কৃত্য, ̃ ক্রিয়া বি. হিন্দু শিশুর জন্ম উপলক্ষ্যে অনুষ্ঠেয় সংস্কারবিশেষ। ̃ কোপ, ̃ ক্রোধ বি. আজন্মকাল ধরে ক্রোধ, বহু পুরোনো ও তীব্র ক্রোধ। □বিণ. দীর্ঘকাল ধরে ক্রুদ্ধ। ̃ পত্র বি. কোষ্ঠী, জন্মপত্রিকা। ̃ পুত্র বিণ. যার পুত্র জন্মেছে, পুত্রবান। ̃ বেদা, ̃ বেদাঃ (-দস্) বি. অগ্নিদেব। মাত ্র ক্রি-বি জন্মের সঙ্গে সঙ্গে □ বিণ.ণ. সদ্যোজাত। ̃ শত্রু বি. আজন্ম শত্রু। □ বিণ. (যার) অনেক শত্রু জন্মেছে এমন।

জাত4 (p. 321) [jāta4] বি. 1 বর্ণ, জন্মগত সামাজিক শ্রেণি (জাত মেনে চলা); 2 প্রকার (নানা জাতের আম, বড় জাতের ডাকাতি)। □ বিণ. জন্মগত, জাতিগত (জাত বোষ্টম) [সং জাতি]। জাত খাওয়া, জাত মারা ক্রি. বি. জাতিচ্যুত করা। জাত খোয়ানো, জাত হারানো ক্রি. বি. নিজ বর্ণ বা সামাজিক শ্রেণি থেকে বিচ্যুত হওয়া। জাত দেওয়া ক্রি. বি. ভিন্ন ধর্মের পাত্র বা পাত্রীকে বিবাহ করার

ফলে স্বীয় ধর্ম জাতি ত্যাগ করা।˜ পাত বি. নানা ধর্মের বা জাতের দ্বন্দ্ব; জাতের ভেদাভেদ।˜ ব্যবসায় বি. বংশগত পেশা।˜ ভাই বি. স্বজাতীয় লোক; একই পেশা বা শ্রেণির লোক। জাতে ওঠা ক্রি. বি. উন্নততর জাতে স্হান পাওয়া; (আল.) মর্যাদাবৃদ্ধির ফলে বিশেষ কোনো (উন্নত) সমাজে স্হান পাওয়া। জাত তোলা ক্রি. বি. উন্নততর জাতে স্হান দেওয়া।

জাতক (p. 321) [jātaka] বিণ. জন্মেছে এমন। □ বি. 1 জন্মকোষ্ঠী; 2 সন্তানের জন্মকালে পিতার করণীয় অনুষ্ঠান; 3 বুদ্ধদেবের পূর্ব-পূর্ব জন্মের কাহিনী অবলম্বনে পালি ভাষায় রচিত কথাগ্রন্হ। [সং. জাত + ক]।

জাতপাত (p. 321) [jātapāta] দ্র জাত4।

জাতাশৌচ (p. 321) [jātāśauca] বি. হিন্দুমতে সন্তানের জন্মহেতু অশৌচ। [সং. জাত + অশৌচ]।

জাতি1 (p. 321) [jāti1] বি. চামেলি বা মালতী ফুল। [সং. √ জন্ + তি]।˜ কচু বি. মানকচু।˜ কলা বি. কাঁটালি কলা।˜ পত্র,˜ পত্রী বি. জয়ত্রি।˜ ফল বি. জায়ফল।

জাতি2 (p. 321) [jāti2] বি. 1 প্রকার, শ্রেণি (নানা জাতির ফুল); 2 সমলক্ষণ বিভাগ (মানবজাতি, স্ত্রীজাতি); 3 ধর্ম, রাষ্ট্র, জন্মভূমি আদিম বংশ ব্যবসায় ইত্যাদি অনুযায়ী বিভাগ (হিন্দু জাতি, আর্য জাতি); 4 হিন্দুদের বর্ণ বা তার অন্তর্গত সামাজিক উপবিভাগ (জাতিভেদ, কায়স্হ জাতি)। [সং. √ জন্ + তি]।˜ গত বিণ. জাতির প্রকৃতি অনুযায়ী, জাতীয় (জাতিগত প্রভেদ)।˜ চ্যুত বিণ. স্বীয় সমাজ বা

জাতি থেকে বহিষ্কৃত। ˜ তত্ত্ব বি. মানবজাতির বিভিন্ন শ্রেণির বৈশিষ্ট্য ও পরস্পর সম্বন্ধ বিষয়ক তত্ত্ব বা বিদ্যা। ˜ ধর্ম বি. 1 জাতির বিশেষ প্রকৃতি; 2 জাতির বিহিত ধর্মকর্মাদি। ˜ নাশ, ˜ পাত বি. সমাজচ্যুত হওয়া, জাতি নষ্ট হওয়া। ˜ বর্ণ-নির্বিশেষে ক্রি-বিণ. জন্ম বংশ প্রভৃতির ভেদ না করে (জাতিবর্ণনির্বিশেষে সকলকেই আহ্বান করা হয়েছে)। ˜ বাচক বিণ. 1 জাতিনির্দেশক বা শ্রেণিনির্দেশক (জাতিবাচক উপাধি); 2 (ব্যাক.) শ্রেণিসূচক (জাতিবাচক বিশেষ্য)। ˜ বিদ্বেষ বি. এক জাতির প্রতি অন্য জাতির বিরূপতা; জাতিতে জাতিতে শত্রুতা। ˜ বৈর বি. জন্মগত শত্রুতা; জাতিবিদ্বেষ। ˜ ব্যবসায় বি. বংশগত পেশা বা ব্যাবসা। ˜ ভেদ বি. হিন্দুদের চার বর্ণের বিভাগের মধ্যে পরস্পর পার্থক্য বা ভেদাভেদ। ˜ ভ্রষ্ট জাতিচ্যুত -র অনুরূপ। ˜ সংঘ বি. বিভিন্ন জাতি বা রাষ্ট্রের সম্মেলন বা সভা, League of Nations;প্রথম মহাযুদ্ধের পর বিভিন্ন রাষ্ট্রকে নিয়ে গঠিত সংস্থাবিশেষ। ˜ সত্তা বি. (নিজ) জাতির বৈশিষ্ট্য সম্পর্কে সচেতনতা। ˜ স্মর বিণ. (যার) পূর্বজন্মের কথা মনে আছে এমন।

জাতীয় (p. 321) [jātīẏa] বিণ. 1 জাতিসম্বন্ধীয়, জাতিগত বহা শ্রেণিগত; 2 প্রকারবাচক (অশ্বজাতীয় প্রাণী, নানাজাতীয় ফুল); 3 দেশীয়, জাতির প্রকৃতিগত (জাতীয় জীবন, জাতীয় আদর্শ); 4 সমগ্র জাতির (জাতীয় সভা)। [সং. জাতি + ঈয়]। স্ত্রী. জাতীয়া।

জাতীয়তা, জাতীয়তা-বাদ (p. 321) [jātīẏatā, jātīẏatā-bāda] বি. 1 জাতিত্ব; 2 স্বাজাত্য, স্বাদেশিকতা, স্বাদেশিকতার ভাব। [সং. জাতীয় + তা + বাদ]।

জাতেষ্টি (p. 321) [jātēṣṭi] বি. সন্তানের জন্ম উপলক্ষ্যে অনুষ্ঠান, জাতকর্ম। [সং. জাত + ইষ্টি]।

জাত্য (p. 321) [jātya] বিণ. 1 কুলীন; সদ্বংশজাত; 2 শ্রেষ্ঠ। [সং. জাতি + য]।

জাত্যংশ (p. 321) [jātyaṃśa] বি. 1 জাতির অংশ বা সম্বন্ধ (জাত্যংশে শ্রেষ্ঠ); 2 জন্মবংশ, কুল, গোত্র। [সং. জাতি + অংশ]।

জাত্যন্ধ (p. 321) [jātyandha] বি. বিণ. জন্ম থেকেই অন্ধ, জন্মান্ধ। [সং. জাতি + অন্ধ]।

জাত্যভি-মান (p. 321) [jātyabhi-māna] বি. আভিজাত্যের জন্য অর্থাত্ উঁচু বংশে জন্মের জন্য অহংকার, কুলগর্ব। [সং. জাতি + অভিমান]।

জাদ (p. 322) [jāda] বি. চুল বাঁধার ফিতে। [দেশি]।

-জাদা (p. 322) [-jādā] বি. (শব্দান্তে প্রত্যয়রূপে ব্যবহৃত) ছেলে, পুত্র, (হারামজাদা, শাহজাদা)। [ফা. জাদহ্]। স্ত্রী. জাদি।

জাদু1 (p. 322) [jādu1] বি. 1 শিশুকে স্নেহসম্বোধনবিশেষ (জাদুমণি); 2 বিদ্রূপাত্মক সম্বোধনবিশেষ, বাছাধন (না হে জাদু না, আমাকে ঠকানো সহজ নয়)। [ফা. জাদ-তু. সং. জাত]।

জাদু2 (p. 322) [jādu2] বি. 1 ভেলকি, ইন্দ্রজাল, ম্যাজিক; 2 তুক। [ফা. জাদ]। ˜ কর বি. 1 ঐন্দ্রজালিক, ম্যাজিশিয়ান; 2 মায়াবী। স্ত্রী. ˜ করী। জাদু করা ক্রি. বি. বশ করা; অদ্ভুত উপায়ে বশীভূত করা; মোহাবিষ্ট করা। ˜ ঘর বি. শিল্পবিজ্ঞানজাত দ্রব্য বা পুরাতত্ত্ব বিষয়ক দ্রব্যসম্ভার যেখানে রাখা হয়, মিউজিয়াম। ˜ বিদ্যা বি. ইন্দ্রজাল, ম্যাজিক, ভেলকি।

জান1 (p. 322) [jāna1] বি. 1 দৈবজ্ঞ, গণক; 2 সর্বজ্ঞ। [সং. জ্ঞান-তু. বাং. জানা]।

জান2 (p. 322) [jāna2] বি. 1 প্রাণ, জীবন (জান নিয়ে টানাটানি); 2 (বিরল) (সংগীতে) রাগরাগিণীর প্রধান সুর। [ফা. জান]।

জানকী (p. 322) [jānakī] বি. (রামায়ণে) জনকরাজার কন্যা সীতা। [সং. জনক + অ + ঈ]।

জানত (p. 322) [jānata] বিণ. ক্রি-বিণ. জ্ঞাতসারে, সজ্ঞানে, জ্ঞাতে (জানতপক্ষে এমন কাজ করব না)। [সং. জ্ঞানতঃ]।

জানপদ (p. 322) [jānapada] বিণ. 1 জনপদসম্বন্ধীয়; 2 জনপদে উৎপন্ন বা বসবাসকারী। [সং. জনপদ + অ]।

জানা (p. 322) [jānā] বি. ক্রি. 1 অবগত হওয়া (সে একথা জেনেছে); 2 টের পাওয়া (এমনভাবে করবে যাতে কেউ জানতে না পারে); 3 কোনো বিষয়ে জ্ঞান থাকা (তিনি সংস্কৃত জানেন, উর্দু আমার জানা নেই); 4 বুঝতে পারা (জানছি

কষ্ট হবে); 5 কারও সঙ্গে পরিচয় থাকা (লোকটাকে আমি জানি)। □ বিণ. উক্ত সব অর্থে (জানা কথা, জানা লোক)। [সং. √ জ্ঞা + বাং. আ]। ˜ জানি বি. বিণ. প্রকাশিত, রাষ্ট্র, অনেক লোকের মধ্যে প্রচার বা প্রচারিত ('সত্য পরিচয় জানাজানি হইয়া যায়': শরত্]। ˜ ন (উচ্চা. জানান্) বি. জ্ঞাপন; সংবাদদান; ঘোষণা (এখুনি এটা সবাইকে জানান দেওয়ার দরকার নেই)। জানান দেওয়া ক্রি. বি. ঘোষণা করা; জানিয়ে দেওয়া; নিজের অস্তিত্ব জানিয়ে দেওয়া। ˜ নো ক্রি. বি. অবগত করানো; সংবাদ দেওয়া; সতর্ক করা; নিবেদন করা। ˜ শুনা, ˜ শোনা বি. অভিজ্ঞতা, জ্ঞান; পরিচয়। □ বিণ. পরিচিত (জানাশোনা লোক)।

জানাজা (p. 322) [jānājā] বি. 1 মৃতের সদ্গতির জন্য প্রার্থনা; 2 সজ্জিত মৃতদেহ; 3 মুসলমানদের অন্ত্যেষ্টি। [আ. জানাযা]।

জানাজানি (p. 322) [jānājāni] দ্র জানা।

জানানা, জেনানা (p. 322) [jānānā, jēnānā] বি. 1 স্ত্রীলোক; মহিলা; 2 অন্তঃপুরবাসিনী বা পর্দানশিন নারী; 3 পত্নী (কথাটা তার জানানাকে জানাতে হবে); 4 অন্তঃপুর। [ফা. জানানা]।

জানালা (p. 322) [jānālā] বি. আলোবাতাস চলাচলের জন্য ঘরের দেওয়ালে ফাঁকা জায়গাবিশেষ, বাতায়ন, গবাক্ষ। [পো. janella]।

জানিত (p. 322) [jānita] বিণ. জ্ঞাত; পরিচিত। তু. বিপ. অজানিত। [সং. জ্ঞাত, জানা দ্র]।

জানু (p. 322) [jānu] বি. হাঁটু ('জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ': ক. ক.)। [সং. √ জন্ + উ]।

জানুআরি, জানুয়ারি (p. 322) [jānuāri, jānuẏāri] বি. ইংরেজি বৎসরের প্রথম মাস। [ইং. January]।

জানোয়ার (p. 322) [jānōẏāra] বি. 1 পশু, জন্তু (বন্য জানোয়াররা এখানে জল খেতে আসে); 2 (নিন্দায়) জন্তুর তুল্য ঘৃণ্য ও মনুষ্যত্বহীন ব্যক্তি (অসভ্য জানোয়ার কোথাকার)। [ফা. জান্বর]।

জান্তব (p. 322) [jāntaba] বিণ. 1 জন্তুজাত (জান্তব চর্বি); 2 পশুবত্; জন্তুসম্বন্ধীয় (জান্তব চিৎকার)। [সং. জন্তু + অ]।

জান্তা (p. 322) [jāntā] বিণ. (সচ. অন্য পদের শেষে) জ্ঞানসম্পন্ন, জানে এমন (সবজান্তা)। [বাং. জানত]।

জান্নাত (p. 322) [jānnāta] বি. 1 স্বর্গোদ্যান; 2 স্বর্গ (জান্নাতবাসী)। [আ. জন্নত্]।˜ বাসী (-সিন্) বিণ. স্বর্গবাসী; স্বর্গত, পরলোকগত।

জাপ (p. 322) [jāpa] বিণ. জাপানি (জাপ বিমানবাহিনী)। [ইং. Jap < Japanese]।

জাপক (p. 322) [jāpaka] বিণ. জপকারী, জপ করে এমন। [সং. √ জপ্ + অক]।

জাপটা (p. 322) [jāpaṭā] ক্রি. বি. জাপটানো, জড়িয়ে ধরা। [বাং. জাপটা < আ. দব্‌ত্]।˜ নো ক্রি. জড়ানো; জড়িয়ে ধরা। □ বিণ. বি. উক্ত অর্থে।˜ জাপটি বি. পরস্পর জড়াজড়ি।

জাপানি (p. 322) [jāpāni] বি. জাপানের অধিবাসী (জাপানিরা কষ্টসহিষ্ণু জাতি)। □ বিণ. জাপানদেশীয় (জাপানি রীতি, জাপানি পোশাক)। [জাপান + বাং. ই]।

জাফরান (p. 322) [jāpharāna] বি. 1 কুঙ্কুম, কুসুম ফলের শুষ্ক কেশর; 2 জাফরানি রং, হলদে রং। [আ. জা-আফ্রান্]। জাফরানি বিণ. হলদে, পীত।

জাফরি (p. 322) [jāphari] বি. 1 চৌকো ছিদ্রযুক্ত বেড়া; 2 জালতি। [আ. জাফ্রী]।

জাব (p. 322) [jāba] বি. গোরুর খাওয়ার জন্য কুচানো ও ভিজানো খড় বিচালি ইত্যাদি। [সং. যবস-তু. হি. জাব (=তৃণবিশেষ)।˜ ড়,˜ ড়া বিণ. 1 জাবের মতো সিক্ত; 2 অতিরিক্ত ভেজা; 3 এলোমেলো; 4 ধেবড়া; 5 অতি স্থূল।˜ ড়ানো ক্রি. 1 জাবের মতো ভিজানো; 2 এলোমেলোভাবে কাজ করা; 3 ধেবড়ানো; 4 (আঞ্চ.) জাপটানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

জাবদা (p. 322) [jābadā] দ্র জাবেদা।

জাবর (p. 322) [jābara] বি. গোরু-মোষের চর্বিতচর্বণ। [জাব দ্র]। জাবর কাটা ক্রি. বি. 1 রোমন্হন করা; 2 (আল.) একই কথা বারবার (বিরক্তিকরভাবে) বলা বা আলোচনা করা।

জাবালি (p. 322) [jābāli] বি. 1 ছাগল পালন করা যার বৃত্তি, অজপালক; 2 পৌরাণিক মুনিবিশেষ। [সং. অজপাল > জপাল]।

জাবেদা, জাবদা (p. 322) [jābēdā, jābadā] বি. 1 দৈনিক হিসাব; 2 দৈনিক হিসাবের খাতা। [আ জাবিতাহ্]। জাবেদা খাতা বি. 1 দৈনিক হিসাবের খাতা; 2 সবরকমের হিসাবপত্র রাখা হয় এমন বড় খাতা।

জাম (p. 322) [jāma] বি. গাঢ় বেগনি রঙের এবং কষায় স্বাদযুক্ত ছোট ফলবিশেষ, জম্বু, কালোজাম। [সং. জম্বু]।

জামড়া (p. 322) [jāmaḍ়ā] বি. ঘর্ষণজনিত চামড়ার কাঠিন্য, কড়া (হাতে-পায়ে জামড়া পড়ে গেছে)। □ বিণ. দরকাঁচা। [আ. জামিদ্]।

জামদগ্ন্য (p. 322) [jāmadagnya] বি. জমদগ্নিমুনির পুত্র পরশুরাম। [সং. জমদগ্নি + য]।

জাম-দানি (p. 322) [jāma-dāni] বি. 1 বুনুনির দ্বারা ফুল-তোলা মিহি কাপড় (ঢাকাই জামদানি); 2 নকশা-তোলা বাসন, ফুল-কাটা বাসন। □ বিণ. ফুল-কাটা, নকশা-তোলা (জামদানি শাড়ি)। [ফা. জামদানি]।

জাম-বাটি (p. 322) [jāma-bāṭi] বি. কাঁসার বড় বাটি। [ফা. জাম (=পাত্র) + বাং. বাটি]।

জাম-রূল (p. 322) [jāma-rūla] বি. সাদা রঙের রসালো ফলবিশেষ। [দেশি]।

জামা (p. 322) [jāmā] বি. পিরান শার্ট ইত্যাদি দেহাবরণ। [ফা. জামহ্]। ̃ কাপড় বি. পোশাক, পোশাকপরিচ্ছদ।

জামাই (p. 322) [jāmāi] বি. কন্যার স্বামী, জামাতা। [সং. জামাতৃ]। ̃ আদর বি. শ্বশুরালয়ে জামাই যেমন আদরযত্ন পায় সেইরকম যত্ন; পরম সমাদর। ̃ বরণ বি. বিবাহ উপলক্ষ্যে কন্যাগৃহে সমাগত পাত্রকে কন্যাপক্ষীয় স্ত্রীলোকদের দ্বারা বরণের অনুষ্ঠানবিশেষ। ̃ ষষ্ঠী বি. জ্যৈষ্ঠ মাসের শুক্লষষ্ঠীতে হিন্দুদের জামাইবরণের অনুষ্ঠান।

জামাতা (p. 322) [jāmātā] (-তৃ) বি. জামাই। [সং. জায়া + √ মা + তৃ]।

জামানা (p. 322) [jāmānā] দ্র জমানা।

জামা মসজিদ (p. 322) [jāmā masajida] বি. 1 বড় মসজিদ; 2 দিল্লির প্রসিদ্ধ মসজিদ। [আ. জামাহ্ + মস্জিদ]।

জামিন (p. 322) [jāmina] বি. 1 প্রতিভূ; 2 কারও কার্যকলাপের জন্য দায়িত্বগ্রহণকারী ব্যক্তি; 3 জমানত। [আ. জামিন]। ̃ দার বি. যে ব্যক্তি আদালতে

অভিযুক্ত ব্যক্তির বা অন্য কারও জামিন হয়। জামিনে খালাস বি. অন্য ব্যক্তি অভিযুক্ত ব্যক্তির দায়িত্ব স্বীকার করায় খালাস।

জামিয়ার (p. 322) [jāmiẏāra] বি. সারা গায়ে বা সমস্ত জমিতে ফুল-তোলা দামি শালবিশেষ। [ফা. জামহ্ওয়ার]।

জামির (p. 322) [jāmira] বি. গোঁড়া লেবু। [সং. জম্বীর]।

জাম্পার (p. 322) [jāmpāra] বি. উলের জামাবিশেষ, সোয়েটার। [ইং. jumper]।

জাম্ব-বান, জাম্বু-বান (p. 322) [jāmba-bāna, jāmbu-bāna] বি. পুরাণোক্ত ভল্লুকরাজ। [সং. জাম্ব (জম্বু + অ) + বত্]। জাম্ববতী বি. (স্ত্রী.) জাম্ববানের কন্যা ও শ্রীকৃষ্ণের অন্যতমা মহিষী।

জাম্বীর (p. 322) [jāmbīra] বিণ. জামিরসম্বন্ধীয়; জামির থেকে জাত বা উৎপন্ন। [সং. জম্বীর + অ]।

জায় (p. 322) [jāẏa] বি. 1 বিস্তৃত হিসাব, কৈফিয়তসহ হিসাব; 2 ফর্দ; তালিকা, তফশিল; 3 বিনিময় (টাকার জায়ে খাটছে)। [ফা. জায়]। ˜ বাকি বি. প্রাপ্য টাকার তালিকা, বাকিজায়। ˜ সুদি বিণ. ঋণের সুদস্বরূপ জমির ফসল দিতে হয় এমন।

জায়গা (p. 322) [jāẏagā] বি. 1 স্থান, ঠাঁই (দাঁড়াবার জায়গা); 2 জমি, ভূমি (জায়গা কিনে বাড়ি করা); 3 অবস্থা, পরিবেশ (লোভের জায়গা); 4 পাত্র, আধার (দুধের জায়গা); 5 আশ্রয় (পৃথিবীতে তার আর জায়গা নেই); 6 বাস, আবাস (জঙ্গলটা সাপের জায়গা); 7 পরিবর্ত (আমার জায়গায় অন্য লোক নাও); 8 সুযোগ (জায়গা বুঝে কথা বলতে হয়)। [ফা. জায়গাহ্]।˜ জমি বি. ভূ-সম্পত্তি।

জায়গির (p. 322) [jāẏagira] বি. দান বা পুরস্কাররূপে প্রাপ্ত নিষ্কর ভূ-সম্পত্তি। [ফা. জাগীর]।˜ দার বি. বিণ. জায়গির ভোগকারী।˜ দারি,˜ দারি প্রথা বি. জায়গির দেওয়া এবং তৎপরিবর্তে কাজ আদায় করার বন্দোবস্তবিশেষ।

জায়-দাদ (p. 322) [jāẏa-dāda] বি. ভূ-সম্পত্তি বা তার দখলিস্বত্ব। [ফা. জাইদাদ্]।

জায়-ফল (p. 322) [jāẏa-phala] বি. কষায় স্বাদের সুগন্ধ ফলবিশেষ। [সং. জাতিফল]।

জায়-মান (p. 322) [jāẏa-māna] বিণ. জন্মলাভ করছে এমন, উৎপদ্যমান। [সং. √ জন্ + মান (শানচ্)]।

জায়া (p. 322) [jāẏā] বি. পত্নী, স্ত্রী। [সং. √ জন্ + য + আ]।˜ জীব,˜ জীবী (-বিন্) বি. 1 পত্নীর উপার্জনে জীবিকা নির্বাহকারী; 2 নটীর স্বামী।˜ পতি বি. স্বামী-স্ত্রী, দম্পতি।

জায়েজ (p. 322) [jāẏēja] বিণ. বৈধ; ন্যাসসংগত। [আ. জায়েজ্]।

জার (p. 322) [jāra] বি. উপপতি; গুপ্ত বা অবৈধ প্রণয়ী (যবনীজার, জারজ সন্তান)। [সং. √ জৃ + অ]।˜ জ দ্র জারজ।

জারক (p. 322) [jāraka] বিণ. জীর্ণকারী, পাচক, হজমি। [সং. √ জৃ + ণিচ্ + অক]।

জারজ (p. 322) [jāraja] বিণ. জারজাত; বেজন্মা। [সং. জার + √ জন্ + অ]।

জারণ (p. 322) [jāraṇa] বি. পরিপাক, জীর্ণ করা; জারিত করা। [সং. + √ জৃ + ণিচ্ + অন]।

জারব (p. 322) [jāraba] ক্রি. (ব্রজ.) জীর্ণতাপ্রাপ্ত হয়, শুকিয়ে যায় ('অঙ্কুর তপন-তাপে যদি জারব': বিদ্যা.)। [জারা দ্র]।

জারা (p. 322) [jārā] ক্রি. 1 জীর্ণ করা; 2 শোধন করা; 3 জরানো। □ বি. 1 জীর্ণ বা জারিত করানো; 2 জারিত দ্রব্য (লোহাজারা)। □ বিণ. জারিত। [সং. √ জৃ + বাং. আ]।˜ নো ক্রি. বি. জীর্ণ বা জারিত করা; জীর্ণ বা জারিত করানো; শোধন করা বা করানো। □ বিণ. উক্ত অর্থে।

জারি1 (p. 322) [jāri1] বি. বাংলার মুসলমানি পল্লিসংগীতবিশেষ। [ফা. যারী]।

জারি2 (p. 322) [jāri2] বিণ. প্রবর্তিত, প্রচারিত, কার্যকর, চলিত (আইন জারি করা)। □ বি. প্রবর্তন, প্রচলন, প্রচার (সমনজারি, আইনজারি)। [আ. জারী]।

জারি-জুরি (p. 322) [jāri-juri] বি. 1 কূটবুদ্ধির প্রয়োগ; 2 দম্ভ; 3 বাহাদুরি; 4 প্রভাবপ্রতিপত্তি (আর তোমার জারিজুরি খাটবে না)। [আ. জারি + বাং. জোর + ই]।

জারিত (p. 322) [jārita] বিণ. 1 জরানো হয়েছে এমন; 2 জীর্ণ; 3 শোধিত। [সং. √ জৃ + ণিচ্ + ত]।

জারুল (p. 324) [jārula] বি. সুপরিচিত বড় গাছবিশেষ বা তার কাঠ। [দেশি]।

জার্নাল (p. 324) [jārnāla] বি. 1 সাময়িকপত্র, মাগাজিন; 2 দিনলিপিজাতীয় রচনা। [ইং. journal]।

জার্সি (p. 324) [jārsi] বি. একই দলভুক্ত খেলোয়াড়দের একইধরনের জামা। [ইং. jersey]।

জাল1 (p. 324) [jāla1] বিণ. 1 কৃত্রিম, মেকি (জাল টাকা, জাল ওষুধ); 2 ছদ্মবেশী, কপট (জাল সন্ন্যাসী)। [আ. জাল]। জাল করা ক্রি. বি. ঠকানোর জন্য কৃত্রিম বা নকল জিনিস তৈরি করা ('আরেকটি তো তৈরি ছেলে, জাল করে নোট গেছেন জেলে': সু. রা.)।

জাল2 (p. 324) [jāla2] বি. 1 লোহার তার সুতো প্রভৃতি দিয়ে ফাঁক ফাঁক করে বোনা ফাঁদবিশেষ (মাছ-ধরা জাল, তারের জাল); 2 সূত্রনির্মিত অতি সূক্ষ্ম আবরণ (মাকড়সার জাল); 3 ফাঁদ (জাল পাতা); 5 কুহক, মোহিনীশক্তি (ইন্দ্রজাল, মায়াজাল); 6 সমূহ (স্নায়ুজাল, যুক্তিজাল)। [সং. √ জাল্ + অ]।˜ জীবী (-বিন্) বি. জেলে।˜ পাদ বিণ. পায়ের আঙুল পাতলা চামড়ার আবরণে সংযুক্ত থাকে এমন (জালপাদ পাখি)। □ বি. হাঁসজাতীয় পাখি।

জালক (p. 324) [jālaka] বি. 1 ফুলের কুঁড়ি; 2 জাল; 3 লাউ কুমড়ো প্রভৃতির কচি ফল, জালি। [সং. জাল + ক]।

জালতি (p. 324) [jālati] বি. 1 ছোট জাল; 2 ফল পাড়বার জালযুক্ত আঁকশিবিশেষ। [সং. জাল + বাং. তি]।

জালাতন, জ্বালাতন (p. 324) [jālātana, jbālātana] বি. উৎপাত, যন্ত্রণা বা বিরক্তি উৎপাদন (এই জালাতন আর সহ্য হয় না)। □ বিণ. অত্যন্ত উত্ত্যক্ত (জালাতন করা, জালাতন হওয়া)। [আ. জালাওতন-তু. সং. জ্বালা]।

জালানি, জালানো, জালানো (p. 324) [jālāni, jālānō, jālānō] যথাক্রমে জ্বালানি, জ্বালানো, জ্বালানে -র অধিকতর চলিত রূপ।

জালি1 (p. 324) [jāli1] বি. 1 ছোট জাল; 2 জালসদৃশ বস্তু; 3 জাফরি। □ বিণ. জালের মতো ফাঁক-ফাঁক করে তৈরি (জালি গেঞ্জি)। [সং. জাল + বাং. ই]।

জালি2 (p. 324) [jāli2] বি. লাউ কুমড়ো ইত্যাদির কচি ফল। □ বিণ. অত্যন্ত কচি (জালি শশা)। [সং. জালক]।

জালিক (p. 324) [jālika] বিণ. প্রতারক। □ বি. 1 ধীবর, জেলে; 2 ব্যাধ; 3 মাকড়সা। [সং. জাল2+ ইক]।

জালি-বোট (p. 324) [jāli-bōṭa] বি. স্টিমারের সঙ্গে যে ছোট নৌকা বাঁধা থাকে। [ইং. jolly-boat]।

জালিম (p. 324) [jālima] বি. 1 জেলে, ধীবর; 2 ব্যাধ। [সং. জাল2 + বাং. ইয়া]।

জালিয়াত (p. 324) [jāliẏāta] বি. বিণ. 1 যে অন্যের হস্তাক্ষর অসদুদ্দেশ্যে নকল করে; 2 মেকি জিনিস প্রস্তুতকারক। [আ. জাল1 + বাং. ইয়াত্ (< সং. বত্)-তু. চালিয়াত]। জালিয়াতি বি. জালিয়াতের কাজ; নকল বা মেকি জিনিস তৈরি করার অভ্যাস বা কাজ।

জাল্ম (p. 324) [jālma] বি. 1 ইতর বা নীচ লোক; 2 নিচু বংশে জাত লোক। □ বিণ. 1 দুর্বৃত্ত; 2 মূর্খ; 3 নীচাশয়; 4 ছোট বংশে জাত। [সং. জাল2 + ম]।

জাশু, জাসু (p. 324) [jāśu, jāsu] বিণ. 1 ধূর্ত, ধড়িবাজ; 2 ঝানু। [আ. জাসূস]।

জাস্তি (p. 324) [jāsti] বি. আধিক্য। □ বিণ. অধিক, বেশি। [আ. জিয়াদ্দিত > হি. জাস্তি]।

জাহাঁ-পনা (p. 324) [jāhā-m̐panā] বি. 1 দুনিয়ার আশ্রয়; 2 মুসলমান নৃপতিদের সম্বোধনসূচক শব্দ। [ফা. জহান্ + পনাহ্]।

জাহাঁ-বাজ (p. 324) [jāhā-m̐bāja] বিণ. 1 ধড়িবাজ, ধূর্ত, কূটবুদ্ধিসম্পন্ন; 2 দুর্দান্ত। [ফা. জহান্বাজ]।

জাহাজ (p. 324) [jāhāja] বি. বিশাল জলযান, বড় স্টিমার; (আল.) বিশাল আধার (বিদ্যের জাহাজ)। [আ. জহাজ]। ̃ ঘাটা বি. নদী বা সমুদ্রের তীরে যেখানে জাহাজ ভিড়ানো হয়। জাহাজি বিণ. জাহাজসম্বন্ধীয়; জাহাজে বাহিত; জাহাজে কাজ করে এমন।

জাহান (p. 324) [jāhāna] বি. জগত্, পৃথিবী, বিশ্ব (সারা জাহানে এমন জিনিস আর কোথাও নেই)। [ফা. জহান্]।

জাহান্নম, জাহান্নাম (p. 324) [jāhānnama, jāhānnāma] বি. 1 ইসলামি শাস্ত্রানুযায়ী নরক; 2 নরক (তুমি জাহান্নামে যাও)। [ফা. জহান্নম]। জাহান্নমি বি. বিণ. নারকী; নরকভোগী। জহান্নমে দেওয়া ক্রি. বি. সর্বনাশ করা, নষ্ট করা। জাহান্নামে যাওয়া ক্রি. বি. অধঃপাতে বা গোল্লায় যাওয়া। জাহান্নামের পথ বি. নরকের পথ; উচ্ছন্ন বা গোল্লায় যাবার পথ।

জাহির (p. 324) [jāhira] বিণ. 1 প্রকাশিত (হুকুম জাহির করা); 2 প্রচারিত (নাম জাহির করা); 3 প্রদর্শিত ('বড় বিদ্যা করেছি জাহির': র. সে.)। [আ. জাহির্]।

জাহ্নবী (p. 324) [jāhnabī] বি. জহ্নুমুনির কন্যা, গঙ্গাদেবী। [সং. জহ্নু + অ + ঈ]।

জি (p. 324) [ji] বি. 1 সম্মানসূচক উপাধিবিশেষ (নেতাজি, গান্ধিজি); 2 মহাশয়, বাবু ইত্যাদি সম্ভ্রসূচক সম্বোধন (জি হুজুর)। [হি. জীউ (সং. জীব)]।

জিউ (p. 324) [jiu] বি. দেব, ঠাকুর (পার্শ্বনাথ জিউ)। [হি. জীউ < সং. জীব]।

জিত্তল (p. 324) [jittala] বিণ. দীর্ঘকাল বেঁচে থাকে এবং জলে জিইয়ে রাখা যায় এমন (জিত্তল মাছ)। □ বি. 1 মাছবিশেষ, শিঙি মাছ; 2 গাছবিশেষ (জিত্তলের ডাল)। [সং. জীব < জি + ওয়াল < ওল]।

জিগির (p. 324) [jigira] বি. 1 বিশেষ জোর; 2 অতিরিক্ত নির্বন্ধ, নির্বন্ধাতিশয়; 3 ধুয়া; 4 উচ্চ ধ্বনি, জোর আওয়াজ (জিগির তোলা); 5 প্রচার; 6 জয়োল্লাস। [ফা. জিকর]।

জিগীষা (p. 324) [jigīṣā] বি. জয়ের ইচ্ছা (প্রবল জিগীষার আত্মপ্রকাশ)। [সং. √ জি + সন্ + অ + আ]। জিগীষু বিণ. জয়েচ্ছু, জয়ের অভিলাষী।

জিঘাংসা (p. 325) [jighāṃsā] বি. বধ করার বা হত্যার ইচ্ছা। [সং. √ হন্ + সন্ + অ + আ]। জিঘাংসু বিণ. হত্যা করতে চায় এমন; হত্যা করতে ইচ্ছুক।

জিজিয়া (p. 325) [jijiẏā] বি. মুসলমান শাসকদের দ্বারা অমুসলমান প্রজাদের উপর ধার্য করবিশেষ। [আ. জিজিয়া]।

জিজীবিষা (p. 325) [jijībiṣā] বি. বেঁচে থাকার ইচ্ছা। [সং. √ জীব্ + সন্ + অ + আ]। জিজীবিষু বিণ. বাঁচতে ইচ্ছুক।

জিজ্ঞাসক (p. 325) [jijñāsaka] দ্র জিজ্ঞাসা।

জিজ্ঞাসা (p. 325) [jijñāsā] বি. 1 জানবার ইচ্ছা, কৌতূহল; 2 প্রশ্ন, অনুসন্ধান (একটা কথা আপনাকে জিজ্ঞাসা করতে চাই)। □ ক্রি. (কাব্যে) জিজ্ঞাসা বা প্রশ্ন করা, শুধানো ('হিন্দু না ওরা মুসলিম ওই জিজ্ঞাসে কোন জন?': নজরুল)। [সং. √ জ্ঞা + সন্ + অ + আ]। ˜ বাদ বি. প্রশ্ন; জেরা; খোঁজখবর। জিজ্ঞাসক বিণ. জিজ্ঞাসাকারী, প্রশ্নকর্তা। জিজ্ঞাসন বি. জিজ্ঞাসা করা। জিজ্ঞাসনীয় বিণ. জিজ্ঞাসার যোগ্য। জিজ্ঞাসিত বিণ. (যা বা যাকে) জিজ্ঞাসা করা হয়েছে এমন, পৃষ্ট। জিজ্ঞাসু বিণ. জিজ্ঞাসাকারী; কৌতূহলী, অনুসন্ধিৎসু। জিজ্ঞাস্য বিণ. জিজ্ঞাসার বিষয়ীভূত (এটাই আপনার কাছে আমার জিজ্ঞাস্য); অনুসন্ধেয়।

জিঞ্জির (p. 325) [jiñjira] বি. 1 শিকল; 2 কণ্ঠহারে সংলগ্ন সরু ও ছোট সোনার শিকল; 3 (বিরল) কারাবাস; 4 দ্বীপান্তর। [ফা. জন্জীর্]।

জিত (p. 325) [jita] বিণ. 1 জয় করা হয়েছে এমন, জয়লব্ধ (জিতরাজ্য); 2 পরাজিত (জিতশত্রু); 3 বশীভূত, নিয়ন্ত্রিত (জিতনিদ্র, জিতেন্দ্রিয়)। □ বি. (উচ্চা. জিত্) জয় (হার-জিত, না হয় তোমারই জিত হল)। [সং. √ জি + ক্বিপ্]।

জিতা, জেতা (p. 325) [jitā, jētā] ক্রি. বি. 1 জয়লাভ করা; প্রতিযোগিতায় শ্রেষ্ঠ বলে প্রতিপন্ন হওয়া; 2 জয় করা, জয়লাভ করে অধিকার করা (রাজ্য জেতা বা জিতে নেওয়া, বাজি জেতা, লাখ টাকা জিতেছে)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ জি + ত + বাং. আ]। ˜ নো ক্রি. বি. জয়লাভ করানো, জিতিয়ে দেওয়া; জয়লাভে সাহায্য করা। □ বিণ. উক্ত অর্থে।

জিতাষ্টমী (p. 325) [jitāṣṭamī] বি. আশ্বিন মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি-যে তিথিতে স্ত্রীলোকেরা পুত্রলাভের জন্য জিমূতবাহনের পূজা করে; জিমূতাষ্টমী। [সং. জিমূতাষ্টমী]।

জিতেন্দ্রিয় (p. 325) [jitēndriẏa] বিণ. ইন্দ্রিয়জয়কারী, ইন্দ্রিয়কে জয় বা নিয়ন্ত্রিত করেছে এমন। [সং. জিত + ইন্দ্রিয়]। ˜ তা বি. ইন্দ্রিয় সংযম।

জিন1 (p. 325) [jina1] বিণ. জয়শীল, জয়ী। □ বি. 1 বুদ্ধ; 2 জৈন সন্ন্যাসী বা অর্হত্; 3 বিষ্ণু। [সং. √ জি + ন]।

জিন2 (p. 325) [jina2] বি. দৈত্য, দানো। [আ. জীন্]।

জিন3 (p. 325) [jina3] বি. 1 ঘোড়ার পিঠে আরোহীর পেতে বসবার আসন; 2 ঘোড়ার সাজ। [ফা. জীন]।

জিন4 (p. 325) [jina4] বি. মোটা সূতোর ঠাসবুনানি খাপি কাপড়বিশেষ। [ইং. jean]। জিনস বি. 1 জিন (জিনসের প্যাণ্ট); 2 জিনের তৈরি পাতলুন বা প্যাণ্ট (জিনস পরেছে)।

জিনা (p. 325) [jinā] ক্রি. (কাব্যে) জয় করা, জিতে নেওয়া ('জিনিব আজিকার রণে')। [প্রাকৃ. √ জিন < সং. √ জি]।

জিনিয়া1 (p. 325) [jiniẏā1] ক্রি-বিণ. (কাব্যে) জিতে, জয়পূর্বক।

জিনিয়া2 (p. 325) [jiniẏā2] বি. গাঢ় ও উজ্জ্বল লাল এবং অন্যান্য রঙের ফুলবিশেষ। [ইং. zinnia]।

জিনিস (p. 325) [jinisa] বি. 1 বস্তু; দ্রব্য (অনেক জিনিস চাই); 2 সারবস্তু (এতে জিনিস কিছু নেই)। [আ. জিন্স্]। ˜ পত্র বি. নানারকম দ্রব্য; দ্রব্যাদি, বস্তুসমূহ।

জিন্দা (p. 325) [jindā] বিণ. জীবিত, বেঁচে আছে এমন। [ফা. জিন্দা]। ˜ পির বি. 1 জীবিত সাধুপুরুষ; জাগ্রত সাধু; 2 অলৌকিক ক্ষমতাসম্পন্ন পির বা সাধু। ˜ বাদ ক্রি. বেঁচে থাকুক; জয়ী হোক।

জিন্দিগি, জিন্দেগি (p. 325) [jindigi, jindēgi] বি. 1 জীবন; 2 জীবিতকাল, আয়ু। [ফা. জিন্দগী]।

জিব, জিভ (p. 325) [jiba, jibha] বি. জিহ্বা, রসনা। [সং. জিহ্বা]। জিব কাটা ক্রি. বি. দাঁত দিয়ে জিব চেপে ধরে লজ্জা প্রকাশ করা। ˜ ছোলা বি. জিহ্বা পরিষ্কার করার জন্য ফলকবিশেষ। জিব বার হওয়া ক্রি. বি. (আল.) অতিরিক্ত পরিশ্রমের ফলে অত্যন্ত ক্লান্ত হওয়া। জিবে জল আসা ক্রি. বি. লুব্ধ হওয়া। জিবে বিণ. জিহ্বার মতো আকৃতিবিশিষ্ট (জিবে গজা)।

জিমনাস-টিকস (p. 325) [jimanāsa-ṭikasa] বি. ব্যায়াম, শরীরচর্চা; ইয়োরোপীয় প্রণালীতে ব্যায়াম। [ইং. gymnastics]।

জিম্মা (p. 325) [jimmā] বি. হেপাজত; রক্ষা করার দায়িত্ব (জিনিসটা তোমার জিম্মায় রইল)। □ বিণ. গচ্ছিত (জিনিসটা তোমার কাছে জিম্মা করলাম)। [আ. জিম্মা]। ˜ দার বি. যার জিম্মায় কিছু রাখা হয়, যার তত্ত্বাবধানে বা হেপাজতে কিছু রাখা হয়। ˜ দারি বি. তত্ত্বাবধান, রক্ষার দায়িত্ব।

জিয়ন-কাঠি (p. 325) [jiẏana-kāṭhi] বি. রূপকথায় বর্ণিত প্রাণসঞ্চারের মন্ত্রপূত কাঠিবিশেষ; বাঁচাবার উপায়বিশেষ। [বাং. জিয়ন (< সং. √ জী + বাং. অন) + কাঠি]।

জিয়ন্ত (p. 325) [jiẏanta] বিণ. জীবন্ত, সজীব, জীবিত। [সং. জীবন্ত]।

জিয়া (p. 325) [jiẏā] ক্রি. (কাব্যে) বাঁচানো; জিয়ানো। [প্রাকৃ √ জিঅ < সং. জীব]।

জিয়ানো (p. 325) [jiẏānō] ক্রি. 1 বাঁচিয়ে রাখা (কই মাছ জিয়ানো); 2 (বিরল) পুনর্জীবিত করা (লক্ষ্মীন্দরকে জিয়ানো)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে। [জিয়া দ্র]।

জিয়ারত (p. 325) [jiẏārata] বি. তীর্থ বা কবর প্রদক্ষিণ ('আসিয়াছি মাগো জিয়ারত লাগি': নজরুল)। [আ. জিয়ারত্]।

জির-জিরে (p. 325) [jira-jirē] বিণ. অস্থিচর্মসার, অত্যন্ত কৃশ, রোগা (হাড়-জিরজিরে চেহারা)। [সং. জর্জর]।

জিরা1 (p. 325) [jirā1] ক্রি. জিরানো, বিশ্রাম করা। [আ. জিরিয়ান্]।

জিরা2 (p. 326) [jirā2] বি. হালকা রান্নায় স্বাদ বাড়ায় এমন মশলাবিশেষ। [সং. জীরক]।˜ মরিচ বি. জিরা ও গোলমরিচ।

জিরাত (p. 326) [jirāta] বি. বাসের বা চাষের জমি (জমিজিরাত)। [আ. জরাআত্]।

জিরান (p. 326) [jirāna] (উচ্চা. জিরান্) বি. 1 বিশ্রাম; 2 সাময়িক বিরতি, অবকাশ। [আ. জিরিয়ান্]। জিরান-কাট বি. খেজুর গাছ তিন দিন ধরে কেটে রস নিয়ে তিন দিন বন্ধ রাখার পর প্রথম দিনের কাটা (জিরানকাটের রস)।

জিরানো (p. 326) [jirānō] ক্রি. বিশ্রাম করা (একটু জিরাতে দাও, এখানে একটু জিরিয়ে নাও)। □ বি. বিশ্রামগ্রহণ। [আ. জিরিয়ান্]। কথ্য জিরোনো।

জিরাফ (p. 326) [jirāpha] বি. লম্বা গলাবিশিষ্ট আফ্রিকার সুপরিচিত তৃণভোজী পশুবিশেষ। [ইং. giraffe]।

জিল, জিল্দ (p. 326) [jila, jilda] বি. 1 বইয়ের ফর্মা যা বাঁধবার আগে একসঙ্গে সেলাই করা হয়; 2 বইয়ের মলাট বা তার ভিতরের দিকের অংশ। [আ. জিলদ্]।

জিলা-দার (p. 326) [jilā-dāra] বি. জেলার শাসনকর্তা বা শাসক। [আ. জিলা + ফা. দার]।

জিলাপি, (কথ্য) জিলিপি (p. 326) [jilāpi, (kathya) jilipi] বি. ময়দা দিয়ে তৈরি চক্রাকারে ভাজা এবং চিনির রসে প্রস্তুত মিঠাইবিশেষ। [হি. জিলেবী]।

জিশু (p. 326) [jiśu] বি. খ্রিস্টধর্মের প্রবর্তক, জিশুখ্রিস্ট। [ইং. Jesus]।

জিষ্ণু (p. 326) [jiṣṇu] বি. জয়শীল, জয়া। □ বি. 1 বিষ্ণু; 2 ইন্দ্র; 3 অর্জুন। [সং. √ জি + স্নু]।

জিহীর্ষা (p. 326) [jihīrṣā] বি. চুরি বা হরণ করার ইচ্ছা। [সং. √ হৃ + সন্ + অ + আ]। জিহীর্ষু বিণ. হরণ করতে ইচ্ছুক।

জিহ্বা (p. 326) [jihbā] বি. রসনা, জিভ, মুখবিবরের যে অঙ্গ স্বাদগ্রহণে, লেহন করতে এবং (মানুষের ক্ষেত্রে) কথা বলতে সাহায্য করে। [সং. √ লিহ্ +

য + অ (নি.)]। ̃ গ্র বি. জিভের আগা বা ডগা। ̃ মূল বি. জিভের গোড়া। ̃ মূলীয় বিণ. 1 জিহ্বামূলসংক্রান্ত; 2 জিহ্বামূল থেকে জাত বা উচ্চারিত (জিহ্বামূলীয় ধ্বনি)। □ বি. জিহ্বামূল থেকে উচ্চারিত ধ্বনি অর্থাত্ ক্ খ্ গ্ ঘ্ ঙ্।

জীউ2 (p. 326) [jīu2] ক্রি. (প্রা. বাং.) বেঁচে থাকো ('সবে কহে জীউ': চৈ. ভা.)। [সং. √ জীব]।

জীব1 (p. 326) [jība1] ক্রি. (আশীর্বাদকালে বা কল্যাণকামনায় উক্ত) বেঁচে থাকো, দীর্ঘজীবী হও। [সং. √ জীব্]।

জীব2 (p. 326) [jība2] বি. 1 প্রাণী; 2 প্রাণ ('জীব দিয়েছেন যিনি, আহার দেবেন তিনি'); 3 দেহধারী আত্মা; জীবাত্মা; 4 (বিজ্ঞা.) যার জীবন আছে, প্রাণী বা উদ্ভিদ (জীব ও জড়)। [সং. √ জীব্ + অ]। ̃ জগত্ বি. সমগ্র প্রাণীজগত্, চেতনজগত্। ̃ জন্তু বি. নানা জন্তু। ̃ তারা বি. জীবনরূপ তারা, জীবন। ̃ ধর্ম বি. প্রাণীর যাবতীয় দৈহিক ব্যাপার। ̃ ধাত্রী বিণ. জীবজগতের পালনকারিণী (জীবধাত্রী বসুন্ধরা)। ̃ বলি বি. দেবতার উদ্দেশে পশুবধ। ̃ বিজ্ঞান, ̃ বিদ্যা বি. প্রাণী ও উদ্ভিদের জীবনবিষয়ক বিজ্ঞান, biology. ̃ লোক বি. সংসার, মর্তলোক। ̃ হিংসা, ̃ হত্যা বি. প্রাণীহত্যা। কৃষ্ণের জীব বি. অত্যন্ত নিরীহ জীব; যে জীব একান্ত কৃপাপাত্র।

জীবক (p. 326) [jībaka] বি. 1 সাপুড়ে; 2 ভৃত্য; 3 ভিক্ষুক; 4 কুসীদজীবী; 5 বুদ্ধদেবের চিকিৎসকবিশেষ। [সং. √ জীব্ + অক]।

জীবত্ (p. 326) [jībat] বিণ. জীবন থাকতে, জীবিত (জীবত্-পিতৃক, জীবদ্দশা)। [সং. √ জীব + অত্]।˜ কাল বি. জীবন; জীবনকাল।

জীবতারা (p. 326) [jībatārā] দ্র জীব2।

জীবদ্দশা (p. 326) [jībaddaśā] বি. জীবনকাল, যে পর্যন্ত প্রাণ থাকে (তাঁর জীবদ্দশাতেই রাজ্যের পতন শুরু হয়)। [সং. জীবত্ + দশা]।

জীবন (p. 326) [jībana] বি. 1 প্রাণ; 2 প্রাণধারণ (জীবনকাল, জীবনযাত্রা); 3 জীবনকাল (আজীবন); 4 আয়ু (জীবন ফুরিয়ে এল); 5 প্রাণস্বরূপ অতি প্রিয়পাত্র ('জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি': ভা. চ.); 6 জল। [সং. √ জীব্ + অন]।˜ কাল বি. আয়ুষ্কাল, জীবদ্দশা।˜ চরিত,˜ বৃত্তান্ত বি. (কারও) জীবনের ঘটনাবলি ও চরিত্রের বিবরণ, জীবনী।˜ জিজ্ঞাসা বি. জীবন বা জগত্ সম্পর্কে প্রশ্ন কৌতূহল বা অনুসন্ধান।˜ দর্শন বি. জীবনের স্বরূপ ও উদ্দেশ্য সম্পর্কে বোধ ও ধারণা; জীবনের স্বরূপ অবধারণ।˜ প্রবাহ বি. সংসারস্রোত, জীবনযাপন, বহমান শ্রোতোরূপ জীবন ('জীবনপ্রবাহ বহি কালসিন্ধু পানে ধায়': মধু)।˜ বিজ্ঞান জীববিজ্ঞান -এর অনুরূপ।˜ বিমা বি. যে বিমা-চুক্তিতে নির্দিষ্ট মেয়াদের শেষে বিমাকারী বা তার মৃত্যু ঘটলে তার উত্তরাধিকারী টাকা পায়।˜ বেদ বি. জীবনের মূলমন্ত্র ও নিয়ন্ত্রক নীতি।˜ যাত্রা বি. জীবিকানির্বাহ, সংসার চালানো।˜ যাপন বি. জীবন কাটানো।˜ যৌবন বি. জীবন ও যৌবন; প্রাণ ও তারুণ্য।˜ সঙ্গী বি. 1 সারা জীবনের সঙ্গী, চিরসহচর; 2 স্বামী। স্ত্রী.˜ সঙ্গিনী।˜ স্মৃতি বি. আত্মচরিত, নিজের জীবনের স্মৃতিচারণা।

জীবনাধিক (p. 326) [jībanādhika] বিণ. প্রাণের চেয়ে বেশি প্রিয়, প্রাণাধিক। [সং. জীবন + অধিক]।

জীবনান্ত, জীবনাব-সান (p. 326) [jībanānta, jībanāba-sāna] বি. জীবনের শেষ, মৃত্যু। [সং. জীবন + অন্ত, অবসান]।

জীবনাশঙ্কা (p. 326) [jībanāśaṅkā] বি. প্রাণের ভয়, মৃত্যুভয়, মারা যাবার ভয় (এই রোগে জীবনাশঙ্কা নেই)। [সং. জীবন + আশঙ্কা]।

জীবনী (p. 326) [jībanī] বিণ. (স্ত্রী.) জীবন বা প্রাণ দান করে এমন, প্রাণদায়িনী; প্রাণের প্রাচুর্যদায়িনী (জীবনীশক্তি)। □ বি. জীবনচরিত, জীবনবৃত্তান্ত। [সং. জীবন + ঈ]। ˜ কার বি. জীবনচরিত রচয়িতা।

জীবনীয় (p. 327) [jībanīẏa] বিণ. প্রাণধারণের জন্য আবশ্যক। □ বি. জল। [সং. জীবন + ঈয়]।

জীবনী শক্তি (p. 327) [jībanī śakti] বি. প্রাণপ্রাচুর্য, প্রাণচাঞ্চল্য (জীবনীশক্তিতে ভরপুর) সজীবতা; প্রাণবন্ত ভাব।[সং. জীবনী + শক্তি]।

জীবনোপায় (p. 327) [jībanōpāẏa] বি. জীবিকা। [সং. জীবন + উপায়]।

জীবন্ত (p. 327) [jībanta] বিণ. 1 বেঁচে আছে এমন, সজীব, জীবিত (জীবন্ত দগ্ধ); 2 অত্যন্ত স্পষ্ট (জীবন্ত সত্য)। [সং. √ জীব্ + বাং. অন্ত]।

জীবন্মুক্ত (p. 327) [jībanmukta] বিণ. জীবিতাবস্থাতেই পার্থিব মায়া-বন্ধন থেকে মুক্ত, কিন্তু তবু প্রারব্ধ কর্ম সম্পন্ন করার জন্য নিরাসক্তভাবে দেহধারণ করে আছেন এমন। [সং. জীবত্ + মুক্ত]। জীবন্মুক্তি বি. জীবন্মুক্ত অবস্থা; জীবন্মুক্ত হওয়া।

জীবন্মৃত (p. 327) [jībanmṛta] বিণ. জীবিত অবস্থাতেই মৃতবত্, নির্জীব; অত্যন্ত কষ্টে জীবনধারণের গ্লানি বহন করছে এমন। [সং. জীবত্ + মৃত]।

জীব-ন্যাস (p. 327) [jība-nyāsa] বি. 1 মন্ত্রবলে দেবপ্রতিমাদির প্রাণ প্রতিষ্ঠা; 2 (বিরল) প্রাণদান। [সং. জীব + ন্যাস (=স্থাপন)]।

জীববিজ্ঞান, জীবলোক, জীবহত্যা, জীবহিংসা (p. 327) [jībabijñāna, jībalōka, jībahatyā, jībahiṃsā] দ্র জীব2।

জীবাণু (p. 327) [jībāṇu] বি. অতি সূক্ষ্ম প্রাণী বা উদ্ভিদ, microbe. [সং. জীব + অণু]। রোগ-জীবাণু বি. যে জীবাণু জীবদেহে প্রবেশ করে রোগ সৃষ্টি করে, bacillus.

জীবাত্মা (p. 327) [jībātmā] (-ত্মন্) বি. 1 জীবনামক আত্মা; দেহধারী আত্মা; 2 বিশেষ জীবের মধ্যে প্রতিবিম্বিত পরমাত্মা, পরমাত্মার প্রকাশরূপ জীবের দেহস্থ চৈতন্য। [সং. জীব + আত্মন্]।

জীবান্তক (p. 327) [jībāntaka] বিণ. জীবননাশক। □ বি. ব্যাধ। [সং. জীব + অন্তক]।

জীবাশ্ম (p. 327) [jībāśma] বি. প্রস্তরীভূত উদ্ভিদ বা প্রাণী, বহু পূর্বে মৃত প্রাণী বা উদ্ভিদের প্রস্তরে পরিণত দেহাবশেষ, fossil (বি.প.)। [সং. জীব + অশ্ম]।

জীবিকা (p. 327) [jībikā] বি. জীবনধারণের জন্য অবলম্বিত বৃত্তি বা পেশা, জীবনধারণের উপায়; পেশা বা বৃত্তি। [সং. √ জীব্ + ক + আ]।˜ নির্বাহ বি. জীবনধারণের ব্যবস্থা, বেঁচে থাকার উপায় করা।

জীবিত (p. 327) [jībita] বিণ. জীবন্ত, বেঁচে আছে এমন (জীবিতাবস্থা, জীবিত প্রাণী)। □ বি. জীবন (জীবিতকাল, জীবিতেশ্বর)। [সং. √ জীব্ + ত]। জীবিতাশা বি. বাঁচার আশা। জীবিতেশ, জীবিতেশ্বর বি. 1 প্রাণেশ্বর, স্বামী; 2 যমরাজ; 3 ঈশ্বর, পরমেশ্বর; 4 প্রভু, নাথ।

-জীবী (p. 327) [-jībī] (-বিন্) বিণ. 1 জীবনযুক্ত, আয়ুযুক্ত (দীর্ঘজীবী, ক্ষণজীবী); 2 জীবিকানির্বাহকারী (আইনজীবী)। [সং. √ জীব্ + ইন্]।

জীমূত (p. 327) [jīmūta] বি. 1 মেঘ; 2 পর্বত। [সং. জী (=জীবন, জল) + √ মূ (ধারণ বা বদ্ধ করা) + ত]।˜ নাদ,˜ মন্দ্র বি. মেঘগর্জন, মেঘের ডাক।˜ বাহন বি. ইন্দ্র।

জীরক (p. 327) [jīraka] বি. মশলাবিশেষ, জিরে। [সং. জীর + ক]।

জীর্ণ (p. 327) [jīrṇa] বিণ. 1 সর্বদা ব্যবহারে ক্ষয়প্রাপ্ত বা ব্যবহারের অযোগ্য (জীর্ণ বস্ত্র); 2 শীর্ণ হয়েছে এমন (জীর্ণদেহ); 3 জারিত (জীর্ণ লৌহ); 4 হজম হয়েছে এমন (জীর্ণ অন্ন)। [সং. √ জৃ + ত]। স্ত্রী. জীর্ণা। বি.˜ তা।˜ দশা বি. ভগ্ন অবস্থা।˜ সংস্কার বি. ভগ্ন বা ক্ষয়প্রাপ্ত বস্তুর মেরামত। জীর্ণোদ্ধার বি. জীর্ণ বস্তুর মেরামত, জীর্ণসংস্কার।

জুঁই (p. 327) [jum̐i] বি. খুব ছোট সুগন্ধি ফুলবিশেষ, যুথিকা। [সং. যূথিকা]।

জুখা (p. 327) [jukhā] দ্র জোখা।

জুগুপ্সা (p. 327) [jugupsā] বি. 1 কুৎসা, নিন্দা; 2 ঘৃণা। [সং. √ গুপ্ + সন্ + অ + আ]। জুগুপ্সিত বিণ. নিন্দিত; ঘৃণিত।

জুজ (p. 327) [juja] বি. বইয়ের ফর্মা বা খণ্ড। [আ. জুজ্]।˜ সেলাই বি. ফর্মা পৃথক পৃথক সেলাই করে বই বাঁধানো।

জুজু (p. 327) [juju] বি. শিশুদের ভয় দেখাবার জন্য কল্পিত অশরীরী বা পিশাচযোনি। [দেশি]।˜ বুড়ি বি. কল্পিত ছেলেধরা পিশাচী।

জুজুৎসু (p. 327) [jujutsu] বি. মল্লবিদ্যা; কুস্তি; জাপানি প্রণালীর কুস্তি। [জাপ. জিজিউত্-সু]।

জুঝা, যুঝা (p. 327) [jujhā, yujhā] ক্রি. 1 লড়া, যুদ্ধ করা; 2 বাধাবিঘ্নের মোকাবিলা করা (দারিদ্রের সঙ্গে যুঝতে হচ্ছে)। □ বি. উক্ত অর্থে। [সং. √

যুধ্]।˜ নো ক্রি. লড়াই করানো; লড়াইয়ে বাধ্য বা উৎসাহিত করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [জোঝা দ্র]।

জুটা, জোটা (p. 327) [juṭā, jōṭā] ক্রি. 1 সংগ্রহ হওয়া, মেলা (দুমুঠো অন্ন জোটে না, অন্ন জুটবে না); 2 একত্র হওয়া (বহুলোক জুটেছে); 3 উপস্থিত হওয়া (হঠাত্ এসে জুটল)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [হি. √ জুট < সং. যূথ]।˜ নো ক্রি. 1 সংগ্রহ করা; 2 একত্র করা; 3 উপস্থিত করা, নিয়ে আসা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

জুটি (p. 327) [juṭi] বি. 1 দোসর, সমান সমান দুটির একটি (একা কেন? তোমার জুটি কই?); 2 জোড়া, সমান বা সমকক্ষ দুটি। [জুড়ি দ্র]।

জুডো (p. 327) [juḍō] বি. আধুনিক জাপানি রীতির মল্লযুদ্ধ; জুজুৎসু-র আধুনিক রূপ। [ইং. judo < জাপ. জিউ-দো]।

জুড়ন (p. 327) [juḍ়na] দ্র জুড়া2।

জুড়া2, জোড়া (p. 327) [juḍ়ā2, jōḍ়ā] ক্রি. 1 যুক্ত বা মিলিত করা (ভাঙতে পারি, জুড়তে পারি না); 2 কিছুর সঙ্গে এঁটে দেওয়া, জোতা (গাড়িতে বলদ জোড়া); 3 আরম্ভ করা (গল্প জুড়ে দিল); 4 ব্যাপ্ত করা ('আকাশ জুড়ে মেঘ করেছে চাঁদের লোভে লোভে': রবীন্দ্র)। □ বি. উক্ত সব অর্থে।[প্রাকৃ. √জোড় < সং. √ যোজি]।˜ নো ক্রি. যুক্ত বা মিলিত বা যোজিত করানো; জোড়া দেওয়ানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [জোড়া2 দ্র]।

জুড়া2 (p. 327) [juḍ়ā2] ক্রি. জুড়ানো, জুড়িয়ে যাওয়া, ঠাণ্ডা হওয়া (ভাত জুড়াচ্ছে; হৃদয় জুড়ায়)। [বাং. √ জুড়া-তু. সং. জড় (=ঠাণ্ডা), হি. জাড়া]। ̃ নো ক্রি. বি. 1 ঠাণ্ডা করা বা হওয়া (দুধ জুড়ানো); 2 শান্ত হওয়া বা করা (জ্বালা জুড়ানো); 3 তৃপ্ত হওয়া বা করা (চোখ জুড়ানো, প্রাণ জুড়ানো)। (কথ্য) জুড়ানো। জুড়ন বি. জুড়ানো -র সব অর্থে ('তবু হিয়া জুড়ন না গেল')।

জুড়ি (p. 327) [juḍ়i] বি. 1 সমান সমান দুটি বা সমান সমান দুটির একটি, জুটি (জুড়ি বাঁধা); 2 সমকক্ষ ব্যক্তি (তার জুড়ি মেলা ভার); 3 দুই ঘোড়ায় টানা গাড়ি (জুড়ি হাঁকিয়ে চলেন); 4 যাত্রাগানে একযোগে গানকারী গায়কেরা (জুড়ির গান); 5 একই পরদায় বাঁধা সেতার এসরাজ ইত্যাদির দুটি বিশেষ তার। □ বিণ. 1 দুই ঘোড়ায় টানে এমন (জুড়িগাড়ি); 2 সমকক্ষ, সমান সমান। [হি. জোড়ী]। ̃ গাড়ি বি. দুই ঘোড়ায় টানে এমন গাড়ি। ̃ দার বি. সহযোগী বা সমকক্ষ ব্যক্তি।

জুত1 (p. 327) [juta1] বি. 1 জ্যোতি (চোখের জুত); 2 শক্তি, তেজ। [সং. জ্যোতিঃ]।

জুত2 (p. 327) [juta2] বি. 1 আরাম; 2 সুবিধা (খাওয়ার জুত হচ্ছে না, জুতসই)। [হি. জোড় = মেল, মিলন]।

জুতা1, জোতা (p. 327) [jutā1, jōtā] ক্রি. (গাড়ি, লাঙল ইত্যাদিতে প্রধানত পশুদের) যোজিত করা। □ বি. উক্ত অর্থে। [প্রাকৃ. যুত্ত < সং. যুক্ত]। ̃ নো ক্রি. (গাড়ি ইত্যাদিতে) যোজিত করানো। □ বি. উক্ত অর্থে।

জুতা2, (কথ্য) জুতো (p. 327) [jutā2, (kathya) jutō] বি. ধুলো ময়লা ইত্যাদি থেকে পায়ের পাতাকে রক্ষা করবার (মূলত চামড়ার তৈরি) পাদুকা, বিনামা। [হি. জুতা]। ̃ নো বি. ক্রি. 1 জুতো দিয়ে মারা বা প্রহার করা; 2 (আল.) নিদারুণ অপমানিত করা। □ বিণ. উক্ত দুই অর্থে। জুতা মারা, জুতো মারা ক্রি. বি. জুতানো। জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ ছোট বড় যাবতীয় কাজ।

জুদা (p. 327) [judā] বিণ. পৃথক, তফাত। [ফা. জুদাহ্]।

জুন (p. 327) [juna] বি. ইংরেজি সালের ষষ্ঠ মাস। [ইং. June]।

জুনি-পোকা (p. 327) [juni-pōkā] বি. জোনাকি। [আঞ্চ. জুনি + বাং. পোকা]।

জুবিলি (p. 327) [jubili] বি. কোনো ব্যক্তির বা প্রতিষ্ঠানের সাধারণত পঞ্চাশ বৎসর উত্তীর্ণ হওয়া উপলক্ষ্যে উৎসব; জয়ন্তী উৎসব। [ইং. jubilee]। রৌপ্য জুবিলি পাঁচিশ বৎসর পূর্তি উপলক্ষ্যে উৎসব, silver jubilee. স্বর্ণ বা সুবর্ণ জুবিলি পঞ্চাশ বৎসর পূর্তির উৎসব, golden jubilee. হীরক জুবিলি ষাট বৎসর পূর্তির উৎসব, diamond jubilee.

জুম, জুমিয়া (p. 327) [juma, jumiẏā] বিণ. বি. আসাম রাজ্যের পর্বতময় অঞ্চলে পাহাড়ের গায়ে যে চাষ হয়।

জুমা, জুম্মা (p. 327) [jumā, jummā] বি. শুক্রবারের মুসলমানি নাম, নামাজের বার। [আ. জুমাই]। ̃ বার বি. শুক্রবার, নামাজের দিন। জুমা মসজিদ বি. যে মসজিদে মুসলমান জনসাধারণ মিলিত হয়ে জুম্মার নামাজ পড়ে।

জুয়া1 (p. 327) [juẏā1] ক্রি. জুয়ানো। [সং. √ যুজ্]।

জুয়া2 (p. 327) [juẏā2] বি. 1 বাজি রেখে প্রতিযোগিতামূলক খেলা, gambling; 2 দ্যূতক্রীড়া। [হি. জুয়া]। ̃ খেলা বি. টাকাপয়সা বাজি ধরে খেলা। ̃ চুরি বি. প্রবঞ্চনা, প্রতারণা। ̃ চোর বি. ঠক, প্রবঞ্চক, প্রতারক। ̃ ড়ি, ̃ রি বি. যে জুয়া খেলে।

জুয়ানো (p. 327) [juẏānō] ক্রি. বি. 1 জোগানো ('কথা না জুয়ায়'); 2 উচিত বা সংগত হওয়া ('ছাড়িতে না জুয়ায়')। [জুয়া1 দ্র]।

জুয়েলার (p. 327) [juẏēlāra] বি. স্বর্ণকার; মণিকার। [ইং. jeweller]। জুয়েলারি বি. সোনারূপার গহনার দোকান।

জুরি (p. 327) [juri] বি. আদালত কর্তৃক জনসাধারণের মধ্য থেকে মনোনীত আসামির দোষ বা নির্দোষিততার বিষয়ে মতদানকারী ব্যক্তিসমষ্টি। [ইং. jury]।

জুল-জুল (p. 327) [jula-jula] অব্য. বি. 1 মিটমিট বা অল্প উজ্জ্বলতার ভাব (জুলজুল করে তাকানো); 2 চকচকে ভাব। □ বিণ. ঈষত্ উজ্জ্বল; আশা, আনন্দ বা লোভে চকচকে (জুলজুল চোখে তাকাচ্ছে)। [দেশি]।

জুলপি, জুলফি (p. 327) [julapi, julaphi] বি. 1 কানের পাশে নেমে আসা চুলের গোছা; 2 কানের পাশ থেকে গালের কিছুদূর পর্যন্ত রাখা দাড়ি। [হি. জুল্ফী < ফা. জুল্ফ্]।

জুলাই (p. 327) [julāi] বি. ইংরেজি বছরের সপ্তম মাস। [ইং. July]।

জুলি (p. 327) [juli] বি. 1 ছোট নালা; 2 অগভীর ও অপ্রশস্ত খাত; 3 মাটি খুঁড়ে সাজানো সারি সারি চুল্লি। [দ্রা. জোলি ?-তু জলপ্রণালী]।

জুলু (p. 327) [julu] বি. দক্ষিণ আফ্রিকার বানটু জাতিবিশেষ বা তাদের ভাষা। [ইং. Zulu]।

জুলুম (p. 327) [juluma] বি. অত্যাচার, উৎপীড়ন; জবরদস্তি (জোরজুলুম, চাঁদার জুলুম)। [আ. জুল্‌ম]।˜ বাজ বিণ. অত্যাচারী, পীড়ক।˜ বাজি বি. অত্যাচার, পীড়ন।

জুষ্ট (p. 327) [juṣṭa] (বর্ত. বিরল) বিণ. সেবিত, পূজিত (অনার্যজুষ্ট)। [সং. √ জুষ্ + ত]।

জুস1 (p. 327) [jusa1] বি. রস, নির্যাস (আপেলের জুস)। [ইং. juice]।

জুস2 (p. 327) [jusa2] বি. ক্বাথ; ঝোল; সূপ (ডালের জুস, মুরগির জুস)। [সং. যুস]।

জূট (p. 327) [jūṭa] বি. 1 সমূহ, রাশি; 2 চূলের ঝুঁটি (জটাজূট); 3 কেশবন্ধন। [সং. √ জূট্ + অ]।

জৃম্ভণ, জৃম্ভ (p. 327) [jṛmbhaṇa, jṛmbha] বি. 1 হাই; মুখ্যব্যাদান; 2 স্ফুরণ, বিকাশ। [সং. √ জৃম্ভ্ + অন, অ]। জৃম্ভক বিণ. 1 যে হাই তোলে; 2 আলস্যজনক বা নিদ্রাকারক। জৃম্ভকাস্ত্র বি. যে অস্ত্রপ্রয়োগে হাই ওঠে এবং ঘুম পায়। জৃম্ভমাণ বিণ. 1 হাই তুলছে এমন; 2 বিকাশশীল। জৃম্ভিত বিণ. 1 জৃম্ভণযুক্ত; 2 প্রকাশিত, বিকশিত।

জেঁকো (p. 327) [jēn̐kō] বিণ. জাঁক করে এমন। [বাং. জাঁক + উয়া > ও]।

জেট (p. 327) [jēṭa] বি. জেটইঞ্জিনচালিত বিমানপোত। [ইং. jet]।

জেটি (p. 327) [jēṭi] বি. জাহাজ, স্টিমার প্রভৃতি থেকে মালপত্র নামাবার বা যাত্রী নামাবার মঞ্চবিশেষ। [ইং. jetty]।

জেঠ (p. 327) [jēṭha] বিণ. (প্রত্যয়যুক্ত বা সমাসবদ্ধ শব্দে পূর্বপদে) জ্যাঠা (জেঠতুতো, জেঠশ্বশুর)। [সং. জ্যেষ্ঠ]। ˜ তুতো বিণ. জ্যাঠার সন্তান এমন (জেঠতুতো ভাই)। ˜ শাশুড়ি বি. স্বামীর বা স্ত্রীর জেঠিমা। ˜ শ্বশুর বি. স্বামীর বা স্ত্রীর জ্যাঠা।

জেঠা (p. 327) [jēṭhā] দ্র জ্যাঠা।

জেঠি1, জেঠিমা (p. 327) [jēṭhi1, jēṭhimā] বি. জ্যাঠার পত্নী; পিতার অগ্রজের বা অগ্রজতুল্য ব্যক্তির পত্নী। [সং. জ্যেষ্ঠ > বাং. জেঠ + ই]।

জেঠি2, জেঠী (p. 327) [jēṭhi2, jēṭhī] বি. টিকটিকি। [সং. জ্যেষ্ঠী]।

জেতব্য (p. 327) [jētabya] বিণ. জেয়, জয় করার যোগ্য; জয় করা যায় বা উচিত এমন। [সং. √ জি + তব্য]।

জেতা1 (p. 327) [jētā1] (-তৃ) বিণ. জয়ী, জয়কারী। [সং. √ জি + তৃ]।

জেতা2, জেতানো (p. 327) [jētā2, jētānō] যথাক্রমে জিতা ও জিতানো -র চলিত রূপ।

জেদ (p. 327) [jēda] বি. জিদ, প্রচণ্ড বা প্রবল ঝোঁক, গোঁ, নাছোড়বান্দা ভাব। [আ. জিদ্দী]। জেদি বিণ. একগুঁয়ে, নাছোড়বান্দা। জেদা-জেদি বি. পরস্পর জিদ প্রকাশ; বারবার জিদ প্রকাশ।

জেনারেল (p. 327) [jēnārēla] বি. সেনাপতি। [ইং. general]।

জেনারেশন (p. 327) [jēnārēśana] বি. যুগ; প্রজন্ম; পুরুষ (নতুন জেনারেশনের ছেলেমেয়েরা)। [ইং. generation]।

জেনে-শুনে (p. 327) [jēnē-śunē] ক্রি-বিণ. সচেতনভাবে; বুঝেশুঝে (সে জেনেশুনেই এ কাজ করেছে)। [বাং. জানাশুনা]।

জেন্দ (p. 327) [jēnda] বি. প্রাচীন পারস্যের ভাষা, Zend; জোরোয়াস্টারকৃত ধর্মশাস্ত্র 'আবেস্তা' র ভাষা। [ফা. জেন্দ্]।

জেব (p. 327) [jēba] বি. 1 জামার পকেট; 2 টাকাপয়সা রাখার জন্য ছোট থলি। [ফা. জেব্]।

জেব্রা (p. 327) [jēbrā] বি. আফ্রিকার ডোরা-কাটা ঘোড়াজাতীয় পশুবিশেষ। [ইং. zebra]।

জেয় (p. 327) [jēẏa] বিণ. জয়ের যোগ্য, জেতব্য, জয়সাধ্য। (তু. বিপ. অজেয়)। [সং. √ জি + য]।

জের (p. 327) [jēra] বি. 1 আগেকার হিসাবের অবশেষ বা অনুবৃত্তি (গত মাসের হিসাবের জের); 2 রেশ (পুরোনো ঝগড়ার জের)। [ফা. যের]। জের টানা ক্রি. 1 হিসাবের খাতায় পূর্বপৃষ্ঠার জমাখরচের মোট অঙ্ক পরপৃষ্ঠায় নিয়ে যাওয়া; 2 পূর্বকর্মের রেশ টানা, আগেকার কাজের ফলভোগ করা। □ বি. উক্ত অর্থে।

জের-বার (p. 327) [jēra-bāra] বিণ. নাকাল, বিপর্যস্ত (সমস্যায় সমস্যায় জেরবার হয়ে গেছে)। [ফা. যেরবার]।

জেরা (p. 327) [jērā] বি. আদালতে কারও উক্তির সত্যাসত্য বিচারের জন্য সাক্ষীকে উকিলের কূট প্রশ্ন; উকিলের কূট প্রশ্নের মতো প্রশ্নের পর প্রশ্ন। [হি. জেরা < আ. জির্হ্]।

জেল (p. 327) [jēla] বি. 1 কারাগার, জেলখানা (জেলে যাওয়া); 2 কারাদণ্ড (জেল খাটা, জেল হওয়া)। [ইং. jail]।

জেলা (p. 327) [jēlā] বি. মহকুমার সমষ্টি; দেশ, রাজ্য বা প্রদেশের বিভাগবিশেষ, district. [আ. দিলা]।˜ পরিষদ বি. ভারতের পঞ্চায়েত ব্যবস্থায় সর্বোচ্চ স্তর।˜ শহর বি. জেলার প্রধান শহর। ˜ ; শাসক বি. জেলার প্রশাসনিক প্রধান, district magistrate.

জেলার (p. 327) [jēlāra] বি. জেলের অধ্যক্ষ, কারাধ্যক্ষ। [ইং. jailor]।

জেলি (p. 327) [jēli] বি. ফলের রস চিনির রসে ফুটিয়ে প্রস্তুত মোরব্বাজাতীয় খাদ্যবিশেষ। [ইং. jelly]।

জেলে, জেলিয়া (p. 327) [jēlē, jēliẏā] বি. ধীবর, মৎস্যশিকারি, মৎস্যব্যবসায়ী; হিন্দু জাতিবিশেষ। [সং. জাল2 + বাং. ইয়া > এ]। স্ত্রী. জেলেনি।˜ ডিঙি বি. জেলেদের ব্যবহৃত মাছ ধরার ছোট নৌকা।

জেল্লা (p. 327) [jēllā] বি. ঔজ্জ্বল্য, চাকচিক্য, চেকনাই (চেহারার জেল্লা, বাসনের জেল্লা)। [আ. দিলা]।˜ দার বিণ. উজ্জ্বল, চকচকে।

জেহাদ, জিহাদ (p. 327) [jēhāda, jihāda] বি. 1 বিধর্মীদের বিরুদ্ধে মুসলমানদের ধর্মযুদ্ধ; 2 ধর্মযুদ্ধ; 3 (আল.) ধর্মীয় বা অন্য কোনো সত্ উদ্দেশ্যে যুদ্ধ প্রতিবাদ বা বিদ্রোহ। [আ. জিহাদ্]।

জেহ্ন (p. 327) [jēhna] অব্য. বিণ. (প্রা. বাং.) যেন, যেমন, যেরূপ। [বাং. যেন]।

জৈন (p. 327) [jaina] বি. মহাবীর-প্রবর্তিত জিনোপাসক ধর্মসম্প্রদায়বিশেষ। [সং. জিন + অ]।

জৈব (p. 327) [jaiba] বিণ. 1 জীবসম্বন্ধীয় (জৈব উপাদান); 2 জীবজাত, প্রাণিজ। [সং. জীব + অ]। ˜ রসায়ন বি. জীবসংক্রান্ত রসায়নশাস্ত্র, organic chemistry, biochemistry.

জৈমিনি (p. 327) [jaimini] বি. মীমাংসাদর্শনপ্রণেতা মুনি, এর নাম স্মরণ করলে বজ্রপাত নিবারিত হয় এই বিশ্বাসে বজ্রবিদ্যুৎপাতের সময় লোকে এর নাম কীর্তন করে।

জো (p. 327) [jō] বি. সুযোগ, উপায় (পালাবার জো নেই)। [সং. যোগ]।

জোঁক (p. 327) [jōn̐ka] বি. জলৌকা, রক্তপায়ী কৃমিবিশেষ। [সং. জলৌকা]।

জোঁকার, জোকার (p. 327) [jōn̐kāra, jōkāra] বি. হুলুধ্বনি। [প্রাকৃ. জোক্কার < সং. জয়কার]।

জোঁদা (p. 327) [jōn̐dā] বিণ. অত্যন্ত টক, অতি টক স্বাদযুক্ত। [দেশি]।

জোক, জোখ (p. 327) [jōka, jōkha] বি. মাপ; পাশাপাশি রেখে নেওয়া মাপ (মাপজোক, জোক নেওয়া)। [হি. √ জুখ]।

জোখা, জুখা (p. 327) [jōkhā, jukhā] ক্রি. 1 পরিমাণ নির্ণয় করা; 2 ওজন করা; 3 পাশাপাশি রেখে তুলনামূলকভাবে মাপা। □ বি. বিণ. উক্ত সব অর্থে (লেখাজোখা)। [হি √ জুখ]।

জোগাড়, (বর্জি.) যোগাড় (p. 327) [jōgāḍ়, (barji.) yōgāḍ়] বি. 1 সংগ্রহ (টাকার জোগাড়); 2 আয়োজন (বিয়ের জোগাড়)। [সং. যোগ + বাং. আড়]। ~ ; যন্ত্র বি. কাজ সম্পাদনের ব্যবস্থা ও কাজের উপকরণের আয়োজন। জোগাড়ে, যোগাড়ে বিণ. 1 জোগাড় করতে পটু; 2 সাহায্যকারী।

জোগান, (বর্জি.) যোগান (p. 327) [jōgāna, (barji.) yōgāna] বি. সরবরাহ (দুধের জোগান)। [জোগাড় দ্র]। জোগান দেওয়া ক্রি. বি. সরবরাহ করা (লোকটি আমাকে নিয়মিত খবর জোগান দেয়)। জোগানো, যোগানো ক্রি. বি. 1 সরবরাহ করা (কথা জোগায় না, টাকা জোগাবে কে?); 2 প্রয়োজন মেটানো। ~ দার, জোগানে বিণ. সরবরাহকারী।

জোচ্চোর, জোচ্চুরি (p. 327) [jōccōra, jōccuri] যথাক্রমে জুয়াচোর ও জুয়াচুরি র কথ্য রূপ।

জোট (p. 330) [jōṭa] বি. 1 মিলিত হওয়া, মিলন, সমাবেশ; দল (জোট বাঁধা); 2 গাঁট, জটিল বন্ধন (জোট পড়েছে)। [হি. জোড়]। জোট-নিরপেক্ষ বিণ. কোনো গোষ্ঠী দেশ বা জোটের অন্তর্ভুক্ত নয় এমন, non-aligned. জোট-নিরপেক্ষতা বি. কোনো দলে বা গোষ্ঠীতে না থাকার নীতি, non-alignment.

জোটা, জোটানো (p. 330) [jōṭā, jōṭānō] যথাক্রমে জুটা ও জুটানো -র চলিত রূপ।

জোটে-বুড়ি (p. 330) [jōṭē-buḍ়i] বি. জুজুবুড়ি, শিশুদের ভয় দেখানোর জন্য কল্পিত জটাধারিণী পিশাচীমূর্তি। [বাং. জটা + ইয়া > এ + বুড়ি]।

জোড় (p. 330) [jōḍ়] বি. 1 মিলন, সংযোগ (কাঠের জোড়ের মুখ); 2 যুগল (তারা জোড়ে এসেছিল, মানিকজোড়); 3 বিবাহ ইত্যাদি মাঙ্গলিক কর্মের ধুতি ও চাদর (চেলির জোড় পরেছে); 4 যন্ত্রসংগিতের দ্রুত বাদনরীতির অঙ্গবিশেষ। □ বিণ. যুক্ত; মিলিত (জোড়হাতে)। [প্রাকৃ. জোডিঅ < সং. √ জুড় (বন্ধনে)]। ˜ কলম বি. বড় গাছের ডালের সঙ্গে চারাগাছ জুড়ে দিয়ে উৎপাদিত কলম। জোড় খাওয়া, জোড় মেশা ক্রি. বি. ঠিকভাবে সংযুক্ত হওয়া, মিশ হওয়া (এটার সঙ্গে ওটা ঠিক জোড় খাবে না)। ˜ সংখ্যা বি. যুগ্ম সংখ্যা, 2-দ্বারা বিভাজ্য সংখ্যা। ˜ হাত বি. কৃতাঞ্জলি হয়ে অর্থাত্ দুই করতল যুক্ত করে নমস্কার করার ভঙ্গিবিশেষ। জোড়ে যাওয়া ক্রি. বি. বিবাহের পর স্ত্রীকে নিয়ে বরের প্রথম শ্বশুরালয়ে যাওয়া।

জোড়া1 (p. 330) [jōḍ়ā1] বিণ. যুগল, দুটি (জোড়া ইলিশ, জোড়া পায়ে লাথি)। □ বি. 1 যুগ্ম বস্তু (কাপড়ের জোড়া, একজোড়া কাপড়); 2 জুড়ি, সমকক্ষ বস্তু বা ব্যক্তি (তার জোড়া নেই, সাপের জোড়া); 3 জোড়, সংযোগ (জোড়া লেগে গেছে)। [বাং. জোড় + আ (সং. যুগ্ম)]।

জোড়া2 (p. 330) [jōḍ়ā2] বিণ. 1 যুক্ত, আঁটা (বইয়ে জোড়া ছবি); 2 যোজিত (লাঙলে ছোড়া বলদ); 3 ভরা, ব্যাপ্ত করে আছে এমন (ঘরজোড়া খাট,

দেশজোড়া খ্যাতি); 4 দোসর, জুটি (এ কাপড়ের আর জোড়া হবে না)। [জুড়া, জোড়া1 দ্র]।

জোড়া-তাড়া (p. 330) [jōḍ়ā-tāḍ়ā] বি. কাজ চালাবার জন্য যেকোনো রকমে জোড়া দেওয়ার, ব্যবস্থা; গোঁজামিল; জোড়াতালি। [বাং. জোড়া + (অনুগামী শব্দ) তাড়া]।

জোড়া-তালি (p. 330) [jōḍ়ā-tāli] বি. 1 সেলাই করে জোড়া লাগানো এবং প্রয়োজনবোধে তালি দেওয়ার কাজ; 2 কোনোরকমে কাজ চালাবার মতো ব্যবস্থা, জোড়াতাড়া। [বাং. জোড়া + তালি]।

জোড়া-শব্দ (p. 330) [jōḍ়ā-śabda] বি. বিশেষ অর্থবোধ হয় এমন একই শব্দের বা প্রায় একইরকম শব্দের দ্বিত্ব, শব্দদ্বৈত-যথা গলায় গলায়। [সং. জোড়া + সং. শব্দ]।

জোত (p. 330) [jōta] বি. 1 চাষের জমি; 2 কর্ষণযোগ্য ভূ-সম্পত্তি; 3 লাঙলের সঙ্গে গোরুকে বাঁধবার দড়ি। [সং. যোত্র]। ˜ দার বি. জমিদার; জমিদারের অধীনে কর্ষণযোগ্য ভূ-সম্পত্তির মালিক।

জোতা (p. 330) [jōtā] ক্রি. যুক্ত বা যোজিত করা; সংযোজিত করা (এখন গাড়িতে বলদ জোতা হয়নি)। [জুতা1 দ্র]।

জোত্র, (কথ্য) জোত্তর (p. 330) [jōtra, (kathya) jōttara] বি. 1 জো, সুযোগ, উপায় (শরীরটা তেমন জোত্তর লাগছে না); 2 সংস্থান। [সং. যোত্র]।

জোনাকি (p. 330) [jōnāki] বি. দীপ্তিযুক্ত পোকাবিশেষ, খদ্যোত। [তু. সং. জ্যোতিরিঙ্গণ]।

জোব্বা (p. 330) [jōbbā] বি. বুকখোলা ও হাঁটু পর্যন্ত লম্বা ঢিলা জামাবিশেষ। [আ. জুব্বা]।

জোয়ান1 (p. 330) [jōẏāna1] বি. মশলা হিসাবে ব্যবহৃত ক্ষুদ্র শস্যবিশেষ। [< সং. যমানী]।

জোয়ান2 (p. 330) [jōẏāna2] বি. 1 যুবক; 2 বলবান ব্যক্তি; 3 যো
দ্ধা (জোয়ানরা দেশের জন্য লড়ছে)। □ বিণ. হৃষ্টপৃষ্ট; বলিষ্ঠ (জোয়ানমর্দ)। [ফা. জবান-তু. সং. যুবন্]।

জোয়ার1 (p. 330) [jōẏāra1] বি. চন্দ্রসূর্যের আকর্ষণে সমুদ্র ও নদনদীর জলস্ফীতি (তু. ভাঁটা)। [হি. জুবার (< সং. জলবার)]।

জোয়ার2 (p. 330) [jōẏāra2] বি. গমজাতীয় শস্যবিশেষ। [হি. জওয়ার, জবার]। জোয়ারি1 -বিণ. জোয়ার থেকে প্রস্তুত (জোয়ারি রুটি)।

জোয়ারি2 (p. 330) [jōẏāri2] বি. যে ফলকটি তানপুরা সেতার প্রভৃতি বাদ্যযন্ত্রের তার ধারণ করে, bridge. [হি. জবারী]। জোয়ারি করা ক্রি. বি. জোয়ারি পরিষ্কার করা; জোয়ারি সাফ করে সুরে বাঁধা।

জোয়াল (p. 330) [jōẏāla] বি. লাঙলের সঙ্গে পশু জোতবার কাঠামোবিশেষ, সুগন্ধর। [সং. যুগল]।

জোর (p. 330) [jōra] বি. 1 বল, শক্তি (গায়ের জোর, বুদ্ধির জোরে করেছে); 2 বলপ্রয়োগ (জোরে ধাক্কা দেওয়া); 3 তীব্রতা, উচ্চতা (গলার জোর); 4 দৃঢ়তা (মনের জোরে); 5 অধিকার দাবি (সন্তানের উপর মায়ের জোর)। □ বিণ. 1 উচ্চ, চড়া, তীব্র (জোর আওয়াজ); 2 বলবান, শক্তিশালী (জোর হাওয়া); 3 কড়া (জোর হুকুম); 4 দ্রুত, দ্রুতগতি (জোর পায়ে চলা, জোর কদম); 5 আশাতীতরকম ভালো (জোর বরাত); 6 প্রচুর, দারুণ (জোর মারপিট হল)। [ফা. যোর]।˜ কপাল,˜ বরাত. বি. ভাগ্যের জোর বা অনুকূলতা।˜ জবর-দস্তি,˜ জুলুম বি. 1 জোরাজুরি, জবরদস্তি; 2 অত্যাচার; 3 পীড়াপীড়ি।˜ জার বি. জবরদস্তি।˜ তলব বি. জরুরি তলব, তাড়াতাড়ি যাবার বা আসবার জন্য কড়া হুকুম। জোরা-জুরি বি. ক্রমাগত বলপ্রয়োগ বা চাপসৃষ্টি।˜ দার, জোরানো বিণ. বলবান, শক্তিশালী; প্রবল (জোরালো আন্দোলন)।

জোরু, জরু (p. 330) [jōru, jaru] বি. পত্নী, স্ত্রী। [হি. জরু]।

জোল, জোলা1 (p. 330) [jōla, jōlā1] বি. সংকীর্ণ বা অপরিসর খাল, লম্বা কিন্তু সরু খাত। [জুলি দ্র]।

জোলা2 (p. 330) [jōlā2] বি. মুসলমান তাঁতি। [ফা. জুলাহ্]। স্ত্রী.˜ নি।

জোলাপ (p. 330) [jōlāpa] বি. বিরেচক ওষুধ, কোষ্ঠ সাফকারী ওষুধ। [ফা. < আ. জুলাব্]।

জোলো (p. 331) [jōlō] বিণ. 1 জলমিশ্রিত (জোলো দুধ); 2 জলীয়, সজল (জোলো বাতাস); 3 জলের মতো স্বাদবিশিষ্ট, পানসে (জোলো রান্না, জোলো স্বাদ); 4 নীরস; 5 অন্তঃসারশূন্য; 6 হালকা (জোলো বক্তৃতা)। [বাং. জল + ও]।

জোশ (p. 331) [jōśa] বি. 1 উদ্দীপনা, উৎসাহ (তোমার কথায় সে বেশ জোশ পেয়েছে); 2 উত্তপ্ত ভাব, উত্তাপ। [ফা. জোশ]।

জোষণ (p. 331) [jōṣaṇa] বি. 1 আনন্দ, হর্ষ; 2 প্রীতি; 3 সেবা। [সং. √ জুষ্ + অন]।

জোহার (p. 331) [jōhāra] বি. (প্রা. বাং. কাব্যে) প্রণাম; অভিবাদন। [তু. হি. জুহার্]।

জৌনপুরি (p. 331) [jaunapuri] বিণ. 1 জৌনপুরে উৎপন্ন; 2 জৌনপুর-সম্বন্ধীয়। □ বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [জৌনপুর + বাং. ই]।

-জ্ঞ (p. 331) [-jña] (সমাসের পরপদে) বিণ. বিজ্ঞ; জানে এমন (বেদজ্ঞ, শাস্ত্রজ্ঞ, রাজনীতিজ্ঞ)। [সং. √ জ্ঞা + অ]।

জ্ঞাত (p. 331) [jñāta] বিণ. 1 জানে এমন (আপনি জ্ঞাত আছেন); 2 বিদিত, অবগত (এ ব্যাপার সকলেরই জ্ঞাত)। [সং. √ জ্ঞা + ত]। ˜ সারে ক্রি-বিণ. 1 সজ্ঞানে, জেনে (সে জ্ঞাতসারে এ কাজ করেনি); 2 গোচরে (এ কাজ তার জ্ঞাতসারে হয়নি)।

জ্ঞাতব্য (p. 331) [jñātabya] বিণ. জানবার যোগ্য, জানা উচিত বা জানতে হবে এমন (জ্ঞাতব্য তথ্য)। [সং. √ জ্ঞা + তব্য]।

জ্ঞাতা (p. 331) [jñātā] (-তৃ) বিণ. বি. জানে এমন; অভিজ্ঞ। [সং. √ জ্ঞা + তৃ]।

জ্ঞাতি (p. 331) [jñāti] বি. 1 একই আদিপুরুষের বংশধর; সগোত্র ব্যক্তি; 2 নিকট সম্পর্কের ব্যক্তি; 3 সপিণ্ড, যে সপ্তমপুরুষ পর্যন্ত পিণ্ডদান করার অধিকারী। [সং. √ জ্ঞা + তি]। ̃ কুটম্ব, ̃ গোত্র বি. আত্মীয়স্বজন। ̃ ত্ব বি. জ্ঞাতির সম্বন্ধ; জ্ঞাতির উপযুক্ত আচরণ। ̃ ভাই বি. জ্ঞাতি সম্বন্ধে ভাই।

জ্ঞান (p. 331) [jñāna] বি. 1 বোধ, বুদ্ধি, বোঝবার শক্তি (গভীর জ্ঞানের অধিকারী); 2 সংজ্ঞা, চেতনা (রোগীর জ্ঞান ফেরেনি); 3 ধারণা, বিবেচনা (মাত্রাজ্ঞান, সমজ্ঞান, আত্মীয়জ্ঞানে কাজ করা); 4 অভিজ্ঞতা (ব্যবসায়ে জ্ঞান); 5 বিদ্যাবত্তা, শিক্ষা, পাণ্ডিত্য (শাস্ত্রজ্ঞান); 6 তত্ত্বজ্ঞান (গীতার জ্ঞানযোগ)। [সং. √ জ্ঞা + অন]। ̃ কাণ্ড বি. বেদের তত্ত্বজ্ঞানসম্বন্ধীয় অংশ, প্রধানত উপনিষদের বিষয়বস্তু। ̃ কৃত বিণ. সজ্ঞানে বা সচেতনভাবে করা হয়েছে এমন (জ্ঞানকৃত অপরাধ) ̃ কোষ বি. নানা জ্ঞান বা বিদ্যার কোষগ্রনহ, encyclopaedia. ̃ গম্য বিণ. জ্ঞানের দ্বারা লভ্য। ̃ গম্যি বি. (কথ্য) বুদ্ধিশুদ্ধি। ̃ গরিমা বি. জ্ঞানগৌরব, জ্ঞানের গরিমা। ̃ গর্ভ বিণ. জ্ঞানপূর্ণ, সারগর্ভ। ̃ চক্ষু বি. অন্তর্দৃষ্টি; জ্ঞানরূপ দৃষ্টি। ̃ ত ক্রি-বিণ. সজ্ঞানে, জ্ঞাতসারে। ̃ তৃষ্ণা বি. জ্ঞানের জন্য প্রবল আগ্রহ। ̃ দ বিণ. জ্ঞানদায়ক। ̃ দা বিণ. (স্ত্রী.) জ্ঞানদায়িনী। ̃ পবন (কথ্য) বি. বুদ্ধিশুদ্ধি। ̃ পাপী (-পিন্) বিণ. জেনেশুনে পাপকাজ করে এমন। ̃ পিপাসা জ্ঞাতৃষ্ণা -র অনুরূপ। ̃

বাদ বি. জ্ঞানই মোক্ষলাভের একমাত্র উপায়, এই দার্শনিক মত। ˜ বান (-বত্) বিণ. জ্ঞানযুক্ত, জ্ঞানশালী, জ্ঞানী। স্ত্রী. ˜ বতী। ˜ বৃদ্ধ বিণ. জ্ঞানী, জ্ঞানসমৃদ্ধ; প্রচুর জ্ঞান ও অভিজ্ঞতায় সমৃদ্ধ। ˜ ময় বিণ. জ্ঞানপূর্ণ; জ্ঞানস্বরূপ। □ বি. পরব্রহ্ম, যিনি নিখিল জ্ঞানের আধার এবং যিনি কেবল জ্ঞানযোগের দ্বারা লভ্য। ˜ যোগ বি. জ্ঞানরূপ যোগ; ব্রহ্মলাভার্থ জ্ঞানমার্গীয় সাধনপ্রণালী; জ্ঞানলাভের উপায় বা শাস্ত্র। ˜ লিপ্সা বি. জ্ঞানলাভের ইচ্ছা, জ্ঞানপিপাসা। ˜ শক্তি বি. শ্রীকৃষ্ণের শক্তিত্রয়ের অন্যতম; জ্ঞানরূপ শক্তি; জ্ঞান যে শক্তি দেয়। ˜ শূন্য, ˜ হীন বিণ. জ্ঞানবর্জিত অজ্ঞান; মূর্খ। জ্ঞান দেওয়া (কথ্য) অবাঞ্ছিত উপদেশ দেওয়া।

জ্ঞানাঙ্কুর (p. 331) [jñānāṅkura] বি. জ্ঞানের প্রাথমিক বিকাশ বা সঞ্চার, জ্ঞানসঞ্চার। [সং. জ্ঞান + অঙ্কুর]।

জ্ঞানাঞ্জন (p. 331) [jñānāñjana] বি. তত্ত্বজ্ঞানরূপ কাজল যার দ্বারা অজ্ঞানরূপ অন্ধকার দূর হয় বা তিমিররোগ নিরাময় হয় এবং সমস্ত কিছুর প্রকৃত রূপ উপলব্ধি করা যায়। [সং. জ্ঞান + অঞ্জন]।

জ্ঞানাতীত (p. 331) [jñānātīta] বিণ. জ্ঞানের অতীত, জ্ঞানের দ্বারা যা লভ্য নয়। [সং. জ্ঞান + অতীত]।

জ্ঞানী (p. 331) [jñānī] (-নিন্) বিণ. 1 জ্ঞানবান, জ্ঞান আছে যাঁর; 2 বিবিধ শাস্ত্র সম্বন্ধে জ্ঞানসম্পন্ন; 3 অভিজ্ঞ; 4 তত্ত্বজ্ঞ। [সং. জ্ঞান + ইন্]।

জ্ঞানেন্দ্রিয় (p. 331) [jñānēndriẏa] বি. যে ইন্দ্রিয়ের দ্বারা বাহ্যবিষয়ের জ্ঞান লাভ করা যায় অর্থাত্ চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ও ত্বক এই পঞ্চেন্দ্রিয়। [সং. জ্ঞান + ইন্দ্রিয়। তু. কর্মেন্দ্রিয়]।

জ্ঞানোদয় (p. 331) [jñānōdaẏa] বি. জ্ঞানের উদয়, জ্ঞানের সঞ্চার; জ্ঞানলাভ হওয়া। [সং. জ্ঞান + উদয়]।

জ্ঞাপক (p. 331) [jñāpaka] বিণ. 1 যে বা যা জানায়, যে বা যা জ্ঞাপন করে; 2 দ্যোতক, ব্যঞ্জক, প্রকাশক (অর্থজ্ঞাপক); 3 প্রচারক (সংবাদজ্ঞাপক)। [সং. √ জ্ঞা + ণিচ্ + অক]।

জ্ঞাপন (p. 331) [jñāpana] বি. 1 জ্ঞাত করা, জানানো (ভাষার প্রধান কাজ জ্ঞাপন); 2 নিবেদন। [সং. √ জ্ঞা + ণিচ্ + অন]। জ্ঞাপনীয় বিণ. জ্ঞাপন করা উচিত বা করার যোগ্য এমন; নিবেদনীয়।

জ্ঞাপয়িতা (p. 331) [jñāpaẏitā] (-তৃ) বিণ. জ্ঞাপক, জ্ঞাপনকারী। [সং. √ জ্ঞা + ণিচ্ + তৃ]। স্ত্রী. জ্ঞাপয়িত্রী।

জ্ঞাপিত (p. 331) [jñāpita] বিণ. জানানো হয়েছে এমন। [সং. √ জ্ঞা + ণিচ্ + ত]।

জ্ঞেয় (p. 331) [jñēẏa] বিণ. 1 জ্ঞাতব্য; জানার যোগ্য; 2 জ্ঞানসাধ্য, জানা যায় এমন (দুর্জ্ঞেয় রহস্য); 3 জানতে হবে এমন। [সং. √ জ্ঞা + য]।

জ্বর (p. 331) [jbara] বি. সর্বাঙ্গে তাপ ও নাড়ির চাঞ্চল্য বৃদ্ধিকারক রোগ। [সং. √ জ্বর্ + অ]। ̃ ঘ্ন বিণ. জ্বরনাশক (জ্বরঘ্ন ওষুধ)। ̃ ঠুঁটো বি. জ্বরভোগের ফলে ঠোঁটে যে ঘা হয়। জ্বরাক্রান্ত বিণ. জ্বরে আক্রান্ত। জ্বরাতিসার বি. উদরাময়যুক্ত টাইফয়েড জাতীয় জ্বররোগ। জ্বরান্তক বিণ. জ্বরঘ্ন, জ্বরনাশক। জ্বরিত বিণ. জ্বরাক্রান্ত, জ্বরযুক্ত।

জ্বল-জ্বল (p. 331) [jbala-jbala] বি. প্রখর দীপ্তির ভাব; দীপ্তভাবে অবস্থানের ভাব (আকাশে তারা জ্বলজ্বল করছে)। [সং. জ্বল্ + অ + জ্বল্ + অ]। জ্বলজ্বলে বিণ. প্রদীপ্ত; অতিশয় উজ্জ্বল।

জ্বলতঁহি (p. 331) [jbalatam̐hi] ক্রি. (ব্রজ.) জ্বলছে। [সং. জ্বলতি]।

জ্বলত্ (p. 331) [jbalat] বিণ. দীপ্যমান, জ্বলছে বা জ্বলজ্বল করছে এমন (জ্বলজ্জ্যোতি)। [সং. √ জ্বল্ + অত্]।

জ্বলন (p. 331) [jbalana] বি. 1 অগ্নি; 2 অগ্নিশিখা; 3 দীপ্তি; 4 দাহজনিত বা অন্য কোনো কারণজনিত কষ্টবোধ, জ্বালা; 5 (আঞ্চ.) বিরক্তি। [সং. √ জ্বল্ + অন]।

জ্বলন্ত (p. 331) [jbalanta] বিণ. জ্বলছে এমন (জ্বলন্ত অঙ্গার)। [বাং. √ জ্বল্ + অন্ত]।

জ্বলা (p. 331) [jbalā] ক্রি. 1 পোড়া, দগ্ধ হওয়া (কয়লা জ্বলছে); 2 প্রদীপ্ত হওয়া ('সেখানে দুচোখে জ্বলে তারা': বিষ্ণু); 3 আলোকদান করা (বাতি জ্বলে);

4 জ্বলজ্বল করা (বিড়ালের চোখ জ্বলে); 5 জ্বালা করা (বুক জ্বলে গেল); 6 অতিশয় ক্রোধের উদ্রেক হওয়া (কথা শুনলে গা জ্বলে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. দগ্ধ; জ্বলেছে বা জ্বলছে বা জ্বলে এমন। [সং. √ জ্বল্ + বাং. আ]।

জ্বলানো (p. 331) [jbalānō] ক্রি. বি. (আঞ্চ.) 1 প্রজ্বলিত করা; 2 অগ্নি সংযোগ করা; 3 পোড়ানো; 4 উত্ত্যক্ত করা। [জ্বালানো দ্র]।

জ্বলিত (p. 331) [jbalita] বিণ. 1 জ্বলেছে বা জ্বলে গেছে এমন; প্রজ্বলিত; 2 প্রকাশিত; 3 দীপ্ত; 4 দগ্ধ। [সং. √ জ্বল্ + ত]।

জ্বলুনি (p. 331) [jbaluni] বি. 1 দহন, জ্বলন; 2 জ্বালা, যন্ত্রণা। [বাং. জ্বলা + উনি]।

জ্বাল (p. 331) [jbāla] বি. 1 আগুনের তাপ বা আঁচ; 2 আগুনের তাপে গরম বা সিদ্ধ করা (দুধ জ্বাল দেওয়া, ঝোলটায় জ্বাল কম হয়েছে); 3 অগ্নিশিখা। [সং. √ জ্বল্ + অ]।

জ্বালতি, জালতি (p. 331) [jbālati, jālati] বি. রান্নায় যে অংশ জ্বলে নিঃশেষ হয় (সস্তা ঘিয়ে জ্বালতি বেশি যায়)। [সং. জ্বাল + বাং. তি]।

জ্বালা1 (p. 331) [jbālā1] বি. 1 আগুনের ঝলকা; 2 অগ্নিশিখা (বহ্নিজ্বালা); 3 দাহ, যন্ত্রণা (পেটের জ্বালা, কেন এত জ্বালা দিচ্ছ?)। [সং. √ জ্বল্ + আ]।

জ্বালা2 (p. 331) [jbālā2] ক্রি. 1 প্রজ্বলিত করা (আগুন জ্বালা); 2 আগুন ধরানো, অগ্নিসংযোগ করা (উনুন জ্বালা, চিতা জ্বালা)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে। [সং. √ জ্বল্ + বাং. আ]।

জ্বালাতন (p. 331) [jbālātana] দ্র জালাতন।

জ্বালানি (p. 331) [jbālāni] বি. ইন্ধন; জ্বালাবার কাঠ তেল ইত্যাদি। □ বিণ. জ্বালাবার উপযুক্ত (জ্বালানি কাঠ)। [বাং. জ্বালা2 + নি]। □ বিণ. (স্ত্রী.) যে জ্বালে বা জ্বালায়।

জ্বালানে, জ্বালানিয়া (p. 331) [jbālānē, jbālāniẏā] বিণ. 1 জ্বালায় বা জ্বালাতন করে এমন, উত্ত্যক্ত করে এমন (জ্বালানে ছেলে); 2 অগ্নিসোযোগকারী (ঘরজ্বালানে)। [বাং. জ্বালা2 + নিয়া > নে]। স্ত্রী. জ্বালানি।

জ্বালানো (p. 331) [jbālānō] ক্রি. 1 প্রজ্বলিত করা (আগুন জ্বালানো); 2 অগ্নিসংযোগ করা, আগুন ধরানো (উনুন জ্বালানো); 3 পোড়ানো, পুড়িয়ে ফেলা (জঞ্জাল জ্বালানো); 4 উত্ত্যক্ত করা, জ্বালাতন করা (আর আমাকে জ্বালিয়ো না)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 প্রজ্বলিত (জ্বালানো উনুন); 2 দগ্ধীভূত। [বাং. √ জ্বালা + আনো]।

জ্বালা-ময়ী (p. 331) [jbālā-maẏī] বিণ. (স্ত্রী.) তীব্র, তীক্ষ্ণ (জ্বালাময়ী বক্তৃতা)। [সং. জ্বালাময় + ঈ]।

জ্বালা-মালিনী (p. 331) [jbālā-mālinī] বি. দুর্গাদেবীর রূপবিশেষ। [সং. জ্বালামালা + ইন্ + ঈ]।

জ্বালা-মুখ (p. 331) [jbālā-mukha] বি. আগ্নেয়গিরির মুখ; যেখান দিয়ে তপ্ত লাভা ইত্যাদি বার হয়, অগ্নিমুখ। [সং. জ্বালা (অগ্নিশিখা) + মুখ]।

জ্বালা-মুখী (p. 331) [jbālā-mukhī] বি. পাঞ্জাবের একটি পীঠস্থান। [সং. জ্বালা (অগ্নিশিখা) + মুখ (প্রধান) + ঈ]।

জ্বালিত (p. 331) [jbālita] বিণ. 1 আগুন ধরানো বা জ্বালানো হয়েছে এমন, প্রজ্বলিত; 2 দগ্ধীকৃত, ভস্মীকৃত; 3 সন্তাপিত; 4 উত্ত্যক্ত। [সং. √ জ্বল্ + ণিচ্ + ত]।

জ্যা (p. 331) [jyā] বি. 1 ধনুকের গুণ বা ছিলা; 2 (জ্যামি.) বৃত্তাংশের দুই প্রান্ত যোজনাকারী রেখা, chord; 3 পৃথিবী।[সং. √ জ্যা + ক্কিপ্]।˜ নির্ঘোষ বি. ধনুকের টংকার।˜ রোপণ বি. ধনুকে গুণ বা ছিলা পরানো।

জ্যাকেট (p. 331) [jyākēṭa] বি. কোটের মতো কিন্তু অপেক্ষাকৃত কম ঝুলবিশিষ্ট জামাবিশেষ। [ইং. jacket]।

জ্যাঠা (p. 331) [jyāṭhā] বি. জ্যেষ্ঠতাত, পিতার অগ্রজ, বাবার বড় ভাই। □ বিণ. (বিদ্রূপে বা তিরস্কারে) অকালপক্ব বা ফাজিল (জ্যাঠা ছেলে)। [সং. জ্যেষ্ঠতাত]।˜ ইমা দ্র জেঠিমা।˜ মশাই বি. জ্যাঠা, বাবার বড় ভাই।˜ মি বি. পাকামি, ফাজলামি, অকালপক্বতা।

জ্যানির্ঘোষ (p. 331) [jyānirghōṣa] দ্র জ্যা।

জ্যান্ত (p. 331) [jyānta] বিণ. জিয়ন্ত, জীবন্ত। [সং. জীবন > জিয়ন্ত > জ্যান্ত]।

জ্যামিতি (p. 331) [jyāmiti] বি. রেখা ক্ষেত্র ঘন প্রভৃতিসম্বন্ধীয় গণিত, geometry. [সং. জ্যা (=পৃথিবী) + মিতি (পরিমাণ)]। ˜ ক বিণ. জ্যামিতিশাস্ত্রসম্বন্ধীয়।

জ্যারোপণ (p. 331) [jyārōpaṇa] দ্র জ্যা।

জ্যাল-জ্যাল (p. 331) [jyāla-jyāla] বি. নিষ্প্রভ ভাব (জ্যালজ্যাল করছে)। [দেশি]। জ্যাল-জেলে বিণ. 1 নিষ্প্রভ, উজ্জ্বলতাহীন (জ্যালজেলে রং); 2 ফাঁকযুক্ত, ছিদ্রযুক্ত (জ্যালজেলে কাপড়)।

জ্যেষ্ঠ (p. 331) [jyēṣṭha] বিণ. 1 বয়সে বড়, অগ্রজ; 2 প্রবীণ, প্রাচীন (বয়োজ্যেষ্ঠ); 3 শ্রেষ্ঠ (বর্ণজ্যেষ্ঠ)। □ বি. অগ্রজ ভ্রাতা। [সং. বৃদ্ধ + ইষ্ঠ]। ˜ তাত বি. জ্যাঠা। জ্যেষ্ঠা বিণ. (স্ত্রী.) জ্যেষ্ঠ অর্থে। □ বি. 1 নক্ষত্রবিশেষ; 2 মধ্যমাঙ্গুলি; 3 টিকটিকি। জ্যেষ্ঠাধি-কার বি. জ্যেষ্ঠপুত্র হিসাবে সম্পত্তিতে অধিকার। জ্যেষ্ঠাশ্রম বি. গার্হস্থ্যজীবন। জ্যেষ্ঠী বি. টিকটিকি।

জ্যৈষ্ঠ (p. 331) [jyaiṣṭha] বি. বাংলা সনের দ্বিতীয় মাস। [সং. জ্যেষ্ঠা + অ]।

জ্যোৎস্না (p. 331) [jyōtsnā] বি. চন্দ্রালোক, চাঁদের আলো, কৌমুদী, জোছনা। [সং. জ্যোতিস্ + ন + আ]।

জ্যোতি (p. 331) [jyōti] (-তিস্, তিঃ) বি. 1 আলোক; 2 দীপ্তি; 3 গ্রহনক্ষত্রাদি (জ্যোতিঃপুঞ্জ); 4 দৃষ্টিশক্তি (চোখের জ্যোতি)। [সং. √ দ্যুত্ + ইস্]। জ্যোতিঃপথ বি. 1 জ্যোতিতে পূর্ণ পথ; 2 সূর্যচন্দ্রের পরিভ্রমণ পথ। জ্যোতিঃপুঞ্জ বি. আকাশের দীপ্তিমান গ্রহনক্ষত্রাদি। জ্যোতিঃশাস্ত্র জ্যোতির্বিদ্যা -র অনুরূপ। জ্যোতিরিঙ্গণ বি. জোনাকি পোকা, খদ্যোত। জ্যোতির্বিদ, জ্যোতির্বেত্তা বিণ. বি. 1 জ্যোতিঃশাস্ত্রজ্ঞ; 2 জ্যোতিষী। জ্যোতির্বিদ্যা বি. 1 গ্রহনক্ষত্রাদিসম্বন্ধীয় বিজ্ঞানশাস্ত্র astronomy; 2 গ্রহনক্ষত্রাদির গতি, স্থিতি ও সঞ্চার অনুসারে শুভাশুভ নিরূপণবিষয়ক শাস্ত্র, astrology. জ্যোতির্মণ্ডল বি. যাবতীয় গ্রহনক্ষত্রের সমষ্টি। জ্যোতির্ময় বিণ. জ্যোতিঃপূর্ণ, দীপ্তিময় ('জ্যোতির্ময় টিকা মলিন ললাটে': রবীন্দ্র)। স্ত্রী. জ্যোতির্ময়ী। জ্যোতিশ্চন্দ্র বি. 1 রাশিচক্র; 2 জ্যোতির্মণ্ডল।

জ্যোতিষ (p. 331) [jyōtiṣa] বি. 1 গ্রহনক্ষত্রাদিসম্বন্ধীয় বিজ্ঞানশাস্ত্র, astronomy; 2 গ্রহনক্ষত্রের অবস্থান নির্ণয়পূর্বক মানুষের ভবিষ্যত্ শুভাশুভ বিচারের বিদ্যা, astrology. [সং. জ্যোতিস্ + অ]। জ্যোতিষী (-ষিন্) বিণ. বি. জ্যোতিষশাস্ত্রজ্ঞ; গনতকার।

জ্যোতিষ্ক (p. 331) [jyōtiṣka] বি. সূর্য চন্দ্র প্রভৃতি জ্যোতির্ময় গ্রহনক্ষত্রাদি। [সং. জ্যোতিস্ + ক]।

জ্যোতি-ষ্টোম (p. 331) [jyōti-ṣṭōma] বি. বৈদিক যজ্ঞবিশেষ। [সং. জ্যোতিস্ + স্তোম (=যজ্ঞ)]।

ঝ (p. 334) [jh] বাংলা বর্ণমালার নবম ব্যঞ্জমবর্ণ, এবং ঘোষ মহাপ্রাণ তালব্য ঝ্-ধ্বনির দ্যোতক বর্ণবিশেষ।

ঝংকার, ঝঙ্কার (p. 334) [jhaṅkāra, jhaṅkāra] বি. 1 মৃদু ঝনঝন শব্দ, ঝনৎকার (বীণার ঝংকার); 2 গুঞ্জন, মধুর ও অস্ফুট ধ্বনি ('ভ্রমরা ঝঙ্কার করে পিয়ে মকরন্দ': বি. গু.); 3 তর্জন (ঝংকার দিয়ে ওঠা)। [সং. ঝন্ + √ কৃ + অ]। ঝংকার ক্রি. (কাব্যে) ঝংকার করা; গুঞ্জন করা ('ঝঙ্কারিবে অলি')। ঝংকৃতি বি. ঝংকার।

ঝক-ঝক, ঝক-মক (p. 334) [jhaka-jhaka, jhaka-maka] বি. 1 তীব্র আলো বা ঔজ্জ্বল্যের ভাব (আনন্দে চোখ ঝকমক করে উঠল); 2 অত্যন্ত পরিষ্কার ও সুসজ্জিত ভাব বা অবস্থা (ঘরদোর ঝকঝক করছে)। [তু. তুর. চকমক]। ঝক-ঝকানো, ঝক-মকানো ক্রি. বি. ঝকঝক বা ঝকমক করা। ঝক-ঝকানি, ঝক-মকানি বি. ঝকঝক করার ভাব। ঝক-ঝকে, ঝক-মকে বিণ. ঝকঝক করছে এমন (ঝকঝকে থালাবাসন)।

ঝকমক (p. 334) [jhakamaka] দ্র ঝকঝক।

ঝকমারি (p. 334) [jhakamāri] বি. 1 (অনুশোচনায়) বোকামি, ভুল, অপরাধ (এ কাজ করতে যাওয়াই ঝকমারি হয়েছে); 2 ল্যাঠা, ঝঞ্ঝাট (এ কাজে কি কম ঝকমারি ?)। [হি. ঝখ্ (ত্রুটি) + বাং. মারা + ই-তু. হি. ঝখ মারনা]।

ঝক্কি (p. 334) [jhakki] বি. 1 ঝুঁকি, দায়িত্ব (কাজের ঝক্কি নেওয়া); 2 ঝঞ্ঝাট, ধকল, উপদ্রব (ঝক্কি পোহানো)। [হি. ঝক্কী]।

ঝগড় (p. 334) [jhagaḍ়] বি. 1 (প্রা. বাং.) ঝগড়া; 2 অপরাধ, ত্রুটি ('কি মোর ঝগড় ভেল': শ্রীকৃ)। [ঝগড়া দ্র]

ঝগড়া (p. 334) [jhagaḍ়ā] বি. বিবাদ, কলহ; অপ্রীতিকর তর্কাতর্কি; বচসা। [হি. ঝগড়া]। ~ ঝাঁটি বি. কলহবিবাদ প্রভৃতি; অপ্রীতিকর বাদবিসংবাদ। ~ টে বিণ. কলহপরায়ণ, ঝগড়া করাই যার স্বভাব।

ঝঙ্কার, ঝঙ্কৃত (p. 334) [jhaṅkāra, jhaṅkṛta] যথাক্রমে ঝংকার ও ঝংকৃত -র বানানভেদ।

ঝঞ্ঝনা (p. 334) [jhañjhanā] দ্র ঝন।

ঝঞ্ঝা (p. 334) [jhañjhā] বি. প্রবল ঝড়বৃষ্টি। [সং. ঝম্ + √ ঝট্ + অ + আ]। ~ ক্ষুব্ধ বিণ. প্রবল ঝড়ে আলোড়িত। ~ নিল, ~ বাত বি. প্রবল ঝোড়ো বাতাস। ~ বর্ত বি. ঝড়বৃষ্টিসহ ঘূর্ণিবাতাস। বিক্ষুব্ধ-ঝঞ্ঝাক্ষুব্ধ -র অনুরূপ।

ঝঞ্ঝাট (p. 334) [jhañjhāṭa] বি. ঝামেলা; জটিলতা; হাঙ্গামা, অশান্তি (ঝঞ্ঝাট পোহানো, ঝঞ্ঝাট চুকিয়ে দেওয়া)। [সং. ঝঞ্ঝা + বাং. ট]।

ঝঞ্ঝাক্ষুব্ধ, ঝঞ্ঝানিল, ঝঞ্ঝাবর্ত, ঝঞ্ঝাবাত (p. 334) [jhañjhākṣubdha, jhañjhānila, jhañjhābarta, jhañjhābāta] দ্র ঝঞ্ঝা।

ঝট (p. 334) [jhaṭa] বি. ক্রি-বিণ. অতি দ্রুত, শীঘ্র (ঝট করে নিয়ে এসো)। [সং. ঝটিতি]।

ঝটকা, ঝটকানি (p. 334) [jhaṭakā, jhaṭakāni] বি. আকস্মিক তীব্র টান, হেঁচকা টান। [হি. ঝটক্]।

ঝট-পট1 (p. 334) [jhaṭa-paṭa1] ক্রি-বিণ. অতি শীঘ্র, খুব তাড়াতাড়ি (ঝটপট কাজ শেষ করো)। [ঝট দ্র]।

ঝট-পট2 (p. 334) [jhaṭa-paṭa2] বি. (পাখির) ডানা নাড়ার শব্দ (পাখির ঝটপট)। [ধ্বন্যা.]। ঝট-পটানি বি. ডানা নাড়ানো। ঝট-পটানো ক্রি. বি. ঝটপট শব্দ করা।

ঝটা-পটি (p. 334) [jhaṭā-paṭi] বি. পরস্পর জড়াজড়ি, হাতাহতি। [ধ্বন্যা.]।

ঝটিকা (p. 334) [jhaṭikā] বি. ঝড়। [প্রাকৃ. ঝড়ী]। ̃ বর্ত বি. ঘূর্ণিবাতাস, cyclone. ̃ সফর বি. ঝড়ের গতিতে পর্যটন বা প্রচার অভিযান; খুব অল্প সময়ের জন্য সফর।

ঝটিতি (p. 334) [jhaṭiti] ক্রি-বিণ. তাড়াতাড়ি, খুব শীঘ্র, ঝট করে। [সং. √ ঝট্ + ইতি]।

ঝড় (p. 334) [jhaḍ়.] বি. প্রচণ্ড বায়ুপ্রবাহ, ঝটিকা। [প্রাকৃ. ঝড়ী]˜ জল বি. ঝড় ও বৃষ্টি।˜ ঝাপটা বি. 1 ঝড়ের তাড়না বা দমক; 2 (আল.) বিপদ-আপদ (জীবনে অনেক ঝড়ঝাপটা পার হয়ে এসেছি)।

ঝড়তি-পড়তি (p. 334) [jhaḍ়ti-paḍ়ti] বি. 1 যে অংশ নাড়াচাড়ায় বা গুদামে থেকে নষ্ট হয়; 2 যে অংশ সহজে ঝড়ে পড়ে যায়; 3 (আল.) যৎসামান্য; 4 (আল.) যা পড়ে থাকে, অবশিষ্ট অংশ (আমার ভাগে ছিল কিছু ঝড়তিপড়তি)। [বাং. ঝাড়তি (ঝাড়া জিনিস) + পড়তি (পড়ে থাকা অংশ)]।

ঝন (p. 334) [jhana] বি. ধাতুদ্রব্যাদি পড়ার বা আঘাত পাওয়ার তীক্ষ্ণ শব্দ।˜ ঝন বি. 1 অপেক্ষাকৃত দীর্ঘ সময় ধরে ক্রমাগত ঝন শব্দ; 2 টনটন (মাথাটা ঝনঝন করছে)। ঝন-ঝনা, ঝঞ্ঝনা বি. 1 (ঝনঝন আওয়াজ, ঝনৎকার (অস্ত্রের ঝনঝনা); 2 বজ্র ('ঝঞ্ঝনা পড়ুক তার মাথার উপর': চণ্ডী)। ঝন-ঝনানো ক্রি. ঝনঝন আওয়াজ করা বা হওয়া; আঘাত ইত্যাদির জন্য টনটন করা, বেদনা বোধ করা (মাথাটা ঝনঝনাচ্ছে)। □ বি. উক্ত অর্থে।

ঝন-কাঠ, ঝন-কাট (p. 334) [jhana-kāṭha, jhana-kāṭa] বি. (আঞ্চ.) দরজার মাথার কাঠ, কপালি। [দেশি]।

ঝনত্-কার (p. 334) [jhanat-kāra] বি. (অলংকার ইত্যাদি ধাতুনির্মিত দ্রব্যের সংযোগজনিত) ঝনঝন শব্দ। [বাং. ঝনত্ (ধ্বন্যা.) + কার]।

ঝনাত্ (p. 334) [jhanāt] বি. ঝন-এর চেয়ে তীব্রতর শব্দ। [ধ্বন্যা.]।

ঝপ (p. 334) [jhapa] বি. হঠাত্ জলে পড়ার শব্দ। □ ক্রি-বিণ. খপ, ঝাঁ, তাড়াতাড়ি (ঝপ করে নিয়ে এসো)। [ধ্বন্যা.]। ঝপ-ঝপ বি. ক্রি-বিণ. ক্রমাগত ঝপ শব্দ; তাড়াতাড়ি (ঝপাঝপ করে কাজ সারা)। ঝপা-ঝপ ক্রি-বিণ. খুব তাড়াতাড়ি, ঝপাঝপ করে (ঝপাঝপ স্নান করে এসো)।

ঝপাং, ঝপাত্ (p. 334) [jhapā, ñjhapāt] বি. জলের মধ্যে ঝাঁপ দেবার বা ভারী কিছু পড়ার আওয়াজ। [ধ্বন্যা.]।

ঝপাঝপ (p. 334) [jhapājhapa] দ্র ঝপ।

ঝপাত্ (p. 334) [jhapāt] দ্র ঝপাং।

ঝম-ঝম (p. 334) [jhama-jhama] বি. 1 বৃষ্টি পড়ার শব্দ; 2 মল নূপুর প্রভৃতি পায়ে দিয়ে চলার শব্দ। [ধ্বন্যা.]। ঝমর-ঝমর বি. মল নূপুর ইত্যাদির জোর এবং ক্রমাগত শব্দ। ঝম-ঝমিয়ে ক্রি-বিণ. ক্রমাগত প্রবল ভাবে ঝমঝম শব্দে (ঝমঝমিয়ে বৃষ্টি পড়া)। ঝমাঝম ক্রি-বিণ. ক্রমাগত প্রবলভাবে ঝমঝম শব্দে (ঝমাঝম বৃষ্টি পড়ছে, ঝমাঝম বাজনা বাজে)।

ঝম্প (p. 334) [jhampa] বি. ঝাঁপ, লাফ। [সং. √ ঝম্ + প]। ˜ ন বি. লাফ, লাফ দেওয়া, ঝাঁপ দেওয়া।

ঝম্পক (p. 334) [jhampaka] বি. সংগীতের পাঁচ মাত্রার তালবিশেষ। [তু. হি. ঝম্পা, ঝাঁপান (=দোলা)]।

ঝম্পন (p. 334) [jhampana] দ্র ঝম্প।

ঝরঝর (p. 334) [jharajhara] বি. 1 ক্রমাগত লক্ষণ, পতন বা প্রবহিত হওয়ার শব্দ (চোখ দিয়ে ঝরঝর করে জল পড়ছে); 2 পরিচ্ছন্নতার ভাব (ঘরদুয়ার ঝরঝর করছে)। □ ক্রি-বিণ. অবিরল ধারায় ('ঝরঝর বরিষে বারিধারা': রবীন্দ্র)। [সং. ঝর্ঝর]। ঝরঝরা ক্রি. ঝরঝর করে পড়া ('বাদল ঝরঝরে': রবীন্দ্র)। ঝরঝরে বিণ. 1 পরিষ্কারপরিচ্ছন্ন (ঘরদোর ঝরঝরে রাখে); 2 তাজা, হালকা, সুস্থ (শরীরটা বেশ ঝরঝরে লাগছে); 3 গোটা-গোটা ও শক্ত (ঝরঝরে ভাত); 4 স্পষ্ট ও পরিচ্ছন্ন (ঝরঝরে হাতের লেখা); 5 ঝাঁঝরা, বিনষ্ট (পরকাল ঝরঝরে হওয়া)।

ঝরতি (p. 334) [jharati] বি. বাড়তি; গুদাম বা বস্তা থেকে শস্যাদির যে অংশ ঝরে পড়ে যায়। [বাং. ঝরা + তি]।

ঝরনা (p. 334) [jharanā] বি. 1 নির্ঝর, ফোয়ারা; 2 প্রবাহ (আলোর ঝরনা) [বাং. √ ঝর + না]। ঝরনা কলম বি. ফাউন্টেন পেন, যে কলমে একবার কালি ভরে অনেকক্ষণ লেখা যায়।

ঝরা (p. 334) [jharā] ক্রি. 1 ক্ষরিত হওয়া, ফোঁটায় ফোঁটায় বা ধারায় পতিত হওয়া (জল ঝরছে); 2 খসে পড়া, বিচ্যুত হয়ে নীচে পড়া (আমের বোল ঝরছে, ফুল ঝরছে); 3 ক্ষীণ ধারায় নির্গত হওয়া (ফোঁড়া দিয়ে রক্ত ঝরছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে (রক্ত ঝরা, ঝরা ফুল)। [সং. √ ঝৃ + বাং. আ]। ঝরই, ঝরু (ব্রজ.) ক্রি. ঝরে। ˜ নো ক্রি. 1 ক্ষরিত হওয়া; 2 খসিয়ে ফেলা। □ বি. বিণ. উক্ত দুই অর্থে।

ঝরিত (p. 334) [jharita] বিণ. 1 ঝরে পড়েছে এমন, ক্ষরিত (ঝরিত পুষ্প); 2 গলিত (নির্ঝরঝরিত বারিরাশি)। [সং. ঝর + ইত]।

ঝরোকা (p. 334) [jharōkā] বি. ছোট জানালা; জাফরি-কাটা বা জাল-দেওয়া ছোট জানালা। [হি. ঝরোখা]।

ঝর্ঝর (p. 334) [jharjhara] বি. 1 জলপ্রবাহের শব্দ; 2 ঝাঁঝরি, হাতা; 3 বাদ্যযন্ত্রবিশেষ, ঝাঁঝর, কাড়া। [সং. √ ঝর্ঝ্ + অর]। ঝর্ঝরিত বিণ. 1 ঝর্ঝর শব্দযুক্ত; 2 ঝাঁঝরা হয়ে গেছে এমন। ঝর্ঝরে বিণ. ঝরঝরে।

ঝলক (p. 334) [jhalaka] বি. 1 দমক, কোনোকিছুর যতটুকু অংশ একবারে উৎক্ষিপ্ত হয় বা ছড়িয়ে পড়ে (এক ঝলক আলো, এক ঝলক রক্ত); 2 তীব্র আলোকের জন্য দৃষ্টিবিভ্রম ('চোখে আমার ঝলক লাগে': রবীন্দ্র); 3 উদ্ভাস (রূপের ঝলক, সুরের ঝলক)। [সং. জ্বলকা-তু. প্রাকৃ. ঝলক্ক]। ঝলকা বি. ঝলক -এর অনুরূপ। ঝলকানি বি. ঝমমকানি, তীব্র আলোকের দীপ্তি বা আকস্মিক আবির্ভাব। ঝলকানো ক্রি. বি. ঝলকে ঝলকে ছড়িয়ে পড়া; ঝকমক্ করা। ঝলকিত বিণ. উজ্জ্বল আলোকে উদ্ভাসিত; ঝকমকে।

ঝল-ঝল (p. 334) [jhala-jhala] বি. ঝুলে পড়ার ভাব, ঢিলা ভাব (জামাটা ঝলঝল করছে)। [ধ্বন্যা.]। ঝল-ঝলে বিণ. ঢিলা, ঝলঝল করে এমন (ঝলঝলে জামা)।

ঝল-মল (p. 334) [jhala-mala] বি. ঝলকে ঝলকে উজ্জ্বলতার প্রকাশ; ঝকমকানি (আলো ঝলমল করছে)। ঝল-মলা ক্রি. ঝলমলানো, ঝলমল করা। ঝল-মলানো ক্রি. ঝলমল করা। □ বি. বিণ. উক্ত অর্থে। ঝল-মলানি বি. উজ্জ্বলতা; ঝলমলে ভাব। ঝল-মলে বিণ. ঝলমল করে এমন, উজ্জ্বলতাযুক্ত।

ঝলসা (p. 334) [jhalasā] ক্রি. ঝলসানো। [সং. √ জ্বল। হি ঝল্সানা-তু. হি. জলুস]। ঝলসানি বি. ঝলসানোর ভাব বা অবস্থা। ˜ নো ক্রি. 1 ধাঁধিয়ে দেওয়া, তীব্র আলোকে দৃষ্টি আচ্ছন্ন করা (চোখ ঝলসানো); 2 অর্ধদগ্ধ করা (আগুনে মাংস ঝলসানো)। □ বি. উক্ত দুই অর্থে। □ বিণ. ধাঁধায় এমন (চোখ-ঝলসানো রূপ); অর্ধদগ্ধ, দগ্ধপ্রায় (ঝলসানো মাংস)। [বাং. √ ঝলসা + নো]। ঝলসিত বিণ. ঝলসানো হয়েছে বা ঝলসেছে এমন।

ঝলা (p. 334) [jhalā] ক্রি. (কাব্যে) ঝলমল করা ('পিঙ্গল জটা ঝলিছে ললাটে': রবীন্দ্র)। □ বি. 1 প্রখর দীপ্তি; 2 সূর্যের কিরণতরঙ্গ। [সং. √ জ্বল্]।

ঝল্লক (p. 334) [jhallaka] বি. কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ, কাঁসর, ঝাঁঝ, করতাল। [সং. ঝল্ল + ক (স্বার্থে)]।

ঝল্লরী (p. 334) [jhallarī] বি. ঝল্লক, কাঁসর, করতাল। [সং. ঝল্ল + √ রা + অ + ঈ]।

ঝল্লিকা (p. 334) [jhallikā] বি. 1 ঝলক; 2 সূর্যকিরণের তেজ, রোদের ঝাঁঝ; 3 গামছা। [সং. ঝল্লী + ক (স্বার্থে) + আ]।

ঝাউ (p. 334) [jhāu] বি. অত্যন্ত সরু ও সূচের মতো তীক্ষ্ণ পাতাযুক্ত গাছবিশেষ। [সং. ঝাবুক]।

ঝাঁ (p. 334) [jhā] অব্য. বি. অত্যন্ত ক্ষিপ্রতার ভাব, ধাঁ, বোঁ, চট। [ধ্বন্যা]। ঝাঁ ঝাঁ বি. 1 তীব্র উত্তাপের ভাব (রোদ ঝাঁ ঝাঁ করছে); 2 জ্বালাবোধ (মাথাটা ঝাঁ ঝাঁ করছে); 3 অত্যন্ত তাড়াতাড়ি (ঝাঁ ঝাঁ করে কাজ সারা)। □ বিণ. তীব্র উত্তাপের ভাবযুক্ত (এই ঝাঁ ঝাঁ রোদ্দুরে কোথায় যাচ্ছ?)।

ঝাঁক (p. 334) [jhānka] বি. পাখি মাছ পতঙ্গ প্রভৃতির দল (ঝাঁকে ঝাঁকে মাছ মরছে, এক ঝাঁক পাখি, ঝাঁকের কই)। [হি. ঝাংক]।

ঝাঁকড়-মাকড়, ঝাঁকড়া-মাকড়া (p. 334) [jhānkaḍ়-mākaḍ়, jhānkaḍ়ā-mākaḍ়ā] বিণ. আলুথালু, উসকোখুসকো ও জট-পাকানো। [দেশি]।

ঝাঁকড়া (p. 334) [jhānkaḍ়ā] বিণ. রুক্ষ ও উসকোখুসকো; লম্বা গোছা গোছা (ঝাঁকড়া চুল)। [বাং. ঝাঁক + ড়া]।

ঝাঁকরানি, ঝাঁকরানো (p. 334) [jhānkarāni, jhānkarānō] দ্র ঝাঁকা2।

ঝাঁকা1 (p. 334) [jhānkā1] বি. বেতে বা বাঁশে তৈরি মোট বয়ার বড় ঝুড়ি (ঝাঁকা-বোঝাই আম)। [হি. ঝাঁকা]।

ঝাঁকা2, ঝাঁকানো (p. 334) [jhān̐kā2, jhān̐kānō] ক্রি. সবেগে নাড়া দেওয়া (গাছের ডাল ধরে ঝাঁকাচ্ছে); দেহ সবেগে নাড়ানো (মাথা ঝাঁকিয়ে বলল)। □ বি. নাড়া (বাতাস গাছগুলোকে প্রবল ঝাঁকা দিচ্ছে)। [বাং. √ ঝাঁক্ + আ, নো]। ঝাঁকরানো ক্রি. জোরে নাড়ানো বা ঝাঁকানো। □ বি. বিণ. উক্ত অর্থে। ঝাঁকানি, ঝাঁকরানি, ঝাঁকুনি বি. জোর নাড়া বা আন্দোলন (গোরুর গাড়ির ঝাঁকুনি)।

ঝাঁকি (p. 336) [jhān̐ki] বি. উঁকি; ঝুঁকে দেখা। [বাং. √ ঝাঁক্ + ই]। ঝাঁকি দর্শন বি. 1 খুব অল্প সময়ের জন্য দেখা; অল্প সময়ের জন্য দেখা দিয়ে চলে যাওয়া; 2 লুকিয়ে দেখা; 3 ঝুঁকে পড়ে দেখা।

ঝাঁকুনি (p. 336) [jhān̐kuni] দ্র ঝাঁকা2।

ঝাঁগুড়-গুড় (p. 336) [jhān̐guḍ়-guḍ়] বি. ঢাকের আওয়াজ (অনেক দূর থেকে ভেসে আসছে ঢাকের ঝাঁগুড়গুড়)। [ধ্বন্যা.]।

ঝাঁজ2, ঝাঁজ (p. 336) [jhān̐ja2, jhān̐ja] বি. 1 আঁচ, প্রখর তেজ (রোদের ঝাঁজ); 2 তীব্র গন্ধ বা স্বাদ (ওষুধের ঝাঁজ); 3 ক্রুদ্ধ ভাব, উগ্র মেজাজ (কথার ঝাঁজ, ঝাঁজ দেখিয়ে চলে গেল)। [তু. হি. ঝাঁঝ]। ঝাঁজালো, ঝাঁঝালো বিণ. ঝাঁজযুক্ত, তীব্র, তীক্ষ্ণ; উগ্র।

ঝাঁজ3, ঝাঁঝ2, ঝাঁজর1, ঝাঁঝর1 (p. 336) [jhān̐ja3, jhān̐jha2, jhān̐jara1, jhān̐jhara1] বি. কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ, কাঁসর। [সং. ঝর্ঝর]।

ঝাঁজর2, ঝাঁঝর2 (p. 336) [jhānँjara2, jhānँjhara2] বিণ. বহু ছিদ্রযুক্ত, ফোঁপরা। [তু. সং. জর্জরীক (বহুছিদ্র)]। ঝাঁজরা, ঝাঁঝরা বিণ. 1 বহুছিদ্রযুক্ত (গুলিতে বুকটা ঝাঁজরা হয়ে গেছে); 2 জীর্ণ; 3 শূন্যগর্ভ। □ বি. বহুছিদ্রযুক্ত হাতা, ঝাঁঝরি, ছানতা। ঝাঁজরি, ঝাঁঝরি বি. 1 বহুছিদ্রযুক্ত হাতাবিশেষ; 2 নর্দমার মুখের লোহার ঢাকনি; 3 জল ছিটাবার ছিদ্রযুক্ত পাত্রবিশেষ, ঝারি।

ঝাঁজি (p. 336) [jhānँji] বি. জলজ গুল্মবিশেষ। [দেশি]।

ঝাঁঝর, ঝাঁঝরা, ঝাঁঝরি (p. 336) [jhānँjhara, jhānँjharā, jhānँjhari] দ্র ঝাঁজ3 ও ঝাঁজর2।

ঝাঁট (p. 336) [jhānँṭa] বি. ঝাঁটা দিয়ে পরিষ্কার করা, সম্মার্জন ('সন্ধ্যায় সেথা জ্বলে না প্রদীপ, প্রভাতে পড়ে না ঝাঁট: য. সে.)। [ঝাঁটা দ্র]। ঝাঁট দেওয়া ক্রি. বি. ঝাঁটা দিয়ে পরিষ্কার করা।

ঝাঁটা (p. 336) [jhānँṭā] বি. ঝাড়ু, খ্যাংরা, সম্মার্জনী। □ ক্রি. ঝাঁটানো। [দেশি]। ˜ খেকো বিণ. ঝাঁটার প্রহার সহ্য করতে অভ্যস্ত; (আল.) অতি হেয়; গালিবিশেষ। ˜ নো ক্রি. ঝাঁটা দিয়ে পরিষ্কার করা (জঞ্জাল ঝোঁটিয়ে ফেলা)। □ বি. উক্ত অর্থে। ˜ পেটা বি. ঝাঁটার প্রহার।

ঝাঁটি (p. 336) [jhānँṭi] বি. ফুলবিশেষ, কুরুবক। [সং. ঝিণ্টী]।

ঝাঁপ1 (p. 336) [jhāma̐pa1] বি. 1 আচ্ছাদন, ঢাকনি; 2 বাঁশ দরমা ইত্যাদির ঝুলানো কপাট (দোকানের ঝাঁপ ফেলা); 3 তাঁতে টানার সুতোর যে ফাঁকের মধ্য দিয়ে মাকু চলে। [হি.-তু. ঝাঁপা3]।

ঝাঁপ2 (p. 336) [jhāma̐pa2] বি. হাত-পা ছড়িয়ে উপর থেকে লাফিয়ে পড়া; লাফ (জলে ঝাঁপ দেওয়া)। [সং. ঝম্প]।

ঝাঁপটা (p. 336) [jhāma̐paṭā] বি. স্ত্রীলোকের মাথার গহনাবিশেষ, ঝাঁপা। [বাং. ঝাঁপ 1 + টা]।

ঝাঁপ-তাল (p. 336) [jhāma̐pa-tāla] বি. সংগীতের দশ মাত্রার তালবিশেষ। [তু. ঝম্পাতাল]।

ঝাঁপা1 (p. 336) [jhāma̐pā1] বি. স্ত্রীলোকের মাথার গহনাবিশেষ, ঝাঁপটা। [বাং. ঝাঁপ1 + আ]।

ঝাঁপা2 (p. 336) [jhāma̐pā2] ক্রি. ঝাঁপানো, লাফিয়ে পড়া (জলে ঝাঁপাছে)। [সং. ঝম্প + বাং. আ]।

ঝাঁপা3 (p. 336) [jhāma̐pā3] ক্রি. (প্রা. বাং.) 1 মনে পড়া ('তাহার রূপ সদা মনে ঝাঁপে গো': চণ্ডী); 2 (প্রা. বাং.) ক্ষেপণ করা ('হাতে লই জাল তুরিতে ঝাঁপায় তারে': চণ্ডী); 3 আচ্ছাদন করা, ঢাকা ('বদন ঝাঁপিব বাসে': জ্ঞান.)। [প্রাকৃ. √ ঝংপ + বাং. আ]।

ঝাঁপান (p. 336) [jhāmp̐āna] বি. 1 মনসা পূজায় সাপ খেলার উৎসববিশেষ; 2 পর্বতারোহণের ডুলিবিশেষ। [হি. ঝঁপান]।

ঝাঁপানো (p. 336) [jhāmp̐ānō] ক্রি. ঝাঁপ বা লাফ দেওয়া; উপর থেকে নীচে লাফিয়ে পড়া। □ বি. উক্ত অর্থে। [ঝাঁপা2 দ্র]।

ঝাঁপি (p. 336) [jhāmp̐i] বি. ঢাকনিযুক্ত ছোট পেটিকাবিশেষ (পয়সার ঝাঁপি, লক্ষ্মীর ঝাঁপি)। [বাং. ঝাঁপ1 + ই]।

ঝাট (p. 336) [jhāṭa] ক্রি-বিণ. শীঘ্র, এখনই। [সং. ঝটিতি]।

ঝাড়1 (p. 336) [jhāḍ়1] বি. 1 ঝোপ, ঘন ডালপালার গুচ্ছ (বাঁশঝাড়, গোলাপের ঝাড়); 2 গোষ্ঠী, বংশ (শয়তানের ঝাড়, ঝাড়েরবংশে শেষ হয়ে যাওয়া); 3 বহু শাখাযুক্ত দীপাধার বা লণ্ঠন (বলোয়ারি ঝাড়)। [সং. ঝাট (রাশীকৃত, একত্রবদ্ধ)]।

ঝাড়2 (p. 336) [jhāḍ়2] বি. (অশা.) বকুনি, তিরস্কার (এমন ঝাড় দেব)। [ঝাড়া দ্র]।

ঝাড়ন (p. 336) [jhāḍ়na] বি. 1 ধুলো ঝাড়বার কাপড় বা ওইজাতীয় দ্রব্য (পালকের ঝাড়ন); 2 সম্মার্জন; 3 ঝাঁড়ফুঁক (ভূত ঝাড়ন)। [ঝাড়া দ্র]।

ঝাড়পোঁছ, ঝাড়ফুঁক (p. 336) [jhāḍ়pōn̐cha, jhāḍ়phun̐ka] দ্র ঝাড়া।

ঝাড়া (p. 336) [jhāḍ়ā] ক্রি. 1 ঝাঁটা ঝাড়ন কুলো ইত্যাদি দিয়ে ময়লা দূর করা (ধান চাল ঝাড়া); 2 নাড়া দিয়ে পরিষ্কার করা (চুল ঝাড়া); 3 খালি করা, উজাড় করা (ঝুলি ঝাড়া); 4 যেকোনো পাত্র উপুড় করে নাড়া; 5 নিক্ষেপ করা (মাথায় ইট ঝাড়া); 6 মিটানো (গায়ের ঝাল ঝাড়া); 7 (বিদ্রূপে) দেওয়া, প্রয়োগ করা (কটা টাকা ঝাড়ো তো, বক্তৃতা ঝাড়া); 8 দূর করা (মন থেকে ঝেড়ে ফেলা); 9 আছড়ানো (ধান ঝাড়া); 1 মন্ত্রাদির বলে তাড়ানো (সরষে দিয়ে ভূত ঝাড়া)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 ঝাড়া হয়েছে এমন (ঝাড়া মশলা); 2 পরিষ্কৃত, সাফ; 3 যথাবত্, সম্পূর্ণ (ঝাড়া মুখস্থ); 4 একটানা, অবিরাম (ঝাড়া দুঘণ্টা)। [হি. √ ঝাড়]। ঝাড়-পোঁছ, ঝাড়া-পোঁছা বি. ঝেড়ে ও মুছে (ঘরদোর ইত্যাদি পরিষ্কার করা। ঝাড়-ফুঁক বি. ভূত, বিষ, রোগ প্রভৃতি দূর করার জন্য মন্ত্রপাঠ, ফুৎকার প্রভৃতি।˜ ই বি. ঝাড়ার কাজ (অনেক ঝাড়াইপোঁছাই করতে হবে)।˜ ই-বাছাই বি. শোধন, পরিষ্কার করা। ঝাড়ান (উচ্চা. ঝাড়ান্) বি. রোজাকে দিয়ে ঝাঁড়ফুঁক করিয়ে ভূত, বিষ, রোগ প্রভৃতি দূরীকরণ।˜ নো ক্রি. ঝাড়াই করানো, পরিষ্কৃত করানো; রোজাকে দিয়ে ঝাড়ফুঁক করিয়ে ভূত বিষ রোগ প্রভৃতি দূর করানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।˜ বাছা বি. পরিষ্কার করা বা শোধন করা; ঝাড়াইবাছাই।

ঝাড়ু (p. 336) [jhāḍ়u] বি. ঝাঁটা। [হি. ঝাড়ু]।˜ দার বি. 1 যে ঝাঁট দিয়ে ময়লা পরিষ্কার করার কাজ করে; 2 মেথর। [হি. ঝাড়ু + ফা. দার]।

ঝাড়ে-বংশে, ঝাড়ে-মূলে (p. 336) [jhā়ḍ়ē-baṃśē, jhāḍ়ē-mūlē] ক্রি-বিণ. একেবারে নির্মূল করে; নির্বংশ বা নিশ্চিহ্ন করে; সম্পূর্ণভাবে (ঝাড়েবংশে শেষ করে দিতে হবে)। [বাং. ঝাড় + সং. মূল + বাং. এ]।

ঝানু (p. 336) [jhānu] বিণ. 1 ঝুনো; 2 ঘাগি; 3 পাকা (ঝানু গোয়েন্দা)। [দেশি]।

ঝাণ্ডা (p. 336) [jhāṇḍā] বি. 1 পতাকা, নিশান; 2 পতাকাদণ্ড। [হি. ঝণ্ডা]।

ঝাপট, ঝাপটা1 (p. 336) [jhāpaṭa, jhāpaṭā1] বি. 1 ঝড় বা বৃষ্টির প্রবল ধাক্কা ('ঝোড়ো শব্দের ঝাপট': শ. ঘো.); 2 বৃষ্টির ছাঁট; 3 আকস্মিক সজোর আঘাত (লেজের ঝাপটা)। [হি. ঝপট, ঝপট্ট]।

ঝাপসা (p. 336) [jhāpasā] বিণ. (পাতলা ঝাঁপে বা আবরণে ঢাকা বলে) স্পষ্টভাবে দেখা যায় না এমন, অস্পষ্ট, আবছা (ঝাপসা দেখা, ঝাপসা ছবি)। [বাং. ঝাঁপ1 + সা (সাদৃশ্যার্থে)]।

ঝামটা (p. 336) [jhāmaṭā] বি. রুক্ষ মুখভঙ্গিসহ কটু ধমক, দাবড়ি (মুখঝামটা)। [তু. বাং. ঝাম, ঝাপটা; হি. ঝমাকা]।

ঝামর (p. 336) [jhāmara] বিণ. ঝামার মতো বিবর্ণ বা মলিন ('হেমকান্তি ঝামর হইল': যদু.)। [সং. ঝামক]। ঝামরা ক্রি. ঝামরানো। ̃ চুলো বিণ. বিবর্ণ বা মলিন চুলবিশিষ্ট ('ডাইনী যেন ঝামরচুলো': স. দ.)। ঝামরানো বি. ক্রি. 1 মলিন বা বিবর্ণ হওয়া; 2 শ্লেষ্মা বা রসের বৃদ্ধির জন্য অস্বাভাবিক হওয়া (চোখ-মুখ ঝামরেছে); 3 জলভারাক্রান্ত হওয়া; 4 বৃষ্টির সংকেত দেওয়া (আকাশ ঝামরে উঠেছে)। □ বিণ. উক্ত সব অর্থে।

ঝামা (p. 336) [jhāmā] বি. পোড়া ইট, অতিরিক্ত পোড়া ইট। [সং. ঝামক]।

ঝামেলা (p. 336) [jhāmēlā] বি. 1 ঝঞ্ঝাট, ফ্যাসাদ (খুব ঝামেলায় পড়েছি); 2 জটিলতা (এতে কোনো ঝামেলা নেই, এ তো সোজা ব্যাপার); 3 বিবাদ, হাঙ্গামা (এই সামান্য ব্যাপার নিয়ে আর ঝামেলা কোরো না)। [হি. ঝমেলা]। ̃ বাজ বিণ. ঝামেলা বা ঝঞ্ঝাট বাধায় বা বাধাতে ভালোবাসে এমন।

ঝারা (p. 336) [jhārā] বি. 1 মাটি ফুলের চারা ইত্যাদির উপর জলসেচন করার বহুছিদ্রযুক্ত জলপাত্র; 2 ওই জলপাত্র দ্বারা জলসেচন বা তা থেকে জলের ক্ষরণ। [সং. ধারা]।

ঝারি (p. 336) [jhāri] বি. 1 গাছে জল সেচন করার জলপাত্র বা ঘটবিশেষ; 2 গাড়ুবিশেষ, ভৃঙ্গার। [সং. ঝরী]।

ঝাল1 (p. 336) [jhāla1] বি. ধাতুনির্মিত বাসন ইত্যাদি জুড়বার পান (রাংঝাল, কলসিতে ঝাল দেওয়া)। [হি. ঝাল < সং. জ্বাল]।

ঝাল2 (p. 336) [jhāla2] বিণ. অত্যন্ত কটু বা তীক্ষ্ণ; লংকার মতো কটু রসযুক্ত। □ বি. 1 কটু রস; 2 কটু রসযুক্ত মশলা, লংকা (রান্নায় বেশি ঝাল দিয়ো না); 3 প্রসূতিদের পথ্যবিশেষ; 4 কটু রসযুক্ত মশলায় প্রস্তুত ব্যঞ্জনবিশেষ (মাছের ঝাল); 5 (আল.) আক্রোশ, ক্রোধ, জ্বালা (গায়ের ঝাল মেটানো)। [সং. জ্বালা]। ঝাল ঝাড়া ক্রি. বি. কটুক্তি করে নিজের ক্রোধ বা আক্রোশ মেটানো। ঝাল মেটানো ক্রি. বি. আক্রোশ মেটানো। পরের মুখে ঝাল খাওয়া ক্রি. নিজে না জেনে অন্যের কথা নির্বিচারে মেনে নেওয়া। ঝালে ঝোলে অম্বলে ক্রি-বিণ.

সমস্ত ব্যাপারে বা জায়গায় (অত ঝালে ঝোলে অম্বলে থাকার দরকার কী? একটু নিজের মনে, থাকাই তো ভালো)।

ঝালর (p. 336) [jhālara] বি. 1 কাপড়ের তৈরি পোশাকে শয্যা চাঁদোয়া প্রভৃতির কারুকার্যময় ও কুঞ্চিত প্রান্তদেশ (চাঁদোয়ার ঝালর); 2 অলংকারাদির কারুকার্যময় ঝুলন্ত ও দোদুল্যমান অংশ। [সং. ঝল্লরী]।

ঝালস (p. 336) [jhālasa] বি. (আঞ্চ.) রোদের তাপ; গ্রীষ্মের খরতাপ (এই ঝালসে পথে বেরোনো দায়)। [ঝলসা দ্র]।

ঝালা1 (p. 336) [jhālā1] ক্রি. সেতার সরোদ প্রভৃতি তারযন্ত্রে দ্রুত ঝংকার তোলা। □ বি. ঝালার কাজ (সেতারের ঝালা)। [তু. হি. জলদ (দ্রুত)]।

ঝালা2, ঝালাই (p. 336) [jhālā2, jhālāi] বি. 1 পান দিয়ে ধাতুদ্রব্য জোড়া; 2 ভিতরের আবর্জনা তুলে ফেলা, পঙ্কোদ্ধার করা (বহুদিন পুকুর ঝালা হয়নি)। [হি. √ ঝাড়]।˜ নো ক্রি. বি. পান দিয়ে জোড়ানো; পঙ্কোদ্ধার করানো; (আল.) মকশো করা, নতুন করে প্রয়োগ করা বা সাধা (পরিচয়টা ঝালানো দরকার)।

ঝালা-পালা (p. 336) [jhālā-pālā] বিণ 1 তীব্র শব্দে প্রায় বধির হয়ে গেছে এমন (কান ঝালাপালা হয়ে গেছে); 2 অতি বিরক্ত ('করিলেক ঝালাপালা তনুপ্রাণ রহে না': ভা. চ.)। □ বি. 1 কানকে পীড়িত বা বধির করে এমন শব্দ; 2 উৎপাত, উপদ্রব। [বাং. ঝালা2 + পারা (মতো, সদৃশ)-তু. জ্বালা + পালা (সহচর শব্দ)]।

ঝালি (p. 336) [jhāli] বি. 1 ঝুলন খেলা; 2 নালা নর্দমা প্রভৃতির মুখের গর্ত; 3 জমিতে সেচনের জল ধরে রাখার জন্য খোঁড়া গর্ত; 4 ঝুলি, পেটিকা। [দেশি]।

ঝি (p. 336) [jhi] বি. 1 কন্যা, মেয়ে (মায়ে ঝিয়ে মিলে); 2 পরিচারিকা, দাসী। [পা. ধীতা < সং. দুহিতা]। ঝিকে মেরে বউকে শেখানো ক্রি. বি. পরের উপর রাগ করে আপনজনকে শাস্তি দিয়ে পরোক্ষে মনের ভাব প্রকাশ করা।

ঝিউড়ি, ঝিয়ারি (p. 336) [jhiuḍ়i, jhiẏāri] বি. 1 কন্যা; 2 অবিবাহিতা কন্যা। [বাং. ঝি + উড়ি]।

ঝিঁক, ঝিক (p. 336) [jhin̐ka, jhika] বি. হাঁড়ি, কড়াই প্রভৃতি দৃঢ়ভাবে বসাবার জন্য উনুনের পার্শ্বস্থ চূড়া। [মরা. √ ঝিংক = ধরা, ধরে রাখা]।

ঝিঁকরা (p. 336) [jhin̐karā] বি. ঝাড়বিশিষ্ট ছোট ছোট বুনো গাছ। □ বিণ. ওইরকম গাছযুক্ত (ঝিঁকরা বাগান)। [দেশি]।

ঝিঁকা, (কথ্য) ঝিঁকে (p. 336) [jhin̐kā, (kathya) jhin̐kē] বি. নৌকার হাল ধরে জোর টান বা হ্যাঁচকা টান। [তু. হি. ঝকোর্না]। ঝিঁকে মারা ক্রি. বি. নৌকার হাল ধরে হ্যাঁচকা টান দেওয়া; (আল.) ওইরকম হেঁচকে হেঁচকে চলা।

ঝিঁঝি1 (p. 336) [jhin̐jhi1] বি. ঝিঁঝিঁ শব্দকারী পোকাবিশেষ, cricket. [সং. ঝিল্লী]।

ঝিঁঝি2 (p. 336) [jhinँjhi2] বি. ঝিমঝিম করার ভাব (বসে বসে পায়ে ঝিঁঝি ধরেছে)। [তু. ঝিনঝিন, ঝিমঝিম]। ঝিঁঝি ধরা ক্রি. বি. অনেকক্ষণ হাত-পা চেপে বসে থাকার জন্য রক্তসঞ্চালন বন্ধ হয়ে ঝিমঝিম করা।

ঝিঁঝিট, ঝিঁঝোটি (p. 336) [jhinँjhiṭa, jhinँjhōṭi] বি. সংগীতের সন্ধ্যাকালীন রাগিণীবিশেষ। [হি. ঝিংঝোটী]।

ঝিক-মিক, ঝিকি-মিকি (p. 336) [jhika-mika, jhiki-miki] বি. আলোর চঞ্চল দীপ্তি বা প্রভা; মৃদু ঝকমক করার ভাব (জ্যোৎস্নার ঝিকিমিকি, জলে চাঁদের আলো ঝিকমিক করছে)। [দেশি]।

ঝিকুট, ঝিকুর (p. 338) [jhikuṭa, jhikura] বি. মাস্তষ্ক; মাথার ভিতরে নরম অংশ, ঘিলু। [দেশি]। ঝিকুর নড়া ক্রি. বি. মাথা খারাপ হওয়া।

ঝিঙা, (কথ্য) ঝিঙে (p. 338) [jhiṅā, (kathya) jhiṅē] বি. গ্রীষ্মের সবজি ফলবিশেষ। [মুণ্ডারি ঝিঙ্গা]।˜ ফুল বি. ঝিঙের ফুল।˜ শাল বি. সরু চালের ধানবিশেষ।

ঝিঙুর (p. 338) [jhiṅura] বি. ঝিঁঝিপোকা। [হি. ঝিঙ্গুর]।

ঝিঙে (p. 338) [jhiṅē] দ্র ঝিঙা।

ঝিণ্টি (p. 338) [jhiṇṭi] বি. ঝাঁটি ফুল বা তার গাছ। [সং. ঝিণ্টী]।

ঝিন-ঝিন (p. 338) [jhina-jhina] বি. রক্তচলাচল বন্ধ হওয়ার জন্য শরীরের কোনো স্থানে অসাড়তা বা ঈষত্ যন্ত্রণা ও কম্পনের অনভূতি (হাত-পা ঝিনঝিন করা)। [ধ্বন্যা.]।

ঝিনি-ঝিনি1 (p. 338) [jhini-jhini1] বি. ঝিনঝিন করার ভাব। [ধ্বন্যা.]।

ঝিনি-ঝিনি2, ঝিনিকি-ঝিনি (p. 338) [jhini-jhini2, jhiniki-jhini] বি. মৃদু ও মধুর ঝন ঝন শব্দ; নূপুর বা ওইরকম কোনো অলংকারের আওয়াজ, শিঞ্জন। [ধ্বন্যা.]।

ঝিনুক (p. 338) [jhinuka] বি. 1 শুক্তি; 2 শিশুকে দুধ খাওয়াবার জন্য ঝিনুকের মতো চামচবিশেষ। [দেশি]।

ঝিম (p. 338) [jhima] বি. তন্দ্রাবেশ, ক্লান্তি প্রভৃতির দরুন আচ্ছন্নতা, অবসন্ন ভাব (দুপুরে খাওয়ার পর ঝিম ধরে)। □ বিণ. তন্দ্রা ইত্যাদির জন্য অবশ বা আচ্ছন্ন (ঝিম হয়ে বসে থাকা)। [বাং. √ ঝিমা]।

ঝিমকিনি (p. 338) [jhimakini] বি. 1 ক্ষীণ ধারায় বৃষ্টি; 2 তন্দ্রার আবেশ বা ঢুলুনি, ঝিমুনি। [দেশি]।

ঝিম-ঝিম (p. 338) [jhima-jhima] বি. জড়তা বা অবশতার ভাব (হাত-পা ঝিমঝিম করছে)। [দেশি-তু. ঝিনঝিন, ঝিঁঝি2]।

ঝিমা (p. 338) [jhimā] ক্রি. ঝিমানো। [বাং. ঝিম্ + আ]। ~ নো ক্রি. বি. তন্দ্রা বা নেশার আবেশে চোখ বুজে ঢোলা; নিস্তেজ বা নিরুদ্যম হওয়া (আগুনটা ঝিমিয়ে গেছে; কী ব্যাপার, ঝিমিয়ে পড়লে কেন?)। ঝিমানি, ঝিমুনি বি. তন্দ্রাচ্ছন্ন ভাব, তন্দ্রাবেশে ঢুলুনি।

ঝিমিকি, ঝিমিক (p. 338) [jhimiki, jhimika] বি. 1 বিদ্যুতের বারবার চমক; 2 লঘু পায়ে চলা। [ধ্বন্যা. তু. হি. ঝমক]।

ঝিমুনি (p. 338) [jhimuni] দ্র ঝিমা।

ঝিয়ারি (p. 338) [jhiẏāri] বি. কন্যা; অবিবাহিতা কন্যা, ঝিউড়ি। [বাং. ঝি + আরি (স্বার্থে)]।

ঝির-কুটে (p. 338) [jhira-kuṭē] বিণ. 1 বেঁটে ও কৃশ; 2 বাড় নেই এমন, কূরকুটে। [তু. হি. কুরকুট]।

ঝির-ঝির (p. 338) [jhira-jhira] বি. 1 মৃদু বা লঘু ঝরঝর আওয়াজ; 2 লঘু প্রবাহ বা ক্ষরণের ভাব (ঝিরঝির করে বৃষ্টি পড়ছে)। [ধ্বন্যা.]। ঝির-ঝিরে বিণ. ঝিরঝির করে প্রবাহিত হচ্ছে বা পড়ছে এমন (ঝিরঝিরে বাতাস, ঝিরঝিরে বৃষ্টি)। ঝির-ঝিরানি বি. বাতাস বা বৃষ্টির ঝিরঝির শব্দ।

ঝিল (p. 338) [jhila] বি. বিলের মতো কিন্তু অপেক্ষাকৃত সরু ও লম্বা এবং সচরাচর স্বাভাবিক জলাশয়। [হি. ঝীল]।

ঝিল-মিল1 (p. 338) [jhila-mila1] বি. জানালার খড়খড়ি; খড়খড়ির পাখি বা তক্তা। [হি. ঝিল্মিলী]।

ঝিল-মিল2 (p. 338) [jhila-mila2] বি. মৃদু ঝলমল বা ঝিকমিক করার ভাব ('স্পন্দিত নদীজল ঝিলমিল করে;: রবীন্দ্র)। [ঝলমল দ্র]। ঝিলি-মিলি বি. ঝিলমিল, ঝিলমিল করার ভাব (রোদের ঝিলিমিলি)। ঝিল-মিলে বিণ. ঝিলমিল করে এমন।

ঝিলিক (p. 338) [jhilika] বি. 1 ছোট ঝলক বা চমক; 2 অত্যন্ত ক্ষণস্থায়ী আলোকচ্ছটা (ঝিলিক দেওয়া, ঝিলিক মারা, বিদ্যুতের ঝিলিক; 'সূর্য যেথায় অস্তে নামে ঝিলিক মারে মেঘে': রবীন্দ্র)। [ঝলক দ্র]।

ঝিলি-মিলি2 (p. 338) [jhili-mili2] বিণ. ঈষত্ ঝলমলে; ঝিলমিলে ও তরঙ্গায়িত ('সন্ধ্যারাগে ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা': রবীন্দ্র)। [ঝিলমিল2 দ্র]।

ঝিল্লি, ঝিল্লিকা (p. 338) [jhilli, jhillikā] বি. 1 ঝিঁঝি পোকা ('ঝিল্লি ডাকে ঝোপে ঝাড়ে': রবীন্দ্র); 2 চামড়ার পাতলা আবরণ, membrane. [সং. ঝিল্লি (ধ্বন্যা.)]।

ঝুঁকা, ঝোঁকা (p. 338) [jhun̐kā, jhōn̐kā] বি. ক্রি. 1 হেলে পড়া, সামনের দিকে বা নীচের দিকে নত হওয়া (ঝুঁকে দেখবার চেষ্টা করছে); 2 আকৃষ্ট হওয়া (খেলার দিকে মন ঝুঁকেছে)। □ বিণ. উক্ত সব অর্থে। [হি. √ ঝুক্ + বাং. আ]।˜

নো ক্রি. বি. 1 হেলানো, নত করা; 2 আকৃষ্ট বা পক্ষপাতগ্রস্ত করা। □ বিণ. উক্ত সব অর্থে।

ঝুঁকি (p. 338) [jhun̐ki] বি. 1 ভাব, দায়িত্ব; 2 বিপদের ভয়; 3 উঁকি (উঁকিঝুঁকি)। [হি. ঝোংকী]।

ঝুঁট, ঝুঁটি (p. 338) [jhun̐ṭa, jhun̐ṭi] বি. 1 চূড়া-বাঁধা চুল; 2 খোঁপা; 3 টিকি বা টিকির গোছা; 4 ঝোটন, চুল লোম বা পালকের মোটা গুচ্ছ ('কাকাতুয়ার মাথায় ঝুঁটি'); 5 মাংসপিণ্ড (ষাঁড়ের ঝুঁটি)। [সং. জুটিকা]।

ঝুট-মুট (p. 338) [jhuṭa-muṭa] ক্রি-বিণ. মিছিমিছি, অকারণে (ঝুটমুট ঝামেলা করা)। [হি. ঝুট (মিথ্যা) + মুট (সহচর শব্দ)]।

ঝুটা1, (কথ্য) ঝুটো (p. 338) [jhuṭā1, (kathya) jhuṭō] বিণ. 1 নকল, কৃত্রিম (ঝুটো মুক্তো); 2 জাল (ঝুটো লোক, ঝুটো দলিল); 3 মিথ্যা, অসত্য (ঝুটো কথা)। [হি. ঝুট]।

ঝুটা2 (p. 338) [jhuṭā2] বিণ. উচ্ছিষ্ট, এঁটো। [হি. জুটা < সং. জুষ্ট (=ব্যবহৃত)]।

ঝুটা-পুটি, (কথ্য) ঝুটো-পুটি (p. 338) [jhuṭā-puṭi, (kathya) jhuṭō-puṭi] বি. 1 পরস্পরের ঝুঁটি ধরে জড়াজড়ি; 2 জড়াজড়ি, জাপটাজাপটি। [বাং. ঝুঁটি + পুটি (সহচর শব্দ)]।

ঝুড়া, ঝোড়া (p. 338) [jhuḍ়ā, jhōḍ়ā] ক্রি. বি. গাছের অনাবশ্যক ডালপালা ছাঁটা। □ বিণ. উক্ত অর্থে। [তু. ঝাড়া]। ˜ নো ক্রি. বি. অনাবশ্যক ডালপালা (অন্যের দ্বারা) ছাঁটানো। □ বিণ. উক্ত অর্থে।

ঝুড়ি (p. 338) [jhuḍ়i] বি. বাঁশ বেত প্রভৃতি দিয়ে তৈরি বড় চুপড়ি বা চ্যাঙারি। [মুণ্ডারি ঝুরি (=ডালপালা)]। ঝুড়ি ঝুড়ি ক্রি-বিণ. বিণ. অনেক, অনেক পরিমাণে, রাশি রাশি (ঝুড়ি ঝুড়ি আম)।

ঝুনা, (কথ্য) ঝুনো (p. 338) [jhunā, (kathya) jhunō] বিণ. 1 পাকা ও শক্ত (ঝুনো নারকেল); 2 অভিজ্ঞ ও কঠোর; ঝানু (ঝুনো গোয়েন্দা)। [প্রাকৃ. জুণ্ণ < সং. জুর্ণ]।

ঝুনু-ঝুনু, ঝুনুর-ঝুনুর (p. 339) [jhunu-jhunu, jhunura-jhunura] বি. নূপুর ঘুঙুর প্রভৃতির মৃদুমধুর আওয়াজ। [ধ্বন্যা.]।

ঝুনো (p. 339) [jhunō] দ্র ঝুনা।

ঝুপ (p. 339) [jhupa] বি. ঝাঁপ দেওয়ার বা জলে ভারী জিনিস পড়ার মৃদু শব্দ। [ধ্বন্যা.]। ˜ ঝুপ, ˜ ঝাপ বি. ক্রমাগত 'ঝুপ' শব্দ; ক্রমাগত উপর থেকে পড়ার বা জলে ভারী জিনিস পড়ার শব্দ (ঝুপঝুপ করে বৃষ্টি পড়ছে, নদীর পাড় ঝুপঝুপ করে ভেঙে পড়ছে)।

ঝুপড়ি (p. 339) [jhupaḍ়i] বি. নিচু কুঁড়েঘর। [হি. ঝোপড়া < প্রাকৃ. ঝুমপডা]।

ঝুপুর-ঝুপুর, ঝুপুর-ঝাপুর (p. 339) [jhupura-jhupura, jhupura-jhāpura] বি. ক্রি-বিণ. ক্রমাগত নৌকার বৈঠা বা দাঁড় ফেলার বা বৃষ্টি পড়ার শব্দ। [ধ্বন্যা.]।

ঝুমকা, (কথ্য) ঝুমকো (p. 339) [jhumakā, (kathya) jhumakō] বি. 1 গোল থোলোর মতো ফুলবিশেষ বা তার লতা; 2 ঝুমকো ফুলের মতো আকারবিশিষ্ট মেয়েদের কানের গহনাবিশেষ। [হি. ঝুমকা]।

ঝুম-ঝুম (p. 339) [jhuma-jhuma] বি. মৃদু ঝমঝম শব্দ; ঘুঙুর পরে নাচের শব্দ। [ধ্বন্যা.]।

ঝুম-ঝুমি (p. 339) [jhuma-jhumi] বি. শিশুর খেলনাবিশেষ, যা নাড়লে ঝুমঝুম শব্দ হয়। [বাং. ঝুমঝুম + ই]।

ঝুমরি (p. 339) [jhumari] বি. সংগীতের শৃঙ্গাররসাত্মক রাগিণীবিশেষ। [সং. ঝুমরি-তু. হি. ঝুমরা]।

ঝুমুর (p. 339) [jhumura] বি. নৃত্যসংবলিত শৃঙ্গাররসাত্মক সংগীতবিশেষ (গ্রামে একটা ঝুমুরের দল এসেছে)। [সং. ঝুমরি]। ঝুমুর ঝুমুর বি. নূপুর ঘুঙুর ইত্যাদির মৃদুমধুর ধ্বনি।

ঝুর-ঝুর (p. 339) [jhura-jhura] বি. মৃদু ঝরঝর শব্দ (চূন-বালি ঝুরঝুর করে পড়ছে)। ঝুর-ঝুরে বিণ. ঝুরঝুর করে ঝরে এমন (ঝুরঝুরে বালি); শুষ্ক ও অসংলগ্ন (ঝুরঝুরে ভাত)। [ঝরঝর দ্র]।

ঝুরা1 (p. 339) [jhurā1] ক্রি. (প্রা. বাং.) 1 খেদ করা বা কাঁদা ('কানুর পিরীতে ঝুরি দিবা রাতে': চণ্ডী); 2 ঝরা, গলে পড়া ('রূপ লাগি আঁখি ঝুরে': জ্ঞান.); 3 শীর্ণ বা ম্লান হওয়া ('ঝুরত তুয়া বিনু রাই': গো. দা.)। [মৈ. √ ঝুর < প্রাকৃ. √ জুর < সং. √ খিদ]।

ঝুরা2, (কথ্য) ঝুরো (p. 339) [jhurā2, (kathya) jhurō] বিণ. 1 গুঁড়ানো, চূর্ণিত; 2 শুষ্ক ও ঝুরঝুরে (ঝুরো মাটি)। [তু. সং. চূর্ণ]। ঝুরা-ঝুরা, ঝুরো-ঝুরো বিণ. ঝুরঝুরে।

ঝুরি (p. 339) [jhuri] বি. বট, অশ্বত্থ প্রভৃতি গাছ থেকে ঝুলে পড়া জটা (বটের ঝুরি)। [হি. ঝুল]।˜ ভাজা বেসন দিয়ে তৈরি সরু সরু ঝুরির আকারের ভাজা খাবারবিশেষ।

ঝুরু-ঝুরু (p. 339) [jhuru-jhuru] ক্রি-বিণ. ঝুরঝুর শব্দে, ঝুরঝুর করে ('ঝুরুঝুরু বায়ু বহে যায়': রবীন্দ্র; ঝুরুঝুরু বালি ঝরছে)। [ঝরঝর দ্র]।

ঝুল1 (p. 339) [jhula1] বি. 1 ঝোলার ভাব, আনতি, ঝোঁক (অত ঝুল দিয়ো না; পড়ে যাবে); 2 নীচের দিকে পরিমাপ (জামার ঝুলটা বেশি হয়েছে)। [হি. ঝুল]।

ঝুল2 (p. 339) [jhula2] বিণ. (অশা.) বাজে, খারাপ (একটা ঝুল সিনেমা দেখে এলাম)। [ঝুল দ্র (যা ঝুলিয়ে দেয় এই অর্থে)]।

ঝুল3 (p. 339) [jhula3] বি. মাকড়সার জালের সঙ্গে আটকে থাকা বা মিশে থাকা ধোঁয়ার কালি (ঝুল জমেছে)। [তু. হি. ঝোল (ময়লা, ছাই)]।

ঝুলন (p. 339) [jhulana] বি. 1 দোলন; 2 ঝুলে থাকার অবস্থা; 3 শ্রীকৃষ্ণের দোলন উৎসব। [ঝুলা দ্র]। ̃ যাত্রা বি. শ্রাবণ-ভাদ্র মাসে অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের দোলন উৎসব।

ঝুলনা (p. 339) [jhulanā] বি. দোলনা ('বাধ ঝুলনা, তমালবনে)। [ঝুলা দ্র]।

ঝুল-বারান্দা (p. 339) [jhula-bārāndā] বি. বাড়ির উপরতলার যে বারান্দা রাস্তার দিকে ঝুলে থাকে। [বাং. ঝুল + বারান্দা < ইং. veranda]।

ঝুলা, ঝোলা (p. 339) [jhulā, jhōlā] ক্রি. বি. 1 লম্বিত হওয়া (কড়িকাঠ থেকে ঝুলছে); 2 দোল খাওয়া (গাছে দড়ি বেঁধে ঝুলছে); 3 পক্ষপাতী হওয়া, কোনো বিশেষ দিকে ঝোঁকা (তার দিকে মন ঝুলেছে)। [বাং. ঝুল + আ]। ̃ ঝুলি বি. 1 বারবার বা ক্রমাগত ঝোলা; 2 ক্রমাগত সনির্বন্ধ অনুরোধ (আমাকে নিয়ে যাবার জন্য সে কী ঝোলাঝুলি)। ̃ নো ক্রি. বি. লম্বিত করা, লটকানো, টাঙানো। □ বিণ. উক্ত অর্থে।

ঝুলি (p. 339) [jhuli] বি. 1 (সচ.) কাপড়ের তৈরি থলি; কাঁধে ঝোলানো থলি; 2 জপমালা রাখার থলি (হরিনামের ঝুলি)। [হি. ঝোলী]। ˜ ঝাড়া বিণ. ঝুলি উজাড় করে ঝাড়লে পাওয়া যায় এমন অকিঞ্চিৎকর; যৎসামান্য। কাঁধে ঝুলি নেওয়া ক্রি. বি. (আল.) ভিক্ষার জন্য বার হওয়া; ভিক্ষাবৃত্তি অবলম্বন করা।

ঝেঁটা, ঝেঁটানো (p. 339) [jhēn̐ṭā, jhēn̐ṭānō] যথাক্রমে ঝ্যাঁটা ও ঝ্যাঁটানো -র বানানভেদ।

ঝেঁপে দেওয়া (p. 339) [jhēm̐pē dēōẏā] ক্রি. (অশা.) চুরি করা; আত্মসাত্ করা, মেরে দেওয়া। [তু. বাং. ঝাঁপা (=ঢাকা, আচ্ছাদন করা)।

ঝোঁক (p. 339) [jhōn̐ka] বি. 1 ঝুঁকে থাকার ভাব; 2 নীচের দিকে টান; আকর্ষণ; 3 পক্ষপাত; 4 শখ, আগ্রহ (ছবি আঁকায় তার একেবারেই ঝোঁক নেই, দেশভ্রমণের ঝোঁক); 5 ঘোর, প্রভাব (নেশার ঝোঁক)। [বাং. ঝুঁকা < হি. ঝুঁকা]।

ঝোঁক ধরা (p. 339) [jhōn̐ka dharā] ক্রি. বি. বায়না করা, কিছু পাবার জন্য আবদার বা দাবি করা।

ঝোঁকা, ঝোঁকানো (p. 339) [jhōn̐kā, jhōn̐kānō] যথাক্রমে ঝুঁকা ও ঝুঁকানো -চলিত রূপ।

ঝোঁটন (p. 339) [jhōn̐ṭana] বি. ঝুঁটি। □ বিণ. ঝুঁটিবিশিষ্ট (ঝোঁটন পাখি)। [বাং. ঝুঁটি]।

ঝোড়া1 (p. 339) [jhōḍ়ā1] বি. বাঁশের তৈরি বড় ঝুড়ি। [দেশি]।

ঝোড়া2, ঝোড়ানো (p. 339) [jhōḍ়ā2, jhōḍ়ānō] যথাক্রমে ঝুড়া ও ঝুড়ানো -র চলিত রূপ।

ঝোড়ো (p. 339) [jhōḍ়ō] বিণ. 1 ঝড়সম্বন্ধীয়; 2 ঝড়যুক্ত (ঝোড়ো বাতাস); 3 ঝড় সৃষ্টিকারী (ঝোড়ো মেঘ); 4 ঝড়ে পীড়িত (ঝোড়ো কাক); 5 ঝড়ে পড়েছে এমন (ঝোড়ো আম)। [বাং. ঝড় + উয়া > ও]।

ঝোপ (p. 339) [jhōpa] বি. ছোট মাছের ঝাড় বা জঙ্গল; গুল্ম। [সং. ক্ষুপ]।˜ ঝাড় বি. ছোট গাছের ঝাড় জঙ্গল। ঝোপ বুঝে কোপ (আল.) সুযোগ ও অবস্থা বুঝে ব্যবস্থা।

ঝোরা (p. 340) [jhōrā] বি. ঝরনা (পাগলা ঝোরা)। [ঝরনা দ্র]।

ঝোল (p. 340) [jhōla] বি. তরল ব্যঞ্জনবিশেষ; জুল, সুপ। [দেশি]।

ঝোলা1 (p. 340) [jhōlā1] বিণ. ঝোলের মতো, পাতলা (ঝোলা গুড়)। [বাং. ঝোল + আ]।

ঝোলা2 (p. 340) [jhōlā2] বিণ. ঢোলা; লম্বা ও ঢিলা (ঝোলা জামা, ঝোলা আস্তিন)। [বাং. ঝুল + আ]।

ঝোলা3 (p. 340) [jhōlā3] বি. বড় থলি বা ঝুলি (ঝোলার মধ্যে কী আছে?)। [হি. ঝোলী]। ̃ ঝুলি বি. ছোট বড় সবরকমের থলি। ̃ মালা বি. ভিখারি বৈষ্ণবের ভিক্ষার ঝুলি ও কণ্ঠের মালা।

ঝোলা4, ঝোলানো1 (p. 340) [jhōlā4, jhōlānō1] যথাক্রমে ঝুলা ও ঝুলানো -র চলিত রূপ।

ঝোলানো2 (p. 340) [jhōlānō2] ক্রি. বি. (কথ্য) অসুবিধায় বা অস্বস্তিতে ফেলা (তোমাকে বিশ্বাস করে দায়িত্ব দিচ্ছি, আমাকে ঝোলাবে না তো?)। [বাং. ঝুলা + নো]।

ঝ্যাঁটা (p. 340) [jhyānṭā] বি. (আঞ্চ.) ঝাঁটা। [দেশি]। ̃ নো ক্রি. বি. ঝাঁট দেওয়া; ঝোঁটিয়ে দূর করা। ̃ পেটা বি. ঝাঁটার ঘা, ঝাঁটা দিয়ে মার।

ঞ (p. 340) [ñ] বাংলা বর্ণমালার দশম ব্যঞ্জনবর্ণ। শব্দের আদ্যক্ষররূপে এর ব্যবহার নেই। শব্দের ভিতরেও এর ব্যবহার কেবল যুক্তাক্ষরের মধ্যেই দেখা যায়-ঝঞ্ঝাট, ঝঞ্ঝা। মধ্য বাংলায় আঁই এই যুগ্মস্বরের ক্ষেত্রে আঞি বানান পাওয়া যায়-গোসাঞি, ঠাঞি (ঠাঁই)।

ট (p. 341) [ṭ] বাংলা বর্ণমালার একাদশ ব্যঞ্জনবর্ণ এবং অঘোষ অল্পপ্রাণ মূর্ধন্য ট্-ধ্বনির দ্যোতক।

টই-টই, টই-টম্বুর (p. 341) [ṭi-ṭi, ṭi-ṭambura] বিণ. পরিপূর্ণ, কানায় কানায় ভরা (পুকুরটা একেবারে চইটম্বুর হয়ে আছে)। [দেশি]।

টং1 (p. 341) [ṭa1] বিণ. 1 অত্যন্ত ক্রুদ্ধ, অগ্নিমূর্তি, মেজাজ চড়ে আছে এমন (রেগে টং হয়ে আছে); 2 ভরপুর (মদে টং হওয়া)। [সং. টঙ্ক]।

টং2 (p. 341) [ṭa2] বি. উঁচু মাচা, মাচান, টোং ('টঙের ঘরে একা একা': প্রেমেন্দ্র)। [সং. তুঙ্গ]।

টং3 (p. 341) [ṭa3] বি. 1 ঘড়ি, কাঁসি প্রভৃতির শব্দবিশেষ; 2 ধনুকের জ্যা টেনে ছেড়ে দিলে যে শব্দ হয়। [ধ্বন্যা.]।

টংকার (p. 341) [ṭaṅkāra] দ্র টঙ্কার।

টক1 (p. 341) [ṭaka1] বিণ. অম্ল স্বাদযুক্ত (টক দই)। □ বি. 1 অম্লরস বা অম্ল স্বাদ (অত টক খেয়ো না); 2 অম্ল স্বাদযুক্ত ব্যঞ্জনবিশেষ, অম্বল (মাছের টক)। [সং. তক্র]।˜ ডাল, টকের ডাল বি. কাঁচা আম তেঁতুল প্রভৃতি সহযোগে তৈরি অম্ল স্বাদযুক্ত ডাল।

টক2 (p. 341) [ṭaka2] বি. অত্যন্ত দ্রুততার ভাব। □ ক্রি-বিণ. দ্রুত (টক করে নিয়ে এসো)। [ধ্বন্যা.]। টকা-টক1 ক্রি-বিণ. অতি দ্রুত (টকাটক খেয়ে ফেলো)। টকাস1 ক্রি-বিণ. অতি দ্রুত, অনায়াসে (টকাস করে গিলে ফেলো তো)।

টক3 (p. 341) [ṭaka3] বি. শুকনো কাঠে ছোট কিছুর আঘাতের বা অনুরূপ কোনো শব্দ। [ধ্বন্যা.]।˜ টক1, টকা-টক2 বি. ক্রমাগত টক শব্দ। টকাস2 বি. সজোরে টক শব্দ।

টক-টক2 (p. 341) [ṭaka-ṭaka2] বি. (সচ. লাল রঙের) তীব্রতা বা আধিক্যের ভাব (লাল টকটক করছে)। [ধ্বন্যা.]। টক-টকে বিণ. গাঢ়, উজ্জ্বল (টকটকে লাল, টকটকে রং)।

টকা (p. 341) [ṭakā] ক্রি. 1 বিকৃত হওয়া, কটু হয়ে যাওয়া (তরকারিটা টকে গেছে); 2 টকের সংস্পর্শে শিরশির করা বা অস্বস্তিকর অনুভূতি হওয়া (দাঁত টকে যাওয়া)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে। [বাং. টক + আ]। ˜ নো ক্রি. অম্ল স্বাদযুক্ত করা, টকিয়ে দেওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

টকা-টক1, টকাস1 (p. 341) [ṭakā-ṭaka1, ṭakāsa1] দ্র টক2।

টকা-টক2, টকাস2 (p. 341) [ṭakā-ṭaka2, ṭakāsa2] দর্ টক3।

টক্কর (p. 341) [ṭakkara] বি. 1 হোঁচট, ঠোকর (টক্কর খাওয়া); 2 ধাক্কা; 3 পাল্লা, প্রতিযোগিতা (তাকে টক্কর দেওয়া তোমার কাজ নয়)। [দেশি]।

টগ-বগ (p. 341) [ṭaga-baga] বি. 1 ফুটন্ত জলের শব্দ; 2 ঘোড়ার দ্রুতগতির শব্দ। [ধ্বন্যা.]। টগ-বগিয়ে ক্রি-বিণ. 1 টগবগ করতে করতে; 2 (আল.) উৎসাহ-উদ্দীপনার সঙ্গে। টগ-বগে বিণ. 1 টগবগ করে এমন; তেজি; 2 উদ্যমী; 3 ফুটন্ত।

টগর (p. 341) [ṭagara] বি. (সচ.) সাদা ফুলবিশেষ। [সং. তগর]।

টগরা (p. 341) [ṭagarā] বিণ. (আঞ্চ.) চালাক ও চটপটে (বেশ টগরা ছেলে)। [দেশি]।

টঙ্ক1 (p. 341) [ṭaṅka1] বি. 1 খড়্গ টাঙি প্রভৃতি অস্ত্র; 2 খননের অস্ত্র; 3 পাহাড়ের উঁচু স্থান; 4 ক্রোধ বা আস্ফালন (কেবল মুখেই যত টঙ্ক)। [সং. √ টঙ্ক্ + অ]।

টঙ্ক2 (p. 341) [ṭaṅka2] বিণ. (আঞ্চ.) মজবুত, দৃঢ় (বাঁধনটা বেশ টঙ্ক হয়েছে)। [দেশি]।

টঙ্ক3 (p. 341) [ṭaṅka3] বি. টাকা। [সং. টং (ধ্বন্যা.) + √ কৈ (শব্দ করা) + অ]।˜ ক,˜ পতি বি. টাঁকশালের অধ্যক্ষ।˜ বিজ্ঞান বি. নানা দেশের ও নানা যুগের মুদ্রাবিষয়ক বিদ্যা, numismatics.˜ শালা বি. টাঁকশাল।

টঙ্কন (p. 341) [ṭaṅkana] বি. 1 সোহাগা; 2 বাঁধন। [সং. √ টঙ্ক্ + অন]।

টঙ্কপতি, টঙ্কবিজ্ঞান, টঙ্কশালা (p. 341) [ṭaṅkapati, ṭaṅkabijñāna, ṭaṅkaśālā] দ্র টঙ্ক3।

টঙ্কা (p. 341) [ṭaṅkā] বি. টাকা। [সং. টঙ্ক-তু. হি. তন্খা]।

টঙ্কার, টংকার (p. 341) [ṭaṅkāra, ṭaṅkāra] বি. 1 ধনুকের ছিলার শব্দ (কোদণ্ড টঙ্কার); 2 অনুরূপ অন্য শব্দ ('টাকার টঙ্কার': সু. মু.)। [সং. টঙ্ + √ কৃ + অ]।

টট্টর, টট্টরে (p. 341) [ṭaṭṭara, ṭaṭṭarē] যথাক্রমে টরটর ও টরটরে -র কথ্য রূপ।

টন (p. 341) [ṭana] বি. ইংরেজি ওজনবিশেষ, কুড়ি হন্দর-প্রায় 116 কিলোগ্রাম বা সাতাশ মন। [ইং. ton]।

টনক (p. 341) [ṭanaka] বি. হুঁশ, খেয়াল, মনোযোগ। [দেশি]। টনক নড়া ক্রি. বি. খেয়াল হওয়া, হুঁশ হওয়া (এতক্ষণে তোমার টনক নড়ল?)।

টন-টন (p. 341) [ṭana-ṭana] বি. আঁটসাঁট টানটান পরিপূর্ণ বা তীক্ষ্ণ হওয়ার দরুন অস্বস্তি বা বেদনাবোধ (পা টনটন করছে)। [ধ্বন্যা.]। টন-টনানি বি. টনটন করার অনুভূতি বা ভাব (পায়ের টনটনানি এখনও গেল না)। টন-টনে বিণ. (বিদ্রূপে) গভীর, তীক্ষ্ণ (টনটনে জ্ঞান)।

টন-সিল (p. 341) [ṭana-sila] বি. গলার মধ্যে জিহ্বার মূলদেশে স্হিত গ্ল্যাণ্ড বা গ্রন্হিদ্বয়। [ইং. tonsils]।

টনিক (p. 341) [ṭanika] বি. 1 শক্তিবর্ধক ওষুধ; 2 (আল.) যাতে গায়ের বা মনের জোর বাড়ে এমন বস্তু বা প্রভাব (টাকার মতো টনিক আর কী আছে?)। [ইং. tonic]।

টপ1 (p. 341) [ṭapa1] বি. মটরাকৃতি গঠন (কানের টপ, টপতোলা)। [সং. স্তূপ]।

টপ2 (p. 341) [ṭapa2] বিণ. (কথ্য, অশোভন) সবচেয়ে ভালো; খুব ভালো (একেবারে টপ খেলা, টপ দেখতে)। [ইং. top]।

টপ3 (p. 341) [ṭapa3] বি. তরল পদার্থের ফোঁটা পড়ার শব্দ। [ধ্বন্যা]। টপ টপ1 বি. ক্রি-বিণ. ক্রমাগত ফোঁটা ফোঁটা করে পড়ার শব্দ (টপ টপ করে রস পড়ছে)।

টপ4 (p. 341) [ṭapa4] বি. ক্রি-বিণ. অতি শীঘ্র, চট (টপ করে গিলে ফেলা)। [ধ্বন্যা.]। টপ টপ2 ক্রমাগত ও অতি দ্রুত (টপ টপ করে খেয়ে নেওয়া)। টপা-টপ টপ টপ2 -এর অনুরূপ।

টপকা (p. 341) [ṭapakā] ক্রি. পার হওয়া; লাফিয়ে পার হওয়া। [হি. টপ]।˜নো ক্রি. অতিক্রম করা, ডিঙানো। □ বি. উক্ত অর্থে। □ বিণ. অতিক্রান্ত; অতিক্রম করা হয়েছে এমন।

টপাটপ (p. 341) [ṭapāṭapa] দ্র টপ4।

টপাস (p. 341) [ṭapāsa] বি. ক্রি-বিণ. বড় ফোঁটা পড়ার অপেক্ষাকৃত জোর শব্দ। [ধ্বন্যা.]।

টপ্পা (p. 341) [ṭappā] বি. লঘু রসাত্মক উপশাস্ত্রীয় সংগীতবিশেষ। [হি. টপ্পা]।

টফি (p. 341) [ṭaphi] বি. দুধ চিনি কোকো ইত্যাদি দিয়ে প্রস্তুত ছোটদের লোভনীয় মিঠাইবিশেষ। [ইং. toffee]।

টব (p. 341) [ṭaba] বি জল রাখার বা ফুলগাছ রোপণ করার পাত্রবিশেষ (ফুলের টব, জলের টব)। [ইং. tub]

ট বর্গ (p. 341) [ṭa barga] বি. (ব্যাক.) ট ঠ ড ঢ ণ এই পাঁচটি বর্ণ।

টম-টম (p. 341) [ṭama-ṭama] বি. এক ঘোড়ায় টানা দুই চাকার খোলা গাড়িবিশেষ। [ইং. tandem]।

টম্যাটো (p. 341) [ṭamyāṭō] বি. সবজি শ্রেণির ফলবিশেষ, বিলাতি বেগুন। [ইং. tomato]।

টর-টর (p. 341) [ṭara-ṭara] ক্রি-বিণ. 1 (চলন সম্বন্ধে) দ্রুত ও ছোট ছোট পদবিক্ষেপে (টরটর করে চলেছে); 2 (কথা বলা সম্বন্ধে) দ্রুত ও ঈষত্ আধোআধো ভাবে। [সং. ত্বর (দ্বিত্ব)]। টর-টরে বিণ. দ্রুত ও ছোট ছোট পায়ে চলে এমন; কথাবার্তায় খুব চালাকচতুর ও চটপটে।

টরে-টক্কা (p. 341) [ṭarē-ṭakkā] বি. তারবার্তা পাঠাবার সাংকেতিক ভাষাবিশেষ। [ধ্বন্যা.]।

টর্চ (p. 341) [ṭarca] বি. ব্যাটারির সাহায্যে জ্বলে এমন আধুনিক বাতিবিশেষ। [ইং. torch]।

টর্নাডো (p. 341) [ṭarnāḍō] বি. ঘূর্ণিবায়ুযুক্ত প্রবল ঝড়বিশেষ। [ইং. tornado]।

টর্পেডো (p. 341) [ṭarpēḍō] বি. ডুবোজাহাজ থেকে ছোড়া হয় এমন চুরুটের আকৃতিবিশিষ্ট ক্ষেপণাস্ত্র। [ইং. torpedo]।

টল1 (p. 341) [ṭala1] দ্র টলন।

টল-টল (p. 341) [ṭala-ṭala] বি. তরস পদার্থের ঈষত্ আন্দোলন ও পরিপূর্ণতার লক্ষণ (পুকুরে জল টলটল করছে)। [ধ্বন্যা.]। টল-টলানো ক্রি. টলটল করা। টল-টলায়মান বিণ. টলে পড়ে যাবার উপক্রম হয়েছে এমন, পতনোম্মুখ (সিংহাসন টলটলায়মান)। টল-টলে বিণ. টলটল করে বা করছে এমন (টলটলে জল)।

টলট্টল (p. 341) [ṭalaṭṭala] বিণ. অত্যন্ত বিক্ষুব্ধ বা আন্দোলিত; উচ্ছলিত। [বাং. টল + টল]।

টলন, টল2 (p. 341) [ṭalana, ṭala2] বি. 1 বিচলন, স্খলন (কিছুতেই টলন নেই); 2 বিহ্বলতা। [সং. √ টল্ (ব্যাকুলতা) + অন, অ]।

টল-মল (p. 341) [ṭala-mala] বি. 1 অস্থির আন্দোলিত বা পতনোম্মুখ হওয়ার লক্ষণ (ধরণী টলমল করছে); 2 উচ্ছলিত হওয়ার লক্ষণ (বর্ষায় নদীর জল টলমল করছে)। [বাং. টল + মল (সহচর শব্দ)]। □ বিণ. উক্ত সব অর্থে

(টলমল অবস্থা)। টল-মলা ক্রি. টলমল করা; টলমল করানো। টল-মলানি বি. টলমল করার অবস্থা। টল-মলায়-মান, টল-মলে বিণ. টলমল করছে এমন; দোলায়মান, পতনোন্মুখ।

টলা (p. 341) [ṭalā] ক্রি. 1 বিচলিত হওয়া (মন টলানো); 2 স্থানভ্রষ্ট হওয়া, বিচ্যুত হওয়া, কম্পিত বা আন্দোলিত হওয়া (পা টলছে); 3 অন্যথা বা নড়চড় হওয়া (তার প্রতিজ্ঞা টলবে না)। [বাং. √ টল্ + আ]। □ বি. বিণ. উক্ত সব অর্থে। টলানো ক্রি. বি. বিচলিত করা; স্থানচ্যুত করা, নড়ানো; কম্পিত বা আন্দোলিত করা; অন্যথা করানো। □ বিণ. উক্ত সব অর্থে।

টসকা, টসকানো (p. 341) [ṭasakā, ṭasakānō] ক্রি. 1 অস্বাভাবিক হওয়া; 2 ভগ্নস্বাস্থ্য হওয়া (শরীরটা টসকেছে); 3 সহজে ভেঙে যাওয়া বা নষ্ট হওয়া (সে অত সহজে টসকাবে না)। □ বি. উক্ত সব অর্থে। [তু. হি. √ টস্ = ফাটা, মচকানো]।

টস-টস (p. 341) [ṭasa-ṭasa] বি. 1 রসে পরিপূর্ণ হওয়ার ভাব (ফলটা পেকে টসটস করছে); 2 ফোঁটায় ফোঁটায় পড়ার বা জল রস পুঁজ প্রভৃতিতে পূর্ণ হওয়ার ভাব (ফোঁড়াটা টসটস করছে)। [ধ্বন্যা.]। টস-টসে বিণ. টসটস করছে এমন; ফোঁটা ফোঁটা পড়ছে এমন; রসে বা পুঁজে ভরতি এমন (টসটসে ফোঁড়া)।

টহল (p. 341) [ṭahala] বি. 1 পায়চারি; 2 পর্যটন (দুনিয়াময় টহল দেওয়া); 3 ঘুরে ঘুরে পাহারা (পুলিশ সারা শহর টহল দিচ্ছে)। [হি. টহলনা]। ˜ দার বি. 1 চৌকিদার; 2 ভিক্ষার জন্য গান গেয়ে ভ্রমণকারী; 3 পর্যটনকারী; 4

পাহারাওয়ালা। ˜ দারি বি. টহলদারের বৃত্তি বা কাজ। টহলানো বি. ক্রি. 1 টহল দেওয়া বা দেওয়ানো; 2 ঘোড়াকে হাঁটানো।

টা (p. 341) [ṭā] নির্দেশক আশ্রিত পদ বা প্রত্যয়কল্প অব্যয়বিশেষ (একটা, খানিকটা); ব্যক্তি বিষয় বা বস্তু নির্দেশে (মেয়েটা, আমটা, কাজটা); অবজ্ঞা বা অনাদরে ('রাজাটা খেপেছে রে': রবীন্দ্র; হচ্ছেটা কী?)।

টাই (p. 341) [ṭāi] বি. ইয়োরোপীয় পুরুষের পোশাকের অঙ্গরূপে জামার কলারের সঙ্গে বাঁধবার ফিতাবিশেষ। [ইং. tie, necktie]।

টাইট (p. 341) [ṭāiṭa] বিণ. 1 আঁট, টান টান, শক্ত (প্যান্টটা বড় টাইট হয়েছে); 2 (অশা.) ঢিট, শায়েস্তা, জব্দ (লোকটার বড় বাড় বেড়েছে, একটু টাইট করে দিতে হবে)। □ বি. (অশা.) বকুনি; জব্দ করার জন্য ব্যবস্থা (টাইট দেওয়া)। [ইং. tight]।

টাইপ (p. 341) [ṭāipa] বি. 1 অক্ষর (ছাপাখানার টাইপ, টাইপরাইটারের টাইপ); 2 ধরন, প্রকার (বদ টাইপের লোক, নাটকে টাইপ সৃষ্টি করা)। [ইং. type]। টাইপ করা ক্রি. বি. টাইপরাইটারে লেখা বা ছাপ দেওয়া। ˜ রাইটার বি. লেখার বা অক্ষর ছাপার যন্ত্রবিশেষ, typewriter. টাইপিস্ট বি. টাইপ করার কর্মে নিযুক্ত ব্যক্তি, (পরি.) মুদ্রলেখক।

টাই-ফয়েড (p. 341) [ṭāi-phaẏēḍa] বি. আন্ত্রিক জ্বর; সান্নিপাতিক জ্বর, জীবাণুঘটিত জ্বরবিশেষ। [ইং. typhoid]।

টাই-ফুন (p. 341) [ṭāi-phuna] বি. প্রবল সমুদ্রঝড়বিশেষ। [ইং. typhoon]।

টাই-ব্রেকার (p. 343) [ṭāi-brēkāra] বি. ফুটবল হকি প্রভৃতি খেলায় জয়পরাজয়ের নিষ্পত্তির জন্য পেনালটির স্থান থেকে উভয় পক্ষের পরপর গোল করা। [ইং. tie-breaker]।

টাইম (p. 343) [ṭāima] বি. সময়; অবকাশ (নিশ্বাস ফেলারও টাইম নেই)। [ইং. time]˜ কল বি. (আঞ্চ.) নির্দিষ্ট সময়ে যে কল থেকে জল পাওয়া যায়; রাস্তার জলের কল।˜ কিপার বি. কারখানা ও অন্যান্য স্থানে কর্মচারীদের হাজিরার সময়রক্ষক; কোনো কাজের বা বিষয়ের সময়রক্ষক।˜ টেবল বি. সময়সারণি; রেল কারখানা ইত্যাদির সময়সূচি।˜ ধরা,˜ বাঁধা বিণ. বাঁধা বা নির্দিষ্ট সময়ে করে বা করতে হয় এমন (টাইম-বাঁধা খাওয়া)।˜ পিস বি. টেবিলঘড়ি।

টাউন (p. 343) [ṭāuna] বি. 1 শহর, নগর; 2 ছোট শহর। [ইং. town]।˜ হল বি. নাগরিকদের সর্বজনীন মিলনগৃহ।

টাঁক (p. 343) [ṭān̐ka] বি. 1 লক্ষ্য, তাক; 2 লুব্ধদৃষ্টি; 3 প্রতীক্ষা (টাঁক করে আছি)। [সং. তর্ক]।

টাঁক-শাল (p. 343) [ṭān̐ka-śāla] বি. মুদ্রা প্রস্তুত হয় এমন কারখানা, mint. [সং. টঙ্কশাল]।

টাঁকা1 (p. 343) [ṭān̐kā1] বি. ক্রি. সেলাই করে জুড়ে দেওয়া (জামার ধারটা টেঁকে দিতে হবে)। □ বিণ. উক্ত অর্থে (টাঁকা ব্লাউজ)। [সং. √ তঙ্ক-তু. হি. √ টাক]।

টাঁকা2 (p. 343) [ṭān̐kā2] বি. ক্রি. 1 তাক করা; 2 আগে থেকে বলা; 3 কামনা করা ('মরণ টাঁকিলি': ভা. চ.); 4 প্রতীক্ষা করা। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. টাঁক + আ]।

টাঁসা (p. 343) [ṭām̐sā] ক্রি. 1 হাতে-পায়ে রক্তচলাচল বন্ধ হয়ে শক্ত হয়ে যাওয়া; 2 (বিদ্রূপে) মরে যাওয়া বা মরে কাঠ হয়ে যাওয়া (বুড়োটা টেঁসে গেছে)। [দেশি]।

টাক1 (p. 343) [ṭāka1] বি. 1 কেশহীন মস্তক (টাকটা ঢাকো); 2 মস্তকের কেশহীনতা, ইন্দ্রলুপ্ত (মাথায় টাক পড়েছে)। □ বিণ. টাকযুক্ত, টেকো (টাক মাথা)। [দেশি]।

টাক2 (p. 343) [ṭāka2] (অব্য.) (অনুমানবাচক প্রত্যয়বিশেষ), প্রায়, তৎপরিমাণ (পোয়াটাক, মাইলটাক)। [দেশি]।

টাক3 (p. 343) [ṭāka3] (আঞ্চ.) বি. ঠোকর, গুঁতো (মাথায় টাক খাওয়া)। [তু. টক্কর]।

টাকরা (p. 343) [ṭākarā] বি. তালু, জিহ্বার ঊর্ধ্বদেশ, palate. [দেশি]।

টাকা2 (p. 343) [ṭākā2] বি. 1 মুদ্রাবিশেষ; ভারতীয় মুদ্রার একক (1 পয়সায় 1 টাকা); 2 অর্থ, ধন (লোকটার যথেষ্ট টাকা আছে)। [সং. টঙ্ক]। টাকা ওড়ানো ক্রি. বি. অপব্যয় করা।˜ কড়ি,˜ পয়সা বি. নগদ অর্থ। টাকা করা ক্রি. বি. অর্থ উপার্জন ও সঞ্চয় করা। টাকা খাওয়া ক্রি. বি. ঘুষ নেওয়া। টাকা ভাঙানো ক্রি. বি. বেশি মূল্যের মুদ্রা বা কাগজি মুদ্রার সঙ্গে সমপরিমাণ কিন্তু খুচরা মুদ্রার বিনিময় করা। টাকা মারা ক্রি. বি. অন্যের টাকা আত্মসাত্ করা। টাকায় টাকা আনে ব্যাবসা ইত্যাদিতে যত বেশি টাকা বিনিয়োগ করা হয় তত বেশি টাকা লাভ হয়। টাকার আণ্ডিল, টাকার কুমির (আল.) অতি ধনশালী ব্যক্তি। টাকার গরম বি. ধনগর্ব। টাকার মুখ দেখা ক্রি. বি. অর্থলাভ করা; অর্থোপার্জনে সক্ষম হওয়া। টাকার শ্রাদ্ধ বি. প্রচুর অর্থের অপচয়।

টাঁকু, টাঁকুয়া, টেঁকো (p. 343) [ṭām̐ku, ṭām̐kuẏā, ṭēm̐kō] বি. তকলি, সুতো কাটার ও জড়িয়ে রাখার শলাকাবিশেষ। [সং. তর্কু]।

টাঙা1 (p. 343) [ṭāṅā1] বি. টাট্টুঘোড়ায় টানা দুই চাকার গাড়িবিশেষ। [হি. টাঁগা]।

টাঙা2 (p. 343) [ṭāṅā2] ক্রি. টাঙানো, ঝুলানো। [সং. √ টঙ্ক + বাং. আ]।˜ নো বি. ক্রি. ঝুলানো, লম্বিত করা, লটকানো (মশারি টাঙানো)। □ বিণ. উক্ত অর্থে।

টাঙি, টাঙ্গি (p. 343) [ṭāṅi, ṭāṅgi] বি. কুঠারজাতীয় যুদ্ধাস্ত্রবিশেষ। [সং. টঙ্গ]।

টাট3 (p. 343) [ṭāṭa3] বি. মহাজনের ফরাস বা গদি। [হি. টট=চট]।

টাটকা (p. 343) [ṭāṭakā] তাজা, সতেজ, নতুন (টাটকা ফল, টাটকা মাছ, টাটকা খবর)। [হি. টট্কা]।

টা-টা1 (p. 343) [ṭā-ṭā1] বি. বিদায়দান বা বিদায়গ্রহণের সময় শুভেচ্ছা প্রকাশের উক্তি, সাধারণত শিশুদের ক্ষেত্রে প্রচলিত। [ইং. ta-ta]।

টাটা2 (p. 343) [ṭāṭā2] ক্রি. টাটানো, ব্যথার অনুভূতি হওয়া। [প্রাকৃ. তত্ত < সং. তপ্ত]। ˜ নো ক্রি. বি. বেদনাযুক্ত হওয়া, ব্যথার বোধ হওয়া, টনটন করা (ফোঁড়াটা টাটাচ্ছে)। টাটানি বি. টনটনানি, ব্যথার অনুভূতি। চোখ টাটানো ক্রি. বি. অন্যের সুখ সইতে না পারা, ঈর্ষা হওয়া।

টাটি1 (p. 343) [ṭāṭi1] বি. মাটির ছোট খুরি বা ভাঁড়। [দেশি]।

টাটি2 (p. 343) [ṭāṭi2] বি. চাটাই, দরমা প্রভৃতির বেড়া বা আবরণ, ঝাঁপ। [হি. টট্টর]।

টাটু, টাট্টু (p. 343) [ṭāṭu, ṭāṭṭu] বি. ছোট ঘোড়াবিশেষ, pony. [হি. টট্টু]।

টাট্টি (p. 343) [ṭāṭṭi] বি. 1 মল, মলত্যাগ; 2 মলত্যাগের স্থান। [হি. টাট্টি]।

টান (p. 343) [ṭāna] বি. 1 আকর্ষণ (স্নেহের টান, স্রোতের টান); 2 আঁট ভাব (দড়ির গিঁটের টান); 3 বিড়ি, সিগারেট ইত্যাদির ধোঁয়া মুখে নেওয়া (বিড়ির

টান); 4 আসক্তি, মমতা (নাড়ির টান); 5 অভাব (পয়সার টান); 6 অত্যধিক চাহিদা (বাজারে ডিমের টান); 7 হাঁপানি (টান উঠেছে); 8 তুলি ইত্যাদির অঙ্কনভঙ্গি, ছাঁদ (তুলির টান); 9 কথার বিশেষ সুর (কথায় পশ্চিমা টান); 1 দেমাক, অহংকার (তার কথায় বড় টান)। [টানা2 দ্র]। টান টান বিণ. আঁটসাঁট, টাইট; গর্বিত; চড়া (টান টান কথা)।

টানা1 (p. 343) [ṭānā1] বি. 1 কাপড়ের লম্বা দিকের সুতো; 2 দেরাজ, (টানওয়ালা টেবিল)। [টানা2 দ্র]। ˜ পোড়েন বি. 1 কাপড়ের লম্বালম্বি ও আড়াআড়িভাবে স্থাপিত বা বোনা সুতো; 2 (আল.) বিরক্তিকর আসা-যাওয়া (দুই পক্ষের এই টানাপোড়েনে আমার প্রাণটা যে যায়)।

টানা2 (p. 343) [ṭānā2] ক্রি. 1 আকর্ষণ করা (কাছে টানা); 2 আঁকা (রেখা টানা); 3 বহন করা (মাল টানা); 4 পক্ষপাতী হওয়া (তার দিকে টেনে কথা বলা); 5 ব্যয়সংকোচ করা (যথেষ্ট টেনে সংসার চালাতে হয়); 6 ধূমপান করা (বিড়ি টানা); 7 শোষণ করা, শুষে নেওয়া (জল বা রস টেনে নেওয়া); 8 (অশা.) প্রচুর খাওয়া (ভোজবাড়িতে গিয়ে প্রচুর টেনেছ মনে হচ্ছে); 9 (অশা.) মদ ইত্যাদি খাওয়া (লোকটা কি টেনে এসেছে?)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 বাহিত (ঘোড়ায়-টানা গাড়ি); 2 হাতে টেনে চালাতে হয় এমন (টানা পাখা, টানা রিকশা); 3 সোজা (টানা পথ); 4 ছেদহীন, নিরবচ্ছিন্ন (টানা দুঘণ্টা); 5 মন্থন করা বা মাখন তোলা হয়েছে এমন (টানা দুধ); 6 বিস্তৃত, আয়ত (টানা চোখ); 7 অঙ্কিত (কালি দিয়ে টানা রেখা); 8 জড়িত, ছাড়া ছাড়া নয় এমন (টানা হাতের লেখা)। [বাং. √ টান + আ < সং. √ তন্]। টানা-জাল বি. একসঙ্গে বহু মাছ ধরার জন্য নদী পুকুর ইত্যাদির মধ্যে দিয়ে টেনে নিয়ে যাওয়া হয়েছে এমন বড় জালবিশেষ। টানা টানা বিণ. আয়ত (টানা টানা চোখ); বাঁকা, তির্যক (টানা টানা কথা)। ˜ টানি

বি. 1 পরস্পর আকর্ষণ; টানাহেঁচড়া; 2 অভাব-অনটন (টানাটানির সংসার)। ˜ বোনা বি. বিণ. ক্রি. কষ্টেসৃষ্টে কার্যসিদ্ধি বা কার্যসিদ্ধি করা (টেনেবুনে সংসার চালানো)। ˜ হেঁচড়া, ˜ হ্যাঁচড়া বি. হেঁচড়ে হেঁচড়ে বা অনিচ্ছার সঙ্গে জোর করে টানা; কষ্টেসৃষ্টে চালানো; জোর করে কোনো কাজে প্রবৃত্ত করা।

টাপুর-টুপুর (p. 343) [ṭāpura-ṭupura] বি. ক্রি.-বিণ. টুপ্টাপ্ শব্দে বা ক্রমাগত বৃষ্টি পড়ার শব্দ ('বৃষ্টি পড়ে টাপুর-টুপুর': রবীন্দ্র)। [ধ্বন্যা.]।

টাবা (p. 343) [ṭābā] বি. লেবুবিশেষ। [দেশি]।

টায়-টায়, টায়-টৌয় (p. 343) [ṭāẏa-ṭāẏa, ṭāẏa-ṭauẏa] ক্রি-বিণ. কোনোরকমে; ঠিক ঠিক; না কম না বেশি (টায়টায় পাশ করেছে, টায়টায় চালানো)। [টালটোল?]।

টায়রা (p. 343) [ṭāẏarā] বি. স্ত্রীলোকের ললাটভূষণ বা মাথায় পরার গয়নাবিশেষ। [ইং. tiara]।

টায়ার (p. 343) [ṭāẏāra] বি. গাড়ির চাকার বাইরের শক্ত রবারের আবরণ। [ইং. tyre]।

টাল1 (p. 343) [ṭāla1] বি. স্তূপ, গাদা (টাল দিয়ে আলু রাখা)। [হি.]।

টাল2 (p. 343) [ṭāla2] বি. 1 বাঁকা ভাব (তলোয়ারে টাল আছে); 2 এক দিকে ঝোঁক (চাকায় টাল আছে); 3 হেলে পড়ার ভাব (টাল খেয়ে চলা); 4 ধাক্কা,

ঝুঁকি, বিপদ (টাল সামলানো); 5 স্তোকবাক্য, ছলনা। [সং. √ টল্]।˜ বাহানা বি. দেরি; মিথ্যা ওজর।˜ মাটাল বি. অতিশয় অস্থিরতা, চাঞ্চল্য, সংশয় বা বিপদের ভাব (টালমাটাল চলছে)। □ বিণ. অতিশয় অস্থির বা নড়বড়ে (কোম্পানির এখন টালমাটাল অবস্থা)।

টালনি (p. 343) [ṭālani] বি. হেলন, কাত হওয়ার ভাব ('চূড়ার টালনি বামে': জ্ঞান)। [টাল2 দ্র]।

টালবাহানা, টালমাটাল (p. 343) [ṭālabāhānā, ṭālamāṭāla] দ্র টাল2।

টালা (p. 343) [ṭālā] ক্রি. 1 অবহেলা করা; 2 বৃথা সময় নষ্ট করা ('মনুষ্য দুর্লভ জন্ম বৃথা কেন টাল': ঘ.); 3 ভাঁড়ানো ('সত্য কথা মিথ্যা করি টালে': শি.); 4 অগ্রাহ্য করা; 5 চালা; বিচলিত করা, নড়চড় করা। [সং. √ টালি > √ টল্ + বাং. আ]।˜ চালি বি. নাড়ানাড়ি; বারবার নড়চড় (কথা টালাটালি)।

টালি (p. 343) [ṭāli] বি. ঘরের ছাদ আচ্ছাদনের জন্য ব্যবহৃত পোড়ামাটির বা পাথরের ফলক বা খাপরা। [ইং. tile]।

টিউ-টর (p. 343) [ṭiu-ṭara] বি. 1 শিক্ষক; 2 গৃহশিক্ষক। [ইং. tutor]। প্রাইভেট টিউটর বি. গৃহশিক্ষক।

টিউব-ওয়েল (p. 343) [ṭiuba-ōẏēla] বি. নলকূপ। [ইং. tube + well]।

টিউ-শনি, টুই-শনি (p. 343) [ṭiu-śani, ṭui-śani] বি. ছাত্রদের বাড়িতে গিয়ে কিংবা অন্যত্র গৃহশিক্ষকতা; গৃহশিক্ষকের কাজ (টিউশনি করে সংসার চালায়)। [ইং. tuition + বাং. ই]।

টিক1 (p. 343) [ṭika1] বি. দাগ, চিহ্ন; √ এই দাগ (শুধু টিক দেওয়া প্রশ্নগুলো পড়বে)। [ইং. tick]।

টিক2 (p. 343) [ṭika2] বি. সেগুন কাঠ। [ইং. teak]।

টিক-টিক (p. 343) [ṭika-ṭika] বি. 1 খিটখিট করার ভাব; ক্রমাগত মৃদু আপত্তি করার ভাব (সবসময় এত টিকটিক করলে লোকে বিরক্ত হবেই); 2 ঘড়ির ক্রমাগত শব্দ। [ধ্বন্যা.]।

টিক-টিকি (p. 343) [ṭika-ṭiki] বি. 1 সরীসৃপ শ্রেণির ছোট প্রাণিবিশেষ, গৃহগোধিকা, জ্যেষ্ঠা; 2 (বিদ্রূপে) গোয়েন্দা, ডিটেকটিভ (পিছনে টিকটিকি লেগেছে)। [বাং. টিকটিক + ই]। টিকটিকি পড়া বি. ক্রি. অমঙ্গলসূচক টিকটিক শব্দ বা টিকটিকির ডাক হওয়া।

টিকলি (p. 343) [ṭikali] বি. 1 ছোট গোলাকার খণ্ড বা টুকরো (আখের টিকলি); 2 স্ত্রীলোকদের কপালের গহনাবিশেষ। [হি. টিক্লী]।

টিকলো (p. 343) [ṭikalō] বিণ. তীক্ষ্ণ অগ্রভাগবিশিষ্ট; খাড়া (টিকলো নাক)। [সং. তীক্ষ্ণ > তিখা > তিখ্ > টিক + আলো = টিকালো > টিকলো]।

টিকা1 (p. 343) [ṭikā1] বি. কয়লার গুঁড়ো ইত্যাদিতে প্রস্তুত গুটিকার আকৃতিবিশিষ্ট জ্বালানিবিশেষ। [হি. টিকিয়া]।

টিকা2 (p. 343) [ṭikā2] বি. তিলক, কপালের ফোঁটা (রাজটিকা)। [প্রাকৃ. টিক্ক < সং. তিলক]। টিকা পরানো বি. ক্রি. কপালে চন্দনাদির ফোঁটা দেওয়া।

টিকা3 (p. 343) [ṭikā3] বি. দেহে ক্ষত করে বা সুচ বিদ্ধ করে বসন্তাদি রোগের প্রতিষেধক বীজ প্রয়োগ। [তু. সং. গুটিকা, বটিকা]। টিকা ওঠা ক্রি. বি. টিকার ঘা পেকে ওঠা। ˜ দার বি. যে টিকা দেয়।

টিকা4, টেকা (p. 343) [ṭikā4, ṭēkā] বি. ক্রি. 1 থাকা, তিষ্ঠানো (ঘরে আর টিকতে পারছি না); 2 স্থায়ী হওয়া (এ জুতো টিকবে?); 3 বজায় থাকা (ধোপে টিকবে না); 4 বাঁচা (রোগী কতক্ষণ টিকবে?)। [হি. √ টিক]। ˜ নো ক্রি. বি. স্থায়ী করা, বজায় রাখা; স্বীকৃত বা গৃহীত করানো। □ বিণ. উক্ত সব অর্থে।

টিকারা (p. 343) [ṭikārā] বি. নাকাড়াজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, কাড়া, দুন্দুভি। [তু. হি. টিকারা]।

টিকি (p. 343) [ṭiki] বি. বর্ণহিন্দুদের মাথার পিছনে সংরক্ষিত কেশগুচ্ছ; শিখা, চৈতন। [দেশি]। টিকির দেখা নেই (কৌতু.) মোটেই দেখতে না পাওয়া, সম্পূর্ণ অদর্শন (তোমাকে হন্যে হয়ে খুঁজছি, অথচ তোমার টিকির দেখা নেই)।

টিকিট (p. 343) [ṭikiṭa] বি. 1 ভাড়া মাশুল ইত্যাদির নিদর্শনপত্রবিশেষ (বাসের টিকিট, লটারির টিকিট); 2 পরিচয়পত্রবিশেষ (বাসের টিকিট, লটারির

টিকিট); 2 পরিচয়পত্রবিশেষ (কয়েদির টিকিট)। [ইং. ticket]। ̃ বাবু, ̃ মাস্টার বি. টিকিট বিক্রয় করার ভারপ্রাপ্ত কর্মচারী।

টিকিন, টিকিং (p. 343) [ṭikina, ṭiki] বি. গদি তোশক বালিশ প্রভৃতির খোল তৈরির জন্য ব্যবহৃত মোটা কাপড়বিশেষ। [ইং. ticking]।

টিট (p. 343) [ṭiṭa] বিণ. নিলর্জ্জ, বেহায়া; ঠ্যাটা। [সং. ধৃষ্ট?]। ̃ পনা বি. ঠ্যাটামি, বেহায়াপনা।

টিট-কারি, টিট-কিরি (p. 343) [ṭiṭa-kāri, ṭiṭa-kiri] বি. ধিক্কার বা ব্যঙ্গবিদ্রূপসূচক উক্তি। [তু. সং. ধিক্কার]।

টিটিভ, টিট্টিভ, টিটির (p. 343) [ṭiṭibha, ṭiṭṭibha, ṭiṭira] বি. 'টি-টি' শব্দকারী পাখিবিশেষ। [সং. টিট্টিভ]।

টিন (p. 343) [ṭina] বি. 1 নমনীয় ধাতুবিশেষ; 2 রাং; 3 রাঙের কলাই-করা লোহার পাত; 4 ক্যানেস্তারা, টিনের পাত্র (তেলের টিন)। [ইং. tin]।

টিনচার আয়োডিন (p. 343) [ṭinacāra āẏōḍina] বি. ক্ষতাদির পচনরোধক ওষুধবিশেষ। [ইং. tincture iodine]।

টিন-টিন (p. 343) [ṭina-ṭina] বি. অতিশয় কৃশতার ভাব। [দেশি। টিন-টিনে বিণ. খুব কৃশ, টিনটিন করে এমন (রোগা টিনটিনে ছেলে)।

টিপ (p. 343) [ṭipa] বি. 1 আঙুলের ডগা; 2 বুড়ো আঙুলের ডগার ছাপ; 3 দুই আঙুলের ডগা পরস্পর চেপে যে পরিমাণ দ্রব্য ধরা যায় (নাস্যির এক টিপ); 4 কপালের ফোঁটা বা ফোঁটার মতো প্রসাধনী বা অলংকারবিশেষ (চন্দনের টিপ, কপালে টিপ পরেছে); 5 আঙুলের ডগার চাপ ('অঙ্গুলির টিপ দিয়া ঘুচায় যন্ত্রণা': বি. গু.); 6 তাগ, লক্ষ্য (বন্দুকের টিপ)। □ বিণ. দুই আঙুলের ডগায় চেপে ধরে রাখা যায় এমন পরিমিত (এক টিপ নস্য)। [হি. টীপ]। ˜ কল বি. 1 টিপে আটকানো যায় এমন যন্ত্রযুক্ত দ্রব্যাদি; 2 নলকূপ, টিউবওয়েল। ˜ ছাপ, ˜ সই, ˜ সহি বি. বুড়ো আঙুলের ডগায় কালি মাখিয়ে গৃহীত ছাপ, fingerprint.

টিপ টিপ (p. 343) [ṭipa ṭipa] বি. 1 টপ টপ থেকে মৃদুতর শব্দ; 2 ক্রমাগত মৃদু বৃষ্টিপাতের শব্দ (টিপ টিপ করে বৃষ্টি পড়া); 3 মৃদু শিখা (প্রদীপটা টিপ টিপ করে জ্বলছে); 4 ভয় বা বেদনার জন্য মৃদু স্পন্দনের ভাব (বুক টিপ টিপ করা)। [দেশি]। টিপ-টিপানি বি. টিপ টিপ করার ভাব বা অবস্থা; দুরুদুরু ভাব।

টিপন, টিপনি, টিপুনি (p. 343) [ṭipana, ṭipani, ṭipuni] বি. 1 টেপন; 2 গোপন চিমটি; 3 গুপ্ত সংকেত বা প্ররোচনা (এতে নিশ্চয় তার টিপুনি আছে)। অন্তরটিপুনি দ্র অন্তর। [টিপা দ্র]।

টিপা, টেপা (p. 343) [ṭipā, ṭēpā] ক্রি. 1 মর্দন করা, ডলা, মালিশ করা (হাত-পা টেপা); 2 আঙুলের ডগা দিয়ে বা আঙুল দিয়ে চাপ দেওয়া (গাল টেপা); 3 সন্তর্পণে স্থাপন করা (পা টিপে চলা); 4 ঠারা, ঠেরে ইঙ্গিত করা (চোখ টেপা); 5 গোপনে সতর্ক করা, ইশারা করা (আগে থেকে তাকে টিপে দিয়েছিলাম)। □ বি. উক্ত সব অর্থে। [হি. টীপ্]। ˜ টিপি বি. পরস্পরের মধ্যে গোপন ইঙ্গিত বা

সংকেত। ˜নো ক্রি. মর্দন করানো, ডলানো; চাপ দেওয়ানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

টিপাই (p. 343) [ṭipāi] বি. ছোট তেপায়া টেবিল; প্রধানত চা-জলখাবার খাওয়ার উপযোগী ছোট ও নিচু তেপায়া টেবিল। [ইং. teapoy]।

টিপি-টিপি (p. 343) [ṭipi-ṭipi] ক্রি-বিণ. 1 টিপ টিপ করে (টিপিটিপি বৃষ্টি পড়ছে); 2 ধীরে, আস্তে আস্তে; নিঃশব্দে (টিপিটিপি চলা)। [দেশি]।

টিপুনি (p. 343) [ṭipuni] দ্র টিপন।

টিপ্পনী (p. 343) [ṭippanī] বি. 1 গ্রন্হাদির অংশবিশেষ সম্বন্ধে ব্যাখ্যা, ভাষ্য, মন্তব্য; টীকা; 2 কথাবার্তার মধ্যে বিদ্রূপাত্মক মন্তব্য, ফোড়ন (কথায় কথায় টিপ্পনী দেয়)। [সং. √ টিপ্ + ক্বিপ্ + পন + ক + ঈ]।

টিফিন (p. 343) [ṭiphina] বি. 1 (প্রধানত) অপরাহ্নের জলযোগ; 2 অপরাহ্নের জলযোগের জন্য স্কুল, অফিস ইত্যাদিতে বিরতি। [ইং. tiffin]।

টিভি (p. 343) [ṭibhi] বি. টেলিভিজন, দূরদর্শন। [ইং. television এর সংক্ষিপ্ত রূপ]।

টিম-টিম (p. 343) [ṭima-ṭima] বি. মিটমিট করার ভাব (আলোটা টিমটিম করছে)। [ধ্বন্যা. তু. হি. টিমটিমানা]। টিমটিম করা ক্রি. বি. 1 ক্ষীণভাবে জ্বলা;

2 অতিকষ্টে বা কোনোরকমে অস্তিত্ব বজায় রাখা (সারা গ্রামে একটা পাঠশালা টিমটিম করছে)। টিম-টিমে বিণ. টিমটিম করে এমন; ক্ষীণ, অনুজ্জ্বল।

টিয়া1 (p. 343) [ṭiẏā1] বি. সবুজ পালকবিশিষ্ট লেজ-ঝোলা এবং কথা-বলা পাখিবিশেষ; তোতা, শুক পাখি। [দেশি, ধ্বন্যা.]।

-টিয়া2, -টে (p. 343) [-ṭiẏā2, -ṭē] বাংলা তদ্ধিত প্রত্যয়বিশেষ; স্বভাব অর্থে-ঝগড়াটে, হিংসুটে, প্রকার অর্থে-রোগাটে, ঘোলাটে, ধোঁয়াটে; চুক্তি অর্থে-ভাড়াটিয়া, ভাড়াটে।

টিলা (p. 343) [ṭilā] বি. 1 মাটি বা অন্যকিছুর উঁচু স্তূপ; 2 খুব ছোট পাহাড়। [হি. টীলা]।

টীকা (p. 343) [ṭīkā] বি. দুরূহ শব্দাদির ব্যাখ্যা বা ব্যাখ্যাপুস্তক; ভাষ্য, ব্যাখ্যান। [সং. √ টীক্ + অ + আ]।

টুইড (p. 343) [ṭuiḍa] বি. পশমের বা পশম ও সুতির মিশ্র বুনটের কাপড়বিশেষ। [ইং. tweed]।

টুইল (p. 343) [ṭuila] বি. পশমের কাপড়বিশেষ। [ইং. twill]।

টুং (p. 343) [ṭu] বি. ধাতুদ্রব্যে মৃদু আঘাতের শব্দ। [ধ্বন্যা.]। ˜ টাং বি. 1 জলতরঙ্গের শব্দ; 2 ধাতুদ্রব্যে মৃদু আঘাতের ক্রমাগত শব্দ (কাঁসারির দোকানে টুংটাং করে কাজ চলছে)।

টুঁ (p. 343) [ṭu] বি. 1 'টুঁ'-এই শব্দ; সামান্যতম শব্দ (কোথাও টুঁ শব্দ শোনা যাচ্ছে না); 2 ক্ষীণ প্রতিবাদ (কেউ টুঁ শব্দটি করল না)। [ধ্বন্যা.]।

টুঁটি (p. 346) [ṭun̐ṭi] বি. 1 কণ্ঠনালী; 2 কণ্ঠ। [হি. টেঁটুয়া]। টুঁটি ছেঁড়া ক্রি. বি. 1 কণ্ঠ ছিন্ন করা; 2 বধ করা। টুঁটি টেপা ক্রি. বি. কণ্ঠরোধ করা; কথা বলতে না দেওয়া; গলা টিপে ধরা।

টুক (p. 346) [ṭuka] বি. 1 টক-এর চেয়ে মৃদুতর শব্দ; 2 টপ (টুক করে গেলা); 3 দ্রুততাসূচক ভাব। [ধ্বন্যা.]। টুক টুক বি. 1 ক্রমাগত টুক শব্দ; 2 অক্ষমতার জন্য ধীরতাব্যঞ্জক (টুক টুক করে খায়); গু‍ুটিগুটি (টুক টুক করে চলে)।

টুক-টাক (p. 346) [ṭuka-ṭāka] বিণ. সামান্য, অল্পস্বল্প, ছোটখাটো (টুকটাক কাজকর্ম করে)। □ বি. ছোটখাটো কাজকর্ম (টুকটাক করে)। [দেশি]। টুকটাক করে ক্রি-বিণ. কোনোরকমে; নানা উপায়ে, এটাসেটা করে (টুকটাক করে সংসারটা চালায়)।

টুক-টুক1 (p. 346) [ṭuka-ṭuka1] বি. ঘোর বা গাঢ় লাল রঙের ভাব, চিত্তাকর্ষক লাল রঙের ভাব (লাল টুকটুক করছে)। [ধ্বন্যা.]। টুক-টুকে বিণ. সুন্দর গাঢ় লাল বর্ণের (টুকটুকে ঠোঁট); ঘোর অথচ সুন্দর (টুকটুকে লাল)।

টুকটুক2 (p. 346) [ṭukaṭuka2] দ্র টুক।

টুকনি (p. 346) [ṭukani] বি. ছোট ভিক্ষাপাত্র, ভিক্ষাপ্রাপ্ত হিসাবে ব্যবহৃত ঘটিবিশেষ। [হি. টোকনি]।

টুকরা, (কথ্য) টুকরো (p. 346) [ṭukarā, (kathya) ṭukarō] বি. কাঁটা বা ছেঁড়া অংশ (রুটির টুকরো, কাপড়ের টুকরো)। □ বিণ. 1 খণ্ড, ছোট ছোট অংশে বিভক্ত (টুকরো কাগজ, টুকরো জমি); 2 বিচ্ছিন্ন, সম্বন্ধহীন (টুকরো কথা, টুকরো হাসি)। [দেশি]।

টুকরি (p. 346) [ṭukari] বি. ছোট ঝুড়ি, টুপড়ি (এক টুকরি আম)। [তু. হি. টোকরী]।

টুকরো (p. 346) [ṭukarō] দ্র টুকরা।

টুকলি (p. 346) [ṭukali] বি. (কথা) টোকাটুকি (টুকলি করে পরীক্ষায় পাশ করা)। [টুকা2 দ্র]।

টুকা1, টোকা1 (p. 346) [ṭukā1, ṭōkā1] ক্রি. 1 দোষের উল্লেখ করা; 2 তিরস্কার করা (কথায় কথায় লোককে টোকে)। □ বি. উক্ত অর্থে। [হি. √ টোক]।

টুকা2, টোকা2 (p. 346) [ṭukā2, ṭōkā2] ক্রি. 1 লিখে নেওয়া, লেখা (পুলিশ সব টুকে নিয়েছে); 2 নকল করা (কবিতাগুলি খাতায় টুকে রাখছে); 3 অবৈধভাবে অন্যের বই বা কাগজ থেকে নকল করা (টুকে পাশ করেছে)। □ বি. বিণ. উক্ত

সব অর্থে। ˜ টুকি বি. পরীক্ষার্থীদের অবৈধভাবে পরস্পরের খাতা-বই থেকে নকল করা। [দেশি-তু. হি. টোক]।

টুকা3 (p. 346) [ṭukā3] ক্রি. টাকা, সেলাই করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [সং. √ টঙ্ক্ + বাং. আ]। ˜ নো ক্রি. টাঁকানো, সেলাই করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

টুকি (p. 346) [ṭuki] বি. শিশুদের লুকোচুরি খেলায় লুকিয়ে থাকা বোঝাতে ধ্বনিবিশেষ (টুকি দিয়েছে)। [দেশি]।

টুকি-টাকি (p. 346) [ṭuki-ṭāki] বি. যৎসামান্য অংশ, সামান্য কাজ (কিছু টুকিটাকি বাকি আছে)। □ বিণ. 1 ছোটখাটো (টুকিটাকি কাজ); 2 যৎসামান্য, একটু-আধটু (টুকিটাকি খাবার)। [দেশি]।

টুকু, টুকুন (p. 346) [ṭuku, ṭukuna] পরিমাণ বা আকারের অল্পতাসূচক পদাশ্রিত নির্দেশকবিশেষ (এইটুকু ছেলে, এতটুকুন খাবার, কতটুকু দুধ)। [দেশি]।

টুঙি, টুঙ্গি (p. 346) [ṭuṅi, ṭuṅgi] বি. 1 উঁচু মঞ্চ; 2 মঞ্চের উপর বা উঁচু জায়গায় নির্মিত ঘর। [সং. তুঙ্গ]। জল-টুঙ্গি দ্র জল।

টুটা (p. 346) [ṭuṭā] ক্রি. বি. 1 ভেঙে যাওয়া; ভেঙে ফেলা; 2 দূর হওয়া; 3 দূর করা; 4 চূর্ণ করা বা হওয়া ('টুটিল মোহ-কারা': রবীন্দ্র)। [সং. √ ত্রুট্ + বাং. আ]। টুটই ক্রি. (ব্রজ.) 1 ভগ্ন হয় বা করে; 2 দূর করে। টুটত ক্রি. (ব্রজ.)

ভগ্ন বা দূর হয়। টুটব ক্রি. (ব্রজ.) ভগ্ন, হ্রাসপ্রাপ্ত বা দূরীভূত হবে ('টুটব বিরহক ওর': বিদ্যা.)। ˜ নো ক্রি. ভগ্ন বা দূরীভূত করা। □ বি. বিণ. উক্ত অর্থে। ˜ য়ব ক্রি. (ব্রজ.) ভগ্ন বা দূরীভূত করবে।

টুন (p. 346) [ṭuna] বি. টন-এর চেয়ে মৃদুতর শব্দ। [ধ্বন্যা.]। টুন টুন বি. ক্রমাগত টুন শব্দ।

টুন-টুনি (p. 346) [ṭuna-ṭuni] বি. ধূসর বর্ণের চঞ্চল ও ছোট পাখিবিশেষ, tailor-bird. [তু. সং. টুণ্টক]।

টুপ (p. 346) [ṭupa] বি. 1 টপ-এর চেয়ে মৃদুতর শব্দ; 2 দ্রুত বা চট করে গেলার বা ডোবার শব্দ (জিনিসটা টুপ করে ডুবে গেল)। [ধ্বন্যা.]। ˜ টাপ বি. ক্রি-বিণ. তরল পদার্থের ফোঁটা বা ছোট জিনিস ক্রমাগত পড়ার শব্দ। টুপ টুপ বি. ক্রমাগত টুপ শব্দ।

টুপি (p. 346) [ṭupi] বি. মাথার আবরণীবিশেষ; শিরস্ত্রাণবিশেষ। [হি. টোপী-তু. পো. topo]। টুপি পরানো ক্রি. বি. (অশোভন) লোভ দেখিয়ে কাজ হাসিল করা; তোষামোদ করা (তাকে টুপি পরানো সহজ হবে না)।

টুয়ানো (p. 346) [ṭuẏānō] ক্রি. 1 (আঞ্চ.) অন্ধকারে বা আন্দাজে হাতড়ে হাতড়ে চলা বা ঠাহর করা; 2 লেলিয়ে দেওয়া, পিছনে লাগিয়ে দেওয়া (ছেলের দলকে আমার পিছনে টুইয়ে দিয়েছে)। [দেশি]।

টুর্নামেণ্ট (p. 346) [ṭurnāmēṇṭa] বি. সাধারণত খেলাধূলার প্রতিযোগিতা বা প্রতিযোগিতার বর্ণাঢ্য অনুষ্ঠান। [ইং. tournament]।

টুল (p. 346) [ṭula] বি. একজনের বসবার উপযোগী ছোট চৌকিবিশেষ। [ইং. stool]।

টুলি (p. 346) [ṭuli] বি. পল্লি, পাড়া, বসতি (কামারটুলি, বাঙালিটুলি)। [হি. টোলী]।

টুলো (p. 346) [ṭulō] বিণ. 1 টোলে শিক্ষাপ্রাপ্ত; 2 টোলের টোলসংক্রান্ত। [বাং. টোল + উয়া > ও]। টুলো পণ্ডিত বি. টোলের শিক্ষক; (ব্যঙ্গে) যার শিক্ষা সেকেলে এবং ব্যাবহারিক জগতে অচল।

টুসকি, টুসি (p. 346) [ṭusaki, ṭusi] বি. টোকা; বুড়ো আঙুল ও মধ্যমা বা তর্জনী দিয়ে ক্ষিপ্র ও লঘু আঘাত। [তু. সং. ছোটিকা]।

টুস-টুস (p. 346) [ṭusa-ṭusa] বি. 1 টসটস অপেক্ষা মৃদুতর শব্দ; 2 রসে পূর্ণ হওয়ার ভাব বা অবস্থা (ফলটা পেকে টুসটুস করছে)। টুস-টুসে বিণ. টুসটুস করছে এমন (পাকা টুসটুসে ফল)। [ধ্বন্যা.]।

টুসু (p. 346) [ṭusu] বি. পল্লিবাংলার লৌকিক উৎসববিশেষ; পৌষ মাসের লৌকিক উৎসববিশেষ। [দেশি-তু. সং. তুষ]।

টেংরা (p. 346) [ṭēṃrā] দ্র ট্যাংরা।

টেংরি (p. 346) [ṭēṃri] বি. পায়ের একেবারে নিচু ভাগ বা সেখানকার হাড় (পাঁঠার টেংরি)। [সং. টঙ্গ-তু. হি. টেঙ্গরী]।

টেক (p. 347) [ṭēka] দ্র ট্যাঁক।

টেঁটরা, ট্যাঁটরা (p. 347) [ṭēn̐ṭarā, ṭyān̐ṭarā] বি. 1 (প্রধানত প্রচারকার্যে ব্যবহৃত) ঢাকজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, ঢ্যাঁড়া; 2 প্রচার, ঢোল-শোহরত। [তু. হি. ঢিঢোরা]।

টেকটেক (p. 347) [ṭēkaṭēka] দ্র ট্যাঁকট্যাঁক।

টেক-নিক (p. 347) [ṭēka-nika] বি. কৌশল, প্রকরণ, ভঙ্গি (খেলার টেকনিক)। [ইং. technique]।

টেকা (p. 347) [ṭēkā] দ্র টিকা4।

টেকো1 (p. 347) [ṭēkō1] দ্র টাকু।

টেকো2 (p. 347) [ṭēkō2] বিণ. মাথায় টাকযুক্ত (টেকো লোক)। [বাং. টাক + উয়া > ও]।

টেক্কা (p. 347) [ṭēkkā] বি. 1 এক ফোঁটাযুক্ত তাস; 2 টক্কর, পাল্লা। [দেশি-তু. টক্কর]। টেক্কা দেওয়া, টেক্কা মারা ক্রি. বি. 1 পাল্লা দেওয়া; 2 প্রতিযোগিতায় হারিয়ে দেওয়া; প্রতিযোগীকে পিছনে ফেলে এগিয়ে যাওয়া।

টেটন, ট্যাটন (p. 347) [ṭēṭana, ṭyāṭana] বি. বিণ. ধূর্ত বা প্রতারক (ব্যক্তি), ফাজিল বা ধৃষ্ট (ব্যক্তি)। [দেশি]। বি. স্ত্রী. টেটনি।

টেটা, ট্যাটা (p. 347) [ṭēṭā, ṭyāṭā] বি. বল্লমের মতো আকারযুক্ত মাছ শিকারের অস্ত্রবিশেষ। [দেশি]।

টেটিয়া (p. 347) [ṭēṭiẏā] বিণ. 1 ধূর্ত; 2 বদমাশ। [দেশি]।

টেড়া, ট্যাড়া (p. 347) [ṭēḍ়ā, ṭyāḍ়ā] বিণ. 1 কুটিল, বাঁকা (টেড়া কথা); 2 রুক্ষ, উগ্র (টেড়া মেজাজ)। [তু. হি. টেঢ়া]।

টেড়ি, টেরি (p. 347) [ṭēḍ়i, ṭēri] বি. 1 সিঁথি; 2 বাঁকা বা বাঁকানো সিঁথি (টেড়ি কাটা)। [সং. তির্যক্-তু. হি. টেড়ী]।

টেন-শন (p. 347) [ṭēna-śana] বি. দুশ্চিন্তা, মানসিক উদ্বেগ, মানসিক উত্তেজনা। [ইং. tension]।

টেনা (p. 347) [ṭēnā] দ্র ট্যানা।

টেনিস (p. 347) [ṭēnisa] বি. দুই বা চার জনের রাকেট ও বল সহযোগে খেলাবিশেষ। [ইং. tennis]।

টেনে-টুনে (p. 347) [ṭēnē-ṭunē] ক্রি-বিণ. কোনোরকমে; অতিকষ্টে (এ টাকায় টেনেটুনে এ মাসটা চলবে)। [বাং. টানা + এ + টুনে (সহচর শব্দ)]।

টেণ্ডাই-মেণ্ডাই (p. 347) [ṭēṇ্ḍāi-mēṇḍāi] বি. 1 সক্রোধ আস্ফালন (এখানে তোমার টেণ্ডাইমেণ্ডাই চলবে না); 2 গরম মেজাজ। [দেশি]।

টেণ্ডার (p. 347) [ṭēṇḍāra] বি. নির্দিষ্ট মূল্যে বা নির্ধারিত শর্তে জিনিসপত্র জোগান দেওয়ার প্রতিশ্রুতিপত্র, (পরি.) মূল্যবেদনপত্র। [ইং. tender]।

টেপ (p. 347) [ṭēpa] বি. 1 ফিতা; 2 টেপরেকর্ডার (খুব জোরে টেপ চলিয়েছে); 3 ছোট মেয়েদের জামাবিশেষ, tape-frock. [ইং. tape]।

টেপা, টেপাটিপি, টেপানো (p. 347) [ṭēpā, ṭēpāṭipi, ṭēpānō] যথাক্রমে টিপা, টিপিটিপি ও টিপানো -র চলিত রূপ।

টেপারি, ট্যাপারি (p. 347) [ṭēpāri, ṭyāpāri] বি. কুলজাতীয় ছোট অম্লমধুর ফলবিশেষ। [দেশি-তু. সং. পেটারি]।

টেবিল (p. 347) [ṭēbila] বি. মেজ; লেখা পড়া প্রভৃতি কাজের উপযোগী চার পায়াবিশিষ্ট উঁচু আসবাববিশেষ। [ইং. table]।

টেবো (p. 347) [ṭēbō] বিণ. টাবা লেবুর মতো গোলগাল; ফুলোফুলো (টেবো গাল)। [বাং. টাবা + উয়া > ও]।

টেমি (p. 347) [ṭēmi] বি. কেরেসিন তেলে জ্বালবার ছোট কুপি বা ডিবে। [হি. টেম]।

টেম্পেরা (p. 347) [ṭēmpērā] বি. চিত্রাঙ্কনে রং প্রয়োগের পদ্ধতিবিশেষ। [ইং. tempera]।

টেম্পো (p. 347) [ṭēmpō] বি. 1 কর্মোদ্যম; দ্রুত কাজের উৎসাহ; 2 দ্রুততা; 3 তিন চাকাবিশিষ্ট মালবাহী ভ্যানজাতীয় বাষ্পচালিত যানবিশেষ। [ইং. tempo]।

টের1 (p. 347) [ṭēra1] বি. 1 অনুভূতি, বোধ (ব্যথা টের পাওয়া); 2 জ্ঞান, সংবাদ (বিপদ টের পাওয়া); 3 সন্ধান, হদিশ (সে কোথায় গেল কেউ টের পেল না)। [হি. টের=আহ্বান, আওয়াজ]।

টের2 (p. 347) [ṭēra2] বি. 1 বাঁক; 2 প্রান্ত, কোণ, অন্যের কাছ থেকে দূরে একান্ত স্থান (একটেরে পড়ে আছি)। [সং. তির্যক্]।

টেরচা, টেরছা (p. 347) [ṭēracā, ṭērachā] দ্র তেরছা।

টেরা, ট্যারা (p. 347) [ṭērā, ṭyārā] বি. বিণ. বাঁকা দৃষ্টি বা বাঁকা দৃষ্টিসম্পন্ন (ট্যারা চোখ)। [হি. টেড় < সং. টের; তু. টেরে বলিরকেকরৌ' (squint-eyed);

অমরকোষ-টীকা]। টেরিয়ে যাওয়া (আল.) ক্রি. বি. (কথ্য) বিস্ময়ে চোখ ট্যারা হয়ে যাওয়া অর্থাত্ বোকা বনে যাওয়া।

টেরা-কোটা (p. 347) [ṭērā-kōṭā] বি. পোড়ামাটির শিল্প; উজ্জ্বল বাদামি বা পিঙ্গল বর্ণের মৃৎশিল্প। [ইং. terracotta]।

টেরি (p. 347) [ṭēri] দ্র টেড়ি।

টেলি-গ্রাফ (p. 347) [ṭēli-grāpha] বি. বিদ্যুৎসংযুক্ত তারের সাহায্যে বার্তা প্রেরণের পদ্ধতি বা যন্ত্র। [ইং. telegraph]।

টেলি-গ্রাম (p. 347) [ṭēli-grāma] বি. টেলিগ্রাফের সাহায্যে প্রেরিত বার্তা, তারবার্তা। [ইং. telegram]।

টেলি-ফোন (p. 347) [ṭēli-phōna] বি. তড়িৎসংযুক্ত তারের সাহায্যে দূরবর্তী ব্যক্তির সঙ্গে কথোপকথন বা তার যন্ত্র, (পরি.) দূরভাষ। [ইং. telephone]।

টেলিভিশন (p. 347) [ṭēlibhiśana] দ্র টিভি।

টেলি-স্কোপ (p. 347) [ṭēli-skōpa] বি. দূরের বস্তুকে কাছে ও বড় দেখার যন্ত্রবিশেষ। [ইং. telescope]।

টেস্ট1 (p. 347) [ṭēsṭa1] বি. স্বাদ (ঝোলের টেস্ট মন্দ হয়নি)। [ইং. taste]।

টেস্ট2 (p. 347) [ṭēsṭa2] বি. যোগ্যতার বা উপযুক্ততার বিচার বা পরীক্ষা। [ইং. test]। **টেস্ট খেলা, টেস্ট ম্যাচ** বি. দুই দেশের মধ্যে প্রতিযোগিতামূলক খেলা। **টেস্ট পরীক্ষা** বি. স্কুল, কলেজ ইত্যাদিতে শেষ পরীক্ষার জন্য যোগ্যতা বিচারের পরীক্ষা।

টোকরা (p. 347) [ṭōkarā] বি. ঝুড়ি, বড় টুকরি। [হি. টোকরী]।

টোকা2 (p. 347) [ṭōkā2] বি. বাঁশের চটা, তালপাতা ইত্যাদির তৈরি টুপির আকারের ছাতা, মাথাল, মাথালি। [পো. touca]।

টোকা3 (p. 347) [ṭōkā3] বি. আঙুলের ডগা দিয়ে আঘাত, টুসকি (দরজায় টোকা দেওয়া)। [তু. সং. ছোটিকা]।

টোকা-টুকি (p. 347) [ṭōkā-ṭuki] বি. টুকাটুকি -র চলিত রূপ। [টুকা2 দ্র]।

টোকো (p. 348) [ṭōkō] বিণ. অম্ল স্বাদযুক্ত, টক স্বাদযুক্ত। [বাং. টক + উয়া > ও]।

টোটকা (p. 348) [ṭōṭakā] বি. মুষ্টিযোগ, বিজ্ঞানসম্মত চিকিৎসাপদ্ধতির বহির্ভূত এবং প্রধানত গাছগাছড়ার পাতা, মূল ইত্যাদি দিয়ে তৈরি ওষুধ। [হি. টোট্‌কা-তু. সং. ত্রোটক]।

টোটা (p. 348) [ṭōṭā] বি. বন্দুকের কার্তুজ। [হি. টোটা-তু. ওরাওঁ ঠোঁটা]।

টোটো, টো-টো (p. 348) [ṭōṭō, ṭō-ṭō] বি. অব্য. উদ্দেশ্যহীনভাবে ক্রমাগত ঘুরে বেড়ানোর ভাব (সারা দিন টোটো করে বেড়ানো)। [দেশি]।

টোড়ি, তোড়ি (p. 348) [ṭōḍ়i, tōḍ়i] বি. সংগীতের প্রাতঃকালীন রাগিণীবিশেষ। [সং. তুবরী]।

টোন (p. 348) [ṭōna] বি. কাগজপত্র বাঁধার বা সেলাই করার উপযোগী শক্ত সুতো। [ইং. twine]।

টোপ1 (p. 348) [ṭōpa1] বি. 1 স্তূপের মতো উন্নতগঠন বস্তু. গদি আঁটবার বোতাম বা কাপড়ের গুটি, গহনাদির উপর তোলা গুটির মতো নকশা (টোপ তোলা); 2 তরল পদার্থের ফোঁটা বা বিন্দু। [সং. স্তূপ]।

টোপ2 (p. 348) [ṭōpa2] বি. (আঞ্চ.) টুপি। [পো. topo]।

টোপ3 (p. 348) [ṭōpa3] বি. 1 মাছ ধরার জন্য বঁড়শিতে গাঁথা খাবার; 2 (আল.) প্রলোভনের সামগ্রী। [দেশি]। টোপ গেলা ক্রি. বি. প্রলোভনের প্রতি আকৃষ্ট হওয়া। টোপ ফেলা ক্রি. বি. আকৃষ্ট করার জন্য প্রলোভন দেখানো।

টোপর (p. 348) [ṭōpara] বি. 1 হিন্দুদের বিবাহে বরের ব্যবহার্য শোলার তৈরি টুপিবিশেষ; 2 হিন্দুদের দেবদেবীর মাথার শোলার টুপি। [বাং. টোপ1 + র]।

টোপা1 (p. 348) [ṭōpā1] বিণ. 1 গোলাকার (টোপাকুল); 2 ফাঁপা। [বাং. টোপ1 + আ]।

টোপা2 (p. 348) [ṭōpā2] ক্রি. ফোঁটায় পড়া বা ঝরা। [বাং. টোপ1 + আ]। ̃নো ক্রি. বি. ফোঁটায় পড়া বা ঝরা।

টোপাজ (p. 348) [ṭōpāja] বি. পোখরাজ বা পুষ্পরাগমণি। [ইং. topaz]।

টোরা (p. 348) [ṭōrā] বি. (আঞ্চ.) শিশুদের কোমরের অলংকারবিশেষ। [তু. সং. কটিত্র]।

টোল1 (p. 348) [ṭōla1] বি. চতুষ্পাঠী, সংস্কৃত ব্যাকরণ ও শাস্ত্রাদি অধ্যয়নের পাঠশালা। [হি. টোল]।

টোল2 (p. 348) [ṭōla2] বি. শুল্ক, পথশুল্ক, কুত। [ইং. toll]।

টোল3 (p. 348) [ṭōla3] বি. 1 ছোট গর্ত; 2 তোবড়ানো ভাব (হাঁড়ির টোল)। [দেশি-তু. তা. তুল্লই]। টোল খাওয়া ক্রি. 1 তুবড়ে যাওয়া (পড়ে গিয়ে হাঁড়িটা টোল খেয়েছে); 2 গালে সুন্দর খাঁজ হওয়া (হাসলেই গালে টোল পড়ে)। □ বি. উক্ত অর্থে।

টোলা (p. 348) [ṭōlā] বি. নগরের অংশ, পল্লি; বসতি (বাঙালিটোলা)। [হি. টোলা]।

টোস্ট (p. 348) [ṭōsṭa] বি. আগুনে সেঁকা পাঁউরুটি বা সেঁকা পাউঁরুটির খণ্ড। [ইং. toast]।

ট্যাংরা (p. 348) [ṭyāṃrā] বি. আঁশহীন ছোট মাছবিশেষ। [সং. ত্রিকণ্টক]।

ট্যাঁ (p. 348) [ṭyā] বি. ছোট শিশুর কান্নার ধ্বনি। [ধ্বন্যা.]। ট্যাঁ ট্যাঁ বি. ক্রমাগত ট্যাঁ ধ্বনিযোগে কান্না। ট্যাঁফো বি. ক্ষীণতম প্রতিবাদ, উচ্চবাচ্য (একদম ট্যাঁফো করবে না।)।

ট্যাঁক, (বর্জি.) টেঁক (p. 348) [ṭyānি̐ka, (barji.) ṭēnি̐ka] বি. 1 কোমর; 2 কোমরের কাপড় (ট্যাঁকে গোঁজা); 3 (বিরল) নদীর বেঁকে যাওয়া তীর ('গাঙ্গের টেঁক')। [দেশি-তু. সং. কটি]। ট্যাঁকে গোঁজা ক্রি. বি. 1 কোমরের কাপড়ের মধ্যে গুঁজে রাখা; 2 (আল.) সম্পূর্ণ আত্মসাত্ করা বা আয়ত্তে আনা।

ট্যাঁক-ট্যাঁক, ট্যাক-ট্যাক (p. 348) [ṭyānি̐ka-ṭyānি̐ka, ṭyāka-ṭyāka] বি. ক্যাঁটক্যাঁট; ক্রমাগত তীক্ষ্ণ সমালোচনাসূচক মন্তব্য। [ধ্বন্যা.]।

ট্যাঁফোঁ (p. 348) [ṭyām̐phō] দ্র ট্যাঁ।

ট্যাঁস (p. 348) [ṭyām̐sa] বি. (অবজ্ঞার্থে) মিশ্র বা দো-আঁশলা জাতি, ফিরিঙ্গি; ইউরেশীয়। [দেশি]।

ট্যাক্স (p. 348) [ṭyāksa] বি. কর, সরকারকে প্রদেয় কর; খাজনা; শুল্ক। [ইং. tax]।

ট্যাক্সি (p. 348) [ṭyāksi] বি. ভাড়াটে মোটরগাড়ি। [ইং. taxi-cab]।

ট্যাঙস ট্যাঙস (p. 348) [ṭyāṅasa ṭyāṅasa] বি. পা টেনে টেনে অর্থাত্ অতি কষ্টে বা ক্লান্তভাবে চলা (ট্যাঙস ট্যাঙস করে চলা)। [ধ্বন্যা.]।

ট্যাঙ্ক (p. 348) [ṭyāṅka] বি. 1 জলাধার, জলের বড় টোবাচ্চা; 2 কামান বা গোলাবারুদ বহনকারী সামরিক স্থলযানবিশেষ। [ইং. tank]।

ট্যাটন (p. 348) [ṭyāṭana] দ্র টেটন।

ট্যাটা (p. 348) [ṭyāṭā] দ্র টেটা।

ট্যানা, ত্যানা (p. 348) [ṭyānā, tyānā] বি. মলিন ও ছিন্ন বস্ত্রখণ্ড বা বস্ত্র; কানি, ন্যাতা। [দেশি-তু. হি. তানা]।

ট্যাপারি (p. 348) [ṭyāpāri] দ্র টেপারি।

ট্যাব-লেট (p. 348) [ṭyāba-lēṭa] বি. ওষুধের বড়ি। [ইং. tablet]।

ট্যারা (p. 348) [ṭyārā] দ্র টেরা।

ট্যালকম পাউডার (p. 348) [ṭyālakama pāuḍāra] বি. প্রসাধনী হিসাবে ব্যবহৃত সাদা রঙের মিহি অঙ্গরাগবিশেষ। [ইং. talcum powder]।

ট্যাসল (p. 348) [ṭyāsala] বি. 1 ঝালর; 2 মেয়েদের চুল বাঁধার কিংবা কণ্ঠভূষণরূপে ব্যবহৃত ঝালরযুক্ত ফিতে। [ইং. tassel]।

ট্রফি, ট্রোফি (p. 348) [ṭraphi, ṭrōphi] বি. প্রতিযোগিতায় বিজয়ীর প্রাপ্য পুরস্কার। [ইং. trophy]।

ট্রাক (p. 348) [ṭrāka] বি. লরি, ভারী মালবাহী মোটরযান। [ইং. truck]।

ট্রাঙ্ক (p. 348) [ṭrāṅka] বি. টিন, স্টিল প্রভৃতি ধাতুনির্মিত বড় বাক্স বা তোরঙ্গ। [ইং. trunk]।

ট্রান-জিস্টার (p. 348) [ṭrāna-jisṭāra] বি. ব্যাটারিচালিত বেতার যন্ত্র। [ইং. transistor]।

ট্রাফিক (p. 348) [ṭrāphika] বি. বড় রাস্তায় চলাচলকারী যানবাহন বা যানবাহনের চলাচল। [ইং. traffic]।

ট্রাম (p. 348) [ṭrāma] বি. শহরের বড়ো রাস্তায় লোহার লাইনের উপর দিয়ে চালিত ও বিদ্যুদ্বাহিত যানবিশেষ। [ইং. tram-car]। ˜ লাইন বি. যে লাইনের উপর দিয়ে ট্রাম চলে।

ট্রে (p. 348) [ṭrē] বি. দ্রব্যসম্ভার রাখার উপযোগী এবং বারকোশের আকারবিশিষ্ট পাত্র বা আধার। [ইং. tray]।

ট্রেজারি (p. 348) [ṭrējāri] বি. সরকারি ধনাগার বা কোষাগার, রাজকোষ। [ইং. treasury]।

ট্রেড ইউনিয়ন (p. 349) [ṭrē়ḍa iuniẏana] বি. শ্রমিকসংঘ, শ্রমিকদের কল্যাণে নিয়োজিত এবং শ্রমিকদের নিয়ে গঠিত সংঘ। [ইং. trade union]।

ট্রেন (p. 349) [ṭrēna] বি. রেলগাড়ি। [ইং. train]।

ট্রেলার (p. 349) [ṭrēlāra] বি. একটি পাইলট গাড়ির দ্বারা বাহিত গাড়ি। [ইং. trailer]।

ট্রেসিং পেপার (p. 349) [ṭrēsi mpēpāra] বি. লেখা বা আঁকা নকল করার জন্য অতি সূক্ষ্ম বা পাতলা কাগজ; নকশা আঁকার স্বচ্ছ কাগজ। [ইং. tracing paper]।

ট্র্যাক (p. 349) [ṭryāka] বি. দৌড় প্রতিযোগিতার জন্য বা খেলাধূলার জন্য প্রস্তুত বা চিহ্নিত পথ। [ইং. track]।

ট্র্যাপিজ, ট্রাপিজ (p. 349) [ṭryāpija, ṭrāpija] বি. সার্কাস ইত্যাদিতে শারীরিক কসরত দেখাবার জন্য দড়ি-বাঁধা আড়কাঠ। [ইং. trapeze]।

ঠ (p. 350) [ṭh] বাংলা বর্ণমালার দ্বাদশ ব্যঞ্জনবর্ণ এবং অঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ঠ্-ধ্বনির দ্যোতক।

ঠং (p. 350) [ṭha] বি. অব্য. ঘণ্টা ইত্যাদির টুং অপেক্ষা জোরালো শব্দ। [ধ্বন্যা.]। ঠং ঠং বি. ক্রি-বিণ. ক্রমাগত ঠং শব্দ ('মন্দিরেতে কাঁসর ঘণ্টা বাজলো ঠং ঠং': রবীন্দ্র)।

ঠক1 (p. 350) [ṭhaka1] বিণ. বি. যে ঠকায়, প্রতিরক। [< সং. স্হগ্ > হি. ঠগ]।

ঠক2 (p. 350) [ṭhaka2] বি. কঠিন বস্তু ঠোকার বা তার সঙ্গে সংঘর্ষের আওয়াজ (দেওয়ালে মাথা ঠক করে লাগল)। [ধ্বন্যা.]। ঠক ঠক বি. ক্রি-বিণ. 1 ক্রমাগত ঠক শব্দ; 2 দ্রুত এবং প্রবলভাবে (ঠক ঠক করে কাঁপা)।˜ ঠকানি বি. ঠক ঠক শব্দ; জোর কাঁপুনি।˜ ঠকানো ক্রি. বি. 1 ঠক ঠক শব্দ করা; 2 ভয়ে বা শীতে প্রবলভাবে কম্পিত হওয়া; 3 খালি অবস্থায় কাঠের বা মাটির পাত্র নেড়ে দেখা (ভাঁড়ে ঘি নেই, ঠকঠকালে কী হবে?)।˜ ঠকি বি. তাঁতবিশেষ।

ঠকা (p. 350) [ṭhakā] ক্রি. 1 প্রতারিত হওয়া (কেউ তোমাকে ঠকায়নি); 2 প্রাপ্যের কম পাওয়া (তিন টাকা ঠকেছ); 3 হেরে যাওয়া (এতটুকু ছেলের কাছে ঠকে গেলে?)। □ বি. উক্ত সব অর্থে। [সং. √ স্হগ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. 1 প্রতারণা বা বঞ্চনা করা; 2 হারানো; 3 অপ্রস্তুত বা অপ্রতিভ করা।˜ মি,˜ মো বি. প্রতারণা, ঠকের কাজ।

ঠক্কর, ঠোক্কর (p. 350) [ṭhakkara, ṭhōkkara] বি. 1 চোট, ধাক্কা, হোঁচট; 2 (আল.) কঠোর বা ভালোরকম শিক্ষা। [হি. টক্কর]।

ঠগ (p. 350) [ṭhaga] বিণ. বি. ঠক, প্রতারক। □ বি. ইতিহাসে বর্ণিত ঠগি দস্যু (ঠগের অত্যাচার)। [ঠক1 দ্র]। ঠগি বি. ভারতের ইতিহাসে প্রসিদ্ধ দস্যু সম্প্রদায়বিশেষ।

ঠন (p. 350) [ṭhana] বি. টং, ঠং বা ঠুন অপেক্ষা জোরালো শব্দ। [ধ্বন্যা.]। ঠন ঠন বি. ক্রি-বিণ. ঠন ঠন শব্দ বা শব্দে।˜ ঠনানো ক্রি. বি. ঠন ঠন শব্দ করা। ঠনাঠন ক্রি-বিণ. ক্রমাগত ঠন ঠন করে (ঠনাঠন বাজছে)।

ঠন-ঠনে (p. 350) [ṭhana-ṭhanē] বিণ. 1 শূন্য (ভাতের হাঁড়ি ঠনঠনে, পকেট ঠনঠনে); 2 জলহীন (ঠনঠনে কলসি)। □ বি. কলকাতার ঠনঠনিয়া নামের প্রসিদ্ধ পল্লি (ঠনঠনের কালী)। [ধ্বন্যা.]।

ঠমক (p. 350) [ṭhamaka] বি. 1 বিশেষ ভঙ্গিমাযুক্ত চলন; হাবভাবযুক্ত মনহরগতি; 2 ঠাট (ঠাটঠমক)। [হি. ঠুমক]।

ঠসক (p. 350) [ṭhasaka] বি. 1 গর্বিত ভাবভঙ্গি, গুমর; 2 ছলাকলা, ঠমক, ঠাট। [হি. ঠসক্]।

ঠাওর, ঠাওরানো (p. 350) [ṭhāōra, ṭhāōrānō] যথাক্রমে ঠাহর ও ঠাওরানো -র কথ্য রূপ।

ঠাঁই1 (p. 350) [ṭhām̐i1] বি. হঠাত্ জোরে আঘাত বা চড়; ঠাস (ঠাঁই করে এক চড়)। [ধ্বন্যা.]।

ঠাঁই2 (p. 350) [ṭhāmi̐2] বি. 1 স্থান (সে গেল কোন ঠাঁই?); 2 আহারে বসার স্থান (ঠাঁই করা হয়েছে, খাবে এসো); 3 খালি জায়গা ('ঠাঁই নাই ঠাঁই নাই ছোটো সে তরী': রবীন্দ্র); 4 থই, তলদেশ (নদীতে ঠাঁই পাওয়া যায় না)। □ অনু. নিকট, কাছে ('চলেছে গৌরের ঠাঁই')। [সং. স্থান > হি. ঠাঁও-তু. সাঁও ঠাঁই]। ঠাঁই ঠাঁই বিণ. পৃথক (ভাই ভাই ঠাঁই ঠাঁই)।

ঠাকরুন (p. 350) [ṭhākaruna] বি. (স্ত্রী.) 1 ঠাকুরানি; মাননীয়া রমণী; 2 ব্রাহ্মণী; 3 মনিবের পত্নী; 4 দেবী প্রতিমা। [বাং. ঠাকুর + উন]।

ঠাকুর (p. 350) [ṭhākura] বি. 1 দেবতা (ঠাকুর-দেবতা মানে না); 2 দেবমূর্তি বা দেবীমূর্তি (ঠাকুর দেখতে যাব); 3 ঈশ্বর (হে ঠাকুর, রক্ষা করো); 4 রাজা, অধিপতি; মালিক (এ রাজ্যের ঠাকুর); 5 পূজ্য বা শ্রদ্ধেয় ব্যক্তি, গুরুজন (পিতাঠাকুর); 6 গুরু; 7 ব্রাহ্মণ বা ব্রাহ্মণ পুরোহিত; 8 ব্রাহ্মণ পাচক (ঠাকুর-চাকর)। স্ত্রী. ঠাকুরানি, ঠাকরুন। ঠাকুর কাত (বিদ্রুপে) দেবতা প্রভু বা মানুষ বিমুখ। ˜ ঘর বি. দেবার্চনার ঘর, পূজার ঘর। ঠাকুর ঘরে কে? আমি কলা খাইনি অতি সতর্ক অপরাধী কর্তৃক নিজেই নিজের অপরাধ ফাঁস করে দেওয়া। ˜ জামাই বি. নন্দাই। ˜ ঝি বি. ননদ। ˜ দাদা বি. পিতামহ। ˜ দালান বি. গৃহদেবতার বা অন্য দেবতার পূজার জন্য নির্দিষ্ট মণ্ডপ। ˜ পো বি. দেবর। ˜ বাড়ি বি. মন্দির। ˜ মহাশয়, ˜ মশাই বি. পুরোহিত। ˜ মা বি. পিতামহী। ˜ সেবা বি. দেবতার পূজা। ঠাকুরাল, ঠাকুরালি বি. 1 প্রভুত্ব; প্রাধান্য; 2 দেবতাসুলভ মহিমা বা ছলনা ('ছাড় তোমার ঠাকুরালি')।

ঠাট1 (p. 350) [ṭhāṭa1] বি. 1 সৈন্যশ্রেণি ('ডাকে ঠাট, কাট কাট': ভা. চ.); 2 দল ('আতর কামিনী ঠাট': বিদ্যা.); 3 সংগীতের রাগ-রাগিণীর শ্রেণি। [হি. ঠাট, ঠাঠ]।

ঠাট2 (p. 350) [ṭhāṭa2] বি. 1 বাইরের চালচলন, মানসম্ভ্রম (ঠাট বজায় রাখা); 2 কাঠামো (প্রতিমার ঠাট); 3 ভাবভঙ্গি, ছলাকলা, ঠমক (কত ঠাট জানে); 4 ঢং, ধরন (নতুন ঠাট)। [ঠাট1 দ্র]।˜ ঠমক বি. চালচলন; মানসম্ভ্রমযুক্ত চালচলন।˜ বাট বি. জাঁকজমক; পশার-প্রতিপত্তি; লোকলৌকিকতা; শোভনতা। ঠাটারি বি. কাঁসারি (ঠাটারি-বাজার)।

ঠাটা, ঠাঠা1 (p. 350) [ṭhāṭā, ṭhāṭhā1] বি. বজ্র; বজ্রপাত। [তামি. ঠিটু]।

ঠাট্টা (p. 350) [ṭhāṭṭā] বি. উপহাস, পরিহাস, রসিকতা; বিদ্রূপ, তামাশা। [ধ্বন্যা. হি. ঠট্টা < সং. টট্টরী]।

ঠা-ঠা, ঠাঠা2 (p. 350) [ṭhā-ṭhā, ṭhāṭhā2] বিণ. অতি তীব্র বা ঝাঁঝালো (ঠাঠা রোদ্দুর)।

ঠাড় (p. 350) [ṭhāḍ়] বিণ. খাড়া (ঠাড় করা, ঠাড় হওয়া)। [হি. ঠাঢ়]। ঠাড়া ক্রি. 1 দাঁড়ানো; 2 অপেক্ষা করা।

ঠান (p. 350) [ṭhāna] বি. ঠাকুরানি (মাঠান)। [বাং. ঠাকরুন]।˜ দিদি, (কথ্য) দি বি. ঠাকুরমা।

ঠাণ্ডা (p. 350) [ṭhāṇḍā] বি. 1 শীতল (ঠাণ্ডা জল); 2 শান্ত, নম্র (ঠাণ্ডা স্বভাব)। □ বি. শীত (খুব ঠাণ্ডা পড়েছে)। [বাং.-তু. হি. ঠন্ডা]। ঠাণ্ডা-গরম বি. একবার শীতল একবার গরম এইরকম আবহাওয়া (ঠাণ্ডা-গরমে শরীর খারাপ হয়েছে)।

ঠাণ্ডা লড়াই (p. 350) [ṭhāṇḍā laḍ়āi] বি. লড়াই বা যুদ্ধ নয় তবে মন কষাকষি এবং পারস্পরিক বিদ্বেষ (ওদের মধ্যে এখন ঠাণ্ডা লড়াই চলছে)। [বাং. ঠাণ্ডা + হি. লড়াই। ইং. cold war এর অনুসরণে]।

ঠাম (p. 350) [ṭhāma] বি. 1 স্থান, ঠাঁই ('রইল কোন ঠাম': গো. দা); 2 নিকট ('রাধার ঠাম': চণ্ডী); 3 গঠন, মূর্তি (বঙ্কিম ঠাম); 4 রূপ, শ্রী (সুঠাম দেহ); 5 ঢং, ধরন ('চূড়ার টালনি বামে মউরচন্দ্রিকা ঠামে': জ্ঞান)। [সং. স্থান > হি. ঠাম]।

ঠায় (p. 350) [ṭhāẏa] ক্রি-বিণ. 1 নিশ্চলভাবে, কিছু না করে (ঠায় বসে আছি, সে শুধু দাঁড়িয়ে থাকে ঠায়': শ. ধো); 2 কাছে, নিকটে; 3 একটানা (ঠায় দুদিন)। [সং. স্থির > ঠার > ঠায়]।

ঠার (p. 350) [ṭhāra] বি. ইশারা, সংকেত (আঁখিঠার)। [হি. ঠার]। ঠারা ক্রি. ইশারা বা ইঙ্গিত করা; আড়ভাবে দেখা (চোখ ঠারা)। ঠারা-ঠারি বি. চোখের ইশারা; চোখের ইশারা করে পরস্পরকে কিছু জানানো। ঠারে-ঠোরে ক্রি-বিণ. ইঙ্গিতে বা ইশারায় (সে ঠারেঠোরে তার মনের কথা জানিয়ে দিল)।

ঠাস1 (p. 350) [ṭhāsa1] বিণ. 1 ঘন (ঠাসবুনানি); 2 ঘেঁষাঘেঁষি (ঠাস হয়ে বসা)। [দেশি]। ঠাসা ক্রি. 1 গাদানো (ঘরে জিনিস ঠেসে রাখা); 2 চেপে ধরা (তাকে দেওয়ালের সঙ্গে ঠেসে ধরেছে); 3 চেপে ঢুকানো; 4 বোঝাই করা, ভরে দেওয়া; 5 মর্দন করা (ময়দা ঠাসা)। □ বিণ. উক্ত সব অর্থে। ঠাসা-ঠাসি বি. ভিড়; চাপাচাপি, গাদাগাদি (এত ঠাসাঠাসি করে বসা যায় না)।

ঠাস2 (p. 350) [ṭhāsa2] জোরে চড় মারার বা অনুরূপ আওয়াজ (ঠাস করে চড় মারল)। [ধ্বন্যা.]। ঠাস ঠাস বি. ক্রি-বিণ. ক্রমাগত ঠাস শব্দ; ক্রমাগত ঠাস শব্দ করে ('ঠাস ঠাস ভাঙিছে বাঁশ)।

ঠাহর, ঠাওর (p. 350) [ṭhāhara, ṭhāōra] বি. 1 নিরীক্ষণ, মনোযোগ দিয়ে নজর (ঠাহর করে দেখা, প্রথমটায় তাকে ঠাহরই করিনি); 2 উপলব্ধি (অন্ধকারে ঠিকমতো ঠাহর হচ্ছে না); 3 নির্ধারণ, নির্ণয়। [প্রাকৃ. ঠাবর < সং. স্থবর তু. হি. ঠহরা]। ঠাওরানো ক্রি. 1 চেয়ে দেখা; 2 ভালো করে দেখা; 3 নির্ধারণ করা, উপলব্ধি করা (আমাকে বোকা ঠাউরেছে)। □ বি. উক্ত সব অর্থে।

ঠিক (p. 350) [ṭhika] বিণ. 1 যথার্থ, সত্য (ঠিক কথা, খবরটা ঠিক নয়); 2 স্থির (এখনও কিছু ঠিক হয়নি); 3 নির্ধারিত (দিন ঠিক করা); 4 নির্ভুল (অঙ্কটা ঠিক হয়েছে); 5 অবিকল, কমবেশি নয় এমন (ঠিক দুমাস); 6 উপযুক্ত (ঠিক লোকের কাছেই গেছে); 7 দোষমুক্ত, নির্দোষ (ঠিক পথে চলবে); 8 প্রস্তুত (জামাকাপড় পরে ঠিক হয়ে আসি); 9 বিন্যস্ত, পরিপাটি, গোছালো (চুলটা ঠিক করে নাও, কাপড়টা ঠিক করো); 1 বিবেচিত, পরিগণিত (তাকে কি পণ্ডিত বলে ঠিক করেছ?); 11 জব্দ, ঢিট (মেরে ঠিক করে দাও)। □ বি. 1 স্থিরতা (বিয়ের এখনও ঠিক নেই); 2 সুস্থতা (মাথার ঠিক নেই); 3 সত্যতা (কথার ঠিক নেই);

4 যোগ, সমষ্টি (ঠিক দিয়ে দেখো)। □ ক্রি-বিণ. নিশ্চিন্তভাবে, নিশ্চয় (ঠিক বলছি, ঠিক যাব)। [সং. স্থিত > ঠিঅ > ঠিক]।˜ ঠাক বিণ. অবিকল, যথাযথ, পাকাপাকিভাবে স্থিরীকৃত। ঠিক ঠিক বিণ. যথার্থ, সত্য; পুরোপুরি ঠিক। □ ক্রি-বিণ. ঠিক করে, ঠিকভাবে।˜ ঠিকানা বি. 1 নিশ্চয়তা, স্থিরতা (কী করে বসবে তার ঠিকঠিকানো নেই); 2 সন্ধান, নির্দিষ্ট বাসস্থান।˜ মতো বিণ. ক্রি-বিণ. নির্ভূল; নির্ভূলভাবে, যথাযথভাবে (ঠিকমতো দেখে বলো)। ঠিক দেওয়া ক্রি. বি. যোগ দেওয়া, যোগ করা। ঠিকে ভুল বি. যোগে ভুল; বিচারে বা সিদ্ধান্তে ভূল।

ঠিকরা, (কথ্য) ঠিকরে (p. 350) [ṭhikarā, (kathya) ṭhikarē] বি. তামাকের কলিকায় ছিদ্র বন্ধ করার ছোট ঢিল। [হি. টিকরা]।

ঠিকরানো (p. 350) [ṭhikarānō] ক্রি. বি. 1 ছড়িয়ে পড়া (আলো ঠিকরে পড়ছে, মুক্তোগুলো চার দিকে ঠিকরে পড়ল); 2 বিচ্ছুরিত হওয়া, বিকীর্ণ হওয়া (আলো ঠিকরানো); 3 তীব্র আলোক সহ্য করতে না পারা (আলোয় চোখ ঠিকরে আসছে); 4 বেরিয়ে আসা (চোখ যেন ঠিকরে আসছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [হি. ঠক্কর? ঠীকরা?]।

ঠিকা, (কথ্য) ঠিকে (p. 350) [ṭhikā, (kathya) ṭhikē] বিণ. 1 নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত (ঠিকে ঝি); 2 নির্দিষ্ট সময়ের জন্য দখলপ্রাপ্ত (ঠিকা প্রজা); 3 নির্ধারিত শর্তযুক্ত (ঠিকা কাজ, ঠিকা গাড়ি)। □ বি. 1 কাজের চুক্তি; নির্ধারিত শর্তে কাজ, contract (ঠিকা পেয়েছে); 2 নির্দিষ্ট সময়ের জন্য দখল, lease. [বাং. ঠিক + আ]।˜ দার বি. যে ব্যক্তি নির্দিষ্ট সময়ের মধ্যে নির্দিষ্ট খরচে কোনো কাজ করে দেবার চুক্তি গ্রহণ করে, contractor.˜ দারি বি. ঠাকাদারের কাজ (ঠিকাদারি করে)। □ বিণ. ঠিকা বা ঠিকাদারসম্বন্ধীয়। (ঠিকাদারি কাজ করে)।

ঠিকানা (p. 350) [ṭhikānā] বি. 1 বাসস্থানের বিবরণ (চিঠিতে ঠিকানা লেখা); 2 সন্ধান, উদ্দেশ, খোঁজ (পথের ঠিকানা, এসব ব্যাপারের ঠিকানা আমার জানা নেই); 3 স্থিরতা (আয়ের ঠিকানা)। [হি. ঠিকানা]।

ঠিকুজি (p. 350) [ṭhikuji] বি. সংক্ষিপ্ত কোষ্ঠী, জন্মপত্রিকা। [দেশি]।

ঠুং (p. 350) [ṭhu] বি. ঠং-এর চেয়ে মৃদুতর শব্দ। [ধ্বন্যা.]। ঠুং ঠুং বি. ক্রমাগত ঠুং শব্দ।

ঠুংরি (p. 350) [ṭhuṃri] বি. উচ্চাঙ্গসংগীতের লঘুতর পদ্ধতি বা রীতিবিশেষ। [হি. ঠুমরি]।

ঠুঁটা, (কথ্য) ঠুঁটো (p. 350) [ṭhun̐ṭā, (kathya) ṭhun̐ṭō] বিণ. 1 হাত নেই এমন, হস্তবিহীন, নুলো; 2 (আল.) অক্ষম, অকর্মণ্য। [হি. ঠুঁটা, টুংটা]। ঠুঁটো জগন্নাথ (আল.) দেখতে যেমনই হোক কাজে অক্ষম, সম্পূর্ণ অকর্মণ্য।

ঠুক (p. 350) [ṭhuka] বি. ঠক অপেক্ষা মৃদুতর শব্দ। [ঠক2 দ্র]। ঠুক ঠুক বি. ক্রমাগত ঠুক শব্দ (স্যাকরার ঠুক ঠুক)।

ঠুকর, (চলিত) ঠোকর (p. 350) [ṭhukara, (calita) ṭhōkara] বি. 1 পাখির ঠোঁটের অগ্রভাগ দিয়ে আঘাত; 2 কিছুর মুখ বা অগ্রভাগ দিয়ে আঘাত (বুটের ঠোকর); 3 হোঁচট (দেওয়ালে ঠোকর খাওয়া); 4 কঠিন ধমক (মনিবের কাছে ঠোকর খেয়েছে); 5 অযাচিত মন্তব্যাদির দ্বারা বাধাদান বা তির্যক মন্তব্য (প্রতি

কথায় ঠোকর দেয়)। [ধ্বন্যা.]। ঠুকরা, ঠোকরা ক্রি. ঠোকর দেওয়া, ঠোঁট বা কোনোকিছুর ডগা দিয়ে আঘাত করা; খোঁটা। □ বি. বিণ. উক্ত অর্থে।

ঠুকা, ঠোকা (p. 350) [ṭhukā, ṭhōkā] বি. ক্রি. 1 সশব্দে ঘা মারা (মাটিতে লাঠি ঠোকা, দেয়ালে পেরেক ঠোকা); 2 কিছুর উপর ধাক্কা মারা, আঘাত করা (মাথা ঠুকছে); 3 আস্ফালনের ভঙ্গিতে সশব্দে চাপড়ানো (বুক ঠোকা); 4 ধমক দেওয়া; 5 বিদ্রূপের ভঙ্গিতে সমালোচনা করা বা ধমক দেওয়া (এমন ঠুকে কথা বল কেন?); 6 রুজু করা (মামলা ঠোকা)। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. ঠুক < ঠক]।˜ ঠুকি বি. 1 বারবার ঠোকা; 2 সংঘর্ষ, মারামারি, কলহ (তাদের মধ্যে ঠোকাঠুকি লেগেই আছে)। ঠুকুনি বি. 1 আঘাত; ধাক্কা, ক্রমাগত আঘাত বা ধাক্কা; 2 প্রহার; 3 ধমক। তাল ঠোকা, বুক ঠোকা যথাক্রমে তাল5 ও বুক দ্র।

ঠুঙ্গি, ঠুঙ্গি (p. 350) [ṭhuṅgi, ṭhuṅgi] বি. ছোট ঠোঙা। [বাং. ঠোঙা + ই]।

ঠুন (p. 350) [ṭhuna] বি. মৃদু ঠন শব্দ। [ধ্বন্যা.]। ঠুন ঠুন বি ক্রমাগত ঠুন শব্দ।

ঠুনকা1, (কথ্য) ঠুনকো1 (p. 350) [ṭhunakā1, (kathya) ṭhunakō1] বিণ. 1 ভঙ্গুর, সহজেই ঠুন করে ভেঙে যায় এমন; 2 (আল.) অসার, ক্ষণস্থায়ী (ওসব ঠুনকো কথার কোনো দাম নেই)। [বাং. ঠুন + কা]।

ঠুনকা2, ঠুনকো2 (p. 350) [ṭhunakā2, ṭhunakō2] বি. প্রসূতির স্তনের পীড়াবিশেষ। [দেশি]।

ঠুমকি (p. 350) [ṭhumaki] বি. নৃত্যভঙ্গিবিশেষ। [হি. ঠুমুক-তু. বাং. ঠমক]।

ঠুলি (p. 350) [ṭhuli] বি. গোরু ঘোড়া প্রভৃতি পশুর চোখে ঢাকনি পরানো হয়, চোখের ঢাকনি, চোখের খাপ ('খুলে দে মা চোখের ঠুলি': রা. প্র.)। [বাং. ঠোলা + ই]।

ঠুস (p. 350) [ṭhusa] বি. ঠাস অপেক্ষা লঘুতর শব্দ। [ধ্বন্যা.]।˜ ঠাস বি. ক্রমাগত ঠুস ও ঠাস শব্দ।

ঠুসা, ঠোসা (p. 350) [ṭhusā, ṭhōsā] ক্রি. 1 ঠাসা, চেপে ঢুকানো; 2 অত্যধিক আহার করা (নিমন্ত্রণ বাড়িতে খুব ঠুসেছে); 3 তিরস্কার বা প্রহার করা (মাস্টারমশাই তাকে খুব ঠুসেছেন)। □ বি. উক্ত সব অর্থে। [হি. √ ঠুস্ + বাং. আ]।

ঠেঁটা, ঠ্যাঁটা (p. 350) [ṭhēn̐ṭā, ṭhyān̐ṭā] বিণ. 1 বেহায়া; 2 দুর্মুখ; 3 অবাধ্য; 4 শঠ। [সং. ধৃষ্ট > ম. বাং. টীট]। স্ত্রী. ঠেঁটি1।˜ মি বি. বেহায়াপনা; দুর্মুখতা। অবাধ্যতা; শঠতা।

ঠেঁটি2 (p. 350) [ṭhēn̐ṭi2] বি. পাড়বিহীন ছোট কাপড়। [দেশি]।

ঠেক1 (p. 350) [ṭhēka1] বি. (অশোভন) 1 আশ্রয়; 2 আড্ডা (চায়ের দোকানটা এখন তার নতুন ঠেক হয়েছে)। [হি. ঠেক]।

ঠেক2, ঠেকনা, (কথ্য) ঠেকনো, ঠেকো (p. 350) [ṭhēka2, ṭhēkanā, (kathya) ṭhēkanō, ṭhēkō] বি. পতনরোধক অবলম্বন, ঠেস, প্যালা (ঠেকো দিয়ে ঠেকিয়ে রাখা)। [হি. ঠেক]।

ঠেকা (p. 350) [ṭhēkā] ক্রি. 1 ছোঁয়া লাগা, লাগা (বইটা পায়ে ঠেকছে); 2 বিপদে পড়া (ঠেকে শেখে, দায়ে ঠেকা); 3 বাধা পাওয়া, প্রতিহত হওয়া (বলটা দেওয়ালে ঠেকে ফিরে এসেছে); 4 গিয়ে থামা (নৌকোটা তীরে গিয়ে ঠেকল); 5 উপনীত হওয়া, পৌঁছানো (আয় শূন্যে এসে ঠেকেছে); 6 ধারণা হওয়া, (ব্যাপারটা ভালো ঠেকছে না)। □ বি. 1 সংকট (ঠেকার কাজ চালানো); 2 স্পর্শ (ঠেকা লাগা); 3 গানে তবলার সংগত; 4 ঠেক, ঠেকনা; 5 (আঞ্চ.) গরজ (আমার কী এমন ঠেকা পড়েছে?)। □ বিণ. 1 স্পৃষ্ট; 2 সংকটাপন্ন; 3 বাধাপ্রাপ্ত; 4 উপনীত; 5 বিবেচিত। [বাং. ঠেক + আ]।˜ ঠেকি বি. পরস্পর স্পর্শ।˜ নো ক্রি. বি. স্পর্শ করানো; দায়ে ফেলা; বাধা দেওয়া; আটকানো (হাঙামা ঠেকিয়ে রাখা, মৃত্যুকে ঠেকানো যায় না); উপনীত করানো (নৌকা তীরে ঠেকাও)।

ঠেকার (p. 350) [ṭhēkāra] বি. 1 দেমাক, গর্ব, গুমর; 2 ঢং (কত ঠেকারই না জানো)। [দেশি]। ঠেকারে বিণ. গর্বিত, অহংকারী।

ঠেকো (p. 350) [ṭhēkō] দ্র ঠেক2।

ঠেঙা, ঠ্যাঙা (p. 350) [ṭhēṅā, ṭhyāṅā] বি. লাঠি। □ ক্রি. 1 ঠেঙানো, লাঠি দিয়ে মারা; 2 মারা (আচ্ছা করে ঠ্যাঙাব)। [হি. ঠেংগা]।˜ ঠেঙি বি. লাঠি নিয়ে মারামারি; মারামারি।˜ ড়ে, (বর্জি.)˜ ড়িয়া বি. 1 অধুনালুপ্ত ভারতীয় দস্যু সম্প্রদায়বিশেষ; 2 লাঠিয়াল দস্যু (জমিদারের ঠেঙাড়ে বাহিনী)। ˜ নি বি. লাঠি

দিয়ে প্রহার; প্রহার। ˜ নো ক্রি. বি. 1 লাঠি দিয়ে প্রহার করা; 2 প্রহার করা (ঠেঙিয়ে আধমরা করেছে)। □ বিণ. উক্ত উভয় অর্থে।

ঠেঙ্গে, ঠেঞে (p. 350) [ṭhēṅgē, ṭhēñē] (প্রা. বাং.) অনু. কাছে, কাছ থেকে (তার ঠেঞে নিতে হবে)। [বাং. ঠাঁই]।

ঠেলা (p. 350) [ṭhēlā] বি. 1 ধাক্কা (ঠেলা দেওয়া); 2 বল প্রয়োগ করে সামনের দিকে এগিয়ে দেওয়া (নৌকাটাকে ঠেলতে হবে); 3 সংকট, দায় (ঠেলা সামলানো); 4 হাত দিয়ে ঠেলে চালাতে হয় এমন মালবাহী গাড়িবিশেষ (ঠেলাওয়ালা)। □ ক্রি. 1 ধাক্কা দেওয়া; 2 জোরে আঘাত করে অগ্রসর করানো; 3 অগ্রাহ্য বা অমান্য করা (কথা ঠেলা); 4 বর্জন করা ('না ঠেলহ ছলে অবলা অখলে': চণ্ডী.); 5 একঘরে করা (জাতে ঠেলা)। [হি. ঠেলনা]। ˜ গাড়ি বি. যে মালবাহী গাড়ি মানুষে ঠেলে নিয়ে যায়। ˜ ঠেলি বি. পরস্পর ধাক্কাধাক্কি (ঠেলাঠেলি লেগে গেল)। ঠেলার নাম বাবাজি চিরদিন যাকে অবজ্ঞা করা হয়েছে বিপদে পড়ে তাকেও লোকে সমাদর করে।

ঠেস (p. 350) [ṭhēsa] বি. 1 হেলান (দেওয়ালে ঠেস দিয়ে দাঁড়ানো); 2 যাতে হেলান দেওয়া যায় (পিঠে বালিশের ঠেস দেওয়া); 3 ঠেকনা; 4 আটকাবার কৌশল (দরজার হাওয়া-ঠেস); 5 খোঁটা, কটাক্ষ, বক্রোক্তি (ঠেস দিয়ে কথা বলা)। [হি. ঠেস]।

ঠেসা (p. 350) [ṭhēsā] ক্রি. 1 ঠেস দেওয়া; 2 ঘেঁষা; 3 ঠাসা, মর্দন করা। [হি. ঠেসনা]। ˜ ঠেসি বি. ঠাসাঠাসি; গাদাগাদি। ˜ ন বি. হেলান (দেওয়ালে ঠেসান

দেওয়া)।˜ নো ক্রি. বি. 1 হেলানো; 2 ভেজানো (দরজা ঠেসানো); 3 বক্রোক্তি করা। □ বিণ. উক্ত সব অর্থে।

ঠোঁট (p. 350) [ṭhōn̐ṭa] বি. ওষ্ঠ; অধর; চঞ্চু। [হি. ঠোঁট < সং. তুণ্ড]। ঠোঁট উলটানো ক্রি. বি. অবজ্ঞা প্রকাশ করা; তুচ্ছ করা।˜ কাটা বিণ. স্পষ্টবক্তা, কোনো কথাই যার মুখে বাধে না। ঠোঁট ফোলানো ক্রি. বি. অভিমান করা।

ঠোকন, ঠুকন (p. 350) [ṭhōkana, ṭhukana] বি. ঠুকে আঘাত; ঠোকা। [বাং. ঠুক + অন]।

ঠোকর, ঠোকরা, ঠোকরানো, ঠোকা, ঠোকাঠুকি (p. 350) [ṭhōkara, ṭhōkarā, ṭhōkarānō, ṭhōkā, ṭhōkāṭhuki] যথাক্রমে ঠুকর, ঠুকরা, ঠুকরানো, ঠুকা ও ঠুকাঠুকি -র চলিত রূপ।

ঠোক্কর (p. 350) [ṭhōkkara] বি. ঠোকর; ধাক্কা; হোঁচট। [হি. ঠক্কর]।

ঠোঙা (p. 350) [ṭhōṅā] বি. গাছের পাতা, কাগজ প্রভৃতি দিয়ে তৈরি পাত্রবিশেষ। [দেশি]।

ঠোনা (p. 353) [ṭhōnā] বি. আঙুল দিয়ে গালে বা চিবুকে আঘাত। [তু. বাং. ঠোকনা]।

ঠোস (p. 353) [ṭhōsa] বি. 1 পূর্তি, স্ফীতি (পেট একেবারে ঠোস মেরে আছে); 2 ছোট ফোঁড়া বা ফোসকা। [দেশি]।

ঠ্যাং (p. 353) [ṭhyā] বি. পা (ঠ্যাং ভেঙেছে)। [সং. টঙ্ক]।

ঠ্যাঁটা, ঠ্যাকার, ঠ্যাঙা, ঠ্যাঙানি, ঠ্যাঙানো (p. 353) [ṭhyān̐ṭā, ṭhyākāra, ṭhyāṅā, ṭhyāṅāni, ṭhyāṅānō] যথাক্রমে ঠেঁটা, ঠেকার, ঠেঙা, ঠেঙানি ও ঠেঙানো -র বানানভেদ।

ড (p. 354) [ḍ] বাংলা বর্ণমালার ত্রয়োদশ ব্যঞ্জনবর্ণ এবং ঘোষ অল্পপ্রাণ মূর্ধন্য ড্-ধ্বনির দ্যোতক।

ডক (p. 354) [ḍaka] বি. সমুদ্র বা নদীর তীরবর্তী কৃত্রিম জলাশয় যেখানে জাহাজ মেরামত বা মাল উঠানো-নামানো হয়; পোতাশ্রয়। [ইং. dock]।

ডকে ওঠা (p. 354) [ḍakē ōṭhā] ক্রি. বি. (কথ্য) নষ্ট হওয়া; বাতিল হওয়া; উঠে যাওয়া (ব্যাবসা ডকে উঠেছে)। [দেশি]।

ডক্টর (p. 354) [ḍakṭara] বি. কোনো শাস্ত্রে বা বিষয়ে জ্ঞানের জন্য বিশ্ববিদ্যালয়ের দেওয়া উপাধি, doctorate. [ইং. doctor]।

ডগ-ডগ (p. 354) [ḍaga-ḍaga] বি. উজ্জ্বলতার ভাব (লাল ডগডগ করছে)। [ধ্বন্যা.]। ডগ-ডগে বিণ. টকটকে, ঘোর, অতিশয় উজ্জ্বল (ডগডগে লাল)।

ডগ-মগ (p. 354) [ḍaga-maga] বিণ. 1 ঢলঢল (আহ্লাদে ডগমগ হয়েছে); 2 বিভোর, বিহ্বল, অস্থির, আপ্লুত। [ধ্বন্যা.-তু. হি. ডগমগ]। ডগ-মগি বিণ.

আত্মহরা ('কাঁচা কাঞ্চনমণি গোরারূপ তাহে জিনি ডগমগি প্রেমের তরঙ্গ' : বা. ঘো.)। ডগ-মগানো ক্রি. ডগমগ করা।

ডগর (p. 354) [ḍagara] বি. ঢাকজাতীয় বাদ্যযন্ত্র, দগড়। [দেশি]।

ডগা (p. 354) [ḍagā] বি. 1 আগা, অগ্রভাব (আঙুলের ডগা, ডাঁটা বা শাকের ডগা); 2 চূড়া (গাছের ডগা)। [তু. সং. অগ্র]।

ডঙ্কা (p. 354) [ḍaṅkā] বি. জয়ঢাক, ঢেঁটরা। [সং. ডম্ + √ কৈ + অ + আ]। ডঙ্কা দেওয়া, ডঙ্কা মারা ক্রি. বি. 1 ডঙ্কা বাজিয়ে ঘোষণা করা; 2 (আল.) সগর্বে ঘোষণা করা, বুক ফুলিয়ে অর্থাত্ কারও তোয়াক্কা না করে ঘোষণা করা।

ডজন (p. 354) [ḍajana] বি. বারোটি, বারো (এক ডজন ডিম, ডজন দরে কেনা)। [ইং. dozen]।

ডন (p. 354) [ḍana] বি. দণ্ডবত্ বা উপুড় হয়ে ব্যায়াম করার পদ্ধতিবিশেষ। [হি. ডাংড < সং. দণ্ড]।

ডবকা (p. 354) [ḍabakā] বিণ. নবযৌবনপ্রাপ্ত ও হৃষ্টপুষ্ট, উদ্ভিন্নযৌবন; সোমত্ত (ডবকা ছোঁড়া)। [তু. হি. ডবকানো=চমক লাগানো; মরা. ডবগা=উত্তম ফসলযুক্ত জমি]।

ডব-ডব (p. 354) [ḍaba-ḍaba] বি. অশ্রুপূর্ণতার ভাব; আয়ত ভাব (চোখ ডবডব করছে)। [হি. √ ডবা=অশ্রুপূর্ণ হওয়া]। ডব-ডবে বিণ. সজল বা আয়ত (ডবডবে চোখ)।

ডবল (p. 354) [ḍabala] বিণ. দ্বিগুণ (ডবল বয়স)। [ইং. double]। ডবল-ডেকার বি. দোতলা বাস; দোতলা যান। [ইং. double-decker]।

ডমরু (p. 354) [ḍamaru] বি. ডমডম শব্দে বাজে এমন ক্ষীণমধ্য বাদ্যযন্ত্রবিশেষ, শিবের বাদ্যযন্ত্র, ডুগডুগি। [সং. ধ্বন্যা.]।˜ মধ্য বিণ. ডমরুর মতো সরু মধ্যভাববিশিষ্ট; ক্ষীণ কটিবিশিষ্ট।

ডম্ফ1 (p. 354) [ḍampha1] বি. প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ। [হি. ডফ < ফা. দফ্ (ধ্বন্যা.)]।

ডম্ফ2 (p. 354) [ḍampha2] বি. দম্ভ ('ডম্ফ করি কথা তুমি কহ মোর স্থানে)। [সং. দম্ভ]।

ডম্বর (p. 354) [ḍambara] বি. 1 আড়ম্বর, ঘটা (মেঘডম্বর); 2 সমূহ ('মধুকরডম্বর অম্বর ভেল': বিদ্যা.)। [সং. √ ডম্ব্ + অর]।

ডম্বরু, ডম্বুরু, ডম্বুর (p. 354) [ḍambaru, ḍamburu, ḍambura] বি. ডমরু, ডুগডুগি ('ডম্বরু বাজল গম্ভীর গরজনে')। [ডমরু দ্র]।

ডর (p. 354) [ḍara] বি. ভয়, শঙ্কা। [হি. ডর-তু. সং. দর]। ডরা ক্রি. (কাব্যে ও কথ্য) ভয় করা, ভয় পাওয়া। ডরানো ক্রি. ভয় করা, ভয় পাওয়া, ডরা (কাউকে সে ডরায় না)। □ বি. বিণ. উক্ত অর্থে।

ডলন (p. 354) [ḍalana] বি. মর্দন, ডলার কাজ। [ডলা দ্র]।

ডলফিন (p. 354) [ḍalaphina] বি. তিমিজাতীয় কিন্তু ক্ষুদ্রতর ও অত্যন্ত বুদ্ধিমান স্তন্যপায়ী সমুদ্রপ্রাণী; শুশূক। [ইং. dolphin]।

ডলা (p. 354) [ḍalā] ক্রি. 1 মর্দন বা মালিশ করা; 2 টেপা; 3 পেষণ করা, ঠাসা (ময়দা ডলা)। □ বি. উক্ত সব অর্থে। [সং. √ দল্ + বাং. আ]। ডলাই-মলাই বি. সংবাহন, massage, গা মালিশ বা মর্দন করা।˜ নো ক্রি. মর্দন বা মালিশ করানো; টেপানো; পেষণ করানো; ঠাসানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

ডহর (p. 354) [ḍahara] বি. 1 দহ, খাল; 2 জলাজমি; 3 গভীর গর্ত; 4 জাহাজের খোল। □ বিণ. গভীর (ডহরপানি)। [হি. ডহর (=জলাশয়)]।

ডাইন1, (চলিত) ডান (p. 354) [ḍāina1, (calita) ḍāna] বিণ. বি. দক্ষিণ, বামেতর (ডাইনে যাবে, ডান হাত)। [সং. দক্ষিণ > প্রা. দাহিণ]। ডান দিক ডান হাতের দিক। ডান হাত বি. 1 দক্ষিণ হস্ত; 2 (আল.) প্রধান সহায় বা সহচর (ওই চাকরটিই তাঁর ডান হাত)। ডান হাত বাঁ হাত করা ক্রি. লেনদেন করা; হাতফেরতা করা। ডান হাতের কাজ, ডান হাতের ব্যাপার বি. ভোজন, আহার। ডাইনে আনতে বাঁয়ে কুলায় না আয়ের চেয়ে ব্যয় বেশি হয়।

ডাইন2, ডাইনি, ডান2 (p. 354) [ḍāina2, ḍāini, ḍāna2] বি. ডাকিনী, কুহকিনী, মায়াবিনী; জাদুকরী। [সং. ডাকিনী]।

ডাইনো-সর (p. 354) [ḍāinō-sara] বি. অধুনালুপ্ত অতিকায় প্রগৈতিহাসিক সরীসৃপবিশেষ। [ইং. donosaur]।

ডাইল (p. 354) [ḍāila] দ্র ডাল1।

ডাইস (p. 354) [ḍāisa] বি. (স্বর্ণকার প্রভৃতির) ধাতুনির্মিত ছাঁচ। [ইং. dice]।

ডাংগুলি (p. 354) [ḍāṅguli] বি. একটি ছোট কাঠের লাঠি ও একটি গুলি নিয়ে ছোটদের খেলাবিশেষ, ডাণ্ডাগুলি। [সং. দণ্ড (ডাং) + গুলি-তু. হি. ডাণ্ডাগোলী]।

ডাঁই (p. 354) [ḍāmĩ] বি. স্তূপ, গাদা (বাসনের ডাঁই, জিনিসগুলো ডাঁই করে রাখা হয়েছে)। [দেশি]।

ডাঁট1 (p. 355) [ḍān̐ṭa1] বি. হাতল, বাঁট handle. [সং. দণ্ড]।

ডাঁট2 (p. 355) [ḍān̐ṭa2] বি. মাত্রাতিরিক্ত গর্ব, দেমাক; তেজ (অত ডাঁট দেখিয়ো না)। [হি. ডাঁট]। ডাঁটাকল বিণ. গর্বিত, উদ্ধত। ডেঁটে ক্রি-বিণ. ডাঁটের সঙ্গে, তেজের সঙ্গে; নির্ভয়ে (আমি ডেঁটে কথাটা বলে দিতে পারি)।

ডাঁটা (p. 355) [ḍān̐ṭā] বি. 1 সরু ডাল বা কাণ্ড; খাড়া (ডাঁটাশাক, সজনের ডাঁটা); 2 বোঁটা। [< সং. দণ্ড]।

ডাঁটি (p. 355) [ḍān̐ṭi] বি. ছোট হাতল, বাঁট বা মূষল। [বাং. ডাঁট1 + ই]।

ডাঁটিয়াল (p. 355) [ḍān̐ṭiẏāla] দ্র ডাঁট2।

ডাঁটো (p. 355) [ḍān̐ṭō] বিণ. 1 শক্ত, কঠিন; 2 ডাঁসা, আধপাকা; 3 সমর্থ, বলিষ্ঠ, দৃঢ়কায় (ডাঁটো লোক না হলে এ কাজ পারবে না); 4 আসিদ্ধ (ডাঁটো ভাত)। [< সং. দৃঢ়]।

ডাঁশ (p. 355) [ḍām̐śa] বি. বৃহদাকার মশাবিশেষ (সাধারণত গোরু-মোষের গায়ে বসে এমন), দংশমক্ষিকা, gadfly. [সং. দংশ]।

ডাঁসা, ডাঁশা (p. 355) [ḍām̐sā, ḍām̐śā] বিণ. আধপাকা (ডাঁসা পেয়ারা)। [দেশি]।

ডাক1 (p. 355) [ḍāka1] বি. ডাহুক পাখি। [সং. ডাহুক]।

ডাক2 (p. 355) [ḍāka2] বি. প্রতিমা সাজাবার জন্য শোলা রাংতা জরি ইত্যাদির অলংকার (ডাকের সাজ)। [হি. ডাঁক]।

ডাক3 (p. 355) [ḍāka3] বি. 1 সম্বোধন (এই ডাক শুনতে ভালোই লাগে); 2 আহ্বান ('যদি তোর ডাক শুনে কেউ না আসে': রবীন্দ্র); 3 বুলি, কথা, শব্দ

(পাখির ডাক, পশুর ডাক); 4 চিৎকার, হাঁক (ডাক ছাড়া, ডাক পাড়া); 5 উচ্চনাদ, গর্জন (মেঘের ডাক); 6 নিলামে ক্রেতার হাকা দর (দশ টাকা ডাক উঠেছে); 7 খ্যাতি (নামডাক)। □ বিণ. সচরাচর ডাকবার জন্য ব্যবহৃত (ডাকনাম)। [তু. হি. √ ডহক]। ডাকের সুন্দরী সর্বজনখ্যাত সুন্দরী। এক ডাকে চেনা ক্রি. বি. খ্যাতির জন্য নাম উচ্চারণমাত্র চিনতে পারা।

ডাক4 (p. 355) [ḍāka4] বি. শিবের অনুচরবিশেষ। [সং.]। ˜ সিদ্ধ বিণ. তপস্যার দ্বারা শিবের অনুচর ডাককে স্বীয় নির্দেশ পালনে বাধ্য করেছে এমন। তু. প্রেতসিদ্ধ।

ডাক5 (p. 355) [ḍāka5] বি. গোপজাতীয় জনৈক জ্ঞানী ব্যক্তি যাঁর অনেক উক্তি খনার বচনের মতো প্রবাদে পরিণত (ডাকের কথা)। ˜ পুরুষ বি. জ্ঞানী ব্যক্তি। [< তিব্বতি ব্দগ্=জ্ঞান]।

ডাক6 (p. 355) [ḍāka6] বি. 1 দূরপথে যাবার ও চিঠিপত্রাদি পাঠাবার জন্য যানবাহন ব্যবস্থা (ঘোড়ার ডাক); 2 চিঠিপত্রাদি বহনের ও বিলির সরকারি ব্যবস্থা (ডাকবিভাগ); 3 চিঠিপত্রাদি (আজকের ডাক এখনও আসেনি)। [হি. ডাক্]। ˜ গাড়ি বি. চিঠিপত্রাদি বহনকারী দ্রুতগামী যান বা রেলগাড়ি। ˜ খানা, ˜ ঘর বি. পোস্ট অফিস। ˜ টিকিট বি. ডাক মাশুলের নিদর্শক ছাপানো কাগজখণ্ড। ˜ পিয়ন বি. চিঠিপত্র বিলির কাজে নিযুক্ত কর্মচারী। ˜ বাক্স বি. ডাকঘর কর্তৃক স্থাপিত চিঠি ফেলার বাক্স। ˜ হরকরা বি. ডাকের থলি এক স্থান থেকে অন্য স্থানে বহনকারী কর্মচারী।

ডাক-বাংলা, ডাক-বাংলো (p. 355) [ḍāka-bāṃlā, ḍāka-bāṃlō] বি. সরকারি কর্মচারী ও ভ্রমণকারীদের ব্যবহার্য সরকারি পান্হশালা। [বাং. ডাক + হি. বাংলা (বড় ঘরবিশেষ)]।

ডাক-সাইটে (p. 355) [ḍāka-sāiṭē] বিণ. 1 অতি প্রসিদ্ধ; 2 যে নামের ডাকেই সিদ্ধি লাভ হয়। [সং. ডাকসিদ্ধ > ডাকসিদা > ডাকসাইটা]।

ডাকা (p. 355) [ḍākā] ক্রি. 1 কণ্ঠধ্বনি করা (পাখি ডাকে); 2 শব্দ করা (নাক ডাকে); 3 গর্জন করা (মেঘ ডাকে); 4 সম্বোধন করা (কী নামে তোমাকে ডাকব?); 5 আহ্বান করা (ওকে ডাকো); 6 স্মরণ করা (ভগবানকে ডাকো); 7 দর্ হাঁকা (নিলাম ডাকা); 8 পূর্বেই আশঙ্কা করা (কুডাক ডাকা, অমঙ্গল ডাকা)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. মুখরিত, ধ্বনিত ('পাখি ডাকা সন্ধ্যা': বিভূতি)। [বাং. √ ডাকা]। ̃ ডাকি বি. 1 ক্রমাগত আহ্বান করা; 2 চেঁচিয়ে ডাকা। ̃ নো ক্রি. আহ্বান করে আনানো; শব্দ করা বা করানো (নাক ডাকানো)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে। ডেকে বলা ক্রি. বি. সম্বোধন করে বলা; উচ্চকণ্ঠে ঘোষণা করা, জোর দিয়ে অভিমত প্রকাশ করা ('ডাকিয়া বলিতে হবে': রবীন্দ্র)।

ডাকাত, (বর্ত. অপ্র.) ডাকাইত (p. 355) [ḍākāta, (barta. apra.) ḍākāita] বি. দস্যু, প্রকাশ্যে বলপূর্বক হরণকারী। [হি. ডকৈত, ডাকুয়া]। ডাকাত পড়া ক্রি. বি. ডাকাতের আক্রমণ হওয়া (জমিদারবাড়িতে ডাকাত পড়েছে)। ডাকাতি বি. 1 দস্যুবৃত্তি (ডাকাতি করে বড়লোক হয়েছে); 2 দস্যুবৃত্তির ঘটনা (প্রায়ই ডাকাতি হয়)। □ বিণ. 1 ডাকাতসংক্রান্ত; 2 ডাকাতিসংক্রান্ত। ডাকাতে বিণ. 1 ডাকাতসংক্রান্ত; ডাকাতদের; 2 ডাকাততুল্য (ডাকাতে সাহস)। ডাকাতে কালী ডাকাতদের উপাস্যা কালী বা কালিকাদেবী।

ডাকা-বুকো (p. 355) [ḍākā-bukō] বিণ. ভয়হীন; অসমসাহসী। [বাং. ডাকা (ডাকাততুল্য) + বুকা (বুকযুক্ত, বুকের পাটাযুক্ত)]।

ডাকিনী (p. 355) [ḍākinī] বি. শিব বা দুর্গার অনুচরীবিশেষ, পিশাচীবিশেষ। [সং. ডাক4 + ইনী]।˜ বিদ্যা বি. ভবিষ্যত্ বলবার শক্তিসহ গুপ্তজ্ঞান বা মন্ত্রের অধিকার।

ডাকু (p. 355) [ḍāku] বি. ডাকাত, দস্যু। [হি. ডাকু]।

ডাক্তার (p. 355) [ḍāktāra] বি. ইয়োরোপীয় পদ্ধতিতে যে চিকিৎসা করে, চিকিৎসক। [ইং. doctor]।˜ খানা বি. যেখানে চিকিৎসা করা বা ওষুধ দেওয়া হয়। ডাক্তারি বি. 1 চিকিৎসা; 2 চিকিৎসকের বৃত্তি। □ বিণ. 1 চিকিৎসাসংক্রান্ত; 2 চিকিৎসকসংক্রান্ত।

ডাগর (p. 355) [ḍāgara] বিণ. 1 বড় (ডাগর চোখ, ডাগর মেয়ে); 2 মূল্যবান বা উৎকৃষ্ট ('সাগরের মত নারী ডাগর জিনিস': ব. চ)। [হি. ডাবর-তু. ডাবরনৈনী=আয়তনয়না]।˜ ডোগর বিণ. বেষ বড়সড় (ডাগরডোগর মেয়েগুলো)।

ডাঙশ (p. 355) [ḍāṅśa] বি. অঙ্কুশ, হস্তিচালনদণ্ড। [সং. দণ্ডাঙ্কুশ]।

ডাঙা, (বর্জি) ডাঙ্গা (p. 355) [ḍāṅā, (barji) ḍāṅgā] বি. 1 স্থল; 2 নির্জন স্থান; 3 উচ্চভূমি; 4 তীর (ডাঙায় নামা); 5 উৎপাদনের স্থান, জন্মস্থান; 6

আবাস (নারকেলডাঙা, ফরাসডাঙ্গা)। [দেশি]। ডাঙায় বাঘ জলে কুমির উভয়সংকট।

ডাঙ্গর (p. 355) [ḍāṅgara] বিণ. (বিরল) 1 শৈশব অতিক্রম করেছে এমন; 2 অধিকবয়স্ক। [দেশি]।

ডান (p. 355) [ḍāna] দ্র ডাইন1 ও ডাইন2।

ডানপিটে (p. 355) [ḍānapiṭē] বিণ. 1 অসমসাহসী; 2 দুর্দান্ত ('বাপরে কি ডানপিটে ছেলে': সু. রা.); 3 গোঁয়ার, একগুঁয়ে। [বাং. ডাং পিটায় এই অর্থে]।

ডানা (p. 355) [ḍānā] বি. 1 যার সাহায্যে পাখি উড়তে পারে, পাখা ('চিলের সোনালি ডানা হয়েছে খয়েরি': জী. দা); 2 মাছের পাখনা। [সং. ডয়ন > ডান + বাং. আ]। ডানকাটা পরি দ্র পরি। ডানা গজানো ক্রি. 1 পাখির ছানার প্রথম ডানা হওয়া; 2 (সচ. নিন্দার্থে আল.) সাবালক হওয়া, অন্যের সাহায্যে বা পরামর্শ ছাড়াই চলতে শেখা। □ বি. উক্ত উভয় অর্থে।

ডাণ্ডা (p. 355) [ḍāṇḍā] বি. 1 মোটা লাঠি, কাঠ লোহা প্রভৃতি দিয়ে তৈরি লাঠি; 2 ছোটদের খেলার ছোট লাঠি। [সং. দণ্ড]। ˜ গুলি বি. ডাংগুলি।

ডাণ্ডি (p. 355) [ḍāṇḍi] বি. 1 মোটা ও ছোট লাঠি; 2 পার্বত্য অঞ্চলে মানুষবাহিত যানবিশেষ (ডাণ্ডি-কাণ্ডি)। [বাং. ডাণ্ডা + ই]।

ডাব (p. 355) [ḍāba] বি. কাঁচা নারকেল। [সং. ডিম্ভা]।

ডাবর (p. 355) [ḍābara] বি. ধাতুর তৈরি ছোট গামলার মতো পাত্রবিশেষ (পানের ডাবর)। [হি. ডাবর]।

ডাবা, ডাব্বা (p. 355) [ḍābā, ḍābbā] বি. 1 মাটির বড় মামলা; 2 টব; 3 বড় নারকেলের খোলযুক্ত হুঁকাবিশেষ। □ বিণ. বড় খোলবিশিষ্ট (ডাবা হুঁকা)। [বাং. ডাব + আ]।

ডাবু (p. 355) [ḍābu] বি. (সচ. পিতলের) বড় হাতা (ডাবু হাতা)। [সং. দর্বী]।

ডামা-ডোল (p. 355) [ḍāmā-ḍōla] বি. ব্যাপক ও তীব্র গণ্ডগোল বা বিশৃঙ্খলা (এই ডামাডোলে সবকিছুই ওলটপালট হয়ে গেছে)। [দেশি]।

ডাম্বেল (p. 355) [ḍāmbēla] বি. ব্যায়ামের উপকরণবিশেষ, ব্যায়ামের সময় হাতে ধরে রাখার ভারী দণ্ডবিশেষ। [ইং. dumb-bell]।

ডায়মন (p. 355) [ḍāẏamana] বি. হীরার মতো পল-তোলা নকশা। [ইং. diamond]।˜ কাটা বিণ. হীরার মতো পল তোলা নকশাযুক্ত।

ডায়েরি, ডায়ারি (p. 355) [ḍāẏēri, ḍāẏāri] বি. দিনলিপি, রোজনামচা। [ইং. diary]।

ডারা (p. 355) [ḍārā] ক্রি. (কাব্যে) 1 ঢেলে ফেলা; 2 বিসর্জন দেওয়া। [হি. √ ডার]।

ডাল1, ডাইল, দাল (p. 355) [ḍāla1, ḍāila, dāla] বি. খোসা ছাড়ানো বা ভাঙা মুগ, ছোলা, মুসুরি প্রভৃতির দানাশস্য। [সং. দল, দালি]। ̃ পুরি বি. ডালবাটার পুর দিয়ে প্রস্তুত পুরি বা লুচি। ̃ মুট বি. তেল-ঘিয়ে ভাজা এবং নানান মশলাযুক্ত ছোলা বা মটরের ডাল।

ডাল2 (p. 355) [ḍāla2] বি. বৃক্ষশাখা (ডালপালা)। [দেশি]। ̃ পালা বি. শাখাপ্রশাখা।

ডাল-কুত্তা (p. 355) [ḍāla-kuttā] বি. ইয়োরোপীয় শিকারি কুকুরবিশেষ, গ্রে-হাউণ্ড। [হি.]।

ডালনা (p. 355) [ḍālanā] বি. অল্প ঝোলযুক্ত ব্যঞ্জনবিশেষ। [দেশি]।

ডালপালা (p. 355) [ḍālapālā] দ্র ডাল2।

ডালপুরি (p. 355) [ḍālapuri] দ্র ডাল1।

ডালমুট (p. 355) [ḍālamuṭa] দ্র ডাল1।

ডালা (p. 355) [ḍālā] বি. 1 বেত চাঁচাড়ি প্রভৃতি দ্বারা নির্মিত ছোট ঝুড়িবিশেষ; 2 পূজার অর্ঘ্য বা উপহারের সামগ্রীপূর্ণ পাত্র (কালীবাড়িতে ডালা দেওয়া); 3

(আল.) পরিপূর্ণ বা প্রাচুর্যপূর্ণ আধার (রূপের ডালা); 4 বাক্স তোরঙ্গ প্রভৃতির ঢাকনি। [সং. ডল্লক]।

ডালি (p. 355) [ḍāli] বি. 1 ছোট ডালা বা ঝুড়ি, চেঙারি; 2 (আল.) পরিপূর্ণ বা প্রাচুর্যপূর্ণ আধার (রূপের ডালি); 3 উপহার বা অর্ঘ্য (কালীবাড়িতে পুজোর ডালি দেওয়া); 4 (বিরল) উপহার (বড়দিনের ডালি)। [বাং. ডালা + ই ক্ষুদ্রার্থে]।

ডালিম (p. 355) [ḍālima] বি. বেদানাজাতীয় ফলবিশেষ, দাড়িম্ব। [সং. দাড়িম]।

ডালিয়া1 (p. 355) [ḍāliẏā1] বি. মধ্য আমেরিকার সুন্দর বড় ফুলবিশেষ। [ইং. dahlia]।

ডালিয়া2 (p. 355) [ḍāliẏā2] বি. গম ও ডালের চূর্ণ দিয়ে প্রস্তুত খিচুড়িজাতীয় খাবার। [হি. দালিয়া]।

ডাস্ট-বিন (p. 355) [ḍāsṭa-bina] বি. নোংরা বা আবর্জনা ফেলার পাত্র, ভ্যাট। [ইং. dustbin]।

ডাস্টার (p. 355) [ḍāsṭāra] বি. ঝাড়ন; স্কুল কলেজের ব্ল্যাকবোর্ড মোছার ঝাড়ন। [ইং. duster]।

ডাহা (p. 355) [ḍāhā] বিণ. 1 সম্পূর্ণ (ডাহা মিথ্যা); 2 অবিকল (ডাহা নকল)। [দেশি]।

ডাহুক (p. 355) [ḍāhuka] বি. জলচর পাখিবিশেষ, ডাকপাখি। [সং. দাত্যূহ]। স্ত্রী. ডাহুকি।

ডিক্রি (p. 355) [ḍikri] বি. আদালতের হুকুম বা নির্দেশ। [ইং. decree]। ̃ দার বি. যার অনুকূলে আদালত ডিক্রি দিয়েছে।

ডিগ-ডিগ (p. 355) [ḍiga-ḍiga] বি. সরু ডগার মতো কৃশতার ভাব (ডিগডিগ করছে)। [দেশি-তু. ডগা]। ডিগ-ডিগে বিণ. অত্যন্ত কৃশ; কৃশ ও অদৃঢ়; কৃশ ও লগবগে।

ডিগ-বাজি (p. 355) [ḍiga-bāji] বি. মাথা নিচু করে পা শূন্যে তুলে উলটে পড়া অবস্থা। ডিগবাজি খাওয়া ক্রি. বি. 1 ওইভাবে উলটে পড়া বা উলটে পড়ে কসরত দেখানো; 2 (আল. বিদ্রূপে) আদর্শ নীতি বা প্রতিশ্রুতি আকস্মিকভাবে পালটানো।

ডিগ্রি (p. 355) [ḍigri] বি. 1 বিশ্ববিদ্যালয় কর্তৃক গ্র্যাজুয়েট ছাত্রকে বা বিশিষ্ট পণ্ডিত বা বরেণ্য ব্যক্তিকে প্রদত্ত উপাধি (বি এ, ডি লিট ইত্যাদি); 2 (বিজ্ঞা. ও গণি.) তাপ ও কৌণিক পরিসরের পরিমাণ বা একক (নব্বই ডিগ্রি তাপ)। [ইং. degree]।

ডিঙা1 (p. 355) [ḍiṅā1] বি. ছোট হালকা নৌকাবিশেষ। [দেশি]।

ডিঙা2 (p. 355) [ḍiṅā2] ক্রি. ডিঙানো। [তু. তেলু. ডিগু]। ˜ নো ক্রি. বি. উল্লঙ্ঘন করা, লাফিয়ে পার হওয়া (নর্দমা ডিঙিয়ে পার হওয়া, ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়া)। □ বিণ. উক্ত অর্থে।

ডিঙা3, (চলিত) ডিঙি1 (p. 355) [ḍiṅā3, (calita) ḍiṅi1] বি. পায়ের বুড়ো আঙুলের উপর ভর দিয়ে মাথা উঁচু করে দাঁড়ানো অবস্থা বা লাফ। [তু. ডিঙা2]। ডিঙি মারা, ডিঙা মারা ক্রি. বি. ওইভাবে দাঁড়ানো বা লাফানো।

ডিঙি2 (p. 355) [ḍiṅi2] বি. ক্ষুদ্র ডিঙা (জেলে ডিঙি)। [বাং. ডিঙা + ই (ক্ষুদ্রার্থে)]।

ডিঙ্গর (p. 355) [ḍiṅgara] বিণ. 1 প্রবঞ্চক; 2 ধূর্ত। [হি. ডুঙ্গর]।

ড়িজাইন (p. 355) [ḍi়jāina] বি. নকশা; পরিকল্পিত চিত্রাদির কাঠামো বা নকশা (উলের ডিজাইন)। [ইং. design]।

ডিজেল (p. 357) [ḍijēla] বি. জ্বালানি তেলবিশেষ; মোটরচালিত যানের জ্বালানি তেলবিশেষ। [ইং. diesel]।

ডিটেক-টিভ (p. 357) [ḍiṭēka-ṭibha] বি. গোয়েন্দা। [ইং. detective]।

ডিটেল (p. 357) [ḍiṭēla] বি. বিশদ বর্ণনা বা ব্যাখ্যা (ছবিটির ডিটেলের কাজ খুব ভালো)। [ইং. detail]।

ডিণ্ডিম (p. 357) [ḍinḍima] বি. ঢোলজাতীয় প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ। [সং. ডিণ্ডি (ধ্বন্যা.) + √ মা + অ]।

ডিন (p. 357) [ḍina] বি. বিশ্ববিদ্যালয়রে কলা বিজ্ঞান আইন প্রভৃতি ফ্যাকালটি বা অনুষদের অধিকর্তা।[ইং. dean]।

ডিনা-মাইট (p. 357) [ḍinā-māiṭa] বি. শক্তিশালী বিস্ফোরকবিশেষ। [ইং. dynamite]।

ডিনার (p. 357) [ḍināra] বি. 1 ইয়োরোপীয় পদ্ধতির ভোজ; 2 দিনের প্রধান ভোজ। [ইং. dinner]।

ডিপো (p. 357) [ḍipō] বি. 1 আড়ত (কয়লার ডিপো); 2 আশ্রয়স্থান (ট্রাম ডিপো); 3 (আল.) জন্মস্থান, আড্ডা (রোগের ডিপো, মশার ডিপো)। [ইং. depot]।

ডিপো-জিট (p. 357) [ḍipō-jiṭa] বি. 1 অন্যের নিকট গচ্ছিত রাখা; আমানত; 2 আমানত বা জমা রাখা টাকা (বাংকের ডিপোজিট)। [ইং. deposit]।

ডিবা, (কথ্য) ডিবে (p. 357) [ḍibā, (kathya) ḍibē] বি. 1 কোটা (পানের ডিবা, নস্যির ডিবে); 2 কেরোসিন জ্বালাবার টেমি বা ছোট পাত্র। [তেলু. ডব্বি- তু. হি. ডিব্বা]।

ডিবেঞ্চার (p. 357) [ḍibēñcāra] বি. ঋণপত্র, তমসুক। [ইং. debenture]।

ডিভান (p. 357) [ḍibhāna] বি. 1 ইয়োরোপীয় পদ্ধতির বসার লম্বা আসন যা খাট হিসাবেও ব্যবহার করা যায়; 2 বাক্সযুক্ত নিচু খাট। [ইং. divan]।

ডিভিডেণ্ড (p. 357) [ḍibhiḍēṇḍa] বি. যৌথ কারবারের লভ্যাংশরূপে প্রদেয় অর্থ। [ইং. dividend]।

ডিভি-সন (p. 357) [ḍibhi-sana] বি. 1 দুই বা ততোধিক ব্রিগেডের মিলিত সৈন্য; 2 বিভাগ (প্রথম ডিভিসন)। [ইং. division]।

ডিম (p. 357) [ḍima] বি. 1 ডিম্ব, অণ্ড; 2 হাঁটু ও গোড়ালির মাঝে পায়ের পিছন দিকের মাংসপিণ্ড (পায়ের ডিমে ব্যথা)। [সং. ডিম্ব]। ডিম পাড়া ক্রি. বি. অণ্ড প্রসব করা। ডিমে তা দেওয়া ক্রি. বি. ডিম ফোটাবার জন্য প্রসূত ডিমের উপর বসে দেহের তা বা তাপ দেওয়া। ঘোড়ার ডিম অলীক বা অসম্ভব বস্তু।

ডিমাই (p. 357) [ḍimāi] বি. কাগজের মাপবিশেষ, বাইশ ইঞ্চি লম্বা ও আঠারো ইঞ্চি চওড়া-এই মাপ। □ বিণ. কাগজের এই মাপবিশিষ্ট। [ইং. demy]।

ডিমি-ডিমি (p. 357) [ḍimi-ḍimi] ক্রি-বিণ. ডিমডিম করে (ডিমিডিমি বাজছে)। □ বি. ডিমডিম শব্দ, ডমরুধ্বনি। [ধ্বন্যা.]।

ডিম্ব (p. 357) [ḍimba] বি. 1 ডিম, অণ্ড; 2 (বিরল) বিদ্রোহ, বিপ্লব। [সং. √ ডিম্ব্ + অ]। ˜ কোষ বি. পুষ্পযোনি। ˜ জ বিণ. ডিম থেকে জাত বা উৎপন্ন।

ডিম্বাকার বিণ. ডিমের মতো আকারবিশিষ্ট। ডিম্বাণু বি. ডিম্বাশয়ের মধ্যস্থ কোষ বা রজোডিম্ব যা ভ্রূণে পরিণত হয়, ovum (বি. প.)। ডিম্বাশয় বি. স্ত্রী-জীবের রজোডিম্বের আধার; (উদ্ভিদ.) বীজকোষ, ovary (বি. প.)।

ডিরেক্টর (p. 357) [ḍirēkṭara] বি. নির্দেশক বা পরিচালক। [ইং. director]।

ডিশ (p. 357) [ḍiśa] বি. থালা, রেকাবি. প্লেট। [ইং. dish]।

ডিস-কাউন্ট (p. 357) [ḍisa-kāuṇṭa] বি. বাটা, অবহার; দাম ইত্যাদিতে ছাড়। [ইং. discount]।

ডিস-কাস (p. 357) [ḍisa-kāsa] বি. ক্রীড়া প্রতিযোগিতায় দূরে নিক্ষেপ করার জন্য ব্যবহৃত লোহার ভারী চাকা। [ইং. discus]।

ডিস-চার্জ (p. 357) [ḍisa-cārja] বিণ. বরখাস্ত, বাতিল (চাকরি থেকে ডিসচার্জ হয়ে গেছে)। [ইং. discharge]।

ডিস-টেম্পার (p. 357) [ḍisa-ṭēmpāra] বি. দেওয়াল ইত্যাদি পালিশ করার কাজে ব্যবহৃত রংবিশেষ। [ইং. distemper]।

ডিস-ট্রিক্ট (p. 357) [ḍisa-ṭrikṭa] বি. জেলা। [ইং. district]। ডিসট্রিক্ট বোর্ড বি. জেলার উন্নয়ন সাধনার্থে স্বয়ংশাসিত সমিতিবিশেষ। ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট বি. জেলাশাসক।

ডিস-মিস (p. 357) [ḍisa-misa] বিণ. 1 বরখাস্ত (চাকরি থেকে ডিসমিস হওয়া); 2 খারিজ (মামলা ডিসমিস)। [ইং. dismiss]।

ডিসেম্বর (p. 357) [ḍisēmbara] বি. ইংরেজি বৎসরের দ্বাদশ বা শেষ মাস। [ইং. December]।

ডিহি (p. 357) [ḍihi] বি. কয়েকটি গ্রাম বা মৌজার সমষ্টি। [হি. < ফা. ডীহ্]।

ডুকরা (p. 357) [ḍukarā] ক্রি. ডুকরানো, ডাক ছেড়ে কাঁদা। [তু. হি. √ ডকরা=ষাঁড় ডাকা]।˜ নো ক্রি. ডাক ছেড়ে কাঁদা, হঠাত্ ফুঁপিয়ে কেঁদে ওঠা। □ বি. উক্ত অর্থে।

ডুগ-ডুগি (p. 357) [ḍuga-ḍugi] বি. ক্ষুদ্র চর্মবাদ্যবিশেষ; ডমরু। [ধ্বন্যা.]।

ডুগি (p. 357) [ḍugi] বি. তবলার সহচর বাদ্যযন্ত্র, বাঁয়া (ডুগি-তবলা)। [তু. হি. ডুগ্গী]।

ডুণ্ডুভ (p. 357) [ḍunḍubha] বি. ঢোঁড়া সাপ। [সং. ডুণ্ডু + √ ভা + অ]।

ডুব (p. 357) [ḍuba] বি. অবগাহন, নিমজ্জন (ডুব দেওয়া)। [হি. √ ডুব < প্রাকৃ. √ বুড্ড]।˜ জল বি. গোটা দেহ ডুবে যায় এমন গভীর জল।˜ ন্ত বিণ. ডুবে যাচ্ছে এমন; ডুবুডুবু (ডুবন্ত জাহাজ, ডুবন্ত ব্যাবসা)। ডুব মারা বি. ক্রি. জলের নীচে নিমজ্জিত হওয়া; (ব্যঙ্গে) অদৃশ্য হওয়া বা আত্মগোপন করা।˜ রি. ডুবুরি

বি. যে ব্যক্তি সমুদ্রে ডুব দেয়; যে ব্যক্তি জলে ডুব দিয়ে নিমজ্জিত জিনিস উদ্ধার করে। ডুবরি পাখি, ডুবুরি পাখি বি. যে পাখি জলে ডুব দিয়ে মাছ ইত্যাদি শিকার করে। ˜ সাঁতার বি. জলের নীচে ডুব দিয়ে সাঁতার। ডুবে ডুবে জল খাওয়া ক্রি. বি. (আল.) লোকচক্ষুর অগোচরে কোনো কাজ করা। ডুবা ক্রি. 1 জলে নিমগ্ন হওয়া; 2 প্লাবিত হওয়া (বন্যায় দেশ ডুবেছে); 3 সর্বনাশগ্রস্ত হওয়া (ব্যাবসা ফেল হওয়ায় লোকটা ডুবেছে); 4 অস্ত যাওয়া (চাঁদ ডুবল); 5 নিবিষ্ট বা বিভোর হওয়া (পড়ায় ডুবে থাকা, গানে ডুবে আছে); 6 সংকটে পড়া, বিপন্ন হওয়া, বিপজ্জনকভাবে জড়িয়ে পড়া (দেনায় ডুবে রয়েছি)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। ডুবানো, ডোবানো ক্রি. 1 নিমজ্জিত করা; 2 প্লাবিত করা; 3 সর্বনাশগ্রস্ত করা (যাকে এত বিশ্বাস করলাম সে-ই ডোবাল); 4 নষ্ট করা; 5 বিপজ্জনকভাবে বিজড়িত করা (এই কারবারই আমাকে ডুবিয়েছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। ডুবারি, ডুবারু ডুবরি ও ডুবুরি -র রূপভেদ। ডুবি বি. নিমজ্জন (নৌকাডুবি)। ডুবু-ডুবু বিণ. 1 প্রায় ডুবে গেছে বা ডোবার উপক্রম হয়েছে এমন (নৌকো ডুবুডুবু); 2 প্রায় অস্ত গেছে এমন (সূর্য ডুবুডুবু); 3 নষ্টপ্রায় (ব্যাবসা ডুবুডুবু); 4 বিভোর। ডুবুরি ডুবরি -র চলিত রূপ। ডুবো বিণ. 1 জলের নীচে ডুবে গেছে বা ডুবে রয়েছে এমন (ডুবোপাহাড়); 2 জলের নীচে ডুবে চলে এমন (ডুবোজাহাজ)। ডুবোজাহাজ বি. সাবমেরিন।

ডুমনি, ডোমনি (p. 357) [ḍumani, ḍōmani] বি. চৌকাঠের গায়ে কপাট বসাবার উপযোগী লোহার হুক (হাঁসকল-ডুমনি)। [দেশি. আঞ্চ.]।

ডুমা, (কথ্য) ডুমো (p. 357) [ḍumā, (kathya) ḍumō] বি. খণ্ড, টুকরা (ডুমো ডুমো করে আলু কাটা)। [দেশি]।

ডুমুর (p. 357) [ḍumura] বি. তরকারি রেঁধে খাওয়ার উপযুক্ত গোলাকার ও সবুজ রঙের বহুবীজ ফলবিশেষ, উডুম্বর। [সং. উডুম্বর]।˜ ফুল, ডুমুরের ফুল (ডুমুরের ফুল ফলের ভিতরে থাকে এবং বাইরে থেকে দেখতে পাওয়া যায় না বলে) অদৃশ্য বস্তু বা ব্যক্তি; বিরলদর্শন বস্তু বা ব্যক্তি।

ডুরি1 (p. 357) [ḍuri1] বি. (আঞ্চ.) নৌকা থেকে জল সেঁচে ফেলবার ছোট পাত্র। [দেশি]।

ডুরি2 (p. 357) [ḍuri2] বি. 1 সরু দড়ি, সুতো, ডোর; 2 বন্ধন; 3 বাঁধবার দড়ি ('কর্মডুরি দে মা কেটে; রা. প্র.)। [হি. ডোর + বাং. ই (ক্ষুদ্রার্থে)]।

ডুরে (p. 357) [ḍurē] বিণ. লম্বা লম্বা রেখাযুক্ত, ডোরাকাটা (ডুরে শাড়ি)। [বাং. ডোরা + ইয়া > এ]।

ডুলি (p. 357) [ḍuli] বি. ক্ষুদ্র পালকিজাতীয় যানবিশেষ, দোলা। [সং. দোলী]।

ডেউয়া, ডেও (p. 357) [ḍēuẏā, ḍēō] বি. মাদার গাছ বা তার ফল। [সং. ডহু]।

ডেঁটে (p. 357) [ḍēn̐ṭē] দ্র ডাঁট।

ডেঁড়ে-মুষে (p. 357) [ḍēn̐ḍ়ē-muṣē] ক্রি-বিণ. (আঞ্চ.) চেটেপুটে; নিঃশেষে, সম্পূর্ণরূপে। [দেশি]।

ডেঁপো (p. 357) [ḍēm̐pō] বিণ. ইঁচড়েপাকা, ফাজিল, ধৃষ্ট (ডেঁপো ছোকরা)। [দেশি]।˜ মি বি. ধৃষ্টতা, ইঁচড়েপাকা ভাব; ফাজলামি।

ডেক1 (p. 357) [ḍēka1] বি. জাহাজ বা স্টিমারের পাটাতন বা মেঝে। [ইং. deck]।˜ চেয়ার বি. জাহাজ বা স্টিমারের ডেকে পেতে বসার উপযুক্ত হালকা চেয়ার।

ডেক2, ডেগ (p. 357) [ḍēka2, ḍēga] বি. ধাতুনির্মিত বড় হাঁড়ি। [ফা. দেঘ্]।˜ চি বি. ছোট হাঁড়ি, ডেক-এর চেয়ে ছোট রন্ধনপাত্রবিশেষ। [ফা. দেঘ্ + তুর. চি]।

ডেকরা (p. 357) [ḍēkarā] বি. বিণ. 1 ধূর্ত, শঠ; 2 ধৃষ্‌ট; 3 অভদ্র। [< সং. ডিঙ্গর]।

ডেক-রেশন (p. 357) [ḍēka-rēśana] বি. সাজসজ্জা; অলংকরণ।[ইং. decoration]।

ডেকাথ-লন (p. 357) [ḍēkātha-lana] বি. দশটি বিভিন্ন বিষয়ের ক্রীড়াপ্রতিযোগিতাবিশেষ। [ইং. decathlon]।

ডেগ (p. 357) [ḍēga] দ্র ডেক2।

ডেঙ্গু (p. 357) [ḍēṅgu] বি. শরীরে তীব্র বেদনাযুক্ত গ্রীষ্মমণ্ডলীয় জ্বরবিশেষ। [ইং. dengue]।

ডেপুটি (p. 357) [ḍēpuṭi] বিণ. (উচ্চপদস্থ কর্মচারীর) সহকারী (ডেপুটি নবাব)। □ বি. ডেপুটি ম্যাজিস্ট্রেট। [ইং. deputy]।

ডেবরা, ড্যাবরা (p. 357) [ḍēbarā, ḍyābarā] বিণ. 1 কাজকর্মে ডান হাতের চেয়ে বাঁ হাতের ব্যবহার বেশি করে এমন, ন্যাটা; 2 ডাগর, আয়ত, বিস্ফারিত (ড্যাবরা চোখ)। [হি. ডিবরিয়া]।

ডেমি (p. 357) [ḍēmi] বি. দলিলপত্রাদি লেখার কাজে ব্যবহৃত ডিমাই কাগজবিশেষ বা ফুলস্ক্যাপের অর্ধেক মাপের কাগজবিশেষ। [ইং. demy]।

ডেয়ারি (p. 357) [ḍēẏāri] বি. দুধ এবং দুগ্ধজাত দ্রব্যাদি তৈরি ও সংরক্ষণের স্থান। [ইং. dairy]।

ডেয়ে, ডেয়ো, ডেঁয়ে (p. 357) [ḍēẏē, ḍēẏō, ḍēm̐ẏē] বি. দাড়াওয়ালা বড় কালো পিঁপড়েবিশেষ। [দেশি]।

ডেরা (p. 357) [ḍērā] বি. 1 অস্থায়ী বাসা, আস্তানা, আড্ডা; 2 তাঁবু, ছাউনি। [হি. ডেরা]। ডেরা গাড়া, ডেরা বাঁধা ক্রি. বি. আড্ডা গাড়া, অস্থায়ী বাসা করা, বাসা করা। ডেরা উঠানো, ডেরা তোলা ক্রি. বি. বাস বা আড্ডা তুলে দেওয়া। ̃ ডাণ্ডা বি. বাসা ও তার আসবাবপত্র।

ডেলা (p. 357) [ḍēlā] বি. 1 দলা, গোলাকার বস্তু (কাগজটাকে ডেলা পাকিয়ে ফেলে দিল); 2 ঢিল। [দেশি]।

ডেস্ক (p. 357) [ḍēska] বি. লেখাপড়ার কাজের জন্য বিশেষভাবে তৈরি (সচ. ঢালু) টেবিল। [ইং. desk]।

ডোকরা (p. 357) [ḍōkarā] বিণ. (গালিবিশেষ) 1 বুড়োহাবড়া; 2 লক্ষ্মীছাড়া, দুষ্ট। [প্রাকৃ. ডুক্কর]।

ডোঙা (p. 357) [ḍōṅā] বি. 1 (সচ. তাল বা নারকেল গাছের গুঁড়ি দিয়ে তৈরি) ছোট নৌকাবিশেষ, শালতি; 2 তাল-নারকেল গাছের গুঁড়ি দিয়ে তৈরি শালতির মতো জল তোলার বা সেচন করার পাত্রবি
শেষ। [দেশি]।

ডোজ (p. 357) [ḍōja] বি. ওষুধের মাত্রা (এক ডোজ় ওষুধ)। [ইং. dose]।

ডোবা1 (p. 357) [ḍōbā1] বি. জলপূর্ণ গর্ত; ছোট ও সচরাচর অব্যবহার্য জলাশয়। [দেশি]।

ডোবা2, ডোবানো (p. 357) [ḍōbā2, ḍōbānō] যথাক্রমে ডুবা ও ডুবানো -র চলিত রূপ (জলে ডোবা)। [ডুব দ্র]।

ডোম1 (p. 357) [ḍōma1] বি. কাচের তৈরি গোলাকার বাতির চিমনি, ডুম। [ইং. dome =গম্বুজের মতো গোল আকৃতি]।

ডোম2 (p. 357) [ḍōma2] বি. অনুন্নত হিন্দু জাতিবিশেষ, (সচ.) শ্মশানে শবদাহকার্যে সাহায্যকারী এবং বেতের কুলো ডালা প্রভৃতি নির্মাণকারী ও বিক্রয়কারী জাতিবিশেষ। [প্রাকৃ. ডোংব, ডুম্ব]। স্ত্রী.˜ নি, ডুমনি।˜ কাক বি. দাঁড়কাক।˜ চিল বি. গোদাচিল।

ডোর (p. 357) [ḍōra] বি. 1 হাতের বন্ধনসূত্র ('তোর বন্ধন-ডোর ছিড়ে যাবে': রবীন্দ্র); 2 বৈষ্ণবদের বহির্বাস (ডোরকৌপীন); 3 (আল.) বন্ধন, আকর্ষণ (প্রণয়ডোরে বাঁধা)। [হি. ডোর]।

ডোরা (p. 357) [ḍōrā] বি. লম্বা রেখা বা দাগ। [হি. ডোর + বাং. আ সাদৃশ্যার্থে]।˜ কাটা বিণ. ডোরা দাগযুক্ত; নানা বর্ণের রেখা দিয়ে চিহ্নিত। ডোরা ডোরা বিণ. অনেক ডোরা দিয়ে চিহ্নিত।

ডোল1 (p. 357) [ḍōla1] বি. গড়ন। [ডৌল দ্র]।

ডোল2 (p. 357) [ḍōla2] বিণ. (প্রা. কাব্যে) 1 রোমাঞ্চিত, পুলকিত; 2 অস্থির ('ডরে প্রাণ ডোল হইল': মু. গু.)। [দেশি]।

ডোল4, ডোলা1 (p. 359) [ḍōla4, ḍōlā1] বি. চাঁচাড়ি হোগলা প্রভৃতি দিয়ে তৈরি বড় চুবড়িবিশেষ (ধান-চালের ডোল)। [সং. কণ্ডোল]।

ডোলা2 (p. 359) [ḍōlā2] বি. দোলা, শিবিকাবিশেষ। [সং. দোলা]।

ডৌল (p. 359) [ḍaula] বি. গড়ন, আকৃতি (মুখের ডৌল)। [হি. ডৌল]।

ড্যাং ড্যাং (p. 359) [ḍyā ṇḍyā] বি. 1 ঢাকের আওয়াজ (ড্যাং ড্যাং বাদ্যি বাজে); 2 জয়সূচক ধ্বনি; জয়ঘোষণা (ড্যাং ড্যাং করে চলে যাব)। [ধ্বন্যা.]।

ড্যাব-ড্যাব (p. 359) [ḍyāba-ḍyāba] বি. চোখের আয়ত ভাষাহীন ও অনুজ্জল ভাব (চোখদুটো ড্যাবড্যাব করছে)। [দেশি]। ড্যাব-ডেবে বিণ. ড্যাবড্যাব করছে এমন; আয়ত ও ভাসা ভাসা কিন্তু অনুজ্জ্বল।

ড্যাশ (p. 359) [ḍyāśa] বি. যতি চিহ্নবিশেষ; তাড়াতাড়ি সরু সরল রেখাংশ। [ইং. dash]।

ড্রআর (p. 359) [ḍrāra] বি. টেবিলের দেরাজ। [ইং. drawer]।

ড্রপার (p. 359) [ḍrapāra] বি. তরল ওষুধ জল কালি প্রভৃতির ফোঁটা অল্প অল্প করে বার করার বা ভরার জন্য সরু নলাকার যন্ত্রবিশেষ। [ইং. dropper]।

ড্রয়িংরুম (p. 359) [ḍraẏiṃruma] বি. বসার ঘর, বাইরের ঘর, বৈঠকখানা। [ইং. drawing room]।

ড্রাম1 (p. 359) [ḍrāma1] বি. তরল ওষুধ বা অন্য কোনো তরল পদার্থের মাপবিশেষ, 3.888 গ্রাম। [ইং. dram]।

ড্রাম2 (p. 359) [ḍrāma2] বি. 1 ঢাক, ঢোল; ঢাকজাতীয় বাদ্যযন্ত্র; 2 ঢাকের আকারের ধাতব পাত্র। [ইং. drum]।

ড্রিল1 (p. 359) [ḍrila1] ক্রি. তুরপুন দিয়ে ছিদ্র করা। □ বি. তুরপুন বা ভ্রমিযন্ত্র। [ইং. drill]।

ড্রিল2 (p. 359) [ḍrila2] বি. সম্মিলিত ব্যায়াম। [ইং. drill]।

ড্রেন (p. 359) [ḍrēna] বি. নর্দমা, নালা। [ইং. drain]।

ড্রেস (p. 359) [ḍrēsa] বি. 1 পোশাক; 2 ক্ষতস্থানের বাঁধন। [ইং. dress]।

ঢ (p. 360) [ḍh] বাংলা বর্ণমালার চতুর্দশ ব্যঞ্জনবর্ণ; ট-বর্গের অন্তর্গত ঘোষ মহাপ্রাণ মূর্ধন্য ঢ্-ধ্বনির দ্যোতক বর্ণ।

ঢং1 (p. 360) [ḍha1] বি. 1 ছলাকলা, ছল, ভান, রঙ্গ; ন্যাকামি (কত ঢং যে জানো); 2 গড়ন, গঠন, ভঙ্গি, রীতি (গাওয়ার ঢংটি বেশ ভালো)। [দেশি]। ঢঙি বি. বিণ. (স্ত্রী.) ঢং করে এমন।

ঢং2 (p. 360) [ḍha2] বি. 1 ঘণ্টার আওয়াজ; 2 ধাতুপাত্র প্রভৃতিতে আঘাতের আওয়াজ। [ধ্বন্যা.]। ঢং ঢং বি. ক্রি-বিণ. ক্রমাগত ঢং শব্দ (ঢং ঢং ঘণ্টা বাজছে)।

ঢক1 (p. 360) [ḍhaka1] বি. জল বা অন্য তরল পদার্থ গেলার বা ঢালার শব্দ। [ধ্বন্যা.]। ঢক ঢক বি. 1 ক্রমাগত ঢক শব্দ; দ্রুত পান করার শব্দ (ঢক ঢক করে খেয়ে ফেলো); 2 আলগা করে রাখা বস্তুর নড়ার শব্দ (ঢক ঢক করে নড়ছে)।

ঢক2 (p. 360) [ḍhaka2] বি. গড়ন, আকৃতি (মাছের ঢক দেখেই বলা যায় স্বাদ কেমন হবে)। [দেশি]।

ঢকাত্, ঢকাস (p. 360) [ḍhakāt, ḍhakāsa] বি. জল বা অন্য তরল গেলার শব্দ (ঢকাস করে খেয়ে ফেলো)। [ধ্বন্যা.]।

ঢক্কা (p. 360) [ḍhakkā] বি. ঢাক (ঢক্কানিনাদ)। [সং. ঢক্ + √ কৈ + ক + আ (স্ত্রী.)]।

ঢন (p. 360) [ḍhana] বি. ঘণ্টার বা ধাতুপাত্রে আঘাতের আওয়াজ। [ধ্বন্যা.]। ঢন ঢন বি. 1 ক্রমাগত ঢং বা ঢন শব্দ; 2 নিঃস্বতা বা শূন্যতাসূচক ধ্বনি, ঢুঢু (পকেট ঢন ঢন করছে)।

ঢপ1 (p. 360) [ḍhapa1] বি. গড়ন, আকার; ডৌল। [দেশি]।

ঢপ2 (p. 360) [ḍhapa2] বি. বাংলা কীর্তনাঙ্গ গানবিশেষ (ঢপ গেয়ে বেড়ায়)। [দেশি]।

ঢপ3 (p. 360) [ḍhapa3] বি. টুপ বা টপ-এর চেয়ে জোর শব্দ; ভারী জিনিস পড়বার বা ভারী কিছু দিয়ে নরম ও শূন্যগর্ভ বস্তুতে আঘাতের শব্দ (কাপড়ের বাণ্ডিলটা ঢপ করে ফেলল)। [ধ্বন্যা.]। ঢপ ঢপ বি. ক্রমাগত ঢপ শব্দ।

ঢপ4 (p. 360) [ḍhapa4] বি. (অশোভন) ধাপ্পা, মিথ্যে কথা, গুলপট্টি (আমাকে ঢপ দেওয়া সহজ নয়)। [দেশি]।

ঢল (p. 360) [ḍhala] বি. 1 ঢালু জায়গা, ঢাল; ক্রমনিম্নতা; 2 পাহাড়ের ঢাল বেয়ে নিম্নগামী জলরাশি; 3 বন্যায় বৃদ্ধিপ্রাপ্ত জলরাশি (ঢল নামা)। [দেশি]।

ঢল-ঢল (p. 360) [ḍhala-ḍhala] বি. 1 ঢিলা হওয়ার ভাব, ঢিলা ভাব (জামাটা ঢলঢল করছে); 2 লাবণ্যময়তার ভাব (মুখখানি ঢলঢল করছে); 3 রসে বিহ্বলতার ভাব (ভাবের ঢলঢল); 4 পরিপূর্ণতার জন্য চঞ্চলতা ('দিঘি-ভরা জল করে ঢলঢল': রবীন্দ্র)। □ বিণ. 1 আবেশবিভোর ও চঞ্চল (ঢলঢল আঁখি); 2 লাবণ্যচঞ্চল, সৌন্দর্যউচ্ছল ('ঢলঢল কাঁচা অঙ্গের লাবণি': গো. দা.)। [দেশি]। ঢল-ঢলে বিণ. 1 ঢিলা (ঢলঢলে জামা); 2 লাবণ্যময় (ঢলঢলে মুখ)।

ঢলতা (p. 360) [ḍhalatā] বি. 1 পণ্যবস্তুর ন্যায্য ওজনের উপর বাড়তি পরিমাণ (প্রতি কেজিতে 2 গ্রাম ঢলতা চলে যাচ্ছে); 2 টাল, ঢলে পড়া; ঝোঁকা। [হি.]।

ঢলা (p. 360) [ḍhalā] ক্রি. বি. 1 হেলে পড়া (সূর্য পশ্চিমে ঢলেছে); 2 ঝোঁকা (ঘুমে ঢলে পড়েছে); 3 পক্ষপাতী হওয়া (সে তার বন্ধুর দিকে ঢলেছে)। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. ঢল + আ-তু. হি. ঢল্না]। ˜ ঢলি বি. 1 অন্তরঙ্গতা, অতিরিক্ত মাখামাখি (ওসব লোকের সঙ্গে অত ঢলাঢলি ভালো নয়); 2 কেলেঙ্কারি। ˜ নে বিণ. কেলেঙ্কারি করে এমন। ˜ নো বি. ক্রি. 1 হেলানো; ঝোঁকানো; 2 কেলেঙ্কারি করা।

ঢাউস (p. 360) [ḍhāusa] বিণ. অতি বৃহদাকার, প্রকাণ্ড; বেঢপরকমের বড় (ঢাউস ঘুড়ি, ঢাউস বোঁচকা)। [হি. ঢব্বুস]।

ঢাঁই (p. 360) [ḍhām̐i] বি. বোয়ালজাতীয় মাছবিশেষ। □ বিণ. স্তূপীকৃত, গাদা করে রাখা হয়েছে এমন (জামাকাপড়গুলো ঢাঁই করে রাখা হয়েছে)। [দেশি]।

ঢাক (p. 360) [ḍhāka] বি. 1 বৃহত্ চর্মবাদ্যযন্ত্রবিশেষ (ঢাকে কাঠি পড়ল); 2 ঢাকের মতো বিশাল বস্তু (পেট ফুলে ঢাক)। [সং. ঢক্কা]। ঢাক পেটা, ঢাক পেটানো, ঢাকঢোল পেটানো বি. ক্রি. 1 ঢাক বাজানো; 2 (আল.) সর্বত্র প্রচার করা। ঢাক বাজানো বি. ক্রি. (আল.) 1 সর্বত্র প্রচার করা; 2 নিন্দা বা প্রশংসা প্রচার করা। ঢাকে কাঠি দেওয়া ক্রি. বি. 1 ঢাক বাজানো; 2 হই চই করা। ঢাকের দায়ে মনসা বিকানো অসার বাহ্যাড়ম্বর করতে গিয়ে আসল জিনিস হারানো। ঢাকের বাঁয়া সর্বদা সঙ্গে থাকে কিন্তু কোনো কাজে লাগে না এমন ব্যক্তি বা বস্তু।

ঢাকঢাক-গুড়গুড় (p. 360) [ḍhākaḍhāka-guḍ়guḍ়] বি. কোনো কথা গোপন রাখার চেষ্টা, চাপাচাপি, ঢাকাঢাকি (এ নিয়ে এত ঢাকঢাক-গুড়গুড় কীসের? স্পষ্ট কথা বলতে ভয় কী?)। [বাং. ঢাকা ঢাকা (গোপন) + গুড়গুড় (ধ্বন্যা.)]।

ঢাকনা, ঢাকনি, ঢাকন (p. 360) [ḍhākanā, ḍhākani, ḍhākana] বি. 1 আচ্ছাদন (সুটকেসের ঢাকনা সরিয়ে ফেলল); 2 বাক্স ডেস্ক সিন্দুক প্রভৃতির ডালা; 3 হাঁড়ি কলসি প্রভৃতির সরা; 4 চোখের ঠুলি। [ঢাকা দ্র]।

ঢাকা (p. 360) [ḍhākā] বি. 1 ঢাকনা; 2 আবরণ ('খুলে দিলে স্তব্ধতার ঢাকা': রবীন্দ্র)। □ বিণ. ঢাকা দেওয়া রয়েছে এমন (মেঘে ঢাকা তারা, ঢাকা খাবার)। □ ক্রি. 1 আবৃত করা, আচ্ছাদিত করা; 2 ছেয়ে ফেলা (আকাশ মেঘে ঢেকেছে); 3 চাপা দেওয়া, গোপন করা, লুকানো (কথা ঢাকা)। [প্রাকৃ. √ ঢক্ক-তু. হি. √ ঢাক]।

ঢাকাই (p. 360) [ḍhākāi] বিণ. বাংলাদেশ রাষ্ট্রের ঢাকা জেলায় প্রস্তুত (ঢাকাই মসলিন)। [বাং. ঢাকা + ই]। ঢাকাই পরোটা বি. ঢাকা অঞ্চলের সুপরিচিত পদ্ধতিতে প্রস্তুত পরোটাবিশেষ।

ঢাকা-ঢাকি (p. 360) [ḍhākā-ḍhāki] বি. ঢাকঢাক-গুড়গুড় -এর অনুরূপ; গোপনতা। [বাং. ঢাকা + ঢাকি]।

ঢাকি (p. 360) [ḍhāki] বি. ঢাক-বাজনাদার, যে ঢাক বাজায়। [বাং. ঢাক + ই]।

ঢাল1 (p. 361) [ḍhāla1] বি. গড়ানে বা ঢালু জমি; ঢল (পাহাড়ের ঢাল বেয়ে নেমে আসা)। [বাং. ঢল + অ]।

ঢাল2 (p. 361) [ḍhāla2] বি. অস্ত্রাদির আঘাত প্রতিরোধে ব্যবহার্য চামড়া ইত্যাদির তৈরি ফলক, বর্ম। [সং. ঢাল]। ঢালী বিণ. বি. 1 ঢালধারী, ঢালধারী যোদ্ধা; 2 উপাধি বা পদবিবিশেষ।

ঢালা (p. 361) [ḍhālā] ক্রি. 1 তরল বা কঠিন কোনো পদার্থ কোনো পাত্র থেকে ফেলা (দুধ ঢালা, চাল ঢালা); 2 ধাতুকে নির্দিষ্ট আকার দেবার জন্য গলিয়ে পাতিত করা (ছাঁচে ঢালা); 3 প্রচুর ব্যয় করা (টাকা ঢালা); 4 নিয়োজিত করা (মনপ্রাণ ঢালা)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 ঢেলে ফেলা হয়েছে এমন (ঢালা জল, ঢালা চাল); 2 ঢালাই-করা (ঢালা কড়াই); 3 ঢালাও ও সুবিস্তৃত (ঢালা বিছানা)। [বাং. ঢাল 1 + আ]।˜ ই বি. উত্তাপ দিয়ে ধাতু গলিয়ে ছাঁচে ঢালার কাজ (এখানে তামা ঢালাই হয়)। □ বিণ. ছাঁচে ঢেলে প্রস্তুত (ঢালাই কড়াই)।˜ ই-কর বি. ঢালাইয়ের কারিগর, যে ব্যক্তি ঢালাইয়ের কাজ করে।˜ ও বিণ. 1 বিস্তীর্ণ (ঢালাও ফরাস); 2 প্রচুর, দেদার (ঢালাও খাবার); 3 অবাধ (ঢালাও হুকুম)।˜ ঢালি বি. এক পাত্র থেকে অন্য পাত্রে ক্রমাগত ঢালা।

ঢালী (p. 361) [ḍhālī] দ্র ঢাল2।

ঢালু (p. 361) [ḍhālu] বিণ. ঢালবিশিষ্ট, ক্রমনিম্ন; গড়ানে (ঢালু জমি)। [বাং. ঢাল1 + উ]।

ঢিট, (প্রা. বাং.) ঢীট (p. 361) [ḍhiṭa, (prā. bā.) ṇḍhīṭa] বিণ. 1 উদ্ধত, ধৃষ্ট; বেহায়া ('ঢীট কানাই: গো. দা.); 2 জব্দ, শায়েস্তা, কঠোর শাসনের দ্বারা সংশোধিত (মেরে ঢিট করা)। [সং. ধৃষ্ট তু. হি. ঢীট]।

ঢিঢি (p. 361) [ḍhiḍhi] বি. 1 প্রবল রব; 2 ব্যাপক জানাজানি ও ধিক্কার (এ নিয়ে চার দিকে ঢিঢি পড়ে গেছে)। □ বিণ. চতুর্দিকে ব্যাপকভাবে প্রচারিত। [তু. হি. ঢিঢোরা]। ˜ কার, ˜ ক্কার, ˜ রব বি. 1 ব্যাপক ধিক্কার, চতুর্দিকে নিন্দার প্রচার; 2 (নিন্দা বা প্রশংসার) উচ্চধ্বনি।

ঢিপ (p. 361) [ḍhipa] বি. 1 ভারী জিনিস হঠাত্ জোরে পড়ার শব্দ (ঢিপ করে তাল পড়ল); 2 হঠাত্ গড় হয়ে প্রণাম করার শব্দ (ঢিপ করে প্রণাম)। [দেশি]। ঢিপ ঢিপ বি. ক্রমাগত ঢিপ শব্দ; হৃৎপিণ্ড বেগে স্পন্দিত হওয়ার শব্দ (বুক ঢিপ ঢিপ করছে)।

ঢিপি, ঢিবি (p. 361) [ḍhipi, ḍhibi] বি. স্তূপ; উঁচু ভূমি (উইয়ের ঢিপি)। [দেশি]।

ঢিবি (p. 361) [ḍhibi] দ্র ঢিপি।

ঢিমা, (কথ্য) ঢিমে (p. 361) [ḍhimā, (kathya) ḍhimē] বিণ. 1 মৃদু, ক্ষীণ (ঢিমে আওয়াজ); 2 মন্হর, বিলম্বিত (ঢিমা তালের গান); 3 উদ্যমহীন; অলস, চটপটে নয় এমন (লোকটা ভারী ঢিমে)। [হি. ধীমা]। ˜ তেতালা বি. 1 সংগীতের তালবিশেষ, বিলম্বিত ত্রিতাল; 2 (আল.) অতি ধীর গতি, মন্হর গতি; উদ্যমহীনতা (এত ঢিমেতেতালায় চললে এ কাজ সহজে শেষ হবে না)।

ঢিল1 (p. 361) [ḍhila1] বি. মাটি পাথর ইট প্রভৃতির ছোট টুকরো বা ডেলা (ঢিল ছোড়া)। [দেশি]। অন্ধকারে (আন্দাজে) ঢিল ছোড়া ক্রি. বি. (আল.) কার্যসিদ্ধি হলেও হতে পারে এই আশায় অনিশ্চিয়তা সত্ত্বেও কিছু করা; সঠিক

না জেনে না বুঝে কোনো কাজ করা বা কোনো কথা বলা। ঢিল মারলে পাটকেল খেতে হয়, ঢিলের বদলে পাটকেল আঘাতের উত্তরে আরও বড় প্রত্যাঘাত আসে। এক ঢিলে দুই পাখি মারা এক উদ্দেশ্য সিদ্ধ করতে গিয়ে অন্য উদ্দেশ্যও সিদ্ধ করা; এক চেষ্টায় দুই কাজ সম্পন্ন করা।

ঢিল2 (p. 361) [ḍhila2] বিণ. শিথিল; আলগা (সুতো ঢিল দেওয়া)। □ বি. শৈথিল্য; আলস্য (পড়াশুনায় ঢিল পড়েছে)। [ঢিলা দ্র]। ঢিল দেওয়া বি. ক্রি. শৈথিল্য দেখানো; কড়াকড়ি না করা (শাসনে ঢিল দেওয়া)।

ঢিলা, (কথ্য) ঢিলে (p. 361) [ḍhilā, (kathya) ḍhilē] বিণ. 1 শিথিল (ঢিলা জামা পরেছে); 2 বন্ধনহীন (ঢিলাহাতা পাঞ্জাবি); 3 অলস (ঢিলা লোক)। □ বি. শৈথিল্য; আলস্য; অযত্ন (কাজে ঢিলা দেওয়া)। [প্রাকৃ. সিঢিল < সং. শিথিল]।˜মি বি. শৈথিল্য, আলস্য।

ঢিলে-ঢালা (p. 361) [ḍhilē-ḍhālā] বিণ. 1 শিথিল (ঢিলেঢালা পোশাক); 2 (আল.) দীর্ঘসূত্র; অলস; যার কাজে আঁটসাঁট নেই এমন (খুবই ঢিলেঢালা গোছের মানুষ)। [বাং. ঢিলে + ঢালা]।

ঢিস-ঢিস (p. 361) [ḍhisa-ḍhisa] বি. অত্যধিক ভোজনের জন্য বা অন্য কারণে শারীরিক অস্বস্তির ভাব (বেশি খেয়ে এখন শরীরটা ঢিসঢিস করছে)। [দেশি]।

ঢু, ঢুঁ (p. 361) [ḍhu, ḍhu] বি. মাথা বা শিং দিয়ে গুঁতো (ঢুঁ মারা)। [দেশি]। ঢু দেওয়া, ঢুঁ দেওয়া বি. ক্রি. 1 মাথা বা শিং দিয়ে গুঁতো দেওয়া; 2 (আল.) কোথাও আড্ডা দিতে যাওয়া (তার বাড়িতে একবার ঢুঁ দিয়ে আসি)।

ঢুঁড়া, ঢোঁড়া (p. 361) [ḍhun̐ḍ়ā, ḍhōn̐ḍ়ā] ক্রি. খোঁজা (অনেক ঢুঁড়েও পাইনি)। □ বি. খোঁজ, খোঁজাখুঁজি। [সং. √ ঢুণ্ঢ্ + বাং. আ-তু. হি. ঢুঁড়না]।

ঢুঁঢু (p. 361) [ḍhun̐ḍhu] দ্র ঢুঢু।

ঢুক (p. 361) [ḍhuka] বি. ঢক-এর চেয়ে মৃদুতর শব্দ। ঢুক ঢুক বি. ক্রমাগত ঢুক শব্দ। [ধ্বন্যা.]।

ঢুকা, ঢোকা (p. 361) [ḍhukā, ḍhōkā] ক্রি. ভিতরে যাওয়া, প্রবেশ করা (ঘরে ঢোকা)। □ বি. উক্ত অর্থে। [প্রাকৃ. √ ঢুক্ক < সং. √ ঢৌক্-তু. হি. √ ঢুক্]।˜ নো ক্রি. ভিতরে প্রবেশ করানো (এতগুলো কাপড় এত ছোট বাক্সে ঢুকানো যায় না)। □ বি. বিণ. উক্ত অর্থে।

ঢুঢু, ঢুঁঢু (p. 361) [ḍhuḍhu, ḍhun̐ḍhu] বি. কিছুই নয়, ফাঁকি; ফাঁকা (কাজের বেলায় ঢুঁঢু, ভাঁড়ের ভিতর ঢুঁঢু)। [ধ্বন্যা. (শূন্যতাব্যঞ্জক)]।

ঢুল (p. 361) [ḍhula] বি. তন্দ্রা, নেশা প্রভৃতির ঘোর বা সেইজন্য মাথার দোলন বা ঝোঁক (সবেমাত্র একটু ঢুল এসেছিল)। [হি. √ ঢুল < প্রাকৃ. √ ডোল < সং. √ দুল্]।˜ ঢুল,˜ ঢুলে, ঢুলু-ঢুলু বিণ. তন্দ্রা বা নেশার ঘোরযুক্ত; ভাবে বিভোর ('চোখদুটি তার ঢুলঢুলে': স. দ.; ঢুলুঢুলু চোখ)। ঢুলঢুল করা, ঢুলুঢুলু

করা ক্রি. বি. তন্দ্রা বা নেশার আবেশ হওয়া ('শুনে সুখে হরিণীর আঁখি করে ঢুলুঢুলু': বিহারী)। ˜ নি, ঢুলুনি বি. ঢুলঢুল ভাব বা অবস্থা (এরই মধ্যে ঢুলুনি এসে গেল)। ঢুলা, ঢোলা ক্রি. তন্দ্রা বা নেশার ঘোরে মাথা দোলানো বা ঝোঁকানো (ঘুমে ঢুলে পড়ছে)। □ বি. উক্ত অর্থে। ঢুলানো, ঢোলানো ক্রি. দোলানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

ঢুলি (p. 362) [ḍhuli] বি. 1 ঢোলবাদক; 2 বাঙালি ঢোলবাদক সম্প্রদায়বিশেষ। [মুন্ডা. ঢোল (?) + বাং. ই]।

ঢুলঢুল, ঢুলুনি (p. 362) [ḍhulaḍhula, ḍhuluni] দ্র ঢুল।

ঢুস (p. 362) [ḍhusa] বি. (আঞ্চ.) ঢুঁ; শিং বা মাথা দিয়ে গুঁতো। [ঢু দ্র] ঢুসা। ক্রি. ঢুঁ দেওয়া, ঢুঁ মারা, গুতানো। ঢুসানো ক্রি. মাথা বা শিং দিয়ে আঘাত করা, ঢুঁ মারা; গুঁতানো। □ বি. উক্ত অর্থে। ঢুসা-ঢুসি, (কথ্য) ঢুসো-ঢুসি বি. পরস্পরের মাথা বা শিং দিয়ে আঘাত (দুই ছাগলের ঢুসোঢুসো)

ঢেউ (p. 362) [ḍhēu] বি. 1 জলের উচুনিচু আন্দোলন, সমুদ্র নদী প্রভৃতির জলে আন্দোলনের জন্য সৃষ্ট উচুনিচু অবস্থা, তরঙ্গ, হিল্লোল ('ওগো জলের রাণী, ঢেউ দিয়ো না গো'): রবীন্দ্র); 2 তাপ, আলোক, শব্দ বা বিদ্যুত বহনকারী বাতাস বা অন্য মাধ্যমের উচুনিচু আন্দোলন। [দেশি]। ঢেউ-খেলানো, ˜. তোলা বিণ. তরঙ্গায়িত, ঢেউয়ের মতো উচুনিচু (ঢেউ-খেলানো চুল)। ঢেউ দেওয়া বি. ক্রি. হাত, পাত্র ইত্যাদি দিয়ে জল সরিয়ে জলে ঢেউ সৃষ্টি করা।

ঢেঁকি (p. 362) [ḍhēn̐ki] বি. 1 ধান ডাল ইত্যাদি শস্য বা অন্যান্য বস্তু ভানবার বা কুটবার জন্য ব্যবহৃত এবং বড় কাঠের দণ্ড দিয়ে তৈরী যন্ত্রবিশেষ; 2 (আল.) অত্যন্ত বোকা লোক বুদ্ধির ঢেঁকি)। [মুন্ডা.ডিংকি]। কল বি. ঢেঁকির আকৃতিবিশিষ্ট চাপ দিয়ে ওঠানামা করার জন্য বালক-বালিকাদের ক্রিয়াযন্ত্রবিশেষ। শাক বি. ভোজ্য শাকবিশেষ। শাল বি. ঢেঁকিঘর। ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে (সচ. খেদোক্তিতে) যার ভাগ্য মন্দ তার কোনো অবস্থাতেই ভালো কিছু হতে পারে না। বুকে ঢেঁকির পাড় পড়া (প্রধানত পরশ্রীকাতরতার দুরুন) মর্মজ্বালায় ছটফট করা।

ঢেঁড়স (p. 362) [ḍhēn̐ḍ়sa] বি. 1 সবজি ফলবিশেষ 2 (আল. ব্যঙ্গে) অপদার্থ বা অকর্মণ্য ব্যক্তি (তুমি একটা আস্ত ঢেঁড়স) [দেশি]।

ঢেঁঢরা (p. 362) [ḍhēn̐ḍharā] দ্র ঢেঁড়া।

ঢেঁড়া, ঢেঁড়ি1, ঢেঁটরা (p. 362) [ḍhēn̐ḍ়ā, ḍhēn̐ḍ়i1, ḍhēn̐ṭarā] বি. 1 ঢাক (ঢেঁড়া পেটাচ্ছে); 2 ঢোল-শোহরত (ঢেঁড়া দেওয়া)। [হি. ঢিঢোরা]।

ঢেঁড়ি2 (p. 362) [ḍhēn̐ḍ়i2] বি. 1 নারীর কর্ণভূষণবিশেষ; 2 আফিম গাছের বীজকোষ বা ফল, পোস্ত ফল। [দেশি]।

ঢেকুর (p. 362) [ḍhēkura] বি. উদগার, হিক্কা। [হি. ডকার]।

ঢেঙা, ঢ্যাঙা (p. 362) [ḍhēṅā, ḍhyāṅā] বিণ. লম্বা, লম্বাটে; বেমানানধরনের লম্বা (ঢেঙা লোক) [হি. ঢঙ্গা]।

ঢেড়ি (p. 362) [ḍhēḍ়i] দ্র ঢেরি।

ঢেপসা, ঢ্যাপসা (p. 362) [ḍhēpasā, ḍhyāpasā] বিণ. 1 ঢিপির মতো; 2 বেমানান; 3 মোটা; 4 অকর্মণ্য; 5 ঢোসকা। [বাং. ঢিপি + সা]। ঢেপসি বিণ. বি. (স্ত্রী.) মোটা বা অকর্মণ্য মেয়ে।

ঢেমনা, ঢ্যামনা (p. 362) [ḍhēmanā, ḍhyāmanā] বি. 1 লম্পট; 2 নির্বিষ সাপবিশেষ। [দেশি]। স্ত্রী. ঢেমনি।

ঢের (p. 362) [ḍhēra] বিণ. ক্রি-বিণ, প্রচুর, যথেষ্ট, দেদার ('বয়স হয়েছে ঢের, পেনসনই তো পঁচিশ বছর'): ঢের ঢের বি. বিণ. প্রচুর, দেদার (অমন খেলা ঢের ঢের দেখেছি)।

ঢেরা, ঢ্যারা (p. 362) [ḍhērā, ḍhyārā] বি. 1 'x' এই চিহ্ন; 2 দড়ি পাকাবার যন্ত্রবিশেষ। [দেশি]˜. সই বি. নিরক্ষর ব্যক্তির 'x' এই চিহ্ন দ্বারা প্রদত্ত সই বা দস্তখত

ঢেরি, ঢেড়ি (p. 362) [ḍhēri, ḍhēḍ়i] বি. রাশি, স্তূপ (ঢেরি করে রাখা)। [হি. ঢেড়ী]।

ঢেলা (p. 362) [ḍhēlā] বি. ডেলা, ঢিলা বা ঢিলের চেয়ে বড় টুকরো (ঢেলা ছোড়া)। [দেশি]।

ঢোঁক (p. 362) [ḍhōn̐ka] দ্র. ঢোক।

ঢোঁক1-ঢুঁড়া (p. 362) [ḍhōn̐ka1-ḍhun̐ḍ়ā] র চলিত রূপ।

ঢোঁড়া2 (p. 362) [ḍhōn̐ḍ়ā2] বি. 1 প্রধানত জলে বাসকারী বিষহীন সাপবিশেষ; 2 (বিদ্রূপে) ক্ষমতাহীন ব্যক্তি। [সং. ডুণ্ডুভ]।

ঢোক (p. 362) [ḍhōka] (আঞ্চ.) ঢোঁক বি. যে পরিমাণ তরল পদার্থ একেবারে গেলা যায় (এক ঢোক দুধ); গলাধঃকরণের ভঙ্গি (ঢোক গেলা) [দেশি]। ঢোক গেলা ক্রি. বি. গলাধঃকরণের ভঙ্গি করা; উক্ত ভঙ্গি সহকারে ইতস্ততভাবে প্রকাশ করা।

ঢোকরা (p. 362) [ḍhōkarā] বি. কারুকার্যময় কাঁসার শিল্পবিশেষ। [দেশি]।

ঢোকা, ঢোকানো (p. 362) [ḍhōkā, ḍhōkānō] যথাক্রমে ঢুকা ও ঢুকানো -র চলিত রূপ।

ঢোল (p. 362) [ḍhōla] বি. 1 চর্মবৃত বাদ্যযন্ত্রবিশেষ, ঢাকের চেয়ে ছোট আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ; 2 (আল.) ঢোলের মতো ফোলা বা ফাঁপা অবস্থা (ফুলে ঢোল হয়েছে)। [মুন্ডা.] ঢোল দেওয়া ক্রি. বি. 1 ঢেঁড়া পিটানো; 2 প্রচার করা। নিজের ঢোল নিজে পেটা আত্মপ্রশংসা করা। ̃ক বি. ঢোল; ছোট ঢোল। ̃. শোহরত বি. ঢোল পিটিয়ে প্রচার বা ঘোষণা।

ঢোলতা (p. 362) [ḍhōlatā] বি. 1 ছলনা; 2 ভান (ওসব ঢোলতায় ভুলব না)। [বাং. ঢোল (আঞ্চ. = রঙ্গ, তামাশা) + তা]।

ঢোলা1 (p. 362) [ḍhōlā1] বিণ. ঢলঢলে, ঢিলা, আলগা (ঢোসকা চেহারা)। [দেশি তু. হি. ধুস্সা]।

ঢোলা2-ঢুলা (p. 362) [ḍhōlā2-ḍhulā] র চলিত রূপ।[ঢুল দ্র]।

ঢোসকা (p. 362) [ḍhōsakā] বিণ. মোটা ও ফাঁপা (ঢোসকা চেহারা)। [দেশি তু. হি. ধুস্সা]।

ঢ্যাঁড়স, ঢ্যাঁড়া, ঢ্যাঙা, ঢ্যাপসা, ঢ্যারা (p. 362) [ḍhyānd̐ḍ়sa, ḍhyānd̐ḍ়ā, ḍhyāṅā, ḍhyāpasā, ḍhyārā] যথাক্রমে ঢেঁড়স, ঢেঁড়া, ঢেঙা, ঢেপসা ও ঢেরা -র রূপভেদ।

ঢ্যালা-ঢেলা (p. 362) [ḍhyālā-ḍhēlā] র বানানভেদ।

ণ (p. 362) [ṇ] বাংলা ভাষার পঞ্চদশ ব্যঞ্জনবর্ণ, ট বর্গের পঞ্চম বর্ণ।

ণত্ব-বিধান, ণত্ব-বিধি (p. 362) [ṇatba-bidhāna, ṇatba-bidhi] বি. (ব্যাক.) কোন কোন অবস্থায় ন-এর পরিবর্তে ণ ব্যবহৃত হয় তার নিয়ম।

ণ-ফলা (p. 362) [ṇa-phalā] বি. অন্য বর্ণের সঙ্গে ণ-এর যোগ।

ণিচ্ (p. 362) [ṇic] বি. (ব্যাক.) সংস্কৃত প্রত্যয়বিশেষ: কর্তা নিজে ক্রিয়া সম্পন্ন না করে অপরকে দিয়ে সাধিত করলে এই প্রত্যয় হয়, যেমন √ দৃশ্ (দেখা) + ণিচ্ = দর্শি (দেখানো)।

ণিজন্ত (p. 362) [ṇijanta] বিণ. ণিচ্ প্রত্যয়যুক্ত। [সং. ণিচ + অন্ত]। ণিজন্ত ধাতু বি. যে ধাতুর উত্তর ণিচ্ প্রত্যয় হয়েছে, প্রেরণার্থক ধাতু।

ত1 (p. 363) [ta1] বাংলা ভাষার ষোড়শ ব্যঞ্জনবর্ণ, ত বর্গের প্রথম বর্ণ; অঘোষ দন্ত ত্ ধ্বনির দ্যোতক।

ত2, তো (p. 363) [ta2, tō] অব্য. 1 প্রশ্নসূচক (সেখানে যাবে তো?); 2 নিশ্চয়তা বা দৃঢ়তাসূচক (এই তো সেই বাড়ি, তাই তো আমি বলেছিলাম); 3 অনুরোধসূচক (একবার দেখুন তো); 4 'যদিও বা', 'সত্ত্বেও' ইত্যাদি অর্থবোধক (তুমি তো চাও, কিন্তু সে চায় না); 5 'কিন্তু' অর্থবোধক (তারা তো খাবে না); 6 'তবে' বা 'তা হলে' অর্থবাচক (বাঁচতে চাও তো ওষুধ খাও); 7 'অন্তত' অর্থবোধক (আজ তো নয় পরে দেখা যাবে); 8 অনিশ্চয়তাসূচক (যাই তো একবার, দেখি কিছু পাই কি না); 9 সন্দেহসূচক (ঠিক বলছ তো? সে একথা স্বীকার করবে তো?); 1 পরিণতি, ঘটনা, অঘটন ইত্যাদি ব্যঞ্জক (বিয়ে তো হল, কিন্তু বরপক্ষ খুশি তো হল না); 11 সংশয়সূচক (হয়তো তাই, কে জানে)। [সং. তাবত্]।

ত4, (বর্জি.) তঃ (p. 363) [ta4, (barji.) tḥ] (তস্) হতে, থেকে, তে প্রভৃতি 5মী ও 7মী বিভক্তির স্থানে এবং হেতু অর্থে প্রযোজ্য প্রত্যয়বিশেষ (বিশেষত, প্রথমত, কার্যত, ধর্মত)। [সং. তল্]।

তই (p. 363) [ti] বি. আংটাহীন কড়াইবিশেষ। [দেশি]।

তই-খন (p. 363) [ti-khana] ক্রি-বিণ. (ব্রজ.) ততক্ষণে; তখন; তখনই। [সং. তৎক্ষণ]।

তঃ (তস্) (p. 363) [tḥ (tas)] দ্র ত4।

তঁহি (p. 363) [tam̐hi] (অব্য.) (ব্রজ. ও প্রা. বাং) 1 সেখানে; 2 সে; 3 তা, তাহা; 4 তাতে, তাহাতে। [সং. তস্মিন্]।

তক (p. 363) [taka] অব্য. পর্যন্ত, অবধি (শেষতক, কাঁহাতক আজতক)। [হি. তক]।

তকত, তক্ত, তখত (p. 363) [takata, takta, takhata] বি. সিংহাসন ('একদিকে দিল্লীর বাদশাহী তক্ত, আর একদিকে চিতোরের রাজসিংহাসন': অবনীন্দ্র); (আল.) গদি। [ফা. তখত্]। ˜ তাউস বি. ময়ূরসিংহাসন। [ফা. তখত্ + আ. তাউস (=ময়ূর)]।

তক-তক (p. 363) [taka-taka] বি. পরিষ্কার-পরিচ্ছন্নতার ভাব বা অবস্থা (ঘরদোর তকতক করছে)। [ধ্বন্যা.]। তক-তকে বিণ. পরিষ্কার-প রিচ্ছন্ন ও উজ্জ্বল; ঝকঝক করছে এমন; নির্মল ও উজ্জ্বল।

তকত-নামা, তক্ত-নামা, তখত-নামা (p. 363) [takata-nāmā, takta-nāmā, takhata-nāmā] বি. (মুসলমানদের) বিবাহ বা অন্য উৎসবে শোভাযাত্রায় ব্যবহৃত মানুষে-টানা যানবিশেষ। [ফা. তখত্নুমা]।

তক-দির (p. 363) [taka-dira] বি. ভাগ্য, অদৃষ্ট, নসিব। [আ. তক্দীর্]।

তকমা (p. 363) [takamā] বি. 1 চাপরাস; নিয়োগ বা পদের নিদর্শক পরিচ্ছদ (তকমা-আঁটা); 2 পদক। [আ. তগ্মা]।

তক-রার (p. 363) [taka-rāra] বি. 1 কলহ, ঝগড়াবিবাদ, কথা কাটাকাটি (তাদের মধ্যে তকরার লেগেই আছে); 2 বিচার। [আ. তক্রার]। তক-রারি বিণ. 1 বিবাদের বিষয়ীভূত; বিচারাধীন; যা নিয়ে তর্ক বা বিচার চলছে এমন (তকরারি সম্পত্তি = disputed property); 2 কলহ প্রিয়।

তকলি (p. 363) [takali] বি. সুতো কাটার যন্ত্রবিশেষ, টাকু। [গুজ.-তু. সং. তর্কু]।

তক-লিফ (p. 363) [taka-lipha] বি. কষ্ট (আমার জন্য আপনার অনেক তকলিফ হল)। [আ. তকলীফ্]।

তক্কেতক্কে (p. 363) [takkētakkē] দ্র তর্কেতর্কে।

তক্ত (p. 363) [takta] দ্র তকত।

তক্ত-পোশ, (বর্জি.) তক্ত-পোষ (p. 363) [takta-pōśa, (barji.) takta-pōṣa] বি. কাঠের তৈরি খাট বা বড় চৌকি। [ফা. তখেৎপাশ]।

তক্তা (p. 363) [taktā] বি. 1 কাঠের ফলক বা পাটা; 2 কাঠের তৈরি শোয়ার উপযোগী চৌকি (একখানা তক্তা পেতে শুয়ে পড়ল); 3 কাগজের তা। [ফা. তখ্‌তা]।

তক্তি (p. 363) [takti] বি. 1 ছোট তক্তা; 2 কাঠের দোয়াত; 3 লেখার সুবিধার্থে প্রস্তুত কাঠের ডেস্ক; 4 তক্তার আকারে প্রস্তুত চারকোনা চ্যাপটা মিষ্টান্নবিশেষ; 5 কণ্ঠাভরণবিশেষ। [ফা. তখ্‌তী]।

তক্র (p. 363) [takra] বি. ঘোল, দইয়ে জল মিশিয়ে প্রস্তুত ঘোল। [সং. তক্ + র (রক্)]।

তক্ষক (p. 363) [takṣaka] বি. 1 যে তক্ষণ করে অর্থাত্ ছুতোর; 2 অর্জুনের পৌত্র পরীক্ষিৎকে দংশনকারী সাপবিশেষ, অষ্টনাগের অন্যতম; 3 গিরগিটিজাতীয় প্রাণিবিশেষ। [সং. তক্ষ্ + অক]।

তক্ষণ (p. 363) [takṣaṇa] বি. 1 অস্ত্রের সাহায্যে কাঠ ইত্যাদি চাঁচা বা কোঁদা; ছুতোরের কাজ (তক্ষণে নিযুক্ত); 2 রেঁদা, বাইস। [সং. √ তক্ষ্ + অন]। তক্ষণাস্ত্র বি. ছুতোরের অস্ত্র, যে অস্ত্রে তক্ষণ করা হয়। তক্ষণী বি. তক্ষণাস্ত্র -র অনুরূপ।

তখতনামা (p. 363) [takhatanāmā] দ্র তকতনামা।

তখন (p. 363) [takhana] ক্রি-বিণ. সেইসময়, সে কালে, সে যুগে (তখন তুমি কোথায় ছিলে?) তখন কলকাতায় ঘোড়ায়-টানা ট্রাম চলত)। □ সমু. তব্য. 1 তবে, তা হলে (বাপ মরুক, তখন বুঝবে ঠেলা); 2 তাই, সেইজন্য, তার ফলে (তাকে অনেক করে বোঝানো হল, তখন সে বুঝল); 3 অবশেষে (চোর পালাল, তখন গৃহস্থের ঘটে বুদ্ধি এল)। □ বি. সেইসময়, সেই কাল (তখন থেকে এক বছর)। [সং. তৎক্ষণ]।˜ ই, তখনি অব্য. সেই মুহূর্তেই, তৎক্ষণাত্।˜ কার বিণ. সেইসময়ের (তখনকার ব্যাপারই আলাদা); সে কালের, সে যুগের (তখনকার দিন)।

তখরচ (p. 364) [takharaca] বি. নির্দিষ্ট খরচের আনুষঙ্গিক বাজে খরচ। [আ. তয় (ফা. তহ্) + ফা. খর্চ]।

তগর (p. 364) [tagara] বি. টগর ফুল বা তার গাছ। [সং. ত + √ গৃ + অ]।

তগাবি (p. 364) [tagābi] বি. জমির উন্নতির জন্য সরকারের কাছ থেকে কৃষক যে ঋণ পায়; কৃষিঋণ। [আ. তকাবী]।

তঙ্ক (p. 364) [taṅka] বি. পাথর কাটবার বা ভাঙবার অস্ত্রবিশেষ, ছেনি বা বাটালি। [সং. √ তঙ্ক্ + অ]।

তঙ্কা (p. 364) [taṅkā] বি. টাকা। [সং. টঙ্ক]।

তছ্-নছ্, তচ-নচ (p. 364) [tacha-nacha, taca-naca] বিণ. বিধ্বস্ত, লণ্ডভণ্ড, বিপর্যস্ত, বিনষ্ট (জিনিসপত্র ফেলে ছড়িয়ে একেবারে তছনছ করে দিয়েছে)। [তু. হি. তহস্নহস্]।

তছ-রূপ (p. 364) [tacha-rūpa] বি. 1 (অন্যের ধনসম্পত্তি) অন্যায়ভাবে ও গোপনে আত্মসাত্ করা বা চুরি করা (তহবিল তছরূপ); 2 অনিষ্ট (ফসলের তছরূপ)। [আ. তসর্রুফ্]।

তছু (p. 364) [tachu] সর্ব. (ব্রজ.) তাঁর ('তছু পায়ে মঝু পরণাম': গো. দা.)। [সং. তস্য]।

তজ-বিজ (p. 364) [taja-bija] বি. 1 বিচারবিবেচনাপ্রসূত সিদ্ধান্ত, রায়; 2 বিচারবিবেচনা (তজবিজ করে দেখো); 3 খোঁজখবর (যথেষ্ট তজবিজ না করে কাজ কোরো না); 4 বন্দোবস্ত, ব্যবস্থা; 5 কার্যপ্রণালী। [ফা. তজ্বিজ্]।

তজ্জনিত (p. 364) [tajjanita] বিণ. তা থেকে উৎপন্ন বা প্রসূত (ব্যর্থতা এবং তজ্জনিত মনঃকষ্ট)। [সং. তত্ + জনিত]।

তজ্জন্য (p. 364) [tajjanya] অব্য. সেই কারণে, সেই হেতু। [সং. তত্ + জন্য]।

তজ্জাত (p. 364) [tajjāta] বিণ. তা থেকে প্রসূত বা উৎপন্ন, তজ্জনিত। [সং. তত্ + জাত]।

তঞ্চ (p. 364) [tañca] বি. 1 প্রতারণা; ছলনা; 2 কৌশল। [সং. √ তঞ্চ্ + অ]। ~ বিণ. প্রবঞ্চক, প্রতারক, বঞ্চনাকারী, ঠগ। [সং. √ তঞ্চ্ + অক]। ~ কতা বি. প্রবঞ্চনা, প্রতারণা, চাতুরী।

তঞ্চন (p. 364) [tañcana] বি. 1 সংকোচন; 2 সংক্ষেপ; 3 (রসা.) তরল পদার্থের ঘন পিণ্ডাকারে রূপান্তর, coagulation (বি. প.), ঘনীভবন। [সং. √ তঞ্চ্ (=সংকোচন) + অন]।

তঞ্চিত (p. 364) [tañcita] বিণ. 1 সংকুচিত; 2 ঘনীভূত, জমাট বেঁধেছে এমন; 3 সংক্ষিপ্ত। [সং. √ তঞ্চ্ + ণিচ্ + ত]।

তট (p. 364) [taṭa] বি. 1 তীর, কূল (সমুদ্রতট, নদীতট); 2 স্থল, উঁচু স্থান (কটিতট, ললাটতট); 3 পর্বতের উপরের সমতলভূমি (গিরিতট)। [সং. √ তট্ + অ]।

তটস্থ1 (p. 364) [taṭasha1] বিণ. 1 ব্যস্তসমস্ত, শশব্যস্ত; 2 বিচলিত (ভয়ে তটস্থ)। [তু. সং. ত্রস্ত]।

তটস্থ2 (p. 364) [taṭasha2] বিণ. 1 তীরে অবস্থিত, তীরস্থ (নদীতটস্থ গাছপালা) 2 সমীপস্থ; 3 নিরপেক্ষ; 4 উদাসীন, নির্লিপ্ত ('তটস্থ হইয়া বিচারিলে আছে তরতম': চৈ. চ.)। [সং. তট + √ স্থা + অ]। তটস্থ লক্ষণ (দর্শ.) ব্রহ্মের জগৎসৃষ্টিরূপ বাহ্যলক্ষণ। তটস্থ শক্তি (দর্শ.) ভগবান যে শক্তিবলে জীব সৃষ্টি করেন, জীবশক্তি।

তটিনী (p. 364) [taṭinī] বি. নদী। [সং. তট + ইন্ + ঈ]।

তড়কা (p. 364) [taḍ়kā] বি. 1 শিশুদের অঙ্গ-আক্ষেপমূলক রোগবিশেষ, শিশুদের খিঁচুনি রোগবিশেষ; 2 ধনুষ্টংকার রোগ। [তু. হি. তড়কনা]।

তড়প (p. 364) [taḍ়pa] দ্র তরফ2।

তড়পানো (p. 364) [taḍ়pānō] ক্রি-বি. 1 লাফানো; 2 আস্ফালন করা (যতই তড়পাও, আমি ভয় পাচ্ছি না); 3 ক্রোধে বা উত্তেজনায় অস্থিরতা প্রকাশ করা। [হি. তড়পনা]। তড়পানি বি. আস্ফালন; উত্তেজনাজনিত অস্থিরতা; হম্বিতম্বি।

তড়-বড় (p. 364) [taḍ়-baḍ়] বি. অতিরিক্ত ব্যস্ততা বা তাড়াহুড়োর ভাব (অত তড়বড় করে কথা বলছ কেন, সব কাজে বড্ড তড়বড় করে)। [দেশি]। তড়-বড়া, তড়-বড়ানো ক্রি. তড়বড় করা। □ বি. উক্ত অর্থে। তড়-বড়ানি বি. তড়বড় করার ভাব (সব ব্যাপারে এত তড়বড়ানি ভালো নয়)। তড়-বড়ে বিণ. তড়বড় করে এমন।

তড়াক (p. 364) [taḍ়āka] বি. হঠাত্ লাফ বা লাফের বেগসূচক ভাব (তড়াক করে বিছানা থেকে লাফ দিল)। [দেশি]।

তড়াগ (p. 364) [taḍ়āga] বি. বড় ও গভীর পুকুর, দীঘি। [সং. তট + √ অগ্ + অ]।

তড়ি-ঘড়ি (p. 364) [taḍ়i-ghaḍ়i] ক্রি-বিণ. তাড়াতাড়ি, খুব তাড়াতাড়ি, তৎক্ষণাত্, একটুও দেরি না করে; ব্যস্তসমস্ত হয়ে (খবর পেয়েই তড়িঘড়ি ছুটে এসেছি)। [দেশি]।

তড়িচ্চালক (p. 364) [taḍ়iccālaka] বিণ. বিদ্যুৎপ্রবাহক, electromotive (বি. প.)। [সং. তড়িত্ + চালক]। বিণ. তড়িচ্চালিত।

তড়িচ্চুম্বক (p. 364) [taḍ়iccumbaka] বি. তড়িৎপ্রবাহের দ্বারা চৌম্বকশক্তি দান করা হয়েছে এমন লৌহখণ্ড, electromagnet (বি. প.)। [সং. তড়িত্ + চুম্বক]।

তড়িত্ (p. 364) [taḍ়it] বি. বিদ্যুত্। [সং. √ তড্ + ইত্]। ˜ শিখা বি. বিদ্যুতের ঝলক, বিদ্যুতের চমকানি। তড়িতালোক বি. বিদ্যুতের আলো।

তড়িত্বান, (বর্ত. অপ্র.) তড়িত্বান্ (p. 364) [taḍ়itbāna, (barta. apra.) taḍ়itbān] (-ত্বত্) বি. মেঘ। [সং. তড়িত্ + বত্]। তড়িদ্-গতি বি. 1 বিদ্যুতের মতো গতি বা অবিরাম প্রবাহ; 2 (গৌণ অর্থে) অতি দ্রুত গতি। তড়িদ্-গর্ভ বি. মেঘ। তড়িদ্দাম বি. বিদ্যুতের রেখা।

তড়িদ্-দ্বার (p. 364) [taḍ়id-dbāra] বি. বৈদ্যুতিক তারের উভয় প্রান্ত, electrode (বি. প.)। [সং. তড়িত্ + দ্বার]।

তড়িদ্-বিশ্লেষণ (p. 364) [taḍ়id-biślēṣaṇa] বি. তড়িৎপ্রবাহের সাহায্যে রাসায়নিক বিশ্লেষণ, electrolysis (বি. প.)। [সং. তড়িত্ + বিশ্লেষণ]।

তড়িদ্-বীক্ষণ (p. 364) [taḍ়id-bīkṣaṇa] বি. যে যন্ত্রে তড়িৎপ্রবাহ ধরা পড়ে। [সং. তড়িত্ + বীক্ষণ]।

তড়িন্ময় (p. 364) [taḍ়inmaẏa] বিণ. বিদ্যুৎপূর্ণ, যাতে বিদ্যুত্ আছে এমন (তড়িন্ময় তার)। [সং. তড়িত্ + ময়]।

তড়িল্লতা (p. 364) [taḍ়illatā] বি. লতার আকৃতিযুক্ত বিদ্যুত্। [সং. তড়িত্ + লতা]।

তড়িল্লেখা (p. 364) [taḍ়illēkhā] বি. রেখার মতো বিদ্যুত্, রেখার আকৃতিযুক্ত বিদ্যুত্। [সং. তড়িত্ + লেখা]।

তণ্ডুল (p. 364) [taṇḍula] বি. চাল। [সং. √ তণ্ড্ + উল]।

তত1 (p. 364) [tata1] বিণ. বিস্তৃত, ব্যাপ্ত (তু. আতত, সতত)। □ বি. তন্তুনির্মিত সেতার বীণা এসরাজ ইত্যাদি বাদ্য (ততযন্ত্র)। [সং. √ তন্ + ত]।

তত2 (p. 365) [tata2] অব্য. বিণ. 1 সেই পরিমাণ (যত হাসি তত কান্না, যত টাকা চাও তত পাবে না); 2 তেমন, সেইরকম; আশানুরূপ (বইটি তত ভালো নয়)। [সং. ততি]।˜ ক্ষণ ক্রি-বিণ. 1 ততখানি সময়, সেই পর্যন্ত (ততক্ষণ তুমি কী করবে? যতক্ষণ না আসি ততক্ষণ থেকো); 2 সেই সময়ের মধ্যে (ততক্ষণ নিশ্চয় সে ফিরে আসবে)।˜ হি,˜ হিঁ (ব্রজ.) ক্রি-বিণ. তাতে ('ততহি বয়ান পুছন্দ': বিদ্যা)।

ততঃ (p. 365) [tatḥ] (-তস্) ক্রি-বিণ. তারপর, অতঃপর। [সং. তদ্ + তস্]। ততঃ কিম্ তারপর কী?

তত্ (p. 365) [tat] (তদ্) সর্ব. 1 সে; তিনি; 2 সেই, তা (তদবধি, তৎকালে)। [সং. √ তন্ + অদ্]।˜ কাল বি. সেইসময়, সেই কাল, সেই যুগ (তৎকালে এমন হইত না)।˜ কালীন বিণ. সেই সময়কার, তদানীন্তন (তৎকালীন অবস্থা)।˜ ক্ষণাত্ ক্রি-বিণ. সেই মুহূর্তে, অবিলম্বে।˜ পর ক্রি-বিণ. তারপর, তদনন্তর। □ বিণ. 1 পটু, দক্ষ (কর্মতৎপর); 2 যত্নবান; 3 উদ্যমী; সচেষ্ট; 4 সতর্ক।˜ পরতা বি. পটুতা; প্রযত্ন; সচেষ্টতা, উদ্যম, সতর্কতা।˜ পরায়ণ বিণ. তাতে মনোযোগী বা অত্যন্ত আসক্ত। বি.˜ পরায়ণতা।˜ পুরুষ বি. 1 পরমপুরুষ ভগবান; 2 (ব্যাক.) সমাসবিশেষ-এই সমাসে পূর্বপদের বিভক্তি লোপ পায় এবং প্রায়শ পরপদের প্রাধান্য হয়। যেমন, গৃহ থেকে আগত = গৃহাগত, গাছে পাকা = গাছপাকা।˜ সংক্রান্ত বিণ. সেই সম্পর্কিত, সেই বিষয় সম্পর্কিত।˜ সদৃশ বিণ. সেইরকম, তদ্রূপ, তার তুল্য।˜ সম বি. বিণ. তার সদৃশ, তার মতো; (ব্যাক.) সংস্কৃত থেকে গৃহীত এবং বাংলা ভাষায় অবিকৃতরূপে প্রচলিত (তৎসম শব্দ-যেমন বিদ্যা, আলোক, চন্দ্র)।˜ স্থলাভি-ষিক্ত বিণ. তার স্থানে বা পদে নিযুক্ত বা অধিষ্ঠিত; তার প্রতিনিধিস্বরূপ।˜ স্বরূপ বিণ. তৎসদৃশ -র অনুরূপ।

ততোধিক (p. 365) [tatōdhika] বিণ. আরও বেশি; তার চেয়েও বেশি ('যত না পশ্চাৎপদ, ততোধিক বিমুখ অতীতে': সু. দ.)। [সং. ততঃ + অধিক]।

তত্তাবত্ (p. 365) [tattābat] বি. বিণ. সেইসব, সেইসমস্ত, সেই সমুদয় (গ্রামে থেকে সে তত্তাবত্ দেখাশুনা করছে)। [সং. তত্ + তাবত্]।

তত্তুল্য (p. 365) [tattulya] বিণ. তার তুল্য, তার সদৃশ, তার মতো (তত্তুল্য সজ্জন); সেইরকম। [সং. তত্ + তুল্য]।

তত্ত্ব (p. 365) [tattba] বি. 1 স্বরূপ, সত্য, যথার্থ রূপ (তত্ত্বাভিজ্ঞ, তত্ত্বদর্শী); 2 ব্রহ্ম; 3 সুসম্বন্ধ জ্ঞান, বিজ্ঞান (জীবতত্ত্ব); 4 সাংখ্যমতে চব্বিশটি মূল পদার্থ ('চতুর্বিংশতি তত্ত্ব'); 5 পারমার্থিক জ্ঞান (তত্ত্বকথা); 6 অনুসন্ধান, খোঁজ (তবিলম্বে তার তত্ত্ব নাও); 7 দার্শনিক বা বৈজ্ঞানিক সিদ্ধান্ত, theory; 8 উপঢৌকন (বিয়ের তত্ত্ব)। [সং. তদ্ + ত্ব]। তত্ত্ব করা ক্রি. বি. 1 খোঁজ নেওয়া; 2 কুটুমের বাড়িতে লোকাচার অনুযায়ী উপহার বা উপঢৌকন পাঠানো। ̃ চিন্তা বি. 1 ব্রহ্ম সম্বন্ধে ভাবনাচিন্তা; 2 দার্শনিক বা আধ্যাত্মিক চিন্তা। ̃ জিজ্ঞাসা বি. 1 তত্ত্বজ্ঞানলাভের আকাঙ্ক্ষা; 2 ব্রহ্মবিষয়ক প্রশ্ন। ̃ জ্ঞ বিণ. 1 তত্ত্ব জানে এমন; 2 ব্রহ্মজ্ঞ; 3 দর্শনশাস্ত্রবিদ। ̃ জ্ঞান বি. 1 ব্রহ্ম সম্বন্ধে জ্ঞান; ধর্মজ্ঞান; প্রকৃত জ্ঞান; 2 দার্শনিক জ্ঞান। ̃ জ্ঞানী বিণ. 1 ব্রহ্মজ্ঞানী; 2 দার্শনিক। ̃ তল্লাস, ̃ তালাশ বি. 1 খোঁজখবর; 2 লৌকিকতা। [সং. তত্ত্ব + আ. তলাশ]। ̃ দর্শী (-র্শিন্) বিণ. 1 তত্ত্বজ্ঞানী; 2 ব্রহ্মজ্ঞানী; 3 জ্ঞানী; 4 বিচক্ষণ; 5 স্বরূপদর্শী। বি. ̃ দর্শিতা। ̃ বিদ, ̃ বিদ্, ̃ বিত্ বিণ. তত্ত্বজ্ঞানী। তত্ত্বানু-সন্ধান বি. 1 তত্ত্বের বা তথ্যের খোঁজ; 2 ব্রহ্মজ্ঞানলাভের চেষ্টা; 3 প্রকৃত অবস্থা জানার চেষ্টা। তত্ত্বানু-সন্ধায়ী (-য়িন্) বিণ. তত্ত্বানুসন্ধান করে এমন, তত্ত্বজিজ্ঞাসু। তত্ত্বাব-ধান বি. 1 পরিচালনা; 2 খোঁজখবর নেওয়া; 3 অধ্যক্ষতা; 4 রক্ষণাবেক্ষণ (সম্পত্তির তত্ত্বাবধান করা)। তত্ত্বাব-ধায়ক বিণ. বি. তত্ত্বাবধানকারী। তত্ত্বাব-ধারক বিণ. বি. প্রকৃত তথ্য বা সত্য নির্ধারণ। তত্ত্বালোচনা বি. তত্ত্বজ্ঞানচর্চা; দার্শনিক তথ্য বা জ্ঞান সম্বন্ধে অনুশীলন। তত্ত্বীয় বিণ. 1 তত্ত্ববিষয়ক, মতবাদবিষয়ক; 2 সিদ্ধান্তবিষয়ক, theoretical.

তত্র (p. 365) [tatra] ক্রি-বিণ. সেখানে, তথায়; (কথ্য) তেমন, তত (যত্র আয় তত্র ব্যয়)। [সং. তদ্ + ত্র]। ˜ ত্য, ˜ স্থ বিণ. সেই স্থানের, তথাকার, সেখানকার। তত্রাচ অব্য. তবু. তথাপি। তত্রাপি অব্য. ক্রি-বিণ. সেক্ষেত্রেও, তবুও, তথাপি।

তথা (p. 365) [tathā] অব্য. 1 সেই স্থান, সেখান (তথা হইতে, তথাকার); 2 সেখানে, সেই স্থানে (যথা ইচ্ছা তথা যা); 3 সেই রকম, তেমন (যথা আয় তথা ব্যয়); 4 উদাহরণস্বরূপ (তথা, রামায়ণ ও মহাভারতে); 5 অপিচ, আরও, এমন-কী (সমগ্র বঙ্গদেশ তথা ভারতবর্ষ)। [সং. তদ্ + থা]। ˜ কথিত বিণ. উক্ত নামে পরিচিত, কিন্তু ওই নামের যোগ্যতা বা যথার্থতা বিষয়ে সন্দেহ আছে (সেখানে এসেছিলেন ওই তথাকথিত সাধুরাও)। ˜ কার বিণ. সেখানকার। ˜ গত বি. যিনি তথা অর্থাত্ সেইরূপ নির্বাণগত অর্থাত্ নির্বাণপ্রাপ্ত হয়েছেন, যাতে পুনর্জন্ম না হয় এরূপ নির্বাণপ্রাপ্ত ব্যক্তি, বুদ্ধদেব। □ বিণ. সেই প্রকারে আগত বা গত। ˜ গতি বি. নির্বাণ ('আসে তথাগতি তোমার প্রগাঢ় আলিঙ্গনে': সু. দ.)। ˜ চ, ˜ পি অব্য. তবুও; তা সত্ত্বেও। ˜ বিধ বিণ. সেইরকম, তাদৃশ। ˜ ভূত বিণ. 1 সেই অবস্থাপ্রাপ্ত, তদবস্থ; 2 সেইভাবে উৎপন্ন বা জাত। ˜ য় অব্য. বি. সেখানে, সেই স্থানে ('সত্বর তথায় গমন কর')। ˜ স্তু অব্য. তাই হোক।

তথি (p. 365) [tathi] অব্য. (প্রা. বাং.) 1 সেখানে; 2 তাতে; 3 ও, অপিচ ('গোবিন্দদাস তথি পূরল ইহ রস ওর': গো. দা.). [সং. তথা + বাং. ই]।

তথৈব (p. 365) [tathaiba] অব্য. (বর্ত. অপ্র.) সেই প্রকারই, সেই রকমই। [সং. তথা + এব]।

তথৈবচ (p. 365) [tathaibaca] অব্য. 1 সেই রকমই (তুমিও তো দেখছি তথৈবত); 2 প্রকৃত প্রস্তাবে তেমনই (তার বিদ্যা তো নেই-ই, বুদ্ধিও তথৈবচ)। [সং. তথা + এব + চ]।

তথ্য (p. 365) [tathya] বি. 1 যাথার্থ্য, জ্ঞাতব্য বিষয়, আসল কথা, ঠিক খবর (তথ্যানুসন্ধান); 2 সত্য, fact (বৈজ্ঞানিক তথ্য)। □ বিণ. যথার্থ, প্রমাণিত, অবিসংবাদী (তথ্যবচন)। [সং. তথা + য]। ˜ চিত্র বি. বাস্তব ঘটনার বিবরণসংবলিত চলচ্চিত্র, documentary film.˜ পঞ্জি বি. তথ্যের তালিকা।˜ বাহী (-হিন্) বিণ. জ্ঞাতব্য বিষয়পূর্ণ, যাতে তথ্য আছে এমন।˜ ভাষী, (-ষিন্),˜ বাদী (-দিন্) বিণ. সত্যবাদী। তথ্যানু-সন্ধান বি. পরীক্ষা বা তদন্তের দ্বারা প্রকৃত তথ্য বা ঘটনা জানার চেষ্টা। তথ্যানু-সন্ধায়ী (-য়িন্) বিণ. প্রকৃত সত্য অনুসন্ধানকারী। তথ্যাভিজ্ঞ বিণ. প্রকৃত ব্যাপারের জ্ঞানসম্পন্ন।

তদ্-গত, তদ্গত (p. 365) [tad-gata, tadgata] বিণ. 1 (তাতে) নিমগ্ন বা অভিনিবিষ্ট; 2 একাগ্র। [সং. তদ্ + গত]।˜ চিত্ত বিণ. অনন্যমনা, তন্ময় (তদ্গতচিত্ত হয়ে আকাশের দিকে তাকিয়ে ছিলেন)।

তদতি-রিক্ত (p. 365) [tadati-rikta] বিণ. তার চেয়ে বেশি; তা ছাড়া (বেতন পাবে, তদতিরিক্ত কিছু নয়)। [সং. তদ্ + অতিরিক্ত]।

তদনন্তর (p. 365) [tadanantara] ক্রি-বিণ. তারপর, অতঃপর। [সং. তদ্ + অনন্তর]।

তদনুগ, তদনু-গামী (-মিন্) তদনুবর্তী (-র্তিন্), তদনু-সারী (p. 365) [tadanuga, tadanu-gāmī (-min) tadanubartī (-rtin), tadanu-sārī] (-রিন্) বিণ. তদ্রূপ, সেইরকম; সেই পথ বা তার পথ অনুসরণকারী; সেই মতাবলম্বী। [সং. তদ্ + অনুগ, অনুগামী, অনুবর্তী, অনুসারী]। তদনু-সারে ক্রি-বিণ. সেই অনুসারে, সেই অনুযায়ী, সেইভাবে; তা মেনে নিয়ে।

তদনু-যায়ী (p. 365) [tadanu-yāẏī] (-য়িন্) বিণ. তদনুগামী, তদ্রূপ, সেইরকম। □ ক্রি-বিণ. তদনুসারে, সেইভাবে। [সং. তদ্ + অনুযায়িন্]।

তদনু-রূপ (p. 365) [tadanu-rūpa] বিণ. সেইরকম, সেইরূপ, তাদৃশ, তার মতো, তত্তুল্য (তদনুরূপ চারিত্রিক দৃঢ়তা আর দেখিনি)। □ ক্রি-বিণ. সেইমতো, সেইরূপভাবে, তদনুসারে (তাহারা তদনুরূপ করিল)। [সং. তদ্ + অনুরূপ]।

তদনুসারী, তদনুসারে (p. 365) [tadanusārī, tadanusārē] দ্র তদনুগ।

তদন্ত (p. 365) [tadanta] বি. 1 তার শেষ; 2 স্বরূপ নির্ণয়; 3 প্রকৃত অবস্থা বা ঘটনা সম্বন্ধে অনুসন্ধান বা খোঁজ। [সং. তদ্ + অন্ত]। তদন্ত কমিটি বি. প্রকৃত ঘটনা বা অবস্থা অনুসন্ধানের জন্য নিযুক্ত ব্যক্তিবর্গ। তদন্ত কমিশন তদন্ত কমিটি -র অনুরূপ।

তদন্তর (p. 365) [tadantara] ক্রি-বিণ. তারপর (তদন্তর বহুদিন তাহাদের সাক্ষাত্ হয় নাই)। [সং. তদ্ + অন্তর]।

তদন্তর্বর্তী (p. 365) [tadantarbartī] (-র্তিন্) বিণ. তার ভিতরে; (সাধারণত) দুটি ঘটনা বা সময়ের মধ্যবর্তী। [সং. তদ্ + অন্তর্বর্তিন্]।

তদন্য (p. 365) [tadanya] বিণ. তা থেকে পৃথক, তদ্ভিন্ন। [সং. তদ্ + অন্য]।

তদবধি (p. 365) [tadabadhi] ক্রি-বিণ. সেই সময় থেকে, সেইসময় বা ঘটনার পর থেকে, সেই অবধি (তদবধি তার মনে শান্তি নেই)। [সং. তদ্ + অবধি]।

তদবস্থ (p. 365) [tadabasha] বিণ. সেই অবস্থাপ্রাপ্ত; সেই অবস্থায় অবস্থিত। [সং. তদ্ + অবস্থা (সমাসান্ত)]। তদবস্থা বি. সেই অবস্থা (তদবস্থায় কীই বা করা যেতে পারে?)।

তদবির (p. 365) [tadabira] বি. 1 দেখাশুনা বা পরিচালনা; 2 প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন (মামলার তদরির করা); 3 উদ্দেশ্যসিদ্ধির চেষ্টা; জোগাড়যন্ত্র (চাকরির তদবির করা)। [আ. তদ্বীর]।˜ তদারক বি. দেখাশুনা বা পরিচালনা, তত্ত্বাবধান।

তদর্থ (p. 365) [tadartha] বি. তার অর্থ বা মানে। □ ক্রি-বিণ. সেইজন্য, সেই কারণে (তিনি তদর্থ বনে গমন করিলেন)। [সং. তদ্ + অর্থ]।˜ ক বিণ. 1 এই উদ্দেশ্যে বিহিত; 2 এই বিশেষ উদ্দেশ্যে কৃত, ad hoc (স. প.)। তদর্থে ক্রি-বিণ. সেইজন্য, সেই কারণে।

তদা (p. 365) [tadā] (বর্ত. অপ্র.) অব্য. 1 সেইসময়, সে কালে; 2 তা হলে। [সং. তদ্ + দা]।

তদাকার, তদাকৃতি (p. 365) [tadākāra, tadākṛti] বিণ. সেইপ্রকার, সেইরকম, তাদৃশ, তত্তুল্য। [সং. তদ্ + আকার, আকৃতি]।

তদাত্মক (p. 365) [tadātmaka] বিণ. তদ্গত, তদ্গতচিত্ত; নিবিষ্ট। [সং. তদ্ + আত্মন্ + ক]।

তদাত্মা (p. 365) [tadātmā] (-ত্মন্) বিণ. 1 তৎস্বরূপ; 2 তার সঙ্গে অভিন্ন। [সং. তদ্ + আত্মন্]। তাদাত্ম্য বি. তৎস্বরূপতা, অভেদ।

তদানীং (p. 365) [tadānī] (-নীম্) অব্য. সেইসময়, সেকালে, তখন। [সং. তদ্ + দানীম্]। তু. ইদানীং।

তদানীন্তন (p. 365) [tadānīntana] বিণ. তৎকালীন, তখনকাল (তদানীন্তন সভাপতি, তদানীন্তন অবস্থা)। [সং. তদানীম্ + তন]।

তদারক (p. 365) [tadāraka] বি. 1 তদন্ত, অনুসন্ধান (চুরি-ডাকাতির তদারক করা); 2 তত্ত্বাবধান, দেখাশুনা (সম্পত্তির তদারক করা)। [আ. তদারুক্]। তদারকি বি. তদারক (এসব তদারকি করা কি কম ঝক্কির কাজ?)। [তদারক + বাং. ই]।

তদীয় (p. 365) [tadīẏa] বিণ. তার, সেই ব্যক্তির বা সেই ব্যক্তিসম্বন্ধীয় (তদীয় বাসভবন, তদীয় সংবাদ)। [সং. তদ্ + ঈয়]।

তদুপরি (p. 365) [tadupari] অব্য. ক্রি-বিণ. তার উপর, তার অতিরিক্ত, তা ছাড়া (তিনি বিদ্বান ও বুদ্ধিমান, তদুপরি তাঁর অর্থেরও অভাব নেই)। [সং. তদ্ + উপরি]।

তদুপলক্ষে, তদুপলক্ষ্যে (p. 365) [tadupalakṣē, tadupalakṣyē] ক্রি-বিণ. সেই প্রয়োজনে, সেই উদ্দেশ্যে। [সং. তদ্ + উপলক্ষ্য + বাং. এ বিভক্তি]।

তদেক (p. 365) [tadēka] বিণ. 1 তার সঙ্গে এক বা অভিন্ন; 2 সেই একমাত্র, অনন্য (তদেকশরণ)। [সং. তদ্ + এক]। ̃ চিত্ত বিণ. তন্ময়, অনন্যমনা।

তদ্দণ্ডে (p. 365) [taddaṇḍē] ক্রি-বিণ. সেই মুহূর্তে, তৎক্ষণাত্ (সে তদ্দণ্ডে ঘর থেকে বেরিয়ে গেল)। [সং. তদ্ + দণ্ড + বাং. এ বিভক্তি]।

তদ্দরুন (p. 365) [taddaruna] ক্রি-বিণ. সেইজন্য। [সং. তদ্ + ফা. দরুন]।

তদ্দ্বারা (p. 365) [taddbārā] সর্ব. তার দ্বারা (তদ্দ্বারা এ কাজ হইবে না)। [সং. তদ্ + দ্বারা]।

তদ্ধিত (p. 365) [taddhita] বি. (ব্যাক.) শব্দের উত্তর বিহিত প্রত্যয়-যেমন দশরথ + ই = দাশরথি, দুরন্ত + পনা = দুরন্তপনা। [সং. তদ্ (সেই অর্থাত্ মূলশব্দে) + হিত (উপযুক্ত)]।

তদ্বত্ (p. 365) [tadbat] অব্য. সেইরকম, তত্তুল্য। [সং. তদ্ + বত্]।

তদ্বিধ (p. 365) [tadbidha] বিণ. সেইপ্রকার, সেইরকম। [সং. তদ্ + বিধা (সমাসান্ত)]।

তদ্বিষয়ক (p. 367) [tadbiṣaẏaka] বিণ. সেই বিষয় সম্বন্ধীয়; তার বিষয় সম্বন্ধীয়। [সং. তদ্ + বিষয়ক]।

তদ্ব্যতিরিক্ত, তদ্ব্যতীত (p. 367) [tadbyatirikta, tadbyatīta] বিণ. তদ্ভিন্ন, তা ছাড়া, তার অতিরিক্ত (আমি তদ্ব্যতিরিক্ত কাউকে জানি না; তদ্ব্যতীত বিষয়ে তাঁর জ্ঞান নাই)। □ ক্রি-বিণ. তা ছাড়া, তদ্ব্যতিরেকে (তিনি তদ্ব্যতিরিক্ত জানেন না)। [সং. তদ্ + বি + অতিরিক্ত, + অতীত]।

তদ্ভব, তদ্-ভব (p. 367) [tadbhaba, tad-bhaba] বিণ. 1 তা থেকে উৎপন্ন; 2 (ব্যাক.) সংস্কৃত থেকে উৎপন্ন, কিন্তু প্রাকৃত ভাষায় এবং তা থেকে বাংলা ভাষায় ক্রমশ পরিবর্তিত রূপে প্রচলিত-যেমন বাং. হাত < প্রাকৃ. হত্থ < সং. হস্ত। [সং. তদ্ + √ ভূ + অ]।

তদ্ভাব (p. 367) [tadbhāba] বি. সেই ভাব, তার বিশেষ ভাব, তার ধর্ম, প্রকৃতি বা অবস্থা; সেইবিষয়ক ভাবনা বা চিন্তা। [সং. তদ্ + ভাব]। তদ্ভাব-ভাবিত, তদ্ভাবাপন্ন বিণ. সেই ভাবপ্রাপ্ত; তদবস্থ।

তদ্ভিন্ন (p. 367) [tadbhinna] অব্য. ক্রি-বিণ. তা ছাড়া (শুধু জ্ঞান চাই, তদ্ভিন্ন অন্য কিছু নয়)। [সং. তদ্ + ভিন্ন]।

তদ্রূপ (p. 367) [tadrūpa] বিণ. সেইরূপ, সেইরকম, তত্তুল্য (তদ্রূপ বিষয়, তদ্রূপ চরিত্র)। □ ক্রি-বিণ. সেই প্রকারে, সেইভাবে, তদনুসারে (তদ্রূপ করা)। [সং. তদ্ + রূপ]।

তনকা (p. 367) [tanakā] বি. টাকা। [হি. তন্খা < ফা. তন্খোআহ্]।

তনখা (p. 367) [tanakhā] বি. 1 বেতন; 2 টাকা, তনকা। [ফা. তন্খোআহ্]।

তনয় (p. 367) [tanaẏa] বি. পুত্র, ছেলে (রাজার তনয়)। [সং. √ তন্ (=বিস্তার) + অয়]। তনয়া বি. (স্ত্রী.) কন্যা, মেয়ে।

তনাদি (p. 367) [tanādi] বি. (ব্যাক.) সংস্কৃত ধাতুর গণবিশেষ। [সং. তন্ + আদি]।

তনিকা (p. 367) [tanikā] বি. রজ্জু, দড়ি। [সং. তন্ + অক + আ (স্ত্রী.)]।

তনিমা (p. 367) [tanimā] (-মন্) বি. (শরীরের) সূক্ষ্মতা বা মনোরম কৃশতা ('জগতের অশ্রুধারে ধৌত তব তনুর তনিমা': রবীন্দ্র)। [সং. তনু + ইমন্]।

তনিষ্ঠ (p. 367) [taniṣṭha] বিণ. 1 অতি অল্প বা সামান্য; 2 অতি কৃশ। [সং. তনু (অল্প) + ইষ্ঠ]।

তনু, তনূ (p. 367) [tanu, tanū] বি. 1 দেহ; 2 মূর্তি। □ বিণ. 1 সুন্দর ও কৃশ; 2 কমনীয় (তনুদেহ, 'যেন তনুকায়া অষ্টাদশী': বিষ্ণু)। [সং. √ তন্ + উ, ঊ]।˜ চ্ছেদ,˜ ত্র,˜ ত্রাণ বি. বর্ম, সাঁজোয়া, দেহকে রক্ষা করার আবরণ।˜ জ বি. তনয়, পুত্র।˜ জা বি. (স্ত্রী.) কন্যা, তনয়া।˜ তা বি. কৃশতা, সূক্ষ্মতা।˜ ত্যাগ বি. দেহত্যাগ, মৃত্যু।˜ মধ্যা বিণ. বি. (স্ত্রী.) ক্ষীণ কটিবিশিষ্টা বা ক্ষীণ কটিবিশিষ্টা নারী। □ বি. সংস্কৃত ছন্দোবিশেষ।˜ রুচি বি. দেহের কান্তি বা সৌন্দর্য।˜ রুহ বি. (দেহ থেকে উৎপন্ন হয় এই অর্থে) 1 লোম; 2 পাখির পালক; 3 পুত্র বা কন্যা।˜ শ্রী বি. দেহের কান্তি। তনূদ্ভব বি. পুত্র। তনূদ্ভবা বি. (স্ত্রী.) কন্যা। তনূনপাত্ বি. অগ্নি।

তন্তু (p. 367) [tantu] বি. 1 সুতো; 2 আঁশ; 3 তাঁত। [সং. √ তন্ + তু]।˜ কীট বি. গুটিপোকা, silkworm.˜ জ বিণ. তন্তু বা তাঁত থেকে উৎপন্ন (তন্তুজ শাড়ি)।˜ জীবী বি. তাঁতি।˜ নাথ বি. মাকড়সা।˜ বায় (অপ্র.)˜ বাপ বি. তাঁতি। [সং. তন্তু + √ বে + অ, তন্তু + √ বপ্ + অ]।

তন্ত্র (p. 367) [tantra] বি. 1 সাধনপ্রণালীপ্রধান শাস্ত্রবিশেষ; শিব-শক্তি সম্বন্ধীয় শাস্ত্র বা উপাসনাবিধি (তন্ত্রবিদ্যা, তন্ত্রশাস্ত্র); 2 বেদের শাখাবিশেষ, আগম, নিগম; 3 রাষ্ট্রশাসন পদ্ধতি (প্রজাতন্ত্র, রাজতন্ত্র); 4 বিদ্যা বা শাস্ত্র (চিকিৎসাতন্ত্র); 5 সাধনপ্রণালী, পন্হা; 6 মতবাদ (কোনো তন্ত্র মানি না, বস্তুতন্ত্র); 7 অধ্যায়, পরিচ্ছেদ (পঞ্চতন্ত্র); 8 মন্ত্রবিদ্যা, ঝাড়ফুঁক; 9 তাঁত, বয়নযন্ত্র; 1 পশুর অন্ত্র; 11 তার (বীণাতন্ত্র)। □ বিণ. অধীন, আয়ত্ত, বশ (স্বতন্ত্র, স্বেচ্ছাতন্ত্র, পরতন্ত্র)। [সং. √ তন্ + ত্র]।˜ ধারক,˜ ধারী বি. ধর্মীয় ক্রিয়াকর্মের অনুষ্ঠানে যে-ব্রাহ্মণ পুঁথি

দেখে পুরোহিতকে মন্ত্রপাঠে সাহায্য করে। ˜ শাস্ত্র বি. শিব-শক্তি সম্বন্ধীয় শাস্ত্রবিশেষ।

তন্ত্রী1 (p. 367) [tantrī1] বি. 1 বীণা ইত্যাদি বাদ্যযন্ত্রের তার; 2 বীণা। [সং. √ তন্ত্র + ঈ]।

তন্ত্রী2 (p. 367) [tantrī2] (-ন্ত্রিন্) বিণ. 1 তারযুক্ত (তন্ত্রীবাদ্য); 2 কোনো সম্প্রদায়ের অন্তর্ভুক্ত (শৈবতন্ত্রী, নব্যতন্ত্রী); 3 কোনো পন্হা, মতবাদ, নীতি বা প্রণালী মেনে চলে এমন (স্বৈরতন্ত্রী শাসন)। [সং. √ তন্ত্র + ইন্]।

তন্দুর (p. 367) [tandura] বি. রুটি, পাঁউরুটি প্রভৃতি সেঁকবার উনুনবিশেষ। [উ. তন্দুর < ফা. তনূর্]। তন্দুরি বি. রুটিবিশেষ।

তন্দ্রা (p. 367) [tandrā] বি. নিদ্রার আবেশ, পাতলা বা হালকা ঘুম। [সং. √ তন্দ্র + অ + আ]। ˜ বেশ বি. ঘুমের ঝোঁক। ˜ লু, তন্দ্রিত বিণ. 1 ঘুমাতে চায় এমন; 2 ঘুমের আবেশযুক্ত, তন্দ্রাবিষ্ট; 3 আলস্যযুক্ত।

তন্ন-তন্ন (p. 367) [tanna-tanna] ক্রি-বিণ. পুঙ্খানুপুঙ্খ, পাতিপাতি (তন্নতন্ন করে খুঁজে দেখা দরকার)। [সং. তদ্ + ন + তদ্ + ন]।

তন্নিবন্ধন (p. 367) [tannibandhana] (বর্ত. অপ্র.) ক্রি-বিণ. সেইজন্য, সেই কারণে। (তিনি তন্নিবন্ধন তথায় গমন করিলেন)। [সং. তদ্ + নিবন্ধন]।

তন্নিমিত্ত (p. 367) [tannimitta] ক্রি-বিণ. সেইজন্য, সেইকারণে। [সং. তদ্ + নিমিত্ত]।

তন্নিষ্ঠ (p. 367) [tanniṣṭha] বিণ. সেই বিষয়ে নিবিষ্ট, তন্মনস্ক; একাগ্র। [সং. তদ্ + নিষ্ঠ]।

তন্বী (p. 367) [tanbī] বি. বিণ. (স্ত্রী.) তনু অঙ্গ যার, কৃশাঙ্গী; যার দেহ কৃশ কিন্তু মনোরম। [সং. তনু + ঈ (স্ত্রী.)]।

তন্মনস্ক, তন্মনা, (বর্ত. বিরল) তন্মনাঃ (p. 367) [tanmanaska, tanmanā, (barta. birala) tanmanāḥ] বিণ. একাগ্রচিত্ত, তদ্গতচিত্ত, অভিনিবিষ্ট (তন্মনস্ক হয়ে লিখছে)। [সং. তদ্ + মনস্ক, মনস্, বাং. মনা]।

তন্ময় (p. 367) [tanmaẏa] বিণ. (অন্য সমস্ত বিষয়ে নির্লিপ্ত থেকে) বিশেষ একটি ব্যাপারে অভিনিবিষ্ট, তদ্গতচিত্ত বা একাগ্রচিত্ত; কোনো একটি বিষয়ে যে তার মনকে সংলগ্ন করে (তন্ময় হয়ে ভাবা, তন্ময় হয়ে দৃশ্য দেখা)। [সং. তদ্ + ময়]। বি. ˜ তা, ˜ ত্ব।

তন্মাত্র1 (p. 367) [tanmātra1] ক্রি-বিণ. সর্ব. কেবল সেইটুকুই (তন্মাত্র দেখিয়াছি)। □ বিণ. কেবল সেই পরিমাণ (তন্মাত্র বস্তু)। [সং. তদ্ + মাত্র]।

তন্মাত্র2 (p. 367) [tanmātra2] বি. 1 (সাংখ্যদর্শনে) ক্ষিতি, অপ্, তেজঃ, মরুত্ ও ব্যোম এই সূক্ষ্ম অমিশ্র পঞ্চভূত; 2 শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ-পঞ্চভূতের এই পাঁচটি গুণ। [সং. তদ্ + মাত্রা (সমাসান্ত)]।

তপ, তপঃ (p. 367) [tapa, tapḥ] (-পস্) বি. কোনো সংকল্প সিদ্ধির উদ্দেশ্যে কঠোর সাধনা, তপস্যা, যোগ, ব্রত (জপ-তপ, তপের গুণ, তপের সাধন)। [সং. √ তপ্ + অস্]। তপঃ ক্লেশ বি. তপস্যাজনিত কষ্ট। তপঃ-প্রভাব, তপো-বল বি. তপস্যার শক্তি, তপস্যার জোর, তপস্যার দ্বারা অর্জিত শক্তি।

তপতী (p. 367) [tapatī] বি. 1 সূর্যপত্নী ছায়া; 2 সূর্যের কন্যা; 3 তাপ্তী নদী। [সং. √ তপ্ + অত্ + ঈ]।

তপন (p. 367) [tapana] বি. 1 সূর্য ('প্রখর তপনতাপে': রবীন্দ্র); 2 গ্রীষ্মকাল। [সং. √ তপ্ + অন]। ˜ তনয় বি. 1 সূর্যের পুত্র; 2 যমরাজ; 3 শনিদেব; 4 মহাভারতের কর্ণ।

তপনীয় (p. 367) [tapanīẏa] বিণ. 1 উত্তপ্ত করবার উপযুক্ত; 2 উত্তপ্ত করা সম্ভব এমন; 3 দনহীয়। □ বি. স্বর্ণ। [সং. √ তপ্ + অনীয়]।

তপশ্চরণ, তপশ্চর্যা, তপশ্চারণ (p. 367) [tapaścaraṇa, tapaścaryā, tapaścāraṇa] বি. তপস্যা (তপশ্চর্যায় মগ্ন)। [সং. তপস্ + চরণ (=আচরণ), চর্যা, চারণ]।

তপসে, (বিরল) তপসি (p. 367) [tapasē, (birala) tapasi] বি. সোনালি হলদে রঙের ছোট মাছবিশেষ। [< সং. তপস্বী]।

তপস্বী (p. 367) [tapasbī] (-স্বিন্) বিণ. বি. 1 সাধারণত সংসার ত্যাগ করে অরণ্যবাসী হয়ে যিনি কঠোর নিয়মে দেবতার আরাধনা করেন, তাপস, মুনি, যোগী; সর্বপ্রকার ইন্দ্রিয়মুখ বর্জন করে ঈশ্বরের সাধনায় নিযুক্ত ব্যক্তি; 2 (বর্ত. অপ্র.) অনুকম্পার পাত্র; 3 তপসে মাছ। [সং. তপস্ + বীন্]। বিণ. বি. (স্ত্রী) তপস্বিনী ('তপস্বিনী হে ধরণী': রবীন্দ্র)।

তপস্যা (p. 367) [tapasyā] বি. তপ, যোগ, ব্রত; পাপক্ষয় স্বর্গলাভ ব্রহ্মজ্ঞান জ্ঞানার্জন ইত্যাদি কোনো মহত্ উদ্দেশ্যে কঠোর সাধনা। [সং. তপস্ + য + অ + আ (স্ত্রী.)]।

তপো-ধন, তপো-নিধি (p. 367) [tapō-dhana, tapō-nidhi] বি. তপস্যাই যার সম্পদ, তপস্বী, মুনি, ঋষি। [সং. তপঃ (তপস্) + ধন, নিধি]।

তপো-বন (p. 367) [tapō-bana] বি. মুনিঋষিদের তপস্যার সহায়ক নির্জন ও শান্ত বন; মুনিঋষিদের আশ্রম। [সং. তপঃ (তপস্) + বন]।

তপোবল (p. 367) [tapōbala] দ্র তপ।

তপো-ভঙ্গ (p. 367) [tapō-bhaṅga] বি. 1 তপস্যায় বাধা বা বিঘ্ন; 2 তপস্যা বা ধ্যানের অবসান। [সং. তপঃ (তপস্) + ভঙ্গ]।

তপো-ময় (p. 367) [tapō-maẏa] বি. ঈশ্বর, পরমেশ্বর। □ বিণ. 1 তপস্যাপ্রধান, তপস্যাযুক্ত; 2 তপস্যায় নিরত বা মগ্ন। [সং. তপঃ (তপস্) + ময়]।

তপো-মূর্তি (p. 367) [tapō-mūrti] বি. 1 তপস্যা বা ধ্যানই যাঁর মূর্তি অর্থাত্ পরমেশ্বর; 2 তপস্বী। [সং. তপঃ + মূর্তি]।

তপো-লোক (p. 367) [tapō-lōka] বি. পুরাণে বর্ণিত সপ্তভুবনের অন্যতম। [সং. তপঃ + লোক]।

তপ্ত (p. 367) [tapta] বিণ. 1 তাপযুক্ত, গরম (তপ্ত বালুকা); 2 রুষ্ট, উত্তেজিত (তপ্তকণ্ঠে বলল); 3 ক্রোধে আরক্ত (তপ্ত আঁখি); 4 আগুনে শোধিত, পোড়-দেওয়া (তপ্তকাঞ্চন)। [সং. √ তপ্ + ত]।˜ কাঞ্চন-বর্ণ বিণ. পোড়-দেওয়া সোনার মতো রংবিশিষ্ট। □ বি. পোড়-দেওয়া সোনার মতো রং, উজ্জ্বল গৌরবর্ণ।˜ কাঞ্চন-সন্নিভ বিণ. আগুনে শোধিত বা আগুনে পোড়-দেওয়া সোনার মতো।

তফ-সিল (p. 367) [tapha-sila] বি. 1 বিবরণ; 2 তালিকা, বিশেষ উদ্দেশ্যে প্রস্তুত তালিকা, schedule. [আ. তফ্সীল]। তফ-সিলি বিণ. তফসিলভুক্ত (তফসিলি বিষয়)। □ বি. তফসিলভুক্ত সম্প্রদায়; ভারতে সামাজিক ও আর্থনীতিক দিক দিয়ে অনগ্রসর হিসাবে তালিকাভুক্ত সম্প্রদায়।

তফাত, (বর্জি.) তফাত্ (p. 367) [taphāta, (barji.) taphāt] বি. 1 দূরত্ব, ব্যবধান বা ব্যবধানের পরিমাণ (দুই খুঁটির মধ্যে বিশ হাত তফাত); 2 দূরবর্তী স্থান (তফাতে গিয়ে বসল); 3 পার্থক্য, প্রভেদ (দুই ভাইয়ে অনেক তফাত)। □ বিণ. 1 দূরগত (তফাত হও); 2 পৃথক, আলাদা (ছেলেমেয়েরা তফাত হয়ে গেছে)। [আ. তফাওয়ত্]।

তব1 (p. 367) [taba1] সর্ব. (কাব্যে) তোমার ('তব শুভ আশিস মাগে' : রবীন্দ্র)। [সং. তব]।

তব2 (p. 367) [taba2] অব্য. (ব্রজ.) 1 তখন; 2 তবে, তা হলে ('তব গাওই দুহুঁ মেলি': বৈষ্ণবদাস)। [হি. তব]।˜ হি,˜ হিঁ অব্য. 1 তৎক্ষণাত্, তখনই; 2 তবেই ('তৈখনে রোখ তবহিঁ পরসাদ': গো. দা)।˜ হু,˜ হুঁ অব্য. তথাপি, তবুও ('তবহুঁ মনোরথ পুর': রাধামোহন ঠাকুর)।

তবক1 (p. 367) [tabaka1] বি. 1 সোনা বা রুপার পাত (তবকে মোড়া খিলি); 2 পাত (সোনার তবক)। [ফা. তবক্, তু. আ. ত্বক্]।

তবক2 (p. 367) [tabaka2] বি. স্তর, থাক (তবকে তবকে সাজানো কাপড়)। [তু. সং. স্তবক]।

তবক3 (p. 367) [tabaka3] বি. বন্দুক ('মুটকীর তেজ যেন তবকের গুলি': ক. ক.)। [তুর. তোপক্, তুপক]। তবকি বি. তবকধারী; বন্দুকধারী যোদ্ধা; গোলন্দাজ সৈন্য। [তুর. তুপক্চী]।

ত বর্গ (p. 367) [ta barga] বি. ত থ দ ধ ন-এই পাঁচটি বর্ণ। [ত1 + বর্গ]।

তবল (p. 367) [tabala] বি. কুঠার, কুড়ুল। [ফা. তওয়র্]।˜ দার বি. কুঠারধারী ব্যক্তি; কাঠুরিয়া।

তবলচি (p. 367) [tabalaci] বি. তবলাবাদক। [আ. তবল্ + তুর. চী]।

তবলা (p. 367) [tabalā] বি. এক দিকে চর্মাবৃত বাদ্যযন্ত্রবিশেষ, চর্মাবৃত তালবাদ্যবিশেষ। [আ. তবল্]। তবলিয়া বি. তবলাবাদক, তবলচি।

তবহি, তবহিঁ, তবহু, তবহুঁ (p. 367) [tabahi, tabahi, n̐tabahu, tabahu] দ্র তব2।

তবিয়ত (p. 367) [tabiẏata] বি. 1 স্বাস্থ্য, শারীরিক অবস্থা (আজ তাঁর তবিয়ত ঠিক নেই); 2 মেজাজ। [আ. তবীঅত্]।

তবিল, তবিল-দারি (p. 367) [tabila, tabila-dāri] যথাক্রমে তহবিল ও তহবিলদারি -র কথ্য রূপ।

তবু, তবুও (p. 367) [tabu, tabuō] অব্য. তথাপি, তা সত্ত্বেও, তা হলেও ('তবু মনে রেখো যদি যাই দূরে': রবীন্দ্র)। [তু. ম. বাং. তবহুঁ]।

তবে (p. 367) [tabē] অব্য. 1 তো হলে (সে যদি যায়, তবে আমি যাব না); 2 অতঃপর (এবার তবে যাই, তবে আসি); 3 তারপর (আগে অভাবে পড়, তবে তো পয়সা চিনবে); 4 কিন্তু, পক্ষান্তরে (করতে বলি না, তবে যদি কর, বারণও করব না); 5 আক্রমণাত্মক হুংকার, আস্ফালন ('তবে রে ব্যাটা ইসটুপিড': সু. রা.)। [হি. তব্ + বাং. এ]।

তম1 (p. 367) [tama1] বি. 1 তমোগুণ; 2 রাহু; 3 অন্ধকার। [সং. তম্ + অ]।

তম2 (p. 367) [tama2] সংখ্যার পূরক বা ভাগসূচক প্রত্যয় (অশীতিতম)। [সং. তমট্]। স্ত্রী. তমী (শততমী)।

তম3 (p. 367) [tama3] তিন বা ততোধিক বস্তু বা ব্যক্তির মধ্যে একটির উল্লেখ বা সর্বাধিক উৎকর্ষ ও অপকর্ষসূচক প্রত্যয় (একতম, অন্যতম, বৃহত্তম, ক্ষুদ্রতম)। [সং. তমপ্-তু. তর]। স্ত্রী. তমা (বৃহত্তমা, প্রিয়তমা)।

তমঃ (p. 367) [tamḥ] (-মস্) বি. 1 অন্ধকার; 2 প্রকৃতির তৃতীয় বা নিকৃষ্টতম গুণ, তমোগুণ, তামসিক ভাব; 3 মোহ (তমোযুক্ত মন); 4 অজ্ঞান, বোধহীনতা। [সং. তম্ + অস্]।

তমদ্দুন (p. 367) [tamadduna] বি. সংস্কৃতি, কৃষ্টি (তমদ্দুন মজলিশ)। [আ.]।

তমস (p. 367) [tamasa] বি. অন্ধকার। [সং. তম্ + অস্]।

তমসা (p. 367) [tamasā] বি. 1 নদীবিশেষ; 2 অন্ধকার ('ঘন তমসাময়': রবীন্দ্র)। [সং. তম্ + অস্ + আ (স্ত্রী)]।

তমসাচ্ছন্ন, তমসাবৃত (p. 367) [tamasācchanna, tamasābṛta] বিণ. অন্ধকারে ঢাকা. অন্ধকারে ছেয়ে রয়েছে এমন (তমসাচ্ছন্ন রাত্রি)। [সং. তমসা + আচ্ছন্ন, আবৃত]।

তম-সুক (p. 367) [tama-suka] বি. ঋণের দলিল, ঋণ স্বীকারপত্র, খত। [আ. তমস্সুক]। বন্ধকি তমসুক বি. বাঁধা রাখবার খত বা দলিল, মর্টগেজের দলিল।

তমস্বান (p. 367) [tamasbāna] বিণ. অন্ধকারময়, অন্ধকারাচ্ছন্ন। [সং. তমস্ + বান (বত্)]। তমস্বিনী বিণ. (স্ত্রী.) অন্ধকারময়ী, অন্ধকারাবৃতা। □ বি. অন্ধকার রাত্রি। [সং. তমস্ + বিন্ + ঈ (স্ত্রী.)]।

তমাল (p. 367) [tamāla] বি. গাবজাতীয় কালো রঙের গাছবিশেষ। [সং. √ তম্ + আল]।˜ ক বি. 1 শুষনি শাক; 2 তেজপাতা। তমালিকা, তমালিনী বি. 1 তমালবহুল স্থান; 2 তমলুক; 3 ভুঁই-আমলা। তমালী বি. বরুণ গাছ।

তমিস্র (p. 367) [tamisra] বি. অন্ধকার। □ বিণ. অন্ধকারময়। [সং. তমস্ + র নি.]। তমিস্রা বি. 1 ঘোর অন্ধকার রাত্রি; 2 ঘোর অন্ধকার। □ বিণ. অন্ধকারময়ী (তমিস্রা রজনী)।

তমো-গুণ (p. 367) [tamō-guṇa] বি. প্রকৃতির তৃতীয় বা নিকৃষ্টতম গুণ, যার লক্ষণ-অজ্ঞান, মোহ ইত্যাদি। [সং. তমস্ + গুণ]।

তমোঘ্ন (p. 367) [tamōghna] বিণ. অন্ধকার বা তমোভাব দূর করে এমন, তমোনাশক। □ বি. 1 সূর্য; 2 অগ্নি; 3 চন্দ্র; 4 প্রদীপ; 5 জ্ঞান। [সং. তমস্ + √ হন্ + অ]।

তমো-নাশ (p. 367) [tamō-nāśa] বি. বিণ. অন্ধকার দূরকারী। [সং. তমস্ + নাশ]।

তমো-ময় (p. 367) [tamō-maẏa] বিম. 1 অন্ধকারপূর্ণ; 2 তমোভাবে পূর্ণ। [সং. তমস্ + ময়]।

তম্বি (p. 367) [tambi] বি. 1 ভৎসনা, তর্জন; 2 জুলুম; 3 তাড়না। [আ. তম্বীহ্]।

তম্বুর, তম্বুরা (p. 367) [tambura, tamburā] বি. তানপুরা। [আ. তম্বুর্]।

তয় (p. 367) [taẏa] বি. 1 নিষ্পত্তি; 2 সমাপ্তি; 3 ভাঁজ, পাট (কাপড়গুলো তয় করে রাখো)। [ফা. তহ্]।

তয়-খানা (p. 367) [taẏa-khānā] বি. (গ্রীষ্মকালে বাসের জন্য) ভূগর্ভস্থ কক্ষ, মাটির নীচের ঘর। [ফা. তহ্খানা]।

তয়ফা (p. 367) [taẏaphā] বি. নাচওয়ালির দল। [আ. তাইফা]।

-তর1 (p. 367) [-tara1] 1 দুই ব্যক্তি বা বস্তুর মধ্যে একটির উৎকর্ষ বা অপকর্ষসূচক প্রত্যয় (ক্ষুদ্রতর, বৃহত্তর, মহত্তর); 2 সাধারণভাবে আধিক্য বা আতিশয্যসূচক প্রত্যয় (ঘোরতর, গুরুতর)। [সং. তরপ্-তু. তম]।

তর2 (p. 367) [tara2] বিণ. 1 বিভোর, চুর (নেশার তর হওয়া); 2 নেশায় চুর (মদ খেয়ে তর হওয়া)। [ফা. তর্]।

তর3 (p. 367) [tara3] বি. বিলম্ব, দেরি (তর সইছে না)। [< সং. ত্বরা-অর্থবিপর্যয়]।

তর4, তরো (p. 367) [tara4, tarō] বিণ. প্রকারের, ধরনের (এমনতর, কেমনতরো)। [আ. তরহ্]।˜ তর,˜ বেতর বিণ. নানারকমের, হরেকরকম ('কত তর-বেতর খেলনা': ক. ক.)।

তর5 (p. 367) [tara5] বি. উত্তরণ, পারগমন, অতিক্রমণ (দুস্তর)। [সং. √ তৃ + অ]।˜ পণ্য বি. পারানি, পার হওয়ার মাশুল।˜ স্থান বি. পারের ঘাট, খেয়াঘাট।

তরকা (p. 367) [tarakā] বি. ব্যঞ্জনবিশেষ; ডাল দিয়ে রান্না-করা ব্যঞ্জনবিশেষ। [তু. ফা. তরহ্ = সবজি]।

তর-কারি (p. 367) [tara-kāri] বি. 1 আনাজ, ব্যঞ্জন রাঁধার উপযোগী ফলমূলাদি (বাজার থেকে একগাদা তরকারি এনেছে); 2 (বিশেষত শাক-আনাজের) ব্যঞ্জন (বাঁধাকপির তরকারি)। [ফা. তরহ্ + তামি. কারি]।

তরক্ষু (p. 367) [tarakṣu] বি. নেকড়ে বাঘ। [সং. তর + √ ক্ষি + উ]।

তর-ঘাট (p. 367) [tara-ghāṭa] বি. নৌকা স্টিমার ইত্যাদি থেকে নামার ঘাট, খেয়াঘাট। [সং. তর5 + বাং. ঘাট]।

তরঙ্গ (p. 367) [taraṅga] বি. ঊর্মি, লহরী, জলের ঢেউ; কোনোকিছুর ঢেউ বা ঢেউয়ের মতো প্রবাহ (চিন্তাতরঙ্গ, বায়ুতরঙ্গ, বিদ্যুত্-তরঙ্গ)। [সং. √ তৃ + অঙ্গ]।˜ ভঙ্গ বি. ঢেউয়ের খেলা।˜ মালা বি. (মালার মতো গ্রথিত) ঢেউয়ের পরে ঢেউ। তরঙ্গা ক্রি. তরঙ্গিত হওয়া বা করা। তরঙ্গাকুল বিণ. অত্যন্ত ঢেউ বা তুফান উঠেছে এমন (তরঙ্গাকুল সমুদ্র)। তরঙ্গাভি-ঘাত বি. ঢেউয়ের ধাক্কা। তরঙ্গায়িত বিণ. ঢেউ-খেলানো, কুঞ্চিত। তরঙ্গিণী বি. নদী. স্রোতস্বিনী। তরঙ্গিত বিণ. ঢেউয়ে পূর্ণ; আন্দোলিত। তরঙ্গিম বিণ. (অপ্র.) তরঙ্গপূর্ণ; ভঙ্গিমাপূর্ণ ('অঙ্গহি অঙ্গ অনঙ্গতরঙ্গিম': গো. দা.)। তরঙ্গোচ্ছ্বাস বি. ঢেউয়ের উত্থান-পতন।

তরজমা (p. 367) [tarajamā] বি. ভাষান্তর, এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ। [আ. তর্জুমহ্]।

তরজা (p. 367) [tarajā] বি. কবিগানজাতীয় লোকসংগীতবিশেষ, যাতে দুইজন গাইয়ে তৎক্ষণাত্-রচিত গান গেয়ে পরস্পরকে আক্রমণ ও প্রতি-আক্রমণ করে। [আ. তর্জিহ্-বন্দ]।

তরণ (p. 367) [taraṇa] বি. 1 পার হওয়া, উদ্ধার হওয়া ('ভবজলতরণে রাখহ চরণে': ভা. চ.); 2 যার সাহায্যে পার হওয়া যায় অর্থাত্ নৌকা, ভেলা ইত্যাদি। [সং. √ তৃ + অন]।

তরণি, তরণী (p. 367) [taraṇi, taraṇī] বি. 1 যার সাহায্যে পার হওয়া যায়; নৌকা; স্টিমার, জাহাজ প্রভৃতি; 2 সূর্য। [সং. √ তৃ + অনি, অনী]।

তর-তম (p. 367) [tara-tama] বিণ. ন্যূনাধিক, কম-বেশি। □ বি. (চলিত ভাষায়) পার্থক্য, তারতম্য (এ দুয়ের মধ্যে তেমন তরতম নেই)। [সং. তর + তম (দ্র.)]।

তরতর1 (p. 367) [taratara1] দ্র তর4।

তরতর2 (p. 367) [taratara2] বি. দ্রুত গতি বা স্রোতের বেগের ভাব (তরতর করে বয়ে যাচ্ছে, তরতর করে নারকেল গাছে উঠে পড়ল)। [দেশি]। তর-তরিয়ে ক্রি-বিণ. অত্যন্ত দ্রুত, তরতর করে।

তর-তাজা (p. 367) [tara-tājā] বিণ. টাটকা, জীবন্ত, সজীব (তরতাজা সবজি, তরতাজা খবর)। [ফা. তর্-ওয়-তাজা]।

তরতিব (p. 367) [taratiba] বি. নিয়ম; ক্রম। [আ. তর্তীব]।˜ ওয়ারি বিণ. ক্রম অনুযায়ী, ক্রমানুযায়ী।

তরপণ্য (p. 367) [tarapaṇya] দ্র তর5।

তর-পত (p. 367) [tara-pata] বি. তালপাতার তৈরি কানের অলংকারবিশেষ। [ওরা.]।

তরফ1 (p. 367) [tarapha1] বি. 1 দিক (ডান তরফ); 2 পক্ষ (তার তরফে কিছু বলো); 3 জমিদারের খাজনা আদায়ের মহাল (তরফ দেবীপুর); 4 জমিদারির অংশ বা তার মালিক (বড় তরফ); 5 পাশ, প্রান্ত। [আ. তরফ্]। ˜ দার বি. 1 তরফের খাজনা আদায়কারী গোমস্তা; 2 তরফের বা পক্ষের লোক; 3 উপাধিবিশেষ। তরফা বিণ. দিকের বা পক্ষের (একতরফা)।

তরফ2, তড়প (p. 367) [tarapha2, taḍ়pa] বি. 1 কম্পন, vibration; 2 অনুরণন, অনুবাদ, resonance (তরফের তার)। তরফের তার এসরাজ সেতার প্রভৃতির পার্শ্বস্থ যে-তারে কম্পন ও অনুরণন হয়। [হি. তড়প]।

তরবারি (p. 367) [tarabāri] বি. সরু লম্বা ও পাতলা শাণিত যুদ্ধাস্ত্রবিশেষ; অসি. তলোয়ার, কৃপাণ, খড়্গ। [সং. তর + √ বৃ + ণিচ্ + ইন্]।

তর-বেতর (p. 367) [tara-bētara] বিণ. নানাধরণের, বহুবিধ; বিচিত্র। [আ. তরহ্-ওয়-তরহ্]।

তর-মিম (p. 367) [tara-mima] বি. 1 সংশোধন; 2 পরিবর্তন। [আ. তরমীম্]।

তর-মুজ (p. 367) [tara-muja] বি. ফুটিজাতীয় বড় গোলাকার এবং লাল শাঁসযুক্ত সরস ফলবিশেষ, water-melon. [ফা. তরবুজ]।

তরল (p. 367) [tarala] বিণ. 1 পাতলা, জলের মতো দ্রব. গলিত (তরল পদার্থ); 2 বিগলিত, আর্দ্র (দয়ায় মন তরল হওয়া); 3 চঞ্চল, অস্থির (তরলমতি);

4 কম্পমান। [সং. √ তৃ + অল]। বিণ. স্ত্রী. তরলা। ˜ তা, ˜ ত্ব, তারল্য বি. তরলভাব, তরলের অবস্থা। ˜ লোচনা বি. চঞ্চলনয়না নারী। তরলিত বিণ. বিগলিত; কম্পিত ('তরলিতরত্নহারা': ব. চ.)। তরলী-কৃত বিণ. তরল করা হয়েছে এমন, গলানো।

তরশু (p. 367) [taraśu] বি. ক্রি-বিণ. 1 গত পরশুর আগের দিন; 2 আগামী পরশুর পরদিন। [সং. তৎপরশ্বঃ বা পরতর + শ্বঃ (পর বর্জিত) = তরশ্বঃ > তরশু]।

তরস (p. 367) [tarasa] বি. বেগ, গতি; গতিশক্তি। [সং. √ তৃ + অস]।

তরসা (p. 367) [tarasā] অব্য. তফাত, ফাঁক (তরসা তরসা বসেছে)। [দেশি]।

তরস্ত (p. 367) [tarasta] বিণ. (গ্রা.) ব্যস্ত; তটস্থ। [সং. ত্রস্ত]।

তরস্থান (p. 367) [tarashāna] দ্র তর5।

তরস্বান, (-স্বত্), তরস্বী (p. 367) [tarasbāna, (-sbat), tarasbī] (-স্বিন্) বিণ. 1 বেগবান (তরস্বান বায়ু); 2 বলবান। [সং. তরস্ + বত্, বিন্]। বিণ. (স্ত্রী.) তরস্বতী, তরস্বিনী।

তরা (p. 367) [tarā] ক্রি. 1 পার হওয়া; 2 উদ্ধার পাওয়া (তাঁর দয়ায় কতজন তরে গেল); 3 তরানো। □ বি. উক্ত সব অর্থে। [বাং. √ তরা < সং. √ তৃ]। ˜ নো ক্রি. বি. পার করা; উদ্ধার করা (কোনো রকমে আমাকে তরিয়ে দাও)।

তরাই (p. 367) [tarāi] বি. পর্বতের নীচের বা পাদদেশের জঙ্গলপূর্ণ ও সচরাচর স্যাঁতসেঁতে অঞ্চল। [হি. তরাঈ]।

তরাজু (p. 367) [tarāju] বি. দাঁড়িপাল্লা, নিক্তি। [ফা. তরাযু]।

তরাস (p. 367) [tarāsa] বি. ভয়, শঙ্কা ('চমকি উঠিছে হরিণী তরাসে': রবীন্দ্র)। [সং. ত্রাস]।

তরি, তরী (p. 367) [tari, tarī] বি. 1 নৌকা, তরণী; 2 (গৌণার্থে) জাহাজ (রণতরী)। [সং. √ তৃ + ই, ঈ]।

তরিক (p. 367) [tarika] বি. 1 খেয়ামাঝি, নৌকা বেয়ে যে এক পার থেকে অন্য পারে নিয়ে যায়; 2 খেয়াঘাটের তরির শুল্ক আদায়কারী। [সং. তরি + ক]।

তরিকা (p. 367) [tarikā] বি. 1 প্রণালী, পদ্ধতি; 2 পথ, মার্গ; 3 ধারা, নিয়ম; 4 প্রথা। [আ. তরীক]।

তরি-তর-কারি (p. 367) [tari-tara-kāri] বি. নানাবিধ কাঁচা শাকসবজি। [ফা. তর্ + তরহ্ + তামি. কারি]।

তরিত্র (p. 367) [taritra] বি. 1 যার সাহায্যে পার হওয়া যায়, অর্থাত্ নৌকা, ভেলা ইত্যাদি; 2 নৌরক্ষক। [সং. √ তৃ + ত্র]।

তরি-বত (p. 367) [tari-bata] বি. 1 আদবকায়দা, ভদ্রতা ও সৌজন্যের রীতিনীতি; 2 উপদেশ, শিক্ষা (বাবা-মা কি কোনো তরিবতই শেখাননি?)। [ফা. তরবীয়ত্]।

তরু (p. 367) [taru] বি. গাছ, বৃক্ষ। [সং. √ তৃ + উ]। ̃ কোটর বি. গাছের গায়ের গর্ত। ̃ তল, ̃ মূল বি. গাছের তলা, গাছতলা। ̃ রাজ, ̃ বর বি. বৃক্ষশ্রেষ্ঠ; বট অশ্বত্থ প্রভৃতি বড় গাছ। ̃ লতা বি. গাছের লতা। ̃ শির বি. গাছের চূড়া বা ডগা।

তরুণ (p. 367) [taruṇa] বিণ. 1 নবযৌবনপ্রাপ্ত; কিশোর; 2 নতুন (তরুণ জ্বর); 3 নবোদিত (তরুণ রবি); 4 অপরিণত (তরুণ বয়স)। □ বি. নবযুবক; কিশোর বালক (এখানে তরুণদেরই ভিড়)। [সং. √ তৃ + উন]। ̃ তা, ̃ ত্ব, তারুণ্য বি. তরুণ অবস্থা; তরুণ বয়স, নবযৌবন; কৈশোর; নবীনতা; অপরিপক্কতা। তরুণাস্থি বি. দেহের ভিতরের কোমল অস্থি, cartilage. তরুণিমা (-মন্) বি. তারুণ্য। তরুণী বি. বিণ. (স্ত্রী.) নবযৌবনপ্রাপ্তা, যুবতী।

তরে (p. 371) [tarē] অব্য. (অনুসর্গ) (কাব্যে) জন্য, নিমিত্ত ('সকলের তরে সকলে আমরা': কামিনী.)। [< সং. অন্তরে?]।

তরোয়াল (p. 371) [tarōẏāla] বি. তরবারি, তলোয়ার। [সং. তরবারি]।

তর্ক (p. 371) [tarka] বি. 1 বিতর্ক, বাদানুবাদ; 2 যুক্তি, বিচার; 3 ন্যায়শাস্ত্র (তর্কবিদ্যা); 4 হেতু; 5 অনুমান; 6 সন্দেহ। [সং. √ তর্ক্ + অ]। ̃ ক বি. তার্কিক, যে তর্ক করে। ̃ জাল বি. কূটতর্কের ফাঁদ; বহু তর্ক। ̃ তীর্থ বি. 1 তর্ক বা

ন্যায়শাস্ত্রের গুরু বা শিক্ষাদাতা; 2 নৈয়ায়িকের উপাধিবিশেষ। ~ বিজ্ঞান, ~ বিদ্যা, ~ শাস্ত্র বি. ন্যায়শাস্ত্র, logic. ~ বিতর্ক, তর্কাতর্কি বি. বচসা, কথা-কাটাকাটি। তর্কাভাস বি. কুতর্ক; ত্রুটিপূর্ণ যুক্তি। তর্কিত বিণ. 1 আলোচিত, বিচারিত; 2 অনুমিত; 3 সম্ভাবিত। তর্কী (-র্কিন্) বিণ. তার্কিক, তর্ককারী; তর্ক করতে পটু। □ বি. ন্যায়শাস্ত্রবিদ, নৈয়ায়িক।

তর্কু (p. 371) [tarku] বি. টাকু, সুতো কাটার যন্ত্রবিশেষ, তকলি। [সং. √ কৃত্ + উ]।

তর্কে-তর্কে, (কথ্য) তক্কে-তক্কে (p. 371) [tarkē-tarkē, (kathya) takkē-takkē] ক্রি-বিণ. 1 ওত পেতে, প্রতীক্ষায় (তক্কেতক্কে থাকা); 2 সতর্কভাবে, সাবধানে। [তু. সং. সতর্ক, তর্ক]।

তর্জন (p. 371) [tarjana] বি. 1 ক্রুদ্ধ গর্জন বা আস্ফালন (এই বেচারাদের উপর তর্জন করে কী লাভ?); 2 প্রবল তিরস্কার বা শাসানি; ভয়প্রদর্শন। [সং. √ তর্জ্ + অন]। ~ গর্জন বি. প্রবল গর্জনসহ শাসানি, তিরস্কার বা আস্ফালন।

তর্জনী (p. 371) [tarjanī] বি. হাতের বুড়ো আঙুলের পাশের আঙুল। [সং. √ তর্জ্ + অন + ঈ]।

তর্জা (p. 371) [tarjā] ক্রি. আস্ফালন করা; শাসানো। [সং. √ তর্জ্ + বাং. আ]। ~ নো ক্রি. তর্জন করা। □ বি. তর্জন। তর্জিত বিণ. 1 ভর্ত্সিত; 2 ভয় দেখানো হয়েছে এমন।

তর্পণ (p. 371) [tarpaṇa] বি. 1 মৃত পূর্বপুরুষের প্রীতি ও তৃপ্তির জন্য জীবিত বংশধরের জলদান; পিতৃযজ্ঞ; 2 তৃপ্তিবিধান। [সং. √ তৃপ্ + অন]। তর্পিত বিণ. 1 যার তর্পণ করা হয়েছে এমন; 2 সন্তোষিত। তর্পী (-র্পিন্) বিণ. তর্পণকারী; তৃপ্তিকারক। বিণ. স্ত্রী. তর্পিণী।

তল (p. 371) [tala] বি. 1 নিম্নদেশ, অধোভাগ, নীচের অঞ্চল (চরণতল); 2 মূলদেশ (বৃক্ষতল); 3 জলাশয় ইত্যাদির জলের নিম্নস্থ ভূমি (সাগরতল); 4 উপরিভাগ, পৃষ্ঠ (ভূতল, দর্পণতল); 5 ক্ষেত্র (সমতল); 6 করতল, হাতের চেটো (তলপ্রহার); 7 অট্টালিকা বা দালানের পরিচ্ছেদ বা তলা (দ্বিতল, ত্রিতল)। [সং. √ তল্ + অ]। ̃ দেশ বি. নিম্ন অঞ্চল (পাহাড়ের তলদেশ)। ̃ পেট বি. পেটের নিম্নভাগ; নাভির নীচে পেটের অংশ। ̃ প্রহার বি. চড়, হাতের চেটো দিয়ে আঘাত। ̃ যুদ্ধ বি. 1 মল্লযুদ্ধ; 2 চড় মেরে পরস্পরের মারামারি। তলে তলে ক্রি-বিণ. ভিতরে ভিতরে, গোপনে (তলে তলে এত সব করেছে আমরা তো জানতেই পারিনি)।

তল-গড় (p. 371) [tala-gaḍ়] বি. (বর্ত. বিরল) তলে তলে বা গোপনে টাকার জোগাড়। □ বিণ. গড়িয়ে তলায় বা পেটের মধ্যে গেছে এমন ('একবার মুখে দিয়ে দেখুন-কি বড়িয়া হয়েছে? এদিকে ছ'খানা তলগড়': কেদার)। [তু. তল + গড়া]।

তল-তল (p. 371) [tala-tala] বি. খুব নরম বা প্রায় গলিত অবস্থা (তলতল করছে)। [দেশি]। তল-তলে বিণ. অত্যন্ত নরম, প্রায় গলিত (আমগুলো পেকে তলতলে হয়ে গেছে)।

তলতা, তলদা (p. 371) [talatā, taladā] বি. সরু, নরম ও ফাঁপা বাঁশবিশেষ। [দেশি]।

তলদেশ (p. 371) [taladēśa] দ্র তল।

তলপেট, তলপ্রহার (p. 371) [talapēṭa, talaprahāra] দ্র তল।

তলব (p. 371) [talaba] বি. 1 ডেকে পাঠানো, হাজির হওয়ার জন্য হুকুম; আহ্বান (হুজুর আপনাকে তলব করেছেন, কৈফিয়ত তলব করা হয়েছে); 2 বেতন (এখনও গত মাসের তলব পাইনি)। [আ. তলব্]। তলবানা বি. মামলার সাক্ষীদের আদালতে হাজির হওয়ার নির্দেশ বা তার খরচা। তলবি বিণ. আহ্বানসূচক, হাজির হওয়ার নির্দেশসংক্রান্ত (তলবি চিঠি)।

তলবার (p. 371) [talabāra] বি. তলোয়ার। [হি. < সং. তরবারি]।

তলযুদ্ধ (p. 371) [talayuddha] দ্র তল।

তলা (p. 371) [talā] বি. 1 নিম্নদেশ, তলদেশ (পায়ের তলা); 2 মূলদেশ (গাছতলা); 3 কাছের পূজার জায়গা (কালীতলা, মনসাতলা); 4 অঞ্চল (নিমতলা, রথতলা); 5 দালানবাড়ির পরিচ্ছেদ বা উচ্চতার ভাগ (চারতলা)। [সং. তল + বাং. আ]।

তলাও (p. 371) [talāō] বি. পুকুর। [হি. তালাও]।

তলা-গুছি (p. 371) [talā-guchi] বি. (আঞ্চ.) সাহায্য, সহায়তা (পিছনে থেকে তলাগুছি দেওয়া)। [বাং. তলা (নীচে, তলায়) + গুছি (মদত, সাহায্য)]।

তলাতল (p. 371) [talātala] বি. পুরাণে বর্ণিত সপ্তপাতালের অন্যতম। [সং. তল + অতল]।

তলানি (p. 371) [talāni] বি. 1 তরল পদার্থের যে অংশ থিতিয়ে নীচে পড়ে (চায়ের তলানি); 2 গাদ, কাইট। [সং. তল + বাং. আনি]।

তলানো (p. 371) [talānō] ক্রি. 1 ডুবে যাওয়া, জলের নীচে যাওয়া (নৌকাটা নিমেষে তলিয়ে গেল); 2 অন্তরে বা ভিতরে প্রবেশ করা, ভালোভাবে উপলব্ধি করা; গূঢ় মর্ম বোঝা (কথাটা তলিয়ে দেখো, ব্যাপারটা তলিয়ে দেখলে না); 3 পেটে থাকা, বমি না হওয়া (পেটে কোনো খাবারই তলায় না)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [তল দ্র]।

তলাভি-ঘাত (p. 371) [talābhi-ghāta] বি. চপেটাঘাত, চড়, তল বা করতলের আঘাত। [সং. তল + অভিঘাত]।

তলি (p. 371) [tali] বি. উপকণ্ঠ, প্রান্ত (শহরতলি), suburb. [সং. স্থলী]।

তলিত (p. 371) [talita] বিণ. তেল বা ঘিয়ে ভাজা, ভাজা ('বড় বড় ইছা মাছ করিল তলিত': বি. গু.)। [হি. তলনা = (ভাজা)]।

তলেতলে (p. 371) [talētalē] দ্র তল।

তল্প (p. 372) [talpa] (বিরল) বি. 1 শয্যা, বিছানা; 2 খাট-পালঙ্ক। [সং. √ তল্ + প]।

তল্পি (p. 372) [talpi] বি. বিছানাপাত্রের গাঁটরি; বিছানাপত্র এবং কাপড়চোপড়ের পোঁটলাপুঁটলি। [সং. তল্প + বাং. ই]। ̃ তল্পা বি. বিছানাপত্র ও কাপড়চোপড়ের গাঁটরি; বোঁচকাবুঁচকি। ̃ দার, ̃ বাহক বি. মোটবাহী ভৃত্য; মুটে; (আল.) অনুচর, আজ্ঞা অনুসারে চলে এমন ব্যক্তি।

তল্লাট (p. 372) [tallāṭa] বি. অঞ্চল, প্রদেশ (এ তল্লাটে তাকে আর পাবে না)। [দেশি]।

তল্লাশ (p. 372) [tallāśa] বি. খোঁজ; অনুসন্ধান। [আ. তলাশ]। তল্লাশি বিণ. 1 অনুসন্ধানের অধিকারসংক্রান্ত; 2 অনুসন্ধানসংক্রান্ত (তল্লাশি চালিয়ে যাচ্ছে)।

তশ-তরি (p. 372) [taśa-tari] বি. ছোট রেকাব বা ডিশ, পিরিচ। [ফা. তশ্ত্]।

তসবি (p. 372) [tasabi] বি. মুসলমানদের জপমালা। [আ. তস্বীহ্]।

তস-বির (p. 372) [tasa-bira] বি. ছবি, প্রতিকৃতি। [আ. তস্বীর্]।

তস-রিফ (p. 372) [tasa-ripha] বি. 1 সম্ভ্রমসূচক উক্তিবিশেষ; 2 মনের উদারতা। [আ. তস্রীফ্]।

তসলা (p. 372) [tasalā] বি. 1 চওড়া মুখবিশিষ্ট পিতলের বা মাটির হাঁড়িবিশেষ, হাঁড়িজাতীয় রন্ধনপাত্রবিশেষ, বোকনো; 2 দরজার খিল বা হুড়কো। [হি.]।

তস-লিম (p. 372) [tasa-lima] বি. মুসলমানি প্রথায় অভিবাদনবিশেষ, সলাম, নমস্কার (বাদশাকে তসলিম করল)। [আ. তস্লীম]। তসলি-মাত অনেক অনেক সালাম।

তসিল, তসিল-দার (p. 372) [tasila, tasila-dāra] যথাক্রমে তহসিল ও তহসিলদার -এর চলিত রূপ।

তস্কর (p. 372) [taskara] বি. চোর, অপহারক। [সং. তত্ (=সেই অর্থাত্ সেই অপকর্ম) + √ কৃ + অ]। ˜ তা বি. তস্করের বৃত্তি; চুরি।

তস্য (p. 372) [tasya] সর্ব. (বর্ত. কেবল আদালতের ভাষায়) তার ('তস্য ওয়ারিশানগণ': সু. রা.)। [সং. তদ্ (6ষ্ঠী)]।

তহবিল, (কথ্য) তবিল (p. 372) [tahabila, (kathya) tabila] বি. 1 সঞ্চিত বা মজুত টাকাকড়ি, নগদ জমা; 2 ভাণ্ডার, কোষ (এখন আমার তহবিল শূন্য)। [আ. তহ্বীল]। ˜ দার বি. কোষাধ্যক্ষ, খাজাঞ্চি। ˜ দারি বি. তহবিলদারের কাজ ('আমায় দে মা তবিলদারি': রা. প্র.)।

তহ-মত (p. 372) [taha-mata] বি. অপবাদ; মিথ্যা অপবাদ। [আ. তহ্মত্]। তহ-মতি বি. অপরাধী, আসামি।

তহরি (p. 372) [tahari] বি. 1 (প্রধানত দলিল বা চিঠিপত্রাদি) লেখার পারিশ্রমিক; 2 জমিদারের কর্মচারীরা প্রজাদের কাছ থেকে খাজনার অতিরিক্ত যে অর্থ আদায় করে; 3 দোকানদার খরিদ্দারের ভৃত্যকে যে অর্থ বকশিশ দেয়। [আ. তহ্রীব]।

তহ-সিল, (চলিত) তসিল (p. 372) [taha-sila, (calita) tasila] বি. 1 আদায়ীকৃত খাজনা; 2 খাজনা আদায়; 3 খাজনা আদায়ের বা দাখিলের দফতর। [আ. তহ্সীল]। ̃ দার বি. তহসিলের ভারপ্রাপ্ত কর্মচারী, গোমস্তা; জমিদারির খাজনা আদায়কারী। ̃ দারি বি. তহসিলদারের কাজ।

তহি, তহিঁ (p. 372) [tahi, tahi] অব্য. (ব্রজ. ও প্রা. বাং.) 1 সেখানে; 2 আরও, অধিকন্তু; 3 সেইজন্য, অতএব; 4 তার মধ্যে; 5 তখন। [সং. তস্মিন্]।

তহু, তহুঁ (p. 372) [tahu, tahu] সর্ব. (ব্রজ. ও প্রা. বাং.) 1 তাতে; 2 সেখানে, ওখানে। [মৈ. তহি]।

তা2 (p. 372) [tā2] বি. 1 ডিম ফোটাবার জন্য ডিমের উপর বসে স্ত্রী পাখির দেওয়া তাপ (ডিমে তা দেওয়া); 2 (আল.) উসকানি, নীরবে বা গোপনে উৎসাহ দেওয়া (ওদের ঝগড়ায় তুমি কেন তা দিচ্ছ?)। [সং. তাপ]।

তা3 (p. 372) [tā3] বি. পাক, মোচড়, চাড়া (গোঁফে তা দেওয়া)। [সং. তার]।

তা4 (p. 372) [tā4] বি. কাগজের সম্পূর্ণ এক ফালি, গোটা একখানা (পাঁচ তা কাগজ)। [ফা. তাহ্]।

তা5 (p. 372) [tā5] অব্য. 1 কথার মাত্রাবিশেষ (তা তুমি কখন এলে?); 2 কিন্তু, তবু (রোজই ভাবি যাব, তা সময় আর হয় না); 3 যাকগে, আচ্ছা (তা, এ ব্যাপারে তোমার কী মত?)। [দেশি]।

তা6 (p. 372) [tā6] ভাবার্থে প্রযুক্ত তদ্ধিত প্রত্যয়বিশেষ-এই প্রত্যয়যোগে বিশেষণ শব্দ বিশেষ্যে পরিণত হয় (নম্রতা, লঘুতা, বন্ধুতা)।

তাই1 (p. 372) [tāi1] বি. করতালি, হাততালি ('তাই তাই তাই, মামার বাড়ি যাই': ছড়া)। [সং. তালি]।

তাই3 (p. 372) [tāi3] অব্য. সেইজন্য, সুতরাং (জানে না, তাই বানিয়ে বলছে)। [সং. তদ্]। তাই তো অব্য. 1 সেইজন্যই তো (মূর্খ যে, তাই তো এমন বলে); 2 নিশ্চয়তা, বিস্ময়, হতবুদ্ধিভাব ইত্যাদিসূচক (তাই তো, এখন কী হবে?)। ̃ তে ক্রি-বিণ. অব্য. 1 সেইজন্য, তাই (অসুখ করেছিল, তাইতে আসতে পারিনি); 2 এর জবাবে, প্রত্যুত্তরে (তাকে ডেকেছিলাম, তাইতে একথা বলল)। তাই নাকি অব্য. বিস্ময়, সন্দেহ বা পরিহাসসূচক (তাই নাকি? তুমিও ভূত দেখেছ?)।

তাইরে নাইরে (p. 372) [tāirē nāirē] বি. অব্য. 1 গানের ধ্বনিবিশেষ; ছড়ায় ব্যবহৃত গানের ধ্বনি (তাইরে নাইরে না); 2 কোনোরকমে কালক্ষেপ (তাইরে নাইরে করে দিন কাটায়)। [দেশি]।

তাউস, তায়ুস (p. 373) [tāusa, tāẏusa] বি. 1 ময়ূর; 2 ময়ূরের মুখযুক্ত এসরাজজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [আ. তাঊস্]।

তাও1 (p. 373) [tāō1] বি. 1 কাপড়চোপড়ের ভাঁজ; 2 উত্তাপ। [সং. তাপ]।

তাও2 (p. 373) [tāō2] সর্ব. তাহাও, ওটিও, উহাও (সেই যে কলমটা? তাও চুরি হয়ে গেছে)। □অব্য. তবুও (অনেক অনুরোধ করেছি, তাও এল না)। [সং. তদ্ > বাং. তাহা + ও]।

তাওয়া1 (p. 373) [tāōẏā1] বি. 1 রুটি প্রভৃতি আগুনে সেঁকার জন্য ধাতুপাত্রবিশেষ, চাটু; 2 তুষের আগুন জ্বেলে রাখার জন্য মাটির পাত্রবিশেষ; 3 ধূমপানের কলকের তামাকের উপর বসাবার চাকতিবিশেষ। [ফা. তাব]।

তাওয়া2 (p. 373) [tāōẏā2] ক্রি. সেঁকা; তপ্ত বা গরম করা (রুটি তাওয়া হচ্ছে)। [ফা. তাওয়া]। ˜ নো ক্রি. 1 তাতানো, তপ্ত করা, গরম করা; 2 হাপরে পুড়িয়ে লাল করা; 3 (আল.) চটানো, উত্তেজিত করা (তোমরাই তো ওকে অকারণে তাওয়ালে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

তাংড়া (p. 373) [tāṇḍ়ā] ক্রি. তাংড়ানো। [মরা. √ তাঙ্গড়্]। ˜ নো ক্রি. 1 সাজিয়ে গুছিয়ে রাখা (জিনিসপত্র তাংড়ানো, কাজকর্ম তাংড়ানো); 2 সামলে রাখা (ছেলেপিলে তাংড়ানো); 3 আঁটা, স্থানসংকুলান হওয়া। □ বি. উক্ত অর্থে।

তাঁইশ (p. 373) [tām̐iśa] বি. ক্রুদ্ধ তিরস্কার বা শাসন (পান থেকে চুন খসলেই তাঁইশ করছেন)। [আ. তইশ্]।

তাঁত (p. 373) [tām̐ta] বি. 1 কাপড় বোনার যন্ত্র (তাঁতে তৈরি কাপড়); 2 চর্মসূত্র, জীবজন্তুর নাড়ি থেকে প্রস্তুত সুতো, gut. [সং. তন্ত্র]। ˜ ঘর, ˜ শালা বি. তাঁতির কর্মশালা। তাঁতি বি. যে কাপড় বোনে, তন্তুবায়। স্ত্রী. তাঁতিনি। অতি লোভে তাঁতি নষ্ট (প্রবাদ) অত্যধিক লাভের লোভ করলে সর্বস্ব নষ্ট হয়।

তাঁবু, তাম্বু (p. 373) [tām̐bu, tāmbu] বি. কাপড়ের তৈরি অস্থায়ী ঘরবিশেষ, শিবির, tent. [আ. তম্বু, তম্বু]।

তাঁবে (p. 373) [tām̐bē] বি. (সচ. অধিকরণ কারকরূপে ব্যবহৃত) অধীনতা বা অধীনতায়, শাসন বা শাসনে, কর্তৃত্বে (তাঁর তাঁবে অনেক লোক আছে)। [আ. তাবে]। ˜ দার বি. 1 অধীন বা অনুগত ব্যক্তি (আমাকে তোমার তাঁবেদার পাওনি); 2 অনুচর, ভৃত্য। □ বিণ. অধীন বা অনুগত (তাঁবেদার রাষ্ট্র)। [আ. তাবে + ফা. দার]। ˜ দারি বি. অধীনতা; তাঁবেদারের অবস্থা বা কাজ।

তাঁরা (p. 373) [tām̐rā] সর্ব. (তাঁহারা-র চলিত রূপ)। সেই ব্যক্তিরা।

তাঁহা, তাঁহি (p. 373) [tām̐hā, tām̐hi] অব্য. (ব্রজ.) সেখানে। [সং. তস্মিন্, তত্]।

তাঁহাকে, তাঁহা-দিগকে, তাঁহা-দের, তাঁহার, তাঁহারা (p. 373) [tām̐hākē, tām̐hā-digakē, tām̐hā-dēra, tām̐hāra, tām̐hārā] সর্ব. (সম্ভ্রমে)

যথাক্রমে সেই ব্যক্তিকে, ব্যক্তিদিগকে, ব্যক্তিদের, ব্যক্তির ও ব্যক্তিরা। ['তিনি' শব্দের বিভিন্ন বিভক্তির রূপ]।

তাক1 (p. 373) [tāka1] বি. 1 লক্ষ্য, টিপ, তাগ, নিশানা (তিরধনুক নিয়ে তাক করা); 2 আন্দাজ, অনুমান (অন্ধকারে তাক করা); 3 আক্রমণের উদ্দেশ্যে প্রস্তুতি (টিকটিকিটা পোকাটার দিকে তাক করে আছে); 4 বিহ্বলতা, হতবুদ্ধিভাব (বিস্ময়ে তাক লাগা)। [সং. তর্ক]। তাকে তাকে থাকা ক্রি. সুযোগের অপেক্ষায় থাকা, তক্কেতক্কে থাকা। □ বি. উক্ত অর্থে।

তাক2 (p. 373) [tāka2] বি. থাক; আলমারি দেওয়াল প্রভৃতিতে জিনিসপত্র রাখবার জন্য খাঁজ বা খুপরিবিশেষ; শেলফ, shelf. [আ. তা'ক]।

তাক3 (p. 373) [tāka3] সর্ব. (ব্রজ ও প্রা. বাং.) তাকে; তার। [< সং. তত্]।

তাকত, তাগদ (p. 373) [tākata, tāgada] বি. শক্তি, সামর্থ্য; ক্ষমতা (দেখব তোমার তাকত কতখানি)। [আ. তাকত্]।

তাকর (p. 373) [tākara] সর্ব. (ব্রজ.) তার, তাহার। [< সং. তত্]।

তাকা (p. 373) [tākā] ক্রি. 1 (অন্যের অমঙ্গল) কামনা করা; 2 প্রতীক্ষা করা, টাঁক বা তাক করা; 3 অনুমান করা। [সং. √ তর্ক্ + বাং. আ]।

তাকানো (p. 373) [tākānō] ক্রি. মন দিয়ে দেখা, একদৃষ্টে চেয়ে থাকা; দেখা (ওদিকে তাকাও, আমার দিকে তাকিয়ে কী দেখছ?)। □ বি. দৃষ্টিপাত। তাকা-তাকি বি. দেখাদেখি, দৃষ্টিবিনিময়। [তাকা দ্র]।

তাকিয়া (p. 373) [tākiẏā] বি. ঠেসান দেওয়ার উপযোগী মোটা বালিশ, গির্দা। [ফা. তকীআ]।

তাগড়া, তাগড়াই (p. 373) [tāgaḍ়ā, tāgaḍ়āi] বিণ. বলিষ্ঠ; লম্বা-চওড়া (তাগড়াই চেহারা)। [হি. তগড়া]।

তাগদ (p. 373) [tāgada] দ্র তাকত।

তাগা (p. 373) [tāgā] বি. 1 বাহুতে পরবার অলংকারবিশেষ; 2 হাত কোমর প্রভৃতি শরীরের নানা জায়গায় বাঁধবার মন্ত্রপূত তাবিজ, মাদুলি বা সুতো; 3 সরু দড়ি; 4 সর্পাঘাতে ক্ষত স্থানে রক্তচলাচল বন্ধ করার জন্য বাঁধন। [হি. তাগ, তাগা < প্রাকৃ. তগ্গ]।

তাগাড়, তাগাড়ি (p. 373) [tāgāḍ়, tāgāḍ়i] বি. 1 রাজমিস্ত্রিরা চুন, বালি, সিমেণ্ট প্রভৃতি জলে মিশিয়ে যে-মশলা প্রস্তুত করে বা ওই মশলা প্রস্তুত করবার জন্য যে-কুণ্ড খোঁড়ে; 2 বীজধান তোলবার সময় চষা জমিতে জল সেচন করে যে-কাদা তৈরি করা হয়। [তুর. তগার্]।

তাগাদা (p. 373) [tāgādā] বি. 1 বারবার অনুরোধ, কিছু পাবার জন্য বারবার দাবি (টারাব তাগাদা, লেখার জন্য তাগাদা); 2 স্মরণ করিয়ে দেওয়া। [আ- তকাজা]

তাগারি (p. 373) [tāgāri] বি. 1 তাগাড়ি; 2 বড় গামলাবিশেষ। [তাগাড় দ্র]।

তাগিদ (p. 373) [tāgida] বি. 1 বারবার অনুরোধ বা দাবি, তাগাদা; 2 প্রেরণা, উৎসাহ (অন্তরের তাগিদ); 3 জরুরি প্রয়োজন (তাড়াতাড়ি পৌঁছনোর তাগিদ আছে)। [আ. তাকিদ্]।

তাচ্ছিল্য, (বিরল) তাচ্ছল্য (p. 373) [tācchilya, (birala) tācchalya] বি. তুচ্ছজ্ঞান, অবজ্ঞা; অবহেলা (শত্রুকে তাচ্ছিল্য করা উচিত নয়)। [বাং. < সং. তুচ্ছ]।

তাজ (p. 373) [tāja] বি. 1 মুকুট; 2 টোপর; 3 টুপিবিশেষ। [ফা.]।

তাজা (p. 373) [tājā] বিণ. 1 টাটকা (তাজা সবজি); 2 নতুন (তাজা খবর); 3 জীবন্ত, জ্যান্ত (তাজা মাছ); 4 চাঙ্গা, সতেজ, স্ফূর্তিযুক্ত (তাজা শরীর, তাজা মন)। [ফা. তাজহ্]।

তাজি (p. 373) [tāji] বি. আরব দেশের ঘোড়াবিশেষ। [আ.]।

তাজিম (p. 373) [tājima] বি. সম্মান, মর্যাদা, সম্ভ্রম। [আ. তাজীম]। তাজিম করা ক্রি. সম্মান দেখানো (তিনি ঘরে ঢোকামাত্র সকলে উঠে দাঁড়িয়ে তাঁকে তাজিম করল)।

তাজিয়া (p. 373) [tājiẏā] বি. মহরমের মিছিলে বয়ে নিয়ে যাওয়া হাসান-হোসেনের নকল কবর, গোঁয়ারা। [ফা. তাজিআ-আ. তজিআ]।

তাজ্জব (p. 373) [tājjaba] বিণ. 1 অদ্ভুত, বিস্ময়কর (তাজ্জব ব্যাপার); 2 বিস্মিত (তাজ্জব বনে যাওয়া)। □ বি. বিস্ময় (তাজ্জবের বিষয়)। [আ. তাআজ্জুব]।

তাঞ্চোই (p. 373) [tāñcōi] বি. সূক্ষ্ম কারুকার্যময় শাড়িবিশেষ।[তু. ফা. তন্জেব (তনু শোভনকারী সূক্ষ্ম বস্ত্রবিশেষ)]।

তাঞ্জাম (p. 373) [tāñjāma] বি. সুসজ্জিত চতুর্দোলা, শিবিকা বা পালকিবিশেষ। [হি. তাম্জান্]।

তাড় (p. 373) [tāḍ়] বি. 1 বাহুর অলংকারবিশেষ; 2 আঘাত, প্রভাব, ধাক্কা, impact; 3 তালগাছ। [সং. তাড়ঙ্ক]।˜ পত্র বি. তালগাছের পাতা।

তাড়ক (p. 373) [tāḍ়ka] বিণ. তাড়নাকারী, জ্বালাতনকারী। [সং. √ তড়্ + ণিচ্ + অক]।

তাড়কা (p. 373) [tāḍ়kā] বি. (স্ত্রী.) রামচন্দ্রের হাতে নিহত রাক্ষসীবিশেষ; মারীচের মাতা। [সং. তাড় + √ কৈ + অ + আ (স্ত্রী)]।

তাড়ন (p. 373) [tāḍ়na] বি. 1 শাসন (প্রবৃত্তির তাড়ন); 2 আঘাতন, প্রহার; 3 র্ভৎসনা; 4 উৎপীড়ন, অত্যাচার। [সং. √ √তড্ + ণিচ্ + অন]। তাড়নী বি. (স্ত্রী.) চাবুক কশা প্রভৃতি তাড়নের অস্ত্র।

তাড়না (p. 373) [tāḍ়nā] বি. 1 শাসন; 2 পীড়ন, অত্যাচার; 3 জ্বালাতন (এত তাড়না ভালো লাগে না); 4 পীড়াপীড়ি (টাকাটা পাবার জন্যে কী তাড়নাই না করল!) [সং. √ তড্ + ণিচ্ + অন + আ]।

তাড়স (p. 373) [tāḍ়sa] বি. বেদনার প্রভাব (ফোড়ার তাড়সে জ্বর এসেছে)। [সং. তাড় (আঘাত, impact]। তাড়সে জ্বর বেদনাজনিত জ্বর।

তাড়া1 (p. 373) [tāḍ়ā1] বি. গোছা, আঁটি, বাণ্ডিল (এক তাড়া কাগজ, নোটের তাড়া)। [সং. তাড় (=এক মুষ্টিপরিমাণ তৃণ)]। তাড়া তাড়া বিণ. গোছা গোছা, অনেক বাণ্ডিল বা আঁটি (তাড়া তাড়া কাগজ ঘরে জমা করেছে)।

তাড়া2 (p. 373) [tāḍ়ā2] ক্রি. 1 আক্রমণের উদ্দেশ্যে ধাওয়া করা (তেড়ে যাওয়া); 2 তাড়ানো, উৎখাত করা (ওকে বাড়ি থেকে তাড়াও)। □ বি. 1 আক্রমণের জন্য পশ্চাদ্ধাবন (পুলিশের তাড়া খেয়েছে); 2 তাড়না, তিরস্কার, ধমক (মাস্টারমশাইয়ের তাড়া খেয়ে পড়তে বসেছে); 3 ভয়প্রদর্শন (তাড়া পেয়ে বাঘটা সরে পড়েছে)। [সং. √ তড্ + বাং. আ]।

তাড়া3 (p. 373) [tāḍ◌ạ̄3] বি. 1 তাগিদ, ব্যস্ততা (কাজের তাড়ায় সব ভুলে যাচ্ছে); 2 প্রয়োজন, শীঘ্রতার প্রয়োজন (এখন আর আমার তেমন তাড়া নেই); 3 শীঘ্র করবার জন্য পীড়াপীড়ি (এত তাড়া দিচ্ছ কেন?)। [সং. ত্বরা]।

তাড়া-তাড়ি (p. 373) [tāḍ◌ạ̄-tāḍ◌ị] ক্রি-বিণ. অতিশীঘ্র, দ্রুত; ব্যস্ততার সঙ্গে (তাড়াতাড়ি চলে এসো)। □ বি. ব্যস্ততা; শীঘ্রতার প্রয়োজন (কোনো তাড়াতাড়ি নেই)। [বাং. তাড়া3 + তাড়ি (সহচর শব্দ)]।

তাড়ানো (p. 373) [tāḍ◌ạ̄nō] ক্রি. 1 খেদানো, দূর করে দেওয়া, বার করে দেওয়া (বাড়ি থেকে তাড়ানো); 2 আসতে না দেওয়া (বাঘ তাড়ানো, চোর তাড়ানোর জন্য ব্যবস্থা); 3 চরানো, রাখালি করা, তাড়নাপূর্বক চরানো (গোরু তাড়ানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [তাড়া2 দ্র]।

তাড়া-হুড়া, (p. 373) [tāḍ◌ạ̄-huḍ◌ạ̄,] (কথ্য) তাড়া-হুড়ো বি. ব্যস্ততা (আজ আমার কোনো তাড়াহুড়ো নেই)। [বাং. তাড়া + হুড়া (সহচর শব্দ)]।

তাড়ি1 (p. 373) [tāḍ◌ị1] বি. ছোট তাড়া, গোছা বা বাণ্ডিল। [বাং. তাড়া1 + ই (ক্ষুদ্রার্থে)]।

তাড়ি2 (p. 373) [tāḍ◌ị2] বি. 1 তালের রস; 2 তাল বা খেজুরের রস গাঁজিয়ে প্রস্তুত মদবিশেষ। [সং. তাল > তাড় + ই]। ˜ খানা বি. শুঁড়িখানা, দেশি মদ খাবার জায়গা।

তাড়িত1 (p. 373) [tāḍ়ita1] বিণ. 1 তাড়না করা হয়েছে এমন, শাসিত, তিরস্কৃত, দণ্ডিত, উৎপীড়িত, প্রহৃত; 2 বিতাড়িত, দূরীভূত; 3 ড় ও ঢ় এই দুটি ব্যঞ্জনধ্বনি, flapped sound. [সং. √ তড় + ণিচ্ + ত]।

তাড়িত2 (p. 373) [tāḍ়ita2] বিণ. 1 বৈদ্যুতিক (তাড়িত প্রবাহ); 2 বিদ্যুৎসম্বন্ধীয়; 3 বিদ্যুত্ থেকে উৎপন্ন; 4 বিদ্যুৎপূর্ণ; 5 বিদ্যুত্ দ্বারা চালিত। □ বি. বিদ্যুত্, তড়িত্। [সং. তড়িত্ + অ]। ̃ কণা বি. বিদ্যুতের স্ফুলিঙ্গ বা ফিনকি, electric spark. ̃ বার্তা বি. বৈদ্যুতিক শক্তির সাহায্যে দূরে পাঠানো সংবাদ, টেলিগ্রাম। তাড়িতালোক বি. বিদ্যুতের সাহায্যে উৎপন্ন আলো, বিজলিবতি। তাড়িতী বি. বিদ্যুত্বিজ্ঞানে বা বৈদ্যুতিক যন্ত্রপাতিতে অভিজ্ঞ ব্যক্তি, electrician. (স. প.)।

তাড়ু1 (p. 373) [tāḍ়u1] বি. ময়রার ব্যবহার্য কাঠের হাতাবিশেষ। [সং. তর্দু]।

তাড়ু2 (p. 373) [tāḍ়u2] বি. বিণ. 1 আনাড়ি; 2 (খেলাধুলায়) অসংযতভাবে বা তেড়ে-হেঁকে খেলে এমন (তাড়ু ব্যাট্সম্যান)। [বাং. তাড়া2 + উ]।

তাড্য-মান (p. 373) [tāḍya-māna] বিণ. 1 তাড়িত, আহত; 2 (ঢাক-ঢোল ইত্যাদি) বাদিত হচ্ছে এমন (তাড্যমান ঢোলক)। [সং. √ তাড়ি + আন (মান)]।

তাণ্ডব (p. 373) [tāṇḍaba] বি. 1 তণ্ডুমুনিপ্রবর্তিত নৃত্য; 2 পুরুষের নৃত্য; 3 উদ্দাম নৃত্য (শিবের তাণ্ডব); 4 (আল.) প্রলয়ংকর ব্যাপার (বন্যার তাণ্ডব)। [সং.

তণ্ডু + অ]। ˜ লীলা বি. প্রলয়কালে শিবের উদ্দাম নৃত্য; (গৌণ অর্থে) ভয়াবহ ক্রিয়াকলাপ।

তাত1 (p. 373) [tāta1] বি. 1 পিতা; 2 পিতৃব্য, পিতার ভ্রাতা বা পিতৃতুল্য গুরুজন; 3 (বর্ত. বিরল অথবা কেবল কাব্যে) পুত্র বা পুত্রতুল্য ব্যক্তিকে স্নেহসম্ভাষণ। [সং. √ তন্ + ত]।

তাত2 (p. 375) [tāta2] বি. 1 উত্তাপ, আঁচ (আগুনের তাত); 2 (আল.) ক্রুদ্ধ মেজাজ। [সং. তপ্ত]।

তাত্-কালিক (p. 375) [tāt-kālika] বিণ. 1 সেই সময়ের, তৎকালীন (তাৎকালিক অবস্থা); 2 সমসাময়িক। [সং. তৎকাল + ইক]।

তাত্-ক্ষণিক (p. 375) [tāt-kṣaṇika] বিণ. 1 সেই সময়ের, তৎকালীন; 2 (নতুন অর্থ) পূর্বপ্রস্তুতি ছাড়াই করা হয় এমন, offhand, extempore (তাৎক্ষণিক বক্তৃতা)। [সং. তৎক্ষণ + ইক]।

তাত্-পর্য (p. 375) [tāt-parya] বি. 1 মর্ম, আসল অর্থ (কথাটির তাৎপর্য বুঝেছ?); 2 গুরুত্ব; 3 অভিপ্রায়, উদ্দেশ্য; 4 মনোগত ভাব; 5 (বিরল) তৎপরতা। [সং. তৎপর + য]।

তাতল (p. 375) [tātala] বিণ. (ব্রজ.) উত্তপ্ত ('তাতল সৈকতে বারিবিন্দু সম': বিদ্যা.)। [বাং. তাত2 + ল]।

তাতা (p. 375) [tātā] ক্রি. 1 তপ্ত বা গরম হওয়া (বালি তেতে উঠেছে, রোদে তেতে-পুড়ে এসেছে); 2 (আল.) ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া (কথায় কথায় এমন তেতে উঠছ কেন?); 3 তাতানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [তাত2 দ্র]।

তাতানো (p. 375) [tātānō] বি. ক্রি. 1 গরম করা (কড়াইয়ের তেলটা একটু তাতিয়ে নাও); 2 (আল.) উত্তেজিত করা বা খ্যাপানো (ওকে আর তাতিয়ো না)। □ বিণ. উক্ত দুই অর্থে। [তাত2 দ্র]।

তাতার (p. 375) [tātāra] বি. মধ্য এশিয়ার জাতিবিশেষ। [ইং. Tartar < লা. tartarus]।

তাতাল (p. 375) [tātāla] বি. লোহার দণ্ডবিশেষ, যা তাতিয়ে রাংঝাল লাগানো হয়। [তাত2 দ্র]।

তাত্ত্বিক (p. 375) [tāttbika] বিণ. 1 তত্ত্বসম্বন্ধীয় (তাত্ত্বিক জ্ঞান); 2 সত্য, বাস্তবানুগ (তাত্ত্বিক প্রভেদ); 3 তত্ত্বীয়, theoretical (তাত্ত্বিক জ্ঞান, তাত্ত্বিক আলোচনা)। □ বি. তত্ত্বজ্ঞ ব্যক্তি (ভাষাতাত্ত্বিক)। [সং. তত্ত্ব + ইক]।

তাথই, তাথৈ-তাতা-থৈ (p. 375) [tāthi, tāthai-tātā-thai] এর রূপভেদ।

তাথ্যিক (p. 375) [tāthyika] বিণ. 1 তথ্যমূলক, তথ্যসম্বন্ধীয়; 2 তথ্যপ্রধান। [সং. তথ্য + ইক]।

তাদর্থ্য (p. 375) [tādarthya] বি. তন্নিমিত্ততা, সেই কারণের বা অর্থের ভাব; সেই উদ্দেশ্য বা প্রয়োজন। [সং. তদর্থ + য]। (তু. 'তাদর্থ্যে চতুর্থী')।

তাদাত্ম্য (p. 375) [tādātmya] বি. কিছুর সঙ্গে একাত্মতা বা নিবিড় ঐক্য, অভেদ (ব্রহ্মের সঙ্গে ব্রহ্মজ্ঞানীর তাদাত্ম্য সম্বন্ধ)। [সং. তদাত্মন্ + য]।

তাদৃশ (p. 375) [tādṛśa] বিণ. সেইরূপ, সেইরকম, তেমন (তাদৃশ রূপ, তাদৃশ বিদ্যা)। [সং. তদ্ + √ দৃশ্ + অ]। বিণ. স্ত্রী. তাদৃশী।

তাধিন, তাধিনা (p. 375) [tādhina, tādhinā] বি. নৃত্য বা তবলার বোলবিশেষ। [ধ্বন্যা.]।

তান (p. 375) [tāna] বি. 1 সংগীতের রাগবিস্তার, সুরের আলাপ (পূরবীর তান); 2 সুর (সেতারে তান ধরেছে); 3 সুরেলা ধ্বনি; 4 সংগীতে রাগের বিস্তারে অতি দ্রুত সুরসাধনা। [সং. √ তন্ + অ]। তান ছাড়া ক্রি. বি. গান শুরু করা, মুক্তকণ্ঠে গান গাওয়া। তান তোলা ক্রি. বি. ধীরে ধীরে সুর উঁচুতে তোলা। তান ধরা ক্রি. বি. গান আরম্ভ করা; সুরেলা ধ্বনি করা।

তান-করতব, তান-কর্তব (p. 375) [tāna-karataba, tāna-kartaba] বি. তানের কৌশল, তানের নানান কারিকুরি। [সং. তান + হি. কর্তব্]।

তান-পুরা (p. 375) [tāna-purā] বি. আকৃতিতে বীণার মতো কিন্তু পর্দাবিহীন এবং চারটি তারবিশিষ্ট বাদ্যযন্ত্রবিশেষ, তম্বুরা। [আ. তম্বুরা]।

তানা-না-না (p. 375) [tānā-nā-nā] বি. 1 সংগীতের প্রারম্ভিক সুরসাধন; 2 (ব্যঙ্গে আল.) কাজ আরম্ভের আড়ম্বর; 3 অযথা কালক্ষেপ (তানা-না-না করে দিন কাটানো)। [দেশি]।

তান্তব (p. 375) [tāntaba] বিণ. 1 তন্তুসম্বন্ধীয়; 2 তন্তুনির্মিত, সুতোর তৈরি (তান্তব বস্ত্র)। [সং. তন্তু + অ]।

তান্ত্রিক (p. 375) [tāntrika] বিণ. 1 তন্ত্রশাস্ত্রসম্বন্ধীয়; 2 তন্ত্রশাস্ত্রজ্ঞ; 3 তন্ত্রশাস্ত্রের বিধান অনুসারে সাধনাকারী; 4 তন্ত্রশাস্ত্র অনুযায়ী (তান্ত্রিক সাধনা)। □ বি. তন্ত্রশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। [সং. তন্ত্র + ইক]। বি.˜ তা।

তাপ (p. 375) [tāpa] বি. 1 উষ্ণতা ('প্রখর তপনতাপে আকাশ তৃষায় কাঁপে': রবীন্দ্র); 2 জ্বর (গায়ের তাপ কমছে না); 3 ক্রোধ, রাগ; 4 দুঃখ, পীড়া ('পাপে তাপে জীর্ণ' এ প্রাণ': রবীন্দ্র)। [সং. √ তপ্ + অ]।˜ ক বিণ. 1 তাপদায়ক; 2 দুঃখদায়ক।˜ ত্রয় বিণ. আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ দুঃখ; ত্রিতাপ।˜ প্রবাহ বিণ. 1 উষ্ণতার স্রোত; 2 প্রখর তাপ।˜ মান বি. উষ্ণতাপরিমাপক যন্ত্র, থার্মোমিটার।˜ হর বিণ. তাপনাশক; দুঃখনাশক। স্ত্রী.˜ হরা।˜ হরণ বিণ. দুঃখহর, দুঃখ যে হরণ করে। □ বি. উত্তাপ বা দুঃখ দূরীকরণ।˜ হারী (-রিন্) বিণ. ত্রিতাপ দূরকারী।

তাপক (p. 375) [tāpaka] দ্র তাপ।

তাপত্রয় (p. 375) [tāpatraẏa] দ্র তাপ।

তাপন (p. 375) [tāpana] বি. 1 তাপজনন; 2 তাপপ্রয়োগ; 3 কামদেবের পঞ্চবাণের অন্যতম; 4 সূর্য। □ বিণ. তাপজনক। [সং. √ তপ্ + ণিচ্ + অন]। তাপনীয় বিণ. তাপ প্রয়োগ করতে হবে বা প্রয়োগের যোগ্য এমন; যা তপ্ত করা যায় এমন।

তাপমান (p. 375) [tāpamāna] দ্র তাপ।

তাপস (p. 375) [tāpasa] বিণ. তপস্যা করে এমন (তাপসকুমার)। □ বি. তপস্বী, মুনি। [সং. তপস্ + অ]। স্ত্রী. তাপসী। ̃ তনু বি. ইঙ্গুদী গাছ। তাপস্য বি. তাপসের ধর্ম বা আচরণ।

তাপা (p. 375) [tāpā] ক্রি. 1 গরম করা; তাতা; 2 পোহানো, তাপ নেওয়া। □ বি. উক্ত দুই অর্থে। [সং. তাপ + বাং. আ]। ̃ নো ক্রি. তপ্ত করা। □ বি. বিণ. উক্ত অর্থে। ̃ য়ল ক্রি. (ব্রজ.) সন্তপ্ত করল, তাপিত করল।

তাপিত (p. 375) [tāpita] বিণ. 1 তাপপ্রাপ্ত, উত্তপ্ত; 2 ক্লিষ্ট, সন্তপ্ত, দুঃখিত ('তাপিত এ প্রাণ': র. সে)। [সং. √ তপ্ + ণিচ্ + ত]। স্ত্রী. তাপিতা।

তাপী (p. 375) [tāpī] (-পিন্) বিণ. 1 তাপযুক্ত; 2 সন্তাপযুক্ত, দুঃখক্লিষ্ট (পাপী-তাপী); 3 তাপজনক। [সং. তাপ + ইন্]। স্ত্রী. তাপিনী।

তাপ্পি (p. 375) [tāppi] বি. 1 ছেঁড়া কাপড় ইত্যাদি সংস্কারের জন্য বাঁধা পটি, তালি (তাপ্পি-মারা মশারি); 2 (অশোভন) ধাপ্পা, গুলপট্টি। [বাং তু. সং. তল্লিকা]।

তাফতা (p. 375) [tāphatā] বি. 1 রেশম ও পশম মিশিয়ে তৈরি শীতবস্ত্রবিশেষ; 2 গাঢ় রঙের রেশমবস্ত্রবিশেষ, চেলিবস্ত্র। [ফা. তফ্‌তহ্]।

তাবড়, তাবড় তাবড় (p. 375) [tābaḍ়, tābaḍ়. tābaḍ়.] বিণ. 1 তা থেকে বড়; 2 বড় বড় (অনেক তাবড় তাবড় ডাক্তার দেখানো হয়েছে)। [বাং. তা < তাহা (থেকে) + বড়]।

তাবত্ (p. 375) [tābat] বিণ. 1 সমুদয় (একথা তাবত্ লোকে জানে); 2 তৎসমুদয়, সেইপরিমাণ, অত (যাবত্ উপার্জন তাবত্ ব্যয়)। □ অব্য. সেই পর্যন্ত, তদবধি, ততক্ষণ (যাবত্ সে না আসে, তাবত্ অপেক্ষা করো)। □ সর্ব. সমস্ত লোক (এদেশের তাবতের মুখেই এই কথা)। [সং. তদ্ + বত্]।

তাবাস (p. 375) [tābāsa] বি. অন্বেষণ, খোঁজ (তত্ত্বতাবাস)। [আ. তফহ্হুস]।

তাবিজ (p. 375) [tābija] বি. 1 বাহুর অলংকারবিশেষ; 2 মাদুলি, কবচ। [আ. তবীজ]।

তাবুত (p. 375) [tābuta] বি. 1 তাজিয়া; 2 নিশান; 3 শেষ শয্যা। [আ. তাবুত্]।

তামড়ি (p. 375) [tāmaḍ়i] বি. তামাটে রঙের উপরত্নবিশেষ, garnet. [বাং. তাম (< তামা < সং. তাম্র) + ড়ি]।

তামরস (p. 375) [tāmarasa] বি. 1 পদ্ম ফুল ('মধুময় তামরস': মধু.); 2 তামা; 3 সোনা; 4 বারো অক্ষরযুক্ত সংস্কৃত ছন্দোবিশেষ। [সং. তামর + স (সস্)]।

তামলি (p. 375) [tāmali] বি. পানব্যবসায়ী হিন্দু জাতিবিশেষ। [সং. তাম্বূলী]।

তামস (p. 375) [tāmasa] বিণ. 1 ঘোর অন্ধকারময়; 2 তামসিক, তমোগুণের প্রভাবে অনুষ্ঠিত বা কৃত (তামস দান, তামস যজ্ঞ)। [সং. তমস্ + অ]। তামসী বিণ. তামস -এর স্ত্রীলিঙ্গ। □ বি. (স্ত্রী.) অন্ধকার রজনী। তামস-যজ্ঞ বি. শ্রদ্ধাহীন ও অহংকারপূর্ণ মনে যে-যজ্ঞ করা হয়।

তামসিক (p. 375) [tāmasika] বিণ. 1 তমোগুণসম্বন্ধীয়; 2 তমোভাবপূর্ণ (তামসিক উপাসনা); 3 অজ্ঞতাজনিত; 4 মেঘাচ্ছন্ন। [সং. তমস্ + ইক]। স্ত্রী. তামসিকী। তামসিকতা বি. মোহান্ধতা।

তামা (p. 375) [tāmā] বি. লালচে রঙের নমনীয় মিশ্র ধাতুবিশেষ, copper. [< পা. তম্ব < সং. তাম্র]। ˜ টে বিণ. তামার মতো বর্ণবিশিষ্ট, তাম্রাভ। তামা-তুলসী বি. তামা ও তুলসীপাতা যা হিন্দুরা পবিত্র মনে করেন এবং স্পর্শ করে শপথ করেন।

তামাক, তামাকু (p. 375) [tāmāka, tāmāku] বি. 1 গাছবিশেষ এবং (মাদক হিসাবে ব্যবহৃত) তার পাতা; 2 গুড় ও অন্যান্য মশলা মিশানো তামাকপাতা যার ধোঁয়া পান করে নেশা করা হয়। [স্পে. tabaco > ও তাম্বুকু]। তামাক খাওয়া, তামাক টানা ক্রি. বি. হুঁকা, গড়গড়া প্রভৃতিতে মশলা-মিশানো

তামাকপাতার চূর্ণ পুড়িয়ে ধূমপান করা। তামাক সাজা ক্রি. বি. ধূমপানের জন্য হুঁকা, গড়গড়া প্রভৃতির কলকেতে মশলা-মিশানো তামাকচূর্ণ দিয়ে আগুন ধরিয়ে ধূমপানের ব্যবস্থা করা। বড় তামাক (কৌতু.) বি. গাঁজা।

তামাদি (p. 375) [tāmādi] বি. কিছু সম্পর্কে দাবি করার নির্দিষ্ট সময় উতরে যাওয়া। □ বিণ. দাবি করার নির্দিষ্ট সময়ে উতরে গেছে এমন, time-barred (তামাদি, দলিল, তামাদি হয়ে যাওয়া)। [আ. তমাদি]।

তামাম (p. 375) [tāmāma] বিণ. সমগ্র, সমুদয়, সমস্ত, সম্পূর্ণ (তামাম দুনিয়া)। [আ. তমাম]। তামামি বি. 1 অবসান, সমাপ্তি; 2 শেষ কাজ (সালতামামি)।

তামাশা (p. 375) [tāmāśā] বি. 1 পরিহাস, ঠাট্টা, কৌতুক, মজা (তার সঙ্গে একটু তামাশা করেছি); 2 খেলা, বাজি। [আ. তমাশা]।

তামিল1 (p. 375) [tāmila1] বি. পালন, আমল দেওয়া (হুকুম তামিল)। [আ. তাআমীল্]।

তামিল2 (p. 375) [tāmila2] বি. দক্ষিণ ভারতের (প্রধানত তামিলনাড়ুর) ভাষাবিশেষ। [তা.]।

তাম্বূল (p. 375) [tāmbūla] বি. পান, লতাবিশেষের পাতা যা সুপারি চুন প্রভৃতি সহযোগে খাওয়া হয়। [সং. √ তম্ + ঊল (ঊলচ্)]। ˜ করঙ্ক বি. সাজসরঞ্জামসহ পানের পাত্র, পানের বাটা বা ডিবে। ˜ রাগ বি. পান খেলে ঠোঁটে

যে লাল রং লাগে। তাম্বূলিক, তাম্বূলী বি. পানব্যবসায়ী, তামলি জাতি। □ বিণ. 1 পান-ব্যবসায়ে নিযুক্ত; 2 তামলিজাতীয়।

তাম্র (p. 375) [tāmra] বি. ধাতুবিশেষ, তামা। □ বিণ. তামার মতো বর্ণযুক্ত (তাম্রকেশ). [সং. √ তম্ + র]। ˜ কুণ্ড বি. পূজায় ব্যবহৃত তামার তৈরি পাত্রবিশেষ।˜ পট,˜ পত্র,˜ ফলক বি. তামার পাত্র বা তক্তি যাতে প্রাচীনকালে রাজার আদেশাদি খোদাই করা হত।˜ পল্লব বি. 1 রক্তপল্লব; লালবর্ণযুক্ত পাতা; 2 অশোক গাছের পাতা; 3 রক্তচন্দন গাছের পাতা।˜ পাত্র বি. তামার তৈরি বাসন।˜ পুষ্প বি. 1 রক্তকাঞ্চন গাছ ও তার পাতা; 2 ভুঁইচাঁপা। □ বিণ. তামার মতো বর্ণবিশিষ্ট, তামাটে। তাম্রাভ বিণ. তামাটে, পিঙ্গল।˜ লিপি বি. তামার ফলকে উৎকীর্ণ লিপি।˜ শাসন বি. তামার ফলকে খোদিত বা উৎকীর্ণ রাজাজ্ঞা।˜ সার বি. রক্তচন্দন।

তাম্র-কুট (p. 375) [tāmra-kuṭa] বি. তামাক। [অর্বাচীন সং.]।˜ সেবন বি. তামাক খাওয়া।

তাম্রাশ্ম (p. 375) [tāmrāśma] (-শ্মন্) বি. পদ্মরাগমণি। [সং. তাম্র + অশ্মন্ (=প্রস্তর)]।

তায় (p. 375) [tāẏa] সর্ব. (কাব্যে) 1 তাকে ('কেমনে ফিরাব তায়': রবীন্দ্র); 2 তাতে (কী হবে তায়?)। □ সমু. অব্য. তাতে আবার, তার উপর (একে রাত্রি, তায় ঝড়)। [বাং. তাহা + 7মীর 1 বচন]।

তায়-দাদ (p. 375) [tāẏa-dāda] বি. জমির চৌহদ্দি অর্থাত্ চতুঃসীমার বিবরণ। [আ. তাদাদ্]।

তার2 (p. 375) [tāra2] বিণ. (কণ্ঠস্বর বা শব্দ সম্পর্কে) অতি উঁচু ও তীব্র (তারস্বরে চিৎকার)। [সং. √ তৃ + ণিচ্ (=অন্য শব্দকে অতিক্রম করা) + অ]। □ বি. (সংগীতে) চড়া সুরের সপ্তক (তারসপ্তকে তাঁর গলা বেশ খোলে)।˜ স্বর বি. চড়া স্বর।

তার3 (p. 375) [tāra3] বি. 1 তরণ, উত্তরণ, পারগমন; 2 উদ্ধার ('কে করিবে তার')। [সং. √ তৃ + অ]।

তার4 (p. 375) [tāra4] বি. সুস্বাদ, রস (রান্নার তার)। তারিয়ে তারিয়ে খাওয়া ক্রি. বি. স্বাদ উপভোগ করার জন্য ধীরে ধীরে খাওয়া। [দেশি]।

তার5 (p. 375) [tāra5] বি. 1 ধাতুর তৈরি সূত্র বা রজ্জু (তামার তার, টেলিফোনের তার); 2 টেলিগ্রাম (তাড়াতাড়ি তাকে তার করে দাও)। [সং. √ তৃ + অ]।˜ ঘর বি. টেলিগ্রাফ অফিস।˜ বাবু বি. টেলিগ্রাফ অফিসে তারবার্তা গ্রহণ বা প্রেরণে নিযুক্ত কর্মচারী।˜ বার্তা বি. টেলিগ্রাম।

তারক (p. 375) [tāraka] বিণ. উদ্ধারকারী, রক্ষক, পারকর্তা। □ বি. 1 উদ্ধারকারী ব্যক্তি; 2 কর্ণধার; 3 ভেলা; 4 নক্ষত্র, তারা ('গ্রহতারক': রবীন্দ্র); 5 চোখের তারা; 6 কার্তিকেয়র দ্বারা নিহত অসুরবিশেষ। [সং. √ তৃ + ণিচ্ + অক]। স্ত্রী. তারিকা।˜ নাথ বি. শিব।˜ ব্রহ্ম বি. রামনামের মন্ত্রবিশেষ, ওঁ শ্রীরামরাম।

তারকা (p. 375) [tārakā] বি. 1 তারা, নক্ষত্র; 2 চোখের তারা; 3 '*' এই চিহ্ন; 4 সিনেমা ইত্যাদির বিশিষ্ট অভিনেতা বা অভিনেত্রী-ইংরেজি star শব্দের অনুকরণে। [সং. √ তৃ. + ণিচ্ + অক + আ]। ˜ য়িত বিণ. 1 তারকাযুক্ত, তারকাখচিত; 2 তারকায় পরিণত অর্থাত্ বিশিষ্ট অভিনেতা বা অভিনেত্রী হিসাবে পরিগণিত। ˜ রি বি. তারকাসুরবধকারী কার্তিকেয়। তারকিনী বিণ. (স্ত্রী.) তারকাময়ী। □ বি. রাত্রি।

তারণ (p. 375) [tāraṇa] বিণ. ত্রাণকারী, উদ্ধারকর্তা (দীনতারণ, অধমতারণ)। □বি. উদ্ধার, ত্রাণ, পারকরণ। [সং. √ তৃ + ণিচ্ + অন]। তারণি বি. নৌকা বা অন্য জলযান, যার সাহায্যে পার হওয়া যায়।

তার-তম্য (p. 375) [tāra-tamya] বি. ইতরবিশেষ, কম-বেশি, ন্যূনাধিক্য (হিসাবে তারতম্য হয়েছে); 2 পার্থক্য, তফাত। [সং. তরতম + য]।

তার-পর (p. 375) [tāra-para] ক্রি-বিণ. পরে, অতঃপর, তার পরে। □ অব্য. অতঃপর। [< বাং. তাহার + পর]।

তারবার্তা (p. 375) [tārabārtā] দ্র তার5।

তারল (p. 375) [tārala] বিণ. লম্পট, দুশ্চরিত্র। [সং. তরল + অ (স্বার্থে)]।

তারল্য (p. 375) [tāralya] বি. 1 তরল অবস্থা, তরলতা; 2 চপলতা, চঞ্চলতা (শিশুসুলভ তারল্য); 3 দৃঢ়তার অভাব। [সং. তরল + য]।

তারা1 (p. 375) [tārā1] বি. (স্ত্রী.) 1 সংসারদুঃখের ত্রাণকারিণী; 2 দেবীবিশেষ, দশমহাবিদ্যার অন্যতমা; 3 বৌদ্ধ দেবীবিশেষ; 4 রামায়ণে বালীর স্ত্রী; 5 (সংগীতে) উচ্চ সপ্তক (উদারা-মুদারা-তারা); 6 নক্ষত্র; 7 চোখের মণি, কনীনিকা ('তারা বেয়ে পড়বে ধারা': রা. প্র.)। [সং. √ তৃ + ণিচ্ + অ + আ]। ̃ নাথ, ̃ পতি বি. চন্দ্র, চাঁদ। ̃ পথ বি. আকাশ। ̃ বাতি বি. তারার মতো ফুলকি জ্বলে এমন বাতি বা আতশবাজিবিশেষ। ̃ মণ্ডল বি. গ্রহ তারা ইত্যাদি জ্যোতিষ্কপুঞ্জ, নক্ষত্রমালা।

তারা2 (p. 375) [tārā2] ক্রি. (কাব্যে) রক্ষা করা, উদ্ধার করা ('তারো তারো হরি দীনজনে': রবীন্দ্র)। [< সং. ত্রৈ (√ তৃ + ণিচ্) + বাং. আ]।

তারানা (p. 375) [tārānā] বি. খেয়াল-ধ্রুপদাদি উচ্চাঙ্গ সংগীতের নোম, তোম ইত্যাদি বোলযুক্ত রূপবিশেষ। [হি. তরানা]।

তারানাথ, তারাপতি (p. 375) [tārānātha, tārāpati] দ্র তারা1।

তারিকা (p. 375) [tārikā] দ্র তারক।

তারিখ (p. 375) [tārikha] বি. মাসের দিনসংখ্যা, দিনাঙ্ক (শ্রাবণের 1 তারিখ)। [আ. তারীখ]।

তারিণী (p. 375) [tāriṇī] বিণ. (স্ত্রী.) ত্রাণকারিণী, তারিকা। □ বি. (স্ত্রী.) দুর্গা। [সং. √ তৃ + ণিচ্ + ইন্ + ঈ]।

তারিফ (p. 375) [tāripha] বি. 1 প্রশংসা, বাহবা (তারিফ করার মতো কাজ); 2 বাহাদুরি, কৃতিত্ব। [আ. তরীফ্]।

তারুণ্য (p. 375) [tāruṇya] বি. 1 তরুণ অবস্থা বা বয়স; যৌবন (তারুণ্যের শক্তি, 'তারুণ্যের নীলরক্ত': সুকান্ত; তারুণ্যের উদ্যম); 2 কাঁচা বা কচি অবস্থা (তারুণ্য এখনও কাটেনি); 3 প্রথমাবস্থা (সর্দির তারুণ্য)। [সং. তরুণ + য]। বিণ. তরুণ।

তার্কিক (p. 375) [tārkika] বি. বিণ. 1 তর্কশাস্ত্রে পণ্ডিত, নৈয়ায়িক; 2 তর্কপ্রিয়; 3 তর্কে পটু। [সং. তর্ক + ইক]।

তার্পিন (p. 375) [tārpina] বি. সরল বা চির জাতীয় বৃক্ষের নির্যাসে প্রস্তুত তেলবিশেষ। [ইং. turpentine]।

তাল1 (p. 375) [tāla1] বি. বড় দলা বা পিণ্ড, স্তূপ (এক তাল কাদা, তাল তাল সোনা)। [সং. √ তল্ + অ]। তাল করা ক্রি. বি. জ়ড়ো বা স্তূপ করা। তাল-গোল পাকানো ক্রি. বি. 1 পিণ্ডাকারে পরিণত করা; 2 বিপর্যস্ত বা বিশৃঙ্খল করা বা হওয়া। তাল পাকানো ক্রি. তালগোল পাকানো র অনুরূপ। তাল তাল বিণ. প্রচুর, রাশি রাশি।

তাল2 (p. 375) [tāla2] বি. 1 (সংগীতে) সময়ের বিভাগ বা মাত্রা (তালে তালে নৃত্য); 2 করতলে করতলে আঘাত (তাল দেওয়া); 3 সদম্ভে নিজে বাহু বা ঊরুতে চাপড় (তাল ঠোকা)। [সং. √ তল্ + অ]। তাল কাটা ক্রি. বি. (সংগীতে)

তাল ভঙ্গ হওয়া, সময়ের মাত্রার সামঞ্জস্যহানি হওয়া। তাল ঠুকে লাগা ক্রি. বি. স্পর্ধা বা সাহসের সঙ্গে কাজ আরম্ভ করা। তাল ঠোকা ক্রি. বি. বাহুতে বা ঊরুতে চাপড় মেরে আস্ফালন করা বা অপরকে দ্বন্দ্বে আহ্বান করা। তাল রাখা ক্রি. 1 অন্যের বেগ বা গতির সঙ্গে নিজের বেগ বা গতির সমতা রক্ষা করা; 2 অন্যের কাজের সঙ্গে নিজের কাজের সংগতি রাখা। ঢিমা তাল বি. 1 সংগীতের বিলম্বিত বা ধীরগতির তাল; 2 (আল.) দীর্ঘসূত্রতা।˜ কানা বিণ. 1 (সংগীতে) তালজ্ঞানহীন; 2 (আল.) ভালো-মন্দ কাণ্ডজ্ঞানহীন।˜ ভঙ্গ বি. (সংগীতে) সময়ের বিভাগ বা মাত্রার সামঞ্জস্যহানি।

তাল3 (p. 375) [tāla3] বি. দীর্ঘ ঋজু শাখাহীন গাছবিশেষ বা তার ফল। [সং. √ তড্ + অ]। তাল পড়া (ব্যঙ্গে) ক্রি. বি. (পিঠে) সশব্দে কিল পড়া। তালপাতার সেপাই (আল.) অত্যন্ত কৃশ বা দুর্বল ব্যক্তি।˜ ক্ষীর বি. তালের গোলা দুধের সঙ্গে জ্বাল দিয়ে প্রস্তুত ক্ষীর।˜ চোঁচ বি. বাবুই পাখির সদৃশ তালচটক পাখি, swallow-shrike.˜ নবমী বি. ভাদ্র মাসের শুক্লানবমী।˜ পুকুর বি. যে পুকুরের চারদিকে তালগাছ আছে।˜ বৃন্ত বি. তালগাছের ডাঁটাসহ পাতা, যা দিয়ে সাধারণত হাতপাখা তৈরি হয়।˜ শাঁস বি. কচি তালের আঁটির শাঁস।

তাল4 (p. 375) [tāla4] বি. পিশাচযোনিবিশেষ। [সং. √ তল্ + অ]। তাল-বেতাল বি. তাল ও বেতাল নামে দুই পিশাচ, (পুরাণমতে) রাজা বিক্রমাদিত্য যাদের নিজের অনুচরে পরিণত করেছিলেন।

তাল5 (p. 375) [tāla5] বি. 1 টাল, ধাক্কা, ধকল (তাল সামলানো); 2 বায়না, ঝোঁক (ছেলেটা বড্ড তাল করে, তাল তুলেছে)। [তু. টাল]।

তাল6 (p. 375) [tāla6] বি. এক বিঘতপরিমাণ মাপ, দৈর্ঘ্যের এককবিশেষ (সপ্ততাল জলের নীচে)। [সং. √ তল্ + অ]।

তালই (p. 375) [tāli] বি. তালুই -এর রূপভেদ।

তালকানা (p. 375) [tālakānā] দ্র তাল2।

তালগোল (p. 375) [tālagōla] দ্র তাল1।

তালচোঁচ, তালনবমী, তালপুকুর, তালবৃন্ত (p. 375) [tālacōn̐ca, tālanabamī, tālapukura, tālabr̥nta] দ্র তাল3।

তালব্য (p. 375) [tālabya] বিণ. 1 তালু থেকে উচ্চারিত (তালব্য ধ্বনি); 2 তালুসম্বন্ধীয়। [সং. তালু + য]। তালব্য বর্ণ তালু থেকে উচ্চারিত ধ্বনির প্রতীক বর্ণ অর্থাত্ ই, ঈ, এ, চ, ছ, জ, ঝ, ঞ, য়, শ।

তালা1 (p. 375) [tālā1] বি. দরজা-জানালা-বাক্স ইত্যাদি আটকাবার যন্ত্রবিশেষ, কুলুপ (তালাচাবি)। [< সং. তালক]।

তালা2 (p. 375) [tālā2] বি. পাকা বাড়ির উল্লম্ব স্তর বা বিভাগ, উপর্যুপরি অবস্থিত তল, তলা (দোতালা বাড়ি)। [সং. তল]।

তালা3 (p. 375) [tālā3] বি. চড়া শব্দের জন্য শ্রবণশক্তির সাময়িক আচ্ছন্নতা (কানে তালা লাগা)। [দেশি]।

তালাক (p. 375) [tālāka] বি. 1 মুসলমানদের বিবাহবিচ্ছেদ; 2 স্ত্রী-ত্যাগ (বউকে তালাক দিয়েছে)। [আ. তলাক্]।

তালি1 (p. 375) [tāli1] বি. তালগাছ (তালিবন, তালিকুঞ্জ)।[সং. তাল + ই]।

তালি2 (p. 375) [tāli2] বি. হাততালি ('তালে তালে দেয় তালি': রবীন্দ্র)। [সং. তালিক]।

তালি3 (p. 375) [tāli3] বি. ছিন্ন অংশের আবরণ, জোড়, পটি (জামায় তালি, জুতোয় তালি)। [দেশি]।

তালি4 (p. 375) [tāli4] বি. ছোট তালা। [হি. তালী]।

তালিকা (p. 375) [tālikā] বি. নির্ঘণ্ট, ফর্দ, list (বইয়ের তালিকা)। [আ. তালিকহ্; তু. ফা. তালিক্]।

তালিম (p. 375) [tālima] বি. 1 শিক্ষা ও উপদেশ; শিক্ষণ; 2 অনুশীলন, কোনো বিদ্যার চর্চা বা নিয়মিত অভ্যাস (গানের তালিম)। [আ. তাআলীম্]।

তালু (p. 375) [tālu] বি. টাকরা, মুখগহ্বরের ঊর্ধ্বভাগ, palate. [সং. √ তৃ + ল + উ]।

তালুই, তাউই (p. 375) [tālui, tāui] বি. ভাই বা বোনের শ্বশুর, তালই। [তু. সং. তাত]।

তালুক (p. 375) [tāluka] বি. 1 ভূসম্পত্তি (জমিদারের খাসতালুক); 2 গভর্নমেণ্ট বা জমিদারের কাছ থেকে বন্দোবস্ত করে নেওয়া ভূসম্পত্তি; 3 জমিদারির অংশ। [আ. তাআল্লুক]।˜ দার বি. 1 তালুকের মালিক, জমিদার; 2 পদবিবিশেষ।˜ দারি বি. তালুকদারের বৃত্তি বা ভূসম্পত্তি। □ বিণ. তালুক বা তালুকদারসম্বন্ধীয়।

তালে-গোলে (p. 375) [tālē-gōlē] ক্রি-বিণ. বিশৃঙ্খলার মধ্যে, গোলমালের মধ্যে (তালেগোলে আসল কথাটাই ভুলে গেছি)। [বাং. তাল1 + এ + গোল (গোলমাল) + এ]।

তালে-বর (p. 375) [tālē-bara] বিণ. 1 মান্যগণ্য; 2 ধনী; 3 (ব্যঙ্গে) ওস্তাদ, চৌকশ; 4 (ব্যঙ্গে) লায়েক (তুমি এমন কিছু তালেবর হওনি)। [আ. তালাবর]।

তাস (p. 375) [tāsa] বি. 1 খেলার জন্য চিত্রিত মোটা কাগজের খণ্ডবিশেষ; 2 সুতোর তাসা। [হি. তাশ < আ. তাস্]। তাস পেটা ক্রি. বি. তাস নিয়ে খেলা (সারাদিন কেবল তাসই পিটছে)। তাসের ঘর, তাসের বাড়ি বি. 1 সহজেই ভেঙে পড়তে পারে এমন বাড়ি; 2 (আল.) অত্যন্ত বিপজ্জনক বা অনিশ্চিত বা ক্ষণস্থায়ী অবস্থা। তাসানো ক্রি. 1 গোছার ভিতরের তাস নেড়েচেড়ে তাদের স্থান অদলবদল করা; 2 ভেস্তে দেওয়া, ব্যর্থ করা (তুমিই তো ব্যাপারটাকে তাসিয়ে দিলে)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে।

তাসা1 (p. 375) [tāsā1] বি. 1 আনন্ধ বাদ্যযন্ত্রবিশেষ; 2 আনন্ধ বাদ্যযন্ত্রীদের দল (তাসাপার্টি)। [আ. তাসহ্]।

তাসা2 (p. 375) [tāsā2] বি. তাসের মতো মোটা কাগজের খণ্ড যাতে সুতো জড়ানো থাকে (তাসার সুতো)। [হি. তাস + বাং. আ]।

তাস্কর্য (p. 375) [tāskarya] বি. তস্করের বা চোরের কাজ বা বৃত্তি, চৌর্য, চুরি। [সং. তস্কর + য]।

তাহা (p. 375) [tāhā] সর্ব. (সাধু ভাষায় ও কাব্যে) সেই বস্তু বা বিষয়, তা (সে কী চায় তাহা আমি জানি না)। [সং. তদ্]।˜ ই সর্ব. সেই বস্তুই বা সেই কাজই, তাই।˜ কে, (পদ্যে)˜ রে সর্ব. (দ্বিতীয়া বিভক্তি) তাকে, সেই ব্যক্তিকে।˜ তে সর্ব. (7মী) 1 তার মধ্যে (তাহাতে কী কী ছিল?); 2 তার জন্য, সেই কারণে (তাহাতে ক্ষতি কী?); 3 তা শুনে, তার ফলে, সেই প্রসঙ্গে (তাহাতে আমি এই কথা বলিলাম); 4 তার সঙ্গে (তাহাতে আমাতে সদ্ভাব নাই); 5 তা দিয়ে, তার দ্বারা (তাহাতে কি আমার অভাব ঘুচিবে?)। □ সমু. অব্য. 1 তথাপি, তা সত্ত্বেও (যদি না পার তাহাতে ক্ষতি নাই); 2 পক্ষান্তরে, আবার, তার উপর (একে ধনী, তাহাতে উচ্চপদস্থ)।˜ দিগকে,˜ দের সর্ব. (2য়া বহুবচন) সেই ব্যক্তিদের বা সেই বস্তুগুলিকে (তাহাদিগকে জানাইয়া দাও)।˜ র বি. সর্ব. (6ষ্ঠী) সেই ব্যক্তির, বস্তুর বা বিষয়ের।

তাহে (p. 375) [tāhē] সমু. অব্য. (ব্রজ.) অধিকন্তু, তাতে আবার ('একে কুহু যামিনী, তাহে কুলকামিনী)। □ সর্ব. (কাব্যে) 1 তাকে; 2 তাতে (তাহে ক্ষতি নাই)। [বাং. তাহা (< সং. তদ্) + এ]।

তিক্ত (p. 375) [tikta] বিণ. 1 তেতো রসযুক্ত বা স্বাদযুক্ত (উচ্ছের স্বাদ তিক্ত); 2 (আল.) অপ্রীতিকর (সম্পর্ক তিক্ত করে তোলা)। □ বি. 1 তিক্ত রস; 2 তিক্ত স্বাদ; 3 তিক্ত স্বাদযুক্ত শাক ইত্যাদি। [সং. √ তিজ্ + ত]।

তিগ্ম (p. 375) [tigma] বিণ. 1 তীব্র, তীক্ষ্ণ; উগ্র; 2 দাহজনক। [সং. √ তিজ্ + ম]। ˜ রশ্মি, তিগ্মাংশু বি. 1 সূর্য; 2 প্রখর রৌদ্র।

তিঙ্ (p. 375) [tiṅ] বি. (ব্যাক.) সংস্কৃত ব্যাকরণের 18টি ক্রিয়াবিভক্তি। [সং.]। তিঙন্ত বিণ. অন্তে তিঙ্ অর্থাত্ ক্রিয়াবিভক্তিযুক্ত (তিঙন্ত-প্রকরণ)। [তিঙ্ + অন্ত]।

তিজেল (p. 375) [tijēla] বি চ্যাপটা হাঁড়িবিশেষ, ব্যঞ্জনাদি রাঁধবার হাঁড়ি। [পো. tigela]।

তিড়-বিড় (p. 375) [tiḍ়-biḍ়] বি. চঞ্চলতা বা অস্থিরতার ভাব (তিড়বিড় করা)। [দেশি]। তিড়-বিড়ে বিণ. অত্যন্ত চঞ্চল বা অস্থির, ছটফটে (ভারি তিড়বিড়ে লোক তো তুমি!)।

তুড়িং-বিড়িং (p. 375) [tuḍ়i-mbiḍ়i] বি. (ফড়িঙের মতো) হঠাত্ হঠাত্ লাফিয়ে ওঠার ভাব; বারবার লাফানো বা অত্যন্ত চঞ্চলতা প্রকাশের ভাব। [দেশি]।

তিতা2 (p. 375) [titā2] ক্রি. 1 ভিজে যাওয়া, সিক্ত হওয়া (ভিজেতিতে এসেছি; 'আঙিনার কোণে তিতিছে বঁধুয়া': চণ্ডী; 'তিতি অশ্রুনীরে': মধু.); 2 তেতো হওয়া ('তিতায় তিতিল দে': চণ্ডী)। □ বিণ. সিক্ত, ভিজে ('স্নানান্তে তিতা বস্ত্র এড়িলেন': চৈ. চ.)। [< সং. √ তিমিত + বাং. আ]। ˜ নো ক্রি. বি. সিক্ত করা, ভিজানো; (আল.) (সম্পর্ক) তিক্ত করা (সম্পর্ক তিতিয়ে ফেলা)।

তিতিক্ষা (p. 375) [titikṣā] বি. 1 ক্ষমা; 2 সহিষ্ণুতা। [সং. √ তিজ্ + সন্ + অ + আ]। তিতিক্ষিত বিণ. ক্ষমা বা সহ্য করা হয়েছে এমন। তিতিক্ষু বিণ. 1 ক্ষমাশীল; 2 সহিষ্ণু।

তিতিবিরক্ত (p. 375) [titibirakta] দ্র ত্যক্ত।

তিতির (p. 375) [titira] বি. মুরগিজাতীয় পাখিবিশেষ, partridge.[সং. তিত্তির]।

তিতীর্ষু (p. 375) [titīrṣu] বিণ. পার হতে বা ত্রাণ লাভ করতে ইচ্ছুক এমন। [সং. √ তৃ + সন্ + উ]।

তিত্তির (p. 375) [tittira] বি. তিতির পাখি। [সং. তিত্তি (ধ্বন্যা.) + √ র (শব্দ করা) + অ]।

তিথি (p. 375) [tithi] বি. 1 চান্দ্র দিন, চন্দ্রকলার হ্রাস-বৃদ্ধি দ্বারা নিরূপিত ও সীমাবদ্ধ কাল-প্রতিপদ, দ্বিতীয়া ইত্যাদি; 2 সময়, মাহাত্ম্যপূর্ণ বা শুভ সময় (শুভ তিথি দেখে যাত্রা করব)। [সং. তত্ + ইথি]। ˜ কৃত্য বি. তিথিবিশেষে বিহিত

কার্য।˜ ক্ষয় বি. 1 এক দিনে তিন তিথির মিলন, ত্র্যহস্পর্শ; 2 অমাবস্যা।˜ পালন বি. তিথি অনুযায়ী বিহিত কাজ করা।

তিথ্যমৃত-যোগ (p. 375) [tithyamṛta-yōga] বি. হিন্দু জ্যোতিষমতে শুভক্ষণবিশেষ। [সং. তিথি + অমৃতযোগ]।

তিন (p. 375) [tina] বি. বিণ. 3 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. তিন্ন]।˜ কাল বি. শৈশব, যৌবন ও প্রৌঢ়ত্ব (তার তিনকাল গিয়ে এককালে ঠেকেছে)।˜ কুল বি. পিতৃবংশ, মাতৃবংশ ও শ্বশুরবংশ (তার তিনকুলে কেউই নেই)। তিন লাফে ক্রি-বিণ. (আল.) অতি দ্রুত, সাততাড়াতাড়ি।˜ সন্ধ্যা ত্রিসন্ধ্যা -র অনুরূপ। তিনাঞ্জলি, (প্রা. বাং.) তিনাঞ্জলী বি. তিনবার অঞ্জলি ভরে জল নিয়ে তর্পণ ('আজি লাজক দিআ তিনাঞ্জলি': শ্রীকৃ.)। [তু. তিলাঞ্জলি]।

তিনি (p. 375) [tini] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তি (তিনি এখানেই আছেন)। [প্রাকৃ. তিন্নি]।

তিন্তিড়, তিন্তিড়ী, তিন্তিলী (p. 375) [tintiḍ়, tintiḍ়ī, tintilī] বি. তেঁতুল গাছ বা তার ফল। [সং. তিন্তিড় + ঈ, ড় স্থানে ল]।

তিন্দু, তিন্দুক (p. 375) [tindu, tinduka] বি. গাব গাছ। [সং. √ তিম্ + উ, মতান্তরে √ তিজ্ + কু]।

তিপ্পান্ন (p. 375) [tippānna] বি. বিণ. 53 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রিপঞ্চাশ > প্রাকৃ. তেবণ্ণা]।

তিব্বতি (p. 375) [tibbati] বিণ. তিব্বতদেশ সম্বন্ধীয়। □ বি. তিব্বতের লোক বা ভাষা। [তিব্বত + বাং. ই]।

তিমি (p. 375) [timi] বি. বিরাটকায় মৎস্যাকার স্তন্যপায়ী সামুদ্রিক জন্তুবিশেষ, whale. [সং. √ তম্ + ই, ত > তি]।

তিমিঙ্গিল (p. 375) [timiṅgila] বি. তিমিকেও গিলে ফেলতে পারে এমন অতিকায় (কাল্পনিক) পৌরাণিক জন্তুবিশেষ। [সং. তিমি + √ গিল্ + অ মুমাগম]।

তিমিত (p. 375) [timita] বিণ. 1 সিক্ত, ভেজা; 2 নিশ্চল, স্থির; 3 স্থিমিত, প্রায় নিভে আসছে এমন (তিমিত আলো)। [সং. √ তিম্ + ত]।

তিমির (p. 375) [timira] বি. 1 অন্ধকার ('তিমিরময় নিবিড় নিশা': রবীন্দ্র; ঘোর তিমিরে); 2 চোখের রোগবিশেষ, যাতে দৃষ্টিশক্তি ক্ষীণ হয় বা লোপ পায়, ছানি। □ বিণ. অন্ধকার, অন্ধকারময় ('ছুটিল তিমির রাত্রি': রবীন্দ্র; 'তিমির রাত্রি, অন্ধ যাত্রী': রবীন্দ্র)। [সং. √ তিম্ + ইর]। তিমিরাব-গুণ্ঠিত বিণ. অন্ধকাররূপ ঘোমটায় আচ্ছাদিত; ঘন অন্ধকারে আবৃত।

তিয়াত্তর (p. 375) [tiẏāttara] বি. বিণ. 73 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. তেহত্তইড় < সং. ত্রিসপ্ততি]।

তির (p. 375) [tira] বি. বাণ, শর। [ফা. তীর]। ˜ন্দাজ বি. বিণ. তির নিক্ষেপে পটু এমন ব্যক্তি; তির নিক্ষেপকারী; ধানুকি।

তিরস্করণী, তিরস্করিণী, তিরস্কারিণী (p. 375) [tiraskaraṇī, tiraskariṇī, tiraskāriṇī] বি. 1 অদৃশ্য হওয়ার বিদ্যা; 2 পর্দা; যবনিকা; 3 (আল.) বাধা। [সং. তিরস্ + করণী, করিণী, কারিণী]।

তিরস্কার (p. 375) [tiraskāra] বি. 1 ভৎর্সনা, ধমক; 2 অনাদর, অবজ্ঞা; 3 নিন্দা। [সং. তিরস্ + √ কৃ + অ]। তিরস্কৃত বিণ. 1 ভৎর্সিত; 2 অনাদৃত; 3 নিন্দিত; 4 আচ্ছাদিত।

তিরা-নব্বই, (কথ্য) তিরা-নব্বুই (p. 375) [tirā-nabbi, (kathya) tirā-nabbui] বি. বিণ. 93 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রিনবতি]।

তিরাশি (p. 375) [tirāśi] বি. বিণ. 83 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্র্যশীতি]।

তিরি (p. 375) [tiri] বি. তিন বিন্দুযুক্ত বা ফোঁটাযুক্ত তাস (ইস্কাবনের তিরি)। [< সং. ত্রি]।

তিরিক্ষি, তিরিক্ষে (p. 375) [tirikṣi, tirikṣē] বিণ. উগ্র, একটুতেই রেগে ওঠে বা উত্তেজিত হয় এমন, রগচটা (তিরিক্ষি মেজাজের লোক)। [প্রাকৃ. তিরিক্খ; তু. সং. তির্যক্]।

তিরো-ধান, তিরো-ভাব (p. 375) [tirō-dhāna, tirō-bhāba] বি. 1 অন্তর্ধান, অদৃশ্য হওয়া (হঠাত্ আবির্ভাব, হঠাত্ তিরোধান); 2 মহাপুরুষের মৃত্যু (স্বামী বিবেকানন্দের তিরোধান)। [সং. তিরস্ + √ ধা অন; তিরস্ + √ ভূ + অ]।

তিরো-হিত, তিরো-ভূত বিণ. 1 অন্তর্হিত; 2 মৃত। বিণ. স্ত্রী. তিরো-হিতা, তিরো-ভূতা।

তির্যক (p. 375) [tiryaka] (তির্যক্) বিণ. 1 বাঁকা, কুটিল (তির্যক গতি, তির্যক দৃষ্টি); 2 তেরছা, কোনাচে, বাঁকা (তির্যক রেখা); 3 (বিরল) মনুষ্যেতর (তির্যক প্রাণী)। [সং. তিরস্ + √ অন্চ্ + ক্বিপ্]।˜ পাতন বি. বকযন্ত্রের সাহায্যে চুয়ানোর কাজ।˜ যোনি বি. 1 মনুষ্যেতর প্রাণী, পশু, পাখি প্রভৃতি জীব; 2 পশুপাখির যোনি বা জননেন্দ্রিয়।

তিল (p. 375) [tila] বি. 1 তৈলপ্রদ ক্ষুদ্র শস্যবিশেষ, তৈলবীজ (তিলের তেল); 2 গায়ে তিলের মতো ক্ষুদ্র কালো চিহ্নবিশেষ (গালে তিল); 3 এক কড়ার আশি ভাগের এক ভাগ; 4 (আল.) অতি সামান্য পরিমাণ বা অংশ (আমি এক তিলও পাইনি, তাকে এক তিলও বিশ্বাস করি না)। □ বিণ. বিন্দুমাত্র, অতি সামান্যমাত্র ('তিল ঠাঁই আর নাহি রে': রবীন্দ্র)। [সং. √ তিল্ + অ]। তিলকে তাল করা ক্রি. বি. অতিরঞ্জিত করা, সামান্য জিনিসকে ফুলিয়ে ফাঁপিয়ে বড় করা। তিলধারণের জায়গা না থাক অত্যন্ত ভিড় হওয়া, ঠাসাঠাসি হওয়া (এ ঘরে আর তিলধারণের জায়গা নেই)। তিল তিল করে ক্রি-বিণ. একটু একটু করে; ক্রমে ক্রমে কিন্তু অবিচ্ছিন্নভাবে (দীর্ঘদিন ধরে তিল তিল করে ওই টাকা জমিয়েছি)।˜ কল্ক বি. তিলের খইল।˜ কাঞ্চন বি. মাতাপিতার শ্রাদ্ধের জন্য ব্যবহৃত তিল ও যৎসামান্য সোনা।˜ কুটো বি. তিল বা তিলচূর্ণ দিয়ে প্রস্তুত সন্দেশবিশেষ।˜ তুলসী, তুলসী-তিল বি. তিল ও তুলসী-হিন্দুদের কাছে পবিত্র বলে বিশুদ্ধ দানের বা নিঃশেষে দানের উপকরণ ('দেই তুলসী তিল দেহ সমর্পিলু: বিদ্যা.)।˜ পিটালি,˜ পিটুলি বি. তিল-মিশানো পিটুলির গোলা।˜ মাত্র, তিলার্ধ, তিলার্ধেক, একতিল বি. অতি সামান্য অংশও (তাকে তিলার্ধ বিশ্বাস করি না)। □ ক্রি-বিণ. ক্ষণমাত্র;

একটুও (সেখানে তিলার্ধ না দাঁড়িয়ে চলে গেল)। তিলে তিলে তিল তিল করে -র অনুরূপ।

তিলং (p. 375) [tila] বি. ভারতীয় মার্গসংগীতের রাগবিশেষ। [হি.]।

তিলক (p. 375) [tilaka] বি. দেহের নানা স্থানে চন্দন প্রভৃতির ফোঁটা বা ছাপ (তিলক কাটা)। □ বিণ. তিলকের মতো অলংকারস্বরূপ, শ্রেষ্ঠ (কুলতিলক)। [সং. তিল + ক]। তিলক কাটা ক্রি. বি. গায়ে তিলক আঁকা।˜ মাটি বি. গঙ্গানদী বা অন্য তীর্থস্থানের যে মাটি দিয়ে তিলক আঁকা হয়।˜ সেবা,˜ ছাপা বি. বৈষ্ণবদের দেহের আটটি স্থানে তিলক এঁকে হরিনাম লেখা। তিলকা বি. গায়ে তিল ফুলের মতো চিহ্ন ('অলকা তিলকা ভালে')। তিলকী (-কিন্) বিণ. তিলকধারী (তিলকী বৈষ্ণব)।

তিলক-কামোদ (p. 375) [tilaka-kāmōda] বি. ভারতীয় মার্গসংগীতের মিশ্র রাগবিশেষ। [সং. তিলক + কামোদ]।

তিলক-শ্যাম (p. 375) [tilaka-śyāma] বি. ভারতীয় মার্গসংগীতের মিশ্র রাগবিশেষ। [সং. তিলক + শ্যাম]।

তিলাঞ্জলি (p. 375) [tilāñjali] বি. 1 মৃত আত্মার তৃপ্তির জন্য তার জীবিত বংশধরের দ্বারা তিল ও জল অঞ্জলি করে তর্পণ; 2 (আল.) সম্পূর্ণ সম্পর্কচ্ছেদ, সম্বন্ধত্যাগ ('তিলাঞ্জলি দিঁলু কুললাজে': অনন্তদাস)। [সং. তিল + অঞ্জলি-তু. তিনাঞ্জলি]।

তিলার্ধ (p. 375) [tilārdha] দ্র তিল।

তিলি (p. 375) [tili] বি. নবশাখ-এর অন্তর্গত বাঙালি হিন্দু জাতিবিশেষ। [দেশি]। তু. সং. তিল + বাং. ই]।

তিলে (p. 375) [tilē] বিণ. 1 তিলমিশ্রিত (তিলে খাজা); 2 তিলচিহ্নযুক্ত, spotted (তিলেখচ্চর)। [সং. তিল + বাং. এ < আ, উয়া]।

তিলেক (p. 375) [tilēka] বি. তিলমাত্র, সামান্য অংশও। □ বিণ. অত্যল্প, বিন্দুমাত্র (জীবনে তিলেক সুখ পেলাম না)। □ ক্রি-বিণ. 1 ক্ষণমাত্র, ক্ষণকাল (তিলেক দাঁড়াও); 2 একটুও (তোমাকে সে তিলেক সহ্য করতে পারে না)। [সং. তিল + এক (বাং. সন্ধি)]।

তিলেতিলে (p. 375) [tilētilē] দ্র তিল।

তিলোত্তমা (p. 375) [tilōttamā] বি. সুন্দ ও উপসুন্দ নামে দুই অসুর বধের জন্য ব্রহ্মার নির্দেশে বিশ্বকর্মা তিল তিল করে সৃষ্টির যাবতীয় সৌন্দর্য আহরণপূর্বক যে অপ্সরাকে নির্মাণ করেছিলেন। [সং. তিল + উত্তমা]।

তিলোদক (p. 375) [tilōdaka] বি. তিলমিশ্রিত জল, শ্রাদ্ধে বা তর্পণে যা প্রদান করা হয়। [সং. তিল + উদক (জল)]।

তিষ্ঠোনো, তিষ্ঠানো (p. 375) [tiṣṭhōnō, tiṣṭhānō] ক্রি. বি. টিকে থাকা, বেশিক্ষণ বাস করা বা অবস্থান করা (মশার কামড়ে এখানে তিষ্ঠানো দায়, ছেলেটা দুদণ্ড তিষ্ঠোতে দেয় না)।[বাং. √ তিষ্ঠা < সং. অতসী]।

তিষ্য (p. 375) [tiṣya] বি. নক্ষত্রবিশেষ, পুষ্যানক্ষত্র। [সং. √ তুষ্ (তুষ্ট করা) + ক্যপ্]। তিষ্যা বি. (স্ত্রী.) তিষ্যনক্ষত্রযুক্ত পূর্ণিমা।

তিসি (p. 375) [tisi] বি. তৈলপ্রদ বীজবিশেষ, তৈলবীজবিশেষ, মসিনা। [< সং. অতসী]।

তীক্ষ্ণ (p. 375) [tīkṣṇa] বিণ. 1 অত্যন্ত ধারানো, শাণিত (তীক্ষ্ণ ছুরি); 2 সূক্ষ্মাগ্র, ছুঁচলো (তীক্ষ্ণ কাঁটা); 3 সমস্ত বিষয়ের গভীরে প্রবেশ করতে পারে এমন (তীক্ষ্ণ বুদ্ধি); 4 প্রখর, উগ্র, তীব্র (তীক্ষ্ণ রৌদ্র, তীক্ষ্ণ স্বর, তীক্ষ্ণ বিষ); 5 সতর্ক, সজাগ (তীক্ষ্ণ দৃষ্টি)। [সং. √ তিজ্ + স্ন]। স্ত্রী. তিক্ষ্ণা। বি.˜ তা,˜ ত্ব।˜ লৌহ, তীক্ষ্ণায়স বি. ইস্পাত।

তীবর (p. 375) [tībara] বি. 1 তেয়র বা তেওর জাতি, জেলে জাতি; 2 ব্যাধ। [সং. √ তৃ + বর]। স্ত্রী. তীবরী।

তীব্র (p. 375) [tībra] বিণ. 1 প্রখর, কড়া (তীব্র আলো, তীব্র রোদ); 2 জোরালো, বলিষ্ঠ (তীব্র প্রতিবাদ); 3 দুঃসহ (তীব্র দুঃখ, তীব্র জ্বালা); 4 উগ্র, কর্কশ (তীব্র ভাষা); 5 উচ্চ (তীব্র স্বরে কথা বলা); 6 মারাত্মক, সাংঘাতিক (তীব্র বিষ); 7 কঠিন (তীব্র লড়াই, তীব্র প্রতিযোগিতা); 8 ক্রুদ্ধ, তীক্ষ্ণ (তীব্র দৃষ্টি)। [সং. √ তীব্ + র]। বি.˜ তা।˜ মধ্যম বি. সংগীতের কড়িমধ্যম স্বর।

তীর1 (p. 375) [tīra1] বি. সমুদ্র, নদী প্রভৃতির পাড়, কূল। [সং. √ তীর্ + অ (অচ্)]।

তীর্ণ (p. 375) [tīrṇa] বিণ. অতিক্রান্ত, উত্তীর্ণ, পারগত (তীর্ণ যৌবন)। [সং. √ তৃ + ত]। বাংলায় সাধারণত অব ও উত্ (উদ্) উপসর্গযোগে এই শব্দের প্রয়োগ হয়-অবতীর্ণ, উত্তীর্ণ। স্ত্রী. তীর্ণা।

তীর্ণ (p. 375) [tīrṇa] বি. 1 পুণ্যস্থান (মিলনতীর্ণ); 2 দেবতা বা মহাপুরুষদের লীলাক্ষেত্র বা বাসভূমি; 3 পাপমোচনের স্থান (বারাণসীতীর্ণ); 4 ঋষিসেবিত পবিত্র জলযুক্ত নদী ইত্যাদি (পুষ্কর তীর্থ); 5 নদ্যাদিতে অবতরণের বা স্নানের ঘাট; 6 গুরু বা শিক্ষক (সতীর্থ); 7 উপাধিবিশেষ (ব্যাকরণতীর্থ)। [সং. √ তৃ + থ]। তীর্থ করা ক্রি. বি. পূণ্য অর্জনের জন্য তীর্থ দর্শন ও তীর্থকৃত্য করা। তীর্থের কাক তীর্থযাত্রীরা কখন যজ্ঞস্থানে নৈবেদ্য ছড়াবে সেই আশায় কাক যেমন অপেক্ষা করে তেমনি পরানুগ্রহপ্রত্যাশী লোভী ব্যক্তি।˜ যাত্রা বি. পাপক্ষয়ের জন্য তীর্থে যাওয়া।˜ যাত্রী (ত্রিন্) বিণ. বি. তীর্থে গমনকারী।˜ সলিল বি. তীর্থস্থানের পবিত্র জল। তীর্থোদক বি. তীর্থের পবিত্র জল।

তীর্থং-কর, তীর্থঙ্কর (p. 375) [tīrtha-ṅkara, tīrthaṅkara] বি. 1 জৈন ধর্মগুরু, সংখায় যাঁরা ছাব্বিশজন; 2 জৈন ও বৌদ্ধশাস্ত্রকার, সিদ্ধপুরুষ। [সং. তীর্থ + কর মুমাগম]।

তু1 (p. 375) [tu1] অব্য. কুকুর, বিড়াল প্রভৃতিকে ডাকবার শব্দবিশেষ (তু তু করে কত ডাকলাম)। [ধ্বন্যা.]।

তু2 (p. 375) [tu2] সর্ব. (ব্রজ.) তুই, তুমি ('মরণ তু আওরে আও': রবীন্দ্র)। [হি. তুম < সং. ত্বম্]। ̃ অ, ̃ য় সর্ব. (ব্রজ.) তোমার।

তুই (p. 375) [tui] সর্ব. তুচ্ছার্থে বা অনাদরে তুমি -র রূপভেদ; নিম্নপদস্থ, কনিষ্ঠ বা অত্যন্ত অন্তরঙ্গ ব্যক্তির প্রতি প্রযোজ্য। [সং. ত্বম্]। ̃ তোকারি বি. তুই, তোর ইত্যাদি শব্দ ব্যবহার করে অসম্মান দেখানো।

তুঁ, তুঁহুঁ, তঁহু (p. 375) [tu, n̐tum̐hu, n̐tam̐hu] সর্ব. (ব্রজ.) তুমি; (আদরে) তুই ('মরণ রে তুঁহুঁ মম শ্যাম সমান': রবীন্দ্র)। [হি.]।

তুঁত, তুত (p. 375) [tun̐ta, tuta] বি. গাছবিশেষ বা তার ফল, mulberry.[আ. তুত]। ̃ পোকা বি. তুঁত গাছের পত্রভোজী গুটিপোকা যার লালা থেকে রশম তৈরি হয়, রেশমকীট।

তুঁতিয়া, তুঁতে (p. 375) [tun̐tiẏā, tun̐tē] বি. তামা গন্ধক ও অম্ল ঘটিত পদার্থবিশেষ, হরিতাশ্ম, কপার সালফেট, copper sulphate; বা তার হালকা নীল রং। [সং. তুত্থক]।

তুঁদুল (p. 375) [tun̐dula] বি. (কথ্য) তন্দুর, রুটি সেঁকার উনুনবিশেষ। [বাং. < উ.তন্দুর]। তুঁদুলে বিণ. তন্দুরে তৈরি হয়েছে এমন (তুঁদুলে রুটি)।

তুক (p. 375) [tuka] বি. 1 বশীকরণের প্রকরণ, গুণ (তুক করা); 2 বশীকরণের মন্ত্র; জাদুমন্ত্র (অনেক তুক জানে); 3 (সংগীতে) খেয়াল ধ্রুপদাদি সংগীতের কলি বা চরণ। [হি. তুক]।˜ তাক বি. জাদুর মন্ত্রতন্ত্র।

তুক্ক (p. 375) [tukka] বি. 1 তির ছোড়া শিক্ষার সময় ব্যবহার্য হুলহীন বাণ বা তির, ভোঁতা তির; 2 (অল.) শ্লোকের শেষ বা চতুর্থ চরণ; 3 কীর্তনের অঙ্গবিশেষ। [ফা. তুকা]।

তুখড়, তুখোড় (p. 375) [tukhaḍ়, tukhōḍ়] বিণ. 1 চালাকচতুর (তুখোড় ছেলে); 2 ওস্তাদ, দক্ষ, নিপুণ। [সং. তীক্ষ্ণ?]।

তুঘলকি (p. 375) [tughalaki] বিণ. বি. খামখেয়ালিপূর্ণ বা খামখেয়ালিপূর্ণ কাজ (তুঘলকি চলছে, তুঘলকি কাজকারবার চলছে)। [(মহম্মদ-বিন-) তুঘলক + বাং. ই]।

তুঙ্গ (p. 375) [tuṅga] বিণ. উঁচু, উন্নত (তুঙ্গশৃঙ্গ, তুঙ্গনাসিকা)। তু. উত্তুঙ্গ। □ বি. 1 সর্বোচ্চ স্থান বা শেষ সীমা (অসন্তোষ তুঙ্গে উঠেছে); 2 (জ্যোতিষ.) রাশিচক্র উঁচু স্থানে অবস্থিত গ্রহ (তুঙ্গে বৃহস্পতি)। [সং. √ তুন্জ্ + অ]। তুঙ্গী (-ঙ্গিন্) বিণ. (আল.) উঁচুতে অবস্থিত ('তুঙ্গী গ্রহেরা হবে বাসরের প্রহরী': সু. দ; 'তুঙ্গী মেঘ শুভ্রকেশ': বিষ্ণু)।

তুচ্ছ (p. 375) [tuccha] বিণ. 1 গুরুত্বহীন, অকিঞ্চিৎকর (তুচ্ছ বিষয়); 2 অত্যল্প, অতি সামান্য (এই তুচ্ছ টাকার জন্য এত ঝগড়া?); 3 নগণ্য, হেয় (তিনি

মোটেই তুচ্ছ লোক নন); 4 অসার (জগৎসংসারকে তুচ্ছ জ্ঞান করা)। [সং. তুদ্ + ছ]। বি.˜ তা।˜ তাচ্ছিল্য,˜ তাচ্ছল্য বি. তুচ্ছজ্ঞান, অবহেলা, অনাদর, উপেক্ষা।

তুঝ (p. 375) [tujha] সর্ব. (ব্রজ.) তোমার; তোর ('মেঘবরণ তুঝ, মেঘজটাজূট': রবীন্দ্র)। [হি.]। তুঝে সর্ব. তোমাকে; তোকে।

তুড়া1 (p. 375) [tuḍ়ā1] ক্রি. 1 মুখের উপর অপমানজনক কথা বলা বা ধমকানো (তাকে একচোট তুড়ে দিয়েছি); 2 (প্রধানত কথা দিয়ে) তেজ বা ক্রোধ প্রকাশ করা। [প্রাকৃ. √ তুড়্ + বাং. আ]। তুড়ে অস-ক্রি মুখের উপর অপমানজনক কথা বলে; কড়াভাবে ধমক দিয়ে (তুড়ে ধমকে দেওয়া); চুটিয়ে বা জোরে তেজ প্রকাশ করে (তুড়ে ঝগড়া করা)।

তুড়া2, তোড়া (p. 375) [tuḍ়ā2, tōḍ়ā] ক্রি. 1 ভাঙা বা ভেঙে ফেলা (হাড় তুড়েছে); 2 (বর্ত. বিরল) সমপরিমাণ খুচরো মুদ্রার সঙ্গে বিনিময় করা (টাকা তোড়া)। [প্রাকৃ. √ তুড়্ + বাং. আ -তু. হি. তোড়না]।˜ নো ক্রি. তুড়া বা তোড়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

তুড়ি (p. 375) [tuḍ়i] বি. বুড়ো আঙুলের সঙ্গে মধ্যমা বা অনামিকার সংযোগে কৃত শব্দ। [দেশি]। তুড়ি দিয়ে ওড়ানো, তুড়ি মেরে ওড়ানো ক্রি. বি. বাধাবিঘ্ন অগ্রাহ্য করে অতি সহজে জয়ী হওয়া। তুড়ি মারা ক্রি. বি. (আল.) তুচ্ছজ্ঞান করা, অগ্রাহ্য করা।˜ লাফ বি. স্ফূর্তির বশে হঠাত্-তিড়িং লাফ।

তুণ্ড (p. 375) [tuṇḍa] বি. (প্রধানত জীবজন্তুর) মুখ; ওষ্ঠাধর (শুয়োরের তুণ্ড), ঠোঁট বা চঞ্চু। [সং. √ তুণ্ড্ + অ]।

তুত, তুতপোকা, তুতে (p. 375) [tuta, tutapōkā, tutē] যথাক্রমে তুঁত, তুঁতপোকা ও তুঁতে -র রূপভেদ।

তুত্থ, তুত্থক (p. 375) [tuttha, tutthaka] বি. তুঁতে, কপার সালফেট। [সং. √ তুদ্ + থ, ক (স্বার্থে)]। তুত্থাঞ্জন বি. তুঁতে থেকে প্রস্তুত কাজল।

তুন্দ, তুন্দি (p. 375) [tunda, tundi] বি. 1 ভুঁড়ি; 2 পেট। [সং. √তূণ্ + দ (নি.) + ই]। তুন্দিভ, তুন্দিল বিণ. 1 ভুঁড়ো, নাদাপেটা, স্থূলোদর; 2 বিশাল, মোটা, স্থূল (তুন্দিল উদর)।

তুন্ন (p. 375) [tunna] বি. ছেঁড়া কাপড়। □ বিণ. ব্যথিত, দুঃখিত।[সং. √ তুদ্ + ত]। ˜ বায় বি. 1 যে ছেঁড়া কাপড় সেলাই করে; 2 দরজি। তু. তন্তুবায়।

তুফান (p. 375) [tuphāna] বি. প্রবল ঝড়। [আ. তুফান]। তুফান তোলা ক্রি. বি. আল.) প্রবল বিতর্ক বা উত্তেজনার সৃষ্টি করা। চায়ের পেয়ালায় তুফান প্রবল তর্কবিতর্ক; প্রকৃত কর্মক্ষেত্রে কাজ না করে কেবল ঘরের আড্ডায় জোর আলোচনা। তু. ইং. storm in a tea-cup.

তুবড়া, তোবড়া (p. 375) [tubaḍ়ā, tōbaḍ়ā] ক্রি. চুপসানো, টোল খাওয়া (গাল তুবড়ে গেছে)। □ বিণ. চুপসে বা টোল খেয়ে গেছে এমন (তোবড়া গাল)। [আ. তোব্রা]। ˜ নো ক্রি. বেঁকিয়ে বা মুচড়ে দেওয়া, টোল, খাওয়ানো (মেরে গাল তুবড়ে দেব)। □ বি. বিণ. উক্ত অর্থে।

তুবড়ি (p. 375) [tubaḍ়i] বি. 1 আতশবাজিবিশেষ; 2 সাপুড়ের ব্যবহৃত লাউয়ের খোলে দুটি নল লাগানো বাঁশি। [তু. সং. তুম্ব]। কথার তুবড়ি তুবড়িবাজির আগুনের ফিনকির মতো অনর্গল বাক্যস্রোত (তুমি তো কেবল কথার তুবড়ি ছোটাতে পার)।

তুবর (p. 375) [tubara] বিণ. কটু বা কষায় স্বাদযুক্ত। [সং. তু + বর]।

তুমার (p. 375) [tumāra] বি. 1 জমা-খরচের খাতা; 2 মোট হিসাব, সব মিলিয়ে হিসাব। [আ. তু'মার, ফা. তুমার]।˜ নবিশ বি. হিসাবরক্ষক, যে আয়-ব্যয়ের হিসাব রাখে।

তুমি (p. 375) [tumi] সর্ব. মধ্যম পুরুষের একবচন (তুমি যাও)। [সং. ত্বম্]।

তুমুল (p. 375) [tumula] বিণ. ঘোরতর, প্রবল (তুমুল যুদ্ধ, তুমুল ঝড়, তুমুল কাণ্ড)। □ বি. ভীষণ ঝগড়াঝাঁটি (দুজনে সেদিন তুমুল হয়ে গেছে)। [সং. √ তু (গতি বা বৃদ্ধি অর্থে) + মুল, মতান্তরে, √ তম্ + উল (উলচ্)]।

তুম্ব, তুম্বক, তুম্বি (p. 375) [tumba, tumbaka, tumbi] বি. 1 লাউ; 2 লাউয়ের শুকনো খোল; 3 লাউয়ের শুকনো খোল দিয়ে প্রস্তুত বাদ্যযন্ত্র। [সং. √তুম্ব্ + অ, + ক (স্বার্থে), + ই]।

তুয় (p. 375) [tuẏa] দ্র তু2।

তুয়া (p. 375) [tuẏā] সর্ব. (ব্রজ. প্রা. বাং.) 1 তুমি ('নিপট কপট তুয়া শ্যাম': অ. দ.); 2 তোমাকে ('জীবনে মরণে তুয়া পাব': চণ্ডী.); 3 তোমার ('তুয়া অনুরূপ' এক পট লিখিয়া': যদু)। [সং. ত্বম্, তব]।

তুরকি (p. 375) [turaki] বি. বিণ. তুরস্কের লোক বা জাতি; তুরস্কের ভাষা বা লোক সম্বন্ধীয়; তুরস্কসম্বন্ধীয় (তুরকিদের ভাষা, তুরকি রীতি)। [ফা. তুর্কি]। তুরকি নাচ, তুরকি নাচন বি. 1 ঘুরপাক খেয়ে উদ্দাম নৃত্য; 2 (আল.) পরের নির্দেশে চলতে বাধ্য হওয়ার ফলে অত্যন্ত বিপর্যস্ত বা নাজেহাল অবস্থা।

তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম (p. 375) [turaga, turaṅga, turaṅgama] বি. ঘোড়া, অশ্ব। [সং. তুর (ত্বরা) + √গম্ + অ, খচ্ (মুমাগম)]। স্ত্রী. তুরগী1, তুরঙ্গী1, তুরঙ্গমী। তুরগী2, (-গিন্), তুরঙ্গী2 (-ঙ্গিন্) বি. অশ্বারোহী, ঘোড়সওয়ার।

তুরন্ত (p. 375) [turanta] ক্রি-বিণ. অতি দ্রুত, তাড়াতাড়ি (তুরন্ত চলে এসো)। [হি. তুরন্ত্]।

তুর-পুন (p. 375) [tura-puna] বি. কাঠে ছিদ্র করার জন্য ছুতোরের যন্ত্রবিশেষ, ভোমর। [ফা. তুর্ফান্]।

তুরস্ক-মণি (p. 375) [turaska-maṇi] বি. উপরত্নবিশেষ, ফিরোজা, নীলকান্তমণি, turquoise. [সং. তুরস্ক + মণি]।

তুরানি (p. 375) [turāni] বিণ. তুরস্কদেশীয়। □ বি. তুরকি যোদ্ধা। [সং. তুরুষ্ক-'ইরানি'-র প্রভাবে সৃষ্ট]।

তুরি (p. 375) [turi] বি. 1 তাঁতের মাকু; 2 রণশিঙা। [সং. √ তুল্ + ই; √ তুর্ + ই]।

তুরিত, তুরিতে (p. 375) [turita, turitē] ক্রি-বিণ. (ব্রজ.) দ্রুত, তাড়াতাড়ি ('তুরিতে জ্বালিয়া বাতি হেরিলেন ইতি উতি': বা. ঘো.)। [সং. ত্বরিত]।

তুরীয়, তুর্য (p. 375) [turīẏa, turya] বিণ. 1 চতুর্থ; 2 চরমোৎকর্ষপ্রাপ্ত; 3 মায়ার অতীত (তুরীয় অবস্থা)। □ বি. (বেদান্ত দর্শ.) মায়ার অধীন বিরাট, হিরণ্যগর্ভ, ঈশ্বর-এই তিনের পরবর্তী চতুর্থ তত্ত্ব যা মায়ার অতীত অর্থাত্ পরব্রহ্মসহ অভেদ সম্পর্কযুক্ত আত্মা। [সং. চতুর্ (চার) + ঈয় (নি.)]। তুরীয় বর্ণ বি. শূদ্র। তুরীয়ানন্দ বি. 1 তুরীয়াবস্থার আনন্দ; 2 (কৌতু.) আত্মহারা অবস্থা ('আমি তুরীয়ানন্দে ছুটে চলি: নজরুল)।

তুরুক (p. 375) [turuka] অব্য. বিণ. তৎক্ষণাত্, সঙ্গে সঙ্গে, চটপট, তাৎক্ষণিক (তুরুক জবাব)। [তু. ফা. তুর্কি]।

তুরুপ, তুরুফ (p. 375) [turupa, turupha] বি. (তাস খেলায়) রঙের তাস; রঙের তাস দিয়ে পিঠ নেওয়া। [ওল. troef]।

তুরুম, তুড়ুম (p. 375) [turuma, tuḍ়uma] বি. অপরাধীর হাত-পা আটকে তাকে অনড় করে রাখার কাঠের তৈরি যন্ত্রবিশেষ। [ফ. trone]।

তুরুষ্ক (p. 375) [turuṣka] বি. 1 তুর্কিস্তান, তুরস্ক দেশ; 2 গন্ধদ্রব্যবিশেষ, শিলারস। [সং. তুর + উসিক্ + ক]।

তুল2 (p. 375) [tula2] বি. 1 দাঁড়িপাল্লা; 2 তৌল করা (তুল করে দেখা)। [সং. তুলা]।

তুল-কালাম (p. 375) [tula-kālāma] বি. 1 তুমুল ঝগড়া; 2 হুলস্থূল (সামান্য ব্যাপার নিয়ে কী তুলকালামই না হয়ে গেল)। □ বিণ. উক্ত অর্থে (তুলকালাম কাণ্ড)। [আ. তুল-ই-কলাম]।

তুলট1 (p. 375) [tulaṭa1] বিণ. তুলা থেকে প্রস্তুত (তুলট কাগজ)।□ বি. তুলা থেকে প্রস্তুত কাগজ (তুলটে লেখা পুঁথি)। [সং. তূল + বাং. ট]।

তুলট2 (p. 375) [tulaṭa2] বি. তুলাদণ্ডে নিজেকে মেপে দাতার সমপরিমাণ অর্থাদি দান, তুলাদান। [সং. তুলা + বাং. ট]।

তুল-তুল (p. 375) [tula-tula] বি. অব্য. অত্যন্ত কোমলতার ভাব (একেবারে নরম তুলতুল করছে)। [তলতল দ্র]। তুল-তুলে বিণ. অতিশয় কোমল, টিপলেই আঙুল বসে যায় এমন নরম ('মুখখানি তার তুলতুলে': স. দ.)।

তুলন (p. 375) [tulana] বি. 1 তুলনা; 2 পরিমাপ করা। [সং. √ তুল্ + অন]।

তুলনা (p. 375) [tulanā] বি. 1 উপমা, সাদৃশ্য (তুলনা নেই); 2 সদৃশ ব্যক্তি বা বিষয় ('তোমারি তুলনা তুমি প্রাণ এ মহীমণ্ডলে': রা. গু.); 3 সাদৃশ্য নিরূপণ, অন্যের সঙ্গে পার্থক্য বা তুল্যতা নির্ধারণ (দুজনের মধ্যে তুলনা করা)।[সং. √ তুল্ + অন + আ]। তুলনীয় বিণ. তুলনার যোগ্য, উপমেয়, তুল্য। তুল্য বিণ. 1 তুলনার যোগ্য, তুলনীয়; 2 সদৃশ, অনুরূপ, সমান। [সং. তুলা + য]।

তুলসী (p. 375) [tulasī] বি. হিন্দুদের কাছে পবিত্র বলে পরিগণিত গাছবিশেষ বা তার পাতা, basil. [সং. তুলা + √ সো + অ + ঈ]। তুলসী চড়ানো, তুলসী দেওয়া ক্রি. বি. নারায়ণের প্রসন্নতা বা আশীর্বাদ লাভের জন্য তাঁর চরণে তুলসীপাতা দেওয়া। ˜ মঞ্চ বি. মাটির বা বাঁধানো যে বেদির উপর তুলসী গাছ রোপণ করে নিত্যপূজা করা হয়। তুলসীবনের বাঘ সাধু বলে পরিচিত অসাধু ব্যক্তি বা দুর্জন।

তুলা1 (p. 375) [tulā1] বি. 1 কার্পাস; 2 কার্পাস শিমূল প্রভৃতি ফলের আঁশ। [সং. তূল]।

তুলা2, তোলা (p. 375) [tulā2, tōlā] ক্রি. 1 উত্তোলন করা, উঠানো, উঁচু করা (মাটি থেকে তোলা); 2 উন্নীত করা (জাতে তোলা); 3 শুনানো (কথাটা তার কানে তুলতে হবে); 4 উত্থাপন করা (প্রসঙ্গ তোলা); 5 খুঁটে সংগ্রহ করা (শাক তোলা); 6 উৎপাটন করা (দাঁত তোলা); 7 সংগ্রহ করা (চাঁদা তোলা); 8 অপসারিত করা (দাগ তোলা); 9 নির্মাণ করা (ঘর তোলা, দালান তোলা); 1 তীব্রতর করা (তান তোলা, সুর তোলা, গলা তোলা); 11 সৃষ্টি করা (আওয়াজ তোলা); 12 সূচিকর্মের সাহায্যে অঙ্কিত করা (রুমালে ফুল তোলা); 13 উচ্ছেদ করা (বাড়ি থেকে ভাড়াটে তোলা); 14 গাড়িতে চাপানো (তাকে গাড়িতে তুলে

দিয়ে এলাম); 15 বমি করা (ছেলেটা দুধ তুলছে); 16 খাটানো (নৌকার পাল তোলা); 17 সম্পর্কের উল্লেখ করে গাল দেওয়া (বাপ তোলা); 18 ত্যাগ করা, নিঃসৃত করা (হাই তোলা); 19 চয়ন করা (ফুল তোলা); 2 গুছিয়ে রাখা (বই তোলা, বিছানা তোলা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √ তুল্ + বাং. আ]।˜ নো ক্রি. অন্যের দ্বারা তোলার কাজ করানো। □ বি. বিণ. উক্ত অর্থে। তুলে দেওয়া ক্রি. বি. 1 ঘুম থেকে জাগিয়ে দেওয়া; 2 কোনো স্থান থেকে সরিয়ে দেওয়া; 3 উঠিয়ে দেওয়া। তুলে ধরা ক্রি. বি. 1 উত্তোলিত করা (বাক্সটা একটু তুলে ধরো); 2 প্রকাশ বা প্রচার করা (বক্তব্য তুলে ধরা)। তুলে নেওয়া ক্রি. বি. প্রত্যাহার করা (বন্ধ্ তুলে নেওয়া হয়েছে)।

তুলা3 (p. 375) [tulā3] বি. (কাব্যে) তুলনা, উপমা ('কে বলে শারদশশী সে মুখের তুলা': ভা. চ.)। [সং. √ তুল্ + অ + আ]।

তুলা4 (p. 375) [tulā4] বি. 1 দাঁড়িপাল্লা, নিক্তি; 2 (জ্যোতিষ.) সপ্তম রাশিক; 3 শতপল পরিমাণ, সোনারুপার পরিমাণবিশেষ। [সং. √ তুল্ + অ + আ]।˜ দণ্ড,˜ যন্ত্র বি. ওজন মাপার যন্ত্র, দাঁড়িপাল্লা, নিক্তি।˜ দান বি. দাতার দেহের ওজনের সমপরিমাণ সোনারুপা দান, তুলট।˜ ধারী (-রিন্) বি. ওজনকারী, ব্যবসায়ী।

তুলি (p. 375) [tuli] বি. রং লাগাবার বা ছবি আঁকার কাজে ব্যবহৃত লোমযুক্ত বর্তিকা বা লেখনীবিশেষ, বুরুশ, brush. [সং. তূলি]।

তুলিত (p. 375) [tulita] বিণ. 1 উপমিত, তুলনা করা হয়েছে এমন (শারদশশীর সঙ্গে সেই মুখ তুলিত হয়েছে); 2 ওজন করা হয়েছে এমন, নিক্তিতে মাপ করা হয়েছে এমন। [সং. √ তুল্ + ত]।

তুলো (p. 375) [tulō] বি. তুলা1 -এর কথ্য রূপ। তুলো-ধোনা করা ক্রি. (কথ্য) প্রচণ্ড তিরস্কার বা প্রহার করা (ধরা পড়লে মেরে তুলোধোনা করবে)।

তুল্য (p. 375) [tulya] বিণ. সদৃশ, অনুরূপ, সমান (তার তুল্য বীর কে আছে?)। [সং. তুলা + য]। ̃ মূল্য বিণ. সমান সমান, সমকক্ষ (দুজনের যোগ্যতা তুল্যমূল্য)। ̃ যোগিতা বি. সাদৃশ্যমূলক কাব্যালংকারবিশেষ। ̃ রূপ বিণ. একই রকম। তূল্যাকৃতি বি. একই রকমের চেহারা। □ বিণ. তুল্যরূপ, একই চেহারা বা মূর্তিবিশিষ্ট।

তুষ (p. 375) [tuṣa] বি. ধানের বা অনুরূপ শস্যের খোসা। [সং. √ তুষ্ + অ]। তুষের আগুন তুষানল -এর অনুরূপ।

তুষা (p. 375) [tuṣā] ক্রি. (কাব্যে) তুষ্ট করা ('যে পথ দিয়া চলিয়া যাব সবারে যাব তুষি': রবীন্দ্র)। [সং. √ তুষ্ + বাং. আ]।

তুষানল (p. 375) [tuṣānala] বি. 1 জ্বলন্ত তুষের আগুন, চাপা থেকেও যা দীর্ঘকাল জ্বলতে থাকে; 2 (আল.) তুষের আগুনের মতো দীর্ঘস্থায়ী মর্মযন্ত্রণা। [সং. তুষ + অনল]।

তুষার (p. 375) [tuṣāra] বি. বরফ, হিমানী, নীহার (তুষারপাত)। □ বিণ. শীতল, ঠাণ্ডা (তুষারকর)। [সং. √ তুষ্ + আর]।˜ গিরি, তুষারাদ্রি বি. হিমালয় পর্বত।˜ ধবল বিণ. বরফের মতো সাদা।˜ মৌলি বিণ. চূড়ায় বা শীর্ষে বরফ রয়েছে এমন, যার চূড়া বরফে ঢাকা।

তুষ্ট (p. 375) [tuṣṭa] বিণ. খুশি, তৃপ্ত; আনন্দিত। [সং. √ তুষ্ + ত]। তুষ্টি বি. তৃপ্তি; সন্তোষ।

তুস1 (p. 375) [tusa1] বি. নরম পশমি বস্ত্রবিশেষ, মলিদা। [আ. তুস্]।

তুহিন (p. 375) [tuhina] বি. তুষার, হিম, বরফ। □ বিণ. অত্যন্ত শীতল (শীতের তুহিন রাত্রি)। [সং. √ তুহ্ + ইন]।

তূণ, তূণীর (p. 375) [tūṇa, tūṇīra] বি. বাণ বা শর রাখার আধার। [সং. √ তূণি + অ, ঈর]।

তূবর, তূবরক (p. 375) [tūbara, tūbaraka] বি. 1 গোঁফদাড়িবিহীন পুরুষ, মাকুন্দ; 2 কষায় রস। [সং. √ তূ + বর, + ক]।

তূরী, তূর্য (p. 375) [tūrī, tūrya] বি. ভারতের প্রাচীন রণবাদ্যবিশেষ, রণশিঙ্গা ('থেমে গেল রণতুর্য': রবীন্দ্র)। [সং. √ তূর্ + অ (অচ্) + ঈ, য]।

তূর্ণ (p. 375) [tūrṇa] ক্রি-বিণ. শীঘ্র, সত্বর। □ বিণ. দ্রুত। [সং. √ ত্বর্ + ত]।˜ পত্র বি. সত্বর পৌঁছানো হয় এমন চিঠি, express letter.

তূল (p. 375) [tūla] বি. তুলা, cotton. [সং. √ তূল্ + অ]।

তূলি, তূলিকা (p. 375) [tūli, tūlikā] বি. লোমাদি দ্বারা প্রস্তুত চিত্রকরের বর্তিকা বা লেখনী, বুরুশ, তুলি। [সং. √ তূল্ + ই, ইক্ + আ]।

তূষ্ণীম্ভাব (p. 375) [tūṣṇīmbhāba] বি. মৌন, নীরবতা। [সং. তূষ্ণীম্ + √ ভূ + অ]। তূষ্ণীম্ভূত বিণ. মৌনী, নীরব।

তৃণ (p. 375) [tṛṇa] বি. ঘাস খড় এবং ওইজাতীয় উদ্ভিদ। [সং. √ তৃণ্ + অ]। ̃ জ্ঞান বি. তৃণের মতো তুচ্ছ বা অবজ্ঞার পাত্র বলে বোধ করা। ̃ দ্রূম বি. তাল, নারকেল, খেজুর প্রভৃতি তৃণসদৃশ শাখাহীন গাছ। ̃ ধান্য বি. উড়িধান। ̃ বত্ বিণ. 1 তৃণের সমান; 2 পলকা; 3 তুচ্ছ; 4 দুর্বল। □ ক্রি-বিণ. নিতান্ত তুচ্ছরূপে (তৃণবত্ গণ্য করা)। ̃ ভোজী (-জিন্), তৃণাদ বিণ. তৃণ আহার করে বেঁচে থাকে এমন। তৃণাসন বি. খড় ঘাস প্রভৃতি দিয়ে তৈরি আসন; কুশাসন।

তৃতীয় (p. 375) [tṛtīẏa] বিণ. 3 সংখ্যার পূরক বা সংখ্যক। [সং. ত্রি + তীয়]। তৃতীয়া বিণ. (স্ত্রী.) তৃতীয় অর্থে। □ বি. তিথিবিশেষ।

তৃতীয় বিশ্ব (p. 375) [tṛtīẏa biśba] বি. উন্নত ও শক্তিশালী ধনতান্ত্রিক আমেরিকা যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ইত্যাদি এবং রাশিয়া ইত্যাদি দেশ ব্যতীত বিশ্বের (প্রধানত এশিয়া ও আফ্রিকার) বিপুলসংখ্যক অনুন্নত বা উন্নতিশীল দেশের সমষ্টিগত নাম। [ইং. Third World এর অনুবাদ]।

তৃপ্ত (p. 375) [tr̥pta] বিণ. সন্তুষ্ট, কামনা ও ইচ্ছা পূর্ণ হওয়ার ফলে আনন্দিত। [সং. √ তৃপ্ + ত]। স্ত্রী. তৃপ্তা। তৃপ্তি বি. সন্তুষ্টি, তৃষ্ণা বা কামনার নিবৃত্তি।

তৃষা, তৃষ্ণা (p. 375) [tr̥ṣā, tr̥ṣṇā] বি. 1 পিপাসা; 2 (ভোগ করার বা লাভ করার) প্রবল ইচ্ছা, আকাঙ্ক্ষা (জ্ঞানতৃষ্ণা, বিষয়তৃষ্ণা)। [সং. √ তৃষ্ + ক্বিপ্ + আ, √তৃষ্ + ন + আ]।˜ তুর,˜ র্ত বিণ. পিপাসায় কাতর ('তৃষ্ণাতুর পাখিসম': রবীন্দ্র)। স্ত্রী.˜ তুরা,˜ র্তা।˜ লু বিণ. তৃষ্ণার্ত, তৃষ্ণাযুক্ত। তৃষিত বিণ. পিপাসাযুক্ত। স্ত্রী. তৃষিতা।

তৃষ্য (p. 375) [tr̥ṣya] বিণ. 1 কাম্য, বাঞ্ছনীয়; 2 লোভনীয়। [সং.√ তৃষ্ + য]।

তে1 (p. 375) [tē1] বিণ. (প্রা. বাং.) সেই (তেকারণ)। [সং. তদ্]।

তে2 (p. 375) [tē2] বিভক্তিবিশেষ; 1 কর্তৃত্বসূচক (পাখিতে খায়, তোমাতে আমাতে যাব); 2 দ্বারা বা দিয়ে অর্থবাচক (ছুরিতে কেটেছে); 3 হইতে বা থেকে অর্থবাচক (দয়াতে বঞ্চিত); 4 ক্রিয়া-বিশেষণসূচক (দ্রুতগতিতে হাঁটা)।

তে3 (p. 375) [tē3] বিণ. তিন, ত্রি (তেকোনা, তেমাথা, তেরাত্তির)।[সং. ত্রি]।˜ এঁটে বিণ. 1 তিন আঁটিযুক্ত; 2 কুৎসিত, কুদর্শন; 3 বদমাশ, ফিচেল, ধূর্ত।˜ কাঁটা বি. ত্রিশিরা গাছবিশেষ।˜ কাঠা বি. তিন খণ্ড কাঠে তৈরি তেকোনা পাত্রবিশেষ।˜ চোখো বিণ. তিন চক্ষুযুক্ত।˜ ঠেঙে বিণ. 1 তিন পা-বিশিষ্ট; 2 (ব্যঙ্গে) লাঠিযুক্ত (বৃদ্ধ)।˜ তলা,˜ তালা1 বিণ. তিন তলবিশিষ্ট, three storeyed.˜

তালা2 বি. সংগীতের 16 মাত্রাযুক্ত তালবিশেষ।˜ তাস বি. তাসের জুয়া খেলাবিশেষ, ফ্ল্যাশ খেলা।˜ পায়া বি. তিনটি পায়াওয়ালা টেবিলবিশেষ, টিপয়।˜ মাথা বি. তিন রাস্তার সংযোগস্থল বা মোড়।˜ মেটে বিণ. (সাধারণত প্রতিমাকে) তিনবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন।˜ মোহানা বি. তিনট
ি নদী বা নদীমুখের মিলনস্থল।˜ শিরা বিণ. তিনটি শিরা বা পলযুক্ত। □ বি. মনসা গাছবিশেষ।˜ সুতি বিণ. তিনগুণ সুতোয় বোনা। □ বি. সেইভাবে বোনা কাপড়।

তেইশ (p. 375) [tēiśa] বি. বিণ. 23 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রয়োবিংশ]। তেইশে বি. বিণ. মাসের তেইশ তারিখ বা তারিখের।

তেউটে (p. 375) [tēuṭē] বি. খেসারি ও অন্যান্য রকমের মিশ্রিত ডাল। [সং. ত্রিপুটাদি]।

তেউড়, তেড় (p. 375) [tēuḍ়, tēḍ়] বি. 1 কলা গাছের মূলদেশ থেকে যে নতুন চারা বেরোয়; 2 চারাগাছ (কলা-কচুর তেড়)। [দেশি-তু. তেড়চা]।

তেঁএ (p. 375) [tēm̐ē] অব্য. (প্রা. বাং.) তদ্দ্বারা। [সং. তেন]।

তেওড়1 (p. 375) [tēōḍ়1] বি. খেসারি; কলাই। [সং. ত্রিপুট]।

তেওড়2 (p. 375) [tēōḍ়2] বিণ. 1 বাঁকা, তেরচা; 2 তোবড়া। □ বি. বক্রতা। [< সং. ত্রি + √ বৃত্]।

তেওড়া1 (p. 375) [tēōḍ়ā1] বিণ. বাঁকা। □ বি. বক্রতা। □ক্রি. বাঁকানো। [তেওড়2 দ্র]। ˜ নো ক্রি. বাঁকা করা বা হওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

তেওড়া2 (p. 375) [tēōḍ়ā2] বি. সংগীতের সাত মাত্রার তালবিশেষ।[দেশি]।

তেওর (p. 375) [tēōra] বি. মৎসব্যবসায়ী জাতি, জেলে। [সং. তীবর]।

তেঁ1 (p. 375) [tē1] সর্ব. (প্রা. বাং.) তারা, তাহারা ('তেঁ সঙ্কে চোরায়ল': শ্রীকৃ.)। [সং. তে]।

তেঁ2, তেঁই, তেঁউ, তেঁএ (p. 375) [tē2, nٖtēmٖi, tēmٖu, tēmٖē] অব্য. (প্রা. বাং.) তাই, সেইজন্য, তজ্জন্য ('অনেকের পতি তেঁই পতি মোর বাম': ভা. চ.)। [সং. তেন]।

তেঁতুল (p. 375) [tēnٖtula] বি. টক স্বাদের ফলবিশেষ বা তার গাছ। [সং. তিন্তিড়ী]। তেঁতুলে বিণ. 1 তেঁতুলের মতো আকৃতি বা স্বাদবিশিষ্ট; 2 অত্যন্ত টক স্বাদযুক্ত; 3 পাজি, দুষ্ট (তেঁতুলে লোক)। তেঁতুলে বিছে তেঁতুলের মতো আকৃতির লাল বিছে।

তেঁদড়, ত্যাঁদড় (p. 375) [tēnٖdaḍ়, tyānٖdaḍ়.] বিণ. 1 ধুরন্ধর, অত্যন্ত বেয়াড়া এবং দুষ্টবুদ্ধিসম্পন্ন; 2 বেহায়া, নির্লজ্জ; 3 ধৃষ্ট। [দেশি]। তেঁদড়ামি বি. বেয়াড়াপনা, দুষ্টামি, ধৃষ্টতা, নির্লজ্জতা।

তেকাঠি (p. 375) [tēkāṭhi] বি. (তিন কাঠি বা তিনটি দণ্ড থাকে বলে) ফুটবল খেলার গোলপোস্ট। [বাং. তে + কাঠি]।

তেজ, (বর্জি.) তেজঃ (p. 375) [tēja, (barji.) tējḥ] (-জস্) বি. 1 জ্যোতি, দীপ্তি, প্রভা, আলোক ও তাপ; 2 শক্তি, বিক্রম, প্রভাব; 3 রজোগুণ; 4 গর্ব, অহংকার, দেমাক (তেজ দেখিয়ে চলে গেল); 5 পৌরুষ; 6 রেতঃ, শুক্র। [সং. √ তিজ্ + অস্]।

তেজই (p. 375) [tēji] দ্র তেজা।

তেজন (p. 375) [tējana] বি. উজ্জ্বল বা দীপ্ত বা তীক্ষ্ণ করা। [সং. √ তিজ্ + অন]।

তেজ-পত্র, তেজ-পাতা, (কথ্য) তেজ-পাত (p. 375) [tēja-patra, tēja-pātā, (kathya) tēja-pāta] বি. মশলা হিসাবে ব্যবহৃত গাছবিশেষের শুকনো পাতা। [বাং. তেজ + সং. পত্র]।

তেজ-বর (p. 375) [tēja-bara] বি. যে বর পূর্বে আরও দুবার বিবাহ করেছে; তৃতীয়বার বিবাহের পাত্র। [বাং. তেজ < প্রাকৃ. তিইজ্জ (সং. তৃতীয়) + বর]। তেজ-বরে বিণ. তৃতীয়পক্ষে বিবাহকারী।

তেজস্কর (p. 375) [tējaskara] বিণ. 1 বলদায়ক, শক্তিবর্ধক; 2 উদ্দীপক (তেজস্কর বক্তৃতা)। [সং. তেজস্ + √ কৃ + অ]।

তেজস্ক্রিয় (p. 375) [tējaskriẏa] বিণ. (বিজ্ঞা.) যা থেকে এমন এক রশ্মি বিকীর্ণ হয় যাতে অস্বচ্ছ পদার্থের ভিতর দিয়ে দেখা যায়, radio-active (বি.প.)। [সং. তেজস্ + √ কৃ + অ]। বি.˜ তা, তেজস্ক্রিয়া।

তেজস্বান, (-স্বত্), তেজস্বী (-স্বিন্) (p. 375) [tējasbāna, (-sbat), tējasbī (-sbin)] বিণ. 1 তেজোময়, জ্যোতির্ময়, দীপ্তিমান; 2 বিক্রমশালী, বীর্যবান; 3 তেজি। [সং. তেজঃ (তেজস্) + বত্, বিন্ (অস্ত্যর্থে)]। স্ত্রী. তেজস্বতী, তেজস্বিনী।

তেজা, ত্যজা (p. 375) [tējā, tyajā] ক্রি. (কাব্যে) ত্যাগ করা ('রোষে লাজভয় তাজি': মধু.)। [বাং. √ তেজ্ (সং. √ তাজ্) + আ]। তেজই (ব্রজ.) ক্রি. ত্যাগ করে। তেজলি (ব্রজ.) ক্রি. ত্যাগ করল। তেজলু, তেজলুঁ ক্রি. (ব্রজ.) ত্যাগ করলাম। তেজাব ক্রি. (ব্রজ.) ত্যাগ করব।

তেজা-রত (p. 375) [tējā-rata] বি. 1 ব্যাবসাবাণিজ্য; 2 সুদের কারবার। [আ. তিজারত্]। তেজা-রতি বি. সুদের বিনিময়ে টাকা ধার দেওয়ার কাজ, কুসীদবৃত্তি (তেজারতি করে অনেক পয়সা করেছে)। □ বিণ. তেজারতসম্বন্ধীয়, সুদের ব্যাবসাবিষয়ক (তেজারতি কারবার)।

তেজালো (p. 375) [tējālō] বিণ. 1 তেজযুক্ত (তেজালো মেজাজ); 2 তীব্র (তেজালো কণ্ঠ)। [বাং. তেজ + আলো]।

তেজি1 (p. 375) [tēji1] বিণ. চড়া (মাছের বাজার এখন খুব তেজি)। [বাং. তেজ (< সং. তেজস্) + ই]।˜ মন্দি বি. চাহিদার অনুপাতে বাজারদরের হ্রাস-বৃদ্ধি।

তেজি2 (p. 375) [tēji2] বিণ. 1 তেজস্বী, বলবান, বিক্রমশীল (তেজি লোক, তেজি ঘোড়া); 2 তেজস্কর, বলবর্ধক (তেজি ওষুধ); 3 মূল্যবৃদ্ধির লক্ষণযুক্ত, চড়া, তেজি (তেজি বাজার)। [বাং. তেজ]।

তেজীয়ান (p. 375) [tējīẏāna] (-য়স্) বিণ. অতি তেজস্বী; মহা পরাক্রমশালী। [সং. তেজস্বিন্ + ঈয়সু]।

তেজো-গর্ভ (p. 375) [tējō-garbha] বিণ. গর্ভে অর্থাত্ অভ্যন্তরে তেজ আছে এমন, তেজঃপূর্ণ। [সং. তেজঃ + গর্ভ]।

তেজো-ময় (p. 375) [tējō-maẏa] বিণ. 1 জ্যোতির্ময়, দীপ্তিময়; 2 বীর্যবান। [সং. তেজঃ + ময়ট্]। স্ত্রী. তেজো-ময়ী।

তেজো-মূর্তি, তেজো-রূপ (p. 375) [tējō-mūrti, tējō-rūpa] বি. জ্যোতির্ময় মূর্তি বা পুরুষ। □ বিণ. জ্যোতির্ময় বা তেজস্বী মূর্তিবিশিষ্ট। [সং. তেজঃ + মূর্তি, রূপ]।

তেজো-হীন (p. 375) [tējō-hīna] বিণ. 1 নিস্তেজ; দুর্বল; 2 দীপ্তিহীন, ম্লান। [সং. তেজঃ + হীন]।

তেড়চা, তেড়ছা (p. 375) [tēḍ়cā, tēḍ়chā] দ্র তেরচা।

তেড়ে (p. 375) [tēḍ়ē] অস-ক্রি. ক্রি-বিণ. তাড়া করে, পিছনে ছুটে, পশ্চাদ্ধাবন করে, তর্জনসহকারে (ষাঁড় তেড়ে আসছে, তেড়ে মারতে এল)। [বাং. তাড়া2 + ইয়া > এ]।˜ ফুঁড়ে ক্রি-বিণ. 1 তেড়ে, তর্জনসহকারে তাড়া করে (তেড়েফুঁড়ে আক্রমণ করল); 2 (আল.) বিপুল শক্তি ও উদ্যমের সঙ্গে (তেড়েফুঁড়ে কাজে লেগে গেল)।˜ মেড়ে ক্রি-বিণ. বেগে তাড়া করে, তেড়েফুঁড়ে ('তেড়েমেড়ে ডাণ্ডা করে দিই ঠাণ্ডা': সু. রা)। [তাড়া2 দ্র]।

তেতলা, তেতালা (p. 375) [tētalā, tētālā] দ্র তে3।

তেতারা (p. 375) [tētārā] বি. 1 তিনটি তার বা তন্ত্রীবিশিষ্ট বাদ্যযন্ত্র; 2 সেতার; 3 বীণাবিশেষ। □ বিণ. তিনটি তারযুক্ত। [বাং. তে (< সং. ত্রি) + সং. তার5]।

তেতাল্লিশ (p. 375) [tētālliśa] বি. বিণ. 43 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রিচত্বারিংশত্-তু. পা. তিচত্তালীসতি]।

তেতাস (p. 375) [tētāsa] দ্র তে3।

তেতে-পুড়ে (p. 375) [tētē-puḍ়ē] ক্রি-বিণ. (সাধারণত) রোদের তাপে গরম হয়ে বা রোদের তাপে পরিশ্রম করে (তেতেপুড়ে এসেই জল খেয়ো না)। [বাং. তাতিয়া + পুড়িয়া]।

তেত্রিশ (p. 375) [tētriśa] বি. বিণ. 33 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রয়স্ত্রিংশত্]।

তেন (p. 375) [tēna] অব্য. (প্রা. বাং.) 1 তেমন; 2 সেইজন্য, তাই। [সং. তদ্ + এন]।

তেনা1 (p. 375) [tēnā1] সর্ব. তিনি -র আঞ্চ. রূপ।˜ কে সর্ব. তাঁকে।˜ দের সর্ব. তাঁদের।˜ র সর্ব. তাঁর।˜ রা সর্ব. তাঁরা।

তেনা2 (p. 375) [tēnā2] বি. জীর্ণ বস্ত্রখণ্ড, ন্যাকড়া। [ট্যানা দ্র]।

তেপান্তর (p. 375) [tēpāntara] বি. (রূপকথা ও ছড়ায় বর্ণিত) জনহীন বিশাল মাঠ। [সং. ত্রি + প্রান্তর]।

তেপায়া (p. 375) [tēpāẏā] দ্র তে3।

তেভাগা (p. 375) [tēbhāgā] বি. উৎপন্ন ফসলের একতৃতীয়াংশ, যা চাষির প্রাপ্য। [বাং. তে + সং. ভাগ + বাং. আ]।

তেমত (p. 375) [tēmata] বিণ. (অপ্র.) সেইরকম। [বাং. তা + মত]। তেমতি ক্রি-বিণ. (কাব্যে) তেমন, সেইরকমভাবে।

তেমন (p. 375) [tēmana] বিণ. সেইরকম (তেমন জিনিস, তেমন খাবার)। □ ক্রি-বিণ. সেইভাবে (তেমন গাইতে কেউ পারে না, তেমন খেলতে পারি না)। [< সং. তস্মিন্]।˜ ই (উচ্চা. ত্যামোনি) বিণ. ক্রি-বিণ. সেইরকমই (আমি ঠিক তেমনই চেয়েছিলাম)। তেমনি বিণ. ঠিক সেইরকম, উপযুক্ত, যোগ্য (যেমন প্রশ্ন

তেমনি জবাব)। □ ক্রি-বিণ. সঙ্গে সঙ্গে, তখনই, তৎক্ষণাত্ (যেমনি গেল তেমনি ফিরল)।

তেমাথা, তেমেটে, তেমোহানা (p. 375) [tēmāthā, tēmēṭē, tēmōhānā] দ্র তে3।

তেরচা, তেরছা, তেড়ছা, (ব্রজ.) তেরছ (p. 375) [tēracā, tērachā, tēḍ়chā, (braja.) tēracha] বিণ. বাঁকা, আড় (তেরছা রেখা, তেরছা চাহনি)। [প্রাকৃ. তিরিচ্ছ < সং. তির্যচ্]।

তেরপল, তেরস্পর্শ, তেরাত্তির (p. 375) [tērapala, tērasparśa, tērāttira] যথাক্রমে ত্রিপল, ত্র্যহস্পর্শ ও ত্রিরাত্রি -র কথ্য রূপ।

তেরিজ (p. 375) [tērija] বি. অঙ্কের সমষ্টি বা যোগ (তেরিজ কষা)। [আ. তেরীজ]।

তেরি-মেরি (p. 375) [tēri-mēri] বি. 1 চোটপাট; 2 কর্কশ বাক্য প্রয়োগ, গালাগালি। [হি. তেরী মেরী]।

তেরিয়া (p. 375) [tēriẏā] বিণ. 1 উগ্রস্বভাব, উদ্ধত (তেরিয়া লোক); 2 ক্রুদ্ধ, উগ্রমূর্তি, মারমুখি (তেরিয়া হয়ে ওঠা)। [< সং. √ তড় (=আঘাত)-তু. তিরিক্ষ ও তেড়ে]।

তেরেট (p. 375) [tērēṭa] বি. লেখার কাজে ব্যবহৃত তালপাতার মতো গাছের পাতাবিশেষ। [< সং. তাড়ি (=তাল)]।

তেরো (p. 375) [tērō] বি. বিণ. 13 সংখ্যা বা সংখ্যক। [হি. তেরহ < পা. তেরস < সং. ত্রয়োদশ]।˜ ই বি. বিণ. মাসের তেরো তারিখ বা তারিখের (এ মাসের তেরোই যাব, তেরোই বৈশাখ)।

তেল (p. 375) [tēla] বি. 1 তৈল; তিল সরিষা নারকেল প্রভৃতির নির্যাস; 2 (ব্যঙ্গে) তেজ বা অহংকার (তার খুব তেল বেড়েছে)। [সং. তৈল]। তেল দেওয়া ক্রি. বি. 1 যন্ত্রাদিতে তেল বা তৈলাক্ত পদার্থ লাগানো; 2 (আল.) হীনভাবে তোষামোদ করা। তেস মাখানো বি. ক্রি. 1 (অন্যের শরীরে) তেল লাগানো; 2 (আল.) হীনভাবে তোষামোদ করা। তেলে-বেগুনে জ্বলে ওঠা বি. ক্রি. অত্যন্ত রেগে যাওয়া।˜ কাজলা বিণ. তেলতেলা ও কালো (তেলকাজলা মেয়ে, তেলকাজলা গা)।˜ কাপড় বি. যে-কাপ়ড় পরে স্নানের আগে গায়ে তেল মাখা হয়।˜ কুচ-কুচে,˜ চুক-চুকে বিণ. যেন বেশি করে তেল মাখা বা মাখানো হয়েছে এমন চকচকে।˜ চিটে বিণ. তৈলাক্ত ও মলিন।˜ তেলা,˜ তেলে বিণ. তৈলাক্তবত্; মসৃণ বা পিছল।˜ পড়া বি. (রোগ দূরীকরণের জন্য) মন্ত্রপূত তেল।

তেলা (p. 375) [tēlā] বিণ. 1 তৈলাক্ত; 2 মসৃণ, পিচ্ছিল (তেলা মাথা)। [বাং. তেল + আ]। তেলা মাথায় তেল দেওয়া ক্রি. বি. যার প্রচুর আছে তাকে আরও দেওয়া।

তেলা-কুচা, (কথ্য) তেলা-কুচো (p. 375) [tēlā-kucā, (kathya) tēlā-kucō] বি. পটোলের মতো ফলবিশেষ, বিম্বফল যা পাকলে রক্তবর্ণ হয়। [বাং. তেলা (তৈলবত্ মসৃণ) + কুচা (=কুঁচ ফলের মতো লাল)]।

তেলানো (p. 375) [tēlānō] বি. ক্রি. 1 তৈলযুক্ত বা চর্বিযুক্ত হওয়া; 2 তেল মাখানো; 3 (ব্যঙ্গে, অশোভন) হীনভাবে তোষামোদ করা (তাকে অত তেলাচ্ছ কেন?)। □ বিণ. উক্ত সব অর্থে। [তেলা দ্র]। তেলানি বি. 1 তৈলযুক্ত বা চর্বিযুক্ত হওয়া; 2 (ব্যঙ্গে) তোষামোদ; 3 তেলতেলে বা মসৃণ ছোট মাটির হাঁড়ি।

তেলা-পোকা (p. 375) [tēlā-pōkā] বি. আরশোলা। [সং. তৈলপায়িকা]।

তেলি (p. 375) [tēli] বি. বংশগতভাবে তেলের ব্যাবসায় নিযুক্ত হিন্দু জাতিবিশেষ। [বাং. তেল + ই]। স্ত্রী.˜ নি, তেলেনি।

তেলুগু (p. 375) [tēlugu] বি. দক্ষিণ ভারতের, মূলত অন্ধ্রপ্রদেশের ভাষাবিশেষ। [সং. ত্রিকলিঙ্গ]।

তেলেঙ্গা (p. 375) [tēlēṅgā] বিণ. তৈলঙ্গদেশীয়, অন্ধ্রপ্রদেশসম্বন্ধীয়। [সং. ত্রিকলিঙ্গ]।

তেলেনা (p. 375) [tēlēnā] বি. মার্গ সংগীতের মুখবন্ধস্বরূপ অর্থহীন বোলসমষ্টি (যেমন তেরে নে তেরে না তুম তানা)।

তেলে-ভাজা (p. 375) [tēlē-bhājā] বি. বেগুন পটোল প্রভৃতিতে বেসনের প্রলেপ মাখিয়ে ও তেলে ভেজে তৈরি খাবার অর্থাত্ বেগুনি ফুলুরি আলুর চপ ইত্যাদি। □ বিণ. (আল.) রোদে ঘুরে ঘুরে তামাটে বর্ণ ধারণ করেছে এমন (তেলেভাজা চেহারা)। [বাং. তেল + এ বিভক্তি + ভাজা]।

তেলো1 (p. 375) [tēlō1] বি. মাথার চাঁদি, ব্রহ্মতালু। [< সং.তালু]।

তেলো2 (p. 375) [tēlō2] বি. 1 করতল, হাতের চেটো; 2 পদতল, পায়ের চেটো। [বাং. তল + উয়া > ও]।

তেষট্টি (p. 375) [tēṣaṭṭi] বি. বিণ. 63 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রিষষ্টি]।

তেষ্টা (p. 375) [tēṣṭā] বি. (কথ্য) তৃষ্ণা, পিপাসা (তেষ্টায় ছাতি ফেটে যাচ্ছে)। [সং. তৃষ্ণা]।

তেসরা (p. 375) [tēsarā] বি. বিণ. মাসের তৃতীয় তারিখ বা তারিখের। [হি. তীস্রা]।

তেসুতি, তেসূতি (p. 375) [tēsuti, tēsūti] দ্র তে3।

তেহাই1 (p. 375) [tēhāi1] বি. (সংগীতে) সম বা তাল শেষ করার আগে বাদ্যযন্ত্রে তিনবার আঘাত; সমান বোলবিশিষ্ট তালের তিন অংশ যার শেষ প্রস্বন পড়ে সমের উপর। [হি. তিহাই]।

তেহাই2 (p. 375) [tēhāi2] বি. তিন ভাগের এক ভাগ ('অর্ধেক পঙ্কেতে তার তেহাই সলিলে: শুভঙ্কর)। [সং. ত্রিভাগিক]।

তেহারা (p. 375) [tēhārā] বিণ. 1 তিগুণ; 2 তিন ভাঁজযুক্ত; 3 তিন খেই সুতো একত্র তকে মোটা করা হয়েছে এমন (তেহারা সুতোয় বাঁধা)। [সং. ত্রি-হার > তেহার + আ (যুক্তার্থে)]।

তৈক্ষ্ণ্য (p. 375) [taikṣṇya] বি. 1 তীক্ষ্ণতা; 2 উষ্ণতা। [সং. তীক্ষ্ণ + য]।

তৈখন (p. 375) [taikhana] অব্য. ক্রি-বিণ. (ব্রজ.) তখন; তখনই। [সং. তৎক্ষণ]।

তৈছন (p. 375) [taichana] বিণ. (ব্রজ.) সেইরূপ, তেমন, সেইরকম। [প্রাকৃ. তইস]। তু. ঐছন, কৈছন, জৈছন। তৈছে ক্রি-বিণ. সেইভাবে, সেইরূপে। তু. ঐছে, কৈছে, জৈছে।

তৈজস (p. 375) [taijasa] বিণ. 1 তেজসম্পর্কিত; 2 ধাতুনির্মিত। □ বি. ধাতুনির্মিত বাসন। [সং. তেজস্ + অ]। ˜ পত্র বি. বাসনকোসন।

তৈত্তিরীয় (p. 375) [taittirīẏa] বিণ. 1 যজুর্বেদের তিত্তিরিঋষির উচ্চারিত কৃষ্ণযজুর্বেদের শাখাসম্বন্ধীয় (তৈত্তিরীয় ব্রাহ্মণ, তৈত্তিরীয় উপনিষদ); 2 ওই শাখাধ্যায়ী। □ বি. যজুর্বেদের শাখাবিশেষ। [সং. তিত্তিরি + ঈয়]।

তৈয়ার, তৈয়ারি, তৈরি (p. 375) [taiẏāra, taiẏāri, tairi] বি. 1 প্রস্তুত করা (তৈয়ার করা); 2 প্রস্তুতি, গঠন। □ বিণ. 1 প্রস্তুত, নির্মিত (জিনিসটা কাল তৈয়ার হয়েছে); 2 ব্যবহারোপযোগী (আমগুলো এখনও তৈরি হয়নি); 3 যোগ্য, উপযুক্ত; (ব্যঙ্গে তৈরি শব্দের বিশেষ প্রয়োগ) লায়েক ('আরেকটি তো তৈরি ছেলে, জাল করে নোট গেছেন জেলে': সু. রা.); 4 ডেঁপো, ফাজিল, অকালপক্ক। [ফা. তইয়ার্]।

তৈল (p. 375) [taila] বি. তেল। [সং. তিল + অ]। ̃ কল্ক, ̃ কিট্ট বি. তেলের কাইট; খইল। ̃ কার বি. তেলি; কলু। ̃ চিত্র বি. তেলরঙে আঁকা ছবি, oil painting. ̃ চৌরিকা বি. আরশোলা। ̃ দান বি. যন্ত্রাদি সচল রাখার জন্য তেল দেওয়া। ̃ প, ̃ পা, ̃ পায়িকা বি. তেলাপোকা, আরশোলা। ̃ পক্ক বিণ. 1 তেলে ভাজা বা তেল দিয়ে রাঁধা হয়েছে এমন (তৈলপক্ক খাবার, তৈলপক্ক লাঠি)। ̃ বীজ বি. যেসব শস্য থেকে তেল বার করা যায়, যেমন তিল, সরষে, সূর্যমুখী প্রস্তুতি। ̃ মর্দন বি. তেল মাখা, তেল মালিশ বা ডলাইমলাই। ̃ যন্ত্র বি. তেলের কল, ঘানি। ̃ সেক বি. তেল বা গরম তেল লেপন করে বেদনা উপশমের ব্যবস্তা। ̃ স্ফটিক বি. পীতাভ শিলীভূত পদার্থবিশেষ, গোমেদ, amber. তৈলাক্ত বিণ. তেলযুক্ত। তৈলাধার বি. তেলের পাত্র।

তৈলাক্ত, তৈলাধার (p. 375) [tailākta, tailādhāra] দ্র তৈল।

তৈসন, তৈসে (p. 375) [taisana, taisē] যথাক্রমে তৈছন ও তৈছে -র রূপভেদ।

তো1 (p. 375) [tō1] বি. বস্ত্রাদির পাট বা ভাঁজ (কাপড় তো করে রাখা)। [ফা. তহ্]।

তো2 (p. 375) [tō2] দ্র তˆ2।

তো3, তোঁ (p. 387) [tō3, tō] সর্ব. (ব্রজ. ও প্রা. বাং.) 1 তুমি; 2 তুই; 3 তোমা ('তো বিনে উনমত কান': বিদ্যা.); 4 তোর, তোমার ('তো সেবা নাহি জানি': চণ্ডী.)। [সং. তব]।˜ ই সর্ব. তোমাকে ('কত পরবধব তোই': বিদ্যা.)।

তোক1 (p. 387) [tōka1] বি. সন্তান, অপত্য, শিশুসন্তান। [সং. √ তু + ক]।

তোক2 (p. 387) [tōka2] বি. 1 বেড়ি, শৃঙ্খল; 2 হাতকড়ি (তোকে বাঁধা চোর)। [আ. তওক্]।

তোক-মারি (p. 387) [tōka-māri] বি. (প্রধানত পুলটিশে ব্যবহৃত) বীজবিশেষ। [ফা. তোখ্ম্-ই-রৈহান্]।

তোকে (p. 387) [tōkē] সর্ব. 'তুই' শব্দের 2য়া ও 4র্থীর একবচনের রূপ।

তোটক (p. 387) [tōṭaka] বি. সংস্কৃত ছন্দোবিশেষ। [সং. ত্রোটক]।

তোড় (p. 387) [tōḍ়.] বি. স্রোতের বেগ বা ধাক্কা (জলের তোড়ে ভেসে গেল)। [সং. √ তুড় + বাং. অ]। মুখের তোড় বি. বাক্যস্রোত, অনর্গল কথা।

তোড়ই (p. 387) [tōḍ়i] ক্রি. (ব্রজ.) 1 উৎপাটন বা ছিন্ন করে; 2 ভাঙে; 3 খুলে ফেলে। [তু. হি. তোড়না]।

তোড়-জোড় (p. 387) [tōḍ়-jōḍ়] বি. 1 উদ্যোগ, প্রস্তুতি, আয়োজন; 2 সরঞ্জাম, উপকরণ। [বাং. তোড়া (ভাঙা) + জোড়া ?]।

তোড়া1 (p. 387) [tōḍ়ā1] বি. 1 থলি (টাকার তোড়া); 2 গোছা, তাড়া, স্তবক (ফুলের তোড়া); 3 পায়ের অলংকারবিশেষ। [আ. তুর্রাহ্]।

তোড়া2, তোড়ানো (p. 387) [tōḍ়ā2, tōḍ়ānō] যথাক্রমে তুড়া1 2 ও তুড়ানো -র চলিত রূপ।

তোড়ি, টোড়ি (p. 387) [tōḍ়i, ṭōḍ়i] বি. (সংগীতে) প্রাতঃকালের রাগিণীবিশেষ। [দেশি]।

তোতলা (p. 387) [tōtalā] বিণ. (জিহ্বার স্থূলতা বা অন্য কারণে) কথা আটকে বা জড়িয়ে ফেলে এমন)। □ ক্রি. তোতলানো। [বাং. ধ্বন্যা. 'তো-তো' করা থেকে]।˜ নো ক্রি. বি. জড়িয়ে বা অস্পষ্টভাবে বা তোতলার মতো কথা বলা।˜ মি বি. তোতলার অবস্থা বা তোতলানো।

তোতা (p. 387) [tōtā] বি. টিয়াপাখি, শুকপাখি। [ফা. তূতী]।˜ বৃত্তি বি. অনুকরণ বা অনুকরণের স্বভাব।

তোপ (p. 387) [tōpa] বি. কামান। [তুর]।˜ খানা বি. যেখানে কামান তৈরি হয় বা রাখা হয়। তোপ দাগা ক্রি. বি. কামান থেকে গোলা বর্ষণ করা।˜ ধ্বনি বি. কামানের গোলার আওয়াজ।

তোফা (p. 387) [tōphā] বিণ. 1 চমৎকার, অতি সুন্দর, অত্যন্ত ভালো; 2 অতি উপাদেয় (তোফা খানা খেয়েছি)। [আ. তুহ্ফাহ্]।

তোবড়া, তোবড়ানো (p. 387) [tōbaḍ়ā, tōbaḍ়ānō] দ্র তুবড়া।

তোবা, তওবা (p. 387) [tōbā, tōbā] অব্য. (প্রধানত মুসলমানদের) অনুতাপসূচক বা অন্যায়মূলক কাজের প্রতি ঘৃণাসূচক খেদোক্তি বা কোনো কাজ ভবিষ্যতে আর না করার প্রতিজ্ঞাসূচক উক্তি (তোবা তোবা, এমন কাজ আর করব না)। [আ. তৌবহ্]।

তোমর (p. 387) [tōmara] বি. প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ, লোহার তৈরি বল্লমের মতো অস্ত্রবিশেষ। [সং. তু + বিচ্ + √ মৃ + অ]।

তোমা (p. 387) [tōmā] সর্ব. (কাব্যে) 1 তুমি; 2 তোমাকে ('তোমা চিনে সবে'); 3 তোমার (তোমা বিনে, তোমা হেন)। [প্রাকৃ. তুহ্ম]।

তোয়1 (p. 387) [tōẏa1] বি. জল। [সং. √ তু + য]।˜ দ বি. যে জল দেয় অর্থাত্ মেঘ।˜ দাগম বি. 1 বর্ষাকাল; 2 মেঘের বা বর্ষার আবির্ভাব।˜ নিধি,˜ ধি বি. সমুদ্র।

তোয়2 (p. 387) [tōẏa2] সর্ব. (ব্রজ.) তোমাকে, তোমার প্রতি ('মাধব, বহুত মিনতি করি তোয়': বিদ্যা.)। [বাং. তুঅ]।

তোয়া (p. 387) [tōẏā] ক্রি. তোয়ানো, হাত দিয়ে অনুভব করা বা খোঁজা। [তু. হি. টোহ্না]।

তোয়াক্কা (p. 387) [tōẏākkā] বি. 1 সমীহ; 2 কেয়ার; 3 অপেক্ষা (কারও তোয়াক্কা রাখি না); 4 ভয় (আমি কাউকে তোয়াক্কা করি না)। [তবাক্কু]।

তোয়াজ (p. 387) [tōẏāja] বি. 1 মনোরঞ্জন, সন্তোষসম্পাদন (সবসময় তোয়াজ করে চলতে হয়); 2 আরাম; 3 যত্ন, খাতির (তাকে বেশ তোয়াজে রেখেছে). [আ. তবাজ্জহ্]।

তোয়ানো, টোয়ানো (p. 387) [tōẏānō, ṭōẏānō] ক্রি. বি. 1 হাত দিয়ে অনুভব করা; 2 হাতড়ানো; 3 খোঁজা; 4 হাত বুলানো; 5 মর্দন করা (অনেকক্ষণ ঘরে গা-হাত টুইয়ে আরাম দিল)। [তোয়া দ্র]।

তোয়ালে (p. 387) [tōẏālē] বি. মোটা গামছাবিশেষ, towel. [পো. toalha]।

তোরঙ্গ, তোরঙ (p. 387) [tōraṅga, tōraṅa] বি. লোহা বা ইস্পাতের তৈরি বড় বাক্স, পেটরা। [ইং. trunk]।

তোরণ (p. 387) [tōraṇa] বি. সিংহদ্বার, সদর প্রবেশদ্বার, ফটক, প্রবেশদ্বার ('হও মৃত্যু-তোরণ উত্তীর্ণ': রবীন্দ্র)। [সং. √ তুর্ (ত্বরা) + অন]।

তোরা2 (p. 387) [tōrā2] বি. 1 উষ্ণীষের ভূষণবিশেষ, টায়রা; 2 পাগড়ির উপর লাগানো পাখির পালক। [আ. তুর্রা]।

তোল, তোলক (p. 387) [tōla, tōlaka] বি. তোলা, 8 রতি বা 16 মাষা। [সং. √ তুল্ + অ, + ক]।

তোলন (p. 387) [tōlana] বি. 1 ওজন করা, পরিমাপন; 2 তোলা, উত্তোলিত করা, উঠানো। [সং. √ তুল্ + অন]।

তোল-পাড় (p. 387) [tōla-pāḍ়] বি. 1 ওলটপালট, প্রবল আলোড়ন, বিক্ষোভ (বুকের ভিতর সে কী তোলপাড়); 2 তুমুল কলহ বা গণ্ডগোল (দেশজুড়ে তোলপাড়)। □ বিণ. আলোড়িত, বিক্ষুব্ধ ('অগ্নিকোণের তল্লাট জুড়ে দুরন্ত ঝড়ে তোলপাড় কালাপানি': সু. মু.)। [বাং. তোল (=উত্তোলন) + পাড় (=পাতন, নামানো)]।

তোলা1 (p. 387) [tōlā1] বি. সোনারূপোর ওজনের পরিমাণবিশেষ, ভরি (=8 রতি, (বর্ত.) 11.668 গ্রাম)। [বাং. তোল + আ (স্বার্থে)]।

তোলা2 (p. 387) [tōlā2] বি. হাটবাজারের ব্যাপারীদের পণ্যের যে অংশ জমিদার বা বাজারের মালিক খাজনা বাবদ তুলে নেয় (মালিকের চাকর রোজ তোলা আদায় করে)। □ বিণ. 1 তুলে রাখা হয়েছে এমন, রক্ষিত (তোলা খাবার); 2 পোশাকি (তোলা জামা); 3 তুলে অর্থাত্ সংগ্রহ করে রাখা হয়েছে এমন (তোলা জলে স্নান); 4 স্থানান্তরিত করা যায় এমন (তোলা উনুনে রান্না); 5 অঙ্কিত,

খোদাই করা বা ছাঁচে ঢালাই করা হয়েছে এমন (পল-তোলা); 6 স্মরণে রাখা হয়েছে এমন, স্মৃতিগত (সব তোলা আছে মনে); 7 স্থগিত, ভবিষ্যতের জন্য রাখা হয়েছে এমন (এ তর্ক তোলা রইল); 8 নির্মিত (বাবার তোলা দালান); 9 চয়িত (ভোরে তোলা ফুল)। [বাং. √ তুল্ + আ]।

তোলা3, তোলানো (p. 387) [tōlā3, tōlānō] যথাক্রমে তুলা2 ও তুলানো -র চলিত রূপ।

তোলা-পাড়া (p. 387) [tōlā-pāḍ়ā] বি. বারংবার চিন্তা, বারংবার এবং নানাভাবে চিন্তা ও বিচার (ব্যাপারটা নিয়ে খুব তোলাপাড়া করছে)। [বাং. তোলা3 + পাড়া (দ্ব.)]।

তোলিত (p. 387) [tōlita] বিণ. ওজন বা তৌল করা হয়েছে এমন (তোলিত সোনা)। [সং. √ তুল্ + ণিচ্ + ত]।

তোলো (p. 387) [tōlō] বি. মাটির বড় হাঁড়ি (তোলোতে রান্না, তোলোহাঁড়িতে রান্না)। [পো. talha]।

তোল্য (p. 387) [tōlya] বিণ. 1 ওজন করতে হবে এমন; 2 তুলনীয়। [সং. √ তুল্ + য]।

তোশক (p. 387) [tōśaka] বি. বিছানায় পাতবার জন্য তুলোর গদিবিশেষ, mattress. [ফা. তোশক]।

তোশা (p. 387) [tōśā] বি. মূল্যবান জিনিসপত্র; [ফা. তোশা]।˜ খানা বি. মূল্যবান জিনিসপত্রের ভাণ্ডার; মূল্যবান আসবাব বা পোশাকপরিচ্ছদ রাখার ভাণ্ডার।

তোষ (p. 387) [tōṣa] বি. সন্তোষ, তৃপ্তি; আনন্দ (আশুতোষ)। [সং. √ তুষ্ + অ]।˜ ণ বি. 1 সন্তোষ, তৃপ্তি; 2 সন্তোষসাধন, তৃপ্তিবিধান; 3 তৃপ্তিসাধক বস্তু। তোষণীয় বিণ. তোষণযোগ্য, তুষ্ট করা উচিত বা প্রয়োজন এমন। তোষিণী বি. স্ত্রী. সন্তোষকারিণী।

তোষক, তোষাখানা (p. 387) [tōṣaka, tōṣākhānā] যথাক্রমে তোশক ও তোশাখানা -র বানানভেদ।

তোষামোদ (p. 387) [tōṣāmōda] বি. 1 মনোরঞ্জন; 2 খোশামোদ, চাটুবৃত্তি, স্তাবকতা, মোসাহেবি। [সং. তোষ + আমোদ, খোশামোদ শব্দের প্রভাবে গঠিত]। তোষামুদে বিণ. চাটুকার, খোশামোদ করতে অভ্যস্ত এমন।

তোষিত (p. 387) [tōṣita] বিণ. তুষ্ট করা হয়েছে এমন। [সং. √ তুষ্ + ণিচ্ + ত]।

তোস-দান (p. 387) [tōsa-dāna] বি. গুলি বারুদ প্রভৃতি রাখার পাত্র। [ফা.]।

তোহে (p. 387) [tōhē] সর্ব. (ব্রজ.) তোমাকে ('তোহে ভজব': বিদ্যা.)। [তু 2 দ্র]।

তৌজি (p. 387) [tauji] বি. প্রজাদের নাম এবং তাদের জমি ও খাজনার পরিমাণের তালিকা। [আ. তৌজী]।

তৌর্য (p. 387) [taurya] বি. তূর্যধ্বনি। [সং. তূর্য + অ]। ˜ ত্রিক বি. একসঙ্গে নাচগান বাজনা।

তৌল (p. 387) [taula] বি. 1 ওজন; 2 ওজন করা; 3 দাঁড়িপাল্লা; 4 তুলনা। [সং. তুলা + অ]।

তৌলন (p. 387) [taulana] বি. ওজন করা। [সং. তুলন + অ]।

তৌলিক1 (p. 387) [taulika1] বি. চিত্রকর। [সং. তুলি + ইক]।

তৌলিক2 (p. 387) [taulika2] বি. যে ওজন করে। □ বিণ. গুরুত্ব-পরিমাপ সম্বন্ধীয়, gravimetric (বি.প.)। [সং. তুলা + ইক]।

ত্ব (p. 387) [tba] বি. ভাব, কাজ, বৃত্তি প্রভৃতি সূচক প্রত্যয়বিশেষ (দেবত্ব, বন্ধুত্ব, রাজত্ব)।

ত্বক (p. 387) [tbaka] (ত্বচ্) বি. 1 গায়ের চামড়া; 2 ছাল, বাকল (বৃক্ষত্বক); 3 খোসা (ফলাদির ত্বক); 4 স্পর্শেন্দ্রিয়। [সং. √ ত্বচ্+ ক্বিপ্]।

ত্বদীয় (p. 387) [tbadīẏa] বিণ. ত্বৎসম্বন্ধীয়; ভবদীয়, তোমার। [সং. ত্বদ্ (=যুষ্মদ্) + ঈয়]।

ত্বর (p. 387) [tbara] বি. 1 বেগ, গতি; 2 দ্রুততা। [সং. √ ত্বর্ + অ]।

ত্বরণ (p. 387) [tbaraṇa] বি. (বিজ্ঞা.) বেগের ক্রমবৃদ্ধি, acceleration (বি. প.)। [সং. √ ত্বর্ + অন]।

ত্বর-মাণ (p. 387) [tbara-māṇa] বিণ. 1 ত্বরান্বিত; 2 শীঘ্রকারী, ব্যস্ত, ক্ষিপ্রকারী, তাড়াতাড়ি করছে এমন। [সং. √ ত্বর্ + মান]।

ত্বরা (p. 387) [tbarā] বি. 1 দ্রুততা; 2 ব্যস্ততা, তাড়া; 3 দ্রুততার প্রয়োজন, তাগাদা (কোনো ত্বরা নেই)। [সং. √ ত্বর্ + অ + আ]। ̃ য় ক্রি-বিণ. দ্রুত, শীঘ্র, সত্বর (ত্বরায় এসো)।

ত্বরান্বিত (p. 387) [tbarānbita] বিণ. 1 দ্রুত বা দ্রুততর করা হয়েছে এমন; ত্বরিত; 2 শীঘ্র, ক্ষিপ্র। [সং. ত্বরা + অন্বিত]।

ত্বরিত1 (p. 387) [tbarita1] বিণ. ক্রমশ বেগ বাড়ানো হয়েছে এমন, accelerated. [সং. √ ত্বর্ + ণিচ্ + ত]।

ত্বরিত2 (p. 387) [tbarita2] বিণ. ক্ষিপ্র, শীঘ্র, দ্রুত। [সং. √ ত্বর্ + ত]। ̃ গতি, ̃ গমন বিণ. ক্ষিপ্রগামী, দ্রুতগামী (ত্বরিতগতি বায়ু, ত্বরিতগতি ট্রেন)।

ত্বষ্টা (p. 387) [tbaṣṭā] (-ষ্টৃ) বি. 1 সূত্রধর, ছুতোর; 2 দেবশিল্পী বিশ্বকর্মা। [সং. √ ত্বক্ষ্ (তক্ষণ করা) + তৃ]।

ত্বাচ (p. 387) [tbāca] বিণ. 1 ত্বকসম্বন্ধীয়; 2 ত্বকের স্পর্শ দিয়ে বোঝা যায় এমন। [সং. ত্বচ্ + অ]।

ত্বাদৃশ (p. 387) [tbādṛśa] বিণ. তোমার সদৃশ, তোমার তুল্য। [সং. ত্বদ্ (=যুষ্মদ্) + √ দৃশ্ + অ]।

ত্বিষাম্পতি (p. 387) [tbiṣāmpati] বি. সূর্য। [সং. ত্বিষাম্ (দীপ্তি) + পতি]।

ত্যক্ত (p. 387) [tyakta] বিণ. 1 পরিত্যাগ বা পরিহার করা হয়েছে এমন, বর্জিত (ত্যক্তসর্বস্ব); 2 বিরক্ত (ত্যক্ত কোরো না)। [সং. ত্যজ্ + ত]। ˜ বিরক্ত, (কথ্য) তিতি-বিরক্ত বিণ. উত্ত্যক্ত, অত্যন্ত বিরক্ত, জ্বালাতন (একেবারে তিতিবিরক্ত হয়ে গেছি)।

ত্যজন (p. 387) [tyajana] বি. 1 বর্জন, পরিহার করা; 2 ক্ষেপণ।[সং. √ ত্যজ্ + অন]।

ত্যজ্য-মান (p. 387) [tyajya-māna] বিণ. ত্যাগ করা হচ্ছে এমন, পরিত্যক্ত হচ্ছে এমন। [সং. √ ত্যজ্ + আন]।

ত্যাগ (p. 387) [tyāga] বি. 1 বর্জন, পরিহার (ধর্মত্যাগ, দেশত্যাগ); 2 ক্ষেপণ (শরত্যাগ, অস্ত্রত্যাগ); 3 বিসর্জন (প্রাণত্যাগ)। [সং. √ ত্যজ্ + অ]। ত্যাগী (-গিন্) বিণ. 1 ত্যাগকারী, যে ত্যাগ করে; 2 বিরাগী, ভোগবাসনাবিমুখ (ত্যাগী পুরুষ)।

ত্যাজ্য (p. 387) [tyājya] বিণ. ত্যাগযোগ্য, বর্জনীয়। [সং. √ ত্যজ্ + য।˜ পুত্র বি. পিতার সম্পত্তি থেকে এবং তৎসহ পুত্রের অধিকার থেকে পিতারই দ্বারা বঞ্চিত পুত্র।

ত্রপ-মাণ (p. 387) [trapa-māṇa] বিণ. লজ্জা পাচ্ছে এমন, লজ্জমান। [সং. √ ত্রপ্ + মান]।

ত্রপা (p. 387) [trapā] বি. লজ্জা। [সং. √ ত্রপ্ + অ + আ]। ত্রপিত বিণ. লজ্জিত। স্ত্রী. ত্রপিতা।

ত্রপু (p. 387) [trapu] বি. 1 সীসা; 2 রাং; 3 দস্তা। [সং. √ ত্রপ্ + উ]।

ত্রয় (p. 387) [traẏa] বি. (বস্তু বা ব্যক্তির) তিনটি বা তিনের সমষ্টি (বেদত্রয়, বৃক্ষত্রয়, গ্রনহত্রয়)। □ বিণ. তিনসংখ্যক। [সং. ত্রি + অয়]। ত্রয়ঃপঞ্চাশত্ বি. বিণ. 53 সংখ্যা বা সংখ্যক। ত্রয়ঃপঞ্চাশত্তম বি. বিণ. 53 সংখ্যক। স্ত্রী. ত্রয়ঃপঞ্চাশত্তমী।˜ শ্চত্বারিংশত্ বি. বিণ. 43 সংখ্যক। স্ত্রী.˜ শ্চত্বারিংশত্তমী। ত্রয়ঃষষ্ঠি বি. বিণ. 63 সংখ্যা বা সংখ্যক। ত্রয়ঃষষ্ঠি.তম বিণ. 63 সংখ্যক। স্ত্রী. ত্রয়ঃ.ষষ্ঠি.তমী। ত্রয়ঃ.সপ্ততি বি. বিণ. 73 সংখ্যা বা সংখ্যক। ত্রয়ঃ.সপ্ততি.তম বিণ. 73 সংখ্যক। স্ত্রী. ত্রয়ঃ.সপ্ততি.তমী।˜ স্ত্রিংশত্ বি. বিণ. 33 সংখ্যা বা সংখ্যক।˜ স্ত্রিংশ,˜ স্ত্রিংশত্তম বিণ. 33 সংখ্যক। স্ত্রী.˜ স্ত্রিংশত্তমী।

ত্রয়ী (p. 387) [traẏī] বি. 1 ব্রহ্মা বিষ্ণু ও শিব এই ত্রিমূর্তি; 2 ঋক্, সাম ও যজুঃ এই তিন বেদ (ত্রয়ীবিদ্যা)। □ বিণ. স্ত্রী. ত্রয় -এর অর্থে।˜ ধর্ম বি. তিন বেদের বিহিত ধর্ম।

ত্রয়ো-দশ (p. 387) [traẏō-daśa] বি. বিণ. 13 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রয়োদশন্ + অ]। ত্রয়ো-দশী বিণ. স্ত্রী. 1 ত্রয়োদশস্থানীয়া; 2 ত্রয়োদশ বৎসর বয়স্কা (ত্রয়োদশী বালিকা)। □ বি. তিথিবিশেষ।

ত্রয়ো-বিংশ (p. 387) [traẏō-biṃśa] বিণ. 23 সংখ্যক বা 23 সংখ্যার পূরক। [সং. ত্রয়োবিংশতি + অ]।˜ তি বি. বিণ. 23 সংখ্যা বা সংখ্যক˜ তি.তম বিণ. 23 সংখ্যক (বইয়ের ত্রয়োবিংশতিতম অধ্যায়টি পড়ছি)। স্ত্রী.˜ তি.তমী।

ত্রসন (p. 387) [trasana] বি. 1 ভয়, ত্রাস; 2 ভীত হওয়া। [সং. √ ত্রস্ + অন]।

ত্রসর (p. 387) [trasara] বি. তাঁতের তুরি, মাকু। [সং. √ ত্রস্ + অর]।

ত্রস-রেণু (p. 387) [trasa-rēṇu] বি. 1 (বিজ্ঞা.) ছিদ্রপথে আগত আলোকরশ্মির মধ্যে যে ধূলিকণা উড়তে দেখা যায়; 2 এই ধূলিকণার তুল্য অত্যল্পপরিমাণ; 3 (দর্শ.) ছয় পরমাণু বা দ্ব্যণুকের সমষ্টি। [সং. ত্রস (গতিশীল) + রেণু]।

ত্রস্ত (p. 387) [trasta] বিণ. 1 ত্রাসযুক্ত, ভীত; 2 চকিত; 3 ভয়ে বিচলিত (ত্রস্ত হরিণ)। [সং. √ ত্রস্ + ত]। স্ত্রী. ত্রস্তা (ত্রস্তা হরিণী)।

ত্রস্নু (p. 387) [trasnu] বিণ. 1 ভয়ার্ত; 2 ভীরু ('ত্রস্নু তারকা সন্ধানে সংক্রান্তি': সু.দ.)। [সং. √ ত্রস্ + নু]।

ত্রাণ (p. 387) [trāṇa] বি. 1 (বিপদ, পাপ প্রভৃতি থেকে) উদ্ধার, রক্ষা, নিষ্কৃতি, মুক্তি ('মোরে করো ত্রাণ, মোরে করো ত্রাণ': রবীন্দ্র); 2 (বন্যা, দুর্ভিক্ষ ইত্যাদি দুর্যোগে) সাহায্য, relief (দুর্গতদের ত্রাণ পাঠানো হচ্ছে)। [সং. √ ত্রৈ + অন্]। ত্রাত বিণ. ত্রাণপ্রাপ্ত, যাকে ত্রাণ করা হয়েছে এমন। ত্রাতা (-তৃ), ত্রায়ক বিণ. বি. ত্রাণকারী ('জনগণদুঃখ-ত্রায়ক')। ত্রায়.মাণ বিণ. ত্রাণ লাভ করছে বা ত্রাণ করছে এমন।

ত্রাস (p. 387) [trāsa] বি. ভয়, শঙ্কা। [সং. √ ত্রস্ + অ]।˜ জনক বিণ. ভীতিজনক, ভয়ংকর।˜ ন বি. ভীতিসঞ্চার। ত্রাসিত বিণ. ভীত করা হয়েছে এমন, আতঙ্কিত, যাকে ভয় দেখানো হয়েছে এমন। স্ত্রী. ত্রাসিতা।

ত্রাহি (p. 387) [trāhi] ক্রি. ত্রাণ করো, রক্ষা করো, বাঁচাও। [সং. √ ত্রৈ + হি]। ত্রাহি ত্রাহি করা, ত্রাহি ত্রাহি ডাক ছাড়া ক্রি. বি. বিপদ-আপদ থেকে উদ্ধার পেতে সাহায্যের জন্য চিৎকার করা।

ত্রি (p. 387) [tri] বি. বিণ. 3 সংখ্যা বা সংখ্যক। [সং. √ তৃ + ই]।˜ কাল বি. অতীত, বর্তমান, ভবিষ্যত্ এই তিন কাল; সর্বকাল।˜ কালজ্ঞ,˜ কাল-দর্শী (-র্শিন্) বিণ. অতীত বর্তমান ও ভবিষ্যত্ এই তিন কালের সমস্ত ঘটনা বা সবই

জানেন এমন; সর্বজ্ঞ। ˜ কুল বি. পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল। ˜ কোণ বিণ. তিন কোণবিশিষ্ট, তেকোনা। □ বি. (জ্যামি.) ত্রিভুজ; তেকোনা ক্ষেত্র। ˜ কোণ-মিতি বি. ত্রিকোণক্ষেত্র পরিমাপক গণিতশাস্ত্র, trigonometry. ˜ গঙ্গ বি. গঙ্গা, যমুনা, সরস্বতী এই তিন নদীর মিলনক্ষেত্র; ত্রিবেণী; প্রয়াগ। ˜ গণ বি. ধর্ম, অর্থ ও কাম মানুষের সাধনীয় এই তিন বিষয়। ˜ গুণ বি. সত্ত্ব রজঃ তমঃ প্রকৃতির এই তিন ধর্ম বা 'গুণ'। □ বিণ. 1 উক্ত তিন গুণবিশিষ্ট; 2 তিন দ্বারা গুণিত। ˜ গুণা বি. দুর্গা। □ বিণ. (স্ত্রী.) ত্রিগুণ -এর অর্থে। ˜ গুণাতীত বিণ. সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণের প্রভাব বা মায়ার বন্ধন থেকে মুক্ত। □ বি. পূর্ণব্রহ্ম। ˜ গুণাত্মক বিণ. সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণযুক্ত। ˜ গুণাত্মিকা বিণ. (স্ত্রী.) সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণযুক্তা (ত্রিগুণাত্মিকা প্রকৃতি)। ˜ ঘাত বিণ. 1 (গণি.) একই সংখ্যা ক্রমাগত দুবার নিজেকে নিজে গুণ করে এমন, cubic (যেমন ত্রিঘাত 5=53 = 5x5x5); 2 (জ্যামি.) দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ এই তিনটিই আছে এমন, ঘন, ত্রিমাত্রিক। ˜ চত্বারিংশত্ বি. বিণ. 43 সংখ্যক বা সংখ্যা। ˜ চত্বারিংশত্তম বিণ. 43 সংখ্যক। স্ত্রী. ˜ চত্বারিংশত্তমী। ˜ জগত্ বি. স্বর্গ, মর্ত্য ও পাতাল এই তিন জগত্। ˜ তন্ত্রী (-ন্ত্রিন্) বি. তিন তারযুক্ত বাদ্যযন্ত্র; বীণা; সেতার। ˜ তল বিণ. তেতলা (ত্রিতল অট্টালিকা)। ˜ তাপ বি. আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই তিনরকম দুঃখ বা যন্ত্রণা। ˜ ত্ব বি. 1 তিনের ভাব বা সমাহার; 2 ত্রিমূর্তি; 3 (খ্রিস্টধর্মে) আধ্যাত্মিক ত্রিতত্ত্ব, trinity. ˜ দশ বি. 1 ত্রিশ সংখ্যা; 2 দেবতা। ˜ দশ-বধূ, ˜ দশ-বনিতা বি. অপ্সরা। ˜ দশ-মঞ্জরি বি. তুলসী। ˜ দশাধি-পতি বি. দেবরাজ ইন্দ্র। ˜ দশালয় বি. স্বর্গ। ˜ দিব বি. 1< স্বর্গ; 2 আকাশ। ˜ দোষ বি. বাত, পিত্ত, কফ-শরীরের এই তিন দোষ। ˜ ধা ক্রি-বিণ. 1 তিনভাবে, তিনপ্রকারে; 2 তিন দিকে। ˜ ধারা বি. 1 তিন স্রোতে বা পথে প্রবহিত নদী অর্থাত্ গঙ্গা-তিনটি স্রোতের নাম যথাক্রমে স্বর্গে মন্দাকিনী, মর্ত্যে অলকানন্দা বা ভাগীরথী এবং পাতালে ভোগবতী; 2 তিনটি ধারা বা প্রভাব। ˜ নবতি বি. বিণ. 93 সংখ্যা বা সংখ্যক। ˜ নবতি.তম

বিণ. 93 সংখ্যক। স্ত্রী.˜ নবতিতমী।˜ নয়ন,˜ নেত্র,˜ লোচন বি. (তিন চক্ষুযুক্ত বলে) শিব।˜ নয়না,˜ নয়নী বি. (স্ত্রী.) দুর্গা।˜ নাথ বি. 1 ত্রিভুবনের অধীশ্বর, পরমেশ্বর; 2 শিব; 3 ব্রহ্মা, বিষ্ণু, শিব এই তিন দেবতা; 4 (আঞ্চ.) সিদ্ধি ও ভাঙের দেবতা।˜ পঞ্চাশত্ বি. বিণ. 53 সংখ্যা বা সংখ্যক।˜ পঞ্চাশত্তম বিণ. 53 সংখ্যক। স্ত্রী.˜ পঞ্চাশত্তমী।˜ পত্র বি. বেলপাতা। □ বিণ. তিনটি পাতাযুক্ত। ˜ ; পথগা,˜ পথগামিনী স্বর্গ, মর্ত্য ও পাতাল এই তিন চরণবিশিষ্ট বাংলা ছন্দ।˜ পর্ণ বি. পলাশ গাছ। □ বিণ. তিনটি পাতাযুক্ত।˜ পাদ বি. (তিনটি পা আছে বলে) বিষ্ণুর বামনাবতার। □বিণ. 1 তিনটি পাযুক্ত; 2 তিন পদাঙ্ক পরিমাণ (ত্রিপাদ ভূমি); 3 চার ভাগের তিন ভাগ।˜ পাপ বি. অতিপাতক, মহাপাতক ও উপপাতক এই তিনরকম পাপ।˜ পিটক বি. সুত্ত (সূত্র) অভিধম্ম (অভিধর্ম) ও বিনয় এই তিন ভাগে বিভক্ত বৌদ্ধ শাস্ত্রগ্রন্থ।˜ পুণ্ড্র,˜ পুণ্ড্রক বি. ললাটে ত্রিশূলের মতো অঙ্কিত তিলক।˜ ফলা বি. হরীতকী, আমলকী ও বিভীতকী (বহেড়া) এই তিন ফল।˜ বর্গ বি. 1 ধর্ম, অর্থ, কাম এই তিনটি; 2 সত্ত্ব, রজঃ, তমঃ এই তিনটি।˜ বর্ণ,˜ বর্ণক বি. ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য-হিন্দু জাতির এই তিন শ্রেণি।˜ বলি বি. কণ্ঠ বা শরীরের অন্যত্র মাংস সংকোচনের ফলে সৃষ্ট তিনটি রেখা বা ভাঁজ ('ত্রিবলি তব ভুরুতে':সু.দ.)।˜ বার্ষিক ত্রৈবার্ষিক -এর অনুরূপ।˜ বিক্রম বি. বামনরূপী বিষ্ণু, ত্রিলোকে তাঁর তিনটি 'বিক্রম' বা পদক্ষেপ বলে।˜ বিদ্যা বি. ঋক্, সাম, যজুঃ এই তিন বেদ, ত্রয়ী।˜ বিধ বিণ. তিনরকম (ত্রিবিধ উপায়)।˜ বৃত্ত বিণ. ত্রিগুণিত, তিনবার গুণ করা হয়েছে এমন।˜ বেণী বি. গঙ্গা, যমুনা ও সরস্বতী এই তিনটি নদী অথবা তাদের সংযোগস্হল বা বিয়োগস্হল।˜ বেদী (-দিন্) বি. 1 ঋক্ সাম যজুঃ এই তিনটি বেদ অধ্যয়নকারী; 2 এই তিন বেদ অধ্যয়নকারী ব্রাহ্মণের বংশগত উপাধিবিশেষ, তেওয়ারি।˜ ভঙ্গ বিণ. শরীরের তিন স্থানে বক্রতাযুক্ত। □ বি. শ্রীকৃষ্ণ। ত্রিভঙ্গমুরারি বি. শ্রীকৃষ্ণ।˜ ভঙ্গিম বিণ. ত্রিভঙ্গ।˜ ভুজ (জ্যামি.) বি. তিনটি সরলরেখা দ্বারা বেষ্টিত ক্ষেত্র। ত্রিভুজ,

বিষমবাহু যে ত্রিভুজের তিনটি বাহু পরস্পর অসমান। ত্রিভুজ, সমকোণী যে ত্রিভুজের একটি কোণ সমকোণ। ত্রিভুজ, সমদ্বিবাহু যে ত্রিভুজের দুটি বাহু সমান। সমবাহু ত্রিভুজ যে ত্রিভুজের তিনটি বাহুই পরস্পর সমান। ত্রিভুজ, সূক্ষ্মকোণী যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ।˜ ভুবন বি. স্বর্গ, মর্ত্য ও পাতাল।˜ মাত্রিক বিণ. (জ্যামি.) দৈর্ঘ্য, প্রস্থ ও বেধ আছে এমন, ত্রিঘাত।˜ মূর্তি বি. ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর; এই তিন দেবতার যুক্তমূর্তি; (ব্যঙ্গে) তিন ঘনিষ্ঠ ব্যক্তি বা তিন ব্যক্তি একত্রে।˜ যামা বি. 1 রাত্রি; 2 তিন যাম অর্থাত্ প্রহরবিশিষ্ট রাত্রি-বস্তুত চার যামে এক রাত্রি হয়, কিন্তু প্রথম প্রহরের প্রথমার্ধ ও শেষ প্রহরের শেষার্ধ যথাক্রমে সন্ধ্যা ও উষার মধ্যে ধরা হয় বলে রাত্রিকে ত্রিযামা বলা হয়।˜ রত্ন বি. বুদ্ধ ধর্ম ও সংঘ; বৌদ্ধদের এই তিন পবিত্র বস্তু।˜ রাত্র বি. 1 তিন রাত্রি; 2 মধ্যবর্তী দুই দিনের সঙ্গে তিন রাত্রি; 3 তিন রাত্রিব্যাপী উপবাস বা উৎসব।˜ লোক বি. স্বর্গ, মর্ত্য ও পাতাল।˜ লোচন বি. শিব।˜ শঙ্কু বি. 1 জনৈক পৌরাণিক রাজা-ইনি সশরীরে স্বর্গে যেতে অসমর্থ হয়ে শেষে স্বর্গ-মর্ত্যের অন্তরালে নক্ষত্রলোকে অবস্থান করতে বাধ্য হয়েছিলেন; 2 (আল.) অনিশ্চিত অবস্থায় পড়েছে এমন ব্যক্তি (আমার এখন ত্রিশঙ্কু অবস্থা)।˜ শূল বি. তিনটি সূক্ষ্ম ফলকবিশিষ্ট অস্ত্রবিশেষ, শিবের অস্ত্র।˜ শূলী (-লিন্),˜ শূল-ধারী (-রিন্) বিণ. ত্রিশূল ধারণ করেছে এমন। □ বি. শিব। স্ত্রী.˜ শূল-ধারিণী।˜ সংসার বি. স্বর্গ, মর্ত্য, পাতাল; ত্রিভুবন (ত্রিসংসারে তার কেউ নেই)।˜ ষষ্ঠি বি. বিণ. 63 সংখ্যা বা সংখ্যক।˜ ষষ্ঠিতম বিণ. 63 সংখ্যক। স্ত্রী.˜ ষষ্ঠিতমী।˜ সন্ধ্যা বি. প্রাতঃকাল মধ্যাহ্ন অপরাহ্ন এই তিন বেলা।˜ সপ্ততি বি. বিণ. 73 সংখ্যা বা সংখ্যক।˜ সপ্ততি-তম বিণ. 73 সংখ্যক। স্ত্রী.˜ সপ্ততি-তমী।˜ সীমা,˜ সীমানা বি. 1 তিন প্রান্ত; 2 নৈকট্য, সান্নিধ্য (তুমি এ বাড়ির ত্রিসীমানায় আসবে না)।˜ স্রোতা, (বর্জি.)˜ স্রোতঃ (-তস্) বি. 1 ত্রিধারা, গঙ্গা; 2 তিস্তা নদী।

ত্রিংশ (p. 387) [triṃśa] বিণ. 3 সংখ্যক বা 3 সংখ্যার পূরক। [সং. ত্রিংশত্ + অ]।˜ ত্ বি. বিণ. 3 সংখ্যা বা সংখ্যক, ত্রিশ।˜ ত্তম বিণ. ত্রিংশ, ত্রিশসংখ্যক (ত্রিংশত্তম অধ্যায়)। স্ত্রী.˜ ত্তমী।

ত্রিক (p. 387) [trika] বি. 1 মেরুদণ্ডের নিম্নদেশ; কটি; 2 তিন সংখ্যার সমষ্টি; 3 তেমাথা পথ। [সং. ত্রি (তৃতীয়) + ক]।

ত্রিপল (p. 387) [tripala] বি. (প্রধানত আলকাতরা মাখানো) জলনিরোধক মোটা কাপড়বিশেষ। [ইং. tarpaulin]।

ত্রিপুরারি, ত্রিপুরান্তক (p. 387) [tripurāri, tripurāntaka] বি. (ত্রিপুর নামে অসুরকে নিধন করেছিলেন বলে) শিব। [সং. ত্রিপুর + অরি, অন্তক]।

ত্রিশ (p. 387) [triśa] বি. বিণ. 3 সংখ্যা বা সংখ্যক। [সং. ত্রিংশত্]।

ত্রিষ্টুভ, ত্রিষ্ঠুভ্ (p. 387) [triṣṭubha, triṣṭhubh] বি. সংস্কৃত ছন্দোবিশেষ। [সং. ত্রি + স্তুভ্ + ক্বিপ্]।

ত্রুটি (p. 387) [truṭi] বি. 1 দোষ, অপরাধ (আমার ত্রুটি ধরবেন না); 2 ন্যূনতা, অভাব, ঘাটতি (চেষ্টার ত্রুটি নেই); 3 ক্ষতি, হানি। [সং. √ ত্রুট্ + ই]।˜ বিচ্যুতি বি. ভুল; দোষ।

ত্রেতা (p. 387) [trētā] বি. 1 হিন্দু পুরাণে বর্ণিত সত্য ও দ্বাপর যুগের মধ্যবর্তী যুগ; 2 যজ্ঞীয় অগ্নিত্রয়-গার্হপত্য. আহবনীয় ও দক্ষিণ। [সং. ত্রি + ইতা]।

ত্রৈকালিক (p. 387) [traikālika] বিণ. 1 ত্রিকালসম্বন্ধীয়; 2 ত্রিকালব্যাপী। [সং. ত্রিকাল + ইক]।

ত্রৈগুণ্য (p. 387) [traiguṇya] বি. সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণের সমষ্টি সমন্বয় বা ভাব। [সং. ত্রিগুণ + য]।

ত্রৈবর্ষিক (p. 391) [traibarṣika] বিণ. যা তিন বছরে সম্পন্ন হবে। [সং. ত্রিবর্ষ + ইক (ভবিষ্যদর্থে)]।

ত্রৈবার্ষিক (p. 391) [traibārṣika] বিণ. 1 তিন বছর অন্তর অনুষ্ঠিত বা উৎপন্ন হয় এমন; 2 যার তিন বছর অতীত হয়েছে। [সং. ত্রিবর্ষ + ইক]।

ত্রৈবিদ্য (p. 391) [traibidya] বি. যিনি ঋক্ সাম যজুঃ এই তিন বেদেই বিদ্বান। [সং. ত্রিবিদ্য + অ]।

ত্রৈমাসিক (p. 391) [traimāsika] বিণ. 1 তিন মাস অন্তর ঘটে বা জন্মে এমন; 2 তিন মাসব্যাপী; 3 তিন মাস বয়স্ক। □ বি. তিন মাস অন্তর প্রকাশিত সাময়িক পত্রিকা। [সং. ত্রিমাস + ইক]।

ত্রৈরাশিক (p. 391) [trairāśika] বি. (গণি.) তিন রাশির সম্বন্ধঘটিত অঙ্কপ্রণালীবিশেষ, rule of three. [সং. ত্রিরাশি + ইক]।

ত্রৈলঙ্গ (p. 391) [trailaṅga] বিণ. তৈলঙ্গ প্রদেশসম্বন্ধীয়, তেলেঙ্গা। □ বি. অন্ধ্র বা তেলিঙ্গানার অধিবাসী বা ভাষা; তেলুগু। [সং. ত্রিকলিঙ্গ]।

ত্রৈলোক্য (p. 391) [trailōkya] বি. স্বর্গ মর্ত পাতাল এই ত্রিলোকের সমষ্টি। [সং. ত্রিলোক + য]।

ত্র্যংশ (p. 391) [tryaṃśa] বি. তৃতীয় অংশ বা ভাগ। [সং. ত্রি + অংশ]।

ত্র্যক্ষর (p. 391) [tryakṣara] বি. ওঙ্কার, ওঁ মন্ত্র, প্রণব। □ বিণ. বর্ণত্রয়যুক্ত। [সং. ত্রি + অক্ষর]। ত্র্যক্ষরা বি. (স্ত্রী.) বেদমাতা প্রণবরূপা পরমা বিদ্যা।

ত্র্যঙ্ক (p. 391) [tryaṅka] বিণ. (নাটকাদি সম্পর্কে) তিন অঙ্কবিশিষ্ট (ত্র্যঙ্ক নাটক)। [সং. ত্রি + অঙ্ক]।

ত্র্যঙ্গুল (p. 391) [tryaṅgula] বিণ. তিন আঙুল পরিমিত। [সং. ত্রি + অঙ্গুলি]।

ত্র্যম্বক (p. 391) [tryambaka] বি. ত্রিলোচন, শিব। [সং. ত্রি + অম্বক (=চক্ষু)]।

ত্র্যাস্র (p. 391) [tryāsra] বিণ. তেকোনা, তিন কোণবিশিষ্ট। [সং. ত্রি + অস্রি (কোণ) সমাসান্ত]।

ত্র্যহ (p. 391) [tryaha] বি. তিন দিনের সমষ্টি। [সং. ত্রি + অহন্]।˜ .স্পর্শ বি. এক দিনে তিন তিথির বা এক তিথিতে তিন দিনের মিলন, সাধারণত অশুভ তিথি বলে বিদিত ('জন্ম মোদের ত্র্যহস্পর্শে সকল অনাসৃষ্টি': রবীন্দ্র)।

থ1 (p. 392) [tha1] বাংলা বর্ণমালার সপ্তদশ ব্যঞ্জনবর্ণ, ত-বর্গের দ্বিতীয় বর্ণ, মহাপ্রাণ অঘোষ দন্ত্য থ্-ধ্বনির দ্যোতক।

থ2 (p. 392) [tha2] বিণ. 1 কিংকর্তব্যবিমূঢ়, হতভম্ব; 2 নির্বাক, স্তম্ভিত (থ হয়ে যাওয়া)। [সং. স্থির > স্থ > থ (?)]।

থই (p. 392) [thi] বি. 1 (জলাশয়ের তলদেশে) স্থলভাগ বা ঠাঁই (নদীতে থই পাওয়া); 2 সীমা, কূল (দুঃখের থই পাচ্ছি না); 3 আশ্রয়। [< সং. স্থল]।

থই-থই (p. 392) [thi-thi] বি. অব্য. 1 জলরাশির ভরপুর ভাবসূচক (জল থইথই করছে); 2 প্রাচুর্যসূচক (লোক থইথই করছে)। [দেশি]।

থক-থক (p. 392) [thaka-thaka] বি. অব্য. 1 কাদার মতো ঈষত্ ঘনত্ব ও ঈষত্ তারল্যসূচক (কাদা থকথক করছে); 2 ক্ষত ইত্যাদির বিস্তৃতির ও সাংঘাতিক হওয়ার ভাবসূচক (ঘা-টা একেবারে থকথক করছে)। থক-থকে বিণ. 1 (তরল জিনিস সম্পর্কে) ঘন, গাঢ় (দইটা থকথকে হয়েছে, ঝোলটা থকথকে হয়ে গেছে)।

থকা (p. 392) [thakā] ক্রি. (পরিশ্রমের ফলে) ক্লান্ত বা অবসাদগ্রস্ত হওয়া, হাঁপিয়ে যাওয়া (আর হাঁটতে পারছি না, একদম থকে গেছি)। [সং. √ স্থগ্ +

বাং. আ-তু. হি. থক্কা]। থকিত বিণ. ক্লান্ত হয়ে সহসা থেমে গেছে এমন ('থকিত পায়ের চলা দ্বিধা হতে': রবীন্দ্র)।

থত-মত (p. 392) [thata-mata] অব্য. বি. বিণ. বিহ্বল ভাব, মুখে কথা সরে না এমন ভাব (থতমত ভাব, থতমত খেয়ে যাওয়া, তার তখন থতমত অবস্থা)। [দেশি-তু. সং. স্তম্ভিত]। থতমত খাওয়া ক্রি. বি. ঘাবড়ে যাবার ফলে কী বলবে তা স্থির করতে না পারা।

থপ (p. 392) [thapa] অব্য. ভারী কোমল বস্তু পড়ার, রাখার বা ফেলার শব্দ (থপ করে এক তাল কাদা ফেলল)। [ধ্বন্যা.]। থপ থপ অব্য. 2 ক্রমাগত থপ আওয়াজ; 2 স্থূলদেহ প্রাণীর চলার শব্দ (হাতির থপ থপ করে চলা)। থপ-থপে বিণ. থপ থপ শব্দে চলে এমন; স্থূল দেহের ভারে জড়ভাবাপন্ন (এই থপথপে শরীর নিয়ে চলতে পারি না)।

থপাস (p. 392) [thapāsa] অব্য. থপ-এর চেয়ে জোর শব্দ; 'থপ' শব্দ (থপাস করে বসে পড়্ল)। [ধ্বন্যা.]। থপাস থপাস অব্য. ক্রমাগত থপাস শব্দ।

থমক (p. 392) [thamaka] বি. 1 থেমে থেমে চলা; 2 ঠমক, হাবভাবযুক্ত চলার ভঙ্গি। [দেশি-তু. হি. ধমক]। থমকা ক্রি. থমকানো। থমকানি বি. থমক, থমকে যাওয়া, থমকানো। থমকানো ক্রি. চলতে চলতে বা কাজ করতে করতে হঠাত্ থেমে যাওয়া (কী ব্যাপার, থমকে গেলে কেন?)। □ বি. উক্ত অর্থে।

থম-থম (p. 392) [thama-thama] অব্য. 1 নিস্তব্ধতা ও ভয়াবহতাসূচক (চার দিক কেমন থমথম করছে); 2 জলভারাক্রান্ত বা রসস্থ হওয়ার ভাব

(আকাশ থমথম করছে, শরীর থমথম করছে)। [দেশি]। থম-থমে বিণ. 1 নিস্তব্ধ ও ভীতিজনক; 2 গম্ভীর।

থর (p. 392) [thara] বি. 1 স্তর, থাক (থরে থরে সাজানো); 3 লোল মাংস (পেটে থর নেমেছে)। [সং. স্তর]। থরে-বিথরে ক্রি.-বিণ. নানা স্তরে সাজিয়ে ('সকলি দিলাম তুলে থরে-বিথরে': রবীন্দ্র)।

থর-থর (p. 392) [thara-thara] অব্য. (উচ্চা. থর্থর্) প্রবল কম্পনের ভাব (থরথর করে কাঁপা)। □ বিণ. (উচ্চা. থরোথরো) কম্পমান (থরথর দেহ)। □ ক্রি-বিণ. থরথর করে ('রাই কাঁপে থরথর': চণ্ডী)। [দেশী]। থর-থরানি বি. থরথর করে কাঁপুনি। থর-থরি ক্রি-বিণ. (কাব্যে) থরথর করে।

থর-হরি (p. 392) [thara-hari] বিণ. থরথর করে কাঁপছে এমন (তার তখন থরহরি কম্প লেগেছে)। □ ক্রি-বিণ. থরথর করে (ভয়ে সে থরহরি কাঁপছে)। [প্রাকৃ. থরহরিঅ]।

থল-থল (p. 392) [thala-thala] অব্য. বি. শরীরে মাংস, চামড়া প্রভৃতির যুগপত্ স্থূলতা কোমলতা ও শিথিলতার ভাব (পেটের মাংস থলথল করছে)। [হি. থলথলানা]। থলথলে বিণ. স্থূল, কোমল ও শিথিল।

থলি, (কথ্য) থলে (p. 392) [thali, (kathya) thalē] বি. চট, কাপড় প্রভৃতির তৈরি ঝুলি (বাজারের থলি, টাকার থলি)। [সং. স্থলী-তু. হি. থৈলা]।

থলো, থোলো (p. 392) [thalō, thōlō] বি. 1 গোছা, গুচ্ছ (থোলো থোলো ফুল, চাবির থোলো); 2 স্তবক, তোড়া। [সং. স্তর > থর > থল + উয়া =থলুয়া > থলো]।

থস-থস (p. 392) [thasa-thasa] বি. অব্য. আর্দ্রতা ও শিথিলতার ভাব (আমগুলো পেকে একেবারে থসথস করছে)। থস-থসে বিণ. আর্দ্র ও শিথিল।

থা1 (p. 392) [thā1] স্থান অর্থে বাং তদ্ধিত প্রত্যয় (হেথা, কোথা, যথা তথা)। [সং. 'ত্র' প্রত্যয়]।

থা2 (p. 392) [thā2] প্রকার অর্থে সং. তদ্ধিত প্রত্যয় (অন্যথা, সর্বথা)। [সং. থাচ্]।

থাউকা, (কথ্য) থাউকো (p. 392) [thāukā, (kathya) thāukō] বিণ. (ওজন অনুসারে না হয়ে) থোক হিসাবে বা মোটের উপর, থোকে (থাউকো দরে কিনলাম)। [তু. হি. থাকথোক দ্র]।

থাক (p. 392) [thāka] বি. 1 স্তর (বইয়ের থাক, থাকে থাকে সাজানো); 2 শ্রেণি। [< সং. স্তবক]।˜ বন্দি বিণ. 1 বিভিন্ন শ্রেণিতে বিভক্ত; 2 স্তরে স্তরে সাজানো।

থাকন (p. 392) [thākana] বি. 1 অবস্থান, থাকা; 2 জীবনযাপন। [থাকা দ্র]।

থাক-বস্ত, থাক-বস্তি (p. 392) [thāka-basta, thāka-basti] বি. জমির জরিপ ও সীমা নির্ধারণ। cadastral survey. [হি. থোক্ ফা. বস্ত]।

থাকা (p. 392) [thākā] ক্রি. 1 বাস করা (সে কাশীতে থাকে); 2 অবস্থান করা (এই সময়ে আমি ঘরেই থাকি); 3 রওয়া, বিশেষ কোনো অবস্থানযুক্ত হওয়া (আর কত পালিয়ে পালিয়ে থাকবে?); 4 দিন যাপন করা (অতি কষ্টে থাকি); 5 টেকা (ঘরে মন থাকে না); 6 জীবিত রওয়া (বাপ থাকতে সে কোনো কষ্ট পায়নি); 7 উপস্থিতি রওয়া (আমি সেখানে থাকলে এতদূর গড়াত না); 8 রক্ষিত বা প্রতিপালিত হওয়া (প্রাণ থাকতে এটা হতে দেব না, আমার কথা থাকবে); 9 সঞ্চিত হওয়া, মজুদ বা অবশিষ্ট হওয়া (টাকা চিরদিন থাকবে না, এক বস্তা চাল আর কদিন থাকবে?); 1 স্থায়ী হওয়া (এত ভাব শেষ পর্যন্ত থাকবে না); 11 রক্ষা পাওয়া, বেঁচে যাওয়া (বুড়ি এ যাত্রা থাকবে বলে তো মনে হয় না); 12 সংস্রব রাখা, সংশ্লিষ্ট বা জড়িত থাকা (সে কারও কথায় থাকে না); 13 জাগরূক হওয়া (কথা মনে থাকবে তো?); 14 বজায় রওয়া (মান থাকবে না, জাত ধর্ম থাকবে না); 15 পিছনে পড়ে রওয়া (সবাই চলে গেল, আমিই বা থাকি কেন?); 16 স্থানত্যাগ না করা (সে কাশীতেই থেকে গেল); 17 সহযোগী হওয়া (আমার সঙ্গে থাকো); 18 নিবৃত্ত বা নিরস্ত হওয়া, বাদ দেওয়া (ওকথা থাক)। □ বি. উক্ত সমস্ত অর্থে। □ অব্য. 'থেকে' অর্থে (আগে থাকতেই বলে রেখেছি)। [প্রাকৃ. √ থক্ক + বাং. আ]। ˜ থাকি বি. অবস্থান, বিদ্যমানতা (ওখানে থাকাথাকির ব্যাপারটা পরে স্থির করা যাবে)। থাক গে অনু-ক্রি. থাকুক, ছেড়ে দাও (থাকগে, সেকথা ভুলে যাও)। থাকা-খাওয়া বি. খোরপোশ, ভাত-কাপড়; বাসস্থান ও খাওয়াদাওয়া (চাকরি তো পেলাম, এখন থাকা-খাওয়ার কী হবে?)। থেকে থেকে ক্রি-বিণ. কিছুকাল অন্তর, মধ্যে মধ্যে (থেকে থেকে জ্বর আসছে)।

থান1 (p. 392) [thāna1] বি. 1 অখণ্ড কাপড়, একবারে বোনা বস্ত্রখণ্ড (জামার থান); 2 পাড়হীন সাদা ধুতি (তিনি থান পরেন)। □ বিণ. 1 অখণ্ড, গোটা (থান ইট); 2 পাড়হীন (থান ধুতি)। [হি.]।

থান2 (p. 392) [thāna2] বি. 1 পীঠস্থান (পিরের থান); 2 ঠাঁই, স্থান, নিকট ('ধর্মথানে পাইব মুকতি': শূ. পু.)। [সং. স্থান]।

থান-কুনি (p. 392) [thāna-kuni] বি. ওষুধে ও ব্যঞ্জনে ব্যবহৃত শাকবিশেষ, থুলকুড়ি। [দেশি]।

থানা (p. 392) [thānā] বি. 1 অবস্থানস্থল; আস্তানা, ঘাঁটি (সৈন্যের থানা); 2 ছাউনি, সৈন্যসমাবেশ (ওখানে এক দল সেপাই থানা দিয়েছে); 3 প্রহরা (থানা দেওয়া); 4 পুলিশের দপ্তর বা এলাকা, কোতোয়ালি (থানায় নালিশ করবে)। [হি. থানা < সং. স্থান]। থানা-পুলিশ করা ক্রি. বি. (চুরি ইত্যাদির ব্যাপারে) পুলিশের সাহায্য পাবার জন্য বারংবার থানায় যাওয়া। ˜ দার বি. পুলিশথানার ভারপ্রাপ্ত কর্মচারী, বড় দারোগা।

থাপক (p. 392) [thāpaka] বিণ. (প্রা. বাং.) প্রতিষ্ঠাতা, স্থাপক। [সং. স্থাপক]।

থাপ্পড়, থাপড় (p. 392) [thāppaḍ়, thāpaḍ়] বি. চড়, চপেটাঘাত, চাপড় (মারল গালে এক থাপ্পড়)। [হি. থপ্পড়]। থাপড়া, থাবড়া বি. থাপ্পড়। □ ক্রি. চড় মারা। থাপড়ানো, থাবড়ানো ক্রি. চড় মারা। □ বি. উক্ত অর্থে।

থাবড়ি (p. 392) [thābaḍ়i] বি. সমস্ত শরীর এলিয়ে ভূমিতে পাছার ভর রাখা (থাবড়ি দিয়ে বসা)। [দেশি]।

থাবা (p. 392) [thābā] বি. 1 চতুষ্পদ প্রাণীর সম্মুখদিকের পদতল (বাঘের থাবা); 2 (অনাদরে) পাঞ্জা, করতল; এক গ্রাসের উপযোগী মুষ্টি (এক থাবা মুড়ি)। ☐ বিণ. করতলে যতটা ধরে। থাবা দেওয়া, থাবা মারা ক্রি. বি. থাবানো।˜ নো বি. ক্রি. 1 থাবার সাহায্যে আঘাত করা; 2 থাবা দিয়ে নেওয়া। ☐ বিণ. উক্ত অর্থে।

থাম (p. 392) [thāma] বি. খুঁটি, স্তম্ভ, থাম্বা। [সং. স্তম্ভ]।

থামা (p. 392) [thāmā] ক্রি. 1 গতি সংবরণ করা, নিশ্চল হওয়া (গাড়ি থামল); 2 চুপ করা (অনেক বলেছ, এবার থামো); 3 বন্ধ হওয়া, স্তব্ধ হওয়া (কান্না থামাও, বৃষ্টি থেমেছে); 4 বিরত হওয়া (থামো, আর হেসো না); 5 নিবৃত্ত হওয়া (টাকা না পেলে পাওনাদারেরা থামবে না)। ☐ বি. বিণ. উক্ত সব অর্থে। [< সং. √ স্তন্ভ্ + বাং. আ]।˜ নো ক্রি. (অন্যের) গতিরোধ করা, নিশ্চল করা; চুপ করানো; নিরস্ত বা বন্ধ করানো; শান্ত করা। ☐ বি. বিণ. উক্ত সব অর্থে।

থামাল (p. 392) [thāmāla] বি. খাড়া গাঁথনি। [বাং. থাম + আল]।

থাম্বা (p. 392) [thāmbā] বি. থাম, খুঁটি। [থাম দ্র]।

থারি (p. 392) [thāri] বি. ছোট থালা (তাদের হাতে ফাগের থারি)। [< সং. স্থালী]।

থার্মো-মিটার (p. 392) [thārmō-miṭāra] বি. দেহের তাপনির্ণায়ক যন্ত্র, তাপমান যন্ত্র। [ইং. thermometer]।

থালা, (আঞ্চ.) থাল (p. 392) [thālā, (āñca.) thāla] বি. (সাধারণত) ধাতুর তৈরি চ্যাপটা ভোজনপাত্রববিশেষ। [সং. স্থাল]। থালি বি. ছোট থালা।

থিক-থিক (p. 392) [thika-thika] অব্য. বি. পোকামাকড় বা প্রাণীর প্রচুর সংখ্যায় অবস্থানসূচক (পিঁপড়ে থিকথিক করছে)। [দেশি]।

থিতা (p. 392) [thitā] ক্রি. থিতানো। [তু. সং. স্থিত]।˜ নো, থিতোনো ক্রি. 1 (তরল পদার্থের সঙ্গে মিশ্রিত কঠিন পদার্থের অথবা নির্মল জলের সঙ্গে মিশ্রিত মলিন অংশের) তলদেশে জমা হওয়া; 2 (আল.) স্থির বা মন্দীভূত হওয়া (আন্দোলন থিতিয়ে এসেছে)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে।

থিতু (p. 392) [thitu] বিণ. 1 স্থির, স্থিত (ঘোরাঘুরি অনেক তো হল, এবার একটু থিতু হও); নিশ্চল; থেমেছে এমন (গাড়িটা গেটের সামনে এসে থিতু হল)। [< সং. স্থিত]। থিতু হওয়া ক্রি. বি. থামা; এক জায়গায় স্থির হয়ে বসা।

থিয়েটার (p. 392) [thiẏēṭāra] বি. 1 নাট্যশালা, অভিনয়গৃহ; 2 নাটকাদির অভিনয় (সারাটা জীবন কেবল থিয়েটার করেই কাটালে)। [ইং. theatre]।˜ ওয়ালা বি. 1 নাট্যশালার মালিক বা পরিচালক; 2 অভিনেতা। থিয়েটারি বিণ. 1 অভিনেতাসুলভ, অভিনেতার হাবভাবপূর্ণ (থিয়েটারি ভঙ্গি); 2 নাটুকেপনায় পূর্ণ।

থির (p. 392) [thira] বিণ. স্থির -এর কোমল রূপ ('থির দামিনী', 'থির দিঠে চাহে')।

থির-থিরানি (p. 392) [thira-thirāni] বি. মৃদু কম্পন, থিরথির করে কাঁপা (ঝাউপাতার থিরথিরানি)। [দেশি থিরথির-ধ্বন্যা.]।

থিসিস (p. 392) [thisisa] বি. 1 গবেষণাপত্র (তিনি এখন থিসিস লেখায় ব্যস্ত); 2 তত্ত্ব (তাঁর ওই থিসিস এখন আর কেউ মানে না)। [ইং. thesis]।

থু, থুঃ (p. 392) [thu, thuḥ] অব্য. বি. 1 থুতু ফেলার শব্দ; 2 অত্যধিক ঘৃণাবশত থুতু ফেলার শব্দের অনুকরণ; 3 ছি, ধিক। [ধ্বন্যা.]। থু থু অব্য. ক্রমাগত থু থু ফেলার শব্দ; ছি ছি; ধিক ধিক।

থুঁতনি, থুঁতি (p. 394) [thun̐tani, thun̐ti] যথাক্রমে থুতনি ও থুতি -র রূপভেদ।

থুক (p. 394) [thuka] বি. থুতু (থুক দেওয়া, থুক ফেলা)। □ অব্য. বি. থুতু ফেলার শব্দসূচক (থুক করা)। [সং. থুৎকার]।

থুক-থুক (p. 394) [thuka-thuka] অব্য. বি. পোকামাকড়ের সমাবেশসূচক (পোকা থুকথুক করছে)। [দেশি]।

থুড়-থুড়, থুত্থুড় (p. 394) [thuḍ়-thuḍ়, thutthuḍ়.] অব্য. 1 (দুর্বলতা, রোগ, বার্ধক্য প্রভৃতির দরুন) মৃদু অথচ ক্রমাগত কম্পনসূচক; 2 অত্যধিক

বার্ধক্যের জন্য স্থবিরতাসূচক (থুড়থুড় করছে)। [দেশি]। থুড়., থুড়ে, থুত্থুড়ে বিণ. অতি বৃদ্ধ; থুড়থুড় করছে এমন (থুড়থুড়ে বুড়ো)।

থুড়া, থোড়া (p. 394) [thuḍ়ā, thōḍ়ā] ক্রি. 1 কুঁচি কুঁচি করে কাটা; 2 প্রহারে জর্জরিত করা; 3 (আল.) তিরস্কারে অস্থির করা (ওকে একদিন আচ্ছা করে থুড়ে দেব)। □ বি. উক্ত সব অর্থে। [তু. হি. থুর্না]।

থুড়ি (p. 394) [thuḍ়i] অব্য. বি. 1 ভ্রমবশত উচ্চারিত বাক্য প্রত্যাহারসূচক শব্দ (তোমাদের ওই খাঁদুবাবু, থুড়ি রামবাবু, কেমন আছেন?); 2 ছোটদের খেলা সাময়িক বন্ধ রাখার বা স্থগিত রাখার সংকেতবিশেষ (আমি থুড়ি দিয়েছি, এখন ছুঁলে চলবে না)। [দেশি, ধ্বন্যা.]।

থুত্-কার (p. 394) [thut-kāra] বি. 1 থুতু ফেলা; 2 থুঃ থুঃ আওয়াজ 3 (আল.) ধিক্কার দেওয়া। [সং. থুত্ + √ কৃ + অ]।

থুতনি, থুতি (p. 394) [thutani, thuti] বি. চিবুক। [সং. ত্রোটি]।

থুতু, থুথু (p. 394) [thutu, thuthu] বি. নিষ্ঠীবন, মুখের ফেনাযুক্ত লালাজাতীয় তরল। [সং. থুত্]।

থুত্থুড়, থুত্থুড়ে (p. 394) [thutthuḍ়, thutthuḍ়ē] দ্র থুড়থুড়।

থুপ1 (p. 394) [thupa1] বি. (আঞ্চ.) স্তূপ, রাশি (টাকার থুপ, খড়ের থুপ, থুপ করে রাখা)। [সং. স্তূপ]।

থুপ2 (p. 394) [thupa2] অব্য. বি. নরম অথচ ভারী জিনিস পড়ার মৃদু শব্দ (থুপ করে বসা, থুপ করে পড়ল)। [ধ্বন্যা.]। থুপ থুপ অব্য. বি. ক্রমাগত থুপ শব্দ (থুপ থুপ করে চলা)।

থুপি (p. 394) [thupi] বি. ছোট স্তূপ বা গুচ্ছ, গুছি। [বাং. থুপ (সং. স্তূপ) + ই]।

থুবড়া1, থুবড়ো1 (p. 394) [thubaḍ়ā1, thubaḍ়ō1] বিণ. বেশি বয়স পর্যন্ত অবিবাহিত। [সং. স্থবির]। বিণ. স্ত্রী. থুবড়ি।

থুবড়া2, থুবড়ো1 (p. 394) [thubaḍ়ā2, thubaḍ়ō1] বিণ. অত্যন্ত বৃদ্ধ ও জরাগ্রস্ত। [সং. স্থবির]। বিণ. স্ত্রী. থুবড়ি।

থুবড়া3 (p. 394) [thubaḍ়ā3] ক্রি. থুবড়ানো। [বাং.?]।˜ নো ক্রি. নীচের দিকে মুখ করে বা হুমড়ি খেয়ে পড়া (মুখ থুবড়ে পড়া)। □বি. উক্ত অর্থে।

থুয়া, থোয়া (p. 394) [thuẏā, thōẏā] ক্রি. (আঞ্চ. ও পদ্যে) রাখা, স্থাপন করা ('ঘুমাইনু মুখ থুয়ে জননীর বুকে': নজরুল; দেওয়া থোয়া)। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. √থু + আ < সং. √ স্থা + ণিচ্]।

থেঁতলানো (p. 394) [thēn̐talānō] ক্রি. 1 পিষ্ট করা, ছেঁচা বা ছেঁচে দেওয়া (পা থেঁতলে গেছে); 2 শিলনোড়া বা হামানদিস্তায় ছেঁচা, পেষা, মর্দন করা (মশলা

থেঁতলানো)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে। [দেশি]। থেঁতা ক্রি. ছেঁচা, পেষণ করা। থেঁতো বিণ. পিষ্ট, পেষাই হয়েছে এমন, ছেঁচা।

থেকে (p. 394) [thēkē] অব্য. (বিভক্তি বা অনুসর্গ) 1 হইতে (ঘর থেকে, গাছ থেকে, কোথা থেকে); 2 চেয়ে, অপেক্ষা (সবার থেকে বড়)। [বাং. থাকিয়া]।

থেকে থেকে (p. 394) [thēkē thēkē] দ্র থাকা।

থেবড়া (p. 394) [thēbaḍ়ā] বিণ. চ্যাপটা, ভোঁতা (থেবড়া নাক)। [দেশি]।~নো ক্রি. চ্যাপটা করা।□ বিণ. উক্ত অর্থ।

থেলো (p. 394) [thēlō] বিণ. বড় থোলযুক্ত, ডাবা (থেলো হুঁকো)। [বাং. থালি + উয়া > ও]।

থৈ, থৈ থৈ (p. 394) [thai, thai thai] যথাক্রমে থই ও থইথই -এর বানানভেদ।

থোঁতা1 (p. 394) [thōn̐tā1] বিণ. 1 পিষ্ট, থেঁতো হয়েছে এমন; 2 দাঁতহীন; 3 ভোঁতা (থোঁতা মুখ, মুখ থোঁতা করে দেওয়া)। [হি. থোথা]।

থোঁতা2 (p. 394) [thōn̐tā2] বি. স্থূল বা মোটা চিবুক (থোঁতা ভেঙে দেওয়া)। □ বিণ. 1 থুঁতনিযুক্ত; 2 ভারী বা মোটা থুঁতনিযুক্ত; 3 বড় ও ভারী অর্থাত্ অহংকারী (থোঁতা মুখ ভেঙে দেব)। [বাং. থুঁতি + আ]। থোঁতা মুখ ভোঁতা হওয়া ক্রি. বি. (আল.) দর্প চূর্ণ হওয়া, বড় মুখ ছোট হওয়া।

থোক (p. 394) [thōka] বি. 1 মোট, একুন (থোক টাকা, সব টাকা থোকে নেব); 2 দফা, ভাগ (থোকে থোকে টাকা দিয়েছি); 3 থোকা, গুচ্ছ, রাশি (এক থোক ফুল)। [হি. থোক (=lump) সং. স্তবক]।

থোকা (p. 394) [thōkā] বি. গোছা, গুচ্ছ, স্তবক (থোকা থোকা ফুল)।[বাং. থোক + আ]।

থোড় (p. 394) [thōḍ়] বি. 1 কলা গাছের ভিতরের সারাংশ; 2 ধান গাছের শিষ বার হবার অবস্থা; 3 (ব্যঙ্গে, আঞ্চ.) অকিঞ্চিৎকর কিছু, কিছুই না (সবাই তাদের ভাগ পেল, আমি পেলাম থোড়)। [দেশি]।

থোড়া2 (p. 394) [thōḍ়ā2] বিণ. সামান্য, অল্প ('মোদের পাড়ার থোড়া দূর দিয়ে যাইয়ে': রবীন্দ্র)। [হি. থোড়া]।˜ ই ক্রি-বিণ. বিণ. একটুও না, মোটেই না (তাকে আমি থোড়াই কেয়ার করি)।

থোতনা (p. 394) [thōtanā] বি. (অবজ্ঞায়) বড় থুতনি।[বাং. থুতনি + আ]।

থোতা-থোঁতা1 (p. 394) [thōtā-thōn̐tā1] এর রূপভেদ।

থোপ (p. 394) [thōpa] বি. গুচ্ছ, ছোট স্তূপ (থোপে থোপে ঘাস রাখা হয়েছে)। [সং. স্তূপ]।

থোপনা (p. 394) [thōpanā] বি. 1 বড় গুচ্ছ, থোপা (গোরুর লেজের থোপনা); 2 (অবজ্ঞায়) ভারী চিবুক (থোপনা ধরে নেড়ে দেওয়া)। [বাং. থোপ < সং. স্তূপ]।

থোপা (p. 394) [thōpā] বি. গুচ্ছ, থোলো (চাবির থোপা)। [বাং. থোপ + আ]।

থোর, থোরি (p. 394) [thōra, thōri] বিণ. (ব্রজ.) অল্প, একটু। [হি. থোর, থোরী < সং. স্তোক]।

থোলো, থ্যাঁতলানো, থ্যাবড়া, থ্যাবড়ানো (p. 394) [thōlō, thyān̐talānō, thyābaḍ়ā, thyābaḍ়ānō] যথাক্রমে থলো, থেঁতলানো, থেবড়া ও থেবড়ানো -র বানানভেদ।

দ1 (p. 395) [da1] বাংলা বর্ণমালার অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ, ত বর্গের তৃতীয় বর্ণ, দন্ত্য দ্-ধ্বনির দ্যোতক বর্ণ।

দ2 (p. 395) [da2] বি. দহ, জলাভূমি, গর্ত ('পেটে পড়ল দ': দ্বি.রা)। [দহ দ্র]। দয়ে মজানো ক্রি. বি. 1 নদীগর্ভের গর্তে ডুবানো; 2 (আল.) বিপদে ফেলা, সর্বনাশ করা।

-দ3 (p. 395) [-da3] বিণ. প্রদানকারী, দাতা (সুখদ, জলদ)। [সং. √ দা + অ]। স্ত্রী. দা (সুখদা, মানদা)।

দই (p. 395) [di] বি. দধি, দুধের বিকারবিশেষ, দুধ থেকে প্রস্তুত খাদ্যবিশেষ। [সং. দধি]। দই পাতা ক্রি. বি. দই তৈরি করার জন্য দুধে দম্বল বা সাজা দিয়ে পাত্রে রাখা। ̃ বড়া বি. দইসহযোগে খেতে হয় এমন বড়া, দক্ষিণ ভারতীয় খাবারবিশেষ।

দউ (p. 395) [du] বিণ. (ব্রজ.) দুই, উভয় ('নয়ন-নলিনী দউ': বিদ্যা.)। [সং. দ্বৌ]।

দংশ (p. 395) [daṃśa] বি. ডাঁশ, বড় মশা। [সং. √ দন্‌শ্ + অ]। স্ত্রী. দংশী।

দংশক (p. 395) [daṃśaka] বিণ. দংশনকারী, যে কামড়ায়। □ বি. ডাঁশ, বড় মশা। [সং. √ দন্‌শ্ + অক]।

দংশন (p. 395) [daṃśana] বি. 1 কামড়, দাঁতের আঘাত; 2 হুল ফোটানো (মৌমাছির দংশন)। [সং. √ দন্‌শ্ + অন]।

দংশল (p. 395) [daṃśala] ক্রি. (ব্রজ.) দংশন করল, কামড় দিল। [সং. √ দন্‌শ্]।

দংশা (p. 395) [daṃśā] ক্রি. (সচ. কাব্যে) দংশন করা, কামড়ানো ('দংশিল কেবল ফণী': মধু.)। [সং. √ দন্‌শ্ + বাং. আ]। ̃ নো ক্রি. বি. দংশন করা। □ বিণ. উক্ত অর্থে।

দংশিত (p. 395) [daṃśita] বিণ. দংশন করা বা ছোবল মারা হয়েছে এমন, দষ্ট। [সং. √ দনশ্ + ণিচ্ + ত]।

দংষ্ট্র (p. 395) [daṃṣṭra] বি. যা দিয়ে দংশন করা হয়, দাঁত। [সং. √ দনশ্ + ত্র]।

দংষ্ট্রা (p. 395) [daṃṣṭrā] বি. 1 বড় ও ভয়ংকর দাঁত; 2 দাড়া। [সং. √ দনশ্ + ত্র + আ]। ̃ ল, দংষ্ট্রী (-ষ্ট্রিন্) বিণ. বড় দাঁতবিশিষ্ট, দাঁতালো।

দক, দঁক (p. 395) [daka, dan̐ka] বি. গভীর কাদা, পাঁক; কর্দমময় স্থান (দকে পড়ে মরা, দক ভেঙে চলা)। [সং. উদক]। দকে পড়া ক্রি. বি. (আল.) ভীষণ বিপদে প়ড়া।

দক্ষ1 (p. 395) [dakṣa1] বিণ. নিপুণ, পটু, পারদর্শী (দক্ষ শিল্পী, দক্ষ কারিগর)। [সং. √ দক্ষ্ + অ]। ̃ তা বি. পটুতা, পারদর্শিতা (কর্মদক্ষতা)। স্ত্রী. দক্ষা।

দক্ষ2 (p. 395) [dakṣa2] বি. প্রজাপতিবিশেষ, ইনি সতী ও নক্ষত্ররূপিণী সপ্তবিংশতি কন্যার জনক। [সং. √ দক্ষ্ + অ]। ̃ কন্যা বি. শিবপত্নী সতী, দুর্গা। ̃ জা বি. দক্ষকন্যা -র অনুরূপ। ̃ যজ্ঞ বি. 1 প্রজাপতি দক্ষের দ্বারা অনুষ্ঠিত শিবহীন যজ্ঞ, যে যজ্ঞে শিবনিন্দা শুনে সতী প্রাণত্যাগ করেন এবং শিব অনুচরদের সঙ্গে এসে যজ্ঞ পণ্ড করেন; 2 (আল.) প্রলয় কাণ্ড, চূড়ান্ত হট্টগোল।

দক্ষিণ (p. 395) [dakṣiṇa] বি. 1 উত্তরের বিপরীত দিক, প্রভাতসূর্যের দিকে মুখ করলে ডান হাতের দিক (সুদূর দক্ষিণ, দক্ষিণে যাওয়া); 2 দাক্ষিণাত্য (দক্ষিণের ভাষা, দক্ষিণের লোক)। □ বিণ. 1 উত্তরের বিপরীত (দক্ষিণ দিক); 2 ডান, বামেতর (দক্ষিণ হস্ত); 3 দক্ষিণদিগ্বর্তী (দক্ষিণ সমুদ্র); 4 (আল.) যুগপত্ বহু নায়িকার সমানভাবে অনুরক্ত (দক্ষিণ নায়ক); 5 সরল, প্রসন্ন, উদার (রুদ্রের দক্ষিণ মুখ)। [সং. √ দক্ষ্ + ইন]। ˜ কালিকা, দক্ষিণা-কালী বি. শিবহৃদয়ে দক্ষিণপদ স্থাপনকারী কালিকাদেবী যিনি অভয়া, বরদা ও সর্বপাপহরা। দক্ষিণ গোলার্ধ বি. নিরক্ষরেখার দক্ষিণে পৃথিবীর অর্ধাংশ। দক্ষিণ-পশ্চিম বি. নৈর্ঋত কোণ। দক্ষিণ-পূর্ব বি. অগ্নিকোণ। ˜ মেরু দ্র মেরু। দক্ষিণ সমুদ্র দ্র সমুদ্র। ˜ হস্ত বি. 1 ডান হাত; 2 (আল.) প্রধান সহায়, অবলম্বন (তাকে ছাড়া আমার চলবে না, সে-ই তো আমার দক্ষিণহস্ত)। দক্ষিণহস্তের ব্যাপার বি. ভোজন, আহার, খাওয়াদাওয়া।

দক্ষিণ-রায় (p. 395) [dakṣiṇa-rāẏa] বি. মঙ্গলকাব্যে বর্ণিত সুন্দরবনের বনদেবতা বা ব্যাঘ্রদেবতা।

দক্ষিণা1 (p. 395) [dakṣiṇā1] বি. 1 ক্রিয়াকর্মের শেষে গুরু পুরোহিত প্রভৃতির প্রাপ্য পারিশ্রমিক; 2 শিক্ষা সমাপ্ত হলে শিষ্য বা ছাত্র কর্তৃক গুরুকে প্রদত্ত অর্থ; 3 ব্রাহ্মণকে ভোজন করাবার পর প্রদত্ত অর্থ; 4 প্রণামি; 5 দক্ষিণ দিক (দক্ষিণাপ্রবণ); 6 পূর্ব নায়কের প্রতি অনুরাগ বা সদ্ভাব নষ্ট হয়নি এমন নায়িকা। [সং. দক্ষিণ + আ (স্ত্রী.)]।

দক্ষিণা2 (p. 395) [dakṣiṇā2] বিণ. 1 দক্ষিণদিক সম্বন্ধীয় বা দক্ষিণদিগ্বর্তী (দক্ষিণা রীতি, দক্ষিণা চালচলন); 2 দক্ষিণ দিক থেকে আগত বা প্রবাহিত (দক্ষিণা বাতাস)। [সং. দক্ষিণ + আ (ভাবার্থে)]।

দক্ষিণাকালী (p. 395) [dakṣiṇākālī] দ্র দক্ষিণ।

দক্ষিণাচল (p. 395) [dakṣiṇācala] বি. পৃথিবীর দক্ষিণ প্রান্তে অবস্থিত পর্বত, মলয়গিরি। [সং. দক্ষিণ + অচল (পর্বত)]।

দক্ষিণাচার (p. 395) [dakṣiṇācāra] বি. তান্ত্রিক আচারবিশেষ। [সং. দক্ষিণ + আচার]। দক্ষিণাচারী (-রিন্) বিণ. দক্ষিণাচার পালনকারী।

দক্ষিণান্ত (p. 395) [dakṣiṇānta] বি. পুরোহিতকে দক্ষিণা দানপূর্বক পূজাদি অনুষ্ঠানের সমাপ্তি ('বিদায় দিলাম তারে যথোচিত দক্ষিণান্ত ক'রে: সু.দ.) [সং. দক্ষিণ + অন্ত]

দক্ষিণা-পথ (p. 395) [dakṣiṇā-patha] বি. বিন্ধ্যপর্বতের দক্ষিণ দিকে অবস্থিত ভারতবর্ষের অংশ, দাক্ষিণাত্য। [সং. দক্ষিণা + পথ]।

দক্ষিণাবর্ত (p. 395) [dakṣiṇābarta] বিণ. 1 দক্ষিণ বা ডান দিকে পাক খেয়ে গেছে এমন (দক্ষিণাবর্ত শঙ্খ); 2 দক্ষিণ দিকে আবর্তবিশিষ্ট। □ বি. দক্ষিণাপথ। [সং. দক্ষিণ + আবর্ত]।

দক্ষিণাবহ (p. 395) [dakṣiṇābaha] বি. দক্ষিণ দিক থেকে প্রবাহিত বায়ু, মলয়বায়ু। [সং. দক্ষিণ + আ + √ বহ্ + অ]।

দক্ষিণায়ন (p. 396) [dakṣiṇāẏana] বি. 1 উত্তর দিকের অয়নান্তরেখা বা কর্কটক্রান্তি রেখা থেকে সূর্যের ক্রমশ দক্ষিণে যাওয়া; 2 সূর্যের উক্ত গমনকাল অর্থাত্ একুশে জুন থেকে বাইশে ডিসেম্বর পর্যন্ত সময়; 3 উক্ত গমনপথ। [সং. দক্ষিণ + অয়ন]। দক্ষিণায়নান্ত-বৃত্ত বি. সূর্যের দক্ষিণায়নের সীমানিরূপক কল্পিত রেখা, Tropic of Capricorn, মকরক্রান্তি।

দক্ষিণাস্য (p. 396) [dakṣiṇāsya] বিণ. যার আস্য বা মুখ দক্ষিণ দিকে, দক্ষিণ দিকে মুখ করে রয়েছে এমন। [সং. দক্ষিণ + আস্য]।

দক্ষিণী (p. 396) [dakṣiṇī] বিণ. দক্ষিণদিক সংক্রান্ত বা দক্ষিণ দিকের (দক্ষিণী হাওয়া)। [সং. দক্ষিণ + ঈ]।

দখনে, দখনো (p. 396) [dakhanē, dakhanō] দ্র দখিন।

দখল (p. 396) [dakhala] বি. 1 অধিকার, কর্তৃত্ব, অধীনতা (জমির দখল পাওয়া, দখলে রাখা); 2 জ্ঞান, ব্যুৎপত্তি, পটুতা (বিজ্ঞানে দখল আছে)। [আ. দখ্ল্]।˜ কার,˜ দার, দখলি-কার, দখলি-দার বিণ. (সম্পত্তি) দখল করে আছে এমন, অধিকারী ('দখলিকার স্বত্বে': সু.রা.)।˜ নামা বি. (সম্পত্তি ইত্যাদিতে) অধিকারের দলিল। দখলি বিণ. দখলবিষয়ক; দখলে আছে এমন, অধিকারভুক্ত। দখলি স্বত্ব বি. দখলে থাকার ফলে প্রাপ্ত অধিকার। দখলিত বিণ. দখল করা হয়েছে এমন।

দখিন (p. 396) [dakhina] বি. দিক অর্থে দক্ষিণ -এর কোমল রূপ ('দখিনে যাও চলে': রবীন্দ্র)।

দগড় (p. 396) [dagaḍ়] বি. ঢাকজাতীয় আনদ্ধ রণবাদ্যবিশেষ, দামামা। [সং. দ্রগড়]।

দগড়া (p. 396) [dagaḍ়ā] বি. 1 চাবুক দিয়ে প্রহারের লম্বা দাগ; 2 দড়ির মতো লম্বা দাগ। [তু. হি. দগ্ড়া (=রাস্তা, দাগ)]।

দগ-দগ (p. 396) [daga-daga] অব্য. বি. জ্বলন, প্রজ্বলিত আগুনের ভাব; জ্বালাময় ও আগুনের মতো লালচে ক্ষতের ভাব (ঘা দগদগ করছে)। [দেশি]। দগ-দগানি, দগ-দগি বি. জ্বলুনি, পোড়ানি, জ্বালা ('হিয়া দগদগি পরাণ পুড়নি': চণ্ডী.)। দগ-দগে বিণ. দগদগ করছে এমন, জ্বলছে এমন (দগদগে ঘা)।

দগ্ধ (p. 396) [dagdha] বিণ. 1 পোড়া, পুড়ে গেছে এমন (দগ্ধ কাঠ); 2 আগুনের তাপে ঝলসানো হয়েছে এমন (দগ্ধ মাংস); 3 আগুনে ঝলসে গেছে এমন (দগ্ধ হাত); 4 উত্তপ্ত (দগ্ধ লোহা); 5 (আল.) যন্ত্রণাগ্রস্ত, সন্তপ্ত (দগ্ধ হৃদয়, দগ্ধ চিত্ত); 6 (আল.) হতভাগ্য (দগ্ধ কপাল)। [সং. √ দহ্ + ত]। দগ্ধিকা বি. পোড়া ভাত। দগ্ধী-কৃত বিণ. দগ্ধ করা হয়েছে এমন। দগ্ধী-ভূত বিণ. পুড়ে গেছে এমন।

দগ্ধা1 (p. 396) [dagdhā1] ক্রি. (কথ্য ও কাব্যে) 1 পোড়া; 2 পোড়ানো; 3 সন্তপ্ত করা, যন্ত্রণা দেওয়া (দগ্ধিয়ে মারছে, দগ্ধে মারছে)। [বাং. √ দগ্ধ্ (< সং.

দহ্) + আ]। ˜ নো ক্রি. পোড়ানো, দগ্ধ করা; জ্বালাতন করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

দগ্ধা2 (p. 396) [dagdhā2] বি. (জ্যোতিষ.) অমঙ্গলের তিথি (দিনদগ্ধা, মাসদগ্ধা)। [সং. দগ্ধ + আ (স্ত্রী.)]।

দগ্ধিকা (p. 396) [dagdhikā] দ্র দগ্ধ।

দঙ্গল (p. 396) [daṅgala] বি. 1 দল (এক দঙ্গল ছেলে); 2 ভিড়; 3 কুস্তি। [ফা. দংগল]। দঙ্গলে দঙ্গলে ক্রি-বিণ. দলে দলে।

দজ্জাল (p. 396) [dajjāla] বিণ. 1 অবাধ্য বা দুর্দান্ত; 2 ঝগড়াটে (দজ্জাল মেয়ে); 3 দুষ্ট। [আ. দজ্জাল]।

দড় (p. 396) [daḍ়] বিণ. 1 মজবুত, দৃঢ়, শক্ত (বাঁশের চেয়ে কঞ্চি দড়); 2 পটু, দক্ষ (ছেলেটি একাজে বেশ দড়)। [< সং. দৃঢ়]। বাঁশের চেয়ে কঞ্চি দড় (ব্যঙ্গে) যে কৃশ বা রোগা তারই আস্ফালন বেশি।

দড়কচা, দড়কাঁচা (p. 396) [daḍ়kacā, daḍ়kān̐cā] দ্র দর3।

দড়-বড় (p. 396) [daḍ়-baḍ়] বি. দৌড়ানোর বা ঘোড়ার কদমের শব্দ। [ধ্বন্যা.]। দড়-বড়ি ক্রি-বিণ. (কাব্যে) দড়বড় করে ('আসিল দড়বড়ি')।

দড়া (p. 396) [daḍ়ā] বি. মোটা দড়ি বা রজ্জু, কাছি। [হি. ডোরা, ডোর].˜ দড়ি বি. সরু মোটা নানা আকারের দড়ি।

দড়াম (p. 396) [daḍ়āma] অব্য. বি. 1 কঠিন পদার্থের উপর বড় ও ভারী জিনিসের পতনের শব্দ; 2 হঠাত্ দরজা খুলে ফেলার বা বন্ধ করার শব্দ; 3 বন্দুক ছোড়ার শব্দ। [ধ্বন্যা.]।

দড়ি (p. 396) [daḍ়i] বি. রজ্জু, রশি। [বাং. দড়া + ই (ক্ষুদ্রার্থে)-তু. হি. ডোরা]. দড়ি-কলসি বি. আত্মহত্যার উপকরণবিশেষ (দড়ি-কলসিও জোটে না?)। দড়ি-ছেঁড়া বিণ. 1 দড়ি ছিঁড়েছে এমন; 2 বন্ধনমুক্ত। দড়ি-দড়া বিণ. রজ্জু ও বাঁধাছাঁদা করার অনুরূপ উপকরণ। দড়ি-দড়ি বিণ. দড়ির মতো অত্যন্ত কৃশ, রোগা (দড়িদড়ি চেহারা)।

দণ্ড1 (p. 396) [daṇḍa1] বি. 1 লাঠি, ডাণ্ডা (লৌহদণ্ড); 2 লাঠির মতো লম্বা জিনিস (মন্হনদণ্ড); 3 চার হাত পরিমাণ; 4 শাস্তি (কারাদণ্ড, প্রাণদণ্ড); 5 জরিমানা, খেসারত, গচ্চা, (অর্থদণ্ড, অনেকগুলো টাকা দণ্ড গেল); 6 শাসন (ন্যায়দণ্ড); 7 শাসনদণ্ড, রাজদণ্ড (দণ্ডধর); 8 যুদ্ধ; 9 সৈন্য (দণ্ডনায়ক)। [সং. √ দণ্ড্ + অ]।˜ গ্রহণ বি. 1 প্রাপ্য শাস্তি মেনে নেওয়া; 2 সন্নাসধর্মগ্রহণ।˜ ধর বি. 1 শাসক; 2 রাজা; 3 যমরাজ। □ বিণ. যষ্টিধারী।˜ ধারী (-রিন্) বিণ. যষ্টিধারী। □ বি. 1 সন্ন্যাসী; 2 রাজা।˜ ন বি. 1 শাস্তিবিধান, শাস্তি দেওয়া; 2 দমন, শাসন।˜ নায়ক বি. 1 দণ্ডবিধানকর্তা; 2 সেনাপতি।˜ নীতি বি. 1 রাজ্যশাসননীতি; 2 শাস্তিদাননীতি।˜ নীয়, দণ্ড্য বিণ. শাস্তিলাভের যোগ্য, শাস্তির যোগ্য।˜ পাণি বিণ. দণ্ডধারী। □ বি. যম ('দণ্ডপাণি দণ্ডধর যথা': মধু)।˜ পাল,˜ পালক বি. 1 দ্বারপাল; 2 শাসনকর্তা।˜ বত্ বি. ভূমিতে পড়ে সাষ্টাঙ্গে প্রণাম (দণ্ডবত্ করা)। □ বিণ.

ওইভাবে প্রণত (দণ্ডবত্ হওয়া)। খুরে খুরে দণ্ডবত্ (ব্যঙ্গে) পরোক্ষে পশু বলে ঘোষণা করে দুষ্টের কাছে পরাজয় স্বীকার বা নিষ্কৃতি কামনা।˜ বিধাতা (-তৃ) বিণ. 1 শাস্তি বিধানকারী; 2 শাসনকারী। □ বি. 1 রাজা; 2 বিচারক।˜ বিধান বি. 1 শাস্তিদান; 2 দণ্ডবিধি, শাস্তির আইন।˜ বিধি বি. শাস্তিদানসম্বন্ধীয় আইন (ফৌজদারি দণ্ডবিধি)।˜ মুণ্ড বি. শারীরিক ও আর্থিক সমস্তপ্রকার শাস্তি। দণ্ডমুণ্ডের কর্তা শারীরিক ও আর্থিক সমস্তপ্রকার শাস্তির কর্তা অর্থাত্ রাজা শাসক বা বিচারপতি।˜ যাত্রা বি. 1 যুদ্ধযাত্রা; 2 শোভাযাত্রা। দণ্ডাজ্ঞা বি. শাস্তির আদেশ। দণ্ডাদেশ-দণ্ডাজ্ঞা -র অনুরূপ।

দণ্ড2 (p. 396) [daṇḍa2] বি. সময়ের পরিমাপবিশেষ (=6 পল = এক প্রহরের সাড়ে সাত ভাগের এক ভাগ=24 মিনিট)। [সং. √ দণ্ড্ + অ]। দণ্ডে দণ্ডে ক্রি-বিণ. প্রতি মুহূর্তে, ক্ষণে ক্ষণে; বারংবার।

দণ্ডক (p. 396) [daṇḍaka] বি. 1 পুরাণোক্ত রাজাবিশেষ; 2 পৌরাণিক অরণ্যবিশেষ। [সং. দণ্ড + ক]।

দণ্ড-কলস (p. 396) [daṇḍa-kalasa] বি. ওষধি গাছবিশেষ। [তু. সং. দণ্ডোৎপল]।

দণ্ড-কাক (p. 396) [daṇḍa-kāka] বি. দাঁড়কাক। [সং. দণ্ড + কাক]।

দণ্ডকারণ্য (p. 396) [daṇḍakāraṇya] বি. (পুরাণে বর্ণিত) নর্মদা ও গোদাবরী নদীর তীরবর্তী দণ্ডক রাজার রাজ্য যা ঋষিশাপে অরণ্যে পরিণত হয়েছিল; বর্তমানে যে অঞ্চল উদ্বাস্তুপুনর্বাসনের জন্য নির্দিষ্ট। [সং. দণ্ড + অরণ্য]।

দণ্ডা (p. 396) [daṇḍā] ক্রি. শাস্তি দেওয়া ('বিধাতা আমাকে দণ্ডে')। [সং. √দণ্ড্ + বাং. আ]।

দণ্ডাজ্ঞা, দণ্ডাদেশ (p. 396) [daṇḍājñā, daṇḍādēśa] দ্র দণ্ড1।

দণ্ডায়-মান (p. 396) [daṇḍāẏa-māna] বিণ. দাঁড়িয়ে আছে এমন; খাড়া। [সং. √ দণ্ড্ + ক্যঙ্ + শানচ্]।

দণ্ডার্হ (p. 396) [daṇḍārha] বিণ. শাস্তিলাভের যোগ্য, দণ্ডনীয়। [সং. দণ্ড + √ অর্হ্ + অ]।

দণ্ডি (p. 396) [daṇḍi] বি. (দণ্ড অর্থাত্ চার হাত পরিমাণ তিন ফের করে গ্রন্হি দেওয়া) যজ্ঞসূত্র বা পইতে। [সং. দণ্ড1 + বাং. ই]।

দণ্ডিত (p. 396) [daṇḍita] বিণ. শাস্তিপ্রাপ্ত, শাস্তি দেওয়া হয়েছে এমন (কারাদণ্ডে দণ্ডিত)। [সং. √ দণ্ড্ + ত]।

দণ্ডী (p. 396) [daṇḍī] (-ণ্ডিন্) বিণ. দণ্ডধারী। □ বি. 1 রাজা; 2 সন্ন্যাসী; 3 যম; 4 সংস্কৃত সাহিত্যের প্রসিদ্ধ আলংকারিক ও লেখকবিশেষ। [সং. দণ্ড + ইন্]।

দণ্ড্য (p. 396) [daṇḍya] বিণ. দণ্ডনীয়। [সং. দণ্ড + য]।

দত্ত (p. 396) [datta] বিণ. অর্পিত, প্রদান করা বা দেওয়া হয়েছে এমন (পিতৃদত্ত নাম, ঈশ্বরদত্ত কণ্ঠ)। □ বি. বাঙালি হিন্দুর পদবিবিশেষ। [সং. √ দা + ত]। দত্তা বিণ. স্ত্রী. 1 অর্পিতা; 2 বিবাহের জন্য প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন (বাগ্‌দত্তা)। ˜ ক, দত্তক-পুত্র বি. পোষ্যপুত্র। ˜ হারী (-রিন্), দত্তাপ-হারী (-রিন্) বিণ. একবার কিছু দান করে পুনরায় তা কেড়ে নেয় এমন।

দত্তি (p. 396) [datti] বি. 1 দান; 2 বিতরণ। [সং. √ দা + তি]।

দদ্রু (p. 396) [dadru] বি. দাদ, চর্মরোগবিশেষ। [সং. √ দদ্ + রূ, বিকল্পে রু]। ˜ ঘ্ন বিণ. দাদনাশক।

দধি (p. 396) [dadhi] বি. দই, দুধের বিকারবিশেষ, দুধ জমিয়ে প্রস্তুত খাবারবিশেষ। [সং. √ দধ্ + ই]। ˜ কর্‌ম বি. দই-কড়মা, দই-ছাতু ইত্যাদি দিয়ে মাঙ্গলিক কাজের জন্য প্রস্তুত ভাগবিশেষ। ˜ মঙ্গল বি. হিন্দুদের বিবাহের দিনে সূর্যোদয়ের আগে বর ও কন্যার দই খাওয়ার আচারবিশেষ। ˜ মন্হন বি. ঘি ঘোল প্রভৃতি তৈরি করার জন্য দই ঘেঁটে ননি বা মাঠা বার করা। ˜ সার বি. মাখন, ননি।

দধীচ, দধীচি (p. 396) [dadhīca, dadhīci] বি. 1 পৌরাণিক মুনিবিশেষ-ইনি অসুর নিধনে সাহায্যের জন্য স্বীয় অস্থি দিয়ে বজ্র নির্মাণকল্পে স্বেচ্ছায় দেহত্যাগ করেছিলেন; 2 (আল.) অন্যের মঙ্গলের জন্য আত্মদানকারী পুরুষ। [সং. √ দধ্ + ঈচ, ঈচি]।

দধ্যগ্র (p. 396) [dadhyagra] বি. দইয়ের মাথা বা উপরের অংশ। [সং. দধি + অগ্র]।

দধ্যন্ন (p. 396) [dadhyanna] বি. দই-মাখা ভাত। [সং. দধি + অন্ন]।

দধ্যম্ন (p. 396) [dadhyamna] বি. দইয়ের সাজা, দম্বল। [সং. দধি + অম্ল]।

দনুজ (p. 396) [danuja] বি. (দনুর পুত্র বলে) অসুর, দৈত্য। [সং. দনু + √ জন্ + অ]। স্ত্রী. দনুজা।˜ দলনী বিণ. বি. (স্ত্রী.) অসুরবিনাশিনী দুর্গা।

দন্ত (p. 396) [danta] বি. দাঁত। [সং. √ দম্ + ত]। দন্ত-কচ-কচি বি. খিচিমিচি, ঝগড়া।˜ কাষ্ঠ বি. দাঁতন, যে কাঠি দিয়ে দাঁত মাজা হয়।˜ ধাবন বি. 1 দাঁতের মাজন; 2 দাঁতন; 3 দাঁত মাজা।˜ পঙ্ক্তি বি. দাঁতের সারি, দাঁতের পাটি।˜ বিকাশ বি. 1 দাঁত দেখানো; 2 দাঁত খিঁচুনি; 3 (ব্যঙ্গে) হাসি।˜ মঞ্জন বি. দাঁত মাজা, দাঁত পরিষ্কার করা; দাঁতের মাজন।˜ মাংস,˜ বেষ্ট বি. দাঁতের মাঢ়ী।˜ মূলীয় বিণ. দন্তমূলসম্বন্ধীয়। □ বি. দন্তমূল থেকে উচ্চারিত বর্ণ, অর্থাত্ ন, র, ল এবং স।˜ রুচি বি. দাঁতের শোভা; (ব্যঙ্গে) হাসি।˜ শূল বি. দাঁতের যন্ত্রণা।˜ স্ফুট বি. 1 কামড়; 2 (আল.) দুর্বোধ্য বিষয়ের মধ্যে প্রবেশ (দন্তস্ফুট করা যায় না)। দন্তাঘাত বি. দাঁতের আঘাত; কামড়। দন্তাদন্তি বি. কামড়াকামড়ি।

দন্তাবল (p. 396) [dantābala] বি. হাতি। [সং. দন্ত + বল (অস্ত্যর্থে)]।

দন্তায়ুধ (p. 396) [dantāẏudha] বি. দাঁতই যার অস্ত্র অর্থাত্ শুয়োর। [সং. দন্ত + আয়ুধ]।

দন্তালিকা (p. 396) [dantālikā] বি. লাগাম, ঘোড়ার মুখে যে দড়ি লাগানো হয়। [সং. দন্ত + √ অল্ + অ + ক + আ]।

দন্তী (p. 396) [dantī] (-ন্তিন্) বিণ. দাঁতযুক্ত। □ বি. হাতি। [সং. দন্ত + ইন্]।

দন্তুর (p. 396) [dantura] বিণ. দাঁতালো, বৃহত্ দন্তবিশিষ্ট; দেঁতো (দন্তুর হাসি)। [সং. দন্ত + উর]।

দন্তোদ্-গম (p. 396) [dantōd-gama] বি. মাঢ়ী ভেদ করে নতুন দাঁত বার হওয়া। [সং. দন্ত + উদ্গম]।

দন্ত্য (p. 396) [dantya] বিণ. 1 দাঁতসম্বন্ধীয়; 2 দাঁতের সাহায্যে উচ্চারিত (দন্ত্য ধ্বনি)। [সং. দন্ত + য]।

দন্ত্য-বর্ণ (p. 396) [dantya-barṇa] বি. দাঁতের সাহায্যে উচ্চারিত বর্ণসমূহ। [সং. দন্ত্য + বর্ণ]।

দপ (p. 396) [dapa] বি. হঠাত্ আগুন বা আলো জ্বলে ওঠার অব্যক্ত শব্দ (দপ করে জ্বলে উঠল)। [ধ্বন্যা.]। ̃ দপ বি. 1 ক্রমাগত দপ করে জ্বলা; 2 ফোঁড়া ক্ষত প্রভৃতির টাটানির ভাব (ফোঁড়াটা দপদপ করছে)। ̃ দপানি বি. দপদপ করে জ্বলার বা টাটানির ভাব।

দপ্তর, দফ-তর (p. 396) [daptara, dapha-tara] বি. কার্যালয়, অফিস, কাছারি (সরকারি দপ্তর, সদর দপ্তর)। [ফা. দফ্তর্]। দপ্তরি, দফ.তরি বি. 1 অফিসের কাগজ-কলম ইত্যাদির ভাণ্ডারী বা পরিবেশক; 2 বইখাতা যে বাঁধাই করে।

দপ্তি (p. 398) [dapti] বি. বই বাঁধার কাজে ব্যবহৃত মোটা কাগজবিশেষ। [ফা. দফ্তি]।

দফা (p. 398) [daphā] বি. 1 কিস্তি, বার (দফায় দফায় আক্রমণ, দুই দফা খাওয়া হল); 2 অবস্থা, ব্যাপার (আমার দফা রফা)। [আ. দফহ্]।˜ ওয়ারি বিণ. ক্রি-বিণ. দফায় দফায়; দফা অনুযায়ী।˜ নিকাশ,˜ রফা,˜ শেষ বি. সর্বনাশ, ধ্বংস (সম্পত্তির দফারফা)।

দফা-দার (p. 398) [daphā-dāra] বি. 1 মজুর চৌকিদার প্রভৃতির সর্দার; 2 অশ্বারোহী সৈন্যদলের নায়ক। [আ. দফাহ্দার]।

দফে (p. 398) [daphē] ক্রি-বিণ. বারে, কিস্তিতে (তিন দফে টাকা দিয়েছি, দফে দফে চাইছে)। [আ. দফহ্]।

দব-দবা (p. 398) [daba-dabā] বি. 1 তেজ, পরাক্রম; 2 জাঁকজমক, ঠাট (অবস্থা পড়তি, কিন্তু দবদবা এতটুকু কমেনি)। [আ. দব্দবহ্]।

দবির-খাস (p. 398) [dabira-khāsa] বি. একান্ত বা নিজস্ব সহকারী বা সচিব, প্রাইভেট সেক্রেটারি। [আ. দবীর-ই-খাস]।

দম1 (p. 398) [dama1] বি. দড়াম-এর চেয়ে লঘুতর আওয়াজ। [ধ্বন্যা.]। দম দম বি. ক্রি-বিণ. ক্রমাগত দম আওয়াজ বা আওয়াজসহ। □ বি. দামামার শব্দ। দমা-দম ক্রি-বিণ. দম দম শব্দে, দম দম করে (দমাদম পিটানো)। দমাদ্দম দমাদম -এর অনুরূপ।

দম2 (p. 398) [dama2] বি. 1 নিশ্বাসপ্রশ্বাস (দম বন্ধ হয়ে যাচ্ছে); 2 গৃহীত শ্বাস, প্রশ্বাস (দম ফুরিয়ে আসছে); 3 প্রাণবায়ু (দম বেরিয়ে যায়); 4 গাঁজা তামাক ইত্যাদির ধোঁয়া জোর টান দিয়ে পান (গাঁজায় দম); 5 ভাঁওতা, বোকা বানানো (দম দিয়ে ভুলানো); 6 ভাপ, মৃদু আঁচ (দমে বসানো মাংস); 7 ব্যঞ্জনবিশেষ (আলুর দম); 8 স্প্রিংযুক্ত যন্ত্রকে মোচড় বা পাক দিয়ে সচল করা (ঘড়িতে দম দেওয়া, খেলনায় দম দেওয়া)। [ফা. দম্]। দম দেওয়া ক্রি. বি. 1 ঘড়ির মেশিন ইত্যাদি চালু করার জন্য স্প্রিঙে পাক দেওয়া; 2 গাঁজা ইত্যাদির নেশা করা। দম নেওয়া ক্রি. বি. প্রশ্বাস নেওয়া, শ্বাস নেওয়া। দম ফাটা ক্রি. বি. শ্বাস গ্রহণ ও ত্যাগ করতে না পারার ফলে বুক ফেটে যাওয়া; (আল.) গোপন হৃদয়াবেগে অস্থির হওয়া। ˜ ফাটা হাসি বি. বুক ফেটে যাবার উপক্রম হয় এমন প্রবল হাসি। দম ফুরানো ক্রি. বি. ক্লান্ত হয়ে পড়া। দম বার হওয়া, দম বেরিয়ে যাওয়া ক্রি. বি. অত্যন্ত শ্রান্ত বা ক্লান্ত হওয়া।

দম3 (p. 398) [dama3] বি. 1 শাসন, দমন; 2 ইন্দ্রিয়সংযম, কুকর্ম থেকে চিত্তের নিবারণ (শমদম অভ্যাস করা)। [সং. √ দম্ + অ]।

দমক1 (p. 398) [damaka1] বিণ. দমনকারী। [সং. √ দম্ + অক]।

দমক2 (p. 398) [damaka2] বি. 1 আকস্মিক বেগ, প্রবল ধাক্কা (ঝড়ের দমক, কাশির দমক); 2 চমক, চমকানো (বিজুলি-দমকে)। [হি. দমক]।

দম-কল (p. 398) [dama-kala] বি. 1 জল তোলার বা আগুন নিভানোর যন্ত্রবিশেষ; 2 আগুন নিভানোর কাজে নিযুক্ত সংস্থা, fire brigade. [ফা. দম্ + হি. কল]। দমকল-বাহিনী বি. দমকলের সাহায্যে আগুন নিভানোর কাজে নিযুক্ত সংস্থা বা প্রতিষ্ঠানের কর্মীবৃন্দ।

দমকা (p. 398) [damakā] বিণ. আকস্মিক বেগে আসে এমন, আকস্মিক (দমকা হাওয়া, দমকা খরচ)। [হি. দমক + বাং. আ]।

দমদম (p. 398) [damadama] দ্র দম1।

দম-দমা (p. 398) [dama-damā] বি. চাঁদমারি হিসাবে প্রস্তুত অর্থাত্ বন্দুক ইত্যাদির নিশানা বা টিপ অভ্যাস করার জন্য নির্মিত মাটির ঢিপি। [আ. দম্দমহ্]।

দমন (p. 398) [damana] বি. 1 দণ্ড দেওয়া, শাস্তিদান, শাসন (শত্রুদমন); 2 সংযম (ইন্দ্রিয়দমন); 3 নিবারণ (রোগ দমন)। □ বিণ. দমনকারী ('শমন-দমন রাবণ রাজা, রাবণ দমন রাম')। [সং. √ দম্ + অন]। দমনীয় বিণ. দমন বা শাসন করার যোগ্য। দময়িতা (-তৃ) বিণ. দমনকারী, শাসক। দময়িত্রী বিণ. (স্ত্রী.) দমনকারিণী।

দমন-নীতি (p. 398) [damana-nīti] বি. অন্যকে পীড়ন করার নীতি; অন্যের মতকে সম্পূর্ণ দমন করার স্বৈরাচারী নীতি; পীড়ন। [সং. দমন + নীতি]।

দমনীয় (p. 398) [damanīẏa] দ্র দমন।

দমফাটা (p. 398) [damaphāṭā] দ্র দম2।

দম-বাজ (p. 398) [dama-bāja] বিণ. প্রতারক, ধাপ্পাবাজ। [ফা দম্বাজ]।

দময়িতা, দময়িত্রী (p. 398) [damaẏitā, damaẏitrī] দ্র দ্মন।

দম-সম (p. 398) [dama-sama] বিণ. বি. অতিরিক্ত খাওয়ার ফলে পেট ফুলে শ্বাসরুদ্ধ কিংবা সেই অবস্থা (গুচ্ছের খেয়ে দমসম লাগছে)। [বাং. দম2 + সম (অনুকার)-তু. ফা. সমদম, ধ্বনি বিপর্যয়?]।

দমসানো (p. 398) [damasānō] বি. ক্রি. দমাস দমাস শব্দ করে চলা বা প্রহার দেওয়া। [দেশি-ধ্বন্যা.]।

দমা (p. 398) [damā] ক্রি. বি. 1 দমিত হওয়া (সাহস দমল না, বুদ্ধি দমেনি); 2 হার মানা, বশ মানা (শত্রু এখনও দমেনি); 3 উৎসাহ হারানো, নিরুৎসাহ হওয়া, হতাশ হওয়া (এত সহজে আমি দমবার পাত্র নই); 4 বসে যাওয়া, নিচু হয়ে যাওয়া (ছাদটা দমে গেছে)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ দম্ + বাং. আ]। ̃ নো ক্রি. বি. দমন করা; বশে আনা; পরাস্ত করা; নিরুৎসাহ করা; নমিত করা। □ বিণ. উক্ত সব অর্থে।

দমাদম, দমাদ্দম (p. 398) [damādama, damāddama] দ্র দম1।

দমাস (p. 398) [damāsa] বি. ভারী জিনিস শক্ত ভূমির উপর ফেলার বা দরজা-জানালা জোরে বন্ধ করার আওয়াজ (বস্তাটা দমাস করে ফেলল, দরজাটা দমাস করে বন্ধ করল)। [ধ্বন্যা.]।

দমিত (p. 398) [damita] বিণ. 1 শাসিত; 2 বশীভূত; 3 সংযত (দমিত কাম)। [সং. √ দম্ + ণিচ্ + ত]।

দমী (p. 398) [damī] (-মিন্) বিণ. 1 দমনশীল; দমনকারী; 2 সংযমী; 3 জিতেন্দ্রিয়। [সং. √ দম্ + ইন্]।

দম্পতি (p. 398) [dampati] বি. স্বামী ও স্ত্রী. (রাজদম্পতি, কবিদম্পতি)। [সং. জায়া + পতি]।

দম্বল (p. 398) [dambala] বি. দইয়ের যে অংশ দুধে মিশিয়ে নতুন দই পাতা হয়, দইয়ের সাজা। [সং. দধ্যম্ল]।

দম্ভ (p. 398) [dambha] বি. 1 অহংকার, দর্প; 2 আস্ফালন; 3 (অপ্র.) ধার্মিকতার ভান। [সং. √ দন্ভ্ + অ]।

দম্ভোক্তি (p. 399) [dambhōkti] বি. বড়াই, অহংকারসূচক উক্তি। [সং. দম্ভ + উক্তি]।

দম্ভোলি (p. 399) [dambhōli] বি. বজ্র। [সং. √ দন্ভ্ + ওলি]।

দম্য (p. 399) [damya] বিণ. দমনযোগ্য, দমন করা যায় বা উচিত এমন। □ বি. বৎসতর, ছোট ষাঁড়, দামড়া। [সং. √ দম্ + য]।

দয়া (p. 399) [daẏā] বি. 1 অন্যের দুঃখ অনুভব করা ও তা দূর করার প্রবৃত্তি (গরিবের প্রতি দয়া); 2 বদান্যতা, অনুগ্রহ (তাদের দয়ায় বেঁচে থাকতে চাই না); 3 ক্ষমা (এবারের মতো দয়া করুন)। [সং. √ দয় + অ + আ]। ̃ দাক্ষিণ্য বি. দয়া, দান ইত্যাদি, বদান্যতা। ̃ নিধি বি. দয়াবান; দয়াময়; করুণাময় ঈশ্বর। ̃ পরতন্ত্র, ̃ পরবশ বিণ. দয়ার বশবর্তী বা বশীভূত; সদয়। ̃ বান (বত্), ̃ ময়, ̃ ল, ̃ লু, ̃ শীল বিণ. সদয়, কৃপাময়। স্ত্রী. ̃ বতী, ̃ ময়ী, ̃ শীলা। ̃ র্দ্র বিণ. দয়ায় বা করুণায় হৃদয় কোমল হয়েছে এমন, দয়াপরবশ।

দয়াময়, দয়ার্দ্র, দয়ালু, দয়াশীল (p. 399) [daẏāmaẏa, daẏārdra, daẏālu, daẏāśīla] দ্র দয়া।

দয়িত (p. 399) [daẏita] বিণ. প্রেমের পাত্র, প্রিয়। □ বি. 1 প্রণয়ী; 2 প্রিয়জন; 3 পতি। [সং. √ দয় (=অভিলাষ) + ত]। বিণ. বি. স্ত্রী. দয়িতা।

দর1 (p. 399) [dara1] বি. 1 গহ্বর, গর্ত ('মাতঙ্গ পড়িলে দরে, পতঙ্গ প্রহার করে': ভা. চ.); 2 পর্বতের ফাটল; 3 ভয় ('দর-তিমির'); 4 কম্প; 5 প্রবাহ, স্রোত, ক্ষরণ (দরবিগলিত অশ্রু)। [সং. √ দৃ + অ]। ̃ দর ক্রি-বিণ. প্রবলা ধারায় (দরদর করে ঘাম ঝরছে)। □ বিণ. প্রবল ধারায় ঝরছে এমন। ̃ বিগলিত বিণ. তরল হয়ে স্রোতের মতো ক্ষরিত হচ্ছে এমন।

দর2 (p. 399) [dara2] বি. 1 মূল্য, দাম; 2 মূল্যের হার, নিরিখ; 3 মান, মর্যাদা (উঁচুদরের শিল্পী)। [তু. হি. দর্]।˜ কষা-কষি বি. দাম নিয়ে ক্রেতা ও বিক্রেতার মধ্যে জোঝজুঝি, দরাদরি।˜ দস্তুর,˜ দাম বি. জিনিসের দাম ও কেনাবেচার নিষ্পত্তি।

দর3 (p. 399) [dara3] বিণ. অল্প, ঈষত্ (দরকাঁচা)। [ফা. দর্ (=কম)]।˜ কচা,˜ কাঁচা, দড়-কচা, দড়-কাঁচা বিণ. আধপাকা, আধকাঁচা।

দরকচা, দরকাঁচা (p. 399) [darakacā, darakām̐cā] দ্র দর3।

দরকার (p. 399) [darakāra] বি. প্রয়োজন; ঠেকা। [ফা. দরকার]। দরকারি বিণ. প্রয়োজনীয়; জরুরি। [ফা. দরকার + বাং. ই]।

দরখাস্ত (p. 399) [darakhāsta] বি. আবেদনপত্র, অভাব-অভিযোগ নিরাকরণের জন্য পত্র। [ফা. দরখোআস্ত]।˜ কারী (-রিন্) বিণ. আবেদনকারী। [বাং. দরখাস্ত + সং. √ কৃ + ইন্]।

দরগা (p. 399) [daragā] বি. পিরের কবর ও তৎসংলগ্ন পবিত্র স্মৃতিমন্দির। [ফা. দরগাহ্]।

দরজা (p. 399) [darajā] বি. ঘরে প্রবেশের এবং ঘর থেকে বাইরে যাবার জন্য পাল্লাযুক্ত পথ, দুয়ার, কপাট। [ফা. দর্ওয়াজহ্]।

দরজি (p. 399) [daraji] বি. কাপড় সেলাই করা বা পোশাক তৈরি করা যার পেশা, সূচিকর্মজীবী। [ফা. দরজী]।

দরদ1 (p. 399) [darada1] বিণ. ভয়প্রদ ('সমরে বরদা, অসুর-দরদা': রা. প্র.)। [সং. দর + √ দা + অ]।

দরদ2 (p. 399) [darada2] বি. 1 সমবেদনা (পরস্পরের প্রতি দরদ); 2 দয়া, মমতা (প্রাণে এতটুকু দরদ নেই); 3 ব্যথা, যন্ত্রণা (সারা গায়ে দরদ)। [ফা দর্দ]।

দর-দালান (p. 399) [dara-dālāna] বি. ঘরের সংলগ্ন ঘেরা বারান্দা বা বড় ঘর। [ফা. দর্ দালান্]।

দরদি, (কাব্যে) দরদিয়া (p. 399) [daradi, (kābyē) daradiẏā] বিণ. বি. সমব্যথী; মরমি। [বাং. দরদ2 + ই]।

দর-পত্তনি (p. 399) [dara-pattani] বি. পত্তনিদারের অধীনস্থ জমির পত্তনি। [ফা. দর্পত্তনী]। ̃ দার বি. দরপত্তনি গ্রহণকারী, দরপত্তনি জমি বা সম্পত্তির মালিক।

দর-পরদা (p. 399) [dara-paradā] বি. বড় ও দীর্ঘ পরদা, যা দিয়ে ঘরের কোনো অংশ আড়াল করা হয়। [ফা. দর্পরদাহ্]।

দরবার (p. 399) [darabāra] বি. 1 রাজসভা; 2 সভা; 3 উচ্চপদস্থ ব্যক্তির বৈঠকখানা; 4 আদালত (বিধাতার দরবারে); 5 কোনো বিষয়ে তদবির বা অভিযোগ (কর্তৃপক্ষের কাছে দরবার করা)। [ফা. দরবার]। দরবারি বিণ. 1 দরবারে যাতায়াতকারী (দরবারি লোক); 2 দরবারের উপযুক্ত বা দরবারে ব্যবহৃত (দরবারি পোশাক, দরবারি সংগীত); 3 আভিজাত্যপূর্ণ (দরবারি মেজাজ, দরবারি চালচলন)। □ বি. উচ্চাঙ্গ সংগীতের রাগবিশেষ। দরবারি কানাড়া বি. উচ্চাঙ্গ সংগীতের রাত্রিকালীন বিষাদগম্ভীর রাগবিশেষ।

দরবিগলিত (p. 399) [darabigalita] দ্র দর1।

দরবেশ (p. 399) [darabēśa] বি. 1 মুসলমান সন্ন্যাসী, ফকির; 2 বোঁদে দিয়ে তৈরি মিঠাইবিশেষ। [ফা. দরবেশ]।

দরমা (p. 399) [daramā] বি. বাঁশের চাঁচারি দিয়ে প্রস্তুত আচ্ছাদন, টাটি, চাঁচ (দরমা দিয়ে তৈরি বেড়া)। [দেশি]।

দর-মাহা (p. 399) [dara-māhā] বি. মাসিক বেতন, মাইনে। [ফা. দরম্হ্]।

দরাজ (p. 399) [darāja] বিণ. 1 মুক্ত, খোলা (দরাজ কণ্ঠ); 2 অকৃপণ, খরচে (দরাজ হাত); 3 উদার (দরাজ হৃদয়); 4 প্রশস্ত (দরাজ জায়গা)। [ফা. দরাজ্]।

দরি1, (বর্জি.) দরী (p. 399) [dari1, (barji.) darī] বি. 1 গুহা, কন্দর; 2 গভীর ও সংকীর্ণ উপত্যকা ('গিরিদরী-বিহারিণী হরিণীর লাস্যে': স.দ.)। [সং. দর1 + বাং. ই]।

দরি2 (p. 399) [dari2] বি. শতরঞ্চি, সুজনি। [হি. দরী]।

দরিদ্র (p. 399) [daridra] বিণ. অভাবগ্রস্ত, গরিব। [সং. √ দরিদ্রা + অ]।˜ তা, দারিদ্র, দারিদ্র্য বি. অভাবগ্রস্ততা, অভাব।˜ নারায়ণ বি. দরিদ্ররূপী নারায়ণ; দরিদ্র জনসাধারণ (দরিদ্রনারায়ণের সেবা)। দরিদ্রিত বিণ. 1 দরিদ্র হয়েছে এমন; 2 দুর্গত।

দরিয়া (p. 399) [dariẏā] বি. 1 বড় নদী ('অকুল দরিয়ার বুঝি কুল নাই রে'); 2 সমুদ্র। [ফা. দর্ইয়া]।

দরুদ, (বর্জি.) দরূদ (p. 399) [daruda, (barji.) darūda] বি. মহাপুরুষদের প্রতি মুসলমানদের সসম্ভ্রম প্রণতিবিশেষ। [ফা. দরূদ]।˜ পাঠ বি. জপ।

দরুন (p. 400) [daruna] অব্য. অনু. জন্য, হেতু, নিমিত্ত (অসুস্থতার দরুন)। [ফা. দরুন্]।

দরোয়ান, দরওয়ান (p. 400) [darōẏāna, darōẏāna] বি. দরজার প্রহরী, দ্বারপাল। [ফা. দরবান]। দরোয়ানি বি. 1 দরোয়ানের কাজ; 2 পাহারা দেবার কাজ (কাঁহাতক আর তাদের পিছনে দরোয়ানি করা যায়?)।

দর্দুর (p. 400) [dardura] বি. 1 ভেক, ব্যাং; 2 মেঘ; 3 দাক্ষিণাত্যের পর্বতবিশেষ। [সং. √ দৃ + উর]।

দর্প (p. 400) [darpa] বি. অহংকার, দম্ভ। [সং. √ দৃপ্ + অ]। ̃ হারী (-রিন্) বিণ. দর্পনাশকারী (দর্পহারী শ্রীমধুসূদন)। দর্পিত বিণ. 1 দর্পযুক্ত, গর্বিত (দর্পিত আচরণ, দর্পিত উক্তি); 2 দৃপ্ত। দর্পী (-র্পিন্) বিণ. দর্পকারী, দাম্ভিক, অহংকারী।

দর্পণ (p. 400) [darpaṇa] বি. দেহের প্রতিবিম্ব দেখার জন্য ব্যবহৃত পালিশ-করা ধাতুফলকবিশেষ; স্বচ্ছ কাচের ফলকবিশেষ, আয়না, আরশি, মুকুর। [সং. √ দৃপ্ (=হৃষ্ট করা) + অন]।

দর্পহারী, দর্পিত, দর্পী (p. 400) [darpahārī, darpita, darpī] দ্র দর্প।

দর্বি (p. 400) [darbi] বি. 1 রান্নার কাজে ব্যবহৃত হাতা; 2 সাপের ফণা। [সং. √ দৃ + বিন্]। ̃ কা বি. ছোট হাতা, চামচ।

দর্ভ (p. 400) [darbha] বি. কুশ, কাশ, দূর্বা প্রভৃতি তৃণ। [সং. √ দৃন্ভ্ (গ্রন্হন করা) + অ; অথবা √ দৃ (বিদারণ করা) + ভ]। ̃ ময় বিণ. কুশাদি তৃণের দ্বারা নির্মিত, কুশনির্মিত। দর্ভাসন বি. কুশাসন, তৃণাসন।

দর্শক (p. 400) [darśaka] বি. বিণ. 1 দর্শনকারী, যে দেখে; 2 তত্ত্বাবধায়ক, পরিদর্শনকারী। [সং. √ দৃশ্ + অক]; 3 যে দেখায়, প্রদর্শক। [সং. √ দর্শি (√ দৃশ্ + ণিচ্) + অক]।

দর্শন (p. 400) [darśana] বি. 1 দৃষ্টিপাত, অবলোকন, দেখা (মুখদর্শন করতে চাই না); 2 সাক্ষাৎকার (তাঁর দর্শনলাভ হল না); 3 ভক্তিভরে দেখা (ঠাকুরদর্শন, প্রতিমাদর্শন); 4 জ্ঞান (ভূয়োদর্শন, আত্মদর্শন, বহুদর্শন); 5 চক্ষু

(দর্শনেন্দ্রিয়); 6 চেহারা, আকৃতি (ভীষণদর্শন, সুদর্শন, ঘোরদর্শন); 7 তত্ত্বজ্ঞান যুক্তি ও প্রমাণের উপর প্রতিষ্ঠিত শাস্ত্র বা তত্ত্ব (দর্শনশাস্ত্র, হিন্দুদর্শন)। [সং. √ দৃশ্ + অন]।˜ দারি,˜ ডারি,˜ ডালি বি. রূপের বিচার ('আগে দর্শনদারি পরে গুণ বিচারি')। □ বিণ. সুরূপ, সুদর্শন (দর্শনদারি লোক)। [সং. দর্শন + ফা. দার + বাং.ই]। দর্শনি, দর্শনী বি. 1 দেখার বাবদ পারিশ্রমিক (মেলায় ঢোকবার দর্শনী); 2 দেবতার মন্দির দর্শনের জন্য প্রদেয় প্রণামি; 3 থিয়েটার, সিনেমা ইত্যাদি দেখার জন্য প্রদেয় অর্থ; 4 রোগীকে পরীক্ষা করার জন্য চিকিৎসকের প্রাপ্য পারিশ্রমিক বা ভিজিট।

দর্শনীয় (p. 400) [darśanīẏa] বিণ. 1 দেখার যোগ্য, দেখা যায় বা উচিত এমন; 2 সুন্দর, মনোজ্ঞ। [সং. √ দৃশ্ + অনীয়]।

দর্শয়িতা (p. 400) [darśaẏitā] (-তৃ) বিণ. প্রদর্শক, যে দেখায়; প্রকাশক। [সং. √ দৃশ্ + ণিচ্ + তৃ]।

দর্শা (p. 400) [darśā] ক্রি. দেখা যাওয়া; ঘটা (সুফল দর্শে)। [সং. √ দৃশ্ + বাং. আ]।˜ নো ক্রি. দেখানো (কারণ দর্শানো, কারণ দর্শাতে হবে)। □ বি. উক্ত অর্থে। দর্শিত বিণ. দেখানো হয়েছে এমন; প্রকাশিত। [সং. √ দৃশ্ + ণিচ্ + ত]। দর্শী (-র্শিন্) বিণ. 1 দর্শনকারী, যে দেখে (অপরিণামদর্শী); 2 জ্ঞানী (তত্ত্বদর্শী পণ্ডিত, বহুদর্শী লোক)।

দল (p. 400) [dala] বি. 1 পল্লব, পাতা (বিল্বদল); 2 পাপড়ি (শতদল); 3 সমূহ, পাল, সম্প্রদায় (দস্যুদল, সৈন্যদল); 4 জোট (দল বেঁধে এল); 5 পক্ষ, তরফ; একই মত ও পথের সমর্থক ব্যক্তিবর্গের গোষ্ঠী (আমার দলের ছেলেরা);

6 জলে ভাসমান উদ্ভিদের গুচ্ছ, দাম, শ্যাওলা (কলমির দল, 'গানগুলি মোর শৈবালেরই দল': রবীন্দ্র); 7 (নিন্দায়) অসত্ সংসর্গ (দলে ভিড়ে খারাপ হওয়া, দলে মেশা)। [সং. √ দল্ + অ]। দল পাকানো, দল বাঁধা ক্রি. বি. একজোট হওয়া ('নেকড়েরা দল বাঁধিয়া শিকার করে': তারা.); ঘোঁট পাকানো। দলে ভারী সংখ্যায় অনেক।˜ কচু বি. বড় বড় পাতাযুক্ত কচুবিশেষ।˜ গত বিণ. দলীয়, সম্মিলিত (দলগত শক্তি)।˜ ছাড়া,˜ চ্যুত,˜ ভ্রষ্ট বিণ. নিজ শ্রেণি বা গোষ্ঠী থেকে বিচ্যুত।˜ ছুট বিণ. নিজের দল বা গোষ্ঠী থেকে আলাদা হয়ে গেছে এমন, দলছাড়া।˜ ত্যাগ বি. দল ছেড়ে দেওয়া।˜ পতি বি. সর্দার, নেতা।˜ বদ্ধ বিণ. একদলে মিলিত।˜ বল বি. স্বপক্ষীয় লোকজন (দলবল নিয়ে হাজির)।˜ ভুক্ত বিণ. কোনো দলের অন্তর্ভুক্ত। দলাদলি বি. বিভিন্ন পরস্পরবিরোধী দল গঠন বা তাদের মধ্যে বিরোধ। দলীয় বিণ. দলসম্বন্ধীয় (দলীয় রাজনীতি); দলভুক্ত। দলে দলে ক্রি-বিণ. নানা দল বেঁধে; প্রচুর সংখ্যায় (দলে দলে লোক আসছে)।

দলচ্যুত, দলছুট, দলত্যাগ (p. 400) [dalacyuta, dalachuṭa, dalatyāga] দ্র দল।

দল-দলে (p. 400) [dala-dalē] বিণ. অতিরিক্ত নরম, কাদার মতো নরম (দলদলে ভাত)। [দেশি]।

দলন (p. 400) [dalana] বি. 1 পেষণ; 2 মর্দন; শাসন, দমন, পীড়ন (শত্রুদলন)। □ বিণ. দলনকারী; দমনকারী (অসুরদলন কৃষ্ণ)। [সং. √ দল্ + অন]। দলনী বিণ. (স্ত্রী.) দমনকারিণী (দানবদলনী, অসুরদলনী)।

দলপতি, দলবদ্ধ, দলবল, দলভুক্ত, দলভ্রষ্ট (p. 400) [dalapati, dalabaddha, dalabala, dalabhukta, dalabhraṣṭa] দ্র দল।

দলমতনির্বিশেষ (p. 400) [dalamatanirbiśēṣa] ক্রি-বিণ. 1 নিরপেক্ষভাবে, দল বা গোষ্ঠীর স্বার্থ বা মত বিবেচনা না করে; 2 স্বাধীনভাবে; 3 পক্ষপাতহীনভাবে। [সং. দল + মত + নির্বিশেষ + বাং. এ (বিভক্তি)।

দল-মাদল (p. 400) [dala-mādala] বি. বিষ্ণুপুরের সুবিখ্যাত ঐতিহাসিক কামান। [< সং. দলমর্দন?]।

দলা1 (p. 400) [dalā1] বি. ডেলা, পিণ্ডের মতো খণ্ড (ভাতের দলা, দলা-পাকানো কাগজ)। [সং. দল (=খণ্ড) + বাং. আ]।

দলা2 (p. 400) [dalā2] ক্রি. 1 দলন বা মর্দন করা, মাড়ানো (পায়ে দলা); 2 দমন বা পীড়ন করা। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. দলিত (পায়ে-দলা ঘাস)। [সং. দল্ + বাং. আ]। দলাই-মলাই বি. অঙ্গমর্দন, সংবাহন, শরীর মাসাজ।

দলাইমলাই (p. 400) [dalāimalāi] দ্র দলা2।

দলাদলি (p. 400) [dalādali] দ্র দল।

দলিত (p. 401) [dalita] বিণ. 1 মর্দিত, মাড়ানো হয়েছে এমন (পদদলিত); 2 পিষ্ট (দলিত সর্প); 3 দমিত, শাসিত (দলিত শত্রু); 4 নিপীড়িত (দলিত হৃদয়ের বেদনা)। [সং. √ দল্ + ত]।

দলিল (p. 401) [dalila] বি. লিখিত প্রমাণপত্র, নথি; স্বত্ব বা অধিকার প্রমাণের পত্র। [আ. দলীল]।˜ দস্তাবেজ বি. নানাবিধ দলিল।

দলীয় (p. 401) [dalīẏa] দ্র দল।

দলুজ (p. 401) [daluja] বি. বৈঠকখানা। [ফা. দেহ্লীজ]।

দলুয়া, (কথ্য) দলো (p. 401) [daluẏā, (kathya) dalō] বি. রস-ঝরানো গুড় থেকে প্রস্তুত লাল আভাযুক্ত চিনিবিশেষ। [বাং. দলা + উয়া > ও]।

দশ (p. 401) [daśa] (-শন্) বি. 1 1 সংখ্যা; 2 (আল.) জনসাধারণ (দেশ ও দশ, 'দশে মিলি করি কাজ'); 3 বিশিষ্ট মানুষজন (দশের একজন)। □ বিণ. 1 সংখ্যক (দশ হাত, দশবার)। [সং. দশন্]।˜ ক বি. 1 একাধিক অঙ্কযুক্ত সংখ্যার ডানদিক থেকে দ্বিতীয় অঙ্ক যেমন-123 এর 2, 35 এর 3; 2 দশটি বস্তু বিষয় বা প্রাণীর সমষ্টি; 3 প্রত্যেক শতাব্দীর শুরু থেকে গণনা করে প্রতি দশ বছর (তৃতীয় দশক, এই শতাব্দীর শেষ দশক)। দশ কথা বি. 1 অনেক কথা; কথা-কথান্তর; 2 নানা কটু কথা (দশ কথা শুনিয়ে দিল)।˜ কর্ম বি. হিন্দুদের দশরকম সংস্কার, যথা গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন সমাবর্তন ও বিবাহ।˜ কর্ম-ভাণ্ডার বি. যে-দোকানে দশকর্মসংক্রান্ত উপকরণগুলি পাওয়া যায়।˜ কোশি বি. দশ ক্রোশের পথ।˜ কোষী বি. কীর্তনগানের তালবিশেষ।˜ গুণ বিণ. ক্রি-বিণ. দশবার গুণ করা হয়েছে এমন; (আল.) বহুগুণ (দশগুণ বেশি শীত)।˜ চক্র বি. বহুজনের ষড়যন্ত্র বা কুমন্ত্রণা। দশচক্রে ভগবান ভূত দশ জনের অর্থাত্ নানাজনের চক্রান্তে অসম্ভবও

সম্ভব হয়-এইরকম চক্রান্তের ফলেই ভগবান নামে ব্যক্তি ভূত বলে পরিগণিত হয়েছিল। দশ দশা দ্র দশা।˜ দিক দ্র দিক।˜ নামী বি. শংকরাচার্যের মতাবলম্বী সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ।˜ পঁচিশ বি. কড়ি খেলাবিশেষ।˜ বল বি. দান শীল ক্ষমা বীর্য ধ্যান যজ্ঞ বল উপায় প্রণিধি জ্ঞান-এই দশ বলে বলীয়ান বুদ্ধদেব।˜ ভুজা বি. (দশ হাতবিশিষ্টা) দুর্গাদেবী।˜ ম বিণ. 1 সংখ্যক; 1 সংখ্যার পূরক।˜ মহা-বিদ্যা বি. আদ্যাশক্তি দুর্গার দশ মূর্তি, যথা কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী কমলা (বা রাজরাজেশ্বরী)।˜ মাবতার বি. বিষ্ণুর কল্কি অবতার।˜ মিক বিণ. 1 দশমাংশসম্বন্ধীয়; 2 দশগুণোত্তর, দশ অংশের এক অংশ, decimal. □বি. দশমাংশপ্রকাশক ভগ্নাংশযুক্ত গণন প্রণালী।˜ মী বি. তিথিবিশেষ।˜ মী-দশা বি. 1 শেষ অবস্থা; 2 বার্ধক্য; 3 মৃত্যু।˜ মীস্থ বিণ. বৃদ্ধ।˜ মূল বি. বেল শ্যোণাক গাম্ভারী পাটলা গণিকারিকা শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতী কণ্টকারী ও গোক্ষুর-এই দশটি মূল বা শিকড়।˜ রথ বি. 1 যার রথ দশ দিকেই চলতে পারে; 2 রামচন্দ্রের পিতা।˜ সালা বিণ. দশ বৎসর স্থায়ী; দশ বৎসরের জন্য কৃত (দশসালা বন্দোবস্ত)।˜ হরা বি. 1 জ্যৈষ্ঠ মাসের শুক্লা দশমী, গঙ্গার মর্ত্যে বা পৃথিবীতে অবতরণের দিন; 2 বিজয়া দশমী।

দশকর্ম, দশকোশি, দশকোষী, দশচক্র (p. 401) [daśakarma, daśakōśi, daśakōṣī, daśacakra] দ্র দশ।

দশন (p. 401) [daśana] বি. 1 দাঁত; 2 দংশন (দশনদন্ত)।[সং. √ দন্শ্ + অন]।

দশনামী, দশম, দশমিক, দশমী, দশমূল, দশরথ, দশসালা, দশহরা (p. 401) [daśanāmī, daśama, daśamika, daśamī, daśamūla, daśaratha, daśasālā, daśaharā] দ্র দশ।

দশা (p. 401) [daśā] বি. 1 অবস্থা (এ কী দশা? শেষ দশা, দুর্দশা); 2 ধরন, গতিক (মনের দশা); 3 প্রদীপের পলতে বা সলতে; 4 মানুষের মনের দশ অবস্থা-অভিলাষ চিন্তা স্মৃতি গুণকীর্তন উদ্বেগ প্রলাপ ব্যাধি জড়তা মরণ উন্মাদ; 5 মানবজীবনের দশ অবস্থা-গর্ভবাস জন্ম বাল্য ও কৈশোর কৌমার পৌগণ্ড যৌবন স্থবিরতা জরা প্রাণরোধ মৃত্যু; 6 মানুষের উপর জন্মকালে রাশিচক্রের অবস্থানজনিত প্রভাব (বৃহস্পতির দশা, শনির দশা); 7 পরলোকগত ব্যক্তির মৃত্যুর পর দশম দিনে আচরণীয় সংস্কারবিশেষ (এখনও তার দশা কাটেনি); 8 (বৈ. শা.) শ্রবণ কীর্তন স্মরণ অর্চন বন্দন পাদসেবন দাস্য সখ্য আত্মনিবেদন স্বীয়ভাব-এই দশটি ভক্তিভাব; 9 সমাধি, ভাবাবেশ; 1 বস্ত্রের প্রান্ত। [সং. √ দনশ্ + অ + আ]। দশায় পড়া বি. ক্রি. কীর্তন করতে করতে ভাবস্থ বা সমাধিস্থ হওয়া। দশাবিপর্যয়,˜ স্তর বি. দুরবস্থা, দুর্দশা।

দশানন (p. 401) [daśānana] বি. (দশটি মস্তকবিশিষ্ট) রাক্ষসরাজ রাবণ। [সং. দশ + আনন]।

দশাবতার (p. 401) [daśābatāra] বি. মৎস্য কূর্ম বরাহ নৃসিংহ বামন পরশুরাম রামচন্দ্র বলরাম বুদ্ধ কল্কি-বিষ্ণুর এই দশ অবতার বা মূর্তি। [সং. দশ + অবতার]।

দশাবিপর্যয় (p. 401) [daśābiparyaẏa] দ্র দশা।

দশাশ্ব (p. 401) [daśāśba] বি. (দশ অশ্ববাহিত রথে আরোহণ করেন বলে) চন্দ্রদেব, চন্দ্র। [সং. দশ + অশ্ব]।˜ মেধ বি. দশবার অনুষ্ঠিত অশ্বমেধ যজ্ঞ।

দশা-সই (p. 401) [daśā-si] বিণ. লম্বাচওড়া, যেমন লম্বা তেমনি চওড়া বা স্বাস্থ্যবান (দশাসই চেহারা)। [সং. দশা + ফা. সই]।

দশাহ (p. 401) [daśāha] বি. 1 দশ দিন; 2 দশ দিনব্যাপী উৎসব। □ বিণ. দশ দিনব্যাপী; 2 দশম দিনে অনুষ্ঠেয় (দশাহকৃত)। [সং. দশ + অহন্]।

দশি (p. 401) [daśi] বি. 1 কাপড়ের ঝালর বা ছিলা; 2 ছেঁড়া পাড়, ফালি বা সুতো। [সং. দশা (বস্ত্রপ্রান্ত) + বাং. ই]।

দশেরা (p. 401) [daśērā] বি. দশহরা; বিজয়া দশমীর উৎসব। [হি. দসেরা]।

দশোপ-চার (p. 401) [daśōpa-cāra] বি. দশরকম উপচার বা পূজার উপকরণ। [সং. দশ + উপচার]।

দষ্ট (p. 401) [daṣṭa] বিণ. 1 দংশন করা বা কামড়ানো হয়েছে এমন, দংশিত (সর্পদষ্ট); 2 দাঁতের সাহায্যে বিদীর্ণ, ছিন্ন (কীটদষ্ট) [সং. √ দনশ্ + ত]।

দস্তক (p. 401) [dastaka] বি. 1 সমন, পরওয়ানা; 2 গ্রেপ্তারি পরওয়ানা; 3 অনুমতিপত্র; 4 আদেশপত্র, ফরমান। [ফা. দস্তক]।

দস্ত-খত (p. 402) [dasta-khata] বি. স্বাক্ষর, সই। [ফা. দস্তখত্]। দস্ত-খতি বিণ. স্বাক্ষরযুক্ত।

দস্ত-বদস্ত (p. 402) [dasta-badasta] ক্রি-বিণ. (আদা.) হাতে হাতে। [ফা. দস্তবদস্ত]।

দস্তর-খান (p. 402) [dastara-khāna] বি. টেবিলে পাতবার কাপড়; খাবার টেবিলে যে কাপড় বিছিয়ে দেওয়া হয়। [ফা. দস্তর্খোয়ান্]।

দস্তা (p. 402) [dastā] বি. সাদা ধাতুবিশেষ, যশদ, zinc. [হি. জস্তা < সং. যশদ]।

দস্তানা (p. 402) [dastānā] বি. হাতের মুঠির আবরণবিশেষ, হাতমোজা, gloves. [ফা. দস্তানা]।

দস্তাবেজ (p. 402) [dastābēja] বি. দলিল, নথিপত্র। [ফা. দস্তাবজ]।

দস্তুর (p. 402) [dastura] বি. 1 প্রথা, রীতি (এখানকার এই দস্তুর); 2 কায়দা, ধরন। [ফা. দস্তুর]।˜ মতো,˜ মাফিক বিণ. ক্রি-বিণ. রীতিমতো, যথেষ্ট, বিলক্ষণ (দস্তুরমতো চালাক, দস্তুরমতো খেয়েছে)।

দস্তুরি (p. 402) [dasturi] বি. 1 দ্রব্যাদি বিক্রির সময় বিক্রেতা মূল্যের যে অংশ ছেড়ে দেয়, discount; 2 খরিদ্দার জুটিয়ে আনার দরুন পারিশ্রমিকরূপে মূল্যের যে অংশ প্রাপ্য, দালালি, কমিশন। [ফা. দস্তুরি]।

দস্যি (p. 402) [dasyi] বিণ. (আদরসূচক কথ্য) দুরন্ত (দস্যি ছেলে)। [সং. দস্যু]।˜ পনা বি. দুরন্তপনা, দুরন্ত স্বভাব বা আচরণ।

দস্যু (p. 402) [dasyu] বি. ডাকাত, লুটেরা (জলদস্যু)। [সং. √ দস্ (বস্তুহানি করা) + যু]। বি.˜ তা,˜ বৃত্তি।

দহ (p. 402) [daha] বি. 1 নদী বা জলাশয়ের অতলস্পর্শ ও ঘূর্ণিময় অংশ; 2 ঘূর্ণিজল; 3 হ্রদ (কালীদহ); 4 গভীর গর্ত; 5 (আল.) কঠিন সংকট (দহে পড়া, দহে মজানো)। [সং. হ্রদ > হদ > (ধ্বনিবিপর্যয়ে) দহ [দ্র দ2]।

দহই (p. 402) [dahi] ক্রি. (ব্রজ.) দগ্ধ করে ('দহই হিয়া')। [সং. √ দহ্]।

দহন (p. 402) [dahana] বি. 1 অগ্নি; 2 অগ্নিক্রিয়া অর্থাত্ পোড়া, দাহ; 3 জ্বলন, জ্বলা; 4 (আল.) যন্ত্রণা ('কেউ বা কিছু দহন করে': রবীন্দ্র)। □ বিণ. দহনকারী (বিশ্বদহন ক্রোধাগ্নি)। [সং. √ দহ্ + অন]। দহনীয় বিণ. দহনযোগ্য, দাহ্য, পোড়ানো বা জ্বালানো যায় এমন।

দহ-রম (p. 402) [daha-rama] বি. ঘনিষ্ঠ মেলামেশা বা বন্ধুত্ব। [ফা. দর্হম্]। দহরম মহরম বি. গভীর অন্তরঙ্গতা; অত্যন্ত মাখামাখি। [ফা. দর্হম্-বর্হম্ + আ. মহ্রম্]।

দহল (p. 402) [dahala] ক্রি. (ব্রজ.) দগ্ধ করল। [সং. √ দহ্]।

দহা (p. 402) [dahā] ক্রি. দগ্ধ করা বা হওয়া, পোড়া বা পোড়ানো। [সং. √ দহ্ + বাং. আ]।

দহ্য-মান (p. 402) [dahya-māna] বিণ. দগ্ধ হচ্ছে এমন (দহ্যমান হৃদয়)। [সং. √ দহ্ + মান (শানচ্)]।

দা2 (p. 402) [dā2] বি. কাটারি; কাঠ ইত্যাদি কাটার জন্য হাতলযুক্ত অস্ত্রবিশেষ। [সং. দাত্র]। দা-কাটা বি. দা দিয়ে কুপিয়ে বা কুচিয়ে কাটা হয়েছে এমন (দা-কাটা তামাক)।

দাউ-দাউ (p. 402) [dāu-dāu] ক্রি-বিণ. অব্য. প্রবলভাবে আগুন জ্বলার অব্যক্ত আওয়াজ বা ভাবসূচক (দাউদাউ করে জ্বলছে)। [ধ্বন্যা.]।

দাও (p. 402) [dāō] বি. (আঞ্চ.) কাটারি। [সং. দাত্র]।

দাওয়া1 (p. 402) [dāōẏā1] বি. 1 স্বত্ব, অধিকার; 2 পাওনা (দাবিদাওয়া)। [আ. দাওয়া-তু. হি. দাবা]।

দাওয়া2 (p. 402) [dāōẏā2] বি. বারান্দা, রোয়াক (দাওয়ায় বসে হাওয়া খায়)। [দেশি-তু. হি. ঢাবা, সং. দার্বট]।

দাওয়া3, দাওয়াই (p. 402) [dāōẏā3, dāōẏāi] বি. ওষুধ। [আ. দওয়া]।˜ খানা বি. ওষুধের দোকান, ডাক্তারখানা।

দাওয়াত, দাওয়াদ (p. 402) [dāōẏāta, dāōẏāda] বি. নিমন্ত্রণ; আমন্ত্রণ। [আ. দাওয়াত্]।

দাঁও (p. 402) [dām̐ō] বি. সুযোগ, মওকা (দাঁও ফসকে গেল)। [হি দাঁও]। দাঁও মারা ক্রি. 1 সুযোগ পেয়ে নিজের কাজ হাসিল করা; 2 সহজে মোটা লাভ করা। □ বি. উক্ত অর্থে।

দাঁড় (p. 402) [dān̐ḍ়] বি. 1 নৌকার বড় বৈঠা বা ক্ষেপণী যা বেঁধে নিয়ে নৌকা চালাতে হয় (দাঁড় টানা, দাঁড় বাওয়া); 2 পোষা পাখির বসবার দণ্ড (দাঁড়ের পাখি, খাঁচার দাঁড়)। □ বিণ. 1 দণ্ডায়মান, খাড়া (লাঠিটাকে দাঁড় করিয়ে রেখেছে); 2 সুপ্রতিষ্ঠিত (একটা তত্ত্ব দাঁড় করানো হল); 3 অপেক্ষারত (আমাকে কতক্ষণ দাঁড় করিয়ে রাখবে?); 4 উপস্থিত (সাক্ষী দাঁড় করাতে পারবে তো?); 5 থামানো হয়েছে এমন, রুদ্ধগতি (এখানে গাড়িটা কে দাঁড় করাল?); 6 উত্থাপিত, দায়ের (মামলা দাঁড় করা)। [সং. দণ্ড]।

দাঁড়-কাক (p. 402) [dān̐ḍ়-kāka] বি. ঘোর কালো রঙের বড় কাকবিশেষ, jungle crow. [সং. দণ্ডকাক]।

দাঁড়া1 (p. 402) [dān̐ḍ়ā1] বিণ. 1 মেরুদণ্ড (শিরদাঁড়া); 2 কাঁকড়া চিংড়ি ইত্যাদির শক্ত ও বড়ো দণ্ড; 3 শুঁড় (আরশোলার দাঁড়া)। [সং. দণ্ড]।

দাঁড়া2 (p. 402) [dān̐ḍ়ā2] বি. প্রথা, রেওয়াজ, ধারা (উলটো দাঁড়া)। [সং. ধারা]।

দাঁড়া3 (p. 402) [dānd̐ḍ়ā3] ক্রি. দাঁড়ানো। [< সং. √ দণ্ডায়]।˜ নো ক্রি. 1 খাড়া হওয়া, দণ্ডায়মান হওয়া (উঠে দাঁড়াও); 2 আশ্রয় পাওয়া (দাঁড়াবার জায়গা নেই); 3 প্রতিযোগিতায় এঁটে ওঠা (তার সঙ্গে প্রতিযোগিতায় নামসে তুমি দাঁড়াতেই পারবে না); 4 অপেক্ষা বা প্রতীক্ষা করা (আর কতক্ষণ দাঁড়াব); 5 বিলম্ব বা সবুর করা (একটু দাঁড়াও); 6 গতি সংবরণ করা, থামা (গাড়ি দাঁড়িয়েছে); 7 সঞ্চিত হওয়া, জমা (রাস্তায় একহাঁটু জল দাঁড়িয়েছে); 8 সুপ্রতিষ্ঠিত হওয়া (ব্যাবসাটা দাঁড়িয়ে গেছে, স্কুলটা দাঁড়িয়ে গেছে); 9 শেষ হওয়া, পরিণতি লাভ করা (ব্যাপারটা কোথায় গিয়ে দাঁড়াবে জানি না); 1 পক্ষ সমর্থন করা (আমরা তার হয়ে দাঁড়াব, সে আমার উকিল দাঁড়িয়েছে)। □ বিণ. দণ্ডায়মান, খাড়া, দাঁড়িয়ে রয়েছে এমন (দাঁড়ানো লোকজন, দাঁড়ানো গাড়ি)। □ বি. দণ্ডায়মান হওয়া; দণ্ডায়মান অবস্থা বা দাঁড়াবার ভঙ্গি (তার দাঁড়ানো দেখলে হাসি পায়)।

দাঁড়ানো (p. 402) [dānd̐ḍ়ānō] দ্র দাঁড়া3।

দাঁড়াশ (p. 402) [dānd̐ḍ়āśa] বি. নির্বিষ সাপবিশেষ, ঢ্যামনা। [দেশি]।

দাঁড়ি1 (p. 402) [dānd̐ḍ়i1] বি. 1 পূর্ণচ্ছেদের চিহ্ন (।); 2 তুলাদণ্ড, মানদণ্ড, (দাঁড়িতে মাপা)। [বাং. দাঁড় + ই (ক্ষুদ্রার্থে)]। দাঁড়ি দেওয়া ক্রি. বি. থামা, বিরত হওয়া (আমি এইখানে দাঁড়ি দিলাম)।˜ পাল্লা বি. তুলাদণ্ড।

দাঁড়ি2 (p. 402) [dānd̐ḍ়i2] বি. যে দাঁড় টানে, মাঝি। [বাং. দাঁড় + ই (জীবিকার্থে)]।

দাঁত (p. 402) [dān̐ta] বি. 1 জীবজন্তুর ছেদনযন্ত্র ও চর্বণযন্ত্র, দন্ত; 2 দাঁতের আকৃতিযুক্ত কিছু (করাতের দাঁত, চিরুনির দাঁত)। [সং. দন্ত]। দাঁত কনকন করা ক্রি. বি. দাঁতে যন্ত্রণা বা ঠাণ্ডাজনিত তীব্র অনুভূতি হওয়া। দাঁত-কন-কনানি বি. দাঁতের যন্ত্রণা বা ঠাণ্ডাজনিত তীব্র অনুভূতি।˜ কপাটি বি. দাঁতে দাঁত লাগা অবস্থা।˜ খিঁচুনি বি. দাঁত বার করে তিরস্কার। দাঁত থাকতে দাঁতের মর্যাদা না বোঝা ক্রি. বি. (আল.) যথাকালে সুযোগের সদ্ব্যবহার না করা। দাঁত ফোটানো, দাঁত বসানো ক্রি. বি. 1 কামড়ানো; 2 (আল.) উপলব্ধি করতে পারা (এত কঠিন লেখা যে দাঁত ফোটানোই যায় না)। দাঁত বাঁধানো ক্রি. বি. (দাঁত পড়ে গেলে বা উঠিয়ে ফেলা হলে) নকল দাঁত বসানো। দাঁত ভাঙা বিণ. উচ্চারণ করতে কষ্ট হয় এমন কষ্টদায়ক ও কর্কশ (দাঁতভাঙা শব্দ)। দাঁত ভাঙা ক্রি. বি. (আল.) শক্তি বা দর্প চূর্ণ করা। দাঁতে কুটো করা ক্রি. বি. অত্যন্ত হীনভাবে বশ্যতা বা পরাজয় স্বীকার করা। দাঁতে দাঁত লাগা ক্রি. বি. 1 শীতের দরুন দুই পাটির দাঁতে ঠোকাঠুকি লাগা; 2 ভয় বা মূর্ছার দরুন দুই পাটির দাঁত পরস্পর আটকে যাওয়া। আক্কেলদাঁত দ্র আক্কেল। গজ-দাঁত বি. উপরের পাটির দাঁতের পাশ দিয়ে অর্থাত্ ঠোঁটের দুপাশে যে বাড়তি দাঁত বেরয়, শাখাদন্ত। দুধে দাঁত, দুধের দাঁত দুগ্ধপোষ্য শিশুর প্রথম গজানো দাঁত যা পরে পড়ে যায়। দাঁতাল, দাঁতালো বিণ. বড় দাঁতযুক্ত (দাঁতালো হাতি)।

দাঁতন (p. 402) [dān̐tana] বি. 1 দাঁত পরিষ্কার করা, দাঁত মাজা, দন্তধাবন; 2 দাঁত মাজবার জন্য ব্যবহৃত নিম, বাবলা, আসশেওড়া প্রভৃতি গাছের ডাল। [সং. দন্তধাবন]।

দাঁতভাঙা, দাঁতালো (p. 402) [dān̐tabhāṅā, dān̐tālō] দ্র দাঁত।

দা-কাটা (p. 402) [dā-kāṭā] দ্র দা2।

দাক্ষায়ণী (p. 402) [dākṣāẏaṇī] বি. প্রজাপতি দক্ষের কন্যা, সতী। [সং. দক্ষ + অয়ন (অপত্যার্থে) + ঈ]।

দাক্ষিণাত্য (p. 402) [dākṣiṇātya] বিণ. দক্ষিণদেশীয়; দক্ষিণাপথে অবস্থিত বা জাত। □ বি. বিন্ধ্যপর্বতের দক্ষিণদিকস্থ ভারতবর্ষের অংশ, দক্ষিণাপথ। [সং. দক্ষিণা + ত্য]।

দাক্ষিণ্য (p. 402) [dākṣiṇya] বি. 1 অনুগ্রহ, দয়া (কারও দাক্ষিণ্যে বেঁচে থাকতে চাই না); 2 ঔদার্য; 3 সারল্য; 4 সৌজন্য। [সং. দক্ষিণ + য]।

দাখিল (p. 402) [dākhila] বিণ. বি. 1 পেশ, উপস্থাপিত (নথিপত্র দাখিল হয়েছে); 2 সামিল, তুল্য (মরার দাখিল)। [আ. দাখিল্]।˜ খারিজ বি. সরকারি রেকর্ডে ভূসম্পত্তির পুরোনো মালিকের নাম কেটে নতুন মালিকের নাম লেখা। দাখিলি বিণ. পেশ করা হয়েছে এমন।

দাখিলা (p. 402) [dākhilā] বি. (প্রধানত প্রজাকে জমিদারের দেওয়া) খাজনা প্রাপ্তির রসিদ বা স্বীকারপত্র। [আ. দাখিলা]।

দাগ (p. 402) [dāga] বি. 1 চিহ্ন, ছাপ (কালির দাগ); 2 মরচে, জং (লোহার দাগ ধরা); 3 কলঙ্ক (চরিত্রে কোনো দাগ পড়েনি); 4 রেখাঙ্কন (এইখানে দাগ দাও); 5 (আল.) মালিন্য, অভিমান (মনের দাগ সহজে যাবে না)। [ফা. দাগ্]।˜ বিলি বি. জমি ও প্রজার বিবরণ।

দাগনি (p. 402) [dāgani] বি. যে-লোহা পুড়িয়ে গোরু-মোষের গায়ে দাগ দেওয়া হয়। [বাং. দাগ + নি]।

দাগ-রাজি (p. 402) [dāga-rāji] বি. 1 (ছাদ ইত্যাদির) ভাঙা বা ফাটা মেরামত; 2 জীর্ণসংস্কার। [ফা. দাগ্রাজী]।

দাগা1 (p. 402) [dāgā1] ক্রি. 1 চিহ্ন দেওয়া (বইটা দাগিয়ে দাও); 2 অঙ্কিত করা (গায়ে হরিনাম দাগা); 3 চিহ্নিত করা (ষাঁড় দাগা); 4 বন্দুকের বা কামানের গোলা ছোড়া (কামান দাগা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [ফা. দাগ + বাং. আ]।˜ নো ক্রি. চিহ্ন দেওয়া; অঙ্কিত করা; ছোড়ানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

দাগা2 (p. 402) [dāgā2] বি. 1 আঘাত, মর্মবেদনা (মনে দাগা দেওয়া); 2 বিশ্বাসঘাতকতা, বঞ্চনা (লোকটা ভালোরকম দাগা দিয়ে গেছে)। [ফা. দগা]।˜ দার বিণ. 1 অনিষ্টকারী; 2 কলঙ্কসৃষ্টিকারী; 3 বিশ্বাসঘাতক।˜ দারি বি. 1 অনিষ্টকারী বা কলঙ্কসৃষ্টিকারী ব্যক্তি; 2 বিশ্বাসঘাতক।˜ বাজ বিণ. বিশ্বাঘাতক, প্রতারক, শঠ।˜ বাজি বি. প্রতারণা, জুয়াচুরি। দাগা বুলানো ক্রি. বি. হস্তলিপির উপর রেখা টেনে শিক্ষার্থীর লেখা অভ্যাস করা।

দাগি (p. 402) [dāgi] বিণ. 1 দাগযুক্ত (দাগি আম); 2 কলঙ্কযুক্ত, কলঙ্কিত; 3 পূর্বে দণ্ডপ্রাপ্ত, ঘাগি (দাগি চোর)। [বাং. দাগ + ই]।

দাঙ্গা (p. 402) [dāṅgā] বি. বহু লোকের দলবদ্ধ হয়ে মারামারি, কাজিয়া। [হি. দাংগা]।˜ বাজ বিণ. দাঙ্গা করতে বা বাধাতে পটু, দাঙ্গা করতে বা বাধাতে অভ্যস্ত।˜ হাঙ্গামা বি. বহু লোকের বা বিভিন্ন শ্রেণির মধ্যে ক্রমাগত মারামারি।

দাড়া (p. 402) [dāḍ়ā] বি. 1 বড় দাঁত বা হুল; 2 কাঁকড়া বা চিংড়ির দাঁতযুক্ত লম্বা ঠ্যাং। [সং. দাঢ়া]।

দাড়ি (p. 402) [dāḍ়i] বি. 1 চিবুক, থুতনি; 2 শ্মশ্রু, গাল ও চিবুকে চুল বা গজানো লোম। [সং. দাঢ়িকা]।˜ য়াল, দেড়ে, দেড়েল বি. বিণ. (ঘন) দাড়িযুক্ত বা দাড়িযুক্ত ব্যক্তি। চাপদাড়ি চাপদাড়ি দ্র। ছাগলদাড়ি বি. (ব্যঙ্গে) ছাগলের দাড়ির মতো কেবল চিবুকে পাতলা দাড়ি।

দাড়িম, দাড়িম্ব (p. 402) [dāḍ়ima, dāḍ়imba] বি. ডালিম গাছ বা তার ফল। [সং. দাড়িম্ব]।

দাণ্ডা (p. 402) [dāṇḍā] বি. 1 ডাণ্ডা, লাঠি; 2 নৌকার দাঁড়। [সং. দণ্ড]।

দাতব্য (p. 402) [dātabya] বিণ. 1 দেয়, দানযোগ্য; 2 দান করা বা বিনামূল্যে বিতরণ করা হয় এমন (দাতব্য ওষুধ)। □ বি. দান, বিলানো (আমি এখানে দাতব্য করতে বসিনি)। [সং. √ দা + তব্য]। দাতব্য চিকিৎসালয় যেখানে বিনামূল্যে রোগের চিকিৎসা হয়।

দাতা (p. 402) [dātā] (-তৃ) বিণ. 1 দানকারী, যে দান করে; 2 যে দেয় (অভয়দাতা, উত্তরদাতা, করদাতা); 3 বদান্য, দানশীল (দাতাকর্ণ); 4

সম্প্রদানকারী (কন্যাদাতা)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ দা + তৃ]। স্ত্রী. দাত্রী। ˜ কর্ণ বি. (আল.) অতিশয় দানশীল ব্যক্তি। দাতৃত্ব বি. বদান্যতা, দানশীলতা।

দাত্যূহ (p. 402) [dātyūha] বি. 1 ডাহুক বা ডাক পাখি; 2 চাতক। [সং. দাতি (√ দা + ক্তিন্) + √ ঊহ্ + অ]।

দাত্র (p. 402) [dātra] বি. দা, কাটারি। [সং. √ দো + ত্র]।

দাত্রী (p. 402) [dātrī] দ্র দাতা।

দাদ1 (p. 402) [dāda1] বি. চাকার মতো গোলাকার ও চুলকানিযুক্ত চর্মরোগবিশেষ ringworm. [সং. দদ্রু]।

দাদ2 (p. 402) [dāda2] বি. প্রতিশোধ। [ফা. দাদ্]। দাদ তোলা, দাদ নেওয়া ক্রি. বি. প্রতিশোধ নেওয়া।

দাদ-খানি (p. 402) [dāda-khāni] বি. (বাংলার সুলতান দাউদ খানের নামে প্রচলিত) অত্যুৎকৃষ্ট চালবিশেষ। [দাউদখান > দাদখান + বাং. ই]।

দাদন (p. 402) [dādana] বি. অগ্রিম প্রদত্ত মূল্য বা মূল্যের অংশ, আগাম দেওয়া টাকা, বায়না (নীলের দাদন)। [ফা. দাদন]। ˜. দার বি. দাদনদাতা। দাদনি বি. দাদন। □ বিণ. দাদন দেওয়া হয়েছে এমন (দাদনি চাষ)।

দাদরা (p. 402) [dādarā] বি. (সংগীতের) ছয় মাত্রার তালবিশেষ। [সং. দর্দুর]।

দাদা (p. 402) [dādā] বি. 1 জ্যেষ্ঠভ্রাতা, বড় ভাই; 2 ঠাকুরদাদা, পিতামহ বা মাতামহ; 3 পৌত্র দৌহিত্র প্রভৃতিকে বা বয়ঃকনিষ্ঠকে স্নেহসম্বোধন; 4 বয়োজ্যোষ্ঠ ব্যক্তিকে সম্মানসূচক সম্বোধন। [সং. তাত > তাদ, অথবা দায়াদ (পুত্র, জ্ঞাতি)-তু. তুর্. দাদা]। ̃ ঠাকুর বি. 1 পিতামহতুল্য ব্যক্তিকে সম্বোধন; 2 ব্রাহ্মণকে ব্রাহ্মণেতর ব্যক্তির সম্বোধন। ̃ বাবু বি. 1 বড় ভাইয়ের মতো শ্রদ্ধেয় ব্যক্তি; 2 (আঞ্চ.) বয়োজ্যেষ্ঠ ভাগিনীপতি। ̃ মশাই, ̃ মহাশয়, ̃ মশায় বি. মাতার পিতা বা পিতৃব্য। ̃ শ্বশুর বি. স্বামী বা পত্নীর পিতামহ বা মাতামহ।

দাদি (p. 402) [dādi] বি. (মুস. বা হি.) পিতামহী, মাতামহী। [হি. দাদী]।

দাদু (p. 402) [dādu] বি. 1 পিতামহ; 2 মাতামহ।[বাং. দাদা + উ (আদরে)]।

দাদু-পন্হী (p. 402) [dādu-panhī] বি. ভক্ত দাদু-র মতাবলম্বী বৈষ্ণব ধর্মসম্প্রদায়বিশেষ। [বাং. দাদু + পন্হী]।

দাদুর (p. 402) [dādura] বি. (সচ. কাব্যে) ভেক, ব্যাং। [সং. দর্দরি]। দাদুরি, (বর্জি.) দাদুরী বি. (স্ত্রী.) স্ত্রী ব্যাং ('মত্ত দাদুরী, ডাকে ডাহুকী': বিদ্যা.)।

দান1 (p. 402) [dāna1] বি. পাত্র, আধার (আতরদান, পিকদান, বাতিদান)। [ফা. দান]।

দান2 (p. 402) [dāna2] বি. 1 স্বত্ব ত্যাগ করে কাউকে অর্পণ বা বিতরণ (অন্নদান, বস্ত্রদান); 2 উৎসর্গ (গোদান, বলিদান); 3 সম্প্রদান (কন্যাদান); 4 ত্যাগ (দানব্রত); 5 দেওয়া (আশ্রয়দান); 6 দেওয়া হয়েছে এমন জিনিস, দত্তবস্তু (মহামূল্য দান); 7 পালা (এবার আমার দান); 8 পাশা ইত্যাদি খেলায় ছক ফেলা (দান দেওয়া); 9 তোলা বা হাটবাজারের মালিককে দেয় শুল্ক; 1 হাতির মদজল বা গণ্ডদেশ থেকে নির্গত রস; 11 শত্রুকে বশ করার উপায়বিশেষ ('সাম-দান-দণ্ড-ভেদ')। [সং. √ দা + অন]।˜ খয়রাত বি. দানকর্ম, নানারকম দান।˜ ধর্ম বি. দানশীলতারূপ ধর্ম বা মহত্ কর্ম বা পথ।˜ ধ্যান বি. দান ও উপাসনা; দানব্রত ও ধর্মাচরণ।˜ পত্র বি. স্বত্ব ত্যাগ করে কাউকে কিছু দান করার দলিল।˜ বীর,˜ শৌণ্ড বিণ. অতি দানশীল (দানবীর ব্যক্তি)।˜ শীল বিণ. বদান্য স্বভাবযুক্ত। বি.˜ শীলতা।˜ সজ্জা,˜ সামগ্রী বি. (বিবাহে) দানের জন্য সাজিয়ে রাখা দ্রব্যসামগ্রী।˜ সত্র বি. দানশালা, যেখানে দান করা হয়।˜ সাগর বি. 1 শ্রাদ্ধকর্তার ষোলোটি দান বা ষোড়শদান; 2 (আল.) প্রচুর দান; দত্তবস্তুর অসাধারণ প্রাচুর্য।

দানব (p. 402) [dānaba] বি. 1 (পুরাণে কশ্যপের পত্নী) দনুর পুত্র; 2 অসুর, দৈত্য। [সং. দনু + অ (অপত্যার্থে)]। স্ত্রী. দানবী। দানবিক, দানবীয় বিণ. 1 দানব বা অসুরের মতো; 2 অত্যন্ত হিংস্র (দানবিক নিষ্ঠুরতা)।˜ দলনী বি. (স্ত্রী.) অসুরবিনাশিনী দুর্গাদেবী। দানবারি বি. 1 দানবের শত্রু; 2 (দানবের শত্রু বলে) দেবতা; 3 দানবনিধনকর্তা; 4 বিষ্ণু।

দানা2 (p. 402) [dānā2] বি. 1 ছোলা, মটর, কলাই প্রভৃতি শস্য বা তাদের বীজ; 2 বীজ, বীচি (ডালিমের দানা); 3 ক্ষুদ্র গুটিকার মতো গোলাকার পদার্থ (সাগুদানা, পোস্তর দানা); 4 মটরাকৃতি স্বর্ণগুটিকায় গ্রথিত কণ্ঠহারবিশেষ ('স্যাকর ডেকে মোহর কেটে গড়িয়ে দেব দানা'); 5 হারের গুটিকা; 6 ঘোড়া,

গাধা প্রভৃতি জন্তুর খাদ্য (দানাপানি)। [ফা. দানা]।˜ পানি বি. অন্নজল।˜ দার বিণ. ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকায় গঠিত; দানাওয়ালা (দানাদার গুড়)। □ বি. দানাওয়ালা মিঠাইবিশেষ। [ফা. দানা + দার]।

দানি2 (p. 402) [dāni2] বি. (প্রা. বাং.) হাটে বা পারঘাটে শুল্ক আদায়কারী, ঘাটোয়াল। [বাং. দান + ই]।

দানী (p. 402) [dānī] (-নিন্) বিণ. দানশীল। [সং. দান + ইন্]।

দানীয় (p. 402) [dānīẏa] বিণ. দানের যোগ্য। □ বি. দানের পাত্র বা বস্তু। [সং. √ দা + অনীয়]।

দানেচ্ছা (p. 402) [dānēcchā] বি. দান করার বা স্বত্ব ত্যাগ করে দেওয়ার ইচ্ছা। [সং. দান + ইচ্ছা]।

দানেশ-মন্দ (p. 402) [dānēśa-manda] বি. পণ্ডিত বা জ্ঞানী ব্যক্তি। [ফা. দানিশ্-মন্দ্]। দানেশ-মন্দি বিণ. পাণ্ডিত্যপূর্ণ বা জ্ঞানগর্ভ (দানেশমন্দি রচনা)।

দানো (p. 402) [dānō] বি. 1 দানব -এর কথ্য রূপ (দত্যিদানো); 2 অপদেবতা। [সং. দানব > দানও]। দানোয় পাওয়া ক্রি. বি. (কুসংস্কারে) অপদেবতার প্রভাবে পড়া।

দান্ত (p. 402) [dānta] বিণ. 1 দমিত, সংযত; 2 জিতেন্দ্রিয়, যিনি ইন্দ্রিয়কে বশে আনতে পেরেছেন; 3 তপস্যার কষ্ট সহ্য করতে পারে এমন। [সং. √ দম্ + ত]। দান্তি বি. দমন, শাসন; সংযম; ইন্দ্রিয়দমন; তপস্যার কষ্ট সহ্য করা।

দাপ (p. 402) [dāpa] বি. 1 অহংকার, গর্ব; 2 দাপট (গ্রীষ্মের দাপ); 3 দবদবা, প্রভাব (পায়ের দাপে মাটি কাঁপে)। [< সং. দর্প]।

দাপক (p. 405) [dāpaka] বি. যে দেওয়ায়। [সং. √ দা + ণিচ্ + অক]।

দাপট (p. 405) [dāpaṭa] বি. 1 তেজ, প্রচণ্ডতা, তীব্রতা (গ্রীষ্মের দাপট); 2 দর্পোদ্ধত স্বভাব, পরাক্রম (জমিদারের দাপট)। [বাং. দাপ + ট]।

দাপন (p. 405) [dāpana] বি. দান করানো। [সং. √ দা + ণিচ্ + অন]।

দাপা (p. 405) [dāpā] ক্রি. দাপানো, দাপাদাপি করা, অস্থিরভাবে বা ক্রোধিত হয়ে ছুটোছুটি করা। [বাং. দাপ + আ]। ̃ দাপি বি. 1 এমনভাবে ছুটোছুটি যাতে পায়ের শব্দ হয়, জোর পদশব্দ করে ছুটোছুটি; 2 অস্থিরভাবে ছুটোছুটি। ̃ নো ক্রি. 1 আস্ফালন করা; 2 ছটফট করা; 3 দাপাদাপি করা (দাপিয়ে বেড়ানো)। □ বি. উক্ত সব অর্থে। ̃ নি বি. দাপাদাপি।

দাপিত (p. 405) [dāpita] বিণ. 1 দান করানো হয়েছে এমন; 2 জরিমানা দিতে বাধ্য করা হয়েছে এমন। [সং. √ দা + ণিচ্ + ত]।

দাব1 (p. 405) [dāba1] বি. 1 প্রচণ্ড চাপ; 2 শাসন, দমন (দাবে রাখা); 3 তাড়না, ভৎর্সনা, তিরস্কার। [হি. দাব্]।

দাব2 (p. 405) [dāba2] বি. 1 বন (দাবানল); 2 বনের আগুন, বনাগ্নি; 3 আগুন; 4 তাপ।[সং. √ দু + অ]। ̃ দগ্ধ বিণ. বনাগ্নিতে দগ্ধ হয়েছে এমন। ̃ দাহ বি. 1 বনাগ্নির তাপ; 2 (আল.) তীব্র দাহরূপ যন্ত্রণা।

দাবড়া (p. 405) [dābaḍ়ā] ক্রি. দাবড়ানো, ধমক দেওয়া। [তু. দাপ]। ̃ নো ক্রি. 1 ধমক দেওয়া (খুব দাবড়ে দিয়েছি); 2 ভয় দেখানো; 3 পিছনে ধাওয়া করা। □ বি. উক্ত সব অর্থে। ̃ নি, দাবড়ি বি. ধমক. ভয়প্রদর্শন; তাড়া।

দাবনা (p. 405) [dābanā] বি. 1 ঊরুর মাংসল অংশ; 2 ঊরু। [দেশি]।

দাবা1 (p. 405) [dābā1] ক্রি. 1 দমন করা, চেপে রাখা (দাবিয়ে রাখা); 2 চাপা, টেপা (পা দাবা)। □ বি. উক্ত দুই অর্থে। [দাপ দ্র]। ̃ নো ক্রি. 1 দমন করা (শত্রুকে দাবিয়ে রাখা); 2 টেপা বা টেপানো (পা দাবানো); 3 জোরে চাপ দিয়ে নিচু করা (মাটি দাবানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

দাবা2 (p. 405) [dābā2] বি. 1 শতরঞ্জ খেলা; 2 ওই খেলার ঘুঁটিবিশেষ, মন্ত্রী। [দেশি]।

দাবাগ্নি, দবানল (p. 405) [dābāgni, dabānala] বি. বনের গাছে গাছে ঘর্ষণের ফলে যে আগুনের সৃষ্টি হয়। [সং. দাব2 + অগ্নি, অনল]।

দাবাড়ু, দাবাড়ে (p. 405) [dābāḍ়u, dābāḍ়ē] বি. শতরঞ্জ বা দাবা খেলোয়াড় বা ওই খেলায় পটু ব্যক্তি। [বাং. দাবা2 + ড়িয়া < ড়ে, ড়ু]।

দাবানো (p. 405) [dābānō] দ্র দাবা1।

দাবা-বড়ে, দাবা-বোড়ে (p. 405) [dābā-baḍ়ē, dābā-bōḍ়ē] বি. দাবা খেলা বা ওই খেলার ঘুঁটি। [বাং. দাবা2 + বড়ে (সং. বটিকা)]।

দাবি (p. 405) [dābi] বি. 1 অধিকার, স্বত্ব (এ জমিতে তার কোনো দাবি নেই); 2 অধিকার, চাহিদা বা ন্যায্য পাওনা সম্পর্কে ঘোষণা (এ দাবি তুমি করতে পার না)। [আ. দাআবী]।˜ দাওয়া বি. অধিকার ও তৎসম্পর্কিত ঘোষণা; অভাব-অভিযোগ।˜ দার বি. বিণ. ওয়ারিশ; যে দাবি করে; দাবিসম্পন্ন লোক।˜ পত্র বি. দাবি বা অধিকার সংবলিত পত্র বা নথি।

দাম1 (p. 405) [dāma1] (-মন্) বি. দড়ি, বন্ধনরজ্জু (দামোদর); 2 রেখা, ছটা (বিদ্যুদ্দাম); 3 মালা (কুসুমদাম); 4 গুচ্ছ (কেশদাম); 5 শৈবাল, দল, জলজ উদ্ভিদবিশেষ। [সং. √ দো + মন্]।

দাম2 (p. 405) [dāma2] বি. 1 মূল্য, দর (জিনিসপত্রের দাম); 2 মর্যাদা, গুরুত্ব (তার কথার দাম নেই)। [সং. দ্রম্য তু. গ্রি. drachma]।

দামড়া (p. 405) [dāmaḍ়ā] বি. 1 ছিন্নমুষ্ক ষণ্ড, মুষ্কহীন ষাঁড়; 2 বলদ; 3 শিশু বৃষ। [< সং. দম্য (বাছুর)]।

দামা-দামি (p. 405) [dāmā-dāmi] বি. দাম নিয়ে বোঝাপড়া, দর কষাকষি। [বাং. দাম + (আ) + দাম + ই]।

দামামা (p. 405) [dāmāmā] বি. ঢাকজাতীয় প্রাচীন রণবাদ্যবিশেষ। [ফা. দামামহ্]।

দামাল (p. 405) [dāmāla] বিণ. দুর্দান্ত, অতি দুরন্ত বা অশান্ত (দামাল ছেলে)। [বাং. তু. সং. দুর্দম]।

দামি (p. 405) [dāmi] বিণ. 1 মূল্যবান (দামি পাথর); 2 মর্যাদাবান, গুরুত্বপূর্ণ (দামি কথা)। [বাং. দাম2 + ই]।

দামিনী (p. 405) [dāminī] বি. (স্ত্রী.) বিদ্যুত্ ('দিশি দিশি সচকিত, দামিনী চমকিত': রবীন্দ্র)। [সং. দামন্ + ইন্ + ঈ (স্ত্রী)]।

দামোদর (p. 405) [dāmōdara] বি. 1 (শৈশবে দুরন্তপনার জন্য যশোদা উদরে অর্থাত্ কোমরে দাম বা দড়ি বেঁধে রাখতেন বলে) শ্রীকৃষ্ণ; 2 বিষ্ণু; 3 পশ্চিমবঙ্গের নদীবিশেষ। [সং. দামন্ + উদর]।

দাম্পত্য (p. 405) [dāmpatya] বিণ. দম্পতিবিষয়ক। □ বি. 1 দম্পতির অবস্থা; 2 স্বামী-স্ত্রীর সম্পর্ক। [সং. দম্পতি + য]।

দাম্ভিক (p. 405) [dāmbhika] বিণ. দম্ভপ্রকাশকারী; গর্বিত, অহংকারী। [সং. দম্ভ + ইক]। বি.˜ তা।

দায়1 (p. 405) [dāẏa1] বি. পৈতৃক ধন, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি (দায়ভাগ)। [সং. √দা + অ]। ˜ ভাগ বি. জীমূতবাহনকৃত পৈতৃক ধনের বিভাগসম্পর্কিত প্রাচীন আইনগ্রন্হবিশেষ।

দায়2 (p. 405) [dāẏa2] বি. 1 সংকট, বিপদ (দায়ে ঠেকেছে); 2 গরজ, প্রয়োজন (পেটের দায়ে, দায়টা আমারই); 3 গুরুতর কর্তব্যের ভার (কন্যাদায়, পিতৃদায়); 4 দায়িত্ব, ঝুঁকি (অপরের দায় ঘাড়ে নেওয়া); 5 অভিযোগ (ডাকাতির দায়ে গ্রেপ্তার হয়েছে)। [সং. দায় > বাং. অর্থান্তরে]। ˜ সারা বি. বিণ. অবহেলা বা অবহেলাপূর্ণ; অসহযোগিতা বা অসহযোগিতাপূর্ণ (দায়সারা কাজ)। দায়ে ঠেকা, দায়ে পড়া ক্রি. বি. বিপদে পড়া; প্রয়োজনের চাপে পড়া (দায়ে পড়া টাকা দিতে হল)।

দায়ক (p. 405) [dāẏaka] বিণ. (সমাসে পরপদরূপে) দাতা, যে দেয়, (কষ্টদায়ক, আরামদায়ক)। [সং. √ দা + অক]। বিণ. স্ত্রী. -দায়িকা, -দায়িনী।

দায়-গ্রস্ত (p. 405) [dāẏa-grasta] বিণ. 1 বিপদে বা মুশকিলে পড়েছে এমন; 2 কর্তব্যভারে ক্লিষ্ট (কন্যাদায়গ্রস্ত); 3 দেনাদার, ঋণগ্রস্ত। [বাং. দায়2 + গ্রস্ত]।

দায়-বদ্ধ (p. 405) [dāẏa-baddha] বিণ. কর্তব্য পালনের দায়িত্ব আছে এমন (সমাজের প্রতি দায়বদ্ধ)। [বাং. দায়2 + বদ্ধ]।

দায়ভাগ (p. 406) [dāẏabhāga] দ্র দায়1।

দায়রা (p. 406) [dāẏarā] বি. উচ্চ ফৌজদারি আদালত, সেশন কোর্ট, (পরি) দণ্ডসত্র। [ফা. দায়রা]।˜ জজ বি. সেশন কোর্টের বিচারক।˜ সোর্পদ,˜ সোপরদ্দ বিণ. সেশন কোর্টে বিচারের জন্য প্রেরিত।

দায়সারা (p. 406) [dāẏasārā] দ্র দায়2।

দায়াদ (p. 406) [dāẏāda] বি. 1 উত্তরাধিকারের দাবিপত্র; 2 পুত্র; 3 পৈতৃক ধনের অধিকারী; 4 জ্ঞাতি। [সং. দায় + আ + √ দা + অ]। দায়াদী বি. (স্ত্রী.) 1 কন্যা; 2 উত্তরাধিকারিণী □ বিণ. উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত।

দায়িক (p. 406) [dāẏika] বিণ. 1 দায়ী (তার দুর্ভাগ্যের জন্য আমি দায়িক নই); 2 ঋণগ্রস্ত, খাতক; 3 জিম্মাদার। [বাং. দায়ী1 + ক (স্বার্থে)]।

দায়িকা (p. 406) [dāẏikā] দ্র দায়ক।

দায়িত্ব (p. 406) [dāẏitba] দ্র দায়ী।

দায়ী (p. 406) [dāẏī] (-য়িন্) বিণ. 1 দায়ক, প্রদানকারী (কষ্টদায়ী জীবনদায়ী); 2 (বাং. বিশেষ অর্থ) ঝুঁকি বা দায়িত্ব বর্তেছে এমন (এই কাজের জন্য আমি দায়ী নই); 3 দায়িক, অপরাধী (এই ভুলের জন্য কে দায়ী?); 4 জবাবদিহি করতে বাধ্য এমন। [সং. দায় + ইন]। দায়িত্ব বি. 1 দানকারিতা, দাতৃত্ব; 2 কর্তব্যভার (দায়িত্বপালন, সামাজিক দায়িত্ব); 3 ঝুঁকি (কাজের দায়িত্ব); 4 ভুলের বা অপরাধের দায়। দায়িত্ব-জ্ঞান বি. কর্তব্য সম্বন্ধে সচেতনতা। দায়িত্ব-বোধ দায়িত্বজ্ঞান -এর অনুরূপ। দায়িনী বিণ. (স্ত্রী.) প্রদানকারিণী।

দায়ের (p. 406) [dāẏēra] বিচারের জন্য উপস্থাপিত, রুজু (মামলা দায়ের করা)। [ফা. দাএর]।

দার1 (p. 406) [dāra1] বি. পত্নী (অকৃতদার, মৃতদার)। [সং. √ দৃ + অ]।˜ কর্ম,˜ গ্রহণ,˜ পরিগ্রহ,˜ পরিগ্রহ বি. বিবাহ।

দার2 (p. 406) [dāra2] বিণ. (তদ্ধিত প্রত্যয়বিশেষ) 1 যুক্ত (জরিদার, চুড়িদার); 2 দায়ক, সৃষ্টি করে বা উৎপন্ন করে এমন (মজাদার); 3 মালিক (জমিদার, আড়তদার); 4 অধিকারী (পাওনাদার); 5 অধ্যক্ষ (থানাদার); 6 দায় বা দায়িত্ব আছে এমন (দেনাদার)। [ফা.দার]।˜ দারি বি. বৃত্তিসূচক বাংলা তদ্ধিত প্রত্যয়বিশেষ (দোকানদারি, তবিলদারি)।

দারক (p. 406) [dāraka] বি. 1 পুত্র; 2 বালক। □ বিণ. বিদারক।[সং. √ দৃ + অক]। দারিকা বি. (স্ত্রী.) কন্যা। □ বিণ. (স্ত্রী.) বিদারণ করে এমন।

দারগ্রহণ (p. 406) [dāragrahaṇa] দ্র দার1।

দার-চিনি (p. 406) [dāra-cini] বি. মশলারূপে ব্যবহৃত গাছবিশেষের সুগন্ধযুক্ত ও মিষ্টি স্বাদের ছাল। [ফা. দারচীনা]।

দারা (p. 406) [dārā] বি. দার 1-এর চলিত বাংলা রূপ ('দারাপুত্র পরিবার তুমি কার': হেম.)।

দারি (p. 406) [dāri] দ্র দার 2।

দারিকা (p. 406) [dārikā] দ্র দারক।

দারিত (p. 406) [dārita] বিণ. বিদারণ করা হয়েছে এমন, বিদারিত, দীর্ণ। [সং. √ দৃ + ণিচ্ + ত]।

দারিদ্র, দারিদ্র্য (p. 406) [dāridra, dāridrya] বি. 1 দরিদ্র অবস্থা, দারিদ্রতা, অভাব-অনটন (এ দেশের দারিদ্র আর কবে ঘুচবে?); 2 দীনতা। [সং. দরিদ্র + অ, য]।

দারী (p. 406) [dārī] (-রিন্) বিণ. বিদারণ করে এমন, বিদারণকারী (তমসাদারী, রিপুদারী)। স্ত্রী. দারিণী। [সং. √ দৃ + ই + ইন্]।

দারু1 (p. 406) [dāru1] বি. মদ। [ফা. দারু]।

দারু2 (p. 406) [dāru2] বি. কাঠ (দারুময়, দারুশিল্পী)। [সং. √ দৃ + উ]। ̃ পাত্র বি. কাঠের তৈরি পাত্র। ̃ ব্রাহ্ম বি. জগন্নাথদেবের কাঠের মূর্তি। ̃ ময় বিণ. কাঠের তৈরি। ̃ শিল্পী বি. কাঠের দ্রব্য তৈরি করে এমন কারিগর।

দারুচিনি (p. 406) [dārucini] (দারু2 -এর প্রভাবে) দারচিনি -র রূপভেদ।

দারুণ (p. 406) [dāruṇa] বিণ. 1 অতিশয় (দারুণ খিদে); 2 ভীষণ (দারুণ রাগ, দারুণ ভয়); 3 প্রবল (দারুণ ঝড়, দারুণ জ্বর); 4 তীব্র, উগ্র (দারুণ রোদ,

'দারুণ অগ্নিবাণে রে': রবীন্দ্র); 5 অসহ্য ('কান্ত পাহুন কাম দারুণ': বিদ্যা); 6 কঠিন, দুর্জয় (দারুণ সংকল্প); 7 নিষ্ঠুর, নৃশংস (দারুণ পীড়ন, দারুণ বাক্য, দারুণ যন্ত্রণা)। □ বিণ-বিণ. খুব (দারুণ ভালো)। □ ক্রি-বিণ. 1 প্রবল পরাক্রমে (দারুণ খেলেছে); 2 চমৎকার (আজ দারুণ খেয়েছি)। [সং. √ দৃ + ণিচ্ + উন]।

দারুব্রহ্ম, দারুময়, দারুশিল্পী (p. 406) [dārubrahma, dārumaẏa, dāruśilpī] দ্র দারু2।

দারোগা (p. 406) [dārōgā] বি. থানার ভারপ্রাপ্ত পুলিশ-কর্মচারী; পুলিশের সাব-ইনেস্পক্টর। [তুর.]।

দার্ঢ্য (p. 406) [dārḍhya] বি. 1 দৃঢ়তা, অনমনীয়তা; 2 স্থৈর্য; 3 কাঠিন্য। [সং. দৃঢ় + য]।

দার্শনিক (p. 406) [dārśanika] বিণ. 1 দর্শনশাস্ত্রজ্ঞ; 2 দর্শনশাস্ত্রসম্বন্ধীয় (দার্শনিক তত্ত্ব); 3 চিন্তাশীল; 4 দর্শনশাস্ত্রজ্ঞসুলভ (দার্শনিক মতিগতি)। □ বি. দর্শনশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। [সং. দর্শন + ইক]। ˜ তা বি. 1 দার্শনিকের ভাব; 2 চিন্তাশীলতা; 3 দর্শনশাস্ত্রজ্ঞের মতো মতিগতি; 4 (প্রধানত ব্যঙ্গে) অত্যধিক চিন্তাশীলতা।

দালান (p. 406) [dālāna] বি. 1 ইট ইত্যাদি দিয়ে নির্মিত পাকা বাড়ি; 2 ঢাকা বারান্দা বা মণ্ডপ (পুজোর দালান); 3 ঘরের সংলগ্ন ঘেরা বারান্দা, দরদালান। [ফা. দালান]। ˜ কোঠা বি. পাকা বাড়ি। দালান দেওয়া ক্রি. বি. পাকা ইমারত বা বাড়ি তৈরি করা।

দালাল (p. 406) [dālāla] বি. 1 ব্যাবসাবাণিজ্য, ক্রয়-বিক্রয় ইত্যাদিতে যে ব্যক্তি মধ্যস্থের কাজ করে; 2 (নিন্দায়) অযৌক্তিকভাবে কারও পক্ষ অবলম্বনকারী বা পক্ষসমর্থনকারী (সরকারের দালাল, মালিকের দালাল)। [আ. দলাল]। দালালি বি. 1 দালালের বৃত্তি বা কাজ; 2 দালালের প্রাপ্য পারিশ্রমিক (দালালির টাকা); 3 (নিন্দায়) অন্যায়ভাবে মধ্যস্থতা বা পক্ষসমর্থন।

দালিয়া (p. 407) [dāliẏā] বি. গমের সুজি, গম পিষে প্রস্তুত সুজির মতো খাদ্যবিশেষ। [সং. দালডাল1 দ্র]।

দাশ (p. 407) [dāśa] বি. ধীবর, জেলে। [সং. √ দাশ্ + অ]। ˜ কন্যা, ˜ নন্দিনী বি. (স্ত্রী.) বেদব্যাসের জননী ও ধীবরকন্যা সত্যবতী।

দাশরথি, দাশরথ (p. 407) [dāśarathi, dāśaratha] বি. দশরথের পুত্র অর্থাত্ রামচন্দ্র ও তাঁর ভ্রাতারা। [সং. দশরথ + (অপত্য অর্থে) ই, অ]।

দাস (p. 407) [dāsa] বি. 1 ভৃত্য, চাকর; 2 ক্রীতদাস (দাস ব্যবসায়); 3 জেলে, কৈবর্ত, দাশ; 4 শূদ্র; 5 অনার্য জাতি; 6 অধীন বা অনুগত ব্যক্তি (দাসানুদাস, অবস্থার দাস)। [সং. √দাস্ + অ]। বি. স্ত্রী. দাসী। ˜ খত বি. দাসত্ব বা ক্রীতদাসত্ব স্বীকারের দলিল। ˜ ত্ব বি. ভৃত্যের কাজ; পরাধীনতা। ˜ প্রথা, ˜ ত্ব-প্রথা বি. ক্রীতদাস-ক্রীতদাসী রাখার প্রথা। ˜ ব্যবসায়, ˜ ব্যাবসা বি. নরনারীকে আজীবন ও বংশানুক্রমে ক্রীতদাসরূপে ক্রয়-বিক্রয়। ˜ মনোভাব বি. দাসসুলভ পরনির্ভরতা ও আত্মসম্মানবোধের অভাব। দাসানু-দাস বি. গোলামের গোলাম

অর্থাত্ একান্ত অনুগত ব্যক্তি। দাসেয় বি. দাসীর গর্ভজাত প্রভুপুত্র। দাসের, দাসেরক বি. দাসীপুত্র।

দাস্ত (p. 407) [dāsta] বি. 1 মলনিঃসরণ, মলত্যাগ; 2 প্রচুর তরল মল নিঃসরণ, উদরাময়, পাতলা পায়খানা। [ফা. দস্ত্]।

দাস্য (p. 407) [dāsya] বি. 1 দাসের ভাব; 2 দাসের অবস্থা, দাসত্ব; 3 (বৈ. শা.) সেবকভাবে উপাসনা; 4 (বৈ. শা.) উপাস্যের প্রতি উপাসকের কিংবা সেব্যের প্রতি সেবকের কর্তব্য বা আচরণ (দাস্যভাব)। [সং. দাস + য]। ̃ বৃত্তি বি. চাকরি; গোলামি; দাসত্ব।

দাস্যা (p. 407) [dāsyā] বি. (স্ত্রী.) 1 শূদ্রার পদবি; 2 শূদ্রবিধবার পদবি। [সং. দাস্যাঃ]।

দাহ (p. 407) [dāha] বি. 1 দহন, জ্বলন (গৃহদাহ); 2 জ্বালা, উত্তাপজনিত জ্বালা ('জুড়াল রে দিনের দাহ': রবীন্দ্র); 3 শবদাহ, মৃতসৎকার (দাহকার্য সেরে ফিরল); 4 পোড়ানি যন্ত্রণা (গাত্রদাহ, অন্তর্দাহ)। [সং. √ দহ্ + অ]। ̃ ক বিণ. দহনকারী; যন্ত্রণাদায়ক। স্ত্রী. দাহিকা ̃ ন বি. দগ্ধ করা; সন্তাপন; সন্তাপ। বিণ. দাহিত। দাহী (-হিন্) বিণ. দাহকারী।

দাহিকা (p. 407) [dāhikā] দ্র দাহ। দাহিকা শক্তি বি. পোড়াবার ক্ষমতা।

দাহিত (p. 407) [dāhita] বিণ. দাহ করা হয়েছে এমন। [সং. √ দহ্ + ণিচ্ + ত]।

দাহী (p. 407) [dāhī] দ্র দাহ।

দাহ্য (p. 407) [dāhya] বিণ. 1 দহনযোগ্য; 2 সহজে জ্বলে উঠতে পারে এমন (দাহ্য বস্তু)। [সং. √ দহ্ + য]।

দি2 (p. 407) [di2] পদান্তে দিদি -র রূপবিশেষ (ছোড়দি, বড়দি)।

দিওয়ানা (p. 407) [diōẏānā] বিণ. বি. বিবাগি, উদাসী, পাগল। [ফা. দিওয়ানা > হি. দীওয়ানা]।

দিক1 (p. 407) [dika1] বিণ. বিরক্ত, জ্বালাতন (দিক করা)। [আ. দিক্]।

দিক2, (বর্জি.) দিক্ (p. 407) [dika2, (barji.) dik] বি. 1 উত্তর-দক্ষিণ-পূর্ব-পশ্চিম-ঈশান অগ্নি বায়ু নৈর্ঋত ঊর্ধ্ব অধঃ-এই দশটির যেকোনোটি; 2 অভিমুখ (বাড়ির দিকে); 3 পার্শ্ব, পাশ (চার দিক); 4 অংশ, বিভাগ (বাড়ির ভিতর দিক); 5 পক্ষ, তরফ, দল (সে আমার দিকে থাকবে); 6 অঞ্চল, প্রদেশ (উত্তর দিকের লোক); 7 সীমা (ভারতের তিন দিকে সমুদ্র)। [সং. √ দিশ্ + ক্বিপ্]।˜ চক্র বি. দিঙ্মণ্ডল, দিগ্বলয়।˜ চক্র-বাল বি. আকাশপ্রান্ত, দিগন্তরেখা।˜ দিগন্ত, দিগ্-দিগন্ত বি. সমস্ত দিক, চারিদিক; সমস্ত স্থান ('সুখে দুখে ভরি দিক্-দিগন্ত': রবীন্দ্র)।˜ পতি,˜ পাল বি. 1 ইন্দ্র অগ্নি যম নির্ঋতি বরুণ বায়ু কুবের ঈশান (বা শিব) ব্রহ্মা অনন্ত (বা নারায়ণ)-দশ দিকের এই দশ অধিদেবতা; 2 (আল.) মহিমান্বিত বা অতিপ্রভাবশালী ব্যক্তি।˜ শূল বি. গ্রহনক্ষত্রের অশুভকর অবস্থানের জন্য কোনো বিশেষ দিকে যাওয়ার নিষেধ।

দিগকে (p. 407) [digakē] (সাধু.) 2য়া ও 4র্থীর বহুবচনের বিভক্তিবিশেষ (আমাদিগকে, বালকদিগকে)। [ফা. দিগর]।

দিগ্-গজ (p. 407) [dig-gaja] বি. 1 পূর্বাদিক্রমে অষ্টদিকে রক্ষক ঐরাবতসহ অষ্টহস্তী; 2 (প্রায়শ ব্যঙ্গে) মহাপণ্ডিত ব্যক্তি। □ বিণ. (ব্যঙ্গে) মস্ত বড় (দিগ্গজ পণ্ডিত)। [সং. দিক্ + গজ]।

দিগঙ্গনা (p. 407) [digaṅganā] বি. দিকসমূহের অধিষ্ঠাত্রী দিব্যাঙ্গনা, দিগ্বধু। [সং. দিক্ + অঙ্গনা]।

দিগ্-জ্ঞান (p. 407) [dig-jñāna] বি. 1 দিকসমূহের অবস্থান সম্বন্ধে বোধ; 2 (আল.) কাণ্ডজ্ঞান, সামান্য জ্ঞান (লোকটার কোনো দিগজ্ঞান নেই)। [সং. দিক্ + জ্ঞান]।

দিগ্-দর্শন (p. 407) [dig-darśana] বি. 1 দিক নির্ণয় বা প্রদর্শন; 2 অভিজ্ঞতা; 3 কোনো বিষয়ে বিস্তৃত আলোচনার পরিবর্তে সংক্ষিপ্ত পরিচয় দেওয়া, সংক্ষিপ্ত বর্ণনা। [সং. দিক্ + দর্শন]। ˜ যন্ত্র বি. দিক নির্ণয়ের যন্ত্র, কম্পাস। দিগ-দর্শী (-র্শিন্) বিণ. 1 দিক নির্ণয়কারী বা প্রদর্শনকারী; 2 কোনো বিষয়ে সংক্ষিপ্ত বর্ণনা বা ইঙ্গিত প্রদানকারী। □বি. দিগ্দর্শন যন্ত্র।

দিগ্দিগন্ত (p. 407) [digdiganta] দ্র দিক2।

দিগন্ত (p. 407) [diganta] বি. 1 দিকের সীমা; 2 দূর থেকে চেয়ে দেখলে যেখানে আকাশ ও পৃথিবী মিলিত হয়েছে বলে মনে হয়। [সং. দিক্ + অন্ত]।˜ প্রসারী (-রিন্),˜ বিস্তৃত,˜ ব্যাপী (-পিন্) বিণ. বহুদূর বিস্তৃত; সুদূরপ্রসারী।

দিগন্তর (p. 407) [digantara] বি. 1 দিকের দূরত্ব; 2 ভিন্ন বা অন্য দিক ('দিক হতে ওই দিগন্তরে': রবীন্দ্র)। [সং. দিক্ + অন্তর]।

দিগ্বধূ, দিগ্বলয়, দিগ্বালিকা, দিগ্বিজয়, দিগ্বিদিক (p. 407) [digbadhū, digbalaẏa, digbālikā, digbijaẏa, digbidika] যথাক্রমে দিগ্বধূ, দিগ্বলয়, দিগ্বালিকা, দিগ্বিজয় ও দিগ্বিদিক -এর বানানভেদ।

দিগ্-ভোলা (p. 407) [dig-bhōlā] বিণ. বাহ্য বিষয়ে নিরাসক্ত বা উদাসীন; আত্মভোলা। [সং. দিক্ + বাং. ভোলা]।

দিগ্-ভ্রম, দিগ্-ভ্রান্তি (p. 407) [dig-bhrama, dig-bhrānti] বি. 1 দিক নির্ণয়ে ভুল বা অক্ষমতা; 2 (আল.) তাল ঠিক না রাখা। [সং. দিক্ + ভ্রম, ভ্রান্তি]। দিগ্-ভ্রান্ত বিণ. দিশাহারা।

দিগম্বর (p. 407) [digambara] বিণ. 1 দশ দিক যার অম্বর বা আবরণস্বরূপ; 2 উলঙ্গ, বিবস্ত্র। □ বি. 1 দিক্স্বরূপ বস্ত্র; 2 শিব; 3 জৈন সম্প্রদায়বিশেষ। [সং. দিক্ + অম্বর]। দিগম্বরী বিণ. (স্ত্রী.) বিবসনা। □ বি. শিবপত্নী কালিকাদেবী।

দিগ্ধ (p. 408) [digdha] বিণ. মিশ্রিত, লিপ্ত (বিষদিগ্ধ বাণ)। [সং. √ দিহ্ + ত]। স্ত্রী. দিগ্ধা।

দিগ্বধূ, দিগ্‌-বধূ (p. 408) [digbadhū, dig-badhū] বি. দিগঙ্গনা, দিকসমূহের অধিষ্ঠাত্রী দেবী ('আঁধার মাখায় দিগ্বধূদের কেশে': নজরুল)।

দিগ্বলয়, দিগ্‌-বলয় (p. 408) [digbalaẏa, dig-balaẏa] বি. চক্রবাল, দিঙ্মণ্ডল, দিগন্ত। [সং. দিক্ + বলয়]।

দিগ্বসন, দিগ্বাস (p. 408) [digbasana, digbāsa] বিণ. 1 দিক যার বসন, দিগম্বর; 2 উলঙ্গ। □ বি. 1 দিক্রূপ বসন; 2 শিব। [সং. দিক্ + বসন, বাস]। দিগ্বসনা বিণ. (স্ত্রী.) বিবস্ত্রা। □ বি. কালী।

দিগ্বালা, দিগ্বালিকা, দিক্-বালিকা, দিগ্‌-বালিকা (p. 408) [digbālā, digbālikā, dik-bālikā, dig-bālikā] বি. দিক্রূপ বালিকা, দিগঙ্গনা ('আনমনা যেন দিক্বালিকার ভাসানো মেঘের ভেলা': রবীন্দ্র)। [সং. দিক্ + বালা, বালিকা]।

দিগ্বিজয়, দিগ্‌-বিজয় (p. 408) [digbi়jaẏa, dig-bijaẏa] বি. (যুদ্ধ, পাণ্ডিত্য প্রভৃতির দ্বারা) চতুর্দিক জয় করা। [সং. দিক্ + বিজয়]। দিগ্বিজয়ী (-য়িন্) বিণ. দিগ্বিজয়কারী।

দিগ্বিদিক, দিগ্‌-বিদিক (p. 408) [digbidika, dig-bidika] (-দিশ্) বি. 1 দিক ও দুই দিকের মধ্যবর্তী কোণ; 2 সর্বদিক; 3 গুরু-লঘু, হিতাহিত, ন্যায়-অন্যায় (লোকটার দিগ্বিদিক জ্ঞান নেই)। [সং. দিক্ + বিদিক্ (দ্র.)]।

দিঘ (p. 408) [digha] বি. (আঞ্চ.) দৈর্ঘ্য (আড়েদিঘে)। □ বিণ. (প্রা. বাং.) দীর্ঘ। [< সং. দীর্ঘ]। ˜ ল বিণ. (সচ. কাব্যে) দীর্ঘ, লম্বাটে (দিঘল আঁখি)।

দিঘি, দীঘি (p. 408) [dighi, dīghi] বি. বড়ো পুষ্করিণী; সরোবর। [< সং. দীর্ঘিকা]।

দিঙ্-নাগ (p. 408) [diṅ-nāga] বি. 1 দিগ্গজ; 2 বিখ্যাত বৌদ্ধ দার্শনিক; 3 (ব্যঙ্গে) স্থূলদর্শী কঠোর সমালোচক। [সং. দিক্ + নাগ]।

দিঙ্-নির্ণয় (p. 408) [diṅ-nirṇaẏa] বি. কোনটি কোন দিক তা স্থির করা। [সং. দিক্ + নির্ণয়]। দিঙ্নির্ণয় যন্ত্র বি. যে যন্ত্রের দ্বারা নাবিকেরা দিক স্থির করে, দিগ্দর্শনযন্ত্র, কম্পাস।

দিঙ্-মণ্ডল (p. 408) [diṅ-maṇḍala] বি. চক্রবাল, দিগ্বলয়। [সং. দিক্ + মণ্ডল]।

দিঙ্-মূঢ (p. 408) [diṅ-mūḍha] বিণ. দিগভ্রান্ত; কাণ্ডজ্ঞানহীন। [সং. দিক্ + মূঢ়]।

দিঠ, দিঠি (p. 408) [diṭha, diṭhi] বি. (কাব্যে) দৃষ্টি, চক্ষু, ('সবার দিঠি এড়ায়ে এলে': রবীন্দ্র)। [< সং. দৃষ্টি]।

দিৎসা (p. 408) [ditsā] বি. দান করার বা দেবার ইচ্ছা। [সং. √ দা + সন্ + আ]। দিৎসু বিণ. দান করতে বা দিতে ইচ্ছুক।

দিতি (p. 408) [diti] বি. কশ্যপমুনির পত্নী, দৈত্যদের মাতা। [সং. √ দো + তি]।

দিদা (p. 408) [didā] বি. 1 মাতামহী, মায়ের মা; 2 পিতামহী, বাবার মা। [দেশি]।

দিদি (p. 408) [didi] বি. 1 জ্যেষ্ঠা ভগিনী; 2 মাতামহী, পিতামহী বা তত্তুল্য স্ত্রীলোককে সম্বোধন; 3 পৌত্রী দৌহিত্রী বা তত্তুল্য কাউকে সম্বোধন। [দেশি-তু. তুর. দিদি]।˜ ঠাকুরানি,˜ ঠাকরুন বি. শ্রদ্ধেয় মহিলাকে সম্বোধন।˜ মা বি. মাতামহী।

দিদৃক্ষা (p. 408) [didṛkṣā] বি. দেখার ইচ্ছা। [সং. √ দৃশ্ + সন্ + আ]। দিদৃক্ষ-মাণ বিণ. দেখছে এমন। দিদৃক্ষু বিণ. দেখতে ইচ্ছুক, দর্শনাভিলাষী।

দিন1 (p. 408) [dina1] বি. ধর্ম (দিন-ই-ইলাহি)। [আ. দীন]।

দিন2 (p. 408) [dina2] বি. 1 সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়; 2 দিবস, একবার সূর্যোদয় থেকে পুনরায় সূর্যোদয় পর্যন্ত সময় (=24ঘণ্টা সময়), দিবারাত্র (দিনে একবার খায়); 3 (জ্যোতিষ.) চান্দ্রমাসের ত্রিশ ভাগের এক ভাগ বা তিথি (=8 প্রহর)। □ ক্রি-বিণ. (আঞ্চ.) প্রতিদিন (দিন আনি দিন খাই, সে দিন বাজারে যায়)। দিন আসা ক্রি. বি. সুদিন আসা; সুযোগ আসা (আমারও দিন আসবে)।˜. কর,˜. নাথ,˜. পতি,˜. মণি বি. সূর্য। দিন কাটা ক্রি. দিন বা সময় অতিবাহিত হওয়া।˜ কাল (আল.) বি. সময় ও অবস্থা (দিনকাল বড় খারাপ)।˜ ক্ষণ বি.

দিনের শুভ-অশুভ অবস্থা (দিনক্ষণ দেখে বাড়ি থেকে বেরিয়ো)।˜ ক্ষয় বি. 1 তিথিক্ষয়, ত্র্যহস্পর্শ; 2 সন্ধ্যাকাল।˜ গত পাপক্ষয় বি. প্রাত্যহিক জীবনযাত্রার নিত্যকর্ম, বিনা আনন্দে শুধু শুকনো কর্তব্যপালন। দিন গোনা ক্রি. বি. দীর্ঘকাল ধরে সাগ্রহে প্রতীক্ষা করা। দিন চলা ক্রি. বি. জীবনযাত্রার দৈনন্দিন খরচ জোগাড় হওয়া।˜ দগ্ধা বি. (জ্যোতিষ.) বার ও তিথির যে মিলনে শুভকাজ নিষিদ্ধ। দিন-দিন ক্রি-বিণ. 1 দিনের বেলায়, প্রকাশ্যে।˜ পত্রী বি. প্রতিদিনের বিবরণ লিখে রাখার খাতা, ডায়েরি।˜ পাত,˜ যাপন বি. কালযাপন, কাল কাটানো। দিন ফুরানো ক্রি. বি. 1 দিন বা সময় শেষ হওয়া; 2 আয়ু শেষ হওয়া। দিন যাওয়া দিন কাটা -র অনুরূপ।˜ মজুরি বি. দিন হিসাবে পারিশ্রমিক নিয়ে জীবিকা নির্বাহ।˜ মণি দ্র দিনকর।˜ মান বি. দিবাভাগ, সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়।˜ রাত্রি বি. দিন ও রাত্রি। □ ক্রি-বিণ. সারা দিনে ও রাতে।˜ লিপি বি. ডায়েরি, রোজনামচা।˜ শেষ, দিনাত্যয়, দিনান্ত, দিনাবসান বি. দিনের শেষ, সন্ধ্যা। দিনে ডাকাতি বি. 1 প্রকাশ্য দিবালোকে ডাকাতি; 2 (আল.) অত্যন্ত দুঃসাহসী কুকর্ম। দিনে দিনে ক্রি-বিণ. উত্তরোত্তর, ক্রমশ।

দিনাঙ্ক (p. 408) [dināṅka] বি. তারিখ; দিনসংখ্যা। [সং. দিন + অঙ্ক]।

দিনাতি-পাত (p. 408) [dināti-pāta] বি. দিন কাটানো, দিনযাপন। [সং. দিন + অতিপাত]।

দিনানুদিন (p. 408) [dinānudina] ক্রি-বিণ. প্রতিদিন; দিনের পর দিন। □ বি. (কাব্যে) দৈনন্দিনতা ('ওরা হেঁটে যায়..... দিনানুদিনের আলপথে': শ. ঘো.)। [সং. দিন + অনুদিন]।

দিনান্ত (p. 408) [dinānta] বি. দিনের শেষ। [সং. দিন + অন্ত]।

দিনার (p. 408) [dināra] বি. 1 আরবের স্বর্ণমুদ্রাবিশেষ; 2 আরব ও অন্য কোনো কোনো দেশের মুদ্রা। [আ. দীনার]।

দিনেমার (p. 408) [dinēmāra] বি. ডেনমার্কের অধিবাসী। [ফ. Danemark, ইং. Denmark]।

দিনেশ (p. 408) [dinēśa] বি. সূর্য। [সং. দিন + ঈশ]।

দিবস (p. 408) [dibasa] বি. 1 দিনমান, দিনভাগ (দিবসরজনী); 2 দিন, দিন ও রাত্রি (বহু দিবস কেটেছে). [সং. √ দিব্ + অস]।

দিবা (p. 408) [dibā] বি. দিনমান, দিনের বেলা (দিবালোকে, কিবা রাত কিবা দিবা)। □ ক্রি-বিণ. দিনমানে, দিনের বেলায় (দিবা দ্বিপহরে ঘুমানো)। [সং. √ দিব্ + আ]। ˜ কর, ˜ বসু বি. সূর্য। ˜ নিদ্রা বি. দিনের বেলায় ঘুম। ˜ নিশি, ˜ রাত্র, ˜ রাত্রি ক্রি-বিণ. দিনরাত, সারা দিনরাত; সর্বক্ষণ। ˜ন্ধ বিণ. দিনের বেলা দেখতে পায় না এমন। □ বি. প্যাঁচা। ˜ ব-সান বি. দিনের শেষ, সন্ধ্যা। ˜ বিহার বি. দিনের বেলায় বা দুপুরের খেলা বা বিশ্রাম। ˜ ভাগ বি. দিনের বেলা। ˜ ভীত বি. প্যাঁচা। ˜ বসু দ্র দিবাকর। ˜ রাত্র দিবানিশি -র অনুরূপ। ˜ লোক বি. 1 দিনের আলো; 2 দিনমান, দিবাভাগ। ˜ স্বপ্ন বি. 1 দিবানিদ্রায় দেখা স্বপ্ন; 2 অলীক কল্পনা।

দিব্য (p. 408) [dibya] বিণ. 1 আকাশসম্বন্ধীয়; 2 স্বর্গীয় (দিব্যাস্ত্র); 3 অলৌকিক (দিব্য জীবন, দিব্য শক্তি); 4 মনোহর, সুন্দর (শিশুটি দিব্য দেখতে)।□

বি. শপথ (দিব্য দেওয়া, দিব্য করা, আমার মাথার দিব্য রইল)। [সং. √ দিব্ + য]। ˜ চক্ষু (-ক্ষুস্), ˜ দৃষ্টি, ˜ নেত্র বি. অলৌকিক দৃষ্টিশক্তি বা অন্তর্দৃষ্টি যার দ্বারা অতীন্দ্রিয় বস্তু বা বিষয় বোঝা যায়। ˜ জ্ঞান বি. অতীন্দ্রিয় বস্তু বা বিষয় সম্বন্ধে জ্ঞান, পরম জ্ঞান। ˜ দর্শী (-র্শিন্) বিণ. দিব্যদৃষ্টিসম্পন্ন। ˜ দৃষ্টি-দিব্যচক্ষু র অনুরূপ। ˜ নারী, দিব্যাঙ্গনা বি. অপ্সরা। ˜ যোনি বি. পরমেশ্বর, ভগবান। ˜ রথ বি. শূন্যপথে অর্থাত্ আকাশে বিচরণ করতে পারে এমন রথ। ˜ লোক বি. স্বর্গ, দেবতাদের আবাসস্থল। ˜ দিব্যাঙ্গনা দ্র দিব্যনারী। দিব্যাস্ত্র বি. দেবতাদের অস্ত্র, দেবতাদের তেজ বা শক্তিতে পূর্ণ অস্ত্র যথা ব্রহ্মাস্ত্র। দিব্যোদক বি. 1 বৃষ্টি; 2 শিশির।

দিব্যাঙ্গনা, দিব্যাস্ত্র (p. 408) [dibyāṅganā, dibyāstra] দ্র দিব্য।

দিয়া, (চলিত ও কথ্য) দিয়ে (p. 408) [diẏā, (calita ō kathya) diẏē] অব্য. অনু. 1 দ্বারা, সাহায্যে (কাটারি দিয়ে কাটা); 2 মারফত (তার হাত দিয়ে পাঠিয়েছি); 3 সংযোগে, সহযোগে (চিনি না দিয়ে চা); 4 ধরে, বেয়ে (এই পথ দিয়ে যাও, সিঁড়ি দিয়ে ওঠো); 5 সঙ্গে, সহিত (মনোযোগ দিয়ে পড়ো)। [বাং. অনুসর্গ]।

দিয়াড়া (p. 408) [diẏāḍ়ā] বি. 1 দ্বীপ; 2 চর বা চড়া। [সং. দ্বীপ > দিয়া + বাং. ড়া (সাদৃশ্যার্থে)]।

দিয়াড়ি (p. 408) [diẏāḍ়i] বি. 1 প্রদীপ; 2 মশাল ('আসিল দিয়াড়ি হাতে রাজার ঝিয়ারি': রবীন্দ্র)। [< দিয়ালি < সং. দীপালি]।

দিয়ালা (p. 408) [diẏālā] দ্র দেয়ালা।

দিয়াশলাই, দেশলাই (p. 408) [diẏāśalāi, dēśalāi] বি. ঘষে আগুন জ্বালবার জন্য মাথায় বারুদ-দেওয়া সরু কাঠি ও তার বাক্স। [সং. দীপশলাকা]।

দিয়ে দেওয়া (p. 408) [diẏē dēōẏā] দ্র দেওয়া।

দিল1 (p. 408) [dila1] 'দেওয়া' ক্রিয়ার সাধারণ অতীত কালের রূপ (কাজে মন দিল)।

দিল2 (p. 408) [dila2] বি. 1 মন, হৃদয় (লোকটার দিলটা ভালো); 2 দরাজ হৃদয়, মহাপ্রাণতা, উদারতা (লোকটার দিল আছে)। [ফা. দিল্]। ̃ খুশ, ̃ খোশ বিণ. 1 প্রফুল্লহৃদয়; 2 মনোরম, মনকে খুশি করে এমন। ̃ খোলসা, ̃ খোলা বিণ. অকপট, মন খোলা যার। ̃ দরিয়া বিণ. যার হৃদয় দরিয়ার মতো অর্থাত্ বড় নদী বা সমুদ্রের মতো উদার, বদান্য, উদারহৃদয়। ̃ দার বিণ. 1 মহানুভব, উদারহৃদয়; 2 প্রেমিক। □ বি. প্রেমিক।

দিল্লিকা লড্ডু (p. 408) [dillikā l̤ḍḍu] বি. 1 দিল্লিতে তৈরি মিঠাইবিশেষ; 2 (আল.) যে বস্তু পেলে লোকে নিরাশ বা অনুতপ্ত হয়, আবার না পেলেও হতাশ হয়। [হি.]।

দ

িশ (p. 408) [diśa] বি. (প্রা. বাং. ও ব্রজ.) দিক। [সং. দিশ্]। ̃ পাশ বি. 1 কূলকিনারা (কোনো দিশপাশ পাচ্ছি না); 2 শৃঙ্খলা (কাজের কোনো দিশপাশ নেই)।

দিশা, দিশে (p. 408) [diśā, diśē] বি. 1 দিক (দিশাহারা, 'সুখ-আশে দিশে দিশে বেড়ায় কাতরে': রবীন্দ্র); 2 ঠিক দিক, হদিশ (দিশা পাচ্ছি না)।[সং. √ দিশ্ + ক্বিপ্ + আ]। ̃ রি বিণ. সঠিক দিক দেখায় এমন, দিগ্দর্শক; পথপ্রদর্শক। ̃ হারা বিণ. 1 দিগ্ভ্রান্ত; 2 (আল.) কিংকর্তব্যবিমূঢ়।

দিশারি (p. 408) [diśāri] দ্র দিশা।

দিশি1 (p. 408) [diśi11 দিক; 2 চারিদিক ('অন্ধকারে ঢাকে দিশি': রবীন্দ্র)। [সং. দিশ্ + 7মীর 1 বচন]। ̃ দিশি বি. ক্রি-বিণ. দিকে দিকে, সব দিকে ('দিশিদিশি গেল মিশি অমানিশি দূরে': রবীন্দ্র)।

দিস্তা, (কথ্য) দিস্তে (p. 408) [distā, (kathya) distē] বি. বিণ. 1 (কাগজের) চব্বিশটি (দুই দিস্তা কাগজ); 2 24টি বা 24খানা; 3 প্রচুরসংখ্যক (দিস্তা দিস্তা লুচি ভাজা হচ্ছে)। □ বি. মুষল (হামানদিস্তা)। [ফা. দস্তা]।

দীক্ষক (p. 408) [dīkṣaka] বিণ. 1 দীক্ষাদানকারী; 2 গুরু, শিক্ষক। [সং. √ দীক্ষ্ + অক]।

দীক্ষণীয় (p. 408) [dīkṣaṇīẏa] বিণ. দীক্ষাদানের যোগ্য, দীক্ষার যোগ্য। [সং. √ দীক্ষ্ + অনীয়]।

দীক্ষা (p. 408) [dīkṣā] বি. 1 ইষ্টমন্ত্রদান, মন্ত্রগ্রহণ, গুরুর কাছ থেকে প্রাপ্ত মন্ত্র বা উপদেশ (কোন গুরুর কাছে দীক্ষা নিয়েছ?); 2 কোনো উচ্চ আদর্শে বা

সংকল্পসাধনে আত্মোৎসর্গ (দেশসেবার মন্ত্রে দীক্ষা); 3 উপদেশ, শিক্ষা ('অস্ত্রে দীক্ষা দেহ রণগুরু': রবীন্দ্র); 4 নিয়ম, সংস্কার বা ব্রতপালন। [সং. √ দীক্ষ্ + অ + আ]।˜ গুরু বি. যিনি দীক্ষা দেন। দীক্ষিত বিণ. দীক্ষা লাভ করেছে এমন (ত্যাগের মন্ত্রে দীক্ষিত)।

দীঘ, দীঘল, দীঘি (p. 408) [dīgha, dīghala, dīghi] যথাক্রমে দিঘ, দিঘল ও দিঘি -র বানানভেদ।

দীধিতি (p. 408) [dīdhiti] বি. 1 কিরণ, আলোক; 2 ন্যায়গ্রন্হবিশেষ। [সং. √ দীধী + তি]।

দীন2 (p. 408) [dīna2] বিণ. 1 অত্যন্ত অভাবগ্রস্ত, দরিদ্র (দীনদুঃখী মানুষ); 2 কাতর, দুঃখী ('দীন নয়নে তুমি চেয়ো না': রবীন্দ্র); 3 হীন। □ বি. দীন ব্যক্তি, দরিদ্র বা দুঃখী মানুষ ('দীনের তিনি সদা শরণ ঠাঁই')। স্ত্রী. দীনা। বি.˜ তা, দৈন্য।˜ দরিদ্র বিণ. অত্যন্ত দরিদ্র।˜ দুঃখী বিণ. বি. অত্যন্ত দরিদ্র এবং দুঃখী।˜ নাথ,˜ বন্ধু,˜ শরণ বিণ. দীনজনের আশ্রয়দাতা বা সহায়। □ বি. ভগবান।˜ হীন বিণ. অতি দরিদ্র; অত্যন্ত দুঃখী।

দীনেশ (p. 408) [dīnēśa] বি. দীনজনের বা দুঃখীর আশ্রয় বা সহায়, দীননাথ, ভগবান। [সং. দীন + ঈশ]।

দীপ (p. 408) [dīpa] বি. প্রদীপ, বাতি। [সং. √ দীপ্ + অ]।˜ পুঞ্জ,˜ মালা বি. প্রদীপের শ্রেণি বা সারি।˜ বর্তিকা বি. 1 প্রদীপের বাতি; 2 সলতে।˜ শলাকা

বি. দেশলাইয়ের কাঠি। ˜ শিখা বি. প্রদীপের শিখা বা শিষ। ˜ শ্রেণি দীপমালা -র অনুরূপ।

দীপক (p. 408) [dīpaka] বিণ. 1 শোভাকর, দীপ্তিদায়ক; 2 প্রজ্বালক; 3 উদ্দীপক, উত্তেজক; 4 প্রকাশক, প্রকাশিত করে এমন। □ বি. 1 প্রদীপ (রঘুকুলদীপক); 2 সংগীতের রাগবিশেষ। [সং. √ দীপ্ + অক]।

দীপন (p. 408) [dīpana] বি. 1 দীপ্ত করা, আলোকিত করা; 2 প্রজ্বলিত করা, প্রজ্বালন; 3 উদ্দীপন, উদীপ্ত করা; 4 জঠরানল বর্ধন, ক্ষুধার বৃদ্ধি। □ বিণ. দীপক। [সং. √ দীপ্ + অন]। দীপনীয় বিণ. দীপ্ত করতে হবে বা করা আবশ্যক এমন, দীপনযোগ্য, দীপ্য।

দীপপুঞ্জ, দীপবর্তিকা, দীপমালা, দীপশলাকা, দীপশিখা (p. 408) [dīpapuñja, dīpabartikā, dīpamālā, dīpaśalākā, dīpaśikhā] দ্র দীপ।

দীপাধার (p. 408) [dīpādhāra] বি. প্রদীপ রাখার পাত্র, দেরকো, পিলশুজ। [সং. দীপ + আধার]।

দীপান্বিতা (p. 408) [dīpānbitā] বি. (স্ত্রী.) 1 দেওয়ালি উৎসব; 2 কার্তিকী অমাবস্যা-যেদিন রাত্রে বাঙালিরা কালীপুজো এবং অবাঙালিরা গৃহে আলোকসজ্জা করে। □ বিণ. (স্ত্রী.) আলোকযুক্তা (দীপান্বিতা নগরী)। [সং. দীপ + অন্বিত + আ. (স্ত্রী.)]।

দিপাবলি (p. 408) [dipābali] দ্র দীপালি।

দীপালি, দীপালী, দীপাবলি (p. 408) [dīpāli, dīpālī, dīpābali] বি. 1 দেওয়ালি, কালীপূজার রাত্রে দীপমালাসজ্জিত উৎসব; 2 প্রদীপসমূহ। [সং. দীপ + আলি, আলী, আবলি]।

দীপিকা (p. 408) [dīpikā] বি. (স্ত্রী) 1 জ্যোৎস্না; 2 প্রদীপ; 3 সংগীতের রাগিণীবিশেষ; 4 গ্রন্থাদির টীকা বা ব্যাখ্যা যা গ্রন্থের বিষয়বস্তুর উপর আলোকপাত করে (সাংখ্যদীপিকা)। □ বিণ. (স্ত্রী.) দীপ্তকারিণী; প্রজ্বালিকা। [সং. দীপক + আ]।

দীপিত (p. 408) [dīpita] বিণ. 1 প্রজ্বালিত, জ্বালা হয়েছে এমন; 2 উদ্ভাসিত, আলোকিত; 3 প্রকাশিত; 4 উদ্দীপিত, উত্তেজিত। [সং. √ দীপ্ + ণিচ্ + ত]।

দীপোৎসব (p. 408) [dīpōtsaba] বি. প্রদীপের আলোয় গৃহাদি আলোকিত বা সজ্জিত করার উৎসব, দেওয়ালি, দীপান্বিতা। [সং. দীপ + উৎসব]।

দীপ্ত (p. 408) [dīpta] বিণ. 1 জ্বলন্ত, জ্বলছে এমন (দীপ্ত অগ্নি); 2 আলোকিত, উদ্ভাসিত, উজ্জ্বল ('অগ্নিশিখার আভায় দীপ্ত মূর্তিখানি': তারা); 3 প্রকাশিত; 4 তেজোময় (দীপ্ত স্বরে বলা)। [সং. √ দীপ্ + ত]। ˜ ক বিণ. দীপ্ত করে এমন। ˜ কীর্তি বিণ. প্রথিতযশা, প্রসিদ্ধ। ˜ মূর্তি বিণ. যার মূর্তি বা চেহারা উজ্জ্বল।

দীপ্তাংশু (p. 408) [dīptāṃśu] বি. (প্রখর বা তীব্র কিরণবিশিষ্ট) সূর্য। [সং. দীপ্ত + অংশু]।

দীপ্তি (p. 408) [dīpti] বি. 1 আলোক; 2 দ্যুতি, প্রভা; 3 তেজ; 4 শোভা। [সং. √ দীপ্ + তি]। ˜ মান (মত্), (বর্জি.) ˜ মান্ বিণ. দীপ্তিবিশিষ্ট; উজ্জ্বল; তেজোময়; শোভাময়। স্ত্রী ˜ মতী। ˜ হীন বিণ. দীপ্তি নেই এমন ('কর্মহীন গর্বহীন দীপ্তিহীন সুখে': রবীন্দ্র)। দীপ্তোজ্জ্বল বিণ. দীপ্তি অর্থাত্ আলোক, প্রভা, ইত্যাদির জন্য উজ্জ্বল।

দীপ্য (p. 408) [dīpya] বিণ. 1 প্রজ্বলনযোগ্য, জ্বালানো যায় এমন; 2 প্রকাশের যোগ্য। [সং. √ দীপ্ + য]। ˜ মান বিণ. 1 দীপ্তিশালী (দীপ্যমান অগ্নিশিখা); 2 উজ্জ্বল; 3 শোভমান (মহিমায় দীপ্যমান); 4 প্রকাশমান, প্রকাশিত হচ্ছে এমন। [সং. √ দীপ্ + শানচ্]।

দীপ্র (p. 408) [dīpra] বিণ. 1 দীপ্তিশালী, উজ্জ্বল, ভাস্বর ('ললাট তোমার দিনের আশিসে দীপ্র': সু.দ.); 2 তীক্ষ্ণ (দীপ্রাস্ত্র)। [সং. √ দীপ্ + র]।

দীয়-মান (p. 408) [dīẏa-māna] বিণ. প্রদত্ত হচ্ছে বা দেওয়া হচ্ছে এমন। [সং. √ দা + শানচ্]।

দীর্ঘ (p. 408) [dīrgha] বিণ. 1 লম্বা (দীর্ঘ কেশ, দীর্ঘ দেহ); 2 দূরপ্রসারিত, দূরত্বযুক্ত ('দীর্ঘপথের শেষে': রবীন্দ্র); 3 অধিক, বেশি (দীর্ঘকাল, দীর্ঘ সময়); 4 বহুকালব্যাপী (দীর্ঘায়ু, দীর্ঘনিদ্রা); 5 আয়ত, প্রসারিত (দীর্ঘ নয়ন); 6 গভীর (দীর্ঘশ্বাস); 7 (ব্যাক. ও সংগীতে) বিলম্বিত (দীর্ঘস্বর, দীর্ঘতাল)। [সং. √ দৃ + ঘ]। স্ত্রী. দীর্ঘা। বি. ˜ তা, দৈর্ঘ্য। ˜ গ্রীব বিণ. লম্বা গলাবিশিষ্ট। □ বি. 1 বক; 2 জিরাফ; 3 উট। ˜ জীবী (-জীবিন্) বিণ. বহুকাল বাঁচে এমন। স্ত্রী. ˜ জীবিনী। ˜ তপা, (বর্জি.) ˜ তপাঃ (-পস্) বিণ. বহুকাল ধরে তপস্যা করছে এমন। ˜ দর্শী (-

র্শিন্) বিণ. দূরদর্শী। স্ত্রী.˜ দর্শিনী।˜ নাস বিণ. লম্বা বা বড় নাকবিশিষ্ট।˜ নিঃশ্বাস,˜ নিশ্বাস,˜ শ্বাস বি. (শোক হতাশা ইত্যাদি ভাবের জন্য) গভীর ও সশব্দ শ্বাসত্যাগ।˜ পাদ বিণ. লম্বা পা-বিশিষ্ট। □ বি. উট বক সারস প্রভৃতি প্রাণী।˜ মেয়াদি বিণ. দীর্ঘকাল যাবত্ স্থায়ী; যার নির্দিষ্ট কাল সুদীর্ঘ (দীর্ঘমেয়াদি ঋণ, দীর্ঘমেয়াদি পরিকল্পনা)।˜ রোমা (-মন্) বিণ. লম্বা লোমযুক্ত। □ বি. ভল্লুক।˜ সূত্র,˜ সূত্রী (-ত্রিন্) বিণ. কাজ করতে দেরি করে এমন; অলস। বি.˜ সূত্রতা।˜ স্থায়ী (-য়িন্) বিণ. বেশিক্ষণ বা বেশিদিন স্থায়ী হয় এমন (দীর্ঘস্থায়ী বন্ধুত্ব)। দীর্ঘাকার, দীর্ঘাকৃতি বিণ. লম্বা। দীর্ঘাগ্র বিণ. সম্মুখের দিক ক্রমশ সরু হয়ে এসেছে এমন। দীর্ঘায়ত বিণ. 1 দীর্ঘ, লম্বা; 2 দীর্ঘস্থায়ী; 3 দীর্ঘ ও প্রশস্ত। দীর্ঘায়ু বিণ. বেশি দিন বাঁচে এমন, দীর্ঘজীবী।

দীর্ঘিকা (p. 408) [dīrghikā] বি. দিঘি, বড় পুকুর। [সং. দীর্ঘ + ক + আ]।

দীর্ণ (p. 408) [dīrṇa] বিণ. 1 বিদারিত (দীর্ণবিদীর্ণ); 2 ভাঙা, ফাটা ('যা কিছু জীর্ণ আমার দীর্ণ আমার': রবীন্দ্র); 3 ভীত। [সং. √ দৃ + ত]।

দুই (p. 411) [dui] বি. 1 2 সংখ্যা; 2 উভয় ব্যক্তি বা বস্তু (দুই-ই খারাপ)। বিণ. 1 2-সংখ্যক; 2 উভয় (দুই বন্ধুই গেল)। [সং. দ্বি]। দুই-এক বিণ. সামান্যকিছু, কয়েকটি (দুই-এক পশলা বৃষ্টি)।

দুঃ (p. 411) [duḥ] অব্য. দুষ্ট মন্দ নিষিদ্ধ দুঃখজনক প্রভৃতি অর্থসূচক উপসর্গ। [সং. দুর্, দুস্]।˜ শাসন বি. 1 পীড়নপূর্ণ শাসন; 2 কুশাসন; 3 ধৃতরাষ্ট্রের দ্বিতীয় পুত্র। □ বিণ. সহজে শাসন বা বশীভূত করা যায় না এমন।˜ শীল বিণ. দুষ্ট বা অসত্ স্বভাববিশিষ্ট।˜ শ্রব বিণ. 1 অশ্রাব্য; শুনলে মনে কষ্ট হয় এমন; 2

আওয়াজের ক্ষীণতার জন্য শুনতে পাওয়া যায় না এমন।˜ সময় বি. 1 অসময়; 2 অশুভ সময়; 3 দুখের সময়।˜ সহ বিণ. সহ্য করা কঠিন এমন, অসহ্য।˜ সাধ্য বিণ. 1 কষ্টসাধ্য; অসাধ্য, সম্পন্ন করা যায় না এমন (দুঃসাধ্য সংকল্প); 2 যার প্রতিবিধান অসম্ভব, অচিকিৎস্য (দুঃসাধ্য ব্যাধি)।˜ সাহস বি. অনুচিত বা অত্যধিক সাহস।˜ সাহসিক বিণ. দুঃসাহসী; সম্পাদনের জন্য দুঃসাহসের প্রয়োজন হয় এমন (দুঃসাহসিক অভিযান)।˜ সাহসিকতা বি. অনুচিত বা অত্যধিক সাহসের প্রবৃত্তি।˜ সাহসী (-সিন্) দুঃসাহসসম্পন্ন (দুঃসাহসী ডাকাত)।˜ স্থ, দুস্থ বিণ. 1 দরিদ্র ও দুরবস্থাপন্ন; 2 (বিরল) দুঃখপীড়িত।˜ স্থিত, দুস্থিত বিণ. 1 দুঃখপীড়িত; 2 (পদার্থ.) স্থির থাকে না এমন, unstable (বি.প.)। বি.˜ স্থিতি, দুস্থিতি।˜ স্পর্শ, দুস্পর্শ বিণ. স্পর্শ করা কঠিন এমন।˜ স্বপ্ন বি. অশুভ ঘটনার স্বপ্ন; খারাপ স্বপ্ন।

দুঃখ (p. 411) [duḥkha] বি. 1 মনের কষ্ট বা বেদনা, মর্মপীড়া (মা-বাবার মনে দুঃখ দিয়ো না); 2 ক্ষোভ (তার কথায় দুঃখ পেলাম); 3 দারিদ্র, দুর্দশা (গরিবের দুঃখে তাঁর মন কাঁদে)। [সং. √ দুঃখ্ + অ]।˜ কর,˜ জনক,˜ দায়ক,˜ দায়ী (-য়িন্),˜ প্রদ বিণ. দুঃখ ঘটায় বা উৎপাদন করে এমন, যন্ত্রণাদায়ক।˜ দায়িনী বিণ. (স্ত্রী.) দুঃখ দেয় এমন।˜ ধান্ধা বি. কঠিন চেষ্টা।˜ বাদ বি. মানবজীবন ও পৃথিবী কেবল দুঃখে ভরা-এই দার্শনিক মত, নৈরাশ্যবাদ।˜ বাদী (-দিন্) বিণ. উক্ত দার্শনিক মতে বিশ্বাসী।˜ ময় বিণ. কষ্টপূর্ণ।˜ সুখ বি. কষ্ট ও শান্তি।˜ হর বিণ. কষ্ট হরণ করে এমন।˜ হরণ,˜ হারী (-রিন্) বিণ. দুঃখদূরকারী। স্ত্রী.˜ হরা,˜ হারিণী। দুঃখার্ত বিণ. দুঃখে কাতর বা পীড়িত। দুঃখিত বিণ. 1 দুঃখপ্রাপ্ত; 2 ক্ষুণ্ণ; 3 অনুতপ্ত। স্ত্রী. দুঃখিতা। দুঃখী (-খিন্) বিণ. 1 দুঃখিত, দুঃখভোগকারী (দুঃখী মানুষ); 2 দীন, দরিদ্র। স্ত্রী. দুঃখিনী (দুঃখিনী সীতা)।

দুঁদে (p. 411) [dun̐dē] বিণ. 1 ঝানু, ওস্তাদ; 2 দুর্দান্ত, দুরন্ত। [সং. দ্বন্দ্ব > দুঁদ + বাং. ইয় > এ]।

দুঁহু, দুঁহা, দুঁহুঁ, দোঁহা (p. 411) [dum̐hu, dum̐hā, dum̐hu, n̐dōm̐hā] সর্ব. (ব্রজ. ও প্রা. বাং. কাব্যে) উভয়, দুই, দুইজন ('দুঁহু-কোরে দুঁহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া': চণ্ডী)। [< সং. দ্বয়, দ্বৌ]।˜ কার বিণ. দুইজনের, উভয়ের (দোঁহাকার মনে)।

দুকথা (p. 411) [dukathā] দ্র দু।

দুকুল (p. 411) [dukula] বি. দুই কুল বা বংশ, পিতার কুল ও মাতার কুল অথবা (বিবাহিতা নারীর) পিতার কুল ও শ্বশুরকুল। [সং. দ্বি + কুল (=বংশ)]।

দুকুল1 (p. 411) [dukula1] বি. 1 দুই তীর বা তট (নদীর দুকুল); 2 (গৌণ অর্থে) ইহকাল ও পরকাল; 3 সমস্ত আশ্রয় (একূল-ওকূল দুকূল গেল)। [সং. দ্বি > বাং. দু (+ই) + সং. কূল (তীর, তট)]।

দুকূল2 (p. 411) [dukūla2] বি. 1 রেশমি বা ক্ষৌম বস্ত্র; 2 সূক্ষ্ম বস্ত্র; 3 শুভ্র বস্ত্র। [সং. √ দু (উষ্ণ করা) + ঊল, ক্ আগম]।

দুখ, দুখিনী, দুখী (p. 411) [dukha, dukhinī, dukhī] যথাক্রমে দুঃখ, দুঃখিনী, দুঃখী -র কোমল রূপ ('দুখের কথা তোমায় বলিব না': রবীন্দ্র); জনম-দুখিনী)।

দুখান, দুখানা, দুখানি, দুগুণ (p. 411) [dukhāna, dukhānā, dukhāni, duguṇa] দ্র দু।

দুগ্ধ (p. 411) [dugdha] বি. 1 দুধ, স্তন্য; 2 ক্ষীর। [সং. √ দুহ্ + ত]।˜ দা বিণ. যে দুধ দেয়, পয়স্বিনী (দুগ্ধদা গাভী)।˜ পোষ্য বিণ. শুধুমাত্র দুধ পান করিয়ে পালন করতে হয় এমন (দুগ্ধপোষ্য শিশু)।˜ ফেননিভ বিণ. দুধের ফেনার মতো অতি শুভ্র ও কোমল (দুগ্ধফেননিভ শয্যা)।˜ বতী বিণ. (স্ত্রী.) দুধ দেয় এমন, পয়স্বিনী।˜ বিকার বি. ছানা।

দুজন, দুজনা (p. 411) [dujana, dujanā] বি. বিণ. দুই ব্যক্তি (দুজনে সেখানে গেল, দুজন লোক)। [বাং. দু + সং. জন]।

দুটা, দুটি, দুটো (p. 411) [duṭā, duṭi, duṭō] সর্ব. দুই (দুটিতে সেখানে গেছে)। □ বিণ. দুই (দুটো আম)। [বাং. দু (< সং. দ্বি. + টা. টি. টো]।

দুড়-দাড়, দুড়-দুড় (p. 411) [duḍ়-dāḍ়, duḍ়-duḍ়] ক্রি-বিণ. অব্য. অতি দ্রুত ও জোর পদশব্দ, মেঘগর্জন, ক্রমাগত প্রহারের শব্দ, ভয়াদি হেতু বুকের মধ্যে অব্যক্ত কম্পনের ধ্বনি ইত্যাদি ব্যঞ্জক (দুড়দাড় করে দরজা বন্ধ করা, বুকের মধ্যে দুড়দুড় করা)। [ধ্বন্যা.]।

দুড়ুম (p. 411) [duḍ়uma] বি. অব্য. দড়ামজাতীয় অথবা তার চেয়ে মৃদু কিন্তু গম্ভীর আওয়াজ (দুড়ুম করে বন্দুক ছোড়া)। [ধ্বন্যা.]।

দুতরফা, দুতলা, দুতারা, দুতালা (p. 411) [dutaraphā, dutalā, dutārā, dutālā] দ্র দু।

দুত্তোর (p. 411) [duttōra] ধুত্তোর -এর রূপভেদ।

দুদণ্ড (p. 411) [dudaṇḍa] দ্র দু।

দুধ (p. 411) [dudha] বি. 1 দুগ্ধ, পয়ঃ, স্তন্য; 2 দুধের মতো সাদা রস বা তরল পদার্থ (নারকেলের দুধ)। [সং. দুগ্ধ]। দুধকলা দিয়ে কালসাপ পোষা ক্রি. বি. মারাত্মক শত্রুকে চিনতে না পেরে সাদরে পালন করা। ̃ কুসুম্ভা বি. দুধে ঘোঁটা সিদ্ধির শরবত। দুধ ছেঁড়া, দুধ কাটা, দুধ ছানা হওয়া ক্রি. বি. টক জিনিসের সংস্পর্শে দুধ বিকৃত হওয়া। দুধ তোলা ক্রি. বি. শিশুর পান-করা দুধ বমি করে দেওয়া। ̃ দাঁত, দুধে দাঁত বি. শিশুর প্রথম যে দাঁত গজায় এবং পরে ছ-সাত বছরে যা পড়ে যায়। ̃ ভাত বি. শুধু দুধসহযোগে ভাত যা মূলত শিশুর, বৃদ্ধের ও রোগীর খাদ্য। ̃ রাজ, ̃ কমল বি. হেমন্তকালের ধানবিশেষ। দুধালো, দুধেল বিণ. দুধ দেয় এমন, দুগ্ধবতী (দুধেল গাই)। দুধে-আলতা রং বি. দুধে-আলতা মেশালে যে উজ্জ্বল গৌরবর্ণ হয়। দুধে-ভাতে থাকা ক্রি. বি. (আল.) সচ্ছল অবস্থায় বাস করা। দুধের ছেলে, দুধের বাচ্চা বি. নিতান্তই শিশু, দুগ্ধপোষ্য শিশু। দুধের সাধ ঘোলে মেটানো ক্রি. বি. বাঞ্ছিত বস্তুর অভাবে অপেক্ষাকৃত নিকৃষ্ট বস্তু দিয়ে কাজ চালানো।

দুনম্বরি (p. 411) [dunambari] দ্র দু।

দুনি (p. 411) [duni] বি. যে ডোঙাজাতীয় লম্বা পাত্র দিয়ে জল সেচন করা হয়, জলসেচনা; ডোঙা। [সং. দ্রোণী]।

দুনিয়া (p. 411) [duniẏā] বি. পৃথিবী, জগত্ (দুনিয়াশুদ্ধ লোক, এই দুনিয়ায় কেউ কারও নয়)। [আ. দুন্য়া]।˜ জোড়া বিণ. পৃথিবী ব্যাপী (দুনিয়াজোড়া খ্যাতি)।˜ দার বিণ. বি. 1 সাংসারিক বুদ্ধিসম্পন্ন; 2 সংসারী; 3 বিষয়বুদ্ধিসম্পন্ন বা স্বার্থবুদ্ধিসম্পন্ন ('শোন্ রে মালিক দুনিয়াদার': সুকান্ত)।˜ দারি বি. 1 সাংসারিক বুদ্ধি; 2 সংসারধর্ম; 3 বিষয়বুদ্ধি, পাটোয়ারি বুদ্ধি। দুনিয়ার বার বি. বিণ. সৃষ্টিছাড়া।

দুনো (p. 411) [dunō] দ্র দু।

দুন্দুভি (p. 411) [dundubhi] বি. দামামাজাতীয় প্রাচীন রণবাদ্যবিশেষ (দুন্দুভি নিনাদ)। [সং. দুন্দু + √ উভ্ + ই]।

দুপ (p. 411) [dupa] বি. অব্য. ধপ থেকে মৃদুতর আওয়াজ, ধুপ আওয়াজ, [ধ্বন্যা.]।˜ দাপ বি. অব্য. ক্রমাগত দুপ শব্দ (দুপদাপ শব্দ করে সিঁড়ি দিয়ে নামতে লাগল)।

দুপাক (p. 411) [dupāka] দ্র দু।

দুপুর (p. 411) [dupura] বি. দ্বিপ্রহর (দিন-দুপুরে, রাত-দুপুরে)। [সং. দ্বিপ্রহর]।

দুপেয়ে (p. 411) [dupēẏē] দ্র দু।

দুফলা (p. 411) [duphalā] দ্র দো।

দুফাল, দুফালি (p. 411) [duphāla, duphāli] দ্র দু।

দুভাষী (p. 411) [dubhāṣī] দ্র দো।

দুম (p. 411) [duma] বি. অব্য. মৃদু দুড়ুম শব্দ। [ধ্বন্যা.]। ~ দুম, ~ দাম বি. অব্য. ক্রমাগত দুম শব্দ। দুমাদুম ক্রি-বিণ. ক্রমাগত দুম শব্দ করে (দুমাদুম কিল মারা)।

দুমড়ানো, দোমড়ানো (p. 411) [dumaḍ়ānō, dōmaḍ়ānō] ক্রি. 1 মোচড়ানো; 2 বাঁকানো (শরীর দুমড়ানো); 3 কোঁচকানো (কাগজটাকে এভাবে দুমড়াল কে?)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [দেশি]।

দুমদাম (p. 411) [dumadāma] দ্র দুম।

দুমনা, দুমুখো, দুমুঠো, দুমেটে (p. 411) [dumanā, dumukhō, dumuṭhō, dumēṭē] দ্র দু।

দুম্বা (p. 411) [dumbā] বি. ছোট লেজবিশিষ্ট মোটা ভেড়াবিশেষ, গাড়ল। [ফা.]।

দুয়ানি (p. 411) [duẏāni] দ্র দু।

দুয়ার, (কথ্য) দুয়োর (p. 411) [duẏāra, (kathya) duẏōra] বি. 1 দরজা (দুয়ার বন্ধ করো); 2 গৃহের প্রবেশ পথ, গৃহমুখ ('আমি যখন তাঁর দুয়ারে ভিক্ষা নিতে যাই': রবীন্দ্র)। [সং. দ্বার]। দুয়ারি বি. দৌবারিক, দ্বাররক্ষক। দুয়ারে হাতি বাঁধা ক্রি. বি. প্রচুর ঐশ্বর্যশালী হওয়া।

দুয়ো1 (p. 411) [duẏō1] বিণ. ভাগ্যহীনা, স্বামীর অপ্রিয়া (দুয়োরাণী)।[সং. দুর্ভগা]।

দুয়ো2 (p. 411) [duẏō2] অব্য. লজ্জা দেবার জন্য ধিক্কারসূচক ধ্বনি (দুয়ো দেওয়া)। [ধ্বন্যা.]।

দুরতি-ক্রমণ (p. 411) [durati-kramaṇa] বি. অতি কষ্টে পার হওয়া। [সং. দুর্ (দুঃ) + অতিক্রমণ]। দুরতি-ক্রম, দুরতি-ক্রমণীয়, দুরতি-ক্রম্য বিণ. অতিক্রম করা বা পার হওয়া কষ্টসাধ্য এমন, দুর্লঙ্ঘ্য, দুস্তর। স্ত্রী. দুরতি-ক্রমণীয়া, দুরতি-ক্রম্যা।

দুরত্যয় (p. 413) [duratyaẏa] বিণ. দুরতিক্রম্য, দুস্তর, দুর্লঙ্ঘ্য ('দুরত্যয় মরুকুঞ্জ নিরখিবে দুর্মর খেয়ালে': সু. দ.)। [সং. দুর্ + অত্যয় (=অতিক্রমণ)]।

দুর-দুর (p. 413) [dura-dura] বি. অব্য. ভয়, উদ্বেগ ইত্যাদির জন্য বুকের মধ্যে অব্যক্ত কম্পনধ্বনি (ভয়ে বুক দুরদুর করছে)। [ধ্বন্যা.]। দুরুদুরু বি. অব্য.

(প্রধানত কাব্যে) দুরদুর আওয়াজ। □ ক্রি-বিণ. দুরদুর শব্দে ('হিয়া দুরুদুরু দুলিছে': রবীন্দ্র)।

দুরদৃষ্ট (p. 413) [duradrṣṭa] বি. দুর্ভাগ্য। □ বিণ. দুর্ভাগ্য। [সং. দুর্ + অদৃষ্ট]।

দুরধি-গম্য, দুরধি-গম (p. 413) [duradhi-gamya, duradhi-gama] বিণ. 1 দুষ্প্রাপ্য, দুর্লভ; 2 দুর্গম, দুষ্প্রবেশ্য; 3 অতি কষ্টে আয়ত্ত করা যায় এমন (দুরধিগম্য শাস্ত্র)। [সং. দুর্ + অধিগম্য, অধিগম]। বি. ̃ তা। স্ত্রী. দুরধি-গম্যা।

দুরধ্যয় (p. 413) [duradhyaẏa] বিণ. অধ্যয়ন করা বা পাঠ করা দুঃসাধ্য এমন, দুষ্পাঠ্য। [সং. দুর্ + অধি + √ ই + অ]।

দুরন্ত (p. 413) [duranta] বিণ. 1 অশান্ত, দামাল (দুরন্ত শিশু); 2 ভীষণ, দুর্দম (দুরন্ত সাহস); 3 উগ্র (দুরন্ত ক্রোধ); 4 প্রতিকার বা প্রতিবিধান কষ্টসাধ্য এমন (দুরন্ত ব্যাধি); 5 প্রবল ('বসন্তের দুরন্ত বাতাসে': রবীন্দ্র); 6 প্রচণ্ড তাপপূর্ণ (দুরন্ত রোদ)। [সং. দুর্ + অন্ত]। ̃ পনা বি. দুষ্টুমি; দুর্দান্ত আচরণ, অবাধ্যতা, দৌরাত্ম্য।

দুরন্বয় (p. 413) [duranbaẏa] বি. বাক্যের মধ্যে কর্তা কর্ম ক্রিয়া প্রভৃতির অস্থানে প্রয়োগ বা বিন্যাসের ফলে যে অন্বয়ের ত্রুটি ঘটে। □ বিণ. 1 উক্ত দোষযুক্ত; 2 দুর্বোধ্য অন্বয় বা সম্বন্ধবিশিষ্ট (দুরন্বয় বাক্য)। [সং. দুর্ + অন্বয়]।

দুরপনেয় (p. 413) [durapanēẏa] বিণ. সহজে মোচন বা দূর করা যায় না এমন (দুরপনেয় অপবাদ, দুরপনেয় কলঙ্ক)। [সং. দুর্ + অপনেয়]।

দুরব-গম, দুরব-গম্য (p. 413) [duraba-gama, duraba-gamya] বিণ. দুরধিগম্য, দুর্জ্ঞেয়, সহজে আয়ত্ত করা যায় না এমন। [সং. দুর্ + অবগম, অবগম্য]। স্ত্রী. দুরব-গম্যা। বি.˜ তা।

দুরব-গাহ (p. 413) [duraba-gāha] বিণ. 1 যাতে অবগাহন বা প্রবেশ করা অত্যন্ত কঠিন; 2 যার তল পাওয়া যায় না; 3 অত্যন্ত জটিল, দুর্জ্ঞেয় (দুরবগাহ তত্ত্ব); 4 দুর্গম। [সং. দুর্ + অবগাহ (অব + √ গাহ্ + অ)]।

দুরবস্থ (p. 413) [durabasha] বিণ. 1 দুরবস্থাযুক্ত, দুর্দশাগ্রস্ত; 2 দরিদ্র।[সং. দুর্ + অবস্থা (সমাসান্ত)]। দুরবস্থা বি. দুর্দশা; দারিদ্র।

দুরভি-গম্য (p. 413) [durabhi-gamya] বিণ. 1 অতিকষ্টে যাওয়া যায় এমন; 2 সহজে পাওয়া যায় না এমন। [সং. দুর্ + অভি + √ গম্ + য]।

দুরভি-গ্রহ (p. 413) [durabhi-graha] বিণ. 1 অতি কষ্টে গ্রহণ করা যায় এমন; 2 দুর্জ্ঞেয়। [সং. দুর্ + অভি + √ গ্রহ্ + অ]।

দুরভি-প্রায় (p. 413) [durabhi-prāẏa] বি. কুমতলব, মন্দ অভিপ্রায়। [সং. দুর্ + অভিপ্রায়]।

দুরভি-সন্ধি (p. 413) [durabhi-sandhi] বি. কুমতলব, দুষ্ট অভিপ্রায়, অসত্ উদ্দেশ্য। [সং. দুর্ + অভিসন্ধি (=গুপ্ত অভিপ্রায়)]। ̃ মূলক বিণ. অসত্ উদ্দেশ্যযুক্ত, মন্দ অভিপ্রায়বিশিষ্ট।

দুর্-মুশ (p. 413) [dur-muśa] বি. 1 (খোয়া, সুরকি ইত্যাদি) পিটিয়ে বসাবার জন্য লম্বা হাতলবিশিষ্ট মুষলবিশেষ; 2 উক্ত মুষল দিয়ে পেটাই। [তু. হি. দুর্মট]। দুরমুশ করা ক্রি. বি. 1 দুরমুশ দিয়ে পেটানো; 2 (আল.) প্রচণ্ড প্রহার করা।

দুরমো, দুরমা (p. 413) [duramō, duramā] বি. ডাব ও ঝুনোর মাঝামাঝি আধপাকা নারকেল, দোমালা। [দেশি]।

দুরস্ত, দোরস্ত (p. 413) [durasta, dōrasta] বিণ. 1 নির্ভুল, ঠিক, সংশোধিত (ভুল দুরস্ত করা); 2 গোছালো, পরিপাটি, সুশৃঙ্খল (ধোপদুরস্ত, বেশবাস দুরস্ত করা); 3 মাফিক, অনুযায়ী (কায়দাদুরস্ত); 4 শাসিত, দমিত, শায়েস্তা (দুষ্ট লোককে দুরস্ত করা); 5 সমান বা সমতল, চৌরস (জমি পিটিয়ে দুরস্ত করা)।[ফা. দুরস্ত্]।

দুরাকাঙ্ক্ষা (p. 413) [durākāṅkṣā] বি. 1 দুরাশা, দুর্লভ জিনিস লাভ করার বাসনা; 2 অসত্ বা অন্যায় আশা। [সং দুর্ + আকাঙ্ক্ষা]। দুরাকাঙ্ক্ষা, দুরাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ. দুরাকাঙ্ক্ষাসম্পন্ন। স্ত্রী. দুরাকাঙ্ক্ষিণী।

দুরাক্রম, দুরাক্রম্য (p. 413) [durākrama, durākramya] বিণ. আক্রমণ করা কঠিন এমন। [সং. দুর্ + আক্রম, আক্রম্য]।

দুরাগ্রহ (p. 413) [durāgraha] বি. 1 অসত্ বা অসম্ভব ব্যাপারে আগ্রহ; 2 অন্যায় জিদ; 3 বৃথা চেষ্টা। □ বিণ. অসত্ অন্যায় বা অসম্ভব ব্যাপারে আগ্রহযুক্ত। [সং. দুর্ + আগ্রহ]।

দুরাচরণীয় (p. 413) [durācaraṇīẏa] বিণ. আচরণ বা পালন করা কষ্টসাধ্য এমন, বহু কষ্টে পালন করা যায় এমন। [সং. দুর্ + আচরণীয়]।

দুরাচার (p. 413) [durācāra] বিণ. 1 দুর্বৃত্ত, পাপিষ্ঠ; 2 কদাচারী; 3 অতি কষ্টে আচরণ বা পালন করা যায় এমন। □ বি. দুর্বৃত্ততা, অসত্ বা অন্যায় আচরণ; কদাচার। [সং. দুর্ + আচার]। স্ত্রী. দুরাচারিণী।

দুরাত্মা (p. 413) [durātmā] (-ত্মন্) বিণ. 1 পাপিষ্ঠ, দুর্বৃত্ত; 2 দুঃশীল, দুশ্চরিত্র; 3 অত্যাচারী। [সং. দুর্ + আত্মন্]।

দুরাধর্ষ (p. 413) [durādharṣa] বিণ. দুর্ধর্ষ, দুর্দান্ত, দুর্দমনীয়; যাকে দমন বা পরাভূত করা যায় না। [সং. দুর্ + আ √ ধৃষ্ + ণিচ্ + অ]।

দুরাপ (p. 413) [durāpa] বিণ. পাওয়া যায় না এমন, দুষ্প্রাপ্য, দুর্লভ। [সং. দুর্ + √ আপ্ + অ]।

দুরারোগ্য (p. 413) [durārōgya] বিণ. সহজে আরোগ্য হয় না এমন, দুশ্চিকিৎসা (দুরারোগ্য ব্যাধি). [সং. দুর্ + আরোগ্য]।

দুরারোহ (p. 413) [durārōha] বিণ. 1 আরোহণ করা শক্ত এমন; অত্যন্ত উঁচু; 2 দুর্গম। [সং. দুর্ + আ + √ রুহ্ + অ]।

দুরালাপ (p. 413) [durālāpa] বি. দুষ্ট বাক্য, মন্দ কথা; গালি। □ বিণ. কটুভাষী, মন্দভাষী। [সং. দুর্ + আলাপ]।

দুরাশয় (p. 413) [durāśaẏa] বি. দুরভিসন্ধি, কুমতলব। □ বিণ. দুরভিসন্ধিযুক্ত, দুষ্ট অভিপ্রায়যুক্ত। [সং. দুর্ + আশয়]।

দুরাশা (p. 413) [durāśā] বি. অন্যায় বা অবাস্তব আশা; যা অলভ্য তা লাভের আশা। [সং. দুর্ + আশা]।

দুরাসদ (p. 413) [durāsada] বিণ. 1 দুর্ধর্ষ; 2 দুর্জ্ঞেয়; 3 দুষ্প্রাপ্য। [সং. দুর্ + আ + √ সদ্ + অ]।

দুরি (p. 413) [duri] বি. দুই ফোঁটাচিহ্নিত খেলার তাস। [বাং. দু (দুই) + রি (যুক্তার্থে)]।

দুরিত (p. 413) [durita] বি. 1 পাপ; 2 ক্ষতি। □ বিণ. পাপিষ্ঠ।[সং. দুর্ + ইত (গতি বা কার্য), বহু. প্রাদি.]।

দুরুক্তি (p. 413) [durukti] বি. কটুবাক্য, মন্দ কথা। [সং. দুর্ + উক্তি]।

দুরুচ্চার, দুরুচ্চার্য (p. 413) [duruccāra, duruccārya] বিণ. 1 সহজে উচ্চারণ করা যায় না এমন; 2 অশ্লীল, অকথ্য। [সং. দুর্ + উচ্চার, উচ্চার্য]।

দুরুত্তর (p. 414) [duruttara] বি. কটু বা অন্যায় উত্তর। □ বিণ. 1 যার (অর্থাত্ যে প্রশ্নের) উত্তর দেওয়া কষ্টসাধ্য; 2 দুস্তর, যা উত্তীর্ণ হওয়া বা পার হওয়া দুঃসাধ্য এমন। [সং. দুর্ + উত্তর, উত্তর=উত্তরণ]।

দুরুদুরু (p. 414) [duruduru] দ্র দুরদুর।

দুরূহ (p. 414) [durūha] বিণ. 1 কঠিন, কষ্টসাধ্য (দুরূহ প্রশ্ন, দুরূহ সমস্যা); 2 দুর্জ্ঞেয়; 3 দুর্বোধ্য (দুরূহ কবিতা)। [সং. দুর্ + √ ঊহ্ + অ]। বি.˜ তা।

দুরোদর (p. 414) [durōdara] বি. 1 জুয়া; 2 জুয়াড়ি; 3 পাশাখেলা। [সং. দুর্ + আ (সমন্তাত্) + উদর যার]।

দুর্গ (p. 414) [durga] বি. 1 দুর্গম স্থান; 2 যেখানে শত্রুর আগমন কষ্টসাধ্য এমন আশ্রয়; 3 গড়, কেল্লা। [সং. দুর্ + √ গম্ + অ]।

দুর্গত (p. 414) [durgata] বিণ. 1 দুর্দশাগ্রস্ত, বিপন্ন; 2 দরিদ্র; 3 দুঃখী। [সং. দুর্ + √ গম্ + ত]।

দুর্গতি (p. 414) [durgati] বি. 1 দুর্দশা, দুরবস্থা (দেশের দুর্গতি, দুর্গতিনাশিনী); 2 নিগ্রহ, পীড়ন; 3 (মৃত্যুর পরে) নরকে গতি বা গমন; 4 নরক। [সং. দুর্ + গতি]।˜ নাশিনী বি. বিণ. (স্ত্রী.) যিনি দুর্গতি নাশ করেন, দুর্গাদেবী।

দুর্গন্ধ (p. 414) [durgandha] বি. খারাপ গন্ধ (এই দুর্গন্ধের মধ্যে থাকা যায় না)। □ বিণ. খারাপ গন্ধযুক্ত (দুর্গন্ধ বাতাস)। [সং. দুর্ + গন্ধ]। দুর্গন্ধী (-ন্ধিন্) বিণ.দুর্গন্ধযুক্ত।

দুর্গ-পতি (p. 414) [durga-pati] বি. দুর্গের অধ্যক্ষ বা রক্ষক।[সং. দুর্গ + পতি]।

দুর্গম (p. 414) [durgama] বিণ. 1 যেখানে অতিকষ্টে যাওয়া যায় ('দুর্গম গিরি': নজরুল, দুর্গম পথ); 2 দুর্বোধ্য; 3 দুর্জ্ঞেয় (দুর্গম রহস্য); 4 দুর্লভ। [সং. দুর্ + √ গম্ + অ]। বি.˜ তা।

দুর্গা (p. 414) [durgā] বি. দুর্গতিনাশিনী দেবী, শিবপত্নী ভগবতী। [সং. দুর্ + √ গম্ (অথবা √ গৈ) + অ + আ]।˜ পূজা, দুর্গোৎসব বি. শরৎকালে দেবী দুর্গার পূজা ও তদুপলক্ষ্যে উৎসব।

দুর্গা টুনটুনি (p. 414) [durgā ṭunaṭuni] বি. অতি ছোট রঙিন পাখিবিশেষ। [দেশি]।

দুর্গাধি-পতি (p. 414) [durgādhi-pati] বি. দুর্গপতি, দুর্গের অধ্যক্ষ। [সং. দুর্গ + অধিপতি]।

দুর্গেশ1 (p. 414) [durgēśa1] বি. দুর্গের অধীশ্বর বা রক্ষক। [সং. দুর্গ + ঈশ]।

দুর্গেশ2 (p. 414) [durgēśa2] বি. দুর্গাদেবীর পতি শিব। [সং. দুর্গা + ঈশ]।

দুর্গোৎসব (p. 414) [durgōtsaba] দ্র দুর্গা।

দুর্গ্রহ1 (p. 414) [durgraha1] বি. অশুভ বা দুষ্ট গ্রহ। [সং. দুর্ + গ্রহ]।

দুর্ঘট (p. 414) [durghaṭa] বিণ. 1 ঘটা বা পাওয়া শক্ত এমন; সচরাচর ঘটে না এমন; 2 দুষ্প্রাপ্য। [সং. দুর্ + √ ঘট্ + অ]।

দুর্ঘটনা (p. 414) [durghaṭanā] বি. 1 অমঙ্গলকর বা ক্ষতিকর ঘটনা; 2 আকস্মিক বিপদ, accident. [সং. দুর্ + ঘটনা]।

দুর্জন (p. 414) [durjana] বি. দুষ্ট বা খল ব্যক্তি, দুরাত্মা, মন্দ লোক ('দুর্বলেরে রক্ষা করো দুর্জনেরে হানো': রবীন্দ্র)। □ বিণ. দুষ্ট, খল, দুর্বৃত্ত। [সং. দুর্ + জন]।

দুর্জয় (p. 414) [durjaẏa] বিণ. 1 জয় করা শক্ত এমন, অজেয় (দুর্জয় শত্রু); 2 অদম্য (দুর্জয় সাহস)। [সং. দুর্ + √ জি + অ]।

দুর্জ্ঞেয় (p. 414) [durjñēẏa] বিণ. জানা শক্ত এমন, দুর্বোধ্য (দুর্জ্ঞেয় রহস্য)। [সং. দুর্ + √ জ্ঞা + অ]। বি.˜ তা।

দুর্দম, দুর্দমনীয়, দুর্দম্য (p. 414) [durdama, durdamanīẏa, durdamya] বিণ. দমন করা শক্ত এমন, দুর্দান্ত, উদ্দাম, দুরন্ত ('দুর্দম বেদনা তার স্ফুটনের আগ্রহে অধীর': বুদ্ধ.)। [সং. দুর্ + √ দম্ + অ, অনীয়, য]।

দুর্দশা (p. 414) [durdaśā] বি. দুরবস্থা, দুর্গতি; মন্দ অবস্থা। [সং. দুর্ + দশা]।˜ গ্রস্ত বিণ. দুর্গত, বিপন্ন; দরিদ্র।

দুর্দান্ত (p. 414) [durdānta] বিণ. দমন করা বা বশে আনা যায় না এমন, দুরন্ত; উদ্দাম। [সং. দুর্ + √ দম্ + ত]।

দুর্দিন (p. 414) [durdina] বি. 1 অশুভ সময়; 2 দুর্ভাগ্যের বা বিপদের দিন; 3 প্রাকৃতিক দুর্যোগপূর্ণ দিন, ঝড়বৃষ্টির দিন। [সং. দুর্ + দিন]।

দুর্দৈব (p. 414) [durdaiba] বি. 1 অশুভ ভাগ্য, মন্দ ভাগ্য, দুরদৃষ্ট; 2 দুর্ঘটনা। [সং. দুর্ + দৈব]।

দুর্ধর্ষ (p. 414) [durdharṣa] বিণ. 1 যাকে পরাজিত করা কষ্টকর, দুর্জয়, প্রবল পরাক্রমশালী; 2 যার ক্ষতিসাধন করা কষ্টকর। [সং. দুর্ + √ ধৃষ্ (হিংসা) + অ]। বি.˜ তা।

দুর্নাম (p. 414) [durnāma] বি. বদনাম, অখ্যাতি, অপবাদ। [সং. দুর্ + নাম]।

দুর্নিবার, দুনিবার্য (p. 414) [durnibāra, dunibārya] বিণ. নিবারণ বা রোধ করা শক্ত এমন (দুনির্বার বেগ); দুর্বার। [সং. দুর্‌ + নিবার, নিবার্য]।

দুনির্মিত্ত (p. 414) [dunirmitta] বি. 1 কুলক্ষণ, অমঙ্গলের চিহ্ন; 2 অমঙ্গল। [সং. দুর্‌ + নিমিত্ত]।

দুর্নিরীক্ষ্য (p. 414) [durnirīkṣya] বিণ. যা নিরীক্ষণ করা বা যার প্রতি দৃষ্টিপাত করা দুঃসাধ্য। [সং. দুর্‌ + নিরীক্ষ্য]।

দুর্নিরোধ্য (p. 414) [durnirōdhya] বিণ. 1 নিরোধ করা বা নিবারিত করা কঠিন এমন; 2 আটকে দেওয়া বা প্রতিরোধ করা কঠিন এমন। [সং. দুর্‌ + নিরোধ্য]।

দুর্নীত (p. 414) [durnīta] বিণ. 1 রীতিনীতি ভালো নয় এমন; 2 দুর্নীতিপরায়ণ; 3 অশিষ্ট, শিষ্ঠাচারহীন। □ বি. দুষ্ট বা মন্দ নীতি, নিন্দনীয় নীতি। [সং. দুর্‌ + নীত (√ নী + ত)]।

দুর্নীতি (p. 414) [durnīti] বি. 1 কুনীতি, কুরীতি; 2 ন্যায়বিরুদ্ধ ও ধর্মবিরুদ্ধ আচরণ; অসদাচরণ। [সং. দুর্‌ + নীতি]। ˜ গ্রস্ত বিণ. অসদাচারী; অন্যায়কারী, অন্যায় আচরণকারী। ˜ পরায়ণ বিণ. দুর্নীতিগ্রস্ত -র অনুরূপ।

দুর্বচন (p. 414) [durbacana] বি. 1 কটু কথা, অশিষ্ট বা উদ্ধত কথা; 2 গালি। □ বিণ. কটুভাষী, অপ্রিয়ভাষী, উদ্ধত বা অশিষ্ট কথা বলে এমন। [সং. দুর্‌ + বচন]।

দুর্বৎসর (p. 414) [durbatsara] বি. 1 অশুভ বা মন্দ বৎসর; 2 অজন্মা বা আকালের বৎসর, যে বৎসর ভালো ফসল হয় না। [সং. দুর্ + বৎসর]।

দুর্বল (p. 414) [durbala] বিণ. 1 বল বা শক্তি নেই এমন ('আছে বল দুর্বলেরও' : রবীন্দ্র); 2 ক্ষীণ, মৃদু (দুর্বল প্রতিবাদ); 3 রুগ্ণ (রোগে ভুগে দুর্বল)। [সং. দুর্ + বল]। বি. ̃ তা, দৌর্বল্য।

দুর্বলতা (p. 414) [durbalatā] বি. 1 বল বা শক্তির অভাব; 2 ক্ষীণতা, মৃদুতা; 3 রুগ্ণভাব; 4 পক্ষপাত, আসক্তি (আমার প্রতি তাঁর একটা দুর্বলতা আছে)। [সং. দুর্ + বল + তা]।

দুর্বহ (p. 414) [durbaha] বিণ. 1 বহন করা কঠিন এমন, গুরুভার (দুর্বহ জীবন, দুর্বহ বোঝা); 2 দুঃসহ, অসহ্য (দুর্বহ দুঃখ, দুর্বহ শোক)। [সং. দুর্ + √ বহ্ + অ]। ̃ তা।

দুর্বাক (p. 414) [durbāka] (-বাক্) বিণ. কটুভাষী বা অপ্রিয়ভাষী, কটু কথা বলে এমন। [সং. দুর্ + বাচ্]।

দুর্বাক্য (p. 414) [durbākya] বি. 1 কটু কথা, অশিষ্ট কথা; 2 গালি। [সং. দুর্ + বাক্য]।

দুর্বাচ্য (p. 414) [durbācya] বিণ. 1 অকথ্য; 2 দুরুচ্চার্য (দুর্বাচ্য শব্দ)।□ বি. 1 অপ্রিয় কথা; 2 অপবাদ, নিন্দা। [সং. দুর্ + বাচ্য]।

দুর্বার (p. 414) [durbāra] বিণ. নিবারণ করা বা বাধা দেওয়া শক্ত এমন, প্রতিরোধ করা শক্ত এমন, দুর্নিবার, দুর্দমনীয় ('দুর্বার স্রোতে এল কোথা হতে': রবীন্দ্র)। [সং. দুর্ + √ বৃ + ণিচ্ + অ]।

দুর্বার্তা (p. 414) [durbārtā] বি. খারাপ খবর, দুঃসংবাদ। [সং. দুর্ + বার্তা]।

দুর্বাসনা (p. 414) [durbāsanā] বি. 1 যে ইচ্ছা পূরণ করা যায় না; 2 অত্যুগ্র বাসনা ('দুর্বাসনার ডোরে': রবীন্দ্র); 3 দুরভিসন্ধি; দুষ্ট অভিপ্রায়। [সং.দুর্ + বাসনা]।

দুর্বাসিত (p. 414) [durbāsita] বিণ. দুর্গন্ধযুক্ত, যাতে খারাপ গন্ধ আছে এমন। [সং. দুর্ + √ বাসি (নামধাতু) + ত]।

দুর্বিগাহ (p. 414) [durbigāha] বিণ. দুর্বোধ্য, দুর্জ্ঞেয়, যার মর্ম বা তত্ত্ব বোঝা যায় না এমন, দুরবগাহ। [সং. দুর্ + বি + √ গাহ্ + অ]।

দুর্বিজ্ঞেয় (p. 414) [durbijñēẏa] বিণ. দুর্জ্ঞেয়, দুর্বোধ্য। [সং. দুর্ + বি + √ জ্ঞা + য]।

দুর্বিনীত (p. 414) [durbinīta] বিণ. 1 অবিনয়ী, উদ্ধত; 2 অশিষ্ট, অভদ্র। [সং. দুর্ + বিনীত]।

দুর্বিনেয় (p. 414) [durbinēẏa] বিণ. বিনীত বা দমিত করা যায় না এমন, দুর্দমনীয় (দুর্বিনেয় আবেগ, দুর্বিনেয় কামনা)। [সং. দুর্ + বি + √ নী + য]।

দুর্বিপাক (p. 414) [durbipāka] বি. 1 অশুভ পরিণাম; 2 বিপর্যয়, দৈব বিড়ম্বনা (দৈবদুর্বিপাকে তাদের, সবই গেছে)। □ বিণ. যার পরিণাম অশুভ। [সং. দুর্ + বিপাক]।

দুর্বিষহ (p. 414) [durbiṣaha] বিণ. সহ্য করা যায় না এমন, দুঃসহ, অসহ্য (দুর্বিষহ শোক, দুর্বিষহ কষ্ট, দুর্বিষহ জীবন)। [সং. দুর্ + বি + √ সহ্ + অ]। বি.˜ তা।

দুর্বুদ্ধি (p. 414) [durbuddhi] বি. 1 মন্দ বা অসত্ বুদ্ধি, কুবুদ্ধি; 2 দুষ্ট বুদ্ধি (হঠাত্ মাথায় একটা দুর্বুদ্ধি খেলে গেল); 3 মূর্খতা, নির্বুদ্ধিতা। □বিণ. 1 কুবুদ্ধিযুক্ত; 2 মূর্খ, বোকা। [সং. দুর্ + বুদ্ধি]।

দুর্বৃত্ত (p. 414) [durbṛtta] বিণ. 1 দুষ্ট স্বভাববিশিষ্ট, দুরাত্মা, দুশ্চরিত্র; 2 কুকর্মকারী, অসত্ বা সমাজবিরোধী কাজ করে এমন। □ বি. দুশ্চরিত্র ব্যক্তি; কুকর্মে নিযুক্ত ব্যক্তি (গুলির আওয়াজে দুর্বৃত্তরা পালিয়ে গেল)।[সং. দুর্ + বৃত্ত (চরিত্র)]।

দুবেদ (p. 414) [dubēda] বিণ. যা জানা কষ্টসাধ্য, দুর্জ্ঞেয় (দুর্বেদ রহস্য)।[সং. দুর্ + বেদ]।

দুর্বোধ (p. 414) [durbōdha] বিণ. বোঝা শক্ত এমন, দুর্জ্ঞেয় (দুর্বোধ কবিতা)। [সং. দুর্ + √ বুধ্ + অ]। দুর্বোধ্য বিণ. বোঝা শক্ত এমন, দুর্বোধ (দুর্বোধ্য কবিতা, দুর্বোধ্য রহস্য, দুর্বোধ্য আচরণ)।

দুর্ব্যবহার (p. 414) [durbyabahāra] বি. মন্দ বা অভদ্র আচরণ। [সং. দুর্ + ব্যবহার]।

দুর্ভক্ষ্য (p. 414) [durbhakṣya] বিণ. খাওয়া যায় না বা কষ্টকর এমন (দুর্ভক্ষ্য খাদ্য)। [সং. দুর্ + ভক্ষ্য]।

দুর্ভগ (p. 414) [durbhaga] বিণ. অভাগা, ভাগ্যহীন। [সং. দুর্ + ভগ]। দুর্ভগা বিণ. (স্ত্রী.) 1 অভাগিনী; 2 স্বামীর প্রেমে বঞ্চিতা।

দুর্ভর (p. 414) [durbhara] বিণ. 1 দুর্বহ, গুরুভার, বহন করা শক্ত এমন; 2 দুঃসহ, অসহ্য। [সং. দুর্ + √ ভৃ + অ]। বি. ̃ তা।

দুর্ভাগা (p. 414) [durbhāgā] বিণ. অভাগা, হতভাগ্য ('হে মোর দুর্ভাগা দেশ': রবীন্দ্র)। [সং. দুর্ + ভাগ (ভাগ্য) + বাং. আ. (বহু.)]। বিণ. (স্ত্রী.) দুর্ভাগিনী।

দুর্ভাগ্য (p. 414) [durbhāgya] বি. দুরদৃষ্ট, মন্দ ভাগ্য, মন্দ বরাত। □ বিণ. দুর্ভাগা, হতভাগ্য। [সং. দুর্ + ভাগ্য]।

দুর্ভাবনা (p. 414) [durbhābanā] বি. দুশ্চিন্তা; অমঙ্গলের ভয়ে উৎকণ্ঠা বা উদ্বেগ। [সং. দুর্ + ভাবনা]। ̃ গ্রস্ত বিণ. দুশ্চিন্তাগ্রস্ত, উদ্বিগ্ন।

দুর্ভিক্ষ (p. 414) [durbhikṣa] বি. 1 যে অবস্থায় ভিক্ষা মেলাও ভার, ভিক্ষা পাওয়াও কষ্টসাধ্য যে অবস্থায়; 2 আকাল, ব্যাপক খাদ্যাভাব। [সং. দুর্ + ভিক্ষা (সমাসান্ত)]।

দুর্ভেদ (p. 414) [durbhēda] বিণ. দুর্ভেদ্য, ভেদ করা শক্ত এমন ('দুর্ভেদ বাধা': রবীন্দ্র)। [সং. দুর্ + √ ভিদ্ + অ]।

দুর্ভেদ্য (p. 414) [durbhēdya] বিণ. 1 ভেদ করা শক্ত এমন (দুর্ভেদ্য পাথর); 2 বোঝা যায় না এমন, দুর্জ্ঞেয় (দুর্ভেদ্য রহস্য); 3 দুষ্প্রবেশ্য, প্রবেশ করা যায় না এমন (দুর্ভেদ্য ব্যূহ, দুর্ভেদ্য জঙ্গল)। [সং. দুর্ + √ ভিদ্ + য]।বি. ̃ তা।

দুর্ভোগ (p. 414) [durbhōga] বি. দুর্গতি, কষ্ট, লাঞ্ছনা (অনেক দুর্ভোগ ভুগতে হল)। [সং. দুর্ + ভোগ]।

দুর্মতি (p. 414) [durmati] বি. অসত্ বা মন্দ বুদ্ধি (তার এই দুর্মতি হল কেন?)। □বিণ. মন্দ বুদ্ধিবিশিষ্ট (দুর্মতি ব্যক্তি)।[সং. দুর্ + মতি]।

দুর্মদ (p. 414) [durmada] বিণ. প্রমত্ত, দুর্দান্ত, দুর্ধর্ষ ('আমি চির দুরন্ত দুর্মদ': নজরুল; দুর্মদ খেয়াল)। [সং. দুর্ + √ মদ্ + অ]।

দুর্মনা (p. 414) [durmanā] (-নস্) বিণ. 1 উদ্বিগ্নচিত্ত, দুর্ভাবনাগ্রস্তl; 2 বিষণ্ণ, দুঃখ পাচ্ছে বা ভোগ করছে এমন। [সং. দুর্ + মনস্]। দুর্মনায়-মান বিণ. দুর্ভাবনা করছে এমন।

দুর্মর (p. 414) [durmara] বিণ. 1 কিছুতেই মত বদলায় না এমন; 2 পরিবর্তনবিরোধী; 3 অতি রক্ষণশীল, die-hard (দুর্মর প্রাচীনপন্থী)। [সং. দুর্ + √ মৃ + অ]। বি.˜ তা।

দুর্মুখ (p. 414) [durmukha] বিণ. কটুভাষী, অপ্রিয়ভাষী। □ বি. (রামায়ণে) রামচন্দ্রের গুপ্তচরবিশেষ। [সং. দুর্ + মুখ]।

দুর্মূল্য (p. 414) [durmūlya] বিণ. মহার্ঘ, অত্যন্ত চড়া দামের, আক্রা (সব জিনিসই খুব দুর্মূল্য হয়ে উঠেছে)। [সং. দুর্ + মূল্য (বহু.)]।˜ ভাতা, মহার্ঘ-ভাতা বি. জিনিসপত্রের মূল্যবৃদ্ধির জন্য বেতনের সঙ্গে প্রদত্ত অতিরিক্ত ভাতা, dearness allowance.

দুর্মেধা (p. 416) [durmēdhā] (-ধস্) বিণ. 1 দুর্বল স্মরণশক্তিবিশিষ্ট; 2 মন্দবুদ্ধি; 3 মূর্খ। [সং. দুর্ + মেধস্ (মেধাঃ)]।

দুর্মো (p. 416) [durmō] দ্র দুরমো।

দুর্মোচ্য (p. 416) [durmōcya] বিণ. সহজে মোচন করা যায় না এমন, দুরপনেয়, দূর করা যায় না এমন (দুর্মোচ্য কলঙ্ক, দুর্মোচ্য দুঃখ)। [সং. দুর্ + মোচ্য]। বি.˜ তা।

দুর্যোগ (p. 416) [duryōga] বি. 1 ঝড়বৃষ্টি প্রভৃতি প্রাকৃতিক প্রতিকূলতাপূর্ণ সময় (দুর্যোগের রাত, দুর্যোগের মধ্যে রাস্তায় বেরোনো); 2 দুর্দিন, দুঃসময়। [সং. দুর্ + যোগ]।

দুর্যোধন (p. 416) [duryōdhana] বি. (মহাভারতে) ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র। [সং. দুর্ + √যুধ্ + অন]।

দুর্লক্ষণ (p. 416) [durlakṣaṇa] বি. অশুভ লক্ষণ। □ বিণ. অশুভ লক্ষণযুক্ত। [সং. দুর্ + লক্ষণ]। স্ত্রী. দুর্লক্ষণা।

দুর্লক্ষ্য (p. 416) [durlakṣya] বিণ. লক্ষ করা বা দেখতে পাওয়া শক্ত এমন, সহজে দৃশ্যমান নয় এমন। [সং. দুর্ + √ লক্ষ্ + য]। বি.˜ তা।

দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য (p. 416) [durlaṅgha, durlaṅghya] বিণ. লঙ্ঘন করা বা ডিঙানো শক্ত এমন, দুরতিক্রম্য (দুর্লঙ্ঘ বাধা, দুর্লঙ্ঘ্য প্রাচীর)। [সং. দুর্ + লঙ্ঘ, লঙ্ঘ্য]। বি.˜ তা।

দুর্লভ (p. 416) [durlabha] বিণ. 1 পাওয়া দুঃসাধ্য এমন, দুষ্প্রাপ্য (দুর্লভ সম্মান); 2 বিরল; 3 দুর্মূল্য। [সং. দুর্ + √ লভ্ + অ]। বি.˜ তা।

দুর্হৃদ (p. 416) [durhṛda] বিণ. 1 বন্ধু হিসাবে যে ভালো নয়; 2 শত্রুভাবাপন্ন ('দুর্হৃদ মানুষ কিংবা কুটিল দেবতা': সু.দ.)। [সং. দুর্ + হৃদ্ (বহু.)]।

দুল (p. 416) [dula] বি. স্ত্রীলোকের কানের গহনাবিশেষ, ছোট ঝুলন্ত কর্ণভূষণবিশেষ। [বাং. দুল্ (< সং. দুল্) + অ]।

দুলকি (p. 416) [dulaki] বি. (ঘোড়া পালকি ইত্যাদির) দোলায়িত মৃদু গমনভঙ্গি, দুলে দুলে যাওয়ার ভঙ্গি (দুলকি চালে চলেছে)। [হি. দুলকী]।

দুলন, দোলন (p. 416) [dulana, dōlana] বি. দোল খাওয়া; আন্দোলিত হওয়া; ঝুলন। [দুলা দ্র]।

দুলা, দোলা (p. 416) [dulā, dōlā] ক্রি. 1 দোল খাওয়া (দোলনায় দুলছে); 2 আন্দোলিত হওয়া ('দোদুল দুলিছে': রবীন্দ্র); 3 ঝোলা। □ বি. উক্ত সব অর্থে। [সং. √ দুল্ + বাং. + আ]। ˜ নো ক্রি. দোল দেওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

দুলারি (p. 416) [dulāri] বি. বিণ. (স্ত্রী.) দুলালি, আদরিণী। [হি. দুলারী]।

দুলাল (p. 416) [dulāla] বি. স্নেহের পাত্র; আদরে প্রতিপালিত পুত্র। [তু. হি. দুলার (স্নেহ)]। বি. স্ত্রী. দুলালি।

দুলিচা (p. 416) [dulicā] বি. ক্ষুদ্র গালিচা বা আসন। [হি. দুলীচা]।

দুলুনি (p. 416) [duluni] বি. দোলা, দোলন, দোল (পালকির দুলুনি)। [দুলা দ্র]।

দুলে (p. 416) [dulē] বি. পালকি ডুলি প্রভৃতির বাহক হিন্দু জাতিবিশেষ। [বাং. দুলা]। স্ত্রী.˜ নি।

দুশ-মন (p. 416) [duśa-mana] বি. শত্রু; দুর্বৃত্ত। □ বিণ. বিকট, ভয়ংকর (দুশমন চেহারা)। [ফা. দুশ্মন]। দুশমনি বি. শত্রুতা, দুর্বৃত্ততা।

দুশ্চর (p. 416) [duścara] বিণ. 1 বিচরণের পক্ষে দুঃসাধ্য এমন, যেখানে বিচরণ করা যায় না এমন (দুশ্চর অরণ্য); 2 দুর্গম; 3 আচরণ বা পালন করা শক্ত এমন; কষ্টসাধ্য (দুশ্চর ব্রত, দুশ্চর তপস্যা)। [সং. দুর্ + √ চর্ + অ]।

দুশ্চরিত্র, দুশ্চরিত (p. 416) [duścaritra, duścarita] বিণ. দুষ্ট বা অসত্ স্বভাববিশিষ্ট; চরিত্রহীন। □ বি. মন্দ স্বভাব। [সং. দুর্ + চরিত্র, চরিত]। বি.˜ তা।

দুশ্চিকিৎস্য (p. 416) [duścikitsya] বিণ. যার চিকিৎসা বা আরোগ্য প্রায় অসম্ভব, দুরারোগ্য (দুশ্চিকিৎস্য রোগ)। [সং. দুঃ + চিকিৎস্য]।

দুশ্চিন্তা (p. 416) [duścintā] বি. 1 দুর্ভাবনা, উৎকণ্ঠা; 2 মন্দ বা অশুভ চিন্তা। [সং. দুঃ + চিন্তা]।˜ গ্রস্ত বিণ. দুশ্চিন্তাকারী। দুশ্চিন্তিত বিণ. উৎকণ্ঠিত, দুশ্চিন্তা করছে এমন।

দুশ্চেষ্টা (p. 416) [duścēṣṭā] বি. 1 অসাধ্যসাধনের চেষ্টা, যা সাধন করা প্রায় অসম্ভব তা সাধনের চেষ্টা; 2 মিথ্যা বা অন্যায় চেষ্টা। [সং. দুঃ + চেষ্টা]। দুশ্চেষ্টিত বি. 1 বিফল চেষ্টা; 2 অসত্ চেষ্টা; 3 অসদাচরণ।

দুশ্ছেদ্য (p. 416) [duśchēdya] বিণ. ছেদন করা দুঃসাধ্য এমন (দুশ্ছেদ্য বন্ধন)। [সং. দুঃ + ছেদ্য]।

দুষা, (চলিত) দোষা (p. 416) [duṣā, (calita) dōṣā] ক্রি. দোষ দেওয়া, দোষারোপ করা (এর জন্যে আমাকে দুষছ কেন?)। □ বি. উক্ত অর্থে (এর জন্যে আমাকে দোষা উচিত নয়)। [সং. √ দুষ্ + বাং. আ]।

দুষ্কর (p. 416) [duṣkara] বিণ. দুঃসাধ্য, করা কঠিন এমন (তার মতিগতি বোঝা দুষ্কর)। [সং. দুর্ + √ কৃ + অ]।

দুষ্কর্ম (p. 416) [duṣkarma] (-র্মন্) বি. 1 কুকর্ম, অন্যায় বা অনুচিত কাজ; 2 পাপ। [সং. দূর্ + কর্মন্]। দুষ্কর্মা বিণ. কুকর্মকারী; পাপাত্মা।

দুষ্কার্য (p. 416) [duṣkārya] বি. দুষ্কর্ম, খারাপ কাজ। [সং. দুর্ + কার্য]।

দুষ্কাল (p. 416) [duṣkāla] বি. অশুভ বা মন্দ সময়। [সং. দুর্ + কাল]।

দুষ্কুল (p. 416) [duṣkula] বি. 1 হীন বা অসত্ বংশ; 2 নীচ বংশ।[সং. দুর্ + কুল]।

দুষ্কৃত (p. 416) [duṣkṛta] বি. 1 দুষ্কর্ম, মন্দ কাজ, কুকাজ; 2 পাপ। □ বিণ. অন্যায়ভাবে কৃত (দুষ্কৃতকর্ম)। তু. কৃতকর্ম। [সং. দুর্ + কৃত (=কাজ)]। ˜ কারী (-রিন্) বিণ. বি. দুষ্কর্মকারী, অন্যায়কারী (পুলিশ দুষ্কৃতকারীদের পিছু নিয়েছে)।

দুষ্কৃতি (p. 416) [duṣkṛti] বি. 1 দুষ্কর্ম; 2 পাপ; 3 দুর্ভাগ্য। [সং. দুর্ + কৃতি]।

দুষ্কৃতী (p. 416) [duṣkṛtī] (-তিন্) বিণ. দুষ্কর্মকারী, দুষ্কৃতকারী; পাপী। [সং. দুর্ + কৃত + ইন্]।

দুষ্ক্রিয়া (p. 416) [duṣkriẏā] বি. কুকর্ম, কুকাজ; পাপ। [সং. দুর্ + ক্রিয়া]।˜ ন্বিত বিণ. কুকর্মকারী; পাপাচারী।

দুষ্ট (p. 416) [duṣṭa] বিণ. 1 দোষযুক্ত, দূষিত (দুষ্টব্রণ, দুষ্টক্ষত); 2 অসত্, মন্দ (দুষ্টচরিত্র); 3 অশুভ (দুষ্টগ্রহ); 4 অশান্ত, দুরন্ত (দুষ্ট ছেলে)। [সং. √ দুষ্ + ত]।˜ কর্মা (-র্মন্) বিণ. বি. কুকাজকারী।˜ ক্ষুধা বি. পেট ভরতি থাকা সত্ত্বেও ক্ষুধাবোধ।˜ গ্রহ বি. অশুভ বা ক্ষতিকর গ্রহ।˜ চক্র বি. 1 কুকর্মকারীদের গোষ্ঠী বা দল; 2 এক মন্দ বা ভ্রম থেকেই আর এক মন্দ বা ভ্রমের ক্রমাগত উৎপত্তি, vicious circle.˜ বুদ্ধি বি. 1 কুবুদ্ধি; 2 চালাকি বুদ্ধি (ছেলেটার দুষ্টবুদ্ধি কম নয়)।˜ ব্রণ বি. মারাত্মক ফোড়াবিশেষ। দুষ্টা বিণ. (স্ত্রী.) কুচরিত্রা; ব্যভিচারিণী। দুষ্টাশয় বিণ. দুর্বৃত্ত, অসত্ চরিত্রবিশিষ্ট।

দুষ্টামি, (আদরে) দুষ্টুমি (p. 416) [duṣṭāmi, (ādarē) duṣṭumi] বি. 1 অসদাচরণ; 2 চঞ্চলতা; 3 দুরন্তপনা। [সং. দুষ্ট (বাংলায় ভিন্ন অর্থে) + বাং. আমি]।

দুষ্টাশয় (p. 416) [duṣṭāśaẏa] দ্র দুষ্ট।

দুষ্টি (p. 416) [duṣṭi] বি. দোষ (রক্তদুষ্টি)। [সং. √ দুষ্ + তি]।

দুষ্টু (p. 416) [duṣṭu] বিণ. (আদরে) দুরন্ত। [দুষ্ট দ্র]।˜ মি বি.দুরন্তপনা।

দুষ্পরাজেয় (p. 416) [duṣparājēẏa] বিণ. সহজে পরাজিত করা যায় না এমন, যাকে পরাজিত করা দুঃসাধ্য। [সং. দুর্ + পরাজেয়]।

দুষ্পাচ্য, দুষ্পচ (p. 416) [duṣpācya, duṣpaca] বিণ. হজম করা বা হওয়া দুঃসাধ্য এমন (দুষ্পাচ্য খাবার)। [সং. দুর্ + পাচ্য, পচ]। বি.˜ তা।

দুষ্প্রধর্ষ (p. 416) [duṣpradharṣa] বিণ. 1 প্রবল পরাক্রান্ত, দুর্ধর্ষ; 2 অপরাজেয়। [সং. দুর্ + প্র + √ ধৃষ্ + অ]।

দুষ্প্রবৃত্তি (p. 416) [duṣprabṛtti] বি. অসত্ বিষয়ে রুচি বা প্রবৃত্তি। [সং. দুর্ + প্রবৃত্তি]।

দুষ্প্রবেশ, দুষ্প্রবেশ্য (p. 416) [duṣprabēśa, duṣprabēśya] বিণ. 1 যেখানে প্রবেশ করা দুঃসাধ্য, দুর্গম; 2 দুরধিগম্য, যে বিষয়ের মধ্যে প্রবেশ করা কঠিন, দুর্জ্ঞেয়। [সং. দুর্ +প্রবেশ, প্রবেশ্য]।

দুষ্প্রমেয় (p. 416) [duṣpramēẏa] বিণ. অপরিমেয়, পরিমাপ নির্ধারণ করা যায় না এমন। [সং. দুর্ + প্রমেয়]। বি.˜ তা।

দুষ্প্রাপ্য (p. 416) [duṣprāpya] বিণ. পাওয়া দুঃসাধ্য এমন, দুর্লভ। [সং. দুর্ + প্রাপ্য]। বি.˜ তা।

দুষ্মন্ত, দুষ্যন্ত (p. 416) [duṣmanta, duṣyanta] বি. পৌরাণিক রাজাবিশেষ। [সং.]।

দুসন্ধ্যা, দুসুতি (p. 416) [dusandhyā, dusuti] দ্র দু।

দুস্তর (p. 416) [dustara] বিণ.পার হওয়া দুঃসাধ্য এমন ('দুস্তর পারাবার': নজরুল)। [সং. দুর্ + √ তৃ + অ]। বি.˜ তা।

দুস্থ (p. 416) [dusha] দ্র দুঃস্থ।

দুহা, দোহা, (কথ্য) দোয়া (p. 416) [duhā, dōhā, (kathya) dōẏā] ক্রি. দোহন করা (দুধ দোয়া)। □ বি. দোহন। [সং. √ দুহ্ + বাং. আ]। দুহানো, দোহানো, দোয়ানো ক্রি. দোহন করা, দুধ দোহন করা (গোরু দোহানো, গোরু দোয়ানো)। □ বি. উক্ত অর্থে।

দুহাতিয়া (p. 416) [duhātiẏā] বিণ. 1 দুই হাতওয়ালা; 2 দুই হাত দিয়ে হানা বা আঘাত করা হয়েছে এমন কিংবা দুই হাত দীর্ঘ (দুহাতিয়া আঘাত, দুহাতিয়া লাঠির বাড়ি)। [বাং. দু (দুই) + হাত + ইয়া]।

দুহিতা (p. 416) [duhitā] (-তৃ) বি. কন্যা, নন্দিনী।[সং. √ দুহ্ + তৃ]।

দুহুঁ, দুঁহুঁ (p. 416) [duhu, n̐dum̐hu] দ্র দুঁহু।

দুহ্য (p. 416) [duhya] বিণ. দোহনের যোগ্য, দোয়া যায় এমন। [সং. √ দুহ্ + য]।˜ মানা বিণ. (স্ত্রী.) যাকে দোহন করা হচ্ছে (দুহ্যমানা গাভী)।

দূত (p. 416) [dūta] বি. 1 যে সংবাদ বহন করে; 2 চর; 3 (বর্ত.) প্রতিনিধি বা সংযোগরক্ষাকারী রাষ্ট্রদূত। [সং. √ দূ + ত]। বি. দৌত্য,˜ গিরি।

দূতাবাস (p. 416) [dūtābāsa] বি. রাষ্ট্রদূতের কার্যালয়, এমব্যাসি। [সং. দূত + আবাস]।

দূতালি (p. 416) [dūtāli] বি. দূতের কাজ, দৌত্য, দূতগিরি। [সং. দূত + বাং. আলি]।

দূতী (p. 416) [dūtī] বি. 1 স্ত্রী-দূত; সংবাদবাহিকা; 2 প্রণয়ী-প্রণয়িনীর মধ্যে সংবাদ বা পত্র আদান-প্রদানকারিণী, কুটনি। [সং. দূত + ঈ]।

দূতিয়ালি, দূতীয়ালি (p. 416) [dūtiẏāli, dūtīẏāli] বি. দূতীর কাজ। [সং. দূতি (দূতী) + বাং. আলি]।

দূর (p. 416) [dūra] বি. 1 ব্যবধান, অন্তর (কত দূর?); 2 দূরবর্তী স্থান, নিকট নয় এমন দেশ বা স্থান (দূর থেকে দেখা, 'দূরের বন্ধু': রবীন্দ্র); 3 অবিষয় (ভালো খেলা দূর থাক, সে তো খেলেই না)। □ বিণ. 1 অনিকট, কাছের নয় এমন ('দূরদেশী সেই রাখাল ছেলে': রবীন্দ্র); 2 ব্যাপক, গভীর (দূরদৃষ্টি); 3

বিস্তৃত (দূরপথ); 4 বিতাড়িত, বহিষ্কৃত (বাড়ি থেকে দূর করা, আপদ দূর হয়েছে); 5 অপগত, দূরীভূত (বিপদ দূর হয়েছে)।☐ অব্য. ঘৃণা লজ্জা বিরক্তি অবিশ্বাস অসম্মতি প্রভৃতি ভাবপ্রকাশক (দূর ছাই, দূর দূর, ভালো লাগে না)। [সং. দূর + √ ই + র]। দূর করা ক্রি. বি. বিতাড়িত বহিষ্কৃত বা দূরীভূত করা (ময়লা দূর করা, অশিক্ষা দূর করা, রোগ দূর করা)। ˜ গ, ˜ গামী (-মিন্) বিণ. দূরে গমন করে এমন। স্ত্রী. ˜ গামিনী। দূর-ছাই করা ক্রি. বি. অবজ্ঞা করা (এটা কিন্তু দূর-ছাই করার মতো জিনিস নয়)। ˜ ত (-তস্), (বর্জি.) ˜ তঃ অব্য. ক্রি-বিণ. দূর থেকে। ˜ তা, ˜ ত্ব বি. ব্যবধান; পার্থক্য। ˜ দর্শন বি. 1 দূর থেকে নিরীক্ষণ; 2 যে যন্ত্রের সাহায্যে দূরের বস্তু দেখতে পারা যায়, television; 3 পরিণামদর্শন, দূরদৃষ্টি। ˜ দর্শী (-দর্শিন্) বিণ. পরিণামদর্শী, বিচক্ষণ, যার ভবিষ্যদ্দৃষ্টি আছে। বি. ˜ দর্শিতা। দূর দূর অব্য. (বিতাড়নসূচক বা বিরক্তি ইত্যাদি সূচক) দূর হও, ছি ছি। ˜ দূরান্ত বি. বহু দূরবর্তী স্থান। ˜ দৃষ্টি বি. ভবিষ্যদ্দৃষ্টি। ˜ বর্তী (-র্তিন্) বিণ. দূরে অবস্থিত, দূরস্থ (দূরবর্তী দেশ)। বি. ˜ বর্তিতা। স্ত্রী. ˜ বর্তিনী। ˜ বীক্ষণ, ˜ বিন বি. দূরের বস্তু স্পষ্টভাবে দেখবার যন্ত্রবিশেষ, telescope. ˜ ভাষ বি. যে যন্ত্রের সাহায্যে দূরবর্তী স্থান থেকে কথা বলা ও শোনা যায়, telephone. ˜ শ্রুত বিণ. দূর থেকে ভেসে এসে শ্রুত হচ্ছে এমন, দূরের কথা বা শব্দ শোনা যাচ্ছে এমন। ˜ স্থ, ˜ স্থিত বিণ. দূরের, দূরবর্তী। ˜ হি ক্রি-বিণ. (ব্রজ.) দূরে। দূর হোক অব্য. বিরক্তিপ্রকাশক উক্তি। দূরাগত বিণ. দূর থেকে আগমনকারী বা আগত (দূরাগত ধ্বনি)। দূরান্তর বি. বহুদূরব্যাপী ব্যবধান। দূরিত বিণ. দূর করা হয়েছে এমন (বিপদ দূরিত হয়েছে)। দূরীকরণ বি. বিতাড়ন, অপসারণ, বহিষ্কার, সরানো। দূরী-কৃত বিণ. বিতাড়িত, অপসৃত, সরানো হয়েছে এমন, বহিষ্কৃত। দূরী-ভবন বি. অপসরণ; বিতাড়িত হওয়া, বহিষ্কৃত হওয়া। দূরী-ভূত বিণ. অপসৃত, বিতাড়িত, বহিষ্কৃত।

দূরেক্ষণ (p. 416) [dūrēkṣaṇa] বি. দূরদর্শন, television. [সং. দূর + ঈক্ষণ]।

দূর্বা (p. 416) [dūrbā] বি. ছোটো ঘাসবিশেষ। [সং. √ দূর্ব্ + অ + আ (স্ত্রী.)]। ˜ দল বি. দূর্বাঘাসের পাতা। ˜ দল-শ্যাম বিণ. দূর্বাঘাসের পাতার মতো শ্যামবর্ণযুক্ত। ˜ ষ্টমী বি. ভাদ্র মাসের শুক্লাষ্টমী।

দূষক (p. 418) [dūṣaka] বি. বিণ. 1 দোষদায়ক, যে দোষ দেয় বা দেখায়; 2 নিন্দাকারী (আমি দূষকদের দলে নেই)। [সং. √ দূষি (=√ দূষ্ + ণিচ্) + অক]।

দূষণ (p. 418) [dūṣaṇa] বি. 1 দোষারোপ, দোষ দেওয়া, দোষ দেখানো; 2 অপবিত্র করা; 3 কলুষ সৃষ্টি (পরিবেশ দূষণ); 4 রামায়ণোক্ত রাক্ষসবিশেষ। □ বিণ. দূষক। [সং. √ দুষ্ + ণিচ্ = দূষি + অন]। দূষণীয়, দূষ্য বিণ. দোষারোপযোগ্য, নিন্দনীয় (বাল্যবিবাহ সর্বৈব দূষণীয়)। দূষয়িতা (-তৃ) বি. দূষক, যে দোষারোপ করে। দূষিত বিণ. দোষযুক্ত, কলুষিত, অপবিত্র, বিষিত (দূষিত বায়ু, দূষিত চরিত্র)। স্ত্রী. দূষিতা।

দৃক্ (p. 418) [dṛk] (-শ্) বি. 1 চক্ষু; 2 দৃষ্টি; 3 জ্ঞান।[সং. √ দৃশ্ + ক্বিপ্]।˜ পাত বি. দৃষ্টিনিক্ষেপ; ভ্রূক্ষেপ (সেদিকে একেবারেই দৃক্পাত করে না)।

দৃঢ় (p. 418) [dṛḍh়] বিণ. 1 শক্ত, কঠিন, মজবুত, পোক্ত (দৃঢ় ভিত্তি); 2 কঠোর (দৃঢ়হস্তে শাসন); 3 বলিষ্ঠ (দৃঢ়দেহ); 4 স্থির, অবিচলিত, অটল (দৃঢ়সংকল্প, দৃঢ়চিত্ত); 5 গভীর (দৃঢ়ভক্তি); 6 অকম্পিত (দৃঢ়স্বর); 7 তেজোদৃপ্ত (দৃঢ়কণ্ঠে প্রতিবাদ)। [সং. √ দৃহ্ + ত]। বি.˜ তা।˜ কায় বিণ. বলিষ্ঠ দেহবিশিষ্ট।˜

চেতা বিণ. সংকল্পে অটল, স্থিরচিত্ত। ˜ নিশ্চয় বিণ. স্থিরসিদ্ধান্ত, সুনিশ্চিত। ˜ প্রতিজ্ঞ বিণ. কৃতসংকল্প; প্রতিজ্ঞা পালনে অবিচলিত। ˜ ব্রত বিণ. কিছুতেই সংকল্পচ্যুত হয় না এমন; কঠোর অধ্যবসায়যুক্ত। ˜ মুষ্টি বিণ. 1 সহজে শিথিল হয় না এমন মুষ্টিযুক্ত, আঁট মুষ্টিযুক্ত; 2 (আল.) কৃপণ। ˜ মূল বিণ. 1 যার মূল দৃঢ়ভাবে মাটিতে প্রোথিত; 2 (আল.) গভীরভাবে প্রতিষ্ঠিত (দৃঢ়মূল সংস্কার, দৃঢ়মূল বিশ্বাস); 3 অনড়। ˜ সন্ধ বিণ. দৃঢ়প্রতিজ্ঞ। দৃঢ়ীকরণ বি. শক্ত বা পোক্ত করা; সুপ্রতিষ্ঠিত করা। দৃঢ়ী-কৃত বিণ. পোক্ত বা মজবুত করা হয়েছে এমন; সুপ্রতিষ্ঠিত করা হয়েছে এমন। দৃঢ়ী-ভবন বি. শক্ত বা কঠিন হওয়া; জমাট হওয়া; সুপ্রতিষ্ঠিত হওয়া। দৃঢ়ী-ভূত বিণ. জমাট, পোক্ত বা মজবুত হয়েছে এমন; সুপ্রতিষ্ঠিত।

দৃপ্ত, দৃপ্র (p. 418) [dṛpta, dṛpra] বিণ. 1 দর্পযুক্ত, দর্পিত, গর্বিত, উদ্ধত; 2 তেজঃপূর্ণ (দৃপ্তকণ্ঠে বলা)। [সং. √ দৃপ্ + ত, র]।

দৃশ্য (p. 418) [dṛśya] বি. 1 দর্শনযোগ্য বা দৃশ্যমান বস্তু বা বিষয় (এ দৃশ্য দেখা যায় না, ভয়ানক দৃশ্য, অপূর্ব দৃশ্য); 2 নাটকের অঙ্কের অন্তর্গত ভাগ বা পরিচ্ছেদ (প্রথম অঙ্কের চতুর্থ দৃশ্য); 3 নাটকের পারিপার্শ্বিক অবস্থানুযায়ী অভিনয়মঞ্চের সজ্জা, সিন, scene. ☐ বিণ. 1 দর্শনীয় (কুদৃশ্য, অদৃশ্য); 2 অভিনয় দেখতে হয় এমন (দৃশ্যকাব্য); 3 প্রকাশ্য (দৃশ্যত)। [সং. √ দৃশ্ + য]। ˜ কাব্য বি. কাব্যের শ্রেণিবিশেষ, কাব্যনাটকবিশেষ, যার রস উপভোগের জন্য অভিনয় দেখতে হয়। ˜ ত, (বর্জি.) ˜ তঃ অব্য. আপাতদৃষ্টিতে (দৃশ্যত সুন্দর)। ˜ পট বি. থিয়েটার বা রঙ্গমঞ্চের সিন বা চিত্রপট, scene. ˜ মান বিণ. যা দেখা যাচ্ছে এমন, দৃষ্ট হচ্ছে এমন (দৃশ্যমান জগত্)। ˜ সংগীত বি. নৃত্য। দৃশ্যান্তর বি. অন্য দৃশ্য।

দৃষ্ট (p. 418) [dṛṣṭa] বিণ. দেখা গেছে এমন, লক্ষিত। □ বি. দৃষ্টি (এক দৃষ্টে তাকিয়ে থাকা)। [সং. √ দৃশ্ + ত]।˜ চর,˜ পূর্ব বিণ. পূর্বে দেখা গেছে এমন। দৃষ্টাদৃষ্ট বিণ. 1 (যা) দেখা গেছে এবং যা দেখা যায়নি এমন; 2 আংশিক দেখা যায় এবং আংশিক দেখা যায় না এমন; 3 ব্যক্ত ও অব্যক্ত।

দৃষ্টান্ত (p. 418) [dṛṣṭānta] বি. 1 উদাহরণ, প্রমাণের নিদর্শন; 2 নজির (দৃষ্টান্ত স্থাপন করা); 3 উপমান; 4 (আল.) কোনো বিষয়ের যাথার্থ্য প্রমাণের জন্য সদৃশ বিষয়ের উল্লেখ বা বর্ণনা। [সং. দৃষ্ট + অন্ত]।˜ স্থল বি. উদাহরণ বা নজিরস্বরূপ ব্যবহৃত হওয়ার যোগ্য বিষয়।

দৃষ্টি (p. 418) [dṛṣṭi] বি. 1 দর্শন, দেখা, অবলোকন (দৃষ্টিপাত, দৃষ্টিভ্রম, দৃষ্টিকোণ); 2 দৃষ্টিশক্তি, দেখার ক্ষমতা (দৃষ্টিহীন); 3 জ্ঞান, বোধ (স্থূলদৃষ্টি); 4 চক্ষু, যে ইন্দ্রিয় দুয়ে দেখা হয়; 5 নজর, লক্ষ্য (এদিকে একটু দৃষ্টি দাও); 6 কুনজর (আমার সৌভাগ্যে দৃষ্টি দিয়ো না)। [সং. √ দৃশ্ + তি]।˜ কটু বিণ. দেখতে খারাপ লাগে এমন (দৃষ্টিকটু চালচলন, দৃষ্টিকটু পোশাক)।˜ কৃপণ বিণ. বেশি খরচ করতে বা দান করতে অনিচ্ছুক, ছোট নজরওয়ালা।˜ কোণ বি. 1 সূক্ষ্মভাবে দেখার দিক; 2 বিচার বা বিশ্লেষণ করার ভঙ্গি, দৃষ্টিভঙ্গি, point of view (বিভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখা)।˜ ক্ষুধা বি. প্রকৃত ক্ষুধা না থাকা সত্ত্বেও খাবার দেখে খাওয়ার লোভ।˜ গোচর বিণ. দেখা যায় এমন, দৃষ্টিপথে এসেছে এমন (অপরের দোষ সহজেই তার দৃষ্টিগোচর হয়)।˜ নন্দন বিণ. দেখতে সুন্দর এমন; যা দেখলে আনন্দ হয়।˜ পথ বি. যতদূর পর্যন্ত দেখা যায়।˜ পাত বি. দৃষ্টিনিক্ষেপ, দেখা, অবলোকন।˜ ভঙ্গি বি. দেখবার বা আলোচনা করার রীতি বা ধরন (বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি)।˜ ভ্রম,˜ বিভ্রম বি. দেখার ভুল।˜ শোভন বিণ.

দৃষ্টিনন্দন -এর অনুরূপ। ˜ সীমা বি. যতদূর পর্যন্ত দেখা যায় (দৃষ্টিসীমার বাইরে চলে গেল)। ˜ হীন বিণ. দেখার শক্তি নেই এমন, অন্ধ। বি. ˜ হীনতা।

দে2 (p. 418) [dē2] বি. (প্রা. কাব্যে) শরীর, দেহ ('গৌর, নহিত তবে কি হইত, কেমনে ধরিতু দে': বা. ঘো.)। [সং.দেহ]।

দে3 (p. 418) [dē3] অনু-ক্রি. (তুচ্ছার্থে আদরে বা কনিষ্ঠকে) দাও, প্রদান করো ('আমায় দে মা তবিলদারি': রা. প্র.)। [বাং. √ দি]।

দেইজি (p. 418) [dēiji] বি. জ্ঞাতি। [< সং. দায়াদ]।

দেউটি (p. 418) [dēuṭi] বি. প্রদীপ ('একে একে নিভিছে দেউটি': মধু) [সং. দীপবর্তিকা]।

দেউড়ি (p. 418) [dēuḍ়i] বি. সদর প্রবেশপথ, তোরণ, ফটক (দেউড়িতে পাহারাওয়ালা বসে আছে)। [সং. দেহলী]।

দেউল (p. 418) [dēula] বি. মন্দির, দেবালয় (দেবদেউল)। [সং. দেবকুল (কুল=গৃহ)]।

দেউলিয়া, (কথ্য) দেউলে (p. 418) [dēuliẏā, (kathya) dēulē] বিণ. 1 নিঃস্ব; 2 ঋণ, শোধ করতে অক্ষম। [সং. দেবকুলিক-তু. হি. দেবালিয়া]।

দেও-দার (p. 418) [dēō-dāra] বি. দেবদারু গাছ ('কাঁপে দেওদার, বট': সু. দ.)। [সং. দেবদারু]।

দেওয়া (p. 419) [dēōẏā] ক্রি. 1 প্রদান করা (টাকা দেওয়া, ভাত দাও, জল দাও); 2 দান বা বিতরণ করা (ভিক্ষা দেওয়া); 3 জোগানো (ভাত-কাপড় দেওয়া); 4 বিবাহাদিতে সম্প্রদান করা (মেয়ে দেওয়া); 5 বিসর্জন করা (দেশের জন্য প্রাণ দিয়েছেন); 6 সিঞ্চন করা (গাছে জল দেওয়া); 7 মিশ্রিত করা, মিশানো (দুধে জল দেওয়া); 8 আরোপ করা (বদনাম দেওয়া); 9 স্থাপন করা, প্রতিষ্ঠিত করা, গড়ে তোলা (দালান দেওয়া); 1 মেলে দেওয়া (জামাকাপড় রোদে দেওয়া); 11 নির্মাণ করা (বেড়া দেওয়া, পাঁচিল দেওয়া); 12 অঙ্গে ধারণ করা, পরিধান করা (জামা গায়ে দেওয়া, চোখে চশমা দেওয়া); 13 উৎসর্গ করা (পূজা দেওয়া, বলি দেওয়া, ডালি দেওয়া); 14 উৎপাদন করা (গাছের ফল দেওয়া, ছাগলটা দুটো বাচ্চা দিয়েছে); 15 প্রয়োগ করা (গানে সুর দেওয়া, ছবিতে রং দেওয়া); 16 নিক্ষেপ করা (দৃষ্টি দেওয়া, টাকাগুলো জলে দিলে); 17 সংলগ্ন বা স্পৃষ্ট করা (এখানে পা দিয়ো না, জিনিসে হাত দিয়ো না); 18 আটকানো, বন্ধ করা (দুয়ার দাও, খিল দেওয়া হয়নি); 19 ন্যস্ত করা (দায়িত্ব দেওয়া, কাজের ভার দেওয়া); 2 লেখা বা আঁকা (চিঠিতে তারিখ দেওয়া, কপালে ফোঁটা দেওয়া, এখানে একটা কমা দাও); 21 প্রেরণ করা (চিঠি ডাকে দাও, ছেলেকে স্কুলে দিয়ে আসি); 22 ভরতি করা (ছেলেকে কোন স্কুলে দিলে?); 23 নিযুক্ত করা (আমাকে একটা কাজ দিন); 24 জ্ঞাপন করা (তাকে একটা খবর দাও, ধন্যবাদ দাও, তার কাছে গিয়ে নিজের পরিচয় দিয়ো); 25 মঞ্জুর করা (ছুটি দেওয়া); 26 অনুমতি দেওয়া, বাধা না দেওয়া (একটু শুনতে দাও, পালাতে দিয়ো না, ঘুমোতে দাও); 27 বপন করা (জমিতে বীজ দেওয়া); 28 ঢোকানো (গলায় আঙুল দিয়ে বমি); 29 রাখা (ও কথা বাদ দাও, এখানে ফাঁক দাও); 3 ক্ষমতা বা যোগ্যতা দেখানো (তোমাকে

যোগ্যতার পরীক্ষা দিতে হবে); 31 মিশানো (তালে তাল দেওয়া); 32 অনুষ্ঠান করা বা নির্বাহ করা (ছেলের ভাত দেওয়া, বিয়ে দেওয়া); 33 সঞ্চার করা ('বল দাও মোরে বল দাও, প্রাণে দাও মোর শকতি': রবীন্দ্র); 34 মারা, জোরে লাগানো, জোরে ঘর্ষণ করা (ঝাড়ু দেওয়া, থাপ্পড় দেওয়া)। □ বিণ. উক্ত সব অর্থে ('মায়ের দেওয়া মোটা কাপড়': জল-দেওয়া দুধ; দুয়ার-দেওয়া ঘর)। □ বি. উক্ত সব অর্থে (দেওয়া-থোওয়া; পরীক্ষা দেওয়া আর শেষ হবে না)। [সং. √ দা]। ˜ নো ক্রি. অপরের দ্বারা প্রদান করানো (গাছে জল দেওয়ানো হয়েছে; উনুনে আগুন দেওয়ানো)। □ বি. বিণ. উক্ত অর্থে। দিয়ে দেওয়া ক্রি. পুরোপুরি দেওয়া (এমন জিনিসটা ওকে দিয়ে দিলে?)।

দেওয়ান (p. 419) [dēōẏāna] বি. 1 রাজস্বমন্ত্রী, খাজাঞ্চি; 2 রাজসভা, মন্ত্রণাসভা, মন্ত্রিপরিষদ। [ফা. দীবান্]। দেওয়ান-ই-আম বি. সাধারণ রাজদরবার; লোকসভা। দেওয়ান-ই-খাস বি. মন্ত্রিসভা। দেওয়ানি বি. 1 বৃত্তি, অধিকার, কর্তব্যকর্ম; 2 রাজস্বসংক্রান্ত অধিকার বা কর্ম। □ বিণ. 1 দেওয়ানের কার্যাদিবিষয়ক; 2 রাজস্ববিষয়ক; 3 দাবি বা অধিকারসম্বন্ধীয়; অপরাধমূলক বা ফৌজদারি নয় এমন, civil (দেওয়ানি মোকদ্দমা)।

দেওয়ানি (p. 419) [dēōẏāni] দ্র দেওয়ান।

দেওয়াল, (কথ্য) দেয়াল (p. 419) [dēōẏāla, (kathya) dēẏāla] বি. প্রাচীরগাত্র, পাঁচিল (ঘরের দেওয়ালে ছবি টাঙানো)। [ফা. দীবার]। ˜ গিরি বি. যে প্রদীপ দেওয়ালের গায়ে লাগিয়ে ঝুলিয়ে রাখা হয়। ˜ ঘড়ি বি. দেওয়ালে সংলগ্ন বড় ঘড়ি, wall clock. ˜ পঞ্জি বি. দেওয়ালে ঝোলানো ক্যালেণ্ডার।

দেওয়ালি (p. 419) [dēōẏāli] বি. দীপালি, দীপান্বিতা, কালীপূজার রাত্রে দীপ জ্বেলে সাজানোর উৎসব। [সং. দীপালি, দীপাবলি]। দেওয়ালি পোকা দেওয়ালির সময় আলোয় পড়ে পুড়ে মরে এমন পতঙ্গবিশেষ, শ্যামাপোকা।

দেওর (p. 419) [dēōra] বি. দেবর, স্বামীর ছোট ভাই। [সং. দেবর]।˜ ঝি বি. দেওরের কন্যা।˜ পো বি. দেওরের পুত্র।

দেঁতো (p. 419) [dēn̐tō] বিণ. 1 দাঁতাল; 2 দন্তবিকাশকারী, দাঁত বার করে এমন; 3 (আল.) আন্তরিকতাহীন (দেঁতো হাসি)। [বাং. দাঁত + উয়া > ও]।

দেখ, দেখো (p. 419) [dēkha, dēkhō] অনু-ক্রি. দর্শন কর (ওদিকে তাকিয়ে দেখো)। □অব্য. মনোযোগ আকর্ষণ, ভয়প্রদর্শন, সতর্কীকরণ সম্বোধন ইত্যাদি অর্থসূচক (দেখ, ব্যাপারটা সহজ নয়, এই দেখ তুমি আবার ওখানে গেছ কেন?)। [দেখা দ্র]।

দেখতা (p. 419) [dēkhatā] বিণ. 1 দৃষ্ট, দেখা হয়েছে এমন; 2 সামনে অর্থাত্ চোখের সামনে ঘটেছে এমন (ওটা আমাদের দেখতা ব্যাপার)। □ক্রি-বিণ. দৃষ্টির সামনে; সমকালে (ও তো আমার দেবতা বড়লোক হয়ে গেল)। [বাং. দেখা + তা]।

দেখতে দেখতে (p. 419) [dēkhatē dēkhatē] ক্রি-বিণ. 1 ক্রমে, ধীরে ধীরে (দেখতে দেখতে মেয়ে বড় হয়ে গেল); 2 মুহূর্তে, অল্পক্ষণের মধ্যে (দেখতে দেখতে চার দিক অন্ধকার হয়ে গেল)। [দেখা দ্র]।

দেখন (p. 419) [dēkhana] বি. দেখা, দর্শন। [দেখা দ্র]।˜ হাসি, দ্যাখন-হাসি বিণ. 1 দেখা হলেই হাসে এমন; 2 দেখলেই প্রীতির হাসি উদ্রেক করে এমন। □ বি. ওইরকম হাসি হাসে এমন সখী।

দেখনাই (p. 419) [dēkhanāi] বি. বাইরের চালচলন বা আকারপ্রকার (শুধু দেখনাই ভালো হলেই চলবে না)। [বাং. দেখন + আই]।

দেখা (p. 419) [dēkhā] ক্রি. 1 দর্শন বা অবলোকন করা (মুখ দেখা, চাঁদ দেখা); 2 তাকানো (এদিকে দেখো); 3 অভিজ্ঞতা বা প্রত্যক্ষ জ্ঞান লাভ করা (দেখে শেখা); 4 চিন্তা করা, পরীক্ষা করা, পর্যবেক্ষণ করা (ভেবে দেখি, অবস্থাটা দেখি, নাড়ি দেখা, ঘটনার গতি দেখা); 5 তত্ত্বাবধান করা, সেবাশুশ্রূষা করা (অসময়ে দেখার কেউ নেই, শেষ বয়েসে মাকে দেখো); 6 উপভোগ করা (মজা দেখা, নাটক দেখা); 7 খুঁজে বার করা (চাকরি দেখা, বাড়ি দেখা); 8 পরিদর্শন করা (দেশ দেখা); 9 পড়া, পাঠ করা (বইয়ের শেষ পাতাটা দেখো তো, দলিলটা দেখো তো); 1 বোধ করা (ছেলেটা দেখছি উচ্ছন্নে গেছে); 11 চেষ্টা করা (আর দেখে লাভ নেই, এবার অন্য কথা ভাবো); 12 বিচারবিবেচনা করা, সিদ্ধান্তে উপনীত হওয়া (ভেবে দেখলাম ওটাই ভালো); 13 অবলম্বন বা অনুসরণ করা (নিজের নিজের পথ দেখা); 14 অপেক্ষা করা (আর একটু দেখি); 15 সাবধান হওয়া (দেখো যেন ভুল না হয়)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. দৃষ্ট (দেখা জিনিস)। [সং. √ দৃশ্ > বাং. √ দেখ্ + আ]। দেখা দেওয়া ক্রি. বি. 1 সামনে আসা; আবির্ভূত হওয়া; 2 প্রাদুর্ভাব হওয়া (গ্রামে কলেরা দেখা দিয়েছে)।˜ দেখি বি. 1 পরস্পর নিরীক্ষণ বা সাক্ষাৎকার (দুজনে অনেককাল দেখাদেখি হয়নি); 2 অন্যায়ভাবে পরস্পরের খাতা দেখে নকল করা (দেখাদেখি করে লেখা)।˜ নো ক্রি. বি. প্রদর্শন করা (টাকা দেখাচ্ছ?); দেখতে দেওয়া (তোমার খাতা ওকে

দেখিয়ো না)। ˜ শুনা, ˜ শোনা বি. 1 তত্ত্বাবধান, অভিভাবকতা; 2 অনুসন্ধান, খোঁজখবর (মেয়ের জন্য পাত্র দেখাশুনা চলছে)। ˜ সাক্ষাত্ বি. পরস্পর সাক্ষাত্ ও খবরাখবরের আদানপ্রদান। দেখিয়ে দেওয়া ক্রি. বি. 1 শিখানো, বাতলানো (আমি দেখিয়ে দেয় কীভাবে আঁকতে হয়); 2 জব্দ করা (ওই বদমাশ লোকটাকে মজা দেখিয়ে দেব)। চোখের দেখা দ্র চোখ। দেখে-শুনে ক্রি-বিণ. সতর্কভাবে, সাবধানে; চার দিক বুঝে (দেখেশুনে পথ চলবে)। দেখতে দেখতে দ্র দেখতে দেখতে। দেখে নেওয়া ক্রি. বি. জব্দ করা (আমাকে দেখে নেবে বলে শাসিয়েছে)।

দেড় (p. 419) [dēḍ়] বিণ. এক এবং আধ (দেড়খানা রুটি, দেড় দিন ছুটি)। [সং. দ্ব্যর্ধ তু. হি. ডেঢ়]।

দেড়ে, দেড়েল (p. 419) [dēḍ়ē, dēḍ়ēla] দ্র দাড়ি।

দেদার (p. 419) [dēdāra] বিণ. প্রচুর, বিস্তর (দেদার লোক, দেদার খাওয়া, দেদার মজা)। [ফা. দীদার]।

দেদীপ্য-মান (p. 419) [dēdīpya-māna] বিণ. অতিশয় দীপ্তিসহ জ্বলছে এমন, জাজ্বল্যমান, দীপ্তিময়, জ্বলজ্বল করছে এমন। [সং. √ দীপ্ + যঙ্ + মান (শানচ্)]।

দেদো (p. 419) [dēdō] বিণ. দাদযুক্ত, দাদ রোগে আক্রান্ত। [বাং. দাদ + উয়া > ও]।

দেধান (p. 419) [dēdhāna] বি. শস্যবিশেষ, জোয়ার। [সং. দেবধান্য]।

দেনদার (p. 419) [dēnadāra] দ্র দেনা।

দেন-মোহর (p. 419) [dēna-mōhara] বি. মুসলমানদের বিবাহে স্ত্রীকে দেওয়া স্বামীর যৌতুক বা উপহার। [আ. দয়ন্মোহ্র্]।

দেনা (p. 419) [dēnā] বি. 1 ধার, কর্জ (দেনা শোধ করেছি); 2 দেয় অর্থ (দেনা-পাওনা); 3 টাকাপয়সা ইত্যাদি দেওয়া (লেনা-দেনা)। [আ. দয়েন্]। ̃ দার, দেন-দার বি. বিণ. ঋণী, খাতক, যে ধার করেছে। দেনা-পাওনা বি. 1 দেয় ও প্রাপ্য অর্থ; 2 দেয় ও প্রাপ্যের হিসাবনিকাশ।

দেনো (p. 419) [dēnō] বিণ. 1 দানের যোগ্য; 2 ক্রিয়াকর্মে বা দানে পাওয়া গেছে বা দেওয়া হয়েছে এমন (দেনো গামছা)। [সং. দান > বাং. অর্থে দান + উয়া > ও]।

দেব (p. 419) [dēba] বি. 1 ঈশ্বর; 2 স্বর্গের অধিবাসী পুরুষদেবতা; 3 রাজা প্রভু গুরুজন ব্রাহ্মণ বা তৎস্থানীয় ব্যক্তিদের সম্বোধন বা উল্লেখের সময় তাঁদের প্রতি প্রযোজ্য শব্দ (পিতৃদেব, গুরুদেব, পরমহংসদেব); 4 ব্রাহ্মণের উপাধিবিশেষ (দেবশর্মা); 5 প্রধান বা শ্রেষ্ঠজন (ভুদেব, নরদেব)। [সং. √ দিব্ + অ]। স্ত্রী. দেবী। ̃ কাষ্ঠ বি. দেবদারু গাছ। ̃ কুল বি. 1 মন্দির, দেবালয়; 2 দেবগণ। ̃ খাত বি. কোনো মানুষ খোঁড়েনি এমন স্বাভাবিক জলাশয়, হ্রদ। ̃ গুরু বি. বৃহস্পতি। ̃ গৃহ বি. দেবালয়, মন্দির। ̃ চর্যা বি. দেবতার পূজা। ̃ চ্ছদ বি. শতনরি হার। ̃ তরু বি. স্বর্গের পঞ্চবৃক্ষ যথা মন্দার পারিজাত সন্তান কল্পবৃক্ষ ও হরিচন্দন। ̃ তা বি. দেবদেবী (মূলত স্ত্রীলিঙ্গ হলেও বাংলায় উভয়লিঙ্গে ব্যবহৃত)। ̃ তুল্য বিণ.

দেবতার সদৃশ, দেবতার মতো।˜ ত্ব বি. দেবতার ধর্ম গুণ অবস্থা ও ঐশ্বর্য।˜ ত্র, (কথ্য) দেবোত্তর বিণ. দেবতার সেবার জন্য উৎসর্গীকৃত (দেবত্র সম্পত্তি)। □ বি. ওইরকম সম্পত্তি।˜ দত্ত বিণ. 1 ঈশ্বরের দেওয়া; 2 দেবতার উদ্দেশে প্রদত্ত; 3 তৃতীয় পাণ্ডব অর্জুনের শঙ্খের নাম।˜ দর্শন বি. মন্দিরের মধ্যে বা পূজার স্থানে দেবতার প্রতিমা দর্শন।˜ দারু বি. বড় গাছবিশেষ, দেওদার।˜ দাসী বি. দেবমন্দিরের নর্তকী বা পরিচারিকা।˜ দুর্লভ বিণ. দেবতাদের পক্ষেও দুষ্প্রাপ্য এমন।˜ দূত বি. স্বর্গীয় দূত, ঈশ্বর বা দেবগণের প্রেরিত দূত।˜ দেব বি. শ্রেষ্ঠ দেবতা; মহাদেব; ব্রহ্মা; বিষ্ণু।˜ দ্বিজ বি. দেবতা ও ব্রাহ্মণ (দেবদ্বিজে ভক্তি নেই)।˜ দ্বেষী (-ষিন্) বিণ. দেবগণের প্রতি হিংসাকারী। □ বি. অসুর।˜ ধান্য বি. দেধান, জোয়ার।˜ ধূপ বি. গুগ্গুল।˜ নাগর,˜ নাগরী বি. যে লিপিতে হিন্দি, সংস্কৃত প্রভৃতি ভাষা লেখা হয়, নাগরী।˜ পতি বি. ইন্দ্র।˜ পশু বি. বলির পশু।˜ পুরী বি. 1 স্বর্গ, অমরাবতী, ইন্দ্রালয়; 2 (আল.) অতি সুন্দর ভবন।˜ প্রসাদ বি. 1 দেবতার আশীর্বাদ; 2 দেবতার কাছে নিবেদিত সামগ্রী।˜ প্রিয় বিণ. দেবগণএর প্রিয়। □ বি. ফুলবিশেষ, বকফুল।˜ বাক্য,˜ বাণী বি. দেবতার বাণী, দৈববাণী।˜ ব্রত বি. ভীষ্ম।˜ ভাষা বি. সংস্কৃত ভাষা।˜ ভূমি বি. 1 স্বর্গ; 2 হিমালয়; 3 পবিত্র স্থান; 4 (আল.) স্বর্গতুল্য সুন্দর স্থান।˜ মাতা (-তৃ) বি. কশ্যপপত্নী অদিতি।˜ মাতৃক বিণ. 1 ইন্দ্র কর্তৃক বা তাঁর সৃষ্ট মেঘ কর্তৃক মাতারূপে পালিত; 2 বৃষ্টির জলেই প্রচুর শস্য উৎপন্ন হয় এমন।˜ মায়া বি. 1 অবিদ্যা, অজ্ঞান; 2 পার্থিব মোহ।˜ মূর্তি বি. দেবতার প্রতিমা।˜ যাত্রা বি. দেবতা দর্শনের উদ্দেশ্যে যাত্রা, তীর্থযাত্রা।˜ যান বি. 1 দিব্যরথ, ব্যোমযান, আকাশে ভ্রমণকারী রথ; 2 পুণ্যবানের স্বর্গগমনের পথ।˜ যানী বি. শুক্রাচার্যের কন্যা ও রাজা যযাতির পত্নী।˜ যোনি বি. ভূতপ্রেতাদি উপদেবতা।˜ রথ বি. দেবযান; সূর্যরথ।˜ রাজ বি. ইন্দ্র।˜ র্ষি বি. দেবতা হয়েও মন্ত্রদর্শী ঋষি, যেমন নারদ।˜ ল বি. নিত্যসেবায় নিযুক্ত পূজাব্যবসায়ী, পূজারি ব্রাহ্মণ।˜ লোক বি. স্বর্গ।˜ শত্রু বি. অসুর, দৈত্য।˜ শর্মা (-র্মন্) বি. ব্রাহ্মণদের

সাধারণ উপাধি। ˜ শিল্পী (-ল্পিন্) বি. বিশ্বকর্মা। ˜ সেনা বি. 1 দেবতাদের সৈন্য; 2 কার্তিকেয়র পত্নী। ˜ সেনা-পতি বি. কার্তিকেয়। ˜ স্ব বি. দেবত্র; দেবতাদের প্রাপ্য বা সম্পত্তি।

দেবকী, দৈবকী (p. 421) [dēbakī, daibakī] বি. বসুদেবের পত্নী, কৃষ্ণের মাতা। [সং. দেবক + অ + ঈ]।

দেবত্র (p. 421) [dēbatra] দ্র দেব।

দেবন (p. 421) [dēbana] বি. 1 পাশা খেলা; 2 দেবতাদের উদ্দেশে স্তুতি; 3 দুঃখকষ্ট। (তু. পরিদেবন, পরিদেবনা)। [সং. √ দিব্ + অন]।

দেবর (p. 421) [dēbara] বি. দেওর, স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।[সং. √ দেব্ + অর]।

দেবা (p. 421) [dēbā] বি. (ব্যঙ্গে) স্বামী; পুরুষ ('যেমন দেবা তেমনি দেবী': দীন)। [সং. দেব + বাং. আ (তুচ্ছার্থে)]।

দেবাত্মা (-ত্মন্), দেবাতাত্মা (p. 421) [dēbātmā (-tman), dēbātātmā] (-ত্মন্) বিণ. দেবতাস্বরূপ, দেবতার তুল্য, দেবতার মতো মহত্ চিত্তবৃত্তিযুক্ত, পবিত্র (দেবতাত্মা হিমালয়)। [সং. দেব + আত্মন্, দেবতা + আত্মন্]।

দেবাদি-দেব (p. 421) [dēbādi-dēba] বি. 1 সর্বপ্রধান দেবতা; 2 মহাদেব; 3 বিষ্ণু; 4 ব্রহ্মা। [সং. দেব + আদিদেব]।

দেবাদেশ (p. 421) [dēbādēśa] বি. 1 দেবতার নির্দেশ; 2 স্বর্গীয় বা দৈব প্রেরণা। [সং. দেব + আদেশ]।

দেবানুগ্রহ (p. 421) [dēbānugraha] বি. দেবতার দয়া। [সং. দেব + অনুগ্রহ]।

দেবান্তক (p. 421) [dēbāntaka] বিণ. দেবতার হত্যাকারী। [সং. দেব + অন্তক]।

দেবারি (p. 421) [dēbāri] বি. দেবতার শত্রু; দৈত্য; অসুর। [সং. দেব + অরি]।

দেবালয়, দেবায়তন (p. 421) [dēbālaẏa, dēbāẏatana] বি. মন্দির। [সং. দেব + আলয়, আয়তন]।

দেবাশ্রিত (p. 421) [dēbāśrita] বিণ. দেবতাদের দ্বারা রক্ষিত; দেবতার অনুগ্রহপ্রাপ্ত। [সং. দেব + আশ্রিত]।

দেবী (p. 421) [dēbī] বি. 1 দেব -এর স্ত্রীলিঙ্গ; 2 দুর্গা, ভগবতী, পরমেশ্বরী, আদ্যাশক্তি; 3 মহিলাদের বিশেষত প্রণম্যাদের নাম বা সম্পর্ক উল্লেখের পরে প্রযোজ্য সম্মানসূচক শব্দ (মাতৃদেবী, বাসন্তীদেবী)। [স. দেব +ঈ]। ̃ পক্ষ বি. মহালয়ার পর প্রতিপদ থেকে পরবর্তী পূর্ণিমা পর্যন্ত যে পক্ষকালে দেবী দুর্গার পূজা হয়। ̃ পুরাণ বি. চণ্ডীমাহাত্ম্য সম্বন্ধীয় উপপুরাণবিশেষ। ̃ মাহাত্ম্য বি. মার্কণ্ডের

পুরাণের যে অংশে চণ্ডিকাদেবীর মাহাত্ম্য বর্ণিত হয়েছে, চণ্ডী। ˜ সূক্ত বি. মহালক্ষ্মীদেবীর স্তুতিরূপ মন্ত্র।

দেবেন্দ্র (p. 421) [dēbēndra] বি. দেবরাজ ইন্দ্র। [সং. দেব + ইন্দ্র]।

দেবেশ (p. 421) [dēbēśa] বি. 1 দেবতাদের প্রধান, শিব; 2 গীতায় উক্ত পুরুষোত্তম শ্রীকৃষ্ণ ('প্রসীদ দেবেশ জগন্নিবাস')। [সং. দেব + ঈশ]।

দেবোচিত (p. 421) [dēbōcita] বিণ. দেবতুল্য (দেবোচিত কান্তি)। [সং. দেব + উচিত]।

দেবোপম (p. 421) [dēbōpama] বিণ. দেবতুল্য, দেবোচিত, দেবসদৃশ (দেবোপম কান্তি)। [সং. দেব + উপমা (সমাসান্ত)]।

দেব্যা (p. 421) [dēbyā] (বর্ত. অপ্র.) বিধবা ব্রাহ্মণ নারীদের নামের শেষে ব্যবহৃত উপনাম বা পদবিবিশেষ। [সং. দেবী]।

দেমাক (p. 421) [dēmāka] বি. গর্ব, অহংকার, দম্ভ (দেমাকে মাটিতে পা পড়ে না)। [আ. দিমাগ্]।

দেয় (p. 421) [dēẏa] বিণ. দিতে হবে এমন, দানযোগ্য (সরকারকে দেয় কর)। [সং. √ দা + য]।

দেয়া2 (p. 421) [dēẏā2] বি. মেঘ ('ঘনঘন দেয়া গরজন': জ্ঞান.)। [< সং. দেবতা]।

দেয়ালা (p. 421) [dēẏālā] বি. স্বপ্নের ঘোরে শিশুর হাসিকান্না ('শৈশবের আবছায়ে শিশুর দেয়ালা': দে. সে.)। [সং. দেবলীলা]।

দেয়াসি (p. 421) [dēẏāsi] বি. 1 পূজারি; 2 মনসা শীতলা প্রভৃতি দেবতার পূজারি বা পাণ্ডা। [সং. দেবদাসী-তু. প্রাকৃ. দেঅআসী]।

দেয়াসিনি (p. 421) [dēẏāsini] বি. 1 দেবসেবিকা, পূজারিনি; 2 মন্ত্রতন্ত্র জানে এমন নারী। [< দেবদাসী কিংবা দেববাসিনী]।

-দের (p. 421) [-dēra] সম্বন্ধপদে বহুবচনের বিভক্তি (ছেলেদের, আমাদের)।

দেরকো (p. 421) [dērakō] বি. কাঠের তৈরি পিলশুজ, কাঠের তৈরি দীপাধার। [সং. দীপবৃক্ষ]।

দেরাজ (p. 421) [dērāja] বি. টেবিল, আলমারি প্রভৃতির মধ্যেকার বাক্সবিশেষ, টানা, drawer. [ফা. দরাজ্]।

দেরি (p. 421) [dēri] বি. বিলম্ব। [ফা. দের্]।

দেশ (p. 421) [dēśa] বি. 1 পৃথিবীর ভৌগোলিক বিভাগবিশেষ (বহু দেশ দেখেছি); 2 পৃথিবীর রাজনৈতিক বিভাগবিশেষ, রাষ্ট্র (তিনটি দেশ নিয়ে এই

সংগঠন); 3 প্রদেশ (বঙ্গদেশ, রাঢ়দেশ); 4 স্বদেশ, জন্মভূমি (দেশে ফেরার জন্য আকুলতা, দেশপ্রেম); 5 নিজের গ্রাম (দেশের বাড়ি); 6 অঞ্চল (মেরুদেশ); 7 দিক (দক্ষিণদেশের লোক); 8 শরীরের অংশ (কণ্ঠদেশ, স্কন্ধদেশ); 9 সংগীতের রাগবিশেষ। [সং. √ দিশ্ + অ]।˜ কাল বি. স্থান ও সময় বা তাদের স্বরূপ; অবস্থা, পরিবেশ ইত্যাদি।˜ কাল-পাত্র বি. স্থান, সময় ও পরিবেশপরিস্থিতি।˜ কালোচিত বিণ. অবস্থা ও পরিস্থিতি অনুযায়ী।˜ ছাড়া বিণ. 1 দেশের নিয়ম বা পরিস্থিতির সঙ্গে সংগতি নেই এমন (এমন দেশছাড়া নিয়মের কথা কেউ কখনো শুনেছে?); 2 বহুকাল দেশের বাইরে রয়েছে এমন।˜ জ বিণ. দেশে উৎপন্ন, দেশি।˜ জোড়া বিণ. সারা দেশে ছড়িয়ে রয়েছে এমন, সারা দেশে প্রচারিত (দেশজোড়া সুনাম)।˜ ত্যাগ বি. দেশ ছেড়ে অন্যত্র যাওয়া।˜ ত্যাগী (-গিন্) বিণ. দেশ ছেড়ে অন্যত্র গেছে এমন।˜ দ্রোহ বি. স্বদেশের ক্ষতিসাধন; স্বদেশের প্রতি শত্রুতা।˜ দ্রোহী (-হিন্) বিণ. স্বদেশের ক্ষতিসাধন করে এমন। বি.˜ দ্রোহিতা।˜ প্রসিদ্ধ,˜ বিখ্যাত বিণ. দেশজোড়া খ্যাতিসম্পন্ন।˜ প্রিয় বিণ. 1 দেশের ভক্ত; 2 দেশের লোকের প্রিয়।˜ প্রেমিক বি. বিণ. স্বদেশভক্ত; স্বদেশের সেবক।˜ বন্ধু বি. স্বদেশের মিত্র; প্রসিদ্ধ দেশনেতা চিত্তরঞ্জন দাশকে প্রদত্ত উপাধিবিশেষ।˜ বরেণ্য বিণ. সারা দেশে সম্মানিত; সারা দেশে বিখ্যাত।˜ বাসী (-সিন্) বি. বিণ. দেশের লোকজন; স্বদেশের লোকজন।˜ বিদেশ বি. স্বদেশ ও অন্য দেশ; নানা দেশ (দেশবিদেশের খেলা)।˜ ব্যাপী (-পিন্),˜ ময় বিণ. দেশজোড়া -র অনুরূপ।˜ ভ্রমণ বি. দেশের নানা স্থানে কিংবা নানা দেশে বেড়ানো।˜ ময় বিণ. দেশজোড়া, দেশব্যাপী।˜ মাতৃকা বি. স্বদেশজননী, মাতৃরূপা জন্মভূমি।˜ সেবক বিণ. বি. দেশের কল্যাণে নিযুক্ত, দেশের সেবা করে এমন।˜ হিত বি. দেশের মঙ্গল।˜ হিত-ব্রত বি. দেশের মঙ্গলসাধনের ব্রত বা সংকল্প। □ বিণ. দেশের মঙ্গলই যার ব্রত।˜ হিত-ব্রতী (-তিন্) বিণ. দেশের কল্যাণকে ব্রত বা সংকল্প হিসাবে গ্রহণ

করেছে এমন। ˜ হিতৈষী (-ষিন্) বিণ. দেশহিতব্রতী -র অনরূপ। ˜ দেশান্তর বি. স্বদেশ ও অন্যদেশ; নানা দেশ।

দেশনা (p. 421) [dēśanā] বি. উপদেশ, শিক্ষা (বুদ্ধদেবের ধর্মদেশনা, গুরুর অন্তিম দেশনা)। [সং. √ দিশ্ + অন + আ]।

দেশাচার (p. 421) [dēśācāra] বি. শাস্ত্রবিহিত না হলেও দেশের মধ্যে প্রচলিত আচার বা প্রথা। [সং. দেশ + আচার]।

দেশাত্ম-বোধ (p. 421) [dēśātma-bōdha] বি. স্বদেশের স্বার্থ ও নিজের স্বার্থকে অভিন্ন জ্ঞান করা; স্বদেশপ্রেম। [সং. দেশ্ + আত্মবোধ]। ˜ ক বিণ. দেশাত্মবোধ জাগায় এমন (দেশাত্মবোধক সংগীত)।

দেশাধিপ (p. 421) [dēśādhipa] বি. দেশের অধিকর্তা, রাজা। [সং. দেশ + অধিপ]।

দেশান্তর (p. 421) [dēśāntara] বি. 1 অন্য দেশ (দেশান্তরে যাওয়া); 2 দূরের দেশ; 3 (ভূগো.) মুখ্য মধ্যরেখা বা prime meridian থেকে কোনো নির্দিষ্ট স্থানের কৌণিক দূরত্ব বা নিরক্ষবৃত্তের চাপ, দ্রাঘিমা, longitude (বি.প.)।[সং. দেশ+অন্তর]। দেশান্তরিত বিণ. 1 অন্য দেশে বা দূর দেশে গেছে এমন; 2 স্বদেশ থেকে বিতাড়িত; 3 বিদেশবাসী, প্রবাসী।

দেশান্তরি, দেশান্তরী (p. 421) [dēśāntari, dēśāntarī] বিণ. 1 বিদেশে গেছে এমন, (দেশান্তরি হওয়া); 2 স্বদেশত্যাগী; 3 নিরুদ্দিষ্ট। [সং. দেশান্তর + বাং. ই]।

দেশি, দেশী (p. 421) [dēśi, dēśī] বিণ. 1 দেশে নির্মিত বা উৎপন্ন (দেশি চাল, দেশি কাপড়, দেশি যন্ত্রপাতি); 2 স্বদেশে প্রচলিত (দেশি আচার ব্যবহার); 3 দেশ থেকে আগত (পরদেশি); 4 সংগীতের রাগবিশেষ। [সং. দেশ + ইন্]।

দেশীয়, দেশ্য (p. 421) [dēśīẏa, dēśya] বিণ. 1 দেশজ, দেশে উৎপন্ন (দেশীয় সম্পদ); 2 দেশসম্বন্ধীয় (দেশীয় ইতিহাস, দেশীয় অর্থনীতি); 3 দেশে প্রচলিত (দেশীয় আচার, দেশীয় রীতিনীতি)। [সং. দেশ + ঈয়, য]।

দেশোত্-পন্ন (p. 421) [dēśōt-panna] বিণ. দেশজ, দেশে তৈরি বা উৎপন্ন। [সং. দেশ + উৎপন্ন]।

দেহ1, দেহো (p. 421) [dēha1, dēhō] অনু-ক্রি. (কাব্যে) দাও ('পরাইয়া দেহ ধড়া': বৈষ্ণব পদাবলি; 'দেহো, প্রভু, করুণা তোমার': রবীন্দ্র)। [দেওয়া দ্র]।

দেহ2 (p. 421) [dēha2] বি. শরীর। [সং. √ দিহ্ + অ]। ̃ কোষ বি. 1 প্রাণী বা উদ্ভিদের দেহের সূক্ষ্ম অংশ, cell; 2 গায়ের চামড়া, ত্বক। ̃ ক্ষয় বি. 1 দেহের ক্ষতি বা ধ্বংস; স্বাস্থ্যহানি; 2 মৃত্যু। ̃ চর্চা বি. শরীরের বা স্বাস্থ্যের উন্নতির জন্য ব্যায়াম ইত্যাদি প্রক্রিয়া। ̃ জ বিণ. দেহ থেকে উৎপন্ন (দেহজ মল)। □ বি. পুত্র। বিণ. স্ত্রী. ̃ জা। ̃ তত্ত্ব বি. 1 অঙ্গসংস্থানবিদ্যা, শারীরস্থানবিদ্যা, anatomy; 2 দেহের মধ্যেই সমস্ত সত্যের অবস্থান-এই তত্ত্ব (দেহতত্ত্বের গান)। ̃ ত্যাগ বি.

মৃত্যু, প্রাণত্যাগ। ˜ দান বি. 1 মৃত্যু, জীবন বিসর্জন; 2 যৌন সম্ভোগের জন্য (প্রধানত স্ত্রীলোক কর্তৃক) শরীর সমর্পণ। ˜ ধারণ বি. 1 প্রাণধারণ, জীবনযাপন, বেঁচে থাকা; 2 দেবতাদের মানবদেহ বা মানবজন্ম পরিগ্রহ। ˜ ধারী (-রিন্) বিণ. শরীরী, অঙ্গ বা মূর্তিবিশিষ্ট। ˜ পাত বি. 1 দেহের ক্ষয় বা ধ্বংস (কার জন্য দেহপাত করছি); 2 মৃত্যু। ˜ পিঞ্জর বি. পিঞ্জরস্বরূপ দেহ, দেহ; শরীরের কাঠামো। ˜ ভৃত্ বি. দেহ। ˜ যাত্রা বি. জীবনযাপন। ˜ রক্ষা বি. মৃত্যু (দেহরক্ষা করা)। ˜ রক্ষী বি. রাজা প্রভৃতিকে রক্ষা করার জন্য যে অনুচর সঙ্গে সঙ্গে থাকে। দেহ রাখা ক্রি. বি. মারা যাওয়া (কাশীতে দেহ রেখেছেন)। ˜ শোভা, ˜ শ্রী বি. শরীরের সৌন্দর্য বা কান্তি। ˜ সৌন্দর্য, ˜ সৌষ্ঠব বি. দেহশ্রী -র অনুরূপ।

দেহলি, (বর্জি) দেহলী (p. 421) [dēhali, (barji) dēhalī] বি. 1 বারান্দা, দাওয়া, ঘরের সামনের রক; 2 চৌকাঠ, গোবরাট; চৌকাঠের উপরের বা নীচের কাঠ। [সং. দেহ + √ লা + ই]।

দেহা (p. 421) [dēhā] বি. (ব্রজ. ও প্রা. বাং.) 1 দেহ, শরীর ('কাঁহে সোঁপালি নিজ দেহা': গো. দা.); 2 জীবন। [সং. দেহ]।

দেহাত (p. 421) [dēhāta] বি. গ্রাম, পাড়াগাঁ। [ফা. দেহাত্]। দেহাতি বিণ. 1 গ্রামবাসী; 2 গ্রামে ব্যবহৃত; 3 (তুচ্ছার্থে) গ্রাম্য, গেঁয়ো।

দেহাতীত (p. 421) [dēhātīta] বিণ. দেহের অতীত, দৈহিক সম্পর্কবর্জিত (দেহাতীত আনন্দ)। [সং. দেহ + অতীত]।

দেহাত্ম-প্রত্যয় (p. 421) [dēhātma-pratyaẏa] বি. দেহই আত্মা-এই বিশ্বাস। [সং. দেহাত্মন্ + প্রত্যয়]।

দেহাত্ম-বাদ (p. 421) [dēhātma-bāda] বি. দেহই আত্মা বা দেহ থেকে স্বতন্ত্র আত্মা নেই-এই মত, চার্বাকের জড়বাদী দর্শন। [সং. দেহাত্মন্ + বাদ]। দেহাত্ম-বাদী (-দিন্) বিণ. বি. দেহাত্মবাদে বিশ্বাসী।

দেহান্ত (p. 421) [dēhānta] বি. মৃত্যু। [সং. দেহ + অন্ত]।

দেহান্তর (p. 421) [dēhāntara] বি. 1 অন্য দেহ; 2 পুনর্জন্ম। [সং. দেহ + অন্তর]।

দেহাবরণ (p. 421) [dēhābaraṇa] বি. দেহের আচ্ছাদন, পোশাক। [সং. দেহ + আবরণ]।

দেহাবসান (p. 421) [dēhābasāna] বি. মৃত্যু। [সং. দেহ + অবসান]।

দেহারা (p. 421) [dēhārā] বি. (প্রা. বাং.) মন্দির। [< সং. দেবগৃহ > প্রাকৃ. দেহরয়-তু. হি. দেহরা]।

দেহি (p. 421) [dēhi] অনু-ক্রি. দাও (দেহি দেহি রব)। [সং. √ দা]।

দেহী (p. 421) [dēhī] (-হিন্) বিণ. শরীরী, দেহধারী (বিদেহী, মনুষ্যদেহী)। [সং. দেহ + ইন্]। স্ত্রী. দেহিনী।

দেহোপ-জীবিনী (p. 421) [dēhōpa-jībinī] বি. (স্ত্রী.) যে দেহ বিক্রয় করে জীবিকা নির্বাহ করে, গণিকা, বেশ্যা। [সং. দেহ + উপজীবিন্ + ঈ]।

দৈত্য (p. 421) [daitya] বি. 1 কশ্যপপত্নী দিতির পুত্র, অসুর; 2 দানব। [সং. দিতি + য (অপত্যার্থে)]। ̃ কুল বি. দানব বংশ। ̃ গুরু বি. শুক্রাচার্য। ̃ মাতা (-তৃ) বি. দিতি। দৈত্যারি বি. 1 দৈত্যের শত্রু; 2 দেবতা; 3 বিষ্ণু।

দৈন1 (p. 421) [daina1] বিণ. দৈনিক; দিবসসংক্রান্ত। [সং. দিন + অ]।

দৈন2 (p. 421) [daina2] বিণ. দীনতা, দারিদ্র। [সং. দীন + অ]।

দৈনন্দিন (p. 421) [dainandina] বিণ. প্রতিদিনের, প্রাত্যহিক, দৈনিক (দৈনন্দিন কাজ)। [সং. দিন + দিন + অ]। বি. ̃ তা।

দৈনিক (p. 421) [dainika] বিণ. দৈনন্দিন, প্রত্যহ করতে হয় বা ঘটে এমন (দৈনিক রুটিন)। ☐ বি. রোজ প্রকাশিত হয় এমন সংবাদপত্র (দৈনিকে চোখ বুলানো)। [সং. দিন + ইক]।

দৈন্য (p. 421) [dainya] বিণ. 1 দীনতা; 2 দারিদ্র, অভাব; 3 কার্পণ্য, ব্যয় করতে কাতরতা। [সং. দীন + য]। ̃ দশা বি. দারিদ্র; দুরবস্থা।

দৈব (p. 421) [daiba] বি. অদৃষ্ট, ভাগ্য ('প্রবাসে দৈবের বশে': মধু)। ☐ বিণ. 1 দেবতাসম্বন্ধীয় (দৈবঘটনা); 2 দেবকৃত (দৈববাণী); 3 বুদ্ধির অগম্য,

অলৌকিক (দৈব শক্তি, দৈব চিকিৎসা)। [সং. দেব + অ]। স্ত্রী. দৈবী।˜ ক্রমে,˜ গতিকে ক্রি-বিণ. দৈবাত্, হঠাত্, ভাগ্যক্রমে (দৈবগতিকে তার দেখা পেয়ে গেলাম)।˜ ঘটনা বি. অলৌকিক বা আকস্মিক ঘটনা।˜ জ্ঞ বিণ. ভাগ্যগণনাকারী, জ্যোতিষী।˜ ত বি. দেবতা ('সহায় দৈবত': সু.দ.)।˜ দুর্বিপাক বি. যে ঘটনার জন্য মানুষ দায়ী নয়, প্রাকৃতিক দুর্ঘটনা।˜ দোষ বি. অদৃষ্টের প্রতিকূলতা।˜ বশত,˜ বশে-দৈবক্রমে -র অনুরূপ।˜ বাণী বি. আকাশ থেকে ধ্বনিত দেবতার বাণী, অলক্ষ্যে অবস্থিত দেবতার ঘোষণা।˜ বিড়ম্বনা বি. দেবতার বা ভাগ্যের ছলনা বা প্রতিকূলতা।˜ যোগে ক্রি-বিণ. দৈবক্রমে -র অনুরূপ।˜ শক্তি বি. দেবতার আয়ত্ত বা অলৌকিক শক্তি; বিধিদত্ত ক্ষমতা। দৈবাত্ অব্য. 1 হঠাত্, সহসা (দৈবাত্ যদি কেউ চলে আসে); 2 দৈববশত। দৈবাদেশ বি. দেবতার নির্দেশ; অলৌকিক প্রেরণা। দৈবাধীন, দৈবায়ত্ত বিণ. দেবতা বা ভাগ্যের দ্বারা নিয়ন্ত্রিত।

দৈবী (p. 421) [daibī] বিণ. (স্ত্রী.) দেবসম্বন্ধীয়, দেবকৃত (দৈবী প্রেরণা, দৈবী শক্তি)। [সং. দেব + অ + ঈ]। দৈবী বাক্ বি. দেবভাষা, সংস্কৃত। দৈবী মায়া বি. অলৌকিক মায়া; ঐশ্বরিক মায়া। দৈবী শক্তি বি. অলৌকিক বা ঐশ্বরিক শক্তি, যে শক্তি মানুষের বোধ বা নিয়ন্ত্রণের অতীত।

দৈর্ঘ্য (p. 421) [dairghya] বি. 1 দীর্ঘতা (পথের দৈর্ঘ্য, সময়ের দৈর্ঘ্য); 2 খাড়াই, লম্বাই, লম্বা দিকের মাপ। [সং. দীর্ঘ + য]।

দৈশিক (p. 421) [daiśika] বিণ. 1 দৈশসম্বন্ধীয়; 2 অংশ বা একদেশ সংক্রান্ত; 3 উপদেশক, উপদেষ্টা। [সং. দেশ + ইক]।

দৈহিক (p. 421) [daihika] বিণ. দেহসম্বন্ধীয়, দেহগত (দৈহিক শক্তি)। [সং. দেহ + ইক]।˜ তা বি. দেহের সঙ্গে সম্বন্ধ।

দো- (p. 421) [dō-] বিণ. দুই (দোমুখো, দোসরা, দোআঁশলা, দোতলা)। [হি. দো < সং. দ্বি]।˜ আনি দ্র দু।˜ আব বি. দুই নদীর মধ্যবর্তী বা দুটি নদীবিশিষ্ট দেশ বা ভূভাগ।˜ আঁশ বিণ. এঁটেল বা বেলে মাটির মিশ্রণজাত (দোআঁশ মাটি)।˜ আঁশলা বিণ. 1 বর্ণসঙ্কর (দোআঁশলা কুকুর); 2 দুরকম পদার্থের মিশ্রণজাত।˜ কর বিণ. 1 দ্বিগুণ; 2 দুইবার (দোকর খাটুনি, দোকর ধার শোধ দেওয়া)।˜ কলা,˜ কা বিণ. ক্রি-বিণ. 1 মাত্র দুজন বা দুজনে; 2 দোসরসহ (একলা নয়, দোকলা)।˜ চালা বিণ. বি. দু দ্র।˜ ছতরি বি. উপরের ছাদের নীচে ঘরের মধ্যে ছোট ছাদ।˜ ছুট,˜ ছোট বি. দ্বিতীয় বস্ত্র অর্থাত্ উত্তরীয়, চাদর।˜ তরফা দ্র দু।˜ তলা,˜ তালা, দুতলা বিণ. দুই স্তর বা তলবিশিষ্ট। □ বি. পাকা বাড়ির দ্বিতীয় তল।˜ তারা,˜ ধারি,˜ নলা,˜ নালা,˜ পেয়ে দ্র দু।˜ পড়া, বিণ. গায়েহলুদের পরে বিয়ে ভেঙে গেছে এমন (দোপড়া মেয়ে)।˜ ফলা,˜ ফলা বিণ. 1 দুই ফলকযুক্ত (দোফলা ছুরি); 2 বছরে দুবার ফল দেয় এমন (দোফলা গাছ)।˜ ফসলি বিণ. বছরে দুবার ফসল হয় এমন (দোফসলি জমি)।˜ ফাল,˜ ফালি দ্র দু।˜ ভাষী, দুভাষী বিণ. যে দুটি ভাষা জানে। □ বি. যে উভয়ের ভাষা বা বক্তব্য অনুবাদ করে বুঝিয়ে দেয়, interpreter.˜ মনা,˜ মুখো,˜ মেটে,˜ য়ানি দ্র দু।˜ য়াব-দোআব -এর বানানভেদ।˜ রকা,˜ রোকা,˜ রোখা বিণ. দুই দিকে কারুকার্যযুক্ত বা রংযুক্ত (দোরোখা শাল)।˜ রসা বিণ. 1 আধপচা (দোরসা মাছ, দোরসা ফল); 2 দোআঁশ (দোরসা জমি); 3 মিঠেকড়া (দোরসা তামাক)।˜ শালা বি. শালের জোড়া।˜ সুতি দ্র দু।˜ হাতিয়া- দুহাতিয়া -র রূপভেদ।

দোআনি, দোআব, দোআঁশ, দোআঁশলা (p. 421) [dōāni, dōāba, dōāmँśa, dōāmँśalā] দ্র দো।

দোঁহা1 (p. 421) [dōmँhā1] বি. অপভ্রংশে ও মধ্যযুগের হিন্দিতে প্রচলিত ছন্দোবিশেষ অথবা উক্ত ছন্দের দুই চরণবিশিষ্ট পদ (কবিরের দোঁহা)। [হি. দোহা < সং. দ্বি]।

দোঁহা2 (p. 421) [dōmँhā2] সর্ব. (ব্রজ.) দুইজন, উভয়। [সং. দ্বি]। ̃ র, ̃ কার, সর্ব. বিণ. (ব্রজ ও কাব্যে) দুজনের, উভয়ের (দোঁহাকার মন)। দোঁহে সর্ব. (ব্রজ. ও কাব্যে) উভয়ে ('দোঁহারে দেখিছে দোঁহে')।

দোকর, দোকলা, দোকা (p. 421) [dōkara, dōkalā, dōkā] দ্র দো।

দোকান (p. 421) [dōkāna] বি. জিনিসপত্র কেনাবেচার স্থান বা গৃহ, বিপণি, পণ্যশালা। [ফা. দুকান]। দোকান করা ক্রি. বি. 1 দোকান দেওয়া, দোকান স্থাপন করা (ওখানে আমি একটা দোকান করেছি); 2 দোকান বা বাজার থেকে জিনিসপত্র কিনে আনা। দোকান খোলা ক্রি. বি. 1 দোকান দেওয়া, দোকান স্থাপন করা; 2 দোকানের দৈনন্দিন বেচার কাজ আরম্ভ করা। দোকান তোলা ক্রি. বি. দৈনন্দিন বেচাকেনার পর দোকান বন্ধ করা। ̃ দার, দোকানি বি. দোকানের মালিক; পণ্যবিক্রেতা। ̃ দারি বি. 1 দোকানদারের বৃত্তি বা কাজ; 2 স্বার্থপর আচরণ; 3 কেবল আর্থিক লাভালাভের হিসাব। □ বিণ. দোকানদারসুলভ। দোকান দেওয়া ক্রি. বি. দোকান স্থাপন করা। ̃ পাট বি. দোকান এবং দোকানে বিক্রয়ের জন্য রাখা পণ্য। ̃ হাট বি. বাজার ও দোকানপাট

(রবিবারে দোকানহাট বন্ধ থাকে)। দোকানহাট করা ক্রি. বি. দোকান ও বাজার থেকে জিনিসপত্র কেনা।

দোক্তা, দোকতা (p. 421) [dōktā, dōkatā] বি. 1 শুকনো তামাকপাতা; 2 মশলা-মেশানো তামাকপাতাচূর্ণ। [দেশি]।

দোগ্ধা (p. 421) [dōgdhā] (-গ্ধৃ) বিণ. দোহনকারী। □ বি. 1 গোয়ালা; 2 বাছুর। [সং. √ দুহ্ + তৃ]। দোগ্ধ্রী বিণ. (স্ত্রী.) দোহনকারিণী। □ বি. (স্ত্রী.) 1 দুগ্ধবতী গাভী; 2 ধাত্রী, wet nurse.

দোচালা, দোছুট (p. 421) [dōcālā, dōchuṭa] দ্র দো।

দোজখ (p. 421) [dōjakha] বি. (মুস.) নরক। [ফা. দুজখ্]।

দোজবর, দোজবরে (p. 421) [dōjabara, dōjabarē] বিণ. বি. দ্বিতীয়বার বিবাহার্থী বা বিবাহিত (দোজবরের সঙ্গে মেয়ের বিয়ে)। [প্রাকৃ. দোজো + বাং. বর, + ইয়া > এ]।

দোটানা, দোতরফা (p. 421) [dōṭānā, dōtaraphā] দ্র দু।

দোতলা, দোতালা (p. 421) [dōtalā, dōtālā] দ্র দো।

দোতারা (p. 421) [dōtārā] দ্র দু।

দোদমা (p. 421) [dōdamā] বি. ফাটবার পর দুবার শব্দ হয় এমন পটকাবিশেষ। [দেশি]।

দোদুল (p. 421) [dōdula] বিণ. ক্রমাগত কাঁপছে বা দুলছে এমন, দোলায়মান ('দোদুল দোলায় দাও দুলিয়ে': রবীন্দ্র)। [সং. দোদুল্যমান]।

দোদুল্য-মান (p. 421) [dōdulya-māna] বিণ. 1 ক্রমাগত দুলছে এমন (দোদুল্যমান বৃক্ষশাখা); 2 দ্বিধাগ্রস্ত, একবার মনে হচ্ছে এটা করি আর একবার মনে হচ্ছে ওটা করি-এই ভাবযুক্ত (আর দোদুল্যমান না থেকে একটা স্হির সিদ্ধান্ত নিয়ে নাও)। [সং. √ দুল্ + যঙ্ + মান (শানচ্)]।

দোধারি, দোনলা (p. 421) [dōdhāri, dōnalā] দ্র দু।

দোনা (p. 421) [dōnā] বি. 1 পানের খিলি রাখবার ঠোঙা; 2 পানের খিলি। [সং. দ্রোণ]।

দোপড়া (p. 421) [dōpaḍ়ā] দ্র দো।

দোপাটি (p. 421) [dōpāṭi] বি. লাল ও গোলাপি রঙের পাপড়িযুক্ত ছোট মরশুমি ফুলবিশেষ। [সং. দ্বিপুটি]।

দোপাট্টা (p. 421) [dōpāṭṭā] বিণ. 1 দুই ভাগে বিভক্ত; দুই স্তরে বিন্যস্ত (দোপাট্টা দাড়ি); 2 মাঝে লম্বালম্বি জোড়া দেওয়া হয়েছে এমন (দোপাট্টা চাদর)। [হি. দো + বাং. পাট্টা (< হি. পট্টা)]।

দোপিঁয়াজি, দোপেঁয়াজি (p. 421) [dōpimẏ̐āji, dōpēmẏ̐āji] বি. অত্যধিক পেঁয়াজ সহযোগে প্রস্তুত মাংসের ব্যঞ্জনবিশেষ। [ফা. দোপিয়াজা]।

দোপেয়ে (p. 421) [dōpēẏē] দ্র দু।

দোফলা, দোফসলি (p. 421) [dōphalā, dōphasali] দ্র দো।

দোবজা (p. 421) [dōbajā] বি. মোটা চাদরবিশেষ, উত্তরীয়বিশেষ। [তু. হি. ধূপছাহ = চাদরবিশেষ]।

দোবরা, দোবারা (p. 421) [dōbarā, dōbārā] বিণ. দুবার পরিষ্কার করে সাদা দানাযুক্ত (দোবরা চিনি)। [হি. দোবরা]।

দোভাষী (p. 421) [dōbhāṣī] দ্র দো।

দোমনা (p. 421) [dōmanā] দ্র দু।

দোমালা (p. 421) [dōmālā] বিণ. (নারকেল সম্বন্ধে) ডাব ও ঝুনোর মাঝামাঝি, আধপাকা (দোমালা নারকেল)। [দেশি]।

দোমুখো, দোমেটে (p. 421) [dōmukhō, dōmēṭē] দ্র দু।

দোয়া1 (p. 421) [dōẏā1] বি. 1 আশীর্বাদ; 2 শুভকামনা, শুভেচ্ছা; 3 প্রার্থনা (আল্লার কাছে দোয়া করব)। [আ. ফা. দুআ]।

দোয়াত (p. 421) [dōẏāta] বি. লেখার কালি রাখার পাত্র, মস্যাধার। [আ. দবাআত্]।

দোয়ার, দোয়ারকি (p. 421) [dōẏāra, dōẏāraki] যথাক্রমে দোহার ও দোহারকি -র চলিত রূপ।

দোয়েল (p. 421) [dōẏēla] বি. মিষ্টি শিস দিয়ে ডাকে এমন সুপরিচিত সাদাকালো পাখিবিশেষ। [বাং. < হি. দৈয়াল]।

দোর (p. 421) [dōra] বি. দ্বার ও দুয়ার -এর কথ্য রূপ ('ভোর হল, দোর খোলো': নজরুল)।

দোরকা (p. 421) [dōrakā] দ্র দো।

দোরঙা (p. 421) [dōraṅā] বিণ. দুই রংবিশিষ্ট (দোরঙা শাল)। [বাং. দু (দো) + রং + আ]।

দোরসা (p. 421) [dōrasā] দ্র দো।

দোরোকা, দোরোখা (p. 421) [dōrōkā, dōrōkhā] দ্র দো।

দোর্দণ্ড (p. 421) [dōrdaṇḍa] বি. দণ্ড বা শক্ত লাঠির মতো বাহু, ভুজদণ্ড। □ বিণ. (গৌণার্থে) দুর্দম, দুর্দান্ত, অত্যন্ত পরাক্রমশালী (দোর্দণ্ড জমিদার, দোর্দণ্ডপ্রতাপ)। [সং. দোঃ(দোস্) + দণ্ড]।˜ প্রতাপ বিণ. অত্যন্ত প্রতাপশালী। □ বি. প্রবল প্রতাপ, প্রচণ্ড পরাক্রম।

দোল (p. 421) [dōla] বি. 1 দোলন, দোলা, ঝুলন, আন্দোলন (দোল দেওয়া); 2 ফাল্গুনি পূর্ণিমার শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব, দোলযাত্রা, হোলি। [সং. √ দুল্ + ণিচ্ + অ]।˜ দুর্গোৎসব বি. 1 দোল এবং দুর্গাপূজা; 2 (গৌণার্থে) নানাবিধ উৎসব (তোমাদের তো দোলদুর্গোৎসব লেগেই আছে)।˜ মঞ্চ বি. যে বেদির উপর দোলযাত্রা উপলক্ষ্যে রাধাকৃষ্ণের দোলা ঝুলানো হয়।˜ যাত্রা বি. শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব।

দোলক (p. 421) [dōlaka] বি. 1 যা দোলে; 2 ঘড়ি প্রভৃতির যে যন্ত্র দোলে, pendulum. [সং. √ দোলি (=দোলা) + অক]।

দোলন (p. 421) [dōlana] বি. দোলা, দুলতে থাকা; আন্দোলন। [প্রাকৃ. √ দোল + বাং. অন-তু. হি. √ দুল্ < সং. √ দুল্]।

দোলনা (p. 421) [dōlanā] বি. ঝোলানো পিঁড়ি বা ঝুড়িবিশেষ যাতে চড়ে দোল খাওয়া হয়। [প্রাকৃ. √ দোল + বাং. না]।

দোলমা, দোরমা (p. 421) [dōlamā, dōramā] বি. পটোলের মধ্যে মাছ-মাংসের পুর দিয়ে প্রস্তুত খাবারবিশেষ। [দেশি]।

দোলা1 (p. 421) [dōlā1] বি. শিবিকাবিশেষ, চতুর্দোলা; 2 দোলনা; 3 শববহনের খাটুলি। [প্রাকৃ. √ দোল (< সং. √ দুল্) + বাং. আ]।

দোলা2 (p. 425) [dōlā2] ক্রি. দুলানো, দোল দেওয়া, আন্দোলিত করা (গাছের ডালটাকে দোলাচ্ছে)। □ বি. দোল, আন্দোলন (আমার মনকে দোলা দিয়েছে)। [প্রাকৃ. √ দোল + বাং. আ]। ˜ নো ক্রি. দোল দেওয়া, দুলানো। □ বি. উক্ত অর্থে।

দোলাই (p. 425) [dōlāi] বি. মোটা শীতবস্ত্রবিশেষ, দুই পাট কাপড়ের তৈরি চাদরজাতীয় শীতবস্ত্রবিশেষ। [হি. দুলাঈ]।

দোলাচল-চিত্ত (p. 425) [dōlācala-citta] বিণ. অস্থিরচিত্ত, চঞ্চল, দোদুল্যমান, দ্বিধাগ্রস্ত। □ বি. দ্বিধা, অস্থিরচিত্ততা। [সং. দোলা (√ দুল্ + অ + আ (স্ত্রী.) + চল (=চঞ্চল) + চিত্ত]।

দোলায়-মান (p. 425) [dōlāẏa-māna] বিণ. 1 দুলছে এমন, দোদুল্যমান (দোলায়মান বৃক্ষশাখা); 2 দ্বিধাগ্রস্ত, সংশয়াপন্ন; 3 ঝুলন্ত। [সং. √ দোলায় (দোলা + ক্যঙ্) + মান (শানচ্)]।

দোলায়িত (p. 425) [dōlāẏita] বিণ. 1 দোল দেওয়া হচ্ছে বা দুলছে এমন; 2 ঝুলানো হয়েছে বা ঝুলছে এমন। [সং. √ দোলায় + ত]।

দোলিকা (p. 425) [dōlikā] বি. ডুলি বা পালকি। [সং. দোলা + ক (ই আগম) + আ]।

দোলিত (p. 425) [dōlita] বিণ. আন্দোলিত, দোল দেওয়া বা দুলিয়ে দেওয়া হয়েছে এমন (দোলিত বৃক্ষশাখা)। [সং. √ দোলি + ত]।

দোশালা (p. 425) [dōśālā] দ্র দো।

দোষ (p. 425) [dōṣa] বি. 1 পাপ, অপরাধ (কর্মদোষ); 2 কুস্বভাব, কুরীতি (পানদোষ, আলস্যদোষ); 3 ত্রুটি, খুঁত (কাজে দোষ ধরা); 5 কুপ্রভাব, ফের (গ্রহের দোষ, ভাগ্যদোষ)। [সং. √ দুষ্ + অ]। ̃ কীর্তন বি. ত্রুটি বা অপরাধের কথা বারবার বলা; নিন্দাবাদ। ̃ ক্ষালন বি. অপরাধ বা ত্রুটি মোচন। ̃ গ্রাহী (-হিন্), ̃ দর্শী (-র্শিন্) বিণ. কেবল অন্যের দোষ দেখে বা ধরে এমন, ছিদ্রান্বেষী। ̃ জ্ঞ বিণ. দোষগুণ বিচারে সমর্থ। □ বি. 1 পণ্ডিত; 2 চিকিৎসক, বৈদ্য। ̃ ণ বি. দোষ দেওয়া বা দেখানো। ̃ ত্রয় বি. 1 বাত পিত্ত কফ-এই তিন দোষ; 2 রাগ দ্বেষ মোহ-এই তিন দোষ। ̃ দর্শী (-র্শিন্) দোষগ্রাহী -র অনুরূপ। ̃ ল বিণ. দোষযুক্ত। দোষা ক্রি. 1 দুষা-র চলিত রূপ (আমায় দোষো কেন?); 2 দূষিত হওয়া ('হাওয়া দূষিয়া উঠিল': রবীন্দ্র)। দোষাবহ বিণ. দোষযুক্ত; দোষজনক। দোষারোপ বি. অভিযোগ করা, দোষ দেওয়া, বদনাম দেওয়া (দোষারোপ করা)। দোষাশ্রিত বিণ. দোষযুক্ত। দোষী (-ষিন্) বিণ. দোষকারী, অপরাধী। স্ত্রী. দোষিণী। দোষৈক-দর্শী (-র্শিন্) বিণ. (গুণ না দেখে) কেবল দোষই দেখে এমন।

দোষা, দোষাবহ, দোষারোপ, দোষাশ্রিত (p. 425) [dōṣā, dōṣābaha, dōṣārōpa, dōṣāśrita] দ্র দোষ।

দোসর (p. 425) [dōsara] বিণ. বি. 1 সহযোগী, সহায় ('তোর নাইকো দোসর ভবের মাঝে': কর্মের দোসর); 2 দ্বিতীয় (এ ব্যাপারে তার দোসর মেলা ভার); 3 ভাগীদার (চোরের দোসর)। [হি. দুসরা]।

দোসা, ধোসা (p. 425) [dōsā, dhōsā] বি. চালের গুঁড়ো ও কলাইয়ের ডালবাটা দিয়ে প্রস্তুত দক্ষিণ ভারতীয় খাবারবিশেষ। [তা. ধোসা]।

দোসুতি (p. 425) [dōsuti] দ্র দু।

দোস্ত (p. 425) [dōsta] বি. বন্ধু। [ফা. দোস্ত্]। দোস্তি বি. বন্ধুত্ব (দোস্তি করা, দোস্তি পাতানো)।

দোহক (p. 425) [dōhaka] বিণ. 1 দুধ দোহন করে এমন; 2 (আল.) শোষণকারী। [সং. √ দুহ্ + অক]।

দোহদ (p. 425) [dōhada] বি. 1 গর্ভিণীর ইচ্ছা বা সাধ; 2 ইচ্ছা, বাসনা; 3 গর্ভ। [সং. দোহ + √ দা + অ]। ˜ দান বি. গর্ভবতী স্ত্রীলোককে তার বাসনা অনুযায়ী বিবিধ ভোজ্য দানের উৎসব, সাধভক্ষণের অনুষ্ঠান।

দোহন (p. 425) [dōhana] বি. 1 দুধ দোয়া; 2 (আল.) শোষণ। [সং.√ দুহ্ + অন]। ˜ পাত্র, দোহনী বি. দুধ দোহনের পাত্র। দোহনীয়, দোহ্য বিণ. দোহনযোগ্য।

দোহা, দোহাকার (p. 425) [dōhā, dōhākāra] যথাক্রমে দোঁহা2 ও দোঁহাকার -এর রূপভেদ।

দোহাই (p. 425) [dōhāi] বি. 1 কারও নাম নিয়ে শপথ বা দিব্যি (ঈশ্বরের দোহাই, এমন কাজ করব না, ধর্মের দোহাই); 2 মিনতি করা (দোহাই তোমরা একটু চুপ করো); 3 অজুহাত, ছুতা, অছিলা (অসুস্থতার দোহাই, দারিদ্রের দোহাই); 4 নজির (অতীতের ঘটনার দোহাই দেওয়া)। [হি. দুহাই]।

দোহানো (p. 425) [dōhānō] দ্র দুহা।

দোহার (p. 425) [dōhāra] বিণ. 1 সহকারী গায়ক, যে মূল গায়কের ধুয়ো ধরে গান করে; 2 প্রধান বাদকের সহকারী; 3 (আল.) সহকারী। [সং. ধ্রুবকার]।˜
কি বি. দোহারের কাজ; গানের ধুয়ার পুনরাবৃত্তি।

দোহারা (p. 425) [dōhārā] বিণ. 1 দ্বিগুণ; 2 দুই ভাঁজ বা দুই খেই বা দুই প্রস্থ বুনন আছে এমন (দোহারা সুতো); 3 রোগাও নয় আবার মোটাও নয় এমন, মাঝারি গড়নবিশিষ্ট (দোহারা চেহারা)। [বাং. দো (দুই) + হার + আ]।

দোহালো, দোহাল (p. 425) [dōhālō, dōhāla] বিণ. 1 দুধ দেয় এমন; 2 দোহন করা হয় এমন (দোহাল গাই)। □ বিণ. বি. দুধ যে দোহন করে, দোহক। [সং. √ দুহ্ + অ = দোহ + বাং. আলো]।

দোহ্য (p. 425) [dōhya] দ্র দোহন।

দৌড় (p. 425) [dauḍ়] বি. 1 ছুট, ধাবন, বেগে যাওয়া (দৌড় প্রতিযোগিতা, দৌড় দাও, নইলে গাড়ি পাবে না); 2 বেগে পলায়ন (পুলিশ দেখেই দৌড় দিল); 3 (ব্যঙ্গে) ক্ষমতা (দেখব তোমার দৌড় কতদূর)। [< সং. √ দ্রু + বাং. অ-তু. হি. মৈ. দৌড়]। ˜ ঝাঁপ বি. 1 দৌড় ও লাফ; 2 দাপাদাপি; 3 ব্যস্ততার সঙ্গে ছোটাছুটি (আমাদের আর দৌড়ঝাঁপ করার বয়স নেই)। দৌড় দেওয়া, দৌড় মারা ক্রি. বি. 1 ছুটে যাওয়া; 2 বেগে পলায়ন করা। দৌড়া-দৌড়ি বি. ক্রমাগত দৌড়, ছোটাছুটি। দৌড়ানো ক্রি. বি. দৌড় দেওয়া, ছোটা। □ বিণ. উক্ত অর্থে।

দৌত্য (p. 425) [dautya] বি. দূতের কাজ বা বৃত্তি (শান্তির দৌত্য ব্যর্থ হয়েছে)। [সং. দূত + য]।

দৌবারিক (p. 426) [daubārika] বি. দারোয়ান, দ্বাররক্ষক। [সং. দ্বার + ইক]।

দৌরাত্ম্য (p. 426) [daurātmya] বি. 1 উৎপীড়ন, অত্যাচার (মস্তানদের দৌরাত্ম্য); 2 অশান্ত আচরণ, দুরন্তপনা (ছেলেটা সারাদিন কী দৌরাত্ম্যই না করে!)। [সং. দুরাত্মন্ + য]।

দৌর্গন্ধ্য (p. 426) [daurgandhya] বি. দুর্গন্ধযুক্ততা; খারাপ গন্ধ (মুখদৌর্গন্ধ্য)। [সং. দুর্গন্ধ + য]।

দৌর্বল্য (p. 426) [daurbalya] বি. দুর্বলতা, শক্তি বা সামর্থ্যের অভাব (হৃদয়দৌর্বল্য, ধাতুদৌর্বল্য)। [সং. দুর্বল + য]।

দৌর্মনস্য (p. 426) [daurmanasya] বি. 1 উদ্বেগ, দুশ্চিন্তা; 2 দুঃখ; 3 মনের দুঃখজনিত অবসাদ। [সং. দুর্মনস্ + য]।

দৌলত (p. 426) [daulata] বি. 1 সম্পদ, ঐশ্বর্য (ধনদৌলত); 2 সাহায্য, অনুগ্রহ, প্রভাব (শ্বশুরের দৌলতে)। [আ. দওলত্]। ̃ খানা বি. ঐশ্বর্যপূর্ণ বাসগৃহ। ̃ দার বিণ. ঐশ্বর্যশালী। ̃ দারি বি. ঐশ্বর্যশালিতা; ভোগবিলাস ও মর্যাদা।

দৌহিত্র (p. 426) [dauhitra] বি. দুহিতা বা কন্যার পুত্র। [সং. দুহিতৃ + অ]। দৌহিত্রী বি. (স্ত্রী.) কন্যার কন্যা।

দ্বন্দ্ব (p. 426) [dbandba] বি. 1 সংঘাত, ঝগড়া, বিবাদ (মন্দভালোর দ্বন্দ্ব, 'হিংসার উন্মত্ত পৃথ্বী, নিত্য নিঠুর দ্বন্দ্ব': রবীন্দ্র); 2 যুদ্ধ বা শত্রুতা; 3 দ্বিধা বা সংশয় (মনের দ্বন্দ্ব ঘুচানো); 4 (ব্যাক.) সমান প্রাধান্যপূর্ণ উভয় পদের সমাসবিশেষ যথা পাপপুণ্য, শীত-গ্রীষ্ম; 5 যুগল, মিথুন। [সং. দ্বি + দ্বি (নি.)]। ̃ জ বিণ. কলহ থেকে উৎপন্ন বা সৃষ্ট। ̃ যুদ্ধ বি. দুইজনের মধ্যে লড়াই। দ্বন্দ্বাতীত বিণ. সুখদুঃখ বা এইরকম পরস্পরবিরোধী বোধের অতীত বা সেই বিরোধ সহ্য করতে পারে এমন। দ্বন্দ্বী (-ন্দ্বিন্) বিণ. দ্বন্দ্বকারী।

দ্বয় (p. 426) [dbaẏa] সর্ব. বি. দুই, উভয়, যুগল (পুত্রদ্বয়, কন্যাদ্বয়, হস্তদ্বয়)। [সং. দ্বি + অয়]।

দ্বাচত্বারিংশ (p. 426) [dbācatbāriṃśa] বিণ. 42 সংখ্যক (দ্বাচত্বারিংশ অধ্যায়)। [সং. দ্বিচত্বারিংশত্ + অ]। ̃ ত্ বি. বিণ. 42 সংখ্যা বা সংখ্যক, বিয়াল্লিশ। ̃ ত্তম বিণ. 42 সংখ্যক। ̃ ত্তমী বিণ. (স্ত্রী.) 42 সংখ্যক।

দ্বাত্রিংশ (p. 426) [dbātriṃśa] বিণ. 32 সংখ্যক। [সং. দ্বি (দ্বা) ত্রিংশত্ + অ]।˜ ত্ বি. বিণ. 32 সংখ্যা বা সংখ্যক, বত্রিশ।˜ ত্তম বিণ. 32 সংখ্যক।˜ ত্তমী বিণ. (স্ত্রী.) 32 সংখ্যক।

দ্বাদশ (p. 426) [dbādaśa] (-শন্) বি. বিণ. 12 সংখ্যা বা সংখ্যক, বারো। [সং. দ্বি + দশন্]। দ্বাদশী বি. (স্ত্রী.) তিথিবিশেষ। □ বিণ. (স্ত্রী.) 1 বারো বছর বয়স্কা; 2 দ্বাদশস্থানীয়া।

দ্বাপর (p. 426) [dbāpara] বি. হিন্দু পুরাণে কথিত তৃতীয় যুগ। [সং. দ্বি (সত্য ও ত্রেতার) + পর (পরবর্তী)]।

দ্বাবিংশ (p. 426) [dbābiṃśa] বিণ. 22 সংখ্যক। [সং. দ্বাবিংশতি + অ]।˜ তি বি. বিণ. 22 সংখ্যা বা সংখ্যক, বাইশ।˜ তি.তম বিণ. 22 সংখ্যক। স্ত্রী.˜ তি.তমী।

দ্বার (p. 426) [dbāra] বি. 1 প্রবেশ করার বা বাইরে বেরোবার পথ; 2 দরজা। [সং. √ দ্বারি + অ]।˜ দেশ,˜ প্রান্ত বি. দরজার কাছের জায়গা, দরজার পাশ।˜ পাল,˜ রক্ষক,˜ রক্ষী (-ক্ষিন্), দ্বারী (-রিন্) বি. দারোয়ান।˜ রোধ বি. দরজা বন্ধ করা; পথ আগলে দাঁড়ানো (দ্বাররোধ করা)।˜ স্থ বিণ. 1 দ্বারদেশে উপনীত; 2 (আল.) সাহায্যপ্রার্থী (অবশেষে তাঁর দ্বারস্থ হলাম)। দ্বারাধ্যক্ষ বি. দ্বাররক্ষী, দারোয়ান। দ্বারিক বি. দাররক্ষী, দারোয়ান।

দ্বারকা, দ্বারিকা (p. 426) [dbārakā, dbārikā] বি. 1 শ্রীকৃষ্ণের প্রতিষ্ঠিত বলে পরিচিত এবং হিন্দুদের অন্যতম তীর্থস্থানরূপে পরিগণিত উত্তর ভারতের শহরবিশেষ; 2 আরব সাগরের তীরে গুজরাতের অন্তর্গত সুপ্রসিদ্ধ নগরী। [সং. দ্বার + √ কৈ + অ + আ (স্ত্রী.)]। ̃ নাথ, ̃ পতি বি. শ্রীকৃষ্ণ।

দ্বারবান (p. 426) [dbārabāna] বি. দারোয়ান, দ্বারী। [তু. সং. দ্বার; ফা. দর্ওয়ান্]।

দ্বারা (p. 426) [dbārā] অনু. অব্য. 1 সাহায্যে (পত্র দ্বারা নিমন্ত্রণ); 2 দিয়া, দিয়ে, যোগে (সংবাদপত্রের দ্বারা ঘোষণা, আমার দ্বারা একাজ হবে না); 3 মারফত (ভৃত্যের দ্বারা সংবাদপ্রেরণ)। [সং. দ্বার শব্দের 3য়া বিভক্তির 1বচন]।

দ্বারিকা (p. 426) [dbārikā] দ্র দ্বার।

দ্বারিকা, দ্বারিকানাথ (p. 426) [dbārikā, dbārikānātha] দ্র দ্বারকা।

দ্বারী (p. 426) [dbārī] দ্র দ্বার।

দ্বারোদ্-ঘাটন, দ্বারোদ্ঘাটন (p. 426) [dbārōd-ghāṭana, dbārōdghāṭana] বি. উদ্বোধন, কোনো উৎসবপ্রাঙ্গণ বা নবপ্রতিষ্ঠিত গৃহাদির আনুষ্ঠানিক উদ্বোধন। [সং. দ্বার + উদ্ঘাটন]।

দ্বাষষ্টি (p. 426) [dbāṣaṣṭi] বি. বিণ. 62 সংখ্যা বা সংখ্যক; বাষট্টি। [সং. দ্বা (দ্বি) + ষষ্ + তি]। ̃ তম বিণ. 62 সংখ্যক। স্ত্রী. ̃ তমী।

দ্বাসপ্ততি (p. 426) [dbāsaptati] বি. বিণ. 72 সংখ্যা বা সংখ্যক, বাহাত্তর। [সং. দ্বা (দ্বি) + সপ্ততি (সপ্ত + দশতি)]।˜ তম বিণ. 72 সংখ্যক। স্ত্রী.˜ তমী।

দ্বি (p. 426) [dbi] বি. বিণ. 2 সংখ্যা বা সংখ্যক, দুই। [সং.]।˜ কর্মক বিণ. (ব্যাক.) দুই কর্মপদযুক্ত।˜ খণ্ডিত বিণ. দুই সমান বা অসমান খণ্ডে বিভক্ত।˜ গু (ব্যাক.) সংখ্যানির্দেশক সমাসবিশেষ, যেমন, ত্রিভুবন।˜ গুণ বিণ. দুইগুণ, দুবার গুণ করা হয়েছে এমন, ডবল।˜ গুণিত,˜ গুণীকৃত বিণ. দ্বিগুণ করা হয়েছে এমন।˜ ঘাত বি. গণিতের প্রণালীবিশেষ, quadratic.˜ চারণ বি. 1 একই ক্ষেত্রে বা একই বিষয়ে দুরকম আচরণ; 2 একই সঙ্গে দুজনের সঙ্গে প্রণয়।˜ চারিণী বিণ. (স্ত্রী.) দুই পুরষের প্রতি আসক্তা, ব্যভিচারিণী।˜ জ,˜ জন্মা (-ন্মন্) বি. 1 (একবার মাতৃগর্ভ থেকে এবং আর একবার উপনয়নের ফলে নবজন্ম লাভ হয় বলে) ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জাতি; 2 পাখি প্রভৃতি অণ্ডজ প্রাণী; 3 (বিরল) দন্ত। স্ত্রী. দ্বিজা।˜ জ-পতি,˜ জ-রাজ বি. 1 দ্বিজশ্রেষ্ঠ ব্রাহ্মণ; 2 (ব্রহ্মার বিধান অনুযায়ী ব্রাহ্মণদের অধিপতিরূপে) চন্দ্র।˜ জাতি-তত্ত্ব বি. ভারতে হিন্দু ও মুসলমান এই দুই সম্প্রদায় ভিন্ন জাতির লোক এবং তাদের ভিন্ন রাষ্ট্রে বসবাস করা কর্তব্য-এই সাম্প্রদায়িক মত।˜ জিহ্ব বি. 1 (দুই ভাগে জিহ্বা বিভক্ত বলে) সাপ; 2 (আল.) মিথ্যাবাদী; পরস্পরবিরোধী উক্তিকারী।˜ জেন্দ্র,˜ জোত্তম বি. দ্বিজশ্রেষ্ঠ ব্রাহ্মণ।˜ তল বি. বিণ. দোতলা (দ্বিতলে থাকে, দ্বিতল বাড়ি)।˜ তীয় বিণ. 1 সংখ্যক, দুইয়ের পূরক।˜ তীয়ত (-তস্) অব্য. ক্রি-বিণ. দ্বিতীয় ক্ষেত্রে; দ্বিতীয় দফায়, দ্বিতীয় বারে।˜ তীয়া বিণ. (স্ত্রী.) 1 2 সংখ্যক; 2 তিথিবিশেষ।˜ তীয়াশ্রম বি. গার্হস্থ্যজীবন।˜ ত্ব বি. 1 দ্বিগুণত্ব; 2 পুনরুক্তি; 3 দুবার ব্যবহার বা প্রয়োগ (শব্দদ্বিত্ব)।˜ দল বিণ. দুটি পাতাযুক্ত। □ বি. ডাল।˜ ধা ক্রি-বিণ. দুই ভাগে বা দুই প্রকারে বা দুই দিকে (দ্বিধাবিভক্ত, দ্বিধাখণ্ডিত)। □ বিণ. দুই ভাগে

বিভক্ত (দেশ দ্বিধা হয়েছে)। □ বি. সংশয়, সন্দেহ, মনের ইতস্তত ভাব (দ্বিধাগ্রস্ত, দ্বিধান্বিত, বিনা দ্বিধায় মেনে নেওয়া)।˜ ধা-করণ বি. দুই ভাগে ভাগ করা বা বিচ্ছিন্ন করা।˜ ধা-গ্রস্ত বিণ. সংশয়াপন্ন, মনের ইতস্তত ভাবযুক্ত; কুণ্ঠিত।˜ নবতি বিণ. বি. 92 সংখ্যা বা সংখ্যক, বিরানব্বই।˜ নবতি-তম বিণ. 92 সংখ্যক। স্ত্রী.˜ নবতি-তমী।˜ প বি. হাতি।˜ পঞ্চাশত্ বি. 52 সংখ্যা।˜ পঞ্চাশত্তম বিণ. 52 সংখ্যক। স্ত্রী. পঞ্চাশত্তমী।˜ পদ বিণ. দুই পা-যুক্ত, দুপেয়ে। □ বি. মানুষ, পাখি ইত্যাদি দুপেয়ে প্রাণী।˜ পদী বি. দুই চরণবিশিষ্ট পদ্যের ছন্দোবিশেষ।˜ পাদ বি. বিণ. 1 দুই পদবিশিষ্ট; 2 দুই পদপরিমিত।˜ প্রহর বি. দুপুর, মধ্যাহ্ন।˜ বচন বি. (ব্যাক.) দ্বিত্ববাচক বিভক্তি।˜ বার্ষিক বিণ. 1 যার দুই বৎসর বয়স হয়েছে (দ্বিবার্ষিক শিশু, দ্বিবার্ষিক পত্রিকা); 2 যার দুই বৎসরে উৎপন্ন হয় বা হয়েছে (দ্বিবার্ষিক শস্য)।˜ বিধ বিণ. দুই রকম।˜ ভাব বিণ. বাইরে একরকম ও ভিতরে অন্যরকম ভাবযুক্ত, কপট। □ বি. দুই ভাব।˜ ভাষী (-ষিন্) বিণ. বি. দোভাষী, অন্যের ভাষা বা বক্তব্য অনুবাদ করে বুঝিয়ে দেয় এমন।˜ ভুজ বি. বিণ. দুই হাত বা দুই হাতবিশিষ্ট; দুই বাহু বা দুই বাহুবিশিষ্ট।˜ মত বি. দুই বিরুদ্ধ মত, মতভেদ (এ বিষয়ে দ্বিমত নেই)।˜ মাসিক বিণ. বি. দুই মাস অন্তর ঘটে এমন; দুই মাস অন্তর প্রকাশিত হয় এমন পত্রিকা।˜ রদ বি. (দুটি দন্তযুক্ত) হাতি। দ্বিরদ-রদ বি. গজদন্ত।˜ রাগমন বি. বিবাহের পর বধূর দ্বিতীয়বার পিতৃগৃহ থেকে পতিগৃহে আগমনের সংস্কার।˜ রুক্ত বিণ দুইবার কথিত লিখিত বা উল্লিখিত।˜ রুক্ত বি দুইবার কথিত লিখিত বা উল্লিখিত।˜ রুক্তি বি. দ্বিতীয়বার উক্তি বা উল্লেখ; আপত্তিজ্ঞাপন (দ্বিরুক্তি না করে কাজটা করল)।˜ রেফ বি. ভ্রমর।˜ শত বি. বিণ. 2 সংখ্যা বা সংখ্যক, দুই শত।˜ শততম বিণ. 2 সংখ্যক। স্ত্রী.˜ শততমী।˜ সপ্ততি বি. বিণ. 72 সংখ্যা বা সংখ্যক, বাহাত্তর।˜ সপ্ততি-তম বিণ. 72 সংখ্যক। স্ত্রী.˜ সপ্ততি-তমী।

দ্বিষত্ (p. 426) [dbiṣat] বিণ. হিংসাকারী, দ্বেষকারী। □ বি. শত্রু, বৈরী। [সং. √ দ্বিষ্ + অত্]।

দ্বিষ্ট (p. 426) [dbiṣṭa] বিণ. 1 হিংসিত, যাকে হিংসা করা হয়েছে (বিদ্বিষ্ট); 2 নিন্দিত। [সং. √ দ্বিষ্ + ত]।

দ্বীপ (p. 426) [dbīpa] বি. চারিদিকে জল বা সমুদ্রবেষ্টিত স্থলভাগ। [সং. দ্বি + অপ্ + অ]। দ্বীপান্তর বি. 1 অন্য দ্বীপ ('নব নব পবনভরে, যাব দ্বীপে দ্বীপান্তরে': রবীন্দ্র); 2 দূরবর্তী দ্বীপে নির্বাসন। দ্বীপান্তরিত বিণ. দূরবর্তী কোনো দ্বীপে নির্বাসিত।

দ্বীপী (p. 426) [dbīpī] (-পিন্) বি. 1 বাঘ; 2 চিতাবাঘ; 3 সমুদ্র। [সং. দ্বীপ + ইন্]।

দ্বেষ (p. 426) [dbēṣa] বি. 1 ঈর্ষা, হিংসা; 2 শত্রুতা; 3 বিরাগ। [সং. √ দ্বিষ্ + অ]।˜ ণ বি. হিংসা বা ঈর্ষা করা, দ্বেষকরণ। দ্বেষী (-ষিন্), দ্বেষ্টা (-ষ্টৃ) বিণ. দ্বেষকারী, হিংসক। স্ত্রী. দ্বেষিণী। দ্বেষ্য বিণ. 1 হিংসার যোগ্য; 2 হিংসার পাত্র।

দ্বৈত (p. 426) [dbaita] বি. 1 দ্বিত্ব; দ্বিবিধত্ব; 2 দুইয়ের সত্তা; 3 প্রাচীন ভারতের অরণ্যবিশেষ। □ বিণ. 1 দ্বিবিধ (দ্বৈত সত্তা, দ্বৈত ভূমিকা); 2 দুজনে মিলে করা হয় এমন (দ্বৈতসংগীত)।˜ বাদ বি. জীবাত্মা ও পরমাত্মা কিংবা প্রকৃতি ও পুরুষ ভিন্ন-এই দার্শনিক মত।˜ বাদী (-দিন্) বিণ. দ্বৈতবাদে বিশ্বাসী; দ্বৈতবাদ মানে এমন।˜ শাসন বি. এক রাষ্ট্রে বা রাজ্যে দুই শাসনকর্তার যুগপত্ শাসন।˜

সংগীত বি. দুজনে মিলে গাওয়া হয় এমন গান, duet. দ্বৈতাদ্বৈত বি. জীবাত্মা ও পরমাত্মার ভেদ ও অভেদ; দার্শনিক নিম্বার্কাচার্যের মতবাদ।

দ্বৈধ (p. 426) [dbaidha] বি. 1 দ্বিবিধত্ব; দ্বিত্ব; 2 অনৈক্য, বিরোধ (মতদ্বৈধ); 3 দ্বিধা, সংশয় (মনের দ্বৈধ কাটেনি)। [সং. দ্বিধা + অ]।

দ্বৈপ (p. 426) [dbaipa] বিণ. 1 দ্বীপসম্বন্ধীয়; 2 চিতাবাঘসম্বন্ধীয়। [সং. দ্বীপ + অ, দ্বীপিন্ + অ]। দ্বৈপ্য বিণ. দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈপায়ন (p. 426) [dbaipāẏana] বি. (যমুনাদ্বীপে জন্মেছিলেন বলে) ব্যাসদেব। [সং. দ্বীপ + অয়ন + অ (স্বার্থে)]। ˜ তা বি. দ্বীপে বাস বা বসতি ('ইংরেজের দ্বৈপায়নতা ইংরেজের পক্ষে একটা বড় সুযোগ': রবীন্দ্র)। কৃষ্ণদ্বৈপায়ন দ্র কৃষ্ণ।

দ্বৈপ্য (p. 426) [dbaipya] দ্র দ্বৈপ।

দ্বৈবার্ষিক (p. 426) [dbaibārṣika] বিণ. 1 দুই বৎসর অন্তর ঘটে এমন; 2 দুই বৎসরব্যাপী। [সং. দ্বিবর্ষ + ইক]।

দ্বৈবিধ্য (p. 426) [dbaibidhya] বি. 1 দ্বিবিধতা; 2 দ্বিধা, কুণ্ঠা, সংশয় [সং. দ্বিবিধ + য]।

দ্বৈমাতৃক (p. 426) [dbaimātṛka] বিণ. নদী ও বৃষ্টি এই দুই মাতৃতুল্যা পালিকার জলে প্রচুর শস্য উৎপন্ন হয় এমন (দেশ)। [সং. দ্বিমাতৃ + ক]।

দ্বৈরথ (p. 426) [dbairatha] বি. 1 দুই রথারূঢ় যোদ্ধার যুদ্ধ, দুই রথীর যুদ্ধ; 2 যুদ্ধ, সম্মুখ সমর। □ বিণ. দুই রথারূঢ় যোদ্ধা যুদ্ধ করছে এমন (দ্বৈরথ সমর)। [সং. দ্বিরথ + অ]।

দ্বৈরাজ্য (p. 426) [dbairājya] বি. 1 দ্বৈতশাসনাধিন রাজ্য; 2 দ্বৈতশাসন, dyarchy. [সং. দ্বিরাজ + য]।

দ্ব্যক্ষর (p. 426) [dbyakṣara] বিণ. দুই অক্ষরযুক্ত বা দুই বর্ণযুক্ত। □ বি. দুই অক্ষরযুক্ত মন্ত্রবিশেষ। [সং. দ্বি + অক্ষর]।

দ্ব্যণুক (p. 426) [dbyaṇuka] বিণ. দুই অণুর সমবায়ে উৎপন্ন। [সং. দ্বি + অণু + ক]।

দ্ব্যর্থ (p. 426) [dbyartha] বি. দুই অর্থ, দুইপ্রকার অর্থ। □ বিণ. 1 দুই অর্থযুক্ত, দুই অর্থ হয় এমন; 2 যার অর্থ অস্পষ্ট। [সং. দ্বি + অর্থ]। ̃ ক বিণ. দুইপ্রকার অর্থযুক্ত। বি. ̃ কতা। ̃ হীন বিণ. দুই প্রকার অর্থ হয় না এমন; স্পষ্ট অর্থযুক্ত (দ্ব্যর্থহীন ভাষায় জানানো হল)।

দ্ব্যশীতি (p. 426) [dbyaśīti] বি. বিণ. 82 সংখ্যা বা সংখ্যক, বিরাশি। [সং. দ্বি + অশীতি]। ̃ তম বিণ. 82 সংখ্যার পূরক। স্ত্রী. ̃ তমী।

দ্ব্যহ (p. 426) [dbyaha] বি. দুই দিন। [সং. দ্বি + অহন্]।

দ্যাখন-হাসি (p. 426) [dyākhana-hāsi] দ্র দেখন।

দ্ব্যাত্মবাদী (p. 426) [dbyātmabādī] (-দিন্) বিণ. দ্বৈতবাদী, জীবাত্মা ও পরমাত্মার পৃথক অস্তিত্ব মানে এমন। [সং. দ্বি + আত্মন্ + √ বদ্ + ইন্]।

দ্ব্যাহিক (p. 426) [dbyāhika] বিণ. 1 দুইদিন ব্যাপী; 2 দুইদিন অন্তর ঘটে এমন। [সং. দ্ব্যহ + ইক]।

দ্যু (p. 426) [dyu] বি. 1 স্বর্গ ('দ্যুলোকে ভূলোকে'); 2 আকাশ। [সং. √ দিব্ + ক্বিপ্]।˜ লোক বি. স্বর্গলোক, স্বর্গ।

দ্যুতি (p. 426) [dyuti] বি. 1 দীপ্তি, প্রভা, ঔজ্জ্বল্য; 2 কিরণ; 3 শোভা (দ্যুতিময়, দ্যুতিমান)। [সং. √ দ্যুত্ + ই]।˜ ময়,˜ মান বিণ. দীপ্তিমান, উজ্জ্বল; শোভমান, শোভা পাচ্ছে এমন।

দ্যুলোক (p. 426) [dyulōka] দ্র দ্যু।

দ্যূত (p. 426) [dyūta] বিণ. 1 বাজি রেখে পাশা খেলা; 2 পাশা খেলা; 3 জুয়া খেলা। [সং. √ দিব্ + ত]।˜ কার,˜ কর বিণ. বি. যে পাশা খেলে; জুয়াড়ি।˜ ক্রীড়া বি. বাজি রেখে পাশা খেলা; পাশা খেলা।

দ্যোতক (p. 426) [dyōtaka] বিণ. 1 সূচক; ব্যঞ্জক, পরিচায়ক, প্রকাশক (ব্যক্তিত্বের দ্যোতক); 2 উদ্বোধক। [সং. √ দ্যুত্ + অক]।

দ্যোতনা (p. 426) [dyōtanā] বি. 1 ইঙ্গিত, ব্যঞ্জনা; 2 প্রকাশ। [সং. √ দ্যুত্ + অন + আ]। ̃ ময় বিণ. ব্যঞ্জনাময়, ইঙ্গিতময়।

দ্রঢ়িষ্ঠ (p. 426) [draḍh়iṣṭha] বিণ. 1 দৃঢ়তম; 2 অত্যন্ত দৃঢ়। [সং. দৃঢ় + ইষ্ঠ]। স্ত্রী. দ্রঢ়িষ্ঠা।

দ্রঢ়ীয়ান, (p. 426) [draḍh়īẏāna,] (বর্জি.) দ্রঢ়ীয়ান্ (-য়স্) বিণ. দৃঢ়তর। [সং. দৃঢ় + ঈয়স্]। স্ত্রী. দ্রঢ়ীয়সী।

দ্রব (p. 426) [draba] বিণ. তরল, গলিত (জলে দ্রব হওয়া)। □ বি. 1 জল ইত্যাদির দ্বারা তরলীকৃত পদার্থ, solution (বি.প.); 2 তরল বস্তু। [সং. √ দ্রু + অ]। ̃ ণ বি. তরলীভবন, গলন, solution. ̃ ণীয় বিণ. গলানো যায় এমন ̃। তা, ̃ ত্ব বি. দ্রবীভবন; তরলতা। দ্রবী-করণ বি. (কঠিন পদার্থকে) তরল করা। দ্রবী-কৃত বিণ. তরলীকৃত, তরল করা হয়েছে এমন। দ্রবী-ভবন বি. (কঠিন পদার্থের) তরলীভবন, তরল হওয়া। দ্রবী-ভূত বিণ. তরলীভূত, তরল হয়েছে এমন, বিগলিত।

দ্রবিণ (p. 426) [drabiṇa] বি. 1 স্বর্ণ; 2 ধন, সম্পদ। [সং. √ দ্রু + ইন]।

দ্রবীকরণ, দ্রবীকৃত, দ্রবীভবন, দ্রবীভূত (p. 426) [drabīkaraṇa, drabīkṛta, drabībhabana, drabībhūta] দ্র দ্রব।

দ্রব্য (p. 426) [drabya] বি. 1 বস্তু, পদার্থ, জিনিস; 2 উপাদান। [সং. √ দ্রু + য]।˜ গুণ বি. 1 পদার্থের ধর্ম বা ক্রিয়া; 2 প্রাণিদেহের উপর দ্রব্যের প্রভাব বা ক্রিয়া; 3 বিভিন্ন দ্রব্যের গুণাবলি সম্পর্কে আয়ুর্বেদীয় গ্রন্থবিশেষ।˜ জাত বিণ. দ্রব্যাদির দ্বারা উৎপন্ন। □ বি. দ্রব্যসমূহ।˜ বিনিময় বি. জিনিসপত্রের আদান-প্রদান।˜ ময় বিণ. দ্রব্যে বা উপকরণে পূর্ণ (দ্রব্যময় যজ্ঞ)।˜ সামগ্রী বি. দ্রব্যাদি, জিনিসপত্র।

দ্রষ্টব্য (p. 426) [draṣṭabya] বিণ. 1 দর্শনীয়, দেখার বা বিবেচনার যোগ্য; 2 কোনো বিষয় উপলব্ধি করার জন্য অধ্যয়নযোগ্য, জ্ঞাতব্য, বিবেচ্য। [সং. √ দৃশ্ + তব্য]।

দ্রষ্টা (p. 426) [draṣṭā] (-ষ্টৃ) বিণ.বি. 1 দর্শনকারী (মন্ত্রদ্রষ্টা ঋষি); 2 সাক্ষী; 3 গভীর অন্তর্দৃষ্টিসম্পন্ন (রবীন্দ্রনাথ কেবল কবিই নন, দ্রষ্টাও); 4 সত্যদৃষ্টি বা অন্তর্দৃষ্টিসম্পন্ন বিচারক। [সং. √ দৃশ্ + তৃ]।

দ্রাক্ষা (p. 426) [drākṣā] বি. আঙুর ফল বা আঙুর লতা। [সং. √ দ্রাক্ষি + অ + আ]।˜ রস বি. 1 আঙুরের রস; 2 আঙুরের রসে প্রস্তুত মদ।

দ্রাঘিমা (p. 426) [drāghimā] (-মন্) বি. 1 কোনো নির্দিষ্ট মধ্যরেখা থেকে (যেমন গ্রিনিচস্থিত মধ্যরেখা) অন্য কোনো স্থানের মধ্যরেখার কৌণিক দূরত্ব, দেশান্তর, longitude (বি. প.); 2 দৈর্ঘ্য। [সং. দীর্ঘ + ইমন্]। দ্রাঘিমাংশ বি. দ্রাঘিমা বা দ্রাঘিমা রেখা। দ্রাঘিমা-রেখা বি. দ্রাঘিমা বা দ্রাঘিমাংশ বোঝাবার কল্পিত রেখা।

দ্রাব (p. 426) [drāba] বি. দ্রবণ, গলন। [সং. √ দ্রু + অ]।˜ ক বিণ. দ্রবকারক, solvent (বি.প.)।˜ ণ বি. দ্রবীকরণ, তরল বা দ্‌রব করা। দ্রাবিত বিণ. দ্রব করা বা গলানো হয়েছে এমন (দ্রাবিত লবণ)।

দ্রাবিড় (p. 426) [drābiḍ়] বি. 1 প্রাচীন ভারতের দক্ষিণাঞ্চলের আদিম জাতিবিশেষ; 2 দক্ষিণ ভারতের অংশবিশেষ-বর্তমান তালিমনাড়ু রাজ্য ('দ্রাবিড় উৎকল বঙ্গ': রবীন্দ্র); 3 ওই স্থানের অধিবাসী বা তাদের ভাষা। □ বিণ. দ্রাবিড় দেশ বা দ্রাবিড় ভাষা সম্বন্ধীয়। [সং. দ্রবিড় + অ]। দ্রাবিড়ী বি. 1 দ্রাবিড় জাতির ভাষা; 2 দ্রাবিড়জাতীয়া রমণী।

দ্রাব্য (p. 426) [drābya] বিণ. দ্রবণীয়, গলানোর যোগ্য বা গলানো যায় এমন (অদ্রাব্য পদার্থ)। [সং. √ দ্রাবি (√ দ্রু + ণিচ্) + য]।

দ্রিমি-দ্রিমি (p. 426) [drimi-drimi] বি. ঢাকের আওয়াজবিশেষ। [ধ্বন্যা.]।

দ্রুত (p. 426) [druta] বিণ. 1 ত্বরান্বিত, ক্ষিপ্র (দ্রুতগতি, দ্রুত উন্নতি, দ্রুত লয়); 2 (বাংলায় বিরল) ক্ষরিত, গলিত, দ্রবীভূত। □ ক্রি-বিণ. শীঘ্র, তাড়াতাড়ি (দ্রুত সেখানে যাও)। [সং. √ দ্রু + ত]।˜ গতি বিণ. ক্ষিপ্রতাসম্পন্ন; দ্রুত গতিবিশিষ্ট (দ্রুতগতি গাড়ি)।˜ গামী (-মিন্) বিণ. দ্রুত চলে এমন।˜ তা বি. ক্ষিপ্রতা, দ্রুতি।˜ পদে ক্রি-বিণ. 1 অত্যন্ত তাড়াতাড়ি হেঁটে; 2 ক্ষিপ্রতার সঙ্গে, সত্বর।˜ বেগে ক্রি-বিণ. অত্যন্ত দ্রুততার সঙ্গে; সত্বর, বেগে।

দ্রুতি (p. 426) [druti] বি. 1 দ্রুততা, ক্ষিপ্রতা; 2 বেগ, গতিময়তা। [সং. √ দ্রু + তি]।

দ্রুম (p. 426) [druma] বি. বৃক্ষ, গাছ ('দ্রুমদলশোভিনীম্': ব.চ.)। [সং. √ দ্রু (=ঊর্ধ্বগতি) + ম]। ̃ রাজ বি. বড় গাছ, মহাদ্রুম, মহীরুহ।

দ্রোণ (p. 426) [drōṇa] বি. 1 কুরুপাণ্ডবের অস্ত্রগুরুর নাম, দ্রোণাচার্য; 2 শস্যাদির পরিমাণবিশেষ; 3 শস্যাদি পরিমাপের পাত্রবিশেষ; 4 দাঁড়কাক; 5 ফুলবিশেষ বা তার গাছ, দণ্ডকলস। [সং. √দ্রু + ন]। ̃ কাক বি. দাঁড়কাক। ̃ পুষ্প বি. দণ্ডকলস ফুল।

দ্রোণি, দ্রোণী (p. 426) [drōṇi, drōṇī] বি. 1 ছোট নৌকাবিশেষ, ডোঙা; 2 জলসেচনী, দুনি; 3 কলসি; 4 দুই পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি। [সং. √ দ্রু + নি, নী]।

দ্রোহ (p. 426) [drōha] বি. 1 (পৃথক শব্দ হিসাবে সচ. কাব্যে) শত্রুতা ('উচ্ছৃঙ্খলা স্বৈরিণীর দ্রোহে': সু.দ.); 2 (পরপদে) অন্যের অনিষ্টচিন্তা বা অনিষ্টাচরণ বা শত্রুতা (রাজদ্রোহ, সমাজদ্রোহ)। [সং. √ দ্রুহ্ + অ]। দ্রোহিতা বি. দ্রোহের ভাব বা কাজ, শত্রুতা। দ্রোহী (-হিন্) বিণ. দ্রোহকারী।

দ্রৌণি (p. 426) [drauṇi] বি. দ্রোণপুত্র অশ্বত্থামা। [সং. দ্রোণ + ই (অপত্যার্থে)]।

দ্রৌপদী (p. 426) [draupadī] বি. (মহাভারতে) পঞ্চপাণ্ডবের পত্নী এবং রাজা দ্রুপদের কন্যা। [সং. দ্রুপদ + অ + ঈ]।

দ্রৌহিক (p. 426) [drauhika] বিণ. 1 শত্রুতা বা অনিষ্টাচরণ সম্বন্ধীয়; 2 শত্রুতার যোগ্য। [সং. দ্রোহ + ইক]।

ধ (p. 430) [dh] বাংলা বর্ণমালার ঊনবিংশ ব্যঞ্জনবর্ণ, এবং মহাপ্রাণ দন্ত্য ঘোষধ্বনি ধ্-এর দ্যোতক বর্ণ।

ধক (p. 430) [dhaka] বি. অব্য. 1 হঠাত্ আগুন জ্বলে ওঠার চাপা আওয়াজ; 2 হৃৎপিণ্ডে প্রবল স্পন্দনের শব্দ (বুকের ভিতর ধক করে উঠল)। [ধ্বন্যা.]। ধক ধক অব্য. বি. 1 আগুন জ্বলে ওঠার এবং উত্তরোত্তর বৃদ্ধির অব্যক্ত আওয়াজ; 2 ভয় ইত্যাদির জন্য হৃৎপিণ্ডের ক্রমাগত প্রবল স্পন্দনের শব্দ।˜ ধকানি বি. প্রবল স্পন্দন।

ধকল (p. 430) [dhakala] বি. 1 ধাক্কা; 2 কাজের চাপ, খাটুনি (রোগা শরীরে এত ধকল কি সইবে?); 3 ব্যবহারজনিত ক্ষয় (ঘড়িটা খুব ধকল সয়েছে); 4 উপদ্রব, উৎপাত (সংসারের ধকল)। [হি. ধকল্, ঢকেল্ (=ধাক্কা)]।

ধট, ধটক (p. 430) [dhaṭa, dhaṭaka] বি. ওজন করার যন্ত্র, তুলাদণ্ড বা তুলাযন্ত্র। [সং. √ ধণ (=শব্দ) + অ, ণ=ট, বিকল্পে √ ধন্ + ট]।

ধটি, ধটী (p. 430) [dhaṭi, dhaṭī] বি. 1 কটিবাস, কৌপীন, ধড়া ('তোমার কটিতটের ধটি কে দিল রাঙিয়া': রবীন্দ্র); 2 পুরোনো বস্ত্র। [সং. ধট + ইন্]।

ধড় (p. 430) [dhaḍ়] বি. 1 কাঁধ বা ঘাড় থেকে কোমর পর্যন্ত দেহাংশ; 2 মস্তকহীন দেহ; 3 দেহ ('যেন প্রাণ আসল ধড়ে': নজরুল)। [হি.ধড়]।

ধড়-ফড় (p. 430) [dhaḍ়-phaḍ়] বি. অব্য. 1 অস্থিরতা বা হৃৎপিণ্ডের দ্রুত কম্পন (বুক ধড়ফড় করছে); 2 ছটফট (কাটা পাঁঠার মতো ধড়ফড় করছে)। [দেশি]। ধড়-ফড়ানি বি. চঞ্চলতা, ছটফটানি।

ধড়-মড় (p. 430) [dhaḍ়-maḍ়] বি. অব্য. আকস্মিক চঞ্চলতা বা ব্যস্ততার ভাব (ধড়মড় করে বিছানা থেকে নামা)। [ধ্বন্যা.]।

ধড়া (p. 430) [dhaḍ়ā] বি. ধটি, কটিবস্ত্র (পীতধড়া)। [সং. ধটিকা]।˜ চূড়া, (কথ্য)˜ চুড়ো বি. 1 শ্রীকৃষ্ণের কটিবাস ও মুকুট; 2 (কৌতুকে বা ব্যঙ্গে) সাজপোশাক, কোটপ্যাণ্ট জাতীয় ভারী পোশাক (এই অবেলায় ধড়াচুড়ো পরে কোথায় চললে?)।

ধড়াস (p. 430) [dhaḍ়āsa] অব্য. বি. 1 জোরে পতনের শব্দ (ওটাকে ধড়াস করে ফেললে কেন?); 2 হৃৎস্পন্দনের প্রবল ধ্বনি, ধক (বুকটা ধড়াস করে উঠল)। [ধ্বন্যা.]। ধড়াস ধড়াস বি. অব্য. ক্রমাগত জোরে হৃৎস্পন্দনধ্বনি; প্রবল ধড়ফড়।

ধড়ি-বাজ (p. 430) [dhaḍ়i-bāja] বিণ. 1 ধূর্ত, কূটকৌশলী, ফন্দিবাজ (এরকম ধড়িবাজ লোকের সঙ্গে এঁটে ওঠা শক্ত); 2 প্রতারক, ধাপ্পাবাজ। [বাং. ধড় (< সং. ধূর্ত) + ফা. বাজ]। ধড়ি-বাজি বি. ধড়িবাজের মতো আচরণ, ধূর্তামি।

ধন (p. 430) [dhana] বি. 1 অর্থ, টাকাকড়ি (ধনশালী, ধনবল, ধনদৌলত); 2 মহামূল্য কাম্য সামগ্রী ('প্রভু আমার প্রিয় আমার পরম ধন হে': রবীন্দ্র); 3

স্নেহের পাত্রকে সম্বোধন (যাদুধন, বাপধন); 4 সম্পদ (গোধন); 5 (গণি.) যোগচিহ্ন; '+' (ধনচিহ্ন)। [সং. √ ধন্ + অ]।˜ কুবের বি. (ধনদেবতা কুবেরের মতো) অতিশয় ধনী ব্যক্তি।˜ ক্ষয় বি. অর্থের বা সম্পদের অপচয়।˜ গর্ব বি. ধনবান হওয়ার জন্য অহংকার।˜ গৌরব বি. 1 ঐশ্বর্যশালী হওয়ার জন্য গর্ব; 2 ধনের মহিমা।˜ জন বি. 1 অর্থবল ও লোকবল; 2 অর্থ ও পরিজন ('ধনে জনে আছি জড়ায়ে': রবীন্দ্র)।˜ ঞ্জয় বি. (ধন জয়কারী) অর্জুন।˜ তন্ত্র বি. পুঁজিবাদ, capitalism.˜ তৃষা,˜ তৃষ্ণা বি. অর্থলাভের প্রবল বাসনা।˜ দ বিণ. ধনদানকারী। □ বি. ধনের অধিদেবতা কুবের।˜ দা বিণ. (স্ত্রী.) ধনদানকারিণী। বি. (স্ত্রী.) ধনের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী।˜ দাতা (-তৃ)˜ দায়ক বিণ. ধনদানকারী। স্ত্রী.˜ দাত্রী,˜ দায়িকা,˜ দায়িনী।˜ দাস বি. 1 ধনলাভের জন্য বা ধন সঞ্চয়ের জন্য যে সবরকম আত্মনিগ্রহ স্বীকার করে; 2 অত্যন্ত কৃপণ বা অর্থলোভী ব্যক্তি।˜ দেবতা বি. কুবের।˜ দৌলত বি. অর্থ ও অন্যান্য সম্পত্তি।˜ ধান্য বি. অর্থ বা টাকাপয়সা ও শস্যপ্রাচুর্য ('ধনধান্যে পুষ্পে ভরা আমাদের এই বসুন্ধরা': দ্বি. রা.)।˜ নাশ বি. অর্থ ও সম্পদের হানি, ধনক্ষয়।˜ পতি বি. 1 ধনদেবতা কুবের; 2 অতিশয় ধনী ব্যক্তি।˜ পিপাসা ধনতৃষ্ণা -র অনুরূপ।˜ পিশাচ বি. ধর্ম-অধর্ম বা উচিত-অনুচিত বিচার না করে যে ধন অর্জনে প্রয়াসী।˜ প্রাণ বি. অর্থাদি ও জীবন (ধনেপ্রাণে মারা যাব)।˜ বতী বিণ. (স্ত্রী.) ধনশালিনী।˜ বত্তা বি. ধনশালিতা; সমৃদ্ধি।˜. বান (-বত্) বিণ. ধনী।˜ বিজ্ঞান বি. ধনসম্পদের সর্বপ্রকার ব্যবহারসম্বন্ধীয় শাস্ত্র, অর্থশাস্ত্র।˜ বিনিয়োগ বি. ব্যাবসাবাণিজ্যে অর্থনিয়োগ।˜ বৃদ্ধি বি. অর্থ ও সম্পদের বৃদ্ধি বা উন্নতি।˜ ভাণ্ডার বি. ধনাগার, কোষ; তহবিল।˜ মদ-ধনগর্ব -র অনুরূপ।˜ মান বি. বিত্ত ও সম্মান।˜ রত্ন বি. টাকাপয়সা ও সোনাদানা।˜ লালসা,˜ লিপ্সা ধনতৃষ্ণা -র অনুরূপ।˜ শালী (-লিন্) বিণ. ধনী। স্ত্রী.˜ শালিনী। বি.˜ শালিতা।˜ সম্পত্তি,˜ সম্পদ বি. টাকাপয়সা ও ভূসম্পত্তি, ধনদৌলত।˜ স্থান বি. (জ্যোতিষ) লগ্ন থেকে দ্বিতীয় স্থান, যা ধনসম্পর্কে লাভালাভের সূচক।˜ হারী (-রিন্) বিণ.

অন্যের ধন অপহরণকারী; চোর। ̃ হীন বিণ. নির্ধন, গরিব। স্ত্রী. ̃ হীনা। ধনাকাঙ্ক্ষা বি. অর্থের লোভ; ঐশ্বর্যলাভের ইচ্ছা। ধনাগম বি. ধনলাভ; অর্থোপার্জন, আয়। ধনাগার বি. অর্থভাণ্ডার, কোষ। ধনাঢ্য বিণ. ধনী, বড়লোক। ধনাধ্যক্ষ বি. কোষাধ্যক্ষ, ধনাগারের ভারপ্রাপ্ত কর্মচারী। ধনার্জন বি. অর্থ উপার্জন, আয়। ধনার্থী (-র্থিন্) বিণ. অর্থপিপাসু; ধনলাভ করতে চায় এমন। স্ত্রী. ধনার্থিনী।

ধনশ্রী, ধনাশ্রী (p. 430) [dhanaśrī, dhanāśrī] বি. সংগীতের রাগিণীবিশেষ, ধানশি। [সং. ধন + শ্রী (সমাসান্ত)]।

ধনি1 (p. 430) [dhani1] অব্য. (ব্রজ. ও প্রা. বাং. কাব্যে) রমণীকে সম্বোধনকালে ব্যবহৃত শব্দবিশেষ, ধন্যা ('ধনি ধনি তুহারি সোহাগ': বিদ্যা; 'সোহাগ চাঁদবদনী ধনি নাচো তো দেখি')। [সং. ধন্যা]।

ধনি2 (p. 430) [dhani2] বিণ. বি. (কাব্যে) সুন্দরী, যুবতী ('ধনি মুখমণ্ডল চান্দবিরাজিত': বিদ্যা., 'সেথায় আজিকে যাও তুমি, ধনি': রবীন্দ্র)। [সং. ধনিকা]।

ধনিক (p. 430) [dhanika] বিণ. বি. 1 পুঁজিপতি, স্বীয় অর্থবলে ব্যাবসাবাণিজ্য পরিচালনাকারী বা নিয়ন্ত্রণকারী (ধনিকশ্রেণি); 2 মহাজন; 3 ধনশালী, ধনী (ধণিকের ধন, গরিবের শ্রম)। [সং. ধন + ইক, কিংবা ধনিন্ + ক (স্বার্থে)]। ধনিকা বিণ. বি. (স্ত্রী.) 1 ধনিকবধূ; 2 যুবতী; 3 সুন্দরী।

ধনিচা, ধনচে (p. 430) [dhanicā, dhanacē] বি. মূলত সবুজসাররূপে এবং জ্বালানি হিসাবে ব্যবহৃত পাটগাছের মতো গাছবিশেষ। [দেশি]।

ধনিয়া, ধনে (p. 430) [dhaniẏā, dhanē] বি. মশলা হিসাবে ব্যবহৃত শস্যবিশেষ, বা তার গাছ। [সং. ধন্যাক]।

ধনিষ্ঠা (p. 430) [dhaniṣṭhā] বি. (জ্যোতি.) নক্ষত্রবিশেষ। [সং. ধনবত্ + ইষ্ঠ + আ]।

ধনী2 (p. 430) [dhanī2] (-নিন্) বিণ. ধনবান, ধনশালী, বড়লোক। [সং. ধন + ইন্]। স্ত্রী. ধনিনী।

ধনু, ধনুঃ (p. 430) [dhanu, dhanuḥ] (-নুস্) বি. 1 যা থেকে শর বা তির নিক্ষেপ করা হয়, ধনুক, শরাসন, কার্মুক, কোদণ্ড (হরধনু); 2 পরিমাণবিশেষ (1 ধনু=4 হাত); 3 (জ্যোতিষ.) রাশিচক্রের নবম রাশি। [সং. √ ধন্ + উস্ (ধ্বন্যা.)]। ধনুঃকাণ্ড বি. ধনুক ও তির, ধনুর্বাণ। ধনুঃশর বি. ধনুক ও তির। ধনুর্গুণ বি. জ্যা, ধনুকের ছিলা। ধনুর্ধর বি. 1 যে যোদ্ধা তিরধনুক নিয়ে যুদ্ধ করে, তিরন্দাজ; 2 (প্রায়শ ব্যঙ্গে) অত্যন্ত বাহাদুর, যে ব্যক্তি খুব কেরামতি দেখায়। ধনুর্ধারী (-রিন্) বি. তিরন্দাজ। ধনুর্বাণ বি. ধনুক ও তির। ধনুর্বিদ্যা বি. তিরধনুক নিয়ে যুদ্ধ করার কৌশল। ধনুর্বেদ বি. ধনুর্বিদ্যাসম্বন্ধীয় প্রাচীন শাস্ত্রবিশেষ যা যজুর্বেদের উপবেদ বলে পরিচিত। ধনুর্ভঙ্গ পণ বি. 1 (রামায়ণে) সীতাকে যিনি বিবাহ করবেন তাঁকে অবশ্যই হরধনু ভঙ্গ করতে হবে-রাজা জনকের এই প্রতিজ্ঞা বা সংকল্প; 2 (গৌণার্থে) অতি কঠিন ও অনড় প্রতিজ্ঞা। ধনুষ্কোটি বি. 1 ধনুকের অগ্রভাগ বা হুল; 2 সেতুবন্ধনের নিকটস্থ হিন্দু তীর্থস্থানবিশেষ। ধনুষ্টংকার বি. 1 ধনুকের ছিলা আকর্ষণের শব্দ; 2 অঙ্গের আক্ষেপমূলক রোগবিশেষ (কোনো কোনো ক্ষেত্রে শরীর ধনুকের মতো বেঁকে যায় বলে এই নাম); tetanus.

ধনেশ (p. 430) [dhanēśa] বি. 1 ধনদেবতা, কুবের; 2 শক্ত ও লম্বা বাঁকানো ঠোঁটওয়ালা পাখিবিশেষ, hornbill. □ বিণ. ধনবান, ধনী। [সং. ধন + ঈশ]।

ধন্দ, ধন্ধ (p. 430) [dhanda, dhandha] বি. 1 সংশয়, খটকা, সন্দেহ, ধোঁকা, ধাঁধা (মনে ধন্ধ লেগেছে); 2 সাংসারিক সমস্যা বা ভাবনাচিন্তা (সংসার-ধন্দ)। [< সং. দ্বন্দ্ব]।

ধন্দা (p. 430) [dhandā] বি. (ব্রজ.) সংশয়, ধাঁধা ('মঝু মনে লাগল ধন্দা': বিদ্যা.)। [< সং. দ্বন্দ্ব]।

ধন্বন্তরি (p. 430) [dhanbantari] বি. 1 (পুরাণে) দেবচিকিৎসকবিশেষ-যিনি সমুদ্র মন্থনের সময় সুধাহস্তে সমুদ্র থেকে উঠে এসেছিলেন; 2 (আল.) অতিশয় সুচিকিৎসক, যে চিকিৎসক রোগ নিরাময়ে কখনো ব্যর্থ হন না। [সং. ধনু + অন্ত + √ ঋ + ইন্]।

ধন্বা (p. 430) [dhanbā] দ্র ধন্ব।

ধন্বী (p. 430) [dhanbī] (-ন্বিন্) বিণ. ধনুর্ধারী, তিরন্দাজ। [সং. ধন্ব + ইন্]।

ধন্য (p. 430) [dhanya] বিণ. 1 সৌভাগ্যশালী (তুমি আমায় ধন্য করেছ); 2 কৃতার্থ (স্নেহধন্য); 3 প্রশংসনীয়, সাধুবাদের যোগ্য ('তুমি ধন্য ধন্য হে': রবীন্দ্র); 4 (বাংলায় বিরল) ধনলাভকারী। □ বি. ধন্যবাদ (ধন্য তোমাকে)। [সং. ধন + য]। বিণ. স্ত্রী. ধন্যা। ˜ বাদ বি. 1 প্রশংসাবাদ; 2 কৃতজ্ঞতা।

ধন্যাক (p. 430) [dhanyāka] বি. ধনে, মশলারূপে ব্যবহৃত শস্যবিশেষ। [সং. ধন্য + আ (স্ত্রী.) + ক]।

ধপ (p. 430) [dhapa] অব্য. বি. 1 ভারী বস্তু পতনের শব্দ (বস্তাটা ধপ করে ফেলল); 2 হঠাত্ বসার শব্দ (ধপ করে মেঝেতে বসে পড়ল)। [ধ্বন্যা.]।

ধপ-ধপ, ধব-ধব (p. 430) [dhapa-dhapa, dhaba-dhaba] অব্য. বি. অতিশয় শুভ্রতা বা পরিষ্কার-পরিচ্ছন্নতার ভাব (ধুতিটা সাদা ধপধপ করছে)। [ধ্বন্যা.]। ধপ-ধপে, ধব-ধবে বিণ. অতিশয় শুভ্র ও উজ্জ্বল। (ধপধপে কাপড়)।

ধপাত্, ধপাস (p. 430) [dhapāt, dhapāsa] অব্য. বি. জোরে ধপ শব্দ (ধপাস করে পড়ল)। [ধ্বন্যা.]।

ধবল (p. 430) [dhabala] বিণ. সাদা, শুভ্র (ধবলগিরি, 'অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া': রবীন্দ্র)। □ বি. চর্মরোগবিশেষ-যাতে গাত্রচর্ম, চুল ও রোমরাজি শ্বেতবর্ণ ধারণ করে, শ্বেতি। [সং. √ ধাব্ + অল]। বিণ. স্ত্রী. ধবলা। ধবলিত বিণ. শ্বেতবর্ণ ধারণ করেছে বা সাদা হয়েছে এমন। ধবলিমা (-মন্) বি. শুভ্রতা, শুক্লতা। ধবলী বি. সাদা রঙের গাভী ('ধবলীরে আনো গোহালে': রবীন্দ্র)। ধবলী-কৃত বিণ. সাদা করা হয়েছে এমন। ধবলী-ভূত বিণ. সাদা হয়েছে এমন।

ধমক (p. 430) [dhamaka] বি. 1 তিরস্কার, বকুনি; 2 ঘোর, তাড়স (জ্বরের ধমক); 3 তাড়া, চাপ (কাজের ধমক); 4 বেগ (হাসির ধমক)। [হি. ধমক]। ধমকা ক্রি. ধমকানো, ধমক দেওয়া। ধমকানি বি. ধমক, বকুনি। ধমকানো ক্রি. ধমক দেওয়া। □ বি. উক্ত অর্থে।

ধমনি, ধমনী (p. 430) [dhamani, dhamanī] বি. রক্তবাহী নাড়ি, শরীরের ভিতরের রক্তসঞ্চারক নাড়ি, artery ('বেগে বহে শিরা-ধমনী': রবীন্দ্র)। [সং. √ ধ্মা + অনি, কিংবা √ ধম্ + অনি]।

ধম্ম (p. 430) [dhamma] বি. ধর্ম -র অমা. কথ্য রূপ। [প্রাকৃ. ধম্ম]।

ধম্মিল্ল (p. 430) [dhammilla] বি. 1 খোঁপা, অলংকারে বা ফুলে শোভিত খোঁপা; 2 ঝুঁটি; 3 চূড়া। [সং. ধম + √ মিল্ + অ]।

-ধর (p. 432) [-dhara] বিণ. ধারী, ধারণকারী (ভূধর, জলধর, নবজলধর, হলধর)। [সং. √ ধৃ + অ]।

ধরণ2 (p. 432) [dharaṇa2] বি. ধারণ (ধরণিধরণ)। [সং. √ ধৃ + অন]।

ধরণি, ধরণী (p. 432) [dharaṇi, dharaṇī] বি. পৃথিবী, ধরা ('আর নাইরে বেলা নামল ছায়া ধরণীতে': রবীন্দ্র)। [সং. √ ধৃ + অনি]। ̃ তল বি. ভূতল, ভূপৃষ্ঠ। ̃ ধর বি. 1 যে পৃথিবীকে ধারণ করে আছে; 2 পর্বত; 3 নারায়ণ; 4 বাসুকিনাগ। ̃ পতি বি. রাজা। ̃ সূত বি. মঙ্গলগ্রহ। ̃ সুতা বি. স্ত্রী. (রামায়ণের) সীতাদেবী।

ধরতা (p. 432) [dharatā] বি. 1 আগে থেকে যা বাদ বলে ধরে নেওয়া হয়, ধরতি; 2 মূল গায়কের মুখ থেকে ধরে নেওয়া গানের পদ। [ধরা2 দ্র]।

ধরতি (p. 432) [dharati] বি. 1 পাছে ওজন কম হয়, এই জন্য বিক্রেতা যে পরিমাণ অতিরিক্ত জিনিস ক্রেতাকে আন্দাজে ধরে দেয়; 2 যা আগে থেকেই বাদ বলে ধরে নেওয়া হয়, ধরতা। [ধরা2 দ্র]।

ধরন, ধরণ (p. 432) [dharana, dharaṇa] বি. 1 পদ্ধতি, ভঙ্গি, ঢং ('আমরা বিলিতি ধরণে হাসি, আমরা ফরাসি ধরণে কাশি': দ্বি. রা.); 2 আকৃতি, চেহারা, চালচলন (চলার ধরন দেখে সন্দেহ হচ্ছে)। [সং. ধরণ]।˜ ধারণ বি. চালচলন, হাবভাব।

ধরনা2 (p. 432) [dharanā2] বি. 1 কামনা বা দাবি পূরণ বা আদায়ের জন্য পড়ে থাকা, হত্যা দেওয়া (দেবতার কাছে ধরনা, মালিকের দরজায় ধরনা)। [বাং. তু. হি. ধরানা (=to stay, অবস্থান করা)]।

ধরনা2 (p. 432) [dharanā2] বি. ঘরের চাল বা আচ্ছাদন যে কাঠের উপর ভর দিয়ে থাকে। [দেশি]।

ধর-পাকড় (p. 432) [dhara-pākaḍ়] বি. 1 পুলিশ বা অনা কারও দ্বারা ব্যাপক গ্রেপ্তারকরণ; 2 পীড়াপীড়ি, ধরাধরি (চাকরির জন্য ধরপাকড় করা)। [ধরা ও পাকড়া দ্র]।

ধরব (p. 432) [dharaba] (উচ্চা. ধরবো) ক্রি. (ব্রজ.) ধরিব -র কোমল রূপ।

ধরা1 (p. 432) [dharā1] বি. (যে ধরে বা ধারণ করে এই অর্থে) পৃথিবী (ধরাতল, ধরাধাম)। [সং. √ ধৃ + অ + আ]। ধরাকে সরা দেখা, ধরাকে সরা জ্ঞান করা বি. ক্রি. গর্বে অন্ধ হওয়া, গর্বে সবকিছু তুচ্ছজ্ঞান করা।˜ তল বি. পৃথিবীপৃষ্ঠ, ভূতল।˜ ধর বি. পর্বত।˜ ধাম বি. পৃথিবীরূপ বাসস্থান; সংসার; ইহলোক (ধরাধাম ত্যাগ করা)।˜ শায়ী (-য়িন্) বিণ. ভূতলে বা মাটিতে শয়ান বা পতিত।

ধরা2 (p. 432) [dharā2] ক্রি. 1 হাত দিয়ে ধারণ করা বা গ্রহণ করা (কলমটা ধরো); 2 পরিধান করা, পরা (নতুন বেশ ধরেছে); 3 গ্রেপ্তার করা (চোর ধরা); 4 অবলম্বন করা (অস্ত্র ছেড়ে কলম ধরা); 5 ভর দেওয়া (লাঠি ধরে চলা, আমাকে ধরে ধরে চলো); 6 অনুসরণ করা (ভিন্ন পথ ধরা); 7 হস্তচ্যুত না করা, জমিয়ে রাখা (বাজার চড়বে, মাল ধরে রাখো); 8 থামা (এই ট্রেন এ স্ট্রেশনে ধরবে না, বৃষ্টি ধরেছে); 9 আক্রমণ করা (রোগে ধরেছে); 1 নষ্ট করা, কাটা (কপিতে পোকা ধরেছে); 11 উচ্চারণ করা (ঈশ্বরের নাম ধরা); 12 ধরনা দেওয়া, হত্যা দেওয়া (তারকেশ্বরের দোর ধরা); 13 রক্ষা করা, বাঁচানো (এই দুর্দিনে প্রাণ ধরাই কঠিন, প্রাণে ধরে দিতে পারে না); 14 বসে যাওয়া, রুদ্ধ হওয়া (ঠাণ্ডায় গলা ধরেছে); 15 জন্মানো (গাছে ফল ধরা); 16 স্থান দেওয়া, বহন করা (পেটে ধরা); 17 লালন করা (বুকে ধরে বড় করা); 18 ছাপ বা ছোপ লাগা (রং ধরা, নোনা ধরা); 19 অনুরোধ বা অনুনয়বিনয় করা, শরণাপন্ন হওয়া (অফিসারকে ধরলেই উদ্ধার পাবে); 2 যন্ত্রণা হওয়া (মাথা ধরা); 21 অবশ হওয়া, দুর্বল বোধ করা (পা ধরে আসছে); 22 কার্যকর হওয়া (ওষুধ ধরেছে); 23 আরম্ভ করা (একটা গান ধরো); 24 খুঁজে বার করা (ভুল ধরা, খুঁত ধরা); 25 নির্ধারণ বা স্থির করা (দাম ধরা); 26 রান্নার সময় পুড়ে ওঠা (তরকারিটা ধরে গেছে, দুধটা ধরে গেছে); 27 জ্বলে ওঠা (উনুন ধরেছে); 28 আগুন লাগা (কয়লাটা ধরে উঠেছে); 29 অনুভূত হওয়া,

আচ্ছন্ন হওয়া (ভয় ধরেছে, শীত ধরেছে); 3 নাগাল পাওয়া (চাঁদ ধরা); 31 বিবেচনা করা, গণ্য করা (তাকে আমি মানুষের মধ্যেই ধরি না); 32 যথাসময়ে পাওয়া (ট্রেন ধরতে পারব?); 33 স্থান সংকুলান হওয়া (এই ঘরে এত লোক ধরবে?); 34 প্রকাশ পাওয়া, ফুটে ওঠা, সূচনা হওয়া (চুলে পাক ধরেছে); 35 কু-অভ্যাস করা (সিগারেট ছেড়ে পান ধরেছে); 36 অনুমান করা (লেখাটা কার তা ধরা শক্ত); 37 ভেবে নেওয়া, কল্পনা করা (ধরে নাও আমি যাব না); 38 গ্রাহ্য করা (ও ছেলেমানুষ, ওর কথা ধরা উচিত নয়)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. উক্ত সব অর্থে (ধামাধরা, মাছধরা জাল, ধরা কথা, মরচেধরা লোহা, তোমার ধরা মাছ)। [সং. √ ধৃ + বাং. আ]। ˜ কাট বি. কঠোর নিয়মানুবর্তিতা, বাঁধাবাঁধি (পথ্যের ধরাকাট)। ˜ ছোঁয়া বি. 1 কাছে আসা; নাগাল (সে এখন তোমাদের ধরাছোঁয়ার বাইরে); 2 বুঝতে পারা, বোধগম্যতা, বোঝাবুঝি (বিষয়টা আমার ধরাছোঁয়ার বাইরে)। ˜ ধরি বি. 1 সনির্বন্ধ অনুরোধ, পীড়াপীড়ি; 2 ধরপাকড়, গ্রেপ্তার (ব্যাপক ধরাধরি চলছে); 3 সকলে মিলে বয়ে নেওয়া (ধরাধরি করে তাকে উঠোনে এনে বসানো হল)। ˜ নো ক্রি. 1 ধৃত বা গ্রেপ্তার করানো (চোর ধরানো); 2 লাগানো (ছবিতে রং ধরানো, দেওয়ালে সিমেণ্ট ধরানো); 3 যথাসময়ে পাইয়ে দেওয়া (ট্রেন ধরানো); 4 জ্বালানো (উনুন ধরানো); 5 কু-অভ্যাস করানো (মদ ধরানো); 6 বুঝিয়ে বা দেখিয়ে দেওয়া (ভুল ধরানো); 7 অবলম্বন করানো (পথ ধরানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। ˜ বাঁধা বিণ. নির্দিষ্ট (ধরাবাঁধা নিয়ম নেই)। ধরিয়ে দেওয়া ক্রি. বি. 1 গ্রেপ্তারে সাহায্য করা, গ্রেপ্তার করানো, ধরানো; 2 বুঝিয়ে দেওয়া (অঙ্কটা একটু ধরিয়ে দাও)। ধরে পড়া, ধরে বসা ক্রি. বি. সনির্বন্ধ অনুরোধ করা (একটা চাকরির জন্যে ধরে পড়েছে)।

ধরাকাট, ধরাছোঁয়া (p. 432) [dharākāṭa, dharāchōm̐yā] দ্র ধরা2।

ধরাট (p. 432) [dharāṭa] বি. ক্রয়বিক্রয়ের বাটা বা কমিশন, ছাড়, দামের যে অংশ বাদ ধরা হয়, ধরতা। [বাং. ধরা + আট]।

ধরাতল, ধরাধাম, ধরাশায়ী (p. 432) [dharātala, dharādhāma, dharāśāẏī] দ্র ধরা1।

ধরাধরি, ধরাবাঁধা (p. 433) [dharādhari, dharābān̐dhā] দ্র ধরা2।

ধরিত্রী (p. 433) [dharitrī] বি. ধরণী, পৃথিবী। [সং. √ ধৃ + ইত্র + ঈ]।

ধর্তব্য (p. 433) [dhartabya] বিণ. 1 ধারণযোগ্য; 2 গণনীয়, বিবেচ্য, গ্রাহ্য (ছোটখাটো দোষ ধর্তব্য নয়)। [সং. ধৃ + তব্য]।

ধর্ম (p. 433) [dharma] বি. 1 ঈশ্বরোপাসনা পদ্ধতি, আচার-আচরণ ও পরকাল ইত্যাদি বিষয়ের নির্দেশ ও তত্ত্ব (হিন্দু ধর্ম, ইসলাম ধর্ম); 2 পুণ্যকর্ম, সৎকর্ম, কর্তব্যকর্ম (ক্ষমা পরম ধর্ম); 3 অবশ্যপালনীয় কর্তব্য (নারীধর্ম, বীরের ধর্ম, রাজধর্ম); 4 স্বভাব, গুণ, শক্তি (কালের ধর্ম, আগুনের ধর্ম); 5 নৈতিক সততা (ধর্মহীন আচরণ); 6 সুনীতি, ন্যায়বিচার (ধর্মাধিকরণ); 7 ধর্মের অধিদেবতা যম (বকবেশধারী ধর্ম); 8 বিশেষ লক্ষণ (কলির ধর্ম); 9 সতীত্ব (স্ত্রীলোকের ধর্মনাশ); 1 (জ্যোতিষ) রাশিচক্রে লগ্ন থেকে নবম স্থান। [সং. √ ধৃ + ম]। ধর্ম-অর্থ-কাম-মোক্ষ বি. মানবজীবনের চারটি লক্ষ্য বা সাধনা যথা সুনীতি বা সততা, ঐহিক সৌভাগ্য, বাসনা বা মুক্তি। ̃ কর্ম বি. শাস্ত্রবিধি অনুযায়ী পুণ্যকর্ম। ̃ কাম বিণ. ধর্মকর্ম অনুষ্ঠানকারী, পুণ্যার্জনকারী। ̃ ক্ষেত্র বি. পুণ্যস্থান, তীর্থ। ̃ গুরু বি. 1 ধর্মপ্রচারক; 2 সিদ্ধপুরুষ; 3 দীক্ষাগুরু। ̃ গ্রন্হ, ̃ পুস্তক বি. 1 কোনো ধর্মের

নীতিসংবলিত গ্রন্থ; 2 স্মৃতিশাস্ত্র।˜ ঘট বি. 1 বৈশাখ মাসে ঘটনাদের ধর্মীয় ব্রত; 2 দাবিপূরণের জন্য কর্মচারী বা শ্রমিকদের দলবদ্ধভাবে কাজ বন্ধ করা।˜ ঘটি বিণ. ধর্মঘটকারী।˜ চক্র বি. 1 দুঃখের কারণ ও তার নিরসনের উপায় সম্বন্ধে বুদ্ধদেবের চারটি উপদেশ যা আর্যসত্য নামেও পরিচিত; 2 বুদ্ধের অষ্টাঙ্গিক মার্গ বা পথ; 3 ধর্মের চক্র বা আবর্তন।˜ চর্চা বি. ধর্ম সম্বন্ধে আলাপ-আলোচনা।˜ চর্যা বি. 1 ধর্মচর্চা; 2 পুণ্যকর্মসাধন, ধর্মসংগত কর্ম করা।˜ চারী (-রিন্), ধর্মাচারী (-রিন্) বিণ. ধর্মচর্যা করে এমন, ধর্মকর্মে ব্রতী, ধার্মিক।˜ চিন্তা বি. ধর্মবিষয়ক চিন্তা বা ধ্যান, আধ্যাত্মিক চিন্তা।˜ চ্যুত বিণ. ধর্ম বা সততার পথ থেকে ভ্রষ্ট।˜ জীবন বি. ধর্মব্রতীর জীবন; সাধুর জীবন।˜ জ্ঞ বিণ. ধর্মতত্ত্ব জানে এমন।˜ ঠাকুর বি. বৌদ্ধযুগের পরবর্তীকালে ব্রাহ্মণেতর জাতির উপাস্য দেবতা; শূন্যরূপ নিরঞ্জনদেব।˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস্) ক্রি-বিণ. অব্য. ধর্মানুসারে (ধর্মত বলছি)।˜ তত্ত্ব বি. ধর্মসম্বন্ধীয় শাস্ত্র; ধর্মের মর্ম বা দর্শন।˜ তলা বি. ধর্মঠাকুরের নিয়মিত পূজার স্থান।˜ ত্যাগ বি. 1 ধর্মের পথ ত্যাগ; 2 কোনো একটি ধর্ম ত্যাগ এবং অন্য ধর্ম গ্রহণ।˜ দ্বেষী (-ষিন্) বিণ. 1 (অন্যের) ধর্মের নিন্দা করে বা বিরোধিতা করে এমন; 2 অধার্মিক।˜ দ্রোহী, (-হিনঃ বিণ. ধর্মদ্বেষী -র অনুরূপ। বি.˜ দ্রোহ,˜ দ্রোহিতা।˜ ধ্বজ বিণ. ধর্মের চিহ্ন ধারণ করেছে এমন।˜ ধ্বজা বি. ধর্মের পতাকা; ধর্মের ভান করে এমন ব্যক্তি; লোক-দেখানো ধার্মিক ব্যক্তি।˜ ধ্বজী বিণ. 1 ধর্মের চিহ্নধারী; 2 ধর্মের ভান করে এমন, বকধার্মিক।˜ নাশ বি. 1 ধর্মের লোপ বা ক্ষতি; 2 সতীত্বনাশ।˜ নিষ্ঠ বিণ. ধার্মিক।˜ নিষ্ঠা বি. ধার্মিকতা।˜ পত্নী বি. বিবাহিতা স্ত্রী, সহধর্মিণী।˜ পরায়ণ বিণ. ধার্মিক, ধর্ম অনুসরণ করে চলে এমন (যুধিষ্ঠিরের মতো ধর্মপরায়ণ)। বি.˜ পরায়ণতা।˜ পালন, ধর্মাচরণ বি. পুণ্যকর্ম করা; ধর্মসংগত বা শাস্ত্রবিহিত কর্ম করা।˜ পিতা (-তৃ),˜ বাপ বি. 1 ধর্মকে সাক্ষী করে যাকে পিতা বলে স্বীকার করা হয়েছে; 2 রক্ষাকর্তা।˜ পুত্র বি. 1 ধর্মের অধিদেবতা যমরাজের অংশজাত যুধিষ্ঠির; 2 ধর্মত যাকে পুত্র বলে স্বীকার করা হয়েছে।

ধর্মপুত্র (ধর্মপুত্তুর) যুধিষ্ঠির (ব্যঙ্গে) যুধিষ্ঠিরের মতো ধার্মিক বলে যে নিজেকে জাহির করতে চায়।˜ প্রবণ বিণ. ধর্মানুরাগী। বি.˜ প্রবণতা।˜ প্রবর্তক বিণ. বি. কোনো ধর্মের উদ্গাতা বা প্রতিষ্ঠাতা।˜ প্রাণ বিণ. ধর্মকে নিজের প্রাণস্বরূপ মনে করে এমন; অত্যন্ত ধার্মিক। বি.˜ প্রাণতা।˜ বিদ,˜ বিদ্ (-বিত্) বিণ. ধর্মের তত্ত্ব ও দর্শন জানে এমন।˜ বিপ্লব বি. ধর্মসংক্রান্ত বিরাট পরিবর্তন।˜ বিশ্বাস বি. ধর্মের প্রতি আস্থা; কোনো বিশেষ ধর্মের প্রতি আনুগত্য (ধর্মবিশ্বাসে আঘাত দেওয়া অনুচিত)।˜ বুদ্ধি বি. 1 ধর্মসংগত জ্ঞান; 2 পুণ্যকর্মের প্রবণতা।˜ ভয় বি. ধর্মহানির বা পাপের ভয়।˜ ভীরু বিণ. ধর্মহানি বা পাপকে ভয় করে চলে এমন; ধার্মিক। বি.˜ ভীরুতা।˜ ভ্রষ্ট বিণ. ধর্মের পথ থেকে বিচ্যুত বা পতিত।˜ ভ্রাতা (-তৃ),˜ ভাই বি. ধর্ম সাক্ষী করে যাকে ভাই বলে গ্রহণ করা হয়েছে; গুরুভাই।˜ মঙ্গল বি. ধর্মঠাকুরের মাহাত্ম্যবর্ণনাপূর্ণ গ্রন্হ।˜ মত বি. ধর্মীয় বিশ্বাস।˜ যাজক বি. ধর্মাচার্য; পুরোহিত।˜ যুদ্ধ বি. ধর্মরক্ষার্থে যুদ্ধ, জেহাদ।˜ রক্ষা বি. 1 স্বধর্ম বজায় রাখা; 2 ধর্মাচরণ; 3 সতীত্ব রক্ষা।˜ রাজ বি. 1 যুধিষ্ঠির; 2 যম; 3 ধর্মঠাকুর; 4 বুদ্ধ।˜ রাজ্য বি. যে রাজ্যে ন্যায়বিচার বিরাজমান; ন্যায়ের রাজ্য।˜ লক্ষণ বি. ধার্মিকতার দশটি লক্ষণ, যথা ধৃতি ক্ষমা আত্মসংযম সততা পরিচ্ছন্নতা ইন্দ্রিয়দমন ধী বিদ্যা অক্রোধ এবং সত্যপ্রিয়তা।˜ লোপ বি. ধর্মের অস্তিত্বহানি, ধর্মনাশ।˜ শালা বি. 1 বিচারালয়; 2 অতিথিশালা; 3 পথিক বা সাধারণ লোকের আশ্রয়স্থান।˜ শাসন বি. ধর্মের বা শাস্ত্রের অনুশাসন, ধর্মের নির্দেশ।˜ শাস্ত্র বি. ধর্মবিষয়ক গ্রন্হ; স্মৃতিশাস্ত্র।˜ শিক্ষা বি. ধর্মবিষয়ক শিক্ষা; যে-শিক্ষায় মনে ধর্মভাবের বা ধর্মজ্ঞানের উদয় হয়।˜ শীল বিণ. ধার্মিক।˜ সংগত বিণ. ধর্মশাস্ত্র বা নীতির সঙ্গে সংগতি আছে এমন।˜ সংগীত বি. ধর্মভাবের গান, ভক্তিগীতি, ভজন।˜ সংস্কার বি. কোনো বিশেষ ধর্মের উন্নতিসাধনের জন্য প্রয়াস।˜ সংস্কারক বি. বিণ. যিনি ধর্মসংস্কার করেন।˜ সংস্থাপক বি. ধর্মপ্রবর্তক, যিনি ধর্ম প্রতিষ্ঠা করেন।˜ সংস্থাপন বি. ধর্মের প্রতিষ্ঠা।˜ সংহিতা বি. মনু যাজ্ঞবল্ক্য প্রভৃতির

প্রণীত মূল স্মৃতিগ্রন্হ; ধর্মীয় ও সামাজিক অনুশাসনসংবলিত গ্রন্হ।˜ সভা বি. ধর্মের আলোচনা, উন্নতি ও সংরক্ষণের উদ্দেশ্যে স্থাপিত বা আয়োজিত সভা।˜ সম্মত বিণ. ধর্মসংগত।˜ সাক্ষী (-ক্ষিন্) বিণ. যাতে বা যার কাজে ধর্মকে সাক্ষী রাখা হয়। □ বি. ধর্মের নামে বা ধর্মানুমোদিত নিয়মে প্রতিজ্ঞা করা (ধর্মসাক্ষী করে বলছি)।˜ সাধন বি. ধর্মচর্চা, ধর্মপালন।˜ স্থান বি. 1 দেবতার স্থান, মন্দির; 2 ধর্মঠাকুরের স্থান।˜ হানি বি. ধর্মের ক্ষতি বা লোপ, ধর্মনাশ।˜ হীন বিণ. 1 যার ধর্ম নেই, যে ধর্ম মানে না; অধার্মিক, পাপী। ধর্মাচরণ-ধর্মচর্যা -র অনুরূপ। ধর্মাচারী-ধর্মচারী -র অনুরূপ। ধর্মাত্মা (-ত্মন্) বিণ. বি. অতিশয় ধার্মিক। ধর্মাধর্ম বি. ধর্ম ও অধর্ম, পাপ ও পুণ্য। ধর্মাধি-করণ বি. 1 বিচারালয়; 2 বিচারক। ধর্মাধি-করণিক বি. বিচারক। ধর্মাধি-কার বি. 1 বিচারে অধিকার; 2 বিচারকের পদ বা কাজ। ধর্মাধি-কারী (-রিন্) বি. বিচারক। ধর্মাধ্যক্ষ বি. ধর্মসংক্রান্ত বিষয়ের প্রধান সরকারি তত্ত্বাবধায়ক; প্রধান বিচারপতি। ধর্মানু-গত, ধর্মানু-মোদিত, ধর্মানু-যায়ী (-য়িন্) বিণ. ধর্মসংগত, ধর্মসম্মত; ন্যায়সংগত; শাস্ত্রবিহিত। ধর্মানুষ্ঠান বি. ধর্মপালন; শাস্ত্রবিহিত আচার-অনুষ্ঠান। ধর্মান্তর বি. অন্য বা ভিন্ন ধর্ম। ধর্মান্তরিত বিণ. অন্য ধর্ম গ্রহণ করেছে এমন (কবি মধুসূদন দত্ত ধর্মান্তরিত হয়ে মাইকেল নাম নিয়েছিলেন)। ধর্মান্ধ বিণ. স্বধর্মে অন্ধবিশ্বাসী এবং পরধর্মদ্বেষী। বি. ধর্মান্ধতা। ধর্মাব-তার বি. 1 মূর্তিমান ধর্ম; 2 বিচারক; 3 ধর্মদূত। ধর্মাব-লম্বী (-ম্বিন্) বিণ. বিশেষ কোনো ধর্মের উপাসক বা ধর্মসম্প্রদায়ভুক্ত (বৌদ্ধধর্মাবলম্বী)। ধর্মারণ্য বি. তপোবন। ধর্মার্থ বি. ধর্ম ও অর্থ। □ ক্রি-বিণ. ধর্মের জন্য (রাম ধর্মার্থ সীতাকে ত্যাগ করেন)। ধর্মার্থে ক্রি-বিণ. ধর্মের জন্য। ধর্মালয় বি. বিচারালয়, আদালত। ধর্মাসন বি. বিচারকের আসন। ধর্মিষ্ঠ বিণ. ধর্মের প্রতি নিষ্ঠাশীল, অত্যন্ত ধার্মিক ('আবার সপ্তম স্বর্গে স্থান পাবে ধর্মিষ্ঠ নহুষ': সু. দ.)। স্ত্রী. ধর্মিষ্ঠা। ধর্মী (-র্মিন্) বিণ. 1 বিশেষ কোনো স্বভাবযুক্ত বা গুণযুক্ত (প্রকাশধর্মী, আবেগধর্মী কবিতা); 2 ধার্মিক। ধর্মীয় বিণ. ধর্মসংক্রান্ত,

ধর্মসম্বন্ধীয় (ধর্মীয় মত, ধর্মীয় আলোচনা)। ধর্মে সওয়া ক্রি. ধর্মের বা ভগবানের দণ্ড বা শাস্তি এড়ানো (এত অন্যায় ধর্মে সইবে না)। ধর্মের কল বাতাসে নড়ে, ধর্মের ঢাক আপনি বাজে পাপ কখনো গোপন থাকে না, ধর্মের বা ভগবানের বিচার কখনো এড়ানো যায় না। ধর্মের ষাঁড় বি. 1 ধর্মের নামে উৎসর্গীকৃত মুক্ত ষাঁড়; 2 (ব্যঙ্গে) যে মুক্ত ব্যক্তিকে বাধা দেবার কেউ নেই। ধর্মের সংসার বি. যে সংসারে পাপাচরণ বা অন্যায় হয় না। ধর্মোদ্দেশে ক্রি-বিণ. ধর্মের জন্য। ধর্মোপ-দেশ বি. ধর্ম সম্বন্ধে শিক্ষা বা উপদেশ। ধর্মোপ-দেশক, ধর্মোপ-দেষ্টা (-ষ্টৃ) বি. যিনি ধর্ম সম্বন্ধে উপদেশ বা শিক্ষা দেন। ধর্মোপাসনা বি. ধর্মবিহিত উপাসনা বা পূজা; বিশেষ কোনো ধর্মসম্প্রদায়ে প্রচলিত উপাসনা। ধর্মোপাসক বি. বিণ. ধর্মাবলম্বী। স্ত্রী. ধর্মোপাসিকা। ধর্মোপেত বিণ. ধর্মসংগত, ধর্মানুমোদিত। ধর্ম্য বিণ. ধর্মসংগত (ধর্ম্য যুদ্ধ); যা ধর্মবিরুদ্ধ নয়, ন্যায্য।

ধর্ষ, ধর্ষণ (p. 433) [dharṣa, dharṣaṇa] বি. 1 পীড়ন, অত্যাচার; 2 (নারীকে) বলাৎকার; নারীর ইচ্ছার বিরুদ্ধে এবং বলপূর্বক যৌনসম্ভগ; 3 দমন, পরাজিত করা। [সং. √ ধৃষ্ + অ + অন]। ধর্ষ-কাম বি. পীড়নের কামনামূলক যৌন বিকৃতিবিশেষ, sadism. ধর্ষ-কামী বিণ. বি. উক্ত যৌন বিকৃতিতে আক্রান্ত, sadist. ধর্ষণীয় বিণ. ধর্ষণের যোগ্
য, ধর্ষণ করা সম্ভব এমন। ধর্ষিত বিণ. ধর্ষণ বা পীড়ন করা হয়েছে এমন। ধর্ষিতা বিণ. (স্ত্রী.) বলপূর্বক সতীত্ব নষ্ট করা হয়েছে এমন।

ধলা, ধলো (p. 433) [dhalā, dhalō] বিণ. সাদা, ফরসা, শুভ্র ('যা ছিল কালো-ধলো': রবীন্দ্র)। [সং. ধবল]।

ধস (p. 433) [dhasa] বি. 1 খাড়া পাহাড় থেকে খসে-পড়া পাথর বা মাটির চাঙড় (ধস নামা); 2 মাটি বরফ পাথর ইত্যাদির বড় চাঙড় উপর থেকে সবেগে খসে পড়ার শব্দ। [হি. < সং. ধ্বংস (=নিপতন)]।

ধসকা (p. 433) [dhasakā] বিণ. 1 ধসে পড়ার মতো ভাবযুক্ত, ধসে পড়বে বা পড়তে পারে এমন; শিথিল (ধসকা মাটি); 2 কমজোর, শক্তিহীন, অন্তঃসারশূন্য (ধসকা শরীর)। [ধস দ্র]।˜ নো ক্রি. 1 ধসকা হওয়া; 2 ধসা, ভেঙে পড়া (নদীর পাড় ধসকেছে); 3 ধসানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

ধস-ধস (p. 433) [dhasa-dhasa] বি. শিথিল বা আলগা ভাব; ধসে পড়ার ভাব (এই জায়গার মাটিটা ধসধস করছে)। [ধস দ্র]। ধস-ধসে বিণ. ধসকা, শিথিল।

ধসন (p. 433) [dhasana] বি. ধসা। [ধস দ্র]।

ধসা (p. 433) [dhasā] ক্রি. 1 (পাহাড়, নদীর পাড় প্রভৃতি থেকে) মাটি ইত্যাদির চাপ খসে পড়া (মাটি ধসে পড়ছে); 2 ভেঙে পড়া (ভিত ধসে গেছে); 3 দুর্বল হয়ে পড়া (শরীর ধসে গেছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [ধস দ্র]।˜ নো ক্রি. ধসকা করা; ধস নামানো, ভেঙে ফেলা (ধসিয়ে দেওয়া)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে।

ধস্তা-ধস্তি (p. 433) [dhastā-dhasti] বি. 1 পরস্পরের প্রতি টানাটানি, হাতাহাতি; 2 দলবদ্ধভাবে হাতাহাতি, টানাটানি বা বলপ্রয়োগ (দূরে দাঁড়িয়ে সেই

ধস্তাধস্তি দেখতে লাগলাম); 3 দরকষাকষি (দোকানদারের সঙ্গে দাম নিয়ে ধস্তাধস্তি)। [দেশি]।

ধা1 (p. 433) [dhā1] বি. (সংগীতে) স্বরগ্রামে ধৈবতের সংকেত বা সংক্ষিপ্ত রূপ (সা নি ধা পা)।

ধা2 (p. 433) [dhā2] (ব্যাক.) প্রকারবাচক প্রত্যয়বিশেষ (বহুধা, শতধা)। [সং. ধাচ্]।

ধাই (p. 433) [dhāi] বি. 1 ধাত্রী; 2 মাতার মতো পালনকারিণী রমণী, উপমাতা (ধাই-মা); 3 যে স্ত্রীলোক সন্তান প্রসব করায় এবং আঁতুরঘরে প্রসূতি ও নবজাতকের পরিচর্যা করে; 4 শিশু বা বালক-বালিকাদের পরিচারিকা; 5 যে স্ত্রীলোক স্বীয় স্তন্যে পরের সন্তান পালন করে, wet nurse. [সং. ধাত্রী]।

ধাউড় (p. 433) [dhāuḍ়] বিণ. 1 কপট, শঠ; 2 প্রবঞ্চক। [তু. প্রাকৃ. ধাডী]।

ধাওড়া (p. 433) [dhāōḍ়ā] বি. (প্রধানত সাঁওতাল) কুলিদের কুঁড়েঘর বা বস্তি। [তু. মুণ্ডারি ওড়া (=গৃহ)]।

ধাওয়া (p. 433) [dhāōẏā] ক্রি. ধেয়ে যাওয়া, বেগে যাওয়া, দৌড়ানো (তার দিকে ধেয়ে গেল, 'ধায় যেন মোর সকল ভালোবাসা প্রভু': রবীন্দ্র)। □ বি. ধাবন, তাড়া (ধাওয়া খেয়ে কুকুরটা পালিয়েছে)। [সং. √ ধাব্ + বাং. আ]। ˜ নো ক্রি. দৌড় করানো; তাড়ানো। □ বি. উক্ত উভয় অর্থে।

ধাঁ (p. 433) [dhā] অব্য. 1 সহসা আগুন জ্বলার বা প্রহারের শব্দ; 2 দ্রুত গতির ভাবসূচক, ঝাঁ, চট (ধাঁ করে ছুটে যাওয়া)। [ধ্বন্যা.]। ̃ ই বি. সহসা ও সজোরে মারার শব্দ। ধাঁ করে ক্রি-বিণ. 1 সহসা এবং সজোরে; 2 দ্রুত (ধাঁ করে পালাল)।

ধাঁচ, ধাঁচা (p. 433) [dhām̐ca, dhām̐cā] বি. 1 ধরন, রকম (দোহারা ধাঁচের শরীর); 2 ছাঁদ, গড়ন। [হি. ঢাঁচা]।

ধাঁধা (p. 433) [dhām̐dhā] বি. 1 দৃষ্টিভ্রম, চোখের ভুল (চোখে কেমন যেন ধাঁধা লেগে গেল); 2 ধোঁকা, সংশয়, ধন্দ; 3 দুরূহ সমস্যা, জটিল ব্যাপার; 4 কৌতূহলজনক ও বিদ্ধিবিভ্রমকারী প্রশ্ন, হেঁয়ালি। □ ক্রি. দৃষ্টিভ্রম জন্মানো বা হওয়া (চোখ ধেঁধে যায়)। [প্রাকৃ. ধন্ধঅ-তু. হি. ধন্ধা]। ̃ নো ক্রি. দৃষ্টিভ্রম জন্মানো, চোখ ঝলসানো; ধাঁধা লাগানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

ধাক্কা (p. 433) [dhākkā] বি. 1 ঠেলা (দরজায় ধাক্কা দেওয়া); 2 সংঘর্ষ, ঠোকাঠুকি, ঠেলাঠেলি (ট্রামে-বাসে ধাক্কা লাগে); 3 সহসা চাপ, তাড়া বা বেগ (কাজের ধাক্কা সামলানো)। □ ক্রি. ধাক্কা দেওয়া, ঠেলা দেওয়া (অমন ধাক্কাচ্ছ কেন?)। [তু. হি. ধক্কা; মৈ. ঢেকা]। ধাক্কা সামলানো ক্রি. বি. 1 সংঘর্ষ বা ঠেলাঠেলি প্রতিরোধ করা; 2 সংকট বা ঝামেলা থেকে রক্ষা পাওয়া।

ধাগা (p. 433) [dhāgā] বি. 1 কাঁথা, তোশক প্রভৃতি সেলাইয়ের উপযোগী মোটা সুতো; 2 মোটা সুতোর সেলাই। [হি. তাগা, ধাগা (=সুতো)]।

ধাঙড় (p. 433) [dhāṅaḍ়] বি. অনুন্নত হিন্দু সম্প্রদায়বিশেষ; মেথর; ঝাড়ুদার। [হি. ধাঁগড়]।

ধাড়া (p. 433) [dhāḍ়ā] বি. 1 তুলাযন্ত্র, দাঁড়িপাল্লা; 2 বাঙালি হিন্দুর পদবিবিশেষ। [প্রাকৃ. ধড় < সং. ধট-তু. হি. ধড়া]।

ধাড়ি (p. 433) [dhāḍ়i] বি. 1 যে গর্ভে সন্তান ধারণ করেছে (বাচ্চা ও ধাড়ি); 2 (সচ. নিন্দায়) সর্দার বা প্রধান ব্যক্তি (বজ্জাতের ধাড়ি, অকর্মার ধাড়ি)। □ বিণ. 1 বয়স্থ (বুড়োধাড়ি ছেলে); 2 পাকা, ঘাগি (ধাড়ি শয়তান)। তু. ধেড়ে। [হি. ধাড়ী]।

ধাত (p. 433) [dhāta] বি. 1 মানসিক প্রকৃতি, স্বভাব, মেজাজ (তার ঘাত বোঝা শক্ত, ওসব আমার ধাতে নেই); 2 নাড়ি (ধাত ছেড়ে যাওয়া); 4 শুক্র বা বীর্য (ধাতের রোগ)। [সং. ধাতু]।˜ সহ বিণ. ধাতে বা শরীরের প্রকৃতিতে সহ্য হয় এমন।˜ স্থ বিণ. প্রকৃতিস্থ, সুস্থ, শান্তলব (এতক্ষণে সে একটু ধাতস্থ হল)।

ধাতব (p. 433) [dhātaba] বিণ. 1 ধাতুসম্বন্ধীয় (ধাতব আওয়াজ); 2 ধাতুঘটিত (ধাতব পদার্থ)। [সং. ধাতু + অ]।

ধাতসহ, ধাতস্থ (p. 433) [dhātasaha, dhātasha] দ্র ধাত।

ধাতা1 (p. 433) [dhātā1] (-তৃ) বি. 1 বিধাতা; 2 কর্মফলদাতা; 3 সৃষ্টিকর্তা, নির্মাতা। [সং. √ ধা + তৃ]। স্ত্রী. ধাত্রী।

ধাতা2 (p. 433) [dhātā2] ক্রি. ধাতানো, কড়া ধমক দেওয়া; শাসানো। □ বি. উক্ত অর্থে। [তু. হি. ধতকার্না (=তাড়ানো, ধমক দেওয়া)]।˜ নি বি. কড়া ধমক, তিরস্কার।˜ নো ক্রি. ধমক দেওয়া; তিরস্কার করা। □ বি. উক্ত অর্থে।

ধাতু (p. 433) [dhātu] বি. 1 স্বর্ণরৌপ্যাদি খনিজ পদার্থ; 2 উপাদান (লোকটি কোন ধাতুতে গড়া); 3 স্বভাব, প্রকৃতি, ধাত (কঠিন ধাতুর মানুষ); 4 শুক্র (ধাতুদৌর্বল্য); 5 (আয়ু.) দেহস্থ বায়ু পিত্ত কফ মাংস অস্থি প্রভৃতি; 6 ক্ষিতি অপ্ তেজঃ মরুত্ ব্যোম এই পঞ্চভূত; 7 (ব্যাক.) ক্রিয়াবাচক শব্দমূল। [সং. √ ধা + তু]।˜ গত বিণ. ধাতুসংক্রান্ত; শারীরিক বা মানসিক প্রকৃতিঘটিত; স্বভাবগত; ক্রিয়াবাচক শব্দমূলঘটিত; শুক্রঘটিত।˜ গর্ভ বিণ. অভ্যন্তরে ধাতু আছে এমন।˜ ঘটিত বিণ. ধাতুগত -র অনুরূপ।˜ বিজ্ঞান,˜ বিদ্যা বি. ধাতুসংক্রান্ত বিদ্যা, metallurgy.˜ ময় বিণ. ধাতুর তৈরি, ধাতুপূর্ণ।˜ মল বি. মরচে, জং।˜ রূপ বি. ক্রিয়ামূলের নানা রূপ; বিভিন্ন কালে, বিভিন্ন বচনে ও পুরুষে ক্রিয়ামূলের রূপ।

ধাত্রী (p. 433) [dhātrī] বি. 1 গর্ভধারিণী মাতা; 2 ধাই, পালনকারিণী রমণী; 3 রোগীর পরিচর্যাকারিণী নারী, সেবিকা, nurse; 4 পৃথিবী। □ বিণ. 1 পালনকারিণী; 2 ধারণকারিণী (জীবধাত্রী বসুন্ধরা)। [সং. √ ধা + তৃ + ঈ (স্ত্রী.)]।˜ বিদ্যা বি. প্রসূতিতন্ত্র, প্রসবাদিবিষয়ক শাস্ত্র, midwifery.

ধাত্রেয়ী (p. 433) [dhātrēẏī] বি. ধাই। [সং. ধাত্রী + এয় + ঈ]।

ধান (p. 433) [dhāna] বি. 1 সুপরিচিত খাদ্যশস্যবিশেষ, যা থেকে চাল পাওয়া যায়; তুষ বা খোসাসমেত চাল; 2 পরিমাণবিশেষ (=1/4 রতি বা 4 তিল)।

[সং. ধান্য]। ধান কাঁড়া ক্রি. বি. ঢেঁকিতে কুটে তুষ থেকে চাল বার করা ('ধান কাঁড়তে হল বেলা')। ধান কাটা ক্রি. বি. ধান পাকার পর গাছগুলি কেটে স্তূপাকার করা বা আঁটি বাঁধা। ধান কাড়ানো ক্রি. বি. আগাছা নষ্ট করার জন্য ধানখেত চষা।˜ ক্ষেত,˜ খেত বি. যে মাঠে বা খেতে ধানের চাষ হয়। ধান গাছের তক্তা বি. অসম্ভব জিনিস। ধান ঝাড়া ক্রি. বি. ধান গাছ আছড়ে গাছ থেকে ধান পৃথক করে নেওয়া।˜ দূর্বা বি. ধান ও দূর্বাঘাস; হিন্দুদের মাঙ্গল্য দ্রব্যবিশেষ (ধানদূর্বা দিয়ে আশীর্বাদ)। ধানদূর্বা (ধানদুব্বো) দিয়ে পূজা (পুজো) করা ক্রি. বি. (ব্যঙ্গে) সম্মান বা সমীহ করা (তার মতো লোককে ধানদূর্বা দিয়ে পূজা করতে হবে নাকি?)। ধান দিয়ে লেখাপড়া শেখা ক্রি. বি. যৎসামান্য খরচে লেখাপড়া শেখা। ধান নেড়ে দেওয়া ক্রি. বি. খেতে বীজ থেকে চারা গজাবার পর চারাগুলি তুলে ফাঁক ফাঁক করে পুঁতে দেওয়া। ধান বোনা ক্রি. বি. খেতে ধানের বীজ ছড়ানো। ধান ভানা ক্রি. বি. ধান কাঁড়া -র অনুরূপ। ধান ভানতে শিবের গীত অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা। ধান মাড়াই করা, ধান মাড়ানো ক্রি. বি. গোরুকে দিয়ে মাড়িয়ে শিষ থেকে ধান পৃথক করা, মাটিতে বিছানো ধানের উপর দিয়ে গোরুকে হাঁটিয়ে ধান ও খড় আলাদা করা। কত ধানে কত চাল প্রকৃত অবস্থা; কঠিন বাস্তব (ধনীর দুলাল তুমি, জানলে না কত ধানে কত চাল)।

ধানশ্রী (p. 433) [dhānaśrī] বি. সংগীতের রাগিণীবিশেষ, ধনাশ্রী। [সং.]।

ধানাইপানাই (p. 433) [dhānāipānāi] বি. অসংবদ্ধ ও অপ্রাসঙ্গিক কথাবার্তা; আবোলতাবোল কথা। [দেশি]।

ধানি (p. 433) [dhāni] বিণ. 1 কাঁচা ধানের মতো সংযুক্ত (ধানি রঙের কাপড়); 2 ধান জন্মে এমন, ধানের চাষ হয় এমন (ধানিজমি); 3 খুব ছোট কিন্তু ঝালযুক্ত বা তেজযুক্ত (ধানিলংকা)। [বাং. ধান + ই]।

ধানী (p. 433) [dhānī] বি. 1 আবাস, স্থান (রাজধানী); 2 আধার, পাত্র (নস্যধানী, মত্ স্যধানী)। [সং. √ ধা + অন + ঈ (স্ত্রী.)]।

ধানুকি, (বর্জি.) ধানুকী (p. 433) [dhānuki, (barji.) dhānukī] বি. ধনুকধারী, ধনুর্ধর। [প্রাকৃ. ধানুক্ক < সং. ধানুষ্ক]।

ধান্দা, ধান্ধা (p. 433) [dhāndā, dhāndhā] বি. 1 ধাঁধা, ধোঁকা; 2 সংশয়; 3 দৃষ্টিভ্রম; 4 কাজকর্মের সন্ধান বা ফিকির (কোন ধান্দায় এখানে এসেছ?)। [হি. ধন্ধা < সং. দ্বন্দ্ব]।

ধান্য (p. 433) [dhānya] বি. 1 ধান; 2 ধানজাতীয় শস্য (যবধান্য)। [সং. ধান + য]।˜ বীজ বি. 1 ধানের বীজ; 2 ধনিয়া, ধনে।˜ শীর্ষক বি. ধানের শিষ।

ধান্যক, ধান্যাক (p. 433) [dhānyaka, dhānyāka] বি. ধনে। [সং. ধন্যক + অণ্]।

ধান্যেশ্বরী (p. 433) [dhānyēśbarī] বি. (ব্যঙ্গে) ধান বা চাল থেকে চোলাই করা মদ, ধেনো মদ। [সং. ধান্য + ঈশ্বরী]।

ধাপ (p. 433) [dhāpa] বি. 1 সিঁড়ির পৈঠ্য, সোপান (ধাপে ধাপে সিঁড়ি নেমে গেছে); 2 স্তর (প্রথম ধাপ শেষ করে সবে দ্বিতীয় ধাপে পৌঁছেছি)। [হি. ধাপ]।

ধাপধাড়া-গোবিন্দপুর (p. 433) [dhāpadhāḍ়ā-gōbindapura] বি. (কৌতু.) অজ্ঞাত বা বহুদূরবর্তী স্থান।

ধাপা (p. 433) [dhāpā] বি. যে জায়গায় জঞ্জালাদি ফেলা হয় (ধাপার মাঠ)। [দেশি-তু. সং. স্তূপ; তু. ইং. dump, depot]।

ধাপ্পা (p. 433) [dhāppā] বি. 1 মিথ্যা আশ্বাস, মিথ্যা উপদেশ, মিথ্যা প্রতিশ্রুতি ইত্যাদি; 2 প্রবঞ্চনা; 3 মিথ্যা কথা। [হি. ধপ্পা]।˜ বাজ বিণ. ধাপ্পা দেয় এমন, মিথ্যাবাদী।˜ বাজি বি. ধাপ্পাবাজের কাজ, প্রতারণা।

ধাবক (p. 433) [dhābaka] বিণ. 1 ছোটে বা দৌড়ায় এমন; 2 পত্র বা সংবাদ বহন করে এমন; 3 ধোয় বা পরিষ্কার করে এমন (দন্তধাবক)। □ বি. 1 ধোপা; 2 যে ধোয়, প্রক্ষালনকারী ব্যক্তি; 3 সংবাহ বাহক; 4 সংস্কৃত সাহিত্যের কবিবিশেষ। [সং. √ ধাব্ + অক]।

ধাবকা (p. 433) [dhābakā] বি. 1 প্রভাব, চাপ; 2 ধকল, ধাক্কা। [তু. বাং. ধাক্কা]।

ধাবড়া (p. 433) [dhābaḍ়ā] বি. কাদা কালি প্রভৃতির বড় ছোপ, ছাপ বা দাগ (জামায় এক ধাবড়া কালি লাগিয়ে এনেছে)। [তু. হি. ধব্বা]।˜ নো ক্রি. কালি প্রভৃতির এলোমেলো ও মোটা দাগ লাগিয়ে নোংরা করা। □ বি. বিণ. উক্ত

অর্থে। ধেবড়ে যাওয়া ক্রি. বি. কালি প্রভৃতির মোটা ও এলোমেলো দাগ লাগানো বা লেগে যাওয়া।

ধাবন (p. 433) [dhābana] বি. 1 বেগে ছোটা, ছোটা, দৌড়ানো; 2 ধোয়া, পরিষ্কার করা (দন্তধাবন); 3 ধেয়ে যাওয়া, তাড়া করা। [সং. √ ধাব্ + অন]।

ধাব-মান (p. 433) [dhāba-māna] বিণ. 1 ছুটছে এমন ('সমরক্ষেত্রাভিমুখে ধাবমান হইলেন': ব. চ.); 2 দ্রুতগতিসম্পন্ন। [সং. √ ধাব্ + শানচ্]।

ধাবিত (p. 433) [dhābita] বিণ. 1 ছুটছে এমন (সেইদিকে তাঁর চিত্ত ধাবিত হল); 2 পিছনে ধাওয়া করেছে এমন (চোরের পিছনে পুলিশ ধাবিত হল); 3 ধৌত, ধোয়া হয়েছে এমন। [সং. √ ধাব্ + ত]।

ধাম (p. 433) [dhāma] বি. 1 বাসস্থান, গৃহ (নামধাম); 2 স্থান (শান্তিধাম); 3 পবিত্র স্থান, তীর্থ (কালীধাম); 4 আধার (গুণধাম)। [সং. √ ধা + মন্]।

ধাম-গুজারি (p. 433) [dhāma-gujāri] বি. 1 লাফালাফি; 2 প্রচণ্ড হট্টগোল; 3 দৌরাত্ম্য; 4 ধুমধাম। [তু. হি. ধমজগর (=গণ্ডগোল, হট্টগোল)]।

ধামনিক (p. 433) [dhāmanika] বিণ. ধমনিসম্বন্ধীয়। [সং. ধমনী + ইক]। ধামনিকা বি. ধমনী।

ধামসা (p. 433) [dhāmasā] ক্রি. ধামসানো, হাত বা পা দিয়ে চটকানো। [দেশি]।˜ নি বি. দলিত করা, চটকানি (ময়দা ধামসানি)।˜ নো ক্রি. হাত-পা দিয়ে চটকানো বা মর্দন করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

ধামসাধামসি (p. 433) [dhāmasādhāmasi] বি. 1 দলাইমলাই; 2 উদ্দাম নাচানাচি বা হুল্লোড়। [দেশি]।

ধামা (p. 433) [dhāmā] বি. শস্যাদি রাখবার বা মাপবার জন্য বেতের তৈরি ঝুড়িবিশেষ। [সং. ধামক]।˜ চাপা বিণ. অন্যায়ভাবে লোকচক্ষুর আড়ালে আনা হয়েছে এমন (ব্যাপারটাকে এভাবে ধামাচাপা দেওয়া উচিত হয়নি)।˜ ধরা বিণ. তোষামুদে।

ধামার (p. 433) [dhāmāra] বি. 1 ধ্রুপদাঙ্গ সংগীতের তালবিশেষ ('চৌতালে ধামারে কে কোথায় ঘা মারে': রবীন্দ্র); 2 উচ্চাঙ্গ সংগীতের রাগিণীবিশেষ (ধামারে তান ধরেছে)। [তু. হি. ধমার]।

ধামালি (p. 433) [dhāmāli] বি. 1 রঙ্গ; 2 রঙ্গ দেখাবার জন্য দৌড়াদৌড়ি বা নাচগান; 3 কৃত্রিম বা কপট ঝগড়া; 4 চতুরালি, ছলনা। [হি. ধমাল + বাং. ই]।

ধামি (p. 433) [dhāmi] বি. ছোট ধামা বা ঝুড়ি। [বাং. ধামা + ই (ক্ষুদ্রার্থে)]।

ধার1 (p. 433) [dhāra1] বি. (প্রত্যয়রূপে ব্যবহৃত) ধারণকারী (সূত্রধার, কর্ণধার)। [সং. √ ধৃ + অ]।

ধার2 (p. 433) [dhāra2] বিণ. (সচ. কাব্যে) জল প্রভৃতি তরল পদার্থের পতন বা ধারা (অশ্রুধার)। [ধারা2 দ্র]।

ধার3 (p. 433) [dhāra3] বি. 1 প্রান্ত, কিনারা (রাস্তার ধার দিয়ে চলো); 2 তীক্ষ্ণতা (ছুরির ধার পরীক্ষা করছি); 3 প্রখরতা (কথার ধার, বুদ্ধির ধার); 4 কূল, তীর (নদীর ধার); 5 ঋণ (টাকা ধার দেওয়া); 6 তোয়াক্কা (আমি কারও ধার ধারি না)। [বাং. ধার < সং. √ ধৃ + অ]। ধার করা ক্রি. বি. দেনা করা, ঋণ নেওয়া। ধার দেওয়া ক্রি. বি. ঋণ দেওয়া। ধার ধারা ক্রি. বি. 1 ঋণবদ্ধ হওয়া; 2 সম্পর্ক বা তোয়াক্কা রাখা ('কারো কথার ধার ধারি না, সব ব্যাটাকেই চিনি': সু. রা.)। ধার নেওয়া-ধারকরা -র অনুরূপ। ধার শোধ করা ক্রি. বি. দেনা চুকিয়ে দেওয়া। ধারে কাটা ক্রি. বি. স্বাভাবিক দক্ষতা বা বুদ্ধির জোরে কার্যোদ্ধার হওয়া। ধারে ডোবা ক্রি. বি. প্রচুর দেনায় জড়িয়ে পড়া।

ধারক (p. 433) [dhāraka] বিণ. 1 ধারণকারী, যে ধরে রেখেছে (সভ্যতার ধারক); 2 পুস্তক সামনে ধরে পুরাণপাঠকের অশুদ্ধি সংশোধনকারী; 3 মন্ত্রপাঠ করানোর বৃত্তি অবলম্বনকারী; 4 ঋণগ্রহণকারী; 5 দাস্ত বা উদরাময়রোধক (ধারক ওষুধ)। □ বি. উদরাময়ের ওষুধ। [সং. √ ধৃ + ণিচ্ + অক]। বি.˜ তা।

ধারণ (p. 433) [dhāraṇa] বি. 1 হাত দিয়ে গ্রহণ বা অঙ্গে গ্রহণ (অস্ত্রধারণ, বক্ষে ধারণ); 2 মনে রাখা (উপদেশ ধারণ); 3 স্থাপন (আশীর্বাদের ফুল মস্তকে ধারণ); 4 অভ্যন্তরে গ্রহণ, ভিতরে নেওয়া (এই পাত্র বহু জল ধারণে সক্ষম); 5 পরিগ্রহ (অগ্নিমূর্তি ধারণ); 6 গ্রহণ, অবলম্বন (নামধারণ, ভেকধারণ); 7 বহন (শিরে কুম্ভধারণ)। [সং. √ ধৃ + ণিচ্ + অন]।

ধারণা (p. 433) [dhāraṇā] বি. 1 বোধ, অনুভূতি, উপলব্ধি (বস্তু সম্বন্ধে ধারণা, ঈশ্বর সম্বন্ধে ধারণা); 2 অনুমান, সংস্কার, বিশ্বাস (আমার দৃঢ় ধারণা); 3 সিদ্ধান্ত, নির্ধারণ (ভবিষ্যত্ জীবন সম্পর্কে ধারণা করা); 4 স্মরণশক্তি, মেধা (ধারণাশক্তি); 5 একাগ্রতা, মনকে একই বিষয়ে স্থাপন। [সং. √ ধৃ + ণিচ্ + অন + আ]। ˜ তীত বিণ. উপলব্ধি বা অনুমান করা অসাধ্য এমন।

ধারণীয় (p. 433) [dhāraṇīẏa] বিণ. ধারণযোগ্য, ধারণ করা যায় এমন। [সং. √ ধৃ + ণিচ্ + অনীয়]।

ধারয়িতা (p. 433) [dhāraẏitā] (-তৃ) বিণ. যে ধারণ করে, ধারণকারী, ধারক। [সং. √ ধৃ + ণিচ্ + তৃ]। ধারয়িত্রী বিণ. (স্ত্রী.) ধারণকারিণী। □ বি. পৃথিবী।

ধারয়িষ্ণু (p. 433) [dhāraẏiṣṇu] বিণ. ধারণ করে আছে এমন, ধারণকারী, ধারণশীল। [সং. √ ধৃ + ণিচ্ + ইষ্ণু]।

ধারা1 (p. 433) [dhārā1] ক্রি. ঋণী হওয়া বা থাকা (তার কাছে আমি অনেক টাকা ধারি); 2 সংস্রব রাখা (কারও ধার ধারি না)। [বাং. ধার 3 + আ]।

ধারা2 (p. 433) [dhārā2] বি. 1 স্রাব, প্রবাহ (রক্তধারা, অশ্রুধারা, আলোকধারা); 2 বৃষ্টি ('শ্রাবণের ধারার মতো পড়ুক ঝরে': রবীন্দ্র); 3 ঝরনা (সহস্রধারা); 4 পদ্ধতি, ধরম, নিয়ম (তার কাজের ধারাই আলাদা); 5 পরম্পরা (ধারাবাহিক); 6 রীতি, রকম (কেমনধারা লোক তুমি?); 7 আইনের বিধি (এই

আইনের তৃতীয় ধারা)। [সং. √ ধৃ + ণিচ্ + আ]।˜ কদম্ব বি. নীপ ফুল বা তার গাছ, কদম ফুল বা তার গাছ।˜ কারে ক্রি-বিণ. ধারা বা বৃষ্টির মতো; অজস্র ধারায় (ধারাকারে নেমে আসে)।˜ ক্রমে ক্রি-বিণ. পরম্পরা অনুযায়ী; রীতি অনুসারে।˜ স্কুর বি. 1 জলকণা; 2 করকা, শিল।˜ জল বি. বৃষ্টি।˜ ধর বি. মেঘ।˜ পাত বি. 1 অবিরাম বর্ষণ; 2 পাটীগণিতের নামতা ইত্যাদির প্রাথমিক সূত্রাদিসংবলিত বই।˜ বর্ণনা বি.কোনো চলতি বা ঘটমান বিষয়ের তাৎক্ষণিক বিবরণ, running commentary.˜ বর্ষ,˜ বর্ষণ বি. মূষলধারে বৃষ্টি।˜ বাহিক,˜ বাহী (-হিন্) বিণ. 1 ছেদহীনভাবে চলে আসছে এমন, অবিচ্ছেদে প্রচলিত; 2 ক্রমিক, পরম্পরাযুক্ত (ধারাবাহিক ইতিহাস)। বি.˜ বাহিকতা,˜ বাহিতা (ঘটনার ধারাবাহিকতা)।˜ বিবরণী,˜ ভাষ্য ধারাবর্ণনা -র অনুরূপ।˜ যন্ত্র বি. 1 ফোয়ারা; 2 পিচকারী; 3 স্নানের কৃত্রিম ঝরনা, shower.˜ সম্পাত বি. অঝোরে বৃষ্টিপাত।˜ সার (ধারা + আসার) বি. অঝোরে বা মুষলধারে বৃষ্টিপাত।˜ স্নান বি. ঝরনায় বা কৃত্রিম ফোয়ারায় স্নান।

ধারালো (p. 433) [dhārālō] বিণ. শাণিত, তীক্ষ্ণধার, ধার আছে এমন। [বাং. ধার 3 + আলো]।

ধারাসম্পাত, ধারাস্নান (p. 433) [dhārāsampāta, dhārāsnāna] দ্র ধারা2।

ধারি1 (p. 433) [dhāri1] বি. (আঞ্চ.) 1 মাটির ঘরের অপ্রশস্ত বারান্দা; 2 কোনোকিছুর উঁচু কিনারা (জানালার ধারি)। [বাং. ধার3 + ই]।

ধারি2 (p. 433) [dhāri2] বিণ. ধার বা পাশ আছে এমন (দুধারি)। [বাং. ধার3 + ই]।

ধারি3 (p. 433) [dhāri3] বিণ. ঋণগ্রস্ত, ঋণী। [বাং. ধার3 + ই]।

ধারিণী (p. 433) [dhāriṇī] বিণ. (স্ত্রী.) ধারণকারিণী (অস্ত্রধারিণী, প্রহরণধারিণী)। □ বি. (স্ত্রী.) পৃথিবী। □ পুং. বিণ. ধারী। [সং. √ ধৃ + ইন্ + ঈ]।

ধারিত (p. 433) [dhārita] বিণ. 1 ধরানো হয়েছে এমন; 2 গ্রাহিত; 3 বাহিত; 4 স্থাপিত। [সং. √ ধৃ + ণিচ্ + ত]।

ধারী2 (p. 433) [dhārī2] (-রিন্) বিণ. ধারণকারী (অস্ত্রধারী)। [সং. √ ধৃ + ইন্]।

ধারোষ্ণ (p. 433) [dhārōṣṇa] বিণ. ধারায় দোহনের ফলে ঈষত্ উষ্ণতাযুক্ত, সদ্য দোহনের জন্য ঈষদুষ্ণ (ধারোষ্ণ দুগ্ধ)। [সং. ধারা + উষ্ণ]।

ধার্ত-রাষ্ট্র (p. 433) [dhārta-rāṣṭra] বি. রাজা ধৃতরাষ্ট্রের পুত্র। [সং. ধৃতরাষ্ট্র + অ]।

ধার্ম (p. 433) [dhārma] বিণ. ধর্মবিষয়ক। [সং. ধর্ম + অ]।

ধার্মিক (p. 433) [dhārmika] বিণ. ধর্মপরায়ণ, ধর্মে অনুরাগী। [সং. ধর্ম + ইক]। বিণ. (স্ত্রী.) ধার্মিকী। বি.˜ তা।

ধার্য (p. 433) [dhārya] বিণ. 1 ধারণযোগ্য, ধারণীয়; 2 বহনীয়; 3 (বাং.) নির্ধারিত ('মোরা বড়ো বলে করেছি ধার্য': রবীন্দ্র); স্থিরীকৃত, নির্দিষ্ট (দিন ধার্য করা, দাম ধার্য করা)। [সং. √ ধৃ + য]।˜ মাণ বিণ. ধরা বা স্থির করা হচ্ছে এমন।

ধার্ষ্টামি, ধার্ষ্টামো, ধাষ্টামি, ধাষ্টামো (p. 433) [dhārṣṭāmi, dhārṣṭāmō, dhāṣṭāmi, dhāṣṭāmō] বি. 1 ধৃষ্টতা, স্পর্ধা; 2 নিন্দনীয় ও নির্লজ্জ আচরণ। [সং. ধৃষ্ট + বাং. আমি, আমো]।

ধাষ্ট্য (p. 433) [dhāṣṭya] বি. ধৃষ্টতা, ঔদ্ধত্য। [সং. ধৃষ্ট + য]।

ধিক, (বর্জিত) ধিক্ (p. 433) [dhika, (barjita) dhik] অব্য. নিন্দা লজ্জা অবজ্ঞা ভৎর্সনা বিরক্তি ঘৃণা প্রভৃতি ভাবপ্রকাশক; ছিঃ। [সং. ধিক্]। ধিক্কার, ধিক্-কার বি. 1 ধিক ধিক উক্তি ওই উক্তি দ্বারা ঘৃণা নিন্দাবাদ অবজ্ঞা বিরক্তি প্রভৃতির প্রকাশ; 2 অপকর্ম বা অন্যায় বা ভূলের জন্য বিরাগ বা ঘৃণা (আমার মনে ধিক্কার জন্মেছে)। ধিক্-কৃত, ধিক্কৃত বিণ. ধিক উক্তি দ্বারা নিন্দিত; নিন্দিত, ভর্ত্ সিত ; অবজ্ঞাত; ঘৃণিত।

ধিক-ধিক2 (p. 433) [dhika-dhika2] অব্য. ক্রমাগত ধীরে বা মৃদুভাবে জ্বলনের ভাব। [ধ্বন্যা.]। ধিকধিক করে ক্রি-বিণ. মৃদুভাবে, ধীরে (এখনও ধিকধিক করে আগুন জ্বলছে)।

ধিকি-ধিকি (p. 433) [dhiki-dhiki] ধিকধিক2 -এর রূপভেদ।

ধিক্কার, ধিক্কৃত (p. 433) [dhikkāra, dhikkr̥ta] দ্র ধিক।

ধিঙ্গি (p. 433) [dhiṅgi] বিণ. 1 উচ্ছৃঙ্খল, স্বেচ্ছাচারিণী; 2 বেহায়া (ধিঙ্গি মেয়ে); 3 উদ্দাম (ধিঙ্গি নাচ)। [তু. হি. ধীঙ্গধুকড়ী (=উচ্ছৃঙ্খলতা, গোলমাল)]।

ধিনতা-ধিন, ধিন-ধিন (p. 433) [dhinatā-dhina, dhina-dhina] বি. নাচের আওয়াজ বা ভঙ্গি। [ধ্বন্যা.]।

ধিনি-কেষ্ট (p. 433) [dhini-kēṣṭa] বি. (ব্যঙ্গে.) যে (কেষ্ট অর্থাত্ কৃষ্ণের মতো) ধিনধিন করে নেচে বেড়ায়; দায়িত্বহীন ফুর্তিবাজ লোক। [বাং. ধিন + ই + কেষ্ট]।

ধিয়া, ধিয়া-তা ধিয়া (p. 433) [dhiẏā, dhiẏā-tā dhiẏā] বি. নাচ ও বাদ্যের আওয়াজ বা ভঙ্গি। [ধ্বন্যা.]।

ধী (p. 433) [dhī] বি. 1 বুদ্ধি, মেধা (ধীশক্তি, ধীদীপ্ত); 2 জ্ঞান; 3 মতি (সুধী)। [সং. √ ধৌ + ক্বিপ্]।˜ গুণ বি. শ্রবণ, কৌতুহল, আহরণ, স্মৃতিতে ধারণ, সন্দেহ নিরসন, অর্থবোধ প্রভৃতি আটরকম বুদ্ধিগুণ।˜ মান (-মত্) বিণ. মেধাসম্পন্ন, বুদ্ধিমান, জ্ঞানী। স্ত্রী.˜ মতী।˜ শক্তি বি. উপরোক্ত আটরকম বুদ্ধিগুণ; বুদ্ধি।˜ সম্পন্ন বিণ. বুদ্ধিমান; জ্ঞানী।

ধীবর (p. 433) [dhībara] বি. জেলে, মত্ স্যজীবী। [সং. √ ধা + বর (বরচ্) নি.]। ধীবরী বি. (স্ত্রী.) ধীবরের স্ত্রী; জেলেনি।

ধীমান (p. 433) [dhīmāna] দ্র ধী।

ধীর (p. 433) [dhīra] বিণ. 1 মন্হর, মৃদু (ধীর গতি); 2 অচঞ্চল, স্থির (ধীর ভাব); 3 শান্ত, নম্র (ধীর স্বভাব); 4 গম্ভীর (ধির কণ্ঠ); 5 ধৈর্যশীল (বিপদে ধীর); 6 বিবেচক, স্থিরবুদ্ধি (ধীর ব্যক্তি)। [সং. ধী + √ রা + অ]। বি.˜ তা।˜ গতি বিণ. ধীর গতিসম্পন্ন।˜ প্রশান্ত বিণ. (অল.) প্রসিদ্ধ গুণাবলির অধিকারী নায়কবিশেষ।˜ ললিত বিণ. (অল.) নম্রস্বভাব, নিশ্চিন্ত এবং নম্র; স্থির বুদ্ধিসম্পন্ন। ধীরা বিণ. ধীর -এর স্ত্রীলিঙ্গ। □ বি. (স্ত্রী.) (অল.) যে নায়িকার কোপ স্পষ্টভাবে বোঝা যায় না।

ধীরা (p. 433) [dhīrā] দ্র ধীর।

ধীরাধীরা (p. 433) [dhīrādhīrā] বি. (স্ত্রী.) (অল.) যে নায়িকার কোপ কিছুটা ব্যক্ত ও কিছুটা অব্যক্ত থাকে। [সং. ধীরা + অধীরা]।

ধীরি, ধীরি-ধীরি (p. 433) [dhīri, dhīri-dhīri] ক্রি-বিণ. (কাব্যে) ধীরে, মন্হর বা মৃদু গতিতে (নাচে ধীরিধীরি)। [সং. ধীর + বাং. ই]।

ধীরোদাত্ত (p. 433) [dhīrōdātta] বিণ. বি. 1 সুখে-দুঃখে অবিচলিত; 2 (অল.) নিরহংকার, আশ্রিতজনপালক ও বিনয়ী নায়কবিশেষ। [সং. ধীর + উদাত্ত]।

ধীরোদ্ধত (p. 433) [dhīrōddhata] বি. (অল.) স্বভাবে স্থিরচিত্ত কিন্তু সময়ে সময়ে উদ্ধত নায়কবিশেষ। [সং. ধীর + উদ্ধত]।

ধুঁকনি (p. 433) [dhun̐kani] বি. 1 ঘনঘন শ্বাসত্যাগের অব্যক্ত শব্দ; 2 ঘনঘন নিশ্বাস-প্রশ্বাস গ্রহণ ও ত্যাগের জন্য বুকের উত্থান-পতন; 3 হাঁপ। [ধুঁকা দ্র]।

ধুঁকা, ধোঁকা (p. 433) [dhun̐kā, dhōn̐kā] ক্রি. অতিরিক্ত পরিশ্রম ইত্যাদি কারণে হাঁপানো (লোকটা দাওয়ায় বসে ধুঁকছে)। □ বি. উক্ত অর্থে। [হি. √ ধৌংক]।

ধুঁদুল, ধুঁধুল (p. 433) [dhun̐dula, dhun̐dhula] বি. ব্যঞ্জনে ব্যবহৃত ঝিঙেজাতীয় ফলবিশেষ। [বাং. ধুন্দুল]।

ধুক-ধুক (p. 433) [dhuka-dhuka] বি. মৃদু হৃৎস্পন্দনের আওয়াজ (বুক ধুকধুক করছে)। [প্রাকৃ. √ ধুক্কাধুক্ক]। ধুক-ধুকানি, ধুক-পুকানি বি. 1 মৃদু হৃৎস্পন্দন; 2 মানসিক অশান্তি, অস্থিরতা বা উদ্বেগ; ছটফটানি।

ধুক-ধুকি (p. 433) [dhuka-dhuki] বি. 1 ধুকধুকানি; 2 গলার হারের সঙ্গে সংলগ্ন হয়ে বুকের উপর ঝোলে এমন গহনাবিশেষ, হারের মধ্যমণি বা লকেট। [দেশি]।

ধুক-পুক (p. 433) [dhuka-puka] বি. 1 অস্থিরতা, উদ্বেগ প্রভৃতি মানসিক চাঞ্চল্যের ভাব; 2 মৃদু হৃৎস্পন্দন বা শব্দযুক্ত আন্দোলনের ভাব (বুকের ভিতরটা ধুকপুক করছে)। [ধ্বন্যা-তু. ধুকধুক]। ধুক-পুকুনি বি. 1 মৃদু হৃৎস্পন্দন; 2 মৃদু আন্দোলনের ভাব; 3 মানসিক অস্থিরতা।

ধুচনি, ধুচুনি (p. 433) [dhucani, dhucuni] বি. চাল ধোয়ার বা মাছ ধরার জন্য বাঁশের শলাকা দিয়ে তৈরি ছোট ছোট ছিদ্রযুক্ত পাত্রবিশেষ। [দেশি-তু. ধাবনি + চুবনি]। ধুচনি-টুপি, ধুচুনি-টুপি বি. বাঁশ বেত প্রভৃতির শলাকা দিয়ে তৈরি ধুচুনির আকারের টুপিবিশেষ।

ধুত, ধূত (p. 433) [dhuta, dhūta] বিণ. 1 কম্পিত, জোরে নাড়ানো বা ঝাঁকানো হয়েছে এমন; 2 বিদূরিত; 3 ভৎর্সিত, তিরস্কৃত। [সং. √ ধু + ত, √ ধূ + ত]।

ধুত্ (p. 433) [dhut] বিতাড়ন, অবজ্ঞা বিরক্তি অবিশ্বাস প্রভৃতি ভাবপ্রকাশক শব্দবিশেষ (ধুত্, এ আবার হয় নাকি)। [ধ্বন্যা.]।

ধুতি (p. 433) [dhuti] বি. 1 ভারতীয় পুরুষের পরিধেয় বস্ত্র, সরু পাড়যুক্ত লম্বা সাদা কাপড়; 2 অভীষ্ট লাভের উদ্দেশ্যে প্রদত্ত উপহার বা উপঢৌকন, উৎকোচ। [হি. ধোতী]।

ধুতুরা (p. 433) [dhuturā] বি. উপক্ষারধারী বনৌষধিবিশেষ, বিষাক্ত ফলবিশেষ ও তার গাছ বা ফুল। [সং. ধুস্তুর]।

ধুত্তোর (p. 433) [dhuttōra] অব্য. ধুত্-এর জোরালো রূপ (ধুত্তোর ছাই, আর ভালো লাগে না)। [বাং. ধুত্ + তোর]।

ধু ধু, ধু-ধু (p. 433) [dhu dhu, dhu-dhu] অব্য. 1 শূন্যতা, ব্যাপ্তি প্রভৃতি ভাবপ্রকাশ (বিশাল মাঠ ধু ধু করছে); 2 আগুন জ্বলার অব্যক্ত শব্দ, দাউদাউ। [ধ্বন্যা.]।

ধুন (p. 433) [dhuna] বি. (সাধারণত বাদ্যযন্ত্রে বাজানো হয় এমন) হালকা চালের এবং এক বা একাধিক রাগের মিশ্রণে তৈরি গত্। [হি. ধুন]।

ধুন-খারা (p. 433) [dhuna-khārā] বি. ধুনরির ব্যবহৃত তুলো ধোনা বা পেঁজার যন্ত্র, ধনুকের মতো তুলো-ধোনা যন্ত্র। [দেশি-তু. হি. ধুনকীবালা]।

ধুনচি, ধুনুচি (p. 433) [dhunaci, dhunuci] বি. ধুনো জ্বালাবার পাত্র। [বাং. ধুনা1 + তুর. চি]।

ধুনন, ধুনন (p. 433) [dhunana, dhunana] বি. কম্পন, চালন (তু. বিধূনন)। [সং. √ ধু (বা √ ধূ) + ণিচ্ + অন]।

ধুনরি, ধুনুরি (p. 433) [dhunari, dhunuri] বি. যে তুলো ধোনে এবং ধোনা তুলো দিয়ে বালিশ, লেপ, তোশক তৈরি করে। [ধুনা2 দ্র]।

ধুনা1, ধুনো (p. 439) [dhunā1, dhunō] বি. শাল গাছের নির্যাস, সর্জরস, ধূপ। [সং. ধুনক]।

ধুনা2, ধোনা (p. 439) [dhunā2, dhōnā] ক্রি. 1 ধনুকাকৃতি যন্ত্র দিয়ে তুলো পিঁজে পরিষ্কার করা; 2 (গৌণার্থে) ধমক দেওয়া, শায়েস্তা করা (একদিন তাকে

ভালো করে ধুনে দেব)। □ বি. উক্ত উভয় অর্থে। [প্রাকৃ. √ ধুন < সং. √ ধু (ণিজন্ত) > √ ধুনি-তু. হি. ধুনকনা]।

ধুনি (p. 439) [dhuni] বি. সন্ন্যাসীর অগ্নিকুণ্ড (ধুনি জ্বালিয়ে বসে আছেন)। [দেশি-তু. হি. ধূনী]।

ধুনী (p. 439) [dhunī] বি. নদী (সুরধুনী)। [সং. √ ধু + নি + ঈ]।

ধুনুচি (p. 439) [dhunuci] দ্র ধুনচি।

ধুনুরি (p. 439) [dhunuri] দ্র ধুনরি।

ধুন্ধুমার (p. 439) [dhundhumāra] বি. 1 পুরাণে বর্ণিত রাজাবিশেষ; 2 ঘরের দেওয়ালে সংলগ্ন ঝুল, গৃহধূম; 3 তুমুল কোলাহল, বিষম কাণ্ড (ধুন্ধুমার বাধিয়ে দিয়েছে)। □ বিণ. তুমুল (ধুন্ধুমার কাণ্ড)। [সং. ধুন্ধু + √ মৃ + ণিচ্ + অ-তু. হি. ধুন্ধকার (=গোলমাল, শোরগোল)]।

ধুপ1 (p. 439) [dhupa1] বি. (বাংলায় বিরল) রৌদ্র। [হি. ধূপ]।˜ ছায়া বি. বিণ. ময়ূরকণ্ঠী রং বা ওই রংযুক্ত (ধুপছায়া শাড়ি)।

ধুপ2 (p. 439) [dhupa2] বি. ধপ-এর চেয়ে লঘুতর পতনের শব্দ। [ধ্বন্যা.]।˜ ধাপ,˜ ধুপ বি. ক্রমাগত ধুপ শব্দ (ধুপধাপ করে সিঁড়ি দিয়ে নামছে)।

ধুপচি (p. 439) [dhupaci] বি. ধুনুচি, যে পাত্রে ধুপধুনো জ্বালা হয়। [সং. ধূপ + তুর. চি]।

ধুপছায়া (p. 439) [dhupachāẏā] দ্র ধুপ1।

ধুপি (p. 439) [dhupi] বি. 1 ক্ষুদ্র স্তূপ, ঢিবি; 2 গুচ্ছ, থোলো, থুপি) এক ধুপি গোবর)। [তু. সং. স্তূপ]।

ধুবকা (p. 439) [dhubakā] বি. ধ্রুবপদ, ধুয়া, ধুয়ো। [সং. ধ্রুবকা]।

ধুম1 (p. 439) [dhuma1] বি. 1 প্রাচুর্য, আধিক্য (খাওয়ার কী ধুম?); 2 জাঁকজমক, সমারোহ (পুজোর ধুম, উৎসবের খুব ধুম)। □ বিণ. তুমুল (ধুম মারামারি, ধুম লড়াই)। [< সং. ধূম (অর্থান্তরিত)]।˜ ধাড়াক্কা বি. 1 জাঁকজমক; 2 শোরগোল (কালীপূজোর সময় যা ধুমধাড়াক্কা চলে!)।˜ ধাম বি. জাঁকজমক, ঘটা, সমারোহ (ধুমধাম করে মেয়ের বিয়ে দিয়েছে)।

ধুম2 (p. 439) [dhuma2] বি. অব্য. ভারী বস্তু পতনের বা কিল মারার শব্দ, দুম। [ধ্বন্যা.]।

ধুমড়ি (p. 439) [dhumaḍ়i] বি. (নিন্দায়) মোটা স্ত্রীলোক। [দেশি]।

ধুমসা, (কথ্য) ধুমসো (p. 439) [dhumasā, (kathya) dhumasō] বিণ. (নিন্দায়) অত্যন্ত মোটা ও কালো, বেমানান রকমের কালো ও মোটা। [দেশি]।

ধুমসি বিণ. (স্ত্রী.) বেমানান রকমের মোটা ও কালো (ধুমসি মেয়ের রকমটা দেখেছ?)।

ধুমুল, ধুম্বল (p. 439) [dhumula, dhumbala] বি. 1 ঢাক; 2 ঢাকের বাদ্য, ঢাকের আওয়াজ। [বাং. ধুম্বল-ধ্বন্যা.]। ধুমুল দেওয়া ক্রি. 1 ঢাক বা খোল বাজানো; 2 জোরে প্রচার করা, ঢেঁড়া পিটানো।

ধুম্ব, ধুম্বা, ধুম্বো (p. 439) [dhumba, dhumbā, dhumbō] বিণ. লম্বা ও মোটা। [তু. দুম্বা]। বিণ. (স্ত্রী.) ধুম্বি।

ধুম্বল (p. 439) [dhumbala] দ্র ধুমুল।

ধুম্বা, ধুম্বি (p. 439) [dhumbā, dhumbi] দ্র ধুম্ব।

ধুয়া1, (কথ্য) ধুয়ো (p. 439) [dhuẏā1, (kathya) dhuẏō] বি. 1 গানের যে-অংশ দোহারেরা বারবার আবৃত্তি করে; 2 গানের যে-অংশ বারবার আবৃত্ত হয়, ধ্রুবপদ; 3 যে মত বা উক্তি বারবার আবৃত্তি করা হয়; 4 আবদার, ছুতো। [সং. ধ্রুবা]।

ধুয়া2 (p. 439) [dhuẏā2] দ্র ধোয়া।

ধুরন্ধর (p. 439) [dhurandhara] বি. ভারবাহক। □ বিণ. 1 ভার বহন করে এমন; 2 (গৌণার্থে) অতি কর্মকুশল বা দক্ষ; 3 অগ্রণী; 4 ওস্তাদ (ধুরন্ধর লোক)। [সং. ধুর + √ ধৃ + ণিচ্ + খচ্ (মুমাগম)]।

ধুরা (p. 439) [dhurā] বি. 1 গোরুর গাড়ি ইত্যাদির অগ্রভাগ যা গোরু মোষের কাঁধে লাগানো হয়, জোয়াল; 2 কোনোকিছুর সম্মুখের অংশ; 3 অক্ষদণ্ড, চাকার মধ্যবর্তী দণ্ড, ঈষ, axle; 4 ভার। [সং. √ ধুর্ব্ + ক্বিপ্ + আ]।

ধুরীণ, ধুরীয় (p. 439) [dhurīṇa, dhurīẏa] বিণ. 1 দক্ষ; 2 ভার বহন করার যোগ্য। □ বি. ষাঁড়। [সং. √ ধুর্ + ঈন, ঈয়]।

ধুল (p. 439) [dhula] বি. 1 ধুলা; 2 (গণি.) কড়ার ভগ্নাংশবিশেষ-1/2 কাঠা ('কাঠায় কাঠায় ধুল পরিমাণ': শুভঙ্করের আর্যা)। [হি. ধুল < সং. ধূলি]।

ধুলট (p. 439) [dhulaṭa] বি. সংকীর্তনের পর ধুলো মাখামাখি বা ধুলোয় গড়াগড়ি দেওয়ার উৎসব। [বাং. ধুলা + ট]।

ধুলা, (কথ্য) ধুলো (p. 439) [dhulā, (kathya) dhulō] বি. 1 ধুলি, শুকনো মাটির গুঁড়ো; 2 যেকোনো বস্তুর গুঁড়ো, রেণু (গুঁড়িয়ে ধুলো করা); 3 মাটি (ধুলোয় বসা)। [সং. ধূলি]। ধুলো ওড়ানো ক্রি. বি. দ্রুত যাওয়ার ফলে বা ঝাড়ু দিয়ে ধুলো ওড়ানো। ̃ পড়া বি. মন্ত্রপূত ধুলো। গায়ে ধুলো দেওয়া ক্রি. বি. ঘৃণা প্রকাশ করা; ধিক্কার দেওয়া। চোখে ধুলো দেওয়া ক্রি. বি. ফাঁকি দেওয়া। ধুলো-মুঠি ধরলে সোনা-মুঠি হয় ভাগ্য সুপ্রসন্ন হলে সামান্য চেষ্টাতেই বিরাট সাফল্য আসে।

ধুসা (p. 439) [dhusā] বি. পুরু পশমি কাপড়ের শীতবস্ত্রবিশেষ, মোটা পশমের চাদরবিশেষ। [হি. ধুস্সা]।

ধুস্তুর (p. 439) [dhustura] বি. ধুতরো। [সং. √ ধুস্ + ক্বিপ্ = ধুস + √ তুর্ + অ]।

ধূত, ধূনন (p. 439) [dhūta, dhūnana] যথাক্রমে ধুত ও ধুনন -এর বানানভেদ।

ধূপ (p. 439) [dhūpa] বি. সুগন্ধ ধোঁয়া উৎপাদনের জন্য প্রস্তুত গন্ধদ্রব্যবিশেষ বা তার বাতি ('ধূপ আপনারে মিলাইতে চাহে গন্ধে': রবীন্দ্র)। [√ ধূপ্ + অ]। ˜ কাঠি বি. ধূপের সুগন্ধযুক্ত কাঠি। ˜ চি-ধুপচি -র বানানভেদ। ˜ ন বি. 1 ধূপের গন্ধ দিয়ে সুগন্ধী করা; 2 ধুনো। ধূপাধার বি. ধূপ বা ধূপকাঠি রাখার পাত্র ('তারি দুই ধারে ধূপাধার হতে উঠিছে গন্ধধূপ': রবীন্দ্র)। ধূপায়িত, ধূপিত বিণ. ধূপের ধোঁয়া বা গন্ধ দিয়ে সুগন্ধীকৃত।

ধূম (p. 439) [dhūma] বি. ধোঁয়া। [সং. √ ধূ + ম]। ˜ কেতু, ˜ কেতন বি. 1 সপুচ্ছ জ্যোতিষ্কবিশেষ, comet; 2 অগ্নি; 3 (আল.) হঠাত্ আবির্ভূত ব্যক্তি বা উৎপাত বা অশুভ লক্ষণ। ˜ জাল বি. ধোঁয়াটে বা অস্পষ্ট ভাব, অস্পষ্টতা। ˜ পান বি. তামাক চুরুট বিড়ি সিগারেট প্রভৃতির ধোঁয়া পান। ˜ পায়ী (-য়িন্) বিণ. ধূমপানকারী। ˜ যোনি বি. 1 মেঘ; 2 অগ্নি। ˜ ল বি. ধোঁয়ার মতো রং, কপিল বর্ণ, হালকা বেগুনে রং। □ বিণ. ওইরকম রংবিশিষ্ট (ধূমল রঙে আঁকা)। ধূমাবতী বি. দশমহাবিদ্যার অন্যতম। ধূমাভ বিণ. ধোঁয়ার মতো বর্ণবিশিষ্ট, ধূমল। ধূমায়-মান বিণ. 1 ধোঁয়া ছড়াচ্ছে এমন; (যা থেকে) ধোঁয়া উদ্গীর্ণ হচ্ছে (ধূমায়মান ইঞ্জিন); 2 (আল.) ঘনায়মান, অল্প অল্প প্রকাশ পাচ্ছে এমন (শ্রমিকদের ধূমায়মান অসন্তোষ)। ধূমায়িত, ধূমিত বিণ. ধূমপূর্ণ, ধোঁয়া ছড়াচ্ছে এমন (ধূমায়িত চা)। ধূমোদগার বি. ধোঁয়া বার করা।

ধূম্র (p. 439) [dhūmra] বি. বিণ. 1 ধূমল, ধোঁয়া রঙের; 2 কৃষ্ণলোহিত বর্ণ বা বর্ণবিশিষ্ট; 3 মলিন। [সং. ধূম + √ রা + অ]।˜ জাল-ধূমজাল -এর. অশু রূপ।˜ লোচন বিণ. ধূমবর্ণ চক্ষুবিশিষ্ট, ধোঁয়াটে চোখযুক্ত। □ বি. (পুরাণোক্ত) শুম্ভনিশুম্ভের সেনাপতি।

ধূর্জটি (p. 439) [dhūrjaṭi] বি. শিব। [সং. ধূর্ (বিশ্বের ভার বা গঙ্গা) + জটা + ইন্ (সমাসান্ত)]।

ধূর্ত (p. 439) [dhūrta] বিণ. 1 (প্রধানত মন্দ অর্থে) চতুর; 2 ধড়িবাজ; 3 শঠ; প্রবঞ্চক; 4 (বিরল) জুয়াড়ি। [সং. ধূর্ব্ + ত]।˜ তা, ধূর্তামি, ধূর্তামো বি. শঠতা, প্রবঞ্চনা; (মন্দ অর্থে) চতুরতা, চালাকি।

ধূলি (p. 439) [dhūli] বি. শুকনো মাটির গুঁড়ো, ধুলো, রজঃরেণু। [সং. √ ধূ + লি]।˜ ধূসর,˜ ধূসরিত,˜ মলিন বিণ. ধুলো মেখে মলিন হয়েছে এমন, ধুলো-মাখা।˜ পটল বি. আকাশে উড়ন্ত ধূলিরাশি।˜ ময় বিণ. ধুলাপূর্ণ।˜ শয্যা বি. ভূমিতে শয়ন; মৃত্তিকারূপ শয্যা।˜ সাত্ বিণ. ধুলায় পরিণত; (আল.) সম্পূর্ণ ব্যর্থ।

ধূসর (p. 439) [dhūsara] বি. ঈষত্ পাংশুবর্ণ, ছাই রং। □ বিণ. 1 পাংশুল, পাঁশুটে, ছাইরঙা (ধূসর মাটি); 2 অনুজ্জ্বল; বৈচিত্র্যহীন ('ধূসর জীবনের গোধূলিতে': রবীন্দ্র)। [সং. ধূ + সর]। ধূসরিত বিণ. ধূসর হয়েছে এমন। ধূসরিমা (-মন্) বি. ধূসরতা; ধূসর বর্ণ ('এই গোধূলির ধূসরিমায় শ্যামল ধরার সীমায় সীমায়': রবীন্দ্র)।

ধূত (p. 439) [dhūta] বিণ. 1 ধারণ গ্রহণ বা অবলম্বন করা হয়েছে এমন (হস্তধৃত পুস্তক); 2 গ্রেপ্তার করা হয়েছে এমন (কুখ্যাত ডাকাত ধৃত হয়েছে); 3 উদ্ধৃত (পঙ্ক্তিটি এই বই থেকে ধৃত)। [সং. √ ধৃ + ত]।˜ বর্মা (-র্মন্) বি. বিণ. বর্মে আবৃত বা সজ্জিত (ব্যক্তি)।˜ ব্রত বিণ. ব্রতধারী।˜ রাষ্ট্র (মহাভারতে) দুর্যোধনের পিতা। ধৃতাত্মা (-ত্মন্) বিণ. সংযতচিত্ত। ধৃতাস্ত্র বিণ. অস্ত্রধারী।

ধৃতি (p. 439) [dhṛti] বি. 1 ধারণ; 2 স্থিরচিত্ততা; ধৈর্য (ধৃতিমান); 3 সন্তোষ; 4 অধ্যবসায়; 5 উদ্‌যম, উৎসাহ। [সং. √ ধৃ + তি]।˜ মান বিণ. 1 স্থিরচিত্ত; 2 ধৈর্যশীল; 3 অধ্যবসায়।˜ হোম বি. হিন্দু বিবাহে করণীয় হোমবিশেষ।

ধৃষ্ট (p. 439) [dhṛṣṭa] বিণ. 1 উদ্ধত, দুর্বিনীত; 2 স্পর্ধিত্ব; 3 প্রগল্ভ; 4 নির্লজ্জ; 5 লম্পট। □ বি. (অল.) নির্লজ্জ নায়কবিশেষ। [সং. √ ধৃষ্ + ত]। বি.˜ তা। স্ত্রী. ধৃষ্টা।

ধৃষ্ণু (p. 439) [dhṛṣṇu] বিণ. 1 প্রগল্ভ; 2 উদ্ধত; 3 ধর্ষণশীল; 4 দমনশীল। [সং. √ ধৃষ্ + নু]।

ধৃষ্য (p. 439) [dhṛṣya] বিণ. 1 ধর্ষণীয়, ধর্ষণের যোগ্য; 2 দমন করার যোগ্য। [সং. √ ধৃষ্ + য]।

ধেই-ধেই (p. 439) [dhēi-dhēi] বি. অব্য. 1 তাণ্ডব নৃত্যের ভঙ্গি বা শব্দ; 2 নির্লজ্জ বা উদ্দাম নাচের ভঙ্গি (ধেইধেই করে নেচে বেড়ানো); 3 নির্লজ্জভাবে ঘুরে বেড়ানোর ভাব। [ধ্বন্যা.]।

ধেড়া, ধ্যাড়া (p. 439) [dhēḍ়ā, dhyāḍ়ā] ক্রি. ধ্যাড়ানো। [দেশি]। ̃ নো ক্রি. 1 বেসামাল হয়ে মলত্যাগ করে কাপড়চোপড় নষ্ট করা; 2 (আল.) অপটুতার দরুন কাজ পণ্ড করা। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে।

ধেড়ে1 (p. 439) [dhēḍ়ē1] বি. উদ্বিড়াল, ভোঁদড়। [দেশি]।

ধেড়ে2 (p. 439) [dhēḍ়ē2] বিণ. 1 ধাড়ি; 2 বেশি বয়সী (ধেড়ে ছেলে, ধেড়ে হয়ে ছোটদের মতো আচরণ করা); 3 যৌবনপ্রাপ্ত, প্রাপ্তবয়স্ক (ধেড়ে বাঘ)। [ধাড়ি দ্র]।

ধেনু (p. 439) [dhēnu] বি. 1 নবপ্রসূতা বা দুগ্ধবতী গাভী; 2 গাভী ('রাখাল ছেলের সঙ্গে ধেনু চরাব আজ বাজিয়ে বেণু': রবীন্দ্র)। [সং. √ ধে (=পান করা) + নু]।

ধেনো (p. 439) [dhēnō] বিণ. 1 ধান থেকে প্রস্তুত (ধেনো মদ); 2 ধানসম্পর্কিত (ধেনো গন্ধ); 3 ধান্যপ্রসূ, ধান উৎপন্ন হয় বা চাষ হয় এমন (ধেনো জমি); 4 (মন্দ অর্থে) ধান উৎপাদনকারী চাষির মতো মূর্খ (ধেনো বুদ্ধি)। [বাং. ধান + উয়া > ও]।

ধেবড়া, ধেবড়ানো (p. 439) [dhēbaḍ়ā, dhēbaḍ়ānō] যথাক্রমে ধাবড়া ও ধাবড়ানো -র চলিত রূপ।

ধেবড়ে যাওয়া (p. 439) [dhēbaḍ়ē yāōẏā] দ্র ধাবড়া।

ধেয় (p. 439) [dhēẏa] বিণ. 1 জ্ঞে য়; 2 ধারণীয়, ধারণযোগ্য (পরিধেয়, অভিধেয়)। [সং. √ ধা + য]।

ধেয়া, ধেয়ানো (p. 439) [dhēẏā, dhēẏānō] ক্রি. 1 ধ্যান করা ('বিধি বিষ্ণু ইন্দ্র চন্দ্র যে পদ ধেয়ায়': ভা. চ.); 2 স্মরণ করা; চিন্তা করা। [< সং. ধ্যান]।

ধেয়ান, ধেয়ানি (p. 439) [dhēẏāna, dhēẏāni] যথাক্রমে ধ্যান ও ধ্যানী -র কোমল রূপ।

ধৈবত (p. 439) [dhaibata] বি. (সংগীতে) স্বরগ্রামের ষষ্ঠ স্বর, ধা। [সং. ধাবত্ + অ]।

ধৈরজ (p. 439) [dhairaja] বি. ধৈর্য -র কোমল রূপ ('ধৈরজ যায় যে টুটে হায়': রবীন্দ্র)।

ধৈর্য (p. 439) [dhairya] বি. 1 সহিষ্ণুতা, সহ্য বা অপেক্ষা করার ক্ষমতা; 2 ধীরতা; 3 (বৈ. সা.) নিস্পৃহতা ও প্রশান্তি ('ধৈরজ ধর চিতে')। [সং. ধীয় + য]।˜ চ্যুত,˜ হারা বিণ. সহ্য করার বা অপেক্ষা করার ক্ষমতা হারিয়েছে এমন, অসহিষ্ণু। বি.˜ চ্যুতি। ধৈর্য ধরা ক্রি. সহ্য করে থাকা, সহিষ্ণু হওয়া।˜ ধারণ, ধৈর্যাবলম্বন বি. সহিষ্ণু হওয়া, ধীরতা অবলম্বন।˜ শালী (-লিন্) বিণ. সহিষ্ণু। স্ত্রী.˜ শালিনী।˜ শীল বিণ. ধৈর্য আছে এমন, ধৈর্যশালী। স্ত্রী.˜ শীলা।˜ হারা,˜ হীন-ধৈর্যচ্যুত -র অনুরূপ।

ধোঁকা2 (p. 441) [dhōn̐kā2] বি. ডালবাটা দিয়ে প্রস্তুত বরফির আকৃতির বড়া বা তার ব্যঞ্জন (ধোঁকার ডালনা)। [দেশি]।

ধোঁকা3 (p. 441) [dhōn̐kā3] বি. 1 সংশয়, সন্দেহ (মনে ধোঁকা লাগল); 2 প্রবঞ্চনা, ধাপ্পা, ফাঁকি (ধোঁকা দেওয়া)। [তু. হি. ধোঁখা]। ধোঁকা দেওয়া ক্রি. বি. ফাঁকি দেওয়া; ঠকানো বা ধাপ্পা দেওয়া। ধোঁকায় পড়া ক্রি. বি. সংশয় বা সন্দেহে পড়া; সন্দিহান হওয়া এবং ফলে কর্তব্য-অকর্তব্য স্থির করতে না পারা। ̃ বাজ বি. বিণ. ফাঁকিবাজ; ধাপ্পাবাজ। ̃ বাজি বি. ধাপ্পা, ফাঁকি, প্রবঞ্চনা। ধোঁকার টাটি বি. প্রতারণার আবরণ, যে আবরণের আড়ালে প্রতারণা করা হয়; বাইরে থেকে বোঝা যায় না এমন প্রতারণার ব্যবস্থা (এ সংসার ধোঁকার টাটি)।

ধোঁয়া (p. 441) [dhōm̐ẏā] বি. আগুন থেকে উৎপন্ন মেঘের মতো ও হালকা গ্যাসীয় পদার্থ, ধূম (ধোঁয়ায় ঘর ভরে গেছে)। [সং. ধূম]। ̃ টে বিণ. ধোঁয়ার মতো আবছা বা অস্পষ্ট। ̃ শা বি. ধোঁয়া ও কুয়াশার মিশ্রণ, কিছুটা ধোঁয়া এবং কিছুটা কুয়াশা রয়েছে এমন অবস্থা, smog. বুদ্ধির গোড়ায় ধোঁয়া দেওয়া ক্রি. বি. ধূমপান করে বুদ্ধিকে সজাগ করা বা চিন্তাশক্তিকে প্রগাঢ় করা।

ধোকড়, ধোকড়া (p. 441) [dhōkaḍ়, dhōkaḍ়ā] বি. 1 ছেঁড়া কাঁথা; 2 মোটা কাপড়; 3 মোটা সুতোয় তৈরি থলি। [হি. ধুকড়ী]। কথার ধোকড় বাক্যবাগীশ, কথা বলায় পটু। মাকড় মারলে ধোকড় হয় (অন্য লোকে মাকড়সা মারলে মহাপাপ হয় কিন্তু) নিজে পাপ করলে তাতে দোষ হয় না; নিজের অপরাধে লঘুদণ্ড; একপেশে বিচার।

ধোপ (p. 441) [dhōpa] বি. কাচা, কাচানো, ধোলাই (এক ধোপেই কাপড়টা ছিঁড়ে গেল, ধোপ ভেঙে কাপড় পরা)। □ বিণ. পরিষ্কৃত, ধোলাই করা হয়েছে এমন (ধোপ কাপড়)। [তু. হি. ধোব < সং. ধাবন]। ̃ দুরস্ত, ̃ দস্ত বিণ. 1 ধোলাই-করা; 2 পরিষ্কার-পরিচ্ছন্ন (ধোপদুরস্ত থাকা); 3 ফিটফাট। ধোপে টেকা ক্রি. (আল.) শেষ পর্যন্ত নানা ঘাতপ্রতিঘাত সহ্য করে টিকে যাওয়া বা স্থায়ী হওয়া; গ্রহণীয় বা যুক্তিসহ হওয়া (তোমার এ বক্তব্য ধোপে টিকবে না)।

ধোপা, (আঞ্চ.) ধোবা (p. 441) [dhōpā, (āñca.) dhōbā] বি. জামাকাপড় কাচা বা ধোলাই করা যার পেশা, রজক। [বাং. ধোপ + আ]। ধোপা নাপিত বন্ধ করা ক্রি. বি. সমাজচ্যুত বা একঘরে করা। ̃ নি বি. (স্ত্রী.) ধোপার স্ত্রী।

ধোবি-খানা (p. 441) [dhōbi-khānā] বি. ধোপার বাড়ি, ধোপার কাপড় ধোলাইয়ের জায়গা। [হি. ধোবী + ফা. খানা]।

ধোয়া, ধুয়া (p. 441) [dhōẏā, dhuẏā] ক্রি. 1 (জল প্রভৃতি দিয়ে) ধৌত করা (জল দিয়ে শাক ধুই); 2 প্রক্ষালন করা (হাত-পা ধোয়া); 3 কাচা, ধোলাই করা (কাপড় ধুয়ে পরো)। □ বি. উক্ত সব অর্থে (ধোয়ামোছা হয়নি)। □ বিণ. উক্ত সব অর্থে (ধোয়া কাপড়)। [প্রাকৃ. ধোঅ + বাং. আ]। ̃ নি বি. যে জল দিয়ে কিছু ধোয়া হয়। ̃ নো ক্রি. 1 ধৌত করানো; 2 প্রক্ষালিত করানো; 3 কাচানো। □ বি. উক্ত সব অর্থে (ধোয়ানোটা ভালো হয়নি)। □ বিণ. উক্ত সব অর্থে (ধোয়ানো কাপড় পরেছি, ধোয়ানো তুলসী)।

ধোয়াট (p. 441) [dhōẏāṭa] বি. নদীতটে আনীত ও জমে-থাকা মাটি বা পলি। [বাং. ধোয়া + ট]।

ধোলাই (p. 441) [dhōlāi] বি. 1 ধোয়া, ধৌত করা; 2 ধোপ; 3 ধোয়ার বা কাচার মজুরি; 4 (অশোভন) উত্তমমধ্যম প্রহার (চোরটাকে আচ্ছা করে ধোলাই দেওয়া হয়েছে)। □ বিণ. ধোয়া, ধৌত করা বা কাচা হয়েছে এমন (ধোলাই কাপড়)। [বাং. √ ধু (=ধো) + আই-তু. হি. ধুলাঈ]।

ধোসা1 (p. 441) [dhōsā1] বি. পশমি গায়ের চাদর, পশমি গাত্রবস্ত্রবিশেষ। [হি. ধুস্সা]।

ধোসা2 (p. 441) [dhōsā2] দ্র দোসা।

ধৌত (p. 441) [dhauta] বিণ. ধোয়া হয়েছে এমন, প্রক্ষালিত; জলের সাহায্যে পরিষ্কৃত। [সং. √ ধাব্ + ত]।

ধৌতি1 (p. 441) [dhauti1] বি. ধুতি। [সং. ধৌত + বাং. ই]।

ধৌতি2 (p. 441) [dhauti2] বি. দেহের অভ্যন্তরভাগ ধুয়ে পরিষ্কার করার যৌগিক প্রক্রিয়াবিশেষ, দেহের অভ্যন্তরভাগ জল দিয়ে শোধনের প্রক্রিয়াবিশেষ। [সং. √ ধাব্ + তি]।

ধ্বংস (p. 441) [dhbaṃsa] বি. 1 বিনাশ, সর্বনাশ (জ্ঞাতিকুলধ্বংস, আত্মা ধ্বংসের অতীত); 2 সংহার, বধ (শত্রুসৈন্য ধ্বংস করা); 3 অপচয়; বিনা অধিকারে বা অকর্মণ্য হয়ে ভোগ (অন্ন ধ্বংস করা); 4 বিলোপ (স্মৃতি ধ্বংস); 5 ক্ষয় (শরীর ধ্বংস); 6 উচ্ছেদ (রাজ্য ধ্বংস); 7 অধঃপতন ও বিলোপ (সাম্রাজ্যের

ধ্বংস অনির্বার্য)। [সং. √ ধ্বন্স্ + অ]।˜ ক বিণ. ধ্বংসকারী।˜ ন,˜ সাধন বি. ধ্বংস করা।˜ নীয় বিণ. ধ্বংসের যোগ্য।˜ প্রাপ্ত বিণ. ধ্বংস হয়ে গেছে এমন।˜ মুখ বি. ধ্বংসের সূচনা বা আরম্ভ।˜ লীলা বি. প্রলয় কাণ্ড, তাণ্ডব; ব্যাপক ধ্বংস। ধ্বংসা ক্রি. (কাব্যে) ধ্বংস করা বা হওয়া। ধ্বংসানো ক্রি. ধ্বংস করা; নষ্ট করা (অন্ন ধ্বংসানো); বিনষ্ট করা, উৎসাদিত করা (সৈন্য দিয়ে দেশ ধ্বংসানো)। □ বি. উক্ত অর্থে। ধ্বংসাত্মক বিণ. ধ্বংসমূলক, বিধ্বংসী, ধ্বংস করে বা ধ্বংসের কাজে নিযুক্ত এমন। ধ্বংসাবশেষ বি. নগর, প্রাসাদ ইত্যাদি ভেঙে যাবার পরে যে-চিহ্ন টিকে থাকে। ধ্বংসিত বিণ. বিনাশিত; উন্মূলিত। ধ্বংসী (-সিন্) বিণ. 1 ধ্বংসকারী; 2 বিনাশশীল, নশ্বর। ধ্বংসোম্মুখ বিণ. যা ধ্বংস হতে বসেছে; ভগ্নপ্রায়; বিলীয়মান।

ধ্বজ (p. 441) [dhbaja] বি. 1 পতাকা, নিশান (গরুড়ধ্বজ); 2 পুরুষাঙ্গ (ধ্বজভঙ্গ)। [সং. √ ধ্বজ্ + অ]।˜ দণ্ড বি. যে দণ্ড বা লাঠিতে পতাকা বাঁধা থেকে।˜ পট বি. পতাকা।˜ বজ্রাঙ্কুশ বি. 1 ধ্বজ বজ্র ও অঙ্কুশ-বিষ্ণুর পদতলের এই তিন চিহ্ন; 2 (জ্যোতিষ.) রাজচিহ্নবিশেষ।˜ ভঙ্গ বি. পুরুষের যৌন অক্ষমতা রোগ। □ বিণ. যৌন অক্ষমতারোগে আক্রান্ত (ধ্বজভঙ্গ পুরুষ)। ধ্বজী (-জিন্) বিণ. পতাকাধারী।

ধ্বজা (p. 441) [dhbajā] বি. পতাকা, নিশান, ধ্বজ (জয়ধ্বজা)। [সং. ধ্বজ + আ (স্ত্রী.)]।˜ ধারী (-রিন্) বিণ. 1 পতাকা বহন করে এমন; 2 (আল.) উপাধি, বংষ বা ফোঁটা তিলক প্রভৃতির গর্বে গর্বিত ব্যক্তি; 3 (আল.) (ব্যঙ্গে) কোনো প্রতিষ্ঠান বা সংস্থার সমর্থক (ধর্মের ধ্বজাধারী)।

ধ্বনন (p. 442) [dhbanana] বি. 1 অব্যক্ত শব্দ করা; 2 গূঢ় অর্থের ইঙ্গিত দান; 3 কোনো ধ্বনির অনুকরণ; 4 (অল.) ব্যঞ্জিত হওয়ার ক্রিয়া, ব্যঞ্জনা। [সং. √ ধ্বন্ + অন]।

ধ্বনা (p. 442) [dhbanā] ক্রি. (কাব্যে) ধ্বনিত হওয়া বা ধ্বনিত করা ('ধ্বনিল আহ্বান': রবীন্দ্র)। [সং. √ ধ্বন্ + বাং. আ]।

ধ্বনি (p. 442) [dhbani] বি. 1 শব্দ, রব (ক্রন্দনধ্বনি); 2 বাক্ধ্বনি (ধ্বনিতত্ত্ব); 3 ব্যঙ্গ্যার্থ। [সং. √ ধ্বন্ + ই]। ̃ কাব্য বি. (অল.) যে উৎকৃষ্ট কাব্যে বাচ্যার্থের চেয়ে ব্যঙ্গ্যার্থ বেশি মনোহর হয়। ̃ ত বিণ. শব্দিত, নিনাদিত। ̃ তত্ত্ব বি. বিশেষ ভাষায় ব্যবহৃত ধ্বনির বিশ্লেষণসংক্রান্ত বিদ্যা, phonology. ̃ পরিবর্তন বি. উচ্চারণে শব্দের মূল ধ্বনির পরিবর্তন। ̃ বিজ্ঞান বি. বাগ্ধ্বনির প্রক্রিয়া সম্বন্ধে বৈজ্ঞানিক অনুসন্ধান ও বিশ্লেষণ, phonetics. ̃ ভোট বি. সভায় গলার আওয়াজে প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে মত জ্ঞাপন, vote of voice. ̃ মাধুর্য বি. শ্রুতিমধুরতা। ̃ রেখা বি. শব্দের আঘাতে বাতাসে আলোড়ন ('ধ্বনিরেখা টেনে দিয়ে বাতাসের বুকে': রবীন্দ্র)।

ধ্বন্যাত্মক (p. 442) [dhbanyātmaka] বিণ. 1 ধ্বনিমূলক; 2 শব্দের অনুকারমূলক, onomatopoeic. [সং. ধ্বনি + আত্মক]।

ধ্বস্ত (p. 442) [dhbasta] বিণ. বিনষ্ট, ধ্বংসপ্রাপ্ত; পতিত। [সং. √ ধ্বন্স্ + ত]।

ধ্বাস্ত (p. 442) [dhbāsta] বি. অন্ধকার। [সং. √ ধ্বন্ + ত]। ধ্বান্তারি বি. (অন্ধকারের শত্রু অর্থাত্ অন্ধকার দূরকারী) সূর্য।

ধ্যাত (p. 442) [dhyāta] বিণ. 1 ধ্যানের বিষয়ীভূত হয়েছে এমন; 2 স্মৃত, চিন্তিত। [সং. √ ধ্যৈ + ত]।˜ ব্য বিণ. 1 ধ্যেয়, ধ্যানযোগ্য; 2 স্মরণযোগ্য, চিন্তনীয়। ধ্যাতা (-তৃ) বিণ. ধ্যানকারী; চিন্তক।

ধ্যান (p. 442) [dhyāna] বি. 1 মনের স্হিরতা লাভের উদ্দেশ্যে গভীর চিন্তা; 2 অভিনিবেশসহকারে মনন বা স্মরণ; 3 (দেবতাদির) রূপচিন্তন। [সং. √ ধ্যৈ + অন]।˜ গম্ভীর বিণ. 1 ধ্যানরত বা ধ্যানমগ্ন বলে গম্ভীর; 2 প্রশান্তভাবে ধ্যানরত ('ধ্যানগম্ভীর এই-যে ভূধর': রবীন্দ্র)।˜ গম্য বিণ. (কেবল) ধ্যানযোগে জানা বা চেনা যায় এমন।˜ জ্ঞান বি. ধ্যান বা চিন্তার একমাত্র বিষয়।˜ ধারণা বি. চিন্তা ও ধারণা; (বাং. অর্থ) ভাবনা ও বিশ্বাস; মনন ও স্মরণ।˜ নেত্র বি. ধ্যানলব্ধ অর্ন্তদৃষ্টি (ধ্যাননেত্রে দেখা)।˜ ভঙ্গ বি. বাধাবিঘ্নের জন্য অকালে ধ্যানের সমাপ্তি।˜ মগ্ন বিণ. ধ্যানে বা গভীর চিন্তায় ডুবে আছে এমন, গভীরভাবে ধ্যানরত।˜ রত,˜ স্হ বিণ. ধ্যান করছে এমন। ধ্যানাসন বি. ধ্যান বা চিন্তা করবার উপযোগী বিশেষ আসন বা ভঙ্গি। ধ্যানী (-নিন্) বিণ. ধ্যানকারী।

ধ্যাবড়া, ধ্যাবড়ানো (p. 442) [dhyābaḍ়ā, dhyābaḍ়ānō] যথাক্রমে ধেবড়া ও ধেবড়ানো -র বানানভেদ।

ধ্যেয় (p. 442) [dhyēẏa] বিণ. 1 ধ্যানযোগ্য; 2 স্মরণীয়; 3 চিন্তনীয়। [সং. √ ধ্যৈ + য]।

ধ্রিয়মাণ (p. 442) [dhriẏamāṇa] বিণ. ধারণ করা বা ধরা হচ্ছে এমন ('সপ্ত প্রদীপ ধ্রিয়মাণ বাম হস্তে': সু. দ.)। [সং. √ ধৃ + শানচ্]।

ধ্রুপদ (p. 442) [dhrupada] বি. উচ্চাঙ্গ সংগীতের পদ্ধতিবিশেষ। [সং. ধ্রুবপদ]। ধ্রুপদী বিণ. 1 গুরুগম্ভীর; 2 চিরায়ত, ক্লাসিকাল (ধ্রুপদী সাহিত্য)। □ বি. ধ্রুপদগায়ক। ধ্রুপদীয়া বি. ধ্রুপদগায়ক।

ধ্রুব (p. 442) [dhruba] বি. 1 উত্তরকেন্দ্রস্থ নক্ষত্রবিশেষ যা দেখে নাবিকেরা দিক নির্ণয় করে; 2 (পুরাণোক্ত) রাজা উত্তানপাদের হরিভক্ত পুত্র। □ বিণ. 1 স্থির (ধ্রুব লক্ষ্য); 2 নিশ্চিত, বদ্ধমূল (ধ্রুব বিশ্বাস); 3 খাঁটি, যথার্থ (ধ্রুবসত্য)। □ ক্রি-বিণ. নিশ্চয়ই (সে ধ্রুব একাজ করবে)। [সং. √ ধ্রু + অ]। ˜ ক বি. গানের ধুয়া। ˜ কা বি. গানের ধুয়া। ˜ গণ বি. (জ্যোতিষ.) উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদা ও রোহিণী-এই চারটি নক্ষত্র। ˜ তা বি. নিশ্চয়তা; স্থিরতা। ˜ তারা, ˜ নক্ষত্র বি. দিক নির্ণয়ে সাহায্যকারী উত্তরকেন্দ্রস্থ নক্ষত্রবিশেষ, pole star. ˜ পদ বি. 1 ধ্রুপদ; 2 স্থিরপদ ('যে ধ্রুবপদ দিয়েছ বাঁধি': রবীন্দ্র); 3 ধুয়া। ˜ রেখা বি. বিষুবরেখা। ˜ লোক বি. নিত্যধাম, স্বর্গলোক। ধ্রুবা বি. গানের ধুয়া।

ন1 (p. 443) [na1] বাংলা বর্ণমালার বিংশ ব্যঞ্জনবর্ণ এবং দন্তমূলীয় নাসিক্য ন্-ধ্বনির লিখিত রূপ।

ন2 (p. 443) [na2] বি. বিণ. 9 সংখ্যা বা সংখ্যক, নয় (ন-দিন পরে ন-টা বাজে)। [বাং. নয় < সং. নবন্]।

ন3 (p. 443) [na3] বিণ. 1 নতুন; 2 চতুর্থ বা সেজো-র পরবর্তী (ন-বউ, ন-মামা)। [হি. নও < সং. নব]।

ন4 (p. 443) [na4] অব্য. অভাব, বিরোধ বা নিষেধসূচক-স্বরাদি শব্দ পরে থাকলে অন্ হয়-ন + উচিত = অনুচিত; ব্যঞ্জনাদি শব্দ পরে থাকলে অ হয়-ন + ধর্ম=অধর্ম; আবার কখনো কখনো ন হয়-নগণ্য, নাতিদীর্ঘ। [সং. নঞ্]।

নই1 (p. 443) [ni1] ক্রি. নহি (আমি দুর্বল নই)। [নহা দ্র]।

নই2 (p. 443) [ni2] বি. (প্রা. বাং.) নদী ('কামিনী-নই-কূলে': শ্রীকৃষ্ণ)। [সং. নদী]।

নই3 (p. 443) [ni3] বিণ. বকনা, মাদি (নই বাছুর)। [সং. নবী]।

নই তালিম (p. 443) [ni tālima] বি. নতুন শিক্ষা। [হি. নঈ + আ. তালীম]।

নউই (p. 443) [nui] বি. মাসের নয় তারিখ। □ বিণ. (মাস সম্বন্ধে) নয় তারিখের (নউই চৈত্র)। [বাং. নয় + ই]।

নও (p. 443) [nō] ক্রি. নহ, নহা ক্রিয়ার চলিত রূপের বর্তমান কালের মধ্যম পুরুষের রূপবিশেষ (তুমি সবল নও)। [নহা দ্র]।

নও-জোয়ান (p. 443) [nō-jōẏāna] বি. বিণ. 1 তরুণ সৈনিক; 2 যুবকবীর; 3 নবযুবক ('চলবে নওজোয়ান': নজরুল)। [হি. নও < ফা. নও + ফা. জওয়ান্]।

নওবত, নহবত (p. 443) [nōbata, nahabata] বি. 1 সানাই ইত্যাদির ঐকতান বাদ্য; 2 মূলত বিবাহাদি আনন্দোৎসব উপলক্ষ্যে সানাই ইত্যাদির ঐকতান বাদ্য। [ফা. নওবত্]। ̃ খানা বি. যে জায়গায় বসে নওবত বাজানো হয়।

নও-রোজ (p. 443) [nō-rōja] বি. পারসিক মতে বছরের প্রথম দিন, পারস্যের নববর্ষ। [ফা. নওরোজ]।

নওল (p. 443) [nōla] বিণ. (ব্রজ.) নবন (নওলকিশোর)। [সং. নব > নও + ল (স্বার্থে)]।

নকড়াছকড়া (p. 443) [nakaḍ়āchakaḍ়ā] বি. অবহেলা, তাচ্ছিল্য (তাকে এভাবে নকড়াছকড়া করা উচিত হয়নি)। [বাং. নয় কড়া + ছয় কড়া]।

নকর, নকরি (p. 443) [nakara, nakari] যথাক্রমে নোকর ও নোকরি -র রূপভেদ।

নকল (p. 443) [nakala] বি. 1 অনুকরণ (বিলাতের নকল করা); 2 প্রতিলিপি বা প্রতিরূপ (এটাকে হুবহু নকল করতে পারবে?); 3 পরীক্ষায় অসাধুভাবে বা অন্যায়ভাবে অন্যের উত্তরপত্র দেখে কিংবা অন্য কাগজপত্র দেখে লেখা। □ বিণ. কৃত্রিম, মেকি, ঝুটো (নকল গয়না)। [আ. নক্ল্]। ̃ নবিশ বি. 1 অনুলিপি লেখক, copyist; 2 বি. বিণ. নকল বা অনুকরণ করতে পটু এমন। নকলি বিণ. কৃত্রিম, জাল (নকলি মুক্তো)।

নকশা (p. 443) [nakaśā] বি. 1 চিত্রাদির কাঠামো বা খসড়া, স্কেচ; 2 রেখার দ্বারা অঙ্কিত চিত্র, রেখাচিত্র, পরিকল্পনা বা প্ল্যানের রেখাচিত্র (বাড়ির নকশা); 3 জায়গা-জমি বাড়ি ইত্যাদির অবস্থান পরিমাণ বিভাগ ইত্যাদি সংবলিত মানচিত্রবিশেষ; 4 চিত্রিত অলংকরণ (নকশা-কাটা চাদর); 5 হাস্যরসাত্মক রচনা; 6 ব্যঙ্গচিত্র, কার্টুন; 7 ন্যাকামি, ঢং (নে নে খেয়ে ফেল, তার নকশা করিস না)। [আ. নক্শ্ + বাং. আ]। ˜ কাটা, ˜ দার বিণ. নকশা দিয়ে অলংকৃত। ˜ কার বি. যে নকশা প্রস্তুত করে, draftsman. নকশা-পাড় বিণ. (বস্ত্রাদি সম্বন্ধে) বিচিত্র পাড়ওয়ালা (নকশা-পাড় শাড়ি)।

নকশাল (p. 443) [nakaśāla] বি. (মাও জে-দং কর্তৃক প্রভাবিত মার্কসবাদে বিশ্বাসী) উগ্রপন্থী কমিউনিস্ট (দার্জিলিং জেলার নকশালবাড়ি অঞ্চলে সর্বপ্রথম এই উগ্রপন্থী কমিউনিস্টদের মতবাদ প্রচারিত হয়েছিল বলে এই নাম)। নকশাল-পন্থী, নকশাল-বাদী বিণ. উক্ত মতবাদে বিশ্বাসী। নকশালি বি. নকশালপন্থী মতে বিশ্বাসী ব্যক্তি। □ বিণ. নকশালপন্থী; নকশাল সম্পর্কিত (নকশালি আন্দোলন)।

নকশি, (বর্জি.) নকশী, (বর্জী.) নকসী (p. 443) [nakaśi, (barji.) nakaśī, (barjī.) nakasī] বিণ. নকশাযুক্ত (নকশি-কাঁথা)। [বাং. নকশা + ই]।

নকাশি (p. 443) [nakāśi] বি. 1 চিত্রণ; 2 ধাতুপাত্রাদিতে চিত্রণ বা খোদাইয়ের কাজ বা কারুকার্য। [ফা. নক্কাশী]।

নকিব, (বর্জি.) নকীব (p. 443) [nakiba, (barji.) nakība] বি. রাজসভার ঘোষক অর্থাত্ যে ব্যক্তি রাজার জয় ঘোষণা করে এবং সভায় আগত ব্যক্তিদের পরিচয় উচ্চকণ্ঠে জ্ঞাপন করে। [আ. নকীব্]।

নকিব-দার (p. 443) [nakiba-dāra] বি. 1 পাহারাওয়ালা; 2 রাত্রে যে পাহারা দেয় এবং উচ্চকণ্ঠে প্রহর ইত্যাদি ঘোষণা করে। [আ. নকীব্ + ফা. দার]।

নকুল (p. 443) [nakula] বি. 1 নেউল, বেজি; 2 শিব; 3 চতুর্থ পাণ্ডব। [সং. ন + কুল (সমাসান্ত)]। নকুলেশ্বর বি. 1 ভৈরববিশেষ; 2 মহাদেব।

নকুল-দানা, (বর্জি.) নকল-দানা (p. 443) [nakula-dānā, (barji.) nakala-dānā] বি. চিনির রসে পাক দেওয়া বড় দানার মতো মিষ্টান্নবিশেষ। [বাং. নকুল (< আ. নক্ল্) + ফা. দানা]।

নকুলে (p. 443) [nakulē] বিণ. 1 নকল করে এমন, নকল করাই যার কাজ এমন, নকলনবিশ; 2 রঙ্গরস করার জন্য অন্যের কথা ঢং প্রভৃতি নকল করে এমন, নকল করে আমোদ করে এমন। [বাং. নকল + ইয়া > এ]।

নকুলেশ্বর (p. 443) [nakulēśbara] দ্র নকুল।

নক্ত (p. 443) [nakta] বি. 1 রাত্রি; 2 ছেঁড়া ন্যাকড়া, কানি। [সং. √ নজ্ + ত]। ˜ চর, ˜ চারী (-রিন্), ˜ ঞ্চর বিণ. নিশাচর। □ বি. 1 রাক্ষস; 2 প্যাঁচা; 3 চোর। নক্তান্ধ বিণ. রাতকানা। নক্তান্ধতা বি. রাতে চোখে দেখতে না পাওয়া।

নক্র (p. 444) [nakra] বি. কুমির। [সং. ন + √ ক্রম্ + অ]। ̃ রাজ বি. হাঙর। নক্রা বি. (স্ত্রী.) স্ত্রী কুমির।

নক্ষত্র (p. 444) [nakṣatra] বি. 1 তারকা, তারা; 2 (জ্যোতিষ.) চন্দ্রের পত্নীরূপে বর্ণিত সাতাশটি তারকাপুঞ্জ যথা-অশ্বিনী ভরণী কৃত্তিকা রোহিণী মৃগশিরা আর্দ্রা পুনর্বসু পুষ্যা অশ্লেষা মঘা পূর্বফল্গুনী উত্তরফল্গুনী হস্তা চিত্রা স্বাতী বিশাখা অনুরাধা জ্যেষ্ঠা মূলা পূর্বাষাঢ়া উত্তরষাঢ়া শ্রবণা ধনিষ্ঠা শতভিষা পূর্বভাদ্রপদা উত্তরভাদ্রপদা রেবতী। [সং. ন + √ ক্ষি (=ক্ষয় হওয়া) + ত্র]। ̃ গতি, ̃ বেগ বি. অতি দ্রুত গতি (নক্ষত্রগতিতে ছুটে যাওয়া)। ̃ পতি বি. চন্দ্র। ̃ পাত বি. 1 উল্কাপাত; 2 (আল.) খ্যাতনামা ব্যক্তির মৃত্যু। ̃ পুঞ্জ বি. তারকাপুঞ্জ, নীহারিকা। ̃ বিদ্যা বি. জ্যোতিষশাস্ত্র। ̃ লোক বি. যে লোকে বা জগতে সমস্ত নক্ষত্র অবস্থান করে; মহাকাশ।

নখ (p. 444) [nakha] বি. আঙুলের অগ্রভাগের বৃদ্ধিশীল উপাস্থিবিশেষ। [সং. √ নখ্ + অ]। ̃ কুনি, ̃ কোনি বি. নখের কোণের যন্ত্রণাদায়ক ফোড়াজাতীয় রোগবিশেষ। ̃ দর্পণ বি. 1 অলৌকিক শক্তিবলে কোনো ব্যক্তি বা বস্তুকে নিজের নখে প্রতিবিম্বিত করে দেখানো; 2 (আল.) নিখুঁত ও সুস্পষ্ট জ্ঞান (এই সমস্ত বিষয় তার নখদর্পণে আছে)। তু. ইং. at finger-tips. ̃ র বি. নখ। [সং. নখ + √ রা + অ]। ̃ রঞ্জনী বি. 1 নরুন নখ কাটার যন্ত্রবিশেষ; 2 মেহেদি গাছ বা তার পাতা। নখরায়ুধ, নখায়ুধ বি. যে সমস্ত পশুপাখির নখই প্রধান অস্ত্র-যেমন বাঘ সিংহ শকুন ইত্যাদি। নখরাঘত, নখাঘাত বি. নখের আঘাত; নখের আঁচড়।

নখদর্পণ, নখর, নখরঞ্জনী (p. 444) [nakhadarpaṇa, nakhara, nakharañjanī] দ্র নখ।

নখী1 (p. 444) [nakhī1] (-খিন্) বিণ. তীক্ষ্ণ নখবিশিষ্ট। [সং. নখ + ইন্]।

নখী2 (p. 444) [nakhī2] বি. গন্ধদ্রব্যবিশেষ, একরকম সামুদ্রিক শামুকের খোলা ভেজে প্রস্তুত গন্ধদ্রব্য। [সং. √ নখ্ + অ + ঈ (স্ত্রী.)]।

নগ (p. 444) [naga] বি. 1 পব্বত (নগরাজ, নগাধিপ); 2 (বিরল) গাছ। [সং. ন + √ গম্ + অ]। ̃ জ বি. যার পর্বতে জন্ম বা উৎপত্তি; হাতি। ̃ নদী বি. পাহাড়ি নদী ('বইছে নগনদী': রবীন্দ্র)। ̃ নন্দিনী বি. পার্বতী, উমা, দুর্গাদেবী, গিরিরাজের কন্যা। ̃ পতি, ̃ রাজ, নগাধিপ, নগেন্দ্র বি. পর্বতশ্রেষ্ঠ হিমালয়।

নগণ্য (p. 444) [nagaṇya] বিণ. 1 গণনার অযোগ্য (সংখ্যা নগণ্য); 2 তুচ্ছ, সামান্য, উপেক্ষা করার মতো, বাজে (নগণ্য লোক)। [সং. ন + গণ্য]।

নগদ (p. 444) [nagada] বি. 1 ক্রয় করার সময় হাতে হাতে যে মূল্য দিতে হয়, রোক (নগদে কিনেছি); 2 খুচরো বা কাঁচা টাকা অর্থাত্ যে টাকা চেকে আবদ্ধ নয়, cash (নগদ কী আছে বার করো)। □ বিণ. হাতে হাতে প্রদেয় (নগদ টাকা, নগদ দামে কেনা, নগদ কারবার)। [আ. নক্দ্]। নগদ বিদায় বি. কাজ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পারিশ্রমিক দেওয়া। নগদা বিণ. 1 সঙ্গে সঙ্গে দিতে হয় এমন (নগদা দাম); 2 দেনা-পাওনা সঙ্গে সঙ্গে মেটানো হয় এমন (নগদা কারবার); 3 সঙ্গে সঙ্গে মজুরি বা পারিশ্রমিক নেয় এমন (নগদা মজুর)। নগদা-নগদি বিণ. নগদে লেনদেন হয় এমন। □ ক্রি-বিণ. নগদে (নগদানগদি মিটিয়ে দেয়)। নগদি বি. 1 পাইক, বরকন্দাজ; 2 জমিদারের প্রাপ্য খাজনা নগদে আদায়কারী কর্মচারী।

নগদা, নগদানগদি, নগদি (p. 444) [nagadā, nagadānagadi, nagadi] দ্র নগদ।

নগর (p. 444) [nagara] বি. বড় শহর। [সং. নগ + র]। বিণ. নাগরিক। বি. (স্ত্রী.) নগরী। ̃ কীর্তন, ̃ সংকীর্তন বি. নগরের পথে পথে দল বেঁধে ঘুরে ঈশ্বরের নামগান। ̃ চত্ত্বর বি. শহরের মধ্যবর্তী কেনাবেচার স্থান বা বাজার। ̃ দ্বার বি. শহরের প্রধান প্রবেশপথ। ̃ পাল বি. 1 কোটাল, শহরের শান্তিশৃঙ্খলা রক্ষার দায়িত্ববিশিষ্ট পদস্থ কর্মচারী; 2 পুলিশ কমিশনার; 3 পুলিশ সুপারিনটেণ্ডেন্ট। ̃ স্থ বিণ. নগরে অবস্থিত; নগরে বাসকারী। নগরাধ্যক্ষ বি. নগরের ভারপ্রাপ্ত সরকারি বা বেসরকারি কর্মচারী। নগরিয়া নগুরে -র বিরল রূপ। নগরীয় বিণ. নগরসম্বন্ধীয়; শহুরে। নগরোপান্ত বি. শহরের উপকণ্ঠ বা সন্নিহিত স্থান।

নগাধিপ (p. 444) [nagādhipa] দ্র নগ।

নগুরে (p. 444) [nagurē] বিণ. 1 নগরে বাস করে এমন; 2 নগরসম্বন্ধীয়, শহুরে। [সং. নগর + বাং. ইয়া > এ]।

নগেন্দ্র (p. 444) [nagēndra] দ্র নগ।

নগ্ন (p. 444) [nagna] বিণ. 1 উলঙ্গ, বিবস্ত্র (নগ্নদেহ); 2 আবৃত বা ঢাকা নয় এমন, অনাবৃত (নগ্নপদ); 3 খাঁটি, অকৃত্রিম, স্পষ্ট (নগ্ন সত্য)। [সং. √ নজ্ + ত]। বি. ̃ তা ('নির্মল নগ্নতাখানি বর্মসম পরি': সু. দ.)। বিণ. (স্ত্রী.) নগ্না। ̃ ক বিণ. উলঙ্গ। □ বি. ক্ষপণক, বৌদ্ধ সন্ন্যাসীবিশেষ। নগ্নিকা বিণ. (স্ত্রী.) 1 বিবস্ত্রা,

নগ্না; 2 অপ্রাপ্তবয়স্কা। □ বি. (স্ত্রী.) অপ্রাপ্তবয়স্কা বা রজস্বলা হয়নি এমন নারী, শিশুকন্যা। [সং. নগ্ন + ক + আ (স্ত্রী.)]। নগ্নী-করণ বি. 1 উলঙ্গ করা; 2 আবরণ উন্মোচন।

নগ্না, নগ্নিকা, নগ্নীকরণ (p. 444) [nagnā, nagnikā, nagnīkaraṇa] দ্র নগ্ন।

নচিকেতা (p. 444) [nacikētā] বি. 1 অগ্নি; 2 বৈদিক ঋষিবিশেষ। [সং. নচিকেতস্]। বিণ. নাচিকেত।

নচেত্ (p. 444) [nacēt] অব্য. নতুবা, নইলে, অন্যথায়। [সং. ন + চেত্]।

নচ্ছার (p. 444) [nacchāra] বিণ. 1 অপদার্থ; 2 পাজি, দুষ্ট, লক্ষ্মীছাড়া; 3 দুর্বুদ্ধি; 4 নীচ। [বাং. তু. হি. লুচ্ছা (=লম্পট, নীচ, দুষ্ট)]।

নজর (p. 444) [najara] বি. 1 দৃষ্টি (নজরে পড়া, কু-নজর); 2 মনোবৃত্তি (ছোট নজর); 3 লুব্ধ দৃষ্টি (অন্যের খাবারে নজর দেওয়া, পরের সৌভাগ্যে নজর দেওয়া); 4 তত্ত্বাবধান (ছেলেটার দিকে নজর রেখো); 5 মনোভাব, ধারণা (নেকনজর); 6 ভালো ধারণা (কর্তার নজরে পড়েছ, আর ভাবনা কী?); 7 অশুভ বা অমঙ্গলজনক দৃষ্টি (নজর লেগেছে, পেঁচোর নজর); 8 ভেট, উপহার, নজরানা। [আ. নজর্]। নজর কাড়া ক্রি. বি. দর্শনীয় বা আকর্ষণীয় হওয়া, চোখে লাগা (তার খেলা সকলের নজর কেড়েছে)। ˜ দার বি. 1 পরীক্ষাকেন্দ্রের পরিদর্শক, invigilator; 2 প্রহরী। নজর দেওয়া ক্রি. বি. 1 লক্ষ্য রাখা (আমার দিকেও একটু নজর দিয়ো); 2 অশুভ বা ঈর্ষান্বিত দৃষ্টি দেওয়া; লুব্ধ দৃষ্টি দেওয়া (অন্যের

খাবারে নজর দেওয়া)। ˜ বন্দি বিণ. চোখের আড়ালে যেতে দেওয়া হয় না এমন; অন্তরিত। □ বি. অন্তরিত ব্যক্তি। নজর লাগা ক্রি. বি. অশুভ বা ঈর্ষালু দৃষ্টিতে পড়া; প্রেতযোনির উৎপাতে পড়া। নজরে পড়া ক্রি. বি. 1 দৃষ্টিগোচর হওয়া; 2 অনুগ্রহ বা সমাদর লাভ করা। নজরে রাখা ক্রি. বি. চোখের বাইরে যেতে না দেওয়া; তত্ত্বাবধান করা, লক্ষ্য রাখা।

নজরানা (p. 444) [najarānā] বি. উপঢৌকন, ভেট, সেলামি (নজরানা না দিলে রাজবাড়িতে ঢোকা যাবে না)। [আ. নজর্ + ফা. আনা]।

নজরুল-গীতি (p. 444) [najarula-gīti] বি. কাজি নজরুল ইসলামের রচিত গান।

নজির (p. 444) [najira] বি. 1 (প্রধানত) মামলামোকদ্দমায় বা সরকারি বিধিবিধানে প্রমাণস্বরূপ উল্লেখ করা যায় এমন পূর্ব-ঘটনা; 2 দৃষ্টান্ত (নজিরবিহীন ঘটনা)। [আ. নজীর্]।

নঞ্ (p. 444) [nañ] অব্য. নেতিবাচক, না-বোধক পদ বা উপসর্গ-এই পদ ন, আ, অ, প্রভৃতি রূপ লাভ করে যথা অসাধু, নগণ্য ইত্যাদি। □ বিণ. নেতিবাচক (নঞ্ তৎপুরুষ)। নঞ্ তৎপুরুষ বি. (ব্যাক.) সাদৃশ্য অভাব অল্পতা অন্যত্ব অপ্রশস্ততা ও বিরোধবাচক তৎপুরুষ সমাস বা নঞর্থক শব্দের সঙ্গে নিষ্পন্ন তৎপুরুষ, যথা নপুংসক, অসাধু। নঞর্থক বিণ. নেতিবাচক, অভাবার্থক, negative (নঞর্থক শব্দ)।

নট1 (p. 444) [naṭa1] বি. 1 নর্তক; 2 (প্রধানত থিয়েটার যাত্রা ইত্যাদিতে) অভিনয়কারী, অভিনেতা। [সং. √ নট্ + অ]। ̃ বর বি. 1 শ্রেষ্ঠ নর্তক বা অভিনেতা; 2 শ্রীকৃষ্ণ। ̃ রাজ, নটেশ্বর বি. 1 নর্তকশ্রেষ্ঠ; 2 নৃত্যরত শিব; 3 শিব। নটী1 বি. (স্ত্রী.) 1 নর্তকী; 2 অভিনেত্রী।

নট2 (p. 444) [naṭa2] বি. (বিরলপ্রয়োগ) বর্ণসংকট জাতিবিশেষ। [সং. √ নশ্ + অট]। নটী2 বি. (স্ত্রী.) বারাঙ্গনা, বেশ্যা।

নট3 (p. 444) [naṭa3] বি. সংগীতের রাগবিশেষ। [সং. নট্ট]। ̃ নারায়ণ বি. সংগীতের রাগবিশেষ। ̃ বেহাগ বি. (নট ও বেহাগের মিশ্রণে সৃষ্ট) সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ। ̃ ভৈরব বি. (নট ও ভৈরব রাগের মিশ্রণে সৃষ্ট) প্রভাতকালীন রাগবিশেষ।

নট4 (p. 444) [naṭa4] বিণ. নষ্টচরিত্র, ব্যভিচারী, লম্পট। [সং. নষ্ট]। ̃ খট, ̃ খটি বি. ছোটখাটো গোলমাল বা ঝঞ্ঝাট (দুই পরিবারের মধ্যে নটখটি লেগেই আছে)। ̃ খটে বিণ. 1 ছোটখাটো ঝঞ্ঝাটপূর্ণ, গোলমেলে; 2 ছোটখাটো বা তুচ্ছ বিষয় নিয়ে গোলমাল সৃষ্টিকারী। ̃ ঘট, ̃ ঘটি বি. 1 নষ্ট বা অবৈধ প্রণয়সূচক ঘটনা; 2 কলঙ্কজনক ব্যাপার। ̃ ঘটে বিণ. নটঘটিসম্পর্কিত। ̃ বর বিণ. লম্পটশ্রেষ্ঠ, মহা লম্পট ব্যক্তি।

নটকান (p. 444) [naṭakāna] বি. ছোট গাছবিশেষ বা তার বসন্তি রঙের বীজ। [দেশি]।

নট নড়নচড়ন (p. 444) [naṭa naḍ়nacaḍ়na] বি. (কথ্য) একদম নড়াচড়া না করা। [ইং. not + বাং. নড়ন + চড়ন (সহচর শব্দ)]।

নটিনী (p. 444) [naṭinī] বি. (স্ত্রী.) 1 নর্তকী; 2 বাইজি; 3 বারাঙ্গনা; গণিকা। [বাং. < সং. নটী-তু. হি. নটনী]।

নটিয়া, নটে (p. 444) [naṭiẏā, naṭē] বি. ছোট পাতাযুক্ত সুপরিচিত শাকবিশেষ। [দেশি]।

নটী (p. 444) [naṭī] দ্র নট1 ও নট2।

নটে (p. 444) [naṭē] দ্র নটিয়া।

নটেশ্বর (p. 444) [naṭēśbara] দ্র নট1।

নড়চড় (p. 444) [naḍ়caḍ়] বি. 1 ব্যত্যয়, অন্যথা (কথার নড়চড় হবে না); 2 চঞ্চলতা। [বাং. নড়া2 + চলা > চড়া (সহচর শব্দ)]।

নড়ন (p. 444) [naḍ়na] বি. 1 নড়া, বিচলন; 2 সঞ্চলন; 3 স্পন্দন। [নড়া2 দ্র]। ˜ চড়ন বি. নড়াচড়া; নড়া এবং চলেফিরে বেড়ানো (নড়চড়ন বন্ধ)।

ন়ড়-নড়, নড়-বড় (p. 444) [n়ḍ়-naḍ়, naḍ়-baḍ়] বি. ঢিলে হয়ে নড়তে থাকে এমন ভাব বা অবস্থা; কমজোর হয়েও খসে পড়েনি এমন ভাব (দরজার কাঠটা নড়নড় করছে)। [বাং. নড়া2 > নড় + নড়, বড় (সহচর শব্দ)]।

নড়-নড়ে, নড়-বড়ে বিণ. শিথিল, আলগা; শিথিল বা আলগা হয়ে নড়ছে এমন (দরজা-জানলা একেবারে নড়বড়ে হয়ে গেছে)।

নড়া1 (p. 444) [naḍ়ā1] (অবজ্ঞার্থে) হাত, বাহু (একটু নড়া নেড়ে কাজ করো)। [দেশি-তু. নল (অর্থাত্ চোঙের সদৃশ বলে) + আ > নড়া]।

নড়া2 (p. 444) [naḍ়ā2] ক্রি. 1 আন্দোলিত বিচলিত বা কম্পিত হওয়া ('জল পড়ে পাতা নড়ে'); 2 এক স্থান থেকে অন্য স্থানে যাওয়া, স্থানান্তরে যাওয়া (সে এখান থেকে নড়তে চায় না); 3 সরে যাওয়া, চলা (নড়ার ক্ষমতা নেই); 4 শিথিল বা আলগা হওয়া (দাঁত নড়ছে); 5 অন্যথা হওয়া (আমার কথা নড়বে না)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √ নড় + বাং. আ]।˜ চড়া ক্রি. ইতস্তত বিচরণ করা; সক্রিয় হওয়া (সে একটু নড়েচড়ে বসল)।˜ নো ক্রি. আন্দোলিত করা, নড়া; স্থানচ্যুত করা; সরানো (আলমারিটাকে এখান থেকে নড়িয়ো না); অন্যথা করানো (তাঁর প্রতিজ্ঞা নড়ানো যাবে না)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

নড়ি (p. 444) [naḍ়i] বি. 1 লাঠি, দণ্ড; 2 (আল.) অবলম্বন (অন্ধের নড়ি)। [দেশি < নলি? তু. মু. নাড়ি (গাছ); তু. সং. লগুড়]।

নড়ে-ভোলা (p. 444) [naḍ়ē-bhōlā] বি. বিণ. হাবাগোবা বা বোকা লোক। [তু. নেলাভোলা]।

নত (p. 444) [nata] বিণ. 1 হেঁট, আনত (নত হয়ে দেখা); 2 প্রণত (দেবমূর্তির সামনে নত হওয়া); 3 বিনীত, নম্র (নতভাবে কথা বলা); 4 নীচের

দিকে অর্থাত্ মাটির দিকে নিবদ্ধ (নতদৃষ্টি, নতশির); 5 নিচু, অনুন্নত। [সং. √ নম্ + ত]।˜ জানু বিণ. হাঁটু গেড়ে বসেছে এমন।˜ দৃষ্টি বিণ. নীচের দিকে দৃষ্টিসম্পন্ন।˜ নাস বিণ. চেপটা নাকবিশিষ্ট, খাঁদা।˜ মস্তক,˜ শির বি. মাথা নিচু করে আছে এমন (অপমানে নতশির)।˜ মুখ বিণ. মুখ নিচু করে আছে এমন (নতমুখে আদেশ পালন করা)। বিণ. (স্ত্রী.)˜ মুখী। নতি বি. 1 নত অবস্থা বা ভাব; 2 ঝোঁক, প্রবণতা; 3 প্রণাম; 4 পরাভব, পরাজয়, হার (নতি স্বীকার করা); 5 বিনয়, নম্রতা; 6 বিনীত প্রার্থনা বা আবেদন; 7 (গণি.) ক্ষিতিজ অথবা কোনো সরলরেখা বা তলরে সঙ্গে কোণের পরিমাণ, inclination (বি. প.)।

নতি (p. 444) [nati] দ্র নত।

নতুন, নোতুন (p. 444) [natuna, nōtuna] বিণ. 1 নূতন, অভিনব (নতুন বই, নতুন খেলা, নতুন পথ); 2 আধুনিক, নব্য (নতুন যুগ); 3 টাটকা, সদ্য উৎপন্ন হয়েছে এমন (নতুন চাল); 4 তরুণ, কাঁচা (নতুন সর্দি)। [সং. নবতন-তু. হি. নৌতন]। বি. নতুনত্ব।

নতুবা (p. 444) [natubā] অব্য. নচেত্, নইলে, অন্যথায়। [সং. ন + তু + বা]।

নতোদর (p. 444) [natōdara] বিণ. মধ্যভাগ নত এমন অর্থাত্ কড়াই চাটু প্রভৃতির পেটের মতো, concave. [সং. নত + উদর]।

নতোন্নত (p. 444) [natōnnata] বিণ. উঁচুনিচু, এবড়োখেবড়ো। [সং. নত + উন্নত]।

নত্তা (p. 444) [nattā] বি. নবজাতকের জন্মের নবম দিনে পালনীয় হিন্দু সংস্কারবিশেষ ('নত্তা কৈল নয় দিনে': ক. ক.)। [দেশি]।

নথ (p. 444) [natha] বি. নাকের এক পাশে পরবার গহনাবিশেষ। [হি. নথ]।

নথি (p. 444) [nathi] বি. 1 সুতো দিয়ে গাঁথা কাগজের তাড়া; 2 কোনো বিষয়সংক্রান্ত কাগজপত্র, file (স. প.); 3 প্রামাণিক কাগজপত্র। [হি. নথ্থী]।˜ পত্র বি. কাগজপত্র; দলিলদস্তাবেজ। ˜ ভুক্ত, ˜ সামিল বিণ. প্রামাণিক কাগজপত্ররূপে গৃহীত; প্রামাণিক কাগজপত্রের মধ্যে রক্ষিত ও অন্তর্ভুক্ত।˜ নিবন্ধ বি. নথির তালিকাপুস্তক, file register. নথি-নিষ্পত্তিপত্রী বি. নথির কাজ শেষ হওয়ার কথা যাতে লেখা থাকে, file disposal slip (স. প.)।˜ প্রাপক বি. নথির কাগজের অনুসন্ধানকারী, record-finder (স. প.)।˜ রক্ষক বি. record-keeper (স. প.)।

নদ (p. 444) [nada] বি. নদী -র পুংলিঙ্গ, ব্রহ্মপুত্র, অজয়, দামোদর প্রভৃতি পুংবাচক নামযুক্ত জলপ্রবাহ। [সং. √ নদ্ + অ]।

নদী (p. 444) [nadī] বি. পর্বত, হ্রদ বা অন্য কোনো জলপ্রবাহ থেকে উৎপন্ন এবং হ্রদ উপসাগর সমুদ্র বা অন্য কোনো নদীতে মেশে এমন স্বাভাবিক জলপ্রবাহ; স্রোতস্বিনী, তটিনী, তরঙ্গিণী। [সং. √ নদ্ + অ + ঈ]।˜ কূল বি. নদীর তীর।˜ গর্ভ বি. নদীর দুই তীরের মধ্যবর্তী জলভাগ বা তার তলদেশ, নদীর খাত।˜ তট বি. নদীর তীরভূমি।˜ পথ বি. জাহাজ নৌকা প্রভৃতি জলযানের

চলাচলের উপযোগী পথরূপ নদী (নদীপথে রওনা হল)। ~ বহুল বিণ. বহু নদীবিশিষ্ট। ~ বন্দর বি. নদীর তীরে অবস্থিত বন্দর। ~ মাতৃক বিণ. নদীই যার মাতার মতো অর্থাত্ কেবলমাত্র নদীজলের সাহায্যে উৎপন্ন শস্যে পালিত। ~ মুখ বি. নদীর মোহনা।

নদের চাঁদ (p. 444) [nadēra cām̐da] বি. 1 নদিয়ার চাঁদ বা গৌরবস্বরূপ ব্যক্তি, নবদ্বীপচন্দ্র, শ্রীচৈতন্যদেবের এক নাম; 2 (বিদ্রূপে) অহংকারী এবং সুবেশধারী কিন্তু অলস ও অকর্মণ্য ব্যক্তি; সাজগোজ করে অকাজে এবং দায়িত্বহীনভাবে ঘুরে বেড়ায় এমন লোক। [বাং. নদিয়া > নদে + (ষষ্ঠী বিভক্তি) র + চাঁদ]।

নদ্ধ (p. 444) [naddha] বিণ. বদ্ধ, আবদ্ধ, আটকানো রয়েছে এমন। [সং. √ নহ্ + ত]।

নধর (p. 444) [nadhara] বিণ. 1 সুপুষ্ট, গোলমাল, হৃষ্টপুষ্ট (নধর অঙ্গ, নধর পাঁঠা); 2 সরস; 3 কমনীয় (নধর কান্তি); 4 তাজা (নধর লতাপল্লব)। [সং. নবধর]।

ননদ (p. 444) [nanada] বি. স্বামীর ভগিনী। [সং. ননন্দৃ]। ননদ-খেমি, ননদ-পুঁটুলি বি. বিবাহের সময় বধূ কর্তৃক ননদকে দেওয়া উপহার। ননদাই, নন্দাই বি. ননদের স্বামী। ননদি, ননদিনি বি. (সাধারণত কাব্যে) ননদ (ননদিনি রায়বাঘিনি)।

ননন্দা, ননান্দা (p. 444) [nanandā, nanāndā] বি. ননদ। [সং. ননন্দৃ]।

ননি, ননী (p. 444) [nani, nanī] বি. দুধ থেকে তৈরি স্নেহপদার্থ, মাখন। [সং. নবনীত]।˜ চোরা বি. (বাল্যকালে ননি চুরি করে খেতেন বলে) শ্রীকৃষ্ণ, শ্রীকৃষ্ণের বাল্যনামবিশেষ। ননির পুতুল ননি দিয়ে গড়া পুতুল যেমন সামান্য তাপ গলে যায় তেমনই কোমলাঙ্গ, আদুরে দুলাল।

নন্দ (p. 444) [nanda] বি. 1 আনন্দ; 2 শ্রীকৃষ্ণের পালকপিতা নন্দগোপ; 3 মগধের রাজাবিশেষ। [সং. √ নন্দ্ + অ]।

নন্দ-দুলাল, নন্দ-লাল (p. 444) [nanda-dulāla, nanda-lāla] বি. পালকপিতা নন্দ ঘোষের বা নন্দগোপের আদরের ধন, শ্রীকৃষ্ণ। [বাং. নন্দ + দুলাল, লাল]।

নন্দন (p. 444) [nandana] বি. 1 পুত্র (রঘুনন্দন, পার্বতীনন্দন); 2 ইন্দ্রের উপবন (নন্দনকানন)। □ বিণ. দর্শনীয়, আনন্দদায়ক (দৃষ্টিনন্দন)। [সং. √ নন্দ্ + ণিচ্ + অন]।˜ কানন বি. স্বর্গের উদ্যান, ইন্দ্রের উপবন। স্ত্রী. নন্দনা।

নন্দন-তত্ত্ব (p. 444) [nandana-tattba] বি. সৌন্দর্যবিষয়ক বিশেষ জ্ঞান বা বিদ্যা, কান্তিবিদ্যা, aesthetics. [সং. নন্দন (যা আনন্দ দেয়) + তত্ত্ব]।

নন্দা1 (p. 444) [nandā1] বি. 1 দুর্গাদেবী; 2 (জ্যোতিষ) প্রতিপদ ষষ্ঠী ও একাদশী-এই তিথিত্রয়। [সং. √নন্দ্ + ণিচ্ + অ + আ]।

নন্দা2 (p. 444) [nandā2] বি. ননদ। [সং. ননন্দৃ]।˜ ই বি. ননদের স্বামী।

নন্দি (p. 444) [nandi] বি. শিবের প্রধান অনুচর (নন্দিভৃঙ্গি)। □ বিণ. আনন্দজনক। [সং. √ নন্দ্ + ই]।˜ কেশ্বর বি. শিবের প্রধান অনুচর নন্দি।˜ ভৃঙ্গি বি. শিবের দুই অনুচর নন্দি ও ভৃঙ্গি।

নন্দিত (p. 444) [nandita] বিণ. 1 আনন্দিত, আহ্লাদিত। [সং. √ নন্দ্ + ত]; 2 যাকে আনন্দ দেওয়া হয়েছে, তোষিত। [সং. √ নন্দ্ + ণিচ্ + ত]। বিণ. স্ত্রী. নন্দিতা।

নন্দিনী (p. 444) [nandinī] বি. 1 কন্যা, দুহিতা; 2 বশিষ্ঠমুনির কামধেনু। □ বিণ. আনন্দদায়িনী। [সং. √ নন্দ্ + ণিচ্ + ইন্ + ঈ]।

নন্দী (p. 444) [nandī] (-ন্দিন্) বি. শিবের প্রধান অনুচর নন্দি বা নন্দিকেশ্বর। □ বিণ. আনন্দিত। [সং. √ নন্দ্ + ইন্]।˜ ভৃঙ্গী বি. নন্দিভৃঙ্গি -র বানানভেদ; (আল.) কারও পাশে সর্বদা উপস্থিত মোসাহেবেরা। [নন্দি দ্র]।

নন্দোত্-সব (p. 444) [nandōt-saba] বি. শ্রীকৃষ্ণের জন্ম উপলক্ষ্যে আনোন্দোৎসব। [সং. নন্দ (আনন্দ) + উৎসব]।

নন্দ্য (p. 444) [nandya] বিণ. আনন্দের যোগ্য। [সং. √ নন্দ্ + য]।

নপুংসক (p. 444) [napuṃsaka] বি. বিণ. 1 ক্লীব, স্ত্রীও নয় পুরুষও নয় এমন মানুষ, হিজড়া; 2 খোজা, ছিন্নমুষ্ক (নপুংসক করে দেওয়া)। [সং. ন-স্ত্রী + ন-পুমান্ (নি.)]।

নফর (p. 444) [naphara] বি. চাকর, ভৃত্য, পরিচারক। [আ. নফর্]। নফরালি বি. নফরের কাজ ও বৃত্তি, চাকরগিরি (নফরালি করে দিন কাটানো)।

নব1 (p. 447) [naba1] বিণ. 1 নতুন, নবীন (নব বধূ, নব বস্ত্র, নব কলেবর, নববর্ষ); 2 সদ্যোজাত (নবজাতক, নব কিশলয়); 3 টাটকা, তাজা, তরুণ (নবাঙ্কুর, নব জলধর)। [সং. √ নু + অ]। ˜ কার্তিক বি. 1 শিশু কার্তিকেয়; 2 শিশু কার্তিকের মতো সুন্দর ব্যক্তি; 3 (ব্যঙ্গে) খুব কালো এবং কুৎসিত লোক। ˜ গঠিত বিণ. সদ্য তৈরি হয়েছে এমন। ˜ জল-ধর-শ্যাম বি. নতুন মেঘের মতো কৃষ্ণাভ বা নীল বর্ণ। ˜ জাত বিণ. সদ্যপ্রসূত, সদ্য জন্ম হয়েছে বা উৎপন্ন হয়েছে এমন (নবজাত শিশু)। ˜ জাতক বি. সদ্যোজাত শিশু ('নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার': সুকান্ত)। ˜ জীবন বি. নতুন জীবন; পুনর্জন্ম; (আল.) দুরবস্থার পরবর্তী উন্নত বা সুখের অবস্থা। ˜ দম্পতি বি. সদ্যবিবাহিত স্বামী-স্ত্রী। ˜ পল্লব বি. নতুন পাতা, সদ্য যে পাতা গজিয়েছে। ˜ বিধান বি. 1 নতুন নিয়ম বা ব্যবস্থা; 2 কেশবচন্দ্র সেন-প্রবর্তিত ব্রাহ্ম ধর্মসম্প্রদায়ের শাখাবিশেষ। ˜ মল্লিকা, ˜ মালিকা বি. মালতীজাতীয় ফুলবিশেষ বা তার গাছ। ˜ যুগ বি. নতুন যুগ বা কাল। ˜ যুবক বি. যার যৌবন সদ্য আরম্ভ হয়েছে। স্ত্রী. ˜ যুবতী। ˜ যৌবন বি. যে যৌবন সদ্য আরম্ভ হয়েছে, প্রথম যৌবন, অচিরপ্রবৃত্ত যৌবন। বিণ. বি. স্ত্রী. ˜ যৌবনা।

নব2 (p. 447) [naba2] (-বন্) বি. বিণ. 9 সংখ্যা বা সংখ্যক, নয় (নবগ্রহ, নবরত্নসভা)। [সং. √ নু + অন্ = নবন্]। ˜ গুণ দ্র নবলক্ষণ। ˜ গ্রহ বি. প্রাচীন মত অনুযায়ী সূর্য চন্দ্র মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি রাহু ও কেতু-এই নয়টি গ্রহ; এবং আধুনিক মতে মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি প্লুটো ইউরেনাস নেপচুন

ও পৃথিবী এই নয়টি গ্রহ।˜ দুর্গা বি. পার্বতী ব্রহ্মচারিণী চন্দ্রঘণ্টা কুষ্মাণ্ডা স্কন্দমাতা কাত্যায়নী কালরাত্রি মহাগৌরী সিদ্ধিদা-এই নয়টি দুর্গামূর্তি।˜ দ্বার বি. দুই চক্ষু দুই কর্ণ নাসারন্ধ্র মুখ পায়ু ও উপস্থ-শরীরের এই নয়টি পথ বা ছিদ্র।˜ ধা বিণ. ক্রি-বিণ. 1 নয়প্রকার (নবধা লক্ষণ); 2 নয়প্রকারে (নবধা বিভক্ত); 3 নয়বার বা নয়বারে (নবধা গমন)।˜ পত্রিকা বি. কলা কচু ধান হলুদ ডালিম বেল অশোক জয়ন্তী ও মানকচু-এই নয়টি গাছের পাতা দিয়ে তৈরি এবং কলাপাতা দিয়ে ঢাকা স্ত্রীমূর্তি, কলাবউ।˜ রত্ন বি. 1 মুক্তা মাণিক্য বৈদূর্য গোমেদ বজ্র বিদ্রূম পদ্মরাগ মরকত নীলকান্ত-এই নয়টি রত্ন; 2 ধন্বন্তরি ক্ষপণক অমরসিংহ শঙ্কু বেতালভট্ট ঘটকর্পর কালিদাস বরাহমিহির বররুচি রাজা ব্রক্রমাদিত্যের এই নয়জন সভাপণ্ডিত; 3 নয়টি চূড়াযুক্ত দেবমন্দির। নবরত্নসভা বি. রাজা বিক্রমাদিত্যের নয়জন পণ্ডিতসমৃদ্ধ সভা।˜ রস বি. (অল.) আদি (বা শৃঙ্গার) হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানক বীভৎস অদ্ভুত শান্ত-অলংকারশাস্ত্রনির্দিষ্ট এই নয় রস।˜ রাত্র বি. আশ্বিনমাসের শুক্লপক্ষের প্রতিপদ থেকে নবমী পর্যন্ত নয় তিথিতে পালনীয় ব্রতবিশেষ।˜ ল বিণ. নবীন, নতুন।˜ লক্ষণ,˜ গুণ বি. আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা আবৃত্তি তপ ও দান-ব্রাহ্মণ বা কুলীনের এই নয়টি গুণ বা কুললক্ষণ।˜ শায়ক, (কথ্য)˜ শাক, (কথ্য)˜ শাখ বি. তাঁতি মালাকার সদ্গোপ নাপিত বারুই কামার কুম্ভকার তিলি ময়রা-বাঙালি হিন্দুজাতির এই নয়টি শ্রেণি বা শাখা।

নবতি (p. 447) [nabati] বি. নব্বই সংখ্যা। [সং. নবন্ + অতি]।˜ তম বিণ. নব্বইসংখ্যক। স্ত্রী.˜ তমী। নব-নবতি বি. 99 সংখ্যা।˜ তম বিণ. 99 সংখ্যক। স্ত্রী.˜ তমী।

নবনী, নবনীত (p. 447) [nabanī, nabanīta] বি. ননি (নবনীতকোমল)। [সং. নব + √ নী + অ, নব + √ নী + ত]।

নবপত্রিকা (p. 447) [nabapatrikā] দ্র নব2।

নবম (p. 447) [nabama] বিণ. 9 সংখ্যক। [সং. নবন্ + ম]। নবমী বিণ. (স্ত্রী.) নবম -এর স্ত্রীলিঙ্গ। □ বি. (স্ত্রী.) তিথিবিশেষ।

নবযুগ, নবরাত্র, নবলক্ষণ, নবশায়ক, নবশাক (p. 447) [nabayuga, nabarātra, nabalakṣaṇa, nabaśāẏaka, nabaśāka] দ্র নব2।

নবহুঁ (p. 447) [nabahu] বিণ. (প্রা. কাব্যে) নতুন, নবীন। [নব1 দ্র]।

নবাংশ (p. 447) [nabāṃśa] বি. (জ্যোতিষ.) মেষাদি দ্বাদশ লগ্নের প্রত্যেকের নয় ভাগের এক এক ভাগ। [সং. নব + অংশ]।

নবাগত (p. 447) [nabāgata] বিণ. 1 সদ্য এসেছে এমন (নবাগত অতিথি); 2 নবজাতক, সদ্য জন্মেছে এমন। [সং. নব + আগত]।

নবাঙ্কুর (p. 447) [nabāṅkura] বি. সদ্য-গজানো অঙ্কুর। [সং. নব + অঙ্কুর]।

নবান্ন (p. 447) [nabānna] বি. হেমন্তকালীন ধান কাটার পর হিন্দুদের মধ্যে প্রচলিত নতুন চালের অন্ন খাবার উৎসব বা পার্বণবিশেষ ('নূতন ধান্যে হবে নবান্ন': রবীন্দ্র)। [সং. নব + অন্ন]।

নবাব (p. 447) [nabāba] বি. 1 মুসলমান সামন্তশাসক বা বাদশাহের প্রতিনিধি; 2 অভিজাত মুসলমানদের সরকারি খেতাববিশেষ; 3 (বিদ্রূপে) নবাবের তুল্য অহংকারী আরামপ্রিয় ও বিলাসী ব্যক্তি। [আ. নবাব্]। ̃ জাদা বি. নবাবের পুত্র। স্ত্রী. ̃ জাদি। ̃ পুত্তুর বি. (ব্যঙ্গে) নবাবজাদার মতো বিলাসী ও আরামপ্রিয় লোক। নবাবি বি. নবাবের মতো আচার-আচরণ। □ বিণ. 1 নবাবসুলভ (নবাবি মেজাজ); 2 নবাবসম্বন্ধীয় (নবাবি আমল)।

নবি, (বর্জি.) নবী (p. 447) [nabi, (barji.) nabī] বি. 1 ঈশ্বরের প্রেরিত দূত, পয়গম্বর; 2 ভবিষ্যদ্বক্তা; 3 হজরত মোহম্মদ (নবিদিবস)। [আ. নবীহ্]।

নবিশ1, (বর্জি.) নবিস1 (p. 447) [nabiśa1, (barji.) nabisa1] বি. লেখক, লিপিকার (খাসনবিশ, নকলনবিশ)। [ফা. নবীস]। নবিশি1, (বর্জি.) নবিসী1 বি. লেখকের কাজ বা লেখকগিরি।

নবিশ2, (বর্জি.) নবিস2 (p. 447) [nabiśa2, (barji.) nabisa2] বি. 1 নতুন শিক্ষার্থী (শিক্ষানবিশ); 2 আনাড়ি লোক (তুমি দেখছি একেবারেই নবিশ)। [ইং. novice]। নবিশি2, (বর্জি.) নবিসী2 বি. নতুন শিক্ষার্থীর কাজ (শিক্ষানবিশি)।

নবী-করণ (p. 447) [nabī-karaṇa] বি. 1 পুনরায় নতুন অবস্থায় ফিরিয়ে আনা বা পরিণত করা; renewal; 2 মেরামতের কাজ, মেরামতি; 3 জীর্ণসংস্কার। [সং. নব + ঈ + √ কৃ + অন]। নবী-কৃত বিণ. নতুন করা হয়েছে বা নতুন অবস্থায় ফিরিয়ে আনা হয়েছে এমন; সংস্কার করা হয়েছে এমন।

নবীন (p. 447) [nabīna] বিণ. 1 নতুন, নব (নবীন জীবন); 2 আধুনিক, নব্য (নবীন যুগের মানুষ); 3 তরুণ, তাজা (নবীন যুবক, নবীন সূর্য, নবীন সন্ন্যাসী, নবীন পাতা)। [সং. নব + ঈন (খ) স্বার্থে]। বি.˜ তা,˜ ত্ব। বিণ. স্ত্রী. নবীনা।

নবী-ভবন, নবী-ভাব (p. 447) [nabī-bhabana, nabī-bhāba] বি. নতুন বা সংস্কৃত হওয়া; নতুনত্বপ্রাপ্তি। [সং. নব + ঈ (চ্বি) + √ ভূ + অন, অ]। নবী-ভূত বিণ. নতুনত্বপ্রাপ্ত; সংস্কার করা হয়েছে এমন।

নবোঢ়া (p. 447) [nabōḍh়ā] বিণ. (স্ত্রী.) নববিবাহিতা, নতুন বিবাহ হয়েছে এমন (নবোঢ়া কন্যা)। [সং. নব + ঊঢ়া]।

নবোদয় (p. 447) [nabōdaẏa] বি. সদ্য উদয়; নতুন আবির্ভাব বা প্রকাশ। [সং. নব + উদয়]।

নবোদিত (p. 447) [nabōdita] বিণ. সদ্য উদিত বা প্রকাশিত হয়েছে এমন, সদ্য আবির্ভূত (নবোদিত সূর্য, নবোদিত চেতনা)। [সং. নব + উদিত]।

নবোদ্যম (p. 447) [nabōdyama] বি. 1 নতুন উদ্যম বা প্রচেষ্টা (নবোদ্যমে কাজ আরম্ভ করা); 2 প্রথম উদ্যম বা উদ্যোগ বা প্রচেষ্টা। [সং. নব + উদ্যম]।

নব্বই, (কথ্য) নব্বুই (p. 447) [nabbi, (kathya) nabbui] বি. বিণ. 9 সংখ্যা বা সংখ্যক। [সং. নবতি]।

নব্য (p. 447) [nabya] বিণ. 1 নতুন, আধুনিক, নবীন (নব্য যুগ, নব্য পন্হা); 2 তরুণ (নব্য যুবক)। [সং. নব + য]। বি.˜ তা। স্ত্রী. নব্যা।

নব্য-ন্যায়, নব্য ন্যায় (p. 447) [nabya-nyāẏa, nabya nyāẏa] বি. ন্যায়শাস্ত্রের শাখাবিশেষ। [সং. নব্য + ন্যায়]।

নভ, নভঃ (p. 447) [nabha, nabhḥ] (-ভস্) বি. আকাশ ('খেলা করে সাদা কালো উদার নভে': রবীন্দ্র)। [সং. √ নভ্ + অ, অস্]। নভশ্চক্ষু (-ক্ষুস্) বি. সূর্য। নভশ্চর বিণ. আকাশে বিচরণকারী। □ বি. 1 পাখি; 2 বায়ু; 3 মেঘ; 4 গ্রহ; 5 বিদ্যাধর, গন্ধর্ব প্রভৃতি; 6 মহাকাশচারী, astronaut. নভস্তল, নভস্হল বি. আকাশ, গগন, আকাশদেশ, গগনপৃষ্ঠ ('শরতের নীল নভস্তল': সু. দ.; 'উঠিতেছিল মধুর রাগিণী জলে স্হলে নভস্তলে': রবীন্দ্র)।˜ স্হ,˜ স্হিত বিণ. আকাশে অবস্হিত। নভস্পৃক (-স্পৃশ্) বিণ. আকাশস্পর্শী। নভস্বান বি. বায়ু।

নভেম্বর (p. 447) [nabhēmbara] বি. ইংরেজি বৎসরের একাদশ মাস। [ইং. November]।

নভেল (p. 447) [nabhēla] বি. উপন্যাস। [ইং. novel]। নভেলিয়ানা বি. উপন্যাসে বর্ণিত নায়ক-নায়িকার মতো ভাবপ্রবণ আচরণ।

নভো-নীল (p. 447) [nabhō-nīla] বি. আকাশের নীল রং বা নীলিমা; আশমানি রং। □ বিণ. আশমানি রংবিশিষ্ট (নভোনীল শাড়ি)। [সং. নভঃ + নীল]।

নভো-মণি (p. 447) [nabhō-maṇi] বি. আকাশের মণি অর্থাত্ সূর্য। [সং. নভঃ + মণি]।

নভো-মণ্ডল (p. 447) [nabhō-maṇḍala] বি. নভস্তল, আকাশ, সমগ্র আকাশ বা আকাশপট। [সং. নভঃ + মণ্ডল]।

নভৌকা (p. 447) [nabhaukā] (-কস্) বি. 1 দেবতা; 2 পাখি। [সং. নভঃ + ওকস্ (=বাসকারী)]।

নম, নমঃ (-মস্), (কথ্য আঞ্চ.) (p. 447) [nama, namḥ (-mas), (kathya āñca.)] বি. প্রণাম, নমস্কার। [সং. √ নম্ + অস্]। নমা ক্রি. (কাব্যে) প্রণাম বা প্রণতি করা ('নমি তব পদাম্বুজে': মধু.)। নম নম (নমো নমো) করে সারা ক্রি. বি. সংক্ষেপে, দায়সারাভাবে বা তাড়াতাড়ি কোনোরকমে শেষ করা।

নমন (p. 447) [namana] বি. 1 নত হওয়া; নতি; 2 প্রণাম; 3 নামানো; 4 নোয়ানো; 5 বাঁকানো। [সং. √ নম্ + অন, √ নম্ + ণিচ্ + অন]। ˜ শীল বিণ. নতিযুক্ত; নত হয় এমন।

নমনীয় (p. 447) [namanīẏa] বিণ. 1 নোয়ানো বা বাঁকানো যায় এমন (সোনা নমনীয় ধাতু); 2 বদলানো বা পরিবর্তিত করা যায় এমন (নমনীয় স্বভাব)। [সং. √ নম্ + অনীয়]। বি. ˜ তা। নম্য বিণ. 1 বাঁকানো বা নোয়ানো যায় এমন; 2 বদলানো বা পরিবর্তিত করা যায় এমন, নমনশীল; কোমল। নম্যতা বি. নমনীয়তা।

নম-শূদ্র (p. 447) [nama-śūdra] বি. বাঙালি হিন্দু তফসিলি সম্প্রদায়বিশেষ। [বাং. নম + সং. শূদ্র]।

নমস্কর্তা (p. 447) [namaskartā] (-র্তৃ) বি. নমস্কারকারী। [সং. নমস্ + √ কৃ + তৃ]।

নমস্কার, নমস্ক্রিয়া (p. 447) [namaskāra, namaskriẏā] বি. 1 প্রণাম; 2 যুক্তকর কপালে ঠেকিয়ে অভিবাদন। [সং. নমস্ + √ কৃ + অ, নমস্ + √ কৃ + অ + আ]। নমস্কারি বি. বিণ. হিন্দুদের বিবাহ উপলক্ষ্যে মান্য কুটুম্বদের প্রদেয় (বস্ত্রাদি)। [সং. নমস্কার + বাং. ই]। নমস্কার্য বিণ. নমস্য, নমস্কারের যোগ্য। নমস্কৃত বিণ. নমস্কার করা হয়েছে এমন।

নমস্য (p. 447) [namasya] বিণ. নমস্কারের যোগ্য, প্রণম্য, পূজনীয় (তাঁরা সকলেই আমাদের নমস্য)। [সং. নমস্ + য]। স্ত্রী. নমস্যা।

নমাজ, নামাজ (p. 447) [namāja, nāmāja] বি. মুসলমানদের (কোরানবিহিত) ঈশ্বর-উপাসনা। [আ. নমাজ]। নমাজি বিণ. 1 নিয়মিতভাবে নমাজ করে এমন; 2 ধর্মনিষ্ঠ।

নমাসে-ছমাসে (p. 447) [namāsē-chamāsē] ক্রি-বিণ. কদাচিত্, কখনোসখনো, খুব একটা নয় (এমন ঘটনা নমাসে-ছমাসে ঘটে)। [বাং. ন (নয়) + মাস + 7মী বিভক্তি এ + ছ (ছয়) + মাস + এ]।

নমিত (p. 447) [namita] বিণ. 1 প্রণমিত; 2 নোয়ানো হয়েছে এমন, আনত; 3 নম্র করা হয়েছে এমন; 4 দমিত। [সং. √ নম্ + ণিচ্ + ত]।

নমুনা (p. 447) [namunā] বি. 1 কোনো জিনিসের নিদর্শন বা সামান্য অংশ যা দিয়ে সেইজাতীয় সমস্ত জিনিসের স্বরূপ বোঝা বা বোঝানো যায় (চালের নমুনা, রান্নার নমুনা), sample; 2 উদাহরণ (এর একটা নমুনা দেখাও); 3 ধরন, রকম (তোমার কাজের নমুনা দেখলে হাসি পায়)। [ফা. নমুনহ্]।

নম্বর (p. 447) [nambara] বি. উৎকর্ষ বা ক্রম নির্দেশ করার চিহ্নস্বরূপ সংখ্যা (পয়লা নম্বর, পরীক্ষায় পাশের নম্বর, বাড়ির নম্বর)। [ইং. number]। নম্বরি বিণ. নম্বরযুক্ত, যাতে নম্বর বা চিহ্নরূপ সংখ্যা দেওয়া আছে (নম্বরি নোট, নম্বরি খাতা)।

নম্য (p. 447) [namya] দ্র নমনীয়।

নম্র (p. 447) [namra] বিণ. 1 বিনয়ী, বিনীত (কথাবার্তায় নম্র); 2 শান্ত, শিষ্ট; 3 কোমল, নমনীয়; 4 বিনয়ে নত, বিনয়ে অবনত (নম্রমুখে কথা বলা)। [সং. √ নম্ + র]। বি. ˜ তা।

ন যযৌ ন তস্থৌ (p. 447) [na yayau na tashau] বি. কর্তব্য স্থির করতে না পারার দরুন স্থির হয়ে থাকা (ব্যাপার দেখে আমার তো তখন ন যযৌ ন তস্থৌ অবস্থা)। [সং.]।

নয়1 (p. 447) [naẏa1] বি. 1 নীতি; 2 ন্যায়শাস্ত্র; 3 শাস্ত্রবিহিত আচরণ। [সং. √ নী + অ]। ˜ জ্ঞ, ˜ বিত্ (-বিদ্) বিণ. নীতিজ্ঞ, নীতিশাস্ত্রজ্ঞ। ˜ জ্ঞান বি. রাজনীতি, সমাজনীতি, ধর্মনীতি-এই তিন শাস্ত্রের জ্ঞান।

নয়2 (p. 447) [naẏa2] ক্রি. (নহা দ্র) হয় না, নহে (সে রাজা নয়, তোমার নয়, সে কি ভালো নয়?)। □ বি. বেঠিক, অসত্য (হযকে নয় করা, হয় কি নয় নিজেই দেখো)। □ অব্য. না হয়, নতুবা, কিংবা, অথবা (হয় তুমি নয় সে)। [বাং. না + হয়]। ˜ কো ক্রি. হয় না, নহে। ˜ তো ক্রি. মোটেই নয়, নয় (সে ধনী নয়তো)। □ অব্য. না হয়, নতুবা (আমি, নয়তো তুমি)।

নয়3 (p. 447) [naẏa3] বি. বিণ. 9 সংখ্যা বা সংখ্যক। [সং. নবন্]। ˜ ছয় বিণ. বিশৃঙ্খল; তছনছ, নষ্ট, পণ্ড।

নয়ন1 (p. 447) [naẏana1] বি. 1 নিয়ে যাওয়া (আনয়ন); 2 পাইয়ে দেওয়া; 3 যাপন, ক্ষেপণ (কালনয়ন)। [সং. √ নী + অন]।

নয়ন2 (p. 447) [naẏana2] বি. চোখ, নেত্র। [সং. √ নী + অন]। ˜ গোচর বিণ. দৃষ্টিপথবর্তী, নজরে এসেছে বা আছে এমন। ˜ চকোর বি. যে-চোখ সৌন্দর্যরূপ জ্যোৎস্না পান করে; রূপমুগ্ধ চোখ। ˜ জল, ˜ নীর বি. অশ্রু, চোখের জল। ˜ ঠার বি. অপাঙ্গদৃষ্টি, চোখের ইশারা। ˜ তারা বি. 1 চোখের ভিতরকার তারার মতো অংশবিশেষ; 2 চোখের তারার মতো প্রিয় ব্যক্তি; 3 ফুলবিশেষ। ˜ বাণ বি. 1 বাণের মতো তীক্ষ্ণ চাহনি; 2 চিত্তচাঞ্চল্যকর দৃষ্টি, কামোদ্দীপক চাহনি। ˜ মণি বি. 1 চোখের মণি; 2 চোখের মণির মতো আদরের বা প্রিয় ব্যক্তি। ˜ শোভন বিণ. দৃষ্টিনন্দন, সুন্দর, দর্শনীয়।

নয়ন-জুলি, নয়ান-জুলি (p. 447) [naẏana-juli, naẏāna-juli] বি. (সচ. পথের পাশের) সরু জলনালি বা নর্দমা। [জুলি দ্র]।

নয়ন-সুখ, নয়ন-সুক (p. 447) [naẏana-sukha, naẏana-suka] বি. সূক্ষ্ম সুতি কাপড়বিশেষ, মিহি কাপড়। [হি. নয়ন্সুক-তু. হি. তন্সুক]।

নয়না1 (p. 447) [naẏanā1] (সচ. কাব্যে) বি. 1 চোখ; 2 কটাক্ষ, অপাঙ্গদৃষ্টি (নয়না হানা)। [হি. নয়না]।

নয়নানন্দ (p. 447) [naẏanānanda] বি. দৃষ্টির আনন্দ (কাঞ্চনজঙ্ঘা দেখে যে নয়নানন্দ হল তা বর্ণনার অতীত)। □ বিণ. দেখলে আনন্দ জন্মে এমন। [সং. নয়ন2 + আনন্দ]।

নয়নাভি-রাম (p. 447) [naẏanābhi-rāma] বিণ. চোখের প্রীতিকর; প্রিয়দর্শন, অত্যন্ত দৃষ্টিনন্দন বা সুন্দর (নয়নাভিরাম রূপ)। [সং. নয়ন + অভিরাম]।

-নয়নী (p. 447) [-naẏanī] বিণ. (সমাসের উত্তরপদরূপে, স্ত্রীলিঙ্গে ব্যবহৃত) নয়নবিশিষ্টা (সুনয়নী, ত্রিনয়নী)। [সং. নয়ন2 + ঈ]।

নয়নোপান্ত (p. 447) [naẏanōpānta] বি. চোখের প্রান্ত বা কোণ, অপাঙ্গ (নয়নোপান্তে অশ্রু দেখা দিল)। [সং. নয়ন2+ উপান্ত]।

নয়া (p. 447) [nay̆ā] বিণ. 1 নতুন, অভিনব (নয়া কায়দা, নয়া মতলব, নয়া সাম্রাজ্যবাদ); 2 নব্য, আধুনিক (নয়া যুগ)। [হি. নয়া < সং. নব]। নয়া জমানা বি. 1 নতুন রাজত্ব বা রাজত্বকাল; 2 নতুন শাসনব্যবস্থা; 3 নতুন যুগ। নয়া পয়সা বি. ভারতের নিম্নতম মূল্যের, পূর্বতন পয়সা, পয়সা।

নর1 (p. 447) [nara1] বি. সারি, পঙ্ক্তি, শ্রেণি। [ফা. নহ্র-তু. সং. লহরি]। নরি বিণ. পঙ্ক্তিবিশিষ্ট; শ্রেণিবদ্ধ (সাতনরি হার)।

নর2 (p. 447) [nara2] বি. 1 মানুষ (নরদেহ, নরকঙ্কাল); 2 পুরুষ মানুষ (নরনারী); 3 ঋষিবিশেষ; 4 (বাং.) বিণ. মর্দা (নর হরিণ)। [সং. √ নৃ + অ]। স্ত্রী. নারী। ̃ কঙ্কাল বি. মানবদেহের অস্থিময় কাঠামো। ̃ কপাল বি. মড়ার খুলি, মড়ার মাথা। ̃ খাদক বিণ. মানুষ খায় এমন। □ বি. মানুষখেকো পশু, রাক্ষস ইত্যাদি। ̃ দেব বি. মানুষরূপী দেবতা, ব্রাহ্মণ। ̃ নারায়ণ বি. 1 পৌরাণিক ঋষিদ্বয় যাঁরা শ্রীকৃষ্ণ ও অর্জুনরূপে জন্মগ্রহণ করেছিলেন; 2 নররূপী নারায়ণ, মানুষের রূপে নারায়ণ বা পরমেশ্বর, শ্রীকৃষ্ণ। ̃ পতি বি. নৃপতি, রাজা। ̃ পশু বি. পশুবত্ হৃদয়হীন আচরণকারী মানুষ। ̃ পিশাচ বি. পিশাচের মতো হিংস্র ও জঘন্য প্রবৃত্তিবিশিষ্ট মানুষ। ̃ পুঙ্গব বি. মানবশ্রেষ্ঠ। ̃ মুণ্ড বি. মানুষের মাথা। ̃ মেধ বি. প্রাচীন যজ্ঞবিশেষ যাতে মানুষ বলি দেওয়া হত। ̃ লোক বি. মর্ত্যধাম, পৃথিবী। ̃ সমাজ বি. মানুষের সমাজ; মানবসম্প্রদায়। ̃ সিংহ, ̃ হরি, নৃসিংহ বি. 1 মাথা থেকে কোমর পর্যন্ত মানুষের আকৃতি এবং কোমরের নিম্নাংশ সিংহের আকৃতিবিশিষ্ট বিষ্ণুর অবতারবিশেষ; নৃসিংহ অবতার; নরশ্রেষ্ঠ। ̃ সুন্দর বি. নাপিত।

নরক (p. 447) [naraka] বি. 1 (ধর্মীয় সাহিত্য ও বিশ্বাস অনুসারে) পাপীদের মৃত্যুর পরে শাস্তিভোগের স্থান, জাহান্নাম; 2 (আল.) জঘন্য বা আবর্জনাপূর্ণ স্থান (এই জায়গাটাকে এমন নরক করে রেখেছ কেন?); 3 শ্রীকৃষ্ণের হাতে নিহত দস্যুবিশেষ (নরকাসুর)। [সং. √ নৃ + অক]। ̃ কুণ্ড বি. 1 বিষ্ঠা অগ্নি গলিত ধাতু প্রভৃতিতে পূর্ণ নরকের বিভিন্ন গহ্বর যার মধ্যে পাপীদের চুবিয়ে রেখে শাস্তি দেওয়া হয়; 2 (আল.) অত্যন্ত জঘন্য ও যন্ত্রণাদায়ক স্থান। নরক গুলজার (ব্যঙ্গে) 1 পাপীদের বা দুষ্ট লোকের সমাবেশে আসর সরগরম; 2 অতি সাধারণ বা বাজে জায়গা বহুজনের সমাগমে সরগরম হয়ে ওঠা। ̃ যন্ত্রণা বি. 1 পাপের শাস্তিস্বরূপ নরকে যে কষ্ট ভোগ করতে হয়; 2 (আল.) অসহ্য যন্ত্রণা। ̃ স্থ বিণ. পাপের ফলে নরকে অবস্থিত বা নিক্ষিপ্ত।

নরকান্তক (p. 447) [narakāntaka] বি. নরকাসুর বধকারী শ্রীকৃষ্ণ। [সং. নরক + অন্তক]।

নরখাদক (p. 447) [narakhādaka] দ্র নর2।

নরম (p. 447) [narama] বিণ. 1 কোমল (নরম শরীর, নরম মাটি); 2 মৃদু (নরম সুর); 3 শান্ত, অনুগ্র (নরম মেজাজ); 4 স্নেহ মায়া প্রভৃতি কোমল প্রবৃত্তিবিশিষ্ট (নরম মনের মানুষ); 5 শিথিল, ঢিলা (নরম বাঁধন); 6 ঈষত্ বিকৃত বা নষ্ট, টাটকা নয় (মাছটা নরম হয়ে গেছে); 7 ঘনীভূত নয় এমন, কড়া নয় এমন (নরম পাকের সন্দেশ); 8 অপ্রবল, অকঠোর, অদৃঢ় (তাকে নরম পেয়ে সবাই জ্বালায়, নরম ধাতের লোক); 9 খাস্তা বা মুচমুচে নয় এমন (নরম মুড়ি, নরম বিস্কুট); 1 হ্রাসপ্রাপ্ত, চড়ার বদলে পড়তি (বাজার নরম হয়েছে); 11 স্নিগ্ধ (সকাল বেলার নরম রোদ)। [ফা. নর্ম্]। ̃ গরম বিণ. মিঠে-কড়া; মৃদু ও কঠোর।

□ বি. মিঠে ও কড়া কথা; মৃদু ও কঠোর ব্যবহার। নরমে গরমে ক্রি-বিণ. মৃদুতে ও কঠোরে; মৃদু কথা ও কড়া কথা মিলিয়ে (নরমে গরমে অনেক কথা তাকে শুনিয়ে দেওয়া হয়েছে)।

নরা-নর1 (p. 447) [narā-nara1] এর বিকৃত রূপ ('নরা গজা বিশে শয়': খনার বচন)।

নরাধম (p. 447) [narādhama] বি. অতিশয় নীচ বা হীন লোক। [সং. নর2 + অধম]।

নরাধিপ (p. 447) [narādhipa] বি. নরপতি, রাজা। [সং. নর2 + অধিপ]।

নরান্তক (p. 447) [narāntaka] বি. যম। □ বিণ. নরঘাতী (নরান্তক ব্যাধি)। [সং. নর2 + অন্তক]।

নরি (p. 447) [nari] দ্র নর1।

নরুন (p. 447) [naruna] বি. নখ কাটবার অস্ত্রবিশেষ। [তু. সং. নখদারণ, নখরঞ্জন, নখহরণিকা]। ˜ পেড়ে বিণ. নরুনের মতো সরু পাড়বিশিষ্ট।

নরেন্দ্র, নরেশ (p. 447) [narēndra, narēśa] বি. 1 নৃপতি, রাজা; 2 শ্রেষ্ঠ মানুষ। [সং. নর2 + ইন্দ্র, ঈশ]।

নরোত্তম (p. 447) [narōttama] বি. 1 শ্রেষ্ঠ মানব; 2 নারায়ণ, শ্রীকৃষ্ণ। [সং. নর2 + উত্তম]।

নর্তক (p. 447) [nartaka] বিণ. বি. 1 নৃত্যকারী, যে নাচে (নর্তক ময়ূর); 2 নৃত্যজীবী, নাচ যার পেশা বা জীবিকা; নট। [সং. √ নৃত্ + ক]। বি. স্ত্রী. নর্তকী।

নর্তন (p. 447) [nartana] বি. নাচন, নাচ, নৃত্য ('অতি সনাতন ছন্দে, করতেছে নর্তন': রবীন্দ্র)। [সং. √ নৃত্ + অন]। নর্তিত বিণ. 1 নাচছে বা নাচানো হচ্ছে এমন; 2 আন্দোলিত।

নর্দমা (p. 447) [nardamā] বি. পয়ঃপ্রণালী, ড্রেন। [দেশি-তু. হি. নর্দা]।

নর্দিত (p. 447) [nardita] বিণ. শব্দিত, নাদিত। [সং. √ নর্দ্ + ত]।

নর্ম (p. 447) [narma] (-র্মন্) বি. 1 ক্রীড়া; 2 রঙ্গ, কৌতুক; 3 প্রমোদ, প্রমোদবিহার (নর্মসহচরী); 4 পরিহাস (নর্মযুক্ত বচন)। [সং. √ নৃ + মন্]। ̃ সখী, ̃ সঙ্গিনী, ̃ সহচরী বি. ক্রীড়াসঙ্গিনী প্রমোদসঙ্গিনী। ̃ সচিব, ̃ সহচর বি. ক্রীড়াসঙ্গী; বিদূষক; পারিষদ, মোসাহেব।

নর্মদা (p. 447) [narmadā] বি. বিন্ধ্যপর্বত থেকে উৎপন্ন নদীবিশেষ, রেবা নদী। [সং. নর্মন্ + √ দা + অ + আ]।

নল (p. 447) [nala] বি. 1 চোঙ, পাইপ, ফাঁপা দণ্ড (বন্দুকের নল); 2 দৈর্ঘ্যের মাপবিশেষ; 3 তৃণবিশেষ, শরগাছ (নলখাগড়া); 4 সেতুবন্ধে রামের সাহায্যকারী

বানরবিশেষ। [সং. √ নল্ + অ]। ˜ কূপ বি. পাতালস্থিত কূপের ভিতর থেকে নলের সাহায্যে বিশুদ্ধ জল উপরে তোলার ব্যবস্থা, tube well. ˜ খাগড়া বি. পাতাযুক্ত নলতৃণ। নল চালা ক্রি. হারানো জিনিস বা তার অপহারকের সন্ধানের জন্য মন্ত্রপূত নল চালানো। নলিকা বি. 1 চোঙ, নল; 2 ডাঁটা; 3 নাড়ি।

নলা (p. 447) [nalā] বি. নলের মতো সরু হাড় বা অঙ্গ (পায়ের নলা)। □ বিণ. নলবিশিষ্ট বা চোঙযুক্ত (দোনলা বন্দুক)। [সং. নল + বাং. আ]।

নলি, (বর্জি.) নলী (p. 447) [nali, (barji.) nalī] বি. 1 ছোট নল (সুতোর নলি); 2 কণ্ঠনালি (গলার নলি ছিঁড়ে হত্যা করেছে); 3 ছোট নলের মতো সরু হাড় বা অঙ্গ (হাতের নলি, পাঁঠার নলি); 4 ছোট নলির মতো সরু ও লম্বা পশুপাখির নখ। [সং. নল + বাং. ই]।

নলিকা (p. 447) [nalikā] দ্র নল।

নলিচা, নলচে (p. 447) [nalicā, nalacē] বি. হুঁকোর যে দণ্ডের উপর কলকে বসানো থাকে। [ফা. নাইচা-তু. হি. নৈচা]।

নলিন (p. 447) [nalina] বি. পদ্ম। [সং. √ নল্ (গন্ধে) + ইন]। নলিনী বি. স্ত্রী. 1 পদ্ম, পদ্মিনী; 2 পদ্মের ঝাড়; 3 যেখানে প্রচুর পদ্ম জন্মে।

নলিনাক্ষ (p. 447) [nalinākṣa] বিণ. নলিন অর্থাত্ পদ্মের মতো চোখ যার। □ বি. বিষ্ণু। [সং. নলিন + অক্ষি (সমাসান্ত)]।

নলেন (p. 447) [nalēna] বিণ. খেজুরের নতুন রসে প্রস্তুত (নলেনগুড়)। [তু. নূতন, তু. ব্রজ. নওল]।

নশ্বর (p. 447) [naśbara] বিণ. নাশ বা বিনাশ আছে এমন, নাশশীল, ক্ষয়শীল; অনিতা, অস্থায়ী (নশ্বর মানবজীবন)। [সং. √ নশ্ + বর]।˜ তা বি. বিনাশশীলতা; অনিত্যতা।

নষ্ট (p. 447) [naṣṭa] বিণ. 1 নাশপ্রাপ্ত, ধ্বংসপ্রাপ্ত (নষ্ট রাজ্য, নষ্ট প্রাণ); 2 অপব্যয়িত (টাকা নষ্ট হওয়া); 3 ব্যর্থ, বিফল (ব্রত সময় পরিশ্রম সবই নষ্ট হল); 4 পণ্ড (কাজ নষ্ট হওয়া); 5 বিকারপ্রাপ্ত, বিকৃত (দুধ নষ্ট, নষ্ট মাছ); 6 অসত্, দুশ্চরিত্র (নষ্ট চরিত্র, নষ্ট মেয়েমানুষ, নষ্ট স্বভাব); 7 লুপ্ত, হারিয়ে গেছে এমন (নষ্টোদ্ধার, নষ্ট ধন)। □ বি. কুকর্ম, অনিষ্ট (যত নষ্টের গোড়া)। [সং. √ নশ্ + ত]।˜ চন্দ্র বি. ভাদ্রমাসের কৃষ্ণচতুর্থীর বা শুক্লচতুর্থীর চাঁদ যা দেখলে কলঙ্ক হয়।˜ চেতন বিণ. চেতনা বা সংজ্ঞা হারিয়েছে এমন।˜ মতি বিণ. দুষ্টবুদ্ধি, কুবুদ্ধিযুক্ত। নষ্টা বিণ. বি. (স্ত্রী.) কুচরিত্র, ভ্রষ্টা, কুলটা। নষ্টামি, নষ্টামো বি. দুষ্টতা; শঠতা, দুরন্তপনা। নষ্টোদ্ধার বি. হারানো জিনিস উদ্ধার।

নসিব (p. 447) [nasiba] বি. ভাগ্য, অদৃষ্ট। [আ. নসীব্]।

নস্য, (কথ্য) নস্যি (p. 447) [nasya, (kathya) nasyi] বি. 1 নাকের মধ্যে প্রয়োগ করা বা নেওয়া হয় এমন তামাকচূর্ণ; নাকের মধ্যে নিয়ে নেশা করা হয় এমন তামাকচূর্ণ; 2 (আল.) তুচ্ছ জিনিস, অতি সামান্য পরিমাণ জিনিস (এই টাকা তো তার কাছে নস্যি)। [সং. নস্ + য]। নস্য রং, নস্যি রং বি. গাঢ় খয়েরি রং, snuff colour.

নস্যাত্ (p. 447) [nasyāt] অব্য. বিণ. 1 তুচ্ছ; 2 বাতিল (আমাদের প্রস্তাব এক কথায় নস্যাত্ করে দিল); 3 মিথ্যা বা উপেক্ষণীয় বলে প্রমাণিত (সমস্ত অভিযোগ নস্যাত্ হয়ে গেল)। [সং. ন স্যাত্]।

নহবত (p. 451) [nahabata] দ্র নওবত।

নহর (p. 451) [nahara] বি. খাল। [আ. নহ্র]।

নহলা (p. 451) [nahalā] বি. নয় ফোঁটাযুক্ত খেলবার তাস। [হি. নহ্লা]।

নহলি, (বর্জি.) নহলী (p. 451) [nahali, (barji.) nahalī] (প্রা. বাং.) নূতন, নবীন ('নহলী যৌবন': শ্রীকৃ)। [প্রাকৃ. নয়ল < সং. নব]।

নহা (p. 451) [nahā] ক্রি. না হওয়া (নহি, নহ, নহে)। [বাং. না + √ হ + আ]। নহ ক্রি. নও ('নহ মাতা নহ কন্যা': রবীন্দ্র)। নহি, (কথ্য ও চলিত) নই ক্রি. হই না ('নহি আমি পিছু পাও': সু. রা., আমি নই, সে)। নহিস অনু-ক্রি. হোস না। নহে, (কথ্য ও চলিত) নয় ক্রি. হয় না, না হয় ('নহে নহে প্রিয়, এ নয় আঁখিজল': নজরুল)। নহেন (কথ্য ও চলিত) নন ক্রি. হন না (তিনি কৃপণ নহেন)।

নহিলে (p. 451) [nahilē] (কথ্য ও চলিত) নইলে অব্য. নচেত্, নতুবা, অন্যথায়, না হলে (যেয়ো কিন্তু, নইলে রাগ করব)। [বাং. না + হইলে]।

নহু, নঁহু (p. 451) [nahu, nam̐hu] অব্য. (প্রা. বাং. ব্রজ.) কখনোই নয়। [বাং. নহা]।

না1 (p. 451) [nā1] নঞর্থক উপসর্গবিশেষ (নাহক, নারাজ, নাবালক)।

না2 (p. 451) [nā2] বি. (আঞ্চ.) নৌকা ('না নিয়ে গেল বোয়ালমাছে': ছড়া)। [বাং. নাও < সং. নৌ]।

না3 (p. 451) [nā3] অব্য. বি. বৈপরীত্য বা নিষেধসূচক (যাব না, ' যেওনা যেওনা ফিরে': রবীন্দ্র); 2 আপত্তি বা অমতসূচক (তার সবকিছুতেই না); 3 অনুরোধ বা আদেশসূচক ('আমায় থাকতে দে না': রবীন্দ্র; চিঠিটা পড়েই দেখ না); 4 সংশয়, সন্দেহ বা অনিশ্চয়তাসূচক (রোদ উঠবে না?); 5 আধিক্যসূচক (সেখানে কত-না মজা); 6 প্রশ্নসূচক বা বিস্ময়সূচক (বেড়াতে যাবে না? সে কি আজও যাবে না?); 7 অভাবসূচক (আমার না আছে টাকা না আছে জমি); 8 অথবা, কিংবা (কিছুই নেই, না অন্ন না বস্ত্র); 9 বিনা, ব্যতীত (না বুঝে কাজ কোরো না); 1 স্বকথিত প্রশ্ন ও উত্তরের সংযোগবাচক (অর্থ কী? না অনর্থের মূল); 11 ছড়ায় বা গানে স্বার্থে (একই অর্থে) প্রযুক্ত ('কোন না কোন কাম করে') [সং. ন]। ˜ বাচক, ˜ ধর্মী বিণ. না বোঝায় এমন, negative.

নাই1 (p. 451) [nāi1] অব্য. 1 ক্রিয়ার অসমাপ্তি বা অভাবসূচক (যার নাই, ঘরে ফেরে নাই); 2 প্রশ্নসূচক (এখনও আসে নাই?)। [তু. বাং. নাহি < সং. নাস্তি]।

নাই2 (p. 451) [nāi2] বি. আশকারা, লাই, প্রশ্রয় (কুকুরকে নাই দিলে মাথায় ওঠে)। [নাই < নেই < নেহ < সং. স্নেহ]।

নাই3 (p. 451) [nāi3] বি. 1 নাভি (নাইয়ের চারিদিকে ব্যথা); 2 চক্র ইত্যাদির কেন্দ্রস্থল; 3 কীলক; 4 কামারের নেহাই। [সং. নাভি]।

নাই4 (p. 451) [nāi4] বি. নাপিত। [সং. নাপিত]।

নাই5 (p. 451) [nāi5] ক্রি. স্নান করি।[বাং. √ নাহ ধাতুর উত্তম পুরুষের রূপ]।

নাই6 (p. 451) [nāi6] ক্রি. 1 অভাবার্থক নেই অর্থে বর্তমান কালে (আমার টাকা নাই, সে এখানে নাই, 'নাই নাই ভয়': রবীন্দ্র); 2 অনুচিত (অমন কথা বলিতে নাই)। □ বিণ. 1 অবিদ্যমান (নাই মামার চেয়ে কানা মামা ভালো) 2 অভাবে পীড়িত (নাইঘরে খাঁই)। [সং. নাস্তি > প্রাকৃ. নাত্থি > হি. নাহি]।

নাই-আঁকড়া, (p. 451) [nāi-ān̐k◌ḍ◌ā,] নেই-আঁকড়া বিণ. একগুঁয়ে, নাছোড়বান্দা। [বাং. নাই3 + আঁকড়া]।

নাইঘরে খাঁই (p. 451) [nāigharē khāmi̐] বি. অভাবের সংসারে পরিজনদের পেটুকপনা।[বাং.নাই6 + ঘরে + খাঁই. (আকাঙ্ক্ষা)।

নাইটিংগেল (p. 451) [nāiṭiṅgēla] বি. সুমিষ্ট কণ্ঠস্বরবিশিষ্ট ছোট পাখিবিশেষ।[ইং. nightingale]।

নাইট্রোজেন (p. 451) [nāiṭrōjēna] বি. মৌলিক গ্যাসবিশেষ, যবক্ষারজান।[ইং. nitrogen]।

নাইয়া (p. 451) [nāiẏā] বি. নেয়ে, নাবিক; মাঝি। [সং. নাবিক]।

নাও2না2 (p. 451) [nāō2nā2] এর আঞ্চ. রুপভেদ।

নাওয়া, নাহা (p. 451) [nāōẏā, nāhā] ক্রি. স্নান (নাওয়া হয়নি, নাওয়া-খাওয়া শেষ হল)। □ বিণ. স্নাত (নাওয়া গা)। বাং. √ নাহ্ (< সং √স্না) + আ]।˜ নো ক্রি. স্নান করানো (এত বেলায় ছেলেটাকে নাওয়াচ্ছে)। □ বি. বিণ. উক্ত অর্থে।

নাঃ-না (p. 451) [nāḥ-nā] এর প্রবলতর রূপ।

নাক1 (p. 451) [nāka1] বি. স্বর্গ; 2 আকাশ।[সং. ন + অক (দুঃখ)]।

নাক2 (p. 451) [nāka2] বি. নাসিকা, নাসা, ঘ্রাণেন্দ্রিয়, দুটি ছিদ্রযুক্ত যে দেহাঙ্গ দিয়ে ঘ্রাণ ও শ্বাস নেওয়া হয়। [সং. নক্র + (নাসাগ্র) > প্রাকৃ. নক্ক]। নাক উঁচানো, নাক তোলা, নাক বাঁকানো ক্রি. বি. (আল) ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা।˜ কাটা বিণ. 1 নাক কাটা গেছে এমন; 2 (আল.) বেহায়া, নির্লজ্জ।˜. খত, নাকে খত বি. নিজের অপরাধের বা ভুলের প্রায়শ্চিত্তবিশেষ।˜. ছাবি বি নাকে পরবার অলংকারবিশেষ। নাক ঝাড়া ক্রি. বি. নাকের ভিতর থেকে শ্লেষ্মা বার করার জন্য জোরে নাক দিয়ে শ্বাস ফেলা বা শ্লেষ্মা বার করা। নাক টেপা ক্রি. বি. ব্রাহ্মণদের

আহ্নিকের প্রক্রিয়ার অনুকরণে) পূজা আহ্নিকের ভান করা। নাক ডাকা ক্রি. বি. ঘুমন্ত লোকের নাক থেকে শব্দ বার হওয়া। নাক বিধাঁনো (বেঁধানো) ক্রি. বি. নাকছাবি নোলক প্রভৃতি গয়না পরবার জন্য জন্য নাকে ছিদ্র করানো। নাক মলা, নাক-কান মলা ক্রি. বি. নিজের ভুল বা অপরাধের প্রায়শ্চিত্তস্বরূপ নাক (বা নাক-কান) মলা; (আল.) আর ভুল বা অপরাধ না করার প্রতিজ্ঞা করা। নাক সিঁটকানো ক্রি. বি ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। নাকে কান্না বি. খোনা সুরে কান্না; বায়না বা আবদার নিয়ে কান্না। নাকে-মুখে গোঁজা ক্রি. বি. অতি দ্রুত খাওয়া, তাড়াহুড়ো করে কোনোরকমে খাওয়া। নিজের নাক কেটে পরের যাত্রাভঙ্গ করা ক্রি. বি. পরের ক্ষতি করবার জন্য নিজের বড়রকম ক্ষতি করা।

নাকচ (p. 451) [nākaca] বিণ. রহিত, রদ, বাতিল (দাবি নাকচ হয়ে গেল, আদেশ বা হুকুম নাকচ হওয়া)। [আ. না কিস্]।

নাকছাবি (p. 451) [nākachābi] দ্র নাক2

নাকসাট (p. 452) [nākasāṭa] বি. নাসিকাগর্জন। [পাকসাট বা পাখসাট-এর অনুকরণে]।

নাকা1 (p. 452) [nākā1] বিণ. খোনা, নাকি। [বাং. নাক2 + আ]।

নাকা2 (p. 452) [nākā2] অব্য. (আঞ্চ.) মতো, সদৃশ। [দেশি]।

নাকানি-চুবানি, নাকানি-চোবানি (p. 452) [nākāni-cubāni, nākāni-cōbāni] বি. 1 জলের মধ্যে হাবুডুবু খাওয়ার অবস্থা; 2 (আল.) কাজের

অত্যধিক চাপে নিশ্বাসটুকু পর্যন্ত ফেলবার অবকাশ না পাওয়ার অবস্থা। [বাং. নাক2 + আনি + চুবা + আনি]।

নাকারা (p. 452) [nākārā] বি. ছোট ঢাকজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [আ. নাক্কারা]।

নাকাল (p. 452) [nākāla] বিণ. 1 জব্দ (তার পাল্লায় পড়ে খুব নাকাল হয়েছি); 2 হয়রান, শ্রান্ত (ঘুরে ঘুরে নাকাল হওয়া)। □ বি. নিগ্রহ, নাকানি-চোবানি; বিলক্ষণ শাস্তি। [আ. নকাল্]।

নাকি1, না কি (p. 452) [nāki1, nā ki] অব্য. প্রশ্ন, সন্দেহ, অনুমান প্রভৃতি ভাবব্যঞ্জক-নয় কি, তাই কি, সত্য কি (তুমি না কি চলে যাচ্ছে? 'তোমার নাকি মেয়ের বিয়ে': সু. রা.)। [তু. সং. কিংনু > বাং. কিনা]।

নাকি2, (বর্জি.) নাকী (p. 452) [nāki2, (barji.) nākī] বিণ. 1 নাক থেকে উচ্চারিত, খোনা, অনুনাসিক (নাকি সুরে গান গাওয়া); 2 খোনা এবং ঘ্যানঘেনে (নাকি কান্না)। [বাং. নাক2 + ই]।˜ কান্না বি. 1 খোনা সুরে কান্না; 2 মায়া কান্না, কৃত্রিম কান্না।

নাকুয়া, নাকু (p. 452) [nākuẏā, nāku] বিণ. 1 অনুনাসিক (নাকুয়া কথা); 2 নাকবিশিষ্ট; 3 নাকি সুরে কথা বলে এমন (নাকুয়া লোক)। [বাং. নাক2 + উয়া, উ]।

নাকে কান্না (p. 452) [nākē kānnā] দ্র নাক2।

নাকো (p. 452) [nākō] অব্য. না, নয়, নহে ('সে পথ দিয়ে ফিরল নাকো তারা': রবীন্দ্র; 'হিংস্র স্রোত বয় নাকো': বিষ্ণু)। [বাং. না3 + ক (স্বার্থে)]।

নাক্ষত্র, নাক্ষত্রিক (p. 452) [nākṣatra, nākṣatrika] বিণ. 1 নক্ষত্রসম্পর্কিত; 2 তিথির হিসাবে, নক্ষত্রের দ্বারা নির্ধারিত (নাক্ষত্র দিন, নাক্ষত্রিক মাস)। [সং. নক্ষত্র + অ, ইক]। নাক্ষত্র বৎসর বি. সূর্যের নক্ষত্রপরিক্রমা অনুসারে গণনা করা বৎসর (এই বৎসর 365 দিন 6 ঘণ্টা 9 মিনিট 9.6 সেকেণ্ড হয়), sidereal year. নাক্ষত্রিকী বিণ. (স্ত্রী.) নক্ষত্রসম্পর্কিত; নক্ষত্রের হিসাব অনুযায়ী।

নাখোদা, নাখুদা (p. 452) [nākhōdā, nākhudā] বি. 1 জাহাজের ক্যাপ্টেন বা অধ্যক্ষ; 2 জাহাজি মালপত্রের সরবরাহকারী বা যে ব্যক্তি জাহাজযোগে মালপত্র আমদানি-রপ্তানি করে; 3 মুসলমান সম্প্রদায়বিশেষ (নাখোদা মসজিদ)। [ফা. নাখুদা]।

নাখোশ, নাখুশ (p. 452) [nākhōśa, nākhuśa] বিণ. অখুশি, অপ্রসন্ন, অসন্তুষ্ট (নাখোশ লোক)। [ফা. নাখুশ্]।

নাগ (p. 452) [nāga] বি. সাপ (কালনাগ); 2 পুরাণে বর্ণিত সর্পজাতি (নাগরাজ বাসুকি); 3 হাতি (দিঙ্নাগ); 4 সিঁদুর। [সং. √ নগ্ + অ]। স্ত্রী. নাগী, (বাং) নাগিনী।˜ কেশর, নাগেশ্বর বি. ফুলবিশেষ বা তার গাছ।˜ গর্ভ বি. সিঁদূর।˜ দন্ত বি. 1 হাতির দাঁত; 2 দেওয়ালে লাগানো পেরেক বা ছোট আলনা।˜ পঞ্চমী বি. শ্রাবণ মাসের শুক্লপঞ্চমী বা আষাঢ় মাসের কৃষ্ণপঞ্চমী, যখন মনসাপূজা ও

নাগপূজা হয়। ˜ পাশ বি. 1 পৌরাণিক অস্ত্রবিশেষ, বরুণের অস্ত্র যা ছাড়লে সাপ আড়াই প্যাঁচে বেঁধে ফেলে বলে বিশ্বাস; 2 (আল.) অতি দৃঢ় বন্ধন (সংসারের নাগপাশ)। ˜ পুষ্প বি. নাগকেশর ফুল। ˜ ফণী বি. ফণীমনসার গাছ, cactus. ˜ মাতা (-তৃ) বি. 1 কদ্রু; 2 মনসাদেবী। ˜ রাজ বি. 1 অনন্ত বা বাসুকি নাগ; 2 ঐরাবত। ˜ লোক বি. নাগদের বাসভূমি পাতাল। অষ্ট-নাগ বি. অনন্ত বাসুকি পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীন কর্কট শঙ্খ-এই আট নাগ।

নাগপঞ্চমী, নাগপাশ (p. 452) [nāgapañcamī, nāgapāśa] দ্র নাগ।

নাগর (p. 452) [nāgara] বি. 1 প্রণয়ী, প্রিয়জন, নায়ক ('গোলকের পতি, রাধার নাগর'); 2 রসিক; 3 লম্পট পুরুষ; 4 দেবনাগর অক্ষর। □ বিণ. 1 নগরসম্বন্ধীয়, নাগরিক (নাগর স্বাচ্ছন্দ্য); 2 নগরে বাসকারী, নগরবাসী (নাগরজন)। [সং. নগর + অ]। নাগরী বি. (স্ত্রী.) 1 প্রণয়িনী; 2 রসিকা রমণী; 3 দেবনাগর অক্ষর (নাগরী লিপি)। □ বিণ. (স্ত্রী.) নগরবাসিনী; নগর সম্বন্ধীয়।

নাগ-রঙ্গ (p. 452) [nāga-raṅga] বি. নারঙ্গালেবু, কমলালেবু। [সং. নাগ (সিঁদুর) + রঙ্গ]।

নাগর-দোলা (p. 452) [nāgara-dōlā] বি. নীচ থেকে উপরে ঘুরপাক খাবার দোলনাবিশেষ, merry-go-round. [সং. নগর + বাং. দোলা]।

নাগরা, নাগরাই (p. 452) [nāgarā, nāgarāi] বি. চামড়ার তৈরি ভারী ও জমকালোধরনের জুতাবিশেষ। [দেশি]।

নাগরালি (p. 452) [nāgarāli] বি. 1 নাগরের ভাব বা প্রণয়ীর ভাব; 2 প্রণয়চাতুর্য; 3 লাম্পট্য; 4 রসিকতা। [সং. নাগর + বাং. আলি]।

নাগরি (p. 452) [nāgari] বি. মাটির কলসি (গুড়ের নাগরি)। [দেশি]।

নাগরিক (p. 452) [nāgarika] বিণ. 1 নগর বা শহরসম্বন্ধীয়, পৌর (নাগরিক স্বাচ্ছন্দ্য); 2 শহুরে। □ বি. 1 রাষ্ট্রের সদস্য, প্রজা, citizen (নাগরিকের অধিকার); 2 শহরবাসী (এই শহরের নাগরিক)। [সং. নগর + ইক]। বি.˜ তা। স্ত্রী. নাগরিকী, নাগরিকা।

নাগরিকা1 (p. 452) [nāgarikā1] বি. (স্ত্রী.) নগরের অধিবাসিনী। [সং. নাগরিক + বাং. আ]।

নাগরিকা2 (p. 452) [nāgarikā2] বি. নাগরী, প্রণয়িনী ('আড়াল থেকে রঙ্গনিপুণ নাগরিকার প্রায়': সু. দ.)। [সং. নাগর + ক + আ]।

নাগরী1 (p. 452) [nāgarī1] বি. (স্ত্রী.) প্রণয়িনী; রসিকা রমণী। [সং. নাগর + ঈ]।

নাগরী2 (p. 452) [nāgarī2] বি. দেবনাগর লিপি। [সং. নাগর + ঈ]।

নাগা (p. 452) [nāgā] বি. 1 উলঙ্গ সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ, নাঙ্গা; 2 অসমের পর্বতবিশেষ; 3 উক্ত পর্বতবাসী প্রাচীন জাতিবিশেষ। [< সং. নগ্ন]।

নাগাড় (p. 452) [nāgāḍ়] বিণ. ক্রমাগত, অবিশ্রান্ত (নাগাড় তিন মাস)। □ বি. ক্রম। [বাং. লাগ, লাগাড়]। নাগাড়ে ক্রি-বিণ. অবিশ্রান্তভাবে, ক্রমাগতভাবে (এক নাগাড়ে বৃষ্টি হয়ে চলেছে)।

নাগাদ, (p. 452) [nāgāda,] (আঞ্চ) নাগাত অব্য. 1 অবধি, পর্যন্ত (কবে নাগাদ তুমি আসবে?); 2 আন্দাজ, আনুমানিক (বিকেল পাঁচটা নাগাদ বৃষ্টি আরম্ভ হয়েছিল)। [আ. লাগায়েত্]।

নাগাল (p. 452) [nāgāla] বি. 1 নৈকট্য, সন্নিধান (তার নাগাল পাওয়া ভার); 2 ধরাছোঁয়া, পৌঁছ (গাছের ডালটা তার নাগালের মধ্যে, ডাকাতেরা দ্রুত নাগালের বাইরে চলে গেল)। [বাং. লাগ + আল]।

নাগিনী (p. 452) [nāginī] বি. (স্ত্রী.) সর্পিণী ('নাগিনীরা চারিদিকে ফেলিতেছে বিষাক্ত নিঃশ্বাস': রবীন্দ্র)। [সং. নাগ + বাং. ইনী (স্ত্রী.)]।

নাগেন্দ্র (p. 452) [nāgēndra] বি. 1 ঐরাবত; 2 অনন্ত নাগ। [সং. নাগ + ইন্দ্র]।

নাগেশ (p. 452) [nāgēśa] বি. 1 অনন্ত নাগ বা শেষ নাগ; 2 শিবলিঙ্গবিশেষ; 3 প্রসিদ্ধ বৈয়াকরণ। [সং. নাগ + ঈশ]।

নাগেশ্বর (p. 452) [nāgēśbara] দ্র নাগ।

নাঙ, নাঙ্গ (p. 452) [nāṅa, nāṅga] বি. উপপতি। [সং. নগ্ন > নঙ্গ]।

নাঙ্গা (p. 452) [nāṅgā] বিণ. 1 নগ্ন, উলঙ্গ (নাঙ্গা হয়ে ঘুরে বেড়ানো); 2 অনাবৃত। □ বি. নগ্ন সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ, নাগা। [হি. নাঙ্গা < সং. নগ্ন]।

নাচ (p. 452) [nāca] বি. 1 নৃত্য (নাচের ভঙ্গি, নাচগান); 2 (বিদ্রূপে) হাস্যকর অঙ্গভঙ্গি, লাফালাফি। [প্রাকৃ. নচ্চ < সং. নৃত্য]। ˜ উলি, ˜ ওয়ালি বি. 1 পেশাদার নর্তকী; 2 বাইজি। ˜ ঘর বি. 1 যেখানে বা যে ঘরে নাচ হয়; 2 রঙ্গমঞ্চ। ˜ ন, ˜ নি1, ˜ নাচুনি1 বি. 1 নাচ করা, নাচা, নৃত্য; 2 (বিদ্রূপে) হাস্যকর অঙ্গভঙ্গি (ওই নাচন দেখতে আর ভালো লাগে না)। ˜ নি2, ˜ নাচুনি2, বি. (স্ত্রী.) নর্তকী। □ বিণ. নাচের ভঙ্গিযুক্ত (নাচনি ছন্দ)। নাচিয়ে বি. নর্তক। □ বিণ. নৃত্যকারী। নাচুনে বিণ. নাচে এমন, নৃত্যকারী।

নাচা (p. 452) [nācā] ক্রি. 1 নৃত্য করা, নাচ করা (মেয়েটি ভালোই নাচে); 2 স্পন্দিত হওয়া (চোখ নাচছে); 3 আনন্দে উৎফুল্ল হওয়া ('হৃদয় আমার নাচে রে আজিকে': রবীন্দ্র); 4 মেতে ওঠা (পরের কথায় নাচা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং. √ নাচ্ + আ]। ˜ কোঁদা বি. (ব্যঙ্গে) 1 হাস্যকর বা অস্বাভাবিক অঙ্গভঙ্গি, বেমানান অঙ্গভঙ্গি; 2 অসার জাঁক বা বাগাড়ম্বর (নাচাকোঁদাই সার)। ˜ নো ক্রি. 1 নাচ করানো; 2 স্পন্দিত করানো; 3 হর্ষোৎফুল্ল করানো; 4 উত্তেজিত করা; 5 দোলানো, নাড়ানো; (পা নাচানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। নেচে ওঠা ক্রি. (আল.) উল্লসিত হওয়া। নাচতে নেমে ঘোমটা কপট লজ্জা, বৃথা লজ্জা।

নাচাড়ি, লাচাড়ি (p. 452) [nācāḍ়i, lācāḍ়i] বি. নাচের ছন্দবিশেষ; নাচের ছন্দে গানবিশেষ। [তু. নাচারি]।

নাচার (p. 452) [nācāra] বিণ. নিরুপায়, অসহায়, অক্ষম। [ফা. নচারহ্ তু. বাং. না + ফা. চারা (উপায়)]।

নাচি, নাছি (p. 452) [nāci, nāchi] বি. ধাতুপাত প্রভৃতি জুড়বার জন্য পেরেকবিশেষ, বড় পেরেকবিশেষ, rivet. [দেশি]।

নাচিকেত (p. 452) [nācikēta] বি. ঋষি গৌতমের পুত্র। □ (বাং.) বিণ. নচিকেতা-সম্বন্ধীয় ('নাচিকেত ঋণ': বিষ্ণু.)। [সং. নাচিকেতস্]।

নাচিয়ে, নাচুনি, নাচুনে (p. 452) [nāciẏē, nācuni, nācunē] দ্র নাচ।

নাছ (p. 452) [nācha] বিণ. পিছন দিকের, খিড়কির (নাছদুয়ার)। [হি. নহ্জ্]।

নাছোড় (p. 452) [nāchō়ḍ়] বিণ. ছাড়ে না এমন, একগুঁয়ে, জেদি, নেই-আঁকড়া। [হি. নাছোড়]। ˜ বান্দা বিণ. বি. একগুঁয়েধরনের লোক, যে কিছুতেই ছাড়তে চায় না। [বাং. নাছোড় + ফা. বন্দাহ্]।

নাজনে, নাজিনা (p. 452) [nājanē, nājinā] বি. শজনেজাতীয় ডাঁটাবিশেষ। [তু. শজিনা]।

নাজানি (p. 452) [nājāni] অব্য. জানি না, কী জানি, কে জানে, বোধ হয় (নাজানি সেখানে কী হচ্ছে)। [বাং. না3 + জানি]।

নাজিনা (p. 452) [nājinā] দ্র নাজনে।

নাজিম (p. 452) [nājima] বি. 1 মুসলমান শাসনকর্তা; 2 প্রাদেশিক শাসনকর্তা; 3 বিচারক (নাজিমের আদালত)। [আ. নাজীম্]।

নাজির (p. 452) [nājira] বি. আদালতের উচ্চপদস্থ কেরানিবিশেষ। [আ. নাজীর]।

নাজুক (p. 452) [nājuka] বিণ. 1 আঘাত সহ্য করতে পারে না এমন (নাজুক শরীর); 2 সহজেই বিগড়ে যেতে পারে এমন। [ফা. নাজুক]।

নাজেহাল (p. 452) [nājēhāla] বিণ. নাস্তানাবুদ, পর্যুদস্ত (খেলায় হেরে নাজেহাল); শ্রান্ত-ক্লান্ত, হয়রান (রোদে-গরমে ছুটোছুটি করে নাজেহাল)। [আ. নাজা + হাল তু. আ. নাজিলাত]।

নাট (p. 452) [nāṭa] বি. 1 নৃত্য, নাচ; 2 অভিনয় (নাটমঞ্চ); 3 লীলা ('সাক্ষাত্ ঈশ্বর তুমি, কে বুঝে তোমার নাট':চৈ. চ); 4 রঙ্গকৌতুক ('দেখিতে আইনু নাট': ভা. চ.); 5 রঙ্গমঞ্চ ('ধন্য হরি ভবের নাটে')। [সং. √ নট্ + অ]। ˜ মন্দির বি. দেবমন্দিরের সম্মুখস্থ যে ঘরে নৃত্যগীত হয়।

নাটক (p. 452) [nāṭaka] বি. অভিনয়যোগ্য রচনা; সংলাপের আকারে রচিত সাহিত্য। [সং. √ নট্ + অক]। নাটকীয় বিণ. 1 নাটকসম্বন্ধীয়; 2 আকস্মিক, অস্বাভাবিক ও অপ্রত্যাশিত (নাটকীয় ঘটনা, নাটকীয় আবির্ভাব); 3 কৃত্রিম

হাবভাবপূর্ণ (নাটকীয় চালচলন; নাটকীয় ভঙ্গি)। নাটকীয়তা বি. নাটকীয় আচরণের দ্বারা চমকসৃষ্টি।

নাটা1 (p. 452) [nāṭā1] বি. গোলাকার ছোট ফল বা তার বীজ, লতাকরঞ্জ। [দেশি]।

নাটা2 (p. 452) [nāṭā2] বিণ. বেঁটে। [হি. নাটা < সং. নত?]।

নাটাই (p. 452) [nāṭāi] বি. তাঁত বোনার বা ঘুড়ির সুতো জ়ড়াবার জন্য ব্যবহৃত চরকাবিশেষ, লাটাই। [দেশি]।

নাটিকা (p. 452) [nāṭikā] বি. ক্ষুদ্র নাটক, অল্প দৈর্ঘ্যের নাটক। [সং. নাটক + আ]।

নাটুকে (p. 452) [nāṭukē] বিণ. 1 নাটকরচয়িতা (নাটুকে রামনারায়ণ); 2 নাটকীয়, নাটকসম্বন্ধীয়; 3 অস্বাভাবিক, কৃত্রিম বা অভিনেতাসুলভ হাবভাবপূর্ণ (নাটুকে চালচলন)। [সং. নাটক + বাং. ইয়া > এ]।˜ পনা বি. অভিনেতাসুলভ কৃত্রিম হাবভাব।

নাটুয়া (p. 454) [nāṭuẏā] বিণ. বি. নর্তক; 2 অভিনেতা। [সং. নাট + বাং. উয়া]।

নাট্য (p. 454) [nāṭya] বি. 1 নাচ-গান-বাজনা; 2 নৃত্য, নাচ; 3 অভিনয়; 4 নাটক। [সং. নট + য]।˜ কলা বি. 1 নৃত্য-গীত বাদ্যের বিদ্যা; 2 অভিনয়বিদ্যা।˜

কাব্য বি. নাটকের আঙ্গিকে রচিত কাব্য।˜ গোষ্ঠী বি. নাটক অভিনয়কারীর দল।˜ মন্দির,˜ শালা বি. 1 রঙ্গালয়, যেখানে নাটক অভিনীত হয়, প্রেক্ষাগৃহ; 2 নাচঘর, নৃত্যশালা। নাট্যাচার্য বি. নাটক অভিনয়ের শিক্ষাগুরু। নাট্যাভিনয় বি. নাটকের অভিনয়। নাট্যামোদী বি. বিণ. নাটকের অভিনয় দেখতে ভালোবাসে এমন দর্শক, নাটকপ্রিয় দর্শক। নাট্যোত্-সব বি. নাটকের অভিনয়সংক্রান্ত অনুষ্ঠান; যে অনুষ্ঠানে নানাবিধ বা নানান নাটকের প্রদর্শনীর ব্যবস্থা হয়।

নাড়া1 (p. 454) [nāḍ়ā1] বি. 1 ঝামটা, ঝাঁকুনি (মুখনাড়া দেওয়া); 2 সঞ্চালন, আন্দোলন (হাত নাড়া, গাছ ধরে নাড়া)। □ ক্রি. 1 ঝামটা বা ঝাঁকুনি দেওয়া (মুখ নেড়ে কথা বলা); 2 সঞ্চালিত বা আন্দোলিত করা (হাত নেড়ো না); 3 ঘাঁটা, ঘোঁটা (চামচ দিয়ে নাড়া); 4 বিশৃঙ্খল করা, ঘাঁটাঘাঁটি করা (কাগজপত্র নাড়া); 5 বাজানো (ঘণ্টা নাড়া); 6 সরানো, স্থানচ্যুত করা, অপসারিত করা (এ ঘর থেকে ওটাকে নাড়া চলবে না); 7 চর্চা করা (শাস্ত্র নাড়া)। [< সং. √ লাড় (কম্পন, আক্ষেপ) + বাং. আ]।˜ চাড়া বি. ক্রি. 1 ঘাঁটাঘাঁটি (কাগজপত্র নাড়াচাড়া করা); 2 সঞ্চালন; 3 সরানো, স্থানচ্যুত করা (রোগীকে নাড়াচাড়া করা ঠিক নয়); 4 বারবার বিচার বা ভাবনাচিন্তা (মনে মনে ব্যাপারটা নাড়াচাড়া করে দেখলাম)।˜ নাড়ি বি. ক্রমাগত স্থান পরিবর্তন করা। □ ক্রি. সঞ্চালিত বা আন্দোলিত করা, সরানো-নড়ানো। □ বিণ. উক্ত সব অর্থে।˜ নো ক্রি. সঞ্চালিত করা; ঘাঁটাঘাঁটি করা; স্থানচ্যুত করা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

নাড়া2 (p. 454) [nāḍ়ā2] বি. ধান কাটার পর ধানগাছের যে অপ্রয়োজনীয় অংশ জমির মধ্যে থেকে যায়, ধানের গোড়া; খড়-বিচালি। [বাং. তু. সং. নাল]।˜ বুনে বিণ. বি. 1 নাড়া অর্থাত্ খড়ের বনের লোক; চাষা; 2 (আল.) মূর্খ, অজ্ঞ, অরসিক।˜ মাঠ বি. যে মাঠে ধান কেটে নেবার পর কেবল নাড়া পড়ে আছে

('পোড়ো-জমি-খড় নাড়া মাঠের ফাটল': জী. দা)। যত ছিল নাড়াবুনে হল সব কেত্তুনে যত সব অরসিক তারাই কর্তৃত্ব বা প্রাধান্য পেয়েছে।

নাড়া বাঁধা (p. 454) [nāḍ়ā bāँdhā] ক্রি. 1 (বিশেষত সংগীতে) গুরু বা ওস্তাদের কাছে শিক্ষানবিশি শুরু করা; 2 সাধুসন্ন্যাসীর চেলা হওয়া। [হি. নাড়া (=সুতো), সংগীতের শিষ্যদের কবজিতে গুরুর লাল সুতো বাঁধার রীতি থেকে]।

নাড়ি, নাড়ী (p. 454) [nāḍ়i, nāḍ়ī] বি. 1 ধমনি; 2 রক্তবাহী শিরা; 3 (আয়ু) বাত, পিত্ত কফ মানবদেহের এই তিন অবস্থাজ্ঞাপক ধমনি; 4 গর্ভনাড়ি যার সঙ্গে ভ্রূণমধ্যস্থ বা নবজাত শিশু সংযুক্ত থাকে; 5 (তন্ত্রশাস্ত্রে) যে তিনটি পথে প্রাণবায়ু প্রবাহিত যথা ইড়া, পিঙ্গলা ও সুষুম্না; 6 (বিরল) এক দণ্ড সময় বা 24 মিনিট। [সং. √ নল্ + ই]। নাড়ি কাটা ক্রি. সদ্যোজাত শিশুর গর্ভনাড়ি কাটা। ̃ চক্র বি. তন্ত্রশাস্ত্রমতে ইড়া পিঙ্গলা প্রভৃতি ষোলোটি নাড়ির নাভিমূলে মিলনস্থান। নাড়ি-ছেঁড়া ধন বি. সন্তান। নাড়ি জ্বলা ক্রি. বি. ক্ষুধায় অস্থির হওয়া। ̃ জ্ঞান বি. 1 নাড়ির স্পন্দন অনুভব করে রোগীর অবস্থা বিচারের ক্ষমতা; 2 (আল.) কোনো বিষয়ে সম্যক জ্ঞান বা ধারণা। নাড়ি-টেপা বিণ. কেবল নাড়ি টিপতেই জানে এমন, অনভিজ্ঞ ('নাড়ীটেপা ডাকতার': রবীন্দ্র)। নাড়ি দেখা ক্রি. বি. রোগীর নাড়ির স্পন্দন অনুভব করে তার অবস্থা বিচার করা। ̃ নক্ষত্র বি. 1 জন্মনক্ষত্র; 2 (আল.) আগাগোড়া সমস্ত সংবাদ বা তথ্য। ̃ ভুঁড়ি বি. পেটের ভিতরের অস্ত্র ইত্যআদি বিভিন্ন ক্রিয়াসাধক অঙ্গ, আঁতড়ি। নাড়ি মরা ক্রি. ক্রমাগত ক্ষুধার কষ্ট ভোগ করার ফলে খাওয়ার শক্তি নষ্ট হওয়া। নাড়ির টান, নাড়ির যোগ বি. জন্মসূত্রে মনের টান; সন্তানের প্রতি মায়ের স্নেহের টান।

নাড়ু (p. 454) [nāḍ়u] বি. গোলাকার মিঠাইবিশেষ। [< বাং. লাড়ু < সং. লড্ডুক। তু. হি. লাড্ডু]।˜ গোপাল বি. 1 এক হাতে নাড়ু নিয়ে হামাগুড়ি দেবার ভঙ্গিতে বালক শ্রীকৃষ্ণ; 2 গোলমাল চেহারার শিশু।

নাতজামাই, নাতনি, নাতবউ (p. 454) [nātajāmāi, nātani, nātabu] দ্র নাতি1।

নাতি1 (p. 454) [nāti1] বি. 1 পৌত্র, পুত্রের পুত্র; 2 দৌহিত্র, কন্যার পুত্র; 3 পুত্রস্থানীয়ের বা কন্যাস্থানীয়ার পুত্র। [সং. নপ্তৃ]।˜ জামাই, নাত-জামাই বি. নাতনির স্বামী।˜ নি, নাতনি বি. (স্ত্রী.) পৌত্রী, দৌহিত্রী, পুত্রের বা পুত্রস্থানীয়ের কন্যা; কন্যার বা কন্যাস্থানীয়ার কন্যা।˜ বউ, নাতবউ বি. নাতির স্ত্রী।

নাতি2 (p. 454) [nāti2] বিণ-বিণ. অনতি, অনধিক, বেশি নয় এমন (নাতিশীতোষ্ণ, নাতিদীর্ঘ, নাতিস্থূল)। [সং. ন + অতি]।˜ দীর্ঘ বিণ. খুব দীর্ঘ নয় এমন (নাতিদীর্ঘ বক্তৃতা)।˜ দূর বি. বিণ. বেশি দূর নয় এমন ('নাতিদূরে তর হাসি উন্মথে নীরবতা': সু. দ)।˜ শীতোষ্ণ বিণ. বেশি ঠাণ্ডাও নয়, বেশি গরমও নয় এমন, ঠাণ্ডা-গরম কোনোটিই বেশি নয় এমন।˜ শীতোষ্ণ-মণ্ডল বি. উত্তর বা দক্ষিণ হিমমণ্ডল ও গ্রীষ্মমণ্ডলের মধ্যবর্তী অঞ্চল, যেখানে শীত বা গরম কোনোটিই প্রবল নয়, temperate zone.

নাথ (p. 454) [nātha] বি. 1 প্রভু, স্বামী, অধিপতি (জগন্নাথ, জীবননাথ); 2 রক্ষক, পালক (দীননাথ, অনাথের নাথ); 3 হিন্দুদের পদবিবিশেষ; 4 হিন্দু সম্প্রদায়বিশেষ। [সং. √ নাথ্ + অ]।˜ বতী বি. (স্ত্রী.) সধবা, এয়োস্ত্রী, যার স্বামী আছে (নাথবতী নারী)।

নাদ1 (p. 454) [nāda1] বি. 1 শব্দ, ধ্বনি (শঙ্খের নাদ); 2 গর্জন (সিংহনাদ)। [সং. √ নদ্ + অ]। ̃ বিন্দু বি. চন্দ্রবিন্দু। নাদা ক্রি. (কাব্যে) গর্জন করা ('নাদে কাদম্বিনী': মধু)। নাদিত বিণ. ধ্বনিত, শব্দিত। নাদী (-দিন্) বিণ. গর্জনকারী, শব্দকারী। বি. স্ত্রী. নাদিনী।

নাদ2 (p. 454) [nāda2] বি. ঘোড়া হাতি প্রভৃতি পশুর মল বা বিষ্ঠা। [দেশি]।

নাদা (p. 454) [nādā] ক্রি. ঘোড়া হাতি প্রভৃতি পশুর মলত্যাগ করা। নাদি বি. 1 পশুর বিষ্ঠা বা মল; 2 ছাগল, ইঁদুর প্রভৃতি ছোটো প্রাণীর মল।

নাদন, নাদনা (p. 454) [nādana, nādanā] বি. মোটা খুঁটি বা লাঠি। [দেশি]। নাদন-বাড়ি বি. মোটা লাঠি।

নাদা1 (p. 454) [nādā1] বি. বড়ো জালা বা গামলা। [সং. নন্দা]। ̃ পেটা বিণ. বড়ো জালা বা গামলার মতো পেটওয়ালা, স্থূলোদর।

নাদা2 (p. 454) [nādā2] ক্রি. (পশুর) মলত্যাগ করা। [নাদ2 দ্র]।

নাদা3 (p. 454) [nādā3] ক্রি. গর্জন করা। [নাদ1 দ্র]।

নাদিত, নাদিনী, নাদী (p. 454) [nādita, nādinī, nādī] দ্র নাদ1।

নাদুস-নুদুস (p. 454) [nādusa-nudusa] বিণ. মোটামোটা, হৃষ্টপুষ্ট, গোলগাল। [দেশি]।

নাদেয়, নাদ্য (p. 454) [nādēẏa, nādya] বিণ. 1 নদীসম্বন্ধীয়; 2 নদীজাত। □ বি. নদীর জল। [সং. নদ + এয়, নদী + এয়; নদ + য]।

নান (p. 454) [nāna] বি. আটার তৈরি মোটা রুটিবিশেষ। [হি.]।

নানক-পন্হী (p. 454) [nānaka-panhī] বিণ. বি. শিখগুরু নানকের প্রবর্তিত ধর্মাবলম্বী বা ওই ধর্মের অনুগামী। [নানক + বাং. পন্হী]।

নান-কর (p. 454) [nāna-kara] বি. জমিদারের ভৃত্য যে নিষ্কর জমি খোরপোশ বাবদ পায় বা ভোগ করে। [ফা. নানকার]।

নানা1, নানান (p. 454) [nānā1, nānāna] বিণ. 1 অনেক, বহু; 2 অনেকরকমের, বিভিন্ন, বিবিধ (নানা কথা, নানান কাজ)। [সং. না + না (ঞ্)]।

নানা2 (p. 454) [nānā2] বি. মাতামহ। [হি. নানা]। নানি বি. (স্ত্রী.) মাতামহী।

নান্দনিক (p. 454) [nāndanika] বিণ. 1 সৌন্দর্যতত্ত্ব বা নন্দনতত্ত্বসম্বন্ধীয়; সৌন্দর্যসম্বন্ধীয় (নান্দনিক উৎকর্ষ, নান্দনিক বৈশিষ্ট্য)। [সং. নন্দন + ইক]।

নান্দী (p. 454) [nāndī] বি. কাব্য, নাটক ইত্যাদির আরম্ভের সময় দেবতার স্তব বা মঙ্গলাচরণ। [সং. √ নন্দ্ + ণিচ্ + ই + ঈ]। ̃ কর , ̃ পাঠ যে নান্দী পাঠ

করে। ̃ মুখ বি. 1 শুভকর্মের শুরুতে করণীয় শ্রাদ্ধ, আভ্যুদয়িক শ্রাদ্ধ; 2 বৃদ্ধিভোজী মাতাপিতৃগণ যথা, পিতা পিতামহ প্রপিতামহ মাতামহ প্রমাতামহ। ̃ মুখী বি. বৃদ্ধিভোজী মাতৃগণ। ̃ রোল বি. 1 সজোরে মন্ত্রোচ্চারণ; 2 (গৌণ অর্থে) রণহুংকার ('যুদ্ধ শেষ হয়ে গেলে নতুন যুদ্ধের নান্দীরোল': জী. দা)।

নাপছন্দ (p. 454) [nāpachanda] বিণ. 1 অপছন্দ; 2 অমনোনীত। [ফা. নাপসন্দ]।

নাপাক (p. 454) [nāpāka] বিণ. অপবিত্র, অশুচি। [ফা. নাপাক]।

নাপিত (p. 454) [nāpita] বি. চুলদাড়ি কাটা বা ক্ষৌরকর্ম করা যার পেশা, ক্ষৌরকার; হিন্দুজাতিবিশেষ। [অর্বাচীন সং. স্নাপয়িতৃ > প্রাকৃ. ণহাপিত]। স্ত্রী. নাপিতানি, নাপতিনি।

নাপ্পি (p. 454) [nāppi] বি. ব্রহ্মদেশের খাবারবিশেষ। [বর্মি. এঙাপ্পি]।

নাফা (p. 454) [nāphā] বি. 1 লাভ, মুনাফা; 2 উপকার। [আ. নফাআ]।

নাবা, নাবানো (p. 454) [nābā, nābānō] যথাক্রমে নামা ও নামানো -র আঞ্চ. রূপ।

নাবাধ্যক্ষ (p. 454) [nābādhyakṣa] বি. নৌসেনার বা নৌবাহিনীর অধ্যক্ষ। [সং. নৌ < নাব + অধ্যক্ষ]।

নাবাল, (আঞ্চ) নাবো, (আঞ্চ) নামো (p. 454) [nābāla, (āñca) nābō, (āñca) nāmō] বিণ. 1 নিচু, নিম্ন (নাবাল জমি); 2 ঢালু (নাবাল পথ)। [বাং. নামা (নাবা) + ল, ও]।

নাবালক (p. 454) [nābālaka] বিণ. অপ্রাপ্তবয়স্ক ('নাবালক ছেলেটির কী করিবে তবে': রবীন্দ্র)। [ফা. নাবালিগ্]। স্ত্রী. নাবালিকা।

নাবি (p. 454) [nābi] বিণ. বিলম্বিত, দেরিতে হয় বা জন্মে এমন (নাবি ধান)। [বাং. নাবা < নামা]।

নাবিক (p. 454) [nābika] বি. জলযানের চালক; যে নৌকা জাহাজ প্রভৃতি চালনার কাজ করে। [সং. নৌ + ইক]।˜ বিদ্যা বি. নৌচালনার বিদ্যা।

নাবো (p. 454) [nābō] দ্র নাবাল।

নাব্য (p. 454) [nābya] বিণ. 1 নৌকা জাহাজ প্রভৃতি চালাবার পক্ষে উপযুক্ত, নৌবাহনসাধ্য; 2 নৌকাদি জলযানে যা পার হওয়া যায় (নাব্য নদী)। [সং. নৌ + য]। বি.˜ তা।

নাভি (p. 454) [nābhi] বি. 1 পেটের মাঝখানে ছোটো আবর্তবিশেষ, নাই; 2 চক্রের কেন্দ্রাংশ। [সং. √ নহ্ + ই]।˜ কুণ্ডল,˜ কুণ্ডলী বি. নাভি, নাভির গোল আবর্ত বা চক্র।˜ চক্র বি. নাভিতে অবস্থিত মণিপুরচক্র।˜ পদ্ম বি. 1 পদ্মসদৃশ নাভি; 2 (তন্ত্রে) নাভিস্থ পদ্ম বা মণিপুরচক্র।˜ শ্বাস বি. 1 মুমূর্ষু ব্যক্তির শ্বাসের

ঊর্ধ্বমুখী টান; 2 (আল.) মৃত্যুযন্ত্রণা; 3 শেষ অবস্থা (ব্যাবসার এখন নাভিশ্বাস উঠেছে)।

নাম (p. 454) [nāma] (-মন্) বি. 1 যে শব্দ দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর পরিচয় জানা যায়, আখ্যা বা সংজ্ঞা (নাম রাখা, নাম দেওয়া, লোকের নাম, জিনিসের নাম); 2 খ্যাতি (নামডাক, এ কাজে কোনো নাম নেই, সে বেশ নাম করেছে); 3 পরিচয় (নামহীন, গোত্রহীন); 4 স্‌মরণ (আজই তোমার নাম করছিলাম); 5 উল্লেখ ('বিয়ের নামে নেচে ওঠে': দীনবন্ধু); 6 ইষ্টদেবতার নাম (নাম জপ করে); 7 শপথ, দোহাই, দিব্যি (ধর্মের নামে বলছি); 8 অজুহাত (কাজের নামে ছুটি নিয়েছে); 9 পরিচয়ে বা বর্ণনায় কিন্তু আসলে নয় (নামেই নেতা); 1 আভাসমাত্র, যৎকিঞ্চিত্, অতি সামান্য পরিমাণ (কাজের নাম নেই, নামমাত্র); 11 (ব্যাক.) বিভক্তিহীন (বস্তুবাচক বা বস্তুর বিশেষণবাচক) শব্দ। [সং. নামন্ তু. ফা. নাম]। নাম করা ক্রি. 1 স্মরণ বা উল্লেখ করা (যাওয়ার নামই করে না); 2 খ্যাতি অর্জন করা।˜ করণ বি. শিশু বা প্রতিষ্ঠানাদির নাম দেওয়া; আখ্যান।˜ করা,˜ জাদা বিণ. বিখ্যাত। নাম কাটা ক্রি. বাদ দেওয়া (তালিকা থেকে তার নামটা কেটে দাও)।˜ গন্ধ বি. সামান্যতম চিহ্ন বা উল্লেখ, আভাস।˜ গান বি. ইষ্টদেবতার নাম কীর্তন। নাম জপা ক্রি. বি. ইষ্টনাম জপ করা।˜ জাদা নামকরা -র অনুরূপ।˜ জারি বি. নাম ঘোষণা; দলিলপত্রে নাম লেখা বা লেখানো।˜ ডাক বি. যশ ও প্রতিপত্তি, খ্যাতি। নাম ডাকা ক্রি. বি. নাম ধরে ডেকে উপস্থিতি জানাতে বলা বা হাজির হতে বলা। নাম ডোবানো ক্রি. বি. সুনাম নষ্ট করা।˜ ত, (বর্জি) তঃ অব্য. নামে, নামে মাত্র (তিনি নামত সেক্রেটারি)। নাম ধরা ক্রি. নাম উচ্চারণ করা (গুরুজনের নাম ধরে ডাকতে নেই)।˜ ধাতু বি. (ব্যাক.) প্রত্যয়ের যোগে নাম (অর্থাত্ বিশেষ্য ও বিশেষণ) থেকে গঠিত ধাতু যথা ধ্বংস > ধ্বংসা বা ধ্বংসানো।˜ ধাম বি. নাম পরিচয় ও বাসস্থান, নাম ও ঠিকানা।A˜ ধারী (-

রিন্) বিণ. নামযুক্ত, নামবিশিষ্ট।˜ ধেয় বিণ. নামযুক্ত। □ বি. নাম। নাম নেওয়া, নাম লওয়া ক্রি. স্মরণ করা; উপাসনা করা।˜ মাত্র বিণ. একটুখানি পরিমাণ, সামান্য পরিমাণ।˜ মুদ্রা বি. নামাঙ্কিত সিলমোহর বা আংটি। নাম রটা ক্রি. বি. সুখ্যাতি বা অখ্যাতি প্রচার হওয়া। নাম রাখা ক্রি. বি. 1 নামকরণ করা (ছেলের কী নাম রাখলে?); 2 সুনাম অক্ষুণ্ণ রাখা (বংশের নাম রাখা, বাপের নাম রাখা); 3 খ্যাতি লাভ করা (পৃথিবীতে নাম রেখে গেছেন)। নাম লওয়া দ্র নাম নেওয়া। নাম লেখানো ক্রি. বি. ভরতি বা দলভুক্ত হওয়া। নাম শোনানো ক্রি. বি. হরিনাম বা ইষ্টদেবতার নাম বা নামগান শোনানো।˜ সংকীর্তন বি. দেবতার স্তুতিগান বা মহিমাকীর্তন। নাম হওয়া ক্রি. বি. খ্যাতি বা যশ প্রচারিত হওয়া।˜ হীন বিণ. 1 নাম নেই এমন; 2 অপরিচিত বা অখ্যাত। নামে নামে ক্রি-বিণ. প্রত্যেকের নাম করে, জনে জনে (প্রত্যেকের নামে নামে জিনিস রাখা হয়েছে)।

নামক (p. 454) [nāmaka] বিণ. নামবিশিষ্ট, নামযুক্ত, নামধেয় (দশরথ নামক রাজা)। [সং. নামন্ + ক (সমাসান্ত)]।

নামঞ্জুর (p. 454) [nāmañjura] বিণ. অগ্রাহ্য, বাতিল, অনুমতি দেওয়া হয়নি এমন (আবেদন নামঞ্জুর হয়েছে)। [বাং. ফা. না + আ. মঞ্জুর]।

নামতা (p. 454) [nāmatā] বি. (গণি.) গুণনের অর্থাত্ গুণের ফলসংবলিত তালিকা, গুণের ধারাবাহিক তালিকা। [< সং. নামপত্র?]।

নামা1 (p. 454) [nāmā1] বি. 1 পত্রলিখন (ওকালতনামা); 2 প্রমাণপত্র, দলিল (চুক্তিনামা); 3 বিবরণ বা ইতিহাস (শাহনামা, বাবরনামা)। [ফা. নামহ্]।

নামা2 (p. 454) [nāmā2] বিণ. নামযুক্ত, নামবিশিষ্ট (খ্যাতনামা, অজ্ঞাতনামা = অজ্ঞাত আছে নাম যার)। [সং. নামন্]। স্ত্রী. নাম্নী।

নামা3 (p. 454) [nāmā3] ক্রি. 1 উপর থেকে নীচে আসা, অবতরণ করা (দোতলা থেকে নামা, ছাদ থেকে নামা); 2 ভিতর থেকে বাইরে আসা (গাড়ি থেকে নামা); 3 ঝোঁকা, অবনত হওয়া (ছাদটা নেমে এসেছে); 4 রান্না শেষ হওয়া (ভাত নেমেছে?); 5 হ্রাস পাওয়া, কমা (তাপ নেমেছে, জিনিসের দর নেমেছে); 6 (বৃষ্টি) শুরু হওয়া (বৃষ্টি নেমেছে); 7 ঢলে পড়া (সূর্য পশ্চিমে নেমেছে, 'সূর্য নামে অস্তাচলে': রবীন্দ্র); 8 নৈতিক অবনতি হওয়া (সে অনেক নেমে গেছে); 9 দাস্ত হওয়া (পেট নেমেছে); 1 সকলের সামনে হাজির হওয়া (এবার সে আসরে নামবে); 11 প্রবৃত্ত হওয়া (কাজে নামা, যুদ্ধে নামা); 12 প্রবেশ করা (জলে নামা)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [সং. √ নম্ব্ (গত্যর্থক) + বাং. আ]। নামা-ওঠা বি. একবার নামা একবার ওঠা। ˜ নো ক্রি. 1 অবতরণ করানো, নীচে আনা (বোঝাটা নামাও, কাঁধ থেকে নামাও); 2 রান্না শেষ করা (ভাত-ডাল নামিয়েছি); 3 কমানো (এ ওষুধ জ্বর নামাবে, তোমার গলাটা নামাও); 4 অধোগতি করা; 5 প্রবৃত্ত করানো (তাকে আসরে নামানো যাবে না); 6 উদরাময় বা দাস্ত করানো (পেট নামানো); বিদূরিত করানো, তাড়ানো (ঘাড়ের ভূত নামানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

নামাঙ্কিত (p. 454) [nāmāṅkita] বিণ. 1 নাম আঁকা লেখা বা খোদাই করা আছে এমন (তাঁর নামাঙ্কিত খাম আমি কেন নেব?); 2 নামযুক্ত; 3 স্বাক্ষরিত (নামাঙ্কিত সিলমোহর)। [সং. নাম + অঙ্কিত]।

নামানো (p. 454) [nāmānō] দ্র নামা।

নামান্তর (p. 454) [nāmāntara] বি. 1 অন্য নাম (নামান্তর গ্রহণ করা); 2 পার্থক্য কেবল নামেই (এ তো পীড়নেরই নামান্তর)। [সং. নাম + অন্তর]।

নামাবলি, (বর্জি.) নামাবলী (p. 454) [nāmābali, (barji.) nāmābalī] বি. 1 দেবতার নামাঙ্কিত উত্তরীয়বিশেষ; 2 নামের তালিকা। [সং. নাম + আবলি]।

নামী (p. 454) [nāmī] বিণ. নামজাদা, বিখ্যাত (নামী লোক)। [সং. নাম + ইন্]।

নামো (p. 454) [nāmō] দ্র নাবাল।

নামোচ্চারণ (p. 454) [nāmōccāraṇa] বি. নাম উচ্চারণ, নামের উল্লেখ বা উল্লেখমাত্র। [সং. নাম + উচ্চারণ]।

-নাম্নী (p. 454) [-nāmnī] দ্র -নামা2।

নায়ক (p. 454) [nāẏaka] বিণ. বি. 1 নেতা (দেশনায়ক); 2 পরিচালক (ষড়যন্ত্রের নায়ক); 3 সর্দার, প্রধান (দলনায়ক); 4 অগ্রণী। □ বি. 1 কণ্ঠহারের লকেট; 2 গল্প-উপন্যাস বা নাটকের প্রধান যে চরিত্রকে কেন্দ্র করে কাহিনী অগ্রসর হয় (উপন্যাসের নায়ক); 3 প্রণয়ী পুরুষ; 4 (আল.) কাব্য নাটকাদির প্রধান চরিত্র। [সং. √ নী + অক]। নায়িকা বিণ. বি. (স্ত্রী.) 1 নায়ক -এর স্ত্রীলিঙ্গ; 2 নেত্রী; কর্ত্রী; 3 পরিচালিকা; 4 প্রধানা; 5 ভগবতীর অষ্টশক্তি যথা উগ্রচণ্ডা প্রচণ্ডা চামুণ্ডা প্রভৃতি।

নায়েক (p. 454) [nāẏēka] বি. ভারতীয় সৈন্যবিভাগে সিপাইদের নেতাবিশেষ। [আ. লায়েক]।

নায়েব (p. 454) [nāẏēba] বি. 1 জমিদারের উচ্চপদস্থ কর্মচারীবিশেষ; 2 প্রতিনিধি; 3 অধস্তন কর্মচারী (নায়েবমুনশি)। [আ. নায়ব্]। নায়েবি বি. নায়েবের পদ বা বৃত্তি, নায়েবসুলভ আচরণ। □ বিণ. নায়েব বা তার পদ বা বৃত্তিসংক্রান্ত।

নারক (p. 454) [nāraka] বিণ. 1 নরকসম্বন্ধীয় (নারক জীবন); 2 নরকস্থ (নারক কীট)। □ বি. 1 নরক; 2 দুঃখভোগের স্থান। [সং. নরক + অ]। বিণ. স্ত্রী. নারকী।

নারকী1 (p. 454) [nārakī1] (-কিন্) বিণ. 1 নরকভোগী; 2 নরকে গতি হবার উপযুক্ত (নারকী পাপী); 3 পাতকী, পাপী, পাপ করে এমন। [সং. নারক + ইন্]। বিণ. (স্ত্রী.) নারকিনী।

নারকী2 (p. 454) [nārakī2] দ্র নারক।

নারকীয় (p. 454) [nārakīẏa] বিণ. 1 নরকেরই উপযুক্ত; 2 পৈশাচিক (নারকীয় হত্যাকাণ্ড, নারকীয় নিষ্ঠুরতা); 3 জঘন্য (নারকীয় চরিত্র, নারকীয় আচরণ)। [সং. নরক + ঈয়]। বি.˜ তা।

নারঙ্গ, নারঙ্গি (p. 454) [nāraṅga, nāraṅgi] বি. কমলালেবু বা তার গাছ। [সং. নারঙ্গ]।

নারদ (p. 454) [nārada] বি. (কলহসংগঠক বলে খ্যাত) দেবর্ষিবিশেষ। [সং. নার + √ দা + অ]।

নারসিংহী (p. 454) [nārasiṃhī] বি. 1 দুর্গার মূর্তিবিশেষ; 2 অর্ধনর ও অর্ধসিংহরূপী, নৃসিংহদেবের জ্যোতি থেকে উদ্গাতা শক্তিকলা। [সং. নরসিংহ + অ + ঈ (স্ত্রী.)]।

নারা (p. 454) [nārā] ক্রি. (কাব্যে বা গ্রাম্য) না পারা, অক্ষম হওয়া (যেতে নারি, 'গুরু রুষ্ট হৈলে কৃষ্ণ রাখিবারে নারে)। [বাং. না + পারা]।

নারাঙ্গা (p. 454) [nārāṅgā] বি. 1 কমলালেবু; 2 (কমলালেবুর মতো পীতলোহিত বর্ণের বলে) বিসর্প রোগ। [ফা. নারন্জ্ তু. সং. নারঙ্গ]।

নারাচ (p. 454) [nārāca] বি. 1 লোহার তৈরি বাণ বা তিরবিশেষ; 2 সংস্কৃত ছন্দোবিশেষ। [সং. নার + আ + √ চম্ + অ]।

নারাজ (p. 454) [nārāja] বিণ. 1 অরাজি, অসম্মত, রাজি নয় এমন (এ কাজ করতে নারাজ); 2 অসন্তুষ্ট (নারাজ লোক)। [আ. নারাজ্]।

নারায়ণ (p. 454) [nārāẏaṇa] বি. বিষ্ণু। [সং. নার + অয়ন]। ˜ ক্ষেত্র বি. গঙ্গাপ্রবাহ থেকে চার হাত বিস্তৃত তীরভূমি বা উক্ত তীরভূমি কল্পনা করে রচিত ভূমি, যেখানে মুমূর্ষু হিন্দুদের স্থাপন করা হয়। ˜ তৈল, (কথ্য) ˜ তেল বি. কবিরাজি তেলবিশেষ। নারায়ণী বি. (স্ত্রী.) 1 (নারায়ণের অংশ সম্ভূতা বলে) মহাশক্তি দুর্গা;

2 নারায়ণপত্নী লক্ষ্মীদেবী। □ বিণ. নারায়ণসম্বন্ধীয়া। নারায়ণী সেনা বি. শ্রীকৃষ্ণের সংশপ্তক সৈন্যবাহিনী।

নারিকেল, (কথ্য) নারকেল, নারকোল (p. 454) [nārikēla, (kathya) nārakēla, nārakōla] বি. সুস্বাদু জলে ও শাঁসে পূর্ণ এবং কঠিন আবরণযুক্ত ফলবিশেষ বা তার গাছ। [সং. নারিকের, নারিকেল]। নারিকেল তৈল, নারকেল তেল বি. নারকেলের শাঁস থেকে প্রস্তুত তেলবিশেষ।˜ ভস্ম বি. নারকেল থেকে প্রস্তুত কবিরাজি ওষুধবিশেষ। নারিকেলি, (কথ্য) নারকেলি, নারকোলি, নারকুলে বিণ. নারকেলের আকৃতিবিশিষ্ট (নারকেলি বেল, নারকোলি কুল)।

নারী (p. 454) [nārī] বি. 1 রমণী, স্ত্রীলোক (নরনারী); 2 পত্নী (পরনারী)। [সং. নর + ঈ]। বি.˜ ত্ব।˜ ধর্ম বি. সতীত্ব, মমতা, বাৎসল্য প্রভৃতি নারীসুলভ গুণ।˜ সমাজ বি. নারীগণ, নারীকুল, নারীরা।

নার্ভ (p. 454) [nārbha] বি. দেহস্থ তন্তুবিশেষ যার সাহায্যে সংবেদন ও পেশিক্রিয়া নির্বাহিত হয়। [ইং. nerve]।

নার্স (p. 454) [nārsa] বি. হাসপাতাল প্রভৃতি চিকিৎসালয়ের সেবিকা। [ইং. nurse]। নার্সিং হোম বি. রোগীর সেবা ও নিরাময়ের জন্য বেসরকারি চিকিৎসালয়বিশেষ।

নাল1 (p. 454) [nāla1] বি. 1 শিরা; 2 নল; 3 পদ্মের ফাঁপা ডাঁটা; 4 পদ্ম বা শালুক। [সং. √ নল্ + অ]।

নাল2 (p. 454) [nāla2] বি. ঘোড়া প্রভৃতি ভারবাহী পশুর খুরে লাগাবার লৌহফলকবিশেষ। [আ. নাল্]।

নাল3 (p. 454) [nāla3] বি. লালা, থুতু। [সং. লালা]।

নালা (p. 454) [nālā] বি. জলনিকাশের খাত, বড় নর্দমা, ড্রেন। [সং. নালক]।

নালায়েক (p. 454) [nālāẏēka] বিণ. 1 নাবালক (নালায়েক ছেলে); 2 অক্ষম, অনুপযুক্ত। [ফা. না + লায়েক]।

নালি, (বর্জি) নালী (p. 454) [nāli, (barji) nālī] বি. 1 সরু নালা; 2 ছোট চোঙ; 3 শিরা (রক্তবাহী নালি); 4 পচা বা শোষযুক্ত ঘা (নালি ঘা)। [সং. নল + ণিচ্ + ই]। নালি ঘা বি. শোষযুক্ত ঘা, পচা ঘা, দুষ্টক্ষত, sinus.

নালিক (p. 454) [nālika] বি. 1 (কামান বা বন্দুকের মতো) নলযুক্ত প্রাচীন অস্ত্রবিশেষ; 2 পদ্মের ডাঁটা বা নাল। [সং. নাল + ইক]। নালিকা বি. পদ্মের ডাঁটা বা নাল।

নালিতা, (কথ্য) নালতে (p. 454) [nālitā, (kathya) nālatē] বি. পাটশাক। [দেশি আঞ্চ.]।

নালিশ (p. 454) [nāliśa] বি. 1 অভিযোগ, ফরিয়াদ (তার বিরুদ্ধে নালিশ আছে); 2 প্রতিকার প্রার্থনা, আবেদন (ভগবানের কাছে নালিশ জানানো)। [ফা. নালিশ্]।

নাশ (p. 454) [nāśa] বি. 1 ধ্বংস; 2 লোপ, ক্ষয়; 3 মৃত্যু। [সং. √ নশ্ + অ]। ̃ ক বিণ. বিনাশকারী (তিমিরনাশক)। ̃ কতা বি. 1 নাশ, ধ্বংস; 2 সন্ত্রাস; 3 ষড়্‌যন্ত্রমূলক কার্যকলাপ, অন্তর্ঘাত। ̃ কতা-মূলক বিণ. অন্তর্ঘাতী, ষড়্‌যন্ত্রমূলক। ̃ ন বি. নাশ করা। □ বিণ. নাশকারী। নাশা ক্রি. (কাব্যে) নাশ করা (নাশো দুঃখ, নাশো ক্লেশ)। □ বিণ. (সমাসে উত্তরপদরূপে) নাশকারী, নাশক (সর্বনাশা)। নাশিত বিণ. বিনষ্ট, নাশপ্রাপ্ত, ধ্বংস হয়ে গেছে এমন। নাশী (-শিন্) বিণ. 1 বিনাশশীল (অবিনাশী); 2 বিনাশকারী (সর্বনাশী, দুঃখনাশী)। নাশিনী বিণ. (স্ত্রী.) নাশ করে এমন (দুর্গতিনাশিনী)।

নাশকতা, নাশকতামূলক (p. 454) [nāśakatā, nāśakatāmūlaka] দ্র, নাশ।

নাশন (p. 454) [nāśana] দ্র নাশ।

নাশ-পাতি (p. 454) [nāśa-pāti] বি. আপেলজাতীয় ফলবিশেষ, pear. [ফা. নাশপাতী]।

নাশ-বন্দি (p. 454) [nāśa-bandi] বি. পুরুষের নির্বীজীকরণের অস্ত্রোপচার। [হি.]।

নাশা, নাশিত, নাশিনী, নাশী (p. 454) [nāśā, nāśita, nāśinī, nāśī] দ্র নাশ।

নাস1 (p. 454) [nāsa1] বি. 1 নস্য; 2 নস্যের মতো টেনে নেবার জিনিস (জলের নাস)। [সং. নস্য]।˜ দান,˜ দানি বি. নস্য রাখার ছোট পাত্র, নস্যির ডিবে।

নাস2 (p. 454) [nāsa2] বি. নাক (ছিন্ননাস)। [সং. নাসা]।

নাসা (p. 454) [nāsā] বি. 1 নাসিকা, নাস ('নাসায় অগ্নি স্ফুরিছে যাহার': প্রেমেন্দ্র); 2 নাকের ভিতরের ব্রণ। [সং. √ নাস্ + অ + আ (স্ত্রী)]।˜ রন্ধ্র বি. নাকের ভিতরের শ্বাসপ্রশ্বাসের ছিদ্রদ্বয়, নাকের ফুটো।

-নাসিক (p. 454) [-nāsika] বহুব্রীহি সমাসে উত্তরপদরূপে 'নাসিকা' শব্দের রূপ (উন্নাসিক)। [সং. নাসিকা (সমাসান্ত)]।

নাসিকা (p. 454) [nāsikā] বি. নাসা, নাক। [সং. নাসা + ক (স্বার্থে) + আ (স্ত্রী)]।

নাসিক্য (p. 454) [nāsikya] বিণ. অনুনাসিক, নাকের সাহায্যে উচ্চারিত; নাসাজাত (নাসিক্য ধ্বনি)। [সং. নাসিকা + য]।

নাস্তা, নাশতা (p. 454) [nāstā, nāśatā] বি. 1 প্রাতরাশ, সকালের জলখাবার; 2 জলখাবার। [ফা. নাশতা]।

নাস্তা-নাবুদ (p. 458) [nāstā-nābuda] বিণ. পর্যুদস্ত, নাজেহাল, লাঞ্ছিত (মামলায় নাস্তানাবুদ)। [ফা. নীস্ত্ + নবুদ্]।

নাস্তি (p. 458) [nāsti] ক্রি. নেই (ঘরে চাল নাস্তি)। □ বি. সত্তাহীনতা, অবিদ্যমানতা ('সম্মুখে নিখিল নাস্তি': সু. দ; অস্তিনাস্তি জানি না)। [সং. ন + অস্তি]।˜ মান,˜ মান্ (-মত্) বি. বিত্তহীন বা রিক্ত ব্যক্তি, have-nots. □ বিণ. বিত্তহীন।

নাস্তিক (p. 458) [nāstika] বি. বিণ. 1 ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী, ঈশ্বরের অস্তিত্বে যে বিশ্বাস করে না, নিরীশ্বরবাদী; 2 বেদ বা শাস্ত্রে অবিশ্বাসী। [সং. নাস্তি + ক]।˜ তা, নাস্তিক্য বি. নাস্তিকের মতবাদ বা আচরণ।

নাহক (p. 458) [nāhaka] ক্রি-বিণ. অব্য. 1 অনর্থক, মিছিমিছি (নাহক তোমাকে কতগুলো কড়া কথা শুনতে হল); 2 অন্যায়পূর্বক, অন্যায় করে (তুমি নাহক এতগুলো টাকা নষ্ট করলে)। □ বিণ. অন্যায়, অনুচিত (নাহক কাজ, নাহক আচরণ, নাহক কথা)। [ফা. না + আ. হক্]।

নাহয়, না হয় (p. 458) [nāhaẏa, nā haẏa] অব্য. 1 বরং (নাহয় তুমিই সেখানে গেলে, নাহয় আমার বদলে তুমিই খেলে); 2 অথবা, কিংবা (তুমি নাহয় সে, একজন নিশ্চয় দায়ী); 3 নতুবা, অন্যথা (হয় কর, না হয় মর); 4 তর্কে স্বীকারপূর্বক (নাহয় আমিই হেরেছি); 5 বড়জোর (নাহয় দশটা টাকা লাগবে)। [বাং. না + হয়]।

নাহা (p. 458) [nāhā] দ্র নাওয়া।

-নি1 (p. 458) [-ni1] ক্রি. 1 নাই-এর কথ্য রূপ (চাইনি, হয়নি, যায়নি); 2 না-এর কথ্য রূপ (আর বলিসনি, ওখানে যাসনি)।

নি2 (p. 458) [ni2] বি. (সংগীতে) স্বরগ্রামের নিষাদ বা নিষাদের সংকেত।

নি3 (p. 458) [ni3] অব্য. বিবিধ ভাবপ্রকাশের উপসর্গ-যথা 1 সামীপ্য, নৈকট্য (নিকট); 2 আশ্রয় (নিলয়); 3 অভাব (নিখরচা, নিটোল, নিখুঁত); 4 বিরতি (নিবৃত্তি); 5 আতিশয্য (নিদারুণ); 6 সমূহ (নিকর)। [সং.]।

নিউক্লিয়ার (p. 458) [niukliẏāra] বিণ. পারমাণবিক (নিউক্লিয়ার যুগ, নিউক্লিয়ার বোমা)। [ইং. nuclear]।

নিউজ-প্রিন্ট (p. 458) [niuja-priṇṭa] বি. যে কাগজে সংবাদপত্র ছাপা হয়। [ইং. newsprint]।

নিউট্রন বোমা (p. 458) [niuṭrana bōmā] বি. নিউট্রন অর্থাত্ বিদ্যুতে অক্রিয় কণা থেকে উৎপাদিত অমিত শক্তিশালী পারমাণবিক বোমাবিশেষ। [ইং. neutron + বাং. বোমা]।

নিউ-মোনিয়া (p. 458) [niu-mōniẏā] বি. ফুসফুসের প্রদাহ বা উক্ত প্রদাহজনিত জ্বর। [ইং. pneumonia]।

নিংড়া (p. 458) [niṇḍ়ā] ক্রি. নিংড়ানো। [দেশি]।˜ নো ক্রি. 1 পাক দিয়ে বা পেষণ করে জল বা রস বার করা (কাপড় নিংড়ানো); 2 (আল.) শোষণ করা (দুর্বল পেয়ে তাকে নিংড়ে নিচ্ছে)। □ বি. বিণ. উক্ত অর্থে।

নিঃ (p. 458) [niḥ] (নির্) অব্য. অভাব (নির্জন, নিশ্চয়তা (নির্ণয়), সম্পূর্ণতা (নিঃশেষ), বহির্গমন (নিশ্বাস) প্রভৃতি ভাবপ্রকাশক উপসর্গবিশেষ। [সং.]।˜ ক্ষেত্র,˜ ক্ষত্রিয় বিণ. ক্ষত্রিয়হীন (পরশুরাম পৃথিবীকে নিঃক্ষত্রিয় করার প্রতিজ্ঞা করেছিলেন)।˜ শক্তি বিণ. শক্তিহীন।˜ শঙ্ক বিণ. ভয়হীন, নির্ভীক।˜ শত্রু বিণ. শত্রুহীন।˜ শব্দ বিণ. শব্দহীন, নীরব।˜ শরণ বিণ. আশ্রয়হীন, অসহায়।˜ শর্ত বিণ. শর্তহীন, কড়ারহীন (নিঃশর্ত ক্ষমাপ্রার্থনা), unconditional,˜ শেষ বিণ. শেষরহিত, সম্পূর্ণ ('পেয়েছ নিঃশেষ অধিকার': রবীন্দ্র)।˜ শোষিত বিণ. সম্পূর্ণ ফুরিয়েছে এমন (তহবিল নিঃশেষিত, অর্থ নিঃশেষিত)।˜ শোক বিণ. শোকহীন, শোক নেই যার।˜ শ্বসন বি. নিশ্বাস-প্রশ্বাস; শ্বাস ত্যাগ ও গ্রহণ।˜ শ্বাস বি. 1 শ্বাসবায়ু, নাক বা ফুসফুস থেকে নির্গত বায়ু; 2 নিশ্বাস-প্রশ্বাস; 3 দম, শ্বাসগ্রহণ কাল (এক নিশ্বাস)।˜ শ্মশ্রু বিণ. দাড়ি নেই এমন, শ্মশ্রুহীন।˜ শ্রেয়ন বি. 1 মোক্ষ বা মুক্তি; 2 মঙ্গল, কল্যাণ; 3 পরমজ্ঞান, ব্রহ্মজ্ঞান।˜ সংকোচ বিণ. কুণ্ঠাহীন। □ বি. কুণ্ঠাহীনতা।˜ সংজ্ঞ বিণ. সংজ্ঞাহীন, অচেতন।˜ সংশয়,˜ সন্দেহ বিণ. সন্দেহহীন, নিশ্চিত। বি.˜ সংশয়তা।˜ সঙ্গ বিণ. 1 সঙ্গহীন, সঙ্গীহীন (নিঃসঙ্গ জীবন); 2 একাকী; 3 সম্পর্কহীন; 4 নিরাসক্ত। বি.˜ সঙ্গতা।˜ সত্ত্ব বিণ. 1 অসার; 2 দুর্বল; 3 ধৈর্যহীন; 4 প্রাণহীন, 5 প্রাণিহীন।˜ সন্তান বিণ. সন্তানহীন।˜ সন্দিগ্ধ বিণ. অসংশয়িত, সন্দেহহীন, নিশ্চিত।˜ সন্দেহ-নিঃসংশয় দ্র।˜ সম্পর্ক বিণ. সম্পর্কহীন, সম্বন্ধহীন।˜ সম্বল বিণ. সম্বলহীন, বিত্তহীন, অসহায়।˜ সরণ বি. নির্গমন, বার হওয়া, ক্ষরণ।˜ সহায় বিণ. অসহায়, অনাথ।˜ সাড় বিণ. 1 সাড়াহীন; 2 অসাড়, অবশ।˜ সারক বিণ. নিঃসারণকারী, বাইরে বার করে দিচ্ছে এমন।˜

সারণ বি. বহিষ্করণ, নির্গতকরণ, বার করে দেওয়া; নির্বাসন। ~ সারিত বিণ. বার করা হয়েছে এমন। ~ সীম বিণ. সীমাহীন, অসীম (নিঃসীম আকাশ, নিঃসীম লোভ)। ~ সৃত বিণ. নির্গত, বহির্গত (নিঃসৃত রস)। ~ স্পৃহ বিণ. বাসনাহীন, নিরাসক্ত। বি. ~ স্পৃহতা। ~ স্ব বিণ. যার নিজের কিছু নেই এমন; সম্বলহীন; অতি দরিদ্র। ~ স্বত্ব বিণ. স্বত্বহীন, অধিকারহীন, দাবিহীন। ~ স্বর বিণ. স্বরহীন; স্বর ফোটে না এমন, নীরব। ~ স্বার্থ বিণ. স্বার্থবোধহীন, স্বার্থহীন। ~ স্যন্দিত বিণ. পরিস্রুত; নিঃসৃত, ক্ষরিত। ~ স্রব, ~ স্রাব বি. ক্ষরণ, তরল বস্তুর নির্গমণ। ~ স্রোত বিণ. স্রোতহীন। ~ স্রোতা বিণ. স্রোতহীন (নিঃস্রোতা নদী)।

নিকট (p. 458) [nikaṭa] বিণ. 1 সমীপে বা কাছে উপস্থিত, নিকটবর্তী (নিকট মৃত্যু, নিকট বিপদ); 2 ঘনিষ্ঠ (নিকট আত্মীয়, নিকট সম্পর্ক)। □ বি. 1 সামীপ্য, নৈকট্য, কাছ (রামের নিকট আছে); 2 সমীপবর্তী স্থান (বাড়ির নিকটে)। [সং. নি + √ কট্ + অ]। ~ বর্তী (-র্তিন্), ~ স্থ বিণ. 1 নিকটে আছে এমন, সন্নিহিত, সমীপর্তী (নিকটবর্তী গৃহ); 2 আসন্ন। বি. ~ বর্তিতা। স্ত্রী. ~ বর্তিনী, ~ স্থা। নিকটাত্মীয় বি. ঘনিষ্ঠ আত্মীয়, খুব কাছের জ্ঞাতি।

নিকড়িয়া, (কথ্য) নিকড়ে (p. 458) [nikaḍ়iẏā, (kathya) nikaḍ়ē] বিণ. কড়িহীন; দরিদ্র, নিঃস্ব ('নিকড়িয়া ছুটির অজস্রতা': রবীন্দ্র)। [বাং. নি (=নয়) + কড়িয়া, কড়ে]।

নিকর (p. 459) [nikara] বি. 1 রাশি, সমূহ (নক্ষত্রনিকর); 2 সারবস্তু; 3 ধন, রত্ন, নিধি; 4 মোট, সমষ্টি (নিকর বাকি)। [সং. নি + √ কৃ + অ]। ~ বাকি বি. বাকি পড়ে যাওয়া মোট খাজনা, মোট বকেয়া খাজনা।

নিকরুণ (p. 459) [nikaruṇa] বিণ. নির্দয়, নিষ্ঠুর ('নিকরুণ মাধব')। [বাং. নি (অভাবার্থে) + সং. করুণা]।

নিকষ (p. 459) [nikaṣa] বি. 1 কষ্টিপাথর; 2 শান; 3 কষণ চিহ্ন। [সং. নি + √ কষ্ + অ]।˜ কালো বি. কষ্টিপাথরের মতো কালো। নিকষিত বিণ. 1 কষ্টিপাথরে ঘষা হয়েছে এমন; 2 মার্জিত, পালিশ করা; বিশুদ্ধ বলে পরীক্ষিত ('নিকষিত হেম': চণ্ডী)।

নিকা1, (p. 459) [nikā1,] (কথ্য) নিকে বি. 1 মুসলমানদের বিবাহ (নিকানামা); 2 বিধবাবিবাহ; 3 অন্যের তালাক-দেওয়া স্ত্রীকে বিবাহ (নিকার ব উ)। [আ. নিকাহ্]।˜ নামা বি. বিবাহের চুক্তিপত্র।

নিকা2 (p. 459) [nikā2] ক্রি. নিকানো। [দেশি]।˜ নো ক্রি. গোবর-গোলা বা মাটি-গোলা জলে ভিজানো ন্যাকড়া দিয়ে মেঝে দেওয়াল প্রভৃতি মাজা বা লেপন করা (গোবর নিকানো, দাওয়া নিকানো)। □ বি. বিণ. উক্ত অর্থে।

নিকায় (p. 459) [nikāẏa] বি. 1 সমূহ; 2 সমান ধর্মবিশিষ্ট ব্যক্তিবর্গ; 3 পালি ভাষায় বৌদ্ধ ধর্মের বিশেষ বিশেষ সংগ্রহ গ্রন্হ (দীঘনিকায়, অঙ্গুত্তরনিকায়); 4 লক্ষ্য; 5 গৃহ, আবাস (দেবনিকায়); 6 পরব্রহ্ম। [সং. নি + √ চি + অ]।

নিকার (p. 459) [nikāra] বি. 1 অপমান, অবমাননা, লাঞ্ছনা; 2 তিরস্কার; 3 পরাজয়; 4 ধান ঝাড়াই। [সং. নি + √ কৃ + অ]।

নিকারি (p. 459) [nikāri] বি. মুসলমান মৎসব্যবসায়ী সম্প্রদায়বিশেষ। [দেশি]।

নিকাল (p. 459) [nikāla] বি. বিতাড়ন, দূর করা, দূর হওয়া। □ বিণ. বিতাড়িত; দূরীভূত (নিকাল যাওয়া)। [হি.]। নিকালো অনু-ক্রি বেরিয়ে যাও, দূর হও (এখান থেকে নিকালো)।

নিকাশ (p. 459) [nikāśa] বি. 1 নিষ্কাশন (জলনিকাশ); 2 নির্গমন (জল নিকাশের পথ); 3 শেষ, সমাপন (হিসাবনিকাশ); 4 বিনাশ, ধ্বংস (শত্রু নিকাশ করা); 5 অবসান (দফা নিকাশ)। [সং. নিষ্কাশ]। নিকাশি বিণ. 1 চূড়ান্ত হিসাবসংক্রান্ত (নিকাশি কাগজপত্র); 2 বহির্গমনের উপযোগী বা বহির্গমনসংক্রান্ত (জলনিকাশি ব্যবস্থা)।

নিকি, (বর্জি.) নিকী (p. 459) [niki, (barji.) nikī] বি. 1 ছোট উকুন; 2 উকুনের ডিম। [সং. লিক্ষা]।

নিকুচি (p. 459) [nikuci] বি. (সচ. কথ্য) দফারফা, নিকাশ, শেষ (খেলার নিকুচি করে ছাড়ব)। [তু. সং. নিকুঞ্চিত (অল্পসূচক)]।

নিকুঞ্জ (p. 459) [nikuñja] বি. উদ্যানে বা বনে লতাপাতায় ঢাকা বা ছাওয়া গৃহ বা গৃহাকার স্থান, লতাগৃহ ('দেখা দাও দেহ মন ভরে মম নিকুঞ্জবনে': রবীন্দ্র)। [সং. নি + √ গুঞ্জ্(গ=ক) + অ]। ˜ কানন, ˜ বন বি. লতায় ছাওয়া গৃহযুক্ত বন, নিকুঞ্জযুক্ত বন।

নিকুম্ভিলা (p. 459) [nikumbhilā] বি. (রামায়ণে) 1 লঙ্কার পশ্চিম দিকের গুহাবিশেষ; 2 লঙ্কার রাক্ষসদের কুলদেবতাবিশেষ; 3 রাবণপুত্র ইন্দ্রজিতের অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। [< সং. নিকুম্ভ (মনিয়ের-উইলিয়ামস)]।

নিকৃত (p. 459) [nikṛta] বিণ. 1 পরাভূত; 2 অপমানিত; 3 তিরস্কৃত; 4 নিপীড়িত। □ বি. 1 পরাভব; 2 অপমান, লাঞ্ছনা, অবমাননা; 3 তিরস্কার; 4 নিপীড়ন। [সং. নি + √ কৃ + ত]।

নিকৃন্তন (p. 459) [nikṛntana] বি. ছেদন; কর্তন, কাটা। [সং. নি + √ কৃত্ (কৃন্ত্) + অন]।

নিকৃষ্ট (p. 459) [nikṛṣṭa] বিণ. 1 অপকৃষ্ট, খারাপ; 2 জঘন্য। [সং. নি + √ কৃষ্ + ত]। বি.˜ তা।

নিকেতন, নিকেত (p. 459) [nikētana, nikēta] বি. আলয়, আবাস, গৃহ ('মন চল নিজ নিকেতনে')। [সং. নি + √ কিত্ + অন, অ]।

নিকেল (p. 459) [nikēla] বি. রুপালিসাদা রঙের ধাতুবিশেষ বা তার প্রলেপ। [ইং. nickel]।

নিক্তি (p. 459) [nikti] বি. সূক্ষ্ম পরিমাপের জন্য ক্ষুদ্র তুলাদণ্ডবিশেষ; সোনারুপো ইত্যাদি নিখুঁত ওজন করার তুলাদণ্ডবিশেষ। [দেশি]।

নিক্বণ (p. 459) [nikbaṇa] বি. বীণা, নূপুর প্রভৃতির তীক্ষ্ণ ও মধুর ধ্বনি বা ঝংকার (নূপুরনিক্বণ)। [সং. নি + ক্বণ্ + অ]।

নিক্ষত্র (p. 459) [nikṣatra] বিণ. ক্ষত্রিয়হীন। [সং. নিঃক্ষত্র]। নিক্ষত্রা ক্রি. (সচ. কাব্যে) ক্ষত্রিয়হীন করা।

নিক্ষিপ্ত (p. 459) [nikṣipta] বিণ. 1 নিক্ষেপ করা বা ছুড়ে ফেলা হয়েছে এমন (দূর থেকে নিক্ষিপ্ত বাণ); 2 বর্জিত, পরিত্যক্ত; 3 বন্ধকরূপে রাখা হয়েছে এমন; 4 গচ্ছিত। [সং. নি + √ ক্ষিপ্ + ত]।

নিক্ষেপ (p. 459) [nikṣēpa] বি. 1 ক্ষেপণ, ছুড়ে দেওয়া বা ফেলা (শরনিক্ষেপ); 2 সম্মুখে স্থাপন (পদনিক্ষেপ); 3 ত্যাগ; 4 অর্পণ। [সং. নি + √ ক্ষিপ্ + অ]।˜ ক বিণ. নিক্ষেপকারী।˜ ণ বি. নিক্ষেপ। নিক্ষেপা ক্রি. (কাব্যে) নিক্ষেপ করা।

নিক্ষেপিত (p. 459) [nikṣēpita] বিণ. নিক্ষেপ করা হয়েছে এমন, নিক্ষিপ্ত। [সং. নিক্ষিপ্ত]।

নিখরচা (p. 459) [nikharacā] বি. বিনামূল্য, মাগনা। □ বিণ. যাতে মূল্য লাগে না, খরচহীন (নিখরচা বেড়ানো)।˜ য় ক্রি-বিণ. বিনা ব্যয়ে, মাগনা (বেশ নিখরচায় বেড়িয়ে এলে)। [বাং. নি + খরচা]। নিখরচে বিণ. ব্যয়কুণ্ঠ, কৃপণ।

নিখর্ব (p. 459) [nikharba] বি. দশ হাজার কোটি, 1, । [সং. নি + খর্ব]।

নিখাকি, নিখাগি (p. 459) [nikhāki, nikhāgi] বিণ. (সচ. গালিতে) (স্ত্রী) কিছুই খায় না এমন (নিখাকি মেয়ে)। □ বি. কিছুই খায় না এমন স্ত্রীলোক। [বাং. নি + খাকি]।

নিখাত (p. 459) [nikhāta] বিণ. 1 খনন করা হয়েছে এমন; 2 প্রোথিত; 3 স্থাপিত। [সং. নি + √ খন্ + ত]।

নিখাদ1 (p. 459) [nikhāda1] বি. (সংগীতে) স্বরগ্রামের সপ্তম সুর, নিষাদ, 'নি' সুর। [সং. নিষাদ]।

নিখাদ2 (p. 459) [nikhāda2] বিণ. খাদহীন, ভেজালহীন, বিশুদ্ধ (নিখাদ সোনা)। [বাং. নি + খাদ]।

নিখিল (p. 460) [nikhila] বিণ. সমগ্র, সমুদয়, সমস্ত ('নিখিল ভুবন উঠবে জেগে': রবীন্দ্র)। □ বি. সমগ্র সৃষ্টি; সমগ্র ভুবন (নিখিলনাথ)। [সং. নি + খিল]।

নিখুঁত (p. 460) [nikhun̐ta] বিণ. 1 খুঁত নেই এমন, ত্রুটিহীন, দোষহীন (নিখুঁত ছবি, নিখুঁত কাজ); 2 পূর্ণাঙ্গ; 3 নিটোল। [বাং. নি + খুঁত]।

নিখোঁজ (p. 460) [nikhōn̐ja] বিণ. খোঁজ পাওয়া যায় না এমন, নিরুদ্দেশ (লোকটা কী করে নিখোঁজ হয়ে গেল?)। [বাং. নি + খোঁজ]।

নিগড় (p. 460) [nigaḍ়] বি. বেড়ি, শৃঙ্খল ('নিগড়ে বাঁধা বৃদ্ধা মাতা বসুন্ধরা': বিষ্ণু)। [সং. নি + √ গড় + অ]। নিগড়িত বিণ. শৃঙ্খলিত, শিকলে বাঁধা, বদ্ধ।

নিগদ (p. 460) [nigada] বি. উক্তি, কথন; ভাষণ। [সং. নি + √ গদ্ + অ]। নিগদিত বিণ. উক্ত, কথিত; উল্লিখিত।

নিগম (p. 460) [nigama] বি. 1 তন্ত্রশাস্ত্রবিশেষ; 2 বেদ; 3 নির্গমন; 4 পথ; 5 নগর; 6 পৌর সংঘ, corporation; 7 বণিক সংঘ, সংঘ, guild (জীবনবিমা নিগম)। [সং. নি + √ গম্ + অ]। ̃ বদ্ধ, নিগমিত বিণ. সংঘবদ্ধ।

নিগমন (p. 460) [nigamana] বি. নির্গমন, বাইরের যাওয়া, বেরিয়ে যাওয়া (নিগমন পথ)। তু. বিপ. আগমন। [সং. নি + √ গম্ + অন]।

নিগরণ (p. 460) [nigaraṇa] বি. গেলা, গলাধঃকরণ; খাওয়া, ভক্ষণ। [সং. নি + √ গৃ + অন]।

নিগাবান, নিগামান (p. 460) [nigābāna, nigāmāna] বি. 1 পাহারাদার; 2 তত্ত্বাবধায়ক। [ফা. নিগহ্বান]। নিগাবানি, নিগামানি বি. 1 পাহারাদারি; 2 তত্ত্বাবধান।

নিগার (p. 460) [nigāra] বি. (সচ. অবজ্ঞায়) নিগ্রোজাতির মানুষ, কাফ্রি। [ইং. nigger]।

নিগীর্ণ (p. 460) [nigīrṇa] বিণ. 1 গিলে ফেলা হয়েছে এমন, গলাধঃকৃত; 2 ভক্ষিত। [সং. নি + √ গৃ + ত]।

নিগূঢ় (p. 460) [nigūḍh়.] বিণ. 1 একান্ত গুপ্ত; 2 দুর্জ্ঞেয় (নিগূঢ় রহস্য); 3 জটিল; 4 রহস্যময়; 5 অতি গভীর (নিগূঢ় সৌন্দর্য, নিগূঢ়, ঐক্য)। [সং. নি + √ গুহ্ + ত]।

নিগৃহীত (p. 460) [nigṛhīta] বিণ. 1 দণ্ড বা শাস্তি ভোগ করেছে এমন; 2 লাঞ্ছিত, অপমানিত। [সং. নি + √ গ্রহ্ + ত]।

নিগ্রহ (p. 460) [nigraha] বি. 1 দমন, শাসন (শত্রুনিগ্রহ); 2 অত্যাচার, পীড়ন (অসুরদের হাতে দেবতাদের নিগ্রহ); 3 কষ্ট, খোয়ার; 4 নিরোধ, সংযম (ইন্দ্রিয় নিগ্রহ)। [সং. নি + √ গ্রহ্ + অ]। নিগ্রাহক বি. বিণ. নিগ্রহকারী।

নিগ্রো (p. 460) [nigrō] বি. (মূলত আফ্রিকার) কৃষ্ণকায় মানুষ। [ইং. negro]।

নিঘণ্টু (p. 460) [nighaṇṭu] বি. 1 নির্ঘণ্ট, সূচি; 2 অভিধান; 3 যাস্কপ্রণীত বৈদিক অভিধান। [সং. নি + √ ঘট্ (ঘটি) + উ]।

নিঙড়া, নিঙড়ানো (p. 460) [niṅaḍ়ā, niṅaḍ়ānō] যথাক্রমে নিংড়া ও নিংড়ানো -র বর্জি. বানান।

নিচ (p. 460) [nica] বিণ. নিম্ন, নিচু (নিচ জমি)। □ বি. নিম্ন স্থান, নিচু জায়গা ('আছে নিচে চতুর্দিকে কাছে': রবীন্দ্র)। [সং. নীচ]।

নিচয় (p. 460) [nicaẏa] বি. 1 সমূহ (গ্রন্থনিচয়, নক্ষত্রনিচয়); 2 বৃদ্ধি, উপচয়। [সং. নি + √ চি + অ]।

নিচু2, নীচু (p. 460) [nicu2, nīcu] বিণ. অবনত, অনুন্নত; নিম্ন ('আকাশ যেন নামতে থাকে নিচুর চেয়ে নিচু': শ. ঘো)। □ বি. নিম্নস্থান। [সং. নীচ > নিচ + বাং. উ]।

নিচুল (p. 460) [nicula] বি. 1 বেত গাছ; 2 উত্তরীয় বস্ত্র, নিচোল; 3 প্রাচীন ভারতের সংস্কৃত কবিবিশেষ। [সং. নি + √ চুল্ + অ]।

নিচোল (p. 460) [nicōla] বি. 1 আচ্ছাদন বস্ত্র, চাদর; 2 উত্তরীয় বস্ত্র; 3 ঘাগরা ('ঝরো ঝরো ধারে ভিজিবে নিচোল': রবীন্দ্র)। [সং. নি + √ চুল্ + অ]।

নিচ্ছিদ্র (p. 460) [nicchidra] বিণ. 1 ছিদ্রহীন; 2 নিখুঁত। [বাং. নি + সং. ছিদ্র, তু. সং. নিশ্ছিদ্র]।

নিছক (p. 460) [nichaka] বিণ. 1 অমিশ্র, অবিমিশ্র, খাঁটি, নির্ভেজাল (নিছক কৌতুক, নিছক রসিকতা); 2 কেবল, নিতান্ত (নিছক খেলা, নিছক সময় নষ্ট)। [বাং. তু. হি. নিছক্কা (একাকী; নির্জন স্থান)]।

নিছনি, (আঞ্চ) নিছুনি (p. 460) [nichani, (āñca) nichuni] বি. 1 বিবাহে স্ত্রী-আচারের অঙ্গবিশেষ (নিছনি ডালা); 2 বালাই, অমঙ্গল; 3 লাবণ্য, কমনীয়তা; 4 প্রসাধন, অঙ্গসজ্জা; 5 উপহার, অর্ঘ্য ('দিতে চাই যৌবন নিছনি': অনন্ত আচার্য);

6 তুলনা। [< সং. নির্মঞ্ছন > প্রাকৃ. নেঞ্ছোছন]। নিছানো ক্রি. 1 পূজা বা উৎসর্গ করা; 2 ভক্তিভরে মুছে দেওয়া ('নীরব নিশি তব চরণ নিছায়ে': রবীন্দ্র)।

নিজ (p. 460) [nija] বিণ. স্বীয়, স্বকীয়, আপন (নিজ মত, নিজ কার্য)। □ সর্ব. আপনি, স্বয়ং (নিজের মন, নিজে দেখেছি)। [সং. নি + √ জন্ + অ]।˜ কীয়তা বি. স্বকীয়তা, ব্যক্তিস্বাতন্ত্র্য।˜ ত্ব বি. ব্যক্তিগত স্বাতন্ত্র্য (নিজত্বের বোধ, নিজত্বের বিকাশ)।˜ মূর্তি বি. আসল স্বরূপ (এতক্ষণে সে নিজ মূর্তি ধরেছে)।˜ স্ব বিণ. যাতে কেবল নিজের অধিকার আছে এমন, স্বকীয় (নিজস্ব সম্পত্তি)। □ বি. স্বকীয় ধন বা সম্পত্তি। নিজে ক্রি-বিণ. স্বয়ং, আপনি (সে নিজে করেছে)। নিজে নিজে ক্রি-বিণ. 1 আপনি, কারও সাহায্য ছাড়াই (নিজে নিজে করেছে); 2 একাই, অন্যের সঙ্গ ছাড়া (নিজে নিজে এলে)। নিজের পায়ে কুড়ুল মারা (বোকার মতো) নিজেই নিজের সর্বনাশ ডেকে আনা।

নিজাম (p. 460) [nijāma] বি. 1 প্রাদেশিক শাসনকর্তা; 2 পূর্বতন হায়দরাবাদের মুসলমান শাসকের উপাধি। [আ. নিজাম]।˜ ত,˜ তি বি. নিজামের পদ বা পদবি; নিজামের অধিকার বা সম্পত্তি। □ বিণ. নিজাম বা নিজামতি সম্বন্ধীয় (নিজামত আদালত)।

নিজে (p. 460) [nijē] দ্র নিজ।

নিঝুম (p. 460) [nijhuma] বিণ. 1 সম্পূর্ণ নীরব ও নিস্পন্দ (নিঝুম পুরী, নিঝুম রাত); 2 সম্পূর্ণ আচ্ছন্ন বা আবিষ্ট। [দেশি]।

নিট1 (p. 461) [niṭa1] বিণ. 1 খাঁটি, প্রকৃত (নিট খবরটা কী?); 2 ন্যায্য, ন্যায়সংগত। [< সং. নিষ্ঠা]।

নিট2 (p. 461) [niṭa2] বিণ. 1 আনুষঙ্গিক খরচখরচা বাদে যা থাকে এমন (নিট আয়, নিট লাভ); 2 মোটমাট যা দাঁড়ায় এমন (এত পরিশ্রমের ফলে নিট লাভ কী হল?)। [ইং. net]।

নিটোল (p. 461) [niṭōla] বিণ. 1 টোল পড়েনি এমন (নিটোল বাসন); 2 সুডৌল, সুগোল; 3 নিখুঁত, নির্দোষ (নিটোল সংসার); 4 হৃষ্টপুষ্ট। [বাং. নি + টোল]।

নিড়া (p. 461) [niḍ়ā] ক্রি. নিড়ানো। [হি. নিড়ানা]।˜ নো ক্রি. শস্যক্ষেত্রে আগাছা ও ঘাস উপড়ে ফেলা। □ বি. বিণ. উক্ত অর্থে।˜ নি, নিড়েন, নিড়েনি বি. 1 নিড়ানোর যন্ত্র; 2 নিড়ানোর কাজ।

নিত-কনে (p. 461) [nita-kanē] বি. বিবাহকালে যে সখী বা ছোট মেয়ে কনের সঙ্গে থাকে, মিতকনে। [সং. মিত্রকন্যা]।

নিত-বর (p. 461) [nita-bara] বি. বিবাহকালে যে বালক বরের সহযাত্রী হয় এবং পাশে থাকে, মিতবর। [সং. মিত্রবর]।

নিতম্ব (p. 461) [nitamba] বি. 1 (প্রধানত স্ত্রীলোকের) পাছা; 2 (পর্বতের) পার্শ্বদেশ (গিরিনিতম্ব)। [সং. নি + √ তন্ + অ]। নিতম্বিনী বিণ. (স্ত্রী.) সুগঠিত

বা স্থূল নিতম্বযুক্তা। ☐ বি. 1 সুগঠিত বা স্থূল নিতম্বযুক্তা স্ত্রীলোক; 2 নারী, স্ত্রীলোক।

নিতল (p. 461) [nitala] বি. 1 সপ্ত পাতালের অন্যতম; 2 (আল.) অতি গভীর স্থান, যে জায়গায় তল পাওয়া যায় না। [সং. নি + তল]।

নিতা (p. 461) [nitā] বি. (আঞ্চ.) নিমন্ত্রণ (নিতা নিমন্ত্রণের পালা শেষ)। [সং. নিমন্ত্রণ তু. হি. নেওতা]।

নিতাই (p. 461) [nitāi] বি. নিত্যানন্দ। [সং. নিত্য > নিত + বাং. আই (আদরে)]।

নিতান্ত (p. 461) [nitānta] বিণ. 1 অতিশয় (নিতান্ত দুঃখ, নিতান্ত অন্যায়); 2 অতি ঘনিষ্ঠ (নিতান্ত আত্মীয়, নিতান্ত আপনার জন)। ☐ বিণ-বিণ. খুব (নিতান্ত খারাপ, নিতান্ত বদ)। ☐ ক্রি-বিণ. একান্ত, নেহাত (নিতান্তই যদি ভয় হয়, নিতান্তই যদি করতে চাও তবে কর)। [সং. নি + তম্ + ত]। ˜ পক্ষে ক্রি-বিণ. অন্তত, খুব কম হলেও, কমপক্ষে (নিতান্তপক্ষে একটা দিন সময় চাই)।

নিতি, নিতুই (p. 461) [niti, nitui] যথাক্রমে নিত্য ও নিত্যই -এর কোমল রূপ ('মম চিত্তে নিতি নৃত্যে': রবীন্দ্র; 'নিতুই নব': রবীন্দ্র)।

নিত্য (p. 461) [nitya] ক্রি-বিণ. 1 সর্বদা, সতত (সেইজন্য নিত্য শঙ্কিত থাকে); 2 প্রতিদিন (নিত্য এক কাজ করে যাচ্ছি)। ☐ বিণ. 1 প্রাত্যহিক (নিত্য ব্যবহারের বস্তু); 2 দৈনন্দিন (নিত্যকৃত্য); 3 অক্ষয়, চিরস্থায়ী (নিত্য ধর্ম,

নিত্যানন্দ); 4 অনাদি, অনন্ত, চির (নিত্যকাল, নিত্যসত্তা); 5 (পদার্থ.) ধ্রুব, অপরিবর্তনীয়, constant (বি. প.)। [সং. নি + ত্য]।˜ কর্ম,˜ কৃত্য,˜ ক্রিয়া বি. 1 প্রতিদিনের অবশ্যকরণীয় কাজ, দৈনন্দিন কর্তব্য; 2 সন্ধ্যাতর্পণাদি প্রতিদিনের শাস্ত্রীয় অনুষ্ঠান।˜ কার বিণ. প্রতিদিনের, রোজকার (নিত্যকার কাজ)।˜ কাল বি. চিরকাল।˜ তা বি. চিরস্থায়িত্ব, চিরন্তনতা (মানবসত্তার নিত্যতা)।˜ ধাম বি. স্বর্গ।˜ নৈমিত্তিক বিণ. 1 বিশেষ উদ্দেশ্যে বা উপলক্ষ্যে করণীয়; 2 প্রতিদিন ঘটে বা অনুষ্ঠিত হয় এমন, দৈনন্দিন (এ সংসারে অশান্তি এখন নিত্যনৈমিত্তিক ঘটনা)।˜ প্রয়োজনীয় বিণ. জীবনধারণের পক্ষে একান্ত প্রয়োজন এমন (নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে)।˜ প্রলয় বি. সুষুপ্তি, নিদ্রা।˜ বৃত্ত বিণ. প্রতিদিন ঘটে বা ঘটত এমন (নিত্যবৃত্ত অতীত)।˜ যাত্রী (ত্রিন্) বি. প্রতিদিন যাতায়াত করে এমন লোক।˜ যৌবন বিণ. যার যৌবন অক্ষুণ্ন থাকে। স্ত্রী.˜ যৌবনা।˜ সঙ্গী (-ঙ্গিন্) বি. সর্বক্ষণের সঙ্গী।˜ সমাস বি. (ব্যাক.) সে সমাসে ব্যাসবাক্য হয় না বা ভিন্ন পদ দ্বারা হয়।˜ সেবা বি. দৈনিক পূজা।

নিত্যানন্দ (p. 461) [nityānanda] বিণ. সবসময় আনন্দে থাকে এমন, সর্বদা আনন্দিত। □ বি. প্রভু নিত্যানন্দ, নিতাই, শ্রীগৌরাঙ্গের লীলাসহচর। [সং. নিত্য + আনন্দ]।

নিথর (p. 461) [nithara] বিণ. স্থির, নিশ্চল, নিস্পন্দ, নিস্তব্ধ (নিথর দেহ, নিথর বনভূমি)। [বাং. নি + থর < সং. স্থির। তু. হি. নিথরনা (চুইয়ে পড়া)।

নিদর্শক (p. 461) [nidarśaka] বিণ. নির্দেশক, নির্দেশ করে এমন (চিত্তচাঞ্চল্যের নিদর্শক); সূচক। [সং. নি + √ দর্শি + অক]।

নিদর্শন (p. 461) [nidarśana] বি. 1 উদাহরণ, দৃষ্টান্ত (এ তাঁর মহত্ত্বেরই নিদর্শন); 2 প্রমাণ, উল্লেখ (পাণ্ডিত্যের নিদর্শন); 3 চিহ্ন (প্রাচীন সভ্যতার নিদর্শন)। [সং. নি + √ দৃশ্ + অন]।

নিদর্শনা (p. 461) [nidarśanā] বি. (অল.) সাদৃশ্যহেতু অস্বাভাবিক গুণ ধর্ম বা কার্য আরোপবাচক অর্থালংকারবিশেষ, যথা-'ফুলদল দিয়া কাটিলা কি বিধাতা শাল্মলী তরুবরে': মধু।

নিদাঘ (p. 461) [nidāgha] বি. 1 গ্রীষ্মকাল; 2 উত্তাপ (নিদাঘপীড়িত)। [সং. নি + √ দহ্ + অ]।

নিদান (p. 461) [nidāna] বি. 1 মূল কারণ (রোগের নিদান); 2 (আয়ু.) রোগের কারণ বা লক্ষণ নির্ণয় (নিদানতত্ত্ব); 3 রোগনির্ণায়ক শাস্ত্র; 4 সারকথা (শাস্ত্রের নিদান)। □ বিণ. 1 অন্তিম, চরম, শেষ (নিদানকাল); 2 অন্তত, একান্ত (নিদানপক্ষে; তু. কথ্য নিদেন)। [সং. নি + √ দা + অন]। ˜ কাল বি. মৃত্যুকাল, অন্তিম সময়। ˜ তত্ত্ব, ˜ বিদ্যা, ˜ শাস্ত্র বি. রোগের মূল কারণ ও লক্ষণাদি নির্ণায়ক শাস্ত্র।

নিদারুণ (p. 461) [nidāruṇa] বিণ. 1 অতিশয় দারুণ, অতি কঠোর বা ভীষণ (নিদারুণ শোক); 2 একান্ত অসহ্য (নিদারুণ অবজ্ঞা, নিদারুণ অপমান)। [সং. নি + দারুণ]।

নিদালি (p. 461) [nidāli] বি. নিদ্রাকর্ষক মন্ত্রপূত ধুলা বা মাটি; ঘুম পাড়ানোর জন্য মন্ত্রপূত ধুলোমাটি। [বাং. নিদ + আলি]।

নিদিধ্যাস, নিদিধ্যাসন (p. 461) [nididhyāsa, nididhyāsana] বি. 1 শ্রুত অর্থের মনন ও একতান মনে ধ্যান; 2 একান্ত মনে বা নিবিষ্টমনে দেহজ্ঞানরহিত হয়ে চিন্তা; 3 নিরন্তর অনুধ্যান বা বিচার। [সং. নি + √ ধ্যৈ + সন্‌ + অ, অন]।

নিদিষ্ট (p. 461) [nidiṣṭa] দ্র নিদেশ।

নিদেন (p. 461) [nidēna] অব্য. অন্তত, নেহাতপক্ষে, একান্ত (নিদেন তিন দিনের জন্য)। [সং. নিদান > নিদেন]।˜ পক্ষে ক্রি-বিণ. অন্ততপক্ষে, কমপক্ষে।

নিদেশ (p. 461) [nidēśa] বি. 1 আদেশ; 2 নির্দেশ; 3 উক্তি। [সং. নি + √ দিশ্‌ + অ]।˜ পত্র বি. কোনো বিষয়ে নির্দেশসংবলিত লিপি বা পত্র, directive (স.প.)। নিদিষ্ট বিণ. আদিষ্ট; নির্দিষ্ট; উক্ত। নিদেষ্টা (-ষ্টৃ) বিণ. আদেশকারী, নির্দেশকারী।

নিদ্রা (p. 461) [nidrā] বি. ঘুম, তন্দ্রা। [সং. নি + √ দ্রা + অ + আ]। নিদ্রা আসা, নিদ্রা পাওয়া ক্রি. বি. ঘুম পাওয়া।˜ কর্ষণ বি. ঘুম পাওয়া।˜ গত বিণ. নিদ্রিত।˜ জনক বিণ. ঘুমপাড়ানি।˜ তুর বিণ. ঘুমে কাতর।˜ বিহীন বিণ. সজাগ, ঘুমহীন (নিদ্রাবিহীন রাত্রি)।˜ বেশ বি. ঘুমের ঘোর; ঘুম পাওয়া।˜ ভঙ্গ বি. ঘুম ভাঙা, জাগরণ। নিদ্রা ভাঙা ক্রি. বি. ঘুম থেকে জাগা।˜ ভি-ভূত বিণ. ঘুমে আচ্ছন্ন; ঘুমন্ত।˜ য়-মান বিণ. ঘুমোচ্ছে এমন।˜ লস বিণ. ঘুম এসেছে বলে জড়তাগ্রস্ত ('নিদ্রালস আঁখি': রবীন্দ্র)। স্ত্রী. নিদ্রালসা।˜ লু বিণ. 1 ঘুম পেয়েছে এমন; 2 নিদ্রাশীল; নিদ্রাপ্রিয়। নিদ্রিত বিণ. ঘুমন্ত, ঘুমোচ্ছে এমন। স্ত্রী. নিদ্রিতা। নিদ্রোত্থিত বিণ. ঘুম থেকে উঠেছে এমন, ঘুম ভেঙে জেগেছে এমন। স্ত্রী. নিদ্রোত্থিতা।

নিধন1 (p. 461) [nidhana1] বি. 1 সংহার, বিনাশ (দৈত্যনিধন); 2 মৃত্যু (সৎপথে থেকে নিধনও ভালো, 'স্বধর্মে নিধনং শ্রেয়ঃ'); 3 (জ্যোতিষ) রাশিচক্রের লগ্ন থেকে অষ্টম স্থান। [সং. নি + √ ধা + 'উণাদি' অন]।

নিধন2 (p. 461) [nidhana2] বিণ. ধনহীন, নিঃস্ব। [বাং. নি (=নাই) + ধন (বহু.)]।

নিধান (p. 461) [nidhāna] বি. 1 আধার, ভাণ্ডার, আগার (করুণানিধান); 2 নিধি; 3 অর্পণ, স্থাপন; 4 (গণি.) লগারিদ্মের ঘাতাঙ্ক গণনের প্রথম রাশি, base of logarithm (বি. প.); 5 আমানত, deposit (স.প.)। [সং. নি + √ ধা + অন]।

নিধি (p. 461) [nidhi] বি. 1 আধার, ভাণ্ডার (গুণনিধি); 2 রত্ন, ধনরত্ন ('না জানি কি নিধি দিয়া গড়িল চতুর বিধি': দে. সে.); 3 গচ্ছিত ধন; 4 তহবিল; 5 বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত ধন, fund ('গান্ধিস্মৃতি নিধি'); 5 কুবেরের ধন। [সং. নি + √ ধা + ই]।

নিধুবন1 (p. 461) [nidhubana1] বি. 1 রমণ, মৈথুন; 2 ক্রীড়াকৌতুক, আমোদপ্রমোদ। [সং. নি + ধুবন]।

নিধু-বন2 (p. 461) [nidhu-bana2] বি. বৃন্দাবনের নিধু নামক স্থানের বন, রাধাকৃষ্ণের কেলিকানন। [বাং. নিধু + বন]।

নিধেয় (p. 461) [nidhēẏa] বিণ. গচ্ছিত রাখার যোগ্য (নিধেয় ধন)। [সং. নি + √ ধা + য]।

নিনাদ (p. 461) [nināda] বি. 1 শব্দ (শঙ্খনিনাদ); 2 গর্জন, চিৎকার। [সং. নি + √ নদ্ + অ]। নিনাদিত বিণ. 1 শব্দিত; ধ্বনিত (শতকণ্ঠে নিনাদিত হল); 2 গর্জনপূর্ণ।

নিনু (p. 461) [ninu] বিণ. (আঞ্চ.) 1 নিচু, হেঁট; 2 হীন। [তু. নিচু, নত-তু. হি. নিনৌনা=নিচু হওয়া, to bend]।

নিন্দক (p. 461) [nindaka] (অপ্র.) বিণ. নিন্দাকারী, যে নিন্দা করে। [সং. নিন্দ্ + অক]।

নিন্দন (p. 461) [nindana] বি. নিন্দা করা; নিন্দা। [সং. √ নিন্দ্ + অন]।

নিন্দনীয় (p. 461) [nindanīẏa] বিণ. নিন্দার যোগ্য, যাতে নিন্দা হয় (নিন্দনীয় আচরণ)। [সং. √ নিন্দ্ + অনীয়]।

নিন্দা (p. 461) [nindā] বি. কুৎসা, অপবাদ, অখ্যাতি, কলঙ্ক, বদনাম। □ ক্রি. (কাব্যে) 1 নিন্দা করা; 2 দোষ দেওয়া; 3 ভৎর্সনা করা ('কেন নিন্দ মোরে')। [সং. √ নিন্দ্ + অ + আ]। ̃ জনক বিণ. কলঙ্কজনক। ̃ বাদ বি. কুৎসা। নিন্দার্হ বিণ. নিন্দার যোগ্য, নিন্দনীয়। ̃ সূচক বিণ. নিন্দা বুঝায় এমন।

নিন্দার্হ (p. 461) [nindārha] দ্র নিন্দা।

নিন্দিত (p. 461) [nindita] বিণ. 1 নিন্দা করা হয়েছে এমন; 2 নিন্দা বা কলঙ্কের পাত্র; 3 গর্হিত, নিন্দার যোগ্য; 4 যশ বা গুণ খর্ব করে এমন ('বীণানিন্দিত কণ্ঠে', কমলনিন্দিত)। [সং. √ নিন্দ্ + ত]।

নিপট1 (p. 461) [nipaṭa1] বিণ. বিণ-বিণ. অত্যন্ত, নিতান্ত, নিশ্চিত ('নিপট কপট তুয়া শ্যাম')। [হি. নিপট]।

নিপট2 (p. 461) [nipaṭa2] বিণ. লম্পট, নষ্টচরিত্র। [সং. লম্পট]।

নিপতন (p. 461) [nipatana] বি. নীচে পতন। [সং. নি + √ পত্ + অন]। নিপতিত বিণ. নীচে পড়েছে এমন।

নিপাট (p. 461) [nipāṭa] বিণ. ভাঁজহীন, কোঁচকায়নি এমন (নিপাট জামাকাপড়)। □ বিণ-বিণ. নিছক, নিতান্ত, একেবারে (নিপাট ভালোমানুষ)। [বাং. নি + পাট (ভাঁজ)]।

নিপাত (p. 461) [nipāta] বি. 1 মরণ, মৃত্যু, ধ্বংস, বিনাশ (নিপাত হওয়া, নিপাত যাওয়া); 2 অধঃপাত। [সং. নি + √ পত্ + অ]।

নিপাতন (p. 461) [nipātana] বি. 1 বিনাশন, ধ্বংসসাধন; 2 অধঃপতন; 3 (ব্যাক.) ব্যাকরণের নিয়ম বা সূত্রের ব্যতিক্রম। [সং. নি + √ পত্ + অন]। নিপাতিত বিণ. 1 বিনাশিত; 2 অধঃক্ষিপ্ত, নীচে ফেলা হয়েছে এমন, যা বা যাকে অধঃপাতিত করা হয়েছে এমন।

নিপাত্তা (p. 461) [nipāttā] বিণ. যার খোঁজখবর বা ঠিকানা পাওয়া যায় না। [বাং. নি + পাত্তা]।

নিপান (p. 461) [nipāna] বি. 1 পশুপাখি প্রভৃতির জলপান বা স্নানের জন্য নির্মিত কৃত্রিম খাত বা চৌবাচ্চা; 2 যে পাত্রে দুধ দোহন করা হয়। [বাং. নি + √ পা + অন]।

নিপীড়ক (p. 461) [nipīḍ়ka] বিণ. নিপীড়নকারী। [সং. নি + √ পীড় + অক]।

নিপীড়ন (p. 461) [nipīḍ়na] বি. 1 উৎপীড়ন, নিগ্রহ, কষ্টদান; 2 দলন, মর্দন (শত্রুনিপীড়ন)। [সং. নি + √ পীড় + অন]। নিপীড়িত বিণ. অত্যাচারিত, উৎপীড়িত, নিগৃহীত; দলিত, মর্দিত। স্ত্রী. নিপীড়িতা।

নিপীত (p. 461) [nipīta] বিণ. নিঃশেষে পান করা হয়েছে এমন। [সং. নি + √ পা + ত]।

নিপুণ (p. 461) [nipuṇa] বিণ. দক্ষ, পটু, কুশল (রণনিপুণ, নিপুণ কারিগর)। [সং. নি + √ পুণ্ (=শুভকর্ম) + অ]। স্ত্রী. নিপুণা। বি.˜ তা, নৈপুণ্য।

নিব (p. 461) [niba] বি. কলমের ডগায় লাগানো যে ধাতুর তৈরি মুখ দিয়ে লেখা হয়, কলমের মোচ, কচ। [ইং. nib]।

নিবদ্ধ (p. 461) [nibaddha] বিণ. 1 বদ্ধ, আবদ্ধ (মূর্তিতে নিবদ্ধ দেবতা); 2 আটকানো, সংলগ্ন; 3 পরিহিত; 4 নিবেশিত (কাহিনীর মধ্যে ইতিহাস নিবদ্ধ); 5 নিবিষ্ট, স্থাপিত, স্থির করে রাখা হয়েছে এমন (নিবদ্ধ দৃষ্টি); 6 গ্রথিত, বিন্যস্ত (ধারানিবদ্ধ)। [সং. নি + √ বন্ধ্ + ত]। নিবদ্ধী-করণ বি. রেজিস্ট্রিভুক্তকরণ, registration (স.প.)।

নিবন্ত (p. 461) [nibanta] দ্র নিবা।

নিবন্ধ (p. 461) [nibandha] বি. 1 প্রবন্ধ (নিবন্ধ রচনা); 2 গ্রন্হ, পুস্তক; 3 কৌশল, ফিকির, উপায়; 4 (অপ্র.) ব্যবস্থা; 5 নিয়ম; 6 নির্ধারণ; 7 (অপ্র.) বন্ধন; 8 তালিকা (নিবন্ধভুক্ত); 9 গীত, গান; 1 মূল (রোগের নিবন্ধ)। [সং. নি + √ বন্ধ্ + অ]। নিবন্ধিত বিণ. 1 রচিত; লিখিত; 2 বদ্ধ, গ্রথিত; 3 তালিকাভুক্ত।

নিবন্ধক (p. 461) [nibandhaka] বি. যে রেজিস্ট্রি করে, registrar (স. প.)। [সং. নি + √ বন্ধ্ + অক]।

নিবন্ধন (p. 461) [nibandhana] বি. 1 (সমাসের উত্তরপদরূপে) কারণ, হেতু, নিমিত্ত (রোগনিবন্ধন, দুঃখনিবন্ধন); 2 বন্ধন, স্থিরীকরণ; 3 রেজিস্ট্রিভুক্তকরণ, তালিকাভুক্তকরণ, registration (স. প.)। [সং. নি + √ বন্ধ্ + অন]।

নিবর্ত (p. 461) [nibarta] বিণ. 1 নিবৃত্ত, ক্ষান্ত; 2 বিলম্বিত। [সং. নি + √ বৃত্ + অ]। নিবর্তক বিণ. নিবারক, নিবৃত্তিকারক (অপরাধ নিবর্তক আইন)।

নিবর্তন বি. 1 নিবৃত্তি, বিরতি, ক্ষান্তি; 2 নিবারণ; 3 প্রত্যাগমন। নিবর্তিত বিণ. নিবৃত্ত হয়েছে বা নিবৃত্ত করা হয়েছে এমন; নিবারিত; প্রত্যাবর্তন করেছে এমন।

নিবসই (p. 461) [nibasi] ক্রি. (প্রা. বাং.) বাস করে। [সং. নিবসতি]।

নিবসতি (p. 461) [nibasati] বি. 1 বাসকরণ, বাস করা; 2 বাসস্থান, গৃহ। [সং. নি + √ বস্ + অতি]।

নিবসন (p. 461) [nibasana] বি. 1 বাসস্থান, গৃহ; 2 পরিধেয় বস্ত্র। [সং. নি + √ বস্ + অন]।

নিবহ (p. 461) [nibaha] বি. সমূহ, সকল ('ম্লেচ্ছনিবহ')। [সং. নি + √ বহ্ + অ]।

নিবা, নেবা, নিভা, নেভা (p. 461) [nibā, nēbā, nibhā, nēbhā] ক্রি. 1 নির্বাপিত হওয়া (প্রদীপ নিবল, আগুন নিভেছে, 'ঘেরিল যামিনী, নিভিল আলো': রবীন্দ্র); 2 (আল.) অবসানপ্রাপ্ত হওয়া, ফুরিয়ে যাওয়া (উৎসাহ নিবে গেছে)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে। [পা. √ নিব্বা < সং. নির্-বা]। ~ নো ক্রি. নির্বাপিত করা, নিবিয়ে দেওয়া। □ বি. উক্ত অর্থে (নেভানো হয়ে গেছে?)। □ বিণ. উক্ত অর্থে (নেভানো আগুন)। নিব-নিব, নিবু-নিবু বিণ. প্রায় নিভে এসেছে এমন, নির্বাপিতপ্রায়। □ বি. নিববার উপক্রম (প্রদীপ নিবুনিবু করছে)। নিবন্ত বিণ. প্রায় নিভে যাচ্ছে এমন (নিবন্ত প্রদীপের স্বল্প আলোকে)।

নিবাত (p. 461) [nibāta] বিণ. 1 বায়ুহীন; 2 বাতাস না থাকায় স্থির, অচঞ্চল (নিবাত প্রদীপ)। [সং. নি (=নিরুদ্ধ) + বাত]।

নিবানো (p. 461) [nibānō] দ্র নিবা।

নিবাপ (p. 461) [nibāpa] বি. পিতৃপুরুষের উদ্দেশে পিণ্ডাদি দান ('পতিকুলে দিতে বাপ নিবাপ-অঞ্জলি': য.চ.)। [সং. নি + √ বপ্ + অ]।

নিবারক (p. 461) [nibāraka] বিণ. নিবারণকারী, যে বারণ বা নিবারণ করে (অগ্নিনিবারক, ক্রোধনিবারক)। [সং. নি + √ বারি + অক]।

নিবারণ (p. 461) [nibāraṇa] বি. 1 বারণ, নিষেধ (গুরুজনের নিবারণ সত্ত্বেও); 2 দূরীকরণ, প্রশমিতকরণ (দুঃখনিবারণ)। [সং. নি + √ বারি + অন]। নিবারণ করা ক্রি. বি. দূর করা, প্রশমিত করা; থামানো; রোধ করা; নিবৃত্ত করা; (বিরল) বারণ করা, নিষেধ করা।

নিবারণীয়, নিবার্য (p. 461) [nibāraṇīẏa, nibārya] বিণ. বারণ বা নিষেধ করতে হবে এমন, বারণ করা উচিত এমন; দমনীয়; রোধ করা বা নিবৃত্ত করা উচিত এমন। নিবারা ক্রি. (কাব্যে) নিবারণ করা ('নিবারিব শোক তব': মধু)। নিবারিত বিণ. নিবারণ করা হয়েছে এমন।

নিবাস (p. 461) [nibāsa] বি. 1 বাসস্থান, আবাস, দেশ; 2 বাড়ি, বসতি (আপনার নিবাস কোথায়?)। [সং. নি + √ বস্ + অ]। নিবাসী (-সিন্) বিণ. বাসকারী, যে বাস করে। স্ত্রী. নিবাসিনী।

নিবিড় (p. 461) [nibiḍ়] বিণ. 1 অতি ঘনিষ্ঠ, গভীর (নিবিড় সম্পর্ক, নিবিড় সংযোগ); 2 ঘন, গহন, নিশ্ছিদ্র (নিবিড় বন); 3 সান্দ্র, জমাট (নিবিড় অন্ধকার); 4 গাঢ় (নিবিড় আলিঙ্গন); 5 স্থূল (নিবিড় নিতম্ব); 6 দৃঢ়, শক্ত (নিবিড় বন্ধন)। [সং. নি + √ বিড় + অ]। বি.˜ তা।

নিবিষ্ট (p. 461) [nibiṣṭa] বিণ. 1 গভীর মনোযোগযুক্ত, একাগ্র, অভিনিবেশযুক্ত (নিবিষ্ট মনে চিন্তা করা); 2 মগ্ন (ধ্যাননিবিষ্ট); 3 বিন্যস্ত; 4 প্রবিষ্ট (মনকে নিবিষ্ট করা)। [সং. নি + √ বিশ্ + ত]। স্ত্রী. নিবিষ্টা। বি.˜ তা।

নিবীত (p. 461) [nibīta] বি. 1 ওড়না, আচ্ছাদন; 2 পইতা, যজ্ঞসূত্র, উপবীত। [সং. নি + √ ব্যে + ত]।

নিবুনিবু (p. 461) [nibunibu] দ্র নিবা।

নিবৃত্ত (p. 461) [nibṛtta] বিণ. 1 সংযত, নিরস্ত, ক্ষান্ত, বিরত (এখন নিবৃত্ত হও, আর অগ্রসর হয়ো না); 2 প্রত্যাবৃত্ত, প্রত্যাবর্তন করেছে এমন। [সং. নি + √ বৃত্ + ত]। নিবৃত্তি বি. 1 বিরতি, ক্ষান্তি, অবসান (সন্দেহ নিবৃত্তি, ক্ষুন্নিবৃত্তি); 2 বৈরাগ্য (নিবৃত্তিমার্গ)।

নিবেদক (p. 461) [nibēdaka] বিণ. নিবেদনকারী। [সং. নি + √ বেদি + অক]।

নিবেদন (p. 461) [nibēdana] বি. 1 বর্ণন; 2 বিনীত উক্তি; 3 আবেদন; 4 জ্ঞাপন (সবিনয় নিবেদন); 5 উৎসর্গ (দেবতাকে নিবেদন); 6 সমর্পণ (আতত্মনিবেদন)। [সং. নি + √ বেদি (< বিদ্ + ণিচ্) + অন]। নিবেদন করা ক্রি. বি. আবেদন করা; বিনীতভাবে জানানো; সমর্পণ করা। নিবেদা ক্রি. (কাব্যে) নিবেদন করা (নিবেদিনু তব চরণে)। নিবেদিত বিণ. নিবেদন করা হয়েছে এমন। স্ত্রী. নিবেদিতা। নিবেদনীয়, নিবেদ্য বিণ. নিবেদন করতে হবে বা করা উচিত এমন। (তু. নৈবেদ্য)।

নিবেশ (p. 461) [nibēśa] বি. 1 স্থাপন, বিন্যাস (মনোনিবেশ); 2 শিবির (সেনানিবেশ); 3 স্থান; 4 অবস্থান, বাসস্থান; 5 প্রবেশ; 6 উপবেশন; 7 মনোযোগ (অভিনিবেশ)। [সং. নি + √ বিশ্ + অ]। ˜ক বিণ. নিবেশকারী; স্থাপক; গ্রনহভুক্তকারী, recorder (স.প.)। ˜ন বি. স্থাপন; প্রবেশ; গৃহ; স্থান; গ্রনহভুক্তকরণ, recording (স. প.)। নিবেশিত বিণ. স্থাপিত, বিন্যস্ত; প্রবেশিত; সংক্রামিত।

-নিভ (p. 461) [-nibha] বিণ. (সমাসের উত্তরপদে ব্যবহৃত) সদৃশ, তুল্য (দুগ্ধফেননিভ, পদ্মনিভ, চন্দ্রনিভ)। [সং. নি + √ ভা + অ]।

নিভন্ত, নিভা, নিভানো (p. 461) [nibhanta, nibhā, nibhānō] যথাক্রমে নিবন্ত, নিবা ও নিবানো -র রূপভেদ।

নিভাঁজ (p. 461) [nibhā̃ja] বিণ. 1 ভাঁজহীন (নিভাঁজ শাড়ি); 2 ভেজালহীন, বিশুদ্ধ; 3 অমিশ্র (নিভাঁজ কুৎসা)। [বাং. নি + ভাঁজ]।

নিভৃত (p. 461) [nibhṛta] বিণ. 1 অপ্রকাশিত, গুপ্ত, অন্তরালে রয়েছে এমন; 2 একান্ত (নিভৃত আলাপ); 3 নির্জন, বিজন, জনহীন ('জনসংযোগ বর্জন করে এই নিভৃত স্থানে বাস করছি': রাজ. বসু)। ☐ বি. গোপন বা নির্জন স্থান (নিভৃতে একটা কথা বলতে চাই)। [সং. নি + √ ভৃ + ত]।

নিম1 (p. 461) [nima1] বিণ. (উপসর্গরূপে ব্যবহৃত) অর্ধেক বা প্রায় (নিমরাজি, নিমখুন)। [ফা. নীম্]।

নিম2 (p. 461) [nima2] বি. তিক্তফলবিশেষ বা তার গাছ। [সং. নিম্ব]।˜ ঘি বি. নিম ও ঘি সহযোগে ভেজে প্রস্তুত ওষুধবিশেষ।˜ তিতা,˜ তেতো বিণ. অত্যন্ত তেতো।

নিমক (p. 461) [nimaka] বি. লবণ, নুন। [হি. নিমক < ফা. নমক]। নিমক খাওয়া ক্রি. বি. পরের অন্নে পালিত হওয়া; পরের কাছে উপকৃত বা কৃতজ্ঞ থাকা।˜ দানি বি. নুন রাখার পাত্র।˜ মহল বি. লবণ উৎপাদক জমি।˜ হারাম বিণ. কৃতঘ্ন, যে নুন খেয়েও অর্থাত্ উপকার পেয়েও তা স্বীকার করে না। বি.˜ হারামি।˜ হালাল বিণ. কৃতজ্ঞ। বি.˜ হালালি।

নিমকি (p. 461) [nimaki] বি. ময়দায় প্রস্তুত নোনতা খাবারবিশেষ। ☐ বিণ. নোনতা। [বাং. নিমক + ই]।

নিম-খুন (p. 461) [nima-khuna] বিণ. প্রায় খুন হয়েছে এমন। [বাং. নিম1 + ফা. খুন]।

নিমগ্ন (p. 461) [nimagna] বিণ. 1 সম্পূর্ণ নিমজ্জিত বা ডুবে গেছে এমন; 2 আচ্ছন্ন, নিবিষ্ট (দুঃখে নিমগ্ন, চিন্তায় নিমগ্ন, আনন্দে নিমগ্ন, গবেষণায় নিমগ্ন)। [সং. নি + √ মস্জ্ + ত]। বি.˜ তা, স্ত্রী. নিমগ্না।

নিমজ্জন (p. 461) [nimajjana] বি. 1 ডুবে যাওয়া (জলে নিমজ্জন); 2 অবগাহন; 3 আচ্ছন্ন বা নিবিষ্ট হওয়া (চিন্তায় নিমজ্জন)। [সং. নি + √ মস্জ্ + অন]; 4 ডুবানো (জলপাত্র জলে নিমজ্জন)। [সং. নি + √ মস্জ্ + ণিচ্ + অন]। নিমজ্জিত বিণ. ডুবে গেছে বা ডুবিয়ে দেওয়া হয়েছে এমন, আচ্ছন্ন, নিবিষ্ট, নিমগ্ন। স্ত্রী. নিমজ্জিতা। নিমজ্জ-মান (অশু.) বিণ. নিমজ্জিত হচ্ছে এমন। স্ত্রী. নিমজ্জ-মানা।

নিমন্ত্রণ (p. 461) [nimantraṇa] বি. 1 কোনো অনুষ্ঠানে সাদর আহ্বান (সভাপতি হবার নিমন্ত্রণ); 2 ভোজে আহ্বান। [সং. নি + √ মন্ত্র্ + অন]। নিমন্ত্রিত বিণ. নিমন্ত্রণ লাভ করেছে এমন, আহূত। নিমন্ত্রয়িতা (-তৃ) বিণ. নিমন্ত্রণকরী। স্ত্রী. নিমন্ত্রয়িত্রী।

নিম-রাজি (p. 461) [nima-rāji] বিণ. প্রায় রাজি (তাকে নিমরাজি করিয়েছি)। [বাং. নিম1 < ফা. নীম্ + বাং. রাজি < আ. রাজী]।

নিমা (p. 461) [nimā] বি. ফতুয়াজাতীয় জামাবিশেষ, হাতকাটা ও বুকখোলা জামাবিশেষ। [হি. নামা]।

নিমিত্ত (p. 461) [nimitta] বি. 1 হেতু, কারণ (পাপের নিমিত্ত শাস্তিভোগ); 2 উদ্দেশ্য, উপলক্ষ্য, প্রয়োজন (উপার্জনের নিমিত্ত বিদেশগমন); 3 শুভাশুভ লক্ষণ

(দুর্নিমিত্ত); 4 যে কর্ম সাধন করে কিন্তু যার কোনো দায়িত্ব বা কর্তৃত্ব নেই (আমি তো নিমিত্তমাত্র)। □ অব্য. অনু. জন্য (মৃতের নিমিত্ত শোক কোরো না, কীসের নিমিত্ত এ কাজ করল?)। [সং. নি + √ মিদ্ + ত]। নিমিত্তের ভাগী প্রকৃত কর্তা না হয়েও হেতুরূপে বিবেচিত।

নিমিষ, নিমেষ (p. 461) [nimiṣa, nimēṣa] বি. 1 পলক, চোখের পাতা ফেলা ('এক দৃষ্টে চাহে সবে না করে নিমিষ': বি. গু. নিমেষহীন নয়নে); 2 চোখের পাতা ফেলতে যেটুকু সময় লাগে (নিমিষে নিমিষে); 3 (আল.) মুহূর্তকাল ('নিমিষের তরে নিয়েছি মা দেখে': রবীন্দ্র)। [সং. নি + √ মিষ্ + অ]। এক নিমেষে ক্রি-বিণ. মুহূর্তের মধ্যে (এক নিমেষে ব্যাপারটা ঘটে গেল)।

নিমীলন (p. 461) [nimīlana] বি. (মূলত চোখের পল্লব বা পাতা) মোদা, সংকোচন, বোজা; চোখ বোজা। [সং. নি + √ মীল্ + অন]। নিমীল-নয়নে ক্রি-বিণ. চোখ বুজে, মুদিত নয়নে ('তুমি ঘুমাইছ নিমীলনয়নে')। নিমীলিত বিণ. মুদ্রিত, মোদা রয়েছে এমন; সংকুচিত।

নিমেষ (p. 461) [nimēṣa] দ্র নিমিষ। নিমেষ-হীন বিণ. পলকহীন, চোখের পলক পড়ে না এমন (নিমেষহীন চোখে চেয়ে থাকা)।

নিম্ন (p. 461) [nimna] বিণ. 1 নিচু, পদমর্যাদায় বা ক্ষমতায় নিচু (নিম্ন আদালত); 2 অনুন্নত (নিম্নভূমি); 3 নীচের, নীচে রয়েছে এমন, অধোভাগস্থ (নিম্নদেশ)। □ বি. তলদেশ, নিম্নবর্তী স্থান (পর্বতের নিম্ন, নদীর নিম্নে, নিম্নে উল্লিখিত)। [সং. নি + √ স্না + অ]। বি.˜ তা।˜ গ,˜ গামী (-মিন্) বিণ. নীচের দিকে যায় এমন, অধোগামী (নিম্নগামী স্রোত, স্নেহ অতি নিম্নগামী)।˜ গা বিণ.

নিম্নগ -র স্ত্রীলিঙ্গ। □ বি. নদী। ˜ দেশ বি. নীচের অঞ্চল। ˜ বিত্ত বিণ. যাদের বিত্ত বা সম্পদ খুবই সামান্য আছে এমন, অসচ্ছল অবস্থাপন্ন। ˜ মধ্যবিত্ত বিণ. বি. মধ্যবিত্তদের মধ্যে দরিদ্রতর শ্রেণী বা ওই শ্রেণীভুক্ত। ˜ মুখী বিণ. 1 নীচের দিকে মুখ রয়েছে এমন; 2 নীচের দিকে বা কমতির দিকে গতিবিশিষ্ট। ˜ লিখিত বিণ. নীচে লেখা আছে এমন। ˜ সপ্তক বি. (সংগীতে) খাদের সপ্তক বা উদারার সপ্তক। ˜ সীমা বি. ন্যূনতম বা সবচেয়ে কম বা নীচের সীমা বা মান। নিম্নোক্ত, নিম্নোদ্ধৃত, নিম্ন-ধৃত বিণ. নীচে উল্লেখ করা হয়েছে এমন। নিম্নোন্নত বিণ. উঁচু-নিচু, অসমতল।

নিম্নাংশ (p. 461) [nimnāṃśa] বি. নীচের অংশ। [সং. নিম্ন + অংশ]।

নিম্নাঙ্গ (p. 461) [nimnāṅga] বি. দেহের নীচের অংশ, দেহের নিম্নদেশ, কোমর থেকে পা পর্যন্ত দেহাংশ। [সং. নিম্ন + অঙ্গ]।

নিম্নাঞ্চল (p. 461) [nimnāñcala] বি. নীচের দিক; নীচের অঞ্চল। [সং. নিম্ন + অঞ্চল]।

নিম্ব, নিম্বক (p. 461) [nimba, nimbaka] বি. নিম ফল বা তার গাছ। [সং. নিব্ + (নিম্ব্) + অ, + ক (স্বার্থে)]।

নিম্বু, নিম্বুক (p. 461) [nimbu, nimbuka] কাগজি লেবু বা তার গাছ। [সং. নিব্ (নিম্ব্) + উ, উক-তু. হি. নিম্বু (লেবু)]।

নিযুক্ত (p. 461) [niyukta] বিণ. 1 নিয়োজিত; 2 ব্রতী করানো হয়েছে এমন, প্রবৃত্ত, ব্যাপৃত (গৃহকর্মে নিযুক্ত); 3 বহাল (চাকরিতে নিযুক্ত)। [সং. নি + √ যুজ্ + ত]। নিযুক্তি বি. 1 নিয়োগ; 2 প্রবৃত্ত বা ব্যাপৃত করা; 3 চাকরিতে বহাল করা।

নিযুত (p. 461) [niyuta] বি. বিণ. দশ লক্ষ, million. [সং. নি + √ যু + ত]।

নিযোক্তা (p. 461) [niyōktā] (-ক্তৃ) বিণ. নিয়োগকারী; বহালকারী। [সং. নি + √ যুজ্ + তৃ]।

নিযোজ্য (p. 461) [niyōjya] বিণ. নিয়োগ করার যোগ্য; ব্রতী বা ব্যাপৃত করার যোগ্য। [সং. নি + √ যুজ্ + য]।

নিয়ত2 (p. 461) [niẏata2] বিণ. 1 অপরিবর্তনীয় (বিধাতার নিয়ত বিধান); 2 স্থির; 3 নিয়মিত (নিয়ত যোগাভ্যাস করা); 4 সংযত। □ ক্রি-বিণ. 1 সর্বদা ('এ কথা নিয়ত স্মরি'); 2 প্রত্যহ, প্রায় (নিয়ত আসে যায়)। [সং. নি + √ যম্ + ত]। নিয়তাচার বি. নিয়মিত বা অপরিবর্তনীয় আচার-অনুষ্ঠান। □ বিণ. নিয়মিতভাবে শাস্ত্রীয় অনুষ্ঠানাদি পালন করে এমন। নিয়তাত্মা (-ত্মন্) বিণ. সংযমী। নিয়তাশন, নিয়তাহার বিণ. মিতাহারী। □ বি. নিয়মিত ও পরিমিত ভোজন।

নিয়তি (p. 461) [niẏati] বি. 1 বিধাতার বিধান (নিয়তি কে খণ্ডাতে পারে); 2 ভাগ্য, অদৃষ্ট (জানি না কী আমার নিয়তি); 3 অবশ্যম্ভাবী ঘটনা। [সং. নি + √ যম্ + তি]।

নিয়ন (p. 461) [niẏana] বি. গ্যাসবিশেষ। [ইং. neon]।˜ বাতি,˜ লাইট বি. উক্ত গ্যাসে জ্বালানো বাতি।

নিয়ন্তা (p. 461) [niẏantā] (-ন্তৃ) বিণ. নিয়ন্ত্রণকারী, বিধানকর্তা, নিয়ামক, পরিচালক (ভাগ্যনিয়ন্তা)। [সং. নি + √ যম্ + তৃ]। স্ত্রী. নিয়ন্ত্রী।

নিয়ন্ত্রক (p. 461) [niẏantraka] বিণ. যার দ্বারা নিয়ন্ত্রিত বা পরিচালিত হয় (শীততাপনিয়ন্ত্রক যন্ত্র)। [সং. নি + √ যন্ত্র্ + অক]।

নিয়ন্ত্রণ (p. 461) [niẏantraṇa] বি. 1 পরিচালন, নিয়মন (সরকারি নিয়ন্ত্রণে খাদ্য সরবরাহ); 2 সংযত করা (অবস্থা নিয়ন্ত্রণে আছে, নিয়ন্ত্রণাধীন); 3 দমন (প্রবৃত্তির নিয়ন্ত্রণ)। [সং. নি + √ যন্ত্র্ + অন]। নিয়ন্ত্রিত বিণ. নিয়ন্ত্রণ করা হয়েছে এমন (সরকার কর্তৃক নিয়ন্ত্রিত, ঈশ্বরনিয়ন্ত্রিত); প্রশমিত (যন্ত্রণা নিয়ন্ত্রিত হয়েছে); পরিমিত (নিয়ন্ত্রিত আহার, নিয়ন্ত্রিত ব্যায়াম)।

নিয়ম (p. 461) [niẏama] বি. 1 বিধান, নির্দেশ (শাস্ত্রীয় নিয়ম); 2 প্রণালী, পদ্ধতি (তাঁর কাজের নিয়মই ওইরকম); 3 প্রথা (প্রচলিত নিয়ম); 4 অভ্যাস (প্রাত্যহিক নিয়মে প্রাতর্ভ্রমণ করেন); 5 সংযত আচার (নিয়মে থাকা, অনিয়ম না করা); 6 সংযম, কৃচ্ছ্রসাধন, ব্রত-উপবাসাদি (নিয়মভঙ্গ); 7 আইন (বিদ্যালয়ের নিয়ম)। [সং. নি + √ যম্ + অ]।˜ কানুন বি. বিধিব্যবস্থা, নিয়মাবলি (কেউ নিয়মকানুন মানছে না)।˜ তন্ত্র বি. নির্দিষ্ট নিয়মাবলি; নির্দিষ্ট নিয়মাবলি মেনে চলার প্রথা।˜ তান্ত্রিক বিণ. 1 নিয়মতন্ত্রসম্বন্ধীয়; 2 নিয়মতন্ত্র বা সংবিধান মেনে চলে এমন, constitutional (নিয়মতান্ত্রিক সরকার)।˜ ন বি. নিয়মের দ্বারা

বন্ধন, ব্যবস্থাপন; নিয়ন্ত্রণ, সংযমন। ˜ নিষ্ঠ বিণ. নিষ্ঠার সঙ্গে নিয়ম মেনে চলে এমন। ˜ পালন বি. নিয়ম মেনে চলার অভ্যাস। ˜ পূর্বক ক্রি-বিণ. নিয়ম বেঁধে; নিয়ম মেনে; নিয়মিতভাবে; বাঁধাধরা নিয়ম অনুসারে। ˜ বিরুদ্ধ বিণ. নিয়মবহির্ভূত, অবৈধ; বেআইনি; অশাস্ত্রীয়। ˜ ভঙ্গ বি. 1 নিয়ম বা বিধি ভঙ্গ করা; 2 ব্রত-উপবাসাদি পালনের অবসান; 3 অশৌচ পালনের নির্দিষ্ট সময়ের অবসান। ˜ মাফিক বিণ. ক্রি-বিণ. নিয়ম অনুসারে, নিয়ম মেনে করা হচ্ছে এমন। নিয়মাধীন বিণ. নির্দিষ্ট বিধি বা নির্দেশ পালনে বাধ্য এমন। নিয়মানুগ বিণ. নিয়ম-অনুসারী, নিয়ম মেনে হচ্ছে এমন। নিয়মানুবর্তী (-র্তিন্) বিণ. নির্দিষ্ট নিয়ম মেনে চলে এমন। নিয়মানুযায়ী (-য়িন্) বিণ. নিয়মানুগত, নিয়মানুবর্তী। □ ক্রি-বিণ. নিয়মের বশবর্তী হয়ে (নিয়মানুযায়ী কাজ করা)। নিয়মাবলি বি. নানাবিধ নিয়ম। নিয়মিত বিণ. 1 নিয়ম-অনুযায়ী; 2 নিয়ন্ত্রিত (শাস্ত্রনিয়মিত অনুষ্ঠান)। □ ক্রি-বিণ. প্রায় প্রতিদিন নির্দিষ্টভাবে (সে এখানে নিয়মিত আসে)। নিয়মী (-মিন্) বিণ. নিয়ম পালনকারী। নিয়ম্য বিণ. নিয়মের অধীনে আনার যোগ্য; নিয়ন্ত্রণযোগ্য।

নিয়ম-সেবা (p. 461) [niẏama-sēbā] বি. 1 দামোদরব্রত; 2 কৃষ্ণের প্রীতির উদ্দেশ্যে পালিত ব্রতবিশেষ, বিজয়া দশমীর পর একাদশী থেকে এক মাস বৈষ্ণব ভক্তেরা যা পালন করেন। [সং. নিয়ম + সেবা]।

নিয়ামক (p. 461) [niẏāmaka] বিণ. 1 নিয়ন্ত্রণকারী (নিয়ামক আইন); 2 পরিচালক, controller (বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ামক); 3 নিয়মকর্তা; 4 (জ্যামি.) বক্রাদি অঙ্কনে ব্যবহার্য স্থির রেখা, directrix (বি. প.)। [সং. নি + √ যম্ + অক]।

নিয়োগ (p. 461) [niẏōga] বি. 1 প্রেরণ, প্রবর্তন, নিয়োজন (দুষ্কর্মে নিয়োগ); 2 কাজের ভার দেওয়া; 3 প্রবৃত্ত বা ব্যাপৃত করা; 4 বহাল করা (নিয়োগপত্র); 5 প্রয়োগ, স্থাপন (মনোনিয়োগ); 6 বিনিয়োগ, টাকা ইত্যাদি খাটানো (ব্যাবসাতে টাকা নিয়োগ)। [সং. নি + √ যুজ্ + অ]। ˜ পত্র বি. কাজে বহাল করার নির্দেশপূর্ণ চিঠি, appointment letter. নিয়োগী (-গিন্) বিণ. নিযুক্ত বা আদিষ্ট হয়েছে এমন। □ বি. পদবিবিশেষ।

নিয়োজক (p. 461) [niẏōjaka] বিণ. নিয়োগকর্তা, নিযোক্তা। [সং. নি + √ যুজ্ + অক]। নিয়োজন বি. 1 কর্মে নিয়োগ; 2 প্রেরণ, প্রবর্তন; 3 প্রবৃত্ত বা ব্যাপৃত করা; 4 অধিকারদান। নিয়োজয়িতা (তৃ.) বিণ. নিয়োজক, নিয়োগকর্তা। নিয়োজিত বিণ. 1 নিযুক্ত; 2 প্রবর্তিত; 3 প্রযুক্ত; 4 বিনিয়োগ করা হয়েছে এমন (শিল্পে নিয়োজিত মূলধন)। নিযোজ্য বিণ. নিযুক্ত করার উপযুক্ত; প্রযোজ্য।

নিরংশ (p. 461) [niraṃśa] বি. (জ্যোতি.) 1 রাশির ভোগকালের প্রথম ও শেষ দিন; 2 সংক্রান্তি। □ বিণ. অংশভাগী নয় এমন। [সং. নির্ (নিঃ) + অংশ]।

নিরক্ষ (p. 461) [nirakṣa] বি. অক্ষোন্নতিশূন্য অঞ্চল বা দেশ যেখানে দিন ও রাত্রি সমান হয়। [সং. নির্ (নিঃ) + অক্ষ]। ˜ বলয়, ˜ বৃত্ত, ˜ রেখা বি. (ভূগো.) দুই মেরু থেকে সমান দূরে পৃথিবীকে পূর্ব-পশ্চিমে বেষ্টনকারী কল্পিত বৃত্তাকার রেখা, ভূ-বিষুবরেখা, equator (বি. প.)। নিরক্ষীয় বিণ. নিরক্ষরেখার নিকটস্থ বা নিরক্ষরেখাসম্বন্ধীয়, equatorial (বি. প.)।

নিরক্ষর (p. 461) [nirakṣara] বিণ. অক্ষরজ্ঞানহীন, বর্ণপরিচয়হীন, সম্পূর্ণ অশিক্ষিত (নিরক্ষর লোককে সাক্ষর করা)। [সং. নির্ (নিঃ) + অক্ষর]। বি.˜ তা।

নিরখা (p. 461) [nirakhā] ক্রি. (কাব্যে) নিরীক্ষণ করা, দেখা ('নিরখিয়া প্রাণে নাহি সয়': মধু.)। [সং. নির্ + √ ঈক্ষ্ + বাং. আ]।

নিরগ্নি (p. 461) [niragni] বিণ. যে বেদনির্দিষ্ট অনুষ্ঠান পালন করে না। [সং. নির্ + অগ্নি]।

নিরঙ্কুশ (p. 461) [niraṅkuśa] বিণ. 1 অঙ্কুশতুল্য বাধা থেকে মুক্ত; যাতে কোনো বাধা নেই, বাধানিষেধ থেকে মুক্ত (নিরঙ্কুশ সংখ্যাধিক্য); 2 বন্ধনহীন, অবাধ, স্বেচ্ছাচারী (নিরঙ্কুশ স্বৈরাচার, নিরঙ্কুশ রাজতন্ত্র)। [সং. নির্ + অঙ্কুশ]।

নিরঞ্জন (p. 461) [nirañjana] বিণ. কলঙ্কহীন, নির্মল। □ বি. 1 পরব্রহ্ম; 2 শিব; 3 শূন্যরূপ দেবতা; ধর্মঠাকুর; 4 (বাং.) প্রতিমাবিসর্জন। [সং. নির্ + অঞ্জন]। নিরঞ্জনা বিণ. (স্ত্রী.) নির্মলা, কলঙ্কহীনা। □ বি. (স্ত্রী.) পূর্ণিমা তিথি।

নিরত (p. 461) [nirata] বিণ. 1 ব্যাপৃত (পাঠে নিরত, কর্মে নিরত); 2 নিযুক্ত (এ কাজে আমিই তাকে নিরত করেছি); 3 অনুরক্ত; 4 নিবিষ্ট। [সং. নি + √ রম্ + ত]। স্ত্রী. নিরতা (কর্ম-নিরতা)।

নিরতি-শয় (p. 461) [nirati-śaẏa] বিণ. বিণ-বিণ. অত্যন্ত বেশি, অত্যধিক (নিরতিশয় ব্যস্ত, নিরতিশয় দুঃখিত)। [সং. নির্ + অতিশয়]।

নিরতীত (p. 461) [niratīta] বিণ. অতীত হয়ে যায়নি এমন ('নিরতীত নৈরাজ্যের রূঢ় নিমন্ত্রণ': সু.দ.)। [সং. নির্ + অতীত]।

নিরত্যয় (p. 461) [niratyaẏa] বিণ. 1 অক্ষয়, অবিনাশী, অবিনশ্বর (নিরত্যয় আত্মা); 2 বাধাবিঘ্নহীন; 3 নির্দোষ। [সং. নির্ + অত্যয়]।

নিরন্ত (p. 461) [niranta] বিণ. যার অন্ত নেই, অন্তহীন ('নিরন্ত কালোয় অন্ধ অরণ্যের মূঢ় গর্জন': শ. ঘো.)। [সং. নির্ + অন্ত]।

নিরন্তর (p. 461) [nirantara] বিণ. 1 নিরবচ্ছিন্ন, অবিরাম (নিরন্তর প্রবাহ, নিরন্তর সংগ্রাম); 2 নিবিড়, নিশ্ছিদ্র। □ ক্রি-বিণ. সর্বদা, অবিরামভাবে, অনবরত ('বহে নিরন্তর অনন্ত আনন্দধারা': রবীন্দ্র)। [সং. নির্ + অন্তর]।

নিরন্তরাল (p. 461) [nirantarāla] বিণ. অন্তরালহীন, যাতে আড়াল নেই। [সং. নির্ + অন্তরাল]।

নিরন্ন (p. 461) [niranna] বিণ. 1 খাদ্যসংস্থানহীন, খাদ্যহীন; 2 অতি দরিদ্র (লক্ষ লক্ষ নিরন্ন মানুষের মিছিল)। [সং. নির্ + অন্ন]।

নিরপত্য (p. 461) [nirapatya] বিণ. নিঃসন্তান। [সং. নির্ + অপত্য]।

নিরপরাধ, (বাং.) নিরপরাধী (p. 461) [niraparādha, (bā.) nniraparādhī] বিণ. অপরাধ করেনি এমন, অপরাধহীন, নির্দোষ। [সং. নির্ + অপরাধ]। বিণ. স্ত্রী. নিরপরাধা, (বাং.) নিরপরাধিনী।

নিরপেক্ষ (p. 461) [nirapēkṣa] বিণ. 1 পক্ষপাতহীন (নিরপেক্ষ বিচার); 2 স্বাধীন, অন্যের মুখাপেক্ষী নয় এমন (দলনিরপেক্ষ); 3 উদাসীন (ভোগবাসনায় নিরপেক্ষ); 4 প্রয়োজনরহিত, প্রয়োজন নেই এমন; 5 (দর্শ.) শর্তাদারি অধীন নয় এমন, অনন্যসম্বন্ধ, সম্বন্ধাতীত, categorical (বি. প.)। [সং. নির্ + অপেক্ষা]। বি.˜ তা।

নিরব-কাশ (p. 461) [niraba-kāśa] বিণ. 1 অবকাশ বা অবসর নেই এমন (নিরবকাশ কর্মজীবন); 2 যাতে ব্যবধান বা শূন্যস্থান নেই, নিরবচ্ছিন্ন। [সং. নির্ + অবকাশ]। □ বি. উক্ত অর্থে।

নিরব-গ্রহ (p. 461) [niraba-graha] বিণ. 1 ব্যাঘাতহীন, অব্যাহত; 2 স্বতন্ত্র; 3 অনাবৃষ্টি নেই এমন। [সং. নির্ + অবগ্রহ]।

নিরবচ্ছিন্ন (p. 461) [nirabacchinna] বিণ. 1 ছেদহীন, একটানা (নিরবচ্ছিন্ন কষ্টভোগ, নিরবচ্ছিন্ন পরিশ্রম); 2 অবিরাম, নিরন্তর (নিরবচ্ছিন্ন চর্চা)। [সং. নির্ + অবচ্ছিন্ন]। বি.˜ তা।

নিরবদ্য (p. 461) [nirabadya] বিণ. 1 অনবদ্য, অনিন্দনীয়; 2 নিখুঁত, নির্দোষ। [সং. নির্ + অবদ্য]।

নিরবধি (p. 461) [nirabadhi] বিণ. সীমাহীন, শেষহীন, অনন্ত ('কালের সমুদ্রে শেষ কাল নিরবধি': বিষ্ণু)। □ ক্রি-বিণ. নিরন্তর, সর্বদা (নিরবধি বয়ে চলেছে)। [সং. নির্ + অবধি]।

নিরবয়ব (p. 461) [nirabaẏaba] বিণ. মূর্তিহীন, নিরাকার। □ বি. 1 পরব্রহ্ম; 2 কামদেব; 3 পরমাণু। [সং. নির্ + অবয়ব]।

নিরবলম্ব, নিরবলম্বন (p. 461) [nirabalamba, nirabalambana] বিণ. অবলম্বনহীন, সহায়হীন, অসহায়, অনাথ; আশ্রয়হীন। [সং. নির্ + অবলম্ব, অবলম্বন]।

নিরব-শেষ (p. 461) [niraba-śēṣa] বিণ. সম্পূর্ণ, নিঃশেষ, যার অবশেষ বা অবশিষ্ট কিছু নেই। [সং. নির্ + অবশেষ]।

নিরবসাদ (p. 461) [nirabasāda] বিণ. অবসাদহীন, ক্লান্তিহীন। [সং. নির্ + অবসাদ]।

নিরভি-মান (p. 461) [nirabhi-māna] বিণ. 1 অভিমানশূন্য; 2 নিরহংকার। [সং. নির্ + অভিমান]। স্ত্রী. নিরভি-মানা। নিরভি-মানী (বাং. প্রয়োগ) বিণ. অভিমানহীন; গর্বশূন্য। স্ত্রী. (বাং. প্রয়োগ) নিরভি-মানিনী।

নিরমা, নিরমান (p. 461) [niramā, niramāna] যথাক্রমে নির্মা ও নির্মাণ -এর কোমল রূপ।

নিরম্বু (p. 467) [nirambu] বিণ. জলহীন; যাতে জলটুকুও পান করা নিষিদ্ধ (নিরম্বু উপবাস)। [সং. নির্ + অম্বু]।

নিরয় (p. 467) [niraẏa] বি. নরক। [সং. নির্ + অয় (সৌভাগ্য)]। ̃ গমন বি. মৃত্যুর পরে নরকে গমন বা নরকবাস। ̃ গামী (-মিন্) বিণ. নরকগামী; মৃত্যুর পরে নরকে গমনকারী।

নিরর্গল (p. 467) [nirargala] বিণ. ক্রি-বিণ. অর্গলহীন, অনর্গল; বাধাহীন। [সং. নির্ + অর্গল]।

নিরর্থ (p. 467) [nirartha] বিণ. অর্থহীন ('নিরর্থ হাহাকারে': রবীন্দ্র)। [সং. নির্ + অর্থ]। ̃ ক বিণ. 1 অর্থহীন, নিষ্ফল, অকারণ (নিরর্থক কলহ); 2 উদ্দেশ্যহীন (নিরর্থক ছোটাছুটি)। □ ক্রি-বিণ. বৃথা; অকারণ।

নিরলং-কার (p. 467) [nirala-ṅkāra] বিণ. অলংকারহীন, নিরাভরণ (নিরলংকার গদ্য); সরল, অনাড়ম্বর। [সং. নির্ + অলংকার]।

নিরলস (p. 467) [niralasa] (বাং.) বিণ. আলস্যহীন (নিরলস চেষ্টা)। [সং. নির্ + আলস্য]। স্ত্রী. নিরলসা। তু. সং. নিরালস্য।

নিরশ্রু (p. 467) [niraśru] বিণ. অশ্রুহীন, চোখের জল পড়ে না বা নেই এমন ('নিরশ্রু ক্রন্দনে প্রাণের পরম শিরা ছিঁড়ে যায়': সু. দ.)। [সং. নির্ + অশ্রু]।

নিরসন (p. 467) [nirasana] বি. নিরাকরণ, দূরীকরণ, মোচন, খণ্ডন (সন্দেহ নিরসন, ভ্রান্তি নিরসন)। [সং. নির্ + √ অস্ + অন]।

নিরস্ত (p. 467) [nirasta] বিণ. 1 ক্ষান্ত (তর্কে নিরস্ত হওয়া, চেষ্টায় নিরস্ত হওয়া); 2 বিরত, নিবৃত্ত (সকলে মিলে তাকে নিরস্ত করলাম); 3 দূরীভূত। [সং. নির্ + √ অস্ + ত]।

নিরস্ত্র (p. 467) [nirastra] বিণ. অস্ত্রহীন। [সং. নির্ + অস্ত্র]। নিরস্ত্রী-করণ বি. 1 অস্ত্রহীন করা; 2 যুদ্ধসম্ভার বর্জন বা হ্রাস করা।

নিরহংকার (p. 467) [nirahaṅkāra] বিণ. অহংকারশূন্য, গর্বিত নয় এমন। [সং. নির্ + অহংকার]। নিরহং-কারী (-রিন্) (বাং. প্র.) বিণ. অহংকারশূন্য।

নিরা-করণ (p. 467) [nirā-karaṇa] বি. 1 নিরসন, খণ্ডন, ভঞ্জন, দূরীকরণ (সন্দেহ নিরাকরণ); 2 নিবারণ; 3 (অশু.) সমাধান (সমস্যার নিরাকরণ); 4 প্রত্যাখ্যান; 5 (অশু.) নির্ণয়। [সং. নির্ + আ + √ কৃ + অন]। নিরা-কৃত বিণ. নিরাকরণ করা হয়েছে এমন। নিরাকৃতি বি. নিরাকরণ।

নিরাকাঙ্ক্ষ (p. 467) [nirākāṅkṣa] বিণ. আকাঙ্ক্ষাহীন; অনাসক্ত; নির্লোভ। [সং. নির্ + আকাঙ্ক্ষা]। নিরাকাঙ্ক্ষা বি. আকাঙ্ক্ষাহীনতা।

নিরাকার (p. 467) [nirākāra] বিণ. আকারহীন, মূর্তিহীন। □ বি. 1 আকাশ; 2 পরব্রহ্ম। [সং. নির্ + আকার]।

নিরাকুল (p. 467) [nirākula] বিণ. 1 অত্যন্ত ব্যাকুল; 2 ব্যাকুলতাহীন, উদ্বেগহীন, প্রশান্ত। [সং. নির্ + আকুল]।

নিরাকূত (p. 467) [nirākūta] বিণ. 1 আকূতিহীন; 2 ঔৎসুক্যহীন ('নিরাকূত মানবাত্মা অঙ্গারিত সৌর তেজময়': সু. দ.)। [সং. নির্ + আকূতি]।

নিরাকৃত, নিরাকৃতি1 (p. 467) [nirākṛta, nirākṛti1] দ্র নিরাকরণ।

নিরাকৃতি2 (p. 467) [nirākṛti2] বিণ. আকারহীন। [সং. নির্ + আকৃতি]।

নিরাতঙ্ক (p. 467) [nirātaṅka] বিণ. আতঙ্কহীন, ভয়শূন্য। [সং. নির্ + আতঙ্ক]।

নিরাতপ (p. 467) [nirātapa] বিণ. আতপহীন, রোদ বা রোদের তেজ নেই এমন (নিরাতপ দিন)। [সং. নির্ + আতপ]।

নিরাধার (p. 467) [nirādhāra] বিণ. 1 আধারহীন; 2 অবলম্বনহীন, আশ্রয়হীন। [সং. নির্ + আধার]।

নিরানন্দ (p. 467) [nirānanda] বিণ. 1 আনন্দহীন (নিরানন্দ জীবন); 2 দুঃখিত, দুঃখময়। □ (বাং.) বি. আনন্দহীনতা (নিরানন্দে জীবন কাটে); দুঃখ, বিষাদ। [সং. নির্ + আনন্দ]।

নিরানব্বই, (কথ্য) নিরানব্বুই (p. 467) [nirānabbi, (kathya) nirānabbui] বি. বিণ. 99 সংখ্যা বা সংখ্যক। [সং. নবনবতি]।

নিরাপৎসু (p. 467) [nirāpatsu] দ্র নিরাপদ।

নিরাপত্তা (p. 467) [nirāpattā] বি. বিপদশূন্যতা, নিরুপদ্রব অবস্থা, নির্বিঘ্নতা। [সং. নিরাপদ্ + তা]। নিরাপত্তা পরিষদ প্রত্যেক রাষ্ট্রের নিরাপত্তা ও স্বাধীনতা অক্ষুণ্ণ রাখার জন্য গঠিত রাষ্ট্রসংঘের সংসদবিশেষ, Security Council.

নিরাপদ (p. 467) [nirāpada] (-পদ্) বিণ. 1 বিপদহীন, নির্বিঘ্ন; 2 বিপন্মুক্ত। [সং. নির্ + আপদ্]। নিরাপদে ক্রি-বিণ. নির্বিঘ্নে (নিরাপদে বাড়ি পৌঁছে গেছে)। নিরাপৎসু বি. যাকে বিপদ স্পর্শ করে না তাকে সম্বোধনসূচক; বাংলায় স্নেহভাজনকে চিঠি লেখার সময় কল্যাণ কামনাপূর্বক সম্বোধনবিশেষ।

নিরাবরণ (p. 467) [nirābaraṇa] বিণ. আবরণশূন্য, উন্মুক্ত; অনাবৃত (নিরাবরণ দেহ)। [সং. নির্ + আবরণ]।

নিরাভরণ (p. 467) [nirābharaṇa] বি. আভরণহীন, নিরলংকার (নিরাভরণ সৌন্দর্য)। [সং. নির্ + আভরণ]। স্ত্রী. নিরাভরণা।

নিরাময় (p. 467) [nirāmaẏa] বিণ. 1 নিরোগ, সুস্থ (সে এখন সম্পূর্ণ নিরাময় হয়েছে); 2 (বাং.) দূরীকৃত (রোগ নিরাময় করা)। □ বি. (বাং.) দূরীকরণ (রোগ নিরাময়ের জন্য)। [সং. নির্ + আময় (=রোগ)]।

নিরামিষ (p. 467) [nirāmiṣa] বিণ. আমিষ অর্থাত্ মাছ মাংস ডিম প্রভৃতি বর্জিত (নিরামিষ আহার)। □ বি. নিরামিষ খাবার (সে নিরামিষ খায়)। [সং. নির্

+ আমিষ]। ˜ ভোজী (-জিন্), নিরামিষাশী (-শিন্) বিণ. কেবল নিরামিষ খাদ্য আহার করে এমন।

নিরায়ুধ (p. 467) [nirāẏudha] বিণ. অস্ত্রহীন, নিরস্ত্র। [সং. নির্ + আয়ুধ]।

নিরালম্ব (p. 467) [nirālamba] বিণ. আশ্রয়হীন, অবলম্বনহীন, নিঃসহায়। [সং. নির্ + আলম্ব]।

নিরালস্য (p. 467) [nirālasya] বিণ. 1 আলস্যহীন, নিরলস; 2 পরিশ্রমী, শ্রমশীল। [সং. নির্ + আলস্য]।

নিরালা (p. 467) [nirālā] বিণ. নির্জন, নিভৃত (নিরালা গৃহকোণ)। □ বি. নির্জন স্থান, নিভৃত স্থান (নিরালায় বসে আলাপ করা)। [সং. নিরালয়]।

নিরালোক (p. 467) [nirālōka] বিণ. আলোকহীন, অন্ধকার (নিরালোক রাত্রি, নিরালোক আকাশ)। [সং. নির্ + আলোক]।

নিরাশ (p. 467) [nirāśa] বিণ. আশাহীন, হতাশ (আমাকে নিরাশ করলে, এখনই নিরাশ হয়ো না)। [সং. নির্ + আশা]। নিরাশা, নৈরাশ্য বি. আশাহীনতা, হতাশা, ভরসাহীনতা ('কাদে যারা নিরাশায়')।

নিরাশ্বাস (p. 467) [nirāśbāsa] বিণ. আশ্বাসহীন; হতাশাগ্রস্ত। [সং. নির্ + আশ্বাস]।

নিরাশ্রয় (p. 467) [nirāśraẏa] বিণ. 1 আশ্রয়হীন; গৃহহীন; 2 সহায়হীন। [সং. নির্ + আশ্রয়]। স্ত্রী. নিরাশ্রয়া।

নিরাসক্ত (p. 468) [nirāsakta] বিণ. অনাসক্‌ত, উদাসীন (নিরাসক্ত মন)। [সং. মতে ব্যাকরণসিদ্ধ নয়-নির্ + আসক্তি]। নিরাসক্তি বি. আসক্তিহীনতা।

নিরাহার (p. 468) [nirāhāra] বি. অনাহার, উপবাস। □ বিণ. অনাহারী, উপবাসী। [সং. নির্ + আহার]।

নিরিক্ত (p. 468) [nirikta] বিণ. সম্পূর্ণ রিক্ত ('আমার নিরিক্ত মর্মে বিষাক্ত শেলের মতো বাজে': সু. দ.)। [সং. নি + √ রিচ্ + ত। সংস্কৃতে এই শব্দ লভ্য নয়]।

নিরিখ (p. 468) [nirikha] বি. 1 বাজারদর; 2 হার (এখনকার নিরিখে বিচার করলে ভুল হবে)। [ফা. নির্খ]।

নিরিন্দ্রিয় (p. 468) [nirindriẏa] বিণ. ইন্দ্রিয়হীন, চক্ষু কর্ণ নাসিকা ইত্যাদি ইন্দ্রিয় নেই এমন। [সং. নির্ + ইন্দ্রিয়]।

নিরিবিলি (p. 468) [niribili] বিণ. নিভৃত, নির্জন (নিরিবিলি জায়গায় বসেছে)। □ বি. নিভৃত স্থান, নির্জন জায়গা (নিরিবিলিতে বসে গল্প করা)। □ ক্রি-বিণ. নিভৃত স্থানে, একান্তে (দুজনে নিরিবিলি পরামর্শ করছে)। [সং. নিরাবিল]।

নিরীক্ষক (p. 468) [nirīkṣaka] বিণ. বি. 1 নিরীক্ষণকারী, যে সযত্নে লক্ষ করে বা দর্শন করে, বিশেষভাবে দর্শনকারী; 2 আয়ব্যয়ের পরীক্ষক, auditor. (স. প.)। [সং. নির্ + √ ঈক্ষ্ + অক]।

নিরীক্ষণ (p. 468) [nirīkṣaṇa] বি. যত্নসহকারে দেখা, বিশেষভাবে দেখা, মনোযেগের সঙ্গে দেখা; পর্যবেক্ষণ। [সং. নির্ + √ ঈক্ষ্ + অন]। নিরীক্ষ-মাণ বিণ. নিরীক্ষণ করছে এমন। নিরীক্ষা বি. 1 বিশেষভাবে বা যত্নের সঙ্গে দেখা; 2 অন্বেষণ, জ্ঞানান্বেষণ। নিরীক্ষিত বিণ. নিরীক্ষণ করা হয়েছে এমন। নিরীক্ষ্য-মাণ বিণ. নিরীক্ষিত হচ্ছে এমন, যা বা যাকে নিরীক্ষণ বা পর্যবেক্ষণ করা হচ্ছে এমন (নিরীক্ষ্যমাণ বিষয়)।

নিরীশ্বর (p. 468) [nirīśbara] বিণ. 1 ঈশ্বরহীন; 2 ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী, নাস্তিক; 3 ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধে অস্বীকৃতিপূর্ণ (নিরীশ্বর মত)। [সং. নির্ + ঈশ্বর]। ˜ বাদ বি. ঈশ্বর নেই-এই দার্শনিক মত, নাস্তিক্যবাদ, atheism (বি. প.)। ˜ বাদী (-দিন্) বিণ. বি. নাস্তিক।

নিরীহ (p. 468) [nirīha] বিণ. 1 নির্বিরোধ, শান্তশিষ্ট কারও ক্ষতি করে না এমন, গোবেচারা; 2 নিশ্চেষ্ট; 3 নিস্পৃহ। [সং. নির্ + ঈহা (চেষ্টা, ইচ্ছা)]।

নিরুক্ত (p. 468) [nirukta] বি. যাস্কপ্রণীত বেদের দুরূহ শব্দসমূহের ব্যুৎপত্তি ও ব্যাখ্যাসংবলিত গ্রন্হবিশেষ। □ বিণ. 1 নিশ্চয়রূপে কথিত বা উক্ত; 2 মীমাংসিত; নির্ণীত। [সং. নির্ + উক্ত]।

নিরুক্তি (p. 468) [nirukti] বি. 1 নিশ্চয়োক্তি; 2 শব্দের ব্যুৎপত্তি প্রভৃতি নির্দেশ; 3 নির্বচন, সংজ্ঞার্থ, definition; 4 মীমাংসা, নির্ণয়; 5 নিরুক্ত গ্রন্থ। [সং. নির্ + উক্তি]।

নিরুচ্চার (p. 468) [niruccāra] বিণ. নির্বাক, বাক্যহারা (সেই তর্কে তিনি নিরুচ্চার রইলেন)। [সং. নির্ + উচ্চার]।

নিরুত্-সাহ (p. 468) [nirut-sāha] বিণ. উৎসাহহীন, উদ্যম নেই এমন, হতাশ (হেরে গিয়ে নিরুৎসাহ হওয়া)। □ বি. উৎসাহের অভাব। [সং. নির্ + উৎসাহ]। নিরুত্-সাহিতা বি. উৎসাহহীনতা; হতাশা।

নিরুত্-সুক (p. 468) [nirut-suka] বিণ. 1 ঔৎসুক্যহীন, আগ্রহশূন্য, কৌতূহলহীন (নিরুৎসুক মন); 2 অত্যন্ত উৎসুক। [সং. নির্ + উৎসুক]।

নিরুত্তর (p. 468) [niruttara] বিণ. 1 উত্তরহীন, জবাবশূন্য; 2 নির্বাক, বাক্যহীন ('অন্যে বাক্য কবে, কিন্তু তুমি রবে নিরুত্তর': রামমোহন রায়); 3 প্রতিবাদ করে না এমন। [সং. নির্ + উত্তর]।

নিরুত্তেজ (p. 468) [niruttēja] বিণ. 1 উত্তেজনাহীন; 2 নিস্তেজ, নিষ্প্রাণ (নিরুত্তেজ কণ্ঠে আবৃত্তি করা)। [সং. নির্ + উত্তেজ]।

নিরুদক (p. 468) [nirudaka] বিণ. জলশূন্য, জল নেই এমন। [সং. নির্ + উদক]।

নিরুদ্দিষ্ট (p. 468) [niruddiṣṭa] বিণ. নিখোঁজ, যার খোঁজ বা উদ্দেশ পাওয়া যায় না (নিরুদ্দিষ্ট ব্যক্তির প্রতি পত্র)। [সং. মতে সিদ্ধ নয়-নির্ + উদ্দিষ্ট (?)]।

নিরুদ্দেশ (p. 468) [niruddēśa] বিণ. 1 লক্ষ্যহীন, উদ্দেশহীন (নিরুদ্দেশ যাত্রা); 2 নিখোঁজ (ছেলাটি নিরুদ্দেশ হয়ে গেছে)। □ বি. যে স্থানের সন্ধান জানা নেই (নিরুদ্দেশের সন্ধানে যাওয়া)। [সং. নির্ + উদ্দেশ]।

নিরুদ্ধ (p. 468) [niruddha] বিণ. 1 অবরুদ্ধ, আবদ্ধ (নিরুদ্ধ নিশ্বাস); 2 বাধাপ্রাপ্ত (বাষ্পনিরুদ্ধ কণ্ঠ)। [সং. নি + √ রুধ্ + ত]।

নিরুদ্বিগ্ন (p. 468) [nirudbigna] (অশু. কিন্তু প্রচ.) বিণ. উদ্বেগহীন, শান্ত (নিরুদ্বিগ্ন মন)। [সং. নিরুদ্বেগ]।

নিরুদ্বেগ (p. 468) [nirudbēga] বিণ. উদ্বেগহীন, শান্ত। □ বি. উদ্বেগহীনতা। [সং. নির্ + উদ্বেগ]।

নিরুদ্যম (p. 468) [nirudyama] বিণ. উদ্যমহীন, চেষ্টাহীন, নিশ্চেষ্ট। [সং. নির্ + উদ্যম]।

নিরুপদ্রপ (p. 468) [nirupadrapa] বিণ. উৎপাতহীন, নিরাপদ (নিরুপদ্রব জীবন সকলেরই কাম্য)। □ বি. বিপদহীনতা (নিরুপদ্রবে দিন কেটে গেল)। [সং. নির্ + উপদ্রব]।

নিরুপম (p. 468) [nirupama] বিণ. উপমারহিত, তুলনাহীন, অতুলনীয় (নিরুপম সৌন্দর্য)। [সং. নির্ + উপমা]। স্ত্রী. নিরুপমা।

নিরুপাখ্য (p. 468) [nirupākhya] বিণ. 1 ব্যক্ত করা যায় না এমন; 2 আখ্যাত করা যায় না এমন; 3 অবাস্তব, অস্তিত্ব নেই এমন, আকাশকুসুম। [সং. নির্ + উপ + আখ্যা (সমাসান্ত)]।

নিরুপাধি, নিরুপাধিক (p. 468) [nirupādhi, nirupādhika] বিণ. 1 উপাধিহীন; 2 ভেদকারক-ধর্মশূন্য; 3 সত্ত্ব, রজঃ, তমঃ এই তিন গুণশূন্য; 4 গুণাতীত, নির্গুণ (নিরুপাধি ব্রহ্ম)। [সং. নির্ + উপাধি, বিকল্পে ক আগম]।

নিরুপায় (p. 468) [nirupāẏa] বিণ. 1 উপায়হীন; 2 প্রতিকারের ক্ষমতাহীন (তোমাকে সাহায্য করতে পারছি না, আমি নিরুপায়); 3 নাচার; 4 নিঃসহায়। [সং. নির্ + উপায়]।

নিরূপক (p. 468) [nirūpaka] বিণ. নিরূপণকারী, নিরূপণ বা নির্ধারণ করে এমন (মাননিরূপক পরীক্ষা)। [সং. নি + √ রূপ্ + ণিচ্ + অক]।

নিরূপণ (p. 468) [nirūpaṇa] বি. 1 নির্ধারণ, নির্ণয় (কর্তব্য নিরূপণ); 2 অবধারণ, ধার্য করা (শ্রেষ্ঠতা নিরূপণ)। [সং. নি + √ রূপ্ + অন]। নিরূপণ করা ক্রি. বি. নির্ণয় করা বা নির্ধারণ করা; অবধারণ করা। নিরূপিত বিণ. নিরূপণ করা হয়েছে এমন; নির্ণীত; স্থিরীকৃত।

নিরেট (p. 468) [nirēṭa] বিণ. 1 ফাঁপা নয় এমন, জমাট (নিরেট বল); 2 কঠিন, দৃঢ় (নিরেট পাথর); 3 (ব্যঙ্গে) বুদ্ধিহীন মস্তিষ্কহীন (নিরেট মাথা)। [তু. হি. নিরাট (=সম্পূর্ণ, একেবারে)]। নিরেট মূর্খ বিণ. অতিশয় বোকা, আকাট মূর্খ।

নিরেস (p. 468) [nirēsa] বিণ. নিকৃষ্ট, খারাপ, বাজে (নিরেস মাল)। [তু. সং. নীরস; তু. বিপ. সরেস]।

নিরোধ (p. 468) [nirōdha] বি. 1 অবরোধ, বাধা; 2 প্রতিরোধ; 3 নিবারণ (জন্মনিরোধ); 4 নিয়ন্ত্রণ, সংযম (ক্রোধ নিরোধ, চিত্তবৃত্তি নিরোধ)। [সং. নি √ রুধ্ + অ]। ˜ ক বিণ. নিরোধকারী। ˜ ন বি. রুদ্ধ করা; বাধাদান, সংযম পালন। নিরোধ্য বিণ. নিরোধ করা যায় এমন, বাধা দেওয়া বা প্রতিরোধ করা যায় এমন।

নির্ঋতি (p. 468) [nirṛti] বি. অলক্ষ্মী। [সং. নির্ + ঋতি (=শুভ)]।

নির্গত (p. 468) [nirgata] বিণ. বহির্গত, নিঃসৃত, বেরিয়ে এসেছে এমন (দেহ থেকে স্বেদ নির্গত হওয়া)। তু. সর্থ. বিনির্গত। [সং. নির্ + √ গম্ + ত]।

নির্গন্ধ (p. 468) [nirgandha] বিণ. গন্ধহীন, গন্ধ নেই এমন। [সং. নির্ + গন্ধ]।

নির্গম, নির্গমন (p. 468) [nirgama, nirgamana] বি. 1 বহির্গমন, বাইরে বেরিয়ে আসা; 2 নিঃসরণ (নির্গমনপথ)। [সং. নির্ + √ গম্ + অ, অন]।

নির্গলন (p. 468) [nirgalana] বি. 1 বিগলন; 2 চোয়ানো, চুইয়ে পড়া, ক্ষরণ (রসের নির্গলন, শোণিত নির্গলন)। [সং. নির্ + √ গল্ + অন]। নির্গলিত বিণ. চুইয়ে পড়েছে এমন, ক্ষরিত। নির্গলিতার্থ বি. মর্মার্থ, অন্তর্নিহিত অর্থ।

নির্গুণ (p. 468) [nirguṇa] বিণ. 1 গুণহীন; সদ্গুণহীন (পুরোপুরি নির্গুণ লোক); 2 ত্রিগুণাতীত (নির্গুণ ব্রহ্ম)। □ বি. ত্রিগুণাতীত পরব্রহ্ম বা পরমাত্মা। [সং. নির্ + গুণ]।

নির্গূঢ় (p. 468) [nirgūḍh.] বিণ. 1 অতিশয় গোপনীয়; 2 অতিশয় রহস্যাবৃত। [সং. নির্ + গূঢ়]।

নির্গৃহ (p. 468) [nirgṛha] বিণ. 1 গৃহহীন; 2 নিরাশ্রয়, যার আশ্রয় নেই ('নিরন্ন নিরস্ত্র নির্গৃহ নরনারী')। [সং. নির্ + গৃহ]।

নির্গ্রন্হ (p. 468) [nirgranha] বিণ. 1 পরিধেয় বস্ত্রের গ্রন্হিহীন, যার পরিধেয় বস্ত্রে গ্রন্হি নেই; 2 দিগম্বর; 3 সংসারে বন্ধনহীন; 4 অনাসক্ত। □ বি. বৌদ্ধ সন্ন্যাসিবিশেষ, ক্ষপণক। [সং. নির্ + গ্রন্হ]।

নির্ঘণ্ট (p. 468) [nirghaṇṭa] বি. 1 সূচি; 2 বিষয় কার্য বা অনুষ্ঠানাদির ক্রমিক তালিকা (পূজার নির্ঘণ্ট); 3 (বিরল) কোষগ্রন্হ বা অভিধান। [সং. নির্ + √ ঘণ্ট্ + অ]।

নির্ঘাত (p. 468) [nirghāta] বি. 1 প্রবল বায়ুর পরস্পর সংঘাতের ধ্বনি; 2 পরস্পর আঘাতজনিত আওয়াজ; 3 প্রচণ্ড আঘাত (অশনিনির্ঘাত)। □ বিণ. 1

প্রচণ্ড, ভীষণ; 2 নিষ্ঠুর; 3 দারুণ (নির্ঘাত বাণী); 4 (বাং.) অব্যর্থ, মোক্ষম (নির্ঘাত সত্য)। □ (বাং.) ক্রি-বিণ. অবশ্যই, নিশ্চিতভাবে (সে নির্ঘাত হেরে যাবে)। [সং. নির্ + √ হন্ + অ]।

নির্ঘৃণ (p. 468) [nirghr̥ṇa] বিণ. 1 যার ঘৃণা নেই; 2 নির্লজ্জ, বেহায়া (নির্ঘৃণ আচরণ); 3 নিষ্ঠুর। [সং. নির্ + ঘৃণা]।

নির্ঘোষ (p. 468) [nirghōṣa] বি. প্রচণ্ড আওয়াজ, উচ্চ নিনাদ (বজ্রনির্ঘোষ, জ্যানির্ঘোষ)। [সং. নির্ + √ ঘুষ্ + অ]।

নির্জন (p. 468) [nirjana] বিণ. জনহীন, নিভৃত (নির্জন প্রান্তর)। □ বি. নিরালা জায়গা, জনহীন স্থান (এই নির্জনে তারা কী করছে?)। [সং. নির্ + জন]।˜ তা বি. জনহীনতা (সকলে নির্জনতা পছন্দ করে না)।

নির্জর (p. 468) [nirjara] বিণ. 1 জরাশূন্য; 2 অক্ষয়। □ বি. (জরাশূন্য বলে) দেবতা। [সং. নির্ + জরা]।

নির্জল (p. 468) [nirjala] বিণ. 1 জলহীন; 2 জলমিশ্রিত নয় এমন (নির্জল দুধ); 3 যাতে জলপান নিষিদ্ধ এমন, নিরম্বু (নির্জল উপবাস)। [সং. নির্ + জল]। স্ত্রী. নির্জলা (নির্জলা একাদশী)।

নির্জলা1 (p. 468) [nirjalā1] দ্র নির্জল।

নির্জলা2 (p. 468) [nirjalā2] বিণ. 1 জলমিশ্রিত নয় এমন, খাঁটি (নির্জলা দুধ); 2 নিরম্বু (নির্জলা উপবাস); 3 (ব্যঙ্গে) অবিমিশ্র; সম্পূর্ণ, নিখাদ (নির্জলা মিথ্যা)। [সং. নির্ + জল + বাং. আ]।

নির্জিত (p. 468) [nirjita] বিণ. 1 পরাজিত, দমন করা বা পরাভূত করা হয়েছে এমন (নির্জিত শত্রু); 2 বশীভূত, বশীকৃত (গুণনির্জিত ভক্ত অর্থাত্ গুণমুগ্ধ)। [সং. নির্ + √ জি + ত]।

নির্জীব (p. 468) [nirjība] বিণ. 1 প্রাণহীন; 2 জীবনীশক্তি ক্ষীণ হয়েছে এমন, মৃতকল্প; 3 অত্যন্ত দুর্বল; 4 একান্ত অবসন্ন বা ক্লান্ত। [সং. নির্ + জীব]। বি.˜ তা।

নির্ঝঞ্ঝাট (p. 468) [nirjhañjhāṭa] বিণ. নিরুপদ্রব, নির্বিঘ্ন (নির্ঝঞ্ঝাট সংসার)। [সং. নির্ + বাং. ঝঞ্ঝাট]। নির্ঝঞ্ঝাটে ক্রি-বিণ. নির্বিঘ্নে, বিনা উপদ্রবে।

নির্ঝর (p. 468) [nirjhara] বি. 1 ঝরনা, পাহাড়ের জলধারা (গিরিনির্ঝর); 2 উৎস, প্রবাহ। [সং. নির্ + √ ঝৃ + অ]। নির্ঝরিণী বি. (স্ত্রী.) নদী। নির্ঝরী (-রিন্) বি. পর্বত।

নির্ণয়, নির্ণয়ন (p. 468) [nirṇaẏa, nirṇaẏana] বি. 1 নির্ধারণ, নিরূপণ (মূল্যনির্ণয়); 2 স্থিরীকরণ (কর্তব্যনির্ণয়); 3 সিদ্ধান্ত (সত্যনির্ণয়, রোগনির্ণয়)। [সং. নির্ √ নী + অ, অন]। নির্ণয় করা ক্রি. বি. নির্ধারণ করা, নিরূপণ করা; স্থির করা; সিদ্ধান্ত করা। নির্ণায়ক বিণ. নির্ণয়কারক; সিদ্ধান্ত গ্রহণকারী। □ বি. গুণাগুণ নির্ণয়ের আদর্শ বা মানদণ্ড, criterion (বি. প.)। নির্ণায়ক সভা বি.

বিচারকার্যে সহায়তার জন্য নিযুক্ত বিশেষ সভা, jury (স. প.)। নির্ণায়ক সভ্য বি. নির্ণায়ক সভার সদস্য, juror (স. প.)। নির্ণেতা (-তৃ) বিণ. নির্ণয়কারী। নির্ণীত বিণ. নির্ণয় করা হয়েছে এমন। নির্ণেয় বিণ. নির্ণয় করতে হবে এমন; নির্ণয় করার যোগ্য।

নির্দয় (p. 468) [nirdaẏa] বিণ. দয়াহীন, নিষ্ঠুর (নির্দয় আচরণ, নির্দয় শাসন)। [সং. নির্ + দয়া]। বি.˜ তা।

নির্দল (p. 468) [nirdala] বিণ. যার কোনো দল নেই এমন; দলভুক্ত নয় এমন (সংসদের নির্দল সদস্য)। [সং. নির্ + দল]।

নির্দায় (p. 468) [nirdāẏa] বিণ. দায়শূন্য, দায়িত্বমুক্ত। [সং. নির্ + দায়]।

নির্দিষ্ট (p. 468) [nirdiṣṭa] বিণ. 1 আদেশ বা নির্দেশ করা হয়েছে এমন (দেবনির্দিষ্ট কর্ম); 2 স্থিরীকৃত (নিয়তিনির্দিষ্ট); 3 নির্ধারণ করা বা ধার্য করা হয়েছে এমন (নির্দিষ্ট সময়ে, নির্দিষ্ট নিয়মে)। [সং. নির্ + √ দিশ্ + ত]।

নির্দেশ (p. 468) [nirdēśa] বি. 1 বিশেষভাবে প্রদর্শন (অঙ্গুলিনির্দেশ); 2 নির্ধারণ, স্থিরীকরণ; 3 আদেশ (কর্তব্যনির্দেশ); 4 পরিচালন; 5 উপদেশ (তার নির্দেশেই এ কাজ করেছি); 6 উল্লেখ (কাকে নির্দেশ করে একথা বললে?)। [সং. নির্ + √ দিশ্ + অ]। নির্দেশ করা ক্রি. বি. নির্ধারণ করা; আদেশ বা উপদেশ দেওয়া; উল্লেখ করা। নির্দেশ দেওয়া ক্রি. বি. আদেশ বা পরামর্শ দেওয়া।˜ ক, নির্দেষ্টা বিণ. নির্দেশকারী (গবেষণাকার্যের নির্দেশক)।˜ ন বি. নির্দেশ করা,

নির্দেশদান।˜ নামা বি. নির্দেশ বা আদেশসংবলিত পত্র।˜ প্রাপ্ত বিণ. নির্দেশ বা আদেশ পেয়েছে এমন। নির্দেশিকা বি. (স্ত্রী.) 1 সূচিপত্র; 2 তালিকা; 3 নির্ঘণ্ট।

নির্দেষ্টা (p. 468) [nirdēṣṭā] দ্র নির্দেশ।

নির্দোষ (p. 468) [nirdōṣa] বিণ. 1 দোষরহিত; 2 নিরপরাধ (নির্দোষ ব্যক্তির শাস্তি কাম্য নয়); 3 ত্রুটিশূন্য, নিখুঁত (নির্দোষ আচরণ); 4 আপত্তিকর নয় এমন (নির্দোষ আমোদপ্রমোদ, নির্দোষ কৌতুক)। [সং. নির্ + দোষ]। নির্দোষী (-ষিন্) বিণ. (বাং.) নিরপরাধ (নির্দোষীর সাজা হওয়া)। বি. নির্দোষিতা (নিজের নির্দোষিতা প্রমাণ করা)।

নির্দ্বন্দ্ব (p. 468) [nirdbandba] বিণ. 1 শীত ও উষ্ণ, অনুরাগ ও দ্বেষ ইত্যাদি দ্বন্দ্ব থেকে মুক্ত; 2 নির্বিবাদ, বিবাদ বা দ্বন্দ্ব এড়িয়ে চলে এমন, নির্বিরোধ (নির্দ্বন্দ্ব মানুষ)। [সং. নির্ + দ্বন্দ্ব]।

নির্দ্বিধ (p. 468) [nirdbidha] বিণ. 1 দ্বিধা নেই এমন, সংকোচ নেই এমন; 2 সংশয় নেই এমন (নির্দ্বিধ উক্তি, নির্দ্বিধ ঘোষণা)। [সং. নির্ + দ্বিধা]। নির্দ্বিধা বি. (বাং.) নিঃসংশয়তা, দ্বিধাহীনতা (একথা নির্দ্বিধায় বলতে পারি)।

নির্ধন (p. 468) [nirdhana] বিণ. ধনহীন, দরিদ্র (ধনী-নির্ধন নির্বিশেষে সকলেই এসেছে)। [সং. নির্ + ধন]।˜ তা বি. দারিদ্র, ধনহীনতা। নির্ধনী-কৃত বিণ. দরিদ্র করা হয়েছে এমন।

নির্ধারক (p. 468) [nirdhāraka] বিণ. নির্ধারণকারী, নিরূপণকারী (নীতিনির্ধারক)। [সং. নির্ + √ ধারি + অক]।

নির্ধারণ (p. 468) [nirdhāraṇa] বি. 1 নির্ণয় (কর্তব্যনির্ধারণ); 2 নিরূপণ, স্থিরীকরণ (মাননির্ধারণ, মূল্যনির্ধারণ); 3 সিদ্ধান্ত (সত্যনির্ধারণ); 4 নির্দেশ; 5 (ব্যাক.) জাতি গুণ ও ক্রিয়ার দ্বারা বহুর মধ্যে একের পার্থক্য করা (তু. নির্ধারণে ষষ্ঠী)। [সং. নির্ + √ ধারি + অন]। নির্ধারণ করা ক্রি. বি. নির্ণয় করা। নির্ধারিত বিণ. নির্ধারণ করা অর্থাত্ নির্ণয় বা নিরূপণ বা স্থির করা হয়েছে এমন (নির্ধারিত কর্মসূচি অনুসারে কাজ করা, নির্ধারিত দিনের অনুষ্ঠান)।

নির্ধার্য (p. 468) [nirdhārya] বিণ. নির্ধারণ করার যোগ্য নির্ধারণ করতে হবে এমন। [সং. নির্ + ধারি + য]।

নির্ধূত (p. 468) [nirdhūta] বিণ. 1 বিকম্পিত, বিধূত (নির্ধূত বৃক্ষশাখা); 2 বিদূরিত, বিতাড়িত, নাশিত ('জ্ঞান-নির্ধূত কল্মষ')। [সং. নির্ + √ ধূ + ত]।

নির্ধূম (p. 468) [nirdhūma] বিণ. ধোঁয়াহীন, ধূমহীন। [সং. নির্ + ধূম]। বি. ̃ তা।

নির্নিগড় (p. 468) [nirnigaḍ়] বিণ. 1 নিগড়হীন, শিকল নেই এমন; 2 বাধাহীন, অবাধ ('নির্নিগড় বিভীষিকা বিচরিছে গগনে গগনে': সু. দ.)। [সং. নির্ + নিগড়]।

নির্নিমিখ (p. 468) [nirnimikha] বিণ. (কাব্যে.) পলকহীন, নিমেষহীন (নির্নিমিখ আঁখি, নির্নিমিখ দৃষ্টি)। □ ক্রি-বিণ. পলক না ফেলে, নিমেষহীনভাবে ('সূর্যের পানে চাহিল নির্নিমিখ': রবীন্দ্র)। [সং. নির্নিমেষ]।

নির্নিমেষ (p. 468) [nirnimēṣa] বিণ. পলকহীন, নিমেষহীন (নির্নিমেষ দৃষ্টি)। [সং. নির্ + নিমেষ]।

নির্বংশ (p. 468) [nirbaṃśa] বিণ. বংশ লোপ পেয়েছে এমন; সন্তানসন্ততি বিনষ্ট হয়েছে বা মারা গেছে এমন (নির্বংশ হওয়া)। [সং. নির্ + বংশ]।

নির্বচন (p. 468) [nirbacana] বি. 1 বিশেষভাবে বা নিশ্চিতভাবে বলা; 2 শব্দের ব্যুৎপত্তিসহ ব্যাখ্যা; 3 নিরুক্তি, definition; 4 (গণি.) জ্যামিতির উপপাদ্যের সূত্রাকারে বিষয়নির্দেশ, enunciation (বি. প.)। □ বিণ. বচনহীন। [সং. নির্ + বচন]।

নির্বন্ধ (p. 468) [nirbandha] বি. 1 বিধান, নিয়ম, ব্যবস্থা (বিধিনির্বন্ধ, দৈবের নির্বন্ধ); 2 একান্ত অনুরোধ, পীড়াপীড়ি, জিদ (সনির্বন্ধ অনুরোধ, নির্বন্ধাতিশয্য); 3 সংযোগ, ঘটনা। [সং. নির্ + √ বন্ধ্ + অ]।

নির্বপন (p. 468) [nirbapana] বি. পিতৃপুরুষের উদ্দেশে পিণ্ডদান। [সং. নির্ + √ বপ্ (উৎসর্গ করা) + অন]।

নির্বর্তন (p. 468) [nirbartana] বি. কোনো কাজের সমাপ্তি বা সম্পাদন, নিষ্পাদন। [সং. নির্ + √ বৃত্ + অন]।

নির্বর্ষ (p. 468) [nirbarṣa] বিণ. বর্ষাহীন বা বৃষ্টিহীন (নির্বর্ষ দিন)। [সং. নির্ + বর্ষা]।

নির্বল (p. 468) [nirbala] বিণ. বলহীন, দুর্বল, শক্তিহীন। [সং. নির্ + বল]।

নির্বস্তুক (p. 468) [nirbastuka] বিণ. বস্তুসম্পর্কহীন, ভাবসর্বস্ব, বিমূর্ত, abstract. [সং. নির্ + বস্তু + ক]।

নির্বস্ত্র (p. 468) [nirbastra] বিণ. বস্ত্রহীন; উলঙ্গ। [সং. নির্ + বস্ত্র]।

নির্বাক (p. 468) [nirbāka] (-র্বাচ্) বিণ. 1 বাক্যহীন, মূক, নীরব (নির্বাক থাকা, নির্বাক চিত্র); 2 হতবাক (এসব দেখে সে নির্বাক হয়ে গেল)। [সং. নির্ + বাচ্]। নির্বাক চিত্র বি. আগেকার যুগের যে চলচ্চিত্রে অভিনেতাদের কথা শোনা যেত না।

নির্বাচক (p. 468) [nirbācaka] বিণ. বি. নির্বাচনকারী; নির্বাচনে যোগ দিতে বা ভোট দিতে অধিকারী ব্যক্তি; elector, voter (স. প.)। [সং. নির্ + √ বচ্ + ণিচ্ + অক]। ˜ মণ্ডল, ˜ মণ্ডলী বি. নির্বাচনকারী ব্যক্তিবর্গ; নির্বাচনকেন্দ্রের ভোটাধিকারপ্রাপ্ত জনসমষ্টি, constituency (স. প.)।

নির্বাচন (p. 468) [nirbācana] বি. 1 (অনেকের মধ্য থেকে) বেছে নেওয়া; 2 স্থিরীকরণ, নির্ধারণ (সভাপতিনির্বাচন, স্থাননির্বাচন); 3 ভোটার বা নির্বাচকমণ্ডলীর দ্বারা মনোনয়ন, election. [সং. নির্ + √ বাচি (√ বচ্ + ণিচ্)

+ অন]। ˜ কেন্দ্র, ˜ ক্ষেত্র বি. যে এলাকা থেকে কোনো প্রতিনিধি নির্বাচিত হয়, constituency (স. প.)। নির্বাচিত বিণ. যাকে নির্বাচন করা হয়েছে, elected. নির্বাচনী বিণ. নির্বাচনসম্বন্ধীয় (নির্বাচনী বক্তৃতা)। নির্বাচ্য বিণ. 1 নির্বাচনের যোগ্য; 2 বলার যোগ্য; 3 ব্যাখ্যা করা উচিত এমন।

নির্বাণ (p. 468) [nirbāṇa] বি. 1 নিভে যাওয়া (দীপনির্বাণ, নির্বাণোন্মুখ প্রদীপ); 2 বিলুপ্তি, বিলয়, অবসান; 3 বৌদ্ধমতে সর্বপ্রকার বন্ধন থেকে মুক্তি, মোক্ষ ('আত্মার নিশ্চিন্ত নির্বাণে': বুদ্ধ); 4 পরম সুখ eternal bliss; 5 হাতির স্নান। □ বিণ. 1 নিভে গেছে এমন, নির্বাপিত (নির্বাণ দীপ); 2 মুক্ত, মোক্ষপ্রাপ্ত (নির্বাণ মুনি); 3 অস্তমিত (নির্বাণ সূর্য)। [সং. নির্ + √ বা + ত]। নির্বাণী বি. শৈব সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। নির্বাণোন্মুখ বিণ. নিভে যাচ্ছে এমন, নিবুনিবু, নির্বাপিতপ্রায়।

নির্বাত (p. 468) [nirbāta] বিণ. বায়ুহীন, নিবাত। [সং. নির্ + বাত]। ˜ ক বিণ. বায়ুহীন করে এমন; বায়ু বার করে দেয় এমন (নির্বাতক পাম্প)। নির্বাতক পাম্প বি. বায়ুহীন করার পাম্পযন্ত্রবিশেষ, exhaust pump.

নির্বাদ (p. 468) [nirbāda] বিণ. নিন্দা, দুর্নাম, অপবাদ। [সং. নির্ + বাদ]।

নির্বাধ (p. 468) [nirbādha] বিণ. বাধাহীন, বাধানিষেধহীন (নির্বাধ গতি, নির্বাধ সঞ্চরণ)। [সং. নির্ + বাধা]। তু. সমার্থক অবাধ।

নির্বান্ধব (p. 468) [nirbāndhaba] বিণ. 1 বন্ধুহীন; 2 নিঃসঙ্গ; 3 নির্জন (নির্বান্ধব পুরী, নির্বান্ধব প্রান্তর)। [সং. নির্ + বান্ধব]।

নির্বাপক (p. 468) [nirbāpaka] বিণ. নির্বাপণকারী, যে নেভায় (অগ্নিনির্বাপক)। [সং. নির্ + √ বাপি (√ বপ্ + ণিচ্) + অক]।

নির্বাপণ (p. 468) [nirbāpaṇa] বি. 1 নিভিয়ে দেওয়া (অগ্নিনির্বাপণ); 2 দূরীকরণ (শোকনির্বাপণ); 3 শান্ত করা (জ্বালানির্বাপণ)। [সং. নির্ + √ বাপি + অন]। নির্বাপিত বিণ. নিভিয়ে দেওয়া হয়েছে এমন (নির্বাপিত দীপ)।

নির্বারিত (p. 468) [nirbārita] বিণ. অবারিত, অবাধ ('নির্বারিত স্রোতে দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়': রবীন্দ্র)। [সং. নির্ + বারিত]।

নির্বাসন (p. 468) [nirbāsana] বি. (অপরাধের শাস্তিস্বরূপ) স্বদেশ বা স্বগৃহ থেকে বহিষ্কার (নির্বাসনদণ্ড ভোগ করা)। [সং. নির্ + √ বাসি + অন]। নির্বাসন দেওয়া ক্রি. বি. স্বদেশ থেকে বহিষ্কার করা, শাস্তিস্বরূপ অন্য কোথাও চলে যেতে বাধ্য করা। নির্বাসিত বিণ. স্বদেশ বা স্বগৃহ থেকে বহিষ্কৃত। স্ত্রী. নির্বাসিতা।

নির্বাহ (p. 468) [nirbāha] বি. 1 সম্পাদন, নিষ্পাদন (কার্যনির্বাহ); 2 চালানো (সংসারনির্বাহ, ব্যয়নির্বাহ); 3 নিষ্পত্তি, সমাপ্তি। [সং. নির্ + √ বহ্ + অ]।˜ ক, নির্বাহী বিণ. নির্বাহকারী; কর্মসম্পাদক (নির্বাহী বাস্তুকার, executive engineer)। নির্বাহিত বিণ. নির্বাহ করা অর্থাত্ সম্পাদন বা সম্পন্ন করা হয়েছে এমন।

নির্বিকল্প (p. 468) [nirbikalpa] বিণ. 1 বিকল্পহীন; 2 অভ্রান্ত, নিঃসংশয়, নিশ্চিত; 3 জ্ঞাতৃজ্ঞেয়ত্বভেদহীন। □ বি. পূর্ণজ্ঞান। [সং. নির্ + বিকল্প]। নির্বিকল্প

সমাধি বি. জ্ঞাতৃজ্ঞেয়ত্বভেদশূন্য হয়ে অদ্বিতীয় পরব্রহ্মে একাগ্রচিত্তে অবস্থান; বাহ্যজ্ঞানশূন্য হয়ে ধ্যানমগ্নতা।

নির্বিকার (p. 468) [nirbikāra] বিণ. 1 বিকারহীন, পরিবর্তনহীন; 2 মানসিক চাঞ্চল্যহীন, নির্লিপ্ত, উদাসীন (সুখে দুঃখে নির্বিকার)। [সং. নির্ + বিকার]।

নির্বিঘ্ন (p. 468) [nirbighna] বিণ. বিঘ্নশূন্য, নিরুপদ্রব, নিরাপদ (নির্বিঘ্ন জীবন)। [সং. নির্ + বিঘ্ন]। বি. ˜ তা। নির্বিঘ্নে ক্রি-বিণ. নিরাপদে, নিরুপদ্রবে (নির্বিঘ্নে পৌঁছানো)।

নির্বিচার (p. 468) [nirbicāra] বিণ. 1 বিচারহীন; 2 বিচার বা বিবেচনা করে না এমন; 3 বাছবিচার করে না এমন (নির্বিচার পক্ষপাত)। [সং. নির্ + বিচার]। নির্বিচারে ক্রি-বিণ. বাছবিচার না করে (নির্বিচারে সকলকে তিরস্কার করা)।

নির্বিণ্ণ (p. 468) [nirbiṇṇa] বিণ. 1 নির্বেদযুক্ত, কোনো বিষয়ের প্রতি আসক্তি নেই এমন; 2 দুঃখিত, অনুতপ্ত। [সং. নির্ + √ বিদ্ + ত]।

নির্বিদার (p. 468) [nirbidāra] বিণ. বিদারণ করা বা বিদীর্ণ করা যায় না এমন, অভেদ্য ('বর্ম তব নির্বিদার': রবীন্দ্র)। [সং. নির্ + বিদার (বিদারণ দ্র)]।

নির্বিবাদ (p. 468) [nirbibāda] বিণ. বিবাদহীন, নির্বিরোধ, শান্তিপূর্ণ। [সং. নির্ + বিববাদ]। নির্বিবাদী বিণ. (বাংলামতে গঠিত) নির্বিরোধ, নিরীহ, ঝামেলা এড়িয়ে চলে এমন। নির্বিবাদে ক্রি-বিণ. বিবাদ না করে; শান্তিতে, নির্ঝঞ্ঝাটে।

নির্বিবেক (p. 468) [nirbibēka] বিণ. বিবেকহীন, অবিবেকী; বিবেচনারহিত। [সং. নির্ + বিবেক]।

নির্বিরোধ (p. 468) [nirbirōdha] বিণ. নির্বিবাদ, বিরোধ করে না এমন, নিরীহ। [সং. নির্ + বিরোধ]। নির্বিরোধী বিণ. (বাংলামতে গঠিত) নিরীহ, শান্তিপ্রিয়। নির্বিরোধে ক্রি-বিণ. শান্তিতে, বিবাদ না করে (নির্বিরোধে বাস করা)।

নির্বিশঙ্ক (p. 468) [nirbiśaṅka] বিণ. শঙ্কাহীন, নির্ভীক (নির্বিশঙ্ক হৃদয়)। [সং. নির্ + বিশঙ্কা]।

নির্বিশেষ (p. 468) [nirbiśēṣa] বিণ. 1 যাতে বিশেষ বা প্রভেদ নেই; 2 ভেদাভেদহীন (নির্বিশেষ ব্যবহার)। [সং. নির্ + বিশেষ]।

নির্বিশেষে (p. 468) [nirbiśēṣē] ক্রি-বিণ. 1 কাউকে বা কোনো বিষয়কে বিশেষ না ভেবে; পার্থক্য না করে (বৃষ্টির ধারা সর্বত্র নির্বিশেষে ঝরে); 2 ভেদাভেদ না করে (জাতিধর্মনির্বিশেষে); 3 তুল্য বা অভিন্নভাবে (পুত্রনির্বিশেষে)। [সং. নির্বিশেষ + বাং এ]।

নির্বিষ (p. 468) [nirbiṣa] বিণ. 1 বিষহীন, বিষ নেই এমন (নির্বিষ সাপ); 2 (আল.) ক্ষতি করে না এমন (নির্বিষ লোক); 3 (আল.) দুর্বল (পারিবারিক বিপর্যয় লোকটাকে নির্বিষ করে ফেলেছে)। [সং. নির্ + বিষ]।

নির্বীজ (p. 468) [nirbīja] বিণ. 1 জীবাণুমুক্ত, sterile (বি. প.)। [সং. নির্ + বীজ]।˜ ন বি. জীবাণুশূন্যকরণ, sterilization, disinfection (বি. প.)।˜

সমাধি বি. যে সমাধিতে পুনর্বন্ধনের বীজ থাকে না। নির্বীজিত বিণ. নির্বীজন করা বা জীবাণুমুক্ত করা হয়েছে এমন ('হাসপাতালের নির্বীজিত কামরা': বুদ্ধ)।

নির্বীর (p. 468) [nirbīra] বিণ. বীরশূন্য, বীরহীন। [সং. নির্ + বীর]। নির্বীরা বিণ. (স্ত্রী.) 1 বীরহীনা (নির্বীরা অযোধ্যা); 2 পতিপুত্রহীনা স্ত্রী, অবীরা।

নির্বীর্য (p. 468) [nirbīrya] বিণ. পৌরুষহীন, বীর্যহীন; কাপুরুষ। [সং. নির্ + বীর্য]। বি.˜ তা।

নির্বুদ্ধি (p. 468) [nirbuddhi] বিণ. বুদ্ধিহীন, মূর্খ ('নির্বুদ্ধি তাঁতির ছেলে দুর্বুদ্ধি গজাল': ছড়া)।˜ তা বি. বোকামি।

নির্বৃতি (p. 468) [nirbṛti] বি. 1 সুখ, শান্তি; 2 স্বস্তি; 3 মুক্তি; 4 মৃত্যু। [সং. নির্ + √ বৃ + তি]। নির্বৃত বিণ. 1 সুখী, সুখপূর্ণ, শান্তিময়; 2 স্বস্তিপূর্ণ; 3 মুক্ত; 4 মৃত।

নির্বৃত্ত1 (p. 468) [nirbṛtta1] বিণ. 1 সম্পাদিত, নিষ্পন্ন; 2 সুসম্পন্ন; 3 উৎপন্ন। [সং. নির্ + √ বৃত্ + ত]। নির্বৃত্তি বি. সম্পাদন, নিষ্পত্তি; উৎপাদন।

নির্বৃত্ত2 (p. 468) [nirbṛtta2] বিণ. বৃত্তিহীন, জীবিকাহীন। [সং. নির্ + বৃত্তি সমাসান্ত]।

নির্বেদ (p. 468) [nirbēda] বি. 1 অনুতাপ, আত্মগ্লানি ('নেশা আজ কেটেছে নির্বেদে': সু. দ.); 2 নৈরাশ্য; 3 বৈরাগ্য, বিষয়বস্তু সম্পর্কে বৈরাগ্য। [সং. নির্ + √ বিদ্ + অ]।

নির্বোধ (p. 468) [nirbōdha] বিণ. 1 চেতনাহীন, অজ্ঞান; 2 মূর্খ, বুদ্ধিহীন। [সং. নির্ + বোধ]।

নির্ব্যাজ (p. 468) [nirbyāja] বিণ. ছলনাশূন্য, অকপট, সরল। [সং. নির্ + ব্যাজ]।

নির্ব্যূঢ় (p. 468) [nirbyūḍh়] বিণ 1 সত্য বলে প্রমাণিত, নিশ্চিত; 2 অবাধ (নির্ব্যূঢ় অধিকার, নির্ব্যূঢ় ক্ষমতা)। [সং. নির্ + বি + ঊঢ় (√ বহ্ + ত)]।

নির্ভয় (p. 468) [nirbhaẏa] বিণ. ভয়হীন, অভয়, নিঃশঙ্ক। [সং. নির্ + ভয়]। বি.˜ তা। নির্ভয়ে ক্রি-বিণ. ভয় না পেয়ে; সাহসের সঙ্গে।

নির্ভর (p. 468) [nirbhara] বি. 1 অবলম্বন, আশ্রয় (ঈশ্বরই পরম নির্ভর); 2 ভরসা, বিশ্বাস, আস্থা (অন্যের উপর নির্ভর, নির্ভরযোগ্য)। □ বিণ. 1 যার উপর ভরসা বা নির্ভর করতে হয় (কৃষিনির্ভর দেশ); 2 (বাংলায় বিরল) পরিপূর্ণ; 3 (বিরল) অধিক। [সং. নির্ + √ ভৃ + অ]। নির্ভর করা ক্রি. বি. ভরসা করা; আস্থা স্থাপন করা।˜ তা বি. (বাং.) 1 বিশ্বাস, আস্থা; 2 পরমুখাপেক্ষিতা।˜ যোগ্য বিণ. নির্ভর করা যায় বা আস্থা রাখা যায় এমন (নির্ভরযোগ্য লোক, নির্ভরযোগ্য সূত্র)।˜ শীল বিণ. 1 আস্থা স্থাপন করেছে এমন; 2 অন্যের উপর নির্ভর, পরমুখাপেক্ষী। বি.˜ শীলতা।

নির্ভরসা (p. 468) [nirbharasā] বিণ. ভরসাহীন। [সং. নির্ + ভরসা]।

নির্ভাবনা (p. 468) [nirbhābanā] বিণ. নিশ্চিন্ত, মনে চিন্তাভাবনা নেই এমন। □ বি. ভাবনাহীনতা ('নির্ভাবনায় ঝাঁপ দিয়ে পড় অজানিতের পথে': রবীন্দ্র)। [সং. নির্ + ভাবনা]।

নির্ভীক (p. 468) [nirbhīka] বিণ. ভয় নেই এমন, ভয়হীন; সাহসী। [সং. নির্ + √ ভী + ক]। ˜ তা বি. ভয়হীনতা; সাহসিকতা।

নির্ভুল (p. 468) [nirbhula] বিণ. 1 ভ্রমহীন, ভুলহীন; সঠিক; 2 ত্রুটিশূন্য। [সং. নির্ + বাং. ভুল]।

নির্ভেজাল (p. 468) [nirbhējāla] বিণ. 1 ভেজালহীন; 2 খাঁটি, অবিমিশ্র (নির্ভেজাল মিথ্যে)। [সং. নির্ + বাং. ভেজাল]।

নির্মক্ষিক (p. 468) [nirmakṣika] বিণ. 1 মক্ষিকা বা মাছি নেই এমন; 2 মাছিটিও নেই এমন; 3 (আল.) জনপ্রাণী নেই এমন, নির্জন। [সং. নির্ + মক্ষিকা]।

নির্মঞ্ছন (p. 468) [nirmañchana] বি. 1 দেবতার আরাধনা; 2 আরতি, নীরাজনা। [সং. নির্ + √ মনছ্ + অন]।

নির্মধু (p. 468) [nirmadhu] বিণ. মধুহীন ('নির্মধু বচন': প্রেমেন্দ্র)। [সং. নির্ + মধু]।

নির্মন্হন (p. 468) [nirmanhana] বি. 1 অত্যধিক মন্হন; 2 ভালোভাবে মন্হন; 3 নিংড়ানো (বস্ত্রনির্মন্হন)। [সং. নির্ + √ মন্হ্ + অন]।

নির্মম (p. 468) [nirmama] বিণ. 1 মমতাহীন, নিষ্ঠুর, হৃদয়হীন; 2 আসক্তিহীন, কোনোকিছুই নিজের বলে ভাবে না এমন। [সং. নির্ + মম (আমার); নির্ + মমতা]। ˜ তা বি. নিষ্ঠুরতা; হৃদয়হীনতা।

নির্মল (p. 468) [nirmala] বিণ. 1 ময়লাহীন, অমলিন; 2 স্বচ্ছ, পরিষ্কার (নির্মল জল); 3 বিশুদ্ধ (নির্মল বাতাস); 4 নিষ্পাপ, অকলঙ্ক (নির্মল চরিত্র)। [সং. নির্ + মল]। বি.˜ তা। স্ত্রী. নির্মলা।

নির্মলি (p. 468) [nirmali] বি. জলপরিষ্কারক ফল বা বীজবিশেষ, ফলবিশেষ যা দিয়ে জল নির্মল করা হয়। [হি. নির্মলী]।

নির্মা (p. 468) [nirmā] ক্রি. (কাব্যে) নির্মাণ করা, রচনা করা। [সং. নির্ + √ মা]।˜ নো ক্রি. নির্মাণ করা বা করানো। □ বি. উক্ত অর্থে।

নির্মাণ (p. 468) [nirmāṇa] বি. 1 গঠন, রচনা, প্রস্তুত করা; 2 (বিরল) প্রতিষ্ঠা করা। [সং. নির্ + √ মা + অন]।˜ কৌশল,˜ পদ্ধতি বি. রচনারীতি, তৈরি করার বা গঠন করার রীতি বা নিয়ম। নির্মাতা (-তৃ্) বিণ. নির্মাণকারী। নির্মিত বিণ. নির্মাণ করা হয়েছে এমন। নির্মিতি বি. নির্মাণকার্য। নির্মিৎসা বি. নির্মাণের

ইচ্ছা, নির্মাণেচ্ছা। নির্মীয়-মাণ বিণ. নির্মাণ করা হচ্ছে এমন, নির্মিত হচ্ছে এমন (নির্মীয়মাণ প্রতিমা)।

নির্মাতা (p. 468) [nirmātā] দ্র নির্মাণ।

নির্মায়িক (p. 468) [nirmāẏika] বিণ. মায়াদয়াহীন, নির্মম ('ভৃত্যদিগের প্রতি যেরূপ নির্মায়িক ব্যবহার করিয়া থাকেন': রাজনারায়ণ বসু)। [সং. নির্ + মায়িক (মায়া + ইক)]।

নির্মাল্য (p. 468) [nirmālya] বি. দেবতাকে নিবেদিত পুষ্পাদি; দেবতার আশীর্বাদি ফুল বা প্রসাদ। [সং. নির্ + মাল্য]।

নির্মিত, নির্মিতি, নির্মীয়মাণ (p. 468) [nirmita, nirmiti, nirmīẏamāṇa] দ্র নির্মাণ।

নির্মুকুল (p. 468) [nirmukula] বিণ. 1 মুকুলহীন, কুঁড়ি নেই এমন; 2 পুষ্পহীন ('এখনো ঘুমাও শতরূপা এই কুসুমের মাসে নির্মুকুল')। [সং. নির্ + মুকুল]।

নির্মুক্ত (p. 468) [nirmukta] বিণ. সম্পূর্ণরূপে মুক্ত (মেঘনির্মুক্ত আকাশ, মোহনির্মুক্ত মন)। [সং. নির্ + √ মুচ্ + ত]।

নির্মূল (p. 468) [nirmūla] বিণ. 1 ছিন্নমূল, মূলসহ উৎপাটিত বা বিনষ্ট, সমূলে উচ্ছেদ করা হয়েছে এমন; 2 সম্পূর্ণ বিলুপ্ত, ধ্বংস (শত্রু নির্মূল করা);

3 ভিত্তিহীন, অমূলক। [সং. নির্ + মূল]। নির্মূলিত বিণ. উৎপাটিত; বিধ্বস্ত; বিলুপ্ত; নির্মূল করা হয়েছে এমন।

নির্মূলন (p. 468) [nirmūlana] বি. উৎপাটন; ধ্বংস, উৎসাদন। [সং. নির্ + √ মূল্ + অন]।

নির্মূলী-করণ (p. 468) [nirmūlī-karaṇa] বি. নির্মূলিত করা, উৎপাটন; উৎসাদন; নির্মূলন। [সং. নির্ + √ মূল্ + চিব + √ কৃ + অন]।

নির্মেঘ (p. 468) [nirmēgha] বিণ. মেঘহীন, মেঘমুক্ত (শরতের নির্মেঘ আকাশ)। [সং. নির্ + মেঘ]।

নির্মোক (p. 468) [nirmōka] বি. 1 সাপের খোলস; 2 বর্ম, সাঁজোয়া; 3 খোলস, আবরণ ('ছিন্ন ভিন্ন শান্তির নির্মোক': বিষ্ণু)। [সং. নির্ + √ মুচ্ +অ]।

নির্মোচন (p. 468) [nirmōcana] বি. 1 নিঃশেষে মোচন, সম্পূর্ণ ত্যাগ করা; 2 পালক খোলস ইত্যাদি ছাড়া, moulting (বি. প.)। [সং. নির্ + √ মুচ্ + অন]।

নির্মোচ্য (p. 473) [nirmōcya] বিণ. মোচনযোগ্য, মোচন করতে হবে বা করা উচিত এমন। [সং. নির্ + √ মুচ্ + য]।

নির্মোহ (p. 473) [nirmōha] বিণ. মোহহীন; মোহ নেই বা মোহ দূরীভূত হয়েছে এমন (নির্মোহ মন)। [সং. নির্ + মোহ]।

নির্যাণ (p. 473) [niryāṇa] বি. 1 পশুর পা বাঁধার দড়ি; 2 ভারবাহী পশুর পিঠের আসন; 3 নির্গমন, বেরিয়ে যাওয়া; 4 মুক্তি, মোক্ষ, নির্বাণ। [সং. নির্ + √ যা + অন]।

নির্যাতক (p. 473) [niryātaka] বিণ. নির্যাতনকারী, পীড়ন করে এমন (নির্যাতক জমিদার)। [সং. নির্ + √ যত্ + ণিচ্ + অক]।

নির্যাতন (p. 473) [niryātana] বি. 1 পীড়ন, নিগ্রহ, অত্যাচার; 2 প্রত্যর্পণ, প্রতিদান (ঋণনির্যাতন); 3 শত্রুতার প্রতিশোধ, প্রতিহিংসা (বৈরনির্যাতন)। [সং. নির্ + √ যাতি (√ যত্ + ণিচ্) + অন]। ̃ কারী (-রিন্) বিণ. যে নির্যাতন করে। স্ত্রী. ̃ কারিণী। নির্যাতিত বিণ. উৎপীড়িত, নিগৃহীত, অত্যাচারিত। স্ত্রী. নির্যাতিতা।

নির্যাস (p. 473) [niryāsa] বি. 1 রস, সার; 2 নিস্যন্দ, আরক extract; 3 (আল.) সারমর্ম (কবিতার নির্যাস, বক্তব্যের নির্যাস)। [সং. নির্ + √ যস্ (=চেষ্টা বা পীড়ন) + অ]।

নির্লক্ষ্য (p. 473) [nirlakṣya] বিণ. 1 লক্ষ করা যায় না এমন, লক্ষ্যের বা দৃষ্টির বহির্ভূত; 2 লক্ষ্যহীন। [সং. নির্ + লক্ষ্য]।

নির্লজ্জ (p. 473) [nirlajja] বিণ. লজ্জাহীন, বেহায়া (নির্লজ্জ উক্তি, নির্লজ্জের মতো আচরণ)। [সং. নির্ + লজ্জা]। বি. ̃ তা।

নির্লিপ্ত (p. 473) [nirlipta] বিণ. 1 কোনো বিষয়ের সঙ্গে সম্পর্করহিত, কোনো বিষয়ের সঙ্গে সম্পর্ক বা সংস্রব রাখে না এমন; 2 অনাসক্ত, উদাসীন (সব ব্যাপারেই নির্লিপ্ত থাকে)। [সং. নির্ + √ লিপ্ + ত]। ˜ তা বি. 1 সম্পর্কহীনতা; 2 উদাসীনতা, অনাসক্তি।

নির্লিপ্তি (p. 473) [nirlipti] বি. নির্লিপ্ততা; ঔদাসীন্য, অনাসক্তি। [সং. নির্লিপ্ত + বাং. ই]।

নির্লেপ (p. 473) [nirlēpa] বিণ. 1 যাতে কোনো কিছু মাখানো হয়নি, প্রলেপহীন; 2 নিঃসম্পর্ক, সম্পর্কহীন; 3 স্বতন্ত্র; 4 নির্লিপ্ত। [সং. নির্ + √ লিপ্ + অ]।

নির্লোভ (p. 473) [nirlōbha] বিণ. লোভহীন। [সং. নির্ + লোভ]।

নির্লোভী (p. 473) [nirlōbhī] (বাং.) বিণ. নির্লোভ, লোভহীন। [< সং. নির্ + লোভ]।

নির্লোম (p. 473) [nirlōma] বিণ. লোমহীন (নির্লোম দেহ)। [সং. নির্ + লোমন্]।

নিলম্বন (p. 473) [nilambana] বি. 1 কোনো ব্যক্তি বা বিষয় সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত বা মুলতুবি রাখা; 2 অস্থায়ী বা সাময়িক পদচ্যুতি, suspension (স. প.)। [সং. নি + √ লম্ব্ + অন]। নিলম্বিত বিণ. মুলতুবি, মুলতুবি রাখা হয়েছে

এমন; সাময়িকভাবে বরখাস্ত বা পদচ্যুত করা হয়েছে এমন, suspended (স. প.)। নিলম্বিত গণিতক কাঁচা হিসাব, suspense accounts (স. প.)।

নিলয় (p. 473) [nilaẏa] বি. 1 আলয়, গৃহ; 2 বাসস্থান; 3 আধার (স্নেহনিলয়, প্রীতিনিলয়); 4 (শারীরবৃত্তে) হৃৎপিণ্ডের বা মস্তিষ্কের ক্ষুদ্র গহ্বরবিশেষ, ventricle (বি. প.); 5 সম্পূর্ণ লয়, বিলয়। [সং. নি + √ লী + অ]।

নিলজ্জ (p. 473) [nilajja] বিণ. নির্লজ্জ -র কোমল ও কাব্যরূপ ('নিলজ্জ নীল আকাশ': রবীন্দ্র)।

নিলাম (p. 473) [nilāma] বি. সমবেদ ক্রেতাদের মধ্যে সবচেয়ে বেশি দামে কিনতে ইচ্ছুক ব্যক্তির কাছে বিক্রয়, auction. [পো লেইলাঁও leilao]। নিলাম করা ক্রি. বি. নিলামে বিক্রয় করা। নিলাম ডাকা, নিলামে ডাকা ক্রি. বি. নিলামের সময় কিছু কেনার জন্য দর বলা বা বাড়ানো। নিলামে চড়া ক্রি. বি. বিক্রয়ের জন্য নিলামে হওয়া (ঘরবাড়ি নিলামে চড়বে)। নিলামি বিণ. 1 নিলামে ক্রীত; 2 নিলাম করা হবে এমন।

নিলীন (p. 473) [nilīna] বিণ. 1 অবস্থিত; 2 লুকানো রয়েছে এমন; 3 নিমগ্ন। [সং নি + লীন]। নিলীয়-মান বিণ. নিলীন হচ্ছে এমন।

নিশ-পিশ (p. 473) [niśa-piśa] বি. অব্য. অস্থিরতা বা চুলকানির ভাব (কিছু একটা করার জন্য হাত নিশপিশ করছে)। [দেশি]।

নিশসা (p. 473) [niśasā] ক্রি. (কাব্যে) নিশ্বাস ফেলা। [সং. নিশ্বাস > নশাস +বাং. আ]।

নিশা (p. 473) [niśā] বি. রজনী, রাত্রি ('নিশার স্বপন ছুটল রে': রবীন্দ্র)। [সং. নি + √ শো + অ + আ (স্ত্রী.) বিকল্পে √ নিশ্ + অ + আ]।˜ কর,˜ কান্ত বি. চন্দ্র, চাঁদ।˜ গম বি. রাত্রির আগমন।˜ চর বি. রাক্ষস প্যাঁচা চোর শ্বাপদ প্রভৃতি যারা রাত্রে বিচরণ করে। □ বিণ. রাত্রিতে বিচরণকারী (নিশাচর প্রাণী)। স্ত্রী.˜ চরী৷ ত্যয় বি. 1 রাত্রির অবসান; 2 প্রভাত।˜ নাথ,˜ পতি বি. চন্দ্র, চাঁদ।˜ ন্ত,˜ ব-সান বি. রাত্রির অবসান, প্রভাত।˜ ন্ধ বিণ. রাতকানা।˜ বিহার বি. রাতে বিচরণ।˜ মুখ বি. সন্ধ্যাকাল।

নিশাত (p. 473) [niśāta] বিণ. সুতীক্ষ্ণ, অত্যন্ত ধারালো। [সং. নি + √ শো + ত]। তু. নিশিত।

নিশাদল (p. 473) [niśādala] বি. লবণজাতীয় পদার্থবিশেষ, salammoniac, ammonium chloride. [ফা. নৌশাদর্]।

নিশান1 (p. 473) [niśāna1] বি. পতাকা, ধ্বজা (নিশান উড়িয়ে রথ চলেছে)। [ফা. নিশান্]।

নিশান2, নিশানা (p. 473) [niśāna2, niśānā] বি. 1 নিদর্শন, চিহ্ন; 2 পরিচয়, অভিজ্ঞান; 3 লক্ষণ; 4 লক্ষ্য. টিপ (হাতের নিশানা পরীক্ষা করা); 5 ঠিকানা (পথের নিশানা)। [ফা. নিশান্]। নিশান-দার বিণ. বি. শনাক্তকারী। নিশান-দিহি বি. শনাক্তকরণ।

নিশি (p. 473) [niśi] বি. 1 রাত্রি, নিশা (দিবানিশি, 'নিশিদিন ভরসা রাখিস': রবীন্দ্র); 2 প্রেতযোনিবিশেষ; রাত্রে এদের ডাকে আকৃষ্ট হয়ে আধঘুমন্ত মানুষ ওই ডাকের অনুসরণে গিয়ে প্রাণ হারায় বলে প্রাচীন বিশ্বাস। [< সং. নিশা]।˜ দিন,˜ দিশি ক্রি-বিণ. 1 রাত্রিদিন; 2 সর্বক্ষণ।˜ পালক বি. রাতের প্রহরী।˜ পালন বি. অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি উপলক্ষ্যে রাত্রে উপবাস।˜ যাপন বি. রাত কাটানো।˜ সমাগম বি. রাত্রির আগম, সন্ধ্যা।

নিশি-গন্ধা (p. 473) [niśi-gandhā] বি. রজনীগন্ধা ফুল বা গাছ। [মরা. নিশিগংধ]।

নিশিত (p. 473) [niśita] বিণ. শাণিত, অত্যন্ত ধারালো। [সং. নি + √ শো + ত]।

নিশিপালন, নিশিযাপন (p. 473) [niśipālana, niśiyāpana] দ্র নিশি।

নিশীথ (p. 473) [niśītha] বি. 1 অর্ধরাত্রি; 2 গভীর রাত্রি ('নিশীথ শয়নে': রবীন্দ্র); 3 রাত্রি ('নিশীথে কী কয়ে গেল': রবীন্দ্র)। □ বিণ. গভীর ('নিশীথ রাতের প্রাণ': রবীন্দ্র)। [সং. নি + √ শী + থ]।

নিশীথিনী (p. 473) [niśīthinī] বি. গভীর রাত্রি।˜ নাথ বি. চাঁদ। [সং. নিশীথ + ইন্ + ঈ]।

নিশুতি, নিষুতি (p. 473) [niśuti, niṣuti] বি. 1 গভীর রাত (সেই নিশুতিতে); 2 গভীর রাতের নিদ্রা। ☐ বিণ. 1 গভীর; 2 নিস্তব্ধ (নিশুতি রাত)। [< সং. নিষুপ্তি]।

নিশ্চয় (p. 473) [niścaẏa] বি. সন্দেহাতীত জ্ঞান, স্থির ধারণা, নির্ধারণ, সিদ্ধান্ত (কৃতনিশ্চয়, নিশ্চয় করেছি, দৃঢ়নিশ্চয়)। ☐ বিণ. (বাং.) 1 নিঃসংশয় (এ বিষয়ে আমি নিশ্চয় হতে পারিনি); 2 স্থির (নিশ্চয় শাস্ত্রবাক্য)। ☐ ক্রি-বিণ. (বাং.) নিঃসন্দেহে, অবশ্য (আমি নিশ্চয় জানি)। [সং. নির্ + √ চি + অ]। ˜ তা বি. নিশ্চিতি; স্থিরতা; নিঃসংশয়তা। নিশ্চায়ক বিণ. নিশ্চয়কারী; নির্ণেতা, নির্ধারক। নিশ্চিত বিণ. নিঃসংশয়, নিঃসন্দেহ (নিশ্চিত হয়ে বলা)। ☐ ক্রি-বিণ. অবশ্য, নিশ্চয় (সে নিশ্চিত আসবে)। নিশ্চিতি বি. নিশ্চয়তা; নিঃসংশয়তা; স্থিরতা (তার আসার কোনো নিশ্চিতি নেই)।

নিশ্চল (p. 473) [niścala] বিণ. 1 অচল, স্থির (নিশ্চল সংস্কার, নিশ্চল পর্বত); 2 স্তব্ধ, গতিহীন (গাড়িটা নিশ্চল হয়ে গেল)। [সং. নির্ + √ চল্ + অ]। বি.˜ তা। নিশ্চলা বিণ. (স্ত্রী.) অচলা, স্থির (নিশ্চলা ভক্তি)।

নিশ্চিন্ত (p. 473) [niścinta] বিণ. চিন্তাহীন; নিরুদ্বেগ (নিশ্চিন্ত মনে)। [সং. নির্ + চিন্তা]। বি.˜ তা।

নিশ্চিহ্ন (p. 473) [niścihna] বিণ. চিহ্নমাত্র নেই এমন; বিলুপ্ত। [সং. নির্ + √ চিৎহ্ন]।

নিশ্চুপ (p. 473) [niśсupa] বিণ. সম্পূর্ণ চুপ বা নীরব। [সং. নির্ + বাং. চুপ]।

নিশ্চেতন (p. 473) [niścētana] বিণ. জড়, অচেতন; যার সংজ্ঞা বা চৈতন্য নেই। [সং. নির্ + √ চিত্ + অন]।

নিশ্চেতনা (p. 473) [niścētanā] বি. 1 চেতনাহীনতা; 2 (আল.) উপেক্ষা ('বিধির নিশ্চেতনায়': রবীন্দ্র)। [সং. নির্ + চেতনা]।

নিশ্চেষ্ট (p. 473) [niścēṣṭa] বিণ. 1 চেষ্টাহীন, কোনো চেষ্টা করে না এমন; 2 অলস (নিশ্চেষ্ট মন); 3 কর্মহীন, নিষ্ক্রিয় (নিশ্চেষ্ট হয়ে বসে থাকা)। [সং. নির্ + চেষ্টা]। বি. ˜ তা।

নিশ্ছিদ্র (p. 473) [niśchidra] বিণ. 1 ছিদ্রহীন (নিশ্ছিদ্র অন্ধকার, নিশ্ছিদ্র ব্যূহ); 2 ত্রুটিহীন (নিশ্ছিদ্র কর্মধারা)। [সং. নির্ + ছিদ্র]।

নিশ্বসন, নিশ্বসিত, নিশ্বাস (p. 473) [niśbasana, niśbasita, niśbāsa] যথাক্রমে নিঃশ্বসন, নিঃশ্বসিত ও নিঃশ্বাস এর বানানভেদ।

নিষঙ্গ (p. 473) [niṣaṅga] বি. বাণ রাখার আধারবিশেষ, তূণ, তূণীর। [সং. নি + √ সন্জ্ + অ]। নিষঙ্গী (-ঙ্গিন্) বিণ. তিরন্দাজ, ধনুর্ধারী।

নিষণ্ণ (p. 473) [niṣaṇṇa] বিণ. 1 অবস্হিত ('পড়ে থাক তটতলে স্তব্ধ হয়ে বিষণ্ণ ব্যথায়/নিষণ্ণ নিশ্চল': রবীন্দ্র); 2 উপবিষ্ট; 3 শয়িত। [সং. নি + √ সদ্ + ত]।

নিষধ (p. 473) [niṣadha] বি. প্রাচীন ভারতের রাজ্যবিশেষ; উক্ত রাজ্যের অধিবাসী। [সং.-তু. নিষাদ]।

নিষাদ (p. 473) [niṣāda] বি. 1 প্রাচীন বনচারী জাতিবিশেষ; 2 চণ্ডাল; 3 জেলে; 4 ব্যাধ; 5 (সংগীতে) স্বরগ্রামের সপ্তম স্বর, নিখাদ। [সং. নি + √ সদ্ + অ]। স্ত্রী. নিষাদী।

নিষাদী2 (p. 473) [niṣādī2] (-দিন্) বি. 1 মাহুত, হাতির চালক; 2 হাতির সওয়ার, গজারোহী। [সং. নি + √ সদ্ + ইন্]।

নিষিক্ত (p. 473) [niṣikta] বিণ. 1 সম্পূর্ণ সিক্ত, অত্যন্ত ভেজা; 2 ক্ষরিত। [সং. নি + √ সিচ্ + ত]।

নিষিদ্ধ (p. 473) [niṣiddha] বিণ. 1 নিষেধ বা বারণ করা হয়েছে এমন (এ পথে চলাচল করা নিষিদ্ধ); 2 নিবারিত; 3 অন্যায়, বেআইনি। [সং. নি + √ সিধ্ + ত]।

নিষুপ্ত (p. 473) [niṣupta] বিণ. গভীর নিদ্রায় মগ্ন ('নিষুপ্ত পূর্ণিমারাতে নির্জন গগনে': রবীন্দ্র)। [সং. নি + √ স্বপ্ + ত]। নিষুপ্তি বি. গভীর নিদ্রা; নিদ্রামগ্নতা।

নিষেক (p. 473) [niṣēka] বি. 1 সেচন, সিঞ্চন (জলনিষেক); 2 বর্ষণ; 3 ক্ষরণ; 4 গর্ভাধান। [সং. নি + √ সিচ্ + অ]।

নিষেধ (p. 473) [niṣēdha] বি. 1 বারণ, মানা (যেতে নিষেধ করা); 2 নিবারণ; 3 আপত্তি (কোনো নিষেধ আছে কি?)। □ বিণ. বারণ বা মানা আছে এমন, নিষিদ্ধ (ভিতরে প্রবেশ নিষেধ)। [সং. নি + √ সিধ্ + অ]। ˜ ক বিণ. নিষেধকারী; নিবারক।

নিষেবণ (p. 473) [niṣēbaṇa] বি. 1 সেবা, পরিচর্যা; 2 ভোগ, উপভোগ (বায়ু-নিষেবণ)। [সং. নি + √ সেব্ + অন]। নিষেবিত বিণ. নিষেবণ করা অর্থাত্ সেবা করা কিংবা ভোগ করা হয়েছে এমন।

নিষ্ক (p. 473) [niṣka] বি. 1 স্বর্ণ, সোনা; 2 স্বর্ণমুদ্রা; 3 সোনার পরিমাণবিশেষ, ষোলো মাষা। [সং. √ নিষ্ক্ + অ]।

নিষ্কণ্টক (p. 473) [niṣkaṇṭaka] বিণ. 1 কাঁটাশূন্য; 2 নির্বিঘ্ন, নিরাপদ, বাধাবিঘ্নহীন; 3 শত্রুহীন (রাজ্যকে নিষ্কণ্টক করা)। [সং. নির্ + কণ্টক]।

নিষ্কম্প, নিষ্কম্প্র (p. 473) [niṣkampa, niṣkampra] বিণ. কম্পনহীন, স্থির, নিশ্চল (নিষ্কম্প প্রদীপালোক); 2 অটল, দৃঢ়, অচঞ্চল (নিষ্কম্প হৃদয়ে)। [সং. নির্ + কম্প, কম্প্র]।

নিষ্কর (p. 473) [niṣkara] বিণ. কর বা খাজনা দিতে হয় না এমন, লাখেরাজ (নিষ্কর জমি)। [সং. নির্ + কর]।

নিষ্করুণ (p. 473) [niṣkaruṇa] বিণ. করুণাহীন, নির্দয়, নিষ্ঠুর (নিষ্করুণ বাক্য, নিষ্করুণ আচরণ)। [সং. নির্ + করুণা]।

নিষ্কর্ম (p. 473) [niṣkarma] বিণ. কর্মহীন। □ বি. (বাং.) কর্মহীনতা; অবসর। [সং. নিষ্কর্মন্]।

নিষ্কর্মা (p. 473) [niṣkarmā] (-র্মন্) বিণ. 1 কর্মহীন, বেকার; 2 অলস (নিষ্কর্মার মতো দিন কাটানো)। [সং. নির্ + কর্মন্]।

নিষ্কর্ষ (p. 475) [niṣkarṣa] বি. 1 নিষ্কাশিত সারাংশ, যে সারাংশ বার করা হয়েছে (গ্রন্হের নিষ্কর্ষ); 2 তাৎপর্য। [সং. নির্ + √ কৃষ্ + অ]।˜ ণ বি. 1 দূরীকরণ, অপনয়ন; 2 নিষ্কাশন।

নিষ্কল (p. 475) [niṣkala] বিণ. 1 কলারহিত বা অংশহীন; অখণ্ড; 2 সম্পূর্ণ অবয়বহীন (নিষ্কল ব্রহ্ম); 3 নষ্টবীর্য; 4 বার্ধক্যপ্রাপ্ত। □ বি. পরব্রহ্ম। [সং. নির্ + কলা]। নিষ্কলা, নিষ্কলী বি. (স্ত্রী.) যে নারীর রজোনিবৃত্তি হয়েছে, যে নারীর ঋতুস্রাব বন্ধ হয়ে গেছে।

নিষ্কলঙ্ক (p. 475) [niṣkalaṅka] বিণ. কলঙ্কহীন, নির্দোষ। [সং. নির্ + কলঙ্ক]।

নিষ্কলুষ (p. 475) [niṣkaluṣa] বিণ. 1 নিষ্পাপ, নির্দোষ; 2 পবিত্র (নিষ্কলুষ চরিত্র)। [সং. নির্ + কলুষ]।

নিষ্কাম (p. 475) [niṣkāma] বিণ. 1 কামশূন্য; 2 কামনা বা ভোগের আকাঙ্ক্ষা নেই এমন (নিষ্কাম কর্ম)। [সং. নির্ + কাম]।

নিষ্কারণ (p. 475) [niṣkāraṇa] বিণ. অকারণ (নিষ্কারণ ক্রোধ)। [সং. নির্ + কারণ]। নিষ্কারণে ক্রি-বিণ. অকারণে ('কী যে ভাবিস তুই অন্যমনে নিষ্কারণে-বেলা বহে যায়': রবীন্দ্র)।

নিষ্কাশ, (বিরল) নিষ্কাস (p. 475) [niṣkāśa, (birala) niṣkāsa] বি. বার হওয়া, নিঃসরণ, নির্গমন, বহির্গমন। [সং. নির্ + √ কশ্ (কস্) + অ]। ̃ ন বি. 1 জল, রস ইত্যাদি তরল পদার্থ বার করা, বহিষ্করণ; নিঃসরণ (জলনিষ্কাশন); 2 দূরীকরণ; 3 নির্বাসন। নিষ্কাশিত বিণ. বার করা হয়েছে এমন; বহিষ্কৃত; নিঃসারিত; দূরীকৃত; নির্বাসিত।

নিষ্কুল (p. 475) [niṣkula] বিণ. বংশহীন অর্থাত্ বংশধরহীন। [সং. নির্ + কুল]।

নিষ্কৃতি (p. 475) [niṣkṛti] বি. নিস্তার, অব্যাহিত, রক্ষা পাবার উপায় (তার হাত থেকে নিষ্কৃতি নেই); 2 মার্জনা; 3 ঋণমুক্তি। [সং. নির্ + √ কৃ + তি]। নিষ্কৃত বিণ. মুক্ত; মার্জনাপ্রাপ্ত।

নিষ্কোষণ (p. 475) [niṣkōṣaṇa] বি. কোষ বা খাপ থেকে বহিষ্করণ, খাপ থেকে বার করা বা উন্মুক্ত করা (তরবারি নিষ্কোষণ)। [সং. নির্ + √ কুষ্ +অন]। নিষ্কোষিত বিণ. কোষমুক্ত (নিষ্কোষিত আসি)।

নিষ্ক্রম, নিষ্ক্রমণ (p. 475) [niṣkrama, niṣkramaṇa] বি. বহির্গমন, নির্গত হওয়া (পৃথিবীর পথে নিষ্ক্রমণ)। [সং. নির্ + √ ক্রম্ + অ, অন]। তু. মহানিষ্ক্রমণ, মহাভিনিষ্ক্রমণ বুদ্ধের সংসার ত্যাগ করে বহির্গমন।

নিষ্ক্রয় (p. 475) [niṣkraẏa] বি. 1 মূল্য; 2 বেতন; 3 বিনিময়ে ধার্য বা অর্পিত মূল্য; 4 বিক্রয়; 5 উপকারের বিনিময়ে উপকার, প্রত্যুপকার। [সং. নির্ + √l ক্রী + অ]।

নিষ্ক্রান্ত (p. 475) [niṣkrānta] বিণ. বহির্গত, বেরিয়ে গেছে এমন (দ্রুতবেগে ঘর থেকে নিষ্ক্রান্ত হল)। [সং. নির্ + √ ক্রম্ + ত]।

নিষ্ক্রিয় (p. 475) [niṣkriẏa] বিণ. 1 ক্রিয়া বা কাজ নেই যার, ক্রিয়াহীন; 2 অলস। [সং. নির্ + ক্রিয়া]। বি.˜ তা। নিষ্ক্রিয় গ্যাস বি. হিলিয়াম নিয়ন প্রভৃতি নিষ্ক্রিয় (inert) গ্যাস বা গ্যাসীয় উপাদান। নিষ্ক্রিয় প্রতিরোধ ক্রিয়াহীনভাবে অর্থাত্ আক্রমণাত্মক কিছু না করে অপরের কাজে বাধা দেওয়া, passive resistance.

নিষ্ক্রিয়া (p. 475) [niṣkriẏā] বি. (বাং.) কর্মহীনতা। [সং. নির্ + ক্রিয়া]।

-নিষ্ঠ (p. 475) [-niṣṭha] বিণ. সমাসে উত্তরপদে নিষ্ঠা -র রূপ (সময়নিষ্ঠ, কর্তব্যনিষ্ঠ, নিয়মনিষ্ঠ)।

নিষ্ঠা (p. 475) [niṣṭhā] বি. 1 দৃঢ় আস্থা, ভক্তি বা মনোযোগ (কর্মে নিষ্ঠা); 2 ধর্মানুষ্ঠানে শ্রদ্ধা বা অনুরাগ (নিষ্ঠাবান ব্রাহ্মণ)। [সং. নি + √ স্থা + অ + আ]।˜ বান, (বর্জি.)˜ বান্ (-বত্) বিণ. নিষ্ঠা আছে এমন। নিষ্ঠিত বিণ. নিষ্ঠা আছে এমন, নিষ্ঠাবান।

নিষ্ঠীবন, নিষ্ঠীব (p. 475) [niṣṭhībana, niṣṭhība] বি. থুতু। [সং. নি + √ ষ্ঠীব্ + অন, অ]।

নিষ্ঠুর (p. 475) [niṣṭhura] বিণ. 1 নির্দয়, নির্মম; 2 কঠোর (নিষ্ঠুর বাস্তব)। [সং. নি + √ স্থা + উর]। বি.˜ তা।

নিষ্ঠেব, নিষ্ঠেবন (p. 475) [niṣṭhēba, niṣṭhēbana] যথাক্রমে নিষ্ঠীব ও নিষ্ঠীবন -এর বিরল রূপ।

নিষ্ঠ্যূত (p. 475) [niṣṭhyūta] বিণ. 1 উদ্গীর্ণ; 2 মুখ থেকে নিঃসারিত; 3 থু থু করে ফেলা হয়েছে এমন। [সং. নি + √ ষ্ঠীব্ + ত]।

নিষ্ণাত (p. 475) [niṣṇāta] বিণ. কুশল, নিপুণ, পটু; পারদর্শী (ব্যাকরণে নিষ্ণাত)। [সং. নি + √ স্না + ত]।

নিষ্পত্তি (p. 475) [niṣpatti] বি. 1 মীমাংসা (সমস্যার নিষ্পত্তি); 2 সিদ্ধি, সমাপ্তি (কার্যনিষ্পত্তি); 3 প্রয়োগ (বাঙ্নিষ্পত্তি); 4 (বাং.) মিটমাট, সমাধান (মোকদ্দমার নিষ্পত্তি)। [সং. নির্ + √ পদ্ + তি]।

নিষ্পত্র (p. 475) [niṣpatra] বিণ. (বৃক্ষ সম্বন্ধে) পত্রহীন (নিষ্পত্র বৃক্ষ)। [সং. নির্ + পত্র]।

নিষ্পন্ন (p. 475) [niṣpanna] বিণ. 1 মীমাংসিত; 2 সিদ্ধ (সংস্কৃত নিয়মে নিষ্পন্ন); 3 সম্পাদিত, সমাপ্ত; 4 উৎপন্ন, জাত। [সং. নির্ + √ পদ্ + ত]।

নিষ্পাদক (p. 475) [niṣpādaka] বিণ. নিষ্পত্তিকারক; নির্বাহ বা সম্পাদন করে এমন (কার্যনিষ্পাদক)। [সং. নির্ + √ পদ্ + ণিচ্ + অক]।

নিষ্পাদন (p. 475) [niṣpādana] বি. সম্পাদন; 2 নিষ্পত্তি, নির্বাহ (কার্যনিষ্পাদনের জন্য)। [সং. নির্ + √ পদ্ + ণিচ্ + অন]। নিষ্পাদনীয়, নিষ্পাদ্য বিণ. নিষ্পাদনের বা সম্পাদনের যোগ্য। নিষ্পাদিত বিণ. নিষ্পাদন করা হয়েছে এমন।

নিষ্পাপ (p. 475) [niṣpāpa] বিণ. পাপশূন্য, পাপ যাকে স্পর্শ করেনি (নিষ্পাপ শিশু); 2 পবিত্র। [সং. নির্ + পাপ]। নিষ্পাপী (বাংলায় প্রচলিত) বিণ. নিষ্পাপ।

নিষ্পিষ্ট (p. 475) [niṣpiṣṭa] বিণ. 1 অতিশয় পিষ্ট, চূর্ণিত ('হাতুড়ি-নিষ্পিষ্ট ট্রট্স্কি': সু.দ.); 2 দলিত, মর্দিত (অত্যাচারে নিষ্পিষ্ট মানুষ)। [সং. নির্ + √ পিষ্ + ত]।

নিষ্পুণ্য (p. 475) [niṣpuṇya] বিণ. পুণ্যহীন; 2 অন্যায়, অনুচিত; 3 অসুন্দর ('ক্লীবের নিষ্পুণ্য প্রত্যাখ্যান': সু. দ.)। [সং. নির্ + পুণ্য]।

নিষ্পেষ, নিষ্পেষণ (p. 475) [niṣpēṣa, niṣpēṣaṇa] বি. সম্পূর্ণরূপে চূর্ণন, পেষণ বা মর্দন; নিপীড়ন। [সং. নির্ + √ পিষ্ + অ, অন]। নিষ্পেষক বিণ. নিষ্পেষণকারী। নিষ্পেষিত বিণ. সম্পূর্ণ চূর্ণিত, পিষ্ট, মর্দিত (শত্রুকে নিষ্পেষিত করা)।

নিষ্প্রতিভ (p. 475) [niṣpratibha] বিণ. 1 প্রতিভাহীন, উজ্জ্বলতাহীন; ম্লান; 2 জড়বত্ (তু. অপ্রতিভ। তু. বিপ. সপ্রতিভ)। [সং. নির্ + প্রতিভা]।

নিষ্প্রদীপ (p. 475) [niṣpradīpa] বিণ. 1 প্রদীপহীন, দীপালোক নেই এমন; 2 অন্ধকার। □ বি. আলোকহীন রাত্রি, blackout. [সং. নির্ + প্রদীপ]।

নিষ্প্রবাহ (p. 475) [niṣprabāha] বিণ. প্রবাহ বা স্রোত নেই এমন (নিষ্প্রবাহ নদী)। [সং. নির্ + প্রবাহ]।

নিষ্প্রভ (p. 475) [niṣprabha] বিণ. 1 প্রভা নেই যার, দীপ্তিশূন্য, অনুজ্জ্বল; 2 নিরুত্তেজ, নিস্তেজ। [সং. নির্ + প্রভা]। বি. ˜ তা।

নিষ্প্রয়োজন (p. 475) [niṣpraẏōjana] বিণ. অনাবশ্যক, অদরকারি, নিরর্থক। □ বি. (বাং.) অদরকার, অপ্রয়োজন। [সং. নির্ + প্রয়োজন]।

নিষ্প্রাণ (p. 475) [niṣprāṇa] বিণ. 1 প্রাণহীন, মৃত (নিষ্প্রাণ দেহ); 2 নির্জীব, সজীবতা নেই এমন, ম্রিয়মাণ; 3 উদ্দীপক নয় এমন, আবেগহীন বা উদ্যমহীন (নিষ্প্রাণ বক্তৃতা)। [সং. নির্ + প্রাণ]। বি. ˜ তা।

নিষ্ফল (p. 475) [niṣphala] বিণ. 1 ফলহীন, ফল ধরে না এমন (নিষ্ফল গাছ); 2 বিফল, ব্যর্থ, পণ্ড (নিষ্ফল তর্ক, নিষ্ফল প্রয়াস); 3 অনর্থক, অকারণ (নিষ্ফল পূলক, নিষ্ফল আক্রোশ)। [সং. নির্ + ফল]। বি.˜ তা। নিষ্ফলা বিণ. (স্ত্রী.) ফলহীনা; বন্ধ্যা।

নিষ্ফলা1 (p. 475) [niṣphalā1] দ্র নিষ্ফল।

নিষ্ফলা2 (p. 475) [niṣphalā2] বিণ. ফলহীন, ফল ধরে না এমন (নিষ্ফলা গাছ)। [সং. নির্ + ফল + বাং. আ (স্বার্থে)]। নিষ্ফলা বার যে দিনে কোনো ক্রিয়াকর্ম করলে ফলের সম্ভাবনা নেই।

নিসর্গ (p. 475) [nisarga] বি. 1 প্রকৃতি, প্রাকৃতিক পরিবেশ (নিসর্গ শোভা); 2 স্বভাব; 3 সৃষ্টি। [সং নি + √ সৃজ্ + অ]।˜ চিত্র বি. প্রকৃতির বর্ণনাসংবলিত চিত্র।˜ জ, নৈসর্গিক বিণ. 1 প্রাকৃতিক (নৈসর্গিক রূপ); 2 স্বভাবজাত, জন্মগত (নৈসর্গিত প্রতিভা)।˜ বেদী (-দিন্), নিসর্গী (-র্গিন্) বি. প্রকৃতিবিজ্ঞানী, naturalist (বি. প.)।

নিসাড় (p. 475) [nisāḍ়] বিণ. 1 অসাড়; 2 সাড়াশব্দহীন; 3 নিস্পন্দ। [বাং. নি + সাড়া]।

নিসাড়া (p. 475) [nisāḍ়ā] বিণ. 1 অসাড়; 2 সাড়াশব্দহীন, নিঃশব্দ ('নিসাড়া হইয়া আয় লো সজনী': চণ্ডী.)। [বাং. নি +সাড়া]। নিসাড়ায় ক্রি-বিণ. নিঃশব্দে; চুপিচুপি। তু. নিঃসাড়।

নিসিন্দা (p. 475) [nisindā] বি. অত্যন্ত তেতো ভেষজ গাছবিশেষ। [দেশি]।

নিসূদক (p. 475) [nisūdaka] বিণ. বিনাশকারী, হন্তা, সূদন বা হনন করে এমন। [সং. নি + √ সূদ্ + অক]।

নিসূদন (p. 475) [nisūdana] বি. বিনাশকরণ, হনন। □ বিণ. বিনাশকারী (দৈত্যনিসূদন শ্রীহরি)। [সং. নি + √ সূদ্ + অন]।

নিসৃষ্ট (p. 475) [nisṛṣṭa] বিণ. 1 অর্পিত, ন্যস্ত; 2 নিক্ষিপ্ত (নিসৃষ্ট শর প্রত্যাহার করা অসম্ভব); 3 (বিশেষ কোনো অধিকার বা কার্যভারসহ) প্রেরিত, accredited (স. প.)। [সং. নি + √ সৃজ্ + ত]।

নিস্তনী (p. 475) [nistanī] বিণ. স্তনহীনা; অপুষ্ট স্তনযুক্তা। [সং. নি + স্তন + ঈ]।

নিস্তন্দ্র (p. 475) [nistandra] বিণ. তন্দ্রাহীন, নিদ্রাহীন, বিনিদ্র (নিস্তন্দ্র রাত্রি)। [সং. নির্ + তন্দ্রা]।

নিস্তব্ধ (p. 475) [nistabdha] বিণ. 1 সম্পূর্ণ নীরব, নিঃশব্দ; 2 সম্পূর্ণ নিস্পন্দ, সামান্য স্পন্দন বা নড়াচড়াও নেই এমন। [সং. নি + √ স্তন্ভ্ + ত]। বি. ˜ তা।

নিস্তরঙ্গ (p. 475) [nistaraṅga] বিণ. 1 তরঙ্গহীন, ঢেউ নেই এমন (নিস্তরঙ্গ নদী); 2 স্হির, অচঞ্চল; 3 (আল.) বৈচিত্র্যহীন (নিস্তরঙ্গ জীবন)। [সং. নির্ + তরঙ্গ]।

নিস্তরণ (p. 475) [nistaraṇa] বি. 1 পার হওয়া, উত্তরণ; 2 নিস্তার, নিষ্কৃতি, মুক্তি, উদ্ধার (এ ঘোর বিপদে নিস্তরণের আশা নেই); 3 নির্গমন, বহির্গমন। [সং. নির্ + √ তৃ + অন]।

নিস্তল (p. 475) [nistala] বিণ. 1 তলহীন, তলা নেই অর্থাত্ কোনো অংশ সমতল নয় এমন; 2 বর্তুলাকার, নিটোল। [সং. নির্ + তল]। বি. ˜ তা।

নিস্তার (p. 475) [nistāra] বি. উদ্ধার, অব্যাহতি, নিষ্কৃতি (তার হাত থেকে তোমার নিস্তার নেই); 2 পরিত্রাণ, ত্রাণ, মুক্তি (ঈশ্বরই নিস্তার করবেন)। [সং. নির্ + √ তৃ + অ]। ˜ ক বিণ. নিস্তারকারী।

নিস্তারিণী (p. 475) [nistāriṇī] বিণ. তারিণী, নিস্তারকারিণী, মুক্তিদায়িনী। □ বি. দুর্গাদেবী। [সং. নির্ + √ তৃ + ণিচ্ + ইন্ + ঈ]।

নিস্তুষ (p. 475) [nistuṣa] বিণ. তুষহীন, যাতে তুষ নেই এমন; খোসা ছাড়ানো হয়েছে এমন। [সং. নির্ + √ তুষ্ + অ]।

নিস্তেজ (p. 475) [nistēja] বিণ. 1 তেজ নেই এমন, দুর্বল (নিস্তেজ পশু); 2 দীপ্তিহীন, অনুজ্জ্বল, ক্ষীণ (নিস্তেজ আলোক); 3 শক্তি বা প্রভা হ্রাস পেয়েছে এমন। [সং নির্ + তেজস্]।

নিস্তেজা (p. 475) [nistējā] (-জস্) বিণ. নিস্তেজ। [সং. নির্ + তেজস্ = নিস্তেজাঃ]।

নিস্ত্রিংশ (p. 475) [nistriṃśa] বি. খড়্গবিশেষ (ত্রিশ আঙুলের চেয়ে বেশি দীর্ঘ বলে)। □ বিণ. 1 নির্দয়, নিষ্ঠুর; 2 হিংসাপরায়ণ। [সং. নির্ (=নির্গত অর্থাত্ অধিক) + ত্রিংশ]।

নিস্ত্রৈগুণ্য (p. 475) [nistraiguṇya] বিণ. সত্ত্ব রজঃ ও তমঃ এই ত্রিগুণের অধীনতা থেকে মুক্ত। [সং. নির্ + ত্রিগুণ + য]।

নিস্পন্দ (p. 475) [nispanda] বিণ. 1 স্পন্দনহীন, অকম্পিত (নিস্পন্দ বৃক্ষপত্র); 2 অসাড়, স্থির (নিস্পন্দ দেহ)। [সং. নি + √ স্পন্দ্ + অ]। বি. ˜ তা।

নিস্পন্দিত (p. 475) [nispandita] বিণ. অকম্পিত, স্থির ('চরণপদ্মে মম চিত নিস্পন্দিত করো হে': রবীন্দ্র)। [সং. নি + √ স্পন্দ্ + ত]।

নিস্বন, নিস্বান (p. 475) [nisbana, nisbāna] বি. শব্দ, ধ্বনি, রব (নূপুরনিস্বন)। [সং. নি + √ স্বন্ + অ]।

নিস্যন্দ, নিষ্যন্দ (p. 475) [nisyanda, niṣyanda] বি. 1 ক্ষরণ, স্রাব; 2 নির্যাস; 3 নির্ঝর, ঝরনা। [সং. নি + √ স্যন্দ্ + অ]। নিস্যন্দিত বিণ. 1 ক্ষরিত; 2 উৎসারিত। নিস্যন্দী (-ন্দিন্) বিণ. ক্ষরণকারী, উৎসারণকারী।

নিস্রব, নিস্রাব (p. 475) [nisraba, nisrāba] যথাক্রমে নিঃস্রব ও নিঃস্রাব - এর বানানভেদ। নিঃ দ্র।

নিহত (p. 475) [nihata] বিণ. হত, বধ করা হয়েছে এমন; বিনষ্ট। [সং. নি + √ হন্ + ত]। নিহন্তা (-ন্তৃ) বিণ. হত্যাকারী, বধকারী।

নিহাই, নেহাই (p. 475) [nihāi, nēhāi] বি. কামার যে লৌহখণ্ডের উপর ধাতু রেখে পিটিয়ে পাত প্রস্তুত করে ('নেহাইতে পেটা কত ইস্পাতে': অ. মি.)। [< সং. নিধাপিকা]।

নিহারন (p. 475) [nihārana] দ্র নিহারা।

নিহারা, নেহারা (p. 475) [nihārā, nēhārā] ক্রি. (কাব্যে) নিরীক্ষণ করা, দেখা। [প্রাকৃ. √ নিহাল < সং. নি + √ ভালি + বাং. আ-তু. হি. মৈথি. √ নিহার]। নিহারই ক্রি. (ব্রজ.) দেখে। নিহারত ক্রি. (ব্রজ.) দেখে। নিহারন বি. নিরীক্ষণ, দর্শন, দেখা। নিহারিনু, (ব্রজ.) নিহারনু ক্রি. দেখলাম। নিহারিল, নেহারিল, (ব্রজ.) নিহারল ক্রি. দেখল।

নিহিংসন (p. 475) [nihiṃsana] বি. হত্যা, বধ (নির্বিচার নিহিংসন)। [সং. নি + √ হিন্স্ + অন]।

নিহিত (p. 475) [nihita] বিণ. 1 স্থাপিত (নিহিত আস্থা); 2 অর্পিত; 3 রক্ষিত; 4 গুপ্ত (ভূমিতলে বীজ নিহিত); 5 নিক্ষিপ্ত। [সং. নি + √ ধা + ত]।

নীচ (p. 475) [nīca] বিণ. 1 হীন, নিকৃষ্ট (নীচমনা); 2 সংকীর্ণমনা (নীচ স্বভাব, নীচ চিন্তা); 3 নিচু, নিম্ন। □ (বাং.) বি. নিম্নস্থান (নীচে যাও)। [সং. ন + ঈ + √ চি + অ]। বি.˜ তা,˜ ত্ব।˜ যোনি বি. 1 নিম্ন শ্রেণির জীব; 2 মনুষ্যেতর প্রাণিরূপে জন্ম; 3 নীচ কুলে জন্ম। □ বিণ. হীনকুলে বা মনুষ্যেতর প্রাণিকুলে জাত।

নীচ-কুলোদ্ভব (p. 475) [nīca-kulōdbhaba] বিণ. নীচ বংশে অর্থাত্ অনভিজাত বা নিম্ন বংশে জন্ম হয়েছে এমন। [সং. নীচকুল + উদ্ভব]।

নিচাশয় (p. 475) [nicāśaẏa] বিণ. যার অন্তঃকরণ বা মন ছোট বা সংকীর্ণ (নীচাশয় ব্যক্তি)। [সং. নীচ + আশয়]।

নীড় (p. 475) [nīḍ়] বি. 1 পাখির বাসা, কুলায় ('গোধূলি লগনে পাখি ফিরে আসে নীড়ে': রবীন্দ্র); 2 আশ্রয় ('হৃদয় ফিরে আসে আপন নীরব নীড়ে': রবীন্দ্র)। [সং. নি + √ ঈড়্ + অ]।

নীত1 (p. 475) [nīta1] বিণ. 1 নেওয়া বা নিয়ে যাওয়া হয়েছে এমন; গৃহীত; 2 যাপিত। [সং √ নী + ত]।

নীত2 (p. 475) [nīta2] বি. 1 রীতি, নিয়ম; 2 নীতি; 3 (বাং.) আচরণ। [< সং. √ নী + ত]।

নীতি (p. 475) [nīti] বি. 1 কর্তব্য নির্ধারণের উপায় বা রীতি (এ কাজ আমার নীতিবিরুদ্ধ); 2 ন্যায়সংগত বা সমাজের পক্ষে হিতকর বিধান; 3

হিতাহিতবিষয়ক উপদেশ (নীতিকথা); 4 ন্যায়-অন্যায় বা কর্তব্য-অকর্তব্য বিচার (নীতিশাস্ত্র); 5 শাস্ত্র, বিদ্যা (রাজনীতি, ধর্মনীতি, অর্থনীতি); 6 প্রথা (দুর্নীতি); 7 প্রণালী, রীতি। [সং. √ নী + তি]। ˜ কথা, ˜ বাক্য বি. হিতোপদেশ। ˜ জ্ঞ বিণ. 1 ভালোমন্দ বা কর্তব্য-অকর্তব্য বিষয়ে বোধসম্পন্ন; 2 নীতিশাস্ত্রে অভিজ্ঞ। ˜ জ্ঞান বি. ন্যায়-অন্যায় বা কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে জ্ঞান। ˜ বাগীশ বিণ. ন্যায়-অন্যায় বা কর্তব্য-অকর্তব্য সম্বন্ধে অভিজ্ঞ এবং অত্যন্ত উৎসাহী। ˜ বিরোধী (-ধিন্) বিণ. ধর্মসংগত নিয়মের বিপরীত; নীতিশাস্ত্রবিরোধী; অন্যায়। ˜ শাস্ত্র বি. ন্যায়-অন্যায় ও কর্তব্যাকর্তব্য সম্বন্ধে বিচারবিষয়ক শাস্ত্র। ˜ সংগত, ˜ সম্মত বিণ. যুক্তিযুক্ত, ন্যায্য।

নীধ্র (p. 475) [nīdhra] বি. 1 চক্রের নেমি বা বেড়; 2 চালের ছাঁচ। [সং. নি + √ ধৃ + অ]।

নীপ (p. 475) [nīpa] বি. কদম ফুল বা তার গাছ ('এসো নীপবনে ছায়াবীথিতলে': রবীন্দ্র)। [সং. √ নী + প]।

নীবার (p. 475) [nībāra] বি. উড়িধান, তৃণধান। [সং. নি + √ বৃ + অ]।

নীবি (p. 475) [nībi] বি. 1 (প্রধানত স্ত্রীলোকের) কটিবন্ধন, কোমরের কাছে পরিধেয় বস্ত্রের গিঁট বা বাঁধন; 2 মূলধন, পুঁজি। [সং. নি + √ ব্যে + ই]। ˜ বন্ধ বি. স্ত্রীলোকের কোমরের শাড়ির বাঁধন ('তনু দেহে রক্তাম্বর নীবিবন্ধে বাঁধা': রবীন্দ্র)।

নীয়-মান (p. 475) [nīẏa-māna] বিণ. নীত হচ্ছে বা আনা হচ্ছে বা গৃহীত হচ্ছে এমন। [সং. √ নী (+য) + শানচ্]।

নীর (p. 475) [nīra] বি. জল, বারি (অশ্রুনীর, নয়ননীর)। [সং. √ নী + র]। ̃ জ বিণ. জলে উৎপন্ন। □ বি. পদ্ম। স্ত্রী. ̃ জা। ̃ দ বি. যে জল দেয় অর্থাত্ মেঘ। □ বিণ. জলদায়ক। স্ত্রী. ̃ দা। ̃ দ-বরণ বিণ. মেঘবর্ণ, ধূমল। ̃ দ-বাহন বি. বায়ু।

নীরক্ত (p. 475) [nīrakta] বিণ. রক্তশূন্য। [সং. নিঃ + রক্ত]।

নীরজ1 (p. 475) [nīraja1] দ্র নীর।

নীরজ2, (বর্জি.) নীরজাঃ (p. 475) [nīraja2, (barji.) nīrajāḥ] (-জস্) বিণ. 1 ধূলিরহিত; 2 রজোগুণরহিত; 3 ফুলের পরাগহীন; 4 রজস্বলা নয় এমন। [সং. নির্ + রজস্]।

নীরদ, নীরদবরণ, নীরদবাহন (p. 475) [nīrada, nīradabaraṇa, nīradabāhana] দ্র নীর।

নীরন্ধ্র (p. 475) [nīrandhra] বিণ. 1 রন্ধ্র বা ছিদ্র নেই এমন; 2 কোনো ফাঁক নেই এমন; 3 ঘন, ঠাসবুননযুক্ত; 4 চারিদিক রুদ্ধ এমন। [সং. নিঃ (নির্) + রন্ধ্র]।

নীরব (p. 475) [nīraba] বিণ. 1 নিঃশব্দ (চারিদিক নীরব); 2 বাক্যহীন ('তুমি রবে নীরবে': রবীন্দ্র)। [সং. নিঃ (নির্) + রব]। বি. ̃ তা।

নীরস (p. 475) [nīrasa] বিণ. 1 রসহীন, শুষ্ক (নীরস গাছ); 2 রসবোধ বর্জিত (নীরস সমালোচনা, নীরস রচনা); 3 ম্লান, অপ্রসন্ন (নীরস মুখ, নীরস হাসি); 4 মনকে আকর্ষণ বা মুগ্ধ করে না এমন (নীরস বর্ণনা)। [সং. নিঃ (নির্) + রস্]। বি.˜ তা।

নীরাজন (p. 475) [nīrājana] বি. 1 প্রাচীনকালে শরৎকালে রাজাদের যুদ্ধযাত্রার পূর্বে অনুষ্ঠিত শান্তিকর্মবিশেষ, শান্তিকরণার্থ জলসেচন; 2 আরতি। [সং. নির্ + √ রাজি + অন]। নীরাজনা বি. দেবতার আরতি।

নীরোগ (p. 475) [nīrōga] বিণ. রোগহীন, সুস্থ। [সং. নিঃ (নির্) + রোগ]।

নীল (p. 475) [nīla] বি. 1 বর্ণবিশেষ, দিনের নির্মল আকাশের রং বা তার চেয়ে গাঢ় বা হালকা রং; 2 গাছবিশেষ বা তা থেকে উৎপন্ন রং; 3 (বাং.) নীলকণ্ঠ শিব (নিলের উপোস)। □ বিণ. নীলবর্ণবিশিষ্ট। [সং. √ নীল্ + অ]।˜ কণ্ঠ বি. 1 (হলাহল পানের ফলে কণ্ঠ নীলবর্ণ হয়েছিল বলে) শিব; 2 নীলবর্ণ কণ্ঠযুক্ত পাখিবিশেষ।˜ কমল বি. নীল রঙের পদ্মফুল।˜ কর বি. বিণ. ভারতে ইয়োরোপীয় নীল চাষকারী।˜ কান্ত-মণি বি. দুর্লভ নীলবর্ণ পাথরবিশেষ, sapphire.˜ কুঠি বি. নীলকর সাহেবের কাছারি বা অফিস।˜ গাই বি. গোসদৃশ হরিণজাতীয় নীল রঙের পশুবিশেষ।˜ পদ্ম নীলকমল -এর অনুরূপ।˜ মণি বি. 1 নীলকান্তমণি; 2 শ্রীকৃষ্ণ।˜ মাধব বি. শ্রীকৃষ্ণ; বিষ্ণু।˜ লোহিত বি. 1 (কণ্ঠে নীল ও কেশে লোহিত বর্ণের সমাবেশ বলে) শিব; 2 বেগনি রং।˜ ষষ্ঠী বি. চড়ক সংক্রান্তি বা তার আগের দিনে অনুষ্ঠিত শিবপূজা। সবে ধন নীলমণি আদরের গোপাল; একমাত্র আদরের সন্তান।

নীলা (p. 475) [nīlā] বি. মূল্যবান নীলবর্ণ পাথরবিশেষ, নীলকান্তমণি, sapphire. [সং. নীল + বাং. আ]।

নীলাচল, নীলাদ্রি (p. 475) [nīlācala, nīlādri] বি. 1 নীল বর্ণের পর্বত; 2 ওড়িশার নীলগিরি পর্বতমালা; 3 জগন্নাথক্ষেত্র। [সং. নীল + অচল, অদ্রি]।

নীলাঞ্জন (p. 475) [nīlāñjana] বি. 1 তুঁতে; 2 রসাঞ্জন; 3 নীল বা কৃষ্ণনীল কাজল; 4 মেঘের ঘননীল অঞ্জনবত্ বর্ণ ('নীলাঞ্জন ছায়া': রবীন্দ্র)। [সং. নীল + অঞ্জন]।

নীলাভ (p. 475) [nīlābha] বিণ. 1 নীল আভা যার, নীলচে; 2 নীল রঙের ('নীলাভ গরল': শ. ঘো.)। [সং. নীল + আভা]।

নীলাম্বর (p. 475) [nīlāmbara] বি. 1 নীল রঙের আকাশ; 2 নীল রঙের বস্ত্র; 3 হলধর বলরাম। □ বিণ. নীলবর্ণ বস্ত্র পরিধানকারী বা পরিহিত। [সং. নীল + অম্বর]।

নীলাম্বরি (p. 475) [nīlāmbari] বি. নীল রঙের শাড়ি। [সং. নীল + বাং. অম্বরি]।

নীলাম্বু, নীলাম্বুধি (p. 475) [nīlāmbu, nīlāmbudhi] বি. (নীল রঙের জল বলে) সমুদ্র। [সং. নীল + অম্বু, অম্বুধি]।

নীলিকা (p. 475) [nīlikā] বি. 1 নীলের গাছ; 2 চোখের রোগবিশেষ। [সং. নীলক]।

নীলিমা (p. 475) [nīlimā] (-মন্) বি. 1 নীলত্ব; 2 নীল রং বা আভা (ঘন মেঘের নীলিমা)। [সং. নীল + ইমন্]।

নীলোত্-পল (p. 475) [nīlōt-pala] বি. নীল রঙের পদ্মফুল। [সং. নীল + উৎপল]।

নীহার (p. 475) [nīhāra] বি. তুষার, হিমানী; বরফ। [সং. নি + √ হৃ + অ]।

নীহারিকা (p. 475) [nīhārikā] বি. আকাশে নীহারস্তূপের মতো দৃশ্যমান নক্ষত্রসমষ্টি বা বাষ্পীয় পদার্থ, nebula. [সং. নীহার + ইক + আ]।

-নু (p. 475) [-nu] (আঞ্চ.) উত্তমপুরুষের অতীতকালের ক্রিয়াবিভক্তিবিশেষ (গেনু, দিনু)।

নুটি (p. 475) [nuṭi] বি. সুতো আঁশ লোম প্রভৃতি জড়ানো আঁটি বা পিণ্ড। [দেশি]।

নুড়-নুড়ি, নুন্নুড়ি (p. 475) [nuḍ়-nuḍ়i, nunnuḍ়i] বি. 1 আলজিভ; 2 আলগাভাবে লেগে থেকে ঝুলছে বা দুলছে এমন ছোট জিনিস (খোঁপা তো নয় যেন নুড়নুড়ি)। [দেশি]।

নুড়া, (কথ্য) নুড়ো (p. 475) [nuḍ়ā, (kathya) nuḍ়ō] বি. আগুন ধরাবার জন্য খড়, শুকনো ঘাস প্রভৃতির গুচ্ছ বা আঁটি (মুখে নুড়ো জ্বেলে দেওয়া)। [সং. নড়?]।

নুড়ি (p. 475) [nuḍ়i] বি. ছোট পাথর; পাথরের ছোট টুকরো। [< বাং. নোড়া]।

নুনু (p. 475) [nunu] বি. শিশুর লিঙ্গ। [হি. নুনী]।

নুয়া (p. 475) [nuẏā] ক্রি. ঝোঁকা, অবনত হওয়া (গাছটা নুয়ে রয়েছে, নুয়ে দেখো)। □ বি. বিণ. উক্ত অর্থে। [বাং. √ নু < সং. নম্]। [নোয়া2 দ্র]।˜ নো ক্রি. অবনত করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

নুর (p. 475) [nura] বি. 1 আলোক (নুরজাহান); 2 কেবল চিবুকে রক্ষিত দাড়ি। [আ. নূর]।

নুরি (p. 475) [nuri] বি. মালয় উপদ্বীপের শুকজাতীয় পাখিবিশেষ। [মাল. লুরি]।

নুলিয়া (p. 475) [nuliẏā] বি. (প্রধানত পুরীর) সমুদ্রতীরে মৎস্যজীবী জাতিবিশেষ।[তু. লুনিয়া (=নুন ব্যবসায়ী)]।

নুলো (p. 475) [nulō] বিণ. যার হাত কাটা বা বিকল। □ বি. 1 হাত-কাটা লোক; 2 বিড়ালের থাবা। [হি. লুলা (=পঙ্গু)]।

নূতন (p. 475) [nūtana] বিণ. 1 নতুন, নবীন ('নূতন প্রাণ দাও, প্রাণসখা': রবীন্দ্র); 2 তরুণ (রোগের নূতন অবস্থা); 3 অভিনব (এ এক নূতন কায়দা)। [সং. নব + তন]। বি.˜ ত্ব।

নূপুর (p. 475) [nūpura] বি. পায়ের অলংকারবিশেষ, ঘুঙুর, শিঞ্জিনী ('আজ শুনি তার নূপুরগুঞ্জন': রবীন্দ্র)। [সং. নূ + √ পুরি + অ]।˜ নিক্বণ বি. নূপুরের ধ্বনি।

নৃ (p. 475) [nṛ] বি. মানুষ, নর। [সং. নী + ঋ]।˜ কুল-বিদ্যা বি. মানবজাতির বিভিন্ন শাখা ও তাদের পরস্পর সম্পর্কবিষয়ক বিজ্ঞান, ethnology.˜ তত্ত্ব,˜ বিদ্যা বি. প্রাণীজগতে মানবজাতির উৎপত্তি ও ক্রমবিকাশবিষয়ক বিজ্ঞান, anthropology.˜ পতি নৃপ দ্র।˜ মণি বি. 1 নরশ্রেষ্ঠ; 2 রাজা।˜ মুণ্ড-মালিনী বিণ. (স্ত্রী.) নরমুণ্ডে গ্রথিত মাল্যধারিণী। □ বি. কালিকাদেবী।˜ যজ্ঞ বি. অতিথিসৎকাররূপ যজ্ঞ।˜ লোক বি. পৃথিবী।

নৃত্য (p. 475) [nṛtya] বি. সাবলীল ও ছন্দযুক্ত শরীরবিক্ষেপের ভঙ্গিবিশেষ, নাচ, নর্তন। [সং. √ নৃত্ + য]।˜ গীত বি. নাচগান।˜ নাট্য বি. নাচসহযোগে অভিনেয় নাটক।˜ পটীয়সী বিণ. (স্ত্রী.) নাচতে পটু, নৃত্যশিল্পে দক্ষতাযুক্তা।˜ পর বিণ. 1 নাচতে ভালোবাসে এমন; 2 নাচছে এমন। স্ত্রী.˜ পরা ('নৃত্যপরা মেনকার কনকনূপুর': রবীন্দ্র)।˜ শালা বি. 1 নাচঘর; 2 রঙ্গমঞ্চ।

নৃপ, নৃপতি (p. 475) [nr̥pa, nr̥pati] বি. রাজা, নরপতি। [সং. নৃ + √ পা + অ, নৃ + পতি]। নৃপ-বর, নৃপ-মণি বি. ভূপতিশ্রেষ্ঠ, শ্রেষ্ঠ রাজা। নৃপাসন বি. সিংহাসন।

নৃলোক (p. 475) [nr̥lōka] দ্র নৃ।

নৃশংস (p. 475) [nr̥śaṃsa] বিণ. 1 নিষ্ঠুর (নৃশংস হত্যাকাণ্ড); 2 হিংস্র। [সং. নৃ + √ শন্স্ + অ]। বি.˜ তা।

নৃসিংহ (p. 475) [nr̥siṃha] দ্র নর2।

নিউটা (p. 479) [niuṭā] ক্রি. (কাব্যে) ফেরা, প্রত্যাবর্তন করা ('নেউটিয়া রণে বীর আইল নিমিষে': কৃত্তি.)। [সং. নি + √ বৃত্ + বাং. আ]।

নেউল (p. 479) [nēula] বি. বেজি (সাপে-নেউলে)। [সং. নকুল]।

নেও (p. 479) [nēō] ক্রি. (বর্ত. অপ্র.) লও, গ্রহণ করো, নাও। □ অব্য. বন্ধ করা, থামা, বাদ দেওয়া প্রভৃতির অনুরোধসূচক (নেও, এখন থামো); বিস্ময় বা অবিশ্বাসসূচক (নেও ঠেলা)। [নেওয়া দ্র]।

নেওটা (p. 479) [nēōṭā] বিণ. অত্যন্ত অনুরক্ত, স্নেহ দিয়ে বশীভূত (এ ছেলেটা মায়ের খুবই নেওটা)। [সং. স্নেহ > নেহ > নেঅ + টা]।

নেওয়া (p. 479) [nēōẏā] ক্রি. গ্রহণ করা, লওয়া (নেয়, নিয়েছে)। □ বি. উক্ত অর্থে (এটা নেওয়া ভালো হল না)। [সং. √ নী + বাং. আ]।

নেংচা, নেংচানো (p. 479) [nēñcā, nēñcānō] যথাক্রমে লেংচা বা ল্যাংচা এবং লেংচানো বা ল্যাংচানো -র কথ্য রূপ। নেংচে চলা ক্রি. বি. খুঁড়িয়ে চলা বা হাঁটা।

নেংটা, (p. 479) [nēṇṭā,] (কথ্য) নেংটো দ্র ন্যাংটা, ন্যাংটো।

নেংটি2 (p. 479) [nēṇṭi2] বিণ. (সচ. ইঁদুর সম্পর্কে) ছোট, ক্ষুদ্র (নেংটি ইঁদুর)। [দেশি]।

নেংলা (p. 479) [nēṃlā] বিণ. খুব রোগাটে, অত্যন্ত কৃশ, লিকলিকে (নেংলা ছেলে)। [দেশি]।

নেক-টাই (p. 479) [nēka-ṭāi] বি. সাহেবি রীতিতে প্যাণ্ট-শার্টের সঙ্গে পরিধেয় গলাবন্ধবিশেষ। [ইং. necktie]।

নেকড়ে, (বিরল) নেকড়িয়া (p. 479) [nēkaḍ়ē, (birala) nēkaḍ়iẏā] বি. কুকুরজাতীয় হিংস্র বন্য পশুবিশেষ, wolf. [তু. হি. লকড়বগঘা]।

নেক-নজর (p. 479) [nēka-najara] বি. 1 অনুকূল দৃষ্টি, অনুগ্রহদৃষ্টি (চিন্তা কী, তোমার উপর কর্তার নেকনজর আছে); 2 (ব্যঙ্গে) কুনজর। [ফা. নেক + আ. নজর্]।

নেকরা (p. 479) [nēkarā] বি. 1 রঙ্গতামাশা, কৌতুক; 2 ছলাকলা; 3 ন্যাকামি। [ফা. নখ্রা]।

নেকার, ন্যাকার (p. 479) [nēkāra, nyākāra] বি. বমি, বমন (ন্যাকার ঠেলে আসছে, ন্যাকার হচ্ছে)। [সং. ন্যক্কার]।

নেচে ওঠা (p. 479) [nēcē ōṭhā] দ্র নাচা।

নেড়া, ন্যাড়া (p. 479) [nēḍ়ā, nyāḍ়ā] বিণ. 1 মাথা মুড়ানো হয়েছে এমন (নেড়া মাথা); 2 নিরাভরণ (নেড়া হাত); 3 পাতাহীন (নেড়া গাছ); 4 গাছ, পাতা, ঘাস কিছুই নেই এমন (নেড়া মাঠ); 5 সজ্জাহীন, অশোভনভাবে সজ্জাহীন (নেড়া নেড়া) দেখাচ্ছে)। □ বি. (ব্যঙ্গে) বৈষ্ণব বৈরাগী (নেড়ানেড়ির কাণ্ড)। [তু. নাড়িয়া (চর্যা.)]। স্ত্রী. নেড়ি।

নেড়া-পোড়া (p. 479) [nēḍ়ā-pōḍ়ā] বি. দোলের আগের দিন অনুষ্ঠিত আগুনের উৎসববিশেষ, চাঁচর। [বাং. নেড়া < সং. মেঢ়া (কৃষ্ণের হাতে নিহত দৈত্যবিশেষ) + পোড়া]।

নেড়ি (p. 479) [nēḍ়i] দ্র নেড়া।

নেড়ি-কুত্তা (p. 479) [nēḍ়i-kuttā] বি. রোগা ও লোমহীন কুকুর। [বাং. নেড়ি + হি. কুত্তা]।

নেড়ে (p. 479) [nēḍ়ē] (অশোভন) বি. নিম্নশ্রেণির মুসলমান। [বাং. নেড়া + এ]।

নেত (p. 479) [nēta] বি. প্রাচীন কালে ব্যবহৃত সূক্ষ্ম পট্টবস্ত্রবিশেষ। [সং. নেত্র]।

নেতা1 (p. 479) [nētā1] (-তৃ) বি. 1 নায়ক, পরিচালক (দলের নেতা, দেশের নেতা); 2 পথপ্রদর্শক; 3 অগ্রণী; 4 প্রধান। [সং. √ নী + তৃ]। স্ত্রী. নেত্রী। নেতৃত্ব বি. নেতার পদ, কাজ বা গুণ।

নেতা2 (p. 479) [nētā2] ক্রি. নেতানো, নেতিয়ে পড়া। [বাং. তু. লতানো]।˜ নো ক্রি. 1 অবসন্ন বা দুর্বল হওয়া; 2 মিইয়ে যাওয়া, নরম হওয়া (মুড়ি নেতিয়ে গেছে)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে (নেতানো মুড়ি)।

নেতি-বাচক (p. 479) [nēti-bācaka] বিণ. 1 অস্বীকারসূচক (নেতিবাচক জবাব); 2 নঞর্থক (নেতিবাচক বাক্য)। [সং. ন + ইতিবাচক]।

নেতৃত্ব (p. 479) [nētṛtba] দ্র নেতা1।

নেত্র (p. 479) [nētra] বি. চক্ষু, চোখ। [সং. √ নী + ত্র]।˜ গোচর বিণ. দৃষ্টিগোচর, দৃষ্টির পথে এসেছে বা নজরে এসেছে এমন।˜ চ্ছদ,˜ পল্লব বি. চোখের পাতা।˜ পাত বি. দৃষ্টিক্ষেপ, অবলোকন, দৃষ্টিপাত; দেখা।˜ মল বি. পিচুটি।

নেপথ্য (p. 479) [nēpathya] বি. 1 রঙ্গালয়ের সাজঘর; 2 রঙ্গমঞ্চের অন্তরালবর্তী স্থান (নেপথ্য থেকে কণ্ঠস্বর ভেসে এল); 3 অন্তরাল, আড়াল (সংবাদের নেপথ্যে)। [সং. নেপথ + য]। নেপথ্যে ক্রি-বিণ. 1 রঙ্গমঞ্চের অন্তরালে; 2 (আল.) আড়ালে, সাধারণের অগোচরে (নেপথ্যে অনেক ঘটনাই ঘটে গেছে)।

নেপাম-বোমা (p. 479) [nēpāma-bōmā] বি. ঘন থকথকে পেট্রল বা নেপাম সহযোগে প্রস্তুত বোমা। [ইং. napalm + বাং. বোমা]।

নেপালি (p. 479) [nēpāli] বিণ. বি. নেপালের অধিবাসী বা ভাষা। □ বিণ. 1 নেপালে জাত বা উৎপন্ন; 2 নেপালসম্বন্ধীয়। [বাং. নেপাল + ই]।

নেপো (p. 479) [nēpō] বি. অনধিকারী ধূর্ত লোক; বাটপাড়। [দেশি]। যার ধন তার ধন নয় নেপোয় মারে দই যারা পরিশ্রম করে তারা পরিশ্রমের ফল ভোগ করে না, চালাক লোকে ফাঁকি দিয়ে সে ফল ভোগ করে।

নেবা2, নেবানো (p. 479) [nēbā2, nēbānō] যথাক্রমে নিবা ও নিবানো -র চলিত রূপ।

নেবুলা (p. 479) [nēbulā] বি. নীহারিকাপুঞ্জ। [ইং. nebula]।

নেভা, নেভানো (p. 479) [nēbhā, nēbhānō] যথাক্রমে নেবা ও নেবানো -র অধিকতর প্রচলিত রূপ।

নেমক, নেমক-হারাম (p. 480) [nēmaka, nēmaka-hārāma] যথাক্রমে নিমক ও নিমকহারাম এর রূপভেদ।

নেমি, নেমী (p. 480) [nēmi, nēmī] বি. চাকার বেষ্টন, পরিধি বা বেড়। [সং. √ নি + মি, মী]।

নেয়া, নেয়ানো (p. 480) [nēẏā, nēẏānō] যথাক্রমে নেওয়া ও নেওয়ানো -র কথ্য রূপ।

নেয়া-পাতি (p. 480) [nēẏā-pāti] বিণ. 1 নরম ও পাতলা শাঁসযুক্ত (নেয়াপাতি ডাব); 2 (কৌতু.) নরম ও গোলগাল (নেয়াপাতি ভুঁড়ি)। [সং. স্নেহ > নেহ + পাতিত > নেয়াপাতি (সুকুমার সেন)]।

নেয়া-মত (p. 480) [nēẏā-mata] বি. 1 দয়া, অনুগ্রহ; 2 স্নেহ। [আ. নে'মত্]।

নেয়ার (p. 480) [nēẏāra] বি. খাট ছাওয়ার জন্য বা মশারির কিনারে লাগাবার জন্য চওড়া ফিতে। [ফা. নবার > হি. নিবার]।

নেয়ে (p. 480) [nēẏē] বি. নাবিক; মাঝি ('ওগো খেয়ার নেয়ে': রবীন্দ্র)। [সং. নাবিক > বাং. নাইয়া > নেয়ে]।

নেলাখেপা (p. 480) [nēlākhēpā] দ্র ন্যালাখ্যাপা।

নেশা (p. 480) [nēśā] বি. 1 মাদক দ্রব্য (নেশা ধরেছে); 2 মাদক দ্রব্যের ব্যবহার (নেশা করা); 3 মাদক দ্রব্য ব্যবহারজনিত মত্ততা (নেশার ঘোর); 4 প্রবল আসক্তি আকর্ষণ টান বা ঝোঁক (কাজের নেশা, গানের নেশা, খেলার নেশা); 5 মোহ, বিহ্বলতা (চোখের নেশা)। [আ. নেশা]। নেশা করা ক্রি. বি. মাদক সেবন করা।˜ খোর বি. মাদকসেবী।

নেহ1 (p. 480) [nēha1] ক্রি. (প্রা. বাং.) লও, নাও। [নেওয়া দ্র]।

নেহ2 (p. 480) [nēha2] বি. (প্রা. বাং.) লেহন, চাটা ('নাসিকায় নেহ যেন দরশনে পান': চৈ. ভা.)। [সং. লেহন]।

নেহ3, নেহা (p. 480) [nēha3, nēhā] বি. (প্রা. বাং. ও ব্রজ.) স্নেহ, আদর। [সং. স্নেহ]।

নেহাত (p. 480) [nēhāta] অব্য. 1 নিতান্ত (নেহাত দরকার); 1 একান্তপক্ষে, নিদেনপক্ষে (নেহাত যদি যাও)। □ বিণ.-বিণ. অতিশয়, একেবারে (নেহাত ছেলেমানুষ, নেহাত বোকা)। [আ. নিহায়ত্]।

নেহারা, নেহারনু, নেহারল (p. 480) [nēhārā, nēhāranu, nēhārala] যথাক্রমে নিহারা, নিহারিনু ও নিহারিলু -র রূপভেদ।

নৈ (p. 480) [nai] বিণ. নবজাত (নৈ বাছুর)। [সং. নব-তু. হি. নঈ]।

নৈঃশব্দ্য (p. 480) [naiḥśabdya] বি. শব্দহীনতা, নীরবতা (রাতের নৈঃশব্দ্য ভেঙে গেল)। [সং. নিঃশব্দ + য]।

নৈঃসঙ্গ্য (p. 480) [naiḥsaṅgya] বি. নিঃসঙ্গতা; একাকিত্ব ('ভ'রে ওঠে বর্তমান নৈঃসঙ্গ্যের শ্রুতি': সু. দ.)। [সং. নিঃসঙ্গ + য]।

নৈকট্য (p. 480) [naikaṭya] বি. নিকটতা, সামীপ্য। [সং. নিকট + য]।

নৈকষেয় (p. 480) [naikaṣēẏa] বি. নিকষার পুত্র অর্থাত্ রাবণ, কুম্ভকর্ণ ও বিভীষণ। [সং. নিকষা + এয়]।

নৈকষ্য (p. 480) [naikaṣya] বিণ. 1 নিকষে পরীক্ষিত; 2 বিশুদ্ধ, খাঁটি (নৈকষ্য কুলীন)। [সং. নিকষ + য]।

নৈগম (p. 480) [naigama] বি. 1 নিগম শাস্ত্র-যথা ঐতরেয়, ছান্দোগ্য, কঠ, তৈত্তিরীয় ইত্যাদি উপনিষদ; 2 মার্গ বা পনহা। [সং. নিগম + অ]। নৈগমিক বিণ. নিগমসংক্রান্ত।

নৈতিক (p. 480) [naitika] বিণ. নীতিসম্বন্ধীয় (নৈতিক সমর্থন, নৈতিক শক্তি, নৈতিক অবনতি)। [সং. নীতি + ইক]।

নৈত্যিক (p. 480) [naityika] বিণ. দৈনিক, প্রতিদিনের (ন্যৈত্যিক কর্ম)। □ বি. নিত্যদিনের কাজ। [সং. নিত্য + ইক]।

নৈদাঘ (p. 480) [naidāgha] বিণ. নিদাঘসম্বন্ধীয়; গ্রীষ্মকালীন। [সং. নিদাঘ + অ]।

নৈদান, নৈদানিক (p. 480) [naidāna, naidānika] বিণ. 1 নিদানসম্বন্ধীয়, উৎপত্তিসম্বন্ধীয়; 2 নিদানশাস্ত্রবিষয়ক। [সং. নিদান + অ, ইক]।

নৈপুণ্য (p. 480) [naipuṇya] বি. নিপুণতা, দক্ষতা (ভাষার নৈপুণ্য, রণনৈপুণ্য)। [সং. নিপুণ + য]।

নৈবচ (p. 480) [naibaca] অব্য. কখনো নয়, কিছুতেই নয় ('ভিক্ষা মাগা নৈবচ নৈবচ': ভা. চ.)। [সং. ন + এব + চ]।

নৈবদ্য, (কথ্য) নৈবিদ্যি (p. 480) [naibadya, (kathya) naibidyi] বি. দেবতাকে যে সামগ্রী নিবেদন করা হয়। [সং. নিবেদ + য]।

নৈমিত্তিক (p. 480) [naimittika] বিণ. 1 নিমিত্ত থেকে আগত বা উদ্ভূত (নৈমিত্তিক প্রলয়); 2 বিশেষ উদ্দেশ্যে অনুষ্ঠেয়, প্রয়োজনার্থক (নৈমিত্তিক পূজাপার্বণ); 3 নিমিত্ত সম্বন্ধে অভিজ্ঞ, নিমিত্তবিত্, শুভাশুভলক্ষণ জানে এমন। [সং. নিমিত্ত + ইক]।

নৈয়মিক (p. 480) [naiẏamika] বিণ. 1 নিয়মসম্বন্ধীয়; 2 নিয়ম অনুযায়ী। [সং. নিয়ম + ইক]।

নৈরপেক্ষ্য (p. 480) [nairapēkṣya] বি. নিরপেক্ষতা। [সং. নিরপেক্ষ + য]।

নৈরাকার (p. 480) [nairākāra] বিণ. 1 (কথ্য) নিরাকার; 2 একাকার, তছনছ। [< সং. নিরাকার]।

নৈরাজ্য (p. 480) [nairājya] বি. 1 অরাজকতা, বিশৃঙ্খলা; 2 যথেচ্ছাচার। [অব্যুৎপন্ন-সম্ভবত নৈরাশ্য শব্দের অনুকরণে গঠিত]।

নৈরাশ্য, নৈরাশ, (p. 480) [nairāśya, nairāśa,] (কাব্যে) নৈরাশা বি. আশাহীনতা, হতাশা (নৈরাশ্যে ভুগছে; 'যে নৈরাশা গভীর অশ্রুজলে ডুবেছিল': রবীন্দ্র)। [সং. নিরাশ + য, অ; নৈরাশা বাং.]।

নৈর্ঋত (p. 480) [nairṛta] বি. 1 দক্ষিণ-পশ্চিম কোণ; 2 দৈত্যদানব। [সং. নির্ঋতি + অ]।

নৈর্গুণ্য (p. 480) [nairguṇya] বি. 1 গুণহীনতা; 2 সত্ত্ব রজঃ তমঃ এই তিন গুণের অতীত অবস্থা বা ভাব। [সং. নির্গুণ + য]।

নৈর্ব্যক্তিক (p. 480) [nairbyaktika] বিণ. 1 ব্যক্তিসম্পর্কিত নয় এমন, ব্যক্তিনিরপেক্ষ; 2 অপৌরুষেয় ('নৈর্ব্যাক্তি হাহাকার': সু. দ.)। [সং. নির্ + ব্যক্তি + ইক]।

নৈশ (p. 480) [naiśa] বিণ. 1 রাত্রিকালীন (নৈশ অভিযান, নৈশ বিদ্যালয়); 2 রাত্রিসম্বন্ধীয়। [সং. নিশা + অ]। ˜ ভোজ বি. আমন্ত্রণমূলক রাত্রিকালীন ভোজ।

নৈষধ (p. 480) [naiṣadha] বিণ. নিষধ দেশসম্বন্ধীয়। □ বি. নিষধ দেশের রাজা নল। [সং. নিষধ + অ]। নৈষধীয় বিণ. নিষধরাজ নলসম্বন্ধীয়।

নৈষাদ (p. 480) [naiṣāda] বি. ব্যাধের পুত্র। [সং. নিষাদ + অ]।

নৈষ্কর্ম্য (p. 480) [naiṣkarmya] বি. 1 নিষ্ক্রিয়তা; 2 কর্মে অনীহা বা বীতস্পৃহা; 3 কর্মহীনতা, বেকারত্ব; 4 আলস্য। [সং. নিষ্কর্মন্ + য]।

নৈষ্ঠিক (p. 481) [naiṣṭhika] বিণ. 1 নিষ্ঠাবান (নৈষ্ঠিক ব্রাহ্মণ); 2 নিষ্ঠাবিষয়ক; 3 আজীবন গুরুগৃহে বাস করে ব্রহ্মচর্যপালনকারী; 4 মৃত্যুকালীন (নৈষ্ঠিক বিধি)। [সং. নিষ্ঠা + ইক]। বি. ˜ তা।

নৈসর্গিক (p. 481) [naisargika] বিণ. 1 স্বাভাবিক, প্রকৃতিগত, জন্মগত (নৈসর্গিক শক্তি, নৈসর্গিক প্রতিভা); 2 প্রাকৃতি (নৈসর্গিক শোভা)। [সং. নিসর্গ + ইক]।

নোংরা (p. 481) [nōṃrā] বিণ. 1 ময়লা (নোংরা কাপড়, নোংরা বিছানা); 2 ঘৃণ্য (নোংরা অভ্যাস); 3 অশুচি; 4 অশ্লীল (নোংরা কথা)। □ বি. আবর্জনা, জঞ্জাল (নোংরা ফেলার জায়গা)। [বাং. তু. সং. ন্যঙ্গতা (=অশ্লীলতা)]। ˜ মি, ˜ মো বি. নোংরা ভাব বা আচরণ।

নোকর (p. 481) [nōkara] বি. চাকর। [হি. নৌকর]। নোকরি বি. চাকরি।

নোক্তা (p. 481) [nōktā] বি. আরবি-ফারসি অক্ষরে যে বিন্দু সংলগ্ন থাকে। [সা. নুক্তা]।

নোঙর (p. 481) [nōṅara] বি. শিকল বা কাছির সঙ্গে বাঁধা লোহার অঙ্কুশবিশেষ, যা জলের নীচে ফেলে জাহাজ নৌকা প্রভৃতি জলযান বেঁধে রাখা হয়। [ফা. লঙ্গর্]। নোঙর করা, নোঙর ফেলা ক্রি. বি. নোঙরের সাহায্যে জলযানের গতিরোধ করা। নোঙর তোলা ক্রি. বি. নোঙর উঠিয়ে জলযান চালু করা।

নোট (p. 481) [nōṭa] বি. 1 মুদ্রার পরিবর্তে ব্যবহৃত কাগজি মুদ্রা, currency note; 2 স্মারক লেখন (আমি সবটা নোট করে নিয়েছি); 3 চিঠি (সবকিছু জানিয়ে তাকে একটা নোট পাঠানো হয়েছে); 4 অর্থপুস্তক, মানে বই (নোট ছাড়া ইংরেজি পড়তে পারে না)। [ইং. note]।

নোটিস (p. 481) [nōṭisa] বি. বিজ্ঞপ্তি, বিজ্ঞাপন। [ইং. notice]।

নোড় (p. 481) [nōḍ়] বি. আমলকীর মতো ছোট সাদা টক ফলবিশেষ। [সং. লবণী?]।

নোড়া (p. 481) [nōḍ়ā] বি. মশলা বাটবার উপযোগী প্রস্তরখণ্ড (শিলনোড়া)। [সং. লোষ্ট্র]।

নোদন (p. 481) [nōdana] বি. 1 প্রেরণ; 2 নিবারণ; 3 অপসারণ (তু. বিনোদন, অপনোদন)। [সং. √ নুদ্ + অন]।

নোনতা (p. 481) [nōnatā] বিণ. লবণাক্ত (নোনতা খাবার, নোনতা স্বাদ)। □ বি. কচুরি-নিমকি-শিঙাড়া জাতীয় ভাজা খাবার (সে নোনতা পছন্দ করে)। [বাং. নুন + তা]।

নোনা1 (p. 481) [nōnā1] বি. আতাজাতীয় ফলবিশেষ। [পো. anona]।

নোনা2 (p. 481) [nōnā2] বিণ. লবণাক্ত (নোনা জল)। □ বি. মাটির যে লবণজাতীয় উপাদান প্রাচীর দেওয়াল প্রভৃতির উপর ফুটে ওঠে (দেওয়ালে নোনা লাগা)। [বাং. নুন + আ]।

নোয়া1 (p. 481) [nōẏā1] বি. (লোহা -র আঞ্চ. রূপ) হিন্দু সধবা নারীর হাতে পরিধেয় লোহার বালাবিশেষ।

নোয়া2, নোয়ানো (p. 481) [nōẏā2, nōẏānō] ক্রি. বি. নত করা, উপর থেকে নীচে টেনে আনা (মাথা নোয়াও, গুরুজনের সামনে মাথা নোয়ানো উচিত)। [বাং. √ নু (ণিজন্ত) < সং. + নম্]।

নোলক (p. 481) [nōlaka] বি. নাকে পরার ছোটো ঝুলন্ত অলংকারবিশেষ। [সং. লোলক]।

নোলা (p. 481) [nōlā] বি. 1 জিহ্বা; 2 আহারের লোভ (এই বয়সে নোলা বাড়া ভালো নয়)। [সং. লোলা]।

নো-হাউ (p. 481) [nō-hāu] বি. যন্ত্রবিদ্যা বা অন্যান্য বিষয়ের জ্ঞান; কোনো জিনিসের ব্যাবহারিক বা প্রয়োগগত জ্ঞান। [ইং. know-how]।

নৌ (p. 481) [nau] বি. নৌকা; জলযান, পোত (নৌ-চলাচলের উপযোগী নদী)। [সং. √ নুহ্ + ঔ]।˜ চলাচল বি. নৌকাদি জলযানের যাতায়াত।˜ চালক বি. নৌকাদি জলযানের চালক।˜ জীবী,˜ জীবিক বি. নৌকাচালক, মাঝি।˜ বল বি. জলযুদ্ধের উপযোগী জাহাজ ও সৈন্যদলের সমষ্টি।˜ বহর বি. যুদ্ধে ব্যবহৃত নৌকাসমূহ বা জাহাজসমূহ।˜ বাহ বি. 1 নৌকাবাহক, দাঁড়ি; 2 জাহাজচালনা, navigation (স. প.)।˜ বাহিনী,˜ সেনা,˜ সৈন্য বি. যুদ্ধে নিযুক্ত জাহাজি সৈন্যদল; জলযুদ্ধের জন্য নিযুক্ত সৈন্য।˜ বাহী বিণ. নৌকাদি চালনার পক্ষে উপযুক্ত (নৌবাহী নদী)। □ বি. বিণ. নৌকাচালনাকারী ('নৌবাহী নৌকা টাণঅ গুণে': চর্যা.)।˜ বাহ্য বিণ. জাহাজাদি চালাবার উপযুক্ত (নৌবাহ্য নদী), navigable.˜ বিদ্যা বি. নৌকাদি নির্মাণ বা চালনার বিদ্যা।˜ যুদ্ধ বি. জলযুদ্ধ।

নৌকা (p. 481) [naukā] বি. 1 খাল নদী প্রভৃতিতে চলাচলকারী ছোটো জলযানবিশেষ, তরি, তরণী; 2 দাবাখেলার গুঁটিবিশেষ। [সং. নৌ + ক + আ]।˜ চালক,˜ জীবী বি. মাঝি।˜ পথ বি. নদীবক্ষে নৌকা চলাচলের পথ, জলপথ, নদীপথ।˜ বিলাস,˜ বিহার,˜ লীলা বি. 1 নৌকায় চড়ে বেড়ানো; 2 রাধিকাদি গোপিনীদের নিয়ে শ্রীকৃষ্ণের লীলাবিশেষ।˜ রোহী (-হিন্) বিণ. নৌকায় আরোহণকারী, নৌকাযাত্রী।˜ যাত্রী (-ত্রিন্) বিণ. নৌকাযোগে গমনকারী।

নৌবল, নৌবহর, নৌবাহ, নৌবাহিনী, নৌবাহ্য, নৌবিদ্যা, নৌযুদ্ধ, নৌসেনা (p. 481) [naubala, naubahara, naubāha, naubāhinī, naubāhya, naubidyā, nauyuddha, nausēnā] দ্র নৌ।

ন্যক্কার, ন্যাকার (p. 481) [nyakkāra, nyākāra] বি. 1 বমন, বমি; 2 অত্যন্ত ঘৃণা। [সং. ন্যক্ + √ কৃ + অ]। ˜ জনক বিণ. 1 বমন উদ্রেক করে এমন; 2 অত্যন্ত ঘৃণাজনক।

ন্যগ্রোধ (p. 481) [nyagrōdha] বি. বটগাছ ('বঙ্গের বীজ ন্যগ্রোধপ্রায়': স. দ.)। [সং. ন্যক্ + √ রুধ্ + অ]।

ন্যস্ত (p. 481) [nyasta] বিণ. 1 অর্পিত (দায়িত্ব ন্যস্ত হল); 2 প্রদত্ত; 3 গচ্ছিত (ধনরত্ন তাঁর তত্ত্বাবধানে ন্যস্ত হল); 4 রক্ষিত; 5 স্থাপিত (শিশুর মস্তক মাতার হস্তে ন্যস্ত)। [সং. নি + √ অস্ + ত]।

ন্যাংচা ন্যাংচানো (p. 481) [nyāñcā nyāñcānō] যথাক্রমে নেংচা ও নেংচানো -র বানানভেদ।

ন্যাংটা, ন্যাংটো (p. 481) [nyāṇṭā, nyāṇṭō] বিণ. নগ্ন, উলঙ্গ; বিবস্ত্র। [সং. নগ্নাট]।

ন্যাংড়া (p. 481) [nyāṇḍ়ā] বিণ. (আঞ্চ. কথ্য) খোঁড়া, ল্যাংড়া। [সং. লঙ্গ + বাং. ড়া]। □ বি. ল্যাংড়া আম।

ন্যাকড়া (p. 481) [nyākaḍ়ā] বি. ছেঁড়া কাপড়; জীর্ণ বস্ত্রখণ্ড। [সং. নক্তক]।

ন্যাকা (p. 481) [nyākā] বিণ. 1 কিছুই জানে না বা বোঝে না এইরকম ভানকারী (ন্যাকা সাজা); 2 সারল্য বা সাধুতার ভানকারী। [ফা. নেক]। স্ত্রী. নেকি।˜ পনা,˜ মি,˜ মো বি. ন্যাকার ভাব।

ন্যাটা (p. 481) [nyāṭā] বিণ. ডান হাতের বদলে বাঁ-হাত অধিকাংশ কাজ করে এমন। [তু. হি. লওটা (=উলটা)]।

ন্যাড় (p. 481) [nyāḍ়] বি. দণ্ডাকৃতি বিষ্ঠা। [সং. লেণ্ড]।

ন্যাতা (p. 481) [nyātā] বি. 1 ছেঁড়া বা জীর্ণ কাপড়; 2 ঘরের মেঝে মোছার কাজে ব্যবহৃত কাপড়ের টুকরো। [সং. নক্তক]।

ন্যাত-প্যাত (p. 481) [nyāta-pyāta] বি. 1 মিয়ানো বা ম্লান ভাব; 2 অত্যন্ত নরম বা নেতিয়ে পড়ার ভাব (ন্যাতপ্যাত করা)। [বাং. তু. নেতা2]। ন্যাত-পেতে বিণ. 1 মিইয়ে গেছে বা ম্লান হয়ে গেছে এমন; 2 নেতিয়ে পড়েছে এমন।

ন্যাবা (p. 481) [nyābā] বি. পাণ্ডুরোগ, কামলা, জণ্ডিস। [দেশি]।

ন্যায় (p. 481) [nyāẏa] বি. 1 যুক্তি, নীতি, সুবিচার, সততা (ন্যায়সম্মত, ন্যায়বিচার, ন্যায়নিষ্ঠ); 2 তর্কশাস্ত্র, গৌতমপ্রণীত দর্শনশাস্ত্র; 3 যুক্তির দৃষ্টান্ত (কাকতালীয় ন্যায়, অন্ধহস্তিদর্শন ন্যায়)। □ (বাং.) অব্য. তুল্য, সদৃশ, মতো (পিতার ন্যায় পূজনীয়, বালকের ন্যায় আচরণ)। [সং. নি + √ ই + অ]।˜ কর্তা (-র্তৃ) বিচারক; ন্যায়শাস্ত্রপ্রণেতা।˜ ত,˜ তঃ (-তস্) অব্য. ক্রি-বিণ. ধর্মত, সুবিচার অনুসারে।˜ নিষ্ঠ,˜ পর,˜ পরায়ণ,˜ বান (-বত্) বিণ. ন্যায় বা বিধি মেনে চলে

এমন; ধার্মিক। ˜ নিষ্ঠা, ˜ পরতা, ˜ পরায়ণতা, ˜ বত্তা বি. ন্যায় বা বিধি মেনে চলা, ন্যায়ের প্রতি শ্রদ্ধা। ˜ পথ, ˜ মার্গ বি. সত্য বা ধর্মসংগত পথ। ˜ বুদ্ধি বি. বিচারবুদ্ধি; বিবেক। ˜ শাস্ত্র বি. তর্কশাস্ত্র। ˜ সংগত, ˜ সম্মত বিণ. যুক্তিযুক্ত, ন্যায্য। ন্যায়াধীশ বি. বিচারপতি। ন্যায়াধি-করণ, ন্যায়ালয় বি. বিচারালয়, আদালত। ন্যায়িক বিণ. বিচারসংক্রান্ত, judicial (স. প.)।

ন্যায্য (p. 481) [nyāyya] বিণ. যুক্তিযুক্ত, উচিত, ন্যায়সংগত (ন্যায্য কথা, ন্যায্য প্রস্তাব, ন্যায্য পাওনা)। [সং. ন্যায় + য]। ˜ গণ্ডা বি. পাওনা, পাওনাকড়ি, প্রাপ্য টাকাপয়সা।

ন্যাল-নেলে (p. 481) [nyāla-nēlē] বিণ. 1 লালার মতো, 2 লালাযুক্ত; 3 জিহ্বা থেকে লালা পড়ে এমন। [ধ্বন্যা.]।

ন্যালা-খ্যাপা (p. 481) [nyālā-khyāpā] বিণ. পাগলাটে, কাণ্ডজ্ঞানহীন এবং অসতর্ক; বোধবুদ্ধিহীন। [দেশি]।

ন্যাস (p. 481) [nyāsa] বি. 1 গচ্ছিত রাখা (সম্পত্তি ন্যাস করা); 2 গচ্ছিত বস্তু; 3 গচ্ছিত বস্তু রক্ষার ভার, trust (স. প.); 4 অর্পণ; 5 রক্ষণাবেক্ষণ; 6 শ্বাসসংযম, প্রাণায়াম; 7 ত্যাগ (কাম্যকর্মন্যাস)। [সং. নি + √ অস্ + অ]। ˜ পাল বি. ন্যাসরক্ষক, trustee (স. প.)। ˜ রক্ষক বিণ. বি. গচ্ছিত বস্তুর রক্ষাকারী।

ন্যুব্জ (p. 481) [nyubja] বিণ. 1 কুব্জ, কুঁজো; 2 বক্র (ন্যুব্জদেহ); 3 উপুড়। [সং. নি + √ উব্জ্ + অ]। বি. ˜ তা। স্ত্রী. ন্যুব্জা।

ন্যূন (p. 481) [nyūna] বিণ. অপেক্ষাকৃত কম বা অল্প (কোনো অংশে ন্যূন নয়)। [সং. নি + √ ঊন্ + অ]। ˜ কল্পে,˜ পক্ষে ক্রি-বিণ. নিদেনপক্ষে, কম করে ধরলেও। ˜ তা বি. কমতি, কমসম, অভাব, ঘাটতি। ন্যূনাধিক বিণ. কমবেশি, কম বা বেশি (এ কাহিনি ন্যূনাধিক অতিরঞ্জিত)। ন্যূনাধিক্য বি. কমবেশির ভাব, তারতম্য।

প1 (p. 483) [pa1] বাংলা বর্ণমালার একবিংশ ব্যঞ্জনবর্ণ; ঔষ্ঠ্য প্ ধ্বনির দ্যোতক বর্ণ।

-প2 (p. 483) [-pa2] বিণ. 1 পালনকারী (গোপ, নৃপ); 2 পানকারী (মধুপ, পাদপ)। [সং. √ পা + অ]।

পইঠা (p. 483) [piṭhā] বি. 1 সোপান, সিঁড়ি; 2 ধাপ। [সং. প্রতিষ্ঠা]।

পইতা, পৈতা (p. 483) [pitā, paitā] বি. (সচ.) ব্রাহ্মণের কণ্ঠে ধারণীয় যজ্ঞসূত্র, উপবীত। [সং. পবিত্র (=উপবীত)]। কথা পইতে।

পই-পই (p. 483) [pi-pi] বি. বারংবার, পুনঃপুন (তাকে পইপই করে নিষেধ করা হয়েছে)। [তু. সং. পদে পদে]।

পঁইছা, পঁইছি, পৌঁছি (p. 483) [pam̐chā, pam̐chi, pain̐chi] বি. স্ত্রীলোকের মণিবন্ধের অলংকারবিশেষ। [হি. পোহুংচী]।

পঁচাত্তর (p. 483) [pam̐cāttara] বি. বিণ. 75 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চসপ্ততি > প্রাকৃ. পংচহত্তরি]।

পঁচা-নব্বই, (p. 483) [pam̐cā-nabbi,] (কথ্য) পঁচা-নব্বুই বি. বিণ. 95 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চনবতি]।

পঁচাশি (p. 483) [pam̐cāśi] বি. বিণ. 85 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চাশীতি < প্রাকৃ. পংচাসীই]।

পঁচিশ (p. 483) [pam̐ciśa] বি. বিণ. 25 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চবিংশতি > প্রাকৃ. পংচবীসই]। পঁচিশে বি. মাসের পঁচিশ তারিখ। □ বিণ. পঁচিশ তারিখের।

পঁয়-তাল্লিশ (p. 483) [pam̐ẏa-tālliśa] বি. বিণ. 45 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চচত্বারিংশত্ > প্রাকৃ. পংচতালীশ]।

পঁয়-ত্রিশ (p. 483) [pam̐ẏa-triśa] বি. বিণ. 35 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চত্রিংশত্]।

পঁয়-ষট্টি (p. 483) [pam̐ẏa-ṣaṭṭi] বি. বিণ. 65 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চষষ্টি প্রাকৃ. পংচসট্টি-তু. হি. পৈঁসঠ]।

পঁহুছা, পঁহুছানো (p. 483) [pam̐huchā, pam̐huchānō] যথাক্রমে পৌঁছা ও পৌঁছানো -র অপ্র. রূপ।

পকড় (p. 483) [pakaḍ়] বি. (সংগীতে) যে অল্পসংখ্যক স্বরের ব্যবহারে কোনো রাগের রূপ প্রকাশিত হয়। [হি. পকড় (=ধরা)]।

পকেট (p. 483) [pakēṭa] বি. জিনিসপত্র রাখার জন্য জামার সংলগ্ন ছোটো থলিবিশেষ, জেব। [ইং. pocket]। পকেট কাটা, পকেট মারা ক্রি. বি. পরের পকেট থেকে চুরি করা। পকেট খালি বি. পকেটে পয়সাকড়ি না থাকা।˜ .ঘড়ি দ্র ঘড়ি। পকেটস্থ করা ক্রি. বি. আত্মসাত্ করা।˜ .মার,˜ .কাটা বি. যে অন্যের পকেট থেকে টাকাপয়সা চুরি করে।

পকোড়া, পকৌড়া (p. 483) [pakōḍ়ā, pakauḍ়ā] বি. তেলে-ভাজা পেয়াজবড়াবিশেষ। [হি. পকোড়া, পকোড়ী]।

পক্ক (p. 483) [pakba] বিণ. 1 পাকা (পক্ক ফল); 2 সাদা, পলিত (পক্ক কেশ); 3 পরিণত, অভিজ্ঞ (পক্ক বুদ্ধি); 4 গাঢ় (পক্ক মধু); 5 পাক করা বা রান্না করা হয়েছে এমন (ঘৃতপক্ক)। [সং. √ পচ্ + ত]। বি.˜ তা।˜ কেশ বিণ. সাদা চুলযুক্ত, পলিত কেশযুক্ত; প্রবীণ। □ বি. পাকা চুল।

পক্ক-বিম্বাধরোষ্ঠী (p. 483) [pakba-bimbādharōṣṭhī] বি. বিণ. (স্ত্রী.) পাকা বিম্ব বা তেলাকুচো ফলের মতো লাল ঠোঁটযুক্তা। [সং. পক্কবিম্ব + অধর + ওষ্ঠ + ঈ]।

পক্কাশয় (p. 483) [pakbāśaẏa] বি. পাকস্থলী। [সং. পক্ক + আশয়]।

পক্ষ (p. 483) [pakṣa] বি. 1 চাঁদের বৃদ্ধিকাল বা হ্রাসকাল (শুক্লপক্ষ, কৃষ্ণপক্ষ); 2 প্রতিপদ থেকে পূর্ণিমা বা অমাবস্যা তিথি পর্যন্ত সময়; 3 মাসার্ধ, পনেরো দিন (তিনি এক পক্ষকাল বিদেশে থাকবেন); 4 পাখির ডানা বা পালক; 5 বাণের গোড়ার পাখনার মতো অংশ; 6 দল, একজোটে মিলিত জনসমষ্টি, party, team (মিত্রপক্ষ, সরকারপক্ষ, দুই পক্ষের বিরোধ); 7 তরফ, দিক (আমার পক্ষের উকিল); 8 পার্শ্বদেশ, পাশ (পক্ষদেশ, পক্ষাঘাত); 9 সন্নিহিত কক্ষ বা বারান্দা; 1 বিশেষ অবস্থা (পারতপক্ষে, প্রকৃতপক্ষে); 11 একাধিকবার বিবাহিত ব্যক্তির স্ত্রী (প্রথম পক্ষের সন্তান)। [সং. √ পক্ষ্ + অ]।˜ গ্রহণ বি. দলবিশেষকে সমর্থন।˜ চ্ছেদ বি. ডানা কেটে দেওয়া।˜ জ,˜ ধর বি. 1 চন্দ্র; 2 পাখি।˜ পাত বি. 1 যে-কোনো একটি দল বা গোষ্ঠীর প্রতি অতিরিক্ত আকর্ষণ, একচোখোমি; 2 অনুরাগ (ইংরেজি শিক্ষার প্রতি পক্ষপাত)।˜ পাতী (-তিন্) বিণ. পক্ষপাতযুক্ত, একচোখো; অনুরক্ত; সমর্থক (আমি এমন কাজ করার পক্ষপাতী নই)। বি.˜ পাতিতা,˜ পাতিত্ব।˜ পুট বি. ডানার অভ্যন্তর; 2 (আল.) আশ্রয়।˜ বিধূনন বি. ডানার ঝটপটানি; ডানার কম্পন ('কেন অকারণ পক্ষবিধূনন': বিষ্ণু)।˜ ভুক্ত বিণ. দল বা গোষ্ঠীর অন্তর্ভুক্ত।˜ ল বিণ. 1 পক্ষযুক্ত, ডানাযুক্ত; 2 (উদ্ভি.) পাখির পালকের মতো যার ডাঁটার দুই দিকে পাতা সাজানো থাকে, pinnate (বি. প.)।˜ সঞ্চালন বি. ডানা ঝটপটানো।˜ সমর্থন বি. দলবিশেষের পৃষ্ঠপোষকতা। পক্ষাঘাত বি. যে রোগে দেহের এক পক্ষ বা পাশ অবশ হয়ে যায়। পক্ষান্ত বি. পক্ষের শেষ, পূর্ণিমা বা অমাবস্যা। পক্ষান্তর বি. অন্য দল বা দিক বা অবস্থা। পক্ষান্তরে ক্রি-বিণ. অন্য পক্ষে, অন্য দিকে, অন্য দিক দিয়ে বিচার করলে। পক্ষাবলম্বী (-বিন্) বিণ. দলবিশেষের বা গোষ্ঠীর অন্তর্ভুক্ত। পক্ষাপক্ষ বি. স্বপক্ষ ও বিপক্ষ; শত্রু ও মিত্র। পক্ষে ক্রি-বিণ. তরফে; সম্বন্ধে (একথা তার পক্ষে খাটে না)।

পক্ষিরাজ (p. 483) [pakṣirāja] দ্র পক্ষী।

পক্ষী (p. 483) [pakṣī] (-ক্ষিন্) বি. পাখি বিহগ; দুই পা ও দুটি ডানাযুক্ত এবং ডিমপ্রসবকারী মেরুদণ্ডী প্রাণী। [সং. পক্ষ + ইন্]। স্ত্রী. পক্ষিণী। পক্ষী-রাজ, পক্ষি-রাজ বি. 1 পাখিদের রাজা; 2 গরুড়; 3 রূপকথার ডানাওয়ালা কাল্পনিক ঘোড়া। পক্ষী-শালা, পক্ষি-শালা বি. যেখানে বহু পাখি রাখা হয়।

পক্ষীয় (p. 484) [pakṣīẏa] বিণ. 1 দলসম্বন্ধীয়; 2 দলভুক্ত (তিনি কোনো পক্ষীয় নন)। [সং. পক্ষ + ঈয়]।

পক্ষোদ্-গম, পক্ষোদ্গম, পক্ষোদ্ভেদ (p. 484) [pakṣōd-gama, pakṣōdgama, pakṣōdbhēda] বি. 1 পাখির ডানা গজানো; 2 (আল.) পরিণত হওয়া। [সং. পক্ষ + উদ্গম, উদ্ভেদ]।

পক্ষ্ম (p. 484) [pakṣma] (-ক্ষ্মন্) বি. 1 চোখের লোম; 2 পাখির পালক। [সং. √ পক্ষ্ + মন্]। ̃ ল বিণ. 1 সুন্দর পক্ষ্মযুক্ত; 2 লোমশ।

পক্স (p. 484) [paksa] বি. বসন্ত রোগ। [ইং. pox(chickenpox, cowpox, smallpox)]।

পগার (p. 484) [pagāra] বি. 1 জমির সীমানির্দেশক খাত বা নালি (এই পগার পর্যন্ত তাঁর জমি); 2 খানা বা ডোবা। [সং. প্রাকার]। ̃ পার বিণ. পালিয়ে সীমার বা নাগালের বাইরে চলে গেছে এমন।

পঙ্ক্তি (p. 484) [paṅkti] বি. 1 সারি, শ্রেণি, পাঁতি; 2 লেখার লাইন। [সং. √ পঞ্চ্ + তি]।˜ দূষক বিণ. বি. যার সঙ্গে একই পঙ্ক্তিতে বসে ভোজন করলে দোষ হয়, অপাঙ্ক্তেয় ব্যক্তি।˜ ভোজন বি. একসঙ্গে অনেক লোকের পাশাপাশি বসে আহার।

পঙ্ক (p. 484) [paṅka] বি. 1 কাদা, পাঁক (পঙ্কোদ্ধার); 2 (দেহে চন্দনাদির) প্রলেপ; 3 ঘরের মেঝে বা দেওয়ালে চুনের প্রলেপ দিয়ে কারুকার্য, পঙ্খ। [সং. পঞ্চ্ + অ]।˜ জ বিণ. কর্দমজাত, কাদায় উৎপন্ন। □ বি. পদ্মফুল। স্ত্রী.˜ জা।˜ জিনী বি. (স্ত্রী.) 1 যেখানে পদ্ম জন্মে এমন পুকুর; 2 পদ্মের ঝাড়; পদ্মসমূহ।˜ রুহ বি. পদ্ম। পঙ্কিল বিণ. কর্দমাক্ত,
কাদাভরা। পঙ্কিলতা বি. কাদায় ভরে থাকা; কর্দমাক্ততা; আবিলতা। পঙ্কোদ্ধার বি. পাঁক তুলে ফেলে পুকুর সংস্কার করা।

পঙ্খ (p. 484) [paṅkha] বি. ঘরের মেঝে বা দেওয়ালে চুনের প্রলেপের কারুকার্য, পঙ্ক। [সং. পঙ্ক]।

পঙ্খি (p. 484) [paṅkhi] বিণ. পাখির মতো আকারবিশিষ্ট (ময়ূরপঙ্খি)। □ বি. পক্ষী -র গ্রাম্য রূপ।

পঙ্গ-পাল (p. 484) [paṅga-pāla] বি. 1 ফড়িঙের মতো পতঙ্গবিশেষ, বা সেই পতঙ্গের বিরাট দল যা শস্য নিঃশেষ করে; 2 (আল.) অসংখ্য অবাঞ্ছিত লোক। [সং. পতঙ্গপালি]।

পঙ্গু (p. 484) [paṅgu] বিণ. খোঁড়া; বিকলাঙ্গ; চলার শক্তি নেই এমন (রোগে পঙ্গু হওয়া)। [সং. √ পণ্ + (গ্) + উ]।

পচ (p. 484) [paca] বি. বিকৃতি, গলন, পচন (পচ ধরা)। [পচা দ্র]।

পচন1 (p. 484) [pacana1] বি. 1 পাক করা, রন্ধন; 2 পরিপাক, হজম। [সং. √ পচ্ + অন]।

পচন2 (p. 484) [pacana2] বি. বিকৃতি, গলন, পচে যাওয়া (পচননিবারক ওষুধ)। [পচা দ্র]।˜ শীল বিণ. 1 পচে যাচ্ছে বা সহজেই পচে যায় এমন; 2 (আল.) ধ্বংস হয়ে বা ভেঙে পড়ে যাচ্ছে এমন (পচনশীল সমাজব্যবস্থা)।

পচা (p. 484) [pacā] ক্রি. বিকৃত হওয়া, খারাপ বা নষ্ট হওয়া, গলে যাওয়া (ফল পচে, ডিম পচেছে)। □ বি. পচন। □ বিণ. 1 পচে গেছে এমন, বিকৃত (পচা ডিম); 2 গুমট, ভ্যাপসা (পচা গরম); 3 যখন সবকিছু পচে ওঠে এমন (পচা ভাদ্র); 4 দূষিত (পচা ঘা)। [সং. √ পচ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. বিকৃত, নষ্ট, গলিত বা দূষিত করা। □ বিণ. উক্ত সব অর্থে। পচানি বি. 1 পচা জিনিসের রস; 2 পচন।

পচাই (p. 484) [pacāi] বি. ধেনো মদ, ধান্যেশ্বরী, যে-মদ চাল পচিয়ে তৈরি হয়। [বাং. পচা + আই]।

পচ্য (p. 484) [pacya] বিণ. রাঁধবার যোগ্য (অপচ্য আনাজ)। [সং. √ পচ্ + য]।

পছন্দ (p. 484) [pachanda] বিণ. 1 মনঃপূত, মনের মতন (এ কাজ আমার পছন্ত হয়নি); 2 মনোনীত (তাকে আমরাই পছন্দ করেছি)। □ বি. 1 মনোনয়ন, নির্বাচন; 2 রুচি (পছন্দমতো জিনিস)। [ফা. পসন্দ্]। ˜ মতো, ˜ মাফিক, ˜ সই বিণ. মনের মতো।

পছিয়াঁ (p. 484) [pachiẏā] বিণ. 1 পশ্চিমা; 2 পশ্চিম দিক থেকে আগত (পছিয়াঁ বাতাস)। [বাং. পশ্চিমা-তু. ফা. পসীন্ + বাং. আ]।

পজ্-ঝটিকা (p. 484) [paj-jhaṭikā] বি. ষোলো মাত্রার ছন্দবিশেষ। [সং. পদ্ + ঝটিকা]।

পঞ্চ (p. 484) [pañca] (-ঞ্চন্) বি. বিণ. 5 সংখ্যা বা সংখ্যক, পাঁচ। [সং. √ পন্চ্ + অ]। ˜ ক বি. পাঁচের সমষ্টি, পাঁচটি (গীতিপঞ্চক)। ˜ কন্যা বি. অহল্যা দ্রৌপদী কুন্তী তারা ও মন্দোদরী এই পাঁচজন নারী। ˜ কর্ম বি. (আয়ু.) বমন বিরেচন প্রভৃতি পাঁচপ্রকার চিকিৎসা ব্যবস্থা। ˜ গঙ্গা বি. ভাগীরথী গোমতী কাবেরী প্রভৃতি পাঁচটি নদী। ˜ গব্য দ্র গব্য। ˜ গুণ বি. রূপ রস গন্ধ স্পর্শ ও শব্দ এই পাঁচরকম গুণ। ˜ গৌড় বি. সরস্বতী নদীর তীরস্থ ভূভাগ এবং কনৌজ উৎকল মিথিলা ও গৌড় এই পাঁচটি প্রদেশ। ˜ চত্বারিং-শত্ বি. বিণ. 45 সংখ্যা বা সংখ্যক। ˜ চত্বারিংশত্তম বিণ. 45 সংখ্যক। স্ত্রী. ˜ চত্বারিংশত্তমী। ˜ চামর বি. সংস্কৃত ছন্দবিশেষ। ˜ তন্ত্র বি. বিষ্ণুশর্মা-রচিত পাঁচভাগে বিভক্ত সংস্কৃত নীতিগ্রন্থবিশেষ। ˜ তপা (-পস্), (বর্জি.) ˜ তপাঃ বিণ. চারপাশে চারটি অগ্নিকুণ্ড এবং ঊর্ধ্বদিকে সূর্য এই পাঁচটি অগ্নির মধ্যে তপস্যাকারী; কঠিন তপস্যাকারী। ˜ তিক্ত বি. নিম গুলঞ্চ বাসক পলতা ও কণ্টিকারী। ˜ তীর্থ বি. 1 জ্ঞানব্যাপী নন্দিকেশ্বর তারকেশ্বর

মহাকালেশ্বর ও দণ্ডপাণি কাশীর এই পাঁচটি পুণ্যস্থান; 2 সংস্কৃতে স্নাতকদের উপাধিবিশেষ।˜ ত্ব বি. ক্ষিতি অপ্ তেজঃ মরুত্ ব্যোম এই পঞ্চভূতে মিলিত হওয়া অর্থাত্ মৃত্যু।˜ ত্ব-প্রাপ্ত বিণ. মৃত।˜ ত্ব-প্রাপ্তি বি. মৃত্যু।˜ ত্রিং-শত্ বি. বিণ. 35 সংখ্যা বা সংখ্যক।˜ ত্রিংশত্তম বিণ. 35 সংখ্যক। স্ত্রী.˜ ত্রিংশত্তমী।˜ দশ বি. বিণ. 15 সংখ্যা বা সংখ্যক।˜ দশী বিণ. (স্ত্রী.) 1 পঞ্চদশস্থানীয়া; 2 পনেরো বৎসর বয়স্কা। □ বি. 1 পূর্ণিমা বা অমাবস্যা; 2 বেদান্তগ্রন্থবিশেষ।˜ ধা ক্রি-বিণ. পাঁচ রকমে বা খণ্ডে বা দিকে; পাঁচবার (পঞ্চধা আবর্তিত)।˜ নখ বিণ. বি. পায়ে পাঁচটি নখ আছে এমন জন্তু যথা শশক, গণ্ডার কূর্ম ইত্যাদি।˜ নদ বি. 1 শতদ্রু বিপাশা ইরাবতী চন্দ্রভাগা ও বিতস্তা এই পাঁচটি নদী; 2 এই পাঁচটি নদীর দ্বারা বিধৌত দেশ অর্থাত্ পাঞ্জাব।˜ নদী পঞ্চনদ -এর অনুরূপ ('পঞ্চনদীর তীরে বেণী পাইয়া শিরে': রবীন্দ্র)।˜ নবতি বি. বিণ. 95 সংখ্যা বা সংখ্যক।˜ নবতি-তম বিণ. 95 সংখ্যক। বিণ. স্ত্রী.।˜ নবতিতমী।˜ নিম্ব বি. নিমগাছের পাতা ফুল ফল ছাল ও শিকড়।˜ পঞ্চা-শত্,˜ পঞ্চাশ বি. বিণ. 55 সংখ্যা বা সংখ্যক।˜ পঞ্চাশত্তম বিণ. 55 সংখ্যক। স্ত্রী.˜ পঞ্চাশত্তমী।˜ পল্লব বি. আম অশ্বত্থ বট পাকুড় ও যজ্ঞডুমুর এই পাঁচটি বৃক্ষের পল্লব।˜ পাণ্ডব বি. যুধিষ্ঠির ভীম অর্জুন নকুল ও সহদেব মহাভারতের এই পাঁচ পাণ্ডু পুত্র।˜ পাত্র বি. 1 দুটি দেবপক্ষ ও তিনটি পিতৃপক্ষ এই পাঁচটি পাত্রের জন্য কর্তব্য শ্রাদ্ধ; 2 পাঁচটি পাত্র; 3 (বাং.) হিন্দুদের পূজায় ব্যবহৃত তাম্রাদি ধাতুনির্মিত পাত্রবিশেষ।˜ পিতা (-তৃ) বি. জন্মদাতা ভয়ত্রাতা কন্যাদাতা অর্থাত্ শ্বশুর বিদ্যাদাতা বা দীক্ষাদাতা ও অন্নদাতা।˜ প্রদীপ বি. আরতি করার জন্য পাঁচটি মুখবিশিষ্ট প্রদীপবিশেষ।˜ প্রাণ বি. প্রাণ অপান উদান সমান ও ব্যান এই পাঁচরকম প্রাণবায়ু।˜ বটী বি. 1 অশ্বত্থ বট বিল্ব (বেল) আমলকী ও অশোক এই পাঁচটি বৃক্ষ বা ওই বৃক্ষযুক্ত বন; 2 রামায়ণোক্ত দণ্ডকারণ্যস্থ বনবিশেষ।˜ বাণ বি. সম্মোহন উন্মাদন শোষণ তাপন ও স্তম্ভন এই পাঁচটি বাণ অথবা তাদের ব্যবহারকর্তা মদনদেব।˜ বায়ু বি. পঞ্চপ্রাণ -এর

অনুরূপ।˜ বার্ষিক বিণ. 1 যার পাঁচ বৎসর অতীত হয়েছে; 2 যা পাঁচ বৎসর পর পর অনুষ্ঠিত হয়। পঞ্চবার্ষিক দ্র।˜ বিংশতি বি. বিণ. 25 সংখ্যা বা সংখ্যক।˜ বিংশতি-তম বিণ. 25 সংখ্যক। স্ত্রী.˜ বিংশতি-তমী।˜ ভুজ (জ্যামি.) পাঁচটি সরলরেখা দ্বারা বেষ্টিত বা আবদ্ধ ক্ষেত্র, pentagon (বি. প.)।˜ ভূত বি. ক্ষিতি অপ্ তেজঃ মরুত্ ও ব্যোম।˜ ম বিণ. পাঁচের পূরক, পাঁচ সংখ্যক। □ বি. 1 সংগীতে স্বরগ্রামের পঞ্চম স্বর, 'পা'; 2 কোকিলের ডাক।˜ মকার বি. মদ্য মাংস মুদ্রা মৎস্য ও মৈথুন তান্ত্রিক সাধনার এই পাঁচটি অঙ্গ।˜ ম-বাহিনী বি. বিশ্বাসঘাতকের দল; ষড়যন্ত্রে লিপ্ত কিংবা গুপ্তচরবৃত্তিতে নিযুক্ত বাহিনী, fifth column.˜ মহা-পাতক বি. ব্রহ্মহত্যা ব্রহ্মস্ব-হরণ গুরু গুরুপত্নীতে উপগমন সুরাপান ও এইসব পাপে লিপ্ত ব্যক্তিদের সংসর্গে বাসরূপ পাপ।˜ মহা-যজ্ঞ বি. ব্রহ্মযজ্ঞ (বা বেদাধ্যয়ন), পিতৃযজ্ঞ (বা তর্পণ), দেবযজ্ঞ (হোম), ভূতযজ্ঞ (মনুষ্যেতর জীবের তৃপ্তিবিধান) এবং নৃযজ্ঞ (অতিথিপূজা)।˜ মী বিণ. (স্ত্রী.) পঞ্চমস্থানীয়া। □ বি. তিথিবিশেষ।˜ মুখ বি. (পাঁচটি মুখবিশিষ্ট বলে) শিব; পাঁচটি মুখ (পঞ্চমুখে প্রশংসা করা)। □ বিণ. অতিশয় বাচাল; বহুভাষী ('কুকথায় পঞ্চমুখ': ভা. চ.)।˜ মুখী বিণ. (স্ত্রী.) পাঁচটি মুখবিশিষ্ট (পঞ্চমুখী বাণ)।˜ রঙ্গ বি. দাবা খেলায় মাত করবার প্রণালীবিশেষ।˜ রত্ন বি. নীলকান্ত হীরক পদ্মরাগ মুক্তা ও প্রবাল।˜ শর পঞ্চবাণ -এর অনুরূপ।˜ শস্য বি. ধান যব মাষ তিল ও মুগ।˜ ষষ্টি বি. বিণ. 65 সংখ্যা বা সংখ্যক।˜ ষষ্ঠি-তম বিণ. 65 সংখ্যক। বিণ. স্ত্রী.˜ ষষ্টি-তমী।

পঞ্চাঙ্ক (p. 484) [pañcāṅka] বিণ. পাঁচটি অঙ্ক বা অধ্যায়বিশিষ্ট (পঞ্চাঙ্ক নাটক)। [সং. পঞ্চ + অঙ্ক]।

পঞ্চানন (p. 484) [pañcānana] বি. (পাঁচটি মুখ বলে) শিব। [সং. পঞ্চ + আনন]।

পঞ্চান্ন (p. 484) [pañcānna] বি. বিণ. 55 সংখ্যা বা সংখ্যক। [হি. পচপন < সং. পঞ্চপঞ্চাশত্]।

পঞ্চামৃত (p. 484) [pañcāmṛta] বি. দধি দুগ্ধ ঘৃত মধু ও চিনি এই পাঁচটি অমৃততুল্য বস্তু যা গর্ভিণীর পঞ্চম মাসে সেবনীয়। [সং. পঞ্চ + অমৃত]।

পঞ্চায়েত (p. 484) [pañcāẏēta] বি. গ্রাম বা পল্লির প্রধানদের নিয়ে গঠিত বিচারসভা বা উন্নয়নসাধক প্রতিনিধিসভা। [হি. পংচায়ত]। পঞ্চায়েতি বি. 1 পঞ্চায়েতের কাজ; 2 পঞ্চায়েতের প্রতিনিধির পদ বা কাজ। □ বিণ. পঞ্চায়েতসম্বন্ধীয়।

পঞ্চায়ুধ (p. 484) [pañcāẏudha] বি. তরবারি শক্তি ধনুক বর্ম ও পরশু (কুঠার) এই পাঁচটি আয়ুধ বা অস্ত্র। [সং. পঞ্চ + আয়ুধ]।

পঞ্চাল (p. 484) [pañcāla] বি. গঙ্গা ও যমুনার সন্নিহিত উত্তর-পশ্চিমে ভারতের প্রাচীন প্রদেশ।

পঞ্চালিকা (p. 484) [pañcālikā] বি. মাটি ধাতু বা কাঠ দিয়ে তৈরি পুতুল। [সং. পঞ্চ + √ অল্ + অ + ক + আ]।

পঞ্চাশ (p. 484) [pañcāśa] বি. বিণ. 5 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চাশত্]।˜ বার বি. ক্রি-বিণ. (আল.) বহুবার (তাকে পঞ্চাশবার সাবধান করা হয়েছে)।

পঞ্চা-শত্ (p. 484) [pañcā-śat] বি. বিণ. 5 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চন্ + দশন্ (নি.)]। পঞ্চাশত্তম বিণ. 5 সংখ্যক। স্ত্রী. পঞ্চাশত্তমী।

পঞ্চাশিকা (p. 484) [pañcāśikā] বি. (স্ত্রী.) পঞ্চাশটি শ্লোকে কবিতা ইত্যাদির সমষ্টি ('বোধপঞ্চাশিকা')। [সং. পঞ্চাশত্ + অক + আ]।

পঞ্চাশীতি (p. 484) [pañcāśīti] বি. বিণ. 85 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চ + অশীতি]।˜ তম বিণ. 85 সংখ্যক। স্ত্রী.˜ তমী।

পঞ্চেন্দ্রিয় (p. 484) [pañcēndriẏa] বি. 1 চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক এই পাঁচটি জ্ঞানেন্দ্রিয়; 2 বাক পাণি পাদ পায়ু উপস্থ এই পাঁচটি কর্মেন্দ্রিয়। [সং. পঞ্চ + ইন্দ্রিয়]।

পঞ্জর (p. 484) [pañjara] বি. 1 পাঁজর, বুকের খাঁচা বা কঙ্কাল; 2 খাঁচা, পিঞ্জর। [সং. √ পঞ্জ্ + অর]। পঞ্জরাস্থি বি. পাঁজরের হাড়।

পঞ্জাব, পঞ্জাবি (p. 484) [pañjāba, pañjābi] যথাক্রমে পাঞ্জাব ও পাঞ্জাবি -র রূপভেদ।

পাঞ্জি, পঞ্জিকা, পঞ্জী (p. 484) [pāñji, pañjikā, pañjī] বি. 1 তিথিনক্ষত্র শুভদিন তারিখ ইত্যাদি জ্ঞাপক পুস্তকবিশেষ, পাঁজি; 2 বিবরণী (গ্রন্হপঞ্জি)। [সং. √ পজ্ + ইন্, পঞ্জি + ক + আ]।

পঞ্জুড়ি, পঞ্জুরি (p. 484) [pañjuḍ়i, pañjuri] বি. পাশাখেলায় পাঁচের দান অর্থাত্ দুই জুড়ি ও পোয়া। [সং. পঞ্চ + জুড়ি-তু. মরা. পংজডী]।

পট1 (p. 486) [paṭa1] অব্য. বি. 1 ফোটার বা মৃদুভাবে ফেটে যাওয়ার বা বিস্ফোরণের শব্দ; 2 হঠাত্, আচমকা (পট করে ওই কথাটা বললে কেন?)। ˜ পট অব্য. ক্রি-বিণ. বি. ক্রমাগত পট শব্দ; অতি দ্রুত। পটাপট ক্রি-বিণ. পটপট করে, অতি দ্রুত।

পট2 (p. 486) [paṭa2] বি. 1 কাপড় (পটমণ্ডপ); 2 ছবি, চিত্রপট (স্মৃতির পটে); 3 ছবি আঁকার উপযুক্ত মোটা বস্ত্রখণ্ড, canvas ('তুমি কি কেবলই ছবি শুধু পটে লিখা': রবীন্দ্র); 4 দৃশ্যপট, থিয়েটারের সিন (পটপরিবর্তন)। [সং. √ পট্ + অ]। ˜ বাস, পটাবাস বি. তাঁবু, বস্ত্রগৃহ। ˜ ভূমি, ˜ ভূমিকা বি. 1 পশ্চাদ্ভূমি; 2 যে দৃশ্যপটের সামনে অভিনয় করা হয়; 3 মূল ছবির পিছনের বা দূরের দৃশ্য; 4 (গৌণ অর্থে) পারিপার্শ্বিক অবস্থা, পরিবেশ। ˜ মণ্ডপ বি. 1 শামিয়ানা ইত্যাদি দিয়ে নির্মিত মণ্ডপ; 2 তাঁবু।

পটকা1 (p. 486) [paṭakā1] বি. 1 সশব্দে ফেটে যায় এমন আতশবাজিবশেষ; 2 মাছের পেটের বায়ুপূর্ণ থলি, পটপটি। □ বিণ. অত্যন্ত দুর্বল (রোগাপটকা)। [ধ্বন্যা.]।

পটকা2 (p. 486) [paṭakā2] ক্রি. পটকানো। [হি. পটকানা]।˜ নো বি. ক্রি. ভূপাতিত করা; আছাড় দেওয়া; পরাজিত করা বা ঘায়েল করা।

পটপট (p. 486) [paṭapaṭa] দ্র পট1।

পটপটি2 (p. 486) [paṭapaṭi2] বি. 1 অত্যধিক শুচিবাইয়ের ভাব; 2 নিয়ম সম্বন্ধে বাড়াবাড়ি; 3 আস্ফালন (মুখেই যত পটপটি); 4 পটপট শব্দকারক আতশবাজিবিশেষ; 5 খেলনা বাদ্যযন্ত্রবিশেষ; 6 মাছের পেটের বায়ুপূর্ণ থলি বা বায়ুকোষ; পটকা; 7 ছোটো লতাবিশেষ বা তার ফল। [দেশি]।

পটবাস, পটভূমি, পটভূমিকা, পটমণ্ডপ (p. 486) [paṭabāsa, paṭabhūmi, paṭabhūmikā, paṭamaṇḍapa] দ্র পট2।

পটল1 (p. 486) [paṭala1] বি. 1 সমূহ, রাশি (নবজলধরপটল); 2 পরিচ্ছেদ, অধ্যায়; 3 ছাদ (উটজপটল); 4 চক্ষুরোগবিশেষ, ছানি। [সং. √ পট্ + অল]।

পট-শিল্পী (p. 486) [paṭa-śilpī] বি. যে-শিল্পী পট বা দৃশ্যপট আঁকে। [সং. পট + শিল্পিন্]।

পটহ (p. 486) [paṭaha] বি. 1 জয়ঢাক, রণবাদ্যবিশেষ (পটহনিনাদ); 2 কানের পর্দা বা ঝিল্লি (কর্ণপটহ)। [সং. পট + √ হা + অ]।

পটা (p. 486) [paṭā] ক্রি. 1 বনিবনা হওয়া, খাপ খাওয়া (তাঁর সঙ্গে মোটেই পটে না); 2 ঘনিষ্ঠ হওয়া, অন্তরঙ্গ হওয়া (মেয়েটা তার সঙ্গে পটেছে, 'যার সাথে

যার পটে মন, কিবা হাঁড়ি কিবা ডোম'); 3 রাজি হওয়া (অনেক বোঝানোর পর পটেছে)। □ বি. উক্ত সব অর্থে। [হি. পটকানা]। ˜ নো ক্রি. 1 বনানো, খাপ খাওয়ানো; 2 রাজি করা; 3 ভুলিয়ে বশীভূত করা; 4 ভুলানো (মনিবকে পটিয়েছে)। □ বি. উক্ত সব অর্থে।

পটাপট (p. 486) [paṭāpaṭa] দ্র পট1।

পটাবাস (p. 486) [paṭābāsa] দ্র পট2।

পটাশ (p. 486) [paṭāśa] বি. 1 রাসায়নিক মৌলবিশেষ, পটাশিয়াম; 2 রাসায়নিক যৌগবিশেষ, পটাশিয়াম পারম্যাংগানেট। [ইং. potash]।

পটাস (p. 486) [paṭāsa] অব্য. বি. জোর পট শব্দ। [ধ্বন্যা.]।

পটি1 (p. 486) [paṭi1] বি. 1 কাপড়ের ছোটো খণ্ড; 2 (দূষিত বা ক্ষত স্থানে জড়াবার জন্য) কাপড়ের লম্বা ফালি (জলপটি), bandage (বি.প.)। [সং. পট্টিকা]।

পটি2, পট্টি (p. 486) [paṭi2, paṭṭi] বি. বাজারের পাড়া বা বিভাগ (সুতাপটি, চাউলপট্টি, লোহাপটি)। [সং. পট্ট, পাটক]।

পটীয়ান (p. 486) [paṭīẏāna] (-য়স্) বিণ. 1 দুইয়ের মধ্যে অধিকতর পটু; 2 অত্যন্ত পটু। [সং. পটু + ঈয়স্]। বিণ. (স্ত্রী.) পটীয়সী (নৃত্যগীতপটীয়সী মহিলা)।

পটু (p. 486) [paṭu] বিণ. 1 দক্ষ, নিপুণ (তর্কে পটু); 2 সমর্থ, সক্ষম; 3 চতুর, চালাকচতুর, চটপটে। [সং. পট্ + উ]। বি.˜ তা,˜ ত্ব, পাটব।

পটুয়া, (কথ্য) পটো, পোটো (p. 486) [paṭuẏā, (kathya) paṭō, pōṭō] বি. 1 যে পটে চিত্র অঙ্কন করে; চিত্রকর; 2 পাটের সুতো দিয়ে শিকে ঘুনসি প্রভৃতি প্রস্তুতকারক। [বাং. পট + উয়া > ও]।

পটোল (p. 486) [paṭōla] বি. গ্রীষ্মের সুপরিচিত সবজিফলবিশেষ। [সং. √ পট্ + ওল]।˜ চেরা বিণ. (চোখ সম্বন্ধে) লম্বালম্বি দ্বিখণ্ডিত পটোলের মতো আকারবিশিষ্ট, দীর্ঘ ও আয়ত।˜ পাতা,˜ লতা বি. পলতা।

পট্ট (p. 486) [paṭṭa] বি. 1 পাটা, তক্তা, ফলক (তাম্রপট্ট); 2 আসন, সিংহাসন (রাজপট্ট); 3 পিঁড়ি, কাষ্ঠাসন; 4 রাজকীয় সনদ, পাট্টা; 5 পাট বা রেশম (পট্টবস্ত্র); 6 গ্রাম বা নগর; 7 পাগড়ি; 8 উত্তরীয়, চাদর। [সং. √ পট্ + ত]।˜ নায়ক বি. প্রধান নায়ক; মোড়লের উপাধিবিশেষ।˜ মহিষী,˜ দেবী বি. পাটরানি, প্রধান মহিষী; সিংহাসনে বসবার অধিকারিণী।

পট্টন (p. 486) [paṭṭana] বি. নগর, পত্তন। [সং. √ পট্ + তন (নি.)]।

পট্ট-বস্ত্র (p. 486) [paṭṭa-bastra] বি. পাটের বা রেশমের কাপড়, পূজাদি মাঙ্গলিক অনুষ্ঠানে পরিধেয় রেশমের কাপড়বিশেষ। [সং. পট্ট + বস্ত্র]।

পট্টমহিষী (p. 486) [paṭṭamahiṣī] দ্র পট্ট।

পট্টাবাস (p. 486) [paṭṭābāsa] বি. তাঁবু, বস্ত্রগৃহ। [সং. পট্ট + আবাস]।

পট্টি1 (p. 486) [paṭṭi1] বি. (কথ্য) ধাপ্পা, ফাঁকি (গুলপট্টি)। [হি. পট্টী (=মন্ত্রণা, পরামর্শ)]।˜ বাজ বিণ. ধাপ্পাবাজ, যে ধাপ্পা দেয়। পট্টি মারা ক্রি. বি. ধাপ্পা দেওয়া।

পট্টি2 (p. 486) [paṭṭi2] বি. 1 গোড়ালি থেকে হাঁটু পর্যন্ত পায়ে জড়াবার জন্য মোটা কাপড়ের ফালি; 2 কাপড়ের লম্বা ও সরু ফালি (জলপট্টি)। [হি. পট্টী (=বস্ত্রখণ্ড)]।

পট্টিকা (p. 486) [paṭṭikā] বি. ছোটো পট্টি, ছোটো ফালি বা ফিতে। [সং. পট্ট + ক + আ]।

পট্টিশ (p. 486) [paṭṭiśa] বি. প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ, খড়্গের মতো তরবারিবিশেষ। [সং. পট্টি + √ শো + অ]।

পট্টু (p. 486) [paṭṭu] বি. মোটা পশমি কাপড়বিশেষ। [হি. পট্টু < সং. পট্ট]।

পঠদ্দশা (p. 486) [paṭhaddaśā] বি. ছাত্রজীবন, ছাত্রাবস্থা (পঠদ্দশায় বিবাহ)। [সং. পঠত্ (=পাঠে রত) + দশা]।

পঠন (p. 486) [paṭhana] বি. 1 পড়ার কাজ, অধ্যয়ন; 2 পাঠ, আবৃত্তি (দ্রুত পঠন)। [সং. √ পঠ্ + অন]।˜ পঠন বি. পড়া ও পড়ানো; অধ্যয়ন ও অধ্যাপনা।˜

শীল বিণ. পড়ছে এমন, পাঠরত। পঠনীয় বিণ. পড়া উচিত এমন। পঠিত বিণ. অধীত, পাঠ করা হয়েছে এমন। পঠি-তব্য বিণ. পঠনীয়, পাঠ করতে হবে বা পাঠ করা উচিত এমন। পঠ্য-মান বিণ. পঠিত হচ্ছে এমন, পড়া হচ্ছে এমন।

পড়তা (p. 486) [pad̮ṭā] বি. 1 (পাশা খেলায়) ক্রমাগত জয়ের দান; 2 ভাগ্য (পড়তা ভালো নয়); 3 সুসময়, সৌভাগ্য (তার এখন পড়তা চলছে); 4 গড়ে হিসাব করলে যে-সংখ্যা মেলে (গড়পড়তা); 5 পণ্য উৎপাদনের বা সংগ্রহের মোট খরচ (পড়তা পোষানো); 6 বনিবনা (তার সঙ্গে আমার পড়তা হচ্ছে না)। [বাং. পড়া1 + তা]।

পড়তি (p. 486) [pad̮ṭi] বি. 1 অবনতি, পড়ার বা পতনের অবস্থা (তাদের অবস্থা এখন পড়তির মুখে); 2 মূল্যহ্রাস, মন্দা (দামের উঠতি-পড়তি); 3 যা পড়ে যায় (ঝড়তি-পড়তি)। □ বিণ. 1 পতনোম্মুখ, অবনতি ঘটছে এমন (পড়তি দশা); 2 শেষ হতে বা লোপ পেতে চলেছে এমন (পড়তি বেলা, পড়তি ব্যাবসা)। [বাং. পড়া1 + তি]। পড়তি বাজার বি. পণ্যদ্রব্যের চাহিদা কমে যাওয়ার ফলে মূল্য হ্রাস হওয়ার অবস্থা।

পড়ন (p. 486) [pad̮ṇa] বি. পতন, পড়া। [বাং. পড়া1 + অন]।

পড়ন্ত (p. 486) [pad̮ṇta] বিণ. 1 পতনোম্মুখ (পড়ন্ত ফল, পড়ন্ত গাছ); 2 শেষ হয়ে আসছে এমন (পড়ন্ত বেলা)। [বাং. পড়া1 + অন্ত]।

পড়-পড় (p. 486) [pad̮-pad̮] বি. অব্য. কাপড় ছেঁড়ার শব্দ। [বাং. ধ্বন্যা.]।

পড়শি, পড়োশি (p. 486) [paḍ়śi, paḍ়ōśi] বি. প্রতিবেশী, কাছেই বাস করে এমন লোকজন। [হি. পড়োসী < প্রাকৃ. পডিএসি]।

পড়া1 (p. 486) [paḍ়ā1] বি. ক্রি. 1 উপর থেকে নীচে পতিত হওয়া (গাছ থেকে পড়া); 2 সাধ্যসাধনা করা, ঢলা (গায়ে পড়া); 3 আছাড় খাওয়া (চলতে চলতে পিছলে পড়া); 4 অসুবিধাগ্রস্ত হওয়া (দায়ে পড়া, দুর্দিনে পড়া, মুশকিলে পড়া); 5 দেহের অবস্থা পরিবর্তন করা (ঘুমিয়ে পড়া, শুয়ে পড়া, বসে পড়া); 6 অনাবাদি বা অকর্ষিত থাকা (জমিটা পড়ে আছে); 7 খালি বা বাসিন্দাশূন্য থাকা (বাড়িটা পড়ে আছে); 8 অসমাপ্ত থাকা (অনেক কাজ পড়ে আছে); 9 শেষ হওয়া ('বেলা পড়ে' আসে, বধূ চলে ঘাটে': য. সে); 1 থাকা, রওয়া (পিছনে পড়া); 11 অনাদায় থাকা (বহু টাকা পড়ে আছে); 12 আরম্ভ হওয়া, সূত্রপাত হওয়া (গরম পড়েছে); 13 আক্রমণ করা (ডাকাত পড়া); 14 আক্রান্ত হওয়া (রোগে পড়া); 15 আটক বা আবদ্ধ হওয়া (জালে মাছ পড়েছে); 16 উদয় হওয়া (মনে পড়া); 17 গোচর হওয়া (চোখে পড়া); 18 ব্যয় বা ব্যয়িত হওয়া (কত খরচ পড়বে); 19 ঝরা, ক্ষরিত হওয়া (রক্ত পড়ছে, জল পড়ছে, লালা পড়ছে); 2 উৎপাটিত হওয়া (দাঁত পড়েছে, চুল পড়ছে); 21 শান্ত হওয়া (রাগ পড়েছে); 22 কমে যাওয়া (তেজ পড়েছে, ধার পড়ে গেছে); 23 নিবদ্ধ বা স্থাপিত হওয়া (সেদিকে চোখ পড়েছে); 24 খাবার গৃহীত হওয়া (পেটে ভাত পড়েছে); 25 বিবাহিত হওয়া (মেয়েটা বড়ো ঘরে পড়েছে); 26 অবনতি হওয়া (তাদের অবস্থা পড়ে গেছে); 27 হ্রাসপ্রাপ্ত হওয়া (বাজার পড়েছে); 28 বিপন্ন হওয়া, কঠিন অবস্থাযুক্ত হওয়া (কঠিন পাল্লায় পড়েছে); 29 মিলিত হওয়া (নদী সাগরে পড়ে); 3 উৎপন্ন হওয়া, ধরা, লাগা (গমে ছাতা পড়েছে, পোকা পড়েছে)। □ বিণ. পতিত (নুয়ে-পড়া ডাল); পরিত্যক্ত (পড়া মাল)। [প্রাকৃ. পড় (সং. √ পত্) + বাং. আ]।˜ নো ক্রি.

বি. 1 পাতিত করা; 2 ধরানো, লাগানো; 3 উৎপন্ন করা (ছাতা পড়ানো, কালশিটে পড়ানো); 4 তৈরি করা (কাজল পড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে। পড়ে-পড়ে মার খাওয়া ক্রি. বি. নীরবে বা বিনা প্রতিবাদে অত্যাচার সহ্য করা। পড়ে-পাওয়া বিণ. 1 কুড়িয়ে পাওয়া গেছে এমন; 2 বিনা পরিশ্রমে পাওয়া গেছে এমন (পড়ে পাওয়া চোদ্দো আনা)।

পড়া2 (p. 486) [paḍ়ā2] বি. 1 অধ্যয়ন, পঠন (এত বছরেও পড়া শেষ হল না?); 2 আবৃত্তি, নির্ধারিত পাঠ (জোরে জোরে পড়া তৈরি করো)। □ ক্রি. 1 পাঠ করা, অধ্যয়ন করা (বই পড়ছি, সে স্কুলে পড়ে); 2 আবৃত্তি করা (মন্ত্র পড়ছে)। □ বিণ. 1 পঠিত (এ তো পড়া বই); 2 যে পড়েছে (কলেজে-পড়া মেয়ে)। [প্রাকৃ. পঢ় > বাং. পড় + আ]। পড়া করা ক্রি. বি. নির্ধারিত পাঠ অভ্যাস করা বা শেখা। পড়া ধরা, পড়া নেওয়া ক্রি. বি. পাঠ ঠিকমতো অভ্যস্ত বা শেখা হয়েছে কি না তা পরীক্ষা করা। ˜ নো বি. ক্রি. 1 বিদ্যা শিক্ষা দেওয়া; 2 অধ্যাপনা করা (কলেজে পড়ানো); 3 আবৃত্তি করানো (মন্ত্র পড়ানো); 4 মন্ত্রণা দেওয়া (উকিল সাক্ষীকে দিনরাত পড়াচ্ছে); 5 বুলি শেখানো (পাখিকে পড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে।˜ শুনা,˜ শোনা বি. লেখাপড়া; অধ্যয়ন, বিদ্যা।

পড়াত্ (p. 486) [paḍ়āt] বি. চাবুক, বেত প্রভৃতির দ্বারা আঘাতের শব্দ। [ধ্বন্যা.]।

পড়ি-মরি (p. 486) [paḍ়i-mari] বি. অত্যন্ত ব্যস্ততার ভাব (পড়িমরি করে ছোটা)। [বাং. পড়া + মরা]।

পড়ুয়া, পড়ো, পোড়ো (p. 486) [paḍ়uẏā, paḍ়ō, pōḍ়ō] বি. ছাত্র, অধ্যয়নকারী ('পোড়ো মোর বিড়ালছানাটি': রবীন্দ্র)। [বাং. পড়া2 + উয়া > ও]।

পড়েন1 (p. 486) [paḍ়ēna1] বি. বস্ত্রাদির দিকের বুনুনির সুতো (টানাপোড়েন)। [সং. পরিমাণ]।

পড়েন2 (p. 486) [paḍ়ēna2] বি. ওজন করবার বাটখারা (পালাপড়েন)। [সং. প্রতিমান]।

পড়ো1 (p. 486) [paḍ়ō1] দ্র পড়ুয়া।

পড়ো2, পোড়ো (p. 486) [paḍ়ō2, pōḍ়ō] বিণ. 1 পতিত, পড়ে আছে এমন, অকর্ষিত (পড়ো জমি); 2 অব্যবহৃত, বাসিন্দাশূন্য (পোড়ো বাড়ি)। [বাং. পড়া1 + উয়া > ও]।

পড়ো-পড়ো (p. 486) [paḍ়ō-paḍ়ō] বিণ. পতনোম্মুখ (বাড়িটা পড়োপড়ো হয়েছে)। [বাং. পড়া1 (প্রকার অর্থে দ্বিত্ব)]।

পণ (p. 488) [paṇa] বি. 1 প্রতিজ্ঞা, দৃঢ়সংকল্প (পণরক্ষা); 2 বাজি, খেলায় হারজিতের মূল্য (প্রাণপণ, জমি পণ রেখে খেলা); 3 শর্ত, কড়ার (ধনুকভাঙা পণ); 4 বিবাহে বরপক্ষকে বা কন্যাপক্ষকে দেয় শুল্ক বা অর্থমূল্য (পণপ্রথা); 5 ক্রেয় বা বিক্রেয় বস্তু; 6 সংখ্যার পরিমাণবিশেষ, কুড়ি গণ্ডা। [সং. √ পণ্ + অ]।˜ কিয়া বি. (গণি.) কুড়ি গণ্ডা বা পণ-সম্পর্কিত গণনা।˜ ন বি. বিনিময়; বিক্রয়।˜

প্রথা বি. বিবাহাদিতে বরপক্ষকে বা কন্যাপক্ষকে অর্থ দেবার রীতি।˜ বদ্ধ বিণ. অঙ্গীকারবদ্ধ।˜ রক্ষা বি. প্রতিজ্ঞা বা প্রতিশ্রুতি পালন।

পণব (p. 488) [paṇaba] বি. ঢোলজাতীয় প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ। [সং. পণ + √ বা + অ]।

পণ্ড (p. 488) [paṇḍa] বিণ. 1 নিষ্ফল, ব্যর্থ ('সব কাজ তুচ্ছ হয় পণ্ড মনে হয়': জী. দা.); 2 নষ্ট, ভণ্ডুল (তুমিই কাজটা পণ্ড করলে)। [সং. √ পণ্ + ড]।˜ শ্রম বি. বৃথা পরিশ্রম, নিষ্ফল খাটুনি।

পণ্ডিত (p. 488) [paṇḍita] বিণ. 1 বিদ্বান, জ্ঞানী; 2 শাস্ত্রজ্ঞ; 3 অভিজ্ঞ; 4 নিপুণ। □ বি. (বাং.) 1 সংস্কৃত ভাষার শিক্ষক; 2 ব্রাহ্মণের উপাধিবিশেষ। [সং. পণ্ডা (=মার্জিত বুদ্ধি) + ইত]।˜ মূর্খ বিণ. শাস্ত্রজ্ঞ কিন্তু বাস্তববোধশূন্য।˜ মানী (-নিন্),˜ ম্মন্য, পণ্ডিতাভি-মানী বিণ. (পাণ্ডিত্যহীন হয়েও) যে নিজেকে পণ্ডিত বলে মনে করে। পণ্ডিতি বি. 1 পণ্ডিতের বৃত্তি বা কাজ (স্কুলে পণ্ডিতি করেন); 2 (ব্যঙ্গে) পাণ্ডিত্য (সব ব্যাপারে পণ্ডিতি ফলাও কেন?)। □ বিণ. 1 পণ্ডিতের তুল্য বা সেকেলে পণ্ডিতদের মতো (পণ্ডিতি চালচলন); 2 সংস্কৃতবহুল কিংবা দুর্বোধ্য; খটোমটো (পণ্ডিতি ভাষা)।

পণ্য (p. 488) [paṇya] বিণ. বিক্রয়যোগ্য (পণ্যদ্রব্য)। □ বি. 1 বিক্রয়যোগ্য বস্তু, বেসাত (পণ্য আমদানি); 2 দাম, মাশুল, ভাড়া। [সং. √ পণ্ + য]।˜ জীবী (-বিন্), পণ্যাজীব বিণ. বি. বণিক, ব্যবসায়ী।˜ বীথি,˜ বীথী,˜ বীথিকা বি. দোকানের সারি, সারি সারি দোকান; বাজার, হাট; ক্রয় বিক্রয়ের স্থান।˜ শালা বি. দোকান, বিক্রয়কেন্দ্র।˜ স্ত্রী, পণ্যাঙ্গনা বি. বেশ্যা, গণিকা।

পতগ (p. 488) [pataga] বি. 1 পাখি; 2 পতঙ্গ। [সং. পত (পক্ষ বা ডানা) + √ গম্ + অ]।

পতঙ্গ, পতঙ্গম (p. 488) [pataṅga, pataṅgama] বি. 1 উড্ডয়নশীল কীট বা পোকা; 2 (প্রাণী.) ছয় পা-ওয়ালা কীট, insect (বি. প.); 3 (সং.) পাখি; 4 বাণ; 5 সূর্য। [সং. পত + √ গম্ + অ (খচ্)]। পতঙ্গ-বৃত্তি বি. পতঙ্গের মতো আগুনে ঝাঁপ দেওয়া; বিপদ না বুঝে মনোহর কিন্তু বিপজ্জনক বস্তুর মোহে ধাবিত হয়ে আত্মনাশ করা।

পতত্ (p. 488) [patat] বিণ. পতনশীল। [সং. √ পত্ + অত্]।

পতত্র (p. 488) [patatra] বি. পাখির ডানা। [সং. √ পত্ + অত্র]। পতত্রি, পতত্রী বি. পাখি।

পতন (p. 488) [patana] বি. 1 পড়ে যাওয়া, পড়া, পাত (পতন ও মূর্ছা); 2 অধোগতি, অবনতি, নীচের দিকে পড়া (গাছ থেকে পতন); 3 বর্ষণ (বৃষ্টিধারার পতন); 4 দুর্দশাপ্রাপ্তি (সাম্রাজ্যের পতন); 5 বিনাশ, মৃত্যু (শত্রুর পতন না হওয়া পর্যন্ত যুদ্ধ চলবে); 6 শত্রুকর্তৃক অধিকৃত হওয়া (দুর্গের পতন); [সং. √ পত্ + অন]।˜ শীল বিণ. পড়ে যায় বা যাচ্ছে এমন (পতনশীল প্রতিষ্ঠান)। পতনোন্মুখ বিণ. পড়ে যাবার উপক্রম করেছে এমন, পড়োপড়ে।

পত-পত (p. 488) [pata-pata] বি. 1 পতাকা বাতাসে আন্দোলিত হওয়ার শব্দ; 2 উড়ন্ত পাখির ডানা ঝাপটানোর শব্দ। [বাং. ধ্বন্যা.]।

পতাকা (p. 488) [patākā] বি. 1 নিশান, ধ্বজা, কেতন, ঝাণ্ডা; 2 পতাকার মতো চিহ্নবিশেষ। [সং. √ পত্ + অক + আ]। পতাকী (-কিন্) বিণ. পতাকাধারী। □ বি. (জ্যোতিষ.) শুভাশুভবোধক চক্রবিশেষ। স্ত্রী. পতাকিনী।

পতি (p. 488) [pati] বি. স্বামী, ভর্তা (পতিপুত্র, ভগিনীপতি); 2 কর্তা, প্রভু, অধীশ্বর (ভূপতি, পৃথিবীপতি); 3 পালক, রক্ষক; 4 পরিচালক, নেতা (দলপতি); 5 সর্বাধ্যক্ষ, প্রধান ব্যক্তি (রাষ্ট্রপতি, সভাপতি)। [সং. √ পা (=পালন করা) + অতি]। পতিং-বরা বিণ. বি. স্বয়ংবরা, নিজেই নিজের পতি নির্বাচনকারিণী।˜ ঘাতিনী বিণ. (স্ত্রী.) স্বামীর হত্যাকারিণী, স্বামীহন্ত্রী।˜ ত্ব বি. পতির পদ বা কাজ (পতিত্বে বরণ করা)।˜ দেবতা বি. পতিরূপ দেবতা।˜ পরায়ণা বিণ. (স্ত্রী.) পতির প্রতি একান্ত অনুরক্তা।˜ প্রাণা বিণ. (স্ত্রী.) স্বামীকে নিজের প্রাণস্বরূপ জ্ঞানকারিণী; পতিব্রতা।˜ বত্নী বিণ. (স্ত্রী.) সভর্তৃকা, সধবা।˜ ব্রতা বিণ. (স্ত্রী.) পতিসেবাকে পুণ্য ব্রতরূপে গ্রহণকারিণী, সাধ্বী।˜ মতী বিণ. 1 পতি আছে এমন, সধবা; 2 প্রভুযুক্তা (পতিমতী পৃথ্বী)।˜ সেবা বি. স্ত্রীকর্তৃক পতির পরিচর্যা।˜ হীনা বিণ. (স্ত্রী.) স্বামীহীনা; বিধবা।

পতিত (p. 488) [patita] বিণ. পড়ে বা ঝরে গেছে এমন (ভূপতিত, অধঃপতিত); 2 ভ্রষ্ট, স্খলিত; 3 অধোগত; 4 বর্ষিত (বৃষ্টিধারা ভূমিতে পতিত); 5 দুর্দশাপ্রাপ্ত; 6 সমাজে অবনত (পতিত জাতি); 7 পাপী (পতিতোদ্ধারিণী গঙ্গা); 8 অকর্ষিত, অনাবাদি (পতিত জমি); 9 উপস্থিত, হাজির (দৃষ্টিপথে পতিত)। [সং. √ পত্ + ত]।˜ পাবন বিণ. পাপীদের ত্রাণকর্তা (পতিতপাবন হরি)। স্ত্রী.˜ পাবনী।

পতিতা (p. 488) [patitā] বিণ. ভ্রষ্টা, কুলটা, কুচরিত্রা (পতিতা নারী)। □ বি. (বাং.) বেশ্যা, গণিকা (পতিতালয়)। [সং. √ পত্ + ত + আ]।˜ বৃত্তি বি. বেশ্যার কাজ, বেশ্যার বৃত্তি, বেশ্যাগিরি।˜ লয় বি. বেশ্যাবাড়ি।

পতিতোদ্ধারিণী (p. 488) [patitōddhāriṇī] বিণ. (স্ত্রী.) পতিতকে বা পাপীকে যিনি উদ্ধার করেন। [সং. পতিত + উদ্ধারিণী]।

পত্তন (p. 488) [pattana] বি. 1 নগর, পট্টন; 2 (বাং.) ভিত্তি; নির্মাণ; 3 প্রতিষ্ঠা (বাজার পত্তন, গোড়াপত্তন); 4 সন্নিবেশ (ভিত পত্তন); 5 সূত্রপাত, আরম্ভ (নবযুগের পত্তন); 6 দৈর্ঘ্য; 7 বহর (কোঁচার পত্তন); 8 জমিদারের কাছ থেকে নির্দিষ্ট মেয়াদ ও খাজনার শর্তে গৃহীত ভূমিস্বত্ব (পত্তন পাওয়া)। [সং. √ পত্ + তন]।

পত্তনি (p. 488) [pattani] বি. যে ভূসম্পত্তি পত্তন নেওয়া হয়েছে। [সং. পত্তন + বাং. ই]। □ বিণ. নির্দিষ্ট মেয়াদ ও খাজনার শর্তে গৃহীত (পত্তনি জমি)।˜ দার, পত্তন-দার বি. যে ব্যক্তি পত্তন নিয়েছে। [বাং. পত্তনি + ফা. দার]।

পত্তর (p. 488) [pattara] সমূহ-অর্থে পত্র -র বিকৃত কথ্য রূপ (চিঠিপত্তর, কাগজপত্তর)।

পত্তি (p. 488) [patti] বি. পদাতিক সৈন্য। [সং. √ পদ্ + তি]।

পত্নী (p. 488) [patnī] বি. স্ত্রী, ভার্যা, জায়া, সহধর্মিণী। [সং. পতি + ঈ, ন্ আগম]।

পত্র (p. 488) [patra] বি. 1 পাতা (পুস্তকের দ্বিতীয় পত্র, বৃক্ষপত্র); 2 ধাতুর পাত, ফলক; 3 চিঠি (পত্রপ্রাপ্তি); 4 লিখিত কাগজ, দলিল (বায়নাপত্র, আদেশপত্র); 5 ছাপানো কাগজ (সংবাদপত্র); 6 পাখির ডানা; 7 (বাং.) সমূহ, প্রভৃতি, ইত্যাদি (বিছানাপত্র, মালপত্র)। [সং. √ পত্ + ত্র]। পত্র করা ক্রি. বি. বিবাহের সম্বন্ধ লিখিতভাবে পাকাপাকি স্হির করা।˜ পত্রিকা বি. সংবাদপত্র ও সাময়িক পত্রাদি।˜ পাঠ বি. চিঠি পড়া। □ ক্রি-বিণ. (বাং.) পত্র পড়ামাত্র; অবিলম্বে; তৎক্ষণাত্ (পত্রপাঠ বিদায় দেওয়া)।˜ পুট বি. গাছের পাতা ইত্যাদি দিয়ে তৈরি ঠোঙা।˜ বন্ধু বি. যে-বন্ধুর সঙ্গে কেবল চিঠিপত্রেই যোগাযোগ হয়।˜ বাহ,˜ বাহক বিণ. বি. লেখকের কাছ থেকে উদ্দিষ্ট ব্যক্তির কাছে লিপি বা চিঠি বহনকারী; ডাক-হরকরা।˜ বিনিময়,˜ ব্যবহার বি. চিঠির আদান-প্রদান, চিঠি দেওয়া-নেওয়া।˜ ভঙ্গ,˜ রেখা,˜ লেখা বি. কপালের তিলক বা চিত্ররচনা।˜ মঞ্জরি বি. গাছের পাতার অগ্রভাগ।˜ মুদ্রা বি. কাগজের টাকা; নোট।˜ রথ বি. পাখি। [পত্র (ডানা) + রথ (=রথের তুল্য)]। পত্রাঙ্ক বি. বইয়ের পৃষ্ঠার সংখ্যা। পত্রাঘাত বি. চিঠি লেখা। পত্রাবলি, পত্রালি বি. পত্রসমূহ; পত্রলেখা। পত্রালিকা বি. গোপন বা ক্ষুদ্র পত্র।

পত্রিকা (p. 488) [patrikā] বি. 1 পাতা (নবপত্রিকা); 2 চিঠি; 3 খবরের কাগজ (দৈনিক পত্রিকা); 4 লিখিত কাগজ (জন্মপত্রিকা)। [সং. পত্র + ক + আ]।

পত্রী1 (p. 488) [patrī1] বি. চিঠি; 2 পত্রিকা। [সং. পত্র + ঈ]।

পত্রী2 (p. 488) [patrī2] (-ত্রিন্) বিণ. পত্রযুক্ত (দ্বিবীজপত্র)। □ বি. 1 (পত্র বা ডানা আছে বলে) পাখি; 2 গাছ; 3 বাণ। [সং. পত্র + ইন্]।

পথ (p. 488) [patha] বি. 1 রাস্তা, সড়ক; 2 দ্বার, ছিদ্র (প্রবেশপথ, নির্গমপথ); 3 উপায়, কৌশল (মুক্তির পথ); 4 অভিমুখ, দিক (সর্বনাশের পথ ধরেছে); 5 গমনের অর্থাত্ যাবার দিক (পথ দেখানো); 6 গোচর (দৃষ্টিপথে)। [সং. √ পথ্ + অ]। পথ করা ক্রি. বি. যাতায়াতের রাস্তা তৈরি বা পরিষ্কার করে নেওয়া। ̃ কর বি. পথ দিয়ে চলাচল বা পথনির্মাণের জন্য দেয় খাজনা। ̃ কষ্ট বি. দুর্গম বা দূরের পথে চলার পরিশ্রম বা কষ্ট। ̃ খরচ, ̃ খরচা বি. পাথেয়, যাতায়াতের খরচ। ̃ চলতি বিণ. 1 পথ দিয়ে চলেছে এমন; 2 পথচলাকালীন (পথচলতি গল্প)। পথ চাওয়া ক্রি. আগমনের প্রতীক্ষা করা। ̃ চারী (-রিন্) বিণ. বি. পথিক, পথ দিয়ে হেঁটে ভ্রমণকারী। পথ জোড়া ক্রি. বি. পথ আটকানো বা আগলে দাঁড়ানো; বাধা দেওয়া। ̃ জোড়া বিণ. বাধা দেয় এমন; পথ আটকে রেখেছে এমন। পথ দেওয়া ক্রি. বি. পথ ছাড়া; যাবার সুযোগ করে দেওয়া। পথ দেখা ক্রি. বি. পথ বা উপায় নির্ণয়ের চেষ্টা করা; (ব্যঙ্গে) প্রস্থান করা (বাপু, এখন পথ দেখো)। পথ দেখানো ক্রি. বি. 1 পথ বা উপায় প্রদর্শন করা; 2 (ব্যঙ্গে) তাড়ানো। পথ ধরা ক্রি. বি. বিশেষ কোনো পথে অগ্রসর হওয়া। ̃ প্রদর্শক বিণ. বি প্রকৃত রাস্তা বা উপায় নির্দেশকারী। ̃ ভোলা, ̃ ভ্রষ্ট, ̃ ভ্রান্ত, ̃ হারা বিণ. প্রকৃত পথ হারিয়ে ফেলেছে এমন; বিপথগামী; দিশাহারা। ̃ মধ্যে (বাং. প্রয়োগ) পথের মধ্যে। পথ মাড়ানো ক্রি. বি. 1 পথ দিয়ে চলা; 2 (ব্যঙ্গে) কাছে বা সংস্রবে আসা (আর কখনো এ-পথ মাড়াব না)। ̃ শ্রম বি. পথে চলার কষ্ট। ̃ শ্রান্ত বিণ. পথভ্রমণের ফলে ক্লান্ত। পথে আসা ক্রি. বি. বশবর্তী হওয়া, বিরোধিতা ত্যাগ করা; ঠিক পথ ধরা। পথে কাঁটা দেওয়া ক্রি. বি. পথরোধ করা; বাধা দেওয়া। পথে বসা ক্রি. বি. সর্বনাশগ্রস্ত বা নিঃস্ব হওয়া। পথের কাঁটা বি. প্রতিবন্ধক, বাধা। পথের কুকুর বি. (আল.) পথে পথে বিচরণকারী কুকুরের মতো আশ্রয়হীন ও অনাদৃত লোক। পথের

পথিক বি. 1 যে ব্যক্তি পথেই বাস করে; 2 অন্য লোকের পথ বা কৌশল অবলম্বনকারী।

পথিক (p. 488) [pathika] বিণ. বি. পথ দিয়ে (পায়ে হেঁটে) গমনকারী, পথচারী, পান্হ। [সং. পথিন্ + ক]। স্ত্রী. (বিরল) পথিকা ('দু চোখ বিভোর ভাবছে পথিকা': অ. চ.)।

পথি-কৃত্ (p. 488) [pathi-kṛt] বিণ. 1 পথ নির্দেশকারী; 2 কোনো কর্মপথের প্রথম কর্মী, পথপ্রদর্শক। [সং. পথিন্ + √ কৃ + ক্বিপ্]।

পথি-মধ্যে (p. 488) [pathi-madhyē] (সপ্তমী বিভক্ত্যন্ত) ক্রি-বিণ. পথের মধ্যে, পথে, রাস্তায়। [সং. পথিন্ + মধ্য + বাং. এ]।

পথে-ঘাটে (p. 488) [pathē-ghāṭē] ক্রি-বিণ. সর্বত্র; যেখানে-সেখানে (সে পথেঘাটে এই কথা বলে বেড়াচ্ছে)। [বাং. পথ + এ + ঘাট + এ]।

পথ্য (p. 488) [pathya] বি. 1 রোগীর পক্ষে উপযুক্ত খাদ্য (ওষুধপথ্য); 2 সদ্য রোগমুক্তির পর গ্রহণীয় খাদ্য (পথ্য করা)। □ বিণ. উপকারক, হিতকর। [সং. পথিন্ + য]। পথ্যাপথ্য বি. রোগীর পক্ষে উপকারী খাদ্য ও নিষিদ্ধ খাদ্য।

পদ (p. 488) [pada] বি. 1 পা, চরণ (পদধ্বনি); 2 পদক্ষেপ (প্রতিপদে, পদে পদে); 3 পায়ের চিহ্ন বা দাগ (পদানুসরণ); 4 কবিতার চরণ বা পঙ্ক্তি (ত্রিপদী, চতুর্দশপদী); 5 বৈষ্ণব কবিদের রচিত শ্লোক বা গান বা গীতিকবিতা (পদকর্তা); 6 কাজের ভার অধিকার বা চাকরি (পদপ্রার্থী); 7 আধিপত্য, অবস্থা,

উপাধি (পদগৌরব, পদমর্যাদা); ৪ বিভিন্ন প্রকারের বস্তু (অনেক পদ রান্না হয়েছে); 9 (ব্যাক.) বিভক্তিযুক্ত শব্দ (বিশেষ্যপদ)। [সং. √ পদ্ + অ]।˜ কর্তা (-র্তৃ) বিণ. বি. বৈষ্ণব পদ বা গীতিকবিতা রচনাকারী। স্ত্রী.˜ কর্ত্রী।˜ কার বিণ. বাক্য বা শ্লোক রচনাকারী। □ বি. বেদের মন্ত্রপদবিভাজক গ্রন্হকার।˜ ক্ষেপ বি. পা ফেলা, কদম; পদার্পণ।˜ .গৌরব বি. পদের বা আধিপত্যের মর্যাদা।˜ .চারণ বি. পায়চারি।˜ .চিহ্ন বি. পায়ের দাগ।˜ .চ্যুত বিণ. অধিকারভ্রষ্ট কর্মচ্যুত কর্মভার বা চাকরি থেকে বরখাস্ত। বি.˜ .চ্যুতি। ছায়া, চ্ছায়া বি. চরণতলে আশ্রয় অনুগ্রহ।˜ .ত্যাগ বি. আধিপত্য কর্মভার বা চাকরি ত্যাগ।˜ .দলিত বিণ. পায়ের তলায় পিষ্ট। স্ত্রী.˜ .দলিতা।˜.ধূলি বি. পায়ের তলার ধূলো।˜ .ধ্বনি পদশব্দ -র অনুরূপ ('শুনেছে অন্তরপথে বিপ্লবের নিত্য পদধ্বনি': সু. দ.)।˜ .ন্যাস বি. পা ফেলা, পদচালনা পদস্হাপন।˜ .পঙ্কজ বি. পাদপদ্ম, চরণরূপ পদ্ম।˜ .পল্লব বি. পল্লবের মতো কোমল চরণ।˜ .পৃষ্ঠ বি. পায়ের পাতা।˜ .প্রান্ত বি. চরণতল পায়ের কাছের স্হান।˜ .প্রার্থী (-র্থিন) বিণ. 1 কোনো পদ বা চাকরি লাভে ইচ্ছুক 2 চরণাশ্রয়প্রার্থী। স্ত্রী.˜ .প্রার্থিনী।˜.বিক্ষেপ বি. পদক্ষেপ পা ফেলা, কদম ('কাহার পদবিক্ষেপের এ শব্দ' ব. চ.।˜ .ব্রজ বি. পায়ে হেঁটে যাওয়া।˜ .মর্যাদা-পদগৌরব এর অনুরূপ।˜ .যাত্রা বি. 1 পায়ে হেঁটে যাওয়া 2 পায়ে হেঁটে মিছিল।˜ .রজ,˜.রজঃ বি. পদধূলি।˜ .রেণু বি. পদধূলি।˜ .লেহন বি. পা চাটা অত্যন্ত হীনভাবে তোষামোদ।˜ .শব্দ বি. হাঁটার সময় পায়ের আওয়াজ।˜ .সঞ্চার,˜.সঞ্চালন বি. কদম, পা ফেলা, হাঁটা।˜ .সেবা বি. পা টেপা।˜ .স্খলন বি. 1 পা পিছলে পড়া 2 অধঃপতন।˜ .স্খলিত বিণ. 1 পা পিছলে পড়েছে এমন 2 অধঃপতিত। স্ত্রী.˜ .স্খলিতা।˜স্হ বিণ. 1 পদে বা অধিকারে প্রতিষ্ঠিত; 2 উঁচু পদে অধিষ্ঠিত (পদস্হ চাকুরে)। পদে পদে, প্রতি-পদে ক্রি-বিণ. সবসময় যতই অগ্রসর হওয়া যায় ততই (পদে পদে বাধা)।

পদক (p. 488) [padaka] বি. 1 কণ্ঠভূষণবিশেষ, লকেট 2 সম্মান বা প্রশংসার নিদর্শনস্বরূপ প্রদত্ত ধাতুনির্মিত তক্তি, medal. [সং. পদ + ক]।

পদাংশ (p. 488) [padāṃśa] বি. 1 গীতিকবিতার অংশ; 2 বিভক্তিযুক্ত শব্দের অংশ 3 অক্ষর, syllable. [সং. পদ. + অংশ]।

পদাঘাত (p. 488) [padāghāta] বি. পা দিয়ে আঘাত, লাথি ('এমন সময় দিলেন পিতা পদাঘাত এক পৃষ্ঠে': দ্বি. রা.)। [সং. পদ + আঘাত]।

পদাঙ্ক (p. 488) [padāṅka] বি. 1 পদচিহ্ন, পা ফেলার দাগ 2 (আল.) কোনো শ্রেষ্ঠ ব্যক্তির কৃত কার্য বা চরিত্র (কবিগুরুর পদাঙ্ক অনুসরণে রচিত)। [সং. পদ + অঙ্ক (=চিহ্ন)]।

পদাতি, পদাতিক (p. 488) [padāti, padātika] বি. যে-সৈন্য পায়ে চলে লড়াই করে; পাইক। [সং. পদ + √অত্ + ই, ক]।

পদাধি-কার (p. 488) [padādhi-kāra] বি. পদের বা প্রভাবের অধিকার (পদাধিকার বলে)। [সং. পদ + অধিকার]। বিণ. বি. পদাধি-কারী।

পদানত (p. 488) [padānata] বিণ. 1 চরণে পতিত 2 সম্পূর্ণ বশীভূত বা অধীন (শত্রু‌ুর পদানত)। [সং. পদ + আনত]। স্ত্রী. পদানতা।

পদানু-বর্তী (p. 488) [padānu-bartī] (-র্তিন্) বিণ. অনুসরণকারী। [সং. পদ + অনুবর্তিন্]। বি. পদানু-বর্তিতা। স্ত্রী. পদানু-বর্তিনী।

পদানু-সরণ (p. 488) [padānu-saraṇa] বি. 1 পায়ের চিহ্ন অনুসরণ 2 অনুসরণ (শ্রেষ্ঠ মানুষের পদানুসরণ করা)। [সং. পদ + অনুসরণ]। পদানু-সারী (-রিন্) বিণ. অনুসরণকারী।

পদান্বয় (p. 488) [padānbaẏa] বি. (ব্যাক.) পদের অন্বয়, পদপরিচয়। [সং. পদ + অন্বয়]। পদান্বয়ী (-য়িন) বিণ. (ব্যাক.) বিভিন্ন পদের মধ্যে অন্বয়সাধন করে এমন (পদান্বয়ী অব্যয়)।

পদাব-নত (p. 488) [padāba-nata] বিণ. 1 পদানত 2 বশীভূত। [সং. পদ + অবনত]। স্ত্রী. পদাব-নতা।

পদাবলী (p. 488) [padābalī] বি. 1 গানসমূহ 2 বৈষ্ণব কবিদের রচিত পদসমূহ বা গীতিকবিতাসমূহ। [সং. পদ + আবলি]।

পদাম্বুজ, পদার-বিন্দ (p. 488) [padāmbuja, padāra-binda] বি. চরণকমল, চরণরূপ পদ্ম ('নমি পদাম্বুজে')। [সং. পদ + অম্বুজ, অরবিন্দ]।

পদার্থ (p. 488) [padārtha] বি. 1 পদের বা শব্দের অর্থ বা প্রতিপাদ্য 2 বস্তু, দ্রব্য, জিনিস (এ কেমন পদার্থ ? জড় পদার্থ 3 সার (এ বইয়ে পদার্থ কিছু নেই) 4 (বৈশেষিক দর্শ.) দ্রব্য, গুণ, কর্ম, সামান্য বা শ্রেণি, বিশেষ বা ব্যক্তি, সমবায় বা গুণ ও ক্রিয়ার যোগ এবং অভাব 5 (তর্কশাস্ত্রে) জ্ঞানের বিষয়সমূহকে যে-সমস্ত বিভাগে শ্রেণিবদ্ধ করা যায়, category (বি. প.) [সং. পদ + অর্থ]।˜ .বিজ্ঞান,˜ .বিদ্যা বি. জড়পদার্থ ও শক্তির ধর্মাদি সম্বন্ধীয় বিদ্যা, physics.

পদার্পণ (p. 488) [padārpaṇa] বি. 1 চরণস্থাপন, পা দেওয়া 2 প্রবেশ; উপস্থিত হওয়া (এই গ্রামে আমার এই প্রথম পদার্পণ)। [সং. পদ + অর্পণ]। পদার্পণ করা ক্রি. বি. 1 কোনোকিছুর উপর পা রাখা 2 প্রবেশ করা বা উপস্থিত হওয়া, আসা (গৃহে পদার্পণ করা)।

পদাশ্রয় (p. 488) [padāśraẏa] বি. 1 চরণরূপ আশ্রয়, চরণে আশ্রয়; 2 অনুগ্রহ, দায়। সং. পদ + আশ্রয়। পদাশ্রয়ী (-য়িন্) বিণ. চরণে আশ্রয় পেয়েছে এমন। পদাশ্রিত বিণ. চরণে আশ্রয় লাভ করেছে এমন অনুগৃহীত। স্ত্রী. পদাশ্রিতা।

পদাহত (p. 488) [padāhata] বিণ. চরণদ্বারা প্রহৃত, লাথি মারা হয়েছে এমন। [সং. পদ + আহত]।

পদোন্নতি (p. 488) [padōnnati] বি. চাকরিতে বা পদের উন্নতি; মর্যাদার বা ক্ষমতার বৃদ্ধি। [সং. পদ + উন্নতি]।

পদ্ধতি (p. 488) [paddhati] বি. 1 প্রণালী (কর্মপদ্ধতি) 2 রীতি (বিবাহপদ্ধতি) 3 প্রথা (পুরোনো পদ্ধতিতে বিশ্বাস) 4 আচার 5 পথ; 6 শ্রেণি 7 প্রবাহ। [সং. পদ + √হন্ + তি]। ̃ .গত বিণ. প্রণালীসম্বন্ধীয় রীতিগত (পদ্ধতিগত পরিবর্তন)।

পদ্ম (p. 488) [padma] বি. 1 (সচ.) লাল, নীল, গোলাপি ও সাদা রঙের জলজ ফুলবিশেষ, কমল, পঙ্কজ, উৎপল 2 তন্ত্রশাস্ত্রোক্ত দেহের চক্রবিশেষ 3 দশ লক্ষ কোটি সংখ্যা বা এক কোটি মিলিয়ন। [সং. √পদ্ + ম]। ̃ .আঁখি বি. শ্রীকৃষ্ণ রামচন্দ্র। ̃ .গোখরো বি. ফণায় পদ্মচিহ্নযুক্ত গোখরো সাপ। ̃ .নাভ বি.

(নাভিতে পদ্ম আছে বলে) বিষ্ণু। ˜ .নেত্র বিণ. পদ্মের মতো সুন্দর চক্ষুযুক্ত, কমললোচন। ˜ .পলাশ বি. পদ্মের পাতা বা পদ্মফুলের পাপড়ি। ˜ .পলাশলোচন বিণ. পদ্মের পাপড়ির মতো সুন্দর ও আয়ত চক্ষুবিশিষ্ট। □ বি. বিষ্ণু। ˜ .পাণি বিণ. 1 যার হাতে পদ্ম আছে 2 পদ্মের মতো সুন্দর ও কোমল হাতবিশিষ্ট। □ বি. 1 ব্রহ্মা 2 সূর্য; 3 বুদ্ধ। ˜ মুখ বি. পদ্মের মতো সুন্দর মুখ। □ বিণ. পদ্মের মতো সুন্দর মুখবিশিষ্ট। বিণ. (স্ত্রী.) ˜ মুখী। ˜যোনি, ˜ভূ, পদ্মোদ্ভব বি. পদ্ম (বা বিষ্ণুর নাভিপদ্ম) যার যোনি বা উৎপত্তিস্হল, ব্রহ্মা। ˜ রাগ বি. মূল্যবান মণিবিশেষ, ruby, চুনি (বি.প.)। ˜ লোচন বিণ. পদ্মের মতো চোখবিশিষ্ট। স্ত্রী. ˜ লোচনা।

পদ্ম-বিভূষণ (p. 488) [padma-bibhūṣaṇa] বি. বিভিন্ন গুণ বা কৃতিত্বের জন্য ভারত সরকার কর্তৃক প্রদত্ত উপাধিবিশেষ। [সং. পদ্ম + বিভূষণ]।

পদ্ম-ভূষণ (p. 488) [padma-bhūṣaṇa] বি. ভারত সরকার কর্তৃক প্রদত্ত উপাধিবিশেষ, পদ্মবিভূষণ অপেক্ষা নিম্নতর উপাধিবিশেষ। [সং. পদ্ম + ভূষণ]।

পদ্মশ্রী (p. 488) [padmaśrī] বি. 1 (বৌ. সা.) বোধিসত্ত্ববিশেষ; 2 ভারত সরকারের প্রদত্ত উপাধিবিশেষ। [সং. পদ্ম + শ্রী + অ]।

পদ্মা (p. 488) [padmā] বি. 1 লক্ষ্মীদেবী 2 মনসাদেবী 3 বাংলাদেশের নদীবিশেষ। [সং. পদ্ম + অ + আ]।

পদ্মাকর (p. 488) [padmākara] বি. যে জলাশয়ে বহু পদ্ম জন্মে। [সং.পদ্ম + আকর]।

পদ্মাক্ষ (p. 488) [padmākṣa] বিণ. পদ্মের মতো চোখবিশিষ্ট, পদ্মলোচন। □ বি. পদ্মের বীজ। [সং. পদ্ম + অক্ষি + অ]।

পদ্মাবতী (p. 488) [padmābatī] বি. 1 মনসাদেবী 2 (মহাভারতে) কর্ণের পত্নী; 3 পদ্মানদী। [সং. পদ্ম + বত্ + ঈ]।

পদ্মালয়া (p. 488) [padmālaẏā] বি. লক্ষ্মীদেবী। [সং. পদ্ম + আলয় + আ]।

পদ্মাসন (p. 488) [padmāsana] বি. 1 যোগের আসনবিশেষ 2 ব্রহ্মা। [সং. পদ্ম + আসন]। পদ্মাসনা বি. (স্ত্রী.) লক্ষ্মীদেবী।

পদ্মিনী (p. 488) [padminī] বিণ. (স্ত্রী.) পদ্মবিশিষ্ট। □ বি. 1 পদ্মসমূহ, পদ্মের ঝাড় 2 চার জাতির নারীর মধ্যে শ্রেষ্ঠজাতীয়া সুলক্ষণা নারী। [সং. পদ্ম + ইন্ + ঈ]।˜ .কান্ত,˜.বল্লভ বি. সূর্য।

পদ্মোদ্ভব (p. 488) [padmōdbhaba] দ্র পদ্ম।

পদ্য (p. 488) [padya] বি. ছন্দোবদ্ধ রচনা, verse. [সং. পদ + য]।

পনস (p. 488) [panasa] বি. কাঁঠাল বা কাঁঠালগাছ। [সং. পন্ + অস (অসচ্)]।

-পনা (p. 488) [-panā] বাংলা ভাষায় ভাববাচক প্রত্যয়বিশেষ (গিন্নিপনা, নাটুকেপনা, গুণপনা)।

পনির, (p. 488) [panira,] (বর্জি.) পনীর বি. জমাট ছানা দিয়ে তৈরি লবণাক্ত খাবারবিশেষ, cheese. [ফা. পনীর]।

পনেরো (p. 488) [panērō] বি. বিণ. 1 সংখ্যা বা সংখ্যক। [তু. হি. পন্রহ্ < সং. পঞ্চদশন্]।˜ ই বি. বিণ. মাসের পনেরো তারিখ বা তারিখের।

পন্হ (p. 488) [panha] বি. 1 (ব্রজ. ও. প্রা. বাং.) পথ (পন্হ বিপথ নাহি মান': বিদ্যা) 2 ধর্মমত, ধর্মসম্প্রদায় (কবিরপন্হ)। [সং. পথিন্]।

পন্হ (p. 488) [panha] বি. 1 পথ 2 উপায় (একটা পন্হা বার করতে হবে 2 সাধনার মার্গ (তান্ত্রিকপন্হা) 4 ধারা বা রীতি (রবীন্দ্রপন্হা)। [সং. পন্হাঃ > বাং. পন্হা]।

-পন্হী (p. 488) [-panhī] বিণ. 1 ধর্মসম্প্রদায়ভুক্ত (নানকপন্হী) 2 মতাবলম্বী (প্রাচীনপন্হী, উগ্রপন্হী 3 ধারা বা রীতি অনুসরণকারী (রবীন্দ্রপন্হী)। [< সং. পন্হাঃ + ঈ]।

পন্নগ (p. 488) [pannaga] বি. সাপ। [সং. পদ্ + ন + গম্ + অ (পতিত হয়ে গমন করে অথবা পা না থাকলেও গমন করে এই অর্থে)। বি. (স্ত্রী.) পন্নগী।।

পপলার (p. 488) [papalāra] বি. দীর্ঘ ঋজু বিদেশি গাছবিশেষ। [ইং. poplar]।

পপলিন (p. 488) [papalina] বি. মসৃণ বুনটযুক্ত সুতিবস্ত্রবিশেষ। [ইং. poplin]।

পবন (p. 488) [pabana] বি. 1 বায়ু 2 বায়ুর অধিদেবতা। [সং. √পূ + অন]। ˜ .গতি বি. পবনের মতো দ্রুত গতি। □ বিণ. পবনের মতো দ্রুতিগতিসম্পন্ন।˜ .নন্দন বি. 1 হনুমান; 2 ভীম।˜ .বেগে ক্রি-বিণ. বায়ুবেগে অত্যন্ত দ্রুতবেগে।˜ .মুক্তাসন বি. দেহমধ্যস্থ বায়ু বার করার উপয়োগী যোগাসনবিশেষ।

পব-মান (p. 488) [paba-māna] বি. 1 গার্হপত্যনামক যজ্ঞাগ্নি 2 বায়ু। □ বিণ. পবিত্রকারী। [সং. √পূ + মান (শানচ্)]।

পবিত্র (p. 488) [pabitra] বিণ. পূত, পূণ্যজনক (পবিত্র নাম) 2 বিশুদ্ধ (পবিত্র বায়ু) 3 নিষ্পাপ (শিশুর পবিত্র আচরণ)। [সং. √পূ + ইত্র]। বি.˜ তা। স্ত্রী. পবিত্রা।˜ক বি. উপবীতের তুল্য শণের সুতো। পবিত্রিত বিণ. পবিত্র হয়েছে এমন। পবিত্রী-কৃত বিণ. পবিত্র করা হয়েছে এমন। বি. পবিত্রী-করণ।

পম-ফ্রেট (p. 488) [pama-phrēṭa] বি. খাদ্য হিসাবে ব্যবহৃত সামুদ্রিক মাছবিশেষ। [ইং. pomfret]।

পমেটম (p. 488) [pamēṭama] বি. চুলের প্রসাদনে ব্যবহৃত চ্যাপটা সাদা সুগন্ধযুক্ত ক্রিম বা স্নেহপদার্থবিশেষ সুগন্ধযুক্ত প্রসাধনবিশেষ। ইং. pomatum।

পয়1 (p. 488) [paẏa1] বি. 1 সুলক্ষণ 2 সৌভাগ্য (এই কলমটার খুব পয় আছে)। [সং. পদ > হি. পও]।˜ .মন্ত, পয়া বিণ. 1 সুলক্ষণযুক্ত 2 ভাগ্যবান (পয়মন্ত ছেলে)।

পয়2 (p. 488) [paẏa2] বি. জল। সং. পয়স্।˜ .নালা, নালি বি. জলনিকাশের পথ, নর্দমা।

পয়ঃ (p. 488) [paẏḥ] (-য়স্) বি. 1 জল 2 দুধ। [সং. পা + অস্]।˜ .প্রণালী, পয়ো-নালি বি. জলনিকাশের পথ, নর্দমা।

পয়-গম্বর (p. 488) [paẏa-gambara] বি. ঈশ্বরপ্রোরিত দূত, prophet. [ফা. পয়্গম্বর্]।

পয়-গাম (p. 488) [paẏa-gāma] বি. প্রস্তাব ('এজিদের বিবাহ-পয়গাম': মীর)। [ফা. পয়্গাম]।

পয়-জার (p. 488) [paẏa-jāra] বি. চটিজুতো। [ফা. পয়্জার্]।

পয়দল (p. 488) [paẏadala] দ্র পায়দল।

পয়দা (p. 488) [paẏadā] বি. 1 জন্ম, উৎপত্তি 2 জন্মদান (সন্তান পয়দা করা)। [ফা. পয়্দা]।

পয়-মাল (p. 488) [paẏa-māla] বিণ. নষ্ট, ধ্বংস (ঝড়ে সব জিনিসপত্র পয়মাল হয়ে গেছে)। [ফা. পায়্মাল]।

পয়লা (p. 488) [paẏalā] বি. মাসের প্রথম তারিখ (আজ আষাঢ়ের পয়লা)। □ বিণ. 1 মাসের প্রথম তারিখের (পয়লা চৈত্র) 2 প্রথম (এটাই আমার পয়লা কাজ 3 প্রধান (পয়লা নম্বরের শত্রু 4 শ্রেষ্ঠ (পয়লা নম্বরের ঘি)। [হি. পহেলা]।

পয়সা (p. 488) [paẏasā] বি. এক টাকার 1/1 পরিমাণ ভারতীয় মুদ্রাবিশেষ 2 পূর্বের 1/4 আনা বা 1/64 টাকা পরিমাণ মুদ্রা 3 ধন, টাকাকড়ি (সে অনেক পয়সা করেছে)। [সং. পাদ (=চতুর্থাংশ) > পাই > পয় + বাং. সা]। ̃ .ওয়ালা বিণ. ধনবান। ̃ .কড়ি বি. নগদ টাকাপয়সা; আর্থিক সম্বল (তার পয়সাকড়ি ভলোই আছে)।

পয়স্য (p. 488) [paẏasya] বিণ. দুগ্ধজাত। [সং. পয়স্ + য]।

পয়স্বিনী (p. 488) [paẏasbinī] বি. 1 দুগ্ধবতী গাভী; 2 নদী। □ বিণ. 1 দুগ্ধবতী (পয়স্বিনী গাভী); 2 জলপূর্ণা (পয়স্বিনী গঙ্গা)। [সং. পয়স্ + বিন্ + ঈ]।

পয়া (p. 488) [paẏā] দ্র পয়1।

পয়ান (p. 488) [paẏāna] বি. (পদ্যে) প্রয়াণ -এর কোমল রূপ।

পয়ার (p. 488) [paẏāra] বি. চতুর্দশ অক্ষরের ছন্দ, বাংলা পদ্যে সর্বাধিক প্রচলিত ছন্দবিশেষ-যেমন 'মহাভারতের কথা অমৃত সমান'। [< সং. পদকার]।

পয়োদ (p. 488) [paẏōda] বি. (পয়ঃ বা জল দেয় বলে) মেঘ। [সং. পয়স্ + √দা + অ]।

পয়ো-ধর (p. 488) [paẏō-dhara] বি. 1 মেঘ; 2 নারীর স্তন; 3 নারকেল। [সং. পয়স্ + √ধৃ + অ]।

পয়োধি, পয়ো-নিধি (p. 488) [paẏōdhi, paẏō-nidhi] বি. সমুদ্র। [সং. পয়স্ + ধি (√ধা + ই), নিধি]।

পয়ো-মুক, পয়ো-মুক্ (p. 488) [paẏō-muka, paẏō-muk] (-মুচ্) বি. মেঘ। [সং. পয়স্ + মুচ্ √ + ক্বিপ]।

পর3 (p. 488) [para3] বিণ. 1 অন্য, ভিন্ন (পরনারী, পরপুরুষ); 2 অনাত্মীয় (পরগৃহে বাস, সে আমার পর নয়); 3 শ্রেষ্ঠ; প্রধান, পরম (পরব্রহ্ম, পরাকাষ্ঠা); 4 পরবর্তী (পরলোক)। □ বি. 1 শত্রু (পরন্তপ); 2 অন্য ব্যক্তি (পরচর্চা); 3 পরমাত্মা; 4 মুক্তি। □ ক্রি-বিণ. পরে অনন্তর (অতঃপর, তারপর কোথায় গেল?)। [পৃ্ৃ + অ]। স্ত্রী. পরা (পরা1 দ্র)। পরের ঘর মেয়েদের শ্বশুরবাড়ি (সব মেয়েরই পরের ঘর করতে হয়)। পরের ধনে পোদ্দারি অন্য লোকের টাকাপয়সা রক্ষা করার দায়িত্ব নিয়ে নিজেই তার মালিকের মতো আচরণ করা। পরের মাথায় কাঁঠাল ভাঙা, পরের মাথায় হাত বুলানো ফাঁকি দিয়ে পরের টাকা বা জিনিসপত্র আত্মসাত্ করা।

-পর4 (p. 488) [-para4] বিণ. নিষ্ঠ, নিরত, আসক্ত (স্বার্থপর, নৃত্যপর)। [সং. √পৃ + অ]। স্ত্রী. -পরা (নৃত্যপরা, ধ্যানপরা)।

পরওয়ানা, পরোয়ানা (p. 488) [parōẏānā, parōẏānā] বি. 1 লিখিত আদেশ; 2 আদেশপত্র। [ফা. পর্বানা]।

পরক (p. 488) [paraka] বিণ. ভিন্নদেশীয়, alien (স. প.)। [সং. পর3 + ক]।

পর-কলা (p. 488) [para-kalā] বি. 1 কাঁচ 2 (চশমাদিতে ব্যবহৃত) কাচের গোল চাকতি, lens 3 আয়না। [ফা. পর্কালা]।

পর-কাল (p. 488) [para-kāla] বি. 1 মৃত্যুর পরে প্রাপ্ত অবস্থা, পরলোক; 2 ভবিষ্যত (তার পরকাল ঝরঝরে)। [সং. পর3 + কাল]।

পরকী-করণ (p. 488) [parakī-karaṇa] বি. হস্তান্তরিতকরণ, alienation. (স. প.)। [সং. পরক + ঈ (চ্বি) + &tickকৃ + অন]।

পরকীয় (p. 488) [parakīẏa] বিণ. 1 অন্যের 2 অন্যসম্বন্ধীয়। [সং. পরক (পর + ক) + ঈয়]। পরকীয়া বিণ. পরকীয় -র স্ত্রীলিঙ্গ (পরকীয়া প্রেম)। □ বিপ. স্বকীয়। □ বি. নায়িকাবিশেষ, যে প্রণয়িনী কুমারী অথবা অপরের পত্নী। পরকীয়া-বাদ বি. বৈষ্ণবধর্মে প্রেমবিষয়ে মতবাদবিশেষ।

পরখ (p. 488) [parakha] বি. গুণাগুণ পরীক্ষা, বিচার, যাচাই (জিনিসটা কেমন একবার পরখ করেই দেখ না)। [সং. পরীক্ষা]। পরখা ক্রি. (কাব্যে) পরীক্ষা করা। পরখাই বি. (আঞ্চ.) পরখ।

পর-গণা (p. 488) [para-gaṇā] বি. গ্রামসমষ্টি, চাকলা, জেলার অংশ ('লিখন পাঠায়ে দিল পরগণা পরগণা') [ফা. পর্গনা]।

পর-গাছা (p. 488) [para-gāchā] বি. 1 যে গাছ বা লতা গাছের উপর জন্মায় এবং তাকে আশ্রয় করে বাঁচে 2 (আল.) অন্যের আশ্রিত ব্যক্তি। [সং. পর3 + বাং. গাছ + আ]।

পর-গ্রন্হি (p. 488) [para-granhi] বি. আঙুলের গ্রন্হি বা গাঁট। [সং. পর (পশ্চাত্) + গ্রন্হি]।

পর-চর্চা (p. 488) [para-carcā] বি. পরের সম্বন্ধে (প্রধানত বিরুদ্ধে) আলোচনা অন্য লোককে নিয়ে নিন্দাসূচক আলোচনা। [সং. পর3 + চর্চা]।

পরচা (p. 488) [paracā] বি. 1 জমির পরিচয়পত্র; 2 হিসাব; 3 তালিকা; 4 বংশাবলীর পরিচয়। [হি. পরচা-তু. সং. পর্যায়, পরিচয়]।

পর-চুলা, (p. 488) [para-culā,] (কথ্য) পরচুলো বি. কৃত্রিম বা নকল চুল। [সং. পর3+ বাং. চুল]।

পরচ্ছন্দ (p. 488) [paracchanda] বি. পরের ইচ্ছা পরের মতলব (পরচ্ছন্দানুসারী, পরচ্ছন্দানুবর্তী)। □ বিণ. পরবশ, পরের বুদ্ধিতে চলে এমন (পরচ্ছন্দ ব্যক্তি)। [সং. পর + ছন্দ (অভিপ্রায়)]।

পরচ্ছিদ্র (p. 488) [paracchidra] বি. পরের দোষ বা ত্রুটি (পরচ্ছিদ্র খোঁজা)। সং. পর3 + ছিদ্র। পরচ্ছিদ্রান্বেষণ বি. পরের দোষ সন্ধান করা। পরচ্ছিদ্রান্বেষী (-ষিন্) বিণ. পরের দোষ খোঁজে এমন।

পরজ (p. 488) [paraja] বি. মার্গসংগীতের রাগবিশেষ। [সং. পরাজিকা]।

পর-জন্ম (p. 488) [para-janma] বি. মৃত্যুর পরে নতুন জন্ম। [সং. পর3 + জন্ম]।

পর-জীবী (p. 488) [para-jībī] (-বিন্) বিণ. বি. 1 যে পরকে আশ্রয় করে বেঁচে থাকে 2 (বিজ্ঞা.) পরাঙ্গপুষ্ট জীব, যে জীব (অর্থাত্ উদ্ভিদ বা প্রাণী) অন্য জীবের দেহে বাস করে ওই দেহের দ্বারা পুষ্টি লাভ করে, parasite (বি. প.)। [সং. পর3 + √জীব্ + ইন্]।

পরঞ্জয় (p. 488) [parañjaẏa] বিণ. শত্রুজয়কারী। [সং. পর + √জি + অ (খচ্)]।

পরটা (p. 488) [paraṭā] দ্র পরোটা।

পরত (p. 488) [parata] বি. ভাঁজ, স্তর (সমাজের পরতে পরতে দুর্নীতি)। [সং পত্র, তু. আ. ফর্দ্]।

পরতঃ (p. 488) [parataḥ] (-তস্) (বর্ত. বিরল) অব্য. 1 অপর থেকে; 2 অপরের দ্বারা। [সং. পর3 + তস্]।

পরতন্ত্র (p. 488) [paratantra] বিণ. পরাধীন, পরবশ (রাষ্ট্র ব্যাপারে আমরা ছিলাম পরতন্ত্র)। [সং. পর3 + তন্ত্র]। বি. ̃ তা।

পরত্র (p. 488) [paratra] ক্রি-বিণ. পরকালে, পরলোকে। [সং. পর3 + ত্র]।

পরদা (p. 488) [paradā] বি. 1 আবরু রক্ষার জন্য দরজা-জানালায় ব্যবহৃত বস্ত্রাদিনির্মিত আবরণ 2 যবনিকা (নাটকের পরদা উঠেছে 3 ঘোমটা বা বোরখা 4 অন্তঃপুরে অবরোধের মধ্যে বাস (পরদাপ্রথা) 5 চোখের ছানি (চোখে পরদা পড়া) 6 চোখের পল্লব (চোখে পরদা নেই 7 পরত, স্তর (এক পরদা চামড়া 8 সুরের স্তর, স্বরগ্রাম (উঁচু পরদায় বাঁধা) 9 বাদ্যযন্ত্রের ঘাট বা চাবি (সেতারের পরদা)। ফা. পরদা। ̃ .নশিন বিণ. অন্তঃপুরে বাস করে এমন অবরোধের মধ্যে বাস করে এমন। ̃ .প্রথা বি. স্ত্রীলোকদের অন্তঃপুরে আবদ্ধ রাখার রীতি।

পর-দার (p. 488) [para-dāra] বি. অন্যের পত্নী। [সং. পর3 + দার। ̃ .গমন বি. অন্যের পত্নীর সঙ্গে সহবাস। ̃ .গামী (-মিন্), পর-দারিক, পার-দারিক বিণ. অপরের পত্নীকে সম্ভোগকারী।

পর-দিন (p. 488) [para-dina] বি. পরের দিন। [সং. পর3 + দিন]।

পর-দুঃখ (p. 488) [para-duḥkha] বি. পরের দুঃখ, অন্য লোকের দুঃখ। [সং. পর3 +দুঃখ]।

পর-দেশ (p. 488) [para-dēśa] বি. অন্য দেশ, বিদেশ। [সং. পর3 + দেশ]।

পর-দেশিয়া (p. 488) [para-dēśiẏā] বিণ. বিদেশি। [সং. পরবশ + বাং. ইয়া]। পর-দেশি বিণ. বিদেশি।

পর-দ্বেষ (p. 488) [para-dbēṣa] বি. অন্যের প্রতি বিদ্বেষ বা হিংসা। [সং. পর3 + দ্বেষ। পর-দ্বেষী (-ষিন্) বিণ. পরকে হিংসা করে এমন। বিণ. স্ত্রী. পর-দ্বেষিণী।

পর-দ্রব্য (p. 488) [para-drabya] বি. অন্যের জিনিস (পরদ্রব্যে লোভ করা অনুচিত)। [সং. পর3 + দ্রব্য]।

পর-ধন (p. 488) [para-dhana] বি. অন্যের সম্পদ বা টাকাকড়ি; পরস্ব। [সং. পর3 + ধন]।

পর-ধর্ম (p. 488) [para-dharma] বি. 1 অপরের ধর্ম; 2 নিজের সংস্কার জাতি সমাজ বা প্রকৃতির বিরুদ্ধ ধর্ম। [সং. পর3 + ধর্ম]।

পরন (p. 488) [parana] বি. পরিধান (পরনের কাপড়) [পরা4 দ্র]।

পর-নারী (p. 488) [para-nārī] বি. অন্যের স্ত্রী। [সং. পর3 + নারী]।

পর-নিন্দা (p. 488) [para-nindā] বি. অপরের কুৎসা বা নিন্দা। [সং. পর3 + নিন্দা]।

পর-নির্ভর (p. 488) [para-nirbhara] বিণ. অন্যের উপর নির্ভর বা ভরসা করে এমন। [সং. পর3 + নির্ভর]। বি.˜ তা।

পরন্তপ (p. 488) [parantapa] বিণ. শত্রুদমনকারী, অরিন্দম। [সং. পর (=শত্রু) + √ তপ্ + ণিচ্ + অ]।

পরন্তু (p. 488) [parantu] অব্য. 1 পক্ষান্তরে; 2 কিন্তু। [সং. পরম্ + তু]।

পর-পতি (p. 488) [para-pati] বি. 1 উপপতি; 2 অন্য নারীর স্বামী; 3 পরম প্রভু বা ভগবান ('তোরা পরপতি সনে সদাই গোপনে সতত করিবি লেহা': চণ্ডী। [সং. পর3 =(অন্য, শ্রেষ্ঠ) + পতি]।

পর-পর (p. 488) [para-para] ক্রি-বিণ. 1 উপর্যুপরি, উত্তোরোত্তর; 2 একটির পর একটি করে 3 ক্রমান্বয়ে 4 পাশাপাশি। [পর3 দ্র]।

পর-পীড়ক (p. 488) [para-pīḍ়ka] বিণ. অন্যকে পীড়নকারী অন্যের প্রতি নিষ্ঠুর আচরণকারী। [সং. পর3 + পীড়ক]।

পর-পীড়ন (p. 488) [para-pīḍ়na] বি. অপরের উপর অত্যাচার। [সং. পর3 + পীড়ন]।

পর-পুরুষ (p. 488) [para-puruṣa] বি. 1 স্বামী ভিন্ন অন্য পুরুষ (পরপুরুষের মুখ দেখে না); 2 শ্রেষ্ঠ পুরুষ অর্থাত্ ভগবা; 3 (আঞ্চ.) পরবর্তী বংশধর, উত্তরপুরুষ। [সং. পর3 + পুরুষ]।

পর-পুষ্ট (p. 488) [para-puṣṭa] বিণ. পরের দ্বারা পালিত। □ বি. কোকিল। [সং. পর3 + পুষ্ট]। পর-পুষ্টা বিণ. (স্ত্রী.) পরের দ্বারা পালিতা। □ বি. বেশ্যা।

পর-পূর্বা (p. 488) [para-pūrbā] বিণ. (স্ত্রী.) পূর্বে অপরের বিবাহিতা বা বাগ্দত্তা ছিল এমন, অন্যপূর্বা। [সং. পর3 + পূর্ব + আ]।

পরব (p. 488) [paraba] বি. উৎসব (স্নানযাত্রার পরব)। পরবি বি. উৎসব বা পর্ব উপলক্ষ্যে দেওয়া পারিতোষিক। [বাং. পর্ব < সং. পর্বন্]।

পর-বর্তী (p. 488) [para-bartī] (-র্তিন্) বিণ. পিছনে বা পরে অবস্থিত (পরবর্তী দিন, পরবর্তী সময়)। [সং. পর3 + বৃত্ + ইন্। স্ত্রী. পর-বর্তিনী। বি. পর-বর্তিতা।

পর-বশ (p. 488) [para-baśa] বিণ. 1 পরাধীন (চিরকাল ভাইয়ের পরবশ হয়ে থাকা 2 অধীন (ক্রোধপরবশ হয়ে)। [সং. পর3 + বশ।˜ তা বি. অন্যের প্রতি বশ্যতা।

পর-বস্তি (p. 488) [para-basti] বি. ভরণপোষণ, প্রতিপালন। [ফা. পরবরিশ্]।

পর-বাদ1 (p. 488) [para-bāda1] বি. প্রবাদ -এর কোমল রূপ।

পর-বাদ2 (p. 488) [para-bāda2] বি. 1 নিন্দা, পরিবাদ; 2 প্রত্যুত্তর। [সং. পর3 (পিছন, পশ্চাত্) + বাদ (বাক্য)। পর-বাদী (-দিন্) বিণ. নিন্দুক; প্রত্যুত্তরকারী। স্ত্রী. পর-বাদিনী।

পর-বাস (p. 488) [para-bāsa] বি. 1 অন্যের গৃহ 2 প্রবাস ('এ পরবাসে রবে কে হায়':রবীন্দ্র) [সং. পর3 + বাস]। পর-বাসী বিণ. প্রবাসী ('পরবাসী, চলে এসো ঘরে': রবীন্দ্র)। স্ত্রী. পর-বাসিনী।

পর-ব্যোম (p. 488) [para-byōma] বি. 1 সর্বোত্তম বা শ্রেষ্ঠ আকাশ, স্বর্গ; 2 বিষ্ণুলোক, বৈকুণ্ঠ। [সং. পর3 + ব্যোম]।

পর-ব্রহ্ম (p. 488) [para-brahma] (-হ্মন্) বি. বাক্য ও মনের অগোচর নির্গুণ ব্রহ্ম, পরমপুরুষ। [সং. পর3 (পরম) + ব্রহ্মন্]।

পর-ভাগ্যোপ-জীবী (p. 488) [para-bhāgyōpa-jībī] (-বিন্) বিণ. জীবনধারণের জন্য অন্যের ভাগ্যের উপর নির্ভর করে এমন। [সং. পর3 + ভাগ্য + উপ + √জীব্ + ইন্। স্ত্রী. পর-ভাগ্যোপ-জীবিনী।

পর-ভাতার (p. 488) [para-bhātāra] বি. (অশোভন) অন্যের স্বামী। [সং. পর3 + বাং. ভাতার]।

পর-ভূম, পর-ভূমি (p. 488) [para-bhūma, para-bhūmi] বি. অন্যের দেশ, বিদেশ (পরভূমে বাস করা)। [সং. পর3 + ভূমি]।

পর-ভৃত্ (p. 488) [para-bhṛt] বি. (পরকে অর্থাত্ কোকিলশাবককে পালন করে বলে) কাক। [সং. পর + √ভৃ + ক্বিপ্]।

পর-ভৃত (p. 488) [para-bhṛta] বিণ. পরের দ্বারা (অর্থাত্ কাকের দ্বারা) পালিত, পরপুষ্ট (পরভৃত প্রাণী)। □ বি. কোকিল। [সং. পর3 + ভৃ + ত]। স্ত্রী. পর-ভৃতা।

পরম (p. 488) [parama] বিণ. 1 প্রথম, আদ্য, প্রকৃত (পরম কারণ) 2 শ্রেষ্ঠ, প্রধান (পরমপুরুষ, পরম সহায়) 3 সর্বাতীত, দুঃখ মায়া প্রভৃতির অতীত (পরমপুরুষ, পরম ব্রহ্ম) 4 চরম, অত্যন্ত (পরম শত্রু, পরম দুঃখ)। [সং. পর3 + √মা + অ]। স্ত্রী. পরমা। ̃.গতি বি. শ্রেষ্ঠ গতি, মুক্তি। ̃ .পদ বি. শ্রেষ্ঠ অবস্থা বা স্থান মোক্ষ। ̃ .পদার্থ বি. শ্রেষ্ঠ বা মূল সত্তা অর্থাত্ পরব্রহ্ম। ̃ .পিতা, ̃ .পুরুষ, ̃ ; .ব্রহ্ম বি. ভগবান। ̃ .হংস বি. জীবন্মুক্ত শুদ্ধচিত্ত নির্বিকার এবং ব্রহ্মানন্দে ও ব্রহ্মচিন্তায় মগ্ন যোগীপুরুষ মহাযোগী।

পর-মত (p. 488) [para-mata] বি. অপরের মত ধারণা বা ধর্ম। [সং. পর3 + মত]। ̃ .সহিষ্ণু বিণ. অপরের মতামত সহ্য করতে পারে এমন। বি. ̃ .সহিষ্ণুতা। পর-মতাবলম্বী (-ম্বিন্) বিণ. অন্যের মতের উপর নির্ভরকারী অন্যের

মত অনুসরণকারী। পর-মতাসহিষ্ণু বিণ. অন্যের মত সহ্য করতে পারে না এমন। [পরমত + অসহিষ্ণু]।

পরমা (p. 488) [paramā] দ্র পরম। পরমা গতি বি. মুক্তি। পরমা প্রকৃতি বি. আদ্যাশক্তি, সৃষ্টির আদিভূতা মহামায়া।

পরমাণু (p. 488) [paramāṇu] বি. মৌল পদার্থের সূক্ষ্মতম অংশ যা আর ভাগ করা যায় না, atom. [সং. পরম + অণু] পরমাণু বোমা বি. পরমাণু শক্তির দ্বারা উৎপন্ন অত্যন্ত শক্তিশালী বোমাবিশেষ। পরমাণু শক্তি বি. 1 পরমাণুর পিণ্ডীভূত অংশ (nucleus) থেকে প্রাপ্ত শক্তি; 2 পরমাণু বোমার অধিকারী দেশ বা রাষ্ট্র। বিণ. পারমাণবিক।

পরমাত্মা (p. 488) [paramātmā] (-ত্মন্) বি. গুণাতীত ব্রহ্ম, বিশ্বসৃষ্টির অন্তর্যামী পুরুষ বা ঈশ্বর, ভগবান। [সং. পরম + আত্মন্]।

পরমাত্মীয় (p. 488) [paramātmīẏa] বিণ. বি. আত্মীয়দের মধ্যে যে অত্যন্ত ঘনিষ্ঠ অন্তরঙ্গ বা প্রিয়; যে অত্যন্ত ঘনিষ্ঠ বা অন্তরঙ্গ; অত্যন্ত আপনার জন। [সং. পরম + আত্মীয়]। বি. তা। স্ত্রী. পরমাত্মীয়া।

পরমাদর (p. 488) [paramādara] বি. প্রগাঢ় আদর বা যত্ন; অত্যন্ত খাতির (তাঁকে পরমাদরে রেখেছে)। [সং. পরম + আদর]।

পরমানন্দ (p. 488) [paramānanda] বি. গভীর আনন্দ ('সুখে দুখে হয় তরঙ্গময় তোমার পরমানন্দ': রবীন্দ্র)। [সং. পরম + আনন্দ]।

পরমান্ন (p. 488) [paramānna] বি. পায়সান্ন; দুধ চিনি প্রভৃতি জ্বাল দিয়ে তৈরি অন্নবিশেষ। [সং. পরম + অন্ন]।

পরমায়ু (p. 488) [paramāẏu] (-য়ুস্) বি. জীবনকাল, আয়ু। [সং. পরম + আয়ুঃ (আয়ুস্)]।

পরমার্থ (p. 488) [paramārtha] বি. 1 অভীষ্টতম বস্তু, শ্রেষ্ঠ কাম্য বস্তু; 2 সত্য; 3 ধর্ম। [সং. পরম + অর্থ]।˜ .চিন্তা বি. 1 ব্রহ্মধ্যান; 2 ধর্মচিন্তা (স্বার্থের পরিবর্তে পরমার্থচিন্তা)।

পর-মুখাপেক্ষা (p. 488) [para-mukhāpēkṣā] বি. পরের উপর নির্ভরশীলতা, অন্যের কাছ থেকে সাহায্য পাবার আশা। [সং. পরমুখ + অপেক্ষা]। পর-মুখাপেক্ষী (-ক্ষিন্) বিণ. পরের উপর নির্ভরশীল। পর-মুখাপেক্ষিতা বি. অন্যের উপর নির্ভরশীলতা, পরমুখাপেক্ষা।

পরমেশ, পরমেশ্বর (p. 488) [paramēśa, paramēśbara] বি. জগদীশ্বর, ভগবান। [সং. পরম + ঈশ, ঈশ্বর]। পরমেশ্বরী বি. (স্ত্রী.) ভগবতী।

পরমেষ্ঠী (p. 488) [paramēṣṭhī] (-ষ্ঠিন্) বি. 1 যিনি পরম বা সর্বোত্তম পদে স্থিত; 2 ব্রহ্মা 3 বিষ্ণু 4 শিব 5 দীক্ষাগুরু। [সং. পরম + √স্থা + ইন]।

পরমোত্-সব (p. 488) [paramōt-saba] বি. শ্রেষ্ঠ উৎসব, মহান বা পবিত্র উৎসব ('ওহে সুন্দর মম গৃহে আজি পরমোৎসব রাতি': রবীন্দ্র)। [সং. পরম + উৎসব]।

পরস্পর (p. 488) [paraspara] বিণ. পরপর ধারানুযায়ী। □ বি. যা পরপর ঘটে; অনুক্রম। [সং. পরম্পরা + অ]।

পরম্পরা (p. 488) [paramparā] বি. 1 ধারা, অনুক্রম 2 এক ব্যক্তি বা ঘটনা থেকে অন্য ব্যক্তি বা ঘটনায় পরিণতি বা গতি (ঘটনা পরম্পরা, বংশপরম্পরা)। [সং. পরম + পৃ্ + অ + আ]।˜ .গত, পরম্পরীণ বিণ. 1 পরম্পরায় আগত, ধারাবাহিক; 2 কুলক্রমাগত।˜ য়, ক্রমে ক্রি-বিণ. পরপর, ক্রমানুসারে।

পর-রাষ্ট্র (p. 488) [para-rāṣṭra] বি. বিদেশি রাষ্ট্র বিদেশ। [সং. পর3 + রাষ্ট্র]। পররাষ্ট্র নীতি বি. বিদেশ বা অন্য রাষ্ট্র সম্পর্কে নীতি, foreign policy.

পর-লোক (p. 488) [para-lōka] বি. 1 লোকান্তর, মৃত্যুর পরবর্তী অবস্থা বা অবস্থানস্থান পরকাল (পরলোক গমন) 2 মৃত্যু। [সং. পর3+ লোক।˜ .গত বিণ. প্রয়াত, মৃত।˜ .গমন,˜.প্রাপ্তি বি. মৃত্যু।

পরশ, পরশন (p. 488) [paraśa, paraśana] যথাক্রমে স্পর্শ ও স্পর্শন - এর কোমল রূপ (সবার পরশে পবিত্র করা রবীন্দ্র)। পরশা ক্রি. স্পর্শ করা ('দুই অঙ্গ পরশিব': নরোত্তম দাস)।

পরশ-পাথর, পরশ-মণি (p. 488) [paraśa-pāthara, paraśa-maṇi] বি. কাল্পনিক মণিবিশেষ যার স্পর্শে লোহা সোনায় পরিণত হয়, স্পর্শমণি। [বাং. পরশ + পাথর, মণি]।

পর-শাসন (p. 488) [para-śāsana] বি. অন্যের বা. বিদেশি শাসকের দ্বারা শাসন। [সং. পর3 + শাসন]। পর-শাসিত বিণ. অন্যের দ্বারা বা বিদেশি শাসকের দ্বারা শাসিত।

পরশু1 (p. 488) [paraśu1] ক্রি-বিণ. বি. পরশ্ব, আগামী কালের পরদিন অথবা গতকালের পূর্বদিন। [সং. পরশ্বস্]।

পরশু2 (p. 488) [paraśu2] বি. কুঠার টাঙ্গী। [সং. পর (শত্রু) + শৃ্ + উ]।˜ .রাম বি. জমদগ্নি-ঋষির পুত্র, বিষ্ণুর ষষ্ঠ অবতার, ক্ষত্রিয়কুল নির্মূলকারী পরশুধারী রাম।

পরশ্ব (p. 488) [paraśba] ক্রি-বিণ. বি. (সচ. সাধু.) আগামি কালের পরদিন বা গতকালের পূর্বদিন (পরশ্ব ছিল রবিবার) [সং. পরশ্বস্]।

পরশ্রী (p. 488) [paraśrī] বি. অন্যের সমৃদ্ধি উন্নতি বা সৌভাগ্য। [সং. পর3 + শ্রী]।˜ .কাতর বিণ. অন্যের ঐশ্বর্য বা উন্নতি দেখলে দুঃখিত বা ঈর্ষান্বিত হয় এমন। বি.˜ .কাতরতা।

পর-সঙ্গ2 (p. 488) [para-saṅga2] বি. অন্যের সঙ্গে মেলামেশা। [সং. পর3 + সঙ্গ।

পরস্ত্রী (p. 488) [parastrī] বি. পরের স্ত্রী, পরদার। [সং. পর3 + স্ত্রী]।

পরস্পর (p. 488) [paraspara] বিণ. 1 উভয়ের মধ্যে বা অনেকের মধ্যে (পরস্পরের আলাপ); 2 একের প্রতি অন্য, একের সঙ্গে অন্য; 3 অনোন্য। □ সর্ব. 1 উভয়ের বা অনেকের মধ্যে; 2 একের সঙ্গে অন্য বা একের প্রতি অন্য (পরস্পরের প্রতি স্নেহ, 'ওরে বিহান হলো জাগোরে ভাই' ডাকে পরস্পরে: রবীন্দ্র)। [সং. পর3 + পর3]।

পরস্ব (p. 488) [parasba] বি. অন্যের ধন বা ঐশ্বর্য। [সং. পর3 + স্ব]।˜ .হরণ, পরস্বাপ-হরণ বি. পরের ধন আত্মসাত্ করা।˜ .হারী (-রিন্), পরস্বাপ-হারী (-রিন্) বিণ. পরধন আত্মসাৎকারী।

পরস্মৈ-পদ (p. 495) [parasmai-pada] বি. (সং. ব্যাক.) 'অন্যের নিমিত্ত কৃত' এই অর্থপ্রকাশ ধাতুবিভক্তিবিশেষ। [সং. পরস্মৈ + পদ]। পরস্মৈ-পদী বিণ. 1 পরস্মৈপদে ব্যবহৃত হয় এমন (পরস্মৈ-পদী ধাতু); 2 (ব্যঙ্গে) অন্যের টাকা বা পরিশ্রম ভোগ করে এমন; পরের (পরস্মৈপদী টাকায় বাবুগিরি)।

পর-হিংসা (p. 495) [para-hiṃsā] বি. 1 পরের ক্ষতিসাধন; 2 অন্যের ক্ষতিসাধনের চিন্তা; 3 অন্যের প্রতি বিদ্বেষ। [সং. পর3 + হিংসা]। পর-হিংসক বিণ. বি অন্যের ক্ষতিকারক, অন্যের ক্ষতি করে এমন।

পর-হিত (p. 495) [para-hita] বি. অপরের মঙ্গল, পরোপকার (পরহিতে জীবনদান)। [সং. পর3 + হিত]।˜. ব্রত বি. পরোপকাররূপ ব্রত। □ বিণ.

পরোপকার করাই যার ব্রত। পর-হিতাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ. পরের উপকার করতে আগ্রহী বা ইচ্ছুক।

পর-হিতৈষণা (p. 495) [para-hitaiṣaṇā] বি. পরোপকারের ইচ্ছা বা চেষ্ঠা।[সং. পর3 + হিতৈষণ্য]।

পর-হিতৈষী (p. 495) [para-hitaiṣī] (-ষিণ্) বিণ. অপরের উপকার করতে ইচ্ছুক; অপরের মঙ্গলাকাঙ্ক্ষী; অপরের মঙ্গল চায় এমন। [সং. পর3 + হিতৈষী]।

পরা1 (p. 495) [parā1] দ্র পর4।

পরা2 (p. 495) [parā2] উপ. আতিশয্য বৈপরীত্য ইত্যাদি সূচক (পরক্রম, পরাজয়) [সং. পৃ + আ]।

পরা3 (p. 495) [parā3] বিণ. পরমা, শ্রেষ্ঠা, প্রধানা (পরা প্রকৃতি, পরা বিদ্যা) [সং. √ পৃ + অ + আ]।

পরা4 (p. 495) [parā4] ক্রি. পরিধান করা অঙ্গে ধারণ করা (জামা পরা, কপালে টিপ পরা) বি □ বি. পরিধান, অঙ্গে ধারণ (পরা না-পরা দুই-ই সমান)। □ বিণ. পরিহিত (জুতোপরা পা)˜ নো ক্রি. বি. পরিধান করানো। □ বিণ. উক্ত অর্থে।

পরা-করণ (p. 495) [parā-karaṇa] বি. 1 ঘৃণা করা অবহেলা; 2 প্রত্যাখান। [পরা2 + কৃ + অন]। বিণ. পরা-কৃত।

পরা-কাষ্ঠা (p. 495) [parā-kāṣṭhā] বি. চরম উৎকর্ষ, চরম সীমা, চূড়ান্ত ('মুখের ভাবে বিনয়ের পরাকাষ্ঠা': রবীন্দ্র)।[সং. পরা3 + কাষ্ঠা (সীমা)]।

পরা-কৃত (p. 495) [parā-kṛta] বিণ. 1 ঘৃণা বা অবজ্ঞা করা হয়েছে এমন, উপেক্ষিত, অবহেলিত; 2 প্রত্যাখ্যাত। [সং. পরা2 + √কৃ + ত]।

পরা-ক্রম (p. 495) [parā-krama] বি. বল, বিক্রম, বীরত্ব, দাপট [সং. পরা2 + √ক্রম্ + অ]।˜ শালী (-লিন্) বিণ. বলশালী, তেজী, বীরত্বপূর্ণ (পরাক্রমশালী রাজা) বি.˜ শালিতা।

পরা-ক্রান্ত (p. 495) [parā-krānta] বিণ. পরাক্রমশালী, তেজী, বীরত্বপূর্ণ।[সং. পরা2 + √ ক্রম্ + ত]। স্ত্রী. পরা-ক্রান্তা।

পরাগ (p. 495) [parāga] বি. ফুলের রেণু, পুষ্পরজ, pollen [সং. পরা2 + √গম্ + অ]।˜ কেশর বি. ফুলের যে কেশরে পরাগ থাকে, stamen.˜ ধানী বি. পরাগকেশরের শীর্ষভাগ-যেখানে পরাগ থাকে, anther (বি.প.)।˜ মিলন বি. ফুলের গর্ভকেশরে পরাগ ছড়ানো, pollination (বি. প.)। পরাগিত বিণ. পরাগযুক্ত, pollinated (বি. প.)।˜ স্থলী বি. পরাগধানীর কোটর যার মধ্যে পরাগ থাকে, plooen-sac (বি.প.)।

পরা-গত1 (p. 495) [parā-gata1] বিণ. 1 ব্যাপ্ত; 2 যুক্ত; 3 বিকশিত।[সং. পরা2 + √ গম্ +ত]।

পরাগত2 (p. 495) [parāgata2] বিণ. 1 প্রত্যাগত; 2 পিছনে বা পরে আগত। [সং. পরা2 + আগত]। পরাগত সমীভবন বি. (ভাষাতত্ত্বে) পশ্চাদ্বতী ধ্বনির প্রভাবে পূর্বধ্বনির পরিবর্তন, regresive assimilation যথা ধম্ম < ধর্ম, তজ্জন্য < তৎজন্য।

পরাঙ্মুখ, পরাঙ্-মুখ (p. 495) [parāṅmukha, parāṅ-mukha] বিণ. 1 মুখ ফিরিয়ে রয়েছে এমন, বিমুখ (সাহায্যদানে পরাঙ্মুখ); 2 নিবৃত্ত (সত্যভাষণে আমি পরাঙ্মুখ নই)। [সং. পরাক্ (=বিপরীত দিকে) মুখ]।

পরা-জয় (p. 495) [parā-jaẏa] বি. হার, পরাভব। [সং. পরা2 + √জি + অ]। পরা-জিত বিণ. পরাভূত, হেরে গেছে এমন। স্ত্রী পরা-জিত। পরা-জেয় বিণ. যাকে হারানো যায়।

পরাণ-পরাণ (p. 495) [parāṇa-parāṇa] এর বর্জি. বানান।

পরাত (p. 495) [parāta] বি. বড়ো থালাবিশেষ।[পো. prato]।

পরাত্-পর (p. 495) [parāt-para] বিণ. শ্রেষ্ঠ অপেক্ষাও শ্রেষ্ঠ, সর্বশ্রেষ্ঠ। □ বি. পরমেশ্বর।[সং. পরাত্ (শ্রেষ্ঠ হতে) + পর (শ্রেষ্ঠ)]। স্ত্রী. পরাত্-পরা।

পরাত্মা (p. 495) [parātmā] (-ত্মন্) বি. পরমাত্মা।[সং. পর3 + আত্মন্]।

পরাধি-কার (p. 495) [parādhi-kāra] বি. 1 অপরের অধিকার, যেখানে নিজের অধিকার নেই (পরাধিকার চর্চা); 2 আনুগত্য, পরাধীনতা, অন্যের বাধ্যতা (এ দেশ আর কতকাল পরাধিকারে থাকবে)। [সং. পর3 + অধিকার]।

পরাধীন (p. 495) [parādhīna] বিণ. পরের অধীন, পরবশ। বি.˜ তা। স্ত্রী. পরাধীনা।

পরান-প্রাণ (p. 495) [parāna-prāṇa] এর কোমল রূপ ('আমার পরান যাহা চায়': রবীন্দ্র)।

পরান্তক (p. 495) [parāntaka] বি. সৃষ্টির সংহারকর্তা মহাদেব, শিব। [সং. পর (সংসার) + অন্তক]।

পরান্ন (p. 495) [parānna] বি. পরের অন্ন অর্থাত্ যে অন্নের অধিকারী বা রন্ধনকারী অন্য কেউ। [সং. পর3 + অন্ন]।˜ .জীবী (-বিন্) বিণ. পরের অন্ন খেয়ে জীবনধারণ করে এমন।˜ .পুষ্ট বিণ. পরের অন্নে প্রতিপালিত ও পুষ্ট।˜ .ভোজী (-জিন্) বিণ. পরান্নভোজনকারী; পরোপজীবী।

পরাপর (p. 495) [parāpara] বি. আপনপর, আত্মপর (পরাপর ভেদ না করা)। [সং. পর + অপর]।

পরা-বর্ত (p. 495) [parā-barta] বি. 1 বিনিময়, বদল, একটির সঙ্গে অন্যটির পরস্পর বদল; 2 প্রত্যাবর্তন, ফিরে আসা।[সং. পরা2 + √বৃত + অ]।

পরা-বর্তন (p. 495) [parā-bartana] বি. 1 প্রত্যাবর্তন, প্রত্যাগমন; 2 প্রতিফলন। [সং. পরা2 + √বৃত + অন]।

পরা-বর্তিত (p. 495) [parā-bartita] বিণ. ফেরার বা ফিরিয়ে আনা হয়েছে এমন, প্রত্যাবর্তিত।[সং. পরা2 + √ বৃত + ণিচ্ + ত]।

পরা-বৃত্ত (p. 495) [parā-bṛtta] বি. (জ্যামি.) শঙ্কু ও সমতলের পরস্পর ছেদন থেকে উৎপন্ন বক্ররেখাবিশেষ, hyperbola (বি. প.)। [সং. পরা2 + বৃত্ত]।

পরা-বৃত্ত2 (p. 496) [parā-bṛtta2] বিণ. 1 ফিরে এসেছে এমন, প্রত্যাবৃত্ত; 2 পলায়িত; 3 পরিবর্তিত। [সং. পরা2 +√ বৃত্ + ত]। পরা-বৃত্তি বি. প্রত্যাবর্তন; পলায়ন।

পরা-ভব (p. 496) [parā-bhaba] বি. পরাজয়, হার (শিষ্যের কাছে গুরুর পরাভব)। [সং. পরা2 + √ ভূ + অ]। পরা-ভূত বিণ. পরাজিত। স্ত্রী. পরা-ভূতা।

পরা-মর্শ (p. 496) [parā-marśa] বি. 1 মন্ত্রণা, যুক্তি, আলোচনা (সকলে মিলে পরামর্শ করতে বসল); 2 উপদেশ, কর্তব্য সম্পর্কে অভিমত (এ ব্যাপারে তাঁর পরামর্শ নেওয়া দরকার)। [সং. পরা2 + √ মৃশ্ + অ]। পরামর্শ করা ক্রি. বি. (অন্যের সঙ্গে) মন্ত্রণা বা যুক্তি করা। পরামর্শ দেওয়া ক্রি. বি. কর্তব্য সম্পর্কে অন্য লোককে বুদ্ধি দেওয়া বা উপদেশ দেওয়া।

পরা-মর্ষ (p. 496) [parā-marṣa] বি. 1 সহন, সহ্য করা; 2 ক্ষমা। [সং.পরা2 + √ মৃষ্ (=ক্ষমা) + অ]।

পরা-মানিক (p. 496) [parā-mānika] বি. নাপিত। [সং. প্রামাণিক]।

পরায়ণ1 (p. 496) [parāẏaṇa1] বি. 1 শ্রেষ্ঠ আশ্রয় বা অবলম্বন; 2 বিষ্ণু। [সং. পর (একমাত্র) + অয়ন]।

পরায়ণ2 (p. 496) [parāẏaṇa2] বিণ. 1 অত্যন্ত আসক্ত; 2 একনিষ্ঠ (কর্তব্য পরায়ণ)। [সং. পর (প্রধান) + অয়ন]। স্ত্রী. পরায়ণা।

পরায়ত্ত (p. 496) [parāẏatta] বিণ. পরের অধিকারভুক্ত বা অধীন (পরায়ত্ত ধন)। [সং. পর3 + আয়ত্ত]।

পরার্থ (p. 496) [parārtha] বি. পরের উপকার; পরের প্রয়োজন। [সং. পর3 + অর্থ (প্রয়োজন)]।˜ পর বিণ. পরোপকারপরায়ণ। বি.˜ পরতা। পরার্থে ক্রি-বিণ. পরের জন্য (পরার্থে জীবনদান)।˜ বাদ, পরার্থিতা বি. পরহিতের জন্যই মানুষের জন্ম এই দার্শনিক মত, altruism (বি. প.)।

পরার্ধ (p. 496) [parārdha] বি. 1 শেষার্ধ (গ্রন্হের পরার্ধ এখনও অপঠিত); 2 শত সহস্র লক্ষ কোটি সংখ্যা 1,,,,,,,,; 3 ব্রহ্মার আয়ুর দ্বিতীয়ার্ধ। [সং. পর3 + অর্ধ্]।

পরাশর (p. 496) [parāśara] বি. পৌরাণিক ঋষিবিশেষ, ব্যাসদেবের পিতা ও ধর্মশাস্ত্রের সংকলয়িতা।˜ সংহিতা বি. পরাশর কর্তৃক সংকলিত ধর্মীয় অনুশাসন।

পরাশ্রয় (p. 496) [parāśraẏa] বি. অন্যের আশ্রয়; অন্যের গৃহ। [সং. পর3+ আশ্রয়]। পরাশ্রয়ী (-য়িন্) বিণ. অপরকে আশ্রয় বা অবলম্বন করে এমন (পরাশ্রয়ী ছাত্র, পরাশ্রয়ী লতা)। □ বি. পরগাছা; পরভুক প্রাণী বা জীবাণু, parasite. পরাশ্রিত বিণ. অপরের আশ্রিত, পরপালিত। স্ত্রী. পরাশ্রিতা।

পরাস্ত (p. 496) [parāsta] বিণ. পরাজিত, পরাভূত, হেরে গেছে এমন (তাঁকে অস্ত্রযুদ্ধে পরাস্ত করা সম্ভব নয়)। [সং. পরা2 + √ অস্ + ত]।

পরাহ (p. 496) [parāha] বি. পরবর্তী দিন, পরের দিন। [সং. পর3 +অহন্]।

পরা-হত (p. 496) [parā-hata] বিণ. 1 পরাজিত; 2 আক্রান্ত; 3 বাধাপ্রাপ্ত, ব্যাহত (জীবনযাত্রায় পরাহত, সুদূরপরাহত)। [সং. পরা2 + √ হন্ + ত]।

পরাহ্ন (p. 496) [parāhu] বি. অপরাহ্ন; বিকালবেলা। [সং. পর3 +অহন্ + অ]।

পরি1 (p. 496) [pari1] সম্যক ব্যাপ্তি বিশিষ্টতা বিরোধ নিন্দা প্রভৃতি সূচক উপসর্গবিশেষ (পরিমাণ, পরিবাদ, পরিণাম)। [সং. √ পৃ + ই]।

পরি2, (বর্জি.) পরী (p. 496) [pari2, (barji.) parī] বি. (রূপকথায়) 1 ডানাযুক্তা উপদেবীবিশেষ; 2 (আল.) অতি সুন্দরী নারী। [ফা. পরী]। ডানাকাটা পরি (আল.) নিখুঁত সুন্দরী নারী।

পরি-কর (p. 496) [pari-kara] বি. 1 কটিবন্ধ (বদ্ধপরিকর); 2 সহচর, সহকারী; 3 পরিজন (পরিকরসহ সভায় এলেন)। [সং. পরি + √ কৃ + অ]।

পরি-কর্তা (p. 496) [pari-kartā] (-র্তৃ) বি. জ্যেষ্ঠ অবিবাহিত থাকতে কনিষ্ঠের বিবাহের পুরোহিত। [সং. পরি + কর্তা]।

পরি-কর্ম (p. 496) [pari-karma] (-র্মন্) বি. প্রসাধন, সৌন্দর্যবর্ধন; সাজসজ্জা করা। [সং. পরি + কর্মন্]। পরি-কর্মা (-র্মন্) বি. ভৃত্য, পরিচারক।

পরি-কর্ষ (p. 496) [pari-karṣa] বি. 1 আকর্ষণ; 2 উন্নতি। [সং. পরি+ √ কৃষ্ + অ]।

পরি-কল্পক (p. 496) [pari-kalpaka] বি. পরিকল্পনাকারী, পরিকল্পনা রচনাকারী সরকারি আধিকারিক, planning officer. [সং. পরি + √ কল্পি + অক]।

পরি-কল্পনা (p. 496) [pari-kalpanā] বি. 1 পরিচিন্তন, চিন্তা; 2 রচনাদির প্রণালী বা নকশা; plan; 3 কাজের প্রণালী বা নকশা সম্পর্কে চিন্তন বা উদ্ভাবন, planning. [সং. পরি + কল্পনা; পরি + √ কল্পি + অন + আ]। পরিকল্পনা আধিকারিক বি. পরিকল্পনা রচনাকারী সরকারি কর্মচারী, planning officer (স. প.)। পরি-কল্পিত বিণ. 1 পরিকল্পনা করা হয়েছে এমন; 2 স্থিরীকৃত, সংকল্পিত (পূর্বপরিকল্পিত)।

পরি-কীর্ণ (p. 496) [pari-kīrṇa] বিণ. 1 বিক্ষিপ্ত; 2 বিস্তৃত, ব্যাপ্ত ('পরিকীর্ণ দিগন্ত': রবীন্দ্র)। [সং. পরি + √ কৃ + ত]।

পরি-কীর্তন (p. 496) [pari-kīrtana] বি. বিশেষভাবে কথন বা প্রশংসা (গুণ পরিকীর্তন)। [সং. পরি + কীর্তন]। পরি-কীর্তিত বিণ. বিশেষভাবে কথিত বা প্রশংসিত (এই গ্রন্হে তাঁর গুণ পরিকীর্তিত হয়েছে)।

পরি-কেন্দ্র (p. 496) [pari-kēndra] বি. (জ্যামি.) সীমারেখা স্পর্শ করে অঙ্কিত বৃত্তের কেন্দ্র, circumcentre (বি. প.)। [সং. পরি + কেন্দ্র]।

পরি-ক্রম, পরি-ক্রমণ (p. 496) [pari-krama, pari-kramaṇa] বি. 1 ভ্রমণ (নগর পরিক্রমণ); 2 প্রদক্ষিণ, চতুর্দিকে ঘোরা; 3 পায়চারি। [সং. পরি + √ ক্রম্ + অ, অন]। পরি-ক্রমা বি. 1 ভ্রমণ (তীর্থ পরিক্রমা, বিদেশ পরিক্রমা); 2 (আল.) পর্যালোচনা (সাহিত্য পরিক্রমা)।

পরি-ক্লিষ্ট (p. 496) [pari-kliṣṭa] বিণ. অত্যন্ত ক্লেশপ্রাপ্ত বা কষ্ট পেয়েছে এমন। [সং. পরি + ক্লিষ্ট]।

পরি-ক্ষিপ্ত (p. 496) [pari-kṣipta] বিণ. 1 বিক্ষিপ্ত; 2 পরিত্যক্ত; 3 (চতুর্দিক থেকে) বেষ্টিত, পরিবেষ্টিত (প্রাচীরপরিক্ষিপ্ত দুর্গ, 'তত্ত্বদর্শনের পরিক্ষিপ্ত যুক্তিজাল': সু. দ.)। [সং. পরি + √ ক্ষিপ্ + ত]।

পরি-ক্ষেপ (p. 496) [pari-kṣēpa] বি. 1 বিক্ষেপ; 2 পরিত্যাগ; 3 পরিবেষ্টন। [সং. পরি + √ ক্ষিপ্ + অ]।

পরিখা (p. 497) [parikhā] বি. শত্রুর আক্রমণ রোধের উদ্দেশ্যে দুর্গ, রাজধানী প্রভৃতির চারদিকে নির্মিত খাত, গড়খাই। [সং. পরি + √ খন্ + অ + আ]।

পরি-খ্যাত (p. 497) [pari-khyāta] বিণ. বিশেষভাবে প্রসিদ্ধ, সুবিখ্যাত। [সং. পরি + খ্যাত]।

পরি-গণন, পরি-গণনা (p. 497) [pari-gaṇana, pari-gaṇanā] বি. বিশেষভাবে গণনা। [সং. পরি + গণন, গণনা]। পরি-গণিত বিণ. 1 বিশেষভাবে গণনা করা হয়েছে এমন; 2 বিবেচিত (তিনি সাধু ব্যক্তি বলে পরিগণিত)। স্ত্রী. পরি-গণিতা।

পরি-গত (p. 497) [pari-gata] বিণ. 1 বিশেষভাবে জ্ঞাত; 2 বিশেষভাবে প্রাপ্ত; 3 বিস্তৃত, ব্যাপ্ত। [সং. পরি + √ গম্ + ত]।

পরি-গম (p. 497) [pari-gama] বি. পারিপার্শ্বিক অবস্থা, পরিবেশ, প্রতিবেশ, environment (বি. প.)। [সং. পরি + √ গম্ + অ]।

পরিগৃহীত (p. 497) [parigṛhīta] দ্র পরিগ্রহ।

পরি-গ্রহ (p. 497) [pari-graha] বি. 1 বিশেষভাবে গ্রহণ বা স্বীকার (দারপরিগ্রহ); 2 ধারণ (মানবরূপ পরিগ্রহ); 3 পরিধান (নববেশ পরিগ্রহ); 4 (বিরল) পত্নী (অপরিগ্রহ)। [সং. পরি + √ গ্রহ্ + অ]। পরি-গৃহীত বিণ. 1 গ্রহণ

বা স্বীকার করা হয়েছে এমন; 2 ধারণ বা পরিধান করা হয়েছে এমন। পরি-গ্রাহক বি. পরিগ্রহকারী। স্ত্রী. পরি-গ্রাহিকা।

পরিঘ (p. 497) [parigha] বি. 1 মুদ্গরজাতীয় প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ; 2 অর্গল বা হুড়কো। [সং. পরি + √ হন্ + অ]।

পরি-ঘাত, পরি-ঘাতন (p. 497) [pari-ghāta, pari-ghātana] বি. 1 পরিঘ; 2 হনন, হত্যা; 3 মারাত্মক আঘাত। [সং. পরি + √ হন্ + ণিচ্ + অ, অন]।

পরি-চয় (p. 497) [pari-caẏa] বি. 1 আলাপ, জানাশোনা (তার সঙ্গে আমার পরিচয় আছে); 2 নামধাম বংশ প্রভৃতির বিবরণ (লোকটির পরিচয় জানি না); 3 অভিজ্ঞতা (পর্বতারোহণের কষ্ট সম্বন্ধে আমার যথেষ্ট পরিচয় আছে); 4 চিহ্ন অভিজ্ঞান, নিদর্শন (ভদ্রতার পরিচয়); 5 প্রণয়, ভালোবাসা ('নবপরিচয় কালিয়া বঁধুর সনে': চণ্ডী)। [সং. পরি + √ চি + অ]।˜ পত্র বি. কারও সম্পর্কে জ্ঞাতব্য তথ্যসংবলিত পত্র, পরিচিতির পত্র।

পরি-চর (p. 497) [pari-cara] বি. অনুচর; ভৃত্য। [সং. পরি + √ চর্ + অ]।

পরি-চরণ (p. 497) [pari-caraṇa] বি. 1 সেবা; 2 পরিচর্যা। [সং. পরি +√ চর্ + অন]।

পরি-চর্যা (p. 497) [pari-caryā] বি. 1 সেবা; শুশ্রূষা (রোগীর পরিচর্যা); 2 পূজা (দেবপরিচর্যা)। [সং. পরি + √ চর্ + য + আ]।

পরি-চলন (p. 497) [pari-calana] বি. 1 সঞ্চালন, এক স্থান থেকে অন্য স্থানে গমনাগমন; 2 (বিজ্ঞা.) বায়ব ও তরল পদার্থের প্রবাহের সঙ্গে তাপ ও তড়িতের সঞ্চলন, convection (বি. প.)। [সং. পরি + √ চল্ + অন]।

পরি-চায়ক (p. 497) [pari-cāẏaka] বিণ. 1 জ্ঞাপক, সূচক, প্রতীক (দূর্বলতার পরিচায়ক, মহত্ত্বের পরিচায়ক); 2 পরিচয়দানকারী (পথপরিচায়ক)। [সং. পরি + √ চি + অক]। স্ত্রী. পরি-চায়িকা।

পরি-চারক (p. 497) [pari-cāraka] বি. 1 ভৃত্য; 2 সেবক। [সং. পরি + √ চর্ + অক]। স্ত্রী. পরি-চারিকা।

পরি-চালক (p. 497) [pari-cālaka] বিণ. বি. 1 পরিচালনাকারী, manager (স.প.); 2 নির্দেশক, নাটকাদির নির্দেশক, director; 3 ট্রাম বাস প্রভৃতির কনডাক্টর, conductor (স.প.); 4 অধ্যক্ষ, অধিনায়ক (তিনিই এই কর্মকাণ্ডের পরিচালক); 5 সঞ্চালনকারী। [সং. পরি + √ চল্ + ণিচ্ + অক]। স্ত্রী. পরি-চালিকা।

পরি-চালন, পরি-চালনা (p. 497) [pari-cālana, pari-cālanā] বি. 1 কার্যনির্বাহ; 2 শাসনকার্য, শাসন, administration (স.প.); 3 নিয়ন্ত্রণ; 4 অধ্যক্ষতা; 5 চলচ্চিত্র, নাটকাভিনয় ইত্যাদির নির্দেশনা; 6 সঞ্চালন। [সং. পরি + √ চল্ + ণিচ্ + অন, আ]। পরি-চালিত বিণ. পরিচালনা করা হয়েছে বা হচ্ছে এমন।

পরি-চিত (p. 497) [pari-cita] বিণ. 1 পরিচয় জানা আছে এমন (লোকটি কারও পরিচিত নয়); 2 চেনা বা জানা, জ্ঞাত (পরিচিত বিষয়); 3 অভ্যস্ত (এই পরিবেশের সঙ্গে আমি পরিচিত)। [সং. পরি + √ চি + ত]। স্ত্রী. পরি-চিতা। পরি-চিতি বি. পরিচয়।

পরি-চিন্তন (p. 497) [pari-cintana] বি. 1 বিশেষভাবে চিন্তা; মনন; 2 পরিকল্পনা। [সং. পরি + চিন্তন]। পরি-চিন্তিত বিণ. বিশেষভাবে চিন্তিত; পরিকল্পিত।

পরি-চেয় (p. 497) [pari-cēẏa] বিণ. পরিচয়ের যোগ্য। [সং. পরি + √ চি + য]।

পরিচ্ছদ (p. 497) [paricchada] বি. 1 আচ্ছাদন, যা দিয়ে ঢাকা হয়; 2 পোশাক, পরনের জামাকাপড়। [সং. পরি + √ ছদ্ + ণিচ্ + অ]।

পরিচ্ছন্ন (p. 497) [paricchanna] বিণ. 1 পরিষ্কার, অমলিন (পরিচ্ছন্ন জামাকাপড়); 2 গোছানো, ফিটফাট (সবসময় ঘরদোর পরিচ্ছন্ন রাখে); 3 দুর্নীতিমুক্ত (পরিচ্ছন্ন প্রশাসন)। [সং. পরি + √ ছদ্ + ত]। বি. ˜ তা।

পরিচ্ছিন্ন (p. 497) [paricchinna] বিণ. 1 বিভক্ত; 2 বিছিন্ন; 3 সীমাবদ্ধ; 4 পরিচিত। [সং. পরি + জ্ঞাত]।

পরিচ্ছেদ (p. 497) [paricchēda] বি. 1 অংশ (হাড়ের পরিচ্ছেদ, গাছের কাণ্ডের পরিচ্ছেদ); 2 বইয়ের অধ্যায়; 3 সীমা, অবধি (প্রাণান্তকর পরিচ্ছেদ); 4 নির্ণয়, নির্ধারণ। [সং. পরি + √ ছিদ্ + অ]।

পরি-জন (p. 497) [pari-jana] বি. 1 পরিবারের লোক; 2 পোষ্য ব্যক্তি; 3 স্বজন, আত্মীয় (পরিবারপরিজন); 4 পরিচারক, ভৃত্য। [সং. পরি + জন]।

পরি-জ্ঞাত (p. 497) [pari-jñāta] বিণ. বিশেষভাবে বা সম্যকভাবে জ্ঞাত বা পরিচিত। [সং. পরি + জ্ঞাত]।

পরি-জ্ঞান (p. 497) [pari-jñāna] বি. 1 সম্যক জ্ঞান বা পরিচয়; 2 অন্তর্দৃষ্টি, insight (বি.প.)। [সং. পরি + জ্ঞান]।

পরি-ণত (p. 497) [pari-ṇata] বিণ. 1 পরিপক্ক (পরিণত ফল, পরিণত জ্ঞান); 2 সম্পূর্ণ বৃদ্ধিপ্রাপ্ত (পরিণত বয়স); 3 পর্যবসিত (নীতিকে কাজে পরিণত করা); 4 বিশেষ অবস্থাপ্রাপ্ত বা অবস্থান্তর প্রাপ্ত (আলাপ অবশেষে প্রেমে পরিণত); 5 শেষ বা চরম অবস্থায় উপনীত। [সং. পরি + √ নম্ + ত]। পরি-ণতি বি. 1 পূর্ণতাপ্রাপ্তি; 2 পর্যবসান; 3 অবস্থা বা অবস্থান্তরপ্রাপ্তি; 4 পরিসমাপ্তি বা শেষ (বিয়োগান্ত পরিণতি)।

পরি-ণদ্ধ (p. 497) [pari-ṇaddha] বিণ. 1 সম্বদ্ধ, দৃঢ়ভাবে যুক্ত; 2 পরিবেষ্টিত; 3 বিস্তৃত, ব্যাপ্ত। [সং. পরি + √ নহ্ + ত]।

পরি-ণয়, পরি-ণয়ন (p. 498) [pari-ṇaẏa, pari-ṇaẏana] বি. বিবাহ (শুভ পরিণয়)। [সং. পরি + √ নী+ অ, অন]।

পরি-ণাম (p. 498) [pari-ṇāma] বি. 1 শেষ অবস্থা বা দশা, পরিণতি, ফলাফল (এর পরিণাম কী ভালো হবে?); 2 অবস্থান্তরপ্রাপ্তি; 3 আখের, ভবিষ্যত্। [সং. পরি + √ নম্ + অ]।˜ দর্শিতা বি. পরিণামে বা ভবিষ্যতে কী ঘটবে তা বুঝতে পারা বা বোঝার ক্ষমতা।˜ দর্শী (-র্শিন্) বিণ. দূরদর্শী, পরিণাম বুঝতে পারে এমন।

পরি-ণাহ, পরী-ণাহ (p. 498) [pari-ṇāha, parī-ṇāha] বি. 1 বিস্তার, প্রসার ('প্রত্যক্ষের পরীণাহ মেপে যাদের সংসার যাত্রা': সু. দ.); 2 বাহ্যরেখা, সীমান্ত রেখা, contour (বি. প.)। [সং. পরি + √ নহ্ + অ]।

পরি-ণীত (p. 498) [pari-ṇīta] বিণ. বিবাহিত। [সং. পরি + √ নী + ত]। স্ত্রী. পরি-ণীতা।

পরি-ণেতা (p. 498) [pari-ṇētā] (-তৃ) বি. 1 বিবাহকর্তা, যে বিবাহ করে; 2 স্বামী। [সং. পরি + √ নী + তৃ]।

পরি-ণেয় (p. 498) [pari-ṇēẏa] বিণ. বিবাহের যোগ্য, বিবাহ করা যায় এমন। [সং. পরি + √ নী + য]।

পরি-তাপ (p. 498) [pari-tāpa] বি. 1 বিশেষ দুঃখ, মনস্তাপ বা খেদ; 2 আফশোস (বড়োই পরিতাপের বিষয়)। [সং. পরি + তাপ]।

পরি-তুষ্ট (p. 498) [pari-tusṭa] বিণ. অতিশয় তৃপ্ত বা আনন্দিত, অতি খুশি। [সং. পরি + তুষ্ঠ]। স্ত্রী. পরি-তুষ্টা। পরি-তুষ্টি বি. গভীর তৃপ্তি, গভীর আনন্দ, পরিতোষ।

পরি-তৃপ্ত (p. 498) [pari-tṛpta] বিণ. অতিশয় বা সম্পূর্ণরূপে তৃপ্ত (পরিতৃপ্ত অন্তর)। [সং.পরি + তৃপ্ত]। পরি-তৃপ্তি বি. গভীর বা পূর্ণ তৃপ্তি (ক্ষুধায় পরিতৃপ্তি)।

পরি-তোষ (p. 498) [pari-tōṣa] বি. গভীর তৃপ্তি, আনন্দ বা সন্তোষ (পরিতোষ বিধান করা, পরিতোষ লাভ করা)। [সং. পরি + √ তুষ্ + অ]। বিণ. পরিতুষ্ট।

পরি-ত্যক্ত (p. 498) [pari-tyakta] বিণ. 1 বর্জিত, ত্যক্ত (বন্ধুদের দ্বারা পরিত্যক্ত); 2 ফাঁকা, যেখানে কেউ বাস করে না (পরিত্যক্ত বাড়ি)। [সং. পরি + √ ত্যজ্ + ত]। পরিত্যক্তা বিণ. (স্ত্রী.) বর্জিতা, যাকে ত্যাগ করা হয়েছে (স্বামীপরিত্যক্তা)।

পরি-ত্যাগ (p. 498) [pari-tyāga] বি. বর্জন, পরিহার, ত্যাগ (গৃহ পরিত্যাগ, সংসার পরিত্যাগ)। [সং. পরি + ত্যাগ]।

পরি-ত্যাজ্য (p. 498) [pari-tyājya] বিণ. বর্জনীয়, ত্যাগের যোগ্য, যা বা যাকে ত্যাগ করা যায় বা ত্যাগ করা উচিত। [সং. পরি + √ ত্যজ্ + য]। স্ত্রী. পরিত্যাজ্যা।

পরিত্রাণ (p. 498) [paritrāṇa] বি. নিষ্কৃতি, নিস্তার, উদ্ধার, মুক্তি (বিপদ থেকে পরিত্রাণ পাওয়া)। [সং. পরি + ত্রাণ]। পরিত্রাতা বিণ. বি. পরিত্রাণকারী। পরি-ত্রাহি ক্রি. রক্ষা করো, বাঁচাও।

পরি-দর্শক (p. 498) [pari-darśaka] বিণ. বি. পর্যবেক্ষক; পরিদর্শনকারী, inspec tor (স.প.)। [সং. পরি + দর্শক]।

পরিদর্শন (p. 498) [paridarśana] বি. 1 সম্যক দর্শন; 2 পর্যবেক্ষণ; 3 তত্ত্বাবধান; 4 অবস্থা ও ক্রিয়াকলাপ বোঝার জন্য দর্শন, inspec tion (স. প.)। [সং. পরি + দর্শন]। পরি-দর্শী (-র্শিন্) বিণ. পরিদর্শন করে এমন, inspecting (স.প.)।

পরি-দৃশ্য-মান (p. 498) [pari-dṛśya-māna] বিণ. চতুর্দিকে দেখা যাচ্ছে বা দৃষ্টিগোচর হচ্ছে এমন; সুস্পষ্ট। [সং.পরি + দৃশ্যমান]।

পরিদৃষ্ট (p. 498) [paridṛṣṭa] বিণ. সম্যক দৃষ্ট। [সং. পরি + দৃষ্ট]।

পরি-দেবন, পরি-দেবনা (p. 498) [pari-dēbana, pari-dēbanā] বি. 1 খোদোক্তি, বিলাপ (বালীর মৃত্যুতে তারার পরিদেবনা); 2 অনুতাপ, অনুশোচনা। [সং. পরি + √ দিব্+ অন, আ]।

পরি-ধান (p. 498) [pari-dhāna] বি. 1 পরিধেয় জামাকাপড় ইত্যাদি, পোশাক ('নানা ভাষা নানা মত নানা পরিধান': অ. সে.); 2 অঙ্গে ধারণ, পরন। [সং.পরি + √ ধা + অন]।

পরিধায়ী (p. 498) [paridhāẏī] (-য়িন্) বিণ. পরিধানকারী, পরে বা পরেছে এমন (নববস্ত্রপরিধায়ী)। [সং. পরি + √ ধা + ইন্]।

পরিধি (p. 498) [paridhi] বি. 1 বৃত্তের বেষ্টনরেখা, circumference (বি. প.); 2 চতুর্দিকের সীমারেখা, বেড়, periphery (বি. প.)। [সং. পরি + √ ধা + ই]।˜ মাপক বি. ক্ষেত্রাদির সীমারেখা বা বাহুসমষ্টি, পরিসীমা, perimeter।

পরি-ধেয় (p. 498) [pari-dhēẏa] বিণ. পরিধানযোগ্য, পরা হয় এমন (পরিধেয় বস্ত্র)। □বি. পরনের জামাকাপড় ইত্যাদি (সঙ্গে ছিল কেবল কিছু পরিধেয়)। [সং. পরি + √ধা + য]।

পরিনির্বাণ (p. 498) [parinirbāṇa] বি. 1 মোক্ষ, ভববন্ধন থেকে মুক্তি; 2 বৌ. শা.) মহাপ্রয়াণ (বুদ্ধদেবের মহাপরিনির্বাণ)। [সং. পরি + নির্বাণ]।

পরি-পক্ব (p. 498) [pari-pakba] বিণ. 1 সম্পূর্ণ পাকা, সুপক্ব; 2 পরিণত; 3 বিচক্ষণ (পরিপক্ব বুদ্ধি, পরিপক্ব জ্ঞান)। [সং. পরি + পক্ব]। বি.˜ তা।

পরি-পত্র (p. 498) [pari-patra] বি. সরকারি ঘোষণা বা বিজ্ঞপ্তি, circular (স. প.)। [সং. পরি + পত্র]।

পরি-পন্হী (p. 498) [pari-panhī] (-ন্হিন্) বিণ. 1 প্রতিকূল; 2 বাধাদায়ক, বাধাস্বরূপ (শান্তির পরিপন্হী); 3 বিরোধী (তোমার বক্তব্য আমার মতের পরিপন্হী); 4 শত্রুভাবাপন্ন। [সং. পরি + √ পন্হ + ইন্]।

পরি-পাক (p. 498) [pari-pāka] বি. 1 হজম (পরিপাকশক্তি); 2 সহ্য করা, মেনে নেওয়া (এই অপমান পরিপাক করা যায় না)। [সং. পরি + √ পচ্ + অ]।

পরি-পাটি (p. 498) [pari-pāṭi] বি. 1 সুবিন্যাস; 2 শৃঙ্খলা; 3 নৈপুণ্য। □ বিণ. 1 সুবিন্যস্ত (পরিপাট পোশাক); 2 সুশৃঙ্খল (পরিপাটি কাজকর্ম, পরিপাটি সংসার); 3 নিপুণ (পরিপাটিরূপে সাজানো, পরিপাটি অভিনয়)। [সং. পরি + পাটি1]।

পরি-পার্শ্ব (p. 498) [pari-pārśba] বি. চারদিক; চারদিকের অবস্থা। [সং. পরি + পার্শ্ব]। বিণ. পারি-পার্শ্বিক।

পরি-পালক (p. 498) [pari-pālaka] বি. 1 প্রতিপালক, যে পালন করে; 2 পরিচালক; 3 অধ্যক্ষ, শাসক, administrator (স. প.)। [সং. পরি + পালক]।

পরি-পালন (p. 498) [pari-pālana] বি. 1 প্রতিপালন; 2 পরিচালন; 3 অধ্যক্ষতা, শাসন, administration. [সং. পরি + পালন]। পরি-পালিত বিণ. প্রতিপালিত; পরিচালিত; শাসিত।

পরিপুষ্ট (p. 498) [paripuṣṭa] বিণ. 1 অতিশয় বা সম্পূর্ণ পুষ্ট, সুপুষ্ট (পরিপুষ্ট শরীর); 2 বিশেষভাবে প্রতিপালিত; 3 বর্ধিত, বৃদ্ধি বা বিকাশ হয়েছে এমন। [সং. পরি + পুষ্ট]। বি. ̃ তা, পরি-পুষ্টি। স্ত্রী. পরি-পুষ্টা।

পরি-পূরক (p. 499) [pari-pūraka] বিণ. পরিপূর্ণকারী (পরিপূরক প্রশ্ন); সম্পূর্ণকারী (প্রাণিজ খাদ্যের পরিপূরক উদ্ভিজ্জ খাদ্য)। [সং. পরি + পূরক]।

পরি-পূরণ (p. 499) [pari-pūraṇa] বিণ. 1 পরিপূর্ণ করা; 2 অভাব দূর করা। [সং. পরি + পূরণ]। পরি-পূরিত বিণ. পরিপূর্ণ, পরিপূরণ করা হয়েছে এমন।

পরি-পূর্ণ (p. 499) [pari-pūrṇa] বিণ. 1 একেবারে পূর্ণ, পুরোপুরি ভরতি (পরিপূর্ণ ভাণ্ডার); 2 সম্পূর্ণ; 3 সফল, সার্থক (আশা পরিপূর্ণ)। [সং. পরি + পূর্ণ]। বি.˜ তা। স্ত্রী. পরি-পূর্ণা।

পরি-পূর্তি (p. 499) [pari-pūrti] বি. সম্পূর্ণতা (সুখের পরিপূর্তি)। [সং. পরি + পূর্তি]।

পরি-পৃক্ত (p. 499) [pari-pṛkta] বিণ. 1 সম্পর্কযুক্ত; 2 আর্দ্র, সিক্ত, saturated (বি.প.); 3 সম্পূর্ণরূপে লগ্ন, সংযুক্ত। [সং. পরি + √ পৃচ্ + ত]। পরি-পৃক্তি বি. 1 সম্পর্ক; সংলগ্নতা; 2 মিশ্রণ; 3 আর্দ্রতা, সিক্ততা।

পরি-পোষক (p. 499) [pari-pōṣaka] বিণ. 1 ন্যায্য লাভসহ নির্মাণ করা যায় এমন বা উৎপাদনের ব্যয় সংকুলান হয় এমন (পরিপোষক মূল্য); 2 প্রতিপালন করে এমন। [সং. পরি + √ পুষ্ + অক]।

পরি-পোষণ (p. 499) [pari-pōṣaṇa] বি. 1 বিশেষভাবে প্রতিপালন বা সংরক্ষণ; 2 মনে ধারণ বা পোষণ (ক্রোধ পরিপোষণ)। [সং. পরি + √ পুষ্ + অন]। পরি-পোষিত বিণ. পরিপোষণ করা হয়েছে বা হচ্ছে এমন।

পরি-প্রেক্ষিত (p. 499) [pari-prēkṣita] বি. 1 দৃশ্যমান বস্তুর বা বস্তুসমূহের দূরত্ব, আপেক্ষিক আকৃতি, ঘনত্ব, সংস্থান ইত্যাদি যেমন দেখা যায় কিংবা চিত্রে তার প্রতিফলন, perspective; 2 পটভূমি, পারিপার্শ্বিক অবস্থা, অনুষঙ্গ (বিষয়টি বিচার করতে হবে শ্রমিক অসন্তোষের পরিপ্রেক্ষিতে)। [সং. পরি + প্র + √ ঈক্ষ্ + ত]।

পরি-প্লব (p. 499) [pari-plaba] বি. 1 প্লাবন; 2 উপদ্রব। [সং. পরি + √ প্লু + অ]।

পরি-প্লুত (p. 499) [pari-pluta] বিণ. সম্যক প্লাবিত; সম্পূর্ণরূপে প্লাবিত বা সিক্ত বা নিমজ্জিত (অশ্রুপরিপ্লুত নেত্রে, করুণাপরিপ্লুত হৃদয়)। [সং. পরি + √ প্লু + ত]।

পরি-বর্জন (p. 499) [pari-barjana] বি. সম্পূর্ণ বর্জন। [সং. পরি + বর্জন]। পরিবর্জিত বিণ. পুরোপুরি বর্জিত।

পরি-বর্ত (p. 499) [pari-barta] বি. 1 বিনিময়, বদল, পরিবর্তন (কীসের পরিবর্তে কী? যুক্তির পরিবর্তে উপদেশ); 2 বদলি, যে বা যা অন্যের বদলে কাজ চালায় বা প্রতিনিধিত্ব করে। [সং. পরি + √ বৃত্ + অ]।

পরি-বর্তক (p. 499) [pari-bartaka] বিণ. বি. 1 পরিবর্তনকারী; 2 প্রত্যাবর্তনকারী [সং. পরি + √ বৃত্ + অক]।

পরি-বর্তন (p. 499) [pari-bartana] বি. 1 বিনিময়; 2 বদল (স্থান পরিবর্তন); 3 রূপান্তর (অবস্থার কোনো পরিবর্তন হয়নি); 4 সংশোধন (মত পরিবর্তন)। [সং. পরি + √ বৃত্ + অন]।˜ বিমুখ বিণ. পরিবর্তন চায় না এমন। পরিবর্তনীয় বিণ. পরিবর্তিত করা যায় বা উচিত এমন। পরি-বর্ত-মান বিণ. পরিবর্তিত হচ্ছে এমন (পরিবর্তমান জগত্)।˜ শীল বিণ. স্বাভাবিক কারণেই যা বদলায় (পরিবর্তনশীল রাজনীতি)। পরি-বর্তিত বিণ. বদলানো হয়েছে বা বদলেছে এমন। পরি-বর্তী (-র্তিন্) বিণ. 1 পরিবর্তনশীল; 2 (পদার্থ.) মাঝে মাঝে দিক পরিবর্তন করে এমন, al ternating (বি.প.)।

পরিবর্ধক (p. 499) [paribardhaka] বিণ. বি. পরিবর্ধনকারী। [সং. পরি + বর্ধক]।

পরিবর্ধন (p. 499) [paribardhana] বি. 1 সম্যক বর্ধন, বৃদ্ধি বা সম্প্রসারণ. enlargement (স.প.); 2 লালনপালন; 3 উন্নতিসাধন। [সং. পরি + বর্ধন]। পরি-বর্ধিত বিণ. পরিবর্ধন করা হয়েছে এমন।

পরি-বহণ (p. 499) [pari-bahaṇa] বি. 1 (মানুষ মালপত্র ইত্যাদি) বহন করে স্থানান্তরে নিয়ে যাওয়া, transport (স.প.); 2 (বিজ্ঞা.) কোনোকিছুর ভিতর দিয়ে বিদ্যুত্ তাপ প্রভৃতি সঞ্চালন, conduction (বি.প.)। [সং. পরি + বহন]।

পরি-বাদ (p. 499) [pari-bāda] বি. অপবাদ, কুৎসা, নিন্দা (দুঃখে শোকে নিন্দা পরিবাদে': রবীন্দ্র)। [সং. পরি + √ বদ্ + অ]। ˜ ক, পরি-বাদী (-দিন্) বিণ. নিন্দাকারী। পরি-বাদিনী বিণ. পরিবাদী র স্ত্রীলিঙ্গ। □ বি. সপ্ততন্ত্রী বীণাবিশেষ।

পরিবার (p. 499) [paribāra] বি. 1 পরিজন; 2 স্ত্রী সন্তান প্রভৃতি পোষ্যবর্গ (পরিবারের লোকজন, পরিবার পরিকল্পনা); 3 পত্নী, স্ত্রী (আমার পরিবারের শরীরটা ভালো যাচ্ছে না)। [সং. পরি + √ বৃ + অ]। বিণ. পারি-বারিক। পরিবার পরিকল্পনা বি. সন্তান-সন্ততির জন্ম নিয়ন্ত্রণ, family planning.

পরি-বাহ (p. 499) [pari-bāha] বি. 1 প্লাবন, জলোচ্ছ্বাস; 2 পয়ঃপ্রণালী। [সং. পরি + √ বহ্ + অ]।

পরি-বাহণ (p. 499) [pari-bāhaṇa] বি. সঞ্চালন, conduction (তাপ পরিবাহণ)। [সং. পরি + বাহন]।

পরিবাহিত (p. 499) [paribāhita] বিণ. সঞ্চালিত; বাহিত, এক স্থান থেকে অন্য স্থানে আনীত। [সং. পরি + বাহিত]। পরি-বাহিতা বি. সঞ্চালন করার ক্ষমতা বা শক্তি, conductivity (তাপ পরিবাহিতা, বিদ্যুত্ পরিবাহিতা)। পরি-বাহী (-হিন্) বিণ. 1 পরিবহণকারী; 2 (বিজ্ঞা.) পরিবহণশক্তি সম্পন্ন, ভিতর দিয়ে তাপ বিদ্যুত্ ইত্যাদি সঞ্চালনের পক্ষে উপযুক্ত (সুপরিবাহী), conducting বা con ductor.

পরিবৃত (p. 499) [paribṛta] বিণ. সম্যক পরিবেষ্টিত বা আবৃত (শত্রুসৈন্য পরিবৃত, শ্যালক-শ্যালিকা পরিবৃত হয়ে)। [সং. পরি + √ বৃ + ত]। পরিবৃতি বি. সম্যক বেষ্টন বা আবরণ।

পরি-বৃত্ত (p. 499) [pari-bṛtta] বি. কোনো ক্ষেত্র বেষ্টন করে অঙ্কিত বৃত্ত, circumcircle (বি. প.)। [সং. পরি + বৃত্ত]।

পরি-বৃত্তি (p. 499) [pari-bṛtti] বি. পরিবর্তন, বিনিময়। [সং. পরি + √ বৃত্ + তি]।

পরি-বেত্তা (p. 499) [pari-bēttā] (-ত্তৃ) বি. জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকতে যে কনিষ্ঠ ভ্রাতা বিবাহ করে। [সং. পরি + √ বিদ্ + তৃ]।

পরি-বেদন (p. 499) [pari-bēdana] বি. জ্যেষ্ঠ অবিবাহিত থাকতে কনিষ্ঠের বিবাহ। [সং. পরি + √ বিদ্ + অন]।

পরি-বেদনা (p. 499) [pari-bēdanā] বি. 1 অতিশয় বেদনা যন্ত্রণা বা ক্লেশ, তীব্র বেদনা বা যন্ত্রণা; 2 বিবেচনা, ভাবনাচিন্তা। [সং. পরি + বেদনা]।

পরি-বেশ, পরি-বেষ (p. 499) [pari-bēśa, pari-bēṣa] বি. 1 পরিধি; 2 পরিবেষ্টন; মণ্ডল; 3 চারপাশের অবস্থা (শান্তির পরিবেশ); 4 পারিপার্শ্বিক আবহাওয়া (পরিবেশ দূষণ)। [সং. পরি + √ বিশ্ (=উপভোগ), ˜বিষ্ (=ব্যাপ্তি) + অ]।

পরি-বেশন, পরি-বেষণ (p. 499) [pari-bēśana, pari-bēṣaṇa] বি. 1 বিতরণ (তথ্য পরিবেশন); 2 ভোজনকালে খাদ্যবস্তু ভাগ করে বিতরণ। [সং. পরি + √ বিশ্, √ বিষ্ + অন]। পরি-বেশক, পরি-বেষক বি. পরিবেশণকারী।

পরি-বেষ্টন (p. 499) [pari-bēṣṭana] বি. 1 আবেষ্টন, ঘের; 2 ঘেরাও করা; 3 অবরোধ; 4 প্রদক্ষিণ; 5 (বিরল) পরিবেশ। [সং. পরি + বেষ্টন]। পরি-বেষ্টনী বি. ঘের, আবেষ্টন; প্রতিবেশ। পরিবেষ্টিত বিণ. 1 ঘেরা (প্রাচীর পরিবেষ্টিত); 2 ঘেরাও-করা (আত্মীয়পরিজন পরিবেষ্টিত, শত্রু পরিবেষ্টিত)।

পরি-ব্যক্ত (p. 499) [pari-byakta] বিণ. সম্পূর্ণ ব্যক্ত বা প্রকাশিত (রচনার মধ্যেই রচয়িতার শিল্পবোধ পরিব্যক্ত)। [সং. পরি + ব্যক্ত]।

পরি-ব্যাপ্ত (p. 499) [pari-byāpta] বিণ. সমস্ত দিকে ব্যাপ্ত বা বিস্তৃত (দুর্নীতি সমাজের সর্বস্তরে পরিব্যাপ্ত)। [সং. পরি + ব্যাপ্ত]। পরি-ব্যাপ্তি বি. চতুর্দিকে বিস্তৃতি।

পরি-ব্রজ্যা (p. 499) [pari-brajyā] বি. 1 প্রব্রজ্যা, সন্ন্যাস (সংসার ছেড়ে পরিব্রজ্যা গ্রহণ); 2 ধর্মার্থে তীর্থভ্রমণ (পরিব্রজ্যায় বার হওয়া)। [সং. পরি + √ ব্রজ্ + য + আ]।

পরি-ব্রাজক (p. 499) [pari-brājaka] বি. 1 অনবরত পর্যটনকারী ভিক্ষু বা সন্ন্যাসী; 2 পর্যটক। [সং. পরি + √ ব্রজ্ + অক]। স্ত্রী. পরিব্রাজিকা।

পরি-ব্রাজন (p. 499) [pari-brājana] বি. সন্ন্যাসীর নানা স্থানে ভ্রমণ বা পর্যটন। [সং. পরি + √ ব্রজ্ + অন]।

পরি-ভব1 (p. 499) [pari-bhaba1] বি. পরাভব, পরাজয়, হার। [সং. পরি +√ ভূ + অ]।

পরি-ভব2 (p. 499) [pari-bhaba2] বি. 1 তিরস্কার, কটূক্তি; 2 অনাদর; অবজ্ঞা। [সং. পরি + √ ভূ + অ]।

পরি-ভাবা (p. 499) [pari-bhābā] ক্রি. (প্রা. কাব্যে) বিশেষভাবে ভেবে দেখা বা বিচার করা ('হেন পরিভাবি রাধা': শ্রীকৃষ্ণ)। [সং. পরি + √ ভাবি]।

পরি-ভাবী (p. 499) [pari-bhābī] (-বিন্) বিণ. 1 তিরস্কারকারী; 2 অবজ্ঞাকারী। [সং. পরি + √ ভূ + ইন্]।

পরি-ভাষণ (p. 499) [pari-bhāṣaṇa] বি. 1 কথাবার্তা, কথোপকথন, আলাপ; 2 কটূক্তি, নিন্দা, তিরস্কার। [সং. পরি + √ ভাষ্ + অন]।

পরি-ভাষা (p. 499) [pari-bhāṣā] বি. বিশেষ অর্থে নির্দিষ্ট শব্দ বা সংজ্ঞা, technical word. [সং. পরি + ভাষা]। পরি-ভাষিত বিণ. 1 পরিভাষার সাহায্যে ব্যক্ত; 2 বিজ্ঞাপিত।

পরি-ভুক্ত (p. 499) [pari-bhukta] বি. 1 সম্ভোগ করা হয়েছে এমন; 2 সম্যক উপভোগ করা হয়েছে এমন। [সং. পরি + ভুক্ত]।

পরি-ভৃতি (p. 499) [pari-bhṛti] বি. পারিশ্রমিক, বেতন, emolument (স.প.)। [সং. পরি + √ ভৃ + তি]।

পরি-ভোগ (p. 499) [pari-bhōga] বি. 1 সম্ভোগ; 2 সম্যক উপভোগ।[সং. পরি + ভোগ]। বিণ. পরি-ভুক্ত।

পরি-ভ্রমণ (p. 499) [pari-bhramaṇa] বি. 1 চারদিকে ভ্রমণ, প্রদক্ষিণ; 2 পর্যটন (বহু পথ পরিভ্রমণ করে ক্লান্ত)। [সং. পরি + ভ্রমণ]।

পরি-ভ্রষ্ট (p. 499) [pari-bhraṣṭa] বিণ. 1 বিচ্যুত; 2 পতিত বা স্খলিত; নষ্ট। [সং. পরি + ভ্রষ্ট]।

পরি-মণ্ডল (p. 499) [pari-maṇḍala] বি. 1 মণ্ডল; 2 পরিধি; 3 পরিবেষ্টন, ঘের; 4 চারদিকের অবস্থা (সাংস্কৃতিক পরিমণ্ডল)। □ বিণ. বর্তুলাকার, গোলাকার। [সং. পরি + মণ্ডল]।

পরি-মণ্ডিত (p. 499) [pari-maṇḍita] বিণ. বিশেষভাবে অলংকৃত বা সজ্জিত (পরিমণ্ডিত পূজামণ্ডপ)। [সং. পরি + মণ্ডিত]।

পরি-মল (p. 499) [pari-mala] বি. 1 (চন্দন ফুল ইত্যাদির) মর্দনজনিত বা পেষণজনিত সুগন্ধ; 2 ফুল চন্দনাদির সুগন্ধ ('পরিমল লোভে অলি আসিয়া জুটিল': তর্কা.)। [সং. পরি + √ মল্ +অ]।

পরিমাণ (p. 499) [parimāṇa] বি. 1 মাপ, ওজন, মাত্রা (দুধের পরিমাণ, কণাপরিমাণ, পরিমাণবোধ); 2 সংখ্যা (কী পরিমাণ লোক যে গিয়েছিল তা কী বলব!); 3 গুরুত্ব; 4 বিস্তার। [সং. পরি + মান1]। ˜ ফল বি. পরিমাপের ফল, ক্ষেত্রফল, বর্গফল, ঘনফল।

পরি-মাপ (p. 499) [pari-māpa] বি. 1 পরিমাণ-নির্ধারণ, মাপন; 2 পরিমাণ, মাপ (টাকা দিয়ে এর পরিমাপ করা যায় না); 3 জরিপ (জমির আয়তন পরিমাপ করা), survey (স.প.)। [সং. পরি + মাপ]। ˜ ক বি. বিণ. পরিমাপকারী; জরিপকারী, surveyor. ˜ ন বি. পরিমাপ-নির্ধারণ।

পরি-মার্জনা (p. 499) [pari-mārjanā] বি. 1 পরিষ্করণ, পরিষ্কার করা; 2 সংস্কার করা, ত্রুটি সংশোধন (গ্রন্থাদির পরিমার্জনা); 3 পরিশীলন, চর্চা, অনুশীলন। [সং. পরি + মার্জনা]। পরি-মার্জিত বিণ. পরিষ্কৃত; সংস্কার করা হয়েছে এমন।

পরি-মিত (p. 499) [pari-mita] বিণ. 1 ঠিক প্রয়োজনানুরূপ (পরিমিত সংখ্যা); 2 সংযতপরিমাণ, সংযত (পরিমিত আহার); 3 পরিমাণনির্দিষ্ট (চারহাত পরিমিত); 4 মাপা হয়েছে এমন, মাপিত; 5 সীমিত, অল্প। [সং. পরি + √ মা + ত]। পরি-মিতি বি. 1 মাপ; 2 নির্দিষ্ট মাত্রা বা পরিমাণ (পরিমিতিবোধ); 3 (গণি.) ভূমির পরিমাপনশাস্ত্র, ক্ষেত্রমিতি, mensuration (বি.প.)।

পরি-মেয় (p. 499) [pari-mēẏa] বিণ. 1 পরিমাণ নির্ধারণ করা যায় এমন, পরিমাণযোগ্য (অপরিমেয় দুঃখ); 2 সমীপ, finite (বি.প.)। [সং. পরি + √ মা + য]।

পরি-মেল (p. 499) [pari-mēla] বি. বিশেষ উদ্দেশ্যে গঠিত সংঘ, association (স.প.)। [সং. পরি + √ মিল্ + অ]। ˜ বন্ধ বি. পরিমেলের কার্যবিবরণী, memorandum of association.

পরি-মোক্ষ, পরি-মোক্ষণ (p. 499) [pari-mōkṣa, pari-mōkṣaṇa] বি. বন্ধন থেকে সম্পূর্ণ মুক্তি; পরিনির্বাণ। [সং. পরি + মোক্ষ, মোক্ষণ]।

পরি-ম্লান (p. 499) [pari-mlāna] বিণ. অত্যন্ত ম্লান। [সং. পরি + ম্লান]।

পরি-যাণ (p. 499) [pari-yāṇa] বি. 1 মাল বা যাত্রীর যাতায়াত, traffic (স.প.); 2 বসবাসের জন্য অন্য দেশে যাওয়া, migration (পাখির পরিযাণ)। [সং. পরি + √ যা + অন]। ˜ ব্যবস্থাপক বি. পরিযাণের বন্দোবস্ত করার ভারপ্রাপ্ত আধিকারিক, traffic manager. পরি-যায়ী বিণ. যাতায়াতকারী; ভ্রমণশীল; বসবাসের জন্য অন্য দেশ গমনশীল, migratory (পরিযায়ী পাখি)।

পরি-রক্ষণ (p. 499) [pari-rakṣaṇa] বি. 1 সংরক্ষণ; 2 ভালোভাবে রক্ষণাবেক্ষণ। [সং. পরি + রক্ষণ]। পরি-রক্ষিত বিণ. 1 সংরক্ষিত; 2 ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা হয়েছে এমন।

পরি-রম্ভ, পরি-রম্ভণ (p. 499) [pari-rambha, pari-rambhaṇa] বি. দৃঢ় আলিঙ্গন। [সং. পরি + √ রভ্ (বেগ, হঠকারিতা) + অ, অন]।

পরি-লক্ষিত (p. 499) [pari-lakṣita] বিণ. বিশেষভাবে দেখা হয়েছে বা লক্ষ করা হয়েছে এমন; পর্যবেক্ষণ করা হয়েছে এমন। [সং. পরি + লক্ষিত]।

পরি-লিখিত (p. 499) [pari-likhita] বিণ. (জ্যামি.) চতুর্দিকে অঙ্কিত, circumscribed (বি. প.)। [সং. পরি + লিখিত]।

পরি-লেখ (p. 499) [pari-lēkha] বি. সীমানির্দেশক রেখা; নকশা; খসড়া, outline (বি.প.)। [সং. পরি + √ লিখ্ + অ]।

পরি-শিষ্ট (p. 499) [pari-śiṣṭa] বি. গ্রন্থাদির শেষে সংযুক্ত মূল পাঠ্যবস্তুর অতিরিক্ত অংশ, appendix. ☐ বিণ. অবশিষ্ট, বাকি। [সং. পরি + √ শিষ্ +ত]।

পরি-শীলন (p. 499) [pari-śīlana] বি. 1 সম্যক চর্চা, অনুশীলন; 2 আলিঙ্গন। [সং. পরি + √ শিল্ + অন]। পরি-শীলিত বিণ. 1 চর্চা বা অনুশীলন করা হয়েছে এমন; 2 মার্জিত, শিষ্টতাসম্পন্ন (পরিশীলিত রুচি, পরিশীলিত ব্যবহার)।

পরি-শুদ্ধ (p. 499) [pari-śuddha] বিণ. বিশেষভাবে পরিষ্কৃত শোধিত বা পবিত্রীকৃত। [সং. পরি + শুদ্ধ]। বি.˜ তা, পরি-শুদ্ধি।

পরি-শুষ্ক (p. 499) [pari-śuṣka] বিণ. অতিশয় শুষ্ক, একেবারে শুষ্ক। [সং. পরি + শুষ্ক]।বি.˜ তা।

পরি-শেষ (p. 499) [pari-śēṣa] বি. 1 অবশেষ; 2 শেষকাল (পরিশেষে তিনি দেশত্যাগ করলেন); 3 উপসংহার, শেষাংশ (নাটকের পরিশেষ বিয়োগান্ত)। ☐ বিণ. অবশিষ্ট। [সং. পরি + শেষ]।

পরি-শোধ (p. 499) [pari-śōdha] বি. 1 প্রত্যর্পণ, ফিরিয়ে দেওয়া; 2 ঋণ শোধ (ঋণ পরিশোধ)। [সং. পরি + শোধ]। পরি-শোধনীয়, পরি-শোধ্য বিণ. পরিশোধের যোগ্য, পরিশোধ করতে হবে বা করা উচিত এমন।

পরি-শোধন (p. 499) [pari-śōdhana] বি. 1 সম্যক শোধন বা পরিষ্করণ; 2 ভালভাবে ধোয়া-মোছা করা। [সং. পরি + শোধন]। পরি-শোধ্য বিণ. পুরোপুরি শোধ করা হয়েছে এমন; ভালোভাবে শোধিত বা পরিষ্কৃত।

পরি-শ্রম (p. 499) [pari-śrama] বি. খাটুনি, মেহনত, আয়াস (এ বড়ো পরিশ্রমের কাজ, সারাদিন পরিশ্রম করে সন্ধ্যায় বাড়ি ফেরে)। [সং. পরি + শ্রম]। পরি-শ্রমী (-মিন্) বিণ. 1 পরিশ্রম করতে অভ্যস্ত বা সমর্থ; 2 পরিশ্রম করে এমন, খাটিয়ে।

পরি-শ্রান্ত (p. 499) [pari-śrānta] বিণ. পরিশ্রমের ফলে অত্যন্ত ক্লান্ত। [সং. পরি + শ্রান্ত]। পরি-শ্রান্তি বি. পরিশ্রমজনিত ক্লান্তি।

পরি-শ্লেষ (p. 499) [pari-ślēṣa] বি. আলিঙ্গন, আশ্লেষ। [সং. পরি + শ্লেষ]।

পরি-ষদ, পরি-ষত্ (p. 499) [pari-ṣada, pari-ṣat] (-দ্) বি. 1 সভা, সংসদ (সাহিত্য পরিষত্); 2 ব্যবস্থাপক সভা, Legislative Council (স.প.); 3 সমাজ

(মানবপরিষদ)। [সং. পরি + √ সদ্ + ক্বিপ্]। ˜ পাল বি. ব্যবস্থাপক সভার সভাপতি, Chairman of the Legislative Council (স.প.)। পরি-ষদীয় বিণ. পরিষদবিষয়ক (পরিষদীয় রীতি, পরিষদীয় শাসনব্যবস্থা)।

পরি-ষেবা (p. 499) [pari-ṣēbā] বি. (রোগীর) শুশ্রূষা বা পরিচর্যা, nursing (স.প.)। [সং. পরি + সেবা]। পরি-ষেবক বি. বিণ. (রোগীর) শুশ্রূষাকারী, nurse. বি. বিণ. স্ত্রী. পরি-ষেবিকা।

পরিষ্করণ (p. 499) [pariṣkaraṇa] বি. পরিষ্কারকরণ; শোধন। [সং. পরি + √ কৃ + অন]।

পরিষ্কার (p. 499) [pariṣkāra] বি. 1 নির্মলতা; 2 পরিচ্ছন্নতা; 3 স্বচ্ছতা। □ (বাং.) বিণ. 1 পরিষ্কৃত, পরিচ্ছন্ন, শোধিত (ঘরদোর পরিষ্কার); 2 পরিপাটি (পরিষ্কার কাজকর্ম); 3 স্বচ্ছ (পরিষ্কার জল); 4 সহজবোধ্য, স্পষ্ট (পরিষ্কার করে বলা); 5 ফরসা, উজ্জ্বল (গায়ের রং পরিষ্কার, পরিষ্কার আলো); 6 অকপট (পরিষ্কার মন); 7 বোধবুদ্ধিযুক্ত, বিচারক্ষম (পরিষ্কার মাথা); 8 মলশূন্য (বুক পরিষ্কার, পেট পরিষ্কার); 9 অনাবিল, স্বচ্ছ, তীক্ষ্ণ (পরিষ্কার দৃষ্টি); 1 মেঘযুক্ত (পরিষ্কার আকাশ)। [সং. পরি + √ কৃ + অ]। পরিষ্কৃত বিণ. পরিষ্কার বা সাফ করা হয়েছে এমন; শোধিত; মার্জিত।

পরিসংখ্যা1 (p. 499) [parisaṅkhyā1] বি. 1 বিশেষভাবে নিরূপিত বা নির্ণীত সংখ্যা; 2 বিশেষভাবে গণনা। [সং. পরি + সংখ্যা]। ˜ ন বি. কোনো বিষয়ের তথ্যজ্ঞাপক হিসাব বা সংখ্যার সংকলন, statistics. [রাশিবিজ্ঞান দ্র]।

পরিসংখ্যা2 (p. 499) [parisaṅkhyā2] বি. 1 স্মৃতি ও মীমাংসাশাস্ত্রের বিধিবিশেষ; 2 কাব্যলংকারবিশেষ। [সং. পরি + সংখ্যা (=বিচার)]।

পরিসমাপ্তি (p. 499) [parisamāpti] বি. 1 অবসান, সমাপ্তি (বিবাদের পরিসমাপ্তি ঘটল); 2 পরিণতি; 3 সম্পূর্ণতা। [সং. পরি + সমাপ্তি]। বিণ. পরি-সমাপ্ত।

পরি-সম্পত্ (p. 499) [pari-sampat] বি. যে সম্পত্তি বা সম্পদ ঋণাদি পরিশোধে ব্যবহার করা যায়, assets (স.প.)। [সং. পরি + সম্পত্]।

পরি-সর (p. 499) [pari-sara] বি. 1 ব্যাপ্তি, বিস্তার, বিস্তৃতি; 2 সীমা (এই গ্রন্হের ক্ষুদ্র পরিসরে); 3 মাপ (সংকীর্ণ পরিসর)। [সং. পরি + √ সৃ + অ]।

পরি-সাজ (p. 499) [pari-sāja] বি. বইয়ের বাঁধাই ছাপা প্রভৃতির শোভা। [সং. পরি + বাং. সাজ]। তু. ইং. get-up.

পরি-সীমা (p. 499) [pari-sīmā] (-মন্) বি. 1 ইয়ত্তা, সীমা, অবধি (আনন্দের সীমাপরিসীমা নেই); 2 সমতল ক্ষেত্রের বাহুসমূহের বা চতুঃসীমার সমষ্টি, perimeter (বি.প.)। [সং. পরি + সীমা]।

পরি-স্হিতি (p. 499) [pari-shiti] বি. অবস্হা, পারিপার্শ্বিক অবস্হা (বাড়ির পরিস্হিতি কেমন? বন্যা পরিস্হিতি, পরিস্হিতির মোকাবিলা)। [সং. পরি + স্হিতি]।

পরি-স্পন্দ (p. 499) [pari-spanda] বি. কম্পন, vibration. [সং. পরি +√ স্পন্দ্ + অ]।

পরি-স্ফুট (p. 499) [pari-sphuṭa] বিণ. 1 স্পষ্টভাবে প্রকাশিত (পরিস্ফুট চন্দ্রালোক); 2 বিকশিত; 3 সুস্পষ্ট (এই ঘটনা থেকে তার মনোভাব পরিস্ফুট হল)। [সং. পরি + √ স্ফুট্ + অ]।

পরি-স্রব, পরি-স্রবণ (p. 502) [pari-sraba, pari-srabaṇa] বি. 1 প্রবাহ; 2 ক্ষরণ; 3 ছাঁকন, ছেঁকে শোধন, filtration. [সং. পরি + √ স্রু + অ, অন]। পরি-স্রাবণ বি. ক্ষরণ; ছাঁকন, filtration. (বি.প.)। [সং. পরি + √ স্রু + ণিচ্ + অন]। পরি-স্রুতি বি. ক্ষরণ; ছাঁকন, ছেঁকে শোধন। পরি-স্রুত বিণ. 1 ক্ষরিত, চুইয়ে পড়েছে এমন, filtered; 2 ছেঁকে শোধন করা হয়েছে এমন, filtered (পরিস্রুত জল)।

পরি-হরণ (p. 502) [pari-haraṇa] বি. পরিহার, ত্যাগ, বর্জন (মোহপরিহরণ, লোভপরিহরণ)।[সং. পরি + হরণ]। পরি-হরণীয় বিণ. পরিহার করার যোগ্য, বর্জনীয়। পরি-হরা ক্রি. (কাব্যে) ত্যাগ করা ('পরিহারি ভব-সুখদুঃখ': দ্বি.রা)। পরি-হর্তব্য বিণ. পরিহারযোগ্য, বর্জনীয়।

পরি-হসনীয় (p. 502) [pari-hasanīẏa] বিণ. পরিহাসের যোগ্য, বিদ্রুপযোগ্য। [সং. পরি +√ হস্ + অনীয়]।

পরি-হার (p. 502) [pari-hāra] বি. 1 বর্জন, ত্যাগ (অতিভোজন পরিহার করা, অসৎসঙ্গ পরিহার করা)। [সং. পরি + √ হৃ + অ]।

পরিহার্য (p. 502) [parihārya] বিণ. 1 পরিহারের যোগ্য, পরিহরণীয় (প্রতিহিংসার মনোভাব সর্বথা পরিহার্য); 2 উপেক্ষণীয়। [সং. পরি + √ হৃ + য]।

পরি-হাস (p. 502) [pari-hāsa] বি. ঠাট্টা, বিদ্রুপ; তামাশা। [সং. পরি + √ হস্ + অ]।

পরি-হিত (p. 502) [pari-hita] বিণ. পরিধান করা হয়েছে এমন (নববেশ পরিহিত); সজ্জিত। [সং. পরি + √ ধা + ত]। স্ত্রী. পরি-হিতা (মেঘনীল শাড়িপরিহিতা)।

পরীক্ষক (p. 502) [parīkṣaka] দ্র পরীক্ষা।

পরীক্ষণ (p. 502) [parīkṣaṇa] দ্র পরীক্ষা।

পরীক্ষণীয় (p. 502) [parīkṣaṇīẏa] দ্র পরীক্ষা।

পরীক্ষা (p. 502) [parīkṣā] বি. 1 দোষগুণ ভালোমন্দ যোগ্যতা ইত্যাদির বিচার (রক্তপরীক্ষা, ভাগ্যপরীক্ষা, স্বাস্থ্যপরীক্ষা); 2 বিদ্যাচর্চায় পারদর্শিতা নির্ণয় (বার্ষিক পরীক্ষা, মৌখিক পরীক্ষা); 3 যাচাই (গ্রহরত্নাদি পরীক্ষা করা); 4 সত্যাসত্য নিরূপণ (সাক্ষীকে পরীক্ষা করা); 5 স্বরূপ নির্ণয় (অবস্থাটা পরীক্ষা করে দেখা দরকার); 6 গবেষণা বা তত্ত্বানুসন্ধান (বৈজ্ঞানিক পরীক্ষায় জানা গেছে)। [সং. পরি + √ ঈক্ষ্ + অ + আ]। পরীক্ষক বিণ. বি. পরীক্ষাকারী; পরীক্ষাগ্রহণকারী। পরীক্ষণ বি. পরীক্ষা করা। পরীক্ষণীয় বিণ. পরীক্ষা করে দেখা

যায় বা উচিত এমন; বিচার্য (পরীক্ষণীয় বিষয়)। ˜ গার বি. 1 যেখানে পরীক্ষা দেওয়া বা করা হয়; 2 বিদ্যার্থীদের পরীক্ষা দেওয়ার স্থান; 3 বৈজ্ঞানিক গবেষণাগার, laboratory. ˜ ধীন বিণ. পরীক্ষিত হচ্ছে এমন; বিচার্য; পরীক্ষাসাপেক্ষ (বিষয়টি এখনও পরীক্ষাধীন রয়েছে)। ˜ র্থী (-র্থিন্) বিণ. বি. পরীক্ষা দিতে প্রস্তুত বা পরীক্ষা দেবে এমন। স্ত্রী. ˜ র্থিনী। পরীক্ষিত বিণ. পরীক্ষা করা হয়েছে এমন (পরীক্ষিত সত্য)। পরীক্ষোত্তীর্ণ বিণ. পরীক্ষায় সন্তোষজনক বা আশানুরূপ বলে বিবেচিত হয়েছে এমন, পরীক্ষায় সফল হয়েছে এমন।

পরীত (p. 502) [parīta] বিণ. পরিবৃত, বেষ্টিত, চারদিক থেকে ঘিরে রাখা হয়েছে এমন। [সং. পরি + √ ই + ত]।

পরুষ (p. 502) [paruṣa] বিণ. 1 কর্কশ (পরুষ কণ্ঠস্বর); 2 কঠোর, নিষ্ঠুর (পরুষ বচন); 3 উদ্ধত। [সং. √ পৃ + উষ]। বি˜. তা, ˜ ত্ব, পারুষ্য।

পরে1 (p. 502) [parē1] ক্রি-বিণ. 1 পিছনে, পশ্চাতে (সে পরে আসছে); 2 অনন্তর, অতঃপর (পরে সেখানে গেলাম); 3 ভবিষ্যতে (পরে মজা টের পাবে); 4 কোনো ঘটনা সম্পন্ন বা শেষ হয়ে গেলে (ট্রেন ছাড়ার পরে সে স্টেশনে গেছে)। [সং. পর3 + বাং. এ]। পরে-পরে ক্রি-বিণ. একটির পর একটি করে (পরে-পরে সাজানো)।

পরে2 (p. 502) [parē2

পরেশ (p. 502) [parēśa] বি. পরমেশ্বর। [সং. পর3 + ঈশ]।

পরে-শান (p. 502) [parē-śāna] বিণ. 1 ক্লান্ত, পরিশ্রান্ত; 2 নাকাল; হয়রান; 3 ব্যাকুল। [ফা. পরিশান]। পরে-শানি বি. শ্রান্তি; হয়রানি।

পরোক্ষ (p. 502) [parōkṣa] বিণ. 1 অপ্রত্যক্ষ, ইন্দ্রিয়াতীত, সাক্ষাত্ জ্ঞানের বহির্ভূত (পরোক্ষ প্রমাণ); 2 সরাসরি নয় এমন (পরোক্ষ নিন্দা)। [সং. পর3 + অক্ষ (=ইন্দ্রিয়, জ্ঞান) তু. বিপ. প্রত্যক্ষ]।

পরোটা (p. 502) [parōṭā] বি. অল্প ঘি ডালডা বা তেলে ভাজা রুটিবিশেষ। [হি. পরেটা]।

পরোপ-কার (p. 502) [parōpa-kāra] বি. পরের উপকার বা মঙ্গল। [সং. পর3+ উপকার]। পরোপকারী (-রিন্) বিণ. অপরের উপকার করে এমন। স্ত্রী. পরোপ-কারিণী। পরোপ-কারিতা বি. 1 পরোপকার; 2 পরোপকারের প্রবৃত্তি।

পরোপ-জীবী (p. 502) [parōpa-jībī] (-বিন্) বিণ. 1 পরের সাহায্যের উপর নির্ভর করে বাঁচে এমন; 2 পরনির্ভর। [সং. পর3 + উপ + √জীব্ + ইন্]। পরোপ-জীব্য বিণ. পরের আশ্রয়ে জীবনধারণকারী; পরের গলগ্রহ হয়ে বাঁচে এমন।

পরোয়া (p. 502) [parōẏā] বি. 1 গ্রাহ্য বা গণনীয় বলে বোধ; 2 ভয়ডর, আশঙ্কা (বেপরোয়া); 3 তোয়াক্কা, সমীহ, কেয়ার (সে কাউকেই পরোয়া করে না)। [ফা. পর্বা]। কুছ পরোয়া নেই কোনো ভয় নেই।

পর্কটি (p. 502) [parkaṭi] বি. পাকুড় গাছ। [সং. √ পৃচ্ + অটি]।

পর্জন্য (p. 502) [parjanya] বি. 1 গর্জনকারী ও জলবর্ষী মেঘ; 2 মেঘ; 3 ইন্দ্র। [সং. পৃষ্ + অন্য (পর্জ=পর্য)]।˜ মাতৃক, বিণ. দেবমাতৃক -এর অনুরূপ।

পর্ণ (p. 502) [parṇa] বি. 1 গাছের পাতা (পর্ণকুটির, পর্ণশয্যা); 2 তাম্বূল, পান; 3 পাখির পালক (সুপর্ণ)। [সং. √ পৃ + ন]।˜ কার বি. পানব্যবসায়ী বা পানচাষি, বারুইজাতি।˜ কুটির,˜ শালা বি. গাছের পাতা দিয়ে ছাওয়া ঘর, কুঁড়েঘর।˜ পুট বি. পাতা দিয়ে তৈরি ঠোঙা।˜ মৃগ বি. 1 বাঁদর; 2 কাঠবিড়াল।˜ মোচন বি. 1 গাছের পাতা ঝরা; 2 পাতা ঝরার দিন বা সময়।˜ মোচী (চিন্) বিণ. পত্রত্যাগী, শীতকালে পাতা ঝরে যায় এমন, deciduous (বি.প.)। পর্ণসি বি. 1 শাক; 2 জলের মধ্যে ঘর, জলটুঙি। পর্ণাদ বিণ. ব্রত পালনের জন্য শাকপাতামাত্র খায় এমন। পর্ণাস বি. তুলসী। পর্ণাহার বি. শাকপাতা খাওয়া। পর্ণিক বি. শাকপাতা উৎপাদনকারী ও বিক্রেতা। পর্ণী (-র্ণিন্) বিণ. পত্রযুক্ত (সপ্তপর্ণী)। □ বি. বৃক্ষ, গাছ।

পর্তু-গিজ (p. 502) [partu-gija] বি. পর্তুগালের ভাষা বা অধিবাসী। □ বিণ. 1 পর্তুগাল দেশসম্বন্ধীয়; 2 পর্তুগালের অধিবাসী সম্বন্ধীয়। [ইং. Portuguese, তু. পো. Portuguez]।

পর্পট (p. 502) [parpaṭa] বি. 1 পাঁপড়; 2 খেতপাপড়া গাছ। [সং.√ পর্প্ + অট]।

পর্পটিকা, পর্পটী (p. 502) [parpaṭikā, parpaṭī] বি. 1 পাঁপড়; 2 ক্ষেতপাপড়া নামক ওষধিবিশেষ। [সং. √ পর্প্ + অট + ক + আ, অট + ঈ]।

পর্ব (p. 502) [parba] (-র্বন্) বি. 1 দেবতার পূজা বা শাস্ত্রোক্ত ধর্মানুষ্ঠানের জন্য নির্দিষ্ট দিন, পার্বণ; 2 পরব, সামাজিক বা ধর্মীয় উৎসব; 3 সংক্রান্তি এবং অষ্টমী চতুর্দশী পূর্ণিমা ও অমাবস্যা তিথি; 4 গ্রন্হি, গাঁট; 5 সন্ধি, বাঁক (বয়সের শেষ পর্ব); 6 দুই গ্রন্হি বা গাঁটের মধ্যবর্তী অংশ, পাব (আঙুলের পর্ব); 7 অধ্যায় (আদি পর্ব, ভীষ্ম পর্ব, জীবনের শেষ পর্ব); 8 কোনো ব্যাপারের অঙ্গ (ভোজনপর্ব সমাপ্ত); 9 (উদ্ভি.) কাণ্ডের জোড়ামুখ, বৃন্তের যে অংশ থেকে পত্রোদ্গম হয়, node (বি.প.)। [সং. √ পৃ + বন্]।˜ মধ্য বি. (উদ্ভি.) দুই পর্বের মধ্যবর্তী অংশ, পাব, internode (বি.প.)।

পর্বত (p. 502) [parbata] বি. ভূপৃষ্ঠ থেকে বহু উঁচু ও বহুদূর বিস্তৃত শিখরবিশিষ্ট ভূভাগ, পাহাড়, গিরি, শৈল। [সং. √ পর্ব্ + অত]।˜ গহ্বর বি. পর্বতের মধ্যস্থ গুহা বা কন্দর।˜ জাত বিণ. পর্বতে উৎপন্ন।˜ পতি বি. হিমালয়।˜ প্রমাণ বিণ. পর্বতের মতো উঁচু বা বিশাল (পর্বতপ্রমাণ অভিযোগ)।˜ সংকুল বিণ. (প্রচুর) পর্বত আছে এমন (পর্বতসংকুল দেশ)। পর্বতারোহী (-হিন্) বি. বিণ. পর্বতে আরোহণ করে এমন, পাহাড়ে ওঠে এমন। (অপ্র.) পর্বতীয়, (অপ্র.) পার্বত, (অপ্র.) পার্বতীয়, পার্বত্য বিণ. 1 পর্বতসম্বন্ধীয়; 2 পর্বতে জাত বা উৎপন্ন (পার্বত্য উদ্ভিদ); 3 পর্বতে বাসকারী (পার্বত্য উপজাতি)।

পর্বাস্ফোট (p. 502) [parbāsphōṭa] বি. আঙুল মটকানো, আঙুল ফোটানো। [সং. পর্ব (গাঁট) + আস্ফোট]।

পর্বাহ (p. 502) [parbāha] বি. উৎসব বা পরবের দিন। [সং. পর্ব + অহন্]।

পর্যঙ্ক (p. 502) [paryaṅka] বি. 1 পালঙ্ক, মূল্যবান খাট; 2 (ভূগো.)নদীর অববাহিকা, basin (বি.প.)। [সং. + পরি + অঙ্ক]। ˜ বন্ধ বি. যোগশাস্ত্রমতে বিশেষ ভঙ্গিতে উপবেশন, বীরাসন।

পর্যটন (p. 502) [paryaṭana] বি. ব্যাপক ভ্রমণ। [সং. পরি + √ অট্ + অন]। পর্যটক বিণ. বি. ভ্রমণশীল; ভ্রমণকারী (ব্যক্তি)।

পর্যন্ত (p. 502) [paryanta] বি. সীমা, প্রান্ত (পর্যন্তভূমি)। □ (বাং.) অব্য. 1 অবধি (এদিক থেকে ওদিক পর্যন্ত); 2 ও, অপিচ, এমনকী (তিনি পর্যন্ত বুঝতে পারেননি)। [সং. + পরি + অন্ত]।

পর্যব-সান (p. 502) [paryaba-sāna] বি. 1 সমাপ্তি, শেষ, অবসান (দিনের পর্যবসানে); 2 পরিণতি, পরিণাম। [সং. পরি + অবসান]। পর্যব-সিত বিণ. 1 সমাপ্তি লাভ করেছে এমন; 2 পরিণতি লাভ করেছে এমন, রূপান্তরিত (ক্রীড়াঙ্গন রণাঙ্গনে পর্যবসিত হল)।

পর্যবেক্ষক (p. 502) [paryabēkṣaka] বিণ. বি. পর্যবেক্ষণকারী, পরিদর্শক। [সং. পরি +অবেক্ষক]।

পর্যবেক্ষণ (p. 502) [paryabēkṣaṇa] বি. 1 পরিদর্শন, নিরীক্ষণ, মনোযোগের সঙ্গে লক্ষ করা; 2 (বিজ্ঞা.) প্রাকৃতিক ঘটনা অবেক্ষণ, observation (বি.প.)। [সং. পরি + অবেক্ষণ]। পর্যবেক্ষিত বিণ. পর্যবেক্ষণ করা হয়েছে এমন। পর্যবেক্ষণিকা বি. মানমন্দির, observatory.

পর্যসন (p. 502) [paryasana] বি. 1 দূরীকরণ; 2 দূরে বা চতুর্দিকে ক্ষেপণ। [সং. পরি + √ অস্ (নিক্ষেপ) + অন]।

পর্যস্ত (p. 502) [paryasta] বিণ. 1 দূরীকৃত; 2 বিক্ষিপ্ত, চতুর্দিকে নিক্ষেপ করা হয়েছে এমন; 3 বিপর্যস্ত। [সং. পরি + √ অস্ + ত]।

পর্যাকুল (p. 502) [paryākula] বিণ. অত্যন্ত আকুল বা কাতর। [সং. পরি + আকুল]।

পর্যাটক, পর্যাটন (p. 502) [paryāṭaka, paryāṭana] যথাক্রমে পর্যটক ও পর্যটন -এর অপ্র. রূপভেদ।

পর্যাণ (p. 502) [paryāṇa] বি. পশুর পিঠে বসার আসন, জিন, পালান। [সং. পরি +√ যা + অন]।

পর্যাপ্ত (p. 502) [paryāpta] বিণ. 1 প্রচুর (পর্যাপ্ত মাছ পাওয়া গেছে); 2 যথেষ্ট, প্রয়োজন মিটাবার পক্ষে উপযুক্ত; 3 পরিমিত (পর্যাপ্ত বৃষ্টি); 4 সক্ষম। [সং. পরি + √ আপ্ + ত]। পর্যাপ্তি বি. প্রাচুর্য; পরিমিততা; পরিপূর্ণতা; সামর্থ্য।

পর্যাবৃত্ত (p. 502) [paryābṛtta] বিণ. (বিজ্ঞা.) পর্যায় অনুসারে ঘটে এমন, periodic (বি.প.); নির্দিষ্ট সময়ের ব্যবধানে ঘটে এমন। [< সং. পর্যায় + বৃত্ত]। পর্যাবৃত্তি বি. পর্যায় অনুসারে ঘটা, periodicity (বি.প.)।

পর্যায় (p. 502) [paryāẏa] বি. 1 ক্রম, পালা, আনুপূর্ব্য (পর্যায়ক্রমে ঘটা); 2 অবস্থা, ক্রম (ব্যাপারটা কোন পর্যায়ে আছে?); 3 বংশের প্রবর্তক থেকে পুরুষ-পরম্পরাগত সংখ্যা, generation; 4 সমানার্থবোধক শব্দ (একই পর্যায়ভুক্ত শব্দ); 5 (বিজ্ঞা.) নির্দিষ্টপরিমাণ কাল; 6 গ্রহাদির আবর্তনকাল, period (বি.প.)। [সং. পরি + √ ই + অ]। ˜ ক্রমে ক্রি-বিণ. পর্যায় অনুসারে; ক্রম অনুসারে; পরপর। ˜ শব্দ বি. একই শ্রেণিভুক্ত শব্দ।

পর্যালোচনা, পর্যালোচন (p. 502) [paryālōcanā, paryālōcana] বি. সম্যক আলোচনা অনুশীলন বা বিচার (শাস্ত্র পর্যালোচনা)। [সং. পরি + আলোচনা]। পর্যালোচিত বিণ. পর্যালোচনা করা হয়েছে এমন; সম্যক আলোচিত; সমীক্ষা করা হয়েছে এমন।

পর্যাস (p. 504) [paryāsa] বি. 1 ওলটপালট, ব্যাপক পরিবর্তন; 2 ক্রমভঙ্গ, বিপর্যাস; 3 বিপর্যয়; 4 হনন, বিনাশ। [সং. পরি + √ অস্ + অ]।

পর্যুদস্ত (p. 504) [paryudasta] বিণ. 1 সম্পূর্ণ পরাজিত বা নিবারিত বা নিষিদ্ধ; 2 অভিভূত। [সং. পরি + উদ্ + √ অস্ + ত]। পর্যুদাস বি. 1 পূর্ণ পরাজয়; 2 সম্পূর্ণ নিষেধ বা নিবারণ; 3 নিয়মের ব্যতিক্রম।

পর্যুষিত (p. 504) [paryuṣita] বিণ. অন্তত একদিনের বাসি; বাসি (পর্যুষিত অন্ন, পর্যুষিত পুষ্প)। [সং. পরি + √ বস্ + ত]।

পর্যেষণ, পর্যেষণা (p. 504) [paryēṣaṇa, paryēṣaṇā] বি. 1 অন্বেষণ, অনুসন্ধান; 2 গবেষণা। [সং. পরি + এষণ, এষণা]।

পর্ষদ, পর্ষত্ (p. 504) [parṣada, parṣat] (-দ্) বি. 1 পরিষদ, সভা; 2 পরিচালক সমিতি, board (স.প.)। [সং. √ পৃষ্ + অদ্]।

পল1 (p. 504) [pala1] বি. 1/6 দণ্ড বা 24 সেকেণ্ড; 2 মুহূর্ত, ক্ষণকাল (পলে পলে); 3 চার তোলা পরিমাণ। [সং. √ পল্ (গমন করা) + অ]।

পল2 (p. 504) [pala2] বি. খড়, বিচালি। [সং. পলাল > পোয়াল > বাং. পল]।

পল3 (p. 504) [pala3] বি. মাংস (পলান্ন)। [সং. √ পল্ + অ]।

পল4 (p. 504) [pala4] বি. পাথর মণি ইত্যাদি দ্রব্যের শিরাযুক্ত পার্শ্বদেশ, facet (পলকাটা হীরে, পল-তোলা, চৌপল বোতল)। [ফা. পহ্লু]।

পলক (p. 504) [palaka] বি. 1 নিমেষ, চোখের পাতা ফেলতে যতটুকু সময় লাগে (পলকের মধ্যে ঘটে গেল); 2 চোখের পাতা (পলকপাত)। [ফা. পলক্]। পলক ফেলা ক্রি. বি. চোখের পাতা ফেলা। ˜ রহিত বিণ. নিমেষহীন, অপলক (পলকরহিত দৃষ্টি)। পলকে হারানো ক্রি. বি. নিমেষের মধ্যে বা মুহূর্তের মধ্যে হারানো।

পলকা1 (p. 504) [palakā1] বিণ. ভঙ্গুর; অত্যন্ত দুর্বল বা অদৃঢ়। [বাং.পল2 + ক + আ]।

পলকা2 (p. 504) [palakā2] বি. পাশ্চাত্য নৃত্যবিশেষ। [ইং. polka < চেখ pulka]।

পলটন, পল্টন (p. 504) [palaṭana, palṭana] বি. সৈন্যদল, ফৌজ। [ইং. platoon]।

পলটা (p. 504) [palaṭā] ক্রি. (প্রা. বাং. ও ব্রজ.) 1 উলটানো ('পলটি বসাল কনক কটোরা': বিদ্যা.); 2 পিছন ফেরা বা প্রত্যাবর্তন করা ('পুন কহে পলটি ন পৈঠালি পানী': বিদ্যা); 3 জড়িয়ে দেওয়া ('ধরল বস্ত্র নিল রাজা গলাতে পলটাইয়া': গোপীচন্দ্র)। [হি. মৈ. √ পলট < প্রাকৃ. √ পল্লট্ট < সং.পর্যস]।

পলতা (p. 504) [palatā] বি. পটোলের পাতা বা লতা। [বাং. পটোললতা]।

পলতে (p. 504) [palatē] বি. পলিতা, প্রদীপের সলতে। [ফা. পলীতাহ]।

পলল (p. 504) [palala] বি. 1 মাংস, পল; 2 পলি; 3 পাঁক; 4 মিষ্টান্নবিশেষ। [সং. √ পল্ + অল]। পলল শিলা বি. পলিমাটি থেকে উৎপন্ন বা পলিজাত শিলা।

পলস্তারা (p. 504) [palastārā] বি. (প্রধানত) (চুন বালি সুরকি সিমেণ্ট প্রভৃতি মিশ্রিত) প্রলেপ (দেওয়ালের পলস্তারা খসে গেছে)। [ইং. plaster]।

পলা1 (p. 504) [palā1] বি. 1 রত্নবিশেষ, প্রবাল; 2 সাধারণত বিবাহিত হিন্দু নারীর পরিহিত লাল চুড়িবিশেষ। [সং. প্রবাল]।

পলা2 (p. 504) [palā2] বি. তেল তোলার জন্য লোহার তৈরি লম্বা হাতলওয়ালা বাটিবিশেষ। [সং. পল + বাং. আ]।

পলা3 (p. 504) [palā3] ক্রি. পলায়ন করা, পালিয়ে যাওয়া। [প্রাকৃ. পা. √ পলায়]।

পলাগ্নি (p. 504) [palāgni] বি. পিত্ত। [সং. পল (=মাংস) + অগ্নি]।

পলাঙ্গ (p. 504) [palāṅga] বি. জলজন্তুবিশেষ, শুশুক। [সং. পল (মাংসবহুল) + অঙ্গ]।

পলাণ্ডু (p. 504) [palāṇḍu] বি. পেঁয়াজ। [সং. √ পল্ + অণ্ড + ক্বিপ্ + উ]।

পলাতক (p. 504) [palātaka] বিণ. 1 পালিয়েছে এমন (পলাতক আসামি); 2 নিরুদ্দেশ। [< সং. পলায়ক]। বিণ. স্ত্রী. পলাতকা ('চলিছে ছুটিয়া পলাতকা হিয়া': রবীন্দ্র)।

পলানো, পালানো (p. 504) [palānō, pālānō] ক্রি. পলায়ন করা। □ বি. পলায়ন। □ বিণ. পলায়িত; পলাতক, পালিয়ে গেছে এমন। [পলা দ্র]।

পলান্ন (p. 504) [palānna] বি. মাংস-সহযোগে পাক-করা অন্ন; পোলাও। [সং. পল + অন্ন]।

পলায়ন (p. 504) [palāẏana] বি. (ভয়ে বা অন্য কোনো কারণে) দৃষ্টির বাইরে যাওয়া, পালানো, চম্পট। [সং. পরা2 + √ অয়্ + অন]। পলায়নি বিণ. পালাতে চায় বা এড়িয়ে যেতে চায় এমন (পলায়নি দৃষ্টিভঙ্গি)। পলায়নি মনোবৃত্তি বি. এড়িয়ে যাওয়া, escapism. পলায়-মান বিণ. পলায়ন করছে এমন। পলায়িত বিণ. পালিয়েছে এমন। স্ত্রী. পলায়িতা।

পলাশ (p. 504) [palāśa] বি. 1 লাল ফুলবিশেষ বা তার গাছ, কিংশুক ('রাঙা হাসি রাশি রাশি অশোকে পলাশে': রবীন্দ্র); 2 ফুলগাছের পাতা বা ফুলের পাপড়ি (পদ্মপলাশ লোচন)। [সং. পলাশ + অ]।

পলি (p. 504) [pali] বি. বন্যার বা নদীপ্রবাহের ঘোলা জল থেকে থিতিয়ে-পড়া নরম মাটির স্তর বা প্রলেপ (পলি পড়া, নদীর পলিমাটি); alluvium (বি.প.)। [তু. সং. পলল (=পঙ্ক)]।˜ জ বিণ. (ভূবি.) পলি থেকে জাত বা উৎপন্ন, পাললিক, alluvial (বি.প.)।

পলি-টেক-নিক (p. 504) [pali-ṭēka-nika] বি. কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানবিশেষ। [ইং. polytechnic]।

পলিত (p. 504) [palita] বি. বার্ধক্যহেতু কেশের শুভ্রতা। □ বিণ. 1 বার্ধক্যহেতু শুক্লতাপ্রাপ্ত, পাকা (পালিত কেশ); 2 বৃদ্ধ। [সং. √ পল্ (গত্যর্থক) + ত]।˜ কেশ বিণ. বার্ধক্যের জন্য চুল পেকে গেছে এমন।

পলি-থিন (p. 504) [pali-thina] বি. প্লাসটিকের তৈরি নমনীয় কিন্তু মজবুত বস্তুবিশেষ। [ইং. polythene]।

পলু (p. 504) [palu] বি. তুঁতপোকা, রেশমকীট। [দেশি]।

পলুই, পোলো (p. 504) [palui, pōlō] বি. বাঁশের সরু কাঠি দিয়ে তৈরি ঝুড়ির আকারের মাছ ধরার যন্ত্রবিশেষ। [সং. পলব]।

পল্বল (p. 504) [palbala] বি. বিল ডোবা প্রভৃতি ক্ষুদ্র জলাশয় ('পঙ্কিল যত পল্বলে আজ শোনো কল্লোল বন্যাজলে': স.দ.)। [সং. √ পল্ + বল]।

পল্যঙ্ক (p. 505) [palyaṅka] বি. পালঙ্ক, খাট, পর্যঙ্ক। [সং. পর্যঙ্ক দ্র]।

পল্লব (p. 505) [pallaba] বি. 1 পাতা (চক্ষুপল্লব); 2 কিশলয়, গাছের নতুন পাতা ('শুনি রে শুনি মর্মর পল্লবপুঞ্জে': রবীন্দ্র); 3 নতুন পাতাযুক্ত কচি ডালের আগা। [সং. পল + লু + অপ্]। ̃ গ্রাহী (-হিন্) বিণ. নানা বিষয়ে একটু-একটু বা ভাসা-ভাসা জ্ঞানসম্পন্ন (পল্লবগ্রাহী পাণ্ডিত্য)। বি. ̃ গ্রাহিতা। পল্লবাধার বি. গাছের শাখা বা ডাল। পল্লবিত বিণ. 1 পল্লবযুক্ত; 2 বিস্তারিত (বহুপল্লবিত বৈদিক ক্রিয়াকাণ্ড); 3 অতিরঞ্জিত (সামান্য ঘটনাকে পল্লবিত করে বর্ণনা করা)। পল্লবী (-বিন্) বি. গাছ।

পল্লবী (p. 505) [pallabī] দ্র পল্লব।

পল্লি, পল্লী (p. 505) [palli, pallī] বি. 1 বসতি, পাড়া (গোপপল্লি, 'চলে দূর পল্লি পানে': রবীন্দ্র; ছয়ের পল্লি); 2 গ্রাম, পাড়াগাঁ (পল্লিজীবন)। [সং. √ পল্ল্+ ই, ঈ]। পল্লি উন্নয়ন বি. পল্লির উন্নতিসাধন। ̃ গীতি, ̃ সংগীত বি. গ্রামজীবনের

আলেখ্যযুক্ত কিংবা গ্রামের মানুষের গান। গ্রাম বি. পাড়াগাঁ। ˜ বাসী (-সিন্) বিণ. গ্রামবাসী, গ্রামে বাস করে এমন। স্ত্রী. ˜ বাসিনী। ˜ মঙ্গল বি. গ্রামের বা গ্রামবাসীর মঙ্গল বা উপকারসাধন। ˜ সংগীত পল্লিগীতি -র অনুরূপ।

পশতু, পশতো (p. 505) [paśatu, paśatō] বি. আফগানদের ভাষাবিশেষ। [পশতো, পশ্তুন]।

পশম (p. 505) [paśama] বি. 1 মেষাদি পশুর লোম, ঊর্ণা; 2 উল।[ফা. পশ্ম্]। পশমি বিণ. পশমের তৈরি। পশমিনা বি. পশমের তৈরি দামি কাপড়বিশেষ ('ধানী পশমিনা বুকে তার': জী. দা.)।

পশরা, পসরা (p. 505) [paśarā, pasarā] বি. 1 বিক্রয়যোগ্য দ্রব্য, পণ্যদ্রব্য, বেসাত; 2 বিক্রয়যোগ্য দ্রব্যের স্তূপ, বোঝা বা ঝুড়ি ('কে ছুটেছিস পসরা লয়ে': রবীন্দ্র)। [সং. প্রসর]।

পশলা, পসলা (p. 505) [paśalā, pasalā] বি. একবারের বর্ষণ বা বৃষ্টি (দুপশলা বৃষ্টি হল)। [তু. মরা. পহাল]।

পশা (p. 505) [paśā] ক্রি. (কাব্যে) প্রবেশ করা ('কানের ভিতর দিয়া মরমে পশিল গো': চণ্ডী; 'কি ছলে পশিলা রক্ষোরাজপুরে আজ': মধু.)। [< বাং. প্রবেশা]।

পশু (p. 505) [paśu] বি. 1 লেজবিশিষ্ট চতুষ্পদ জন্তু, জানোয়ার; 2 বলির জন্তু (পশুবলি); 3 মোহাচ্ছন্ন জীব; 4 পশুবত্ অজ্ঞান বা দুর্বৃত্ত মানুষ; 5 (তন্ত্রমতে) মদমাংসবর্জনকারী শুদ্ধ ও সংযতাচারী সাধক; 6 শিবের অনুচর (পশুপতি)। [সং.

√ পশ্ + উ]। ˜ খাদ্য বি. যে খাদ্য কেবল পশুরাই খেতে পারে; পশুর উপযুক্ত খাদ্য। ˜ চারণ বি. গোমহিষ বা মেষাদিকে চরানো। ˜ ত্ব বি. পশুর ভাব বা ধর্ম; পশুর মতো আচরণ। ˜ ধর্ম বি. 1 পশুর স্বাভাবিক বৃত্তি; 2 মৈথুন। ˜ ধর্মা (-র্মন্) বিণ. 1 পশুর মতো প্রকৃতিবিশিষ্ট; 2 মৈথুনপরায়ণ। ˜ পতি বি. শিব। ˜ পালন বি. পশুর দল পোষণ ও রক্ষণাবেক্ষণ। ˜ রাজ বি. সিংহ। ˜ শালা বি. চিড়িয়াখানা।

পশুরি-পসুরি (p. 505) [paśuri-pasuri] -র বানানভেদ।

পশ্চাত্ (p. 505) [paścāt] অব্য. ক্রি-বিণ. (সচ. সাধুভাষায়) 1 পরে (সেকথা পশ্চাত্ বলিব); 2 পিছনে (পশ্চাত্ পশ্চাত্ চলিল); 3 পশ্চিমে (তু. পাশ্চাত্য)। □ বি 1 পিছন (গৃহের পশ্চাতে, পশ্চাতের দিক); 2 পরবর্তীকাল, ভবিষ্যত্ (পশ্চাতে দুঃখ পাবে)। [সং. পশ্চ (অপর) + আত্ (নি.)]। ˜ চিন্তা বি. ভবিষ্যতের চিন্তা। পশ্চাত্তাপ বিণ. অনুতাপ। ˜ পদ বিণ. হটে এসেছে এমন; অসম্মত বা নিবৃত্ত (তিনি কোনো কাজেই পশ্চাৎপদ হন না)। পশ্চাদ্-গতি বি. পিছনে যাওয়া, পিছু হটা। পশ্চাদ্-গামী (-মিন্) বিণ. পিছনে যাচ্ছে এমন। পশ্চাদপ-সরণ বি. পিছনে যাওয়া; পিছু হটা। পশ্চাদ্-বর্তী বিণ. পিছনে অবস্থিত; পিছনে আসছে এমন। পশ্চাদ্-ভূমি বি. 1 পিছনের জায়গা; 2 চিত্রাদির বিষয়বস্তুকে বৈশিষ্ট্য বা গুরুত্ব দান করে এমন দূরের দৃশ্যাবলি, পটভূমি, background; 3 নদী বা সমুদ্রের বন্দরের পশ্চাদ্বর্তী আমদানি-রপ্তানি কার্যের উপযুক্ত স্থানসমূহ, hinterland (বি.প.)। পশ্চাদ্ধাবন বি. পিছনে পিছনে দৌড়ানো, সবেগে অনুসরণ। পশ্চাদ্ভাগ বি. 1 পিছনের অংশ; 2 নিতম্ব, পাছা।

পশ্চাত্তাপ (p. 505) [paścāttāpa] বি. কোনো কাজ করার পর অনুতাপ বা আক্ষেপ। [সং.পশ্চাত্ + তাপ]।

পশ্চার্ধ (p. 505) [paścārdha] বি. 1 নাভি থেকে পা পর্যন্ত দেহাংশ, অধমাঙ্গ, দেহের নিম্নার্ধ; 2 নিম্নার্ধ; 3 শেষার্ধ; 4 অপরার্ধ। [সং. পশ্চ (=অপর) + অর্ধ]।

পশ্চিম (p. 505) [paścima] বি. 1 পূর্বদিকের বিপরীত দিক, যে দিকে সূর্য অস্ত যায়, প্রতীচী; 2 ইয়োরোপ, আমেরিকা প্রভৃতি পাশ্চাত্য দেশ বা মহাদেশ ('পশ্চিম আজি খুলিয়াছে দ্বার': রবীন্দ্র)। □ বিণ. 1 (সং.) চরম, শেষ; 2 অনন্তর; 3 পশ্চিমে অবস্থিত (পশ্চিম দেশ)। [সং. পশ্চাত্‌ + ইম]।

পশ্চিমা, পশ্চিমে (p. 505) [paścimā, paścimē] বিণ. 1 পশ্চিম দেশীয় (পশ্চিমা ভাষা); 2 পশ্চিম দিকের (পশ্চিমা বাতাস)। □ বি. পশ্চিমাঞ্চলবাসী লোক। [সং.পশ্চিম + বাং. আ > এ]।

পশ্চিমাভি-মুখ (p. 505) [paścimābhi-mukha] বিণ. পশ্চিম দিকে মুখ করে রয়েছে এমন। [সং. পশ্চিম + অভিমুখ]। পশ্চিমাভি-মুখী (-খিন্‌) বিণ. পশ্চিম দিকে মুখ করে রয়েছে এমন; পশ্চিমের দিকে অগ্রসর হচ্ছে এমন।

পশ্চিমি (p. 505) [paścimi] বিণ. পশ্চিমদেশীয়; পশ্চিম দিকের (কবিতায় পশ্চিমি প্রভাব)।[সং. পশ্চিম + বাং. ই]।

পশ্চিমোত্তানাসন (p. 505) [paścimōttānāsana] বি. যোগাসনবিশেষ। [সং. পশ্চিম + উত্তান + আসন]।

পশ্বাচার (p. 505) [paśbācāra] বি. 1 শুদ্ধাচারী তান্ত্রিক সাধকের আচারবিশেষ; 2 পশুর মতো আচরণ। [সং. পশু + আচার]। পশ্বাচারী (-রিন্) বিণ. পশ্বাচার করে এমন।

পশ্বাধম (p. 505) [paśbādhama] বিণ. পশুর চেয়েও অধম বা নীচ। [সং. পশু + অধম]।

পসার1 (p. 506) [pasāra1] বি. 1 হাট-বাজার, দোকানপাট; 2 পণ্যসম্ভার, পণ্যদ্রব্য (দোকানপসার)। [হি. পঁসর (=দোকান)]।

পসার2 (p. 506) [pasāra2] বি. 1 ব্যবসায়ে খ্যাতি (ডাক্তারের পসার জমা, উকিলের পসার); 2 প্রতিপত্তি; 3 খদ্দের মক্কেল প্রভৃতির প্রাচুর্য। [সং. প্রসার]।

পসারা1 (p. 506) [pasārā1] ক্রি. (কাব্যে) বাড়িয়ে দেওয়া, প্রসারিত করা ('সবার পানে যেথায় বাহু পসারো': রবীন্দ্র)। [সং. প্র + √ সৃ + ণিচ্ + বাং. আ]।

পসারা2 (p. 506) [pasārā2] বি. (প্রা. বাং.) পণ্যসামগ্রী, পসরা।[পসরা1 দ্র]।

পসুরি (p. 506) [pasuri] বি. 1 পাঁচ সের ওজন; 2 পাঁচ সের ওজনের বাটখারা। □ বিণ. পাঁচ সের ওজনের (দুই পসুরি গম)। [সং. পঞ্চ > প + বাং. সেরি > সুরিতু. হি. পসেরা (=পাচ সের)]।

পস্তা (p. 506) [pastā] ক্রি. পস্তানো (তাকে বিশ্বাস করে এখন পস্তাচ্ছি)। [সং. পশ্চাত্তাপ-তু হি. পছতানা]। ̃ নো ক্রি. বি. অনুতাপ করা; আফশোস করা। পস্তানি বি. অনুতাপ, পশ্চাত্তাপ।

পহিল (p. 506) [pahila] বিণ. (ব্রজ.) 1 প্রথম (পহিল রজনী); 2 নবীন, তরুণ। [হি. পহলা]। ̃ হি ক্রি-বিণ. প্রথমে; প্রথমেই ('পহিলহি রাগ নয়ন ভঙ্গ ভেল': রামানন্দ)।

পহু1 (p. 506) [pahu1] ক্রি-বিণ. (ব্রজ.) পুনরায়। [সং. পুনঃ]।

পহু2, পহুঁ (p. 506) [pahu2, pahu] বি. (ব্রজ.) প্রভু ('গোবিন্দদাস পহুঁ নটবরশেখর': গো. দা.)। [সং. প্রভু]।

পহ্লব (p. 506) [pahlaba] বি. প্রাচীন পারসিক জাতিবিশেষ। [ফা. পেহ্লবী]।

পা1 (p. 506) [pā1] বি. স্বরগ্রামের পঞ্চমের সংকেত, পঞ্চম সুর।

পা2 (p. 506) [pā2] বি. 1 চরণ, পদ, কুঁচকি থেকে পায়ের পাতা পর্যন্ত দেহাংশ; 2 পায়ের পাতা, পদতল; 3 পদক্ষেপ (পায়ে পায়ে এগোনো); 4 টেবিল চেয়ার ইত্যাদি আসবাবপত্রের পায়া। [সং. পদ]। পা চলা ক্রি. বি. 1 এগোনো (আর পা চলছে না); 2 লাথি মারা (ছেলেটার খুব পা চলে)। পা চাটা ক্রি. বি. অতি হীনভাবে তোষামোদ করা। পা চালানো ক্রি. বি. 1 হাঁটা; অগ্রসর হওয়া; 2 লাথি মারা। পা টিপে চলা ক্রি. সাবধানে পায়ের শব্দ না করে চলা। পা ধুতেও না আসা ক্রি. বি. ঘৃণার জন্য কোনোরকম সংস্পর্শে না আসা। পা বাড়ানো ক্রি.

বি. যেতে উদ্যত হওয়া। পা ভারি হওয়া ক্রি. বি. পা রসস্থ হওয়ায় চলতে কষ্ট হওয়া। পায়ে ঠেলা ক্রি. বি. অবজ্ঞা বা উপেক্ষা করা (অনুরোধ পায়ে ঠেলছে)। পায়ে তেল দেওয়া ক্রি. বি. অত্যন্ত হীনভাবে খোশামোদ করা। পায়ে পড়া ক্রি. বি. বিনীত ও কাতরভাবে অনুরোধ করা ('পায়ে পড়ি শোনো ভাই গাইয়ে': রবীন্দ্র)। পায়ে পায়ে ক্রি-বিণ. 1 প্রতি পদক্ষেপে ('আমার পায়ে-পায়ে শত্রু': দীন.); 2 ধীরে ধীরে (পায়ে-পায়ে যাওয়া)। পায়ে-পায়ে ঘোরা ক্রি. বি. সবসময় সঙ্গে সঙ্গে থাকা। পায়ে রাখা ক্রি. দয়া করে আশ্রয় দেওয়া। পায়ের উপর পা দিয়ে থাকা ক্রি. বি. কোনো কাজকর্ম না করে আরামে থাকা। পায়ে হাত দেওয়া ক্রি. বি. প্রণাম করা। পায়ের সুতো ছেঁড়া ক্রি. বি. বহুবার হাঁটাচলা করার দরুন কষ্ট হওয়া।

পাই (p. 506) [pāi] বি. 1 সিকিভাগ, পোয়া অংশ; 2 বর্তমানে অপ্রচলিত ভারতীয় মুদ্রাবিশেষ; 3 (আল.) সামান্য অংশ (তার দ্বারা পাই পয়সার উপকার হবে না)। [সং. পাদ]।

পাইক (p. 506) [pāika] বি. 1 পদাতিক সৈনিক; 2 লাঠিয়াল (পাইক দিয়ে মারা হল); 3 পেয়াদা। [সং. পদাতিক > প্রাকৃ. পাইক্ক]।

পাইকা (p. 506) [pāikā] বি. ছাপার অক্ষরবিশেষ, 12 পয়েন্টের ছাপার অক্ষর। [ইং. pica]।

পাই-কার, (কথ্য) পাই-কের (p. 506) [pāi-kāra, (kathya) pāi-kēra] বি. 1 যে একসঙ্গে অনেক জিনিস কেনে বা বেচে; 2 একসঙ্গে অনেক জিনিস কিনে খুচরো বেচে এমন দোকানদার; 3 ফেরিওয়ালা; 4 (ব্যঙ্গে) চরম ব্যবসায়ী

মনোবৃত্তিসম্বন্ন লোক (আচ্ছা পাইকারের পাল্লায় পড়েছি দেখছি)। [ফা. পাইকার]। পাই-কারি বিণ. 1 থোক ক্রয়-বিক্রয় সংক্রান্ত, খুচরোর বিপরীত (পাইকারি দাম, পাইকারি হার); 2 একসঙ্গে অনেক জিনিস কেনে বা বেচে এমন (পাইকারি ব্যবসায়ী); 3 সমষ্টিগতভাবে ধার্য, collective (পাইকারি জরিমানা)।

পাই-থন (p. 506) [pāi-thana] বি. ময়াল সাপ, অজগর। [ইং. python]।

পাইন2 (p. 506) [pāina2] বি. ছুঁচলো পাতাযুক্ত বড়ো গাছবিশেষ।[ইং. pine]।

পাইপ (p. 506) [pāipa] বি. 1 নল (জলের পাইপ); 2 ধূমপানের জন্য ব্যবহৃত বাঁকা নলবিশেষ। [ইং. pipe]।˜ গান বি. নলের আকারবিশিষ্ট এবং সহজে ব্যবহারযোগ্য বন্দুকবিশেষ। [ইং. pipe-gun]।

পাইল2 (p. 506) [pāila2] বি. 1 একত্রীকরণ; 2 ভালোমন্দ মিহি-মোটা প্রভৃতি দুই বা ততোধিক ভিন্নজাতীয় জিনিসের সংমিশ্রণ (ভালো চালের সঙ্গে খারাপ চাল পাইল দেওয়া হয়েছে)। [ইং. pile]।

পাই-লট (p. 506) [pāi-laṭa] বি. বিমানচালক। [ইং. pilot]।

পাউ-ডার (p. 506) [pāu-ḍāra] বি. 1 চূর্ণ, গুঁড়ো; 2 সুরভিত চূর্ণ অঙ্গরাগবিশেষ; 3 গুঁড়ো ওষুধ। [ইং. powder]।

পাউণ্ড (p. 506) [pāuṇḍa] বি. 1 ওজনের পরিমাণবিশেষ, 454 গ্রাম ওজন; 2 ইংল্যাণ্ডের মুদ্রাবিশেষ। [ইং. pound]।

পাউরুটি, পাঁউরুটি (p. 506) [pāuruṭi, pām̐uruṭi] বি. ইয়োরোপীয় পদ্ধতিতে তৈরি ফাঁপা রুটি। [পো. pao + হি. রোটি]।

পাওনা (p. 506) [pāōnā] বিণ. প্রাপ্য (পাওনা টাকা)। □ বি. 1 প্রাপ্য অর্থ (আমার পাওনা মিটিয়ে দাও); 2 প্রাপ্তি, লাভ (পাওনা থোওনা)। [পাওনা দ্র]।˜ গণ্ডা বি. প্রাপ্য অর্থাদি।˜ দার বি. যে টাকা পাবে, মহাজন।

পাওয়া (p. 506) [pāōẏā] ক্রি. 1 হস্তগত হওয়া, লাভ করা (চিঠি পাওয়া, চাকরি পাওয়া, মাইনে পাওয়া); 2 মেলা বা জোটা (সাড়া পাওয়া, জবাব পাওয়া); 3 সমর্থ হওয়া (শুনতে পায় না, চোখে দেখতে পায় না); 4 উদ্রিক্ত হওয়া (খিদে পায়, কান্না পেল); 5 ভোগ বোধ বা অনুভব করা (ব্যথা পাওয়া, দুঃখ পাওয়া, আরাম পাওয়া); 6 ঠাওরানো, গণ্য করা (আমাকে কি পাগল পেয়েছে?); 7 আক্রান্ত হওয়া (ভূতে পেয়েছে); 8 উপায় উদ্ভাবন করা (আমি ভেবে পাচ্ছি না)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. প্রাপ্ত, লব্ধ (লটারিতে পাওয়া টাকা)। [< সং. প্র + √ আপ্]।˜ নো ক্রি. বি. 1 পাইয়ে দেওয়া, লাভ করানো; 2 সমর্থ করানো; 3 উদ্রিক্ত করানো; 4 বোধ করানো; 5 ভোগ করানো। □ বিণ. উক্ত সব অর্থে।

পাংশন (p. 506) [pāṃśana] বিণ. দূষক, কলঙ্কিত করে এমন (কুলপাংশন)। [সং. √ পংশ্ + অন (নি.)]।

পাংশু (p. 506) [pāṃśu] বি. 1 ছাই, পাঁশ; 2 কলঙ্ক, দোষ।□ বিণ. 1 ধূসর; 2 ম্লান (পাংশু মুখ)। [সং. √ পংশ্ + উ]।˜ বর্ণ বি. ধুলোর রং। □ বিণ. ধুলোর মতো বর্ণবিশিষ্ট, ধূসর; ফ্যাকাসে।˜ মুখ বিণ. পাংশুবর্ণ মুখবিশিষ্ট; শুকনো মুখযুক্ত; বিবর্ণমুখ।˜ ল বিণ. 1 ধূলিপূর্ণ; 2 কলঙ্কযুক্ত, কলঙ্কজনক (কুলপাংশুল)। □ বি. শিব।˜ লা বিণ. (স্ত্রী.) 1 ধূলিপূর্ণা; 2 পাপিষ্ঠা, দুশ্চরিত্রা। □ বি. 1 রজস্বলা নারী; 2 কুলটা; 3 পৃথিবী।

পাঁই-জর, পাঁয়-জোর (p. 506) [pāmँi-jara, pāmँya-jōra] বি. নূপুরবিশেষ। [হি. পঁয় (< সং. পদ) +জেবর]।

পাঁইট (p. 506) [pāmँiṭa] বি. তরল পদার্থের পরিমাণবিশেষ-প্রায়. 568 লিটার। [ইং. pint]।

পাঁউরুটি (p. 506) [pāmँuruṭi] দ্র পাউরুটি।

পাঁক (p. 506) [pānँka] বি. নর্দমা পুকুর ইত্যাদির তলার কাদা। [সং. পঙ্ক]।

পাঁকাটি, প্যাঁকাটি, প্যাকাটি (p. 506) [pānँkāṭi, pyānँkāṭi, pyākāṭi] বি. (জ্বালানি হিসাবে ব্যবহৃত) পাট গাছের শুকনো ডাঁটা। [< বাং. পাট + কাঠি]।

পাঁকাল (p. 506) [pānँkāla] বি. আঁশহীন ছোটো মাছবিশেষ। □ বিণ. পাঁকযুক্ত, কর্দমাক্ত। [সং. পঙ্ক > বাং. পাঁক + আল]।

পাঁকুই (p. 506) [pānँkui] বি. আঙুলের হাজা রোগ। [বাং. পাঁক]।

পাঁচ (p. 506) [pān̐ca] বি. বিণ. 5 সংখ্যা বা সংখ্যক। [সং. পঞ্চ]।˜ ই, পাঁচুই বি. মাসের পাঁচ তারিখ। □ বিণ. পাঁচ তারিখের (পাঁচই পৌষ)˜। কথা বি. 1 অনেক কথা; নানা কথা; 2 কটু কথা।˜ কান বিণ. নানা জনের কানে যায় এমন; প্রচারিত।˜ চুলা,˜ চুলো বি. বিশ্রী ও অসমানভাবে চুল ছাঁটা˜। জন বি. (আল.) জনসাধারণ (পাঁচজনে কী বলবে?)।˜ ফোড়ন বি. রান্নায় ব্যবহৃত পাঁচ রকমের মশলা-জিরে কালোজিরে মেথি মৌরি ও রাঁধুনি।˜ মাথা বি. যেখানে পাঁচটি রাস্তা মিশেছে (পাঁচ মাথার মোড়)।˜ মিশালি বিণ. বিবিধ দ্রব্যের মিশ্রণজাত; মিশ্রিত। কথ্য মিশেলি।˜ সালা বিণ. পাঁচ সাল বা বছর ধরে ঘটে বা চালু থাকে এমন; পাঁচ বছর মেয়াদি।

পাঁচড়া (p. 506) [pān̐caḍ়ā] বি. খোস, চামড়ার ঘা-বিশেষ। [সং. পিচ্ছট]।

পাঁচন (p. 506) [pān̐cana] বি. বিভিন্ন রকমের গাছ-গাছড়ার রস বা ক্বাথ থেকে প্রস্তুত ওষুধ। [সং. পাচন]।

পাঁচন-বাড়ি, পাঁচনি (p. 506) [pān̐cana-bāḍ়i, pān̐cani] যথাক্রমে পাচনবাড়ি ও পাচনি -র রূপভেদ।

পাঁচালি (p. 506) [pān̐cāli] বি. 1 বাংলা গীতিকাব্যবিশেষ; 2 (ব্যঙ্গে) বিরক্তকর দীর্ঘ কাহিনি; 3 ছড়াগান বা গীতাভিনয়বিশেষ। [সং.পাঞ্চালিকা]।

পাঁচিল (p. 506) [pān̐cila] বি. প্রাচীর, দেওয়াল। [সং. প্রাচীর]।

পাঁজ (p. 506) [pān̐ja] বি. সুতো কাটার জন্য পেঁজা তুলো দিয়ে তৈরি নলের আকৃতিবিশিষ্ট পলতে। [সং. পঞ্জি]।

পাঁজর, পাঁজরা (p. 506) [pān̐jara, pān̐jarā] বি. পঞ্জর, বুকের ও পাশের হাড়। [সং. পঞ্জর]।

পাঁজা1 (p. 506) [pān̐jā1] বি. আঁটি, গুচ্ছ, রাশি ('রোদে রাঙা ইটের পাঁজা': সু. রা)। [সং. পুঞ্জ]।

পাঁজা2 (p. 506) [pān̐jā2] বি. দুই হাত প্রসারিত করে জড়িয়ে ধরা বা তুলে ধরা (পাঁজা করে তোলা)। [ফা. পঞ্জহ্]। ̃ কোলা বিণ. প্রসারিত দুই হাতে আঁকড়ে ধরে কোলের কাছে তোলা হয়েছে এমন।

পাঁজি (p. 506) [pān̐ji] বি. শুভাশুভ দিন তিথি ইত্যাদির বিবরণ সংবলিত পুস্তক, পঞ্জিকা। [সং. পঞ্জিকা]। ̃ পুঁথি বি. 1 পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্হাদি; 2 পুঁথিপত্র।

পাঁঠা (p. 506) [pān̐ṭhā] বি. 1 পুরুষ ছাগ; 2 (গালিতে) নির্বোধ লোক। [তু. হি. পট্ঠা]। স্ত্রী. পাঁঠি।

পাঁড় (p. 506) [pān̐ḍ়.] বিণ. 1 পাকা (পাঁড় শসা); 2 সম্পূর্ণ, অত্যন্ত (পাঁড় মাতাল)। [সং. পাণ্ডু? পণ্ড? পিণ্ড>]।

পাঁড়ে (p. 506) [pān̐ḍ়ē] বি. হিন্দুস্থানি ব্রাহ্মণদের পদবিবিশেষ। [হি. পাণ্ডে]।

পাঁতি (p. 506) [pānti] বি. 1 পঙ্ক্তি, সারি (দাঁতের পাঁতি, বকের পাঁতি); 2 শাস্ত্রীয় বচনের ব্যবস্থাপত্র (পণ্ডিত পাঁতি দিলেন); 3 ধরন, পদ্ধতি ('কথার দেখ পাঁতি': ক.ক.); 4 চিঠি, পত্র ('লিখন করিয়া পাঁতি': ক.ক.)। [সং. পঙ্ক্তি]।

পাঁদাড় (p. 506) [pāndāḍ] বি. বাড়ির পিছনের নোংরা জঞ্জালপূর্ণ জায়গা। [দেশি]।

পাঁপড়, পাঁপর1 (p. 506) [pāmpaḍ, pāmpara1] দ্র পাপড়।

পাঁপর2 (p. 506) [pāmpara2] বি. নিঃস্ব লোক যার মামলা সরকারি ব্যয়ে চলে। [< ইং. pauper]।

পাঁয়-তারা (p. 506) [pāmẏa-tārā] বি. 1 মল্লযুদ্ধ ইত্যাদিতে পরস্পরকে আক্রমণের উদ্যোগস্বরূপ পদচালনা; 2 কাজের আগে আস্ফালন বা আড়ম্বর। [সং. পদান্তর]।

পাঁশ (p. 506) [pāmśa] বি. 1 ছাই; 2 ছাইয়ের মতো অকিঞ্চিৎকর পদার্থ (কী ছাইপাঁশ লিখছ?)। [সং. পাংশু]।˜ কুড়,˜ কুড়ো বি. ছাইয়ের কুণ্ড বা গাদা, ছাই ফেলবার জায়গা।

পাঁশুটে (p. 506) [pāmśuṭē] বিণ. ছাইবর্ণবিশিষ্ট, ফ্যাকাসে। [সং. পাংশু + বাং. টিয়া > টে]।

পাক1 (p. 506) [pāka1] বিণ. পবিত্র (নাপাক)। [ফা. পাক]।

পাক2 (p. 506) [pāka2] বি. অসুরবিশেষ। [সং. √ পা + ক]। ̃ শাসন বি. পাক নামে দৈত্যের নিধনকারী অর্থাত্ ইন্দ্র। ̃ শাসনি বি. ইন্দ্রপুত্র জয়ন্ত ও অর্জুন।

পাক3 (p. 506) [pāka3] বি. 1 ঘূর্ণন (পৃথিবী পাক খাচ্ছে); 2 ভ্রমণ (এক পাক ঘুরে আসি, মাঠে একটু পাক দিয়ে আসি); 3 প্রদক্ষিণ (সাত পাক); 4 প্যাঁচ (জিলিপির পাক, শত পাকে জড়িত); 5 মোচড় (সুতোয় পাক দেওয়া); 6 দৈবঘটনা (দুর্বিপাক); 7 চক্রান্ত, ফাঁদ (পাকে ফেলা)। [দেশি]। পাক খাওয়া ক্রি. বি. ঘোরা; প্রদক্ষিণ করা; বেড়ানো; প্যাঁচ খাওয়া; মোচড় খাওয়া; মোচড়ানো। ̃ চক্রে, পাকচক্রে ক্রি-বিণ. ঘটনাচক্রে, দৈবক্রমে; কলে-কৌশলে। ̃ দণ্ডী বি. যে-পথ ঘুরে ঘুরে পাহাড়ে উঠে গেছে। পাক দেওয়া ক্রি. বি. মোচড়ানো; পাকানো; ঘোরা; বেড়ানো (চলো একটা পাক দিয়ে আসি)। পাক মারা ক্রি. বি. ঘোরা; বেড়ানো। পাকে প্রকারে ক্রি-বিণ. কলে-কৌশলে; যে-কোনো উপায়ে। পাকে ফেলা ক্রি. বি. ফাঁদে ফেলা।

পাক4 (p. 506) [pāka4] বি. 1 রান্না (পাকপ্রণালী); 2 আগুনের তাপে প্রস্তুত করা (কড়াপাকের সন্দেশ); 3 হজম, পরিপাক (পাকস্হলী, পাকাশয়); 4 পরিণতি (কর্মবিপাক); 5 পক্বতা, শুভ্রতা ('কেশে আমার পাক ধরেছে': রবীন্দ্র)। [সং. √ পচ্ + অ]। পাক করা ক্রি. বি. রাঁধা; রান্না করা। পাক ধরা ক্রি. বি. পেকে ওঠা; সাদা হতে শুরু করা। ̃ ঘর বি. রান্নাঘর। ̃ যজ্ঞ বি. হোম, যজ্ঞ, নিত্যশ্রাদ্ধ ইত্যাদি পুণ্যকর্ম। ̃ যন্ত্র বি. পাকস্থলী। ̃ শালা বি. রান্নাঘর। ̃ স্হলী বি. পাকাশয়, পেটের মধ্যে যে অংশে পৌঁছে খাদ্যদ্রব্য হজম হয়, stomach. ̃ স্হালী বি. পাকপাত্র,

রান্নার পাত্র। ˜ স্পর্শ বি. বউভাত, হিন্দুবিবাহে অনুষ্ঠানের অঙ্গবিশেষ-এতে নববধূর রান্নাকরা ভোজ্যবস্তু আত্মীয়বর্গকে খেতে দেওয়া হয়।

পাকড় (p. 506) [pākaḍ়] বি. ধরা; গ্রেপ্তার (ধরপাকড়)। [পাকড়া দ্র]।

পাকড়া (p. 506) [pākaḍ়ā] ক্রি. বলপ্রয়োগ করে ধরা; গ্রেপ্তার করা (চোরটাকে পাকড়াও)। [হি. মৈ. √ পকড় < সং. প্র + √ কৃষ্]। ˜ ও বি. 1 সবলে ধরা; গ্রেপ্তার করা; 2 প্রচণ্ড পীড়াপীড়ি (সবাই মিলে চাঁদার জন্যে পাকড়াও করল)। ☐ বিণ. সবলে ধৃত; গ্রেপ্তার (পাকড়াও হওয়া)। ˜ নো ক্রি. বি. সবলে ধরা; গ্রেপ্তার করা।

পাকল (p. 506) [pākala] বি. 1 আগুন; 2 জ্বররোগবিশেষ।☐ বিণ. 1 পাকা (গাছের পাকল পাতা); 2 লাল, অগ্নিবর্ণ (পাকল চক্ষু)। [সং. পাক + √ লা + অ]।

পাকলা, পাকলানো (p. 506) [pākalā, pākalānō] ক্রি. (কাব্যে) রাঙানো, রক্তবর্ণ করা ('চক্ষু পাকলিয়া বলে রোখে': কাশী)। [সং. পাকল (রক্তবর্ণ, লোহিত) + বাং. আ, আনো]।

পাকা1 (p. 506) [pākā1] ক্রি. 1 পক্ব বা পরিণত হওয়া (ফল পেকেছে, বুদ্ধি পাকে); 2 শুভ্র হওয়া (চুল পেকেছে); 3 পুঁজে পূর্ণ হওয়া (ফোঁড়া পাকা); 4 (নিন্দায়) দড় হওয়া (ছেলেটা বড়ো পেকেছে)। ☐বি. উক্ত সব অর্থে। [সং. পক্ব]।

পাকা2 (p. 506) [pākā2] বিণ. পরিণত (পাকা বুদ্ধি); 2 মজবুত (পাকা বাঁশ); 3 বড়ো (পাকা রুই); 4 পরিপক্ব (পাকা ফল); 5 নিপুণ, সিদ্ধহস্ত (পাকা কারিগর,

পাকা চোর); 6 ঝানু, বুড়োটে, ইঁচড়ে পক্ক (পাকা ছেলে); 7 নিখুঁত, খাঁটি (পাকা সোনা); 8 ত্রুটিহীনভাবে বা নিপুণভাবে করা হয়েছে এমন (পাকা কাজ); 9 স্থায়ী, টেকসই (পাকা রং); 1 পুরোপুরি (পাকা পাঁচ কিলো ওজন); 11 আগুনে বা রোদের তাপে দগ্ধ (পাকা ইট); 12 ইটের তৈরি (পাকা বাড়ি, পাকা গাঁথনি); 13 বাঁধানো, পাথর ইট ইত্যাদি দিয়ে বাঁধানো (পাকা রাস্তা); 14 অপরিবর্তনীয়, নড়চড় হয় না এমন (পাকা কথা); 15 আইন অনুসারে সম্পাদিত (পাকা দলিল); 16 পরিশ্রমে অভ্যস্ত, পোড়-খাওয়া (পাকা হাড়)। [সং. √ পচ্ + বাং. আ]। পাকা কথা বি. যে কথার অন্যথা বা নড়চড় হবে না। পাকা কাজ বি. সুসম্পন্ন কাজ; যে কাজের ফলাফল উলটে যাবার আশঙ্কা নেই। পাকা ঘুঁটি বি. (পাশা লুডো প্রভৃতি খেলায়) যে ঘুঁটি নির্দিষ্ট পথ অতিক্রম করে ঘরে উঠে যাবার উপক্রম করছে। পাকা ঘুঁটি কেঁচে যাওয়া ক্রি. বি. (আল.) প্রায় সম্পন্ন কাজ পণ্ড হওয়া। পাকা দেখা বি. বিবাহের সম্বন্ধ স্থির করে বর বা কনেকে আশীর্বাদ করার জন্য দেখা। পাকা ধানে মই (আল.) নিশ্চিত প্রাপ্তি বা লাভের আশা নষ্ট, সুসম্পন্ন কাজ পণ্ড।˜ পোক্ত বিণ. মজবুত, স্থায়ী। পাকা মাথা বি. সুচতুর ও অভিজ্ঞ ব্যক্তির মাথা বা বুদ্ধি। পাকা মাথায় সিঁদুর পরা ক্রি. বি. স্ত্রীলোকের বৃদ্ধ বয়স পর্যন্ত সধবা থাকা।˜ মো বি. (নিন্দায়) পাকা অর্থাত্ পরিণত বা অভিজ্ঞ নয় অথচ পাকার মতো ভাব; অপ্রাপ্তবয়স্ক অবস্থায় বয়স্কদের মতো আচরণ। পাকা রাস্তা বি. বাঁধানো রাস্তা। পাকা হাত বি. নিপুণ বা অভিজ্ঞ হাত বা কাজকর্ম; অভিজ্ঞতা।

পাকানো1 (p. 506) [pākānō1] ক্রি. বি. 1 অভিজ্ঞ বা ঝানু করা, পরিণত করা, পক্ক করা; 2 সময়ের আগে ঝানু করা (তোমরাই ছেলেটাকে পাকিয়েছ)। □ বিণ. উক্ত অর্থে। [বাং. পাকা1, 2 + আনো]।

পাকানো2 (p. 506) [pākānō2] ক্রি. বি. 1 ক্রোধে ঘুরানো (চোখ পাকিয়ে কথা বলছ কেন?); 2 পাক দেওয়া, মোচড়ানো (সুতো পাকানো); 3 গোলাকার করা (দলা পাকানো); 4 জটিল করা (জট পাকানো); 5 জোট গড়ার চেষ্টা করা (দল পাকানো)। □ বিণ. উক্ত সব অর্থে। [পাকা2 দ্র]।

পাকা-পাকি (p. 506) [pākā-pāki] বিণ. স্থিরীকৃত; সুনিশ্চিত (পাকাপাকি ব্যবস্থা)। [বাং. পাকা + পাকা + ই]।

পাকাপোক্ত (p. 506) [pākāpōkta] দ্র পাকা2।

পাকাশয় (p. 506) [pākāśaẏa] বি. পাকস্থলী, stomach. [সং.পাক4 + আশয় (=স্থান)]। পাকাশয়িক বিণ. পাকাশয়সম্বন্ধীয়।

পাকি (p. 506) [pāki] বিণ. 8 তোলা পরিমাণ ওজনবিশিষ্ট (পাকি ওজন)। [বাং. পাকা2 + ই -তু. হি. পক্কী]।

পাকিস্তানি (p. 506) [pākistāni] বি. পাকিস্তানবাসী। □ বিণ. পাকিস্তানের (পাকিস্তানি রীতি); পাকিস্তানসম্বন্ধীয়। [ফা. পাক-ই স্তান + বাং. ই]।

পাকুড় (p. 506) [pākuḍ়] বি. অশ্বত্থজাতীয় গাছবিশেষ। [সং. পর্কটী]।

পাকেচক্রে, পাকেপ্রকারে (p. 506) [pākēcakrē, pākēprakārē] দ্র পাক3।

পাক্ষিক (p. 506) [pākṣika] বিণ. 1 অর্ধমাস বা পক্ষকাল অন্তর ঘটে এমন; 2
পক্ষ বা দল সংক্রান্ত (দ্বিপাক্ষিক আলোচনা)। □ বি. প্রতি পক্ষান্তে বা পক্ষকাল অন্তর প্রকাশিত হয় এমন সাময়িক পত্রিকা। [সং. পক্ষ + ইক]।

পাখ (p. 509) [pākha] বি. 1 পাখি পতঙ্গ মাছ প্রভৃতির ডানা; 2 পাখি (পাখপাখালি)। [সং. পক্ষ > পাখ]।˜ পাখালি বি. নানারকম পাখি (পাখপাখালির ডাকে বাগানটা মুখরিত)।

পাখনা (p. 509) [pākhanā] বি. 1 পাখির ডানা; 2 মাছের ডানা; 3 পতঙ্গের ডানা। [বাং. পাখ (< সং. পক্ষ) + না (স্বার্থে)]।

পাখলা (p. 509) [pākhalā] ক্রি. ধোয়া, প্রক্ষালন করা (ধুয়ে পাখলে রাখা)। [< সং. প্রক্ষালন]।˜ নো ক্রি. বি. রগড়ে ধোয়া, প্রক্ষালন করা। □ বিণ. উক্ত অর্থে।

পাখসাট (p. 509) [pākhasāṭa] বি. পাখির ডানার ঝাপট। [বাং. পাখ + ছাট]।

পাখা (p. 509) [pākhā] বি. 1 যা দিয়ে বাতাস করা হয়, ব্যজনী (হাতপাখা); 2 ডানা বা পালক (পাখির পাখা)। [বাং. পাখ + আ]।

পাখি (p. 509) [pākhi] বি. 1 পক্ষী, দুই ডানা ও দুই পা-যুক্ত (এবং সাধারণত) আকাশে ওড়ার ক্ষমতাযুক্ত ডিম প্রসবকারী প্রাণী; 2 খড়খড়ির তক্তা;

3 চাকা বা চরকার মধ্যবর্তী কাঠের দণ্ড; 4 মইয়ের ধাপ। [সং. পক্ষিন্]। পাখি দেখা বি. পাখি চেনার জন্য নানা জাতের পাখি দেখার নেশা, bird watching. পাখি পড়ানো ক্রি. বি. 1 অর্থ না বুঝিয়ে পাখির মতো মুখস্থ করানো; 2 মুখস্থ করাবার জন্য বারবার বলা। পাখির প্রাণ পাখির মতো ক্ষীণ প্রাণ।

পাখোয়াজ (p. 509) [pākhōẏāja] বি. মৃদঙ্গ, ঢোলের মতো চর্মাবৃত বাদ্যযন্ত্রবিশেষ যা প্রধানত ধ্রুপদাঙ্গ সংগীতের সঙ্গে সংগত করার জন্য বাজানো হয়। □ বিণ. (অশোভন) (নিন্দার্থে) ওস্তাদ, ধৃষ্ট, অকালপক্ব (পাখোয়াজ ছেলে)। [ফা. পখ্বাজ-তু. সং. পক্ষবাদ্য]। পাখোয়াজি বি. পাখোয়াজ-বাদক।

পাগড়ি (p. 509) [pāgaḍ়ি] বি. উষ্ণীয়, মাথায় জ়ড়াবার কাপড়। [হি. পগড়ী]।

পাগল (p. 509) [pāgala] বিণ. বি. 1 উন্মাদ, বাতুল, খ্যাপা; 2 মত্ত, প্রমত্ত (পাগল হাওয়া); 3 (আল.) অস্থির (গরমে পাগল হয়ে গেলাম); 4 (আদরে) অবোধ (ওরে পাগল ছেলে)। [অর্বাচীন সং.]। পাগলা বিণ. বি. 1 (আদরে) পাগল (পাগলা ছেলে); 2 খ্যাপা (পাগলা হাতি)। স্ত্রী. পাগলী। পাগলা-গারদ বি. পাগলের জন্য নির্দিষ্ট আবাস। পাগলামো বি. পাগলের বা নির্বোধের মতো আচরণ।

পাগলা-ঘণ্টি (p. 509) [pāgalā-ghanṭi] বি. জেলখানা কয়েদখানা হাসপাতাল প্রভৃতিতে বিপদের সংকেতসূচক ঘণ্টাধ্বনি। [বাং. পাগলা + সং. ঘণ্টা + বাং. ই]।

পাঙ্‌ক্তেয় (p. 509) [pāṅktēẏa] বিণ. 1 পঙ্‌ক্তিযুক্ত বা সমাদরের যোগ্য (এই ধরনের পদ্য সেকালে পাঙ্‌ক্তেয় বলে গণ্য হত না); 2 এক সারিতে বসে আহার করার যোগ্য। [সং. পঙ্‌ক্তি এয়]।

পাঙাশ (p. 509) [pāṅāśa] বি. ট্যাংরাজাতীয় বড়ো মাছবিশেষ। [সং. পিঙ্গাশ]।

পাঙ্গাশ2 (p. 509) [pāṅgāśa2] বিণ. পাংশুবর্ণ, ফ্যাকাসে। [সং.পাংশু]।

পাচক (p. 509) [pācaka] বিণ. 1 পরিপাক করায় এমন, হজমি (পাচকরস); 2 রন্ধনকারী (পাচক ঠাকুর)। □ বি. রাঁধুনি, সূপকার। [সং. √ পচ্‌ + ণিচ্‌ + অক]। পাচিকা বি. বিণ. (স্ত্রী.) রাঁধুনি স্ত্রীলোক।˜ রস বি. পাকস্থলীর রসবিশেষ যা ভুক্ত দ্রব্য হজম করায়, gastric juice (বি.প.)।

পাচন (p. 509) [pācana] বিণ. পরিপাক করায় এমন, হজমি। □ বি. পাঁচন এর বানানভেদ। [সং. √ পচ্‌ + ণিচ্‌ + অন]।˜ যন্ত্র বি. পরিপাক যন্ত্র, digestive organ (বি.প.)।

পাচন-বাড়ি, পাচনি (p. 509) [pācana-bāḍ়i, pācani] বি. গোরু তাড়াবার ছোটো লাঠি। [সং. প্রাজন]।

পাচার (p. 509) [pācāra] বি. 1 গোপনে অপসারণ, গোপনে কোনো জিনিস সরিয়ে দেওয়া (মাল পাচার করা); 2 খতম, সাবাড়। □ বিণ. এক পিঠ থেকে অন্য পিঠ পর্যন্ত, এফোঁড় ওফোঁড় (পাচার বিঁধ)। [হি. পছাড়্‌]।

পাচিকা (p. 509) [pācikā] দ্র পাচক।

পাচিত (p. 509) [pācita] বিণ. রাঁধা হয়েছে এমন; ভাজা বা ঝলসানো হয়েছে এমন। [সং. √ পচ্ + ণিচ্ + ত]।

পাচ্য (p. 509) [pācya] বিণ. 1 রাঁধার যোগ্য; 2 পরিপাকসাধ্য, হজমের যোগ্য (সুপাচ্য, দুষ্পাচ্য)। [সং. √ পচ্ + য]।

পাছ (p. 509) [pācha] বি. পিছন। [প্রাকৃ. পচ্ছ < সং. পশ্চাত্]।˜ দুয়ার বি. পিছনের দরজা, খিড়কি। পাছে ক্রি-বিণ. পিছনে, পরে (পাছে পাছে ধায়)।

পাছড়া1 (p. 509) [pāchaḍ়ā1] বি. দোপাট্টা, গায়ের চাদর বিশেষ। [সং. প্রচ্ছদ]।

পাছড়া2 (p. 509) [pāchaḍ়ā2] ক্রি. পাছড়ানো। [পাছাড় দ্র]।˜ নো ক্রি. বি. 1 আছাড় দিয়ে ভূপাতিত করা; 2 (ছাগাদি) বলিদানের আগে হাড়িকাঠে মাথা ঢুকিয়ে পিছন থেকে পা টেনে ধরা; 3 কুলো দিয়ে শস্যাদি ঝাড়া। □ বিণ. উক্ত সব অর্থে।

পাছা (p. 509) [pāchā] বি. মানুষ ও পশুর পিঠের দিকে কোমরের নিচে স্থূল ও নরম মাংসপিণ্ডদ্বয়, নিতম্ব। [প্রাকৃ. পচ্ছা < সং. পশ্চাত্]।˜ পেড়ে বিণ. বি. পাছার উপরে পাড় স্থাপিত হয় এমন (শাড়ি)।

পাছাড় (p. 509) [pāchāḍ়] বি. পিছন থেকে জাপটে ধরে আছাড় (পাছাড় দেওয়া, পাছাড় মারা)। [প্রাকৃ. পচ্ছআড > হি. পছাড়]।

পাছু, পিছু (p. 509) [pāchu, pichu] বি. পিছন (আগুপাছু)। □ ক্রি-বিণ. 1 পিছন দিকে (পাছু হাঁটা); 2 পিছন থেকে (পাছু ডাকা, পিছু ডাকা); 3 (আঞ্চ.) পরে (এখন নয়, পাছু শুনব)। [প্রাকৃ. পচ্ছ < সং. পশ্চাত্]। পাছু ধরা, পাছু নেওয়া, পাছু লাগা ক্রি. বি. পিছনে পিছনে যাওয়া, অনুসরণ করা; বিরক্ত করা।

পাছে1 (p. 509) [pāchē1] দ্র পাছ।

পাছে2 (p. 509) [pāchē2] অব্য. আশঙ্কায়, যদি ঘটে এই ভয়ে (পাছে পড়ে যাই এই জন্য জোরে হাঁটছি না)। [তু. পাছ]।

পাজামা, পায়-জামা (p. 509) [pājāmā, pāẏa-jāmā] বি. কোমর থেকে পায়ের পাতা পর্যন্ত ঝুলবিশিষ্ট ঢিলে পাতলুন বা ট্রাউজারবিশেষ। [ফা. পা-জামা]।

পাজি (p. 509) [pāji] বিণ. নীচ, নচ্ছার, বদমাশ (ভারী পাজি লোক)। [ফা. পাজী]। পাজির পা-ঝাড়া (গালিতে) অত্যন্ত পাজি।

পাঞ্চ (p. 509) [pāñca] বিণ. (প্রা. বাং.) পাঁচ ('পাঞ্চতত্ত্ব': চর্যা)। [সং. পঞ্চ]।

পাঞ্চ-জন্য (p. 510) [pāñca-janya] বি. (পঞ্চজন নামক দৈত্যর অস্থি দিয়ে তৈরি) শ্রীকৃষ্ণের শঙ্খ ('পার্থের রথে কুরুক্ষেত্রে বাজুক পাঞ্চজন্য': য. সে.)। [সং. পঞ্চজন + য]।

পাঞ্চ-বার্ষিক (p. 510) [pāñca-bārṣika] বিণ. 1 পাঁচ বছর স্থায়ী; 2 যা পাঁচ বছরে সম্পন্ন হবে (পাঞ্চবার্ষিক পরিকল্পনা)। [সং. পঞ্চবর্ষ + ইক]।

পাঞ্চ-ভৌতিক (p. 510) [pāñca-bhautika] বিণ. ক্ষিতি অপ্ তেজঃ প্রভৃতি পঞ্চভূত দ্বারা গঠিত; পঞ্চভূতসম্বন্ধীয়। [সং. পঞ্চভূত + ইক]।

পাঞ্চাল (p. 510) [pāñcāla] বিণ. পঞ্চালদেশীয়। □ বি. পঞ্চাল দেশ। [সং. পঞ্চাল + অ]। পাঞ্চালী বি. 1 (মহাভারতে) পাঞ্চালরাজকন্যা দ্রৌপদী; 2 কাষ্ঠাদিনির্মিত পুতুল।

পাঞ্জর (p. 510) [pāñjara] বি. (প্রা. কাব্যে) পঞ্জর; শরীর, দেহ। [সং. পঞ্জর]।

পাঞ্জা (p. 510) [pāñjā] বি. 1 পাঁচ-ফোটা-চিহ্নিত তাস; 2 পাঁচ-আঙুল সমেত করতল; 3 বাদশাহ-নবাবদের করতলের ছাপযুক্ত ফরমান বা আদেশপত্র; 4 লুডো পাশা ইত্যাদি খেলায় পাঁচের দান (ছক্কা পাঞ্জা)। [ফা. পঞ্জহ্]। পাঞ্জা কষা, পাঞ্জা লড়া ক্রি. বি. 1 দুজনের পাঁচ আঙুল ও করতল জড়াজড়ি করে হাতের শক্তি পরীক্ষা করা; 2 (আল.) প্রতিদ্বন্দ্বিতা করা।

পাঞ্জাব (p. 510) [pāñjāba] বি. উত্তর-পশ্চিম ভারতের প্রদেশ বা রাজ্যবিশেষ। পাঞ্জাবি1 বি. পাঞ্জাবের অধিবাসী বা ভাষা। □ বিণ. পাঞ্জাব প্রদেশসম্বন্ধীয় বা পাঞ্জাবে উৎপন্ন। [পঞ্জাব + বাং. ই]।

পাঞ্জাবি2 (p. 510) [pāñjābi2] বি. ঢিলে লম্বা ঝুলের জামাবিশেষ। [পাঞ্জাব + বাং. ই]।

পাট1 (p. 510) [pāṭa1] বি. 1 রেশম, কৌষেয় (পাটবস্ত্র); 2 নালিতা, কোষ্টাগাছ বা তার আঁশ, jute; 3 পাটা, তক্তা, ফলক (ধোপার পাট); 4 বৈষ্ণবদের তীর্থ (শ্রীপাট); 5 আসন, গদি, সিংহাসন (রাজ্যপাট); 6 অস্তাচল ('সূর্য নামে পাটে'); 7 স্তর, ভাঁজ (কাপড়টা পাটে পাটে ছিঁড়েছে, পাটভাঙা শাড়ি)। [সং. পট্ট]।

পাট2 (p. 510) [pāṭa2] বি. 1 লেপা মাজা প্রভৃতির দ্বারা পারিপাট্যসাধন; 2 কাজকর্ম, কাজকর্মের ধারা বা অনুষ্ঠান (এখানে চায়ের পাট নেই, ও-পাট সারা হয়ে গেছে)। [সং. পাটি]।

পাট3 (p. 510) [pāṭa3] বি. পাতকুয়োর ভিতরের পোড়া মাটির বেষ্টনী। [সং. পাটক]।

পাট4 (p. 510) [pāṭa4] বিণ. প্রধান (পাটরানি)। [পাট1 দ্র]।

পাটক (p. 510) [pāṭaka] বি. 1 নদীর তীর বা কূল; 2 পাশাখেলার দান, গুটি দিয়ে চাল দেওয়া। [সং. √ পাটি + অক]।

পাট-কাঠি (p. 510) [pāṭa-kāṭhi] বি. পাট গাছের শুকনো হালকা নল। [বাং. পাট 1 + কাঠি]।

পাট-কিলে (p. 510) [pāṭa-kilē] বিণ. ইটের রংবিশিষ্ট; ফ্যাকাসে লাল রঙের, পাটল। [বাং. পাটকেল + ইয়া > এ]।

পাট-কেল (p. 510) [pāṭa-kēla] বি. ইটের টুকরো (ইটপাটকেল)। [দেশি]।

পাটন (p. 510) [pāṭana] বি. 1 নগর; জনবসতি (গৌড় পাটন, তাম্রলিপ্ত পাটন); 2 বাণিজ্য। [সং. পট্টন]।

পাটনাই (p. 510) [pāṭanāi] বিণ. 1 পাটনায় উৎপন্ন বা প্রাপ্য (পাটনাই গোরু); 2 পাটনাসম্বন্ধীয়। [পাটনা + বাং. আই]।

পাটনি (p. 510) [pāṭani] বি. খেয়ামাঝি, পারঘাটার ঠিকাদার বা মাঝি। [দেশি]।

পাটব (p. 510) [pāṭaba] বি. পটুতা, দক্ষতা। [সং. পটু + অ]।

পাট-রানি (p. 510) [pāṭa-rāni] বি. প্রধান মহিষী, পাটে বা সিংহাসনে অধিষ্ঠিতা রানি। [বাং. পাট1 + রানি]।

পাটল (p. 510) [pāṭala] বিণ. 1 পাটকিলে, ফিকে লাল; 2 গোলাপি। [সং. √ পাটি + অল]। পাটলা, পাটলি বি. 1 পারুল বা তার গাছ; 2 গোলাপ বা তার গাছ।

পাটা1 (p. 510) [pāṭā1] বি. 1 তক্তা, ফলক (কাঠের পাটা); 2 জমির ক্রয় বা পত্তনিসম্বন্ধীয় দলিল, পাট্টা; 3 ভাঁজ (কাপড়ের পাটা); 4 বিস্তার বা বিশালতা (বুকের পাটা)। [সং. পট্টক]।˜ তন বি. 1 তক্তা বা তক্তাজাতীয় কাঠ দিয়ে তৈরি মাচা বা মেঝে; 1 জাহাজ স্টিমার প্রভৃতির মেঝে বা ডেক।

পাটা2 (p. 510) [pāṭā2] বি. যে পাথরে মশলা পেষা হয়, শিল। [দেশি]।

পাটালি (p. 510) [pāṭāli] বি. তাল খেজুর প্রভৃতির রস থেকে প্রস্তুত শুকনো গুড়ের বরফি বা তক্তি। [বাং. পাটা1 (=তক্তা) + লি]।

পাটি1 (p. 510) [pāṭi1] বি. এক ধরনের জলজ তৃণ থেকে নির্মিত মাদুরবিশেষ (শীতলপাটি)। [দেশি]।

পাটি2 (p. 510) [pāṭi2] বি. 1 শৃঙ্খলা, ধারা, প্রণালী (পরিপাটি); 2 শ্রেণি, সারি, পঙ্ক্তি (দাঁতের পাটি, দু-পাটি দাঁত); 3 দুটির একটি, একজোড়ার একটি (একপাটি জুতো); 4 (প্রা. কাব্যে) কেশবিন্যাস ('চিরুনী ধরি পাড়ে মোহন পাটি': ক. ক.); 5 গৃহকর্ম ('সংসারের পাটি': শি.); 6 (গণি.) অঙ্কদ্বারা সংখ্যাদির গণনা (পাটিগণিত)। [সং. √ পট্ + ণিচ্ + ই]।

পাটি-গণিত (p. 510) [pāṭi-gaṇita] বি. সংখ্যা বা অঙ্ক দ্বারা গণনাসংক্রান্ত গণিত। [সং. পাটীগণিত]।

পাটি-পত্র (p. 510) [pāṭi-patra] বি. (আঞ্চ.) বিবাহের পূর্বে পাত্রপক্ষ বা কন্যাপক্ষের দ্বারা বিবাহের কথা পাকা করার অনুষ্ঠানবিশেষ। [বাং. পাটি + সং. পত্র]।

পাটি-সাপটা, পাটি-সাপ্টা (p. 510) [pāṭi-sāpaṭā, pāṭi-sāpṭā] বি. ভিতরে ক্ষীরের পুরযুক্ত পিঠেবিশেষ। [দেশি]।

পাটেশ্বরী (p. 510) [pāṭēśbarī] বি. পাটরানি, প্রধান রানি। [বাং. পাট4 + সং. ঈশ্বরী]।

পাটোয়ার (p. 510) [pāṭōẏāra] বি. 1 যে কর্মচারী খাজনা আদায় করে ও তার হিসাব রাখে; 2 ঘুনশি মালা ইত্যাদি প্রস্তুতকারক। □ বিণ. অতিহিসাবি ও ব্যবসায়ী মনোবৃত্তিসম্পন্ন, লাভ লোকসান বিষয়ে মাত্রাতিরিক্ত সতর্ক (পাটোয়ার লোক)। [হি. পাটোয়ারী]। পাটোয়ারি বি. 1 পদবিবিশেষ; 2 পাটোয়ার। □ বিণ. অতি হিসাবি (পাটোয়ারি বুদ্ধি)।

পাট্টা (p. 510) [pāṭṭā] বি. 1 যে-দলিল বা নথির দ্বারা জমিদারের কাছ থেকে চাষের জমি জমা নেওয়া হয়; 2 জমির ক্রয় বিক্রয় বা পত্তনিসম্বন্ধীয় দলিল; 3 ভাঁজ, পাট (দোপাট্টা); 4 চাপ, স্তর (গালপাট্টা)। [সং. পট্টক]। ̃ দার বি. যে ব্যক্তি পাট্টা বা দলিলের দ্বারা জমিদারের কাছ থেকে চাষের জমি জমা নেয়।

পাঠ (p. 511) [pāṭha] বি. 1 পঠন, অধ্যয়ন; 2 আবৃত্তি (কবিতা পাঠ); 3 পাঠ্য বিষয় (পাঠে মন দাও); 4 শিক্ষা (তার কাছে পাঠ নেব); 5 পাঠ্যপুস্তক (প্রথমপাঠ)। [সং. √ পঠ্ + অ]। ̃ ক বি. বিণ. পাঠকারী; অধ্যয়নকারী; ছাত্র;

পড়ুয়া; পুরাণ-পাঠকারী; কথক; শিক্ষক, অধ্যাপক। স্ত্রী. পাঠিকা। ̃ ক্রম, পাঠ্যক্রম বি. অধীতব্য বিষয়, সিলেবাস, পাঠ্যসূচি। ̃ গৃহ, ̃ মন্দির বি. যে গৃহে পাঠ করা বা অধ্যয়ন করা হয়। ̃ গ্রহণ বি. শিক্ষকের কাছে ছাত্রের পাঠ্য বিষয় শিখে নেওয়া। ̃ ন বি. শিক্ষাদান, অধ্যাপনা (পঠন-পাঠন)। ̃ মন্দির-পাঠগৃহ -র অনুরূপ। ̃ শালা বি. 1 বিদ্যালয়; 2 (বাং.) প্রাথমিক বিদ্যালয়। পাঠাগার বি. 1 বিদ্যালয়; পাঠগৃহ; 2 পাঠকের পড়ার জন্য যেখানে বই সাজানো থাকে, লাইব্রেরি। পাঠানু-রাগী (-গিন্) বিণ. পড়াশোনা ভালোবাসে এমন।

পাঠান (p. 511) [pāṭhāna] বি. বর্তমান পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্তবর্তী অঞ্চলের অর্থাত্ আফগানিস্তানের মুসলমান জাতিবিশেষ যাদের আদি বাসভূমি তুর্কিস্তান। [হি. পাঠান]।

পাঠানুরাগী (p. 511) [pāṭhānurāgī] দ্র পাঠ।

পাঠানো (p. 511) [pāṭhānō] ক্রি. প্রেরণ করা (কোথায় পাঠালে)। □ বি. প্রেরণ করা (তাকে পাঠানো ভালো হয়নি)। □ বিণ. উক্ত অর্থে। [প্রাকৃ. √ পট্ঠাঅ < সং. প্র + √ স্থা + ণিচ্]। ডেকে পাঠানো ক্রি. বি. লোক পাঠিয়ে ডাকা। বলে পাঠানো ক্রি. বি. লোক মারফত সংবাদ দেওয়া।

পাঠান্তর (p. 511) [pāṭhāntara] বি. মুদ্রিত বা লিখিত অংশের ভিন্নরূপ (রবীন্দ্রনাথের এই গানটির দুটি পাঠান্তর পাওয়া যায়)। [সং. পাঠ + অন্তর]।

পাঠাভ্যাস (p. 511) [pāṭhābhyāsa] বি. পাঠচর্চা, অধ্যয়ন বা পাঠের নিত্য অনুশীলন। [সং. পাঠ + অভ্যাস]।

পাঠার্থী (p. 511) [pāṭhārthī] (-র্থিন্) বিণ. বি. 1 যে পড়তে চায়; 2 বিদ্যার্থী, ছাত্র। [সং. পাঠ + অর্থ (=প্রয়োজন) + ইন্]। স্ত্রী. পাঠার্থিনী।

পাঠিকা (p. 511) [pāṭhikā] দ্র পাঠ।

পাঠী (p. 511) [pāṭhī] (-ঠিন্) বিণ. পাঠকারী, পাঠক (সহপাঠী)। [সং. √ পঠ্ + ইন্]। স্ত্রী. পাঠিনী।

পাঠ্য (p. 511) [pāṭhya] বিণ. 1 পঠনীয়, পঠনযোগ্য (অপাঠ্য); 2 পাঠ করতে হবে এমন, পাঠের জন্য নির্দিষ্ট (পাঠ্যপুস্তক)। [সং. √ পঠ্ + য]। ̃ ক্রম বি. অধ্যয়ন ও অধ্যাপনার নির্দিষ্ট পদ্ধতি ও বিষয়বস্তু, syllabus. ̃ তালিকা বি. পাঠ্যপুস্তকের তালিকা; পাঠ্যবিষয়ের তালিকা। ̃ .সূচি বি. পাঠ্য অংশের বা বিষয়ের তালিকা বা বর্ণনা।

পাঠ্যাবস্হা (p. 511) [pāṭhyābashā] বি. ছাত্রজীবন। [সং. পাঠ্য (=পাঠের উপযোগী) + অবস্হা]।

পাড়1 (p. 511) [pạ̄ḍ̣1] বি. 1 খাল-বিল-পুকুর ইত্যাদি জলাশয়ের তীর, তট (পুকুরপাড়); 2 খেতের আলি (জমির পাড়); 3 পাতকুয়োর ভিতরের বেষ্টনী, পাটা। [সং. পাটক]।

পাড়2 (p. 511) [pāḍ়2] বি. ধুতি শাড়ি প্রভৃতি পরিধেয় বস্ত্রের (সচ.) পুরু প্রান্ত (শাড়ির পাড়)। [সং. পট্ট]। পেড়ে (< পাড়িয়া) বিণ. পাড়যুক্ত (কালোপেড়ে, লালপেড়ে)।

পাড়3 (p. 511) [pāḍ়3] বি. যন্ত্রাদি চালু করার জন্য পা দিয়ে যে চাপ দেওয়া হয় (ঢেঁকিতে পাড়)। [সং. পাত]।

পাড়4 (p. 511) [pāḍ়4] বি. ঘরের চাল ধরে রাখার জন্য খুঁটির উপর স্থাপিত লম্বা বাঁশ বা কাঠ। [তু. পাট1 (তক্তা অর্থে)]।

পাড়া1 (p. 511) [pāḍ়ā1] ক্রি. বি. 1 পাতিত করা (ফল পাড়া, গাছ থেকে পেড়েছি); 2 নামানো (তাক থেকে বই পাড়া); 3 কাবু করা (জ্বরে তাকে পেড়ে ফেলেছে); 4 উত্থাপন করা (তার কাছে কথাটা আজই পাড়ব); 5 আঘাত করে ভূতলশায়ী করা (এক ঘায়ে তাকে পেড়ে ফেলেছে); 6 প্রসব করা (ডিম পাড়া); 7 উচ্চস্বরে উচ্চারণ করা (গালি পাড়া, ধর্মের দোহাই পাড়া); 8 পাতা, বিছানো (পাত পাড়া)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ পাতি + বাং. আ]। ˜ নো ক্রি. বি. অপরের দ্বারা পাতিত করানো বা নামানো; নিদ্রায় প্রবৃত্ত করানো (ঘুম পাড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে। পাড়ানি, পাড়ানিয়া বিণ. (যে বা যা) পাড়ায় বা ঘনিয়ে আনে (ঘুমপাড়ানি গান)।

পাড়া2 (p. 511) [pāḍ়ā2] বি. পল্লি, মহল্লা (গয়লাপাড়া, এ পাড়ায় অশান্তি নেই)। [প্রাকৃ. পাডঅ]। ˜ কুঁদুলি বি. বিণ. (স্ত্রী.) প্রতিবেশীদের সঙ্গে সারাক্ষণ ঝগড়া করে বেড়ায় এমন স্ত্রীলোক। ˜ গাঁ বি. পল্লিগ্রাম, গ্রামাঞ্চল (পাড়াগাঁয়ে বাস করে)। ˜ গেঁয়ে বিণ. গ্রামে জাত; পল্লিগ্রাম-সংক্রান্ত; গ্রাম্য। ˜ পড়শি বি. এক পাড়ার

লোক, প্রতিবেশী। পাড়া বেড়ানো ক্রি. বি. পাড়ার মধ্যে সর্বত্র ঘুরে বেড়ানো। পাড়া মাথায় করা ক্রি. বি. (আল.) চিৎকার করে পাড়ার সব লোককে ব্যতিব্যস্ত করা।

পাড়ি (p. 511) [pāḍ়i] বি. 1 পার হওয়া, উত্তরণ (পাড়ি দেওয়া); 2 নদী খাল বিল ইত্যাদির এক পার থেকে অন্য পার পর্যন্ত বিস্তার (লম্বা পাড়ি, 'অচিনকূলে পাড়ি দেব': রবীন্দ্র)। [সং. পট্ট > পাড় + বাং. ই]। পাড়ি জমানো ক্রি. বি. পার হওয়া, অপর পারে পৌঁছানো; রওনা হওয়া।

পাণি (p. 511) [pāṇi] বি. হাত (বীণাপাণি)। [সং. √ পণ্ + ই]।˜ গ্রহ,˜ গ্রহণ,˜ পীড়ন বি. বিবাহ. পরিণয়।˜ প্রার্থী (-র্থিন্) বিণ. বিবাহ করতে ইচ্ছুক।

পাণিনীয় (p. 511) [pāṇinīẏa] বিণ. সুপ্রসিদ্ধ ব্যাকরণ-প্রণেতা পাণিনি-সংক্রান্ত বা তাঁর রচিত ব্যাকরণসম্মত। [সং. পাণিনি + ঈয়]।

পাণ্ডব, পাণ্ডবেয় (p. 511) [pāṇḍaba, pāṇḍabēẏa] বি. (মহাভারতে) রাজা পাণ্ডুর পুত্র। [সং. পাণ্ডু + অ, এয়]। পাণ্ডব-বর্জিত বিণ. (দেশ বা স্থান সম্পর্কে) অতি নিকৃষ্ট বা নির্জন। পাণ্ডব-সখ, পাণ্ডব-সখা বি. শ্রীকৃষ্ণ।

পাণ্ডর (p. 511) [pāṇḍara] বিণ. পাণ্ডুবর্ণ, ফ্যাকাসে। [সং. √ পণ্ড্ + অর]।

পাণ্ডিত্য (p. 511) [pāṇḍitya] বি. বিদ্যাবত্তা, জ্ঞান; বিচক্ষণতা। [সং. পণ্ডিত + য]।

পাণ্ডু, পাণ্ডুর (p. 511) [pāṇḍu, pāṇḍura] বি. 1 শুক্লপীত বর্ণ; 2 শ্বেতবর্ণ; 3 ন্যাবারোগ, জণ্ডিস। □ বিণ. শুক্লপীতবর্ণবিশিষ্ট; ফ্যাকাসে। [সং. পণ্ড্ + উ, পাণ্ডু + র]। পাণ্ডুরং বিণ. পাণ্ডু রংয়ের ('ঘরের বুকে রক্তপায়ে পাণ্ডুরং কপোত': শ. ঘো.)।

পাণ্ডু-লিপি, পাণ্ডু-লেখ (p. 512) [pāṇḍu-lipi, pāṇḍu-lēkha] বি. 1 হাতে লেখা কাগজ; 2 খসড়া, মুসাবিদা; 3 মুদ্রণের জন্য প্রস্তুত কপি, manuscript. [সং. পাণ্ডু + লিপি, লেখ]।

পাণ্ডে (p. 512) [pāṇḍē] দ্র পাণ্ডে।

পাণ্ড্য (p. 512) [pāṇḍya] বি. দক্ষিণভারতীয় প্রাচীন দেশ বা জাতি। [সং. পাণ্ডু + য]।

পাত1 (p. 512) [pāta1] বি. 1 পতন, ক্ষরণ (বৃষ্টিপাত, বজ্রপাত, রক্তপাত); 2 নিপাত, ক্ষয়, বিনাশ (দেহপাত, প্রাণপাত); 3 নিক্ষেপ, স্থাপন (দৃষ্টিপাত); 4 চ্যুতি (গর্ভপাত); 5 সংঘটন (বিপৎপাত)। [সং. √ পত্ + অ]।

পাত2 (p. 512) [pāta2] বি. 1 গাছ বই প্রভৃতির পাতা (কলার পাত); 2 ধাতুর পাতলা চাদর (লোহার পাত); 3 ভোজনে ব্যবহৃত থালা পাতা ইত্যাদি পত্র (ওই পাতে দই দাও, পাত পেড়ে বসে পড়ি)। [সং. পত্র]। পাত করা ক্রি. বি. আহারের জন্য কলাপাতা ইত্যাদি বিছানো, ঠাঁই করা। ˜ ক্ষীর বি. ঘন ক্ষীরবিশেষ। ˜ খোলা বি. আধপোড়া মাটির পাত্র। ˜ গালা বি. গাছের পাতার মতো গালার পাতলা পাতা। ˜ চাটা দ্র পাতা2। ˜ ড়া বি. উচ্ছিষ্ট পাতা; কলাপাতায় খাওয়ার প্রণালীবিশেষ

বা ওইভাবে আহার করা খাদ্য। ˜ তাড়ি বি. কাগজের বদলে লেখার জন্য ব্যবহৃত (তালগাছের) পাতার আঁটি। পাততাড়ি গুটানো ক্রি. বি. পালানো, প্রস্থান করা; দোকানপাট ইত্যাদি তুলে দেওয়া। পাতা পাতা ক্রি. বি. কোথাও নিমন্ত্রণ খেতে বসে যাওয়া।

পাতক (p. 512) [pātaka] বি. পাপ। [সং. √ পত্ + ণিচ্ + অক]। পাতকী (-কিন্) বিণ. বি. পাপী। স্ত্রী. পাতকিনী।

পাতখোলা, পাতগালা (p. 512) [pātakhōlā, pātagālā] দ্র পাত2।

পাতঞ্জল (p. 512) [pātañjala] বিণ. পতঞ্জলিকৃত (পাতঞ্জল ভাষ্য)। [সং. পতঞ্জলি + অ]। পাতঞ্জল দর্শন বি. যোগদর্শন।

পাতড়া, পাততাড়ি (p. 512) [pātaḍ়ā, pātatāḍ়i] দ্র পাত2।

পাতন (p. 512) [pātana] বি. 1 অধঃক্ষেপণ, নীচে ফেলা; 2 চুয়ানো, বকযন্ত্রদ্বারা নিষ্কাশন, distillation (তির্যক পাতন); চোলাই; 3 বিছিয়ে দেওয়া, পেতে দেওয়া। [সং. √ পত্ + ণিচ্ + অন]।

পাতনচি (p. 512) [pātanaci] বি. শোয়া বা বসার জন্য যা পেতে বা বিছিয়ে দেওয়া হয়; শতরঞ্জি, গালিচা প্রভৃতি। [দেশি]।

পাতনা (p. 512) [pātanā] বি. মাটির তৈরি বৃহদাকার পাত্রবিশেষ, যাতে গোরুমোষের খাদ্য বা জাব রাখা হয়। [দেশি]।

পাতলা (p. 512) [pātalā] বিণ. 1 ঘন নয় এমন, তরল (পাতলা দুধ); 2 পুরু বা মোটা নয় এমন (পাতলা চামড়া, পাতলা কাগজ); 3 সরু (পাতলা সুতো, পাতলা বেত); 4 ফাঁক-ফাঁক, বিরল (পাতলা চুল); 5 অগভীর, জমাট নয় এমন (পাতলা ঝোপ, পাতলা ঘুম); 6 কৃশ (পাতলা চেহারা, পাতলা গড়ন)। [বাং. পাত (পাতা) + লা (সাদৃশ্যার্থে)]।

পাত-লুন (p. 512) [pāta-luna] বি. ফুলপ্যান্ট, কোমর থেকে পায়ের পাতা পর্যন্ত লম্বিত প্যান্টবিশেষ। [হি. পতলুন < ইং. pantaloon]।

পাতশা (p. 512) [pātaśā] বি. (মুসলমান) সম্রাট বা নৃপতি। তু. বাদশা। [ফা. পাৎশাহ্]। পাত-শাহি বিণ. পাতশার যোগ্য বা পাতশাসম্পর্কিত (পাতশাহি মর্যাদা)। □ বি. পাতশার পদ।

পাতা1 (p. 512) [pātā1] (-তৃ) বিণ. পালক, রক্ষক (বিশ্বপাতা)। [সং. √ পা + তৃ]।

পাতা2 (p. 512) [pātā2] বি. 1 পত্র (গাছের পাতা); 2 বইয়ের পৃষ্ঠা (তিনের পাতা); 3 ভোজনপাত্ররূপে ব্যবহৃত বৃক্ষপত্র (পাতা ফেলা); 4 পাতার মতো বিন্যাস (পাতা-কাটা চুল); 5 চোখের পল্লব। [সং. পত্র]। পাতা করা ক্রি. বি. আহারের জন্য আসন পাতা।˜ কুড়ুনি (বর্জি.)˜ কুড়ুনী বিণ. অপরের উচ্ছিষ্ট পাতায় যা থাকে তাই কুড়িয়ে খায় এমন, অতি দরিদ্র।˜ চাটা, পাত-চাটা বিণ। অপরের উচ্ছিষ্ট পাতা চেটে বেড়ায় এমন হীন বা অনুগ্রহপ্রার্থী।

পাতা3 (p. 512) [pātā3] ক্রি. বি. 1 বিস্তারিত করা (আঁচল পাতা); 2 বিছানো (বিছানা পাতা, আসন পাতা); 3 স্থাপন করা (ঘট পাতা, সংসার পাতা); 4 সামনে নোয়ানো বা মেলে দেওয়া (মাথা পাতা, হাত পাতা); 5 নিয়োগ করা (কান পাতা, আড়ি পাতা); 6 আয়োজন করা, প্রস্তুত করা (ফাঁদ পাতা); 7 জমাট বাঁধার ব্যবস্থা করা (দই পাতা); □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. √ পাত্ (সং. √ পত্ + ণিচ্) + আ]। ̃ নো ক্রি. বি. বিস্তারিত করানো; বিছিয়ে নেওয়ানো; সামনে মেলে দেওয়ানো; প্রস্তুত করানো; স্থাপন করানো; সম্বন্ধ স্থাপন করা (বন্ধুত্ব পাতানো); জমাট বাঁধানো। □ বি. প্রথম দুই অর্থে। □ বিণ. অন্যের দ্বারা বিছিয়ে নেওয়া হয়েছে এমন; জন্মগত নয় এমন; কৃত্রিম (পাতানো সম্পর্ক)।

পাতা4 (p. 512) [pātā4] বি. গোড়ালি থেকে আঙুল পর্যন্ত পায়ের যে অংশ পেতে বা ফেলে হাঁটা নয়। [পাতা3 দ্র]।

পাতানো (p. 512) [pātānō] দ্র পাতা3।

পাতা-বাহার (p. 512) [pātā-bāhāra] বি. বিচিত্র রঙের বাহারি পাতাযুক্ত গাছবিশেষ। [বাং. পাতা2 + বাহার (ফা. বহার্)]।

পাতামল (p. 512) [pātāmala] বি. পায়ের পাতার সঙ্গে সংলগ্ন থাকে এমন মল বা পায়ের অলংকারবিশেষ। [বাং. পাতা4 + মল1]।

পাতাল (p. 512) [pātāla] বি. 1 পুরাণে বর্ণিত ত্রিভুবনের সর্বনিম্নস্থ ভুবন; 2 নাগলোক; 3 পৃথিবীর অধোদেশে অবস্থিত ভুবন, ভূগর্ভ (পাতালরেল); 4 নরক। [সং. √ পত্ + আল]।

পাতি1 (p. 512) [pāti1] বি. ঠিকানা। [পাত্তা দ্র]।

পাতি2, পাত্তি (p. 512) [pāti2, pātti] বি. মাদুর পাটি ইত্যাদি বোনার ঘাসবিশেষ। [বাং. পাতা2 + ই]।

পাতি3 (p. 512) [pāti3] বি. 1 সারি, শ্রেণি; 2 সমুদয় (যন্ত্রপাতি, মশলাপাতি)। [সং. পঙ্ক্তি]। পাতি পাতি করে ক্রি-বিণ. তন্নতন্ন করে।

পাতি4 (p. 512) [pāti4] বিণ. ছোটো, ক্ষুদ্র (পাতিলেবু, পাতিহাঁস, পাতিকাক)। [তু. প্রাকৃ. পত্ত, হি. পত্তা + বাং. ই (ক্ষুদ্রার্থে)]।

পাতিত (p. 512) [pātita] বিণ. 1 নীচে ফেলা হয়েছে এমন, নিক্ষিপ্ত (ভূপাতিত); 2 (রসা) চুয়ানো, distilled (বি. প.)। [সং. √ পত্ + ণিচ্ + ত]।

পাতিত্য (p. 512) [pātitya] বি. পতিতের অবস্থা বা ভাব। [সং. পতিত + য].

পাতি পাতি (p. 512) [pāti pāti] দ্র পাতি3।

পাতি-বুর্জোয়া (p. 513) [pāti-burjōẏā] বি. বুর্জোয়া শ্রেণির অন্তর্গত অপেক্ষাকৃত নিম্ন বিত্তের ব্যক্তিবর্গ। [ফ. petit bourgeois]।

পাতি-ব্রত্য (p. 513) [pāti-bratya] বি. পতিব্রতার প্রকৃতি বা ধর্ম, পতিপরায়ণতা। [সং. পতিব্রতা + য]।

পাতিল (p. 513) [pātila] বি. (আঞ্চ.) ক্ষুদ্র হাঁড়ি, ডিজেল (হাঁড়িপাতিল)। [দেশি]।

পাতিলেবু, পাতিহাঁস (p. 513) [pātilēbu, pātihām̐sa] দ্র পাতি4।

-পাতী (p. 513) [-pātī] (-তিন্) বিণ. (সমাসে উত্তরপদ হিসাবে); 1 পতনশীল ('অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতী': মধু.); 2 স্থিত (অন্তঃপাতী); 3 (উদ্ভি.) শীতকালে পাতা ঝরায় এমন, পর্ণমোচী, deciduous (বি. প.)। [সং. √ পত্ + ইন্]।

পাত্তা (p. 513) [pāttā] বি. 1 সংবাদ, খবর (তোমার পাত্তা পাওয়াই ভার); 2 ঠিকানা (তার পাত্তা জানি না); 3 যত্ন, খাতির, গুরুত্ব (সে এখন কোথাও পাত্তা পায় না)। [হি. পতা-তু. সং. প্রত্যয়]।

পাত্য-মান (p. 513) [pātya-māna] বিণ. ফেলে দেওয়া বা পাতিত করা হচ্ছে এমন। [সং. √ পত্ + ণিচ্ + মান (শানচ্)]।

পাত্র (p. 513) [pātra] বি. 1 আধার (ভোজনপাত্র); 2 মন্ত্রী, উপদেষ্টা (পাত্রমিত্র); 3 যোগ্য ব্যক্তি (প্রশংসার পাত্র); 4 আস্পদ, ভাজন (স্নেহের পাত্র); 5 ব্যক্তি (আমি তেমন পাত্র নই, ভুল করার পাত্র নয়); 6 বিবাহের বর (পাত্রপক্ষ); 7 নাটকের চরিত্র। [সং. √ পা + ত্র]। স্ত্রী. পাত্রী। ˜ তা বি. 1 যোগ্যতা; 2 গৌরব। ˜

স্থ বিণ. বিবাহে বরের হাতে সমর্পিত (মেয়েটাকে পাত্রস্থ করে এখন সে নিশ্চিন্ত)। পাত্রাপাত্র বি. যোগ্য ও অযোগ্য পাত্র।

পাথর (p. 513) [pāthara] বি. 1 ভূত্বকে মাটির নীচে প্রাপ্ত কঠিন বস্তু বা তার টুকরো, প্রস্‌তর, শিলা; 2 প্রস্তরের তৈরি থালা (পাথরে ভাত খায়); 3 রত্ন, মণি (আংটিতে পাথর ধারণ করা)। [সং. প্রস্তর]। ˜ কুচি বি. 1 পাথরের ছোটো টুকরো; 2 ওষুধ হিসাবে ব্যবহৃত ছোটো গুল্মবিশেষ। ˜ চাপা কপাল বি. যে মন্দ ভাগ্য কিছুতেই ভালো হয় না। ˜ চুন দ্র চুন। পাথরে পাঁচ কিল ক্রমাগত কিল মেরে যেমন পাথরের ক্ষতি করা যায় না তেমনি কিছুতেই ক্ষতিসাধন করা যায় না এমন ভাগ্য অর্থাত্ অত্যন্ত সৌভাগ্য, অতিশয় সুদিন।

পাথরি, পাথুরি (p. 513) [pāthari, pāthuri] বি. মূত্রাশয়ের ব্যাধিবিশেষ, অশ্মরী। [বাং. পাথর + ই]।

পাথার (p. 513) [pāthāra] বি. সমুদ্র; বিস্তীর্ণ জলরাশি ('কোন অকূল গরল পাথারে': র. সে.)। [সং. পাথস্ (=জল)]।

পাথালি (p. 513) [pāthāli] বি. 1 এক পাশে কাত হয়ে শোয়া বা শায়িত অবস্থা; 2 হাঁটুর নীচে একটি হাত এবং ঘাড়ের নীচে অপর হাত দিয়ে কাউকে তোলা, পাঁজাকোলা। [দেশি]।

পাথালি কোল (p. 513) [pāthāli kōla] বি. পাঁজাকোলা, আড়কোলা। [দেশি]।

পাথুরে, পাথুরিয়া, পাথরিয়া (p. 513) [pāthurē, pāthuriẏā, pāthariẏā] বিণ. 1 পাথরের তৈরি (পাথুরে বাটি); 2 প্রস্তরসম্বন্ধীয়; 3 প্রস্তরময় (পাথুরে মাটি, পাথুরে জমি); 4 প্রস্তরবত্ কঠিন (পাথুরে কয়লা)। [বাং. পাথর + ইয়া1 > এ]।

পাথেয় (p. 513) [pāthēẏa] বি. পথে যাতায়াতের খরচ বা পথের সম্বল। [সং. পথিন্ + এয়]।

পাদ1 (p. 513) [pāda1] বি. 1 পা, চরণ (পাদচারণা); 2 মূল (পর্বতের পাদদেশ); 3 গাছের শিকড় (পাদপ); 4 শ্লোকের পঙ্ক্তি; 5 চতুর্থাংশ (শতাব্দীর শেষ পাদ); 6 সম্মানসূচক উপাধিবিশেষ (প্রভুপাদ); 7 সম্মানসূচক শব্দবিশেষ (পূজ্যপাদ)। [সং. √ পদ্ + অ]।˜ ক্ষেপ বি. কদম, পা ফেলা।˜ গ্রহণ বি. চরণবন্দনা।˜ চারণ,˜ চারণা,˜ চার বি. পায়চারি।˜ চারী (-রিন্) বিণ. বি. পায়ে হেঁটে ভ্রমণকারী।˜ চ্ছেদ বি. বইয়ের পৃষ্ঠার নীচে মুদ্রিত মন্তব্য, ফুটনোট।˜ ত্রাণ বি. জুতো।˜ দেশ বি. মূলদেশ, নিম্নদেশ।˜ প বি. (পা অর্থাত্ মূলদ্বারা পান করে বলে) গাছ।˜ পদ্ম বি. পদ্মের মতো কোমল বা সুন্দর পা।˜ পীঠ বি. পা রাখার স্থান, পিঁড়ি, টুল প্রভৃতি ('কর্দমে মিলে বা পাদপীঠ': সু. দ.)।˜ পূরণ বি. 1 শ্লোকাদির অরচিত অংশ বা শূন্য স্থান পূর্ণ করা; 2 ছন্দোবদ্ধ পঙ্ক্তির পূর্ণতাসাধক বাক্যালংকার।˜ প্রদীপ বি. রঙ্গমঞ্চে অভিনেতার পায়ের কাছে যে আলো স্থাপন করা হয়, ফুটলাইট।˜ প্রহার বি. পদাঘাত, লাথি।˜ বিক্ষেপ বি. পা ফেলা, চরণ সংস্থাপন।˜ মূল বি. পায়ের নিম্নদেশ, গোড়ালি।˜ রজ বি. পায়ের ধুলো।˜ লেহন বি. পা চাটা; হীনভাবে তোষামোদ।˜ শাখা বি. পায়ের আঙুল।˜ শৈল বি. বৃহত্ পর্বতের নিম্নস্থ ক্ষুদ্র পর্বত।˜ স্ফোট বি. কুষ্ঠরোগবিশেষ।

পাদ2 (p. 513) [pāda2] বি. (অশি.) পায়ুপথে নির্গত বায়ু, অপানবায়ু। [সং. পর্দন]। পাদা ক্রি. (অশি.) পায়ুপথ দিয়ে বায়ু নিঃসরণ করা।

পাদপ, পাদপীঠ, পাদপূরণ, পাদপ্রহার (p. 513) [pādapa, pādapīṭha, pādapūraṇa, pādaprahāra] দ্র পাদ<1।

পাদবিক (p. 513) [pādabika] বিণ. ভ্রমণকারী, পথিক। [সং. পদবী + ইক]।

পাদরি, পাদ্রি (p. 513) [pādari, pādri] বি. খ্রিস্টান পুরোহিত বা ধর্মপ্রচারক। [পো. padre]।

পাদান, পাদানি (p. 513) [pādāna, pādāni] বি. গাড়িতে ওঠার সময় যেখানে পা রাখতে হয়, footboard. [ফা. পায়দান]।

পাদুকা (p. 513) [pādukā] বি. জুতো। [সং. √ পদ্ + ণিচ্ + উক + আ]।

পাদোদক (p. 513) [pādōdaka] বি. পূজ্য ব্যক্তির পা-ধোয়া জল, চরণামৃত। [সং. পাদ + উদক]।

পাদ্য (p. 513) [pādya] বি. পা ধোয়ার জল (পাদ্য-অর্ঘ্য)। [সং. পাদ + য]।

পান1 (p. 513) [pāna1] বি. তাম্বূল, মশলা-সহযোগে চিবানো হয় এমন ঝাঁঝালো পাতাবিশেষ। [সং. পর্ণ]। পানতামাক দেওয়া ক্রি. বি. পান তামাক প্রভৃতি দিয়ে আপ্যায়ন করা। পান থেকে চুন খসা ক্রি. বি. (আল.) সামান্য

ত্রুটিবিচ্যুতি হওয়া। পান সাজা ক্রি. বি. সুপারি চুন খয়ের প্রভৃতি সহযোগে পানের খিলি তৈরি করা।

পান2 (p. 513) [pāna2] বি. 1 ঝাল, যে নিকৃষ্ট ধাতু গলিয়ে ধাতুদ্রব্যাদি জোড়া দেওয়া হয়; 2 ইস্পাত প্রভৃতি ধাতুতে কাঠিন্য সঞ্চার (পান দেওয়া, to temper)। [দেশি]। পান মরা ক্রি. বি. মিশ্রিত খাদের জন্য গহনার স্বর্ণাদির ওজন কমা। পান-মরা বি. মিশ্রিত খাদের জন্য গহনার স্বর্ণাদির হ্রাসপ্রাপ্ত ওজন।

পান3 (p. 513) [pāna3] বি. 1 তরল পদার্থ গলাধঃকরণ, গেলা (দুধ পান করা); 2 সুরাপান, মদ্যপান, নিষিদ্ধ বস্তু সেবন (পান দোষ)। [সং. √ পা + অন]। ̃ গোষ্ঠী বি. মদের বা মদ্যপানের আড্ডা। ̃ দোষ বি. মদ্যপানের কু অভ্যাস। ̃ পাত্র বি. মদ জল প্রভৃতি পান করার পাত্র। ̃ শৌণ্ড বিণ. অত্যধিক মদ্যপানাসক্ত।

পানই, পানুই (p. 513) [pāni, pānui] বি. (প্রা. বাং.) পাদুকা, খড়ম ('বাঁধা পানই হাতে লইও': যাদবেন্দ্র)। [সং. উপানহ্]।

পানক (p. 513) [pānaka] বি. সুমিষ্ট পানীয়, শরবত। [সং. পান + ক]।

পান-কৌড়ি (p. 513) [pāna-kauḍ়i] বি. জলে বিচরণকারী কালো রঙের মাছশিকারি পাখিবিশেষ, জলবায়স। [হি. পানি + সং. কুক্কুটী]।

পানগোষ্ঠী (p. 513) [pānagōṣṭhī] দ্র পান3।

পানতা, পান্তা (p. 513) [pānatā, pāntā] বি. জলে ভিজিয়ে রাখা বাসি ভাত। [< পানিতা]। পানতা ভাতে ঘি (আল.) অযথা উৎকৃষ্ট বস্তুর অপচয়।

পানতি (p. 513) [pānati] বি. উঁচু কিনারাযুক্ত থালাবিশেষ। [দেশি]।

পান-তুয়া, পান্তুয়া (p. 513) [pāna-tuẏā, pāntuẏā] বি. কড়া করে ভাজা রসগোল্লাজাতীয় মিঠাইবিশেষ। [হি. পানি + ফা. তবা (তওয়া)]।

পানপাত্র (p. 513) [pānapātra] দ্র পান3।

পানফল, পানবসন্ত (p. 513) [pānaphala, pānabasanta] দ্র পানি।

পানশৌণ্ড (p. 513) [pānaśauṇḍa] দ্র পান3।

পানস (p. 513) [pānasa] বিণ. 1 কাঁঠালসম্বন্ধীয়; 2 কাঁঠাল থেকে প্রস্তুত। [সং. পনস্ + অ]।

পানসি (p. 513) [pānasi] বি. ছইযুক্ত ছোটো সরু নৌকোবিশেষ। [ইং. pinnace]।

পানসে (p. 513) [pānasē] বিণ. 1 জলো, স্বাদহীন; 2 ফ্যাকাসে। [হি. পনসা। তু. হি. পানি + বাং. সা]।

-পানা1 (p. 513) [-pānā1] সদৃশার্থবাচক বাংলা তদ্ধিতপ্রত্যয়বিশেষ (চাঁদপানা মুখ)। ['পনা' প্রত্যয়ের রূপান্তর]।

পানা2 (p. 513) [pānā2] বি. শরবত (বেলের পানা)। [সং. পানক]।

পানা3 (p. 513) [pānā3] বি. শৈবালজাতীয় জলজ উদ্ভিদবিশেষ (পানাপুকুর, কচুরিপানা)। [সং. পর্ণ]।

পানা4 (p. 513) [pānā4] বি. বিস্তার, প্রস্থ (কাপড়টা পানায় প্রায় এক গজ)। [ফা. পনহ্]।

পানা5 (p. 513) [pānā5] ক্রি. পানানো। [প্রাকৃ. √ পণ্হ্অ < সং. প্র + √ স্নু তু. হি. √ পেন্হা]।

পানাগার (p. 513) [pānāgāra] বি. যেখানে মদ খাওয়া হয়; শুঁড়িখানা। [সং. পান + আগার]।

পানানো (p. 513) [pānānō] ক্রি. বি. 1 দুধ দোহনের আগে বাছুরকে দিয়ে গাভির স্তন বারবার আকর্ষণ করিয়ে স্তন দুধে পূর্ণ করে নেওয়া; 2 লোহার অস্ত্রাদিতে পান দেওয়া। □ বিণ. উক্ত অর্থে। [পানা5 দ্র]।

পানা-পুকুর (p. 513) [pānā-pukura] বি. কচুরিপানায় ভরা পুকুর। [বাং. পানা + পুকুর]।

পানাসক্ত (p. 513) [pānāsakta] বিণ. সুরাপানে আসক্ত, মদ্যপ। [সং. পান + আসক্ত]। পানাসক্তি বি. সুরাপানে আসক্তি।

পানাহার (p. 513) [pānāhāra] বি. পানভোজন, তরল দ্রব্য পান এবং অন্যান্য ভোজ্যদ্রব্য আহার। [সং. পান + আহার]।

পানি (p. 513) [pāni] বি. জল। [হি. পানি < সং. পানীয়]। ̃ কোটি বি. জলচর পাখিবিশেষ, পানকৌড়ি। ̃ পাঁড়ে বি. পানীয় জল বিতরণের কাজে নিযুক্ত পশ্চিমা ব্রাহ্মণ। ̃ ফল, পান-ফল বি. সবুজ রঙের ছোটো জলজ ফলবিশেষ। ̃ বসন্ত, পান-বসন্ত বি. জলবসন্ত, গুটিকা রোগবিশেষ।

পানীয় (p. 513) [pānīẏa] বিণ. পানের যোগ্য, পেয়; পান করা হয় এমন (পানীয় জল)। □ বি. জল মদ শরবত প্রভৃতি পানীয় দ্রব্য (প্রচুর পানীয় বিতরণ করা হয়েছিল)। [সং. √ পা + অনীয়]।

পানে (p. 513) [pānē] অব্য. ক্রি-বিণ. দিকে, প্রতি, অভিমুখে ('আমার পানে চেয়ে চেয়ে': রবীন্দ্র; 'মুখপানে চেয়ে দেখি': রবীন্দ্র)। [দেশি]।

পাণ্ডা1 (p. 513) [pāṇḍā1] বি. 1 তীর্থস্থানের পূজারি ব্রাহ্মণ; 2 (সচ. বিদ্রুপে) উদ্যোক্তা, নায়ক, প্রধান ব্যক্তি (দলের পাণ্ডা)। [হি. পণ্ডা]।

পাণ্ডা2 (p. 513) [pāṇḍā2] বি. হিমালয় অঞ্চলের বাদামি বা ধূসর লোমযুক্ত ভালুকের মতো প্রাণী। [নেপালি শব্দ]।

পাণ্ডে (p. 513) [pāṇḍē] বি. পাঁড়ে, হিন্দুস্থানি ব্রাহ্মণের উপাধিবিশেষ। [সং. পণ্ডিত]।

পান্তা, পান্তি, পান্তুয়া (p. 513) [pāntā, pānti, pāntuẏā] যথাক্রমে পানতা, পানতি ও পানতুয়া -র বানানভেদ।

পান্হ (p. 513) [pānha] বি. পথিক, পথভ্রমণকারী ('পান্হ, এখনো কেন অলসিত অঙ্গ': রবীন্দ্র)। [সং. পথিন্ + অ]।˜ নিবাস,˜ শালা বি. 1 পথিকদের বিশ্রামের স্থান, সরাই, চটি; 2 হোটেল; বোর্ডিং।˜ পাদপ বি. মাদাগাস্কার (বর্তমান মালাগাসি)। দ্বীপের বৃক্ষবিশেষ যার দেহে আঘাত লাগলে নির্মল জল বার হয়।

পান্না2 (p. 513) [pānnā2] বি. সবুজ রঙের দামি মণিবিশেষ, মরকত। [হি. পন্না]।

পাপ (p. 513) [pāpa] বি. 1 অধর্ম, কলুষ, কল্মষ; 2 অন্যায় বা অশাস্ত্রীয় কাজ; 3 পাপিষ্ঠ ব্যক্তি, আপদ (এ পাপ এখন বিদায় হলে বাঁচি)। □ বিণ. 1 অশুভ (পাপগ্রহ); 2 পাপী (পাপাত্মা); 3 অন্যায়, পাপজনক (পাপযোগ)। [সং. √ পা + প]।˜ কৃত্ বিণ. পাপকাজ করে এমন।˜ ক্ষালন বি. পাপ বা দোষ কাটানো।˜ গ্রহ বি. শনি, মঙ্গল প্রভৃতি অশুভ গ্রহ।˜ ঘ্ন,˜ হর বিণ. পাপনাশকারী, যে পাপ দূর করে।˜ দৃষ্টি বি. কুনজর, দুরভিসন্ধিমূলক দৃষ্টি।˜ বুদ্ধি,˜ মতি বিণ. দুর্মতি, কুমতলবপূর্ণ।˜ ভাক (-জ্) বিণ. পাপী; পাপকারী।˜ ভাগী (-গিন্) পাপী, পাপকর্মের অংশীদার।˜ যোগ বি. (জ্যোতিষ) তিথি বার প্রভৃতির পাপজনক বা অশুভ সম্মেলন। পাপাচার বিণ. দুরাচার, পাপিষ্ঠ। □ বি. পাপকর্ম। পাপচারী (-রিন্) বিণ. পাপিষ্ঠ, দুরাত্মা। পাপাত্মা (-ত্মন্), পাপাশয়, পাপিষ্ঠ বিণ. অতিশয় পাপী,

দুরাচার; যে পাপচিন্তা করে এবং পাপকাজ করে। স্ত্রী. পাপিষ্ঠা। পাপী (-পিন্) বিণ. পাপ করে এমন, পাপাচারী। স্ত্রী. পাপিনী। পাপীয়সী বিণ. (স্ত্রী.) মহাপাপকারিণী।

পাপড় (p. 513) [pāpaḍ়] বি. ডালের গুঁড়ো বা বেসন দিয়ে তৈরি পাতলা রুটির মতো খাবারবিশেষ। [তা. পাপড়ম-তু. সং. পর্পট]।

পাপড়ি (p. 513) [pāpaḍ়i] বি. ফুলের দল। [সং. পর্ব]।

পাপাচার, পাপাত্মা, পাপাশয় (p. 513) [pāpācāra, pāpātmā, pāpāśaẏa] দ্র পাপ।

পাপিয়া (p. 513) [pāpiẏā] বি. কোকিলজাতীয় সুকণ্ঠ ঠোঁটবাঁকা পাখিবিশেষ, hawk-cuckoo. [তু. হি. পপীহা]।

পাপোশ (p. 513) [pāpōśa] বি. পা বা জুতোর তলা ঘসে ধুলিযুক্ত করার আস্তরণবিশেষ। [ফা. পোপশ]।

পাব (p. 513) [pāba] বি. 1 গ্রন্হি, গাঁট, পর্ব; 2 দুই গাঁটের মধ্যবর্তী অংশ, পাবড়া। [সং. পর্ব]।

পাবক (p. 513) [pābaka] বি. আগুন, অগ্নি। □ বিণ. শোধনকারী, শোধক। [সং. √ পূ + অক]।

পাবড়া (p. 513) [pābaḍ়ā] বি. 1 গাছের পাতার মোটা ও শক্ত বোঁটা; 2 দুই গাঁটের মধ্যবর্তী অংশ। [বাং. পাব + ড়া]।

পাবদা (p. 513) [pābadā] বি. আঁশহীন ছোটো মাছবিশেষ। [সং. পর্বত]।

পাবন (p. 513) [pābana] বিণ. 1 পবিত্রকারী, শোধক (কুলপাবন); 2 ত্রাণকারী (পতিতপাবন)। □ বি. 1 শোধন; 2 অগ্নি। [সং. √ পূ + ণিচ্ + অন]।

পাবনি (p. 513) [pābani] বি. পবনপুত্র হনুমান। [সং. পবন + ই]।

পাবনী (p. 513) [pābanī] বিণ. পবন -এর স্ত্রীলিঙ্গ। □ বি. গঙ্গানদী। [সং. পবন + ঈ]।

পাবলিক (p. 513) [pābalika] বিণ. জনগণের সম্পত্তিরূপে বিবেচ্য এমন; রাষ্ট্রায়ত্ত (পাবলিক বাস)। □ বি. জনতা, জনগণ (পাবলিক খেপে গেছে)। [ইং. public]।

পামর (p. 513) [pāmara] বিণ. 1 পাপিষ্ঠ, নরাধম, নীচ; 2 মূর্খ (আপামর)। [সং. পা + ক্বিপ্ + √ মৃ + অ]। স্ত্রী. পামরী।

পাম্প (p. 513) [pāmpa] বি. বাতাস জল প্রভৃতি বার করার বা তোলার যন্ত্রবিশেষ। [ইং. pump]। পাম্প করা ক্রি. বি. পাম্পের সাহায্যে বাতাস জল প্রভৃতি তোলা বা বার করা।

পাম্পশু (p. 513) [pāmpaśu] বি. সাধারণত ধুতির সঙ্গে পরিধেয় ফিতে-ছাড়া শৌখিন জুতোবিশেষ। [ইং. pump shoe]।

পায়-খানা (p. 513) [pāẏa-khānā] বি. 1 মলত্যাগের স্থান, মলত্যাগের জন্য নির্মিত কক্ষ; 2 মলত্যাগ (পায়খানার বেগ)। [ফা. পায়খানা]। পায়খানা করা ক্রি. বি. মলত্যাগ করা।

পায়-চারি (p. 513) [pāẏa-cāri] বি. 1 পায়ে হেঁটে ভ্রমণ; 2 ইতস্তত হাঁটা বা পদচারণা। [সং. পাদচারণা]।

পায়জামা (p. 513) [pāẏajāmā] দ্র পাজামা।

পায়তারা (p. 513) [pāẏatārā] দ্র পাঁয়তারা।

পায়-দল (p. 513) [pāẏa-dala] ক্রি-বিণ. পায়ে হেঁটে, পদব্রজে (পায়দল চলে যাব)। [হি. পৈদল < সং. পদতল]।

পায়-পায়, পায়ে-পায়ে (p. 513) [pāẏa-pāẏa, pāẏē-pāẏē] দ্র পা2।

পায়রা (p. 513) [pāẏarā] বি. ঘুঘুজাতীয় শস্যভোজী পাখিবিশেষ, কবুতর, কপোত, pigeon. [সং. পারাবত]। ̃ চাঁদা বি. ছোটো মাছবিশেষ।

পায়স (p. 513) [pāẏasa] বি. দুধ চিনি চাল ইত্যাদি সহযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ, পরমান্ন। □ বিণ. দুধসম্বন্ধীয়; দুগ্ধজাত। [সং. পয়স্ + অ]। পায়সান্ন বি. পরমান্ন, পায়েস।

পায়া (p. 513) [pāẏā] বি. 1 খাট টেবিল চৌকি প্রভৃতির নিম্নদেশে সংলগ্ন খুঁটি; 2 পা বা দেহের নিম্নভাগ। [ফা. পায়হ্]। ̃ ভারি বি. বড়ো চাকরি, সৌভাগ্য ইত্যাদির জন্য অহংকার বা গুমর।

পায়ী (p. 513) [pāẏī] (-য়িন্) বিণ. যে পান করে, পানকারী (স্তন্যপায়ী)। [সং. √ পা + ইন্]।

পায়ু (p. 513) [pāẏu] বি. মলদ্বার, গুহ্যদেশ। [সং. √ পা + উ]।

পার (p. 513) [pāra] বি. 1 নদী খাল ইত্যাদির তীর; 2 কূল, কিনারা; 3 প্রান্ত ('দেখা দিল গগন-পারে': রবীন্দ্র); 4 সীমা (মাঠের পারে); 5 উত্তরণ (ভবপার); 6 অতিক্রম (সে আমাকে পার হয়ে গেল, এই নদী সাঁতরে পার হতে পারবে?); 7 পরিত্রাণ, উদ্ধার (দয়াল, পার করো আমারে)। [সং. √ পৃ + অ]। ̃ গ, পারংগম বিণ. 1 পারগামী; 2 সমর্থ, পটু, পারদর্শী। ̃ গত বিণ. 1 পারে গেছে এমন; উত্তীর্ণ; 2 উদ্ধার পেয়েছে এমন। ̃ ঘাট, ̃ ঘাটা বি. খেয়াঘাট।

পারক (p. 513) [pāraka] বিণ. 1 সমর্থ (অপারক); 2 পটু, পারদর্শী। [সং. √ পৃ + অক]। ̃ তা বি. সামর্থ্য; পটুতা।

পারক্য (p. 513) [pārakya] বি. 1 পরকীয়তা, পরাধীনতা; 2 শক্তিসামর্থ্য। ☐ বিণ. পরলোকসম্বন্ধীয়। [সং. পর + ক=পরক + য]।

পারগ, পারগত, পারঘাট (p. 513) [pāraga, pāragata, pārghāṭa] দ্র পার।

পারণ, পারণা (p. 513) [pāraṇa, pāraṇā] বি. ব্রত উদযাপনের পর কিছু খেয়ে উপবাস ভাঙা। [সং. √ পার্ + অন, আ]।

পার-তন্ত্র্য (p. 513) [pāra-tantrya] বি. পরাধীনতা, পরতন্ত্রতা। [সং. পরতন্ত্র + য]।

পারত-পক্ষে (p. 513) [pārata-pakṣē] ক্রি-বিণ. পারলে, সম্ভব হলে (সেখানে আমি পারতপক্ষে যাই না)। [বাং. পারত < সং. পারক + পক্ষে]।

পারত্রিক (p. 513) [pāratrika] বিণ. পরলোকসংক্রান্ত, পারলৌকিক (পারত্রিক কল্যাণ)। [সং. পরত্র + ইক]। তু. বিপ. ঐহিক।

পারদ (p. 513) [pārada] বি. তরল ধাতুবিশেষ, পারা, mercury. [সং. পার + √ দা + অ]।

পার-দর্শী (p. 513) [pāra-darśī] (-র্শিন্) বিণ. 1 নিপুণ, পটু; 2 বহুদর্শী, বিচক্ষণ (শাস্ত্রে পারদর্শী)। [সং. পার + √ দৃশ্ + ইন্]। বি. পার-দর্শিতা। স্ত্রী. (বিণ.) পার-দর্শিনী।

পার-দারিক (p. 513) [pāra-dārika] বিণ. বি. পরস্ত্রীকে সম্ভোগকারী। [সং. পরদার + ইক]।

পারদার্য (p. 513) [pāradārya] বি. পরস্ত্রীগমন, ব্যভিচার, পরস্ত্রীর সঙ্গে যৌন সম্পর্ক। [সং. পরদার + য]।

পার-দেশ্য (p. 513) [pāra-dēśya] বিণ. 1 প্রবাসী, বিদেশে বসবাসকারী; 2 বিদেশাগত; 3 বিদেশি। [সং. পরদেশ + য]।

পার-ফিউম (p. 513) [pāra-phiuma] বি. 1 সুগন্ধ; 2 সুগন্ধযুক্ত এসেন্স।[ইং. perfume]।

পার-বশ্য (p. 513) [pāra-baśya] বি. পরাধীনতা, পরবশতা। [সং. পরবশ + য]।

পারমাণব, পারমাণবিক (p. 513) [pāramāṇaba, pāramāṇabika] বিণ. পরমাণুসম্বন্ধীয়; পরমাণুজাত, atomic (পারমাণবিক ক্ষেপণাস্ত্র)। [সং. পরমাণু + অ, ইক]।

পারমার্থিক (p. 513) [pāramārthika] বিণ. পরমার্থবিষয়ক, ব্রহ্মবিদ্যাবিষয়ক, আধ্যাত্মিক (পারমার্থিক চিন্তা)। [সং. পরমার্থ + ইক]।

পার-মিট (p. 513) [pāra-miṭa] বি. সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মাল ক্রয় বা বিক্রয়ের কিংবা এক স্থান থেকে অন্য স্থানে মালপত্র পরিবহণের অনুমতিপত্র। [ইং. permit]।

পার-মিতা (p. 513) [pāra-mitā] বি. বৌদ্ধধর্ম অনুসারে বুদ্ধত্ব অর্জনের জন্য প্রয়োজনীয় দ্বাদশগুণের অধিষ্ঠাত্রী দেবী। [সং. পারমিতা]।

পারম্পর্য (p. 513) [pāramparya] বি. অনুক্রম, ধারাবাহিকতা, পরম্পরা (ঘটনার পরম্পর্য, বংশের পারম্পর্য)। [সং. পরম্পরা + য]।

পার-লৌকিক (p. 513) [pāra-laukika] বিণ. 1 পরলোকসংক্রান্ত (পারলৌকিক ক্রিয়া); 2 পরলোকের পক্ষে হিতকর। [সং. পরলোক + ইক]।

পারশে (p. 513) [pāraśē] বি. আঁশযুক্ত বাটাজাতীয় ছোটো মাছবিশেষ। [দেশি]।

পারসি (p. 513) [pārasi] বি. 1 পারস্যদেশীয় ভাষা, ফারসি; 2 প্রাচীনকালে পারস্যদেশ থেকে আগত জরথুস্ত্রপন্হী ভারতীয় জাতিবিশেষ। □ বিণ. 1 পারস্যদেশজাত; 2 পারসি জাতি-সম্বন্ধীয় (পারসি রীতিনীতি)। [সং. পারস্য + বাং. ই]।˜ ক বিণ. পারস্যদেশীয়। □ বিণ. বি. পারস্য দেশবাসী।

পারস্পরিক (p. 513) [pārasparika] বিণ. পরস্পরসংক্রান্ত, উভয়ের মধ্যে (পারস্পরিক বোঝাপড়া)। [সং. পরস্পর + ইক]।

পারা1 (p. 513) [pārā1] বি. তরল ধাতুবিশেষ, পারদ (মেয়েটা পারা খেয়ে মরেছে)। [সং. পারদ]।

পারা2 (p. 513) [pārā2] অব্য. বিণ. সদৃশ, মতো, তুল্য (পাগলপারা, লম্বাপারা লোক)। [সং. প্রায়]।

পারা3 (p. 513) [pārā3] ক্রি. বি. 1 সমর্থ হওয়া (বুঝতে পারি না, উঠতে পার?); 2 এঁটে ওঠা বা বশে আনার ক্ষমতা থাকা (তার সঙ্গে পারা শক্ত, ওর সঙ্গে আমি কী করে পারব?); 3 অনুমতি পাওয়া, বাধাহীন হওয়া (এখন যেতে পার)। [সং. √ পৃ + বাং. আ]।

পারানো (p. 513) [pārānō] ক্রি. বি. পার করা; পার হওয়া; পেরোনো (এক দমে এই পুকুর পারাতে পারে, পেরিয়ে যাওয়া)। [< সং. পার (অপর তীর) + বাং. আনো (নামধাতু)]। পারানি বি. পার হবার মাশুল, খেয়ার কড়ি।

পারাপার (p. 513) [pārāpāra] বি. 1 নদী ইত্যাদির দুই তীর; 2 এক পার থেকে অন্য পারে যাওয়া ('খেয়া পারপার বন্ধ হয়েছে আজি রে': রবীন্দ্র); 3 (সং.) সমুদ্র, পারাবার। [সং. পার + অপার (< অবার)]। পারাবার দ্র।

পারা-বত (p. 513) [pārā-bata] বি. পায়রা, কপোত। [সং. পার + আ + √ পত্ (=বত্) + অ]।

পারাবার (p. 513) [pārābāra] বি. 1 সমুদ্র; 2 (সং.) উভয় তীর। [সং. পার (অপর তীর) + অবার (এই তীর)]।

পারায়ণ (p. 513) [pārāẏaṇa] বি. 1 সম্পূর্ণতা, সমাপ্তি; 2 নিয়মিত বা নির্ধারিত সময়ের মধ্যে গ্রন্হ পাঠের সমাপ্তি। [সং. পার (=শেষ প্রান্ত) + অয়ন]।

পারা-শর (p. 513) [pārā-śara] বি. পরাশরমুনির পুত্র বেদব্যাস। □ বিণ. 1 পরাশরসম্বন্ধীয়; 2 পরাশরকৃত (পারাশর-সংহিতা)। [সং. পরাশর + অ]।

পারি-জাত (p. 513) [pāri-jāta] বি. (মহা.) সমুদ্রমন্হনে উৎপন্ন স্বর্গীয় গাছ বা তার ফল। [সং. পারিন্ (=সমুদ্র) + জাত]।

পারি-তোষিক (p. 513) [pāri-tōṣika] বি. 1 পরিতুষ্ট হয়ে যা দেওয়া হয়; 2 পুরস্কার; 3 বকশিশ। [সং. পরিতোষ + ইক]।

পারি-পাট্য (p. 513) [pāri-pāṭya] বি. 1 গোছগাছ, শৃঙ্খলা; 2 পরিচ্ছন্নতা। [সং. পরিপাটি + য]।

পারি-পার্শ্বিক (p. 513) [pāri-pārśbika] বিণ. চারদিকস্থ, পার্শ্ববর্তী (পারিপার্শ্বিক অবস্থা)। □ বি. 1 পারিষদ; 2 (অল.) সূত্রধরের সহচর নট। [সং. পরিপার্শ্ব + ইক]।

পারি-বারিক (p. 513) [pāri-bārika] বিণ. পরিবারসম্বন্ধীয় (পারিবারিক বন্ধন)। [সং. পরিবার + ইক]।

পারি-ব্রজ্য (p. 513) [pāri-brajya] বি. পরিব্রাজকের আচরণ বা ধর্মপালন, পরিব্রজ্যা। [সং. পরিব্রাজ + য]।

পারি-ভাষিক (p. 513) [pāri-bhāṣika] বিণ. পরিভাষাসম্বন্ধীয় (পারিভাষিক শব্দাবলি)। [সং. পরিভাষা + ইক]।

পারি-শ্রমিক (p. 513) [pāri-śramika] বি. পরিশ্রমের মূল্য, মজুরি। [সং. পরিশ্রম + ইক]।

পারিষদ (p. 513) [pāriṣada] বি. 1 সভাসদ, সভা-সমিতি ইত্যাদির সদস্য; 2 পার্শ্বচর, মোসাহেব। □ বিণ. পরিষদসংক্রান্ত। [সং. পরিষদ্ + অ]।

পারুল (p. 513) [pārula] বি. লালচে রঙের সুগন্ধি ফুলবিশেষ বা তার গাছ। [সং. পাটলী]।

পারুষ্য (p. 513) [pāruṣya] বি. পরুষতা, কর্কশতা, রুক্ষ আচরণ, অপ্রিয় বা কর্কশ বাক্য। [সং. পরুষ + য]।

পার্ক (p. 513) [pārka] বি. খেলার বা বেড়ানোর উদ্যান। [ইং. park]।

পার্ট (p. 513) [pārṭa] বি. নাটকাভিনয়ে পাত্র-পাত্রীর অভিনেয় অংশ (পার্ট মুখস্থ হয়েছে?)। [ইং. part]।

পার্ট-টাইম (p. 513) [pārṭa-ṭāima] বিণ. আংশিক সময়ের (পার্টটাইম চাকরি)। □ বি. আংশিক সময়ের কাজ (একটা পার্টটাইম করে সংসার চালানো যায় না)। [ইং. part-time]।

পার্ট-নার (p. 513) [pārṭa-nāra] বি. অংশীদার; ব্যাবসা কাজকর্ম ইত্যাদিতে সহযোগী। [ইং. partner]।

পার্টি (p. 513) [pārṭi] বি. 1 দল (স্বরাজ্য পার্টি, কংগ্রেস পার্টি); 2 পক্ষ; 3 পাশ্চাত্য প্রথায় ভোজসভা (পার্টি দেওয়া)। [ইং. party]।

পার্থ (p. 513) [pārtha] বি. 1 পৃথার (কুন্তী) পুত্র অর্জুন ('পার্থের রথে কুরুক্ষেত্রে বাজুক পাঞ্চজন্য': য. সে.); 2 অর্জুনগাছ। [সং. পৃথা + অ]।

পার্থক্য (p. 513) [pārthakya] বি. তফাত, প্রভেদ, বিভিন্নতা, বৈসাদৃশ্য। [সং. পৃথক + য]।

পার্থব (p. 513) [pārthaba] বি. 1 স্থূলতা, পৃথুলতা; 2 বিশালতা, অতিকায়তা। [সং. পৃথু + অ]।

পার্থিব (p. 513) [pārthiba] বিণ. পৃথিবীসম্বন্ধীয়, জাগতিক, ঐহিক (পার্থিব সুখ)। □ বি. রাজা। [সং. পৃথিবী + অ]।

পার্বণ (p. 513) [pārbaṇa] বি. 1 পর্ব, উৎসব (পৌষ পার্বণ, বারো মাসে তেরো পার্বণ); 2 অমাবাস্যাদি পর্বদিনে পালনীয় শ্রাদ্ধ। □ বিণ. 1 পর্বসম্বন্ধীয়;

2 পর্বদিনে করণীয় (পার্বণ শ্রাদ্ধ)। [সং. পর্বন্ + অ]। পার্বণী বিণ. পার্বণ -এর স্ত্রীলিঙ্গ। □ বি. পর্ব বা উৎসব উপলক্ষ্যে প্রদত্ত পারিতোষিক।

পার্বত, (অশু. কিন্তু প্রচলিত) পার্বতীয় (p. 513) [pārbata, (aśu. kintu pracalita) pārbatīẏa] বিণ. 1 পর্বত সম্বন্ধীয় (পার্বত উপজাতি); 2 পর্বতময় (পার্বতীয় অঞ্চল); 3 পর্বতবাসী; 4 পর্বতে জাত; 5 পাহাড়িয়া। [সং. পর্বত + অ, ঈয় (?)]। পার্বত্য (বাংলায় অধিকতর প্রচলিত) বিণ. পার্বত ও পার্বতীয় -র রূপভেদ।

পার্বতী (p. 513) [pārbatī] বি. হিমালয় পর্বতের কন্যা উমা বা দুর্গাদেবী। [সং. পর্বত + অ + ঈ]।

পার্বত্য (p. 513) [pārbatya] দ্র পার্বত।

পার্য-মাণে (p. 513) [pārya-māṇē] ক্রি-বিণ. (বর্ত. অপ্র.) পারতপক্ষে, সম্ভব হলে। [সং. পর্যমাণ + বাং. এ]।

পার্লা-মেণ্ট (p. 513) [pārlā-mēṇṭa] বি. রাষ্ট্রের আইনসভা লোকসভা বা রাজ্যসভা; রাষ্ট্রের প্রতিনিধিসভা, সংসদ। [ইং. parliament]।

পার্শ্ব (p. 513) [pārśba] বি. 1 পাশ, একদিক (গৃহের পশ্চিম পার্শ্ব); 2 ধার, কিনারা, প্রান্ত (থালার পার্শ্ব); 3 সন্নিহিত স্থান, সন্নিধান, সমীপ (পার্শ্বস্থিত লোকটি)। [সং. √ স্পৃশ্ + ব. অথবা √ স্পৃশ্ + শ্ব]। ˜ চর বি. বিণ. অনুচর; মোসাহেব; সঙ্গী, সহচর। স্ত্রী. ˜ চরী। ˜ চরিত্র বি. নাটকাদিতে মূল চরিত্রের

পাশাপাশি অভিনয়কারী অপ্রধান চরিত্র।˜ দেশ বি. পাশ, ধার, প্রান্ত।˜ পরি-বর্তন বি. পাশ ফেরা।˜ বর্তী (-র্তিন্),˜ স্থ বিণ. পাশে অবস্থিত। স্ত্রী.˜ বর্তিনী।

পার্শ্বাস্থি (p. 513) [pārśbāshi] বি. পাঁজর। [সং. পার্শ্ব + অস্থি]।

পার্ষদ (p. 513) [pārṣada] বি. পারিষদ, সভাসদ। [সং. পর্ষদ্ + অ]।

পার্ষ্ণি (p. 513) [pārṣṇi] বি. 1 পায়ের গোড়ালি; 2 সৈন্যবাহিনীর পিছনের অংশ। [সং. √ পৃষ্ + নি]।

পার্সেল, পারসেল (p. 513) [pārsēla, pārasēla] বি. ডাকযোগে পাঠানো বাণ্ডিল, প্যাকেট ইত্যাদি। [ইং. parcel]।

পাল1 (p. 513) [pāla1] বিণ. রক্ষক, পালক (রাজ্যপাল, নগরপাল)। [সং. √ পালি + অ]।

পাল2 (p. 513) [pāla2] বি. গবাদি পশুর সংগম বা প্রজনন (পাল দেওয়া, পাল ধরানো)। [দেশি]।

পাল3 (p. 513) [pāla3] বি. 1 বাতাসের সাহায্যে চালাবার জন্য নৌকার মাস্তুলে খাটানো কাপড়ের পর্দা (পালে হাওয়া লাগা); 2 চাঁদোয়া। [হি. পাল]।˜ তোলা বিণ. চালাবার সময় পাল খাটানো হয় এমন (পালতোলা নৌকা)।

পাল4 (p. 513) [pāla4] বি. দল (ভেড়ার পাল)। [সং. পালি]। পালের গোদা (সচ. মন্দার্থে) দলের সর্দার।

পাল-ওয়ান (p. 513) [pāla-ōẏāna] দ্র পালোয়ান।

পালং1, পালঙ (p. 513) [pāla1, mpālaṅa] বি. বড়ো পাতাযুক্ত ভোজ্য শাকবিশেষ। [অসম. পালং-তু. হি. পালক]।

পালক1 (p. 513) [pālaka1] বিণ. বি. যে পালন করে, প্রতিপালক, রক্ষক (পালকপিতা, সমগ্র জগতের পালক)। [সং. √ পালি + অক]। বিণ. বি. স্ত্রী. পালিকা।

পালক2, (অপ্র.) পালখ (p. 513) [pālaka2, (apra.) pālakha] বি. পাখির পাখা বা ডানা বা ডানার অংশ। [< সং. পক্ষ (?)]।

পালকি (p. 513) [pālaki] বি. মানুষের দ্বারা বাহিত দুই দিকে মোটা দণ্ডযুক্ত কাঠের ঘরের মতো যানবিশেষ, শিবিকা। [সং. পল্যাঙ্কিকা]।

পালঙ2 (p. 513) [pālaṅa2] দ্র পালঙ্ক।

পালঙ্ক, (কথ্য) পালং, পালঙ (p. 513) [pālaṅka, (kathya) pāla, mpālaṅa] বি. মূল্যবান খাট, পর্যঙ্ক। [সং. পল্যঙ্ক, পর্যঙ্ক]।

পালট (p. 513) [pālaṭa] বি. প্রত্যাবর্তন; পরিবর্তন (ওলটপালট)। [হি. পালটা < প্রাকৃ. পলোট্ট < সং. পর্যস্ত।

পালটা (p. 513) [pālaṭā] বিণ. 1 বিপরীত, উলটো (পালটা হুকুম); 2 প্রতিপক্ষীয়, বিরুদ্ধ (পালটা জবাব, পালটা আক্রমণ); 3 বদল, বিনিময় (পালটাপালটি)। □ ক্রি. পালটানো (জিনিসটা পালটাও)। [হি. √ পলট (< প্রাকৃ. পলোট্ট) + বাং. আ]। ˜ নো ক্রি. বি. উলটানো, বদলানো, পরিবর্তিত করা (জামা পালটানো, বাড়ি পালটানো)। □ বিণ. উক্ত অর্থে। ˜ পালটি বি. বারবার বা পরস্পর বদল।

পালটি1 (p. 513) [pālaṭi1] বিণ. সমান বংশমর্যাদাসম্পন্ন বা বৈবাহিক সম্বন্ধ স্থাপনের উপযুক্ত (পালটি ঘরে বিয়ে দেওয়া)। [বাং. পালট + ই]।

পালটি2, পালটিয়া (p. 513) [pālaṭi2, pālaṭiẏā] অস-ক্রি. (কাব্যে) প্রত্যাবর্তন করবার পর; পিছন ফিরে (পালটি দেখে)। [পালটা দ্র]।

পালন (p. 513) [pālana] বি. 1 প্রতিপালক (সন্তানপালক); 2 ভরণপোষণ (পরিবারপালন); 3 তত্ত্বাবধান, সংরক্ষণ (পশুপালন); 4 মান্য করা, তামিল (হুকুম পালন, প্রতিজ্ঞাপালন); 5 উদযাপন (জন্মদিন পালন)। [সং. √পা + ণিচ্ = পালি + অন]। পালনীয় বিণ. পালন করা উচিত এমন, পালন করতে হবে এমন।

পাল-পার্বণ (p. 513) [pāla-pārbaṇa] বি. বিভিন্ন উৎসব বা ধর্মীয় অনুষ্ঠান। [সং. পাল্যপার্বণ]।

পালয়িতা (p. 513) [pālaẏitā] (-তৃ্) বিণ. পালনকারী, প্রতিপালক। [সং. √ পা + ণিচ্ + তৃ]। বিণ. স্ত্রী. পালয়িত্রী।

পাললিক (p. 513) [pālalika] বিণ. 1 পলিমাটিসংক্রান্ত; 2 পলিজাত (পাললিক শিলা)। [সং. পলল (=পঙ্ক) + ইক]।

পালা1 (p. 513) [pālā1] (সচ. উত্তরপদে) বি. পল্লব, প্রশাখা, ক্ষুদ্র ডাল (গাছপালা, ডালপালা)। [সং. পল্লব]।

পালা2 (p. 513) [pālā2] বি. 1 পর্যায়, ক্রম, বার (সবশেষে আমার পালা); 2 গীত বা নাটকের বিষয় (বেহুলা-লখিন্দরের পালা, পালাবদল)। [প্রাকৃ. পল্লঅ]। ̃ কীর্তন বি. কোনো কাহিনী অবলম্বনে কীর্তনগান। ̃ গান বি. গীতসংবলিত নাটক। ̃ জ্বর বি. ঘুরেফিরে অর্থাত্ পালাক্রমে আসে এমন জ্বর।

পালা3 (p. 513) [pālā3] ক্রি. 1 পোষা (ছাগল পালা); 2 লালন-পালন করা ('তোমারি গেহে পালিছ স্নেহে': রবীন্দ্র); 3 মান্য করা (আদেশ পালা)। □ বিণ. পালিত, পালন করা হয়েছে এমন। [সং. √ পাল্ + বাং. আ]।

পালা4 (p. 513) [pālā4] বি. 1 শিশির; 2 তুষার। [হি. পালা < সং. প্রালেয়]।

পালা5, পালানো (p. 518) [pālā5, pālānō] যথাক্রমে পলা3 ও পলানো -র চলিত রূপ।

পালান1 (p. 518) [pālāna1] বি. ভারবাহী পশুর পিঠে গদি। [ফা. পালান্ তু. সং. পল্যয়ন]।

পালান2 (p. 518) [pālāna2] বি. গোরু-মোষের স্তন, udder. [দেশি]।

পালানো (p. 518) [pālānō] ক্রি. বি. পলায়ন করা; লুকোনো। [পলা3 দ্র]।

পালি1 (p. 518) [pāli1] বি. প্রাচীন ভারতীয়-আর্য ভাষাবিশেষ, যে ভাষায় বুদ্ধদেব ধর্মপ্রচার করেছিলেন। [সং. পঙ্ক্তি > পংতি > পংলি > পালি?]।

পালি2 (p. 518) [pāli2] বি. 1 পঙ্ক্তি, লাইন; 2 রাশি; 3 দল; 4 প্রান্ত; 5 শস্যাদির পরিমাণবিশেষ বা শস্যাদি পরিমাপের পাত্রবিশেষ; 6 পালা, পর্যায় (এবার আমার পালি)। [সং. √ পাল্ + ই]।

পালিকা (p. 518) [pālikā] দ্র পালক1।

পালিত (p. 518) [pālita] বিণ. 1 পোষা (পালিত পশু, গৃহপালিত); 2 প্রতিপালিত, বর্ধিত (বিলাসিতার মধ্যে পালিত); 3 জন্মগত কোনো সম্পর্ক নেই অথচ সম্পর্কযুক্ত ব্যক্তির মতো প্রতিপালিত (পালিত পুত্র, পালিত সন্তান); 4 রক্ষিত (প্রতিশ্রুতি পালিত হয়েছে); 5 মান্য করা হয়েছে এমন (আদেশ পালিত হয়েছে); 6 বংশসূচক নাম বা পদবিবিশেষ। [সং. √ পা + ণিচ্ + ত]। বিণ. স্ত্রী. পালিতা।

পালিত্য (p. 518) [pālitya] বি. বার্ধক্যহেতু চুলের পক্কতা বা শুভ্রতা। [সং. পলিত + য]।

-পালিনী (p. 518) [-pālinī] বিণ. বি. পালনকারিণী, পালিকা (জগৎপালিনী)। [সং. √ পা + ণিচ্ + ইন্ + ঈ]।

পালিশ (p. 518) [pāliśa] বি. 1 মসৃণতা; 2 ঔজ্জ্বল্য; 3 উজ্জ্বলতা সম্পাদন; 4 উজ্জ্বল বা ঝকঝকে করবার জন্য প্রলেপ (জুতোর পালিশ); 5 মার্জিত ভাব বা আচরণ (ভদ্রতার পালিশ)। [ইং. polish]।

পালুই (p. 518) [pālui] বি. ধানের খড়ের বা ধানসমেত খড়ের গাদা। [সং. পল্ল]।

পালুনি (p. 518) [pāluni] বি. পালন; ব্রত উপবাস ইত্যাদি উদযাপন (ব্রতপালুনি, রাতপালুনি)। [সং. পালন + বাং. ই]।

পালো (p. 518) [pālō] বি. (সচ. শিশুর খাদ্য হিসাবে ব্যবহৃত) শটি পানফল প্রভৃতির শ্বেতসার চূর্ণ শ্বেতাংশ। [দেশি]।

পালোয়ান (p. 518) [pālōẏāna] বি. কুস্তিগিরি, মল্ল। □ বিণ. 1 বলবান; 2 ব্যায়ামপটু; 3 বীর। [ফা. পহ্লৱান]।

পাল্কি, পাল্টা, পাল্টানো (p. 518) [pālki, pālṭā, pālṭānō] যথাক্রমে পালকি, পালটা ও পালটানো -র বানানভেদ।

পাল্য (p. 518) [pālya] বিণ. পালনীয়, পালনযোগ্য, পালন করা উচিত এমন। [সং. √ পাল্ + য]।

পাল্লা (p. 518) [pāllā] বি. 1 প্রতিযোগিতা, প্রতিদ্বন্দ্বিতা (পাল্লা দেওয়া); 2 কবল, আয়ত্তি, সঙ্গ (ডাকাতের পাল্লায় পড়া); 3 তৌলযন্ত্রে দ্রব্যাদি বা বাটখারা রাখার আধারবিশেষ (পাল্লায় মাল চাপানো); 4 খণ্ড, স্তর, পরদা (এক পাল্লা চামড়া); 5 জোড়ার একটি, দুই খণ্ড বা দুই ভাগের একটি; 6 দরজা বা জানালার পাট (দরজার পাল্লা); 7 বাটখারা (পাল্লা চাপানো); 8 দূরত্ব, ব্যবধান (দূর পাল্লার গাড়ি, বন্দুকের পাল্লা); 9 গতি, বেগ (পায়ের পাল্লা)।[তু. হি. পল্লা]।

পাশ1 (p. 518) [pāśa1] বি. 1 সাফল্য (পরীক্ষায় পাশ); 2 অনুমতিপত্র, ছাড়পত্র, বিনামূল্যে বা স্বল্পমূল্যে ভ্রমণের ছাড়পত্র (রেলের পাশ)। □ বিণ. মঞ্জুর (বিল পাশ হওয়া)। [ইং. pass]।

পাশ2 (p. 518) [pāśa2] বি. সুগন্ধ জল প্রভৃতি ছিটাবার পাত্রবিশেষ (গুলাবপাশ)। [ফা. পাশ]।

পাশ3 (p. 518) [pāśa3] বি. 1 প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ; 2 বন্ধন, ফাঁস (ভুজপাশ); 3 ফাঁদ, জাল (পাশবদ্ধ); 4 রজ্জু, দড়ি; 5 গুচ্ছ, রাশি বা প্রাচুর্য, সমাসের উত্তরপদে (কেশপাশ); 6 (তন্ত্রে) পশুজীবের বন্ধন, অজ্ঞান (পাশমুক্তি)। [সং. √ পশ্ (বন্ধন) + অ]।

পাশ4 (p. 518) [pāśa4] বি. 1 পার্শ্ব (পাশে বসা); 2 সামীপ্য, নৈকট্য (তুমি পাশে থাকলে আমার ভয় করবে না); 3 ধার, প্রান্ত (অত পাশে যেয়ো না)। [সং. পার্শ্ব]। পাশ কাটানো ক্রি. বি. 1 এক পাশ দিয়ে ঘেঁষে চলে যাওয়া বা অতিক্রম করে যাওয়া; 2 সরে দাঁড়ানো; 3 এড়িয়ে যাওয়া।˜ বালিশ দ্র বালিশ। পাশ দেওয়া ক্রি. বি. 1 পথ দেওয়া, পথ ছেড়ে দেওয়া; 2 তাসখেলায় দান ছেড়ে দেওয়া।

পাশ5, পাশক (p. 518) [pāśa5, pāśaka] বি. খেলার পাশা, অক্ষ। [সং. √ পশ্ + অ, অক]।˜ ক্রীড়া বি. পাশাখেলা।

পাশব, (p. 518) [pāśaba,] (বাংলা প্রয়োগ) পাশবিক বিণ. 1 পশুসম্বন্ধীয়; 2 পশুবত্, পশুর মতো (পাশবিক নিষ্ঠুরতা)। [সং. পশু + অ]। বি.˜ তা।

পাশা1 (p. 518) [pāśā1] বি. 1 অক্ষ; 2 অক্ষক্রীড়া; 3 কানের গহনাবিশেষ (কানপাশা)। [সং. পাশক]।

পাশা2 (p. 518) [pāśā2] বি. তুরস্কের শাসনকর্তা, সেনাপতি, উচ্চ সরকারি কর্মচারী বা সম্ভ্রান্ত ব্যক্তির উপাধি। [তুর.]।

পাশা-পাশি (p. 518) [pāśā-pāśi] বিণ. কাছাকাছি, পরস্পরের কাছে অবস্থিত (পাশাপাশি বাড়ি)। □ ক্রি-বিণ. পরস্পরের পার্শ্ববর্তী হয়ে (পাশাপাশি বসা)। [বাং. পাশ4 + পাশ4 + ই]।

পাশী (p. 518) [pāśī] (-শিন্) বিণ. পাশ-অস্ত্রধারী। □ বি. 1 বরুণদেব; 2 যম; 3 ব্যাধ। [সং. পাশ3 + ইন্]।

পাশু-পত (p. 518) [pāśu-pata] বিণ. 1 পশুপতি বা শিব সম্বন্ধীয়; 2 পশুপতি কর্তৃক ব্যবহৃত (পাশুপত অস্ত্র)। □ বি. 1 পশুপতি বা শিবের উপাসক; 2 শৈব সম্প্রদায়বিশেষ। [সং. পশুপতি + অ]।

পাশুলি (p. 518) [pāśuli] বি. পায়ের আঙুলের আংটিবিশেষ। [সং. পাষক]।

পাশ্চাত্য, পাশ্চাত্ত্য (p. 518) [pāścātya, pāścāttya] বিণ. 1 পশ্চিমের দেশ বা জগত্ সম্বন্ধীয়, প্রতীচ্য, ইয়োরোপ বা মার্কিন দেশীয় (পাশ্চাত্য শিক্ষা); 2 (বিরল) পশ্চাদ্বর্তী; 3 (বিরল) পিছনে আগত। □ বি. পশ্চিমি জগত্ অর্থাত্ ইয়োরোপ, আমেরিকা প্রভৃতি দেশ। [সং. পশ্চা + ত্য, পশ্চাত্ + ত্য]।

পাষক (p. 518) [pāṣaka] বি. পায়ের আঙুলের অলংকারবিশেষ, পাশুলি। [সং. √ পষ্ + অক]।

পাষণ্ড, পাষণ্ডী (p. 519) [pāṣaṇḍa, pāṣaṇḍī] (-ণ্ডিন্) বিণ. বি. 1 পাপিষ্ঠ; 2 নাস্তিক, ধর্মদ্বেষী। [সং. পাপ + √ সম্ + ড (নি.), + ইন্]।

পাষাণ (p. 519) [pāṣāṇa] বি. 1 পাথর, প্রস্তর; 2 (আল.) নিষ্ঠুর ব্যক্তি, দয়ামায়াহীন ব্যক্তি; 3 (বাং.) তুলাদণ্ডের ফের (পাষাণ ভাঙা); 4 তুলাদণ্ডের পাষাণ ভাঙার জন্য ব্যবহৃত পাথর বা বাটখারা (পাষাণ চাপানো)। □ বিণ. প্রস্তরবত্, পাথরের মতো (পাষাণভার, পাষাণহৃদয়)। [সং. √ পিষ্ (=পাষ্) + আন]। স্ত্রী. পাষাণী।˜ ভেদী (-দিন্) বিণ.পাথর ভেদ করতে পারে এমন, পাষাণ ভেদ করে

এমন। ˜ মূর্তি বি. পাথরের মূর্তি; (আল.) পাথরের মূর্তির মতো অচল ও নিষ্প্রাণ মূর্তি।

পাস-পোর্ট (p. 519) [pāsa-pōrṭa] বি. বিদেশে যাবার অনুমতিপত্র বা অনুমতিসূচক পরিচয়পত্র। [ইং. passport]। পাসপোর্ট ফোটো বি. পাসপোর্টে যে বিশেষ মাপের ফোটোগ্রাফ দাখিল করতে হয় সেই মাপের ফোটো।

পাসরন (p. 519) [pāsarana] বি. (কাব্যে) বিস্মরণ। [পাসরা দ্র]।

পাসরা (p. 519) [pāsarā] ক্রি. (কাব্যে) বিস্মৃত হওয়া ('দুখজ্বালা সেই পাসরে': রবীন্দ্র; 'পাসরিব কেমনে রাধানাম জীবনে' : বৈ.সা)। □ বি. উক্ত অর্থে। [সং. প্র + √ স্মর্ + বাং. আ]।

পাহাড় (p. 519) [pāhāḍ়] বি. 1 অপেক্ষাকৃত ছোটো পর্বত; 2 স্তূপ, ঢিবি (বালির পাহাড়, বইয়ের পাহাড়); 3 পাড়, উঁচু তীরভূমি। [হি. পহাড়]। ˜ তলি বি. পর্বতের পাদদেশ বা পাদদেশস্থ সমতলভূমি; উপত্যকা, তরাই। পাহাড়ি বিণ. পাহাড়িয়া, পাহাড়ে (পাহাড়ি বিছে)। □ বি. 1 পাহাড়িয়া জাতি; 2 সংগীতের রাগবিশেষ। পাহাড়িয়া, পাহাড়ে বিণ. 1 পার্বত, পার্বত্য; 2 পর্বতময় (পাহাড়ে রাস্তা); 3 পর্বতস্থ; 4 পর্বতজাত (পাহাড়ে উদ্ভিদ); 5 পর্বতসম্বন্ধীয়; 6 (আল.) প্রকাণ্ড, মস্ত, ভীষণ।

পাহারা (p. 519) [pāhārā] বি. প্রহরার কাজ, চৌকি। [সং. প্রহর]। ˜ ওয়ালা, ˜ ওলা বি. পাহারা দেবার কাজে নিযুক্ত ব্যক্তি; চৌকিদার।

পাহুন1 (p. 519) [pāhuna1] বিণ. (প্রা. কা.) নিষ্ঠুর, নির্দয় ('পুরুষ পাহুন': গো. দা.)। [সং. পাষাণ]।

পাহুন2 (p. 519) [pāhuna2] বি. (ব্রজ.) 1 অতিথি; 2 প্রবাসী ('কান্ত পাহুন': বিদ্যা.)। [হি. পাহুঁন < সং. প্রাঘুণ]।

পিউ (p. 519) [piu] বি. পাপিয়া পাখির ডাক (পিউ পিউ ডাক)। [ধ্বন্যা.]।

পিউ-কাহাঁ, পিউ-কাঁহা (p. 519) [piu-kāhā, m̐piu-kām̐hā] বি. 1 পাপিয়া পাখি; 2 পাপিয়া পাখির ডাক। [পিউ (ধ্বন্যা.) + হি. কাঁহা]।

পিউড়ি (p. 519) [piuḍ়i] বি. গোমূত্র থেকে প্রস্তুত হলদে রংবিশেষ, গোরোচনা। [< সং. পিঙ্গলী]।

পিউলি (p. 519) [piuli] বি. ফিকে বা ফ্যাকাশে হলুদ রঙের ফুলবিশেষ। [< সং. পিঙ্গলী]।

পিঁচুটি (p. 519) [pin̐cuṭi] বি. নেত্রমল, চোখের নোংরা। [সং. পিচ্ছট]।

পিঁজরা (কথ্য) পিঁজরে (p. 519) [pin̐jarā (kathya) pin̐jarē] বি. খাঁচা। [সং. পিঞ্জর]। পিঁজরাপোল বি. বৃদ্ধ ও অকর্মণ্য পশু রাখার স্থান।

পিঁজা, (চলিত) পেঁজা (p. 519) [pin̐jā, (calita) pēn̐jā] ক্রি. বি. তুলো ইত্যাদির আঁশ ধুনে বা টেনে টেনে পৃথক করা। □ বিণ. উক্ত অর্থে। [সং. √

পিঞ্জ্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. তুলোর আঁশ ধুনে বা টেনে পৃথক করানো। □ বিণ. উক্ত অর্থে।

পিঁড়া (p. 519) [pin̐ḍ়ā] বি. 1 ঘরের দাওয়া (পিঁড়ায় বসে জিরোনো); 2 পিঁড়ি। [সং. পিণ্ড]।

পিঁড়ি, (কথ্য) পিঁড়ে (p. 519) [pin̐ḍ়i, (kathya) pin̐ḍ়ē] বি. 1 ছোটো ও নিচু কাঠের আসনবিশেষ; 2 আসন (লক্ষ্মীর পিঁড়ি)। [সং. পিণ্ডি]।

পিঁপড়া, (কথ্য) পিঁপড়ে (p. 519) [pim̐paḍ়ā, (kathya) pim̐paḍ়ē] বি. দলবদ্ধভাবে বাস করে এমন অতি পরিশ্রমী ক্ষুদ্র কীটবিশেষ। [সং. পিপীলিকা]।

পিঁপুল (p. 519) [pim̐pula] বি. ওষুধে ব্যবহৃত ছোটো ফলবিশেষ বা তার গাছ। [সং. পিপ্পলী]।

পিঁয়াজ, পিঁয়াজি (p. 519) [pim̐ẏāja, pim̐ẏāji] যথাক্রমে পিয়াজ ও পিয়াজি -র রূপভেদ।

পিক1 (p. 519) [pika1] বি. কোকিল ('দূর শাখে পিক ডাকে': রবীন্দ্র)। [সং. পি + √ কৈ (রব করা) + অ]। স্ত্রী. পিকী। ˜ তান বি. কোকিলের ডাক।

পিক2, পিচ (p. 519) [pika2, pica] বি. 1 চিবানো পানের রস; 2 থুতু। [ধ্বন্যা.]। ˜ দান, ˜ দানি বি. পিক ফেলার পাত্র।

পিকনিক (p. 519) [pikanika] বি. বনভোজন, চড়ুইভাতি। [ইং. picnic]।

পিকী (p. 519) [pikī] দ্র পিক1।

পিকেট (p. 519) [pikēṭa] বি. প্রহরায় নিযুক্ত রক্ষী বা পুলিশের ছোটো দল। [ইং. picket]। পিকেটিং বি. কর্তৃপক্ষের কাছ থেকে দাবি আদায়ের জন্য বা অন্য কোনো কারণে অফিস দোকান কারখানা ইত্যাদির সামনে দলবদ্ধভাবে অবস্থান। [ইং. picketing]।

পিঙ্গ, পিঙ্গল (p. 519) [piṅga, piṅgala] বি. আগুনের মতো রং, কপিল বর্ণ; পীত আভাযুক্ত ঈষত্ রক্তবর্ণ, কপিল। □ বিণ. উক্ত বর্ণযুক্ত। [সং. √ পিঙ্গ + অ, +ল]। পিঙ্গলা বিণ. পিঙ্গল -এর স্ত্রীলিঙ্গ। □ বি. তন্ত্রোক্ত তিনটি নাড়ির অন্যতম। [ইড়া ও সুষুম্না দ্র]।

পিচ1 (p. 519) [pica1] দ্র পিক2।

পিচ2 (p. 519) [pica2] বি. রাস্তা পাকা করা ও নৌকো জাহাজ বাড়ির ছাদ প্রভৃতি মেরামত করার কাজে ব্যবহৃত আলকাতরা থেকে প্রস্তুত কালো রঙের চটচটে পদার্থবিশেষ। [ইং. pitch]।

পিচ3 (p. 519) [pica3] বি. ক্রিকেট মাঠের মাঝখানে বিশেষভাবে নির্মিত দুই দিকের স্টাম্পের মধ্যবর্তী স্থান। [ইং. pitch]।

পিচ-কারি, (কথ্য) পিচকিরি (p. 519) [pica-kāri, (kathya) picakiri] বি. তীব্র বেগে জল ছিটানোর যন্ত্রবিশেষ, সিরিঞ্জ। [হি. পিচকারী]।

পিচ-বোর্ড (p. 519) [pica-bōrḍa] বি. কাগজের তৈরি শক্ত ও পুরু ফলকবিশেষ। [ইং. pasteboard]।

পিচ্ছ (p. 519) [piccha] বি. 1 ময়ূরপুচ্ছ, ময়ূরের লেজের পালক; 2 চূড়া। [সং. √ পিচ্ছ্ + অ]।

পিচ্ছিল, (বিরল) পিচ্ছল (p. 519) [picchila, (birala) picchala] বিণ. 1 পিছল; 2 পা হড়কে যায় এমন মসৃণ; 3 হড়হড়ে, লালাময়। [সং. √ পিচ্ছ্ + ইল]।

পিছ, পিছন (p. 520) [picha, pichana] বি. পশ্চাত্, মুখের বিপরীত দিক বা বিপরীত ভাগ (পিছন ফেরা)। [সং. পশ্চাত্-তু. মৈ. পিছা]। ˜ টান বি. 1 পিছনদিক থেকে আকর্ষণ; 2 ফেলে আসা বস্তুর প্রতি মায়া; 3 সংসারের প্রতি মায়া বা আকর্ষণ। পিছপা বিণ. পশ্চাৎপদ, কাজে প্রবৃত্ত হতে অনিচ্ছুক বা অক্ষম। পিছমোড়া বিণ. দুই হাত পিছনের দিকে নিয়ে আটকে বা বেঁধে রাখা হয়েছে এমন। পিছনে লাগা ক্রি. বি. 1 ক্ষতি করার চেষ্টা করা; 2 উত্যক্ত করা।

পিছনো (p. 520) [pichanō] দ্র পিছা2।

পিছপা (p. 520) [pichapā] দ্র পিছ।

পিছলা2 (p. 520) [pichalā2] ক্রি. পিছলানো, পিছলে যাওয়া। [সং. পিচ্ছল]। ̃নো ক্রি. বি. ভূমিতলের মসৃণতার জন্য পা হড়কে যাওয়া।

পিছা1 (p. 520) [pichā1] বি. (আঞ্চ.) ঝাঁটা (পিছার বাড়ি)। [সং. পিচ্ছিকা]।

পিছা2 (p. 520) [pichā2] ক্রি. পিছানো, পিছিয়ে যাওয়া। [বাং. পিছ + আ]। ̃নো, পিছোনো ক্রি. বি. 1 পিছনদিকে হটে আসা (এতদূর এসে পিছানো অসম্ভব); 2 অন্যের সঙ্গে সমতা রক্ষা করে অগ্রসর হতে না পারা (ইংরেজিতে সে ক্রমশ পিছিয়ে যাচ্ছে); 3 পিছনে হাঁটা; 4 নিরস্ত হওয়া (দাম শুনে পিছিয়ে গেলাম)। □ বিণ. উক্ত অর্থে।

পিছাড়ি (p. 520) [pichāḍ়i] বি. 1 পিছনদিক, পশ্চাদ্ভাগ; 2 পশ্চাদ্ভাগ দিয়ে বা পা দিয়ে আঘাত (পিছাড়ি মারা)। [হি. পিছাড়ী]।

পিছিলা1 (p. 520) [pichilā1] বিণ. (কাব্যে) পিছল। [সং. পিচ্ছিল]।

পিছিলা2 (p. 520) [pichilā2] বিণ. (কাব্যে) পিছনদিকের; পশ্চাৎদিকস্থ ('পিছিলা ঘাটে': চণ্ডী)। [পিছ দ্র]।

পিছে (p. 520) [pichē] ক্রি-বিণ. পিছনে; পরে। [বাং. পিছ + এ]।

পিঞ্জন (p. 520) [piñjana] বি. 1 তুলো ইত্যাদি পেঁজার বা ধোনার যন্ত্র, ধুনখারা; 2 তুলো ধোনা বা পেঁজা। [সং. √ পিঞ্জ্ + অন]।

পিঞ্জর (p. 520) [piñjara] বি. 1 খাঁচা, পিঁজরা ('ভীরু পাখি আমি তব পিঞ্জরে এসেছি': রবীন্দ্র); 2 পঞ্জর, পাঁজরা। [সং. √ পিঞ্জ্ + অর]।

পিঞ্জিকা (p. 520) [piñjikā] বি. তুলোর বাতি পাঁজ বা নল। [সং. পিঞ্জি + ক + আ]।

পিটন, পিটনা, পিটনি (p. 520) [piṭana, piṭanā, piṭani] দ্র পিটা।

পিটটান (p. 520) [piṭaṭāna] বি. চম্পট, পলায়ন, পৃষ্ঠপ্রদর্শন (আমাকে দেখেই সে পিটটান দিল)। [সং. প্রস্থান]।

পিট-পিট (p. 520) [piṭa-piṭa] বি. 1 মিটমিট, আধবোজা চোখে কিংবা দ্রুত ও বারবার চোখ খুলে ও বন্ধ করে দেখবার ভাব, অস্পষ্টভাবে দেখবার ভাব (চোখ পিটপিট করা); 2 বিরক্তির ভাবপ্রকাশ (রাতদিন কেবল পিটপিট করে)। [ধ্বন্যা.]। পিট-পিটা, পিটা-পিটানো ক্রি. পিটপিট করা (চোখ পিটপিটায়)। পিট-পিটে বিণ. অতিরিক্ত সাবধানতা শুচিবাই বা বিরক্তির ভাব প্রকাশ করে এমন (পিটপিটে স্বভাবের লোক)।

পিটা, পেটা (p. 520) [piṭā, pēṭā] ক্রি. 1 ঘা মারা, আঘাত করা (লাঠি দিয়ে পেটাচ্ছে); 2 ঘা দিয়ে বাজানো (ঢোল পেটা); 3 প্রহার করা, মারা (ছেলেটাকে খুব পিটছে)। □ বি. উক্ত অর্থে। □ বিণ. (বিশেষণে পেটা চলিত) 1 পিটিয়ে বা ঘা মেরে মেরে নিরেট করা হয়েছে এমন (পেটা লোহা); 2 পেটা লোহায় তৈরি (পেটা কড়াই); 3 পেটা লোহার মতো মজবুত (পেটা চেহারা, পেটা শরীর); 4 পিটিয়ে বাজাতে হয় এমন (পেটা ঘড়ি)। [সং. √ পিট্ + বাং. + আ-তু. হি.

পিটনা]। ˜ ই বি. পিটিয়ে পাত করার বা নিরেট করার কাজ (ছাদ পেটাই, লোহা পেটাই)। পিটনি, পিটুনি বি. 1 পেটা; 2 প্রহার, মার (প্রচণ্ড পিটুনি খেয়েছে)। পিটনা বি. ছাদ মেঝে প্রভৃতি পিটানোর জন্য কাঠের তৈরি ছোটো মুগুরবিশেষ। ˜ নো ক্রি. বি. পিটা; পিটাই করানো (ছাদ পিটানো)। □ বিণ. উক্ত অর্থে।

পিটালি, পিটুলি (p. 520) [piṭāli, piṭuli] বি. জল দিয়ে চটকানো চালবাটা। [সং. পিষ্টতণ্ডুল]।

পিটি-শন (p. 520) [piṭi-śana] বি. আবেদন, দরখাস্ত। [ইং. petition]।

পিটুনি (p. 520) [piṭuni] দ্র পিটা।

পিঠ (p. 520) [piṭha] বি. 1 পৃষ্ঠ, মুখের বিপরীত দিকে ঘাড় থেকে কোমর পর্যন্ত দেহাংশ (পিঠের ব্যথা); 2 দিক, পাশ (এপিঠ ওপিঠ); 3 পিছন, পশ্চাত্‌ (পিঠে পিঠে জন্ম); 4 তাসখেলার দান। [সং. পৃষ্ঠ]। পিঠ চাপড়ানো ক্রি. বি. পিঠে চাপড় দেওয়া; পিঠে চাপড় দিয়ে প্রশংসা করা বা উৎসাহ দেওয়া। ˜ মোড়া বিণ. দুই হাত পিঠের দিকে নিয়ে বাঁধা হয়েছে এমন। পিঠের চামড়া তোলা ক্রি. বি. বেদম প্রহার দেওয়া।

পিঠা, (কথ্য) পিঠে (p. 520) [piṭhā, (kathya) piṭhē] বি. পিষ্টক; ক্ষীর চালগুঁড়ো নারকেল প্রভৃতি সহযোগে প্রস্তুত মিঠাইবিশেষ। [সং. পিষ্টক]।

পিঠা-পিঠি (p. 520) [piṭhā-piṭhi] বিণ. 1 ঠিক পরপর জন্মেছে এমন (পিঠাপিঠি ভাইবোন); 2 পরস্পরের পিঠে অবস্থিত (পিঠাপিঠি ছবি)। □ ক্রি-

বিণ. পরস্পরের পিঠে পিঠ ঠেকিয়ে (পিঠাপিঠি বসা)। [বাং. পিঠ + আ + পিঠ + ই]।

পিণ্ড (p. 520) [piṇḍa] বি. 1 ডেলা (মাংসপিণ্ড); 2 পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত অন্নের ডেলা (পিণ্ডদান); 3 অন্নের ডেলা (দুবেলা পিণ্ড জোগাতেই ফতুর হয়ে গেলাম); 4 দেহ। [সং. √ পিণ্ড্ (রাশি করা) + অ]। ̃ খর্জুর বি. (সাধু) পিণ্ডাকারে সংরক্ষিত বড়ো খেজুর। ̃ দ বিণ. বি. মৃতের উদ্দেশে পিণ্ডদানকারী বা পিণ্ডদানের অধিকারী; অন্নদানকারী। ̃ দান বি. হিন্দুদের দ্বারা মৃতের উদ্দেশে খাদ্য উৎসর্গ করার অনুষ্ঠানবিশেষ। ̃ লোপ বি. পিণ্ডদানের অধিকারীদের বিনাশ; পিণ্ডদানের অধিকারী কেউ নেই এমন অবস্থা; বংশলোপ। পিণ্ডাকৃতি বিণ. গোলাকার ও নিরেট।

পিণ্ডারি (p. 520) [piṇḍāri] দ্র পিন্ডারি।

পিণ্ডি2, পিণ্ডিকা, পিণ্ডী (p. 521) [piṇḍi2, piṇḍikā, piṇḍī] বি. 1 বেদি; 2 চক্রের কেন্দ্রস্থল; 3 রোয়াক; 4 পায়ের গুলি। [সং. √ পিণ্ড্ + ই, + কা, + ঈ]।

পিণ্ডিত (p. 521) [piṇḍita] বিণ. 1 পিণ্ডাকার করা হয়েছে এমন; 2 একত্রীকৃত, রাশীকৃত। [সং. √ পিণ্ড্ + ত]।

পিতল (p. 521) [pitala] বি. তামা ও দস্তা মিলিয়ে প্রস্তুত উপধাতুবিশেষ। [সং. পিত্তল]।

পিতা (p. 521) [pitā] (-তৃ) বি. জনক, বাবা। [সং. √ পা + তৃ]। ˜ ঠাকুর বি. পিতা, বাবা। ˜ মহ বি. বাবার বাবা, ঠাকুরদা। ˜ মহী বি. (স্ত্রী.) ঠাকুরমা, পিতামহের পত্নী।

পিতুঃস্বসা, পিতুঃষ্বসা (p. 521) [pituḥsbasā, pituḥṣbasā] দ্র পিতৃ।

পিতৃ (p. 521) [pitr̥] বি. পিতা -র সংস্কৃত রূপ। ˜ কল্প বিণ. পিতার তুল্য। □ বি. মৃত, পূর্বপুরুষদের উদ্দেশে তর্পণাদি অনুষ্ঠান। ˜ কুল বি. পিতার সঙ্গে সাক্ষাত্ সম্বন্ধযুক্ত আত্মীয়বর্গ, বাবার বংশ। ˜ কার্য, ˜ কৃত, ˜ ক্রিয়া বি. মৃত পিতা বা পূর্বপুরুষদের শ্রাদ্ধ বা তর্পণ। ˜ গণ বি. 1 পিতৃলোকবাসী যে মুনিগণ থেকে মানবগোষ্ঠী উৎপন্ন হয়েছে; 2 মৃত পূর্বপুরুষগণ। ˜ গৃহ বি. বাপের বাড়ি। ˜ ঘাতী (-তিন্) বিণ. বি. পিতার হত্যাকারী। ˜ তর্পণ বি. পিতৃপুরুষের তৃপ্তিবিধানের জন্য জলদান অনুষ্ঠান। ˜ তুল্য বিণ. পিতার সমান শ্রদ্ধেয়। ˜ ত্ব বি. পিতা হওয়া; পিতার দায়িত্ব। ˜ দায় মৃত পিতার শ্রাদ্ধকার্য সম্পন্ন করার গুরুদায়িত্ব। ˜ দেব বি. পিতৃরূপী দেবতা, শ্রদ্ধেয় পিতা। ˜ পক্ষ বি. 1 প্রেতপক্ষ; আশ্বিন মাসের শুক্লপক্ষের অব্যবহিত পূর্ববর্তী কৃষ্ণপক্ষ; 2 পিতৃবংশ। ˜ পুরুষ বি. পিতা পিতামহ প্রভৃতি পূর্বপুরুষগণ। ˜ বত্ বিণ. পিতার তুল্য। ˜ বিয়োগ বি. পিতার মৃত্যু। ˜ ব্য বি. পিতার ভ্রাতা, জ্যাঠা বা কাকা। ˜ ভক্তি বি. পিতার প্রতি শ্রদ্ধা ও অনুরাগ। ˜ ভূমি বি. পূর্বপুরুষ বা পিতা পিতামহ প্রভৃতির স্বদেশ। ˜ মেধ, ˜ যজ্ঞ বি. পিতৃতর্পণ; পিতৃশ্রাদ্ধ। ˜ যান বি. মৃত পিতৃপুরুষদের চন্দ্রলোকে গমনের পথ। ˜ রিষ্টি বি. (জ্যোতিষ) জাত সন্তানের জন্মচক্রে রাশিগণের যে-অবস্থান পিতৃবিয়োগ সূচিত করে। ˜ লোক বি. 1 চন্দ্রালোকিত স্থানবিশেষ, যেখানে পিতৃগণ বা পূর্বপুরুষগণ বাস করেন; 2 মৃত পূর্বপুরুষগণ। ˜ শোক বি. পিতার মৃত্যুজনিত শোক। ˜ শ্রাদ্ধ বি. মৃত পিতার শ্রাদ্ধানুষ্ঠান। ˜ ষ্বসা (-সৃ), পিতুঃষ্বসা (-সৃ), পিতুঃস্বসা (-সৃ) বি.

পিসি, পিতার ভগিনী।˜ সম বিণ. পিতার সমান, পিতার তুল্য।˜ সেবা বি. পিতার পরিচর্যা।˜ স্থানীয় বিণ. পিতার তুল্য।˜ হন্তা (-ন্তৃ),˜ হা (-হন্) বিণ. বি. পিতার হত্যাকারী। স্ত্রী.˜ হন্ত্রী।˜ হীন বিণ. যার পিতা জীবিত নন।

পিত্ত, (p. 521) [pitta,] (কথ্য) পিত্তি বি. 1 যকৃত্ থেকে নিঃসৃত তিক্ত রসবিশেষ; 2 পিত্তরসের ক্ষরণ বা প্রকোপ (কথ্য পিত্তি-'তেলতামাকে পিত্তিনাশ'); 3 অসন্তোষ বা বিরক্তি (সচ. পিত্তি -ঘেন্নাপিত্তি)।˜ কোষ, পিত্তাশয় বি. পিটের মধ্যে যে থলির মতো আধারে পিত্ত সঞ্চিত থাকে।˜ ঘ্ন,˜ নাশক বিণ. পিত্তের প্রকোপ বা দোষ দুরকারী।˜ জ্বর বি. পিত্তের দোষজনিত জ্বর।˜ বিকার বি. পিত্তের দোষ, পিত্তের রোগ।˜ রক্ষা বি. অতি সামান্য খাদ্য দ্বারা ক্ষুন্নিবৃত্তি; (ব্যঙ্গে) নামে মাত্র আকাঙ্ক্ষাপূরণ।˜ পিত্তাতি-সার বি. পিত্তের দোষজনিত উদরাময়। পিত্তাশয় পিত্তকোষ -এর অনুরূপ।

পিত্তল (p. 521) [pittala] বি. পিতল; তামা ও দস্তার মিশ্রণজাত উপধাতুবিশেষ। [সং. পিত্ত + √ লা + অ]।

পিত্তাতিসার, পিত্তাশয় (p. 521) [pittātisāra, pittāśaẏa] দ্র পিত্ত।

পিত্রালয় (p. 521) [pitrālaẏa] বি. বাপের বাড়ি। [সং. পিতৃ + আলয়]।

পিত্র্য (p. 521) [pitrya] বিণ. পিতৃপুরুষসম্বন্ধীয়; পৈতৃক। [সং. পিতৃ + য]।

পিধান (p. 521) [pidhāna] বি. 1 (তলোয়ার ছোরা প্রভৃতির) খাপ, কোষ ('ঝনঝনিল অসি পিধানে': মধু.); 2 ঢাকনি, আবরণ। [সং. অপি + √ ধা + অন]।

পিন (p. 521) [pina] বি. কাগজ কাপড় প্রভৃতি আটকাবার জন্য ব্যবহৃত খুব ছোটো ও ছুঁচলো পেরেকের মতো শলাকাবিশেষ, আলপিন। [ইং. pin]।

পিনদ্ধ (p. 521) [pinaddha] বিণ. বন্ধন করা বা পরিধান করা হয়েছে এমন (ঘনপিনদ্ধ)। [সং. অপি + √ নহ্ + ত]।

পিনাক (p. 521) [pināka] বি. 1 শিবধনু; 2 শিবের ধনুকাকৃতি বাদ্যযন্ত্র; 3 ত্রিশূল। [সং. √ পা + আক]।˜ পাণি, পিনাকী (-কিন্) বি. শিব।

পিনাকী (p. 521) [pinākī] দ্র পিনাক।

পিনাকেশ (p. 521) [pinākēśa] বি. শিব। [সং. পিনাক + ঈশ]।

পিনাল কোড (p. 521) [pināla kōḍa] বি. ফৌজদারি দণ্ডবিধি। [ইং. penal code]।

পিনাস1, পিনেস (p. 521) [pināsa1, pinēsa] বি. ছোটো দ্রুতগামী নৌকাবিশেষ, পানসি। [ইং. pinnace]।

পিন্ডারি (p. 521) [pinḍāri] বি. ইতিহাসোক্ত মারাঠা দস্যুদলবিসেষ। [মারা. পেনটারি]।

পিন্ধন (p. 521) [pindhana] বি. (প্রা. কা.) পরিধান। [পিন্ধা দ্র]।

পিন্ধা (p. 521) [pindhā] ক্রি. (প্রা. কা.) পরিধান করা। [সং. অপিনন্ধ > পিনন্ধ > পিন্ধা]।~ ওল (ব্রজ.) ক্রি. পরিধান করাল।

পিপা (p. 521) [pipā] বি. (সচ. তরল পদার্থ রাখার জন্য) ঢাকের আকৃতিবিশিষ্ট কাঠের তৈরি বড়ো পাত্রবিশেষ। [পো. pipa]।

পিপাসা (p. 522) [pipāsā] বি. 1 তৃষ্ণা, পানের ইচ্ছা; 2 (আল.) প্রবল আকাঙ্ক্ষা (জ্ঞানপিপাসা)। [সং. √ পা + সন্ + অ + আ]। পিপাসিত, পিপাসী (-সিন্) বিণ. পিপাসাযুক্ত; লোলুপ। স্ত্রী. পিপাসিতা, পিপাসিনী। পিপাসু বিণ. পান করতে ইচ্ছুক।

পিপীলিকা (p. 522) [pipīlikā] বি. পিঁপড়ে। [সং. পিপীলক, পিপীলিক + আ]।

পিপুল2 (p. 522) [pipula2] বি. অশ্বত্থ গাছ, পিপ্পল। [সং. পিপ্পল]।

পিপ্পল (p. 522) [pippala] বি. অশ্বত্থ গাছ। [সং. √ পা + অল]।

পিপ্পলি (p. 522) [pippali] বি. ওষুধে ব্যবহৃত ছোটো ঝাল ফলবিশেষ বা তার গাছ, পিঁপুল। [সং. পিপ্পল + ই]।

পিয়ন (p. 522) [piẏana] বি. 1 ডাকহরকরা; যে চিঠিপত্র বিলি করে, পত্রবাহক; 2 আরদালি, বেয়ারা (অফিসের পিয়ন)। [ইং. peon]।

পিয়া2, (বিরল) পীয়া (p. 522) [piẏā2, (birala) pīẏā] (কাব্যে) ক্রি. পান করা বা করানো ('পীয়িলে চাঁদের সুধা': জ্ঞান)। [প্রাকৃ. √ পিঅ]।

পিয়াজ, পিঁয়াজ (p. 522) [piẏāja, pim̐ẏāja] বি. উগ্র ঝাঁঝালো গন্ধযুক্ত কন্দবিশেষ, পলাণ্ডু। [ফা. পিয়াজ]। ˜ কলি বি. পিঁয়াজগাছের ডাঁটা। পিয়াজি, পিঁয়াজি বি. 1 প্রধানত পিঁয়াজ দিয়ে প্রস্তুত বড়াবিশেষ; 2 (কথ্য) ইয়ারকি ফাজলামি। □ বিণ. পিঁয়াজ রঙের, ফিকে বেগুনি।

পিয়াদা, পেয়াদা (p. 522) [piẏādā, pēẏādā] বি. 1 পাইক; 2 সংবাদবাহক দূত বা চাপরাশি। [ফা. পিয়াদহ্]।

পিয়ানো1 (p. 522) [piẏānō1] ক্রি. (কাব্যে) পান করানো ('স্তন্যদুগ্ধ সবে পিয়াত': ক. ক)। □ বি. বিণ. উক্ত অর্থে। [প্রাকৃ. পিআ]।

পিয়ানো2 (p. 522) [piẏānō2] বি. অরগ্যান বা হারমোনিয়াম জাতীয় বৃহদাকার পাশ্চাত্য বাদ্যযন্ত্রবিশেষ। [ইং. piano]।

পিয়ার, পিয়ারা1, (p. 522) [piẏāra, piẏārā1,] পিয়ারী দ্র পেয়ার2।

পিয়াল (p. 522) [piẏāla] বি. রাজাদন গাছ বা তার ফল বা বীজ। [সং. পী + কালন্, তু. সং. প্রিয়াল]।

পিয়াস, পিয়াসা, পিয়াসি (p. 522) [piẏāsa, piẏāsā, piẏāsi] যথাক্রমে পিপাসা, পিপাসা ও পিপাসী -র কোমল রূপ।

পির, (বর্জি.) পীর (p. 522) [pira, (barji.) pīra] বি. মুসলমান সাধু, মহাপুরুষ (সত্যপির, পিরের সিন্নি)। [ফা. পীর]।

পিরান (p. 522) [pirāna] বি. ঢিলে জামাবিশেষ। [ফা. পৈরাহান্]।

পিরামিড় (p. 522) [pirāmiḍ়] বি. 1 জ্যামিতিক আকারবিশেষ যা চতুষ্কোণ ভূমিবিশিষ্ট এবং ক্রমশ উপরের দিকে একটি বিন্দুতে শেষ হয়; 2 (প্রধানত মিশরে) পাথর দিয়ে তৈরি উক্ত আকৃতির উঁচু সমাধিস্তূপবিশেষ। [ইং. pyramid]।

পিরিচ (p. 522) [pirica] বি. রেকাবি, ছোটো ডিশ (পেয়ালা-পিরিচ)। [পো. pires]।

পিরিত, পিরিতি (p. 522) [pirita, piriti] বি. 1 প্রেম, প্রণয়; 2 গোপন বা অবৈধ প্রেম। [সং. প্রীতি]।

পিল1 (p. 522) [pila1] বি. (ওষুধের) ছোটো বটিকা, ওষুধের বড়ি (দুটো পিল খেয়ে নাও)। [ইং. pill]।

পিল2 (p. 522) [pila2] বি. 1 হাতি (পিলখানা); 2 দাবার ঘুঁটিবিশেষ. গজ। [ফা. পীল্]।˜ খানা বি. হাতিশাল, হাতির আস্তাবল।˜ পা,˜ পে বি. 1 (হাতির পায়ের মতো স্থূল বলে) থাম, স্তম্ভ; 2 জমির সীমানাজ্ঞাপক স্তম্ভ, pillar.

পিল-পিল (p. 522) [pila-pila] অব্য. পিঁপড়ের মতো অনেকের সমাবেশ বা একত্র চলাচলের ভাবপ্রকাশক (পিলপিল করে লোক যাচ্ছে)। [ধ্বন্যা.]।

পিলপে (p. 522) [pilapē] দ্র পিল2।

পিল-সুজ (p. 522) [pila-suja] বি. দীপাধার, শামাদান, তেলের প্রদীপ রাখার দণ্ডবিশেষ। [তু. আ. ফতীলহ্ + ফা. সোজ]।

পিলার (p. 522) [pilāra] বি. থাম, স্তম্ভ, খুঁটি। [ইং. pillar]।

পিলু (p. 522) [pilu] বি. সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ। [দেশি]।

পিলে1, পিলা (p. 522) [pilē1, pilā] বি. 1 প্লীহা (পেটজোড়া পিলে); 2 প্লীহার স্ফীতিরোগ (পিলে হয়েছে)। [সং. প্লীহা]।

পিশাচ (p. 522) [piśāca] বি. 1 মাংসাশী প্রেতযোনি বা ভূতবিশেষ; 2 নীচ, নিষ্ঠুর বা লোভী মানুষ (নরপিশাচ, অর্থপিশাচ)। [সং. পিশিত + আ + চ + অ]। স্ত্রী. পিশাচী।˜ সিদ্ধ বিণ. সাধনার বলে কোনো পিশাচকে স্বীয় আজ্ঞাবহরূপে পেয়েছে এমন।

পিশিত (p. 522) [piśita] বি. কাঁচা মাংস। [সং. √ পিশ্ + ত]।

পিশুন (p. 522) [piśuna] বিণ. 1 কুৎসা-রটনাকারী; 2 খল, ক্রুর। □ বি. গুপ্তচর। [সং. √ পিশ্ + উন]।

পিষা, পেষা (p. 522) [piṣā, pēṣā] ক্রি. বি. 1 বাটা (মশলা পেষা, জাঁতায় পেষা); 2 দলিত করা, মর্দিত বা মর্দন করা; 3 চূর্ণিত করা; 4 (আল.) পীড়ন করা (আমাকে একেবারে পিষে মারছে)। [সং. √ পিষ্ + বাং. আ]। ̃ নো ক্রি. বি. অন্যের দ্বারা পেষাই করা।

পিষ্ট (p. 522) [piṣṭa] বিণ. পেষা হয়েছে এমন, চূর্ণিত; মর্দিত। [সং. √ পিষ্ + ত]।

পিষ্টক (p. 522) [piṣṭaka] বি. পিঠে। [সং. পিষ্ট + ক]।

পিসতুতো, পিসশাশুড়ি, পিসশ্বশুর (p. 522) [pisatutō, pisaśāśuḍ়i, pisaśbaśura] দ্র পিসি।

পিসি (p. 522) [pisi] বি. (স্ত্রী.) পিতার ভগিনী। ̃ মা বি. (স্ত্রী.) পিসি। পিস-তুতো বিণ. পিসি বা পিসশাশুড়ির সন্তান এমন (পিসতুতো ভাই, পিসতুতো দেওর)। পিস-শাশুড়ি বি. (স্ত্রী.) স্বামী বা পত্নীর পিসি। পিস-শ্বশুর বি. স্বামী বা পত্নীর পিসে। পিসে, (অপ্র.) পিসা বি. পিসির স্বামী।

পিস্টন (p. 522) [pisṭana] বি. সামনে-পিছনে বা উপরে-নীচে চলে এমন গতি-সঞ্চারকারী যন্ত্রবিশেষ। [ইং. piston]।

পিস্তল (p. 522) [pistala] বি. একহাতে ধরে চালাতে হয় এমন ক্ষুদ্র আগ্নেয়াস্ত্রবিশেষ। [পো. pistola]।

পিহিত (p. 522) [pihita] বিণ. 1 খাপে ঢাকা, কোষবদ্ধ, পিধানে রক্ষিত (পিহিত তলোয়ার); 2 আবৃত, আচ্ছাদিত। [সং. অপি + √ ধা + ত]।

পীঠ (p. 523) [pīṭha] বি. 1 বেদি; 2 (প্রধানত দেবদেবীর) আসন বা অধিষ্ঠানক্ষেত্র, প্রধান তীর্থ (পীঠস্থান); 3 সুদর্শনচক্রে খণ্ডবিখণ্ড সতীর দেহ যে যে স্থানে পড়েছিল (একান্ন পীঠ); 4 প্রতিষ্ঠান, সাধনার ক্ষেত্র (জ্ঞানপীঠ, বিদ্যাপীঠ); 5 পিঁড়ি বা আসন (পাদপীঠ)। [সং. √ পিঠ্ + অ]।˜ স্থান বি. 1 একান্ন পীঠ-এর অন্যতম; 2 সুপ্রাচীন দেবস্থান বা দেবমন্দির।

পীড্য-মান (p. 523) [pīḍya-māna] বিণ. পীড়িত হচ্ছে এমন। [সং. পীড়্ + শানচ্]।

পীড়ক (p. 523) [pīḍ়ka] দ্র পীড়ন।

পীড়ন (p. 523) [pīḍ়na] বি. 1 অত্যাচার, নির্যাতন, কষ্ট দেওয়া; 2 নিষ্পেষণ, মর্দন; 3 চাপ; 4 সাদরে বা বিশেষভাবে গ্রহণ (পাণিপীড়ন)। [সং. √ পীড়্ + অন]। পীড়ক বিণ. পীড়নকারী।

পীড়া (p. 523) [pīḍ়ā] বি. 1 যন্ত্রণা, কষ্ট, বেদনা (পীড়াদায়ক, মনঃপীড়া); 2 রোগ, ব্যাধি (শরীরের নানাবিধ পীড়া, পীড়াগ্রস্ত)। [সং. √ পীড় + অ + আ]।

পীড়া-পীড়ি (p. 523) [pīḍ়ā-pīḍ়i] বি. 1 বারবার সনির্বন্ধ অনুরোধ; 2 বিশেষভাবে বারবার চাপ দেওয়া (দাবি নিয়ে পীড়াপীড়ি না করে এবার তোমরা সবাই কাজে মন দাও)। [সং. পীড়া + পীড়া + বাং. ই]।

পীড়িত (p. 523) [pīḍ়ita] বিণ. 1 অসুস্হ, ব্যাধিগ্রস্ত; 2 ক্লিষ্ট, বেদনাগ্রস্ত (মনকে পীড়িত করা); 3 মর্দিত; 4 নির্যাতিত। [সং. √ পীড় + ত]।

পীত1 (p. 523) [pīta1] বি. হলুদ রং (শ্বেতপীত)। □ বিণ. হলুদ রং-বিশিষ্ট, হলুদ রঙের (পীতধড়া, পীতবাস)। [সং. √ পা + ত]। ̃ জ্বর বি. পাণ্ডুরতা ও রক্তস্রাবযুক্ত জ্বরবিশেষ, yellow fever. ̃ ধড়া বি. 1 হলুদ রঙে রঞ্জিত কটিবাস; 2 শ্রীকৃষ্ণের পরিধেয় বস্ত্র। ̃ বাস, পীতাম্বর বি. 1 হলুদ রঙের বস্ত্র; 2 (পীতবস্ত্রধারী) শ্রীকৃষ্ণ। □ বিণ. পীতবস্ত্রধারী। পীতাভ বিণ. পীত বা হলুদ রঙের আভাযুক্ত, হালকা হলুদ রঙের।

পীত2 (p. 523) [pīta2] বিণ. পান করা হয়েছে এমন, কৃতপান। [সং. √ পা + ত]।

পীতজ্বর, পীতধড়া, পীতবাস, পীতাভ, পীতাম্বর (p. 523) [pītajbara, pītadhaḍ়ā, pītabāsa, pītābha, pītāmbara] দ্র পীত1।

পীন (p. 523) [pīna] বিণ. স্থূল, প্রবৃদ্ধ, মাংসল (পীনপয়োধর)। [সং. √ প্যায়্ + ত]। পীনোন্নত বিণ. 1 স্থূল, প্রবৃদ্ধ, পীন (পীনোন্নত বক্ষ); 2 উঁচু, অতি উন্নত।

পীনস (p. 523) [pīnasa] বি. নাকের ক্ষতরোগবিশেষ। [সং. পীন + √ সো + অ]।

পীনোন্নত (p. 523) [pīnōnnata] দ্র পীন।

পীবর (p. 523) [pībara] বিণ. 1 স্থূল, পীন (পীবর বক্ষ); 2 পরিপুষ্ট; 3 বলিষ্ঠ। [সং. √ প্যায়্ + বর]। পীবরা, পীবরী বিণ. (স্ত্রী.) স্থূলাঙ্গী।

পীয়ূষ (p. 523) [pīẏūṣa] বি. অমৃত, সুধা। [সং. √ পীয়্ + ঊষ]।

পুং2 (p. 523) [pu2] বি. (অন্য শব্দ বা প্রত্যয়ের পূর্বে পুম্স্-শব্দের রূপ) পুরুষ প্রাণী। □ বিণ. পুরুষ, পুরুষজাতীয় (পুংলিঙ্গ, পুংকেশর)। [সং. পুম্স্]। ̃ কেশর বি. ফুলের যে অংশে পরাগ জন্মে, stamen. ̃ গব-পুঙ্গব দ্র। ̃ বাচক বিণ. পুরুষ বোঝায় এমন। ̃ লিঙ্গ বি. 1 (ব্যাক.) শব্দের পুরুষবাচকতা; 2 লিঙ্গ, পুরুষের জননেন্দ্রিয়। □ বিণ. পুরুষবাচক (পুংলিঙ্গ শব্দ)। পংশ্চলী বি. (স্ত্রী.) 1 বেশ্যা; 2 কুলটা। পুংশ্চিহ্ন বি. পুরুষের শিশ্ন ও অন্যান্য দৈহিক লক্ষণ যেমন গোঁফদাড়ি। ̃ সন্তান বি. ছেলে। ̃ সবন বি. গর্ভিণীর দ্বিতীয় বা তৃতীয় মাসে পুত্রসন্তান কামনায় পালনীয় সংস্কারবিশেষ। ̃ স্কোকিল বি. পুরুষ কোকিল। ̃ স্ত্ব বি. 1 পুরুষত্ব; 2 বীর্য; 3 (ব্যাক.) শব্দের পুংলিঙ্গ বাচকতা।

পুঁই (p. 523) [pumĩ] বি. ভক্ষ্য শাকবিশেষ অথবা তার ডাঁটা বা লতানে গাছ। [সং. পূতিকা]।˜ য়ে বিণ. পুঁই ডাঁটার মতো লতানে (পুঁইয়ে সাপ)। পুঁইয়ে-পাওয়া, পুঁয়ে-পাওয়া বি. যে রোগে শিশুদের শরীর ডাঁটার মতো শুকিয়ে ক্রমশ ক্ষীণ হয়ে যায়, infantile atrophy, (অশু.) rickets. □ বিণ. উক্ত রোগগ্রস্ত।

পুঁচকে (p. 523) [pun̐cakē] বিণ. (সচ. ব্যঙ্গে বা তুচ্ছার্থে) নিতান্ত ক্ষুদ্র (পুঁচকে ছোঁড়া)। [দেশি]।

পুঁছা, পোঁছা (p. 523) [pun̐chā, pōn̐chā] ক্রি. বি. মোছা (ধোয়া-পোঁছা)। □ বিণ. উক্ত অর্থে। [< সং. প্র + √ উঞ্ছ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. মোছানো।

পুঁজ (p. 523) [pun̐ja] বি. (পেকে ওঠার পরে) ফোঁড়া বা ক্ষতের দূষিত সাদা রস। [সং. পূয]।

পুঁজি (p. 523) [pun̐ji] বি. 1 সঞ্চিত ধন, যে অর্থ নিয়ে ব্যাবসা আরম্ভ হয়, মূলধন; 2 সম্বল (সততাকে পুঁজি করে কাজে প্রবৃত্ত হল)। [সং. পুঞ্জ]।˜ পতি বি. প্রচুর পুঁজির মালিক।˜ পাটা বি. সঞ্চিতধনসম্পত্তি; সঞ্চিত টাকাপয়সা ও অন্যান্য সম্পদ; স্থাবর ও অস্থাবর সম্পত্তি।˜ বাদ বি. যে আর্থনীতিক ব্যবস্থায় ব্যক্তিগত সম্পদ বা পুঁজি উৎপাদনে ব্যবহৃত হয়; যে ব্যবস্থায় পুঁজিপতি উৎপাদন পদ্ধতিকে নিয়ন্ত্রণ করে এবং পুঁজির মালিকের ব্যক্তিগত মুনাফা স্বীকৃত হয়, ধনতন্ত্রবাদ, capitalism.˜ বাদী (-দিন্) □ বিণ. পুঁজিবাদসম্বন্ধীয় (পুঁজিবাদী অর্থব্যবস্থা)। □ বি. পুঁজিবাদের অংশীদার বা সমর্থক।

পুঁটলি, পুঁটুলি (p. 523) [punṭ̃ali, punṭ̃uli] বি. ছোটো গাঁটরি বা বোঁচকা। [সং. পোট্টলী]।

পুঁটি (p. 523) [punṭ̃i] বি. খুব ছোটো মাছবিশেষ, শফরী। [সং. প্রোষ্ঠী]। পুঁটিমাছের প্রাণ 1 পুঁটিমাছের মতো ক্ষীণজীবী বা অকিঞ্চিৎকর শক্তি; 2 ক্ষুদ্রচেতা লোক।

পুঁটুলি (p. 523) [punṭ̃uli] দ্র পুঁটলি।

পুঁটে (p. 523) [punṭ̃ē] বি. 1 বালাজাতীয় গয়নার মুখ; 2 ঘুণ্টি। □ বিণ. খুব ছোটো (পুঁটে পেরেক)। [দেশি]।

পুঁতা, পোঁতা (p. 523) [puñtā, pōn̄tā] ক্রি. বি. 1 ভূমি গৃহতল প্রাচীর প্রভৃতির নীচে ঢুকিয়ে রাখা, গাড়া (মাটির নীচে পুঁতে রেখেছে); 2 রোপণ করা (চারাগাছ পোঁতা)। □ বিণ. উক্ত অর্থে। [< সং. প্রোথ্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 রোপণ করানো; 2 গাড়ানো। □ বিণ. উক্ত দুই অর্থে।

পুঁতি (p. 523) [pun̄ti] বি. মুক্তোর আকারে তৈরি ছিদ্রযুক্ত কাচের টুকরো (পুঁতির মালা)। [তু. হি. পোতী < সং. প্রোত]।

পুঁথি (p. 523) [pun̄thi] বি. 1 হাতে-লেখা প্রাচীন বই; 2 পুস্তক (পুঁথিগত বিদ্যা)। [সং. পুস্তিকা-তু. প্রাকৃ. পুত্থিয়া, হি. পোথী]। ˜ গত বিণ. 1 পুঁথি থেকে আহৃত; 2 কেবল পুঁথিতেই নিবদ্ধ এবং কার্যকালে নিষ্ফল। পুঁথি বাড়ানো ক্রি. বি. বিনা প্রয়োজনে বাড়িয়ে লেখা বা বলা। ˜ শালা বি. গ্রন্থাগার, লাইব্রেরি।

পুঁয়ে-পাওয়া (p. 523) [pum̐ẏē-pāōẏā] দ্র পুঁই।

পুকুর (p. 523) [pukura] বি. দিঘির চেয়ে ছোটো বদ্ধ জলাশয়বিশেষ, পুষ্করিণী। [সং. পুষ্করিণী-তু. প্রাকৃ. পুক্খর]।˜ চুরি বি. বিরাট জুয়াচুরি বা অনুরূপ অপকর্ম। পুকুর ঝালানো বি. ক্রি. পুকুর থেকে পাঁক ও অন্যান্য আবর্জনা তুলে ফেলে নতুন জল আনা। পুকুর প্রতিষ্ঠা করা ক্রি. বি. পুকুর কেটে শাস্ত্রবিহিতভাবে উৎসর্গ করা।

পুঙ্খ (p. 523) [puṅkha] বি. বাণ বা তিরের গোড়া বা মূল। [সং. পুম্স্ + √ খন্ + অ]। পুঙ্খানুপুঙ্খ বিণ. (বাং.) তন্নতন্ন, অতি সূক্ষ্ম (পুঙ্খানুপুঙ্খ বর্ণনা)।

পুঙ্গব, পুংগব (p. 523) [puṅgaba, puṅgaba] বি. 1 বৃষ, ষাঁড়; 2 (সমাসে উত্তরপদরূপে) শ্রেষ্ঠজন (নরপুঙ্গব, বীরপুঙ্গব)। [সং. পুম্স্ + √ গো + অ]।

পুচ্ছ (p. 523) [puccha] বি. 1 লেজ, লাঙুল (ময়ূরপুচ্ছ); 2 পিছনের অংশ (ধূমকেতুর পুচ্ছ)। [সং. √ পুচ্ছ্ + অ]।

পুছা (p. 523) [puchā] ক্রি. 1 (কাব্যে) প্রশ্ন করা, জিজ্ঞাসা করা ('পুছত গোবিন্দদাস': গো. দা.; 'পুছিলাম জননীরে': রবীন্দ্র); 2 গ্রাহ্য করা (তাকে কেউ পোছে না)। [সং. √ প্রচ্ছ্ + বাং. আ-তু. হি. √ পুছ্]।

পুজারি (p. 523) [pujāri] দ্র পূজারি।

পুঞ্জ (p. 523) [puñja] বি. 1 স্তূপ, রাশি (মেঘপুঞ্জ); 2 সমূহ। [সং. পুম্স্ + √ জি + অ]। ̃ মেঘ বি. স্তূপে স্তূপে বা পুঞ্জ পুঞ্জ হয়ে ভেসে বেড়ায় যে মেঘ। পুঞ্জিত, পুঞ্জীভূত বিণ. জমে উঠেছে এমন, সঞ্চিত (পুঞ্জীভূত অসন্তোষ)। পুঞ্জী-কৃত বিণ. জমানো হয়েছে এমন, রাশীকৃত।

পুট1 (p. 523) [puṭa1] বি. মেরুদণ্ড থেকে বগল পর্যন্ত দেহাংশ বা তার দৈর্ঘ্য; কাঁধের কাছে শিরদাঁড়া থেকে হাতের সন্ধি পর্যন্ত অংশ (পুটের মাপ)। [হি. পুট্টা]।

পুট2 (p. 523) [puṭa2] বি. আধার, পাত্র, কোষ (করপুটতলে); 2 কৌটো; 3 ঠোঙা (পত্রপুট, পর্ণপুট); 4 যা দিয়ে ধরা বা আবৃত করা যায় (কক্ষপুট, চঞ্চুপুট); 5 ওষুধের পাকপাত্র, মুচি (পুটপাক)। [সং. √ পুট্ + অ]। ̃ ক বি. ঠোঙা, গাছের পাতা ইত্যাদি দিয়ে তৈরি পাত্র। ̃ পাক বি. মাটি বা অন্য পদার্থ দিয়ে বিশেষভাবে তৈরি পাত্রে জ্বাল দিয়ে ওষুধ তৈরি।

পুটিং (p. 523) [puṭi] বি. কাচ কাঠ ইত্যাদির গর্ত বা ফাঁক জুড়বার বা বুজানোর জন্য খড়িচূর্ণ, তিসির তেল প্রভৃতি মিশিয়ে তৈরি সাদা রঙের পলস্তারবিশেষ। [ইং. putty]।

পুটিত (p. 523) [puṭita] বিণ. 1 মুখ আটকানো ছোটো পাত্রে বা মুচিতে অগ্নিপক্ব বা রান্না করা হয়েছে এমন; 2 আবৃত; 3 গ্রথিত; 4 মর্দিত। [সং. √ পুট্ + ত]।

পুড়িং (p. 523) [puḍ়i] বি. ছানা ডিম ময়দা প্রভৃতি দিয়ে প্রস্তুত নরম কিন্তু জমাটবাঁধা মিঠাইবিশেষ। [ইং. pudding]।

পুড়া, পোড়া (p. 523) [puḍ়ā, pōḍ়ā] বি. ক্রি. 1 দগ্ধ হওয়া (আগুনে পুড়েছে); 2 জ্বালা করা (রোদে বা পুড়ছে); 3 অত্যন্ত গরম হওয়া (জ্বরে গা পুড়ে যাচ্ছে); 4 অত্যন্ত সন্তপ্ত বা দুঃখিত হওয়া (মন পুড়ছে)। □ বিণ. দগ্ধ। [সং. √ পুট্ + বাং. আ]। [পোড়া2 দ্র]।˜ নো বি. ক্রি. 1 দগ্ধ করা (শুকনো পাতা পোড়ানো হচ্ছে); 2 জ্বালা বা যন্ত্রণা দেওয়া; 3 অত্যন্ত গরম করা; 4 সন্তপ্ত করা বা দুঃখ দেওয়া। পুড়ানি, পোড়ানি বি. দাহ; জ্বালা; যন্ত্রণা; সন্তাপ।˜ নিয়া,˜ নে বিণ. দাহকর, জ্বালাময়, জ্বালাদায়ক; যন্ত্রণাদায়ক।

পুণ্ড-রীক (p. 523) [puṇḍa-rīka] বি. 1 শ্বেতপদ্ম; 2 অগ্নিকোণের দিগহস্তী। [সং. √ পুণ্ড্ + ঈক]। পুণ্ডরীকাক্ষ বি. (পুণ্ডরীকের মতো চোখ বলে) বিষ্ণু; শ্রীকৃষ্ণ।

পুণ্ড্র, পুণ্ড্রক, পৌণ্ড্র (p. 523) [punḍra, punḍraka, paunḍra] বি. 1 আখবিশেষ; 2 তিলক (ত্রিপুণ্ড্রক); 3 ফোঁটা; 4 প্রাচীন বাংলার জাতিবিশেষ বা তাদের দেশ। [সং. √ পুণ্ড্ + র +ক, পুণ্ড্র + অ]।

পুণ্য (p. 523) [punya] বি. 1 সৎকর্ম, সুকৃতি বা সৎকর্মের যে শুভ ফলে পরলোকে সদ্গতি লাভ হয়; 2 ধর্মানুষ্ঠান। □ বিণ. 1 পবিত্র (পুণ্যতীর্থ, পুণ্যতিথি); 2 ধার্মিক, পুণ্যবান (পুণ্যাত্মা)। [সং. পুণ্ + য]।˜ ক বি. পুত্রকামনায় বা পুণ্য অর্জনের জন্য পালনীয় ব্রত-উপবাস।˜ কর্মা (-র্মন্) বিণ. পুণ্যকাজ করে এমন।˜ কাল বি. ধর্মানুষ্ঠানের পক্ষে উপযুক্ত সময়।˜ কীর্তি বিণ. ধার্মিক বা পুণ্যবান বলে খ্যাত।˜ কৃত্ বি. ধার্মিক, পুণ্যকর্মকারী।˜ ক্ষয় বি. অন্যায় কর্মের ফলে সঞ্চিত

পুণ্যের হ্রাস। ˜ ক্ষেত্র বি. পবিত্র স্থান, তীর্থ। ˜ তোয়া বিণ. পবিত্র জলপূর্ণ (পুণ্যতোয়া নদী, পুণ্যতোয়া ভাগীরথী)। ˜ দর্শন বিণ. যাকে দেখলে পুণ্য হয় এমন। ˜ ফল বি. সৎকর্মের সুফল। ˜ বল বি. ধর্মাচরণ ও সুকৃতির ফলে অর্জিত শক্তি বা অধিকার। ˜ বান (-বত্) বিণ. পুণ্য সঞ্চয় করেছে এমন। স্ত্রী. ˜ বতী। ˜ যোগ বি. শুভযোগ, শাস্ত্রমতে পুণ্যকর্মাদি অনুষ্ঠানের উপযুক্ত সময়। ˜ লোক বি. স্বর্গ। ˜ শীল বিণ. পুণ্যকর্ম সাধনের স্বভাবযুক্ত, পুণ্যকর্ম করাই যার স্বভাবের বৈশিষ্ট্য। স্ত্রী. ˜ শীলা। ˜ শ্লোক বিণ. যার কীর্তি পুণ্যজনক, যার কীর্তির কথা শুনলে পুণ্য হয়। ˜ সঞ্চয় বি. পুণ্যকর্ম সাধনের দ্বারা ভবিষ্যতে বা পরলোকে শুভফললাভের অধিকার সঞ্চয়। পুণ্যাত্মা (-ত্মন্) বিণ. ধার্মিক, পুণ্যবান। পুণ্যাহ বি. 1 পুণ্যকর্ম অনুষ্ঠানের পক্ষে শাস্ত্রমতে প্রশস্ত বা উপযুক্ত দিন; 2 (বাং.) জমিদার কর্তৃক প্রজাদের কাছ থেকে নতুন বৎসরের খাজনা আদায় করার আরম্ভের অনুষ্ঠান। পুন্যি পুণ্য -র কথ্য রূপ। পুন্যি-পুকুর বি. হিন্দু কুমারীদের ব্রতবিশেষ।

পুত (p. 523) [puta] বি. (গ্রা.) পুত্র (সতিনের পুত)। [সং. পুত্র]। পুতি বি. (স্ত্রী.) পৌত্রী। ˜ ন্তি বিণ. (স্ত্রী.) (গ্রা.) পুত্রবতী।

পুতলি (p. 523) [putali] বি. 1 পুতুল (স্নেহের পুতলি); 2 চোখের তারা (নয়নপুতলি)। [সং. পুত্তলি]।

পুতি (p. 523) [puti] দ্র পুত।

পুতুপুতু (p. 523) [putuputu] বি. রক্ষণাবেক্ষণ বা প্রতিপালনে যত্ন ও সতর্কতার বাড়াবাড়ি। [দেশি]।

পুতুল (p. 523) [putula] বি. (প্রধানত খেলার সামগ্রীরূপে নির্মিত) মানুষ ও জীবজন্তুর প্রতিমূর্তি; (ব্যঙ্গে) প্রতিমা (পুতুলপূজা)। [সং. পিত্তল]।˜ খেলা বি. পুতুল নিয়ে খেলা; (আল.) ছেলেখেলা, অতি সহজ বা অকিঞ্চিৎকর ব্যাপার।˜ নাচ বি. খেলাবিশেষ বা নাটকাভিনয় যাতে আড়াল থেকে সুতোয় টান মেরে এমনভাবে পুতুলগুলিকে নাচানো হয় যে তাদের জীবন্ত মনে হয়।

পুত্তর, পুত্তলক (p. 523) [puttara, puttalaka] বি. 1 (খেড়, পাতা প্রভৃতি দিয়ে তৈরি) মানুষের প্রতিমূর্তি, কুশপুত্তলিকা; 2 পুতুল। [সং. পুত্ত + √ লা + অ, + ক]।

পুত্তিকা (p. 523) [puttikā] বি. 1 উইপোকা; 2 মৌমাছি। [সং. পুত্ + √ তন্ + অ + ক + আ]।

পুত্র (p. 523) [putra] বি. 1 পুরুষসন্তান, ছেলে, তনয়; 2 পুত্রস্থানীয় ব্যক্তি। [সং. পুত্ + √ ত্রৈ + অ]।˜ ক বি. 1 অতি অল্পবয়স্ক বালক; 2 পুত্র (অপুত্রক); 3 স্নেহের পাত্র।˜ কা, পুত্রিকা বি. (স্ত্রী.) 1 কন্যাসন্তান, কন্যা, মেয়ে; 2 দত্তা কন্যা; 3 পুতুল।˜ কাম বিণ. পুত্র লাভ করতে চায় এমন। স্ত্রী.˜ কামা।˜ বধূ বি. (স্ত্রী.) পুত্র বা পুত্রস্থানীয়ের স্ত্রী। পুত্রী বি. (স্ত্রী.) (কাব্যে) কন্যাসন্তান, মেয়ে ('যাও পুত্রী, ডাকো পুরোহিতে': রবীন্দ্র). পুত্রীয় বিণ. পুত্রসম্বন্ধীয়; পুত্রের নিমিত্ত। পুত্রেষ্টি বি. পুত্রকামনায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ।

পুদিনা (p. 523) [pudinā] বি. সুগন্ধি শাকবিশেষ। [ফা. পোদিনাহ্]।

পুন (p. 523) [puna] ক্রি-বিণ. পুনরায়, আবার। [সং. পুনর্]।

পুনঃ (p. 523) [punḥ] (-নর্) ক্রি-বিণ. আবার, দ্বিতীয় বার। [সং. পুনর্]।~ পুন ক্রি-বিণ. বারবার।

পুনকি, পুনকে (p. 523) [punaki, punakē] বি. খুব ছোটো পাতাওয়ালা শাকবিশেষ। [দেশি]।

পুনরধি-কার (p. 523) [punaradhi-kāra] বি. হারানো বস্তু আবার আয়ত্তে আনা (রাজ্য পুনরধিকার, সম্পত্তি পুনরধিকার)। [সং. পুনঃ + অধিকার]।

পুনরপি (p. 523) [punarapi] ক্রি-বিণ. পনশ্চ, আবারও। [সং. পুনঃ + অপি]।

পুনরাগমন (p. 523) [punarāgamana] বি. আবার আসা, ফিরে আসা (দেবী দুর্গার পুনরাগমন)। [সং. পুনঃ + আগমন]।

পুনরাবৃত্তি (p. 523) [punarābṛtti] বি. 1 আবার পাঠ করা বা বলা; 2 পুনরায় করা বা ঘটা (একই ঘটনার পুনরাবৃত্তি); 3 প্রত্যাবর্তন। [সং. পুনঃ + আবৃত্তি]।বিণ. পুনরাবৃত্ত।

পুনরায় (p. 523) [punarāẏa] অব্য. ক্রি-বিণ. আবার। [< সং. পুনরপি? পুনর্বার?]।

পুনরুক্ত (p. 523) [punarukta] বিণ. আবার বলা হয়েছে এমন। [সং. পুনঃ + উক্ত]। পুনরুক্তি বি. আবার বলা; একই কথা আবার বলা।

পুনরুজ্জীবন (p. 523) [punarujjībana] বি. নতুন বা আবার জীবনলাভ; নতুন চেতনা-সঞ্চার; পুনরায় সজীবতা বা সক্রিয়তালাভ। [সং. পুনঃ + উজ্জীবন]। পুনরুজ্জীবিত বিণ. নতুন জীবন বা উদ্দীপনা লাভ করেছে এমন, নতুন চেতনা লাভ করেছে এমন।

পুনরুৎপত্তি, পুনরুদ্ভব, পূনর্জন্ম, পুনর্জীবন (p. 523) [punarutpatti, punarudbhaba, pūnarjanma, punarjībana] বি. পুনরায় জন্ম ও উৎপত্তি; মরে গিয়ে আবার জন্মলাভ। [সং. পুনঃ + উৎপত্তি, উদ্ভব, জন্ম, জীবন]। বিণ. পুনরুৎপন্ন, পুনরুদ্ভূত পুনর্জাত, পুনর্জীবিত।

পুনরুত্থান (p. 523) [punarutthāna] বি. 1 আবার ওঠা, আবার জেগে ওঠা বা সক্রিয় হওয়া (রাজবংশের পুনরুত্থান); 2 (খ্রিস্ট ধর্মে) মৃত্যুর পর সমাধি থেকে উত্থান, মৃত্যুর পর জিশুর সশরীরে সমাধি থেকে পুনর্জীবনলাভ বা শাশ্বত জীবনলাভ। [সং. পুনঃ + উত্থান]। বিণ. পুনরুত্থিত।

পুনরুদ্ধার (p. 523) [punaruddhāra] বি. হারানো হস্তচ্যুত বা অধিকারচ্যুত বস্তু আবার পাওয়া। [সং. পুনঃ + উদ্ধার]।

পুনরুল্লেখ (p. 523) [punarullēkha] বি. আবার উল্লেখ। [সং. পুনঃ + উল্লেখ]। বিণ. পুনরুল্লিখিত।

পুনর্গঠন (p. 523) [punargaṭhana] বি. আবার কিংবা নতুনভাবে গঠন। [সং. পুনঃ + গঠন]। বিণ. পুনর্গঠিত।

পুনর্দখল (p. 523) [punardakhala] বি. আবার দখল বা অধিকার করা (জমি পুনর্দখল)। [সং. পুনঃ + বাং. দখল]।

পুনর্নবা (p. 523) [punarnabā] বি. শাকবিশেষ, পুনকে শাক। [সং. পুনঃ + নব + আ]।

পুনর্বসতি (p. 523) [punarbasati] বি. এক স্থায়ী বাসস্থান ত্যাগ করে আবার নতুন জায়গায় বসতি স্থাপন; নতুন বসতি, rehabilitation. [সং. পুনঃ + বসতি]।

পুনর্বসু (p. 523) [punarbasu] বি. (জ্যোতিষ) সপ্তম নক্ষত্র। [সং. পুনর্ + √ বস্ + উ]।

পুনর্বার (p. 523) [punarbāra] ক্রি-বিণ. আবার, পুনরায় (পুনর্বার যেন ওকথা না শুনি)। [সং. পুনঃ + বার]।

পুনর্বাসন (p. 523) [punarbāsana] বি. স্থায়ী বাসস্থান ত্যাগ করে যে অন্যত্র বাস করতে এসেছে তার নতুন জায়গায় বাসের ব্যবস্থা করা (উদ্বাস্তু-পুনর্বাসন)। [সং. পুনর্ + √ বস্ + ণিচ্ + অন]।

পুনর্বিচার (p. 523) [punarbicāra] বি. একবার বিচারের পর নতুন করে বিচার; নতুন করে বিবেচনা, retrial, reconsideration. [সং. পুনঃ + বিচার]। পুনর্বিচার্য বিণ. পুনরায় বিচারের বা বিবেচনার যোগ্য।

পুনর্বিবাহ (p. 523) [punarbibāha] বি. একবার বিবাহের পর আবার বিবাহ (হিন্দু বিধবা পুনর্বিবাহ আইন)। [সং. পুনঃ + বিবাহ]।

পুনর্বিবেচনা (p. 526) [punarbibēcanā] বি. নতুন করে বিবেচনা। [সং. পুনঃ + বিবেচনা]।

পুনর্ভব (p. 526) [punarbhaba] বিণ. পুনরায় বা আবার উৎপন্ন বা জাত। □ বি. 1 পুনর্জন্ম, জন্মান্তর; 2 নখ। [সং. পুনর্ + √ ভূ + অ]।

পুনর্ভূ (p. 526) [punarbhū] বি. 1 বিধবা হওয়ার পর পুনরায় বিবাহিতা নারী; 2 বাগ্দত্তা হওয়ার পর অন্যের সঙ্গে বিবাহিতা নারী। [সং. পুনর্ + √ ভূ + ক্বিপ্]।

পুনর্মিলন (p. 526) [punarmilana] বি. বিচ্ছেদের পর আবার মিলন। [সং. পুনঃ + মিলন]। বিণ. পুনর্মিলিত।

পুনর্মুদ্রণ (p. 526) [punarmudraṇa] বি. পুস্তক ইত্যাদি পুনরায় ছাপানো। [সং. পুনঃ + মুদ্রণ]।

পুনর্মূষিকো-ভব (p. 526) [punarmūṣikō-bhaba] ক্রি. পুনরায় ইঁদুর হও; (আল.) পূর্বের অবস্থায় ফিরে যাও। [সং. পুনঃ + মূষিকঃ + ভব]।

পুনর্যাত্রা (p. 526) [punaryātrā] বি. 1 পুনরায় যাওয়া; 2 উলটো রথ। [সং. পুনঃ + যাত্রা]।

পুনর্যৌবন (p. 526) [punaryaubana] বি. নব যৌবন, একবার যৌবন গত হওয়ার পর আবার যৌবন লাভ; (আল.) নতুনভাবে উৎসাহ বা সক্রিয়তা লাভ। [সং. পুনঃ + যৌবন]।

পুনশ্চ (p. 526) [punaśca] অব্য. ক্রি-বিণ. আবার, আবারও (পুনশ্চ স্মরণ করিয়ে দিই)। [সং. পুনঃ + চ]।

পুন্নাগ (p. 526) [punnāga] বি. 1 শ্বেতপদ্ম; 2 শ্বেতহস্তী; 3 নাগকেশর গাছ; 4 নরশ্রেষ্ঠ। [সং. পুম্স্ + নাগ]।

পুন্নাম-নরক (p. 526) [punnāma-naraka] বি. 'পুত্'-নামক নরক, যেখানে অপুত্রকদের যেতে হয় বলে প্রাচীন বিশ্বাস। [সং. পুত্ + নামন্ + নরক]।

পূব (p. 526) [pūba] বি. পূর্ব-র কোমল ও কথ্য রূপ ('পূব হাওয়াতে দেয় দোলা': রবীন্দ্র)। পূবাল, পূবালি, পূবে বিণ. পূর্ব দিক থেকে আগত বা প্রবাহিত (পুবালি হাওয়া, পূবে হাওয়া)।

পুয়া, পুয়ানো (p. 526) [puẏā, puẏānō] যথাক্রমে পোহা ও পোহানো -র কথ্য রূপ।

পুর1 (p. 526) [pura1] বি. যা পিঠে মিষ্টান্ন ইত্যাদির ভিতরে পোরা হয় (ক্ষীরের পুর, নারকেলের পুর). [পুরা2 দ্র]।

পুর2 (p. 526) [pura2] বি. 1 গৃহ, আলয়, ভবন (নন্দপুর); 2 নগর, শহর (হাস্তিনাপুর); 3 অন্তঃপুর (পুরনারী)। [সং. √ পৃ + অ]।˜ দ্বার বি. নগরের বা গৃহের দ্বার।˜ নারী,˜ স্ত্রী বি. 1 অন্তঃপুরবাসিনী নারী; 2 কুলনারী।˜ বাসী (-সিন্) বিণ. বি. নগরবাসী; গৃহস্থ। স্ত্রী.˜ বাসিনী।

পুরঃ-সর (p. 526) [purḥ-sara] বিণ. অগ্রসর; □ ক্রি-বিণ. (সমাসে) 'পূর্বক' বা 'সহকারে' অর্থে ক্রিয়াবিশেষণের উত্তরপদ (সম্মান পুরঃসর, প্রণামপুরঃসর)। [সং. পুরস্ + √সৃ + অ]।

পুরত (-তস্), (চলিত) পুরতো (p. 526) [purata (-tas), (calita) puratō] ক্রি-বিণ. অব্য. সম্মুখে, সামনে, আগে। [সং. পুর্ + অতস্]।

পুরদ্বার, পুরনারী (p. 526) [puradbāra, puranārī] দ্র পুর2।

পুরন্ত (p. 526) [puranta] বিণ. 1 পরিপুষ্ট, নিটোল (পুরন্ত শরীর); 2 সম্পূর্ণ বা পূর্ণ, ভরতি হয়েছে এমন। [পুরা2 দ্র]।

পুরন্দর (p. 526) [purandara] বি. ইন্দ্র। [সং. পুর + √ দৃ + অ]।

পুরন্ধ্রি, পুরন্ধ্রী (p. 526) [purandhri, purandhrī] বি. 1 গৃহিণী; 2 প্রবীণা কুলনারী; 3 পতিপুত্রবতী স্ত্রী। [সং. পুর + √ ধৃ + অ + ঈ]।

পূরবাসী (p. 526) [pūrabāsī] দ্র পুর2।

পুরবি (p. 526) [purabi] বি. সংগীতের অপরাহ্নকালীন রাগিণীবিশেষ। [হি. পূর্বী]।

পুরবৈয়াঁ (p. 526) [purabaiẏā] বিণ. পূর্ব দিক থেকে প্রবাহিত; পূর্ব দিকের। [তু. মৈ. পুরব (=পূর্ব) + বাং. ইয়া]।

পুরশ্চরণ (p. 526) [puraścaraṇa] বি. মন্ত্রজপে ও অভীষ্টলাভে প্রথমেই ইষ্টদেবতার পূজার্চনা ইত্যাদি। [সং. পুরস্ + √ চর্ + অন]।

পুর-সভা (p. 526) [pura-sabhā] বি. নগরের উন্নয়নে নিযুক্ত স্বায়ত্তশাসিত সংস্থাবিশেষ, পৌরসভা, মিউনিসিপ্যালিটি। [সং. পুর2 + সভা]।

পুরস্কার (p. 526) [puraskāra] বি. 1 পারিতোষিক, কৃতিত্বের জন্য প্রদত্ত পারিতোষিক, ইনাম, বকশিশ; 2 অভ্যর্থনা, পূজা ('বসাইলা আসনে তারে করি পুরস্কার': চৈ. ভা); 3 (ব্যঙ্গে বা খেদে) প্রতিদান (তোমাদের জন্য সারাজীবন যা করেছি-এই কি তার পুরস্কার?); 4 সমাদর; সম্মান ('বণিক সমাজে তারে করে পুরস্কার': ক.ক.)। [সং. পুরস্ + √ কৃ + অ]।

পুরস্ক্রিয়া (p. 526) [puraskriẏā] বি. পুরস্কার-প্রদান। [সং. পুরস্ + ক্রিয়া]।

পুরস্ত্রী (p. 526) [purastrī] দ্র পুর2।

পুরহর (p. 526) [purahara] বি. ত্রিপুরারি, শিব। [সং. পুর (=ত্রিপুরাসুর) + √ হৃ + অ]।

পুরা1 (p. 526) [purā1] অব্য. পূর্বে, পূর্বকালে। [সং. পূর্ব]।

পুরা2, পোরা (p. 526) [purā2, pōrā] ক্রি. বি. 1 পূর্ণ করা, ভরতি করা; 2 ভরা, ঢুকানো (ঝুলিতে কাপড় পুরে রাখা); 3 ভিতরে আবদ্ধ করা (জেলে পোরা, সিন্ধুকে পুরে রাখা)। [< সং. পূর্ণ]।

পুরা3 (p. 526) [purā3] (সাধু.) বিণ. 1 পরিপূর্ণ (পুরা কলসি); 2 সম্পূর্ণ, অখণ্ড (পুরা বাড়িটাই চাই)। □ বিণ. পূর্ণভাবে, পুরোপুরি। [সং. পূর্ণ]।

পুরা-কাল (p. 526) [purā-kāla] বি. প্রাচীন কাল। [সং. পুরা2 + কাল]।

পুরাকাহিনি (p. 526) [purākāhini] বি. প্রাচীনকালের গল্প বা ইতিহাস। [সং. পুরা1 + বাং. কাহিনি]।

পুরাগত (p. 526) [purāgata] বিণ. প্রাচীন। [সং. পুরা1 + আগত]।

পুরা-ঘটিত (p. 526) [purā-ghaṭita] বিণ. 1 পূর্বে ঘটেছে এমন; 2 (ব্যাক.) অতীতকালের বা সদ্যঘটিত বর্তমানের রূপ। [সং. পুরা1 + ঘটিত]।

পুরাঙ্গনা (p. 526) [purāṅganā] বি. পুরনারী, পুরস্ত্রী, কুলনারী। [সং. পুর2 + অঙ্গনা]।

পুরাণ (p. 526) [purāṇa] বি. 1 ভারতে বৈদিক যুগের পরবর্তী কালের ইতিহাস বা জনশ্রুতি অবলম্বনে সংকলিত গ্রন্হাদি (বিষ্ণুপুরাণ, ভাগবতপুরাণ); প্রসিদ্ধ অষ্টাদশ পুরাণ; 2 প্রাচীন কাহিনি (গ্রিক পুরাণ)। □ বিণ. পুরাতন, প্রাচীন (পুরাণকাহিনি)। [সং. পুরা +ন তু পুরাতন তু. প্রাকৃ. পুরাঅণ]। ̃ কর্তা (-র্তৃ), ̃ কার বিণ. পুরাণ-রচয়িতা। ̃ পুরুষ বি. পরব্রহ্ম, বিষ্ণু। ̃ প্রসিদ্ধি বি. পুরাণে উল্লেখ; অতি প্রাচীন খ্যাতি।

পুরা-তত্ত্ব (p. 526) [purā-tattba] বি. প্রাচীনকালের বৃত্তান্ত; প্রাচীন ইতিহাস। [সং. পুরা 1 + তত্ত্ব]। পুরা-তাত্ত্বিক বিণ. পুরাতত্ত্বসম্বন্ধীয়, প্রাচীনকালের ইতিহাসসংক্রান্ত; প্রাচীনকালের ইতিহাস জানেন এমন। □ বি. প্রাচীনকালের ইতিহাসে পণ্ডিত ব্যক্তি।

পুরা-তন (p. 526) [purā-tana] বিণ. 1 প্রাচীন (পুরাতন যুগ); 2 বৃদ্ধ (পুরাতন লোক); 3 পরিত্যক্ত বা সেকেলে (পুরাতন ফ্যাশন); 4 দীর্ঘপ্রচলিত (পুরাতন প্রথা); 5 অভিজ্ঞ (পুরাতন কর্মচারী); 6 দাগি (পুরাতন পাপী)। [সং. পুরা + তন]। পুরা-তনী বিণ. (স্ত্রী.) পুরাতন অর্থে। □ বি. পুরোনো কালের গান।

পুরা-দস্তুর (p. 526) [purā-dastura] ক্রি-বিণ. বিণ-বিণ. পূর্ণমাত্রায়, পুরোপুরি (পুরাদস্তুর নির্বোধ)। □ বিণ. সম্পূর্ণ (পুরাদস্তুর বাবু, পুরাদস্তুর সাহেব)। [বাং. পুরা2 + ফা. দস্তুর]। কথ্য পুরো-দস্তুর।

পুরাধ্যক্ষ (p. 526) [purādhyakṣa] বি. নগরের পরিচালক বা তত্ত্বাবধায়ক। [সং. পুর1 + অধ্যক্ষ]।

পুরানো1, (কথ্য) পুরোনো (p. 526) [purānō1, (kathya) purōnō] বিণ. 1 প্রাচীন, অনেক দিনের, পুরাতন ('পুরানো সেই দিনের কথা': রবীন্দ্র); 2 বৃদ্ধ (পুরানো লোক); 3 অভিজ্ঞ (পুরোনো কর্মচারী); 4 দাগি (পুরোনো পাপী)। [সং. পুরাতন]।

পুরানো2 (p. 526) [purānō2] ক্রি. বি. পূর্ণ করা, মিটানো (সাধ পুরানো, অভাব পুরানো)। [পুরা2 দ্র]।

পুরা-বিত্ (p. 526) [purā-bit] (-বিদ্) বি. পুরাতত্ত্বে অভিজ্ঞ ব্যক্তি। [সং. পুরা1 + বিদ্]।

পুরি (p. 526) [puri] বি. ময়দা বা আটার তৈরি লুচিজাতীয় খাবার। [সং. পুরিকা]।

পুরিয়া (p. 526) [puriẏā] বি. 1 কাগজের মোড়ক; 2 কাগজে মোড়া ওষুধ বা অনুরূপ বস্তু; 3 রাগিণীবিশেষ; 4 (অশোভন) পরীক্ষায় নকল করার কাগজ বা কাগজের টুকরো। [হি. পুড়িয়া < সং. পুট, পুটক]।

পুরী (p. 526) [purī] বি. 1 ভবন, গৃহ, আলয় (রাজপুরী); 2 নগরী; 3 ওড়িশার সমুদ্রতীরস্থ জগন্নাথক্ষেত্র (পুরীধাম); 4 সন্ন্যাসীদের উপাধিবিশেষ (ঈশ্বরপুরী)। [সং. পুর2 + ঈ]।

পুরীষ (p. 526) [purīṣa] বি. বিষ্ঠা, মল। [সং. √ পৃ + ঈষ]।

পুরু (p. 526) [puru] বিণ. 1 মোটা, স্থূল (পুরু চামড়া); 2 ভাঁজ বা পরতবিশিষ্ট (সাতপুরু)। [দেশি]।

পুরুষ (p. 526) [puruṣa] বি. 1 নব, মানুষ (মহাপুরুষ); 2 পুংজাতীয় প্রাণী (পুরুষ স্ত্রী মিলিয়ে সংখ্যায় পাঁচ লক্ষ); 3 ঈশ্বর, পরব্রহ্ম; 4 বংশের এক স্তর (সাতপুরুষের ভিটে); 5 বংশানুক্রম, প্রজন্ম (উত্তর পুরুষ, পূর্ব পুরুষ); 6 (ব্যাক.) যার দ্বারা আমি, তুমি সে এইভাবে ব্যক্তির ভেদ বোধগম্য হয়, person (উত্তমপুরুষ); 7 আত্মা, জীবাত্মা (প্রাণপুরুষ)। [সং. √ পৃ + উষ]। ˜ কার বি. পৌরুষ; দৈবনিরপেক্ষ প্রযত্ন বা উদ্যম। বি.˜ ত্ব পৌরুষ; তেজ; উদ্যম; পুরুষের রতিশক্তি (পুরুষত্বহীনতা)। ˜ পরম্পরা বি. বংশানুক্রম। ˜ প্রকৃতি বি. 1 সাংখ্যদর্শনের চৈতন্যময় পুরুষ ও ত্রিগুণাত্মিকা প্রকৃতি; 2 ঈশ্বর ও মায়া; 3 পুরুষ ও স্ত্রী, যুগল, মিথুন; 4 পুরুষের স্বভাব।˜ পুঙ্গব,˜ শার্দূল,˜ সিংহ বি. নরশ্রেষ্ঠ।˜ মানুষ বি. পুরুষ, নর। পুরুষাঙ্গ বি. পুরুষ প্রাণীর জননেন্দ্রিয়। পুরুষাদ্য বি. 1 পরব্রহ্ম; 2 বিষ্ণু; 3 জিনবিশেষ। পুরুষানু-ক্রমিক বিণ. বংশপরম্পরায়। পুরুষার্থ বি. পুরুষের প্রয়োজনীয় চতুর্বর্গ-ধর্ম অর্থ কাম মোক্ষ; সুখ; মুক্তি। পুরুষালি বি. পুরুষের ভাব, পুরুষ-পুরুষ ভাব (স্ত্রীলোকের পুরুষালি অত্যন্ত দৃষ্টিকটু)। □ বিণ.

পুরুষোচিত (পুরুষালি মেয়ে, পুরুষালি চেহারা)। পুরুষোচিত বিণ. পুরুষের অর্থাত্ মরদের উপযুক্ত। পুরুষোত্তম বি. শ্রেষ্ঠ পুরুষ; পরব্রহ্ম; বিষ্ণু।

পুরুষ্টু (p. 526) [puruṣṭu] বিণ. (কথ্য) 1 পরিপুষ্ট, পুষ্ট; 2 হৃষ্টপুষ্ট, গোলগাল। [বাং. পুরু + সং. পুষ্ট]।

পুরুহূত (p. 526) [puruhūta] বি. ইন্দ্র। [সং. পুরু (=প্রচুর) + হূত (=যজ্ঞে) আমন্ত্রিত]।

পুরো (p. 526) [purō] বিণ. ক্রি-বিণ. পুরা3 -এর কথ্য রূপ।

পুরোগ, পুরোগামী (p. 526) [purōga, purōgāmī] (-মিন্) বিণ. 1 আগে, সামনে বা পূর্বে যায় এমন; অগ্রগামী; 2 নায়ক, প্রধান। [সং. পুরস্ + √ গম্ + অ, ইন্]। বি. পুরো-গামিতা। পুরো-গত বিণ. আগে বা সামনে গিয়েছে এমন।

পুরোডাশ (p. 526) [purōḍāśa] বি. 1 যবের তৈরি রুটি বা মালপোয়াজাতীয় প্রাচীনযুগের খাবারবিশেষ; 2 যজ্ঞীয় ঘৃত ও পশুমাংস। [সং. পুরস্ + √ দাশ্ + অ, দ ড]।

পুরো-দস্তুর (p. 526) [purō-dastura] ক্রি-বিণ. পুরোপুরি; সম্পূর্ণ (পুরোদস্তুর সাহেব)। [বাং. পুরা3 + দস্তুর]।

পুরোধা, (অপ্র.) পুরোধাঃ (p. 526) [purōdhā, (apra.) purōdhāḥ] (-ধস্) বি. 1 পুরোহিত; 2 প্রধান ব্যক্তি। [সং. পুরস্ + √ ধা + অস্]।

পুরো-পুরি (p. 526) [purō-puri] বিণ. সম্পূর্ণ (পুরোপুরি সাহেব)। □ বিণ-বিণ. ক্রি-বিণ. একেবারে (পাওনা পুরোপুরি মিটিয়ে দেওয়া হয়েছে)। [পুরা3 দ্র]।

পুরো-বর্তী (p. 526) [purō-bartī] (-র্তিন্) বিণ. সামনে বা আগে অবস্থিত। [সং. পুরস্ + √ বৃত্ + ইন্]।

পুরো-বাহু (p. 526) [purō-bāhu] বি. কনুই থেকে কবজি পর্যন্ত হাতের অংশ, প্রকোষ্ঠ, forearm. [সং. পুরস্ + বাহু]।

পুরো-ভাগ (p. 526) [purō-bhāga] বি. প্রথম অংশ, সামনের অংশ, অগ্রভাগ (তিনি ছিলেন মিছিলের পুরোভাগ)। [সং. পুরস্ + ভাগ]।

পুরো-ভূমি (p. 526) [purō-bhūmi] বি. 1 সামনের ভূমি; 2 চিত্রের বা দৃশ্যের সম্মুখের অংশ, foreground. [সং. পুরস্ + ভূমি]।

পুরো-যাত্রা (p. 526) [purō-yātrā] বি. আগে যাওয়া; আগে আগে যাওয়া। [সং. পুরস্ + যাত্রা]। পুরো-যায়ী (-য়িন্) বিণ. 1 আগে যায় এমন, অগ্রগামী; 2 প্রবর্তক।

পুরো-হিত (p. 526) [purō-hita] বি. গৃহস্থের মঙ্গলের জন্য যিনি দেবার্চনাদি করেন, ঋত্বিক, পূজারি। [সং. পুরস্ + √ ধা + ত]।

পুল (p. 526) [pula] বি. সেতু, সাঁকো। [ফা.]।

পুল-ওভার (p. 526) [pula-ōbhāra] বি. মাথা গলিয়ে পরতে হয় এমন ফুলহাতা সোয়েটার। [ইং. pullover]।

পুলক (p. 526) [pulaka] বি. 1 রোমাঞ্চ, ভাবাবেগবশত দেহের লোম খাড়া হওয়া, আবেশজনিত মৃদু শিহরন ('গায়ে আমার পুলক লাগে': রবীন্দ্র); 2 (বাং.) আনন্দ, হর্ষ। [সং. √ পুল্ + অ + ক]। পুলকিত বিণ. 1 রোমাঞ্চিত ('তার স্পর্শ নিশ্চয় তোমাকে পুলকিত করেছিল': রাজ. বসু); 2 আনন্দিত।

পুল-টিস (p. 526) [pula-ṭisa] বি. ফোঁড়া ক্ষত প্রভৃতিতে লাগাবার জন্য গরম মলমবিশেষ। [ইং. poultice]।

পুলি1, পুলি-পিঠে (p. 526) [puli1, puli-piṭhē] বি. ভিতরে পুর দেওয়া পটোলাকৃতি পিঠেবিশেষ (ক্ষীরপুলি, চন্দ্রপুলি)। [সং. পোলী]।

পুলি2 (p. 526) [puli2] বি. কপিকল, ভারী জিনিস নীচ থেকে উপরে সহজে তোলবার জন্য ব্যবহৃত চাকাযুক্ত কলবিশেষ। [ইং. pulley]।

পুলিন (p. 526) [pulina] বি. 1 নদীর বালুকাময় তীরের যে পর্যন্ত জোয়ারের জল ওঠে; সৈকত; 2 চড়া। [সং. পুল্ + ইন]।

পুলিন্দা (p. 526) [pulindā] বি. ছোটো পুঁটলি, বাণ্ডিল, গাঁঠরি। [হি. পুলিন্দা]।

পুলি-পিঠে (p. 526) [puli-piṭhē] দ্র পুলি1।

পুলিপোলাও (p. 526) [pulipōlāō] বি. নির্বাসন; দ্বীপান্তর ('কত লোক যাবজ্জীবন পুলিপোলাও চলে যাচ্ছে': শরদিন্দু)। [< মাল. Pulo Penang]।

পুলিশ (p. 526) [puliśa] বি. 1 শান্তিরক্ষাদি কাজে নিযুক্ত সরকারি বিভাগ (পুলিশে চাকরি করেন); 2 উক্ত বিভাগের কর্মচারী, আরক্ষিক। [ইং. police]। পুলিশি বিণ. 1 পুলিশসংক্রান্ত (পুলিশি হাঙ্গামা); 2 পুলিশসুলভ (পুলিশি মেজাজ)। পুলিশ কমিশনার বি. জেলান্তরের বা সদরের উচ্চপদস্থ পুলিশ কর্মচারীবিশেষ।~ সাহেব বি. উচ্চ পদস্থ পুলিশ কর্মচারীবিশেষ।

পুলে (p. 526) [pulē] বি. ছেলে -র সমার্থক সহচর শব্দ (ছেলেপুলে)। [দেশি। পিলে2 দ্র]।

পুশিদা (p. 526) [puśidā] বিণ. 1 লুকানো, লুকিয়ে রয়েছে এমন; 2 অন্তরালবর্তী, গুপ্তভাবে রয়েছে এমন। [ফা. পোশীদগি > হি. পোশীদা]।

পুষা, পোষা (p. 526) [puṣā, pōṣā] ক্রি. বি. 1 লালন করা (বিড়াল পুষেছে); 2 পালন করা (সে অনেক লোককে পোষে); 3 বশে রেখে পালন করা (বাঁদর পোষা); 4 সযত্নে রক্ষা করা (আশা পুষে রাখা)। [সং. √ পুষ্ + বাং. আ]।

পুষিয়ে দেওয়া, পুষিয়ে যাওয়া (p. 526) [puṣiẏē dēōẏā, puṣiẏē yāōẏā] দ্র পোষানো।

পুষ্কর (p. 526) [puṣkara] বি. 1 পদ্ম; 2 পদ্মকোষ; 3 জল; 4 মেঘবিশেষ; 5 হিন্দুতীর্থরূপে পরিগণিত আজমিড়ের নিকটস্থ হ্রদবিশেষ। [সং. পুষ্ক + √ রা + অ]।

পুষ্করিণী (p. 526) [puṣkariṇī] বি. 1 পুকুর; 2 সরোবর। [সং. পুষ্কর + ইন্ + ঈ]।

পুষ্কল (p. 526) [puṣkala] বিণ. প্রচুর, পর্যাপ্ত। [সং. √ পুষ্ + কল]।

পুষ্ট (p. 526) [puṣṭa] বিণ. 1 প্রতিপালিত (মামার অন্নে পুষ্ট); 2 বর্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত (রোদেজলে পুষ্ট গাছ); 3 নধর, মোটাসোটা (পুষ্ট শরীর); 4 পরিণত, সুপক্ব। [সং. √ পুষ্ + ত]। পুষ্টি বি. পোষণ, পালন; বৃদ্ধি; পরিপুষ্ট ভাব; স্থূলতা; পরিণতি; পক্বতা। পুষ্টি-কর, পুষ্টি-কারক বিণ. পুষ্টিদানকারী, যাতে পুষ্টি হয় (পুষ্টিকর খাদ্য)।

পুষ্প (p. 526) [puṣpa] বি. 1 ফুল, কুসুম (পুষ্পমালা); 2 স্ত্রীরজ; 3 চোখের রোগবিশেষ। [সং. √ পুষ্প্ + অ]। ̃ ক বি. আকাশগামী পৌরাণিক রথবিশেষ; কুবেরের রথ। ̃ কেতন, ̃ কেতু, ̃ ধন্বা (ন্বন্) বি. কামদেব, মদন, কন্দর্প। ̃ চাপ, ̃ ধনু (-নুস্) বি. 1 ফুল দিয়ে তৈরি কামদেবের ধনুক; 2 কামদেব। ̃ জ বি. ফুলের রস বা সার; ফুলের মধু। ̃ জীবী (-বিন্) বিণ. বি. ফুলব্যবসায়ী; মালী; মালাকার। ̃ দ্রব বি. ফুলের মধু, পুষ্পজ। ̃ ধনু পুষ্পাচাপ -এর অনুরূপ। ̃ ধন্বা বি. যার ধনুক পুষ্পদ্বারা গঠিত, কামদেব। ̃ নির্যাস বি. ফুলের রস বা এসেন্স; ফুলের মধু। ̃ পাত্র বি. (প্রধানত) ফুল রাখার থালা। ̃ বতী বিণ. (স্ত্রী.) রজস্বলা, ঋতুমতী। ̃ বাণ বি. ফুল দিয়ে নির্মিত কামদেবের বাণ বা তির। ̃ বৃষ্টি বি. উপর থেকে পুষ্পবর্ষণ। ̃

ভূষণ বি. ফুল দিয়ে তৈরি অলংকার, ফুলের গহনা।˜ মধু বি. ফুলের মধু, পুষ্পজ।˜ মাস বি. চৈত্র মাস; বসন্ত ঋতু।˜ রজ,˜ রেণু বি. ফুলের রেণু বা পরাগ।˜ রথ বি. পুষ্পক।˜ রস বি. ফুলের মধু।˜ রাগ,˜ রাজ বি. পোখরাজ, পদ্মরাগমণি।˜ শর বি. পুষ্পবাণ।˜ সার বি. ফুলের রস।˜ স্তবক বি. ফুলের তোড়া। পুষ্পাজীব বিণ. বি. পুষ্পজীবী, মালাকার। পুষ্পাঞ্জলি বি. দেবতাকে নিবেদন করার জন্য অঞ্জলিপূর্ণ ফূল। পুষ্পাধার বি. ফুল রাখার পাত্র; ফুলদানি। পুষ্পাভরণ বি. ফুলের গহনা। পুষ্পাসব বি. ফুলের মধু। পুষ্পাসার বি. পুষ্পবৃষ্টি। পুষ্পিকা বি. গ্রন্হের শেষে বা প্রত্যেক অধ্যায়ের শেষে প্রদত্ত বিষয়বস্তুর পরিচয়; ভণিতা। পুষ্পিতা বিণ. ফুল ধরেছে এমন, কুসুমিত। পুষ্পিতা বিণ. (স্ত্রী.) 1 কুসুমিতা (পুষ্পিতা লতা); 2 ঋতুমতী (পুষ্পিতা কন্যা)। পুষ্পোদ্যান বি. ফুলের বাগান।

পুষ্যা (p. 526) [puṣyā] বি. (জ্যোতিষ.) অষ্টম নক্ষত্র। [সং. √ পুষ্ + য + আ]।

পুষ্যি (p. 526) [puṣyi] বিণ. (কথ্য) যাকে পোষণ বা প্রতিপালন করতে হয়; 2 দত্তক (পুষ্যি নিয়েছি, পুষ্যিপুত্তুর)। □ বি. প্রতিপাল্য ব্যক্তি বা ব্যক্তিবর্গ (তাঁর পুষ্যি অনেকগুলো)। [সং. পোষ্য]।

পুস্তক (p. 526) [pustaka] বি. বই, গ্রন্থ। [সং. পুস্ত + ক-তু. ফা. পোস্ত্]।˜ স্হ বিণ. পুস্তকে লিখিত বা বিবৃত (পুস্তকস্হ বর্ণনা)। পুস্তকাগার বি. গ্রন্হাগার, লাইব্রেরি। পুস্তকালয় বি. 1 গ্রন্হাগার, লাইব্রেরি; 2 বইয়ের দোকান। পুস্তিকা বি. ক্ষুদ্র পুস্তক।

পুস্তনি, পুস্তানি (p. 526) [pustani, pustāni] বি. মলাট আটকানোর জন্য বইয়ের প্রথম ও শেষ দুটি সাদা ও মোটা পাতা। [ফা. পুস্তা, পুস্তান]।

পুস্তা, পুস্তান (p. 526) [pustā, pustāna] বি. 1 বই বাঁধার সময় বইয়ের পিঠে আড়ভাবে স্থাপিত মোটা সুতো; 2 অবলম্বন, ঠেস; 3 পোস্তা। [ফা. পুষ্‌ত্]।

পূগ (p. 526) [pūga] বি. 1 সুপারি; 2 রাশি, সমূহ। [সং. √ পূ (পবিত্র করা) + গ]।

পূজক (p. 526) [pūjaka] বিণ. উপাসক, যে পূজা করে (দেবপূজক, শিবপূজক)। [সং. √ পূজ্ + অক]।

পূজন (p. 529) [pūjana] বি. পূজা করা, অর্চনা, উপাসনা ('পূজনসাধনহীন জনে': রবীন্দ্র)। [সং. √ পূজ্ + অন]। পূজনীয় বিণ. পূজার যোগ্য, উপাস্য, আরাধ্য; গুরুস্থানীয়; শ্রদ্ধেয়। পূজয়িতা (তৃ) বিণ. পূজক, উপাসক। স্ত্রী. পূজয়িত্রী।

পূজা (p. 529) [pūjā] বি. 1 আরাধনা, উপাসনা, অর্চনা; 2 ভক্তি, শ্রদ্ধা (মাকে দেবতার মতো পূজা করে); 3 সংবর্ধনা; প্রশংসা (বীরপূজা); 4 দুর্গাপূজা। □ ক্রি. (কাব্যে) 1 আরাধনা করা, অর্চনা করা ('পূজিনু শিবেরে আমি': কৃত্তি); 2 শ্রদ্ধা প্রদর্শন করা; 3 সংবর্ধনা করা। [সং. √ পূজ্ + অ + আ]। ˜ পার্বণ বি. পূজা এবং ধর্মীয় ও লৌকিক উৎসব। ˜ ব-কাশ বি. দুর্গাপূজা উপলক্ষ্যে শরৎকালীন ছুটি। ˜ রি বিণ. বি. পূজাকারী, উপাসক। □ বি. যে নিত্য পূজা করে, পুরোহিত। ˜ রিনি বিণ. বি. (স্ত্রী.) উপাসিকা, পূজাকারিণী। ˜ র্হ বিণ. পূজার যোগ্য, পূজ্য। ˜ হ্নিক বি.

নিত্য আচরণীয় সন্ধ্যাবন্দনা ইত্যাদি। পূজিত বিণ. অর্চিত, আরাধিত; সম্মানিত, সংবর্ধিত, সমাদৃত।

পূজারি, পূজারিনি, পুজার্হ, পূজিত (p. 529) [pūjāri, pūjārini, pujārha, pūjita] দ্র পূজা।

পূজ্য (p. 529) [pūjya] বিণ. পূজনীয়, পূজার যোগ্য। [সং. √ পূজ্ + য]।˜ পাদ বিণ. অত্যন্ত পূজনীয়, পরম শ্রদ্ধেয়।

পূজ্যমান (p. 529) [pūjyamāna] বিণ. পূজিত হচ্ছে এমন। [সং. √ পূজ্ + মান (শানচ্)]।

পূত (p. 529) [pūta] বিণ. পবিত্র, বিশুদ্ধ (মন্ত্রপূত, পূতাগ্নি)। [সং. √ পূ + ত]। পূতাত্মা (ত্মন্) বিণ. পবিত্রচরিত্র, ধার্মিক।

পূতনা (p. 529) [pūtanā] বি. শিশুকৃষ্ণ কর্তৃক নিহত পৌরাণিক দানববিশেষ।

পূতি (p. 529) [pūti] বি. দুর্গন্ধ। □ বিণ. দুর্গন্ধময়। [সং. √ পূয়্ + তি]।˜ গন্ধ বি. দুর্গন্ধ।

পূতিকা (p. 529) [pūtikā] বি. পুঁইশাক। [সং. পূতি + √ কৈ + অ + আ]।

পূপ (p. 529) [pūpa] বি. পিষ্টক, পিঠে। [সং. √ পূ + প]।

পূব, পূবালী (p. 529) [pūba, pūbālī] যথাক্রমে পুব ও পুবালি -র বর্জি. বানান।

পূয (p. 529) [pūya] বি. পুঁজ। [সং. √ পূয় + অ]।

পূরক (p. 529) [pūraka] বিণ. বি. 1 পূর্ণকারক (বাসনাপূরক); 2 (জ্যামি.) যে দুটি কোণের যোগে এক সমকোণ হয় তাদের যে কোনোটি, complementary (বি. প.); 3 (পাটি.) গুণক, multiplier; 4 প্রাণায়ামকালে দেহের মধ্যে বায়ুগ্রহণ। [সং. √ পূর্ + অক]। ̃ পিণ্ড বি. হিন্দুদের মৃত্যুর দশম দিনে মৃতের উদ্দেশে প্রদেয় পিণ্ড।

পূরণ (p. 529) [pūraṇa] বি. 1 পূর্ণ করা বা হওয়া (বাসনাপূরণ, ক্ষতিপূরণ); 2 সমাধান (সমস্যাপূরণ); 3 বৃদ্ধি; 4 (গণি.) গুণন, multiplication. □ বিণ. পূর্ণকারক, পূরক। [সং. √ পূর্ + অন]। ̃ বাচক বিণ. 1 গুণবাচক, গুণনসংক্রান্ত; 2 সংখ্যার ক্রমবাচক, ordinal.

পূরন্ত, পুরন্ত (p. 529) [pūranta, puranta] বিণ. ভরতি, ভরপুর, পূর্ণ হয়েছে এমন (পুরন্ত যৌবন)। [সং. √ পূর্ + বাং. অন্ত]।

পূরয়িতা (p. 529) [pūraẏitā] (-য়িতৃ) বিণ. পূর্ণকারী, পরিপূর্ণকারী (সাধপূরয়িতা)। [সং. √ পূর্ + ণিচ্ + তৃ]।

পূরা (p. 529) [pūrā] ক্রি. (সাধু) 1 পূর্ণ করা ('পূরায় কত সাধ': রবীন্দ্র; পেট পুরে খাওয়া); 2 পূর্ণ হওয়া ('আসা না পূরিল': রা. প্র.)। □ বিণ. সম্পূর্ণ

(পূরা অধিকার, পূরা সময়ের কাজ)। [সং. √ পূর্ + অ=পূর + বাং. আ]। দ্র পুরা3।

পূরিকা (p. 529) [pūrikā] দ্র পূরী।

পূরিত (p. 529) [pūrita] বিণ. 1 পরিপূর্ণ, ভরতি, ভরা হয়েছে এমন; 2 গুণিত। [সং. √ পূর্ + ত]।

পূরী, পূরিকা (p. 529) [pūrī, pūrikā] বি. পুরযুক্ত খাদ্যবস্তু; পুরি, কচুরি ইত্যাদি। [সং. পুর্ + অ + ঈ, +ক + আ]।

পূর্ণ (p. 529) [pūrṇa] বিণ. 1 পুরো, ভরতি (পূর্ণকুম্ভ); 2 কমতি বা ঘাটতি নেই এমন (পূর্ণ সুযোগ); 3 সফল, সিদ্ধ (আশা পূর্ণ হওয়া, দাবি পূর্ণ হওয়া); 4 নিঃশেষ, সমাপ্ত (কাল পূর্ণ হয়েছে); 5 অখণ্ড, সমস্ত (পূর্ণদায়িত্ব, পূর্ণমাত্রা)। [সং. √ পুর্ + ত]। বি.˜ তা,˜ ত্ব।˜ কাম বিণ. (যার) বাসনা পূর্ণ হয়েছে এমন।˜ গর্ভা বিণ. (স্ত্রী.) আসন্নপ্রসবা, গর্ভধারণের কাল পূর্ণ হয়েছে এমন।˜ গ্রাস বি. গ্রহণের সময় চন্দ্র-সূর্যের সম্পূর্ণ অদৃশ্য হওয়া। (তু. খণ্ডগ্রাস)।˜ চন্দ্র বি. পূর্ণিমার রাতের সম্পূর্ণ গোলাকার চাঁদ।˜ চ্ছেদ বি. যতিচিহ্নবিশেষ, দাঁড়ি।˜ পক্ক বিণ. সম্পূর্ণ পাকা; সম্পূর্ণ সিদ্ধ।˜ বয়স্ক বিণ. পূর্ণযৌবনপ্রাপ্ত; সাবালক। স্ত্রী.˜ বয়স্কা।˜ ব্রহ্ম বি. অখণ্ড পরব্রহ্ম।˜ মন্ত্রী বি. একটি প্রশাসনবিভাগের সম্পূর্ণ দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী।˜ মাত্রা বি. পুরো পরিমাণ।˜ মাসী বি. পূর্ণিমা।˜ সংখ্যা বি. অখণ্ড বা অভগ্ন সংখ্যা বা রাশি, ভগ্নাংশ নয় এমন সংখ্যা। পূর্ণা বিণ. (স্ত্রী.) পূর্ণ অর্থে। □ বি. (স্ত্রী.) পঞ্চমী দশমী অমাবস্যা ও পূর্ণিমা তিথি। পূর্ণাঙ্ক বি. পূর্ণ রাশি বা সংখ্যা, integer. পূর্ণাঙ্গ বিণ. 1 সকল অঙ্গবিশিষ্ট; 2 সম্পূর্ণ (পূর্ণাঙ্গ আলোচনা)। পূর্ণানন্দ বি. 1

পরিপূর্ণ আনন্দ; 2 ভগবান। পূর্ণাব-তার বি. নৃসিংহ রামচন্দ্র ও শ্রীকৃষ্ণ। পূর্ণাবয়ব বিণ. সকল অঙ্গবিশিষ্ট, সম্পূর্ণ দেহযুক্ত (পূর্ণাবয়ব চিত্র)। □ বি. পূর্ণরূপে বৃদ্ধিপ্রাপ্ত দেহ। পূর্ণায়ু (-য়ুঃ) বিণ. 1 শতবর্ষজীবী; 2 দীর্ঘজীবী। পূর্ণাহুতি বি. যজ্ঞাদি শেষ করার আহুতি।

পূর্ণিমা (p. 529) [pūrṇimā] বি. যে তিথিতে চন্দ্র ষোলোকলা অর্থাত্ পূর্ণাবয়ব প্রাপ্ত হয়, শুক্লপক্ষের পঞ্চদশ তিথি। [সং. পূর্ণ + ইম + আ]।

পূর্ণেন্দু (p. 529) [pūrṇēndu] বি. পূর্ণচন্দ্র, পূর্ণিমা রাত্রির চাঁদ। [সং. পূর্ণ + ইন্দু]।

পূর্ণোপমা (p. 529) [pūrṇōpamā] বি. অর্থালংকারবিশেষ; এই উপমা অলংকারে উপমান উপমেয় সাধারণ ধর্ম ও তুলনাবাচক শব্দের স্পষ্ট উল্লেখ থাকে। [সং. পূর্ণ + উপমা]।

পূর্ত (p. 529) [pūrta] বি. জনকল্যাণের জন্য জলাশয় খনন, পথ ইত্যাদি নির্মাণ বা সংস্কার (পূর্তকার্য)। [সং. √ পৃ + ত]। ˜ বিভাগ বি. সরকারি পাবলিক ওয়র্কস ডিপার্টমেণ্ট (PWD)।

পূর্তি (p. 529) [pūrti] বি. 1 পূরণ, সম্পূর্ণতা (শতবর্ষপূর্তি); 2 ভরাট; ভরতি; 3 তৃপ্তি, পূরণহেতু তৃপ্তি (উদরপূর্তি)। [সং. √ পৄ + তি]।

পূর্ব (p. 530) [pūrba] বি. 1 পূর্বদিক, প্রাচী; 2 অতীতকাল, আগের সময় (পূর্বেই বলা হয়েছে); 3 সম্মুখ (পূর্ববর্তী)। □ বিণ. 1 প্রথম, আদি (পূর্বকর্ম); 2

আগেকার, অতীত (পূর্বজন্ম, পূর্বপুরুষ); 3 পূর্বদিকস্থ, প্রাচ্য (পূর্ববঙ্গ, পূর্বপাঞ্জাব)। [সং. √ পূর্ব্ + অ]। ˜ ক ক্রি-বিণ. (বহুব্রীহি সমাসে উত্তরপদরূপে পূর্ব শব্দের রূপ) 1 করার পর, পুরঃসর (প্রণামপূর্বক); 2 সহকারে (প্রীতিপূর্বক)। ˜ কর্ম বি. প্রথম কাজ, প্রথমেই করণীয় কাজ। ˜ কায় বি. নাভির উপরের দেহাংশ, উত্তমাঙ্গ। ˜ কার বিণ. আগেকার, পূর্বে প্রচলিত (পূর্বকার বিধিব্যবস্থা এখন অচল)। ˜ কাল বি. অতীতকাল, প্রাচীনকাল। পূর্বকালিক, পূর্বকালীন বিণ. পূর্বকালের। ˜ কৃত বিণ. আগে করা হয়েছে এমন। ˜ গামী (-মিন্) বিণ. সম্মুখে বা আগে গমনকারী। স্ত্রী. ˜ গামিনী। ˜ জ বি. আগে জন্মেছে এমন ভ্রাতা, অগ্রজ। ˜ জন্ম বি. বর্তমান জীব-জীবনের পূর্ববর্তী জীবন। ˜ জা বি. (স্ত্রী.) জ্যেষ্ঠা ভগিনী। ˜ জ্ঞান বি. অতীতে লব্ধ জ্ঞান, অভিজ্ঞতা; পূর্ব জীবনের জ্ঞান; ভাবী ঘটনা সম্বন্ধে জ্ঞান, anticipation (বি.প.)। ˜ তন বিণ. পূর্বকালীন, বিগত। ˜ দশা বি. আগেকার অবস্থা। ˜ দৃষ্ট বিণ. আগে দেখা হয়েছে এমন; ঘটবার আগেই ধারণা করা হয়েছে এমন। ˜ দৃষ্টি বি. আগে থেকেই ধারণা করার ক্ষমতা; দূরদর্শিতা। ˜ নির্ধারণ বি. আগে থেকে স্থির করা। ˜ নির্ধারিত বিণ. আগে থেকে স্থির করা হয়েছে এমন (পূর্বনির্ধারিত অনুষ্ঠান)। ˜ পক্ষ বি. অভিযোগ; (তর্ক.) প্রশ্ন, বিচারের জন্য উপস্থাপিত বিষয়। ˜ পরিকল্পনা বি. আগে থেকে ভেবে রাখা বা নিরূপণ করা। বিণ. ˜ পরিকল্পিত। ˜ পুরুষ বি. পিতা পিতামহ ইত্যাদি বংশের ঊর্ধ্বপুরুষ। ˜ ফল্গুনী, ˜ ফাল্গুনী বি. (জ্যোতিষ.) একাদশ নক্ষত্র। ˜ বঙ্গ বি. অবিভক্ত বঙ্গদেশের পূর্ব অংশ; বর্তমান স্বাধীন বাংলাদেশ রাষ্ট্রের পূর্বনাম। ˜ বত্ ক্রি-বিণ. আগেকার মতো। ˜ বর্ণিত বিণ. আগে বর্ণনা করা হয়েছে এমন। ˜ বর্তী (-র্তিন্) বিণ. আগেকার, অতীতের; সম্মুখে স্থিত। স্ত্রী. ˜ বর্তিনী। ˜ বাদ বি. প্রথম আবেদন, প্রথম নালিশ। ˜ বাদী (-দিন্) বি. (প্রথমে) অভিযোগকারী, বাদী, ফরিয়াদি। ˜ ভাদ্র-পদ বি. (জ্যোতিষ.) পঞ্চবিংশতিতম নক্ষত্র। ˜ মীমাংসা বি. জৈমিনি-কৃতদর্শনশাস্ত্র (তু. উত্তরমীমাংসা)। ˜ যুগ বি. প্রাচীন বা আগেকার যুগ। ˜ রঙ্গ বি. নাটকাদির

প্রস্তাবনা।˜ রাগ বি. অনুরাগের প্রথম অবস্থা।˜ রাত্র বি. রাত্রির প্রথম ভাগ; অব্যবহিত পূর্বের রাত্রি।˜ লক্ষণ বি. ভাবী ঘটনাদির চিহ্ন, সূচনা।˜ সংস্কার বি. পূর্বজন্মে বা অতীতকালে লব্ধ সংস্কার, আগেকার ধারণা বা অভ্যাস (পূর্বসংস্কারবশে একথা বলেছে)।˜ সূরি বি. পূর্বযুগের বিদ্বান ব্যক্তি; পূর্বযুগের বিশিষ্ট ব্যক্তি। পূর্বাচল, পূর্বাদ্রি বি. উদয়গিরি, যে কল্পিত পর্বতের শিখরে প্রত্যহ সূর্যোদয় হয় ('পূর্বাচলের পানে তাকাই': রবীন্দ্র)। পূর্বাধি-কার বি. পূর্বে লব্ধ অধিকার; জ্যেষ্ঠের অধিকার। পূর্বাপর বিণ. ক্রি-বিণ. আগাগোড়া, আনুপূর্বিক; আগের ও পরের (পূর্বাপর বৃত্তান্ত)। পূর্বাপেক্ষা অব্য. ক্রি-বিণ. আগের চেয়ে। পূর্বাবধি ক্রি-বিণ. পূর্ব থেক; প্রথম থেকে। পূর্বাবস্থা বি. আগের অবস্থা। পূর্বাভাস বি. ভাবী ঘটনার সংকেত বা লক্ষণ; পূর্বসূচনা। পূর্বাশা বি. পূর্বদিক। পূর্বাষাঢ়া (জ্যোতিষ) বি. বিংশতিতম নক্ষত্র। পূর্বাহ্ন বি. 1 দিনের প্রথম ভাগ, সকালবেলা; 2 পূর্ব সময়, পূর্ববর্তী সময় (একথা পূর্বাহ্নেই বোঝা গিয়েছিল)। (অশু.) পূর্বাহ্নিক বিণ. পূর্বাহ্নে করণীয়; পূর্বাহ্নকালীন। পূর্বিতা বি. প্রথমে বিবেচিত বা অনুষ্ঠিত হওয়ার যোগ্যতা, অগ্রগণ্যতা, priority (বি.প.)। পূর্বোক্ত বিণ. আগে বলা হয়েছে এমন। পূর্বোদ্ধৃত বিণ. আগে উদ্ধৃত। পূর্বোল্লিখিত বিণ. আগে উল্লেখ করা হয়েছে এমন।

পূষন (p. 530) [pūṣana] (-ষন্), (অশু.) পূষণ বি. সূর্য ('হে পূষণ, কবে হব শুচি': প্রেমেন্দ্র)। [সং. √ পূষ্ + অন্ + অ]।

পূষা (p. 530) [pūṣā] (-ষন্) বি. সূর্য। [সং. পূষন্]।

পৃক্ত (p. 530) [pṛkta] বিণ. 1 সংলগ্ন, লগ্ন, যুক্ত; 2 সংশ্লিষ্ট; 3 মিশ্রিত (ধুলিপৃক্ত, মসীপৃক্ত); 4 সম্পর্কিত। [সং. √ পৃচ্ + ত]। পৃক্তি বি. লগ্ন হয়ে থাকা, মিশে থাকা, পৃক্ততা বা পৃক্ত অবস্থা।

পৃচ্ছা (p. 530) [pṛcchā] বি. প্রশ্ন, জিজ্ঞাসা। [সং. √ প্রচ্ছ্ + অ + আ]।

পৃথক (p. 530) [pṛthaka] বিণ. 1 স্বতন্ত্র, ফারাক (পৃথক জায়গা, পৃথক পোশাক); 2 ভিন্ন, আলাদা (পৃথগন্ন, ভাইয়েরা পৃথক হয়েছে); 3 অসংলগ্ন, ছাড়া-ছাড়া (পৃথক পৃথক ঘরবাড়ি)। [সং. √ পৃথ্ + অক্]। পৃথক্-করণ বি. বিযুক্ত বা আলাদা করা। বিণ. পৃথক্-কৃত। পৃথকী-করণ বি. (অশু.) সংযুক্ত বা সংলগ্ন বস্তুকে আলাদা করা। পৃথকত্ব বি. পার্থক্য; বিভিন্নতা।

পৃথগন্ন (p. 530) [pṛthaganna] বিণ. এক পরিবারের বা বংশের অন্তর্ভুক্ত হয়েও একান্নবর্তী নয় এমন, হাঁড়ি ভিন্ন হয়েছে এমন। [সং. + পৃথক্ + অন্ন]।

পৃথগ্-বিধ (p. 530) [pṛthag-bidha] বিণ. অন্যপ্রকার; বিভিন্ন বা ভিন্ন ধরনের। [সং. পৃথক্ + বিধা]।

পৃথগ্-ভাব (p. 530) [pṛthag-bhāba] বি. বিভিন্নতা; স্বতন্ত্রতা (একসঙ্গে থেকেও সে তার পৃথগ্‌ভাব বজায় রেখেছে)। [সং. পৃথক্ + ভাব]।

পৃথা (p. 530) [pṛthā] বি. (মহা.) কুন্তী। [সং. √ পৃথ্ + অ + আ]।

পৃথিবী (p. 530) [pṛthibī] বি. 1 সূর্যকে প্রদক্ষিণকারী নবগ্রহের অন্যতম গ্রহবিশেষ; 2 ভূমণ্ডল; ভূ, ধরা, ধরণী, জগত্, পৃথ্বী। [সং. √ প্রথ্ + ইব + ঈ]। ̃ পতি বি. ভূপতি, রাজা, সম্রাট। ̃ ব্যাপী বিণ. পৃথিবী জুড়ে হচ্ছে এমন (পৃথিবীব্যাপী দূষণ)। ̃ শ বি. রাজা, সম্রাট।

পৃথু (p. 530) [pṛthu] বি. পৌরাণিক রাজাবিশেষ। □ বিণ. 1 স্থূল, মোটা; 2 বিস্তৃত; 3 মহত্। [সং. √ প্রথ্ + উ]। ̃ ল বিণ. 1 বিস্তৃত, বিশাল, মহত্ ('হে পৃথিবী, পৃথুল পৃথিবী': সু. দ.); 2 স্থূল, মোটা ('পৃথিবীর পৃথুল কোলে শান্ত হয়ে থাকিতে পারে না': সু. দ.)। ̃ লতা বি. 1 বিস্তৃতি, বিশালতা; 2 স্থূলতা। ̃ স্কন্ধ বিণ. যার কাঁধ চওড়া।

পৃথ্বী (p. 530) [pṛthbī] বি. পৃথিবী। [সং. পৃথু + ঈ]। ̃ ধর বি. পর্বত। ̃ নাথ বি. রাজা, সম্রাট। ̃ শ বি. রাজা, সম্রাট।

পৃষ্ট (p. 531) [pṛṣṭa] বিণ. জিজ্ঞাসিত। [সং. √ প্রচ্ছ্ + ত]।

পৃষ্ঠ (p. 531) [pṛṣṭha] বি. 1 পিঠ ('এমন সময় দিলেন পিতা পদাঘাত এক পৃষ্ঠে': দ্বি. রা.); 2 পিছন দিক (পৃষ্ঠ প্রদর্শন); 3 উপরিভাগ, তল (ভূপৃষ্ঠ)। [সং. √ পৃষ্ + থ]। ̃ দেশ বি. পিঠ; দেহের পিছনের ভাগ। ̃ পোষাক বিণ. সহায়ক, সমর্থক। বি. ̃ পোষকতা, ̃ পোষণ। ̃ প্রদর্শন বি. পলায়ন। ̃ বংশ বি. মেরুদণ্ড। ̃ ব্রণ বি. পিঠের উপর উদ্গত ফোঁড়া। ̃ ভঙ্গ বি. পরাজিত হয়ে পলায়ন। ̃ রক্ষক বিণ. বি. পশ্চাদ্ভাগ রক্ষাকারী, দেহরক্ষী। ̃ রক্ষা বি. পশ্চাদ্ভাগ রক্ষা; দেহরক্ষীর কাজ।

পৃষ্ঠা (p. 531) [pṛṣṭhā] বি. পুস্তকাদির পাতার এক পিঠ। [সং. পৃষ্ঠ + বাং. আ]। ˜ ঙ্ক বি. পৃষ্ঠার ক্রমসূচক অঙ্ক বা সংখ্যা।

পৃষ্ঠোপরি (p. 531) [pṛṣṭhōpari] ক্রি-বিণ. পিঠের উপর। [সং. পৃষ্ঠ + উপরি]।

পেঁকো (p. 531) [pēn̐kō] বিণ. 1 পাঁকযুক্ত (পেঁকো ডোবা); 2 পাঁকের মতো (পেঁকো গন্ধ)। [বাং. পাঁক + উয়া > ও]।

পেঁচ, পেঁচা (p. 531) [pēn̐ca, pēn̐cā] যথাক্রমে প্যাঁচ ও প্যাঁচা -র বর্জি. বানান।

পেঁচি1 (p. 531) [pēn̐ci1] দ্র প্যাঁচা।

পেঁচি2 (p. 531) [pēn̐ci2] বি. বিণ. (স্ত্রী.) কুৎসিত। [দেশি]।

পেঁচো (p. 531) [pēn̐cō] বি. পঞ্চানন্দ নামক কল্পিত অবদেবতাবিশেষ, যার আক্রমণে শিশুদের ধনুষ্টঙ্কার হয় বলে বিশ্বাস। [দেশি]। পেঁচোয় পাওয়া ক্রি. বি. শিশুর ধনুষ্টঙ্কার হওয়া।

পেঁজা, পেঁজানো (p. 531) [pēn̐jā, pēn̐jānō] যথাক্রমে পিঁজা ও পিঁজানো -র চলিত রূপ। পেঁজা তুলো বি. ধুনে আঁশ পৃথক করা হয়েছে এমন তুলো। পেঁজা মেঘ বি. পেঁজা তুলোর মতো আকৃতিবিশিষ্ট মেঘ।

পেঁদানো, প্যাঁদানো (p. 531) [pēn̐dānō, pyān̐dānō] (অশি.) ক্রি. বি. খুব মার দেওয়া, মারধর করা। [দেশি]। পেঁদানি, প্যাঁদানি বি. প্রহার।

পেঁপে (p. 531) [pēm̐pē] বি. কষ বা আঠাযুক্ত ক্রান্তীয় ফল বা তার গাছ। [পো. papaya]।

পেখন (p. 531) [pēkhana] বি. (ব্রজ.) দর্শন। [সং. প্রেক্ষণ]।

পেখম (p. 531) [pēkhama] বি. ময়ূর ইত্যাদির ছড়িয়ে দেওয়া লেজ বা পাখা। [সং. পক্ষ]। পেখম তোলা, পেখম ধরা ক্রি. বি. (ময়ূরের) পুচ্ছ বিস্তার করা; (আল.) উৎফুল্ল হয়ে ওঠা; পরম যত্নে সাজসজ্জা করা।

পেখা (p. 531) [pēkhā] ক্রি. বি. (প্রা. কা.) দেখা, নিরীক্ষণ করা। [সং. প্র + √ ঈক্ষ্ + বাং. আ]। পেখনু, পেখলু, পেখলুঁ ক্রি. দেখলাম ('কি পেখলুঁ নটবর গৌরকিশোর': গো. দা.)।

পেঙ্গুইন (p. 531) [pēṅguina] বি. দক্ষিণ মেরু প্রদেশের ছোটো ডানাযুক্ত ও সাঁতারে দক্ষ পাখিবিশেষ। [ইং. penguin]।

পেচক (p. 531) [pēcaka] বি. প্যাঁচা, বড়ো গোল চোখযুক্ত এবং তীক্ষ্ণ ঠোঁট ও নখবিশিষ্ট নিশাচর পাখিবিশেষ। [সং. √ পচ্ + অক]। পেচকী বি. (স্ত্রী.) স্ত্রী-প্যাঁচা।

পেছন, পেছপা, পেছু (p. 531) [pēchana, pēchapā, pēchu] যথাক্রমে পিছন, পিছপা ও পিছু -র কথ্য রূপ। পেছু নেওয়া, পিছু নেওয়া ক্রি. বি. অনুসরণ করা। পেছু লাগা, পিছনে লাগা ক্রি. বি. উত্যক্ত করা; নাছোড়বান্দা হয়ে রত থাকা বা অনুসরণ করা।

পেজি (p. 531) [pēji] বিণ. পেজ বা পৃষ্ঠাযুক্ত (আটপেজি ফর্মা, ষোলোপেজি ফর্মা)। [ইং. পেজ (page) + বাং. ই]।

পের্জোমি (p. 531) [pērjōmi] বি. পাজির মতো আচরণ, বদমায়েশি (লোকটার পেজোমির শেষ নেই)। [বাং. পাজি + আমি]।

পেট (p. 531) [pēṭa] বি. 1 উদর, জঠর; 2 পাকস্থলী (জলটুকুও পেটে থাকছে না); 3 গর্ভ (পেটে ধরা); 4 (অশি.) গর্ভসঞ্চার (পেট হয়েছে); 5 মন (পেটের কথা পেটেই রাখো); 6 উদরান্ন (পেট চালানো)। [তা. পেটু?]। পেট আঁটা ক্রি. বি. কোষ্ঠবদ্ধ হওয়া। পেট কাটা ক্রি. বি. (কথ্য) পেটে অস্ত্রোপচার করা। পেট-কাটা বিণ. পেট দেখা যায় এমন (পেট-কাটা ব্লাউজ); পেট কাটা গেছে বা কাটা হয়েছে এমন। পেট খসা ক্রি. বি. (অশি.) গর্ভপাত হওয়া। পেট খারাপ হওয়া ক্রি. বি. উদরাময় হওয়া, পাতলা পায়খানা হওয়া। পেট গরম হওয়া ক্রি. বি. বদহজম হওয়া। পেঁট চলা ক্রি. বি. পেটের খোরাক জোগাড় হওয়া। পেট চালানো ক্রি. বি. নিয়মিতভাবে পেটের খোরাক জোগাড় করা। পেট নামা ক্রি. বি. পাতলা পায়খানা হওয়া। পেট ফাঁপা ক্রি. বি. বদহজমের জন্য পেট বায়ু জমা। পেট ভরা ক্রি. বি. খাদ্য খেয়ে পেট পূর্ণ হওয়া। পেট মরা ক্রি. বি. (অনাহার বা অল্পাহারের ফলে) আহারের শক্তি হারানো।˜ মোটা বিণ. 1 ভুঁড়িওয়ালা; 2 মধ্যদেশ স্ফীত এমন (পেটমোটা জালা)।˜ রোগা বিণ. পেটের অসুখে প্রায়ই

ভোগে এমন; দুর্বল হজমশক্তিবিশিষ্ট। ̃ সর্বস্ব বিণ. কেবল খাওয়ার কথা বলে বা ভাবে এমন; পেটুক। পেট হওয়া ক্রি. বি. (অশি.) গর্ভসঞ্চার হওয়া। পেটে আসা ক্রি. বি. গর্ভে জন্ম নেওয়া (সেই বছরই তাঁর প্রথম সন্তান পেটে আসে)। পেটে থাকা ক্রি. বি. 1 হজম হওয়া (কোনো খাবারই তার পেটে থাকে না); 2 মনে গোপন থাকা (কোনো কথাই তার পেটে থাকে না)। পেটে ধরা ক্রি. বি. গর্ভে বহন করা (এমন সন্তান পেটে ধরেছি)। পেটে বিদ্যে থাকা ক্রি. বি. লেখাপড়া জানা। পেটে সওয়া ক্রি. বি. হজম করতে পারা (এসব খাবার আমার পেটে সয় না)। পেটে খিদে মুখে লাজ মনের প্রবল বাসনা লজ্জাবশত প্রকাশ না করা। পেটে খেলে পিঠে সয় (উক্তি) লাভের জন্য কষ্ট সহ্য করা যায়। পেটের কথা বি. মনের কথা, মনের গোপন কথা। পেটের ছেলে বি. নিজের গর্ভজাত ছেলে। পেটের জ্বালা বি. খিদের জ্বালা, ক্ষুধার তাড়না। পেটের দায় বি. ক্ষুধার তাড়না। পেটের ভিতর হাত পা সেঁধিয়ে যাওয়া ক্রি. বি. অত্যন্ত ভীত বা দুশ্চিন্তাগ্রস্ত হওয়া। পেটের শত্রু বি. যে সন্তান মায়ের দুঃখের কারণ হয়। কাঁচা পেট বি. গর্ভের প্রথম অবস্থা বা প্রসবের ঠিক পরের অবস্থা। খালি পেট বি. ক্ষুধার্ত অবস্থা। বিপ. ভরা পেট। নাদা পেট বি. বিণ. ভুঁড়ি বা ভুঁড়িবিশিষ্ট।

পেটক, পেটি, পেটিকা (p. 531) [pēṭaka, pēṭi, pēṭikā] বি. প্যাঁটরা, ঝাঁপি; বেত বাঁশ প্রভৃতি দিয়ে তৈরি আধার (চায়ের পেটি)। [সং. পেট + অক + বাং. ই, + কা (ক্ষুদ্রার্থে)]।

পেটন, পেটনি (p. 532) [pēṭana, pēṭani] যথাক্রমে পিটন ও পিটনি -র রূপ।

পেটরা, প্যাঁটরা (p. 532) [pēṭarā, pyām̐ṭarā] বি. বাক্সো তোরঙ্গ; ঝাঁপি, পেটি। [সং. পেটক]।

পেটা, পেটানো (p. 532) [pēṭā, pēṭānō] ক্রি. বি. প্রহার করা, মারধর করা (মিথ্যে কথা বললে পেটাব); প্রহার করানো (তোমার দাদাকে দিয়ে পেটাব)। [পিটা দ্র]।

পেটি1 (p. 532) [pēṭi1] দ্র পেটক।

পেটি2 (p. 532) [pēṭi2] বি. 1 মাছের কোল বা পেটের অংশ; 2 কোমরবন্ধ। [বাং. পেট + ই]।

পেটিকা (p. 532) [pēṭikā] দ্র পেটক।

পেটি-কোট (p. 532) [pēṭi-kōṭa] বি. (শাড়ির নীচে পরিধেয়) স্ত্রীলোকের অন্তর্বাসবিশেষ, কোমর থেকে গোড়ালি পর্যন্ত ঝুলবিশিষ্ট অন্তর্বাস, শায়া। [ইং. petticoat]।

পেটুক (p. 532) [pēṭuka] বিণ. ঔদরিক, খেতে পারে এবং খেতে ভালোবাসে এমন, ভোজনবিলাসী। [বাং. পেট + উক]।

পেটেণ্ট (p. 532) [pēṭēṇṭa] বি. সরকারি আদেশবলে দ্রব্যাদি বিক্রয়ের বা প্রস্তুত করার একচেটিয়া অধিকার (পেটেণ্ট করা)। □ বিণ. 1 স্বত্ব সংরক্ষিত

হয়েছে এমন (পেটেণ্ট ওষুধ); 2 (আল.) একঘেয়ে, বৈচিত্রহীন (পেটেণ্ট রসিকতা)। [ইং. patent]।

পেটো1 (p. 532) [pēṭō1] বিণ. 1 পাটের তৈরি (পেটো দড়ি); 2 পাটজাত; 3 পাটসম্পর্কিত। [বাং. পাট + উয়া > ও]।

পেটো2 (p. 532) [pēṭō2] বি. 1 কলাগাছের খোলা; 2 কপালের উপর পাতার মতো করে কেশবিন্যাশ (পেটো পাড়া)। [সং. পত্র]।

পেটো3 (p. 532) [pēṭō3] বি. (কথ্য) পটকা, ছোটো হাতবোমা। [দেশি]।

পেটোয়া (p. 532) [pēṭōẏā] বিণ. 1 অনুগত, বশংবদ; 2 তল্পিবাহক (তাঁর পেটোয়া লোকেরাই সমস্ত সুবিধা ভোগ করছে)। [দেশি]।

পেট্রল (p. 532) [pēṭrala] বি. জ্বালানিরূপে ব্যবহৃত কেরোসিনজাতীয় খনিজ তেলবিশেষ। [ইং. petrol]। পেট্রল-পাম্প বি. যেখানে পেট্রল সঞ্চিত ও বিক্রয় হয়।

পেট্রলিয়াম (p. 532) [pēṭraliẏāma] বি. অশোধিত খনিজ তেলবিশেষ যা শোধিত হয়ে পেট্রলে পরিণত হয়। [ইং. petroleum]।

পেড়া1 (p. 532) [pēḍ়ā1] বি. বেতের ঝাঁপি বা প্যাঁটরা। [সং. পেটক]।

পেড়া2, প্যাড়া (p. 532) [pēḍ়ā2, pyāḍ়ā] বি. ক্ষীরের সন্দেশজাতীয় মিঠাইবিশেষ। [হি. পেড়া]।

পেড়ে1 (p. 532) [pēḍ়ē1] বিণ. পাড়যুক্ত (লালপেড়ে শাড়ি)। [বাং. পাড়+ ইয়া > এ]।

পেড়ে2 (p. 532) [pēḍ়ē2] অস-ক্রি. 1 পাড়া-ক্রিয়ার অসমাপিকা রূপবিশেষ (গাছ থেকে পেড়ে আনো); 2 নীচে ফেলে (পেড়ে ফেলা)। [পাড়া দ্র]।

পেতনি, (বর্জি.) পেতনী (p. 532) [pētani, (barji.) pētanī] বি. 1 প্রেতিনী, স্ত্রী-ভূত; 2 (ব্যঙ্গে) কদাকার বা নোংরা চেহারার স্ত্রীলোক। [সং. প্রেত + বাং. ইনি]।

পেতে (p. 532) [pētē] বি. ছোটো ঝুড়ি বা চুপড়ি। [দেশি]।

পেন1 (p. 532) [pēna1] বি. 1 ফাউনটেন পেন, ঝরনা-কলম; 2 কলম। [ইং. pen]।

পেন2 (p. 532) [pēna2] বি. 1 ব্যথা (বুকে পেন হচ্ছে); 2 গর্ভবেদনা (পোয়াতির পেন উঠেছে)। [ইং. pain]।

পেন-ডেন্ট (p. 532) [pēna-ḍēṇṭa] বি. গলায় ঝুলন্ত অলংকার; হারবিশেষ। [ইং. pendent, pendant]।

পেন-শন (p. 532) [pēna-śana] বি. চাকরি থেকে অবসর গ্রহণের পর প্রাপ্ত ভাতা; বার্ধক্যভাতা। [ইং. pension]।

পেন-সিল (p. 532) [pēna-sila] বি. সিসযুক্ত লেখনীবিশেষ। [ইং. pencil]।

পেনাল-কোড (p. 532) [pēnāla-kōḍa] বি. দণ্ডবিধি; অপরাধের শাস্তির নিয়ম সংবলিত পুস্তক। [ইং. penal code]।

পেনালটি (p. 532) [pēnālaṭi] বি. 1 শাস্তি বা শাস্তিস্বরূপ যা দেয় বা করণীয়; 2 ফুটবল, হকি প্রভৃতি খেলায় শাস্তিমূলক ব্যবস্থা; গোলপোস্টের সামনে বল বসিয়ে শুধু গোলরক্ষককে সামনে রেখে বল মারার ব্যবস্থা। [ইং. penalty]।

পেনি-সিলিন (p. 532) [pēni-silina] বি. রোগসৃষ্টিকারী কিছু জীবাণু ধ্বংস করার ক্ষমতাসম্পন্ন ওষুধবিশেষ। [ইং. penicillin]।

পেনেট (p. 532) [pēnēṭa] বি. শিবলিঙ্গের নিম্নস্থ বেদি, গৌরীপট্ট। [তু. ইং. penates (গৃহদেবতা)]।

পেন্টালুন, প্যান্টালুন (p. 532) [pēnṭāluna, pyānṭāluna] বি. পায়জামাবিশেষ। [ইং. pantaloons]।

পেন্ডুলাম (p. 532) [pēnḍulāma] বি. ঘড়ির দোলক; দোলক। [ইং. pendulum]।

পেন্নাম (p. 532) [pēnnāma] বি. প্রণাম-এর কথ্য ও আঞ্চ. রূপ (দিলাম একটা পেন্নাম ঠুকে)।

পেয় (p. 532) [pēẏa] বিণ. পানের যোগ্য, পানীয় (পেয় শরবত)। □ বি. জল, দুধ ইত্যাদি পানযোগ্য তরল পদার্থ (খাদ্য-পেয়-র কোনো অভাব ছিল না)। [সং. √ পা + য]।

পেয়ার1 (p. 532) [pēẏāra1] বি. 1 তাসখেলায় সাহেব বিবির জোড়া বা জোড়ার যেকোনো একটি; 2 একজোড়া, জুটি। [ইং. pair]।

পেয়ার2 (p. 532) [pēẏāra2] বি. 1 আদর, সোহাগ; 2 প্রেম, প্রীতি (পেয়ারের লোক)। [হি. পিয়ার তু. সং. প্রিয়কার]। পেয়ারা পিয়ারা বি. প্রিয়পাত্র; প্রণয়ী। পেয়ারি, পিয়ারি, প্যারি বি. (স্ত্রী.) 1 প্রিয়পাত্রী; প্রণয়িনী; 2 শ্রীরাধিকা।

পেয়ারা1a (p. 532) [pēẏārā1a] দ্র পেয়ার।

পেয়ারা2 (p. 532) [pēẏārā2] বি. প্রচুর ছোটো বীজযুক্ত সুপরিচিত ক্রান্তীয় ফল বা তার গাছ। [পো. pera]।

পেয়ালা (p. 532) [pēẏālā] বি. চা ইত্যাদি পান করার হাতলযুক্ত ছোটো কাপ; পানপাত্র।[ফা. পিয়ালা]।

-পেয়ে (p. 532) [-pēẏē] বিণ. পা-যুক্ত, পা-বিশিষ্ট (চারপেয়ে)। [বাং. পায়া]।

পেরু (p. 532) [pēru] বি. মোরগজাতীয় পাখিবিশেষ, turkey.[পো. peru]।

পেরেক (p. 532) [pērēka] বি. ছোটো লোহার কাঁটা বা কীলক। [পো. prego]।

পেরোনো, পেরনো (p. 533) [pērōnō, pēranō] বি. ক্রি. 1 পার হওয়া, অতিক্রম করা (নদী পেরোনো; রাস্তা পেরিয়েছে); 2 অতিবাহিত হওয়া (দশ দিন পেরিয়েছে, বয়স পঞ্চাশ পেরিয়ে গেছে)। [পারানো দ্র]।

পেলব (p. 533) [pēlaba] বিণ. 1 অত্যন্ত কোমল (পেলব অঙ্গ); 2 মৃদু; 3 কৃশ, ক্ষীণ; 4 ভঙ্গুর; 5 লঘু। [সং. √ পিল্ + অব]। বি.˜ তা।

পেলি-কান (p. 533) [pēli-kāna] বি. বড়ো থলির মতো ঠোঁটযুক্ত হাঁসজাতীয় পাখিবিশেষ, গগনবেড়। [ইং. pelican]।

পেল্লায়, (বিরল) পেল্লয় (p. 533) [pēllāẏa, (birala) pēllaẏa] বিণ. বিশাল, মস্ত (পেল্লায় বাড়ি ফেঁদেছে)। [সং. প্রলয়]।

পেশ (p. 533) [pēśa] বি. 1 সম্মুখে স্থাপন (নজরানা পেশ করা); 2 নিবেদন, দাখিল (আরজি পেশ করা)। [ফা. পেশ]।˜ কস বি. নজরানা, উপহার।˜ কার বি. যে কর্মচারী বিচারকের সামনে প্রয়োজনীয় নথিপত্র উপস্থাপিত করে বা তা সংরক্ষণ করে।˜ কারি বি. পেশকারের কাজ বা পদ (বড়ো আদালতে পেশকারি করে)।

পেশগি (p. 533) [pēśagi] বি. দাদন, আগাম অর্থ। [ফা. পেশ্গী]

পেশল (p. 533) [pēśala] বিণ. 1 (অশু.) পেশিবহুল, বলিষ্ঠ; 2 সুন্দর মনোহর; 3 নিপুণ। [সং. √ পিশ্ + অল]।

পেশা (p. 533) [pēśā] বি. 1 বৃত্তি, ব্যাবসা; 2 (আল.) জীবিকা; 3 অভ্যাস। [ফা.]। ˜ কার বি. বেশ্যা, গণিকা। ˜ দার বিণ. কোনো কাজ কেবল ব্যাবসা হিসাবে করে এমন, ব্যবসায়ী। ˜ দারি বি. পেশাদারের বৃত্তি বা কাজ। □ বিণ. পেশাদারসম্বন্ধীয় (পেশাদারি দৃষ্টিভঙ্গি)।

পেশি, পেশী (p. 533) [pēśi, pēśī] বি. 1 শরীরের যে-কোনো অংশের মাংসপিণ্ড, muscle; 2 তরবারির খাপ বা কোষ। [সং. √ পিশ্ + ই, ঈ]। ˜ শক্তি বি. 1 পেশির শক্তি; 2 (আল.) দৈহিক শক্তি, বাহুবল।

পেশোয়া (p. 533) [pēśōẏā] বি. 1 পূর্বতন মারাঠা রাজ্যের প্রধানমন্ত্রী বা তাঁর বংশ; 2 মারাঠা রাজ্যের নেতৃবংশ। [ফা. পেশ্বা]।

পেশোয়াজ (p. 533) [pēśōẏāja] বি. মুসলমান স্ত্রীলোক বা নর্তকীদের পরিধেয় ঘাগ্রা বা পায়জামাবিশেষ। [ফা. পেশ্বাজ]।

পেষক (p. 533) [pēṣaka] বিণ. পেষণকারী। [সং. √ পিষ্ + অক]।

পেষণ (p. 533) [pēṣaṇa] বি. 1 বাটা, দর্মন, চূর্ণন (পেষণযন্ত্র); 2 (গৌণ অর্থে) পীড়ন (দারিদ্রের কঠিন পেষণ)। [সং. √ পিষ্ + অন]। বিণ. পেষিত, পিষ্ট।

পেষণি, পেষণী (p. 533) [pēṣaṇi, pēṣaṇī] বি. পেষণ করার যন্ত্র; শিলনোড়া; জাঁতা। [সং. √ পিষ্ + অন + ই, ঈ]।

পেষা (p. 533) [pēṣā] বি. পেষণ, মর্দন (গম পেষা)। [সং. √ পিষ্ + বাং. আ]।

পেষাই (p. 533) [pēṣāi] বি. 1 পেষণ, চূর্ণন (গম পেষাই করা); 2 পেষণের মজুরি। [বাং. পেষা + আই]।

পেস্ট (p. 533) [pēsṭa] বি. দাঁত মাজার নরম থকথকে উপকরণবিশেষ বা ওইজাতীয় অন্য পদার্থ। [ইং. paste]।

পেস্তা (p. 533) [pēstā] বি. কাবুলে উৎপন্ন বাদামজাতীয় ফলবিশেষ। [ফা. পিস্তা]।

পৈছা, পৈঠা, পৈতা (p. 533) [paichā, paiṭhā, paitā] যথাক্রমে পইছা, পইঠা ও পইতা -র বানানভেদ।

পৈতামহ (p. 533) [paitāmaha] বিণ. পিতামহসম্বন্ধীয় (পৈতামহ সূত্রে প্রাপ্ত)। [সং. পিতামহ + অ]।

পৈতৃক, পৈত্র, পৈত্র্য (p. 533) [paitr̥ka, paitra, paitrya] বিণ. পিতাসম্বন্ধীয় বা পিতার কাছ থেকে প্রাপ্ত। [সং. পিতৃ + ইক, অ,]।

পৈত্তিক, পৈত্ত (p. 533) [paittika, paitta] বিণ. 1 পিত্তসংক্রান্ত; 2 পিত্তকোষজাত (পৈত্তিক রোগ)। [সং. পিত্ত + ইক, অ]।

পৈশাচ (p. 533) [paiśāca] বিণ. পিশাচসম্বন্ধীয়; পিশাচসুলভ। □ বি. ছল কৌশল বা বলপ্রয়োগের দ্বারা সংঘটিত বিবাহপদ্ধতিবিশেষ। [সং. পিশাচ + অ]। পৈশাচী বিণ. পিশাচ-এর স্ত্রীলিঙ্গ। □ বি. উত্তর-পশ্চিম ভারতে প্রাচীন যুগে প্রচলিত প্রাকৃত ভাষাবিশেষ। পৈশাচিক বিণ. পিশাচসুলভ; পিশাচসম্বন্ধীয়; অত্যন্ত নিষ্ঠুর বা ভয়াবহ। স্ত্রী. পৈশাচিকী।

পৈশুন, পৈশুন্য (p. 533) [paiśuna, paiśunya] বি. পিশুনের ভাব বা আচরণ; খলতা; ক্রূরতা, হিংসা বা দ্বেষ, malice (বি.প.); অলীক দোষের আবিষ্কার। [সং. পিশুন + অ, য]।

পো1 (p. 533) [pō1] বি. (কথ্য) ছেলে, পুত্র (তাঁতির পো)। [< সং. পুত্র]।

পোঁ (p. 533) [pō] বি. সান
াই বা বাঁশির একটানা শব্দ। [ধ্বন্যা.]। পোঁ ধরা ক্রি. বি. সব ব্যাপারে কারও কথা অন্ধভাবে সমর্থন করা; মোসাহেবি করা। পোঁ পোঁ অব্য. বিণ. অতি দ্রুত (পোঁ পোঁ দৌড়)।

পোঁচ (p. 533) [pōn̐ca] বি. 1 প্রলেপ (কালির পোঁচ); 2 কালি রং ইত্যাদির স্তর বা মাত্রা, কোট (ছবিতে আর এক পোঁচ রং চড়াতে হবে)। [দেশি]।˜ ড়া,˜

লা বি. 1 প্রলেপ; 2 চুনকাম করার জন্য পাটের আঁশ দিয়ে তৈরি বড়ো তুলিবিশেষ।

পোঁছ (p. 533) [pōn̐cha] বি. ঝাড়া বা ঝাড়াই; মোছা (ঝাড়পোঁছ)। [বাং. √ পুঁছ +অ]।

পোঁছা1 (p. 533) [pōn̐chā1] বি. 1 মাছের লেজের অংশ; 2 হাতের কবজি থেকে প্রান্তভাগ পর্যন্ত অংশ। [সং. পুচ্ছ]।

পোঁটলা (p. 533) [pōn̐ṭalā] বি. বড়ো পুঁটলি, বোঁচকা, গাঁটরি (পোঁটলা বাঁধা)। [সং. পোট্টলি]।

পোঁটা (p. 533) [pōn̐ṭā] বি. 1 নাড়ি, অন্ত্র, আঁত (মাচের পোঁটা); 2 শ্লেষ্মা (নাকের পোঁটা); 3 (আল. অনাদরে) ছোটো ছেলে। [দেশি]।

পোঁত (p. 533) [pōn̐ta] বি. মাটির নীচের অংশের পরিমাণ, প্রোথিত অংশ (বাঁশের তিন হাত পোঁত)। [বাং. √ পুঁত্ + অ]।

পোঁতা2 (p. 533) [pōn̐tā2] ক্রি. বি. 1 মাটি পাঁচিল গৃহতল প্রভৃতির নীচে ঢুকিয়ে রাখা (মাটির নীচে পোঁতা); 2 রোপণ করা (আমের চারা পোঁতা)। □ বিণ. উক্ত অর্থে। [পুঁতা দ্র]।

পোঁদ (p. 533) [pōn̐da] বি. (অশি.) 1 পাছা; 2 মলদ্বার। [দেশি]।

পোকা, (p. 534) [pōkā,] (আঞ্চ.) পোক বি. কীট; ক্ষুদ্র পতঙ্গ। [সং. পুত্তিকা]। পোকা-মাকড় বি. কীটপতঙ্গাদি, নানা ধরনের পোকা।

পোক্ত (p. 534) [pōkta] বিণ. 1 মজবুত, দৃঢ় (পোক্ত বাড়ি); 2 পরিপক্ক, অভিজ্ঞ (পোক্ত লোক)। [ফা. পুখতহ্]।

পোখ-রাজ (p. 534) [pōkha-rāja] বি. মণিবিশেষ, পুষ্পরাগমণি, topaz.[হি. পুখরাজ]।

পোগণ্ড (p. 534) [pōgaṇḍa] বিণ. 1 পাঁচ থেকে পনেরো কিংবা ছয় থেকে দশ বৎসব বয়স্ক; 2 অপোগণ্ড; 3 বিকলাঙ্গ। [সং. পৌগণ্ড]।

পোচ (p. 534) [pōca] বি. জলে সিদ্ধ করে প্রস্তুত ডিমের ভিতরের অংশ। [ইং. poach]।

পোট (p. 534) [pōṭa] বি. 1 সদ্ভাব, ভালোবাসা; 2 মনের বা মতের মিল। [বাং. √ পট্ + অ]। পটা দ্র।

পোড় (p. 534) [pōḍ়.] বি. জ্বলন (পোড়ের ভাত); দহন। [পুড়া দ্র]। পোড়-খাওয়া বিণ. পুড়েছে বা দহন সহ্য করেছে এমন; (আল.) অভিজ্ঞ।

পোড়া (p. 534) [pōḍ়ā] বি. ক্রি. পুড়া র চলিত রূপ। □ বিণ. 1 দগ্ধ (পোড়া মাটি); 2 বিড়ম্বিত, হতভাগ্য, প্রতিকূল (পোড়া কপাল, পোড়া দেশ); 3

কলঙ্কিত (পোড়া মুখ)। [পুড়া দ্র]। ˜ কপালে বিণ. হতভাগ্য। স্ত্রী.˜ কপালি। পোড়া-মুখো, পোড়ার-মুখো বি. বিণ. কলঙ্কিত মুখ যার।

পোত1 (p. 534) [pōta1] বি. নৌকা, জাহাজ প্রভৃতি জলযান (অর্ণবপোত)। [সং. √ পূ + ত]। পোতাধ্যক্ষ বি. পোতের প্রধান চালক। পোতারোহী (-হিন্) বিণ. বি. পোতের যাত্রী। পোতাশ্রয় বি. জাহাজের নিরাপদ আশ্রয়স্থান, harbour.

পোত2 (p. 534) [pōta2] বি. শিশু। [সং. √ পূ + তন্]।

পোতা1 (p. 534) [pōtā1] বি. ঘরের ভিত, ভিটা। [সং. পোত + বাং. আ]।

পোতা2 (p. 534) [pōtā2] বি. 1 পুত্রের পুত্র, নাতি; 2 বৈদিক যজ্ঞের অন্যতম ঋত্বিক। (তু. হোতা)। [সং. পৌত্র]।

পোতাধ্যক্ষ, পোতাশ্রয় (p. 534) [pōtādhyakṣa, pōtāśraẏa] দ্র পোত1।

পোদ (p. 534) [pōda] বি. বাঙালি হিন্দু জাতিবিশেষ। [সং. পুণ্ড্র]।

পোদ্দার (p. 534) [pōddāra] বি. 1 মুদ্রাদির বিশুদ্ধতা-পরীক্ষক বা বিনিময়কারী; 2 যে ব্যক্তি বন্ধকি কারবার বা মহাজনি কারবার করে; 3 পদবিবিশেষ। [ফা. ফোতহ্ + দার]। পোদ্দারি বি. 1 পোদ্দারের বৃত্তি বা কাজ; 2 (ব্যঙ্গে) কর্তাপনা, কর্তালি, সর্দারি। পরের ধনে পোদ্দারি দ্র পর3।

পোনা (p. 534) [pōnā] বি. 1 মাছের (বিশেষত রুই-কাতলার) বাচ্চা (কাতলার পোনা); 2 রুই-কাতলা মাছ (এই পুকুরে বড়ো বড়ো পোনার অভাব নেই)। [দেশি]।˜ মাছ বি. রুই-কাতলা বা তজ্জাতীয় মাছ।

পোনি (p. 534) [pōni] বি. টাট্টুঘোড়া। [ইং. pony]।

পোয়া1 (p. 534) [pōẏā1] বি. 1 চারভাগের একভাগ, সিকিভাগ (পোয়া মাইল); 2 এক সেরের সিকিভাগ (এক পোয়া দুধ); 3 এক ক্রোশ বা দুই মাইলের সিকিপথ (একপোয়া পথ)। [সং. পাদ]।˜ বারো বি. 1 পাশা খেলার দানবিশেষ; 2 (ব্যঙ্গে) পরম সৌভাগ্য; অত্যন্ত সুবিধাজনক অবস্থা। চারপোয়া দ্র চার1।

পোয়া2, পোয়ানো (p. 534) [pōẏā2, pōẏānō] যথাক্রমে পোহা ও পোহানো -র আঞ্চ রূপ।

পোয়াতি (p. 534) [pōẏāti] বি. 1 গর্ভিণী, অন্তঃসত্ত্বা নারী; 2 নবজাত সন্তানের জননী। [সং. পোতবতী (পোত=শিশু)]।

পোয়াল (p. 534) [pōẏāla] বি. খড়, বিচালি। [সং. পলাল]।

পোর্সিলিন (p. 534) [pōrsilina] বি. চীনামাটি। [ইং. porcelain]।

পোলট্টি (p. 534) [pōlaṭṭi] বি. 1 গৃহপালিত হাঁস-মুরগি; 2 (বাং.)হাঁস মুরগি পালনকেন্দ্র। [ইং. poultry]।

পোল-ভল্ট (p. 534) [pōla-bhalṭa] বি. লম্বা বাঁশের দণ্ডের সাহায্যে উচ্চলম্ফন। [ইং. polevault]।

পোলা (p. 534) [pōlā] বি. (আঞ্চ.) ছেলে, পুত্র। [দেশি]।

পোলাও (p. 534) [pōlāō] বি. ঘি মশলা ইত্যাদি এবং মাছ মাংস সহযোগে রাঁধা সুগন্ধযুক্ত অন্ন। [ফা. পলাও-তু. সং. পলান্ন]।

পোলিয়ো (p. 534) [pōliẏō] বি.পোলিয়োমাইলাইটিস রোগ, যাতে হাত-পা ইত্যাদি পঙ্গু হয়ে যায়। [ইং. poliomyelitis]।

পোলো2 (p. 534) [pōlō2] বি. ঘোড়ায় চড়ে হকির মতো খেলা। [ইং. polo]।

পোশাক (p. 534) [pōśāka] বি. পরিচ্ছদ; সভ্য বা ভদ্র সমাজের উপযুক্ত জামাকাপড়। [ফা. পোশাক]। পোশাকি বিণ. 1 সভ্য সমাজের উপযুক্ত; 2 আটপৌরের বিপরীত, বিশেষত বিশেষ উপলক্ষ্যে বা অনুষ্ঠানে পরিধেয় (পোশাকি জামা); 3 সুরুচিসম্মত ও ভদ্রতাব্যঞ্জক; 4 (ব্যঙ্গে বাহ্য, আন্তরিকতাহীন (পোশাকি ভদ্রতা)।

পোষ2 (p. 534) [pōṣa2] বি. যে পালন করে তার প্রতি বশ্যতা, পালকের বশবর্তিতা (পোষ মানা)। [সং. √ পুষ্ + বাং. অ]।

পোষক (p. 534) [pōṣaka] বিণ. 1 পোষণকারী (পুরাতন ধারণা বা মতের পোষক, জ্ঞানীগুণীর পোষক); 2 সহায়ক; 3 পুষ্টিকর; 4 যাতে খরচ পোষায়

(পোষক মূল্যে বিক্রয় করা)। [সং. √ পুষ্ + অক]। ˜ তা বি. সমর্থন; সহায়তা (রাজশক্তির পোষকতা)।

পোষড়া (p. 534) [pōṣaḍ়ā] বি. পৌষপার্বণ। [বাং. পোষ1 + ড়া]।

পোষণ (p. 534) [pōṣaṇa] বি. 1 পালন; 2 পুষ্টকরণ (শরীরপোষণ); 3 মনে ধারণ (মত পোষণ, বিদ্বেষ পোষণ); 4 পুষ্টি। [সং. √ পুষ্ + অন]। পোষণীয়, পোষ্য বিণ. পোষণের যোগ্য, পোষণ করতে হবে এমন; প্রতিপাল্য।

পোষা1 (p. 534) [pōṣā1] ক্রি. পোষানো। [< সং. √ পুষ্]।

পোষা2 (p. 534) [pōṣā2] বি. ক্রি. পুষা -র চলিত রূপ (ছাগল পোষা)। বিণ. পালন করা হয়েছে বা পোষ মেনেছে এমন (পোষা বাঁদর)। [পুষা দ্র]। পোষা কুকুর (বিদ্রুপে) একান্ত অনুগত ব্যক্তি।

পোষাক, পোষাকি (p. 534) [pōṣāka, pōṣāki] যথাক্রমে পোশাক ও পোশাকি -র বর্জি. বানান।

পোষানো (p. 534) [pōṣānō] বি. ক্রি. 1 শক্তি-সামর্থ্যের অনুরূপ হওয়া, কুলানো (এত দাম আমার পোষাবে না); 2 বনিবনা হওয়া (মনিবের সঙ্গে পোষাল না); 3 প্রতিপালন করানো; 4 উপযুক্ত মূল্য বা পারিশ্রমিক দেওয়া অথবা ক্ষতিপূরণ করা (খাটুনি বা লোকসান পুষিয়ে দেওয়া); 5 সহ্য হওয়া (এত পরিশ্রম শরীরে পোষাবে না)। [পোষা1 ও পুষা দ্র]।

পোষ্টা (p. 534) [pōṣṭā] (-ষ্টৃ) বিণ. পোষক, যে পালন করে, প্রতিপালক। [সং. √ পুষ্ + তৃ]।

পোষ্টাই (p. 534) [pōṣṭāi] বিণ. পুষ্টিকর। □ বি. পুষ্টি; পুষ্টিকর বা বলকারক ওষুধ। [সং. পুষ্ঠ + বাং. আই]।

পোষ্য (p. 534) [pōṣya] বিণ. প্রতিপাল্য, পালন করতে হবে এমন। [সং. √ পুষ্ + য]। ˜ পুত্র বি. দত্তকপুত্র, আনুষ্ঠানিকভাবে স্বীয় পুত্ররূপে গৃহীত ও প্রতিপালিত অপরের পুত্র। ˜ বর্গ বি. প্রতিপাল্য ব্যক্তিবর্গ।

পোস্ট (p. 534) [pōsṭa] বি. 1 ডাকবিলির সরকারি ব্যবস্থা, ডাক (আজকের পোস্টে চিঠিটা এল); 2 খুঁটি, থাম (ল্যাম্পপোস্ট); 3 পদ, অধিকার (হেডক্লার্কের পোস্ট)। [ইং. post]। ˜ অফিস, পোস্টাপিস বি. ডাকঘর। ˜ কার্ড বি. সরকার কর্তৃক মুদ্রিত চিঠি লেখার শক্ত কাগজবিশেষ। ˜ মাস্টার বি. ডাকঘরের ভারপ্রাপ্ত কর্মচারী।

পোস্ট-গ্র্যাজুয়েট (p. 534) [pōsṭa-gryājuẏēṭa] বিণ. স্নাতকোত্তর; বি এ, বি এসসি, বি কম প্রভৃতি উপাধিলাভের পরবর্তী। [ইং. post-graduate]।

পোস্টমাস্টার, পোস্টাপিস (p. 534) [pōsṭamāsṭāra, pōsṭāpisa] দ্র পোস্ট।

পোস্ত (p. 534) [pōsta] বি. আফিমফলের বীজ। [ফা. পোস্ত]।

পোস্তা (p. 534) [pōstā] বি. 1 গ্রন্হি (মেরে পোস্তা ওড়ানো); 2 গঞ্জ; 3 আড়ত (আলুপোস্তা); 4 দেওয়াল, বাঁধ প্রভৃতি মজবুত করার জন্য গাঁথনি বা ঠেস (পোস্তা বাঁধানো)। [ফা. পুশ্তাহ্]।

পোহা (p. 534) [pōhā] ক্রি. পোহানো। [< সং. প্র + √ ভা + বাং. আ]।˜ নো বি. ক্রি. 1 ভোর হওয়া (রাত পোহাল); 2 শেষ হওয়া; 3 কাটানো, অতিবাহিত হওয়া (এই মাসটা আর পোহাচ্ছে না); 4 সেবন করা (রোদ পোহানো); 5 ভোগ করা, সহ্য করা (ঝামেলা পোহানো, হাঙ্গামা পোহানো)।

পৌঁছ (p. 534) [paun̐cha] বি. 1 নাগাল; 2 গন্তব্যস্থানে উপস্থিতি (পৌঁছ সংবাদ দিয়ো)। [পৌঁছা দ্র]।

পৌঁছা (p. 534) [paun̐chā] ক্রি. বি. 1 উপস্থিত হওয়া, উদ্দিষ্ট স্থানে আসা বা গিয়ে হাজির হওয়া (দিল্লিতে পৌঁছেছে); 2 নাগাল পাওয়া (অত উঁচুতে আমার হাত পৌঁছাবে না)। [< প্রাকৃ. পহুচ্চ্]।˜ নো বি. ক্রি. 1 পৌঁছা; 2 উদ্দিষ্ট স্হানে রেখে আসা বা নিয়ে যাওয়া (আমাকে ওখানে পৌঁছিয়ে দাও); 3 নিকটে নিয়ে যাওয়া (চিঠিটা তার কাছে পৌঁছে দাও)।

পৌণ্ড্র (p. 534) [pauṇḍra] বা পুণ্ড্র।

পৌত্তলিক (p. 534) [pauttalika] বিণ. বি. পুত্তলিকা বা মূর্তির পূজক, প্রতিমাপূজক। [সং. পুত্তলি + ইক]। বি.˜ তা।

পৌত্র (p. 534) [pautra] বি. পুত্রের পুত্র, নাতি বা তত্তুল্য ব্যক্তি। [সং. পুত্র + অ]। পৌত্রী বি. (স্ত্রী.) পুত্রের কন্যা, নাতনি।

পৌনঃ-পুনিক (p. 534) [paunḥ-punika] বিণ. 1 বারংবার নিয়মিতভাবে ঘটে এমন (পৌনঃপুনিক আঘাত, পৌনঃপুনিক ব্যয়); 2 (গণি.) একরূপে বারংবার উৎপন্ন হয় এমন, recurring (পৌনঃপুনিক দশমিক)। [সং. পুনঃ + পুনঃ + ইক]। বি.˜ তা, পৌনঃপুন্য।

পৌনে (p. 534) [paunē] বিণ. সিকি বা এক পাদ অংশ কম (পৌনে পাঁচটা, পৌনে চারশো)। [< সং. পাদ ঊন > পা ওন]।

পৌর (p. 534) [paura] বিণ. 1 নগরের ('দুয়ার রুদ্ধ পৌর ভবনে'); 2 পুরবাসী (পৌরজন); 3 নগর বা পুরী-সম্বন্ধীয়, মিউনিসিপ্যাল (পৌরসভা); 4 নগরের অধিবাসীরূপে প্রাপ্য, নাগরিক (পৌর অধিকার)। □ বি. পৌরজন ('দেখিবামাত্র পৌরবর্গ উচ্চৈঃস্বরে হাসিয়া উঠিল': ব. চ.)। [সং. পুর + অ]।˜ পিতা বি. পৌরসভার নির্বাচিত সদস্য; পৌরপ্রধান।˜ প্রধান দ্র পৌরপ্রধান।˜ মুখ্য বি. বিশেষভাবে নির্বাচিত পৌরসভার সদস্য, alderman (স.প.)।˜ সভা,˜ সংঘ বি. নগরের পরিচ্ছন্নতা পথঘাট স্বাস্থ্য শিক্ষা প্রভৃতির তত্ত্বাবধায়ক স্বায়ত্তশাসিত সংস্থা, করপোরেশন, মিউনিসিপ্যালিটি।˜ স্ত্রী বি. পুরনারী; অন্তঃপুরবাসিনী, কুলনারী।

পৌরন্দর (p. 534) [paurandara] বিণ. পুরন্দর বা ইন্দ্রসম্বন্ধীয়, ঐন্দ্র। [সং. পুরন্দর + অ]।

পৌরপিতা (p. 534) [paurapitā] দ্র পৌর।

পৌর-প্রধান (p. 534) [paura-pradhāna] বি. পুরসভার প্রধান অর্থাত্ মেয়র বা চেয়ারম্যান। [সং. পৌর + প্রধান]।

পৌরব (p. 534) [pauraba] বিণ. পুরুরাজের বংশজাত। □ বি. কৌরব পাণ্ডব ইত্যাদি কুলের বংশধর। [সং. পুরু + অ]।

পৌরাঙ্গনা (p. 534) [paurāṅganā] বি. অন্তঃপুরিকা, পুরনারী। [সং. পৌর + অঙ্গনা]।

পৌরাণিক (p. 534) [paurāṇika] বিণ. 1 পুরাণসম্বন্ধীয় (পৌরাণিক কাহিনি); 2 পুরাণবেত্তা; 3 প্রাচীন; 4 পুরাণের বিষয়বস্তু অবলম্বনে রচিত (পৌরাণিক নাটক)। [সং. পুরাণ + ইক]। স্ত্রী. পৌরাণিকা। বি.˜ তা।

পৌরুষ (p. 534) [pauruṣa] বি. 1 পুরুষোচিত ভাব বা আচরণ; 2 পুরুষকার; 3 তেজ, বীর্য, পরাক্রম; 4 পুরুষত্ব। [সং. পুরুষ + অ]।

পৌরুষেয় (p. 534) [pauruṣēẏa] বিণ. 1 পুরুষসম্বন্ধীয়; 2 মানবিক; 3 মনুষ্যকৃত (বেদ অপৌরুষেয়)। [সং. পুরুষ + এয়]।

পৌরো-হিত্য (p. 534) [paurō-hitya] বি. 1 পুরোহিতের বৃত্তি, পুরোহিতগিরি, যাজন; 3 সভাপতিত্ব, নেতৃত্ব (সভায় পৌরোহিত্য করা)। [সং. পুরোহিত + য]।

পৌর্ণ-মাসী (p. 534) [paurṇa-māsī] বি. 1 পূর্ণিমাতিথি ('পৌর্ণমাসীর চন্দ্রমা জাগে': সু.দ.); 2 বৈষ্ণসাহিত্যে বর্ণিত বর্ষীয়সী নারী; 3 বৃন্দাবনের অধিষ্ঠাত্রী দেবী। [সং. পূর্ণমাস + অ + ঈ]।

পৌর্ব (p. 534) [paurba] বিণ. 1 পূর্বকালের, আগের, বিগত (পৌর্বদেহ); 2 পূর্বদিকের, পূর্বাঞ্চলের, প্রাচ্য। [সং. পূর্ব + অ]। স্ত্রী. পৌর্বী। ˜ দেহিক, ˜ দৈহিক বিণ. পূর্বদেহঘটিত; পূর্বজন্মের।

পৌর্বাপর্য (p. 534) [paurbāparya] বি. 1 পূর্বাপর-সম্বন্ধ; 2 ক্রম-পরম্পরা (ঘটনার পৌর্বাপর্য বিচার)। [সং. পূর্বাপর + য]।

পৌর্বাহ্নিক (p. 534) [paurbāhnika] বিণ. পূর্বাহ্নকালীন; পূর্বাহ্নসম্বন্ধীয়, প্রাতঃকাল সম্বন্ধীয়। [সং. পূর্বাহ্ন + ইক]।

পৌলস্ত্য (p. 534) [paulastya] বি. পুলস্ত্যমুনির পুত্র অর্থাত্ কুবের রাবণ কুম্ভকর্ণ ও বিভীষণ। [সং. পুলস্ত্য + অ]।

পৌলোমী (p. 534) [paulōmī] বি. পুলোমা দৈত্যের কন্যা, ইন্দ্রপত্নী শচী। [সং. পুলোমন্ + অ + ঈ]।

পৌষ (p. 534) [pauṣa] বি. বাংলা বছরের নবম মাস। [সং. পৌষী + অ]। পৌষ উত্সব বি. পৌষ মাসে নতুন চাল ওঠা উপলক্ষ্যে আয়োজিত উৎসব। ˜ পার্বণ বি. পৌষ সংক্রান্তিতে নতুন চালের পিঠে প্রস্তুত করে দেবতাকে নিবেদন

করার উৎসব। ˜ সংক্রান্তি বি. পৌষ মাসের শেষ দিন। পৌষালি বিণ. পৌষ মাস-সংক্রান্ত, পৌষ মাসে উৎপন্ন (পৌষালি ধান)।

পৌষ্টিক (p. 534) [pauṣṭika] বিণ. পুষ্টিকর। □ বি. পুষ্টিসাধন কর্ম। [সং. পুষ্টি + ক]। ˜ তন্ত্র বি. শরীরের পুষ্টিসাধনসংক্রান্ত ব্যবস্থা, alimentary system.˜ নালি বি. যে-নালি দিয়ে খাদ্যবস্তু হজমের বাহিত হয়, alimentary canal.

প্যাঁক (p. 534) [pyām̐ka] বি. হাঁসের ডাক। [ধ্বন্যা.]। প্যাঁক দেওয়া ক্রি. বি. (অশোভন) বিদ্রুপাত্মক ধ্বনি দেওয়া, ব্যঙ্গবিদ্রুপ করা (এই পোশাকে সেখানে গেলে লোকে প্যাঁক দেবে)।

প্যাঁচ (p. 534) [pyām̐ca] বি. 1 পাক, মোচড় (তারে প্যাঁচ দেওয়া); 2 স্ক্রু (প্যাঁচ আঁটো); 3 কূট চাল, চক্রান্ত (প্যাঁচে ফেলা, কথার প্যাঁচ); 4 কঠিন সমস্যা, সংকট (প্যাঁচে পড়েছি); 5 আক্রমণ করার বা আঁকড়ে ধরার কৌশল (কুস্তির প্যাঁচ); 6 জড়াজড়ি (ঘুড়ির প্যাঁচ)। [ফা. পেচ্]।

প্যাঁচা1 (p. 534) [pyām̐cā1] বি. পেচক, বড়ো মাথা ও তীক্ষ্ণ বাঁকানো ঠোঁটবিশিষ্ট নিশাচর মাংসাশী পাখিবিশেষ। [সং. পেচক]। স্ত্রী. পেঁচি।

প্যাঁচা2 (p. 534) [pyām̐cā2] ক্রি. প্যাঁচানো, প্যাঁচ দেওয়া। [ফা. পেচ্ + বাং. আ]।

প্যাঁচানো (p. 534) [pyām̐cānō] ক্রি. বি. 1 পাকানো, জড়ানো (লাটাইয়ে সুতো প্যাঁচানো); 2 ঘুরিয়ে ঘুরিয়ে আঁটা; 3 কূট চালের দ্বারা জটিল করে তোলা; 4 কোনো বিষয়ে জড়িত করা (এ ব্যাপারে তাকে প্যাঁচাচ্ছে কেন?)। □ বিণ. উক্ত অর্থে। [প্যাঁচা2 দ্র]।

প্যাঁচালো, প্যাঁচোয়া (p. 534) [pyām̐cālō, pyām̐cōẏā] বিণ. 1 কুটিল (প্যাঁচালো মন); 2 জটিল (প্যাঁচালো সমস্যা); 3 কপট (প্যাঁচালো লোক)। [বাং. প্যাঁচ + আলো, উয়া > ওয়া]।

প্যাঁদানো (p. 534) [pyām̐dānō] বি. ক্রি. (অশোভন) প্রহার দেওয়া, মারধর করা। [দেশি]। প্যাঁদানি বি. (অশোভন) প্রহার।

প্যাক করা (p. 534) [pyāka karā] ক্রি. বি. বাক্সো বা অন্য কোনো আধারে আবদ্ধ করা। [ইং. pack]। প্যাক-বন্দি বিণ. বাক্সো বা প্যাকেটে আবদ্ধ। প্যাকেট বি. কাগজ বা অন্য কোনো জিনিসের মোড়ক। প্যাকিং বি. মোড়ক; আবদ্ধকরণ।

প্যাচ-প্যাচ (p. 534) [pyāca-pyāca] বি. জলকাদা মাড়িয়ে চলার শব্দ বা জলকাদায় বিশ্রীভাবে ভরে যাবার ভাব (চারিদিক কাদায় প্যাচপ্যাচ করছে)। [দেশি]। প্যাচ-পেচে বিণ. প্যাচপ্যাচ করে এমন।

প্যাডেল (p. 534) [pyāḍēla] বি. পায়ের চাপ দিয়ে যন্ত্র বা যান চালাবার পাদানবিশেষ। [ইং. paddle]।

প্যাত-পেতে (p. 534) [pyāta-pētē] বিণ. অত্যন্ত নরম ও পাতলা; তলতলে। [ধ্বন্যা.]।

প্যান-ডেল, প্যাণ্ডেল (p. 534) [pyāna-ḍēla, pyāṇḍēla] বি. সভা, পূজা, প্রদর্শনী প্রভৃতির জন্য অস্থায়ী মণ্ডপ। [তা. পণ্ডাল]।

প্যান-প্যান (p. 534) [pyāna-pyāna] বি. নাকিকান্না বিরক্তিকর অনুনয় ইত্যাদির ভাব (সবসময় কানের কাছে প্যানপ্যান কোরো না)। [দেশি]। প্যান-প্যানানি বি. ঘ্যানঘ্যান; প্যানপ্যান করা। প্যান-প্যানানো বি. ক্রি. প্যানপ্যান করা। প্যান-পেনে বিণ. প্যানপ্যান করে এমন।

প্যাণ্ট (p. 534) [pyāṇṭa] বি. 1 বোতাম চেন ইত্যাদি লাগানো ইজের; 2 ইয়োরোপীয় পায়জামা। [ইং. pantaloons]। ফুল-প্যাণ্ট বি. কোমর থেকে গোড়ালি পর্যন্ত লম্বিত পায়জামাবিশেষ। হাফ-প্যাণ্ট বি. হাঁটু বা ঊরু পর্যন্ত লম্বিত পায়জামাবিশেষ।

প্যারা (p. 534) [pyārā] বি. গদ্যরচনার বিভাগবিশেষ, অনুচ্ছেদ। [ইং. paragraph]।

প্যারা-শুট (p. 534) [pyārā-śuṭa] বি. (মূলত বৈমানিকদের ব্যবহৃত) অত্যুচ্চস্থান থেকে নিরাপদে ভূপৃষ্ঠে অবতরণের সহায়ক ছাতার মতো যন্ত্রবিশেষ, parachute. [ইং. parachute]।

প্যারি (p. 534) [pyāri] দ্র পেয়ার2।

প্যালা (p. 534) [pyālā] বি. 1 গাইয়ে-বাজিয়েদের জন্য শ্রোতাদের দেওয়া পুরস্কার বা দর্শনী; 2 ঠেকনো, prop. [দেশি]।

প্যাসেঞ্জার (p. 534) [pyāsēñjāra] বি. গাড়ির যাত্রী (রেলের প্যাসেঞ্জার)। □ বিণ. যাত্রীবাহী (প্যাসেঞ্জার ট্রেন)। [ইং. passenger]।

প্র (p. 534) [pra] উৎকর্ষ প্রসিদ্ধি আধিক্য ব্যাপকতা আরম্ভ প্রভৃতির সূচক উপসর্গবিশেষ (প্রকট, প্রশমন, প্রদীপ্ত)।

প্রকট (p. 534) [prakaṭa] বিণ. প্রকৃষ্টরূপে বা বিশেষভাবে ব্যক্ত স্পষ্ট বা প্রকাশিত ('আসল মানুষ প্রকট হয়': ক. ক.)। [সং. প্র + √ কট্ + অ]।˜ ন বি. প্রকটিতকরণ। প্রকটিত বিণ. প্রকট হয়েছে বা করা হয়েছে এমন।˜ লীলা বি. বৃন্দাবনে ও অন্যত্র প্রকাশিত শ্রীকৃষ্ণের লীলা।

প্রকম্প, প্রকম্পন (p. 534) [prakampa, prakampana] বি. খুব কাঁপুনি, অতিশয় কম্পন। [সং. প্র + √ কম্প্ + অ, অন]। প্রকম্পিত বিণ. প্রকম্পযুক্ত।

প্রকরণ (p. 534) [prakaraṇa] বি. 1 গ্রন্থাদির অধ্যায়; 2 শাস্ত্রের; 3 প্রক্রিয়া, পদ্ধতি; 4 প্রস্তাব, প্রসঙ্গ, আলোচ্য বিষয়। [সং. প্র + √ কৃ + অন]।˜ গত বিণ. প্রকরণবিষয়ক।

প্রকর্ষ (p. 534) [prakarṣa] বি. উৎকর্ষ, শ্রেষ্ঠতা; উন্নতি। [সং. প্র + √ কৃষ্ + অ]। ˜ ণ বি. 1 বিশেষরূপে বা সম্পূর্ণভাবে আকর্ষণ; 2 উন্নতিসাধনের জন্য প্রকৃষ্টরূপে অনুশীলন।

প্রকল্প (p. 537) [prakalpa] বি. পরিকল্পনা (কৃষিপ্রকল্প, গোপ্রজন প্রকল্প)। [সং. প্র + √ কল্পি + অ]। প্রকল্পিত বিণ. সংকল্পিত, স্থিরীকৃত।

প্রকাণ্ড (p. 537) [prakāṇḍa] বিণ. অতি বৃহত্, মস্ত, বিশাল। □ বি. গাছের গুঁড়ি। [সং. প্র + কাণ্ড]।

প্রকাম (p. 537) [prakāma] বিণ. ক্রি-বিণ. যথেষ্ট; পর্যাপ্ত। [সং. প্র + √ কম্ + অ]।

প্রকার (p. 537) [prakāra] বি. 1 জাতি, শ্রেণি, রকম (বহুপ্রকার ফুল); 2 রীতি, প্রণালী, উপায় (কী প্রকারে?); 3 প্রভেদ। [সং. প্র + √ কৃ + অ]। প্রকারান্তর বি. অন্য বা ভিন্ন প্রকার। প্রকারান্তরে ক্রি-বিণ. 1 অন্যভাবে; 2 সরাসরি নয়, পরোক্ষভাবে।

প্রকাশ (p. 537) [prakāśa] বি. 1 প্রদর্শন, প্রকটন (বীরত্ব প্রকাশ); 2 প্রচার (মহিমা প্রকাশ); 3 ব্যক্ত করা বা হওয়া (দুঃখ প্রকাশ); 4 উদয়, বিকাশ (সূর্যের প্রকাশ); 5 প্রস্ফুটন (ফুলের প্রকাশ); 6 সাধারণের কাছে জাহির (গুপ্তকথা প্রকাশ); 7 ছাপিয়ে বিক্রয়ের ব্যবস্থা (পত্রিকা বা পুস্তক প্রকাশ)। □ বিণ. ব্যক্ত; বিজ্ঞাত; প্রচারিত (প্রকাশ থাকে যে)। [সং. প্র + √ কাশ্ + অ]। ˜ ক বিণ. প্রকাশকারী। □ বি. যে ব্যক্তি পুস্তকাদি ছেপে প্রকাশ করে, publisher. স্ত্রী.

প্রকাশিকা। ˜ ন, ˜ না বি. পুস্তকাদি প্রকাশিত করা। ˜ নীয় বিণ. প্রকাশের যোগ্য। ˜ মান বিণ. প্রকাশিত হচ্ছে বা প্রকাশ পাচ্ছে এমন; স্পষ্ট, ব্যক্ত। প্রকাশিত বিণ. প্রকাশ করা হয়েছে এমন। প্রকাশ্য বিণ. 1 প্রকাশযোগ্য; 2 প্রকাশিত হবে এমন (ক্রমশ প্রকাশ্য); 3 সাধারণের অধিগম্য (প্রকাশ্য সভা); 4 খোলাখুলি, সকলের সামনের কৃত বা সংঘটিত (প্রকাশ্য বিচার)। প্রকাশ্য দিবালোকে ক্রি-বিণ. দিনের বেলায় এবং সকলের সামনে। প্রকাশ্যে, প্রকাশ্যত ক্রি-বিণ. সাধারণের সামনে।

প্রকীর্ণ (p. 537) [prakīrṇa] বিণ. 1 বিক্ষিপ্ত, ছড়ানো; 2 বিবিধ (গ্রন্হের প্রকীর্ণ শ্লোক)। [সং. প্র + কীর্ণ]।

প্রকীর্তি (p. 537) [prakīrti] বি. বিপুল যশ; বিশেষ খ্যাতি। [সং. প্র + কীর্তি]। ˜ ত বিণ. 1 বিশেষভাবে খ্যাতি প্রচার করা হয়েছে এমন; 2 অতিশয় খ্যাতিমান; 3 প্রকৃষ্টরূপে বর্ণিত।

প্রকুপিত (p. 537) [prakupita] বিণ. 1 অত্যন্ত রুষ্ট বা রাগান্বিত; 2 অত্যন্ত দূষিত (বায়ু বা পিত্ত প্রকুপিত হওয়া)। [সং. প্র + কুপিত]। স্ত্রী. প্রকুপিতা।

প্রকৃত (p. 537) [prakṛta] বিণ. সত্য, খাঁটি, বাস্তবিক, আসল (প্রকৃত ব্যাপার, প্রকৃত শিক্ষা)। [সং. প্র + √ কৃ + ত]। বি. ˜ ত্ব। ˜ পক্ষে, ˜ প্রস্তাবে ক্রি-বিণ. আসলে, বস্তুত, বাস্তবিকপক্ষে। প্রকৃতার্থ বি. আসল মানে; গূঢ় মর্ম।

প্রকৃতি (p. 537) [prakṛti] বি. 1 স্বভাব, চরিত্র (মানবপ্রকৃতি, যেমন আকৃতি তেমনি প্রকৃতি); 2 অভ্যস্ত আচরণ (দুষ্ট প্রকৃতি); 3 স্বাভাবিক গুণাগুণ, ধর্ম (বস্তুপ্রকৃতি); 4 বাহ্যজগত্‌, জগতের অকৃত্রিম পদার্থের সাধারণ নাম, নিসর্গ

(প্রকৃতির কোলে বিশ্রাম, প্রকৃতির শোভা); 5 সৃষ্টির মূল বা আদি কারণ, আদ্যাশক্তি; 6 সত্ত্ব রজঃ ও তমঃ-এই ত্রিগুণের সাম্যাবস্থা; 7 সাংখ্যমতে নির্গুণ চৈতন্যময় পুরুষের বিপরীত ত্রিগুণাত্মক জড় তত্ত্ব; 8 প্রজাপুঞ্জ (প্রকৃতিরঞ্জন); 9 নারী (পুরুষ ও প্রকৃতি); 1 অবিদ্যা, মায়া; 11 (ব্যাক.) বিভক্তিহীন শব্দ বা ধাতু (প্রকৃতিপ্রত্যয়)। [সং. প্র + √ কৃ + তি]।˜ গত বিণ. স্বভাবসিদ্ধ।˜ জ,˜ জাত,˜ দত্ত,˜ সিদ্ধ বিণ. স্বভাবজাত, স্বাভাবিক; নৈসর্গিক।˜ পূজা বি. বৃক্ষ পর্বতাদি জড়-প্রকৃতির উপাসনা।˜ প্রত্যয় বি. শব্দ বা ধাতুর বিভক্তি ও প্রত্যয়।˜ বাদ বি. 1 প্রকৃতির দ্বারাই জগতের সৃষ্টি ও নিয়মন সাধিত হচ্ছে এই মত, জড়তত্ত্ব; 2 শব্দের ব্যুৎপত্তিগত বা মূল অর্থের বিচার।˜ বিজ্ঞান বি. পদার্থবিজ্ঞান, physics, physical science.˜ বিরুদ্ধ বিণ. স্বভাবগত নয় এমন; অস্বাভাবিক।˜ স্থ বিণ. স্বাভাবিক অবস্থায় স্থিত (তখন সে প্রকৃতিস্থ ছিল না); সুস্থ, ধাতস্থ।

প্রকৃষ্ট (p. 537) [prakr̥ṣṭa] বিণ. শ্রেষ্ঠ; উৎকৃষ্ট, প্রশস্ত (প্রকৃষ্ট উপায়, প্রকৃষ্ট পথ)। [সং. প্র + √ কৃষ্ + ত]। বি.˜ তা,˜ ত্ব। স্ত্রী. প্রকৃষ্টা।

প্রকোপ (p. 537) [prakōpa] বি. 1 প্রাবল্য (রোগের প্রকোপ); 2 ভীষণ ক্রোধ (দুর্বাসার প্রকোপ প্রশমিত হল না)। [সং. প্র + কোপ]।˜ ন বি. 1 উত্তেজন; ক্রুদ্ধকরণ; 2 বৃদ্ধিকরণ। প্রকোপিত বিণ. উত্তেজিত; ক্রুদ্ধ; বৃদ্ধিপ্রাপ্ত।

প্রকোষ্ঠ (p. 537) [prakōṣṭha] বি. 1 কনুই থেকে মণিবন্ধ বা কবজি পর্যন্ত দেহাংশ, করতল বাদে পুরোবাহু; 2 কক্ষ, ঘর (ক্ষুদ্র প্রকোষ্ঠ); 3 দরজার পাশের ঘর; 4 মহল। [সং. প্র + √ কুষ্ + থ]।

প্রকৌশল (p. 537) [prakauśala] বি. কার্যবিধি, কর্মধারা, কর্মপদ্ধতি, technique. [সং. প্র + কৌশল]। ̃ গত বিণ. কর্মপদ্ধতিবিষয়ক, কর্মপদ্ধতিগত, technical. ̃ বিদ বি. প্রযুক্তিবিদ, যন্ত্রকুশলী, technician.

প্রক্রিয়া (p. 537) [prakriẏā] বি. 1 কার্যসাধন গবেষণা প্রভৃতির প্রণালী (বৈজ্ঞানিক প্রক্রিয়া); 2 গ্রন্হের বিশেষ অধ্যায় বা প্রকরণ (ণিজন্ত প্রক্রিয়া); 3 প্রয়োগ বা অনুষ্ঠান (তান্ত্রিক প্রক্রিয়া)। [সং. প্র + ক্রিয়া]।

প্রক্ষালন (p. 537) [prakṣālana] বি. ধৌতকরণ, ধোয়া, পরিষ্কার করা। [সং. প্র + √ ক্ষালি + অন]। প্রক্ষালক বি. বিণ. যে ধোয়। প্রক্ষালিত বিণ. ধৌত, ধুয়ে পরিষ্কার করা হয়েছে এমন।

প্রক্ষিপ্ত (p. 537) [prakṣipta] দ্র প্রক্ষেপ।

প্রক্ষুব্ধ (p. 537) [prakṣubdha] দ্র প্রক্ষোভ।

প্রক্ষেপ (p. 537) [prakṣēpa] বি. 1 নিক্ষেপ; 2 অন্তরে স্হাপন; 3 বিন্যাস; 4 রচনার মধ্যে লেখক ভিন্ন অন্য কারও দ্বারা সন্নিবেশিত অংশ, interpolation. [সং. প্র + √ ক্ষিপ্ + অ]। প্রক্ষিপ্ত বিণ. নিক্ষিপ্ত; অন্তরে স্হাপিত; বিন্যস্ত; রচনার মধ্যে লেখক ভিন্ন অন্য কারও দ্বারা সন্নিবেশিত, interpolated (প্রক্ষিপ্ত শ্লোক)। ̃ ক বিণ. বি. প্রক্ষেপকারী। ̃ ণ বি. প্রক্ষিপ্ত করা। ̃ ণীয় বিণ. প্রক্ষেপযোগ্য।

প্রক্ষোভ (p. 537) [prakṣōbha] বি. ভাবাবেগ, emotion (বি. প.)। [সং. প্র + ক্ষোভ]। প্রক্ষুব্ধ বিণ. বিহ্বল, উদ্বেল; উত্তেজিত।

প্রখর (p. 537) [prakhara] বিণ. 1 অতিশয় তীক্ষ্ণ বা ধারালো (প্রখর খড়্গ); 2 তীব্র, কড়া (প্রখর রৌদ্র, প্রখর তেজ)। [সং. প্র + খর]। বি. ̃ তা, ̃ ত্ব। স্ত্রী. প্রখরা।

প্রখ্যাত (p. 538) [prakhyāta] বিণ. বিখ্যাত, প্রসিদ্ধ। [সং. প্র + খ্যাত]। ̃ নামা বিণ. যার নাম সুপরিচিত এমন, স্বনামখ্যাত; যশস্বী।

প্রখ্যাপন (p. 538) [prakhyāpana] বি. ঘোষণা করা, কীর্তন (গুণ প্রখ্যাপন)। [সং. প্র + √ খ্যা + ণিচ্ + অন]। প্রখ্যাপক বিণ. ঘোষক, ঘোষণাকারী। প্রখ্যাপিত বিণ. ঘোষিত।

প্রগণ্ড (p. 538) [pragaṇḍa] বি. কনুই থেকে কাঁধ পর্যন্ত বাহুর অংশ। [সং. প্র + গণ্ড]। তু. প্রকোষ্ঠ।

প্রগত (p. 538) [pragata] বিণ. 1 প্রস্থিত, প্রস্থান করেছে এমন; 2 আগে গমনকারী, আগে যাচ্ছে এমন; 3 উন্নত, প্রগতি অর্জন করেছে এমন; 4 মৃত, পরলোকগত; 5 বিযুক্ত, পৃথগ্‌ভূত। [সং. প্র + গত]।

প্রগতি (p. 538) [pragati] বি. 1 জ্ঞানে বা কর্মে অগ্রগতি, উন্নতি; 2 ক্রমোন্নতি; 3 (গণি.) নিয়মিতভাবে ক্রমবর্ধমান সংখ্যা শ্রেণি, progression (বি. প.)। [সং. প্র + গতি]। ̃ পন্থী (-ন্থিন্), ̃ বাদী (-দিন্) বিণ. প্রগতিকামী, উন্নতিকামী। ̃ শীল বিণ. উন্নতিশীল; উন্নতি বা অগ্রগতি করতে চায় বা করছে এমন।

প্রগমন (p. 538) [pragamana] বি. প্রস্থান, দূরে গমন। [সং. প্র + গমন]।

প্রগল্ভ (p. 538) [pragalbha] বিণ. 1 দাম্ভিক, উদ্ধত; 2 ধৃষ্ট, মান্য ব্যক্তির সম্মানরক্ষা না করে কথা বলে এমন; 3 বেহায়া, নির্লজ্জ; 4 সপ্রতিভ; 5 নির্ভীক। [সং. প্র + √ গল্ভ্ + অ]। বি.˜ তা। প্রগল্ভা বিণ. প্রগল্ভ -র স্ত্রীলিঙ্গ। □ বি. কামান্ধা রতিকুশলা তরুণী নায়িকা। প্রাগল্ ভ্য বি. প্রগল্ভতা ('দুর্নিবার পতাকার প্রাগল্ ভ্য কেবল': সু. দ.)।

প্রগাঢ় (p. 538) [pragāḍh ̣] বিণ. অত্যন্ত গভীর (প্রগাঢ় বন্ধুত্ব, প্রগাঢ় পাণ্ডিত্য)। [সং. প্র + গাঢ়]। বি.˜ তা।

প্রগাতা (p. 538) [pragātā] (-তৃ) বি. 1 সুগায়ক; 2 উদ্গাতা। [সং. প্র + √ গৈ + তৃ]।

প্রগুণ (p. 538) [praguṇa] বিণ. 1 প্রকৃষ্ট গুণের অধিকারী, গুণী; 2 সুদক্ষ। [সং. প্র + গুণ]।

প্রগ্রহ, প্রগ্রাহ (p. 538) [pragraha, pragrāha] বি. 1 লাগাম, বল্গা; 2 বাঁধবার দড়ি। [সং. প্র + √ গ্রহ্ + অ]।

প্রচণ্ড (p. 538) [pracaṇḍa] বিণ. 1 প্রখর, তীব্র, অত্যুগ্র (প্রচণ্ড রোদ); 2 প্রবল (প্রচণ্ড আঘাত); 3 ভীষণ, অসহ্য (প্রচণ্ড যন্ত্রণা); 4 দুর্ধর্ষ (প্রচণ্ড শক্তি)। [সং. প্র + চণ্ড]। বি.˜ তা।

প্রচয় (p. 538) [pracaẏa] বি. 1 চয়ন; 2 সঞ্চয়; 3 রাশি; 4 বৃদ্ধি। [সং. প্র + √ চি + অ]।

প্রচল (p. 538) [pracala] বি. প্রচলিত রীতি বা প্রথা, convention (বি. প.)। □ বিণ. প্রচলিত, চালু (প্রচল রীতি)। [সং. প্র + চল]।˜ ন বি. প্রবর্তন, চালুকরণ; চলন; প্রচার (নতুন বেশভূষার প্রচলন, পাশ্চাত্য শিক্ষার প্রচলন)। প্রচলিত বিণ. প্রচলন করা হয়েছে এমন; প্রবর্তিত; চালু (প্রচলিত বিশ্বাস)।

প্রচার (p. 538) [pracāra] বি. 1 প্রচলন; 2 সকলের অবগতির জন্য সবিশেষ বিজ্ঞপ্তি (ধর্মপ্রচার, সংবাদপ্রচার); 3 রটনা (কথাটাকে প্রচার করে বেড়িয়ো না); 4 প্রকাশ। [সং. প্র + √ চর্ + অ]।˜ ক বিণ. প্রচারকারী।˜ ণ,˜ ণা বি. প্রচারের কাজ; প্রচার। প্রচারিত বিণ. প্রচার করা হয়েছে এমন।˜ পত্র বি. ইস্তাহার বা ঘোষণাপত্র।˜ মাধ্যম বি. যার মাধ্যমে প্রচার করা হয়, প্রচারযন্ত্র, গণমাধ্যম-অর্থাত্ রেডিয়ো, সংবাদপত্র, টেলিভিশন ইত্যাদি।˜ যন্ত্র বি. প্রচারমাধ্যম -এর অনুরূপ।

প্রচিত (p. 538) [pracita] বিণ. 1 চয়ন বা সংগ্রহ করা হয়েছে এমন; 2 সঞ্চিত; 3 বৃদ্ধিপ্রাপ্ত। [সং. প্র + √ চি + ত]।

প্রচীয়-মান (p. 538) [pracīẏa-māna] বিণ. 1 উপচীয়মান; 2 ক্রমবর্ধমান, বৃদ্ধিশীল। [সং. প্র + √ চি + মান (শানচ্)]।

প্রচুর (p. 538) [pracura] বিণ. 1 প্রভূত, অনেক, বহু, ঢের (প্রচুর টাকা, প্রচুর লোক); 2 যথেষ্ট, পর্যাপ্ত (প্রচুর খাওয়া হয়েছে)। [সং. প্র + √ চুর্ + অ]। বি.˜ তা, প্রাচুর্য।

প্রচেতা (p. 538) [pracētā] (-তস্) বিণ. 1 প্রকৃষ্টচিত্ত, জ্ঞানী; 2 হৃষ্ট, সুখী, প্রশান্তচিত্ত। □ বি. 1 জলদেবতা বরুণ; 2 প্রজাপতিবিশেষ। [সং. প্র + চেতস্]।

প্রচেয় (p. 538) [pracēẏa] বিণ. 1 চয়নযোগ্য; 2 গ্রহণীয়, গ্রাহ্য। [সং. প্র + √ চি + য]।

প্রচেষ্টা (p. 538) [pracēṣṭā] বি. 1 বিশেষ চেষ্টা, প্রয়াস; 2 সাধনা, অধ্যবসায়; 3 বিশেষ উদ্যম (কর্মপ্রচেষ্টা)। [সং. প্র + চেষ্টা]।

প্রচ্ছদ (p. 538) [pracchada] বি. 1 আবরণ, আচ্ছাদন; 2 বইয়ের মলাট। [সং. প্র + √ ছদ্ + ণিচ্ + অ]।˜ পট বি. 1 পরদা, screen; 2 আবরণ বা আচ্ছাদনের কাপড় বা কাগজ; 3 বইয়ের মলাট।

প্রচ্ছন্ন (p. 538) [pracchanna] বিণ. 1 আবৃত; 2 গুপ্ত, লুক্কায়িত (প্রচ্ছন্ন প্রেম, প্রচ্ছন্ন শক্তি); 3 অপ্রকাশিত, অব্যক্ত (প্রচ্ছন্ন বেদনা)। [সং. প্র + √ ছদ্ + ণিচ্ + ত]। বি.˜ তা।

প্রচ্ছাদন (p. 538) [pracchādana] বি. 1 আচ্ছাদন, আবরণ; 2 উত্তরীয়বস্ত্র; 3 আবরণবস্ত্র। [সং. প্র + √ ছদ্ + ণিচ্ + অন]। প্রচ্ছাদিত বিণ. আবৃত, আচ্ছাদিত, ঢাকা।

প্রচ্ছায় (p. 538) [pracchāẏa] বি. নিবিড় ছায়া বা ছায়াময় স্থান। [সং. প্র + ছায়া]। প্রচ্ছায়া বি. (জ্যোতি.) গ্রহণের সময় চন্দ্র বা পৃথিবী থেকে নিক্ষিপ্ত নিবিড় ছায়া, umbra (বি. প.)।

প্রজন (p. 538) [prajana] বি. গবাদি পশুর গর্ভসঞ্চারকরণ, breeding. [সং. প্র + √ জন্ + ণিচ্ + অ]।

প্রজনন (p. 538) [prajanana] বি. 1 সন্তানোৎপাদন, reproduction; 2 জন্মদান, প্রসব। [সং. প্র + √ জন্ + ণিচ্ + অন]। প্রজনিকা বি. মাতা, জননী।

প্রজন্ম (p. 538) [prajanma] বি. 1 পুরুষপরম্পরায় বিশেষ এক স্তর (তিন প্রজন্ম আগে); 2 সমকালীন ব্যক্তিবৃন্দ, generation. [সং. প্র + জন্ম]।

প্রজা (p. 538) [prajā] বি. 1 প্রাণীবর্গ (প্রজাপতি); 2 সন্তানসন্ততি (প্রজাবতী); 3 রাষ্ট্রের বা জমিদারির শাসনাধীন লোকজন, রায়ত; 4 ভাড়েটে; 5 জনসাধারণ। [সং. প্র + √ জন্ + অ + আ]। ̃ তন্ত্র বি. সাধারণতন্ত্র; প্রজাবর্গের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রশাসন বা শাসিত রাষ্ট্র, republic. ̃ তান্ত্রিক, ̃ তন্ত্রী বিণ. 1 প্রজাতন্ত্রবিধি অনুযায়ী শাসিত (প্রজাতন্ত্রী রাষ্ট্র); 2 প্রজাতন্ত্রবিধিতে বিশ্বাসী। ̃ পতি বি. 1 জীবকুলের স্রষ্টা বা প্রধান পালক, বিধাতা (প্রজাপতির নির্বন্ধ); 2 ব্রহ্মা; 3 মরীচি, অত্রি, নারদ, অঙ্গিরা, পুলস্ত্য; পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ ও ভৃগু-ব্রহ্মার এই দশ মানসপুত্র; 4 (বাং.) রং-বেরঙের ডানাযুক্ত ষট্পদী পতঙ্গবিশেষ। ̃ পীড়ন বি. প্রজাদের উপর অত্যাচার। ̃ বতী বিণ. সন্তানবতী। □ বি. ভ্রাতৃজায়া, ভ্রাতৃবধূ। ̃ বিলি বি. নির্দিষ্ট খাজনায় জমিদার কর্তৃক প্রজাকে জমি ভোগ করার

অধিকারদানের বন্দোবস্ত।˜ বৃদ্ধি বি. বংশবৃদ্ধি; রাষ্ট্র দেশ প্রভৃতির জনসংখ্যাবৃদ্ধি।˜ রঞ্জক বিণ. প্রজাদের মনোরঞ্জনকারী।˜ শক্তি বি. সম্মিলিত প্রজাবর্গের ক্ষমতা।˜ স্বত্ব বি. প্রজার অধিকার, রাইয়তি।

প্রজাত (p. 538) [prajāta] বিণ. উৎপন্ন। [সং. প্র + জাত]। স্ত্রী. প্রজাতা। প্রজাতি বি. কোনো প্রাণী বা উদ্ভিদের বিশেষ এক শ্রেণি; প্রাণী বা উদ্ভিদের শ্রেণিবিভাগের নিম্নতম শ্রেণি, species.

প্রজায়িনী (p. 538) [prajāẏinī] বি. মাতা, জননী, সন্তানপ্রসবকারিণী। [সং. প্র + √ জন্ + ইন্ + ঈ]।

প্রজ্ঞ (p. 538) [prajña] বিণ. জ্ঞানবান; বিচক্ষণ (স্থিতপ্রজ্ঞ)। [সং. প্র + √ জ্ঞা + অ]।

প্রজ্ঞপ্তি (p. 538) [prajñapti] বি. বিশেষভাবে জ্ঞাতকরণ, নিবেদন। [সং. প্র + √ জ্ঞা + ণিচ্ + তি]।

প্রজ্ঞা (p. 538) [prajñā] বি. 1 উৎকৃষ্ট বোধশক্তি বা বুদ্ধি; 2 গভীর জ্ঞান, তত্ত্বজ্ঞান (প্রজ্ঞাবান)। [সং. প্র + √ জ্ঞা + অ + আ]।˜ চক্ষু বি. জ্ঞানচক্ষু; তত্ত্বজ্ঞান উপলব্ধি করার শক্তি।˜ ত বিণ. বিশেষভাবে বিদিত বা অবগত; অতি প্রসিদ্ধ।˜ ন বি. 1 বিশেষ জ্ঞান; 2 তত্ত্বজ্ঞান; 3 চিহ্ন, সংকেত।˜ পক বিণ. বিশেষভাবে প্রচারকারী।˜ পন বি. বিশেষভাবে প্রচার।˜ পারমিতা বি. 1 জ্ঞানের পরাকাষ্ঠা; 2 (বৌদ্ধমতে) জ্ঞানের দেবী; 3 জ্ঞানের পরিপূর্ণতা।˜ বান (-বত্) বিণ. তত্ত্বজ্ঞানী; জ্ঞানী।

প্রজ্বলন (p. 538) [prajbalana] বি. অতিশয় জ্বলন; প্রদীপন। [সং. প্র + √ জ্বল্ + অন]। প্রজ্বলিত জ্বলন্ত, প্রদীপ্ত (প্রজ্বলিত শিখা)। প্রজ্বালিত বিণ. ভালোভাবে জ্বালানো হয়েছে এমন।

প্রণত (p. 538) [praṇata] বিণ. 1 প্রণাম বা নমস্কার করছে এমন; 2 নত হয়েছে বা ঝুঁকে পড়েছে এমন (প্রণত বৃক্ষশাখা)। [সং. প্র + √ নম্ + ত]। প্রণতি বি. 1 প্রণাম, নমস্কার ('আজ আমার প্রণতি গ্রহণ করো': রবীন্দ্র); 2 নত অবস্থা।

প্রণব (p. 538) [praṇaba] বি. 1 ওঁকার, যে-মন্ত্র পাঠপূর্বক হিন্দুগণ ঈশ্বরের আরাধনা করে; 2 আদিধ্বনি; 3 ব্রহ্মের শব্দপ্রতীক; 4 বেদের মূল। [সং. প্র + √ নু (স্তুতি) + অ]।

প্রণম্য (p. 538) [praṇamya] বিণ. প্রণামের যোগ্য; (যাকে) প্রণাম করা উচিত এমন। [সং. প্র + √ নম্ + য]। স্ত্রী. প্রণম্যা।

প্রণয় (p. 538) [praṇaẏa] বি. 1 প্রেম, ভালোবাসা, অনুরাগ, প্রীতি; 2 সৌহার্দ, বন্ধুত্ব। [সং. প্র + √ নী + অ]। ˜ ভঙ্গ বি. পূর্বপ্রেম বা প্রীতির সম্পর্কচ্ছেদ। প্রণয়াকাঙ্ক্ষা বি. প্রেমের আকাঙ্ক্ষা, ভালোবাসার ইচ্ছা।

প্রণয়ন (p. 538) [praṇaẏana] বি. 1 রচনা (গ্রন্থপ্রণয়ন); 2 নির্মাণ। [সং. প্র + √ নী + অন্]।

প্রণয়ী (p. 538) [praṇaẏī] (-য়িন্) বি. 1 প্রেমপাত্র; 2 অনুরক্ত বা অনুরাগ লাভের উপযুক্ত পুরুষ অথবা নায়ক। □ বিণ. প্রেমিক, প্রেমাস্পদ। স্ত্রী. প্রণয়িনী।

প্রণাম (p. 538) [praṇāma] বি. 1 প্রণতি, ভূমিতে বা পায়ের উপর আনত হয়ে অভিবাদন; 2 নমস্কার। [সং. প্র + √ নম্ + অ]। প্রণামি বি. প্রতিমা গুরু পুরোহিত গুরুজন প্রভৃতিকে প্রণামকালে প্রদেয় দক্ষিণা, বস্ত্র ইত্যাদি। □ বিণ. প্রণামকালে দেয় (প্রণামি কাপড়)। দণ্ডবত্ প্রণাম দণ্ডের মতো ভূমিতে পড়ে প্রণাম। সাষ্টাঙ্গ প্রণাম মাথা বুক দুই চোখ দুই হাত দুই হাঁটু ও দুই পা ভূমিতে প্রসারিত করে বাক্য ও ধী অর্থাত্ মনঃসংযোগসহ প্রণাম; (বর্ত. অর্থ) মাটিতে উপুড় হয়ে শুয়ে প্রণাম।

প্রণালী (p. 538) [praṇālī] বি. 1 নর্মদা, জলনালি (পয়ঃপ্রণালী); 2 (ভূগো.) দুই বৃহত্ জলভাগের মধ্যে যোগস্থাপক সংকীর্ণ জলভাগ; 3 পদ্ধতি (শিক্ষাদানের প্রণালী, জীবনযাত্রার প্রণালী); 4 রেওয়াজ, ধারা, রীতি, কার্যক্রম, procedure (স. প.)। [সং. প্র + নালী]। ̃ বদ্ধ বিণ. নিয়মানুগ, বিধিবদ্ধ।

প্রণাশ (p. 538) [praṇāśa] বি. বিনাশ, লয়; মৃত্যু। [সং. প্র + নাশ]। বিণ. প্রণষ্ট।

প্রণিধান (p. 538) [praṇidhāna] বি. 1 একাগ্রভাবে মনোনিবেশ, অভিনিবেশ (এই বক্তব্য প্রণিধানযোগ্য); 2 ধ্যান, সমাধি; 3 অর্পণ, স্থাপন। [সং. প্র + নিধান]। ̃ যোগ্য বিণ. মনোযোগের যোগ্য।

প্রণিধি (p. 538) [praṇidhi] বি. 1 চর, দূত; 2 মনোনিবেশ, প্রণিধান; 3 প্রার্থনা। [সং. প্র + নি + √ ধা + ই]।

প্রাণি-পাত (p. 538) [prāṇi-pāta] বি. 1 প্রণাম; 2 ভূমিতে লুটিয়ে অভিবাদন। [সং. প্র + নি + √ পত্ + অ]।

প্রণি-হিত (p. 538) [praṇi-hita] বি. 1 অভিনিবিষ্ট, মনোযোগ দেওয়া হয়েছে এমন; 2 সমাহিত; 3 অর্পিত, স্থাপিত। [সং. প্র + নি + √ ধা + ত]।

প্রণীত (p. 538) [praṇīta] বিণ. রচিত, সৃষ্ট, কৃত; নির্মিত। [সং. প্র + √ নী + ত]।

প্রণেতা (p. 538) [praṇētā] (-তৃ) বিণ. প্রণয়নকারী, রচনাকারী (গ্রন্হের প্রণেতা, আইনের প্রণেতা); নির্মাতা। [সং. প্র + √ নী + তৃ]। □ বি. উক্ত অর্থে।

প্রণোদন (p. 538) [praṇōdana] বি. 1 প্রেরণা দান, উৎসাহ দান; 2 প্ররোচন; 3 নিয়োজন। [সং. প্র + √ নুদ্ + ণিচ্ + অন]। প্রণোদিত বিণ. প্রণোদন বা প্রেরণা দেওয়া হয়েছে এমন (তার দ্বারা প্রণোদিত হয়ে একাজ করেছে, স্বতঃপ্রণোদিত)।

প্রতত (p. 538) [pratata] বিণ. 1 বিস্তীর্ণ, সুবিস্তীর্ণ; 2 দূরপ্রসারী। [সং. প্র + √ তন্ + ত]। প্রততি বি. বিস্তার, প্রসার।

প্রতন (p. 538) [pratana] বিণ. পুরাতন, প্রাচীন ('বিস্মৃতির পতন পাতালে': সু. দ.)। [সং. প্র + তন]।

প্রতনু (p. 538) [pratanu] বিণ. অতি ক্ষুদ্র বা সূক্ষ্ম বা সরু। [সং. প্র + তনু]।

প্রতপ্ত (p. 538) [pratapta] বিণ. অত্যন্ত উত্তপ্ত, খুব গরম (গ্রীষ্মের প্রতপ্ত দিন)। [সং. প্র + তপ্ত]।

প্রতর, প্রতরণ (p. 538) [pratara, prataraṇa] বি. তরণ, পার হওয়া। [সং. প্র + তর, তরণ]।

প্রতর্ক (p. 538) [pratarka] বি. 1 সন্দেহ; 2 আন্দাজ, অনুমান; 3 বিচার, বিবেচনা। [সং. প্র + তর্ক]। প্রতর্ক্য বিণ. বিচার বা অনুমানের বিষয়ীভূত; অনুমান বা সন্দেহের যোগ্য।

প্রতান (p. 538) [pratāna] বি. 1 (লতাদির) বিস্তার; 2 লতার আঁশ বা আকর্ষ। [সং. প্র + √ তন্ + অ]।

প্রতাপ (p. 538) [pratāpa] বি. 1 পরাক্রম ('জগতে তুমি রাজা, অসীম প্রতাপে': রবীন্দ্র); 2 প্রচণ্ড ক্ষমতা, তেজ; 3 প্রভাব, দাপট (হাওয়ার প্রতাপ); 4 উত্তাপ। [সং. প্র + তাপ]। ̃ শালী (-লিন্) বিণ. পরাক্রমযুক্ত। প্রতাপান্বিত বিণ. প্রতাপযুক্ত; পরাক্রমশালী; তেজস্বী। প্রতাপী (-পিন্) বিণ. প্রতাপসম্পন্ন।

প্রতারণা, প্রতারণ (p. 538) [pratāraṇā, pratāraṇa] বি. প্রবঞ্চনা, বঞ্চনা; ছলনা, শঠতা। [সং. প্র + √ তৃ + ণিচ্ + অন + আ]। প্রতারক বিণ. প্রবঞ্চক, প্রতারণাকারী, ঠক। প্রতারিত বিণ. প্রবঞ্চিত, ঠকেছে এমন। স্ত্রী. প্রতারিতা।

প্রতি (p. 538) [prati] (উপসর্গ বা অনুসর্গরূপে ব্যবহৃত) 1 উপর, সম্বন্ধে, বিষয়ে (ফুলের প্রতি আকর্ষণ); 2 দিকে, অভিমুখে (আমার প্রতি দৃষ্টি দাও, শত্রুর প্রতি কটাক্ষ)। □ বিণ. 1 প্রত্যেক, সমস্ত (প্রতিক্ষণ); 2 পরিবর্ত (প্রতিনিধি); 3 পালটা (প্রতিহিংসা); 4 সমীপ (প্রতিবেশী); 5 বিপরীত (প্রতিবিধান); 6 বিরুদ্ধ (প্রতিমল্ল); 7 অনুরূপ, অবিকল (প্রতিমূর্তি); 8 স্বীকার (পরিগ্রহ); 9 সমান (প্রতিযোগিতা); 1 অংশ (প্রতিজিহ্বা)। [সং. প্রথ্ + উতি]।

প্রতিকরণীয়, প্রতিকর্তা (p. 538) [pratikaraṇīẏa, pratikartā] দ্র প্রতিকার।

প্রতি-কর্ম (p. 538) [prati-karma] বি. 1 প্রতিকার; 2 প্রতিশোধ; 3 প্রসাধন। [সং. প্রতি + কর্ম]।

প্রতি-কর্ষ (p. 538) [prati-karṣa] বি. আকর্ষণ। [সং. প্রতি + √ কৃষ্ + অ]।

প্রতিকায় (p. 538) [pratikāẏa] বি. 1 প্রতিমূর্তি; 2 সাদৃশ্য; 3 ছায়া, প্রতিবিম্ব। [সং. প্রতি + কায় (=কায়া)]।

প্রতি-কার (p. 538) [prati-kāra] বি. 1 প্রতিবিধান (দারিদ্রের প্রতিকার); 2 নিবারণ (অন্যায়ের প্রতিকার, রোগের প্রতিকার); 3 প্রতিশোধ; 4 দমন। [সং.

প্রতি + √ কৃ + অ]। প্রতি-করণীয়, প্রতি-কার্য বিণ. প্রতিকার করা উচিত বা সম্ভব এমন। প্রতি-কর্তা (-তৃ) বিণ. বি. প্রতিকারকারী; প্রতিফলদানকারী। প্রতি-কৃত বিণ. 1 প্রতিকার করা হয়েছে এমন; 2 উপশমিত; 3 দমিত।

প্রতি-কাশ (p. 538) [prati-kāśa] বিণ. 1 উজ্জ্বল, প্রদীপ্ত; 2 সদৃশ, তুল্য (নবমেঘপ্রতিকাশ)। [সং. প্রতি + √ কাশ্ + অ]।

প্রতিকূল (p. 538) [pratikūla] বিণ. 1 বিরুদ্ধ, শত্রুতাপূর্ণ, অসুবিধাজনক, বিঘ্নকর (প্রতিকূল পরিস্থিতি, প্রতিকূল আবহাওয়া); 2 বিপরীত, বিপক্ষ; 3 অপ্রসন্ন (প্রতিকূল দৈব, প্রতিকূল ভাগ্য)। [সং. প্রতি + কূল]। বি.˜ তা।

প্রতিকৃত (p. 538) [pratikṛta] দ্র প্রতিকার।

প্রতি-কৃতি (p. 538) [prati-kṛti] বি. 1 প্রতিমূর্তি, বাস্তবের সদৃশ মূর্তি; 2 ছবি, চিত্র, মানুষের দেহের চিত্র, portrait; 3 প্রতিবিম্ব; 4 (বিরল) প্রতিকার। [সং. প্রতি + √ কৃ + তি]।

প্রতি-ক্রম (p. 538) [prati-krama] বি. বিপরীত ক্রম, ব্যুৎক্রম, inverse order. [সং. প্রতি + ক্রম]।

প্রতিক্রিয়া (p. 538) [pratikriẏā] বি. 1 (ওষুধ খাদ্য শক্তি প্রভৃতি) প্রয়োগের ফলে যে ক্রিয়া আরম্ভ হয় (বিষের প্রতিক্রিয়া); 2 ক্রিয়ার পরিণাম (বিরুপ প্রতিক্রিয়া); 3 উত্তেজনার শেষে অবসাদ (ব্যর্থ আন্দোলনের প্রতিক্রিয়া); 4 বাইরের ঘটনায় মানসিক অবস্থার রূপান্তর (এই সংবাদে তার মনের প্রতিক্রিয়া

লক্ষণীয়); 5 প্রগতিবিরুদ্ধ ক্রিয়া বা আচরম; 6 প্রতিবিধান। [সং. প্রতি + ক্রিয়া]।˜ শীল বিণ. প্রগতিবিরুদ্ধ, reactionary.

প্রতি-ক্ষণ, প্রতি-ক্ষণে (p. 538) [prati-kṣaṇa, prati-kṣaṇē] ক্রি-বিণ. প্রতি মুহূর্তে, সর্বদা, অনুক্ষণ। [সং. প্রতি + ক্ষণ, + বাং. এ]।

প্রতি-গমন (p. 538) [prati-gamana] বি. প্রত্যাবর্তন, ফিরে আসা বা ফিরে যাওয়া। [সং. প্রতি + গমন]।

প্রতি-গৃহীত (p. 538) [prati-gr̥hīta] বিণ. 1 গ্রহণ করা হয়েছে এমন, গৃহীত; 2 স্বীকৃত; 3 অঙ্গীকৃত। [সং. প্রতি + গৃহীত]।

প্রতি-গ্রহ (p. 538) [prati-graha] বি. 1 গ্রহণ (দানপ্রতিগ্রহ); 2 স্বীকার (ঋণপ্রতিগ্রহ); 3 অঙ্গীকার; 4 প্রদত্ত বা দেয় বস্তু; 5 (জ্যোতিষ.) প্রতিকূল বা বিরুদ্ধ গ্রহ। [সং. প্রতি + √ গ্রহ্ + অ]।˜ ণ বি. দানগ্রহণ; স্বীকার।˜ ণীয় বিণ. প্রতিগ্রহণের যোগ্য, প্রতিগ্রহণ করা উচিত এমন।

প্রতি-গ্রাহ (p. 538) [prati-grāha] বি. 1 স্বীকার; 2 দানগ্রহণ। [সং. প্রতি + √ গ্রহ্ + ণিচ্ + অ]। প্রতি-গ্রাহিত বিণ. দান গ্রহণে সম্মত করা হয়েছে এমন। প্রতি-গ্রাহী (-হিন্) বিণ. বি. দানগ্রহণকারী। প্রতি-গ্রাহ্য বিণ. গ্রহণ বা স্বীকার করা উচিত এমন।

প্রতিঘ (p. 538) [pratigha] বি. 1 প্রতিবন্ধক, বাধা; 2 ক্রোধ। □ বিণ. প্রতিকূল (প্রতিঘ বায়ু)। [সং. প্রতি + √ হন্ + অ]।

প্রতি-ঘাত (p. 538) [prati-ghāta] বি. আঘাতের বদলে আঘাত, পালটা আঘাত (ঘাত-প্রতিঘাত)। [সং. প্রতি + √ হন্ + অ]। ̃ ন বি. বধ, সংহার, হত্যা। প্রতি-ঘাতী (-তিন্) বিণ. সংহারকারী, বধকারী। স্ত্রী. প্রতি-ঘাতিনী।

প্রতি-চক্ষু (p. 538) [prati-cakṣu] (-ক্ষুস্) বি. চশমা। [সং. প্রতি + চক্ষুঃ]।

প্রতি-চিত্র (p. 538) [prati-citra] বি. চিত্র বা ছবির অবিকল নকল, চিত্রের প্রতিরূপ, blueprint. [সং. প্রতি + চিত্র]।

প্রতিচ্ছবি (p. 538) [praticchabi] বি. 1 ছবির নকল, ছবির অনুরূপ ছবি; 2 প্রতিবিম্ব। [সং. প্রতি + ছবি]।

প্রতিচ্ছায়া (p. 538) [praticchāẏā] বি. 1 প্রতিবিম্ব; 2 প্রতিকৃতি; 3 সাদৃশ্য। [সং. প্রতি + ছায়া]।

প্রতি-জিহ্বা (p. 538) [prati-jihbā] বি. আলজিভ। [সং. প্রতি + জিহ্বা]।

প্রতিজ্ঞ (p. 538) [pratijña] দ্র প্রতিজ্ঞা।

প্রতিজ্ঞা (p. 538) [pratijñā] বি. 1 সংকল্প, দৃঢ় পণ; 2 শপথ, অঙ্গীকার; 3 (জ্যামি.) প্রতিপাদ্য, সম্পাদ্য বা উপপাদ্য বিষয়। [সং. প্রতি + √ জ্ঞা + অ]। প্রতিজ্ঞ (সচ. সমাসের পরপদে) বিণ. প্রতিজ্ঞাযুক্ত (দৃঢ়প্রতিজ্ঞা)। ̃ ত্ব বিণ. 1 সংকল্পিত; অঙ্গীকৃত; স্বীকৃত; 2 প্রস্তাবিত; 3 অবধারিত। ̃ পত্র বি. অঙ্গীকারপত্র,

প্রতিজ্ঞার লিখিত দলিল, একরারনামা। প্রতি-জ্ঞে.য় বিণ. শপথ বা অঙ্গীকারের যোগ্য বা বিষয়ীভূত।

প্রতি-দত্ত (p. 538) [prati-datta] বিণ. 1 প্রতিদানরূপে দেওয়া হয়েছে এমন; 2 প্রত্যর্পিত, ফিরিয়ে দেওয়া হয়েছে এমন। [সং. প্রতি + দত্ত]।

প্রতি-দান (p. 541) [prati-dāna] বি. 1 দানের বদলে দান; 2 প্রত্যর্পণ, ফেরত; 3 পরিশোধ (ঋণ-প্রতিদান)। [সং. প্রতি + দান]।

প্রতি-দারণ (p. 541) [prati-dāraṇa] বি. যুদ্ধ; সংগ্রাম। [সং. প্রতি + দারণ (=বিদারণ)]।

প্রতি-দিন (p. 541) [prati-dina] ক্রি-বিণ. প্রত্যেক দিন, প্রত্যহ, রোজ। [সং. প্রতি + দিন]।

প্রতি-দিষ্ট (p. 541) [prati-diṣṭa] ক্রি-বিণ. প্রবলতর বিধান বিধি বা আদেশের দ্বারা নিবারিত বা প্রত্যাহৃত, countermanded. [সং. প্রতি + √ দিশ্ + ত]।

প্রতি-দেয় (p. 541) [prati-dēẏa] বিণ. প্রতিদানের যোগ্য; প্রতিদান করা বা প্রতিদানে নেওয়া উচিত এমন। [সং. প্রতি + দেয়]।

প্রতি-দ্বন্দ্ব, প্রতি-দ্বন্দ্বিতা (p. 541) [prati-dbandba, prati-dbandbitā] বি. 1 পরস্পরের দ্বন্দ্ব বা বিরোধ; 2 প্রতিযোগিতা; 3 অপরের সঙ্গে শক্তিপরীক্ষা

বা অন্য কোনো গুণের সমকক্ষতার পরীক্ষা। প্রতি-দ্বন্দী (-ন্দ্বিন্) বি. বিণ. বিপক্ষ, প্রতিযোগী। স্ত্রী. প্রতি-দ্বন্দ্বিনী।

প্রতি-ধ্বনি (p. 541) [prati-dhbani] বি. শব্দ আঘাত পেয়ে পুনরায় যে শব্দ সৃষ্টি করে ('হাহা করে প্রতিধ্বনি নদীর তীরে তীরে': রবীন্দ্র)। [সং. প্রতি + ধ্বনি]।˜ ত বিণ. প্রতিধ্বনি দ্বারা মুখরিত; (আল.) প্রচারিত (তাঁর বাণী দেশের সর্বত্র প্রতিধ্বনিত)।

প্রতি-নমস্কার (p. 541) [prati-namaskāra] বি. নমস্কারের উত্তরে নমস্কার। [সং. প্রতি + নমস্কার]।

প্রতি-নাদ (p. 541) [prati-nāda] বি. প্রতিধ্বনি। [সং. প্রতি + নাদ]।

প্রতি-নিধি (p. 541) [prati-nidhi] বি. 1 প্রতিভূ (ঈশ্বরের প্রতিনিধি); 2 কারও পরিবর্তে (কাজ করার জন্য) নিযুক্ত ব্যক্তি, জামিন; 3 বদলি, বদলি লোক; 4 অনুকল্প। [সং. প্রতি + নি + √ ধা + ই]।˜ ত্ব বি. প্রতিনিধির পদ কাজ বা কার্যকাল।

প্রতিনিবর্তন (p. 541) [pratinibartana] দ্র প্রতিনিবৃত্ত।

প্রতি-নিবৃত্ত (p. 541) [prati-nibṛtta] বিণ. 1 ক্ষান্ত হয়েছে এমন, নিরস্ত (বহু কষ্টে ক্রুদ্ধ লোকটিকে প্রতিনিবৃত্ত করা গেল); 2 ফিরে এসেছে বা ঘুরে এসেছে এমন, প্রত্যাগত। [সং. প্রতি + নিবৃত্ত]। প্রতি-নিবৃত্তি, প্রতি-নিবর্তন বি. 1 প্রত্যাবর্তন, প্রত্যাগমন; 2 ক্ষান্তি, নিরস্ত হওয়া।

প্রতি-নিয়ত (p. 541) [prati-niẏata] ক্রি-বিণ. সর্বদা, নিরন্তর (প্রতিনিয়ত বিবাদ চলছে)। [সং. প্রতি + নিয়ত]।

প্রতি-পক্ষ (p. 541) [prati-pakṣa] বি. 1 শত্রুপক্ষ (প্রতিপক্ষের আক্রমণ প্রতিহত করা); 2 বিরোধী দল; 3 প্রতিদ্বন্দ্বী (এই খেলায় আমাদের প্রতিপক্ষ অত্যন্ত শক্তিশালী); 4 প্রতিবাদী (আদালত প্রতিপক্ষের বক্তব্য শুনতে চায়)। [সং. প্রতি + পক্ষ]।

প্রতি-পত্তি (p. 541) [prati-patti] বি. 1 সম্মান; 2 প্রতিষ্ঠা (সমাজে প্রতিপত্তি লাভ); 3 প্রভাব; 4 ক্ষমতা; 5 (বিরল) জ্ঞান। [সং. প্রতি + √ পদ্ + তি]। ̃ শালী, ̃ শীল বিণ. প্রতিপত্তি আছে এমন (প্রতিপত্তিশালী রাজনীতিবিদ)।

প্রতি-পদ (p. 541) [prati-pada] বি. শুক্লপক্ষের বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি (প্রতিপদের চাঁদ)। [সং. প্রতি + √ পদ্ + ক্বিপ্]।

প্রতিপদ (p. 541) [pratipada] দ্র পদ।

প্রতি-পন্ন (p. 541) [prati-panna] বিণ. 1 প্রমাণসিদ্ধ; 2 যুক্তিদ্বারা সমর্থিত বা মীমাংসিত; 3 অবধারিত, নির্ধারিত (এই মত ভ্রান্ত বলে প্রতিপন্ন হয়েছে)। [সং. প্রতি + √ পদ্ + ত]।

প্রতি-পাদন (p. 541) [prati-pādana] বি. 1 যুক্তি বা প্রমাণের দ্বারা নির্ধারণ (তত্ত্বের অসারতা প্রতিপাদন করা); 2 মীমাংসা; 3 সম্পাদন। [সং. প্রতি + √ পদ্

+ ণিচ্ + অন]। প্রতি-পাদক বিণ. বি. প্রতিপাদনকারী। স্ত্রী. প্রতি-পাদিকা। প্রতি-পাদনীয়, প্রতিপাদ্য বিণ. প্রতিপাদনের যোগ্য বা বিষয়ীভূত; প্রমাণসাপেক্ষ (প্রতিপাদ্য বিষয়)। প্রতি-পাদিত বিণ. প্রতিপাদন করা হয়েছে এমন।

প্রতি-পালক (p. 541) [prati-pālaka] বিণ. বি. প্রতিপালনকারী; রক্ষণাবেক্ষণকারী। [সং. প্রতি + পালক]। স্ত্রী. প্রতি-পালিকা। প্রতি-পালন বি. 1 পোষণ, লালন (সন্তান প্রতিপালন); 2 রক্ষণ (প্রতিশ্রুতি প্রতিপালন); 3 রক্ষণাবেক্ষণ (প্রজাদের প্রতিপালন); 4 মান্যকরণ (আজ্ঞা প্রতিপালন)। প্রতি-পালনীয়, প্রতি-পাল্য বিণ. প্রতিপালনের যোগ্য, প্রতিপালন করতে হবে এমন। প্রতি-পালিত বিণ. প্রতিপালন করা হয়েছে এমন। স্ত্রী. প্রতি-পালিতা।

প্রতি-পোষণ (p. 541) [prati-pōṣaṇa] বি. সমর্থন; সাহায্য করা। [সং. প্রতি + পোষণ]। প্রতি-পোষক বিণ. বি. প্রতিপোষণকারী (প্রতিপোষক মূল্য); আনুকূল্য বা সমর্থন করে এমন (অন্যায়ের প্রতিপোষক)।

প্রতি-প্রদান (p. 541) [prati-pradāna] বি. 1 প্রতিদান, বিনিময়ে দান; 2 প্রত্যর্পণ, ফিরেয়ে দেওয়া। [সং. প্রতি + প্রদান]।

প্রতি-প্রয়াণ (p. 541) [prati-praẏāṇa] বি. প্রত্যাবর্তন, ফিরে আসা। [সং. প্রতি + প্রয়াণ]। প্রতি-প্রয়াত বিণ. প্রত্যাবৃত্ত, ফিরে এসেছে এমন।

প্রতি-প্রশ্ন (p. 541) [prati-praśna] বি. পালটা প্রশ্ন, প্রশ্নের উত্তরে প্রশ্ন, প্রশ্নের পিঠে প্রশ্ন। [সং. প্রতি + প্রশ্ন]।

প্রতি-প্রসব (p. 541) [prati-prasaba] বি. পূর্বনিষিদ্ধ বিধানের পুনঃপ্রবর্তন, নতুন বিধানের দ্বারা নিষিদ্ধ বিধির পুনঃপ্রবর্তন। [সং. প্রতি + প্র + √ সূ + অ]। প্রতি-প্রসূত বিণ. 1 নতুন বিধির দ্বারা পূর্বনিষিদ্ধ বিধান পুনঃপ্রবর্তিত হয়েছে এমন; 2 পুনঃসম্ভাবিত।

প্রতি-প্রস্থান (p. 541) [prati-prashāna] বি. শত্রুর বা বিপক্ষের আশ্রয়; বিপক্ষের আশ্রয় গ্রহণ; বিপক্ষে চলে যাওয়া। [সং. প্রতি + প্রস্থান]।

প্রতি-প্রহার (p. 541) [prati-prahāra] বি. 1 প্রতিঘাত, পালটা আঘাত; 2 পালটা প্রহার। [সং. প্রতি + প্রহার]।

প্রতি-ফল (p. 541) [prati-phala] বি. 1 প্রতিশোধ; 2 শাস্তি (এর প্রতিফল তোমাকে পেতেই হবে)। [সং. প্রতি + ফল]।

প্রতি-ফলন (p. 541) [prati-phalana] বি. 1 প্রতিবিম্বপাত (সাহিত্য লেখকের মনের প্রতিফলন); 2 দর্পণ ইত্যাদিতে পতিত আলোকের প্রত্যাবর্তন, reflection. [সং. প্রতি + √ ফল্ + অন]।

প্রতি-ফলিত (p. 541) [prati-phalita] বিণ. 1 প্রতিবিম্বিত; 2 পতিত আলোক প্রত্যাবৃত্ত হয়েছে এমন বা ওই আলোকে উদ্ভাসিত, reflected. [সং. প্রতি + √ ফল্ + ত]।

প্রতি-বচন (p. 541) [prati-bacana] বি. 1 উত্তর বা প্রত্যুত্তর; 2 প্রতিকূল বাক্য; 3 সমানার্থক বাক্য; 4 প্রতিধ্বনি। [সং. প্রতি + বচন]।

প্রতি-বদ্ধ (p. 541) [prati-baddha] বিণ. বাধাপ্রাপ্ত; ব্যাহত (প্রতিবদ্ধ বায়ু, প্রতিবদ্ধ আলো)। [সং. প্রতি + বদ্ধ]।

প্রতি-বন্ধ (p. 541) [prati-bandha] বি. বাধা, ব্যাঘাত, বিঘ্ন, অন্তরায়। [সং. প্রতি + √ বন্ধ্ + অ]।˜ ক বিণ. বাধাজনক; পরিপন্থী। □ বি. বাধা, অন্তরায় (পদে পদে প্রতিবন্ধক)।˜ কতা বি. 1 বাধাদান (কাজে প্রতিবন্ধকতা করা); 2 বাধা (কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি করা)। প্রতি-বন্ধী (-ন্ধিন্) বিণ. বি. বাধাযুক্ত; বাধাজনক; দৈহিক শক্তির একান্ত অভাবের জন্য বা অঙ্গহানির জন্য যারা আশৈশব বাধাপ্রাপ্ত মূক বধির খঞ্জ ইত্যাদি।

প্রতি-বর্ণী-করণ (p. 541) [prati-barṇī-karaṇa] বি. এক ভাষার শব্দ অন্য ভাষার লিপি বা বর্ণে লেখা, লিপ্যন্তরীকরণ, transliteration. [সং. প্রতি + বর্ণ + চি + করণ]। বিণ. প্রতি-বর্ণী-কৃত।

প্রতি-বর্তন (p. 541) [prati-bartana] বি. 1 বিপরীত দিক বা মুখ উপস্থিতকরণ, obversion (বি.প.); 2 ফেরা, প্রত্যাবর্তন। [সং. প্রতি + √ বৃত্ + ণিচ্ + অন]।

প্রতি-বল (p. 541) [prati-bala] বি. শত্রুপক্ষের বা বিপক্ষের সৈন্য বা সৈন্যবল। □ বিণ. সমান শক্তিসম্পন্ন। [সং. প্রতি + বল]।

প্রতি-বস্তুপমা (p. 541) [prati-bastupamā] বি. উপমান বা উপমেয়ের সাধারণ ধর্মের পার্থক্য সত্ত্বেও সাদৃশ্য বোধগম্য হয় এণন অর্থালংকারবিশেষ। [সং. প্রতিবস্তু + উপমা]।

প্রতি-বাক্য (p. 541) [prati-bākya] বি. 1 উত্তর; 2 প্রত্যুত্তর; 3 প্রতিকূল বাক্য। [সং. প্রতি + বাক্য]।

প্রতি-বাত (p. 541) [prati-bāta] বিণ. ক্রি-বিণ. বায়ুর প্রতিকূল বা প্রতিকূলে, যেদিক থেকে বায়ু বইছে সেই দিক বা দিকে। □ বি. প্রতিকূল বায়ু, উলটো দিক থেকে আগত বায়ু। [সং. প্রতি + বাত2]।

প্রতি-বাদ (p. 541) [prati-bāda] বি. 1 কোনো উক্তি খণ্ডনের জন্য প্রত্যুক্তি; 2 আপত্তিজ্ঞাপন (অন্যায়ের প্রতিবাদ করা); 3 বিরুদ্ধ উক্তি। [সং. প্রতি + √ বদ্ + অ]। প্রতি-বাদী (-দিন্) বিণ. বি. 1 বিরুদ্ধবাদী; 2 প্রতিপক্ষ; 3 বিবাদী; 4 আসামি। স্ত্রী. প্রতিবাদিনী।

প্রতি-বাসর (p. 541) [prati-bāsara] বি. প্রতিদিন। [সং. প্রতি + বাসর (=দিবস)]।

পতি-বাসী (p. 541) [pati-bāsī] (-সিন্) বিণ. বি. প্রতিবেশী, পড়শি, নিকটে বা কাছাকাছি বাসকারী। [সং. প্রতি + √ বস্ + ইন্]। স্ত্রী. প্রতি-বাসিনী।

প্রতি-বিধান (p. 541) [prati-bidhāna] বি. 1 প্রতিকার; 2 নিরাময় বা দূরীকরণের উপায় (রোগের প্রতিবিধান); 3 প্রতিশোধ। [সং. প্রতি + বিধান]। বিণ. প্রতি-বিহিত।

প্রতি-বিধিৎসা (p. 541) [prati-bidhitsā] বি. প্রতিকার বা প্রতিবিধানের ইচ্ছা। [সং. প্রতি + বি + √ ধা + সন্ + অ + আ]।

প্রতি-বিপ্লব (p. 541) [prati-biplaba] বি. কোনো বিপ্লবের বিরুদ্ধবাদীদের দ্বারা পরিচালিত আর এক বিপ্লব, counter-revolution. [সং. প্রতি + বিপ্লব]। প্রতি-বিপ্লবী বিণ. প্রতিবিপ্লবমূলক; প্রতিবিপ্লবপন্হী। □ বি. প্রতিবিপ্লবপন্হী বা প্রতিবিপ্লবকারী ব্যক্তি।

প্রতি-বিম্ব (p. 541) [prati-bimba] বি. দর্পণ জল প্রভৃতিতে প্রতিফলিত মূর্তি, প্রতিচ্ছায়া ('জলে প্রিয় মুখের প্রতিবিম্ব': অ. মি.)। [সং. প্রতি + বিম্ব]। ˜ ন বি. প্রতিফলন, প্রতিবিম্বপাত। প্রতি-বিম্বিত বিণ. প্রতিফলিত; প্রতিবিম্ব ফেলেছে বা পড়েছে এমন (জাতীয় চরিত্র সাহিত্যে প্রতিবিম্বিত)।

প্রতি-বিহিত (p. 541) [prati-bihita] বিণ. প্রতিকার বা প্রতিবিধান করা হয়েছে এমন। [সং. প্রতি + বি + √ ধা + ত]।

প্রতি-বেদক (p. 541) [prati-bēdaka] বি. (প্রধানত সংবাদ প্রচারের জন্য) বিবরণদাতা, reporter. [সং. প্রতি + √ বিদ্ + ণিচ্ + অক]। প্রতি-বেদন বি. 1 অভাব-অভিযোগ জ্ঞাপন; 2 বিবরণ; 3 রিপোর্ট, report.

প্রতি-বেশ (p. 541) [prati-bēśa] বি. 1 কাছাকাছি অবস্থিত ঘরবাড়ি; 2 প্রতিবাসীদের গৃহ; 3 পরিপার্শ্ব বা পরিপার্শ্বের অবস্থা, পরিবেশ। [সং. প্রতি + √ বিশ্ + অ]।

প্রতি-বেশী (p. 541) [prati-bēśī] (-শিন্) বিণ. বি. নিকটবর্তী স্থানে বাসকারী, কাছাকাছি বাসকারী, পড়শি। [সং. প্রতি + √ বিশ্ + ইন্]। স্ত্রী. প্রতি-বেশিনী।

প্রতিবোধ, প্রতিবোধন (p. 541) [pratibōdha, pratibōdhana] বি. 1 বিকাশ; 2 জাগরণ; 3 বোধের উন্মেষ; 4 বুঝিয়ে বা জাগিয়ে দেওয়া। [সং. প্রতি + বোধ, বোধন]। বিণ. প্রতি-বোধিত।

প্রতিভা (p. 541) [pratibhā] বি. 1 স্বভাবজাত ও অসামান্য বুদ্ধি (কবিপ্রতিভা, বৈজ্ঞানিক প্রতিভা); 2 প্রত্যুৎপন্নমতিত্ব; 3 উদ্ভাবনী বুদ্ধি; 4 সৃজনশীল প্রজ্ঞা; 5 প্রভা, দীপ্তি। [সং. প্রতি + √ ভা + অ]।˜ ধর,˜ শালী বিণ. প্রতিভা আছে এমন, প্রতিভাযুক্ত, প্রতিভাসম্পন্ন।˜ বান বিণ. প্রতিভাসম্পন্ন।

প্রতি-ভাত (p. 541) [prati-bhāta] বিণ. 1 উজ্জলরূপে প্রকাশিত; 2 স্পষ্টভাবে ব্যক্ত (তিনি ভক্তহৃদয়ে অবতার রূপে প্রতিভাত); 3 জ্ঞাত; 4 আলোকিত; 5 প্রতিফলিত। [সং. প্রতি + √ ভা + ত]।

প্রতি-ভাস (p. 541) [prati-bhāsa] বি. 1 মনের মধ্যে আকস্মিক প্রকাশ; 2 প্রকাশ; 3 উজ্জ্বলতা, দীপ্তি। [সং. প্রতি + √ ভাস্ (=দীপ্তি) + অ]। প্রতি-ভাসিত বিণ. ব্যক্ত, প্রকাশিত; শোভিত; প্রভাযুক্ত; দীপ্ত।

প্রতিভূ (p. 541) [pratibhū] বি. 1 প্রতিনিধি ('বৌদ্ধ সংস্কৃতি প্রাচ্য সভ্যতার প্রতিভূ': রবীন্দ্র); 2 জামিন। [সং. প্রতি + √ ভূ + ক্বিপ্]।

-প্রতিম (p. 541) [-pratima] বিণ. (অন্য শব্দের শেষে যুক্ত হয়ে) তুল্য, সদৃশ (অগ্রজপ্রতিম, প্রাণপ্রতিম)। [সং. প্রতি + √ মা + অ]।

প্রতিমা (p. 541) [pratimā] বি. 1 প্রতিমূর্তি, প্রতিকৃতি; 2 ঈশ্বরের কোনো রূপের সাদৃশ্যকল্পনায় গঠিত বা নির্মিত দেবমূর্তি; 3 বিগ্রহ, মূর্তরূপ (সৌন্দর্যের প্রতিমা)। [সং. প্রতি + √ মা + অ + আ]।

প্রতি-মান (p. 541) [prati-māna] বি. 1 নজির, নিদর্শন, প্রমাণ; 2 মানদণ্ড, বিচারের মাপকাঠি; 3 মান, standard. [সং. প্রতি + মান2]।

প্রতি-মুক্ত (p. 541) [prati-mukta] বিণ. 1 মুক্ত; 2 বন্ধনযুক্ত; 3 পরিত্যক্ত। [সং. প্রতি + মুক্ত]।

প্রতি-মুখ (p. 541) [prati-mukha] বি. 1 অভিমুখ; 2 সম্মুখ। [সং. প্রতি + মুখ]।

প্রতি-মূহুর্ত (p. 541) [prati-mūhurta] ক্রি-বিণ. প্রতিক্ষণ, সর্বদা। [সং. প্রতি + মুহূর্ত]।

প্রতি-মূর্তি (p. 541) [prati-mūrti] বি. 1 প্রতিকৃতি; 2 অনুরূপ মূর্তি বা চেহারা; 3 প্রতিমা। [সং. প্রতি + মূর্তি]।

প্রতি-যোগ (p. 541) [prati-yōga] বি. 1 শত্রুতা; 2 বিরোধ; 3 প্রতিদ্বন্দ্বিতা। [সং. প্রতি + যোগ]। প্রতি-যোগিতা বি. 1 প্রতিদ্বন্দ্বিতা; 2 বিরোধিতা, বিপক্ষতা; 3 সমকক্ষতা। প্রতি-যোগী (-গিন্) বিণ. বি. প্রতিদ্বন্দী; পরস্পর শক্তিপরীক্ষাকারী; বিপক্ষ, পতিপক্ষ; সমকক্ষ। স্ত্রী. প্রতি-যোগিনী।

প্রতি-রক্ষা, প্রতি-রক্ষণ (p. 543) [prati-rakṣā, prati-rakṣaṇa] বি. সম্ভাব্য বহিরাক্রমণ থেকে দেশ বা রাষ্ট্রের রক্ষাব্যবস্থা, আরক্ষা, defence. [সং. প্রতি + রক্ষা, রক্ষণ]। প্রতি-রক্ষা-বাহিনী বি. প্রতিরক্ষার কাজে নিযুক্ত সৈন্যবাহিনী।

প্রতিরব (p. 543) [pratiraba] বি. প্রতিধ্বনি। [সং. প্রতি + রব]।

প্রতিরুদ্ধ (p. 543) [pratiruddha] দ্র প্রতিরোধ।

প্রতি-রূপ (p. 543) [prati-rūpa] বি. 1 প্রতিমূর্তি (নালন্দা ছিল আধুনিক বিশ্ববিদ্যালয়েরই প্রতিরূপ); 2 সাদৃশ্য; প্রতিবিম্ব। □ বিণ. সদৃশ, তুল্য। [সং. প্রতি + রূপ]। প্রতি-রূপক বি. 1 চিত্র; 2 প্রতিবিম্ব; 3 প্রতিমূর্তি।

প্রতি-রোধ (p. 543) [prati-rōdha] বি. 1 নিবারণ (রোগ প্রতিরোধ); 2 বাধাদান (অন্যায়ের প্রতিরোধ); 3 অবরোধ; 4 আটক; 5 প্রতিবন্ধ, ব্যাঘাত। [সং. প্রতি + রোধ]. প্রতি-রুদ্ধ, প্রতি-রোধিত বিণ. প্রতিরোধ করা হয়েছে এমন;

বাধাপ্রাপ্ত; নিবারিত। ˜ ক, প্রতিরোধী (-ধিন্) বিণ. প্রতিরোধকারী। প্রতিরোধ্য বিণ. প্রতিরোধ করা সম্ভব বা উচিত এমন।

প্রতিলিপি (p. 543) [pratilipi] বি. রচনা ছবি প্রভৃতির যথাযথ নকল, copy. [সং. প্রতি + লিপি]।

প্রতি-লোম (p. 543) [prati-lōma] বিণ. 1 বিপরীত, উলটো ('প্রতিলোম অভিযানে লোকযাত্রী হবে অগ্রসর': সু. দ.); 2 প্রতিকূল (প্রতিলোম আচরণ)। [সং. প্রতি + লোমন্ + অ]। প্রতিলোম বিবাহ নিম্নবংশীয় পুরুষের সঙ্গে উচ্চবংশীয় কন্যার বিবাহ।

প্রতি-শব্দ (p. 543) [prati-śabda] বি. 1 সমার্থক শব্দ, একই অর্থবোধক শব্দ; 2 প্রতিধ্বনি। [সং. প্রতি + শব্দ]।

প্রতি-শয়, প্রতি-শয়ন (p. 543) [prati-śaẏa, prati-śaẏana] বি. দেবমন্দিরে প্রত্যাদেশ কামনায় ধরনা বা হত্যা দেওয়া। [সং. প্রতি + √ শী + অ, অন]।

প্রতি-শোধ (p. 543) [prati-śōdha] বি. 1 অন্যায়ের প্রত্যুত্তরে অন্যায়কারীর ক্ষতিসাধন; 2 প্রতিহিংসা। [সং. প্রতি + শোধ]।

প্রতি-শ্রয় (p. 543) [prati-śraẏa] বি. 1 সভা, সভাগৃহ; 2 যজ্ঞশালা; 3 পাত্র, আধার। [সং. প্রতি + √ শ্রি + অ]।

প্রতি-শ্রুতি (p. 543) [prati-śruti] বি. কথা দেওয়া; অঙ্গীকার, প্রতিজ্ঞা। [সং. প্রতি + √ শ্রু + তি]। প্রতি-শ্রুত বিণ. অঙ্গীকৃত, প্রতিজ্ঞাবদ্ধ।

প্রতি-ষেধ (p. 543) [prati-ṣēdha] বি. 1 নিষেধ; 2 নিবারণ (রোগ প্রতিষেধ); 3 ত্যাগ, বর্জন। [সং. প্রতি + √ সিধ্ + অ]। প্রতি-ষিদ্ধ বিণ. প্রতিষেধ করা হয়েছে এমন। ˜ ক বিণ. প্রতিরোধ বা নিবারণ করে এমন, নিবারক (প্রতিষেধক টিকা)। □ বি. প্রতিষেধক পদার্থ। ˜ ন বি. প্রতিষেধকরণ।

প্রতি-ষ্টম্ভ (p. 543) [prati-ṣṭambha] বি. 1 বাধা, প্রতিবন্ধ, আটকে দেওয়া (বাহু প্রতিষ্টম্ভ); 2 প্রতিরোধ। [সং. প্রতি + √ স্তম্ভ্ + অ]।

প্রতিষ্ঠা (p. 543) [pratiṣṭhā] বি. 1 সংস্থাপন (বিদ্যালয় প্রতিষ্ঠা); 2 (ব্রতাদি) উদ্ যাপন ; 3 উৎসর্গ (বৃক্ষ প্রতিষ্ঠা); 4 অবস্থান, যাতে স্থিতি লাভ হয় (কুলপ্রতিষ্ঠা); 5 প্রতিপত্তি, খ্যাতি, গৌরব (সমাজে প্রতিষ্ঠা লাভ)। [সং. প্রতি + √ স্থা + অ + আ]। ˜ তা (-তৃ) বিণ. বি. প্রতিষ্ঠাকারী। স্ত্রী. ˜ ত্রী। ˜ ন বি. 1 সংস্থাপন; 2 বিশেষ উদ্দেশ্যে গঠিত সমিতি বা সংস্থা, institution (শিক্ষাপ্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান); 3 অবস্থান; 4 প্রাচীন ভারতের নগরবিশেষ। ˜ বান (-বত্) বিণ. বিখ্যাত; বিশেষ গৌরবসম্পন্ন (চিকিৎসাশাস্ত্রে দিশবিদেশে প্রতিষ্ঠাবান)। প্রতিষ্ঠিত বিণ. 1 প্রতিষ্ঠা করা হয়েছে এমন (মন্দির প্রতিষ্ঠিত হয়েছে); 2 প্রতিষ্ঠা লাভ করেছে এমন (পসার প্রতিষ্ঠিত); 3 বদ্ধমূল (প্রতিষ্ঠিত বিশ্বাস)।

প্রতিষ্ঠা-পন (p. 543) [pratiṣṭhā-pana] বি. 1 সংস্থাপন, প্রতিষ্ঠা; 2 উৎসর্গ; 3 অর্পণ। [সং. প্রতি + √ স্থা + ণিচ্ + অন]। প্রতিষ্ঠা-পয়িতা (-তৃ) বিণ. বি. প্রতিষ্ঠাকারী। স্ত্রী. প্রতিষ্ঠা-পয়িত্রী। প্রতিষ্ঠা-পিত বিণ. প্রতিষ্ঠা করা হয়েছে এমন।

প্রতিষ্ঠিত (p. 543) [pratiṣṭhita] দ্র প্রতিষ্ঠা।

প্রতি-সংহার (p. 543) [prati-saṃhāra] বি. 1 (অস্ত্রাদি) সংবরণ; 2 নিবর্তন; 3 ফিরিয়ে নেওয়া। [সং. প্রতি + সম্ + √ হৃ + অ]। প্রতি-সংহৃত বিণ. ফিরিয়ে নেওয়া হয়েছে এমন।

প্রতি-সন্ধান (p. 543) [prati-sandhāna] বি. 1 অনুসন্ধান, অন্বেষণ; 2 অনুচিন্তন, অবধান। [সং. প্রতি + সন্ধান]।

প্রতিসব্য (p. 543) [pratisabya] বিণ. 1 প্রতিকূল; 2 বিপরীত। [সং. প্রতি + সব্য (বাম)]।

প্রতি-সর (p. 543) [prati-sara] বি. কঙ্কণ বা হাতের বালাবিশেষ। [সং. প্রতি + √ সৃ + অ]।

প্রতি-সরণ (p. 543) [prati-saraṇa] বি. (বিজ্ঞা.) এক স্বচ্ছ পদার্থ থেকে ভিন্ন স্বচ্ছ পদার্থে প্রবেশ করলে আলোকরশ্মির স্বাভাবিক গতিপথের যে পরিবর্তন হয়, refraction (বি.প.)। [সং. প্রতি + √ সৃ + অন]। প্রতি-সৃত বিণ. প্রতিসরণযুক্ত; পরাবর্তিত।

প্রতি-সর্গ (p. 543) [prati-sarga] বি. 1 ব্রহ্মার সৃষ্টিকার্যের পর তাঁর মানসপুত্রদের দ্বারা সৃষ্টি; 2 প্রলয়, মহাপ্রলয়। [সং. প্রতি + সর্গ (=সৃষ্টি)]।

প্রতি-সারণ (p. 543) [prati-sāraṇa] বি. দূরীকরণ, অপসারণ। [সং. প্রতি + √ সৃ + ণিচ্ + অন]। প্রতি-সারিত বিণ. 1 দূরীকৃত, অপসারিত; 2 সংশোধিত; 3 পরিচালিত।

প্রতি-সারী (p. 543) [prati-sārī] (-রিন্) বিণ. বিপরীতগামী বা প্রতিকূলগামী। [সং. প্রতি + √ সৃ + ইন্]।

প্রতিসৃত (p. 543) [pratisṛta] দ্র প্রতিসরণ।

প্রতি-সৃষ্ট (p. 543) [prati-sṛṣṭa] বিণ. 1 নিক্ষিপ্ত; 2 বিক্ষিপ্ত; 3 প্রত্যাখ্যাত। [সং. প্রতি + √ সৃজ্ (=বিসর্জন) + ত]।

প্রতি-স্পর্ধা (p. 543) [prati-spardhā] বি. প্রতিদ্বন্দ্বিতা, প্রতিযোগিতা। [সং. প্রতি + স্পর্ধা]। প্রতি-স্পর্ধী (-র্ধিন্) বিণ. 1 প্রতিদ্বন্দ্বী, প্রতিযোগী; 2 সমকক্ষ।

প্রতি-স্বর (p. 543) [prati-sbara] বি. প্রতিধ্বনি। [সং. প্রতি + স্বর]।

প্রতি-হত (p. 543) [prati-hata] বিণ. 1 বাধাপ্রাপ্ত (অপচেষ্ঠা প্রতিহত); 2 আঘাতপ্রাপ্ত, আহত; 3 নিবারিত; 4 ব্যাহত। [সং. প্রতি + √ হন্ + ত]।

প্রতি-হনন (p. 543) [prati-hanana] বি. 1 হত্যাকারীকে বধ; 2 হত্যার জবাবে হত্যা, পালটা হত্যা। [সং. প্রতি + হনন]।

প্রতি-হন্তা (p. 543) [prati-hantā] (-ন্তৃ) বিণ. বি. হত্যাকারী বা আঘাতকারীকে যে বধ করে। [সং. প্রতি + হন্তৃ]।

প্রতি-হর্তা (p. 543) [prati-hartā] (-র্তৃ) বিণ. বি. 1 প্রত্যাঘাতকারী; 2 নিবারণকারী। [সং. প্রতি + √ হৃ + তৃ]।

প্রতি-হার (p. 544) [prati-hāra] বি. 1 দৌবারিক, দ্বাররক্ষী; 2 পরিহার, বর্জন; 3 (বিরল) সদর দরজা। [সং. প্রতি + √ হৃ + অ]। প্রতি-হারী (-রিন্) বি. দৌবারিক, দ্বাররক্ষী। স্ত্রী. প্রতি-হারিণী।

প্রতি-হারক (p. 544) [prati-hāraka] বিণ. 1 ঐন্দ্রজালিক, জাদুকর; 2 ছলনাকারী, প্রতারক। [সং. প্রতি + √ হৃ + অক]। প্রতি-হারণ বি. 1 প্রবেশদ্বার; 2 দ্বারে প্রবেশের অনুমতি।

প্রতিহারী (p. 544) [pratihārī] দ্র প্রতিহার।

প্রতি-হার্য (p. 544) [prati-hārya] বিণ. পরিহারযোগ্য, বর্জনীয়। [সং. প্রতি + √ হৃ + য]।

প্রতি-হিংসা (p. 544) [prati-hiṃsā] বি. 1 হিংসার বদলে হিংসা; 2 প্রতিশোধ; 3 বৈরনির্যাতন, শত্রুতাকারীর প্রতি শত্রুতাচরণ। [সং. প্রতি + হিংসা]।

প্রতীক (p. 544) [pratīka] বি. 1 অবয়ব, অঙ্গ; 2 প্রতিমা; 3 চিহ্ন; 4 ঈশ্বর ইত্যাদি অকল্পনীয় বা বিরাট ব্যাপারের কল্পনার সহায়ক বস্তু বা রূপ, (প্রতীক-উপাসনা)। □ বিণ. প্রতিকূল। [সং. প্রতি + √ ই + ঈক]। ˜ তা, ˜ বাদ, প্রতীকী-বাদ বি. সাহিত্যে, বিশেষত কাব্যে, সংকেত দ্বারা ভাবপ্রকাশের পদ্ধতি বা রীতি, symbolism. প্রতীকী বিণ. 1 সংকেতময়, ইঙ্গিতময়; 2 সাংকেতিক, symbolic ('ছাই হয়ে গেছে প্রতীকী স্বর্ণলঙ্কা': সু. দ.)।

প্রতীক্ষমাণ (p. 544) [pratīkṣamāṇa] দ্র প্রতীক্ষা।

প্রতীক্ষা (p. 544) [pratīkṣā] বি. 1 অপেক্ষা, সবুর (আর কতদিন তার প্রতীক্ষা করব?); 2 আশা, প্রত্যাশা; 3 সম্ভাবিত বিষয়ের জন্য অপেক্ষা (পরীক্ষার ফলপ্রকাশের প্রতীক্ষা)। □ ক্রি. (কাব্যে) প্রতীক্ষা করা (প্রতীক্ষির, প্রতীক্ষিয়া)। প্রতীক্ষ-মাণ বিণ. অপেক্ষাকারী; আশা বা প্রত্যাশা করছে এমন। স্ত্রী. প্রতীক্ষ-মাণ। প্রতীক্ষিত বিণ. (যার জন্য) প্রতীক্ষা করা হয়েছে এমন, অপেক্ষিত (দীর্ঘ প্রতীক্ষিত ঘটনা)। প্রতীক্ষ্য বিণ. 1 প্রতীক্ষার যোগ্য; 2 পূজ্য, আরাধ্য। প্রতীক্ষ্য-মাণ বিণ. (যার জন্য) অপেক্ষা করা হচ্ছে এমন। স্ত্রী. প্রতীক্ষ্য-মাণা।

প্রতীচী (p. 544) [pratīcī] বি. 1 পশ্চিম দিক; 2 (বাং.) পৃথিবীর পশ্চিম অংশের দেশসমূহ, পাশ্চাত্য দেশসমূহ। [সং. প্রতি + √ অঞ্চ্ + ক্বিপ্ + ঈ]। ˜ ন, প্রতীচ্য বিণ. 1 পশ্চিমদিকস্থ; 2 পাশ্চাত্য, পশ্চিমদেশীয় (প্রতীচ্য সংস্কৃতি)।

প্রতীত (p. 544) [pratīta] বিণ. বিশ্বাস জন্মেছে এণন (অভ্রান্ত বলে প্রতীত)। [সং. প্রতি + √ ই + ত]। প্রতীতি বি. 1 প্রত্যয়, বিশ্বাস (মনে এই প্রতীতি জন্মেছে); 2 উপলব্ধি, জ্ঞান, বোধ; 3 ধারণা।

প্রতীপ (p. 544) [pratīpa] বিণ. 1 (জ্যামি.) ঠিক বিপরীত দিকে অবস্থিত। □ বি. অর্থালংকারবিশেষ-এতে প্রসিদ্ধ উপমান-বস্তু উপমেয়রূপে কল্পিত হয়, কিংবা প্রসিদ্ধ উপমান-বস্তুর নিষ্ফলতা বর্ণিত হয় (যেমন, আজ বর্ষা গাঢ়তম, 'নিবিড় কুন্তলময় মেঘ নামিয়াছে মম দুইটি তীরে': রবীন্দ্র)। [সং. প্রতি + √ অপ্ + অ]।

প্রতীয়-মান (p. 544) [pratīẏa-māna] বিণ. অনুভূত বা জ্ঞাত হচ্ছে এমন (দুইয়ের মধ্যে কোনো পার্থক্যই প্রতীয়মান হচ্ছে না)। [সং. প্রতি + √ ই + শানচ্]।

প্রতী-হার, প্রতী-হারী (p. 544) [pratī-hāra, pratī-hārī] যথাক্রমে প্রতিহার ও প্রতিহারী -র বানানভেদ।

প্রতুল (p. 544) [pratula] বি. 1 প্রাচুর্য; 2 শ্রীবৃদ্ধি। □ বিণ. প্রচুর। [সং. প্র + তুলা (+অ)]।

প্রতোদ (p. 544) [pratōda] বি. কশা, চাবুক। [সং. প্র + √ তুদ্ + অ]।

প্রত্ন (p. 544) [pratna] বিণ. প্রাচীন, পুরাতন। [সং. প্র + ত্ন]। ˜ তত্ত্ব, ˜ বিদ্যা বি. প্রাচীনকালের মুদ্রা লিপি গ্রন্হ অট্টালিকার ভগ্নাবশেষ ইত্যাদি বিচারের দ্বারা

সেকালের ইতিহাস উদ্ধার বা আবিষ্কার, পুরাতত্ত্ব। ˜ তত্ত্ব-বিদ, ˜ তত্ত্ব-বিত্, ˜ তাত্ত্বিক বি. প্রত্নতত্ত্বে অভিজ্ঞ ব্যক্তি।

প্রত্যক (p. 544) [pratyaka] (-ক্) বিণ. অব্য. 1 পশ্চিম (প্রত্যগ্বায়ু); 2 বিপরীত; 3 পশ্চাত্, পশ্চাদ্বর্তী (প্রত্যঙ্মুখ); 4 অন্তরস্থিত (প্রত্যগাত্মা)। [সং. প্রতি + √ অন্চ্ + ক্বিপ্]।

প্রত্যক্ষ (p. 544) [pratyakṣa] বিণ. 1 ইন্দ্রিয়গোচর, সাক্ষাত্, দৃশ্য (প্রত্যক্ষদেবতা); 2 ব্যক্ত, স্পষ্ট (প্রত্যক্ষ প্রমাণ); 3 সরাসরি, অপরোক্ষ (প্রত্যক্ষ কর)। □ বি. 1 ইন্দ্রিয়লব্ধ জ্ঞান; 2 জ্ঞানদ্বারা উপলব্ধি, দর্শন (প্রত্যক্ষগোচর)। [সং. প্রতি (=সম্মুখে) + অক্ষ (=ইন্দ্রিয়, চক্ষু)]। প্রত্যক্ষ কর বি. জনসাধারণের কাছ থেকে যে-কর সরাসরি আদায় করা হয়। ˜ কারী (-রিন্) বিণ. প্রত্যক্ষ করছে এমন; নিজেই দেখেছে এমন। ˜ গোচর বিণ. স্পষ্ট, ব্যক্ত, প্রকটিত। ˜ জ্ঞান বি. চাক্ষুষ জ্ঞান, সরাসরি ইন্দ্রিয়ের দ্বারা লব্ধ জ্ঞান। ˜ তা বি. সরাসরিভাব, সোজাসুজিভাব, অপরোক্ষতা। ˜ দর্শন বি. সাক্ষাত্ দর্শন, স্বচক্ষে দেখা। ˜ দর্শী (-র্শিন্) বিণ. প্রত্যক্ষদর্শনকারী, যে স্বচক্ষে দেখছে বা দেখেছে। প্রত্যক্ষ প্রমাণ বি. দৃষ্টির বা ইন্দ্রিয়ের গোচরীভূত প্রমাণ; চাক্ষুষ প্রমাণ। ˜ ফল বি. কারণ থেকে সরাসরি উদ্ভূত ফল অর্থাত্ যে ফলের কারণ স্পষ্ট বোঝা যায়। ˜ বাদ বি. জড়বাদ; দেহাত্মবাদ, positivism. ˜ বাদী (-দিন্) বিণ. বি. জড়বাদ বা দেহাত্মবাদ বিশ্বাসী। প্রত্যক্ষী (-ক্ষিন্) বিণ. প্রত্যক্ষকারী। প্রত্যক্ষী-কৃত বিণ. পূর্বে প্রত্যক্ষ ছিল না, এখন প্রত্যক্ষ করা হয়েছে এমন। বি. প্রত্যক্ষী-করণ। প্রত্যক্ষী-ভূত বিণ. পূর্বে প্রত্যক্ষ ছিল না, এখন প্রত্যক্ষ হয়েছে এমন। বি. প্রত্যক্ষী-ভবন।

প্রত্যগাত্মা (p. 544) [pratyagātmā] বি. পরমাত্মা, অন্তর্যামী; জীবাত্মা। [সং. প্রত্যক্ + আত্মন্]।

প্রত্যগ্র (p. 544) [pratyagra] বিণ. 1 নতুন, তরুণ; 2 টাটকা, তাজা। [সং. প্রতি + অগ্র]।

প্রত্যঙ্গ (p. 544) [pratyaṅga] বি. অঙ্গের অংশ (যেমন অঙ্গ হাত-পা, প্রত্যঙ্গ আঙুল), ক্ষুদ্র অঙ্গ, উপাঙ্গ। [সং. প্রতি + অঙ্গ]।

পত্যনীক (p. 544) [patyanīka] বিণ. শত্রুভাবাপন্ন, বিরুদ্ধ। □ বি. শত্রুসৈন্য। [সং. প্রতি + অনীক]।

প্রত্যনু-মান (p. 544) [pratyanu-māna] বি. অনুমানের পালটা অনুমান; বিরুদ্ধ অনুমান। [সং. প্রতি + অনুমান]।

প্রত্যন্ত (p. 544) [pratyanta] বিণ. প্রান্তবর্তী (প্রত্যন্ত প্রদেশ); সীমান্তের সন্নিহিত (প্রত্যন্ত পল্লি)। □ বি. 1 সীমান্ত (নগরের প্রত্যন্তে বাসকারী); 2 (সং.) ম্লেচ্ছদেশ। [সং. প্রতি + অন্ত]। ̃ পর্বত বি. বৃহত্ পর্বতের সন্নিহিত ক্ষুদ্র পর্বত; উপশৈল। ̃ প্রদেশ বি. প্রান্ত বা সীমান্তের কাছে অবস্থিত প্রদেশ বা অঞ্চল।

প্রত্যবয়ব (p. 544) [pratyabaẏaba] বি. প্রত্যঙ্গ। [সং. প্রতি + অবয়ব]।

প্রত্যব-সান (p. 544) [pratyaba-sāna] বি. আহার, ভক্ষণ। [সং. প্রতি + অব + √ সো + অন]। প্রত্যব-সিত বিণ. ভক্ষিত, খাওয়া হয়েছে এমন।

প্রত্যব-হার (p. 544) [pratyaba-hāra] বি. 1 সংহার, হনন; 2 অস্ত্রসংবরণ। [সং. প্রতি + অব + √ হৃ + অ]।

প্রত্যবায় (p. 544) [pratyabāẏa] বি. 1 পাপ; 2 অনিষ্ট, অমঙ্গল; 3 বিরুদ্ধতা। [সং. প্রতি + অব + √ ই + অ]।

প্রত্যবেক্ষণ, প্রত্যবেক্ষা (p. 544) [pratyabēkṣaṇa, pratyabēkṣā] বি. 1 অনুসন্ধান; 2 পর্যবেক্ষণ; 3 গবেষণা; 4 বিচার; 5 তত্ত্বাবধান। [সং. প্রতি + অব + √ ঈক্ষ্‌ + অন, অ + আ]।

প্রত্যভিজ্ঞা, প্রত্যভি-জ্ঞান (p. 544) [pratyabhijñā, pratyabhi-jñāna] বি. পূর্বপরিচয় সম্বন্ধে চেতনা, পূর্বপরিচিতকে চেনা, recognition. [সং. প্রতি + অভি + √ জ্ঞা + অ + আ, অন]।

প্রত্যভি-বাদন, প্রত্যভি-বাদ (p. 544) [pratyabhi-bādana, pratyabhi-bāda] বি. অভিবাদনের জবাবে অভিবাদন, প্রতিনমস্কার। [সং. প্রতি + অভিবাদন, অভিবাদ]।

প্রত্যভি-যোগ (p. 544) [pratyabhi-yōga] বি. পালটা অভিযোগ বা নালিশ; অভিযোগকারীর বিরুদ্ধে অভিযোগ। [সং. প্রতি + অভিযোগ]।

প্রত্যয় (p. 544) [pratyaẏa] বি. 1 বিশ্বাস ('এই প্রত্যয়ের থেকে গভীর অগ্নির জন্ম হয়': জী. দা.; দৃঢ় প্রত্যয়); স্থির ধারণা; 2 (ব্যাক.) শব্দ বা ধাতুর

শেষে যুক্ত হয়ে যে শব্দাংশ বিশেষ অর্থের নির্দেশ করে (তদ্ধিত প্রত্যয়, কৃত্ প্রত্যয়)। [সং. প্রতি + √ ই + অ]।˜ ন বি. প্রতিপন্নকরণ, প্রতিষ্ঠা করা, (প্রমাণ হিসাবে) দাঁড় করানো। প্রত্যয়িত বিণ. যার দ্বারা প্রত্যয়ন বা বিশ্বাস সৃষ্টি হয়, দায়িত্বশীল ব্যক্তির দ্বারা স্বাক্ষরযুক্ত, attested. প্রত্যয়িত নকল attested copy. প্রত্যয়ী (-য়িন্) বিণ. বিশ্বাসকারী, বিশ্বাসী।

প্রত্যর্থী (p. 544) [pratyarthī] (-র্থিন্) বি. 1 প্রতিবাদী; 2 আসামি; 3 বিপক্ষ; 4 শত্রু। [সং. প্রতি + অর্থ (প্রয়োজন) + ইন্]। বি. প্রত্যর্থিতা। স্ত্রী. প্রত্যর্থিনী।

প্রত্যর্পণ (p. 544) [pratyarpaṇa] বি. 1 ফেরত দেওয়া; 2 পরিশোধ। [সং. প্রতি + অর্পণ]। প্রত্যর্পিত বিণ. ফিরিয়ে দেওয়া হয়েছে এমন।

প্রত্যহ (p. 544) [pratyaha] অব্য. ক্রি-বিণ. প্রত্যেক দিন, রোজ রোজ (প্রত্যহ ব্যায়াম করে)। □ বি. প্রতিটি দিন ('প্রত্যহের ক্লান্তি বয়ে বয়ে')। [সং. প্রতি + অহন্ + অ]।

প্রত্যাখ্যান (p. 544) [pratyākhyāna] বি. 1 গ্রহণ বা স্বীকার না করা, অগ্রাহ্য করা, রাজি না হওয়া (প্রস্তাব প্রত্যাখ্যান করা); 2 উপেক্ষা, অনাদর; 3 পরিত্যাগ, পরিহার (আরামের জীবন প্রত্যাখ্যান করা)। [সং. প্রতি + আ + √ খ্যা + অন]। প্রত্যাখ্যাত বিণ. প্রত্যাখ্যান করা হয়েছে এমন। প্রত্যাখ্যেয় বিণ. প্রত্যাখ্যানের যোগ্য।

প্রত্যাগত (p. 544) [pratyāgata] বিণ. ফিরে এসেছে এমন, প্রত্যাবৃত্ত (বিদেশ প্রত্যাগত)। [সং. প্রতি + আগত]। প্রত্যাগমন বি. ফিরে আসা, প্রত্যাবর্তন, পুনরাগমন।

প্রত্যাঘাত (p. 544) [pratyāghāta] বি. 1 আঘাতের বদলে আঘাত, পালটা আঘাত (পরাজিত শত্রুর প্রত্যাঘাত); 2 প্রতিক্রিয়া। [সং. প্রতি + আঘাত]।

প্রত্যাদিষ্ট (p. 544) [pratyādiṣṭa] দ্র প্রত্যাদেশ।

প্রত্যাদেশ (p. 544) [pratyādēśa] বি. 1 দৈবাদেশ, দৈববাণী; 2 পূর্বের আদেশ বাতিল করা; 3 প্রত্যাখ্যান; 4 নিরাকরণ, নিবারণ। [সং. প্রতি + আ + √ দিশ্ + অ]। প্রত্যাদিষ্ট বিণ. 1 প্রত্যাদেশপ্রাপ্ত; 2 প্রত্যাখ্যাত। প্রত্যাদেষ্টা (-ষ্টৃ) বিণ. প্রত্যাদেশ দানকারী।

প্রত্যানয়ন (p. 544) [pratyānaẏana] বি. ফিরিয়ে আনা, পুনরায় আনয়ন। [সং. প্রতি + আনয়ন]। প্রত্যানীত বিণ. ফিরিয়ে আনা হয়েছে বা আবার আনা হয়েছে এমন।

প্রত্যা-বর্তন (p. 544) [pratyā-bartana] বি. ফিরে আসা, প্রত্যাগমন। [সং. প্রতি + আবর্তন]। প্রত্যা-বৃত্ত বিণ. ফিরে এসেছে এমন। স্ত্রী. প্রত্যাবৃত্তা। প্রত্যা-বৃত্তি বি. 1 প্রত্যাবর্তন; 2 পশ্চাদ্গামিতা, পশ্চাদপসরণ, regression. (বি. প.)।

প্রত্যায়ন (p. 544) [pratyāẏana] বি. 1 বিশ্বাস উৎপাদন, প্রত্যয় উৎপাদন; 2 সূচনা, উদ্বোধন। [সং. প্রতি + √ ই + ণিচ্ + অন]।

প্রত্যারম্ভ (p. 544) [pratyārambha] বি. নতুন করে আরম্ভ, পুনরারম্ভ। [সং. প্রতি + আরম্ভ]।

প্রত্যা-লীঢ় (p. 544) [pratyā-līḍh্] বি. তির নিক্ষেপের সময় বাঁ পা ছড়িয়ে এবং ডান পা ভাঁজ করে বসা বা বসার ভঙ্গি। □ বিণ. ভক্ষিত, ভুক্ত। [সং. প্রতি + আ + √ লিহ্ + ত]।

প্রত্যাশা (p. 544) [pratyāśā] বি. 1 আশা, কামনা (তোমার এই আচরণ প্রত্যাশা করিনি); 2 প্রাপ্তির সম্ভাবনা বা আশা (লাভের প্রত্যাশা, ভারতের কাছে বিশ্বের প্রত্যাশা); 3 প্রতীক্ষা। [সং. প্রতি + আশা]। প্রত্যাশিত বিণ. 1 প্রত্যাশা করা হয়েছে এমন (প্রত্যাশিত সংবাদ); 2 সম্ভাবিত। প্রত্যাশী (-শিন্) বিণ. প্রত্যাশাকারী (সম্মানের প্রত্যাশী)।

প্রত্যাসন্ন (p. 544) [pratyāsanna] বিণ. অতি আসন্ন, একেবারে নিকটবর্তী। [সং. প্রতি + আসন্ন]।

প্রত্যাহত (p. 544) [pratyāhata] বিণ. 1 বাধাপ্রাপ্ত, ব্যাহত; 2 নিবারিত; 3 সংকুচিত। [সং. প্রতি + আহত]।

প্রত্যা-হরণ, প্রত্যা-হার (p. 544) [pratyā-haraṇa, pratyā-hāra] বি. 1 ফিরিয়ে নেওয়া (মন্তব্য প্রত্যাহার, ধর্মঘট প্রত্যাহার); 2 (দর্শ.) কাম্য বস্তু থেকে ইন্দ্রিয়বৃত্তির নিরোধ, ইন্দ্রিয়গুলিকে সবলে বিষয় থেকে আকর্ষণ। [সং. প্রতি + আ + √ হৃ + অন, অ]। প্রত্যা-হৃত বিণ. প্রত্যাহার করা হয়েছে এমন।

প্রত্যুক্তি (p. 544) [pratyukti] বি. উত্তর, জবাব; কথার জবাবে কথা, পালটা জবাব। [সং. প্রতি + উক্তি]।

প্রত্যুত (p. 544) [pratyuta] অব্য. পরন্তু, পক্ষান্তরে, বরং। [সং. প্রতি + উত]।

প্রত্যুত্তর (p. 544) [pratyuttara] বি. উত্তরের উত্তর; উত্তর, জবাব (কোনো প্রত্যুত্তর করল না)। [সং. প্রতি + উত্তর]।

প্রত্যুত্থান (p. 544) [pratyutthāna] বি. আগন্তুকের সম্মানার্থে উঠে দাঁড়ানো। [সং. প্রতি + উত্থান]। প্রত্যুত্থিত বিণ. প্রত্যুত্থান করেছে এমন।

প্রত্যুত্-পন্ন (p. 546) [pratyut-panna] বিণ. তৎক্ষণাত্ উৎপন্ন বা জাত, সঙ্গে সঙ্গে উৎপন্ন, উপস্থিত। [সং. প্রতি + উৎপন্ন]। ˜ মতি বি. উপস্থিতবুদ্ধি, প্রয়োজনের সঙ্গে সঙ্গে বুদ্ধির স্ফুরণ। □ বিণ. উপস্থিতবুদ্ধিযুক্ত। ˜ মতিত্ব বি. উপস্থিতবুদ্ধি প্রয়োগের ক্ষমতা।

প্রত্যুদ্-গমন, প্রত্যুদ্-গম (p. 546) [pratyud-gamana, pratyud-gama] বি. আগন্তুককে অভ্যর্থনা করে আনার জন্য কিছুদূর এগিয়ে যাওয়া; কিছুদূর অগ্রসর হয়ে অভ্যর্থনা। [সং. প্রতি + উদ্ + √ গম্ + অন, অ]। প্রত্যুদ্গত বিণ. এগিয়ে গিয়ে অভ্যর্থনা করা হয়েছে এমন।

প্রত্যুদা-হরণ (p. 546) [pratyudā-haraṇa] বি. প্রদত্ত দৃষ্টান্তের দৃষ্টান্ত। [সং. প্রতি + উদাহরণ]।

প্রত্যুপ-কার (p. 546) [pratyupa-kāra] বি. উপকারের বিনিময়ে উপকার, উপকারীর উপকার। [সং. প্রতি + উপকার]। প্রত্যুপ-কর্তা (-র্তৃ), প্রত্যুপ-কারী (-রিন্) বিণ. উপকারীর উপকারকারী। প্রত্যুপ-কৃত বিণ. প্রত্যুপকারপ্রাপ্ত।

প্রত্যু-পদেশ (p. 546) [pratyu-padēśa] বি. উপদেশের প্রতিদানে বা জবাবে উপদেশ দান। [সং. প্রতি + উপদেশ]। প্রত্যুপদেষ্টা (-ষ্টৃ) বিণ. প্রত্যুপদেশ দানকারী।

প্রত্যুপ্ত (p. 546) [pratyupta] বিণ. 1 উপ্ত, রোপিত; 2 গ্রথিত। [সং. প্রতি + উপ্ত]।

প্রত্যুষ, প্রত্যূষ (p. 546) [pratyuṣa, pratyūṣa] বি. সূর্যোদয়ের সময়, প্রভাত, উষা, ভোর। [সং. প্রতি + √ উষ্ + অ, √ ঊষ্ + অ]।

প্রত্যূহ (p. 546) [pratyūha] বি. 1 বিরুদ্ধ তর্ক; 2 বিঘ্ন, বাধা, অন্তরায়। [সং. প্রতি + √ ঊহ্ + অ]।

প্রত্যেক (p. 546) [pratyēka] বিণ. প্রতিটি বা প্রতিজন, আলাদা আলাদা করে সকলে (প্রত্যেক দিন, প্রত্যেক মানুষ)। □ সর্ব. এক এক করে সকলে (প্রত্যেকই গিয়েছিল)। [সং. প্রতি + এক]।

প্রথম (p. 546) [prathama] বিণ. 1 আদি, আদিম (প্রথম যুগ, প্রথম প্রাণের আবির্ভাব); 2 আরম্ভকালীন (প্রথমাবস্থা); 3 শ্রেষ্ঠ, প্রধান (প্রথম পুরস্কার); 4 জ্যেষ্ঠ (প্রথম সন্তান); 5 নতুন, নবীন, অভিনব (প্রথম যৌবন); 6 পয়লা, এক নম্বর (মাসের প্রথম দিন); 7 সর্বাগ্রবর্তী (প্রথম সারি); 8 সর্বোৎকৃষ্ট, সর্বোচ্চ (পরীক্ষায় প্রথম হওয়া)। [সং. √ প্রথ্ + অম]। স্ত্রী. প্রথমা।˜ ত (-তস্) অব্য. ক্রি-বিণ. প্রথমে, আগে; প্রধানত। প্রথম-প্রথম ক্রি-বিণ. গোড়ার দিকে। প্রথমোক্ত বিণ. প্রথমে বলা হয়েছে বা উল্লেখ করা হয়েছে এমন (প্রথমোক্ত পুস্তকটি)।

প্রথা (p. 546) [prathā] বি. 1 রীতি (প্রথাগত সৌজন্য); 2 প্রচলিত আচার, দেশাচার (সামাজিক প্রথা); 3 নিয়ম, পদ্ধতি (শিক্ষাদানের প্রথা)। [সং. √ প্রথ্ + অ + আ]।˜ গত বিণ. 1 আইনাগনুগ, নিয়মনির্দিষ্ট; 2 অনেকদিন ধরে চলে আসছে এমন, প্রচলিত (প্রথাগত শিক্ষা)।˜ নুগ বিণ. প্রথা অনুযায়ী।˜ বিরুদ্ধ বিণ. প্রথার সঙ্গে মেলে না এমন, প্রথার সঙ্গে সংগতিহীন।˜ মতো ক্রি-বিণ. প্রথা বা নিয়ম অনুযায়ী (সাঁওতালদের প্রথামতো বিয়ে হল)।

প্রথিত (p. 546) [prathita] বিণ. বিখ্যাত, প্রসিদ্ধ (প্রথিতযশা)। [সং. √ প্রথ্ + ত]।˜ নামা (-মন্) বিণ. খ্যাতিমান, যার নাম প্রসিদ্ধ।˜ যশা (-শস্) বিণ. বিপুল কীর্তিসম্পন্ন, খুব বিখ্যাত।

-প্রদ (p. 546) [-prada] বিণ. দানকারী, দেয় এমন (সুখপ্রদ)। [সং. প্র + √ দা + অ]। স্ত্রী. প্রদা।

প্রদক্ষিণ (p. 546) [pradakṣiṇa] বি. 1 হিন্দু আচার অনুযায়ী দেবমূর্তি বা পূজ্য ব্যক্তিকে দক্ষিণে রেখে পরিভ্রমণ; 2 (বাং.) পরিবেষ্টন; 3 (বাং.) আবর্তন,

চতুর্দিকে পরিভ্রমণ (সূর্যকে প্রদক্ষিণ করে); 4 উপাসনা, বন্দনা। □ বিণ. অতিশয় অনুকূল। [সং. প্র + দক্ষিণ]।

প্রদত্ত (p. 546) [pradatta] বিণ. প্রদান করা হয়েছে এমন, অর্পিত। [সং. প্র + √ দা + ত]।

প্রদমিত (p. 546) [pradamita] বিণ. দমন শাসন নিবারণ বা সংযত করা হয়েছে এমন। [সং. প্র + দমিত]।

প্রদর (p. 546) [pradara] বি. স্ত্রীরোগবিশেষ, স্ত্রীজননেন্দ্রিয় থেকে শ্বেত স্রাব রোগ। [সং. প্র + √ দৃ + অ]।

প্রদর্শক (p. 546) [pradarśaka] বিণ. প্রদর্শনকারী, যে দেখায়। [সং. প্র + √ দৃশ্ + অক]। স্ত্রী. প্রদর্শিকা।

প্রদর্শন (p. 546) [pradarśana] বি. 1 সম্যক দর্শন, ভালোভাবে দেখা, পর্যবেক্ষণ। [সং. প্র + √ দৃশ্ + অন]; 2 দর্শন করানো, দেখানো; 3 উল্লেখ করা। [সং. প্র + √ দৃশ্ + ণিচ্ + অন]। প্রদর্শনী বি. যেখানে বিভিন্ন বস্তু বা প্রাণী বা ক্রীড়া-কৌতুকাদি দেখানো হয়, exhibition. প্রদর্শিত বিণ. দেখানো হয়েছে এমন।

প্রদর্শ-শালা (p. 546) [pradarśa-śālā] বি. জাদুঘর, museum. [সং. প্র + √ দৃশ্ + অ + শালা]।

প্রদর্শিত (p. 546) [pradarśita] দ্র প্রদর্শন।

প্রদাতা (p. 546) [pradātā] দ্র প্রদান।

প্রদান (p. 546) [pradāna] বি. 1 সম্যক দান; 2 সমর্পণ; 3 বিতরণ। [সং. প্র + √ দা + অন]। প্রদাতা (-তৃ), প্রদায়ক, প্রদায়ী (-য়িন্) বিণ. প্রদানকারী। স্ত্রী. প্রদাত্রী, প্রদায়িকা, প্রদায়িনী।

প্রদাহ (p. 546) [pradāha] বি. 1 সন্তাপ, গভীর দুঃখ (অন্তরপ্রদাহ); 2 যন্ত্রণা, জ্বালা, টাটানি। [সং. প্র + √ দহ্ + অ]। প্রদাহী (-হিন্) বিণ. প্রদাহদানকারী; জ্বালা দেয় এমন, যন্ত্রণা দেয় এমন।

প্রদিগ্ধ (p. 546) [pradigdha] বিণ. প্রলেপ দেওয়া হয়েছে এমন, মাখানো হয়েছে এমন। [সং. প্র + √ দিহ্ + ত]।

প্রদীপ (p. 546) [pradīpa] বি. 1 দীপ বাতি (আঁধার ঘরের প্রদীপ); 2 আলো (নিষ্প্রদীপ রাত্রি); 3 আলোকস্বরূপ শ্রেষ্ঠ ব্যক্তি (কুরুকুলপ্রদীপ)। [সং. প্র + √ দীপ্ + অ]। ˜ ক বিণ. উজ্জ্বলকারী; উদ্দীপক; প্রকাশক। ˜ ন বি. উজ্জ্বলকরণ; উদ্দীপন; প্রকাশন। প্রদীপ্ত বিণ. প্রখররূপে উজ্জ্বল (প্রদীপ অগ্নি, প্রদীপ্ত তেজ)। প্রদীপ্তি বি. 1 প্রখর উজ্জ্বলতা (তীব্র আলোকের প্রদীপ্তিতে চোখ ধাঁধিয়ে গেল); 2 জ্বলন্ত অবস্থা।

প্রদৃপ্ত (p. 546) [pradṛpta] বিণ. 1 অতিশয় দৃপ্ত বা গর্বিত; 2 সতেজ। [সং. প্র + দৃপ্ত]।

প্রদেয় (p. 546) [pradēẏa] বিণ. প্রদানযোগ্য, যা প্রদান করতে হয়। [সং. প্র + √ দা + য]।

প্রদেশ (p. 546) [pradēśa] বি. 1 দেশের বা রাষ্ট্রের বিভাগ (প্রদেশের শাসনকর্তা); 2 কয়েকটি বিভাগের সমষ্টি; 3 পূর্বতন সুবা; 4 দেশ বা রাষ্ট্র; 5 অঞ্চল (মেরুপ্রদেশ)। [সং. প্র + √ দিশ্ + অ]। বিণ. প্রাদেশিক।

প্রদোষ (p. 546) [pradōṣa] বি. সূর্যাস্তের সময়, সন্ধ্যা, সায়ংকাল; রাত্রির প্রথম ভাগ। [সং. প্র + দোষা (রাত্রি) সমাসান্ত]। ˜ কালীন বিণ. সন্ধ্যাকালীন, সান্ধ্য। প্রদোষালোক বি. সাঁঝের আলো, গোধূলির আলো, সন্ধ্যার অন্ধকার ঘনিয়ে আসার ঠিক আগের অস্পষ্ট আলো।

প্রদ্যুতিত (p. 546) [pradyutita] দ্র প্রদ্যোত।

প্রদ্যোত (p. 546) [pradyōta] বি. 1 দীপ্তি, আভা; 2 রশ্মি। [সং. প্র + √ দ্যুত্ + অ]। প্রদ্যোতিত, প্রদ্যুতিত বিণ. 1 দীপ্তিযুক্ত, প্রদীপ্ত; 2 রশ্মিযুক্ত, কিরণময়; 3 উদ্ভাসিত, প্রকাশিত।

প্রধান (p. 546) [pradhāna] বিণ. 1 শ্রেষ্ঠ, মুখ্য (প্রধান বিষয়, প্রধানমন্ত্রী); 2 অগ্রগণ্য, সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ (প্রধান কাজ, প্রধান কর্তব্য)। □ বি. 1 নায়ক, শ্রেষ্ঠ পদাধিকারী (বিভাগীয় প্রধান, রাষ্ট্রপ্রধান, অঞ্চলপ্রধান); 2 অমাত্য; 3 পরমেশ্বর; 4 (সাংখ্যদর্শন) বিশ্বসৃষ্টির আদিকারণ, ত্রিগুণাত্মিকা প্রকৃতি (পুরুষ ও

প্রধান)। [সং. প্র + √ ধা + অন]। বি.˜ তা, প্রাধান্য।˜ ত (-তস্) ক্রি-বিণ. মূলত, মুখ্যত, সর্বাগ্রে।

প্রধূমিত (p. 546) [pradhūmita] বিণ. 1 বিশেষভাবে ধূমায়িত; 2 জ্বলনোন্মুখ (প্রধূমিত বিদ্বেষবহ্নি)। [সং. প্র + √ ধূম্ + ইত]। স্ত্রী. প্রধুমিতা।

প্রনষ্ট (p. 546) [pranaṣṭa] বিণ. সম্পূর্ণ নষ্ট বা ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট (প্রনষ্ট সম্মান)। [সং. প্র + √ নশ্ + ত]।

প্রপঞ্চ (p. 546) [prapañca] বি. 1 বিস্তার; 2 মায়া (সৃষ্টিপ্রপঞ্চ); 3 প্রবঞ্চনা (মায়াপ্রপঞ্চ); 4 সংসার; 5 ভ্রম (এ বিশ্ব সংসার সবই প্রপঞ্চময়); 6 অসত্য (প্রপঞ্চবচন); 7 সমূহ। [সং. প্র + √ পঞ্চ্ + অ]। প্রপঞ্চিত বিণ. 1 বিস্তীর্ণ; 2 ভ্রান্তিযুক্ত; 3 বিস্তৃতভাবে বিবৃত।˜ ময় বিণ. মায়াময়, প্রবঞ্চনাময়।

প্রপতন (p. 546) [prapatana] বি. 1 পতন; 2 সম্যক পতন ও মৃত্যু; 3 বিনাশ, ধ্বংস। [সং. প্র + √ পত্ + অন]।

প্রপদ (p. 546) [prapada] বি. পায়ের অগ্রভাগ। [সং. প্র (=প্রারব্ধ) + পদ]।

প্রপন্ন (p. 546) [prapanna] বিণ. 1 আশ্রয়প্রার্থী, শরণাগত; 2 প্রাপ্ত, লব্ধ; 3 সংযুক্ত। [সং. প্র + √ পদ্ + ত]।

প্রপর্ণ (p. 546) [praparṇa] বি. বৃক্ষের স্খলিত পত্র, গাছের ঝরা পাতা। [সং. প্র + পর্ণ]।

প্রপা, প্রপান (p. 546) [prapā, prapāna] বি. যেখানে পানীয় পাওয়া যায়, জলসত্র। [সং. প্র + √ পো + অ, অন]।

প্রপাত (p. 546) [prapāta] বি. 1 যেখানে নির্ঝর বা ঝরনা পতিত হয়; 2 জলপ্রপাত; 3 ভৃগুদেশ বা পর্বতশিখরস্থ সমতলভূমি; 4 উপর থেকে নীচে জলধারার পতন। [সং. প্র + √ পত্ + অ]।

প্রপান (p. 546) [prapāna] দ্র প্রপা।

প্রপিতা-মহ (p. 546) [prapitā-maha] বি. 1 পিতামহের পিতা, ঠাকুরদার পিতা; 2 ব্রহ্মা। [সং. প্র + পিতামহ]। প্রপিতা-মহী বি. (স্ত্রী.) পিতামহের অর্থাত্ ঠাকুরদাদার মাতা।

প্রপৌত্র (p. 546) [prapautra] বি. পৌত্রের পুত্র। [সং. প্র + পৌত্র]। প্রপৌত্রী বি. (স্ত্রী.) পৌত্রের কন্যা।

প্রফুল্ল (p. 546) [praphulla] বিণ. 1 প্রস্ফুটিত, বিকশিত (প্রফুল্ল কমল); 2 প্রসন্ন, আনন্দিত, সহাস্য (প্রফুল্ল মূর্তি, প্রফুল্ল মনে)। [সং. প্র + ফুল্ল]। বি. ̃ তা। প্রফুল্লিত বিণ. প্রফুল্ল করা হয়েছে এমন, পুলকিত, হৃষ্ট, আনন্দিত।

প্রফেসর (p. 546) [praphēsara] বি. কলেজ বা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। [ইং. professor]।

প্রবংশ (p. 546) [prabaṃśa] বি. 1 গণ; 2 জাতি, race. [সং. প্র + বংশ]।

প্রবক্তা (p. 546) [prabaktā] বি. 1 বেদের ব্যাখ্যাতা; 2 ব্যাখ্যাতা; 3 মুখপাত্র, spokesperson. ☐ বিণ. সুবক্তা; বাক্পটু। [সং. প্র + বক্তা (-ক্তৃ)]।

প্রবচন (p. 546) [prabacana] বি. 1 প্রবাদ; 2 বহুপ্রচলিত উক্তি; 3 বাক্পটুতা; 4 ব্যাখ্যান (স্মৃতিপ্রবচন, বেদপ্রবচন)। [সং. প্র + বচন]। প্রবচনীয় বিণ. 1 প্রকৃষ্টরূপে বাচ্য বা বচনীয়; 2 উত্তমরূপে ব্যাখ্যা করার যোগ্য।

প্রবঞ্চন, প্রবঞ্চনা (p. 546) [prabañcana, prabañcanā] বি. 1 প্রতারণা, জুয়াচুরি; 2 ছলনা। [সং. প্র + বঞ্চন, বঞ্চনা]। প্রবঞ্চক বিণ. প্রবঞ্চনা করে এমন; ঠক, জুয়াচোর; ছলনাকারী। প্রবঞ্চিত বিণ. প্রতারিত।

প্রবণ (p. 546) [prabaṇa] বিণ. 1 ঝোঁকবিশিষ্ট, প্রবৃত্তিযুক্ত (ভাবপ্রবণ, কল্পনাপ্রবণ); 2 নত, ঢালু, ক্রমনিম্ন (প্রবণভূমি); 3 আসক্ত, রত (মদ্যপ্রবণ, নেশাপ্রবণ); 4 উন্মুখ; 5 অনুকূল; 6 নিপুণ। [সং. প্র + √ বণ্ + অ]। বি. ˜ তা (ভাবপ্রবণতা, জমির প্রবণতা)।

প্রবন্ধ (p. 546) [prabandha] বি. 1 রচনা, নিবন্ধ, সন্দর্ভ, কোনো বিষয় সম্পর্কে গদ্যে রচিত আলোচনা; 2 পূর্বাপর সংগতি; 3 আরম্ভ; 4 কৌশল, চাতুরী (কপট প্রবন্ধ, 'যতেক প্রবন্ধ করে নিশাচরগণে': কৃত্তি)। [সং. প্র + √ বন্ধ্ + অ]। ˜ কার বিণ. বি. প্রবন্ধরচয়িতা, প্রবন্ধের লেখক।

প্রবর (p. 546) [prabara] বিণ. শ্রেষ্ঠ, অত্যুৎকৃষ্ট (ধার্মিকপ্রবর)। □ বি. 1 গোত্র; 2 গোত্রের প্রবর্তক বা তদ্বংশীয় ঋষি। [সং. প্র + √ বৃ + অ]।

প্রবর্তক (p. 546) [prabartaka] দ্র প্রবর্তন।

প্রবর্তন (p. 546) [prabartana] বি. 1 প্রচলিত করা (নিয়ম প্রবর্তন); 2 আরম্ভ করা; শুরু বা সূচনা; 3 বিনিয়োগ। [সং. প্র + √ বৃত্ + ণিচ্ + অন]। প্রবর্তক বিণ. বি. 1 প্রবর্তনকারী; যে প্রচলন করে, সূচনাকারী; 2 প্রবৃত্তিদায়ক। প্রবর্তনা বি. 1 প্রবর্তন; 2 প্রবৃত্তিদান, প্রেরণা (কর্মপ্রবর্তনা); 3 উত্তেজনা। প্রবর্তিত বিণ. প্রবর্তন করা হয়েছে এমন; উৎসাহ বা প্রেরণা দেওয়া হয়েছে এমন। প্রবর্তয়িতা বিণ. প্রবর্তনকারী।

প্রবর্ত-মান (p. 546) [prabarta-māna] বিণ. কোনো কাজে প্রবৃত্ত হচ্ছে এমন। [সং. প্র + √ বৃত্ + শানচ্]।

প্রবর্তয়িতা, প্রবর্তিত (p. 546) [prabartaẏitā, prabartita] দ্র প্রবর্তন।

প্রবল (p. 546) [prabala] বিণ. 1 অত্যন্ত বলশালী (প্রবল শত্রু); 2 প্রচণ্ড, তীব্র (প্রবল বেগ, প্রবল দুঃখ)। [সং. প্র + বল]। স্ত্রী. প্রবলা। বি.˜ তা, প্রাবল্য।

প্রবসন (p. 546) [prabasana] বি. 1 স্বদেশ ত্যাগ করে বিদেশবাসের জন্য যাওয়া, emigration; 2 বিদেশবাস। [সং. প্‌র + √ বস্ + অন]। প্রবসিত বিণ. বিদেশে বাস করতে গেছে এমন; বিদেশে বাস করছে এমন।

প্রবহ (p. 548) [prabaha] বি. 1 প্রবাহ, স্রোত; 2 পুরাণে বর্ণিত সপ্তবায়ুর অন্যতম। [সং. প্র + √ বহ্ + অ]।˜ মান,˜ মাণ বিণ. (বাং.) প্রবাহিত হচ্ছে এমন, চলিত (এদেশে সনাতন ভাবধারা আজও প্রবহমান)।˜ মানতা বি. ধারাবাহিকতা; প্রবাহ।

প্রবহণ (p. 548) [prabahaṇa] বি. 1 ডুলি, পালকি ইত্যাদি মানুষ-বাহিত যান; 2 প্রবাহ, স্রোত। [সং. প্র + √ বহ্ + অন]।

প্রবহমান (p. 548) [prabahamāna] দ্র প্রবহ।

প্রবাদ (p. 548) [prabāda] বি. 1 পরম্পরাগত বাক্য (লোকপ্রবাদ); 2 জনশ্রুতি, গুজব; 3 প্রবচন; 4 অপবাদ, নিন্দা। [সং. প্র + বাদ]।

প্রবাল (p. 548) [prabāla] বি. 1 সামুদ্রিক কীটবিশেষ থেকে জাত লালরঙের রত্ন, পলা; 2 উক্ত কীটের অস্থি ('নীলের কোলে শ্যামল সে দ্বীপ, প্রবাল দিয়ে ঘেরা': রবীন্দ্র); 3 কিশলয়, অঙ্কুর। [সং. প্র + √ বল্ + অ]।˜ কীট বি. সামুদ্রিক কীটবিশেষ।˜ দ্বীপ বি. প্রবালকীটের অস্থি দিয়ে তৈরি দ্বীপ।˜ প্রাচীর বি. সমুদ্রের মধ্যে প্রবালকীটের অস্থি দিয়ে তৈরি প্রাচীর, coral reef.˜ ফল বি. রক্তচন্দন।

প্রবাস (p. 548) [prabāsa] বি. 1 বিদেশে বাস (এই প্রবাস আর কতদিন চলবে?); 2 বিদেশ ('প্রবাসে দৈবের বশে জীব তারা যদি খসে': মধু)। [সং. প্র + √ বস্ + অ]।˜ ন বি. প্রবাসে প্রেরণ; নির্বাসন। প্রবাসী (-সিন্) বিণ. বি. প্রবাসে বাসকারী। স্ত্রী. প্রবাসিনী।

প্রবাহ (p. 548) [prabāha] বি. স্রোত, ধারা, অবিরাম গতি (বায়ুপ্রবাহ, জলপ্রবাহ)। [সং. প্র + √ বহ্ + অ]। প্রবাহিত বিণ. প্রবাহযুক্ত; স্রোতের মতো বহমান। স্ত্রী. প্রবাহিতা। প্রবাহী (-হিন্) বিণ. প্রবাহযুক্ত; প্রবহমাণ। প্রবাহিণী বিণ. (স্ত্রী) প্রবাহযুক্তা। □ বি. নদী।

প্রবিষ্ট (p. 548) [prabiṣṭa] বিণ. প্রবেশ করেছে এমন, ভিতরে গেছে এমন, অভ্যন্তরে গত (বক্ষদেশে তলোয়ার আমূল প্রবিষ্ট হয়েছে)। [সং. প্র + √ বিশ্ + ত]। স্ত্রী. প্রবিষ্টা।

প্রবীণ (p. 548) [prabīṇa] বিণ. 1 বৃদ্ধ; 2 বিজ্ঞ, বহুদর্শী; 3 নিপুণ; 4 আনন্দিত, প্রফুল্ল ('দুঃখী দেখে দ্রবিণ প্রবীণ চিত হয়')। [সং. প্র + √ বীণি + অ]। স্ত্রী. প্রবীণা। বি.˜ তা,˜ ত্ব।

প্রবীর (p. 548) [prabīra] বি. 1 প্রকৃষ্ট বীর, মহাবীর (কুরুপ্রবীর); 2 (মহা.) নীলধ্বজ রাজা ও জনার পুত্র। □ বিণ. প্রধান; শ্রেষ্ঠ; অতিশয় বলবান। [সং. প্র + বীর]।

প্রবুদ্ধ (p. 548) [prabuddha] বিণ. 1 জ্ঞানপ্রাপ্ত; 2 উদ্বুদ্ধ, চেতনাপ্রাপ্ত, জাগরিত (প্রবুদ্ধ ভারত); 3 প্রকৃষ্ট জ্ঞানী, মহাজ্ঞানী। [সং. প্র + √ বুধ্ + ত]।

প্রবৃত্ত (p. 548) [prabṛtta] বিণ. 1 নিযুক্ত, রত (কর্মে প্রবৃত্ত, জীবনসংগ্রামে প্রবৃত্ত); 2 আরব্ধ, আরম্ভ হয়েছে এমন। [সং. প্র + √ বৃত্ + ত]।

প্রবৃত্তি (p. 548) [prabr̥tti] বি. 1 নিযুক্তি, নিযুক্ত বা রত হওয়া; 2 স্পৃহা, অভিরুচি, প্রবণতা, ঝোঁক (আহারের প্রবৃত্তি, ভোগের প্রবৃত্তি)। [সং. প্র + √ বৃত্ + তি]।˜ মার্গ বি. ভোগের পথ; (ভোগসমৃদ্ধ) সংসারজীবন।

প্রবৃদ্ধ (p. 548) [prabr̥ddha] বিণ. 1 অত্যন্ত বৃদ্ধ; 2 অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত; 3 সুবিস্তৃত। [সং. প্র + √ বৃধ্ + ত]। প্রবৃদ্ধ-কোণ (জ্যামি.) বি. দুই সমকোণের চেয়ে বড়ো কিন্তু চার সমকোণের চেয়ে ছোটো কোণ, reflex angle. (বি.প.)।

প্রবেট, প্রোবেট (p. 548) [prabēṭa, prōbēṭa] বি. আদালতে প্রমাণীকৃত উইলের সরকারি কপি বা নকল। [ইং. probate]।

প্রবেশ (p. 548) [prabēśa] বি. 1 ভিতরে যাওয়া (প্রবেশপথ বন্ধ); 2 ভিতরে যাবার ক্ষমতা বা অধিকার (প্রবেশ নিষেধ)। [সং. প্র + √ বিশ্ + অ]।˜ ক বিণ. প্রবেশকারী।˜ ন বি. 1 প্রবেশ করা; ঢুকানো; 2 প্রবেশের প্রধান পথ। প্রবেশা ক্রি. (কাব্যে) প্রবেশ করা (প্রবেশিল)। প্রবেশিকা বিণ. (স্ত্রী.) প্রবেশকারিণী; যার দ্বারা প্রবেশ করা যায় (প্রবেশিকা পরীক্ষা)। □ বি. (স্ত্রী.) প্রাথমিক ও সহায়ক বই (ব্যাকরণ প্রবেশিকা)। প্রবেশিত বিণ. ঢুকানো হয়েছে এমন, প্রবিষ্ট। প্রবেশ্য বিণ. প্রবেশযোগ্য। প্রবেষ্টা বিণ. প্রবেশকারী।

প্রবেষ্টা (p. 548) [prabēṣṭā] দ্র প্রবেশ।

প্রবোধ (p. 548) [prabōdha] বি. 1 সান্ত্বনা, শোক-দুঃখ-উদ্বেগ প্রভৃতি দমনকারী বা উপশমকারী বাক্য, আশ্বাস (মন প্রবোধ মানে না); 2 জ্ঞান; 3 বিকাশ; জাগরণ। [সং. প্র + √ বুধ্ + অ]।˜ ন বি. 1 প্রবোধদান; 2 জাগরিত

করা। প্রবোধা ক্রি. (কাব্যে) প্রবোধ দেওয়া (প্রবোধিতে, প্রবোধিব)। প্রবোধিত বিণ. প্রবোধপ্রাপ্ত।

প্রব্রজিত (p. 548) [prabrajita] বি. বিণ. 1 সংসারত্যাগী চতুর্থ আশ্রম অবলম্বনকারী বৌদ্ধ ভিক্ষু; 2 জৈন সন্ন্যাসী। [সং. প্র + √ ব্রজ্ + ত]।

প্রব্রজ্যা (p. 548) [prabrajyā] বি. 1 সন্ন্যাস অবলম্বন করে পরিভ্রমণ, সন্ন্যাসীর পরিভ্রমণ; 2 ব্রাহ্মণের চতুর্থ আশ্রম। [সং. প্র + √ ব্রজ্ + য + আ]।

প্রব্রাজক (p. 548) [prabrājaka] বি. বিণ. ভ্রমণকারী, পরিব্রাজক। [সং. প্র + √ ব্রাজি (ব্রজ্ + ণিচ্) + অক]।

প্রব্রাজন (p. 548) [prabrājana] বি. 1 নির্বাসন; 2 পরিভ্রমণ। [সং. প্র + √ ব্রজ্ + ণিচ্ (ব্রাজি) + অন]। প্রব্রাজিত বিণ. নির্বাসিত।

-প্রভ (p. 548) [-prabha] বিণ. প্রভাযুক্ত (স্বর্ণপ্রভ, হিরণ্যপ্রভ)। [সং. প্র + √ ভা + অ সমাসান্ত]।

প্রভঞ্জন (p. 548) [prabhañjana] বি. 1 ঝড়, প্রবল বায়ু ('প্রভঞ্জনের দোলা': প্রেমেন্দ্র); 2 বায়ু। [সং. প্র + √ ভঞ্জ্ + অন]।

প্রভব (p. 548) [prabhaba] বি. 1 কারণ, উৎস, উৎপত্তি; 2 উৎপত্তিস্থান; 3 প্রভাব। [সং. প্র + √ ভূ + অ]।

প্রভা (p. 548) [prabhā] বি. 1 দীপ্তি, কিরণ; 2 তেজ; 3 ঔজ্জ্বল্য; 4 প্রকাশ। [সং. প্র + √ ভা + অ + আ]।˜ কর বি. সূর্য।˜ কীট বি. জোনাকি পোকা।˜ বান (-বত্) বিণ. দীপ্তিময়, প্রভাবযুক্ত; উজ্জ্বল। স্ত্রী˜ বতী।˜ ময় বিণ. দীপ্তিযুক্ত; উজ্জ্বল।

প্রভাত (p. 548) [prabhāta] বি. প্রাতঃকাল, সকাল। □ বিণ. প্রভাযুক্ত। [সং. প্র + √ ভা + ত]।˜ কিরণ,˜ রশ্মি বি. সকালবেলার সূর্যের আলো।

প্রভাত-ফেরি (p. 548) [prabhāta-phēri] বি. 1 ভোরবেলা পাড়ায় পাড়ায় বা রাস্তায় উদ্বোধনী সংগীত গেয়ে পুরবাসীদের জাগরিত করা; 2 ভোরে দেশাত্মবোধক বা প্রেরণামূলক সম্মেলক গান গেয়ে পথ পরিক্রম; প্রভাতের মঙ্গলগীত। [গুজ?]।

প্রভাতি, (বর্জি.) প্রভাতী (p. 548) [prabhāti, (barji.) prabhātī] বিণ. প্রভাতকালীন (প্রভাতি গান)। □ বি. প্রভাতে গেয় সংগীত বা পাঠ্যস্তব ('এসেছিলে শুধু গাহিতে প্রভাতী': বড়াল)। [সং. প্রভাত + বাং. ই]।

প্রভাব (p. 548) [prabhāba] বি. 1 প্রভুশক্তি, প্রভুত্ব, প্রতাপ, influence; 2 অসাধারণ শক্তি; 3 চালিত বা পরিবর্তিত করার ক্ষমতা (দেহের উপর মনের প্রভাব)। [সং. প্র + √ ভূ + অ]।˜ শালী (-লিন্) বিণ. প্রভাবসম্পন্ন, প্রভাব আছে এমন। প্রভাবান্বিত বিণ. প্রভাব আছে এমন। প্রভাবিত বিণ. অন্যের প্রভাবের দ্বারা আচ্ছন্ন বা বশীভূত; অন্যের প্রভাবের দ্বারা চালিত।

প্রভাস (p. 548) [prabhāsa] বি. 1 প্রখর দীপ্তি; 2 পশ্চিম ভারতে দ্বারকার নিকটবর্তী শ্রীকৃষ্ণের স্মৃতিবিজড়িত হিন্দু তীর্থবিশেষ, সোমনাথ বা সোমতীর্থ। □ বিণ. দীপ্তিশালী। [সং. প্র + √ ভাস্ (=দীপ্তি) + অ]।

প্রভিডেন্ট ফাণ্ড (p. 548) [prabhiḍēṇṭa phāṇḍa] বি. কোনো সংস্থায় চাকুরিরত কর্মচারীদের ভবিষ্যতের জন্য সংস্থান তহবিল, ভবিষ্যনিধি (স.প.)। [ইং. provident fund]।

প্রভু (p. 548) [prabhu] বি. 1 মনিব (প্রভুভক্ত ভৃত্য); 2 স্বামী; 3 ঈশ্বর (পার করো প্রভু); 4 মহাপুরুষ; 5 অতিপূজনীয় ব্যক্তি; 6 নেতা। [সং. প্র + √ ভূ + অ]। ̃ তা, ̃ ত্ব বি. 1 প্রভুর বা মনিবের স্ত্রী। ̃ পাদ বি. বৈষ্ণবদের ধর্মগুরুর নামের আগে ব্যবহৃত উপাধিবিশেষ। ̃ ভক্ত বিণ. মনিবের প্রতি অনুরক্ত। বি. ̃ ভক্তি। ̃ শক্তি বি. রাজশক্তি; আধিপত্য; প্রভাব।

প্রভূত (p. 548) [prabhūta] বিণ. 1 প্রচুর (প্রভূত ঐশ্বর্য, প্রভূত পরিমাণে); 2 উদ্ভূত, উৎপন্ন। □ বিণ-বিণ. অত্যন্ত। [সং. প্র + √ ভূ + ত]।

প্রভৃতি (p. 548) [prabhṛti] বিণ. ইত্যাদি, এইরূপ বা এই শ্রেণির সমস্ত (টেবিল চেয়ার প্রভৃতি আসবাব)। □ (বিরল) অব্য. অবধি, থেকে (অদ্য প্রভৃতি)। [সং. প্র + √ ভৃ + তি]।

প্রভেদ (p. 548) [prabhēda] বি. পার্থক্য, বিভিন্নতা (দুজনের চরিত্রে প্রভেদ অল্পই)। [সং. প্র + √ ভিদ্ + অ]।

প্রমত্ত (p. 548) [pramatta] বিণ. 1 অত্যন্ত মত্ত (ধনমদে প্রমত্ত); 2 অত্যন্ত আসক্ত; 3 অসতর্ক (প্রমত্তচিত্ত); 4 অনবহিত; 5 প্রমাদযুক্ত। [সং. প্র + মত্ত]। বি.˜ তা।

প্রমথ (p. 548) [pramatha] বি. শিবের অনুচর যারা নাচ গান প্রভৃতিতে পারদর্শী। [সং. প্র + √ মথ্ + অ]।

প্রমথন (p. 548) [pramathana] বি. 1 আলোড়ন; মর্দন; 2 দমন; 3 হত্যা। [সং. প্র + মথন]। বিণ. প্রমথিত।

প্রমথেশ (p. 548) [pramathēśa] বি. (প্রমথদের প্রভু বলে) শিব। [সং. প্রমথ + ঈশ]।

প্রমদা (p. 548) [pramadā] বি. সুন্দরী যুবতী, সুন্দরী রমণী; রমণী। [সং. প্র + √ মদ্ + অ + আ]।

প্রমা (p. 548) [pramā] বি. 1 সত্য বা যথার্থ বা গভীর জ্ঞান; 2 স্হির প্রতীতি, স্হির বিশ্বাস। [সং. প্র + √ মা + অ + আ]।

প্রমাণ (p. 548) [pramāṇa] বি. 1 সত্যাসত্য বিচারের উপায় বা নিদর্শন; যার দ্বারা নিশ্চয় জ্ঞান লাভ করা যায়; 2 বিশ্বাসের হেতু; 3 সাক্ষ্য, নজির; 4 যথাযথ জ্ঞান; নিশ্চয় বোধ। □ বিণ. (বাং.) 1 পরিমাণ (আকাশপ্রমাণ, পর্বতপ্রমাণ); 2 পুরো মাপের, পূর্ণ বয়স্কের উপযুক্ত (প্রমাণসাইজ)। [সং. প্র + √ মা + অন]।˜ ত (-তস্) অব্য. ক্রি-বিণ. প্রমাণ অনুসারে।˜ পঞ্জি বি. কোনো

বিষয়ে প্রমাণস্বরূপ উল্লিখিত গ্রন্হাদির তালিকা। ̃ পত্র বি. দলিল; রসিদ; সার্টিফিকেট। ̃ পুরুষ বি. মধ্যস্থ, যার মতামত বা সিদ্ধান্ত সকলেই মেনে নেয়। ̃ সই বিণ. পূর্ণ পরিমাণ। ̃ সাপেক্ষ বিণ. প্রমাণের দ্বারা যার যাথার্থ্য নির্ণয় করতে হয় যার যাথার্থ্য প্রমাণের উপর নির্ভর করে। ̃ সিদ্ধ বিণ. যথার্থ বলে প্রমাণিত। প্রমাণিত, প্রমাণী-কৃত বিণ. প্রমাণের সাহায্যে যথার্থ বলে স্হিরীকৃত, প্রমাণসিদ্ধ।

প্রমাতা (p. 548) [pramātā] (-তৃ) বিণ. 1 প্রমাণকারী; 2 দোষগুণের বিচারক। [সং. প্র + √ মা + তৃ]।

প্রমাতা-মহ (p. 548) [pramātā-maha] বি. মাতামহের পিতা। [সং. প্র + মাতামহ]। স্ত্রী. প্রমাতা-মহী।

প্রমাথী (p. 548) [pramāthī] (-থিন্) বিণ. 1 মর্দনকারী, দলনকারী, দমনকারী; 2 চিত্ত বিক্ষেপকারী। [সং. প্র + √ মথ্ + ইন্]। স্ত্রী. প্রমাথিনী।

প্রমাদ (p. 548) [pramāda] বি. 1 অনবধানতা; 2 ভুলভ্রান্তি (মুদ্রণ প্রমাদ); 3 বিস্মৃতি; 4 বিমূঢ়তা; 5 প্রমত্ততা; 6 বিপদ (মনে মনে প্রমাদ গুনলাম)। [সং. প্র + √ মদ্ + অ]।

প্রমারা (p. 548) [pramārā] বি. বাজি ধরে তাসের খেলাবিশেষ। [পো. primeiro]।

প্রমিত (p. 548) [pramita] বিণ. 1 নিশ্চিত, নির্ধারিত; 2 জ্ঞানত; 3 প্রমাণিত; 4 পরিমিত (চার গজ প্রমিত, প্রমিতাক্ষরা বাণী)। [সং. প্র + √ মা + ত]। প্রমিতি

বি. 1 পরিমাণ; 2 প্রমাণ, নিরূপিত বা নির্ধারিত করা, প্রতিপাদন ('ব্রহ্মাণ্ডের কেন্দ্র প্রমিতি': সু.দ.); 3 নিশ্চয়জ্ঞান। প্রমিতী-করণ বি. নির্ধারিত করা, standardization.

প্রমীলন (p. 548) [pramīlana] বি. নিমীলন, নিমীলিত করা, চোখ বন্ধ করা, চোখ বোজা। [সং. প্র + √ মীল্ + অন]।

প্রমীলা (p. 548) [pramīlā] বি. 1 (সং) তন্দ্রা; 2 অবসাদ; 3 (রামা.) ইন্দ্রজিতের পত্নী; 4 (বাং. কৌতু.) নারী (প্রমীলারাজ); 5 (কৌতু.) তেজি স্ত্রীলোক। [সং. প্র + √ মীল্ + অ + আ]।

প্রমুখ (p. 548) [pramukha] বি. আরম্ভ, সূত্রপাত। □ বিণ. (সমাসে উত্তরপদরূপে) আদি, প্রথম, ইত্যাদি, প্রধান (ব্যাসপ্রমুখ কবিগণ)। [সং. প্র + মুখ]।

প্রমুখাত্ (p. 548) [pramukhāt] অব্য. মুখ থেকে, জবানি (দূতের প্রমুখাত্ এই কথা শুনে)। [সং. প্রমুখ + আত্ (5মী বিভক্তি)]।

প্রমুদিত (p. 548) [pramudita] বিণ. 1 অতিশয় আহ্লাদিত বা আমোদিত; 2 পূর্ণ বিকশিত। [সং. প্র + √ মুদ্ + ত]।

প্রমূর্ত (p. 548) [pramūrta] বিণ. স্পষ্টভাবে মূর্ত বা অভিব্যক্ত, স্পষ্টভাবে প্রকাশিত। [সং. প্র + মূর্ত]।

প্রমেয় (p. 548) [pramēẏa] বিণ. 1 প্রমাণসাধ্য, প্রমাণের দ্বারা নির্ধারণযোগ্য; 2 প্রমাণের বিষয়ীভূত; 3 পরিমেয়, পরিমাণ নির্ণয় করা যায় এমন; 4 অল্প, কম; 5 অবধার্য, জ্ঞেয়, জানা যায় বা অবধারণ করা যায় এমন। [সং. প্র + √ মা + য]।

প্রমেহ (p. 550) [pramēha] বি. জননেন্দ্রিয়ের রোগবিশেষ, গনোরিয়া। [সং. প্র + √ মিহ্ + অ]।

প্রমোদ (p. 550) [pramōda] বি. 1 আনন্দ; 2 আমোদ; 3 বিলাস (প্রমোদভবন, 'প্রমোদে ঢালিয়া দিনু মন': রবীন্দ্র)। [সং. প্র + √ মুদ্ + অ]। ˜ ন বি. আনন্দদান। □ বিণ. আনন্দদায়ক। ˜ ভ্রমণ বি. আনন্দের জন্য ভ্রমণ। প্রমোদিত বিণ. প্রমোদবিশিষ্ট; তুষ্ট; আমোদিত। প্রমোদী (-দিন্) বিণ. আনন্দদায়ক।

প্রমোশন (p. 550) [pramōśana] বি. উচ্চতর ক্লাশে বা শ্রেণিতে বা পদে উন্নয়ন (চাকরিতে প্রমোশন পেয়েছে)। [ইং. promotion]।

প্রমোহ (p. 550) [pramōha] বি. সম্মোহন, সম্মোহ, সংবেশন, হিপনোটিজম। [সং. প্র + √ মুহ্ + অ]। ˜ ন বি. সম্মোহন, সম্মোহিতকরণ।

প্রযত (p. 550) [prayata] বিণ. 1 সংযত; 2 পবিত্র; 3 নিয়মনিষ্ঠ। [সং. প্র + √ যম্ + ত]।

প্রযত্ন (p. 550) [prayatna] বি. 1 বারংবার বা সম্যক চেষ্টা, অধ্যবসায় (প্রযত্ন ছাড়া সাফল্য আসে না); 2 (বাং.) তত্ত্বাবধান। [সং. প্র + যত্ন]।

প্রযুক্ত (p. 550) [prayukta] বিণ. 1 নিযুক্ত, প্রয়োগ করা হয়েছে এমন; 2 উল্লিখিত। □ (বাং. বর্ত. বিরল) অব্য. জন্য, হেতু, নিবন্ধন (স্নেহ প্রযুক্ত, অসুস্থতা প্রযুক্ত চলতে অক্ষম)। [সং. প্র + যুক্ত]।

প্রযুক্তি (p. 550) [prayukti] বি. 1 প্রয়োগ; 2 শিল্পাদিতে প্রয়োগকৌশল, technique (স. প)। [সং. প্র + √ যুজ্ + তি]। ˜ বিদ্যা বি. শিল্পপ্রয়োগবিজ্ঞান, technoloty (স.প.)।

প্রযুজ্য-মান (p. 550) [prayujya-māna] বিণ. প্রযুক্ত হচ্ছে বা প্রয়োগ করা হচ্ছে এমন। [সং. প্র + √ যুজ্ + শানচ্]।

প্রযোক্তা (p. 550) [prayōktā] (-ক্তৃ) বিণ. 1 প্রয়োগকারী; 2 নিয়োগকারী; 3 অনুষ্ঠাতা, অনুষ্ঠানকারী। [সং. প্র + √ যুজ্ + তৃ]।

প্রযোজক (p. 550) [prayōjaka] বিণ. বি. (বাং.) প্রয়োজক, প্রয়োগকর্তা। □ বি. 1 যার ব্যবস্থাপনায় ও অর্থে সিনেমা তৈরি হয়, producer; 2 (ব্যাক.) (ণিজন্ত ধাতুর প্রয়োগস্থলে) যে কাজ করায় (প্রযোজক ক্রিয়া)। [সং. প্র + √ যুজ্ + অক]।

প্রযোজ্য (p. 550) [prayōjya] বিণ. 1 প্রয়োগ করার যোগ্য বা প্রয়োগ করতে হবে এমন (তোমার সম্বন্ধে একথা প্রযোজ্য নয়); 2 (ব্যাক.) ক্রিয়ার অ-ণিজন্ত অবস্থার কর্তা। [সং. প্র + যোজ্য]।

প্রয়াগ (p. 550) [praẏāga] বি. হিন্দুতীর্থবিশেষ, গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীত্রয়ের সংগমস্থল; এলাহাবাদ। [সং. প্র + √ যজ্ + অ]।

প্রয়াণ (p. 550) [praẏāṇa] বি. 1 প্রস্থান, গমন; 2 মৃত্যু। [সং. প্র + √ যা + অন]। প্রয়াত বিণ. 1 চলে গেছে এমন; 2 পরলোকগত, মৃত (প্রয়াত পিতা)।

প্রয়াস (p. 550) [praẏāsa] বি. 1 পরিশ্রমের সঙ্গে চেষ্টা, প্রযত্ন (প্রয়াস ছাড়া সাফল্য অসম্ভব); 2 বিশেষ আয়াস, পরিশ্রম; 3 অভিলাষ। [সং. প্র + √ যস্ + অ]। প্রয়াসী (-সিন্) বিণ. 1 প্রযত্নকারী, চেষ্টাশীল, যার চেষ্টা আছে; 2 অভিলাষী।

প্রয়োগ (p. 550) [praẏōga] বি. 1 নিয়োগ; 2 ব্যবহার (ওষুধ প্রয়োগ, বুদ্ধি প্রয়োগ); 3 উল্লেখ (শ্লোক প্রয়োগ); 4 দৃষ্টান্ত (শব্দাদির প্রয়োগ)। [সং. প্র + √ যুজ্ + অ]।˜ কৌশল বি. 1 প্রয়োগ বা ব্যবহারের কৌশল; 2 অভিনয়ের কৌশল।˜ যোগ্য বিণ. 1 উল্লেখযোগ্য; 2 ব্যবহারযোগ্য।˜ শালা বি. পরীক্ষাগার, ল্যাবরেটরি।

প্রয়োজক (p. 550) [praẏōjaka] বিণ. 1 প্রয়োগকর্তা; 2 অনুষ্ঠাতা; 3 প্রবর্তক। [সং. প্র + √ যুজ্ + অক]।

প্রয়োজন (p. 550) [praẏōjana] বি. 1 দরকার (এখানে তোমার কী প্রয়োজন?); 2 দরকারি কাজ; 3 হেতু, কারণ (জীবনযাত্রার প্রয়োজনে); 4

প্রয়োগকরণ। [সং. প্র + √ যুজ্ + অন]। প্রয়োজনীয় বিণ. দরকারি; জরুরি; গুরুত্বপূর্ণ। প্রয়োজনীয়তা বি. দরকার; আবশ্যকতা; গুরুত্ব।

প্ররোচক (p. 550) [prarōcaka] দ্র প্ররোচনা।

প্ররোচনা, প্ররোচন (p. 550) [prarōcanā, prarōcana] বি. (প্রধানত নিন্দায়) নিয়োজন, প্রবৃত্ত করা, উৎসাহদান, উসকানি, প্রেরণা (বন্ধুদের প্ররোচনায় একাজ করে ফেলেছে)। [সং. প্র + √ রুচ্ + ণিচ্ + অন + আ]। প্ররোচক বিণ. বি. যে প্ররোচনা বা উসকানি দেয়। প্ররোচিত বিণ. প্ররোচনাপ্রাপ্ত, প্ররোচনা দেওয়া হয়েছে এমন (বন্ধুরাই তাকে একাজে প্ররোচিত করেছে)।

প্ররোহ (p. 550) [prarōha] বি. 1 অঙ্কুর; 2 বট প্রভৃতি গাছের ঝুরি বা শাখামূল; 3 শাখাপ্রশাখা, ডালপালা। [সং. প্র + √ রুহ্ + অ]। প্ররোহিত বিণ. অঙ্কুরিত। প্ররোহী (-হিন্) বিণ. 1 অঙ্কুরিত; 2 শাখাপ্রসারী, শাখা ছড়িয়ে রয়েছে এমন।

প্রলপন (p. 550) [pralapana] বি. প্রলাপোক্তি করা; প্রলাপ। [সং. প্র + √ লপ্ + অন]। প্রলপিত বিণ. বৃথা কথিত, বৃথা উক্ত। □ বি. প্রলাপ।

প্রলম্ব (p. 550) [pralamba] বি. 1 গাছের ঝুরি বা শাখা; 2 লম্বমান বা লতিয়ে যায় এমন বস্তু। [সং. প্র + √ লম্ব্ + অ]। ˜ ন বি. লম্বিত হওয়া, লতিয়ে যাওয়া; ঝুলে থাকা। প্রলম্বিত বিণ. লম্বিত; ঝুলে রয়েছে এমন; লতিয়ে গেছে এমন। প্রলম্বিত ধ্বনি যে ধ্বনি ক্রমাগত উচ্চারণ করা যায়, continuant যেমন অ, আ, ই, উ, ম্, ন্ ইত্যাদি।

প্রলয় (p. 550) [pralaẏa] বি. 1 সৃষ্টিনাশ; 2 সম্পূর্ণ ধ্বংস; 3 সর্বনাশ (প্রলয়কাণ্ড, প্রলয়মূর্তি, প্রলয়ংকর); 4 (সং.) মূর্ছা। [সং. প্র + লয়]। ̃ ংকর, ̃ ঙ্কর বিণ. প্রলয়কারী। স্ত্রী. ̃ ংকরী, ̃ ঙ্করী। ̃ নাচন বি. শিবের রুদ্র রূপে সৃষ্টি নাশকারী নাচ ('প্রলয়নাচন নাচলে যখন হে নটরাজ': রবীন্দ্র)।

প্রলয়েশ (p. 550) [pralaẏēśa] বি. রুদ্র, শিব, নটরাজ ('আজ প্রলয়েশ জেগে উঠেছে': সু. দ.)। [সং. প্রলয় + ঈশ]।

প্রলাপ (p. 550) [pralāpa] বি. অর্থহীন উক্তি বা বাক্য, অসংলগ্ন কথাবার্তা (পাগলের প্রলাপ)। [সং. প্র + √ লপ্ + অ]। প্রলাপী (-পিন্) বিণ. প্রলাপকারী। স্ত্রী. প্রলাপিনী। প্রলাপোক্তি বি. প্রলাপ, অর্থহীন কথাবার্তা।

প্রলিপ্ত (p. 550) [pralipta] বিণ. (ভালোভাবে বা প্রগাঢ়ভাবে) লেপন করা হয়েছে এমন। [সং. প্র + লিপ্ত]।

প্রলীন (p. 550) [pralīna] বিণ. 1 একেবারে লীন বা লুপ্ত; 2 মূর্ছিত। [সং. প্র + লীন]।

প্রলুব্ধ (p. 550) [pralubdha] বিণ. 1 অত্যন্ত লোভযুক্ত (টাকার জন্য প্রলুব্ধ হয়ে একাজ করেছে); 2 আকৃষ্ট (রূপে প্রলুব্ধ হওয়া)। [সং. প্র + লুব্ধ]। স্ত্রী. প্রলুব্ধা। বি. ̃ তা।

প্রলেপ (p. 551) [pralēpa] বি. 1 লেপন করা বা মাখানো হয় এমন বস্তু (কাদার প্রলেপ); 2 মলম; 3 লেপন, মাখানো। [সং. প্র + √ লিপ্ + অ]। ̃ ক বিণ. প্রলেপকারী। ̃ ন বি. প্রকৃষ্টরূপে লেপন।

প্রলোভ (p. 551) [pralōbha] বি. খুব লোভ, অতিশয় লোভ। [সং. প্র + লোভ]। ̃ ন বি. 1 লোভ উৎপাদন; 2 লোভজনকতা, লোলুপতা (ঐশ্বর্যের প্রলোভন); 3 লোভজনক বিষয়। প্রলোভিত বিণ. প্রলোভনপ্রাপ্ত, প্রলুব্ধ।

প্রশংসক (p. 551) [praśaṃsaka] বিণ. প্রশংসাকারী, সুখ্যাতি করে এমন। [সং. প্র + √ শন্স্ + অক]।

প্রশংসন (p. 551) [praśaṃsana] বি. প্রশংসা করা, সুখ্যাতি করা। [সং. প্র + √ শন্স্ + অন]। প্রশংসনীয় বিণ. প্রশংসার যোগ্য।

প্রশংসা (p. 551) [praśaṃsā] বি. সুখ্যাতি, সাধুবাদ, গুণকীর্তন। [সং. প্র + √ শন্স্ + অ + আ]। ̃ পত্র বি. প্রশংসা-সংবলিত লিখন, certificate. ̃ বাদ বি. প্রশংসাবাক্য। প্রশংসার্হ বিণ. প্রশংসনীয়, প্রশংসার যোগ্য। প্রশংসিত বিণ. প্রশংসা করা হয়েছে এমন, প্রশংসাপ্রাপ্ত।

প্রশম (p. 551) [praśama] বি. 1 শান্তি; 2 উপশম, সাময়িক শান্তি। [সং. প্র + √ শম্ + অ]। ̃ ন বি. 1 শান্ত বা নিবৃত্ত বা সংযত করা; 2 নিবারণ; 3 দমন; 4 শান্তি (শোকপ্রশমন, দুঃখপ্রশমন, ক্রোধপ্রশমন)। প্রশমিত বিণ. 1 নিবারিত; 2 শান্ত বা সংযত করা হয়েছে এমন (ক্রোধ প্রশমিত হয়েছে); 3 (রসা.) ক্ষার বা অম্ল নয় এমন, neutral (বি. প.)।

প্রশস্ত (p. 551) [praśasta] বিণ. 1 প্রশংসা করা হয়েছে এমন; 2 উৎকৃষ্ট, শ্রেষ্ঠ (প্রশস্ত উপায়); 3 উপযুক্ত, যোগ্য বা যোগ্যতম (প্রশস্ত সময়); 4 উদার (প্রশস্ত হৃদয়); 5 (বাং.) বিস্তৃত, চওড়া (প্রশস্ত রাস্তা); 6 (বাং.) প্রসারিত (সর্বোতোভাবে কৃষিবিস্তারের ক্ষেত্র প্রশস্ত করতে হবে)। [সং. প্র + √ শন্স্ + ত]। বি.˜ তা, প্রাশস্ত্য।

প্রশস্তি (p. 551) [praśasti] বি. 1 প্রশংসা; 2 স্তুতি, স্তব (শিবের প্রশস্তি)। [সং. প্র + √ শন্স্ + তি]।

প্রশস্য (p. 551) [praśasya] বিণ. 1 প্রশংসার যোগ্য, প্রশংসনীয়। [সং. প্র + √ শন্স্ + য]। বি.˜ তা।

প্রশাখা (p. 551) [praśākhā] বি. শাখা থেকে নির্গত ক্ষুদ্রতর শাখা, শাখার শাখা। [সং. প্র (=প্রগত) + শাখা]।

প্রশান্ত (p. 551) [praśānta] বিণ. অতিশয় শান্ত বা স্থির, অচঞ্চল, বিক্ষোভহীন ('কার্তিকের প্রশান্ত আকাশে': বিষ্ণু, প্রশান্তবদন, প্রশান্তকণ্ঠ)। [সং. প্র + শান্ত]। প্রশান্ত মহাসাগর বি. আমেরিকা ও এশিয়ার মধ্যবর্তী বিশাল মহাসমুদ্রবিশেষ, Pacific Ocean. প্রশান্তি বি. প্রশান্ত অবস্থা বা ভাব, উদ্বেগহীনতা; গাম্ভীর্য।

প্রশাসক (p. 551) [praśāsaka] বিণ. বি. পরিচালনার ভারপ্রাপ্ত শাসনকর্তা, শাসনকার্য পরিচালনা করেন এমন বা এমন পদস্থ কর্মচারী। [সং. প্র + শাসক]।

প্রশাসন (p. 551) [praśāsana] বি. শাসন-পরিচালন, administration. [সং. প্র + শাসন]। প্রশাসনিক বিণ. (প্রধানত রাষ্ট্রের) শাসনসংক্রান্ত, administrative.

প্রশিক্ষণ (p. 551) [praśikṣaṇa] বি. কারিগরি বা বিশেষ কোনো ব্যাপার সম্পর্কে শিক্ষা বা হাতে-কলমে শিক্ষা, training. [সং. প্র + শিক্ষণ]। প্রশিক্ষক বি. উক্ত শিক্ষণকার্যের শিক্ষক, যিনি কারিগরি বা কোনো বৃত্তিমূলক শিক্ষা দান করেন।

প্রশিষ্য (p. 551) [praśiṣya] বি. শিষ্যের শিষ্য। [সং. প্র (পরবর্তী) + শিষ্য]। স্ত্রী. প্রশিষ্যা।

প্রশ্ন (p. 551) [praśna] বি. 1 জিজ্ঞাসা, জানতে চাওয়া (প্রশ্ন করা); 2 জিজ্ঞাসিত বিষয় (দুরূহ প্রশ্ন); 3 সমস্যা (কী করব সেটাই প্রশ্ন)। [সং. √ প্রচ্ছ্ + ন]। ̃ কর্তা (-র্তৃ) বি. প্রশ্নকারী, যে-ব্যক্তি প্রশ্ন করে বা পরীক্ষা করে। স্ত্রী. ̃ কর্ত্রী। ̃ পত্র বি. পরীক্ষার জিজ্ঞাস্য-বিষয়-সংবলিত কাগজ। ̃ মালা বি. প্রশ্নসমূহ। প্রশ্নাতীত বিণ. প্রশ্নের বা সন্দেহের অতীত (তাঁর সততা প্রশ্নাতীত)। প্রশ্নোত্তর বি. প্রশ্ন ও তার জবাব।

প্রশ্বাস (p. 551) [praśbāsa] বি. 1 নাসাপথে গৃহীত বায়ু (প্রশ্বাস নেওয়া); 2 শ্বাসগ্রহণ (নিঃশ্বাস-প্রশ্বাস)। [সং. প্র + শ্বাস]।

প্রশ্রয় (p. 551) [praśraẏa] বি. 1 (সং.) বিনয়, নম্রতা (প্রশ্রয়াবনত); 2 (বাং.) আশকারা, আবদার, অতিশয় আদর (ছেলেকে প্রশ্রয় দেওয়া)। [সং. প্র + √ শ্রি + অ]। প্রশ্রিত বিণ. প্রশ্রয়প্রাপ্ত; আদৃত; বিনীত।

প্রষ্টব্য (p. 551) [praṣṭabya] বিণ. জিজ্ঞাসা, প্রশ্ন করার যোগ্য। [সং. √ প্রচ্ছ্ + তব্য]। প্রষ্টা (-ষ্টৃ) বিণ. বি. প্রশ্নকারী; জিজ্ঞাসু।

প্রসক্ত (p. 551) [prasakta] বিণ. অতিশয় আসক্ত (ভোগবাসনায় প্রসক্তচিত্ত)। [সং. প্র + √ সন্জ্ + ত]। প্রসক্তি বি. গভীর আসক্তি।

প্রসঙ্গ (p. 551) [prasaṅga] বি. 1 (সং.) আসক্তি; 2 আলোচ্য বিষয় বা প্রস্তাব (প্রসঙ্গ-উত্থাপন); 3 আলোচনা, আখ্যান (রামায়ণপ্রসঙ্গ); 4 সম্পর্ক, সংগতি, context (আলোচনা প্রসঙ্গে)। [সং. প্র + √ সন্জ্ + অ]। ˜ ক্রমে ক্রি-বিণ. আলোচ্য বিষয়ের অঙ্গরূপে বা আলোচনার সূত্রে (প্রসঙ্গক্রমে ওই কথাও তাঁকে বলেছি)। ˜ ত (-তস্) ক্রি-বিণ. প্রসঙ্গক্রমে, আলোচনার সূত্রে। প্রসঙ্গান্তর বি. অন্য প্রসঙ্গ, ভিন্ন প্রসঙ্গ, ভিন্ন বিষয় বা আলোচনা (এবার আমরা প্রসঙ্গান্তরে যাব)।

প্রসন্ন (p. 551) [prasanna] বিণ. 1 সন্তুষ্ট, হৃষ্ট (প্রসন্নচিত্ত); 2 অনুকূল, সদয় (দেবতাকে প্রসন্ন করা); 3 নির্মল (প্রসন্নসলিলা, 'প্রসন্ন আকাশ হাসিছে বন্ধুর মতো': রবীন্দ্র); 4 শান্ত ও প্রফুল্ল, উজ্জ্বল (প্রসন্ন মুখে, প্রসন্ন হাসি)। [সং. প্র + √ সদ্ + ত]। স্ত্রী. প্রসন্না। বি. ˜ তা।

প্রসব (p. 551) [prasaba] বি. 1 গর্ভমোচন, গর্ভস্থ সন্তানের ভূমিষ্ঠ হওয়া (যমজ সন্তান প্রসব করা); 2 উৎপাদন; 3 জন্ম, সৃষ্টি; 4 বৃক্ষ বা লতার ফুল

ইত্যাদি উৎপাদিত বস্তু ('নমেরু প্রসব')। [সং. প্র + √ সূ + অ]।˜ কাল বি. সন্তানের জন্মদান করার সময়।˜ কালীন বিণ. প্রসবের সময়ের, প্রসবের সময় ঘটে এমন (প্রসবকালীন সমস্যা)।˜ দ্বার বি. গর্ভস্থ সন্তান ভূমিষ্ঠ হওয়ার পথ।˜ বেদনা বি. সন্তান ভূমিষ্ঠ হওয়ার পূর্বে প্রসূতির তীব্র বেদনা। প্রসবিতা (-তৃ), প্রসবী (-বিন্) বিণ. প্রসবকারী, জন্মদানকারী (ফসলপ্রসবী ক্ষেত্র)। স্ত্রী. প্রসবিত্রী, প্রসবিনী।

প্রসব্য (p. 551) [prasabya] বিণ. 1 প্রতিকূল; 2 বিপরীত। [সং. প্র + √ সব্য (=বাম)]।

প্রসর (p. 552) [prasara] বি. 1 গমন, গতি; 2 বেগ; 3 বিস্তার, ব্যাপ্তি (ধূমপ্রসর)। [সং. প্র + √ সৃ + অ]।˜ ণ বি. 1 ইতস্তত ভ্রমণ; 2 শত্রুসৈন্যদলকে পরিবেষ্টন; 3 ব্যাপ্তি, বিস্তার।

প্রসর্পণ (p. 552) [prasarpaṇa] বি. সঞ্চার, বিস্তার; সঞ্চারিত বা বিস্তৃত হওয়া ('জীবনের প্রসর্পণ হয়তো বা পথে বিকল্পের': সু. দ.)। [সং. প্র + √ সৃপ্ + অন]। প্রসর্পিত বিণ. সঞ্চারিত, বিস্তৃত।

প্রসহ (p. 552) [prasaha] বি. কাক চিল শকুন প্যাঁচা ইত্যাদি শিকারি পাখি। [সং. প্র + √ সহ্ (=সহ্য করা) + অ]।

প্রসহন (p. 552) [prasahana] বি. 1 সহিষ্ণুতা; 2 ক্ষমা; 3 পরাজয়। [সং. প্র + √ সহ্ + অন]।

প্রসাদ (p. 552) [prasāda] বি. 1 প্রসন্নতা (চিত্তের প্রসাদ); 2 অনুগ্রহ (গুরুর প্রসাদে); 3 দেবতাকে নিবেদিত ভোজ্যসামগ্রী বা গুরুজনের ভুক্তাবশেষ; 4 রচনার প্রাঞ্জলতাগুণ; 5 সৌম্যতা। [সং. প্র + √ সদ্ + অ]। ̃ গুণ বি. রচনাদির মনোহর প্রাঞ্জলতাগুণ। ̃ ন, ̃ না বি. সন্তুষ্টকরণ, তুষ্টিবিধান। প্রসাদাত্ ক্রি-বিণ. অনুগ্রহের ফলে, অনুগ্রহে (ঈশ্বরপ্রসাদাত্)। প্রসাদিত বিণ. প্রসন্ন করা হয়েছে এমন; প্রসাদ লাভ করেছে এমন। প্রসাদি বিণ. দেবতাকে নিবেদন করা হয়েছে এমন (প্রসাদি ফুল); গুরুজন-কর্তৃক উপভুক্ত ও প্রসাদরূপে গণ্য।

প্রসাধক (p. 552) [prasādhaka] দ্র প্রসাধন।

প্রসাধন (p. 552) [prasādhana] বি. 1 অঙ্গসজ্জাসম্পাদন, অঙ্গশোভাবর্ধন; 2 অলংকরণ; 3 বেশবিন্যাস; 4 চিত্রণ; 5 সুষ্ঠুভাবে বা প্রকৃষ্টভাবে সম্পাদন; 6 অঙ্গরাগ, অঙ্গশোভার উপকরণ। [সং. প্র + √ সাধ্ + অন]। প্রসাধক বিণ. প্রসাধনকারী। স্ত্রী. প্রসাধিকা। প্রসাধনী বি. 1 অঙ্গরাগ; প্রসাধনদ্রব্য; 2 চিরুনি। প্রসাধিত বিণ. প্রসাধন বা সম্পাদন করা হয়েছে এমন; সজ্জিত, সজ্জীকৃত।

প্রসাধনী, প্রসাধিকা, প্রসাধিত (p. 552) [prasādhanī, prasādhikā, prasādhita] দ্র প্রসাধন।

প্রসার (p. 552) [prasāra] বি. 1 বিস্তার, বিস্তৃতিলাভ (শিল্পের প্রসার, জ্ঞানের প্রসার); 2 উদারতা (চিত্তের প্রসার); 3 প্রসার; 4 পরিবর্ধন বা সম্প্রসারণ। [সং. প্র + √ সৃ + অ]। ̃ ণ বি. প্রসারিত করা বা হওয়া (হস্ত প্রসারণ)। প্রসারিত বিণ. 1 প্রসার লাভ করেছে এমন, বিস্তৃত (কর্মক্ষেত্র প্রসারিত হওয়া); 2 ব্যাপ্ত; 3 পরিবর্ধিত; 4 সম্পাদিত। প্রসারী (-রিন্) বিণ. 1 প্রসার লাভ করে এমন

(সুদূরপ্রসারী); 2 ব্যাপক, বিস্তৃত; 3 প্রসারিত করে এমন। স্ত্রী. প্রসারিণী। প্রসার্য বিণ. বিস্তারযোগ্য; প্রসারিত করা যায় এমন। প্রসার্য-মাণ বিণ. প্রসারিত হচ্ছে এমন।

প্রসারিত, প্রসারী, প্রসার্য (p. 552) [prasārita, prasārī, prasārya] দ্র প্রসার।

প্রসিক্ত (p. 552) [prasikta] বিণ. সম্পূর্ণ সিক্ত, একেবারে সিক্ত, পুরোপুরি ভিজে গেছে এমন (করুণায় প্রসিক্ত অন্তর)। [সং. প্র + সিক্ত]।

প্রসিত (p. 552) [prasita] বিণ. অতি শুভ্র বা সাদা। [সং. প্র + সিত]।

প্রসিদ্ধ (p. 552) [prasiddha] বিণ. বিখ্যাত, ব্যাপকভাবে পরিচিত। [সং. প্র + √ সিধ্ + ত]। স্ত্রী. প্রসিদ্ধা। প্রসিদ্ধি বি. 1 খ্যাতি, ব্যাপক পরিচিতি; 2 জনশ্রুতি (লোকপ্রসিদ্ধি)।

প্রসীদ (p. 552) [prasīda] অনু-ক্রি প্রসন্ন হও, দয়া করো, সদয় হও (প্রসীদ, মাগো; হে দেবি, প্রসীদ)। [সং. প্র + √ সদ্-হি]।

প্রসুপ্ত (p. 552) [prasupta] বিণ. গভীর নিদ্রামগ্ন। [সং. প্র + সুপ্ত]। প্রসুপ্তি বি. গভীর নিদ্রা।

প্রসূ (p. 552) [prasū] বিণ. (সমাসে পরপদে) প্রসবকারিণী, উৎপাদনকারিণী (ফলপ্রসূ, বীরপ্রসূ, স্বর্ণপ্রসূ)। □ বি. জননী। [সং. প্র + √ সূ + ক্বিপ্]। ˜ ত বিণ.

1 সঞ্জাত (বিদ্বেষপ্রসূত); 2 উৎপন্ন; 3 গর্ভ থেকে ভূমিষ্ঠ (সদ্যোপসূত সন্তান)।˜তা বিণ. (স্ত্রী.) 1 উৎপন্না; ভূমিষ্ঠা; 2 সন্তান প্রসব করেছে এমন।˜ তি বি. 1 প্রসবিনী, জননী; 2 (বিরল) উৎপত্তি, কারণ। [সং. প্র + √ সূ + তি]।

প্রসূন (p. 552) [prasūna] বি. 1 ফুল; 2 মুকুল, কুঁড়ি; 3 ফল। [সং. প্র + √ সূ + ত]।

প্রসৃত (p. 552) [prasṛta] বিণ. 1 নির্গত, নিঃসৃত; 2 বিস্তৃত, ব্যাপ্ত; 3 বৃদ্ধিপ্রাপ্ত, প্রবৃদ্ধ; 4 প্রশস্ত, বিস্তারযুক্ত; 5 বিনীত, নম্র (প্রসৃতবাক্য)। [সং. প্র + √ সৃ + ত]। প্রসৃতি বি. 1 বিস্তার, ব্যাপ্তি; 2 নির্গমন; 3 বেগ; 4 হাতের কোষ।

প্রসেক (p. 552) [prasēka] বি. 1 সেচন; 2 বর্ষণ। [সং. প্র + √ সিচ্ + অ]।

প্রস্ত (p. 552) [prasta] বি. প্রস্থ, দফা, সেট (একপ্রস্ত কাপড় কাচা হল, আরও বাকি আছে)। [< প্রস্থ]।

প্রস্তর (p. 552) [prastara] বি. পাথর, পাষাণ, শিলা। [সং. প্র + √ স্তৃ + অ]। প্রস্তর যুগ সভ্যতার যে প্রাচীন যুগে মানুষ পাথরের অস্ত্র পাত্র ইত্যাদি ব্যবহার করত, stone age. প্রস্তরী-ভবন বি. পাথরে পরিণত হওয়া। প্রস্তরী-ভূত বিণ. পাথরে পরিণত।

প্রস্তাব (p. 552) [prastāba] বি. 1 প্রসঙ্গ; 2 কথার উত্থাপন; 3 আলোচনার জন্য উত্থাপিত বিষয় (বিয়ের প্রস্তাব); 4 বিতর্কসভার বিষয়, motion (আমি প্রস্তাবের বিরুদ্ধে বলব); 5 গ্রন্থাদির অধ্যায়, প্রকরণ (প্রথম প্রস্তাব, দ্বিতীয়

প্রস্তাব)। [সং. প্র + √ স্তু + অ]। ˜ ক বিণ. প্রস্তাবকারী। ˜ না বি. 1 সূচনা, ভূমিকা (গ্রন্হের প্রস্তাবনা); 2 (সং. নাটকে) সূত্রধার ও নটনটীর কথাপ্রসঙ্গে নাটকের বিষয়বস্তুর অবতারণা। প্রস্তাবিত বিণ. প্রস্তাব করা হয়েছে এমন, আলোচনার জন্য বা বিবেচনার জন্য উত্থাপিত; আলোচনার বিষয়ীভূত।

প্রস্তার (p. 552) [prastāra] বি. 1 তৃণশয্যা; 2 ঘাসবন; 3 ব্যাপ্তি, বিস্তার। [সং. প্র + √ স্তৃ + অ]।

প্রস্তুত (p. 552) [prastuta] বিণ. 1 তৈরি, নির্মিত (জিনিসটা বিদেশে প্রস্তুত); 2 সজ্জিত, তৈরি হয়ে রয়েছে এমন, উন্মুখ (যাবার জন্য প্রস্তুত); 3 সম্মত, রাজি (ক্ষমা চাইতে প্রস্তুত আছে); 4 আয়োজন সম্পূর্ণ হয়েছে বা করেছে এমন (কন্যাপক্ষ এখন প্রস্তুত)। [সং. প্র + √ স্তু + ত]। প্রস্তুতি বি. 1 আয়োজন বা উদ্যোগ; 2 প্রস্তুত বা তৈরি থাকার ভাব; 3 নির্মাণ। প্রস্তুতি-পর্ব বি. আরম্ভ বা আরম্ভের আয়োজন, উদ্যোগ ইত্যাদি।

প্রস্হ1 (p. 552) [prasha1] বি. 1 দফা (দুই প্রস্হ দাবি); 2 একই প্রয়োজনে ব্যবহার্য বস্তুসমূহ (এক প্রস্হ নতুন পোশাক, এক প্রস্হ বাসন)। [দেশি]।

প্রস্হ2 (p. 552) [prasha2] বি. 1 চওড়ার মাপ (দৈর্ঘ্য ও প্রস্হ); 2 বিস্তার, পরিসর; 3 পর্বতের সানুদেশ (হিমাদ্রিপ্রস্হ); 4 সমতল ভূমি (ইন্দ্রপ্রস্হ)। [সং. প্র + √ স্হা + অ]। ˜ চ্ছেদ বি. (বিজ্ঞা.) cross-section. ˜ দেশ বি. পর্বতের সানুদেশ।

প্রস্থান (p. 552) [prashāna] বি. 1 যাত্রা, চলে যাওয়া, গমন; 2 প্রয়াণ। [সং. প্র + √ স্থা + অন]।˜ পর, প্রস্থানোদ্যত বিণ. যাবার জন্য প্রস্তুত, যাবার উপক্রম করছে এমন। প্রস্থিত বিণ. প্রস্থান করেছে এমন।

প্রস্থাপন (p. 552) [prashāpana] বি. 1 প্রেরণ; 2 উপস্থাপন। [সং. প্র + √ স্থাপি + অন]। প্রস্থাপিত বিণ. প্রেরিত; উপস্থাপিত।

প্রস্ফুট, প্রস্ফুটিত (p. 552) [prasphuṭa, prasphuṭita] বিণ. 1 পূর্ণ বিকশিত, সম্পূর্ণরূপে ফুটেছে এমন (প্রস্ফুটিত জ্যোৎস্না, প্রস্ফুটিত ফুল); 2 সম্পূর্ণ প্রকাশিত বা ব্যক্ত। [সং. প্র + √ স্ফুট্ + অ, ত]। প্রস্ফুটন বি. প্রস্ফুটিত হওয়া, ফোটা; প্রকাশ বা বিকাশ।

প্রস্ফুরণ (p. 552) [prasphuraṇa] বি. ঈষত্ স্পন্দন বা কম্পন, মৃদু কম্পন। [সং. প্র + √ স্ফুর্ + অন]। প্রস্ফুরিত বিণ. ঈষত্ স্পন্দিত বা কম্পিত, প্রস্ফুরণযুক্ত (প্রস্ফুরিত অধর)।

প্রস্বাপন (p. 552) [prasbāpana] বিণ. নিদ্রাজনক। □ বি. নিদ্রাজনক অর্থাত্ ঘুম পাড়িয়ে দেয় এমন পৌরাণিক অস্ত্রবিশেষ। [সং. প্র + √ স্বপ্ + ণিচ্ + অন]।

প্রস্যন্দ, প্রস্যন্দন (p. 552) [prasyanda, prasyandana] বি. ক্ষরণ, স্রবণ, গলন। [সং. প্র + √ স্যন্দ্ + অ, অন]। প্রস্যন্দী (-ন্দিন্) বিণ. যা থেকে ক্ষরিত হয়, স্রাবী (মধুপ্রস্যন্দী)।

প্রস্রবণ (p. 552) [prasrabaṇa] বি. 1 ঝরনা, নির্ঝর; 2 ক্ষরণ, স্রাব। [সং. প্র + √ স্রু + অন]।

প্রস্রাব (p. 552) [prasrāba] বি. 1 মূত্র (প্রস্রাবের দোষ); 2 মূত্রত্যাগ (প্রস্রাব করা)। [সং. প্র + √ স্রু + অ]।

প্রস্রুত (p. 552) [prasruta] বিণ. ক্ষরিত, স্রাবিত, নিঃসৃত। [সং. প্র + √ স্রু + ত]।

প্রহত (p. 552) [prahata] বিণ. আঘাতপ্রাপ্ত, আহত (তড়িৎপ্রহত, তরঙ্গপ্রহত পর্বত, ঝঞ্ঝাপ্রহত)। [সং. প্র + √ হন্ + ত]।

প্রহর (p. 552) [prahara] বি. তিনঘণ্টা কাল, দিনরাত্রির আট ভাগের এক ভাগ সময়, যাম। [সং. প্র+ √ হৃ + অ]।

প্রহরণ (p. 552) [praharaṇa] বি. 1 অস্ত্র (দশপ্রহরণধারিণী দুর্গা); 2 প্রহার। [সং. প্র + √ হৃ + অন]।

প্রহরা (p. 552) [praharā] বি. পাহারা (প্রহরায় নিযুক্ত)। [সং. প্রহর + বাং. আ]।˜ ধীন বিণ. নজরবন্দি, পাহারা দিয়ে রাখা হয়েছে এমন।

প্রহরার্ধ (p. 552) [praharārdha] বি. প্রহরের অর্ধেক, অর্ধপ্রহর, দেড় ঘণ্টা। [সং. প্রহর + অর্ধ]।

প্রহরী (p. 552) [praharī] (-রিন্) বি. পাহারাওয়ালা, চৌকিদার। [সং. প্রহর + ইন্]। স্ত্রী. প্রহরিণী।

প্রহর্তা (p. 552) [prahartā] (-র্তৃ) বিণ. প্রহারকারী, আঘাতকারী। [সং. প্র + √ হৃ + তৃ]।

প্রহসন (p. 552) [prahasana] বি. 1 হাস্যরসাত্মক নাটক; 2 খেলো, তুচ্ছ বা অর্থহীন ব্যাপার (অনুষ্ঠানটি নিতান্তই প্রহসনে পরিণত হল); 3 (বর্ত. বিরল) অতি হাসি। [সং. প্র + √ হস্ + অন]।

প্রহার (p. 552) [prahāra] বি. 1 মার, শরীরে আঘাত, পিটুনি; 2 শারীরিক নিগ্রহ। [সং. প্র + √ হৃ + অ]। ˜ ক বিণ. প্রহারকারী। প্রহারী (-রিন্) বিণ. আঘাতকারী, প্রহারকারী। প্রহৃত বিণ. মার খেয়েছে এমন; আঘাতপ্রাপ্ত; নিগৃহীত। প্রহারেণ ধনঞ্জয় (কৌতু.) কাউকে বাগে আনার জন্য বা শিক্ষা দেবার জন্য প্রচণ্ড প্রহার।

প্রহাস (p. 552) [prahāsa] বি. 1 নট; 2 শিব; 3 ঔজ্জ্বল্য; 4 সম্যক প্রকাশ; 5 উচ্চ হাসি। [সং. প্র + √ হস্ + অ]।

প্রহৃত (p. 552) [prahṛta] দ্র প্রহার।

প্রহেলিকা (p. 552) [prahēlikā] বি. 1 গূঢ় অর্থযুক্ত কূটপ্রশ্ন; 2 ধাঁধা, হেঁয়ালি। [সং. প্র + √ হেল্ + ইন্ + ক + আ (স্ত্রী.)]। প্রহেলী বি. প্রহেলিকা।

প্রহ্লাদ (p. 552) [prahlāda] বি. 1 আনন্দ, প্রমোদ; 2 শব্দ; 3 পুরাণোক্ত হিরণ্যকশিপুর পুত্র। [সং. প্র + √ হ্লাদ্ + অ]।

প্রাইজ (p. 552) [prāija] বি. পারিতোষিক; পুরস্কার। [ইং. prize]।

প্রাইভেট (p. 552) [prāibhēṭa] বিণ. 1 ব্যক্তিগত; 2 বেসরকারি (প্রাইভেট বাস); 3 গোপন (প্রাইভেট কথা)। [ইং. private]। প্রাইভেট টিউটর বি. গৃহশিক্ষক। প্রাইভেট টিউশনি বি. শিক্ষকের নিজগৃহে বা ছাত্রের গৃহে গৃহশিক্ষকতা।

প্রাইমার (p. 552) [prāimāra] বি. প্রাথমিক শিক্ষার পাঠ্য বই। [ইং. primer]।

প্রাইমারি (p. 552) [prāimāri] বিণ. 1 প্রাথমিক (প্রাইমারি শিক্ষা); 2 প্রাথমিক পাঠ্য। [সং. ইং. primary]।

প্রাংশু (p. 552) [prāṃśu] বিণ. 1 উন্নত, উঁচু; 2 দীর্ঘকায় (শালপ্রাংশু)। [সং. প্র + অংশু]।

প্রাক, প্রাক্ (p. 552) [prāka, prāk] (প্রাচ্.) অব্য. বিণ. 1 পূর্বকালের, পূর্ববর্তী (প্রাক্চৈতন্য যুগ); 2 পূর্বদিকের (প্রাগ্দেশীয়, প্রাঙ্মুখ)। [সং. প্র + √ অন্চ্ + ক্বিপ্]। প্রাক্-কথন বি. ভূমিকা, গ্রন্থাদির ভূমিকা। প্রাক্-কলন বি. কোনো ব্যাপারের সম্ভাব্য ব্যয়ের হিসাব, estimate. (স.প.)।

প্রাকরণিক (p. 552) [prākaraṇika] বিণ. প্রকরণগত, কৌশলগত। [সং. প্রকরণ + ইক]।

প্রাকাম্য (p. 552) [prākāmya] বি. 1 যোগের অষ্টসিদ্ধির অন্যতম; 2 অপরিসীম স্বাধীনতা ভোগের অলৌকিক শক্তি; 3 ভোগেচ্ছা পূর্ণ করার ক্ষমতা। [সং. প্রকাম + য]।

প্রাকার (p. 552) [prākāra] বি. প্রাচীর, দেওয়াল (দুর্গপ্রকার)। [সং. প্র + √ কৃ + অ]।

প্রাকৃত1 (p. 552) [prākṛta1] বিণ. 1 প্রাকৃতিক, স্বাভাবিক; 2 প্রজাসাধারণ সম্বন্ধীয়; 3 লৌকিক; 4 সাধারণ, সামান্য। □ বি. বৈদিক সংস্কৃত থেকে উদ্ভূত লৌকিক ভাষাবিশেষ। [সং. প্রকৃতি + য]।

প্রাকৃত2 (p. 552) [prākṛta2] বিণ. নীচ, অধম, ইতর (প্রাকৃতজন)। [সং. প্র + অকৃত (=অকার্য)]।

প্রাকৃতিক (p. 552) [prākṛtika] বিণ. 1 নৈসর্গিক, প্রকৃতিবিষয়ক (প্রাকৃতিক দুর্যোগ, প্রাকৃতিক সৌন্দর্য); 2 জড়পদার্থসম্বন্ধীয় (প্রাকৃতিক বিজ্ঞান)। [সং. প্রকৃতি + ইক]। প্রাকৃতিক নির্বাচন প্রাকৃতিক জগতের যে নিয়মে জীবনসংগ্রামে যোগ্যতম প্রাণীরাই টিকে থাকে, Natural Selection.

প্রাক্কাল (p. 552) [prākkāla] বি. পূর্ববর্তী বা প্রারম্ভিক কাল (বিদেশযাত্রার প্রাক্কালে)। [সং. প্রাচ্ + কাল]। প্রাক্কালিক, প্রাক্কালীন বিণ. প্রাক্কালের।

প্রাক্তন (p. 554) [prāktana] বিণ. 1 পূর্বকালীন, ভূতপূর্ব (প্রাক্তন প্রধানমন্ত্রী); 2 জন্মান্তরীণ (প্রাক্তন সংস্কার); 3 পূর্বজন্মে অর্জিত। □ বি. অদৃষ্ট; পূর্ববর্তী জন্মসমূহে কৃত কর্মের ফল। [সং. প্রাচ্ + তন]।

প্রাখর্য (p. 554) [prākharya] বি. তীক্ষ্ণতা, প্রখরতা (রৌদ্রের প্রাখর্য, বুদ্ধির প্রাখর্য)। [সং. প্রখর + য]।

প্রাগ্-বর্তী (p. 554) [prāg-bartī] বিণ. পূর্ববর্তী। [সং. প্রাচ্ + বর্তিন্]।

প্রাগভাব (p. 554) [prāgabhāba] বি. (দর্শ.) উৎপত্তির পূর্বে (প্রাক্) বস্তুর অবিদ্যমানতা, (non-existence). [সং. প্রাক্ + অভাব]।

প্রাগল্ভ্য (p. 554) [prāglabhya] বি. 1 প্রগলভতা; 2 ঔদ্ধত্য; 3 স্ত্রীলোকের প্রণয়াদিতে নির্লজ্জতা। [সং. প্রগলভ + য]।

প্রাগিতি-হাস (p. 554) [prāgiti-hāsa] বি. ইতিহাসপূর্ব যুগ বা তার কাহিনি। [সং. প্রাক্ + ইতিহাস]।

প্রাগুক্ত (p. 554) [prāgukta] বিণ. পূর্বোক্ত, পূর্বে কথিত বা উল্লিখিত (প্রাগুক্ত গ্রনহ, প্রাগুক্ত আলোচনা)। [সং. প্রাক্ + উক্ত]।

প্রাগৈতি-হাসিক (p. 554) [prāgaiti-hāsika] (সংস্কৃতমতে অশুদ্ধ) বিণ. যে যুগ থেকে ইতিহাস নির্দিষ্টভাবে জানা যায় তার পূর্ববর্তী যুগের, pre-historic. [সং. (?) প্রাক্ + ঐতিহাসিক]।

প্রাগ্রসর (p. 554) [prāgrasara] বিণ. অগ্রগামী, উন্নত। [সং. প্র + অগ্রসর]।

প্রাঙ্গণ (p. 554) [prāṅgaṇa] বি. অঙ্গন, উঠান। [সং. প্র + অঙ্গন]।

প্রাঙ্মুখ, প্রাঙ্মুখ (p. 554) [prāṅmukha, prāṅmukha] বিণ. পূর্বদিকে (যার) মুখ রয়েছে এমন, পূর্বমুখ। [সং. প্রাক্ + মুখ]।

প্রাচী (p. 554) [prācī] বি. পূর্বদিক, পৃথিবীর পূর্বভাগ। [সং. প্রাচ্ + ঈ]।

প্রাচীন (p. 554) [prācīna] বিণ. 1 পুরোনো, পুরাতন (প্রাচীন যুগ, প্রাচীন ভারত); 2 বয়োবৃদ্ধ, সেকেলে (প্রাচীন মানুষ)। [সং. প্রাচ্ + ঈন]। বিণ. বি. (স্ত্রী.) প্রাচীনা। ̃ তা, ̃ ত্ব বি. পুরাতনের ভাব বা অবস্থা; আদিমতা; সাবেকত্ব, প্রবীণতা। ̃ পন্হী বিণ. পুরোনো বা সাবেক রীতি বা নিয়মের পক্ষপাতী।

প্রাচীর (p. 554) [prācīra] বি. প্রাকার, দেওয়াল, পাঁচিল। [সং. প্র + আ + √ চি + র]।

প্রাচুর্য (p. 554) [prācurya] বি. 1 প্রচুরতা, আধিক্য (অর্থের প্রাচুর্য); 2 ধনাঢ্যতা (অপরের প্রাচুর্যে ঈর্ষা)। [সং. প্রচুর + য]।

প্রাচ্য (p. 554) [prācya] বিণ. 1 পূর্বদিকস্থ, পূর্বদিকের; 2 ভারত প্রভৃতি পূর্বদেশীয় (প্রাচ্য বিদ্যা, প্রাচ্য সংস্কৃতি)। [সং. প্রাচ্ + য]। প্রাচ্যা বি. মাগধী প্রাকৃত ভাষার নামভেদ।

প্রাজক (p. 554) [prājaka] বিণ. বি. নিয়ন্তা। □ বি. চালক, সারথি। [সং. প্র + √ আজি (√ অজ্ + ণিচ্) + অক]।

প্রাজন (p. 554) [prājana] বি. পাচনবাড়ি, পশু তাড়াবার লাঠি। [সং. প্র + √ আজি (√ অজ্ + ণিচ্) + অন]।

প্রাজাপত্য (p. 554) [prājāpatya] বি. অষ্টবিধ হিন্দুবিবাহের অন্যতম। □ বিণ. 1 প্রজাপতিসম্বন্ধীয়; 2 প্রজাপতি-প্রেরিত। [সং. প্রজাপতি + য]।

প্রাজ্ঞ (p. 554) [prājña] বিণ. পণ্ডিত, বিজ্ঞ, জ্ঞানী। [সং. প্রজ্ঞা + অ]। ˜ তা বি. পাণ্ডিত্য, বিজ্ঞতা। প্রাজ্ঞা বিণ. (স্ত্রী.) পণ্ডিতনারী, বিদুষী। প্রাজ্ঞী বিণ. (স্ত্রী.) পণ্ডিতের বা জ্ঞানী ব্যক্তির পত্নী।

প্রাঞ্জল (p. 554) [prāñjala] বিণ. 1 সরল, সহজবোধ্য; 2 স্বচ্ছ, পরিষ্কার। [সং. প্র + √ অন্‌জ্ + অল]। ˜ তা বি. সরলতা, সহজবোধ্যতা; স্বচ্ছতা।

প্রাঞ্জলি (p. 554) [prāñjali] বিণ. বদ্ধাঞ্জলি, জোড়হাত। [সং. প্র + অঞ্জলি]।

প্রাণ (p. 554) [prāṇa] বি. 1 জীবন (প্রাণহীন দেহ); 2 শ্বাসরূপে গৃহীত বায়ু, দম (অল্পপ্রাণ, মহাপ্রাণ); 3 দেহস্থ পঞ্চবায়ু যথা প্রাণ অপান সমান উদান ও

ব্যান; 4 জীবনীশক্তি; 5 মন, চুত্ত, হৃদয় ('প্রাণ চায়, চক্ষু না চায়': রবীন্দ্র); 6 আন্তরিকতা, স্ফূর্তি, সজীবতা (প্রাণবন্ত মানুষ, প্রাণহীন গান, প্রাণহীন রচনা)। [সং. প্র + √ অন্ + অ]। প্রাণ উড়ে যাওয়া ক্রি. ভয়ে মৃতপ্রায় হওয়া। প্রাণ ওষ্ঠাগত হওয়া ক্রি. অত্যন্ত কষ্টকর অবস্থায় পড়া।˜ কান্ত বি. হৃদয়েশ্বর; স্বামী, পতি; প্রেমিক।˜ কৃষ্ণ বি. 1 প্রাণসম প্রিয় শ্রীকৃষ্ণ; 2 (আল.) পরম আদরের পাত্র।˜ খোলা বিণ. অকপট; উদার; উদাত্ত (প্রাণখোলা হাসি)।˜ গত বিণ. মনোগত; আন্তরিক।˜ গতিক বিণ. 1 জীবন বা জীবনযাত্রা-সম্বন্ধীয়; 2 শারীরিক।˜ ঘাতী (-তিন্) বিণ. মৃত্যু ঘটায় এমন।˜ চঞ্চল বিণ. প্রাণবন্ত, সজীব (প্রাণচঞ্চল ছেলে)।˜ তুল্য বিণ. জীবনের মতো প্রিয় বা মূল্যবান।˜ ত্যাগ বি. মৃত্যু; মৃত্যুবরণ বা জীবন বিসর্জন। প্রাণ থাকা ক্রি. বি. বেঁচে থাকা (প্রাণ থাকতে এটা হতে দেব না)।˜ দণ্ড বি. মৃত্যুদণ্ড; অপরাধের জন্য মৃত্যুরূপে শাস্তি।˜ দাতা (-তৃ) বিণ. জীবনরক্ষাকারী। স্ত্রী.˜ দাত্রী।˜ দান বি. জীবনরক্ষা; মৃত্যুর হাত থেকে বাঁচানো।˜ দায়ী (-য়িন্) বিণ. জীবন বাঁচায় এমন (প্রাণদায়ী ওষুধ)। প্রাণ দেওয়া ক্রি. বি. 1 স্বেচ্ছায় মৃত্যু বরণ করা; 2 পরের জীবন রক্ষা করা।˜ নাথ বি. হৃদয়েশ্বর; স্বামী, পতি।˜ নাশ বি. বধ, হত্যা। প্রাণ নেওয়া ক্রি. বি. বধ করা।˜ পণ বিণ. নিজের প্রাণ পর্যন্ত পণ করে কার্যসাধনের সংকল্পযুক্ত (প্রাণপণ চেষ্টা)। প্রাণপণে ক্রি-বিণ. প্রাণকে পণ করে, সর্বশক্তি দিয়ে ('প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল': সুকান্ত)।˜ পতি বি. হৃদয়েশ্বর; স্বামী।˜ পাখি বি. খাঁচায় বদ্ধ পাখির মতো দেহগত প্রাণ।˜ পাত বি. 1 মৃত্যু; 2 মৃত্যুতুল্য পরিশ্রম বা কষ্ট ('যারা প্রাণপাতে কঠিন মাটিতে ফলায় ফসল ফল': স. দ.)।˜ পূর্ণ বিণ. প্রাণবন্ত; সজীব, জীবন্ত।˜ প্রতিম বিণ. প্রাণতুল্য, প্রাণের মতো প্রিয় (প্রাণপ্রতিম বন্ধু)।˜ প্রতিষ্ঠা বি. 1 মন্ত্রপাঠ করে প্রতিমায় দেবতাকে অধিষ্ঠিত করা (মূর্তির প্রাণপ্রতিষ্ঠা); 2 (আল.) জীবন্ত করা।˜ প্রদ বিণ. জীবনদায়ক; বলদায়ক।˜ প্রিয় বিণ. প্রাণের সমান প্রিয়।˜ বঁধু বি. সখা; অতি প্রিয় বন্ধু।˜ বন্ত বিণ. জীবন্ত; উৎসাহ-উদ্দীপনাযুক্ত; প্রাণচঞ্চল, স্ফূর্তিযুক্ত।˜

বল্লভ: বি. হৃদয়েশ্বর; স্বামী, পতি।˜ বান (-বত্) বিণ. প্রাণবন্ত।˜ বায়ু বি. 1 দেহস্থ পঞ্চবায়ু; 2 জীবন্ত প্রাণীর নিশ্বাস-প্রশ্বাস।˜ বিয়োগ বি. মৃত্যু।˜ বিসর্জন বি. মৃত্যুবরণ।˜ ময় বিণ. জীবন্ত, সজীব; স্ফূর্তিযুক্ত; প্রাণবন্ত। স্ত্রী.˜ ময়ী। প্রাণময় কোষ পঞ্চপ্রাণ ও পঞ্চকর্মেন্দ্রিয়ময় শরীরস্থ আধারবিশেষ। প্রাণ যাওয়া ক্রি. বি. 1 মৃত্যু হওয়া; 2 অত্যন্ত কষ্ট হওয়া।˜ শক্তি বি. জীবনীশক্তি; বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় শক্তি; প্রাণময়তা।˜ শূন্য,˜ হীন বিণ. মৃত; জড়; উদ্যমহীন; হৃদয়হীন।˜ সংশয়,˜ সংকট বি. মৃত্যুর আশঙ্কা, জীবনসংকট।˜ সংহার বি. হত্যা, বধ।˜ সঞ্চার বি. মৃত জড় বা অচেতন দেহকে সজীব করা; (আল.) উৎসাহ বা প্রেরণা দান।˜ স্পন্দন বি. সজীবতা, জীবনের অস্তিত্ব।˜ হন্তা (ন্তৃ) বিণ. হত্যাকারী। স্ত্রী.˜ হন্ত্রী।˜ হর,˜ হারক,˜ হারী (-রিন্) বিণ. জীবননাশক; সাংঘাতিক। স্ত্রী.˜ হরা,˜ হারিকা,˜ হারিণী।˜ হীন বিণ. প্রাণশূন্য -র অনুরূপ। প্রাণাতি-পাত বি. মৃত্যু; নিদারুণ কষ্ট। প্রাণাত্যয় বি. মৃত্যু; মৃত্যুর সময়। প্রাণাধিক বিণ. প্রাণের চেয়েও বেশি প্রিয়, অত্যন্ত স্নেহভাজন বা প্রীতিভাজন। প্রাণান্ত বি. মৃত্যু; নিদারুণ কষ্ট ('প্রাণ রাখিতে সদাই প্রাণান্ত': দ্বি. রা.)। প্রাণান্ত পরিচ্ছেদ মৃত্যুতে যার শেষ; (গৌণ অর্থে) অশেষ পরিশ্রম বা কষ্ট। প্রাণান্তিক, প্রাণান্ত-কর বিণ. যাতে মৃত্যু ঘটতে পারে, মৃত্যুতুল্য অর্থাত্ ভয়ানক (প্রাণান্তকর পরিশ্রম, প্রাণান্তিক বেদনা)। প্রাণে মারা ক্রি. বি. মৃত্যু ঘটানো, হত্যা করা, মেরে ফেলা। প্রাণের প্রাণ (আল.) প্রাণাধিক প্রিয় ব্যক্তি। প্রাণেশ, প্রাণেশ্বর বি. 1 জীবনের অধীশ্বর; 2 স্বামী, পতি; 3 প্রেমিক। প্রাণোচ্ছল বিণ. প্রাণবন্ত, প্রফুল্লতাযুক্ত ও আবেগময়। প্রাণোত্-সর্গ বি. জীবনদান, মৃত্যুবরণ।

প্রাণায়াম (p. 554) [prāṇāẏāma] বি. যোগসাধনার প্রক্রিয়াবিশেষ, নির্দিষ্ট রীতিতে পূরক (শ্বাসগ্রহণ), কুম্ভক (শ্বাসধারণ) ও রেচক (শ্বাসত্যাগ)-এই প্রক্রিয়ার শাস্ত্রীয় নাম। [সং. প্রাণ + আ + √ যম্ + অ]।

প্রাণারাম (p. 554) [prāṇārāma] বিণ. প্রাণে যে সুখ ও শান্তি দান করে, প্রাণ যে স্নিগ্ধ করে। [সং. প্রাণ + আরাম]।

প্রাণিজ (p. 554) [prāṇija] দ্র প্রাণী।

প্রাণী (p. 554) [prāṇī] (-ণিন্) বি. 1 যার প্রাণ বা জীবন আছে, মানুষ পশু পাখি কীট-পতঙ্গ প্রভৃতি সচেতন জীব; 2 (বাং.) লোক (বাড়িতে দুটিমাত্র প্রাণী বাস করে); 3 (প্রা. বাং.) প্রাণ ('কেমন করিছে প্রাণী': চণ্ড়ী)। [সং. প্রাণ + ইন্]। প্রাণিজ বিণ. প্রাণিদেহ থেকে লব্ধ (প্রাণিজ প্রোটিন, প্রাণিজ খাদ্য)। জগত্, (বর্জি.) প্রাণি-জগত্ বি. জীবজগত্, সমস্ত প্রাণী।˜ তত্ত্ব, (বর্জি.) প্রাণিতত্ত্ব,˜ বিদ্যা, (বর্জি.) প্রাণি-বিদ্যা বি. জীবজন্তু-সম্বন্ধীয় বিজ্ঞান, zoology.˜ হত্যা,˜ হিংসা বি. জীবজন্তু হত্যা করা।

প্রাণেশ, প্রাণেশ্বর, প্রাণোৎসর্গ (p. 554) [prāṇēśa, prāṇēśbara, prāṇōtsarga] দ্র প্রাণ।

প্রাত (p. 554) [prāta] বি. প্রাতঃকাল ('নবজীবনের প্রাতে': রবীন্দ্র)। [সং. প্রাতঃ + প্রাতর্)]।

প্রাতঃ (p. 554) [prātḥ] (প্রাতর্) বি. 1 প্রভাত, সকালবেলা; 2 (আল.) সূচনা, শুরু। [সং. প্র + √ অত্ + অর্]।˜ কাল বি. প্রভাত, সকালবেলা।˜ কালীন বিণ. প্রাতঃকালের; প্রাতঃকালসম্বন্ধীয়।˜ কৃত্য,˜ ক্রিয়া বি. মলমূত্রত্যাগ ইত্যাদি প্রাতঃকালীন কর্ম।˜ প্রণাম বি. প্রভাতকালীন অভিবাদন।˜ ভ্রমণ বি. সকালে মুক্তবায়ুতে বেড়ানো বা পায়চারি।˜ সন্ধ্যা বি. 1 প্রত্যুষ রাত্রি ও প্রভাতের সন্ধিকাল;

2 সকালবেলায় করণীয় সন্ধ্যাআহ্নিক, জপ-তপ। ˜ স্নান বি. ভোরবেলায় স্নান। ˜ স্মরণীয় বিণ. প্রভাতে নিদ্রাভঙ্গের সঙ্গেসঙ্গেই স্মরণীয় অর্থাত্ অত্যন্ত পুণ্যকীর্তি (প্রাতঃস্মরণীয় মহাপুরুষ)।

প্রাতরাশ (p. 554) [prātarāśa] বি. সকালের আহার। [সং. প্রাতঃ + আশ]।

প্রাতর্গেয় (p. 554) [prātargēẏa] বিণ. সকালে গীতযোগ্য, সকালে গাওয়া বা ভজনা করা উচিত এমন। [সং. প্রাতঃ + গেয়]।

প্রাতর্বাক্য (p. 554) [prātarbākya] বি. প্রভাতে প্রথমোচ্চারিত বাক্য, যা সত্য হয় বলে বিশ্বাস। [সং. প্রাতঃ + বাক্য]।

প্রাতর্ভোজন (p. 554) [prātarbhōjana] বি. প্রাতরাশ। [সং. প্রাতঃ + ভোজন]।

প্রাতি-কূল্য (p. 554) [prāti-kūlya] বি. প্রতিকূলতা, বিরোধিতা (প্রকৃতির প্রাতিকূল্য)। [সং. প্রতিকূল + য]।

প্রাতি-পাদিক (p. 554) [prāti-pādika] বি. (ব্যাক.) বিভক্তিহীন বিশেষ্য বা বিশেষণ শব্দ। □ বিণ. প্রতিপদ-সম্বন্ধীয়। [সং. প্রতিপদ + ইক]।

প্রাতি-ভাসিক (p. 554) [prāti-bhāsika] বিণ. প্রতিভাসে অর্থাত্ ইন্দ্রিয়গোচরে সত্য বলে মনে হয় কিন্তু প্রকৃতপক্ষে তা নয় এমন, বাস্তব না হয়েও বাস্তবরূপে প্রতীয়মান। [তু. পারমার্থিক। [সং. প্রতিভাস + ইক]।

প্রাতিষ্ঠানিক (p. 554) [prātiṣṭhānika] বিণ. প্রতিষ্ঠানগত (ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক উদ্যোগ)। [সং. প্রতিষ্ঠান + ইক]।

প্রাতিস্বিক (p. 554) [prātisbika] বিণ. 1 প্রত্যেকের স্বকীয়, ব্যক্তিগত; 2 সর্বসাধারণের নয় এমন (প্রাতিস্বিক ধর্ম, প্রাতিস্বিক বিশ্বাস)। [সং. প্রতি + স্ব + ইক]।

প্রাতি-হার, প্রাতি-হারক, প্রাতি-হারিক (p. 554) [prāti-hāra, prāti-hāraka, prāti-hārika] বি. 1 প্রতিহারীর বা দৌবারিকের কাজ; 2 বাজিকর, ঐন্দ্রজালিক। □ বিণ. মায়াবী। [সং. প্রতিহার + অ, ক, ইক]।

প্রাত্যয়িক (p. 554) [prātyaẏika] বিণ. 1 প্রত্যয়সম্বন্ধীয়; 2 প্রত্যয়ী, আস্থাবান। [সং. প্রত্যয় + ইক]।

প্রাত্যহিক (p. 554) [prātyahika] বিণ. 1 দৈনিক, রোজ প্রকাশিত হয় এমন (প্রাত্যহিক সংবাদপত্র); 2 প্রতিদিন ঘটে বা পালন করতে হয় এমন (প্রাত্যহিক কর্তব্য, প্রাত্যহিক কর্ম)। [সং. প্রত্যহ + ইক]। স্ত্রী. প্রাত্যহিকী।

প্রাথমিক (p. 554) [prāthamika] বিণ. 1 প্রথমে কৃত (প্রাথমিক আলাপ, প্রাথমিক কর্তব্য, প্রাথমিক ব্যবহার); 2 প্রারম্ভকালীন (প্রাথমিক শিক্ষা)। [সং. প্রথম + ইক]।

প্রাদি (p. 554) [prādi] বি. প্র পরা অপ সম নি ইত্যাদি ধাতুর কুড়িটি উপসর্গ। [সং. প্র + আদি]। ˜ সমাস বি. উপসর্গযোগে নিষ্পন্ন তৎপুরুষ সমাসবিশেষ-যেমন প্রভাব, পরিপুষ্ট বিচ্যুতি।

প্রাদুর্ভাব (p. 554) [prādurbhāba] বি. 1 আবির্ভাব, আকস্মিক বা প্রথম প্রকাশ (ঋতুর প্রাদুর্ভাব); 2 (বাং.) (মন্দার্থে) ভীতিকর প্রকাশ; 3 ব্যাপক বা বহুল আবির্ভাব; 4 ভীতিকর আধিক্য (রোগের প্রাদুর্ভাব, মশার প্রাদুর্ভাব)। [সং. প্রাদুস্ + √ ভূ + অ]। প্রাদুর্ভূত বিণ. আবির্ভূত; প্রকাশিত; (বাং.) প্রবলভাবে বা ব্যাপকভাবে আবির্ভূত।

প্রাদেশিক (p. 554) [prādēśika] বিণ. 1 প্রদেশসম্বন্ধীয়; 2 প্রদেশজাত, প্রদেশে তৈরি, প্রদেশে উৎপন্ন; 3 দেশের অংশবিশেষে সীমাবদ্ধ (প্রাদেশিক শব্দ); 4 সমগ্র দেশে বিস্তৃত না হয়ে নিজ প্রদেশে নিবদ্ধ (প্রাদেশিক মনোভাব)। [সং. প্রদেশ + ইক]। ˜ তা বি. 1 প্রাদেশিক বৈশিষ্ট্য; 2 ভাষার প্রাদেশিক বিকার; 3 নিজ প্রদেশের প্রতি অন্যায় পক্ষপাত এবং অপর প্রদেশের প্রতি বিদ্বেষ।

প্রাধান্য (p. 554) [prādhānya] বি. 1 শ্রেষ্ঠতা (ধর্মের প্রাধান্য, যুক্তির প্রাধান্য); 2 নেতৃত্ব; 3 প্রভুত্ব; 4 আধিক্য (আবেগের প্রাধান্‌য)। [সং. প্রধান + য]।

প্রান্ত (p. 554) [prānta] বি. 1 সীমা, শেষভাগ, অন্তভাগ (বসনপ্রান্ত); 2 কিনারা, ধার। [সং. প্র + অন্ত]। ˜ বর্তী (-র্তিন) বিণ. প্রান্তে অবস্থিত।

প্রান্তর (p. 554) [prāntara] বি. 1 গাছ জল বসতি প্রভৃতি নেই এমন বিস্তৃত ভূমি; 2 মাঠ (ধু ধু প্রান্তর)। [সং. প্র + অন্তর]।

প্রান্তিক, প্রান্তীয় (p. 554) [prāntika, prāntīẏa] বিণ. 1 প্রান্তবর্তী; 2 প্রান্তসম্বন্ধীয়; 3 পরস্পর সম্পর্কযুক্ত দুই শ্রেণির প্রান্তে বা সীমায় অবস্থিত (প্রান্তিক চাষি)। [সং. প্রান্ত + ইক, ঈয়]।

প্রাপক (p. 554) [prāpaka] বিণ. বি. 1 যে প্রাপ্ত হয় বা পায়; 2 যে পাবার অধিকারী। [সং. প্র + √ আপ্ + অক]; 3 যে অপরকে পাইয়ে দেয়। [সং. প্র + √ আপ্ + ণিচ্ + অক]।

প্রাপণ (p. 554) [prāpaṇa] বি. 1 পাওয়া, প্রাপ্তি। [সং. প্র + √ আপ্ + অন]; 2 পাওয়ানো। [সং. প্র +√ আপ্ + ণিচ্ + অন]।

প্রাপ্ত (p. 554) [prāpta] বিণ. পাওয়া গেছে এমন, লব্ধ (প্রাপ্তকাল, প্রাপ্তধন)। [সং. প্র + √ আপ্ + ত]। ̃ কাল বি. যার সময় হয়েছে; মুমূর্ষু, মৃত্যুমুখী। ̃ বয়স্ক বিণ. পূর্ণ বয়স পেয়েছে এমন, বয়ঃপ্রাপ্ত, পূর্ণবয়স্ক; সাবালক। ̃ ব্য বিণ. প্রাপ্য, পাওয়া উচিত এমন। ̃ ব্যবহার বিণ. বিষয়কর্ম করার উপযুক্ত বয়স হয়েছে এমন, সাবালোক। ̃ যৌবন বিণ. যৌবন লাভ করেছে এমন, পূর্ণবয়স্ক। স্ত্রী. ̃ যৌবনা।

প্রাপ্তি (p. 554) [prāpti] বি. 1 পাওয়া; 2 লাভ, আয়, উপার্জন (এতে পরিশ্রম যেমন আছে, প্রাপ্তিও তেমনই আছে); 3 অষ্টসিদ্ধির অন্যতম, সর্বত্র যাবার ক্ষমতা। [সং. প্র + √ আপ্ + তি]। ̃ যোগ বি. পাওয়ার ভাগ্য; অপ্রত্যাশিতভাবে কিছু

পাওয়া। ˜ সংবাদ বি. চিঠিপত্রাদি বা অন্য কিছু পাওয়া গেছে এই খবর। ˜ স্থান বি. যেখানে কোনোকিছু পাওয়া যায় সেই স্থান। ˜ স্বীকার বি. পাওয়া গেছে এই কথা স্বীকার।

প্রাপ্য (p. 554) [prāpya] বিণ. 1 প্রাপ্তিযোগ্য, লভ্য, প্রাপ্তব্য; 2 পাওনা (তাঁর প্রাপ্য মর্যাদা তিনি পাননি)। [সং. প্র + √ আপ্ + য]।

প্রাবন্ধিক (p. 554) [prābandhika] বিণ. প্রবন্ধরচয়িতা, প্রবন্ধের লেখক। [সং. প্রবন্ধ + ইক]।

প্রাবরণ, প্রাবরণী, প্রাবার (p. 554) [prābaraṇa, prābaraṇī, prābāra] বি. 1 উত্তরীয়বস্ত্র; 2 আবরণবস্ত্র ('বাহিরের অন্ধকার বিস্তারিল শবপ্রাবরণী': সু. দ.)। [সং. প্র + √ বৃ + অন, ঈ, অ]।

প্রাবল্য (p. 554) [prābalya] বি. প্রবলতা, প্রাধান্য, তীব্রতা (উৎসাহের প্রাবল্য, ঝড়ের প্রাবল্য)। [সং. প্রবল + য]।

প্রাবাসিক (p. 554) [prābāsika] বিণ. 1 প্রবাসসম্বন্ধীয়; 2 প্রবাসকালীন (প্রাবাসিক অভিজ্ঞতা)। [সং. প্রবাস + ইক]।

প্রাবীণ্য (p. 554) [prābīṇya] বি. 1 প্রবীণের ভাব বা অবস্থা, প্রবীণতা; 2 অভিজ্ঞতা; 3 নৈপুণ্য। [সং. প্রবীণ + য]।

প্রাবৃট, (বর্জি.) প্রাবৃট্ (p. 554) [prābr̥ṭa, (barji.) prābr̥ṭ] (-বৃষ্) বি. বর্ষাকাল ('প্রাবৃটের নবঘনশ্যাম': মো. ম.)। [সং. প্র + √ বৃষ্ + ক্বিপ্]। প্রাবৃষিক, প্রাবৃষ্য বিণ. বর্ষাকালীন। প্রাবৃড়ত্যয় বি. শরৎকাল।

প্রাবৃড়ত্যয় (p. 554) [prābr̥ḍ্ṭyaẏa] বা প্রাবৃট।

প্রাবৃত (p. 554) [prābr̥ta] বিণ. 1 আচ্ছাদিত, আবৃত; 2 বেষ্টিত। [সং. প্র + আবৃত]। প্রাবৃতি বি. 1 আবরণ, আচ্ছাদন; 2 বেড়া।

প্রাবৃষিক, প্রাবৃষ্য (p. 554) [prābr̥ṣika, prābr̥ṣya] দ্র প্রাবৃট।

প্রাবেশন (p. 554) [prābēśana] বি. 1 শিল্পভবন; 2 কর্মশালা, ওয়ার্কশপ। [সং. প্র + আ + √ বিশ্ + অন]।

প্রাভাতিক (p. 554) [prābhātika] বিণ. প্রভাতসম্বন্ধীয়; প্রভাতকালীন (প্রাভাতিক ক্রিয়া, প্রাভাতিক ভ্রমণ)। [সং. প্রভাত + ইক]।

প্রামাণিক (p. 554) [prāmāṇika] বিণ. প্রমাণসিদ্ধ, বিশ্বাসযোগ্য (প্রামাণিক গ্রন্হ)। □ বি. 1 পণ্ডিত; 2 অধ্যক্ষ; 3 হিন্দু শ্রেণিবিশেষের উপাধি বা পদবি; 4 (বাং.) নাপিত। [সং. প্রমাণ + ইক]। বি.˜ তা।

প্রামাণ্য (p. 554) [prāmāṇya] বি. প্রামাণিকতা। □ বিণ. (বাং.) প্রামাণিক (প্রামাণ্য গ্রন্হ)। [সং. প্রমাণ + য]।

প্রায়1 (p. 554) [prāẏa1] ক্রি-বিণ. 1 সাধারণত, সচরাচর (এমন তো প্রায় ঘটে); 2 (আঞ্চ.) ঘন ঘন, বারংবার (সে প্রায় এখানে আসে)। [সং. প্রায়স্]। ̃ ই ক্রি-বিণ. নিয়মিত; ঘনঘন।

প্রায়2 (p. 554) [prāẏa2] বিণ. 1 সদৃশ, তুল্য (মৃতপ্রায়, প্রায় অন্ধ); 2 কাছাকাছি, কিছু কম (প্রায় প্রতিদিন, প্রায় এক সের)। [সং. প্র + √ ই + অ; বিকল্পে প্র + √ অয় + অ]।

প্রায়3 (p. 554) [prāẏa3] বি. 1 অনশনে মৃত্যু; 2
মৃত্যু-কামনায় উপবাস (প্রায়োপবেশন); 3 বাহুল্য। [সং. প্র + √ ই + অ; প্র + √ অয় + অ]।

প্রায়শ, (বর্জি.) প্রায়শঃ (p. 554) [prāẏaśa, (barji.) prāẏaśḥ] (-শস্) অব্য. ক্রি-বিণ. প্রায়ই, সচরাচর, খুব ঘন ঘন (এখানে প্রায়শ এমন ঘটে)। [সং. প্রায় + শস্]।

প্রায়শ্চিত্ত (p. 554) [prāẏaścitta] বি. 1 পাপমোচনের জন্য অনুষ্ঠান বা স্বেচ্ছায় গৃহীত শাস্তি; 2 চিত্তের বিশুদ্ধতাসাধন। [সং. প্রায়ঃ (প্রায়স্) + চিত্ত]।

প্রায়ান্ধ-কার (p. 554) [prāẏāndha-kāra] বি. অন্ধকারপ্রায় -এর অশু. কিন্তু বহুল প্রচলিত রূপ।

প্রায়োপ-বেশ, প্রায়োপ-বেশন (p. 554) [prāẏōpa-bēśa, prāẏōpa-bēśana] বি. মৃত্যু-কামনায় উপবাসী থেকে উপবেশন। [সং. প্রায়3 + উপবেশ, উপবেশন]। প্রায়োপ-বিষ্ট বিণ. প্রায়োপবেশন করেছে এমন।

প্রারব্ধ (p. 554) [prārabdha] বিণ. আরব্ধ বা শুরু হয়েছে এমন (প্রারব্ধ কর্ম)। □ বি. 1 (বিরল) অদৃষ্ট, ভাগ্য; 2 পূর্বজন্মার্জিত কর্মফল (ভোগের দ্বারা প্রারব্ধের ক্ষয়)। [সং. প্র + আরব্ধ]।

প্রারম্ভ (p. 554) [prārambha] বি. 1 আরম্ভ, শুরু (কলিযুগের প্রারম্ভে, জীবনের প্রারম্ভে); 2 ভূমিকা (প্রারম্ভে বলা হল)। [সং. প্র + আরম্ভ]। প্রারম্ভিক বিণ. আরম্ভকালীন (প্রারম্ভিক ঘোষণা)।

প্রার্থক (p. 554) [prārthaka] বিণ. প্রার্থনাকারী, প্রার্থী (দানপ্রার্থক)। [সং. প্র + √ অর্থ্ + অক]। স্ত্রী. প্রার্থিকা।

প্রার্থন, প্রার্থনা (p. 554) [prārthana, prārthanā] বি. আবেদন, যাচ্ঞা; দেবতা বা ঈশ্বরের কাছে আবেদন বা যাচ্ঞা। [সং. প্র + √ অর্থ্ + অন, + আ]। প্রার্থনীয়, প্রার্থয়ি-তব্য বিণ. প্রার্থনার যোগ্য; যাচনীয়, বাঞ্ছনীয়। প্রার্থয়িতা (-তৃ), প্রার্থী (-র্থিন্) বিণ. প্রার্থনাকারী, যাচক। স্ত্রী. প্রার্থিনী। প্রার্থিত বিণ. যা প্রার্থনা করা হয়েছে, যাচিত।

প্রাশ (p. 554) [prāśa] বি. আহার; খাদ্যবস্তু (চ্যবনপ্রাশ)। [সং. প্র + √ অশ্ + অ]।

প্রাশন (p. 554) [prāśana] বি. আহার, ভোজন (অন্নপ্রাশন)। [সং. প্র + অশন]।

প্রাশস্ত্য (p. 554) [prāśastya] বি. 1 প্রশস্ততা, উৎকর্ষ; 2 প্রসার, বিস্তার। [সং. প্রশস্ত + য]।

প্রাশ্নিক (p. 554) [prāśnika] বিণ. 1 প্রশ্নকারী; 2 প্রশ্ন শুনে যে মীমাংসা করে। [সং. প্রশ্ন + ইক]।

প্রাস (p. 554) [prāsa] বি. বর্শাজাতীয় প্রাচীন ক্ষেপণাস্ত্রবিশেষ, প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ। [সং. প্র + √ অস্ + অ]।

প্রাসঙ্গিক (p. 554) [prāsaṅgika] বিণ. 1 প্রসঙ্গক্রমে উপস্থিত বা উত্থাপিত (প্রাসঙ্গিক উল্লেখ); 2 প্রসঙ্গের সঙ্গে সংগতিপূর্ণ, relevant. [সং. প্রসঙ্গ + ইক]। বি.˜ তা।

প্রাসাদ (p. 554) [prāsāda] বি. 1 রাজভবন, রাজার গৃহ; 2 বড়ো অট্টালিকা, হর্ম্য। [সং. প্র + √ সদ্ + অ]।˜ কুক্কুট বি. পায়রা।

প্রাস্থানিক (p. 554) [prāshānika] বিণ. 1 প্রস্থানসংক্রান্ত, বিদায়সংক্রান্ত; 2 প্রস্থানকালীন; 3 বিদায়কালোচিত। [সং. প্রস্থান + ইক]।

প্রাহরিক (p. 554) [prāharika] বিণ. প্রহরসম্বন্ধীয়। [সং. প্রহর + ইক]।

প্রাহসনিক (p. 554) [prāhasanika] বিণ. 1 প্রহসনসংক্রান্ত; 2 প্রহসনে অভিনয়কারী; 3 প্রহসন-রচনাকারী। [সং. প্রহসন + ইক]।

প্রাহ্ণ (p. 554) [prāhna] বি. পূর্বাহ্ণ, দিনের প্রথম ভাগ, প্রাতঃকাল। [সং. প্র + অহন্]।

প্রিণ্টার (p. 554) [priṇṭāra] বি. মুদ্রাকর, যে-ব্যক্তি ছাপাখানায় পুস্তকাদি ছেপে দেয়। [ইং. printer]।

প্রিন্সি-পাল (p. 554) [prinsi-pāla] বি. উচ্চ বিদ্যালয়াদির বা কলেজের অধ্যক্ষ। [ইং. principal]।

প্রিয় (p. 554) [priẏa] বি. 1 ভালোবাসার বা প্রণয়ের পাত্র; 2 বন্ধু; সুহৃদ ('শুধু তোমার বাণী নয় গো, হে বন্ধু হে প্রিয়': রবীন্দ্র); 3 স্বামী। □ বিণ. 1 প্রেমাস্পদ; 2 প্রীতিভাজন, স্নেহভাজন; 3 প্রীতিকর, ভালো লাগে এমন (প্রিয় সামগ্রী, প্রিয় খেলা)। স্ত্রী. প্রিয়া। ̃ ংকর, ̃ কারক, ̃ কারী (-রিন্) বিণ. প্রিয় কাজ করে এমন; হিতকারী। ̃ ংবদ বিণ. মধুরভাষী। স্ত্রী. ̃ ংবদা। ̃ ঙ্গু বি. শ্যামলতা। ̃ চিকীর্ষু বিণ. প্রিয় কাজ করতে ইচ্ছুক। ̃ জন বি. প্রিয় ব্যক্তি, প্রিয়পাত্র; বন্ধু; আত্মীয়স্বজন। ̃ তম বিণ. সবচেয়ে প্রিয় বা প্রণয়ভাজন। স্ত্রী. ̃ তমা। ̃ দর্শন বিণ. সুদৃশ্য; সুন্দর (প্রিয়দর্শন যুবক)। ̃ দর্শী (-র্শিন্) বিণ. 1 প্রিয়দর্শন, সুন্দর; 2 যে সকলকে প্রীতির চোখে দেখে। □ বি. সম্রাট অশোক। □ বিণ. স্ত্রী. ̃ দর্শিনী। ̃ পাত্র বিণ. প্রীতিভাজন; স্নেহাস্পদ; প্রণয়ভাজন। স্ত্রী. ̃ পাত্রী। ̃ বচন ̃ বাক্য বি. মধুর বাক্য, মনোরম বা প্রীতিকর কথা। ̃ বাদী (-দিন্) বিণ. মধুরভাষী। স্ত্রী. ̃ বাদিনী। ̃ বিয়োগ বি. প্রিয়ভাজনের মৃত্যু। ̃ ভাষী (-ষিন্) বিণ. মিষ্টভাষী। স্ত্রী. ̃

ভাষিণী। ̃ সখ, (বাং. প্রয়োগ) ̃ সখা বি. প্রীতিভাজন বা অন্তরঙ্গ বন্ধু। স্ত্রী. ̃ সখী। ̃ সমাগম বি. 1 প্রিয়জনের সঙ্গে মিলন; 2 প্রিয়জনের আগমন।

প্রীণ (p. 554) [prīṇa] বিণ. 1 প্রীত; 2 পুরাতন, প্রাচীন। [সং. √ প্রী + ত (নি.)]। ̃ ন বি. প্রীতিসম্পাদন, প্রীতিসাধন।

প্রীত (p. 554) [prīta] বিণ. সন্তুষ্ট, তৃপ্ত, আনন্দিত, খুশি। □ বি. 1 (প্রা. কা.) প্রেম, প্রণয়, পীরিত ('কুলকলঙ্কিনী হইনু করিয়া প্রীত': চণ্ডী); 2 প্রীতিসাধন ('শ্রীরামের প্রীতে তাই মুখে বল হরি': কৃত্তি)। [সং. √ প্রী + ত]।

প্রীতি (p. 554) [prīti] বি. 1 সন্তোষ, তৃপ্তি; 2 প্রেম, প্রণয়, ভালোবাসা, অনুরাগ; 3 আহ্লাদ; 4 বন্ধুত্ব। [সং. √ প্রী + তি]। প্রীতি-উপহার বি. প্রীতির চিহ্নস্বরূপ উপহার। ̃ ভাজন বিণ. স্নেহাস্পদ; প্রণয়ের পাত্র। ̃ ভোজ, ̃ ভোজন বি. আনন্দোৎসব উপলক্ষ্যে ভোজ। ̃ সম্ভাষণ বি. প্রণয় স্নেহ বা বন্ধুত্বসূচক আলাপ বা সম্বোধন। ̃ সম্মেলন বি. বন্ধুত্বমূলক মিলন বা সভা। ̃ সূচক বিণ. প্রীতিজ্ঞাপক।

প্রীয়-মাণ (p. 554) [prīẏa-māṇa] বিণ. প্রীতি লাভ করছে এমন। [সং. √ প্রী + মান (শানচ্)]।

প্রুফ (p. 554) [prupha] বি. সংশোধনের জন্য ছাপাখানায় কম্পোজ করা প্রতিলিপি। [ইং. proof]।

প্রেক্ষক (p. 554) [prēkṣaka] বিণ. দর্শক, দর্শনকারী। [সং. প্র + √ ঈক্ষ্ + অক]। স্ত্রী. প্রেক্ষিকা।

প্রেক্ষণ (p. 554) [prēkṣaṇa] বি. 1 দর্শন, দৃষ্টি; 2 চক্ষু। [সং. প্র + √ ঈক্ষ্ + অন]। প্রেক্ষণীয় বিণ. 1 দেখার যোগ্য; পর্যবেক্ষণীয়; 2 বিশেষভাবে বা সম্যক দর্শনীয়।

প্রেক্ষা (p. 554) [prēkṣā] বি. 1 দর্শন, পর্যবেক্ষণ; 2 পর্যালোচনা; 3 অভিনয় বা নৃত্য প্রদর্শন (প্রেক্ষাগৃহ)। [সং. প্র + √ ঈক্ষ্ + অ + আ]। ̃ গার, ̃ গৃহ বি. 1 রঙ্গালয়, নাট্যশালা বা সিনেমা-হল; 2 মানমন্দির, observatory. ̃ পট বি. দৃশ্যপট, কাছের বা দূরের দৃশ্য, পটভূমি, perspective.

প্রেক্ষিত (p. 554) [prēkṣita] বিণ. প্রেক্ষণ বা দর্শন করা হয়েছে এমন। [সং. প্র + √ ঈক্ষ্ + ত]। □ বি. (অশু.) পরিপ্রেক্ষিত, পটভূমি।

প্রেত (p. 554) [prēta] বি. ভূত, অশরীরী; মৃতের আত্মা। [সং. প্র + √ ই + ত]। ̃ কর্ম, ̃ কার্য, ̃ কৃত্য, ̃ ক্রিয়া বি. মৃতের দাহন ইত্যাদি অন্ত্যেষ্টিক্রিয়া। ̃ তর্পণ বি. মৃতের তৃপ্তির জন্য জলদান। ̃ দেহ বি. মৃত্যুর পরে জীবের সূক্ষ্ম দেহ। ̃ নদী বি. বৈতরণী। ̃ পক্ষ বি. চান্দ্র আশ্বিনের কৃষ্ণপক্ষ-এই পক্ষে পরলোকগত পিতৃগণের তর্পণ করতে হয়। ̃ পিণ্ড বি. মৃতের উদ্দেশে পিণ্ডজল। ̃ পুরী, ̃ লোক, বি. যমালয়, নরক। ̃ মূর্তি বি. প্রেতের আকৃতি বা প্রেতের মতো আকৃতি। ̃ যোনি বি. ভূত, পিশাচ। প্রেতাত্মা (-ত্মন্) বি. 1 মৃতের আত্মা; 2 ভূত। প্রেতাধিপ বি. যমরাজ। প্রেতাশৌচ বি. শবদাহজনিত অশৌচ। প্রেতিনী বি. (স্ত্রী.) (বাং.) পেতনি।

প্রেপ্সু (p. 554) [prēpsu] বিণ. পেতে ইচ্ছুক। [সং. প্র + √ আপ্ + সন্ +উ]।

প্রেম (p. 554) [prēma] বি. 1 ভালোবাসা, প্রণয়, অনুরাগ ('প্রেমের জোয়ারে ভাসাবে দোঁহারে': রবীন্দ্র); 2 প্রীতি, স্নেহ ('যদি প্রেম দিলে না প্রাণে': রবীন্দ্র); 3 ভক্তি (ভগবৎপ্রেম, দেশপ্রেম)। [সং. প্রিয় + ইমন্]। ˜ পত্র বি. প্রণয়ী বা প্রণয়িনীর চিঠি। ˜ পাত্র বি. ভালোবাসার জন বা ভালোবাসার পাত্র। ˜ বান বিণ. প্রেমময়। স্ত্রী. ˜ বতী। প্রেমানন্দ বি. 1 পাঁচ প্রকার আনন্দের অন্যতম; 2 ভালোবাসা-জনিত আনন্দ। প্রেমাবতার বি. জীবে প্রেমের অবতার চৈতন্যদেব। প্রেমিক বিণ. বি. যে ভালোবাসে, অনুরাগী; প্রণয়ী; ভক্ত (দেশপ্রেমিক)। স্ত্রী. প্রেমিকা। প্রেমী (-মিন্) বিণ. প্রেমযুক্ত, অনুরক্ত।

প্রেমারা (p. 554) [prēmārā] বি. তাসখেলাবিশেষ। [পো. primeiro]।

প্রেমিক, প্রেমী (p. 554) [prēmika, prēmī] দ্র প্রেম।

প্রেয় (p. 554) [prēẏa] বিণ. বঞ্ছিত, প্রিয়, মনোমতো। [সং. প্রেয়স্]।

প্রেয়সী (p. 554) [prēẏasī] বিণ. (স্ত্রী.) প্রিয়তমা; প্রেমিকা ('নারীর প্রেয়সী রূপ')। [সং. প্রেয়স্ + ঈ]।

প্রেরক (p. 554) [prēraka] দ্র প্রেরণ।

প্রেরণ (p. 554) [prēraṇa] বি. 1 পাঠানো, পাঠিয়ে দেওয়া; 2 প্রণোদন; 3 নিয়োগ, নিয়োজন। [সং. প্র + √ ঈর্ + ণিচ্ + অন]। প্রেরক, প্রেরয়িতা (-তৃ) বিণ. প্রেরণকারী। স্ত্রী. প্রেরিকা, প্রেরয়িত্রী।

প্রেরণা (p. 554) [prēraṇā] বি. 1 উৎসাহ সঞ্চার, প্রবর্তনা, প্রণোদন, inspiration; 2 বিশেষ কোনো কর্মসম্পাদনের জন্য আন্তরিক আবেগ বা শক্তি (দৈব প্রেরণা); 3 প্রবল আবেগ বা প্রবৃত্তি। [সং. প্রেরণ + আ]।

প্রেরয়িতা, প্রেরয়িত্রী (p. 554) [prērayṡitā, prērayṡitrī] দ্র প্রেরণ।

প্রেরিত (p. 554) [prērita] বিণ. 1 অনুপ্রাণিত, প্রণোদিত, উৎসাহিত, (ঈশ্বরপ্রেরিত); 2 পাঠানো হয়েছে এমন (ডাকযোগে প্রেরিত); 3 প্রেরণাপ্রাপ্ত। [সং. প্র + √ ঈর্ + ণিচ্ + ত]।

প্রেশার (p. 554) [prēśāra] বি. চাপ। [ইং. pressure]। ̃ কুকার বি. বাষ্পের চাপে সিদ্ধ করার বায়ুরোধী পাত্রবিশেষ।

প্রেষ (p. 554) [prēṣa] বি. চাপ, pressure (বি. প.)।

প্রেষক (p. 554) [prēṣaka] দ্র প্রেষণ।

প্রেষণ, প্রেষণা (p. 554) [prēṣaṇa, prēṣaṇā] বি. 1 প্রেরণা, প্রবর্তনা; 2 মন্ত্রাদিদ্বারা আনুষ্ঠানিকভাবে প্রবর্তন বা নিয়োগ। [সং. √ প্র + ইষ্ + ণিচ্ + অন]। প্রেষক বিণ. প্রেষণকারী; প্রেরক। স্ত্রী. প্রেষিকা। প্রেষণী (প্রা. কা.) বি. দাসী; দূতী। প্রেষণীয় বিণ. প্রেষণের যোগ্য। প্রেষিত বিণ. প্রেষণ করা হয়েছে এমন; প্রেরিত; প্রেরণাপ্রাপ্ত; নিয়োজিত। স্ত্রী. প্রেষিতা। প্রেষ্য, প্রৈষ্য বিণ. 1 প্রেষণীয়; 2 পাঠাবার যোগ্য। □ বি. 1 দাস, ভৃত্য; 2 দূত। প্রেষ্যা বি. (স্ত্রী.) দাসী।

প্রেষ্ঠ (p. 554) [prēṣṭha] বিণ. প্রিয়তম। [সং. প্রিয় + ইষ্ঠ]। স্ত্রী. প্রেষ্ঠা।

প্রেষ্য, প্রেষ্যা (p. 554) [prēṣya, prēṣyā] দ্র প্রেষণ।

প্রেস (p. 554) [prēsa] বি. ছাপাখানা, মুদ্রণালয়। [ইং. press]।

প্রেস-ক্রিপ-শন (p. 554) [prēsa-kripa-śana] বি. চিকিৎসক কর্তৃক রোগ-নিরাময়ের জন্য প্রদত্ত ব্যবস্থাপত্র। [ইং. prescription]।

প্রেসিডেন্ট (p. 554) [prēsiḍēṇṭa] বি. 1 সভাপতি; 2 রাষ্ট্রপতি। [ইং. president]।

প্রৈতি (p. 554) [praiti] বি. 1 প্রাণের অন্তর্গূঢ় শক্তি, প্রাণের বৈভব ('প্রাণের প্রথম প্রৈতি তার মনোবাসনার ছবি': সু. দ.); 2 গতিশক্তি, kinetic energy. [সং. তু. প্রেতি (=গমন, গতি)]।

প্রোক্ত (p. 554) [prōkta] বিণ. 1 বিশেষরূপে উক্ত বা কথিত; 2 উক্ত; 3 বর্ণিত; 4 পূর্বে কথিত বা উক্ত। [সং. প্র + উক্ত]।

প্রোগ্রাম (p. 554) [prōgrāma] বি. কর্মসূচি, করণীয় কার্যসমূহের ক্রমিক তালিকা। [ইং. programme]।

প্রোজ্জ্বল (p. 554) [prōjjbala] বিণ. অতিশয় উজ্জ্বল, অতিশয় দীপ্তিযুক্ত, অতিশয় ভাস্বর (প্রোজ্জ্বল ব্যক্তিত্ব, প্রোজ্জ্বল দৃষ্টান্ত)। [সং. প্র + উজ্জ্বল]।

প্রোটন (p. 554) [prōṭana] বি. পরমাণুর কেন্দ্রস্থিত পিণ্ডীভূত অংশের কণিকাবিশেষ। [ইং. proton]।

প্রোটিন (p. 554) [prōṭina] বি. দেহসার। [ইং. protein]।

প্রোটেস্টান্ট (p. 554) [prōṭēsṭāṇṭa] বি. রোমান ক্যাথলিক ধর্মের বিরুদ্ধে প্রতিবাদী খ্রিস্টান ধর্মসম্প্রদায়বিশেষ। [ইং. protestant]।

প্রোত (p. 554) [prōta] বিণ. 1 সূত্রের মধ্য গ্রথিত বা নিবদ্ধ; 2 জড়িত (তু. ওতপ্রোত)। [সং. প্র + √ বে + ত]।

প্রোত্-ফুল্ল (p. 554) [prōt-phulla] বিণ. অত্যন্ত উৎফুল্ল বা আনন্দিত। [সং. প্র + উৎফুল্ল]।

প্রোত্-সাহ (p. 554) [prōt-sāha] বি. 1 প্রবল উৎসাহ; 2 প্রবল প্রযত্ন; 3 প্রবল উত্তেজনা। [সং. প্র + উৎসাহ]। ̃ক বিণ. উৎসাহদাতা। ̃ন বি. বিশেষভাবে উৎসাহদান। প্রোত্-সাহিত বিণ. অতিশয় উৎসাহপ্রাপ্ত; অতিশয় উৎসাহযুক্ত।

প্রোথিত (p. 554) [prōthita] বিণ. পোঁতা হয়েছে এমন, ভূমিগর্ভে নিহিত (মোহরের ঘড়া মাটির নীচে প্রোথিত ছিল)। [সং. √ প্রোথ্ + ত]।

প্রোদ্ভিন্ন (p. 554) [prōdbhinna] বিণ. (ভূমি ইত্যাদি) বিদারণ করে বেরিয়েছে এমন, উদ্গত; প্রস্ফুটিত (প্রোদ্ভিন্ন যৌবন)। [সং. প্র + উদ্ভিন্ন]।

প্রোন্নত (p. 554) [prōnnata] বিণ. অতি উন্নত বা উঁচু (প্রোন্নত মন্দিরশীর্ষ)। [সং. প্র + উন্নত]।

প্রোপাগাণ্ডা, (বর্জি.) প্রোপাগাণ্ডা (p. 554) [prōpāgāṇḍā, (barji.) prōpāgāṇḍā] বি. প্রচার ('পিছনে প্রোপাগাণ্ডা চলছে': রবীন্দ্র)। [ইং. propaganda]।

প্রোমোটার (p. 554) [prōmōṭāra] বি. 1 যে-ব্যক্তি কোনো সংস্থা বা সংগঠনের নেতৃত্ব করে; 2 যে-ব্যক্তি বহুতল বাড়ির ফ্ল্যাট মালিকানা-ভিত্তিতে তৈরি ও বিক্রয় করে। [ইং. promoter]।

প্রোমোশন (p. 554) [prōmōśana] দ্র প্রমোশন।

প্রোষিত (p. 554) [prōṣita] বিণ. বিদেশগত, প্রবাসী। [সং. প্র + √ বস্ + ত]।˜ ভর্তৃকা বি. যে স্ত্রীর স্বামী প্রবাসে বা বিদেশে আছে।˜ পত্নীক,˜ ভার্য বি. যে স্বামীর পত্নী প্রবাসে বা বিদেশ আছে। প্রোষিতা বিণ. (স্ত্রী.) বিদেশগতা, প্রবাসিনী ('মিলনের সমারোহে প্রোষিতার জীর্ণ বস্ত্র প্রায়': সু. দ.)।

প্রোষ্ঠপদ (p. 554) [prōṣṭhapada] বি. ভাদ্রমাস। [সং. প্রোষ্ঠ (=গোরু) পদ (=পা)]।

প্রৌঢ় (p. 554) [prauḍh ̣] বিণ. যৌবন ও বার্ধক্যের মাঝামাঝি অবস্থাপ্রাপ্ত, মাঝবয়সি; প্রবীণ। [সং. প্র + √ বহ্ + ত]। স্ত্রী. প্রৌঢ়া। বি.˜ তা,˜ ত্ব। প্রৌঢ়ি বি. 1 সম্পূর্ণতা, পরিপূর্ণতা; 2 প্রবৃদ্ধি; 3 সামর্থ্য, যোগ্যতা; 4 উদ্যোগ, অধ্যবসায়; 5 নিপুণতা। প্রৌঢ়ি-বাদ বি. প্রগলভতাযুক্ত বা হঠকারিতাপূর্ণ উক্তি।

প্র্যাক-টিস (p. 559) [pryāka-ṭisa] বি. 1 ক্রমাগত অনুশীলন বা অভ্যাস (খেলার প্র্যাকটিস); 2 স্বাধীন বৃত্তি বা পেশার চর্চা বা অনুশীলন (ডাক্তারি প্র্যাকটিস, উকিলের প্র্যাকটিস)। [ইং. practice]।

প্লক্ষ (p. 559) [plakṣa] বি. 1 পুরাণে বর্ণিত সপ্তদ্বীপের অন্যতম; 2 পাকুড় বা অশ্বত্থ গাছ। [সং. √ প্লক্ষ্ (=ভক্ষণ) + অ]।

প্লব (p. 559) [plaba] বি. 1 লাফ; 2 সাঁতার; 3 জলে ভাসা; 4 ব্যাং; 5 ভেলা। [সং. √ প্লু + অ]।˜ গ বি. 1 ব্যাং; 2 বানর।˜ গতি বি. 1 লাফিয়ে চলা; 2 ব্যাং খরগোশ প্রভৃতি প্রাণী যারা লাফিয়ে চলে।˜ ঙ্গ,˜ ঙ্গম বি. 1 ব্যাং; 2 বানর; 3 মৃগ।˜ চর বি. হংসাদি উভচর পাখি।˜ তা বি. ভাসবার ক্ষমতা।˜ ন বি. 1 ভাসা; 2 সাঁতার; 3 লাফিয়ে চলা।˜ মান বিণ. ভাসছে এমন।

প্লাই-উড় (p. 559) [plāi-u ̣ḍa] বি. কাঠের পাতলা পাতলা ফলক জুড়ে তৈরি তক্তা। [ইং. plywood]।

প্লাকার্ড, প্ল্যাকার্ড (p. 559) [plākārḍa, plyākārḍa] বি. প্রাচীরপত্র; দেওয়াল-বিজ্ঞাপন। [ইং. placard]।

প্লাগ (p. 559) [plāga] বি. বৈদ্যুতিক সংযোগস্থাপক ছিপিবিশেষ। [ইং. plug]।

প্লাগ, প্লাবন (p. 559) [plāga, plābana] বি. প্রবল বন্যা; নদী ইত্যাদির জলস্ফীতিজনিত উপদ্রববিশেষ। [সং. √ প্লু + ণিচ্ + অ, অন]। প্লাবক বিণ. প্লাবিত করে এমন, প্লাবনকারী। প্লাবিত বিণ. জলে ডুবে গেছে এমন, নিমজ্জিত; জলে ভেসে গেছে এমন (অশ্রুপ্লাবিত, বন্যাপ্লাবিত গ্রাম)। প্লাবিতা বি. প্লাবিত বা নিমজ্জিত করার শক্তি। প্লাবী (-বিন্) বিণ. প্লাবক, প্লাবনকারী।

প্লায়ার্স (p. 559) [plāẏārsa] বি. তার বাঁকাবার বা কোনোকিছু শক্ত করে ধরার সাঁড়াশিবিশেষ। [ইং. pliers]।

প্লাস1 (p. 559) [plāsa1] বি. (গণি.) যোগচিহ্ন। [ইং. plus]।

প্লাস্টার (p. 559) [plāsṭāra] বি. 1 পুলটিস; 2 প্রলেপ; 3 দেওয়ালে চুনবালি সিমেণ্ট ইত্যাদির প্রলেপ। [ইং. plaster]।

প্লিডার (p. 559) [pliḍāra] বি. উকিল। [ইং. pleader]।

প্লিহা (p. 559) [plihā] (-হন্) বি. 1 পাকস্থলীর বাঁদিকে অবস্থিত দেহযন্ত্রবিশেষ, পিলে, spleen; 2 প্লিহাবৃদ্ধিরোগ। [সং. √ প্লিহ্ + অ]।

প্লুত (p. 559) [pluta] বি. 1 (প্রধানত গানে ও আহ্বানে) তিনমাত্রাযুক্ত স্বর বা ধ্বনি (প্লুতস্বর); 2 লম্ফ, লাফ (প্লুতগতি); 3 ঘোড়ার স্বচ্ছন্দে চলনভঙ্গি। [সং. √ প্লু + ত]। ˜ গতি বি. লাফ দিয়ে চলা।

প্লুরিসি (p. 559) [plurisi] বি. ফুসফুসের আবরক ঝিল্লির প্রদাহজনিত রোগবিশেষ। [ইং. pleurisy]।

প্লেগ (p. 559) [plēga] বি. দ্রুত ছড়িয়ে পড়ে এমন মারাত্মক সংক্রামক ব্যাধিবিশেষ। [ইং. pleague]।

প্লেট (p. 559) [plēṭa] বি. থালা, রেকাবি বা ডিশজাতীয় বাসন। [ইং. plate]।

প্লেন1 (p. 559) [plēna1] বিণ. মসৃণ, সমতল। [ইং. plane]।

প্লেন2 (p. 559) [plēna2] বিণ. সাদাসিধা। [ইং. plain]।

প্লেন3 (p. 559) [plēna3] বি. বিমানপোত, উড়োজাহাজ। [ইং. plane < aeroplane]।

প্ল্যাট-ফর্ম (p. 559) [plyāṭa-pharma] বি. 1 রেলস্টেশনে গাড়ি ভিড়বার বা যাত্রীদের অপেক্ষার স্থান; 2 মঞ্চ। [ইং. platform]।

প্ল্যাটি-নাম (p. 559) [plyāṭi-nāma] বি. অতি মূল্যবান ধাতুবিশেষ। [ইং. platinum]।

প্ল্যান (p. 559) [plyāna] বি. 1 নকশা; 2 পরিকল্পনা; 3 ফন্দি (শত্রুকে জব্দ করার প্ল্যান আঁটা)। [ইং. plan]।

প্যান-চেট (p. 559) [pyāna-cēṭa] বি. 1 প্রেতাত্মাকে আকর্ষণ বা আবাহন করার জন্য ত্রিকোণ টেবিলবিশেষ; 2 প্রেতাত্মাকে আকর্ষণ করা। [ফা. প্লাঁশেত্ plancette]।

প্ল্যানে-টারিয়ম (p. 559) [plyānē-ṭāriẏama] বি. গ্রহনক্ষত্রের অবস্থান গতি প্রভৃতির প্রদর্শশালা। [ইং. planetarium]।

প্ল্যাস্টিক (p. 559) [plyāsṭika] বি. রাসায়নিক প্রক্রিয়ার তৈরি শক্ত ও নমনীয় পদার্থবিশেষ। [ইং. plastic]।

ফ (p. 560) [ph] বাংলা বর্ণমালার দ্বাবিংশ ব্যঞ্জনবর্ণ; অঘোষ মহাপ্রাণ ওষ্ঠ্য ফ্-ধ্বনির বর্ণরূপ।

ফই-জত (p. 560) [phi-jata] বি. 1 ঝগড়া, বিবাদ, হাঙ্গামা (মিছিমিছি ফইজতে কাজ নেই); 2 ভৎর্সনা; 3 কলঙ্ক, বদনাম। [আ. ফজীহত্]।

ফক-ফক (p. 560) [phaka-phaka] বি. উজ্জ্বলতার ভাব; সাদা ভাব। [ধ্বন্যা.]। ফক-ফকে বিণ. ফরসা; সাদা; ঝকমকে।

ফকরে মালা (p. 560) [phakarē mālā] দ্র ফকির।

ফকির (p. 560) [phakira] বি. 1 মুসলমান সাধু; 2 (সচ. মুসলমান) ভিক্ষুক; 3 (আল.) ভিখারি, অতি দরিদ্র ও নিঃস্ব ব্যক্তি (পথের ফকির, কাল রাজা আজ ফকির)। [আ. ফকীর]। ফকিরি বি. ফকিরের বৃত্তি বা ভাব। □ বিণ. ফকিরসংক্রান্ত (ফকিরি চালচলন)। ফকিরা মালা, ফকরে মালা বি. ফকিরের জপমালা।

ফক্কড় (p. 560) [phakk◌ḍ◌.] বি. 1 ফাজিল বা প্রগল্ভ ব্যক্তি; 2 ধূর্ত বা ধড়িবাজ লোক। [হি. ফক্কড় (রুক্ষ বা নীচ লোক)]। ফক্কড়ি, ফক্কুড়ি বি. ফক্কড়ের মতো আচরণ।

ফক্কা (p. 560) [phakkā] বিণ. বি. ফাঁকা, কিছুই নয় এমন, ভুয়ো। [সং. ফক্কিকা]।

ফক্কিকা (p. 560) [phakkikā] বি. 1 ফাঁকি; 2 (সং. ব্যাক.) কূট প্রশ্ন (ভাষ্যফক্কিকা)। [সং. √ ফক্ক্ + ইক + আ]। ˜ র, ˜ রি বি. ফাঁকিবাজি।

ফঙ্গ-বেনে, ফঙ্গ-বানি (p. 560) [phaṅga-bēnē, phaṅga-bāni] বিণ. 1 ঠুনকো, সহজেই ভেঙে যায় এমন; 2 অসার, বাজে। [< সং. ভঙ্গপ্রবণ?]।

ফচকে (p. 560) [phacakē] বিণ. 1 ফাজিল, ফক্কড়; 2 লঘু স্বভাবযুক্ত; 3 অকালপক্ক। [দেশি]। ˜ মি, ˜ মো বি. ফাজলামি, ফক্কড়ি; বাচালতা।

ফজর, ফজির (p. 560) [phajara, phajira] বি. ভোর, প্রত্যুষ ('ফজর সময়ে উঠি': ক. ক.)। [আ. ফজর্]।

ফজলি (p. 560) [phajali] বি. মূলত মালদহের বড়ো আমবিশেষ। [আ. ফজল্]।

ফট (p. 560) [phaṭa] বি. ফাটার শব্দ। [ধ্বন্যা.]। ˜ ফট বি. ক্রমাগত (ফট) শব্দ। ফটা-ফট ক্রি-বিণ. ফট ফট শব্দে, ফট ফট করে (ফটাফটা কাঠ ফাটছে)।

ফটক (p. 560) [phaṭaka] বি. সাদাকালো মাছরাঙাবিশেষ। [দেশি]।

ফটকিরি (p. 560) [phaṭakiri] বি. রাসায়নিক কষায়দ্রব্যবিশেষ, alum. [সং. স্ফটিকারি]।

ফটাফট (p. 560) [phaṭāphaṭa] দ্র ফট।

ফটাস (p. 560) [phaṭāsa] বি. জোরে ফেটে যাবার শব্দবিশেষ (বেলুনটা ফটাস করে ফেটে গেল)। [ধ্বন্যা.]।

ফটিক (p. 560) [phaṭika] বি. স্ফটিক। □ বিণ. স্বচ্ছ, নির্মল (ফটিক জল)। [সং. স্ফটিক]।

ফটো, ফোটো (p. 560) [phaṭō, phōṭō] বি. আলোকরশ্মির সাহায্যে গৃহীত প্রতিচ্ছবি, আলোকচিত্র, ফোটোগ্রাফ। [ইং. photograph]। ~ গ্রাফ বি. আলোকচিত্র।~ গ্রাফি বি. আলোকচিত্র গ্রহণের বিদ্যা, প্রক্রিয়া।

ফড়-ফড় (p. 560) [phaḍ়-phaḍ়] বি. 1 কাপড় ইত্যাদি ছেঁড়ার শব্দ; 2 কাগজ ইত্যাদির মধ্যে কোনোকিছু নড়ার বা চলাফেরা করার শব্দ; 3 বকবক; 4 অতি ব্যস্ততার ভাব। [ধ্বন্যা.]।

ফড়িং (p. 560) [phaḍ়iṃ] বি. লাফিয়ে চলে এমন সুপরিচিত তৃণভোজী পতঙ্গবিশেষ। [সং. পতঙ্গ]।

ফড়িঙ্গা (p. 560) [phaḍ়iṅgā] বি. ঝিঁঝিপোকা। [সং. পতঙ্গ]।

ফড়ে, ফড়িয়া (p. 560) [phaḍ়ē, phaḍ়iẏā] বি. 1 পাইকার, যে ব্যক্তি উৎপাদক বা জোগানদারের কাছ থেকে সস্তা দরে মাল কিনে বেশি দামে বিক্রয় করে; 2 দালাল। [দেশি]।

ফণা, ফণ (p. 560) [phaṇā, phaṇa] বি. সাপের চ্যাপটা বিস্তৃত মাথা, চক্কর। [সং. √ ফণ্ + অ, আ]।~ ধর বি. 1 ফণাওয়ালা সাপ; 2 সাপ।

ফণী (p. 560) [phaṇī] (-ণিন্) (সাধারণত ফণাবিশিষ্ট বলে) সাপ, ভুজঙ্গ। [সং. ফণা + ইন্]। স্ত্রী.~ ফণিনী।~ ন্দ্র,~ শ্বর বি. নাগরাজ, বাসুকি।~ মনসা বি. ফণার মতো আকারবিশিষ্টা ছোটো কাঁটাগাছবিশেষ।

ফতুয়া (p. 560) [phatuẏā] বি. হাত-কাটা ছোটো জামাবিশেষ। [আ. ফতুহী]।

ফতুর (p. 560) [phatura] বিণ. নিঃস্ব, সর্বস্বান্ত (বাবুগিরি করতে গিয়েই ফতুর হয়েছে)। [আ. ফুতুর]।

ফতে (p. 560) [phatē] বি. 1 জয়; 2 সিদ্ধি। □ বিণ. 1 সিদ্ধ, হাসিল (কাম ফতে হওয়া); 2 বিজিত (যুদ্ধ ফতে হয়েছে, লড়াই ফতে হয়েছে)। [আ. ফতহ্]।

ফতো (p. 560) [phatō] বিণ. 1 অন্তঃসারশূন্য; 2 ভিতরে ধনহীন কিন্তু বাইরের জাঁকজমক বজায় রাখে এমন (ফতো নবাব, ফতো বাবু)। [আ. ফৌত্]। ফতো নবাব, ফতো বাবু যার নবাবের মতো কেবল চালচলন আছে অথচ তার উপযুক্ত সম্বল কিছুই নেই।

ফতোয়া (p. 560) [phatōẏā] বি. 1 ইসলামি শাস্ত্র অনুযায়ী রায়; 2 নির্দেশ বা আদেশ (তিনি ফতোয়া দিলেই বা মানছে কে?)। [আ. ফত্বা]।

ফন্দি (p. 560) [phandi] বি. 1 গোপন কৌশল (ফন্দি আঁটা); 2 মতলব, ফিকির। [আ. ফন্, ফা. ফন্দ্-তু. সং. প্রবন্ধ]। ˜ বাজ বিণ. ফন্দি আঁটে এমন; ফন্দি আঁটায় দক্ষ।

ফপর-দালাল (p. 560) [phapara-dālāla] দ্র ফোপরদালাল।

ফয়তা (p. 560) [phaẏatā] বি. 1 মৃত্যের আত্মার সদ্গতির জন্য মুসলমানদের প্রার্থনা ও ভোজ্যাদি দান; 2 শাস্ত্রসংগত বিচার ও সিদ্ধান্ত। [আ. ফতিহা]।

ফয়-সালা (p. 560) [phaẏa-sālā] বি. মামলামোকদ্দমা বা জটিল সমস্যার নিষ্পত্তি, মীমাংসা। [আ. ফয়স্লাহ্]।

ফরকা (p. 560) [pharakā] বি. ক্রি. 1 ঠিকরে বার হওয়া; 2 আস্ফালন করা; 3 ফাঁক করা। [হি. ফরকা]। ̃ নো বি. ক্রি. উক্ত সব অর্থে।

ফরজ (p. 560) [pharaja] বি. ঈশ্বরের নির্দেশে যে-কাজ আবশ্যকরণীয় বলে কোরানে উক্ত আছে। [আ. ফর্জ্]।

ফর-ফর (p. 560) [phara-phara] বি. 1 পাতলা জিনিস হাওয়ায় ওড়ার শব্দ (পতাকা ফরফর করে, ঘুড়ি ফরফর করে ওড়ে); 2 ক্ষুদ্র প্রাণীর ক্রমাগত নড়াচড়ার ভাব বা শব্দ (পুঁটিমাছ ফরফর করছে, ফড়িং ফরফর করছে)। [ধ্বন্যা.]। ফর-ফরানি বি. ফরফর করার ভাব। ফর-ফরে বিণ. ফরফর করে এমন; চঞ্চল। তু. ফড়ফড়।

ফরম, ফর্ম (p. 560) [pharama, pharma] বি. (আবেদনাদি করবার জন্য) নির্দিষ্ট বিবরণপত্রবিশেষ। [ইং. form]।

ফরমা1, ফর্মা (p. 560) [pharamā1, pharmā] বি. 1 পুস্তকাদির যতগুলি পৃষ্ঠা একসঙ্গে ছাপা হয়; 2 ছাঁচ। [ইং. ফ. format]।

ফরমা2 (p. 560) [pharamā2] ক্রি. ফরমানো, আদেশ করা। [ফরমানো দ্র]।

ফর-মান (p. 560) [phara-māna] বি. (প্রধানত বাদশাহি বা সুলতানি) আদেশ, হুকুম, আদেশনামা, হুকুমনামা। [ফা. ফরমান]।

ফরমানো (p. 560) [pharamānō] ক্রি. বি. আদেশ করা, হুকুম দেওয়া। [ফ. ফরমা + বাং. আনো]।

ফর-মায়েশ, ফর-মাশ (p. 560) [phara-māẏēśa, phara-māśa] বি. 1 আদেশ, হুকুম; 2 তৈরি করার জন্য বা জোগান দেবার জন্য নির্দেশ, অর্ডার (ক্রমাগত চায়ের ফলমাশ)। [ফা. ফরমায়শ্]। ফর-মায়েশি, ফর-মাশি বিণ. তৈরি করার জন্য বা জোগান দেবার জন্য ফরমায়েশ করা হয়েছে এমন, অর্ডারি (ফরমায়েশি মাল)।

ফর-মুলা (p. 560) [phara-mulā] বি. গণিতের বা অন্য কোনো বিষয়ের সমস্যা সমাধানের সূত্র বা সংকেত। [ইং. formula]।

ফরসা, ফর্সা (p. 560) [pharasā, pharsā] বিণ. 1 গৌরবর্ণ (গায়ের রং ফরসা); 2 পরিষ্কৃত, পরিষ্কার (ফরসা কাপড় পরেছে); 3 নির্মল, আলোকোজ্জ্বল, মেঘহীন (আকাশ ফরসা হয়েছে); 4 নিঃশেষ, সাবাড় (গুদাম ফরসা, কলেরায় গ্রাম ফরসা হয়ে গেছে)। [হি. ফরচা]।

ফরসি (p. 560) [pharasi] বি. ধূমপানের লম্বা নলযুক্ত হুঁকোবিশেষ। [আ. ফর্শী]।

ফরাকত (p. 560) [pharākata] বি. 1 ছাড়াছাড়ি, বিচ্ছেদ; 2 বিচ্ছিন্ন অবস্থা, পৃথক বা স্বতন্ত্র থাকা; 3 ফাঁকা জায়গা; 4 অবসর। [আ. ফরাগত্]।

ফরাশ (p. 560) [pharāśa] বি. 1 মেঝে বা তক্তপোশে পাতবার মোটা আস্তরণবিশেষ; 2 বিছানা পাতা, বাতি জ্বালা, ঘর ও আসবাবপত্র ঝাড়ামোছা করা ইত্যাদি কাজে নিযুক্ত ভৃত্য। [আ. ফর্শ]।

ফরাসি (p. 560) [pharāsi] বি. ফ্রান্সের অধিবাসী বা ভাষা (ফরাসি শেখা)। □ বিণ. ফ্রান্সদেশীয়; ফরাসি জাতিসম্বন্ধীয় (ফরাসি শাসন)। [পো. Francez]।

ফরিক, ফরিকান, ফরিকার (p. 560) [pharika, pharikāna, pharikāra] বি. সৈন্য, সেপাই। [আ. ফরীক]।

ফরিয়াদ (p. 560) [phariẏāda] বি. 1 আদালতে নালিশ বা অভিযোগ দায়ের; 2 মামলা, মোকদ্দমা। [ফা. ফরীয়াদ]। ফরিয়াদ বি. বিণ. বাদী, অভিযোগকারী।

ফর্দ (p. 560) [pharda] বি. 1 তালিকা, ফিরিস্তি (বাজারের ফর্দ, অভিযোগের লম্বা ফর্দ); 2 ফালি, টুকরো (এক ফর্দ কাপড়)। [আ. ফর্দ্]।

ফর্দা (p. 560) [phardā] বিণ. 1 ফাঁকা, খোলা, উন্মুক্ত; 2 বিস্তৃত। [আ. ফরদ্ + বাং. আ]। ˜ ফাঁই বিণ. ছিন্নভিন্ন; ছিন্নভিন্ন হয়ে ব্যবহারের অযোগ্য হয়েছে এমন।

ফর্ম, ফর্মা, ফর্সা (p. 560) [pharma, pharmā, pharsā] যথাক্রমে ফরম, ফরমা ও ফরসা -র বানানভেদ।

ফল (p. 560) [phala] বি. 1 বৃক্ষলতাদি উদ্ভিদের শস্য বা বীজাধার (জামফল, আম্রফল); 2 উৎপন্ন বস্তু (ক্রোধের ফল, মিলনের ফল); 3 লাভ, উপকার ('কি ফল লভিনু হায়': মধু; ফলের আশা না রেখে কাজ করা); 4 পরিণাম, পরিণতি (কর্মফল, অধ্যবসায়ের ফলে কার্যসিদ্ধি); 5 নির্ধারিত সিদ্ধান্ত বা সম্ভাবনা (জ্যোতিষগণনার ফল); 6 রায়, মীমাংসা (মামলার ফল, খেলার ফল); 7 কার্যসিদ্ধি (চেষ্টায় ফললাভ হবেই); 8 পুরস্কার বা শাস্তি, প্রতিফল। [সং. ফল্ + অ]। ˜ কথা বি. 1 মোটকথা, সারকথা; 2 শেষকথা। ˜ কর1 বি. 1 বৃক্ষাদির ফল উপভোগের জন্য দেয় কর; 2 ফলের বাগান বা খেত। ˜ কর2 বিণ. 1 ফল ধরে এমন, ফলবান (ফলকর গাছ); 2 উপকারী, সুফলদায়ক (ফলকর পথ্য, ফলকর অভ্যাস)। ˜ ত (বর্জি.) ˜ তঃ (-তস্), ফলে ক্রি-বিণ. মোটের উপর; পরিণামে; বস্তুত। ˜ দ, ˜ দায়ক, ˜ দায়ী (-য়িন্), ˜ প্রদ, ˜ প্রসূ বিণ. ফল দেয় এমন; উপকারী; সিদ্ধিদায়ক। ˜ দর্শী (-র্শিন্) বিণ. পরিণামদর্শী, বিবেচক। ˜ ন্ত বিণ. ফলবান, ফল ধরেছে এমন। ˜ পাকড় বি. নানাবিধ ফল ও মূল। ˜ পাকন্ত বিণ. ফল পাকলে মেরে যায় এমন (ফলপাকান্ত গাছ)। ˜ প্রাপ্তি বি. কর্মে সিদ্ধিলাভ। ˜ বান (-বত্), ˜ শালী (-লিন্) বিণ. 1 ফলপূর্ণ; 2 সফল, কৃতকার্য। স্ত্রী. ˜ বতী, ˜ শালিনী। ˜ ভাগী (-গিন্) বিণ. কোনো কাজের পরিণাম বা তার অংশ যার ভোগ করতে হয় (পাপের ফলভাগী)। স্ত্রী. ˜ ভাগিনী। ˜ ভোগ বি. কৃতকর্মজনিত ভালোমন্দ অবস্থাপ্রাপ্তি, কৃতকর্মের ফলে ভালোমন্দ বা সুখদুঃখ ভোগ। ˜ মূল বি. নানাবিধ ফল ও মূল, ফলপাকড়। ˜ লাভ বি. ফল পাওয়া। ˜ শালী দ্র ফলবান। ˜ শ্রুতি বি. 1 কর্মের বা পুণ্যকর্মের ফল বর্ণনা ও তা শ্রবণ; 2 (বাং.) পরিণাম, ফলাফল, তাৎপর্য।

ফলক (p. 560) [phalaka] বি. 1 অস্ত্রের ফলা (ছুরির ফলক); 2 সূক্ষ্মাগ্র মুখ (তিরের ফলক); 3 পাত, পাটা, পট্ট (তাম্রফলক, প্রস্তরফলক); 4 ঢাল; 5 কপালের হাড় (ললাটফলক)। [সং. √ ফল্ + অ + ক]।

ফলকথা, ফলকর, ফলত, ফলদ, ফলদর্শী, ফলদায়ক (p. 560) [phalakathā, phalakara, phalata, phalada, phaladarśī, phaladāẏaka] দ্র ফল।

ফলন (p. 560) [phalana] বি. 1 উৎপত্তি; 2 ফল বা শস্য জন্মানো (গমের ফলন এবার আশানুরূপ হয়নি); 3 ফলে যাওয়া, সত্য হওয়া (জ্যোতিষীর কথার ফলন)। [সং. √ ফল্ + অন]।

ফলনা (p. 560) [phalanā] বি. (বর্ত. অপ্র.) অমুক ব্যক্তি। [আ. ফলানা]।

ফলন্ত, ফলপাকান্ত, ফলপ্রদ, ফলপ্রসূ, ফলপ্রাপ্তি, ফলবতী, ফলবান, ফলভাগী, ফলভোগ, ফললাভ, ফলশালী, ফলশ্রুতি (p. 560) [phalanta, phalapākānta, phalaprada, phalaprasū, phalaprāpti, phalabatī, phalabāna, phalabhāgī, phalabhōga, phalalābha, phalaśālī, phalaśruti] দ্র ফল।

ফলসা (p. 562) [phalasā] বি. ছোটো অম্লমধুর ফলবিশেষ। [ফা. ফালসা]।

ফলা1 (p. 562) [phalā1] বি. পলক, তীক্ষ্ণ প্রান্ত; 2 ব্যঞ্জনবর্ণের সঙ্গে যোজ্য ব্যঞ্জনবর্ণের চিহ্ন (র-ফলা, য-ফলা)। [সং. ফলক]।

ফলা2 (p. 562) [phalā2] ক্রি. 1 উৎপন্ন হওয়া (পাপের ফল একদিন ফলবেই); 2 ফলবান হওয়া (বেশি ফল ফললে গাছ নুয়ে পড়ে); 3 সত্য হওয়া (আমার কথাটা ফলে গেছে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. (সচ. সংখ্যাবাচক শব্দের শেষে যুক্ত হলে) ফলবান; ফলপ্রসু (দোফলা গাছ); ফলন্ত। [সং. ফল + বাং. আ-তু. হি. √ ফলা]।

ফলাও (p. 562) [phalāō] বিণ. 1 ব্যাপক, ঢালাও (ফলাও কারবার); 2 প্রচুর, মেলা (ফলাও ভোজ); 3 বিস্তারিত, বিশদ (ফলাও বর্ণনা)। [আ. ফলাহ্]। ফলাও করা ক্রি. বি. উন্নতিসাধন করা; অতিরঞ্জিত করা (ফলাও করে বর্ণনা করা)।

ফলাওকাঙ্ক্ষা (p. 562) [phalāōkāṅkṣā] বি. কাজ করে তার ফলের আশা। [সং. ফল + আকাঙ্ক্ষা]।

ফলাগম (p. 562) [phalāgama] বি. 1 (গাছে) ফল আসা, ফলোৎপত্তি; 2 ফল ধরার সময়। [সং. ফল + আগম]।

ফলানো (p. 562) [phalānō] ক্রি. বি. 1 উৎপাদন করা, জন্মানো (ফসল ফলানো); 2 ফুটিয়ে তোলা, পরিস্ফুট করা (রং ফলানো); 3 জাহির করা (বিদ্যা ফলানো, জারিজুরি ফলানো)। □ বিণ. উৎপাদিত; পরিস্ফুট করা হয়েছে এমন; জাহির করা হয়েছে এমন। [সং. ফল + বাং. আনো]।

ফলান্বেষণ (p. 562) [phalānbēṣaṇa] বি. 1 ফলের খোঁজ; 2 কার্যসিদ্ধির প্রত্যাশা। [সং. ফল + অন্বেষণ]।

ফলাফল (p. 562) [phalāphala] বি. 1 পরিণাম, পরিণতি; 2 মীমাংসা, শেষে উৎপন্ন ফল (মামলার ফলাফল, খেলার ফলাফল)। [সং. ফল + অফল]।

ফলার (p. 562) [phalāra] বি. 1 ভাত ছাড়া অন্য নিরামিষ দ্রব্য; 2 ফল চিঁড়ে দই মিঠাই বা লুচি ইত্যাদি খাবার; 3 ওইরকম খাদ্য খাওয়া। [সং. ফলাহার]। ফলারে বিণ. ফলার করতে পটু বা ফলার খেতে ভালোবাসে এমন (ফলারে বামুন)।

ফলাহার (p. 562) [phalāhāra] বি. 1 ফল খাওয়া; 2 (বাং.) ফলার। [সং. ফল + আহার]। ফলাহারী (-রিন্) বিণ. প্রধানত ফল যার ভোজ্য বস্তু।

ফলিত (p. 562) [phalita] বিণ. 1 ফলবিশিষ্ট; 2 সফল, সত্যরূপে প্রমাণিত; 3 পরীক্ষা বা গবেষণার দ্বারা সিদ্ধ, প্রক্রিয়ামূলক, applied, practical (ফলিত রসায়ন)। [সং. ফল + ইত]। ফলিত জ্যোতিষ বি. জ্যোতিষশাস্ত্রের যে বিভাগের সাহায্যে শুভাশুভ, ভূত-ভবিষ্যত্ প্রভৃতি জানতে পারা যায়। ফলিতার্থ বি. তাৎপর্য, মূল কথা, সারাংশ।

ফলুই, ফলি (p. 562) [phalui, phali] বি. চিতলজাতীয় ছোটো মাছবিশেষ। [সং. ফলকী, ফলী]।

ফলোদয় (p. 562) [phalōdaẏa] বি. 1 ফলের উৎপত্তি; 2 উদ্দেশ্যসিদ্ধি। [সং. ফল + উদয়]।

ফলোন্মুখ (p. 562) [phalōnmukha] বিণ. তাড়াতাড়ি ফল ধরবে এমন। [সং. ফল + উন্মুখ]।

ফলোপ-ধায়ক (p. 562) [phalōpa-dhāẏaka] বিণ. ফলপ্রসূ; সফল, সার্থক। [সং. ফল + উপধায়ক]।

ফল্গু (p. 562) [phalgu] বি. 1 গয়ার অন্তঃসলিলা নদীবিশেষ; 2 তুচ্ছ বা অসার অংশ; 3 আবির, ফাগ। [সং. √ ফল্ + উ-ক, গ্ আগম]।˜ ধারা,˜ প্রবাহ বি. যে ধারা বা প্রবাহ বাইরে থেকে দেখা যায় না (স্নেহের ফল্গুধারা)।

ফল্গুন (p. 562) [phalguna] বি. 1 ফাল্গুন মাস; 2 অর্জুন। [সং. ফল্গুনী + অ]।

ফল্গুনী (p. 562) [phalgunī] বি. (জ্যোতি.) যুগ্ম বা যমজ নক্ষত্রবিশেষ (উত্তরফল্গুনী, পূর্বফল্গুনী)। [সং. √ ফল্ + উন, গ্ আগম + ঈ]।

ফষ্টি-নষ্টি, ফস্টি-নস্টি (p. 562) [phaṣṭi-naṣṭi, phasṭi-nasṭi] বি. হাসিঠাট্টা, লঘু পরিহাস; ফাজলামি। [বাং. ফষ্টি (সহচর শব্দ) + নষ্ট + ই]।

ফস (p. 562) [phasa] বি. 1 অসাবধানতা আকস্মিকতা বা অতিদ্রুততাসূচক ভাব (ফস করে কথাটা বলে ফেলল); 2 আওয়াজ বিশেষ (ফস করে দেশলাইকাঠি জ্বালা)। [ধ্বন্যা]।

ফসকা (p. 562) [phasakā] বিণ. শিথিল, আলগা (ফসকা গেরো)। □ ক্রি. ফসকানো। [আ. ফস্খ্]। ̃ নো ক্রি. বি. 1 অপ্রত্যাশিতভাবে হাতছাড়া হওয়া (সুযোগ ফসকানো, শিকার ফসকানো)।

ফস-ফরাস (p. 562) [phasa-pharāsa] বি. সহজে জ্বলে ওঠে এবং অন্ধকারে দীপ্তিমান হয় এমন মৌলিক পদার্থবিশেষ। [ইং. phosphorus]।

ফসল (p. 562) [phasala] বি. 1 উৎপন্ন শস্য, একবারে উৎপন্ন শস্য (খেতের ফসল); 2 (আল.) উৎপন্ন সুফল (সারা জীবনের প্রচেষ্টার ফসল)। [আ. ফস্ল]। ফসলি বিণ. 1 ফসলসম্বন্ধীয়; 2 শস্য কাটার কাল থেকে হিসাব করা হয় এমন; 3 ফলনবিশিষ্ট। □ বি. আকবরপ্রবর্তিত অব্দবিশেষ।

ফসিল (p. 562) [phasila] বি. 1 পাথরে পরিণত জীবদেহ, জীবাশ্ম; 2 (আল.) বাতিল হয়েও যা টিকে রয়েছে। [ইং. fossil]।

ফাইট (p. 562) [phāiṭa] বি. যুদ্ধ, লড়াই ('অলরাইট, কামেন ফাইট': সু. রা)। [ইং. fight]। ফাইটার বিণ. লড়িয়ে, যুদ্ধে নিয়োজিত (ফাইটার প্লেন)।

ফাইন (p. 562) [phāina] বি. জরিমানা, অর্থদণ্ড। [ইং. fine]।

ফাইনাল (p. 562) [phāināla] বিণ. চূড়ান্ত, শেষ (ফাইনাল পরীক্ষা, ফাইনাল খেলা)। □ বি. চূড়ান্ত বা শেষ ব্যাপার। [ইং. final]।

ফাই-ফরমাশ (p. 562) [phāi-pharamāśa] বি. ছোটোখাটো বিবিধ ফরমাশ (ছেলেটা বাড়িতে থাকে আর ফাইফরমাশ খাটে)। [বাং. ফাই (সহচর শব্দ) + ফা. ফরমায়শ্]।

ফাইল1 (p. 562) [phāila1] বি. নথিপত্রের তাড়া; নথি। [ইং. file]। ফাইল করা ক্রি. বি. 1 নির্দিষ্ট তাড়ার মধ্যে রাখা; 2 পেশ করা, দাখিল করা, রুজু করা।

ফাইল2 (p. 562) [phāila2] বি. উখা, রেতি, ধাতুদ্রব্যাদি ঘষে সমান করার যন্ত্রবিশেষ। [ইং. file]।

ফাইলে-রিয়া (p. 562) [phāilē-riẏā] বি. শ্লীপদ রোগ, গোদ, পা-ফোলা রোগ। [ইং. filariasis > filaria]।

ফাউ (p. 563) [phāu] বি. যথার্থ প্রাপ্যের অতিরিক্ত কিছু। [দেশি]।

ফাউণ্টেন পেন (p. 563) [phāuṇṭēna pēna] বি. যে কলমে একবার কালি ভরে অনেকক্ষণ লেখা যায়, ঝরনাকলম। [ইং. fountain pen]।

ফাউণ্ড্রি (p. 563) [phāuṇḍri] বি. 1 ঢালাইয়ের কারখানা; 2 যেখানে ছাপাখানার টাইপ ঢালাই করা হয়। [ইং. foundry]।

ফাউল (p. 563) [phāula] বি. 1 খেলায় নিয়মভঙ্গ; 2 ফুটবল প্রভৃতি খেলায় ধাক্কাধাক্কি করে নিয়মভঙ্গ। [ইং. foul]।

ফাংশান (p. 563) [phāṃśāna] বি. অনুষ্ঠান, উৎসব। [ইং. function]।

ফাঁক (p. 563) [phān̐ka] বি. 1 তফাত, ব্যবধান (দুই বাড়ির মাঝখানের ফাঁক); 2 ছিদ্র, ফাটল (দরজার ফাঁক); 3 ফাঁকা জায়গা (ফাঁকে বেড়ানো); 4 অবসর (কাজের ফাঁকে); 5 সুযোগসুবিধা (এই ফাঁকে পালাল, ফাংক পেলেই পালাবে); 6 বাদ (আমিই ফাঁক পড়লাম); 7 দো, ত্রুটি (তার কাজের ফাঁক পাবে না); 8 শূন্য, লুঠ (তহবিল ফাঁক করা); 9 সংগীতের মাত্রাবিশেষ (তিন তাল এক ফাঁক)। □ বিণ. 1 পৃথক, তফাত; 2 ফাঁকযুক্ত (ঠোঁট ফাঁক হয়ে আছে); 3 নিঃশেষ (তহবিল ফাঁক হয়ে গেছে)। [মুণ্ডা. ফাঙ্ক (=খোলা জায়গা)]। ̃ তাল বি. হঠাত্ পাওয়া সুযোগ (ফাঁকতালে কাজ গোছানো)। ফাঁক-ফাঁক বিণ. পরস্পর থেকে তফাতে অবস্থিত (ফাঁক-ফাঁক হয়ে দাঁড়ানো)। ̃ ফোকর বি. 1 ফাটল বা ছিদ্র (ফাঁকফোকরে বিছে আছে; 2 সুযোগ (লোকটা সবসময় ফাঁকফোকর খোঁজে)। ফাঁকে ফাঁকে ক্রি-বিণ. 1 আড়ালে আড়ালে; 2 এড়িয়ে এড়িয়ে; 3 কাজের মাঝে মাঝে।

ফাঁকা (p. 563) [phān̐kā] বিণ. 1 খোলা, উন্মুক্ত, অনাবৃত (ফাঁকা মাঠ); 2 জনহীন, নির্জন (ফাঁকা বাড়ি; ফাঁকা রাস্তা); 3 শূন্য, খালি (ফাঁকা পকেট, ফাঁকা হাত); 4 অসার, ভিত্তিহীন, মিথ্যা (ফাঁকা কথা, ফাঁকা আওয়াজ)। □ বি. 1 বন্দুকে গুলি না ভরে ছুড়লে কেবল বারুদের জন্য যে আওয়াজ হয়; 2 (আল.) বৃথা আস্ফালন, মিথ্যা ভয়প্রদর্শন। ফাঁকা-ফাঁকা বিণ. প্রায় নির্জন, শূন্য প্রায়; একাকী (তারা চলে যাওয়ায় বাড়িটা ফাঁকা-ফাঁকা লাগছে)।

ফাঁকি (p. 563) [phān̐ki] বি. 1 বঞ্চনা, ছলনা, প্রতারণা (চালাকি করতে গিয়ে সে নিজেই ফাঁকিতে পড়েছে); 2 ধাপ্পা, ধোঁকা (তাকে ফাঁকি দিয়ে কাজ

হাসিল করতে চায়); 3 কর্তব্যে অবহেলা (কাজে ফাঁকি দেওয়া তাঁর স্বভাববিরুদ্ধ); 4 কূটতর্ক (ন্যায়ের ফাঁকি); 5 গুঁড়ো, সূক্ষ্ম চূর্ণ। [মুণ্ডা. ফাঙ্ক > বাং. ফাঁক + ই-তু. সং. ফক্কিকা]।˜ বাজ বিণ. ফাঁকি দিতে অভ্যস্ত বা পটু।˜ বাজি বি. ফাঁকিবাজের আচরণ; প্রবঞ্চনা; কাজে অবহেলা।

ফাঁকিতে পড়া (p. 563) [phān̐kitē paḍ়ā] বি. ক্রি. প্রতারিত হওয়া।

ফাঁট (p. 563) [phān̐ṭa] (অশোভন) বি. ঠাট, জাঁক (পয়সাকড়ি হওয়ায় সে আজকাল খুব ফাঁটে চলে)। [দেশি]।

ফাঁড়া (p. 563) [phān̐ḍ়ā] বি. (জ্যোতিষ গণনানুসারে) বিপদের সম্ভাবনা, ঘোর বিপদ, রিষ্টি। [মুণ্ডা. ফান্ড়া (=ফাঁদ)]। ফাঁড়া কাটানো ক্রি. বি. সম্ভাব্য বিপদ থেকে মুক্ত হওয়া।

ফাঁড়ি (p. 563) [phān̐ḍ়i] বি. পুলিশের চৌকি বা ঘাঁটি, ছোটো থানা। [দেশি-তু. মারাঠি ফাংদী]।˜ দার বি. ফাঁড়ির প্রধান অফিসার।

ফাঁদ (p. 563) [phān̐da] বি. 1 পশুপাখি ধরবার যন্ত্র (খরগোশ ধরতে ফাঁদ পেতেছে); 2 (আল.) কূটকৌশল, চক্রান্ত (লোকটাকে ফাঁদে ফেলার জন্যই এই ব্যবস্থা); 3 (চুড়ি নথ প্রভৃতির) ব্যাস (বালার ফাঁদের মাপ)। [তু. ফা. ফন্দ্]। ফাঁদ পাতা ক্রি. বি. (আল.) কারও অনিষ্ট করার জন্য কৌশলজাল বিস্তার করা বা চক্রান্ত করা।

ফাঁদা (p. 563) [phān̐dā] ক্রি. বি. 1 পত্তন বা আরম্ভ করা (ব্যাবসা ফাঁদা, বাড়ি ফাঁদা); 2 বিস্তার করা, সবিস্তারে বর্ণনা করা (গল্প ফাঁদা); 3 আঁটা, মতলব করা (মতলব ফাঁদা, ফন্দি ফাঁদা)। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. ফাঁদ + আ]।

ফাঁদালো (p. 563) [phān̐dālō] বিণ. 1 বড়ো ব্যাসযুক্ত, চওড়া মুখওয়ালা বা পেটওয়ালা (ফাঁদালো হাঁড়ি); 2 বৃহদাকার। [বাং. ফাঁদ + আলো]।

ফাঁদি (p. 563) [phān̐di] বিণ. ফাঁদালো, চওড়া বা বড়ো ব্যাসযুক্ত (ফাঁদি বালা, ফাঁদি নথ)। [বাং. ফাঁদ + ই]।

ফাঁপ (p. 563) [phām̐pa] বি. স্ফীতি, ফুলে ওঠার ভাব (পেটের ফাঁপটা কমছে না)। [ফাঁপা দ্র]।

ফাঁপর (p. 563) [phām̐para] বি. বিপদ; মুশকিল, হতবুদ্ধিকর বা অস্বস্তিকর অবস্থা (খুব ফাঁপরে পড়ে গেছে লোকটা)। □ বিণ. হতবুদ্ধি, বিপন্ন ('ফাঁপর হইল হর': ভা. চ.)। [দেশি তু. হি. ফেফড়ী]।

ফাঁপা (p. 563) [phām̐pā] বি. ক্রি. 1 স্ফীত হওয়া, ফুলে বা বেড়ে ওঠা (পেট ফাঁপা); 2 অপ্রত্যাশিতভাবে সমৃদ্ধি হওয়া (লোকটা অল্পদিনের মধ্যেই ফেঁপে উঠেছে); 3 ফাঁপানো। □ বিণ. 1 স্ফীত (ফাঁপা পেট); 2 শূন্যগর্ভ, অন্তঃসারশূন্য (ফাঁপা বালা); 3 বায়ুপূর্ণ। [প্রাকৃ. √ ফংফ > বাং. ফাঁপ + আ]। ˜ নো ক্রি. বি. 1 ফাঁপিয়ে তোলা, স্ফীত করা, ফুলানো; 2 অতিরিক্ত প্রশংসা করে গর্বিত বা অহংকৃত করা (ছেলেটাকে তোমরাই ফাঁপিয়ে তুলেছ); 3 বায়ুপূর্ণ করা। □ বিণ. উক্ত সব অর্থে।

ফাঁস1 (p. 563) [phām̐sa1] বি. 1 ইচ্ছামতো আলগা বা আঁট করা যায় এমন দড়ির বাঁধন; 2 ফাঁসি ('গলায় পরেছে ফাঁস')। [সং. পাশ]।

ফাঁশ2 (p. 563) [phām̐śa2] বিণ. (গোপন ব্যাপার) প্রকাশিত, ব্যক্ত (সব কথা ফাঁস করে দিয়েছে)। [ফা. ফাশ]।

ফাঁসা (p. 563) [phām̐sā] ক্রি. বি. 1 (বস্ত্রাদি) ছিঁড়ে বা ফেড়ে যাওয়া (শাড়িটা ফেঁসে গেছে); 2 খুলে বা ধ্বসে যাওয়া (কলসির তলা ফেঁসে গেছে); 3 পণ্ড বা বিফল হওয়া (মামলা ফেঁসে যাওয়া, বিয়ের সম্বন্ধ ফেঁসে যাওয়া); 4 (গোপন বিষয়) প্রকাশিত বা ব্যক্ত হওয়া (ষড়যন্ত্র ফেঁসে গেল); 5 চিরে বা ফেটে যাওয়া ('পেটটি যাবে ফেঁসে': রবীন্দ্র); 6 ফাঁসানো। [বাং. ফাঁস1 + আ]।˜ নো ক্রি. বি. 1 বিচ্ছিন্ন করা, ছেঁড়া; 2 পণ্ড করা; 3 ব্যক্ত বা প্রকাশিত করা; 4 বিপদগ্রস্ত করা বা বিপদে জড়ানো (ঘরের শত্রুই তাকে ফাঁসিয়েছে)। □ বিণ. উক্ত সব অর্থে।

ফাঁসি (p. 564) [phām̐si] বি. 1 গলায় দড়ির ফাঁস এঁটে হত্যা বা আত্মহত্যা, উদ্বন্ধন; 2 জীবননাশের জন্য গলায় পরবার ফাঁস, উদ্বন্ধনরজ্জু; 3 গলায় ফাঁস এঁটে মৃত্যুদণ্ড (ফাঁসির হুকুম); 4 ইচ্ছামতো শক্ত বা আলগা করা যায় এমন বাঁধন। [সং. পাশ]।

ফাঁসুড়ে (p. 564) [phām̐suḍ়ē] বি. পথিকের গলায় দড়ির ফাঁস পরিয়ে তাদের হত্যা করে এমন দস্যু। [বাং. ফাঁস + উড়িয়া > উড়ে]।

ফাকতা (p. 564) [phākatā] বি. পায়রা। [ফা. ফাখ্তহ্]। ফাকতা ওড়ানো ক্রি. বি. 1 পায়রা ওড়ানো; 2 (আল.) ফুর্তিতে কাটানো, কেবল ফুর্তি করে দিন কাটানো।

ফাগ (p. 564) [phāga] বি. 1 আবির; 2 আবির নিয়ে খেলার উৎসববিশেষ। [হি. ফাগুয়া]। ফাগুয়া বি. 1 ফাগ, আবির; 2 আবির নিয়ে খেলা।

ফাগুয়া (p. 564) [phāguẏā] দ্র ফাগ।

ফাজলামি, ফাজলামো (p. 564) [phājalāmi, phājalāmō] বি. বখাটে বা বাচালের মতো আচরণ। [আ. ফাজিল + বাং. আমি, আমো]।

ফাজিল (p. 564) [phājila] বিণ. 1 বাচাল, প্রগল্ভ, বখাটে (ফাজিল ছেলে); 2 অতিরিক্ত, অবশিষ্ট (ফাজিল বাকি, ফাজিল খরচ)। □ বি. জমার চেয়ে খরচের আধিক্য। [আ. ফাজিল]।

ফাট (p. 564) [phāṭa] বি. বিদারণ, ফাঁক, চিড় (কাঠে ফাট ধরেছে)। [ফাটা দ্র]।˜ ন বি. ফেটে যাওয়া।˜ ল বি. চিড়, ছিদ্র (দেওয়ালের ফাটল, সংসারে ফাটল, বন্ধুত্বে ফাটল)।

ফাটক (p. 564) [phāṭaka] বি. 1 সিংহদ্বার, ফটক; 2 হাজত, কারাগার, জেল (চোরকে ফাটকে পোরা হল); 3 কারাদণ্ড (তার ফাটক হয়েছে)। [হি. ফাটক]।

ফাটকা (p. 564) [phāṭakā] বি. 1 (প্রধানত পণ্যদ্রব্যের ব্যবসায়মূল্যের হ্রাসবৃদ্ধির ঝুঁকি নিয়ে) টাকা খাটানো; 2 (তাস নিয়ে) জুয়াখেলাবিশেষ। [হি. ফাটা]।˜ বাজ বি. পণ্যদ্রব্যের জুয়াড়ি।˜ বাজি বি. পণ্যদ্রব্য নিয়ে ফাটকা করা।

ফাটন, ফাটল (p. 564) [phāṭana, phāṭala] দ্র ফাট।

ফাটা (p. 564) [phāṭā] ক্রি. 1 বিদীর্ণ হওয়া (বুক ফেটে যায়, 'দেখিয়া পরাণ ফাটে': চণ্ডী); 2 চিরে যাওয়া, চিড় খাওয়া (তক্তা ফাটা, ছাদ ফেটে জল পড়ে); 3 ফাটানো (দেওয়ালটা ফাটাচ্ছে কেন? চেঁচিয়ে আকাশ ফাটায়)। □ বিণ. বিদীর্ণ। □ বি. 1 বিদারণ; 2 বিদীর্ণ স্থান, ফাটল। [সং. √ স্ফট্ > বাং. √ ফাট্ + আ]। ফাটা কপাল বি. দুর্ভাগ্য।˜ নো ক্রি. বি. বিদীর্ণ করা, ফাড়া। □ বিণ. বিদীর্ণ।˜ ফাটি বি. পরস্পর মারামারি; প্রবল দ্বন্দ্ব (মাথা-ফাটাফাটি)।

ফাড়া (p. 564) [phāḍ়ā] ক্রি. বি. চিরে ফেলা; ছেঁড়া; ফাটানো (কাঠ ফাড়া)। □ বিণ. উক্ত অর্থে। [সং. √ স্ফট্ > বাং. ফাড়্ + আ]।˜ নো ক্রি. বি. পরের দ্বারা চেরানো। □ বিণ. উক্ত অর্থে।

ফাণিত (p. 564) [phāṇita] বি. 1 ফেনি বাতাসা, বড়ো বাতাসাবিশেষ; 2 ঘন করা আখের গুড়। [সং. √ ফাণ্ + ণিচ্ + ত]।

ফাতনা (p. 564) [phātanā] বি. মাছ ধরার ছিপের সুতোয় বাঁধা শোলার বা পাটের কাঠি। [ফাতা < পত্র]।

ফান-টুস (p. 564) [phāna-ṭusa] দ্র ফান্টুস।

ফান্ড, ফাণ্ড (p. 564) [phānḍa, phāṇḍa] বি. তহবিল (রাজ্যপালের ফাণ্ডে টাকা জমা দেওয়া)। [ইং. fund]।

ফানুস (p. 564) [phānusa] বি. 1 কাগজের তৈরি বেলুনবিশেষ যা তপ্ত ধোঁয়া বা গ্যাসের সাহায্যে আকাশে উড়ানো হয়; 2 দীপের আবরণ। [আ. ফানুস্]।

ফাণ্টুস (p. 564) [phāṇṭusa] বি. (কথ্য) শূন্যগর্ভ চালবাজ লোক। [দেশি-তু ফাঁট]।

ফাণ্ডা (p. 564) [phāṇḍā] বি. (কথ্য) কোনো বিষয়ে জ্ঞান বা দখল (অঙ্কে দারুণ ফাণ্ডা)। [< ইং. fundamental]।

ফাবড়া (p. 564) [phābaḍ়ā] বি. ছোটো মোটা লাঠি, পাবড়া, খেটে (মাথায় মারল ফাবড়ার বাড়ি)। [বাং. পাব (< সং. পর্ব) > ফাব + ড়া]।

ফায়দা (p. 564) [phāẏadā] বি. সুফল, লাভ, উপকার (এতে কী এমন ফায়দা হবে?)। [আ. ফাইদহ্ > হি. ফায়দা]। ফায়দা তোলা, ফায়দা উঠানো ক্রি. বি. সুযোগ নেওয়া।

ফার-খত, ফার-কত (p. 564) [phāra-khata, phāra-kata] বি. 1 ত্যাগপত্র, ছাড়পত্র; 2 মুসলমানের তালাকপত্র; 3 সম্পর্কচ্ছেদ। [আ. ফারিগখতি]। ফার-খতি বি ফার-খত -এর অনুরূপ।

ফার-নেস (p. 564) [phāra-nēsa] বি. চুল্লি, উনুন। [ইং. furnace]।

ফার-ফোর (p. 564) [phāra-phōra] বিণ. 1 ছিদ্রযুক্ত; 2 ঝাঁঝরা; 3 ফাঁপা (ফারফোর বালা)। [ইং. perforated]।

ফারম1, ফার্ম1 (p. 564) [phārama1, phārma1] বি. ব্যাবসা প্রতিষ্ঠান। [ইং. firm]।

ফারম2, ফার্ম2 (p. 564) [phārama2, phārma2] বি. খামার। [ইং. farm]।

ফারসি (p. 564) [phārasi] বিণ. পারস্যদেশীয়। □ বি. পারস্যের ভাষা। [আ. ফার্সী]।

ফারাক (p. 564) [phārāka] বি. পার্থক্য, তফাত (চাহিদা ও জোগানের অনেক ফারাক)। □ বিণ. 1 বিচ্ছিন্ন, পৃথক, আলাদা (ফারাক হয়ে বসো); 2 মুক্ত, নিষ্কৃতিপ্রাপ্ত ('ফারাক করিয়া দেহ ব্যাধের নন্দনে': ক.ক)। [আ. ফারগ্]।

ফারেন-হাইট (p. 564) [phārēna-hāiṭa] বি. ফারেনহাইট-প্রবর্তিত উষ্ণতামাপক এককবিশেষ। □ বিণ. উক্ত এককের ব্যবস্থাবিশিষ্ট। [< জার্মান উদ্ভাবক Fahrenheit]।

ফার্নিচার (p. 564) [phārnicāra] বি. আসবাবপত্র (ঘরে দামি ফার্নিচারের ছড়াছড়ি)। [ইং. furniture]।

ফার্মাসি, ফার্মেসি (p. 564) [phārmāsi, phārmēsi] বি. ঔষধালয়, যেখানে ওষুধ তৈরি বা বিক্রয় হয়। [ইং. pharmacy]।

ফাল2 (p. 564) [phāla2] বি. লাঙলের ফলক। [সং. √ ফল্ + অ]।

ফাল3 (p. 564) [phāla3] বি. (আঞ্চ.) লাফ। [বাং. লাফ]।

ফালতু, (আঞ্চ.) ফালতো (p. 564) [phālatu, (āñca.) phālatō] বিণ. 1 অনর্থক, বাড়তি, অতিরিক্ত (ফালতু খরচ); 2 তুচ্ছ, বাজে (ফালতু শোক, ফালতু কথা)। [হি. ফালতু]।

ফালা (p. 564) [phālā] বি. লম্বা টুকরো। [সং. কাল + বাং. আ]। ফালা দেওয়া, ফালা করা ক্রি. বি. লম্বালম্বি কাটা। ফালা-ফালা বিণ. ছিঁড়ে টুকরো টুকরো করা হয়েছে এমন। ফালা ফালা করা ক্রি. বি. একেবারে ছিঁড়ে ফেলা; লম্বা লম্বা টুকরো করে ছেঁড়া।

ফালি (p. 565) [phāli] বি. ছোটো ফালা; ফালা (এক ফালি জমি)। [বাং. ফালা + ই]।

ফাল্গুন (p. 565) [phālguna] বি. 1 বাংলা বছরের একাদশ মাস; 2 তৃতীয় পাণ্ডব অর্জুন। [সং. ফল্গুনী (নক্ষত্র) + অ]। ফাল্গুনি বি. অর্জুন। ফাল্গুনী বি. 1 ফাল্গুন মাসের পূর্ণিমা, বাসন্তী পূর্ণিমা; 2 বসন্ত, মধুমাস বা মধুমাসের পরিবেশ ('তাই দিয়ে মনে মনে রচি মম ফাল্গুনী': রবীন্দ্র)।

ফাস্ট (p. 565) [phāsṭa] বিণ. 1 যতটা উচিত তার চেয়ে বেশি বেগসম্পন্ন (ঘড়িটা ফাস্ট যাচ্ছে); 2 বেগসম্পন্ন (ফাস্ট ট্রেন)। [ইং. fast]।

ফি1 (p. 565) [phi1] বি. 1 পারিশ্রমিক, দর্শনী (ডাক্তারের ফি); 2 বেতন (কলেজের ফি-বই); 3 মাশুল, প্রদেয় কর (কোর্ট ফি); 4 প্রবেশমূল্য, মূল্য (পরীক্ষার ফি)। [ইং. fee]।

ফি2 (p. 565) [phi2] বিণ. প্রত্যেক (ফি বছর)। [আ. ফী]।

ফিক1 (p. 565) [phika1] বি. পেশিসংকোচনজনিত হঠাত্ বেদনা, স্নায়ুর আকস্মিক আক্ষেপ এবং তজ্জনিত বেদনা (ফিক ব্যথা, ফিক ধরা)। [দেশি-তু. সং. স্ফিক (কোমরের মাংসপিণ্ড)]।

ফিক2 (p. 565) [phika2] বি. দাঁত বার করে অনুচ্চ বা মৃদু হাসি (ফিক করে হেসে ফেলল)। [তু. সং. ফক্ক্ (ধীরগতি)]। ̃ ফিক বি. ক্রমাগত ফিক করে হাসি।

ফিকির (p. 565) [phikira] বি. 1 উপায়চিন্তা, খোঁজখবর (চাকরির ফিকিরে আছে); 2 (প্রধানত মন্দার্থে) কৌশল (লোক ঠকানোর ফিকির); 3 ফন্দি, মতলবপ (সে কোন ফিকির করছে কে জানে?)। [আ. ফিক্র]। ̃ বাজ বি. বিণ. মতলববাজ, ফন্দিবাজ।

ফিকে (p. 565) [phikē] বিণ. 1 অনুজ্জ্বল, ফ্যাকাসে (ফিকে লাল); 2 পানসে, জলো (ফিকে চা); 3 অসার, বাজে (ফিকে কথা)। [দেশি]।

ফিঙে, (অপ্র.) ফিঙ্গে (p. 565) [phiṅē, (apra.) phiṅgē] বি. 1 মাছের লেজের মতো চেরা লেজবিশিষ্ট কালো রঙের পাখিবিশেষ, drongo; 2 Y আকারের কাঠের টুকরো; 3 দড়ি দিয়ে তৈরি পাথর ছোড়ার কলবিশেষ। [সং. ফিঙ্গক]।

ফিঙ্গক (p. 565) [phiṅgaka] বি. ফিঙে পাখি। [সং. ফিঙ্‌গ্ + √ গৈ + অ + ক]।

ফিচলেমি (p. 565) [phicalēmi] দ্র ফিচেল।

ফিচেল (p. 565) [phicēla] বিণ. 1 ফাজিল; 2 ধূর্ত, মতলববাজ; 3 প্রবঞ্চক। [দেশি]। ফিচলেমি বি. ফিচেলের আচরণ।

ফিট2 (p. 565) [phiṭa2] বি. 1 সংযোগ (গাড়ির সঙ্গে ইঞ্জিন ফিট করা); 2 মাপমতো হওয়া (জামাটা বেশ ফিট করেছে)। □ বিণ. 1 সংযুক্ত (কাঠের সঙ্গে কাঠটা ফিট হয়েছে); 2 মাপসই, মাপমতো (প্যাণ্টটা ভালো ফিট হয়নি); 3 সুসজ্জিত, পরিপাটি, নিখুঁত (ফিটবাবু)। [ইং. fit]। ˜ ফাট বিণ. সুসজ্জিত, পরিপাটি, পরিচ্ছন্ন।

ফিটন (p. 565) [phiṭana] বি. ঘোড়ায়-টানা চার চাকার ছাদ-খোলা গাড়িবিশেষ। [ইং. pheaton]।

ফিটফাট (p. 565) [phiṭaphāṭa] দ্র ফিট।

ফিতা, (কথ্য) ফিতে (p. 565) [phitā, (kathya) phitē] বি. 1 (সচ.) কাপড়ের লম্বা পাতলা ও চ্যাপটা ফালিবিশেষ; 2 দৈর্ঘ্য মাপার জন্য এক গজ বা এক মিটার লম্বা কাপড়ের ফালি। [পো. fita]। ˜ ক্রিমি বি. লম্বা ও চ্যাপটা ক্রিমিবিশেষ।

ফিনকি (p. 565) [phinaki] বি. 1 স্ফুলিঙ্গ (আগুনের ফিনকি); 2 সবেগে নির্গত তরল পদার্থের ধারা (ফিনকি দিয়ে রক্ত পড়া)। [সং. স্ফুলিঙ্গ]।

ফিনফিন (p. 565) [phinaphina] বি. (বস্ত্রাদি সম্বন্ধে) অতি মিহি বা সূক্ষ্মতার ভাব। [দেশি-তু. ইং. fine]। ফিনফিন করা ক্রি. অত্যন্ত সূক্ষ্ম বা মিহি বলে মনে হওয়া। ফিনফিনে বিণ. অত্যন্ত সূক্ষ্ম বা মিহি ('ফিনফিনে আদ্দির উদ্ধত শুভ্রতায়': প্রেমেন্দ্র)।

ফিনাইল (p. 565) [phināila] বি. দুর্গন্ধ দূরকারী ও জীবাণুনাশক তরল পদার্থবিশেষ। [ইং. phenyl]।

ফিনিক (p. 565) [phinika] বি. 1 দীপ্তি, ঔজ্জ্বল্য (জ্যোৎস্নায় ফিনিক ফোটে); 2 ফিনকি। [ফিনকি দ্র]।

ফিনিক্স (p. 565) [phiniksa] বি. বহু বছর বাঁচে এবং মরে গিয়েও পুনরুজ্জীবিত হয় পাশ্চাত্য রূপকথার এমন পাখিবিশেষ ('অক্ষয় ফিনিক্স সম': সু. দ.)। [ইং. phoenix]।

ফিরঙ্গ (p. 565) [phiraṅga] বিণ. ইয়োরোপীয়। [ফা. ফিরঙ্গী, ফিরাঙ্গী]।˜ ব্যাধী বি. গরমি রোগ, উপদংশ। ফিরঙ্গি বি. ফিরঙ্গ দেশীয় ব্যক্তি। [ফিরিঙ্গি দ্র]।

ফিরতি (p. 565) [phirati] বিণ. ফেরত এসেছে এমন (ফিরতি টাকা)। □ বি. 1 যা ফিরেছে (পাঁচ টাকা ফিরতি); 2 প্রত্যাগমন (ফিরতির পথে); 3 ফেরবার সময় (ফিরতিতে যাব)। □ ক্রি-বিণ. ফেরবার সময়ে (দেশ থেকে ফিরতি ওখানেও যাব)। [বাং. √ ফির্ + অতি]।

ফিরা, ফেরা (p. 565) [phirā, phērā] ক্রি. বি. 1 প্রত্যাবর্তন করা (অফিস থেকে কখন ফিরলে?); 2 অভিমুখী হওয়া, ঘোরা (ডাইনে ফেরো); 3 ফেরত আসা; 4 ভালোর দিকে পরিবর্তিত হওয়া, উন্নতি লাভ করা (কপাল ফেরা, অবস্থা ফেরা); 5 ঘুরে বেড়ানো (পথে পথে গান গেয়ে ফেরা); 6 বিফলমনোরথ হয়ে প্রত্যাবর্তন করা বা প্রস্থান করা (দুয়ার থেকে ফেরা); 7 ফিরানো, ফিরিয়ে দেওয়া ('এবার ফিরাও মোরে': রবীন্দ্র)। [হি. √ ফির্ > বাং. √ ফির্ + আ]।˜ নো ক্রি. বি. 1 পুনরায় আসতে বা প্রত্যাগমন করতে বাধ্য করা (সন্ন্যাসীকে ফিরিয়ে আনো); 2 ঘোরানো (মুখ ফিরিয়ে দেখো); 3 উন্নতি করা (ভাগ্য ফেরানো); 4 নিবৃত্ত করা (অভ্যাস ফেরানো দরকার); 5 প্রার্থনা বা বাসনা পূরণ না করে বিদায় দেওয়া (ভিখারিকে ফিরিয়ে দেওয়া); 6 প্রত্যাহত বা ব্যর্থ করা; 7 নতুন করে লেপন করা বা প্রলেপ দেওয়া (দেওয়ালে কলি ফেরানো); 8 আঁচড়ানো বা উলটে আঁচড়ানো (চুল ফিরিয়ে বাঁধো)। □ বিণ. উক্ত সব অর্থে।˜ ফিরি বি. বারবার ফেরত বা বদল।

ফিরিঙ্গি (p. 565) [phiriṅgi] বি. 1 ইয়োরোপীয় জাতি; 2 ভারতীয় ও ইয়োরোপীয়ের সংমিশ্রণে উৎপন্ন বর্ণসংকর জাতি, ইউরেশীয় জাতি। [ফা. ফিরিঙ্গি]।

ফিরিস্তি (p. 565) [phiristi] বি. ফর্দ, তালিকা। [ফা. ফেহ্রিস্ত]।

ফিরে (p. 565) [phirē] অস-ক্রি ফিরিয়া -র চলিত রূপ। □ বিণ. পরবর্তী (ফিরে বার)। ফিরে ফিরে ক্রি-বিণ. বারংবার ('ফিরে ফিরে ডাক দেখি রে': রবীন্দ্র)। [ফিরা দ্র]।

ফিরোজা (p. 565) [phirōjā] বি. 1 নীলাভ মণিবিশেষ; 2 ওইরকম বর্ণবিশেষ, আকাশি নীল। □ বিণ. নীলাভ ('ফিরোজা উষায় সন্ধ্যায় গোলাপে': বিষ্ণু)। [ফা. ফিরোজহ্]।

ফিলটার (p. 565) [philaṭāra] বি. জল ইত্যাদি পরিস্রুত করার যন্ত্র বা প্রক্রিয়াবিশেষ। [ইং. filter]।

ফিলম, ফিল্ম (p. 565) [philama, philma] বি. 1 ফোটোগ্রাফাদি তোলার কাজে ব্যবহৃত অত্যন্ত আলোকসংবেদী পাতবিশেষ; 2 ছায়াচিত্র, চলচ্চিত্র; সিনেমা (ফিলম দেখতে যাওয়া)। [ইং. film]।

ফিল-হাল (p. 565) [phila-hāla] ক্রি-বিণ. হালফিল, সম্প্রতি (ব্যাবসা ফিলহাল ভালো চলছে না)। [আ. ফীল্হাল্]।

ফিল্ডিং (p. 565) [philḍi] বি. ক্রিকেট খেলায় ব্যাটসম্যানকে আউট করার জন্য বোলার ও তার সহযোগী খেলোয়াড়দের মাঠে নির্দিষ্ট নিয়মে বিচরণ। [ইং. fielding]।

ফিল্ম (p. 565) [philma] দ্র ফিলম।

ফিশ-ফ্রাই (p. 565) [phiśa-phrāi] বি. মাছের কাঁটা বার করে নিয়ে ইয়োরোপীয় পদ্ধতিতে ভেজে প্রস্তুত খাবার। [ইং. fishfry]।

ফিস-ফিস (p. 565) [phisa-phisa] বি. চাপা স্বরে ফিসফিস শব্দে কথা। [ধ্বন্যা.]। ফিস-ফিসিয়ে ক্রি-বিণ. ফিসফিস করে।

ফুঁ (p. 565) [phu] বি. ফুৎকার, মুখ থেকে বেগে নির্গত বায়ু (শাঁখে ফুঁ দেওয়া, আগুনে ফুঁ দেওয়া)। [সং. ফুৎকার-তু. হি. ফুঁক]।

ফুঁক (p. 565) [phuṅka] বি. 1 মন্ত্র আবৃত্তির সঙ্গে ফুৎকার (ঝাঁড়ফুঁক); 2 ফুঁ। [সং. ফুৎকার, হি. ফুঁ]।

ফুঁকা, ফোঁকা (p. 565) [phuṅkā, phōṅkā] ক্রি. বি. 1 ফুঁ দেওয়া; 2 ফুঁ দিয়ে বাজানো (শিঙা ফোঁকা, বাঁশি ফোঁকা); 3 (ঈষত্ মন্দার্থে) ধূমপান করা (সিগারেট ফোঁকা); 4 অপব্যয় করা, বাজে খরচ করে উড়ানো (এতগুলো টাকা ফুঁকে দিলে?)। [হি. √ ফুঁক < ফুক্কা < সং. ফুৎকার]।

ফুঁড়া, ফোঁড়া (p. 565) [phum̐ḍ়ā, phōm̐ḍ়ā] ক্রি. বি. 1 বিদ্ধ করা বা ভেদ করা (তিরটা তার শরীর ফুঁড়ে বেরিয়েছে, মাটি ফুঁড়ে ওঠা); 2 ছেঁদা করা (দেওয়াল ফুঁড়ে উই বেরোচ্ছে)। □ বিণ. উক্ত উভয় অর্থে। [প্রাকৃ. √ ফুড় < সং. √ স্ফুট্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. বিদ্ধ বা ভেদ করানো (মেয়ের কান ফোঁড়ানো হবে); ছেঁদা করানো। □ বিণ. উক্ত উভয় অর্থে। ˜ ফুঁড়ি বি. বারংবার বিদ্ধ বা ভেদ করা (ডাক্তারের ফোঁড়াফুঁড়ি)।

ফুঁপা, ফোঁপা (p. 565) [phum̐pā, phōm̐pā] ক্রি. ফোঁস ফোঁস শব্দ করে কাঁদা, ফুঁপিয়ে কাঁদা। [ধ্বন্যা.]। ˜ নি বি. 1 গুমরে কাঁদা; 2 চাপা গর্জন। ˜ নো ক্রি. বি. 1 গুমরে কাঁদা, ফুলে ফুলে কাঁদা; 2 রাগে বা দুঃখে চাপা গর্জন করা।

ফুঁসা, ফুঁসানো, ফোঁসা, ফোঁসানো (p. 565) [phum̐sā, phum̐sānō, phōm̐sā, phōm̐sānō] ক্রি. বি. 1 ফোঁস ফোঁস শব্দ করা; 2 রাগে চাপা গর্জন করা। [ধ্বন্যা.]। ফুঁসানি, ফোঁসানি বি. ফোঁস ফোঁস আওয়াজ; চাপা গর্জন।

ফুক (p. 565) [phuka] বি. অতি দ্রুততার ভাব (ফুক করে উড়ে গেল)। [ধ্বন্যা.-তু. ফুড়ুক]।

ফুকন (p. 565) [phukana] বি. ফুঁ দেওয়া, ফুৎকার। [হি. ফুঁক + বাং. অন]। ফুকন নল বি. স্যাকরার ব্যবহৃত আগুনে ফুঁ দেবার নল, blowpipe.

ফুক-ফুক (p. 565) [phuka-phuka] বি. ক্রমাগত ফোঁকা বা ধূমপান করার ভাব (ফুকফুক করে সিগারেট টানছে)। [ফুঁক দ্র]।

ফুকর, (কথ্য) ফোকর (p. 565) [phukara, (kathya) phōkara] বি. ছিদ্র, গর্ত (ফাঁকফোকর, ইঁদুরটা ফোকরের মধ্যে ঢুকে গেল)। [সং. ভূক (ভূকর্) > ফুকর (?) তু. হি. ফোঁক (ছিদ্র)]।

ফুকরা (p. 565) [phukarā] ক্রি. ফুকরানো। [হি. √ পুকার]। ফুকারা,˜ নো ক্রি. বি. 1 উচ্চস্বরে ডাকা ('মাসি বলি ফুকারিয়া মিলালো বালক': রবীন্দ্র); 2 চিৎকার করা ('চোরের জননী ফুকারি কাঁদিতে নাহি পারে', ফুকরে কাঁদে)। ফুকার বি. উচ্চ চিৎকার বা ডাক।

ফুকা2, (কথ্য) ফুকো (p. 565) [phukā2, (kathya) phukō] বি. অতিরিক্ত দুধ পাওয়ার জন্য গোরুর যোনিমুখে ফুঁ দেওয়া (ফুকো দেওয়া)। □ বিণ. ফাঁপা ও হালকা (ফুকো নল)। [হি. ফুঁক + বাং. আ]।

ফকার, ফুকারা (p. 565) [phakāra, phukārā] দ্র ফুকরা।

ফুঙ্গি (p. 565) [phuṅgi] বি. (প্রধানত ব্রহ্মদেশীয়) বৌদ্ধ সন্ন্যাসী বা পুরোহিত। [বর্মি. ফুঙ্গি]।

ফুচকা (p. 565) [phucakā] বি. আলুসিদ্ধ ছোলা তেঁতুলজল প্রভৃতি সহযোগে খেতে হয় এমন ছোটো ফাঁপা কচুরিজাতীয় খাবারবিশেষ। [হি. ফুচকা]।

ফুট1 (p. 565) [phuṭa1] বি. দৈর্ঘ্যের মাপবিশেষ, 12 ইঞ্চি পরিমিত দৈর্ঘ্য। [ইং. foot]।

ফুট2 (p. 565) [phuṭa2] বিণ. 1 বিকশিত (আধফুট হাসি); 2 বিদীর্ণ। [সং. √ স্ফুট্ > বাং. √ ফুট্ + অ]।

ফুট3 (p. 565) [phuṭa3] বি. ছোটো দাগ বা ফোঁটা। [বাং. ফোঁটা < সং. স্ফুট]। ফুট ফুট বিণ. ছোটো ছোটো দাগ বা ফোঁটা (তার সর্বাঙ্গে ফুট ফুট দাগ হয়েছে)।

ফুট4 (p. 565) [phuṭa4] বি. 1 তরল পদার্থ উত্তাপে ফোটবার সময় উত্থিত বুদবুদ (জলের ফুট); 2 ফোটবার অবস্থা (দুধে ফুট ধরেছে, ভাতে দুবার ফুট দেওয়া হয়েছে); 3 ফাট, চিড়। [সং. √ স্ফুট্ + বাং. অ]।˜ কড়াই,˜ কলাই বি. ফুটানো বা ভাজা মটর।

ফুটকি (p. 565) [phuṭaki] বি. 1 ক্ষুদ্র বিন্দু বা ফোঁটা (কালির ফুটকি); 2 ইংরেজি ফুল স্টপের চিহ্ন। [বাং. ফুট3 কি]।

ফুটন (p. 565) [phuṭana] বি. 1 প্রস্ফুটিত বা বিকশিত হওয়া (ফুলের ফুটন দেখি); 2 (তরল পদার্থের) জ্বাল পাবার সময় বুদবুদযুক্ত হওয়া; 3 ফুটে ওঠা। [বাং. √ ফুট্ (< সং. স্ফুট্) + অন]।

ফুটন্ত (p. 565) [phuṭanta] বিণ. 1 আগুনের তাপ ফুটছে এমন (ফুটন্ত দুধ); 2 প্রস্ফুটিত হচ্ছে এমন (ফুটন্ত গোলাপ)। [বাং. √ ফুট্ + অন্ত]।

ফুট-পাত (p. 567) [phuṭa-pāta] বি. (প্রধানত শহরের) পথের দুপাশে যে বাঁধানো অংশ পায়ে চলা পথিকদের জন্য নির্দিষ্ট। [ইং. footpath]।

ফুট ফুট1 (p. 567) [phuṭa phuṭa1] দ্র ফুট3।

ফুট ফুট2 (p. 567) [phuṭa phuṭa2] বি. স্বচ্ছতা উজ্জ্বলতা বা পরিষ্কার-পরিচ্ছন্নতার ভাব (জ্যোৎস্না ফুট ফুট করছে)। [সং. স্ফুট্]। ফুট-ফুটে বিণ. 1 অত্যন্ত স্বচ্ছ বা উজ্জ্বল; 2 ধবধবে (ফুটফুটে জ্যোৎস্না); 3 ফরসা ও সুশ্রী ('মুখখানি তার ফুটফুটে': স. দ.)।

ফুট-বল (p. 567) [phuṭa-bala] বি. 1 পা দিয়ে খেলবার বায়ুপূর্ণ চামড়ার বলবিশেষ; 2 দুই দলে এগারোজন করে খেলোয়াড়ের বল নিয়ে খেলাবিশেষ। [ইং. football]।

ফুটা1, (কথ্য) ফুটো (p. 567) [phuṭā1, (kathya) phuṭō] বি. ছিদ্র, রন্ধ্র (কাপড়ের ফুটো, জানলায় ফুটো)। □ বিণ. সচ্ছিদ্র, ছিদ্রযুক্ত ('এ কেবল দিনে রাত্রে জল ঢেলে ফুটা পাত্রে': রবীন্দ্র)। [বাং. ফুট4 + আ]।

ফুটা2, (কথ্য) ফোটা (p. 567) [phuṭā2, (kathya) phōṭā] ক্রি. বি. 1 প্রস্ফুটিত বা বিকশিত হওয়া, মুকুল ভেদ করে বার হওয়া (ফুল ফুটবে); 2 উদিত বা প্রকাশিত হওয়া (তারা ফোটে, জোছনা ফোটে); 3 প্রথম উন্মীলিত হওয়া (পাখির ছানার চোখ ফোটা); 4 ধ্বনিত হওয়া (কথা ফোটে, 'জনতার মুখে ফোটো বিদ্যুত্-বাণী': সুকান্ত); 5 আগুনের তাপে জ্বাল পেয়ে বুদবুদযুক্ত হওয়া বা ফেটে যাওয়া, ফুট ধরা (জল ফুটছে, দুধ ফোটে); 6 সিদ্ধ হওয়া (ভাত ফুটেছে); 7 অভিব্যক্ত বা পরিস্ফুট হওয়া (ভাব ফোটা, শ্রী ফোটা); 8 বিদ্ধ করা বা হওয়া (কাঁটা ফোটা); 9 ফুটানো। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. √ ফুট্ (< সং. স্ফুট্)

+ আ]। ~নো ক্রি. বি. 1 প্রস্ফুটিত করা; 2 প্রথম উন্মীলিত করা; 3 ধ্বনিত করা; 4 আগুনের তাপে জ্বাল দেওয়া, ফুট ধরানো বা সিদ্ধ করা; 5 অভিব্যক্ত করা, পরিস্ফুট করা (উপন্যাসে চরিত্র ফুটিয়ে তোলা); 6 বিদ্ধ করা; 7 দেওয়াল ভেঙে দরজা-জানলা তৈরি করা (দরজা ফোটানো); 8 ফুটো করা (হাঁড়িটাকে ফুটিয়ে ফেললে)। □ বিণ. উক্ত সব অর্থে (ফোটা ফুল, না ফোটা ডাল; আ-ফোটা কথা)।

ফুটানি, (কথ্য) ফুটুনি (p. 567) [phuṭāni, (kathya) phuṭuni] বি. 1 অশোভন বাবুগিরি বা জাঁক (হাতে দুটো পয়সা পেয়েই ফুটানি শুরু করেছে); 2 অশোভন অহংকার বা বড়াই (অত ফুটানি কোরো না, তোমার ক্ষমতা জানা আছে)। [সং. √ স্ফুট্ > বাং. √ ফুট্ + আনি]। ~রাম বি. 1 হামবড়া বা দেমাকি লোক; 2 অশোভনভাবে বাবুগিরি করে এমন লোক।

ফুটানো (p. 567) [phuṭānō] দ্র ফুটা2।

ফুটি (p. 567) [phuṭi] বি. পাকলে ফেটে যায় এমন কাঁকুড়জাতীয় ফলবিশেষ। [সং. স্ফুটি]। ~ফাটা বিণ. ফুটির মতো সম্পূর্ণ ফেটে গেছে এমন (খরায় মাটি ফুটিফাটা হয়েছে)।

ফুড়ুক (p. 567) [phuḍ়uka] বি. 1 চকিতে উড়ে যাবার ভাব (পাখিটা ফুড়ুক করে উড়ে গেল); 2 হুঁকায় তামাক খাবার শব্দ (ফুড়ুক ফুড়ুক করে তামাক টানছে)। [ধ্বন্যা.]। ~ফাড়ুক বি. ক্রি-বিণ. বারবার চকিতে ওড়ার, পালানোর বা চঞ্চলতার ভাব (চড়াইটা ফুড়ুকফাড়ুক করছে, ফুড়ুকফাড়ুক উড়ে যাচ্ছে)।

ফুত্-কার (p. 567) [phut-kāra] বি. 1 ফুঁ ('ফুৎকারে নেভাল প্রদীপ'); 2 ফুঁ দেওয়া; 3 ফুস ফুস শব্দ। [সং. ফুত্ + √ কৃ + অ]।

ফুফা, কথ্য ফুপা (p. 567) [phuphā, kathya phupā] বি. (বাঙালি মুসলমানদের মধ্যে প্রচলিত) পিসে, পিসেমশায়। [হি. ফুফা]। ফুফু, (কথ্য) ফুপু বি. (স্ত্রী.) পিসি। ˜ তো বিণ. পিসতুতো।

ফুরন (p. 567) [phurana] বি. দৈনিক মজুরির পরিবর্তে পুরো কাজের মোট মজুরি হিসাবে চুক্তি, ঠিকা চুক্তি (ফুরনে কাজ করা)। [সং. পূরণ]।

ফুর-ফুর (p. 567) [phura-phura] বি. 1 মৃদুমন্দ বায়ুপ্রবাহের ভাব; 2 বাতাসে চুল কাপড় প্রভৃতি পাতলা ও হালকা পদার্থের ওড়ার ভাব। [ধ্বন্যা.]। ফুর-ফুরে বিণ. 1 ফুরফুর করে এমন; 2 লঘু ও মনোরম (ফুরফুরে হাওয়া)।

ফুর-সত, (কথ্য) ফুরসুত (p. 567) [phura-sata, (kathya) phurasuta] বি. অবসর, অবকাশ (সারা দিনে একটুও ফুরসত মেলে না)। [আ. ফুরসত্]।

ফুরা (p. 567) [phurā] ক্রি. ফুরানো। [সং. পূরি]। ˜ নো ক্রি. বি. 1 শেষ বা অবসান হওয়া (দিন ফুরানো); 2 সমাপ্ত হওয়া (গল্প ফুরানো); 3 ব্যয়িত বা নিঃশেষ হওয়া (টাকা ফুরানো); 4 ফুরন করা, ঠিকে চুক্তি করা (মজুরি ফুরানো)। ফুরিয়ে যাওয়া ক্রি. বি. ফুরানো। □ বিণ. উক্ত সব অর্থে।

ফূর্তি (p. 567) [phūrti] বি. আনন্দ, হর্ষ, স্ফূর্তি (ফুর্তিতে ডগমগ)। [সং. স্ফূর্তি]। ˜ বাজ বিণ. আমুদে; হাসিখুশি মেজাজের।

ফুল1 (p. 567) [phula1] বিণ. 1 পুরো মাপের (ফুলহাতা, ফুলশার্ট); 2 পুরো মূল্যের (ফুলটিকিট)। [ইং. full]।

ফুল2 (p. 567) [phula2] বি. 1 কুসুম, পুষ্প, উদ্ভিদের যে বর্ণময় এবং কখনো কখনো গন্ধযুক্ত অংশ থেকে বীজ ও ফলের উৎপত্তি হয়; 2 ফুলের মতো নকশা (ফুল-কাটা বাসন, কাপড়ে ফুল তোলা); 3 জরায়ু ও সন্তানের নাভির সঙ্গে যে মাংসপিণ্ড সংযুক্ত থাকে, গর্ভকুসুম, অমরা, placenta. [সং. ফুল্ল]।˜ কচি বিণ. একেবারে বা খুব কচি (ফুলকচি শসা)।˜ কপি দ্র কপি। ফুল-কাটা বিণ. ফুলের মতো নকশা দ্বারা শোভিত।˜ কারি বি. কাপড়ে ফুলের নকশা বা বুটির কাজ।˜ কোঁচা বি. ধুতির কোঁচা ফুলের মতো করে কুঞ্চিত বা চুনট করা।˜ খড়ি দ্র খড়ি।˜ ঝাড়ু বি. ঝাউ গাছের পাতা ইত্যাদি দিয়ে তৈরি ঝাঁটাবিশেষ।˜ ঝুরি বি. আতশবাজিবিশেষ যা থেকে ফুলের মতো আগুনের ফুলকি বার হয়।˜ টুসকি,˜ টুসি বিণ. (ফুল দিয়ে টসকে দেওয়া যায় এমন) নরম বা তুলতুলে।˜ ডোর বি. ফুলের মালা। ফুলতোলা বিণ. ফুলের মতো নকশা দিয়ে কারুকার্য করা হয়েছে এমন। ফুল তোলা বি. ক্রি. গাছ থেকে ফুল চয়ন করা; বস্ত্রাদিতে ফুলের নকশা রচনা করা।˜ দানি,˜ দান বি. ফুল সাজিয়ে রাখার পাত্রবিশেষ।˜ দার বিণ. ফুলের নকশাযুক্ত।˜ দোল বি. বৈশাখী পূর্ণিমায় অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের পুষ্পসজ্জিত দোলায় দোলনযাত্রা।˜ ধনু,˜ বাণ,˜ শর বি. 1 কামদেবের পুষ্পযুক্ত ধনুক; 2 কামদেব, মদন, কন্দর্প। ফুল পড়া বি. ক্রি. প্রসবের পরে গর্ভস্থ ফুল স্খলিত হওয়া।˜ বাতাসা বি. ফুলের মতো হালকা বাতাসা।˜ বাবু বি. অত্যন্ত শৌখিন লোক।˜ মালা বি. ফুল দিয়ে তৈরি মালা।˜ শয্যা বি. 1 কুসুমাবৃত শয্যা; 2 বিবাহের পর নবদম্পতির প্রথমবার একত্র ফুল ছড়ানো বিছানায় শয়নরুপ অনুষ্ঠান।˜ শেজ বি. ফুলশয্যা ('সেখানে কি ফুলশেজে মিশে যাবে দুটি কায়া': স. দ.)।˜ সজ্জা বি.

ফুল দিয়ে অলংকরণ।˜ সাজ বি. ফুল দিয়ে সাজা, ফুলসজ্জা।˜ হার বি. ফুলের মালা। ফুলের ঘায়ে মূর্ছা যাওয়া ক্রি. বি. অতি সামান্য কারণে কাতর হওয়া।

ফুলকা, (কথ্য) ফুলকো (p. 567) [phulakā, (kathya) phulakō] বি. 1 মাছের কানের নীচে চিরুনির মতো শ্বাসযন্ত্র; 2 ফোলানো জিনিসের পাতলা আবরণ (লুচির ফুলকো)। □ বিণ. পাতলা ফাঁপা ও ফোলানো (ফুলকো লুচি)। [হি. ফুলকা]।

ফুলকারি (p. 567) [phulakāri] দ্র ফুল।

ফুলকি (p. 567) [phulaki] বি. স্ফুলিঙ্গ, আগুনের কণা। [সং. স্ফুলিঙ্গ]।

ফুলস-ক্যাপ, ফুলস্ক্যাপ (p. 567) [phulasa-kyāpa, phulaskyāpa] বিণ. (কাগজ সম্বন্ধে) দৈর্ঘ্যে 17 ইঞ্চি ও প্রস্থে 13 1/2 ইঞ্চি মাপবিশিষ্ট। [ইং. foolscap]।

ফুলা, (কথ্য) ফোলা (p. 567) [phulā, (kathya) phōlā] ক্রি. বি. 1 স্ফীত হওয়া (হাত পা ফোলে, মুখ ফুলছে); 2 ফেঁপে ওঠা (নদী ফুলে উঠেছে); 3 মোটা হওয়া (লোকটা দিন দিন ফুলছো); 4 (আল.) স্বাস্থ্যবান, ধনবান বা গর্বিত হওয়া (ব্যাবসা করে সে অল্পদিনেই ফুলে উঠেছে); 5 ফুলানো। [প্রাকৃ. √ ফুল < সং. √ ফুল্ল্ -তু. হি. ফুলনা + বাং. আ]।˜ নো বি. ক্রি. 1 স্ফীত করা (বুক ফুলিয়ে হাঁটা); 2 ফাঁপানো (বেলুন ফোলানো); 3 মোটা করা; 4 (আল.) গর্বিত বা বর্ধিত করা (অত বাহবা দিয়ে ছেলেকে আর ফুলিয়ো না)। □ বিণ. উক্ত সব অর্থে।

ফ্লুট (p. 567) [phuluṭa] বি. (আঞ্চ.) বাঁশি (যাত্রাদলে ফ্লুট বাজায়)। [ইং. flute]।

ফুলুরি (p. 567) [phuluri] বি. বেসনের বড়াভাজাবিশেষ। [হি. ফুলৌরি]।

ফুলেল (p. 567) [phulēla] বিণ. 1 তিল থেকে নিষ্কাশিত এবং ফুলের গন্ধে সুবাসিত (ফুলেল তেল); 2 ফুলের গন্ধযুক্ত, সুবাসিত; 3 পুষ্পময় ('ফুলেল ফাগুন': নজরুল)। [বাং. ফুল + ল = ফুলল =ফুলেল]।

ফুল্ল (p. 567) [phulla] বিণ. 1 প্রস্ফুটিত (ফুল্ল কুসুম); 2 পূর্ণ প্রকাশিত (ফুল্‌ল ইন্দু); 3 প্রফুল্ল, অতিশয় প্রফুল্ল (ফুল্ল নয়ন, 'ফুল্লমনে রব এ সংসারে': রবীন্দ্র)। [সং. √ ফুল্ল্ + অ]। ফুল্লাধর বিণ. বি. প্রফুল্ল মুখযুক্ত বা প্রফুল্ল মুখ।

ফুস (p. 567) [phusa] বিণ. (কথ্য) অদৃশ্য, অসার, কিছুই নেই এমন (এতগুলো টাকা এরই মধ্যে ফুস হয়ে গেল?)। [ধ্বন্যা.]।

ফুস-কুড়ি, ফুস-কুরি (p. 567) [phusa-kuḍ়i, phusa-kuri] বি. ছোটো ফোঁড়া, ফোসকা বা ব্রণ। [তু. সং. স্ফোটক]।

ফুস-ফাস (p. 567) [phusa-phāsa] বি. ফিসফিস করে কথা, গোপনে বা অনুচ্চস্বরে কথাবার্তা। [ধ্বন্যা.]।

ফুস-ফুস1 (p. 567) [phusa-phusa1] বি. জীবদেহের শ্বাসযন্ত্র, lung. [সং. ফুপ্ফুস]।˜ প্রদাহ বি. 1 ফুসফুসের যন্ত্রণা; 2 নিউমোনিয়া রোগ।

ফুস-ফুস2 (p. 567) [phusa-phusa2] বি. ফিসফিস, ফিসফিস শব্দে কথা। [ধ্বন্যা.]।

ফুস-মন্তর (p. 567) [phusa-mantara] বি. 1 ফুৎকারে বা ফুঁ দিয়ে পড়া ফাঁকির মন্ত্র; 2 গোপন উপদেশ। [বাং. ফুস (ধ্বন্যা.) + সং. মন্ত্র]।

ফুসলা (p. 567) [phusalā] ক্রি. ফুসলানো। [হি. ফুসলানা]। ˜ নো ক্রি. বি. 1 কুকর্মে রত হওয়ার জন্য রাজি করানো বা প্ররোচনা দেওয়া; 2 অন্যায়পথে চালানো।

ফেউ (p. 567) [phēu] বি. 1 শিয়াল; 2 পাগলা শিয়াল; 3 যে-শিয়াল বাঘের পিছন পিছন ধাওয়া করে ও চিৎকার করে; 4 (আল.) পিছন ছাড়ে না এমন ব্যক্তি (তার পিছনে ফেউ হয়ে লেগেছে)। [সং. ফেরু]। ফেউ লাগা ক্রি. বি. পিছনে লেগে থেকে উত্ত্যক্ত করা।

ফেঁকড়া, ফ্যাঁকড়া (p. 567) [phēm̐kaḍ়ā, phyām̐kaḍ়ā] বি. 1 প্রশাখা; 2 মূল বিষয় থেকে উদ্ভূত অন্য বিষয় (ফেঁকড়া তোলা, ফেঁকড়া বার করা); 3 ফ্যাসাদ, বাধা, ঝামেলা। [দেশি-তু. সং. ফর্ফরীক]। ফেঁকড়ি বি. অতি ক্ষুদ্র শাখা বা প্রশাখা।

ফেঁসো (p. 567) [phēm̐sō] বি. 1 পাট প্রভৃতির আঁশ; 2 সুতোর সূক্ষ্ম অংশ। [বাং. ফাঁস + উয়া > ও]।

ফেকলু (p. 567) [phēkalu] (অশোভন) বি. বিণ. ফালতু, বাজে (যত সব ফেকলুপার্টি)। [দেশি]। ˜ পার্টি বি. আজেবাজে লোক।

ফেকো (p. 567) [phēkō] বি. (কথা বলার সময়) মুখ থেকে নির্গত ফেনার মতো শুকনো থুতু। [হি. ফাক্কা < আ. ফাকা]।

ফেজ (p. 567) [phēja] বি. তুর্কি টুপি বা ওইজাতীয় অন্য টুপি। [তুর. ফেজ. ইং fez]।

ফেটা1 (p. 567) [phēṭā1] বি. ব্যথা ঘা ইত্যাদিতে জড়াবার জন্য কাপড়ের ফালি; পটি। [হি. < সং. পট্টিকা]।

ফেটা2 (p. 567) [phēṭā2] ক্রি. ফেটানো। [হি. √ ফেংট < সং. ফাণ্ট]। ˜ নো ক্রি. বি. নেড়ে নেড়ে ফেনানো (বেসনের গোলা ফেটানো, ডিম ফেটানো)।

ফেটি (p. 567) [phēṭi] বি. 1 ছোটো পটি, ব্যাণ্ডেজ বা কাপড়ের ফালি (পায়ে ফেটি বাঁধা); 2 পাগড়ি; 3 একত্রবদ্ধ কয়েক গোছা সুতো বা লাছি (পশমের ফেটি)। [বাং. ফেটা1 + ই (ক্ষুদ্রার্থে)]।

ফেট্টি (p. 567) [phēṭṭi] বি. 1 ফেটি, কাপড়ের পটি বা ফালি, ব্যাণ্ডেজ (মাথায় ফেট্টি বাঁধা); 2 পাগড়ি। [ফেটি দ্র]।

ফেন (p. 567) [phēna] বি. 1 ফেনা, গাঁজ; 2 মাড় (ভাতের ফেন)। [সং. √ স্ফায় + ন]। ˜ দুগ্ধা বি. দুধফেনি পিঠে। ˜ নিভ বিণ. ফেনার মতো কোমল ও শুভ্র (দুগ্ধফেননিভ শয্যা)।

ফেনক (p. 569) [phēnaka] বি. দুধফেনি পিঠে। [সং. ফেন + ক]।

ফেনা (p. 569) [phēnā] বি. ফেন, গাঁজ; একত্রে উদ্ভূত বুদবুদসমূহ (সমুদ্রের ঢেউয়ের ফেনা)। □ বিণ. সফেন; ফেন বা মাড়যুক্ত (ফেবাভাত)। □ ক্রি, ফেনানো, ফেনিয়ে তোলা। [সং. ফেন + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 নেড়ে নেড়ে ফেনিল করে তোলা বা গাঁজানো (রস জ্বাল দিয়ে ফেনানো); 2 (আল.) ইনিয়েবিনিয়ে কথা বাড়িয়ে তোলা; 3 অতিরঞ্জিত করা। □ বিণ. উক্ত সব অর্থে। ˜ য়.মান বিণ. ফেনাযুক্ত হচ্ছে এমন। ˜ য়িত বিণ. ফেনাযুক্ত হয়েছে এমন (ফেনায়িত দুধ, ফেনায়িত ঢেউ)।

ফেনি (p. 569) [phēni] বি. বড়ো বাতাসাবিশেষ, চিনি বা গুড় দিয়ে তৈরি হালকা বাতাসাবিশেষ। [সং. ফাণিত]। ˜ বাতাসা বি. চিনি বা গুড় দিয়ে তৈরি খুব বড়ো বাতাসা।

ফেনিল (p. 569) [phēnila] বিণ. ফেনাযুক্ত, সফেন (ফেনিল সমুদ্র, ফেনিল তরঙ্গ)। বি. ফেনিলতা। [সং. ফেন + ইল]।

ফেব্রু-য়ারি, ফেব্রু-আরি (p. 569) [phēbru-ẏāri, phēbru-āri] বি. ইংরেজি সনের দ্বিতীয় মাস বাংলা মাঘের মাঝামাঝি থেকে ফাল্গুনের মাঝামাঝি পর্যন্ত। [ইং. February]।

ফের (p. 569) [phēra] বি. 1 সংকট, বিপদ, ভয় (দারুণ ফেরে পড়েছে); 2 অশুভ প্রভাব (অদৃষ্টের ফের); 3 বদল, পরিবর্তন, বিনিময় (শ্রমের ফের, রকমফের); 4 কৌশল, ছলনা (কথার ফেরে তাকে কাবু করে ফেলল); 5 বেড়, বেষ্টন (ফের দিয়ে কাপড় পরা, কাপড়ের ফের)। □ ক্রি-বিণ. আবার, পুনরায় (চলে গিয়ে ফের এসেছে)। [তু. হি. ফির্]। ˜ ফার বি. 1 ছল, কৌশল, মারপ্যাঁচ (কথার ফেরফার); 2 দায়, সংকট।

ফেরত (p. 569) [phērata] বি. 1 প্রত্যর্পণ (বই ফেরত, টাকা ফেরত); 2 পরিশোধ (তোমার বিদ্রুপ তোমাকেই ফেরত দিল); 3 প্রত্যাবর্তন, ফিরে আসা। □ বিণ. 1 প্রত্যর্পিত (ফেরত টাকা); 2 উদ্দিষ্ট ব্যক্তিকে না পেয়ে ফিরে এসেছে এমন (মানি-অর্ডার ফেরত এসেছে); 3 প্রত্যাগত (বিলেতফেরত); 4 অব্যবহিত পরেই ফিরে আসবে এমন (ফেরত ডাক)। [হি. ফির্ + বাং. অত]।

ফেরতা (p. 569) [phēratā] বি. 1 ঘের (ফেরতা দিয়ে কাপড় পরা); 2 বদল (হাতফেরতা); 3 ফিরে আসা (তালফেরতা)। □ বিণ. প্রত্যাগত (বিলেত ফেরতা)। □ ক্রি-বিণ. ফেরার সময়ে (অফিস ফেরতা ওখানে যাব)। [দ্র ফিরা]।

ফেরা, ফেরাফিরি (p. 569) [phērā, phērāphiri] যথাক্রমে ফিরা, ফিরাফিরি -র চলিত ও কথ্য রূপ।

ফেরার (p. 569) [phērāra] বিণ. পলায়িত; আত্মগোপনকারী (বহুদিন যাবত্ সে ফেরার হয়েছে)। [আ. ফিরার]। ফেরারি বিণ. পালিয়ে বেড়াচ্ছে এমন, পলাতক (ফেরারি আসামি)।

ফেরি1 (p. 569) [phēri1] বি. পথে পথে ঘুরে পণ্যবিক্রয় (খেলনা ফেরি করে)। [হি. ফেরী]।˜ ওয়ালা বি. যে ফেরি করে।

ফেরি2 (p. 569) [phēri2] বি. খেয়া পারাপার। [ইং. ferry]।˜ ঘাট বি. যে ঘাট থেকে নদী খাল ইত্যাদি পারাপার হয়।˜ নৌকা বি. যে নৌকাযাত্রী ও মালপত্র নির্দিষ্ট ভাড়ায় পারাপার করে।

ফেরু (p. 569) [phēru] বি. শিয়াল। [সং. ফে + রু]।

ফেরেব (p. 569) [phērēba] বি. প্রবঞ্চনা; জুয়াচুরি। [ফা. ফরেব্]।˜ বাজ বিণ. প্রবঞ্চক, ঠক; ধাপ্পাবাজ।˜ বাজি বি. ফেরেববাজের আচরণ বা বৃত্তি। ফেরেবি বি. প্রবঞ্চনা। □ বিণ. প্রবঞ্চক; প্রতারণাপূর্ণ (ফেরেবি কাজ)।

ফেরেশতা (p. 569) [phērēśatā] বি. (মুস.) দেবদূত। [ফা. ফরিশ্তাহ্]।

ফেল (p. 569) [phēla] বিণ. 1 অনুত্তীর্ণ (পরীক্ষায় ফেল); 2 ব্যর্থ (বড়ো বড়ো ডাক্তারও ফেল হয়ে গেল); 3 নিষ্ক্রিয় (হার্টফেল হওয়া); 4 দেউলিয়া (ব্যাঙ্ক ফেল হওয়া); 5 বন্ধ (কারবার ফেল পড়া); 6 সময়মতো পৌঁছে গাড়ি ধরতে ব্যর্থ (ট্রেন ফেল)। [ইং. fail]।

ফেলন (p. 569) [phēlana] বি. ফেলা, বর্জন; ক্ষেপণ। [ফেলা দ্র]।

ফেলনা (p. 569) [phēlanā] বিণ. ফেলে দেবার বা বর্জন করার যোগ্য, অকিঞ্চিৎকর, তুচ্ছ (সে মোটেই ফেলনা লোক নয়)। [বাং. ফেলন + আ]।

ফেলসানি (p. 569) [phēlasāni] বি. 1 ব্যভিচার, লাম্পট্য; 2 ব্যভিচারজাত গর্ভপাত। [আ. ফিয়েলশানিয়া]।

ফেলা (p. 569) [phēlā] ক্রি. বি. 1 নিক্ষেপ করা, পতিত করা, ঢালা (জঞ্জাল ফেলা, জল ফেলা); 2 ক্ষেপণ করা, ছোড়া (জাল ফেলা); 3 চুকানো, শেষ করা (বই পড়ে ফেলা, খেয়ে ফেলা, মিটিয়ে ফেলা); 4 খাটানো, বিনিয়োগ করা (ব্যাবসায় বহু টাকা ফেলেছে); 5 বর্জন করা (আমাকে ফেলে যেয়ো না, ছাতাটা ফেলে গেলে যে); 6 ত্যাগ করা (বাড়িঘর ফেলে কোথায় যাব?); 7 স্থাপন করা (পা ফেলা); 8 অমান্য বা অগ্রাহ্য করা (তাঁর কথা ফেলতে পারব না); 9 হঠাত্ কিছু করা (কথাটা শুনে ফেলল); 1 নির্ধারিত করা (পরীক্ষার তারিখ ফেলা); 11 অপব্যয় করা (টাকাগুলো ফেলে দিলে); 12 মোচন করা (নিশ্বাস ফেলা)। □ বিণ. পরিত্যক্ত, বর্জিত (ফেলা টাকা, ফেলা ভাত); নিক্ষিপ্ত (ফেলা জাল); বাদ দেওয়া হয়েছে এমন (অনেক জিনিস ফেলা গেছে)। [< হি. ফেকা]। ˜ ছড়া, ˜ ফেলি বি. অযত্নে ছড়ানো; অপব্যয় (বহু জিনিস ফেলাছড়া করেছে)। ফেলে ছড়িয়ে ক্রি-বিণ. অযত্নে ছড়িয়ে, অপব্যয় করে (ওরা বড়োলোক, ফেলে ছড়িয়ে মানুষ হয়েছে)।

ফেস্টুন (p. 569) [phēsṭuna] বি. কাপড় কাগজ প্রভৃতিতে কিছু লিখে লোকের জ্ঞাতার্থে ঝুলিয়ে দেওয়া। [ইং. festoon]।

ফোঁটা (p. 569) [phōn̐ṭā] বি. 1 তিলক, টিপ (চন্দনের ফোঁটা, ভাইফোঁটা); 2 বিন্দুবত্ তরল পদার্থ (রক্তের ফোঁটা, বৃষ্টির ফোঁটা); 3 বিন্দুর মতো চিহ্ন; 4 তাসের চিহ্ন (তাসের ফোঁটা)। □ বিণ. অতি ক্ষুদ্র (এক ফোঁটা ছেলে); অতি সামান্য অংশ (এক ফোঁটা ভাতও নেই)। [সং. √ স্ফুট্]।

ফোঁড় (p. 569) [phōn̐ḍ়] বি. 1 বেঁধন (ছুঁচের ফোঁড়); 2 ছিদ্র; 3 সেলাই (ছুঁচ দিয়ে ফোঁড় তোলা)। □ বিণ. ভেদ করে উঠেছে এমন (ভুঁইফোঁড়)। [বাং. ফুঁড় + অ]। এফোঁড়-ওফেঁড় বিণ. এক দিক থেকে অন্য দিক পর্যন্ত বিদ্ধ (তলোয়ার দিয়ে এফোঁড়-ওফোঁড় করেছে)।

ফোঁড়া2 (বিদ্ধ করা), ফোঁড়ানো, ফোঁড়াফুঁড়ি (p. 570) [phōn̐ḍ়ā2 (biddha karā), phōn̐ḍ়ānō, phōn̐ḍ়āphun̐ḍ়i] যথাক্রমে ফুঁড়া, ফুঁড়ানো ও ফুঁড়াফুঁড়ি -র চলিত রূপ।

ফোঁপর, ফোঁপল (p. 570) [phōm̐para, phōm̐pala] বি. নারকেলের ভেতরের শাঁস বা বীজাঙ্কুর। [দেশি]।

ফোঁপরা (p. 570) [phōm̐parā] বিণ. 1 ঝাঁঝরা, ছিদ্রবহুল ('পানের ভিতর ফোঁপরা': ছড়া); 2 ফাঁপা, শূন্যগর্ভ। [হি. ফোঁপর (ফাঁপা, ছিদ্রযুক্ত)]।

ফোঁপা, ফোঁপানো, ফোঁপানি (p. 570) [phōm̐pā, phōm̐pānō, phōm̐pāni] যথাক্রমে ফুঁপা, ফুঁপানো ও ফুঁপানি -র চলিত ও কথ্য রূপ।

ফোঁস (p. 570) [phōm̐sa] বি. 1 দুঃখ প্রভৃতি চাপা আবেগের আকস্মিক প্রকাশের ফলে তীব্র নিশ্বাসের শব্দ; 2 সাপের গর্জন; 3 ক্রুদ্ধ গর্জন (কথা শুনেই ফোঁস করে উঠল)। [ধ্বন্যা.]। ̃ ফোঁসানি বি. ক্রুদ্ধ গর্জন বা হম্বিতম্বি। ̃ ফোঁসানো ক্রি. বি. রাগ দেখানো, ক্রুদ্ধ হয়ে গর্জন বা হম্বিতম্বি করা।

ফোঁসা (p. 570) [phōm̐sā] ক্রি. বি. ফোঁস শব্দ করা; চাপা গর্জন করা; চাপা গর্জনসহ ফুলে ওঠা (রাগে ফুঁসছে)। [বাং. ফোঁস (√ ফুঁস্) + আ]।

ফোকট (p. 570) [phōkaṭa] বি. (অশোভন) বিনামূল্য, নিখরচা (ফোকটে বেড়িয়ে এলে)। [হি. ফোকট]।

ফোকর (p. 570) [phōkara] বি. গাছ দেওয়াল প্রভৃতিতে ফাটল ফাঁক বা গর্ত। ('পাঁচিলের ফোকর গলে': নজরুল)। [ফুকর দ্র]।

ফোকলা (p. 570) [phōkalā] বিণ. দন্তহীন (ফোকলা হাসি, ফোকলা দাঁতের হাসি)। [দেশি]।

ফোটা1, ফুটা (p. 570) [phōṭā1, phuṭā] ক্রি. (অশি.) 1 চলে যাওয়া, সরে পড়া (তুমি এখান থেকে ফোটো); 2 মরে যাওয়া (ঝি বেটি ফুটে গেছে)। [দেশি]।

ফোটা2, ফোটানো (p. 570) [phōṭā2, phōṭānō] যথাক্রমে ফুটা ও ফুটানো -র চলিত ও কথ্য রূপ।

ফোটো, ফোটো-গ্রাফ (p. 570) [phōṭō, phōṭō-grāpha] যথাক্রমে ফটো ও ফটোগ্রাফ -এর রূপভেদ।

ফোড়ন (p. 570) [phōḍ়na] বি. 1 স্বাদবৃদ্ধির জন্য তপ্ত তেল বা ঘিয়ে মশলা ভেজে ব্যঞ্জনের সঙ্গে মিশ্রণ, সম্বরা; 2 সম্বরার মশলা (পাঁচফোড়ন); 3 অন্যের কথার মধ্যে টিপ্পনী। [সং. স্ফোটন]। ফোড়ন কাটা ক্রি. বি. অন্যের কথার মধ্যে অনাবশ্যক মন্তব্য প্রকাশ করা।

ফোড়া (p. 570) [phōḍ়ā] বি. গায়ের চামড়ায় সচ. পুঁজযুক্ত উদ্ভেদ, ব্রণ, স্ফোটক। [সং. স্ফোটক]।

ফোন (p. 570) [phōna] বি. টেলিফোন, দূরবর্তী ব্যক্তির সঙ্গে কথা বলার যন্ত্রবিশেষ। [ইং. phone]।

ফোপর-দালাল (p. 570) [phōpara-dālāla] বি. যে ব্যক্তি উপর-পড়া হয়ে অপরের ব্যাপারে হস্তক্ষেপ করে বা নাক গলায়; যে অন্যের ব্যাপারে অযাচিতভাবে মাতব্বরি করে। [হি. ফফড় + আ. দালাল]। ফোপর-দালালি বি. ফোপরদালালের আচরণ; মাতব্বরি।

ফোয়ারা (p. 570) [phōẏārā] বি. 1 প্রস্রবণ, ঝরনা, ঊর্ধ্বমুখী জলধারা; 2 উৎস। [আ. ফাওয়ারহ্]।

ফোর-ম্যান (p. 570) [phōra-myāna] বি. 1 সর্দার-শ্রমিক, যে কর্মচারী শ্রমিকদের পরিচালিত করে;. 2 মুখপাত্র। [ইং. foreman]।

ফোরাম (p. 570) [phōrāma] বি. 1 আলাপ-আলোচনার স্থান; 2 আলাপ আলোচনা বা বিতর্কের জন্য ব্যবহৃত পত্রিকা বা মুখপত্র। [ইং. forum]।

ফোলা, ফোলানো (p. 570) [phōlā, phōlānō] যথাক্রমে ফুলা ও ফুলানো -র চলিত রূপ।

ফোসকা, (বর্জি.) ফোস্কা (p. 570) [phōsakā, (barji.) phōskā] বি. জলপূর্ণ ফোড়াবিশেষ; শরীরের অংশবিশেষ পুড়ে গেলে যে জলপূর্ণ ফোড়া হয়। [দেশি- তু. সং. স্ফোটক]।

ফৌজ (p. 570) [phauja] বি. সৈন্যদল। [আ. ফউজ]। ̃ দার বি. সেনাপতি; কোতোয়াল; আঞ্চলিক শাসনকর্তা। [আ. ফউজ + ফা. দার]। ̃ দারি বি. ফৌজদারি মামলা। □ বিণ. মারপিট খুনজখম ইত্যাদি সম্বন্ধীয়। [আ. ফউজ + ফা. দার + বাং. ই]। ফৌজি বিণ. সামরিক, জঙ্গি (ফৌজি বিমান, ফৌজি আক্রমণ)।

ফৌত (p. 570) [phauta] বিণ. 1 মৃত; 2 ফতুর, সর্বস্বান্ত (দেনা মেটাতে মেটাতেই ফৌত হয়ে গেল); 3 দেউলিয়া; 4 নির্বংশ, উত্তরাধিকারীহীন অবস্থায় মৃত। [ফা. ফওত]।

ফ্যাঁকাসে, ফ্যাকাসে (p. 570) [phyānkāsē, phyākāsē] বিণ. 1 পাণ্ডুবর্ণ; 2 রক্তশূন্য (ফ্যাকাসে রং)। [বাং. ফিকা + সিয়া > সে]।

ফ্যা ফ্যা (p. 570) [phyā phyā] বি. ব্যর্থ ঘোরাঘুরি, অনর্থক ঘোরাঘুরির ভাব (সারাদিন চাকরির জন্যে ফ্যা ফ্যা করে ঘুরে বেড়াচ্ছে)। [ধ্বন্যা.]।

ফ্যাচ-ফ্যাচ (p. 570) [phyāca-phyāca] বি. বিরক্তিকর বাচালতা বা ক্রমাগত বকবক বা বাজে বকা (কানের কাছে ফ্যাচফ্যাচ কোরো না)। [দেশি, ধ্বন্যা.]।

ফ্যাচাং (p. 570) [phyācā] বি. 1 ফ্যাঁকড়া; 2 ঝামেলা, ফ্যাসাদ (বাড়ি করার ফ্যাচাং কম নয়)। [দেশি]।

ফ্যাল-ফ্যাল (p. 570) [phyāla-phyāla] বি. বিমূঢ় অবস্থায় একদৃষ্টে চেয়ে থাকার ভাব (ফ্যালফ্যাল করে তার দিকে চেয়ে রইল)। [তু. ভেলভেল < সং. বিহ্বল]।

ফ্যাশন (p. 570) [phyāśana] বি. 1 রেওয়াজ, চাল, ধরন, ঢং (এসব সেকালের ফ্যাশন); 2 বাবুগিরি (এইটুকু ছেলের অত ফ্যাশন ভালো নয়); 3 শৌখিন রীতি। [ইং. fashion]।

ফ্যাসাদ (p. 570) [phyāsāda] বি. 1 ঝঞ্ঝাট, ঝামেলা, বিপত্তি, মুশকিল (ফ্যাসাদে পড়া, ফ্যাসাদ বাধানো); 2 কলহ, ঝগড়াঝাঁটি। [আ. ফসাদ]। ফ্যাসাদে বিণ. ফ্যাসাদ বাধায় এমন; ফ্যাসাদপ্রিয়।

ফ্যাসি-বাদ (p. 570) [phyāsi-bāda] বি. 1 ইতালির স্বৈরশাসক মুস্সোলিনির প্রবর্তিত স্বৈরশাসন পদ্ধতি; 2 সর্বপ্রকার বিরোধিতার কণ্ঠরোধকারী স্বৈরশাসন পদ্ধতি। [ইং. fascism < ইতালীয় fascismo]।

ফ্রক (p. 570) [phraka] বি. মেয়েদের ঘাগরাজাতীয় জামাবিশেষ। [ইং. frock]।

ফ্রন্ট (p. 571) [phranṭa] বি. 1 জোট; 2 ভিন্নমতাবলম্বী দল বা গোষ্ঠীর বিশেষ কোনো কারণে জোটগঠন (যুক্তফ্রন্ট, বামফ্রন্ট)। [ইং. front]।

ফ্রাই (p. 571) [phrāi] বি. ভাজা; মাছ ইত্যাদি ভাজা। [ইং. fry]।

ফ্রাইংপ্যান (p. 571) [phrāimpyāna] বি. যে হাতওয়ালা চ্যাটালো পাত্রে খাবার ভাজা হয়। [ইং. frying pan]।

ফ্রায়েড রাইস (p. 571) [phrāẏēḍa rāisa] বি. চাল ঘি মশলা প্রভৃতি সহযোগে প্রস্তুত পোলাওজাতীয় খাবারবিশেষ। [ইং. fried rice]।

ফ্রি (p. 571) [phri] বিণ. 1 অবৈতনিক (ফ্রি স্কুল); 2 মূল্য দিতে হয় না এমন, মাগনা। [ইং. free]।

ফ্রিজ (p. 571) [phrija] বি. রেফ্রিজারেটর, শীতক, হিমায়ক। [ইং. fridge]।

ফ্রেঞ্চ-কাট (p. 571) [phrēñca-kāṭa] বি. বিণ. (দাড়ি সম্বন্ধে) কেবল থুতনিতে গোটির মতো রাখা দাড়ি। [ভারতীয় ইং. french-cut]।

ফ্রেম (p. 571) [phrēma] বি. কোনোকিছু বেঁধে বা আটকে রাখার জন্য প্রস্তুত বেষ্টনী বা কাঠামো (চশমার ফ্রেম, 'ছবির ফ্রেমে বাঁধিয়ে রাখেন আমসত্ত্ব ভাজা': সু. রা.)। [ইং. frame]।

ফ্লপি (p. 571) [phlapi] বি. ছোটো নমনীয় ও চৌম্বক আস্তরণযুক্ত যে চাকতিতে কম্পিউটারের তথ্যাদি জমিয়ে রাখা হয়। [ইং. floppy disk]।

ফ্লানেল (p. 571) [phlānēla] বি. পশমি কাপড়বিশেষ। [ইং. flannel]।

ফ্লাস্ক (p. 571) [phlāska] বি. প্রধানত জল চা ইত্যাদি গরম রাখার জন্য অপরিবাহী আস্তরণযুক্ত পাত্রবিশেষ। [ইং. flask]।

ফ্ল্যাট (p. 571) [phlyāṭa] বি. 1 অট্টালিকার এক বা একাধিক কক্ষযুক্ত স্বয়ংসম্পূর্ণ বাসগৃহ (ফ্ল্যাট ভাড়া নেওয়া, ফ্ল্যাটবাড়ি); 2 জাহাজঘাটার ভাসমান প্ল্যাটফর্ম; 3 চ্যাপটা তলযুক্ত নৌকা বা মালবাহী স্টিমারবিশেষ। ☐ বিণ. 1 চিৎপাত (বিছানায় ফ্ল্যাট হয়ে পড়লে যে?); 2 অতি ক্লান্ত, বিধ্বস্ত (এক মেয়ের বিয়ে দিয়েই ফ্ল্যাট); 3 হতাশ। [ইং. flat]।

ফ্ল্যাশ, ফ্ল্যাশ-লাইট (p. 571) [phlyāśa, phlyāśa-lāiṭa] বি. 1 অতি উজ্জ্বল আলোর ঝলক; 2 ফোটো অর্থাত্ আলোকচিত্র গ্রহণের জন্য ব্যবহৃত বৈদ্যুতিক আলো (ফ্ল্যাশে ছবি তোলা, ফ্ল্যাশলাইট দিয়ে ছবি তোলা)। [ইং. flash, flash-light]।

ফ্লু (p. 571) [phlu] বি. ইনফ্লুয়েনজা, গায়ে তীব্র ব্যথাযুক্ত জ্বরবিশেষ। [ইং. influenza]।

ব (p. 572) [b] বাংলা বর্ণমালার ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ, অল্পপ্রাণ ওষ্ঠ্য স্পৃষ্ট 'ব্'-ধ্বনির বর্ণরূপ।

বই1 (p. 572) [bi1] বি. 1 পুস্তক, গ্রন্হ; 2 খাতা (হিসাবের বই)। [আ. বহী]।˜ বাজার বি. যেখানে একসঙ্গে বহু বই প্রদর্শিত ও সস্তাদরে বিক্রয় হয়।˜ মেলা বি. বইয়ের প্রদর্শনী ও বিক্রয়ের অস্হায়ী স্হান।

বই2 (p. 572) [bi2] বি. কচুর লতা বা লতি। [দেশি]।

বই3 (p. 572) [bi3] ক্রি. বহন করি, বয়ে বেড়াই (ভূতের বোঝা বই)। [বাং. বহা ক্রিয়ার উত্তম পুরুষে বহি-র চলিত ও কথ্য রূপ]।

বই4, (বর্জি.) বৈ (p. 572) [bi4, (barji.) bai] অব্য, ব্যতীত, ছাড়া, ভিন্ন (একদিন বই দুদিন নয়)। [সং. ব্যতীত]।˜ কি অব্য. নিশ্চয়তা, ঔচিত্য আগ্রহ ইত্যাদি সূচক (হবে বইকি, যায় বইকি, তা বইকি)।

বইঠা (p. 572) [biṭhā] বি. নৌকার ছোটো দাঁড়বিশেষ। [সং. বহিত্র]।

বউ, বৌ (p. 572) [bu, bau] বি. 1 পত্নী, স্ত্রী (বিয়ের পর বউকে নিয়ে বেড়াতে গেল); 2 কুলবধূ বা কুলনারী (পাড়ার বউ-ঝিরাও নীরব ছিল না); 3 নববধূ (বউভাত); 4 পুত্রবধূ বা তত্তুল্যা। [প্রাকৃ. বহু < সং. বধূ]। বউ কথা কও

বি. কোকিলজাতীয় পাখিবিশেষ, পাপিয়া।˜ কাঁটকি বি. যে শাশুড়ি পুত্রবধূকে নিরন্তর খোঁটা ও গঞ্জনা দেয়।˜ ড়ি বি. অল্পবয়স্কা বধূ।˜ দি,˜ দিদি বি. দাদার বউ।˜ ভাত বি. হিন্দুবিবাহে বরের আত্মীয়স্বজনের নববধূর দেওয়া অন্ন গ্রহণরূপ অনুষ্ঠানবিশেষ, পাকস্পর্শ।˜ মা বি. পুত্রবধূ বা তত্তুল্যা কোনো বধূ বা কনিষ্ঠ ভ্রাতার পত্নী।

বউনি1 (p. 572) [buni1] বি. বহনের মজুরি, বয়ে নেওয়ার জন্য মজুরি। [সং. বহন + বাং. ই]।

বউনি2 (p. 572) [buni2] বি. দিনের প্রথম বিক্রয় বা বিক্রয়লব্ধ মূল্য। [হি. বোহনী < সং. বর্ধনী]।

বউল (p. 572) [bula] বি. মুকুল, বোল (আমের বউল)। [সং. √ মুকুল]।

বউলি, বৌলি (p. 572) [buli, bauli] বি. (আমের) মুকুলের আকৃতির গহনাবিশেষ। [বাং. বউল + ই]।

বওয়া2, বওয়াটে (p. 572) [bōẏā2, bōẏāṭē] যথাক্রমে বখা ও বখাটে -র কথ্য রূপ।

বংশ1 (p. 572) [baṃśa1] বি. 1 বাঁশ; 2 বাঁশি; 3 পিঠের দাঁড়া (পৃষ্ঠবংশ)। [সং. √ বম্ + শ]।˜ দণ্ড বি. বাঁশের লাঠি।˜ পত্র বি. বাঁশপাতা।˜ লোচন বি. বাঁশের মধ্যে উৎপন্ন কর্পূরের মতো সাদা দ্রব্যবিশেষ, বংশরোচনা।

বংশ2 (p. 572) [baṃśa2] বি. 1 পুরুষপরম্পরা (বংশানুক্রমে); 2 কুল, গোষ্ঠী, গোত্র (একই বংশের সন্তান); 3 সন্তানসন্ততি (বংশরক্ষা, নির্বংশ)। [সং. √ বম্ + শ]। ~ কৌলীন্য বি. বংশমর্যাদা, উঁচু বংশের গৌরব। ~ গত বিণ. পুরুষানুক্রমে প্রাপ্ত (বংশগত রোগ); বংশের বৈশিষ্ট্যস্বরূপ। ~ গতি বি. বংশানুক্রমে দৈহিক ও মানসিক বৈশিষ্ট্যের সংক্রমণ, heredity (বি. প.)। ~ চরিত বি. বংশের ইতিহাস। ~ চ্যুত বিণ. বংশ থেকে বিচ্যুত। ~ জ বিণ. 1 বংশে জাত; 2 সদ্বংশীয়; 3 কুলভ্রষ্ট কুলীন, মৌলিক। ~ তিলক বি. বিণ. বংশের গৌরব বা গৌরবস্বরূপ। ~ ধর বি. যে কুলের অস্তিত্ব বজায় রাখে, বংশের পরবর্তী সন্তান; সন্তান। ~ নাশ ~ ক্ষয়, ~ ধ্বংস বি. বংশের অবলুপ্তি। ~ পরম্পরা বি. বংশের ধারা। ~ বৃদ্ধি বি. বংশের সন্তানদের জন্ম; বংশধরদের সংখ্যাবৃদ্ধি। ~ মর্যাদা বি. বংশের ঐতিহ্য অনুযায়ী প্রাপ্য সম্মান, আভিজাত্য। ~ রক্ষা বি. সন্তানের জন্মদান করে বংশকে অব্যাহত রাখা। ~ লোপ বংশনাশ -এর অনুরূপ। ~ লতা বি. শাখাপ্রশাখাক্রমে বিন্যস্ত বংশতালিকা। বংশে বাতি দেওয়া ক্রি. বি. 1 মৃত পিতৃপুরুষদের আত্মার মঙ্গল কামনায় কার্তিক মাসের পিতৃপক্ষে আকাশপ্রদীপ জ্বালা; 2 (আল.) বংশধররূপে বংশ বাঁচিয়ে রাখা।

বংশাঙ্কুর (p. 572) [baṃśāṅkura] বি. বাঁশের কোঁড়া। [সং. বংশ + অঙ্কুর]।

বংশানুক্রম (p. 572) [baṃśānukrama] বি. বংশের ধারা, বংশপরম্পরা। [সং. বংশ + অনুক্রম]। বংশানু-ক্রমিক বিণ. বংশের ধারা-অনুযায়ী, বংশপরম্পরাগত।

বংশানু-চরিত (p. 572) [baṃśānu-carita] বি. বংশের পুরুষানুক্রমিক ইতিহাস। [সং. বংশ + অনুচরিত]।

বংশাব-তংস (p. 572) [baṃśāba-taṃsa] বি. বংশের অলংকারস্বরূপ, কুলচূড়ামণি, বংশের শ্রেষ্ঠ প্রতিনিধি। [সং. বংশ + অবতংস]।

বংশাবলি (p. 572) [baṃśābali] বি. বংশের তালিকা, কুলজি। [সং. বংশ + আবলি]।

বংশিক (p. 572) [baṃśika] বিণ. বংশীয়, বংশজ। [সং. বংশ + ইক]।

বংশিকা (p. 572) [baṃśikā] বি. বাঁশি; বাঁশের বাঁশি। [সং. বংশিক + আ (স্ত্রী.)]।

বংশী (p. 572) [baṃśī] বি. বাঁশি (বংশীধ্বনি)। [সং. বংশ + ঈ]।˜ ধর,˜ ধারী (-রিন্),˜ বদন বি. শ্রীকৃষ্ণ।˜ বট বি. বৃন্দাবনে যে বটবৃক্ষের মূলে শ্রীকৃষ্ণ বাঁশি বাজাতেন।

বংশীয়, বংশ্য (p. 572) [baṃśīẏa, baṃśya] বিণ. 1 বংশে জাত, বংশে জন্ম হয়েছে এমন (চন্দ্রবংশীয়); 2 বংশসম্বন্ধীয়। [সং. বংশ + ঈয়, য]।

বংশোদ্ভব, বংশোদ্ভূত (p. 572) [baṃśōdbhaba, baṃśōdbhūta] বিণ. বংশজাত, বংশজ, বংশে জন্ম হয়েছে এমন (উচ্চ বংশোদ্ভব পুরুষ)। [সং. বংশ + উদ্ভব, উদ্ভূত]।

বঁইচি (p. 572) [bam̐ici] বি. বৌঁচ গাছের অম্লমধুর ফলবিশেষ। [দেশি].

বঁটি (p. 572) [bain̐ṭi] বি. বসে বসে মাছ তরকারি প্রভৃতি কাটার বাঁটাযুক্ত অস্ত্রবিশেষ। [মুণ্ডা. বইন্টি]।

বঁড়শি (p. 572) [bain̐ḍ়śi] বি. বাঁকা ছুঁচলো লোহার কাঁটাবিশেষ যাতে টোপ গেঁথে মাছ ধরা হয়। [সং. বড়শি]।

বঁধু, বঁধুয়া (p. 573) [ban̐dhu, ban̐dhuẏā] বি. (কাব্যে) 1 বন্ধু; 2 প্রণয়ী; 3 প্রিয় (পরানবঁধু, 'বঁধুয়া হিয়াপর আওরে': রবীন্দ্র)। [সং. বন্ধু]।

বক (p. 573) [baka] বি. 1 মাছ শিকারে পটু সাধারণত সাদা পাখিবিশেষ; 2 মহাভারতে বর্ণিত ভীম কর্তৃক নিহত রাক্ষসবিশেষ; 3 সাদা রঙের ফুলবিশেষ। [সং. √ বঙ্ক্ + অ]। বক (বগ) দেখানো ক্রি. বি. বকের গলা ও মুখের মতো হাত বেঁকিয়ে অশোভনভাবে বিদ্রুপ করা। ˜ ধার্মিক বিণ. বি. ধার্মিকতার ভানধারী; ধর্মধ্বজাধারী; ভণ্ড।

বকনা (p. 573) [bakanā] বি. এখনও গর্ভধারণ করেনি এমন অল্পবয়স্কা গাভি, স্ত্রী-বাছুর। [< সং. বষ্কয়ণী]।

বকবক (p. 573) [bakabaka] বি. বিরক্তিকর বাচালতা (বকবক করা)। [ধ্বন্যা.]। বকবকানি বি. ক্রমাগত বাজে কথা বলা, বাচালতা (তোমার বকবকানি এবার থামাও)।

বকবকম (p. 573) [bakabakama] বি. পায়রার ডাকের আওয়াজ। [ধ্বন্যা.]।

বকবৃত্তি (p. 573) [bakabṛtti] বি. 1 কপট ধার্মিকতা; 2 ভণ্ডামি (তার বকবৃত্তি ধরা পড়ে গিয়েছে); 3 শঠতা। □ বিণ. শঠ; ভণ্ড (বকবৃত্তিব্রাহ্মণ)। [সং. বক + বৃত্তি]। বক-ব্রতী (-তিন্) বিণ. শঠ; কপট ধার্মিক; ভণ্ড।

বকম-কাঠ (p. 573) [bakama-kāṭha] বি. বৃক্ষবিশেষ বা তার কাঠ। [দেশি]।

বকযন্ত্র (p. 573) [bakayantra] বি. 1 গলার কাছে বাঁকা এমন পাতনযন্ত্রবিশেষ, retort, still (বি.প.); 2 রোগীর বুক ও শ্বাসপ্রশ্বাস পরীক্ষার ডন্য ডাক্তারি যন্ত্রবিশেষ, স্টেথোস্কোপ। [সং. বক (সদৃশার্থে) + যন্ত্র]।

বকরা (p. 573) [bakarā] বি. ছাগ। [আ. বক্র-তু. সং. বর্কর]। বকরি বি. (স্ত্রী.) ছাগী।

বকরিদ, বকর ইদ (p. 573) [bakarida, bakara ida] বি. আব্রাহাম কর্তৃক আল্লার উদ্দেশে স্বীয় পুত্রকে বলিদানের স্মারকস্বরূপ মুসলমানি পর্ব, ইদ্-উজ্-জুহা। [আ. বক্র + ঈদ্]।

বকলম (p. 573) [bakalama] বি. (প্রধানত লিখতে অক্ষম এমন) কোনো ব্যক্তির পরিবর্তে যে স্বাক্ষর করে। [আ. বকলম্]।

বকলস (p. 573) [bakalasa] বি. ফিতে বেল্ট প্রভৃতি আটকাবার ক্লিপজাতীয় কাঁটাযুক্ত খিলবিশেষ। [ইং. buckles]।

বকশি (p. 573) [bakaśi] বি. 1 (মুসলমান আমলের) নগর বা গ্রামের বিশিষ্ট সরকারি কর্মচারীবিশেষ; 2 পদবি বা উপাধিবিশেষ। [তুর. বখ্শী]।

বকশিশ (p. 573) [bakaśiśa] বি. পুরস্কার, ইনাম; খুশি হয়ে প্রদত্ত পারিতোষিক। [ফা. বখ্শীশ]।

বকা1 (p. 573) [bakā1] ক্রি. বি. 1 বাচালতা প্রকাশ করা, বকবক করা (ছেলেটি বড্ড বকে); 2 (অনর্থক বা অধিক) কথা বলা (বেশি বকছ কেন, আমি সব জানি); 3 তিরস্কার করা, ধমকানো (দাদা বকবে)। [সং. √ বচ্ + বাং. আ]। ̃নো ক্রি. বি. বাজে কথা বলানো; অনর্থক বা বেশি কথা বলানো। ̃ ঝকা বি. বকুনি, তিরস্কার। ̃ বকি বি. 1 তিরস্কার, বকুনি; 2 বিতর্ক; 3 কলহ।

বকা2, বকাটে, বকামি (p. 573) [bakā2, bakāṭē, bakāmi] যথাক্রমে বখা, বখাটে ও বখামি -র রূপভেদ।

বকাণ্ড-প্রত্যাশা (p. 573) [bakāṇḍa-pratyāśā] বি. বক কর্তৃক বৃষের অণ্ড পাবার আশার মতো বৃথা আশা; দুর্লভ বস্তু লাভের আশা। [সং. √ বক + অণ্ড + প্রত্যাশা]।

বকুনি (p. 573) [bakuni] বি. 1 তিরস্কার, ভৎর্সনা, ধমক (মায়ের কাছে বকুনি খাবে); 2 বকবক করা, বকবকানি। [বাং. √ বক্ (< সং. বুক্ক) + অন = বকন + বাং. ই]।

বকুল (p. 573) [bakula] বি. সুগন্ধি সাদা ফুলবিশেষ বা তার গাছ। [সং. √ বচ্ + উল]।

বকেয়া1 (p. 573) [bakēẏā1] বিণ. 1 অবশিষ্ট, বাকি (বকেয়া পাওনা, বকেয়া টাকা আদায়); 2 পুরাতন। [আ. বকীয়া]। বকেয়া বাকি বি. গত বছরের বাবদ বাকি।

বকেয়া2, বখেয়া (p. 573) [bakēẏā2, bakhēẏā] বি. সেলাইয়ের প্রণালীবিশেষ, সহজেই খুলে ফেলা যায় এমন সেলাইবিশেষ। [আ. বখিয়া]।

বক্কাল (p. 573) [bakkāla] বি. 1 ওষুধ হিসাবে ব্যবহৃত গাছগাছড়া; 2 রান্নার মশলাবিশেষ। [আ. বক্কাল্]।

বক্তব্য (p. 573) [baktabya] বিণ. 1 বলতে হবে এমন; 2 বলার যোগ্য (সব কথা বক্তব্য নয়); 3 আলোচ্য, বিবেচ্য (দেশের সংহতিই এখন আমাদের বক্তব্য বিষয়)। □ বি. 1 কথা (আমার বক্তব্য বলেছি); 2 আলোচ্য বিষয় (তিনি সত্ কি না সেটাই আমাদের বক্তব্য); 3 প্রস্তাব (এ বিষয়ে আর কোনো বক্তব্য নেই)। [সং. √ বচ্ + তব্য]।

বক্তা (p. 573) [baktā] (-ক্তৃ) বিণ. বি. 1 বক্তৃতাকারী (সভায় দুজন বক্তা ছিলেন); 2 উক্তিকারী (সে-ই এই বক্তব্যের বক্তা); 3 বাক্পটু (তুমি হলে গিয়ে বক্তা লোক, তোমার সঙ্গে কথায় পারব না)। [সং. √ বচ্ + তৃ]।

বক্তার (p. 573) [baktāra] বিণ. বি. 1 বক্তৃতাপটু; 2 অপার্থিব বা অলৌকিক প্রভাবের আবেশে বক্তৃতা করে এমন। [তু. সং. বক্তৃ]।

বক্তৃতা (p. 573) [baktṛtā] বি. 1 (সমবেত শ্রোতার সামনে) ভাষণ; 2 বাগ্বিন্যাস; 3 বাক্পটুতা। [সং. বক্তৃ + তা]।

বক্ত্র (p. 573) [baktra] বি. মুখ; মুখমণ্ডল। [সং. √ বচ্ + ত্র]।

বক্র (p. 573) [bakra] বিণ. 1 বাঁকা, সোজা বা সরল নয় এমন (বক্রপথ, বক্রগতি); 2 কুটিল (বক্র ইঙ্গিত, বক্রকটাক্ষ)। □ বি. 1 বাঁক, মোড়; 2 (বিরল) মঙ্গলগ্রহ। [সং. √ বঙ্ক্ + র]। ˜ গামী (-মিন্) বিণ. বাঁকা পথে চলে এমন। ˜ গ্রীব বিণ. যার বাঁকা গলা। ˜ ণ বি. বক্রীকরণ। ˜ তা বি. বাঁকাভাব, অসরলতা; বাঁক। ˜ দংষ্ট্র বিণ. বাঁকা দাঁতযুক্ত। ˜ দৃষ্টি বি. বাঁকা চাহনি বা কুটিল চাহনি; কটাক্ষ। □ বিণ. বাঁকা চাহনিযুক্ত। ˜ নাস বিণ. (টিয়া প্রভৃতি পাখির মতো) বাঁকা নাকওয়ালা। ˜ রেখা বি. বাঁকা রেখা, যে রেখা সরল বা সোজা নয়। বক্রাক্ষ বিণ. টেরা, বাঁকা দৃষ্টিযুক্ত। বক্রিমা (-মন্) বি. বক্রতা।

বক্রী (p. 573) [bakrī] (-ক্রিন্) বিণ. 1 বাঁকা; 2 প্রতিকূল। [সং. বক্র + ইন্]।

বক্রীকরণ (p. 573) [bakrīkaraṇa] বি. বাঁকা করা, বাঁকানো। [সং. বক্র + ঈ (চ্বি) + √ কৃ + অন]।

বক্রোক্তি (p. 573) [bakrōkti] বি. 1 শ্লেষপূর্ণ বা বিদ্রুপাত্মক বাক্য; 2 টিটকারি; 3 তির্যক মন্তব্য; 4 প্রচ্ছন্ন নিন্দাবাদ; 5 কাব্যালংকারবিশেষ-এতে বক্তা যে অর্থে কথা বলে শ্রোতা সেই অর্থে গ্রহণ না করে অন্য অর্থে গ্রহণ করে। [সং. বক্র + উক্তি]।

বক্ষ, বক্ষঃ (p. 573) [bakṣa, bakṣḥ] (-ক্ষস্) বি. 1 বুক (তীক্ষ্ণ শরে বক্ষ বিদীর্ণ হল); 2 হৃদয়, অন্তর ('বাসনার বক্ষোমাঝে কেঁদে মরে ক্ষুধিত যৌবন': বুদ্ধ)। [সং. √ বক্ষ্ + অস্]। বক্ষঃ-স্হল বি. বুকের উপরিভাগ; বুক, হৃদয়।˜ ত্রাণ বি. বুক রক্ষার জন্য বর্মবিশেষ।

বক্ষোজ, বক্ষোরুহ (p. 573) [bakṣōja, bakṣōruha] বি. স্তন, পয়োধর। [সং. বক্ষস্ + √ জন্ + অ, বক্ষস্ + √ রুহ্ + স]।

বক্ষোপরি (p. 573) [bakṣōpari] ক্রি-বিণ. বুকের উপরে। [সং. বক্ষঃ + উপরি]।

বক্ষ্য-মাণ (p. 573) [bakṣya-māṇa] বিণ. 1 বলা হবে এমন (বক্ষ্যমাণ কাহিনি); 2 (বাং.) আলোচ্য, বলা হচ্ছে এমন। [সং. বচ্ + স্যমান]।

বক্সিং (p. 573) [baksi] বি. ঘুসোঘুসির লড়াই বা প্রতিযোগিতা। [ইং. boxing]।

বখরা (p. 573) [bakharā] বি. অংশ, ভাগ (আমার বখরা কোথায় ? সবাই বখরা করে নিল)। [ফা. বখ্রহ্]।˜ দার বি. অংশীদার।˜ দারি বি. অংশের বিভাগ; অংশের ভাগ ভোগের অধিকার।

বখা (p. 573) [bakhā] ক্রি. 1 কুসংসর্গে নষ্ট হওয়া, বয়ে যাওয়া, দুশ্চরিত্র হওয়া (ছেলেটা একেবারেই বখে গেছে); 2 বখানো। □ বি. উক্ত উভয় অর্থে। □ বিণ. 1 বখে গেছে এমন (বখা ছেলের সঙ্গে মিশতে দিয়ো না); 2 বাচাল, ফাজিল। [সং. বহ্ + বাং. আ; অথবা সং. √ বচ্ + বাং. আ]।˜ ট,˜ টে বিণ. বখে গেছে এমন।˜ নো ক্রি. বি. বখাটে করা (তুমিই ছেলেটাকে বখিয়েছ)। □ বিণ. উক্ত অর্থে।˜ মি,˜ মো বি. বখা লোকের আচরণ বা ভাব; ফাজলামি; বাচালতা।

বখিল (p. 573) [bakhila] বি. কৃপণ। [আ. বখীল্]।

বখেড়া (p. 573) [bakhēḍ়ā] বি. 1 বাধা, বিঘ্ন, প্রতিবন্ধক; 2 ঝঞ্ঝাট, ঝামেলা; 3 ঝগড়া (আচ্ছা বখেড়া বেধেছে)। [হি. বখেড়া-তু. বাগড়া]।

বখেয়া-বকেয়া2 (p. 573) [bakhēẏā-bakēẏā2] এর রূপভেদ।

বগ্গা (p. 573) [baggā] দ্র একবর্গা।

বগয়রহ, গয়রহ (p. 573) [bagaẏaraha, gaẏaraha] (আদালতি ভাষা) অব্য. ইত্যাদি, প্রভৃতি ('আসামী ফরিয়াদী সাক্ষী সাবুদ গয়রহ': সু.রা.)। □ বি. 1 অন্য সকল ব্যক্তি; 2 সমুদয়, আর সমস্ত। [ফা. বগয়রহ্-তু. আ. গায়রহ্]।

বগল (p. 573) [bagala] বি. 1 বাহুমূল, বাহুমূলের নিম্নদেশ, কক্ষ; 2 পার্শ্ব; 3 সামীপ্য, নৈকট্য। [ফা. বগল্]। ̃ দাবা বিণ. 1 বগলে চেপে ধরা বা চেপে রাখা হয়েছে এমন; 2 (আল.) বাগানো হয়েছে এমন, আত্মসাত্ (বইখানা বগলদাবা করেছে); 3 গোপনে অপহৃত। বগল বাজানো ক্রি. বি. 1 আনন্দ প্রকাশের জন্য বগলে করতল চেপে শব্দ করা; 2 (অশি.) জয়োল্লাস বা উল্লাস প্রকাশ করা।

বগলা (p. 573) [bagalā] বি. দশমহাবিদ্যার রূপবিশেষ; দুর্গা। [সং.]।

বগলি (p. 573) [bagali] বি. 1 ছোটো থলি; 2 বটুয়া। [ফা. বগলী]।

বগা (p. 573) [bagā] বি. (ব্যঙ্গার্থে বা তুচ্ছার্থে) বক (কাগাবগা)। [বাং. বগ + অ]।

বগি1 (p. 573) [bagi1] বি. রেলে যাত্রীবাহী গাড়ির কামরা (রেলের বগি)। [ইং. bogie]।

বগি2 (p. 573) [bagi2] বি. কানা-উঁচু কাঁসার থালা। □ বিণ. কানা-উঁচু (বগি থালা)। [দেশি]।

বঙ্ক (p. 573) [baṅka] বি. নদীর বাঁক। □ বিণ. বাঁকা, বক্র। [সং. বক্র > প্রাকৃ. বঙ্ক]।

বঙ্কা (p. 573) [baṅkā] বিণ. (প্রা. কা.) বাঁকা। [বঙ্ক দ্র]।

বঙ্কিম, বংকিম (p. 573) [baṅkima, baṅkima] বিণ. 1 বাঁকা, 2 ঈষত্ বাঁকা (বঙ্কিম ভঙ্গি); 3 কুটিল (বঙ্কিম চাহনি)। [প্রাকৃ. বঙ্ক + বাং. ইম (তুল্যার্থে)]। ̃ চন্দ্র বি. বাঁকা চাঁদ। ̃ বিহারী বি. শ্রীকৃষ্ণ।

বঙ্গ1 (p. 573) [baṅga1] বি. রাং, টিন। [সং. √ বঙ্ + অ]।

বঙ্গ2 (p. 573) [baṅga2] বি. 1 বর্তমান বাংলা প্রদেশ বা রাজ্য (পশ্চিমবঙ্গ); 2 প্রাচীন পূর্ববঙ্গ। [সং. √ বঙ্ + অ]। ̃ জ বিণ. 1 বঙ্গ দেশে উৎপন্ন; 2 বঙ্গদেশীয় (বঙ্গজ কায়স্থ)। □ বি. বাঙালি কায়স্থদের শ্রেণিবিশেষ। ̃ দেশ বি. বাংলাদেশ। ̃ ভঙ্গ বি. 195 সালে বড়োলাট লর্ড কার্জন কর্তৃক বাংলা প্রদেশকে দুই ভাগে ভাগ। ̃ ভাষা বি. বাংলা ভাষা। ̃ সমাজ বি. বাঙালির সমাজ। বঙ্গাব্দ বি. 593 খ্রিস্টাব্দ থেকে গণিত বাংলা সাল। বঙ্গীয় বিণ. বঙ্গদেশসম্বন্ধীয়; বঙ্গদেশে জাত।

বচ (p. 573) [baca] বি. ঝাল বা কটু কন্দবিশেষ। [সং. বচা]।

বচন (p. 573) [bacana] বি. 1 কথা, বাক্য (দুর্বচন, বচনবাগীশ); 2 উক্তি (শাস্ত্রবচন); 3 প্রবাদ, প্রবচন; 4 (ব্যাক.) পদের একত্ব বা বহুত্ব (একবচন, বহুবচন)। [সং. √ বচ্ + অন]। ̃ বাগীশ বিণ. 1 বাক্পটু; 2 কেবল কথা বলতেই পটু। বচনাতীত বিণ. কথার দ্বারা বা বাক্যের দ্বারা বোঝা বা বোঝানো যায় না মন। বচনীয় বিণ. 1 বাচ্য, কথনযোগ্য; 2 নিন্দনীয়।

বচসা (p. 573) [bacasā] বি. তর্কাতর্কি; ঝগড়া (সামান্য ব্যাপার নিয়ে বচসা বেধে গেল)। [সং. বচস্ + বাং. আ (স্বার্থে)]।

বচ্ছর (p. 573) [bacchara] বি. (আঞ্চ.) বছর (বচ্ছরকার দিন)। [প্রাকৃ. বচ্ছর]।

বছর (p. 573) [bachara] বি. বৎসর (এই বছর, আগামী বছর)। [প্রাকৃ. বচ্ছর < সং. বৎসর]।˜ কার দিন, বছরের দিন বি. উৎসব অনুষ্ঠানের দিন; শুভ দিন (বছরকার দিনে ছেলেটাকে মারলে?)।˜ ভর ক্রি-বিণ. সারা বছর ধরে (সে বছরভর পরিশ্রম করেছে)।

বজ-বজ (p. 573) [baja-baja] বি. 1 পচে নরম হওয়ার ভাব; 2 ঘন ও নরম পচা পদার্থ থেকে বুদবুদ ওঠার শব্দ। [ধ্বন্যা.-তু. হি. বজবজা]। বজ-বজে বিণ. পচাগলা বা বুদবুদযুক্ত (আমগুলো পচে বজবজে হয়ে গেছে)।

বজরা (p. 573) [bajarā] বি. বড়ো এবং ধীরগামী নৌকাবিশেষ। [ইং. barge]।

বজায় (p. 573) [bajāẏa] বিণ. কায়েম, বলবত্, রক্ষিত, অক্ষুণ্ণ আছে এমন (চাকরি বজায় আছে, সম্মান বজায় রইল)। [ফা. বজাএ]।

বজ্জাত (p. 575) [bajjāta] বিণ. দুষ্ট, বদমাশ, দুর্বৃত্ত ('হতভাগা মাতাল বেঁটে বজ্জাত': রাজ. বসু)। [ফা. বদ্‌জাত]। বজ্জাতি বি. বজ্জাতের আচরণ, বদমায়েশি।

বজ্র (p. 575) [bajra] বি. 1 ঝড়বৃষ্টির সময় আকাশে বিদ্যুতের ঝলকানির সঙ্গে সঙ্গে যে প্রচণ্ড শব্দ হয়; বাজ, অশনি, কুলিশ; 2 দধীচির অস্থিতে নির্মিত ইন্দ্রের অস্ত্র; 3 গুণনের × এই চিহ্ন; 4 (জ্যোতিষ) মানবদেহে বিশেষত হাতের

চেটো ও পায়ের তলায় × চিহ্ন; 5 যোগবিশেষ, আসনবিশেষ; 6 হীরক। □ বিণ. অত্যন্ত কঠিন বা কঠোর (বজ্রকঠোর)। □ বিণ-বিণ. প্রচণ্ড, নিদারুণ। [সং. √ বজ্ + র]। ˜ কঠিন বিণ. বজ্রের মতো কঠিন, অত্যন্ত শক্ত। ˜ কেতু বি. নরকের অধিপতি। ˜ গম্ভীর বিণ. বজ্রনাদের মতো গম্ভীর। ˜ গুণন (বীজ.) বীজগণিতে গুণের প্রক্রিয়াবিশেষ, cross-multiplication. ˜ ধর, ˜ পাণি, বজ্রী (-ব্রিন্) বি. ইন্দ্র। ˜ ধ্বনি, ˜ নাদ, ˜ নির্ঘোষ বি. বজ্রপাতের আওয়াজ। ˜ পাত বি. বাজ পড়া। ˜ মণি, ˜ মাণিক বি. মহামূল্য মণি বা রত্ন ('বজ্রমাণিক দিয়ে গাঁথা, আষাঢ় তোমার মালা': রবীন্দ্র)। ˜ মুষ্টি, (কথ্য) ˜ মুঠি বি. বজ্রের মতো কঠিন বা দৃঢ় মুষ্টি। ˜ যান বি. তান্ত্রিক বৌদ্ধ ধর্মের নামবিশেষ, শূন্যতাযান। ˜ লেপ বি. দুর্ভেদ্য প্রলেপবিশেষ, শ্রীবাসকরস ভল্লাতক অতসী বেল প্রভৃতি দিয়ে তৈরি কবিরাজি প্রলেপবিশেষ। বজ্রাগ্নি বি. বিদ্যুত্। বজ্রাঘাত বি. বজ্রের আঘাত, বাজের আঘাত। বজ্রাহত বিণ. 1 বজ্রের আঘাতে আহত; 2 (আল.) প্রচণ্ড আঘাতে বিমূঢ়। বজ্রাসন বি. যোগাসনবিশেষ।

বঞ্চন, বঞ্চনা (p. 575) [bañcana, bañcanā] বি. প্রতারণা, শঠতা। [সং. √ বঞ্চ্ + ণিচ্ + অন, আ]। বঞ্চক বিণ. বি. বঞ্চনাকারী, প্রতারক, শঠ। বঞ্চনীয় বিণ. বঞ্চনার যোগ্য। বঞ্চিত বিণ. 1 প্রতারিত; 2 সুযোগ দেওয়া হয়নি এমন, সুবিবেচনা পায়নি এমন (সুযোগ থেকে বঞ্চিত); 3 অভাবে কাতর ('বঞ্চিত ক'রে বাচালে মোরে': 'কেন বঞ্চিত হব চরণে': র.সে.); 4 অনধিকারী (ও রসে বঞ্চিত)।

বঞ্চা (p. 575) [bañcā] ক্রি. (প্রধানত কাব্যে) 1 প্রতারিত করা; 2 বিরহিত বা বিহীন করা; 3 কাটানো, যাপন করা ('সুখে বঞ্চিত দিন'); 4 বাস করা ('আমি বঞ্চি একাকিনী': চণ্ডী)। □ বি. উক্ত সব অর্থে। [সং. √ বঞ্চ্ + বাং. আ]।

বঞ্জুল (p. 575) [bañjula] বি. 1 বেতস, বেত; 2 অশোক ফুল বা গাছ; 3 স্থলপদ্মবিশেষ; 4 পাখিবিশেষ। □ বিণ. বাঁকা, বক্র। [সং. √ বঞ্চ্ + উল]।

বট (p. 575) [baṭa] বি. সুবৃহত্ ও দীর্ঘজীবী গাছবিশেষ, ন্যগ্রোধ। [সং. √ বট্ + অ]।

বট্-ঠাকুর (p. 575) [baṭ-ṭhākura] বি. (কথ্য) ভাশুর। [বাং. বড়2 + ঠাকুর]।

বট-ব্যাল (p. 575) [baṭa-byāla] বি. ব্রাহ্মণের পদবিবিশেষ।

বটা (p. 575) [baṭā] ক্রি. (আঞ্চ.) হওয়া (তুমি কে বট, তুই কে বটিস, আমি রাজা বটি)। [সং. √ বৃত্ + বাং. আ]।

বটিকা, বটী (p. 575) [baṭikā, baṭī] বি. বড়ি, গুলি (ঔষধের বটিকা)। [সং. বট + কণ্ + আ, বট + ঈ]।

বটু, বটুক (p. 575) [baṭu, baṭuka] বি. 1 ছোটো ছেলে; 2 ব্রাহ্মণ বালক। [সং. বট + উ, ক]।

বটুয়া (p. 575) [baṭuẏā] বি. (প্রধানত স্ত্রীলোকদের ব্যবহারে জন্য) কাপড়ের তৈরি ছোটো থলি। [ওড়ি > হি. বটুয়া]।

বটে (p. 575) [baṭē] অব্য. 1 (অবধারণার্থক) সত্যই, প্রকৃতই (ঠিক বটে, তাই বটে); 2 (সন্দেহসূচক বা বিস্ময়সূচক প্রশ্নে) তাই নাকি ? (বটে?); 3

পক্ষান্তরে, যদিও ('রমণীর প্রাণ অনেক সহিতে পারে বটে, তবু/তারো সীমা আছে': দ্বি. রা.); 4 ব্যঙ্গে (বীর বটে?); 5 শাসনে বা ভয় প্রদর্শনে (বটে রে, এক আস্পর্ধা)। [বটা দ্রা]।

বটের (p. 575) [baṭēra] বি. তিতিরজাতীয় পাখিবিশেষ, লাব, quail. [< সং. বর্তক]।

বডি-গাড (p. 575) [baḍi-gāḍa] বি. দেহরক্ষী। [ইং. bodyguard]।

ব়ডিস (p. 575) [b◌ḍisa] বি. স্ত্রীলোকের স্তানাবরণবিশেষ, ব্রা। [ইং. bodice]।

বড্ড (p. 575) [baḍḍa] বিণ. ক্রি-বিণ. বিণ-বিণ. বড়ো, খুব (বড্ড ব্যথা, বড্ড লেগেছে, বড্ড বোকা)। [প্রাকৃ. বড়্ড]।

বড়1 (p. 575) [baḍ◌1] বি. (আঞ্চ.) খড় দিয়ে তৈরি মোটা দড়ি (বড় দিয়ে খড়ের আঁটি বাঁধা)। [দেশি]।

বড়2, বড়ো (p. 575) [baḍ◌2, baḍ◌ō] বিণ. 1 বৃহত্, প্রকাণ্ড (বড় গাছ, বড়ো বাড়ি); 2 দীর্ঘ, লম্বা (বড় বাঁশ); 3 স্ফীত, স্থূল (বড় জালা, বড়ো পেট); 4 প্রশস্ত (বড়ো ঘর, বড়ো রাস্তা); 5 উচ্চস্বরযুক্ত (বড় গলা); 6 তীব্র প্রতিদ্বন্দ্বিতামূলক, অত্যন্ত উত্তেজনাপূর্ণ, অতি কৌতূহলোদ্দীপক (বড়ো খেলা, বড় মামলা, বড় লড়াই); 7 অধিক, খুব, অত্যন্ত (বড়ো দুঃখ); 8 জ্যোষ্ঠ (বড় ভাই, আমার চেয়ে দুবছরের বড়ো); 9 শ্রেষ্ঠ ('আপনারে বড় বলে বড় সেই নয়'); 1

সম্মানে প্রধান (বড়মা); 11 উচ্চপদস্থ (বড়বাবু, বড়দারোগা, বড়সাহেব); 12 সম্ভ্রান্ত (বড়ো বংশ); 13 ধনবান (বড়লোক); 14 আসল (বড় কথা); 15 গর্বিত (বড় মুখ); 16 যোগ্য, দক্ষ, খ্যাতিমান (বড় উকিল)। □ বিণ-বিণ. নিতান্ত, নেহাত (বড় খারাপ, বড় জোর)। □ ক্রি-বিণ. খুব ('সর্বজয়া কথাটি শুনিয়া বড় দমিয়া গেল': বিভূতি)। □ অব্য. বিদ্রুপসূচক (বড়ো তো চাকরি); বিস্ময়সূচক (আবার এলে যে বড়ো)। [প্রাকৃ. বড্ড < সং. বড্র]। বড় একটা, বড়ো একটা 1 বিশেষ (বড়ো একটা ভালো কাজ করনি); 2 তেমন বেশিপরিমাণে (তাকে আজকাল বড়ো একটা দেখি না)। বড় (বড়ো) কথা বি. 1 অহংকারপূর্ণ উক্তি, স্পর্ধিত উক্তি (ছোট মুখে বড় কথা); 2 প্রধান বিষয় (সে সত্ কি না সেটাই বড় কথা)। বড় (বড়ো) করা ক্রি. বি. 1 বাড়ানো, বর্ধিত করা বা প্রলম্বিত করা; 2 অতিরিক্ত প্রশংসা করা (মোসাহেবরা মুরুব্বিকে তো বড় করবেই); 3 অত্যধিক গুরুত্ব দেওয়া (নিজের দুঃখ বড় করা); 4 লালনপালনপূর্বক পূর্ণবয়স্ক করে তোলা (কোলেপিঠে করে বড় করেছি, অনেক যত্নে গাছটাকে বড়ো করেছে)। ˜ কর্তা বি. 1 সর্বোচ্চ কর্তৃত্বের অধিকারী; 2 মালিকদের মধ্যে প্রধান। বড়ো কুটুম্ব, (কথ্য) বড়ো কুটুম বি. শ্যালক, সম্বন্ধী; স্ত্রীর জ্যেষ্ঠ ভ্রাতা। বড় (বড়ো) গলা বি. 1 গর্ব (বড় গলায় বলা); 2 চিৎকার। বড় (বড়ো) ঘর বি. উঁচু বা সম্ভ্রান্ত বংশ। বড় (বড়ো) জোর খুব বেশি যদি হয় (বড় জোর সাত দিন লাগবে)। ˜ ত্ব বি. 1 জ্যেষ্ঠত্ব; 2 মহত্ত্ব। ˜ বাবু বি. 1 অফিসের কোনো বিভাগের কর্তা; 2 পরিবারের কর্তা। ˜ লাট বি. লাট দ্র। ˜ সড় বিণ. বড় আকারের, বৃহদায়তন (একটা বড়সড় মাছ চাই)। বড় (বড়ো) হওয়া ক্রি. বি. 1 বাড়া, বৃদ্ধি পাওয়া (গাছটা অনেক বড় হবে); 2 পূর্ণবয়স্ক হওয়া (বড় হয়ে তুমি কী হতে চাও?); 3 ধন মান যশ প্রভৃতিতে উন্নতি করা (তুমি অনেক বড় হবে); 4 গুরুত্বপূর্ণ হওয়া (দেশে খাদ্য সমস্যা এখন খুব বড়ো হয়ে উঠেছে)। ˜ হাজরি হাজরি দ্র।

বড়দিন, বড়োদিন (p. 575) [baḍ়dina, baḍ়ōdina] বি. 1 খ্রিস্টের জন্মদিন-25 ডিসেম্বর, Christmas; 2 23 ডিসেম্বর, যেহেতু এই তারিখ থেকে দিন ক্রমশ বড়ো এবং রাত্রি ক্রমশ ছোটো হতে থাকে। [বাং. বড়2 + দিন]।

বড়বা (p. 575) [baḍ়bā] বি. 1 পুরাণে বর্ণিত অগ্নিমুখী সিন্ধুঘোটক; 2 স্ত্রী ঘোড়া, ঘোটকী; 3 অশ্বিনী নক্ষত্র। [সং. বল + বা + ক + আ]। ̃ গ্নি, ̃ নল বি. 1 সমুদ্র থেকে উত্থিত অগ্নি; 2 বড়বার মুখ থেকে নিঃসৃত অগ্নি।

বড়-মানুষ, বড়-লোক (p. 575) [baḍ়-mānuṣa, baḍ়-lōka] বি. ধনী ব্যক্তি ('বড় লোকের ঢাক তৈরী গরীবলোকের চামড়ায়': সুকান্ত)। [বাং. বড়2 + মানুষ, লোক]। বড়-মানুষি, (কথ্য) বড়-মানষি বি. বড়লোকের মতো আচরণ বা চালচলন।

বড়া (p. 575) [baḍ়ā] বি. 1 পিষ্ট খাদ্যদ্রব্যের ভাজা পিণ্ডবিশেষ (ডালের বড়া); 2 মিঠাইবিশেষ (তালের বড়া, রসবড়া)। [সং. বটক]।

বড়াই1 (p. 575) [baḍ়āi1] বি. গর্ব, জাঁক (বিদ্যার বড়াই, ধনের বড়াই)। [বাং. বড়2 + আই]।

বড়াই2, (বর্জি.) বড়ায়ি (p. 575) [baḍ়āi2, (barji.) baḍ়āẏi] বি. 1 যোগমায়া নামে পরিচিত বৃন্দাবনের যে বৃদ্ধা নারী রাধাকৃষ্ণের মিলন ঘটিয়েছিলেন; 2 অতি বৃদ্ধা নারী; 3 মাতামহী; 4 আই। [সং. বড়2 + আয়ী (আই-বড় মাতা বা বড় দিদিমা)। ̃ বুড়ি বি. বৃদ্ধা বড়াই।

বড়াল (p. 575) [baḍ়ala] বি. বাঙালি হিন্দুর পদবিবিশেষ, হিন্দু স্বর্ণবণিকের পদবিবিশেষ। [< বটব্যাল]।

বড়ি (p. 575) [baḍ়i] বি. 1 বটিকা, গুলি, ছোটো গোলাকার যেকোনো বস্তু, (কবিরাজি বড়ি); 2 বাটা ডাল রোদে শুকিয়ে প্রস্তুত ছোটো গুলি (ডালের বড়ি)। [সং. বটিকা]।

বড়ু (p. 575) [baḍ়u] বি. (অপ্র.) ব্রাহ্মণসন্তান, দ্বিজ (বড়ু চণ্ডীদাস)। [সং. বটু]।

বড়ে, বোড়ে (p. 575) [baḍ়ē, bōḍ়ē] বি. দাবা খেলার ঘুঁটিবিশেষ। [সং. বটিকা]।

বড়ো2 (p. 575) [baḍ়ō2] বি. ভারতের উত্তর-পূর্বাঞ্চলের উপজাতিবিশেষ।

বড়োমানুষ, বড়লোক (p. 575) [baḍ়ōmānuṣa, baḍ়lōka] দ্র বড়মানুষ।

বণিক (p. 575) [baṇika] (-ণিজ্) বি. ব্যবসায়ী, বেনে, সওদাগর। [সং. √ পণ্ + ইজ্]। বণিগ্বৃত্তি বি. 1 বাণিজ্য, ব্যাবসা; 2 সব বিষয়ে শুধু টাকা-পয়সা বা লাভ-লোকসান খতিয়ে দেখার বৃত্তি বা মনোভাব।

বণ্টন (p. 575) [baṇṭana] বি. বিভাজন, বেঁটে বা ভাগ করে দেওয়া, প্রার্থীদের মধ্যে বিতরণ। [সং. √ বণ্ট্ + অন]। বণ্টক বিণ. বি. বণ্টনকারী। বণ্টিত বিণ. বণ্টন করা বা বিতরণ করা হয়েছে এমন।

-বত্ (p. 575) [-bat] (শব্দের শেষে যুক্ত) অব্য. (তুল্য অর্থে তদ্ধিত প্রত্যয়) তুল্য, সদৃশ, মতো (পুত্রবত্ স্নেহ করেন, সন্তানবত্ পালন করেছেন)। [সং. বতি > বত্]।

বৎস (p. 575) [batsa] বি. 1 বাছুর, গো-শিশু (গো-বৎস); 2 পশুশাবক; 3 (স্নেহসম্বোধনে) বাছা (শোনো বৎস)। [সং. √ বদ্ + স]। ˜ তর বি. এঁড়ে বাছুর। ˜ তরী বি. (স্ত্রী.) বকনা বাছুর। বৎসা বি. (স্ত্রী.) (স্নেহসম্বোধনে) বাছা।

বৎসর (p. 575) [batsara] বি. 1 বছর, বারো মাস, বর্ষ; 2 অব্দ, সন। [সং. বস্ + সর]। বিণ. বাৎসরিক।

বৎসল (p. 575) [batsala] বিণ. স্নেহপূর্ণ বা অনুরাগযুক্ত (বন্ধুবৎসল, ভক্তবৎসল)। [সং. বৎস + √ লা + অ]। স্ত্রী. বৎসলা। বি.˜ তা, বাৎসল্য।

বৎসাদন (p. 575) [batsādana] বি. নেকড়ে বাঘ। [সং. বৎস + অদন]।

বৎসাদনী (p. 575) [batsādanī] বি. গুলঞ্চ লতা, গুড়ুচী। [সং. বৎস + অদন + ঈ]।

বতারিখ (p. 575) [batārikha] ক্রি-বিণ. তারিখ অনুযায়ী। [ফা. ব-তারীখ্]।

বত্রিশ (p. 575) [batriśa] বি. বিণ. 32 সংখ্যা বা সংখ্যক। [সং. দ্বাত্রিংশত্]। বত্রিশা, (কথ্য) বত্রিশে বি. মাসের বত্রিশ তারিখ। □ বিণ. বত্রিশ তারিখের (বত্রিশে বৈশাখ)।

বদ (p. 575) [bada] বিণ. 1 খারাপ, মন্দ (বদগন্ধ); 2 অসত্ (বদ সঙ্গ, বদ বুদ্ধি); 3 রুক্ষ, রূঢ় (বদমেজাজ); 4 দূষিত (বদরক্ত); 5 ভিন্ন, অন্য ('বদ হাওয়া লেগে খাঁচায় পাখি কখন উড়ে যায়')। [ফা. বদ]। ̃ খত বিণ. 1 হাতের লেখা ভালো নয় এমন; 2 বেয়াড়া, দুষ্টু। ̃ খেয়াল বি. অসত্ প্রবৃত্তি। ̃ জবান বি. কুবাক্য, গালি। ̃ জাত, ̃ জাতি যথাক্রমে বজ্জাত ও বজ্জাতি -র মূল রূপ। ̃ নাম বি. দুর্নাম, অখ্যাতি, অপযশ। ̃ নেশা বি. খারাপ নেশা বা অভ্যাস। ̃ বু বি. বাজে গন্ধ, দুর্গন্ধ। ̃ বুদ্ধি বি. অসত্ বুদ্ধি; দুষ্ট বুদ্ধি। ̃ ভ্যাস বি. খারাপ বা ক্ষতিকর অভ্যাস। ̃ মতলব বি. বদবুদ্ধি -র অনুরূপ। ̃ মাশ, ̃ মায়েশ, ̃ মাইশ বিণ. দুষ্ট, দুর্বৃত্ত। বি. ̃ মাশি, ̃ মায়েশি, ̃ মাইশি। ̃ মেজাজ বি. রুক্ষ বা উগ্র মেজাজ। □ বিণ. উগ্র বা রুক্ষ মেজাজযুক্ত। ̃ মেজাজি বিণ. বদমেজাজবিশিষ্ট। ̃ রং বি. 1 বেরং বা ভিন্ন রঙের তাস; 2 খারাপ রং। □ বিণ. বিবর্ণ। ̃ রসিকতা বি. স্থূল বা কুরুচিপূর্ণ রসিকতা। ̃ রাগি বিণ. রগচটা, একটুতেই রেগে যায় এমন, বদমেজাজি। ̃ হজম বি. অজীর্ণ, হজম না হওয়া।

বদন (p. 575) [badana] বি. 1 মুখ; 2 মুখমণ্ডল; 3 মুখবিবর। [সং. √ বদ্ + অন]। ̃ কান্তি বি. মুখমণ্ডলের সৌন্দর্য। ̃ মণ্ডল বি. মুখমণ্ডল, সমস্ত মুখ।

বদনা (p. 575) [badanā] বি. গাড়ুজাতীয় জলপাত্রবিশেষ, নলযুক্ত ঘটি। [সং. বর্ধনী]।

বদনাম, বদনেশা, বদবু, বদবুদ্ধি, বদমাশ, বদমায়েশি, বদমেজাজ, বদমেজাজি (p. 575) [badanāma, badanēśā, badabu, badabuddhi, badamāśa, badamāẏēśi, badamējāja, badamējāji] দ্র বদ।

বদর1, বদরিকা, বদরী (p. 575) [badara1, badarikā, badarī] বি. কুল গাছ; কুল ফল। [সং. √ বদ্ + অর]।

বদর2 (p. 575) [badara2] বি. 1 পূর্ণচন্দ্র; 2 পিরবিশেষ-জলযাত্রা যাতে নির্বিঘ্ন হয় সেইজন্য মুসলমান মাঝিরা এঁর নাম স্মরণ করে (এবার বদরের নাম নিয়ে নৌকো ছাড়ো)। [আ. বদর্]।

বদরসিকতা, বদরাগি (p. 575) [badarasikatā, badarāgi] দ্র বদ।

বদরিকাশ্রম (p. 575) [badarikāśrama] বি. হিমালয়ের কোলে গাড়োয়াল অঞ্চলে অবস্থিত হিন্দুতীর্থবিশেষ। [সং. বদরিকা (দ্বারা সমাবৃত) + আশ্রম]।

বদরীনাথ, বদ্রীনাথ (p. 575) [badarīnātha, badrīnātha] বি. বদরী-নামক পর্বতশৃঙ্গে বিরাজিত মহাদেবের মূর্তি। [সং. বদরী + নাথ, বদ্রী + নাথ]।

বদল (p. 575) [badala] বি. 1 পরিবর্ত, বিনিময় ('নাকের বদলে নরুন পেলাম'); 2 পরিবর্তন (হাওয়া বদল, পোশাক বদল)। [আ. বদল্]। বদলা বি. প্রতিশোধ (অপমানের বদলা নিতেই হবে, এসব হচ্ছে সেদিনের ঘটনার বদলা)। □ ক্রি. বদল করা। বদলানো ক্রি. বি. বিনিময় করা বা পরিবর্তন করা। বদলা-বদলি বি. পরস্পর বা বারবার বিনিময় বা পরিবর্তন। বদলি বি. 1 বিনিময়; 2

এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে নিযুক্ত হওয়া বা স্থানান্তরিত হওয়া (তাকে মালদায় বদলি করা হয়েছে); 3 অন্যের বদলে সাময়িকভাবে কাজে নিযুক্ত (কয়েকদিনের জন্যে আমার বদলি হিসাবে এই লোকটি কাজ করবে)। □ বিণ. 1 অন্যের বদলে কর্মরত বা কর্মে নিযুক্ত; 2 স্থানাপন্ন, officiating (স.প.)।

বদহজম (p. 575) [badahajama] দ্র বদ।

বদান্য (p. 575) [badānya] বিণ. 1 দানশীল; 2 উদার; 3 (বর্ত. অপ্র.) সদ্বক্তা, প্রিয়ভাষী। [সং. √ বদ্ + আন্য]। বি.˜ তা।

বদ্ধ (p. 575) [baddha] বিণ. 1 বাঁধা, আবদ্ধ (নিয়মবদ্ধ); 2 গ্রথিত (বদ্ধকবরী); 3 রুদ্ধ, বন্‌ধ (বদ্ধদ্বার); 4 আটক, বন্দি (সংসারবন্ধনে বদ্ধ); 5 অবরুদ্ধ (বদ্ধজলা, বদ্ধস্রোত); 6 যুক্ত (বদ্ধাঞ্জলি); 7 বিন্যস্ত (লিপিবদ্ধ); 8 দৃঢ়, অপরিবর্তনীয় (বদ্ধমূল, বদ্ধধারণা); 9 সম্পূর্ণ, নিরেট (বদ্ধপাগল)। [সং. √ বদ্ধ্ + ত]।˜ দৃষ্টি বি. স্থির বা অনিমেষ দৃষ্টি বা লক্ষ্য। □ বিণ. স্থির দৃষ্টিসম্পন্ন।˜ পরিকর বিণ. 1 কোমর বা কটিবন্ধ বেঁধেছে এমন; 2 দৃঢ়প্রতিজ্ঞ।˜ মুষ্টি বিণ. মুষ্টি দৃঢ় করেছে এমন।˜ মূল বিণ. শিকড় মাটিতে শক্তভাবে নিহিত হয়ে আছে এমন; দৃঢ়, বিচ্যুত করা যায় না এমন (ধারণা হৃদয়ে বদ্ধমূল)।˜ মৌন বিণ. কথা বলে না এমন, মৌনাবলম্বী। বদ্ধাঞ্জলি বিণ. অঞ্জলিবদ্ধ, দুই হাত যুক্ত করে রয়েছে এমন।

বদ্বীপ (p. 575) [badbīpa] বি. সমুদ্রের নিকটবর্তী নদীর পলি দিয়ে সৃষ্ট 'ব' এই আকারের জলবেষ্টিত ত্রিকোণ ভূভাগ, delta. [বাং. ব (সদৃশ ত্রিকোণ) + সং. দ্বীপ]।

বধ (p. 575) [badha] বি. হত্যা, হনন (রাবণবধ, পশুবধ)। □ ক্রি. (পদ্যে) বধ করা ('তোমারে বধিবে যে গোকুলে বাড়িছে সে')। [সং. √ হন্ + অ]। ̃ পাল বি. কারারক্ষী। ̃ স্থলী, ̃ স্থান, বধ্য-ভূমি বি. যেখানে বধ করা হয়, মশান। বধার্থ ক্রি-বিণ. বিণ. বধের জন্য (বধার্থ আনা হয়েছে, বধার্থ পশু)। বধার্‌হ, বধ্য বিণ. বধের যোগ্য, বধ করতে হবে এমন। বধোদ্যত বিণ. হত্যা বা বধ করতে উদ্যত। বধোদ্যম বি. হত্যার উদ্যোগ।

বধির (p. 575) [badhira] বিণ. শ্রবণশক্তিহীন, কানে শুনতে পায় না এমন, কালা। [সং. √ বন্ধ্ + ইর]। বি. ̃ তা, ̃ ত্ব।

বধূ (p. 575) [badhū] বি. 1 স্ত্রী, পত্নী (পুত্রবধূ); 2 নবপরিণীতা স্ত্রী, কনে ('ওগো বর, ওগো বধূ': রবীন্দ্র); 3 মহিলা (রাক্ষসবধূ); 4 কূলনারী (পুরবধূ); 5 পুত্রবধূস্থানীয়া নারী। [সং. √ বহ্ + ঊ]। ̃ জন বি. 1 বিবাহিতা যুবতী, বউ; 2 সধবা নারী। ̃ টী বি. বালিকাবধূ। ̃ ৎসব বি. নববধূর প্রথম রজোদর্শনরূপ অনুষ্ঠান। ̃ বরণ বি. স্বামীর গৃহে প্রথম আগমনের সময় নববধূকে বরণ। ̃ মাতা বি. বউমা, পুত্রবধূ বা তত্তুল্যা বধূ। ̃ হত্যা। বি. বিবাহিতা নারীকে (সচ. শ্বশুরগৃহে) হত্যা।

বধোদ্যত, বধোদ্যম, বধ্যভূমি (p. 575) [badhōdyata, badhōdyama, badhyabhūmi] দ্র বধ।

বন (p. 575) [bana] বি. বহু বৃক্ষলতাদিযুক্ত স্বল্পালোকিত স্থান, জঙ্গল, অরণ্য, কানন, অটবী। [সং. √ বন্ + অ]। ̃ কপোত বি. বুনো পায়রা। ̃ কুক্কুট বি.

বনমোরগ; যে-মোরগ গৃহপালিত নয় এবং বনে বিচরণ করে। ˜ চর, বনে-চর বিণ. বনে বাস বা বিচরণ করে এমন (বনচর প্রাণী, বনচর সন্ন্যাসী)। ˜ চারী (-রিন্) বিণ. বনবাসী, বনে বাস বা বিচরণ করে এমন। ˜ জ, ˜ জাত বিণ. বনে উৎপন্ন (বনজ সম্পদ)। ˜ জঙ্গল বি. ঝোপঝাড়। ˜ জ্যোৎস্না বি. মল্লিকা ফুল। ˜ তুলসী বি. বনে জন্মায় এমন তুলসী গাছবিশেষ। ˜ দেবতা বি. বনের দেবতা। ˜ পাল বি. বনরক্ষক; বনাঞ্চল রক্ষায় নিযুক্ত সরকারি কর্মচারী, বনের তত্ত্বাবধায়ক, conservator of forests (স.প.)। ˜ বাদাড় বি. ঝোপঝাড়, বনজঙ্গল। ˜ বাস বি. 1 বনে বাস; 2 অরণ্যে নির্বাসন। ˜ বাসী (-সিন্) বিণ. অরণ্যে বাস করে এমন। স্ত্রী. ˜ বাসিনী। ˜ বিড়াল বি. অরণ্যচর হিংস্র বিড়ালবিশেষ। ˜ বিবি বি. বনের অধিষ্ঠাত্রী দেবী, বনদেবী। ˜ বিহারী (-রিন্) বি. শ্রীকৃষ্ণ। □ বিণ. অরণ্যচারী, বনে বিচরণ ও আমোদপ্রমোদ করে এমন। ˜ বীথিকা বি. বৃক্ষশ্রেণিযুক্ত পথ ('দুলিছে পবনে সনসন বনবীথিকা': রবীন্দ্র)। ˜ ভোজ, ˜ ভোজন বি. (বন প্রভৃতি রম্য স্থানে) সংঘবদ্ধভাবে রান্না ও খাওয়াদাওয়া, চড়ুইভাতি। ˜ মল্লিকা বি. 1 বেল ফুল, বেলি; 2 কাঠমল্লিকা নামে অতি সুগন্ধি ফুল। ˜ মহোৎসব বি. বৃক্ষরোপণ উৎসব। ˜ মানুষ বি. মানুষের আকৃতিবিশিষ্ট বনচর বানরবিশেষ। ˜ মালা বি. 1 বনফুল দিয়ে গাঁথা মালা; 2 নানা ফুলে গাঁথা আজানুলম্বিত মালা। ˜ মালী (-লিন্) বি. (বনমালা শোভিত) শ্রীকৃষ্ণ। ˜ মোরগ বি. বনকুক্কুট, যে-মোরগ বনে বিচরণ করে। ˜ রাজি বি. বনশ্রেণি, বনের সারি। ˜ শ্রী বি. 1 বনরাজি; বনানী; বনের শ্রী। ˜ স্পতি বি. 1 বট অশ্বত্থ প্রভৃতি যেসব গাছে ফল হয় কিন্তু ফুল হয় না; 2 বনের পতি বা কর্তা বলে পরিগণিত হওয়ার যোগ্য অতি বিশাল বৃক্ষ। ˜ স্থ বিণ. বনে অবস্থিত বা জাত।

বন্ধ্ (p. 575) [bandh] বি. ধর্মঘট, হরতাল। [হি. বন্ধ্]।

বন-বন1 (p. 575) [bana-bana1] বি. অতি দ্রুতবেগে ঘোরার ভাব (লাট্টুটা বনবন করে ঘুরছে)। [ধ্বন্যা.]।

বন-বন2 (p. 575) [bana-bana2] বি. ক্রিমি দমনকারী মিঠাইবিশেষ। [ইং. bon bon]।

বনমল্লিকা, বনমহোৎসব, বনমালা, বনমালী, বনমোরগ, বনরাজি, বনশ্রী, বনস্পতি (p. 575) [banamallikā, banamahōtsaba, banamālā, banamālī, banamōraga, banarāji, banaśrī, banaspati] দ্র বন।

বনসাই (p. 575) [banasāi] বি. ঘর সাজানোর জন্য পূর্ণবয়স্ক গাছের আকারকে কৃত্রিম উপায়ে ছোটো করার জাপানি পদ্ধতিবিশেষ। [জাপ. ইং. bonsai]।

বনা (p. 575) [banā] ক্রি. 1 পটা, মনের বা মতের মিল হওয়া (তার সঙ্গে বনল না); 2 সদৃশ হওয়া, পরিণত হওয়া (বোকা বনা, ফকির বনে গেছে, 'হিংসায় যদি হাত রাঙা করে সকলেই বনে জল্লাদ': অ. রা.); 3 বনানো। [বাং. √ বন্ + আ-তু. হি. বন্না]।

বনাগ্নি (p. 575) [banāgni] বি. বনের আগুন, দাবানল। [সং. বন + অগ্নি]।

বনাত (p. 575) [banāta] বি. মোটা পশমি কাপড়বিশেষ। [হি. বনাত]।

বনানী (p. 575) [banānī] বি. মহাবন, বিশাল বা সুবিস্তৃত অরণ্য। [সং. অরণ্যানীর অনুকরণে বন শব্দ থেকে গঠিত বাং. শব্দ]।

বনানো (p. 575) [banānō] ক্রি. বি. 1 সদ্ভাব বজায় রাখা (সবার সঙ্গে বনিয়ে চলার চেষ্টা কোরো); মিলেমিশে থাকা, সামঞ্জস্যসাধন করা; 2 (বর্ত. বিরল) তৈরি বা প্রস্তুত করা। [বাং. বনা + আনো]। বনা-বনি বি. সদ্ভাব; মিলমিশ।

বনাবনি (p. 575) [banābani] দ্র বনানো।

বনাম (p. 575) [banāma] অব্য. 1 বিরুদ্ধে (মোহনবাগান বনাম ইস্টবেঙ্গল); 2 নামান্তরে, ওরফে। [ফা. বনাম]।

বনাশ্রম (p. 575) [banāśrama] বি. 1 বনের আবাস, বনের বাসস্থান; (শ্রীরামচন্দ্রের বনাশ্রমে); 2 বানপ্রস্থ। [সং. বন + আশ্রম]।

বনাশ্রয় (p. 575) [banāśraẏa] বি. বনই যার আশ্রয় বা বাসস্থান। [সং. বন + আশ্রয়]। বনাশ্রিত বিণ. বনে আশ্রয় নিয়েছে এমন (রাজ্যহারা বনাশ্রিত রাজা)।

বনিতা (p. 575) [banitā] বি. 1 নারী (আবালবৃদ্ধবনিতা); 2 ভার্যা, পত্নী; 3 প্রিয়া, প্রেয়সী। [সং. √ বন্ (চাওয়া) + ত + আ]।

বনিয়াদ, বনেদ (p. 575) [baniẏāda, banēda] বি. ভিত, ভিত্তি; মূল (শক্ত বনিয়াদ, শিক্ষার বনিয়াদ)। [ফা. বুনিয়াদ]। বনিয়াদি বিণ. 1 সুপ্রতিষ্ঠিত, দীর্ঘকাল

যাবত্ সম্মানিত; 2 প্রাচীন ও সম্ভ্রান্ত (বনিয়াদি চালচলন); 3 ভিত্তিস্বরূপ (বনিয়াদি) শিক্ষা)। বনেদি বিণ. বনিয়াদি -র রূপভেদ (বনেদি বংশ)।

বনী-করণ (p. 575) [banī-karaṇa] বি. বনে পরিণত করা, afforestation (স. প.)। [সং. বন + ঈ (চ্বি) + √ কৃ + অন]।

বনেচর (p. 575) [banēcara] দ্র বন।

বনেদ, বনেদি (p. 575) [banēda, banēdi] যথাক্রমে বনিয়াদ ও বনিয়াদি -র কথ্য রূপ। বনিয়াদ দ্র।

বনোয়ারি (p. 575) [banōẏāri] বি. শ্রীকৃষ্ণ। [হি. < সং. বনবিহারী]।

-বন্ত (p. 575) [-banta] বিশিষ্ট যুক্ত সম্পন্ন প্রভৃতি অর্থপ্রকাশক প্রত্যয়বিশেষ (প্রাণবন্ত, লক্ষ্মীবন্ত)। [সং. মত্ + বত্ প্রত্যয়ের অনুকরণে গঠিত]।

বন্দ (p. 575) [banda] বি. 1 গৃহাদির দৈর্ঘ্য-প্রস্থের সমষ্টির পরিমাণ (পঁচিশের বন্দ ঘর); 2 খণ্ড (তিন বন্দ জমি)। [ফা. বন্দ্]।

বন্দন, বন্দনা (p. 575) [bandana, bandanā] বি. 1 স্তব, স্তুতি (সূর্যবন্দনা); 2 প্রণাম (চরণবন্দনা)। [সং. √ বন্দ্ + অন, আ]। বন্দক বিণ. বি. বন্দনাকারী। বন্দনীয়, বন্দ্য বিণ. বন্দনার যোগ্য; বন্দনা করা উচিত এমন। স্ত্রী. বন্দনীয়া, বন্দ্যা।

বন্দর (p. 575) [bandara] বি. সমুদ্রের বা বড়ো নদীর তীরে জাহাজ ভিড়াবার স্থান; যে শহরের প্রান্তে জাহাজ ভিড়াবার উপযোগী স্থান আছে, port. [ফা. বন্দর]।

বন্দা2 (p. 575) [bandā2] ক্রি. (কাব্যে) বন্দনা করা ('বন্দিল সবে, জয় মা জননি': দ্বি. রা.)। [সং.√ বন্দ্ + বাং. আ]।

বন্দি, বন্দী (p. 575) [bandi, bandī] বি. 1 অবরুদ্ধ ব্যক্তি ('বিকৃত ক্ষুধার ফাঁদে বন্দী মোর ভগবান কাঁদে': প্রেমেন্দ্র); 2 কয়েদি (জেলের বন্দিরা)। □ বিণ. আটক, অবরুদ্ধ (জলবন্দি, বাক্সবন্দি)। [ফা. বন্দী তু. সং. বন্দিন্]। স্ত্রী. বি. বিণ. বন্দিনি। ̃ দশা বি. বন্দি অবস্থা। ̃ পাল বি. কারাধ্যক্ষ, jail superintendent (স. প.)। ̃ শালা বি. কারাগার, জেলখানা।

বন্দিত (p. 575) [bandita] বিণ. যার বন্দনা করা হয়েছে এমন, প্রশংসিত। [সং. √ বন্দ্ + ত]। স্ত্রী. বন্দিতা।

বন্দিশ (p. 575) [bandiśa] বি. সংগীতের বাঁধুনি বা রচনা (ঠুংরির বন্দিশ)। [ফা. বন্দিশ]। দ্র বন্দেজ।

বন্দী1 (p. 575) [bandī1] (-ন্দিন্) বি. (প্রধানত রাজারাজড়াদের) বন্দনাগায়ক ('বন্দীরা ধরে সন্ধ্যার তান': রবীন্দ্র)। □ বিণ. বন্দনাকারী। [সং. √ বন্দ্ + ইন্]। স্ত্রী. বি. বিণ. বন্দিনী।

বন্দুক (p. 575) [banduka] বি. আগ্নেয়াস্ত্রবিশেষ। [তুর. বন্দুক্]। ˜ চি বি. বিণ. বন্দুকচালক, বন্দুকবাজ। ˜ বাজ বি. বিণ. যে বন্দুক চালায়।

বন্দে (p. 575) [bandē] ক্রি. (কাব্যে) 1 বন্দনা করি (বন্দেমাতরম্); 2 (বাং.) বন্দনা করে। [সং. √ বন্দ্ + এ]।

বন্দেগি (p. 575) [bandēgi] বি. সেলাম, নমস্কার (বন্দেগি জাহাঁপনা); সশ্রদ্ধ অভিবাদন। [ফা. বন্দগী]।

বন্দেজ (p. 575) [bandēja] বি. 1 ব্যবস্থা; বন্দোবস্ত, বিলি; 2 শৃঙ্খলা; 3 সংগীতের বাঁধুনী বা রচনা (ঠুংরির বন্দেজ)। [ফা. বন্দিশ্]।

বন্দো-বস্ত (p. 575) [bandō-basta] বি. 1 আয়োজন (বিয়ের বন্দোবস্ত); 2 বিলিব্যবস্থা, বন্দেজ; 3 প্রজা কর্তৃক জমিদারের কাছ থেকে নির্দিষ্ট শর্তে গৃহীত জমির পত্তনি, জমির মালিকানা বা দখলসংক্রান্ত শর্তাদি বা ব্যবস্থা। [ফা. বন্দ্-ও-বস্ত্]।

বন্দ্য (p. 575) [bandya] দ্র বন্দন।

বন্দ্য-ঘটি (p. 575) [bandya-ghaṭi] বি. বন্দ্যোপাধ্যায়। [সং. বন্দ্যঘটীয়]। বন্দ্য-বংশ বি. 1 বন্দনীয় বা মান্য বা সম্ভ্রান্ত বংশ; 2 বন্দ্যোপাধ্যায় বংশ ('বন্দ্যোবংশখ্যাত': ভা. চ.)।

বন্ধ (p. 575) [bandha] বি. 1 বাঁধবার উপকরণ (কোমরবন্ধ); 2 বাঁধন ('মুক্ত কর হে বন্ধ': রবীন্দ্র); 3 আবেষ্টন (ভুজবন্ধ); 4 বাধা, অবরোধ (নিশ্বাসবন্ধ); 5 গ্রথন, রচনা (সেতুবন্ধ); 6 (বাং.) অবসান, অবকাশ, ছুটি (গ্রীষ্মের বন্ধ)। □ বিণ. (বাং.) 1 রুদ্ধ (বন্ধ দরজা); 2 রহিত (কথা বন্ধ, কাজ বন্ধ); 3 কাজ স্থগিত আছে এমন (অফিস বন্ধ); 4 বাধাপ্রাপ্ত (স্রোত বন্ধ); 5 অচল, কর্মহীন, গতিহীন (আলো-পাখা বন্ধ); 6 বন্দি, আটক (কারাগারে বন্ধ); 7 নিমীলিত, আবৃত (চোখ বন্ধ, বই বন্ধ)। [সং. √ বন্ধ্ + অ]।

বন্ধক (p. 575) [bandhaka] বি. 1 গৃহীত ঋণের জামিনস্বরূপ কোনো দ্রব্য গচ্ছিত রাখা; 2 জামিনস্বরূপ গচ্ছিত রাখা দ্রব্য। [সং. √ বন্ধ্ + অক]। ̃ নামা বি. বন্ধকপত্র, বন্ধকসংক্রান্ত নথি। বন্ধকি বিণ. বন্ধকরূপে প্রদত্ত বা গৃহীত; বন্ধকসম্বন্ধীয় (বন্ধকি কারবার)। [সং. বন্ধক + বাং. ই]।

বন্ধন (p. 575) [bandhana] বি. 1 বাঁধন (বন্ধনরজ্জু, বন্‌ধন ছিন্ন করা); 2 বাঁধন, গিঁট, গিঁট দেওয়া, (রজ্জুর দ্বারা বন্ধন); 3 আবেষ্টন (বাহুবন্ধন, ভুজবন্ধন); 4 আটক, অবরোধ (কারাবন্ধন, বন্ধনমুক্তি); 5 গ্রন্হন, গ্রথন, রচনা (করবীবন্ধন, মাল্যবন্ধন); 6 সম্পর্কস্থাপন, একত্রকরণ (বিবাহবন্ধন); 7 সংযমন, নিরোধ; 8 বাঁধবার উপকরণ, দড়ি ইত্যাদি; 9 যোগসূত্র (এই যুগের মধ্যে শেষ বন্ধন)। [সং. √ বন্ধ্ + অন]। ̃ হীন বিণ. 1 বাধাহীন; মুক্ত; 2 উদ্দাম (বন্ধনহীন আবেগ)। বন্ধনী বি. 1 বাঁধবার উপকরণ, যা দিয়ে বাঁধা হয়; 2 ব্র্যাকেট বা () [], এইসব চিহ্ন।

বন্ধু (p. 575) [bandhu] বি. 1 মিত্র, সখা; 2 হিতৈষী বা শুভার্থী ব্যক্তি, সুহৃত্; 3 স্বজন; 4 প্রিয়জন, প্রণয়ী। [সং. √ বন্ধ্ + উ]। ̃ কৃত্য বি. বন্ধুর কাজ বা কর্তব্য। ̃ তা, ̃ ত্ব বি. মিত্রতা, মৈত্রী, সখ্য, সৌহার্দ্য। ̃ ত্ব-মূলক বিণ. বন্ধুত্বপূর্ণ;

বন্ধুত্বসংক্রান্ত। ˜ প্রীতি বি. বন্ধুর প্রতি ভালোবাসা। ˜ বৎসল বিণ. বন্ধুর প্রতি ভালোবাসাযুক্ত। বি. ˜ বাৎসল্য। ˜ বিচ্ছেদ বি. বন্ধুর সঙ্গে মনোমালিন্য বা ছাড়াছাড়ি (এই সামান্য কারণে বন্ধুবিচ্ছেদ হোক এ আমি চাই না)।

বন্ধুক, বন্ধু-জীব, বন্ধু-জীবক, বন্ধুলি (p. 575) [bandhuka, bandhu-jība, bandhu-jībaka, bandhuli] বি. রক্তবর্ণ ফুলবিশেষ বা তার গাছ, বাঁধুলি ফুল। [সং. বন্ধু + ক, + √ জীবি + অ, +ক, বন্ধু + লি]।

বন্ধুর (p. 575) [bandhura] বিণ. 1 অসমতল ('পতন-অভ্যুদয়-বন্ধুর পন্হা': রবীন্দ্র; বন্ধুর পথ); 2 উঁচুনিচু, এবড়োখেবড়ো। [সং. √ বন্ধ্ + উর]। বি. ˜ তা।

বন্ধ্য (p. 575) [bandhya] বিণ. 1 বন্ধনযোগ্য; 2 ফলহীন (বন্ধ্য বৃক্ষ); 3 নিঃসন্তান। [সং. √ বন্ধ্ + য]। বি. ˜ তা, ˜ ত্ব। বন্ধ্যা বিণ. (স্ত্রী.) 1 বন্ধনযোগ্যা; 2 বাঁঝা, যে (নারী) নিঃসন্তান (বন্ধ্যা নারী)। বি. ˜ ত্ব। বন্ধ্যা-সূত বি. বন্ধ্যার পুত্রের ন্যায় অলীক বস্তু।

বন্য (p. 575) [banya] বিণ. 1 বুনো, বনজাত (বন্য বৃক্ষ); 2 বনচর, বনবাসী (বন্য প্রাণী, বন্য জাতি); 3 বনবাসীর উপযুক্ত বা যোগ্য; অসামাজিক, জনসমাজের অনুপযুক্ত (বন্য স্বভাব); 4 বনসম্বন্ধীয় (বন্য জীবন)। [সং. বন + য]। বি. ˜ তা। স্ত্রী. বন্যা।

বন্যা1 (p. 575) [banyā1] বি. 1 জলপ্লাবন, বান (বন্যাপ্লাবিত, বিধ্বংসী বন্যা); 2 বন্যার মতো প্রবল স্রোত (চোখের জলের বন্যা); [সং. বন (=জল) + য + আ]। ˜ প্লাবিত বিণ. বন্যায় ভেসে গেছে এমন (বন্যাপ্লাবিত গ্রাম)। ˜ বিধ্বস্ত

বিণ. বন্যায় বিপর্যস্ত বা ধ্বংস হয়েছে এমন। ̃ র্ত বিণ. বন্যায় ক্ষতিগ্রস্ত; বন্যায় বিপদগ্রস্ত।

বপন (p. 575) [bapana] বি. 1 বীজরোপণ, বোনা (ধান্যবপন); 2 (অপ্র.) ক্ষৌরকর্ম। [সং. √ বপ্ + অন]। ̃ কারী (-রিন্) বিণ. যে রোপণ করে, যে বোনে।

বপা (p. 575) [bapā] ক্রি. (কাব্যে) বপন করা। [সং. √ বপ্ + বাং. আ]। ☐ বি. 1 মেদ, চর্বি; 2 গর্ত, ছিদ্র।

বপু (p. 575) [bapu] বি. শরীর, দেহ (বিশাল বপু)। [সং. বপুস্]।

বপুষ্মান (p. 575) [bapuṣmāna] (-ষ্মত্) বিণ. বিরাট দেহবিশিষ্ট, প্রকাণ্ডকায়। [সং. বপুস্ + মত্]। স্ত্রী. বপুষ্মতী।

বপ্তা (p. 575) [baptā] (-প্তৃ) বিণ. বপনকারী। [সং. √ বপ্ + তৃ]।

বপ্র (p. 575) [bapra] বি. 1 ক্ষেত্র, ভূমি (নিম্নবপ্র, প্রশস্ত বপ্র); 2 দুর্গের পরিখা থেকে তোলা মাটির স্তূপ; 3 প্রাচীর; 4 পর্বতের সানুদেশ। [সং. √ বপ্ + র]। ̃ ক্রীড়া বি. পর্বতের সানুদেশে বা উপত্যকায় পশুদের শিং বা দাঁত দিয়ে মাটি খুঁড়ে খেলা, উৎখাতকেলি।

ব-ফলা (p. 575) [ba-phalā] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ব-যোগ, যেমন ধ্ব, ব্ব।

বভ্রু (p. 575) [babhru] বি. 1 পিঙ্গলবর্ণ, হলদেটে নীল; কটা রং ('তরুণীর বভ্রু কেশে সঞ্চারিল শিহরণ': সু.দ.); 2 অগ্নি। [সং. √ ভৃ + উ (নি.)]।

বম, বম-বম, ববম-বম, বোম, বোম-বোম (p. 575) [bama, bama-bama, babama-bama, bōma, bōma-bōma] বি. গালবাদ্যের আওয়াজবিশেষ। [ধ্বন্যা.]। বম-ভোলা, বোম-ভোলা বি. মহাদেব। □ বিণ. মহদেবের মতো উদাসীন বা নির্লিপ্ত (এত সমস্যার মধ্যেও এমন বোমভোলা হয়ে আছ কেমন করে?)।

বমন (p. 575) [bamana] বি. 1 বমি, ন্যক্কার, পেটের ভিতরের খাদ্যবস্তু মুখ দিয়ে আক্ষেপসহ বেরোনো; 2 উদ্গিরণ। [সং. √ বম্ + অন]। বমনীয়,˜ যোগ্য বিণ. বমি করার যোগ্য। বমনেচ্ছা বি. বমির ইচ্ছা (দুর্গন্ধে বমনেচ্ছার উদ্রেক হয়); (আল.) তীব্র ঘৃণা।

বমি (p. 575) [bami] বি. 1 বমন, ন্যক্কার; 2 যা বমন করা হয়েছে (বমি পরিষ্কার করা)। [সং. √ বম্ + ই]। বমি-বমি ভাব বি. বমি পাচ্ছে এমন অবস্থা।

বমিত (p. 575) [bamita] বিণ. বমি করে তুলে ফেলা হয়েছে এমন, উদ্গীর্ণ, বান্ত। [সং. √ বম্ + ণিচ্ + ত]।

বয়1 (p. 580) [baẏa1] বি. 1 অল্পবয়স্ক ভৃত্য বা পরিচারক; 2 পরিচারক, (রেস্তোরাঁর বয়)। [ইং. boy]।

বয়2 (p. 580) [baẏa2] বি. 1 বিক্রয় (বয়নামা); 2 গন্ধ (খোশবয়)। [আ. বয়্]।˜ নামা বি. বিক্রয়ের বা বিক্রীত জমি ইত্যাদির দলিল।

বয়ঃ (p. 580) [baẏḥ] (-য়স্) বি. 1 বয়স (বয়ঃসন্ধি, বয়ঃক্রম); 2 আয়ু, জীবনকাল; 3 যৌবন, সাবালকত্ব (বয়ঃপ্রাপ্ত)। [সং. বয়্ (-গতি) + অস্]।˜ ক্রম বিণ. বয়স।˜ প্রাপ্ত বিণ. প্রাপ্তবয়স্ক, সাবালক, যৌবনপ্রাপ্ত।˜ সন্ধি বি. বাল্যের শেষ এবং যৌবন বা কৈশোরের আরম্ভকাল।˜ স্থ, বয়স্থ বিণ. বয়ঃপ্রাপ্ত, যুবক; মধ্যবয়স্ক, প্রৌঢ়, প্রবীণ।˜ স্থা, বয়স্থা বিণ. (স্ত্রী.) 1 বয়ঃপ্রাপ্তা, সোমত্ত; বিবাহের উপযুক্ত বয়ঃপ্রাপ্তা; 2 মধ্যবয়স্কা, প্রৌঢ়া, প্রবীণা।

বয়-কট (p. 580) [baẏa-kaṭa] বি. 1 বর্জন, পরিহার; প্রতিবাদস্বরূপ বর্জন (বিদেশি জিনিস বয়কট করা); 2 একঘরে করা (তাকে বয়কট করা হয়েছে)। [ইং. boycott]।

বয়ন1 (p. 580) [baẏana1] বি. (বস্ত্রাদি) বুনন, বোনা (বয়নশিল্প, বয়নযন্ত্র)। [সং. √ বে + অন]।

বয়ন2 (p. 580) [baẏana2] বি. (প্রা. কা.) মুখ, বদন ('বয়নে বসন দিয়া বলে লুকাইনু': বা. ঘো.)। [সং. বদন]।

বয়নামা (p. 580) [baẏanāmā] দ্র বয়2।

বয়লার (p. 580) [baẏalāra] বি. বাষ্পচালিত যন্ত্রের যে-অংশে কয়লাদির জ্বালে জল গরম করে বাষ্প প্রস্তুত করা হয়। [ইং. boiler]।

বয়স (p. 580) [baẏasa] বি. জন্মের সময় থেকে অস্তিত্বের কাল, বয়ঃক্রম; পরিণত বয়স (তার বয়স হয়েছে, এখন খাটতে পারে না)। [সং. বয়স্]। ˜ কাল বি. সাবালক অবস্থা, যৌবন; পরিণত বয়স (বয়সকালে এসব দোষ সেরে যাবে)। ˜ ফোড়া বি. যৌবনের আরম্ভে মুখ যে ব্রণ ওঠে। বয়স হওয়া ক্রি. বি. পূর্ণবয়স্ক হওয়া; বেশি বয়স হওয়া। বয়সা বি. যৌবনের আরম্ভে বা বয়ঃসন্ধির সময় কণ্ঠস্বরের বিকৃতি (বয়সা ধরেছে)। বয়সি বিণ. 1 বয়সযুক্ত (অল্পবয়সি ছেলে, সমবয়সি); 2 সমবয়স্ক (আমার বয়সি); 3 বয়স্থ (বয়সি লোক)। বয়সের ধর্ম বি. বয়সের বা বিশেষ বয়সের বৈশিষ্ট্য। বয়সের গাছপাথর না থাকা ক্রি. বি. খুব বেশি বয়স হওয়া। বয়সোচিত বিণ. বিশেষ বয়সের পক্ষে মানানসই, বয়সের উপযোগী, বয়সের যোগ্য (বয়সোচিত আচরণ)।

বয়স্ক1 (p. 580) [baẏaska1] বিণ. (অশু. কিন্তু প্রচলিত) বয়ঃপ্রাপ্ত, সাবালক (বয়স্কপাঠ্য, বয়স্কশিক্ষা)। [সং. বয়স্থ]।

বয়স্ক2 (p. 580) [baẏaska2] বিণ. (বহুব্রীহি সমাসে উত্তরপদরূপে বয়ঃ শব্দের বিকল্প রূপ) বয়সযুক্ত (অল্পবয়স্ক)। [সং. বয়স্ + ক]।

বয়স্থ, বয়স্থা (p. 580) [baẏasha, baẏashā] দ্র বয়ঃ।

বয়স্বী (p. 580) [baẏasbī] (-স্বিন্) বিণ. পূর্ণবয়স্ক। □ বি. পূর্ণবয়স্ক ব্যক্তি বা প্রাণী, adult (বি.প.)। [সং. বয়স্ + বিন্]।

বয়স্য (p. 580) [baẏasya] বি. 1 সমবয়সি বন্ধু, সখা; 2 মনোরঞ্জনকারী পার্শ্বচর। [সং. বয়স্ + য]। স্ত্রী. বয়স্যা।

বয়া (p. 580) [baẏā] বি. 1 নদী বা সমুদ্রে চড়ার অবস্থাননির্দেশক অথবা তীরের কাছে জাহাজ স্টিমার প্রভৃতির পক্ষে নোঙরযোগ্য স্থাননির্দেশক ভাসন্ত পিপাবিশেষ; 2 জলে পতিত ব্যক্তির ভাসবার সহায়ক উপকরণবিশেষ, লাইফবয়। [ইং. buoy]।

বয়ান1 (p. 580) [baẏāna1] বি. মুখ, বদন ('তোমার বয়ান হেরি')। [সং. বদন > বয়ন > বয়ান]।

বয়ান2 (p. 580) [baẏāna2] বি. বর্ণনা, বিবরণ। [আ. বয়ান]।

বয়াম, (কথ্য) বয়েম (p. 580) [baẏāma, (kathya) baẏēma] বি. চীনামাটির বা কাচের তৈরি মোটা বোতলবিশেষ। [পো. boiao]।

বয়ে1 (p. 580) [baẏē1] অস-ক্রি. বখে, ফাজিল হয়ে, কুসংসর্গে পড়ে নষ্ট হয়ে (ছেলেটা ক্রমেই বয়ে যাচ্ছে)। [সং. √ বহ্ + বাং. আ]।

বয়ে2 (p. 580) [baẏē2] অস-ক্রি. বহে, বহিয়া। [সং. √ বহ্ + বাং. আ]। বয়ে যাওয়া ক্রি. বি. (কথ্য) 1 ক্ষতি বা লোকসান হওয়া (তোমার চাকরি গেলে আমার কী বয়ে যাবে?); 2 কোনো প্রয়োজন বা ইচ্ছা না হওয়া (সেখানে যেতে আমার ভারি বয়ে গেছে)।

বয়েত, (বর্জি.) বয়েত্ (p. 580) [baẏēta, (barji.) bayėt] বি. 1 আরবি ফারসি বা উর্দুতে রচিত শ্লোক বা কবিতার চরণ; 2 আরবি ফারসি বা উর্দু কবিতা। [আ. বয়েত্]।

বয়েল, বইল (p. 580) [bayėla, bila] বি. বলদ, ষাঁড়। [< সং. বলীর্বদ-তু. হি. ব্যাল]।

বয়ো-কনিষ্ঠ (p. 580) [bayȯ-kaniṣṭha] বিণ. বয়সে ছোটো। [সং. বয়স্ + কনিষ্ঠ]।

বয়ো-গুণ, বয়ো-ধর্ম (p. 580) [bayȯ-guṇa, bayȯ-dharma] বি. বয়সের স্বাভাবিক গুণ বা ধর্ম; বয়সের পক্ষে স্বাভাবিক লক্ষণ। [সং. বয়স্ + গুণ, ধর্ম]।

বয়ো-জ্যেষ্ঠ (p. 580) [bayȯ-jyēṣṭha] বিণ. বয়সে বড়ো (বয়োজ্যেষ্ঠদের সম্মান করে না)। [সং. বয়স্ + জ্যেষ্ঠ]।

বয়ো-বৃদ্ধ (p. 580) [bayȯ-bṛddha] বিণ. অধিকবয়স্ক, বুড়ো (বয়োবৃদ্ধ মানুষ, চলাফেরা করতে কষ্ট হয়)। [সং. বয়স্ + বৃদ্ধ]। স্ত্রী. বয়ো-বৃদ্ধা। বয়ো-বৃদ্ধি বি. বয়সের বাড়, বয়স বেড়ে যাওয়া (বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে এসব দোষ চলে যায়)।

বর (p. 580) [bara] বি. 1 দেবতার কাছ থেকে লব্ধ অনুগ্রহ (সরস্বতীর বরে বিদ্যালাভ); 2 আশীর্বাদ; 3 বিবাহের পাত্র (বরাসন, বরের টোপর); 4 স্বামী, পতি (সখীর বর, ঘরবর); 5 হাতের আঙুলের অনুগ্রহসূচক ভঙ্গিবিশেষ বা মুদ্রা

(বরাভয়)। □ বিণ. 1 ঈপ্সিত, কাঙ্ক্ষিত; 2 উত্তম, শ্রেষ্ঠ (বন্ধুবর, বরতনু)। [সং. √ বৃ + অ]।˜ কনে বি. বিবাহের পাত্র ও পাত্রী।˜ কর্তা বি. বিবাহে পাত্রপক্ষীয় প্রধান ব্যক্তি।˜ চন্দন বি. 1 দেবদারু; 2 অগুরু।˜ দ বিণ. বরদাতা।˜ দা বিণ. (স্ত্রী.) বরদাত্রী। □ বি. দুর্গা।˜ পক্ষ বি. বিবাহে পাত্রপক্ষীয় লোকজন।˜ পণ বি. বিবাহে কন্যাপক্ষের কাছ থেকে বরপক্ষের প্রাপ্ত অর্থ।˜ পুত্র বি. 1 দেবতার বরে জাত পুত্র; 2 দেবানুগৃহীত ব্যক্তি (সরস্বতীর বরপুত্র); 3 শ্রেষ্ঠ পুত্র।˜ প্রদ বিণ. অভীষ্ট পূর্ণকারী। স্ত্রী.˜ প্রদা।˜ বধূ বি. বিবাহের পাত্র ও পাত্রী।˜ বর্ণিনী বি. 1 সর্বগুণান্বিতা রমণী; 2 সুন্দরী নারী।˜ মাল্য বি. 1 বিবাহে পাত্রী কর্তৃক পাত্রকে প্রদেয় ফুলমালা; 2 শ্রেষ্ঠ বা শ্রেষ্ঠতাজ্ঞাপক মালা (শ্রদ্ধার বরমাল্য)।˜ যাত্রী (-ত্রিন্),˜ যাত্র বি. বিবাহকালে পাত্রের সঙ্গী।˜ য়িতা বিণ. বরণকারী। স্ত্রী.˜ য়িত্রী। বরের ঘরের মাসি কনের ঘরের পিসি যে ব্যক্তি বিবদমান উভয় পক্ষের সঙ্গেই সদ্ভাব রেখে চলে।

বরং (p. 580) [bara] (-রম্) অব্য. 1 অপেক্ষাকৃত ভালো বা যুক্তিযুক্ত (নিজে যাব না, বরং চিঠি লিখে দিচ্ছি); 2 পক্ষান্তরে (লাভ না হয়ে বরং লোকসান হয়েছে)। [সং. √ বৃ অম্]।

বরকত (p. 580) [barakata] বি. 1 সৌভাগ্য; 2 প্রাচুর্য। [আ. বরকত্]।

বরকনে (p. 580) [barakanē] দ্র বর।

বর-কন্দাজ (p. 580) [bara-kandāja] বি. বন্দুকধারী সিপাই বা দেহরক্ষী। [আ. বর্ক্ + ফা. অন্দাজ্]।

বরকর্তা (p. 580) [barakartā] দ্র বর।

বরখান্তি (p. 580) [barakhānti] ক্রি. (ব্রজ.) বর্ষণ করছে। [সং. বর্ষন্তি-তু. হি. √বরখা]।

বর-খাস্ত (p. 580) [bara-khāsta] বিণ. কর্মচ্যুত, পদচ্যুত, চাকরি থেকে বা পদ থেকে অপসারিত। [আ. বরখাস্ত্]।

বর-খেলাপ (p. 580) [bara-khēlāpa] বিণ. বিপরীত, অন্যথা (আমার কথার বরখেলাপ হবে না, কর্তার আদেশের বরখেলাপ যেন না হয়)। [ফা. বরখিলাফ্]।

বরগা1 (p. 580) [baragā1] বি. ছাদের নীচে কড়ির উপরে স্থাপিত অপেক্ষাকৃত পাতলা ছোটো কাঠ বা লোহার পাত যার উপর ছাদ নির্মিত হয়। [পো. verga]।

বরগা2 (p. 580) [baragā2] বি. ভাগে চাষযোগ্য জমি বা তার বন্দোবস্ত। [দেশি]। ̃ দার বি. যে-ব্যক্তি পরের জমি ভাগে চাষ করে।

বরজ2 (p. 580) [baraja2] বি. পান গাছের আচ্ছাদনবিশিষ্ট খেত, পানের খেত। [আ. বুর্জ্]।

বরঞ্চ (p. 580) [barañca] অব্য. বরং (তুমি বরঞ্চ কাল এখানেই এসো)। [সং. বরম্ + চ]।

বরণ1-বরন (p. 580) [baraṇa1-barana] (বর্ণ)-এর বর্জি. বানান ('কেউ বা দিব্যি গৌর বরণ': রবীন্দ্র)।

বরণ2 (p. 580) [baraṇa2] বি. 1 সাদরে গ্রহণ নিয়োগ বা অভ্যর্থনা (গুরুবরণ, বধূচরণ, বর্ষাবরণ, সভাপতি পদে বরণ); 2 পূজার জন্য দেবতাকে বা কন্যাদানকালে জামাতাকে অভ্যর্থনা (জামাইবরণ); 3 স্বেচ্ছায় স্বীকার (মৃত্যুবরণ, কারাবরণ); 4 প্রার্থনা; 5 নির্বাচন, মনোনয়ন; 6 বরণ করবার কাপড়। [সং. √ বৃ + অন]।˜ কর্তা বিণ. বরণকারী, যে বরণ করে।˜ ডালা বি. বরণের উপকরণ রাখার ডালা।˜ মালা বি. যে-মালা দিয়ে পতিত্বে বরণ করা হয়। বরণাঙ্গুরী বি. হিন্দুদের বিবাহের সময় যে অঙ্গুরী বা আংটি দিয়ে জামাতাকে বরণ করা হয়। বরণীয় বিণ. বরণযোগ্য, সম্মাননীয় (বরণীয় অতিথি); পূজনীয়, গ্রহণীয়; প্রার্থনীয়। স্ত্রী. বরণীয়া।

বর-তরফ (p. 580) [bara-tarapha] বিণ. বরখাস্ত, পদচ্যুত। [ফা. বর্তরফ্]।

বরদ, বরদা (p. 580) [barada, baradā] দ্র বর।

বরদার (p. 580) [baradāra] বি. 1 বাহক (আসাবরদার, ছড়িবরদার); 2 তামিলকারী, পালনকারী (হুকুমবরদার)। [ফা. বর্দার]।

বরদাস্ত (p. 580) [baradāsta] বি. 1 সহ্য; সহ্য করা (এসব কেউ বরদাস্ত করবে না, ফাঁকিবাজি আমার বরদাস্ত হয় না); 2 সহিষ্ণুতা। [ফা. বরদাস্ত্]।

বরন (p. 580) [barana] বি. বর্ণ -র কোমল ও আঞ্চ রূপ।

বর-নারী (p. 580) [bara-nārī] বি. উত্তমা নারী, শ্রেষ্ঠা নারী। [সং. বর + নারী]।

বরপুত্র, বরপ্রদ (p. 580) [baraputra, baraprada] দ্র বর।

বরফ (p. 580) [barapha] বি. 1 তুষার (সিমলায় এখন বরফ পড়ছে); 2 জমাট-বাঁধা জল (বরফ দিয়ে শরবত)। [ফা. বরফ]।

বরফট্টাই (p. 580) [baraphaṭṭāi] দ্র বারফট্টাই।

বরফি (p. 580) [baraphi] বি. ক্ষীর দিয়ে তৈরি চারকোনা বা সামান্তরিকের আকারবিশিষ্ট মিঠাইবিশেষ। [হি. বর্ফী]। বরফিকাটা বিণ. বরফির আকারে কাটা বা তৈরি করা হয়েছে এমন।

বর-বটি (p. 580) [bara-baṭi] বি. শিমজাতীয় সবজিবিশেষ। [সং. বর্বটী]।

বরবর্ণিনী (p. 580) [barabarṇinī] দ্র বর।

বর-বাদ (p. 580) [bara-bāda] বিণ. সম্পূর্ণ নষ্ট ব্যর্থ বা পণ্ড (সব পরিশ্রম বরবাদ হয়ে গেল, তার অপদার্থতার জন্য পুরো কাজটাই বরবাদ হয়ে গেল)। [ফা. বরবাদ]।

বরমাল্য, বরযাত্র, বরযাত্রী, বরয়িতা, বরয়িত্রী (p. 580) [baramālya, barayātra, barayātrī, baraẏitā, baraẏitrī] দ্র বর।

বরশা, বর্শা (p. 580) [baraśā, barśā] বি. লাঠির আগায় ইস্পাতের ছুঁচলো ফলা লাগানো বেধনাস্ত্রবিশেষ, শড়কি, বল্লম। [হি. বরছা]।

বরষ, বরষণ, বরষা (p. 580) [baraṣa, baraṣaṇa, baraṣā] যথাক্রমে বর্ষ, বর্ষণ ও বর্ষা -র কোমল রূপ।

বরা1 (p. 580) [barā1] বি. বরাহ, শূকর ('ঢুঁসিয়ে দেবে বরামোষে':রবীন্দ্র)। [সং. বরাহ]। ̃ খুরে বিণ. ঘৃণ্য, নিকৃষ্ট লক্ষণযুক্ত বা স্বভাবযুক্ত, কুলক্ষুনে। [বরাহের খুরের বা পায়ের মতো পা যার]।

বরা2 (p. 580) [barā2] ক্রি. বরণ করা। □ বি. বিণ. উক্ত অর্থে। [সং.√ বৃ + বাং. আ]।

বরাক (p. 580) [barāka] বি. বিণ. দীনদরিদ্র, অনুকম্পার পাত্র। [সং. √ বৃ + আক্]। স্ত্রী. বরাকী।

বরাঙ্গ (p. 580) [barāṅga] বি. 1 শ্রেষ্ঠ অঙ্গ; 2 মস্তক; 3 গুহ্যদেশ। □ বিণ. উত্তম অঙ্গবিশিষ্ট। [সং. বর + অঙ্গ]। স্ত্রী. বরাঙ্গা, বরাঙ্গী।

বরাঙ্গনা (p. 580) [barāṅganā] বি. 1 উত্তমা নারী; 2 সুন্দরী নারী। [সং. বর + অঙ্গনা]।

বরাটক, বরাটিকা (p. 580) [barāṭaka, barāṭikā] বি. কর্পদক, কড়ি। [সং. বর + √ অট্ + অ + ক, আ]।

বরাত (p. 580) [barāta] বি. 1 ভাগ্য, অদৃষ্ট (বরাত মন্দ); 2 দায়িত্ব, কর্মভার (অন্যের উপর বরাত দিয়ে এ-কাজ হয় না); 3 কাজের ফরমাশ, মাল সরবরাহের ফরমাশ (বিয়েবাড়ির মাছের বরাত পেয়েছে); 4 প্রয়োজন (এখানো তোমার কী বরাত?); 5 প্রতিনিধিত্বের বা ক্ষমতা দানকারী চিঠি; 6 হুণ্ডি। [আ. বরাত্]। ̃ জোর বি. ভাগ্যের জোর, ভাগ্যের আনুকূল্য (নেহাত বরাতজোরে বেঁচে গেছি)। বরাতি বিণ. 1 প্রতিনিধিত্ব বা দায়িত্ব দেয় এমন (বরাতি চিঠি); 2 যে বিষয়ের ভার অন্যের উপর ন্যস্ত করা হয়েছে এমন (বরাতি কাজ)।

বরাদ্দ (p. 580) [barādda] বি. 1 নির্ধারণ বা নির্ধারিত ব্যবস্থা (মাসোহারা বাবদ বরাদ্দ); 2 নির্দিষ্ট ভাগ (আমার বরাদ্দটা কই?); 3 খরচাদির পূর্ব থেকে নির্ধারিত পরিমাণ (বরাদ্দের বেশি খরচ করেছ)। □ বিণ. নির্ধারিত (বরাদ্দ টাকা)। [ফা. বরাবর্দ্]।

বরাননা (p. 580) [barānanā] বিণ. (স্ত্রী.) সুন্দর মুখবিশিষ্টা। [সং. বর + আনন + আ]।

বরানু-গমন (p. 580) [barānu-gamana] বি. বরযাত্রী হয়ে বরের সঙ্গে বিবাহমণ্ডপে যাওয়া। [সং. বর + অনুগমন]।

বরাবর (p. 580) [barābara] ক্রি-বিণ. 1 চিরকাল, সবসময় (বরাবর এইরকমই হয়ে আসছে, এ নিয়ম বরাবরই ছিল); 2 সোজা, একটানা, সিধে (এখান থেকে বরাবর পাকা রাস্তা); 3 সমীপে, নিকটে, দিকে (নদীবরাবর চলে যাও)।□ বিণ. তুল্য ('সুধা বিষে বরাবর': ভা. চ.)। [হি. < ফা. বরাবর]। বরাবরেষু ক্রি-বিণ. নিকটে, সমীপেষু, মান্য ব্যক্তির উদ্দেশে (বাংলা পত্রলিখনে ব্যবহৃত শিরোনামবিশেষ)।

বরাভয় (p. 580) [barābhaẏa] আশীর্বাদের বা অভয়দানের ভাবযুক্ত হাতের আঙুল দ্বারা কৃত ভঙ্গিবিশেষ বা মুদ্রা; আশীর্বাদ ও অভয়দান বা আশ্বাসদান। [সং. বর + অভয়]।

বরাভরণ (p. 580) [barābharaṇa] বি. বিবাহের পাত্রকে প্রদেয় পোশাক ও অলংকারাদি। [সং. বর + আভরণ]।

বরারোহা (p. 580) [barārōhā] বিণ. 1 (স্ত্রী.) সুডৌল, প্রশস্ত ও সুপুষ্ট নিতম্ববিশিষ্টা; সুন্দর ও সুপুষ্ট নিতম্বযুক্তা; 2 সুন্দরী। [সং. বর + আরোহ + (নিতম্ব) + আ]।

বরাসন (p. 580) [barāsana] বি. 1 বিবাহসভায় পাত্রের বসবার আসন; 2 সম্মানজনক বা সুন্দর বা শ্রেষ্ঠ আসন। [সং. বর + আসন]।

বরাহ (p. 580) [barāha] বি. শূকর; বিষ্ণুর দশাবতারের অন্যতম এই অবতারে বিষ্ণু বরাহের রূপে পৃথিবীকে দন্তাগ্রে ধারণ করে প্রলয়-সলিল থেকে উদ্ধার করেছিলেন। [সং.বর + আ + √ হন্ + অ]।

বরিখ, বরিখন, বরিখা (p. 580) [barikha, barikhana, barikhā] যথাক্রমে বর্ষা, বর্ষণ ও বর্ষা -র কোমল রূপ।

বরিষ1 (p. 580) [bariṣa1] বি. বর্ষা, বৃষ্টি। [সং. বর্ষা। তু. হি. বারিশ]।

বরিষ2 (p. 580) [bariṣa2] বি. বর্ষ, বৎসর। [সং. বর্ষ]।

বরিষ3 (p. 580) [bariṣa3] অনু-ক্রি. বর্ষণ করো ('বরিষ ধরা মাঝে শান্তির বারি': রবীন্দ্র)। [প্রাকৃ. বরিষ (বরিস) < সং. √ বৃষ্]।

বরিষ্ঠ (p. 580) [bariṣṭha] বিণ. 1 শ্রেষ্ঠ, সর্বাগ্রে বরণীয় (বরিষ্ঠ কবি); 2 সর্বপ্রধান। [সং. উরু + ইষ্ঠ]। স্ত্রী. বরিষ্ঠা। বরিষ্ঠা সেবকা বি. প্রধান বা প্রথমশ্রেণির বা প্রবর শুশ্রূষাকারিণী, senior nurse.

বরীয়ান (p. 580) [barīẏāna] (-য়স্) বিণ. 1 উৎকৃষ্টতর, অপেক্ষাকৃত শ্রেয়; 2 (অশু. কিন্তু প্রচলিত) বরিষ্ঠ, শ্রেষ্ঠ। [সং. উরু + ঈয়স্]। স্ত্রী. বরীয়সী।

বরুণ (p. 580) [baruṇa] বি. সমুদ্র জল বৃষ্টি ও পশ্চিমদিকের অধিদেবতা, প্রচেতা। [সং. √ বৃ + উন]। ˜ বাণ বি. জলাধিপতি বরুণদেবের বারিবর্ষণকারী বাণ।

বরুয়া, বড়ুয়া (p. 580) [baruẏā, baḍ়uẏā] বি. অসমিয়া পদবিবিশেষ। [বাং. অস. বড় + উয়া]।

বরেণ্য (p. 580) [barēṇya] বিণ. 1 বরণীয়, সম্মানের যোগ্য (দেশবরেণ্য নেতা, বরেণ্য অতিথি); 2 প্রার্থনীয়। [সং. বৃ + এণ্য]।

বরেন্দ্র, বরেন্দ্র-ভূমি (p. 580) [barēndra, barēndra-bhūmi] বি. বঙ্গদেশের প্রাচীন বিভাগ; প্রাচীন গৌড়দেশ, উত্তরবঙ্গ। [সং. বর + ইন্দ্র, + ভূমি]।

বর্গ (p. 580) [barga] বি. 1 দেশ, জাতি (প্রাণীবর্গ); 2 সমূহ (মনুষ্যবর্গ); 3 গণ (স্বজনবর্গ); 4 বর্ণমালার স্পর্শবর্ণসমূহের শ্রেণি (ক-বর্
গ, ত-বর্গ); 5 (গণি.) সমান দুই রাশির গুণ (বর্গফল); 6 গ্রন্থের ভাগ বা অধ্যায় (গ্রন্থের প্রথম বর্গ)। [সং. √ বৃজ্ + অ]। ̃ কিলো-মিটার বি. আয়তনের পরিমাণবিশেষ, square kilometer. ̃ ক্ষেত্র বি. যে ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ সমান, square. ̃ গজ বি. square-yard. ̃ ফল বি. একটি সংখ্যাকে তার সমান রাশি দ্বারা গুণনের ফল। ̃ ফুট বি. square foot. ̃ মাইল বি. square mile. ̃ মিটার বি. square meter. ̃ মূল বি. নিজদ্বারা গুণিত হয়ে যে রাশি কোনো রাশি উৎপন্ন করেছে, বর্গের মূল সংখ্যা। বর্গাকার বিণ. দৈর্ঘ্য ও প্রস্থ সমান এমন (বর্গাকার ক্ষেত্র)। বর্গীয়, বর্গ্য বিণ. বর্গসম্বন্ধীয়। বর্গীয় বর্ণ (ব্যাক.) বি. ক থেকে ম পর্যন্ত পাঁচটি বর্গে বিভক্তি যে কোনো বর্ণ।

বর্গা, বর্গাদার (p. 580) [bargā, bargādāra] যথাক্রমে বরগা2 ও বরগাদার -এর বানানভেদ।

বর্গাকার (p. 580) [bargākāra] দ্র বর্গ।

বর্গি, (বর্জি.) বর্গী (p. 580) [bargi, (barji.) bargī] বি. ইতিহাসোক্ত মহারাষ্ট্রীয় অশ্বারোহী সৈন্যদল। [ফা. বার্গীর্]।

বর্গী-করণ (p. 580) [bargī-karaṇa] বি. বর্গে, শ্রেণিতে বা গোষ্ঠীতে বিভক্ত করা, classification. [সং. বর্গ + ঈ (চ্বি) + √ কৃ + অন]।

বর্গীয়, বর্গ্য (p. 580) [bargīẏa, bargya] দ্র বর্গ।

বর্জ (p. 580) [barja] ক্রি. (কাব্যে) ত্যাগ করা ('বর্জিল ভয়')। [সং. বর্জন]।

বর্জক (p. 580) [barjaka] দ্র বর্জন।

বর্জন (p. 580) [barjana] বি. 1 ত্যাগ, পরিত্যাগ, পরিহার (সীতাবর্জন, আমিষবর্জন, অভ্যাসবর্জন); 2 বয়কট (সমাজ তাকে বর্জন করেছে)। [সং. √ বৃজ্ + অন]। বর্জক বিণ. যে বর্জন বা ত্যাগ করে। বর্জনীয়, বর্জ্য বিণ. বর্জনের যোগ্য (বর্জ্য পদার্থ, এই কু-অভ্যাস বর্জনীয়)। স্ত্রী. বর্জনীয়া। বর্জিত বিণ. 1 বর্জন করা বা ত্যাগ করা হয়েছে এমন, ত্যক্ত; 2 বিরহিত, বিহীন (বাহুল্যবর্জিত)। স্ত্রী. বর্জিতা।

বর্জাইস (p. 580) [barjāisa] বি. ছাপার অক্ষরের আকারবিশেষ, মুদ্রণের টাইপবিশেষ। [ইং. < ফ. bourgeois]।

বর্জিত, বর্জ্য (p. 580) [barjita, barjya] দ্র বর্জন।

বর্ডার (p. 580) [barḍāra] বি. 1 প্রান্ত (শাড়ির বর্ডার); 2 সীমান্ত (ভারত পাকিস্তান বর্ডার)। [ইং. border]।

বর্ণ (p. 580) [barṇa] বি. 1 রং (গাঢ় কৃষ্ণবর্ণ); 2 অক্ষর (ব্যঞ্জনবর্ণ); 3 (ব্রাহ্মণ ক্ষত্রিয় প্রভৃতি) জাতি (উচ্চ বর্ণের মধ্যে সীমাবদ্ধ); 4 (জ্যোতিষ.) রাশি অনুসারে জাতকের শ্রেণিভেদ (বিপ্রবর্ণ)। [সং. √ বর্ণ্ + অ]। ˜ ক্ষত্রিয় বি. বিণ. উচ্চ বর্ণের ক্ষত্রিয়। ˜ চোরা বিণ. 1 স্বাভাবিক বর্ণ গোপন রাখে এমন (বর্ণচোরা আম); 2 বাইরে থেকে ভিতর বোঝা যায় না এমন (বর্ণচোরা লোক)। ˜ চ্ছটা বি. রঙের বাহার। ˜ জ্ঞান-হীন বিণ. অক্ষরপরিচয়হীন, সম্পূর্ণ নিরক্ষর। ˜ জ্যেষ্ঠ বি. বর্ণ বা জাতির মধ্যে শ্রেষ্ঠ অর্থাত্ ব্রাহ্মণ। ˜ তত্ত্ব বি. জাতিতত্ত্ব, ethnology. ˜ পরিচয় বি. 1 অক্ষরপরিচয়, অক্ষরজ্ঞান, অ-আ ইত্যাদি শিক্ষা; 2 (আল.) প্রাথমিক জ্ঞান। ˜ বিদ্বেষ বি. অন্য বর্ণ বা জাতির প্রতি বিদ্বেষ। ˜ বিদ্বেষী (-ষিন্) বিণ. অন্য বর্ণ বা জাতির লোকের প্রতি বিদ্বেষভাবাপন্ন। ˜ বিপর্যয় বি. শব্দে কোনো বর্ণের স্থানচ্যুত হয়ে আগে বা পরে আসা। ˜ বৈচিত্র্য বি. নানা বর্ণ বা রঙের সমাহার (ময়ূরের পালকের বর্ণবৈচিত্র্য)। ˜ ময় বিণ. রঙিন; নানা রংযুক্ত। ˜ মালা বি. যে-কোনো ভাষার অক্ষরসমূহ। ˜ লোপ বি. শব্দে কোনো অক্ষরের লোপ পাওয়া। ˜ শ্রেষ্ঠ বি. বর্ণজ্যেষ্ঠ, ব্রাহ্মণ। ˜ সংকর বি. বিণ. দুই ভিন্ন বর্ণের বা জাতির মাতাপিতা থেকে উৎপন্ন জাতি; মিশ্রজাতি; দো-আঁশলা। ˜ হিন্দু বি. ব্রাহ্মণ কায়স্থাদি উচ্চবর্ণের হিন্দু যারা 'তফশিল' এর অন্তর্ভুক্ত নয়। ˜ হীন বিণ. রংহীন, বিবর্ণ। বর্ণানু-ক্রম বি. অক্ষরের পরম্পরা, alphabetical order. বর্ণানু-ক্রমে ক্রি-বিণ. অক্ষরের পরম্পরা অনুসারে, alphabetically. বর্ণান্ধ বিণ. রঙের পার্থক্য ধরতে পারে না এমন, রং চিনতে পারে না এমন, colour-bling. বি. বর্ণান্ধতা। বর্ণাশ্রম বি. ব্রহ্মচর্যাদি চতুরাশ্রম। বর্ণাশ্রম ধর্ম বি. ব্রাহ্মণাদি বর্ণের ব্রহ্মচর্য গার্হস্থ্য

বানপ্রস্থ ও সন্ন্যাস এই চার আশ্রমে পালনীয় ধর্ম। বর্ণে বর্ণে ক্রি বিণ. অক্ষরে অক্ষরে; পুরোপুরি (তাঁর ভবিষ্যদ্বাণী বর্ণে বর্ণে মিলে গেছে)।

বর্ণন, বর্ণনা (p. 580) [barṇana, barṇanā] বি. 1 বিবরণ (ঘটনার বর্ণনা); 2 বিস্তৃত পরিচয়দান, ব্যাখ্যা (রূপের বর্ণনা); 3 দোষগুণ কথন; 4 বর্ণবিন্যাস; 5 রঙের প্রলেপ বা লেপন। [সং. √ বর্ণ্ + অন, + আ]। বর্ণনা-কুশল বিণ. বর্ণনা করতে পটু। বর্ণনাতীত বিণ. বর্ণনার অতীত, বর্ণনা করা যায় না এমন (বর্ণনাতীত নিষ্ঠুরতা, বর্ণনাতীত সৌন্দর্য)। বর্ণনা-পত্র বি. লিখিত বিবরণ; বিবরণসংবলিত কাগজ বা দলিল। বর্ণনীয় বিণ. বর্ণনার যোগ্য; বর্ণনা করতে হবে বা বর্ণনা করা যায় এমন। বর্ণিত বিণ. 1 বর্ণনা করা হয়েছে এমন, বিরত; 2 রঞ্জিত, রং দেওয়া হয়েছে এমন, রং প্রয়োগ করা হয়েছে এমন।

বর্ণনীয় (p. 580) [barṇanīẏa] দ্র বর্ণনা।

বর্ণপরিচয়, বর্ণবিদ্বেষ, বর্ণবিপর্যয়, বর্ণবৈচিত্র্য, বর্ণমালা, বর্ণশ্রেষ্ঠ (p. 580) [barṇaparicaẏa, barṇabidbēṣa, barṇabiparyaẏa, barṇabaicitrya, barṇamālā, barṇaśrēṣṭha] দ্র বর্ণ।

বর্ণা, বর্ণানো (p. 580) [barṇā, barṇānō] ক্রি. (কাব্যে) বর্ণনা করা ('বর্ণিল পদ্যছন্দে', 'বর্ণাইয়া কৈলা স্তব': ভা. চ.)। [সং. √ বর্ণ্ + বাং. আ, আনো]।

বর্ণাট (p. 580) [barṇāṭa] বি. চিত্রকর, চিত্রশিল্পী। [সং. বর্ণ (রং) + আট (প্রয়োগকারী)]।

বর্ণানুক্রম, বর্ণান্ধ (p. 580) [barṇānukrama, barṇāndha] দ্র বর্ণ।

বর্ণালি, বর্ণালী (p. 580) [barṇāli, barṇālī] বি. তেকোনা কাচের ভিতর দিয়ে আলোকরশ্মির রামধনুর মতো যে প্রতিসরণ হয়, তেকোনা কাচের ভিতর দিয়ে আলোকরশ্মির নানা রঙে বিভক্ত অবস্থা, spectrum. [সং. বর্ণ + আলি, আলী]।

বর্ণাশ্রম (p. 580) [barṇāśrama] দ্র বর্ণ।

বর্ণিক (p. 580) [barṇika] বি. চিত্রকর, রঞ্জনশিল্পী। [সং. বর্ণ + ইক]।

বর্ণিত (p. 580) [barṇita] দ্র বর্ণন।

বর্ণিনী (p. 580) [barṇinī] বি. 1 নারী, রমনী (বরবর্ণিনী); 2 লেখিকা; 3 চিত্রকরী অর্থাত্ মহিলা-চিত্রকর [সং. বর্ণ + ইন্ + ঈ]।

বর্ণী (p. 580) [barṇī] (-র্ণিন্) বি. 1 চিত্রকর; 2 ব্রহ্মচারী। [সং. বর্ণ (প্রশংসা, রং) + ইন্]।

বর্তক (p. 580) [bartaka] বি. তিতিরজাতীয় পাখি, বটের, quail. [সং. √ বৃত্ + অক]।

বর্তন1 (p. 580) [bartana1] বি. 1 বৃত্তি, জীবিকা; 2 স্থিতি, অবস্থিতি। [সং. √ বৃত্ + অন]।

বর্তন2 (p. 580) [bartana2] বি. 1 পেষণ; 2 স্থাপন। [সং. √ বৃত্ + ণিচ্ + অন]।

বর্তন3 (p. 580) [bartana3] বি. বাসন। [হি. বর্তন]।

বর্তনী (p. 580) [bartanī] বি. 1 বর্ত্ম, পথ; 2 বেষ্টিত বা পরিবৃত স্থান বা আয়তন, circuit; 3 তুলোর পাঁজ। [সং. বর্তন1 + ঈ]।

বর্ত-মান (p. 580) [barta-māna] বি. উপস্থিত কাল, এই সময় (বর্তমান ও ভবিষ্যত্)। □ বিণ. 1 উপস্থিত, উপস্থিতকালের, এখনকার (বর্তমান যুগ, বর্তমান অবস্থা); 2 বিদ্যমান, জীবিত (বর্তমান থাকা)। [সং. √ বৃত্ + মান (শানচ্)]।

বর্তা, বর্তানো (p. 580) [bartā, bartānō] ক্রি. 1 অর্শানো, উত্তরাধিকারাদি সূত্রে প্রাপ্য হওয়া (পিতার সম্পত্তি পুত্রে বর্তায়); 2 বর্তমান থাকা (বেঁচেবর্তে থাকো); 3 বাঁচা, রক্ষা পাওয়া, কৃতার্থ হওয়া (এই সাহায্য পেলে বর্তে যাব)। □বি. উক্ত সব অর্থে। [সং. √ বৃত্ + বাং. আ, আনো]।

বর্তি, বর্তিকা (p. 580) [barti, bartikā] বি. 1 প্রদীপ; 2 প্রদীপের সলতে (আলোকবর্তিকা); 3 তুলি। [সং. √ বৃত্ + ই, ক + আ]।

বর্তিত (p. 580) [bartita] বিণ. নিষ্পাদিত, সম্পাদিত। [সং. √ বৃত্ + ণিচ্ + ত]।

বর্তিষ্ণু (p. 580) [bartiṣṇu] বিণ. স্থিতিশীল। [সং. √ বৃত + ইষ্ণু]।

বর্তী1 (p. 580) [bartī1] (-র্তিন্) বিণ. স্থিতিশীল, বিদ্যমান (নিকটবর্তী)। [সং. √ বৃত্ + ইন্]। স্ত্রী.˜ বর্তিনী।

বর্তুল (p. 580) [bartula] বিণ. গোলাকার, বৃত্তের মতো, spherical.☐ বি. 1 গোলক; গোলাকার বস্তু, sphere; 2 বাঁটুল, বল। [সং. √ বৃত্ + উল]।

বর্ত্ম (p. 580) [bartma] (-র্ত্মন্) বি. 1 পথ, রাস্তা, মার্গ (লৌহবর্ত্ম); 2 আচার, ব্যবহার; 3 (আল.) উপায়। [সং. √ বৃত্ + মন্]।

বর্ধক (p. 580) [bardhaka] দ্র বর্ধন।

বর্ধকি (p. 580) [bardhaki] বি. ছুতোর, সূত্রধর, কাঠের মিস্ত্রি। [সং. √ বর্ধ্ + অক + ই]।

বর্ধন (p. 580) [bardhana] বি. 1 বৃদ্ধিকরণ বা বৃদ্ধি (আনন্দবর্ধন করা, শোভা বর্ধন করা); 2 উন্নতি; 3 বৃদ্ধিপ্রাপ্তি। ☐ বিণ. বৃদ্ধিজনক, বৃদ্ধিকর (গৌরববর্ধন কার্য)। [সং. √ বর্ধি + অন]। বর্ধক বিণ. 1 বর্ধনকারী (শোভাবর্ধক); 2 ছেদক, ছেদনকারী। বর্ধমান, বর্ধিষ্ণু বিণ. বাড়ছে এমন, বৃদ্ধিশীল (ক্রমবর্ধমান জনসংখ্যা, বর্ধিষ্ণু পরিবার)। বর্ধিত বিণ. বাড়ানো হয়েছে এমন (বর্ধিত আয়)।

বর্ধাপন (p. 580) [bardhāpana] বি. 1 নবজাতকের নাড়িচ্ছেদনের সংস্কারবিশেষ; 2 জন্মদিনে মঙ্গলকামনায় অনুষ্ঠানবিশেষ; 3 জয়ন্তী, জয়ন্তী উৎসব। [সং. বৃদ্ধি + ই + অন (প্ আগম)]।

বর্ধিত, বর্ধিষ্ণু (p. 580) [bardhita, bardhiṣṇu] দ্র বর্ধন।

বর্না, বর্নানো (p. 580) [barnā, barnānō] যথাক্রমে বর্ণা ও বর্ণানো -র বানানভেদ।

বর্বর (p. 580) [barbara] বি. অসভ্য জাতি। □ বিণ. 1 অসভ্য (বর্বর স্বভাব); 2 নীচ; 3 পাশবিক, নিষ্ঠুর (বর্বর অত্যাচার); 4 মূর্খ। [সং. √ বৃ + বর]।˜ তা বি. অসভ্যতা; নিষ্ঠুরতা।

বর্ম (p. 580) [barma] (-র্মন্) বি. (প্রধানত অস্ত্রাদির) আঘাত থেকে রক্ষা করবার জন্য দেহাবরণ, তনুত্রাণ, কবচ, সাঁজোয়া (বর্মধারী)। [সং. √ বৃ + মন্]। বর্মিত, বর্মী (-র্মিন্) বিণ. বর্মধারী, বর্মাচ্ছাদিত, বর্মাবৃত।

বর্মা (p. 580) [barmā] বি. ব্রহ্মদেশ। □ বিণ. ব্রহ্মদেশীয় (বর্মা চুরুট)। [ইং. Burma]। বর্মি বি. ব্রহ্মদেশবাসী বা ব্রহ্মের ভাষা। □ বিণ. ব্রহ্মদেশীয় (বর্মি জনগণ)।

বর্ষ (p. 580) [barṣa] বি. 1 বৎসর, বছর (নববর্ষ); 2 পুরণোক্ত জম্বুদ্বীপের ইলাবৃত রম্যক ভারত প্রভৃতি নয়টি অংশ; 3 বৃষ্টি; 4 মেঘ (বর্ষোপল)। [সং. √ বৃষ্ + অ]।˜ কর বিণ. বর্ষণকারী। □বি. মেঘ।˜ কাল বি. এক বৎসর।˜ জীবী

(-বিন্) বিণ. এক বৎসর বাঁচে এমন। □ বি. এক বৎসর বাঁচে এমন উদ্ভিদ।˜ পঞ্জি বি. ক্যালেণ্ডার।˜ পূর্তি বি. বছরের শেষ।˜ প্রতিবন্ধ বি. অনাবৃষ্টি।˜ প্রবেশ বি. নববর্ষার আরম্ভ।˜ মান বি. বর্ষামাপক যন্ত্র।

বর্ষণ (p. 580) [barṣaṇa] বি. 1 বৃষ্টিপাত, বৃষ্টি, ধারাপতন (অকালবর্ষণ); 2 অকাতরে দান (উপদেশবর্ষণ, অনুগ্রহবর্ষণ); 3 উপর থেকে নীচে ছড়িয়ে দেওয়া। [সং. √ বৃষ্ + অন]।˜ মন্দ্রিত বিণ. বৃষ্টির শব্দে মুখর ('বর্ষণমন্দ্রিত অন্ধকারে': রবীন্দ্র)। বর্ষণোন্মুখ বিণ. বৃষ্টির উপক্রম হয়েছে এমন।

বর্ষা1 (p. 580) [barṣā1] বি. 1 যে ঋতুতে বৃষ্টি হয়, প্রাবৃট্কাল (এই ফুল বর্ষায় ফোটে); 2 বৃষ্টি, বৃষ্টিপাত (এই বর্ষায় বাইরে বেরিয়ো না)। [সং. √ বৃষ্ + অ + আ]।

বর্ষা2 (p. 580) [barṣā2] ক্রি. (কাব্যে) বর্ষণ করা ('যদি বর্ষে মাঘের শেষ': খনার বচন)। [সং. √ বৃষ্ + বাং. আ]।

বর্ষা-কালীন (p. 580) [barṣā-kālīna] বিণ. 1 বৃষ্টির সময়ের; 2 বর্ষাঋতুর (সংসদের বর্ষাকালীন অধিবেশন)। [সং. বর্ষা1 + কালীন]।

বর্ষাগম (p. 580) [barṣāgama] বি. বর্ষাকালের আরম্ভ (বর্ষগমে চাষির আনন্দ)। [সং. বর্ষা1 + আগম]।

বর্ষাতি1 (p. 580) [barṣāti1] বি. 1 ছাতা; 2 বৃষ্টির জল থেকে দেহ বাঁচাবার জামাবিশেষ, ওআটারপ্রুফ কোট। [হি. বর্সাতী]।

বর্ষাতি2 (p. 580) [barṣāti2] বিণ. বর্ষাকালে জাত বা উৎপন্ন (বর্ষাতি ফসল)। [সং. বর্ষজাত > বর্ষাত + বাং. ই]।

বর্ষাত্যয় (p. 580) [barṣātyaẏa] বি. 1 বর্ষা বা বৃষ্টির অবসান; 2 শরৎকাল। [সং. বর্ষা1 + অত্যয়]।

বর্ষানো (p. 580) [barṣānō] ক্রি. বি. বর্ষণ করা। [সং. √ বৃষ্ + বাং. আনো]।

বর্ষাব-সান (p. 580) [barṣāba-sāna] বি. বর্ষার শেষ। [সং. বর্ষা1 + অবসান]।

বর্ষিত (p. 580) [barṣita] বিণ. 1 অবিরাম পতিত (শ্রাবণের ধারা বর্ষিত); 2 অকাতরে বা অকুণ্ঠভাবে প্রদত্ত (আশীর্বাদ বর্ষিত)। [সং. √ বৃষ্ + ণিচ্ + ত]।

বর্ষিষ্ঠ (p. 580) [barṣiṣṭha] বিণ. সর্বজ্যেষ্ঠ, সবার চেয়ে বয়সে বড়ো। [সং. বৃদ্ধ + ইষ্ঠ]।

-বর্ষী (p. 580) [-barṣī] (-র্ষিন্) বিণ. বর্ষণশীল, বর্ষণকারী (আলোকবর্ষী, অগ্নিবর্ষী বাণ)। [সং. √ বৃষ্ + ইন্]।

-বর্ষীয় (p. 580) [-barṣīẏa] বিণ. (সমাসে পরপদে) বয়সযুক্ত (ষোড়শবর্ষীয় বালক)। [সং. √ বর্ষ + ঈয়]। স্ত্রী. -বর্ষীয়া।

বর্ষীয়সী (p. 580) [barṣīẏasī] দ্র বর্ষীয়ান।

বর্ষীয়ান, (বর্জি.) বর্ষীয়ান্ (p. 580) [barṣīẏāna, (barji.) barṣīẏān] (-য়স্) বিণ. 1 (দুইয়ের মধ্যে) অধিকতর বৃদ্ধ বা বয়স্ক; 2 অতিশয় বৃদ্ধ; 3 (অশু. কিন্তু বাংলায় চলিত) বর্ষিষ্ঠ (বর্ষীয়ান লোককে সম্মান করা)। [সং. বৃদ্ধ + ঈয়স্]। স্ত্রী. বর্ষীয়সী।

বর্ষোপল (p. 580) [barṣōpala] বি. মেঘজাত শিলা, করকা, শিল। [সং. বর্ষ (বৃষ্টি) + উপল]।

বর্হ (p. 580) [barha] বি. ময়ূরপুচ্ছ। [সং. √ বর্হ্ + অ]। বর্হিণ, বর্হী (-হিন্) বি. ময়ূর।

বল1 (p. 580) [bala1] বি. 1 খেলার ভাঁটা বা গোলক; 2 গোলাকার ফাঁপা বা নিরেট খেলবার গোলক (ফুটবল, বল নিয়ে লোফালুফি)। [ইং. ball]।

বল2 (p. 580) [bala2] বি. ইয়োরোপীয় নাচবিশেষ (বলনাচ)। [ইং. ball]।

বল3 (p. 580) [bala3] বি. 1 দৈহিক শক্তি, গায়ের জোর (তুমি কত বল ধর); 2 ক্ষমতা, সামর্থ্য ('এত বল নাইরে তোমার': রবীন্দ্র); 3 জোর, শক্তি (মনোবল, যোগবল); 4 সৈন্য (চতুরঙ্গ বল); 5 দাবা খেলার ঘুঁটি; 6 সহায় (তিনিই আমার বল)। [সং. √ বল্ + অ]।˜ কর,˜ কারক বিণ. বলদায়ক, যাতে বল বা শক্তি পাওয়া যায়।˜ গর্বিত,˜ দৃপ্ত বিণ. শক্তিমত্ত।˜ দ বিণ. বলকারক।˜ পূর্বক ক্রি-বিণ. জোর করে, সবলে (বলপূর্বক ধরে নিয়ে গেছে)।˜ প্রয়োগ বি. শক্তি

ব্যবহার (বলপ্রয়োগ না করেই জিনিসটি পেতে চাই)।˜ বত্ বিণ. 1 শক্তিযুক্ত; 2 কার্যকর, প্রচলিত, বহাল (আইনটি এখনও বলবত্ আছে)। ˜ বত্তা বি. শক্তিশালিতা, শক্তিমত্তা।˜ বন্ত বিণ. 1 বলবান; 2 বলবত্। [সং. বল + বাং. বন্ত]।˜ বান (-বত্) বিণ. শক্তিশালী, ক্ষমতাবান। স্ত্রী.˜ বতী।˜ বর্ধক বিণ. শক্তিবৃদ্ধিকারী।˜ বর্ধন বি. শক্তির বৃদ্ধি। □ বিণ. শক্তিবৃদ্ধিকারী।˜ বিদ্যা বি. পদার্থের বেগসম্বন্ধীয় বিজ্ঞান, mechanics. ˜ বিন্যাস বি. যুদ্ধের জন্য সৈন্যস্থাপন; ব্যূহরচনা।˜ ভরসা বি. জোর এবং অবলম্বন (তিনিই আমাদের একমাত্র বলভরসা)।˜ শালী (-লিন্) বিণ. শক্তিমান, বলবান। স্ত্রী.˜ শালিনী। বি.˜ শালিতা।˜ হীন বিণ. দুর্বল। বি.˜ হীনতা।

বলক (p. 580) [balaka] বি. দুধ ইত্যাদি জ্বাল দেবার সময় উথলে ওঠা (দুধ বলক দিচ্ছে)। [তু. হি. বলক্কা]। বলকা বিণ. বলকযুক্ত।

বল্গা, বল্গা (p. 580) [balgā, balgā] বি. লাগাম, ঘোড়ার বেগ বা গতি নিয়ন্ত্রণের জন্য তার মুখে যে রজ্জু বাঁধা হয়। [সং. √ বল্গ্ + অ + আ]।˜ হরিণ বি. মেরুপ্রদেশের গাড়ি-টানা হরিণবিশেষ।

বলদ1 (p. 580) [balada1] দ্র বল।

বলদ2 (p. 580) [balada2] বি. 1 বৃষ, ষাঁড়; 2 গাড়ি-টানা বা হাল-টানা বৃষ। [সং. বলীর্বদ]।

বলদেব (p. 580) [baladēba] বি. শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা, বলরাম। [সং. বল + দেব]।

বলন1 (p. 580) [balana1] বি. কথন, বলা, কথাবার্তা, ভাষণ (চলনে বলনে একেবারে সাহেব)। [বলা2 দ্র]।

বলন2 (p. 580) [balana2] বি. বৃদ্ধি। [বলা1 দ্র]।

বলন3, বলনি (p. 580) [balana3, balani] বি. (প্রা. কা.) সুপুষ্ট গড়ন, সুগোল আকার, সুডৌল। [< সং. √ বল্ (প্রাণন বা জীবনসঞ্চার)]।

বল-নিসূদন, বল-নিষূদন (p. 580) [bala-nisūdana, bala-niṣūdana] বি. (বল-নামক দৈত্যের নিধনকারী বলে) ইন্দ্র। [সং. বল + নিসূদন, নিষূদন]।

বলপূর্বক, বলবত্, বলবতী, বলবত্তা, বলবন্ত, বলবান, বলবর্ধক, বলবর্ধন, বলবিদ্যা, বলবিন্যাস (p. 580) [balapūrbaka, balabat, balabatī, balabattā, balabanta, balabāna, balabardhaka, balabardhana, balabidyā, balabinyāsa] দ্র বল3।

বল-ভদ্র (p. 580) [bala-bhadra] বি. 1 শ্রীকৃষ্ণের অগ্রজ, বলরাম; 2 বলশালী ব্যক্তি। [সং. বল + ভদ্র (=শ্রেষ্ঠ)]।

বলভি, বলভী (p. 580) [balabhi, balabhī] বি. 1 গৃহচূড়া, বাড়ির শীর্ষ; 2 ছাদের উপরের ঘর, চিলেকোঠা; 3 ছাদ; 4 চাল বা ছাদের খুঁটির উপর স্থাপিত লম্বা কাঠ। [সং. √ বল্ (আচ্ছাদন) + অভি, ঈ]।

বলয় (p. 580) [balaẏa] বি. 1 বালা, কঙ্কণ; 2 বৃত্তাকার অঞ্চল, মণ্ডল (গ্রীষ্মবলয়, ভূবলয়)। [সং. √ বল্ + অয়]। বলয়িত বিণ. 1 বেষ্টিত; 2 বলয়যুক্ত; 3 বলয়াকৃতি; 4 বলয়াকারে বেষ্টিত। বলয়-গ্রাস বি. সূর্যের পূর্ণ গ্রাস বা গ্রহণ।

বল-রাম (p. 580) [bala-rāma] বি. শ্রীকৃষ্ণের অগ্রজের নাম। [সং. বল + রাম]।

বল-শালী (p. 580) [bala-śālī] দ্র বল3।

বল-শেভিক (p. 580) [bala-śēbhika] বি. রুশ নেতা লেনিনের নেতৃত্বে সমাজতান্ত্রিক বিপ্লব সংঘটনকারী দলবিশেষ বা ওই দলভুক্ত ব্যক্তি। □ বিণ. বলশেভিক দলসম্বন্ধীয় (বলশেভিক বিপ্লব)। [ইং. Bolshevik]। বল-শেভিজম বি. বলশেভিক দলের নীতি ও মত।

বলহীন, বলহীনতা (p. 580) [balahīna, balahīnatā] দ্র বল3।

বলা1 (p. 580) [balā1] ক্রি. (আঞ্চ.) বৃদ্ধি পাওয়া, বেড়ে যাওয়া (এত তোয়াজ করা হচ্ছে, তবু চারাগাছটা তেমন বলছে না)। [দেশি]।

বলা2 (p. 580) [balā2] ক্রি. 1 কহা, কওয়া (কথা বলা); 2 উল্লেখ করা (তার কথা আর বোলো না); 3 জানানো, জ্ঞাপন করা (এই কথাটা তাকে বোলো); 4 অনুমতি বা সম্মতি দেওয়া (তুমি বললে তবেই যাব); 5 আদেশ বা অনুরোধ করা (তাকে আসতে বলেছি); 6 পরামর্শ মন্ত্রণা বা উপদেশ দেওয়া (এই হল অবস্থা, এখন বল আমি কী করব); 7 আহ্বান নিমন্ত্রণ বা আমন্ত্রণ করা, ডাকা (এই

অনুষ্ঠানে তাঁকে বলনি?); 8 প্রকাশ করা (মনের দুঃখের কথা বলাই ভালো); 9 বর্ণনা বা বিবৃত করা (ছেলেবেলার কথা বলতে শুরু করল); 1 তিরস্কার বা নিন্দা করা (নিজের ভুল বুঝতে পেরেছে, আর কিছু বোলো না); 11 বিচার করে দেখা (অর্থ বল, মান বল, সবই বৃথা)। □ বি. 1 কথন; 2 উল্লেখ; 3 জ্ঞাপন; 4 বর্ণন। □ বিণ. বলা হয়েছে এমন (বারবার বলা গল্প)। [সং. √ বদ্ > প্রাকৃ. বোল্ল > √ বল্ তু. হি. বোলনা]।˜ কওয়া,˜ কহা বি. 1 বিশেষ করে বলা বা অনুরোধ করা (অনেক বলা-কওয়া করে রাজি করানো হয়েছে); 2 জ্ঞাপন (সেখানে যাবে তো বলছ, তা আগে থেকে বলা-কওয়া আছে?)।˜ নো ক্রি. বি. পরকে দিয়ে বলার কাজ করানো, কওয়ানো। □ বিণ. উক্ত অর্থে।˜ বলি বি. 1 কথোপকথন (আগে থেকে ওটা সম্বন্ধে একটু বলাবলি করে নেওয়াই ভালো); 2 পরস্পর কানাকানি বা মন্ত্রণা (ব্যাপারটা নিয়ে কীসব বলাবলি হচ্ছে); 3 ক্রমাগত অনুরোধ (অনেক বলাবলি করেছি, তবে রাজি হয়েছেন)। বলে-কয়ে ক্রি-বিণ. বিশেষভাবে বলে এবং অনুরোধ করে (বলে-কয়ে রাজি করানো)।

বলাক (p. 580) [balāka] বি. ছোটো বকবিশেষ; কোঁচবক। [সং. √ বল্ + আক]। বলাকা বি. (স্ত্রী.) 1 স্ত্রী-বক, বকাঙ্গনা; 2 বকের সারি বা শ্রেণি।

বলাত্-কার (p. 580) [balāt-kāra] বি. 1 বলপ্রয়োগ; 2 ধর্ষণ, বলপূর্বক যৌনসংগম। [সং. বলাত্ + √ কৃ + অ]।

বলাধান (p. 580) [balādhāna] বি. শক্তির সঞ্চার; শক্তিবর্ধন। [সং. বল3 + আধান]।

বলাধিক্য (p. 580) [balādhikya] বি. শক্তির আধিক্য। [সং. বল3 + আধিক্য]।

বলাধ্যক্ষ (p. 580) [balādhyakṣa] বি. সৈন্যাধ্যক্ষ, সেনাপতি। [সং. বল3 +অধ্যক্ষ]।

বলান্বিত (p. 580) [balānbita] বিণ. 1 শক্তিমান, শক্তিশালী; 2 সৈন্যবিশিষ্ট; সৈন্যসমন্বিত। [সং. বল3 + অন্বিত]।

বলাবল (p. 580) [balābala] বি. সামর্থ্য ও অসামর্থ্য, শক্তি ও দুর্বলতা (শত্রুর বলাবল বিচার করে কাজ করা)। [সং. বল3 + অবল]।

বলাবলি (p. 580) [balābali] দ্র বলা2।

বলাহক (p. 580) [balāhaka] বি. 1 মেঘ; 2 পর্বত। [তু. সং. বারিবাহক]।

বলি1 (p. 580) [bali1] বি. 1 যজ্ঞাদিতে নিবেদ্য বস্তু; 2 যজ্ঞাদি উপলক্ষ্যে প্রাণীহত্যা বা হন্তব্য প্রাণী (বলির পাঁঠা); 3 উৎসর্গ, বিসর্জন (নিজের স্বার্থ বলি দেওয়া); 4 উপহার; 5 জীবগণকে খাদ্যদান বা প্রদত্ত খাদ্য (গৃহবলিভুক); 6 ভূতবলিরূপ যজ্ঞ; 7 রাজস্ব; 8 বামন অবতারে বিষ্ণুর দ্বারা পরাজিত দৈত্যরাজ। [সং. √ বল্ + ই]।˜ দান বি. 1 দেবতার উদ্দেষে উৎসর্গ বা প্রাণীবধ; 2 মহত্ কাজে বিনিয়োগ বা সম্পূর্ণ ত্যাগ (আত্মবলিদান)।˜ ন্দম বি. বিষ্ণু।˜ পুষ্ট বি. কাক।˜ ভুক (-জ্) বি. কাক চড়াই প্রভৃতি যেসব পাখি পরিত্যক্ত খাদ্যাবশেষ খায়।

বলি2 (p. 580) [bali2] বি. 1 গাত্রচর্মের বা মাংসের কুঞ্চনজনিত রেখা (ত্রিবলি); 2 জরাজনিত গাত্রচর্মের শিথিলতা; 3 অর্শরোগে মলদ্বারে বহির্গত মাংসপিণ্ড (অন্তর্বলি, বহির্বলি)। [সং. √ বল্ + ই]। ̃ ত বিণ. 1 বলিযুক্ত; 2 শিথিলচর্ম, লোলচর্ম, চামড়া কুঁচকে বা শিথিল হয়ে গেছে এমন।

বলিদান, বলিপুষ্ট, বলিভুক (p. 580) [balidāna, balipuṣṭa, balibhuka] দ্র বলি1।

বলিয়ে (p. 580) [baliẏē] বিণ. সুবক্তা; ভালো এবং আকর্ষণীয় ভঙ্গিতে কথা বলতে পারে এমন (বলিয়ে কইয়ে লোক)। [বাং. বলা2 + ইয়া > এ]।

বলিষ্ঠ (p. 580) [baliṣṭha] বিণ. 1 অত্যন্ত বলবান বা শক্তিশালী (বলিষ্ঠ দেহ); 2 অতি দৃঢ় (বলিষ্ঠ চরিত্র)। [সং. বলবত্ + ইষ্ঠ]।

বলি-হারি (p. 580) [bali-hāri] বিণ. চমৎকার (বলিহারি বুদ্ধি)। □ ক্রি-বিণ. হতবাক হয়ে, চমৎকৃত হয়ে (বলিহারি যাই)। □ অব্য. বাহবা, শাবাশ। [বাং. বলি (=বলতে) + হারি]।

বলী2 (p. 580) [balī2] (-লিন্) বিণ. বলবান (কোন বলে বলী? 'সম্মুখে বলী দেবাকৃতি রথী': মধু)। [সং. বল3 + ইন্]। ̃ ন্দ্র বিণ. সর্বাপেক্ষা অধিক শক্তিশালী; বীরশ্রেষ্ঠ।

বলী-বর্দ (p. 580) [balī-barda] বি. ষাঁড়, বলদ, বৃষ। [সং. বল3 + √বৃধ্ + অ]।

বলীয়ান, (বর্জি.) বলীয়ান্ (p. 580) [balīẏāna, (barji.) balīẏān] (-য়স্) বিণ. 1 অতিশয় বলশালী; 2 বলবান, শক্তিশালী (ধনবলে বলীয়ান)। [সং. বলবত্ + ঈয়স্]।

বলে, (বর্জি.) ব'লে (p. 580) [balē, (barji.) ba'lē] ক্রি-বিণ. 1 বলিয়া (তাঁকে ভালো লোক বলেই জানি); 2 বিবেচনায় বা কারণে (ব্যাপারটা জানি বলেই চুপ করে আছি)। □ অব্য. এখনই, শীঘ্র (বৃষ্টি এল বলে)। [বলা2 দ্র]। বলে রাখা ক্রি-বিণ. আগে থেকে জানানো বা অনুমতি নেওয়া (অনেক আগেই বলে রেখেছে)।

বল্কল (p. 580) [balkala] বি. গাছের ছাল, বাকল (বল্কলধারী সন্ন্যাসী)। [সং. √বল্ + কল]।˜ ধারী (-রিন্) বিণ. গায়ে ছাল ধারণ বা পরিধান করেছে এমন।

বল্মিক, বল্মীক (p. 580) [balmika, balmīka] বি. উইঢিপি (বল্মীকের স্তূপ)। [সং. √ বল্ + মিক্, মীক]।

বল্য (p. 580) [balya] বিণ. বলকারক, যাতে শক্তি হয়। [সং. বল3 + য]।

বল্লকী (p. 580) [ballakī] বি. 1 বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ; 2 শল্লকী বা বাবলা গাছ। [সং. √ বল্ল্ + অক + ঈ]।

বল্লব (p. 580) [ballaba] বি. 1 গোয়ালা, গোপ; 2 পাচক; 3 (মহা.) অজ্ঞাতবাসকালে ভীমের গৃহীত নামবিশেষ। [সং. বল্ল্ + ব]। বল্লবী বি. (স্ত্রী.) গোপী, গোয়ালিনি।

বল্লভ (p. 580) [ballabha] বি. 1 পতি, স্বামী; 2 প্রণয়ী; 3 প্রিয় (প্রাণবল্লভ)। [সং. √ বল্ল্ + অভ]। বল্লভা, (অশু. কিন্তু প্রচলিত) বল্লভী বি. (স্ত্রী.) প্রিয়া; প্রণয়িনী।

বল্লম (p. 580) [ballama] বি. বর্শা; বর্শাজাতীয় ক্ষেপণাস্ত্রবিশেষ, ভল্ল। [সং. ভল্ল]।

বল্লরি, বল্লরী (p. 580) [ballari, ballarī] বি. 1 মুকুল, মঞ্জরি; 2 লতা। [সং.√ বল্ল্ + অর + ই, ঈ]।

বল্লা (p. 580) [ballā] বি. (আঞ্চ.) বোলতা (বল্লার চাক)। [সং. বরল]।

বল্লালি (p. 580) [ballāli] বিণ. 1 বঙ্গেশ্বর বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত বা কৃত; 2 বল্লাল-সম্বন্ধীয় (বল্লালি যুগ)। □ বি. বল্লাল সেন-প্রবর্তিত কৌলীন্য প্রথা। [বল্লাল + বাং. ই]।

বল্লি, বল্লী (p. 580) [balli, ballī] বি. বল্লরি, লতা। [সং. √ বল্ল্ + ই, ঈ]।

বশ (p. 580) [baśa] বি. 1 আজ্ঞাধীনতা, ইচ্ছানুবর্তিতা (ছেলেটা এখনও বাপ-মায়ের বশে আছে); 2 কর্তৃত্ব, অধিকার, প্রভাব (দৈববশে, বশ মেনেছে,

মোহের বশে)। □ বিণ. 1 আয়ত্ত; অধীন (সে কেবল টাকার বশ); 2 (মন্ত্রাদি দ্বারা) মোহিত বা মোহাবিষ্ট (ছেলেটাকে বশ করেছে)। [সং. √ বশ্ + অ]।˜ ত (তস্), (বর্জি.)˜ তঃ অব্য. নিমিত্ত; জন্য (অক্ষমতাবশত)।˜ তা বি. বশ হওয়ার বা বশে থাকবার ভাব; অধীনতা, বশ্যতা।˜ বর্তী (-র্তিন্) বিণ. অধীন, অনুগত (নিয়মের বশবর্তী)। বি.˜ বর্তিতা। স্ত্রী.˜ বর্তিনী।

বশং-গত (p. 580) [baśa-ṅgata] বিণ. 1 বশে এসেছে এমন; 2 অধীন বা আয়ত্ত; [সং. বশ + √ গম্ + ত]।

বশং-বদ (p. 580) [baśa-mbada] বিণ. অনুগত, অধীন, বশবর্তী, বাধ্য (চাকরটা বাবুর বশংবদ)। [সং. বশ + (ম্ আগম) + √ বদ্ + অ]।

বশিতা, বশিত্ব (p. 580) [baśitā, baśitba] বি. 1 শিবের অষ্টবিভূতি বা ঐশ্বর্যের অন্যতম, যোগলব্ধ ঐশ্বরিক শক্তিবিশেষ; 2 বশীকরণের ক্ষমতা; 3 অপার্থিব ক্ষমতা। [সং. বশিন্ + তা, ত্ব]।

বশিষ্ঠ, বসিষ্ঠ (p. 580) [baśiṣṭha, basiṣṭha] বি. পৌরাণিক মুনিবিশেষ, সূর্যবংশের কুলগুরু। [সং.বশিন্ + ইষ্ঠ]।

বশী (p. 580) [baśī] (-শিন্) বিণ. 1 জিতেন্দ্রিয়; 2 বশকারী; 3 বশবর্তী; 4 বশীভূত; 5 স্বাধীন। [সং. √ বশ্ + ইন্]।

বশী-করণ (p. 580) [baśī-karaṇa] বি. 1 অপরকে বশে আনা; 2 অপরকে বশে আনার জন্য অভিচারক্রিয়া। [সং. বশ + ঈ + √ কৃ + অন]। বশী-কৃত বিণ. বশ করা হয়েছে এমন। স্ত্রী. বশী-কৃতা।

বশীভবন (p. 580) [baśībhabana] দ্র বশীভূত।

বশী-ভূত (p. 580) [baśī-bhūta] বিণ. 1 (অন্যের) বশে এসেছে এমন, পরবশ; 2 সম্মোহিত। [সং. বশ + ই + √ ভূ + ত]। স্ত্রী. বশী-ভূতা। বশী-ভবন বি. অন্যের বশে আসা, পরবশ হওয়া।

বশ্য (p. 580) [baśya] বিণ. 1 বশ মানানো যায় এমন (এই পশু বন্য বটে, তবে অ-বশ্য নয়); 2 বশে রয়েছে এমন, বশবর্তী। [সং. √ বশ্ + য]। স্ত্রী. বশ্যা। ̃ তা বি. 1 বশবর্তিতা, আনুগত্য; 2 অধীনতা (মোগল সম্রাটের বশ্যতা স্বীকার করবে না)।

বসতি (p. 580) [basati] বি. 1 নিবাস, বাস (সেখানে বহু গরিব লোকের বসতি, তোমার বসতি কোথায়?); 2 লোকালয় (কাছাকাছি কোনো বসতি নেই)। [সং. √ বস্ + অতি]।

বসন (p. 580) [basana] বি. 1 বস্ত্র; 2 পরার কাপড় (বসনাঞ্চল); 3 আচ্ছাদন। [সং. √ বস্ + অন]। ̃ প্রান্ত বি. কাপড়ের খুঁট বা কোঁচড়। ̃ ভূষণ বি. পরিধেয় কাপড় এবং অলংকার। বসনাঞ্চল বি. কাপড়ের খুঁট বা কোল আঁচল।

বসন্ত (p. 580) [basanta] বি. 1 ফাল্গুন ও চৈত্র মাসব্যাপী ঋতু, মধুকাল ('বসন্তে কি শুধু কেবল ফোটা ফুলের মেলা': রবীন্দ্র); 2 মসূরিকা রোগ, small pox; 3 সংগীতের রাগবিশেষ। [সং. √ বস্ + অন্ত]। ̃ তিলক বি. সংস্কৃত ছন্দবিশেষ। ̃ দূত বি. কোকিল। স্ত্রী. ̃ দূতী। ̃ পঞ্চমী বি. মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথি, শ্রীপঞ্চমী তিথি-যে তিথিতে সরস্বতীর পূজা হয়। ̃ বায়, ̃ বায়ু বি. দখিনা বাতাস, মলয় বাতাস, বসন্তকালে প্রবাহিত দখিনা বাতাস ('বসন্ত বায় বহিছে কোথায়, কোথায় ফুটেছে ফুল': রবীন্দ্র)। ̃ বাহার বি. সংগীতের মিশ্র রাগবিশেষ, বসন্ত ও বাহার এই দুই রাগের মিশ্র রূপ। ̃ মুখারি বি. সংগীতের রাগবিশেষ। ̃ সখ বি. বসন্তের সখা, কোকিল। ̃ সখা বি. বসন্ত যার সখা, কামদেব। বসন্তের কোকিল বি. (আল.) সুখের দিনের বন্ধু। বসন্তোত্-সব বি. 1 (প্রাচীনকালে প্রচলিত) বসন্তকালীন কামদেবের পূজানুষ্ঠান; 2 দোল বা হোলির উৎসব।

বসন্তী (p. 580) [basantī] বি. 1 কোকিল; 2 ফিকে হলুদ রং ('বসন্তীরঙ বসনখানি নেশার মতো বক্ষে ধরে': রবীন্দ্র)। [সং. বসন্ত + ঈ]।

বস-বাস (p. 580) [basa-bāsa] বি. বাস; স্থায়ী বাস (গ্রামের বাড়িতে তারা বসবাস করে না)। [হি. বস্বাস]।

বসা1 (p. 580) [basā1] বি. 1 চর্বি, মেদ (শূকরের বসা); 2 মজ্জা। [সং. √ বস্ + অ + আ]।

বসা2 (p. 580) [basā2] ক্রি. বি. 1 উপবেশন করা (চৌকির উপর বসেছে); 2 অধিষ্ঠান করা (গদিতে বসা, পাটে বসা, ঘাটে বসা); 3 স্থায়ীভাবে বাস করা

(এই গ্রামে দশ ঘর বাউরি বসেছে); 4 স্থাপিত হওয়া (গ্রামে একটি বাজার বসেছে); 5 আরম্ভ হওয়া (স্কুল এগারোটায় বসবে); 6 জমাট বাঁধা (দইটা এখনও বসেনি, বুকে সর্দি বসেছে); 7 মাপসই হওয়া, খাপ খাওয়া (টুপিটা মাথায় বেশ বসেছে); 8 নিবিষ্ট হওয়া (পড়ায় মন বসা); 9 ভিতরে ঢোকা (গায়ে জল বসা, দেওয়ালে পেরেকটা বসছে না, গাড়ির চাকা কাদায় বসে গেছে); 1 শুকিয়ে যাওয়া, রুগ্ণ দেখানো, চুপসানো (চোখমুখ বসে গেছে); 11 অপেক্ষা বা প্রতীক্ষা করা (কখন থেকে বসে আছি); 12 অবরুদ্ধ হওয়া (গলা বসে গেছে); 13 বাস স্থাপন করা (বাড়িতে ভাড়াটে বসেছে); 14 নাবাল বা নিচু হওয়া (ঘরের মেঝে বসে গেছে); 15 রত বা নিযুক্ত হওয়া (সভায় বসা, বিচারে বসা); 16 থিতানো (তেলে ময়লা বসা); 17 বিদ্ধ বা অঙ্কিত হওয়া (দাগ বসে গেছে, দাঁত বসে গেছে); 18 হঠাত্ কিছু করা (কথাটা বলে বসেছি, কাজটা করে বসেছে); 19 দমে যাওয়া (ব্যাবসায় ক্ষতি হওয়ায় লোকটা একেবারে বসে গেছে); 2 উপক্রম হওয়া (সমস্ত উদ্যোগ নষ্ট হতে বসেছে)। □ বিণ. উক্ত সব অর্থে (বসা চোখ, বসা জমি, বসা গলা); বেকার, কর্মহীন (তাঁর দুটি বসা ছেলে)। [সং. √ বস্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 উপবিষ্ট করানো (বৃদ্ধ লোকটিকে ধরে বসাল); 2 স্থাপন করা, প্রতিষ্ঠা করা (বাজার বসানো, হাট বসানো); 3 বাস করানো (বাড়িতে ভাড়াটে বসানো); 4 প্রবিষ্ট করানো (দেওয়ালে পেরেক বসানো); 5 বেঁধানো (দাঁত বসানো); 6 খচিত করা (আংটিতে পাথর বসানো); 7 আঘাত করা বা মারা (চড় বসানো); 8 চড়ানো, চাপানো (উনুনে হাঁড়ি বসানো); 9 জমানো (দই বসানো)। □ বিণ. উক্ত সব অর্থে। বসিয়ে দেওয়া ক্রি. বি. 1 দমিয়ে দেওয়া, নিরুৎসাহ করা; 2 সর্বনাশ করা (এই লোকসানটা তাকে একেবারে বসিয়ে দিয়েছে)। বসে থাকা ক্রি. বি. 1 অপেক্ষা বা প্রতীক্ষা করা; 2 অনেকক্ষণ ধরে বসা; 3 বেকার থাকা। বসে পড়া ক্রি. বি. 1 হতাশ হওয়া (ট্রেন ফেল করে বসে পড়ল); 2 বিপন্ন হওয়া (মামলায় হেরে একেবারে বসে পড়লাম)। বসে বসে খাওয়া ক্রি. বি. নিষ্কর্মা

বা বেকার হয়ে জীবনযাপন করা। বসে যাওয়া ক্রি. বি. 1 নাবাল বা নিচু হওয়া (বাড়িটা ক্রমেই বসে যাচ্ছে); 2 মিলিয়ে যাওয়া (ফোড়াটা বসে গেছে); 3 হতাশ হওয়া (ট্রেন চলে গেছে দেখে সে বসে গেল); 4 সর্বনাশগ্রস্ত হওয়া (এই লোকসানে লোকটা একেবারে বসে গেছে)। বসে বসে ক্রি-বিণ. 1 বহুক্ষণ যাবত্ বসে থেকে (বসে বসে পা ব্যথা হয়ে গেল); 2 অপেক্ষা বা প্রতীক্ষা করে (বসে বসে অধৈর্য হয়ে গেল)।

বসাইত, বসাইয়া, বসাইল (p. 580) [basāita, basāiẏā, basāila] যথাক্রমে বসা ক্রিয়ার বসাত, বসিয়ে এবং বসাল রূপের পুরোনো এবং 'সাধু' রূপ।

বসাকবি (p. 580) [basākabi] বি. তরজাজাতীয় গানবিশেষ, হাফ আখড়াই। [বাং. বসা + কবি (গান)]।

বসিত, বসিয়া, বসিল (p. 580) [basita, basiẏā, basila] যথাক্রমে বসত, বসে এবং বসল -র পুরোনো এবং 'সাধু' রূপ।

বসু (p. 580) [basu] বি. 1 গণদেবতাবিশেষ, গঙ্গার আট পুত্র; 2 ধন; 3 বাঙালি কায়স্থের পদবিবিশেষ। [সং. √ বস্ + উ]।˜ কীট বিণ. 1 ধনাকাঙ্ক্ষী; 2 কৃপণ। □ বি. ভিক্ষুক।˜ দেব বি. 1 শ্রীকৃষ্ণের পিতা; 2 ধনাধিপতি কুবের।˜ ধা,˜ ন্ধরা,˜ মতী,˜ মাতা বি. পৃথিবী।˜ ধারা বি. বিবাহাদি হিন্দু-অনুষ্ঠানে দেওয়ালে আঁকা সিঁদুরবিন্দুসহ ঘিয়ের পাঁচটি বা সাতটি স্রোত। অষ্ট-বসু বি. গঙ্গা ও শান্তনুর অষ্টপুত্র-ভব ধ্রুব সোম বিষ্ণু অনল অনিল প্রত্যুষ প্রভাব।

বস্তব্য (p. 580) [bastabya] বিণ. থাকার বা বাস করার উপযোগী। [সং. √ বস্ + তব্য]।

বস্তা (p. 580) [bastā] বি. 1 বড়ো থলি, বোরা (চালের বস্তা); 2 গাঁট। [হি. বস্তা < ফা.]।˜ পচা বিণ. 1 বহুদিন বস্তায় আবদ্ধ থাকার ফলে নষ্ট; 2 (আল.) বহু পুরোনো এবং নীরস ও অসার (তোমাদের অসব বস্তাপচা তত্ত্ব মানি না)।˜ বন্দি বিণ. বস্তার মধ্যে আবদ্ধ (খাতাগুলো কি বস্তাবন্দি হয়ে পড়ে থাকবে?)।

বস্তি1 (p. 580) [basti1] বি. 1 পল্লি; 2 দরিদ্রপল্লি; 3 টিন খোলা দরমা প্রভৃতি দিয়ে ছাওয়া ও নির্মিত অপরিসর ও ঘনসন্নিবিষ্ট গৃহশ্রেণি। [সং. বসতি]।

বস্তি2, বস্তী (p. 580) [basti2, bastī] বি. 1 তলপেট; 2 মূত্রাশয়, urinary blader ; 3 বাসস্থান। [সং. √ বস্ +তি]।

বস্তু (p. 580) [bastu] বি. 1 জিনিস, পদার্থ (ঘন বস্তু); 2 সার, সার পদার্থ (তাঁর বক্তৃতায় মধ্যে বস্তু কিছু ছিল না); 3 সত্য; 4 যা ঘটে বা প্রত্যক্ষ হয় (বস্তুতন্ত্র, 'বস্তুপিণ্ড সূক্ষ্ম হতে স্থূলেতে': সু. রা.)। [সং. √ বস্ + তু]।˜ কণা বি. পদার্থের অর্থাত্ জড় পদার্থের ক্ষুদ্র অংশ।˜ গত বিণ. 1 বাস্তব, যথার্থ, objective (বস্তুগত বর্ণনা); 2 বৈষয়িক, material (বস্তুগত আনুকূল্য)।˜ গত্যা ক্রি বিণ. প্রকৃতপক্ষে।˜ জগত্ বি. জ়ড়জগত্।˜ ত (বর্জি.)˜ তঃ অব্য. ক্রি-বিণ. প্রকৃতপক্ষে, বাস্তবিকপক্ষে (তিনি বস্তুত এ কাজ করতে পারেন না)।˜ তত্ত্ব বি. বস্তু বা পদার্থসম্বন্ধীয় বিদ্যা বা শাস্ত্র।˜ তন্ত্র বি. বস্তুতান্ত্রিকতা, বাস্তব বা ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়কে প্রাধান্যদান, realism.˜ তন্ত্রী (ন্ত্রিন্),˜ তন্ত্রীয়,˜ তান্ত্রিক বিণ. 1 বস্তুতন্ত্রমূলক (বস্তুতন্ত্রী দৃষ্টিভঙ্গি); 2 বস্তুতন্ত্রবাদী, বস্তুতন্ত্রে বিশ্বাসী।˜ নিষ্ঠা বি.

বাস্তববাদিতা, বস্তুতন্ত্রে বিশ্বাসী। ˜ নিষ্ঠা বি. বাস্তববাদিতা; প্রকৃত ঘটনার প্রতি বিশ্বস্ততা। ˜ নিষ্ঠ বিণ. বাস্তববাদী; সত্যনিষ্ঠ। ˜ পরি-মাণ বি. একটি বস্তুতে নিহিত পদার্থ, mass. বস্তুপমা বি. অর্থালংকারবিশেষ। ˜ বাদী (-দিন্) বিণ. জড়বাদী।

বস্ত্র (p. 580) [bastra] বি. 1 কাপড় (বস্ত্রশিল্প, পট্টবস্ত্র); 2 পরিধেয় বস্ত্র (অন্নবস্ত্র); 3 আচ্ছাদন। [সং. √ বস্ + ত্র]। ˜ কুট্টিম, ˜ গৃহ, বস্ত্রাবাস বি. তাঁবু। ˜ বয়ন বি. কাপড় বোনা। ˜ হরণ বি. 1 পরিধেয় বসন বলপূর্বক খুলে ফেলা; 2 শ্রীকৃষ্ণ কর্তৃক গোপীদের পরিধেয় বস্ত্র লুকিয়ে রাখার লীলা। বস্ত্রাবৃত বিণ. কাপড় দিয়ে ঢাকা। বস্ত্রালয় বি. কাপড়ের দোকান।

বহ (p. 580) [baha] বিণ. (সমাসের উত্তরপদরূপে); 1 বহনকারী (বার্তাবহ, গন্ধবহ); 2 প্রতিপালনকারী (আজ্ঞাবহ)। □ বি. 1 বাহন, যান; 2 পথ; 3 বায়ু; 4 বাহু; 5 নদ। [সং. √বহ্ + অ]। বহা বি. (স্ত্রী.) নদী।

বহতা (p. 580) [bahatā] বিণ. 1 বয়ে যাচ্ছে এমন, বহমান (বহতা নদী); 2 প্রবাহিত অবস্থায় রয়েছে এমন, (এখনও) প্রবাহিত হচ্ছে এমন। [তু. হি. বহতা < সং. √ বহ্]।

বহন (p. 580) [bahana] বি. 1 ধারণ, অঙ্গে ধারণ; 2 নিয়ে যাওয়া, পরিবহণ (ভারবহন); 3 সহ্য করা (দুঃখবহন, শোকবহন); 4 পালন (দায়িত্ববহন); 5 বয়ে যাওয়া, প্রবাহিত হওয়া। [সং. √ বহ্ + অন]। বহনীয় বিণ. বহনের যোগ্য, বহন করা উচিত এমন; পালনীয়; সহ্য করা উচিত এমন।

বহ-মান (p. 580) [baha-māna] বিণ. 1 প্রবাহিত হচ্ছে এমন (বহমান সিন্ধু); 2 বহন করছে এমন। [সং. √ বহ্ + মান (শানচ্)]।

বহর (p. 580) [bahara] বি. 1 পোত নৌকা জাহাজ প্রভৃতির শ্রেণি (নৌবহর); 2 জলযানসমূহ, fleet; 3 সৈন্যদল ('ঘরে ফেরে পোলিশ বহর': বিষ্ণু); 4 প্রস্থ (ধুতির বহর, শাড়িটা বহরে ছোটো); 5 বাহার, ঘটা (রূপের বহর)। [আ. বহ্র]।

বহা1, (চলিত) বওয়া (p. 580) [bahā1, (calita) bōẏā] ক্রি. বি. 1 বহন করা(ভার বইতে পারে); 2 সহ্য করা ('বহিব শতেক দুঃখ'); 3 ধারণ করা; 4 প্রবাহিত হওয়া ('বাতাস বহে বেগে': রবীন্দ্র); 5 অতিবাহিত হওয়া ('সখী বহে গেল বেলা': রবীন্দ্র, সময় বয়ে যায়); 6 চালু বা সমর্থ থাকা (শরীর আর বয় না); 7 ভেসে যাওয়া, ক্ষতি হওয়া, অনিষ্ট হওয়া (তার রাগ হল তো আমার ভারী বয়েই গেল)। [সং. √ বহ্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. বহন করানো; প্রবাহিত করা। □ বিণ. উক্ত উভয় অর্থে।

বহা2 (p. 580) [bahā2] দ্র বহ।

বহাল (p. 580) [bahāla] বিণ. 1 বজায়, প্রতিষ্ঠিত, বলবত্ (হুকুম বহাল রইল); 2 নিযুক্ত (চাকরিতে বহাল হওয়া); 3 সুস্থ (বহাল তবিয়তে)। [আ. বহাল]। বহাল তবিয়তে ক্রি. বিণ. 1 সুস্থ দেহে; 2 সুস্থ দেহে এবং প্রফুল্ল মনে।

বহি-বই1 (p. 580) [bahi-bi1] এর অপ্র. রূপ (হিসাবের বহি)। [আ. বহী]।

বহিঃ (p. 580) [bahiḥ] (-হিস্) অব্য. বাহির। [সং. √ বহ্ + ইস্]।˜ প্রকাশ বি. অভিব্যক্তি, অন্তরের ভাবের বাইরে প্রকাশ।˜ শত্রু বি. দেশের বাইরের শত্রু।˜ শুল্ক বি. পণ্য আমদানি রপ্তানির উপর ধার্য শুল্ক, customs duty (স.প.)।˜ স্থ, বহিস্থ বিণ. 1 বাহ্য; 2 বাইরে রয়েছে বা স্থিত এমন (বহিঃস্থ বিন্দু)।

বহিত্র (p. 580) [bahitra] বি. 1 বৈঠা; 2 দাঁড়; 3 পোত, নৌকা। [সং. √ বহ্ + ইত্র]।

বহিন (p. 580) [bahina] বি. বোন, ভগিনী। [হি. বহিন < প্রাকৃ. ভইনী < সং. ভগিনী]।

বহিরংশ (p. 580) [bahiraṃśa] বি. 1 বাইরের দিকের অংশ; 2 প্রকাশিত অংশ। [সং. বহিস্ + অংশ]।

বহিরঙ্গ (p. 580) [bahiraṅga] বি. বাহ্য অঙ্গ। □ বিণ. বাইরের (বহিরঙ্গ বর্ণনা, বহিরঙ্গ সম্পর্ক)। [সং. বহিস্ + অঙ্গ]।

বহিরা-গত (p. 580) [bahirā-gata] বিণ. 1 বাইরে আগত; 2 বাহির থেকে আগত (বহিরাগত পর্যটক); 3 বিদেশি। [সং. বহিস্ + আগত]।

বহিরা-গমন (p. 580) [bahirā-gamana] বি. 1 বাইরে আগমন; 2 প্রকাশিত হওয়া। [সং. বহিস্ + আগমন]।

বহিরাবরণ (p. 580) [bahirābaraṇa] বি. 1 বাহ্য আবরণ; 2 দেহের উপরের আচ্ছাদন; 3 পোশাক; 4 খোলস। [সং. বহিস্ + আবরণ]।

বহিরিন্দ্রিয় (p. 580) [bahirindriẏa] বি. চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ও ত্বক- এই পাঁচ ইন্দ্রিয়। [সং. বহিস্ + ইন্দ্রিয়]।

বহির্গত (p. 580) [bahirgata] বিণ. 1 বাইরে গেছে বা বার হয়েছে এমন (দ্রুত গৃহ থেকে বহির্গত হল); 2 নির্গত (রক্তস্রোত বহির্গত হল); 3 উদ্গত। [সং. বহিস্ + গত]।

বহির্গমন (p. 580) [bahirgamana] বি. বাইরে যাওয়া, বহির্গত হওয়া; নির্গমন। [সং. বহিস্ + গমন]।

বহির্জগত (p. 589) [bahirjagata] বি. 1 বাইরের জগত্; 2 দৃশ্যমান বা বাহ্য জগত্; 3 জড় জগত্। [সং. বহিস্ + জগত্]।

বহির্দেশ (p. 589) [bahirdēśa] বি. বাইরের অংশ, বাইরের দিক (এ বাড়ির বহির্দেশ জীর্ণ হয়ে গেছে)। [সং. বহিস্ + দেশ]।

বহির্দ্বার (p. 589) [bahirdbāra] বি. সদর দরজা। [সং. বহিস্ + দ্বার]।

বহির্বাটি (p. 589) [bahirbāṭi] বি. 1 বাহির বাড়ি, বাড়ির বাইরের অংশ; 2 বৈঠকখানা। [সং. বহিস্ + বাটী]।

বহির্বাণিজ্য (p. 589) [bahirbāṇijya] বি. বিদেশের সঙ্গে বাণিজ্য। [সং. বহিস্ + বাণিজ্য]।

বহির্বাস (p. 589) [bahirbāsa] বি. 1 উত্তরীয়; 2 (বৈষ্ণব বা সন্ন্যাসীদের) কৌপীনের উপর পরবার বস্ত্র। [সং. বহিস্ + বাস]।

বহির্বিশ্ব (p. 589) [bahirbiśba] বি. বাইরের জগত্, দেশের বাইরের পৃথিবী। [সং. বহিস্ + বিশ্ব]।

বহির্ভবন (p. 589) [bahirbhabana] বি. গৃহের বাইরের অংশ বা দিক। [সং. বহিস্ + ভবন]।

বর্হিভাগ (p. 589) [barhibhāga] বি. বাইরের অংশ। [সং. বহিস্ + ভাগ]।

বহির্ভূত (p. 589) [bahirbhūta] বিণ. 1 বহির্গত, বেরিয়ে গেছে এমন; 2 অতিরিক্ত; বাড়তি (হিসাববহির্ভূত, পরিকল্পনাবহির্ভূত ব্যয়); 3 বহিস্থ; বাইরে অবস্থিত (সীমানার বহির্ভূত); 4 বিরুদ্ধ (নিয়মবহির্ভূত)। [সং. বহিস্ + ভূত]।

বহির্মুখ (p. 589) [bahirmukha] বিণ. 1 বাইরের দিকে মুখ করে আছে এমন; 2 বিষয়াসক্ত। □ বি. বাইরের দিকে স্থাপিত বা অবস্থিত মুখ। [সং. বহিস্ + মুখ]। বহির্মুখী বিণ. (স্ত্রী.) বাইরের দিকে বা বাইরের বিষয়ে যাব লক্ষ্য; বাইরের বিষয়ে যার আগ্রহ।

বহির্লোক (p. 589) [bahirlōka] বি. বাইরের জগত্, বহির্জগত্। [সং. বহিস্ + লোক (জগত্)]।

বহিষ্করণ, বহিষ্কার (p. 589) [bahiṣkaraṇa, bahiṣkāra] বি. 1 দূরীকরণ, বর্জন; 2 নির্বাসন (দল থেকে বহিষ্কার করা); 3 নিষ্কাশন; 4 আবিষ্কার (উপায়-বহিষ্করণ)। [সং. বহিস্ + করণ, কার]। বহিষ্কৃত বিণ. বার করে দেওয়া হয়েছে এমন; দূরীকৃত; নির্বাসিত; আবিষ্কৃত। বহিষ্ক্রান্ত বিণ. বার হয়ে গেছে এমন।

বহিস্ত্বক (p. 589) [bahistbaka] বি. দেহের চামড়ার বাইরের অংশ। [সং. বহিস্ + ত্বক্]।

বহিস্থ (p. 589) [bahisha] দ্র বহিঃ।

বহু2 (p. 589) [bahu2] ক্রি. (ব্রজ.) বহুক; বহে ('মলয় পবন বহু মন্দা': বিদ্যা)। [বহা1 দ্র]।

বহু3 (p. 589) [bahu3] বিণ. 1 অনেক, নানা (বহু লোক, বহু রকমের জিনিস); 2 প্রচুর, অধিক, মহা (বহু ব্যয়, বহু দুঃখ); 3 দীর্ঘ (বহুকাল); 4 একের অধিক (বহুবচন, বহুবিবাহ)। [সং. √ বংহ্ (বৃদ্ধি) + উ]।˜ কাল বি. দীর্ঘকাল; বহু বছর।˜ জাতিক বিণ. আন্তর্জাতিক; বহু বিদেশি রাষ্ট্রসম্বন্ধীয়, multinational (বহুজাতিক সংস্থা)।˜ জ্ঞ বিণ. অনেক বিষয় জানে এমন; বহুদর্শী; অভিজ্ঞ।˜ ত বিণ. প্রচুর, খুব (বহুত প্রশংসা)।˜ তর বিণ. 1 আরও অনেক; 2 অত্যধিক; 3 অনেক, প্রচুর (বহুতর উপকরণ)।˜ তা,˜ ত্ব বি. বহুর ভাব, অনেকত্ব; আধিক্য; প্রাচুর্য।˜ ত্র ক্রি-বিণ. বহু ক্ষেত্রে।˜ দর্শী (-র্শিন্) বিণ. অনেক দেখেছে এমন;

অনেক অভিজ্ঞতাসম্পন্ন; বিচক্ষণ। বি.˜ দর্শিতা। স্ত্রী.˜ দর্শিনী।˜ দূর বি. অনেক দূরত্ব বা ব্যবধান (বহুদূর থেকে আসে)। □ বিণ. 1 অনেক দূরে অবস্থিত (বহুদূর দেশ); 2 অনেক দীর্ঘ (বহুদূর পথ)।˜ ধা ক্রি-বিণ. অব্য. নানাভাবে, নানাপ্রকারে, নানাদিকে (বহুধাবিভক্ত, বহুধাবিস্তৃত)।˜ পত্নীক বিণ. একাধিক বা অনেক পত্নীবিশিষ্ট।˜ প্রতীক্ষিত বিণ. যার জন্য অনেককাল প্রতীক্ষা করা হয়েছে।˜ প্রসবিনী বিণ. (স্ত্রী.)বহু সন্তানের জন্মদাত্রী।˜ বচন (ব্যাক.) বি. একের (সংস্কৃতে দুইয়ের) অধিক বাচক পদ।˜ বর্ণ বিণ. নানা রঙের (বহুবর্ণ পতাকা)। □ বি. নানা রং।˜ বল্লভ বি. 1 বহু জনের বা বহু রমণীর প্রিয় ব্যক্তি; 2 শ্রীকৃষ্ণ। স্ত্রী.˜ বল্লভা।˜ বার ক্রি-বিণ. অনেকবার, বারবার।˜ বিচিত্র বিণ. নানা রঙের ('বহুবিচিত্র বর্ণের সমারোহে': নী. চ.)।˜ বিধ বিণ. অনেকরকম (বহুবিধ ব্যাপার)।˜ বিবাহ বি. একাধিকবার বিবাহ, polygamy.˜ বেত্তা (-ত্তৃ) বিণ. বহুজ্ঞ র অনুরূপ।˜ ব্রীহি বি. (ব্যাক.) সমাসবিশেষ।˜ ভাগ,˜ ভাগ্য বিণ. অতি সৌভাগ্যশালী, মহাভাগ। □ বি. অতিশয় প্রসন্ন ভাগ্য।˜ ভাষী (-ষিন্) বিণ. 1 নানা ভাষা বলে বা বলতে পারে এমন, বহুভাষাবিদ; 2 বাচাল, অত্যধিক কথা বলে এমন।˜ ভুজ বি. বহু কোণ বা বাহুযুক্ত ক্ষেত্র বা জ্যামিতিক আকার, polygon.˜ মত বিণ. অতিশয় সম্মানিত বা সমাদৃত।˜ মান বি. অতিশয় সমাদর।˜ মুখ বিণ. 1 অনেক মুখবিশিষ্ট; 2 অনেক বিষয়ে বা দিকে ব্যাপৃত, multi-purpose. স্ত্রী.˜ মুখী (বহুমুখী পরিকল্পনা, বহুমুখী প্রতিভা)।˜ মুত্র বি. মূত্রকৃচ্ছ্র রোগ, diabetes.˜ মূল্য বিণ. অত্যন্ত মূল্যবান, অত্যন্ত দামি।˜ রূপ বি. নানা রূপ বা আকৃতি (ঈশ্বর বহুরূপে প্রকাশিত হন)। □ বিণ. বহু রূপবিশিষ্ট (বহুরূপ ঈশ্বর)। বি.˜ তা।˜ রূপী (বাং.) বিণ. নানা মূর্তি বা রূপ ধারণকারী। □ বি. 1 (বহুবার দেহের রং বদলায় বলে) গিরগিটিজাতীয় জীববিশেষ; 2 নানা মূর্তিতে বা রূপে সাজে এমন ব্যক্তি।˜ শ (-শস্) ক্রি বিণ. অনেকবার।˜ শাখ বিণ. অনেক শাখাযুক্ত (বহুশাখ বৃক্ষ)।˜ শ্রুত বিণ. নানা শাস্ত্রে

পণ্ডিত।˜ স্ত্রীক বিণ. (যে স্বামীর) বহু বা একাধিক স্ত্রী আছে এমন।˜ স্বামিক বিণ. অনেক প্রভু বা স্বত্বাধিকারী আছে এমন।

বহুড়ি (p. 589) [bahuḍ়i] বি. বালিকা বা যুবতী বধূ, বউড়ি। [সং. বধূটী]।

বহূল1 (p. 589) [bahūla1] বিণ. 1 অনেক, প্রচুর (বহুল পরিমাণে, বহুল প্রয়োগ); 2 প্রাচুর্যপূর্ণ (ব্যয়বহুল, বিলাসবহুল জীবন যাত্রা)। [সং. √ বংহ্ + উল]।˜ তা,˜ ত্ব, বাহুল্য। বহুলাংশ বি. বেশির ভাগ, অনেকাংশ। ক্রি-বিণ. বহুলাংশে।

বহুল2 (p. 589) [bahula2] বিণ. কৃষ্ণবর্ণবিশিষ্ট, কালো। □ বি. 1 কৃষ্ণবর্ণ; 2 কৃষ্ণপক্ষ। [সং. বহু + √ লা + অ]। বহুলা বি. (স্ত্রী.) 1 গাভি; 2 কৃত্তিকা নক্ষত্র; 3 তামসী অর্থাত্ অন্ধকার রাত্রি।

বহেড়া, (p. 590) [bahēḍ়ā,] (কথ্য) বয়ড়া বি. হরীতকীজাতীয় ফলবিশেষ, বিভীতক। [সং. প্রাকৃ. বহেড়অ < সং. বিভীতক]।

বহ্নি (p. 590) [bahni] বি. অগ্নি, আগুন (চিতা বহ্নিমান)। [সং. √ বহ্ + নি]।˜ জ্বালা বি. আগুনের শিখা, আঁচ বা তাপ।˜ মান বিণ. জ্বলন্ত, প্রজ্বলিত।˜ মিত্র বি. আগুনের মিত্র বা সহায়ক অর্থাত্ বাতাস।˜ শিখা বি. আগুনের শিখা।˜ সংস্কার বি. শবদাহ।˜ সখ বি. বায়ু। বহ্ন্যুত্-সব বি. 1 হোলি বা দোলের আগের দিন আগুন জ্বেলে আমোদপ্রমোদ; 2 আগুন জ্বেলে পুড়িয়ে দেওয়া।

বহ্বাড়ম্বর (p. 590) [bahbāḍ়mbara] বি. অত্যধিক ঘটা বা জাঁকজমক। [সং. বহু3 + আড়ম্বর]।

বহ্বারম্ভ (p. 590) [bahbārambha] বি. ঘটা করে আরম্ভ। [সং. বহু3 + আরম্ভ]। বহ্বারম্ভে লঘুক্রিয়া বি. বহু জাঁকজমক সহকারে আরব্ধ কাজের তুচ্ছ বা সামান্য পরিণতি।

বা2 (p. 590) [bā2] বি. (ব্রজ ও প্রা. কা.) বাতাস ('গিরীষির বা': বিদ্যা.)। [সং. বাত]।

বা3 (p. 590) [bā3] অব্য. 1 বিকল্প (যাই বা না যাই); 2 কিংবা, অথবা (সে বা তুমি); 3 সম্ভাবনাসূচক বা সন্দেহসূচক (হবেও বা); 4 প্রশ্নাত্মক (তুমিই বা গেলে না কেন?); 5 বিতর্কে নিশ্চয়াত্মক (কেনই বা হবে না?); 6 বিকল্পবাচক ('কোথাও বা ধানখেত জলে আধো ডোবা': রবীন্দ্র)। [সং. √ বা + ক্বিপ্]।

বাই1 (p. 590) [bāi1] বি. 1 মহারাষ্ট্র রাজস্থান গুজরাত এবং উত্তর ভারতের অন্য কোনো কোনো স্থানের মহিলাদের উপাধিবিশেষ (লক্ষ্মীবাই); 2 উত্তর-পশ্চিম ভারতের মহিলাদের সম্মানসূচক নামান্ত; 3 পেশাদার নৃত্যগীতকারিণী (বাইজির গান)। [হি. বাঈ-তু. তুর বাজী]। ˜ জি বি. পেশাদার নৃত্যগীতকারিণী। ˜ নাচ বি. পেশাদার নর্তকীর নাচ।

বাই2 (p. 590) [bāi2] বি. 1 বায়ুর প্রকোপ, বাতিক (শুচিবাই); 2 প্রবল বা উৎকট শখ বা ঝোঁক, নেশা (তাস খেলার বাই)। [সং. বায়ু]।

বাইচ, বাচ (p. 590) [bāica, bāca] বি. নৌচালন প্রতিযোগিতা। [তু. সং. বহিত্র]।

বাইতি (p. 590) [bāiti] বি. বাদ্যকর হিন্দু জাতিবিশেষ। [সং. বাদিত্রিন্]।

বাইন, (কথ্য) বান (p. 590) [bāina, (kathya) bāna] বি. পাঁকালজাতীয় বড়ো সর্পাকৃতি মাছবিশেষ। [সং. বর্মি]।

বাই-নো-কুলার (p. 590) [bāi-nō-kulāra] বি. দুই চোখে লাগিয়ে দেখার দূরবিনবিশেষ। [ইং. binocular]।

বাই-বেল (p. 590) [bāi-bēla] বি. খ্রিস্টানদের প্রধান ধর্মগ্রন্হ। [ইং. Bible]।

বাইরে-বাহির (p. 590) [bāirē-bāhira] ও বাহিরে -র কথ্য রূপ।

বাইল (p. 590) [bāila] বি. 1 তাল নারকেল প্রভৃতি গাছের বৃন্তযুক্ত পাতা; 2 কপাটের পাল্লা। [দেশি]।

বাইশ (p. 590) [bāiśa] বি. বিণ. 22 সংখ্যা বা সংখ্যক। [সং. দ্বাবিংশ]। বাইশে, (আঞ্চ.) বাইশা বি. মাসের বাইশ তারিখ। □ বিণ. বাইশ তারিখের (বাইশে শ্রাবণ)।

বাইস1 (p. 590) [bāisa1] বি. ছোটো কোদালের মতো ছুতোরের অস্ত্রবিশেষ। [সং. বাসি]।

বাইস2 (p. 590) [bāisa2] বি. কোনো এঁটে ধরার জন্য প্লায়ার্স-জাতীয় যন্ত্রবিশেষ, পাকসাঁড়শি। [ইং. vice]।˜ ম্যান বি. যে শ্রমিক পাকসাঁড়াশি ব্যবহার করে।

বাই-সাইকেল, বাই-সিকল (p. 590) [bāi-sāikēla, bāi-sikala] বি. পায়ে-চালানো দুই চাকার যানবিশেষ।[ইং. bicycle]।

বাউটি (p. 590) [bāuṭi] বি. মণিবন্ধে পরিধেয় বালাজাতীয় অলংকারবিশেষ। [সং. বাহু + প্রাকৃ. টী]।

বাউণ্ডারি (p. 590) [bāuṇḍāri] বি. 1 সীমানা; 2 ক্রিকেট খেলায় বলকে সীমানার বাইরে পাঠানো। [ইং. boundary]।

বাউণ্ডুলে (p. 590) [bāuṇḍulē] বিণ. 1 ছন্নছাড়া; 2 অকর্মণ্য; 3 ভবঘুরে (বাউণ্ডুলে হয়ে ঘুরে বেড়াচ্ছে)। [দেশি]।

বাউরা (p. 590) [bāurā] বিণ. খ্যাপা, পাগল। [হি. বাউরা < সং. বাতুল]।

বাউরি (p. 590) [bāuri] বি. নিম্নশ্রেণির বাঙালি হিন্দু জাতিবিশেষ। [তু. সং. বাগুরা]।

বাউল (p. 590) [bāula] বি. 1 ধর্মীয় সংকীর্ণতা ও সংস্কার থেকে মুক্ত সাধক সম্প্রদায়বিশেষ; 2 খ্যাপা লোক, পাগল। [সং. বাতুল-তু. হি. বাউরা]।˜ গান বি.

উক্ত সাধক সম্প্রদায়ের মধ্যে প্রচলিত বিশেষ সুরে গেয় আধ্যাত্মিক সংগীত।˜ সুর বি. বাউলগানের সুর। বাউলানি বি. (স্ত্রী.) বাউলের স্ত্রী বা সঙ্গিনী।

বাওয়া1 (p. 590) [bāōẏā1] ক্রি. বি. চালানো ('কোন দিকে যে বাইব তরী': রবীন্দ্র; নৌকা বেয়ে যায়, নৌকা বাওয়া শেষ হল)। [বাহা2 দ্র]। বেয়ে অস-ক্রি. অতিক্রম করে, বাহিয়া (গাল বেয়ে ঘাম পড়ে, সিঁড়ি বেয়ে ওঠা, মই বেয়ে ওঠা)।

বাওয়া2 (p. 590) [bāōẏā2] বিণ. ভ্রূণহীন অর্থাত্ শাবক উৎপাদন অক্ষম (বাওয়া ডিম)। [দেশি]।

বাংলা (p. 590) [bāṃlā] বি. 1 বঙ্গদেশ ('বাংলার মাটি বাংলার জল': রবীন্দ্র); 2 বঙ্গদেশবাসীর ভাষা (বাংলা কোটি কোটি লোকের মাতৃভাষা)।☐ বিণ. বাংলা ভাষায় রচিত ('কী জাদু বাংলা গানে গান গেয়ে দাঁড় মাঝি টানে': অ. সে)। [ফা. বঙ্গালহ্ > বাঙ্গালা > বাংলা]।

বাংলা-দেশ (p. 590) [bāṃlā-dēśa] বি. পাকিস্তান রাষ্ট্র থেকে 1971 সালে বিচ্ছিন্ন হয়ে সমগ্র প্রাক্তন পূর্ব-পাকিস্তানকে নিয়ে গঠিত স্বাধীন রাষ্ট্র। বাংলা দেশি বি. বাংলাদেশের নাগরিক বা অধিবাসী। ☐ বিণ. বাংলাদেশের; বাংলাদেশ-সম্বন্ধীয়।

বাংলো (p. 590) [bāṃlō] বি. (সচ. চারচালা ও একতলা) বাসভবনবিশেষ; খোলা জায়গাসমন্বিত চওড়া বারান্দাযুক্ত একতলা সরকারি বা বেসরকারি বাড়িবিশেষ। [হি. বাংলা ইং. bungalow দ্বারা + প্রভাবিত]।

বাঁ, (আঞ্চ.) বাঁও1 (p. 590) [bā, (m̐āñca.) bām̐ō1] বি. বিণ. বাম, দক্ষিণের বিপরীত (বাঁদিক)। [সং.বাম]। বাঁ-হাতের ব্যাপার বি. 1 ঘুসগ্রহণ; 2 ঘুষ, উৎকোচ।

বাঁই বাঁই (p. 590) [bām̐i bām̐i] বি. জোরে ঘোরার ভাব। [ধ্বন্যা.]। বাঁই বাঁই করে ক্রি-বিণ. খুব জোরে ঘুরন্ত অবস্থায় (চাকাটা বাঁই বাঁই করে ঘুরছে)।

বাঁও1 (p. 590) [bām̐ō1] দ্র বাঁ।

বাঁও2 (p. 591) [bām̐ō2] বি. সাড়ে তিন বা চার হাত পরিমিত গভীরতা।□ বিণ. উক্ত পরিমাণবিশিষ্ট (বিশ বাঁও জলের নীচে)। [সং. ব্যাম]।

বাঁওড় (p. 591) [bām̐ōḍ◌̣] বি. নদীর যে বাঁকে স্রোত বদ্ধ বা অবরুদ্ধ হয়েছে। [দেশি-তু.বাং. বাঁকমোড়]।

বাঁওয়া (p. 591) [bām̐ōẏā] বি. (আঞ্চ.) প্রধানত বাঁ-হাত দিয়ে কাজ করে এমন, ন্যাটা। [বাং. বাঁ + উয়া]। কথ্য বেঁয়ো।

বাঁক (p. 591) [bān̐ka] বি. 1 বক্রতা (লোহার শিকটার নানা জায়গায় বাঁক); 2 নদীর বা রাস্তার মোড় (বাঁক ফেরা, 'ছোট নদী চলে বাঁকে বাঁকে': রবীন্দ্র); 3 ভারবহনের জন্য ব্যবহৃত দণ্ডবিশেষ (কাঁধে বাঁক নিয়ে চলেছে)। [প্রাকৃ. বঙ্ক < সং. বক্র]।˜ নল বি. 1 যে ফাঁপা নলের মধ্য দিয়ে ফুঁ দিয়ে চুল্লির আগুন জ্বালানো হয়, blowpipe; 2 মধ্যযুগে সাধক সম্প্রদায়ের উল্লিখিত সূক্ষ্ম নাড়ি, যা বেয়ে

মাথার চাঁদি থেকে অমৃত ক্ষরিত হয় বলে ভাবা হত। ˜ মল বি. বাঁকা বা পাক দেওয়া পায়ের অলংকার, মলবিশেষ।

বাঁকা (p. 591) [bān̐kā] ক্রি. 1 বক্রহওয়া ('শ্রীমতীরে হেরি বাঁকি গেল রেখা': রবীন্দ্র); 2 ঘোরা (পথটা এখানে বেঁকেছে); 3 অসম্মত বা প্রতিকূল হওয়া (বিয়ের কথায় সে বেঁকে বসেছে); 4 বাঁকানো। □ বিণ. 1 বক্র (বাঁকা লাইন, বাঁকা বাঁশ); 2 কুব্জ, ন্যুজ (বাঁকা পিঠ); 3 তির্যক, আড়, কাত (এমন বাঁকা হয়ে হাঁটো কেন? খুঁটিটা বাঁকা হয়ে বসেছে); 4 ঘোরালো, সিধে নয় এমন (বাঁকা পথ); 5 চোরা (বাঁকা চাহনি); 6 কুটিল, অসরল (বাঁকা মন); 7 কড়া, রূঢ়, বিপরীত (বাঁকা কথা); 8 প্রতিকূল। [প্রাকৃ. বঙ্ক > বাং. বাঁক + আ]। ˜ চোরা বিণ. 1 আঁকাবাঁকা (বাঁকাচোরা গলি)। ˜ নো বি. ক্রি. বক্র করা (শিকটাকে বাঁকাতে পারবে?)। □ বিণ. উক্ত অর্থে (বাঁকানো লোহা)। বেঁকে বসা ক্রি. বি. 1 বক্রভাবে স্থাপিত হওয়া; 2 দৃঢ়তার সঙ্গে অসম্মত বা প্রতিকূল হওয়া, কিছুতেই রাজি না হওয়া; 3 পূর্বমত বদল করা (আগে তো একথা বলেনি, এখন বেঁকে বসেছে)।

বাঁচন (p. 591) [bān̐cana] বি. 1 প্রাণধারণ (আমাদের মরণ বাঁচন সবই তাঁর হাতে); 2 জীবিত অবস্থা; 3 জীবন বা পুনর্জীবন লাভ; 4 নিষ্কৃতি লাভ। [বাঁচা দ্র]।

বাঁচা (p. 591) [bān̐cā] ক্রি. বি. 1 প্রাণধারণ করা, জীবিত থাকা (বাঁচি বা মরি অন্যায়ের প্রতিবাদ করবই); 2 জীবন বা পুনর্জীবন লাভ করা (এবার বেঁচেছে, বারবার বাঁচবে না); 3 রক্ষা পাওয়া, নিষ্কৃতি বা শান্তি লাভ করা ('বাঁচিতাম সে মুহূর্তে মরিতাম যদি': রবীন্দ্র; পুলিশ ওদেরই ধরল, তোমরা বেঁচে গেছ); 4 বজায় থাকা (মান বাঁচল); 5 ব্যয়িত না হওয়া (খরচ বেঁচেছে); 6 উদ্বৃত্ত হওয়া (এ মাসে

কিছু টাকা বেঁচেছে, অনেকটা দই বেঁচে গেল); 7 বাঁচানো। [হি. √ বচ্ < সং. বঞ্চ্]। ~ নো ক্রি. বি. 1 জীবন্ত করা, জীবন বা পুনর্জীবন দান করা (মরা মানুষ বাঁচানো যায় কি?; 2 রক্ষা করা (আপনি আমাকে এই বিপদে বাঁচান); 3 ছোঁয়াচ এড়ানো (স্পর্শ বাঁচিয়ে চলা); 4 এড়ানো (পরিশ্রম বাঁচানো, খরচ বাঁচানো); 5 উদ্বৃত্ত বা সঞ্চিত করা (টাকা বাঁচানো); 6 বজায় রাখা (চাকরি বাঁচানো)। □ বিণ. উক্ত সব অর্থে।

বাঁচোয়া (p. 591) [bān̐cōẏā] বি. 1 রেহাই, রক্ষা, নিস্তার (বিপদের সময় তুমি এসে পড়লে, সেটাই বাঁচোয়া); 2 জীবনরক্ষা। [বাং. বাঁচা + ওয়া-তু. হি. বচাও]।

বাঁজা, বাঁঝা (p. 591) [bān̐jā, bān̐jhā] বিণ. (স্ত্রী.) বন্ধ্যা, সন্তান উৎপাদনে বা ফলোৎপাদনে অক্ষম (বাঁজা স্ত্রীলোক)। □ বি. বন্ধ্যা নারী। [সং. বন্ধ্যা]।

বাঁট1 (p. 591) [bān̐ṭa1] বি. ছুরি তরোয়াল প্রভৃতির হাতল। [প্রাকৃ. বণ্ট]।

বাঁট2 (p. 591) [bān̐ṭa2] বি. গবাদি পশুর স্তনের বোঁটা। [< সং. বাণ]।

বাঁট-কুল (p. 591) [bān̐ṭa-kula] বি. বিণ. বেঁটে, খর্বকায়; বেঁটে লোক, খর্বকায় ব্যক্তি। [দেশি]।

বাঁটন1, বাঁট3 (p. 591) [bān̐ṭana1, bān̐ṭa3] বি. 1 বণ্টন, বিভাজন; 2 ভাগ করে বিতরণ (ফলগুলো ছেলেদের মধ্যে বাঁট করে দাও)। [বাঁটা দ্র]।

বাঁটন2, বাঁটা, বাঁচানো (p. 591) [bān̐ṭana2, bān̐ṭā, bān̐cānō] যথাক্রমে বাটন, বাটা ও বাটানো -র রূপভেদ।

বাঁটা2 (p. 591) [bān̐ṭā2] ক্রি. বি. 1 বণ্টন করা, ভাগ করা (তাসগুলো বাঁটো); 2 অংশ ভাগ করে দেওয়া, প্রাপ্য অংশানুযায়ী বিতরণ করা। □ বিণ. উক্ত উভয় অর্থে (বাঁটা তাস, বেঁটে দেওয়া টাকা)। [সং. √ বণ্ট্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. অন্যের দ্বারা বণ্টন বা বিভাজন করানো। □ বিণ. উক্ত অর্থে।

বাঁটুল1 (p. 591) [bān̐ṭula1] বি. 1 খেলার গুলি বা বল; 2 লোহা বা সিসের তৈরি ছোটো বল যা গুলতি ইত্যাদিতে ব্যবহার করা হয়। [সং. বর্তুল]।

বাঁটুল2 (p. 591) [bān̐ṭula2] (ব্যঙ্গে বা কৌতু.) বি. বেঁটে লোক। [তু. বাঁটকুল]।

বাঁদর (p. 591) [bān̐dara] বি. বানর। □ বিণ. বাঁদরের মতো আচরণ বা স্বভাববিশিষ্ট (বাঁদর ছেলে)। [হি. বান্দর]। বি. স্ত্রী. বাঁদরি। বাঁদর নাচানো ক্রি. বি. বাঁদরকে খেলানো; (আল.) উৎপাত করার জন্য উসকানি দেওয়া। ˜ মুখো বিণ. বাঁদরের মতো কুৎসিত মুখবিশিষ্ট। বিণ. স্ত্রী. ˜ মুখি। বাঁদরামি, বাঁদরামো বি. বাঁদরের মতো উৎকট দুষ্টামি, অসভ্য ও বিরক্তিকর আচরণ। বাঁদুরে বিণ. বাঁদরসুলভ; উৎকট দুষ্টামিবিশিষ্ট।

বাঁদর-লাঠি (p. 591) [bān̐dara-lāṭhi] বি. উপক্ষারহীন বনৌষধিবিশেষ, সোনালু। [বাং. বাঁদর + লাঠি]।

বাঁদি (p. 591) [bān̐di] বি. (স্ত্রী.) 1 দাসী, ঝি; 2 ক্রীতদাসী। [ফা. বান্দী]। পুং. বান্দা।

বাঁদি-পোতা, বাঁধি-পোতা (p. 591) [bān̐di-pōtā, bān̐dhi-pōtā] বি. নানা রঙের ডোরাকাটা ও চৌখুপি পাতলা কাপড়বিশেষ। [দেশি]।

বাঁধ (p. 591) [bān̐dha] বি. জলস্রোত ঠেকাবার বা আটকাবার জন্য আলি বা প্রাচীর (বাঁধ দিয়ে জল আটকানো), dam. [সং. বন্ধ]।

বাঁধন (p. 591) [bān̐dhana] বি. 1 বন্ধন, গ্রন্থি (হাত-পায়ের বাঁধন খুলে দাও); 2 নিয়মের বন্ধন ('বিধির বাঁধন কাটবে তুমি': রবীন্দ্র); 3 বাধা, অবরোধ (বাঁধন-ছেড়া উদ্যম, আমরা কোনো বাঁধন মানব না)। [সং. বন্ধন]। হারা বিণ. বাধাহীন; উদ্দাম। বাঁধুনি বি. সুবিন্যাস, শৃঙ্খলা (কথার বাঁধুনি, কাজের বাঁধুনি)।

বাঁধা1 (p. 591) [bān̐dhā1] বি. বন্ধক, ঋণের জামিনস্বরূপ গচ্ছিত রাখা (গয়নাটা বাঁধা রেখে টাকা ধার নিয়েছে)। [সং. বন্ধ]।

বাঁধা2 (p. 591) [bān̐dhā2] ক্রি. বি. 1 বাঁধন দেওয়া বা বন্ধন করা (দড়ি দিয়ে বাঁধা); 2 আটক করা ('আমারে বাঁধবি তোরা সেই বাঁধন কি তোদের আছে': রবীন্দ্র); 3 বাঁধ দেওয়া (খাল বাঁধা); 4 থামানো (বাস বাঁধুন, নামব); 5 সংযত বা শান্ত করা (মনটাকে বাঁধো); 6 গ্রথিত বা রচনা করা (গান বাঁধা, খোঁপা বাঁধা); 7 স্থায়ী করা, নির্মাণ করা (ঘর বাঁধা); 8 ছন্দোবদ্ধ করা (একটা গান বেঁধেছি); 9 ঠিকমতো সংযোগ করা (সেতারের সুর বাঁধা); 1 একত্র করা বা একত্র হওয়া (দল বাঁধা); 11 সংহত হওয়া (দানা বাঁধা, জমাট বাঁধা)। □ বিণ. 1 আবদ্ধ,

বন্ধনযুক্ত (বাঁধা হাত, স্নেহের বন্ধনে বাঁধা); 2 আটক (ফাঁসে বাঁধা পড়া); 3 বাঁধযুক্ত (বাঁধা খাল); 4 বাঁধানো বা পাকা করা হয়েছে এমন (বাঁধা সিঁড়ি, বাঁধা রাস্তা); 5 নির্ধারিত, নির্দিষ্ট, বরাদ্দ (বাঁধা মাইনে); 6 বৈচিত্র্যহীন, একঘেয়ে (বাঁধা গত্); 7 অপরিবর্তনীয় (বাঁধা পথে চলা, বাঁধা নিয়ম)। [সং. √ বন্ধ্ + বাং. আ]।˜ ই বি. বাঁধা বা বাঁধানোর কাজ; বাঁধা বা বাঁধানোর মজুরি (বাঁধাইয়ের খরচ)।˜ কপি বি. কেবল পাতাযুক্ত ভোজ্য কপিবিশেষ। বাঁধা গত্ বি. (আল.) বৈচিত্র্যহীন ও একঘেয়ে নিয়ম বা কাজকর্ম।˜ ছাঁদা বি. ভালো করে বাঁধার কাজ, বাঁধা এবং গোছগাছ (গাড়ি এসে গেছে, এখনও বাঁধাছাঁদা হয়নি?)।˜ ধরা বিণ. 1 নির্দিষ্ট; অপরিবর্তনীয়; 2 একঘেয়ে।˜ নো ক্রি. বি. 1 বইখাতা ইত্যাদি শক্ত বা মজবুত করে বাঁধাই করা; 2 ফ্রেমে আবদ্ধ করা (ছবি বাঁধানো); 3 নির্মাণ করানো (দাঁত বাঁধানো); 4 খচিত করা, মোড়া (সোনা দিয়ে বাঁধানো); 5 ইট ইত্যাদি দিয়ে পাকা করা (রাস্তা বাঁধানো, শান বাঁধানো)। □ বিণ. উক্ত সব অর্থে।˜ বাঁধি বিণ. ধরাবাঁধা, নির্দিষ্ট, নিয়মবদ্ধ (এ ব্যাপারে কোনো বাঁধাবাঁধি নিয়ম নেই)। □ বি. ধরাবাঁধা নিয়ম (পথ্যের ব্যাপারে বাঁধাবাঁধি নেই)। বাঁধা বুলি বি. যে কথা অপরিবর্তিতভাবে বারবার বলা হয়।

বাঁধুনি (p. 591) [bān̐dhuni] দ্র বাঁধন।

বাঁয়া (p. 591) [bām̐ẏā] বি. তবলার সহচররূপে ব্যবহৃত এবং (সচ.) বাঁহাতে বাজাতে হয় এমন আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, ডুগি। [সং. বামা]।

বাঁশ (p. 591) [bām̐śa] বি. তৃণজাতীয় লম্বা গাছবিশেষ, বেণু। [সং. বংশ]।˜ গাড়ি বি. জমির সীমা নির্দেশ করে বাঁশের খুঁটি পোঁতা। বাঁশ দেওয়া ক্রি. বি. (কথ্য) সর্বনাশ করা; অসুবিধায় সৃষ্টি করা, বাগড়া দেওয়া।˜ পাতা বি. 1 বাঁশের

পাতার মতো পাতলা আঁশহীন মাছবিশেষ; 2 সবুজ রঙের পাখিবিশেষ। বাঁশবনে ডোম কানা বাঁশের কাজে অভ্যস্ত হয়েও ডোম যেমন বহু বাঁশের মধ্যে ভালো বাঁশ বেছে নিতে পারে না তেমনই, অসংখ্য ভালো জিনিসের মধ্যে উপযুক্ত একটি বেছে নিতে অক্ষম হওয়া; দিশাহারা। বাঁশের চেয়ে কঞ্চি দড় আসল লোকের চেয়ে তার অনুচরের কিংবা পিতার চেয়ে পুত্রের দৃঢ়তা বেশি।

বাঁশরি (p. 591) [bāmँśari] বি. (প্রধানত কাব্যে) বাঁশি ('বাঁশরি বাজাতে চাহি': রবীন্দ্র)। [বাং. বাঁশ + র + ই]।

বাঁশি (p. 591) [bāmँśi] বি. ফুঁ দিয়ে বাজাবার বাদ্যযন্ত্রবিশেষ, মুরলী। [সং. বংশী]।

বাক (p. 591) [bāka] শব্দের শেষে বাক্ -শব্দের বাংলা রূপ (স্মিতবাক)।

বাক্ (p. 591) [bāk] (বাচ্) বি. 1 বাক্য, শব্দ, কথা (বাক্সর্বস্ব); 2 বিদ্যা; 3 সরস্বতী (বাগ্দেবী); 4 বাগিন্দ্রিয়। [সং. √ বচ্+ ক্বিপ্]। ̃ কলহ বি. ঝগড়া; তর্কাতর্কি। ̃ চাতুরী, ̃ চাতুর্য বি. 1 কথা বলার দক্ষতা; 2 ছলনাপূর্ণ কথা। ̃ ছল বি. 1 কথার কৌশল; 2 দ্ব্যর্থক কথা; 3 ছলনাপূর্ণ কথা। ̃ পটু বিণ. কথা বলতে দক্ষ। ̃ পতি বি. বাগীশ; বাচস্পতি। ̃ পারুষ্য বি. কর্কশ বা রূঢ় কথা; অপমানকর উক্তি, কটূক্তি। ̃ প্রণালী বি. কথা বলার কায়দা বা রীতি। ̃ প্রপঞ্চ বি. কথার ধাঁধা বা হেঁয়ালি। ̃ বিতণ্ডা বি. তর্কাতর্কি, কথা কাটাকাটি; ঝগড়া। ̃ রোধ বি. কথা বলার শক্তি লোপ; কথা বা স্বর বন্ধ হওয়া। ̃ শক্তি বি. কথা বলার ক্ষমতা। ̃ সংযম বি. মিতভাষিতা। ̃ সর্বস্ব বিণ. কেবল কথা বলতেই ওস্তাদ এমন। ̃ সিদ্ধা। ̃ স্ফূর্তি বি. কথা বার হওয়া। ̃ স্বাধীনতা বি. কথা বলার বা মত প্রকাশের স্বাধীনতা।

বাক-তাল্লা (p. 591) [bāka-tāllā] বি. (অশোভন) অসার কিন্তু দম্ভপূর্ণ উক্তি; বড়ো বড়ো কথা। [দেশি]।

বাকল, (কথ্য) বাকলা (p. 591) [bākala, (kathya) bākalā] বি. গাছের ছাল। [সং. বল্কল]।

বাকি (p. 591) [bāki] বিণ. 1 অবশিষ্ট, উদ্বৃত্ত (বাকি টাকা পরে দেব); 2 অসম্পন্ন, অসমাপ্ত (কিছু কাজ বাকি রইল); 3 অনাদায়ি, প্রাপ্য (বাকি পাওনা); 4 আগামী (বাকি জীবন)। □ বি. 1 উদ্বৃত্ত বা অবশিষ্ট অংশ ('বাকি কোথা নাহি জানে': রবীন্দ্র); 2 দেয় টাকা (বাকি শোধ); 3 পাওনা ইত্যাদি (বাকি আদায়)। [আ. বাকী]।˜ জায় বি. অনাদায়ি খাজনার তালিকা। বাকি পড়া ক্রি. বি. অনাদায়ি থাকা।˜ বকেয়া বিণ. অন্যের কাছে পাওনা।

বাক্য (p. 591) [bākya] বি. 1 কথন, কথা, বচন ('হেন বাক্য কভু আমি শুনিনি কখন'); 2 (ব্যাক.) পূর্ণ অর্থজ্ঞাপক পরস্পর অন্বয়যুক্ত পদসমষ্টি, sentence. [সং. √ বচ্ + য]।˜ জাল বি. কথার ফাঁদ বা বিস্তার; চাতুর্যপূর্ণ কথার বিস্তার।˜ দান বি. অঙ্গীকার করা, প্রতিশ্রুতি দান।˜ বাগীশ,˜ বিশারদ বিণ. 1 বাক্পটু; 2 বাচাল।˜ বাণ বি. তিরের মতো মর্মভেদী কথা, অতি তীক্ষ্ণ ও কঠোর কথা।˜ বিনিময় বি. 1 পরস্পর কথাবার্তা; 2 কথা-কাটাকাটি।˜ ব্যয় বি. কথা বলা ('বিনা বাক্যব্যয়ে সে ওপাড়ের দিকে চলিয়া গেল': তারা)।˜ স্ফূর্তি বি. কথা বার হওয়া।˜ হারা বিণ. কথা বলার ক্ষমতা চলে গেছে এমন; কথা বার হচ্ছে না এমন। বাক্যাতীত বিণ. কথা বলে বোঝানো যায় না এমন; ভাষার অতীত। বাক্যালাপ বি. কথাবার্তা; কথোপকথন।

বাক্স, বাক্স (p. 591) [bāksa, bāksa] বি. ঢাকনা বা ডালাওয়ালা এবং সচ. চৌকো আধারবিশেষ; পেটিকা। [ইং. box]।˜ জাত,˜ বন্দি বিণ. বাক্সের মধ্যে আবদ্ধ। ক্যাশবাক্স বি. নগদ টাকাপয়সা রাখার বাক্স। হাতবাক্স বি. নগদ টাকাপয়সা ও ছোটোখাটো নিত্যব্যবহার্য জিনিসপত্র রাখার ছোটো বাক্সবিশেষ।

বাখান (p. 591) [bākhāna] বি. 1 ব্যাখ্যান, ব্যাখ্যা; 2 গুণকীর্তন, প্রশংসা; 3 বিস্তৃত বর্ণনা; 4 অতিরঞ্জিত বর্ণনা (রূপের বাখান)। [সং. ব্যাখ্যান]। বাখানা ক্রি. (কাব্যে) 1 বর্ণনা করা; 2 প্রশংসা করা ('বাখানি সাহস তোর': মধু.)।

বাখারি (p. 591) [bākhāri] বি. বাঁশের ফালি বা চটা। [দেশি]। বাখারি চুন বি. ঝিনুক-শামুক প্রভৃতি পুড়িয়ে প্রস্তুত চুন।

বাগ1 (p. 591) [bāga1] বি. বাগান, উদ্যান, উপবন (গুলবাগ)। [ফা. বাগ]।

বাগ2 (p. 591) [bāga2] বি. 1 বশ, শাসন (বাগ মানানো); 2 সুযোগ, সুবিধা (বাগ পাওয়া); 3 (অপ্র.) বল্গা (বাগডোর); 4 কৌশল (কাজের বাগ); 5 আয়ত্তি (এবার তোকে বাগে পেয়েছি); 6 পথ, দিক ('চাহিতে চাই মুখের বাগে', 'ভয়ে যে জাগে শিয়র বাগে': রবীন্দ্র); 7 পাশের দিক (আগ ডোম বাগ ডোম=আগে ডোম [সৈন্য], পাশে ডোম)। [সং. বল্গা]।

বাগ্-জাল (p. 591) [bāg-jāla] বি. কথার ফাঁদ; বাগাড়ম্বর। [সং. বাচ্ + জাল]।

বাগ্-ডম্বর (p. 591) [bāg-ḍambara] বি. বাগাড়ম্বর; কথার বিস্তার। [সং. বাচ্ + ডম্বর (=আড়ম্বর, ঘটা)]।

বাগ্-ডোর (p. 591) [bāg-ḍōra] বি. ঘোড়ার মুখের লাগাম বা দড়ি। [হি. বাগড়োর]।

বাগড়া (p. 591) [bāgaḍ়ā] বি. ব্যাঘাত, প্রতিবন্ধক, বাধা (কাজে বাগড়া দেওয়া)। [সং. ব্যাঘাত]।

বাগ্-দণ্ড (p. 591) [bāg-daṇḍa] বি. তিরস্কার, গালিগালাজ। [সং. বাচ্ + দণ্ড]।

বাগ্-দত্তা (p. 591) [bāg-dattā] বিণ. বি. (স্ত্রী.) নির্দিষ্ট কোনো পাত্রের সঙ্গে বিবাহের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন। [সং. বাচ্ + দত্তা]। বাগ্-দান বি. 1 কন্যাদানের প্রতিশ্রুতি; কন্যার বিবাহের পাকা কথা; 2 কথা দেওয়া।

বাগদা (p. 591) [bāgadā] বি. খোলায় ডোরা দাগযুক্ত চিংড়িবিশেষ। [দেশি]।

বাগ্দান (p. 591) [bāgdāna] দ্র বাগ্দত্তা।

বাগদি (p. 591) [bāgadi] বি. নিম্নশ্রেণির ও অনুন্নত বাঙালি হিন্দু জাতিবিশেষ। [দেশি]। স্ত্রী. বাগদিনি।

বাগ্-দেবী, বাগ্দেবী (p. 591) [bāg-dēbī, bāgdēbī] বি. বাক্শক্তির অধিষ্ঠাত্রী দেবী অর্থাত্ সরস্বতী। [সং. বাচ্ + দেবী]।

বাগ্-ধারা (p. 591) [bāg-dhārā] বি. বিশিষ্টার্থক শব্দ বা শব্দগুচ্ছ, ইডিয়ম। [সং. বাচ্ + ধারা]।

বাগ্-বিতণ্ডা (p. 591) [bāg-bitaṇḍā] বি. তর্কবিতর্ক; ঝগড়া। [সং. বাচ্ + বিতণ্ডা]।

বাগ্-বিদগ্ধ (p. 591) [bāg-bidagdha] বিণ. বাক্যে পণ্ডিত, বাক্যনিপুণ। [সং. বাচ্ + বিদগ্ধ]। বাগ্-বৈদগ্ধ, বাগ্-বৈদগ্ধ্য বি. বাক্চাতুর্য, বাক্পটুতা; বক্তৃতায় নৈপুণ্য।

বাগ্-বিস্তার (p. 591) [bāg-bistāra] বি. কথার বিস্তার; বেশি কথা (অযথা বাগ্বিস্তার না করে আসল কথাটা বলো)। [সং. বাচ্ + বিস্তার]।

বাগ্বৈদগ্ধ (p. 591) [bāgbaidagdha] দ্র বাগ্বিদগ্ধ।

বাগ্-যুদ্ধ (p. 591) [bāg-yuddha] বি. কথার যুদ্ধ, কথা-কাটাকাটি, তর্কাতর্কি। [সং. বাচ্ + যুদ্ধ]।

বাগর্থ (p. 591) [bāgartha] বি. শব্দের অর্থ বা ব্যঞ্জনা, শব্দার্থ। [সং. বাক্ + অর্থ]।

বাগা (p. 591) [bāgā] ক্রি. বাগানো (বইখানা কীভাবে বাগালে ? এত ভালো চাকরিটা বাগালে কীভাবে?) [প্রাকৃ. বগ্গা < সং. বল্গা + বাং. আ]।

বাগাড়ম্বর (p. 591) [bāgāḍ়mbara] বি. ফাঁকা কথার ঘটা, বড়ো বড়ো কথা। [সং. বাচ্ + আড়ম্বর]।

বাগাত (p. 591) [bāgāta] বি. বাগানসমূহ, উদ্যানাদি (বাগবাগাত)। [আ. বাগাত্]।

বাগান (p. 591) [bāgāna] বি. উদ্যান, উপবন। [ফা. বাগ]। ˜ বাড়ি বি. বাগানশোভিত বা বাগানসমন্বিত প্রমোদভবন।

বাগানো (p. 591) [bāgānō] ক্রি. বি. 1 কৌশলে আয়ত্ত বা বশীভূত করা (পাগলা ঘোড়াকে বাগানো); 2 আদায় বা লাভ করা (কাজ বাগানো); 3 বিন্যাস করা (টেরি বাগানো)। □ বিণ. উক্ত সব অর্থে। [বাগা দ্র]।

বাগাল (p. 591) [bāgāla] বি. রাখাল। [দেশি]।

বাগি (p. 591) [bāgi] বি. (সচ. কুঁচকিতে উদ্গত) দুষ্ট ফোড়াবিশেষ। [দেশি]।

বাগিচা (p. 591) [bāgicā] বি. ছোটো বাগান বা উপবন। [ফা. বাগ্চহ্]।

বাগিন্দ্রিয় (p. 591) [bāgindriẏa] বি. যে ইন্দ্রিয় দ্বারা কথা বলা হয় অর্থাত্ মুখ। [সং. বাচ্ + ইন্দ্রিয়]।

বাগীশ, বাগীশ্বর (p. 591) [bāgīśa, bāgīśbara] বি. বাক্পতি; বাগ্মী; বাচস্পতি; বৃহস্পতি। [সং. বাচ্ + ঈশ, ঈশ্বর]। বাগীশা, বাগীশ্বরী বি. (স্ত্রী.) সরস্বতীদেবী।

বাগুড়া (p. 591) [bāguḍ়ā] বি. সুপারি নারকেল কলা প্রভৃতি গাছের সবৃন্ত পাতা, বাইল। [দেশি]।

বাগুরা (p. 591) [bāgurā] বি. ফাঁদ, জাল। [সং. √ বা + উর (গ্ আগম) + আ]। বাগুরিক বি. যে ফাঁদ পাতে, ব্যাধ।

বাগেশ্রী (p. 591) [bāgēśrī] বি. সংগীতের রাত্রিকালীন রাগিণীবিশেষ। [হি. বাগেশ্রী < সং. বাগীশ্বরী]।

বাগ্দেবী (p. 591) [bāgdēbī] দ্র বাগ্দেবী।

বাগ্মিতা (p. 591) [bāgmitā] দ্র বাগ্মী।

বাগ্মী (p. 591) [bāgmī] (-গ্মিন্) বিণ. সুবক্তা; বাক্পটু। [সং. বাচ্ + মিন্]। বাগ্মিতা বি. উত্তম বক্তৃতা করার ক্ষমতা; বাক্পটুতা।

বাঘ (p. 591) [bāgha] বি. বিড়াল গোত্রের ডোরা-কাটা মাংসাশী হিংস্র বন্য প্রাণীবিশেষ, ব্যাঘ্র, tiger. [সং. ব্যাঘ্র]। স্ত্রী. বাঘিনি। ˜ ছড়া, ˜ ছড়ি বি. বাঘের ছাল, ব্যাঘ্রচর্ম। ˜ নখ বি. 1 বাঘের নখ; 2 গলার গহনাবিশেষ; 3 দস্তানারূপে

ব্যবহৃত বাঘনখের আকৃতিবিশিষ্ট শিবাজির অস্ত্রবিশেষ; 4 গন্ধদ্রব্যবিশেষ। ˜ বন্দি বি. শিকারি কর্তৃক বাঘকে বন্দি করা-রূপ খেলাবিশেষ। বাঘে-গোরুতে এক ঘাটে জল খাওয়া (আল.) শাসনের দাপটে বাধ্য হয়ে বিবাদ ত্যাগ করে শান্তিতে বাস করা। বাঘে ছুঁলে আঠারো ঘা (আল.) বিপজ্জনক ব্যাপারের সঙ্গে সামান্য সংস্রবও অত্যন্ত ক্ষতিকর ও অসুবিধাজনক। বাঘের ঘরে ঘোগের বাসা (আল.) ক্ষতিসাধনের উদ্দেশ্যে স্বজাতীয় কারও গৃহে গোপনে অবস্থান। বাঘের আড়ি বি. অত্যন্ত গোঁয়ারতুমি, প্রবল জেদ। বাঘের মাসি বি. বিড়াল।

বাঘ আঁচড়া (p. 591) [bāgha ānँcaḍ়ā] বি. সাদা ফলযুক্ত ছোটো গাছবিশেষ। [বাং. বাঘ + আঁচড় + আ]।

বাঘা (p. 591) [bāghā] বি. বাঘ। □ বিণ. 1 বৃহত্, প্রকাণ্ড (বাঘা কুকুর); 2 কড়া, তীব্র (বাঘা তেঁতুল)। [বাং. বাঘ + আ]। বাঘা বাঘা বিণ. (সচ. বহুবচনে) প্রবল পরাক্রান্ত ও ভয়ংকর (বাঘা বাঘা জমিদার, বাঘা বাঘা সাহেব)।

বাঘাম্বর (p. 591) [bāghāmbara] বি. বাঘছালের বস্ত্র। [সং. ব্যাঘ্রাম্বর]।

বাঙ্-নিষ্পত্তি (p. 591) [bāṅ-niṣpatti] বি. বাক্য উচ্চারণ, কথা বলা (কোনো বাঙ্নিষ্পত্তি না করে সে চলে গেল)। [সং. বাচ্ + নিষ্পত্তি]।

বাঙ্-ময়, বাঙ্ময় (p. 591) [bāṅ-maẏa, bāṅmaẏa] বিণ. 1 শব্দপূর্ণ, বাক্য বা শব্দ দ্বারা গঠিত; 2 ভাষায় বা বাক্যে রূপান্তরিত (এই কাব্য কবির কল্পনার বাঙ্ময় রূপ)। [সং. বাক্ (বাচ্) + ময়]। বাঙ্ময়ী, বাঙ্ময়ী বিণ. বাঙ্ময়-এর স্ত্রীলিঙ্গ। □ বি. সরস্বতী দেবী।

বাঙাল (বিদ্রুপে) (p. 591) [bāṅāla (bidrupē)] 1 পূর্ববঙ্গবাসী; 2 (বিরল) গ্রাম্য লোক। □ বিণ. পূর্ববঙ্গীয়। [সং. বঙ্গ + বাং. আল]। স্ত্রী. বাঙালিনি, বাঙালনি। বাঙালে বিণ. বাঙালসুলভ বা বাঙালসম্বন্ধীয় (বাঙালে গোঁ)।

বাঙালি (p. 591) [bāṅāli] বি. বঙ্গদেশের বাংলাভাষী অধিভাষী। □ বিণ. বঙ্গ দেশীয় (বাঙালি প্রথা)। [বাং. বাঙ্গালা + ই > বাঙালি]। স্ত্রী. বাঙালিনি।

বাঙ্গলা, বাঙ্গাল, বাঙ্গালা (p. 591) [bāṅgalā, bāṅgāla, bāṅgālā] যথাক্রমে বাংলা, বাঙাল ও বাংলা -র বর্জি. বানানভেদ।

বাঙ্ক, বাংক (p. 591) [bāṅka, bāṅka] বি. ট্রেনের কামরায় বা পাকা ঘরের দেওয়ালে উঁচুতে সংলগ্ন তাকবিশেষ। [ইং. bunk]।

বাঙ্গি (p. 591) [bāṅgi] বি. 1 দুই দিকে ভার বহনের বাঁক; 2 (আঞ্চ.) ফুটিবিশেষ। [দেশি-তু. সং. বিহঙ্গিকা]। ̃ দার বি. বাঙ্গিতে ভারবহনকারী।

বাঙ্ময়, বাঙ্ময়ী (p. 591) [bāṅmaẏa, bāṅmaẏī] দ্র বাঙ্ময়।

বাঙ্মুখ, বাঙ্-মুখ (p. 591) [bāṅmukha, bāṅ-mukha] বি. ভূমিকা, বক্তব্য বা বক্তৃতার সূচনা। [সং. বাচ্ + মুখ]।

বাচ (p. 591) [bāca] দ্র বাইচ।

বাচক (p. 591) [bācaka] বিণ. 1 বোধক, অর্থজ্ঞাপক (গুণবাচক, ক্রিয়াবাচক); 2 পাঠক; 3 কথক। [সং. √ বচ্ + অক]।

বাচন (p. 591) [bācana] বি. 1 কথন, উক্তি (স্বাস্তিবাচন, বাচনভঙ্গি); 2 পাঠ; 3 ব্যাখ্যাকরণ (শাস্ত্রবাচন)। [সং. √ বচ্ + ণিচ্ + অন]। বাচনিক বিণ. 1 মৌখিক; 2 কথার দ্বারা প্রকাশিত বা জ্ঞাপিত। বাচনীয় বিণ. কথনীয়, উক্তিযোগ্য, বাচ্য, বচনীয়।

বাচস্পতি (p. 591) [bācaspati] বি. 1 বাক্পটু ব্যক্তি, বাগ্মী ব্যক্তি; 2 বিদ্বান ব্যক্তি; 3 বৃহস্পতি; 4 সংস্কৃত পণ্ডিতদের উপাধিবিশেষ। [সং. বাচঃ + পতি]। বাচস্পত্য বি. 1 বাগ্মিতা; বাক্পটুতা; 2 পাণ্ডিত্য। □ বিণ. বাচস্পতি-সম্বন্ধীয়।

বাচাট (p. 591) [bācāṭa] বিণ. (আঞ্চ.) বেশি কথা বলে এমন, বাচাল। [সং. বাচ্ + বাং. আট]।

বাচাল (p. 591) [bācāla] বিণ. অকারণে বেশি কথা বলে এমন, প্রগল্ভ। [সং. বাচ্ + আল]। বি. ̃ তা।

বাচিক (p. 591) [bācika] বিণ. বাচনিক, মৌখিক। [সং. বাচ্ + ইক]।

বাচ্চা, বাচ্ছা (p. 591) [bāccā, bācchā] বি. 1 শিশু (কচি বাচ্চা); 2 সন্তান (তোমার কটি বাচ্চা?); 3 ছানা, শাবক (গাধার বাচ্চা)। □ বিণ. অল্পবয়স্ক (বাচ্ছাছেলে)। [প্রাকৃ. বচ্ছ < সং. বৎস তু. হি. ফা. বাচ্চা]। ̃ কাচ্চা বি. 1 ছোটো ছোটো ছেলেমেয়ে; 2 শিশুসন্তান।

বাচ্য (p. 591) [bācya] বিণ. 1 বলার যোগ্য; 2 বলতে হবে এমন; 3 কথ্য; 4 গণ্য; 5 অভিধেয়। □ বি. (ব্যাক.) 1 বাক্যের মধ্যে কর্তা কর্ম প্রভৃতির সঙ্গে ক্রিয়ার সম্বন্ধ বা অন্বয় ক্রিয়ার যে-রূপভেদের দ্বারা বোঝা যায়, voice; 2 ধাতুর উত্তর যে বিশেষ-বিশেষ অর্থে প্রত্যয় হয়। [সং. √ বচ্ + য]। বাচ্যার্থ বি. শব্দের স্বাভাবিক ও সহজে বোধগম্য অর্থ, মুখ্যার্থ, অভিহিতার্থ (তু. ব্যঙ্গ্যার্থ, লক্ষ্যার্থ)।

বাছ, বাছন, বাছনি1 (p. 591) [bācha, bāchana, bāchani1] বি. 1 নির্বাচন, বাছাই; 2 মনোনয়ন, পছন্দকরণ; 3 অপকৃষ্ট অংশ থেকে পৃথক্করণ। [বাছা2 দ্র]। বাছ-পড়া বিণ. বেছে নেওয়ার সময় অগ্রাহ্য বলে বর্জিত।

বাছনি2 (p. 591) [bāchani2] বি. (কাব্যে) বাছা, বৎস। [বাং. বাছা + নি (আদরার্থে বা ক্ষুদ্রার্থে)]।

বাছ-বিচার (p. 591) [bācha-bicāra] বি. 1 সাবধানে বিচারপূর্বক বাছাই; 2 ভালো মন্দের বা কর্তব্য-অকর্তব্যের বিচার; 3 ছোঁয়াছুঁয়ি বা এঁটোকাঁটার বিচার। [বাং. বাছা2 + বিচার]।

বাছা1 (p. 591) [bāchā1] বি. 1 বৎস, শিশুসন্তান ('কাড়িয়া লয়েছে বাছারে আমার'); 2 পুত্রকন্যাস্থানীয়দের বা বয়ঃকনিষ্ঠ স্নেহভাজনদের প্রতি সম্বোধনবিশেষ (না, বাছা, সে আমি পারব না)। [প্রাকৃ. বচ্ছ]। ˜ ধন বি. প্রিয় বৎস; স্নেহের পাত্রকে সম্বোধনবিশেষ।

বাছা2 (p. 591) [bāchā2] ক্রি. বি. 1 নির্বাচন করা, মনোনয়ন করা, পছন্দ করা (শাড়ি বেছে নেওয়া, লোক বেছে নাও); 2 গুণ দোষ নির্ণয় করা (ভালো-মন্দ বেছে কী হবে?); 3 আবর্জনামুক্ত করা (চাল বাছা); 4 বর্জ্য জিনিস বাদ দেওয়া (মাছের কাঁটা বেছে খাওয়া); 5 খুঁজে বার করে বাদ দেওয়া (উকুন বাছা); 6 বাছানো। □ বিণ. নির্বাচিত; আবর্জনামুক্ত, পরিষ্কৃত (বাছা চাল)। [বাং. √ বাছ্ + আ]। ̃ ই বি. নির্বাচন; আবর্জনামুক্ত করা। □ বিণ. নির্বাচিত; পছন্দসই; সেরা। ̃ নো ক্রি. বি. অন্যের দ্বারা নির্বাচন ও মনোনয়ন; আবর্জনামুক্ত করানো। ̃ বাছা বিণ. বিশেষভাবে নির্বাচিত, সেরা (বাছা-বাছা বই)। ̃ বাছি বি. বাছাই, বেছে নেওয়া; অনেকগুলির ভিতর থেকে মনের মতো জিনিস বেছে নেওয়া।

বাছাই, বাছানো, বাছাবাছি (p. 591) [bāchāi, bāchānō, bāchābāchi] দ্র বাছা2।

বাছাধন (p. 595) [bāchādhana] দ্র বাছা1।

বাছার (p. 595) [bāchāra] বি. গ্রামের সবচেয়ে শক্তিমান লোক। [দেশি]।

বাছারি (p. 595) [bāchāri] (আঞ্চ.) বিণ. 1 (নৌকা সম্বন্ধে) বাচ বা বাইচ খেলায় ব্যবহৃত; 2 বাছার অর্থাত্ গ্রামের সবচেয়ে শক্তিমান ব্যক্তির দ্বারা পরিচালিত। [বাং. বাচ + আরি; বাছার + ই]।

বাছাল (p. 595) [bāchāla] বিণ. বাছাই-করা, বাছা। [বাছা2 দ্র]।

বাছুর (p. 595) [bāchura] বি. গোবৎস, বাচ্চা গোরু। [সং. বৎসতর]।

বাজ1 (p. 595) [bāja1] (সচ. মন্দার্থে) দক্ষ অভ্যস্ত আসক্ত ইত্যাদি অর্থবাচক প্রত্যয়বিশেষ (ফন্দিবাজ, ধড়িবাজ, মামলাবাজ)। [ফা. বাজ]।˜ বাজি বি. আসক্তি দক্ষতা অভ্যাস ইত্যাদি অর্থবাচক প্রত্যয় (মামলাবাজি, ফন্দিবাজি)। [ফা. বাজ + বাং. ই]।

বাজ2 (p. 595) [bāja2] বি. বজ্র, অশনি। [সং. বজ্র]।

বাজ3 (p. 595) [bāja3] বি. বাঁকা, ঠোঁট ও ধারালো নখযুক্ত শিকারি পাখিবিশেষ, শ্যেন। [ফা. বাজ]।˜ বহরি,˜ বৈরি বি. বৃহদাকার বাজবিশেষ।

বাজ-খাঁই (p. 595) [bāja-khāmi̐] বিণ. (কণ্ঠস্বর সম্বন্ধে) অত্যন্ত কর্কশ ও অস্বাভাবিক চড়া (বাজখাঁই গলা)। [বাজখাঁ (গায়কবিশেষ) + ই]।

বাজন (p. 595) [bājana] বি. 1 বাদ্য, বাজনা, বাদ্যধ্বনি। □ বিণ. বাজে এমন ('বাজন নূপুর পায়': গো. দা.)। [বাজা দ্র]।˜ দার বি. পেশাদার বাদক ('বাজনদার একা ভিজে যাচ্ছে অন্ধকারে': শ. ঘো.)।

বাজনা (p. 595) [bājanā] বি. 1 বাদ্য; 2 বাদ্যধ্বনি (বাজনা শুনে ঘুম ভেঙে গেছে); 3 বাদ্যযন্ত্র (বাজনা নিয়ে বাজনদার এল); 4 বাদন। [বাজা দ্র]।˜ ওয়ালা,˜ দার বি. পেশাদার বাদক, বাজনদার।

বাজ-পেয় (p. 595) [bāja-pēẏa] বি. বৈদিক যজ্ঞবিশেষ। [সং. বাজ (ঘৃত) + পেয়]। বাজ-পেয়ী (-য়িন্) বিণ. বাজপেয় যজ্ঞকারী। □ বিণ. ব্রাহ্মণদের একটি শ্রেণির উপাধিবিশেষ।

বাজবহরি, বাজবৈরি (p. 595) [bājabahari, bājabairi] দ্র বাজ3।

বাজরা1 (p. 595) [bājarā1] বি. ধানজাতীয় শস্যবিশেষ। [হি. বাজরা]।

বাজরা2 (p. 595) [bājarā2] বি. বড়ো ঝুড়ি। [দেশি]।

বাজা (p. 595) [bājā] ক্রি. 1 বাদিত বা ধ্বনিত হওয়া (ঘণ্টা বাজে, বাঁশি বাজে); 2 ঘড়িতে সময় নির্দেশ করা (কটা বেজেছে?); 3 কর্কশ বা অপ্রীতিকর বোধ হওয়া (কথাটা কানে বেজেছিল); 4 প্রভাব বিস্তার করা, মনে দাগ কাটা (তার কথা আমার মনে বেজেছে); 5 বাজানো। □ বিণ. বাজে এমন (বাজা ঘড়ি)। [প্রাকৃ. বজ্জ-তু. সং. বাদ্য]। ˜ নো ক্রি. বি. 1 বাদিত বা ধ্বনিত করা ('বাজারে শঙ্খ, সাজা দীপমালা': স. দ.)। 2 হাসিল করা, সম্পন্ন করা (কাজ বাজানো); 3 পরীক্ষা বা যাচাই করা (লোকটাকে বাজিয়ে দেখতে হবে)। □ বিণ. উক্ত সব অর্থে। ঢাক বাজানো ক্রি. বি. (আল.) চার দিকে রাষ্ট্র করা, সবাইকে জানিয়ে দেওয়া। নাম বাজানো ক্রি. বি. নিজের গুণগান করা। সেলাম বাজানো ক্রি. বি. খুব ঘটা করে সেলাম করা।

বাজার (p. 595) [bājāra] বি. 1 নিয়মিত ক্রয়-বিক্রয়ের স্থান, সবজি ও অন্যান্য পুণ্য কেনাবেচার বহু দোকানসমন্বিত স্থান; 2 বাজার থেকে ক্রীত সামগ্রী (বাজারটা এখানেই রাখো); 3 দ্রব্যাদির দর (চড়া বাজার); 4 দ্রব্যাদি ক্রয় (বাজার

করা)। [ফা. বজার]।˜ খরচ বি. বাজার থেকে জিনিসপত্র কেনার খরচ। বাজার গরম হওয়া ক্রি. বি. 1 পণ্যদ্রব্যাদির দর বেড়ে যাওয়া; 2 পণ্যাদির অধিক কাটতি হওয়া। বাজার চড়া ক্রি. বি. পণ্যাদির মূল্য বৃদ্ধি হওয়া।˜ দর বি. বর্তমানে যে দামে জিনিসপত্র বিক্রীত হচ্ছে। বাজার নরম (মন্দা) হওয়া ক্রি. বি. পণ্যের মূল্য বা চাহিদা হ্রাস পাওয়া। বাজার বসা ক্রি. বি. 1 বাজারে কেনাবেচা আরম্ভ হওয়া; 2 নতুন বাজার স্থাপিত হওয়া; 3 (আল.) অসহ্য হট্টগোল হওয়া। বাজারে বিণ. 1 বাজারে প্রচলিত বা বাজারের দোকানদারদের মধ্যে প্রচলিত; 2 অশ্লীল ও নিম্নশ্রেণির (বাজারে রসিকতা); 3 যার দেহ সাধারণের উপভোগ্য অর্থাত্ বেশ্যাবৃত্তিকারিণী (বাজারে মেয়ে)।

বাজি1 (p. 595) [bāji1] দ্র বাজ1।

বাজি2 (p. 595) [bāji2] বি. 1 ইন্দ্রজাল, ভেলকি (ভোজবাজি); 2 খেলার দফা (এক বাজি তাস খেলে যাই); 3 আতশবাজি (বাজি পোড়ানো); 4 জুয়া খেলার পণ (বাজি রাখা); 5 (আল.) জীবলীলা; ভবের খেলা ('এবার বাজি ভোর': রা. প্র.)। [ফা. বাজী]।˜ কর বি. জাদুকর, ঐন্দ্রজালিক।˜ মাত বি. খেলায় বা প্রতিযোগিতায় জয়।

বাজিয়ে (p. 595) [bājiẏē] বিণ. 1 বাদ্যকর, বাজনাদার (নদিয়া থেকে বাজিয়ের দল এসেছে); 2 বাদ্যনিপুণ (গাইয়ে বাজিয়ে)। [বাং. বাজা + ইয়ে]।

বাজী2 (p. 595) [bājī2] (-জিন্) বি. 1 অশ্ব, ঘোড়া; 2 বাণ। [সং. বাজ + ইন্]। স্ত্রী. বাজিনী।˜ করণ বি. রতিশক্তিবর্ধক ওষুধ বা প্রক্রিয়া।

বাজু (p. 595) [bāju] বি. 1 তাগাজাতীয় হাতের গয়নাবিশেষ; 2 বাহু (বাজুবন্ধ); 3 পার্শ্ব; side; 4 খাটের পাশের কাঠ; 5 দরজার চৌকাঠের দুই পাশের কাঠ। [ফা. বাজু]।˜ বন্ধ বি. তাগাজাতীয় বাহুর অলংকার।

বাজে (p. 595) [bājē] বিণ. 1 খেলো, অকেজো (বাজে মাল); 2 তুচ্ছ, গুরুত্বহীন (বাজে লোক); 3 অসার, অর্থহীন, মিথ্যা (বাজে কথা); 4 অনর্থক, নিষ্ফল (বাজে খাটুনি); 5 বাড়তি, ফালতু, অতিরিক্ত (বাজে খরচ)। [আ. বাজ্]।˜ মার্কা বিণ. খেলো, কাজের নয় এমন, আজেবাজে।

বাজেট (p. 595) [bājēṭa] বি. 1 কোনো দেশের বা রাষ্ট্রের সম্ভাব্য বার্ষিক আয়-ব্যয়ের হিসাব; 2 কোনো ব্যক্তির আয়-ব্যয়ের হিসাব বা ব্যয়ের নির্দিষ্ট সীমা (দামটা বাজেট ছাড়িয়ে যাচ্ছে)। [ইং. budget]।

বাজেয়াপ্ত (p. 595) [bājēẏāpta] বিণ. 1 সরকার জমিদার প্রভৃতির দ্বারা অধিকৃত, confiscated (জমি বাজেয়াপ্ত করা হল); 2 বাতিল (জামিন বাজেয়াপ্ত)। [ফা. বাজ + য়াফ্ত্]।

বাঞ্ছন (p. 595) [bāñchana] দ্র বাঞ্ছা।

বাঞ্ছা (p. 596) [bāñchā] বি. অভিলাষ, কামনা, সাধ, ইচ্ছা (মনোবাঞ্ছা পূরণ হল না)।[সং. √ বাঞ্ছ্ + অ + আ]। বাঞ্ছন বি. বাঞ্ছা, কামনা। বাঞ্ছনীয় বিণ. কাম্য, প্রার্থনীয়; ঈপ্সিত (কাজে শৈথিল্য মোটেই বাঞ্ছনীয় নয়)। বাঞ্ছিত বিণ. অভিলাষিত, ঈপ্সিত। স্ত্রী. বাঞ্ছিতা।

বাট1 (p. 596) [bāṭa1] বি. (সচ. কাব্যে) পথ, রাস্তা ('যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে': রবীন্দ্র)। [সং. √ বট্ (=বেষ্টন) + ণিচ্ + অ]।

বাট-খারা (p. 596) [bāṭa-khārā] বি. দ্রব্যসামগ্রীর ওজন নির্ণয় করার জন্য নির্দিষ্ট ওজনের লৌহখণ্ডাদি, পড়েন। [হি. বট্খারা-তু. সং. বটক]।

বাটনা (p. 596) [bāṭanā] বি. 1 শিলনোড়ার দ্বারা পিষ্ট মশলা; 2 বাটতে হবে এমন মশলা। [বাটা5 দ্র]।

বাট-পাড় (p. 596) [bāṭa-pāḍ়.] বি. রাহাজান, লুঠেরা, দস্যু, লোকের জিনিসপত্র লুটে নেয় বা ডাকাতি করে এমন দুর্বৃত্ত। [হি. বাট্পার্না-তু. প্রাকৃ. বট্ট]। বাট-পাড়ি বি. বাটপাড়ের বৃত্তি বা কাজ (চোরের উপর বাটপাড়ি)।

বাটা2 (p. 596) [bāṭā2] বি. পান রাখার পাত্র, পানের থালা ('বাটাভরা পান দেব')। [দেশি]।

বাটা3 (p. 596) [bāṭā3] বি. জামাতার কল্যাণ কামনায় জামাইষষ্ঠীতে শাশুড়ির দেওয়া থালা-ভরা খাবার (ষষ্ঠীর বাটা)। [তু. বাটা2]।

বাটা4 (p. 596) [bāṭā4] বি. সাদা আঁশযুক্ত ছোটো মাছবিশেষ। [দেশি]।

বাটা5 (p. 596) [bāṭā5] ক্রি. 1 (প্রধানত শিলনোড়ায়) পেষণ করা (মশলা বাটা); 2 বাটানো। □ বিণ. উক্ত অর্থে (বাটা মশলা)। বি. 1 (শিলনোড়ায়) পেষণ;

2 (শিলনোড়ায়) পিষ্ট বস্তু। [সং. বর্তন > বট্টন > বাটা]। ˜ নো ক্রি. বি. (শিলনোড়ায়) পেষণ করানো। □ বিণ. উক্ত অর্থে।

বাটালি (p. 596) [bāṭāli] বি. ছুতোরের ব্যবহৃত কাঠ কাটার হাতলযুক্ত অস্ত্রবিশেষ। [দেশি]।

বাটি1 (p. 596) [bāṭi1] বি. কানা-উঁচু ছোটো পাত্রবিশেষ, হাতলবিহীন পেয়ালাজাতীয় পাত্রবিশেষ। [দেশি]। বাটি চালা ক্রি. বি. চোর বা অন্যপ্রকার অজ্ঞাত অপরাধীকে শনাক্ত করার বা ধরার জন্য মন্ত্রবলে বাটিকে গতিবিশিষ্ট করা অর্থাত্ চালিয়ে দেওয়া, চোরাই জিনিসের হদিশ করার জন্য মন্ত্রবলে বাটি চালিয়ে দেওয়া।

বাটি2 (p. 596) [bāṭi2] বি. বাড়ি, আবাস, গৃহ। [সং. বাটী]।

বাটিক (p. 596) [bāṭika] বি. গলানো মোমের সাহায্যে কাপড়ে রঙের নকশা করার পদ্ধতিবিশেষ। [ইং. batik]।

বাটিকা (p. 596) [bāṭikā] বি. ছোটো বাড়ি (উদ্যানবাটিকা)। [সং. বাটী + ক + আ]।

বাটোয়ারা (p. 596) [bāṭōẏārā] বি. বণ্টন, বিভাজন, অংশ ভাগ করা, ভাগ করে বিতরণ (টাকাপয়সা ভাগবাটোয়ারা করা)। [তু. হি. বট্ওয়ানা]।

বাট্টা (p. 596) [bāṭṭā] বি. ক্রয়-বিক্রয়ের সময় প্রকৃত মূল্যের যে-অংশ বাদ বা ছাড় দেওয়া হয়, ধরাট, discount. [হি. বট্টা]।

বাড় (p. 596) [bāḍ়] বি. 1 বৃদ্ধি (গাছের বাড়, এটাই তো ছেলেমেয়েদের বাড়ের বয়স); 2 পুষ্টি; 3 স্পর্ধা (বড়ো বাড় বেড়েছে)। [বাড়া দ্র]।˜ তি বিণ. উদ্বৃত্ত; প্রয়োজনের অতিরিক্ত (বাড়তি মাল)।˜ ন বি. বাড়, বৃদ্ধি; পুষ্টি।˜ ন্ত বিণ. 1 বৃদ্ধিশীল (বাড়ন্ত গড়ন); 2 (কথ্য) নিঃশেষিত (চাল বাড়ন্ত)।˜ বাড়ন্ত বি. অত্যন্ত শ্রীবৃদ্ধি।

বাড়ই (p. 596) [bāḍ়i] বি. 1 ছুতোর; 2 ঘরামি। [সং. বর্ধর্কি]।

বাড়তি (p. 596) [bāḍ়ti] দ্র বাড়।

বাড়ন1 (p. 596) [bāḍ়na1] দ্র বাড়।

বাড়ন2 (p. 596) [bāḍ়na2] বি. 1 ছোটো ঝাঁটা; 2 খেজুরের পাতা, ঝাউপাতা ইত্যাদি দিয়ে তৈরি ঝাঁটাবিশেষ। [সং. বর্ধনী]।

বাড়ন্ত (p. 596) [bāḍ়nta] দ্র বাড়।

বাড়ব (p. 596) [bāḍ়ba] বি. সমুদ্রোত্থিত বা সমুদ্রে উৎপন্ন অগ্নি, সিন্ধুঘোটকের মুখনিঃসৃত অগ্নি। □ বিণ. বড়বা অর্থাত্ সিন্ধুঘোটক সম্বন্ধীয় (বাড়বাগ্নি)। [সং. বড়বা + অ]।

বাড়া (p. 596) [bāḍ়ā] ক্রি. বি. 1 বৃদ্ধি পাওয়া (জনসংখ্যা বাড়ছে, বয়স বাড়ছে); 2 পাত্রে ভোজনের জন্য সাজিয়ে দেওয়া (ভাত বাড়া); 3 (কথ্য) সধবা নারীর শাঁখা ভেঙে যাওয়া (শাখাটা বেড়েছে)। □ বিণ. 1 বেড়েছে এমন (বাড়া বেতন); 2 বাড়া হয়েছে এমন (বাড়া ভাত); 3 ভেঙেছে এমন (বাড়া শাঁখা); 4 অধিক ('সে মাটি মায়ের বাড়া': রবীন্দ্র)। [সং. √ বৃধ্ > প্রাকৃ. বড্ঢ > হি. বাঢ় + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 বর্ধিত করানো (মান বাড়ানো); 2 প্রসারিত করা (পা বাড়ানো, গলা বাড়ানো); 3 ভোজনপাত্রে অন্যের দ্বারা খাবার সাজাবার ব্যবস্থা করানো; 4 শিষ বার করার জন্য কাটা (পেনসিল বাড়ানো); 5 সম্মানবৃদ্ধি করা, অতিরিক্ত প্রশংসা করা (আমাকে আর বাড়িয়ো না); 6 অতিরঞ্জিত করা (বাড়িয়ে বলা); 7 অতিরিক্ত প্রশ্রয় দেওয়া (ছেলেটাকে খুব বাড়িয়েছ); 8 প্রকৃত অবস্থা থেকে বেশি করে জ্ঞাপন করা (বয়স বাড়ানো)। ˜ বাড়ি বি. 1 আতিশয্য, আধিক্য (রোগের বাড়াবাড়ি); 2 কোনো কাজে বা আচরণে সীমালঙ্ঘন (বাড়াবাড়ি করা)। বাড়া ভাতে ছাই বি. বাধা, বাগড়া।

বাড়ি1 (p. 596) [bāḍ়i1] বি. আঘাত (লাঠির বাড়ি, জুতোর বাড়ি); 2 লাঠি, দণ্ড (পাচনবাড়ি)। [দেশি]।

বাড়ি2 (p. 596) [bāḍ়i2] বি. বাসস্থান; গৃহ। [সং. বাটী]। ˜ ওয়ালা বি. (প্রধানত ভাড়াটে বাড়ির) মালিক। স্ত্রী. ˜ ওয়ালি, ˜ উলি। ˜ ঘর, ঘরবাড়ি বি. বাসগৃহ ও তৎসংলগ্ন সমস্ত অংশ। ˜ মুখো বিণ. বাড়ির দিকে যেতে উদ্যত; বাড়ি ফিরতে উদ্যত বা প্রস্তুত।

বাণ (p. 596) [bāṇa] বি. 1 ধনুক থেকে যে তীক্ষ্ণাগ্র অস্ত্র নিক্ষিপ্ত হয়, তির, শর; 2 দৈত্যরাজবিশেষ; 3 (বাং.) তান্ত্রিক মারণমন্ত্রবিশেষ। [সং. √ বণ্ + অ]। ˜

দণ্ড বি. কাপ্‌ড় বোনার যন্ত্রবিশেষ।˜ ধি বি. তূণ।˜ মোক্ষণ,˜ মোচন বি. বাণবর্ষণ, শরত্যাগ, তির ছোড়া।˜ লিঙ্গ বি. নর্মদা নদীর তীরে আবিষ্কৃত শিবলিঙ্গবিশেষ। বাণাঘাত বি. বাণের আঘাত।

বাণ-ভট্ট (p. 596) [bāṇa-bhaṭṭa] বি. 'কাদম্বরী' ও 'হর্ষচরিত'-প্রণেতা প্রসিদ্ধ সংস্কৃত কবি।

বাণিজ্য (p. 596) [bāṇijya] বি. ব্যাবসা, পণ্যদ্রব্যাদি কেনা-বেচার বা আমদানি-রপ্তানির কাজ। [সং. বণিজ্‌ + য]।˜ তরি বি. (কেবল) পণ্যদ্রব্যাদি পরিবহণে ব্যবহৃত নৌকা জাহাজ ইত্যাদি।˜ দূত বি. কোনো রাষ্ট্রের বাণিজ্যিক স্বার্থ রক্ষার জন্য আগত সরকারি দূত। বাণিজ্যিক বিণ. বাণিজ্যবিষয়ক; বাণিজ্যের (বাণিজ্যিক স্বার্থ)।

বাণী (p. 596) [bāṇī] বি. 1 কথা, উক্তি (আকাশবাণী, দৈববাণী); 2 উপদেশপূর্ণ বা স্মরণীয় উক্তি (কবির বাণী, মহাপুরুষের বাণী); 3 (ব্যঙ্গে) বড়ো বড়ো কথা, গালভরা কথা (তোমার বাণী এবার থামাও); 4 সরস্বতী দেবী (বাণীর আরাধনা)। [সং. √ বণ্‌ + ই + ঈ]।˜ মন্দির বি. বিদ্যালয়, বিদ্যাচর্চার স্হান।

বাণেশ্বর (p. 596) [bāṇēśbara] বি. বাণাসুরের ইষ্টদেবতা দেবাদিদেব শিব। [সং. বাণ (অসুরবিশেষ) + ঈশ্বর]।

বাত1 (p. 596) [bāta1] বি. 1 কথা, বাক্য ('শুনিতে তাহারি বাত': চণ্ডী); 2 (বিদ্রুপে) গালভরা কথা, বড়ো বড়ো কথা (আর বাত দিয়ো না); 3 খবর, সংবাদ ('ঘরে বসে পুছে বাত': খ. ব.)। [সং. বার্তা]।

বাত2 (p. 596) [bāta2] বি. 1 বাতাস, বায়ু (বাতায়ন, বাতাবর্ত); 2 রোগবিশেষ (গেঁটে বাত); 3 দেহস্থ ধাতুবিশেষ (বাত পিত্ত-কফ)। [সং. √ বা + ত-তু. ফা. বাদ (=বাতাস)]। ˜ কর্ম বি. অপানবায়ু বা অপানবায়ুত্যাগ, মলদ্বার দিয়ে নির্গত দেহমধ্যস্থ দুর্গন্ধযুক্ত বায়ু। ˜ গ্রস্ত বিণ. বাত রোগে আক্রান্ত। ˜ রক্ত বি. রক্তদোষজনিত রোগবিশেষ। ˜ ল বিণ. 1 বাতযুক্ত, বায়ুময়; 2 স্ফীত; 3 ফাঁপা; 4 (বাং.) বাতরোগগ্রস্ত; 5 (বাং.) বায়ুরোগগ্রস্ত।

বাত-কেতু (p. 596) [bāta-kētu] বি. ধুলো। [সং. বাত + কেতু]।

বাতলা (p. 596) [bātalā] ক্রি. বাতলানো, বলে দেওয়া। [হি. বাত্লানা]। ˜ নো ক্রি. বি. বলে বা বুঝিয়ে দেওয়া ('না হয় আমি বাতলে দেব বাঁচবে মামা কী খেলে': সু.রা.)। □ বিণ. উক্ত অর্থে।

বাৎসরিক (p. 596) [bātsarika] বিণ. 1 বৎসরসম্বন্ধীয়; 2 বছরে বছরে অনুষ্ঠিত বা উপস্থিত হয় এমন (বাৎসরিক শ্রাদ্ধ)। [সং. বৎসর + ইক]।

বাৎসল্য (p. 596) [bātsalya] বি. 1 বৎসলতা, স্নেহ; 2 (অল.) রসবিশেষ (বৈষ্ণবসাহিত্যে বসুদেব-দেবকী, নন্দ-যশোদা এবং কৃষ্ণকে নিয়ে রচিত পদে ব্যঞ্জিত রস; ভক্ত ও ভগবানের মধ্যে এবং মাতাপিতা ও সন্তানের মধ্যে প্রবাহিত ভাবরসের অনুরূপ)। [সং. বৎসল +য]।

বাতা (p. 596) [bātā] বি. বাঁশ বা কাঠের পাতলা লম্বা ফালি, বাখারি। [দেশি]। চালের বাতা বি. কাঁচা ঘরের চালে ব্যবহৃত বাখারি।

বাতানু-কূল (p. 596) [bātānu-kūla] বিণ. যার শীততাপ বৈজ্ঞানিক উপায়ে নিয়ন্ত্রিত, শীততাপনিয়ন্ত্রিত, air-conditioned.[সং. বাত2 + অনুকূল]।

বাতন্দোলিত (p. 596) [bātandōlita] বিণ. বাতাসে আন্দোলিত হচ্ছে বা দুলছে এমন (বাতান্দোলিত বৃক্ষশাখা)। [সং. বাত2 + আন্দোলিত]।

বাতান্বিত (p. 596) [bātānbita] বিণ. 1 বায়ুপূর্ণ; 2 বায়ূর দ্বারা পূর্ণ হয়েছে এমন, aerated (বি.প.)। [সং. বাত2 + অন্বিত].

বাতাবরণ (p. 596) [bātābaraṇa] বি. পরিবেশ (প্রীতির বাতাবরণ, সন্দেহের বাতাবরণ)। [হি. বাতাবরণ < সং. বাত2 + আবরণ]।

বাতাবর্ত (p. 596) [bātābarta] বি. ঘূর্ণিবায়ু। [সং. বাত + আবর্ত]।

বাতাবি, বাতাপি (p. 596) [bātābi, bātāpi] বি. বড়ো লেবুবিশেষ। [বাটাভিয়া > বাতাবি]।

বাতায়ন (p. 596) [bātāẏana] বি. বায়ুপ্রবেশের জানলা, গবাক্ষ। [সং. বাত2+ অয়ন]।

বাতাস (p. 596) [bātāsa] বি. 1 হাওয়া, বায়ু, বায়ুপ্রবাহ (ঝাড়ো বাতাস); 2 ব্যজন (বাতাস করা); 3 (প্রধানত মন্দার্থে) প্রভাব, সংস্রব (ভূতের বাতাস লাগা); 4 অপদেবতার আক্রমণ (ছেলেটার গায়ে বাতাস লেগেছে)। [সং. বাত-তু. হি.

বতাস্]। বাতাস দেওয়া ক্রি. বি. 1 হাওয়া দেওয়া, ব্যজন করা (উনুনে বাতাস দেওয়া); 2 (আল.) উত্তেজিত করা।

বাতাসা (p. 596) [bātāsā] বি. চিনি বা গুড় দিয়ে প্রস্তুত ছোটো হালকা গোলাকার মিঠাইবিশেষ। [দেশি]।

বাতাসি, (বর্জি.) বাতাসী (p. 596) [bātāsi, (barji.) bātāsī] বি. 1 আঁশহীন ছোটো মাছবিশেষ; 2 ক্রমাগত আকাশে উড়তে থাকে এমন কালো রঙের পাখিবিশেষ, swift. [বাং. বাতাস + ই]।

বাতাহত (p. 596) [bātāhata] বিণ. প্রবল বায়ুর দ্বারা আহত বা আন্দোলিত (বাতাহত লতা)। [সং. বাত2 + আহত]।

বাতি (p. 596) [bāti] বি. 1 দীপ, প্রদীপ; 2 আলো; 3 ভিতরে সলতে-ভরা মোম ইত্যাদির ছোটো দণ্ডবিশেষ; 4 গাছের সরু লম্বা গুঁজি; 5 মোমবাতির মতো লম্বা আকারের জিনিস (গালার বাতি)। [সং. বর্তি]।˜ দান বি. দীপাধার।

বাতিক (p. 596) [bātika] বি. 1 বায়ু রোগ; 2 বাত বা বায়ু থেকে আগত; 3 (বাং.) বাই, পাগলামি (বাতিকগ্রস্ত); 4 (বাং.) খ্যাপাটে ভাব, ছিট; 5 প্রবল শখ (বেড়ানোর বাতিক)। □ বিণ. বাত বা বায়ু থেকে উৎপন্ন; বায়ুজনিত। [সং. বাত + ইক]।˜ গ্রস্ত বিণ. বাতিকযুক্ত; খ্যাপাটে।

বাতি-ঘর (p. 596) [bāti-ghara] বি. সমুদ্রে চলাচলকারী জাহাজের আলোর দিশারি, lighthouse. [বাং. বাতি + ঘর]।

বাতিদান (p. 596) [bātidāna] দ্র বাতি।

বাতিল (p. 596) [bātila] বিণ. 1 পরিত্যক্ত (এই জামাটাকে বাতিল করেছি); 2 অগ্রাহ্য, নাকচ (দাবি বাতিল, দরখাস্ত বাতিল)। [আ. বাতীল]।

বাতি-স্তম্ভ (p. 596) [bāti-stambha] বি. যে স্তম্ভের উপর আলো জ্বলে। [বাং. বাতি + সং. স্তম্ভ]।

বাতুল (p. 596) [bātula] বিণ. 1 বায়ু রোগগ্রস্ত; 2 পাগল, উন্মাদ, খ্যাপা। [সং. বাত + উল]।˜ তা বি. পাগলামি।

বাতেলা, বাতেল্লা, বাত্তেলা (p. 596) [bātēlā, bātēllā, bāttēlā] বি. (কথ্য) বড়ো বড়ো কথা, গালভরা কথা; দম্ভপূর্ণ কথা। [বাং. বাত1]।

বাত্যা (p. 598) [bātyā] বি. প্রবল বায়ু, ঝড় (বাত্যাবিধ্বস্ত)। [সং. বাত2 + য + আ]।˜ তাড়িত বিণ. ঝড়ের বেগে দূরে নিক্ষিপ্ত বা চালিত ('বাত্যাতাড়িত পতঙ্গের মত': ব. চ.)।˜ পীড়িত বিণ. ঝড়ের মুখে পড়েছে এমন, ঝটিকাহত।˜ বিক্ষুব্ধ বিণ. ঝড়ের মুখে পড়েছে এমন; ঝড়ে বিধ্বস্ত।

বাথান (p. 598) [bāthāna] বি. 1 গোশালা, খাটাল; 2 গোচারণভূমি; 3 গবাদি পশুর পাল। [< সং. বাসস্থান]। বাথানিয়া, (কথ্য) বাথানে বিণ. আসঙ্গলিপ্সু ('ষাঁড় চাঞা বুলে যেন বাথানিয়া গাই': ক.ক.)।

বাদ1 (p. 598) [bāda1] বি. 1 বাধা, বিঘ্ন (বাদ সাধা); 2 বৈরিতা, শত্রুতা। [সং. বাধ]। বাদ সাধা ক্রি. বি. 1 বিঘ্ন সৃষ্টি করা (তার কাজে আমি কেন বাদ সাধব?); 2 শত্রুতা করা, বৈরসাধন করা।

বাদ2 (p. 598) [bāda2] বি. 1 উক্তি, কথন (নিন্দাবাদ, সাধুবাদ); 2 বাক্য (অনুবাদ); 3 তত্ত্বনির্ণয়ের উদ্দেশ্যে তর্ক; 4 কলহ (বাদ প্রতিবাদ, বাদানুবাদ, বাদবিসংবাদ); 5 যথার্থ বিচার; 6 মত, তত্ত্ব, theory (সাম্যবাদ, অদ্বৈতবাদ) (বি.প.)। [সং. √ বদ্ + অ]। ˜ প্রতিবাদ বি. তর্কাতর্কি, কথা কাটাকাটি। ˜ বিতণ্ডা বি. কথাকাটাকাটি, প্রবল তর্কাতর্কি।

বাদ3 (p. 598) [bāda3] বি. 1 ছাড়, বিয়োগ (দশ টাকা থেকে পাঁচ টাকা বাদ দাও); 2 বর্জন (তার কথা বাদ দাও, ওকে বাদ দিয়ে এ কাজ হবে না)। [আ. বাদ]। ˜ বাকি বিণ. অবশিষ্ট যা বাকি রয়েছে (বাদবাকি লোকজন)। ˜ সাদ বি. ছাড়, ছাড়ছোড়, কিছুপরিমাণে বাদ (খরচখরচা বাদসাদ দিয়ে কত থাকল?)। বাদে অব্য. ব্যতীত, ছাড়া (তুমি বাদে অন্য সবাই জানে)। □ ক্রি-বিণ. পরে (এক মাস বাদে কী হবে জানি না)।

বাদক (p. 598) [bādaka] দ্র বাদন।

বাদন (p. 598) [bādana] বি. বাদ্য করা, বাজানো (বংশীবাদন)। [সং. √ বদ্ + ণিচ্ + অন]। বাদক বিণ. বি. বাদ্যকর, বাজিয়ে (বীণাবাদক, মুরশিদাবাদ থেকে বাদকের দল এসেছে)।

বাদপ্রতিবাদ, বাদবিতণ্ডা (p. 598) [bādapratibāda, bādabitaṇḍā] দ্র বাদ2।

বাদরায়ণ (p. 598) [bādarāẏaṇa] বি. বেদব্যাস, বেদান্তসূত্রের প্রণেতা। [সং. বদরী + অয়ন]।

বাদল (p. 598) [bādala] বি. বর্ষা, মেঘবৃষ্টি ('বাদল ধারা হল সারা': রবীন্দ্র)। [হি. বাদল (মেঘ); মৈ. বাদর; তু. সং. বাদল]। বাদলা1 বিণ. 1 বর্ষাকালীন (বাদলা দিন, বাদলা হাওয়া); 2 বর্ষণসিক্ত। □ বি. বর্ষা, বৃষ্টি (বাদলার দিনে বাইরে যেয়ো না)। বাদুলে বিণ. 1 বাদলসম্বন্ধীয়; 2 বর্ষাকালে জাত বা উৎপন্ন (বাদুলে পোকা)।

বাদলা1 (p. 598) [bādalā1] দ্র বাদল।

বাদলা2 (p. 598) [bādalā2] বি. জরির সুতো (শাড়িতে বাদলার কাজ)। [হি. বাদলা]।

বাদ-শাহ, বাদ-শাহ্, (কথ্য) বাদশা (p. 598) [bāda-śāha, bāda-śāh, (kathya) bādaśā] বি. মুসলমান সম্রাট বা সুলতান। [ফা. পাদ্‌শাহ্, পাতিশাহ্]।˜ জাদা বি. বাদশাহের পুত্র।˜ জাদি বি. (স্ত্রী.) বাদশাহের কন্যা।

বাদ-শাহি (p. 598) [bāda-śāhi] বি. 1 বাদশাহের পদ, অধিকার বা রাজ্য; 2 বাদশাহের বা তত্তুল্য আড়ম্বরপূর্ণ জীবনযাপন-তু. নবাবি। □ বিণ. 1 বাদশাহসম্বন্ধীয়; 2 বাদশাহের উপযুক্ত বা তুল্য (বাদশাহি চালচলন, বাদশাহি মেজাজ-তু. নবাবি, আমিরি। [বাং. বাদশাহ < ফা. পাদ্‌শাহ্ + বাং. ই]।

বাদা (p. 598) [bādā] বি. 1 বিস্তীর্ণ জলাভূমি; 2 (সচ. দক্ষিণবঙ্গের) অকর্ষিত ও জঙ্গলপূর্ণ অঞ্চল। [বাং. আঞ্চ. < আ. বাদিয্]।˜ চিংড়ি বি. ছোটো চিংড়িবিশেষ যা সাধারণত বাদা অঞ্চলের নোনা জলে পাওয়া যায়।

বাদাড় (p. 598) [bādāḍ়] বি. জঙ্গল, ঝোপঝাড় (বনবাদাড়, আদাড়বাদাড়)। [দেশি]।

বাদানু-বাদ (p. 598) [bādānu-bāda] বি. তর্কবিতর্ক, কথাকাটাকাটি, বাদপ্রতিবাদ। [সং. বাদ + অনুবাদ]।

বাদাম1 (p. 598) [bādāma1] বি. শক্ত আবরণযুক্ত ভোজ্য ফলবীজবিশেষ। [ফা. বাদাম]। বাদামি বিণ. 1 বাদামের পরদা বা পাতলা খোসার মতো বর্ণযুক্ত, পাটকিলে; 2 বাদামের মতো। [বাং. বাদাম + ই]।

বাদাম2 (p. 598) [bādāma2] বি. নৌকার পাল ('রাধার নামে বাদাম দিয়ে')। [ফা. বাদ্বান্]।

বাদামি (p. 598) [bādāmi] দ্র বাদাম1।

বাদাল (p. 598) [bādāla] বি. বোয়ালজাতীয় মাছবিশেষ; বোয়াল মাছ। [সং. বদাল + অ]।

বাদিত (p. 598) [bādita] বিণ. 1 শব্দিত; 2 ধ্বনিত, বাজানো হয়েছে এমন (বীণা বাদিত হচ্ছে)। [সং. √ বদ্ + ণিচ্ + ত]।

বাদিতা (p. 598) [bāditā] দ্র বাদী।

বাদিত্র (p. 598) [bāditra] বি. বাদ্যযন্ত্র। [সং. √ বদ্ + ণিচ্ + ইত্র]।

বাদিনী (p. 598) [bādinī] দ্র বাদী।

বাদী (p. 598) [bādī] (-দিন্) বিণ. 1 বক্তা (সত্যবাদী); 2 মতবাদপ্রবর্তক; 3 মতবাদের সমর্থক (বাস্তববাদী, সাম্যবাদী); 4 অভিযোক্তা, ফরিয়াদি (বাদীপক্ষ); 5 প্রতিকূল, যে বাধা দেয়। □ বি. সংগীতে রাগরাগিণীর প্রধান স্বর। [সং. √ বদ্ + ইন্]। স্ত্রী. বাদিনী। বি. বাদিতা (সত্যবাদিতা, স্পষ্টবাদিতা)।

বাদুড় (p. 598) [bāduḍ়] বি. বড়ো চামচিকের মতো পাখাযুক্ত স্তন্যপায়ী প্রাণীবিশেষ। [দেশি-তু. সং. বাতুলি]। ˜ ঝোলা বিণ. বাদুড়ের মতো ঝুলন্ত অবস্থাযুক্ত (বাস-ট্রামে বাদুড়ঝোলা হওয়া)।

বাদুলে (p. 598) [bādulē] দ্র বাদল।

বাদে (p. 598) [bādē] দ্র বাদ3।

বাদ্য (p. 598) [bādya] বি. 1 বাদ্যযন্ত্র; 2 বাজনা (ঢাকের বাদ্য)।[সং. √ বদ্ + ণিচ্ + য]।˜ কর বি. বাজনদার, বাজিয়ে˜। ধ্বনি বি. বাদ্যযন্ত্রের আওয়াজ।˜

ভাণ্ড বি. বাদ্যযন্ত্রসমূহ। ˜ যন্ত্র বি. যাতে বা যা দিয়ে বাজানো হয়; যা বাজানো হয়। বাদ্যোদ্যম বি. 1 নানা বাদ্যযন্ত্রের মিলিত আওয়াজের কোলাহল; 2 বাজনা বাজাবার উদ্যোগ।

বাধ (p. 598) [bādha] বিণ. 1 ব্যাঘাত, বাধা (অবাধ গতি); 2 উপদ্রব; 3 পীড়া। [সং. √ বাধ্ + অ]।

বাধক (p. 599) [bādhaka] বিণ. বাধাজনক, প্রতিবন্ধক, বিঘ্নকর। □ বি. গর্ভধারণে বাধাজনক স্ত্রীরোগবিশেষ, রজোদোষ। [সং. √ বধ্ + অক]।

বাধা1 (p. 599) [bādhā1] বি. চামড়ার ফিতে দিয়ে বাঁধা একরকম চটিজুতো বা খড়ম ('নন্দের বাধা')। [সং. বধ্রী]।

বাধা2 (p. 599) [bādhā2] বি. 1 ব্যাঘাত, বিঘ্ন, প্রতিবন্ধ (কাজে বাধা, কথায় বাধা পড়া, বাধা অতিক্রম); 2 নিষেধ (দৈবের বাধা, নিয়তির বাধা); 3 উপদ্রব। [সং. √ বধ্ + অ + আ]। ˜ দান বি. বাধা দেওয়া, বিঘ্ন সৃষ্টি করা (অন্যের কাজে বাধাদান)। ˜ নিষেধ বি. বারণ, মানা, নিষেধ। ˜ প্রাপ্ত বিণ. ব্যাহত, বাধা পেয়েছে এমন (গতি বাধাপ্রাপ্ত হওয়া)। ˜ বন্ধ বি. 1 বাধা, প্রতিবন্ধ; 2 নিষেধ। ˜ বিঘ্ন বি. ব্যাঘাত, বাধা।

বাধা3 (p. 599) [bādhā3] ক্রি. বি. 1 জড়িয়ে যাওয়া, আটকানো (কথা বাধে না); 2 অপ্রীতিকর কিছু ঘটা (তর্ক বেধে যায়, হাঙ্গামা বেধে গেল, যুদ্ধ বাধবে); 3 বাধা পাওয়া, বিরুদ্ধ হওয়া (ধর্মে বাধে, মিথ্যে কথা বলতে মোটেই বাধে না); 4 কষ্টবোধ করা (গিলতে বাধছে, বিশ্বাস করতে বাধে)। □ বিণ. জড়িত;

বাধাপ্রাপ্ত; আবদ্ধ। [সং. √ বাধ্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 বদ্ধ করা, আটকানো; 2 ঘটানো (ঝগড়া বাধানো)। □ বিণ. উক্ত উভয় অর্থে।

বাধিত (p. 599) [bādhita] বিণ. 1 বাধাপ্রাপ্ত, ব্যাহত (বাধিত স্রোত); 2 নিবারিত; 3 (বাং.) কৃতার্থ, অনুগৃহীত (পত্র পেয়ে বাধিত হলাম, আপনার কাছে বাধিত থাকব)। [সং. √ বাধ্ + ত]।

বাধো-বাধো (p. 599) [bādhō-bādhō] বিণ. 1 ঝগড়া যুদ্ধ ইত্যাদি শুরুর উপক্রম হয়েছে এমন (যুদ্ধ বাধোবাধো হয়েছে); 2 কুণ্ঠাযুক্ত (কথাটা বলতে বাধোবাধো লাগছে); 3 প্রায় অবরুদ্ধ (বাধোবাধো গলায় বলল)। [বাধা2 ও বাধা3 দ্র]।

বাধ্য (p. 599) [bādhya] বিণ. 1 নিষেধযোগ্য, বারণযোগ্য; 2 (বাং.) অনুগত, বশীভূত, আজ্ঞাবহ (বাধ্য ছেলে); 3 উপায়ান্তর নেই অথবা অন্যথা হওয়ার নয় এমন (প্রতিবাদ করতে বাধ্য হব, সে খেতে বাধ্য, এমন ঘটনা ঘটতে বাধ্য)। [সং. √ বধ্ + য]। ˜ তা বি. বশ্যতা, আনুগত্য (অধীনস্থ কর্মচারীদের বাধ্যতা দাবি করা)। ˜ তা-মূলক বিণ. অবশ্যই করতে হবে এমন, অবশ্যকর্তব্য, obligatory. ˜ বাধ্যকতা বি. 1 বাঁধাবাঁধি, কড়াকড়ি; 2 পারস্পরিক বশ্যতা বা বাধ্যতা।

বান1 (p. 599) [bāna1] (-বত্) বিণ. যুক্ত অন্বিত প্রভৃতি অর্থবাচক তদ্ধিত প্রত্যয়বিশেষ (বেগবান, ফলবান, ভগবান)। স্ত্রী. ˜ বতী (বেগবতী, ফলবতী)।

বান2 (p. 599) [bāna2] বি. 1 বন্যা, জলপ্লাবন, নদনদীর অকস্মাত্ জলস্ফীতি; 2 (আল.) জলোচ্ছ্বাস। [< সং. বন্যা-তু. সং.√ বন্ + অ (=গতি)]। ˜ ভাসি বিণ.

বন্যার জলে প্লাবিত বা ভেসে গেছে এমন (বানভাসি গ্রামের জন্য ত্রাণসামগ্রী)। বানের জলে ভেসে আসা ক্রি. বি. (আল.) অনায়াসে পাওয়া যায় বলে অবজ্ঞেয় হওয়া; অবজ্ঞার পাত্র হওয়া। বানের জলে ভেসে যাওয়া ক্রি. বি. (আল.) অসহায় বা নিরাশ্রয় হওয়া, সর্বনাশগ্রস্ত হওয়া।

বানকে (p. 599) [bānakē] বিণ. (আঞ্চ.) অত্যধিক বায়না করে এমন (বানকে ছেলে)। [দেশি-তু. বায়নাক্কা]।

বান-চাল (p. 599) [bāna-cāla] বিণ. 1 (নৌকাদি সম্বন্ধে) তলা ফুটো হয়ে গেছে এমন (নৌকো বানচাল হওয়া); 2 বিপর্যস্ত, পণ্ড (সমস্ত প্ল্যানটাই বানচাল হয়ে গেল); 3 ওলটপালট (ঝড়ে সব ব্যবস্থা বানচাল হয়ে গেছে)। [দেশি]।

বান্-ডিল, বাণ্ডিল (p. 599) [bān়-ḍila, bānḍila] বি. একসঙ্গে বাঁধা জিনিসপত্রের আঁটি, পুলিন্দা, তাড়া। [ইং. bundle]।

বান-তেল, বান-তৈল (p. 599) [bāna-tēla, bāna-taila] বি. উদ্বায়ী তেল, essential oil (বি.প.)। [< সং. √ বৈ (শোষণে) + ক্ত + তৈল]।

বান-প্রস্থ (p. 599) [bāna-prasha] বি. হিন্দু ধর্মানুযায়ী তৃতীয় আশ্রম অর্থাত্ প্রৌঢ় বয়সে সংসারধর্ম ত্যাগ করে বনগমনপূর্বক ঈশ্বরচিন্তায় অবশিষ্ট জীবনযাপন। [সং. বনপ্রস্থ +অ]।

বানর (p. 599) [bānara] বি. লেজবিশিষ্ট বৃক্ষচারী লম্ফনপটু স্তন্যপায়ী পশুবিশেষ, বাঁদর, কপি। [সং. বন + √ রম্ + অ]। স্ত্রী. বানরী।

বানা (p. 599) [bānā] ক্রি. বানানো। [প্রাকৃ. বণ্ণ < সং. √ বর্ণি-তু. হি. √ বনা]।

বানান (p. 599) [bānāna] বি. শব্দের বর্ণবিশ্লেষণ বা বর্ণের ক্রমিক বর্ণন বা লিখনপদ্ধতি, শব্দ লেখার সঠিক পদ্ধতি বা নিয়ম। [সং. বর্ণন]।

বানানো (p. 599) [bānānō] ক্রি. বি. 1 গঠন বা প্রস্তুত করা (বাড়িঘর বানানো, পুতুল বানানো); 2 কল্পনা করা, রচনা করা (গল্প বানানো); 3 প্রতিপন্ন করা, রূপান্তরিত করা, পরিণত করা (বোকা বানানো, ভেড়া বানানো); 4 রান্নার উপযুক্ত করে কোটা (সবজি বানানো, মাংস বানানো); 5 রান্না করা (কোর্মা বানানো)। □ বিণ. উক্ত সব অর্থে (বাপের পয়সায় বানানো ঘর, বানানো গল্প, নিজের হাতে বানানো কোর্মা)। [বানা দ্র]।

বানি (p. 599) [bāni] বি. (অলংকারাদি) তৈরি করার মজুরি। [হি. বন্বাঈ, বনাঈ]।

বানিয়া, বেনে (p. 599) [bāniẏā, bēnē] বি. 1 বণিকজাতি বা ব্যবসায়ী; 2 দোকানি; 3 (মন্দার্থে) প্রবল ব্যবসায়ীবুদ্ধিযুক্ত লোক, লাভ লোকসান সম্পর্কে মাত্রাতিরিক্ত সতর্ক লোক। [সং. বণিজ্]।

বানীর (p. 599) [bānīra] বি. বেতসলতা, বেত, বঞ্জুল (বানীর-নিকুঞ্জ)। [সং. √ বন্ + ঈর]।

বানুরে (p. 599) [bānurē] বিণ. বানরসুলভ, বাঁদরের মতো (বানুরে বুদ্ধি, বানুরে চালচলন)। [সং. বানর + বাং. ইয়া > এ]।

বাণ্ডিল (p. 599) [bāṇḍila] দ্র বানডিল।

বান্ত (p. 599) [bānta] বিণ. বমি করে বার করা হয়েছে এমন, উদ্গীর্ণ। [সং. √বম্ + ত]।

বান্দা (p. 599) [bāndā] বি. 1 ক্রীতদাস, ভৃত্য; 2 অনুগত বা অধীন ব্যক্তি (সারা জীবন তোমার বান্দা হয়ে থাকব); 3 (বিদ্রুপে বা কৌতুকে) ব্যক্তি, লোক (আমি তেমন বান্দা নই)। [ফা. বন্দাহ্]। স্ত্রী. বান্দি, বাঁদি।

বান্ধব (p. 599) [bāndhaba] বি. 1 স্বজন, আত্মীয়; 2 বন্ধু। [সং. বন্ধু + অ]। বান্ধবী বি. (স্ত্রী.) স্ত্রী-বন্ধু, সখী।

বান্ধুলি (p. 600) [bāndhuli] বি. ফুলবিশেষ, বাঁধুলি ফুল। [সং. বন্ধুলি]।

বাপ (p. 600) [bāpa] বি. 1 বাবা, পিতা; 2 পুত্রস্থানীয় ব্যক্তিকে স্নেহসম্বোধন। [সং. বপ্র]। ̃ কা বেটা, বাপের ব্যাটা বি. পিতার উপযুক্ত পুত্র। ̃ ঠাকুরদা, ̃ দাদা বি. পিতৃ পুরুষেরা (বাপঠাকুরদার আমল)। ̃ ধন বি. পুত্রস্থানীয় ব্যক্তিকে স্নেহসম্বোধনবিশেষ। বাপ বাপ অব্য. ভয় বা বিপদ থেকে মুক্তির আশ্বাসূচক উক্তি (বাপ বাপ বলে পালানো)। বাপ তোলা ক্রি. বি. বাপান্ত করা, বাপের নামে গাল দেওয়া। বাপের জন্মে ক্রি-বিণ. কোনো কালে (এমন কথা বাপের জন্মে শুনিনি)। বাপা বি. (আদরে বা বিদ্রুপে) বাবা। বাপান্ত বি. কারও বাপের নাম করে

গালিগালাজ ('উঠিতে বসিতে করি বাপান্ত': রবীন্দ্র)। বাপি বি. বাবা বা ছেলেকে প্রিয়সম্বোধন। বাপু বি. অব্য. স্নেহপাত্রকে বা পদমর্যাদায় হীনতর ব্যক্তিকে সম্বোধন; বিরক্তি ক্রোধ প্রভৃতি সূচক (তুমি বাপু কাজটা ভালো করনি)। বাপস অব্য. ভয় বিস্ময় ইত্যাদি সূচক।

বাপন (p. 600) [bāpana] বি. (পরের দ্বারা) বপন, বয়ন ও মুণ্ডন। [সং. √ বপ্ + ণিচ্ + অন]। বাপক বিণ. বি. বাপনকারী। বাপিত বিণ. বাপন করা হয়েছে এমন।

বাপা, বাপান্ত (p. 600) [bāpā, bāpānta] দ্র বাপ।

বাপী (p. 600) [bāpī] বি. বড়ো পুকুর বা দিঘি। [সং. √ বপ্ + ই + ঈ]।

বাপু (p. 600) [bāpu] দ্র বাপ।

বাফতা (p. 600) [bāphatā] বি. রেশম ও কার্পাস মিশিয়ে প্রস্তুত দামি ও শৌখিন বস্ত্রবিশেষ। [ফা. বাফ্তা]।

বাব (p. 600) [bāba] বি. 1 হিসাবের ভাগ বা খাত; 2 রাজস্বের প্রকারভেদ। [আ. বাব]।

বাবরি (p. 600) [bābari] বি. সিংহের কেশরের মতো বড়ো ও কোঁকড়ানো চুল; কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়া চুল। [ফা. ববর (=সিংহ) + বাং. ই]। বাবরি-কাটা বিণ. বাবরির মতো কোঁকড়ানো।

বাবলা (p. 600) [bābalā] বি. কাঁটাওয়ালা গাছবিশেষ। [সং. বর্বুর]।

বাবা (p. 600) [bābā] বি. 1 পিতা, জনক; 2 পুত্রস্থানীয়কে স্নেহসম্বোধন (না বাবা, ওখানে যেয়ো না); 3 সাধুসন্ন্যাসীর ও দেবতার উপাধিবিশেষ (পওহারি বাবা, বাবা তারকনাথ); 4 বৃহত্তর প্রবলতর বা ভীষণতর কিছু (এ তো কলম নয়, কলমের বাবা)। □ অব্য. বিরক্তি, বিতৃষ্ণা প্রভৃতি সূচক উক্তি (না বাবা, আর ওখানে যাচ্ছি না)। ["<" সং. বপ্র]। ~ জি বি. 1 সাধুসন্ন্যাসীদের উপাধি; 2 পুত্রস্থানীয়ের সম্মানজনক উপাধিবিশেষ।~ জীবন বি. পুত্রস্থানীয়কে (বিশেষত জামাতাকে) স্নেহসম্বোধন। বাবাঃ, বাব্বাঃ অব্য. ভয় বিস্ময় বিরক্তি বিদ্রুপ প্রভৃতি জ্ঞাপক।

বাবা-সুট, বাবা-স্যুট (p. 600) [bābā-suṭa, bābā-syuṭa] বি. ছোটো ছেলেমেয়ের জামাপ্যান্ট; ছোটো ছেলেমেয়ের পরিধেয় একই রঙের জামা ও প্যাণ্ট। [বাং. বাবা + ই. suit]।

বাবু (p. 600) [bābu] বি. 1 হিন্দু ভদ্রলোকের নামের সঙ্গে ব্যবহৃত উপাধি (রামবাবু হরিবাবু); 2 কেরানি ('হেড় অফিসের বড়বাবু': সু.রা.); 3 হিন্দু পরিবারের গৃহকর্তা বা অন্য বয়স্ক পুরুষ; 4 মনিব (বাবুর বাড়ির কাজ); 5 বাবা, পিতা; 6 বৎস, বাছা; 7 জমিদার ('বাবুদের তালপুকুরে': নজরুল); 8 বেশ্যার মালিক বা পোষক। □ বিণ. 1 শৌখিন, বিলাসী (বাবুগিরি); 2 আয়েসি (এই বয়সে এমন বাবু হয়ে কাটালে ভালো হয় না)। [তু. বাং. বাপু < ফা. বাবু]।~ গিরি,~ য়ানি বি. বিলাসিতা, শৌখিন চালচলন।~ জি,~ মশাই বি. অবাঙালি কর্তৃক বাঙালিকে অথবা নিম্নপদস্থ ব্যক্তি কর্তৃক উচ্চপদস্থ ব্যক্তিকে সম্বোধন। বাবু হয়ে

বসা ক্রি. বি. আসনপিঁড়ি হয়ে অর্থাত্ দুই হাঁটু মুড়ে দুই পদতল কোলের কাছে এনে বসা।

বাবুই (p. 600) [bābui] বি. 1 গৃহনির্মাণ দক্ষ ছোটো পাখিবিশেষ; এরা সচ. তাল গাছে ঝুলন্ত বাসা তৈরি করে; 2 শক্ত ও লম্বা তৃণবিশেষ। [দেশি]।˜ তুলসী বি. বুনো তুলসীগাছ, বনতুলসী।

বাবুগিরি, বাবুয়ানি (p. 600) [bābugiri, bābuẏāni] দ্র বাবু।

বাবুর্চি (p. 600) [bāburci] বি. মুসলমান পাচক। [তুর. বাবর্চী]।˜ খানা বি. বাবুর্চির কাজের জায়গা অর্থাত্ রান্নাঘর।

বাম1 (p. 600) [bāma1] দ্র বাঁও2।

বাম2 (p. 600) [bāma2] বি. 1 ডানদিকের বিপরীত, বাঁদিক; 2 শিব ('পতি মোর বাম': ভা. চ.)। □ বিণ. 1 বাঁ, দক্ষিণের; 2 প্রতিকূল, বিমুখ ('বিধি মোর বাম'); 3 সুন্দর, মনোহর (বামলোচনা)। [সং. √ বা + ম]।˜ দেব বি. 1 শিব, মহাদেব; 2 মুনিবিশেষ।˜ পন্হা বি. রাজনীতিতে প্রগতিবাদী মতবিশেষ।˜ পন্হী বি. বিণ. উক্ত মতে বিশ্বাসী।

বামন1 (p. 600) [bāmana1] বি. 1 বিষ্ণুর পঞ্চম অবতার; 2 অস্বাভাবিক রকমের বেঁটে লোক (বামন হয়ে চাঁদ ধরতে যাওয়া)। □ বিণ. খুব বেঁটে। [সং. √ বামি (√ বম্ + ণিচ্) + অন]।

বামন2, বামুন (p. 600) [bāmana2, bāmuna] বি. 1 ব্রাহ্মণ, হিন্দু চতুর্বর্ণের শ্রেষ্ঠ বর্ণ (পূজায় বামুনের অধিকার); 2 পুরোহিত; 3 পাচক (বামুন ঠাকুর)। [প্রাকৃ. বম্ভণ < সং. ব্রাহ্মণ]। স্ত্রী. বামনি। বামনা বি. (তুচ্ছার্থে) বামন; ব্রাহ্মণ; পাচক; পুরোহিত। বাম-নাই বি. (বিদ্রুপে) ব্রাহ্মণত্বের গর্ব বা আতিশয্য দেখানো। বামুন-ঠাকুর বি. 1 পুরোহিত; 2 পাচকব্রাহ্মণ।

বামা (p. 600) [bāmā] বি. 1 সুন্দরী নারী (বামাকণ্ঠ); 2 নারী, রমণী। □ বিণ. স্ত্রী. 1 বিমুখী, প্রতিকূলা; 2 অপ্রসন্না। [সং. বাম2 + আ]।

বামাক্ষী (p. 600) [bāmākṣī] বিণ. সুলোচনা, সুন্দর চোখবিশিষ্টা। [সং. বাম2 + অক্ষি + ঈ]।

বামাচার (p. 600) [bāmācāra] বি. তান্ত্রিক আচার বা শক্তিপূজার প্রকারবিশেষ; তন্ত্রোক্ত পঞ্চসাধন বা পঞ্চ 'ম'-কারযুক্ত সাধনাবিশেষ। [সং. বাম2 + আচার]। বামাচারী (-রিন্) বিণ. বামাচার পালনকারী।

বামাবর্ত (p. 600) [bāmābarta] বি. বামদিকে আবর্তন। □ বিণ. বামদিকে আবর্তযুক্ত, বাম অভিমুখী, বাঁদিকে ঘোরে এমন (বামাবর্ত শঙ্খ)। [সং. বাম2 + আবর্ত]।

বামাল (p. 600) [bāmāla] বি. অপহৃত বা লুণ্ঠিত বস্তু (পুলিশ কি বামাল উদ্ধার করতে পেরেছে?)। □ ক্রি-বিণ. চোরাই মাল সমেত (চোরটা বামাল ধরা পড়েছে)। [ফা. বমাল]।

বামী (p. 600) [bāmī] বি. (স্ত্রী.) 1 ঘোটকী; 2 গর্দভী; 3 হস্তিনী; 4 শৃগালী। [সং. বাম2 + ঈ]।

বামুন (p. 600) [bāmuna] বি. বামন2 -এর কথ্য ও আঞ্চ. রূপ। বামুনের গোরু (আল.) অতি অল্প খরচ বেশি কাজ দেয় এমন ব্যক্তি বা বস্তু।

বামেতর (p. 600) [bāmētara] বিণ. ডান, দক্ষিণ। [সং. বাম2 + ইতর (অন্য)]।

বামোরু (p. 600) [bāmōru] বি. 1 সুন্দর ঊরুযুক্ত রমণী; 2 সুন্দরী।[সং. বাম2 + ঊরু + ঊ]।

বাম্য (p. 600) [bāmya] বিণ. (বৈ. সা.) প্রতিকূল, বিরুদ্ধ ('তথাপি সর্বদা বাম্য বক্রব্যবহার': চৈ. চ.)। [সং. বাম2 +য]।

বায় (p. 600) [bāẏa] বি. বায়ু বা বায়ুতে -র কোমল রূপ (দক্ষিণবায়)।[সং. বায়ু]।

বায়ক1 (p. 600) [bāẏaka1] বিণ. 1 বপনকারী। [সং. বাপক]।

বায়ক2 (p. 600) [bāẏaka2] বিণ. বি. বাদক, যে বাজায়। [সং. বাদক]।

বায়ত (p. 600) [bāẏata] ক্রি. বাজায়, বাজাচ্ছে ('বায়ত বহুবিধ খোল খমক ধুনি': নরহরি চক্রবর্তী)। [তু. ব্রজ. বাদত < সং. বাদন]।

বায়না1 (p. 600) [bāẏanā1] বি. 1 আবদার, কোনোকিছুর জন্য অবিরত দাবি বা প্রার্থনা (ছেলেটা ঘুড়ির জন্য বায়না ধরেছে); 2 ছল, ছুতো, বাহানা, ওজর (আজ আমি তোমার কোনো বায়নাই শুনব না)। [ফা. বাহানা]।

বায়না2 (p. 600) [bāẏanā2] বি. 1 মূল্যের অগ্রিম প্রদত্ত অংশ, দাদন; 2 অগ্রিম কিছু অংশ দিয়ে ক্রয়ের প্রতিশ্রুতি বা অঙ্গীকার (জমি বায়না করা)। [আ. বয়্ + ফা. আনা]।˜ পত্র বি. বায়না দেবার পরে লিখিত ক্রয়-বিক্রয়ের দলিল।

বায়ব, বায়বীয়, বায়ব্য (p. 600) [bāẏaba, bāẏabīẏa, bāẏabya] বিণ. 1 বায়ুসংক্রান্ত; 2 বায়ুতে পরিণত; 3 বায়ুজাত; 4 বায়ুপথে বিচরণকারী (বায়বযান); 5 বায়ুবত্, বায়ুর তুল্য। [সং. বায়ু + অ, ঈয়, য]।

বায়স (p. 600) [bāẏasa] বি. কাক। [সং. বয়স্ + অ]। স্ত্রী. বায়সী।

বায়স্কোপ, বায়োস্কোপ (p. 600) [bāẏaskōpa, bāẏōskōpa] বি. চলচ্চিত্র, সিনেমা। [ইং. bioscope]।

বায়াত্তুরে, বায়ান্ন (p. 600) [bāẏātturē, bāẏānna] যথাক্রমে বাহাত্তুরে ও বাহান্ন -র গ্রা. রূপ।

বায়ু (p. 600) [bāẏu] বি. 1 পৃথিবীকে ঘিরে রেখেছে এমন অক্সিজেন ও নাইট্রোজেনজাত গ্যাসীয় বস্তু, হাওয়া, বাতাস; 2 দেহমধ্যস্থ পঞ্চবায়ু; 3 (আয়ু.) দেহমধ্যস্থ ধাতুবিশেষ (কুপিত বায়ু, বায়ুরোগ); 4 বাতিক, বাই। [সং. √ বা +

উ]। ˜ কেতু বি. ধূলি, বাতকেতু। ˜ কোণ বি. উত্তর ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ। ˜ গতি-বিদ্যা বি. বায়ুর গতি বা প্রবাহসংক্রান্ত বিদ্যা, aerodynamics.˜ গ্রস্ত বিণ. বায়ু রোগে আক্রান্ত; বাতিকগ্রস্ত। ˜ জীবী (-বিন্) বিণ. কেবলমাত্র বায়ু আহার করে জীবনধারণকারী, বায়ুভূক, aerobic (বি. প.)। ˜ তাড়িত বিণ. বাতাস তাড়িয়ে নিয়ে গেছে এমন। ˜ দূষণ বি. বাতাস দূষিত হওয়া, air pollution.˜ নিরোধক বিণ. বায়ুর প্রবেশ বন্ধকারী. airtight.˜ পথ বি. আকাশ। ˜ পরিবর্তন বি. স্বাস্থ্যোন্নতির জন্য অন্য স্থানে যাওয়া। ˜ প্রবাহ বি. ধাবমান বায়ুর স্রোত বা বেগ। ˜ ভুক (-ভুজ্) বিণ. 1 বায়ু ভক্ষণকারী; 2 (ব্যঙ্গে বা কৌতুকে) অনাহারী। □ বি. সাপ। ˜ মণ্ডল বি. পৃথিবীর উপরিস্থ যে-স্থান পর্যন্ত বায়ু আছে; পৃথিবীর উপরিস্থ বায়ু, atmosphere.˜ রোগ বি. 1 কুপিত বায়ুজনিত রোগ; 2 উন্মাদ রোগ। ˜ শূন্য বিণ. বায়ুহীন; বায়ু নেই এমন। ˜ সেবন বি. উন্মুক্ত স্থানের বিশুদ্ধ বায়ু শ্বাসপ্রশ্বাসের সঙ্গে দেহের মধ্যে গ্রহণ। ˜ স্তর বি. 1 বায়ুমণ্ডল; 2 বায়ুর থাক।

বায়েত (p. 600) [bāẏēta] বি. মুসলমান ধর্মে দীক্ষা (শিশুটিকে বায়েত করা হল)। [আ. বাইয়াত্]।

বায়েন (p. 600) [bāẏēna] বি. 1 বাদক; 2 দক্ষ বাদক। [সং. বাদন]।

বার1 (p. 600) [bāra1] বি. বাহির এর চলিত রূপ (দুনিয়ার বার, ঘরবার করা, বার হয়ে যাওয়া)। [বাং. বাহির]।

বার2 (p. 600) [bāra2] বি. 1 রাজসভা, দরবার ('বার দিয়া বসিয়াছে বীরসিংহ রায়': ভা.চ.); 2 দরবারে দর্শনদান ('বার দিয়া বাঙ্গালার শেষ রাজা বসিয়াছিলেন': ব. চ.)। [ফা. দরবার]।

বার3 (p. 600) [bāra3] বি. ভার, বোঝা। [ফা. বার]।˜ বর-দার বি. 1 মুটে, কুলি; 2 তল্পিবাহক।˜ বর-দারি বি. 1 বারবরদারের কাজ বা বৃত্তি; 2 মোট বা তল্পি বহনের মজুরি বা খরচ। □ বিণ. মোটবহন বা তল্পিবহন সংক্রান্ত।

বার4 (p. 600) [bāra4] বি. 1 উকিলসমাজ; 2 কোনো আদালতের উকিলসমূহ (বার সমিতি)। [ইং. bar]। বার লাইব্রেরি বি. আইনজীবীদের ব্যবহার্য প্রধানত আইনবিষয়ক গ্রন্হের সংগ্রহ।˜ সমিতি বি. উকিলদের সংস্থা।

বার5 (p. 600) [bāra5] বি. 1 দিন (হাটবার); 2 সপ্তাহের বিভিন্ন দিন (আজ সোমবার); 3 পুণ্যতিথি (বারব্রত); 4 দফা, খেপ (গতবার, এবার, প্রতিবার); 5 পালা, পর্যায় (একদিন সবারই বার আসবে); 6 সাধারণ (বারাঙ্গনা, বারনারী); 7 বাধাদান, নিবারণ। [সং. √ বৃ + অ]।˜ ংবার,˜ বার ক্রি-বিণ. পুনঃপুন ('অলি বারবার ফিরে আসে': রবীন্দ্র; বারংবার প্রশ্ন করা)।˜ দিগর বি. (আদালতের ভাষায়) অন্যবার, দ্বিতীয়বার, পুনর্বার।˜ ব্রত বি. পুণ্যতিথিতে নানান ব্রতানুষ্ঠান।

বার7 (p. 600) [bāra7] বি. নিবারণ, বারণ, নিষেধ। [সং. √ বৃ + ণিচ্ + ক্বিপ্]।

বারংবার (p. 600) [bārambāra] দ্র বার5।

বারক (p. 600) [bāraka] দ্র বারণ2।

বার-কোশ (p. 600) [bāra-kōśa] বি. কাঠের তৈরি বড়ো থালাবিশেষ, প্রধানত বিবাহাদি অনুষ্ঠানে ব্যবহৃত বা মিষ্টান্ন প্রস্তুতকারকের ব্যবহৃত কাঠের বড়ো থালাবিশেষ। [ফা. বার্কশ্]।

বারণ1 (p. 602) [bāraṇa1] বি. হাতি ('মত্তবারণতুল্য')। [সং. √ বৃ + ণিচ্ + অন]।

বারণ2 (p. 602) [bāraṇa2] বি. 1 নিষেধ, মানা (এ কাজ করতে বারণ করেছি, কোনো বারণই শুনল না); 2 নিবৃত্তি; নিবারণ। [সং. √ বৃ + ণিচ্ + অন]। বারক বিণ. 1 নিবারক; 2 নিষেধকারী; 3 প্রতিবন্ধক। বারণীয় বিণ. নিবারণযোগ্য, নিবার্য।

বারণা-বত (p. 602) [bāraṇā-bata] বি. বর্তমান উত্তরপ্রদেশের প্রয়াগের নিকটবর্তী মহাভারতোক্ত প্রাচীন নগরবিশেষ। [সং. বারণ + √ বতু + অ]।

বারণীয় (p. 602) [bāraṇīẏa] দ্র বারণ2।

বার-দরিয়া (p. 602) [bāra-dariẏā] বি. বহিঃসমুদ্র, সমুদ্র বা বিশাল নদীর তীর থেকে দূরের অংশ। [বাং. বার1 + দরিয়া]।

বার-দুয়ারি (p. 602) [bāra-duẏāri] দ্র বারো।

বার-নারী (p. 602) [bāra-nārī] বি. বেশ্যা, বারাঙ্গনা। [সং. বার5 (সাধারণ) + নারী]।

বার-ফট্টাই, বর-ফট্টাই (p. 602) [bāra-phaṭṭāi, bara-phaṭṭāi] বি. 1 বাইরের অর্থাত্ মৌখিক আস্ফালন বা বড়াই; 2 মিথ্যা জাঁক। [তু. সং. বাহাস্ফোট]।

বার-বধূ, বার-বনিতা (p. 602) [bāra-badhū, bāra-banitā] বি. বেশ্যা। [সং. বার5 + বধূ, বনিতা]।

বারবরদার, বারবরদারি (p. 602) [bārabaradāra, bārabaradāri] দ্র বার3।

বারবার (p. 602) [bārabāra] দ্র বার5।

বার-বিলাসিনী (p. 602) [bāra-bilāsinī] বি. বেশ্যা, গণিকা। [সং. বার5 + বিলাসিনী]।

বার-বেলা (p. 602) [bāra-bēlā] বি. রবি সোম ইত্যাদি বারের বা দিনের সমার্ধ পরিমিত যে অংশে জ্যোতিষমতে যাত্রা বা শুভকাজ নিষিদ্ধ। [সং. বার7 + বাং. বেলা]।

বারব্রত (p. 602) [bārabrata] দ্র বার5।

বারভুঁইয়া, বারভূত, বারমাসি, বারমাস্যা (p. 602) [bārabhum̐iẏā, bārabhūta, bāramāsi, bāramāsyā] দ্র বারো।

বার-মুখো (p. 602) [bāra-mukhō] বিণ. 1 বাড়ির বাইরে বাইরে থাকতে ভালোবাসে এমন (বারমুখো ছেলে); 2 বাড়ির বাইরে রাত্রিযাপন করতে আগ্রহী এমন। [বাং. বার1 + মুখ + আ > ও]।

বার-মুখ্যা (p. 602) [bāra-mukhyā] বি. প্রধানা বেশ্যা; বেশ্যাদের নেত্রী। [সং. বার5 + মুখ্য + আ (স্ত্রী.)]।

বারয়িতা (p. 602) [bāraẏitā] (-তৃ) বিণ. বারক, বারণকারী, নিবারণকারী। [সং. √ বৃ + ণিচ্ + তৃ]। স্ত্রী. বারয়িত্রী।

বার-যোষিত্ (p. 602) [bāra-yōṣit] বি. বেশ্যা, বারাঙ্গনা। [সং. বার5 + যোষিত্ (নারী)]।

বার-শিঙ্গা (p. 602) [bāra-śiṅgā] বি. প্রতিটি শিঙে ছয়টি শাখাযুক্ত হরিণবিশেষ। [বাং. বার6 (বারো) + শিং + আ]।

বারসমিতি (p. 602) [bārasamiti] দ্র বার4।

বারা (p. 602) [bārā] ক্রি. (প্রধানত কাব্যে) 1 নিবারণ করা, নিষেধ করা, বাধা দেওয়া ('বারিতে চাহিনি কভু'); 2 এড়ানো। [সং. √ বৃ + ণিচ্ + বাং. আ]।

বারাঙ্গনা (p. 602) [bārāṅganā] বি. বেশ্যা, গণিকা। [সং. বার5 + অঙ্গনা]।

বারাণসী (p. 602) [bārāṇasī] বি. হিন্দুতীর্থ কাশীর অন্য নাম। [সং. বরণাসী + অ + ঈ]।

বারান্তর (p. 602) [bārāntara] বি. অন্য বার, অন্য সময় (সে কথা বারান্তরে বলব)। [সং. বার5 + অন্তর]।

বারান্দা (p. 602) [bārāndā] বি. ঘরের সংলগ্ন কিন্তু ঘরের বাইরের (আচ্ছাদনযুক্ত বা আচ্ছাদনহীন) চত্বরবিশেষ, অলিন্দ, দাওয়া। [ফা. বরাম্দা-তু. পো. varanda]।

বারি1, বারী (p. 602) [bāri1, bārī] বি. 1 হাতি বাঁধার দড়ি বা স্থান ('বারী-মাঝে নাদে গজ শ্রবণ বিদারি': মধু); 2 জলপাত্র, কলসি। [সং. √ বৃ + ণিচ্ + ই, ঈ]।

বারি2 (p. 602) [bāri2] বি. জল। [সং. √ বারি + ই]। ̃ দ, ̃ বাহ, ̃ বাহক, ̃ বাহন বি. মেঘ। ̃ ধর, ̃ ধি, ̃ নিধি বি. সমুদ্র। ̃ ধারা বি. জলের স্রোত। ̃ প্রবাহ বি. জলের তোড় বা স্রোত। ̃ মণ্ডল বি. পৃথিবীর জলময় অংশ, hydrosphere, hygrosphere. ̃ মুক (-মুচ্) বি. মেঘ।

বারিক (p. 602) [bārika] বি. সৈন্যদলের বাসগৃহ, ব্যারাক। [ইং. barrack]।

বারিত (p. 602) [bārita] বিণ. নিবারিত; নিষিদ্ধ। [সং. √ বৃ + ণিচ্ + ত]।

বারিদ, বারিধর, বারিধি, বারিনিধি, বারিপ্রবাহ, বারিবাহ, বারিবাহক, বারিবাহন, বারিমণ্ডল (p. 602) [bārida, bāridhara, bāridhi, bārinidhi, bāriprabāha, bāribāha, bāribāhaka, bāribāhana, bārimaṇḍala] দ্র বারি2।

বারী (p. 602) [bārī] দ্র বারি1।

বারীন্দ্র, বারীশ (p. 602) [bārīndra, bārīśa] বি. সমুদ্র। [সং. বারি2 + ইন্দ্র, ঈশ]।

বারুই, বারই (p. 602) [bārui, bāri] বি. পান চাষকারী হিন্দু জাতিবিশেষ। [তু. সং. বারুজীবী]।

বারু-জীবী (p. 602) [bāru-jībī] (-জীবিন্) বি. বারুই। [সং. বারু (পান) + √ জীব্ + ইন্]।

বারুণ (p. 602) [bāruṇa] বিণ. বরুণসম্বন্ধীয়। □ বি. 1 জল; 2 জলে স্নান, জল দিয়ে স্নান। [সং. বরুণ + অ]। বারুণী বি. (স্ত্রী.) 1 মদবিশেষ; 2 পশ্চিম দিক; 3 শতভিষা নক্ষত্র; 4 উক্ত নক্ষত্রযুক্ত কৃষ্ণা-চতুর্দশী তিথিতে পুণ্যস্নানাদি দ্বারা পালনীয় পর্ববিশেষ; 5 (বাং.) বরুণের পত্নী।

বারুদ (p. 602) [bāruda] বি. কামান-বন্দুকাদি আগ্নেয়াস্ত্রের মধ্যে ভরে গুলি ছুড়বার বিস্ফোরক চূর্ণবিশেষ। [তুর. বারুত]। ˜ খানা বি. যে কক্ষে বারুদ রাখা হয়।

বারেক (p. 602) [bārēka] ক্রি-বিণ. (প্রধানত কাব্যে) একবার, মাত্র একবার ('বারেক ফিরিয়া দাঁড়াও)। [সং. বার5 + এক, বাংলামতে সন্ধি]। তু. যতেক, জনেক।

বারেন্দ্র (p. 602) [bārēndra] বি. 1 বরেন্দ্রভূমির অধিবাসী। [সং. বরেন্দ্র + অ]। বারেন্দ্রী বি. (স্ত্রী.) বরেন্দ্রভূমি।

বারো, (বর্জি.) বার (p. 602) [bārō, (barji.) bāra] বি. বিণ. 12 সংখ্যা বা সংখ্যক, দ্বাদশ। [হি. বারহ্]।˜ ই বি. মাসের দ্বাদশ তারিখ। □ বিণ. দ্বাদশ তারিখের (বারোই ফাল্গুন)।˜ দুয়ারি বিণ. বারোটি দরজাযুক্ত। বারোটা বাজা, বারো বাজা ক্রি. বি. (আল. কৌতু.) 1 উচ্ছন্নে যাওয়া; 2 বিকল হওয়া, বিগড়ে যাওয়া।˜ ভুঁইয়া,˜ ভুএঞা ভুঁইয়া দ্র।˜ ভূত বি. (আল.) নানা বা বহু অবাঞ্ছিত লোক (বারোভূতে লুটেপুটে খাচ্ছে)। বারো মাস বি. ক্রি-বিণ. এক বছর; এক বছর ধরে; সর্বদা। বারো মাস ত্রিশ দিন সর্বদা। বারো মাসে তেরো পার্বণ বছরের বারো মাসে অনুষ্ঠেয় নানান ধর্মীয় ও সামাজিক উৎসব; সারা বছর জুড়ে পালাপার্বণের আধিক্য।˜ মাস্যা,˜ মাসি বি. বৎসরের বারো মাসে এবং সব ঋতুতে মানুষের সুখ দুঃখের কাহিনি বা কাহিনিসংবলিত কবিতা। বারো-মেসে বিণ. বছরের সবসময়ই ঘটে বা হয় এমন। বারো হাত কাঁকুড়ের তেরো হাত বিচি আসল ব্যাপারের চেয়ে তুচ্ছ ব্যাপার নিয়ে বাড়াবাড়ি।

বারোয়াঁ, বারোঁয়া (p. 602) [bārōẏā, m̐bārōm̐ẏā] বি. সংগীতের রাগিণীবিশেষ। [হি. বর্ওয়া]।

বারো-য়ারি, (বিরল) বারো-ইয়ারি (p. 602) [bārō-ẏāri, (birala) bārō-iẏāri] বি. বিণ. সমস্ত পল্লিবাসীর সমবেতভাবে কৃত উৎসব বা অনুষ্ঠান (বারোয়ারি পূজা)। [সং. বার (=সমূহ, জনসাধারণ)+ ফা. ওয়ারী]।

বার্ণিক (p. 602) [bārṇika] বি. 1 লেখক, লিপিকর, scribe; 2 চিত্রকর। [সং. বর্ণ + ইক]।

বার্তা1 (p. 602) [bārtā1] বি. 1 বৃত্তি; 2 কৃষি-বাণিজ্য পশুপালনাদি বৃত্তি; 3 বৃত্তান্ত। [সং. বৃত্তি (=জীবিকা) + অ + আ]।

বার্তা2 (p. 602) [bārtā2] বি. 1 খবর, সংবাদ ('গ্রামে গ্রামে সেই বার্তা রটি গেল ক্রমে': রবীন্দ্র); 2 জনশ্রুতি; 3 বৃত্তান্ত। [সং. বৃত্তি (লোকবৃত্তি) + অ + আ]।˜ জীবী (-জীবিন্) বি. বিণ. সংবাদপত্রে সাংবাদিকের কাজ করে জীবিকা নির্বাহ করে এমন।˜ বহ বি. দূত, সংবাদবাহক। □ বিণ. সংবাদবহনকারী (বার্তাবহ পায়রা)।˜ বহন বি. সংবাদ বহন করা।

বার্তাকু, বার্তাকী (p. 602) [bārtāku, bārtākī] বি. বেগুন। [সং. বার্তাক + উ, ইন্]।

বার্তিক (p. 602) [bārtika] বিণ. বার্তা বা বৃত্তির সঙ্গে সম্বন্ধযুক্ত। □ বি. 1 বিস্তৃত ব্যাখ্যা বা টীকা; 2 দূত। [সং. বার্তা + ইক, বৃত্তি + ইক]।

বার্থ, বারথ (p. 602) [bārtha, bāratha] বি. রেলগাড়ি স্টিমার বা জাহাজে যাত্রীদের ঘুমোবার জন্য মেঝে থেকে উঁচুতে তৈরি পাটাতন, বাংক।[ইং. berth]।

বার্ধক্য (p. 602) [bārdhakya] বি. 1 বৃদ্ধাবস্থা, বৃদ্ধ বয়স; 2 জরা। [সং. বার্ধক (বৃদ্ধ + অক) + য]।

বার্ধুষিক (p. 602) [bārdhuṣika] বি. সুদখোর, কুসীদজীবী। [সং. বৃদ্ধি (বৃধুষি) + ইক]।

বার্নার (p. 602) [bārnāra] বি. চুল্লি; আগুন-উৎপাদক কল। [ইং. burner]।

বার্নিশ (p. 602) [bārniśa] বি. মসৃণ ও উজ্জ্বল করার জন্য প্রলেপ বা তার প্রয়োগ।[ইং. varnish]।

বার্য1 (p. 602) [bārya1] বিণ. জলসম্বন্ধীয়। [সং. বারি + য]।

বার্য2 (p. 602) [bārya2] বিণ. নিবারণযোগ্য, নিবারণীয়। [সং. √ বৃ+ ণিচ্ + য]।˜ মাণ বিণ. নিবারণ করা হচ্ছে এমন, নিবারিত হচ্ছে এমন।

বার্লি (p. 602) [bārli] বি. 1 যব; 2 যবের গুঁড়ো। [ইং. barley]।

বার্ষিক1 (p. 602) [bārṣika1] বিণ. 1 বাৎসরিক, বৎসরসংক্রান্ত (বার্ষিক আয়); 2 প্রতি বৎসরে অনুষ্ঠেয় বা দেয় (বার্ষিক উৎসব, বার্ষিক চাঁদা)। [সং. বর্ষ + ইক]। বার্ষিক পরীক্ষা বি. স্কুল ও কলেজের বৎসরান্তে গৃহীত পরীক্ষা; উচ্চতর শ্রেণিতে উত্তরণের জন্য গৃহীত পরীক্ষা। বার্ষিকী বি. (স্ত্রী.) বছর-বছর যা অনুষ্ঠিত

হয়; বছরের পূজা। □ বিণ. (স্ত্রী.) প্রতি বছর অনুষ্ঠিত বা প্রকাশিত হয় এমন (বার্ষিকী পূজা, বার্ষিকী পত্রিকা)।

বার্ষিক2 (p. 602) [bārṣika2] বিণ. বর্ষাকালীন। [সং. বর্ষা + ইক]। স্ত্রী. বার্ষিকী।

বার্ষ্ণেয় (p. 602) [bārṣṇaẏa] বি. 1 (যদুকুলের) বৃষ্ণিবংশীয় ক্ষত্রিয়; 2 শ্রীকৃষ্ণ। [সং. বৃষ্ণি + এয়]।

বার্হস্পত্য (p. 602) [bārhaspatya] বিণ. বৃহস্পতিসম্বন্ধীয়। □ বি. 1 বৃহস্পতিপ্রণীত শাস্ত্র; 2 নীতিশাস্ত্র; 3 বৌদ্ধশাস্ত্র; 4 চার্বাক। [সং. বৃহস্পতি + য]।

বাল (p. 602) [bāla] বি. 1 বালক; 2 শিশু (বালক্রীড়া, বালভাষিত)। [সং. √ বল্ + অ]। স্ত্রী. বালা।˜ কাণ্ড বি. রামায়ণে রামচন্দ্রের বাল্যরচিতবিষয়ক অধ্যায়, রামায়ণের আদিকাণ্ড।˜ ক্রীড়া বি. শিশুদের খেলা, ছেলেখেলা।˜ খিল্য বি. আঙুলের মতো ক্ষুদ্রকায় পৌরাণিক ঋষিবিশেষ সংখ্যায় যাঁরা ছিলেন ষাট হাজার।˜ গোপাল বি. বালক শ্রীকৃষ্ণ।˜ চর্যা বি. শিশুপালন।˜ চাপল্য বি. শিশুসুলভ চপলতা।˜ বাচ্চা বি. ছোটো ছেলেমেয়ে, ছেলেপুলে। [হি. বাল < সং. বাল + বাচ্চা]।˜ বিধবা বি. বালিকা অবস্থায় বিধবা হয়েছে এমন রমণী।˜ বৈধব্য বি. বালিকাবস্থায় বৈধব্যদশা।˜ ভোগ বি. বালগোপালের প্রাতঃকালীন ভোগ।˜ ভোগ্য বিণ. শিশুদের উপভোগের যোগ্য।˜ শশী (শশিন্) বি. শুক্লপক্ষের দ্বিতীয়ার চাঁদ।˜ সুলভ বিণ. বালকের পক্ষে বা শিশুর পক্ষে স্বাভাবিক এমন, বালকোচিত।˜ সূর্য বি. প্রভাতের নবোদিত সূর্য।

বালক (p. 602) [bālaka] বি. 1 অল্পবয়স্ক পুরুষ, বিশেষত ষোলো বৎসরের অনূর্ধ্ব পুরুষ (বালক-বালিকা); 2 শিশু (বালক বয়সের ঘটনা); 3 (আল.) অর্বাচীন বা অনভিজ্ঞ ব্যক্তি। [সং. বাল + ক (স্বার্থে)]। স্ত্রী. বালিকা। তা, ̃ ত্ব বি. বালকের ভাব। ̃ সুলভ, বালকোচিত বিণ. বালকের পক্ষে স্বাভাবিক বা মানানসই এমন।

বালতি1 (p. 602) [bālati1] বি. টবের মতো আকারবিশিষ্ট হাতলযুক্ত জলপাত্র। [পো. balde]।

বালতি2 (p. 602) [bālati2] বি. 1 শিশুসন্তানবতী বিধবা; 2 দরিদ্রা বা দুঃখিনী নারী। [< সং. বালপুত্রিকা]।

বালদো (p. 602) [bāladō] বি. তাল নারকেল সুপারি প্রভৃতি গাছের সবৃন্ত পাতা, বাইল। [দেশি]।

বাল-হস্ত (p. 602) [bāla-hasta] বি. লোমশ লেজ, লোমযুক্ত লেজ। [হি. বাল (=চুল, লোম) + সং. হস্ত (সাদৃশ্যে)]।

বালা1 (p. 602) [bālā1] বি. 1 বালিকা (মূল অর্থ, ষোলো বৎসরের অনূর্ধ্বা); 2 তরুণী, যুবতী ('বলি ও আমার গোলাপবালা': রবীন্দ্র); 3 কন্যা। [সং. বাল + আ]।

বালা2 (p. 602) [bālā2] বি. বলয়, কবজিতে পরার গহনাবিশেষ। [সং. বলয়]।

বালাই (p. 602) [bālāi] বি. 1 অমঙ্গল; 2 উৎপাত (এ বালাই বিদায় হলে বাঁচি); 3 (বিদ্রুপে) উৎপাত, ঝামেলা (শিক্ষাদীক্ষার বালাই নেই)। □ অব্য. অশুভ উক্তির খণ্ডনসূচক (বালাই ষাট)। [আ. বলা]। বালাই নিয়ে মরা ক্রি. বি. (মঙ্গলকামনাসূচক) প্রিয়জনের বিপদ নিজে বহন করে মরা। বালাই ষাট অব্য. অশুভ উক্তি বা অমঙ্গল খণ্ডনসূচক উক্তি। আপদ-বালাই বি. 1 বিপদ, বাধা ইত্যাদি; 2 বিরক্তি বা অশান্তি উৎপাদনকারী ব্যক্তি।

বালা-খানা (p. 602) [bālā-khānā] বি. 1 দোতলা বা তারও বেশি উচ্চতাযুক্ত পাকা বাড়ি; 2 উপরতলার ঘর। [ফা. বালাখানহ্]।

বালাদিত্য (p. 602) [bālāditya] বি. প্রভাতের নবীন সূর্য, বালসূর্য, বালার্ক। [সং. বাল + আদিত্য]।

বালা-পোশ (p. 602) [bālā-pōśa] বি. পাতলা লেপজাতীয় নরম গায়ের কাপড়বিশেষ। [ফা. বালাপোশ]।

বালাম (p. 602) [bālāma] বি. 1 বরিশালে উৎপন্ন ধান থেকে প্রস্তুত সরু চালবিশেষ; 2 (প্রধানত চাল বহনকারী) বড়ো নৌকাবিশেষ। [দেশি]।

বালামচি (p. 602) [bālāmaci] বি. ঘোড়ার লেজের বা কাঁধের চুল। [দেশি]।

বালার্ক (p. 602) [bālārka] বি. প্রভাতের নদীর সূর্য, বালসূর্য। [সং. বাল + অর্ক]।

বালি1, (বর্জি.) বালী (p. 602) [bāli1, (barji.) bālī] বি. (ব্রজ.) বালিকা, অল্পবয়স্কা রমণী ('বালী বিলাসিনী': বিদ্যা.)। [সং. বালিকা]।

বালি2 (p. 602) [bāli2] বি. সমুদ্রতীরে সঞ্চিত শিলা প্রস্তরাদির ক্ষয়িত কণা, বালু, বালুকা। [তু. অসম. ওড়ি. বালি]। বালির বাঁধ (আল.) ক্ষণস্থায়ী বস্তু বা ব্যাপার ('বড়র পীরিতি বালির বাঁধ': ভা. চ.)।˜ ঘড়ি বি. সময় নির্ণয়ের জন্য বালুকাপূর্ণ যন্ত্রবিশেষ।

বালিকা (p. 602) [bālikā] দ্র বালক।

বালি-য়াড়ি (p. 602) [bāli-ẏāḍ়i] বি. সমুদ্র বা নদনদীর বালিপূর্ণ উঁচু তীরভূমি। [তু. বালি + আড়া (ভাঙা)]।

বালিশ (p. 602) [bāliśa] বি. (প্রধানত তুলোর তৈরি) শয়নকালে মাথা রাখবার নরম আধারবিশেষ, উপাধান। □ বিণ. (আল.) (বিরল) 1 নির্বোধ, মূর্খ; 2 কচি। [ফা. বালিশ্; সং. বালিন্ + √ শী + অ]। কোল-বালিশ, পাশ-বালিশ বি. দুই হাতে বুকের কাছে বা কোলের মধ্যে জড়িয়ে ধরবার বালিশবিশেষ।

বালী (-লিন্) বালি (p. 602) [bālī (-lin) bāli] বি. রামায়ণোক্ত কিষ্কিন্ধ্যাপতি কপিরাজ, সুগ্রীবের অগ্রজ, তারার পতি ও অঙ্গদের পিতা। [সং. বাল + ইন্, ই]।

বালু (p. 602) [bālu] বি. বালি। [সং. বালুকা]।˜ চর বি. বালির পলি পড়ে সৃষ্ট যে চর।

বালুকা (p. 602) [bālukā] বি. বালি, সিকতা। [সং. √ বল্ + উক + আ]।˜ বেলা বি. বালুময় তটভূমি, বালুময় তীর।

বালু-চরি (p. 602) [bālu-cari] বি. বিণ. সূক্ষ্ম কারুকার্যখচিত জমকালো সিল্কের শাড়িবিশেষ। [বাং. বালুচর + ই]।

বালু-সাই, বালু-শাই (p. 602) [bālu-sāi, bālu-śāi] বি. ময়দার তৈরি এবং ঘিয়ে ভাজা মিঠাইবিশেষ। [হি. বালুসাহী]।

বালেন্দু (p. 602) [bālēndu] বি. শুক্লা প্রতিপদের চাঁদ। [সং. বাল + ইন্দু]।

বাল্মীকি (p. 602) [bālmīki] বি. রামায়ণরচয়িতা আদিকবি। [সং. বল্মীক + ই]।

বাল্য (p. 602) [bālya] বি. ছেলেবেলা, বালকবয়স, সাধারণত ষোলো বৎসর বয়স পর্যন্ত জীবনকাল। [সং. বাল + য]।˜ কাল বি. শৈশব, বালকবয়স।˜ প্রণয়,˜ প্রেম বি. অপ্রাপ্তবয়সে সঞ্জাত প্রেম।˜ বন্ধু,˜ সখা, সুহৃত্ বি. বাল্যকাল থেকে যার সঙ্গে বন্ধুত্ব অক্ষুণ্ণ রয়েছে।˜ বিধবা বি. বালিকা বয়সেই যে রমণী বিধবা হয়েছে।˜ বিবাহ বি. অপ্রাপ্তবয়সে বিবাহ।˜ শিক্ষা বি. প্রাথমিক শিক্ষা, শিশুবয়সের প্রথম শিক্ষা।˜ সঙ্গী,˜ সহচর বি. বাল্যকালের বন্ধু বা সঙ্গী। বাল্যাবধি ক্রি বিণ. শিশুকাল থেকে, ছেলেবেলা থেকে। বাল্যাবস্থা বি. বালকবয়স, শৈশব।

বাশুলি (p. 602) [bāśuli] বি. (সচ. গ্রামাঞ্চলে পূজিতা) দেবীবিশেষ, চণ্ডীর রূপভেদ; বিশালাক্ষী দেবী যিনি কবি চণ্ডীদাসের উপাস্যা ছিলেন। [< সং. বিশালাক্ষী?]।

বাষট্টি (p. 602) [bāṣaṭṭi] বি. বিণ. 62 সংখ্যা বা সংখ্যক। [সং. দ্বাষষ্টি]।

বাষ্প, বাস্প (p. 602) [bāṣpa, bāspa] বি. 1 তরল পদার্থের বায়বীয় অবস্থা; 2 ভাপ; 3 ধোঁয়া ('ঘরদ্বার মোর বাষ্পসমান, মন হল সব মিছে': রবীন্দ্র); 4 অশ্রু (বাষ্পপূর্ণ নয়ন, বাষ্পাকুল নয়ন); 5 (আল.) আভাসমাত্র (ব্যাপারটির বাষ্পও জানতাম না)। [সং. √ বাধ্ + প (নি.)]। ̃ পোত বি. বাষ্পচালিত জাহাজ বা স্টিমার। ̃ যান, ̃ রথ, ̃ শকট বি. বাষ্পচালিত গাড়ি; রেলগাড়ি। ̃ স্নান বি. (প্রধানত রোগ প্রতিকারের জন্য) সর্বাঙ্গে গরম ধোঁয়া বা ভাপ প্রয়োগ, vapour bath. বাষ্পাকুল বিণ. অশ্রুপূর্ণ (বাষ্পাকুল নয়ন)। বাষ্পায়ন বি. বাষ্পে পরিণত বা রূপান্তরিত করা। বাষ্পী-ভবন বি. বাষ্পে রূপান্তরিত বা পরিণত হওয়া। বাষ্পীয় বিণ. 1 বাষ্পসংক্রান্ত; 2 বাষ্পচালিত (বাষ্পীয় পোত)।

বাস1 (p. 602) [bāsa1] বি. বস্ত্র, কাপড়, আচ্ছাদন (পীতবাস, গাত্রবাস, মলিন বাস)। [সং. বাসস্]।

বাস2 (p. 602) [bāsa2] বি. 1 আবাস, বাসস্থান (আদিবাস); 2 অবস্থান (বিদেশবাস)। [সং. √ বস্ + অ]। ̃ ভবন বি. বাড়ি, বাস করার গৃহ। ̃ ভূমি বি. স্বদেশ। ̃ যোগ্য বিণ. থাকবার উপযুক্ত ('এ বিশ্বকে এ শিশুর বাসযোগ্য করে যাব আমি': সুকান্ত)।

বাস3 (p. 602) [bāsa3] বি. সুগন্ধ, সৌরভ (ফুলের বাস)। [সং. √বাস্ + অ]।

বাস4 (p. 602) [bāsa4] বি. বৃহত্ আকারের যাত্রীবাহী মোটরগাড়িবিশেষ। [ইং. bus > omnibus]।

বাস5, ব্যস (p. 602) [bāsa5, byasa] অব্য. 1 যথেষ্ট হয়েছে, আর না (বাস বাস, আর দিয়ো না); 2 নিঃশেষিত, ফুরিয়েছে, এই শেষ (ব্যস আর নেই); 3 নিবৃত্তি বা ক্ষান্তিসূচক (বাস, আর খেলা নয়); 4 অমনি, সঙ্গে সঙ্গে (ব্যস, লড়াই বেধে গেল)। [ফা. বস্]।

বাসক1 (p. 602) [bāsaka1] বি. ওষুধে ব্যবহৃত ছোটো গাছবিশেষ। □ বিণ. সুগন্ধকারক। [সং. √ বাস্ + অক]।

বাসক2 (p. 602) [bāsaka2] বি. শয়নগৃহ ('বাসক শয়নপরে': রবীন্দ্র)। [সং. বাস + ক (স্বার্থে)]।˜ সজ্জা, বাস-সজ্জা বি. নায়কের আসার আশায় যে নায়িকা সুসজ্জিতা হয়ে বাসক সাজিয়ে রাখে।

বাসগৃহ (p. 602) [bāsagṛha] বি. বাস করার গৃহ। [সং. বাস + গৃহ]।

বাসন1 (p. 605) [bāsana1] বি. 1 সুবাসিত করা; 2 ধূপ দেওয়া। [সং. √ বাস্ + অন]।

বাসন2 (p. 605) [bāsana2] বি. 1 জলপাত্র; 2 আধারবিশেষ; 3 বাক্স; 4 (বাং.) রান্না খাওয়া ইত্যাদি গৃহস্থালির কাজে ব্যবহৃত পাত্র; 5 বসবাস করতে সাহায্য বা প্রেরণাদান (পুনর্বাসন, অভিবাসন, নির্বাসন)। [সং. √ বস্ + ণিচ্ + অন]।

বাসনা1 (p. 605) [bāsanā1] বি. 1 কামনা ('বাসনার বক্ষোমাঝে কেঁদে মরে ক্ষুধিত যৌবন': বুদ্ধ); 2 প্রত্যাশা; 3 (বর্ত. বিরল) পূর্বজন্মের সংস্কার; 4 আসক্তি (বিষয়-বাসনা)। [সং. √ বাসি + অন + আ]। ̃ কুল বিণ. বাসনায় অধীর।

বাসনা2 (p. 605) [bāsanā2] বি. (উচ্চা. বাশ্না) কলা গাছের শুকনো পাতা বা ছাল। [দেশি-তু. বাস1]।

বাসন্ত, বাসন্তিক (p. 605) [bāsanta, bāsantika] বিণ. 1 বসন্তকালীন (বাসন্তানিল); 2 বসন্তকালসম্বন্ধীয়। [সং. বসন্ত + অ, ইক]।

বাসন্তী (p. 605) [bāsantī] বি. 1 দুর্গা; 2 বসন্তকাল ('বাসন্তী, হে ভুবনমোহিনী': রবীন্দ্র)। □ বিণ. 1 বসন্তসম্বন্ধীয়; 2 (বাং.) ফিকে কমলা বর্ণযুক্ত, বসন্তী ('বাসন্তী-বাসপরা': রবীন্দ্র)। [সং. বাসন্ত + ঈ]। বাসন্তী পূজা বি. বসন্তকালে অনুষ্ঠিত দুর্গাপূজা।

বাসব (p. 605) [bāsaba] বি. দেবরাজ ইন্দ্র। [সং. বসু + অ]। বাসবী বি. শচীদেবী, ইন্দ্রপত্নী।

বাসভবন, বাসভূমি (p. 605) [bāsabhabana, bāsabhūmi] দ্র বাস2।

বাস-মতী (p. 605) [bāsa-matī] বি. সুগন্ধযুক্ত চালবিশেষ। [সং. বাস3 +মতী]।

বাসযোগ্য (p. 605) [bāsayōgya] দ্র বাস2।

বাসর1 (p. 605) [bāsara1] বি. 1 বরকন্যার বিবাহরজনী যাপন (বাসর জাগা); 2 বরকন্যার বিবাহরজনী যাপনের কক্ষ। [সং. বাসগৃহ]। ˜ ঘর বি. বরকন্যার বিবাহরজনী যাপনের কক্ষ। ˜ জাগানি বি. বাসরে রাত্রি জাগরণের বাবদ বরপক্ষের কাছ থেকে কন্যাপক্ষের প্রাপ্য অর্থাদি।

বাসর2 (p. 605) [bāsara2] বি. 1 দিবস, দিন (জন্মবাসর); 2 বার (রবিবাসর)। [সং. √ বস্ + ণিচ্ + অর]। বাসরীয় বিণ. দিবসের, বাসরসম্বন্ধীয় (রবিবাসরীয়)।

বাসসজ্জা (p. 605) [bāsasajjā] দ্র বাসক2।

বাস-স্থান (p. 605) [bāsa-shāna] বি. 1 নিবাস, আবাস, বাস; 2 বাসগৃহ (বাসস্থান নির্মাণ করা)। [সং. বাস2 + স্থান]।

বাসা1 (p. 605) [bāsā1] বি. বাসক গাছ (বাসারিষ্ট)। [সং. √ বাস্+ অ + আ]।

বাসা2 (p. 605) [bāsā2] ক্রি. 1 মনে করা (তাহারে বেসেছি ভালো, 'নিমিখে শতেক যুগ হারাই হেন বাসি': বৈ. প.); 2 বোধ করা, অনুভব করা (লাজ বাসি মনে, এখন কেমন বাসছ?); 3 ভালোবাসা ('তুমি অবসর মতো বাসিয়ো': রবীন্দ্র)। [সং. √ বস্ + বাং. + আ]।

বাসা3 (p. 605) [bāsā3] বি. 1 বাসস্থান (বাসায় ফেরা); 2 কুলায়, নীড়, কীটপতঙ্গাদির বাসস্থান (পাখির বাসা, পিঁপড়ের বাসা); 3 অস্থায়ী বাসস্থান (মেসের বাসা, বাসাটা উঠিয়ে দিয়েছি); 4 ভাড়াটে বাড়ি (বাসা ভাড়া করা)। [সং. বাস + বাং. আ-তু. প্রাকৃ. বাসা]। ˜ বাড়ি বি. বাসের জন্য ভাড়াটে বাড়ি।

বাসি (p. 605) [bāsi] বিণ. 1 পর্যুষিত, টাটকা নয় এমন (বাসি ফুল, বাসি খাবার); 2 পূর্বদিনে বা পূর্বরাত্রে ব্যবহৃত (বাসি কাপড়); 3 অভুক্ত (বাসি মুখ); 4 মুখ ধোয়া হয়নি এমন (বাসি মুখ ধোয়া); 5 অতি পুরোনো, নতুনত্বহীন (বাসি খবর)। [সং. বাসিত]। বাসি কাপড় পূর্বরাত্রে, বিশেষত শয়নকালে, ব্যবহৃত কাপড়। বাসি ঘর এখনও ঝাঁট দেওয়া বা পরিষ্কার করা হয়নি এমন ঘর। বাসি জল পূর্বদিন থেকে জমিয়ে রাখা জল, আগের দিনের জল। বাসি দুধ আগের দিনের দুধ। বাসি ফুল আগের দিন তোলা ফুল। বাসি বিয়ে (হিন্দুদের) বিবাহের পরদিন আচরণীয় অনুষ্ঠান। বাসি ভাত আগের দিন রাঁধা ভাত; পানতা ভাত। বাসি মড়া যে মড়া গতরাত্রের মধ্যে পোড়ানো হয়নি। বাসি মুখ 1 সকালে ঘুমের পর যে-মুখ ধোয়া হয়নি; 2 অভুক্ত অবস্থা।

বাসিত (p. 605) [bāsita] বিণ. 1 গন্ধযুক্ত (সুবাসিত); 2 কাপড় দিয়ে ঢাকা। [সং. √ বাসি (নামধাতু) + ত]।

বাসিন্দা (p. 605) [bāsindā] বিণ. বি. বাসকারী, নিবাসী, অধিবাসী (পাড়ার বাসিন্দার)। [ফা. বাসিন্দহ্]।

-বাসী2 (p. 605) [-bāsī2] (-সিন্) বিণ. (সমাসের উত্তরপদে) যে বসবাস করে, বাসকারী (দেশবাসী)। [সং. √ বস্ + ইন্]। স্ত্রী. -বাসিনী।

বাসুকি (p. 605) [bāsuki] বি. সর্পকুলের রাজা, সর্পরাজ। [সং. বাসুক + ই]।

বাসু-দেব (p. 605) [bāsu-dēba] বি. বসুদেবের পুত্র শ্রীকৃষ্ণ। [সং. বসুদেব + অ]।

বাসোপ-যোগী (p. 605) [bāsōpa-yōgī] (-যোগিন্) বিণ. বাসের যোগ্য, থাকবার যোগ্য (ভাঙাচোরা ঘরটাকে বাসোপযোগী করে তোলা)। [সং. বাস2 + উপযোগী]।

বাস্কেট (p. 605) [bāskēṭa] বি. ঝুড়ি; ঢাকনাওয়ালা এবং বাক্সের আকারের ঝুড়ি। [ইং. basket]।

বাস্তব (p. 605) [bāstaba] বিণ. 1 প্রকৃত, যথার্থ, সত্তাযুক্ত (বাস্তব জগত্); 2 (দর্শ.) ইন্দ্রিয়গোচর। □ বি. 1 সত্য (কঠোর বাস্তবকে স্বীকার করা); 2 ইন্দ্রিয়গোচর জগত্। [সং. বস্তু + অ]। বি.˜ তা।˜ বাদ বি. ইন্দ্রিয়গোচর জগত্ই একমাত্র সত্য-এই মত; বাস্তব জগতে যা ঘটে তাকেই সবচেয়ে বেশি গুরুত্ব

দেওয়া এবং তার প্রতিই কেবল আস্থা রাখা, realism.˜ বাদী (-দিন্) বিণ. বি. এই মতে আস্থাশীল।

বাস্তবায়ন (p. 605) [bāstabāẏana] বি. বাস্তবে বা কাজে পরিণত করা (পরিকল্পনার বাস্তবায়ন)। [< সং. বাস্তব]। বিণ. বাস্তবায়িত।

বাস্তবিক (p. 605) [bāstabika] বিণ. যথার্থ, প্রকৃত (বাস্তবিক কথা, বাস্তবিক বর্ণনা)। □ ক্রি-বিণ. (বাং.) যথার্থভাবে, সত্যি সত্যি, প্রকৃতপক্ষে (একথা বাস্তবিক আমি বলিনি)।

বাস্তব্য (p. 605) [bāstabya] বিণ. 1 বাসস্থানের বা বসবাসের উপযুক্ত, বাসোপযোগী; 2 বাস করানো যায় এমন। [সং. √ বস্ + ণিচ্ + তব্য]।

বাস্তু (p. 605) [bāstu] বি. 1 বাসস্থান, বাসগৃহ; 2 ভিটা; 3 স্থায়ী বসতজমি বা বসতবাড়ি। [সং. √ বস্ + তু]।˜ ক বি. বেথুয়া বা বেথো শাক।˜ কর্ম বি. বাসগৃহ নির্মাণ।˜ কার বি. গৃহাদির নির্মাতা বা গৃহনির্মাণের পরিকল্পনারচয়িতা, civil engineer.(বি. প.)।˜ ঘুঘু (আল.) অতি দুষ্ট ও ধূর্ত লোক; স্থায়ী আড্ডা গেড়ে বসেছে এমন বদমাশ ও ধূর্ত লোক।˜ ত্যাগী বি. গৃহত্যাগী, যে গৃহ ছেড়ে গেছে।˜ দেবতা,˜ পুরুষ বি. গৃহ বা বংশের অধিদেবতা; পুরুষানুক্রমে উপাসিত দেবতা।˜ পূজা বি. সাধারণত পৌষ-সংক্রান্তির দিনে অনুষ্ঠিত বাস্তুশুদ্ধির পূজা।˜ ভিটা বি. যে ভূমিখণ্ডের উপর পুরুষানুক্রমে বাসগৃহ স্থাপিত।˜ শিল্প বি. গৃহনির্মাণশিল্প।˜ সাপ বি. যে সাপ দীর্ঘকাল যাবত্ কোনো বাস্তুভিটায় নিরুপদ্রবে বাস করে আসছে।˜ হারা বিণ. বি. গৃহহীন; উদ্বাস্তু।

বাস্তুক (p. 605) [bāstuka] দ্র বাস্তু।

-বাহ (p. 605) [-bāha] বিণ. বহনকারী (মেঘবাহ, বারিবাহ)। □ বি. অশ্ব, রথ ইত্যাদি বাহন। [সং. √ বহ্ + অ]। বিণ. স্ত্রী.˜ বাহী।

বাহক (p. 605) [bāhaka] বিণ. বহনকারী। □ বি. সারথি। [সং. √ বহ্ + অক, অথবা √ বাহি + অক]। বিণ. স্ত্রী. বাহিকা।

বাহন (p. 605) [bāhana] বি. 1 যার দ্বারা বহন করা হয়; 2 যাতে চড়ে যাওয়া যায় (যানবাহন, ইঁদুর গণেশের বাহন); 3 মাধ্যম (মাতৃভাষাই শিক্ষার উপযুক্ত বাহন); 4 (বিদ্রুপে) অনুচর (তোমার বাহনটি আজ আসেনি যে?)। [সং. √ বহ্ + ণিচ্ + অন]।

বাহবা (p. 605) [bāhabā] বি. উচ্ছ্বসিত প্রশংসা, প্রবল সমর্থন (সবাই তাকে বাহবা দিল)। □ অব্য. প্রশংসা বা সমর্থন জ্ঞাপক উক্তি, বলিহারি ('বাহবা বাহবা বেশ': দ্বি. রা.)। [ফা. বাহ্ বাহ্]।

বাহা2, বাওয়া (p. 605) [bāhā2, bāōẏā] ক্রি. বি. 1 চালানো (নৌকা বাওয়া, 'কোনদিকে যে বাইব তরী': রবীন্দ্র); 2 অতিক্রম করা ('ভাবিতে ভাবিতে ফুটপাত বাহিয়া চলিল': বিভূতি; গাল বেয়ে অশ্রু পড়ে, গাছ বেয়ে ওঠা, সিঁড়ি বেয়ে উপরে যাওয়া)। [সং. √ বহ্ + ণিচ্ + বাং. আ]।

বাহাত্তর (p. 605) [bāhāttara] বি. বিণ. 72 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. বাহত্তর]। বাহাত্তুরে বিণ. 1 বাহাত্তর বৎসর বয়স্ক; 2 বলবুদ্ধিহীন অকর্মণ্য বৃদ্ধ; 3 ভীমরতিগ্রস্ত (বাহাত্তুরে বুড়ো)।

বাহাদুর (p. 605) [bāhādura] বিণ. 1 কৃতী, অসাধ্যসাধনকারী, অতি কঠিন কাজ করতে পেরেছে এমন; 2 কর্মকুশল; 3 বীর। □ বি. সরকারি খেতাবিবিশেষ (নবাববাহাদুর, রাজাবাহাদুর)। [ফা. বহাদুর]। বাহাদুরি বি. 1 বীরত্ব, পৌরুষ (খুব বাহাদুরি দেখিয়েছ); 2 কর্মদক্ষতা; 3 কৃতিত্বের গৌরব (এর জন্য তুমি কোনো বাহাদুরি পেতে পার না)।

বাহাদুরি কাঠ (p. 605) [bāhāduri kāṭha] বি. শাল বেগুন প্রভৃতি গাছের বড়ো গুঁড়ি। [দেশি]।

বাহান্ন (p. 605) [bāhānna] বি. বিণ. 52 সংখ্যা বা সংখ্যক। [হি. বাওন < প্রাকৃ. বাবণ]। যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন (আল.) বিশেষ কোনো তফাত নেই; এতটাই যদি করা হয় তবে আর অল্প একটু করতে দোষ কী-এই ভাব।

বাহার (p. 605) [bāhāra] বি. 1 শোভা, সৌন্দর্য, মনোহারিতা (শাড়ির বাহার, পোশাকের বাহার); 2 সংগীতের রাগিণীবিশেষ। [ফা. বহার্]। বাহারি বিণ. 1 সুন্দর, শোভাময়, মনোহর (বাহারি শাড়ি); 2 জমকালো, চটকদার (বাহারি রং)। বাহারে বিণ. সুন্দর; জমকালো।

বাহিক (p. 605) [bāhika] বি. 1 ভারবাহক; 2 ঢাক; 3 গোরুর গাড়ি। [সং. বাহ + ইক]।

বাহিত (p. 605) [bāhita] বিণ. 1 বহন করা বা চালনা করা হয়েছে এমন (বায়ুবাহিত, অশ্ববাহিত শকট); 2 প্রবাহিত। [সং. √ বহ্ + ণিচ্ + ত]।

বাহিনী1 (p. 605) [bāhinī1] দ্র বাহী2।

বাহিনী2 (p. 605) [bāhinī2] বি. 1 সেনাদল; 2 দল; 3 81 হস্তী 81 রথ 243 অশ্ব এবং 45 পদাতিক সংবলিত সেনাদল। [সং. বাহ (হস্তী অশ্ব ইত্যাদি) + ইন্ + ঈ]।

বাহিনী3 (p. 605) [bāhinī3] বি. নদী। [সং. √ বহ্ + ইন্ + ঈ]।

বাহির (p. 605) [bāhira] বি. 1 ঘরের বাইরের জীবন ও জগত্ (বাহিরের আলো, বাহিরের জীবন); 2 বাইরের দিক, বহির্দেশ (বাড়ির বাহিরটাই দেখেছি)। ☐ বিণ. 1 বহির্গত, নিষ্ক্রান্ত (ঘর থেকে বাহির হওয়া); 2 উদ্গত (চারা বাহির হওয়া, অঙ্কুর বাহির হওয়া); 3 নিষ্কাশিত (খাপ থেকে তলোয়ার বাহির হল, নর্দমা দিয়ে জল বাহির হওয়া); 4 নিঃসৃত, ক্ষরিত (ক্ষতস্থান থেকে রক্ত বাহির হওয়া); 5 প্রকাশিত (বইটি শীঘ্রই বাহির হবে); 6 বিজ্ঞাপিত (পরীক্ষার ফল বাহির হওয়া); 7 প্রদর্শিত, আবিষ্কৃত (খুঁত বাহির করা); 8 বহিষ্কৃত (ঘর হইতে বাহির করিয়া দেওয়া হইল); 9 আয়ত্তের বহির্ভূত, অতীত (শাসনের বাহির); 1 বহির্দেশস্থ (বাহির বাড়ি, বাহির মহল)। [সং. বহিস্-তু. সাঁও. বাহির]। বাহিরে বি. (সাধু.) 1 (অধি-7মী) বহির্ভাগে (বাহিরে গিয়াছে); 2 অন্য স্থানে (ঘরে-বাহিরে)। ☐ অব্য. অতিরিক্ত (ইহার বাহিরে কিছুই জানি না)।

বাহিরা (p. 605) [bāhirā] ক্রি. (পদ্যে) বাহিরানো, বাইরে বেরোনো (বাহিরিল)। [বাং.বাহির + আ]।˜ নো ক্রি. বি. (পদ্যে) বহির্গত হওয়া, বাইরে যাওয়া ('তবু এনু বাহিরিয়া': স. দ.)। □ বিণ. উক্ত অর্থে।

বাহী1 (p. 605) [bāhī1] দ্র বাহ।

বাহী2 (p. 605) [bāhī2] (-হিন্) বিণ. 1 এক স্থান থেকে অন্য স্থানে বহনকারী, বহনকারী (ভারবাহী, যাত্রীবাহী); 2 যুগ থেকে যুগান্তরে বহনকারী (ঐতিহ্যবাহী); 3 বহে যায় এমন (পূর্ববাহী নদ)। [সং. √ বহ্ + ইন্]। বিণ. স্ত্রী. বাহিনী (পূর্ববাহিনী নদী)।

বাহু (p. 605) [bāhu] বি. 1 ভুজ, কাঁধ থেকে হাতের আঙুল পর্যন্ত দেহাংশ; 2 (জ্যামি.) চতুর্ভুজ ত্রিভুজ প্রভৃতির পার্শ্বরেখা। [সং. √ বাধ্ + উ]।˜ ডোর বি. প্রীতি বা সোহাগ জানাতে দুই হাতে মালার মতো ঘিরে রাখা অবস্থা, বাহুবন্ধন।˜ ত্র,˜ ত্রাণ বি. যোদ্ধাদের হাতকে রক্ষা করার জন্য বর্মবিশেষ।˜ বন্ধ বি. বাহুতে পরিধেয় গহনাবিশেষ, বাজুবন্ধ।˜ বন্ধন বি. আলিঙ্গন।˜ বল বি. গায়ের জোর।˜ মূল বি. বগল, কক্ষ।˜ যুদ্ধ বি. 1 কুস্তি, মল্লযুদ্ধ; 2 হাতাহাতি।˜ লতা বি. (সচ. নারীর) লতার মতো কোমল ও সুন্দর বাহু।

বাহুড়া (p. 605) [bāhuḍ়ā] (বর্ত. অপ্র.) ক্রি. বাহুড়ানো, ফিরিয়ে আনা, ফিরানো। [প্রাকৃ. বাহুড় < সং. বি + আ + √ ঘুট্]।˜ নো ক্রি. বি. 1 প্রত্যাবর্তিত করানো, ফিরানো; 2 নিবৃত্ত বা প্রতিহত করা।□ বিণ. উক্ত দুই অর্থে।

বাহুল্য (p. 605) [bāhulya] বি. 1 আধিক্য, প্রয়োজন বা পরিমিতির তুলনায় বেশি হওয়া, বহুলতা, আতিশয্য, প্রাচুর্য (বলা বাহুল্য; মেদবাহুল্য); 2 বাড়াবাড়ি, অপ্রয়োজনীয় আধিক্য (ব্যয়বাহুল্য)। [সং. বহুল + য]।˜ বর্জন বি. আতিশয্য বা বাড়াবাড়ি এড়িয়ে চলা।˜ বর্জিত বিণ. আতিশয্য বা বাড়াবাড়ি বর্জন করা হয়েছে এমন, অনাড়ম্

বর।˜ হীন বিণ. অনাড়ম্বর।

বাহ্বাস্ফোট (p. 605) [bāhbāsphōṭa] বি. বাহুতে চাপড় দিয়ে আস্ফালন, মালসাট। [সং. বাহু + আস্ফোট]।

বাহ্য1 (p. 605) [bāhya1] বিণ. বহনীয়, বহন করা যায় বা বহন করা উচিত এমন, বহনের উপযোগী (নৌবাহ্য নদী)। [সং. √ বহ্ + য]।

বাহ্য2 (p. 605) [bāhya2] বিণ. 1 বহিস্থ, বাইরের (বাহ্য সৌন্দর্য, বাহ্য জগত্); 2 অযথার্থ বা অপ্রধান ('এহ বাহ্য আগে কর আর')। [সং. বহিস্ + য]।˜ কৃত্য,˜ ক্রিয়া বি. (বাড়ির বাইরে গিয়ে করা হত বলে) মলত্যাগ।˜ জগত্ বি. জড়জগত্।˜ জ্ঞান বি. বহির্বিষয়ের জ্ঞান; ইন্দ্রিয়ের সাহায্যে লব্ধ জ্ঞান; চেতনা।˜ জ্ঞানহীন বিণ. অচেতন, অজ্ঞান।˜ দৃষ্টি বি. চর্মচক্ষুর দ্বারা দর্শন, আপাতদৃষ্টি। বাহ্যিক (বাং. কিন্তু প্রচলিত) বিণ. 1 আপাতদৃষ্ট; 2 বাইরের।

বাহ্য-মান (p. 605) [bāhya-māna] বিণ. বহন করানো হচ্ছে এমন। [সং. √ বহ্ + ণিচ্ + মান (শানচ্)]।

বাহ্যে (p. 605) [bāhyē] বি. 1 মল, বিষ্ঠা; 2 মলত্যাগ (বাহ্যে করা); 3 মলত্যাগের বেগ। [দেশি-তু. বাহ্যকৃত্য]।

বাহ্যেন্দ্রিয় (p. 605) [bāhyēndriẏa] বি. চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ও ত্বক এই পঞ্চ ইন্দ্রিয়। [সং. বাহ্য + ইন্দ্রিয়]।

বাহ্লিক, বাহ্লীক (p. 605) [bāhlika, bāhlīka] বি. 1 আফগানিস্তানের সন্নিহিত আধুনিক বালখ দেশের প্রাচীন নাম; 2 উক্ত দেশের ঘোড়া; 3 কুঙ্কুম; 4 হিং। [সং. √ বল্হ্ + ইক, ঈক]।

বি (p. 605) [bi] বৈপরীত্য (বিপক্ষ); অভাব, বিহীনতা (বিগুণ, বিকল), মন্দত্ব (বিপথ), বিকার (বিবর্ণ), বিশেষ (বিখ্যাত) প্রভৃতি ভাবসূচক উপসর্গবিশেষ। [সং.]।

বি ই (p. 605) [bi i] বি. এনজিনিয়ারিং বিদ্যায় স্নাতক ডিগ্রি। [ইং. B.E.]।

বিউনি (p. 605) [biuni] বি. বেণি, বিনুনি। [সং. বেণি, বেণী]।

বাউলি (p. 605) [bāuli] বি. খোসা-ছাড়ানো মাসকলাই। [সং. বিদলিত]।

বি এ (p. 605) [bi ē] বি. কলাবিভাগে বিশ্ববিদ্যালয়ের স্নাতক বা ব্যাচেলার ডিগ্রি। [ইং. B.A.]।

বি এড (p. 605) [bi ēḍa] বি. শিক্ষণে অর্থাত্ স্কুলে শিক্ষাদান বিষয়ে ডিগ্রি। [ইং. B.Ed.]।

বি এল (p. 605) [bi ēla] বি. আইনবিভাগে বিশ্ববিদ্যালয়ের পূর্বপ্রচলিত স্নাতক ডিগ্রি। [ইং. B.L.]।

বি এসসি (p. 605) [bi ēsasi] বি. বিজ্ঞানে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি। [ইং. B. Sc.]।

বিংশ (p. 605) [bimśa] বিণ. কুড়ি সংখ্যার পূরক। [সং. বিংশতি + অ]।˜ তি বি. বিণ. কুড়ি সংখ্যা বা তার পূরক।˜ তি-তম বিণ. কুড়ি সংখ্যার পূরক। স্ত্রী.˜ তি-তমী। বিংশ শতক, বিংশ শতাব্দ বি. 191 থেকে 2 সাল পর্যন্ত (অন্য মত অনুসারে 21 পর্যন্ত) এক শত বৎসরকাল।

বিঁড়া, (কথ্য) বিঁড়ে (p. 605) [bin̐ḍ়ā, (kathya) bin̐ḍ়ē] বি. বিড়া -র রূপভেদ।

বিঁধ (p. 605) [bin̐dha] বি. 1 ছিদ্র, ফুটো; 2 ফোঁড়। [সং. বিধ্ + বাং. অ]।˜ নো ক্রি. বি. ফুটো করা; ফুটিয়ে দেওয়া।

বিঁধা, বেঁধা (p. 605) [bin̐dhā, bēn̐dhā] ক্রি. বি. 1 বিদ্ধ হওয়া, ফোটা (কাঁটা বেঁধে পায়); 2 ছিদ্র করা (কান বেঁধা হবে); 3 বেঁধানো। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ বিধ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. 1 বিদ্ধ করা বা করানো, ফুটিয়ে দেওয়া বা দেওয়ানো; 2 ছিদ্র করা বা করানো। □ বিণ. উক্ত উভয় অর্থে।

বিকচ1 (p. 605) [bikaca1] বিণ. বিকশিত ('বিকচ কমলাসনে': রবীন্দ্র, 'করুণা-কিরণে বিকচ নয়ান': রবীন্দ্র)। [সং. বি + √ কচ্ + অ]।

বিকচ2 (p. 605) [bikaca2] বিণ. কেশহীন। [সং. বি + কচ]।

বিকচ্ছ (p. 605) [bikaccha] বিণ. 1 কচ্ছহীন, কাছা নেই এমন; 2 কাছা খুলে পড়েছে এমন, মুক্তকচ্ছ। [সং. বি + কচ্ছ]।

বিকট (p. 605) [bikaṭa] বিণ. 1 অদ্ভুত ও ভয়ংকর (বিকট আওয়াজ); 2 বিশাল বা বিরাট ও ভয়ংকর (বিকট চেহারা, বিকট দাঁত); 3 উৎকট, কদর্য (বিকট ভঙ্গি)। [সং. বি. + √ কট্ + অ]। বি.˜ তা। বিকটাকার বিণ. বিকট মূর্তি বা আকারবিশিষ্ট। □ বি. বিকট মূর্তি।

বি কম (p. 605) [bi kama] বি. বাণিজ্য বিভাগে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি। [ইং. B. Com]।

বিকম্পন (p. 605) [bikampana] বি. অতিশয় কম্পন, খুব কাঁপুনি। [সং. বি + √ কম্প্ + অন]।

বিকম্পিত (p. 605) [bikampita] বিণ. অত্যন্ত কম্পিত, প্রবলভাবে কাঁপছে এমন। [সং. বি + √ কম্প্ + ত]।

বিকরাল (p. 605) [bikarāla] বিণ. অতি ভয়ংকর, অত্যন্ত ভয়াল। [সং. বি + করাল]।

বিকর্ণ (p. 605) [bikarṇa] বি. 1 কর্ণহীন; 2 ছিন্নকর্ণ। □ বি. দুর্যোধনের অন্যতম ভ্রাতা। [সং. বি + কর্ণ]।

বিকর্তন (p. 605) [bikartana] বিণ. 1 ছেদনকারী; 2 বিনাশকারী। □ বি. সূর্য। [সং. বি + কর্তন]।

বিকর্ষ, বিকর্ষণ (p. 605) [bikarṣa, bikarṣaṇa] বি. 1 উলটো দিকে আকর্ষণ, বিপরীত টান; 2 (বিজ্ঞা.) বিপ্রকর্ষণ, আকর্ষণের বিপরীত, repulsion (বি.প.)। [সং. বি + কর্ষ, কর্ষণ]। বিকর্ষক বিণ. বিকর্ষণকারী, উলটো দিকে আকর্ষণ করে এমন; বিপ্রকর্ষী, repulsive. বিকর্ষী (-র্ষিন্) বিণ. বিকর্ষক।

বিকর্ষী (p. 605) [bikarṣī] দ্র বিকর্ষ।

বিকল (p. 605) [bikala] বিণ. 1 বিকৃতিগ্রস্ত, কোনো এক বা একাধিক অংশ নেই এমন (বিকলাঙ্গ); 2 অক্ষম, অসমর্থ (শরীর বিকল হওয়া); 3 অচল (বিকল ঘড়ি, বিকল যন্ত্র); 4 অস্থির, বিহ্বল (বিস্ময়বিকল প্রাণ)। [সং. বি + কলা (অংশ)]। বি. ˜ তা, বৈকল্য। বিকলাঙ্গ, বিকলেন্দ্রিয় বিণ. অঙ্গহীন বা প্রতিবন্ধ, বিকৃতাঙ্গ, অন্ধ বধির বা খঞ্জের মতো দেহের কোনো অঙ্গ নেই বা অঙ্গে ত্রুটি আছে এমন।

বিকলা (p. 605) [bikalā] বি. (জ্যামি.) কলা অর্থাত্ মিনিটের 1/6 অংশ, সেকেণ্ড, second (বি.প.)। [সং. বি + কলা]।

বিকলাঙ্গ, বিকলেন্দ্রিয় (p. 605) [bikalāṅga, bikalēndriẏa] দ্র বিকল।

বিকল্প (p. 605) [bikalpa] বি. 1 পরিবর্তে কল্পনা; 2 বদলি, পক্ষান্তর, alternative (পরিশ্রমের বিকল্প নেই, প্রতি প্রশ্নের সঙ্গে বিকল্প প্রশ্ন আছে); 3 বিভিন্ন বা নানাপ্রকার কল্পনা; 4 সংশয়; 5 (ব্যাক.) নিয়মাবলি বা শব্দাদির একাধিক রূপ যেমন মাতুলানী ও মাতুলী; 6 (দর্শ.) বাস্তবে যা নেই, শুধু শব্দজন্য প্রতীতি, যেমন আকাশকুসুম। [সং. বি + কল্প]। বিকল্পিত বিণ. 1 বিকল্পযুক্ত; 2 বিপরীতরূপে কল্পিত; 3 সংশয়যুক্ত; 4 বিভাষিত বা বিভাষাযুক্ত।

বিকল্পে (p. 605) [bikalpē] ক্রি-বিণ. 1 পক্ষান্তরে; 2 বদলি বা পরিবর্ত হিসাবে। [সং. বিকল্প + বাং. এ (7মী বিভক্তি)]।

বিকশন (p. 605) [bikaśana] বি. বিকাশ, প্রকাশ। [সং. বি + √ কশ্ + অন]।

বিকশিত, বিকসিত (p. 605) [bikaśita, bikasita] বিণ. 1 বিকাশ লাভ করেছে এমন, উন্মীলিত; 2 প্রকাশিত ('যৌবনবিকশিত'); 3 প্রস্ফুটিত, ফুল্ল (বিকশিত কুসুম)। [সং. বি + √ কশ্, √ কস্ + ত]।

বিকা (p. 605) [bikā] ক্রি. বিকানো। [সং. বি + √ ক্রী + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 বিক্রীত হওয়া, বিক্রয় হয়ে যাওয়া (পচা মাল সহজে বিকায় না); 2

(আল.) বিলিয়ে দেওয়া (ধর্মবোধ বিকিয়ে দেওয়া); 3 গৃহীত বা আদৃত হওয়া (কেবল নামেই বিকাবে না)। □ বিণ. উক্ত সব অর্থে।

বিকার1 (p. 605) [bikāra1] বি. 1 স্বাভাবিক অবস্থার অন্যথা, বিকৃতি বা বৈগুণ্য, অস্বাভাবিক রূপান্তর বা ভাব (মনোবিকার, চিত্তবিকার); 2 অস্বাস্থ্য, রোগ; 3 ব্যাধির ঘোরে উচ্চারিত প্রলাপ ও মস্তিষ্কবিকৃতি (জ্বরবিকার); 4 বিকৃতি, মন্দ হওয়া, পচ ধরা (আদর্শের বিকার, ধর্মের বিকার); 5 বিকৃতির জন্য অবস্থান্তর (দুধের বিকার দই); 6 পরিবর্তনের ফলে উৎপন্ন বস্তু। [সং. বি + √ কৃ অ]।˜ গ্রস্ত বিণ. 1 বিকার হয়েছে এমন, বিকৃত; 2 প্রলাপ বকছে এমন।˜ হীন বিণ. 1 বিকৃতি নেই এমন; 2 (বাং.) নির্লিপ্ত, নির্বিকার, সমস্তরকম মানসিক চাঞ্চল্য বা উত্তেজনা থেকে মুক্ত। বিকারী (-রিন্) বিণ. 1 বিকারযুক্ত; 2 পরিবর্তনশীল। বিকার্য বিণ. 1 বিকারযোগ্য; 2 পরিবর্তনীয়।

বিকার2 (p. 605) [bikāra2] বি. 1 চওড়া মুখওয়ালা কাচের পানপাত্রবিশেষ; 2 বৈজ্ঞানিক পরীক্ষাগারে ব্যবহৃত চওড়া মুখওয়ালা কাচের পাত্রবিশেষ। [ইং. beaker]।

বিকাল (p. 605) [bikāla] বি. বেলা শেষের সময় বা সন্ধ্যার পূর্ববর্তী দুই তিন ঘণ্টা সময়; অপরাহ্ন, দিনের শেষ দুই বা তিন প্রহরকাল। [সং. বি + কাল]।

বিকাশ, (অপ্র.) বিকাস (p. 605) [bikāśa, (apra.) bikāsa] বি. 1 প্রকাশ (দন্তবিকাশ); 2 উন্মেষ (ভাবের বিকাশ, প্রাণের বিকাশ); 3 বিস্তার, প্রসার (সভ্যতার বিকাশ, বুদ্ধির বিকাশ); 4 প্রস্ফুটন (পুষ্পের বিকাশ)। [সং. বি + √

কাশ্, √ কাস্ + অ]। ~ ন বি. প্রকাশিতকরণ; উন্মীলন, প্রসারণ; প্রস্ফুটন। ~ শীল বিণ. অনুন্নত অবস্থা অতিক্রম করে উন্নতিসাধনে নিরত, উন্নয়নশীল (বিকাশশীল দেশের অর্থনীতি)। বিকাশিত, বিকাসিত বিণ. প্রকাশিত। বিকাশোন্মুখ বিণ. বিকশিত হওয়ার উপক্রম করেছে এমন।

বিকি (p. 605) [biki] বি. বিক্রয়, বেচা (বিকিকিনি)। [সং. বিক্রয়]। ~ কিনি বি. বেচাকেনা।

বিকিনি (p. 605) [bikini] বি. (সাধারণত সমুদ্রবেলায় পরিধেয়) ইয়োরোপীয় স্ত্রীলোকের অতিহ্রস্ব পোশাকবিশেষ। [ইং. bikini]।

বিকিরণ (p. 605) [bikiraṇa] বি. 1 বিভিন্ন দিকে বিস্তার বা বিক্ষেপ (আলোকরশ্মির বিকিরণ, শিক্ষার বিকিরণ); 2 ছড়ানো [সং. বি + √ কৃ + অন]। বিকীর্ণ বিণ. 1 ছড়ানো হয়েছে এমন (বিকীর্ণকেশা); 2 বিক্ষিপ্ত, বিস্তীর্ণ। বিকীর্য-মান বিণ. বিকীর্ণ হচ্ছে এমন।

বিকুলি (p. 605) [bikuli] বি. ব্যাকুল ভাব, ব্যাকুলতা (আকুলিবিকুলি)। [সং. ব্যাকুল > বিকুল + বাং. ই]।

বিকৃত (p. 605) [bikṛta] বিণ. 1 বিকারপ্রাপ্ত, অস্বাভাবিক রূপপ্রাপ্ত বা অবস্থাপ্রাপ্ত (বিকৃত মন); 2 অযথার্থ (বিকৃত বর্ণনা); 3 শ্রীভ্রষ্ট (বিকৃত চেহারা); 4 বিকট (বিকৃত মূর্তি); 5 পচা (বিকৃত মাংস); 6 দোষযুক্ত (বিকৃত রুচি); 7 ব্যাধিগ্রস্ত (বিকৃতমস্তিষ্ক)। [সং. বি + √ কৃ + ত]। ~ কণ্ঠ, ~ স্বর বি. অস্বাভাবিক স্বর; ভাঙা গলা। □ বিণ. স্বর বিকৃত হয়েছে বা গলা ভেঙেছে এমন। ~ মস্তিষ্ক

বিণ. উন্মত্ত, পাগল। □ বি. বিকারগ্রস্ত মস্তিষ্ক।˜ রুচি বি. কুরুচি। □ বিণ. অসুন্দর রুচিযুক্ত। বিকৃতি বি. বিকৃত ভাব বা অবস্থা, বিকার; রোগ।

বিকৃষ্ট (p. 605) [bikr̥ṣṭa] বিণ. 1 আকৃষ্ট; 2 পৃথক্কৃত; 3 (বাং.) বিপরীত দিকে আকৃষ্‌ট। [সং. বি + √ কৃষ্ + ত]।

বিকেন্দ্রণ (p. 605) [bikēndraṇa] বি. 1 কেন্দ্রীয় সরকারের শাসন থেকে মুক্ত করে প্রাদেশিক সরকারের শাসনাধীনে আনয়ন, decentralization (স.প.); 2 কেন্দ্রীভূত ক্ষমতা বিভিন্ন হাতে বা সংস্থার মধ্যে বণ্টন। [বাং. বিকেন্দ্র < সং. বি + কেন্দ্র, + বাং. অন]। বিকেন্দ্রিত বিণ. বিকেন্দ্রণ করা হয়েছে এমন, decentralized. বিকেন্দ্রী-করণ বি. বিকেন্দ্রণ।

বিক্রম (p. 605) [bikrama] বি. 1 শক্তি, বল; 2 পরাক্রম, প্রতাপ (জমিদারের বিক্রম); 3 শৌর্য, বীরত্ব (বলবিক্রম)। [সং. বি + √ ক্রম্ +অ]।˜ শালী (-লিন্), বিক্রমী (-মিন্) বিক্রান্ত বিণ. শক্তিমান; পরাক্রমশালী, পরাক্রান্ত; বীর।

বিক্রমাব্দ (p. 605) [bikramābda] বি. বিক্রমাদিত্য কতৃক প্রবর্তিত সংবত্, বর্ষ। [সং. বিক্রম + অব্দ]।

বিক্রয় (p. 605) [bikraẏa] বি. মূল্যের বিনিময়ে স্বত্ব বা অধিকার ত্যাগ, বেচা। [সং. বি + ক্রয়]।˜ কেন্দ্র বি. বিক্রয়ের স্থান।˜ পত্র বি. বিক্রয়সংক্রান্ত দলিল।˜ মূল্য বি. যে-মূল্যে বিক্রয় করা হবে।˜ যোগ্য বিণ. বিক্রয় করতে হবে বা বিক্রয় করা যেতে পারে বা বিক্রয় করা উচিত এমন।˜ লব্ধ বিণ. বিক্রয়ের ফলে পাওয়া গেছে এমন (বিক্রয়লব্ধ অর্থ)। বিক্রয়িক, বিক্রয়ী (-য়িন্), বিক্রেতা

বিণ. বি. বিক্রয়কারী। স্ত্রী. বিক্রয়িকা, বিক্রয়িণী, বিক্রেত্রী। বিক্রীত বিণ. বিক্রয় করা হয়েছে এমন। বিক্রেয় বিণ. বিক্রয়যোগ্য; বিক্রয়সাধ্য বা বিক্রয় করা যায় এমন।

বিক্রান্ত (p. 605) [bikrānta] দ্র বিক্রম।

বিক্রিয়া (p. 605) [bikriẏā] বি. 1 বিকৃতি, বিকার (চিত্তবিক্রিয়া); 2 (রাসায়নিক) প্রতিক্রিয়া, reaction (বি.প.)। [সং. বি + ক্রিয়া]।

বিক্রীড়িত (p. 605) [bikrīḍ়ita] বি. নানাপ্রকার খেলা। [সং. বি + √ ক্রীড়্ + ত]।

বিক্রীত, বিক্রেতা, বিক্রেয় (p. 605) [bikrīta, bikrētā, bikrēẏa] দ্র বিক্রয়।

বিক্লব (p. 605) [biklaba] বিণ. 1 আচ্ছন্ন, বিহ্বল; 2 মোহান্ধ, মোহমুগ্ধ; 3 কাতর; 4 বিকল। [সং. বি + √ ক্লব্ (ভয়) + অ]। বি. বৈক্লব্য।

বিক্ষত (p. 605) [bikṣata] বিণ. বিশেষভাবে আহত বা আঘাতের ফলে ক্ষত (ক্ষতবিক্ষত)। [সং. বি + ক্ষত]।

বিক্ষিপ্ত (p. 605) [bikṣipta] বিণ. 1 ইতস্তত নিক্ষিপ্ত বিচ্ছুরিত বা বিকীর্ণ; 2 এলোমেলো (বিক্ষিপ্ত আলোচনা); 3 অস্থির, অব্যবস্থিত (বিক্ষিপ্ত মন)।[সং. বি + √ ক্ষিপ্ + ত]। বি. বিক্ষেপ।

বিক্ষুব্ধ (p. 605) [bikṣubdha] বিণ. 1 বিশেষ ক্ষোভযুক্ত, বিশেষ দুঃখিত (বিক্ষুব্ধ গোষ্ঠী, বিক্ষুব্ধ জনগণ); 2 বিচলিত, আলোড়িত, অস্থির, চঞ্চল (বিক্ষুব্ধ বন, বিক্ষুব্ধ সমুদ্র)। [সং. বি + ক্ষুব্ধ]।

বিক্ষেপ (p. 605) [bikṣēpa] বি. 1 ইতস্তত নিক্ষেপ; 2 যাপন (কালবিক্ষেপ); 3 চাঞ্চল্য, অস্থিরতা (চিত্তবিক্ষেপ)। [সং. বি + √ ক্ষিপ্ + অ]।

বিক্ষোভ (p. 605) [bikṣōbha] বি. 1 আলোড়ন, চাঞ্চল্য (চিত্তবিক্ষোভ, প্রবৃত্তির বিক্ষোভ); 2 অস্থিরতা, সংক্ষোভ (তরঙ্গ বিক্ষোভ); 3 বিশেষ অসন্তোষ ও তজ্জনিত প্রতিবাদ-আন্দোলন (ছাত্রবিক্ষোভ)। [সং. বি + ক্ষোভ]। বিক্ষোভ প্রদর্শন বি. অসন্তোষ প্রকাশের জন্য সমবেতভাবে বিক্ষোভ দেখানো। বিক্ষোভ মিছিল বি. অসন্তোষ প্রকাশের জন্য একত্রে যাত্রা। বিক্ষোভ সমাবেশ বি. বিক্ষোভ দেখানোর জন্য জমায়েত।

বিখাউজ (p. 605) [bikhāuja] বি. হাজা বা ওইজাতীয় চর্মরোগ। [তু. সং. খর্জু]।

বিখ্যাত (p. 605) [bikhyāta] বিণ. অনেকেই যার নাম ও কীর্তির কথা জানে, প্রসিদ্ধ, বিশেষভাবে খ্যাত। [সং. বি + খ্যাত]। স্ত্রী. বিখ্যাতা। বিখ্যাতি বি. প্রসিদ্ধি, বিশেষ খ্যাতি।

বিখ্যাপন (p. 605) [bikhyāpana] বি. 1 কীর্তিজ্ঞাপন, খ্যাতি প্রচার; 2 বিজ্ঞাপন। [সং. বি + খ্যাপন]।

বিগড়নো, বিগড়ানো (p. 605) [bigaḍ়nō, bigaḍ়ānō] ক্রি. বি. 1 বিকৃত বা নষ্ট হওয়া (বুদ্ধি বিগড়ানো); 2 অচল হওয়া বা করা (কল বিগড়ানো, মেশিন বিগড়ানো); 3 কুপথে যাওয়া বা কুপথগামী করা, অধঃপতিত হওয়া বা অধঃপতিত করা (বন্ধুরাই ছেলেটাকে বিগড়েছে, চরিত্র বিগড়ানো); 4 প্রতিকূল হওয়া বা করা (সাক্ষী বিগড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে। [হি. বিগাড়়-তু. সং. বি + √ ঘট্]।

বিগণন (p. 605) [bigaṇana] বি. 1 সংখ্যা করা, গণনা করা, গণন; 2 ঋণ পরিশোধ। [সং. বি + গণন]। বিগণিত বিণ. 1 গণনা করা হয়েছে এমন; 2 ঋণ শোধ করা হয়েছে এমন।

বিগত (p. 605) [bigata] বিণ. 1 যা অতীত হয়েছে এমন, অতীত, গত (বিগত বৎসর); 2 প্রস্থিত, চলে গেছে এমন, অতিক্রান্ত (বিগত যৌবন); 3 অপগত; 4 নষ্ট (বিগতশ্রী); 5 মৃত (বিগতপ্রাণ)। [সং.বি + গত]।˜ প্রাণ বিণ. মৃত, নিষ্প্রাণ।˜ ভী বিণ. 1 যার ভয় দূর হয়েছে; 2 নির্ভীক।˜ যৌবন বিণ. যার যৌবন অতিক্রান্ত হয়েছে, যৌবন পার হয়ে গেছে এমন।˜ শোক বিণ. যার দুঃখ দূর হয়েছে।˜ শ্রী বিণ. 1 শ্রীহীন; 2 সৌন্দর্য নষ্ট হয়েছে এমন।˜ স্পৃহ বিণ. 1 আকাঙ্ক্ষা বা বাসনা দূর হয়েছে এমন; 2 নিস্পৃহ।

বিগতার্তবা (p. 605) [bigatārtabā] বিণ. (স্ত্রী.) যার রজঃ নিবৃত্ত বা বন্ধ হয়েছে, নিবৃত্তরজস্বা। [সং. বিগত + আর্তব (রজঃ) + আ]।

বিগম (p. 605) [bigama] বি. 1 অপগম, প্রস্থান; চলে যাওয়া 2 অবসান (দিবসবিগম); 3 নাশ; 4 নিবৃত্তি। [সং. বি + √ গম্ + অ]।

বিগর্হণ (p. 605) [bigarhaṇa] বি. 1 অপবাদ, কলঙ্ক, নিন্দা; 2 তিরস্কার। [সং. বি + √ গর্হ্ + অন]। বিণ. বিগর্হিত।

বিগর্হিত (p. 605) [bigarhita] বিণ. 1 অতিশয় নিন্দিত বা তিরস্কৃত; 2 নিষিদ্ধ; 3 বিশেষ কলঙ্কজনক বা নিন্দাজনক (বিগর্হিত আচরণ); 4 দূষিত। [সং. বি + গর্হিত]। তু. গর্হিত।

বিগলন (p. 605) [bigalana] বি. 1 বিগলিত হওয়া, গলে যাওয়া, দ্রবণ; 2 ক্ষরণ; 3 স্খলন। [সং. বি + গলন]। বিগলিত বিণ. 1 সম্পূর্ণরূপে গলিত বা দ্রবীভূত (ভাবে বিগলিত, স্নেহরসে বিগলিত); 2 বিশেষভাবে ক্ষরিত বা নিঃসৃত (বিগলিত অশ্রু); 3 স্খলিত (বিগলিতবসনা); 4 নষ্ট, পচা (বিগলিত শব)। বিগলিত চিত্তে ক্রি-বিণ. ভাবে বা আবেগে গদগদ হয়ে।

বিগুণ (p. 605) [biguṇa] বিণ. 1 গুণহীন, সদ্গুণ নেই এমন (স্বধর্ম বিগুণ হলেও আদরণীয়); 2 বিকৃত; 3 প্রতিকূল ('বিধি বিগুণ আমায়': কৃত্তি); 4 জ্যাশূন্য। □ বি. ক্ষতি, অপকার (এ আপনার কোনো বিগুণ করবে না)। [সং. বি + গুণ]।

বিগ্ন (p. 605) [bigna] বিণ. 1 উদ্বিগ্ন, উৎকণ্ঠিত; 2 ভীত। [সং. √ বিজ্ + ত]।

বিগ্রহ (p. 605) [bigraha] বি. 1 দেবতার মূর্তি, দেবপ্রতিমা (বিগ্রহসেবা); 2 যুদ্ধ (সন্ধি-বিগ্রহ); 3 দেহ; 4 কলহ, বিবাদ; 5 বিভাগ; 6 বিস্তার; 7 (ব্যাক.) সমাসের অর্থবোধক বাক্য, ব্যাসবাক্য। [সং. বি + √ গ্রহ্ + অ]।

বিঘটন (p. 605) [bighaṭana] বি. 1 বিশ্লেষণ, analysis; 2 ব্যাঘাত; 3 বিরোধ; 4 অনিষ্ট, ক্ষতি (অঘটন-বিঘটন); 5 বিকাশ; 6 অশুভ বা অশান্তিজনক ঘটনা। [সং. বি + √ ঘট্ + অন]। বিঘটিত বিণ. 1 বিশ্লেষিত; 2 ব্যাহত; 3 বিশেষরূপে রচিত; 4 বিকশিত; 5 এলোমেলোভাবে ঘটেছে এমন। □ বি. (ব্রজ.) বিপরীত বা মন্দ ঘটনা, অনিষ্ট ('এ বিঘটিত বিহি নিরমাণ': বিদ্যা)।

বিঘট্টন (p. 605) [bighaṭṭana] বি. 1 একটি চলন্ত বস্তুর সঙ্গে আর একটির সংঘর্ষ; 2 প্রবল আলোড়ন; 3 ঘর্ষণ; 4 খুব জোরে ঘাঁটা। [সং. বি + √ ঘট্ট্ + অন]। বিণ. বিঘট্টিত।

বিঘত (p. 610) [bighata] বি. হাতের চেটো প্রসারিত করলে বৃদ্ধাঙ্গলির ডগা থেকে কনিষ্ঠার ডগা পর্যন্ত মাপ, আধহাত বা দ্বাদশ অঙ্গুলি পরিমাণ। [প্রাকৃ. বিহত্থি < সং. বিতস্তি]।

বিঘা (p. 610) [bighā] বি. ভূমির পরিমাণবিশেষ, কুড়ি কাঠা বা 144 বর্গফুট পরিমাণ। [প্রাকৃ. বিগ্গহ < সং. বিগ্রহ]।˜ কালি বি. বিঘার হিসাবে জমির পরিমাণ।

বিঘাত (p. 610) [bighāta] বি. 1 আঘাত (আঘাত-বিঘাত, শরবিঘাত); 2 বিনাশ, হত্যা, ধ্বংস; 3 নিবারণ, নিরাকরণ; 4 ব্যাঘাত, বাধাবিঘ্ন। [সং. বি + √ হন্ + অ]।˜ ক, বিঘাতী (-তিন্) বিণ. 1 বিনাশকারী (প্রাণবিঘাতক); 2 আঘাত করে এমন; 3 বাধাজনক, বিঘ্নকর; 4 নিবারক।

বিঘূর্ণন (p. 610) [bighūrṇana] বি. বিশেষভাবে ঘূর্ণন বা ঘোরা। [সং. বি + ঘূর্ণন]। বিঘূর্ণিত বিণ. 1 বিশেষভাবে ঘূর্ণিত হয়েছে বা হচ্ছে এমন; 2 বিশেষভাবে আন্দোলিত বা সংক্ষুব্ধ (বিঘূর্ণিত সমুদ্র)।

বিঘোষণ (p. 610) [bighōṣaṇa] বি. বিশেষভাবে ঘোষণা বা প্রচার; ব্যাপক প্রচার। [সং. বি + √ ঘুষ্ + অন]। বিঘোষিত বিণ. সর্বত্র বা ব্যাপকভাবে ঘোষিত বা প্রচারিত।

বিঘ্ন (p. 610) [bighna] বি. 1 বাধা, ব্যাঘাত, প্রতিবন্ধ; 2 বিপদ। [সং. বি + √ হন্ + অ]।˜ কর,˜ কারী (-রিন্) বিণ. বাধাজনক; বাধা সৃষ্টি করে এমন।˜ নাশন,˜ বিনাশন,˜ হর,˜ হারী (-হারিন্) বিণ. বিঘ্ন দূরকারী। □ বি. সিদ্ধিদাতা গণেশ।˜ পূর্ণ,˜ ময় বিণ. বাধাজনক, বিঘ্নসংকুল।˜ সংকুল বিণ. বাধাবিঘ্নযুক্ত, বিঘ্নপূর্ণ। বিঘ্নিত বিণ. বাধাপ্রাপ্ত; প্রতিহত (শান্তি বিঘ্নিত হওয়া, অগ্রগতি বিঘ্নিত হওয়া)।

বিচ (p. 610) [bica] বি. মধ্য। □ ক্রি-বিণ. মধ্যে। [হি. বিচ]।

বিচক্ষণ (p. 610) [bicakṣaṇa] বিণ. 1 সুবিবেচক (বিচক্ষণ সমালোচক); 2 জ্ঞানী, বিদ্বান, পণ্ডিত; 3 অভিজ্ঞ; 4 দূরদর্শী; 5 কর্মকুশল, দক্ষ (বিচক্ষণ কর্মচারী)। [সং. বি + √ চক্ষ্ + অন]।˜ তা বি. সুবিবেচনা; পাণ্ডিত্য; অভিজ্ঞতা; দক্ষতা।

বিচঞ্চল (p. 610) [bicañcala] বিণ. বিশেষভাবে বা অতিশয় চঞ্চল। [সং. বি + চঞ্চল]।

বিচয়, বিচয়ন (p. 610) [bicaẏa, bicaẏana] বি. 1 বেছে নিয়ে একত্র করা; 2 সংগ্রহ; 3 অনুসন্ধান; 4 ফুল ইত্যাদি চয়ন। [সং. বি + √ চি + অ, অন]। বিচিত বিণ. একত্রীকৃত; সংগৃহীত; অনুসন্ধিত; চয়িত।

বিচরণ (p. 610) [bicaraṇa] বি. ইতস্তত ভ্রমণ বা চলাফেরা। [সং. বি + √ চর্ + অন]।˜ কারী (-রিন্) বিণ. ইতস্তত ভ্রমণকারী।˜ শীল বিণ. ইতস্তত চলে-ফিরে বেড়াচ্ছে এমন।

বিচরা (p. 610) [bicarā] ক্রি. (কাব্যে) বিচরণ করা, বেড়ানো ('বিচরে সুখে')। [সং. বি + √ চর্ + বাং. আ]।

বিচর্চিকা (p. 610) [bicarcikā] বি. খোসপাঁচড়াদি চর্মরোগ। [সং. বি + √ চর্চ্ + অক + আ]।

বিচল, বিচলিত (p. 610) [bicala, bicalita] বিণ. 1 অস্থির, চঞ্চল (দুঃখে বিচলিত, বিচলিত মন, কর্তব্যে অবিচল); 2 আন্দোলিত, আলোড়িত; 3 স্খলিত, ভ্রষ্ট (ধর্মপথ থেকে বিচলিত হওয়া); 4 স্থানচ্যুত। [সং. বি + √ চল্ + অ, ত]। স্ত্রী. বিচলা, বিচলিতা। বিচলন বি. 1 অস্থিরতা, চঞ্চলতা; 2 আলোড়ন; 3 স্খলন; 4 এক স্থান থেকে অন্য স্থান সরে যাওয়া।

বিচার (p. 610) [bicāra] বি. 1 ভেবেচিন্তে দেখা, বিবেচনা (ব্যাপারটা তোমার বিচারের উপরই ছেড়ে দিলাম); 2 যুক্তি প্রয়োগের দ্বারা স্বরূপনির্ণয়; 3 সিদ্ধান্তে উপনীত হওয়া, মীমাংসা, নিষ্পত্তি; 4 সত্য-মিথ্যা, হার-জিত, ন্যায় অন্যায় প্রভৃতি

নিরূপণ; 5 রায় (আদালতের বিচার); 6 শুচিতার বাতিক, অতিরিক্ত বাছ (এঁটোর বিচার)। [সং. বি + √ চর্ + অ]। ˜ ক, ˜ কর্তা (-র্তৃ), ˜ পতি বি. যিনি বিচার করেন; জজ। ˜ ক্ষম বিণ. সুবিচার করতে সমর্থ। ˜ ণ, ˜ ণা বি. 1 বিচারকার্য; 2 বিবেচনা। ˜ ণীয়, বিচার্য বিণ. যুক্তির দ্বারা নিরুপণীয়; নির্ণয় বা বিচার করতে হবে এমন, বিবেচ্য (বিচার্য বিষয়)। ˜ ফল বি. বিচারকের রায় বা সিদ্ধান্ত। ˜ বিবেচনা বি. বিশেষভাবে চিন্তা ও বিচার। ˜ বিহীন, ˜ শূন্য বিণ. 1 ন্যায়বিচার-রহিত; 2 অবিবেচক। ˜ বুদ্ধি বি. যুক্তির দ্বারা ভালো-মন্দ, ন্যায়-অন্যায় বা কর্তব্য-অকর্তব্য নিরূপণের ক্ষমতা; বিবেচনা করার ক্ষমতা। ˜ ব্যবস্থা বি. আদালতের মাধ্যমে বিচারের পদ্ধতি ও নিয়মকানুন। ˜ সাপেক্ষ বিণ. কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বিচার করে দেখার প্রয়োজন আছে এমন; বিচারবিবেচনার যোগ্য। বিচারা ক্রি. (কাব্যে) বিচার বা বিবেচনা করা ('বিচারিল মনে')। বিচারাধীন বিণ. বিচারবিবেচনা করা হচ্ছে বা হবে এমন; বিচার্য। বিচারালয় বি. যেখানে বিচার করা হয়, আদালত, ধর্মাধিকরণ। বিচারিত বিণ. বিচার করা হয়েছে এমন, মীমাংসিত; বিবেচিত। বিচারী (-রিন্) বিণ. বিচারকারী। বিচার্য বিণ. বিচার করতে হবে বা করা উচিত এমন; বিবেচনীয়।

বিচালি (p. 610) [bicāli] বি. ধানের খড়। [দেশি]।

বিচি, বীচি (p. 610) [bici, bīci] বি. 1 ফল বা শস্যাদির ভিতরের ক্ষুদ্র আঁটি বা বীজ; 2 অণ্ডকোষ। [সং. বীজ]।

বিচি-কিচ্ছি (p. 610) [bici-kicchi] বিণ. অত্যন্ত কুৎসিত বা বিকট, কিম্ভূতকিমাকার, বিশ্রী। [দেশি-তু. সং. বিচিকিৎসা]।

বিচিকিৎসা (p. 610) [bicikitsā] বি. সন্দেহ, সংশয়। [সং. বি + √ কিত্ + সন্ + অ+ আ]।

বিচিত (p. 610) [bicita] দ্র বিচয়।

বিচিত্র (p. 610) [bicitra] বিণ. 1 নানাবর্ণবিশিষ্ট (চিত্রবিচিত্র); 2 নানাভাবে চিত্রিত; 3 নানা বিষয় ও রূপসমন্বিত (বিচিত্র জগত্); 4 বিস্ময়কর (বিচিত্র লীলা); 5 মনোরম, সুন্দর (বিচিত্র দৃশ্য); 6 অদ্ভুত (বিচিত্র স্বভাব, বিচিত্র আচরণ)। [সং. বি + চিত্র]। স্ত্রী. বিচিত্রা। বি.˜ তা। বিচিত্রিত বিণ. বিচিত্র করা হয়েছে এমন; নানা বর্ণে রঞ্জিত। স্ত্রী. বিচিত্রিতা।

বিচিত্র-বীর্য (p. 611) [bicitra-bīrya] বিণ. বিস্ময়কর বীরত্ববিশিষ্ট। □ বি. (মহাভারতে) শান্তনুর পুত্র। [সং. বিচিত্র + বীর্য]।

বিচিত্রানুষ্ঠান (p. 611) [bicitrānuṣṭhāna] বি. গান-বাজনা-হাস্যকৌতুক প্রভৃতির অনুষ্ঠান; জলসা। [সং. বিচিত্র + অনুষ্ঠান]।

বিচিন্তা (p. 611) [bicintā] বি. বিশেষ চিন্তা বা বিবেচনা। [সং. বি + চিন্তা]। বিচিন্তিত বিণ. বিশেষভাবে চিন্তা বিবেচনা বা ধ্যান করা হয়েছে এমন। বিচিন্ত্য বিণ. বিশেষভাবে চিন্তনীয় বা বিবেচ্য। বিচিন্ত্য-মান বিণ. বিশেষবাবে চিন্তা করা বা বিবেচিত হচ্ছে এমন।

বিচূর্ণ, বিচূর্ণিত (p. 611) [bicūrṇa, bicūrṇita] বিণ. বিশেষভাবে বা ভালোভাবে গুঁড়ো করা হয়েছে এমন। [সং. বি + চূর্ণ, চূর্ণিত]। বিচূর্ণন বি. উত্তমরূপে চূর্ণীকরণ, trituration (বি.প.)।

বিচেতন (p. 611) [bicētana] বিণ. অচেতন, চেতনাহীন। [সং. বি + চেতন]।

বিচেয় (p. 611) [bicēẏa] বিণ. 1 সংগ্রহযোগ্য; 2 অন্বেষণ বা সন্ধান করার যোগ্য। [সং. বি + √ চি + য]।

বিচেষ্ট (p. 611) [bicēṣṭa] বিণ. চেষ্টাহীন, উদ্যমহীন। [সং. বি + চেষ্টা]।

বিচেষ্টিত1 (p. 611) [bicēṣṭita1] বিণ. চেষ্টাহীন, উদ্যমহীন। [সং. বি + চেষ্টিত]।

বিচেষ্টিত2 (p. 611) [bicēṣṭita2] বি. 1 বিশেষ চেষ্টা; 2 অনুষ্ঠিত কর্ম। □ বিণ. অন্বেষিত, খোঁজা হয়েছে এমন। [সং. বি + √ চেষ্ট্ + ত]।

বিচ্ছায় (p. 611) [bicchāẏa] বি. ছায়াহীনতা, ছায়ার অভাব। □ বিণ. ছায়াহীন (বিচ্ছায় প্রান্তর)। [সং. বি + ছায়া]।

বিচ্ছিত্তি (p. 611) [bicchitti] বি. 1 বিচ্ছেদ; 2 বিনাশ, নাশ; 3 নারীর বেশবিন্যাস; 4 নারীর অঙ্গরাগ; 5 বৈচিত্র্য। [সং. বি + √ ছিদ্ + তি]।

বিচ্ছিন্ন (p. 611) [bicchinna] বিণ. 1 সম্পূর্ণ পৃথক বা ভিন্ন (দু-তিনটি বিচ্ছিন্ন ঘটনা); 2 সম্পর্কশূন্য (সংসার থেকে বিচ্ছিন্ন, দল থেকে বিচ্ছিন্ন); 3 বিযুক্ত, বিভক্ত (বিচ্ছিন্ন অংশদুটিকে জোড়া হল)। [সং. বি + ছিন্ন]। বি.˜ তা। স্ত্রী. বিচ্ছিন্না। বিচ্ছিন্নতা-বাদ বি. বিভেদপনহা, ঐক্য বা সংহতি বিনষ্টকারী পন্থা বা মতবাদ। বিচ্ছিন্নতাবাদী বি. বিণ. উক্ত মত বাদে বিশ্বাসী কিংবা উক্ত ধরনের কার্যকলাপে লিপ্ত।

বচ্ছিরি (p. 611) [bacchiri] বিণ. বিশ্রী -র কথ্য রূপকদর্য, অশোভন, অবাঞ্ছিত। [< সং. বিশ্রী]।

বিচ্ছু (p. 611) [bicchu] বি. 1 কাঁকড়া বিছে; 2 বিছে; 3 (কথ্য) অতি ধূর্ত ও অনিষ্টকারী লোক; 4 অতি দুরন্ত শিশু। [হি. বিচ্ছু < প্রাকৃ. বিচ্ছা]।

বিচ্ছুরণ (p. 611) [bicchuraṇa] বি. 1 (বিজ্ঞা.) আলোকরশ্মির বিভিন্ন বর্ণে বিশ্লেষণ বা বিকিরণ, dispersion (বি.প.); 2 (সং.) অনুলেপন; 3 অনুরঞ্জন। [সং. বি + √ ছুর্‌ + অন]। বিচ্ছুরিত বিণ. 1 বিভিন্ন বর্ণে বিশ্লিষ্ট, বিকীর্ণ; 2 অনুলেপিত; 3 রঞ্জিত।

বিচ্ছেদ (p. 611) [bicchēda] বি. 1 বিয়োগ, বিরহ, ছাড়াছাড়ি (স্বজনবিচ্ছেদ, বিচ্ছেদব্যথা); 2 বিভেদ, পার্থক্য; 3 বিরতি; 4 বিশ্লেষণ (সন্ধিবিচ্ছেদ)। [সং. বি + √ ছিদ্‌ + অ]।˜ কাতর,˜ ক্লিষ্ট বিণ. বিরহে বা ছাড়াছাড়ি হওয়ায় কাতর।˜ কামী বিণ. বিভেদ বা পার্থক্য বা বিচ্ছিন্নতা কামনা করে এমন।˜ ন বি. পৃথক্করণ।˜ মূলক বিণ. 1 পার্থক্য করে এমন; 2 ঐক্য বা সংহতি বিনষ্ট করে এমন।

বিচ্যুত (p. 611) [bicyuta] বিণ. 1 স্খলিত (নীতি থেকে বিচ্যুত, কর্তব্য থেকে বিচ্যুত); 2 পতিতি, ভ্রষ্ট (সমাজ থেকে বিচ্যুত)। [সং. বি + √ চ্যু + ত]। বিচ্যুতি বি. 1 স্খলন, চ্যুতি (নীতি থেকে বিচ্যুতি); 2 ত্রুটি, অপরাধ (ত্রুটিবিচ্যুতি); 3 বিচ্ছিন্ন হওয়া।

বিছা1 (p. 611) [bichā1] বি. 1 বৃশ্চিক, বিছে; 2 বিছেহার, কণ্ঠভূষণবিশেষ। [প্রাকৃ. বিচ্ছা < সং. বৃশ্চিক]।

বিছা2 (p. 611) [bichā2] ক্রি. বিছানো (চাদর বিছাও)। [< সং. বি +√ স্তৃ + বাং. আ-তু. হি. বিস্তারা]।˜ নো ক্রি. বি. 1 বিস্তার করা, পাতা (মাদুর বিছানো); 2 ছড়ানো, বিন্যস্ত করা (কাঁকর বিছানো)। □ বিণ. উক্ত সব অর্থে (কাঁকর বিছানো পথ)।

বিছানা (p. 611) [bichānā] বি. শয্যা। [বিছা2 দ্র]।

বিছানো (p. 611) [bichānō] দ্র বিছা2।

বিছুটি (p. 611) [bichuṭi] বি. ছোটো বুনো গাছবিশেষ যা শরীরে লাগামাত্র চুলকায় ও জ্বালা করে। [সং. বৃশ্চিকালী-তু. ওড়ি. বিছু-আতি]।

বিছুরা, বিছুরানো (p. 611) [bichurā, bichurānō] ক্রি. (ব্রজ.) 1 বিস্মৃত হওয়া; 2 ত্যাগ করা। [< সং. বি + √ স্মৃ]।

বিজড়িত (p. 611) [bijaḍ়ita] বিণ. 1 যুক্ত (স্মৃতিবিজড়িত); 2 বিশেষভাবে বা বিশ্রীরকম জড়িয়ে গেছে এমন। [সং. বি + জড়িত]।

বিজন (p. 611) [bijana] বিণ. জনহীন, নির্জন, নিভৃত ('রাজার বিজন কানন-মাঝারে': রবীন্দ্র)। □ বি. জনহীন স্থান ('আমি কেন একলা বসে এই বিজনে': রবীন্দ্র)। [সং. বি + জন]। ˜ বাসী (-সিন্) বিণ. নিরালায় বা জনহীন স্থানে বসবাসকারী।

বিজনন (p. 611) [bijanana] বি. 1 জন্মদান, প্রসব; 2 উৎপত্তি। [সং. বি + √ জন্ + অন]।

বিজনি, (বর্জি.) বিজনী (p. 611) [bijani, (barji.) bijanī] বি. হাতপাখা ('বেহুলা বিজনী বুনিল': বি. গু)। [সং. ব্যজনী]।

বিজন্মা (p. 611) [bijanmā] (-ন্মন্) বিণ. যার জন্মের ঠিক নেই, জারজ, বেজন্মা। [সং. বি + জন্মন্]।

বিজ-বিজ (p. 611) [bija-bija] বি. অব্য. বহু ক্ষুদ্র কীটের সমাবেশের ভাব প্রকাশক, গিজগিজ, থিকথিক (পোকা বিজবিজ করছে)। [ধ্বন্যা.]।

বিজয় (p. 611) [bijaẏa] বি. 1 জয়, জিত, প্রতিপক্ষকে পরাজিত বা দমিত করা; 2 সাফল্য; 3 (প্রা. বাং.) গমন, প্রস্থান ('গঙ্গাতীরে দেবী করিলা বিজয়': চৈ. ভা.)। [সং. বি + জয়]। ˜ কেতন বি. জয়পতাকা। ˜ গর্ব বি. জয়লাভের জন্য গর্ব। ˜ দৃপ্ত বিণ. জয়লাভের ফলে গর্বিত। ˜ লক্ষ্মী বি. জয়ের অধিষ্ঠাত্রী দেবী। ˜ স্তম্ভ

বি. বিজয় বা জয়লাভের স্মারক হিসাবে নির্মিত স্তম্ভ বা মিনার। বিজয়ী (-য়িন্), বিজেতা (-তৃ) বিণ. জয়লাভকারী। স্ত্রী. বিজয়িনী, বিজেত্রী। বিজয়োত্-সব বি. 1 জয়লাভ উপলক্ষ্যে উৎসব [বিজয় + উৎসব]; 2 বিজয়াদশমীর উৎসব [বিজয়া + উৎসব]। বিজয়োন্মত্ত বিণ. জয়ের আনন্দে পাগলপ্রায়। বিজিত বিণ. 1 পরাজিত (বিজিত শত্রু); 2 জয় করে নেওয়া হয়েছে এমন (বিজিত রাজ্য, বিজিত দেশ)। স্ত্রী. বিজিতা। বিজেয় বিণ. জয় করা যায় বা উচিত এমন, জয়সাধ্য বা জয়যোগ্য।

বিজয়া (p. 611) [bijaẏā] বি. 1 দুর্গাদেবী; 2 দুর্গার জনৈকা সখী (মতান্তরে কন্যা); 3 বিজয়াদশমী; 4 দুর্গার গান (বিজয়া গাওয়ার দল); 5 সিদ্ধি বা ভাং। [সং. বি + জয় + আ (স্ত্রী)]। ˜ দশমী বি. যে তিথিতে দুর্গাপ্রতিমা বিসর্জন দেওয়া হয়। ˜ সংগীত বি. পার্বতী বা উমার আশ্বিন মাসে পিতৃগৃহে যাওয়ার বেদনা অবলম্বনে রচিত গান।

বিজয়িনী, বিজয়ী, বিজয়োৎসব (p. 611) [bijaẏinī, bijaẏī, bijaẏōtsaba] দ্র বিজয়।

বিজর (p. 611) [bijara] বিণ. জরাহীন; বার্ধক্যহীন। [সং. বি + জরা]।

বিজলি, (বর্জি.) বিজলী (p. 611) [bijali, (barji.) bijalī] বি. 1 বিদ্যুত্, তড়িত্; 2 বৈদ্যুতিক বাতি। [প্রাকৃ. বিজ্জুলী < সং. বিদ্যুত্-তু. সাঁও. বিজলি]। ˜ বাতি বি. বিদ্যুতের সাহায্যে জ্বালানো বাতি, electric light.

বিজল্প (p. 611) [bijalpa] বি. 1 বিশেষ জল্পনা বা কথিত বচন; 2 প্রলাপবাক্য। [সং. বি + √ জল্প্ + অ]। বিজল্পিত বিণ. বিশেষভাবে জল্পনা বা গল্পগুজব করা হয়েছে এমন (পরিহাস-বিজল্পিত)।

বিজাত (p. 611) [bijāta] বিণ. জারজ, বেজন্মা, বেজাত। [সং. বি (বিরুদ্ধ) + জাত (উৎপন্ন)]।

বিজাতি (p. 611) [bijāti] বি. ভিন্ন বা অন্য জাতি। [সং. বি (ভিন্ন) + জাতি]।

বিজাতীয় (p. 611) [bijātīẏa] বিণ. 1 অন্য বা ভিন্ন জাতিসম্বন্ধীয় (বিজাতীয় ভাষা, বিজাতীয় বেশভূষা); 2 অন্যরকম, ভিন্নরকম; 3 (বাং.) উৎকট, অদ্ভুত, বিসদৃশ (বিজাতীয় ধরনধারণ, বিজাতীয় নেশা)। [সং. বিজাতি + ঈয়]। বি. ̃ তা।

বিজারণ (p. 611) [bijāraṇa] বি. লঘূকরণ, রিডাকশন, reduction (বি.প.)। [সং. বি + জারণ]।

বিজিগীষা (p. 611) [bijigīṣā] বি. বিজয়লাভের ইচ্ছা, জয়কামনা, জয়লিপ্সা। [সং. বি + √ জি + সন্ + অ + আ]। বিজিগীষু বিণ. বিজয়লাভে ইচ্ছুক।

বিজিত (p. 611) [bijita] দ্র বিজয়।

বিজৃম্ভণ (p. 611) [bijṛmbhaṇa] বি. 1 হাই তোলা; 2 ইচ্ছা; 3 বিস্তার; 4 বিকাশ। [সং. বি + জৃম্ভণ]। বিজৃম্ভিত বিণ. বিস্তারিত, ব্যাপ্ত; বিকশিত।

বিজেতা, বিজেত্রী, বিজেয় (p. 611) [bijētā, bijētrī, bijēẏa] দ্র বিজয়।

বিজোড়, (কথ্য) বেজোড় (p. 611) [bijōḍ়, (kathya) bējōḍ়] বিণ. 1 অযুগ্ম, জোড়হীন; 2 দুই দিয়ে ভাগ করলে মিলে যায় না এমন অর্থাত্ দুই দিয়ে বিভাজ্য নয় এমন; 3 বিষম। [বাং. বি (=নয়) + জোড়]। বিজোড় সংখ্যা বি. 1 3 5 7 9 ইত্যাদি অযুগ্ম সংখ্যা।

বিজ্ঞ (p. 611) [bijña] বিণ. 1 জ্ঞানী, পণ্ডিত; 2 অভিজ্ঞ; 3 বিবেচক, বিচক্ষণ। [সং. বি + √ জ্ঞা + অ]। বি.˜ তা,˜ ত্ব। স্ত্রী. বিজ্ঞা।

বিজ্ঞপ্তি (p. 611) [bijñapti] বি. 1 বিশেষভাবে জানানো বা জ্ঞাপন; 2 প্রকাশন, নিবেদন; 3 নোটিশ (সরকারি বিজ্ঞপ্তি)। [সং. বি + √ জ্ঞাপি + তি]।

বিজ্ঞাত (p. 611) [bijñāta] বিণ. 1 বিশেষভাবে অবগত বা বিদিত; 2 বিখ্যাত, প্রসিদ্ধ। [সং. বি + √ জ্ঞা + ত]।

বিজ্ঞান (p. 611) [bijñāna] বি. 1 (সং.) বিশেষ জ্ঞান, তত্ত্বজ্ঞান; 2 (বাং.) নিয়মিত পর্যবেক্ষণ ও গবেষণার দ্বারা লব্ধ প্রণালীবদ্ধ জ্ঞান, science (পদার্থবিজ্ঞান, মনোবিজ্ঞান); 3 শিল্পাদির শাস্ত্র (সংগীতবিজ্ঞান)। [সং. বি + জ্ঞান]। বিজ্ঞানী, বৈজ্ঞানিক বি. বিজ্ঞানবিদ। □বিণ. বিজ্ঞানসম্বন্ধীয়।

বিজ্ঞাপক (p. 611) [bijñāpaka] বি. বিণ. 1 যে বিজ্ঞাপন বা বিজ্ঞপ্তি প্রচার করে; 2 যে নিবেদন বা প্রকাশ করে। [সং. বি + জ্ঞাপক]।

বিজ্ঞাপন (p. 611) [bijñāpana] বি. 1 দূরদর্শন, প্রাচীরপত্র, সংবাদপত্র ইত্যাদির সাহায্যে সাধারণ লোকের কাছে প্রচার, advertisement; 2 নিবেদন; 3 বিজ্ঞপ্তি, notice; 4 ইস্তাহার। [সং. বি + জ্ঞাপন]। বিজ্ঞাপনী বি. বিজ্ঞাপনপত্র, ইস্তাহার। বিজ্ঞাপনীয় বিণ. জানাবার যোগ্য; প্রচার করতে হবে এমন। বিজ্ঞাপিত বিণ. 1 বিজ্ঞাপন দ্বারা ঘোষিত বা প্রচারিত; 2 নিবেদিত, প্রকাশিত।

বিজ্ঞেয় (p. 611) [bijñēẏa] বিণ. বিশেষভাবে জ্ঞেয় বা জ্ঞাতব্য, জানবার যোগ্য। [সং. বি + √ জ্ঞা + য]।

বিজ্বর (p. 611) [bijbara] বিণ. জ্বরমুক্ত। [সং. বি + জ্বর]।

বিট1 (p. 611) [biṭa1] বি. পিয়ন পাহারাওয়ালা প্রভৃতির এলাকা বা টহল দেওয়ার সীমা। [ইং. beat]।

বিট2 (p. 611) [biṭa2] বি. লালরঙের ভোজ্য কন্দবিশেষ। [ইং. beet]।˜ পালং বি. 1 পালংশাক; 2 বিট।

বিট3 (p. 611) [biṭa3] বি. 1 ধূর্ত বা শঠ লোক; 2 কামুক বা লম্পট লোক; 3 ওষুধ হিসাবে ব্যবহৃত কৃত্রিম লবণ। [সং. √ বিট্ + অ]।

বিট-কেল (p. 611) [biṭa-kēla] বিণ. অস্বাভাবিকরকম কুৎসিত কদর্য বা বিকট (বিটকেল চেহারা, বিটকেল গন্ধ)। [দেশি]।

বিটঙ্ক (p. 611) [biṭaṅka] বি. 1 পায়রার থাকার জায়গা, পায়রার খোপ; 2 পায়রা ইত্যাদির বসার দণ্ড হিসাবে নির্মিত উঁচু বাঁশের মাচা; 3 পাখি ধরার ফাঁদ। [সং. বি + √ টঙ্ক্ (=বন্ধন) + অ]।

বিটপ (p. 611) [biṭapa] বি. 1 গাছের শাখা বা ডাল; 2 পল্লব। [সং. √ বিট্ + অপ]। বিটপী (-পিন্) বি. গাছ, বৃক্ষ।

বিটপালং (p. 611) [biṭapāla] দ্র বিট2।

বিট-লবণ (p. 611) [biṭa-labaṇa] বি. (প্রধানত) কবিরাজি ওষুধে ব্যবহৃত কৃত্রিম লবণবিশেষ। [সং. বিট + লবণ]।

বিটলে, বিটেল (p. 611) [biṭalē, biṭēla] বিণ. 1 ধূর্ত, প্রবঞ্চক, শঠ, ঠক (বিটলে বামুন); 2 বিচ্ছু, দুরন্ত ও চতুর। [সং. বিট3 + বাং. লে, ল]।

বিড়ঙ্গ (p. 611) [biḍ়ṅga] বি. কবিরাজি ওষুধে ব্যবহৃত ফলবিশেষ। [সং. বিড়্ (আক্রোশ) + অঙ্গ]।

বিড়-বিড় (p. 611) [biḍ়-biḍ়] বি. (প্রধানত আপনমনে) অস্পষ্ট ও অনুচ্চকথা (বিড়বিড় করে কী বলছ? কী বিড়বিড় করছ?)। [ধ্বন্যা.]। বিড়-বিড়িয়ে ক্রি-বিণ. বিড়বিড় করে (বিড়বিড়িয়ে কী বলে গেল?)।

বিড়ম্বনা, বিড়ম্বন (p. 611) [biḍ়mbanā, biḍ়mbana] বি. 1 বঞ্চনা, ছলনা, প্রতারণা (ভাগ্যের বিড়ম্বনা); 2 অনর্থক দুর্ভোগ (চেষ্টা করা বিড়ম্বনা মাত্র,

দুর্যোগে পথে বেরিয়ে কী বিড়ম্বনাই না হল); 3 (বিরল) অনুকরণ। [সং. বি + √ ডম্ব্ + অন + আ, অন]। বিড়ম্বিত বিণ. 1 প্রবঞ্চিত, প্রতারিত; 2 ক্লেশিত, ক্লেশপ্রাপ্ত (বিড়ম্বিত জীবন); 3 অনুকৃত।

বিড়া (p. 611) [biḍ়ā] বি. 1 হাঁড়ি কলসি প্রভৃতি রাখার জন্য খড় দড়ি ইত্যাদি দিয়ে প্রস্তুত বেষ্টনীবিশেষ; 2 জড়িয়ে বাঁধা পানের ছোটো বাণ্ডিল বা গোছ; 3 মাথায় ভার বহনের জন্য বা পাগড়িরূপে ব্যবহার্য খড় দড়ি ইত্যাদির তৈরি বেষ্টনীবিশেষ। [সং. বীটি-তু. প্রাকৃ. বীড়ি, বীডিআ]।

বিড়াল (p. 611) [biḍ়āla] বি. ইঁদুর-শিকারে দক্ষ গৃহপালিত নরম লোকে সারা শরীর ঢাকা চতুষ্পদ প্রাণীবিশেষ, মার্জার। [সং. √ বিড়্ + আল]। স্ত্রী. বিড়ালী৷ তপস্বী (আল.)বি. সাধুর ছদ্মবেশে শয়তান, ভণ্ড ব্যক্তি। বিড়ালাক্ষী বিণ. (স্ত্রী.) বিড়ালের মতো যার কটা চোখ। বিড়ালের গলায় ঘণ্টা বাঁধা ক্রি. বি. (আল.) কোনো প্রয়োজনীয় কিন্তু আপাত-অসম্ভব বা বিপজ্জনক কাজের গোড়াপত্তন করা। বিড়ালের ভাগ্যে শিকে ছেঁড়া ক্রি. বি. (আল.) ভাগ্যক্রমে ঈপ্সিত সুযোগ মেলা।

বিড়ি (p. 611) [biḍ়i] বি. শাল কেন্দু প্রভৃতি গাছের শুকনো পাতায় তামাকচূর্ণ মুড়ে প্রস্তুত কম দামের ভারতীয় চুরুটবিশেষ। [সং. বীটি-তু. মরা. বিডী]।

-বিত্, (চলিত) বিদ (p. 611) [-bit, (calita) bida] বিণ. জানে এমন, বেত্তা (বিজ্ঞানবিত্, ইতিহাসবিদ)। [সং. √ বিদ্ + ক্বিপ্]।

বিতং (p. 611) [bita] বি. (আঞ্চ. আদা.) বিশদ বিবরণ (পুরো ঘটনাটা বিতং দিয়ে বলল)। [সং. বিতত (=বিস্তারিত)]।

বিতংস, বীতংস (p. 611) [bitaṃsa, bītaṃsa] বি. পাখি হরিণ প্রভৃতিকে বাঁধবার রজ্জু ফাঁদ বা জাল; ফাঁদ। [সং. বি + √ তন্স্ + অ, বিকল্পে বী]।

বিতণ্ডা (p. 611) [bitaṇḍā] বি. 1 (বাং.) বিবাদ, বৃথাতর্ক, বাদানুবাদ; 2 (সং.) মিথ্যা বিচার; 3 (দর্শ.) স্বমত প্রতিষ্ঠিত হোক বা না হোক, কেবল পরমত খণ্ডনের জন্য বাগাড়ম্বর। [সং. বি + √ তণ্ড্ + অ + আ (স্ত্রী.)]।

বিতত (p. 611) [bitata] বিণ. 1 বিস্তৃত, প্রসারিত; 2 (বাং.) ইতস্তত বিক্ষিপ্ত, ছড়ানো, এলোমেলোভাবে ছড়ানো (বিতত বেশবাস); 3 আয়ত (বিতত নেত্র)। [সং. বি + √ তন্ + ত]। বিততি বি. বিস্তার, প্রসার, ব্যাপ্তি।

বিতথ, বিতথ্য (p. 611) [bitatha, bitathya] বিণ. 1 মিথ্যা; 2 বৃথা, নিষ্ফল; 3 (বাং.) বিশৃঙ্খল, পারিপাট্যহীন। [সং. বি + তথা, তথ্য]।

বিতদ্রু (p. 611) [bitadru] বি. পাঞ্জাবের প্রাচীন নদীবিশেষ।

বিতনু (p. 611) [bitanu] বিণ. 1 সুন্দর, কমনীয়; 2 কৃশ, রোগা। [সং. বি + তনু]।

বিতরক (p. 611) [bitaraka] বিণ. বিতরণকারী, যে বণ্টন করে বা বিলিয়ে দেয়। [সং. বি + √ তৃ+ অক]। বিতরণ বি. বিলিয়ে দেওয়া; বণ্টন বা ভাগ করে দেওয়া; বহু লোককে দান করা। বিতরা (কাব্যে) ক্রি. বিতরণ করা, বিলানো

('বিতর বিতর প্রেম পাষাণ হৃদয়ে': রবীন্দ্র)। বিতরিত বিণ. (অশু. কিন্তু প্রচলিত) বিতরণ করা হয়েছে এমন, বণ্টিত, বিতীর্ণ।

বিতর্ক (p. 611) [bitarka] বি. 1 আলোচনা, তর্ক, বিচার; 2 বাদানুবাদ; 3 সংশয়; 4 অনুমান। [সং. বি + তর্ক]। বিতর্কিত বিণ. 1 বাদ-বিসংবাদের বিষয়ীভূত, আলোচিত; যা নিয়ে তর্ক ও বিচার চলছে অর্থাত্ যার গুণাগুণ বা সত্যাসত্য এখনও নিষ্পন্ন হয়নি (বিতর্কিত বিষয়); 2 অনুমিত; 3 অনিশ্চিত। বিতর্কিকা বি. 1 সামান্য তর্কাতর্কি; 2 তর্ক বিতর্কের আসর, সংবাদপত্রাদিতে আলোচনা বা তর্কাতর্কি প্রকাশের স্থান বা কলাম। [সং. বিতর্ক + বাং. ইকা (ক্ষুদ্রার্থে)]।

বিতল (p. 611) [bitala] বি. পুরাণোক্ত সপ্ত পাতালের দ্বিতীয়টি। [সং. বি + তল]।

বিতস্তা (p. 611) [bitastā] বি. পাঞ্জাবের প্রাচীন নদীবিশেষ, বর্তমান ঝিলম।

বিতস্তি (p. 611) [bitasti] বি. বিঘত, আধহাত পরিমিত বা দ্বাদশাঙ্গুলি পরিমিত মাপ। [সং. বি + √ তস্ + তি]।

বিতাড়ন (p. 611) [bitāḍ়na] বি. তাড়ানো, তাড়িয়ে দেওয়া। [সং. বি + তাড়ন]। বিতাড়িত বিণ. তাড়িয়ে দেওয়া হয়েছে এমন; বহিষ্কৃত।

বিতান (p. 611) [bitāna] বি. 1 চন্দ্রাতপ, চাঁদোয়া (লতাবিতান); 2 মণ্ডপ; 3 পুঞ্জ, নিচয় (পুষ্পবিতান); 4 তাঁবু; 5 (বিরল) যজ্ঞ বা যজ্ঞবেদি। [সং. বি + √ তন্ + অ]।

বিতি-কিচ্ছি, বিতি-কিচ্ছিরি (p. 611) [biti-kicchi, biti-kicchiri] বিণ. বিচিকিচ্ছি -র রূপভেদ: বিশ্রী, বিকটাকার, উৎকট আকারবিশিষ্ট; অস্বস্তিকর। [বিচিকিচ্ছি দ্র]।

বিতীর্ণ (p. 611) [bitīrṇa] বিণ. 1 ব্যাপ্ত; 2 বিতরিত; 3 উত্তীর্ণ। [সং. বি + √ তৃ + ত]।

বিতৃষ্ণ (p. 611) [bitṛṣṇa] বিণ. 1 তৃষ্ণাহীন; 2 নিস্পৃহ, উদাসীন; 3 রুচিহীন; 4 বিমুখ (সংসারধর্মে বিতৃষ্ণ)। [সং. বি + তৃষ্ণা + সমাসান্ত]। বিতৃষ্ণা বি. 1 তৃষ্ণার অভাব; 2 অনিচ্ছা, অরুচি (ধূমপানে বিতৃষ্ণা); 3 উদাসীনতা, নিস্পৃহতা।

বিত্ত (p. 611) [bitta] বি. ধন, সম্পদ। [সং. √ বিদ্ (=লাভ) + ত]। ˜ বান (-বত্), ˜ শালী (-লিন্) বিণ. সম্পদশালী, ধনী। ˜ লাভ বি. ধনলাভ। ˜ শাঠ্য বি. কৃপণতা। ˜ হীন বিণ. ধনহীন, ঐশ্বর্যহীন; দরিদ্র। বিত্তেশ বি. 1 ধনপতি; 2 যক্ষরাজ কুবের।

বিত্রস্ত (p. 611) [bitrasta] বিণ. অতিশয় ভীত, সন্ত্রস্ত। [সং. বি + ত্রস্ত]।

বিথান (p. 611) [bithāna] বিণ. (কাব্যে) 1 বিস্রস্ত, আলুথালু; 2 স্থানভ্রষ্ট। [সং. বিস্থান]।

বিথার (p. 611) [bithāra] বিণ. (কাব্যে) 1 ছড়ানো, আলুলায়িত ('কেশবেশ যদি বিথার হইল': চণ্ডী); 2 পরিব্যাপ্ত, পরিপূর্ণ ('স্রোত বিথার জলে': মু.গু.)। □ বি. (কাব্যে) বিস্তার। [সং. বিস্তার]। বিথারা ক্রি. (কাব্যে) বিস্তার করা বা হওয়া, ছড়ানো ('দুহাত বিথারি': রবীন্দ্র; 'নিত্যানন্দ করুণা বিথারে': জ্ঞান.)।

-বিদ, -বিদ্ (p. 611) [-bida, -bid] দ্র -বিত্।

বিদংশ (p. 614) [bidaṃśa] বি. 1 চাট, অবদংশ; মদ ইত্যাদির সঙ্গে ভক্ষ্য রুচিকর খাবার; 2 দংশন। [সং. বি + √ দনশ্ + অ]।

বিদগ্ধ (p. 614) [bidagdha] বিণ. 1 পণ্ডিত, বিদ্বান; 2 রসজ্ঞ, রসিক; 3 নিপুণ। [সং. বি (=বিশেষরূপে) + দগ্ধ (=ভস্মীভূত অজ্ঞান যার, এই অর্থে)। বিদগ্ধা বিণ. বিদগ্ধ -র স্ত্রীলিঙ্গে। □ বি. রসগ্রহণে সমর্থা বা সুরসিকা নায়িকা।˜ সমাজ বি. পণ্ডিতমহল; রসিকজনসমূহ। বৈদগ্ধ্য বি. পাণ্ডিত্য, বিদ্যাবত্তা; রসজ্ঞতা।

বিদ-ঘুটে (p. 614) [bida-ghuṭē] বিণ. 1 কুৎসিত, বিশ্রী (বিদঘুটে চেহারা, বিদঘুটে স্বভাব); 2 জটিল। [দেশি]।

বিদরা (p. 614) [bidarā] ক্রি. (কাব্যে) বিদীর্ণ হওয়া বা করা ('বিদরে পরান')। [সং. বি + √ দৃ + বাং. আ]।

বিদরি (p. 614) [bidari] বি. এক ধাতুপাত্রে অন্য ধাতু দিয়ে খোদাই করা নকশা বা কারুকার্য। [হি. বিদরী]।

বিদর্ভ (p. 614) [bidarbha] বি. বিদর অঞ্চলের প্রাচীন নাম। [সং. বি (বিগত) + দর্ভ (কুশ, কাশতৃণ)]।

বিদল (p. 614) [bidala] বি. 1 ভাঙা কলাই বা অন্য ডাল; 2 বাঁশের চটা দিয়ে তৈরি ডালা কুলো প্রভৃতি। □ বিণ. 1 দলহীন, পত্রহীন; 2 বিকশিত। [সং. বি + দল]।

বিদলন (p. 614) [bidalana] বি. 1 সম্পূর্ণরূপে দলন পেষণ বা বিদারণ; 2 সম্পূর্ণ পরাজিত করা; 3 অতিশয় নিপীড়িত করা (শত্রুবিদলন)। [সং. বি + দলন]। বিদলিত বিণ. সম্পূর্ণ দলিত বা পিষ্ট; সম্পূর্ণ পরাজিত; অতিশয় নিপীড়িত (বিদলিত শত্রুসেনা)।

বিদশা (p. 614) [bidaśā] বি. দুর্দশা, দুরবস্থা। [সং. বি + দশা]।

বিদা, (p. 614) [bidā,] (চলিত) বিদে বি. খেদ আঁচড়ে তৃণাদি তোলার জন্য চিরুনি মতো লোহার তৈরি চাষের যন্ত্রবিশেষ। [সং. বিদ্ধক]। বিদে-কাটি, বিদে-কাঠি বি. উক্ত যন্ত্রের শলাকা।

বিদায়1 (p. 614) [bidāẏa1] (বর্ত. বিরল) বি. 1 দান; 2 বিসর্জন। [আ. বিদাঅ]।

বিদায়2 (p. 614) [bidāẏa2] বি. 1 দূরীকরণ (আপদ বিদায়); 2 চলে যাওয়ার বা স্থানত্যাগ করার অনুমতি (বিদায় চাওয়া); 3 প্রস্থান ('তার বিদায়বেলার

মালাখানি': রবীন্দ্র); 4 বিচ্ছেদ (চিরবিদায়); 5 কর্ম বা বৃত্তি থেকে অবসর (চাকরি থেকে বিদায় গ্রহণ); 6 কার্যান্তে বা বিদায়কালে প্রদত্ত দক্ষিণা বা প্রণামিস্বরূপ প্রদত্ত অর্থাদি (ব্রাহ্মণবিদায়, কাঙালিবিদায়)। ☐ বিণ. প্রস্থিত (বিদায় হওয়া)।˜ কালীন বিণ. বিদায় বা প্রস্থানের সময়ের।˜ সম্ভাষণ বি. প্রস্থানকালীন আলাপ ও নমস্কার বিনিময়াদি। বিদায়ী (-য়িন্) বিণ. বিদায় গ্রহণ করছে এমন (বিদায়ী সম্পাদক)। ☐ বি. বিদায়কালে প্রদত্ত অর্থ ও উপহারাদি।

বিদার (p. 614) [bidāra] বি. বিদারণ, বিদীর্ণ হওয়া ('ধরণী বিদার দেউ': শ্রীকৃ.)। ☐ বিণ. বিদারণকারী ('তিমিরবিদার উদার অভ্যুদয়': রবীন্দ্র)। [সং. বি + √ দৃ + অ]।˜ ক বিণ. বিদারণকারী (হৃদয়বিদারক)।˜ ণ বি. 1 বিদীর্ণ করা, ফেড়ে বা ফাটিয়ে দেওয়া; ভেদন; ফুঁড়ে দেওয়া; 2 মারা, হনন। বিদারা ক্রি. (কাব্যে) চেরা. ফাড়া বিদীর্ণ করা ('কেশরী জনু গজকুম্ভ বিদারে': বিদ্যা.)। বিদারিত বিণ. বিদীর্ণ করা হয়েছে এমন। বিদারী (-রিন্) বিণ. বিদীর্ণ করে এমন ('তিমিরবিদারী': রবীন্দ্র)।

বিদাহী (p. 614) [bidāhī] (-হিন্) বিণ. প্রদাহ জন্মায় এমন, পোড়ায় বা ক্ষয় করে এমন, caustic (বি.প.)। [সং. বি + √ দহ্ + ইন্]।

বিদিক (p. 614) [bidika] (-দিশ্) বি. 1 দুই দিকের মধ্যভাগ, অগ্নি নৈঋত প্রভৃতি কোণ; 2 (বাং.) বিপরীত, প্রতিকূল বা ভুল দিক (দিগ্বিদিক)। [সং. বি + দিশ্]।

বিদিত (p. 614) [bidita] বিণ. 1 জ্ঞাত, জানা গেছে বা জানা হয়েছে এমন (বিদিত বিষয়, কিছুই তার অবিদিত নয়); 2 খ্যাত (জগদ্বিদিত); 3 অবগত, জেনেছে এমন (এ বিষয়ে তিনি বিদিত আছেন)। [সং. √ বিদ্ + ত]।

বিদিশা (p. 614) [bidiśā] বি. 1 (স্ত্রী.) বিদিক, অন্য দিক, প্রতিকূল বা ভুল দিক; 2 মালবের অন্তর্গত প্রাচীন নগরীবিশেষ। [সং. বি + দিশ্ + আ]।

বিদীর্ণ (p. 614) [bidīrṇa] বিণ. 1 ছিন্নভিন্ন, খণ্ডিত, খণ্ড খণ্ড হয়ে গেছে এমন (আঘাতে আঘাতে দেহ বিদীর্ণ হল); 2 ভগ্ন (বিদীর্ণ হৃদয়ে বিদায় দিলেন); 3 ফেটে গেছে এমন (চিৎকারে আকাশ বিদীর্ণ করা)। [সং. বি + √ দৃ + ত]। বিদীর্য-মাণ বিণ. বিদীর্ণ হচ্ছে এমন (শোকে বিদীর্যমাণ মাতৃহৃদয়)।

বিদীর্যমাণ (p. 614) [bidīryamāṇa] দ্র বিদীর্ণ।

বিদুর (p. 614) [bidura] বি. ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ ভ্রাতা। [সং. √ বিদ্ + উর]। বিদুরের খুদ বি. (আল.) (দুর্যোধনের দেওয়া রাজকীয় ভোগ প্রত্যাখ্যান করে শ্রীকৃষ্ণ বিদুরের দেওয়া সামান্য তণ্ডুলকণা গ্রহণ করেছিলেন বলে) দীনজনের শ্রদ্ধার সঙ্গে দেওয়া উপহার।

বিদুষী (p. 614) [biduṣī] বিণ. বি. উচ্চশিক্ষিতা; বিদ্যাবতী নারী। [সং. বিদ্বস্ + ঈ]।

বিদূর (p. 614) [bidūra] বিণ. (বাং.) দূরবর্তী, প্রায় সম্পর্কহীন (বিদূর সম্বন্ধ)। □ বি. 1 (বাং.) অতি দূরবর্তী স্থান বা দেশ (দূরে বিদূরে); 2

পর্বতবিশেষ; 3 বৈদূর্যমণি। [সং. বি + দূর]। বিদূরিত বিণ. দূর হয়েছে এমন, দূরীভূত, বিতাড়িত।

বিদূষক (p. 614) [bidūṣaka] বি (নাট্যে) নায়কের রসিক সহচর; ভাঁড়। □ বিণ. নিন্দুক, যে নিন্দা করে। [সং. বি + √ দূষি + অক]।

বিদূষণ (p. 614) [bidūṣaṇa] বি. 1 অপবাদ নিন্দা বা দোষ দেওয়া; 2 অপবাদ, নিন্দা; 3 দূষিত বা কলুষিত করা (জলবায়ুর বিদূষণ)। [সং. বি + √ দূষি + অন]। বিদূষিত বিণ. দূষিত বা কলূষিত হয়েছে এমন।

বিদে (p. 614) [bidē] দ্র বিদা।

বিদেশ (p. 614) [bidēśa] বি. 1 প্রবাস, স্বদেশ ভিন্ন অন্য দেশ; 2 বিচ্ছিন্ন বা দূরবর্তী স্থান ('ঘর হইতে আঙিনা বিদেশ')। [সং. বি + দেশ]।˜ নীতি বি. কোনো রাষ্ট্রের বা রাজ্যের অন্য দেশ সম্পর্কিত নীতি, foreign policy.˜ বাস বি. প্রবাসে কাটানো, অন্য দেশে বসবাস করা।˜ বিভুঁই বি. অন্য দেশ, অপরিচিত দেশ; অপরিচিত স্থান (বিদেশবিভুঁইতে প্রাণটা দিতে চাই না)।˜ যাত্রা বি. অন্য দেশের উদ্দেশে যাত্রা। বিদেশাগত বিণ. অন্য দেশ থেকে এসেছে এমন। বিদেশি, বিদেশী বিণ. বি. ভিন্ন দেশবাসী; অন্য দেশের লোক; ভিন্নদেশীয় (বিদেশি রীতি, বিদেশি মুদ্রা)। বিদেশিনী, বিদেশিনি বিণ. বি. (স্ত্রী.) বিদেশবাসিনী ('আমি চিনি গো চিনি তোমারে, ওগো বিদেশিনী': রবীন্দ্র)। বিদেশীয়, বৈদেশিক বিণ. বিদেশসম্বন্ধীয়; ভিন্ন দেশজাত; ভিন্নদেশবাসী।

বিদেহ (p. 614) [bidēha] বিণ. 1 দেহহীন, অশরীরী, মূর্তিহীন; 2 মৃত। □ বি. মিথিলা প্রদেশ। [সং. বি + দেহ]। বিণ. (স্ত্রী.) বিদেহা। বিদেহী বিণ. (সংস্কৃতমতে অশু. কিন্তু বাংলায় প্রচলিত) দেহহীন, অশরীরী (বিদেহী আত্মা)।

বিদ্ধ (p. 614) [biddha] বিণ. 1 বেঁধা বা ছেঁদা করা হয়েছে এমন; 2 আহত (বাণবিদ্ধ); 3 উৎকীর্ণ; 4 পীড়িত, দুঃখাহত; 5 স্পর্শ করা হয়েছে এমন, সম্পৃক্ত (অপাপবিদ্ধ)। [সং. √ ব্যধ্ + ত]। ˜ করণ বি. ছেঁদা বা ছিদ্র করা, ফুটানো (কর্ণবিদ্ধকরণ)।

বিদ্বজ্জন (p. 614) [bidbajjana] বি. পণ্ডিত বা বিদ্বান ব্যক্তি। [সং. বিদ্বস্ + জন]।

বিদ্বত্-কল্প (p. 614) [bidbat-kalpa] বিণ. 1 পণ্ডিতের তুল্য, পণ্ডিতসদৃশ; 2 পুরোপুরি বিদ্বান নয় তবে বিদ্বানের মতো এমন। [সং. বিদ্বস্ + কল্প (ঈষদূন অর্থে)]।

বিদ্বত্-কুল (p. 614) [bidbat-kula] বি. 1 পণ্ডিতের সমাজ; 2 পণ্ডিতের বংশ (বিদ্বৎকুলে তাঁর জন্ম)। [সং. বিদ্বস্ + কুল]।

বিদ্বত্তম (p. 614) [bidbattama] বিণ. শ্রেষ্ঠ পণ্ডিত, শ্রেষ্ঠ বিদ্বান। [সং. বিদ্বস্ + তম]। স্ত্রী. বিদ্বত্তমা।

বিদ্বদ্-গোষ্ঠী (p. 614) [bidbad-gōṣṭhī] বি. পণ্ডিতের সমাজ, পণ্ডিতের দল। [সং. বিদ্বস্ + গোষ্ঠী]।

বিদ্বান, (বর্জি.) বিদ্বান্ (p. 614) [bidbāna, (barji.) bidbān] (-দ্বস্) বিণ. বি. 1 পণ্ডিত, সুশিক্ষিত; 2 জ্ঞানী। [সং. √ বিদ্ + বস্]। বিণ. (স্ত্রী.) বিদূষী।

বিদ্বিষ্ট (p. 614) [bidbiṣṭa] বিণ. 1 বিদ্বেষ বা হিংসার পাত্র, বিদ্বেষভাজন; 2 বিদ্বেষকারী, দ্বেষক (তুমি তাঁর প্রতি বিদ্বিষ্ট)। [সং. বি + √ দ্বিষ্ + ত]।

বিদ্বেষ (p. 614) [bidbēṣa] বি. 1 ঈর্ষা, হিংসা; 2 শত্রুতা। [সং. বি + √ দ্বিষ্ + অ]। ˜ ণ বি. হিংসা করা; শত্রুতাসাধন। ˜ পরায়ণ বিণ. ঈর্ষান্বিত, অন্যের প্রতি ঈর্ষা বা হিংসা পোষণ করে এমন, দ্বেষশীল। ˜ প্রসূত বিণ. হিংসা থেকে সৃষ্ট; হিংসার জন্য কৃত। ˜ বুদ্ধি বি. ঈর্ষা বা শত্রুতার মনোভাব (বিদ্বেষবুদ্ধি ত্যাগ করে দেশের কাজে নামা)। ˜ মূলক বিণ. বিদ্বেষসম্বন্ধীয়; ঈর্ষামূলক; শত্রুতামূলক। বিদ্বেষানল বি. প্রবল বিদ্বেষ; বিদ্বেষবুদ্ধিজনিত আগুন অর্থাত্ তীব্র যন্ত্রণা। বিদ্বেষী (-ষিন্), বিদেষ্টা (-ষ্টৃ) বিণ. বি. বিদ্বেষকারী; শত্রু।

বিদ্য-মান (p. 614) [bidya-māna] বিণ. 1 আছে এমন, বর্তমান; 2 বিরাজিত, অস্তিত্বশীল (ঈশ্বর সর্বত্র বিদ্যমান); 3 উপস্থিত; 4 জীবিত (পিতার বিদ্যমানে পুত্রের অধিকার)। [সং. √ বিদ্ + শানচ্]। ˜ তা বি. বর্তমান আছে বা উপস্থিত আছে এমন অবস্থা; উপস্থিতি; অস্তিত্ব; জীবিতাবস্থা।

বিদ্যা (p. 614) [bidyā] বি. 1 অধ্যয়ন অনুশীলন প্রভৃতির দ্বারা লব্ধ জ্ঞান; 2 পাণ্ডিত্য; 3 দক্ষতা; 4 শাস্ত্র ('যে বিদ্যা শিখিনু তাহা চিরদিন ধরে, অন্তরে জাজ্জ্বল্য থাকে': রবীন্দ্র; চিকিৎসাবিদ্যা, পদার্থবিদ্যা); 5 তত্ত্বজ্ঞান (ব্রহ্মবিদ্যা); 6 সরস্বতীদেবী (বিদ্যার আরাধনা); 7 দুর্গাদেবী, ভগবতীদেবী (দশমহাবিদ্যা)। [সং.

√ বিদ্ + য + আ]।˜ কেন্দ্র,˜ য়-তন বি. বিদ্যালয়, যেখানে শিক্ষা দেওয়া হয়।˜ চর্চা বি. বিদ্যা বা শাস্ত্রাদির অনুশীলন।˜ দাতা (-তৃ) বি. শিক্ষক, গুরু। স্ত্রী.˜ দাত্রী।˜ দান বি. শিক্ষা দেওয়া, অধ্যাপনা।˜ দায়িনী বি. বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী।˜ দিগ্-গজ বি. 1 দিগ্বিজয়ী পণ্ডিত; 2 (বিদ্রুপে) অতিমূর্খ।˜ দেবী বি. সরস্বতী দেবী।˜ ধর বি. স্বর্গের গায়করূপে বর্ণিত দেবযোনিবিশেষ। স্ত্রী.˜ ধরী।˜ নিকেতন বি. বিদ্যালয়।˜ নিধি,˜ র্ণব,˜ সাগর বি. 1 প্রগাঢ় পাণ্ডিত্য; 2 সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ।˜ নু-রাগ বি. বিদ্যার প্রতি শ্রদ্ধা ও আগ্রহ।˜ নু-রাগী (-গিন্) বিণ. বিদ্যার প্রতি আগ্রহশীল। স্ত্রী. ˜ নু-রাগিণী।˜ পীঠ,˜ মন্দির বি. বিদ্যালয়, শিক্ষাকেন্দ্র। বিদ্যা ফলানো ক্রি. বি. বিদ্যা জাহির করা।˜ বত্তা বি. পাণ্ডিত্য।˜ বান বিণ. পণ্ডিত. বিদ্বান। স্ত্রী.˜ বতী।˜ বিনোদ,˜ বিশারদ,˜ ভূষণ,˜ রত্ন,˜ লংকার বি. 1 অতি পণ্ডিত ব্যক্তি; 2 সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ।˜ বিহীন,˜ হীন বিণ. মূর্খ, অশিক্ষিত। স্ত্রী.˜ বিহীনা,˜ হীনা।˜ ব্যবসায়ী (-য়িন্) বিণ. বি. অর্থের বিনিময়ে বিদ্যা দান করে এমন; বেতনভোগী শিক্ষক।˜ ভ্যাস বি. বিদ্যাচর্চা, বিদ্যাশিক্ষা।˜ য়তন বি. বিদ্যালয়া।˜ রম্ভ বি. শিক্ষার শুরু, হাতে-খড়ি।˜ র্জন বি. বিদ্যাশিক্ষা।˜ র্থী (-র্থিন্) বিণ. বিদ্যালাভে আগ্রহী। □ বি. 1 ছাত্র; 2 শিষ্য। স্ত্রী.˜ র্থিনী।˜ লয় বি. বিদ্যাশিক্ষার কেন্দ্র, শিক্ষাকেন্দ্র; স্কুল।˜ লাপ বি. শাস্ত্র আলোচনা।˜ শ্রম বি. বিদ্যালয়।˜ হীন বিণ. অশিক্ষিত, মূর্খ।

বিদ্যুজ্জিহ্ব (p. 614) [bidyujjihba] বিণ. বিদ্যুতের রেখার মতো সরু ও রক্তবর্ণ জিহ্বাবিশিষ্ট। □ বি. রামায়ণোক্ত রাক্ষসবিশেষ। [সং. বিদ্যুত্ + জিহ্বা]।

বিদ্যুত্ (p. 614) [bidyut] বি. (সাধারণত) মেঘে মেঘে ঘর্ষণের ফলে উৎপন্ন আলোকশক্তি; বিজলি, তড়িত্, ক্ষমপ্রভা। [সং. বি + দ্যুত্ + ক্বিপ্]।˜ কটাক্ষ বি. বিদ্যুতের মতো তীব্র অর্থাত্ মর্মস্পর্শী চাহনি।˜ প্রভ বিণ. বিদ্যুতের মতো চোখ

ধাঁধানো ঔজ্জ্বল্যযুক্ত। স্ত্রী.˜ প্রভা।˜ স্পন্দন,˜ স্ফুরণ বি. বিদ্যুতের চমক।˜ স্পৃষ্ট বিণ. বিদ্যুতের আকস্মিক আঘাত বা স্পর্শ পেয়েছে এমন; তড়িত্-আহত, electrocuted.˜ স্ফুলিঙ্গ বি. বিদ্যুতের কণা। বিদ্যুদ্-গর্ভ বিণ. বিদ্যুৎপূর্ণ। বিদ্যুদ্-বেগে ক্রি-বিণ. অতি দ্রুত বেগে। বিদ্যুদ্দাম, বিদ্যুন্মালা বি. বিদ্যুতের মালার মতো রেখাসমূহ; বিদ্যুতের স্ফুরণ; বিদ্যুত্। বিদ্যুদ্দীপ্তি বি. বিদ্যুতের আলো। বিদ্যুদ্দীপ্ত বিণ. বিদ্যুতের আলোকে উদ্ভাসিতা। বিদ্যুদ্বিকাশ বিণ. বিদ্যুতের স্ফুরণ।˜ বিদ্যুল্লতা,˜ লতা, বিদ্যুল্লেখা, বিদ্যুত্-লেখা বি. লতার মতো সরু বিদ্যুতের রেখা; বিদ্যুৎস্ফুরণ। বিদ্যুত্বান্ (-ত্বত্) বি. মেঘ।

বিদ্যোৎসাহী (p. 616) [bidyōtsāhī] (-হিন্) বিণ. বি. বিদ্যার প্রসারে উৎসাহদানকারী। [সং. বিদ্যা + উৎসাহিন্]। স্ত্রী. বিদ্যোৎসাহিনী (বিদ্যোৎসাহিনী সভা)।

বিদ্যোপার্জন (p. 616) [bidyōpārjana] বি. বিদ্যালাভ, বিদ্যাশিক্ষা। [সং. বিদ্যা + উপার্জন]।

বিদ্রব (p. 616) [bidraba] বি. 1 ক্ষরণ, স্রাব; 2 দ্রবীভূত হওয়া; 3 উপহাস; 4 পলায়ন, পালিয়ে যাওয়া। [সং. বি + √ দ্রু + অ]।˜ ণ বি. বিদ্রব; ক্ষরিত হওয়া; গলে যাওয়া।

বিদ্রাবণ (p. 616) [bidrābaṇa] বি. 1 দ্রবীকরণ; 2 বিতাড়ন। [সং. বি + দ্রাবণ]। বিদ্রাবিত বিণ. দ্রবীকৃত; বিতাড়িত।

বিদ্রুত (p. 616) [bidruta] বিণ. 1 দ্রবীভূত, গলিত; 2 পলায়িত। [সং. বি + √ দ্রু + ত]।

বিদ্রূম (p. 616) [bidrūma] বি. 1 পদ্মরাগমণি, প্রবাল, পলা; 2 কিশলয়। [সং. বি + √ দ্রু + ম]।

বিদ্রুপ, (বর্জি.) বিদ্রূপ (p. 616) [bidrupa, (barji.) bidrūpa] বি. শ্লেষমিশ্রিত উপহাস, ব্যঙ্গ, ঠাট্টা। [< সং. বিদ্রব]। বিদ্রুপাত্মক বিণ. বিদ্রুপপূর্ণ, ব্যঙ্গাত্মক (বিদ্রুপাত্মক উক্তি)।

বিদ্রোহ (p. 616) [bidrōha] বি. 1 বিরুদ্ধ অভ্যুত্থান; রাজা জমিদার শাসক প্রভৃতির বিরুদ্ধে অভ্যুত্থান (সাঁওতাল বিদ্রোহ, রাজার বিরুদ্ধে বিদ্রোহ); 2 শাসন অগ্রাহ্য করা, শাসন না মানা, অবাধ্যতা (পিতামাতার বিরুদ্ধে বিদ্রোহ); 3 প্রতিকূলতা, প্রচলিত ব্যবস্থাদির প্রতিকূলতা; 4 বিরোধিতা। [সং. বি + দ্রোহ]। বিদ্রোহাচরণ বি. বিদ্রোহমূলক আচরণ, বিদ্রোহ; বিরোধিতা। বিদ্রোহাত্মক বিণ. বিদ্রোহমূলক। বিদ্রোহী (-হিন্) বিণ. বি. বিদ্রোহকারী। স্ত্রী. বিদ্রোহিণী।

বিধ (p. 616) [bidha] বহুব্রীহি সমাসে উত্তরপদরূপে বিধা শব্দের রূপ; প্রকার (নানাবিধ, বহুবিধ)। [সং. √ বিধ্ + অ]।

বিধন (p. 616) [bidhana] বি. বিদ্ধ করা, বেধন, বেঁধা। [সং. √ বিধ্ + বাং. + অন]।

বিধবা (p. 616) [bidhabā] বিণ. বি. পতিহীনা, মৃতভর্তৃকা, যে নারীর স্বামী মৃত। [সং. বি + ধব (স্বামী) + আ]। বি. বৈধব্য। ̃ বিবাহ বি. বিধবা স্ত্রীলোকের পুনর্বিবাহ।

বিধর্মা (-র্মন্), বিধর্মী (-র্মিন্) (p. 616) [bidharmā (-rman), bidharmī (-rmin)] বিণ. 1 ধর্মহীন, ধর্মরহিত, ধর্মবিরোধী; 2 অন্য ধর্মাবলম্বী। [সং. বি + ধর্মন্, ধর্ম + ইন্]।

বিধা (p. 616) [bidhā] বি. 1 প্রকার, রকম (-বিধ দ্র); 2 ব্যবস্থা (সুবিধা)। [সং. √ বিধ্ + অ + আ]।

বিধাতব্য (p. 616) [bidhātabya] বিণ. করণীয়, বিধেয়। [সং. বি + √ ধা + তব্য]।

বিধাতা (p. 616) [bidhātā] (-তৃ) বি. 1 বিধানকর্তা, যিনি বিধান করেন ('ভারতভাগ্যবিধাতা': রবীন্দ্র); 2 ঈশ্বর; 3 ব্রহ্মা। [সং. বি + √ ধা + তৃ]। ̃ পুরুষ বি. ঈশ্বর; শুভাশুভ নিয়ন্ত্রণকারী দেবতা।

বিধান (p. 616) [bidhāna] বি. 1 শাস্ত্রবিহিত ব্যবস্থা বা নিয়ম; 2 কর্তব্যনির্দেশ (ধর্মের বিধান); 3 ব্যবস্থা, সম্পাদন, মীমাংসা (ঐক্যবিধান, আনন্দবিধান, তাঁর বিধানই মেনে নেওয়া হল); 4 আইন বা আইনপ্রণয়ন (বিধানসভা)। [সং. বি + √ ধা + অন]। ̃ পরিষদ বি. আইনপ্রণয়ন ও সে-বিষয়ে আলোচনার জন্য বিশেষ যোগ্যতাসম্পন্ন জনপ্রতিনিধিদের সভা, Legislative Council (স.প.)। ̃ ; সভা

বি. আইনপ্রণয়নের ক্ষমতাবিশিষ্ট জনপ্রতিনিধিসভা, Legislative Assembly (স.প.)।

বিধায় (p. 616) [bidhāẏa] অব্য. কারণে, জন্য, সেই হেতু (অসুস্থতা বিধায়, বিষয়টি অত্যন্ত গুরুতর বিধায়)। [সং. বিধা। বর্‌ত. অপ্র.]।

বিধায়ক, বিধায়ী (p. 616) [bidhāẏaka, bidhāẏī] (-য়িন্‌) বিণ. বি. 1 বিধানকর্তা, ব্যবস্থাপক; 2 সম্পাদনকারী, সংঘটনকারী ('জনগণঐক্যবিধায়ক; রবীন্দ্র); 3 বিধানসভার সদস্য, এম এল এ (স্থানীয় বিধায়কের উপস্থিতিতে চুক্তি সম্পাদিত হল)। [সং. বি + √ ধা + অক, ইন্‌]। স্ত্রী. বিধায়িকা, বিধায়িনী।

বিধি (p. 616) [bidhi] বি. 1 বিধান, নিয়ম, ব্যবস্থা (সরকারি বিধি, পূজাবিধি); 2 উপায়, প্রণালী, ক্রম (কার্যবিধি); 3 ভাগ্য, দৈব (বিধির বিধান, বিধির বিড়ম্বনা); 4 বিধানকর্তা, ঈশ্বর ('বিধির বাঁধন কাটবে তুমি': রবীন্দ্র)। [সং. বি + √ ধা + ই]।˜ জ্ঞ বিণ. শাস্ত্রীয় বিষয়ে অভিজ্ঞ, শাস্ত্রজ্ঞ, শাস্ত্র জানে এমন।˜ দর্শী (-র্শিন্‌) বিণ. শাস্ত্রীয় বিধি বা নিয়মাদি জানে এমন।˜ নির্দিষ্ট বিণ. ভাগ্যের দ্বারা স্থিরীকৃত।˜ নিষেধ বি. নিয়মের বন্ধন; নিয়মকানুন।˜ বদ্ধ বিণ. নিয়মবদ্ধ, নির্দিষ্ট নিয়মানুযায়ী, যথাবিধি।˜ বহির্ভূত বিণ. নিয়ম বা ব্যবস্থার অন্তর্ভুক্ত নয় এমন; নিয়মবিরুদ্ধ; বেআইনি।˜ বিড়ম্বনা বি. ভাগ্যের ছলনা।˜ ভঙ্গ বি. নিয়মভঙ্গ।˜ মতো বিণ. বিধান বা নিয়ম-অনুযায়ী, যথাবিহিত (বিধিমতো শাস্তি)।˜ লিপি বি. ভাগ্যের লিখন; ভাগ্য (বিধিলিপি কে খণ্ডাতে পারে?)।˜ শাস্ত্র বি. 1 স্মৃতিশাস্ত্র; 2 ব্যবহারশাস্ত্র, আইন।˜ সংগত,˜ সম্মত বিণ. শাস্ত্রীয় বিধানানুযায়ী; নিয়মানুযায়ী।

বিধিৎসা (p. 616) [bidhitsā] বি. বিধান করার বা ব্যবস্থা করার ইচ্ছা। [সং. বি + √ ধা + সন্ + অ + আ]। বিধিৎসু বিণ. বিধান করতে ইচ্ছুক।

বিধু (p. 616) [bidhu] বি. চন্দ্র, চাঁদ ('স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে': মধু.)। [সং. বি + √ ধে (পান করা) + উ]।˜ স্তুদ বি. রাহু।˜বদন,˜ মুখ বিণ. চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্ট। □ বি. তেমন মুখ। স্ত্রী.˜ বেদনা,˜ মুখী।

বিধুত (p. 616) [bidhuta] বিণ. কম্পিত (বায়ুবিধুত)। [সং. বি + √ ধু + ত]।

বিধুনন, বিধূনন (p. 616) [bidhunana, bidhūnana] বি. কম্পন ('কেন অকারণ পক্ষবিধূনন': বিষ্ণু)। [সং. বি + √ ধু, ধূ + ণিচ্ + অন]। বিধুনিত, বিধূনিত বিণ. কম্পিত।

বিধুর (p. 616) [bidhura] বিণ. 1 দুঃখিত, কাতর, ক্লিষ্ট (বিরহবিধুর, 'মুখখানি কর মলিনবিধুর': রবীন্দ্র); 2 ভীত; 3 বিমূঢ়; 4 বিকল, ভারাক্রান্ত ('গন্ধবিধুর সমীরণে': রবীন্দ্র)। [সং. বি + √ ধুর্ + অ]। স্ত্রী. বিধুরা। বি.˜ তা।

বিধূনিত (p. 616) [bidhūnita] দ্র বিধুনন।

বিধূয়মান (p. 616) [bidhūẏamāna] বিণ. কম্পিত হচ্ছে এমন, কম্পমান (বিধূয়মান বৃক্ষশাখা)। [সং বি + √ ধু + শানচ্]।

বিধৃত (p. 616) [bidhṛta] বিণ. 1 ধারণ করা হয়েছে এমন (অতীত-ভবিষ্যত্ ঐক্যসূত্রে বিধৃত); 2 ধৃত; 3 সযত্নে ধৃত; 4 পরিহিত (নববেশবিধৃত)। [সং. বি + ধৃত]। বিধৃতি বি. 1 গ্রেপ্তার, পাকড়াও; 2 ধারণ; 3 পরিধান।

বিধেয় (p. 616) [bidhēẏa] বিণ. 1 বিধিসম্মত, ন্যায়সংগত, উচিত (এ কাজ বিধেয় নয়); 2 করণীয় (বিধেয় কর্মের অনুষ্ঠান); 3 বশীকৃত (বিধেয়াত্মা)। □ বি. 1 (ব্যাক.) যে বাক্যাংশ সম্বন্ধে কিছু বলা হয় অর্থাত্ ক্রিয়া ও তার সহযোগী শব্দসমূহ, predicate; 2 (দর্শ.) অপরিজ্ঞাত বিষয় বা বস্তু 'অনুবাদ'-এর বিপরীত ('অনুবাদ আগে পিছে বিধেয় স্থাপন': চৈ. চ.)। [সং. বি + √ ধা + য]। বিধেয়ক বি. প্রবর্তনের জন্য বিধানসভায় উপস্থাপিত আইনের খসড়া, bill (স.প.)।

বিধৌত (p. 616) [bidhauta] বিণ. 1 প্রক্ষালিত, মার্জিত; 2 ধৌত (নদীবিধৌত দেশ)। [সং. বি + ধৌত]। বিধৌতি বি. ধৌতি, ধোয়া।

বিধ্বংস (p. 616) [bidhbaṃsa] বি. সম্পূর্ণ ধ্বংস বিনাশ বা লোপ। [সং. বি + ধ্বংস]। বিধ্বংসিত বিণ. সম্পূর্ণ ধ্বংসিত বিনাশিত বা বিলোপিত। বিধ্বংসী (-সিন্) বিণ. বিনাশকারী, ধ্বংসকারী (বিধ্বংসী অগ্নিকাণ্ড, বিধ্বংসী ভূমিকম্প)।

বিধ্বস্ত (p. 616) [bidhbasta] বিণ. 1 সম্পূর্ণ বিনষ্ট বা ধ্বংসপ্রাপ্ত (বন্যাবিধ্বস্ত গ্রাম); 2 ইতস্তত বিক্ষিপ্ত। [সং. বি + √ ধ্বন্স্ + ত]।

বিন1 (p. 616) [bina1] বি. 1 বরবটিজাতীয় শুঁটি; 2 মটরশুঁটি শিম প্রভৃতি বা তাদের গাছ। [ইং. bean]।

বিন2 (p. 616) [bina2] বি. বীণা। [সং. বীণা]। ̃ কার বি. বীণাবাদক।

বিনত (p. 616) [binata] বিণ. 1 নিচু হয়ে আছে এমন, অবনত, নত; 2 প্রণত; 3 নম্র (বিনত ভঙ্গি)। [সং. বি + নত]। বিনতা বিণ. বিনত -র স্ত্রীলিঙ্গ। □ বি. কশ্যপমুনির পত্নী। বিনতা-নন্দন, বৈনতেয় বি. বিনতার পুত্র অরুণ ও গরুড়। বিনতি বি. 1 প্রণতি; 2 নম্রতা, বিনয়; 3 বিনয়পূর্বক নিবেদন, অনুনয়।

বিনমন (p. 616) [binamana] বি. 1 বিনয়, নম্রতা; 2 অবনমন, নীচে নামানো, নিচু করা। [সং. বি + নমন]। বিনমিত বিণ. বিনীত, বিনয়নম্র; অবনমিত।

বিনম্র (p. 616) [binamra] বিণ. 1 অতিশয় নম্র; 2 অতি বিনীত, বিনয়াবনত (বিনম্র সেবক, বিনম্র বচন)। [সং. বি + নম্র]। স্ত্রী. বিনম্রা। বি. ̃ তা।

বিনয় (p. 616) [binaẏa] বি. 1 নম্রতা; 2 বিনীত নিবেদন, মিনতি; 3 শিক্ষা (তু. বৌ. শা. বিনয়পিটক); 4 দমন, শাসন। [সং. বি + √ নী + অ]। ̃ নম্র বিণ. বিনয়াবনত (বিনয়নম্র ব্যবহার)। বিনয়াব-নত বিণ. বিনয়ে অবনত; অতি বিনয়ী। স্ত্রী. বিনয়াব-নতা। বিনয়ী (-য়িন্) বিণ. বিনয়যুক্ত, বিনীত।

বিনয়ন (p. 616) [binaẏana] বি. 1 দমন, শাসন; 2 শিক্ষাদান; 3 অপনয়ন, মোচন (শোকবিনয়ন)। [সং. বি + √নী+ অন]।

বিনয়াবনত, বিনয়ী (p. 616) [binaẏābanata, binaẏī] দ্র বিনয়।

বিনশ্বর (p. 616) [binaśbara] বিণ. বিনাশধর্মী; অনিত্য। [সং. বি + √ নশ্ + বর]। বি.˜ তা।

বিনষ্ট (p. 616) [binaṣṭa] বিণ. বিনাশপ্রাপ্ত; ধ্বংস বা নষ্ট হয়েছে এমন। [সং. বি +নষ্ট]। বিনষ্টি বি. 1 বিনাশ ('যুদ্ধে যুদ্ধে বিপ্লবে বিপ্লবে/বিনষ্টির চক্রবৃদ্ধি দেখে': সু.দ.); 2 ক্ষয় (এত বিনষ্টি মেনে নেওয়া যায় না)।

বিনা1 (p. 616) [binā1] অব্য. ভিন্ন, ছাড়া, ব্যতীত (বিনা প্রমাণে, বিনামূল্যে, 'দুঃখ বিনা সুখভোগ হয় কি মহীতে')। [সং. বি + না]। বিনা বাক্যব্যয়ে ক্রি-বিণ. কোনো কথা না বলে (বিনা বাক্যব্যয়ে পিতার আদেশ মেনে নিল)। বিনা বাধায় ক্রি-বিণ. কোনো বাধা না পেয়ে, অপ্রতিহতভাবে।˜ মূল্যে ক্রি-বিণ. কোনো মূল্য ছাড়াই, মাগনা।

বিনা2 (p. 616) [binā2] ক্রি. বিনানো, রচনা করা, বানানো। [সং.√ বর্ণ্ + বাং. আ]।˜ নো, বিননো ক্রি. বি. 1 বেণি রচনা করা; 2 জড়িয়ে বেণির মতো করা; 3 ধীরে ধীরে বিস্তারিত করে বর্ণনা করা বা বিলাপ করা (বিনিয়ে বিনিয়ে বলা)। □ বিণ. জড়িয়ে বেণির মতো করা হয়েছে এমন।

বিনানো (p. 616) [binānō] দ্র বিনা2।

বিনামা1 (p. 616) [bināmā1] বি. জুতো। [বাং. বি + সং. নামন্ নামোল্লেখ অনুচিত বা অশোভন অর্থে (?)]।

বিনামা2 (p. 616) [bināmā2] বিণ. 1 কল্পিত নামযুক্ত; 2 নামহীন, বেনামা (বিনামা চিঠি)। [সং. বি + নামন্]।

বিনায়ক (p. 616) [bināẏaka] বি. 1 গণনায়ক, গণেশ; 2 শিক্ষক, গুরু; 3 বুদ্ধদেব; 4 গরুড়। [সং. বি + √নী + অক]।

বিনাশ (p. 616) [bināśa] বি. 1 ধ্বংস, লোপ; 2 উচ্ছেদ; 3 মৃত্যু বা নিধন (শত্রুবিনাশ); 4 ক্ষয় (ঐশ্বর্যবিনাশ, ধনবিনাশ)। [সং. বি + √ নশ্ + অ]।˜ ক বিণ. বিনাশকারী।˜ ন বি. বিনাশ করা। □ বিণ. বিনাশকর, বিনাশ করে এমন (বিঘ্নবিনাশন, তিমিরবিনাশন)।˜ ধর্মী (-ধর্মিন্) বিণ. বিনাশশীল; বিনাশ করে এমন।˜ শীল বিণ. বিনাশক, বিনাশ করে এমন। বিনাশিত বিণ. বিনষ্ট বা ধ্বংস বা বিদূরিত করা হয়েছে এমন; নিহত। বিনাশী (-শিন্) বিণ. বিনাশকারী, বিনাশক; বিনাশলীল। স্ত্রী. বিনাশিনী।

বিনিঃসরণ (p. 616) [biniḥsaraṇa] বি. বার হওয়া, নির্গমন (মলবিনিঃসরণ)। [সং. বি + নিঃসরণ]। বিনিঃসৃত বিণ. বহির্গত, নির্‌গত, নিঃসৃত।

বিনিদ্র (p. 616) [binidra] বিণ. নিদ্রাহীন (বিনিদ্র রজনী যাপন)। [সং. বি + নিদ্রা সমাসান্ত]।

বিনিন্দিত (p. 616) [binindita] বিণ. বিশেষভাবে বা ব্যাপকভাবে নিন্দিত (কাংস্যবিনিন্দিত কণ্ঠ, বিশ্ববিনিন্দিত)। [সং. বি + নিন্দিত]। স্ত্রী. বিনিন্দিতা।

বিনিপাত (p. 616) [binipāta] বি. 1 বিশেষভাবে নিপাত, বিনাশ, ধ্বংস (শত্রুসৈন্য-বিনিপাত); 2 অধঃপাত, পতন; 3 দেবতার দেওয়া দুঃখ। [সং. বি + নিপাত]।

বিনি-বর্তন (p. 616) [bini-bartana] বি. 1 পুনরায় আগমন বা গমন, প্রত্যাবর্তন, ফিরে আসা বা ফিরে যাওয়া; 2 বিরতি। [সং. বি + নি + √ বৃত্ + অন]; 3 ফেরানো। [সং. বি + নি + √ বৃত্ + ণিচ্ + অন]। বিনি-বর্তিত বিণ. ফেরানো বা নিরস্ত করা হয়েছে এমন। বিনি-বৃত্ত বিণ. ফিরেছে বা নিরস্ত হয়েছে এমন (বনবাস থেকে বিনিবৃত্ত)।

বিনি-বেশ (p. 618) [bini-bēśa] বি. সংস্থাপন, বিন্যাস (অঙ্গুলি-বিনিবেশ, চরণ বিনিবেশ)। [সং. বি + নি + √ বেশি + অ]। বিনি-বেশিত বিণ. স্থাপিত, বিন্যস্ত (দুই বাহু স্কন্ধে বিনিবেশিত)।

বিনি-ময় (p. 618) [bini-maẏa] বি. 1 বদল (পণ্যবিনিময়, অর্থের বিনিময়ে কী পেলে? বরকন্যার অঙ্গুরীয়-বিনিময়); 2 পরিবর্ত (বিনিময়প্রথা); 3 প্রতিদান (ভালোবাসার বিনিময়ে অনাদর পেল)। [সং. বি + নি + √ মী + অ]। বিনি-মিত বিণ. বিনিময় হয়েছে এমন।

বিনি-যুক্ত (p. 618) [bini-yukta] বিণ. 1 নিযুক্ত (চাকুরিতে বিনিযুক্ত); 2 প্রেরিত; 3 অর্পিত; 4 (ব্যাবসা ইত্যাদিতে মূলধনরূপে) খাটানো বা লগ্নি করা হয়েছে এমন। [সং. বি + নিযুক্ত]।

বিনিয়ত (p. 618) [biniẏata] বিণ. সংযত, নিয়ন্ত্রিত (বিনিয়ত আচরণ, বিনিয়ত আহার); 2 নিবারিত (বিনিয়ত ক্রোধ, বিনিয়ত উত্তেজনা)। [সং. বি + নি + √ যম্ + ত]। বিনিয়ম বি. সংযম, নিয়ন্ত্রণ, শাসন; নিয়ম; নিবারণ।

বিনিয়োগ (p. 618) [biniẏōga] বি. 1 (ব্যাবসা ইত্যাদিতে মূলধনরূপে) খাটানো বা কাজে লাগানো (ব্যাবসায় বহু অর্থ বিনিয়োগ করা হয়েছে); 2 প্রয়োগ (বুদ্ধিবিনিয়োগ); 3 প্রেরণ; 4 অর্পণ। [সং. বি + নি + √ যুজ্ + অ]।

বিনিয়োজিত (p. 618) [biniẏōjita] বিণ. 1 বিনিয়োগ করা হয়েছে এমন; 2 অর্পিত; 3 প্রেরিত; 4 নিযুক্ত; 5 প্রবর্তিত। [সং. বি + নি + √ যোজি + ত]।

বিনির্গত (p. 618) [binirgata] বিণ. বহির্গত, নিষ্ক্রান্ত, বাইরে বেরিয়ে গেছে এমন (বিনির্গত অশ্রু, বিনির্গত রুধির)। [সং. বি + নির্ + √ গম্ + ত]। বিনির্গম, বিনির্গমন বি. বহির্গমন, নিষ্ক্রমণ; নিঃসরণ।

বিনির্জিত (p. 618) [binirjita] বিণ. পরাজিত (বিনির্জিত শত্রু)। [সং. বি + নির্ + √ জি + ত]।

বিনির্ণয় (p. 618) [binirṇaẏa] বি. 1 স্থিরীকরণ, নির্ধারণ (মূল্য-বিনির্ণয়); 2 বিচারপূর্বক প্রদত্ত ব্যবস্থা, সিদ্ধান্ত, রোয়োদাদ, award (স.প.)। [সং. বি + নির্ + √ নী + অ]। বিনির্ণীত বিণ. স্থিরীকৃত, বিশেষভাবে নির্ধারিত।

বিনির্দেশ (p. 618) [binirdēśa] বি. বিশেষভাবে নির্দিষ্ট করা specification (বি.প) [সং. বি + নির্দেশ]। বিণ. বিনির্দিষ্ট।

বিনির্বৃত্ত (p. 618) [binirbṛtta] বিণ. 1 ক্ষান্ত, সমাপ্ত (বিনির্বৃত্ত ঝঞ্ঝা); 2 বিষাদিত, দুঃখক্লিষ্ট (বিনির্বৃত্ত অন্তরে); 3 নিষ্পন্ন। [সং. বি + নির্ + √ বৃত্ + ত]।

বিনিশ্চয় (p. 618) [biniścaẏa] বি. স্থির বা সন্দেহাতীত সিদ্ধান্ত (চর্যাচর্যবিনিশ্চয়)। [সং. বি + নিশ্চয়]। বিনিশ্চিত বিণ. 1 সন্দেহাতীতভাবে স্থিরীকৃত বা নির্ধারিত; 2 অভ্রান্ত। বি. বিনিশ্চিতি।

বিনীত (p. 618) [binīta] বিণ. 1 বিনয়যুক্ত, বিনম্র (বিনীত অনুরোধ); 2 শান্ত; 3 সংযত (বিনীত আচরণ); 4 শিক্ষিত ('বনের অবিনীত পশু')। [সং. বি + √ নী + ত]। স্ত্রী. বিনীতা।

বিনু (p. 618) [binu] (ব্রজ. ও প্রা. বাং.) বিনা -র কোমল রূপ ('তাহা বিনু আর কারো নই': জ্ঞান)।

বিনুনি (p. 618) [binuni] বি. 1 বেণি, বিনানো চুল; 2 বেণিরচনা।[বাং. বিনা2 + উনি]।

বিনেতা (p. 618) [binētā] (-তৃ) বিণ. 1 নিয়ন্তা, নিয়ন্ত্রণকারী; 2 শিক্ষক। [সং. বি + √ নী + তৃ]। স্ত্রী. বিনেত্রী।

বিনোদ (p. 618) [binōda] বি. 1 সন্তোষ বা সন্তোষসাধন, আনন্দ বা আনন্দিতকরণ; 2 আমোদ, আমোদ-প্রমোদ, বিহার। □ বিণ. মনোরম (বিনোদ

বেণি); প্রিয়; সুন্দর (বিনোদ নাগর)। [সং. বি + √ নুদ্ + অ]। ˜ ন বি. 1 সানন্দে যাপন (অবসর-বিনোদন); 2 মোচন, অপনোদন, দূরীকরণ (ক্লান্তি-বিনোদন)। বিনোদিত বিণ. আমোদিত বা তুষ্ট বা দূরীকৃত হয়েছে এমন। বিনোদিয়া বিণ. (প্রা. কা.) আনন্দদায়ক, রমণীয় ('বিনোদিয়া বেণীর শোভায়': ভা. চ.)। বিনোদী (-দিন্) বিণ. 1 বিনোদনকারী; 2 আনন্দদায়ক। বিনোদিনী বিণ. বিনোদী-র স্ত্রীলিঙ্গে; 1 সুন্দরী; 2 আনন্দদায়িনী। □ বি. শ্রীরাধিকা।

বিন্তি (p. 618) [binti] বি. তাসের খেলাবিশেষ। [পো. vinte]।

বিন্দু (p. 618) [bindu] বি. 1 ফোঁটা (রক্তবিন্দু); 2 অনুস্বার বা অনুরূপ আকারের চিহ্নবিশেষ (বিন্দুবিসর্গ); 3 (জ্যামি.) দৈর্ঘ্য প্রস্থ-বেধহীন অবস্থাননির্দেশক চিহ্নবিশেষ; 4 শুক্র (বিন্দুধারণ); 5 কণা বা কণিকা (একবিন্দুও অবশিষ্ট নেই)। [সং. √ বিন্দ্ + উ]। বিন্দুতে সিন্ধুজ্ঞান সামান্য বা অত্যল্প পরিমাণকেই প্রচুর বলে কল্পনা। ˜ বিসর্গ বি. (আল.) 1 অতি সামান্য পরিমাণ; 2 সামান্যতম আভাস (সে এ-ব্যাপারের বিন্দুবিসর্গও জানত না)। ˜ মাত্র বি. সামান্যমাত্র, লেশমাত্র (বিন্দুমাত্র সন্দেহ করেনি)।

বিন্ধা (p. 618) [bindhā] ক্রি. (প্রা. কা.) বিদ্ধ করা ('বিন্ধহ পরম নির্বাণে': চর্যা)। বিঁধা, বেঁধা দ্র।

বিন্ধ্য (p. 618) [bindhya] বি. ভারতের মধ্যাঞ্চলে পূর্বপশ্চিমে বিস্তৃত পর্বতমালাবিশেষ। [সং. বি + √ ধ্যৈ + অ (নি. ম্ আগম)]। ˜ বাসিনী বি. (স্ত্রী.) দুর্গাদেবী। □ বিণ. (স্ত্রী.) বিন্ধ্যপর্বতে বাসকারিণী। বিন্ধ্যাচল বি. বিন্ধ্যপর্বত। বিন্ধ্যারণ্য বি. বিন্ধ্য পর্বতের অরণ্য।

বিন্যস্ত (p. 618) [binyasta] দ্র বিন্যাস।

বিন্যাস (p. 618) [binyāsa] বি. 1 সুশৃঙ্খলভাবে স্থাপন বা রক্ষণ; 2 সুন্দরভাবে বা পরিপাটিভাবে রচনা বা সজ্জা (শব্দবিন্যাস, কেশবিন্যাস)। [সং. বি + নি + √ অস্ + অ]। বিন্যস্ত বিণ. সুশৃঙ্খলভাবে স্থাপিত বা রচিত (সুবিন্যস্ত বেশবাস, সুবিন্যস্ত যুক্তিপরম্পরা)।

বিপক্ষ (p. 618) [bipakṣa] বি. 1 বিরোধী বা প্রতিকূল পক্ষ, বিরুদ্ধ দল (বিপক্ষের প্রতিবাদ, তার ভাই তার বিপক্ষে গেছে); 2 শত্রু। [সং. বি + পক্ষ]।˜ তা বি. বিরোধিতা। বিপক্ষীয় বিণ. বিপক্ষসম্বন্ধীয়, বিপক্ষভুক্ত।

বিপজ্জনক (p. 618) [bipajjanaka] বিণ. বিপদ সৃষ্টি করে বা বিপদে ফেলে এমন; (যাতে) বিপদের ভয় আছে এমন, মারাত্মক (বিপজ্জনক পরিস্থিতি, বিপজ্জনক ব্যাপার)। [সং. বিপদ্ + জনক]।

বিপণন (p. 618) [bipaṇana] বি. বিক্রয়ের জন্য বাজারে দেওয়া, বাজারে বিক্রয়ের ব্যবস্থা করা, marketing. [সং. বি + √ পণ্ + অন]।

বিপণি, বিপণী (p. 619) [bipaṇi, bipaṇī] বি. 1 দোকান; 2 বাজার, হাট; 3 পণ্যশালা ('কতই বিপণি, কতই পণ্য': রবীন্দ্র)। [সং. বি + √ পণ্ + ই, ঈ]।

বিপত্তারিণী (p. 619) [bipattāriṇī] বিণ. (স্ত্রী.) বিপদ থেকে ত্রাণকারিণী। □ বি. লৌকিক দেবীবিশেষ। [সং. বিপত্ + তারিণী]।

বিপত্তি (p. 619) [bipatti] বি. 1 বিপদ, সংকট; 2 বাধা, বিঘ্ন; 3 দুর্গতি, দুরবস্থা (বাধা-বিপত্তি); 4 ঝঞ্ঝাট, ঝামেলা (উটকো বিপত্তি)। [সং. বি + √ পদ্ + তি]।˜ কর বিণ. বিঘ্নজনক; ঝঞ্ঝাটপূর্ণ।

বিপত্নীক (p. 619) [bipatnīka] বিণ. মৃতদার, পত্নী মারা গেছে এমন। [সং. বি + পত্নী + ক]।

বিপথ (p. 619) [bipatha] বি. 1 মন্দ বা ভুল পথ; 2 অসত্ পথ বা অসত্ জীবনযাত্রা (বিপথে চলা, বিপথগামী)। [সং. বি + পথ]।˜ গামী (-মিন্) বিণ. বিপথে গেছে এমন (অল্পবয়সেই বিপথগামী হয়েছে)। স্ত্রী.˜ গামিনী।˜ চারী (-রিন্) বিণ. বিপথে চলছে এমন, কুপথ অনুসরণ করছে এমন। স্ত্রী.˜ চারিণী। বি.˜ চারিতা।

বিপদ, (অপ্র.) বিপত্ (বিপদ্) (p. 619) [bipada, (apra.) bipat (bipad)] বি. 1 সংকট, বিপত্তি, আপদ; 2 ঝঞ্ঝাট, ঝামেলা (এ কী উটকো বিপদ?); 3 দুর্ঘটনা, দুর্দৈব; 4 দুরবস্থা (বিপদের দিনে কারও সাহায্য পায়নি)। [সং. বি + √ পদ্ + ক্বিপ্]। বিপত্-কাল বি. বিপজ্জনক সময়, বিপদের সময়। বিপত্-পাত বি. বিপদ ঘটা (বিপৎপাতের সম্ভাবনা)। বিপদ্-গর্ভ, বিপদ-গর্ভ বিণ. বিপজ্জনক, বিপদের সম্ভাবনাযুক্ত। বিপদ্-গ্রস্ত, বিপদ-গ্রস্ত বিণ. বিপদে পতিত, বিপন্ন। বিপদ-চিহ্ন, বিপদ্-চিহ্ন বি. বিপদ সম্বন্ধে সাবধান করার জন্য চিহ্ন। বহুল বিণ. বিপৎপূর্ণ। বিপদভঞ্জন বি. বিণ. বিপদ দুরকারী। বিপদ-রেখা, বিপত্-সীমা বি. নদী বা জলাধারের জলস্ফীতি যে রেখা বা সীমা ছাপিয়ে উঠলে প্লাবনজনিত বিপদের আশঙ্কা থাকে, danger-level. বিপদ্-মুক্তি বি. বিপদের আশঙ্কা থেকে

মুক্তি। ˜ সংকুল বিণ. বিপজ্জনক, সংকটজনক। বিপদ-সংকেত বি. বিপদের সম্পর্কে সতর্ক করার জন্য সংকেত, danger signal, siren. বিপদাপদ বি. নানাপ্রকার বিপদ বা বিঘ্ন। বিপদাপন্ন বিণ. বিপন্ন। বিপদুদ্ধার বি. বিপদ থেকে নিষ্কৃতি, বিপদমুক্তি। বিপদ্দশা বি. বিপন্ন অবস্থা।

বিপন্ন (p. 619) [bipanna] বিণ. বিপদে পতিত, বিপদ্গ্রস্ত; দুর্দশাগ্রস্ত। [সং. বি + √ পদ্ + ত]। স্ত্রী. বিপন্না।

বিপন্মুক্ত (p. 619) [bipanmukta] বিণ. বিপদ থেকে নিষ্কৃতি লাভ করেছে এমন। [সং. বিপদ্ + মুক্ত]। বি. বিপন্মুক্তি।

বিপরি-ণত (p. 619) [bipari-ṇata] বিণ. 1 পরিবর্তিত; 2 বিপর্যস্ত। [সং. বি + পরিণত]। বিপরি-ণতি বি. পরিবর্তন; বিপর্যয়।

বিপরি-ণাম (p. 619) [bipari-ṇāma] বি. 1 পরিবর্তন; 2 বিপর্যয়; 3 বিকৃতি। [সং. বি + পরিণাম]। বিপরি-ণামী (-ণামিন্) বিণ. পরিবর্তনশীল; বিপরীত-পরিণাম-প্রাপ্ত; বিকৃতিগ্রস্ত; বিপাকগ্রস্ত।

বিপরি-বর্তন (p. 619) [bipari-bartana] বি. 1 বিশেষ পরিবর্তন; 2 বিপরীত পরিবর্তন, বিপর্যাস; 3 ঘুরানো ফিরানো। [সং. বি + পরিবর্তন]। বিণ. বিপরি-বর্তিত।

বিপরীত (p. 619) [biparīta] বিণ. 1 উলটো (রাস্তার বিপরীত দিক, বিপরীত বাহু); 2 বিরুদ্ধ, প্রতিকূল (বিপরীত মত, বিপরীত পক্ষ); 3 বিষম, উৎকট

(বিপরীত কাণ্ড)। [সং. বি + পরি + √ ই + ত]। বিপরীতার্থক বিণ. বিপরীত বা উলটো অর্থবোধক।

বিপর্‌যয় (p. 619) [biparyaẏa] বি. 1 ওলটপালট, অবস্থায় ব্যাপক ও অবাঞ্ছিত পরিবর্তন; 2 বিশৃঙ্খল ও দুর্ভাগ্যজনক ঘটনা বা অবস্থা (প্রাকৃতিক বিপর্যয়); 3 বৈপরীত্য, বিপর্যাস, ব্যতিক্রম (বর্ণবিপর্যয়); 4 ধ্বংস, লোপ। [সং. বি + পরি + √ ই + অ]। বিপর্যস্ত বিণ. বিপর্যয়গ্রস্ত; সম্পূর্ণ পরিবর্তিত; বিশৃঙ্খলাবস্থাগ্রস্ত; ছত্রভঙ্গ (বিপর্যস্ত সমাজব্যবস্থা)।

বিপর্যাস (p. 619) [biparyāsa] বি. 1 ওলটপালট; 2 বৈপরীত্য, ক্রম বা অবস্থার বৈপরীত্য বা ব্যতিক্রম (বাক্যে অন্বয়ের বিপর্যাস)। [সং. বি + পরি + √ অস্ + অ]।

বিপল (p. 619) [bipala] বি. কাল বা সময়ের পরিমাণবিশেষ। (1 বিপল = 1/6 পল = 2/5 সেকেণ্ড)। [সং. বি (=বিভক্ত) + পল]।

বিপশ্চিত্ (p. 619) [bipaścit] বিণ. বি. জ্ঞানী, বিদ্বান, পণ্ডিত। [সং. বি + প্র + √ চি ক্বিপ্ ত্ আগম নি.]।

বিপাক (p. 619) [bipāka] বি. 1 দুর্ভোগ, সংকট, বিড়ম্বনা (ভারী বিপাকে পড়েছে লোকটি, দৈববিপাক); 2 (জীব.) দেহে খাদ্যের পরিণাম, metabolism (বি. প.); 3 পরিপাক, জীর্ণকরণ; 4 (সং.) (এই জন্মের বা জন্মান্তরের) কর্মফল ('করমবিপাকে গতাগতি পুনপুন')। [সং. বি + √ পচ্ + অ]। বিপাকীয় বিণ. বিপাক সম্বন্ধীয়, metabolic.

বিপাশা (p. 619) [bipāśā] বি. পাঞ্জাবের নদীবিশেষ, সিন্ধুনদের শাখাবিশেষ, Beas. [সং. বি + √ পাশি + আ]।

বিপিতা (p. 619) [bipitā] (-পিতৃ) বি. জন্মদাতা পিতা ভিন্ন মাতার অন্য স্বামী, সত্-বাপ। [সং. বি + পিতৃ]।

বিপিন (p. 619) [bipina] বি. অরণ্য, বন। [সং. √ বেপ্ + ইন্]। ̃ বিহারী (-রিন) বিণ. বনে ভ্রমণকারী। □ বি. শ্রীকৃষ্ণ।

বিপুল (p. 619) [bipula] বিণ. 1 বিশাল (বিপুল সমারোহ); 2 প্রচুর (বিপুল ঐশ্বর্য, বিপুল সংবর্ধনা); 3 অতি বৃহত্, বিরাট (বিপুলকায়); 4 প্রশস্ত (বিপুল সমুদ্র); 5 স্থূল (বিপুল স্কন্ধ); 6 মহান (বিপুল অন্তর, বিপুল হৃদয়)। [সং. বি + √ পুল্ + অ]। স্ত্রী. বিপুলা। বিপুলায়তন বিণ. বিরাট আকারের, অতি বিরাট (বিপুলায়তন ভূখণ্ড)।

বিপ্র (p. 619) [bipra] বি. 1 ব্রাহ্মণ; 2 বেদজ্ঞ ব্রাহ্মণ। [সং. বি + √ প্রা + অ]।

বিপ্রকর্ষ (p. 619) [biprakarṣa] বি. 1 দূরত্ব; 2 দূরে অবস্থান; 3 (ব্যাক.) স্বরভক্তি অর্থাত্ উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনবর্ণের মধ্যে স্বরধ্বনির আনয়ন-যথা কর্ম > করম, স্নান > সিনান। [সং. বি + প্র + √ কৃষ্ + অ]। ̃ ণ বি. দূরে সরিয়ে দেওয়া; বিকর্ষণ; ঠেলা। বিপ্রকৃষ্ট বিণ. 1 বিপ্রকর্ষণ করা হয়েছে এমন; 2 দূরবর্তী।

বিপ্র-কার (p. 619) [bipra-kāra] বি. 1 অপকার, ক্ষতি; 2 তিরস্কার; 3 নানা প্রকার। [সং. বি + প্র + √ কৃ + অ]।

বিপ্র-কীর্ণ (p. 619) [bipra-kīrṇa] বিণ. ইতস্তত বিক্ষিপ্ত বা ছড়ানো, এলোমেলোভাবে ছড়ানো রয়েছে এমন। [সং. বি + প্র + কীর্ণ]।

বিপ্রতি-পত্তি (p. 619) [biprati-patti] বি. 1 বিরোধ; 2 বিরুদ্ধ জ্ঞান; 3 পার্থক্য; 4 সংশয়। [সং. বি (=বিপরীত) + প্রতিপত্তি (=জ্ঞান)]। বিপ্রতি-পন্ন বিণ. বিরুদ্ধ; বিরুদ্ধ জ্ঞানপূর্ণ; পার্থক্যযুক্ত, সন্দেহযুক্ত, সংশয়পূর্ণ।

বিপ্রতীপ (p. 619) [bipratīpa] বিণ. প্রতিকূল; সম্পূর্ণ বিপরীত (বিপ্রতীপ কোণ)। [সং. বি + প্রতীপ]।

বিপ্র-যুক্ত (p. 619) [bipra-yukta] বিণ. সংযোগরহিত, বিযুক্ত, বিরহিত, বিচ্ছিন্ন, বিশ্লিষ্ট। [সং. বি + প্র + যুক্ত]। বিপ্রয়োগ বি. বিচ্ছেদ, বিশ্লেষ; বিয়োগ; বিরহ।

বিপ্র-লব্ধ (p. 619) [bipra-labdha] বিণ. বঞ্চিত, প্রতারিত। [সং. বি + প্র + √ লভ্ + ত]। বিপ্র-লব্ধা বিণ. (স্ত্রী.) প্রতারিতা, বঞ্চিতা। □ বি. (আল.) সংকেতস্থানে গিয়ে নায়কের সাক্ষাত্ থেকে বঞ্চিতা নায়িকা।

বিপ্র-লম্ভ (p. 619) [bipra-lambha] বি. 1 প্রতারণা, বঞ্চনা; 2 বিরহ. নায়ক নায়িকার বিচ্ছেদ; 3 কলহ। [সং. বি + প্‌র + √ লভ্ + অ]।

বিপ্র-লাভ (p. 619) [bipra-lābha] বি. 1 অনর্থক বিবাদ; 2 বিরুদ্ধ বাক্য বলা। [সং. বি. + প্র √লপ্ + অ]।

বিপ্লব (p. 619) [biplaba] বি. 1 (রাষ্ট্র সমাজ প্রভৃতির) আমূল ও অতি দূত পরিবর্তন (ফরাসি বিপ্লব, চিন্তাজগতের বিপ্লব); 2 বিদ্রোহ; 3 ব্যাপক ধ্বংস। [সং. বি + √ প্লু + অ]। বিপ্লবী (-বিন্) বিণ. বি. বিপ্লব ঘটাতে ইচ্ছুক বা চেষ্টিত; বিপ্লবের সমর্থক।˜ বাদ বি. বিপ্লবের সমর্থন বা বিপ্লবের পন্হার সমর্থন। বিপ্লবাত্মক বিণ. বৈপ্লবিক; বিরাট ও আমূল পরিবর্তনমূলক।

বিপ্লাবন (p. 619) [biplābana] বি. 1 বন্যা, জলপ্লাবন; 2 ধ্বংস। [সং. বি + প্লাবন]। বিপ্লাবিত বিণ. বন্যায় ভেসে গেছে এমন, নিমজ্জিত; বিধ্বস্ত।

বিপ্লুত (p. 619) [bipluta] বিণ. 1 বিপর্যস্ত; বিধ্বস্ত; 2 উপদ্রুত; 3 বিহ্বল (ভয়বিপ্লুত); 4 প্লাবিত (অশ্রুবিপ্লুত)। [সং. বি + প্লুত]।

বিফল (p. 619) [biphala] বিণ ব্যর্থ, নিষ্ফল, নিরর্থক (বিফলকাম, বিফল বাসনা)। [সং. + বি (ব্যর্থ) + ফল]।˜ কাম,˜ মনোরথ বিণ. ব্যর্থ; কামনা বা মনোবাসনা পূর্ণ হয়নি এমন।

বিবক্ষা (p. 619) [bibakṣā] বি. বলার ইচ্ছা। [সং. √ বচ্ + সন্ + আ]। বিবক্ষিত বিণ. বলতে ইচ্ছা করা হয়েছে এমন, বলতে চাওয়া হয়েছে এমন (চিরবিবক্ষিত কথা)। বিবক্ষু বিণ. বলতে ইচ্ছুক।

বিবৎসা1 (p. 619) [bibatsā1] বি. বাস করার ইচ্ছা। [সং. √ বস্ + সন্ + অ + আ]।

বিবৎসা2 (p. 619) [bibatsā2] বিণ. যে গাভির বাছুর মারা গেছে, বৎসহীনা। [সং. বি + বৎস + আ]।

বিবদ-মান (p. 619) [bibada-māna] বিণ. 1 বিবাদ বা কলহ করছে এমন; 2 বিরুদ্ধমতাবলম্বী (বিবদমান গোষ্ঠীগুলি)। [সং. বি + √ বদ্ + আন (মান)]। স্ত্রী. বিবদ-মানা।

বিবমিষা (p. 619) [bibamiṣā] বি. বমন করার ইচ্ছা; বমির ভাব। [সং. √ বম্ + সন্ + অ + আ]। বিবমিষু বিণ. বমনেচ্ছু।

বিবর (p. 619) [bibara] বি. 1 গহ্বর, গর্ত (সর্পবিবর); 2 ছিদ্র (কর্ণবিবর)। [সং. বি + √ বৃ + অ]।

বিবরণ2 (p. 619) [bibaraṇa2] বি. 1 বিবৃতি (ঘটনার পূর্ণ বিবরণ); 2 বর্ণনা, ব্যাখ্যান; 3 বৃত্তান্ত, কাহিনি। [সং. বি + √ বৃ + অন]। বিবরণী বি. (বাং.) বিবরণ-সংবলিত লিপি (সভার কার্যবিবরণী)। বিবরণীয় বিণ. বর্ণনা বা বিবৃত করার যোগ্য।

বিবরা (p. 619) [bibarā] ক্রি. (কাব্যে) বিবৃত করা, বিশদভাবে বলা ('কহ মোরে বিবরিয়া': মধু.)। [সং. বি + √ বৃ + বাং. আ]।

বিবর্জক (p. 619) [bibarjaka] বিণ. বর্জনকারী, ত্যাগকারী। [সং. বি + √ বর্জ্ + অক]। বিবর্জন বি. সম্পূর্ণ বর্জন, পরিত্যাগ। বিবর্জিত বিণ. 1 সম্পূর্ণ পরিত্যক্ত; 2 রহিত (রাগদ্বেষ বিবর্জিত)। স্ত্রী. বিবর্জিতা (স্বামীবিবর্জিতা)।

বিবর্ণ (p. 619) [bibarṇa] বিণ. 1 নিষ্প্রভ, ফ্যাকাসে (দুসংবাদ শুনে মুখ বিবর্ণ হওয়া); 2 মলিন (বিবর্ণ পোশাক)। [সং. বি + বর্ণ]। স্ত্রী. বিবর্ণা। বি.˜ তা।

বিবর্ত (p. 619) [bibarta] বি. 1 ঘূর্ণন; 2 ভ্রমণ; 3 পরিবর্তন; 4 পরিবর্তিত অবস্থা, পরিণাম; 5 (দর্শ.) রূপভেদ; 6 মায়াময়রূপে স্থিতি; 7 ভ্রম। [সং. বি + √ বৃত্ + অ]।˜ বাদ বি. (দর্শ.) মায়াবাদ, (রজ্জুতে সর্পভ্রমের মতো) ব্রহ্মে অসত্য মায়াময় জগতের অস্তিত্ব ভেবে নেওয়ার ভ্রমরূপ মতবাদ।

বিবর্তন (p. 619) [bibartana] বি. 1 ঘূর্ণন, আবর্তন; 2 ভ্রমণ; 3 প্রত্যাবর্তন; 4 ক্রমবিকাশ, ক্রমপরিবর্তন (জীবের বিবর্তন)। [সং. বি + √ বৃত্ + অন]।˜ বাদ ক্রমবিকাশের মতবাদ, theory of evolution.

বিবর্তিত (p. 619) [bibartita] বিণ. 1 ফিরিয়ে আনা হয়েছে এমন; 2 ঘুরানো হয়েছে এমন, ঘূর্ণিত; 3 প্রত্যাবর্তিত; 4 পরিবর্তিত, ক্রমবিকাশের ফলে পরিবর্তিত। [সং. বি + √ বৃত্ + ণিচ্ + ত]।

বিবর্ধক (p. 619) [bibardhaka] বিণ. বিবর্ধনকারী। [সং. বি + বর্ধক]। বিবর্ধক কাচ বি. যে কাচের ভিতর দিয়ে দেখলে অক্ষরাদি বড়ো দেখায়, magnifying glass.

বিবর্ধন (p. 619) [bibardhana] বি. 1 সম্যক বৃদ্ধিসাধন। [সং. বি + √ বৃধ্ + ণিচ্ + অন]; 2 সম্যক বৃদ্ধি। [সং. বি + √ বৃধ্ + অন্]। বিবর্ধিত বিণ. সম্যক বর্ধিত; বিশেষভাবে বৃদ্ধিপ্রাপ্ত (বিবর্ধিত উপার্জন)।

বিবশ (p. 619) [bibaśa] বিণ. 1 অবশ, অসাড় (হাত-পা বিবশ হওয়া); 2 বিহ্বল (শোকে বিবশ); 3 নিশ্চেষ্ট, অলস (বিবশ মন)। [সং. বি (=বিগত) + বশ (ইচ্ছাশক্তি)]। বি. ˜ তা। স্ত্রী. বিবশা।

বিবসন (p. 619) [bibasana] বিণ. বসনহীন, উলঙ্গ। [সং. বি + বসন]। স্ত্রী. বিবসনা (বিবসনা কালী)।

বিবস্ত্র (p. 619) [bibastra] বিণ. বস্ত্রহীন, উলঙ্গ। [সং. বি + বস্ত্র]। স্ত্রী. বিবস্ত্রা।

বিবস্বান (p. 621) [bibasbāna] (-স্বান্, -স্বত্) বি. সূর্য। [সং. বিবস্ + বত্]। বিণ. বৈবস্বত।

বিবাগ (p. 621) [bibāga] বি. 1 বিদেশ; 2 বিরাগ। [সং. বি + বাং. বাগ2 (=দিক)]।

বিবাগি, (বর্জি.) বিবাগী (p. 621) [bibāgi, (barji.) bibāgī] বিণ. 1 উদাসীন ('বল কার লাগি হয়েছ বিবাগী': নজরুল); 2 সংসারত্যাগী; 3 ভোগসুখে বিমুখ; 4 দেশত্যাগী। [সং. বি + বাং. বাগ2 + ই-তু. ফা. বেগানহ্]।

বিবাদ (p. 621) [bibāda] বি. 1 কলহ, ঝগড়া; 2 বিরোধ; 3 তর্কাতর্কি; 4 মামলা-মোকদ্দমা; 5 লড়াই। [সং. বি + √ বদ্ + অ]।˜ প্রিয় বিণ. ঝগড়াটে।˜ বিসংবাদ বি. ঝগড়াঝাটি। বিবাদী (-দিন্) বিণ. বিবাদকারী। □ বি. 1 মোকদ্দমায় প্রতিপক্ষ; 2 (সংগীতে) বাদী স্বরের বিরোধী স্বর। স্ত্রী. বিবাদিনী।

বিবাদি (p. 621) [bibādi] বিণ. বিবাদের বিষয়ীভূত, বিবাদ-সংক্রান্ত (বিবাদি সম্পত্তি)। [সং. বিবাদ + বাং. ই]।

বিবাদিনী (p. 621) [bibādinī] দ্র বিবাদ।

বিবাদী1 (p. 621) [bibādī1] দ্র বিবাদ।

বিবাসন, বিবাস (p. 621) [bibāsana, bibāsa] বি. স্বদেশ থেকে দূরীকরণ, নির্বাসন। [সং. বি + বাসন, বাস]। বিবাসিত বিণ. নির্বাসিত।

বিবাহ (p. 621) [bibāha] বি. একটি পুরুষ ও একটি নারীর স্বামী-স্ত্রী হিসাবে জীবনযাপন করার সামাজিক বিধি; পরিণয়, উদ্বাহ। [সং. বি + √ বহ্ + অ]।˜ বিচ্ছেদ বি. আইনবলে স্বামী-স্ত্রীর দাম্পত্যজীবনের অবসান, divorce. বিবাহার্থী (-র্থিন্) বিণ. বিবাহ করতে ইচ্ছুক। বিবাহিত বিণ. বিবাহ করেছে এমন, পরিণীত। স্ত্রী. বিবাহিতা।

বিবি (p. 621) [bibi] বি. 1 মুসলমান মহিলা; 2 সম্ভ্রান্ত মুসলমানের পত্নী; 3 ইয়োরোপীয় মহিলা, মেম (সাহেব-বিবি); 4 স্ত্রীমূর্তিচিহ্নিত তাসবিশেষ। □ বিণ.

আরামপ্রিয়া, বিলাসিনী (বিবি বউ)। [ফা. বীবী]। ˜ জান বি. বিবিকে প্রিয় সম্বোধন। ˜ য়ানা বি. মেমের মতো বিলাসিতা বা বিলাসী সাজসজ্জা।

বিবিক্ত (p. 621) [bibikta] বিণ. 1 অসম্পৃক্ত, আলাদা, স্বতন্ত্র, পৃথক ('জাতিভেদে বিবিক্ত মানুষ': সু. দ.); 2 নির্জন, জনহীন, নিভৃত ('বৃষ্টির বিবিক্ত দিনে': সু. দ.); 3 একাগ্র; 4 বিশুদ্ধ। [সং. বি + √ বিচ্ + ত]। ˜ সেবী (-বিন্) বিণ. নির্জন স্থানে বাসকারী। বিবিক্তি বি. একাকিত্ব; নির্জনতা ('বিবিক্তিতে তাই মুমূর্ষার প্রতিকার নাই': সু. দ.)।

বিবিক্ষা (p. 621) [bibikṣā] বি. প্রবেশের ইচ্ছা। [সং. √ বিশ্ + সন্ + অ + আ]। বিবিক্ষু বিণ. প্রবেশ করতে ইচ্ছুক।

বিবিজান (p. 621) [bibijāna] দ্র বিবি।

বিবিধ (p. 621) [bibidha] বিণ. নানারকম। [সং. বি (=বিভিন্ন) + বিধা]। বিবিধার্থ বি. নানারকম অর্থ; বিভিন্ন অর্থ। □ বিণ. বিবিধ অর্থযুক্ত বা অর্থসংবলিত।

বিবুধ (p. 621) [bibudha] বি. 1 পণ্ডিত (বিবুধমণ্ডলী); 2 দেবতা। [সং. বি + √ বুধ্ (=জানা) + অ]।

বিবৃত (p. 621) [bibṛta] বিণ. 1 বর্ণিত (সংক্ষেপে বিবৃত করো); 2 ব্যাখ্যাত; 3 উন্মুক্ত (বিবৃত ধ্বনি); 4 প্রসারিত (বিবৃত মুখ, বিবৃত দ্বার)। [সং. বি + √ বৃ

+ ত]। বিবৃতি বি. বর্ণনা, বিবরণ, ব্যাখ্যা; উন্মুক্ত বা প্রসারিতকরণ, সাধারণের জ্ঞাতার্থে বিবৃতি, statement.

বিবৃত্ত (p. 621) [bibr̥tta] বিণ. 1 ঘূর্ণিত; 2 পরাবৃত্ত; 3 প্রত্যাবৃত্ত। [সং. বি + √ বৃত্ + ত]। বিবৃত্তি বি. ঘূর্ণন; চক্রবত্ ভ্রমণ।

বিবেক (p. 621) [bibēka] বি. 1 ধর্ম ও অধর্মের, পাপ ও পুণ্যের কিংবা উচিত ও অনুচিতের পার্থক্য নির্ণয়ে মানুষের অন্তর্নিহিত শক্তি বা বিচারবোধ; 2 পাপ-পুণ্য বা উচিত-অনুচিত সম্পর্কে অন্তর্দৃষ্টি; 3 সদসত্-বিচার; 4 বৈরাগ্য; 5 (সচ. যাত্রা বা পালা গানে) মানুষের বিচারবুদ্ধি জাগ্রতকারী বা সচেতনকারী গায়কবিশেষ। [সং. বি + √ বিচ্ + অ]। ˜ বান বিণ. পাপ-পুণ্য বা ন্যায়-অন্যায় সম্পর্কে অন্তর্দৃষ্টিসম্পন্ন। ˜ বুদ্ধি বি. বিবেক অনুযায়ী বুদ্ধি (নিম্নশ্রেণির প্রাণীদের বিবেকবুদ্ধি নেই)। ˜ হীন বিণ. বিবেক নেই এমন। বিবেকী (-কিন্) বিণ. বিবেকসম্পন্ন (বিবেকী শিল্পী)।

বিবেচক (p. 621) [bibēcaka] বিণ. 1 বিচক্ষণ; 2 বিবেকবুদ্ধি অনুযায়ী বিচার করে বা বিশ্লেষণ করে এমন। [সং. বি + √ বিচ্ + অক]। বিবেচন, বিবেচনা বি. 1 বিশেষভাবে চিন্তা, বিশ্লেষণ প্রভৃতির দ্বারা বিচার; 2 বিচক্ষণতা; 3 পরের সুখ-সুবিধার প্রতি লক্ষ্য। বিবেচনাধীন বিণ. বিবেচনা করা হচ্ছে এমন। বিবেচনীয়, বিবেচ্য বিণ. বিবেচনার যোগ্য। বিবেচিত বিণ. বিবেচনা করা হয়েছে এমন।

বিব্রত (p. 621) [bibrata] বিণ. 1 ব্যতিব্যস্ত; 2 বিপন্ন, বিপর্যস্ত (কন্যাদায়ে বিব্রত); 3 লজ্জিত, কুণ্ঠিত। [দেশি-তু. সং. বিবর্ত]।

বিভক্ত (p. 621) [bibhakta] বিণ. 1 ভাগ করা হয়েছে এমন (তিন ভাগে বিভক্ত); 2 খণ্ডিত. পৃথক্কৃত (বিভক্ত দেশ, অবিভক্ত ভারত); 3 বণ্টিত (পুত্রদের মধ্যে বিভক্ত সম্পত্তি)। [সং. বি + √ ভজ্ + ত]।

বিভক্তি (p. 621) [bibhakti] বি. 1 বিভাজন, ভাগ করা; 2 বণ্টন; 3 খণ্ডিতকরণ; 4 (ব্যাক.) পুরুষ কারক বচন কাল প্রভৃতিসূচক যে প্রত্যয় ধাতু বা প্রাতিপদিকের সঙ্গে যুক্ত হয়। [সং. বি + √ ভজ্ + তি]।

বিভঙ্গ (p. 621) [bibhaṅga] বি. 1 বিন্যাস, সুশৃঙ্খলভাবে স্থাপন বা রচনা; 2 ভঙ্গি (ভ্রুবিভঙ্গ, তরঙ্গবিভঙ্গ)। [সং. বি + ভঙ্গ]।

বিভঙ্গি (p. 621) [bibhaṅgi] বি. (প্রা. কা.) 1 ভঙ্গি; 2 রকম। [< সং. বিভঙ্গ]।

বিভজনীয় (p. 621) [bibhajanīẏa] বিণ. 1 ভাগযোগ্য, বিভাজ্য; 2 বণ্টনীয়। [সং. বি + √ ভজ্ + অনীয়]।

বিভজ্য-মান (p. 621) [bibhajya-māna] বিণ. বিভক্ত করা হচ্ছে এমন (বিভজ্যমান সম্পত্তি)। [সং. বি + √ ভজ্ + শানচ্]।

বিভব (p. 621) [bibhaba] বি. 1 ধনসম্পত্তি, ঐশ্বর্য; 2 শক্তি; 3 মহত্ত্ব; 4 ঔদার্য। [সং. বি + √ ভূ + অ]। সমার্থক বৈভব।

বিভা (p. 621) [bibhā] বি. 1 প্রভা, দীপ্তি, কিরণ ('তোমার নয়নে দিব্য বিভা': রবীন্দ্র); 2 সৌন্দর্য। [সং. বি + √ ভা + অ + আ]।˜ কর,˜ বসু বি. সূর্য।

বিভাকর (p. 621) [bibhākara] দ্র বিভা।

বিভাগ (p. 621) [bibhāga] বি. 1 ভাগ, বণ্টন (সম্পত্তিবিভাগ); 2 খণ্ড, অংশ; 3 সরকারি ভাগ-অনুযায়ী জেলা-সমষ্টি অঞ্চল (প্রেসিডেন্সি বিভাগ, বর্ধমান বিভাগ); 4 ভেদ, পার্থক্য (শ্রেণিবিভাগ); 5 বৃহত্ প্রতিষ্ঠানের অংশ, department; 6 সরকারি দপ্তর, department (বিচারবিভাগ)। [সং. বি + √ ভজ্ + অ]। বিভাগীয় বিণ. বিভাগ-সম্বন্ধীয়; দেশের বা প্রতিষ্ঠানের বিভাগ-সম্পর্কিত বা বিভাগে নিযুক্ত (বিভাগীয় প্রধান)। বিভাগীয় বিপণি বি. যে বড়ো দোকানের বিভিন্ন অংশে বিভিন্ন রকমের সামগ্রী বিক্রয় হয়, departmental store.

বিভাজক (p. 621) [bibhājaka] বিণ. 1 ভাগকারী বা বিভাগকারী; 2 যার দ্বারা ভাগ করা যায় এমন, divisor. [সং. বি + √ ভাজি + অক]। স্ত্রী. বিভাজিকা। বিভাজন বি. 1 ভাগকরণ; 2 অংশ নিরূপণ। বিভাজনীয় বিণ. বিভাজন করা উচিত এমন। বিভাজিত বিণ. ভাগ বা বিভাগ করা হয়েছে এমন। বিভাজ্য বিণ. 1 ভাগ করতে হবে বা ভাগ করা যায় এমন, ভাগযোগ্য; বণ্টনীয়; 2 (গণি-রাশি সম্বন্ধে) নির্দিষ্ট কোনো রাশির দ্বারা ভাগ করলে অবশিষ্ট থাকে না এমন। বিভাজ্যতা বি. 1 ভাগযোগ্যতা (পরমাণুর বিভাজ্যতা); 2 নিঃশেষে অর্থাত্ অবশিষ্ট থাকে না এমনভাবে ভাগ হওয়া।

বিভাব (p. 621) [bibhāba] বি. 1 (অল.) চিত্তে শোকাদি নয়প্রকার স্থায়ীভাব সৃষ্টির কারণ, আলম্বন ও উদ্দীপন; 2 শৃঙ্গার করুণ প্রভৃতি রসের উৎপত্তির হেতু; 3 প্রেরণা, উদ্দীপনা। [সং. বি + √ ভূ + অ]।

বিভাবন (p. 621) [bibhābana] বি. 1 বিবেচনা, চিন্তন; 2 অবধারণ; 3 প্রকাশন, খ্যাপন। [সং. বি + √ ভূ + ণিচ্ + অন]। বিভাবনা বি. 1 বিভাবন; 2 কাব্যালংকারবিশেষ-যথা বিনা মেঘে বজ্রপাত। বিভাবনীয়, বিভাব্য বিণ. বিভাবনযোগ্য। বিভাবিত বিণ. 1 বিবেচিত; 2 নির্ধারিত; 3 অনুভূত; 4 বিশেষভাবে ভাবাবিষ্ট ('গোরাভাবে বিভাবিত')।

বিভাবরী (p. 621) [bibhābarī] বি. রাত্রি ('জাগরণে যায় বিভাবরী': রবীন্দ্র)। [সং. বি + √ ভা + বন্ + ঈ, ন্ স্থানে র্ আগম]।

বিভাবসু (p. 621) [bibhābasu] দ্র বিভা।

বিভাবিত, বিভাব্য (p. 621) [bibhābita, bibhābya] দ্র বিভাবন।

বিভার (p. 621) [bibhāra] বি. উত্তর আমেরিকার ইঁদুরজাতীয় উভচর জন্তুবিশেষ। [ইং. beaver]।

বিভাষা (p. 621) [bibhāṣā] বি. 1 ভিন্নদেশীয় বা বিজাতীয় ভাষা; 2 উপভাষা; 3 যে ভারতীয় ভাষা সংস্কৃত থেকে উদ্ভূত হয়নি; 4 (বিরল) বিকল্প। [সং. বি (=বিরুদ্ধ বা বিভিন্ন) + ভাষা]।

বিভাস (p. 621) [bibhāsa] বি. 1 উজ্জ্বল প্রকাশ (দীপ্তির বিভাস); 2 রাত্রিকালীন রাগিণীবিশেষ। [সং. বি + √ ভাস্ + অ]।

বিভাসা (p. 621) [bibhāsā] ক্রি. (কাব্যে) দীপ্ত হওয়া ('পুণ্যমহিমা উঠে বিভাসি')। [নামধাতু < সং. বিভাস]। বিভাসিত বিণ. আলোকিত, দীপ্ত; প্রকাশিত ('দাঁড়াও মম জ্যোতিবিভাসিত নয়নে': রবীন্দ্র)।

বিভিন্ন (p. 621) [bibhinna] বিণ. 1 নানারকম, বিবিধ (বিভিন্ন দেশের বিভিন্ন নিয়ম); 2 অন্য, অন্যরকম (বিভিন্ন কথা, বিভিন্ন প্রসঙ্গ); 3 বিভক্ত, বিদীর্ণ (বিভিন্নবক্ষ)। [সং. বি + √ ভিদ্ + ত]।˜ তা বি. পার্থক্য; বৈচিত্র্য। বিভিন্নার্থ, বিভিন্নার্থক বিণ. বিবিধ বা নানান অর্থযুক্ত।

বিভীতক, বিভীতকী (p. 621) [bibhītaka, bibhītakī] বি. বহেড়া গাছ বা তার ফল। [সং. বি (=বিগত) + ভীত + ক, =ঈ]

বিভীষণ (p. 621) [bibhīṣaṇa] বিণ. অতি ভয়ংকর। □ বি. 1 রাবণের কনিষ্ঠ ভ্রাতা; 2 (আল.) ঘরের শত্রু (বিভীষণদের সম্পর্কে সাবধান থেকো)। [সং. বি + ভীষণ]। বিভীষণ-বাহিনী বি. দেশের ভিতরে শত্রুতর দল, যারা প্রত্যক্ষভাবে বা পরোক্ষে স্বদেশের শত্রুদের সঙ্গে যোগ দেয়, fifth column. ঘরের শত্রু বিভীষণ যে ব্যক্তি (শত্রুপক্ষে যোগ দিয়ে) নিজ দেশের বা পরিবারের বা প্রতিষ্ঠানের সর্বনাশ করে।

বিভীষিকা (p. 621) [bibhīṣikā] বি. 1 ভীষণ ভয় বা আতঙ্ক; 2 ভয় প্রদর্শন; 3 ভীতিপূর্ণ বা ঘটনা (ভূমিকম্পের বিভীষিকা)। [সং. বি √ ভী + ণিচ্ + অক + আ]।˜ পূর্ণ,˜ ময় বিণ. অতি ভয়ংকর (বিভীষিকাময় দিনগুলির স্মৃতি)।

বিভু (p. 621) [bibhu] বি. 1 পরমেশ্বর; 2 প্রভু; 3 ব্রহ্মা বিষ্ণু বা শিব; 4 আকাশ। □ বিণ. সর্বব্যাপী। [সং. বি + √ ভূ + উ]। বি.˜ তা,˜ ত্ব।

বিভুঁই (p. 621) [bibhum̐i] বি. বিদেশ। [সং. বি (=ভিন্ন) + বাং. ভুঁই (< সং. ভূমি)]।

বিভূতি (p. 621) [bibhūti] বি. 1 ভগবানের ঐশ্বর্য বা শক্তি; 2 সমৃদ্ধি; 3 অষ্টবিধ যোগলব্ধ ঐশ্বর্য-যথা অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব ও কামাবসায়িতা; 4 ভস্ম, (বিভূতিভূষিত অঙ্গ)। [সং. বি + √ ভূ + তি]।˜ ভূষণ বিণ. ভস্ম যার অঙ্গের ভূষণ। □ বি. 1 শিব; 2 ভস্মরূপ অলংকার।

বিভূষণ1 (p. 621) [bibhūṣaṇa1] বিণ. ভূষণহীন, নিরলংকার। [সং. বি (বিগত) + ভূষণ]। স্ত্রী. বিভূষণা।

বিভূষণ2 (p. 621) [bibhūṣaṇa2] বি. 1 অলংকার; 2 শোভা। [সং. বি (=বিশিষ্ট) + ভূষণ]। বিভূষিত বিণ. বিশেষভাবে সজ্জিত বা অলংকৃত। স্ত্রী. বিভূষিতা।

বিভেদ (p. 621) [bibhēda] বি. 1 প্রভেদ, পার্থক্য; 2 দলাদলি (বিভেদ ভুলে একসঙ্গে কাজ করা); 3 বিভাগ; 4 বিদারণ, বিদীর্ণ করা। [সং. বি + ভেদ]।˜ ক বিণ. বিভেদকারী।˜ কামী (-মিন্) বিণ. বিভেদ বা অনৈক্য কামনা করে এমন।˜ ন বি. বিভেদ করা; বিদারণ।˜ পন্থী বিণ. বিভেদ বা অনৈক্য সৃষ্টি করে বা তাকে সমর্থন করে এমন।

বিভোর, বিভোল (p. 621) [bibhōra, bibhōla] বিণ. 1 মুগ্ধ, আত্মহারা ('আজি বিভোর রাতে': রবীন্দ্র; ভাবে বিভোর); 2 আবিষ্ট, অচেতন। [< সং. বিহ্বল]।

বিভ্রম (p. 621) [bibhrama] বি. 1 ভ্রান্তি (দৃষ্টিবিভ্রম); 2 (প্রধানত প্রণয়জনিত) মানসিক চাঞ্চল্য বা বিমূঢ়তা; 3 লীলা; 4 বিলাস; 5 শোভা। [সং. বি + ভ্রম]। বিভ্রান্ত বিণ. বিভ্রমযুক্ত; বিমূঢ়। বিভ্রান্তি বি. 1 বিভ্রান্ত ভাব; বিমূঢ়তা; 2 সংশয়, ভ্রান্তি (জনমনে বিভ্রান্তি সৃষ্টি করা); 3 ত্বরা।

বিভ্রাট (p. 621) [bibhrāṭa] বি. 1 (বাং.) সংকট, আপদ; 2 গোলযোগ, ঝামেলা, ঝঞ্ঝাট; 3 আকস্মিক দুর্ঘটনা। [সং. বিভ্রাট্ (=অলেকারভূষিত)-বাংলায় অর্থান্তরিত।

বিভ্রান্ত, বিভ্রান্তি (p. 621) [bibhrānta, bibhrānti] দ্র বিভ্রম।

বিম (p. 621) [bima] বি. পাকা বাড়ির ছাদকে ধরে রাখার জন্য তৈরি কড়িবিশেষ। [ইং. beam]।

বিমণ্ডিত (p. 621) [bimaṇḍita] বিণ. বিশেষভাবে সজ্জিত বা অলংকৃত বা শোভিত। [সং. বি + মণ্ডিত]।

বিমথিত (p. 621) [bimathita] বিণ. 1 দলিত (শত্রুসৈন্যদলকে বিমথিত করা); 2 বিধ্বস্ত। [সং. বি + মথিত]।

বিমনস্ক, বিমনা (p. 621) [bimanaska, bimanā] (-নস্) বিণ. 1 অন্যমনস্ক; 2 উদ্বিগ্নচিত্র; 3 বিষণ্ণ। [সং. বি + মনস্ক, মনস্]।

বিমর্দ, বিমর্দন (p. 621) [bimarda, bimardana] বি. 1 পেষণ; 2 চূর্ণন; 3 ঘূর্ণন; 4 মনহন; 5 বিনাশ। [সং. বি + √ মৃদ্ + অ, অন]। বিমর্দক বিণ. বিমর্দনকারী। বিমর্দিত বিণ. পিষ্ট; চূর্ণিত; দলিত, মথিত; সম্পূর্ণ পরাজিত ও বিধ্বস্ত।

বিমর্শ, বিমর্শন (p. 621) [bimarśa, bimarśana] বি. বিশেষভাবে বিচার বা বিবেচনা। [সং. বি + √ মৃশ্ + অ, অন]।

বিমর্ষ (p. 621) [bimarṣa] বি. 1 অসন্তোষ; 2 অসহিষ্ণুতা; 3 (অল.) সংস্কৃত নাটকের পাঁচটি 'সন্ধি' র অন্যতম। □ বিণ. (বাং.) বিষণ্ণ, দুঃখিত (দুঃসংবাদ শুনে বিমর্ষ হওয়া)। [সং. বি + √ মৃষ্ (ক্ষমা করা) + অ]। ˜ তা বি. বিষণ্ণতা।

বিমল (p. 621) [bimala] বিণ. 1 নির্মল, অকলুষিত, স্বচ্ছ ('বিমল প্রভাতে মিলি একসাথে': জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর); 2 পবিত্র। [সং. বি (বিগত) + মল]। স্ত্রী. বিমলা। বি. ˜ তা।

বিমা, (বর্জি.) বীমা (p. 621) [bimā, (barji.) bīmā] বি. কিস্তিতে কিস্তিতে প্রদেয় চাঁদার বিনিময়ে নির্দিষ্ট মেয়াদ শেষ হলে কিংবা মৃত্যু বা দুর্ঘটনা ঘটলে মেয়াদের পূর্বেই জীবন সম্পত্তি বা মূল্যবান দ্রব্যাদির ক্ষতিপূরণবাবদ অর্থ পাবার চুক্তি, insurance. [ফা. বিমাহ্]। ˜ পত্র বি. বিমার দলিল, insurance policy.

বিমাতা (p. 621) [bimātā] (-তৃ) বি. সত্মা। [সং. বি (বিরুদ্ধ) + মাতৃ]।

বিমাতৃজ (p. 621) [bimātṛja] বি. বৈমাত্রেয় ভ্রাতা, সৎভাই। [সং, বিমাতৃ + √ জন্ + অ]।

বিমাতৃ-সুলভ (p. 621) [bimātṛ-sulabha] বিণ. 1 বিমাতার আচরণ-সংক্রান্ত; 2 (আল.) উপেক্ষাযুক্ত (কর্তৃপক্ষের বিমাতৃসুলভ আচরণ)। [সং. বিমাতৃ + সুলভ]।

বিমান (p. 621) [bimāna] বি. 1 এরোপ্লেন প্রভৃতি আকাশগামী যান; 2 সপ্ততল প্রাসাদ; 3 আকাশ (বিমানপথ)। [সং. বি + √ মন্ + অ]।˜ ঘাঁটি বি. বিমানপোতের বা এরোপ্লেনের মেরামতি ব্যবস্থাসংবলিত উড়ান ও অবতরণের স্থান, aerodrome, airbase.˜ চারী (রিন্) বি. বিণ. বিমানচালক বা বিমানযাত্রী।˜ ডাক বি. বিমানে বাহিত ডাক, airmail.˜ বন্দর বি. বিমানপোতের ওড়া ও নামার জায়গা, airport.˜ বল,˜ বাহিনী বি. বৈমানিক সৈন্যবাহিনী, airforce.˜ বাহী (-হিন্) বিণ. বিমান বহন করে এমন (বিমানবাহী জাহাজ)।˜ বিধ্বংসী বিণ. (শত্রুর) বিমানপোত ধ্বংস করতে পারে এমন (বিমানবিধ্বংসী) বোমা)।˜ সেবিকা বি. বিমানপোতে যাত্রীদের স্বাচ্ছন্দ্য বিধানকারিণী মহিলা কর্মী, air-hostess.

বিমাননা (p. 621) [bimānanā] বি. অসম্মান, অবমাননা। [সং. বি + √ মানি + অন + আ]।

বিমার্গ (p. 621) [bimārga] বি. কুপথ; ভ্রষ্টাচার। [সং. বি (অসত্) + মার্গ]।˜ গামী (-মিন্) বিণ. বিপথে চালিত, উন্মার্গগামী।

বিমিশ্র (p. 621) [bimiśra] বিণ. মিশ্রিত (অবিমিশ্র)। [সং. বি + মিশ্র]।˜ ণ বি. মিশানো, একত্রকরণ (রক্তবিমিশ্রণ)।

বিমুক্ত (p. 621) [bimukta] বিণ. 1 মুক্ত, মুক্তিপ্রাপ্ত; 2 মোক্ষপ্রাপ্ত; 3 পরিত্যক্ত। [সং. বি + মুক্ত]। বিমুক্তি বি. বিমুক্ত হওয়া; মুক্তি; মোক্ষ।

বিমুখ (p. 621) [bimukha] বিণ. 1 নিবৃত্ত, স্পৃহাহীন (ভোগবিমুখ); 2 প্রতিকূল (ভাগ্যবিমুখ); 3 অপ্রসন্ন (দেবতা বিমুখ); 4 প্রার্থনা পূর্ণ করা হয়নি এমন (তাকে বিমুখ কোরো না)। [সং. বি + মুখ]। বিমুখা ক্রি. (কাব্যে) নিবৃত্ত করা; অপ্রসন্ন বা প্রতিকূল করা; প্রার্থনা পূরণ না করা।

বিমুগ্ধ (p. 621) [bimugdha] বিণ. 1 বিশেষভাবে মুগ্ধ (বিমুগ্ধ চিত্তে); 2 সম্পূর্ণ মোহগ্রস্ত বা আবিষ্ট (বিমুগ্ধ আত্মা)। [সং. বি + মুগ্ধ]। স্ত্রী. বিমুগ্ধা। বি.˜ তা।

বিমূঢ় (p. 621) [bimūḍh] বিণ. 1 কর্তব্যজ্ঞানহীন (বিমূঢ় জাতি, বিস্ময়বিমূঢ়); 2 মূর্খ; অজ্ঞান; 3 সম্পূর্ণ মুগ্ধ; 4 বিহ্বল। [সং. বি + মূঢ়]। বি.˜ তা।

বিমূর্ত (p. 621) [bimūrta] বিণ. 1 মূর্তিহীন (বিমূর্তভাব); 2 বিষয়-নিরপেক্ষ ভাবমূলক, abstract (বি. প.)। [সং. বি + √ মূর্ছ্ + ত (নি.)]।

বিমৃশ্য-কারী (p. 621) [bimṛśya-kārī] (-রিন্) বিণ. বিশেষভাবে বিবেচনা করে কাজ করে এমন। [সং. বিমৃশ্য (=চিন্তাপূর্বক) + √ কৃ + ইন্]। বি. বিমৃশ্য-কারিতা।

বিমৃষ্ট (p. 621) [bimṛṣṭa] বিণ. বিবেচিত; বিচারিত। [সং. বি + √ মৃশ্ + ত]।

বিমৃষ্য-কারী, বিমৃষ্য-কারিতা (p. 621) [bimṛṣya-kārī, bimṛṣya-kāritā] যথাক্রমে বিমৃশ্যকারী ও বিমৃশ্যকারিতা -র অশু. রূপ।

বিমোক্ষ, বিমোক্ষণ (p. 621) [bimōkṣa, bimōkṣaṇa] বি. 1 মুক্তি, উদ্ধার; 2 নিঃসারণ (রক্তবিমোক্ষণ)। [সং. বি + √ মোক্ষ্ + অ, অন]।

বিমোচন (p. 621) [bimōcana] বি. 1 মুক্তি, বন্ধনমুক্তি; 2 উদ্ধার, নিষ্কৃতি (পাপবিমোচন); 3 ত্যাগ, পরিত্যাগ (শরবিমোচন, অশ্রুবিমোচন)। [সং. বি + মোচন]। বিমোচিত বিণ. মুক্ত; উদ্ধারপ্রাপ্ত; পরিত্যক্ত।

বিমোহ (p. 621) [bimōha] বি. মনের জড়তা, মনের মোহাচ্ছন্নতা, মোহ। [সং. বি + মোহ]। ˜ ন বি. মুগ্ধকরণ, মুগ্ধ করা; মোহ জন্মানো। □ বিণ. মোহজনক; মুগ্ধ করে এমন ('ভক্তহৃদিবিকাশ প্রাণবিমোহন': রবীন্দ্র)। বিমোহা ক্রি. (কাব্যে) মোহিত করা। বিমোহিত বিণ. মোহগ্রস্ত; মুগ্ধ, অভিভূত; মূর্ছিত।

বিম্ব (p. 621) [bimba] বি. 1 বুদ্বুদ ('জলের বিম্ব জলে পায় লয়'); 2 প্রতিবিম্ব, ছায়া; 3 প্রতিবিম্বের মূল বস্তু; 4 (প্রধানত চন্দ্রের বা সূর্যের) মণ্ডল; 5 তেলাকুচো ফল (বিম্বাধর)। [সং. √ বী + ব, ন্ আগম]। ˜ ক বি. তেলাকুচো ফল। বিম্বাগত, বিম্বিত বিণ. প্রতিফলিত, প্রতিবিম্বিত। বিম্বাধর, বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ বি. পাকা তেলাকুচো ফলের মতো টুকটুকে লাল ঠোঁট। □ বিণ. ওইরকম ঠোঁটবিশিষ্ট ('পক্ক বিম্বাধরোষ্ঠী')।

বিযুক্ত, বিযুত (p. 621) [biyukta, biyuta] বিণ. 1 বিচ্ছিন্ন, সংযোগহীন, পৃথক; 2 (গণি.) বিয়োগ করা হয়েছে এমন (বিযুক্ত রাশি)। [সং. বি + √ যুজ্, √ যু + ত]।

বিয়ন্ত (p. 621) [biẏanta] বিণ. প্রসবকারিণী। [সং. বিয়া2 + অন্ত]।

বিয়া1, বে (p. 621) [biẏā1, bē] বি. (অপ্র. বর্ত. আঞ্চ.) বিবাহ ('বিয়া হইল না', বে-থা করা)। [বাং. বিয়ে < সং. বিবাহ]।

বিয়া2 (p. 621) [biẏā2] ক্রি. প্রসব করা। [সং. বী (=গর্ভগ্রহণ) + বাং. আ]। ˜ নো ক্রি. বি. প্রসব করা। □ বিণ. উক্ত অর্থে।

বিয়ানো (p. 621) [biẏānō] দ্র বিয়া2।

বিয়াল্লিশ (p. 621) [biẏālliśa] বি. বিণ. 42 সংখ্যা বা সংখ্যক। [তু. হি. বয়ালীস < প্রাক্. বাআলীস]।

বিয়ে (p. 621) [biẏē] বি. (কথ্য) বিবাহ। [বিহা > বিআ < সং. বিবাহ্]। বিয়ে-পাগলা বিণ. বিবাহ করার জন্য অত্যন্ত আকুল। বিয়ের ফুল ফোটা ক্রি. বি. বিবাহ আসন্ন হওয়া।

বিয়োগ (p. 621) [biẏōga] বি. 1 বিচ্ছেদ, বিরহ (বিয়োগব্যথা); 2 মৃত্যু (আত্মীয়বিয়োগ); 3 অভাব; 4 (গণি.) এক রাশি থেকে জন্য রাশি বাদ দেওয়া, ব্যবকলন। [সং. বি + যুজ্ + অ]।˜ ফল বি. (গণি.) বিয়োগ করার পর যে রাশি অবশিষ্ট থাকে।˜ বিধুর বিণ. বিচ্ছেদের কষ্টে কাতর।˜ ব্যথা বি. বিচ্ছেদের বা বিরহের কষ্ট। বিয়োগান্ত বিণ. 1 নায়ক-নায়িকার বিচ্ছেদে পরিসমাপ্ত (বিয়োগান্ত নাটক); 2 দুঃখে যার সমাপ্তি। বিয়োগী (-গিন্) বিণ. (বাং. অপ্র.) বিচ্ছেদযুক্ত; বিরহী। স্ত্রী. বিয়োগিনী।

বিয়োজন (p. 621) [biẏōjana] বি. 1 বিযুক্ত বা বিচ্ছিন্ন করা, পৃথক্করণ; 2 বিরহিত করা; 3 বিয়োগ করা। [সং. বি + √ যুজ্ + অন]। বিয়োজিত বিণ. বিযুক্ত বা বিচ্ছিন্ন বা পৃথক্কৃত করা হয়েছে এমন; বিরহিত।

বিরক্ত (p. 621) [birakta] বিণ. 1 অনুরাগহীন, আসক্তিহীন; 2 বৈরাগ্যযুক্ত; উদাসীন; 3 (বাং.) অসন্তুষ্ট, জ্বালাতন, অপ্রসন্ন। [সং. বি + √ রন্জ্ + ত]। বিরক্তি বি. বিরক্ত হওয়ার ভাব, অসন্তোষ, অপ্রসন্নতা। বিরক্তি-কর বিণ. 1 অপ্রীতিকর, অসন্তোষ ঘটায় এমন; 2 অনুরাগহীন।

বির-খণ্ডি (p. 621) [bira-khaṇḍi] বি. তিলের সঙ্গে গুড় বা চিনি মিশিয়ে প্রস্তুত মিঠাইবিশেষ। [দেশি]।

বিরচন (p. 621) [biracana] বি. 1 লিখন; 2 রচনা, প্রণয়ন, নির্মাণ; 3 গ্রথন (মাল্যবিরচন)। [সং. বি + রচন]। বিরচিত বিণ. 1 লিখিত, প্রণীত (বাল্মীকি-বিরচিত); 2 গ্রথিত।

বিরজা (p. 621) [birajā] বি. 1 বৈষ্ণবসাহিত্যে বর্ণিত নদীবিশেষ; 2 শ্রীক্ষেত্র; 3 রাধিকার জনৈকা সখী। [সং. বি + বাং. রজ + আ]। ˜ ধাম বি. বৈকুণ্ঠধাম।

বিরত (p. 621) [birata] বিণ. ক্ষান্ত, নিরস্ত, নিবৃত্ত (যুদ্ধ থেকে বিরত, শত্রুতা থেকে বিরত)। [সং. বি + রত]। স্ত্রী. বিরতা। বিরতি বি. 1 ক্ষান্তি, নিবৃত্তি; 2 বিরাম বা অবসান (কর্মবিরতি)।

বিরল (p. 621) [birala] বিণ. 1 কদাচিত্ ঘটে বা দেখা যায় এমন (এমন দেশপ্রেম বিরল, বিরল ঘটনা); 2 ফাঁকযুক্ত, অনিবিড় (বিরলদন্ত); 3 অতি অল্প (জনবিরল, বিরল প্রয়োগ)। □ বি. (বাং.) নির্জন স্থান ('বসিয়া বিরলে': চণ্ডী)। [সং. বি + √ রা + অল]। বি.˜ তা।˜ কেশ বিণ. মাথায় চুল নেই বা কম এমন (বিরলকেশ বৃদ্ধ)।

বিরস (p. 621) [birasa] বিণ. 1 রসহীন; 2 নিরানন্দ, বিমর্ষ, স্নান (বিরসবদন)। [সং. বি + রস]। বি.˜ তা।˜ বদন বিণ. স্নান বা বিমর্ষ মুখযুক্ত। □ বি. বিমর্ষ বা ম্লান মুখ (একা বিরসবদনে বসে আছে)।

বিরহ (p. 621) [biraha] বি. 1 প্রয়িজনের সঙ্গে বিচ্ছেদ (বিরহবেদনা); 2 অভাব; 3 শৃঙ্গার রসের অন্যতম অবস্থা। [সং. বি + √ রহ্ + অ]।˜ জ্বালা, বিরহানল বি. বিরহজনিত অন্তর্দাহ। বিরহাতুর বিণ. প্রিয়জনের সঙ্গে বিচ্ছেদের

জন্য কাতর। বিরহিত বিণ. 1 বিহীন; বর্জিত; 2 বিযুক্ত। বিরহী (-হিন্) বিণ. বিরহপীড়িত। স্ত্রী. বিরহিণী।

বিরাগ (p. 621) [birāga] বি. 1 অনুরাগের অভাব (রাগ-বিরাগ); 2 ঔদাসীন্য, নিস্পৃহতা, বৈরাগ্য (সংসারে বিরাগ); 3 বিরক্তি, অপ্রসন্নতা (বিরাগভাজন)। [সং. বি + √ রন্‌জ্ + অ]। ˜ ভাজন বিণ. অপ্রিয়। বিরাগী (-গিন্) বিণ. বিরাগযুক্ত; উদাসীন, নিস্পৃহ; বিরক্ত। স্ত্রী. বিরাগিণী।

বিরাজ (p. 621) [birāja] বি. সগৌরবে অবস্থান (হৃদয়ে বিরাজ করা)। [সং. বি + √ রাজ্ + অ]। ˜ মান বিণ. শোভমান; বিরাজ করছে এমন। বিরাজা ক্রি. (কাব্যে) বিরাজ করা, শোভা পাওয়া ('জননী দুহিতা জায়া অন্তরে বিরাজে': রবীন্দ্র)। বিরাজিত বিণ. শোভমান হয়ে বিরাজ করছে এমন; সম্যক শোভিত; প্রকাশিত।

বিরাট (p. 621) [birāṭa] বিণ. অত্যন্ত বৃহত্, বিশাল (বিরাট অট্টালিকা, বিরাট ব্যাপার)। □ বি. 1 সর্বব্যাপী পুরুষ, পরমেশ্বর; 2 মহাভারতে বর্ণিত নগর, যেখানে পাণ্ডবগণ অজ্ঞাতবাসে ছিলেন। [সং. বি + √ রাজ্ + ক্বিপ্]।

বিরা-নব্বই, (কথ্য) বিরা-নব্বুই (p. 621) [birā-nabbi, (kathya) birā-nabbui] বি. বিণ. 92 সংখ্যা বা সংখ্যক। [তু. ওড়ি বিরান্বই, সং. দ্বানবতি]।

বিরাম (p. 621) [birāma] বি. 1 বিরতি (বিরামচিহ্ন); 2 ক্ষান্তি, অবসান (বৃষ্টির বিরাম নেই, চেষ্টার বিরাম নেই); 3 নিবৃত্তি; 4 বিশ্রাম। [সং. বি + √ রম্

+ অ]। ˜ চিহ্ন বি. বাক্যের মধ্যে বা শেষে যতির নানাবিধ চিহ্ন। ˜ হীন বিণ. বিরতি বা ক্ষান্তি নেই এমন; বিশ্রাম নেই এমন (বিরামহীন খাটুনি)।

বিরাশি (p. 621) [birāśi] বি. বিণ. 82 সংখ্যা বা সংখ্যক। [তু. হি. বয়াসী < প্রাকৃ. বিঅসী]। বিরাশি সিক্কা (আল.) খুব ভারী ওজন বা শক্তি (বিরাশি সিক্কা ওজনের চড়)।

বিরিখ (p. 621) [birikha] বি. (কাব্যে) 'বৃক্ষ'-র কোমল রূপ ('বিরিখের ফল নহে ও বিপরীত': চণ্ডী)।

বিরিঞ্চি (p. 621) [biriñci] বি. 1 ব্রহ্মা; 2 (বিরল) শিব; 3 (বিরল) বিষ্ণু। [সং. বি + √ রচ্ + অ + ই]।

বিরিয়ানি (p. 621) [biriẏāni] বি. মাংস বা মাছ সহযোগে প্রস্তুত পোলাও জাতীয় খাবারবিশেষ। [ফা. বিরীয়ান্]।

বিরুদ্ধ (p. 625) [biruddha] বিণ. 1 প্রতিকূল, পরিপন্হী; 2 বিপরীত, উলটো (বিরুদ্ধ মত); 3 বিরোধী (বিরুদ্ধ পক্ষ)। [সং. বি + √ রুধ্ + ত]। ˜ তা বি. প্রতিকূলতা (প্রকৃতির বিরুদ্ধতা); বিরোধিতা। ˜ বাদী (-দিন্) বিণ. বিরুদ্ধ মতাবলম্বী; বিরোধী। ˜ বাদিতা। বিরুদ্ধাচরণ, বিরুদ্ধাচার বি. প্রতিকূলতা; বিপক্ষতা; শত্রুতা। বিরুদ্ধে ক্রি-বিণ. বিপক্ষে (প্রস্তাবের বিরুদ্ধে ভোট দেওয়া)।

বিরুপ (p. 625) [birupa] বিণ. 1 কুরূপ, শ্রীহীন; 2 (বাং.) বিমুখ, অসন্তুষ্ট (মন বিরূপ হওয়া); 3 প্রতিকূল (বিধি বিরূপ, বিরূপ প্রতিক্রিয়া)। [সং. বি (=বিকৃত) + রূপ]। বি.˜ তা,˜ ত্ব।

বিরূপাক্ষ (p. 625) [birūpākṣa] বি. (বিরূপ অক্ষিযুক্ত বলে) শিব। [সং. বিরূপ + অক্ষি]। বিরূপাক্ষী বি. দুর্গা।

বিরেচক (p. 625) [birēcaka] বিণ. মলনিঃসারক। □ বি. যা খেলে দাস্ত হয় বা দাস্ত পরিষ্কার হয়, জোলাপ। [সং. বি + রেচক]। বিরেচন বি. মলনিঃসারণ, ভেদ। □ বিণ. মলনিঃসারক।

বিরোচন (p. 625) [birōcana] বি. 1 সূর্য; 2 অগ্নি; 3 চন্দ্র; 4 দৈত্যবিশেষ, বলির পিতা। [সং. বি + √ রুচ্ + অন]।

বিরোধ (p. 625) [birōdha] বি. 1 অনৈক্য; বৈষম্য, পরস্পর বৈপরীত্য (মতবিরোধ); 2 শত্রুতা বা অসদ্ভাব; 3 কলহ, দ্বন্দ্ব। [সং. বি + √ রুধ্ + অ]।˜ মূলক বিণ. বৈষম্যমূলক, অনৈক্যমূলক; শত্রুভাবাপন্ন, শত্রুতামূলক। বিরোধাভাস বি. অর্থালংকারবিশেষ-যেখানে বিরোধ না থাকলেও বিরোধের ভাব প্রতীত হয়। বিরোধিত বিণ. বিরোধযুক্ত; বিরোধিতাপূর্ণ। বিরোধী (-ধিন্) বিণ. 1 বিরুদ্ধ (শাস্ত্রবিরোধী); 2 প্রতিপক্ষ (বিরোধী দল); 3 প্রতিবাদী, ভিন্নমতপোষণকারী (তিনি এই মতের বিরোধী)। □ বি. শত্রু, বিপক্ষ। বি. বিরোধিতা।

বিল1 (p. 625) [bila1] বি. (সং.) গর্ত, ছিদ্র; 2 গুহা; 3 (বাং.) স্রোতোহীন জলময় নিম্নভূমি, বাওড়। [সং. √ বিল্ + অ]।

বিল2 (p. 625) [bila2] বি. 1 বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদত্ত বিক্রীত পণ্যের পরিমাণ ও মূল্যের হিসাব-সংবলিত লিপি; 2 সংসদে বা বিধানসভায় উপস্থাপিত আইনের খসড়া। [ইং. bill]।

বিল-কুল (p. 625) [bila-kula] বিণ. বিণ-বিণ. সম্পূর্ণ, পুরোপুরি, একেবারে (বিলকুল বাজে, বিলকুল ভুল, বিলকুল সাহেব)। [আ. বিল্কুল]।

বিলক্ষ (p. 625) [bilakṣa] বিণ. 1 অভিভূত, বিস্ময়াভিভূত; 2 অচিহ্নিত; 3 দেখা যাচ্ছে না এমন, অদৃষ্ট। [সং. বি + √ লক্ষ্ + অ]।

বিলক্ষণ (p. 625) [bilakṣaṇa] বিণ. (বর্ত. অপ্র.) 1 বিভিন্ন, পৃথক ('স্বর্ণ আর লৌহ যৈছে স্বরূপ বিলক্ষণ': চৈ. ভা.); 2 অসাধারণ ('সিংহগ্রীব গজস্কন্ধ বিলক্ষণ বেশ': চৈ. ভা.)। □ ক্রি বিণ. (বাং.) ভালোরকম, খুব (বিলক্ষণ বুঝেছি, তাকে বিলক্ষণ চিনি)। □ অব্য. বিস্ময়, বিরক্তি ইত্যাদি সূচক; আচ্ছা বেশ, ভালো কথা, ঢের হয়েছে (বিলক্ষণ, এখন থামো)। [সং. বি (=বিশিষ্ট) বা বিভিন্ন) + লক্ষণ]।

বিলগ্ন (p. 625) [bilagna] বিণ. সংযুক্ত, বদ্ধ ('জাগ আলসশয়ন বিলগ্ন': রবীন্দ্র)। [সং. বি + লগ্ন]।

বিলঙ্ঘনীয় (p. 625) [bilaṅghanīẏa] বিণ. অতিক্রমণীয়, অতিক্রম করা উচিত বা করা যায় এমন। বিলঙ্ঘিত বিণ. অতিক্রম করা হয়েছে এমন।

বিলজ্জ (p. 625) [bilajja] বিণ. লজ্জাহীন, নির্লজ্জ। [সং. বি + লজ্জা]।

বিলপন (p. 625) [bilapana] বি. বিলাপ, কাতরভাবে ও উচ্চস্বরে দুঃখ প্রকাশ। [সং. বি + √ লপ্ + অন]। বিলপ-মান বিণ. বিলাপ করছে এমন।

বিলপা, বিলাপা (p. 625) [bilapā, bilāpā] ক্রি. (কাব্যে) বিলাপ করা ('বিলাপিছে কাতরে')। [সং. বি + √ লপ্ + বাং. আ]।

বিলম্ব (p. 625) [bilamba] বি. 1 দেরি, কালক্ষেপ; 2 ঝুলন, লম্বন। [সং. বি + √ লম্ব্ + অ]। ˜ ন বি. 1 বিলম্ব; 2 ঝুলন। বিলম্বা ক্রি. (কাব্যে) দেরি করা। বিলম্বিত বিণ. 1 বিলম্বযুক্ত, দেরি হয়ে গেছে এমন (ট্রেনচলাচল বিলম্বিত হয়েছে); 2 দেরিতে বা ঠিক সময়ের পরে ঘটেছে এমন (বিলম্বিত সমাদর); 3 মন্হর গচিযুক্ত (বিলম্বিত লয়, সভার সমাপ্তি বিলম্বিত হল); 4 লম্বমান, ঝোলানো হয়েছে বা ঝুলছে এমন (বিলম্বিত বৃক্ষশাখা)। বিলম্বিত লয় সংগীতে যে লয় বা চলন ধীর বা মন্হর। তু. বিপ. দ্রুত লয়। বিলম্বী (-ম্বিন্) বিণ. 1 বিলম্বনকারী; 2 ঝুলছে এমন।

বিলয়1 (p. 625) [bilaẏa1] বি. 1 প্রলয়; 2 বিনাশ, ধ্বংস, বিলোপ (প্রাচীন সভ্যতার বিলয়)। [সং. বি (বিশেষ) + লয়]। ˜ ন বি. লয়করণ; বিনাশন।

বিলয়2 (p. 625) [bilaẏa2] বিণ. 1 লয়বহির্ভূত, লয়হীন; 2 তালহীন। [সং. বি (বিগত) + লয়]।

বিলসন (p. 625) [bilasana] বি. 1 বিলাস, লীলা; 2 ক্রীড়া; 3 হাবভাবপ্রদর্শন; 4 শোভা; 5 স্ফুরণ, প্রকাশ, বিকাশ। [সং. বি + √ লস্ + অন]। বিলসা ক্রি.

(কাব্যে) বিলাস করা; লীলাভরে বিচরণ করা ('দ্যুলোকে ভূলোকে বিলসিছ': রবীন্দ্র)। বিলসিত বিণ. শোভিত; ক্রীড়িত; স্ফুরিত; বিকশিত। □ বি. বিলসন।

বিলা (p. 625) [bilā] ক্রি. বিলানো, বিতরণ করা। [বাং. √ বিলা]।

বিলাওল (p. 625) [bilāōla] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [সং. বেলাবলী]।

বিলাত1 (p. 625) [bilāta1] বি. অনাদায় (বিলাত বাকি)। [আ. ফা. বিলায়ত্]।

বিলাত2 (p. 625) [bilāta2] বি. 1 ইংল্যাণ্ড; 2 ইয়োরোপ। [আ. ফা. বিলায়াত্]।˜ ফেরত,˜ ফেরতা বিণ. ইংল্যাণ্ড বা ইয়োরোপ ঘুরে এসেছে এমন (বিলাতফেরত ডাক্তার)। বিলাতি, (কথ্য) বিলিতি বিণ. বিলাতে উৎপন্ন বা প্রচলিত; বিলাত থেকে আমদানি হয়ে এদেশে প্রচলিত। বিলাতি-য়ানা বি. বিলাতি চালচলন। বিলাতি বেগুন বি. টম্যাটো। বিলাতি মাটি বি. সিমেণ্ট।

বিলানো (p. 625) [bilānō] ক্রি. বি. বিনামূল্যে বিতরণ করা (গরিবদুঃখীদের কাপড় বিলানো)। □ বিণ. উক্ত অর্থে। [বাং. √ বিলা + আনো]।

বিলাপ (p. 625) [bilāpa] বি. খেদোক্তি, শোকপ্রকাশ (পুত্রশোকে বিলাপ করা)। [সং. বি + √ লপ্ + আ]। বিলাপা-বিলপা দ্র। বিলাপী (-পিন্) বিণ. বিলাপকারী। স্ত্রী. বিলাপিনী।

বিলাস (p. 626) [bilāsa] বি. 1 সুখভোগ (ভ্রমণবিলাস); 2 বাবুগিরি (বিলাসে অভ্যস্ত); 3 লীলা, কেলি, বিহার, প্রমোদ (বিলাসভবন); 4 শৌখিনতা (কল্পনাবিলাস); 5 লীলায়িত হাবভাব বা ভঙ্গি (কটাক্ষবিলাস)। [সং. বি + √ লস্ + অ]। ̃ কক্ষ বি. (সচ. ধনী ব্যক্তির) আমোদপ্রমোদের জন্য নির্দিষ্ট ঘর। ̃ কানন বি. আমোদপ্রমোদের জন্য ব্যবহৃত উদ্যান। ̃ দ্রব্য বি. আর্থিক স্বচ্ছলতাযুক্ত ব্যক্তিদের ব্যবহার্য মূল্যবান দ্রব্যাদি, luxury goods. ̃ ব্যসন বি. বাবুগিরি; শৌখিনতা। ̃ সামগ্রী বি. শৌখিন ও মূল্যবান দ্রব্য যা সচরাচর আর্থিক সচ্ছলতা যুক্ত লকে কেনে, luxury goods. বিলাসিতা বি. বিলাসপূর্ণ চালচলন; অমিতব্যয়িতা, শৌখিনতা। বিলাসী (-সিন্) বিণ. 1 বিলাসপরায়ণ, সুখভোগ বা শৌখিন জীবনযাপনে অভ্যস্ত; 2 অনুরাগী স্বামী বা পতি ('ঊর্মিলা-বিলাসী': মধু.)। বিলাসিনী বিণ. (স্ত্রী.) বিলাসপরায়ণ। □ বি. 1 নারী; 2 প্রিয়া।

বিলি (p. 626) [bili] বি. 1 বিতরণ (চিঠি বিলি করা); 2 বন্দোবস্ত, খাজনার বিনিময়ে প্রদান (জমি বিলি); 3 সম্পাদনের দায়িত্ব অর্পণ বা বণ্টন (কাজ বিলি); 4 শৃঙ্খলা। [বাং. √ বিলা + ই]। বিলি-বন্দোবস্ত বি. খাজনার বিনিময়ে প্রদান (জমির বিলি-বন্দোবস্ত এখনও সম্পূর্ণ হয়নি)।

বিলিখন (p. 626) [bilikhana] বি. 1 খনন, বিদারণ; 2 আঁচড়ানো। [সং. বি + লিখন]। বিলিখিত বি. বিলিখন করা হয়েছে এমন।

বিলিয়ন (p. 626) [biliẏana] বি. 1 লক্ষকোটি, মহাপদ্ম; 2 (মূলত আমেরিকায়) শতকোটি। [ইং. billion]।

বিলিয়ার্ড (p. 626) [biliẏārḍa] বি. কাপড়ে ঢাকা এবং পকেটযুক্ত টেবিলে নানা রঙের বল ও দণ্ড নিয়ে পাশ্চাত্য খেলাবিশেষ। [ইং. billiards]।

বিলীন (p. 626) [bilīna] বিণ. 1 মিলিয়ে গেছে এমন (অতীতের গর্ভে বিলীন, শুন্যে বিলীন); 2 সম্পূর্ণ লুপ্ত, অন্তর্হিত বা মগ্ন (সম্ভাবনা বিলীন হয়ে যাওয়া)। [সং. বি + লীন]।

বিলীয়-মান (p. 626) [bilīẏa-māna] বিণ. 1 মিলিয়ে যাচ্ছে এমন; 2 বিলয়প্রাপ্ত, লুপ্ত বা অন্তর্হিত হচ্ছে এমন (বিলীয়মান সূর্যালোক)। [সং. বি + √ লী + আন]।

বিলুণ্ঠন (p. 626) [biluṇṭhana] বি. 1 গড়াগড়ি দেওয়া; 2 অপহরণ; 3 লুণ্ঠন, লুঠ। [সং. বি + লুণ্ঠন]। বিলুণ্ঠিত বিণ. 1 গড়াগড়ি দিচ্ছে বা দিয়েছে এমন (ভূমিতে বিলুণ্ঠিত, বিলুণ্ঠিত বস্ত্রাঞ্চল); 2 অপহৃত, লুণ্ঠিত (বিলুণ্ঠিত ধনরত্ন)। স্ত্রী. বিলুণ্ঠিতা।

বিলুপ্ত (p. 626) [bilupta] বিণ. বিলীন; সম্পূর্ণ লোপ পেয়েছে এমন (সমস্ত প্রভেদ বিলুপ্ত, চিহ্ন বিলুপ্ত)। [সং. বি + লুপ্ত]। বিলুপ্তি বি. বিলীন বা সম্পূর্ণ লোপপ্রাপ্ত অবস্থা।

বিলেপ, বিলেপন (p. 626) [bilēpa, bilēpana] বি. 1 লেপ বা পোঁচ দেওয়া, মাখানো (গোময়ের বিলেপ); 2 যা মাখানো হয় (চন্দন-বিলেপ)। [সং. বি + লেপ, লেপন]।

বিলোকন (p. 626) [bilōkana] বি. আগ্রহের সঙ্গে দেখা, অবলোকন। [সং. বি + √ লোক্ + অন]। বিলোকিত বিণ. অবলোকিত, ভালোভাবে বা সাগ্রহে দৃষ্ট।

বিলোচন1 (p. 626) [bilōcana1] বিণ. বিকৃত দৃষ্টিযুক্ত। □ বি. শিব, মহাদেব ('বিবাহে চলিলা বিলোচন': রবীন্দ্র)। [সং. বি (=বিকৃত) + লোচন]।

বিলোচন2 (p. 626) [bilōcana2] বি. 1 চক্ষু ('মহেশ মেলেছে বিলোচন': সু. দ.); 2 দর্শন। [সং. বি + √ লোচ্ + অন]।

বিলোড়ন (p. 626) [bilōḍ়na] বি. মন্হন, আলোড়ন। [সং. বি. + √ লুড়্ + ণিচ্ + অন]। বিলোড়িত বিণ. মথিত, আলোড়িত।

বিলোপ, বিলোপন (p. 626) [bilōpa, bilōpana] বি. 1 লুপ্ত হওয়া; 2 সম্পূর্ণ ধ্বংস বা লোপ, বিনাশ (বংশবিলোপ); 3 মৃত্যু। [সং. বি + √ লুপ্ + অ, অন]।

বিলোভন (p. 626) [bilōbhana] বি. 1 বিশেষভাবে লোভপ্রদর্শন; 2 লোভনীয় বস্তু। [সং. বি + লোভন]।

বিলোম (p. 626) [bilōma] বি. 1 প্রতিকূল, বিরুদ্ধ; 2 উলটো, বিপরীত (বিলোম পাঠ)। □ বি. সুরের অবরোহণ। [সং. বি + √ লোমন্ + অ]।

বিলোল (p. 626) [bilōla] বিণ. 1 চপল, চঞ্চল (বিলোল কটাক্ষ); 2 অত্যন্ত লুব্ধ (বিলোল জিহ্বা, বিলোল রসনা); 3 লাস্যযুক্ত; 4 এলোমেলো, অসম্বদ্ধ (বিলোল বেশবাস)। [সং. বি + √ লুল্ + অ]।

বিল্ব (p. 626) [bilba] বি. বেলফল বা তার গাছ। [সং. √ বিল্ + ব]।~ পত্র বি. বেলপাতা।~ স্তনী বিণ. বেলের মতো সুগোল ও দৃঢ় স্তনবিশিষ্টা।

বিল্লি (p. 626) [billi] বি. (কথ্য) বিড়াল। [হি. বিল্লী]।

বিশ (p. 626) [biśa] বি. বিণ. 2 সংখ্যা বা সংখ্যক, কুড়ি (বিশহাত)। [প্রাকৃ. বীস-তু. সং. বিংশতি]।

বিশঙ্ক (p. 626) [biśaṅka] বিণ. নির্ভীক, নিঃশঙ্ক, সাহসী। [সং. বি (=বিগত) + শঙ্ক]।

বিশদ (p. 626) [biśada] বিণ. 1 স্পষ্ট, প্রকট (বিশদ বিবরণ); 2 শুভ্র; 3 নির্মল 4 (বাং.) বিস্তারিত। [সং. বি + √ শদ্ + অ]।

বিশপ (p. 626) [biśapa] বি. খ্রিস্টীয় চার্চের যাজকবিশেষ। [ইং. bishop]।

বিশল্য (p. 626) [biśalya] বিণ. 1 শল্যহীন বা শলাকাহীন; 2 বেদনাহীন; 3 ভাবনাহীন। [সং. বি (=বিগত) + শল্য]।~ করণী বি. (রামা.) শল্য-উন্মোচন ও ব্যথানিবারণের ওষুধরূপে বর্ণিত লতাবিশেষ। বিশল্যা বিণ. বিশল্য -র স্ত্রীলিঙ্গ; প্রসববেদনাহীন। □ বি. বেদনানাশক লতাবিশেষ, গুলঞ্চ।

বিশা (p. 626) [biśā] দ্র বিশে।

বিশাই (p. 626) [biśāi] বি. দেবশিল্পী বিশ্বকর্মা। [সং. বিশ্ব (কর্মন্)]।

বিশাখ1 (p. 626) [biśākha1] বি. কার্তিকেয়। [সং. বিশাখা1 + অ]।

বিশাখ2 (p. 626) [biśākha2] বিণ. শাখাহীন। [সং. বি + শাখা]। স্ত্রী. বিশাখা1।

বিশাখা2 (p. 626) [biśākhā2] বি. 1 রাধিকার সখীদের অন্যতম; 2 (জ্যোতিষ) সাতাশ নক্ষত্রের অন্যতম। [সং. বি + √ শাখ্ + অ + আ]।

বিশারদ (p. 626) [biśārada] বিণ. 1 পণ্ডিত (শাস্ত্রবিশারদ); 2 পারদর্শী; 3 অভিজ্ঞ (যন্ত্রবিশারদ)। [সং. বি (=বিপরীত) + শারদ (প্রতিভাহীন)]।

বিশাল (p. 627) [biśāla] বিণ. 1 বিরাট, বৃহত্ (বিশাল গাছ); 2 বিস্তীর্ণ (বিশাল মাঠ); 3 অতি উদার (বিশাল হৃদয়)। [সং. বি + শাল (শালচ্)]। বি.˜ তা,˜ ত্ব। স্ত্রী. বিশালা, বিশালী।

বিশালাক্ষ (p. 627) [biśālākṣa] বিণ. আয়ত চোখযুক্ত। □ বি. 1 বিষ্ণু; 2 শিব; 3 গরুড়। [সং. বিশাল (=আয়ত, প্রশস্ত) + অক্ষি]। বিশালাক্ষী বিণ. (স্ত্রী.) আয়তলোচনা। □ বি. দুর্গাদেবী।

বিশিখ (p. 627) [biśikha] বি. 1 বাণ, তির; 2 তোমরাস্ত্র; 3 শরগাছ। □ বিণ. শিখাশূন্য। [সং. বি + শিখা]।

বিশিষ্ট (p. 627) [biśiṣṭa] বিণ. 1 অ-সাধারণ (বিশিষ্ট অতিথি, বিশিষ্ট নাগরিক); 2 বিশেষপ্রকার, অতিশয় গুরুত্বপূর্ণ (বিশিষ্ট কর্তব্য, বিশিষ্ট গুণ); 3 বিখ্যাত (বিশিষ্ট কবি); 4 সংবলিত, যুক্ত (লেজবিশিষ্ট, গুণবিশিষ্ট)। [সং. বি + √ শিষ্ + ত]।˜ তা বি. অসাধারণত্ব (প্রতিভার বা গুণের বিশিষ্টতা, কার্যাবলির বিশিষ্টতা)।

বিশীর্ণ (p. 627) [biśīrṇa] বিণ. 1 অতি শীর্ণ বা কৃশ (বিশীর্ণ দেহ); 2 অতি জীর্ণ; 3 অতি শুষ্ক (বিশীর্ণ বৃক্ষপত্র)। [সং. বি + শীর্ণ]। বি.˜ তা,˜ ত্ব। স্ত্রী. বিশীর্ণা।

বিশীল (p. 627) [biśīla] বিণ. দুঃশীল, সদাচারহীন, অশিষ্ট, অভদ্র। [সং. বি (বিগত) + শীল (চরিত্র)]।

বিশুদ্ধ (p. 627) [biśuddha] বিণ. 1 অতি শুদ্ধ বা নির্মল (বিশুদ্ধ বায়ু); 2 পবিত্র; 3 সম্পূর্ণ নির্দোষ (বিশুদ্ধ স্বভাব বা চরিত্র); 4 খাঁটি, অমিশ্র, নির্ভেজাল (বিশুদ্ধ ঘি)। □ বি. (যোগদর্শ.) ষট্চক্রের অন্যতম-যা কণ্ঠের বিপরীত দিকে মেরুমধ্যে অন্যতম-যা কণ্ঠের বিপরীত দিকে মেরুমধ্যে স্থিত। [সং. বি (বিশেষ) + শুদ্ধ]। বি.˜ তা, বিশুদ্ধি।

বিশুষ্ক (p. 627) [biśuṣka] বিণ. 1 অত্যন্ত শুষ্ক, একেবারে শুকনো; 2 লাবণ্যহীন, ম্লান, নীরস (বিশুষ্ক বদন)। [সং. বি (বিশেষ) + শুষ্ক]। বি.˜ তা।

বিশৃঙ্খল (p. 627) [biśṛṅkhala] বিণ. 1 শৃঙ্খলাহীন, নিয়মশূন্য, অরাজক (দেশের বিশৃঙ্খল অবস্থা, তাদের অফিসে এখন বিশৃঙ্খল অবস্থা); 2 বিপর্যস্ত,

অবিন্যস্ত, এলোমেলো (জিনিসপত্র সব বিশৃঙ্খল অবস্থায় রয়েছে)। [সং. বি (বিগত) + শৃঙ্খলা]। বি.˜ তা, বিশৃঙ্খলা।

বিশে, (অপ্র.) বিশা (p. 627) [biśē, (apra.) biśā] বি. মাসের কুড়ি তারিখ। □ বিণ. কুড়ি তারিখের (বিশে চৈত্র)। [বাং. বিশ + আ > এ]।

বিশেষ (p. 627) [biśēṣa] বিণ. 1 অধিক, প্রকৃষ্ট, সমধিক (এ বছর ফসলের বিশেষ উৎপাদন, অসাধারণ (বিশেষ ব্যবস্থা, বিশেষভাবে); 3 সকলের মধ্যে একটির বৈশিষ্ট্যসূচক বা তৎসংক্রান্ত, particular (বিশেষ ব্যক্তি, বিশেষ জাতি)। □ বি. 1 আধিক্য, প্রকর্ষ (সবিশেষ বর্ণনা); 2 প্রভেদ (ইতরবিশেষ); 5 বৈলক্ষণ্য; 6 প্রকার, রকম; 7 বৈচিত্র্য। □ ক্রি-বিণ. বিশিষ্টভাবে, ভালোভাবে (হিন্দি ভাষাটা বিশেষ জানি না; লোকটিকে বিশেষ চিনি না)। [সং. বি + √ শিষ্ + অ]।˜ ক বিণ. 1 বিশেষকারক, বৈশিষ্ট্যসূচক; 2 পার্থক্য-জ্ঞাপক বা পার্থক্য নির্ণায়ক, প্রভেদক।˜ জ্ঞ বিণ. বিশেষ কোনো বিষয়ে পণ্ডিত; বিশেষ জ্ঞানী।˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস্) ক্রি-বিণ. বিশেষভাবে, বৈশিষ্ট্য; অনন্যসাধারণ বা বিশেষ গুণ (এ জিনিসটার বিশেষত্ব কী?)। ˜ ; ত্বহীন বিণ. যার কোনো বিশেষ গুণ বা অসাধারণত্ব নেই।

বিশেষণ (p. 627) [biśēṣaṇa] বি. 1 গুণ নির্দেশ ('বিশেষণে সবিশেষ কহিবারে পারি': ভা. চ.); 2 বিশেষিতকরণ; 3 বিশেষ ধর্ম বা চিহ্ন; 4 (ব্যাক.) বিশেষ্য বা সর্বনামের গুণ অথবা অবস্থা নির্দেশক পদ। [সং. বি + √ শিষ্ + অন]। বিশেষিত বিণ. বিশেষণ বা বিশেষ গুণোল্লেখের দ্বারা নির্দিষ্ট; পৃথক্কৃত।

বিশেষীকরণ (p. 627) [biśēṣīkaraṇa] বি. বিশেষভাবে চিহ্নিত করা। [সং. বিশেষ + ঈ + √ কৃ + অন]। বিণ. বিশেষীকৃত।

বিশোষোক্তি (p. 627) [biśōṣōkti] বি. কাব্যালংকারবিশেষ যাতে কারণ সত্ত্বেও কার্যের অভাব দেখা যায়। [সং. বিশেষ (অনুৎপত্তিনিমিত্ত) + উক্তি]।

বিশেষ্য (p. 627) [biśēṣya] বি. (ব্যাক.) ব্যক্তি প্রাণী বস্তু জাতি ক্রিয়া গুণ ভাব প্রভৃতির সংজ্ঞানির্দেশক বা নামসূচক পদ। □ বিণ. 1 প্রভেদ্য, বিশেষিত করার যোগ্য; 2 ধর্মী। [সং. বি + √ শিষ্ + য]।

বিশোক (p. 627) [biśōka] বিণ. শোকহীন, অশোক। □ বি. অশোক গাছ বা তার ফুল। [সং. বি + শোক]। বিণ. স্ত্রী. বিশোকা।

বিশোধন (p. 627) [biśōdhana] বি. 1 বিশুদ্ধিকরণ; 2 সংশোধন। [সং. বি (বিশেষ) + শোধন]। বিশোধক বিণ. বিশুদ্ধিকারক। বিশোধনীয়, বিশোধ্য বিণ. বিশোধনযোগ্য। বিশোধিত বিণ. বিশুদ্ধ করা হয়েছে এমন।

বিশোষণ (p. 627) [biśōṣaṇa] বি. বিশেষভাবে শোষণ, তরল পদার্থ শুষে আপন অঙ্গীভূত করা, absorption (বি.প.)। [সং. বি + শোষণ]। বিশোষিত বিণ. বিশেষভাবে শোষিত, absorbed.

বিশ্ব (p. 627) [biśba] বি. পৃথিবী ও তার বাইরের গ্রহনক্ষত্রসমন্বিত সমস্ত স্থান, ব্রহ্মাণ্ড; পৃথিবী, ভুবন, জগত্। □ বিণ. সর্ব, সমগ্র, যাবতীয় (বিশ্বসংসার, বিশ্বমানব)। [সং. √ বিশ্ + ব]।˜ কবি বি. পৃথিবীর শ্রেষ্ঠ বা অন্যতম শ্রেষ্ঠ কবি,

যে কবির কাব্য সমগ্র পৃথিবীর সমাদরের যোগ্য। ~ ; কর্মা (-র্মন্) বি. দেবশিল্পী, যাবতীয় শিল্পের অধিদেবতা। ~ ; কেতু বি. মদন, কামদেব।~ কোষ,~ কোশ বি. পৃথিবীর সমস্ত বিষয়ের তথ্যকোষ বা অভিধান, emcyclopaedia,~ গ্রাসী (-সিন্) বিণ. সমগ্র পৃথিবীকে গ্রাস করতে চায় এমন (বিশ্বগ্রাসী ক্ষুধা)।~ চক্র বি. বিশ্বজগত্, চরাচর।~ চরাচর বি. স্থাবর-জঙ্গমাদিসহ মানবজাতি।~ জনীন বিণ. 1 পৃথিবীর সমস্ত মানুষ সম্বন্ধীয় (বিশ্বজনীন কল্যাণচিন্তা); 2 সর্বজনহিতকর। □ বি. যজ্ঞবিশেষ। বি.~ জনীনতা।~ জোড়া বিণ. পৃথিবীব্যাপী ('বিশ্বজোড়া ফাঁদ পেতেছ': রবীন্দ্র)।~ তোমুখী বিণ. সর্বতোমুখী; সর্বাত্মক (বিশ্বতোমুখী প্রতিভা)।~ ত্রাস বিণ. পৃথিবীর সমস্ত লোককে যে ভীত করে।~ দেব বি. 1 অগ্নি; 2 বিশ্বের দেবতা; 3 গণদেবতাবিশেষ।~ নাথ বি. 1 জগদীশ্বর; 2 মহাদেব।~ নিন্দুক (অপ্র.)~ নিন্দক বিণ. সবার বা সমস্ত বিষয়ের নিন্দাকারী, সবকিছুকেই যে নিন্দা করে।~ পরিক্রমা বি. সমগ্র পৃথিবী ভ্রমণ বা পরিক্রমা।~ পা বি. 1 জগৎপালক, পরমেশ্বর; 2 সূর্য; 3 চন্দ্র; 4 অগ্নি।~ পাতা (-তৃ) বিণ. বি. জগৎপালক।~ প্রকৃতি বি. সমগ্র বিশ্ব; বিশ্বের প্রকৃতি।~ প্রেম বি. সর্বজনের প্রতি সমান প্রেম বা প্রীতি।~ প্রেমিক বিণ. বি. বিশ্বের সকল মানুষ ও প্রাণীকে ভালোবাসে এমন।~ বকা,~ বকাট,~ বকাটে,~ বখা,~ বখাটে বিণ. যৎপরোনাস্তি ফাজিল বা বখে-যাওয়া।~ বাসী (-সিন্) বিণ. জগদ্বাসী, জগতে বাসকারী (বিশ্ববাসী প্রাণী)। □ বি. জগতের সমগ্র মানবজাতি।~ বিখ্যাত বিণ. সারা পৃথিবীতে খ্যাত।~ বিজয়ী বিণ. সমগ্র পৃথিবীকে জয়কারী। ~ বিদ্যালয় বি. সর্বপ্রকার বিদ্যাশিক্ষার জন্য উচ্চতম প্রতিষ্ঠান, university.~ বিধাতা (-তৃ) বি. সৃষ্টিকর্তা, ঈশ্বর।~ বিমোহন,~ বিমোহী (-হিন্) বিণ. সমগ্র জগত্-মুগ্ধকারী। স্ত্রী.~ বিমোহিনী। ~ বিশ্রুত বিণ. সারা জগতে প্রসিদ্ধ। ~ বীক্ষা বি. সমগ্র বিশ্ব সম্পর্কে জ্ঞান বা অভিজ্ঞতা।~ ব্যাপী (-পিন্) বিণ. পৃথিবীর সকল স্থানে বিস্তৃত, সর্বত্র বর্তমান।~ ব্রহ্মাণ্ড বি. সমস্ত জগত্, ত্রিভুবন।~ ভাষা বি. পৃথিবীর সকল স্থানের ও মানুষের মধ্যে প্রচলিত একই ভাষা~ ভ্রাতৃত্ব

বি. পৃথিবীর সমস্ত লোকের মধ্যে ভ্রাতৃবত্ সৌহার্দ্য।˜ মৈত্রী বি. বিশ্বের সমস্ত মানুষে মানুষে বন্ধুত্ব।˜ম্ভর বিণ. বি. বিশ্বকে যিনি ধারণ করেন।˜ম্ভরা বি. পৃথিবী।˜ যুদ্ধ বি. সমগ্র পৃথিবী জুড়ে যুদ্ধ।˜ রূপ,˜ মূর্তি বি. অনন্তরূপী, যে এক দেহের মধ্যে সমস্ত পৃথিবী প্রতিফলিত হয়; বিরাটরূপী নারায়ণ, পরমেশ্বর।˜ লোক,˜ সংসার বি. নিখিল জগত্।˜ শান্তি বি. পৃথিবীর সব দেশের মানুষের শান্তি।˜ সাহিত্য বি. বিশ্বের সাহিত্য; সর্বদেশকালোপযোগী সাহিত্য।

বিশ্বসিত (p. 627) [biśbasita] বিণ. বিশ্বাস করা হয়েছে বা বিশ্বাস করেছে এমন, বিশ্বাসপাত্র; বিশ্বাসকারক। [সং. বি + √ শ্বস্ + ত]।

বিশ্বস্ত (p. 627) [biśbasta] বিণ. বিশ্বাসভাজন, বিশ্বাসী, যাকে বিশ্বাস করা যায় (বিশ্বস্ত অনুচর)। [সং. বি + √ শ্বস্ + ত]। বি.˜ তা।˜ সূত্রে ক্রি-বিণ. বিশ্বাসযোগ্য ব্যক্তির কাছ থেকে; বিশ্বাসযোগ্য ব্যক্তি বা কারণ থেকে।

বিশ্বাত্মা (p. 627) [biśbātmā] (-ত্মন্) বি. 1 সমগ্র বিশ্বের আত্মাস্বরূপ বিরাট পুরুষ; 2 ব্রহ্মা; 3 বিষ্ণু; 4 শিব। [সং. বিশ্ব + আত্মন্]।

বিশ্বা-মিত্র (p. 627) [biśbā-mitra] বি. পৌরাণিক ঋষিবিশেষ। [সং. বিশ্ব + মিত্র]।

বিশ্বাস (p. 627) [biśbāsa] বি. 1 প্রত্যয়, সত্য বা যথার্থ বলে ধারণা (ঈশ্বরবিশ্বাস); 2 আস্থা (লোকটির উপর আমার সম্পূর্ণ বিশ্বাস আছে); 3 শ্রদ্ধা (ধর্মবিশ্বাস)। [সং. বি + √ শ্বস্ + অ]।˜ ঘাতক,˜ ঘাতী (-তিন্), হন্তা (-ন্তৃ) বিণ. বিশ্বাসভঙ্গকারী, বিশ্বাসের পাত্র হয়েও অবিশ্বাসের কাজ করে এমন, বেইমান।

স্ত্রী.˜ ঘাতিকা,˜ ঘাতিনী,˜ হন্ত্রী। বি.˜ ঘাতকতা।˜ ভঙ্গ বি. বিশ্বস্ত হয়েও অবিশ্বাসের কাজ করা; অকৃতজ্ঞতা।˜ ভাজন বিণ. বিশ্বাসের পাত্র।˜ যোগ্য বিণ. বিশ্বাসের পাত্র, যাকে বিশ্বাস করা যায়। বিশ্বাসী (-সিন্) বিণ. 1 বিশ্বাসভাজন (বিশ্বাসী চাকর); 2 বিশ্বাস করে এমন (ভগবদ্বিশ্বাসী)। বিশ্বাস্য বিণ. বিশ্বাসযোগ্য।

বিশ্বেশ্বর (p. 627) [biśbēśbara] বি. 1 পরমেশ্বর; 2 শিব; 3 কাশীর শিবলিঙ্গ। [সং. বিশ্ব + ঈশ্বর]। বিশ্বেশ্বরী বি. স্ত্রী. 1 পরমেশ্বরী, আদ্যাশক্তি; 2 দুর্গাদেবী।

বিশ্রব্ধ (p. 627) [biśraddha] বিণ. 1 বিশ্বস্ত; 2 প্রগাঢ়; 3 প্রশান্ত; 4 নিঃশঙ্ক, নির্ভীক। [সং. বি + √ শ্রন্ভ্ + ত]।

বিশ্রম্ভ (p. 627) [biśrambha] বি. 1 কেলিকলহ; 2 প্রণয়; 3 বিশ্বাস। [সং. বি + √ শ্রন্ভ্ + অ]। বিশ্রম্ভালাপ বি. প্রেমালাপ; স্বচ্ছন্দে নিভৃতে আলাপ।

বিশ্রান্ত (p. 627) [biśrānta] বিণ. 1 শ্রান্তি দূর হয়েছে এমন, বিগতশ্রম; 2 বিশ্রাম করেছে এমন (বিশ্রান্ত পথিক); 3 ক্ষান্ত, নিবৃত্ত। [সং. বি + শ্রান্ত]। বিশ্রান্তি বি. বিশ্রাম; বিরতি।

বিশ্রাম (p. 627) [biśrāma] বি. 1 শ্রান্তি দূর করা, জিরানো; 2 বিরাম, নিবৃত্তি। [সং. বি + √ শ্রম্ + অ]। বিশ্রামাগার বি. যেখানে বিশ্রাম নেওয়া হয়, বিশ্রাম নেবার জায়গা; অপেক্ষা করার জায়গা, waiting-room.

বিশ্রী (p. 627) [biśrī] বিণ. 1 শ্রীহীন, কুৎসিত; 2 জঘন্য, ঘৃণ্য। [সং. বি + শ্রী]।

বিশ্রুত (p. 627) [biśruta] বিণ. সুবিখ্যাত, প্রসিদ্ধ (বিশ্ববিশ্রুত শিল্পী)। [সং. বি + শ্রুত]। বিশ্রুতি বি. প্রসিদ্ধি, খ্যাতি।

বিশ্লিষ্ট (p. 627) [biśliṣṭa] দ্র বিশ্লেষ।

বিশ্লেষ (p. 627) [biślēṣa] বি. 1 অসংযোগ, বিচ্ছেদ, এক থেকে অন্যকে আলাদা করা; 2 বিভাগ; 3 বিচ্যুতি। [সং. বি + √ শ্লিষ্ + অ]। বিশ্লিষ্ট বিণ. যার বিভিন্ন অংশ বা উপাদান পৃথক করা হয়েছে; বিযুক্ত; বিচ্ছিন্ন (পরস্পর-বিশ্লিষ্ট); পৃথক্কৃত।˜ ণ বি. 1 পৃথক্করণ; 2 বিভিন্ন অংশ বা উপাদান পৃথক করে নিয়ে পর্যবেক্ষণ ও তত্ত্বনিরূপণ 3 (বাং.) বিশদ আলোচনা। বিশ্লেষিত বিণ. বিশ্লিষ্ট করা হয়েছে এমন।

বিষ (p. 627) [biṣa] বি. 1 যে পদার্থ দেহে প্রবেশ করলে মৃত্যু বা স্বাস্থ্যহানি ঘটে, গরল, হলাহল (সাপের বিষ, রোগের বিষ); 2 (আল.) অতি অপ্রীতিকর বস্তু বা ব্যক্তি (দুচোখের বিষ); 3 (আল.) হিংসা দ্বেষ প্রভৃতি মনোবৃত্তি (মনের বিষ)। [সং. √ বিষ্ + অ]।˜ কণ্ঠ বি. 1 বিষের মতো অসহ্য কণ্ঠস্বর বা ভাষা; 2 শিব। □ বিণ. বিষের মতো অসহ্য কণ্ঠস্বরবিশিষ্ট।˜ কন্যা বি. যে নারীর সংস্পর্শে বা সহবাসে মৃত্যু অবশ্যম্ভাবী।˜ কাঁটালি বি. অতি বিষাক্ত লতাবিশেষ, belladonna.˜ কুম্ভ বি. 1 বিষে পূর্ণ কলসি; 2 (আল.) যে ব্যক্তির অন্তর বিষে পূর্ণ।˜ ক্রিয়া বি. দেহের মধ্যে বিষের প্রভাব।˜ ঘ্ন বিণ. বিষক্রিয়ানাশক।˜ ণ বি. বিষসঞ্চার, poisoning (বি. প.)। বিষ ঝাড়া ক্রি. বি. ওঝা কর্তৃক মন্ত্রাদি দ্বারা বিষ বার

করা। ˜ দ বিণ. বিষদায়ক। ˜ দন্ত, (কথ্য) ˜ দাঁত বি. 1 সাপের যে দাঁতের গোড়ায় বিষের থলি থাকে; 2 (আল.) দম্ভ বা অহংকারের মূল কারণ বা শক্তি। ˜ দিগ্ধ বিণ. বিষের দ্বারা লিপ্ত, বিষ-মাখা। স্ত্রী. ˜ দিগ্ধা। ˜ দুষ্ট বিণ. বিষাক্ত। ˜ দৃষ্টি, ˜ নয়ন বি. হিংস্র বা হিংসাপূর্ণ দৃষ্টি; কুনজর; অত্যন্ত বিদ্বেষ। ˜ ধর বিণ. (প্রধানত দাঁতে) বিষ ধারণ করে এমন, সবিষ। □ বি. 1 যে সাপের দাঁতে বিষ আছে; 2 সাপ। ˜ নাশক বিণ. বিষের ক্রিয়া নষ্ট করে এমন। ˜ বিষ নেই তার কুলোপানা চক্কর বিষহীন সাপের ফণার মতো মাথা তুলে আস্ফালন। ˜ প্রয়োগ বি. হত্যার উদ্দেশ্যে কারও দেহের ভিতরে বিষ প্রবেশ করানো। ˜ ফল বি. বিষাক্ত ফল। ˜ ফোড়া বি. অত্যন্ত যন্ত্রণাদায়ক ছোটো ফোড়াবিশেষ। ˜ বত্ বিণ. বিষের মতো (বিষবত্ পরিত্যাগ করা)। ˜ বিদ্যা বি. দেহ থেকে বিষ বার করার বিদ্যা। ˜ বৃক্ষ বি. 1 বিষফলের বৃক্ষ; 2 (আল.) যা বা যাকে লালন করলে ধ্বংসের কারণ হয়। ˜ বৈদ্য বি. বিষক্রিয়ার চিকিৎসক; রোজা। বিষ মরা ক্রি. বি. 1 বিষ নষ্ট হওয়া; 2 (আল.) তেজ নষ্ট হওয়া (এত ঘা খেয়েও লোকটার বিষ মরে না)। বিষ মারা ক্রি. বি. 1 বিষ নষ্ট করা; 2 (আল.) তেজ নষ্ট করে দেওয়া। ˜ মুখ বি. বিষযুক্ত মুখ। □ বিণ. কটুভাষী। ˜ হর বিণ. বিষনাশক। স্ত্রী. ˜ হরা। ˜ হরী বি. (স্ত্রী.) মনসাদেবী।

বিষণ্ণ (p. 627) [biṣaṇṇa] বিণ. 1 বিষাদযুক্ত, দুঃখিত; 2 ম্লান (বিষণ্ণবদন)। [সং. বি + √ সদ্ + ত]। স্ত্রী. বিষণ্ণা। বি. ˜ তা।

বিষফোড়া (p. 627) [biṣaphōḍ়ā] দ্র বিষ।

বিষম (p. 627) [biṣama] বিণ. 1 দারুণ (বিষম ব্যস্ত, বিষম বিপদ); 2 দুঃসহ, বেজায় (বিষম তাপ, বিষম ক্রোধ); 3 সাংঘাতিক, উৎকট (বিষম দুর্ঘটনা); 4 অত্যন্ত কঠিন (বিষম সমস্যা); 5 অসমান (বিষম রাশি)। □ বি. (বাং.)

(খাদ্যপানীয়াদি গেলার সময়) আকস্মিক শ্বাসরোধ ও হিক্কা ('হাসি চাপিতে গিয়া বিষম খাইলেন': ব. চ.)। [সং. বি + সম]। ̃ কাল বি. অপ্রশস্ত সময়, অসময়। ̃ কোণ বি. অসমান কোণ। বিষম বাহু বি. অসমান বাহু। বিষম রাশি বি. অযুগ্ম বা বিজোড় রাশি।

বিষয় (p. 627) [biṣaẏa] বি. 1 ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ, ভোগ্য বস্তু (বিষয়বাসনা); 2 সম্পত্তি (বিষয়-আশয়); 3 পাত্র, আস্পদ (উপহাসের বিষয়, সে এখন সবার আলোচনার বিষয়); 4 (বিরল) অধিকারভুক্ত স্থান; 5 জেলা; 6 আলোচ্য বা বর্ণনীয় বস্তু (প্রবন্ধের বিষয়); 7 কারণ, হেতু (শোকের বিষয়); 8 সম্বন্ধীয় ব্যাপার (এই ঘটনার বিষয়ে কিছু বলো)। [সং. বি + √ সি + অ]। ̃ আশয় বি. ধনসম্পত্তি। ̃ ক বিণ. বহুব্রীহি সমাসে উত্তরপদরূপে বিষয় শব্দের রূপ, সম্পর্কিত, সংক্রান্ত (নীতিবিষয়ক, জ্ঞানবিষয়ক)। ̃ কর্ম বি. বৈষয়িক বা সাংসারিক কাজ; সম্পত্তি রক্ষণাবেক্ষণের বা পরিচালনার কাজ। ̃ জ্ঞান বি. 1 কাণ্ডজ্ঞান, বাস্তবজ্ঞান; 2 সম্পত্তি ইত্যাদি সম্পর্কে জ্ঞান। ̃ তৃষ্ণা, ̃ বাসনা, ̃ লালসা বি. ধনসম্পত্তির বা সাংসারিক সুখভোগের লোভ। ̃ পরায়ণ বিণ. ধনসম্পদের প্রতি আসক্ত; ঘোর সংসারী। ̃ বস্তু বি. আলোচ্য বা বক্তব্য পদার্থ, মূল আলোচ্য বিষয় (রচনার বিষয়বস্তু)। ̃ বিতৃষ্ণা, ̃ বৈরাগ্য বি. ধনসম্পত্তি প্রভৃতি ভোগে অনিচ্ছা বা ঔদাসীন্য। ̃ বুদ্ধি বি. বৈষয়িক বা সাংসারিক জ্ঞান, বিষয়-আশয় পরিচালনার বুদ্ধি। ̃ সূচি বি. আলোচ্য ব্যাপারসমূহের ধারাবাহিক তালিকা। বিষয়ান্তর বি. অন্য বিষয়। বিষয়াসক্তি বি. ধনসম্পত্তির বা ভোগ্যবস্তুর প্রতি আকর্ষণ। বিষয়ী (-য়িন্) বিণ. 1 বিষয়াসক্ত; 2 সম্পত্তিশালী। □ বি. (দর্শ.) 1 আত্মা; 2 জ্ঞাতা; 3 ইন্দ্রিয়। বিষয়ীভূত বিণ. (আলোচনাদির) বিষয়ের অন্তর্ভুক্ত।

বিষা (p. 627) [biṣā] ক্রি. বিষাক্ত করা ('যাহারা তোমার বিষাইছে বায়ু': রবীন্দ্র)। [সং. বিষ + বাং. আ]।

বিষাক্ত (p. 627) [biṣākta] বিণ. বিষযুক্ত, বিষমিশ্রিত (বিষাক্ত বায়ু, বিষাক্ত আবহাওয়া)। [সং. বিষ + অক্ত (=লিপ্ত)]।

বিষাণ (p. 627) [biṣāṇa] বি. 1 পশুশৃঙ্গ; 2 শৃঙ্গ বা শিং দিয়ে তৈরি বা শৃঙ্গাকার বাদ্যযন্ত্র, শিঙা ('সিংহদুয়ারে বাজিল বিষাণ': রবীন্দ্র); 3 হাতি শুয়োর প্রভৃতির বড়ো দাঁত। [সং. বিষ্ + আন]।

বিষাদ (p. 627) [biṣāda] বি. 1 স্ফূর্তিহীনতা; 2 দুঃখ; 3 আশাভঙ্গজনিত খেদ। [সং. বি + √ সদ্ + অ]। বিষাদিত, বিষাদী (-দিন্) বিণ. বিষাদযুক্ত, বিষণ্ন। স্ত্রী. বিষাদিতা, বিষাদিনী।

বিষানো (p. 627) [biṣānō] ক্রি. বি. 1 বিষাক্ত হওয়া (ঘা বিষিয়ে উঠেছে); 2 যন্ত্রণাপূর্ণ হওয়া, টাটানো; 3 (আল.) বিদ্বেষপূর্ণ করা বা হওয়া (মন বিষিয়ে দিয়েছ)। □ বিণ. উক্ত সব অর্থে। [বাং. বিষা + আনো]।

বিষান্তক (p. 627) [biṣāntaka] বিণ. বিষনাশক, বিষ নষ্ট করে এমন, বিষঘ্ন। [সং. বিষ + অন্তক]।

বিষিত (p. 627) [biṣita] বিণ. বিষযুক্ত, বিষাক্ত, poisoned (বি. প.)। [সং. বিষ + ইত]।

বিষুব (p. 627) [biṣuba] বি. যে সময়ে দিন ও রাত্রি সমান দীর্ঘ হয় equinox. [সং. বিষু (দিন ও রাত্রির সমতা) + ব(অস্ত্যর্থে)]। ˜ বৃত্ত বি. নিরক্ষবৃত্তের সমান্তরাল আকাশস্থ কাল্পনিক বৃত্ত, equinoctial (বি. প.)। ˜ রেখা বি. মেরুদ্বয় থেকে সমদূরবর্তী ভূগোলক বেষ্টনকারী কল্পিত রেখা, নিরক্ষরেখা, equator. (তু. পরি. ভূ-বিষুবরেখা)। ˜ লম্ব বি. বিষুববৃত্ত থেকে গ্রহনক্ষত্রের কৌণিক দূরত্ব, declination (বি. প.)। ˜ সংক্রান্তি বি. সূর্যের তুলামেষ-সংক্রান্তিবিশেষ। বিষুবীয় বিণ. বিষুব-সংক্রান্ত।

বিষ্কম্ভ, বিষ্কম্ভক (p. 627) [biṣkambha, biṣkambhaka] বি. সংস্কৃত নাটকের কোনো অঙ্কের প্রারম্ভে যে-অংশে অতীত ও আগামী ঘটনা বর্ণিত হয়। [সং. বি + √ স্কন্‌ভ্ + অ, ক (স্বার্থে)]।

বিষ্টব্ধ (p. 627) [biṣṭabdha] বিণ. 1 বাধাযুক্ত; 2 জড়তাগ্রস্ত। [সং. বি + √ স্তন্‌ভ্ + ত]।

বিষ্টম্ভ (p. 627) [biṣṭambha] বি. 1 প্রতিবন্ধ, বাধা; 2 জড়তা। [সং. বি + √ স্তন্‌ভ্ + অ]।

বিষ্টি-ভদ্রা (p. 627) [biṣṭi-bhadrā] বি. (জ্যোতিষ.) শুভকর্‌ম ও যাত্রাদির পক্ষে অশুভ যোগবিশেষ। [সং. √ বিষ্ + তি =বিষ্টি + ভদ্রা]।

বিষ্ঠা (p. 630) [biṣṭhā] বি. প্রাণীর পায়ুপথে নির্গত মল, গু, পুরীষ। [সং. বি + √ স্থা + অ + আ]।

বিষ্ণু (p. 630) [biṣṇu] বি. 1 নারায়ণ, হরি; 2 জগৎপালক। [সং. √ বিষ্ + নু]।˜ প্রিয়া বি. লক্ষ্মীদেবী।˜ বাহন বি. গরুড়।˜ লোক বি. বৈকুণ্ঠ।

বিস (p. 630) [bisa] বি. 1 পদ্মের মৃণাল; 2 ভাঁটা বা মূল। [প্রাকৃ. বিস]।

বিসংগত (p. 630) [bisaṅgata] বিণ. 1 অসংগত, বেখাপ; 2 বেসুরো। [সং. বি + সংগত]।

বিসংবাদ (p. 630) [bisambāda] বি. 1 বিরোধ (বাদ-বিসংবাদ); 2 মতানৈক্য; 3 অমিল। [সং. বি + সম্ + √ বদ্ + অ]। বিসংবাদিত বিণ. বিরোধ বা প্রতিবাদের বিষয়ীভূত, যা নিয়ে বিরোধ হচ্ছে। বিসংবাদী (-দিন্) বিণ. বিসংবাদকারী; বিরুদ্ধবাদী, প্রতিপক্ষ।

বিসদৃশ (p. 630) [bisadṛśa] বিণ. 1 অন্যরকম; 2 বিপরীত; 3 বিরুদ্ধ; 4 সামঞ্জস্যহীন (বিসদৃশ আচরণ)। [সং. বি + সদৃশ]।

বিস-মিল্লা, বিস-মিল্লাহ্ (p. 630) [bisa-millā, bisa-millāh] বি. কার্যারম্ভে আল্লার নামে দোহাই। [আ. বিসমিল্লাহ্]. বিসমিল্লায় গলদ আরম্ভেই ভুল বা ত্রুটি।

বিসরা (p. 630) [bisarā] ক্রি. (ব্রজ. ও প্রা. কা.) ভুলে যাওয়া, বিস্মৃত হওয়া ('তোহে বিসরি মন তাহে সমর্পিনু': বিদ্যা)। [সং. বি + √ স্মৃ + বাং. আ]। বিসরল ক্রি. বিস্মৃত হল। বিসরিত বিণ. বিস্মৃত।

বিসর্গ (p. 630) [bisarga] বি. 1 বর্ণবিশেষ (ঃ); 2 বিসর্জন; 3 দান বা ত্যাগ। [সং. বি + √ সৃজ্ + অ]।

বিসর্জন (p. 630) [bisarjana] বি. 1 ত্যাগ (প্রাণবিসর্জন, অশ্রুবিসর্জন); 2 পূজাবসানে প্রতিমা জলে বিলোপ, নিরঞ্জন (বিসর্জনের বাজনা)। [সং. বি + √ সৃজ্ + অন]। বিসর্জন করা, বিসর্জন দেওয়া ক্রি. বি. 1 ত্যাগ করা (সীতাকে বিসর্জন করেন); 2 পূজান্তে প্রতিমা জলে নিক্ষেপ করা। বিসর্জনীয় বিণ. বিসর্জনযোগ্য। বিসর্জা ক্রি. (কাব্যে) বিসর্জন দেওয়া। বিসর্জিত বিণ. বিসর্জন দেওয়া হয়েছে এমন। স্ত্রী. বিসর্জিতা।

বিসর্প1 (p. 630) [bisarpa1] বি. বিষাক্ত চর্মরোগবিশেষ, erysipelas. [সং. বি + √ সৃপ্ + অ]।

বিসর্প2, বিসর্পণ (p. 630) [bisarpa2, bisarpaṇa] বি. 1 ধীরে বিস্তার বা সঞ্চারণ; 2 হামাগুড়ি দিয়ে অগ্রসর হওয়া। [সং. বি + √ সৃপ্ + অ, অন]। বিসর্পিত বিণ. ধীরে প্রসারিত; হামাগুড়ি দিয়ে অগ্রসর হয়েছে এমন। বিসর্পী (-র্পিন্) বিণ. বিসর্পণশীল। স্ত্রী. বিসর্পিণী।

বিসার (p. 630) [bisāra] বি. 1 বিস্তার; 2 প্রবাহ। [সং. বি + √ সৃ + অ]। বিসারিত বিণ. বিস্তারিত, প্রসারিত; প্রবাহিত। বিসারী (-রিন্) বিণ. বিস্তারশীল, প্রসারী (সুদূরবিসারী)। স্ত্রী. বিসারিণী।

বিসূচিকা (p. 630) [bisūcikā] বি. ওলাওঠা রোগ, কলেরা। [সং. বি + √ সূচি + ক + আ]।

বিসৃত (p. 630) [bisṛta] বিণ. বিস্তৃত, ব্যাপ্ত। [সং. বি + √ সৃ + ত]।

বিসৃষ্ট (p. 630) [bisṛṣṭa] বিণ. 1 নিক্ষিপ্ত; 2 পরিত্যক্ত; 3 প্রেরিত; 4 পরিব্যাপ্ত। [সং. বি + √ সৃজ্ + ত]।

বিস্কুট (p. 630) [biskuṭa] বি. ময়দা চিনি ইত্যাদি দিয়ে পাশ্চাত্যরীতিতে ছাঁচে তৈরি খাস্তা খাবারবিশেষ। [ইং. biscuit]।

বিস্তর (p. 630) [bistara] বিণ. 1 (সং.) সমূহ; 2 বিশেষ বর্ণন; 3 বাগ্বিস্তার (অলমতিবিস্তরেণ); 4 বিস্তার; 5 (বাং.) প্রচুর, অনেক, ঢের (বিস্তর খরচ, বিস্তর দেরি)। [সং. বি + √ স্তৃ + অ]।

বিস্তার (p. 630) [bistāra] বি. 1 প্রসার, ব্যাপ্তি (শিক্ষার বিস্তার); 2 প্রসারণ, বর্ধন; 3 পরিসর; 4 প্রস্হ, চওড়াই (দৈর্ঘ্য ও বিস্তার); 5 উচ্চাঙ্গ সংগীতে আলাপের দ্বারা রাগের বিকাশ। [সং. বি + √ স্তৃ + অ]। বিস্তারা ক্রি. (কাব্যে) বিস্তারিত করা (বিস্তারিয়া বলো)। বিস্তারিত, বিস্তৃত বিণ. 1 প্রসারিত (প্রভাব বিস্তৃত হওয়া); 2 বিছানো বা ছড়ানো হয়েছে এমন; 3 ব্যাপক, সবিশেষ (বিস্তারিত বা বিস্তৃত বর্ণনা)। বিস্তীর্ণ বিণ. 1 ব্যাপ্ত, বিস্তৃত; 2 বিশাল (বিস্তীর্ণ প্রান্তর)। বিস্তৃতি বি. ব্যাপ্তি, বিস্তার, প্রসার।

বিস্ফার, বিস্ফারণ (p. 630) [bisphāra, bisphāraṇa] বি. 1 বিস্তার, প্রসারণ; 2 স্ফূর্তি; 3 বিকাশ; 4 কম্পন। [সং. বি + √ স্ফুর্ + অ, অন]। বিস্ফারিত বিণ. বিকশিত; প্রসারিত বা বিস্তারিত (বিস্ময়-বিস্ফারিত নেত্র)। বিপ. সংকুচিত।

বিস্ফুরণ (p. 630) [bisphurana] বি. 1 কম্পন; 2 হঠাত্ প্রকাশিত হওয়া বা দীপ্তি পাওয়া (আগ্নেয়গিরির বিস্ফুরণ)। [সং. বি + √ স্ফুর্ + অন]। বিস্ফুরিত বিণ. কম্পিত (ক্রোধে অধর বিস্ফুরিত); স্ফীত; দীপ্ত।

বিস্ফোট, বিস্ফোটক (p. 630) [bisphōṭa, bisphōṭaka] বি. ফোড়া, স্ফোটক। [সং. বি + √ স্ফুট্ + অ, ক (স্বার্থে)]।

বিস্ফোরক (p. 630) [bisphōraka] দ্র বিস্ফোরণ।

বিস্ফোরণ (p. 630) [bisphōraṇa] বি. 1 সহসা সশব্দে ফেটে যাওয়া (বোমা বিস্ফোরণ); 2 জ্বলে ওঠা; 3 ভয়াবহ আকার ধারণ করা (জনসংখ্যার বিস্ফোরণ); 4 (আল.) আকস্মিকভাবে ফেটে পড়া (পরিস্থিতি বিস্ফোরণের মুখে)। [সং. বি + √ স্ফুর্ + ণিচ্ + অন]। বিস্ফোরক বিণ. সহসা জ্বলে ওঠে এমন। □ বি. ওইরকম পদার্থ, explosive. বিস্ফোরিত বিণ. সহসা সশব্দে ফেটে গেছে বা জ্বলে উঠেছে এমন।

বিস্বন (p. 630) [bisbana] বি. 1 বিকট বা বিরাট শব্দ; 2 পূরকধ্বনি, allophone. [সং. বি + স্বন]।˜ ভেদ বি. পূরকধ্বনির পার্থক্য, allophonic variation.

বিস্বাদ (p. 630) [bisbāda] বিণ. 1 স্বাদহীন; 2 খেতে ভালো লাগে না এমন; 3 (আল.) আকর্ষণশূন্য (জীবন এখন বিস্বাদ লাগছে)। [সং. বি + স্বাদ]।

বিস্ময় (p. 630) [bismaẏa] বি. আশ্চর্য, চমৎকৃত ভাব বা অবস্থা। [সং. বি + √ স্মি + অ]। ˜ কর, ˜ জনক, বিস্ময়াবহ বিণ. আশ্চর্যজনক। ˜ চিহ্ন বি. '!' এই চিহ্ন। ˜ বিহ্বল, বিস্ময়াকুল, বিস্ময়াবিষ্ট, বিস্মায়াভি-ভূত বিণ. বিস্ময়ে বিহ্বল বা হতবাক। বিস্ময়ান্বিত, বিস্ময়াপন্ন বিণ. বিস্মিত, চমৎকৃত। বিস্মিত বিণ. আশ্চর্যান্বিত; বিস্ময়যুক্ত। বিস্ময়োত্-ফুল্ল বিণ. বিস্ময়জনিত আনন্দে উদ্ভাসিত বা অভিভূত (বিস্ময়োৎফুল্ল নয়ন)। বিস্ময়োৎপাদক বিণ. বিস্ময় সৃষ্টিকারী, বিস্ময় জন্মায় এমন (বিস্ময়োৎপাদক ঘটনা)।

বিস্মরণ (p. 630) [bismaraṇa] বি. বিস্মৃতি, স্মৃতি লোপ, ভুলে যাওয়া। [সং. বি + স্মরণ]। ˜ যোগ্য বিণ. ভুলে যাবার মতো। ˜ শীল বিণ. ভুলে যায় এমন, ভুলো। বিস্মরণীয় বিণ. বিস্মরণযোগ্য (তু. বিপ. অবিস্মরণীয়)।

বিস্মাপন, বিস্মায়ন (p. 630) [bismāpana, bismāẏana] বি. বিস্ময় উৎপাদন। [সং. বি. + √ স্মি + ণিচ্ + অন]।

বিস্মিত (p. 630) [bismita] দ্র বিস্ময়।

বিস্মৃত (p. 630) [bismṛta] বিণ. 1 ভুলে গেছে এমন, বিস্মৃতিযুক্ত (নাম বিস্মৃত হওয়া); 2 স্মরণে নেই এমন (বিস্মৃত অধ্যায়)। [সং. বি + √ স্মৃ + ত]। স্ত্রী. বিস্মৃতা। বিস্মৃত
ি বি. বিস্মরণ, স্মৃতিলোপ।

বিস্রংস, বিস্রংসন (p. 630) [bisraṃsa, bisraṃsana] বি. 1 পতন, স্খলন; 2 ক্ষরণ। [সং. বি + √ স্রন্স্ + অ, অন]। বিস্রংসী (-সিন্) বিণ. পতনশীল, স্খলনশীল; ক্ষরণশীল।

বিস্রস্ত (p. 630) [bisrasta] বিণ. 1 পতিত; 2 স্খলিত, এলোমেলো (বিস্রস্ত বসন, বিস্রস্ত কেশ); 3 ক্ষরিত। [সং. বি + √ স্রন্স্ + ত]।

বিস্রাবণ (p. 630) [bisrābaṇa] বি. 1 স্রাবিত করা; 2 নিঃসারণ; 3 বেগে জলের ধারা প্রয়োগ, flushing. [সং. বি + √ স্রাবি + অন]।

বিস্রুত (p. 630) [bisruta] বিণ. 1 ক্ষরিত; 2 পতিত; 3 পরিস্রুত; 4 প্রবাহিত। [সং. বি + √ স্রু + ত]। বিস্রুতি বি. ক্ষরণ; পতন; পরিস্রাবণ; প্রবহণ।

বিহগ, বিহঙ্গ, বিহঙ্গম (p. 630) [bihaga, bihaṅga, bihaṅgama] বি. পাখি। [সং. বিহায়স্ (আকাশ) + √ গম্ + অ (খচ্ ম্ আগম)। স্ত্রী. বিহগী, বিহঙ্গী, বিহঙ্গমী, (কাব্যে) বিহঙ্গিনি।

বিহঙ্গমা (p. 630) [bihaṅgamā] বি. বাংলা রূপকথার পাখিবিশেষ, ব্যাঙ্গমা। [সং. বিহঙ্গম + বাং. আ]। বিহঙ্গমী বি. (স্ত্রী.) ব্যাঙ্গমি।

বিহত (p. 630) [bihata] বিণ. 1 বিনাশিত, বিনষ্ট; 2 ব্যাহত, প্রতিহত, বিঘ্নিত; 3 তাড়িত (বায়ুবিহত)। [সং. বি + √ হন্ + ত]। বিহতি বি. বিনাশ; বিঘ্ন; তাড়ন। বিহনন বি. বিনাশন, নিধন; ব্যাঘাত।

বিহনন (p. 630) [bihanana] দ্র বিহত।

বিহনে (p. 630) [bihanē] অব্য. (কাব্যে) বিনা, অভাবে (তোমার বিহনে)। [< সং. বিহীন]।

বিহরণ (p. 630) [biharaṇa] বি. বিহার; ভ্রমণ। [সং. বি + √ হৃ + অন]। বিহর্তা (-র্তৃ) বিণ. বিহারকারী, ভ্রমণকারী; পরিক্রমণকারী। বিহরা ক্রি. (কাব্যে) ভ্রমণ করা; বিহার করা (বিহরে, বিহরিছে)। বিহরই, বিহরত (প্রা. কা.) ক্রি. বিহার করে বা করছে।

বিহান2 (p. 630) [bihāna2] বি. (আঞ্চ.) প্রভাত, সকালবেলা ('ওরে, বিহান হল, জাগো রে ভাই': রবীন্দ্র)। [সং. বিভাত]।

বিহার1 (p. 630) [bihāra1] বি. ভারতের পূর্বাঞ্চলের অঙ্গরাজ্যবিশেষ। [সং. বিহার + অ]। বিহারি বি. বিহারের অধিবাসী। □ বিণ. 1 বিহার-সম্বন্ধীয় (বিহারি রীতি); 2 বিহারে উৎপন্ন (বিহারি গম)।

বিহার2 (p. 630) [bihāra2] বি. 1 ক্রীড়া (জলবিহার); 2 রতিক্রীড়া; 3 ক্রীড়ার্থ ভ্রমণ বা বিচরণ; 4 বৌদ্ধ মঠ। [সং. বি + √ হৃ + অ]। বিহারী (-রিন্) বিণ. বিচরণকারী; প্রমোদরত (রাসবিহারী, বনবিহারী)। স্ত্রী. বিহারিণী।

বিহারা (p. 630) [bihārā] ক্রি. (কাব্যে) বিহার করা, ভ্রমণ করা ('বিশ্বসাথে যোগে যেথায় বিহারো': রবীন্দ্র)। [সং. বি + √ হৃ + বাং. আ]।

বিহি (p. 630) [bihi] বি. 'বিধাতা'-অর্থে 'বিধি'-র কোমল রূপ ('চিরদিনে বিহি আজ পূরল আশ': বিদ্যা)। [< সং. বিধি]।

বিহিত (p. 630) [bihita] বিণ. 1 বিধিমতো (শাস্ত্রবিহিত অনুষ্ঠান); 2 উচিত (কাজটা বিহিত হয়নি); 3 অনুষ্ঠিত, সম্পন্ন (সকলের উপস্থিতিতেই কাজটি বিহিত হল)। □ বি. 1 বিধান; 2 যথোচিত ব্যবস্থা; 3 (বাং.) প্রতিবিধান (এই অন্যায়ের একটা বিহিত করা দরকার)। [সং. বি + √ ধা + ত]। বিহিতক বি. 1 আইন, act (স. প.); 2 আদেশনামা।˜ কাল বি. প্রশস্ত বা উপযুক্ত সময়; শুভ সময়।

বিহীন (p. 630) [bihīna] বিণ. (সচ. সমাসের উত্তরপদে) বর্জিত, বিরহিত, ত্যক্ত (কামনাবিহীন, নিদ্রাবিহীন, অন্তবিহীন)। [সং. বি + √ হা + ত]। স্ত্রী. বিহীনা। বি.˜ তা।

বিহু (p. 630) [bihu] বি. অসম অঞ্চলে প্রচলিত লোকনৃত্যবিশেষ।

বিহ্বল (p. 630) [bihbala] বিণ. 1 আত্মহারা, অভিভূত (আনন্দে বিহ্বল, বিস্ময়ে বিহ্বল); 2 বিবশ, অচেতন, বিকল। [সং. বি + হ্বল্ + অ]। স্ত্রী. বিহ্বলা।˜ তা বি. বিমুগ্ধতা, আত্মহারা অবস্থা বা ভাব; বিবশতা ('সঙ্কোচের বিহ্বলতা নিজেরে অপমান': রবীন্দ্র)।

বীক্ষণ (p. 630) [bīkṣaṇa] বি. 1 বিশেষভাবে দর্শন, নিরীক্ষণ (স্নেহবীক্ষণ); 2 যার দ্বারা বিশেষপ্রকার নিরীক্ষণ হয় (দূরবীক্ষণ, অণুবীক্ষণ)। [সং. বি + √ ঈক্ষ্ + অন]। বীক্ষণীয় বিণ. বীক্ষণযোগ্য, নিরীক্ষণ করা যায় এমন। বীক্ষ-মাণ

বিণ. নিরীক্ষণ করছে এমন। বীক্ষা বি. 1 বীক্ষণ, নিরীক্ষণ; 2 বিশেষ পর্যালোচনা (রবীন্দ্রবীক্ষা, বিশ্ববীক্ষা)। বিক্ষিত বিণ. বিশেষভাবে দৃষ্ট, নিরীক্ষিত। বীক্ষ্য-মাণ বিণ. নিরীক্ষিত হচ্ছে এমন।

বীচ (p. 630) [bīca] বি. (আঞ্চ.) বীজ। [সং. বীজ]।

বীচি2 (p. 630) [bīci2] বি. 1 তরঙ্গ, ঢেউ; 2 দীপ্তি, কিরণ। [সং. √ বে + ঈচি]। ̃ ভঙ্গ বি. ঢেউ ওঠা।

বীজ (p. 630) [bīja] বি. 1 শস্যাদির বিচি বা আঁটি যা থেকে অঙ্কুর উৎপন্ন হয়; 2 সংরক্ষিত শস্য যা রোপণ করে নতুন ফসল উৎপাদন করা হয় (ধান্যবীজ); 3 জীবাণু (রোগের বীজ); 4 মূল কারণ (বিবাদের বীজ, হিংসার বীজ); 5 সন্তানোৎপাদক শুক্র বা বীর্য। [সং. বি + √ জন্ + অ]। ̃ ক বি. বীজ। ̃ কোষ বি. ফুলের যে অংশে বীজ থাকে। ̃ ঘ্ন বিণ. জীবাণুনাশক, disinfectant (বি. প.)। ̃ তলা বি. খেতের যে নির্দিষ্ট জায়গায় চারা জন্মানো হয়। ̃ ধান বি. নতুন বীজ উৎপাদনের উপযোগী ধান। ̃ পত্র বি. বীজদল, উদ্ভিদ-ভ্রূণের দুই পাশের মোটা পদার্থ। ̃ পুরুষ বি. বংশের প্রবর্তক বা আদিপুরুষ। ̃ বারক বিণ. জীবাণুর উৎপত্তি নিবারণ করে এমন, antiseptic (বি. প.)। ̃ বারণ বি. জীবাণুর উৎপত্তি নিবারণ।

বীজকোষ (p. 630) [bījakōṣa] দ্র বীজ।

বীজ-গণিত (p. 630) [bīja-gaṇita] বি. গণিতশাস্ত্রের শাখাবিশেষ যাতে সাংকেতিক চিহ্ন বহুল পরিমাণে ব্যবহৃত হয়, algebra। [সং. বীজ + গণিত]।

বীজতলা, বীজধান (p. 630) [bījatalā, bījadhāna] দ্র বীজ।

বীজন (p. 630) [bījana] বি. 1 ব্যজন, বাতাস দেওয়া; 2 বাতাস দেবার জন্য ব্যবহৃত পাখা চামর প্রভৃতি। [সং. √ বিজ্ + অন]।

বীজপত্র, বীজপুরুষ, বীজবারক (p. 630) [bījapatra, bījapuruṣa, bījabāraka] দ্র বীজ।

বীজ-মন্ত্র (p. 630) [bīja-mantra] বি. ইষ্টমন্ত্র, ইষ্টদেবতার প্রতীকস্বরূপ বর্ণাত্মক মন্ত্র। [সং. বীজ + মন্ত্র]।

বীজাকার (p. 630) [bījākāra] বি. শস্যবীজ বা জীবাণুর ন্যায় আকার বা অবস্থা। □ বিণ. উক্ত আকারযুক্ত বা অবস্থাপ্রাপ্ত। [সং. বীজ + আকার]।

বীজাঙ্কুর (p. 630) [bījāṅkura] বি. 1 বীজ থেকে উদ্গত অঙ্কুর; 2 বীজ ও অঙ্কুর। [সং. বীজ + অঙ্কুর]।

বীজাণু (p. 630) [bījāṇu] বি. (অশু.) রোগ সৃষ্টিকারী ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবাণু, ব্যাক্টেরিয়া। [সং. বীজ + অণু]। ̃ মুক্ত বিণ. যাতে জীবাণু দূর করা হয়েছে এমন, নির্বীজিত, sterilized.

বীজিত (p. 630) [bījita] বিণ. বাতাস দেওয়া হয়েছে বা হচ্ছে এমন। [সং. √ বীজ্ + ত]।

বীণা (p. 630) [bīṇā] বি. সপ্ততারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। [সং. √ বী + ন + আ]।˜ নিন্দিত বিণ. বীণার ধ্বনির থেকেও মধুর।˜ পাণি বি. সরস্বতীদেবী।

বীত (p. 630) [bīta] বিণ. অতীত, বিগত, চলে গেছে বা দূর হয়েছে এমন, অপগত (বীতশোক, বীতরাগ, বীতকাম)। [সং. বি + √ ই + ত]।˜ কাম বিণ. কামনাবর্জিত।˜ নিদ্র বিণ. নিদ্রাহীন ('রয়েছি বীতনিদ্র চোখে': নী. চ.)।˜ ভয় বিণ. ভয়মুক্ত।˜ রাগ বিণ. অনাসক্ত; বিমুখ; বিরক্ত।˜ শোক বিণ. শোকমুক্ত।˜ শ্রদ্ধা বিণ. শ্রদ্ধা বা আস্থা হারিয়েছে এমন; বিরক্ত।˜ স্পৃহ বিণ. স্পৃহাহীন; বিরক্ত।

বীতাগ্নি (p. 630) [bītāgni] বিণ. অগ্নিহীন, আলোকহীন ('ধূমাঙ্কিত চৈত্যে আজ বীতাগ্নি দেউটি': সু. দ.)। [সং. বীত + অগ্নি]।

বীতি (p. 630) [bīti] বি. 1 ভোজন, আহার; 2 নিবৃত্তি; 3 দীপ্তি। [সং. বি + √ ই + তি]।

বীতি-হোত্র (p. 630) [bīti-hōtra] বি. 1 অগ্নি; 2 সূর্য। [সং. বীতি (=দেবভোজ্য) + হোত্র (হোম যার)]।

বীথি, বীথিকা, বীথী (p. 630) [bīthi, bīthikā, bīthī] বি. 1 সারি, পঙ্ক্তি (তরুবীথি, পণ্যবীথি); 2 দুই পাশে বৃক্ষশ্রেণিযুক্ত পথ (বনবীথিকা), avenue. [সং. √ বিথ্ + ই বিকল্পে ঈ, বীথি + ক + আ]।

বীপ্সা (p. 630) [bīpsā] বি. 1 যুগপত্ ব্যাপ্ত থাকার ইচ্ছা; 2 কোনো শব্দের বারংবার প্রয়োগ; 3 বারংবার ঘটা। [সং. বি + √ আপ্ + স (সন্) + অ]।

বীভৎস (p. 630) [bībhatsa] বিণ. অত্যন্ত ঘৃণ্য কদর্য বা বিকৃত (বীভৎস রূপ)। □ বি. (অল.) ঘৃণা-উৎপাদক রসবিশেষ। [সং. √ বধ্ + সন্ + অ]। বি.˜ তা। বীভৎসু বি. (যুদ্ধে বীভৎস বা নিন্দনীয় কাজ করতেন না বলে) অর্জুন।

বীর (p. 630) [bīra] বিণ. 1 বলবান ও সাহসী, শূর; 2 রণকুশল; 3 তেজস্বী; 4 প্রধান, শ্রেষ্ঠ (ধর্মবীর, দানবীর); 5 তান্ত্রিক বীরাচারী। □ বি. 1 বলবীর্যসম্পন্ন পুরুষ, বীরপুরুষ; 2 কাব্যের রসবিশেষ; 3 তান্ত্রিক কুলাচারবিশেষ; 4 (বাং.) বানরদলের নেতা, গোদা। [সং. √ বীর্ + অ]। বি.˜ ত্ব।˜ গাথা বি. বীরপুরুষদের কীর্তির কাহিনি সংবলিত গান বা কাব্য।˜ নারী বি. বীরত্বপূর্ণা নারী; বীরের স্ত্রী।˜ প্রসবিনী,˜ প্রসূ বিণ. বীর সন্তান প্রসবকারিণী।˜ বর বি. শ্রেষ্ঠ বীর।˜ বৌলি বি. পুরুষের কানের গহনাবিশেষ, কুণ্ডল।˜ ভদ্র বি. 1 শিবানুচর বা রুদ্রবিশেষ; 2 নিত্যানন্দ প্রভুর পুত্র।˜ ভোগ্যা বিণ. কেবল বীরপুরুষের ভোগের উপযুক্তা (বীরভোগ্যা বসুন্ধরা)।˜ রস বি. বীরত্বব্যঞ্জক বা উদ্দীপনাজ্ঞাপক রস বা স্থায়ী ভাব।

বীরণ (p. 630) [bīraṇa] বি. সুগন্ধি তৃণবিশেষ, উশীর, বেনা, খসখস। [সং. √ বীর্ + অন]।

বীরা (p. 630) [bīrā] বিণ. (স্ত্রী.) 1 বীর্যবতী (বীরারমণী); 2 শ্রেষ্ঠা। □ বি. 1 পতিপুত্রবতী নারী; 2 মদিরা। [সং. বীর + আ]।

বিরাঙ্গনা (p. 630) [birāṅganā] বি. বীরনারী। [সং. বীর + অঙ্গনা]।

বিরাচার (p. 630) [birācāra] বি. তন্ত্রোক্ত বামমার্গীয় সাধনপদ্ধতিবিশেষ। [সং. বীর + আচার]। বীরাচারী (-রিন্) বিণ. বীরাচার মতে সাধনা করে এমন।

বীরাসন (p. 630) [bīrāsana] বি. যোগশাস্ত্রোক্ত প্রণালী অনুসারে ডান ও বাঁ পা যথাক্রমে বাঁ ও ডান ঊরুর উপর স্থাপন করে বসার ভঙ্গি। [সং. বীর + আসন]।

বীরেশ্বর (p. 630) [bīrēśbara] বি. শ্রেষ্ঠ বীর। [সং. বীর + ঈশ্বর]।

বীর্য (p. 630) [bīrya] বি. 1 বীরত্ব, শৌর্য; 2 তেজ, পরাক্রম; 3 শুক্র, রেতঃ (বীর্যপাত)। [সং. বীর + য]।˜ বত্তা বি. বীরত্ব।˜ বন্ত বিণ. বীর্যবান। [সং. বীর্য + বাং. বন্ত]।˜ বান (-বত্),˜ শালী (-লিন্) বিণ. বীরত্বপূর্ণ; বীর। স্ত্রী.˜ বতী,˜ শালিনী।

বুঁচকি (p. 630) [bun̐caki] বি. পুঁটুলি, ক্ষুদ্র বোঁচকা (সচ. বোঁচকা -র সহচর শব্দরূপে ব্যবহৃত)। [হি. বুকচী]।

বুঁদ1 (p. 630) [bun̐da1] বিণ. বিভোর, বিহ্বল, অভিভূত (নেশায় বুঁদ হওয়া)। [দেশি]।

বুঁদ2, বুঁদি (p. 630) [bun̐da2, bun̐di] বি. 1 ভুড়ভুড়ি, বুদ্বুদ; 2 ক্ষুদ্র বিন্দু বা ছোটো ফোঁটা; 3 (আঞ্চ.) খড় দিয়ে তৈরি প্রতিমার কাঠামো। [হি. বুঁদ < সং. বিন্দু]।

বুক1 (p. 633) [buka1] বি. 1 পাঁজর দিয়ে ঘেরা দেহের উপরাংশের সামনের দিক, বক্ষস্হল (বুকের ব্যথা); 2 বুকের ছাতি (বুক ফুলিয়ে দাঁড়াও); 3 হৃদয়, অন্তর (বুকভরা ভালোবাসা)। [সং. বক্ষঃ, বুক্ক]। বুক কাঁপা ক্রি. বি. ভয়ে কাঁপা (আমার বুক কাঁপছে)। বুক চাপড়ানো ক্রি. বি. শোকপ্রকাশ করে বারবার বুকে চাপড় মারা। বুক চিতানো ক্রি. বি. সাহস বা দম্ভ প্রকাশ করা।˜ জল বি. বুক পর্যন্ত ডোবে এমন গভীর জল। বুক জুড়ানো ক্রি. বি. মনে শান্তি পাওয়া।˜ জুড়ানো বিণ. মনে শান্তি দেয় এমন (বুকজুড়ানো ধন)।˜ জোড়া বিণ. বুক বা অন্তর জুড়ে থাকে এমন (বুকজোড়া ধন)। বুক ঠোকা ক্রি. বি. বুকে আঘাত করে সাহস প্রকাশ করা বা মনে সাহস আনা।˜ ডন বি. ব্যায়ামের প্রক্রিয়াবিশেষ। বুক ঢিপ ঢিপ করা ক্রি. বি. ভয়ে হৃৎস্পন্দন বেড়ে যাওয়া। বুক দশ হাত হওয়া, বুক ফুলে ওঠা ক্রি. বি. গর্বিত বা আনন্দিত হওয়া; খুব উৎসাহিত হওয়া। বুক দিয়ে পড়া ক্রি. বি. যথাসাধ্য সাহায্য করতে এগিয়ে আসা। বুক ফাটা ক্রি. বি. (দুঃখে বা বেদনায়) অন্তর বিদীর্ণ হওয়া। বুক ফাটে তো মুখ ফোটে না অন্তরের গোপন কথা বা বাসনা প্রবল ইচ্ছাসত্ত্বেও মুখে উচ্চারিত না হওয়া।˜ ফাটা বিণ. অত্যন্ত বেদনাদায়ক, হৃদয়বিদারক (বুকফাটা কান্না)। বুক ফোলানো ক্রি. বি. গর্বিত ভাব প্রকাশ করা। বুক বাঁধা ক্রি. বি. বিপদে ধৈর্য ও সাহস অবলম্বন করা। বুক ভাঙা ক্রি. বি. অত্যন্ত মনঃকষ্ট হওয়া, উৎসাহ ও আশা নষ্ট হওয়া।˜ ভাঙা বিণ. 1 আশা ও উৎসাহ নষ্ট হয়েছে এমন; 2 মর্মান্তিক। বুক শুকানো ক্রি. বি. ভয়ের জন্য সাহস বা উৎসাহ দূর হওয়া; অত্যন্ত নিরুৎসাহ হওয়া। বুকে ঢেকির পাড় পড়া ক্রি. বি. 1 ভয়ে হৃৎস্পন্দন বেড়ে যাওয়া; 2 হিংসায় অত্যন্ত মনঃকষ্ট হওয়া।

বুকেপিঠে করে মানুষ করা ক্রি. বি. অত্যন্ত আদরযত্নে লালনপালন করা। বুকে বসে দাড়ি ওপড়ানো ক্রি. বি. আশ্রয়দাতার বা প্রতিপালকের অনিষ্ট। বুকে বাঁশ ডলা ক্রি. বি. খুব নির্যাতন করা। বুকের পাটা বি. 1 বুকের ছাতি; 2 (আল.) সাহস; 3 দুঃসাহস ('তবু কালী বলে ডাকি, সাবাস আমার বুকের পাটা': রা. প্র.)। বুকের রক্ত চুষে খাওয়া ক্রি. বি. (আল.) অত্যাচার করে মৃত্যু বা সর্বনাশের দিকে ঠেলে দেওয়া। বুকের রক্ত দিয়ে ক্রি-বিণ. অন্যের উপকারের জন্য নিজের ক্ষতি স্বীকার করে। বুকে হাত দিয়ে বলা ক্রি. বি. সাহসের সঙ্গে বা বিবেকের নির্দেশ মেনে বলা। বুকে হাঁটা ক্রি. বি. হামাগুড়ি দেওয়া।

বুক2 (p. 633) [buka2] বি. 1 অগ্রিম মূল্য দিয়ে বা লিখিত দাবি করে আসন ইত্যাদি সংরক্ষণ (সিট বুক করে রেখেছে); 2 রেলে মালপত্র পাঠাবার ব্যবস্থা (লাগেজ বুক করা); 3 (বই, হিসাবের খাতা ইত্যাদি (লগবুক)। [ইং. book]।

বুকড়ি (p. 633) [bukaḍ়i] বিণ. মোটা (বুকড়ি চাল)। [দেশি]।

বুকনি (p. 633) [bukani] বি. 1 কণা, ছিটেফোঁটা; 2 ছোটো টুকরো বা খণ্ড; 3 কথার ফোড়ন বা বড়ো বড়ো কথা (বুকনি ঝাড়া); 4 এক ভাষার মধ্যে অন্য ভাষার প্রয়োগ। [হি. বুক্নী < প্রাকৃ. বুক্কই]।

বুক-পোস্ট (p. 633) [buka-pōsṭa] বি. ডাকযোগে চিঠিপত্র, কাগজের মোড়ক প্রভৃতি প্রেরণের ব্যবস্থা। [ইং. bookpost]।

বুক-শেলফ (p. 633) [buka-śēlapha] বি. বই রাখার তাক। [ইং. book-shelf]।

বুক্ক (p. 633) [bukka] বি. 1 হৃৎপিণ্ড; 2 ছাগল। [সং. √ বুক্ক্ + অ]।

বুজ-কুড়ি (p. 633) [buja-kuḍ়i] বি. বুদ্বুদ, ভুড়ভুড়ি। [দেশি]।

বুজ-দিল (p. 633) [buja-dila] বিণ. কাপুরুষ, ভীরু। [ফা. বুজ্দিল]।

বুজ-রুক (p. 633) [buja-ruka] বিণ. 1 পাণ্ডিত্যের বা অলৌকিক শক্তির ভানকারী; 2 প্রতারক (বুজরুকের পাল্লায় পড়া)। [ফা. বুজুর্গ]। বুজরুকি বি. পাণ্ডিত্যের বা অলৌকিক শক্তির ভান; প্রতারণা।

বুজা, বোজা (p. 633) [bujā, bōjā] ক্রি. বি. 1 বন্ধ বা নিমীলিত করা বা হওয়া (চোখ বুজে থাকো); 2 ভরাট করা বা হওয়া (গর্ত বুজেছে)। □ বিণ. উক্ত দুই অর্থে। [বাং. √ বুজ্ + আ]। ̃ নো ক্রি. বি. বন্ধ বা নিমীলিত করা বা করানো; ভরাট করা বা করানো (গর্ত বোজানো)। □ বিণ. উক্ত উভয় অর্থে।

বুঝ (p. 633) [bujha] বি. 1 প্রবোধ (মন বুঝ মানে না); 2 বোধ, জ্ঞান (বুঝসুঝ নেই); 3 ব্যাখ্যা, কৈফিয়ত (হিসাবের বুঝ দেওয়া); 4 যথাযথ হিসাব (টাকার বুঝ); 5 বিচার। [বুঝা দ্র]। ̃ দার বিণ. বোঝে এমন; সহানুভূতিশীল (বুঝদার লোক)। ̃ সুজ, ̃ সুঝ বি. 1 বিচার বিবেচনা; 2 বোধ, কাণ্ডজ্ঞান; 3 জ্ঞান।

বুঝা, বোঝা (p. 633) [bujhā, bōjhā] ক্রি. বি. 1 বোধ করা, উপলব্ধি করা, জানা (অর্থ বোঝা, কথার মানে বুঝল না); 2 পরীক্ষা করে জানা, বিচার করে জানা (হিসাব বুঝে নাও); 3 বিচার বিবেচনা করা (বুঝে জবাব দাও); 4 টের

পাওয়া, অনুভব করা (বুঝতে পারছি সে রেগেছে, বুঝতে পারছি পেট খারাপ হবে)। □ বিণ. উক্ত সব অর্থে। [প্রাকৃ. √ বুজ্ঝ + আ]। ̃ নো ক্রি. বি. 1 বোধ দেওয়া, উপলব্ধি করানো, শেখানো (পড়া বুঝানো); 2 উপদেশ দেওয়া বা যুক্তি দেখানো (বুঝিয়ে রাজি করানো); 3 সান্ত্বনা দেওয়া (মনকে বোঝাও)। বোঝা-পড়া বি. কথাবার্তার দ্বারা নিষ্পত্তি বা মীমাংসা; সমঝোতা। বোঝা-বুঝি বি. পরস্পর বা পরস্পরকে বোঝা (ভুল বোঝাবুঝি)।

বুঝি (p. 633) [bujhi] অব্য. 1 বোধহয়, হয়তো (টাকাটা বুঝি জলেই গেল); 2 নাকি (তাই বুঝি? মারবে বুঝি?)। [বাং. √ বুঝা + ই]।

বুট1 (p. 633) [buṭa1] বি. ছোলা, চণক। [হি. বুট]।

বুট2 (p. 633) [buṭa2] বি. মোটা সোল বা তলিযুক্ত এবং গোড়ালি পর্যন্ত ঢাকা জুতো, বুটজুতো। [ইং. boot]।

বুটি (p. 633) [buṭi] বি. ছুঁচ-সুতো দিয়ে কাপড়ে তোলা ফুল। [হি. বুটা]। ̃ দার বিণ. বুটিযুক্ত।

বুড়-বুড়ি (p. 633) [buḍ়-buḍ়i] বি. ভুড়ভুড়ি -র অধিকতর চলিত রূপ।

বুড়া1 (p. 633) [buḍ়ā1] ক্রি. (আঞ্চ.) 1 ডোবা (জলে বুড়েছে); 2 ভরে যাওয়া (জঙ্গলে জায়গাটা বুড়ে গেছে); 3 বুড়ানো। [হি. বুড়্না]। ̃ নো ক্রি. বি. ডুবানো; ভরে দেওয়া। □ বিণ. উক্ত উভয় অর্থে।

বুড়ি1 (p. 633) [buḍ়i1] বি. পাঁচ গণ্ডা বা সিকি পণ (বুড়িকিয়া)। [সং. বোড্রী]।

বুড়ি2, বুড়ুটে (p. 633) [buḍ়i2, buḍ়uṭē] দ্র বুড়ো।

বুড়ো (p. 633) [buḍ়ō] বিণ. 1 বৃদ্ধ, বয়সে প্রবীণ (বুড়ো মানুষ); 2 প্রাচীন, অতি পুরাতন (বুড়ো বট); 3 অকালপক্ক, ফাজিল, জ্যাঠা (এতটুকু ছেলের বুড়ো বুড়ো কথা)। □ বি. বুড়ো লোক (যুবা-বুড়ো সবাই)। বুড়া ক্রি. বুড়ো হওয়া, বুড়ানো (অকালে বুড়িয়ে গেছে)। [প্রাকৃ. বুড়্ঢ-তু. হি. বুড়্ঢা]। স্ত্রী. বুড়ি। ˜ আঙুল বি. বৃদ্ধাঙ্গুলি, অঙ্গুষ্ঠ। ˜ নো ক্রি. বি. বৃদ্ধ হওয়া। □ বিণ. উক্ত অর্থে। ˜ টে, বুড়ুটে বিণ. বুড়োর তুল্য (বুড়োটে স্বভাব); প্রায় বুড়ো। ˜ পনা, ˜ মি বি. বৃদ্ধ না হয়েও বৃদ্ধের মতো আচরণ; পাকামি, জ্যাঠামি। পাকা-বুড়ি বি. বিণ. (স্ত্রী.) (কৌতু.) (ছোটো মেয়ে হয়েও) বৃদ্ধার মতো আচরণকারিণী।

বুড়ো-ধাড়ি (p. 633) [buḍ়ō-dhāḍ়i] বি. বিণ. (নিন্দায়) যথেষ্ট বয়ঃপ্রাপ্ত কিন্তু অকর্মণ্য (বুড়োধাড়ি ছেলে)। [বাং. বুড়ো + ধাড়ি]।

বুথ (p. 633) [butha] বি. 1 ভোট দেবার জন্য নির্দিষ্ট ঘর (বুথ দখল); 2 অস্থায়ী দোকান-ঘর। [ইং. booth]।

বুদ্ধ (p. 633) [buddha] বিণ. 1 জ্ঞানপ্রাপ্ত, উদ্বোধিত; 2 জ্ঞানী; 3 জাগরিত। □ বি. বৌদ্ধধর্মপ্রচারক বুদ্ধদেব, গৌতম, সিদ্ধার্থ। [সং. √ বুধ্ + ত]। ˜ ত্ব বি. বুদ্ধের ভাব বা অবস্থা। ˜ পূর্ণিমা বি. বৈশাখ মাসের পূর্ণিমা।

বুদ্ধি (p. 633) [buddhi] বি. 1 বোধ (স্বার্থবুদ্ধি, শুভবুদ্ধি); 2 বিচারশক্তি, মনের যে বৃত্তির দ্বারা সিদ্ধান্তে উপনীত হওয়া যায়; 3 জানার বা বোঝার ক্ষমতা (বুদ্ধিমান লোক); 4 মনোবৃত্তি, মতি (দুর্বুদ্ধি, পাপবুদ্ধি); 5 পরামর্শ, মন্ত্রণা (কে এমন বুদ্ধি দিল?); 6 কৌশল, ফন্দি (টাকা আদায়ের বুদ্ধি)। [সং. √ বুধ্ + তি]। বুদ্ধি খাটানো ক্রি. বি. মতলব করা, ফন্দি করা। ̃ গম্য, ̃ গ্রাহ্য বিণ. বুদ্ধি দিয়ে জানা বা বোঝা যায় এমন। ̃ চাতুর্য বি. সূক্ষ্ম বুদ্ধি, বুদ্ধিকৌশল। ̃ জীবী (-বিন্) বিণ. বি. বুদ্ধিবলে বা বুদ্ধির কাজ করে জীবিকা অর্জন করে এমন; লেখাপড়া, বিদ্যাচর্চা বা বিদ্যাদান করাই যাঁদের প্রধান বৃত্তি। বুদ্ধিতে বৃহস্পতি (দেবগুরু বৃহস্পতির মতো) অত্যন্ত বুদ্ধিমান। ̃ নাশ, ̃ ভ্রংশ, ̃ ভ্রম, ̃ লোপ বি. বুদ্ধির লোপ। ̃ বৃত্তি বি. জ্ঞানলাভের মানসিক শক্তি, বুদ্ধিরূপ শক্তি। ̃ ভ্রংশ বি. বুদ্ধিনাশ। ̃ ভ্রষ্ট বিণ. বুদ্ধিনাশ হয়েছে এমন। ̃ মত্তা বি. বুদ্ধিশলিতা, মনীষা, ধীশক্তি। ̃ মান (-মত্) বিণ. বুদ্ধিযুক্ত, জ্ঞানী; চালাক। স্ত্রী. ̃ মতী। বুদ্ধির ঢেঁকি বি. আকাট বোকা, নির্বোধ লোক। ̃ শুদ্ধি বি. বিচার-বিবেচনার শক্তি। ̃ শূন্য, ̃ হীন বিণ. নির্বোধ, বোকা।

বুদ্ধীন্দ্রিয় (p. 633) [buddhīndriẏa] বি. চক্ষু-কর্ণ-নাসিকা-জিহ্বা-ত্বক ও মন অর্থাত্ যে যে ইন্দ্রিয় দ্বারা জ্ঞানলাভ করা যায়, জ্ঞানেন্দ্রিয়। [সং. বুদ্ধি + ইন্দ্রিয়]।

বুদ্বুদ (p. 633) [budbuda] বি. জলবিম্ব, জলের ভুড়ভুড়ি। [সং. √ বুদ্ + ক্বিপ্ = বুদ + বুদ (অনুকার)]। ̃ ন বি. বুদ্বুদ সৃষ্টি, ভুড়ভুড়ি ওঠা, effervescence (বি. প.)। বুদ্বুদিত বিণ. বুদ্বুদযুক্ত। বুদ্বুদী (-দিন্) বিণ. বুদ্বুদ সৃষ্টি করে এমন।

বুধ (p. 633) [budha] বি. 1 সূর্যের নিকটতম গ্রহবিশেষ, Mercury; 2 সপ্তাহের বারবিশেষ; 3 (পুরাণে) চন্দ্রের পুত্র; 4 জ্ঞানী বা প্রতিভাসম্পন্ন ব্যক্তি। [সং. √ বুধ্ + অ]।

বুনট (p. 633) [bunaṭa] বি. 1 বস্ত্রাদির জমি বা বুনানি; 2 বয়নের পারিশ্রমিক। [তু. হি. বুনাবট]।

বুনন1 (p. 633) [bunana1] বি. (শস্যবীজাদি) বপন (বর্ষায় বীজ বুনন)। [বুনা1 দ্র]।

বুনা1, বোনা1 (p. 633) [bunā1, bōnā1] ক্রি. বি. নতুন চারা উৎপাদনের শস্যবীজাদি খেতে ছড়ানো বা বপন করা (বীজ বোনা)। □ বিণ. উক্ত অর্থে (অসময়ে বোনা বীজ)। [< সং. বপন]।

বুনা2, বোনা2 (p. 633) [bunā2, bōnā2] ক্রি. বি. 1 বয়ন করা; সুতো বা পশম দিয়ে কাপড় ইত্যাদি তৈরি করা (উল বোনা); 2 মাদুর, জাল ইত্যাদি তৈরি করা (মাদুর বোনা, পাটি বোনা, জাল বোনা)। [< সং. বয়ন্]। বুনান, বুনানি, বুনন, বুননি, বুনুনি বি. 1 বস্ত্রাদির বয়নকার্য বা বয়নকৌশল; 2 বস্ত্রাদির জমি; 3 বয়নের মজুরি। ˜ নো ক্রি. বি. অন্যের দ্বারা বোনার কাজ করানো। □ বিণ. উক্ত অর্থে।

বুনিয়ে (p. 633) [buniẏē] বিণ. বি. বুননকারী, যে বোনে। [বাং. বুনা2 + ইয়া > এ]।

বুনুনি (p. 633) [bununi] দ্র বুনা2।

বুনো (p. 633) [bunō] বিণ. 1 বন্য (বুনো শুয়োর, বুনো জন্তু); 2 বনজাত (বুনো লতা, বুনো ওল); 3 (নিন্দায়) বনবাসী, জংলি, অসভ্য, অমার্জিত (বুনো স্বভাব)। □ বি. বনে-জঙ্গলে বসবাসকারী। [সং. বন + বাং. উয়া > ও]।

বুভুক্ষা (p. 633) [bubhukṣā] বি. 1 ভোজনের ইচ্ছা; 2 (বাং.) প্রবল ক্ষুধা। [সং. √ ভুজ্ + সন্ + অ + আ]। বুভুক্ষিত, বুভুক্ষু বিণ. ভোজনেচ্ছু; ক্ষুধিত।

বুভুৎসা (p. 633) [bubhutsā] বি. বোঝার বা জানার ইচ্ছা ('জাগরণ ঘুম নিরানন্দ বুভুৎসায় কেটে যায়': বিষ্ণু)। [সং. √ বুধ্ + সন্ + অ + আ]।

বুমেরাং (p. 633) [bumērā] বি. অস্ট্রেলিয়ার আদিবাসীদের উদ্ভাবিদ কাঠের তৈরি অর্ধচন্দ্রাকার ক্ষেপণাস্ত্রবিশেষ। [ইং. boomerang]।

বুরুজ (p. 633) [buruja] বি. 1 দুর্গপ্রাকারাদির বাইরের দিকে প্রসারিত অংশবিশেষ, গুম্বজ; 2 তাসখেলাবিশেষ। [আ. বুর্জ্]।

বুরুল (p. 633) [burula] বি. বুড়ো আঙুলের প্রস্থ বা তিন যব পরিমাণ (প্রায় 1 ইঞ্চি)। [< বুড়া আঙুল]।

বুরুশ (p. 633) [buruśa] বি. পশুলোম নাইলন ইত্যাদি দিয়ে তৈরি সম্মার্জনী বা তুলি। [ইং. brush]।

বুর্জোয়া (p. 633) [burjōẏā] বি. 1 অষ্টাদশ ও ঊনবিংশ শতকে ফ্রান্সের মধ্যবিত্ত শ্রেণি; 2 আধুনিক পুঁজিবাদী সমাজব্যবস্থায় সম্পন্ন ও অর্থশালী শ্রেণিবিশেষ। □ বিণ. বুর্জোয়ার বা বুর্জোয়াসুলভ বা বুর্জোয়াসংক্রান্ত (বুর্জোয়া রীতি)।

বুল-বুল, বুল-বুলি (p. 633) [bula-bula, bula-buli] বি. টুপির মতো মাথাযুক্ত কিংবা ঝুটিযুক্ত ছোটো কালো সুকণ্ঠ পাখিবিশেষ। [আ. বুলবুল্]।

বুলা1 (p. 633) [bulā1] ক্রি. (প্রা. কা.) ভ্রমণ বা বিচরণ করা ('ভ্রমর ঘুরিয়া ঘুরিয়া বুলে': গো. দা.)। [প্রাকৃ. √ বোল্ল + বাং. আ]।

বুলা2 (p. 633) [bulā2] ক্রি. বুলানো। [বুলা1 দ্র]। ˜ নো ক্রি. বি. 1 আলতোভাবে ছুঁয়ে চালনা করা বা ঘষা (চুলে হাত বুলানো, কাগজে তুলি বুলানো); 2 অগভীরভাবে বা অবহেলাভরে চালনা করা (বইয়ে চোখ বুলানো)। □ বিণ. উক্ত অর্থে।

বুলি (p. 633) [buli] বি. 1 বোল, বাক্য, ভাষা (বিদেশি বুলি, ইংরেজি বুলি); 2 অস্পষ্ট বা আধো-আধো ভাষা বা কথা (পাখির বুলি, শিশুর বুলি ফোটা); 3 মুখস্থ ভাষা বা কথা, মুখস্থ গত্ (বুলি আওড়ানো)। [হি. বোলী]।

বুলিয়ান (p. 633) [buliẏāna] বি. সোনা বা রুপোর পিণ্ড বা বাট; মুদ্রায় পরিণত হওয়ার জন্য বা তার যোগ্য ধাতুপিণ্ড। [ইং. bullion]।

বুলেট (p. 633) [bulēṭa] বি. বন্দুকের গুলি। [ইং. bullet]।

বুলে-টিন (p. 633) [bulē-ṭina] বি. কোনো ঘটনা বা সংবাদ সম্পর্কে সাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞপ্তি-প্রচার; কোনো বিশিষ্ট ব্যক্তির অসুস্থতা সম্পর্কে সরকারি বিজ্ঞপ্তি। [ইং. bulletin]।

বুহিত (p. 633) [buhita] বি. (অপ্র.) নৌকো। [< সং. বহিত্র]। বুহি-তাল বি. 1 নৌকোর মাঝি, পাটনি; 2 নৌকোর মালিক; 3 সওদাগর। বুহি-তাল বি. নৌ-বাণিজ্য; সওদাগরি।

বৃংহণ (p. 633) [bṛṃhaṇa] বিণ. পুষ্টিকর। □ বি. হাতির ডাক। [সং. √ বৃন্হ্ (√ বৃংহ্) + অন]।

বৃংহিত (p. 633) [bṛṃhita] বিণ. পুষ্ট, বর্ধিত। □ বি. হাতির ড়াক। [সং. √ বৃন্হ্ (√ বৃংহ্) + ত]।

বৃক (p. 633) [bṛka] বি. 1 নেকড়ে বাঘ; 2 কাক; 3 শৃগাল; 4 জঠরাগ্নি, প্রবল ক্ষুধা। [সং. √ বৃক্ + অ]। বৃকোদর বি. মধ্যম পাণ্ডব, ভীম।

বৃক্ক (p. 633) [bṛkka] বি. তলপেটে অবস্থিত মূত্র-নিঃসারক যন্ত্র, kidney (বি.প.)। [সং. তু. বুক্ক]।

বৃক্ষ (p. 633) [bṛkṣa] বি. শিকড় কাণ্ড ও শাখাযুক্ত উদ্ভিদ, গাছ, তরু। [সং. √ বৃক্ষ্ + অ, অথবা √ ব্রশ্চ্ + ক্স]। ̃ চর বিণ. বৃক্ষে বিচরণকারী। ̃ চ্ছায় বি. গাছের ছায়া; বৃক্ষশ্রেণির ছায়া। ̃ চ্ছায়া বি. গাছের ছায়া। ̃ বাটিকা বি. উদ্যান,

বাগানবাড়ি। বৃক্ষাগ্র বি. তরুশির, গাছের ডগা বা আগা। বৃক্ষদনী বি. পরগাছা। বৃক্ষান্ত-রাল বি. গাছের আড়াল।

বৃত (p. 633) [bṛta] বিণ. 1 বরণ করা হয়েছে এমন, সসম্মানে নিযুক্ত (সভাপতিপদে বৃত); 2 প্রার্থিত; 3 আচ্ছাদিত, আবৃত। [সং. √ বৃ + ত]। বৃতি বি. 1 বরণ, সসম্মানে নিয়োগ; 2 প্রার্থনা; 3 আবৃত বা আচ্ছাদিত করা; 4 বেড়া, বেষ্টনী; 5 ফুলের বহিরাবরণ, calyx (বি.প.)।

বৃতি (p. 633) [bṛti] দ্র বৃত।

বৃত্ত (p. 633) [bṛtta] বি. 1 (জ্যামি.) যে গোলাকার ক্ষেত্রের মধ্যবিন্দু থেকে পরিধিরেখা সর্বত্র সমব্যবধানবিশিষ্ট; 2 চরিত্র, স্বভাব (দুর্বৃত্ত, রাজবৃত্ত); 3 অক্ষর বা মাত্রার সংখ্যাদ্বারা নিয়মিত ছন্দ (স্বরবৃত্ত, মাত্রাবৃত্ত)। □ বিণ. 1 গোলাকার, বর্তুল; 2 নিযুক্ত; 3 সংঘটিত (পুরাবৃত্ত, পুনরাবৃত্ত); 4 অভ্যস্ত; 5 জাত। [সং. √ বৃত্ + ত]। ˜ কলা বি. (জ্যামি.) দুই ব্যাসার্ধদ্বারা সীমাবদ্ধ বৃত্তাংশ; বৃত্তাংশ, sector.˜ গন্ধি বি. যে গদ্যরচনার অংশবিশেষকে অক্ষরবদ্ধ পদ্যের মতো মনে হয়।˜ স্থ বিণ. বৃত্তের অন্তর্ভুক্ত, বৃত্তের ভিতরকার। বৃত্তাংশ বি. বৃত্তের অংশ।

বৃত্তাকার (p. 633) [bṛttākāra] বিণ. গোলাকার। □ বি. বৃত্তের মতো আকার। [সং. বৃত্ত + আকার]।

বৃত্তান্ত (p. 633) [bṛttānta] বি. 1 বিবরণ (ভ্রমণবৃত্তান্ত); 2 বার্তা, সংবাদ (সেখান থেকে কী বৃত্তান্ত নিয়ে এলে? কোনো বৃত্তান্তই জানা নেই)। [সং. বৃত্ত + অন্ত]।

বৃত্তাভাস (p. 633) [bṛttābhāsa] বি. বৃত্তের মতো গোলাকার ক্ষেত্র। □ বিণ. প্রায় বৃত্তাকার। [সং. বৃত্ত + আভাস]।

বৃত্তি (p. 633) [bṛtti] বি. 1 মনের ধর্ম শক্তি বা প্রবণতা, faculty (বুদ্ধিবৃত্তি, চিত্তবৃত্তি); 2 প্রবৃত্তি, স্বভাব (নীচবৃত্তি); 3 আচরণ (বকবৃত্তি); 4 জীবিকা (ভিক্ষাবৃত্তি, বৃত্তিমূলক শিক্ষা); 5 পেশা (বৃত্তিভেদ); 6 নিয়মিত জলপানি বা ভাতা (ছাত্রবৃত্তি); 7 অর্থপ্রকাশের ব্যাপারে শব্দের অন্তর্নিহিত শক্তি (লক্ষণাবৃত্তি, ব্যঞ্জনাবৃত্তি); 8 অক্ষরসংখ্যাদ্বারা নিয়মিত ছন্দ; 9 সূত্রার্থের ব্যাখ্যান বা টীকা (সূত্রবৃত্তি)। [সং. বৃত্ + তি]। ̃ জীবী (-বিন্) বিণ. চাকুরিজীবী। ̃ ভোগী (-গিন্) বিণ. চাকরি করে সংসার চলায় এমন, বৃত্তিজীবী। ̃ মূলক বিণ. চাকুরিসংক্রান্ত। বৃত্তিমূলক শিক্ষা বি. যে শিক্ষার সমাপনান্তে চাকরি পাবার যোগ্যতা অর্জিত হয়; কোনো বৃত্তি বা চাকরির সঙ্গে সম্পর্কিত শিক্ষা। বৃত্তীয় বিণ. বৃত্তি-সংক্রান্ত।

বৃত্য (p. 633) [bṛtya] বিণ. বরণীয়, বরেণ্য। [সং. √ বৃ + য, ত্ আগম]।

বৃত, বৃত্রাসুর (p. 633) [bṛta, bṛtrāsura] বি. দানব বা অসুরবিশেষ। [সং. √ বৃত্ + র, + অসুর]। বৃত্রহা (-হন্), বৃত্রারি বি. বৃত্র-সংহারক ইন্দ্র।

বৃথা (p. 633) [bṛthā] বিণ. ক্রি-বিণ. অব্য. অকারণ, মিছিমিছি, নিরর্থক (বৃথা চেষ্টা, 'বৃথাই মাথার ঘাম পায়ে ফেলি': বিষ্ণু); নিষ্‌পল। [সং. √ বৃ + থা]। ̃ মাংস বি. দেবদেবীকে অনিবেদিত পশুমাংস।

বৃদ্ধ (p. 633) [bṛddha] বিণ. 1 বুড়ো, বয়োজ্যেষ্ঠ (বৃদ্ধ লোক); 2 প্রবীণ (জ্ঞানবৃদ্ধ); 3 প্রাচীন, পুরাতন (বৃদ্ধ বট); 4 বৃদ্ধিযুক্ত (প্রবৃদ্ধ)। □ বি. বুড়ো লোক, অধিকবয়স্ক ব্যক্তি (বৃদ্ধাশ্রম)। [সং. √ বৃদ্ + ত]। স্ত্রী. বৃদ্ধা। ̃ত্ব বি. বৃদ্ধের ভাব বা অবস্থা, বার্ধক্য। ̃ প্রপিতা-মহ বি. প্রপিতামহের পিতা, পিতার প্রপিতামহ। স্ত্রী. ̃ প্রপিতা-মহী। ̃ প্রমাতা-মহ বি. প্রমাতামহের পিতা। স্ত্রী. ̃ প্রমাতা-মহী। বৃদ্ধাঙ্গুলি, বৃদ্ধাঙ্গুষ্ঠ বি. বুড়ো আঙুল, অঙ্গুষ্ঠ।

বৃদ্ধি (p. 633) [bṛddhi] বি. 1 বাড়, পুষ্টি (গাছের বৃদ্ধি); 2 আধিক্য (হ্রাস বৃদ্ধি); 3 প্রসার (জ্ঞানের বৃদ্ধি); 4 উন্নতি (বৃদ্ধিকাল); 5 অভ্যুদয়; 6 সুদ (বৃদ্ধিজীবী)। [সং. √ বৃধ্ + তি]। ̃ জীবী (-বিন্) বিণ. বি. সুদখোর; কুসীদজীবী। ̃ প্রাপ্ত বিণ. বেড়েছে বা আধিক্যযুক্ত হয়েছে এমন; বর্ধিত। ̃ শ্রাদ্ধ বি. আভ্যুদয়িক শ্রাদ্ধ।

বৃদ্ধ্যাজীব (p. 633) [bṛddhyājība] বিণ. বি. সুদখোর, মহাজন। [সং. বৃদ্ধি (=সুদ) + আজীব]।

বৃন্ত (p. 633) [bṛnta] বি. 1 ফুল ফল বা পাতার বোঁটা; 2 স্তনাগ্র, স্তনের বোঁটা। [সং. √ বৃ + ত, ন্ আগম (নি.)]। ̃ চ্যুত বিণ. বোঁটা থেকে খসে পড়েছে এমন (বৃন্তচ্যুত কুসুম)। ̃ হীন বিণ. বৃন্ত নেই এমন, বৃন্তচ্যুত ('বৃন্তহীন পুষ্পসম আপনাতে আপনি বিকশি': রবীন্দ্র)।

বৃন্তাক (p. 633) [bṛntāka] বি. বেগুন বা বেগুনগাছ। [সং. বৃন্ত + অক + অ]।

বৃন্দ (p. 633) [bṛnda] বি. 1 গণ, সমূহ, সমষ্টি (প্রজাবৃন্দ); 2 শতকোটি সংখ্যা। □ বিণ. 1 সমবেত (বৃন্দগান); 2 শতকোটি সংখ্যক। [সং. √ বৃ + দ, ন্ আগম]। ˜ গান বি. সমবেত কণ্ঠে গীত গান। ˜ বাদন বি. সমবেত বাদ্য, orchestra.

বৃন্দা (p. 633) [bṛndā] বি. 1 রাধিকার দূতী; 2 তুলসী গাছ। [সং.বৃন্দ + আ (স্ত্রী.)]।

বৃন্দা-বন (p. 633) [bṛndā-bana] বি. যমুনার তীরস্থ বৈষ্ণবতীর্থ হিসাবে পরিচিত বৃন্দানামক বন। [সং. বৃন্দা + বন]। ˜ বিলাসিনী বি. রাধিকা। বৃন্দাবনি সারং বি. উচ্চাঙ্গসংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ।

বৃন্দার, বৃন্দা-রক (p. 633) [bṛndāra, bṛndā-raka] বিণ. 1 প্রধান, মুখ্য; 2 সুন্দর, মনোজ্ঞ। [সং. বৃন্দা + √ রা + অ, +ক (স্বার্থে)]।

বৃশ্চিক (p. 633) [bṛścika] বি. 1 বিছে; 2 (জ্যোতিষ.) রাশিচক্রের অষ্টম রাশি, scorpion. [সং. √ ব্রশ্চ্ + ইক]। ˜ দংশন বি. 1 বিছের কামড়; 2 (আল.) নিদারুণ মর্মজ্বালা।

বৃষ, বৃষভ (p. 633) [bṛṣa, bṛṣabha] বি. 1 ষাঁড়, ষণ্ড, বলদ (বৃষস্কন্ধ); 2 (জ্যোতিষ.) রাশিচক্রের দ্বিতীয় রাশি (সচ. বৃষরাশি)। [সং. √ বৃষ্ + অ, √ বৃষ্ + অভ]। ˜ কাষ্ঠ বি. বৃষোৎসর্গ শ্রাদ্ধে বৃষকে বাঁধবার খুঁটি। ˜ ধ্বজ, ˜ বাহন বি. শিব। ˜ স্কন্ধ বিণ. 1 ষাঁড়ের মতো স্থূল ও প্রশস্ত স্কন্ধবিশিষ্ট; 2 অতিশয় বলবান।

বৃষল (p. 633) [bṛṣala] বি. শূদ্র। □ বিণ. 1 অধার্মিক; 2 পাপী, পতিত। [সং. বৃষ + √ লা + অ]। বৃষলী বিণ. বি. (স্ত্রী.) 1 অনূঢ়া ঋতুমতী কন্যা; 2 বন্ধ্যা বা মৃতবৎসা নারী; 3 ঋতুমতী; 4 ব্যভিচারিণী।

বৃষস্কন্ধ (p. 633) [bṛṣaskandha] দ্র বৃষ।

বৃষোত্-সর্গ (p. 633) [bṛṣōt-sarga] বি. শ্রাদ্ধবিশেষ, যাতে শ্রাদ্ধকর্তা চারটি বৎসতরীসহ বৃষ উৎসর্গ করে ছেড়ে দেয়। [সং. বৃষ + উৎসর্গ]।

বৃষ্টি (p. 633) [bṛṣṭi] বি. 1 মেঘ থেকে জলের পতন, বর্ষণ; 2 মেঘ থেকে পতিত জল (বৃষ্টিতে ভেজা); 3 উপর থেকে ছড়িয়ে দেওয়া (পুষ্পবৃষ্টি); 4 উপর থেকে বৃষ্টির মতো নীচে পড়া (পুষ্পবৃষ্টি)। [সং. √বৃষ্ + তি]।˜ পাত বি. মেঘ থেকে বারিবর্ষণ।˜ বাদল বি. বর্ষা, বর্ষাবাদল (বৃষ্টিবাদলে বাইরে না বেরোনোই ভালো)।˜ বিন্দু বি. বৃষ্টির জলের ফোঁটা।˜ মাপক যন্ত্র বি. যে যন্ত্রে বৃষ্টির পরিমাণ মাপা হয়।˜ স্নাত বিণ. বৃষ্টির জলে সম্পূর্ণ সিক্ত।˜ হীন বিণ. বৃষ্টি নেই এমন (এ-মাসে একটা বৃষ্টিহীন দিন পাওয়া গেল না)।

বৃষ্ণি (p. 633) [bṛṣṇi] বি. 1 যদুবংশ; 2 যাদব; 3 শ্রীকৃষ্ণ। [সং. √ বৃষ্ + নি]।

বৃষ্য (p. 633) [bṛṣya] বিণ. বীর্যবর্ধক। □ বি. আমলকী। [সং. √ বৃষ্ + য]।

বৃহত্ (p. 633) [bṛhat] বিণ. 1 প্রকাণ্ড, বড়ো (বৃহত্ অট্টালিকা); 2 মহত্, উদার (বৃহত্ হৃদয়); 3 সমারোহপূর্ণ (বৃহত্ ব্যাপার, বৃহত্ আয়োজন)। [সং. √

বৃহ্ + অত্]। বৃহতী বিণ. (স্ত্রী.) প্রকাণ্ড; মহতী। □ বি. ছোটো বেগুনবিশেষ। বৃহত্ত্ব বি. প্রকাণ্ডতা, বিশালতা। বৃহত্তর বিণ. 1 অপেক্ষাকৃত বৃহত্, আরও বৃহত্ (বৃহত্তর আন্দোলন); 2 বিস্তৃততর (বৃহত্তর ভারত)। বৃহত্তম বিণ. সবচেয়ে বৃহত্ (বৃহত্তম দেশ, বৃহত্তম সমুদ্র)।

বৃহদন্ত্র (p. 633) [bṛhadantra] বি. মলাশয় থেকে মলদ্বার পর্যন্ত প্রসারিত দীর্ঘাকৃতি অন্ত্রবিশেষ, large intestine. [সং. বৃহত্ + অন্ত্র]।

বৃহদায়তন (p. 633) [bṛhadāẏatana] বিণ. বড়ো আয়তনযুক্ত, বড়ো মাপের (বৃহদায়তন শিল্প)। [সং. বৃহত্ + আয়তন]।

বৃহদারণ্যক (p. 633) [bṛhadāraṇyaka] বি. উপনিষদ্বিশেষ। [সং. বৃহত্ + অরণ্যক]।

বৃহন্নলা (p. 633) [bṛhannalā] বিণ. দীর্ঘভুজা, দীর্ঘ বাহুবিশিষ্টা। □ বি. অজ্ঞাতবাসকালে ক্লীববেশী অর্জুনের ছদ্মনাম; (আল.) ক্লীব। [সং. বৃহত্ + নল + আ]।

বৃহস্পতি (p. 633) [bṛhaspati] বি. 1 দেবগুরু; 2 মহাপণ্ডিত; 3 গ্রহবিশেষ; 4 সপ্তাহের বারবিশেষ। [সং. বৃহত্ + পতি]। একাদশ বৃহস্পতি 1 (জ্যোতিষ.) জাতকের রাশিচক্রের একাদশ কক্ষে বৃহস্পতি-গ্রহের অবস্থান; 2 (আল.) অত্যন্ত শুভ বা উন্নতির সময়। বুদ্ধিতে বৃহস্পতি অতি বুদ্ধিমান। বৃহস্পতিবারের বারবেলা বি. জ্যোতিষশাস্ত্রমতে বৃহস্পতিবারের যে সময়ে শুভকাজ নিষিদ্ধ।

বে1 (p. 633) [bē1] বি. (আঞ্চ.) বিবাহ (ছেলের বে দেবে কবে?)। [বাং. বিয়ে]।

বে2 (p. 633) [bē2] অভাব বৈপরীত্য বিরোধ নিন্দা হীনতা প্রভৃতি সূচক উপসর্গবিশেষ (বেদম, বেওয়ারিশ, বেদরদি)। [ফা. বে]।

বেঅকুফ, বেঅকুব, বেওকুফ (p. 633) [bēakupha, bēakuba, bēōkupha] বিণ. অজ্ঞাত; বোকা, বেআক্কেল। [ফা. বে + আ. অকুফ]। বেঅকুফি, বেঅকুবি, বেওকুফি বি. 1 বোকামি, বেআক্কেলের মতো কাজ বা আচরণ; 2 ধৃষ্টতা (আমার বেঅকুফি মাফ করবেন)।

বেআইনি (p. 633) [bēāini] বিণ. আইনবুরুদ্ধ, আইনের চোখে অপরাধজনক বা নিষিদ্ধ (বেআইনি ব্যাবসা, বেআইনি গ্রন্হ)। [ফা. বে + আ. আইন + বাং. ই]।

বেআক্কেল (p. 633) [bēākkēla] বিণ. 1 বুদ্ধিহীন, বোকা; 2 কাণ্ডজ্ঞানহীন (বেআক্কেল লোক)। [ফা. বে + বাং. আক্কেল (< আ. আক্ল্)]। বেআক্কেলে বিণ. কাণ্ডজ্ঞানহীন। [বেআক্কেল + ইয়া > এ]।

বেআদব, বেয়াদব (p. 633) [bēādaba, bēẏādaba] বিণ. 1 অশিষ্ট, অভদ্র; 2 ধৃষ্টতাপূর্ণ, ধৃষ্ট। [ফা. বে + আ. আদব্]। বেআদবি, বেয়াদবি বি. অশিষ্টতা, অভদ্রতা; ধৃষ্টতা।

বেআন্দাজ, বেআন্দাজি (p. 633) [bēāndāja, bēāndāji] বিণ. 1 ঠিকভাবে আন্দাজ করা হয়নি এমন; 2 খরচপত্র সম্বন্ধে আগে চিন্তা বা হিসাব করা হয়নি এমন; 3 বেহিসাবি; 4 অপরিমিত। [ফা. বে + অন্দাজ্, + বাং. ই]।

বেআবরু (p. 633) [bēābaru] বিণ. 1 পর্দা বা আবরণ সরিয়ে ফেলা হয়েছে এমন, আবরণহীন; 2 নির্লজ্জ; 3 ইজ্জতভ্রষ্ট। [ফা. বে + আবরু]।

বেইজ্জত (p. 633) [bēijjata] বিণ. 1 ইজ্জত, শ্লীলতা বা সম্মান নষ্ট হয়েছে এমন; 2 অপমানিত, অপদস্থ। □ বি. সম্মানহানি; শ্লীলতাহানি। [ফা. বে + আ. ইজ্জত্]। বেইজ্জতি বি. সম্মানহানি; শ্লীলতাহানি।

বেইমান (p. 633) [bēimāna] বিণ. অকৃতজ্ঞ, বিশ্বাসঘাতক। [ফা. বে + আ. ইমান]। বেইমানি বি. অকৃতজ্ঞতা, বিশ্বাসঘাতকতা (বন্ধুর সঙ্গে বেইমানি করার শাস্তি পেয়েছে)। [বেইমান + বাং. ই]।

বেউড় বাঁশ (p. 633) [bēuḍ় bām̐śa] বি. কাঁটাযুক্ত বাঁশবিশেষ, যা দিয়ে বেড়া দেওয়া হয়। [দেশি]।

বেওজর (p. 633) [bēōjara] বিণ. ওজরশূন্য; আপত্তিহীন। □ ক্রি-বিণ. বিনা ওজরে বা আপত্তিতে। [ফা. বে + আ. উজর্]।

বেওনা (p. 633) [bēōnā] বি. সন্তানহীনা এবং (সচ. অসহায়া) বিধবা নারী। [ফা.]।

বেওয়ারিশ (p. 633) [bēōẏāriśa] বিণ. 1 মালিকহীন; 2 দাবিদার বা উত্তরাধিকারী নেই এমন (বেওয়ারিশ মাল, বেওয়ারিশ সম্পত্তি)। [ফা. বে + আ. বারিস]।

বেঁউতি-জাল, বেঁওতিজাল (p. 633) [bēm̐uti-jāla, bēm̐ōtijāla] বি. মাছ ধরার জন্য মোটা সুতোয় বোনা জালবিশেষ যা সচ. নদীতে স্রোতের প্রতিকূলে পাতা থাকে। [দেশি]।

বেঁটে (p. 633) [bēn̐ṭē] বিণ. খাটো, খর্বকায় (বেঁটে লোক)। [< সং. বন্ট]।˜ খাটো বিণ. (সচ. মানুষ সম্পর্কে) ছোটোখাটো, কম উচ্চতাবিশিষ্ট, স্বাভাবিকের চেয়ে কম উচ্চতাবিশিষ্ট।˜ খেঁটে বিণ. বেঁটেখাটো, বেঁটেমতো (বেঁটেখেঁটে একটা লোক)।

বেঁটে দেওয়া (p. 633) [bēn̐ṭē dēōẏā] ক্রি. বি. বণ্টন করা; বিতরণ করা (ফলগুলো ছেলেদের মধ্যে বেঁটে দেওয়া হল)। [বাঁটা2 দ্র]।

বেঁড়ে1 (p. 633) [bēn̐ḍ়ē1] বিণ. 1 লেজকাটা, লাঙুলহীন (বেঁড়েবাঁদর)। [হি. বাঁড়া]।

বেঁড়ে2 (p. 633) [bēn̐ḍ়ē2] বিণ. বেঁটে। [তু. বেঁটে]।

বেঁধা, বেঁধানো (p. 633) [bēn̐dhā, bēn̐dhānō] যথাক্রমে বিঁধা ও বিঁধানো -র কথ্য রূপ।

বেঁয়ো (p. 633) [bēm̐ẏō] বিণ. বাঁহাত দিয়ে অধিকাংশ কাজ করে এমন, ন্যাটা। [বাম দ্র]।

বেকসুর (p. 633) [bēkasura] বিণ. নির্দোষ, নিরপরাধ (হুজুর, আমি বেকসুর)। [ফা. বে + আ. কসূর]। বেকসুর খালাস নিরপরাধ বলে সাব্যস্ত হওয়ার ফলে অভিযুক্ত ব্যক্তির অভিযোগ থেকে মুক্তি।

বেকানুন, বেকানুনি (p. 633) [bēkānuna, bēkānuni] বি. আইনলঙ্ঘন (বেকানুনি করা)। □ বিণ. নিয়মবহির্ভূত (বেকানুনি কারবার)। [ফা. বে + কানুন, + বাং. ই]।

বেকায়দা (p. 633) [bēkāẏadā] বি. মুশকিল, সংকট (বেকায়দায় পড়া, বেকায়দায় ফেলা)। □ বিণ. কৌশল খাটানো যায় না এমন; শক্তি বা বুদ্ধির বহির্ভূত; অসুবিধাজনক। [ফা. বে + আ. কায়্দা]।

বেকার (p. 633) [bēkāra] বিণ. 1 কর্মহীন (সারাটা দিন বেকার গেল); 2 চাকুরিহীন, জীবিকাহীন (বেকার যুবক); 3 নিরর্থক, অনর্থক (বেকার খাটুনি)। □ বি. বেকার লোক। [ফা. বে + সং. কার (কর্ম)-তু-ফা. বেগার]।˜ ত্ব বি. বেকারি -র অনুরূপ।˜ ভাতা বি. বেকারদের ন্যূনতম অন্নবস্ত্রাদি সংস্থানের জন্য সরকার কর্তৃক প্রদত্ত অর্থসাহায্য। বেকারি বি. বেকার অবস্থা (বেকারির জ্বালা)।

বিকারি1 (p. 633) [bikāri1] দ্র বেকার।

বেকারি2 (p. 633) [bēkāri2] বি. রুটি তৈরির কারখানা। [ইং. bakery]।

বেকুব, বেকুবি (p. 633) [bēkuba, bēkubi] যথাক্রমে বেঅকুফ ও বেঅকুফি -র কথ্য রূপ (বেকুব বনে গেছি)।

বেখাপ, বেখাপ্পা (p. 633) [bēkhāpa, bēkhāppā] বিণ. 1 খাপ খায় না এমন, বেমানান (বাকি অংশের সঙ্গে বেখাপ্পা); 2 বিসদৃশ, অদ্ভুত (বেখাপ্পা পোশাক)। [ফা. বে + বাং. খাপ]।

বেখেয়াল (p. 633) [bēkhēẏāla] বি. খেয়াল বা লক্ষ্য না থাকা, অন্যমনস্কতা, অসাবধানতা (আমার বেখেয়ালের জন্যেই জিনিসটা ভাঙল)। □ বিণ. অসাবধান; ভুলো, অন্যমনস্ক। [ফা. বে + আ. খ'য়াল]। বেখেয়ালে বিণ. অসাবধান, অন্যমনস্ক।

বেগ1 (p. 633) [bēga1] বি. মোগল জমিদারের বা সম্ভ্রান্ত মুসলমান ব্যক্তিদের খেতাববিশেষ (মির্জা বেগ)। [তুর]।

বেগ2 (p. 633) [bēga2] বি. 1 দ্রুত গতি, ত্বরা (বেগে ছোটা); 2 গতি (দ্রুত বেগ); 3 গতির পরিমাণ (ঘণ্টায় ষাট মাইল বেগে চলে); 4 প্রবাহ, স্রোত (বেগহীন নদী); 5 আয়াস, ক্লেশ (কাজটা করতে খুব বেগ পেতে হয়েছে); 6 প্রকোপ, প্রবলতা (প্রাণের বেগে, 'ভারের বেগেতে চলেছি কোথায়': রবীন্দ্র); 7 মলমূত্রাদি ত্যাগের প্রবৃত্তি (পায়খানার বেগ)। [সং. √ বিজ্ + অ]।˜ বান (-বত্) বিণ. 1 দ্রুতগতিসম্পন্ন; 2 খরস্রোত (বেগবান বায়ু); 3 দুর্দমনীয় (বেগবান হৃদয়াবেগ)। স্ত্রী.˜ বতী। বেগার্ত বিণ. অতিশয় বেগপূর্ণ ('বেগার্ত নদীর বাঁক': বিষ্ণু)। বেগিত, বেগী (-গিন্) বিণ. বেগযুক্ত।

বেগতিক (p. 633) [bēgatika] বি. 1 ঝামেলা, ঝঞ্ঝাট, অসুবিধাজনক বা অস্বস্তিকর পরিস্থিতি (বেগতিক দেখে লোকটা সরে পড়ল); 2 উপায়হীন বা অতি প্রতিকূল অবস্থা, সংকট, বিপদ। □ বিণ. ঝামেলাপূর্ণ; সংকটপূর্ণ, প্রতিকূল। [তু. ফা. বে + বাং. গতিক-তু. বিগতি]।

বেগবান (p. 633) [bēgabāna] দ্র বেগ2।

বেগম (p. 633) [bēgama] বি. মুসলমান রানি বা সম্ভ্রান্ত মহিলা। [তুর. বেগ্ম্]। ̃ পুরি বি. তাঁতের শাড়িবিশেষ। ̃ বাহার বি. বাহারি তাঁতের শাড়িবিশেষ। ̃ সাহেবা বি. সম্ভ্রান্ত মুসলমান মহিলাকে সম্বোধনবিশেষ।

বেগানা (p. 633) [bēgānā] বিণ. 1 অজ্ঞাতপরিচয়, অচেনা (বেগানা লোক); 2 বিদেশি, পরদেশিয়া। [ফা. বেগানা]।

বেগার (p. 633) [bēgāra] বি. 1 বিনা বেতনে (প্রধানত বাধ্যতামূলক) খাটুনি (বেগার শোধ, বেগার খেটে মরা); 2 যে ব্যক্তি বিনা বেতনে খাটে বা খাটতে বাধ্য হয়। [ফা. বেগার]। বেগার ঠেলা ক্রি. বি. অনিচ্ছাসত্ত্বেও বিনা বেতনে কাজ করা। ̃ ঠেলা বিণ. অনিচ্ছাসত্ত্বেও বিনা বেতনে কৃত।

বেগার্ত (p. 633) [bēgārta] দ্র বেগ2।

বেগুন (p. 633) [bēguna] বি. ব্যঞ্জন রেঁধে খাওয়ার সবজিফলবিশেষ, বার্তাকু। [আঞ্চ. বাইগুন < সং. বাতিঙ্গন]। বেগুনি বিণ. বেগুনের খোসার মতো

লালচে নীল বর্ণ, violet. □ বি. 1 উক্ত বর্ণ; 2 বেসনে মাখিয়ে ভাজা বেগুনের পাতলা ফালি।

বেগোছ (p. 633) [bēgōcha] বিণ. 1 বিশৃঙ্খল; এলোমেলো; 2 অসুবিধাজনক। □ বি. 1 অসুবিধা; 2 বিশৃঙ্খলা। [ফা. বে + বাং. গোছ]।

বেঘোর (p. 633) [bēghōra] বি. 1 ভীষণ নিরুপায় বা সংকটময় অবস্থা (বেঘোরে প্রাণটা গেল); 2 অচেতন অবস্থা (বেঘোরে ঘুমোচ্ছে)। [বিঘোর দ্র]।

বেচা (p. 633) [bēcā] ক্রি. বি. 1 বিক্রয় করা (কেনাবেচা ভালোই চলছে); 2 বেচানো। □ বিণ. বিক্রীত (বেচা জিনিস); বিক্রয়লব্ধ। [হি. √ বেচ < সং. বি + √ ক্রী]।˜ কেনা, কেনা-বেচা বি. ক্রয়-বিক্রয়, বিকিকিনি।˜ নো ক্রি. বি. বিক্রয় করানো। □ বিণ. উক্ত অর্থে।

বেচারা, বেচারি (p. 633) [bēcārā, bēcāri] বি. নিরুপায় লোক, ভাগ্যহীন বা নিরীহ লোক। □ বিণ. 1 নিরুপায়, ভাগ্যহীন; 2 নিরীহ (বেচারা গোছের লোক)। [ফা. বেচারা অথবা ফা. বে + চারা (উপায়)]।

বেচাল (p. 633) [bēcāla] বিণ. 1 মন্দ চালচলনবিশিষ্ট; 2 বেয়াড়া; 3 অসচ্চরিত্র। □ বি. 1 মন্দ বা বেয়াড়া চালচলন (কোনো বেচাল দেখলেই লোকটাকে ছাড়িয়ে দেব); 2 মন্দ বা বেয়াড়া চরিত্র। [ফা. বে + বাং. চাল3]।

বেজন্মা (p. 633) [bējanmā] বিণ. যার জন্মের ঠিক নেই, জারজ। [সং. বিজন্মন্ অথবা ফা. বে + বাং. জন্ম < সং. জন্মন্]।

বেজাত (p. 633) [bējāta] বি. ভিন্ন বা পতিত জাতি; নিচু জাতি। □ বিণ. 1 জাতিচ্যুত; 2 জারজ। [ফা. বে + বাং. জাত4]।

বেজায় (p. 633) [bējāẏa] বিণ. ক্রি-বিণ. অত্যন্ত, খুব মাত্রাতিরিক্ত (বেজায় গরম, বেজায় খাটুনি, বেজায় ঘুমায়)। [ফা. বেজা]।

বেজায়গা (p. 633) [bējāẏagā] বি. 1 অন্য বা ভিন্ন জায়গা; 2 অসুবিধাজনক বা খারাপ জায়গা (বেজায়গায় এসে এখন পস্তাচ্ছে)। [ফা. বে + বাং. জায়গা]।

বেজার (p. 633) [bējāra] বিণ. অপ্রসন্ন; বিরক্ত (মুখ বেজার করা, বেজার হয়ে বসে থাকা)। [ফা.]।

বেজি (p. 633) [bēji] বি. তীক্ষ্ণ নখযুক্ত, ধূসর বাদামি লোমযুক্ত এবং সাপের সঙ্গে লড়াইয়ের জন্য সুপরিচিত মাংসাশী প্রাণীবিশেষ, নেউল, নকুল। [দেশি]।

বেজুত (p. 633) [bējuta] বি. 1 অনভিপ্রেত বা অসুবিধাজনক অবস্থা; 2 অস্বস্তি। □ বিণ. অস্বস্তিকর বা অসুবিধাজনক (শরীরটা বেজুত লাগছে)। [ফা. বে + বাং. জুত]।

বেজোট (p. 633) [bējōṭa] বিণ. কোনো দল বা জোটের প্রভাব থেকে মুক্ত, জোট-বহির্ভূত (ভারতের বেজোট নীতি)। [ফা. বে + বাং. জোট]।

বেঞ্চ, বেঞ্চি (p. 633) [bēñca, bēñci] বি. একাধিক লোকের বসার উপযোগী লম্বা ও পায়াযুক্ত কাঠের আসনবিশেষ। [ইং. bench]।

বেটা (p. 633) [bēṭā] বি. 1 পুত্র, ছেলে (বাপের বেটা); 2 (আদরে) শিশপুত্র, খোকা (বেটা বেশ হাঁটতে শিখেছে); 3 (অবজ্ঞায় বা ভৎর্সনায়) পুরুষ লোক (এক বেটা, সে বেটা গেল কোথায়?)। ☐ বিণ. পুরুষজাতীয় (বেটা ছেলে)। [প্রাকৃ. বিট (=পুত্‌র) > হি. বেটা]। স্ত্রী. বেটি। ˜ চ্ছেলে বি. (গালিতে) নচ্ছার লোক, পাজি লোক। ˜ ছেলে বি. পুত্রসন্তান; পুরুষমানুষ।

বেটাইম (p. 633) [bēṭāima] বি. অসময়। ☐ বিণ. নির্দিষ্ট সময়বহির্ভূত। [ফা. বে + ইং. time]।

বেটাচ্ছেলে, বেটাছেলে (p. 633) [bēṭācchēlē, bēṭāchēlē] দ্র বেটা।

বেটি (p. 633) [bēṭi] দ্র বেটা।

বেটে (p. 633) [bēṭē] বি. 1 দড়ির গোলাকার বাণ্ডিল; মোটা দড়ি বা কাছি। [হি. বটা]।

বেঠিক (p. 633) [bēṭhika] বিণ. 1 ভুল, ভ্রমপূর্ণ (বেঠিক তথ্য, বেঠিক কথা); 2 অনুপযুক্ত, নির্ভরযোগ্য নয় এমন (বেঠিক লোক)। [ফা. বে + বাং. ঠিক]।

বেড (p. 633) [bēḍa] বি. বিছানা, শয্যা (দুই বেড়ের কামরা, হাসপাতালের বেড)। [ইং. bed]। ˜ কভার বি. বিছানা ঢাকার চাদর।

বেডৌল (p. 633) [bēḍaula] বিণ. (শরীরের) বিভিন্ন অঙ্গের মধ্যে সামঞ্জস্যহীন, কুগঠন; কুশ্রী। [ফা. বে + বাং. হি. ডৌল]।

বেড় (p. 633) [bēḍ়] বি. 1 বেষ্টন (দড়ি দিয়ে বেড় দেওয়া); 2 ঘের, পরিধি (তাল গাছের বেড়, থামের বেড়); 3 বেষ্টিত স্থান (বেড়ের বাইরে যাওয়া)। [বেড়া দ্র]। বেড় দেওয়া ক্রি. বি. বেষ্টন করা, ঘেরা।

বেড়া1 (p. 633) [bēḍ়ā1] ক্রি. বেষ্টন করা, ঘেরা (ঘোলা জল বাড়িটাকে বেড়ে আছে)। □ বি. বেষ্টন; যার দ্বারা বেষ্টন করা বা ঘেরা হয়, বেষ্টনী (বেড়া ভাঙা)। □ বিণ. বেষ্টনকারী, যা ঘিরে রাখে (বেড়া আগুন, বেড়াজাল)। [প্রাকৃ. বেঢ় (< সং. বেষ্ট্) + বাং. আ]।

বেড়া2 (p. 633) [bēḍ়ā2] ক্রি. বেড়ানো, ভ্রমণ করা। [বেড়া দ্র]।˜ নো ক্রি. বি. 1 ভ্রমণ বা বিচরণ করা; 2 পায়চারি করা, হাঁটা (ছাদে একটু বেড়াচ্ছি)। □ বিণ. বেড়ানো হয়েছে বা বেড়িয়েছে এমন।˜ বেণি,˜ বেণী বি. মেয়েদের চুলের দুটি বেণি গোল করে বাঁধার প্রক্রিয়া।

বেড়া-জাল (p. 633) [bēḍ়ā-jāla] বি. 1 মাছ ধরার জন্য ব্যবহৃত জালবিশেষ; 2 (আল.) বেষ্টনী, যার দ্বারা ঘিরে রাখা যায়। [বাং. বেড়া1 + জাল]।

বেড়ি (p. 633) [bēḍ়i] বি. 1 বেষ্টনী; 2 লোহার বেষ্টনী (পায়ের বেড়ি); 3 পা বাঁধার শিকল (পাখির পায়ের বেড়ি); 4 হাঁড়ির কানা বেষ্টন করে ধরবার যন্ত্রবিশেষ (হাতাবেড়ি)। [বাং. বেড়া1 + ই]।

বেড়ে (p. 633) [bēḍ়ē] অব্য. বিণ. ক্রি-বিণ. (কথ্য) চমৎকার, বেশ, উত্তম (বেড়ে রেঁধেছে, বেড়ে জিনিস হয়েছে)। [হি. বঢ়িয়া]।

বেড়েন (p. 633) [bēḍ়ēna] বি. লাঠির আঘাত, লাঠি দিয়ে আঘাত (আচ্ছা করে বেড়েন দিয়েছে, গো-বেড়েন)। [বাং. বাড়ি + আন = বাড়িয়ান > বেড়েন]।

বেড়েলা (p. 633) [bēḍ়ēlā] বি. ঝাড়যুক্ত বহুবর্ষজীবী গুল্মবিশেষ। [দেশি]।

বেঢপ, বেঢং, বেঢক (p. 633) [bēḍhapa, bēḍha, mbēḍhaka] বিণ. 1 বেমানান, বিসদৃশ (বেঢপ মাপের পোশাক); 2 ফ্যাশন-বহির্ভূত; 3 কুশ্রী, বিশ্রী (বেঢপ চেহারা)। [ফা. বে + বাং. ঢং, ঢক, ঢপ]।

বেঢ়া (p. 633) [bēḍh়ā] ক্রি. (কাব্যে) বেষ্টন করা, বেড়া। [বেড়া1 দ্র]। বেঢ়ল, বেঢ়লি (প্রা. কা.) ক্রি. বেষ্টন করল, ঘিরে ধরল।

বেণি, বেণী (p. 633) [bēṇi, bēṇī] বি. 1 কেশবিন্যাসবিশেষ, বিনুনি, পাক দিয়ে বিন্যস্ত চুল (বেণিবন্ধন); 2 জলপ্রবাহ (ত্রিবেণী)। [সং. √ বেণ্ + ই, ঈ]।~ সংহার বি. আলুলায়িত চুল বেণির আকারে রচনা, বেণিবন্ধন।

বেণু (p. 633) [bēṇu] বি. 1 বাঁশ (বেণুবন, বেণুকুঞ্জ); 2 বাঁশি বা বাঁশের বাশি ('সকরুণ বেণু বাজায়ে কে যায়': রবীন্দ্র)। [সং. √ বেণ্ + উ]।~ ক বি. পাচনবাড়ি, গোরু তাড়াবার লাঠি।

বেত (p. 633) [bēta] বি. 1 বেত্র, নলাকার গাছবিশেষ (বেতবন); 2 বেতগাছ দিয়ে তৈরি প্রহারের অস্ত্রবিশেষ, চাবুক; 3 বেত্রাঘাত ('যত পায় বেত, না পায় বেতন': রবীন্দ্র)। [সং. বেত্র]। বেত মারা, বেত লাগানো, বেতানো ক্রি. বি. বেত দিয়ে প্রহার করা (বেতিয়ে সোজা করে দেব)।

বেতদ-বির (p. 633) [bētada-bira] বি. তদবিরের বা তত্ত্বাবধানের অভাব (বেতদবিরের জন্য সম্পত্তিটা নষ্ট হয়ে যাচ্ছে)। [ফা. বে + আ. তদ্বীর্]।

বেতন (p. 633) [bētana] বি. মাইনে, কোনো কাজের বিনিময়ে নির্দিষ্ট সময় অন্তর প্রদত্ত পারিশ্রমিক, মজুরি, ভাতা (তিনমাসের বেতন বাকি, মোটা বেতনের চাকরি)। [সং. √ বী + তন্]।˜ ভুক (-ভুজ্),˜ ভোগী (-গিন্) বিণ. বেতন নিয়ে কাজ করে এমন (বেতনভোগী কর্মচারী)।

বেতমিজ (p. 633) [bētamija] বিণ. 1 অশিষ্ট, অভদ্র; 2 অবিনীত, দুর্বিনীত। [ফা. বে + আ. তমীজ]।

বেতর (p. 633) [bētara] বিণ. 1 অসুস্থ বা অপ্রকৃতিস্থ (বেতর আদমি); 2 বিসদৃশ, বেমানান; 3 বিপরীত। [ফা. বে + আ. তরহ্]।

বিতরি-বত (p. 633) [bitari-bata] বিণ. 1 অশিক্ষিত; 2 কুশিক্ষাপ্রাপ্ত; 3 অভদ্র; 4 আদব-কায়দা জানে না এমন। [ফা. বে + বাং. তরিবত < ফা. তরবীয়ত্]।

বেতস (p. 633) [bētasa] বি. 1 নদীতীরের বা নদীর নিকটবর্তী সরু বেতগাছ; 2 বেতগাছ; 3 বাঁশ ('এই বাতসের বাঁশিতে': রবীন্দ্র)। [সং. √ বে + অস ত্ আগম]।˜ বৃত্তি বি. 1 বেতগাছের মতো নমনশীলতা; 2 সহজেই নতিস্বীকারের ভাব।

বেতা (p. 633) [bētā] ক্রি. বেতানো। [বাং. বেত + আ]।˜ নো ক্রি. বি. বেত দিয়ে মারা।

বেতার1 (p. 633) [bētāra1] বিণ. 1 বিস্বাদ, খারাপ স্বাদযুক্ত; 2 স্বাদহীন। [সং. বি + বাং. তার (=স্বাদ)]।

বেতার2 (p. 633) [bētāra2] বিণ. তারহীন, তার নেই এমন (বেতারবার্তা, বেতার-সংকেত)। □ বি. রেডিয়ো (বেতারে সংবাদ শোনা)। [ফা. বে + সং. তার]।˜ বার্তা বি. 1 তারের সাহায্য ছাড়া প্রেরিত খবর; ওয়্যারলেসে প্রেরিত খবর; 2 রেডিয়োতে সম্প্রচারিত খবর।˜ যন্ত্র বি. যে যন্ত্রদ্বারা বিনা তারে দূরবর্তী স্থানে সংবাদাদি পাঠানো যায়, রেডিয়ো।

বেতাল1 (p. 633) [bētāla1] বি. 1 ভূতাবিষ্ট শব, যে শব মন্ত্রবলে ভূতে পরিণত হয়েছে; 2 শিবানুচরবিশেষ। [সং. বে (=বায়ুতে) + তাল (=আবাস)]।

বেতাল2 (p. 633) [bētāla2] বি. (সংগীতে) তালের অভাব বা তালভঙ্গ।□ বিণ. 1 তালজ্ঞানহীন; 2 তালহীন। [ফা. বে + সং. তাল]। বেতালা বিণ. 1 (সংগীতে) তালের সমতাহীন; 2 তালহীন; 3 তালজ্ঞানহীন; 4 (আল.) কোনো নিয়ম মেনে চলে না এমন (বেতালা লোক)।

বেতো (p. 633) [bētō] বিণ. 1 বাতরোগগ্রস্ত (বেতো শরীর); 2 (প্রধানত বার্ধক্যের ফলে) অথর্ব (বেতো ঘোড়া)। [বাং. বাত + উয়া > ও]।

বেত্তা (p. 633) [bēttā] (-ত্তৃ) (সমাসের পরপদে) বিণ. জানে এমন, অভিজ্ঞ, জ্ঞাতা, জ্ঞানসম্পন্ন (শাস্ত্রবেত্তা)। [সং. √ বিদ + তৃ]।

বেত্র (p. 633) [bētra] বি. 1 বেত গাছ (বেত্রকুঞ্জ); 2 বেতের ছড়ি বা চাবুক (বেত্রাঘাত)। [সং. √ বী + ত্র]। ˜ দণ্ড বি. 1 বেতের ছড়ি; 2 বেত্রাঘাতরূপ শাস্তি। ˜ ধর বিণ. বেত্রদণ্ডধারী। ˜ পাণি বিণ. হাতে বেত্রদণ্ড আছে এমন। □ বি. বেত্রধারী গুরুমহাশয়। ˜ বতী বিণ. (স্ত্রী.) বেত্রদণ্ডধারিণী। □ বি. প্রাচীন মালবদেশের নদীবিশেষ। বেত্রাঘাত বি. বেতের ছড়ি দিয়ে আঘাত। বেত্রাহত বিণ. বেতের ছড়ির দ্বারা প্রহৃত।

বেথুয়া, (কথ্য) বেথো (p. 633) [bēthuẏā, (kathya) bēthō] বি. ভোজ্য শাকবিশেষ। [দেশি তু. সং. বাস্তুক]।

বেদ (p. 633) [bēda] বি. 1 হিন্দুদের প্রাচীনতম অপৌরুষেয় শাস্ত্রগ্রন্হ ও সাহিত্য যা ঋক্ সাম যজুঃ ও অথর্ব এই চার ভাগে বিভক্ত; প্রত্যক্ষ বা অনুমানে দ্বারা অনধিগম্য জ্ঞান যে-গ্রন্হে বিধৃত আছে; 2 বেদবাক্যতুল্য অমোঘ বা সত্যবাক্য ('শূর্পণখা রাণ্ডীর কথা তোরে হল বেদ': কৃত্তি.)। [সং. √ বিদ্ + অ]। ˜ জ্ঞ বিণ. বেদের বিষয়ে পণ্ডিত (বেদজ্ঞ ব্রাহ্মণ)। ˜ বাক্য বি. 1 অবশ্যপালনীয় আদেশ; 2 অভ্রান্ত উক্তি, ধ্রুব সত্য। ˜ বিত্ বিণ. বি. বেদজ্ঞ, বেদ জানেন এমন। ˜ বিহিত

বিণ. বেদের মতে উচিত এমন।˜ ব্যাস বি. বেদের বিভাগকর্তা ব্যাসমুনি যিনি পরাশর ও সত্যবতীর পুত্র।˜ মন্ত্র বি. বেদের মন্ত্র।˜ মাতা (-তৃ) বি. গায়ত্রী।

বেদখল (p. 633) [bēdakhala] বিণ. 1 অধিকারচ্যুত; 2 হাতছাড়া (জমিটা বেদখল হয়ে গেল)। [ফা. বে + আ. দখ্‌ল্]। বেদখলি বিণ. 1 অন্যায়ভাবে অধিকৃত; 2 হাতছাড়া হয়ে গেছে এমন।

বেদন (p. 633) [bēdana] বি. 1 বোধ, অনুভূতি (অবেদন, সংবেদন); 2 জ্ঞান, জ্ঞাপন (আবেদন, নিবেদন); 3 ব্যথা, বেদনা ('বজ্রবেদনে জাগায়ো আমারে': রবীন্দ্র); 4 বিবাহ; 5 ব্যথা, যন্ত্রণা (সারা গায়ে বেদনা হচ্ছে); 2 মনস্তাপ, দুঃখ ('আমার কী বেদনা সে কি জান': রবীন্দ্র); 3 অনুভূতি। বেদনার্ত বিণ. বেদনায় কাতর।˜ হীন বিণ. যাতে বেদনা অনুভূত হয় না এমন। বেদনীয় বিণ. জ্ঞেয়; অবুভবনীয়।

বেদম (p. 633) [bēdama] বিণ. 1 দম ফুরিয়ে গেছে এমন (ছুটে ছুটে বেদম হয়ে পড়েছে); 2 শ্বাসরোধী, ঊর্ধ্বশ্বাস (বেদম ছুট); 3 নিঃশ্বাস ফেলারও সময় পাওয়া যায় না এমন, নিরবকাশ (বেদম কাজ); 4 শ্বাস বা প্রাণবায়ু বার করে দেয় এমন মারাত্মক (বেদম প্রহার); 5 শ্বাস নেওয়ার জন্যও থামে না এমন (বেদম খাওয়া, বেদম ভোজন)। [ফা. বে + দম]।

বেদর-কারি (p. 633) [bēdara-kāri] বিণ. অদরকারি, প্রয়োজনীয় নয় এমন (বেদরকারি কাগজপত্র)। [ফা. বে + দরকার + বাং. ই]।

বেদরদি (p. 633) [bēdaradi] বিণ. বি. দরদ বা সমবেদনা নেই এমন (বেদরদি হিয়া)। [ফা. বে + দর্দ + বাং. ই]।

বেদল (p. 633) [bēdala] বি. 1 ভিন্ন বা অন্য দল; 2 বিপক্ষ, শত্রুপক্ষ। □ বিণ. দলছাড়া (হাতিটা বেদল হয়ে পড়েছে)। [ফা. বে + সং. দল]। বেদলীয় বিণ. 1 ভিন্ন দলের অন্তর্ভুক্ত বা সম্পর্কিত; 2 শত্রুপক্ষীয়, বিপক্ষীয়।

বেদস্তুর (p. 633) [bēdastura] বিণ. নিয়মবিরুদ্ধ বা প্রথাবিরুদ্ধ, নিয়মবহির্ভূত। [ফা. বে + দস্তুর]।

বেদাঁড়া, বেদড়া (p. 633) [bēdānṙḍ়ā, bēdaḍ়ā] বিণ. 1 রীতিবহির্ভূত, বেদস্তুর; 2 বিপরীত স্বভাববিশিষ্ট; 3 গোঁয়ার ও স্বেচ্ছাচারী; 4 দুষ্টস্বভাব। [ফা. বে + বাং. দাঁড়া-তু. ফা. বদরাহ্]।

বেদাগ (p. 633) [bēdāga] বিণ. 1 দাগহীন, চিহ্নহীন; 2 অচিহ্নিত; 3 নিষ্কলঙ্ক (বেদাগ চরিত্র); 4 সরকারিভাবে জরিপ করা হয়নি এমন (বেদাগ জমি)। [ফা. বে + দাগ]।

বেদাঙ্গ (p. 633) [bēdāṅga] বি. শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দ জ্যোতিষ বেদের আনুষঙ্গিক এই ছয়প্রকার শাস্ত্র। [সং. বেদ + অঙ্গ]।

বেদাধ্যয়ন (p. 633) [bēdādhyaẏana] বি. বেদচর্চা, বেদ পাঠ বা অনুশীলন (অল্প বয়স থেকেই বেদাধ্যয়নে রত আছেন)। [সং. বেদ + অধ্যয়ন]। বেদ্যাধ্যায়ী (-য়িন্) বিণ. বেদচর্চাকারী; বেদপাঠে রত।

বেদানা (p. 633) [bēdānā] বি. ক্ষুদ্রবীজযুক্ত উৎকৃষ্ট জাতের ডালিমবিশেষ। [ফা. বিহিদানা]।

বেদানু-শীলন (p. 633) [bēdānu-śīlana] বি. বেদের চর্চা। [সং. বেদ + অনুশীলন]।

বেদান্ত (p. 633) [bēdānta] বি. 1 বেদের শেষভাগ বা জ্ঞানকাণ্ড, উপনিষদ; 2 বেদব্যাস কর্তৃক রচিত ব্রহ্মপ্রতিপাদক দর্শনশাস্ত্র। [সং. বেদ + অন্ত]। ̃ বাদ বি. বেদান্তদর্শনের মত। ̃ বাদী (-দিন্), বেদান্তী (-ন্তিন্), বৈদান্তিক বিণ. বেদান্তের মতাবলম্বী, যিনি বেদান্তের মত অনুসরণ করেন।

বেদাভ্যাস (p. 633) [bēdābhyāsa] বি. বেদচর্চা, বেদের অনুশীলন। [সং. বেদ + অভ্যাস (চর্চা)]।

বেদি, বেদিকা (p. 633) [bēdi, bēdikā] বি. 1 যজ্ঞ বা পূজার জন্য প্রস্তুত পরিষ্কৃত উঁচু ভূমি (যজ্ঞবেদি); 2 দেবপ্রতিমার সম্মুখস্থ ভূমি (দেবতার বেদিমূলে); 3 উপবেশন বক্তৃতা প্রভৃতির জন্য নির্মিত উচ্চ ভূমি, মঞ্চ, পীঠ platform. [সং. √ বিদ্ + ই, ক + আ]।

বেদিত (p. 633) [bēdita] বিণ. নিবেদিত; জানানো হয়েছে এমন, জ্ঞাপিত। [সং. √ বিদ্ + ণিচ্ + ত]।

বেদি-তব্য (p. 633) [bēdi-tabya] বিণ. 1 নিবেদনযোগ্য; 2 জ্ঞাতব্য, জানা আবশ্যক এমন (বেদিতব্য বিষয়)। [সং. √ বিদ্ + তব্য]।

বেদুইন (p. 633) [bēduina] বি. আরবের যাযাবর জাতিবিশেষ। [আ. বদবী (=মরুবাসী) < ইং. bedouin]।

বেদে (p. 633) [bēdē] বি. ভারতের যাযাবর জাতিবিশেষ। [দেশি]। স্ত্রী. বেদেনি।

বেদ্য (p. 633) [bēdya] বিণ. জ্ঞাতব্য, জ্ঞেয়। [সং. √ বিদ্ + য]।

বেধ (p. 633) [bēdha] বি. 1 গভীরতা, স্থূলতা (দৈর্ঘ্য প্রস্থ ও বেধ); 2 বিঁধ; ছিদ্র; 3 বিদ্ধকরণ (কর্ণবেধ, 'সহজেই লক্ষ্য বেধ করে': বুদ্ধ.); 4 (জ্যোতিষ.) বিবাহাদি শুভকর্মনিষেধক গ্রহসংস্থানবিশেষ। [সং. √ বিধ্ + অ]। ̃ ক বিণ. বিদ্ধকারী। ̃ ন বি. বিদ্ধকরণ। ̃ নী, ̃ নিকা বি. বেধনযন্ত্র, শলাকা, ছুঁচ। ̃ নীয়, বেধ্য বিণ. বেধনযোগ্য, বেধনসাধ্য। বেধিত বিণ. বিদ্ধ করা হয়েছে এমন। বেধী (-ধিন্) বিণ. বেধক, বেধনকারী।

বেধড়ক (p. 633) [bēdhaḍ়ka] বিণ. ক্রি-বিণ. অপরিমিত, প্রচুর; বেজায় (বেধড়ক পিটুনি, বেধড়ক মার দিয়েছে)। [ফা. বে + হি. ধড়ক]।

বেধন, বেধনী, বেধনীয়, বেধিত, বেধ্য (p. 633) [bēdhana, bēdhanī, bēdhanīẏa, bēdhita, bēdhya] দ্র বেধ।

বেনজির (p. 633) [bēnajira] বিণ. 1 দৃষ্টান্তবিহীন, নজিরহীন; 2 তুলনাহীন (বেনজির খরা)। [ফা. বে + আ. নজীর্]।

বেনা (p. 633) [bēnā] বি. সুগন্দ তৃণবিশেষ, খসখস। [< সং. বীরণ]।˜ বন বি. বেনা বা ঘাসজাতীয় গাছের ঝোপ। বেনার মূল বি. বেনার শিকড়, উশীর। বেনাবনে মুক্তো ছড়ানো ক্রি. বি. (আল.) অপাত্রে মূল্যবান বস্তু উপদেশ ইত্যাদি দান করা।

বেনাবন (p. 633) [bēnābana] দ্র বেনা।

বেনাম (p. 633) [bēnāma] বি. প্রকৃত মালিক কর্তা প্রণেতা প্রভৃতির নামের বদলে ব্যবহৃত অন্য ব্যক্তির নাম। [ফা. বে + বাং. নাম]।˜ দার বি. প্রকৃত মালিকের বদলে যার নাম ব্যবহৃত হয়েছে। বেনামা, বেনামি বিণ. 1 প্রকৃত মালিকের নাম গোপন করে অন্যের নাম মালিকরূপে প্রচার করা হয়েছে এমন (বেনামা সম্পত্তি); 2 লেখকের বা প্রেরকের নামের উল্লেখ নেই এমন (বেনামা চিঠি); 3 নামহীন (বেনামি ফুল)।

বেনারসি, (বর্জি.) বেনারসী (p. 633) [bēnārasi, (barji.) bēnārasī] বিণ. বেনারস বা বারাণসীতে প্রস্তুত বা উপজাত (বেনারসি শাড়ি)। □ বি. বেনারসি শাড়ি। [বাং. বেনারস + ই]।

বেনিয়ম (p. 633) [bēniẏama] বি. 1 বিশৃঙ্খলা, অব্যবস্থা; 2 বিধিভঙ্গ (কোনো বেনিয়ম চলবে না)। [ফা. বে + সং. নিয়ম]।

বেনিয়ান1 (p. 633) [bēniẏāna1] বি. (প্রধানত ভারতের ইয়োরোপীয়) ব্যবসায় প্রতিষ্ঠানের দালাল বা মুতসুদ্দি, যে মূল্য আদান প্রদানের জন্য প্রতিষ্ঠানের কাছে দায়ী থাকে। [সং. বণিক্]।

বেনিয়ান2 (p. 641) [bēniẏāna2] বি. খাটো কোর্তাবিশেষ, পুরুষের গেঞ্জিজাতীয় জামাবিশেষ। [আ. বয়নিয়ন্]।

বেনে বউ (p. 641) [bēnē bu] বি. অরিয়ল-জাতীয় হলদে-কালো রঙের সুকণ্ঠ পাখিবিশেষ। [দেশি]।

বেনো (p. 641) [bēnō] বিণ. 1 বন্যাজাত বা বন্যাদ্বারা আনীত; বন্যাবাহিত; বন্যাপ্লাবিত (বেনো জমি, বেনো জল); 2 বন্যা-সংক্রান্ত। [বাং. বান + উয়া > ও]।˜ জল বি. বন্যার জল ('বুড়িচাঁদ গেছে বুঝি বেনোজলে ভেসে?': জী. দা.)।

বেপছন্দ (p. 641) [bēpachanda] বিণ. অপছন্দ (ব্যাপারটা তাঁর একেবারেই বেপছন্দ)। [ফা. বে + পসন্দ্]।

বেপথু, বেপন (p. 641) [bēpathu, bēpana] বি. কম্প, শিহরন ('ব্যাপ্ত ব্রহ্মাণ্ডের বীতাগ্নি বেপথু': সু.দ.)। [সং. √ বেপ্ + অথু, অন]। বেপ-মান বিণ. কম্পমান। [সং. √ বেপ্ + মান (শানচ্)]।

বেপমান (p. 641) [bēpamāna] দ্র বেপথু।

বেপরদা (p. 641) [bēparadā] বিণ. 1 আবরণহীন, উন্মুক্ত; 2 ঘোমটাহীন, গুণ্ঠনহীন; 3 অন্তঃপুরে থাকে না এমন; 4 বেআবরু। □ বি. (সংগীতে) সুরের ভুল পরদা। [ফা. বে +পর্দা]।

বেপরোয়া (p. 641) [bēparōẏā] বিণ. 1 কিছুকে বা কাউকে গ্রাহ্য করে না এমন (বেপরোয়া গতিতে গাড়ি চালানো); 2 নির্ভয়; 3 লজ্জাসংকোচহীন। [ফা. বে + পর্বা]।

বেপাড়া (p. 641) [bēpāḍ়ā] বি. ভিন্ন পাড়া বা পল্লি (বেপাড়ায় এসে মস্তানি করে যাওয়া চলবে না)। [ফা. বে + বাং. পাড়া]।

বেপাত্তা (p. 641) [bēpāttā] বিণ. নিরুদ্দেশ, নিখোঁজ, যার কোনো সন্ধান জানা নেই (আসামি বেপাত্তা)। [ফা. বে + বাং. পাত্তা (< হি. পতা)]।

বেপোট (p. 641) [bēpōṭa] বি. গরমিল, অসংগতি (হিসাবের সঙ্গে মালের বেপোট)। [ফা. বে + বাং. পোট (=মিল)]।

বেফাঁস (p. 641) [bēphām̐sa] বিণ. 1 (সচ. গুপ্ত তথ্যাদি সম্বন্ধে) প্রকাশিত, ব্যক্ত (কথাটা বেফাঁস হয়ে গেছে); 2 অসংযত, অভদ্রোচিত, অস্বস্তিজনক (মুখ দিয়ে একটা বেফাঁস কথা বেরিয়ে গেছে); 3 আলগা, বন্ধনহীন। [ফা. বে + ফাঁস]।

বেফায়দা, বেফয়দা (p. 641) [bēphāẏadā, bēphaẏadā] বিণ. ক্রি-বিণ. 1 অনর্থক; মিছিমিছি (বেফায়দা এতগুলো টাকা খরচ হয়ে গেল); 2 ব্যর্থ। [ফা. বে + আ. ফাইদহ]।

বেবন্দেজ (p. 641) [bēbandēja] বিণ. অগোছালো, বিশৃঙ্খলা, ব্যবস্থাহীন। [ফা. বে + বন্দিশ]।

বেবন্দোবস্ত (p. 641) [bēbandōbasta] বি. অব্যবস্থা, বিশৃঙ্খলা। □ বিণ. বিশৃঙ্খল। [ফা. বে + বন্দ্-ও-বস্ত্]।

বেবাক (p. 641) [bēbāka] বিণ. বি. (বর্ত. প্রধানত আঞ্চ.) সমস্ত, সমুদায় (বেবাক সম্পত্তি, বেবাক লোক)। [ফা. বে + আ. বাকী]।

বেবুন (p. 641) [bēbuna] বিণ. (প্রধানত দক্ষিণ এশিয়া ও আফ্রিকার) লম্বামুখ বড়ো বাঁদরবিশেষ। [ইং. baboon]।

বেভুল, বেবভুল (p. 641) [bēbhula, bēbabhula] বিণ. বিহ্বল, বিবশ, অভিভূত, বিভ্রান্ত। □ বি. ভুল; সংশয়, বিভ্রান্তি। [< সং. বিহ্বল]।

বেমক্কা (p. 641) [bēmakkā] বিণ. 1 অসংগত; 2 অশোভন; 3 অসংযত। □ ক্রি-বিণ. অসংযতভাবে বা অসংগতভাবে (আমার উপর বেমক্কা ঝাঁপিয়ে পড়ল, কথাটা বেমক্কা বলে ফেলেছে)। [ফা. বে + মউকা]।

বেমত-লব (p. 641) [bēmata-laba] বি. অনিচ্ছা। [ফা. বে + আ. মতলব্]।

বেমর-শুমি (p. 641) [bēmara-śumi] বিণ. অন্য মরশুমের, অকালের (বেমরশুমি বৃষ্টি, বেমরশুমি ফল)। [ফা. বে + বাং. মরশুম < ফা. মৌসিম + বাং. + ই]।

বেমানান (p. 641) [bēmānāna] বিণ. 1 মানায় না এমন (বেমানান আচরণ); 2 অশোভন; 3 বেখাপ্পা (বেমানান পোশাক)। [ফা. বে + বাং. মানান]।

বেমারি (p. 641) [bēmāri] বি. পীড়া, রোগ, ব্যাধি। [ফা. বীমারী]।

বেমালুম (p. 641) [bēmāluma] বিণ. ক্রি-বিণ. বোঝা যায় না বা টের পাওয়া যায় না এমন বা এমনভাবে; অন্যের অজ্ঞাতে (জিনিসটা বেমালুম সরিয়ে ফেলেছে, কলমটা বেমালুম হাতিয়ে নিল)। [ফা. বে + আ. মালুম]।

বেমিল (p. 641) [bēmila] বিণ. অমিল, মিলহীন। □ বি. অমিল, মিলহীনতা (মিলের চেয়ে বেমিলই বেশি)। [ফা. বে + বাং. মিল]।

বেমেরা-মত (p. 641) [bēmērā-mata] বি. মেরামত করা হয়নি বা হয় না এমন অবস্থা। □ বিণ. মেরামত করা হয়নি এমন। [ফা. বে + বাং. মেরামত < আ. মরাম্মত্]।

বেয়-নেট (p. 641) [bēẏa-nēṭa] বি. রাইফেলের নলের সঙ্গে যুক্ত লম্বা ছুরিবিশেষ। [ইং. bayonet]।

বেয়াড়া (p. 641) [bēẏāḍ়ā] বিণ. 1 বিশ্রী (বেয়াড়া ঠাট্টা); 2 বেঢপ, বেমানান (বেয়াড়া কথাবার্তা); 3 বাজে, বদ, অসুবিধাজনক (বেয়াড়া কাজ)। [< বাং. বেদাঁড়া]।

বেয়ারা, বেহারা (p. 641) [bēẏārā, bēhārā] বি. 1 বাহক (পালকির বেয়ারা, 'ছয় বেহারা মদ্দ তারা': স. দ.); 2 পিয়ন (অফিসের বেয়ারা)। [ইং. bearer]।

বেয়ারিং (p. 641) [bēẏāri] বিণ. 1 বিনা মাশুলে বা কম মাশুলে প্রেরিত (বেয়ারিং চিঠি); 2 (আল.) বিনা খরচায়। [ইং. bearing]।

বেরং (p. 641) [bēra] বি. 1 বিকৃত রং; 2 অন্য রং (রংবেরং); 3 (তাসখেলায়) ডাকের বহির্ভূত রং। [হি. বিরংগ]।

বেরনো, বেরোনো (p. 641) [bēranō, bērōnō] ক্রি. বি. বাহির হওয়া (পরীক্ষার ফল বেরিয়েছে? তুমি কি এখন বেরোবে?)। [বাং. বের (বাহির) + আনো]। বেরিয়ে যাওয়া ক্রি. বি. 1 বাহির হওয়া; 2 বাইরে যাওয়া; 3 স্থানত্যাগ করা; 4 (তথ্য, নথি, ফলাফল ইত্যাদি) প্রকাশিত হওয়া।

বেরসিক (p. 642) [bērasika] বিণ. রসজ্ঞানহীন, অরসিক, রসিকতা করতে পারে না বা বোঝে না এমন। [ফা. বে + সং. রসিক]।

বেরাদার (p. 642) [bērādāra] বি. 1 (কৌতু.) ভাই, জ্ঞাতি ইত্যাদি (ভাই বেরাদার মানি না); 2 বন্ধু। [ফা. বিরাদর্, ইং. brother]।

বেরি-বেরি (p. 642) [bēri-bēri] বি. ভিটামিনের অভাবঘটিত শোথজাতীয় রোগবিশেষ। [ইং. beriberi]।

বেরুচ, বেরুশ (p. 642) [bēruca, bēruśa] বি. চার চাকার ঘোড়ার গাড়িবিশেষ। [ইং. barouche]।

বেরোনো (p. 642) [bērōnō] দ্র বেরনো।

বেল1 (p. 642) [bēla1] বি. বেলফুল, বেলি, মল্লিকা। [প্রাকৃ. বেল্লি]।

বেল2 (p. 642) [bēla2] বি. ঘণ্টা বা ঘণ্টার ধ্বনি (ছুটির বেল বেজেছে)। [ইং. bell]।

বেল3 (p. 642) [bēla3] বি. গাঁট বা গাঁটরি (এক বেল পাট)। [ইং. bale]।

বেল4 (p. 642) [bēla4] বি. আসামি যথাসময়ে (আদালতে) হাজির হবে এই শর্তে জামিন (বেল-এ খালাস হয়েছে)। [ইং. bail]।

বেল5 (p. 642) [bēla5] বি. কঠিন আবরণের ভিতরে শাঁস থাকে এমন গোলাকার ফলবিশেষ, বিল্বফল, শ্রীফল। [সং. বিল্ব]। ˜ শুঁঠ বি. বেলের শুকানো টুকরো বা ফালি। বেল পাকলে কাকের কী (আল.) উপভোগ করতে অক্ষম ব্যক্তির পক্ষে উৎকৃষ্ট সামগ্রীর প্রতি লোভ করা নিরর্থক।

বেল6 (p. 642) [bēla6] বি. নকশা-কাটা জালের ফিতে। [ফা.]। ̃ দার বিণ. ওইরকম ফিতেওয়ালা (বেলদার কাপড়, বেলদার ব্লাউজ)।

বেলচা (p. 642) [bēlacā] বি. কোদালজাতীয় খননের যন্ত্রবিশেষ। [হি. বেলচা]।

বেল্ট্, বেল্ট (p. 642) [bēlṭ, bēlṭa] বি. কোমরবন্ধ। [ইং. belt]।

বেলদার1 (p. 642) [bēladāra1] দ্র বেল6।

বেলদার2 (p. 642) [bēladāra2] বি. খনক, যে বা যারা কোদাল দিয়ে মাটি কেটে রাস্তা তৈরি করে। [হি. বেল (=কোদাল) + ফা. দার]। স্ত্রী. ̃ নি।

বেলন, (p. 642) [bēlana,] (কথ্য) বেলনা, (কথ্য) বেলুন বি. 1 রুটি, লুচি প্রভৃতি বেলবার জন্য ব্যবহৃত মসৃণ দণ্ড; 2 গোল দণ্ডের মতো বস্তু, cylinder. [সং. বেল্লন (=কম্পিত গতি)]। বেলনাকার বিণ. বেলনের মতো আকৃতিবিশিষ্ট, cylindrical. (বি.প.)।

বেল-বটম, বেল-বটস (p. 642) [bēla-baṭama, bēla-baṭasa] বি. হাঁটুর নীচের অংশ চওড়া ও ঢিলা এমন ট্রাউজার্স বা ফুলপ্যান্ট। [ইং. bell-bottom]।

বেল-মুক্তা, বেল-মোক্তা (p. 642) [bēla-muktā, bēla-mōktā] (আদা.) ক্রি-বিণ. সর্বসমেত, মোট (তুমি তাঁর কাছ থেকে বেলমোক্তা এক হাজার টাকা পাবে)। [আ. বিল্মক্তা]।

বেলশুঁঠ (p. 642) [bēlaśun̐ṭha] দ্র বেল5।

বেলা1 (p. 642) [bēlā1] বি. বেলফুল, মল্লিকা। [প্রাকৃ. বেল্লি > বাং. বেল + আ]।

বেলা2 (p. 642) [bēlā2] বি. 1 সমুদ্রের তীর; 2 সমুদ্রের জোয়ার-ভাটা; 3 সীমা। [সং. √ বেল্ + অ + আ]।˜ ভূমি বি. সমুদ্র বা নদীর তীরদেশ।

বেলা3 (p. 642) [bēlā3] বি. 1 সময় (বেলা বারোটা, সকালবেলা); 2 দিনমান, দিবাভাগ ('বেলা যে পড়ে এল': রবীন্দ্র); 3 (পূর্বাহ্নে) বিলম্ব, কালাতিক্রম (বেলা হয়ে গেল, বেশি বেলা কোরো না); 4 ব্যাপ্তি, পরিসর (জীবনের বেলা) 5 অবসর, সুযোগ (এই বেলা কথাটা বলে ফেলি); 6 কাল, বয়স (ছেলেবেলা)। □ (বাং.) অব্য. অনু. পক্ষে, সম্বন্ধে (নিজের বেলা, তার বেলা, পরের বেলায়)। [সং. √ বেল্ + অ + আ]। বেলা পড়া ক্রি. বি. বিকাল হয়ে আসা। বেলা বাড়া ক্রি. বি. মধ্যাহ্নের দিকে দিবাভাগ অগ্রসর হওয়া (বেলা বাড়ছে, বাড়ি যাই)। বেলা হওয়া ক্রি. বি. দেরি হওয়া; মধ্যাহ্নের দিকে দিবাভাগ অগ্রসর হওয়া।˜ বেলি ক্রি-বিণ. দিনের আলো থাকতে থাকতে।

বেলা4 (p. 642) [bēlā4] ক্রি. বি. বেলুন দিয়ে চাকির উপর চেপে আটা ময়দার পিণ্ড পাতলা করা। □ বিণ. উক্ত অর্থে (কালকের বেলা রুটি)। [সং. √ বেল্ল্ + বাং. আ]।

বেলাবেলি (p. 642) [bēlābēli] দ্র বেলা3।

বেলাভূমি (p. 642) [bēlābhūmi] দ্র বেলা2।

বেলুন2 (p. 642) [bēluna2] বি. 1 গ্যাসদ্বারা চালিত ব্যোমযানবিশেষ; 2 ফানুস; 3 খেলনা হিসাবে বা উৎসবের সাজসজ্জায় ব্যবহৃত বায়ুপূর্ণ রবারের থলি। [ইং. balloon]।

বেলে (p. 642) [bēlē] বিণ. বালুকাপূর্ণ (বেলে মাটি)। □ বি. (বালির মধ্যে থাকে এমন) মাছবিশেষ। [বাং. বালি + ইয়া > এ]। ˜ খেলা বি. ছেলে-ভুলানো বা নামেমাত্র খেলা। ˜ পাথর বি. যে পাথরে বালির অংশ থাকে। ˜ মাটি বি. বালুকাপূর্ণ মাটি।

বেলেল্লা (p. 642) [bēlēllā] বিণ. 1 উচ্ছৃঙ্খল ও লম্পট; 2 নির্লজ্জ; 3 বখাটে; 4 মাতাল। [ফা. বে + আ. লিল্লাহ্]। ˜ গিরি, ˜ পনা বি. উচ্ছৃঙ্খল, অশালীন ও নির্লজ্জ আচরণ।

বেলেস্তারা (p. 642) [bēlēstārā] বি. ফোসকা তোলার প্রলেপবিশেষ। [ইং. blister]।

বেলে-হাঁস, বালি-হাঁস (p. 642) [bēlē-hām̐sa, bāli-hām̐sa] বি. আকারে ছোটো এবং বহুদূর ওড়ার ক্ষমতাবিশিষ্ট হাঁসবিশেষ। [বাং. বালি + হাঁস]।

বেলোয়ারি (p. 642) [bēlōẏāri] বিণ. স্ফটিকের মতো পলতোলা কাচের তৈরি (বেলোয়ারি ঝাড়)। [ফা. বিল্লৌরী]।

বেল্ট (p. 642) [bēlṭa] দ্র বেল্ট্।

বেল্লিক (p. 642) [bēllika] বিণ. 1 বেহায়া, নির্লজ্জ; 2 লম্পট; 3 দুশ্চরিত্র; 4 ভাঁড় বা বিদূষক। [সং. ব্যলীক]।

বেশ1 (p. 642) [bēśa1] বিণ. 1 উত্তম, চমৎকার (বেশ ছেলে); 2 যথেষ্ট, সংখ্যায় বা পরিমাণে অধিক (বেশকিছু টাকা, বেশ খানিকটা তেল, বেশ কিছুদিন আগে)। □ ক্রি-বিণ. 1 ভালোভাবে, উত্তমরূপে (বেশ করে বুঝিয়ে দেওয়া, বেশ করে কান মলে দাও); 2 বিলক্ষণ (সে বেশ খেতে পারে, সে আজকাল বেশ কামাচ্ছে)। □ অব্য. অনুমোদনসূচক (বেশ, তবে তাই হোক)। [ফা. বেশ্]।

বেশ2 (p. 642) [bēśa2] বি. সজ্জা, পোশাক। [সং. √ বিশ্ + অ]। ˜ ধারী (রিন্) বিণ. বেশ ধারণ করেছে বা পরেছে এমন (বিচিত্র বেশধারী লোক)। ˜ বাস, ˜ ভূষা বি. সাজসজ্জা, বসনভূষণ (বিচিত্র বেশভূষা)। ˜ বিন্যাস বি. সাজসজ্জাকরণ। ˜ বেশী (-শিন্) বিণ. বেশধারী (সাধুবেশী, ছদ্মবেশী)। স্ত্রী. -বেশিনী।

বেশক (p. 642) [bēśaka] ক্রি-বিণ. অব্য. নিশ্চয়, অবশ্যই। [আ. বেশক্]।

বেশবার (p. 642) [bēśabāra] বি. বাটা মশলাবিশেষ। [সং. বেশ + √ বৃ + অ]।

বেশবাস, বেশবিন্যাস, বেশভূষা (p. 642) [bēśabāsa, bēśabinyāsa, bēśabhūṣā] দ্র বেশ2।

বেশর (p. 642) [bēśara] বি. (প্রা. বাং.) স্ত্রীলোকের নাকের অলংকারবিশেষ ('নাসার বেশর পরশ করিয়া ঈষত্ মধুর হাসে': চণ্ডী)। [দেশি]।

বেশরম (p. 642) [bēśarama] বিণ. নির্লজ্জ, বেহায়া। [ফা. বে + শরম]।

বেশি (p. 642) [bēśi] বি. 1 আধিক্য (বেশি চাই না, এর আর কমবেশি কী?); 2 অধিকাংশ পরিমাণ (বেশিটাই নষ্ট হয়ে গেছে)। □ বিণ. অধিক, খুব (বেশি কথা, বেশি গরম)। [ফা. বেশ + বাং. ই]।

বেশিনী (p. 642) [bēśinī] দ্র বেশ2।

বেশী1 (p. 642) [bēśī1] (-শিন্) দ্র বেশ2।

বেশুমার (p. 642) [bēśumāra] বিণ. অগণিত, অসংখ্য। [ফা. বে + শুমার (গণনা)]।

বেশ্ম (p. 642) [bēśma] (-শ্মন্) বি. গৃহ, আলয়, নিকেতন। [সং. √ বিশ্ + মন্]।

বেশ্যা (p. 642) [bēśyā] বি. যে স্ত্রীলোক যৌন সহবাসের বিনিময়ে অর্থ উপার্জন করে, গণিকা, দেহোপজীবিনী (বেশ্যাবৃত্তি)। [সং. বেশ + য + আ]।˜ গমন বি. বেশ্যালয়ে গমন ও বেশ্যার সঙ্গে সহবাস।˜ বৃত্তি বি. গণিকা বা বেশ্যার দেহব্যবসায়।

বেষ্ট (p. 642) [bēṣṭa] বি. 1 বেড়া, বেষ্টনী; 2 বেষ্টন, ঘেরা। [সং. √ বেষ্ট্ + অ]। ˜ ক বিণ. বেষ্টনকারী। ˜ ন বি. 1 ঘেরা; 2 জড়ানো; 3 ঘেরাও; 4 প্রদক্ষিণ; 5 বেষ্টনী, বেড়া; 6 বেড়, পরিধি। ˜ বংশ বি. বেউড় বাঁশ। ˜ নী বি. 1 যা দিয়ে বেষ্টন করা হয় (পুলিশের বেষ্টনী ভেঙে ফেলল জনতা); 2 বেড়া, প্রাচীর; 3 বন্ধনী-চিহ্ন, ব্র্যাকেট। বেষ্টা ক্রি. (কাব্যে) বেষ্টন করা। বেষ্টিত বিণ. বেষ্টন করা হয়েছে এমন (অনুরাগীদের দ্বারা বেষ্টিত)।

বেসন, (কথ্য) বেসম (p. 642) [bēsana, (kathya) bēsama] বি. ডালের গুঁড়ো। [দেশি]।

বেসরকারি (p. 642) [bēsarakāri] বিণ. 1 গভর্নমেন্টের বা সরকারের নয় এমন; 2 সরকারি কর্তৃত্বের বহির্ভূত (বেসরকারি উদ্যোগ); 3 ব্যক্তিগত (বেসরকারি মালিকানা)। [ফা. বে + সরকার + বাং. ই]।

বেসাত (p. 642) [bēsāta] বি. পণ্যদ্রব্য। [আ. বিসাত্]। বেসাতি বি. 1 পণ্যদ্রব্য; 2 পণ্যবিক্রয় (রূপের বেসাতি)।

বেসামাল (p. 642) [bēsāmāla] বিণ. 1 নিজেকে সামলাতে বা সংবরণ করতে পারে না এমন, অসংযত (বেসামাল অবস্থা); 2 অসাবধান। [ফা. বে + বাং. সামাল < হি. সঁভাল]।

বেসালি (p. 642) [bēsāli] বি. দুধ দোয়াবার জন্য বা জ্বাল দেবার জন্য মাটির হাঁড়ি বা ভাঁড়। [পো. vasilha]।

বেসিন (p. 642) [bēsina] বি. 1 নদীর অববাহিকা; 2 মুখ ধোয়ার গামলাজাতীয় পাত্রবিশেষ। [ইং. basin]।

বেসুর (p. 642) [bēsura] বি. ভুল সুর ('বেসুরে ধরিনু গান': য. সে.)। □ বিণ. 1 সঠিক সুরের বহির্ভূত; সুর ঠিক থাকে না বা ঠিক রাখতে পারে না এমন; 2 শ্রুতিকটু। [ফা. বে + বাং. সুর]। বেসুরো বিণ. 1 সঠিক সুরের বহির্ভূত; 2 সুর ঠিক থাকে না বা ঠিক রাখতে পারে না এমন (বেসুরো বাঁশি); 3 শ্রুতিকটু (বেসুরো গান); 4 ব্যাহত, খাপছাড়া বা অসহ্য (বেসুরো জীবন)।

বেহদ্দ (p. 642) [bēhadda] বিণ. বিণ-বিণ. বেজায়, অত্যন্ত, অধিক, জবর (বেহদ্দ পরিশ্রম)। [ফা. বে + আ. হদ্দ্]।

বেহাই (p. 642) [bēhāi] বি. পুত্রের বা কন্যার শ্বশুর। [সং. বৈবাহিক]। স্ত্রী. বেহান।

বেহাগ (p. 642) [bēhāga] বি. সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ। [হি. বিহাগ]।

বেহাত (p. 642) [bēhāta] বিণ. 1 হাতছাড়া (সম্পত্তি বেহাত হওয়া); 2 পরহস্তগত। [ফা. বে + বাং. হাত]।

বেহান (p. 642) [bēhāna] বি. পুত্র বা কন্যার শাশুড়ি। [বাং. বেহাই + ইনী > বেহাইনী > বেহাইন]।

বেহায়া (p. 642) [bēhāẏā] বিণ. নির্লজ্জ। [ফা. বে + আ. হায়া]। ̃ পনা বি. নির্লজ্জতা, নির্লজ্জ আচরণ।

বেহারা (p. 642) [bēhārā] বি. পালকিবাহক, কাহার। [ইং. bearer তু. সং. বাহক]।

বেহাল (p. 642) [bēhāla] বি. 1 দুর্দশা, দুরবস্থা; 2 নিয়ন্ত্রণের অসাধ্য অবস্থা; 3 বিশৃঙ্খলা। □ বিণ. 1 দুর্দশাগ্রস্ত; 2 নিয়ন্ত্রণের অসাধ্য (নৌকোর বেহাল অবস্থা); 3 বিশৃঙ্খল (বিদ্যুতের বেহাল অবস্থা)। [ফা. বে + আ. হাল]।

বেহালা (p. 642) [bēhālā] বি. চারটি তারযুক্ত ছড়ের বাদ্যযন্ত্রবিশেষ। [পো. viola]।

বেহিসাব (p. 642) [bēhisāba] বি. 1 অপরিণামদর্শিতা, হঠকারিতা; 2 অসতর্কতা। □ বিণ. 1 হিসাববিহীন; 2 অসংখ্য; 3 অবাধ; 4 অপরিণামদর্শী, হঠকারী; 5 অসতর্ক। [ফা. বে + আ. হিসাব]। বেহিসাবি বিণ. 1 হিসাব করে চলে না এমন (বেহিসাবি লোক); 2 যে-কাজে হিসাব বা বিবেচনা নেই (বেহিসাবি কাজ); 3 হঠকারী, অসতর্ক।

বেহুঁশ (p. 642) [bēhum̐śa] বিণ. 1 হুঁশ নেই এমন, খেয়ালহীন; 2 অচৈতন্য, মূর্ছিত, চেতনাহীন (আঘাত পেয়ে বেহুঁশ)। [ফা. বে + আ. হোশ]।

বেহুদা, (p. 642) [bēhudā,] (কথ্য) বেহুদো বিণ. ক্রি-বিণ. 1 অনুচিত (কতগুলো বেহুদো কথা শুনিয়ে দিল); 2 অনর্থক, বাজে (বেহুদা তর্কাতর্কি, বেহুদা খরচা)। [ফা. বেহুদাহ্]।

বেহেড (p. 642) [bēhēḍa] বিণ. 1 মতিভ্রষ্ট, কাণ্ডজ্ঞানহীন, চিন্তাশক্তি হারিয়ে ফেলেছে এমন; 2 অতি প্রমত্ত, বুদ্ধি বা কাণ্ডজ্ঞান হারিয়েছে এমন, প্রমত্ত (বেহেড মাতাল)। [ফা. বে + ইং. head]।

বেহেশত্, বেহেস্ত (p. 642) [bēhēśat, bēhēsta] বি. স্বর্গ ('তাদেরি তরে কি করে প্রতীক্ষা/বেহেশত শত দীপ জ্বালি': নজরুল)। [ফা. বিহিশ্ত্]।

বেহ্ম (p. 642) [bēhma] বি. বিণ. (সচ. গ্রা. অথবা বিদ্রুপে) 1 ব্রাহ্মণ (বেহ্মদত্যি); 2 ব্রাহ্ম ধর্মাবলম্বী, ব্রাহ্ম (বেহ্মদের সভা)। [ব্রাহ্ম দ্র]।

বৈকর্তন (p. 644) [baikartana] বি. (মহা.) মহাবীর কর্ণ। □ বিণ. 1 সূর্যবংশীয়; 2 সৌর। [সং. বিকর্তন + অ]।

বৈকল্পিক (p. 644) [baikalpika] বিণ. বিকল্পে গ্রহণীয়, বিকল্প হিসাবে বিবেচ্য (বৈকল্পিক প্রশ্ন, বৈকল্পিক নিয়ম)। [সং. বিকল্প + ইক]।

বৈকল্য (p. 644) [baikalya] বি. 1 স্বাভাবিক কাজ করতে অক্ষমতা (ইন্দ্রিয় বৈকল্য); 2 অঙ্গহীনতা; 3 বিকৃতি, বিহ্বলতা (চিত্তবৈকল্য)। [সং. বিকল + য]।

বৈকাল (p. 644) [baikāla] বি. বিকাল, অপরাহ্ন। [সং. বিকাল + অ]। বৈকালি, (বর্জি.) বৈকালী বি. দেবতাকে নিবেদিত বৈকালিক ভোগ। বৈকালিক বিণ. বিকাল বা অপরাহ্ন সম্বন্ধীয়, বিকালবেলার। □ বি. দেবতাকে বিকালে নিবেদিত ভোগ, বৈকালি। বৈকালীন বিণ. বিকালবেলার; অপরাহ্ন-সম্বন্ধীয়। বৈকালিকী বি. বিণ. (স্ত্রী.) বৈকালিক।

বৈকুণ্ঠ (p. 644) [baikuṇṭha] বি. 1 বিষ্ণু; 2 বিষ্ণুলোক, গোলোক। [সং. বিকুণ্ঠা + অ]। ˜ নাথ, ˜ পতি বি. বিষ্ণু। ˜ লোক বি. বিষ্ণুলোক, গোলোক, বিষ্ণুর ধাম বা অধিষ্ঠানভূমি।

বৈকৃত (p. 644) [baikṛta] বিণ. 1 বিকৃত; 2 বিভৎস; 3 ঘৃণার্হ। [সং. বিকৃতি + অ]। ˜ কাম বিণ. বিকৃত বা বীভৎস যৌন বাসনাসম্পন্ন (তু. ইং. sex pervert)।

বৈক্লব্য (p. 644) [baiklabya] বি. 1 কাতরতা, দুর্বলতা (ইন্দ্রিয়বৈক্লব্য); 2 বিমূঢ় ভাব, বিহ্বলতা, সিদ্ধান্ত গ্রহণে অক্ষমতা; 3 চিত্তচাঞ্চল্য। [সং. বিক্লব + য]।

বৈখানস (p. 644) [baikhānasa] বি. বিণ. বাণপ্রস্থ বা বাণপ্রস্থ-সম্বন্ধীয়। [সং. বিখনস্ + অ]।

বৈচক্ষণ্য (p. 644) [baicakṣaṇya] বি. বিচক্ষণতা (প্রশাসন-বৈচক্ষণ)। [সং. বিচক্ষণ + য]।

বৈচিত্ত্য (p. 644) [baicittya] বি. 1 (বৈ. শা.) চিত্তের অন্যথা ভাব (প্রেমবৈচিত্ত্য); 2 মোহ, মতিভ্রংশ। [সং. বিচিত্ত + য]।

বৈচিত্র, বৈচিত্র্য (p. 644) [baicitra, baicitrya] বি. 1 বিচিত্রতা, নানারূপতা; 2 বিচিত্র শোভা বা সৌন্দর্য। [সং. বিচিত্র + অ, য]। ˜ হীন বিণ. কোনো বৈচিত্র্য নেই এমন; একঘেয়ে।

বৈজয়ন্ত (p. 644) [baijaẏanta] বি. 1 ইন্দ্রপুরী; 2 ইন্দ্রের ধ্বজ বা পতাকা। [সং. বি + √ জী + অন্ত]। বৈজয়ন্তী বি. স্ত্রী. 1 পতাকা, ধ্বজা (বিজয়বৈজয়ন্তী); 2 মালা।

বৈজয়িক (p. 644) [baijaẏika] বিণ. বিজয়-সম্বন্ধীয়, জয়সূচক (বৈজয়িক উল্লাস)। [সং. বিজয় + ইক]।

বৈজাত্য (p. 644) [baijātya] বি. 1 বিজাতীয়তা, বিজাতীয়ের ভাব (বৈজাত্যবোধ); 2 জাতির বা স্বভাবের বৈপরীত্য। [সং. বিজাত + য]।

বৈজ্ঞানিক (p. 644) [baijñānika] বিণ. 1 বিজ্ঞান-সম্বন্ধীয় (বৈজ্ঞানিক আবিষ্কার); 2 বিজ্ঞানসম্মত (বৈজ্ঞানিক উপায়ে); 3 বিজ্ঞানে অভিজ্ঞ বা নিপুণ। □ বি. বিজ্ঞানী। [সং. বিজ্ঞান + ইক]। বৈজ্ঞানিকী বিণ. বি. স্ত্রী. উভয় অর্থে।

বৈঠক (p. 644) [baiṭhaka] বি. 1 সভা, মজলিশ, আসর (বিকালের বৈঠক); 2 বারবার ওঠবস-এর ব্যায়াম; 3 হুঁকো রাখার আধারবিশেষ। [হি.]। ˜ খানা বি. 1 সভাগৃহ, যে ঘরে আসর বসে; 2 বাড়ির বাইরের দিকে বসার ঘর। বৈঠকি বিণ. বৈঠকখানার উপযুক্ত, মজলিশি (বৈঠকি গল্প, বৈঠকি গান)।

বৈঠা2 (p. 644) [baiṭhā2] ক্রি. (প্রা. কা.) বসা ('বৈঠল মঝু পাশ': বিদ্যা.)। [হি. √ বৈঠ]।

বৈড়াল (p. 644) [baiḍ়āla] বিণ. 1 বিড়ালসম্বন্ধীয়; 2 বিড়ালসুলভ। [সং. বিড়াল + অ]।˜ ব্রত বি. (আল.) কপট ধার্মিকতা, ভণ্ডামি।

বৈণিক (p. 644) [baiṇika] বি. বীণাবাদক, বীণাবাদনশিল্পী (বাদনরত বৈণিক)। [সং. বীণা + ইক]।

বৈতনিক (p. 644) [baitanika] বিণ. 1 বেতনভোগী (বৈতনিক কর্মচারী); 2 বেতন দিতে হয় বা বেতন পাওয়া যায় এমন (বৈতনিক কর্ম)। বিপ. অবৈতনিক। [সং. বেতন + ইক]।

বৈতরণি, বৈতরণী (p. 644) [baitaraṇi, baitaraṇī] বি. 1 যমদ্বারের নিকটস্থ নদী; 2 ওড়িশার নদীবিশেষ। [সং. বিতরণ + অ + ই, ঈ]।

বৈতান, বৈতানিক (p. 644) [baitāna, baitānika] বিণ. যজ্ঞীয়, যজ্ঞসংক্রান্ত। □ বি. 1 যজ্ঞাগ্নি, যজ্ঞের আগুন; 2 হোম; 3 হোমের নৈবেদ্য। [সং. বিতান + অ, ইক]।

বৈতাল1, বৈতালিক1 (p. 644) [baitāla1, baitālika1] বি. 1 স্তুতিপাঠক, চারণ, স্তুতিগানের গায়ক ('বসন্তের বৈতালিক যবে উচ্চারিবে আবাহনী': সু. দ.); 2 (বাং.) রাজারাজড়াদের ঘুম ভাঙানোর জন্য স্তুতিপাঠকের গান। [সং. বি + তাল + অ, ইক]।

বৈতাল2, বৈতালিক2 (p. 644) [baitāla2, baitālika2] বিণ. বেতাল-সম্বন্ধীয়। [সং. বেতাল + অ, ইক]। বৈতালিকী বিণ. বৈতালিক -এর স্ত্রীলিঙ্গ। বৈতালী বিণ. বৈতাল -এর স্ত্রীলিঙ্গ।

বৈদগ্ধ, বৈদগ্ধ্য (p. 644) [baidagdha, baidagdhya] বি. 1 বিদগ্ধের ভাব; 2 পাণ্ডিত্য; 3 রসবোধ; 4 নিপুণতা, দক্ষতা (বাগ্বৈদগ্ধ্য)। [সং. বিদগ্ধ + অ, য]।

বৈদর্ভ (p. 644) [baidarbha] বিণ. বিদর্ভদেশীয়। [সং. বিদর্ভ + অ]। বৈদর্ভী বিণ. বিদর্ভ -র স্ত্রীলিঙ্গ। □ বি. (মহা.) নলরাজার পত্নী দময়ন্তী। বৈদভী রীতি সমাসহীন বা অল্পসমাসযুক্ত মধুর রচনারীতিবিশেষ।

বৈদান্তিক (p. 644) [baidāntika] বিণ. 1 বেদান্তসংক্রান্ত; 2 বেদান্তসম্মত (বৈদান্তিক পদ্ধতি); 3 বেদান্তদর্শনের অন্তর্ভুক্ত। □বি. বেদান্তদর্শনে পণ্ডিত ব্যক্তি। [সং. বেদান্ত + ইক]।

বৈদিক (p. 644) [baidika] বিণ. 1 বেদসম্বন্ধীয় (বৈদিক শাস্ত্র); 2 বেদোক্ত (বৈদিক শ্লোক); 3 বেদবিহিত (বৈদিক পদ্ধতি)। □ বি. 1 ব্রাহ্মণের শ্রেণিবিশেষ; 2 বেদজ্ঞ ব্যক্তি। [সং. বেদ + ইক]।

বৈদুষ্য (p. 644) [baiduṣya] বি. বিদ্যাবত্তা। তু. বিণ. বি. স্ত্রী. বিদূষী. [সং. বিদ্বস্ + য]।

বৈদূর্য (p. 644) [baidūrya] বি. গাঢ় বা কালচে পীতবর্ণ মণিবিশেষ, নীলকান্তমণি। [সং. বিদূর + য]।

বৈদেশিক (p. 644) [baidēśika] দ্র বিদেশ।

বৈদেহ (p. 644) [baidēha] বিণ. 1 বিদেহ অর্থাত্ মিথিলা-সম্বন্ধীয়; 2 বিদেহদেশে উৎপন্ন; 3 বিদেহদেশের অধিবাসী। □ বি. বিদেহরাজ জনক। [সং. বিদেহ + অ]। বৈদেহী বিণ. স্ত্রী. বৈদেহ -র স্ত্রীলিঙ্গ। □ বি. (রামা.) জনকনন্দিনী সীতা।

বৈদেহিক (p. 644) [baidēhika] বিণ. দেহহীন, অশরীরী। [সং. বি + দেহ + ইক]।

বৈদ্য (p. 644) [baidya] বি. 1 চিকিৎসক, কবিরাজ; 2 বাঙালি হিন্দুজাতিবিশেষ। □ বিণ. পণ্ডিত, বিদ্বান। [সং. বিদ্যা + অ]।˜ ক,˜ শাস্ত্র বি. আয়ুর্বেদ।˜ নাথ বি. শিব; দেওঘরের শিব।˜ শালা বি. চিকিৎসালয়।˜ সংকট বি. (যুগপত্) বহু চিকিৎসককে দিয়ে চিকিৎসার ফলে রোগীর বিপদ।

বৈদ্যুত, বৈদ্যুতিক (p. 644) [baidyuta, baidyutika] বিণ. 1 বিদ্যুত্-সংক্রান্ত (বৈদ্যুতিক তার); 2 বিদ্যুৎপূর্ণ (বৈদ্যুৎকটাক্ষ)। [সং. বিদ্যুত্ + অ, ইক]।

বৈধ (p. 644) [baidha] বিণ. 1 বিধিসম্মত, ন্যায্য, যথোচিত (বৈধ উপায়); 2 আইনসম্মত (বৈধ স্ত্রী)।˜ তা বি. 1 ন্যায্যতা; 2 আইনানুগতা (এই সিদ্ধান্তের বৈধতা যাচাই করতে হবে)।

বৈধব্য (p. 644) [baidhabya] বি. বিধবার অবস্থা। [সং. বিধবা + য]।˜ দশা বি. বিধবার অবস্থা।

বৈধর্ম্য (p. 644) [baidharmya] বি. 1 বিরুদ্ধ ধর্মের ভাব বা আচরণ; 2 ধর্মবিরোধিতা, নাস্তিক্য; 3 প্রকৃতির বৈষম্য। [সং. বিধর্ম + য]।

বৈধেয় (p. 644) [baidhēẏa] বিণ. বিধিসম্বন্ধীয়, বৈধ। [সং. বিধি + এয়]।

বৈনতেয় (p. 644) [bainatēẏa] বি. 1 বিনতার পুত্র; 2 বিনতার পুত্র গরুড়; 3 বিনতার পুত্র অরুণ। [সং. বিনতা + এয়]।

বৈনাশিক (p. 644) [baināśika] বিণ. বিনাশ বা ধ্বংস করে এমন, ধ্বংসাত্মক ('বৈনাশিক বুদ্ধি হানে করাঘাত ভঙ্গুর কবাটে': সু.দ.)। তু. ইং. destructive। [সং. বিনাশ + ইক]।

বৈপরীত্য (p. 644) [baiparītya] বি. 1 বিপরীত ভাব (স্বভাবের বৈপরীত্য); 2 বিরুদ্ধতা (প্রকৃতির বৈপরীত্য); 3 বিপর্যয়। [সং. বিপরীত + য]।

বৈপিত্র, বৈপিত্রেয় (p. 644) [baipitra, baipitrēẏa] বিণ. এক মাতার গর্ভে কিন্তু ভিন্ন পিতার ঔরসে জাত। [সং. বিপিতৃ + অ, এয়]।

বৈপ্লবিক (p. 644) [baiplabika] বিণ. 1 বিপ্লবসংক্রান্ত, বিপ্লববিষয়ক (বৈপ্লবিক দিনগুলি, বৈপ্লবিক আদর্শ); 2 সম্পূর্ণ নতুন অবস্থার প্রবর্তনকারী, বিপ্লবসাধক (বৈপ্লবিক রূপান্তর, বৈপ্লবিক পরিবর্তন)। [সং. বিপ্লব + ইক]।

বৈবর্ণ, বৈবর্ণ্য (p. 644) [baibarṇa, baibarṇya] বি. বিবর্ণতা, বিবর্ণ ভাব। [সং. বিবর্ণ + অ, য]।

বৈবস্বত (p. 644) [baibasbata] বি. 1 সূর্যতনয়, সপ্তম মনু; 2 যম; 3 শনি। □ বিণ. সৌর (বৈবস্বত মন্বন্তর)। [সং. বিবস্বত্ + অ]।

বৈবাহিক (p. 644) [baibāhika] বিণ. 1 বিবাহসম্বন্ধীয় (বৈবাহিক আলোচনা); 2 বিবাহঘটিত (বৈবাহিক সম্পর্ক); 3 বিবাহোপযোগী। □ বি. পুত্র বা কন্যার শ্বশুর, বেয়াই। [সং. বিবাহ + ইক]। বৈবাহিকী, (বাং.), বৈবাহিকা বি. (স্ত্রী.) বেয়ান।

বৈভব (p. 644) [baibhaba] বি. 1 ঐশ্বর্য, ধনসম্পত্তি, বিভব (বৈভব চাই না, ভক্তি চাই); 2 মহিমা, বিভূতি (ভাবের বৈভব)। [সং. বিভব + অ]। ˜ শালী বিণ. 1 ঐশ্বর্যশালী, অত্যন্ত ধনী; 2 মহিমান্বিত।

বৈভাষিক (p. 644) [baibhāṣika] বিণ. বৈকল্পিক। □ বি. বৌদ্ধ দর্শনের মতবিশেষ। [সং. বিভাষা + ইক]।

বৈভিন্ন্য (p. 644) [baibhinnya] বি. 1 বিভিন্নতা; 2 বৈচিত্র্য। [সং. বিভিন্ন + য]।

বৈমনস্য (p. 644) [baimanasya] বি. 1 উদ্বেগ; 2 বিষাদ, বিষণ্ণতা; 3 মনোমালিন্য। [সং. বিমনস্ + য]।

বৈমাত্র, বৈমাত্রেয় (p. 644) [baimātra, baimātrēẏa] বিণ. বিমাতার গর্ভজাত (বৈমাত্রেয় ভাই)। [সং. বিমাতৃ + অ, এয়]। স্ত্রী. বৈমাত্রী, বৈমাত্রেয়ী।

বৈমানিক (p. 644) [baimānika] বিণ. 1 বিমানসংক্রান্ত; 2 বিমানচারী। □ বি. 1 বিমানপোতের চালক (বৈমানিকদের প্রশিক্ষণ); 2 বিমানে ভ্রমণকারী। [সং. বিমান + ইক]।

বৈমুখ্য (p. 644) [baimukhya] বি. 1 বিমুখতা (প্রচারবৈমুখ্য); 2 অনিচ্ছা। [সং. বিমুখ + য]।

বৈয়ক্তিক (p. 644) [baiẏaktika] বিণ. ব্যক্তিগত (এবং গুপ্ত), personal.[সং. ব্যক্তি + ইক]।

বৈয়াকরণ (p. 644) [baiẏākaraṇa] বিণ. ব্যাকরণসম্বন্ধীয়। □ বি. ব্যাকরণবিদ, ব্যাকরণে পণ্ডিত ('আসে গুটি গুটি বৈয়াকরণ': রবীন্দ্র)। [সং. ব্যাকরণ + অ]।

বৈয়াঘ্র (p. 644) [baiẏāghra] বিণ. 1 ব্যাঘ্রসম্বন্ধীয় (বৈয়াঘ্র গর্জন); 2 ব্যাঘ্রচর্মাবৃত। [সং. ব্যাঘ্র + অ]।

বৈয়াসক, বৈয়াসিক (p. 644) [baiẏāsaka, baiẏāsika] বিণ. 1 ব্যাসসম্বন্ধীয়; 2 ব্যাসরচিত। [সং.ব্যাস + অক, ইক]। বৈয়াসকি বি. 1 ব্যাসের পুত্র; 2 ব্যাসপুত্র শুকদেব। বৈয়াসকী, বৈয়াসিকী বিণ. যথাক্রমে বৈয়াসক ও বৈয়াসিক -এর স্ত্রীলিঙ্গ। □ বি. ব্যাসপ্রণীত সংহিতা (বৈয়াসিকী সংহিতা)।

বৈর (p. 644) [baira] বি. শত্রুতা (জাতিবৈর)। [সং. বীর + অ]। ˜ নির্যাতন বি. শত্রুপীড়ন, শত্রুর প্রতি প্রতিহিংসা গ্রহণ। ˜ সাধন বি. শত্রুতা করা। বৈরিতা বি. শত্রুতা; বিদ্বেষ। বৈরী (-রিন্) বিণ. বি. শত্রু, বিদ্বেষী। বৈরী-দমন বি. শত্রুদমন। বৈরী-ভাবাপন্ন বিণ. শত্রুর মতো মনোভাবযুক্ত, শত্রুভাবাপন্ন।

বৈরস্য (p. 644) [bairasya] বি. 1 বিরসতা, বিরসভাব; 2 অনিচ্ছা, অনাসক্তি। [সং. বিরস + য]।

বৈরাগ (p. 644) [bairāga] দ্র বৈরাগ্য।

বৈরাগী (p. 644) [bairāgī] (-গিন্) বিণ. সংসারে অনাসক্ত, বিষয়-বাসনামুক্ত (বৈরাগী হয়ে জীবন কাটানো)। □ বি. (বাং.) বৈষ্ণব ভিক্ষু। [সং. বৈরাগ + ইন্]।

বৈরাগ্য, বৈরাগ (p. 644) [bairāgya, bairāga] বি. সংসারে অনাসক্তি, বিষয়ভোগে ঔদাসীন্য ('বৈরাগ্যসাধনে মুক্তি সে আমার নয়': রবীন্দ্র; বৈরাগ যোগ)। [সং. বিরাগ + য, অ]।

বৈরিতা, বৈরী (p. 644) [bairitā, bairī] দ্র বৈর।

বৈরূপ্য (p. 644) [bairūpya] বি. 1 বিরূপতা; 2 বিকৃতি। [সং. বিরূপ + য]।

বৈলক্ষণ্য (p. 644) [bailakṣaṇya] বি. 1 প্রকারান্তর, ভাবের পরিবর্তন (গানের শেষেও তার মধ্যে কোনো বৈলক্ষণ্য দেখা গেল না); 2 প্রভেদ, পার্থক্য, ভিন্নতা (বাহির ও অন্তরের বৈলক্ষণ্য); 3 বিশেষত্ব, অসাধারণত্ব। [সং. বিলক্ষণ + য]।

বৈশাখ (p. 644) [baiśākha] বি. বাংলা বছরের প্রথম মাস। [সং. বিশাখা + অ]। বৈশাখী বি. (স্ত্রী.) বিশাখা নক্ষত্রযুক্ত পূর্ণিমা।

বৈশাখি (p. 646) [baiśākhi] বিণ. বৈশাখ মাস-সংক্রান্ত, বৈশাখ মাসের (বৈশাখি পূর্ণিমার রাত)। [সং. বৈশাখ + বাং. ই]।

বৈশিষ্ট্য (p. 646) [baiśiṣṭya] বি. বিশিষ্টতা, বিশেষত্ব, অসাধারণত্ব; প্রভেদ, বৈলক্ষণ্য। [সং. বিশিষ্ট + য]।

বৈশেষিক (p. 646) [baiśēṣika] বি. কণাদমুনি-কৃত দর্শনশাস্ত্র। [সং. বিশেষ + ইক]।

বৈশ্বানর (p. 646) [baiśbānara] বি. 1 অগ্নি, আগুন; 2 আগুনের অধিদেবতা। [সং. বিশ্বানর + অ]।

বৈশ্য (p. 646) [baiśya] বি. 1 বর্ণাশ্রম ধর্মে চতুর্বর্ণের তৃতীয়বর্ণ; 2 বণিক বা ব্যবসায়ী সম্প্রদায় (বৈশ্যবুদ্ধি)। [সং. বিশ্ + ক্বিপ্ + য]। স্ত্রী. বৈশ্যা। ˜ বৃত্তি

বি. বণিকের কর্ম বা স্বাভাবিক প্রবৃত্তি। বৈশ্যানী বিণ. (স্ত্রী.) বৈশ্যেতর জাতীয় পুরুষের বৈশ্যজাতীয়া পত্নী।

বৈশ্রবণ (p. 646) [baiśrabaṇa] বি. 1 বিশ্রবা মুনির পুত্র; 2 বিশ্রবা মুনির পুত্র কুবের, রাবণ, বিভীষণ, কুম্ভকর্ণ। [সং. বিশ্রবণ + অ]।

বৈষম্য (p. 646) [baiṣamya] বি. বৈসাদৃশ্য; প্রভেদ, অসমতা (বর্ণবৈষম্য, সামাজিক বৈষম্য)। [সং. বিষম + য]।

বৈষয়িক (p. 646) [baiṣaẏika] বিণ. 1 বিষয়সংক্রান্ত; 2 ধনসম্পত্তি ইত্যাদি সাংসারিক বা জাগতিক বিষয়সংক্রান্ত (বৈষয়িক বুদ্ধি, বৈষয়িক ব্যাপার)। [সং. বিষয় + ইক]।

বৈষ্ণব (p. 646) [baiṣṇaba] বিণ. 1 বিষ্ণুসম্বন্ধীয় (বৈষ্ণব-উপাসনা); 2 বিষ্ণুভক্ত। □ বি. 1 বিষ্ণু-উপাসক ধর্মসম্প্রদায়বিশেষ; 2 শ্রীচৈতন্যের অনুগামী সম্প্রদায়ভুক্ত ব্যক্তি। [সং. বিষ্ণু + অ]। বৈষ্ণবী বিণ. (স্ত্রী.) বৈষ্ণবের তুল্য (বৈষ্ণবী বিনয়, বৈষ্ণবী দীনতা)। □ বি. (স্ত্রী.) (বাং.) বৈষ্ণব ভিক্ষুণী।

বৈসাদৃশ্য (p. 646) [baisādṛśya] বি. 1 বৈষম্য, অমিল, পার্থক্য (বয়সের বৈসাদৃশ্য, আকৃতির বৈসাদৃশ্য); 2 উদ্ভট ভাব, বেমানান ভাব (পোশাকের বৈসাদৃশ্য)। [সং. বিসদৃশ + য]।

বৈসাম্য (p. 646) [baisāmya] বি. (বিরল) 1 সাম্যের অভাব; 2 ইতরবিশেষ, প্রভেদ ('সহেতুক বৈসাম্য': ভূদেব)। [< বাং. বি + সং. সাম্য]।

বৈহাসিক (p. 646) [baihāsika] বিণ. পরিহাসবিষয়ক। □ বি. পরিহাস করে বা ভাঁড়ামি করে এমন ব্যক্তি ('বৈহাসিক অবিশ্বাসী ঢালে যদি বিষাক্ত বিদ্রূপ': সু.দ.)। [সং. বিহাস + ইক]।

বোঁ (p. 646) [bō] অব্য. বি. বেগে ঘূর্ণন গমন ধাবন উড্ডয়ন প্রভৃতি ভাবব্যঞ্জক (মাথাটা বোঁ করে ঘুরে গেল)। [ধ্বন্যা.]। বোঁ বোঁ বি. 1 বেগে ঘোরার ভাব; 2 বেগে ঘোরার শব্দ (আকাশে বোঁ বোঁ শব্দ)।

বোঁচকা (p. 646) [bōn̐cakā] বি. পোঁটলা, গাঁটরি; কাপড় ইত্যাদি দিয়ে বাঁধা মোট। [তুর. হি. বুকচা]. বোঁচকা-বুঁচকি বি. পোঁটলা পুঁটলি, যাত্রীর লটবহর।

বোঁচা (p. 646) [bōn̐cā] বিণ. 1 নাকহীন; 2 থ্যাবড়া নাকবিশিষ্ট, খাঁদা। [দেশি]।

বোঁটা (p. 646) [bōn̐ṭā] বি. 1 বৃন্ত (ফুলের বোঁটা, পানের বোঁটা); 2 স্তনাগ্র। [প্রাকৃ. বোণ্ট > বোঁট (< সং. বৃন্ত)]।

বোঁদে (p. 646) [bōn̐dē] বি. গুটিকাকৃতি মিঠাইবিশেষ। [বাং. বুঁদ2 + ইয়া > এ]।

বোকড়া (p. 646) [bōkaḍ়ā] বিণ. (প্রধানত আঞ্চ.) দাঁতহীন, ফোকলা (বোকড়া দাঁতের হাসি)। [দেশি]।

বোকা (p. 646) [bōkā] বিণ. বুদ্ধিহীন, নির্বোধ। [তু. সং. বুক্ক, বর্কর (=ছাগ), হি. বোক]।˜ কান্ত,˜ রাম বিণ. বি. বোকার সেরা, মহাবোকা, অতি বোকা। বোকা বনা ক্রি. বি. বোকা প্রতিপন্ন হওয়া। বোকা বানানো ক্রি. বি. জব্দ করা, ঠকানো।˜ মি,˜ মো বি. বোকার ভাব বা আচরণ।

বোগেন-ভিলিয়া (p. 646) [bōgēna-bhiliẏā] বি. সুপরিচিত রংবাহারি পাতাযুক্ত গাছ বা তার ফুলের মতো পাতা। [ইং. bougainvilia]।

বোঙ্গা (p. 646) [bōṅgā] বি. কোলজাতির দেবতা বা আত্মা। [কোল]। স্ত্রী. বুঙ্গি।

বোজা, বোজানো (p. 646) [bōjā, bōjānō] যথাক্রমে বুজা ও বুজানো -র কথ্য রূপ।

বোঝা1 (p. 646) [bōjhā1] দ্র বুঝা।

বোঝা2 (p. 646) [bōjhā2] বি. ভার, মোট, যা বহন করা হয় ('এ বোঝা আমার নামাও বন্ধু নামাও': রবীন্দ্র)। [তু. হি. বোঝা (=ভার, মোট)]।˜ ই বি. ভারস্থাপন; পূর্ণ বা ভরতি করা ('বোঝাই করা কলসি হাঁড়ি': রবীন্দ্র)। □ বিণ. পূর্ণ, ভরতি, মাল যাত্রী প্রভৃতিতে পূর্ণ (মালবোঝাই লরি, বোঝাই নৌকো)।

বোটকা (p. 646) [bōṭakā] বিণ. ছাগল কিংবা বাঘ-সিংহাদি বন্য জন্তুর গায়ের গন্ধের মতো (বোটকা গন্ধ)। [তু. বাং. বোটকা < বোকাটিয়া]।

বোটে (p. 646) [bōṭē] বি. (কথ্য) বৈঠা। [বাং. বৈঠা]।

বোড়া (p. 646) [bōḍ়ā] বি. ভাইপার গোষ্ঠীর ফণাহীন বিষধর সাপবিশেষ। [সং.বোড্র]।

বোড়ে (p. 646) [bōḍ়ē] বি. দাবাখেলায় সবচেয়ে ছোটো গুটি। [সং. বটিকা].

বোতল (p. 646) [bōtala] বি. সরু মুখবিশিষ্ট ও স্থূলোদর কাচের পাত্রবিশেষ, বড়ো শিশি। [পো. botelha]।

বোতাম (p. 646) [bōtāma] বি. জামা পোশাক ব্যাগ প্রভৃতির দুই ভাগ বা প্রান্ত একত্র বন্ধ করার ঘুণ্টি বা গুটিকাবিশেষ। [পো. botao, ইং. button]।

বোদা (p. 646) [bōdā] বিণ. বিস্বাদ। [দেশি]।

বোদাল (p. 646) [bōdāla] বি. বোয়ালমাছ। [সং. বোদ + ল]।

বোদ্ধা (p. 646) [bōddhā] (-দ্ধৃ) বিণ. বুঝতে পারে এমন; সমঝদার। [সং. √ বুধ্ + তৃ]।

বোধ (p. 646) [bōdha] বি. 1 জ্ঞান, বুদ্ধি (বোধগম্য); 2 অনুভূতি, উপলব্ধি (কষ্টবোধ, রসবোধ); 3 সান্ত্বনা (বোধ মানে না); 4 অনুমান, ধারণা (বোধ করি, বোধ হয়); 5 কাণ্ডজ্ঞান (বোধশোধ নেই)। [সং. √ বুধ্ + অ]। ̃ ক, ̃ য়িতা (-তৃ) বিণ. জ্ঞাপক, সূচক, বোধদানকারী; প্রবুদ্ধকারী, চেতনাদানকারী। বোধিকা,

বোধিনী বিণ. বি. (স্ত্রী.) 1 বোধদানকারিণী; 2 যে বা যা সহজে কোনো জিনিস বুঝিয়ে দেয়, অর্থপুস্তক, মানেবই। ˜ গম্য বিণ. বুঝতে পারা যায় এমন। ˜ ন বি. 1 জ্ঞানদান; বোধসম্পাদন; 2 উদ্বোধন; 3 নিদ্রাভঙ্গকরণ; 4 দুর্গাপূজার আগে দেবীর জাগরণের জন্য ক্রিয়াবিশেষ। ˜ ভাষ্যি,˜ ভাস্যি বি. (কথ্য) কাণ্ডজ্ঞান। ˜ রহিত বিণ. বুদ্ধিহীন;কাণ্ডজ্ঞানহীন। ˜ শক্তি বি. বুদ্ধিবল, বুদ্ধি; বোঝবার ক্ষমতা। ˜ শোধ বি. বোধভাষ্যি-র অনুরূপ। বোধাতীত বিণ. জ্ঞানের বা বুদ্ধির অতীত; বোঝা যায় না এমন। বোধিত বিণ. বোধপ্রাপ্ত; চেতনাপ্রাপ্ত; উদ্বোধিত; জাগরিত। বোধি-তব্য বিণ. জ্ঞাতব্য; জানতে হবে এমন। বোধোদয় বি. জ্ঞান বা চেতনার উদয়, চেতনার সঞ্চার। বোধ্য বিণ. বোধগম্য (দুর্বোধ্য)।

বোধি (p. 646) [bōdhi] বি. 1 বুদ্ধি; জ্ঞান; 2 স্বতঃ উদ্ভাসিত আধ্যাত্মিক উপলব্ধি; 3 পরম জ্ঞান; 4 অশ্বত্থ গাছ। [সং. √বুধ্ + ই]। ˜ দ্রুম,˜ বৃক্ষ বি. যে অশ্বত্থ গাছের নীচে তপস্যা করতে করতে বুদ্ধদেব বুদ্ধত্ব লাভ করেছিলেন। ˜ সত্ত্ব বি. বুদ্ধত্বলাভের পূর্ববর্তী জন্মে ও অবস্থায় বুদ্ধের নাম।

বোধাতীত, বোধিকা, বোধিত, বোধিতব্য, বোধিনী, বোধোদয়, বোধ্য (p. 646) [bōdhātīta, bōdhikā, bōdhita, bōdhitabya, bōdhinī, bōdhōdaẏa, bōdhya] দ্র বোধ।

বোধিদ্রুম, বোধিবৃক্ষ, বোধিসত্ত্ব (p. 646) [bōdhidruma, bōdhibr̥kṣa, bōdhisattba] দ্র বোধি।

বোন (p. 646) [bōna] বি. ভগিনী। [সং. ভগিনী। তু. হি. বহিন]। ˜ ঝি বি. বোনের মেয়ে। ˜ পো বি. বোনের ছেলে। বোনাই বি. ভগিনীপতি।

বোনা, বোনানো (p. 646) [bōnā, bōnānō] যথাক্রমে বুনা ও বুনানো -র কথ্য রূপ।

বোনাই (p. 646) [bōnāi] দ্র বোন।

বোনাস (p. 646) [bōnāsa] বি. বছরের বিশেষ সময় কর্তৃপক্ষ কর্তৃক কর্মচারীদের প্রদত্ত (সচরাচর লভ্যাংশ থেকে) অতিরিক্ত ভাতা। [ইং. bonus]।

বোবা (p. 646) [bōbā] বিণ. 1 বাকশক্তিহীন, মূক, কথা বলতে পারে না এমন; 2 প্রকাশের অসাধ্য, চাপা (বোবা কান্না)। [দেশি]।˜ কান্না বি. যে কান্নার বহিঃপ্রকাশ নেই; ভিতরে ভিতরে চাপা কান্না, রুদ্ধ কান্না।

বোম (p. 646) [bōma] বি. (কথ্য) বোমা, শব্দযুক্ত বিস্ফোরক ক্ষেপণাস্ত্রবিশেষ। [বাং. বোমা]।˜ বাজি বি. বোমাবাজি, বোমা ছোড়াছুড়ি।

বোমকে যাওয়া (p. 646) [bōmakē yāōẏā] ক্রি. বি. (অশোভন) ঘাবড়ে যাওয়া, হতচকিত হওয়া। [দেশি]।

বোমভোলা (p. 646) [bōmabhōlā] দ্র বম।

বোমা1 (p. 646) [bōmā1] বি. ছুড়ে মারা হয় এমন মারাত্মক বিস্ফোরক অস্ত্রবিশেষ বা ওই জাতীয় আতশবাজিবিশেষ। [পো. bomba]।˜ বাজি বি. বোমা

ছোড়াছুড়ি। ˜ রু বিণ. বোমা-নিক্ষেপক, যা থেকে বোমা নিক্ষেপ করা হয় (বোমারু বিমান)।

বোমা2 (p. 646) [bōmā2] বি. জল ইত্যাদি তোলবার যন্ত্রবিশেষ, পাম্প। [তু. ইং. pump]।

বোমা3 (p. 646) [bōmā3] বি. বস্তা থেকে চাল গম প্রভৃতির নমুনা বার করে দেখার জন্য ব্যবহৃত লোহার সরুমুখ শলাকাবিশেষ। [দেশি]।

বোমারু (p. 646) [bōmāru] দ্র বোমা1।

বোম্বাই (p. 646) [bōmbāi] বিণ. 1 ভারতের বিখ্যাত নগর বোম্বাইতে প্রস্তুত বা উৎপন্ন (বোম্বাই আম); 2 আকারে বড়ো, ঢাউস, বিরাট (বোম্বাই ছাগল, বোম্বাই নারকেল)।

বোম্বেটে (p. 646) [bōmbēṭē] বি. 1 জলদস্যু (বোম্বেটেদের হানা); 2 বেপরোয়া বা সাংঘাতিক লোক। [পো. bombardeiro]।

বোয়াল (p. 646) [bōẏāla] বি. আঁশহীন বড়ো মাছবিশেষ। [সং. বোদাল]।

বোর (p. 646) [bōra] বি. সোনা বা রুপোর তৈরি কুলের আঁটির মতো দানা। [সং. বদর (=কুল)]।

বোরকা, বোরখা (p. 646) [bōrakā, bōrakhā] বি. (প্রধানত মুসলমান) নারীর আপাদমস্তক ঢাকবার অঙ্গাবরণ। [আ. বুর্ক]।

বোর-রাক, বোরাক (p. 646) [bōra-rāka, bōrāka] বি. (মুস.) স্বর্গের পক্ষীরাজ ('বোররাকআর উচ্চৈঃশ্রবা বাহন আমার': নজরুল)। [আ. বুরাক]।

বোরা (p. 646) [bōrā] বি. চটের বড়ো থলি, বস্তা। [হি. বোরা]।

বোরো, বোড়ো (p. 646) [bōrō, bōḍ়ō] বি. (প্রধানত বৈশাখি) ধানবিশেষ। [< সং. বোরব]।

বোর্ড (p. 646) [bōrḍa] বি. 1 কাগজ কাঠ প্রভৃতির পুরু ফলক, পাটা, তক্তা (ব্ল্যাকবোর্ড, দেয়ালে বোর্ড টাঙানো); 2 সমিতি, পর্ষদ (ইউনিয়ন বোর্ড, রাজস্ববোর্ড)। [ইং. board]।

বোল1 (p. 646) [bōla1] বি. বউল -এর কথ্য রূপ, মুকুল (আমের বোল)।

বোল2 (p. 646) [bōla2] বি. 1 বুলি, কথা (বোল ফুটেছে); 2 বাজনার গত্; 3 বাদ্য। [প্রাকৃ. বোল্ল]। ̃ কাটাকাটি বি. (আঞ্চ.) কবিগানের চাপান-উতোর বা যুক্তি কাটাকাটি। ̃ চাল বি. 1 চতুর ও চটুল কথাবার্তা ও আচরণ (বোলচাল বেশ শিখে নিয়েছে); 2 চালাকি (বেশই বোলচাল দিয়ো না)। ̃ বোলা, ̃ বোলাও বি. 1 প্রভাব-প্রতিপত্তি, প্রতাপ; 2 হাঁকডাক, নামডাক (গ্রামে তাদের বোলাবোলাও খুব)। □ বিণ. প্রতাপশালী (বোলবোলাও কারবার)।

বোলটু (p. 646) [bōlaṭu] বি. পেরেকজাতীয় লোহার ছিটকিনিবিশেষ। [ইং. bolt]।

বোলতা (p. 646) [bōlatā] বি. দংশনকারী হলুদ রঙের বিষাক্ত পতঙ্গবিশেষ। [সং. বরটা]।

বোলা1, বোলানো (p. 646) [bōlā1, bōlānō] যথাক্রমে বুলা ও বুলানো -র কথ্য রূপ।

বোলা2 (p. 646) [bōlā2] ক্রি. 1 ডাকা; ডেকে পাঠানো; 2 (প্রা. বাং.) অপরকে দিয়ে বলানো, বলিয়ে নেওয়া। [বোল2 দ্র]। ̃ নো ক্রি. ডেকে পাঠানো; ডাকা; কথা বলানো। □ বি. উক্ত সব অর্থে।

বোলিং (p. 646) [bōli] বি. ক্রিকেট খেলায় ব্যাটধারীকে আউট করার জন্য হাত ঘুরিয়ে বল নিক্ষেপ। [ইং. bowling]।

বোশেখ (p. 646) [bōśēkha] বি. (কথ্য) বৈশাখ (চোত-বোশেখ)। [সং. বৈশাখ]।

বোষ্টম (p. 646) [bōṣṭama] বি. 1 শ্রীচৈতন্যের অনুগামী বৈষ্ণব-সম্প্রদায়ভুক্ত ব্যক্তি; বৈষ্ণব; 2 সাধারণত হরিনাম কীর্তনের দ্বারা জীবিকানির্বাহকারী বৈষ্ণব। [সং. বৈষ্ণব]। স্ত্রী. বোষ্টমি।

বৌ, বৌদিদি (p. 646) [bau, baudidi] দ্র বউ।

বৌদ্ধ (p. 646) [bauddha] বিণ. বুদ্ধদেবের প্রবর্তিত এবং প্রচারিত মতবাদ সম্বন্ধীয় (বৌদ্ধধর্ম, বৌদ্ধদর্শন)। □ বি. বৌদ্ধ ধর্মাবলম্বী (ভারতে বৌদ্ধদের প্রভাব)। [সং. বুদ্ধ + অ]।

বৌভাত, বৌমা (p. 648) [baubhāta, baumā] দ্র বউ।

ব্যক্ত (p. 648) [byakta] বিণ. 1 প্রকাশিত, উক্ত, কথিত (মতামত ব্যক্ত করা, অব্যক্ত বেদনা); 2 প্রকট, স্পষ্ট (ব্যক্ত আকারে প্রকাশ পাওয়া)। [.সং. বি. +˜ অন্জ্ + ত]।˜ .রাশি বি. (গণি.) যে রাশি জানা গেছে, known quantity

ব্যক্তি (p. 648) [byakti] বি. 1 লোক, মানুষ; 2 প্রকাশ (অভিব্যক্তি, ভাবব্যক্তি); 3 (দর্শনে) বিশেষ, ব্যষ্টি, অ-সামান্য, individual (বি.প.) [.সং বি. +˜ অন্জ্ + তি]।˜ ক বিণ. 1 ব্যক্তিবিশেষ-সংক্রান্ত (ব্যক্তিক আচরণ); 2 ব্যক্তির স্বকীয় বিশেষত্বের মধ্যে প্রকাশিত, individual (বি. প.) কেন্দ্রিক বিণ. সমাজের বদলে ব্যক্তিই প্রাধান্য পায় এমন, individualistic.˜ .গত বিণ. ব্যক্তিবিশেষ-সংক্রান্ত (ব্যক্তিগত সচিব)।˜ .তন্ত্র˜ .বাদ বি. সাতন্ত্র্যবাদ, সমাজ অপেক্ষা ব্যক্তিই বড়ো এই মতবাদ বা নীতি।˜ তা বি. ব্যক্তির বিশেষত্ব, individuality (বি. প.)।˜ ত্ব বি. ব্যক্তির স্বাভাবিক বৈশিষ্ট্য, personality˜ ত্ব-ব্যঞ্জক বিণ. ব্যক্তির স্বকীয় বৈশিষ্ট্য-প্রকাশক।˜ ত্ব-শালী,˜ ত্ব-সম্পন্ন বিণ. ব্যক্তিগত বৈশিষ্ট্যের অধিকারী, ব্যক্তিত্ব আছে এমন।˜ .পূজা বি. মহান বা অসাধারণ ব্যক্তিকে দেবতার মতো ভক্তি, personality cult, hero worship. রূপ বি. ব্যক্তির বৈশিষ্টযুক্ত রূপ, ব্যক্তির স্বরূপ।˜ .সত্তা বি. ব্যক্তির পারিপার্শ্বিক প্রভাবমুক্ত অস্তিত্ব, ব্যক্তির মূল বা বিশুদ্ধ অস্তিত্ব।˜ .স্বাতন্ত্র্য বি 1 অন্য লোকের সঙ্গে পার্থক্যসূচক ব্যক্তিগত বৈশিষ্ট্য;

2 (বিরল) ব্যক্তির স্বেচ্ছাচারী আচরণের অধিকার।˜ .স্বাধীনতা বি. ব্যক্তির স্বাধীন মতপ্রকাশ ও আচরণের অধিকার।

ব্যক্তী-কৃত (p. 648) [byaktī-kṛta] বিণ. ব্যক্ত করা হয়েছে এমন। [.সং ব্যক্ত + ঈ˜ কৃ + ত]

ব্যগ্র (p. 648) [byagra] বিণ. আগ্রহান্বিত, ব্যাকুল, উৎসুক (জানতে ব্যগ্র, পাবার জন্য ব্যগ্র)। [.সং বি + অগ্র]।˜ .তা বি. আগ্রহ, ব্যাকুলতা, ঔৎসুক্য (দেখার জন্য ব্যগ্রতা)।

ব্যঙ্গ1 (p. 648) [byaṅga1] বিণ. 1 বিকলাঙ্গ; 2 অঙ্গহীন। □ বি. ভেক, ব্যাং। [সং. বি(=বিকৃত) + অঙ্গ]

ব্যঙ্গ2 (p. 648) [byaṅga2] বি. বিদ্রুপ, উপহাস। [সং. ব্যঙ্গ]˜ .চিত্র বি. বিদ্রপাত্মক চিত্র, কার্টুন।˜ .প্রিয় বিণ. ব্যঙ্গ করতে ভালোবাসে এমন।˜ ব্যঙ্গাত্মক বিণ. ব্যঙ্গ বা বিদ্রুপ প্রকাশ করে এমন (ব্যঙ্গাত্মক রচনা)। ব্যঙ্গোক্তি বি. বিদ্রুপপূর্ণ কথা, বিদ্রুপাত্মক কথা।

ব্যঙ্গ্য (p. 648) [byaṅgya] বিণ. 1 ব্যঞ্জনাবৃত্তির দ্বারা বোধ্য; 2 নিগূঢ়। [.সং বি. +˜ অনজ্ + য]। ব্যঙ্গার্থ বি সহজ (বাচ্য ও লক্ষ্য) অর্থের পিছনে নিহিত গভীরতর অর্থ, বাক্যের ব্যঞ্জনাবৃত্তির দ্বারা লভ্য অর্থ। ব্যঙ্গ্যোক্তি বি. ব্যঞ্জনাপূর্ণ বাক্য।

ব্যজন (p. 648) [byajana] বি. 1 বাতাসকরণ, বীজন; 2 পাখা (ব্যজন সঞ্চালন)। [.সং. বি. +˜ অজ্ + অন]। ব্যজনী বি. পাখা; তালপাতা।

ব্যঞ্জক (p. 648) [byañjaka] বিণ. প্রকাশক, সূতক, দ্যোতক, বোধক (ভাবব্যঞ্জক, বীরত্বব্যঞ্জক)। [সং. বি. +˜ অন্জ্ + অক]।

ব্যঞ্জন (p. 648) [byañjana] বি. 1 রাঁধা তরকারি; 2 প্রকাশন, বৈশিষ্ট্যবোধক লক্ষণ বা চিহ্ন; 3 (ব্যাক.) ক খ গ ইত্যাদি পয়ঁত্রিশটি বর্ণ। [সং. বি. +˜ অন্জ্ + অন]।˜ .ধ্বনি বি. স্বরধ্বনির সাহায্য ছাড়া উচ্চারণ করা যায় না এমন ধ্বনি।˜ .বর্ণ বি. ক থেকে হ পর্যন্ত বর্ণ।˜ .স্বন্ধি বি. (ব্যাক.) ব্যঞ্জনধ্বনির সঙ্গে স্বরধ্বনির বা ব্যঞ্জনধ্বনির সন্ধি। ব্যঞ্জনান্ত বিণ. (ব্যাক.) শেষে ব্যঞ্জনধ্বনি আছে এমন (ব্যঞ্জনান্ত শব্দ)।

ব্যঞ্জনা (p. 648) [byañjanā] বি. 1 (অল.) শব্দের গূঢ়ার্থ-প্রকাশক বৃত্তি, শব্দের বা বাক্যের আভিধানিক অর্থ ভিন্ন বক্তার অভিপ্রেত অন্য এক গূঢ় অর্থের দ্যোতনা (কথা বেশ স্পষ্ট কিন্তু তার ব্যঞ্জনা ধরা গেল না); 2 অন্তর্নিহিত তাৎপর্য। [সং. ব্যঞ্জন + আ]। ব্যঞ্জিত বিণ. ব্যঞ্জনা দ্বারা অভিব্যক্ত; সূচিত, বোধিত।

ব্যতি-ক্রম (p. 648) [byati-krama] বি. 1 অন্যথা, ব্যত্যয়, exception (নিয়মের ব্যতিক্রম), 2 লঙ্ঘন, নিয়ম ক্রম ইত্যাদির বিপর্যয়, বৈপরীত্য, বিপর্যাস। [সং. বি + অতি + √ ক্রম্ + অ]। ব্যতি-ক্রমী বিণ. 1 ব্যতিক্রম করে এমন; 2 ব্যতিক্রম হিসাবে অর্থাত্ বিশিষ্ট বা অসাধারণ হিসাবে গণনীয় (ব্যতিক্রমী লেখক, ব্যতিক্রমী শিল্পী)। ব্যতি-ক্রান্ত বিণ. 1 ব্যতিক্রমযুক্ত, লঙ্ঘিত; 2 অতিক্রান্ত, বিগত (ব্যতিক্রান্ত যুগ)।

ব্যতি-ব্যস্ত (p. 648) [byati-byasta] বিণ. 1 অতিশয় ব্যস্ত বা ব্যাকুল (ব্যতিব্যস্ত হয়ে তখনই ছুটলেন স্টেশনে); 2 বিব্রত; 3 উত্ত্যক্ত, বিপন্ন (এরা তাঁকে অকারণে ব্যতিব্যস্ত করছে)। [সং. বি. + অতিব্যস্ত]।

ব্যতিরিক্ত (p. 648) [byatirikta] বিণ. 1 ব্যতীত, ভিন্ন, বাদে; 2 অতিরিক্ত। [সং. বি + অতিরিক্ত]।

ব্যতি-রেক (p. 648) [byati-rēka] বি. 1 অভাব (শিক্ষাব্যতিরেকে, অন্বয় ব্যতিরেক); 2 ভেদ, প্রভেদ; 3 অতিক্রম; 4 আধিক্য, বৃদ্ধি; 5 (অল.) যে অলংকারে উপমানের চেয়ে উপমেয়কে অধিকতর প্রধান্য দিয়ে বর্ণনা করা হয় যেমন 'খঞ্জন-গঞ্জন আঁখি'। [সং. বি + অতি + √ রিচ্ + অ]। ব্যতি-রেকী (-কিন্) বিণ. 1 অভাববিশিষ্ট; 2 পার্থক্যবিশিষ্ট। ব্যতি-রেকে ক্রি-বিণ. বাদে, ব্যতীত, ছাড়া, নাহলে (শিক্ষা ব্যতিরেকে উন্নতি নেই)।

ব্যতি-হার (p. 648) [byati-hāra] বি. 1 বিনিময়, পরিবর্ত; 2 একাধিক ব্যক্তির যুগপত্ একই আচরণ। [সং. বি + অতি + √ হৃ + অ]। ব্যতিহার বহুব্রীহি বি. (ব্যাক.) সমাসবিশেষ যাতে পরস্পর ক্রিয়াবিনিময় বোঝায়; যথা-লাঠালাঠি, হাতাহাতি।

ব্যতীত (p. 648) [byatīta] বিণ. 1 বিগত, অতিক্রান্ত, অতিবাহিত (ব্যতীত যুগ, ব্যতীত কাল)। □ অব্য. (বাং.) বাদে, ছাড়া, বিনা (কারণ ব্যতীত কার্য হয় না)। [সং. বি. + অতীত]।

ব্যতী-পাত (p. 648) [byatī-pāta] বি. 1 উৎপাত; 2 ভূমিকম্প ধূমকেতুর উদয় প্রভৃতি নৈসর্গিক দুর্যোগ বা উৎপাত; 3 (জ্যোতিষ.) অশুভ যোগবিশেষ। [সং. বি + অতি + √ পত্ + অ]।

ব্যত্যয় (p. 648) [byatyaẏa] বি. ব্যতিক্রম, বৈপরীত্য, অন্যথা, বিপর্যাস (সংকল্পের ব্যত্যয়, নিয়মের ব্যত্যয়)। [সং বি. + অতি + √ ই + অ]।

ব্যত্যস্ত (p. 648) [byatyasta] দ্র ব্যত্যাস।

ব্যত্যাস (p. 648) [byatyāsa] বি. ব্যত্যয়, বিপর্যয়। [সং. বি + অতি + √ অস্ + অ]। ব্যত্যস্ত বিণ. 1 ব্যতিক্রান্ত; 2 বৈপরীত্যযুক্ত; 3 ঢেরা চিহ্নের মতো বিপরীতভাবে অবস্থিত, crossed.

ব্যথা (p. 648) [byathā] বি. 1 (শরীর বা মনের) কষ্ট, দুঃখ (তার কথায় ব্যথা পেলাম, মাথার ব্যথা); 2 (বাং.) প্রসববেদনা (মেয়েটির ব্যথা উঠেছে)। [সং. √ ব্যথি + অ + আ]। ˜ তুর বিণ. বেদনার্ত, ব্যথায় কাতর (ব্যথাতুর হৃদয়)।

ব্যথিত (p. 648) [byathita] বিণ. ব্যথাযুক্ত, ব্যথা পেয়েছে এমন (ব্যথিত চিত্ত)। স্ত্রী. ব্যথিতা। ব্যথী (-থিন্) বিণ. বেদনাযুক্ত (ব্যথীর বেদন, সমব্যথী)। স্ত্রী. ব্যথিনী। ব্যথার ব্যথী যে পরের দুঃখ বোঝে, সমব্যথী, দরদি।

ব্যধি-করণ (p. 648) [byadhi-karaṇa] বিণ. (ব্যাক.) বিভিন্ন বিভক্তিযুক্ত। [সং. বি + অধিকরণ]। ব্যধিকরণ বহুব্রীহি বি. (ব্যাক.) যে বহুব্রীহিসমাসে সমস্যমান পদদ্বয় বিভিন্ন বিভক্তিযুক্ত, যেমন-খড়্গহস্ত, দণ্ডপাণি।

ব্যপ-দেশ (p. 648) [byapa-dēśa] বি. 1 ছল, ছুতো, অছিলা; 2 ইঙ্গিত; 3 কুল, বংশ; 4 নামোল্লেখ; 5 (বাং.) প্রয়োজন (কার্যব্যপদেশে)। [সং. বি + অপ + √ দিশ্ + অ]। ব্যপদিষ্ট বিণ. ব্যপদেশযুক্ত। ব্যপ-দেষ্টা (-ষ্টৃ) বিণ. ছলকারী, ভানকারী; কপটী; নামোল্লেখকারী।

ব্যপ-নয়ন (p. 648) [byapa-naẏana] বি. 1 প্রত্যাখ্যান; 2 অপসারণ।[সং. বি + অপনয়ন]. ব্যপ-নীত বিণ. প্রত্যাখ্যাত, অপসারিত, সরানো হয়েছে এমন।

ব্যপ-হরণ (p. 648) [byapa-haraṇa] বি. স্বীয় তত্ত্বাবধানে রক্ষিত অপরের অর্থাদি আত্মসাত্করণ, defalcation (স.প.)। [সং. বি + অপহরণ]।

ব্যব-কলন (p. 648) [byaba-kalana] বি. বিয়োগ, বাদ দেওয়া। [সং. বি + অব + √ কল্ + অন]। ব্যব-কলিত বিণ. বাদ দেওয়া বা বিয়োগ করা হয়েছে এমন।

ব্যবচ্ছেদ (p. 648) [byabacchēda] বি. 1 বিশ্লেষণ বা পৃথক্করণ; 2 পরীক্ষার জন্য খণ্ড খণ্ড করে ভাগকরণ, dissection (শবব্যবচ্ছেদ)। [সং. বি + অব + √ ছিদ্ + অ]। ব্যবচ্ছিন্ন বিণ. ব্যবচ্ছেদ করা হয়েছে এমন।

ব্যবধান, (p. 648) [byabadhāna,] (বিরল) ব্যবধা, ব্যবধি বি. 1 (মধ্যবর্তী) দূরত্ব (শত বৎসরের ব্যবধান); 2 অন্তরাল (প্রাচীরের ব্যবধান, 'মৃত্যুপম ব্যবধি দুস্তর': সু.দ.); 3 আবরণ; 4 তিরোধান। [সং. বি + অব + √ ধা + অন, অ, ই]।

নিরাপদ ব্যবধান বি. যতটা ব্যবধান থাকলে বিপদের আশঙ্কা থাকে না-তু. safe distance.

ব্যবসায় (p. 648) [byabasāẏa] বি. 1 পেশা, জীবিকা, বৃত্তি (স্বাধীন ব্যবসায়ে নিযুক্ত); 2 কারবার, বাণিজ্য (পাটের ব্যবসায়); 3 অভিপ্রায়, উদ্দেশ্য; 4 উদ্যম, যত্ন। [সং. বি + অব + √ সো + অ]। ব্যবসায়ী (-য়িন্) বিণ. বি. 1 ব্যাবসাদার, যে ব্যাবসা করে, বণিক, সওদাগর; 2 উদ্যমী, উদ্যোগী; 3 (সচ. নিন্দায়) অত্যন্ত হিসাবি ও অর্থলোভী। ব্যবসিত বিণ. 1 উদ্যমযুক্ত; চেষ্টাযুক্ত; 2 চেষ্টিত; 3 স্থিরীকৃত।

ব্যবসিত (p. 648) [byabasita] দ্র ব্যবসায়।

ব্যবস্থা (p. 648) [byabashā] বি. 1 বন্দোবস্ত (বসার ব্যবস্থা); 2 আয়োজন (গানবাজনার ব্যবস্থা); 3 জোগাড় (চাকরির ব্যবস্থা); 5 পদ্ধতি (শাসনব্যবস্থা); 6 শৃঙ্খলা; 7 পৃথক পৃথকভাবে স্থাপন; 8 স্থিতি। [সং. বি + অব + √ স্থা + অ + আ]। ব্যবস্থা দেওয়া ক্রি. বি. 1 ওষুধ পথ্য প্রভৃতি সেবন সম্বন্ধে উপদেশ-পরামর্শ দেওয়া। ˜ শাস্ত্র বি. স্মৃতিশাস্ত্র, আইনশাস্ত্র। ব্যবস্থিত বিণ. 1 ব্যবস্থা করা হয়েছে এমন, ব্যবস্থাযুক্ত, স্থিরীকৃত; 2 পৃথক্কৃত; 3 বিশেষভাবে স্থিত, অবস্থিত; 4 নিযুক্ত।

ব্যবস্থাপক (p. 648) [byabashāpaka] বিণ. বি. 1 নিয়ম বিধান বা আইন গঠনকারী, (ব্যবস্থাপক সভা); 2 নিয়ামক, বিধায়ক, পরিচালক, legislative, legislator (অনুষ্ঠানের ব্যবস্থাপক)। [সং. বি + অব + √ স্থা + ণিচ্ + অক]। স্ত্রী. ব্যবস্থাপিকা।

ব্যবস্থাপন, ব্যবস্থাপনা (p. 648) [byabashāpana, byabashāpanā] বি. 1 নিয়ম বিধান বা আইন প্রণয়ন; 2 সংস্থাপন; 3 ব্যবস্থা করা, বন্দোবস্ত করা (এই অনুষ্ঠানের ব্যবস্থাপনার দায়িত্ব তাঁর উপর পড়েছে)। [সং. বি + অব + √ স্থা + ণিচ্ + অন, + আ]। ব্যবস্থাপিত বিণ. ব্যবস্থাপনা করা হয়েছে এমন; নির্ণীত।

ব্যবস্থিত (p. 648) [byabashita] দ্র ব্যবস্থা।

ব্যব-হার (p. 648) [byaba-hāra] বি. 1 আচরণ (বন্ধুর মতো ব্যবহার); 2 আইন (ব্যবহারজীবী); 3 মামলা, মোকদ্দমা; 4 প্রয়োগ (ওষুধ ব্যবহার); 5 কাজে প্রয়োগ (জিনিসটা ব্যবহার করে দেখো); 6 বিষয়কর্ম; 7 (বিরল) বাণিজ্য; 8 (আঞ্চ.) উপহার, লৌকিকতার জন্য প্রদত্ত বস্তু। [সং. বি + অব + √ হৃ + অ]। ̃ জীবী (-বিন্) বি. উকিল, ব্যারিস্টার প্রভৃতি আইনজীবী। ̃ দেশক বি. আটর্নি বা সলিসিটর (স.প.)। ̃ বিধি বি. 1 আইনশাস্ত্র; 2 স্মৃতিশাস্ত্র; 3 কোনো জিনিসের প্রয়োগবিধি। ̃ যোগ্য বিণ. ব্যবহার করা বা কাজে লাগানো যায় এমন, ব্যবহার্য। ̃ শাস্ত্র বি. 1 আইনগ্রন্হ; 2 স্মৃতিগ্রন্হ। ব্যাবহারিক, ব্যবহারিক বিণ. 1 প্রয়োগ বা ব্যবহার সম্বন্ধীয়, কাজে লাগানো যায় এমন, applied; 2 আইনবিষয়ক; 3 সাংসারিক (ব্যাবহারিক জীবন); 4 (দর্শ.) অবাস্তব অথচ ব্যবহারের ক্ষেত্রে মূল্য আছে এমন (ব্যাবহারিক সত্য)। ব্যবহর্তব্য, ব্যবহার্য বিণ. ব্যবহারযোগ্য; ব্যবহার করতে হবে এমন। ব্যব-হর্তা (-র্তৃ) বিণ. 1 ব্যবহারকারী; 2 বিচারক। ব্যব-হৃত বিণ. ব্যবহার করা হয়েছে এমন।

ব্যব-হিত (p. 648) [byaba-hita] বিণ. 1 ব্যবধানে অবস্থিত; ফারাক বা তফাত আছে এমন, ব্যবধানবিশিষ্ট; 2 দূরীকৃত, অন্তরিত; 3 আচ্ছাদিত; 4 অন্তর্হিত। [সং. বি + অব + √ ধা + ত]।

ব্যবহৃত (p. 648) [byabahṛta] দ্র ব্যবহার।

ব্যভি-চার (p. 648) [byabhi-cāra] বি. 1 অন্যায় বা গর্হিত আচরণ; 2 স্ত্রী-পুরুষের অবৈধ যৌনসম্পর্ক; 3 কপট আচার (বিনয়ের ব্যভিচার, সৌজন্যের ব্যভিচার); 4 স্খলন। [সং. বি + অভিচার]। ব্যভি-চারী (-রিন্) বিণ. 1 ব্যভিচারকারী; 2 অন্যথাচারী; 3 (দর্শ.) অব্যাপ্ত; 4 অতিব্যাপ্ত। □ বি. (অল.) রসসৃষ্টির ব্যাপারে স্থায়ীভাবে পুষ্টিসাধক অস্থায়ী ভাববিশেষ। স্ত্রী. ব্যভি-চারিণী।

ব্যয় (p. 648) [byaẏa] বি. 1 খরচ (অর্থব্যয়); 2 ক্ষয় (শক্তিব্যয়); 3 প্রয়োগ, ব্যবহার (বুদ্ধিব্যয়); 4 অপচয়, নাশ (জীবন ব্যয়)। [সং. বি + ই + অ]। ˜ কুণ্ঠ বিণ. কৃপণ। বি.˜ কুণ্ঠতা। ˜ ন বি. খরচ করা, প্রাপ্য অর্থ প্রদান, disbursement (স.প.)। ˜ বরাদ্দ বি. খরচের জন্য নির্ধারণ, খরচের জন্য নির্দিষ্ট ভাগ। ˜ বহুল বিণ. অধিক ব্যয়সাপেক্ষ, বেশি ব্যয় হয় এমন। বি.˜ বহুলতা,˜ বাহুল্য। ˜ লাঘব বি. ব্যয় কমানো। ˜ সাধ্য,˜ সাপেক্ষ বিণ. বেশি খরচ হয় এমন, বেশি ব্যয় না করলে সাফল্য লাভ হয় না এমন। ˜ সংকোচ বি. ব্যয়কমানো, ব্যয়লাঘব, ব্যয়সংক্ষেপ। ব্যয়াধিক্য বি. অধিক ব্যয়, বেশি ব্যয়। ব্যয়িত বিণ. ব্যয় বা খরচ করা হয়েছে এমন। ব্যয়ী (-য়িন্) বিণ. ব্যয়কারী; খরুচে।

ব্যর্থ (p. 648) [byartha] বিণ. 1 বিফল, বৃথা, নিরর্থক (ব্যর্থ প্রেম, ব্যর্থ আবেদন); 2 অসিদ্ধ, অকৃতকার্য (কর্তব্যসাধনে ব্যর্থ, প্রতিজ্ঞাপালনে ব্যর্থ)। [সং.

বি + অর্থ]। বি.˜ তা।˜ মনোরথ বিণ. মনস্কামনা বা ইচ্ছা ব্যর্থ বা বিফল হয়েছে এমন।

ব্যষ্টি (p. 648) [byaṣṭi] বি. 1 পৃথক পৃথক ভাব, স্ব স্ব ভাব; 2 পৃথক পৃথক ব্যক্তি, সমষ্টির বিপরীত (ব্যষ্টিকে নিয়েই সমষ্টি)। [সং. বি + √ অস্ + তি]।

ব্যস (p. 648) [byasa] দ্র বাস5।

ব্যসন (p. 648) [byasana] বি. 1 কামুকতা মদ্যপান প্রভৃতি কামজ দোষ এবং অত্যাচার দুষ্টতা ঈর্ষা প্রবঞ্চনা প্রভৃতি কোপজ দোষ; 2 চিত্তবিক্ষেপের কারণ; 3 নেশা; 4 পাপ; 5 অমঙ্গল; 6 বিপদ। (তু. 'উৎসবে ব্যসনে চৈব')। [সং. বি + √ অস্ + অন]। ব্যসনী (-নিন্) বিণ. অতিরিক্ত অনুরাগবিশিষ্ট।

ব্যস্ত (p. 648) [byasta] বিণ. 1 ব্যগ্র, ব্যাকুল, অস্থির, উৎকণ্ঠিত, উদ্গ্রীব (ব্যস্ত হয়ে ছুটে এল); 2 ব্যাপৃত, নিযুক্ত (কাজে ব্যস্ত থাকা); 3 বিক্ষিপ্ত, বিভক্ত। [সং. বি + √ অস্ + ত]। বি.˜ তা।˜ বাগীশ বি. (সচ. ব্যঙ্গে) মাত্রাতিরিক্তভাবে ব্যাকুল বা অস্থির হয়ে ওঠে এমন।˜ সমস্ত বি. অত্যন্ত ব্যস্ত, অস্থির।

ব্যাং1 (p. 648) [byā1] বি. চার পা-বিশিষ্ট লেজহীন উভচর প্রাণীবিশেষ, ভেক, মণ্ডূক। [হি. বেঁগ < সং. ব্যঙ্গ]। ব্যাঙের আধুলি (আল.) অতি দরিদ্র ব্যক্তির যৎসামান্য সঞ্চয়। ব্যাঙের ছাতা বি. ছত্রাক। ব্যাঙের সর্দি সহজেই ধরা যায় এমন ভণ্ডামি বা ভান।

ব্যাং2 (p. 648) [byā2] বি. ছিটকিনি, জানলা বা দরজার পাল্লা খুলে রাখার সুবিধার জন্য (সচ.) কাঠের কবজাবিশেষ। [দেশি]।

ব্যাংক (p. 648) [byāṅka] বি. টাকা গচ্ছিত রাখার ও লগ্নির প্রতিষ্ঠানবিশেষ। [ইং. bank]।

ব্যাক-টি-রিয়া (p. 648) [byāka-ṭi-riẏā] বি. অতি ক্ষুদ্র রোগজীবাণু। [ইং. bacteria]।

ব্যাক-ব্রাশ (p. 648) [byāka-brāśa] বি. মাথার চুল পিছন দিকে ঘুরিয়ে আঁচড়ানো। [ইং. back + brush]।

ব্যাকরণ (p. 648) [byākaraṇa] বি. 1 ভাষার নিয়মকানুন-সংবলিত শাস্ত্র বা গ্রন্হ; 2 শব্দের ব্যুৎপত্তি-সংক্রান্ত শাস্ত্র; 3 ভাষা বিশুদ্ধভাবে শিক্ষা করার সহায়ক শাস্ত্র। [সং. বি + আ + √ কৃ + অন]।

ব্যাকুল (p. 648) [byākula] বিণ. অত্যন্ত আকুল, অস্হির, উদ্গ্রীব, উৎকণ্ঠিত। [সং. বি + আকুল]। বি.˜ তা। স্ত্রী. ব্যাকুলা1। ব্যাকুলা2 ক্রি. ব্যাকুল হওয়া বা করা। ব্যাকুলিত বিণ. ব্যাকুল হয়েছে বা অস্হির হয়েছে এমন। স্ত্রী. ব্যাকুলিতা।

ব্যাখ্যা, ব্যাখ্যান (p. 648) [byākhyā, byākhyāna] বি. 1 বিশদ বিবরণ বা বর্ণনা (নীতি ব্যাখ্যা করা); 2 টীকা, অর্থাদির বিবৃতি বা বিশদ বিবরণ (ব্যাখ্যা পুস্তক); 3 বিশদ বিবরণ দান। [সং. বি + আ + √ খ্যা + অ + আ, অন]। ব্যাখ্যাত

বিণ. ব্যাখ্যা করা হয়েছে এমন। ব্যাখ্যাতা (-তৃ) বিণ. ব্যাখ্যাকারী। ব্যাখ্যেয় বিণ. ব্যাখ্যাযোগ্য, ব্যাখ্যা করতে হবে এমন।

ব্যাগ (p. 648) [byāga] বি. চামড়া কাপড় প্রভৃতির তৈরি থলি বা আধার। [ইং. bag]।

ব্যাঘাত (p. 648) [byāghāta] বি. বাধা, বিঘ্ন (কাজের ব্যাঘাত, ঘুমের ব্যাঘাত)। [সং. বি + আ + √ হন্ + অ]।˜ ক বিণ. ব্যাঘাতকারী; বাধাজনক; প্রতিবন্ধক।

ব্যাঘ্র (p. 648) [byāghra] বি. 1 অতি শক্তিশালী হিংস্র মাংসাশী বিড়ালশ্রেণির বন্য পশুবিশেষ, বাঘ; 2 (সমাসে উত্তরপদরূপে) শ্রেষ্ঠ প্রধান বা শক্তিমান ব্যক্তি (নরব্যাঘ্র)। [সং. বি + আ + √ ঘ্রা + অ]। স্ত্রী. ব্যাঘ্রী।

ব্যাঙ্গমা (p. 648) [byāṅgamā] বি. রূপকথায় বর্ণিত মানুষের মতো কথা বলে এমন পাখিবিশেষ। [সং. বিহঙ্গমা]। স্ত্রী. ব্যাঙ্গমি।

ব্যাজ1 (p. 648) [byāja1] বি. দল পেশা ইত্যাদির নির্দেশক তকমা। [ইং. badge]।

ব্যাজ2 (p. 648) [byāja2] বি. 1 ছল ('কি কাজে এ ব্যাজ আমি বুঝিতে না পারি': মধু.); 2 কপটতা; 3 বিঘ্ন; 4 (বাং.) বিলম্ব; 5 সুদ। [সং. বি + √ অজ্ +অ]।˜ স্তুতি বি. 1 কপট স্তুতি; 2 (অল.) নিন্দাচ্ছলে স্তুতি বা স্তুতিচ্ছলে নিন্দারূপ

অলংকার-যথা 'অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ': ভা. চ.)। ব্যাজোক্তি বি. ছলপূর্ণ কথা; ছল দ্বারা প্রকৃত বক্তব্যকে গোপন করা।

ব্যাট (p. 648) [byāṭa] বি. ক্রিকেট ইত্যাদি খেলায় বলকে আঘাত করার জন্য কাঠের তৈরি হাতলযুক্ত ফলকবিশেষ। [ইং. bat]।

ব্যাটারি (p. 648) [byāṭāri] বি. বিদ্যুত্ উৎপাদন ও সঞ্চালন করে এমন যন্ত্রবিশেষ। [ইং. battery]।

ব্যাডমিণ্টন (p. 648) [byāḍaminṭana] বি. পাখির পালকে তৈরি ফুল বা বল এবং রাকেটের খেলাবিশেষ। [ইং. badminton]।

ব্যাত্ত (p. 648) [byātta] দ্র ব্যাদান।

ব্যাদরা (p. 651) [byādarā] বিণ. 1 বেয়াড়া; 2 কুৎসিত। [বেদাঁড়া দ্র]।

ব্যাদত্ত (p. 651) [byādatta] দ্র ব্যাদান।

ব্যাদান (p. 651) [byādāna] বি. 1 বিস্তার, প্রসারণ (মুখ্যব্যাদান); 2 উদ্ঘাটন, খোলা। [সং. বি + আ + √ দা + অন]। ব্যাত্ত, ব্যাদত্ত, (অশু.) ব্যাদিত বিণ. বিস্তৃত, প্রসারিত; উদ্ঘাটিত, খোলা।

ব্যাধ (p. 651) [byādha] বি. 1 শিকারি জাতিবিশেষ; 2 পশুপাখি-বধকারী। [সং. √ ব্যধ্ + অ]। স্ত্রী. ব্যাধিনী।

ব্যাধি (p. 651) [byādhi] বি. 1 রোগ, পীড়া; 2 দৈহিক অপুটতা। (তু. আধি)। [সং. বি + আ + √ ধা + ই]।˜ ত বিণ. ব্যাধিগ্রস্ত, রোগাক্রান্ত।˜ .মন্দির বি. 1 রোগের আলয়; 2 শরীর, দেহ।

ব্যান2 (p. 651) [byāna2] বি. শরীরের পঞ্চবায়ুর অন্যতম। [সং. বি + √ অন্ + অ]।

ব্যাণ্ড (p. 651) [byāṇḍa] বি. 1 ঐক্যতান-বাদন; 2 ঐক্যতান-বাদকের দল; 3 ড্রামজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [ইং band]।˜ .মাস্টার বি. ঐক্যতান-বাদকদলের অধিকারী বা নেতা।

ব্যাণ্ডেজ (p. 651) [byāṇḍēja] বি. 1 শরীরের ক্ষত বা আহত স্থান বাঁধার জন্য কাপড়ের পটি বা ফালি; 2 শরীরের আহত বা ক্ষতস্থান বাঁধা। [ই. bandage]।

ব্যান্নন (p. 651) [byānnana] বি. (আঞ্চ. ও গ্রা.) ব্যঞ্জন, রাঁধা তরকারি বা ঝোল। [ব্যঞ্জন দ্র]।

ব্যাপক (p. 651) [byāpaka] বিণ. 1 ব্যাপনশীল, সংকীর্ণ নয় এমন (শব্দের ব্যাপক অর্থ); 2 বহুদুর বিস্তৃত (ব্যাপক প্রচার, ব্যাপক আন্দোলন); 3 বহুদিকে প্রসারিত (ব্যাপক দৃষ্টিভঙ্গি)। [সং. বি. + √ আপ্ + অক]।˜ তা বি. ব্যাপনশীলতা ব্যাপ্তি; বিস্তার। ব্যাপিকা বিণ. ব্যাপক-এর স্ত্রীলিঙ্গ; 1 প্রগল্ভা; 2 চঞ্চলা, ধিঙ্গি। □ বি. প্রগল্ভা নারী; 3 ধিঙ্গি স্ত্রীলোক।

ব্যাপন (p. 651) [byāpana] বি. 1 ব্যাপ্তি, বিস্তার, প্রসারণ; 2 আচ্ছাদন। [সং. বি + √ আপ্ + অন]। ব্যাপ্য বিণ. ব্যাপনীয়, ব্যাপ্তিযোগ্য।

ব্যাপা (p. 651) [byāpā] ক্রি. (কথ্য) ব্যাপ্ত হওয়া, ছড়ানো, বিস্তৃত হওয়া (সারাদিন ব্যেপে বৃষ্টি, দেশ ব্যেপে গুজব)। [সং. বি + √ আপ্ + বাং. আ]। দ্র ব্যেপে।

ব্যাপাদন (p. 651) [byāpādana] বি. বধ হত্যা। [সং. বি + আ + √ পদ্ + অন]। ব্যাপাদিত বিণ. নিহত।

ব্যাপার (p. 651) [byāpāra] বি. 1 ঘটনা (ভীষণ ব্যাপার হয়ে গেছে); 2 অনুষ্ঠান (বিবাহব্যাপার); 3 বিষয় (সাংসারিক ব্যাপার); 4 ব্যবসায়, বাণিজ্য; 5 নিয়োগ। [সং. বি + আ + √ পৃ + অ]। ব্যাপারী (-রিন্) বিণ. বি. ব্যবসায়ী ('ভাঙা হাটের ক্লান্ত ব্যাপারীদের': শ. ঘো.)।

ব্যাপিকা (p. 651) [byāpikā] দ্র ব্যাপক।

ব্যাপী (p. 651) [byāpī] (-পিন্) বিণ. 1 ব্যাপক, প্রসারী (সপ্তাহব্যাপী উৎসব); 2 ব্যাপ্তিশীল (বহুদূরব্যাপী)। [সং. বি. + √ আপ্ + ইন্]। স্ত্রী. ব্যাপিনী।

ব্যাপৃত (p. 651) [byāpṛta] বিণ. নিযুক্ত, রত (শিক্ষকতায় ব্যাপৃত, পূজাকর্মে ব্যাপৃত)। [সং. বি + আ + &tick পৃ + ত]। স্ত্রী. ব্যাপৃতা। ব্যাপৃতি বি. নিযুক্ত বা রত হওয়া।

ব্যাপ্ত (p. 651) [byāpta] বিণ. 1 বিস্তৃত, প্রসারিত; 2 আচ্ছাদিত; 3 পরিপূর্ণ; 4 বিশাল (ব্যাপ্ত হৃদয়, ব্যাপ্ত আকাশ)। [সং. বি + √ আপ + ত]। ব্যাপ্তার্থ বি. প্রসারিত অর্থ বা মানে; যে মানে টেনে করা হয়েছে। ব্যাপ্তি বি. 1 বিস্তৃতি, প্রসার; 2 আবরণ, আচ্ছাদন; 3 (দর্শ.) ব্যাপ্যের সঙ্গে ব্যাপকের নিত্য সম্বন্ধ, invariable concomitance; 4 আয়তন।

ব্যাপ্তি (p. 651) [byāpti] দ্র ব্যাপ্ত।

ব্যাবর্তন (p. 651) [byābartana] বি. 1 প্রত্যাবর্তন; 2 আবর্তন; 3 (বিজ্ঞা.) মোচড়। [সং. বি + আ + √ বৃত্ + ণিচ্ + অন]। ব্যবর্তক বিণ 1 পৃথক্কারক; ভেদক; 2 পরিবেষ্টনকারী। ব্যবর্তিত বিণ. প্রত্যাবৃত্ত; প্রত্যাবর্তন করানো হয়েছে এমন; আবর্তিত; মোচড়ানো হয়েছে এমন। ব্যাবৃত বিণ. প্রত্যাবৃত্ত; নিবৃত্ত; খণ্ডিত; নিরাকৃত। ব্যাবৃত্তি বি. ব্যাবর্তন।

ব্যাবৃত্ত, ব্যাবৃত্তি (p. 651) [byābṛtta, byābṛtti] দ্র ব্যাবর্তন।

ব্যামো (p. 651) [byāmō] বি. (কথ্য) ব্যাধি, পীড়া, রোগ (শক্ত ব্যামো)। [সং. ব্যামোহ]।

ব্যামোহ (p. 651) [byāmōha] বি. 1 অজ্ঞতা, অজ্ঞানতা; 2 বিমূঢ়তা, অতিমুগ্ধতা। [সং. বি + আ + √ মুহ্ + অ]।

ব্যায়ত (p. 651) [byāẏata] বিণ. 1 দীর্ঘ (ব্যায়তবাহু); 2 দূরবিস্তৃত, ব্যাপৃত; 3 দৃঢ়। [সং. বি + আ + √ যম্ + ত]।

ব্যায়াম (p. 651) [byāẏāma] বি. স্বাস্থ্যরক্ষার জন্য বা সুস্বাস্থ্যের জন্য বিধিমতো অঙ্গচালনা। [সং. বি + আরাম]।˜ চর্চা বি. ব্যায়ামের অনুশীলন, ব্যায়াম করা।˜ বীর বি. ব্যায়ামে বিশেষ দক্ষ ব্যাক্তি। ব্যায়ামাগার বি. ব্যায়ামচর্চার জন্য নির্দিষ্ট কক্ষ বা সংস্থা।

ব্যারাক (p. 651) [byārāka] বি. সেনাদের শিবির বা থাকার জায়গা। [ইং. barrack]।

ব্যারাম (p. 651) [byārāma] বি. রোগ, ব্যাধি, পীড়া। [ফা. বে + সং. আরাম (সুখ)]। ব্যারামি বিণ. বি. রোগগ্রস্ত, পীড়িত; পীড়িত ব্যাক্তি। আঞ্চ. ব্যায়রাম।

ব্যারিস্টার (p. 651) [byāristạ̄ra] বি. বিলাতে শিক্ষাপ্রাপ্ত ব্যবহারজীবীবিশেষ। [ইং. barrister]। ব্যারিস্টারি বি. ব্যারিস্টারের কাজ বা বৃত্তি।

ব্যারো-মিটার (p. 651) [byārō-mitạ̄ra] বি. বায়ুর চাপ-মাপক যন্ত্র, চাপমান যন্ত্র। [ইং barometer]।

ব্যাল (p. 651) [byāla] বি. 1 সাপ; 2 হিংস্র জানোয়ার। □ বিণ. খল, ধূর্ত। [সং. ব্যাড় > ব্যাল]।˜ গ্রাহী (-হিন্) বি. সাপুড়ে।

ব্যালট (p. 651) [byālaṭa] বি. ভোটপত্র, যে কাগজে চিহ্ন বা ছাপ এঁকে ভোট দেওয়া হয়। [ইং. ballot]। ˜ পেপার বি. ভোটপত্র।

ব্যালান্স (p. 651) [byālānsa] বি. ভারসাম্য (ব্যালান্সের খেলা, ব্যালান্স রাখা)। [ইং balance]।

ব্যালোল (p. 652) [byālōla] বিণ. 1 বিলোল; 2 অতিশয় চঞ্চল; 3 ব্যাকুল। [সং. বি + আলোল]।

ব্যাশ-কম, বেশ-কম (p. 652) [byāśa-kama, bēśa-kama] বি. (আঞ্চ.) পার্থক্য, তফাত। [বাং. বেশি-কম]।

ব্যাস (p. 652) [byāsa] বি. 1 বৃত্তের কেন্দ্র ভেদ করে দুইদিকে পরিধি পর্যন্ত বিস্তৃত সরলরেখা; 2 বৃত্তের সর্বাধিক প্রস্থ; 3 বিভাগ; 4 বিস্তার। □ বি. কৃষ্ণদ্বৈপায়ন, বেদব্যাস। [সং. বি + আ + √ অস্ + অ]। ব্যাসার্ধ বি. বৃত্তের ব্যাসের অর্ধেক; বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত বিস্তৃত সরলরেখা।

ব্যাস-কূট (p. 652) [byāsa-kūṭa] বি. 1 বেদব্যাসের রচনার দুর্বোধ্য অংশ; 2 দুর্বোধ্য লেখা। [সং. ব্যাস (বেদব্যাস) + কূট]।

ব্যাসক্ত (p. 652) [byāsakta] বিণ. 1 অতিশয় আসক্ত; 2 সংলগ্ন। [সং. বি + আসক্ত]। বি. ব্যসক্তি।

ব্যাস-বাক্য (p. 652) [byāsa-bākya] বি. (ব্যাক.) বিগ্রহবাক্য, সমাসবদ্ধ পদসমূহের অর্থপ্রকাশক বাক্য। [সং. ব্যাস (=বিস্তার) + বাক্য]।

ব্যাসার্ধ (p. 652) [byāsārdha] দ্র ব্যাস।

ব্যাহত (p. 652) [byāhata] বিণ. 1 বাধাপ্রাপ্ত (উন্নতি ব্যাহত হওয়া, গতি ব্যাহত হওয়া, অব্যাহত); 2 নিবারিত; 3 বিফলীকৃত, ব্যর্থ। [সং. বি. + আহত]।

ব্যাহরণ (p. 652) [byāharaṇa] বি. কথন, উক্তি, উচ্চারণ, ব্যাহার (নাম ব্যাহরণ)। [সং. বি + আ + √ হৃ + অন]। ব্যাহার বি. 1 কথন, উক্তি, উচ্চারণ; 2 নির্দেশ। ব্যাহৃত বিণ. উক্ত, কথিত, উচ্চারিত। ব্যাহৃতি বি. 1 উক্তি, উচ্চারণ; 2 মন্ত্রাঙ্গ বিশেষ।

ব্যুত্-ক্রম (p. 652) [byut-krama] বি. ক্রমবিপর্যয়, ব্যতিক্রম, অনিয়ম। [সং. বি + উৎক্রম]। ব্যুত্-ক্রান্ত বিণ. 1 ব্যতিক্রমযুক্ত 2 অতিক্রান্ত, বিগত।

ব্যুত্-পত্তি (p. 652) [byut-patti] বি. 1 জ্ঞান, অভিজ্ঞতা, গভীর পাণ্ডিত্য (শাস্ত্রে অসাধারণ ব্যুৎপত্তি); 2 পারদর্শিতা; 3 (ব্যাক.) শব্দের প্রকৃতি-প্রত্যয়াদি নির্ণয় বা ব্যাখ্যা বা বিশ্লেষণ। [সং. বি + উৎপত্তি]। ˜ .গত বিণ. (শব্দের) প্রকৃতি-প্রত্যয় থেকে লব্ধ (ব্যুৎপত্তিগত অর্থ)। ব্যুত্-পন্ন বিণ. 1 জ্ঞানী, পণ্ডিত (গণিতে ব্যুৎপন্ন) 2 (ব্যাক.) প্রকৃতি-প্রত্যয়াদি যোগে উৎপন্ন। ব্যুত্-পাদক বিণ. ব্যুৎপত্তিদানকারী। স্ত্রী. ব্যুত্-পাদিকা। ব্যুত্-পাদিত বিণ. ব্যুৎপন্ন হয়েছে এমন।

ব্যূঢ় (p. 652) [byuḍh়] বিণ. 1 বিবাহিত (তু. অব্যূঢ়া কন্যা) 2 প্রসারিত, স্ফীত, বিস্তৃত (ব্যূঢ়বক্ষঃস্থল); 3 (ব্যূহাদি) বিন্যস্ত, সংস্থাপিত। [সং. বি. + √ বহ্ + ত]। ব্যূঢ়োরস্ক বিণ. বিশাল বক্ষঃস্থলবিশিষ্ট।

ব্যূহ (p. 652) [byūha] বি. যুদ্ধার্থে কৌশলসহকারে সৈন্যবিন্যাস। [সং. বি + √ ঊহ্ + অ]। ব্যূহিত, ব্যূঢ় বিণ. ব্যূহের আকারে বিন্যস্ত।˜ .নির্মাণ বি. ব্যূহ রচনা।

ব্যেপে (p. 652) [byēpē] ক্রি-বিণ. ব্যাপিয়া -র চলিত রূপ, ব্যাপ্ত করে, জুড়ে, ছড়িয়ে ('কাতর রোদন জাগিয়া উঠিল সকল ব্যেপে': রবীন্দ্র)। [ব্যাপা দ্র]।

ব্যোম (p. 652) [byōma] বি. 1 আকাশ, শূন্য; 2 (আল.) ফাঁকি। [সং. √ ব্যে + মন্]।˜ .কেশ বি. শিব।˜ .চারী (-রিন্) বিণ. আকাশপথে যায় এমন। □ বি. 1 দেবতা 2 বৈমানিক।˜ .যাত্রা বি. বিমানপোতে চড়ে শূন্যে ভ্রমণ।˜ .যাত্রী বি. বিমানপোতে শূন্যে ভ্রমণকারী।˜ .যান বি. আকাশগামী যান, বিমান, এরোপ্লেন।

ব্রঙ্কাইটিস (p. 652) [braṅkāiṭisa] বি. শ্লেষ্মাজনিত শ্বাসনালীর প্রদাহরোগবিশেষ। [ইং. bronchitis]।

ব্রজ (p. 652) [braja] বি. 1 গোষ্ঠ (ব্রজবিহারী); 2 পথ ('বৃন্দাবনের ব্রজে ব্রজে', পদব্রজে); 3 সমূহ (গিরিব্রজ); 4 শ্রীকৃষ্ণের বাল্যলীলাভূমি বলে বর্ণিত মথুরার নিকটবর্তী গ্রামবিশেষ (ব্রজের কানাই)। [সং. ব্রজ্ + অ]।˜ .কিশোর,˜ .দুলাল,˜ .বল্লভ,˜ .মোহন,˜ .রাজ,˜ .সুন্দর বি. শ্রীকৃষ্ণ।˜ .কিশোরী,˜ .সুন্দরী বি. শ্রীরাধা।˜ .বুলি বি. বৈষ্ণব পদাবলি-সাহিত্য ব্যবহৃত প্রাচীন মৈথিলি কবি বিদ্যাপতির ভাষার অনুকরণে সৃষ্ট কৃত্রিম ও মিশ্রভাষাবিশেষ।˜ .ভাষা বি.

হিন্দিভাষার শাখাবিশেষ।˜ .লীলা বি. ব্রজধামে শ্রীকৃষ্ণের মধুর লীলা। ব্রজাঙ্গনা বি. ব্রজগ্রামের অধিবাসিনী গোপনারী। ব্রজেন্দ্র, ব্রজেশ্বর বি. শ্রীকৃষ্ণ। ব্রজেশ্বরী বি. শ্রীরাধা। ব্রজ্যা বি. ভ্রমণ, পর্যটন।

ব্রণ (p. 652) [braṇa] বি. 1 ফোড়া, ফুস্কুড়ি; 2 (সচ.) কৈশোরে বা যৌবনারম্ভে মুখমণ্ডলে যে ফোড়া হয়; 3 ঘা। [সং. √ ব্রণ্ + অ]।

ব্রত (p. 652) [brata] বি. 1 পুণ্যলাভ ইষ্টলাভ পাপক্ষয় প্রভৃতির জন্য অনুষ্ঠিত ধর্মকার্য, ধর্মানুষ্ঠান; 2 তপস্যা; 3 সংযম। [সং. √ বৃ + অত]।˜ .কথা বি. যে দেবতার আরাধনার জন্য ব্রত করা হয়, সেই দেবতার মাহাত্ম্যকাহিনি।˜ .চারী (-রিন) বিণ. বি. ব্রতপালনকারী। □ বি. গুরুসদয় দত্ত-প্রবর্তিত নৃত্যবিশেষ। স্ত্রী.˜ .চারিণী।˜ .ধারী (-রিন্) বিণ. ব্রত আচরণকারী। স্ত্রী.˜ .ধারিণী। ব্রতী (-তিন্) বিণ. ব্রত গ্রহণ করেছে এমন, পুণ্যকর্ম অনুষ্ঠানকারী (শিক্ষাব্রতী, পুণ্যকর্মে ব্রতী)।

ব্রততি, ব্রততী (p. 652) [bratati, bratatī] বি. লতা। [সং. প্র (=ব্র) + √ তন্ + তি, তী]।

ব্রন্টো-সরাস (p. 652) [branṭō-sarāsa] বি. ডাইনোসর-গোষ্ঠীর অতিকায় প্রাগৈতিহাসিক সরীসৃপবিশেষ। [ইং. brontosaurus]।

ব্রহ্ম1 (p. 652) [brahma1] বি. বর্মা (বর্ত. মায়ানমার) দেশ। [তু. ইং. Burma]।

ব্রহ্ম2 (p. 652) [brahma2] (-হ্মন্) বি. 1 নির্গুণ পরমাত্মা, পরব্রহ্ম, পরমপুরুষ, অদ্বিতীয় পরমেশ্বর; 2 পরমতত্ত্ব, পরম সত্য (ব্রহ্মজ্ঞান); 3 বিধাতা; 4 তপস্যা (ব্রহ্মচর্য); 5 বেদমন্ত্র; 6 ব্রহ্মা; 7 ওঙ্কার। [সং. √ বৃংহ্ + মন্]। ̃ .চর্য বি. 1 বেদাদি শাস্ত্রানুশীলন এবং পবিত্র জীবনযাপন; 2 যৌনসংগম, মৈথুনবর্জিত সংযম। ̃ .চর্যাশ্রম হিন্দুশাস্ত্র-অনুমোদিত জীবনের প্রথম অবস্থা। ̃ .চারী (-রিন্) বিণ. বি. 1 ব্রহ্মচর্যপালনকারী; 2 (উপনয়নান্তে) গুরুগৃহে অধ্যয়নরত ব্রাহ্মণকুমার। স্ত্রী. ̃ .চারিণী। ̃ জ্ঞ বিণ. ব্রহ্মজ্ঞানসম্পন্ন। ̃ .জ্ঞান বি. ব্রহ্মের স্বরূপ সম্বন্ধীয় জ্ঞান, তত্ত্বজ্ঞান। ̃ .জ্ঞানী (-নিন্) বিণ. বি. 1 ব্রহ্মজ্ঞান আছে এমন; 2 ব্রহ্মজ্ঞানবিত্; 3 (বাং.) ব্রাহ্মধর্মাবলম্বী। ̃ .ণ্য বিণ. ব্রহ্মসম্বন্ধীয় বা ব্রাহ্মণসম্বন্ধীয় (ব্রহ্মণ্যশক্তি)। □বি. 1 ব্রহ্মতেজ; 2 ব্রাহ্মণের হিতকারী দেবতা নারায়ণ (ব্রহ্মণ্যদেব)। ̃ .তালু বি. মাথার চাঁদি; ব্রহ্মরন্ধ্রের উপরিভাগ। ̃ .তেজ বি. 1 ব্রহ্মজ্ঞানজনিত শক্তি; 2 ব্রাহ্মণের শক্তি। ̃ ত্ব বি. ব্রহ্মের বা ব্রহ্মতুল্য ভাব বা পদ। ̃ .দেব বি. নারায়ণ, বিষ্ণু। ̃ .দৈত্য বি. ব্রাহ্মণের প্রেতযোনি, ব্রাহ্মণের ভূত। ̃ .নাভ বি. বিষ্ণু। ̃ .পুরী বি. 1 ব্রহ্মের বাসস্থান; 2 পুরাণোক্ত সপ্তলোকের মধ্যে উচ্চতম লোক; 3 স্বর্গ। ̃ .বন্ধু বি হীন বা পতিত ব্রাহ্মণ। ̃ .বাদ বি. 1 ব্রহ্মতত্ত্ব বা ব্রহ্মতত্ত্বে বিশ্বাস; 2 একেশ্বরবাদ, কেবল ব্রহ্মে বিশ্বাস। ̃ .বাদী (-দিন্) বিণ. 1 ব্রহ্মবিদ্যার প্রবক্তা; 2 বেদাধ্যায়ী; 3 ব্রহ্মজ্ঞানী; 4 একেশ্বরবাদী, কেবল ব্রহ্মের অস্তিত্বে বিশ্বাসী; 5 বৈদান্তিক। স্ত্রী. ̃ .বাদিনী। ̃ .বিদ্যা বি. ব্রহ্মজ্ঞান বা তদ্বিষয়ক শাস্ত্র। ̃ .বিহার বি. (বৌ. শা.) সর্ব অবস্থায় বিশ্বজনীন মৈত্রী, করুণা মুদিতা অর্থাত্ অন্যের সুখে সুখবোধ ও উপেক্ষা-এই চারপ্রকাকার ভাবনা, যা বৌদ্ধমতে ব্রহ্মলোকে যাবার উপায়। ̃ .বৈবর্ত বি. অষ্টাদশ পুরাণের অন্যতম। ̃ .ময়ী বি. কালিকাদেবী, কালী ('ব্রহ্মময়ী তারা তুমি': রা. প্র.)। ̃ .রন্ধ্র বি. ব্রহ্মতালুর কেন্দ্র বা কেন্দ্রস্থিত ছিদ্র; জীবাত্মার শাস্ত্রোক্ত নিষ্ক্রমণপথ। ̃ র্ষি বি. ঋষি নামের যোগ্য ব্রাহ্মণ, ঋষিব্রাহ্মণ। ̃ .লোক-ব্রহ্মপুরী -র অনুরূপ। ̃ .শাপ বি. ব্রাহ্মণের অভিশাপ। ̃

.শির, ˜শিরা বি. পুরাণোক্ত মহামন্ত্রবিশেষ। ˜ .সংগীত বি. ব্রহ্মের উপাসনাগীত, ব্রহ্মের পূজক বা ব্রাহ্মধর্মাবলম্বীদের দ্বারা রচিত গীfতি। ˜ .সংহিতা বি. 1 চৈতন্যদেব দাক্ষিণাত্য থেকে যে বৈষ্ণবগ্রনহ সংগ্রহ করেছিলেন; 2 ব্রহ্মজ্ঞানবিষয়ক বৈদিক গ্রনহবিশেষ। ˜ .সাবর্ণি বি. দশম মনু। ˜ .সূত্র বি. 1 পইতে, উপবীত; 2 বাদরায়ণকৃত বেদান্তসূত্র। ˜ .স্ব বি. ব্রাহ্মণের সম্পত্তি। ˜ .হত্যা বি. ব্রাহ্মণবধ।

ব্রহ্ম-ডাঙা (p. 652) [brahma-ḍāṅā] বি. অনুর্বর উঁচু জমি। [সং. ব্রহ্ম2 + বাং. ডাঙা]।

ব্রহ্মা (p. 652) [brahmā] (-হ্মন্) বি. বিষ্ণু ও শিবের সমকক্ষ প্রধান দেবতা, সৃষ্টিকর্তা, চতুরানন, প্রজাপতি, লোকপিতামহ। [সং. √ বৃংহ্ + মন্]। ণী বি. (স্ত্রী.) 1 ব্রহ্মার পত্নী; 2 ব্রহ্মার শক্তি। ˜ ণ্ড বি. নিখিল বিশ্ব, মহাবিশ্ব। ˜ রণ্য বি. বেদাধ্যয়নের জন্য প্রকৃষ্ট পৌরাণিক স্থান। ˜ স্ত্র বি. ব্রহ্মতেজোময় পৌরাণিক অস্ত্রবিশেষ।

ব্রহ্মাবর্ত (p. 652) [brahmābarta] বি. কুরুক্ষেত্রের নিকটে এবং সরস্বতী নদীর পাশে অবস্থিত প্রাচীন দেশ। [সং. ব্রহ্ম + আবর্ত]।

ব্রহ্মারণ্য, ব্রহ্মাস্ত্র (p. 652) [brahmāraṇya, brahmāstra] দ্র ব্রহ্মা।

ব্রহ্মোত্তর (p. 652) [brahmāttara] বি. ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর জমি। [সং. ব্রহ্মত্র]। তু. দেবোত্তর।

ব্রহ্মোপাসনা (p. 652) [brahmōpāsanā] বি. ব্রহ্মের পূজা বা আরাধনা। [সং. ব্রহ্ম2 + উপাসনা]।

ব্রাত্য (p. 652) [brātya] বিণ. 1 পতিত; 2 ব্রতভ্রষ্ট; 3 যথাসময়ে উপনয়ন হয়নি এমন। [সং ব্রাত (=হীনজাতিসমূহ) + য]।

ব্রাশ (p. 652) [brāśa] বি. 1 দাঁত মাজার কাঠিবিশেষ; 2 দাড়িতে সাবান ঘষার বুরুশ; 3 জামাকাপড় ইত্যাদির ধুলোময়লা ঝেড়ে পরিষ্কার করার বুরুশ। [ইং. brush]।

ব্রাহ্ম (p. 652) [brāhma] বিণ. 1 ব্রহ্মসম্বন্ধীয়; 2 ব্রহ্মজ্ঞানসম্পন্ন। □ বি. ব্রাহ্মধর্মাবলম্বী। [সং. ব্রহ্মন্ + অ]।˜ .ধর্ম বি. রামমোহন রায়ের ভাবধারানুসারী একেশ্বরবাদী ধর্মবিশেষ।˜ .বিবাহ বি. 1 বরকে আহ্বানপূর্বক যথাবিধি কন্যাদান; 2 ব্রাহ্মধর্মের নিয়মানুসারে বিবাহ।˜ .মুহুর্ত বি. সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী দুই দণ্ডকাল; সূর্যোদয়ের পূর্বমূহূর্ত।˜ .সমাজ বি. ব্রাহ্মধর্মাবলম্বীদের সম্প্রদায়।

ব্রাহ্মণ (p. 652) [brāhmaṇa] বি. 1 ব্রহ্মজ্ঞ ব্যক্তি; 2 দ্বিজশ্রেষ্ঠ বা বর্ণশ্রেষ্ঠ ব্যক্তি; 3 বিপ্র, বামুন; 4 পুরোহিত; 5 বেদের 'মন্ত্র'-ব্যতিরিক্ত অংশ (ঐতরেয়-ব্রাহ্মণ)। [সং. ব্রহ্মন্ + অ]। স্ত্রী. ব্রাহ্মণী।˜ .ভোজন বি. ব্রাহ্মণকে নিমন্ত্রণপূর্বক খাওয়ানো। ব্রাহ্মণ্য বি. 1 ব্রাহ্মণত্ব; 2 ব্রাহ্মণদের ধর্ম; 3 ব্রাহ্মণসমাজ।

ব্রাহ্মিকা (p. 652) [brāhmikā] বি. ব্রাহ্মনারী। [সং. ব্রাহ্ম + বাং. ইক]।

ব্রাহ্মী (p. 652) [brāhmī] বিণ. (স্ত্রী.) 1 ব্রহ্মসম্বন্ধীয়া; 2 ব্রহ্মজ্ঞা। □ বি. 1 ব্রহ্মার শক্তি; 2 মাতৃকাবিশেষ; 3 বাগ্দেবী; 4 ভাষা; 5 ভারতের প্রাচীন লিপিবিশেষ; 6 (ওষুধরূপে ব্যবহৃত) শাকবিশেষ। [সং. ব্রাহ্ম + ঈ]।

ব্রিগেড (p. 652) [brigēḍa] বি. সৈন্যদলের ভাগবিশেষ। [ইং. brigade]। ব্রিগেডিয়ার বি. ব্রিগেডের নেতা বা অধিনায়ক।

ব্রিচেস (p. 652) [bricēsa] বি. খাটো ঝুলের যে ট্রাউজার্স হাঁটু থেকে নীচের দিকে গায়ের সঙ্গে সেঁটে থাকে। [ইং. breeches]।

ব্রিজ (p. 652) [brija] বি. 1 সেতু, পোল; 2 তাসখেলাবিশেষ। [ইং. bridge]।

ব্রিটিশ (p. 652) [briṭiśa] বিণ. গ্রেটব্রিটেনসম্বন্ধীয়, ইংরেজজাতিসম্বন্ধীয় (ব্রিটিশ শাসন)। □ বি. ব্রিটেনের অধিবাসী, ইংরেজ। [ইং. british]।

ব্রীড়া (p. 652) [brīḍ়ā] বি. লজ্জা। [সং. √ ব্রীড়্ + অ + আ]। ব্রীড়িত বিণ. লজ্জাযুক্ত; লজ্জিত।

ব্রীহি (p. 652) [brīhi] বি. আধশুন্য, আউশ ধান। [√ বৃহ্ + ই (নি.)]।

ব্রুচ, ব্রোচ (p. 652) [bruca, brōca] বি. সেফটিপিন-জাতীয় অলংকার; পিনবিশেষ। [ইং. brooch]।

ব্রেক (p. 652) [brēka] বি. গাড়ির গতি রোধ করার যন্ত্রবিশেষ (ব্রেক কষা) [ইং. brake]।

ব্রেক-ফাস্ট (p. 652) [brēka-phāsṭa] বি. সকালের প্রথম খাবার, প্রাতরাশ। [ইং. breakfast]।

ব্রেস-লেট (p. 652) [brēsa-lēṭa] বি. নারীর হাতের অলংকারবিশেষ। [ইং. bracelet]।

ব্রোকেড (p. 652) [brōkē়ḍa] বি. বস্ত্রের উঁচু-উঁচু বুনটবিশেষ। [ইং. brocade]।

ব্রোচ (p. 652) [brōca] দ্র ব্রুচ।

ব্রোঞ্জ, ব্রঞ্জ (p. 652) [brōñja, brañja] বি. তামা ও টিন মিশিয়ে প্রস্তুত বাদামি রঙের মিশ্র ধাতুবিশেষ। [ইং. bronze]।

ব্রাকেট (p. 652) [brākēṭa] বি 1 ঘরের দেওয়ালে সংলগ্ন তাকবিশেষ; 2 জামাকাপড় ঝুলিয়ে রাখার দেওয়াল-সংলগ্ন ছোটো আলনাবিশেষ; 3 বন্ধনী-চিহ্নবিশেষ। [ইং. bracket]।

ব্র্যানডি, ব্র্যাণ্ডি (p. 654) [bryānaḍi, bryāṇḍi] বি. আঙুরের রস থেকে প্রস্তুত এবং বলকারক পানীয় হিসাবে ব্যবহৃত মদবিশেষ। [ইং. brandy]।

ব্লক1 (p. 654) [blaka1] বি. সংঘ, রাজনীতিক জোট। [ইং. bloc]।

ব্লক2 (p. 654) [blaka2] বি. প্রশাসনিক বিভাগ (ব্লেকের অফিসার)। [ইং. block]।

ব্লটিং-পেপার (p. 654) [blaṭi-mpēpāra] বি. শোষক কাগজ, চোষকাগজ, বাড়তি বা অতিরিক্ত কালি শুষে নেয় এমন কাগজ। [ইং. blotting paper]।

ব্লাউজ (p. 654) [blāuja] বি. মেয়েদের ঊর্ধ্বাঙ্গে পরিধেয় ছোটো জামাবিশেষ। [ইং. blouse]।

ব্লাড ব্যাংক (p. 654) [blāḍa byāṅka] বি. হাসপাতাল ইত্যাদির যে বিভাগে রোগীদের জন্য রক্ত সঞ্চিত থাকে। [ইং. blood bank]।

ব্লেজার (p. 654) [blējāra] বি. খেলোয়াড়দের কোটজাতীয় জামাবিশেষ। [ইং. blazer]।

ব্লেড (p. 654) [blēḍa] বি. 1 দাড়ি পেনসিল প্রভৃতি কাটার জন্য অতি ধারালো পাতবিশেষ; 2 ইলেকট্রিক পাখা ছুরি ইত্যাদির ফলক। ইং. blade।

ব্ল্যাক-বোর্ড (p. 654) [blyāka-bōrḍa] বি. স্কুল কলেজে খড়ি দিয়ে লেখার কাজে ব্যবহৃত চৌকো কালো তক্তাবিশেষ। [ইং. blackboard]।

ভ1 (p. 655) [bha1] বাংলা বর্ণমালার চতুর্বিংশতি ব্যঞ্জনবর্ণ, মহাপ্রাণ ঘোষ ওষ্ঠ্য ভ্ ধ্বনির বর্ণরূপ।

ভ2 (p. 655) [bha2] বি. 1 নক্ষত্র 2 গ্রহ। [সং. √ ভা + অ]।˜ গোল,˜ চক্র,˜ মণ্ডল বি. (জ্যোতি.) রাশিচক্র।

ভঁইসা, ভঁয়সা (p. 655) [bhamँisā, bhamँyasā] বিণ. 1 মোষের দুধ দিয়ে তৈরি (ভঁয়সা ঘি); 2 মোষে-টানা (ভঁইসা গাড়ি)। [হি. ভঁইস < সং. মহিষ]।

ভক (p. 655) [bhaka] অব্য. 1 ধোঁয়া দুর্গন্ধ প্রভৃতির প্রচুর পরিমাণে বা হঠাত্ জোরে বেরোবার অব্যক্ত শব্দ (ভক করে একরাশ ধোঁয়া বেরোল); 2 সহসা বেগে বমি বেরোবার শব্দ। [ধ্বন্যা.]। ভক ভক অব্য. ধোঁয়া বা বমি বা দুর্গন্ধ জোরে ক্রমাগত বেরোবার শব্দ।

ভক্কি (p. 655) [bhakki] বি. (অশি.) ধোঁকা; ভাঁওতা (ভক্কি দিয়ে টাকা নিয়ে গেল)। [দেশি]।

ভক্ত (p. 655) [bhakta] বিণ. 1 ভক্তিমান (মাতৃভক্ত); 2 পূজা করে এমন (কালীভক্ত; 3 প্রীতিযুক্ত (চায়ের ভক্ত)। □ বি. ভক্তিমান বা প্রীতিযুক্ত ব্যক্তি। [সং. √ ভজ্ + ত]।˜ বৎসল বিণ. ভক্তের প্রতি অনুরক্ত।˜ .বাঞ্ছা-কল্প-তরু বি. বিণ. যিনি স্বর্গের কল্পতরুর মতো ভক্তের সমস্ত কামনা পূরণ করেন।˜ .বিটেল বিণ. কপট; ভক্তের ভান করে এমন। ভক্তাগ্র-গন্য বিণ. ভক্তদের মধ্যে শ্রেষ্ঠ বা প্রধান।

ভক্তি (p. 655) [bhakti] বি পূজনীয় বা শ্রদ্ধেয় ব্যক্তির প্রতি শ্রদ্ধা বা অনুরাগ ('ভক্তিতে মিলায় বস্তু তর্কে বহুদূর')। [সং. √ ভজ্ + তি]।˜ .গীতি বি. ভক্তি প্রকাশ পায় এমন গান, যে গানে ঈশ্বরের প্রতি ভক্তি প্রকাশ করা হয়।˜ .তত্ত্ব বি. ভক্তিবিষয়ক শাস্ত্র বা জ্ঞানপূর্ণ আলোচনা˜ .পথ,˜ .মার্গ বি. ভক্তিবলে মুক্তি বা মোক্ষ লাভের উপায়।˜ .বাদ বি. জ্ঞান বা কর্ম নয় বিশুদ্ধ ভক্তির দ্বারাই সিদ্ধি বা মুক্তি লাভ করা যায় এই মত।˜ .বিহ্বল বিণ. ভক্তিতে আত্মহারা বা আপ্লুত।˜ .ভরে ক্রি-বিণ. ভক্তি সহকারে, ভক্তির সঙ্গে (ভক্তিভরে প্রণাম করলেন)।˜ .ভাজন বিণ. ভক্তির পাত্র, যাকে ভক্তি করা যায় বা উচিত।˜ .মান (-মত্) বিণ. ভক্ত; ভক্তিযুক্ত (ভক্তিমান পূজারি)। স্ত্রী. ˜ .মতী। ˜ .মূলক বিণ. ভক্তিবিষয়ক, ভক্তিসম্পর্কিত (ভক্তিমূলক গ্রন্হ, ভক্তিমূলক আলোচনা)।˜ .যোগ বি. ভক্তির দ্বারা ঈশ্বরের আরাধনা।˜ .রস বি. (অল.) সাহিত্যের নবরসের অন্যতম।˜ .হীন বিণ. প্রাণে বা মনে ভক্তি নেই এমন (ভক্তিহীন পূজাকে ভণ্ডামি বলা যায়)।

ভক্ষক (p. 655) [bhakṣaka] বিণ. বি. যে ভক্ষণ করে বা খায় (যে রক্ষক, সে-ই ভক্ষক)। [সং. √ ভক্ষ + অক]। ভক্ষণ বি. খাওয়া, ভোজন (একবেলা তণ্ডুল ভক্ষণ)। ভক্ষণীয়, ভক্ষ্য বিণ. খাওয়া বা ভোজন করা উচিত্ এমন, ভোজ্য। ভক্ষিত বিণ. খাওয়া হয়েছে এমন। ভক্ষ্যাব-শেষ বি. খাওয়ার পরে যা অবশিষ্ট থাকে। ভক্ষ্যাভক্ষ্য বি. খাদ্য ও অখাদ্য, খাওয়ার উপযুক্ত ও অনুপযুক্ত খাদ্য। □ বিণ. খাওয়ার যোগ্য ও অযোগ্য।

ভগ (p. 655) [bhaga] বি. 1 ঐশ্বর্য বা ঐশীগুণ বা ঈশ্বরত্ব, বীর্য (অর্থাত্ সর্বশক্তি), যশ, শ্রী, জ্ঞান ও বৈরাগ্য; এই ছয়রকম গুণ (ভগবান, ভগবতী); 2 মহিমা; মাহাত্ম্য; 3 সৌভাগ্য; 4 সৌন্দর্য (সুভগ); 5 ধর্ম; 6 স্ত্রী-যোনি (ভগাঙ্কুর); 7 মলদ্বার (ভগন্দর)। [সং. √ ভজ্ + অ]।

ভগন্দর (p. 655) [bhagandara] বি. মলদ্বারে নালি-ঘা, anal fistula. [সং. ভগ + √ দৃ + অ]।

ভগবতী (p. 655) [bhagabatī] দ্র ভগবান।

ভগ-বদ্-গীতা (p. 655) [bhaga-bad-gītā] বি. মহাভারতে কুরুক্ষেত্র যুদ্ধে ভীষ্মপর্বে যুদ্ধে অনাগ্রহী অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের উপদেশাবলির সংকলনগ্রন্হ, গীতা। [সং. ভগবত্ + গীতা]।

ভগ-বদ্-দত্ত, ভগ-বদ্দত্ত (p. 655) [bhaga-bad-datta, bhaga-baddatta] বিণ. ভগবান দিয়েছেন এমন, ভগবানের কাছ থেকে পাওয়া গেছে এমন; ঐশ্বরিক (ভগবদ্দত্ত কণ্ঠ)। [সং. ভগবত্ + দত্ত]।

ভগ-বদ্ভক্ত (p. 655) [bhaga-badbhakta] বিণ. ভগবানের প্রতি ভক্তি আছে এমন, ঈশ্বরের প্রতি ভক্তিমান (ভগবদ্ভক্ত ধ্রুব)। [সং. ভগবত্ + ভক্ক্ত]। বি. [ভগ-বদ্ভক্তি]।

ভগ-বান (p. 655) [bhaga-bāna] (-বত্) বি. পরমেশ্বর, ঈশ্বর। □ বিণ. 1 ঐশ্বর্য শ্রী ইত্যাদি ছয়টি গুণসম্পন্ন; 2 পূজ্য, মান্য, শ্রদ্ধেয়। [সং. ভগ + বত্]। ভগ-বতী বি. (স্ত্রী.) দুর্গাদেবী। □ বিণ. ঐশ্বর্যাদি ছয় গুণসম্পন্না; পূজ্যা।

ভগিনী (p. 655) [bhaginī] বি. 1 বোন, সহোদরা; 2 বোনের তুল্য স্ত্রীলোক।

ভগোল (p. 655) [bhagōla] দ্র ভ2।

ভগ্ন (p. 655) [bhagna] বিণ. 1 ভাঙা (ভগ্নদশা, ভগ্ন বাঁশি); 2 খণ্ডিত; 3 চূর্ণ (ভগ্নপ্রাসাদ, ভগ্নসৌধ); 4 বাঁকা, কুঁজো (ভগ্নপৃষ্ঠ); 5 স্বাস্থ্যহীন (ভগ্নদেহ); 6 ব্যর্থ, নষ্ট (ভগ্নমনোরথ); 7 দুঃখে অবসন্ন বা হতাশ (ভগ্নহৃদয়, ভগ্নোদ্যম)। [সং. √ ভন্জ্ + ত।˜ .কণ্ঠ-ভগ্নস্বর -এর অনুরূপ।˜ .চিত্ত বিণ. মন ভেঙে গেছে এমন।˜ .দশা বি. ধ্বংসপ্রাপ্ত অবস্থা।˜ .দূত বি. যে-দূত যুদ্ধে ব্যর্থতা বা পরাজয়ের সংবাদ নিয়ে আসে।˜ .দেহ বিণ. শরীর ভেঙে গেছে এমন।˜ .পৃষ্ঠ বিণ. পিঠ বেঁকে বা কুঁজো হয়ে গেছে এমন।˜ .প্রায় বিণ. প্রায় ভেঙেছে এমন।˜ .স্তূপ বি. স্তূপাকার ধ্বংসাবশেষ, ঘরবাড়ি ও অন্যান্য পাকা ইমারতের ভেঙে-পড়া অবস্থা।˜ .স্বর,˜ .কণ্ঠ বিণ. গলার স্বর বা আওয়াজ ভেঙে বিকৃত হয়েছে এমন। □ বি. ভেঙে-যাওয়া কণ্ঠস্বর।˜ .স্বাস্থ্য বিণ. রোগে বা অন্য কারণে শরীর ভেঙে গেছে এমন।˜ .হৃদয় বিণ. মন ভেঙে গেছে এমন। ভগ্নাংশ বি. 1 ভগ্ন বা খণ্ডিত বস্তুর অংশ; 2 (গণিতে) 1 -এর চেয়ে কম বা ছোটো রাশি, ভগ্নাঙ্ক, fraction. ভগ্নাঙ্ক বি. (গণিতে) 1 -এর অংশঘটিত বা 1 -এর চেয়ে কম বা ছোটো রাশি। ভগ্নাব-শেষ বি. কোনো বস্তু হয়ে গেলে যা পড়ে থাকে বা যা অবশিষ্ট থাকে (প্রাচীন মন্দিরের ভগ্নাবশেষ)। বিণ. ভগ্নাব-শিষ্ট। ভগ্নাবস্থা বি. ভাঙাচোরা অবস্থা, ভগ্নদশা। ভগ্নোত্-সাহ, ভগ্নোদ্যম বিণ. উৎসাহ চলে গেছে এমন, হতাশ।

ভঙ্গ (p. 655) [bhaṅga] বি. 1 ভেঙে যাওয়া (ঊরুভঙ্গ, ধনুর্ভঙ্গ); 2 রক্ষা বা পালন না করা (প্রতিশ্রুতিভঙ্গ); 3 লঙ্ঘন (চুক্তিভঙ্গ, বিশ্বাসভঙ্গ); 4 নষ্ট হওয়া (স্বাস্থ্যভঙ্গ); 5 সমাপ্তি (সভাভঙ্গ); 6 বক্রতা (ত্রিভঙ্গ); 7 ভঙ্গি (ভ্রুভঙ্গ, তরঙ্গভঙ্গ); 8 পরাজিত হয়ে পালানো (রণে ভঙ্গ দেওয়া); 9 বাধা বা ব্যাঘাত (ধ্যানভঙ্গ); 1 বিশৃঙ্খলা (ছত্রভঙ্গ)। [সং. √ ভন্জ্ + অ]। বিণ. ভগ্ন।˜ .কুলীন বি. কৌলিন্যের

বিধি বা নিয়ম যে-কুলীন লঙ্ঘন করেছে। ˜ .পয়ার বি. পয়ার ছন্দের রকমফেরবিশেষ। ˜ .প্রবণ বিণ. সহজেই ভেঙে যায় এমন, ভঙ্গুর, পলকা, ঠুনকো।

ভঙ্গিল (p. 655) [bhaṅgila] বিণ. 1 ভঙ্গপ্রবণ, ভঙ্গুর; 2 ভাঁজযুক্ত (ভঙ্গিল পর্বত, folded mountain)। [সং. ভঙ্গ + ইল]।

ভঙ্গুর (p. 655) [bhaṅgura] বিণ. 1 সহজেই বা একটুতেই ভেঙে যায় এমন, ভঙ্গপ্রবন; 2 (আল.) ক্ষণস্থায়ী, নশ্বর (ভঙ্গুর জীবন)। [সং. √ ভন্জ্ + উর]। বি.˜ তা।

ভচক্র (p. 655) [bhacakra] দ্র ভ2।

ভজ-কট (p. 655) [bhaja-kaṭa] বি. ব্যাঘাত, ঝামেলা, ঝঞ্ঝাট, ফ্যাসাদ (জমিজমার বিক্রি নিয়ে ভজকট বেধেছে)। □ বিণ. জটিল ও ঝঞ্ঝাটপূর্ণ (সে এক ভজকট ব্যাপার)। [দেশি]।

ভজন (p. 655) [bhajana] বি 1 দেবতার মহিমাকীর্তন ও স্তুতি; 2 আরাধনা ও সেবা (ভজনপূজন নিয়ে থাকে); 3 যে স্তুতিগানে দেবতার মহিমা কীর্তন করা হয়-এই গান সচ. হিন্দিতে রচিত। [সং. √ ভজ্ + অন]।˜ .পূজন বি. দেবতার পূজা ও আরাধনা। ভজনা বি. উপাসনা, আরাধনা।

ভজ-মান (p. 655) [bhaja-māna] বিণ. 1 ভজনা করছে এমন, সেবমান (মন্দিরের ভজমান পূজারি); 2 বিভাজক, ভাগকারী। [সং. √ ভজ্ + শানচ্]। স্ত্রী. ভজ-মানা।

ভজা (p. 655) [bhajā] ক্রি. 1 ভজনা করা, উপাসনা করা; 2 তোষামোদ করা (ওপরওয়ালাকে ভজাতে চেষ্টা করছে)। □ বি. উক্ত দুই অর্থে। □ বিণ. ভজনাকারী (কর্তাভজা)। [সং. ভজ্ + বাং. আ]। ˜ নো ক্রি. 1 উপাসনা বা ভজনা করানো; 2 সাক্ষ্যপ্রমাণ দিয়ে প্রতিপন্ন করানো; 3 তোষামোদ করে রাজি করানো বা স্বপক্ষে আনা। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. উপাসনা করানো হয়েছে এমন; ফুসলানো হয়েছে এমন।

ভজ্য-মান (p. 655) [bhajya-māna] বিণ. 1 উপাসিত হচ্ছে এমন, সেব্যমান; 2 বিভাজিত বা বিভক্ত হচ্ছে এমন। [সং. ভজ্ + শানচ্]।

ভঞ্জন (p. 655) [bhañjana] বি. দূরীকরণ, নিবারণ, নিরসন (মানভঞ্জন, সন্দেহভঞ্জন)। □ বিণ. দূরকারী, নিরসনকারী (বিপদভঞ্জন হরি)। [সং. √ ভন্জ্ + অন]। ভঞ্জক বি. ভঞ্জনকারী।

ভঞ্জা (p. 655) [bhañjā] (কাব্যে)
ক্রি. ভঞ্জন করা, ভাঙা; দূর করা, ঘুচানো ('দাসীর কলঙ্কভঞ্জ': মধু)। [সং. √ ভন্জ্ + বাং. আ]।

ভট (p. 655) [bhaṭa] বি. 1 সৈনিক, যোদ্ধা; 2 প্রতিহারী; 3 নীচজাতিবিশেষ। [সং. √ ভট্ + অ]।

ভট ভট (p. 655) [bhaṭa bhaṭa] অব্য. বুদ্বুদ ফাটবার বা বায়ু বেরিয়ে যাবার শব্দ। [ধ্বন্যা.]। ভট-ভটানি বি. ক্রমাগত ভট ভট শব্দ।

ভট্ট (p. 655) [bhaṭṭa] বি. 1 ভাট, স্তুতিপাঠক; 2 বেদজ্ঞ পণ্ডিতের উপাধিবিশেষ; 3 দর্শনশাস্ত্রজ্ঞ; 4 অধ্যাপক। [সং. √ ভট্ + ত]।

ভট্টাচার্য (p. 655) [bhaṭṭācārya] বি. 1 দর্শনশাত্রজ্ঞ; 2 বেদজ্ঞ ব্রাহ্মণের উপাধিবিশেষ; 3 বাঙালি ব্রাহ্মণের পদবি। [সং. ভট্ট + আচার্য]।

ভট্টারক (p. 655) [bhaṭṭāraka] বি. 1 পণ্ডিত 2 ঋষি, মুনি; 3 (সংস্কৃত নাটকে উল্লেখ বা সম্বোধনে) রাজা; 4 রবি (ভট্টারক বার)। [সং. ভট্ট + √ ঋ + অ + ক]।

ভড় (p. 655) [bhaḍ়] বি. 1 বাঙালি হিন্দুর পদবিবিশেষ; 2 প্রচুর ভার বহন করতে পারে এমন বড়ো নৌকাবিশেষ। [< ভার]।

ভড়ং (p. 655) [bhaḍ়] বি. 1 বাইরের আড়ম্বর বা ঘটা; 2 চাল, বুজরুকি, ভান। [দেশি]।

ভড়কা (p. 655) [bhaḍ়kā] ক্রি. হঠাত্ ভয় পেয়ে পিছিয়ে যাওয়া বা নিবৃত্ত হওয়া (তুমি ভড়কে গেলে নাকি?); ঘাবড়ে যাওয়া। ̃ নি বি. ঘাবড়ে যাওয়া। ̃ নো ক্রি. বি. 1 ভড়কা; 2 ভড়কে দেওয়া। [দেশি-তু. হড়কা]।

ভণিত (p. 655) [bhaṇita] বিণ. উক্ত, কথিত। □ বি. কথা, কথন, উক্তি। [সং. √ ভণ্ + ত]।

ভণিতা (p. 655) [bhaṇitā] বি. 1 কবিতার আরম্ভে মাঝে বা শেষে কবির নামযুক্ত উক্ত; 2 (ব্যঙ্গে) অনাবশ্যক ভূমিকা (ভণিতা না করে আসল কথাটা বলে ফেলো)। [সং. ভণিত + বাং. আ]।

ভণ্ড1 (p. 655) [bhaṇḍa1] বিণ. নষ্ট, বিপর্যস্ত (লণ্ডভণ্ড)। [ভণ্ডুল দ্র]।

ভণ্ড2 (p. 655) [bhaṇḍa2] বিণ. 1 কপট, ভানকারী, ছদ্ম (ভণ্ড সন্ন্যাসী); 2 শঠ, প্রতারক। □ বি. কপট বা ধূর্ত ব্যক্তি, প্রতারক (তুমি দেখছি একটা ভণ্ডের পাল্লায় পড়েছ)। [সং. √ ভণ্ড্ + অ]। ˜ ন বি. ভাঁড়ানো প্রতারণা। ভণ্ডানো ক্রি. বি. (কাব্যে) ঠকানো, প্রতারণা করা, ভাঁড়ানো। ভণ্ডামি বি. ভান, কপটতা; প্রতারণা।

ভদন্ত (p. 655) [bhadanta] বি. বৌদ্ধ সন্ন্যাসী সম্পর্কে প্রযোজ্য শ্রদ্ধাপূর্ণ বিশেষণ। □ বিণ. সম্মানিত; অভিজাত। [সং.]।

ভদ্র (p. 655) [bhadra] বিণ. 1 রুচি মার্জিত এমন (ভদ্র পোশাক); 2 সদাচার সম্পন্ন (ভদ্র রীতি); 3 শিষ্ট, সভ্য (ভদ্র লোক); 4 শুভ, মঙ্গলজনক। □ বি. মঙ্গল, শিব। [সং. √ ভন্দ্ + র]। স্ত্রী. ভদ্রা। ˜ .কালী বি. দুর্গাদেবীর রূপভেদবিশেষ। তা বি. ভদ্র ভাব বা আচরণ। ˜ .জনোচিত বিণ. ভদ্রলোকসুলভ ভদ্রলোকের আচরণীয়, ভদ্রতাপূর্ণ। ˜ .মহিলা বি. (স্ত্রী.) ভদ্র বা ভদ্রবংশীয় স্ত্রীলোক। ˜ .সন্তান বি. ভদ্রবংশের লোক। ˜ .সমাজ বি ভদ্র বা সভ্য লোকদের সমাজ (ভদ্র সমাজে এসব চলে না)।

ভদ্রা2 (p. 655) [bhadrā2] বি. (আঞ্চ.) অমঙ্গল (গ্রামে যেন ভদ্রা লেগেছে)। দেশি।

ভদ্রণী (p. 655) [bhadraṇī] বি. (স্ত্রী.) শিবপত্নী দুর্গা। [সং. ভদ্র + আনী]।

ভদ্রসন (p. 655) [bhadrasana] বি. বাস্তুভিটা, বসতবাড়ি (ভদ্রাসনটুকুও চলে গেছে)। [ভদ্র + আসন বাং. মতে]।

ভদ্রোচিত (p. 655) [bhadrōcita] বিণ. ভদ্রলোকসুলভ ভদ্রলোককে মানায় এমন (ভদ্রোচিত ব্যবহার)। [সং. ভদ্র + উচিত]।

ভন-ভন (p. 655) [bhana-bhana] অব্য. মাছি মৌমাছি বোলতা প্রভৃতির জোরে পাখা সঞ্চালনের বা গুঞ্জনের শব্দ। [ধ্বন্যা.]।

ভন-ভনিয়ে (p. 655) [bhana-bhaniẏē] ক্রি-বিণ. ভনভন শব্দে (মাছিগুলো ভনভনিয়ে উড়ে বেড়াচ্ছে)।

ভনা (p. 655) [bhanā] ক্রি. (কাব্য) বলা (কাশীরাম দাস ভনে)। [সং. √ ভণ্ + বাং. আ]।

ভণ্ডুল (p. 655) [bhaṇḍula] বিণ. পণ্ড, ব্যর্থ, কেঁচে গেছে এমন (তোমার ভুলে গোটা প্ল্যানটাই ভণ্ডুল হয়ে গেল)। [দেশি]।

ভপঞ্জর-ভগোল (p. 655) [bhapañjara-bhagōla] ও ভচক্র -র অনুরূপ।

ভব (p. 655) [bhaba] বি. 1 ইহলোক, সংসার (ভববন্ধন); 2 সত্তা; 3 স্থিতি; 4 প্রাপ্তি; 5 পৃথিবী (ভবের হাট, ভবলীলা সাঙ্গ করা); 6 শিব, কল্যাণ, মঙ্গল। □

বিণ. (সমাসে উত্তরপদরূপে) উৎপন্ন, জাত (তদ্ভব)। [সং. √ ভূ + অ]।˜ .ঘুরে বিণ. বি. বিনা কাজে সর্বত্র ঘুরে বেড়ায় এমন; বাউণ্ডুলে।˜ .তারণ বিণ. সংসারবন্ধন থেকে মুক্তিদাতা, সংসার যন্ত্রণা থেকে মুক্তি দেন এমন (ভবতারণ বিষ্ণু)। □ বি. বিষ্ণু।˜ .তারিণী বিণ. স্ত্রী. মোক্ষদাত্রী। □ বি. দুর্গা।˜ .পার বি. সংসারসমুদ্র পার বা উত্তরণ অর্থাত্ সংসারযাত্রা থেকে মুক্তি।˜ .পারাবার বি. সংসার সমুদ্র।˜ .বন্ধন বি. পার্থিব জীবনের বন্ধন।˜ .ভবন বি. 1 শিবের আলয় কৈলাস; 2 জগত্, সৃষ্টি।˜ .ভয় বি. 1 পৃথিবীতে জীবরূপে অবস্থিতির ভয়; 2 পূনর্জন্মের ভয়।˜ .ভার বি. সাংসারিক ও জাগতিক দুঃখকষ্টের বোঝা।˜ .মণ্ডল বি. জগত্, পৃথিবী, সমগ্র সৃষ্টি।˜ .যন্ত্রণা বি. পার্থিব জীবনের দুঃখকষ্ট।˜ .লীলা বি ইহজীবনের কার্যাবলি; সংসারযাত্রা; পৃথিবীতে জীবনযাত্রা; জীবদ্দশা।˜ .লোক বি. পৃথিবী, মরজগত্।˜ .সংসার,˜ .সাগর,˜ .সিন্ধু ভবপারাপার -এর অনুরূপ।

ভবদীয় (p. 655) [bhabadīẏa] বিণ. (চিঠিপত্রের শেষে লেখকের নামের আগে ব্যবহৃত) আপনার; তোমার। [সং. ভবত্ + ঈয়]।

ভবন (p. 655) [bhabana] বি. 1 গৃহ, আলয় ('শমন-ভবন না হয় গমন যে লয় রামের নাম') 2 বাসস্থান; 3 স্থিতি, ভাব, হওয়া (ঘনীভবন, বাষ্পীভবন)। [সং. √ ভূ + অন]।

ভবন-শিখী (p. 655) [bhabana-śikhī] বি. গৃহপালিত ময়ূর। [সং. ভবন + শিখী]।

ভবপার, ভবপারাবার, ভববন্ধন, ভবভয়, ভবভার, ভবযন্ত্রণা, ভবলীলা (p. 655) [bhabapāra, bhabapārābāra, bhababandhana, bhababhaẏa, bhababhāra, bhabayantraṇā, bhabalīlā] দ্র ভব।

ভবানী (p. 655) [bhabānī] বি. (স্ত্রী.) শিবপত্নী দুর্গা। [সং. ভব + আনী-তু. ভদ্রাণী]। ˜ .পতি বি. দুর্গার পতি শিব।

ভবার্ণব (p. 655) [bhabārṇaba] বি. 1 ভবসমুদ্র, সংসাররূপ সমুদ্র। [সং. ভব + অর্ণব]।

ভবি (p. 655) [bhabi] বি. 1 এক কল্পিত জেদি মেয়ে; 2 নাছোড়বান্দা (যতই বোঝাও, ভবি ভোলে না) [দেশি]।

ভবি-তব্য (p. 655) [bhabi-tabya] বি. নিয়তি, ভাগ্য (ভবিতব্য কে আর পালটাবে)। □ বিণ. অবশ্যম্ভাবি, যাঘটবেই। [সং. √ ভূ + তব্য]।

ভবিষ্য (p. 655) [bhabiṣya] বিণ. ভাবী, আগামী, পরে হবে বা ঘটবে এমন (ভবিষ্য বংশধর)। □ বি. পুরাণবিশেষ। [সং. √ ভূ + সতৃ]। ˜ .নিধি বি. 1 ভবিষ্যতের জন্য সঞ্চিত অর্থ; 2 প্রভিডেন্ট ফাণ্ড, provident fund. ˜ .সূচনা বি. ভবিষ্যতে যা ঘটবে তার আভাস, পূর্বাভাস।

ভবিষ্যত্ (p. 655) [bhabiṣyat] বিণ. ভাবী, পরে ঘটবে এমন, আগামী (ভবিষ্যত্ প্রজন্ম, ভবিষ্যত্ কাল)। □ বি. 1 ভাবীকাল, পরবর্তী সময় (ভবিষ্যতের ভাবনা); 2 পরিণাম (তোমাদের ভবিষ্যত্ খুব খারাপ। [সং. √ ভূ + স্যতৃ]।

ভবিষ্যদ্বক্তা বি. যে ব্যক্তি ভবিষ্যতে কী ঘটবে তা বলে দিতে পারে। ভবিষ্যদ্বাণী বি. ভবিষ্যতে কী ঘটবে আগেই তা বলা (তাঁর ভবিষ্যদ্বাণী অনেকটাই মিলে গেছে)।

ভবিষ্যনিধি (p. 655) [bhabiṣyanidhi] দ্র ভবিষ্য।

ভবেশ (p. 655) [bhabēśa] বি. মঙ্গলময় শিব, মহাদেব ('হে ভবেশ হে শঙ্কর, সবারে দিয়েছ ঘর': রবীন্দ্র)। [সং. ভব + ঈশ]।

ভব্য (p. 655) [bhabya] বিণ. ভদ্র, শিষ্ট, শান্ত মার্জিতরুচি (ভব্যসত্য)। [সং. √ ভূ + য]। স্ত্রী. ভব্যা। বি.˜ তা।

ভব্যি-যুক্ত (p. 655) [bhabyi-yukta] বিণ. (কথ্য) ভব্য, ভদ্র, শান্তশিষ্ট। [< সং. ভব্যতাযুক্ত]।

ভয় (p. 655) [bhaẏa] বি. বিপদের জন্য বা বিপদের সম্ভানায় যন্ত্রণাময় মানসিক প্রতিক্রিয়া; ভীতি, শঙ্কা। [সং. √ ভী + অ]। ভয় করা, ভয় খাওয়া ক্রি. বি. ভীত হওয়া। ভয় জন্মানো ক্রি. বি. ভয়ের সৃষ্টি হওয়া; ভীত করা।˜ .তরাসে বিণ. একটুতেই ভয় পায় এমন (ভয়তরাসে লোক)।˜ .ভয় ভাঙা ক্রি. বি. ভয় দূর করা বা হওয়া। ভয়ে কেঁচো ভয়ে একেবারে জড়সড়।

ভয়ং-কর, ভয়ঙ্কর (p. 655) [bhaẏa-ṅkara, bhaẏaṅkara] বিণ. 1 ভীতিজনক ভীষণ (ভয়ংকর দৃশ্য); 2 (কথ্য) অত্যন্ত, খুব (ভয়ংকর খিদে পেয়েছে)। [সং. ভয় + √ কৃ + অ। স্ত্রী. ভয়ং-করী।

ভয়দ (p. 655) [bhaẏada] বিণ. ভীতিজনক, ভয়ংকর। [সং. ভয় + √ দা + অ]।

ভয়-শূন্য (p. 655) [bhaẏa-śūnya] বিণ. 1 ভয় পায় না এমন, নির্ভীক (ভয়শূন্য অন্তরে); 2 যাতে ভয় নেই এমন। [সং. ভয় + শূন্য]। বি.˜ তা।

ভয়সা-ভঁইসা (p. 655) [bhaẏasā-bham̐isā] ও ভঁয়সা -র রূপভেদ।

ভয়াতুর (p. 655) [bhaẏātura] বিণ. ভয়ে কাতর, অত্যন্ত ভীত (ভয়াতুর হৃদয়)। [সং. ভয় + আতুর]।

ভয়ানোক (p. 658) [bhaẏānōka] বিণ. 1 অতি ভয়ংকর, ভীতিজনক (ভয়ানোক দৃশ্য); 2 (কথ্য) খুব, অত্যন্ত (ভয়ানোক দুঃখ পেয়েছে, ভয়ানোক খিদে পেয়েছে)। □ বি. (আল.) রসবিশেষ যার স্থায়ীভাব ভয়। [সং. √ ভী + আনক]।

ভয়াবহ (p. 658) [bhaẏābaha] বিণ. ভীতিজনক, ভয়ংকর (ভয়াবহ দুর্ঘটনা, ভয়াবহ অগ্নিকাণ্ড)। [সং. ভয় + আবহ]। বি.˜ তা।

ভয়ার্ত (p. 658) [bhaẏārta] বিণ. ভয় পেয়েছে এমন, ভীত (ভয়ার্ত শিশু)। [সং. ভয় + ঋত]।

ভয়াল (p. 658) [bhaẏāla] বিণ. ভয়ংকর, অত্যন্ত ভীতিজনক (ভয়াল দৃশ্য, ভয়ালযুদ্ধ)। [সং. ভয় + বাং. আল]।

ভর1, ভোর (p. 658) [bhara1, bhōra] বিণ. (সচ. শব্দের শেষে) সমস্ত; পূর্ণ (রাতভর গদান, দিনভর বৃষ্টি, জীবনভর যন্ত্রণা ভোগ)। [< ভরিয়া]। ভর-দুপুর বি. গনগনে দুপুর, ঠিক দুপুরবেলা। ভর-সন্ধ্যা বি. ঠিক সন্ধ্যাবেলা।

ভর2 (p. 658) [bhara2] বি. 1 ভার, ওজন (ভর সহ্য করা, শরীরের ভর); 2 ঠেকনা, নির্ভর, অবলম্বন (দেওয়ালে ভর দিয়ে দাড়ানো, ভাগ্যের উপর ভর করা); 3 (বিজ্ঞা.) পদার্থের মাত্রা, mass. [সং. √ ভৃ + অ]।

ভর3 (p. 658) [bhara3] বি. পূর্ণতা, আতিশয্য (ভক্তিভরে, স্নেহভরে)। [ভর2 দ্র]।

ভর4 (p. 658) [bhara4] বি. (লোক বিশ্বাসে) প্রেতযোনি দেবতা প্রভৃতির অধিষ্ঠান (পেতনি ভর করেছে)। [ভর2 দ্র]।

ভরণ (p. 658) [bharaṇa] বি. 1 ভরা, পূর্ণ বা ভরতি করা; 2 পালন করা, প্রতিপালন (ভরণ পোষণ); 3 বেতন। [সং. √ ভৃ + অন]। ˜ .পোষণ বি. অন্নবস্ত্রাদি জুগিয়ে প্রতিপালন।

ভরণীয়, ভরণ্য, ভর্তব্য (p. 658) [bharaṇīẏa, bharaṇya, bhartabya] বিণ. প্রতিপাল্য; পূরণীয়।

ভরণপোষণ, ভরণীয়, ভরণ্য (p. 658) [bharaṇapōṣaṇa, bharaṇīẏa, bharaṇya] দ্র ভরণ।

ভরণী (p. 658) [bharaṇī] বি. (জ্যোতিষ.) নক্ষত্রবিশষ। [সং. ভরণ + ঈ]।

ভরত1 (p. 658) [bharata1] বি. ভরদ্বাজ গোত্রের পাখিবিশেষ, ভারুই, sky lark. [সং. ভরদ্বাজ]।

ভরত2 (p. 658) [bharata2] বি. 1 রামায়ণে দশরথের দ্বিতীয় পুত্র; 2 রাজর্ষিবিশেষ; 3 নাট্যশাস্ত্রপ্রণেতা মুনি; 4 শকুন্তলার পুত্র। [সং. ভর + √ তন্ + অ]।

ভরতা, ভর্তা (p. 658) [bharatā, bhartā] বি. আলু বেগুন ইত্যাদি সিদ্ধ করে সরষের তেল দিয়ে মেখে তৈরি মুখরোচক তরকারিবিশেষ। [দেশি]।

ভরতি, ভর্তি (p. 658) [bharati, bharti] বি. স্কুল-কলেজ ছাত্র বা ছাত্রী হিসাবে নাম নথিভুক্ত করা (কলেজে ভরতির সমস্যা)। □ বিণ. 1 ভরা, পূর্ণ (ভরতি বলতি, বাটি-ভরতি দুধ); 2 পরিপূর্ণ (মাঠটা লোকে ভরতি); 3 নিযুক্ত, বহাল (কাজে ভরতি হওয়া); 4 পড়ার জন্য নথিভুক্ত (কলেজে ভরতি হয়েছে)। [ভরা দ্র]।

ভর-তুকি (p. 658) [bhara-tuki] বি. ক্ষতিপূরণের জন্য ব্যবসায়ীকে বা কোনো প্রতিষ্ঠান বা সংস্থাকে দেওয়া অর্থ; খেসারত। [দেশি ? তু. ভরা]।

ভরদ্বাজ (p. 658) [bharadbāja] বি. 1 মুনিবিশেষ, দ্রোণের পিতা; 2 ভরত বা ভারুই পাখি; 3 বাঙালি ব্রাহ্মণের গোত্রবিশেষ। [সং. ভরদ + বাজ]।

ভরন (p. 658) [bharana] বি. তামা দস্তা ও রাং মিশিয়ে প্রস্তুত নিকৃষ্ট কাঁসাবিশেষ। [দেশি]।

ভরনা (p. 658) [bharanā] বি. ভার, ভর অবলম্বন, ঠেকানো। [ভর2 দ্র]।

ভরন্ত (p. 658) [bharanta] বিণ. 1 ভরা (ভরন্ত যৌবন); 2 জলে ভরা ('ভরন্ত ডাবরী': কৃত্তি)। [ভরা দ্র]।

ভর-পুর (p. 658) [bhara-pura] বিণ. পরিপূর্ণ, পুরোপুরি ভরা (মন আনন্দে ভরপুর, রসেগন্ধে ভরপুর)। [বাং. ভরা + পুরা (পূরা)]।

ভর-পেট (p. 658) [bhara-pēṭa] বিণ. পেট ভরে এমন (ভরপেট ভাত, ভরপেট খাবার)। □ ক্রি-বিণ. পেট ভরতি করে (এই অবেলায় ভরপেট খেয়ো না)। [বাং. ভর + পেট]।

ভরভর (p. 658) [bharabhara] দ্র ভরো-ভরো।

ভরম (p. 658) [bharama] বি. 1 সম্ভ্রম, সম্মান ('সরম-ভরম গেল': ভা. চ.); 2 ভ্রম -র কোমল রূপ। [তু. ভ্রম]।

ভরসন্ধ্যা (p. 658) [bharasandhyā] দ্র ভর1।

ভরসা (p. 658) [bharasā] বি. 1 আস্থা, নির্ভর (আমার উপর ভরসা রাখো); 2 অবলম্বন, আশ্রয় (আপনিই আমার একমাত্র ভরসা); 3 আশ্বাস ('কূলে একা বসে আছি নাহি ভরসা': রবীন্দ্র, কোনো ভরসায় চাকরিটা ছাড়লে?)। [হি. ভরোসা]।

ভরা (p. 658) [bharā] ক্রি. 1 পূর্ণ করা (দুধ দিয়ে বালতি ভরছে, 'চেয়ে থাকি আঁখি ভরে', প্রাণ ভরে গান শোনো); 2 পরিপূর্ণ হওয়া (জিনিসপত্রে ঘরটা ভরে গেছে, এতেও পেট ভরল না?); 3 ভরতি করা, পোরা (থলিতে জিনিস ভরো)। □ বি. ভরতি করা, ভরাট করা ('মঙ্গলঘট হয়নি যে ভরা': রবীন্দ্র, বোতলে তেল ভরা শেষ হয়নি)। □ বিণ. ভরতি, পূর্ণ (ভরা নদী, ভরা শ্রাবণ, ভরা জোয়ার, গোয়াল-ভরা গোরু, ভরা সাঁঝ)। [সং. √ ভৃ + বাং. আ]। ˜ ট বি. পূর্তি; পূরণ (গর্ত ভরাট করা)। □ বিণ. পূর্ণ, পূরিত। ˜ .ডুবি বি. ভরা নৌকো বা বোঝাই নৌকো ডুবে যাওয়া; (আল.) সমূহ সর্বনাশ। ˜ নো ক্রি. বি. 1 পূর্ণ করানো, ভরতি করানো (পেট ভরানোর চিন্তা, পেট ভরাবার চিন্তা); 2 বোঝাই করানো (মাল দিয়ে নৌকা ভরানো)। ভরা নদী বি. তীর পর্যন্ত জলে ছাপিয়ে যায় এমন নদী। ভরা যৌবন বি. পূর্ণ যৌবন। ˜ .ভরতি বিণ. পুরোপুরি ভরতি; একেবারে ভরতি।

ভরি (p. 658) [bhari] বি. সোনারুপোর ওজনের মাপবিশেষ, 1 তোলা, প্রায় 11.664 গ্রাম। [দেশি]।

ভরিত (p. 658) [bharita] বিণ. 1 পূর্ণ, ভরতি; 2 পালিত, প্রতিপালিত। [সং. ভর + ইত]।

ভরো-ভরো, ভরো-ভরো (p. 658) [bharō-bharō, bharō-bharō] বিণ. প্রায় পূর্ণ (নদী ভরোভরো, 'আউষের ক্ষেত জলে ভরো-ভরো': রবীন্দ্র)। [ভরা দ্র]।

ভর্জন (p. 658) [bharjana] বি. ভাজার কাজ, ভাজা (ভর্জনপাত্র)। [সং. √ ভ্রস্জ্ + অন]। ̃ .পাত্র বি. ভাজার পাত্র, যে পাত্রে ভাজা হয়। ভর্জিত বিণ. ভাজা হয়েছে এমন (ভর্জিত মত্ স্য)।

ভর্তব্য (p. 658) [bhartabya] দ্র ভরণ।

ভর্ত্-সন, ভর্ত্-সনা (p. 658) [bhart-sana, bhart-sanā] বি. তিরস্কার, ধমক, বকুনি (এই ক্রটির জন্য তাকে যথেষ্ট ভর্ত্ সনা করা হয়েছে); নিন্দা। [সং. √ ভর্ত্ স্ + অন + আ]। ভর্ত্-সক বিণ. বি. ভর্ত্ সনাকারী । ভর্ত্-সিত বিণ. তিরস্কৃত, নিন্দিত। স্ত্রী. ভর্ত্-সিতা।

ভর্তা (p. 659) [bhartā] (-র্তৃ) বি. 1 স্বামী, পতি; 2 প্রভু, মনিব; 3 রাজা। □ বিণ. প্রতিপালনকারী। [সং. √ ভৃ + তৃ]। স্ত্রী. ভর্ত্রী।

ভলান-টিয়ার, ভলান্টিয়ার (p. 659) [bhalāna-ṭiẏāra, bhalānṭiẏāra] বি. স্বেচ্ছাসেবক, স্বেচ্ছাকর্মী। [ইং. volunteer]।

ভলি-বল (p. 659) [bhali-bala] বি. রবারের বড়ো বল নিয়ে উঁচু জালের দুপাশে দুই দলের হাত দিয়ে বল মারার খেলাবিশেষ। [ইং. volly ball]।

ভল্ট (p. 659) [bhalṭa] বি. লম্বা লাঠির সাহায্যে কিংবা হাতে ভর দিয়ে ডিগবাজির মতো লাফানো। [ইং vault]।

ভল্ল (p. 659) [bhalla] বি. বর্শাজাতীয় প্রাচীন অস্ত্রবিশেষ। [সং. √ ভল্ল্ + অ]।

ভল্লাত, ভল্লাতক (p. 659) [bhallāta, bhallātaka] বি. ভেলাগাছ। [সং. ভল্ল + √ অত্ + অ, + ক]।

ভল্লুক (p. 659) [bhalluka] বি. অতি শক্তিশালী রোমশ ও তীক্ষ্ণ নখবিশিষ্ট বন্য প্রাণীবিশেষ, ভালুক। [সং. √ ভল্ল্ + উক]। স্ত্রী. ভল্লুকা, ভল্লুকী।

ভসকা (p. 659) [bhasakā] বিণ. 1 জলবত্, পানসে (ভসকা জামরুল); 2 জমাট নয় এমন, আলগা (ভসকা মাটি)। [দেশি]।

ভস-ভস, ভস-ভস (p. 659) [bhasa-bhasa, bhasa-bhasa] অব্য. নল ইঞ্জিনের চিমনি প্রভৃতি থেকে প্রচুর পরিমানে ধোঁয়া দ্রুত বেরোবার শব্দসূচক (ভসভস করে ধোঁয়া বেরোচ্ছে)। [ধ্বন্যা.]।

ভস্ত্রা (p. 659) [bhastrā] বি. 1 ভিস্তি, জল রাখার বা বহন করার জন্য চামড়ার থলি; 2 কামারের হাপর বা বায়ুযন্ত্র, bellow. [সং. √ ভস্ + ত্র + আ]।

ভস্ম (p. 659) [bhasma] বি. ছাই, কঠিন পদার্থ আগুনে পুড়ে যাবার পর যে পাতলা হালকা পদার্থ অবশিষ্ট থাকে। [সং. √ ভস্ + মন্]। ˜ .কীট বি. অস্বাভাবিক

ক্ষুদাযুক্ত কল্পিত কীটবিশেষ; (আল.) যে ব্যক্তির ক্ষুধা সহজে শান্ত হয় না (এত খাই খাই করছ কেন? পেটে কি ভস্মকীট ঢুকেছে?)। ˜ .লিপ্ত বিণ. ছাইমাখা (ভস্মলিপ্ত শরীর)। ˜ .লোচন বি. রামায়ণোক্ত রাক্ষস যার দৃষ্টিপাতে শত্রু পুড়ে ছাই হয়ে যেত। ˜ .সাত্ বিণ. ছাইয়ে পরিণত, পুড়ে ছাই হয়েছে এমন। ˜ .স্তূপ বি. ছাইয়ের গাদা। ভস্মাধার বি. ছাই রাখার পাত্র দাহ করার পর শবদেহের ছাই যে-পাত্রে রাখা হয়। ভস্মাবৃত, ভস্মাচ্ছাদিত বিণ. ছাইয়ে ঢাকা। ভস্মাব-শেষ বি. দগ্ধ পদার্থের যা অবশিষ্ট থাকে। ভস্মী-করণ বি. পুড়িয়ে ছাইয়ে পরিণত করা। বিণ. ভস্মী-কৃত। ভস্মী-ভূত বিণ. সম্পূর্ণ পুড়ে ছাইয়ে পরিণত; (আল.) সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত।

ভা (p. 659) [bhā] বি. 1 দীপ্তি, প্রভা, জ্যোতি। [সং. √ ভাস্ + ক্বিপ্]।

ভাই (p. 659) [bhāi] বি. একই মাতাপিতার পুত্র (সহোদর) কিংবা একই পিতার কিন্তু ভিন্ন মাতার পুত্র (বৈমাত্রেয়) কিংবা একই মাতার কিন্তু ভিন্ন পিতার পুত্র; ভ্রাতা; ভ্রাতৃস্থানীয় ব্যক্তি বা তাকে সম্বোধন। [< সং. ভ্রাতৃ]। ˜ ঝি বি. ভাইয়ের মেয়ে। ˜ পো বি. ছোটো ভাইয়ের বা বড়ো ভাইয়ের ছেলে। ˜ .ফোঁটা বি. ভ্রাতৃদ্বিতীয়ায়, কখনো-কখনো প্রতিপদে, বোন কর্তৃক ভাইয়ের কল্যাণকামনায় তার কপালে ফোঁটা দেওয়ার হিন্দু অনুষ্ঠান। ˜ .বউ বি. ভাইয়ের স্ত্রী। ˜ .বেরাদার বি. আত্মীয়স্বজন (ভাইবেরাদার পালাও এখন কাজি)। ভাই ভাই সম্পর্ক ভ্রাতৃতুল্য স্নেহের বন্ধন।

ভাই-রাস (p. 659) [bhāi-rāsa] বি. 1 সবসময় সাধারণ অনুবীক্ষণ যন্ত্রেও দেখা যায় না এত ক্ষুদ্র রোগসৃষ্টিকারী জীবাণু; 2 (কম্পিউটারে) যেসব লুকানো প্রোগ্রাম ক্রমাগত কম্পিউটারে এসে অন্য প্রোগ্রামের ক্ষতি করে। [ইং. virus]।

ভাইস-রয় (p. 659) [bhāisa-raẏa] বি. ইংরেজ আমলের ভারতের সর্বোচ্চ পদাধিকারী রাজপ্রতিনিধিবিশেষ। [ইং. viceroy]।

ভাইস-চ্যান্সেলর (p. 659) [bhāisa-cyānsēlara] বি. বিশ্ববিদ্যালয়ের উপাচার্য। [ইং. vice-chancellor]।

ভাও (p. 659) [bhāō] বি. 1 দাম, দর (ভাও কত?); 2 ভাব, হালচাল। [হি. < সং. ভাব]।

ভাওয়াইয়া (p. 659) [bhāōẏāiẏā] বি. উত্তরবঙ্গের (বিশেষত) মালদহ অঞ্চলে প্রচলিত লোকসংগীতবিশেষ। [দেশি]।

ভওলি (p. 659) [bhōli] বি. জমিদারকে খাজনার বদলে দেয় শস্য। [দেশি]।

ভাং (p. 659) [bhā] বি. সিদ্ধি গাছ বা সেই গাছের পাতা থেকে প্রস্তুত মাদকবিশেষ। [< সং. ভঙ্গা]।

ভাংচি (p. 659) [bhāñci] বি. কাউকে কোনো কাজ থেকে নিরস্ত করবার জন্য কুমন্ত্রণা; ভাঙানি। [সং. ভঙ্গ বা √ ভঞ্জ]।

ভাংটা (p. 659) [bhāṇṭā] বি. (আঞ্চ.) খুচরো পয়সা, ভাঙানি। [ভাঙা]।

ভাংরা (p. 659) [bhāṃrā] বি. পাঞ্জাবে প্রচলিত জনপ্রিয় লোকনৃত্যবিশেষ।

ভাঁওতা (p. 659) [bhām̐ōtā] বি. ধাপ্পা, প্রতারণা (ভাঁওতা দিয়ে কতগুলো টাকা নিয়ে গেল)। [দেশি]।˜ .বাজ বিণ. প্রতারক, ঠক। বি.˜ .বাজি।

ভাঁজ (p. 659) [bhān̐ja] বি. 1 পাট (কাপড়গুলো ভাঁজ করে রাখো); 2 স্তর, তাক (ভাঁজে ভাঁজে ময়লা জমেছে)। [সং. √ ভন্জ্ + বাং. অ]।˜ .-ভাঙা বিণ. কাঁচা ও ইস্তিরি করা কাপড় পরবার জন্য খোলা হয়েছে এমন।

ভাঁজা (p. 659) [bhān̐jā] ক্রি. 1 ভাঁজ বা পাট করা; 2 (সংগীতে) সুর অভ্যাস বা আলাপ করা (সুর ভাঁজা); 3 জোরে সঞ্চালন করা (মুগুর ভাঁজা); 4 (তাসের) বিন্যাস নষ্ট করা (তাস ভাঁজা)। [সং. √ ভন্জ্ + বাং. আ]।

ভাঁট (p. 659) [bhān̐ṭa] বি. ঘেঁটু ফুলের গাছ। [< সং. ভাণ্ডীর]।

ভাঁটা2 (p. 659) [bhān̐ṭā2] বি. খেলবার বল বা গোলক। [দেশি]।

ভাঁটুই (p. 659) [bhān̐ṭui] বি. তৃণবিশেষ বা তার কাঁটাওয়ালা ফল যা সহজেই কাপড়ে ফুটে যায়। [দেশি]।

ভাঁড়1 (p. 659) [bhān̐ḍ়1] বি. মাটির ছোটো পাত্র (ভাঁড়ের চা, একভাঁড় দই)। [সং. ভাণ্ড]।

ভাঁড়2 (p. 659) [bhān̐ḍ়2] বি. নাপিতের ছুরি-কাঁচি ইত্যাদি রাখার বাক্সো। [সং. ভাণ্ডি]।

ভাঁড়3 (p. 659) [bhānঁḍ়3] বি. বিদূষক হালকা ঠাট্টা পরিহাস করতে ভালোবাসে এমন লোক। [সং. ভণ্ড]।

ভাঁড়4 (p. 659) [bhānঁḍ়4] বি. ভাঁড়ার, ভাণ্ডার। [সং. ভাণ্ডাগার]। ভাঁড়ে মা ভবানী (প্রবচন) ভাণ্ডার শূন্য, নিঃস্ব অবস্থা।

ভাঁড়ানো (p. 660) [bhānঁḍ়ānō] ক্রি. বি. ছলনা বা প্রতারণা করা; সত্য গোপন করা (নাম ভাঁড়িয়েছে)। [সং. ভণ্ড]।

ভাঁড়ামি, ভাঁড়ামো (p. 660) [bhānঁḍ়āmi, bhānঁḍ়āmō] বি. (সচ. নিন্দায়) লঘু রঙ্গপরিহাস বা কৌতুক; বিদূষকের আচরণ। [বাং. ভাঁড়3 + আমি, আমো]।

ভাঁড়ার (p. 660) [bhānঁḍ়āra] বি. ভাণ্ডার; যেখানে খাবার ও অন্যান্য রান্নার জিনিস মজুত করা হয় (ভাঁড়ার ঘর)। [বাং. ভাণ্ডার]।

-ভাক (p. 660) [-bhāka] (-ভাজ্), (বর্জি.) -ভাক্ বিণ. ভাগী, অংশী (অংশভাক)। [সং. √ ভজ্ + ক্বিপ্]।

ভাক্ত (p. 660) [bhākta] বিণ. 1 গৌণ, অপ্রধান (ভাক্ত অর্থ); 2 লাক্ষণিক; 3 ঔপচারিক; 4 কপট (ভাক্ত বৈষ্ণব)। [সং. ভক্তি + অ]।

ভাগ1 (p. 660) [bhāga1] বি. 1 ভাগ্য -র কোমল রূপ ('আজু রজনী হাম ভাগে পোহায়নু': বিদ্যা); 2 (শব্দের শেষে) ভাগ্য (মহাভাগ)।

ভাগ2 (p. 660) [bhāga2] বি. 1 বাটোয়ারা, বিভাগ (দেশভাগ, সম্পত্তি ভাগ করা); 2 খণ্ড, টুকরো (শতভাগে পরিণত); 3 অংশ, বখরা (আমার ভাগ কই?); 4 কালাংশ (দিবাভাগ); 5 স্থান, প্রদেশ, অঞ্চল (নিম্নভাগ উপরিভাগ); 6 (গণি.) বিভাজন, হরণ (ভাগশেষ)। [সং. √ ভজ্ + অ]।˜ .চাষি বি. যে চাষি কেবল উৎপন্ন ফসলের ভাগ নিয়ে অন্যের জমি চাষ করে।˜ .ধেয় বিণ. 1 যে ভাগ পায়, ভাগী; 5 উত্তরাধিকারী, দায়াদ। □ বি. 1 ভাগ; 2 রাজস্ব; 3 ভাগ্য।˜ .ফল বি. এক রাশিকে অপর এক রাশি দিয়ে ভাগ করলে যে ফল পাওয়া যায়, quotient.˜ .বাটোয়ারা বি. অংশে বন্টন বা ভাগ করে দেওয়া।˜ .শেষ বি. (গণি.) ভাগ করবার পর রাশির যে অংশ অবশিষ্ট থাকে।˜ .হর বিণ. অংশগ্রহণকারী।˜ .হার বি. অংশগ্রহণ। ভাগের মা গঙ্গা পায় না (আল. প্রব.) ভাগাভাগির কাজ ঠিকমতো হয় না।

ভাগনা, ভাগনে (p. 660) [bhāganā, bhāganē] দ্র ভাগনি ও ভাগিনেয়।

ভাগনি (p. 660) [bhāgani] বি. ভগিনীর কন্যা, ছোটো বোনের বা দিদির মেয়ে। [< সং. ভাগিনেয়ী]। পুং. ভাগনা, ভাগনে।

ভাগফল, ভাগবাটোয়ারা, ভাগশেষ, ভাগহর (p. 660) [bhāgaphala, bhāgabāṭōẏārā, bhāgaśēṣa, bhāgahara] দ্র ভাগ2।

ভাগ-বত (p. 660) [bhāga-bata] বিণ. 1 ভগবদ্বিষয়ক, ভগবানবিষয়ক; 2 ভগবত্তক। □ বি. আঠারোটি পুরাণের অন্যতম। [সং. ভগবত্ + অ]।

ভাগা1 (p. 660) [bhāgā1] বি. পৃথক পৃথক ভাগ (মাছের ভাগাগুলোর মধ্যে একটা বেছে নাও)। [বাং. ভাগ2 + আ]।

ভাগা2 (p. 660) [bhāgā2] ক্রি. বি. পালানো (চাকরটা ভেগেছে)। [হি. ভাগ্না]।˜ নো ক্রি. তাড়িয়ে দেওয়া (কুকুরগুলোকে ভাগাও, ভিখিরিকে ভাগিয়ে দিল)। □ বি. উক্ত অর্থে (ভিখিরিকে ওভাবে ভাগানো উচিত হল না)। □ বিণ. তাড়ানো হয়েছে এমন।

ভাগাড় (p. 660) [bhāgāḍ়] বি. যে জায়গায় মরা গবাদি পশু ফেলা হয়। [দেশি]।

ভাগানো (p. 660) [bhāgānō] দ্র ভাগা2।

ভাগা-ভাগি (p. 660) [bhāgā-bhāgi] বি. বন্টন, ভাগবাটোয়ারা (আমগুলো নিজেদের মধ্য ভাগাভাগি করে নিল)। [বাং. ভাগ + আ + ভাগ + ই]।

ভাগিনেয় (p. 660) [bhāginēẏa] বি. ছোটো বোনের কিংবা দিদির ছেলে, ভাগনে। [সং. ভগিনী + এয়]। স্ত্রী. ভাগিনেয়ী।

ভাগী1 (p. 660) [bhāgī1] (-গিন্) বিণ. যে ভাগ নেয় বা পায়, অংশী (সম্পত্তির ভাগী)। [সং. ভাগ + ইন্]। স্ত্রী. ভাগিনী।˜ .দার বি. অংশীদার।

ভাগী2 (p. 660) [bhāgī2] বিণ. ভাগ পেতে ইচ্ছুক বা বাধ্য (দোষের ভাগী, নিমিত্তের ভাগী)। [সং. √ ভজ্ + ইন্]। স্ত্রী. ভাগিনী।

ভাগী3 (p. 660) [bhāgī3] বিণ. (ব্রজ.) ভাগ্যবান ('সো পাওয়ে বহুভাগী': বিদ্যা.)। [< সং. ভাগ্য]।

ভাগীদার (p. 660) [bhāgīdāra] দ্র ভাগী1।

ভাগ্য (p. 660) [bhāgya] বি. 1 অদৃষ্ট, নিয়তি, কপাল, বরাত (ভাগ্যে যা আছে হবে); 2 সৌভাগ্য (তোমার কী ভাগ্য ! ভাগ্যবান)। [সং. √ ভজ্ + য]।˜ .ক্রমে ক্রি-বিণ. ভাগ্যের জোরে, সৌভাগ্যবশত (সে ভাগ্যক্রমে বেঁচে গেছে)।˜ .গণনা বি. ভবিষ্যত্ শুভাশুভ নির্ণয়।˜ .গুণে ভাগ্যক্রমে -র অনুরূপ।˜ .চক্র বি. পরিবর্তনশীল ভাগ্য, একবার সৌভাগ্য একবার দুর্ভাগ্য এইভাবে পরিবর্তনশীল অদৃষ্ট।˜ .দেবতা,˜ .বিধাতা বি. যে-দেবতা ভাগ্য নির্ধারণ করেন। স্ত্রী.˜ .দেবী,˜ .বিধাত্রী।˜ .দোষে ক্রি বিণ. দুর্ভাগ্যের জন্য, দুর্ভাগ্যবশত (রাজা ভাগ্যদোষে একদিন ফকির হয়ে গেলেন)।˜ .ধর বিণ. ভাগ্যবান।˜ .নিয়ন্তা বিণ. বি. যিনি ভাগ্য বা অদৃষ্ট স্হির বা নির্ধারণ করেন, ভাগ্যবিধাতা।˜ .পরীক্ষা বি. ভাগ্যে কী আছে অর্থাত্ ভাগ্য ভালো কি মন্দ তার পরীক্ষা।˜ .বল বি. ভাগ্যের সহায়তা বা আনুকূল্যে, সৌভাগ্য।˜ .বান বিণ. সৌভাগ্যবান, যার ভাগ্য ভালো। স্ত্রী.˜ .বতী।˜ .বিপর্যয় বি. দুর্ভাগ্য, হঠাত্ বিপদে পড়া, দুরদৃষ্ট।˜ .রেখা বি. (জ্যোতিষ) হাতের তালুতে ভাগ্যনির্দেশক রেখা।˜ .লিপি বি. অদৃষ্টের লিখন, কী ঘটবে সে সম্বন্ধে পূর্বাহ্ণে নির্দিষ্ট ভাগ্যের গতি।˜ .হত বিণ. হতভাগ্য।˜ .হীন বিণ. হতভাগ্য। স্ত্রী.˜ .হীনা। ভাগ্যাকাশ বি. ভাগ্যরূপ আকাশ, ভাগ্যরূপে কল্পিত আকাশ। ভাগ্যান্বেষণ বি. সৌভাগ্যের সন্ধান। ভাগ্যদয় বি. সৌভাগ্যের সূচনা।

ভাগ্যি (p. 660) [bhāgyi] (কথ্য) বি. ভাগ্য। □ অব্য. ভাগ্য ভালো তাই, ভাগ্যবলে (ভাগ্যি, তুমি সময়মতো এসেছ)। [সং. ভাগ্য]।

ভাগ্যিস (p. 660) [bhāgyisa] অব্য. কপালজোরে, ভাগ্য ভালো বলে, ভাগ্যগুণে (ভগ্যিস সে সময়মতো এসে পড়েছিল)।

ভাঙ (p. 660) [bhāṅa] দ্র ভাং।

ভাঙ-চুর (p. 660) [bhāṅa-cura] বি. ভাঙা ও গুঁড়িয়ে দেওয়া ভেঙে তছনছ করা; লণ্ডভণ্ড (একদল লোক ঘরে ঢুকে ভাঙচুর করেছে)। [বাং. ভাঙা + চুর (চূর্ণ)]।

ভাঙড় (p. 660) [bhāṅaḍ়] বিণ. সিদ্ধিখোর, ভাংখোর। [বাং. ভাং + দড়]।

ভাঙন1 (p. 660) [bhāṅana1] বি. 1 ভেঙে পড়া, ভাঙা; 2 নদীর পাড় ধসা (ভাঙন-ধরা নদী); 3 (আল.) অবনতি, ক্ষয় বা পতনের সূত্রপাত (সংসারে ভাঙন ধরা)। [ভাঙা দ্র]।

ভাঙন2 (p. 660) [bhāṅana2] বি. সাদা আঁশওয়ালা লম্বাটে গড়নের সুস্বাদু মাছবিশেষ। [দেশি]।

ভাঙা (p. 661) [bhāṅā] ক্রি. 1 টুকরো বা চূর্ণ করা (কাচ ভাঙা, পাথর ভাঙা); 2 দুর্বল বা হতাশ করা বা হওয়া (খবরটা শুনে সে একেবারে ভেঙে পড়ল); 3 দূর করা বা দূর হওয়া, ঘোচা বা ঘুচানো (ঘুম ভাঙা, মান ভাঙা); 4 বাতিল বা

ছিন্ন হওয়া (সম্বন্ধ ভেঙে গেছে); 5 প্রকাশ করা, বুঝিয়ে দেওয়া (কথাটা ভাঙল না, ভেঙে বলো); 6 এলোমেলো হওয়া, আয়ত্তে না থাকা (আইনশৃঙ্খলা ভেঙে পড়া, রেশনব্যবস্থা ভেঙে পড়েছে); 7 ধসে পড়া (দেওয়ালটা ভেঙে পড়েছে); 8 অতিক্রম করা, টপকানো (সিঁড়ি ভাঙা, জলকাদা ভেঙে এগোল); 9 প্রচণ্ড ভিড় জমিয়ে সমবেত হওয়া (বক্তৃতা শুনতে গোটা শহর ভেঙে পড়েছে); 1 তছরূপ করা, চুরি করা (তহবিল ভাঙা)। □ বি. উক্ত সব অর্থে (পাথর ভাঙা সহজ নয়; দুঃখে ভেঙে পড়া খুব স্বাভাবিক, আমার পক্ষে সিঁড়ি ভাঙা সম্ভব নয়)। □ বিণ. 1 ভেঙেছে এমন (ভাঙাগাছ, ভাঙা দেওয়াল, ভাঙা পা); 2 নষ্ট হয়েছে এমন (ভাঙা সম্বন্ধ, ভাঙা শরীর); 3 ভাঙে এমন (হাড়ভাঙা খাটুনি); 4 হতাশ (ভাঙা মন); 5 মন্দ (ভাঙা কপাল)। [সং. √ ভন্‌জ্‌ + বাং. আ]। ভাঙা কপাল জোড়া লাগা ক্রি. বি. দুঃসময় শেষ হয়ে সুসময় আসা। ˜ .গড়া বি. কেনোকিছু ভেঙে ফেলে বা নষ্ট করে আবার নতুন করে তৈরী করা। ˜ .চোরা বিণ. ভেঙে টুকরো হয়ে গেছে এমন; বিনষ্ট (ভাঙা-চোরা টেবিল)। ভাঙা-ভাঙা বিণ. 1 প্রায় ভেঙেছে এমন, ভগ্নপ্রায়; 2 বিকৃত ও অস্পষ্ট (ভাঙা-ভাঙা বাংলায় যা বলল তার মানে এই)। আকাশ ভাঙা ক্রি. বি. প্রবল বৃষ্টি হওয়া (আকাশ ভেঙে বৃষ্টি নামল)। ঘাড় ভাঙা ক্রি. বি. কৌশলে অন্যের খরচে নিজের কাজ হাসিল করা।

ভাঙাগড়া, ভাঙাচোরা (p. 661) [bhāṅāgaḍ়ā, bhāṅācōrā] দ্র ভাঙা।

ভাঙানি (p. 661) [bhāṅāni] বি. 1 ভাংচি দিয়ে প্রতিকূল করা, গোপনে বিরুদ্ধতা করে অসুবিধার সৃষ্টি করা (লাগানি-ভাঙানি); 2 খুচরো পয়সা (দশ টাকার ভাঙানি)। [বাং. ভাঙা + আনি]।

ভাঙানো (p. 661) [bhāṅānō] ক্রি. বি. 1 দূর করা, ঘুচানো (ভয় ভাঙানো, ঘুম ভাঙানো); 2 খুচরো করা (টাকা ভাঙানো); 3 ভাংচি দেওয়া (মন ভাঙানো); 4 কাজে লাগিয়ে বা ব্যবহার করে সুবিধা পাওয়া (বাপের নাম ভাঙিয়ে সুবিধে আদায় করেছে)। [বাং. ভাঙা + আনো]।

ভাঙা-ভাঙা (p. 661) [bhāṅā-bhāṅā] দ্র ভাঙা।

ভাঙ্গি1 (p. 661) [bhāṅgi1] বিণ. ভাংখোর, ভাঙড়। [দ্র ভাং]।

ভাঙ্গি2 (p. 661) [bhāṅgi2] বি. মেথর, ধাঙড়। [হি.]।

ভাজ (p. 661) [bhāja] বি. ভাইয়ের স্ত্রী, ভ্রাতৃবধূ। [< সং. ভ্রাতৃজায়া]।

ভাজক (p. 661) [bhājaka] বিণ. ভাগকারী। □ বি. (গণি.) যে রাশি দিয়ে ভাগ করা হয়, divisor. [সং. √ ভজ্ + অক]।

ভাজন (p. 661) [bhājana] বি. 1 পাত্র বা আধার (স্নেহভাজন); 2 ভাগ করা (বিভাজন)। [সং. ভাজ্ + অন]।

ভাজনা (p. 661) [bhājanā] বিণ. ভাজার কাজে ব্যবহৃত (ভাজনা খোলা)। [ভাজা দ্র]।

ভাজা (p. 661) [bhājā] ক্রি. গরম তেল-ঘি-ডালডা ইত্যাদিতে শুকনো করে পাক করা (মাছ ভাজছে)। □ বি. উক্ত অর্থে (মাছভাজা খাচ্ছে, এত মাছ ভাজা

কি সহজ কাজ?)। □ বিণ. উক্ত অর্থে (ভাজা মাছ)। [< সং. √ ভ্রস্জ্ + বাং. আ]।

ভাজা-ভাজা (p. 661) [bhājā-bhājā] বিণ. 1 প্রায় ভাজা, কিছুটা ভাজা (আলুর টুকরোগুলো ভাজা-ভাজা হলেই নামাতে হরে); 2 (আল.) জ্বালাতন, বিরক্ত (ছেলেটার দৌরাত্ম্যে একেবারে ভাজা-ভাজা হয়ে গেলাম)। ভাজা-ভুজি বি. নানারকমের ভাজা খাবার (রোজ এতসব ভাজাভুজি খেলে শরীর খারাপ হবে)।

ভাজি (p. 661) [bhāji] বি. ভাজা তরকারি, ভাজা সবজি, শুকনো করে ভাজা সবজি; সচ. ভাতের সঙ্গে খাওয়ার ভাজা সবজি। [বাং. ভাজা + ই]।

ভাজিত (p. 661) [bhājita] বিণ 1 (গণি.) ভাগ করা হয়েছে এমন (পনেরো ভাজিত তিন); 2 বিভক্ত; 3 পৃথক্কৃত, আলাদা করা হয়েছে এমন। [সং. √ ভাজ্ + ত]।

ভাজ্য (p. 661) [bhājya] বিণ. ভাগ বা বিভাজিত করা যায় এমন। □ বি. যে রাশিকে অন্য রাশি দিয়ে ভাগ করতে ববে, dividenfd. [সং. √ ভাজ্ + য]।

ভাট (p. 661) [bhāṭa] বি. কোনো অভিজাত বা উঁচু বংশের স্তুতিমূলক পরিচয় গেয়ে শোনানোই যাদের জীবিকা, স্তুতিপাঠক, বন্দনাগানের গায়ক। [< সং. ভট্ট]।

ভাটক (p. 661) [bhāṭaka] বি. 1 গাড়িভাড়া; 2 ভাড়া; 3 বেতন বা মজুরি; 4 কর, খাজনা। [সং. √ ভট্ + অক]।

ভাটা, ভাঁটা (p. 661) [bhāṭā, bhānt̐ā] বি. 1 নদীতে বা সমুদ্রে জলস্ফীতির হ্রাস; 2 স্বাভাবিক স্রোতের দিক (উজানভাটা); 3 (আল.) অবনতি, পতনের দিকে গতি (যৌবনে ভাটা পড়তে শুরু করেছে)। [দেশি]।

ভাটি1 (p. 661) [bhāṭi1] বি. 1 ইট পোড়াবার চুল্লি; 2 ধোপার কাপড় সিদ্ধ করবার বড়ো মাটির গামলার মতো পাত্র; 3 মদ চোয়াবার পাত্র বা স্থান (মদের ভাটি)। [তু. হি. ভট্টি < সং. ভ্রষ্ট]।˜ .খানা বি. যেখানে দেশি মদ চোয়ানো বা চোলাই করা হয়।

ভাটিয়ার (p. 661) [bhāṭiẏāra] বি. সংগীতে ভোরের রাগবিশেষ। [দেশি]।

ভাটিয়ালি (p. 661) [bhāṭiẏāli] বি. মাঝিদের গানের সুরবিশেষ। [বাং. ভাটি আল + ই]।

ভাড়া (p. 661) [bhāḍ়ā] বি. 1 সাময়িক ব্যবহারের জন্য দেয় অর্থ, মাশুল, কেরায়া (গাড়িভাড়া, বাড়িভাড়া); 2 মজুরি (কুলিভাড়া)। □ বিণ. ভাড়ার শর্তে ব্যবহৃত (ভাড়াবাড়ি, ভাড়াগাড়ি)। [< সং. ভাটক]। ভাড়া করা ক্রি. বি. ভাড়ার অর্থ দেবার শর্তে অন্যের জিনিস নিজের কাজের জন্য নেওয়া (গাড়ি ভাড়া করেছেন)।

ভাড়া খাটা (p. 661) [bhāḍ়ā khāṭā] ক্রি. বি. ভাড়া নিয়ে অন্যের কাজে লাগা।˜ .টিয়া,˜ টে বিণ. 1 ভাড়ার বিনিময়ে পাওয়া যায় এমন (ভাড়াটে বাড়ি); 2 ভাড়া খাটে এমন, ঠিকে (ভাড়াটে গাড়ি, ভাড়াটে লেখক); 3 কেবল অর্থের

লোভে অন্যায় বা অনুচিত কাজ করে এমন (ভাড়াটে সাক্ষী)। □ বি. ভাড়াটে বাড়ির বাসিন্দা (নতুন ভাড়াটে এসেছে)।

ভাণ2 (p. 661) [bhāṇa2] বি. সংস্কৃত রূপপক-নাটকবিশেষ। [সং. √ ভণ্ + অ]।

ভাণ্ড (p. 661) [bhāṇḍa] বি. 1 পাত্র, আধার (মৃৎভাণ্ড); 2 ভাঁড়; 3 পেটিকা; 4 বাদ্যযন্ত্রবিশেষ; 5 মূলধন, পুঁজি। [সং. √ ভণ্ + ড, √ ভণ্ড্ + অ]।

ভাণ্ডারা (p. 661) [bhāṇḍārā] বি. সাধু-সন্ন্যাসীদের জন্য যে ভোজ দেওয়া হয়। < ভাণ্ডার]।

ভাণ্ডীর (p. 661) [bhāṇḍīra] বি. 1 বটগাছ; 2 ভাঁট বা ঘেঁটু গাছ। [সং. ভাণ্ড + √ ঈর্ + অ]।

ভাত1 (p. 661) [bhāta1] বিণ. দীপ্ত, আলোকিত, উদ্ভাসিত (প্রভাত, প্রতিভাত)। [সং. √ ভা + ত]।

ভাত2 (p. 661) [bhāta2] বি. ফুটন্ত জলে চাল সিদ্ধ করে প্রস্তুত খাবারবিশেষ, অন্ন। [পা. ভত্ত < সং. ভক্ত]। ˜ .কাপড় বি. অন্নবস্ত্র।

ভাত মারা (p. 661) [bhāta mārā] ক্রি. বি. 1 প্রচুর ভাত খাওয়া; 2 বেকার বসে অন্ন ধ্বংস করা; 3 উপার্জনের পথ বন্ধ করে দেওয়া। ভাতুরে ভাতুড়িয়া বি. বিণ. অন্নের জন্য অপরের গলগ্রহ। ভাতুয়া-ভেতো -র মূল রূপ। ভাতে বিণ. 1

ভাতের সঙ্গে সিদ্ধকরা হয়েছে এমন (আলু ভাতে); 2 গরম ভাতের তাপে সিদ্ধ (মাছ ভাতে)। □ বি. ওইভাবে সিদ্ধ করা সবজি বা মাছ। ভাতে-ভাত ভাত ও তার সঙ্গে সিদ্ধ করা সবজি।

ভাতা1 (p. 661) [bhātā1] বি. 1 অতিরিক্ত বেতন, বেতনের সঙ্গে দেয় অতিরিক্ত অর্থ (দুর্মূল্য ভাতা); 2 বৃত্তি। [< সং. ভৃতি]।

ভাতা2 (p. 661) [bhātā2] ক্রি. 1 দীপ্তি পাওয়া, শোভা পাওয়া ('নবীন গরিমা ভাতিবে আবার তোর': দ্বি. রা); 2 উদিত হওয়া, প্রকাশ পাওয়া। [সং. √ ভা]।

ভাতার (p. 661) [bhātāra] বি. (অশা. গ্রা.) স্বামী (ভাতারখাকি)। [সং. ভর্তা]। ˜ .খাকি বি. (গালিতে) যে স্ত্রীলোক স্বামীর মৃত্যুর জন্য দায়ী।

ভাতি1 (p. 661) [bhāti1] বি. 1 উজ্জ্বলতা ('নিশীথে দীপের ভাতী'); 2 কান্তি, শোভা (কনকভাতি); 3 আবির্ভাব, প্রকাশ, উদয় ('যেন ঘোর নিশাভাতি': রবীন্দ্র)। [সং. √ ভা + তি]।

ভাতি2 (p. 661) [bhāti2] বি. 1 প্রকার, রকম ('প্রিয়বাক্য নানাভাতি': ভক্তমাল গ্রনহ); 2 নির্মাণ, রচনা; 3 রচনাকৌশল, গঠনরীতি ('দুই লোচন সুভাতি': চৈ. ভা); 4 সাদৃশ্য, তুলনা। [< সং. ভক্তি]।

ভাতিজা (p. 661) [bhātijā] বি. ভাইয়ের ছেলে, ভাইপো। [সং. ভ্রাতৃজ]।

ভাতুড়িয়া (p. 661) [bhātuḍ়ịẏā] দ্র ভাত2।

ভাতুয়া (p. 661) [bhātuẏā] দ্র ভেতো।

ভদু (p. 661) [bhadu] বি. বাংলার লৌকিক দেবীবিশেষ যাঁর পূজা হয় ভাদ্র মাসে। [< সং. ভাদ্র]।

ভাদ্দর-বউ (p. 661) [bhāddara-bu] বি. ছোটো ভাইয়ের স্ত্রী, ভাদ্রবধু। [< সং. ভ্রাতৃবধু]।

ভাদ্দুরে (p. 661) [bhāddurē] বিণ. (কথ্য) ভাদ্রমাসীয়। [ভাদ্দর দ্র]।

ভাদ্র (p. 661) [bhādra] বি. বাংলা বছরের পঞ্চম মাস। [সং. ভাদ্রী + অ]।˜ .পদ বি. ভাদ্র মাস।˜ .পদা বি. পূর্বভাদ্রপদা নক্ষত্র।˜ .পদী বি. ভাদ্র মাসের পূর্ণিমা তিথি।

ভাদ্র-বধূ (p. 661) [bhādra-badhū] বি ছোটো ভাইয়ের স্ত্রী। [সং. ভ্রতৃবধু]।

ভান1 (p. 661) [bhāna1] বি. ছল, কৃত্রিম আচরণ (ঘুমের ভান করা, না দেখার ভান করা)। [সং. √ ভা + অন]।

ভান2 (p. 661) [bhāna2] বি. 1 দীপ্তি; 2 শোভা, সৌন্দর্য; 3 প্রকাশ; 4 জ্ঞান। [সং. √ ভা + অন]।

ভানা (p. 661) [bhānā] ক্রি. শস্য থেকে তুষ আলাদা করা (ধান ভানা, ধান ভানতে শিবের গীত গাওয়া)। □ বি. উক্ত অর্থ (ধান ভানা এখনও চলেছে?)। □ বিণ. ভানা হয়েছে এমন (ভানা ধান)। ̃ ই বি. ভানার কাজ বা মজুরি। ̃ নি বি. শস্য তুষমুক্ত করা, ভানাই। ̃ নো ক্রি. বি. অন্যের দ্বারা শস্য তুষমুক্ত করা।

ভানু (p. 661) [bhānu] বি. 1 সূর্য বা সূর্যের কিরণ; রোদ ('জানু-ভানু-কৃশানু শীতের পরিত্রাণ': ক. ক); 2 কান্তি, শোভা। [সং. √ ভা + নু]। ̃ .কর বি. সূর্যের কিরণ; রোদ। ̃ .মতী বিণ. কান্তিময়ী, সুন্দরী। ভানুমতীর খেলা ভোজবাজি, ইন্দ্রজাল, ভেলকি (রাজা বিক্রমাদিত্যের পত্নী ও ভোজরাজ্যের কন্য ভানুমতী জাদুবিদ্যায় পারদর্শিণী ছিলেন বলে)। ̃ .মান বিণ. সূর্য।

ভাপ (p. 661) [bhāpa] বি. 1 গরম বাষ্প (ফুটন্ত জলের ভাপ লেগেছে); 2 তাপ, উত্তাপ (রোদের ভাপ); 3 গরম সেক (চোখে ভাপ দাও); 4 (আল.) মনের আবেগ, হৃদয়াবেগ। [< সং. বাষ্প]।

ভাপা (p. 661) [bhāpā] বিণ. তাপে সিদ্ধ করা হয়েছে এমন (ভাপা ইলিশ)। [বাং. ভাপ + আ]। ভাপানো ক্রি. বি. তাপে সিদ্ধ করা।

ভাব (p. 661) [bhāba] বি. 1 মানসিক অবস্থা (ভাবান্তর); 2 অস্তিত্ব, সত্তা; 3 অভিপ্রায়; 4 জন্ম, উৎপত্তি, সৃষ্টি; 5 স্বভাব, প্রকৃতি (পাশ্চাত্য ভাবাপন্ন); 6 প্রীতি, প্রণয়, সুসম্পর্ক (দুজনের মধ্যে বেশ ভাব আছে); 7 প্রকার, রকম (সম্পূর্ণভাবে, একভাবে); 8 নিগূঢ় অর্থ, অন্তরের কথা, মর্ম (কবিতার ভাব); 9 চিন্তা, ধ্যান (ভাবমগ্ন); 1 ভক্তি, আবেগ (ভাবে বিভোর); 11 অনুভূতির গভীরতা বা আধিক্য, হৃদয়াবেগ, emotion. [সং. √ ভূ + অ]।

ভাব করা (p. 663) [bhāba karā] ক্রি. বি. বন্ধুত্ব স্থাপন করা, সুসম্পর্ক গড়ে তোলা। ˜ .গত বিণ. নিগূঢ় অর্থ বা মর্মসম্বন্ধীয়। ˜ .গতিক, ˜ .ভঙ্গি বি. চালচলন, আচরণ, অভিপ্রায় (ওর ভাবগতিক তো ভালো ঠেকছে না)। ˜ .গম্ভীর বিণ. গভীর ভাবযুক্ত (ভাবগম্ভীর পরিবেশে অনুষ্ঠানটি সম্পন্ন হল)। ˜ .গর্ভ বিণ. গভীর ভাবপূর্ণ তাৎপর্যপূর্ণ (ভাবগর্ভ রচনা, ভাবগর্ভ প্রবন্ধ)। ˜ .গ্রাহী (-হিন্) বিণ. মর্ম বা ভাব বা নিগূঢ় অর্থ বুধতে পারে এমন, মর্মগ্রাহী, তাৎপর্য বুঝতে পারে এমন (ভাবগ্রাহী পাঠক) । ˜ .তরঙ্গ বি. ভাবের উচ্ছ্বাস, মনের আবেগের আধিক্য। ˜ .ধারা বি. চিন্তাভাবনার রীতি, চিন্তাধারা, প্রচলিত মতামত ও রীতি (স্বামীজির ভাবধারায় অনুপ্রাণিত)। ˜ .প্রবণ বিণ. অনুভূতির আধিক্যযুক্ত, আবেগপরায়ণ; ভাবুক। বি. ˜ .প্রবণতা। ˜ .বিলাসী বিণ. কল্পনাপ্রিয়, ভাবুক। ˜ .ভঙ্গি দ্র ভাবগতিক। ˜ .ব্যঞ্জক, ˜ .সূচক বিণ. ভাব বা মনোভাবপ্রকাশক, অর্থপ্রকাশক। ˜ .মূর্তি বি. ধ্যন বা কল্পনার দ্বারা রচিত মূর্তি, image. ভাবাত্মক বিণ. ভাবপূর্ণ, ভাবময়; ভাবপ্রকাশক। ভাবানুগ বিণ. ভাব-অনুযায়ী, স্বভাবানুয়ায়ী স্বাভাবিক। ভাবানু-ষঙ্গ বি. কোনো এক বিষয় চিন্তার সময় সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের চিন্তা বা অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে চিন্তার উদয়, association of ideas. ভাবান্তর বি. মানসিক অবস্থার পরিবর্তন (তার কোনো ভাবান্তর দেখলাম না)। ভবাপন্ন বিণ. ভাবযুক্ত, ভাবযুক্ত (পাশ্চাত্য ভাবাপন্ন)। ভবাবেগ, ভাবাবেশ বি. হৃদয়াবেগজনিত বিহ্বলতা, ভাবের উদ্রেক বা সঞ্চার, মুগ্ধতা। ভাবার্থ বি. নিগূঢ় অর্‌থ, মর্ম, মূল অর্থ; তাৎপর্য (কবিতার ভাবার্থ)। ভাবালু বিণ. ভাবুক, ভাবপ্রবণ, কল্পনাপ্রবণ (কবিরা স্বভাবতই একটু ভাবালু হন)। বি. ভাবালুতা। ভাবোচ্ছ্বাস বি. প্রবল আবেগ বা ভাবের প্রকাশ। ভাবোদয়, ভাবোন্মেষ বি. ভাবের সঞ্চার (মনে নতূন ভাবোদয় হওয়া)। ভাবোদ্দীপক বিণ. ভাব সঞ্চারকারী, ভাবের প্রেরণাদায়ক। ভাবোদ্দীপন বি. ভাবের

সঞ্চার। ভাবোন্মত্ত বিণ. ভাবে বিভোর, ভাবে অভিভূত। ভাবোন্মাদ বি. ভাবজনিত বিহ্বলতা বা মত্ততা।

ভাবক (p. 663) [bhābaka] বিণ. 1 যে ভাবে বা চিন্তা করে, চিন্তক, চিন্তাকারী; 2 উৎপাদক। [সং. √ ভূ + ণিচ্ + অক]।

ভাবন (p. 663) [bhābana] বিণ. 1 চিন্তা করা, চিন্তন; 2 কল্পনা বা ধ্যান করা; 3 সৃজন; 4 প্রসাধন করা বা সজ্জিত করা; 5 ওষুধ ইত্যাদির শোধন বা সংস্কার। [সং. √ ভূ + ণিচ্ + অন]। ভাবনীয় বিণ. চিন্তনীয়; উদ্ভাবনযোগ্য।

ভাবনা (p. 663) [bhābanā] বি. 1 চিন্তা, বিবেচনা (এ বিষয়ে তোমার ভাবনাটা কীরকম?); 2 দুশ্চিন্তা, উদ্বেগ (ছেলেটার জন্য ভাবনা হচ্ছে); 3 ওষুধ ইত্যাদি বারবার চূর্ণ করা ও শোধন করা। [সং. √ ভূ + ণিচ্ + অন + আ]।

ভাবনীয় (p. 663) [bhābanīẏa] দ্র ভাবন।

ভাব-বাচ্য (p. 663) [bhāba-bācya] বি. 1 বাক্যের যে রূপে ক্রিয়া কর্তার ভূমিকা নেয়; 2 (কৌতু.) সরাসরি না বলে ইঙ্গিতে বা পরোক্ষে বলা (ওরা এখনও ভাববাচ্যে কথা চালিয়ে যাচ্ছে)। [সং. ভাব + বাচ্য]।

ভাব-বাদ (p. 663) [bhāba-bāda] বি. ভাবই জগতের মূল চালিকা শক্তি- এই দার্শনিক মত, idealism. [সং. ভাব + বাদ]। ভাব-বাদী (-দিন্) বি. বিণ. যে ভাববাদে বিশ্বাস করে।

ভাবা (p. 663) [bhābā] ক্রি. 1 চিন্তা করা (কী ভাবছ:); 2 দুশ্চিন্তা করা (অত ভেবে কী হবে?); 3 বিচার-বিবেচনা করা (একটু ভেবে দেখি); 4 সংকল্প করা (চাকরিটা ছাড়ব ভেবেছি); 5 অনুমান করা (ভবাছি বৃষ্টি হবে কি না); 6 গণ্য করা (পণ্ডিত ভাবা); 7 উদ্ভাবন করা (একটা উপায় ভাবো)। [< সং. ভাবি]। ˜ নো ক্রি. বি. চিন্তিত বা উদ্বিগ্ন করা (ভাবিয়ে তোলা, ওকে এত ভাবাচ্ছ কেন?)।

ভাবাত্মক, ভাবান্তর, ভাবাবেগ, ভাবাবেশ, ভাবার্থ, ভাবালু (p. 663) [bhābātmaka, bhābāntara, bhābābēga, bhābābēśa, bhābārtha, bhābālu] দ্র ভাব।

ভাবিক (p. 663) [bhābika] বিণ. 1 উদ্দীপক; 2 স্বাভাবিক; 3 ভাবযুক্ত; 4 ভবিষ্যত্-সম্বন্ধীয়। □ বি. কাব্যের অলংকারবিশেষ। [সং. ভাব + ইক]।

ভাবিত (p. 663) [bhābita] বিণ. 1 চিন্তিত; 2 উদ্বিগ্ন (তার জন্য একটু ভাবিত হচ্ছি); 3 প্রাপ্ত বা প্রাপিত; 4 শোধিত বা রঞ্জিত; 5 প্রকটিত (কৃষ্ণের চরিত্র গীতার ভাবের দ্বারা ভাবিত)। [সং. √ ভূ + ণিচ্ + ত]।

ভাবিনী (p. 663) [bhābinī] বি. কামিনী, ভাবময়ী নারী ('ভাবের ভাবিনী রাধা')। [সং. ভাব + ইন্ + ঈ]।

ভাবী (p. 663) [bhābī] (-বিন্) বিণ. ভবিষ্যত্, আগামী (ভাবী জামাই, ভাবী জীবন, ভাবী কাল, ভাবী বংশধর)। [সং. √ ভূ + ইন্]। স্ত্রী. ভাবিনী।

ভাবুক (p. 663) [bhābuka] বিণ. 1 কল্পনাপটু; 2 চিন্তাশীল (ভাষাভাবুক); 3 ভাবগ্রাহী; 4 অতিরিক্ত ভাবপ্রবণ। [সং. √ ভূ + উক]। বি. ̃ তা।

ভাবুনে (p. 663) [bhābunē] বিণ. 1 বিলাস প্রিয়, প্রসাধনপ্রিয়; 2 রঙ্গরসপ্রিয়; 3 কপটতাপ্রিয়। [সং. ভাবন + বাং. ইয়া > এ]।

ভাবোচ্ছ্বাস, ভাবোদয়, ভাবোদ্দীপক, ভাবোদ্দীপন, ভাবোন্মত্ত, ভাবোন্মাদ (p. 663) [bhābōcchbāsa, bhābōdaẏa, bhābōddīpaka, bhābōddīpana, bhābōnmatta, bhābōnmāda] দ্র ভাব।

ভাব্য (p. 663) [bhābya] বিণ. 1 চিন্তনীয়, ভাববার মতো (ভাব্য বিষয়); 2 অবশ্যই হবে এমন, অবশ্যম্ভাবী, ভবিতব্য; 3 সাধ্য, নিষ্পাদ্য, নিষ্পন্ন করতে হবে এমন। [সং. √ ভূ + য]।

ভাম (p. 663) [bhāma] বি. খট্টাশ বা খটাশজাতীয় জন্তুবিশেষ। [দেশি]।

ভামিনী (p. 663) [bhāminī] বি. 1 কোপস্বভাবা নারী, রাগী স্ত্রীলোক; 2 নারী। [সং. ভাম + ইন্ + ই]।

ভায় (p. 663) [bhāẏa] ক্রি. (কাব্য) 1 দীপ্তি বা শোভা পায় ('হাসিখানি তাহে ভায়'); 2 ভালো লাগে ('মোর মনে আন নাহি ভায়': অ. গু)। [বাং. √ ভা (< সং. ভা)]।

ভায়া (p. 663) [bhāẏā] বি. ভাই বা ভ্রাতৃতুল্য ব্যক্তিকে প্রিয়সম্বোধন। [বাং. ভাই]।

ভায়াদ (p. 663) [bhāẏāda] বি. জ্ঞাতিভাই সহোদর না হলেও ভ্রাতৃসম্পর্কযুক্ত ব্যক্তি। [> ভাই]।

ভার (p. 664) [bhāra] বি. 1 ওজন (লঘুভার); 2 বোঝা, মোট (ভারবাহী); 3 চাপ, উদ্বেগ (দুঃখের ভার, ঋণে ভার); 4 দায়িত্ব (কাজের ভার); 5 রাশি, সমূহ (কেশভার); 6 বোঝা বহনের জন্য ব্যবহৃত লাঠিবিশেষ, বাঁক (ভার কাঁধে দইওয়ালা)। □ বিণ. 1 ভারী, অধিক ওজনবিশিষ্ট (বড়ো ভার এটার); 2 বোঝাস্বরূপ (সংসারের ভার হয়ে থাকা); 3 গম্ভীর, অপ্রসন্ন (মুখ ভার করা); 4 অসুস্থ (পেট ভার); 5 দুষ্কর (চেনা ভার); 6 দুঃখে বা অভিমানে বিষাদগ্রস্ত (মুখ ভার)। [সং. √ ভৃ + অ]। ̃ .কেন্দ্র বি. গুরুত্বের বা ভারের ব্যাপ্তির মধ্যবিন্দু। ̃ .প্রাপ্ত বিণ. দায়িত্ব পেয়েছে এমন, দায়িত্বযুক্ত (ভারপ্রাপ্ত অফিসার)। ̃ .বাহ, ̃ .বাহক, ̃ .বাহী (-হিন্) বিণ. ওজন বা বোঝা বহন করে এমন (ভারবাহী পশু)। ̃ .যষ্টি বি. বাঁক। ̃ .সহ বিণ. ওজন বা ভার সহ্য করতে পারে এমন। ̃ .সাম্য বি. 1 বিভিন্ন দিকের ওজনের সমতা; 2 মানসিক স্থৈর্য বা অবিচলতা; 3 দুই পক্ষের শক্তির সমতা, balance of power. ̃ .হীন বিণ. হালকা। ভারাক্রান্ত বিণ. 1 ভারের আধিক্যযুক্ত (অশ্রুভারাক্রান্ত নয়ন); 2 চিন্তাক্লিষ্ট বা দুঃখক্লিষ্ট (ভারাক্রান্ত হৃদয়ে তাঁকে বিদায় জানালাম)। ভারার্পণ বি. দায়িত্ব দেওয়া।

ভারত (p. 664) [bhārata] বি. 1 ভারতবর্ষ; 2 বর্তমান ভারতরাষ্ট্র; 3 মহাভারত (যা নেই ভারতে তা নেই ভারতে); 4 ভারত-সূত্র; 5 নট। ̃ .বাসী (-সিন্) বি. বিণ. ভারতের অধিবাসী। ভারতীয় বিণ. 1 ভারতসম্বন্ধীয় (ভারতীয়

পোশাক); 2 ভারতে উৎপন্ন বা বসবাসকারী (ভারতীয় বস্ত্র, ভারতীয় গম)। □ বি. ভারতের অধিবাসী বা নাগরিক (ভারতীয়দের সংগ্রাম)। বি.˜ তা,˜ ত্ব। ভারত মহাসাগর ভারতের দক্ষিনে অবস্থিত মহাসাগরবিশেষ, the Indian Ocean.˜ .মাতা বি. মাতা রূপে কল্পিত ভারতভূমি।

ভারত-নাট্যম (p. 664) [bhārata-nāṭyama] বি. দক্ষিণ ভারতে উদভূত সুবিখ্যাত ধ্রুপদী নৃত্য শৈলীবিশেষ।

ভারত-বর্ষ (p. 664) [bhārata-barṣa] বি. হিমালয় প্রর্বতমালার দক্ষিণে অবস্থিত তিন দিকে সমুদ্রবেষ্টিত দেশ। [সং. ভারত + বর্ষ]।

ভারত-বর্ষীয় (p. 664) [bhārata-barṣīẏa] বিণ. ভারতবর্ষসম্বন্ধীয়।

ভারতী (p. 664) [bhāratī] বি. 1 সরস্বতীদেবী; 2 বাণী, বাক্য, কথা; 3 ভাষা; 4 সংবাদ, বিবরণ; 5 সন্ন্যাসীসম্প্রদায়বিশেষের উপাধি। [সং. ভারতী + অ + ঈ + √ ভৃ + অত + ঈ]।

ভারতীয়, ভারতীয়তা, ভারতীয়ত্ব (p. 664) [bhāratīẏa, bhāratīẏatā, bhāratīẏatba] দ্র ভারত।

ভারপ্রাপ্ত, ভারবাহ, ভারবাহী (p. 664) [bhāraprāpta, bhārabāha, bhārabāhī] দ্র ভার।

ভারা (p. 664) [bhārā] বি. উঁচু জায়গায় বসে কাজ করার জন্য বাঁশের তৈরি মঞ্চবিশেষ, মাচা (রাজমিস্ত্রি ভারা বেঁধে কাজ করে)। [তু. ভার]।

ভারাক্রান্ত (p. 664) [bhārākrānta] দ্র ভার।

ভারার্পণ (p. 664) [bhārārpaṇa] দ্র ভার।

ভারি-ভুরি (p. 664) [bhāri-bhuri] বি. 1 জাঁক; 2 চাতুরি; 3 দম্ভ ('রাখ তোমার ভারিভুরি': চৈ. ভা.)। [তু. ভার]।

ভারী1 (p. 664) [bhārī1] বিণ. 1 বেশি ওজনবিশিষ্ট, গুরুভার (ভারী বস্তা, ভারী ব্যাগ); 2 কঠিন, দায়িত্বপূর্ণ (ভারী কাজের দায়িত্ব); 3 সংখ্যায় বেশি (দলে ভারী); 4 খুব, খুব বেশি (ভারী চালাক, ভারী কষ্ট); 5 অপ্রসন্ন, গম্ভীর (মুখ ভারী)। [সং. ভার + ইন্]।

ভারী2 (p. 664) [bhārī2] বিণ. বি. ভারবহনকারী। □ বি. যে ব্যক্তি কলসি টিন প্রভৃতিতে করে বাড়ি-বাড়ি জল সরবরাহ করে। [সং. ভার + ইন্]।

ভারুই (p. 664) [bhārui] বি. ভরত পাখি। [< ভরত, ভরদ্বাজ]।

ভারোত্তোলন (p. 664) [bhārōttōlana] বি. ওজন তোলা লোহার রডের দুই দিকে বিশেষ ওজনের লোহার চাকতি লাগিয়ে মাথার উপরে তোলবার প্রতিযোগিতা, weight-lifting. [সং. ভার + উত্তোলন]।

ভার্গব (p. 664) [bhārgaba] বি. (ভৃগুবংশজাত) পরশুরাম; শুক্রাচার্য। [সং. ভৃগু + অ]। স্ত্রী. [ভর্গবী]।

ভার্যা (p. 664) [bhāryā] বি. পত্নী, স্ত্রী। [সং. √ ভৃ + য + আ]।

ভাল2 (p. 664) [bhāla2] বি. কপাল, ললাট ('শভ্রভালে সিন্দূরবিন্দু': রবীন্দ্র)। [সং. ভা + √ লা + আ]।

ভালাই (p. 664) [bhālāi] বি. কল্যাণ, মঙ্গল। [বাং. ভালো + আই]।

ভালুক (p. 664) [bhāluka] বি. সারা গায়ে ঘন বড়ো লোমযুক্ত এবং তীক্ষ্ণ নখ দন্তযুক্ত সচ. মাংসাশী বন্য জন্তুবিশেষ, ভল্লুক।

ভালো (p. 664) [bhālō] বিণ. 1 উত্তম (ভালো জিনিস); 2 শুভ, হিতকর (ভালো উপদেশ); 3 নীরোগ, সুস্থ (ভালো শরীর); 4 সত্ (ভালো লোক); 5 নিরীহ (ভালো মানুষ); 6 সুন্দর, মানানসই (ভালো দেখায় না, ভালো শুনায় না); 7 দক্ষ, পটু (ভালো মিস্ত্রি)। □ বি. শুভ, মঙ্গল, উপকার (পরের ভালো, দেশের ভালো, তোমার ভালো হোক)। □ অব্য. আচ্ছা, বেশ (ভালো, তাই হোক)। [প্রাকৃ. ভল্লঅ]। ভালো আপদ, ভালো জ্বালা বিরক্তি কষ্ট প্রভৃতি সূচক উক্তি বিশেষ (ভালো আপদ, আমি আবার ওকথা কখন বললাম?)। ভালো কথা বি. হিতবাক্য, উপকারী বা উৎকৃষ্ট উপদেশ। □ অব্য. হঠাত্ মনে পড়ল-এই ভাবসূচক উক্তি (ভালো কথা, তুমি কবে দিল্লি যাবে?)। ভালো করা ক্রি. বি. রোগমুক্ত করা উপকার করা (আমাকে সদুপদেশ দিয়ে ভালো করেছেন)। ভালো থাকা ক্রি. বি. সুস্থ থাকা স্বচ্ছন্দে থাকা (ভালো থেকো)। ভালো দেখানো ক্রি. বি সুন্দর বা

মানানসই দেখানো (নিজ থেকে ওখানে যাওয়াটা ভালো দেখায় না)। ভালো রে ভালো ! বিরক্তি কষ্ট বিস্ময় প্রভৃতি সূচক উক্তিবিশেষ। ভালো লাগা ক্রি. বি. 1 উত্তম তৃপ্তিকর বা স্বাদু মনে হওয়া; 2 সুস্থ বোধ করা (আজ অনেকটা ভালো লাগছে)। ভালো হওয়া ক্রি. বি. 1 রোগমুক্ত হওয়া; 2 অসত্‌ থেকে সত্‌ হওয়া (বিপথে গিয়েছিল, এখন ভালো হয়েছে); 3 মঙ্গল বা উপকার হওয়া (ভগবান করুন, তোমার যেন ভালো হয়)। ˜ .মন্দ বি. 1 শুভাশুভ; মঙ্গলামঙ্গল; 2 একঘেয়েমি থেকে মুক্তি দেয় এমন জিনিস, ভালো জিনিস (বন্ধুর বাড়ি গিয়ে ভালোমন্দ খেয়েছে)। ˜ .মনে ক্রি-বিণ. সরল মনে। ভালোয় ভালোয় ক্রি-বিণ. নিরাপদে (ভালোয় ভালোয় পৌঁছতে পারলে বাঁচি)।

ভালো-বাসা (p. 664) [bhālō-bāsā] ক্রি. 1 প্রণয়যুক্ত বা প্রেমযুক্ত হওয়া; 2 অনুরাগী হওয়া (গান ভালোবাসে); 3 স্নেহ করা বা প্রীতিভাবাপন্ন হওয়া (ভাইবোনকে ভালোবাসে); 4 শ্রদ্ধা করা, ভক্তি করা; 5 আসক্ত বা আকৃষ্ট হওয়া; 6 পছন্দ করা (তুমি কি আম ভালোবাসো?)। বি. প্রণয়, প্রেম; অনুরাগ; স্নেহ-প্রীতি; শ্রদ্ধা, ভক্তি; আসক্তি; টান, পছন্দ। [বাং. ভালো + বাসা3]।

ভালো-মানুষ (p. 664) [bhālō-mānuṣa] বি. 1 সত্‌ ও নিরীহ লোক (তাঁর মতো ভালোমানুষকেও এত দুর্ভোগ ভূগতে হল?); 2 গোবেচারা ধরনের লোক (নিতান্তই ভালোমানুষ)। [বাং. ভালো + মানুষ]। ভালোমানুষ সাজা ক্রি. বি. ভালোমানুষির ভানকরা। ভালোমানুষি করা ক্রি. বি. নিরীহ লোকের মতো আচরণ করা।

ভাশুর (p. 664) [bhāśura] বি. স্বামীর বড়ো ভাই অর্থাত্‌ দাদা বা তৎস্থানীয় ব্যক্তি। [< সং. ভ্রাতৃ-শ্বশুর?]। ˜ ঝি বি. ভাশুরের মেয়ে। ˜ পো বি. ভাশুরের ছেলে।

ভাশু্র-ভাদ্র বউ সম্পর্ক (আল.) যে অবস্থায় দুজনের মধ্যে কথাবার্তা বা আলাপ একেবারে নিষিদ্ধ।

ভাষ (p. 664) [bhāṣa] বি. 1 বাক্য, কথা ('বলো ধীর মধুর ভাষে': রবীন্দ্র); 2 উক্তি। [সং. √ ভাষ্ + অ]।˜ ক বিণ. ভাষী, যে বলে, বক্তা। স্ত্রী. ভাষিকা। ভাষিত বিণ. উক্ত, কথিত।

ভাষণ (p. 664) [bhāṣaṇa] বি. 1 উক্তি, বাক্য; 2 বক্তৃতা (সেদিন বাইরে দাঁড়িয়ে আপনার ভাষণ শুনছিলাম)। [সং. √ ভাষ্ + অন]।

ভাষা (p. 664) [bhāṣā] বি. 1 মানুষ মনের ভাব বোঝাতে মুখ দিয়ে যে অর্থপূর্ণ শব্দাবলি প্রকাশ করে; 2 আকারে-ইঙ্গিতে বা অঙ্গভঙ্গির দ্বারা ভাবপ্রকাশ (পশুর ভাষা); 3 কোনো দেশের বা অঞ্চলের মানুষের ব্যবহৃত শব্দাবলি (বাংলা ভাষা, হিন্দি ভাষা); 4 ভাষাব্যবহারের বিশেষ ভঙ্গি (রবীন্দ্রনাথের গল্পের ভাষা); 5 কথার (ভাষা শুনলে গা জ্বলে যায়); 6 সংস্কৃত নয় এমন কোনো ভারতীয় কথ্য ভাষা ('প্রেমদাস রচিল ভাষায়') [সং. √ ভাষ্ + অ + আ]।˜ .জ্ঞান বি. ভাষা সম্বন্ধে বোধ বা পাণ্ডিত্য।˜ .তত্ত্ব,˜ .বিজ্ঞান বি. ভাষার উদ্ভব, বিকাশ ও প্রকৃতি সম্বন্ধীয় তত্ত্ব বা বিজ্ঞান, philology, linguistics. ˜ .তাত্ত্বিক বিণ. ভাষাতত্ত্ববিষয়ক (ভাষাতাত্ত্বিক অনুসন্ধান, ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ)। □ বিণ. ভাষতাত্ত্বে পারংগম ব্যক্তি, linguist.˜ .তীত বিণ. ভাষায় প্রকাশ করা যায় না এমন, বলে বোঝানো যায় না এমন, অনির্বচনীয়।˜ .ন্তর বি. 1 এক ভাষা থেকে অন্য ভাষায় অনুবাদ; 2 অন্য ভাষা।˜ .ন্তরিত বিণ. অনূদিত, তর্জমা করা হয়েছে এমন (কবিতাটি ইংরেজিতে ভাষান্তরিত করা হয়েছে)।˜ .বিদ বিণ. ভাষা সম্বন্ধে

বিশেষজ্ঞ। ˜ .ভাষী বিণ. কোনো-একটি ভাষায় কথা বলে এমন (হিন্দি ভাষাভাষী মানুষের কথাও ভাবতে হবে)।

-ভাষী (p. 664) [-bhāṣī] (-র্ষিন্) বিণ. ভাষা ব্যবহারকারী, ভাষক, কথক (হিন্দিভাষী, রূঢ়ভাষী)। [সং. √ ভাষ্ + ইন্]। স্ত্রী. ভাষিনী (রূঢ়ভাষিণী)।

ভাষ্য (p. 664) [bhāṣya] বি. 1 ব্যাখ্যা; 2 সূত্রের ব্যাখ্যা বা ব্যাখ্যাগ্রন্হ (গীতাভাষ্য); 3 খেলা ইত্যাদির ধারাবিবরণী। □ বিণ. কথনীয়। [সং. √ ভাষ্ + য]। ˜ .কার বি. যে ব্যাখ্যা করে, ব্যাখ্যাকার, ব্যাখ্যাতা।

ভাস (p. 664) [bhāsa] বি. দীপ্তি, উজ্জ্বলতা, আভা; 2 শোভা, সৌন্দর্য; 3 শকুন; 4 কুক্কুট পাখি; 5 প্রাচীন সংস্কৃত নাট্যকারবিশেষ। [সং. √ ভাস্ + অ]।

ভাসন্ত (p. 664) [bhāsanta] বিণ. ভাসছে এমন, ভাসমান। [বাং. ভাসা + অন্ত]।

ভাস-মান1 (p. 664) [bhāsa-māna1] বিণ. 1 শোভমান, দীপ্তিমান; 2 দীপ্যমান। [সং. √ ভাস্ + শানচ্]।

ভাস-মান2 (p. 664) [bhāsa-māna2] বিণ. ভাসছে এমন, ভাসন্ত (আকাশে ভাসমান মেঘ)। [বাং. ভাসা + মান]।

ভাসা (p. 664) [bhāsā] ক্রি. 1 জল বা বায়ুর উপর ভর করে থাকা বা সঞ্চরণ করা (আকাশে মেঘ ভাসছে, কাগজটা জলে ভাসছে); 2 ডুবে না যাওয়া

(শোলা জলে ভাসছে); 3 উদিত হওয়া (কথাটা মনে ভাসছে); 4 প্লাবিত হওয়া (বন্যায় গ্রাম ভাসছে, চোখের জলে বুক ভেসে যায়); 5 প্রবাহিত হওয়া (সুর ভেসে আসছে); 6 সহায়হীন হওয়া (বাপ মরলে ছেলেটা ভেসে যাবে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. ভাসন্ত; প্লাবিত (বন্যায় ভাসা গ্রাম)। [সং. √ ভাস্ + বাং. আ]। ˜ ন বি. 1 নদী বা জলাশয়ে বিসর্জন (দুর্গাপ্রতিমার ভাসান); 2 মনসা দেবীর কাহিনি-অবলম্বনে পালাগান (মনসার ভাসান শুনতে যাবে); 3 ভাসন্ত অবস্থা। ˜ নো ক্রি. বি. 1 ভাসিয়ে দেওয়া ('তালদিঘিতে ভাসিয়ে দেব': রবীন্দ্র; স্রোতে গা ভাসানো); 2 প্লাবিত করা (কেঁদে বুক ভাঁসিয়ে দিচ্ছে)। □ বি. বিণ. উক্ত দুই অর্থে (জলে ভাসানো নৌকো)। ভাসা-ভাসা বিণ. অগভীর, যৎসামান্য (ভাসা-ভাসা জ্ঞান)।

ভাস্কর (p. 664) [bhāskara] বি. 1 সূর্য 2 ধাতু পাথর প্রভৃতি দিয়ে মূর্তি নির্মাণকারী শিল্পী। [সং. ভাস্ + √ কৃ + অ]। ভাস্কর্য বি. ধাতু পাথর প্রভৃতি দিয়ে মূর্তি নির্মাণের শিল্প।

ভাস্বতী (p. 664) [bhāsbatī] দ্র ভাস্বান। ভাস্বর বিণ. দীপ্তিমান, উজ্জ্বল (সূর্যের ভাস্বর রশ্মি)। [সং. √ ভাস্ + বর]।

ভাস্বান (p. 664) [bhāsbāna] (-স্বত্) বিণ. দীপ্তিমান, উজ্জ্বল। □ বি. সূর্য। [সং. √ ভাস্ + বত্]। বিণ. বি. (স্ত্রী.) ভাস্বতী।

ভি আই পি (p. 664) [bhi āi pi] বি. বিণ. অতি গুরুত্বপূর্ণ মর্যাদাসম্পন্ন বা প্রতিপত্তিশালী লোক (এই সিটগুলো ভি আই পি-দের জন্য রাখা হয়েছে)। [< ইং. VIP Very Important Persons]।

ভিক্ষা (p. 664) [bhikṣā] বি. 1 প্রার্থনা, যাচ্ঞা (প্রাণ ভিক্ষা চাওয়া); 2 দরিদ্র ও নিঃস্ব ব্যক্তি কর্তৃক অন্যের কাছ থেকে পয়সা চালডাল বস্ত্র ইত্যাদি দয়ার দান চাওয়া; 3 দয়ার দান। [সং. √ ভিক্ষ্ + অ + আ]। ˜ .চর্যা বি. ভিক্ষাবৃত্তি, ভিক্ষা চাওয়া, ভিক্ষা চাওয়ার পেশা। ˜ .জীবী, ভিক্ষোপ-জীবী বিণ. ভিক্ষাকারী, ভিক্ষা করে যা পাওয়া যায় তাই দিয়ে জীবিকানির্বাহকারী। স্ত্রী. ভিক্ষা-জীবিনী, ভিক্ষোপ-জীবিনী। ˜ ন্ন বি. ভিক্ষাকরে যে অন্ন পাওয়া গেছে। ˜ .পাত্র বি. ভিক্ষালব্ধ বস্তু রাখবার পাত্র। ˜ .পুত্র বি. ব্রাহ্মণের পইতের সময় ব্রতভিক্ষা গ্রহণ করে পুত্রস্থানীয় হয়েছে এমন ব্রাহ্মণবালক। ˜ .বৃত্তি-ভিক্ষাচর্যা -র অনুরূপ। মা বি. উপনয়নে যে নারী ভিক্ষা দেন। ˜ র্থী বিণ. ভিক্ষাপ্রার্থী, যে ভিক্ষা চায়, যাচক। স্ত্রী. ˜ র্থিনী। ˜ .লব্ধ বিণ. ভিক্ষা করে পাওয়া গেছে এমন (ভিক্ষালব্ধ চাল)। ভিক্ষিত বিণ. চাওয়া বা প্রার্থনা করা হয়েছে এমন।

ভিক্ষু (p. 664) [bhikṣu] বি. 1 ভিক্ষার সাহায্য জীবনধারণ করে এমন বৌদ্ধ সন্ন্যাসী, শ্রমণ; 2 চতুর্থাশ্রমী সন্ন্যাসী; 3 ভিখারি। [সং. √ ভিক্ষ্ + উ]। স্ত্রী. ˜ ণী।

ভিক্ষুক (p. 664) [bhikṣuka] বিণ. বি. ভিখারি; ভিক্ষাজীবী; ভিক্ষাপ্রার্থী, ভিক্ষা চায় এমন। [সং. ভিক্ষু + ক]।

ভিজিট (p. 664) [bhijiṭa] বি. ডাক্তারের ফি বা দক্ষিণা (ভিজিট না নিয়েই চলে গেছেন ডাক্তারবাবু)। [ইং. visit]।

ভিজে (p. 664) [bhijē] বিণ. জলের সংস্পর্শে এসে নরম ও জলসিক্ত হয়েছে এমন। [বাং. √ ভিজ্]। ভিজে বেড়াল (আল.) দেখতে নিরীহ হলেও আসলে দুষ্ট প্রকৃতির লোক।

ভিটামিন (p. 664) [bhiṭāmina] বি. 1 খাদ্যবস্তুর যে-অংশ মানুষকে জীবনীশক্তি দেয়, খাদ্যপ্রাণ; 2 যে-ওষুধে খাদ্যপ্রাণ আছে। [ইং. vitamin]।

ভিটে (p. 664) [bhiṭē] দ্র ভিটা।

ভিডিয়ো (p. 664) [bhiḍiẏō] বিণ. বি. টেলিভিশনে দেখবার জন্য ক্যাসেট ধরে রাখা ছবি বা দৃশ্য বা সেই দৃশ্য বিষয়ক (ভিডিয়ো ক্যাসেট)। [ইং. video]।

ভিড় (p. 664) [bhiḍ়] বি. বহুলোকের এক জায়গায় বিশৃঙ্খল সমাবেশ, ঠাসাঠাসি, জনতা (রাস্তায় খুব ভিড়)। [দেশি]। ˜ .ভাট্টা বি. (কথ্য) খুব ভিড়, বিরক্তিকর জনসমাবেশ বা লোকের ঠাসাঠাসি (আমি ভিড়ভাট্টা এড়িয়ে চলি)।

ভিত (p. 664) [bhita] বি. 1 দেওয়াল পাঁচিল বা পাকা বাড়ির যে-অংশ মাটির নীচে পোঁতা থাকে, ভিত্তি (বাড়ির ভিতটা মজবুত করতে হয়); 2 ভিত তৈরীর জন্য মাটি কেটে তৈরি গর্ত (ভিত কাটা হচ্ছে); 3 দিক, পাশ ('তালবন তারি চারি ভিতে': রবীন্দ্র)। [সং. ভিত্তি]।

ভিতর (p. 664) [bhitara] বি. অভ্যন্তর, মধ্য (বনের ভিতরে, এক মাসের ভিতর)। □ বিণ. অভ্যন্তরস্থ, মধ্যের, মধ্যবর্তী (ভিতর মহল, ভিতরদিক)। [প্রাকৃ. ভিত্তর]। ˜ .কার বিণ. ভিতরের, মধ্যের (ঘরের ভিতরকার জিনিসপত্র)। ˜ .বাড়ি

বি. অন্দরমহল। ভিতরে ভিতরে ক্রি-বিণ. তলে তলে, গোপনে (ভিতরে ভিতরে সে প্ল্যান আঁটছিল)।

ভিত্তি (p. 664) [bhitti] বি. 1 ভিত, বনিয়াদ, (সুদৃঢ় ভিত্তি স্থাপন করা, সমাজের ভিত্তি); 2 দেওয়াল; 3 মূল, কারণ (অভিযোগ ভিত্তিহীন)। [সং. √ ভিদ্ + তি]।˜ .প্রস্তর বি. বনিয়াদ তৈরির সময় প্রথম যে পাথর বা ইট স্থাপন করা হয়।˜ .ভূমি বি. যে ভূমি জুড়ে ভিত তৈরি করা হয়।˜ .মূল বি. বনিয়াদের যে অংশ মাটির নীচে থাকে।˜ .হীন বিণ. কারণহীন, অমূলক। -ভিত্তিক বিণ. (সমাসের উত্তরপদে) ভিত্তি বা মূলবিশিষ্ট (আদর্শভিত্তিক কর্মসূচী, ব্যক্তিভিত্তিক আন্দোলন)।

ভিদ্য-মান (p. 664) [bhidya-māna] বিণ. ভেদ করা হচ্ছে এমন। [সং. √ ভিদ্ + শানচ্]।

ভিন্দি-পাল (p. 664) [bhindi-pāla] বি. প্রাচীন ভারতীয় ক্ষেপণাস্ত্রবিশেষ। [সং. ভিন্দি + √ পাল্ + অ]।

ভিন্ন (p. 664) [bhinna] বিণ. 1 অন্য (ভিন্ন ব্যাপার, ভিন্ন কথা); 2 আলাদা, পৃথক (ভিন্ন হয়ে বসো); 3 বিচ্যুত, বিযুক্ত, খণ্ডিত, বিভক্ত (ছিন্নভিন্ন দেহ); 4 একান্নবর্তী নয় এমন, হাঁড়ি আলাদা এমন (ভাইয়েরা ভিন্ন হয়েছে)। □ অব্য. অনু. ছাড়া, বিনা, ব্যতীত (এ কাজ সে ভিন্ন আর কেউই পারবে না)। [সং. √ ভিদ্ + ত]।˜ তা বি. অন্যত্ব; পার্থক্য (চালচলনের ভিন্নতা)।˜ .রুচি বিণ. আলাদা বা অন্যরকম রুচিবিশিষ্ট। ভিন্নার্থ বি. অন্য অর্থ বা তাৎপর্য। □ বিণ. অন্য অর্থ বা তাৎপর্যযুক্ত। ভিন্নার্থক বিণ. ভিন্ন অর্থযুক্ত (ভিন্নার্থক শব্দ)।

ভিপি (p. 664) [bhipi] বি. ডাকে পাঠানো যে বস্তুর ডাকমাশুল প্রাপককে দিতে হয় [ইং. value payable post]।

ভিম-রুল (p. 664) [bhima-rula] বি. বোলতাজাতীয় কিন্তু বড়ো ও কালো এবং তীব্র বিষযুক্ত হুল-ফোটানো পতঙ্গবিশেষ। [< সং. ভৃঙ্গরোল]। ভিমরুলের চাক দলবদ্ধ ভিমরুলের তৈরি গোলাকার বাসা। ভিমরুলের চাকে ঘা (বা খোঁচা) দেওয়া (আল.) হিংস্র ও একতাবদ্ধ জনতাকে উত্তেজিত করা।

ভিয়ান, (p. 664) [bhiẏāna,] (কথ্য) ভিয়েন বি. রসগোল্লা সন্দেশ ইত্যাদি মিঠাই তৈরি করার কাজ (ভিয়েন বসানো)। [দেশি]।

ভির-কুটি (p. 664) [bhira-kuṭi] বি. (কথ্য) ভ্রূকুটি। [সং. ভ্রূকুটি]।

ভিরমি, ভির্মি (p. 664) [bhirami, bhirmi] বি. হঠাত্ মাথা ঘুরে যাওয়া বা তজ্জনিত মূর্ছা (ভিরমি খেয়ে পড়ল)। [সং. ভ্রমি]।

ভিল (p. 667) [bhila] বি. ভারতের আদিম উপাজতিবিশেষ (ভিল সর্দার)। [সং. ভিল্ল]।

ভিষক (p. 667) [bhiṣaka] (-ষজ্) > ষক্) বি. চিকিৎসক; বৈদ্য। [সং. √ ভিষজ্ + ক্বিপ্। বিণ. ভেষজ।

ভিশতি (p. 667) [bhiśati] দ্র ভিস্তি।

ভিসা (p. 667) [bhisā] বি. দেশ ছেড়ে অন্য দেশে যাবার বা বিদেশে প্রবেশের অনুমতিপত্রে অর্থাত্ পাসপোর্টে নির্দেশমূলক স্বাক্ষর, প্রবাসাজ্ঞা, বিদেশে যাবার ছাড়পত্র। [ইং. visa]।

ভিস্তি (p. 667) [bhisti] বি. 1 জল বয়ে নিয়ে যাবার জন্য ব্যবহৃত চামড়ার থলিবিশেষ, মশক (ভিস্তিতে করে জল নেওয়া); 2 মশকে করে যে-ব্যক্তি জল বহন ও সরবরাহ করে। [ফা. বিহিশত্]। ̃ .ওয়ালা বি. যে-ব্যক্তি মশকে করে জল বহন ও সরবরাহ করে ('রোগা এক ভিস্তিওয়ালা': সু. রা)।

ভীত (p. 667) [bhīta] বিণ. ভয় পেয়েছে এমন, শঙ্কিত (এত সহজে তিনি ভীত হন না)। [সং. ভী + ত]। স্ত্রী. ভীতা। ভীতি বি. ভয়, শঙ্কা।

ভীতু (p. 667) [bhītu] দ্র ভিতু।

ভীম (p. 667) [bhīma] বিণ. ভীষণ, ভয়ংকর, প্রচণ্ড (ভীমাকৃতি, ভীমদর্শন রাক্ষস)। □ বি. মহাভারতের মধ্যমপাণ্ডব ভীমসেন। [সং. √ ভী + ম। স্ত্রী. ভীমা। ̃ .বিক্রম বি. প্রচণ্ড পরাক্রম।

ভীম-পলশ্রী, ভীম-পলাশি (p. 667) [bhīma-palaśrī, bhīma-palāśi] বি. সংগীতের প্রাতঃকালীন রাগিণীবিশেষ। [দেশি]।

ভীম-রতি (p. 667) [bhīma-rati] বি. 1 বার্ধক্যজনিত ঈষত্ বুদ্ধিভ্রংশ বা খ্যাপামি; 2 (মূল অর্থ) 77 বছর 7 মাস বয়সের সপ্তম রাত্রি (বর্ত. এই অর্থ অপ্র.)। [সং. ভীমরথী? < ভ্রমার্তি ?]।

ভীমা, ভীমাকৃতি (p. 667) [bhīmā, bhīmākṛti] দ্র ভীম।

ভীরু (p. 667) [bhīru] বিণ. ভয়শীল, ভিতু, সহজেই ভয় পায় এমন। [সং. √ ভী + রু]।˜ ক বিণ. ভীরু, ভয়শীল।˜ তা বি. ভয়শীলতা, সহজেই বা অল্পেই ভয় পাওয়া।

ভীষণ (p. 667) [bhīṣaṇa] বিণ. 1 ভয়ংকর, ভীতিজনক, সাংঘাতিক (ভীষণ মূর্তি); 2 (কথ্য) দারুণ, অত্যন্ত (ভীষণ খিদে, ভীষণ বিপদ)। [সং. √ ভী + ণিচ্ + অন]। বি.˜ তা,˜ .ত্ব। স্ত্রী. ভীষণা।˜ .দর্শন বিণ. দেখতে ভয়ংকর (ভীষণদর্শন রাক্ষস)।

ভীষিত (p. 667) [bhīṣita] বিণ. ভয় দেখানো হয়েছে এমন। [সং. √ ভী + ণিচ্ + ত]। স্ত্রী. ভীষিতা।

ভীষ্ম (p. 667) [bhīṣma] বিণ. (অপ্র.) ভীষণ। □ বি. (মহাভারতে) রাজা শান্তনু ও গঙ্গাদেবীর পুত্র এবং কৌরবপাণ্ডবদের পিতামহ দেবব্রত যিনি কখনো বিবাহ করবেন না এই ভীষণ প্রতিজ্ঞা করেছিলেন বলে অতঃপর ভীষ্ম নামে পরিচিত হন। [সং. √ ভী + ম]। ভীষ্মের প্রতিজ্ঞা অতি কঠিন ও অটল প্রতিজ্ঞা।

ভুঁই (p. 667) [bhumi̐] বি. 1 ভূমি (ভুঁয়ে লুটায়); 2 মাটি; খেত (ভুঁইকুমড়ো); 3 স্থান, ঠাঁই 4 (বিদেশবিভুঁই)। [< সং. ভূমি]।˜ .কুমড়ো বি. মাটিতে জন্মায় এমন কুমড়োবিশেষ।˜ .চাঁপা বি. লালচে রঙের সুগন্ধি ফুলবিশেষ।˜ .ফোঁড় বিণ. (আল.) 1 হঠাত্ বড়োলোক হয়েছে এমন; 2 হঠাত্ আবির্ভূত হয়েছে এমন। □ বি. ছত্রাকজাতীয় উদ্ভিদবিশেষ।˜ .মালী বি. 1 ঝাড়ুদার; 2 (আঞ্চ.) ঢাকি।

ভুঁইয়া (p. 667) [bhumi̐ẏā] বি. সামন্ত নৃপতি বা জমিদার। [সং. ভৌমিক]। বারো ভুঁইয়া বাংলার ঐতিহাসিক বারোজন প্রতাপশালী জমিদার, যথা-চাঁদ রায়, কেদার রায়, কন্দর্পনারায়ণ, প্রতাপাদিত্য, ইশা খাঁ, মুকুন্দ রায়, লক্ষ্মণমানিক্য, ফজল গাজি, হাম্বিরমল্ল, গণেশ রায়, কংসনারায়ণ, রামকৃষ্ণ ও পীতাম্বর।

ভুঁড়ি (p. 667) [bhun̐ḍ়i] বি. বড়ো বা মোটা পেট, চর্বিতে ফুলে-ওঠা পেট। [দেশি]। ভুঁড়ো বিণ. ভুঁড়িযুক্ত, ভুঁড়িওয়ালা ('বাঁশবনের কাছে ভুঁড়ো শেয়ালি নাচে': ছড়া)।

ভুঁদো (p. 667) [bhun̐dō] বিণ. 1 মোটা, স্থূলকায় (ভুঁদো চেহারার লোক); 2 বোকা, স্থূলবুদ্ধি। স্ত্রী. ভুঁদি। [দেশি]। দ্র ভোঁদা।

ভুক (p. 667) [bhuka] বিণ. 1 খাদক, যে খায় (পিপীলিকাভুক); 2 যে ভোগ করে, ভোগকারী (বেতনভুক)। [সং. ভুজ্]।

ভুক-ভুক (p. 667) [bhuka-bhuka] অব্য. দমকে ধোঁয়া প্রভৃতি ছাড়ার আওয়াজ। [ধ্বন্যা.]।

ভুক্ত (p. 667) [bhukta] বিণ. 1 খাওয়া হয়েছে এমন (ভুক্তাবশেষ); 2 ভোগ করা হয়েছে এমন; 3 অন্তর্ভুক্ত, অভ্যন্তরে আছে এমন (দলভুক্ত)। [সং. √ ভূজ্ + ত]।˜ .ভোগী (-গিন্) বিণ. বি. পূর্বে যে ভোগ করেছে বা কষ্ট পেয়েছে এমন। ভুক্তাব-শেষ বি. খাওয়ার পরে যা অবশিষ্ট থাকে বা পড়ে থাকে। বিণ. ভুক্তাব-শিষ্ট।

ভুক্তি (p. 667) [bhukti] বি. 1 ভোজন, আহার; 2 ভোগ, উপভোগ; 3 দখল; 4 অন্তর্ভুক্ত হওয়া (নিবন্ধভুক্তি)। [সং. √ ভুজ্ + তি]।

ভুখ (p. 667) [bhukha] বি. ক্ষুধা। [< সং. বুভুক্ষা]। ভুখা বিণ. ক্ষুধার্ত। ভুখ-মিছিল, ভুখা-মিছিল বি. অন্নাভাবের প্রতিকারের দাবিতে ক্ষুধার্ত মানুষের মিছিল।

ভুগা, ভোগা (p. 667) [bhugā, bhōgā] ক্রি. 1 দুঃখকষ্ট সহ্য করা; 2 কষ্ট পাওয়া (অসুখে ভুগছে)। [বাং. √ ভুগা। ভোগানো ক্রি. দুঃখকষ্ট ইত্যাদি সহ্য করানো; কষ্ট দেওয়া (লোকটাকে এত ভোগাচ্ছ কেন?)।

ভুজ (p. 667) [bhuja] বি. 1 হাত, বাহু (ভুজবন্ধন, ভুজপাশ); 2 (জ্যামি.) ত্রিকোণ চতুষ্কোণ প্রভৃতি ক্ষেত্রের সীমা নির্দেশক সরলরেখা ত্রিভুজ, চতুর্ভুজ)। [সং. √ ভুজ্ + অ]।˜ .পাশ,˜ .বন্ধন বি. বাহুর বেষ্টন, আলিঙ্গন।˜ .বল বি. দেহের শক্তি।

ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম (p. 667) [bhujaga, bhujaṅga, bhujaṅgama] বি. সাপ। [সং. ভুজ + √ গম্ + অ]। স্ত্রী. ভুজগী, ভুজঙ্গী, ভুজঙ্গমী, (বাং.) ভুজঙ্গিনি।

ভুজু-ভাজুং (p. 667) [bhuju-bhāju] বি. তুচ্ছ বা মিথ্যা বা অকিঞ্চিৎকর যুক্তিতর্কের সাহায্যে প্রবোধ বা বুঝ (ভুজুংভাজুং দিয়ে দলে টেনেছে)। [দেশি]।

ভুজ্জি (p. 667) [bhujji] বি. দেবতা বা পরলোকগত পিতৃপুরুষের উদ্দেশে নিবেদিত অন্ন ইত্যাদি। [< সং ভোজ্য]।

ভুঞ্জন (p. 668) [bhuñjana] বি. 1 ভোজন; 2 উপভোগ। [< সং. √ ভুজ্]।

ভুঞ্জা (p. 668) [bhuñjā] ক্রি. (কাব্যে) ভোগ করা, উপভোগ করা; (কন্টকশয়ানে/ভুঞ্জেছি, জাগর স্বপ্নে' সু. দ); ভোজন করা। [সং. √ ভুজ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. ভোগ বা উপভোগ করানো; ভোজন করানো। ভুঞ্জিত বিণ. উপভোগ করা হয়েছে এমন; ভোজন করা হয়েছে এমন, ভুক্ত।

ভুট-ভাট (p. 668) [bhuṭa-bhāṭa] বি. অব্য. পেটের মধ্যে অজীর্ণজনিত শব্দ। [ধ্বন্যা.]।

ভুটানি (p. 668) [bhuṭāni] বি. ভুটানের অধিবাসী বা ভাষা, ভুটিয়া (শীতের মরশুমে ধর্মতলা ভুটানিতে ছেয়ে যায়)। □ বিণ. ভুটান বা ভুটানের অধিবাসীসম্বন্ধীয় (ভুটানি খাবার, ভুটানি পোশাক)। [ভুটান + বাং. ই]।

ভুট্টা (p. 668) [bhuṭṭā] বি. খাদ্যশষ্যবিশেষ, মকাই, maize। হি.।

ভুড়-ভুড় (p. 668) [bhuḍ়-bhuḍ়] বি. অব্য. ক্রমাগত বুদ্বুদ ফাটার শব্দ। [ধ্বন্যা.]। ভুড়-ভুড়ি বি. বুদ্বুদ।

ভুড়ুক-ভুড়ুক (p. 668) [bhuḍ়uka-bhuḍ়uka] বি. অব্য. গড়গড়ায় বা হুঁকোয় তামাক খাবার শব্দ (ভুড়ুকভুড়ুক করে তামাক টানছে)। [ধ্বন্যা.]।

ভুতি, ভুতুড়ি (p. 668) [bhuti, bhutuḍ়i] বি. কাঁঠালের ভিতরের বর্জ্য অংশ। [দেশি]।

ভুতুড়ে (p. 668) [bhutuḍ়ē] দ্র ভূতুড়ে।

ভুনি-খিচুড়ি (p. 668) [bhuni-khicuḍ়i] বি. যে খিচুড়িতে চাল-ডাল ঘিয়ে অল্প ভেজে নেওয়া হয়। [হি. ভুনি খেচৌড়ি]।

ভুবঃ (p. 668) [bhubḥ] (-বস্), ভুবর্লোক বি. 1 পুরাণে বর্ণিত সপ্তস্বর্গের অন্যতম; 2 অন্তরিক্ষ, আকাশ; 3 ব্যাহৃতিবিশেষ। [সং. ভুবঃ, ভুবর্ + লোক]।

ভুবন (p. 668) [bhubana] বি. 1 পুরাণে বর্ণিত সপ্তস্বর্গ ও সপ্তপাতাল এই চতুর্দশ লোক; 2 জগত্, পৃথিবী। [সং. √ ভূ + অন।˜ .জয়ী (-য়িন্) বিণ. ভুবনকে জয় করেছে এমন।˜ .বিখ্যাত বিণ. সারা পৃথিবীতে বিখ্যাত, বিশ্ববিখ্যাত।˜ মোহন বিণ. সারা পৃথিবীর মানুষকে মুগ্ধ করে এমন। স্ত্রী.˜ .মোহিনী। ভুবনেশ্বর বি. 1 ত্রিভুবনের অধিপতি 2 ঈশ্বর; 3 ওড়িশা রাজ্যের রাজধানী 4 ওই স্থানের শিবলিঙ্গবিশেষ। ভুবনেশ্বরী বি. (স্ত্রী.) 1 সারা পৃথিবীর অধিশ্বরী; 2 দশমহাবিদ্যার অন্যতমা।

ভুর-ভুর (p. 668) [bhura-bhura] বি. অব্য. গন্ধে পূর্ণ বা আমোদিত হওয়ার ভাব (কাঁঠালের গন্ধে ভুরভুর করছে ঘরটা)। [ধ্বন্যা.]।

ভুল (p. 668) [bhula] বি. 1 ভ্রম, ভ্রান্তি (বইখানা ভুলে ভরা); 2 বিস্মৃতি (ডালে নুন দিতে ভুল হয়েছে); 3 প্রলাপ (ভুল বকা); 4 অযথার্থ ধারণা (বন্ধুকে শত্রু বলে ভুল করা)। □ বিণ. 1 ভ্রান্ত, ভ্রমপূর্ণ (ভুল কথা); 2 বেঠিক (ভুল লোক, ভুল অঙ্ক); 3 অযথার্থ (ভুল খবর)। [< সং. √ হ্বল্]। ˜ .চুক, ˜ .ভ্রান্তি বি. ছোটোবড়ো ভুল; ছোটোখাটো ভুল; অনবধানতা। ভুল বোঝাবুঝি বি. পরস্পরের মধ্যে বোঝাপড়ার ঘাটতি। ঠিকে ভুল (অপ্র.) যোগে ভুল।

ভুলানো, ভোলানো (p. 668) [bhulānō, bhōlānō] ক্রি. 1 ভুল করানো; 2 বিস্মৃত করানো (ব্যাথা ভুলানো); 3 মুগ্ধ করানো ('আমার নয়ন ভুলানো এলে': রবীন্দ্র)। □ বি. উক্ত অর্থে (আমাকে ভুলানো অত সহজ নয়)। □ বিণ. যে বা যা ভুলাতে বা মুগ্ধ করতে পারে (ছেলেভুলানো ছড়া)। ভুলো, ভোলা বিণ. প্রায়ই ভুল করে বা ভুলে যায় বা বিস্মৃত হয় এমন (ভুলো লোক, ভোলা মন)।

ভুশ (p. 668) [bhuśa] অব্য. বি. জল কাদা প্রভৃতির ভিতর থেকে হঠাত্ জেগে ওঠার শব্দ (ভুশ করে ভেসে উঠল)। [ধ্বন্যা.]।

ভুশণ্ডি (p. 668) [bhuśaṇḍi] দ্র ভূশণ্ডি।

ভুশুড়ি (p. 668) [bhuśuḍ়i] বি. কাঁঠালের ভুতি বা ভুতুড়ি। [দেশি]। ভুশুড়ি ভাঙা ক্রি. বি. প্রচুর খাওয়া, ভূরিভোজন করা। গল্পের ভুশুড়ি ভাঙা ক্রি. বি. ক্রমাগত একটার পর একটা গল্প বলা।

ভুষ্টি-নাশ (p. 668) [bhuṣṭi-nāśa] বি. ধ্বংস বা সর্বনাশ (টাকার ভুষ্টিনাশ, কাজের ভুষ্টিনাশ)। [দেশি]।

ভুসি (p. 668) [bhusi] বি. গম ডাল প্রভৃতি শস্যের খোসা বা চোকলা। [< সং. বুস]।˜ .মাল বি. বাজে বা সারহীন বস্তু।

ভুসো2 (p. 668) [bhusō2] বি. ধোঁয়া থেকে উৎপন্ন কালি বা ঝুল; কাজল (ভুসোকালি)। [< সং. ভস্মন্]।˜ .কালি বি. ধোঁয়া থেকে তৈরি কালি বা কাজল।

ভূ1 (p. 668) [bhū1] (ভূস্) বি. 1 পুরাণোক্ত সপ্তলোকের অন্যতম; 2 ব্যাহৃতিবিশেষ; 3 পৃথিবী। [সং. ভূস্]।

ভূ2 (p. 668) [bhū2] বি. 1 পৃথিবী (ভূপৃষ্ঠ, ভূতল); 2 স্হল, স্হান, ভূমি (ভূদান)। [সং. √ ভূ + ক্বিপ্]।˜ কম্প,˜ কম্পন বি. ভূমিকম্প।˜ খণ্ড বি. প্রদেশ, দেশ (আরব ভূখণ্ড)।˜ গর্ভ বি. পৃথিবী বা মাটির অভ্যন্তর।˜ গোল বি. পৃথিবীর বিবরণ, geography.˜ গোলক বি. পৃথিবীর আকারাদির চিত্রসংবলিত গোলক, globe.˜ চর বিণ. স্হলে বিচরণ করে এমন, স্হলচর।˜ চিত্র বি. মানচিত্র, map. চ্ছায়া বি. গ্রহণের সময় চাঁদে পৃথিবীর যে ছায়া পড়ে।˜ তত্ত্ব,˜ বিজ্ঞান,˜ বিদ্যা বি. ভূপৃষ্ঠ ও তার নিম্নবর্তী স্তরসমূহ-সম্বন্ধীয় বিজ্ঞান, geology.˜ তল বি. 1 পৃথিবীপৃষ্ঠ; 2 পাতাল।˜ দেব বি. ব্রাহ্মণ।˜ ধর,˜ ভৃত্ বি. পর্বত।˜ প,˜ পতি,˜ পাল বি. রাজা।˜ পতিত বিণ. মাটিতে বা ভূপৃষ্ঠে পড়ে গেছে এমন।˜ পর্যটক বি. সারা পৃথিবী যে ভ্রমণ করে।˜ পর্যটন বি. সারা পৃথিবীতে ভ্রমণ।˜ পাতিত বিণ. ভূপৃষ্ঠে বা মাটিতে ফেলা হয়েছে এমন।˜ পৃষ্ঠ বি. পৃথিবীর উপরিতল; মাটি।˜

প্রদক্ষিণ বি. পৃথিবীর চার দিকে ভ্রমণ।˜ বিদ্যা-ভূতত্ত্ব -র অনুরূপ।˜ বিষুব-রেখা বি. নিরক্ষরেখা।˜ ভাগ বি. পৃথিবী।˜ ভার বি. পৃথিবীর পাপের বোঝা।˜ ভারত বি. 1 পৃথিবী ও ভারতবর্ষ; 2 সমস্ত পৃথিবী (এমন ঘটনা ভূভারতে কখনো ঘটেনি)।˜ মণ্ডল বি. পৃথিবী।˜ মধ্য বি. পৃথিবীর মধ্যস্থল; পৃথিবীর যেকোনো স্থান।˜ মধ্য-রেখা বি. (ভূগো.) পৃথিবীর মধ্যস্থল বেষ্টনকারী রেখা।˜ মধ্য-সাগর বি. ইয়োরোপের দক্ষিণে অবস্থিত সাগরবিশেষ।˜ লুণ্ঠিত বিণ. 1 মাটিতে বা ধুলোয় লুটোচ্ছে এমন; 2 (আল.) অপদস্থ ও বিপর্যস্ত (মর্যাদা ভূলুণ্ঠিত)।˜ লোক বি. পৃথিবী।˜ শয্যা বি. মাটির শয্যা, ভূমিরূপ শয্যা; মাটিতে বা মেঝেতে শোয়া।˜ সম্পত্তি বি. জমিজমা, খেতখামার; জমিদারি (ভূসম্পত্তি দেখাশোনা)।˜ স্বর্গ বি. 1 মেরুপর্বত; 2 (আল.) কাশ্মীর।˜ স্বামী বি. অনেক জমির মালিক, জমিদার।

ভূকম্প, ভূকম্পন, ভূগর্ভ, ভূগোল, ভূগোলক, ভূচর, ভূচিত্র, ভূচ্ছায়া (p. 668) [bhūkampa, bhūkampana, bhūgarbha, bhūgōla, bhūgōlaka, bhūcara, bhūcitra, bhūcchāẏā] দ্র ভূ2।

ভূত (p. 668) [bhūta] বি. 1 শিবের অনুচর দেবযোনিবিশেষ (ভূতনাথ); 2 অশরীরী প্রেত বা পিশাচ (ভূতের ভয়); 3 জীব, প্রাণী (সর্বভূতে দয়া); 4 ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুসমূহের মূল উপাদান (পঞ্চভূত)। □ বিণ. 1 অতীত (ভূতপূর্ব মন্ত্রী); 2 ঘটিত, পরিণত (দ্রবীভূত, বাষ্পীভূত); 3 বিদ্যমান, রয়েছে এমন (অন্তর্ভূত)। [সং. √ ভূ + ত]।˜ .কাল বি. অতীত কাল।˜ .গ্রস্ত বিণ. ভূতপ্রেতের দ্বারা আক্রান্ত বা আবিষ্ট।˜ .চতুর্দশী বি. কার্তিক মাসের কৃষ্ণাচতুর্দশী তিথি।˜ .ধাত্রী,˜ .ধারিণী বি. পৃথিবী।˜ .নাথ বি. শিব।˜ .পূর্ব বিণ. প্রাক্তন, আগেকার।˜ .প্রেত বি. প্রেতযোনিসমূহ˜ .বলি,˜ .যজ্ঞ বি. প্রাণীদের অন্নদান করার শাস্ত্রানুমত কর্তব্য।˜ .ভাবন বি. জীবের সৃষ্টিকর্তা বা পালক শিব।˜ .ময় বিণ. পঞ্চভূতের

দ্বারা গঠিত। ˜ .যোনি বি. 1 প্রেতজন্ম; 2 ভূতপ্রেত। ˜ .শুদ্ধি বি. পূজাদি করে পাঞ্চভৌতিক দেহের সংস্কার। ভূতাত্মা বি. দেহী, প্রাণী; জীবাত্মা। ভূতাবিষ্ট বিণ. ভূতগ্রস্ত। ভূতাবেশ বি. ভূতের আক্রমণ; ভূতগ্রস্ত অবস্থা। ভূতেশ বি. শিব, ভূতনাথ।

ভূতি (p. 668) [bhūti] বি. 1 বিভূতি, আটটি ঐশ্বর্য যথা অণিমা মহিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিতা বশিতা ও কামাবশায়িতা; 2 উৎপত্তি, অভ্যুদয় 3 (বিরল) ভস্ম। [সং. √ ভূ + তি]।

ভূতুড়ে (p. 668) [bhūtuḍ়ē] বিণ. 1 ভূতপ্রেতসম্বন্ধীয় (ভূতুড়ে গল্প); 2 ভূতপ্রেত দ্বারা কৃত (ভূতুড়ে কাণ্ড); 3 অবিশ্বাস্য। [সং. ভূত + বাং. ড়িয়া > ড়ে]।

ভূদেব, ভূধর, ভূপ, ভূপতি, ভূপতিত, ভূপাতিত, ভূপাল (p. 668) [bhūdēba, bhūdhara, bhūpa, bhūpati, bhūpatita, bhūpātita, bhūpāla] দ্র ভূ2।

ভূপালি (p. 668) [bhūpāli] বি. সংগীতের সন্ধ্যাকালীন রাগিণীবিশেষ।

ভূবিজ্ঞান, ভূবিদ্যা, ভূভার, ভূভারত, ভূমণ্ডল, ভূমধ্য, ভূমধ্যসাগর (p. 668) [bhūbijñāna, bhūbidyā, bhūbhāra, bhūbhārata, bhūmaṇḍala, bhūmadhya, bhūmadhyasāgara] দ্র ভূ2।

ভূম (p. 668) [bhūma] বি. (কাব্যে) ভূমি ('শ্রীমতীরে হেরি পুঁথি রাখি ভূমে': রবীন্দ্র)। [< সং. ভূমি]।

ভূমা (p. 668) [bhūmā] (-মন্) বি. 1 সর্বব্যাপী পুরুষ; 2 বহুত্ব। □ বিণ ভূয়িষ্ঠ, বহুল (ভুমানন্দ)। [সং. বহু + ইমন্]।

ভূমি (p. 668) [bhūmi] বি. 1 পৃথিবী; 2 ভূপৃষ্ঠ, মাটি; 3 মেঝে (ভূমিশয্যা); 4 ক্ষেত্র, জমি (নিষ্কর ভূমি, ভূমিহীন প্রজা); 5 আধার (বিশ্বাসভূমি); 6 দেশ (জন্মভূমি); 7 তল, তলা (সপ্তভূমিক অট্টালিকা); 8 (জ্যামি.) ত্রিভূজের শীর্ষবিন্দুর বিপরীত দিকের বাহু, basc. [সং. √ ভূ + মি]। ˜ .কম্প বি. ভূমির অর্থাত্ পৃথিবীর কম্পন। ˜ গর্ভ বি. পৃথিবীর অভ্যন্তর, ভূপৃষ্ঠে নিম্নবর্তী স্থান। ˜ জ বিণ. মাটিতে বা খেতে উৎপন্ন; কৃষিজাতা। ˜ .তল বি. ভূপৃষ্ঠ, মাটির বা জমির উপরিতল, ভূতল। ˜ .দাস বি. অন্যের জমিতে বাধ্যতামূলক ভাবে যে শ্রমিক বেগার খাটে, সার্ফ। ˜ .শয্যা বি. মাটিতে পড়ে যাওয়া, ধরাশায়ী হওয়া; ভূমিরূপ শয্যা। ˜ .সংস্কার বি. চাষের জমির এবং চাষির অবস্থার উন্নতিসাধন। ˜ .সাত্ বিণ. ভূমিতে পতিত; মাটির সঙ্গে মিশে গেছে এমন (ঘরবাড়ি সব ভূমিসাত্ হয়ে গেছে)।

ভূমিকা (p. 668) [bhūmikā] বি. 1 মুখবন্ধ, সূচনা (আর ভূমিকা না করে আসল কথাটা বলো) 2 প্রস্তাবনা (বইয়ের ভূমিকা); 3 বেশধারণ; রূপান্তর-পরিগ্রহ; 4 অভিনয়ের অংশ বা চরিত্র (রামের ভূমিকায় অভিনয় করেছে)। [সং. ভূমি + ক + আ]।

ভূমিগর্ভ, ভূমিজ, ভূমিতল, ভূমিশয্যা (p. 668) [bhūmigarbha, bhūmija, bhūmitala, bhūmiśayyā] দ্র ভূমি।

ভূমিষ্ঠ (p. 668) [bhūmiṣṭha] বিণ. 1 প্রসূত (সন্তান ভূমিষ্ট হল); 2 ভূমিতে পতিত; 3 ভূলুণ্ঠিত (ভূমিষ্ঠ হয়ে প্রণাম করল)। [সং. ভূমি + √ স্থা + অ]। স্ত্রী. ভূমিষ্ঠা।

ভূমিসংস্কার, ভূমিসাত্ (p. 668) [bhūmisaṃskāra, bhūmisāt] দ্র ভূমি।

ভূম্যধি-কারী (p. 668) [bhūmyadhi-kārī] (-রিন্) বি. জমিদার, ভূস্বামী। [সং. ভূমি + অধিকারী]। স্ত্রী. [ভূম্যধি-কারিণী]।

ভূয়ঃ (p. 668) [bhūẏḥ] (-য়স্) ক্রি-বিণ. 1 পুনরায়, আবার; 2 প্রচুর, খুব। [সং. বহু + ঈয়স্]। ভূয়সী বিণ. প্রচুর, বহুল (ভূয়সী প্রশংসা করা হল)। ভূয়ো-দর্শন, ভূয়ো-দর্শিতা বি. অনেক দেখেশুনে যে অভিজ্ঞতা লাভ হয়। ভূয়ো-ভূয় ক্রি-বিণ. পুনঃপুন, বারবার।

ভূয়িষ্ট (p. 668) [bhūẏiṣṭa] বিণ. প্রচুর, অনেক বহুল। [সং. বহু + ইষ্ট]। বি.˜ .তা।

ভূরি (p. 668) [bhūri] বিণ. প্রচুর, প্রভূত, অনেক (ভূরিভোজন, ভূরি প্রমাণ)। [সং. √ ভূ + রি]।˜ .ভোজ,˜ .ভোজন বি. ভালোমতো ভোজ বা খাওয়া। ভূরি ভূরি বিণ. প্রচুর, অনেক।˜ শ, (বর্জি.)˜ .শঃ ক্রি-বিণ. প্রচুর পরিমাণে; বহুবার।

ভূর্জ (p. 668) [bhūrja] বি. নরম ছালযুক্ত গাছবিশেষ, সুচর্মা বা ভোজপাতার গাছ। [সং. ভূ + √ ঊজ্ + অ]।˜ .পত্র বি. ভূর্জ গাছের পাতা ছাল বা বাকল।

ভূর্লোক (p. 668) [bhūrlōka] বি. সপ্তপাতালসহ পৃথিবী, ভূলোক। [সং. ভূঃ + লোক]।

ভূলোক (p. 668) [bhūlōka] বি. পৃথিবী। [সং. ভূ + লোক]।

ভূশণ্ডি, ভুশণ্ডি (p. 668) [bhūśaṇḍi, bhuśaṇḍi] বি. 1 পুরাণোক্ত ত্রিকালদর্শী কাক; 2 (আল.) বয়োবৃদ্ধ বহুদর্শী ও বহু অভিজ্ঞাতাসম্পন্ন ব্যক্তি। [তু. সং. ভূশুণ্ডি]।

ভূশয্যা (p. 670) [bhūśayyā] দ্র ভূ2।

ভূষণ, ভূষা (p. 670) [bhūṣaṇa, bhūṣā] বি. 1 অলংকার, গহনা; 2 সজ্জা (বেশভূশা); 3 শোভা; 4 অলংকৃত করা। [সং. √ ভূষ্ + অন, অ + আ]। ভূষিত বিণ. অলংকৃত; সজ্জিত; শোভিত। স্ত্রী. ভূষিতা।

ভূসম্পত্তি, ভূস্বর্গ, ভূস্বামী (p. 670) [bhūsampatti, bhūsbarga, bhūsbāmī] দ্র ভূ2।

ভৃগু (p. 670) [bhṛgu] বি. 1 পর্বতের উপরের সমতলস্থান: 2 পর্বতের ঢালু জায়গা; 3 অতি উঁচু স্থান; 3 পৌরাণিক মুনিবিশেষ। [সং. √ ভ্রস্জ্ + উ (নি.)]। ˜ .পতন বি. পর্বতের উপর থেকে পতন। ˜ .পদ-চিহ্ন বি. (পুরাণে) বিষ্ণুর বুকে ভৃগুমুনির পদাঘাতের চিহ্ন। ˜ .বার, ˜ .বাসর বি. শুক্রবার। ˜ .সুত বি. ভৃগুর পুত্র পরশুরাম।

ভৃঙ্গ (p. 670) [bhṛṅga] বি. 1 ভ্রমর, ভোমরা; 2 ফিঙে পাখি। [সং. √ ভৃ + গ (ন্ আগম)]। ˜ .রাজ বি. কেশরাজ, কেশবর্ধক শাকবিশেষ। ˜ .রোল বি. ভিমরুল।

ভৃঙ্গার (p. 670) [bhṛṅgāra] বি. 1 জলের গাড়ু; 2 জল ছিটানোর ছিদ্রযুক্ত পাত্র, ঝারি। [সং. √ ভৃ + আর]।

ভৃঙ্গারিকা (p. 670) [bhṛṅgārikā] বি. ঝিঁঝি পোকা। [সং. ভৃঙ্গার + ক + আ]।

ভৃঙ্গি (p. 670) [bhṛṅgi] বি. শিবের অনুচরবিশেষ। [সং. ভৃ + গি]।

ভৃত (p. 670) [bhṛta] বিণ. 1 পালিত (পরভৃত); 2 পূর্ণ। [সং. √ ভৃ + ত]।˜ক বিণ. বেতনগ্রহণকারী। □ বি. বেতন। ভৃতি বি. 1 বেতন; 2 পালন, ভরণপোষণ; 3 পূরণ। ভৃতি-ভুক (-ভুজ্) বিণ. বেতনগ্রহণকারী, বেতনভোগী।

ভৃতি (p. 670) [bhṛti] দ্র ভৃত।

ভৃত্য (p. 670) [bhṛtya] বি. 1 চাকর; পরিচারক; 2 বেতনভোগী। [সং. √ ভৃ + য]।

ভৃষ্ট (p. 670) [bhṛṣṭa] বিণ. ভাজা হয়েছে এমন, ভর্জিত (ভৃষ্ট শাক, ভৃষ্ট পলাণ্ডু)। [সং. √ ভ্রস্জ্ + ত]।

ভেউ ভেউ (p. 670) [bhēu bhēu] বি. অব্য. 1 আকুল কান্নার শব্দ; 2 কুকুরের ডাক। [ধ্বন্যা.]।

ভেংচানো (p. 670) [bhēñcānō] ক্রি. বি. মুখ বিকৃত করে বিদ্রুপ করা; রাগ বা ঠাট্টা প্রকাশের জন্য মুখ বিকৃত করা বা মুখভঙ্গি করা। [ভেঙানো দ্র]। ভেংচি বি. মুখভঙ্গি, রাগ ঠাট্টা প্রভৃতি প্রকাশের জন্য মুখের বিকৃতি (ভেংচি কাটা)।

ভেঁপু (p. 670) [bhēm̐pu] বি. তালপাতা বা অন্য জিনিস দিয়ে তৈরি লম্বা বাঁশিবিশেষ। [দেশি]।

ভেক1 (p. 670) [bhēka1] বি. 1 সন্ন্যাসী বা বৈরাগীর ধর্ম; 2 বৈরাগীর বেশ; 3 ছদ্মবেশ (ভেক ধরা)। [< সং. ভৈক্ষ্য]। ˜ .ধারী (-রিন্) বিণ. 1 ছদ্মবেশ ধারণকারী; 2 সংসার ত্যাগ করে বৈরাগ্য অবলম্বন করেছে এমন।

ভেক2 (p. 670) [bhēka2] বি. ব্যাং। [সং. √ ভী + ক]। স্ত্রী. ভেকী।

ভেকো (p. 670) [bhōkō] বিণ. 1 বোকা, নির্বোধ; 2 হতবম্ব, হতবুদ্ধি, ঘাবড়ে গেছে এমন (এমন ভেকো বনে গেলে কেন?)। [দেশি-তু. ভ্যাবাচ্যাকা]।

ভেঙানো, ভ্যাঙানো (p. 670) [bhēṅānō, bhyāṅānō] ক্রি. বি. ভেংচানো, মুখভঙ্গি করা। [বাং. √ ভেঙা]।

ভেজা1 (p. 670) [bhējā1] ক্রি. পাঠানো। [হি. √ ভেজ]।

ভেজা2 (p. 670) [bhējā2] ক্রি. ভেজানো। [প্রাকৃ. √ ভিজ্জ]। ˜ .নো ক্রি. বি. দরজা ইত্যাদি আলতো করে বন্ধ করা, দরজার কপাট খিল না দিয়ে জোড়া লাগানো। □ বিণ. উক্ত অর্থে (ভেজানো দরজা)।

ভেজাল1 (p. 670) [bhējāla1] বি. 1 যে খারাপ জিনিস অন্য ভালো জিনিসের সঙ্গে মিশানো হয়; 2 খারাপ জিনিসের মিশ্রণ (মশলায় ভেজাল, তেলে ভেজাল)। □ বিণ. নিকৃষ্ট জিনিস মেশানো হয়েছে এমন, খাঁটি বা বিশুদ্ধ নয় এমন (ভেজাল তেল, ভেজাল মশলা)। [দেশি]।

ভেজাল2 (p. 670) [bhējāla2] দ্র ভ্যাজাল।

ভেট (p. 670) [bhēṭa] বি. 1 উপহার, উপঢৌকন, নজরানা (জমিদারকে এটাসেটা ভেট দিতে হয়); 2 সাক্ষাত্, মোলাকাত (তার সঙ্গে ভেট হল?)। [হি.]।

ভেটকি (p. 670) [bhēṭaki] বি. ভেড়ি বা নদীর চ্যাপটা গড়নের সুস্বাদু মাছবিশেষ। [> সং. বেকট]।

ভেটা (p. 670) [bhēṭā] ক্রি. (বর্ত. অপ্র.) সাক্ষাত্ করা বা পাওয়া; মিলিত হওয়া ('ভেটিবারে চাই')। [হি. ভেট + বাং. আ]।

ভেটের-খানা (p. 670) [bhēṭēra-khānā] বি. 1 সরাই, চটি (ভেটেরাখানায় বসে বিশ্রাম নেওয়া); 2 (আল.) হট্টগোলের স্থান, যেখানে খুব হইচই হয় (তোমরা যে এখানে ভেটেরাখানা বসিয়ে দিয়েছ)। [হি. ভাটিয়ারা + ফা. খানা]।

ভেড়া1, ভিড়া (p. 670) [bhēḍ়ā1, bhiḍ়ā] ক্রি. 1 লগ্ন হওয়া ('কূলে এসে ভিড়ে': রবীন্দ্র); 2 তীরের কাছে আসা (নৌকাটা ভিড়াও); 3 মিলিত হওয়া, মেশা (দলে ভেড়া)। □ বি. উক্ত সব অর্থে (দলে ভেড়া ভালো নয়)। □ বিণ. উক্ত সব অর্থে (দলে-ভেড়া ছেলে, কূলে-ভেড়া নৌকো)। [হি. √ ভিড় + বাং. আ]।˜ .নো ক্রি. বি. সংলগ্ন করা; তীরের কাছে আনা (নৌকো ভিড়ানো); মিলিত করা (দলে ভিড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে।

ভেড়া2 (p. 670) [bhēḍ়ā2] বি. তৃণভোজী রোমন্হনকারী ও গায়ে পুরু কোঁচকানো লোমযুক্ত স্তন্যপায়ী প্রাণীবিশেষ, মেষ। [সং. ভেড়, ভেড়ক]।˜ .কান্ত বি. 1 আস্ত বোকা, বোকার সেরা; 2 অতি নিরীহ ও অতিবোকা লোক। ভেড়ি বি. (স্ত্রী.)-ভেড়া। ভেড়ুয়া, ভেড়ো বিণ. বি. 1 ভেড়ার তুল্য কাপুরুষ; 2 স্ত্রৈণ। ভেড়ে বি. বিণ. অপদার্থ বা বোকা লোক; কাপুরুষ; স্ত্রৈণ।

ভেড়ি1 (p. 670) [bhēḍ়i1] বি. চারদিকে বাঁধ দিয়ে আটকে রাখা জল, জল আটকাবার বাঁধ (মাছের ভেড়ি)। [দেশি]।

ভেত্তা (p. 670) [bhēttā] (-ত্তৃ) বিণ. ভেদকারী ভেদকারক; ছেদনকারী। [সং. √ ভিদ্ + তৃ]।

ভেদ (p. 670) [bhēda] বি. বেধন ছেদন (লক্ষ্যভেদ, মৃত্তিকাভেদ); 2 পার্থক্য (মতভেদ, জাতিভেদ, অবস্হাভেদে); 3 অনৈক্য, বিরোধ (ভেদবুদ্ধি, আদর্শগত ভেদ); 4 বিচ্ছেদ, মনান্তর, বিরূপতা (ভেদাভেদ); 5 বাধা দূর করে ভিতরে প্রবেশ (বূহ্যভেদ); 6 বিভেদ সৃষ্ঠির রাজনীতিক পন্হাবিশেষ (ভেদনীতি); 7 উদ্ঘাটন (রহস্যভেদ); 8 রেচন, দাস্ত, পাতলা পায়খানা (ভেদবমি)। [সং. √ ভিদ্ + অ]।˜

ক ভেদী (-দিন্) বিণ ভেদকারক, ছেদক। ˜ .কারক˜ .কারী (রিন্) বিণ. ভেদকের -এর অনুরূপ। ˜ .জ্ঞান˜ .বুদ্ধি বি 1 পার্থক্যের বোধ; 2 বিরোধ মনোভাব। ন বি. ভেদ করা। ˜ .নীয় ভেদ্য বিণ ভেদ করা যায় বা উচিত এমন (সূচিভেদ্য) ভেদাভেদ বি 1 বৈষম্য ও সাম্য; 2 আপনপর জ্ঞান; 3 (দর্শ.) পরমাত্মা ও জীবাত্মা এক হয়েও দুই, দুই হয়েও এক-এই তত্ত্ব; 4 পার্থক্য। ভেদিত বিণ. ভেদ করা হয়েছে এমন।

ভেন্ডার (p. 670) [bhēnḍāra] বি. পণ্যবিক্রেতা; ফেরিওয়ালা [ইং. vendor]।

ভন্ডি, ভিন্ডি (p. 670) [bhanḍi, bhinḍi] বি. ঢ্যাঁড়শ [হি.]।

ভেপসা-ভ্যাপসা (p. 670) [bhēpasā-bhyāpasā] -র বানানভেদ।

ভেবড়া (p. 670) [bhēbaḍ়ā] ক্রি. ভেবড়ানো [দেশী.]। ˜ .নো ক্রি. বি. ভয় বিস্ময় প্রভৃতিতে বিহ্বল বা হতবাক হওয়া, ঘাবড়ে যাওয়া। বিণ. উক্ত অর্থে।

ভেবা (p. 670) [bhēbā] দ্র ভ্যাবা।

ভেরি, ভেরী (p. 670) [bhēri, bhērī] বি. ঢাক, দামামা (ভেরিনিনাদ)। [সং. √ ভী + রি]।

ভেরেন্ডা (p. 670) [bhērēnḍā] বি. এরণ্ড বা রেড়িগাছ। [< সং. এরণ্ড]। ভেরেন্ডা ভাজা ক্রি. বি. (আল.) বাজে কাজে বা অপ্রয়োজনীয় কাজে সময় নষ্ট করা; কিছু আয় না করে ঘুরে বেড়ানো।

ভেল1 (p. 670) [bhēla1] ক্রি. (ব্রজ.) হল ('দশদিশ ভের নিরনন্দা': বিদ্যা.)। [< সং. √ ভূ]।

ভেল2 (p. 670) [bhēla2] বিণ. 1 কৃত্রিম, ঝুটো; 2 ভেজাল। [দেশি.]।

ভেলকি (p. 670) [bhēlaki] বি. 1 জাদু, ম্যাজিক; 2 ধোঁকা [দেশি.]। ̃ .বাজি বি. জাদুর খেলা, ম্যাজিক।

ভেল-পুরি (p. 670) [bhēla-puri] বি. কচুরি বা পুরিজাতীয় উত্তরভারতীয় খাবারবিশেষ [হি.]।

ভেল-ভেট (p. 670) [bhēla-bhēṭa] বি. অতি কোমল তন্তুতে বোনা কাপড়বিশেষ। [ইং. velvet]।

ভেলা1 (p. 670) [bhēlā1] বি. কলা গাছের লম্বা খণ্ড কাঠের তক্তা প্রভৃতি পাশাপাশি জুড়ে তৈরী তরিবিশেষ [সং. ভেল, ভেলক]।

ভেলা2 (p. 670) [bhēlā2] বি. ভল্লাত গাছ বা তার ফল। [< সং. ভল্লাতক]।

ভেলি (p. 670) [bhēli] বি. শক্ত গুড়বিশেষ (ভেলিগুড়)। [হি. ভেলী]।

ভল্কি-ভেলকি (p. 670) [bhalki-bhēlaki] -র বর্জি বানান।

ভেষজ (p. 670) [bhēṣaja] বি. ওষুধ। [সং. ভেষ + √ জি + অ]।

ভেস-লিন (p. 670) [bhēsa-lina] বি. গায়ের চামড়াকে নরম করতে ব্যবহৃত পেট্রোলিয়াম জেলিবিশেষ। [ই. vaseline]।

ভেস্তা (p. 670) [bhēstā] ক্রি নষ্ট পা পণ্ড হওয়া বা করা (সব আয়োজন ভেস্তে গেল)। □বিণ পণ্ড, নষ্ট ('সাত নকলে আসল ভেস্তা') [বাং √ ভেস্তা < সং ভ্রষ্ট]˜ নো ক্রি. বি. নষ্ট বা পণ্ড করা (ভেস্তে দিয়েছে)।

ভৈক্ষ, ভৈক্ষ্য (p. 670) [bhaikṣa, bhaikṣya] বিণ. ভিক্ষা করে পাওয়া গেছে এমন, ভিক্ষালব্দ (ভৈক্ষ তণ্ডুল)। □ বি 1 সন্ন্যাসাশ্রম, ভিক্ষুধর্ম; 2 ভিক্ষালব্ধ অন্ন; 3 ভিক্ষা [সং. ভিক্ষা + অ, য]।

ভৈরব (p. 670) [bhairaba] বি. 1 শিব; 2 শিবের রুদ্রমূর্তি; 3 সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ; 4 নদবিশেষ। □বিণ. ভীষণ, ভয়ানক (ভৈরব গর্জন, ভৈবব মূর্তি)। [সং. ভীরু + অ]।

ভৈরবী (p. 670) [bhairabī] বি. (স্ত্রী.) 1 দশমহাবিদ্যার অন্যতম মূর্তি; 2 শৈবসন্নাসিনী; 3 সংগীতের প্রাতঃকালীন রাগিনীবিশেষ। □ বিণ. ভীষণা। [সং. ভৈরব + ঈ]।˜ .চক্র বি. যে চক্রের মধ্যে অর্থাত্ তান্ত্রিক সাধকমণ্ডলীর মধ্যে বসে পঞ্চ ম-কার সাধন করা হয়।

ভৈরোঁ (p. 670) [bhairō] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ, ভৈরব। [হি. ভৈরোঁ < সং ভৈরব]।

ভৈল (p. 670) [bhaila] ক্রি. (ব্রজ.) ভেল, হল। [< সং. √ ভূ]।

ভৈষজ, ভৈষজ্য (p. 670) [bhaiṣaja, bhaiṣajya] বি. 1 ওষুধ; 2 ওষুধ দিয়ে চিকিৎসা। [সং. ভেষজ + অ, য]।

ভোঁ (p. 670) [bhō] অব্য. বি. 1 দ্রুত দৌড় বা ধেয়ে যাওয়ার ভাবসূচক (ভোঁ-দৌড়); 2 স্টিমার কারখানা ট্রেন প্রভৃতির বাঁশি (ভোঁ শুনে ঘুম ভাঙ্গে); 3 ঘূর্ণনের শব্দ (মাথাটা ভোঁ করে ঘুরে গেল) [ধ্বন্যা.]।

ভোঁতা (p. 670) [bhōn̐tā] বিণ. 1 ধার নেই এমন (ভোঁতা ছুরি); 2 মোটা, ডগা মোটা এমন (ভোঁতা ছুঁচ); 3 বোকা (ভোঁতা বুদ্ধি); 4 নীরব, নির্বাক ('মুখ হৈল ভোঁতা': হেম)। [হি. ভোংতরা]।

ভোঁদড় (p. 670) [bhōn̐daḍ়] বি. প্রধানত মাছ খায় এমন উদ্বিড়ালজাতীয় জলজন্তুবিশেষ। [< সং. উদ্র]।

ভোঁদা-ভুঁদো (p. 670) [bhōn̐dā-bhun̐dō] -র রূপভেদ।

ভোঁ-ভোঁ (p. 670) [bhō-m̐bhō] অব্য. ফাঁকা বা শূন্যতাবোধক (বাড়ি গিয়ে দেখি ভোঁ-ভাঁ, কেউ কোথাও নেই)। [ধ্বন্যা.]।

ভোঁস (p. 670) [bhōm̐sa] বি. অব্য. ফোঁস-থেকে গম্ভীরতর আওয়াজ, নিশ্বাসের গভীর ও গম্ভীর আওয়াজ।

ভোক্তব্য (p. 670) [bhōktabya] বিণ. ভক্ষণীয়; উপভোগের যোগ্য। [সং. √ ভুজ্ + তব্য]।

ভোক্তা (p. 670) [bhōktā] (-ক্তৃ). বিণ বি. ভোজনকারী; উপভোগকারী। [সং. √ ভুজ্ + তৃ]। স্ত্রী ভোক্ত্রী।

ভোগ (p. 670) [bhōga] বি. 1 সুখ-দুঃখ আরাম প্রভৃতির অনুভূতি (সুখভোগ, দুর্ভোগ); 2 পরিণাম সহ্য করা (কর্মভোগ, ফলভোগ); 3 উপভোগ (বিষয়ভোগ, ভোগে লাগা); 4 ইন্দ্রিয়সুখ, ধনৈশ্বর্য (ভোগবাসনা, ভোগতৃষ্ণা); 5 উপভোগের বা ভোজনের বস্তু (সত্যনারায়ণের ভোগ); 6 সাপের ফণা; 7 সাপ [সং. √ ভুজ্ + অ]। ˜ .তৃষ্ণা, ˜ .পিপাসা বি. সুখ ও ঐশ্বর্য ভোগ করার প্রবল ইচ্ছা। ˜ .দেহ বি. (হিন্দু মতে মৃত্যুর পরে প্রেতপিণ্ড লাভের পর) জীবাত্মার সূক্ষ্ম শরীর। ˜ .বতী বি. (স্ত্রী.) পাতালের গঙ্গা। ˜ .বিলাস বি. পার্থিব সুখ ও ধন-ঐশ্বর্য ভোগ। ˜ .রাগ বি. দেবতার বিবিধ নৈবেদ্য ও সানুরাগ পূজাবন্দনাদি।

ভোগা1 (p. 670) [bhōgā1] (আশা.) বি. ফাঁকি, প্রতারণা, ধোঁকা (ভোগা দিয়ে টাকা নিয়ে চলে গেল)। [দেশি. -তু. হি. ভগল্]।

ভোগা2 (p. 670) [bhōgā2] ক্রি. বি. 1 দুঃখকষ্ট সহ্য করা; 2 কষ্ট পাওয়া (ছেলেটা খুব ভুগছে)। [বাং. √ ভুগা]। ˜ .নো ক্রি. বি. দুঃখ কষ্ট ইত্যাদি সহ্য করানো, কষ্ট দেওয়া (তাকে এত ভোগাচ্ছে কেন?)। ˜ ন্তি বি. নিদারুণ কষ্ট বা দুর্ভোগ (ভোগান্তির চরম, ভোগান্তির একশেষ)।

ভোগায়-তন (p. 670) [bhōgāẏa-tana] বি. ভোগের আধার বা আশ্রয়; দেহ। [সং ভোগ + আয়তন]।

ভোগার্হ (p. 670) [bhōgārha] বিণ. উপভোগের যোগ্য। [সং. ভোগ + অর্হ]।

ভোগাসক্ত (p. 670) [bhōgāsakta] বিণ. ভোগবিলাসের অনুরক্ত, ভোগের বাসনাযুক্ত; ভোগে লিপ্ত। [সং. ভোগ+ আসক্ত]। ভোগাসক্তি বি. ভোগাবিলাসের প্রতি আসক্তি বা তীব্র আকাঙ্ক্ষা।

ভোগী (p. 670) [bhōgī] (-গিন্) বিণ. 1 যে ভোগ করে, ভোগকারী (বেতনভোগী); 2 ভোগ করতে ভালোবাসে এমন (ভোগী লোক)। □ বি. সাপ [সং √ ভোগ + ইন্]। স্ত্রী. ভোগিনী।

ভোগ্য (p. 670) [bhōgya] বিণ. উপভোগের যোগ্য (ভোগ্যপণ্য consumer goods)। [সং. √ ভুজ্ + য]। স্ত্রী. ভোগ্যা ('বীরভোগ্যা বসুন্ধরা')।

ভোজ1 (p. 670) [bhōja1] বি. অনেকে মিলে খাওয়াদাওয়া, সম্মিলিত ভোজন (ভোজ খাওয়া, ভোজবাড়ি)। [< সং. ভোজন]।

ভোজ2 (p. 670) [bhōja2] বি. 1 দেশবিদেশ, ভোজপুর; 2 প্রাচীন মালবদেশের বিদ্যাৎসাহী রাজা। [সং. √ ভুজ্ + অ]।

ভোজ-পুরি (p. 670) [bhōja-puri] বিণ. 1 ভোজপুরে তৈরী বা উৎপন্ন; 2 ভোজপুর দেশের (ভোজপুরি দারোয়ান)। □ বি. ভোজপুরের অধিবাসী। [ভোজপুর + বাং. ই]।

ভোজ-বাজি (p. 670) [bhōja-bāji] বি. জাদু, জাদু খেলা, ম্যাজিক। [সং. ভোজ + ফা. বাজী]।

ভোজ-বিদ্যা (p. 670) [bhōja-bidyā] বি. জাদু; ইন্দ্রজাল, ম্যাজিক [সং. ভোজ + বিদ্যা]।

ভোজালি (p. 670) [bhōjāli] বি. বাঁকানো ছোরাবিশেষ। [< সং. ভুজপাল, ভুজবাল]।

ভোজ্য (p. 670) [bhōjya] বিণ. 1 ভোজন করার বা খাওয়ার উপযুক্ত, ভোজনযোগ্য, আহার্য (ভোজ্যদ্রব্য, ভোজ্য তেল); 2 পিতৃপুরুষের তৃপ্তির জন্য দেয় অন্নাদি (তু. কথ্য ভুজ্জি)। [সং. √ ভুজ + য]।

ভোট1 (p. 670) [bhōṭa1] বি. 1 (সং.) তিব্বত দেশ; 2 (বাং.) ভুটান দেশ। □বিণ. ভুটানদেশীয় (ভোটকম্বল)। [সং. √ ভুট্ + অ]। ভোট-কম্বল বি. 1 ভোটানি কম্‌বল; 2 পশমের তৈরি রুক্ষ ও মোটা কম্বলবিশেষ।

ভোট2 (p. 670) [bhōṭa2] বি. 1 নির্বাচন; 2 নির্বাচিত করার জন্য মতদান। [ইং. vote]।˜ .কেন্দ্র বি. ভোট দেবার স্থান।˜ .প্রার্থী (-র্থিন্) বিণ. বি. যে ভোট চায়, যে নির্বাচিত হবার জন্য নির্বাচকের ভোট চায়। ভোটাধি-কার বি. কোনো

প্রতিনিধিকে ভোট দেবার নাগরিক অধিকার। ভোটা-ভুটি বি. ভোট দেওয়া ও তৎসংক্রান্ত ব্যাপার। ভোটার বি. কাউকে নির্বাচিত করার জন্য যে ভোট দেয়, নির্বাচক, ভোটাদাতা।

ভোম (p. 670) [bhōma] বিণ. (কথ্য) বিহ্বল, চুর (নেশায় ভোম হয়ে আছে)। [দেশি.]।

ভোমর1 (p. 670) [bhōmara1] বি. ছুতোরের কাঠ ছিদ্র করার যন্ত্রবিশেষ, তুরপুন, drill [< সং. ভ্রমরক]।

ভোমরা (p. 670) [bhōmarā] বি. ভ্রমর -এর কথ্য ও আঞ্চ. রূপ।

ভোর1 (p. 670) [bhōra1] বি. ভর1-এর রূপভেদ (জীবনভোর রাতভোর)।

ভোর2 (p. 670) [bhōra2] বিণ. তন্ময় বিভোর, অভিভূত (স্বপ্নে ভোর, নেশায় ভোর) [বিভোর. -এর খণ্ডিত রূপ]।

ভোর3 (p. 670) [bhōra3] বি. 1 উষা, প্রত্যুষ (ভোরের হাওয়া); 2 রাতের অবসান, নিশাবসান (ভোর হল); 3 শেষ, অবসান ('নিশা অবসানে': রবীন্দ্র)। [হি. ভর]। ভোরাই বি 1 ভোরবেলার গান; 2 ভোরবেলার স্তব। □বিণ. প্রাতঃকালীন (ভোরাই গান)।

ভোল1 (p. 670) [bhōla1] বি. 1 সাজপোষাক, বেশ বা বেশভূষা (ভোল বদলানো); 2 চেহারা (ঘরের ভোল পালটে গেছে'); 3 ছদ্মবেশ (ভোল ধরা)।[তু. ভেল]।

ভোল2 (p. 670) [bhōla2] বিণ. 1 বিভোর, বিহ্বল; 2 আত্মবিস্মৃত। [< সং. বিহ্বল]।

ভোলা (p. 670) [bhōlā] ক্রি. 1 ভুলে যাওয়া, বিস্মৃত হওয়া (নাম ভোলা, পড়া ভোলা); 2 বশীভূত বা প্রভাবিত হওয়া (লোকের কথায় ভোলা)। □ বি. উক্ত অর্থে। □বিণ ভুলায় এমন; ভোলে এমন (ভোলা মন)।˜ .নাথ বি. শিব।˜ .নো ক্রি. বি. ভুলিয়ে দেওয়া, ভুল করানো। □বিণ. যা ভোলায় এমন (ছেলেভোলানো গান)।

ভোল্ট (p. 670) [bhōlṭa] বি. বিদ্যুতের শক্তি মাপার এককবিশেষ।[ইং. volt < ইতালীয় বিজ্ঞানী volta]।

ভোল্টেজ (p. 670) [bhōlṭēja] বি. ভোল্টদিয়ে মাপা বা প্রকাশিত বিদ্যুতশক্তি; বিদ্যুৎশক্তি জোরে (ভোল্টেজ কম হলে টিউবগুলো জ্বলে না)। [ইং. voltage]।

ভৌ, ভৌ ভৌ (p. 670) [bhau, bhau bhau] বি. অব্য. কুকুরে ডাক। [ধ্বন্যা.]।

ভৌগোলিক (p. 670) [bhaugōlika] বি. ভুগোল সম্বন্ধীয় (দেশের ভৌগলিক সীমা)। [সং. ভূগোল + ইক]।

ভৌত (p. 670) [bhauta] বিণ. 1 ভূতসম্বন্ধীয়; 2 ভূতঘটিত, ভূতের দ্বারা কৃত (ভৌত কাণ্ড, ভৌত শব্দ); 3 (বিজ্ঞা) জ়ড়জগত্ সম্বন্ধীয়, বস্তুজগৎসম্বন্ধীয়, পঞ্চভূতসম্বন্ধীয় (ভৌতবিজ্ঞান, ভৌত রসায়ন)। [সং. ভূত + অ]।˜ .বিজ্ঞান বি. জড়জগৎসম্পর্কিত বিজ্ঞান, physical science.

ভৌতিক (p. 670) [bhautika] বিণ. 1 ভূতসম্বন্ধীয় (ভৌতিক ঘটনা); 2 জড়জগৎসম্বন্ধীয়, পঞ্চভূতসম্বন্ধীয়; 3 ভূতুড়ে (ভৌতিক কাণ্ড)। [সং. ভূত + ইক]।

ভৌম (p. 670) [bhauma] বি. 1 ভূমিপুত্র; 2 মঙ্গলগ্রহ; 3 আকাশ। □বিণ 1 ভূমিজ; 2 ভূমিসম্বন্ধীয়। [সং. ভূমি + অ]।˜ .বার,˜ .বাসর বি মঙ্গলবার।

ভৌমিক (p. 670) [bhaumika] বি. ভূস্বামী, জমিদার। [সং. ভূমি + ইক]।

ভৌমী (p. 670) [bhaumī] বি. (স্ত্রী.) (ভূমি থেকে উদ্ভূত বলে) সীতা। □ বিণ. (স্ত্রী.) ভূমিসম্বন্ধীয়; ভূমিজাত। [সং. ভৌম + ঈ]।

ভ্যাঙানো (p. 670) [bhyāṅānō] দ্র. ভেঙানো।

ভ্যাজর-ভ্যাজর (p. 670) [bhyājara-bhyājara] বি. বাজে কথা বিরক্তিকরভাবে ক্রমাগত বলা; বাজে বকুনি (তোমার ভ্যাজর-ভ্যাজর শুনতে একটুও ভালো লাগছে না আমার)। [দেশি]।

ভ্যাজাল2 (p. 670) [bhyājāla2] বি. ঝামেলা (ভারী ভ্যা়জাল বেধেছে)। [দেশি]।

ভ্যাদা (p. 670) [bhyādā] বি. ন্যাদস মাছ। [দেশি]।

ভ্যান (p. 670) [bhyāna] বি. মালবহনকারী (সচ) ঢাকা গাড়ি; মালবহনকারী গাড়ি। [ইং. van]।

ভ্যান-তারা (p. 670) [bhyāna-tārā] বি. 1 ভ্যানর-ভ্যানর; 2 বাজে কথা বলে বিরক্ত উৎপাদন। [দেশি]।

ভ্যান-ভ্যান, ভ্যানর-ভ্যানর (p. 670) [bhyāna-bhyāna, bhyānara-bhyānara] বি. 1 মাছির একটানা ভনভন আওয়াজ; 2 বিরক্তিকর কথাবার্তা বা ধ্বনি। [দেশি.]।

ভ্যানর-ভ্যানর (p. 670) [bhyānara-bhyānara] দ্র ভ্যানভ্যান।

ভ্যাপসা (p. 670) [bhyāpasā] বিণ. 1 রুদ্ধ তাপ বা বাষ্পের মতো (ভ্যাপসা গরম); 2 বায়ুচলাচল বন্ধ হলে যেমন ভাব হয় তেমনি (ভ্যাপসা গন্ধ)। [বাং. ভাপ (বাষ্প) + সা]।

ভ্যাবড়া (p. 670) [bhyābaḍ়ā] দ্র ভেবড়া।

ভ্যাবা (p. 670) [bhyābā] বিণ. 1 বিহ্বল; 2 বোকা, হাঁদা (ভ্যাবাগঙ্গারাম)। [দেশি]। ˜ .গঙ্গারাম বি. নিরেট বোকা। ˜ .চ্যাকা বি. হতবুদ্ধি বা বিহ্বল অবস্থা (ভ্যাবাচ্যাকা খেয়ে দাঁড়িয়ে পড়ল)।

ভ্যালা (p. 670) [bhyālā] বিরক্তি বিদ্রুপ প্রভৃতিতে ভালো -র বিকৃত রূপ (ভ্যালা বিপদ, ভ্যালা ঝামেলা হল দেখছি)।

ভ্রংশ (p. 670) [bhraṃśa] বি. 1 পতন, চ্যুতি (জাতিভ্রংশ); 2 নাশ, লোপ (স্মৃতিভ্রংশ)। [সং √ ভ্রন্শ্ + অ]। ˜ ন বি. ভ্রষ্ট করা; চ্যুত করা; নাশ। ভ্রংশিত বিণ. অধঃপতিত, বিচ্যুত; বিনষ্ট।

ভ্রম (p. 670) [bhrama] বি. 1 ভুল, ভ্রান্তি (ভ্রমভঙ্গ, ভ্রমাত্মক); 2 ভুল ধারণা, মিথ্যাজ্ঞান (ভ্রমক্রমে); 3 ধাঁধা; 4 বিস্মৃতি; 5 আবর্ত, ঘূর্ণি। [সং. √ ভ্রম্ + অ]। ˜ .ক্রমে, ˜ .বশত ক্রি-বিণ. ভুল করে, ভুল ধারণার বশবর্তী হয়ে (ভ্রমক্রমে কাগজ তাকে দিয়েছি)। ˜ .নিরসন বিণ. ভুল সংশোধন। ˜ .প্রমাদ বি ভুলত্রুটি। ˜ .বশত দ্র ভ্রমক্রমে। ˜ .সংকুল বিণ ভুলে ভরা। ˜ .সংশোধন বি ভুল ঠিক করা।

ভ্রমণ (p. 670) [bhramaṇa] বি. 1 বেড়ানো; পর্যটন; 2 ঘূর্ণন [সং √ ভ্রম্ + অন্]। ˜ .কারী বিণ. বি. যে বেড়ায়, পর্যটক। ˜ .বৃত্তান্ত বি. ভ্রমণের কাহিনি, ভ্রমণের গল্প।

ভ্রম-মাণ (p. 670) [bhrama-māṇa] বি. ভ্রমণ করছে এমন, পর্যটনকারী; ঘুরছে এমন। [সং √ ভ্রম্ + শানচ্]

ভ্রমর (p. 670) [bhramara] বি. (কাব্যে.) ভ্রমরা বি. 1 ভোমরা; 2 মৌমাছি। [সং √ ভ্রম্ + অর]। স্ত্রী. ভ্রমরী। ভ্রমর-কৃষ্ণ বিণ ভ্রমণের মতো গাঢ় ও উজ্জ্বল কালো রঙ্গের (ভ্রমরকৃষ্ণ শাড়ি)।

ভ্রমা (p. 670) [bhramā] ক্রি. (কাব্যে) ঘোরা, বেড়ানো। [সং √ ভ্রম্ + বাং আ]।˜ নো ক্রি বি. ভ্রমণ করানো।

ভ্রমাত্মক (p. 670) [bhramātmaka] বিণ. ভ্রান্তিজনক; ত্রুটিপূর্ণ, ভুল (ভ্রমাত্মক উক্তি)। [সং ভ্রম + আত্মন্ + ক্]।

ভ্রমান্ধ (p. 670) [bhramāndha] বিণ. ভ্রান্তির জন্য বুদ্ধি আচ্ছন্ন হয়েছে এমন (ভ্রমান্ধ ব্যক্তি)। [সং ভ্রম + অন্ধ]। বি.˜ তা।

ভ্রমি (p. 670) [bhrami] বি. ঘূর্ণি; আবর্ত; ঘূর্ণিজল। [সং √ ভ্রম্ + ই]।

ভ্রমি-যন্ত্র (p. 670) [bhrami-yantra] বি. ছুতোরের তুরপুন বা ড্রিল, drill [সং ভ্রমি + যন্ত্র।]

ভ্রষ্ট (p. 670) [bhraṣṭa] বিণ. 1 চ্যুত স্খলিত (লক্ষ্যভ্রষ্ট); 2 পতিত (কুলভ্রষ্ট, স্থানভ্রষ্ট); 3 বিচ্ছিন্ন (যূথভ্রষ্ট); 4 ধর্মবিরুদ্ধ; 5 দুষ্ট, দোষযুক্ত; 6 নষ্ট, ব্যাভিচারী (ভ্রষ্টাচার)। [সং √ ভ্রনশ্ + ত] বি.˜ .তা, ভ্রংশ। ভ্রষ্টা বিণ. (স্ত্রী.) ব্যভিচারিণী। ভ্রষ্টাচার বি. 1 ব্যভিচার; 2 দুর্নীতি, কদাচার; 3 ধর্মপথ থেকে বিচ্যুতি।

ভ্রাতুষ্পুত্র (p. 670) [bhrātuṣputra] বি. ভাই বা দাদার ছেলে, ভাইপো। [সং ভ্রাতুঃ + পুত্র]। ভ্রাতুষ্পুত্রী বি. (স্ত্রী.) ভাইঝি, ভাইয়ের মেয়ে।

ভ্রাতৃ (p. 670) [bhrātr̥] বি. (সমাসের পূর্বপদে) ভাই। [সং √ ভ্রাজ্ + তৃ]।˜ .কন্যা বি. (স্ত্রী.) ভ্রাতুষ্পুত্রী, ভাইঝি।˜ .জায়া,˜ .বধূ বি. (স্ত্রী.) ভাইয়ের স্ত্রী।˜ ত্ব বি. ভাইয়ের সম্পর্ক, ভ্রাতৃভাব (ভ্রাতৃত্বের বন্ধন)।˜ .দ্বিতীয়া বি. কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে ভাইয়ের কল্যাণকামনায় তার কপালে চন্দনাদির চিহ্ন এঁকে দেবার হিন্দু অনুষ্ঠানবিশেষ ভাইফোঁটা।˜ .প্রতিম বিণ ভাইয়ের কল্যাণকামনায় তার কপালে চন্দনাদির চিহ্ন এঁকে দেবার হিন্দু অনুষ্ঠানবিশেষ, ভাইফোঁটা।˜ .প্রতিম বিণ. ভাইয়ের সমান বা ভাইয়ের মতো।˜ .প্রেম,˜.স্নেহ বি ভাইকে ভালোবাসা ভাইয়ের প্রতি ভাইয়ের ভালোবাসা।˜ .ব্য বি. ভাইপো। স্ত্রী.˜ .ব্যা ভাইঝি।˜ .ভাব বি. ভাই-ভাই ভাব, ভাই বলে মনে করা।˜ .স্থানীয় বিণ. ভাই বলে গণনীয়; ভাইয়ের মতো প্রীতির সম্বন্ধযুক্ত।

ভ্রাত্রীয় (p. 670) [bhrātrīẏa] বি. ভ্রাতুষ্পুত্র ভাইপো। □ বিণ. ভাইয়ের তুল্য; ভ্রাতৃসম্বন্ধীয়। [সং ভ্রাতৃ + ঈয়]।

ভ্রান্ত (p. 670) [bhrānta] বিণ. 1 ভুলেছে এমন (দিগভ্রান্ত); 2 ভ্রমযুক্ত, ভুল (ভ্রান্ত মত, ভ্রান্ত ধারণা)। [সং √ ভ্রম্ + ত]। বি. ভ্রান্তি।

ভ্রান্তি (p. 670) [bhrānti] বি. 1 ভ্রম, ভুল (ভ্রান্তি সংশোধন); 2 ভুল ধারণা, মিথ্যা ধারণা (ভ্রান্তি অপনোদন); 3 বিস্মৃতি, বিস্মরণ। [সং √ ভ্রম্ + তি]।˜ .জনক,˜ .প্রদ বিণ. ভ্রান্তি সৃষ্টি করে এমন।˜ .বশত বিণ. ভুলের জন্য, ভ্রমহেতু (তিনি ভ্রান্তিবশত কথাটা বলে ফেলেছেন)।˜ .মান (-মত্) বিণ. ভ্রমযুক্ত,

ভ্রান্তিযুক্ত। □বি. কাব্যের অর্থালংকারবিশেষ।˜ .মূলক বিণ. ভ্রমাত্মক, ভুল (ভ্রান্তিমূলক তত্ত্ব)।

ভ্রামক (p. 674) [bhrāmaka] বি. 1 অয়স্কান্ত মণি; 2 শিয়াল। [সং √ ভ্রম্ + অক]।

ভ্রামণিক (p. 674) [bhrāmaṇika] বিণ. বি. ভ্রমণকারী, যে ভ্রমণ করে (ভ্রামণিকদের বিশ্রামের স্থান)। [সং ভ্রমণ + ইক]।

ভ্রামর (p. 674) [bhrāmara] বি. 1 মধু; 2 অয়স্কান্ত মণি, চুম্বক; 3 পাথর। □ বিণ. ভ্রমরজাত; ভ্রমরসম্বন্ধীয়। [সং ভ্রমর + অ]। ভ্রামরী বি. (স্ত্রী.) 1 দুর্গাদেবী; 2 যোগাসনের মুদ্রাবিশেষ। □ বিণ. ভ্রমরসম্বন্ধীয়। ভ্রামরী মিত্র কেবল, সুখের দিনের বন্ধু।

ভ্রাম্য (p. 674) [bhrāmya] বিণ. ভ্রমণের যোগ্য; পরিক্রমণীয়। [সং √ ভ্রম্ + য]।˜ .মাণ বিণ. 1 ঘুরানো হচ্ছে এমন; 2 (বাং) এক জায়গা থেকে অন্য জায়গায় ভ্রমণ করে এমন (ভ্রাম্যমাণ আদালত, ভ্রাম্যমাণ ডাকঘর); 3 (বাং. প্রয়োগ) ঘুরে বেড়াচ্ছে বা ভ্রমণ করছে এমন (ভ্রাম্যমাণ পথিকের দল)।

ভ্রু, ভ্রূ (p. 674) [bhru, bhrū] বি. দুই চোখের উপর কিছুটা বাঁকা লোমের গুচ্ছ, ভুরু। [সং √ ভ্রম্ + উ + ঊ]।˜ কুঞ্চন,˜ কুটি,˜ ভঙ্গ,˜ ভঙ্গি বি. ভুরু কোঁচকানো বা বাঁকানো, বিরক্তি, বিস্ময় অবিশ্বাস প্রভৃতি বোঝাতে দুই ভুরু কোঁচকানো।˜ ক্ষেপ বি. 1 দৃষ্টিপাত; 2 (আল.) গুরুত্ব দেওয়া, গ্রাহ্য করা (কথাটা শুনেও কোনো ভ্রুক্ষেপই করল না)।˜ বিলাস,˜ বিভ্রম বি মনোরম ভ্রুভঙ্গি।˜ মধ্য

বি দুই ভ্রুর মাঝের জায়গা।˜ লতা বি. লতার মতো সুন্দর দুটি ভ্রু।˜ সংকেত বি. ভ্রু কুঁচকে ইশারা।

ভ্রূণ (p. 674) [bhrūṇa] বি. গর্ভস্থ সন্তান; গর্ভের (সচ.) অপরিণত সন্তান। [সং. ভ্রূণ্ + অ]।˜ ঘ্ন,˜ হা বিণ. ভ্রূণের হত্যাকারী, ভ্রূণ নষ্ট করে এমন।˜ .হত্যা বি গর্ভস্থ সন্তানকে হত্যা; গর্ভপাত।

ম (p. 675) [m] বাংলা ভাষার পঞ্চবিংশ ব্যঞ্জনবর্ণ এবং নাসিকা ওষ্ঠ্য ম্ ধ্বনির বর্ণরূপ।

মই (p. 675) [mi] বি. 1 বাঁশ কাঠ প্রভৃতির তৈরী সিড়িবিশেষ; 2 চষা জমিতে মাটি গুঁড়ো করার জন্য বাঁশের তৈরী মইয়ের আকারের যন্ত্রবিশেষ। [> সং মদিকা, মদি]। মই দেওয়া ক্রি. বি. মই চালিয়ে চষা জমির জমাট মাটি গুঁড়ো বা ঝুরঝুরে করা।

মইসা, মইসে, (p. 675) [misā, misē,] (কথ্য) মসে বি. জামাকাপড় অতি ক্ষুদ্র ফোঁটা ফোঁটা ছাতা পড়ার কালো দাগ। [সং মসি]।

মউ (p. 675) [mu] দ্র মৌ।

মউড় (p. 675) [muḍ়] বি. বিবাহের টোপর বা শোলার মুকুট। [< সং মুকুট]।

মউনি (p. 675) [muni] বি. মন্হনদণ্ড (ঘোল-মউনি) [সং মথনিকা]।

মউল1 (p. 675) [mula1] বি. বউল, বোল, মুকুল। [সং মুকুল]।

মউল2 (p. 675) [mula2] বি. 1 মহুয়া; 2 মদ। [সং মধুক]।

মউসা (p. 675) [musā] বি. মোসো। [< সং মাতৃস্বস্। তু. হি. মৌসা]।

মওকা, মোকা (p. 675) [mōkā, mōkā] বি. 1 বিশেষ সুযোগ-সুবিধা; 2 সুযোগ, কাজ হাসিল করার উপযুক্ত সুযোগ বা সময় (মওকা পেয়ে গেছে); 3 উত্তম উপায়। [আ. মওকা]।

মওয়া (p. 675) [mōẏā] ক্রি. বি. মন্হন করা। [সং √ মথ্ + বাং. আ]।

মক-দুর (p. 675) [maka-dura] বি. ক্ষমতা, শক্তিসামর্থ্য, মুরোদ। [আ. মক্রদ্]।

মকদ্দমা, মোকদ্দমা (p. 675) [makaddamā, mōkaddamā] বি. 1 মামলা আদালতে অভিযোগ ও তার বিচার (জমি নিয়ে মকদ্দমা); 2 (আল.) ব্যাপার (সে তো দুচার দিনের মোকদ্দমা)। [আ. মুকদ্দমা]।

মক-বরা (p. 675) [maka-barā] বি. 1 সমাধি; 2 সমাধিস্তম্ভ। [আ. মক্করা]।

মক-মক (p. 675) [maka-maka] বি. ব্যাঙের ডাক বা ডাকের আওয়াজ। [দেশি, ধ্বন্যা.]।

মকম্মল (p. 675) [makammala] বিণ. সম্পূর্ণ, নিষ্পন্ন (কাজ মকম্মল হওয়া, মামলা মকম্মল হওয়া, ডিক্রি মকম্মল হওয়া)। [আ.]।

মকর (p. 675) [makara] বি. 1 কুমিরে আকৃতিবিশিষ্ঠ জলজন্তুবিশেষ; 2 গঙ্গাদেবীর বাহন; 3 কন্দর্পের ধ্বজচিহ্ন; 4 (জ্যোতিষ.) রাশিচক্রের দশম রাশি। [সং ম + √ কৃ + অ]। ˜ .কুণ্ডল বি মকরাকৃতি কর্ণভূষণ। ˜ .কেতন, ˜ .কেতু বি যার পতাকায় মকর আছে, কন্দর্পদেব। ˜ .ক্রান্তি, ˜ .ক্রান্তি-বৃত্ত বি নিরক্ষরেখার দক্ষিণস্থ সমাক্ষরেখা, দক্ষিণায়নবৃত্ত, Tropic of Capricorn ˜ ধ্বজ বি 1 তেজস্কর আয়ুর্বেদীয় ওষুধবিশেষ; 2 কন্দর্প। ˜ বাহিনী বি গঙ্গাদেবী। ˜ .বূহ্য বি মকরাকারে স্থাপিত বা সজ্জিত সৈন্যসমাবেশ। ˜ .সংক্রান্তি বি মাঘমাসের সংক্রান্তি-তিথি, যেদিন সূর্য মকর রাশিতে সংক্রমণপূর্বক উত্তরায়ণ আরম্ভ করে।

মকরন্দ (p. 675) [makaranda] বি. পুষ্পমধু ('ভ্রমরা ঝঙ্কার করে পিয়ে মকরন্দ': বি. গু. [সং. মকর + √ দা + অ, ম্ আগম।

মকশো (p. 675) [makaśō] বি. 1 অভ্যাস; 2 হস্তলিপি অঙ্কিত চিত্র ইত্যাদির উপর দাগা বুলিয়ে বা ক্রমাগত সেই আদর্শ অনুকরণ করে রপ্ত করার চেষ্টা। [আ. মস্ক]।

মকাই (p. 675) [makāi] বি. শস্যবিশেষ, ভুট্টা। হি. মকাই।

ম-কার (p. 675) [ma-kāra] বি. ম-অক্ষর। পঞ্চ দ্র।

মকুব (p. 675) [makuba] বি. মাফ, অব্যাহতি, রেহাই, নিষ্কৃতি জরিমানা মকুব করা, সেলামি মকুব করা আ. মৌকুফ।

মক্কা1 (p. 675) [makkā1] বি. আরবদেশের নগরবিশেষ, হজরত মোহম্মদের জন্মস্থান, মুসলমানদের প্রধান তীর্থ। আ. মক্কহ্।

মক্কা2 (p. 675) [makkā2] বি. মকাই, ভুট্টা। হি. মক্কা < আ. মক্কহ।

মক্কেল (p. 675) [makkēla] বি. উকিলের সাহায্যপ্রার্থী ব্যাক্তি, যে ব্যক্তি উকিলের সাহায্য বা পরামর্শ গ্রহণ করে। আ. মুঅক্কল।

মক্তব (p. 675) [maktaba] বি. ইসলামি রীতির প্রাথমিক বিদ্যালয় প্রাথমিক বিদ্যালয় বা পাঠশালা। ফা. মুক্তব্।

মক্ষিকা, মক্ষী (p. 675) [makṣikā, makṣī] বি. মাছি মক্ষিকাও গলে না গো, পড়িলে অমৃত-হ্রদে মধু সং মশ্ + সিক সিকন্ + আ বিকল্পে ঈ মক্ষি-রাণী, মক্ষী-রানি বি 1 মাছিদের রানি 2 রানি-মৌমাছি।

মখ-দম (p. 675) [makha-dama] বি. মৌলবি, মুসলমান গুরুমশায় বা প্রাথমিক শিক্ষক। আ. মকদুম।

মখ-মল (p. 675) [makha-mala] বি. নরম মসৃণ ও মোটা কাপড়াবিশেষ, ভেলভেট। আ. মখমল্।

মগ1 (p. 675) [maga1] বি. হাতলযুক্ত ছোট কিন্তু পেয়ালার চেয়ে বড়ো। পাত্রবিশেষ, বড়ো পেয়ালাবিশেষ ইং. mug।

মগ2 (p. 675) [maga2] বি. ব্রহ্মদেশ বা আরকানের অধিবাসী বর্মি মগু মগের মুলুক বি. 1 মগদের বাসভূমি অর্থাত্ আরকান রাজ্য বা ব্রহ্মদেশ 2 যথেচ্ছারের দেশ, অরাজক দেশ।

মগ3 (p. 675) [maga3] বিণ. 1 শীর্ষ মগডাল 2 আপ্লুত ডগমগ আর্বাচীন সং মঙ্গ মাস্তুল।

মগ়জ (p. 675) [mag়ja] বি. 1 মস্তিষ্ক 2 বুদ্ধি বুঝতে হলে মগজ লাগে বলেছিলাম তক্ষুনি সু. রা. ফা. মগজ ধোলাই বি ক্রমাগত যুক্তি তর্ক বা অনুরোধের দ্বারা কারও পূর্ব ধারনা ত্যাগ করে নতুন চিন্তা বা ধারণা গ্রহণ বা বিশ্বাস করতে বাধ্য করা, brain-washing.

মগ়জি (p. 675) [mag়ji] বি. জামা ইত্যাদির দুমড়ে সেলাই করা প্রান্তভাগ। ফা. মগজী।

মগ-ডাল (p. 675) [maga-ḍāla] বি. গাছের সম্পূর্ণ ডাল মগ3 + বাং. ডাল।

মগন (p. 675) [magana] বি. মগ্ন এর কোমল রূপ আমি তখন ছিলেম মগন গহন ঘুমের ঘোরে রবীন্দ্র।

মগ্ন (p. 675) [magna] বিণ. 1 নিমজ্জিত জলমগ্ন 2 অন্তঃপ্রবিষ্ট 3 বিভোর আনন্দে মগ্ন 4 তন্ময় নিবিষ্ট সমাহিত মগ্নচৈতন্য চিন্তামগ্ন সং √ মস্জ্ + ত স্ত্রী মগ্না। চৈতন্য বি. মনস্তত্ত্বে নিজের যে সদা-সক্রিয় মন সম্বন্ধে মানুষ অবহিত থাকে না subconscious বি. তা।

মঘবা (p. 676) [maghabā] বি. দেবরাজ ইন্দ্র। [সং মঘবন্ = √ মহ্ + অন্]। মঘবতী বি. (স্ত্রী.) ইন্দ্রাণী।

মঘা (p. 676) [maghā] বি. অশুভ নক্ষত্রবিশেষ। [সং √ মজ্ঘ্ + অ + আ]।

মঙ্গল (p. 676) [maṅgala] বি. 1 শুভ, কল্যাণ, হিত (মঙ্গলময়, মঙ্গল হোক); 2 (জ্যোতিষ.) সূর্যকে প্রদক্ষিণকারী গ্রহবিশেষ, ভৌমগ্রহ (মঙ্গলের সূর্যপ্রদক্ষিণ); 3 সপ্তাহের বারবিশেষ; 4 (বাং.) লৌকিক দেবতাদের কাহিনি ও মাহাত্ম্যবিষয়ক কাব্যবিশেষ (মনসামঙ্গল, ধর্মমঙ্গল, চণ্ডীমঙ্গল)। □ বিণ. শুভদায়ক, হিতকর (মঙ্গালাচার মঙ্গলমুহূর্ত)। [সং √ মঙ্গি + অল]। ˜ .কাব্য বি বাংলার লৌকিক দেবদেবীর মাহাত্ম্যবিষয়ক কাব্য। ˜ .কামনা বি. শুভকামনা, শুভেচ্ছা। ˜ .কামী (-মিন্), মঙ্গলাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্) বিণ. শুভকামনা করে এমন। ˜ .ঘট বি. মঙ্গল-কামনায় স্থাপিত ডাব আম্রপল্লব প্রভৃতিতে শোভিত জলপূর্ণ ঘট বা কলসি। ˜ .চণ্ডী বি দুর্গা। ˜ .দায়ক বিণ. কল্যাণকর, শুভকর। স্ত্রী. ˜ .দায়িকা। ˜ .ময় বিণ. সর্বমঙ্গলের আধারস্বরূপ বা উৎসস্বরূপ; মঙ্গলজনক। স্ত্রী. ˜ .ময়ী। ˜ .সমাচার, ˜ .বার্তা বি. সুসংবাদ, কুশলসংবাদ। ˜ .সূত্র বি. 1 (সচ.) সধবা হিন্দুরমণী যে কণ্ঠহার পরে; 2 সোনা বা রূপোর সরু সুতোয় গাঁথা পুঁতির হার বা মালাবিশেষ। মঙ্গলা বিণ. (স্ত্রী.) শুভদায়িনী। □ বি (স্ত্রী.) দুর্গা। মঙ্গলাচার, মঙ্গ লাচরণ বি. 1 কর্মের আরম্ভে নির্বিঘ্নে সমাপ্তির উদ্দেশ্যে অনুষ্ঠানবিশেষ; 2 মঙ্গলজনক অনুষ্ঠান।

মঙ্গলিতা বি. শুভ অনুষ্ঠান। মঙ্গলোত্-সব বি. শুভ অনুষ্ঠান। মঙ্গল্য বিণ. বি. মাঙ্গলিক, শুভমঙ্গল (মঙ্গল্য স্নান)। স্ত্রী. মঙ্গল্যা।

মঙ্গো-লয়েড (p. 676) [maṅgō-laẏēḍa] বি. মঙ্গোলজাতির সাদৃশ্যবিশিষ্ট লোক। □ বিণ. মঙ্গোলজাতির মতো চেহারাবিশিষ্ট। [ইং Mongoloid]।

মচ (p. 676) [maca] বি. 1 গাছের ডাল, পাতলা কাঠ ইত্যাদি ইত্যাদি ভাঙ্গার শব্দ (ডালটা মচ করে ভেঙে গেল); 2 মচকে যাওয়ায় আওয়াজ। [ধ্বন্যা.]। ˜ .মচ বি. ক্রমাগত মচ শব্দ। মচ-মচে বিণ. 1 মচমচ শব্দকারী; 2 নরম বা মিয়ানো নয় এমন, খাস্তা (মচমচে মুড়ি)।

মচকা, মচকানো (p. 676) [macakā, macakānō] ক্রি. বি. 1 হঠাত্ মোচড় লাগা (হাতটা মচকে গেছে); 2 ভগ্নপ্রায় হওয়া। □ বিণ. উক্ত উভয় অর্থে। [হি. মচ্কানা]। মচকানি বি. হঠাত্ মোচড়-লাগা বা দুমড়ে-যাওয়া অবস্থা।

মচাত্ (p. 676) [macāt] বি. হঠাত্ মচ করে ভাঙা বা ভাঙ্গার শব্দ (মচাত্ করে ভেঙে গেল)। [মচ দ্র]।

মচ্ছব (p. 676) [macchaba] বি. মহোৎসব -এর বিকৃত কথ্য রূপ (বাড়িতে যেন মচ্ছব লেগে গেছে)।

মছলি (p. 676) [machali] বি. মাছ [হি.]।

মজ-কুর (p. 676) [maja-kura] বি. লিখিত বা উল্লিখিত বিবরণ। □ বিণ. পূর্বোক্ত, উল্লিখিত। [আ. মজ্কূর]।

ম়জ-দুর (p. 676) [m◌ja-dura] বি. মজুর, শ্রমিক। [ফা. মজ্দূর]। মজ-দুরি বি. 1 শ্রমিক বা মজুরের কাজ বা বৃত্তি; 2 মজুরের মতো আচরণ বা ভাব ('ভালো নয়, ভালো নয় নকল সে শৌখিন মজদুরি': প্রেমেন্দ্র)।

মজ-বুত (p. 676) [maja-buta] বিণ. 1 শক্ত, দৃঢ় (মজবুত শরীর, মজবুত গড়ন); 2 টেকসই (জুতোজোড়া বেশ মজবুত)। [আ. মজ্বুত]।

মজ-লিশ (p. 676) [maja-liśa] বি. 1 আসর, বৈঠক, সভা (রোজই মজলিশ বসে); 2 সমিতি, সংঘ। [আ. মজ্লিস্]। মজ-লিশি বিণ. 1 মজলিশসম্বন্ধীয়; 2 মজলিশ বা আসর জমাতে পারে এমন (মজলিশি লোক); 3 মজলিশের অনুরাগী বা উপযুক্ত (মজলিশি গান)।

মজা1 (p. 676) [majā1] বি. 1 আনন্দ (মজা পাওয়া); 2 আমোদ, কৌতুক (মজার কথা, মজার ব্যাপার); 3 তামাশা, রঙ্গ, রগড়; 4 ঠাট্টা উপহাস। [ফা. মজহ্]। মজা করা ক্রি. বি. রগড় করা; অপরকে অপদস্থ করে কৌতুক করা। মজা টের পাওয়া ক্রি. বি. জব্দ হয়ে অসুবিধা ভোগ করা। ̃ .দার বিণ. কৌতুকাবহ, আমোদজনক (মজাদার খেলা)। মজা দেখা ক্রি. বি. অন্যর কষ্টে বা বিপদে আনন্দ অনুভব করা। মজা দেখানো ক্রি. বি. বিপদে ফেলে জব্দ করা। মজা মারা, মজা লোটা ক্রি বি. আমোদ বা আনন্দ উপভোগ করা।

মজা2 (p. 676) [majā2] ক্রি. 1 জলশূন্য হওয়া, বুজে যাওয়া (পুকুরটা মজে গেছে); 2 মুগ্ধ বিভোর বা আসক্ত হওয়া (প্রেমে মজা, নেশায় মজা, মন মজেছে); 3 সুপরিণত বা উপভোগ্য হওয়া (আচারটা এখনও মজেনি); 4 অতিরিক্ত পেকে যাওয়া (আমটা মজে গেছে); 5 বিপদ্গ্রস্ত হওয়া (ফেল করে মজলাম)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 অতিরিক্ত পক্কতার ফলে গলিত (মজা আম); 2 জলশূন্য হয়েও বুজে গেছে এমন (মজা পুকুর)। [সং √ মস্জ্ + বাং আ.]˜ নো ক্রি. বি. 1 নিমজ্জিত করা; 2 মুগ্ধ করা; 3 পাকানো (কাঁঠাল মজানো); 4 বিপদ্গ্রস্ত করা ('মজালে রাক্ষসকুল, মজিলে আপনি'): মধু.)।

মজুত, মজুদ (p. 676) [majuta, majuda] বিণ. 1 সঞ্চিত, বা জমা করা হয়েছে এমন (মজুত চাল); 2 বর্তমান, হাজির, উপস্থিত (আপনার সেবায় এই বান্দা সর্বদাই মজুত)। [আ. মৌজুদ্]। মজুদ তহবিল ভবিষ্যত্ প্রয়োজনের জন্য পৃথক করে রাখা অর্থাদি।˜ .দার বি. যে ব্যবসায়ী দ্রব্যাদি (সচ. অন্যায়ভাবে) মজুত করে রাখে।˜ .দারি বি. (সচ. অন্যয়ভাবে) মজুত করা।

মজুম-দার (p. 676) [majuma-dāra] বি. 1 মুসলমান আমলের রাজস্বসম্বন্ধীয় হিসাব-রক্ষক; 2 বাঙালী হিন্দুর পদবিবিশেষ। [ফা. মজমু আন্দার]।

মজুর (p. 676) [majura] বি. 1 (সচ. দরিদ্র) শ্রমিক; 2 দৈনিক শ্রমের দ্বারা জীবিকা অর্জনকারী। [ফা. মজ্দুর]। মজুরি বি 1 মজুরের কাজ বা বৃত্তি; 2 মজুরের পারিশ্রমিক, wage.।

মজ্জন (p. 676) [majjana] বি. নিমজ্জিত হওয়া, ডোবা (নিমজ্জন)। [সং. √ মস্জ্ + অন]। মজ্জ-মান বিণ. ডুবে যাচ্ছে এমন, ডুবন্ত (মজ্জমান তরি)।

মজ্জা (p. 676) [majjā] বি. জীবদেহের হাড়ের মধ্যে যে নরম স্নেহজাতীয় পদার্থ থাকে। [সং √ মস্জ্ + অ + আ]। ̃ .গত বিণ. 1 অন্তর্নিহিত, জন্মগত, অবিচ্ছেদ্য (মজ্জাগত সন্দেহ, মজ্জাগত বিদ্বেষ, মজ্জাগত সংস্কার); 2 অসংশোধনীয়।

মঝু (p. 676) [majhu] সর্ব (ব্রজ.) আমার ('আজু মঝু দেহ ভেল দেহা': বিদ্যা.)। [সং মহ্যম্]।

মঞ্চ (p. 676) [mañca] বি. 1 মাচা, টং; 2 বেদী, প্ল্যাটফর্ম (রঙ্গমঞ্চ, বক্তৃতার মঞ্চ)। [সং √ মঞ্চ্ + অ]। ̃ .সজ্জা বি নাটকের মঞ্চ বা স্টেজের সাজসজ্জা। ̃ .স্থ বিণ. অভিনীত; অভিনয়ের জন্য স্টেজে উপস্থাপিত (তাঁর নতুন নাটকটি এখনও মঞ্চস্থ হয়নি)।

মঞ্জন (p. 676) [mañjana] বি. 1 মার্জন, মেজে পরিষ্কৃত করা (দন্তমঞ্জন); 2 মাজন, মেজে পরিষ্কার করার উপকরণ। [সং √ মঞ্জ্ + অন]।

মঞ্জরা (p. 676) [mañjarā] ক্রি. (কাব্যে) মঞ্জরিত বা মুকুলিত হওয়া ('অশোক রোমাঞ্চিত মঞ্জরিয়া': রবীন্দ্র)। [সং মঞ্জর + বাং. আ]।

মঞ্জরি, মঞ্জরী (p. 676) [mañjari, mañjarī] বি. 1 কিশলয়যুক্ত কচি ডাল; 2 অঙ্কুর, মুকুল (নবমঞ্জরি); 3 শিষ (আমের মঞ্জরি)। [সং. মঞ্জু + √ ঋ + ই]। মঞ্জরিত বিণ. মুকুলিত; অঙ্কুরিত।

মঞ্জিমা (p. 676) [mañjimā] (-মন্) বি. 1 শোভা, সৌন্দর্য; 2 মনোজ্ঞতা। [সং, মঞ্জু + ইমন্]।

মঞ্জিল (p. 676) [mañjila] বি. প্রাসাদ। [আ. মন্জিল্]।

মঞ্জিষ্ঠা (p. 676) [mañjiṣṭhā] বি. লাল রঙের লতাবিশেষ। [সং. মঞ্জু + √ স্হা + অ + আ]।

মঞ্জীর (p. 676) [mañjīra] বি. নূপুর (মঞ্জীরধ্বনি)। [সং √ মনজ্ + ঈর]।

মঞ্জু (p. 676) [mañju] বি. সুন্দর, মনোহর (মঞ্জুকেশী, মঞ্জুভাষী)। [সং √ মনজ্ + উ]। ̃ .ঘোষ, ̃ .শ্রী বি. জৈন ও বৌদ্ধ দেবতাবিশেষ। ̃ .ভাষী (-ষিন্) বিণ. মনোহর ভঙ্গিতে কথা বলা এমন।

মঞ্জুর (p. 676) [mañjura] বিণ. 1 অনুমোদিত, অনুমতিপ্রাপ্ত (আবেদন মঞ্জুর হওয়া, দরখাস্ত মঞ্জুর); 2 গৃহীত। [আ. মন্জুর্]। মঞ্জুরি বি. অনুমোদন, অনুমতি (মঞ্জুরি কমিশন)। মঞ্জুরি কমিশন বি. অনুমোদনকারী বা সুপারিশকারী সংস্হা, Grants Commission।

মঞ্জুল (p. 676) [mañjula] বিণ. সুন্দর, মনোহর, মধুর। বি. কুঞ্জবন। [সং মঞ্জু + √ লা + অ]। স্ত্রী. মঞ্জুলা।

মঞ্জুষা, মঞ্জূষা (p. 676) [mañjuṣā, mañjūṣā] বি. 1 ঝাঁপি, পেটিকা; 2 আধার (মণিমঞ্জুষা)। [সং √ মনজ্ + উষণ্ + আ]।

মট (p. 676) [maṭa] বি. শক্ত জিনিষ ভাঙবার শব্দ (গাছের ডালটা মট করে ভেঙে গেল)। [ধ্বন্যা.]। ̃ .মট ক্রি ক্রমাগত মট শব্দ।

মটকা1 (p. 676) [maṭakā1] বি. 1 মোটা তরসবস্ত্রবিশেষ (মটকার চাদর); 2 কাঁচা ঘরের চালের শীর্ষদেশ; 3 কপাট নিদ্রা, নিদ্রার ভান (মটকা মেরে পড়ে থাকা); 4 মাটির বড়ো জালা (চালের মটকা)। [দেশি]। মটকা মারা ক্রি. বি. 1 কাঁচা ঘরের চালের শীর্ষস্থ ফাঁক বন্ধ করা; 2 ঘুমের ভান করে শুয়ে থাকা।

মটকা2 (p. 676) [maṭakā2] ক্রি. মটকানো, দুমড়ানো (গাছের ডাল মটকায়, আঙ্গুল মটকায়)। [ধ্বন্যা.] ̃ .নো ক্রি. মট শব্দ করে দুমড়ানো (আঙ্গুল মটাকানো, ঘাড় মটকানো)। □ বিণ. বি. উক্ত অর্থে।

মটকি (p. 676) [maṭaki] বি. মৃন্ময় পাত্রবিশেষ, মাটির জালা (চালের মটকি, ঘিয়ের মটকি)। [দেশি]।

মটন (p. 676) [maṭana] বি. 1 ভেড়ার মাংস; 2 (বাং.) ছাগল ভেড়া ইত্যাদির মাংস ('হুইস্কি-সোডা আর মুর্গি-মটন'; রবীন্দ্র)। [ইং mutton]। ̃ .চপ বি. ভেড়ার বা ছাগলের মাংসের বড়াবিশেষ।

মটর2 (p. 676) [maṭara2] বি. শস্যবিশেষ, কড়াইশুটি দানা। [হি. মটর]। ̃ .মালা বি মটরের দানার আকারের পুঁতি, সোনার গুটিকা ইত্যাদির দ্বারা প্রস্তুত মালা কণ্ঠহার।

মঠ (p. 676) [maṭha] বি. 1 সন্নাসীদের আশ্রম বা আখড়া; 2 মন্দির (গৌড়ীয় মঠ, বা বেলুড় মঠ); 3 টৌল, বিদ্যামন্দির; 4 (বাং.) চিনি দিয়ে তৈরী মন্দিরাকৃতি মিঠাইবিশেষ। [সং √ মঠ্ + অ]।

মড়ক (p. 676) [maḍ়ka] বি. মহামারী, রোগাদির জন্য ক্রমাগত বহু লোকের বা প্রাণীর মৃত্যু (কলেরার মড়ক, গো-মড়ক)। [< সং. মরক]।

মড়-মড় (p. 676) [maḍ়-maḍ়] বি. গাছ কাটা ইত্যাদি কঠিন বস্তু ভাঙার শব্দ (মড়মড় করে ডালটা ভেঙে পড়ল)। [ধ্বন্যা.]।

মড়া (p. 676) [maḍ়ā] বি. (প্রধানত) মানুষের মৃতদেহ, শব, লাশ। [প্রাকৃ. মড়, তু. সং. মৃতক]। ̃ .খেকো বিণ. বি. (গালিতে) যে মরা মানুষ খায়। মড়ার উপর খাঁড়ার ঘা (আল.) রুগ্ণ দুর্বল বা দুর্গত ব্যক্তির উপর পীড়ন বা অত্যাচার; যন্ত্রণার উপর যন্ত্রণা।

মড়ি (p. 676) [maḍ়i] বি. 1 মড়া মৃতদেহ, শব (মড়িঘর); 2 বাঘ সিংহাদি হিংস্র পশু যে পশুকে হত্যা করে অর্ধভুক্ত অবস্থায় রেখে যায় পরে এসে খাবার জন্য। [বাং মড়া + ই]। ̃ .ঘর বি. লাশকাটা ঘর, হাসপাতালের যে ঘরে মৃতদেহ ব্যবচ্ছেদের জন্য রাখা হয়, মর্গ। ̃ .পোড়া বি. শবদাহে সাহায্যকারী পতিত ব্রাহ্মণ।

মড়ুঞ্চে, মড়াঞ্চে (p. 676) [maḍ়uñcē, maḍ়āñcē] বিণ. (স্ত্রী.) মৃতবৎসা, সন্তান বাঁচে না এমন (মড়ুঞ্চে পোয়াতি)। [মধ্য. বাং. মড়াছিয়া > মড়াচ্ছে > মড়াচ্ছে]।

মণ-মন2 (p. 676) [maṇa-mana2] এর মূল কিন্তু বর্জি. বানান।

মণি (p. 676) [maṇi] বি. 1 দীপ্তিশালী মূল্যবান পাথর, মানিক, বহুমূল্য রত্ন (মণিমাণিক্য, মণিকাঞ্চন); 2 (আল.) পরম প্রিয় ব্যক্তি (চোখের মণি, খুকুমণি): 3 চোখের তারা; 4 বংশ উজ্জ্বলকারী ব্যক্তি (রঘুকুলমণি)। [সং √ মণ্ + ই] ।˜ ক বি. 1 মণি; 2, খনিজ, mineral; 3 মাটির জালা।˜ .কর্ণিকা বি. কাশীধামের প্রসিদ্ধ শ্মশানঘাট।˜ .কাঞ্চন বি. মানিক ও সোনা, রত্ন ও সোনা; বিবিধ রত্ন ও সোনাদানা।˜ .কাঞ্চন-যোগ বি. (মণি ও সোনার শোভন মিলনের মতো) অতি শুভ ও শোভন মিলন; যোগ্যর সঙ্গে যোগ্যের সার্থক মিলন।˜ .কা বি. 1 মণি; 2 মাটির জালা।˜ .কার বি. 1 রত্নবনিক, জহুরি; 2 যে-ব্যক্তি মণিরত্নাদি কেটে পালিশ করে, রত্নশিল্পী।˜ .কুট্টিম বি. মনিময় গৃহতল, রত্ননির্মিত বা পাথরে বাঁধানো মেঝে।˜ .কোঠা বি মণিময় গৃহ।˜ .মণ্ডিত,˜ .ময় বিণ. মণিখচিত, মণিদ্বারা শোভিত।˜ .মঞ্জুষা বি রত্নের ঝাঁপি, মণিমাণিক্যের আধার বা পেটিকা।˜ .মাণিক্য বি. বিভিন্ন রত্নাদি।˜ .মালা বি. মণিময় হার।˜ .রাগ বি হিঙ্গুল।˜ .হার বি. মণিময় কণ্ঠহার।˜ .হারা-ফণী (-ণিন্) (আল.) প্রিয়তম বস্তু বা ব্যক্তিকে হারানোর ফলে অস্থিরচিত্ত ব্যক্তি।

মণি-পুরি (p. 676) [maṇi-puri] বিণ. 1 মণিপুরসম্বন্ধীয়; 2 মণিপুরে উৎপন্ন বা প্রচলিত; 3 মণিপুরে বাসকারী। □ বি. 1 মণিপুরের অধিবাসী; 2 মণিপুরে প্রচলিত নৃত্যবিশেষ। [বাং মণিপুর + ই]।

মণি-পূরক, মণি-পদ্ম (p. 676) [maṇi-pūraka, maṇi-padma] বি. দেহস্থ 'চক্র'বিশেষ যা নাভির বিপরীত দিকে মেরুদণ্ডের মধ্যে অবস্থিত। [সং. মণিপুর + ক, মণি + পদ্ম]।

মণি-বন্ধ (p. 676) [maṇi-bandha] বি. হাতের কবজি। [সং মণি + √ বন্ধ্ + অ]।

মণ্ড (p. 676) [maṇḍa] বি. 1 চাল যব চিঁড়ে প্রভৃতি গরম জলে সিদ্ধ করে প্রস্তুত ক্কাথ, মাড়; 2 লেই বা কাইয়ের মতো বস্তু। [সং √ মণ্ড্ + অ]।

মণ্ডন (p. 676) [maṇḍana] বি. 1 অলংকরণ, প্রসাধন; 2 অলংকার। [সং √ মণ্ড্ + অন]। মণ্ডিত বিণ. 1 অলংকৃত; 2 পরিশোভিত, খচিত (গৌরবমণ্ডিত, মণিমণ্ডিত বলয়)। স্ত্রী. মণ্ডিতা।

মণ্ডপ (p. 676) [maṇḍapa] বি. 1 (পূজা সভা প্রভৃতির জন্য নির্মিত) ছাদযুক্ত চত্বর বা স্থান; চাঁদোয়া-ঢাকা স্থান, প্যাণ্ডাল; 2 নাটমন্দির। [সং মণ্ড্ + √ পা + অ]।

মণ্ডল (p. 676) [maṇḍala] বি. 1 গোলাকার স্থান, গোলক (ভূমণ্ডল); 2 চক্র, বেড়, পরিধি (বায়ুমণ্ডল); 3 সমূহ, সংঘ (মন্ত্রীমণ্ডল, নক্ষত্রমণ্ডল); 4 দেবতার অধিষ্ঠানচক্র; 5 বৃহত্ রাজ্য, সাম্রাজ্য (মণ্ডলেশ্বর); 6 দেশ, সীমাবদ্ধ ভূমিভাগ (ব্রজমণ্ডল); 7 (বাং.) গ্রামের প্রধান ব্যক্তি, মোড়ল। [সং √ মণ্ড্ + অল্]। মণ্ডলাকার বিণ. গোল, গোলাকার। মণ্ডলাধীশ, মণ্ডলেশ্বর বি. সম্রাট, রাজচক্রবর্তী; চল্লিশ যোজন বিস্তৃত রাজ্যের অধিপতি। মণ্ডলী বি. 1 সমূহ (জ্যোতিষ্কমণ্ডলী); 2 চক্র, বৃত্ত (মণ্ডলী হয়ে বসা)।

মণ্ডা2 (p. 676) [maṇḍā2] ক্রি (কাব্যে) মণ্ডিত করা, ভূষিত করা। [সং √ মণ্ড্ + বাং. আ]।

মণ্ডিত (p. 676) [maṇḍita] দ্র মণ্ডন।

মণ্ডূক (p. 676) [maṇḍūka] বি. ভেক, ব্যাং (কূপমণ্ডূক)। [সং √ মণ্ড্ + ঊক]। স্ত্রী. মণ্ডূকী।˜ .বৃত্তি বি. ব্যাঙের মতো লাফিয়ে চলার প্রকৃতি বা স্বভাব।

মণ্ডূর (p. 676) [maṇḍūra] বি. লোহার মরচে। [সং √ মণ্ড্ + ঊর]।

মত2 (p. 676) [mata2] বি. 1 মনোগত ভাব, অভিমত, ধারণা (এ সম্বন্ধে তোমার মত কী ?); 2 সম্মতি, সমর্থন (এ-কাজে তার মত নেই); 3 প্রণালী, ধারা (কবিরাজি মতে চিকিৎসা); 4 বিধি, বিধান (হিন্দুমতে, শাস্ত্রমতে বিবাহ)। [সং. √ মন্ + ত]। মত দেওয়া ক্রি. বি. সম্মতি দেওয়া।˜ .দ্বৈধ বি. মতের পার্থক্য বা বিরোধ।˜ .বাদ বি. যুক্তিপ্রামাণাদির দ্বারা গৃহীত সিদ্ধান্ত, theory.˜ .বিনিময় বি. 1 মতের আদান-প্রদান; 2 পারস্পরিক আলোচনা।˜ .বিরোধ˜ .ভেদ বি মতের অমিল, মতানৈক্য। মতান্তর বি. মতের অমিল; ভিন্ন মতে বা উপায় মতাব-লম্বন বি. মত গ্রহণ করা বা মেনে নেওয়া। মতাব-লম্বী (-ম্বিন্) বিণ. মতে বিশ্বাসী ও শ্রদ্ধাবান (প্রাচীন মতাবলম্বী)। মতামত বি. 1 সম্মতি ও অসম্মতি; 2 সম্মতি-অসম্মতিসূচক মনোভাব।

মত্- (p. 676) [mat-] সর্ব. (সমাসে পূর্বপদরূপে) আমি (মৎপ্রণীত, মত্ কর্তৃক)। [সং অস্মদ্ শব্দের রূপ]।

মত্‌-কুণ (p. 676) [mat-kuṇa] বি. 1 বি ছারপোকা; 2 শ্মশ্রুহীন পুরুষ, মাকুন্দ। [সং মত্‌ (মদ্‌ + ক্বিপ্‌)+ √ ক্কণ্‌ + অ নি.)]।

মতন (p. 676) [matana] বিণ. সদৃশ্য, তুল্য, মতো (মনের মতন কথা)। □ অব্য. (জন্মের মতন)। [মত2 + ন]।

মত-লব (p. 676) [mata-laba] বি. 1 অভিপ্রায়, অভিসন্ধি, উদ্দেশ্য (কী মতলবে এখানে এসেছে?); 2 ফন্দি, কৌশল (মতলব আঁটা)। [আ. মত্লব্‌]।˜ .বাজ মত-লবি বিণ. 1 ফন্দিবাজ; 2 স্বার্থপর।

মত্‌-সর (p. 676) [mat-sara] বি. 1 ঈর্ষা, অন্যের ভালো সহ্য করতে না পারা, দ্বেষ, পরশ্রীকাতরতা; 2 ক্রোধ। □ বিণ 1 ঈর্ষাকারী, দ্বেষযুক্ত, পরশ্রীকাতর; 2 ক্রুদ্ধ। [সং √ মদ্‌ + সর]। মত্‌-সরী (-রিন্‌) বিণ. 1 ঈর্ষাকারী; হিংসুক, দ্বেষক, পরশ্রীকাতর, 2 খল; 3 লোভী; 4 নীচ; 5 ক্রুদ্ধ। স্ত্রী. মত্‌-সরিণী।

মৎস্য (p. 676) [matsya] বি. 1 মাছ, মীন; 2 বিষ্ণুর প্রথম অবতার; 3 পুরাণবিশেষ; 4 (জ্যোতিষ.) রাশিচক্রের দ্বাদশ রাশি; 5 করতল পা পদতলের শুভচিহ্নবিশেষ; 6 প্রাচীন বিরাটরাজ্য। [সং √ মদ্‌ + স্য] স্ত্রী. মৎসী˜ .করণ্ডিকা বি. খালুই, চুপড়ি।˜ .গন্ধ্য মৎস্যোদরী বি. শান্তনুরাজার পত্নী সত্যবতীর নামান্তর।˜ .জীবী (-বিন্‌), মৎস্যোপ-জীবী (-বিন্‌) বিণ. মাছ ধরা যার জীবিকা। □ বি. ধীবর, জেলে।˜ .ন্যায়˜ .নীতি, মাৎস্য-ন্যায় জলাশয়ে মাছদের মধ্যে দুর্বলের উপর প্রবলের আক্রমণ ও অত্যাচার; (আল.) পরস্পর হানাহানি অরাজকতা।˜ .পুরাণ বি. মৎস্য-অবতারের কাহিনি-সংবলিত পুরাণ।˜ .মুখ বি. হিন্দুদের শ্রাদ্ধানুষ্ঠানের

পর মাছ খেয়ে নিয়মভঙ্গ করার অনুষ্ঠান। ˜ .রঙ্গ বি. মাছরাঙ্গা পাখি। মৎস্যাশী (-শিন্) বিণ. মৎস্যভোজী। মৎস্যাসন বি. মাছের মতো ভঙ্গির যোগাসনবিশেষ।

মতাহিয়া (p. 676) [matāhiẏā] বিণ. মুসলমান শিয়াসম্প্রদায়ে প্রচলিত সাময়িক বিবাহপ্রথানুযায়ী ('মতাহিয়া বেগম': ব. চ.)। [আ. মুতাহ্ + বাং. ইয়া]।

মতি1, মতিচুর, মতিয়া (p. 676) [mati1, maticura, matiẏā] যথাক্রমে মোতি1, মোতিচুর ও মোতিয়া -র বানানভেদ।

মতি2 (p. 676) [mati2] বি. 1 বুদ্ধি (মতিভ্রম, হীনমতি); 2 জ্ঞান (কুমতি);। 3 স্মরণশক্তি (মতিভ্রংশ); 4 প্রবণতা, ইচ্ছা, অনুরক্তি ('ধর্মে যেন মতি থাকে': ব. চ.); 5 চিত্ত, মন ('হরষিত মতি': কাশী.)। ˜ .গতি বি মনের ভাব; অভিপ্রায় ও চেষ্টা। ˜ .চ্ছন্ন বিণ. নষ্টবুদ্ধি, দুমর্তি। □ বি বুদ্ধিনাশ। ˜ .ভ্রংশ, ˜ .ভ্রম, ˜ .হীনতা বি. স্মৃতি বা বুদ্ধিনাশ। ˜ .ভ্রষ্ট, ˜ .হীন বিণ. স্মৃতি বা বুদ্ধি নষ্ট হয়েছে এমন। ˜ .মন্ত, ˜ .মান বিণ বুদ্ধিমান, ধীসম্পন্ন। ˜ .স্থৈর্য বি. বুদ্ধি ইচ্ছা বা সংকল্পের দৃঢ়তা

মতি-হারি (p. 676) [mati-hāri] বিণ. বিহারের অন্তর্গত মতিহারিতে উৎপন্ন (মতিহারি তামাক)।

মতৈক (p. 676) [mataika] বি. মতের মিল [সং. মত + ঐক্য]।

মতো, (p. 676) [matō,] (অসং.) মত বিণ. 1 সদৃশ, ন্যায়, তুল্য (ফুলের মতো মেয়ে);। 2 অনুযায়ী, অনুরূপ (কথামতো কাজ, মনের মতো কথা, দস্তুর

মতো মজুরি); 3 যোগ্য, উপযুক্ত (রাজার মতো আচরণ, ছেলের মতো ছেলে)। ☐ অব্য. জন্য, সীমা (জন্মের মতো, চিরকালের মতো)। [মত2 দ্র]।

মত্ত (p. 676) [matta] বিণ. 1 মাতাল, প্রমত্ত(নেশায় মত্ত); 2 উন্মত্ত, পাগল ক্ষিপ্ত (মত্তহস্তী); 3 অতিশয় ক্রুদ্ধ ('মত্ত মোগল রক্তপাগল': রবীন্দ্র); 4 অতি গর্বিত, উল্লাসিত, আত্মহারা বা বিহ্বল (ধনমত্ত, ভোগমত্ত, মদমত্ত)। [সং. √ মদ্ + ত]। স্ত্রী. মত্তা।˜ .তা বি. 1 আকুলতা; 2 মাতলামি। মত্তাবস্থা বি. মাতাল অবস্থা।

মথ (p. 676) [matha] বি. দৃশ্যত প্রজাপতির মতো নিশাচর পতঙ্গবিশেষ। [ইং moth]।

মথন (p. 676) [mathana] বি. 1 মন্হন, আলোড়ন, ঘোটন (দই মথন করে ঘোল বানানো); 2 দলন, নাশন, দমন, সম্পূর্ণ পরাজিত করা (শত্রুমথন); ☐ বিণ. দলনকারী বিনাশক। [সং. √ মথ্ + অন]। মথনী বি. 1 মথনদণ্ড, মউনি; 2 মাখন। মথিত বিণ. মথন বা বিনাশ করা হয়েছে এমন (শত্রুসৈন্য মথিত করে ফিরে এলেন) মথ্য-মান বিণ. মথন করা হচ্ছে এমন।

মথা (p. 676) [mathā] ক্রি. (কাব্যে) মথন করা, দলিত করা। [সং √ মথ্ + বাং. আ]।

মদ (p. 676) [mada] বি. 1 ষড়্‌রিপুর অন্যতম, নিজের উপর অলীক শ্রেষ্ঠত্বের আরোপ; 2 অহংকার, দম্ভ (ধনমদে মত্ত); 3 আনন্দজনিত মত্ততার আবেশ (মদবিহ্বল); 4 কস্তুরী (মৃগমদ); 5 মদ্য, সুরা (মদের নেশা); 6 প্রমত্তজনক রস

(মহুয়ার মদ); 7 হাতির গণ্ডদেশ থেকে নিঃসৃত স্রাব। [সং √ মদ্ + অ]।˜ .কল বিণ. মত্ততাজনক কলধ্বনিকারী ('মদকল করী': মধু.) □বি. মত্তহস্তী।˜ .খোর বিণ. মদ্যপ, মদ্যপানকারী।˜ .গর্ব বি. মত্ততাজনিত অংহকার বা দর্প।˜ .মত্ত মদোম্মত্ত বিণ. 1 সুরাপানের ফলে মাতালো; 2 দর্পান্ধ, গর্বে উন্মত্ত। স্ত্রী.˜ .মত্তা। মদমত্ত হাতি গণ্ডদেশ বেয়ে রস নিঃসরণের জন্য উত্তেজিত হাতি। মদাত্যয় বি. মদ্যপানজনিত রোগবিশেষ। মদান্ধ বিণ. মত্ততা বা গর্বহেতু হিতাহিত জ্ঞানশূন্য। মদালস বিণ. মদ্যমানের ফলে বা আবেশের জন্য বিহ্বল। স্ত্রী. মদালসা। মদো বিণ. 1 মদের মতো (মদো গন্ধ); 2 মদখোর। মদোত্-কট বি. মদস্রাবের জন্য উত্তেজিত হাতি। □ বিণ. গর্বান্ধ দাম্ভিক। মদোদ্ধত বিণ. অতিদর্পহেতু উগ্রস্বভাব (মদোদ্ধাত রাজা)।

মদ্গুর (p. 676) [madgura] বি. মাগুরমাছ। [সং √ মদ্ + উর (নি.)]।

মদত (p. 676) [madata] বি. 1 সাহায্য; 2 সহাযোগিতা (এ-কাজে সকলের মদত চাই); 3 উৎসাহ [আ. মদদ্]।

মদন (p. 676) [madana] বি. কামনার অধিদেবতা, কামদেব, কন্দর্প অতনু, অনঙ্গ। বিণ. মত্ততাজনক। [সং √ মদ্ + ণিচ্ + অন]।˜ .গোপাল,˜ .মোহন বি. শ্রীকৃষ্ণ। মদনোত্-সব বি. বসন্তোৎসব; হোলি।

মদির (p. 676) [madira] বিণ. মত্ততাজনক, যাতে আবেশ লাগে এমন ('তোমার মদির গন্ধ অন্ধবায়ু বহে চারি ভিতে': রবীন্দ্র)। [সং √ মদ্ +ইর]। মদিরা বি মদ্যবিশেষ, বারুণী। মদিরাক্ষী বিণ. বি. মত্ততাজনক নয়নবিশিষ্টা, মত্তলোচনা; সুলোচনা। মদিরেক্ষণ বিণ. 1 মদির বা মত্ততাজনক চোখ যায়; 2

(বাং.) মত্ত অবস্থায় চোখের ঢুলু ঢুলু ভাবযুক্ত ('নয়নে তোমার মদিরেক্ষণ মায়া'): বিষ্ণু.)। মদিরেক্ষণা-মদিরাক্ষী -র অনুরূপ।

মদীয় (p. 676) [madīẏa] বিণ. আমার (মদীয় বাসভবনে আপনার নিমন্ত্রণ)। [সং অস্মদ্ + ঈয়]।

মদো, মদোৎকট, মদোদ্ধত, মদোন্মত্ত (p. 676) [madō, madōtkaṭa, madōddhata, madōnmatta] দ্র মদ।

মদ্দ মদ্দা মদ্দানি (p. 676) [madda maddā maddāni] যথাক্রমে মর্দা মর্দা ও মর্দানি -র কথ্য রূপ।

মদ্য (p. 676) [madya] বি. মদ, সুরা, মদিরা (মদ্যপান)। [সং √ মদ্ + য]।˜ প,˜ .পায়ী (-য়িন্) বিণ. মদখোর, মাতাল; মদের নেশায় আসক্ত। মদ্যাসক্ত বিণ. মদের নেশায় আসক্ত। বি. মদ্যাসক্তি।

মদ্র (p. 676) [madra] বি. বর্তমান পাঞ্জাব ও তৎসন্নিকটস্থ অঞ্চলে অবস্থিত প্রাচীন রাজ্যবিশেষ।

মধু (p. 676) [madhu] বি. 1 পুষ্পরস, মৌ (ফুলের মধু, পদ্মমধু); 2 মিষ্ট রস, মিষ্ট পদার্থ; 3 মদ্য, সুরা; 4 চৈত্রমাস (মধুমাস); 5 বসন্তকাল ('কালি মধু যামিনীতে': রবীন্দ্র); 6 (আল.) মাধুর্য ('গোকুলে মধু ফুরায়ে গেল': ন. ভ.); 7 দৈত্যবিশেষ। □ বিণ. 1 মধুবত্ মিষ্ট বা স্বাদু; 2 মধুর (মধুকণ্ঠ); 3 মধুপূর্ণ (মধুমালতী)। [সং √ মন্ (=মধ্) + উ]।˜ ক,˜ .কর,˜ প,˜ .পায়ী (-য়িন্),˜ .ব্রত,˜

.ভৃত্,˜ .মক্ষিকা বি. 1 ভ্রমর; 2 মৌমাছি।˜ .কণ্ঠ বিণ. মধুর স্বরবিশিষ্ট।˜ .করী বি. 1 (স্ত্রী.) ভ্রমরা; 2 স্ত্রী-মৌমাছি।˜ .কাল বি বসন্তকাল।˜ .কোষ,˜ .ক্রম,˜ .চক্র,˜ .চ্ছত্র,˜ .জালক বি মৌচাক।˜ .চন্দ্র˜ .চন্দ্রিকা বি. বিবাহের অব্যবহিত পরে নববিবাহিত দম্পতির প্রমোদভ্রমণ, honeymoon.˜ .নিশি,˜ .যামিনী,˜ .রাতি বি. 1 বসন্তকালের রাত্রি; 2 মনোরম রাত্রি।˜ .পর্ক বি. ঘি মধু দই দুধ শর্করা মিশিয়ে পুণ্যকর্মে ব্যবহৃত বস্তু।˜ .বন বি. বৃন্দাবনের বনবিশেষ, মথুরার অন্তর্গত বনবিশেষ।˜ .বর্ষী (-র্ষিন্) বিণ. মধু বর্ষণকারী; অত্যন্ত মধুর।˜ .মন্তী বি. সংগীতের রাত্রিকালীন রাগিণীবিশেষ।˜ .ময় বিণ. মধুতে ভরা; মধুমাখা; অতি মধুর।˜ .মাধব বি. চৈত্র ও বৈশাখ মাস।˜ .মাধবী বি মদ সুরা।˜ .মাস বি. চৈত্রমাস।˜ .লিহ,˜ .লেহ,˜ .লেহী বি. ভ্রমর।˜ .সখ বি. কোকিল।˜ .স্বর বি. 1 মধুর কণ্ঠস্বর; 2 কোকিল।

মধু-কৈটভ (p. 676) [madhu-kaiṭabha] বি. মধু ও কৈটভ নামে বিষ্ণুকর্তৃক নিহত দুই পৌরাণিক অসুর।

মধু-বনি (p. 676) [madhu-bani] বি. বস্ত্রাদিতে অঙ্কন বা সূচিকর্মের বঙ্গীয় শিল্পধারাবিশেষ। [বাং মধুবন + ই]

মধু-মেহ (p. 676) [madhu-mēha] বি. (আয়ুর্বেদে) বহুমুত্ররোগ, diabetes [সং মধু (=শর্করা) + মেহ (=মূত্রত্যাগ)।

মধুর (p. 676) [madhura] বিণ. অতিশয় মিষ্ট বা মনোহর ('বাজবে মধুর স্বর': রবীন্দ্র)। [সং মধু + র]।˜ তা,˜ ত্ব, মধুরিমা, মাধুরী, মাধুর্য বি. 1 অতিশয় মিষ্টতা; 2 লাবণ্য।

মধূ-সূদন (p. 676) [madhū-sūdana] বি. মধু নামক দৈত্যের হন্তারক বিষ্ণু। [সং. 'মধু' + সূদন]।

মধূত্-সব (p. 676) [madhūt-saba] বি. বসন্তোৎসব; বসন্তকালীন হোলী উৎসব। [সং মধু + উৎসব]।

মধূত্থ (p. 676) [madhūttha] বি. মোম। [সং মধু + উত্ + √ স্থা + অ]।

মধ্য (p. 676) [madhya] বি. 1 মাঝ বা মাঝামাঝি জায়গা (ভ্রূমধ্যে); 2 প্রান্ত থেকে সমদুরবর্তী স্থান, কেন্দ্র (ভূমধ্য); 3 শরীরের মাঝামাঝি অংশ, কোমর, কটি (ক্ষীণমধ্যা); 4 অভ্যন্তর, ভিতর (বনমধ্যে); 5 অবকাশ, অবসর, ফাঁক (ইতিমধ্যে); 6 মাধ্যম বা অবলম্বন (বাধাবিঘ্নের মধ্য দিয়ে পড়াশোনা)। □বিণ. মাঝামাঝি, বা মাঝের (মধ্যরাত্রি); কেন্দ্রের, কেন্দ্রস্থ প্রান্ত থেকে সমদূরবর্তী স্থানের (মধ্যবিন্দু); অন্তর্বতী, অভ্যন্তরীণ; মধ্যম। [সং মধ্য + অ]। ˜ গ বিণ. মধ্যবর্তী। স্ত্রী. ˜ .গা। ˜ চ্ছদা বি. জীবদেহের আবরক পাতলা ঝিল্লিবিশেষ, diaphragm˜ .দেশ বি. 1 মধ্যভাগ; 2 ভিতর; 3 প্রাচীন ভারতে হিমালয় ও বিন্ধ্যপর্বতের মধ্যবর্তী ভূভাগ; 4 (কৌতু.) পেট (মধ্যদেশ যে ক্রমেই ফুলে উঠছে)। ˜ .ন্দিন বি. মধ্যাহ্ন দিনের মধ্যভাগ, দুপুর। ˜ .পথ বি. 1 পথের মাঝামাঝি জায়গা; 2 মধ্যপনহা। ˜ .পনহা বি. দুই বিপরীত মত বা উপায় বা ভাবের মধ্যবর্তী মত বা উপায় বা ভাব; নরমপনহা, middle course, golden mean˜ .পদ লোপী (-পিন্) বিণ. (ব্যাক.) যাতে মধ্যবর্তী পদের লোপ হয়, যথা, সিংহচিহ্নিত আসন সিংহাসন। ˜ .প্রদেশ বি. 1 মধ্যস্থল; 2 বর্তমান ভারতরাষ্ট্রের রাজ্যবিশেষ; 3 (কৌতু.) পেট, ভুঁড়ি (মধ্যপ্রদেশে মেদ জমেছে)। ˜ .প্রাচ্য বি. ইয়োরোপ ও পূর্ব

এশিয়ার মধ্যবর্তী এশীয় ভূখণ্ড, নিকটপ্রাচ্য, Middle East.˜ . বয়স্ক বিণ. মাঝবয়সি, প্রৌঢ়। স্ত্রী.˜ .বয়স্কা।˜ .বর্তী (-র্তিন্) বিণ মাঝামাঝি স্থানে বা অভ্যন্তরে অবস্থিত (মধ্যবর্তী ভূভাগ, মধ্যবর্তী সময়)। স্ত্রী.˜ .বর্তিনী।˜ .বর্তিতা বি. 1 মধ্যবর্তী অবস্থা; 2 মধ্যবর্তী অবস্থান; 3 মধ্যস্থতা; সালিশি।˜ .বিত্ত বিণ. (আর্থিক দিক দিয়ে) মাঝামাঝি অবস্থাযুক্ত; ধনী ও দরিদ্রের মাঝামাঝি অবস্থাযুক্ত। বি. উক্ত অর্থে (মধ্যবিত্তের সংসার)।˜ .বিন্দু বি. কেন্দ্র।˜ .ভারত বি. ভারতের মাঝখানের অঞ্চল।˜ .মণি বি. 1 কণ্ঠহার ইত্যাদি অলংকারের মাঝখানে খচিত রত্ন; 2 সবচেয়ে উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ ব্যক্তি (আসরের মধ্যমণি)˜ .মান সংগীতের তাল বিশেষ।˜ .যুগ বি. ইতিহাসে প্রাচীন ও আধুনিক কালের মধ্যবর্তী সময়, Middle Ages.˜ .যুগীয় বিণ. মধ্যযুগসংক্রান্ত বা মধ্যযুগসুলভ (মধ্যযুগীয় রীতিনীতি)।˜ .রাত,˜ .রাত্রি,˜ .রাত্র বি. গভীর রাত, নিশীথ।˜ .রেখা বি. (ভূগো.) ভূগোলকের উভয় মেরুর মধ্য দিয়ে উত্তর-দক্ষিণে বিস্তৃত বৃত্তাকার রেখা; (জ্যোতি.) যে কল্পিত বৃত্ত দৃষ্টার মাথার উপর দিয়ে উত্তর-দক্ষিণ দিকে বিস্তৃত হয়ে নভোমণ্ডলকে পূর্ব ও পশ্চিমে সমানভাবে বিভক্ত করে, meridian বি. প.)।˜ .লয় বি. সংগীতে দ্রুত ও বিলম্বিত এই দুইয়ের মাঝামাঝি লয়।˜ .স্থ বিণ. অভ্যন্তরস্থ। □ বি. সালিশ। বি.˜ .স্থতা।˜ .স্থল বি. মাঝখান; কেন্দ্র; মধ্যভাগ। মধ্যা বিণ. স্ত্রী. মধ্যবর্তিনী।

মধ্যম (p. 676) [madhyama] বিণ. 1 মধ্যবর্তী; 2 মেজো, দ্বিতীয় (মধ্যম ভ্রাতা, মধ্যম পাণ্ডব 3 মাঝামাঝি স্থানে অবস্থিত মধ্যমাঙ্গুলি 4 মাঝারি, কমও নয় বেশিও নয় এমন বা ভালোও নয় খারাপও নয় এমন (মধ্যমাবস্থা)। □বি. 1 কটিদেশ কোমর (সুমধ্যমা); 2 সংগীতে স্বরগ্রামের চতুর্থ স্বর, মা। [সং + মধ্য + ম]।˜ .পাণ্ডব বি. ভীমসেন, ভীম।˜ .বয়স্কা বিণ. মাঝবয়সি, প্রৌঢ়। স্ত্রী.˜ .বয়স্কা। মধ্যমা বি. (হাতের) মাঝের আঙুল।

মধ্যাহ্ন (p. 676) [madhyāhna] বি. দিনের মধ্যভাগ, দুপুরবেলা। [সং. মধ্য + অহ্ন]।˜ .তপন,˜ .সূর্য বি দুপুরবেলার প্রখর তাপবিশিষ্ট সূর্য।˜ .ভোজন বি দুপুরের খাওয়া, দিবাভাগের প্রধান আহার।

মধ্যে (p. 676) [madhyē] বি 1 মধ্যস্থলে; 2 অভ্যন্তরে, ভিতরে (হৃদয়মধ্যে); 3 অবসরে অবকাশে (ইতিমধ্যে); 4 মাধ্যম (অভিজ্ঞতার মধ্যে দিয়ে শিক্ষালাভ)। □ ক্রি-বিণ. 1 অতিক্রান্ত হওয়ার আগে (বিকেলের মধ্যে এসো, এক সপ্তাহের মধ্যে); 2 কিছুকাল আগে (মধ্যে কিছু টাকা পেয়েছিলাম)। মধ্যে পড়া ক্রি. বি. 1 জড়িত হওয়া (হাঙামার মধ্যে পড়েছে); 2 আক্রান্ত বা পরিবেষ্টিত হওয়া (শত্রুর মধ্যে পড়া) 3 প্রবেশ করা (নৌকোটা নদীর মধ্যে পড়ল); 4 মধ্যস্থতা করা (মধ্যে পড়ে ঝগড়া মিটানো)। মধ্যে মধ্যে ক্রি বিণ. মাঝে মাঝে, কখনো-কখনো; থেকে-থেকে (মরুভূমির মধ্যে-মধ্যে মরূদ্যান, সে মধ্যে মধ্যে হেসে ওঠে)।

মন1 (p. 676) [mana1] বি. 1 চিত্ত অন্তর অন্তঃকরণ (মনে ব্যথা পাওয়া, মনে লেগেছে); 2 বিবেচনা; 3 ধারণা, বোধ (একথা আমার মনে হয় না); 4 স্মৃতি, স্মরণ (মনে নেই); 5 প্রবৃত্তি, ইচ্ছা (ময় চায় না); 6 মনোযোগ, অভিনিবেশ একাগ্রতা (পড়ায় মন নেই); 7 নিষ্টা, আন্তরিকতা (মন দিয়ে কাজ করা); 8 সংকল্প (তীর্থে যেতে মন করেছি)। [< সং. মনস্]। মন ওঠা ক্রি. বি. আশ বা আশা মেটা, তৃপ্তি হওয়া (এত পেয়েও মন উঠছে না?)। মন করা ক্রি. বি. সংকল্প করা; ইচ্ছা করা। মন কাড়া ক্রি. বি. মুগ্ধ বা আকৃষ্ট করা (জিনিসটা তার মন কেড়েছে)। মন কেমন-করা ক্রি. বি. অস্থির বা ব্যাকুল হওয়া। মন খারাপ করা ক্রি. বি. মনে কষ্ট পাওয়া, দুঃখিত হওয়া; বিষণ্ণ হওয়া। মন খুলে বলা, মন খোলা ক্রি. বি. অকপটে মনের কথ্য বলা।˜ .খোলা বিণ. সরল; অকপট।˜ .গড়া বিণ.

কাল্পনিক; অবাস্তব; অলীক (মনগড়া গল্প)। ˜ .চোর, ˜.চোরা বি. যে মনকে মুগ্ধ করে; প্রেমিক। মন জানা ক্রি. বি. অন্যের অন্তরের কথা বা ভাব জানতে পারা। মন জোগানো ক্রি. বি. মনের মতো করে কাজ করা বা তদ্রূপ কাজ করে খুশি করা। মন টলা ক্রি. বি. বিচলিত হওয়া। মন টানা ক্রি. বি. আকৃষ্ট করা। মন দেওয়া ক্রি. বি. 1 মনোনিবেশ করা, মনোযোগ দেওয়া; 2 ভালোবাসা (এরই মধ্যে তাকে মন দিয়ে ফেলেছ ?)। মন থেকে ক্রি-বিণ. 1 আন্তরিকভাবে (মন থেকে ভালোবাসি); 2 কল্পনাবলে (মন থেকে গল্প বানানো); 3 স্মৃতি থেকে (মন থেকে বলো)। মন দেওয়া-নেওয়া বি. ভালোবাসাবাসি, হৃদয় বিনিময়, পরস্পর ভালোবাসার বিনিমন। ˜ .পবন বি. মনোরূপ প্রাণবায়ু। ˜ .পছন্দ বিণ, মনোমতো, মনঃপূত। মন বসা, মন লাগা ক্রি. বি. ভালো লাগা। মন ভোলানো ক্রি. বি. মুগ্ধ করা। মন মজা ক্রি. বি. কোনোকিছু ভালো লাগলে তাতে ডুবে যাওয়া বা তাই নিয়ে থাকা ('আমার মন মজেছে সেই গভীর': রবীন্দ্র)। ˜ .মরা বিণ. বিষণ্ণ, বিমর্ষ। মন মাতানো ক্রি. বি. আনন্দিত করা বা মুগ্ধ করা মন মানা ক্রি. বি. প্রবোধ পাওয়া ('আমার মন মানে না': রবীন্দ্র)। মন রাখা ক্রি. বি. অপরকে খুশি করা (কারও মনে রেখে কথা বলে না) ˜ .রাখা বিণ. সন্তুষ্ট করে এমন: খুশি করতে চায় এমন (মনরাখা কথা)। মন লাগা ক্রি. বি. উৎসাহ পাওয়া; ভালো লাগা (কাজে মন লাগে না)। মন সরা ক্রি. বি. ইচ্ছা হওয়া, প্রবৃত্তি হওয়া; ভালো লাগা। মন হওয়া ক্রি. বি. ইচ্ছা হওয়া (যেতে মন হল)। মনে করা ক্রি. বি. 1 স্মরণ করা (গানটা মনে করতে পারছি না); 2 ধারণ করা, বোধ করা (মনে কোরো না আমি বোকা); 3 কল্পনা করা ('মনে করো, যেন বিদেশ ঘুরে'; রবীন্দ্র)। মনে জাগা ক্রি. বি. স্মরণ হওয়া, মনে উদিত হওয়া; খেয়াল হওয়া। মনে জানা ক্রি. বি. অনুভব করা (মনে জানি সে আসবে)। মনে থাকা ক্রি. বি. স্মরণ থাকা। মনে দাগ কাটা ক্রি. বি. মনে প্রভাব বিস্তার করা স্মৃতিতে থেকে যাওয়া। মনে ধরা ক্রি. বি. পছন্দ হওয়া মনে পড়া ক্রি. বি. স্মরণ হওয়া। মনে পুষে রাখা ক্রি. বি. মনের মধ্যে

(হিংসা, রাগ ইত্যাদি) গোপন রাখা। মনে-প্রাণে ক্রি-বিণ. একান্তভাবে, 'আন্তরিকভাবে। মনে মনে ক্রি-বিণ. নিজের মনের মধ্যে এবং অন্যের অজ্ঞাতে; কল্পনায়। মনে রাখা ক্রি. বি. স্মরণ রাখা। মনে হওয়া ক্রি. বি. 1 ধারণা হওয়া, অনুভব করা (মনে হয় বৃষ্টি হবে); 2 ইচ্ছা হওয়া (মনে হল, তাই চলে এলাম)। মনের আগুন (আল.) শোকদুঃখাদি থেকে উৎপন্ন মানসিক যন্ত্রনা বা ক্রোধ। মনের কালি, মনের ময়লা বিদ্বেষ; মনোমালিন্য (মনের কালি ঘুচিবে না)। মনের জোর মনোবল, আত্মবিশ্বাস। মনের ঝাল মিটানো ক্রি. বি. মনে পুষে রাখা রাগ প্রকাশ করা। মনের বিষ গোপন বিদ্বেষ, হিংসা। মনের মানুষ পছন্দসই লোক, প্রীতির পাত্র। মনের মিল সদ্ভার বা ঐক্য।

মন2 (p. 676) [mana2] (বর্জি). মণ বি. ওজনের মাপবিশেষ, 4 সের, প্রায় 37*1/2 কিলোগ্রাম পরিমিত ওজনের সমান মাপ। [আ. মন্-তু. সং 'মণভিধানং খযুগৈশ্চ সেরৈঃ']। ̃ .কষা বি. (গণি.) মনের হিসাব মূল্যাদি নিরূপণের অঙ্ক। ̃ .কিয়া বিয় মন হিসাবের তালিকা। ̃ কে ক্রি বিণ. মনপ্রতি, প্রতি মনে (মনকে দু-সের কম)। ̃ .মনি বিণ. মনযুক্ত, মনবিশিষ্ট (দুমনি বস্তা)।

মনঃ (p. 676) [manḥ] (মনস্) বি. 1 মন; 2 (দর্শনে) সংকল্প বিকল্পাত্মক অন্তঃকরণবৃত্তি, অন্তরিন্দ্রিয়। [সং. √ মন্ + অস্]। ̃ .কল্পিত বিণ. মনগড়া। ̃ .কষ্ট, ̃ .ক্ষোভ, মনো-দুঃখ, মনো-বেদনা বি. মনের দুঃখ বা যন্ত্রণা। ̃ .ক্ষুণ্ণ বিণ. দুঃখিত; নিরাশ; অসন্তুষ্ট। ̃ .পূত বিণ. পছন্দসই, মনোমতো। ̃ .সংযোগ বি. মনোযোগ, মনোনিবেশ। ̃ সমীক্ষণ বি. মানবমনের প্রকৃতি বিশ্লেষণ ও বিচারের আধুনিক বৈজ্ঞানিক প্রক্রিয়া, psycho-analysis (বি. প)।

মনঃ-শিলা (p. 676) [manḥ-śilā] বি. মনছাল, মোমছাল, লাল রঙ্গের উপধাতুবিশেষ [সং. মনস্ + শিলা]।

মনঃস্থ, মনস্থ (p. 676) [manḥsha, manasha] বিণ. 1 মনে স্থিত; 2 সংকল্পিত, স্থিরীকৃত। □বি. (বাং.) সংকল্প, অভিপ্রায়। [সং. মনস্ + √ স্থা + অ]।

মনকষা (p. 676) [manakaṣā] দ্র মন2।

মনকষাকষি (p. 676) [manakaṣākaṣi] দ্র. মন1 [.]।

মনকিয়া (p. 676) [manakiẏā] দ্র মন2 [.]।

মনকির (p. 676) [manakira] (মুস.) বি. স্বর্গীয় দূতবিশেষ।[আ.]।

মনগড়া, মনচোর (p. 676) [managaḍ়ā, manacōra] দ্র. মন1।

মন-ছাল (p. 676) [mana-chāla] বি. রক্তবর্ণ পাহাড়ি উপধাতুবিশেষ। [< সং. মনঃশীলা]।

মনন (p. 676) [manana] বি. 1 মনের ক্রিয়া, চিন্তন (শ্রবণ-মনন, মননশক্তি); 2 অনুমান; 3 সংকল্প। [সং. √ মন্ + অন]।˜ .শীল বিণ. বুদ্ধিদীপ্ত চিন্তায় অভ্যস্ত, বুদ্ধিদীপ্ত বিচারশক্তিসম্পন্ন। □ বি. বিণ. বুদ্ধিজীবী, intellectual.˜ .শীলতা বি. যুক্তিনির্ভর চিন্তায় দ্বারা চালিত হওয়ার স্বভাব। মননীয় বিণ. চিন্তানীয়

মনপবন (p. 676) [manapabana] দ্র মন1।

মন-মোহিনী (p. 676) [mana-mōhinī] বিণ. (স্ত্রী.) চিত্তাকর্ষক, মনকে মুগ্ধ করে এমন ('মনমোহিনী তারা তুমি': রা. প্র.)। [> সং. মনোমোহিনী]।

মনশ্চক্ষু (p. 676) [manaścakṣu] বি. 1 অন্তর্দৃষ্টি; 2 কল্পনা বা কল্পনাশক্তি। [সং. মনস্ + চক্ষুস্]।

মনশ্চাঞ্চল্য (p. 676) [manaścāñcalya] বি. 1 মনের চঞ্চলতা; 2 উদ্বেগ। [সং. মনস্ + চাঞ্চল্য]।

মন-সব-দার (p. 676) [mana-saba-dāra] বি. (প্রধানত মোগল আমলে) জায়গিরপ্রাপ্ত সেনাপতির উপাধিবিশেষ। [আ. মনসব + ফা. দার]। মন-সব-দারি বি. মনসবদারের পদ বা কাজ

মনসা (p. 676) [manasā] বি. 1 নাগমাতা, সর্পমন্ত্রের অধিষ্ঠাত্রী দেবী, বিষহরী; 2 (বাং) সিজগাছ। [সং. মনস্ + আ]। ˜ .মঙ্গল বি. মনসাদেবীর মাহাত্ম্য ও কাহিনিবিষয়ক কাব্য।

মনসিজ (p. 676) [manasija] বি. মদন, কামদেব। [সং. মনসি √ জন্ + অ]।

মনস্কাম, মনস্কামনা (p. 676) [manaskāma, manaskāmanā] বি. মনের বা অন্তরের ইচ্ছা, মনোবাসনা, অন্তরের উদ্দেশ্য ('সেই ডাকে মোর শুধু শুধুই পূরবে মনস্কাম': রবীন্দ্র)। [সং. মনস্ + কাম, কামনা]।

মনস্তত্ত্ব (p. 676) [manastattba] বি. মানবমনের প্রকৃতি ক্রিয়া ও গতিপ্রকৃতি বিষয়ক বিজ্ঞান, মনোবিজ্ঞান, psychology [সং. মনস্ + তত্ত্ব]। বিণ. মনস্তাত্ত্বিক।

মন-স্তাপ (p. 676) [mana-stāpa] বি. 1 মনঃকষ্ট, দুঃখ; 2 অনুতাপ, অনুশোচনা। [সং. মনস্ + তাপ]।

মন-স্তুষ্টি (p. 676) [mana-stuṣṭi] বি. মনের সন্তোষ, সাধ মেটা (এত অল্প তার মনস্তুষ্টি হবে না)। [সং. মনস্ + তুষ্টি]।

মনস্থির (p. 676) [manashira] বি. (বাং) সংকল্প, সিদ্ধান্ত (এখনও ওই বিষয়ে মনস্থির করে উঠে পারিনি) [বাং. মন 1 (< সং. মনস্ + স্থির)]।

মনস্বী (p. 676) [manasbī] (-স্বিন্) বিণ. 1 প্রাজ্ঞ, জ্ঞানী; 2 চিন্তাশীল; 3 উদার। [সং. মনস্ + বিন্]। বি. মনস্বিতা। স্ত্রী. মনস্বিনী।

মনাক্কা (p. 676) [manākkā] বি. শুকানো বড়ো আঙ্গুল। [আ. মুনক্কা]।

মনান্তর (p. 676) [manāntara] বি. মনোমালিন্য, কহল, ঝগড়া (মতান্তর থেকে মনান্তর) [বাং. মন 1 + অন্তর]।

মন অর্ডার (p. 676) [mana arḍāra] বি. ডাকযোগে অর্থ প্রেরণ বা প্রেরিত অর্থ (মনি অর্ডার করে টাকা পাঠানো, মনি অর্ডার করা)[.]। [ইং. money order]।

মনিব (p. 676) [maniba] বি. প্রভু, কর্তা। [আ. মুনীব্]। মনিবানা বি. প্রভুত্ব, কর্তালি।

মনি-ব্যাগ (p. 676) [mani-byāga] বি. টাকা রাখাবার জন্য ছোটো থলিবিশেষ। [ইং. moneybag]।

মনিষ (p. 676) [maniṣa] বি. (গ্রা.) 1 মজুর, দিনমজুর, জনমজুর (এ-কাজে দুজনে মনিষ লাগবে); 2 মানুষ। [< সং. মনুষ্য, মানুষ]।

মনি-হারি (p. 676) [mani-hāri] বিণ. 1 খেলনা, শৌখিন দ্রব্যাদি ও লেখাপড়ার উপকরণাদি-সংক্রান্ত; 2 যেখানে উক্ত দ্রব্যাদি বিক্রয় হয় (মনিহারি দোকান)। [আ. মনহিয়ার + বাং. ই]

মনীষা (p. 676) [manīṣā] বি. 1 প্রতিভা; 2 প্রজ্ঞা; 3 তীক্ষ্ম ও গভীর বুদ্ধি। [সং. মনস্ + ঈষা]। মনীষী (-ষিন্) বিণ. প্রতিভাসম্পন্ন; প্রাজ্ঞা; গভীর বুদ্ধিসম্পন্ন। □ বি. অসাধারণ প্রতিভা ও গভীর প্রজ্ঞাসম্পন্ন ব্যক্তি। মনীষিত বিণ. অভীষ্ট, বাঞ্ছিত। মনীষিতা বি. মনীষীর বা মনীষিসুলভ ভাব; মনস্বিতা।

মনু (p. 676) [manu] বি. 1 ব্রহ্মার চতুর্দশ পুত্রের অন্যতম; 2 মনুষ্যজাতির আদিপুরুষ হিসাবে পরিগণিত বৈবস্বত নামক পৌরাণিক পুরুষবিশেষ; 3 বিধানকর্তা ও শাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ। [সং. √ মন্ + উ]। ̃ জ বি. মনুর সন্তান, মানুষ। ̃ জেন্দ্র বি. রাজা। ̃ .সংহিতা বি. মনু-প্রণীতা মনুষ্যজাতির অবশ্যপালনীয় আচরণ-সংক্রান্ত গ্রন্হ।

মনু-মেন্ট (p. 676) [manu-mēnṭa] বি. কোনো ব্যাক্তি বা ঘটনার স্মৃতিতে নির্মিত সৌধ বা মিনার। [ইং. monument]।

মনুষ্য (p. 676) [manuṣya] বি. মানুষ, মানব। [সং. মনু (+ষ্) + য]। স্ত্রী. মনুষী। ̃ .কৃত বিণ. মানুষের দ্বার রচিত বা সম্পাদিত, মানুষ করেছে এমন। ̃ .চরিত্র বি. মানবজাতির স্বভাব, মানুষের স্বাভাবিক প্রকৃতি। ̃ .জন্ম বি. মানুষরূপে জন্মগ্রহণ। ̃ ত্ব বি. 1 মানুষের প্রকৃতি, মানবতা; 2 দয়া ধর্ম প্রেম ইত্যাদি মানবোচিত গুণ বা বৈশিষ্ট্য। ̃ .লোক বি. মর্ত্যলোক, পৃথিবী (মনুষ্যলোকে এমন ঘটনা বিরল)। মনুষ্যাবাস বি লোকালয়। মনুষ্যেতর বিণ. মানুষ অপেক্ষা হীন (মনুষ্যেতর প্রাণী)। মনুষ্যোচিত বিণ. 1 মানুষের উপযুক্ত বা যোগ্য; 2 মনুষ্যত্বপূর্ণ।

মনুসংহিতা (p. 676) [manusaṃhitā] দ্র মনু।

মনো-গত (p. 676) [manō-gata] বিণ. অন্তরের, মনের ভিতরের (মনোগত ইচ্ছা, মনোগত বাসনা) [সং. মনস্ + গত]।

মনো-গ্রাহী (p. 676) [manō-grāhī] (-হিন্). বিণ. মনকে আকৃষ্ট করে এমন, চিত্তাকর্ষক। [সং. মনস্ + গ্রাহিন্]।

মনোজ (p. 676) [manōja] বি. কামদেব, কন্দর্প। বিণ. মনের মধ্যে জন্ম হয়েছে এমন। [সং. মনস্ + √ জন্ + অ]।

মনো-জগত্ (p. 676) [manō-jagat] বি. 1 মনোরূপ জগত্, অন্তর্জগত্; 2 চিন্তারাজ্য, ভাবজগত্। [সং. মনস্ + জগত্]।

মনোজ্ঞ (p. 676) [manōjña] বিণ. সুন্দর, মনোহর, চিত্তাকর্ষক, মনোমুগ্ধকর। [সং. মনস্ + √ জ্ঞ + অ]। স্ত্রী. মনোজ্ঞা। বি.˜ .তা।

মনো-দুঃখ (p. 676) [manō-duḥkha] বি. মনের কষ্ট, শোক, মানসিক যন্ত্রণা। [সং. মনস্ + দুখঃ]।

মনো-নয়ন (p. 676) [manō-naẏana] বি. 1 পছন্দ করা, নির্বাচন (পুত্রের জন্য পাত্রী মনোনয়ন করা); 2 ভোট ছাড়াই প্রতিনিধি নির্বাচন, nomination [সং. মনস্ + √ নী + অন]।

মনো-নিবেশ (p. 676) [manō-nibēśa] বি. মনোযোগ দেওয়া, মনঃসংযোগ। [সং. মনস্ + নিবেশ]।

মনো-নীত (p. 676) [manō-nīta] বিণ. 1 পছন্দ করা হয়েছে এমন, নির্বাচিত (পিতার মনোনীত পাত্রীর সঙ্গে বিবাহ); 2 মনোনয়নপ্রাপ্ত। [সং. মনস্ + নী + ত]। স্ত্রী. মনো-নীতা।

মনো-বল (p. 676) [manō-bala] বি. মনের জোর, মানসিক শক্তি (পরাজয়ের পরও তার মনোবল অটুট ছিল)। [সং. মনস্ + বল]।

মনো-বাঞ্ছা (p. 676) [manō-bāñchā] বি. মনের ইচ্ছা, বাসনা, মনস্কামনা (মনোবাঞ্ছা) পূর্ণ হওয়া) [সং. মনস্ + বাঞ্ছা]।

মনো-বাসনা (p. 676) [manō-bāsanā] বি. মনের ইচ্ছা, মনোবাঞ্ছা। [স. মনস্ + বাসনা]।

মনো-বিকার (p. 676) [manō-bikāra] বি. 1 মনের অস্বাভাবিক অবস্থা; 2 চিত্তচাঞ্চল্য; 3 মনের ব্যাধি, psychosis [সং. মনস্ + বিকার]।

মনো-বিচ্ছেদ (p. 676) [manō-bicchēda] বি. মনোমালিন্য, বিবাদ, ঝগড়া। [সং. মনস্ বিচ্ছেদ।]।

মনো-বিজ্ঞান, মনো-বিদ্যা (p. 676) [manō-bijñāna, manō-bidyā] বি. মনের প্রকৃতি ও গতিপ্রকৃতি সম্বন্ধীয় বিজ্ঞান, মনস্তত্ত্ব, psychology. [সং. মনস্ + বিজ্ঞান, বিদ্যা]।

মনো-বিবাদ (p. 676) [manō-bibāda] বি. মনান্তর, বিবাদ, ঝগড়া। [সং. মনস্ + বিবাদ]।

মনো-বৃত্তি (p. 676) [manō-br̥tti] বি. 1 চিন্তা স্মৃতি সংকল্প প্রভৃতি মানসিক ক্রিয়া; 2 মনের ভাব, চিন্তাবৃত্তি (নীচ মনোবৃত্তি, উদার মনোবৃত্তি)। [সং. মনস্ + বৃত্তি]।

মনো-বেদনা, মনো-ব্যথা (p. 676) [manō-bēdanā, manō-byathā] বি. মনঃকষ্ট, দুঃখ। [সং. মনস্ + বেদনা, ব্যথা]।

মনো-ব্যধি (p. 676) [manō-byadhi] বি. মনের রোগ, মানসিক রোগ। [সং. মনস্ + ব্যাধি]।

মনো-ভঙ্গ (p. 676) [manō-bhaṅga] বি. 1 নৈরাশ্য, উদ্যমহানি, হতাশা; 2 বিষাদ, বিষন্নতা। [সং. মনস্ + ভাব]।

মনো-ভব (p. 676) [manō-bhaba] বি. মদন, কামদেব। [সং. মনস্ + √ ভূ + অ]।

মনো-ভাব (p. 676) [manō-bhāba] বি. 1 মনের ক্রিয়া, মনের গতি; 2 উদ্দেশ্য; 3 মানসিকতা। [সং. মনস্ + ভাব]।

মনো-ভার (p. 676) [manō-bhāra] বি. দুঃখ বা অভিমানের জন্য মনের কষ্ট ('নামাতে পারি যদি মনোভার': রবীন্দ্র)। [সং. মনস্ + ভার]।

মনো-মতো (p. 676) [manō-matō] বিণ. পছন্দসই, মনের মতন। [সং. মনস্ + বাং. মতো]।

মনো-মদ (p. 676) [manō-mada] বি. 1 দম্ভ, অহংকার; 2 মিথ্যা গর্ব।[সং. মনস্ + মদ্]।

মনো-মন্দির (p. 676) [manō-mandira] বি. মনোরূপ মন্দির, মন্দির রূপে বিবেচ্য হৃদয় বা মন [সং. মনস্ + মন্দির]।

মনো-ময় (p. 676) [manō-maẏa] বি. 1 মনের দ্বারা বা কল্পনার দ্বারা রচিত বা গঠিত (মনোময় প্রতিমা); 2 মানস; 3 মনঃস্বরূপ। [সং. মনস্ + ময়]। মনোময় কোষ (দর্শ.) আত্মার তৃতীয় আবরণ।

মনো-মালিন্য (p. 676) [manō-mālinya] বি. 1 মনান্তর, মনকষাকষি, মনের অমিলহেতু সম্পর্কের অবনতি; 2 বিবাদ, অসদ্ভাব। [সং. মনস্ + মালিন্য]।

মনো-মোহন (p. 676) [manō-mōhana] বিণ. চিত্তাকর্ষক, মনোহারী, মনোরম, অতি সুন্দর (মনোমোহন শ্যাম, মনোমোহন বাঁশি)। [সং. মনস্ + মোহন] স্ত্রী. মনো-মোহিনী।

মনো-যোগ (p. 676) [manō-yōga] বি. 1 অভিনিবেশ, মনঃসংযোগ, প্রণিধান (মনোযোগ দিয়ে পড়া); 2 একাগ্রতা। [সং. মনস্ + যোগ]। মনো-যোগী (-গিন্) বিণ. মনোযোগ দিতে অভ্যস্ত, অভিনিবিষ্ট। বি. মনো-যোগিতা।

মনো-রঞ্জন (p. 676) [manō-rañjana] বি. 1 চিত্তের সন্তোষবিধান, মনে আনন্দদান (শিশুর মনোরঞ্জন করা); 2 তোষামোদ (প্রভুর মনোরঞ্জন)। □ বিণ.

চিত্তের সন্তোষবিধায়ক, মনকে আনন্দ দেয় এমন। [সং. মনস্ + রঞ্জন]। বিণ. স্ত্রী. মনো-রঞ্জনী।

মনো-রথ (p. 676) [manō-ratha] বি. 1 মনোবাসনা, মনের ইচ্ছা, অভিলাষ; 2 সংকল্প। [সং. মনস্ + রথ]।˜ .গতি বি. যথেচ্ছ গমনশক্তি। □ বিণ. মনের বা চিন্তার মতো অতি দ্রুতগামী।

মনো-রম (p. 676) [manō-rama] বি. 1 মনোহর, মনোরঞ্জক; 2 সুন্দর, রমণীয় (মনোরম পরিবেশ, মনোরম চিত্র)। [সং. মনস্ + √ রম্ + ণিচ্ + অ]। স্ত্রী. মনো-রমা।

মনো-রাজ্য (p. 676) [manō-rājya] বি. হৃদয়রূপে রাজ্য, মনোজগত্, ভাবনার জগত্। [সং. মনস্ + রাজ্য]।

মনো-লোভ (p. 676) [manō-lōbha] বিণ. (স্ত্রী.) চিত্তহারিণী, রমণীয়। [সং. মনস্ + √ লুভ + ণিচ্ + অ + আ]।

মনো-হর (p. 676) [manō-hara] বিণ. রমণীয়, অতি সুন্দর (মনোহর দৃশ্য)। [সং. মনস্ + √ হৃ + অ]। মনো-হরা বিণ. মনোহর -এর স্ত্রীলিঙ্গ। □ ক্ষীরের সন্দেশবিশেষ। মনো-হরণ বি. মনকে মুগ্ধ করা। □ বিণ. রমণীয়, আকর্ষণীয়, মনোমুগ্ধকর ('তোমার ওই মনোহরণ বেশে': রবীন্দ্র)।

মনো-হারী (p. 676) [manō-hārī] (-রিন্). বিণ. রমণীয়, মনোমুগ্ধকর, অতি সুন্দর। [সং. মনস্ + √ হৃ + ইন্] স্ত্রী. মনো-হারিণী। বি. মনো-হারিতা, মনো-হারিত্ব।

মন্ডা (p. 676) [manḍā] বি. ছানার তৈরি সন্দেশজাতীয় মিঠাইবিশেষ। [সং. মণ্ডল]।

-মন্ত (p. 676) [-manta] বিণ. 1 বিশিষ্ট যুক্ত সম্পন্ন প্রভৃতি অর্থসূচক বাং. তদ্বিত প্রত্যয়বিশেষ (পয়মন্ত, লক্ষীমন্ত)। [< সং. মত্]।

মন্তব্য (p. 676) [mantabya] বি. 1 অভিমত, মতামত; 2 টীকা, টিপ্পনী (মন্তব্য নিষ্প্রয়োজন)। □ বিণ. চিন্তনীয়, বিবেচনীয়, বিচার্য। [সং. √ মন্ + অব্য]।

মন্তা (p. 676) [mantā] (-ন্তৃ) বিণ. বি. 1 মননকর্তা, চিন্তক., যে চিন্তা করে; 2 পরামর্শদাতা। [সং. √ মন্ + তৃ]।

মন্ত্র (p. 676) [mantra] বি. 1 যে পবিত্র শব্দ বা বাক্য উচ্চারণের মাধ্যমে দেবতার উপাসনা করা হয়; 2 যে পবিত্র শব্দ বা বাক্য উচ্চারণ বা মনন করলে ত্রাণ পাওয়া যায়; 3 বশীকরণাদি ব্যাপারে ব্যবহৃত শব্দ (মারণমন্ত্র, সাপের মন্ত্র); 4 বৈদিক সাহিত্যের অংশ; 5 নীতি (অহিংসামন্ত্র); 6 মন্ত্রণা, উপদেশ, পরামর্শ (কানে মন্ত্র দেওয়া)। [সং. √ মন্ত্র + অ]। ̃ .কুশল বিণ. পরামর্শ দানে পটু। ̃ .গুপ্তি বি. মন্ত্রণার গোপনীয়তা-রক্ষা। ̃ .গূঢ় বি. গুপ্তচর। ̃ .গৃহ বি. পরামর্শ বা মন্ত্রণার জন্য (গুপ্ত) ঘর। ̃ .গ্রহণ বি. দীক্ষা নেওয়া; পরামর্শ নেওয়া; কোনো কার্যসাধনের ব্রত গ্রহণ। ̃ .জিহ্ব বি. অগ্নি। ̃ .তন্ত্র বি. বিবিধ মন্ত্র ও তদ্রূপ প্রক্রিয়া। ̃ .দাতা

(-তৃ) বি. বিণ. যে দীক্ষা বা পরামর্শ দান করে। স্ত্রী.˜ .দাত্রী।˜ .দ্রষ্টা (ষ্টৃ) বি. যিনি বা যে ঋষি মন্ত্রের পরম তত্ত্ব প্রত্যক্ষ করেছেন।˜ .পূত বিণ. মন্ত্রদ্বারা পবিত্রীকৃত (মন্ত্রপূত কবচ, মন্ত্রপূত জল)।˜ .বল˜ .শক্তি বি. মন্ত্রের জোর বা ক্ষমতা।˜ .বিত্,˜ .বিদ বিণ. মন্ত্রজ্ঞ, মন্ত্রকুশল; মন্ত্রণাকুশল। □ বি. মন্ত্রী।˜ .ভেদ বি. কৌশলে অন্যের গুপ্ত মন্ত্রণা বা পরামর্শ জেনে নেওয়া।˜ .মুগ্ধ বিণ. (মন্ত্রের দ্বারা) সম্পূর্ণ বশীভূত। স্ত্রী.˜ .মুগ্ধা।˜ .শিষ্য বি. 1 কোনো ব্যক্তিকর্তৃক দীক্ষিত শিষ্য; 2 (আল.) একান্ত অনুগামী ব্যক্তি।˜ .সাধক বিণ. মন্ত্রের দ্বারা কর্ম সাধনাকারী।˜ .সাধন বি. মন্ত্রের দ্বারা সিদ্ধিলাভের প্রয়াস; মন্ত্রে নির্দিষ্ট আদর্শের অনুসরণ।˜ .সিদ্ধ বিণ. মন্ত্রজপের দ্বারা সিদ্ধিপ্রাপ্ত। বি.˜ .সিদ্ধি।

মন্ত্রক (p. 676) [mantraka] বি. মন্ত্রী ও তাঁর অধিকারভুক্ত শাসনবিভাগ, ministry (স্বরাষ্ট্রমন্ত্রক, প্রতিরক্ষা মন্ত্রক) [সং. মন্ত্র + ক]।

মন্ত্রণ, মণত্রণা (p. 676) [mantraṇa, maṇtraṇā] বি. 1 (প্রধানত গুপ্ত) পরামর্শ, কর্তব্য সম্বন্ধে অন্যের সঙ্গে আলোচনা, যুক্তি; 2 কর্তব্য সম্বন্ধে উপদেশ। [সং. √ মন্ত্র্ √ অন, + আ]।˜ .কক্ষ,˜ .গৃহ বি. পরামর্শের জন্য (গুপ্ত) কক্ষ বা স্থান।˜ .দাতা (-তৃ) বিণ. বি. পরামর্শদানকারী। স্ত্রী.˜ .দাত্রী।˜ .মন্ত্রণীয় বিণ. মন্ত্রণা করার যোগ্য (মন্ত্রণীয় বিষয়)। মন্ত্রিত বিণ. পরামর্শপূর্বক স্থিরীকৃত বা বিচারিত।

মন্ত্রপূত, মন্ত্রবল, মন্ত্রমুগ্ধ, মন্ত্রশক্তি, মন্ত্রসিদ্ধ (p. 676) [mantrapūta, mantrabala, mantramugdha, mantraśakti, mantrasiddha] দ্র মন্ত্র।

মন্ত্রিত্ব (p. 676) [mantritba] দ্র মন্ত্রী।

মন্ত্রী (p. 676) [mantrī] (-ন্ত্রিন্). বি. 1 রাজার বা রাষ্ট্রপ্রধানের পরামর্শদাতা, অমাত্য (রাজা চন্দ্রগুপ্তের মন্ত্রী); 2 রাষ্ট্রশাসনের বিভাগবিশেষের ভারপ্রাপ্ত অমাত্য (শিক্ষামন্ত্রী)। □ বিণ. মন্ত্রণাদাতা। [সং. √ মন্ত্র + ইন্]। মন্ত্রিত্ব বি. মন্ত্রীর পদ বা কাজ। মন্ত্রী-সভা, মন্ত্রী-সভা বি. মন্ত্রীদের নিয়ে গঠিত উচ্চতম স্তরের শাসনসংস্থা।

মন্হ (p. 676) [manha] বি. 1 মন্হন ('ওই যে দধিমন্হধ্বনি উঠল ঘরে ঘরে': রবীন্দ্র); 2 ছাতুমিশানো পানীয়বিশেষ; 3 মন্হনদণ্ড। [সং. √ মন্হ + অ]।

মন্হন (p. 676) [manhana] বি. মথিত করা, আলোড়ন (দধিমন্হন, সমুদ্রমন্হন); 2 মওয়া; 3 দলন, বিনষ্ট করা (শত্রুমন্হন)। [সং. √ মন্হ্ + অন]।˜ .দণ্ড বি. যে দণ্ড বা কাঠি দিয়ে মন্হন করা বা ঘোঁটা হয়। মন্হনী বি. 1 মণ্ডনদণ্ড, মউনি; 2 মন্হনপাত্র। মন্ত্রী (-ন্হিন্) বিণ. মন্হনকারী।

মন্হর (p. 676) [manhara] বিণ. 1 অদ্রুত, অত্বর, ধীর; চটপটে বা দ্রুত-র বিপরীত (মন্হর গতি); 2 মন্দগামী (মন্হরবায়); 3 অলস; 4 নত [সং. √ মন্হ + অর]। বি.˜ .তা মন্হরা বিণ. (স্ত্রী.) মন্হর -এর স্ত্রীলিঙ্গ। □ বি. 1 (রামা.) দশরথপত্নী কৈকেয়ীর কুজ্বা দাসী; 2 (আল.) কুপরামর্শদাত্রী।

মন্হাদ্রি (p. 676) [manhādri] বি. মন্দরপর্বত। [সং. মন্হ + অদ্রি]।

মন্দ (p. 676) [manda] বিণ. 1 মন্হর, মৃদু, তীব্র নয় এমন (মৃদুমন্দ হাসি); 2 ধীর (মন্দগতি); 3 ধীরগামী (মন্দানিল, মন্দবায়); 4 খারাপ, অপকৃষ্ট (মন্দ

জিনিস); 5 কু, অসত্, দুষ্ট (মন্দ লোক); 6 অশুভ, প্রতিকূল (মন্দ ভাগ্য); 7 কটু, কর্কশ (মন্দ বাক্য); 8 ক্ষীণ, দুর্বল; 9 অসুস্থ (শরীর মন্দ)। [সং. √ মন্দ + অ]। বি.˜ .তা,˜ .ত্ব, মান্দ্য (অগ্নিমান্দ্য)।˜ .গতি বি. ধীর গতি। □ বিণ. ধীরগতিসম্পন্ন।˜ .গামী (-মিন্) বিণ. ধীরগামী, ধীরে চলে এমন। স্ত্রী.˜ .গামিনী।˜ .বুদ্ধি বিণ. 1 কুবুদ্ধিযুক্ত, দুষ্ট, অসত্; 2 ক্ষীণ বা অতীক্ষ্ম বোধসম্পন্ন।˜ .ভাগ,˜ .ভাগ্য বিণ. হতভাগ্য, অভাগা। □ বি. খারাপ অদৃষ্ট। স্ত্রী. (সং.)˜ .ভাগা,˜ .ভাগ্যা; (বাং.)˜ .ভাগিনি।˜ .মতি বিণ. দুর্মতি, দুষ্ট। মন্দ মন্দ ক্রি-বিণ. ধীরে ধীরে (মন্দ মন্দ বাতাস বইছে)।

মন্দন (p. 676) [mandana] বি. (বিজ্ঞা.) বেগের ক্রমিক হ্রাস বা হ্রাসপ্রাপ্তি, retardation (বি. প.)। [সং. √ মন্দ্ + অন]। বিপ. ত্বরণ, acceleration.

মন্দর (p. 676) [mandara] বি. সমুদ্রমনহনকালে মনহনদণ্ডরূপে ব্যবহৃত পৌরাণিক পর্বতবিশেষ। [সং. √ মন্দ্ + অর]।

মন্দা (p. 676) [mandā] বি. 1 অবনতি, হ্রাস; 2 পণ্যদ্রব্যের মূল্য বা ক্রয়বিক্রয়ের হ্রাস, depression. (মন্দার সময়, অর্থনীতিতে মন্দা চলছে); 3 (প্রা. কা.) মন্দ লোক, দুষ্ট লোক ('অধর নীরস মঝু করলহি মন্দা': বিদ্যা.)। □ বিণ. 1 পণ্যদ্রব্যের মূল্য বা ক্রয়বিক্রয় হ্রাসবিক্রয় হ্রাসপ্রাপ্ত হয়েছে এমন (মন্দা বাজার); 2 হ্রাসপ্রাপ্ত, লঘু ('পথশ্রম হবে মন্দা': ক. ক)। [সং. মন্দ + বাং আ]।

মন্দাকিনী (p. 676) [mandākinī] বি. স্বর্গের গঙ্গা। [সং. মন্দ + √ অক্ + ইন্ + ঈ]।

মন্দাক্রান্তা (p. 676) [mandākrāntā] বি. সংস্কৃত ছন্দবিশেষ। [সং. মন্দ + আক্রান্ত (গতি) + আ]।

মন্দাগ্নি (p. 676) [mandāgni] বি. ক্ষুধার অল্পতা, অগ্নিমান্দ্য। [সং. মন্দ + অগ্নি (জঠরাগ্নি)]।

মন্দানিল (p. 676) [mandānila] বি. ধীরে প্রবাহিত বায়ু, মৃদু বাতাস। ('সুন্দর বহে আনন্দ-মন্দানিল': রবীন্দ্র) [সং. মন্দ (ধীর) + অনিল]

মন্দার (p. 676) [mandāra] বি. 1 স্বর্গীয় বৃক্ষবিশেষ বা তার ফুল; 2 মাদারগাছ ('ম্লান হয়ে এল কণ্ঠে মন্দারমালিকা': রবীন্দ্র)। [সং. √ মন্দ্ + আর]।˜ .ক বি. মন্দার।

মন্দির (p. 676) [mandira] বি. 1 দেবালয়, উপাসনা-গৃহ (দেবমন্দির); 2 গৃহ, ভবন (শয়নমন্দির); 3 মন্দির রূপে পরিগনিত প্রতিষ্ঠান (বিদ্যামন্দির)। [সং. √ মন্দ্ (স্তুতি, শয়ন) + ইর]।

মন্দিরা (p. 676) [mandirā] বি. কাঁসার তৈরী করতালজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ ('দুই হাতে কালের মন্দিরা যে সদাই বাজে': রবীন্দ্র)। [দেশি]।

মন্দী-ভূত (p. 676) [mandī-bhūta] বিণ. 1 মৃদু বা ক্ষীণ হয়েছে; 2 হ্রাসপ্রাপ্ত (গাড়ির গতি মন্দীভূত হল)। [সং. মন্দ + ঈ (চি) + √ ভূ + ত]

মন্দুরা (p. 676) [mandurā] বি. অশ্বশালা, আস্তাবল ('মন্দুরায় হ্রেষে অশ্ব': মধু.) [সং. √ মন্দ্ + উর + আ]।

মন্দ্রা (p. 676) [mandrā] বি. গম্ভীর ধ্বনি ('তখন গম্ভীর মন্দ্রে সন্ধ্যারতি বাজে' : রবীন্দ্র)। □বিণ. গম্ভীর (মন্দ্রকণ্ঠে, জলদমন্দ্র রবে)। □ ক্রি. গম্ভীর ধ্বনি করা ('মন্দ্রি ওঠে সারা আকাশে': রবীন্দ্র)।[সং. √ মন্দ্ + র]˜ . সপ্তক। বি. সংগীত খাদের সপ্তক, উদারা। মন্দ্রিত বিণ. গম্ভীর শব্দে ধ্বনিত ('মন্দ্রিত তব ভেরী': রবীন্দ্র)।

মন্বন্তর (p. 676) [manbantara] বি. 1 পুরাণমতে এক এক মনুর অধিকার-কাল; 2 (বাং.) ব্যাপক দুর্ভিক্ষ বা আকাল (ছিয়াত্তরের মন্বন্তর)। [সং. মনু + অন্তর]।

মন্মথ (p. 676) [manmatha] বি. কামদেব, মদন, কন্দর্প। [সং. মনস্ + √ মথ্ + অ]।

মন্যু (p. 676) [manyu] বি. 1 ক্রোধ; 2 শোক; 3 দৈন্য; 4 যজ্ঞ। [সং. √ মন্ + যু]।

ম-ফলা (p. 676) [ma-phalā] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ম -যোগ।

মফস্-সল (p. 685) [maphas-sala] বি. 1 প্রধান নগর বা রাজধানীর বাইরের স্থান; 2 গ্রামাঞ্চল (মফস্সলের লোক)। [আ. মুফস্সল]।

মব-লগ (p. 685) [maba-laga] বিণ. 1 মোট, থোক (মবলগ কত টাকা হল?); 2 নগদ (তাকে দুশো টাকা মবলগ দেওয়া হয়েছে)। [আ. মব্লগ]।

মবারক-মুবারক (p. 685) [mabāraka-mubāraka] এর অপ্ররূপভেদ।

মম1 (p. 685) [mama1] বিণ. (কাব্যে) আমার ('মম দুঃখের সাধন': রবীন্দ্র)। [সং. 'অস্মদ্' শব্দের ষষ্ঠী বিভক্তির প্রথমার রূপ]।

ম-ম2 (p. 685) [ma-ma2] বি. (সচ. মধুর) গন্ধে পূর্ণ বা আমোদিত হওয়ার ভাব (সারাটা বাড়ি ফুলের গন্ধে ম-ম করছে) [ধ্বন্যা.]।

মমতা (p. 685) [mamatā] বি. 1 স্নেহ, মায়া (প্রাণের মমতা); 2 আসক্তি (ধনদৌলতের প্রতি মমতা); 3 আপন বলে ভাবা। [সং. মম + তা]।˜ .ময় বিণ. মমতায় ভরা, স্নেহশীল। স্ত্রী.˜ .ময়ী।˜ .হীন, ,˜ .শূন্য বিণ. 1 নির্দয়; 2 স্নেহহীন।

মমত্ব (p. 685) [mamatba] বি. 1 আপন বলে ভাবা (মমত্ববোধ); 2 স্নেহ, মায়া (মমত্বহীন)। [সং. মম + ত্ব]।˜ .হীন বিণ. মায়াদয়াহীন।

মমি, মামি (p. 685) [mami, māmi] বি. প্রাচীন মিশরে গন্ধদ্রব্যাদি লেপনের দ্বারা সংরক্ষিত মৃতদেহ। [ইং. mummy]।

-ময়1 (p. 685) [-maẏa1] বিণ. (সমাসে উত্তরপদে) 1 পরিপূর্ণ (জলময় স্থান); 2 যুক্ত, সমন্বিত (করুণাময়, স্নেহময়); 3 নির্মিত (দারুময় পালঙ্ক,

লৌহময় বর্ম); 4 (বাং.) ব্যাপী (মুখময় দাগ, দেশময় অখ্যাতি)। [সং. ময়ট্] (প্রত্যয়বিশেষ)। স্ত্রী-ময়ী।

ময়2 (p. 685) [maẏa2] বি. পৌরাণিক দানব-শিল্পীবিশেষ, যুধিষ্ঠিরের সভাগৃহ নির্মাণকারী দানব-শিল্পীবিশেষ [সং. √ ময় + অ]

ময়দা (p. 685) [maẏadā] বি. অতি মিহি ও পরিষ্কৃত গমের চূর্ণ। [ফা. ময়দাহ্]।

ময়-দান (p. 685) [maẏa-dāna] বি. 1 মাঠ; 2 (আল.) অবারিত স্থান, প্রতিদ্বন্দ্বীহীন ক্ষেত্র। [ফা. ময়দান্]।

ময়না1 (p. 685) [maẏanā1] বি. হলদে ঠোঁটবিশিষ্ট কালো রঙ্গের সুকণ্ঠ পাখিবিশেষ। [সং. মদনিকা-তু. হি.মৈনা]।

ময়না2 (p. 685) [maẏanā2] বি. (রাজা মানিকচন্দ্রের জাদুকরী স্ত্রী ময়নামতীর নাম থেকে) ডাকিনী বা খল-স্বভাবা নারী।

ময়না3 (p. 685) [maẏanā3] বিণ. (প্রধানত অপমৃত্যুর ক্ষেত্র) অনুসন্ধান ও প্রত্যক্ষ পরিদর্শন সহকারে কৃত (ময়না তদন্ত)। [আ. মুআয়নহ্]।˜ .তদন্ত বি. অস্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে শবব্যবচ্ছেদ করে মৃত্যুর কারণ অনুসন্ধান।

ময়রা (p. 685) [maẏarā] বি. মিষ্টান্ন প্রস্তুতকারক ও বিক্রেতা, মোদকজাতি। [সং. মোদক]। স্ত্রী.˜ .নি।

ময়লা (p. 685) [maẏalā] বি. 1 মল, বিষ্ঠা (ময়লার গাড়ি); 2 আবর্জনা (ময়লা ফেলার জায়গা); 3 মালিন্য, মলিনতা (মনের ময়লা)। □ বিণ. 1 মলিন, অপরিচ্ছন্ন (ময়লা জামা); 2 অনুজ্জ্বল, অগৌর, কালো (ময়লা রং); 3 কলঙ্কযুক্ত; কুটিল (ময়লা মন)। [তু প্রাকৃ. মইল, সং. মল]।

ময়ান (p. 685) [maẏāna] বি. 1 ময়দা মাখার সময় তাতে যে ঘি মিশানো হয়; 2 ময়দায় ঘিয়ের মিশেল। [দেশি.]।

ময়াল (p. 685) [maẏāla] বি. খুব বড়ো কিন্তু প্রায় নির্বিষ সাপবিশেষ, python. [প্রাকৃ. মহাআল < সং মহাকাল]।

ময়ূখ (p. 685) [maẏūkha] বি. কিরণ, রশ্মি, জ্যোতি। [সং. √ মা + ঊখ]। ̃ .মালী (-লিন্) বি. সূর্য।

ময়ূর (p. 685) [maẏūra] বি. বিচিত্রবর্ণ ও নৃত্যশীল পাখিবিশেষ, শিখী, কলাপি [সং. √ মী + ঊর]। স্ত্রী. ময়ূরী। ̃ .কণ্ঠী বিণ. ময়ূরের কণ্ঠের মতো বিচিত্র বর্ণযুক্ত (ময়ূরকণ্ঠী রং)। ̃ .পঙ্খি বি. ময়ূরাকৃতি নৌকাবিশেষ। ̃ .পুচ্ছ বি. ময়ূরের লেজ। ময়ূরাসন বি. ময়ূরের আকৃতির অনুরূপ দেহভঙ্গিযুক্ত যোগাসনবিশেষ।

মর (p. 685) [mara] বিণ. 1 মরণশীল, নশ্বর (মরলোক, মরজগত্); 2 (বাং.) মৃত (মরদেহ)। [সং. √ মৃ + অ]।

মর-কত (p. 685) [mara-kata] বি. সবুজ রঙ্গের অত্যন্ত দামি পাথরবিশেষ পান্না। [সং. মরক + √ ত + অ]।

মরচে (p. 685) [maracē] বি. আর্দ্র বাতাসের সংস্পর্শে এলে লোহায় লাল রঙের যে আচ্ছাদন পড়ে, লৌহময়, জং। [ফা. মোর্চা]।

মর-জগত্ (p. 685) [mara-jagat] বি. নশ্বর বা বিনাশশীল জগত্, পৃথিবী। [সং. মর + জগত্]।

মরজি (p. 685) [maraji] বি. ইচ্ছা, খুশি, অভিরুচি (মরজিমতো কাজ, যেমন মরজি তেমন করুন)। [আ. মর্জী]।˜ .মাফিক বিণ. 1 ইচ্ছামতন, খেয়ালখুশি অনুযায়ী; 2 মনোমতো।

মরণ (p. 685) [maraṇa] বি. মৃত্যু, জীবনের অবসান (মরণদশা, জনমে-মরণে)। [সং. √ মৃ + অন]। মরণ আর কি লজ্জা, সস্নেহ তিরস্কার প্রভৃতিসূচক উক্তিবিশেষ (আমি ওখানে যাব? মরণ আর কি !)˜ .কামড় বি. নিজের মৃত্যু বা চরম বিপর্যয় সন্নিকট বুঝে প্রতিহিংসা গ্রহণের জন্য শেষ ও কঠিনতম প্রত্যাঘাত।˜ .দশা বি মৃত্যুর তুল্য অবস্থা।˜ .ধর্মা,˜ .ধর্মী বিণ যার সর্বনাশ অবশ্যম্ভাবী।˜ .পণ বিণ. মৃত্যু না হওয়া পর্যন্ত চেষ্টা চালিয়ে যাবে এমন প্রতিজ্ঞাযুক্ত (মরণপণ সংগ্রাম)।˜ .পাখা বি. 1 পিঁপড়ে প্রভৃতি পতঙ্গের আগুনে পুড়ে মৃত্যুর আগে যে পাখা গজায়; 2 (আল.) সর্বনাশকর দম্ভ যা শক্তিমত্ততা।˜ .বাড় বি. যে ভীষণ দর্প বা অতিশয্য পতনের কারণ হয়।˜ .শীল বিণ. নশ্বর। বি.˜ .শীলতা। মরণাপন্ন, মরণোন্মুখ বিণ. মুমূর্ষু। মরণাশৌচ বি. জ্ঞাতির মৃত্যুহেতু অশৌচ। মরণোত্তর বিণ. মৃত্যুর পরবর্তী (মরণোত্তর সম্মান)। তু. ইং posthumous

মরদ, মর্দ (p. 685) [marada, marda] বি. 1 পুরুষ; 2 পুরুষোচিত গুণে ভূষিত ব্যক্তি, সাহসী বা বীর পুরুষ (মরদের মতো কাজ করো); 3 জোয়ান লোক, যুবক (জোয়ানমর্দ); 4 স্বামী (মেয়ে মরদে খাটে)। □ বিণ. 1 সাহসী, বীর (মরদ মানুষের কাজ); 2 পুংজাতীয় (মরদ সন্তান)। [ফা. মর্দ্]। মরদ-বাচ্চা, মরদের বাচ্চা বি. 1 বীর পুরুষের উপযুক্ত পুত্র; 2 সাহসী পুরুষ। মরদা বিণ. পুংজাতীয় (মরদা হরিণ)। মরদানা বি. পুরুষলোক। □ বিণ. 1 পুরুষজাতীয়; 2 পুরুষোচিত, পুরুষের। মরদানি বি. 1 পুরুষত্ব; 2 বীরত্ব; 3 (মেয়েদের ক্ষেত্রে) পুরুষালি ভাব।

মরদুম (p. 685) [maraduma] বি. মানুষ। [ফা. মর্দুম্]।

মর-মর, মরো-মরো (p. 685) [mara-mara, marō-marō] বিণ. মৃতপ্রায়, মূমূর্ষ (মরোমরো অবস্থা)।[মরা দ্র]।

মরমি (p. 685) [marami] বিণ. 1 মর্ম উপলব্ধি করে বা করতে পারে এমন (মরমি সমালোচক); 2 অজ্ঞেয় বা অতীন্দ্রিয় তত্ত্বের আলোচনাকারী, mystic (মরমি দার্শনিক); 3 সহানুভূতিশীল, দরদি (মরমি বন্ধু)। [বাং. মরম + ই]।

মরমিয়া (p. 685) [maramiẏā] বিণ. বি. যিনি বিশ্বপ্রকৃতি মর্ম বা গূঢ় তত্ত্ব জেনেছেন। □ বিণ. 1 অতীন্দ্রিয় ও ঐশ্বরিক বিষয়সম্বন্ধীয় (মরমিয়া তত্ত্ব); 2 অতীন্দ্রিয় বিষয় উপলব্ধি করতে সমর্থ (মরমিয়া সাধক)। [বাং. মরম + ইয়া]।

মর-শুম (p. 685) [mara-śuma] বি. 1 ঋতু (শীতের মরশুম); 2 সুযোগ-সুবিধা (মরশুম পাওয়া); 3 সুবিধাজনক বা প্রশস্ত কাল বা অনুষ্ঠানাদির জন্য

নির্দিষ্ট সময় (পূজার মরশুম)। [ফা. মৌসিম]। মর-শুমি বিণ. নির্দিষ্ট ঋতুতে জন্মায় ও বেঁচে থাকে এমন (মরশুমি ফুল)।

মর-হুম (p. 685) [mara-huma] বিণ. (মুস.) মৃত, পরলোকগত, প্রয়াত (মরহুম পিতা)। [আ. মর্হুম]। স্ত্রী. মর-হুমা।

মরা (p. 685) [marā] বি. ক্রি. 1 প্রাণত্যাগ করা, মারা যাওয়া; 2 সর্বস্বহারা বা সর্বনাশগ্রস্ত হওয়া (চাকরি গেলে লোকটা মরবে); 3 নিদারুন কষ্ট পাওয়া (গরমে মরা, ভেবে মরছি, লজ্জায় মরছে); 4 শুকিয়ে যাওয়া, মজা (নদীটা মরে গেছে); 5 হ্রাস পাওয়া (রস মরা, ব্যথা মরা); 6 নির্জীব হওয়া (অভাবের জন্য লোকটা মরে আছে); 7 লুপ্ত হওয়া ('বাতাস আলো গেল মরে': রবীন্দ্র)। □ বিণ. 1 মৃত (মরা হাতি); 2 শুষ্ক, মজে গেছে এমন (মরা খাল); 3 নির্জীব (মরা প্রাণ, উনুনের মরা আঁচ); 4 লুপ্ত বা হ্রাসপ্রাপ্ত (মরা খিদে); 5 খাদযুক্ত (মরা সোনা)। [সং. √ মৃ + বাং. অ]।˜ কটাল. বি. ভাটা।˜ .কান্না বি কারও মৃত্যুতে আত্মীয়-পরিজনেরা যেমন উচ্চরোলে কাঁদে সেইরকম কান্না। মরা গাং, মরা নদী মজে-যাওয়া নদী ('এবার তোর মরা গাঙে বান এসেছে': বরীন্দ্র)। মরা পেট, মরা নাড়ি বহুদিন অনাহারে বা অর্ধাহারে থাকার ফলে পূর্ণ আহারে অসমর্থ পাকস্থলী।˜ .মাস বি. খুশকি।˜ .হাজা বিণ. 1 মৃত ও ক্ষয়প্রাপ্ত (মরাহাজা পুকুর); 2 জীর্ণশীর্ণ (মরাহাজা শরীর)।

মরাই (p. 685) [marāi] বি. 1 হোগলা বেত প্রভৃতি দ্বারা প্রস্তুত ধান রাখার বড়ো আধারবিশেষ (ধানের মরাই); 2 ওইভাবে তৈরি ঘরবিশেষ [দেশি.-তু. সং. মরার]।

মরাল (p. 685) [marāla] বি. রাজহাঁস। [সং. √ মৃ + আল] স্ত্রী. মরালী।˜ .গামিনী বিণ. (স্ত্রী.) রাজহংসীর মতো ধীরে কিন্তু মনোরম গতিভঙ্গিযুক্তা।

মরিচ (p. 685) [marica] বি. 1 মশলারূপে ব্যবহৃত ঝালস্বাদযুক্ত ছোটো গোলাকার ফলবিশেষ, গোলমরিচ; 2 লংকা (কাঁচা মরিচের ঝাল)। [সং. √ মৃ + ইচ]।

মরি-মরি (p. 685) [mari-mari] বিস্ময় লজ্জা প্রশংসা বিদ্রুপ প্রভৃতি সূচক উক্তি (মরি-মরি এ কী লজ্জা)। [বাং. √ মর্ + ই (বর্তমান কালের উত্তমপুরুষ)]।

মরিয়া (p. 685) [mariẏā] বিণ. বেপোরোয়া, নিজে মরেও মারতে প্রস্তুত এই ভাবযুক্ত, desperate (অনেক ভুগে ভুগে দেশের লোক এখন মরিয়া হয়ে উঠেছে)। [বাং. √ মর্ + ইয়া]।

মরীচি (p. 685) [marīci] বি. 1 সপ্তর্ষিমণ্ডলের অন্যতম নক্ষত্র; 2 ব্রহ্মার মানসপুত্র; 3 কিরণ, রশ্মি (তপনমরীচি)। [সং. √ মৃ (অন্ধকারের মৃত্যু অর্থে) + ঈচি]।˜ .মালী (-লিন্) বি. সূর্য।

মরীচিকা (p. 685) [marīcikā] বি. মরুভুমিতে বালির উপর সূর্যরশ্মি পড়ায় জলভ্রম, মৃগতৃষ্ণিকা। [সং. মরীচি (সূর্যরশ্মি) + ক + আ]।

মরু (p. 685) [maru] বি. মরুভূমি, জল-প্রাণী-উদ্ভিদশূন্য বালুকাময় বিস্তীর্ণ স্থলভাগ। [সং. + মৃ + উ]।˜ .ঝড় বি. মরুভূমিতে বালির যে ঝড় বয়।˜ ভূ,˜

.ভূমি,˜ .স্থল,˜ .স্থলী বি. মরুময় স্থান।˜ .ময় বিণ. মরুভূমির প্রকৃতিবিশিষ্ট, বৃক্ষহীন ও বালুকাময়।˜ .সম্ভব বিণ. মরুভূমিতে জাত।

মরুত্, মরুত (p. 685) [marut, maruta] বি. 1 বায়ু, বাতাস, উনপঞ্চাশ পবন; 2 (বিরল) দেবতা। [সং. √ মৃ + উত্]।

মরু-মায়া (p. 685) [maru-māẏā] বি. মরীচিকা, মৃগতৃষ্ণিকা। [সং. মরু + মায়া]।

মরূদ্যান (p. 685) [marūdyāna] বি. মরুভূমির মধ্যে অবস্থিত উদ্ভিদ ও জলপূর্ণ স্থান, oasis [সং. মরু + উদ্যান]।

মর্কট (p. 685) [markaṭa] বি. 1 ছোট বানরবিশেষ; 2 (আল.) (বিদ্রুপে) শ্রীহীন ব্যক্তি; 3 (বিরল) মাকড়সা। [সং. √ মর্ক্ + অট]। স্ত্রী. মর্কটী।

মর্গ (p. 685) [marga] বি. শনাক্তকরণের জন্য বা ব্যবচ্ছেদের জন্য শব রাখার ঘর, মড়িঘর। [ইং. morgue]।

মর্ট-গেজ (p. 685) [marṭa-gēja] বি. গৃহীত ঋণাদির জামিনস্বরুপ সম্পত্তি বন্ধক রাখা। [ইং. mortgage]।

মর্টার, মর-টার (p. 685) [marṭāra, mara-ṭāra] বি. গোলানিক্ষেপকারী কামানজাতীয় যন্ত্রবিশেষ। [ইং. mortar]।

মর্ত, মর্ত্য (p. 685) [marta, martya] বি. 1 পৃথিবী, মরজগত্, ইহলোক ('স্বর্গ হতে মর্তভূমি করেছি বিহার': রবীন্দ্র); 2 মানুষ। □বিণ. মরণশীল, নশ্বর; পার্থিব (মর্ত্যজীবন)। [সং. √ মৃ + ত, য]।˜ .ধাম,˜ .ভূমি,˜ .লোক বি. পৃথিবী।˜ .লীলা বি. মানবজীবনের কার্যকলাপ।

মর্ত-মান (p. 685) [marta-māna] বি. কলার জাতিবিশেষ, বর্মাদেশের মার্তাবান দ্বীপ থেকে আনীত কলা। [ইং. Martaban]।

মর্তু-কাম (p. 685) [martu-kāma] বিণ. মৃত্যুকামী, মরণভিলাষী, মরতে চায় এমন। [সং. √ মৃ + তু + কাম]।

মর্ত্য (p. 687) [martya] মর্ত -র বানানভেদ।

মর্দ (p. 687) [marda] দ্র মরদ।

মর্দন (p. 687) [mardana] বি. 1 দলন, পেষণ, পিষ্টকরণ; 2 পীড়ন (শত্রুমর্দন); 3 রগড়ানো (তৈলমর্দন)। □ বিণ. দলনকারী, দমনকারী (দনুজমর্দন)। [সং. √ মৃদ + অন]। মর্দিত বিণ. মদন করা হয়েছ এমন, দলিত। স্ত্রী. মর্দিতা।।

মর্দা, মর্দানা, মর্দানি (p. 687) [mardā, mardānā, mardāni] যথাক্রমে মরদা, মরদানা ও মরদানি -র বানানভেদ।

মর্দিত, মর্দিতা (p. 687) [mardita, marditā] দ্র মর্দন।

-মর্দী (p. 687) [-mardī] বিণ. বি. মর্দনকারী। [সং. √ মৃদ + ইন্]।˜ মর্দিনী বিণ. বি. (স্ত্রী.) মর্দনকারিণী, দমনকারিণী (মহিষমর্দিনী)।

মর্ম (p. 687) [marma] (-র্মন্) বি. 1 দেহের এমন স্থান যেখানে আঘাত করলে মৃত্যু হতে পারে (মর্মস্থানে আঘাত); 2 অন্তরের কোমলতম ও নিগূঢ়তম প্রদেশ; 3 হৃদয়; 4 উদ্দেশ্য, অভিপ্রায়; 5 তাৎপর্য; 6 গূঢ় অর্থ, প্রকৃত অর্থ (কবিতার মর্ম, সারমর্ম); রহস্য (মর্মোদ্ধার)। সং √ মৃ + মন্।˜ .কথা বি অন্তরের কথা গূঢ় অভিপ্রায়।˜ .গ্রহণ, মর্মাব-ধারণ বি. তাৎপর্য বা গূঢ় অর্থ নিরূপণ।˜ .গ্রাহী (-হিন্) বিণ মর্ম গ্রহণ করে এমন।˜ .ঘাতী (-তিন্) (বাং.)˜ .ন্তুদ,˜ .ভেদী (-দিন্), মর্মান্তিক বিণ. 1 হৃদয়বিদারক, মারাত্মক (মর্মঘাতী আর্তনাদ, মর্মান্তিক কাহিনি); 2 অতি করুণ, শোচনীয় (মর্মন্তুদ দৃশ্য)।˜ .ঙ্গম বিণ. অন্তরে প্রবিষ্ট, হৃদয়ঙ্গম ('অহিন্দুর এটা মর্মঙ্গম হবে না': রবীন্দ্র)।˜ জ্ঞ বিণ. নিগূঢ় অর্থ নির্ণয়ে সমর্থ।˜ .জ্বালা বি. অন্তরের বেদনা বা কষ্ট, দুঃখ।˜ .পীড়া,˜ .বেদনা,˜.ব্যথা বি. মনঃকষ্ট, শোক অভিমান ইত্যাদি মানসিক যন্ত্রণা। বাণী বিণ অন্তরের কথা (বিবেকানন্দে রচনায় ভারতের মর্মবাণী প্রকাশিত হয়েছে)।˜ স্থল,˜স্থান বি 1 দেহস্থ প্রাণকোষ 2 অন্তরের কোমলতম ও নিগূঢ়তম প্রদেশ।˜ স্পর্শী (র্শিন্),˜ স্পৃক (-স্পৃশ) বিণ. যা হৃদয়কে ব্যাকুল বা বিচলিত করে; অন্তরের বেদনা দেয় এমন। মর্মাঘাত বি. মর্মস্থলে বা হৃদয়ে আঘাত। মর্মাহত বিণ হৃদয়ে নিদারুণ আঘাতপ্রাপ্ত, বেদনাহত (পুত্রের ব্যর্থতায় মর্মাহত)। মর্মী (-র্মিন্) বিণ, 1 গূঢ় রহস্য উপলব্ধিকারী; 2 মরমি, দরদি। মর্মোদ্-ঘাটন, মর্মোদ্ভেদ বি. 1 গোপন কথা বা রহস্য প্রকাশ; 2 স্বরূপ প্রকাশ; 3 মর্মার্থ প্রকাশ।

মর্মর1 (p. 687) [marmara1] বি. মারবেল পাথর; 2 পাথর (মর্মরমূর্তি)। [ফা.]।

মর্মর2 (p. 687) [marmara2] বি. শুকনো পাতা ইত্যাদির মর্মর্ শব্দ (পল্লবমর্মর) [সং. √ মৃ + অর, ম্ আগম, ধ্বন্যা.]। মর্মরা ক্রি. (কাব্যে) মর্মরধ্বনি করা। মর্মরিত বিণ. মর্মরধ্বনিযুক্ত ('মর্মরিত তপোবন')।

মর্যাদা (p. 687) [maryādā] বি. 1 গৌরব গরিমা (বংশমর্যাদা); 2 সম্মান, সম্ভ্রম, খাতির (অকারণেই লোকে তাকে মর্যাদা দেয়, মর্যাদাহানি); 3 ন্যায়সংগত ও শালীনতাসম্মত নিয়ম (মর্যাদাপূর্ণ আচরণ); 4 মূল্য, দক্ষিণা, পণ (কুলীনভোজনের মর্যাদা); 5 সীমা (মর্যাদা-লঙ্ঘন); 6 সেলামি, নজর বা নজরানা (জমিদারের মর্যাদা) [সং. মর্যা (সীমাসূচক) + √ দা + অ + আ]। ̃ .বান. বিণ. সম্মানবিশিষ্ট, সম্মানিত। ̃ .হানি বি. গৌরবহানি; সম্মানহানি, অসম্মান (আপনার মর্যাদাহানি হতে পারে এমন কাজ করব না)।

মর্ষ, মর্ষণ (p. 687) [marṣa, marṣaṇa] বি. 1 সহ্যকরণ, সহ্য করা; 2 ক্ষমা. তিতিক্ষা (অঘমর্ষণ) [সং. √ মৃষ্ + অ, অন]। মর্ষিত বিণ. ক্ষান্ত; ক্ষমাশীল।

মল1 (p. 687) [mala1] বি. নূপুরজাতীয় পায়ের অলংকারবিশেষ। [দেশি]।

মল2 (p. 687) [mala2] বি. 1 ময়লা, ক্লেদ (নেত্রমল); 2 বিষ্ঠা (মলভাণ্ড); 3 কলঙ্ক; 4 মালিন্য (অমল); 5 মরচে (লৌহমল); 6 শিটা, কাইট; 7 পাপ; 8 (তন্ত্রশাস্ত্রে) অবিদ্যা। [সং. √ মল্ + অ]। ̃ .ত্যাগ বি. বিষ্ঠাত্যাগ, পায়খানা করা। ̃ .দ্বার বি. গুহ্যদ্বার, দেহের যে ছিদ্রপথে মল বার করা হয়। ̃ .নালি বি, মলদ্বারের

সঙ্গে সংযুক্ত অন্ত্র। ̃ .ভাণ্ড বি. পেটের মধ্যে অন্ত্রের যে অংশে মল থাকে। ̃ .রোধ, ̃ .বদ্ধতা বি. কোষ্ঠকাঠিন্য, নিয়মিত কোষ্ঠ পরিষ্কার না হওয়া।

মলন (p. 687) [malana] বি. 1 মর্দন, দলন; 2 রগড়ানো।[সং. √ মল্ + অন]।

মলম (p. 687) [malama] বি. প্রলেপ দিয়ে বা লেপন করে প্রয়োগ করতে হয় এমন ওষুধ।[ফা. মর্হম্]।

মল-মল (p. 687) [mala-mala] বি. মিহি ও নরম সুতিবস্ত্রবিশেষ। [হি. তু. সং. মলমল্লক]।

মল-মাস (p. 687) [mala-māsa] বি. দুই অমাবস্যাযুক্ত এবং রবিসংক্রান্তিবর্জিত অতিরিক্ত চান্দ্রমাস, অধিমাস-যে মাসে হিন্দুদের পূজাদি শুভকাজ নিষিদ্ধ: সৌরবৎসরের সঙ্গে চান্দ্র বৎসরের ঐক্যবিধানের জন্য কয়েক বৎসর অন্তর এই মলমাস গণনা থেকে বর্জিত হয়। [সং. মল (যুক্ত) + মাস]।

মলম্বা (p. 687) [malambā] বি. সোনার পাত দিয়ে মোড়া বা গিলটি করা (মলম্বা বালা) [আ. মলম্মা]।

মলয় (p. 687) [malaẏa] বি. 1 দক্ষিণভারতের পশ্চিমঘাট পর্বতমালা; 2 স্বর্গীয় উদ্যান, নন্দনকানন; 3 মলয়পর্বত থেকে আগত বায়ু স্নিগ্ধ দখিনা বাতাস; 4 বাতাস; 5 মালয় উপদ্বীপ। [সং. √ মল্ + অয়]। ̃ জ বিণ ময়লপর্বতে উৎপন্ন।

□ বি. 1 চন্দন; 2 মলয়বায়ু, দখিনা বাতাস ('মলয়জশীতল')˜ .পবন,˜ .বায়ু, মারুত, মলয়নিল বি. মলয়পর্বত থেকে আগত বায়ু; বাতাস; দখিনা বাতাস।

মলা1 (p. 687) [malā1] (কাব্যে ও আঞ্চ.)বি. 1 মল, ময়লা; 2 মালিন্য (মনের মলা) [সং. মল + বাং. অ]।

মলা2 (p. 687) [malā2] ক্রি. বি. মর্দন করা, ডলা; পীড়ন করা (কান মলা, গোরুর লেজ মলা)। □ বিণ. উক্ত অর্থে [সং. √ মল্ (=ধারণ) + বাং. আ]।˜ ই বি. মর্দনের কাজ, ডলন (ডলাইমলাই)।˜ নো ক্রি. বি. মর্দন বা পিষ্ট করানো, ডলাইমলাই করানো। □ বিণ. উক্ত অর্থে।

মলাট (p. 687) [malāṭa] বি. পুস্তকাদির পুরু বহিরাবরণ। [সং. মলপট্ট > প্রাকৃ. মলঅট্ট]।

মলিদা (p. 688) [malidā] বি. পাতলা ও নরম পশমি কাপড়বিশেষ বা তা দিয়ে প্রস্তুত চাদর [ফা. মলীদহ্]।

মলিন (p. 688) [malina] বিণ. 1 ময়লাযুক্ত, অপরিচ্ছন্ন (মলিন বস্ত্র, মলিন বেশ); 2 উজ্জ্বল বা ফরসা নয় এমন ('মলিন আলোয় আমি তাহাদের দেখিলাম': জী. দা.); 3 কলঙ্কিত (ধুলিমলিন, মলিন চরিত্র, মলিন জীবন); 4 বিষন্ন, ম্লান (মলিন মুখ) 5 মোহাচ্ছন্ন (বুদ্ধি মলিন হওয়া) [সং. √ মল্ + ইন্]। বি.˜ তা,˜ ত্ব, মালিন্য, মলিনিমা। স্ত্রী. মলিনা।

মল্ল (p. 688) [malla] বি. কুস্তিগির, পালোয়ান। [সং. √ মল্ল্ + অ]। ˜ ভূমি বি 1 যে স্থানে কুস্তি লড়া হয়, মল্লগণের রণস্থল; 2 বাঁকুড়ার বিষ্ণুপুর ও তৎসন্নিহিত স্থানের প্রাচীন নাম। ˜ যুদ্ধ বি. 1 বাহুযুদ্ধ হাতাহাতি লড়াই; 2 কুস্তি।

মল্লার (p. 688) [mallāra] বি. (সংগীতে) বর্ষার ভাবযুক্ত রাত্রিকালীন রাগবিশেষ। [সং. মল্ল + √ ঋ + অ]। মল্লারী বি. (স্ত্রী.) বসন্ত ঠাটের রাগিণীবিশেষ।

মল্লিক (p. 688) [mallika] বি. হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের পদবিবিশেষ। [আ. মলিক]।

মল্লিক, মল্লি, মল্লী (p. 688) [mallika, malli, mallī] বি. বেলফুল, বেলি। [সং. মল্লিক + আ]।

মশক1 (p. 688) [maśaka1] বি. দংশনকারী ও রক্তপায়ী ক্ষুদ্র পতঙ্গবিশেষ, মশা। [সং. √ মশ্ + অক]।

মশক2 (p. 688) [maśaka2] বি. জল বহনের চামড়ার থলিবিশেষ, ভিস্তি। [ফা. মশক]।

মশ-করা (p. 688) [maśa-karā] বি. পরিহাস, ঠাট্টা-তামাসা, রঙ্গ-কৌতুক (তার সঙ্গে একটু মশকরা করছিলাম)। [আ. মস্খরহ্]।

মশ-গুল (p. 688) [maśa-gula] বিণ. নিবিষ্ট, তন্ময়, বিভোর (গল্পে মশগুল, গানবাজনায় মশগুল হয়ে আছে)। [আ. মশগুল্]।

মশ-মশ (p. 688) [maśa-maśa] বি. শুকনো চামড়া দুমড়ানোর বা নতুন জুতো পায়ে দিয়ে চলার শব্দ। [ধ্বন্যা.]।

মশলা (p. 688) [maśalā] বি. 1 ব্যঞ্জনাদি বা খাদ্যবস্তু সুস্বাদু করার উপকরণবিশেষ (রান্নায় বড্ড বেশি মশলা দিয়েছ); 2 উপকরণ (দেওয়াল গাথুনির মশলা) [আ. মশালহ্]।

মশ-হুর (p. 688) [maśa-hura] বিণ. 1 নামজাদা, বিখ্যাত, সুপরিচিত; 2 খানদানি। [আ. মশহূর]।

মশা (p. 688) [maśā] বি. দংশনকারী ক্ষুদ্র পতঙ্গবিশেষ, মশক। [> সং. মশ, মশক]। মশা মারতে কামান দাগা সামান্য কাজের জন্য বিপুল আড়ম্বর করা।

মশান (p. 688) [maśāna] বি. 1 শ্মশান; 2 অপরাধীদের বধ্যভূমি। [প্রাকৃ. মসাণ < সং শ্মশান]।

মশায় (p. 688) [maśāẏa] দ্র মশাই।

মশারি (p. 688) [maśāri] বি. মশার দংশন এড়াবার জন্য বিছানার উপর খাটানোর উপযোগী সূক্ষ্ম কাপড়ের আবরণ। [সং. মশহরী]।

মশাল (p. 688) [maśāla] বি. ছোটো লাঠি বা দণ্ডের মাথায় তেল-মাখানো ন্যাকড়া চট প্রভৃতি জড়িয়ে প্রস্তুত বড়ো বাতিবিশেষ। [আ. মশল্]।˜ চি বি. মশাল-বাহক।

মস-জিদ (p. 688) [masa-jida] বিরল মস-জেদ বি. ইসলামি উপাসনালয়। [আ. মস্জিদ]।

মস-নদ (p. 688) [masa-nada] বি. 1 রাজাসন, রাজসিংহাসন (দিল্লির মসনদের জন্য প্রতিযোগিতা); 2 গদি। [আ. মস্নদ্]। মস-নদি বিণ. 1 মসনদসংক্রান্ত; 2 রাজকীয়, সরকারি।

মস-লন্দ (p. 688) [masa-landa] বি. অতি সূক্ষ ও উৎকৃষ্ট মাদুরবিশেষ। [আ. মস্নদ্]।

মসলা, মসল্লা (p. 688) [masalā, masallā] যথাক্রমে মশলা ও মশল্লা -র বানাবভেদ।

মস-লিন (p. 688) [masa-lina] বি. অতি মিহি ও মসৃণ কার্পাসবস্ত্রবিশেষ। তু. ফ. mousseline < ইরাকি শহর Mosul তু. সং মসৃণ]।

মসি, মসী (p. 688) [masi, masī] বি. 1 লেখবার কালি (মসিজীবি); 2 মাকড়সার ঝুল; 3 কলঙ্ক ('পূর্ণ শশী মাখে মসি': রবীন্দ্র)। [সং. √ মস্ + ই, ঈ]।˜ কৃষ্ণ বিণ ঝুলকালির মতো কালো, ঘোর কালো (মসিকৃষ্ণ মেঘ)।˜ জীবী (-বিন্) বিণ. বি. লেখক; কেরানি।˜ নিন্দিত˜ লাঞ্ছিত বিণ. কালিও হার মানে

এমন ঘোর কালো। ˜ ময় বিণ. কালিতে মাখা; ঘোর কৃষ্ণবর্ণ। ˜ যুদ্ধ বি. লিখিত তর্ক বিতর্ক, লেখার মাধ্যমে বাদ-প্রতিবাদ।

মসিনা (p. 688) [masinā] বি. তৈলবীজবিশেষ, তিসি linseed [প্রাকৃ. মসিণ < সং মসীনা]।

মসুর, মসুরি, মুসুরি (p. 688) [masura, masuri, musuri] বি. লাল রঙের ডালবিশেষ।[সং. √ মস্ + উর, বাং + ই]।

মসূরিকা, মসূরী (p. 688) [masūrikā, masūrī] বি. বসন্তরোগ বা বসন্তরোগের গুটিকা। [সং. মসূর + ক+ আ, মসূর + ঈ]।

মসৃণ (p. 688) [masr̥ṇa] বি. 1 কোথাও এতটুকু উঁচুনিচু নেই এমন উপরিভাগ বা তলবিশিষ্ট (মসৃণ দেওয়াল); 2 চিক্কণ, তেলা (মসৃণ দেহত্বক, মসৃণ গা); 3 কোমল, স্নিগ্ধ। [সং. √ মস্ + ঋণ]।

মসে-মইসা (p. 688) [masē-misā] ও মইসে-র কথ্য রূপ।

মস্ত (p. 688) [masta] বিণ. 1 (সং.) উঁচু (মস্ত বৃক্ষ); 2 (বাং) প্রকাণ্ড, সুবৃহত্ (মস্ত বাড়ি, মস্ত প্রাসাদ); 3 বিস্তৃত (মস্ত মাঠ); 4 মহত্ (মস্ত লোক, মস্ত হৃদয়)। □ বিণ-বিণ. খুব, অতিশয় (মস্ত বড়ো, মস্ত ধনী)। □বি. মস্তক, মাথা (ছিন্নমস্তা) [সং. √ মস্ + ত-তু. ফা. মসত্]।

মস্তক (p. 688) [mastaka] বি. 1 মাথা, শির, মুণ্ড (নতমস্তক); 2 চূড়া, আগা (পর্বতমস্তক, প্রাসাদমস্তক) [সং. মস্ত + ক]। মস্তকাবরণ বি. যে দিয়ে মাথা ঢাকা হয়, টুপি।

মস্তান (p. 688) [mastāna] বিণ. 1 যৌবনমদে মত্ত; 2 মাতাল; 3 গায়ের জোরে সরদারি করতে অভ্যস্ত; 4 উপদ্রবকারী। □বি. গায়ের জোরে সরদারি করে বা উপদ্রব করে এমন যুবক (পাড়ার মস্তানদের জুলুমে টেকা দায়) [ফা. মস্তানা (=মাতাল)। মস্তানি বি. 1 মাতলামি; 2 মস্তানের আচরণ।

মস্তানা (p. 688) [mastānā] বি. বিণ. মাতাল।[ফা. মস্তানা]।

মস্তি1 (p. 688) [masti1] বি. ব্যপ্তি, বিস্তার ('জীবনের জয় চাই মৃত্যুর মস্তিতে': বিষ্ণু; 'নিশ্বাসে টেনেছি ভিজা মাটির মস্তিতে': বিষ্ণু. [সং. √ মস্ (পরিমাণ করা) + তি]।

মস্তি2 (p. 688) [masti2] বি. (কথ্য) ফূর্তি, মজা (আজ খুব মস্তি হবে)। [দেশি.]।

মস্তিষ্ক (p. 688) [mastiṣka] বি. 1 মাথার খুলির নীচে যে নরম পদার্থ থাকে, মগ়জ, ঘিলু; 2 (গৌণ অর্থে) বুদ্ধি, বোধশক্তি। [সং. মস্ + তি = মস্তি + √ মুষ্ক্ + অ]।˜ চালনা বি. বুদ্ধি খেলানো, চিন্তা করা।˜ বিকৃতি বি মাথার গোলমাল।˜ হীন বিণ. নির্বোধ।

মস্যাধার (p. 688) [masyādhāra] বি. কালি রাখার পাত্র, দোয়াত [সং. মসি + আধার]।

মহ-কুমা (p. 688) [maha-kumā] বি. কয়েকটি থানার সমষ্টি, জেলা যে প্রশাসনিক অংশে বিভক্ত [আ. মহকুমা]। মহকুমা শহর বি. মহকুমার প্রধান শহর বা সদর।˜ শাসক বি. মহকুমার প্রশাসনের প্রধান; এস ডি ও।

মহড়া (p. 688) [mahaḍ়ā] বি. 1 যুদ্ধ অভিনয় ক্রীড়া-প্রতিযোগিতা প্রভৃতির জন্য প্রস্তুতি বা অভ্যাস (যুদ্ধের মহড়া, নাটকের মহড়া); 2 সম্মুখ, অগ্রভাগ; 3 যুদ্ধে বিপক্ষের অগ্রবর্তী সেনাদল (মহড়া ফেরানো); 4 বিপক্ষের সম্মুখবর্তী স্থান (মহড়া দখল করা) [সং. মুখ > মুহ > মহ + বাং. ড়া]। মহড়া নেওয়া ক্রি. বি. 1 লড়াইয়ে বিপক্ষের সামনে অবস্থান করে যুদ্ধ করা বা প্রতিদ্বন্দ্বিতা করা; 2 প্রতিদ্বন্দ্বিতা করা (সে একাই শত্রুর মহড়া নিতে পারে)।

মহত্ (p. 688) [mahat] বিণ. 1 বড়ো, বৃহত্ (মহত্ অরণ্য, মহত্ ব্যাপার); 2 শ্রেষ্ঠ উন্নত উদার (মহত্ কার্য মহদাশয়) 3 প্রবল (মহত্ ভয়, মহত্ দোষ); 4 গুরু, গুরুতর (মহত্ ভার)। □ বি. উন্নতচরিত্র বা উদারহৃদয় ব্যক্তি ('আমি চাই মহতের মহত্ পরাণ': মা. ব.) [সং. √ মহ (পূজা) + অত্]। স্ত্রী. মহতী (মহতী সভা, মহতী বাণী)।˜ প্রাণ বিণ উদারহৃদয়। মহত্তম বিণ সর্বাপেক্ষা মহত্ (মহত্তম আদর্শ)। মহত্তর বিণ. (দুইয়ের মধ্যে) অধিকতর মহত্। মহত্ত্ব বি. মহত্ ভাব, মহতের ভাব।

মহদাশয় (p. 688) [mahadāśaẏa] (অশু) বিণ. উন্নতমনা সদাশয় [সং. মহত্ + আশয় (?); শুদ্বরূপ মহাশয়]।

মহদাশ্রয় (p. 688) [mahadāśraẏa] বি. মহত্ লোকের আশ্রয়।[সং. মহত্ + আশ্রয়]।

মহনীয় (p. 688) [mahanīẏa] বিণ. পূজনীয় শ্রদ্ধেয়, অতিশয় মান্য (মহনীয় কীর্তি, মহনীয় আদর্শ)। [সং. √ মহ্ + অনীয়]।

মহন্ত, মহান্ত, মোহন্ত (p. 688) [mahanta, mahānta, mōhanta] বি. 1 মঠাধ্যক্ষ, দেবমন্দিরাদির পরিচালক সন্ন্যাসী; 2 নবধা ভক্তিযুক্ত কৃষ্ণভক্ত [সং. √ মহ্ + অন্ত]।

মহ-ফিল (p. 688) [maha-phila] বি. মজলিশ, বৈঠক, আসর, সভা (গানের মহফিল [আ. মহ্ফীল]।

মহব্বত (p. 688) [mahabbata] বি. 1 প্রেম, ভালোবাসা; 2 স্নেহ, প্রীতি।[ফা. মহব্বত্]।

মহম্মদ (p. 688) [mahammada] দ্র মোহম্মদ।

মহ-রত (p. 688) [maha-rata] বি. 1 আরম্ভ, পত্তন, সূত্রপাত (নববর্ষের খাতা মহরত করা); 2 শুভ উদ্বোধন, কার্যারম্ভ (ফিল্ম স্টুডিয়োতে ছবির মহরত)। [ফা. মহলত্]।

মহ-রম (p. 688) [maha-rama] বি. 1 ইমাম হাসান ও হোসেনের মৃত্যু উপলক্ষ্যে মুসলমানদের পালনীয় শোকপর্ববিশেষ; 2 মহরমের তাজিয়া, গোঁয়ারা; 3 মুসলমানি বৎসরের প্রথম মাস। [আ. মুহরম]।

মহর্লোক (p. 688) [maharlōka] বি. সপ্ত লোক বা ভুবনের চতুর্থটি, স্বর্গ [সং. মহঃ + লোক]।

মহর্ষি (p. 688) [maharṣi] বি. ঋষিশ্রেষ্ঠ [সং. মহত্=মহা + ঋষি]।

মহল (p. 688) [mahala] বি. 1 গৃহ, ভবন; 2 বাসভবনের অংশ (অন্দরমহল, বাহিরমহল); 3 ভূসম্পত্তির অংশ, তালুক (খাসমহল, মহলওয়ারি বন্দোবস্ত); 4 সমাজের অংশ বা গোষ্ঠীর অংশ (মেয়েমহল, সরকারি মহল) [আ. মহল]। ̃ ওয়ারি বিণ, ভূ-সম্পত্তি বা জমিজমা-বিষয়ক।

মহলত (p. 688) [mahalata] বি. 1 সুযোগ, মওকা (মহলত পাওয়া); 2 দেরি, বিলম্ব। [আ. মোহলত্]।

মহলা1 (p. 688) [mahalā1] বিণ. (সমাসে উত্তরপদরূপে) মহলবিশিষ্ট (চারমহল বাড়ি) [মহল দ্র.]।

মহলা2 (p. 688) [mahalā2] বি. 1 অভিনয়াদির অভ্যাস, মহড়া, রিয়ার্সাল; 2 শিক্ষার পরিচয় [দেশি.]।

মহল্লা (p. 688) [mahallā] বি. নগরের অংশ, পাড়া, পল্লি।[ফা. মহল্লা]।

মহা1 (p. 688) [mahā1] বিণ. 1 (কথ্য) প্রচণ্ড, প্রবল (মহা মুশকিল, মহা ফূর্তি); 2 বিশাল (মহাসিন্ধু) বিণ-বিণ অতিশয়, খুব অত্যন্ত (মহা অভিমানী, মহা চালাক) [< সং. মহত্]।

মহা2 (p. 688) [mahā2] বিণ. (কর্মধারায় ও বহুব্রীহি সমাসের পূর্বপদে) মহত্, মহান, মহতী (মহাকাল, মহাপাপ, মহাবীর, মহাব্যাধি)। [মহত্ দ্র]।˜ কবি বি 1 শ্রেষ্ঠ কবি, মহান কবি; 2 মহাকাব্য রচয়িতা।˜ করণ বি প্রধান সরকারি দফতরখানা secretariat (স.প)˜ কর্ষ বি. 2 (বিজ্ঞা.) জড়বস্তুর পরস্পর আকর্ষণ, মাধ্যাকর্ষণ, gravitation˜ কাব্যে বি. দেবতা বা দেবতুল্য নায়কের বৃত্তান্ত নিয়ে বিশেষ রীতিতে রচিত বৃহত্ কাব্য; আধুনিক কালের পাশ্চাত্য এপিক।˜ কায় বিণ অতি বৃহদাকার, অতিকায় (মহাকায় রাক্ষস)।˜ কাল বি. 1 শিবের রুদ্ররূপ (মহাকালের মন্দির); 2 অনবচ্ছিন্ন কাল, অনন্ত কাল, কালচক্র (মহাকালের বিচারে)।˜ কালী বি. (স্ত্রী.) 1 মহাকাল -এর স্ত্রীলিঙ্গ; 2 আদ্যাশক্তির রুদ্রাণীরূপে; 3 কালী।˜ কাশ-মহাকাশ দ্র।˜ কুষ্ঠ বি. প্রাণঘাতী বা অত্যন্ত বিপজ্জনক কুষ্ঠরোগবিশেষ।˜ কোশল বি. দক্ষিণ ভারতের প্রাচীন রাজ্যবিশেষ।˜ খর্ব বি. বহুসহস্র কোটি সংখ্যা।˜ গুরু বি. পিতা মাতা দীক্ষাদাতা বা (নারীর ক্ষেত্রে) পতি।˜ গৌরী বি দুর্গাদেবী।˜ জগত্ বি. মহাবিশ্ব universe˜ জন বি. 1 অতি ধার্মিক বা মহত্ ব্যক্তি; 2 বড়ো ব্যবসায়ী বা আড়তদার: 3 যে ব্যক্তি মূলধন জোগায়; 4 উত্তমর্ণ; 5 কুসীদজীবী; 6 বৈষ্ণব পদকর্তা; 7 (বিরল) বিশাল জনতা।˜ .জনি বি. তেজারতি (সে মহাজনি করে) □ বিণ. তেজারতি-বিষয়ক (মহাজনি কারবার)।˜ .জাগতিক বিণ. মহাবিশ্বসংক্রান্ত, মহাবিশ্বের (মহাজাগতিক রশ্মি)।˜ .জ্ঞান বি. 1 শ্রেষ্ঠ বা পরম জ্ঞান; 2 (মনসামঙ্গলে) যে বিদ্যাবলে মৃতকে পুনরুজ্জীবিত করা যায়।˜ ঢ্য বিণ. অতি ধনী, ধনাঢ্য।˜ .তপা (-পস্), (বর্জি.)˜

.তপাঃ বিণ. বি. অতি কঠোর তপস্যাকারী; শ্রেষ্ঠ তপস্বী। ˜ .তেজস্বী (-স্বিন্), ˜ .তেজা (-জস্) বিণ. অতিশয় তেজসম্পন্ন। ˜ .তৈল বি. মানুষের দেহের চর্বি। ˜ .ত্মা (-ত্মন্) বিণ. অতি মহত্, উন্নত বা মহত্ মনসম্পন্ন। □ বি. ভারতের প্রখ্যাত নেতা মোহনদাস করমচাঁদ গান্ধির আখ্যা। ˜ .দেব বি. দেবাদি দেব শিব। ˜ .দেবী বি. (স্ত্রী.) 1 দুর্গা, ভগবতী; 2 পাটরানি। ˜ .দেশ বি. বহু দেশের সমষ্টি এক বিশাল ভৌগলিক বিভাগ, continent (আফ্রিকা মহাদেশ)। ˜ .দেশীয় বিণ. মহাদেশসম্বন্ধীয়। ˜ .দ্রাবক বি. (ওষুধরূপে ব্যবহৃত) গন্ধকাম্ল, sulphuric acid. ˜ .দ্রুম বি. বড়ো গাছ, বনস্পতি। ˜ .ধাতু বি. সোনা। ˜ .নগর, ˜ .নগরী বি. অতি বৃহত্ নগর। ˜ .নন্দ বি. অতিশয় আনন্দ, পরমানন্দ। □ বিণ. অতিশয় আনন্দিত। ˜ .নবমী বি. শারদীয় শুক্লা নবমী তিথি, দুর্গাপূজার তৃতীয় দিন। ˜ .নস বি. রন্ধনশালা, রান্নাঘর। ˜ .নাদ বি. ভয়ংকর শব্দ, অতি উচ্চ ধ্বনি। □ বিণ. অতি উচ্চ ধ্বনিযুক্ত; মহানাদকারী। ˜ .নিদ্রা বিণ. মৃত্যু। ˜ .নির্বাণ (বৌদ্ধমতে) 1 সর্বপ্রকার বন্ধন থেকে মুক্তি, মোক্ষ; 2 বুদ্ধের মৃত্যু। ˜ .নিশা বি. রাত্রির মধ্যভাগ, মধ্যরাত্রি; রাত্রি দ্বিতীয় ও তৃতীয় প্রহর বা দ্বিতীয় প্রহরের শেষভাগ এবং তৃতীয় প্রহরের প্রথমভাগ। ˜ .নীল বিণ. গাঢ় নীল রং। □ বি. সিংহলে প্রাপ্ত নীলকান্তমণি। ˜ .নু-ভব, ˜ .নু-ভাব বিণ. উদারচিত্ত; মহিমান্বিত। বি. ˜ .নু-ভবতা, ˜ .নু-ভাবতা। ˜ .পথ বি. 1 রাজপথ; 2 যুধিষ্ঠিরাদির স্বর্গারোহণের পথ; 3 মৃত্যু। ˜ .পদ্ম বি. বিণ. শতকোটি লক্ষ সংখ্যা বা সংখ্যক। ˜ .পাতক, ˜ .পাপ বি. 1 অতি জঘন্য পাপ; 2 ব্রহ্মহত্যা সুরাপান গুরুপত্নীহরণ প্রভৃতি অন্যায় কাজ এবং এই সব কাজে লিপ্ত ব্যাক্তির সঙ্গে সংসর্গ। পাতকী, ˜ .পাপী (-পিন্) বিণ. বি. মহাপাপকারী। ˜ .পাত্র বি. প্রধান অমাত্য। ˜ .পুরাণ বি. বেদব্যাস-রচিত অষ্টাদশ পুরাণ। ˜ .প্রভু বি. 1 শিব; 2 পরমেশ্বর; 3 চৈতন্যদেব; 4 পুরীর জগন্নাথদেব। ˜ .প্রয়াণ বি. 1 মৃত্যু; 2 মৃত্যুর উদ্দেশ্য যাত্রা। ˜ .প্রলয় বি. 2 বিশ্বব্রহ্মাণ্ডের ধ্বংস; 2 ব্রহ্মা ও তাঁর সৃষ্টির বিনাশ। ˜ .প্রসাদ বি. 1 জগন্নাথদেবের প্রসাদ; 2 শ্রেষ্ঠ

প্রসাদ; 3 দেবতাকে নিবেদিত অন্নাদি; 4 (বাং.) দেবীকে নিবেদিত ছাগমাংস।˜ .প্রস্থান বি. 1 মৃত্যু; 2 মৃত্যুর উদ্দেশ্যে যাত্রা, মহাযাত্রা।˜ .প্রাণ বিণ. 1 উদারহৃদয়, উদারচেতা; 2 (ব্যাক.) অধিক প্রাণ বা বায়ুর সাহায্যে উচ্চারিত (মহাপ্রাণ ধ্বনি)। □ বি. মহাপ্রাণ বর্ণ বা ধ্বনি, প্রতি বর্গের 2 য় ও 4 র্থ বর্ণ এবং ঢ ও হ।˜ .বন বি. 1 বৃহত্ ও গভীর বন; 2 বৃন্দাবনের বনবিশেষ।˜ .বল বিণ. অতি শক্তিশালী।˜ .বাক্য বি. মহাপুরুষ ঋষি প্রভৃতির বাক্য বা বাণী।˜ .বাহু বিণ. 1 দীর্ঘ ও শক্তিশালী বাহুযুক্ত; 2 মহাবল।˜ .বিদ্যা বি. 1 কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী কমলা-দুর্গার এই দশ মুর্তি বা রূপ; 2 (কৌতুকে) চুরি, চুরিবিদ্যা (চুরিবিদ্যা মহাবিদ্যা যদি না পড়ে ধরা)।˜ .বিদ্যালয় বি. কলেজ।˜ .বিশ্ব বি. আমাদের সৌরজগত্ আরও যে বহু কোটি নক্ষত্র ও বহু ছায়াপথযুক্ত প্রায়সীমাহীন মহাকাশের অংশ; মহাকাশ।˜ .বিষুব বি. সূর্যের মেষরাশিতে সংক্রমণ, চৈত্রসংক্রান্তি, vernal equinox.˜ .বীর বিণ. অত্যন্ত বীর্যবান বা বিক্রমশালী। □ বি. 1 জৈন তীর্থঙ্করবিশেষ; 2 রামায়ণোক্ত হনুমান; 2 গরুড়।˜ .বেগ বি. প্রবল বেগ বা গতি (মহাবেগে ঘূর্ণিত বায়ু)।˜ .বৈদ্য বি. 1 শ্রেষ্ঠ চিকিৎসক; 2 (ব্যাঙ্গে) হাতুড়ে ডাক্তার; 3 (ব্যঙ্গে) যম।˜ .বোধি বি. বুদ্ধদেব।˜ .ব্যাধি বি. 1 কুষ্ঠাদি দুরারোগ্য ব্যাধি; 2 কুষ্ঠরোগ।˜ .ব্যাহৃতি বি. (ওঙ্কারপূর্বক) 'ভূঃ ভুবঃ স্বঃ' এই মন্ত্র।˜ .ব্যোম বি. মহাকাশ; মহাবিশ্ব; নভোমণ্ডল।˜ .ব্রাহ্মণ বি. শ্মশানক্রিয়া-সম্পাদনকারী বা নিকৃষ্ট ব্রাহ্মণ।˜ .ভাগ বি. বিণ. পরম সৌভাগ্যবান; দয়া প্রেম ইত্যাদি সদ্গুণশালী।˜ .ভাব বি. প্রেম ভক্তি প্রভৃতির চরম অবস্থা ('মহাভাবস্বরূপা শ্রীরাধাঠাকুরাণী': চৈ. চ.)।˜ .ভারত বি. 1 বেদব্যাস রচিত কুরুপাণ্ডবের কাহিনি সংবলিত মহাকাব্য; 2 (আল.) অতি বিস্তৃত কাহিনি বা গল্প (মহাভারত ফেঁদে বসা)। মহাভারত অশুদ্ধ হওয়া পবিত্র অনুষ্ঠান বা ভালো কাজ নষ্ট বা দোষযুক্ত হওয়া।˜ .ভূজ বিণ 1 দীর্ঘ ও শক্তিশালী বাহুযুক্ত; 2 অতি শক্তিশালী, মহাবল।˜ .ভৈরব বি. মহাদেবের মূর্তিবিশেষ।˜ .মণ্ডল বি. 1 রাষ্ট্রাধ্যক্ষ;

2 (বাং.) প্রধান মোড়ল ('আমি মহামণ্ডল, আমার আগে তোলা': ক. ক.); 3 (বাং.) অতি বৃহত্ সমবায় বা সংঘ।˜ .মতি,˜ .মনা (-নস্) বিণ. মহানুভব, মহাত্মা।˜ .মহিম, ˜ .মহিমান্বিত বিণ. 1 অতিশয় মহিমাপূর্ণ, সুমহান; 2 ভূস্বামী, উচ্চপদাধিকারী সরকারি কর্মচারী প্রভৃতির নামের পূর্বে প্রযোজ্য সম্মানসূচক বিশেষণ।˜ .মহোপাধ্যায় বি. বিশিষ্ট সংস্কৃতজ্ঞ পণ্ডিতদের সরকার-প্রদত্ত উপাধিবিশেষ।˜ .মাংস বি. নরমাংস।˜ .মাত্য বি. প্রধান অমাত্য বা মন্ত্রী; প্রাচীন ভারতের প্রধান মন্ত্রী বা অমাত্য।˜ .মাত্র বি. 1 প্রধান মন্ত্রী; 2 ধনাঢ্য ব্যক্তি; 3 মাহুত। [সং. মহতী + মাত্রা (মান, চিত্ত)]।˜ .মানব বি. সমগ্র মনুষ্যজাতি ('মহামানবের সাগরতীরে': রবীন্দ্র)।˜ .মানী (-নিন্) বিণ. অতি গৌরবযুক্ত বা মান্য।˜ .মান্য বিণ. অত্যন্ত মাননীয় বা সম্মানের পাত্র।˜ .মায়া বি. 1 অবিদ্যা; 2 প্রকৃতি; 3 দুর্গা, ভগবতী, আদ্যাশক্তি।˜ .মার বিণ. অতি দৌরাত্ম্যকারী ('মোর দেশে পরদল আইল মহামার': বি. গু.)। □ বি. 1 উপদ্রব বা দৌরাত্ম্য; 2 ভীষণ আক্রমণ বা যুদ্ধ; 3 ব্যাপক হত্যাকাণ্ড; 4 মহাবিপদ।˜ .মারী বি. মড়ক, সংক্রামক রোগহেতু ব্যাপক মৃত্যু (কলেরার মহামারী আকার ধারণ)। মহামারী কাণ্ড (আল.) সাংঘাতিক কাণ্ড; প্রচণ্ড হইচই।˜ .মুদ্রা বি. যৌগিক ব্যায়ামবিশেষ।˜ .মুনি বি. 1 শ্রেষ্ঠ মুনি; 2 বুদ্ধদেব।˜ .মূর্খ বিণ. অতি মূর্খ, আকাট মূর্খ।˜ .মূল্য বিণ. অত্যন্ত দামি, অতি মূল্যবান (মহামূল্য রত্ন)।˜ .মোহ বি. বিষয়বাসনরূপ অজ্ঞানতা।˜ .যজ্ঞ বি. বেদপাঠ অগ্নিহোত্র তর্পন অতিথিসেবা এবং জীবগণকে খাদ্যদান-এই পাঁচরকম সৎকর্ম।˜ .যশা বিণ. অতি কীর্তিমান।˜ .যাত্রা বি. মহাপ্রয়াণ, মৃত্যু।˜ .যান বি. বৌদ্ধ সম্প্রদায়বিশেষ; নাগার্জুন নামক বৌদ্ধ শ্রমণ কর্তৃক প্রবর্তিত বৌদ্ধ দর্শন ও তার সমর্থক সম্প্রদায়।˜ .যোগী (-গিন্) বি. শ্রেষ্ঠ যোগী, (মহাযোগী বিশ্বামিত্র)।˜ .রজত বি. স্বর্ণ, সোনা।˜ .রণ বি. 1 বিরাট যুদ্ধ; 2 (আল.) প্রবল বা উত্তেজনাপূর্ণ প্রতিযোগিতা (কাল শুরু হবে মহারণ)।˜ .রণ্য বি. অতি বৃহত্ ও ঘন বন, মহাবন।˜ .রত্ন বি. 1 শ্রেষ্ঠ বা অতি মূল্যবান রত্ন; 2 হীরক পদ্মরাগ

নীলকান্ত মরকত ও মুক্তা-এই পাঁচ রত্ন। ˜ .রথ বি. অসাধারণ যুদ্ধকুশল বীর, শ্রেষ্ঠ বীর, মহাবীর। ˜ .রথী (-থিন্) বি. মহারথ -এর অনুরূপ। ˜ .রস বি. 1 খেজুর; 2 আখ; 3 কেশুর; 4 পারদ; 5 অষ্টধাতু; 6 আমানি বা কাঁজি, পান্তাভাতের জল। ˜ .রাজ বি. 1 বড়ো রাজা, অধিরাজ, সম্রাট; 2 (বাং.) সন্ন্যাসীর আখ্যাবিশেষ। [সং. মহান্ + রাজা]। ˜ .রাজ্ঞী বি. (স্ত্রী.) রাজমহিষী, বড়ো রানি। ˜ .রাজা বি. 1 মহারাজা; 2 ভারতের সামন্ত রাজা বা বড়ো জমিদারকে ব্রিটিশ সরকারের দেওয়া খেতাববিশেষ। ˜ .রানি (বর্জি.) ˜ .রানী) বি. (স্ত্রী.) মহারাজ ও মহারাজা -র স্ত্রীলিঙ্গ। ˜ .রাজাধি-রাজ বি. সম্রাট, রাজচক্রবর্তী, বড়ো রাজা। ˜ .রানা, (বর্জি.) ˜ .রাণা বি রাজস্থানের বিশেষত উদয়পুরের শাসক উপাধি। ˜ .রাষ্ট্র বি. বর্তমান ভারতের অঙ্গরাজ্যবিশেষ; মারাঠা প্রদেশ। ˜ .রাষ্ট্রী বি. 1 মহারাষ্ট্রের ভাষা; 2 প্রাকৃত ভাষাবিশেষ; 3 মহারাষ্ট্রের অধিবাসী, মারাঠি। ˜ .রাষ্ট্রীয় বিণ. 1 মহারাষ্ট্র-সংক্রান্ত; 3 মহারাষ্ট্রে জাত বা উৎপন্ন। ˜ .রুদ্র বি. মহাদেব বা শিবের প্রলয়মূর্তি। ˜ .রোগ বি. যক্ষা কুষ্ঠাদি দুরারোগ্য ব্যাধি। ˜ .রৌরব বি. মহাপাপীদের শাস্তির জন্য নির্দিষ্ট নরকের সর্বাধিক যন্ত্রনাময় অংশ। ˜ .র্ঘ, ˜ .র্হ বিণ. অত্যন্ত দামি, দুর্মূল্য। বি. মহার্ঘতা। মহার্ঘ ভাতা বি. দূর্মূল্যভাতা dearness alloweance ˜ র্ণব বি. মহাসাগর। ˜ লয়া বি. হিন্দুদের পিতৃতর্পণের জন্য নির্দিষ্ট শারদীয় দুর্গাপূজার অব্যবহিত পূর্ববতী অমাবস্যাতিথি। ˜ .শক্তি বি. আদ্যাশক্তি, দুর্গাদেবী। □ বিণ. অতি পরাক্রান্ত। ˜ .শঙ্খ বি. 1 মড়ার মাথার খুলি; 2 মানুষের হাড়; 3 বৃহত্ শঙ্খ। বিণ. বি. দশ লক্ষ কোটি সংখ্যা। ˜ শয় বিণ. উদারচেতা, মহান (তিনি অতি মহাশয় ব্যক্তি)। □ বি শ্রদ্ধা সম্ভ্রম বা ভদ্রতাসূচক সম্বোধনবিশেষ। স্ত্রী. মহাশয়া। ˜ .শূন্য বি. 1 অনন্ত আকাশ বা নভস্তল; 2 (বিজ্ঞা.) সৌর আকাশের বহির্ভূত বহুকোটি নক্ষত্রযুক্ত আকাশ। ˜ .শ্বেতা বি. সরস্বতীদেবী। ˜ .শ্মশান বি. 1 লোকালয় থেকে দূরে অবস্থিত বিশাল শ্মশান; 2 বারাণসী, কাশী। ˜ .ষ্টমী বি. শারদীয় দুর্গোৎসবের অষ্টমী তিথি। ˜ .সংকট বি. ঘোর বিপদ। ˜ .সত্ত্ব বি. অতিকার জীব।

□বিণ. 1 মহাবলশালী; 2 সদাশয়, উদারচেতা। ̃ .সভা বি. 1 বিরাট বা ব্যাপক সভা অথবা সংঘ; 2 রাষ্ট্রের ব্যবস্থাপক সভা। ̃ .সমারোহ বি. বিরাট বা ব্যাপক জাঁকজমক ও আড়ম্বর (মহাসমারোহ দিনটি উদ্যাপিত হল)। ̃ .সমুদ্র, ̃ .সাগর, ̃ .সিন্ধু বি. পৃথিবীর জলভাগ প্রধান বিভাগ, বৃহত্ সমুদ্র। ̃ .সুখ বি. 1 পরম ও গভীর সুখ; 2 দুর্ভাবনা ও দুশ্চিন্তাহীন শান্তি (তোমরা মহাসুখে আছ, আমার কষ্ট বুঝতে না)। ̃ স্থবির বি. 1 প্রবীণ ও সংঘমধ্যে সর্ববন্দিত বৌদ্ধ সন্নাসীবিশেষ; 2 অতি প্রবীণ অভিজ্ঞ ও শ্রদ্ধেয় ব্যক্তি।

মহাকাশ (p. 688) [mahākāśa] বি. পৃথিবীর চতুষ্পার্শ্বস্থ আকাশ ছড়িয়ে বিদ্যমান আকাশ; সৌর আকাশের বহির্ভূত বহুকোটি নক্ষত্র ও ছায়াপথ-যুক্ত অনন্ত আকাশ। [সং মহত্ + আকাশ]। ̃ .চারী (-রিন্) বি. বিণ. রকেট দ্বারা মহাকাশে নিক্ষিপ্ত যানে বিচরণকারী মানুষ, astronaut ̃ .বিজ্ঞান বি. মহাকাশসম্বন্ধীয় গবেষণা যে-বিজ্ঞানের বিষয়, space science ̃ .যান বি. মহাকাশচারী যে-যানে মহাশূন্যে পাড়ি দেয়, spacecraft

মহা-খাপ্পা (p. 688) [mahā-khāppā] বিণ. কথ্য অতি ক্রুদ্ধ, খুব রেগে গেছে এমন (কথাটা শোনামাত্রই সে একেবারে মহাখাপ্পা)। [বাং. মহা (< সং মহত্) + খাপ্পা]।

মহান (p. 688) [mahāna] বিণ. 1 উন্নতমনা, মহৎপ্রাণ (মহান ব্যক্তি); 2 উন্নত, উচ্চ (মহান আদর্শ)। [সং. মহত্]।

মহা-ফেজ (p. 688) [mahā-phēja] বি. সরকারী দলিলপত্রের রক্ষক, record-keeper [ফা. মুহাফিজ্]।˜ .খানা বি. দলিলপত্র সংরক্ষিত করে রাখার সরকারি বিভাগ বা কক্ষ, archives

মহাভাগ (p. 688) [mahābhāga] দ্র. মহা2।

মহার্ঘ মহার্ঘ ভাতা (p. 688) [mahārgha mahārgha bhātā] দ্র মহা2।

মহাল (p. 688) [mahāla] বি. জমিদারির অংশ বা বিভাগ, তালুক।[আ. মহা'ল্]।

মহি (p. 688) [mahi] দ্র মহী।

মহিম-ময়, (p. 688) [mahima-maẏa,] (বাং.) মহিমা-ময় বিণ. মহিমাপূর্ণ, মহিমান্বিত, মহিমাযুক্ত (মহিমাময় রাজা)। [সং. মহিমন্ + ময়]। স্ত্রী. মহিম-ময়ী

মহিমা (p. 688) [mahimā] (-মন্) বি. 1 মাহাত্ম্য, মহত্ত্ব, গৌরব (দেবতার মহিমা); 2 যোগলব্ধ অষ্ট ঐশ্বর্যের অন্যতম; 3 শিবের বিভূতিবিশেষ। [সং. মহত্ + ইমন্]।˜ .কীর্তন বি. মাহাত্ম্য বর্ণনা।˜ ন্বিত বিণ. মাহাত্ম্যযুক্ত (মহিমান্বিত চরিত্র)। স্ত্রী. মহিমান্বিতা।˜ .ব্যঞ্জক বিণ. মহিমা প্রকাশক, মহিমাসূচক।˜ .র্ণব বি. সমুদ্রবত্ অসীম মহিমাপূর্ণ ব্যক্তি।

মহিলা (p. 692) [mahilā] বি. 1 নারী, নারীজাতি; 2 (বাং.) ভদ্র বা সম্ভ্রান্ত নারী। [সং. √ মহ্ (=পূজা) + ইল +আ]।

মহিষ (p. 692) [mahiṣa] বি. 1 গবাদিজাতীয় কৃষ্ণবর্ণ পশুবিশেষ, মোষ; 2 মহিষাসুর। [সং. √ মহ্ + ইষ]।˜ .ধ্বজ,˜ .বাহন বি. যম।˜ .মর্দিনী বি. (স্ত্রী.) মহিষাসুরের নিধনকারিণী দূর্গাদেবী। মহিষাসুর বি. মহিষরূপী পৌরাণিক অসুরবিশেষ।

মহিষী (p. 692) [mahiṣī] বি. স্ত্রী 1 প্রধান রাণী, রাজপত্নী হিসাবে অভিষিক্তা রাণী; 2 স্ত্রী-মহিষ [সং. √ মহ্ + ইষ + ঈ]।

মহী, মহি (p. 692) [mahī, mahi] বি. পৃথিবী ('তোমারি তুলনা তুমি প্রাণ, এ মহীমণ্ডলে': রামনিধি গুপ্ত)। [সং. √ মহ্ + ই + ঈ]।˜ .তল বি ভূতল, ভূপৃষ্ঠ।˜ .ধর,˜ ধ্র বি পর্বত।˜ .নাথ,˜ .ন্দ্র,˜ প,˜ .পতি,˜ .পাল,˜ .শ বি. নৃপতি, রাজা।˜ .মণ্ডল বি. পৃথিবী, সমগ্র পৃথিবী।˜ .রুহ বি. বৃক্ষ, গাছ।˜ .লতা বি. কেঁচো।˜ .সুত বি. 1 মঙ্গলগ্রহ; 2 নরকাসুর।˜ .সুতা বি. সীতা।

মহীয়ান (p. 692) [mahīẏāna] (-য়স্) বিণ. 1 মহত্তর; 2 সুমহান (মহীয়ান আদর্শ)। [সং. মহত্ + ঈয়স্]। স্ত্রী. মহীয়সী (মহীয়সী নারী)।

মহুয়া (p. 692) [mahuẏā] বি. 1 বৃক্ষবিশেষ, মউল গাছ; 2 মউল ফুল, যার রস দিয়ে মাদক প্রস্তুত হয়; 3 মহুয়া ফুলের রসে প্রস্তুত মদ [সং. মধুক]।

মহেন্দ্র (p. 692) [mahēndra] বি. 1 দেবরাজ ইন্দ্র; 2 (ভারতের দক্ষিণপূর্ব উপকূলে অবস্থিত) পৌরাণিক পর্বতবিশেষ। [সং. মহত্ + ইন্দ্র]। স্ত্রী. মহেন্দ্রাণী বি. ইন্দ্রপত্নী শচীদেবী।˜ .নগরী,˜ .পূরী,˜ .ভবন বি. অমরাবতী, ইন্দ্রপুরী।

মহেশ, মহেশান, মহেশ্বর (p. 692) [mahēśa, mahēśāna, mahēśbara] বি. শিব মহাদেব। [সং. মহত্+ ঈশ, ঈশান, ঈশ্বর]। মহেশী মহেশানী, মহেশ্বরী বি. (স্ত্রী.) দুর্গাদেবী।˜ .পুরী বি কৈলাসধাম।

মহেষ্বাস (p. 692) [mahēṣbāsa] বি. মহাধনুর্ধর। [সং. মহত্ + ইষ্বাস (=ধনুক)]।

মহোত্-সব (p. 692) [mahōt-saba] বি. 1 আনন্দ উপভোগের বিরাট অনুষ্ঠান; 2 বৈষ্ণবদের সংকীর্তন ও ভোজের উৎসব, মচ্ছব [সং. মহত্+ উৎসব]।

মহোত্-সাহ (p. 692) [mahōt-sāha] বি. প্রবল উদ্যম (মহোৎসাহে কাজে নেমে পড়া) [সং. মহত্ + উৎসাহ]।

মহোদধি (p. 692) [mahōdadhi] বি. মহাসাগর [সং. মহত্ + উদধি]।

মহোদয় (p. 692) [mahōdaẏa] বিণ. 1 সদাশয়, মহানুভব; 2 অতি সমৃদ্ধ, অত্যুন্নত; 3 মহাশয়। [সং. মহত্ + উদয় (=উন্নতি)]। স্ত্রী. মহোদয়া।

মহোপ-কার (p. 692) [mahōpa-kāra] বি. পরম বা বিরাট উপকার। [সং. মহত্ + উপকার]। মহোপ-কারী (-রিন্) বিণ. পরম উপকারী, অতি উপকারী।

মহোপাধ্যায় (p. 692) [mahōpādhyāẏa] বি. 1 (সংস্কৃত) পণ্ডিতের উপাধিবিশেষ; 2 (আল.) বড়ো পণ্ডিত। [সং. মহত্ + উপাধ্যায়]।

মহোল্লাস (p. 692) [mahōllāsa] বি. অতিশয় আনন্দ, মহানন্দ ('মহা মহোল্লাসে জাগাইলে চরাচরা': রবীন্দ্র) [সং. মহত্ + উল্লাস]।

মহৌষধ (p. 692) [mahauṣadha] বি. 1 অব্যর্থ বা অত্যুৎকৃষ্ট ওষুধ; 2 রশুন। [সং. মহত্ + ঔষধ]।

মহৌষধি (p. 692) [mahauṣadhi] বি. 1 রাত্রিকালে দীপ্তিশীল তৃণলতাদি; 2 দূর্বা; 3 উত্তম ভেষজগুণসম্পন্ন ফলপাকান্ত উদ্ভিদ। [সং. মহতী+ঔষধি]।

মা1 (p. 692) [mā1] বি. (সংগীতে) স্বরগ্রামের চতুর্থ বা মধ্যম সুর।[সং. মধ্যম-এর সংক্ষিপ্ত রূপ]।

মা2 (p. 692) [mā2] বি. 1 মাতা, জননী, জন্মদাত্রী; 2 মাতৃস্থানীয়া নারী এবং কন্যা বা কন্যাস্থানীয়া নারীকে সম্বোধন। □ অব্য. (বাং.) ভয়-বিস্ময়-যন্ত্রণাদি প্রকাশক (মা গো, ও মা)। [প্রাকৃ মাআ < সং মাতা]। মায়ের জাত বি. নারীজাতি। মায়ের দয়া বি. 1 মাতা বা মাতৃরূপা স্বর্গের দেবীর দয়া; 2 (দেবী শীতলা এই রোগের অধিদেবতা বলে) বসন্তরোগ।

মাই (p. 692) [māi] বি. (কথ্য ও গা.) 1 মাতৃস্তন্য, মায়ের বুকের দুধ; 2 স্তন, নারীবক্ষ, পয়োধর। [প্রাকৃ. মাই]। ˜ .পোষ বি. শিশুদের দুধে ইত্যাদি খাওয়াবার জন্য চুষিযুক্ত বোতলবিশেষ।

মাইক (p. 692) [māika] বি. ধ্বনি-বিবর্ধক যন্ত্রবিশেষ। [ইং. microphone]।

মাইক্রো-স্কোপ (p. 692) [māikrō-skōpa] বি. যে যন্ত্রে ক্ষুদ্রাতিক্ষুদ্র পদার্থকে বড়ো দেখায়, অণুবীক্ষণ। [ইং. microscope]।

মাইন (p. 692) [māina] বি. শত্রুর জাহাজ ইত্যাদি উড়িয়ে দেওয়ার উদ্দেশ্যে সমুদ্রের তলায় পেতে-রাখা বিস্ফোরক দ্রব্যবিশেষ (মাইন পাতা)। [ইং. mine]।

মাইনর (p. 692) [māinara] বিণ. 1 অপ্রধান, গৌণ; 2 (বর্ত. অপ্র.) নিম্নস্তরের শিক্ষাসম্বন্ধীয় (মাইনর ক্লাসে পড়ত)। □ বি. নাবালক। [ইং. minor]।

মাইনা, মাইনে (p. 692) [māinā, māinē] বি. বেতন, মাহিনা, মাস-মাইনে। [মাহিনা দ্র]।

মাইনা-দার, মাইন-দার (p. 692) [māinā-dāra, māina-dāra] বি. (আঞ্চ.) বেতনভুক শ্রমিক বা ভৃত্য। [ফা. মাহিয়ানা + দার]। মাইনা-দারি, মাইনা-দারি বি. ভৃত্যের মতো আদেশ-পালন।

মাইপোষ (p. 692) [māipōṣa] দ্র মাই।

মাই-ফেল (p. 692) [māi-phēla] বি. নাচগানের আসর বা মজলিশ। [আ. মহফিল]।

মাইয়া (p. 692) [māiẏā] (আঞ্চ.) বি. 1 মেয়ে, কন্যা; 2 নারী (মাইয়া মানুষ, মাইয়া-লোক)। [সং. মাতৃকা]।

মাইরি (p. 692) [māiri] বি. শপথ বা দিব্যি-সূচক উক্তিবিশেষ (মাইরি বলছি, একাজ আমি করিনি)। [পো. Maria তু. ইং. Mary]।

মাইল (p. 692) [māila] বি. দূরত্বের পরিমাপবিশেষ, প্রায় আধক্রোশ1 মাইল= 176 গজ =1.69 কিলোমিটার। [ইং. mile]।˜ .স্টোন বি. পথের পাশে কোনো নির্দিষ্ট স্থান থেকে মাইলের সংখ্যা লেখা বা খোদাই-করা পাথরের ফলক।

মাউই, মাউমা-মা, মাঐ-মা (p. 692) [māui, māumā-mā, māai-mā] বি. (আঞ্চ.) ভ্রাতা বা ভগিনীর শাশুড়ি। [< সং. মাতৃকা]।

মাউস (p. 692) [māusa] বি. কম্পিউটারকে নিয়ন্ত্রিত করার জন্য হাতে-ধরে চালাতে হয় এমন ইঁদুরের মতো দেখতে যন্ত্রবিশেষ। [ইং. mouse]।

মাও-বাদ (p. 692) [māō-bāda] বি. চীনের প্রাক্তন বিপ্লবী ও রাজনীতিবিদ মাও জো-দঙের রাজনীতিক মতাদর্শ ও ঈষত্ পরিবর্তিত মার্কসবাদ। [চৈ. মাও + সং. বাদ]।

মাওরা, মাওড়া (p. 692) [māōrā, māōḍ়ā] বিণ. আঞ্চ মা-হারা, মা-মরা (মাওরা ছেলে)। [বাং. মা-হারা]।

মাংস (p. 692) [māṃsa] বি. 1 জীবদেহের হাড় ও চামড়ার মধ্যবর্তী কোমল অংশবিশেষ; 2 মানুষের ভোজ্য মানুষ্যেতর প্রাণীর আমিষ বা পলল। [সং. √ মন্ + স]।˜ পেশি,˜ .পেশী বি. জীবদেহের সঞ্চালনক্রিয়াসাধক মাংসপিণ্ড।˜ .ভোজী (-জিন্), মাংসাদ মাংসাশী (-শিন্) বিণ. মাংস খায় এমন।˜ .ল বিণ. মাংসবহুল (মাংসল শরীর)। মাংসিক বিণ. বি. মাংস ব্যবসায়ী, কসাই।

মাকড়, মাকড়া (p. 692) [mākaḍ়, mākaḍ়ā] বি. বাঁদর। □ বিণ. বাঁদরের তুল্য। [< সং. মর্কট]।

মাকড়সা, মাকসা (p. 692) [mākaḍ়sā, mākasā] বি. (সচ. পতঙ্গের) দেহরস শোষণকারী এবং অত্যন্ত সূক্ষ্ম জাল রচনাকারী অষ্টপদী কীটবিশেষ, ঊর্ণনাভ। [সং. মর্কট]। মাকড়সার জাল কীটপতঙ্গাদি ধরার জন্য মাকড়সা স্বীয় দেহঃনিসৃত লালায় যে সূক্ষ্ম জাল রচনা করে, লূতাতন্তূ।

মাকড়া (p. 692) [mākaḍ়ā] দ্র মাকড়।

মাকড়ি (p. 692) [mākaḍ়i] বি. কানের গহনাবিশেষ, কানের ছোটো রিং। [দেশি]।

মাকনা (p. 692) [mākanā] বি. গজদন্ত ওঠেনি এমন হস্তিশিশু। [> সং. মৎকুণ]।

মাকাল (p. 692) [mākāla] বি. 1 লতা জাতীয় উদ্ভিদ; 2 বাইরে সুদৃশ্য অথচ ভিতরে দুর্গন্ধ ও অখাদ্য শাঁসযুক্ত ফলবিশেষ, রাখালশশা; (আল.) সুদর্শন অথচ গুণহীন ব্যক্তি। [সং. মহাকাল]।

মাকু (p. 692) [māku] বি. তাঁত-বোনার কাজে ব্যবহৃত যন্ত্রবিশেষ, তাঁতের কাপড়ের পড়েনের অর্থাত্ আড়ের দিকের সুতো বোনার কাজে ব্যবহৃত যন্ত্রবিশেষ। [ফা. মাকু-তু. অস. মাকো]।

মাকুন্দ (p. 692) [mākunda] বিণ. বয়ঃপ্রাপ্তি সত্ত্বেও গোঁফ-দাড়ি ওঠে না এমন। □ বি দাড়ি-গোঁফ গজায় না এমন পুরুষ। [সং. মৎকুণ]।

মাক্ষিক (p. 692) [mākṣika] বিণ. মক্ষিকা-সংক্রান্ত। □ বি. 1 মধু; 2 খনিজ উপধাতুবিষয়ক, pyrite [সং. মক্ষিকা + অ]।

মাখন (p. 692) [mākhana] (আঞ্চ. গ্রা) মাখম বি. দুগ্ধজাত স্নেহপদার্থবিশেষ, নবনী, নবনীত, ননি। [সং. ম্রক্ষণ > প্রাকৃ. মক্খণ]।

মাখা (p. 692) [mākhā] ক্রি. বি. 1 লেপন করা (গায়ে তেল মাখা); 2 মর্দন করা, চটকানো (ময়দা মাখা)। □ বিণ. উক্ত উভয় অর্থে । [সং. √ ম্রক্ষ্ + বাং. আ]। ˜ .নো ক্রি বি. 1 লেপন করানো (চাকরকে দিয়ে তেল মাখানো); 3 মর্দন করানো (পাচককে দিয়ে ময়দা মাখানো)। □বিণ. উক্ত সব অর্থে। ˜ .মাখি বি. 1 পরস্পর লেপন; 2 অত্যাধিক লেপন বা মর্দন; 3 অন্তরঙ্গতা বা ঘনিষ্টতা; 4 (অনভিপ্রেত) মেলামেশা বা অন্তরঙ্গতা।

মাগ (p. 692) [māga] বি. (গ্রা. অশা.) পত্নী, স্ত্রী (মাগ-ভাতার)। [< পা. মাতুগাম]।

মাগ্গি (p. 692) [māggi] বি. দুর্মূল্য। □ বিণ. আক্রা (জিনিসপত্র মাগ্গি হয়েছে)। [< সং. মহার্ঘ]।˜ .ভাতা বি. জিনিসপত্রের মূল্যবৃদ্ধির জন্য কর্মচারীদের প্রদত্ত অতিরিক্ত ভাতা, dearness allowances, মহার্ঘ ভাতা। মাগ্গি গণ্ডার দিন দূর্মূল্যের দিন বা সময়।

মাগধ (p. 692) [māgadha] বিণ. মগধদেশীয়। □বি স্তুতিপাঠক, বন্দনাগায়ক। [সং. মগধ + অ]। মাগধি বি. প্রাচীন ভারতের মৌখিক ভাষাবিশেষ- এই ভাষা প্রাচ্য হিন্দি ও বাংলার মূলস্থানীয় প্রাকৃতবিশেষ। □ বিণ. (স্ত্রী.) 1 মগধদেশীয়া; 2 স্তুতিগায়িকা। অর্ধ-মাগধি বি. প্রধানত জৈন ধর্মগ্রন্থে ব্যবহৃত প্রাকৃত-ভাষাবিশেষ যা মাগধী প্রাকৃত ও মহারাষ্ট্রী প্রাকৃত ভাষার মিশ্রণে জাত।

মাগন (p. 692) [māgana] বি. যাঞ্চা বা ভিক্ষা; প্রার্থনা বা প্রার্থনা করা ('রাজা যান মাগনে': খনা)। [বাং. মাগন + অন]।

মাগনা (p. 692) [māganā] বিণ. 1 বিনামূল্য প্রাপ্ত, অমনি-অমনি পাওয়া গেছে এমন (এত জিনিস কে আমাকে মাগনা দেবে ?); 2 ভিক্ষালব্ধ। [বাং. মাগন + আ]।

মাগা (p. 692) [māgā] ক্রি. 1 যাচ্‌ঞা করা, প্রার্থনা করা ('তোমার কাছে এ বর মাগি': রবীন্দ্র); 2 ভিক্ষা করা (মেগে খাওয়া); 3 চাওয়া ('ভিক্ষা মাগি দ্বারে

দ্বার': রবীন্দ্র)। □ বি. বিণ উক্ত অর্থে। [বাং. √ মাগ্ (< সং √ মার্গ্) + আ]। ̃ .নো ক্রি. 1 ভিক্ষা করানো বা চাওয়ানো; 2 আনানো। □বি. উক্ত অর্থে।

মাগি (p. 692) [māgi] বি. (অশি. অবজ্ঞায়) 1 প্রাপ্তবয়স্কা নারী (ওই মাগিটা আমার এখানে এসেছে কেন?); 2 বেশ্যা। [বাং. মাগ + ই]। ̃ .বাড়ি বি. বেশ্যালয়।

মাগুর (p. 692) [māgura] বি. শিঙ্গীজাতীয় জিওলমাছবিশেষ। [সং. মদ্গুর]।

মাঘ (p. 692) [māgha] বি. 1 বাংলা সনের দশম মাস; 2 সংস্কৃত কবিবিশেষ। [সং. মাঘী (মঘা + ঈ) + অ]। মাঘী বি. মঘানক্ষত্রযুক্ত পূর্ণিমা। □ বিণ. মাঘ মাসের (মাঘী পূর্ণিমা)।

মাঘোত্-সব (p. 692) [māghōt-saba] বি. মাঘমাসে অনুষ্ঠিত ব্রাহ্মণ ধর্মাবলম্বীদের উৎসববিশেষ [সং. মাঘ + উৎসব]।

মাঙ্গলিক, মাঙ্গল্য (p. 692) [māṅgalika, māṅgalya] বি. 1 গোরোচনা চন্দন ইত্যাদি শুভদায়ক বস্তু (মাঙ্গল্য-রচনা); 2 মঙ্গল। □ বিণ শুভপ্রদ, মঙ্গলকারক। [সং. মঙ্গল + ইক, য]।

মাঙ্গা (p. 692) [māṅgā] বিণ. দুর্মূল্য। □ ক্রি. মাগা, চাওয়া; প্রার্থনা করা। [তু. হি. মাংগনা।

মাচা, মাচান (p. 692) [mācā, mācāna] বি. 1 বাঁশ ইত্যাদির তৈরী উঁচু বেদী বা মঞ্চ; 2 শিকারের জন্য তৈরী ভারাবিশেষ। [< সং. মঞ্চ]।

মাছ (p. 692) [mācha] বি. জলে বিচরণকারী এবং জলে সাঁতার কাটার উপযোগী পাখনাযুক্ত শীতল রক্তের মেরুদণ্ডী প্রাণী, মৎস্য। [পা. মচ্ছ < সং. মৎস্য]।˜ .ভাজা বি. খাওয়ার জন্য তেল ইত্যাদি শুকনো করে রাঁধা মাছ।˜ .রাঙা বি. মৎস্যভুক পাখিবিশেষ, মৎস্যরঙ্গ। মাছুয়া, মেছুয়া, মেছো বিণ. 1 মাছের, মাছসংক্রান্ত (মেছুয়া বাজার); 2 মৎস্যভুক, মাছ খায় এমন। □ বি. মৎস্যজীবী জেলে। স্ত্রী. মেছুনি।

মাছি (p. 692) [māchi] বি. 1 ভনভন শব্দে ওড়ে এমন দুই ডানাযুক্ত ক্ষুদ্র পতঙ্গবিশেষ, মক্ষিকা; 2 নিশানার কাজে সাহায্য করার জন্য বন্দুকের সঙ্গে সংলগ্ন চিহ্নবিশেষ। [প্রাকৃ. মচ্ছিআ < সং. মক্ষিকা]।˜ .মারা বিণ. (আল.) ভালোমন্দ শুদ্ধাশুদ্ধ বিচার না করে অন্ধের মতো নকল করে এমন (মাছিমারা কেরানি)।

মাজ, মাইজ (p. 692) [māja, māija] বি. বৃক্ষকাণ্ডের মাঝের অংশ বা সারভাগ। [< সং. মজ্জা]।

মাজন (p. 692) [mājana] বি. ঘসে ঘসে পরিষ্কার করা (ঘরদোর ঝাড়ন মাজন); 2 প্রধানত দাঁত মাজার জন্য ব্যবহৃত গুঁড়ো। [বাং. √ মাজা 2 + অন]।

মাজা1 (p. 692) [mājā1] বি. কোমর, কটি দেহের মধ্যভাগ, পিঠ ও নিতম্বের মধ্যবর্তী ভাগ। [প্রাকৃ. মজ্ঝ]।

মাজা2 (p. 692) [mājā2] ক্রি. বি. মার্জিত করা, উজ্জ্বল করা, ঘসে পরিষ্কার করা (বাসন মাজা, দাঁত মাজা)। □ বিণ উক্ত অর্থে। [সং. √ মার্জ্ + বাং. আ]।

□ ঘসা বি. ভালভাবে পরিষ্কার বা পরিপাটি করা। □ বিণ পরিষ্কৃত ও পরিমার্জিত। ˜ .নো ক্রি. বি. ঘসে পরিষ্কার করানো।

মাজু-ফল (p. 692) [māju-phala] বি. 1 বড়ো বড়ো গাছে কীটবিশেষের তৈরী ফলের মতো বাসাবিশেষ; 2 ওষুধ এবং কেশরঞ্জনীরূপে ব্যবহৃত উক্ত বাসা। [হি. মাজু < ফা. মাজ + বাং. ফল]।

মাজুর (p. 692) [mājura] বিণ. 1 দুর্বল, অক্ষম 2 অসহায়। [আ. মাজুর]।

মাঝ (p. 692) [mājha] বি. 1 মধ্যস্থল (মাঝের ঘর, মাঝের দিনগুলো); 2 অত্যন্তর, ভিতর (বনের মাঝে)। □ বিণ. মধ্য (মাঝপথ)। [প্রাকৃ. মজ্ঝ]। ˜ .খান বি. মধ্যস্থান, মধ্যভাগ, মাঝের জায়গা (মাঝখানটা ফাঁকা রয়েছে)। ˜ .বয়স বি. মধ্যবয়স, মাঝামাঝি বয়স, প্রৌঢ় বয়স। ˜ .বয়সি বিণ. প্রৌঢ়, মাঝামাঝি বয়সের (মাঝবয়সি ভদ্রলোক)। ˜ .রাত বি গভীর রাত, মধ্যরাত। ˜ .রাস্তা বি. অর্ধেক পথ। মাঝা-মাঝি বিণ. 1 মধ্যবর্তী (মাঝামাঝি জায়গা); 2 দুই বিপরীত দিকে প্রায় সমান, দুই প্রান্ত থেকে সমান দূরে রয়েছে এমন; 3 মোটামুটি (ছেলেটার পরীক্ষা মাঝামাঝি রকমের হয়েছে)। □ক্রি বিণ. মধ্যভাগে (চৈত্রের মাঝামাঝি একবার এসো)। মাঝে ক্রি-বিণ. 1 মাঝখানে, মধ্যস্থানে (আমি মাঝে বসব); 2 কিছুদিন আগে, ইতিমধ্যে (মাঝে সে একদিন এসেছিল)। মাঝে মাঝে ক্রি-বিণ. কিছুদিন বা কিছুকাল অন্তর অন্তর (সে মাঝে মাঝে আসে)।

মাঝার (p. 692) [mājhāra] বি. (কাব্যে) মধ্যে, ভিতর (হিয়ার মাঝারে)। [বাং মাঝ + আর (স্বার্থে)]।

মাঝারি (p. 692) [mājhāri] বিণ. মধ্যম আকারের প্রকারের বা অবস্থার (মাঝারি মাপের সুটকেস)। [বাং. মাঝ + আরি]।

মাঝি (p. 692) [mājhi] বি. 1 নৌকাচালক, কর্ণধার; 2 সাঁওতাল-পল্লির প্রধান পুরুষ; 3 (সম্বোধনে) জেলে। [তু. মাঝ]। ˜ .গিরি বি. মাঝির কাজ; নৌকা চালানো। ˜ .মাল্লা বি. মাঝি ও তার সহোযোগীবৃন্দ। স্ত্রী. মাঝিয়ান, মেঝেন।

মাঝিয়ান (p. 692) [mājhiẏāna] দ্র মাঝি।

মাঝে (p. 692) [mājhē] দ্র মাঝ।

মাঞ্জা (p. 692) [māñjā] বি. সুতো মজবুত ও ধারালো করার জন্য কাচের চূর্ণ ইত্যাদি দিয়ে প্রস্তুত আঠা (ঘুড়ির মাঞ্জা) [< সং. √ মঞ্জ্ + বাং. আ]।

মাট (p. 692) [māṭa] বিণ. 1 মাটির মধ্যে উৎপন্ন (মাটকলাই); 2 মাটির তৈরি (মাট কোঠা)। [< বাং. মাটি.]। ˜ .কলাই বি. চীনাবাদাম। ˜ .কোঠা বি. মাটির তৈরী দুই বা ততোধিক তলবিশিষ্ট বাড়ি।

মাটা-পালাম (p. 692) [māṭā-pālāma] বি. (প্রধানত মছলিপত্তমে প্রস্তুত) মোটা থানকাপড়বিশেষ। [তেলু. মাটপোল্লাম]।

মাটাম (p. 692) [māṭāma] বি. সমকোণ কি না তা স্হির করার জন্য ছুতোরের যন্ত্রবিশেষ। □ বিণ সমকোণে বিন্যস্ত, মাটামসই। [তু. ও মটাম]। ˜ .সই বিণ. সমকোণে বিন্যস্ত।

মাটি (p. 692) [māṭi] বি. 1 ভূপৃষ্ঠের উপরিতলের যেখানে উদ্ভিদ জন্মে, মৃত্তিকা (মাটির পুতুল); 2 ভূতল (মাটিতে বসা); 3 ভূসম্পত্তি (লাঠি যার মাটি তার); 4 স্থির থাকার বা ভর দেবার উপায় (পায়ের তলায় মাটি না থাকা)। □বিণ. পণ্ড, নষ্ট (প্যানটা মাটি হয়ে গেল)। [প্রাকৃ. মট্টিআ < সং. মৃত্তিকা]। □ বিণ. মেটে। মাটি করা ক্রি. বি. নষ্ট বা পণ্ড করা (সব আয়োজন মাটি করে দিল)। মাটি কামড়ে পড়ে থাকা ক্রি বি. 1 যথাশক্তি নিশ্চল হয়ে মাটিতে শুয়ে থাকা; 2 (আল.) নাছোড়বান্দা হয়ে স্বস্থানে অটল থাকা। মাটি খাওয়া ক্রি. বি. যার জন্য পরে অনুতাপ করতে হয় এমন কাজ করা। মাটি তোলা ক্রি বি. 1 মাটি খুঁড়ে উঠানো; 2 পঙ্কোদ্ধার করা। মাটি দেওয়া ক্রি. বি. কবর দেওয়া, সমাধিস্থ করা। মাটি মাড়ানো ক্রি. বি. পদার্পন করা (আপনি বহুদিন এদিককার মাটি মাড়াননি)। মাটি হওয়া ক্রি. বি. পণ্ড বা নষ্ট হওয়া। মাটির দর অতি সস্তা। মাটির মানুষ অতি শান্ত লোক।

মাটো (p. 692) [māṭō] বিণ. 1 অনুজ্জ্বল, চাপা (মাটো রঙ্গের কাপড়, গায়ের রংটা মাটো মাটো); 2 ভোঁতা, বুদ্ধিহীন।[দেশি.]।

মাঠ (p. 692) [māṭha] বি. 1 প্রান্তর, ময়দান বিস্তীর্ণ খোলা জায়গা ('মাঠের পরে মাঠ': রবীন্দ্র); 2 খেলাধুলোর জন্য উন্মুক্ত ক্ষেত্র (মাঠে খেলতে গেছে); 3 কৃষিক্ষেত্র (চাষের কাজে মাঠে গেছে); 4 পশুচারণ-ভূমি ('রাখাল গোরুর পাল লয়ে যায় মাঠে': তর্কা.)। [দেশি]।˜ .ঘাট বি. নানা জায়গা, সমস্ত স্থান (সারাদিন মাঠেঘাটে ঘুরে বেড়ায়)। মাঠে মারা যাওয়া ক্রি. বি. সম্পূর্ণ ব্যর্থ বা পণ্ড হওয়া। মাঠ সারা ক্রি. মাঠে মলত্যাগ করা।

মাঠা (p. 692) [māṭhā] বি. 1 ননি, মাখন; 2 ঘোল। [< সং. মৃষ্ট]।

মাড় (p. 692) [māḍ়] বি. 1 ফেন, ভাতের ফেন (কাচা কাপড়ে মাড় দেওয়া); 2 তণ্ডুলাদির মণ্ড। [সং. মণ্ড]।

মাড়-ওয়ারি, মাড়োয়ারি (p. 692) [māḍ়-ōẏāri, māḍ়ōẏāri] বিণ. মাড়ওয়ার-দেশীয়। □ বি. 1 মাড়ওয়ারের অধিবাসী; 2 মাড়ওয়ারের ভাষা। [মাড়বার + বাং. ই]।

মাড়া (p. 692) [māḍ়ā] ক্রি. বি. মর্দন করা, পেষণ করা। □ বিণ. উক্ত অর্থে। [সং. √ মৃদ্ + বাং আ]। ˜ ই বি. মাড়ানোর কাজ (ধানমাড়াই, আখমাড়াই)। নো ক্রি. বি. 1 মর্দিত বা পিষ্ট করানো; 2 পদদলিত করা (মাড়িয়ে যাওয়া); 3 পদার্পণ করা, আসা বা যাওয়া (এই রাস্তা মাড়ায় না)। □ বিণ. উক্ত অর্থে। ছায়া না মাড়ানো ক্রি. বি. কোনো সম্পর্কই না রাখা (তার ছায়া মাড়ানোও পাপ)।

মাড়ি1 (p. 692) [māḍ়i1] বি. দন্তমূলের মাংসপ্রাচীর, দন্তবেষ্ট, যে মাংসপ্রাচীর দাঁতকে চোয়ালে আটকে রাখে, gum. [সং. মাঢ়ি]।

মাড়ি2 (p. 692) [māḍ়i2] বি. 1 মাড়, ফেন; 2 তাল কাঁঠাল প্রভৃতি ফলের ঘন রস। [বাং. মাড়. + ই]।

মাড়ুয়া (p. 692) [māḍ়uẏā] বি. বাজরাজাতীয় শস্যবিশেষ। [দেশি]।

মাণবক (p. 692) [māṇabaka] বি. 1 অল্পবয়স্ক ব্রাহ্মণ বালক; 2 বামন, ক্ষুদ্রাকৃতি মানুষ। [সং. মনু + অ + ক]।

মাণিক্য (p. 692) [māṇikya] বি. 1 রত্ন (মণিমাণিক্য); 2 চুনি, পদ্মরাগমণি। [সং. মাণিক + য]।

মাণ্ডবী (p. 692) [māṇḍabī] বি. (রামা.) দশরথপুত্র ভারতের পত্নী।

মাত1 (p. 692) [māta1] বিণ. 1 মত্ত; 2 বিভোর, মুগ্ধ (গন্ধে মাত)। [সং. মত্ত]।

মাত2 (p. 692) [māta2] বি. বিপক্ষের পরাজয়, জিত (বাজি মাত করা)। □ বিণ. পরাজিত (তুমি মাত হয়েছ)। [আ. মাত্]।

মাত3 (p. 692) [māta3] বি. 1 অসার বা জলীয় অংশ (গুড়ের মাত); 2 ঝোলা গুড় (মাতগুড়)। [< সং. মস্তু]।

মাতঃ (p. 692) [māthḥ] বি. মাতৃ-শব্দের সম্বোধনের রূপ, ওগো মা ('হে মাতঃ বঙ্গ': রবীন্দ্র)। [সং. মাতৃ শব্দের সম্বোধনের 1 বচনে]।

মাত-গুড় (p. 692) [māta-guḍ়] বি. 1 ঝোলাগুড়; 2 চিটে গুড়। [বাং. মাত3 + গুড়]।

মাতঙ্গ (p. 692) [mātaṅga] বি. হাতি (মত্তমাতঙ্গ)। [সং. মতঙ্গ + অ]। মাতঙ্গী1, (বাং.) মাতঙ্গিনি বি. (স্ত্রী.) হস্তিনী।

মাতঙ্গী2 (p. 692) [mātaṅgī2] বি. দশমহাবিদ্যার অন্যতম মূর্তি। [সং. মাতঙ্গ + ঈ]।

মাতন (p. 692) [mātana] বি. 1 মত্ততা (ঝড়ের মাতন); 2 উৎসাহ-সহকারে প্রবৃত্ত হওয়া; 3 প্রবল উৎসাহ বা উদ্দিপনা; 4 গেঁজে ওঠা। [বাং. √ মাতা2]।

মাতব্বর (p. 692) [mātabbara] বি. বিণ. 1 প্রধান, মুরুব্বি, সর্দার (গ্রামের মাতব্বর); 2 হোমরাচোমরা, গণ্যমান্য (মাতব্বর ধরণের লোক)। [আ. মুঅতবর্]। মাতব্বরি বি. মাতব্বরের পদ বা কাজ; মোড়লি।

মাতরিশ্বা (p. 692) [mātariśbā] (-শ্বন্) বি. বায়ু, বাতাস ('মাতরিশ্বা বেগে': বিষ্ণু.)। [সং. মাতৃ + √ শ্বি + অন]।

মাতল (p. 692) [mātala] বিণ. 1 মাতাল; 2 মাতোয়ারা, বিভোর। [হি. মতবালা]।

মাতলি (p. 692) [mātali] বি. দেবরাজ ইন্দ্রের সারথি। [সং. মতল + ই অপত্যার্থে]।

মাৎসর্য (p. 692) [mātsarya] বি. পরশ্রীকাতরতা, অন্যের ভালো দেখতে না পারা ('মাৎসর্য বিষদশন কামড়ে রে অনুক্ষণ': মধু.)। [সং. মৎসর + য]।

মাৎস্য (p. 692) [mātsya] বিণ. মৎস্য-সম্বন্ধীয়। □ বি. পুরাণবিশেষ। [সং. মৎস্য + অ]। ̃ ন্যায় দ্র মৎস্য।

মাতা (p. 692) [mātā] বি. 1 মা, জননী; 2 গর্ভধারিণী ধাত্রী গুরুপত্নী ব্রাহ্মণী রাজপত্মী পৃথিবী ও গাভি-শাস্ত্রোক্ত এই সপ্তমাতা; 3 মাতৃস্থানীয়া বা কন্যাস্থানীয়া নারী (শ্বশ্রূমাতা, বধূমাতা)। [সং. √ মা + তৃ]। ̃ পিতা (-তৃ) বি. জনক জননী, বাপ-মা। ̃ পিতৃ-হীন বিণ. বাবা-মা যার নেই। ̃ মহ বি. মায়ের বাবা। ̃ মহী বি. (স্ত্রী.) মায়ের মা।

মাতা2 (p. 692) [mātā2] ক্রি. 1 মত্ত হওয়া, খেপে যাওয়া (হাতিটা মেতে গেছে); 2 মুগ্ধ বিভোর বা আত্মহারা হওয়া, উৎসাহে ভরপুর হওয়া, উৎসাহভরে কাজে নিবিষ্ট হওয়া ('ওরে ওরে আমার মন মেতেছে': রবীন্দ্র; ছেলেরা খেলায় মেতেছে); 3 গেঁজে ওঠা (খেজুরের রস মেতেছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং. মাতা < সং. √ মদ্]। ̃ নো ক্রি. বি. 1 মত্ত করা; 2 মুগ্ধল ও উল্লসিত করা, বিভোর বা আত্মহারা করা (দেশকে মাতিয়ে তোলা); 3 গাঁজানো। □ বিণ. উক্ত সব অর্থে; (সমাসের উত্তরপদে) মত্ত, উৎসাহিত বা উল্লসিত করে এমন (মনমাতানো সুর, প্রাণমাতানো খেলা)। ̃ মাতি বি. 1 ক্রমাগত মাতালের মতো আচরণ; 2 দাপাদাপি, দুরন্তপনা (ঢেউয়ের মাতামাতি, হাওয়ার মাতামাতি)।

মাতাল (p. 692) [mātāla] বিণ. 1 মদ্যপানের ফলে মত্ততাযুক্ত (মদ খেয়ে মাতাল); 2 সুরাসক্ত, মদ্যপ (মাতালকে বিশ্বাস নেই); 3 আত্মহারা, বিভোর ('গন্ধে মাতাল': রবীন্দ্র)। [বাং. √ মাতা + ল]।

মাতুঃষ্বসা (p. 692) [mātuḥṣbasā] (-সৃ), মাতুঃস্বসা, মাতৃষ্বসা বি. মায়ের ভগিনি, বা তৎস্থানীয়া নারী, মাসি। [সং. মাতুঃ + স্বস্, মাতৃ + স্বসৃ]।

মাতুল (p. 692) [mātula] বি. মামা। [সং. মাতৃ + উল]। মাতুলানী, মাতুলী বি. (স্ত্রী.) মাতুলের পত্নী, মামি।˜ কন্যা˜ পুত্রী বি. মামাতো বোন। ˜ পুত্র বি. মামাতো ভাই। মাতুলালয় বি. মামার বাড়ি।

মাতৃ (p. 692) [mātr̥] বি. মাতা শব্দের সংস্কৃত মূল রূপ। ক বিণ. 1 মাতাসম্বন্ধীয় (তু. পৈতৃক); 2 (সমাসের উত্তরপদে) মাতারূপে পরিগণিত বা কল্পিত (নদীমাতৃক)। কা বি. 1 মাতা; গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া দেবসেনা স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি আত্মদেবতা কুলদেবতা-এই ষোড়শ দেবী; 3 মাতামহী; 4 ধাত্রী; 5 কারণ; 6 অ আ ক খ প্রভৃতি বর্ণ।˜ কুল বি. মায়ের বংশ।˜ গণ বি. ব্রাহ্মী মাহেশ্বরী ঐন্দ্রী বরাহী বৈষ্ণবী কৌমারী চামুণ্ডা বা কৌবেরী ও চর্চিকা-এই অষ্ট শক্তি।˜ ঘাতক,˜ ঘাতী (-তিন্) বিণ. মাতার প্রাণবধকারী।˜ দায় বি. মৃতা জননীর শ্রাদ্ধাদির দায়িত্ব বা তদ্রূপ অবশ্যকরণীয় কর্ম।˜ দুগ্ধ বি. মায়ের স্তনের দুধ।˜ পক্ষ বি. মাতৃকুলের সঙ্গে সম্পর্কযুক্ত ব্যক্তিবর্গ।˜ .বত্ বিণ. মায়ের মতো (মহিলাকে সে মাতৃবত্ দেখে)।˜ .বন্দনা বি. জননীকে বা জন্মভূমিকে বা দেবীকে আরাধনা বা অভিবাদন।˜ .বিয়োগ বি. মায়ের মৃত্যু।˜ .ভক্ত বিণ. মায়ের অনুগত বা মায়ের প্রতি অনুরক্ত ও শ্রদ্ধাশীল।˜ .ভক্তি বি. মায়ের প্রতি শ্রদ্ধা ও অনুরাগ।˜ .ভাষা বি. স্বজাতির ভাষা, কোনো ব্যক্তির নিজের ও তার স্বজাতির ভাষা।˜ .ভূমি বি. স্বদেশ, জন্মভূমি।˜ .শাসন বি. রাজ্য পরিবার বা গোষ্ঠীর শাসনে বা পরিচালনায় স্ত্রীলোকের কর্তৃত্ব, matriarchy.˜ .শ্রাদ্ধ বি. মায়ের মৃত্যুর পর পারলৌকিক ক্রিয়াদি।˜ .ষ্বসা দ্র মাতুঃষ্বসা।˜ .ষ্বস্রীয়া বি. মাসতুতো বোন।˜ .সদন বি. 1 মায়ের গৃহ; 2 যেখানে নারী মা হয় অর্থাত্

প্রসূতিগৃহ। ˜ .সমা বিণ. মায়ের সমান (মাতৃসমা জন্মভূমি)। ˜ .সেবা বি. মায়ের পরিচর্যা। ˜ .স্নেহ বি. মায়ের ভালোবাসা। ˜ .স্তন্য বি. মায়ের বুকের দুধ। ˜ .হত্যা বি. মায়ের প্রাণনাশ করা। ˜ .হন্তা (ন্তৃ), ˜ .হন্তারক বি. মাতৃঘাতক, মায়ের হত্যাকারী। ˜ .হীন বিণ. মা-মরা। স্ত্রী. ˜ .হীনা। মাতোয়ারা, (বিরল) মাতোয়ালা বিণ. 1 বিভোর, আত্মহারা (নেশায় মাতোয়ারা, অহংকারে মাতোয়ারা); 2 মাতাল, মত্ত। [হি. মতবালা]।

মাতোয়ালি (p. 692) [mātōẏāli] বি. মুসলমানদের ধর্মার্থে বা লোকসেবার্থে প্রদত্ত অর্থাদির বা সম্পত্তির তত্ত্বাবধায়ক। [আ. মুত্বল্লি]।

মাত্র (p. 692) [mātra] বি. 1 পরিমাণ; 2 অবধারণ (মাত্র দুদিন দেরি); 3 সাকল্য, তৎসমূহ। □ (বাং.) বিণ. 1 পরিমিত (ক্ষণমাত্র, দু-সের মাত্র); 2 শুধু, কেবল (মাত্র একটা, মাত্র এক ছেলে)। □ ক্রি-বিণ. (বাং.) সঙ্গে দেখামাত্র, যাওয়ামাত্র)। □ অব্য. প্রত্যেক (মনুষ্যমাত্রেই)। [সং. √ মা + ত্র]।

মাত্রা (p. 692) [mātrā] বি. পরিমাণ (শীতের মাত্রা); 2 একবারে গ্রহণীয় পরিমাণ (ওষুধের মাত্রা কমিয়ে দেওয়া); 3 সীমা (মাত্রাহীন অত্যাচার, মাত্রা ছড়িয়ে যাওয়া); 4 লিখিত বর্ণের মাথায় সরল রেখাংশ (ও-তে মাত্রা নেই); 5 বর্ণের উচ্চারণ কালের পরিমাণ (দীর্ঘমাত্রা, হ্রস্বমাত্রা); 6 (সংগীতে) তালের ভাগ বা তার পরিমাণ (ছয়মাত্রার তাল); 7 (গণি.) আয়তন, দৈর্ঘ্য, প্রস্থ এবং বেধ, dimension (বি. প.)। [সং. √ মা + ত্র + আ]। ˜ .জ্ঞান বি. সীমা বা পরিমিতি সম্বন্ধে জ্ঞান। ˜ তিরিক্ত, ˜ তীত বিণ. মাত্রা বা সীমা ছাড়িয়ে গেছে এমন; অপরিমিত। ˜ .বৃত্ত বি. অক্ষর-সংখ্যার পরিবর্তে লঘু-গুরু উচ্চারণকে ভিত্তি করে রচিত কবিতার ছন্দ। ˜ .বোধ বি. 1 কবিতার বা সংগীতের মাত্রা সম্বন্ধে ধারণা

বা জ্ঞান; 2 সীমা বা পরিমিত সম্বন্ধে জ্ঞান। মাত্রিক বিণ. 1 মাত্রাযুক্ত; 2 মাত্রাসম্বন্ধীয়।

মাথট (p. 692) [māthaṭa] বি. মাথা-পিছু ধার্য কর বা চাঁদা। [< বাং. মাথা তু. হি. মাথৌট]।

মাথা (p. 692) [māthā] বি. 1 মানুষ ও প্রাণীর দেহের যে-উপরিভাগে মুখমণ্ডল চক্ষুকর্ণাদি ইন্দ্রিয় এবং মস্তিষ্ক আছে, মস্তক (মাথা ঠোকা, মাথা নাড়ানো); 2 শীর্ষ, উপরিভাগ, চূড়া (পাহাড়ের মাথায়); 3 আগা, ডগা (আঙুলের মাথায় ব্যাথা); 4 প্রান্ত, আরম্ভস্হল (মোড়ের মাথায়, রস্তার মাথায়); 5 মোড়, বাঁক; 6 নৌকোর অগ্রভাগ বা গলুই; 7 মস্তিষ্ক, বোধশক্তি (অঙ্কে মাথা আছে); 8 প্রধান ব্যক্তি, সর্দার (গাঁয়ের মাথা); 9 ঝোঁক, প্রভাব (রাগের মাথায়); 1 কিছু-না-এই অর্থবোধক উক্তি (তুমি আমার মাথা করবে)। [প্রাকৃ. মত্থঅ < সং. মস্তক]। মাথা আঁচড়ানো ক্রি. বি. চিরুনি দিয়ে চুল বিন্যাস করা। মাথা উঁচু করা, মাথা তোলা ক্রি. বি. (আল.) 1 সতেজ হয়ে ওঠা; 2 উন্নতি করা; 3 অভ্যুত্থিত হওয়া; 4 সগৌরবে নিজেকে জাহির করা; 5 বিদ্রোহী হওয়া; 6 বিপদ ইত্যাদি কাটিয়ে ওঠা। ˜ .ওয়ালা বিণ. বুদ্ধিমান। মাথা কাটা ক্রি. বি. 1 বধ বা হত্যা করা; 2 (আল.) অত্যন্ত অপমান করা বা তিরষ্কার করা। মাথা কাটা যাওয়া ক্রি. বি. অত্যন্ত্য লজ্জা পাওয়া; সম্ভ্রমহানি হওয়া। মাথা কেনা ক্রি. বি. সীমাহীন অধিকার পাওয়া; দণ্ডমুণ্ডের কর্তা হওয়া (চাকরি পেয়ে সে যেন সকলের মাথা কিনে রেখেছে)। মাথা কোটা, মাথা খোঁড়া ক্রি. বি. 1 অসহ্য দুঃখকষ্টে অথবা অসহায় অবস্থায় পড়ে ভূমিতে বা দেওয়ালের উপর মাথা ঠোকা; 2 সনির্বন্ধ অনুরোধ করা, নাছোড়বান্দা হয়ে মনতি করা। মাথা খাও মাথার দিব্যি দিচ্ছি-এই অর্থসূচক শপথবিশেষ। মাথা খাওয়া ক্রি. বি. সর্বনাশ করা; উৎসন্নে দেওয়া, বখিয়ে বা

বিগড়ে দেওয়া (লাই দিয়ে ছেলের মাথা খেয়েছে)। মাথা খাটানো ক্রি. বি. বুদ্ধি খাটানো, চিন্তা করা।˜ .খারাপ বিণ. পাগল, অপ্রকৃতিস্থ। মাথা খারাপ করা ক্রি. বি. দুশ্চিন্তা ইত্যাদির জন্য অস্থির বা বিভ্রান্ত হওয়া। মাথা খেলানো ক্রি. বি. বুদ্ধি চালনা করা˜ .গরম বি. রাগ, ক্রোধ। □ বিণ. রাগী, ক্রুদ্ধ (মাথাগরম লোক)। মাথা গরম করা ক্রি. বি. ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া। মাথা গুলিয়ে দেওয়া, মাথা গুলানো ক্রি. বি. হতবুদ্ধি করা। মাথা গোঁজা ক্রি. কোনোরকমে আশ্রয় নেওয়া বা বাস করা। মাথা ঘষা ক্রি. বি. চুলে সাবান শ্যামপু ইত্যাদি প্রয়োগ করে চুল পরিষ্কার করা। □ বি. চুলে মাখবার বা কেশতেলে মিশাবার সুগন্ধ মশলাবিশেষ। মাথা ঘামানো ক্রি. বি. (অনর্থক) মস্তিষ্ক চালনা করা বা দুশ্চিন্তাগ্রস্ত হওয়া। মাথা ঘোরা ক্রি. বি. 1 চতুর্দিকে ঘুরছে এমন বোধ হওয়া বা এমন শিরঃপীড়া হওয়া; 2 (আল.) বিহ্বল ও দুশ্চিন্তাগ্রস্ত হওয়া। মাথা চাড়া দেওয়া ক্রি. বি. মাথা তোলা -র অনুরূপ। মাথা চুলকানো ক্রি. বি. জবাব-উপায়-সংকল্প ইত্যাদি স্থির করতে না পারার জন্য মাথার মধ্যে আঙুল চালানো। মাথা ঠাণ্ডা করা ক্রি. বি. শান্ত বা প্রকৃতিস্থ হওয়া, উত্তেজনা দূর করা। মাথা ঠিক রাখা ক্রি. বি. (সকল পরিস্থিতিতে) অবিচলিত থাকা, বিচলিত বা উত্তেজিত না হওয়া। মাথা তোলা ক্রি. বি. মাথা উঁচু করা -র অনুরূপ। মাথা দেওয়া ক্রি. বি. 1 জীবন উৎসর্গ করা; 2 কোনো কাজে বা বিষয়ে মনোযোগ দেওয়া। মাথা ধরা ক্রি. বি. মাথার মধ্যে যন্ত্রণা হওয়া। মাথা নিচু হওয়া ক্রি. বি. (আল.) অপমানে বা লজ্জায় অত্যন্ত কুণ্ঠিত বোধ করা বা ক্ষুদ্র বোধ করা মাথা নেই তার মাথা ব্যথা উক্তি অকারণ দুশ্চিন্তা। মাথা নোয়ানো ক্রি. বি. নতি বা অধীনতা স্বীকার করা।˜ .পাগলা বিণ. পাগলাটে খ্যাপাটে˜ .পিছু ক্রি বি. জনপ্রতি, প্রত্যেক লোক হিসাবে। মাথা পেতে দেওয়া ক্রি. বি. সম্পূর্ণ মেনে নেওয়া শীরধার্য করা। মাথা বিকানো ক্রি. বি. সম্পূর্ণ বশ্যতা স্বীকার করা।˜ .ব্যথা বি 1 মাথার মধ্যে যন্ত্রণা; 2 আল. দুশ্চিন্তা; 3 গরজ।˜ .মুণ্ডু বি. বোধমগ্য বিষয় তার কথার কি কোনো মাথামুণ্ডু আছে, ও-চিঠি মাথামুণ্ডু

কিছুই বুঝলাম না। মোটা বিণ. স্থূলবুদ্ধি বোকা মাথামোটা লোক মাথায় ওঠা ক্রি. বি মাধায় চড়া -র অনুরূপ। মাথায় করা ক্রি বি. 1 অত্যন্ত আদর বা প্রশ্রয় দেওয়া; 2 অত্যন্ত সম্মান ভক্তি বা সমাদর করা; 3 উপেক্ষা করা ঝড়বৃষ্টি মাথায় করে বেরিয়ে গেল মাথায় কাঠাল ভাঙা কি. বি ভাঙা দ্রব্য। মাথায় কাপড় দেওয়া ক্রি. বি. মাথায় ঘোমটা দেওয়া। মাথায় খাটো বিণ. বেঁটে খর্বাকৃতি। মাথায় খুন চাপা ক্রি. বি. অত্যন্ত উদ্রেক হওয়া প্রচণ্ড রাগ হওয়া। মাথায় ঘোলা ঢালা দ্র ঘোলা। মাথায় চড়া ক্রি. বি. প্রশ্রয় পায়ে স্পর্ধাযুক্ত ও উদ্ধত হওয়া। মাথায় ঢোকা ক্রি বোধগম্য হওয়া। মাথায় তোলা ক্রি. অত্যাধিক প্রশ্রয় বা লাই দেওয়া। মাথায় মাথায় ক্রি. বিণ. একেবারে সীমা পর্যন্ত সমান-সমান চৌবাচ্চার মাথায় মাথায় জল মাথায় রাখা ক্রি. বি. 1 ভক্তি সম্মান বা আদরযত্ন করা; 2 মনে রাখা বা খেয়াল রাখা ব্যাপারটা মাথায় রেখো কিছু। মাথায় হাত বিস্ময় সর্বনাশ ইত্যাদি কারনে বিমূঢ়তা দাম শুনে তাঁর তো মাথায় হাত। মাথায় হাত বুলানো ক্রি. বি. কৌশলে বা ফাঁকি দিয়ে অপহরণ বা হাসিল করার চেষ্টা করা। মাথার উপর কেউ না থাকা ক্রি. বি. অভিভাবকহীন হওয়া। মাথার খুলি করোটি। মাথার ঘাম পায়ে ফেলা ক্রি. বি. অত্যন্ত পরিশ্রম করা। মাথার ঘি বি. ঘিলু মস্তিষ্ক বুদ্ধি। মাথার ঠাকুর বি অতি শ্রদ্ধেয় ব্যক্তি মাথার ঠিক না থাকা ক্রি. বুদ্ধিভ্রংশ হওয়া। মাথার দিব্যি বি. আমার মাথা খাও অর্থাত্ আমার মৃত্যুর কারণ হও এই শপথ।˜ লো বিণ মাথাওয়ালা বুদ্ধিমান মাথা হেট হওয়া ক্রি. বি. সম্মানিত হওয়া, অত্যন্ত লজ্জা পাওয়া।

মাথাল (p. 692) [māthāla] বি. ঘাস-পাতা দিয়ে তৈরী ছাতাবিশেষ, টোকা। [বাং মাথা + লং]।

মাথি (p. 692) [māthi] বি. তাল-নারকেল-খেজুর-আনারসাদি গাছের কাণ্ডর ভিতরস্থ ভক্ষণীয় কোমল অংশবিশেষ [বাং. মাথা > মাথ + ই]।

মাথুর (p. 692) [māthura] বিণ. মথুরাসম্বন্ধীয়। বি 1 কৃষ্ণ বৃন্দাবন ছেড়ে মথুরায় গেলে ব্রজবাসীদের মনে যে বিরহতাপ জাগে তা অবলম্বন করে রচিত গীতিকবিতা; 2 আল. বিরহ ('সহে না দুর্বহ এই নিঃসঙ্গ মাথুর': বিষ্ণু); 3 কৃষ্ণের মথুরা-লীলা। [সং মথুরা + অ]।

মাদক (p. 692) [mādaka] বিণ, মত্ততাদায়ক, মত্ততাসৃষ্টিকারী মাদক দ্রব্য। বি. মত্ততাদায়ক দ্রব্য, নেশার বস্তু মাদক সেবন [সং √ মদ + ণিচ্ + অক]।˜ তা বি মত্ততা বা নেশা জন্মানোর শক্তি (ঐশ্বর্যের মাদকতা ক্ষমতার মাদকতা)।˜ .সেবন বি. মাদকদ্রব্য পান বা ভোজন˜ .সেবী বিন্ বিণ নেশাখোর। মাদকাশক্তি বি. মাদকের প্রতি প্রবল অনুরাগ।

মাদল (p. 692) [mādala] বি. ঢোলের মতো বাদ্যযন্ত্রবিশেষ। [সং মর্দল]।

মাদার (p. 692) [mādāra] বি. লকুচ ফল বা তার গাছ মন্দার গাছ বা তার ফল [সং মন্দার]।

মাদারির খেল (p. 692) [mādārira khēla] বি. ভেলকি বা ওইজাতীয় খেলা [দেশি]।

মাদি (p. 692) [mādi] বিণ. মনুষ্যতর প্রাণী সম্বন্ধে স্ত্রীজাতীয় মাদি কুকুর। [ফা. মাদহ্ মাদীন্]।

মাদুর (p. 692) [mādura] বি. তৃণনির্মিত পেতে বসার আস্তরণবিশেষ। [সং. মন্দুরা]।

মাদুলি (p. 692) [māduli] বি. ক্ষুদ্র মাদলাকৃতি কবচ। [বাং মাদল + ই]।

মাদৃশ (p. 692) [mādṛśa] বি. আমার ন্যয় অমার মতো [সং. অস্মদ + √ দৃশ + অ]।

মাদ্রাজি (p. 692) [mādrāji] বিণ. 1 মাদ্রাজসম্বন্ধীয় মাদ্রাজী ঝাল; 2 মাদ্রাজে তৈরী বা উৎপন্ন মাদ্রাজি কাপড় বি. মাদ্রাজের অধিবাসী [বাং. মাদ্রাজ + ই]।

মাদ্রাসা (p. 692) [mādrāsā] বি. উচ্চতর মুসলমানি বিদ্যালয়। [ফা. মাদ্রাসহ্]।

মাধব1 (p. 692) [mādhaba1] বি. শ্রীকৃষ্ণ [সং মা =লক্ষী + ধব স্বামী]।

মাধব2 (p. 692) [mādhaba2] বি. 1 বসন্তকাল; 2 বৈশাখমাস বিণ মধু সম্বন্ধীয় [সং মধু + অ]।

মাধবী (p. 692) [mādhabī] বি. স্ত্রী. 1 চিরহরিত্ লতাবিশেষ; 2 মাধবের পত্নী বিণ. বৈশাখী ('তোমায় দেখছি মাধবী রাতে': রবীন্দ্র)। [সং মাধব + ঈ]।˜ .কুঞ্জ বি. মাধবীলতায় সমাচ্ছন্ন স্থান।˜ .লতা বি মাধবী গাছের লতানো ডাল।

মাধাই (p. 692) [mādhāi] বি. মাধবের ডাক নাম। [< মাধব]।

মাধু-করী (p. 692) [mādhu-karī] বি 1 মধুকর বা মৌমাছি যেমন ফুলে ফুলে মধু সংগ্রহ করে তেমনি দ্বারে দ্বারে ভিক্ষা; 2 মধুকর বৃত্তি; 3 অন্তত পাঁচটি বিভিন্ন গৃহ থেকে সংগৃহীত ভিক্ষা। [সং মধুকর + অ + ই]।

মাধুরী (p. 692) [mādhurī] বি. 1 মাধুরি মধুরতা; সৌন্দর্য কোমল ও মধুর ভাব (মনের মাধুরী)। [সং মধুর + অ + ই]।

মাধুর্য (p. 692) [mādhurya] বি. 1 মাধুরী, মধুরতা মনোহারিতা, সৌন্দর্য; 2 (অল.) কাব্যের যে গুণে পাঠক বা শ্রোতার হৃদয় দ্রবীভূত হয়। [সং মধুর + য]।

মাধ্ব (p. 692) [mādhba] বিণ. বৈষ্ণাবাচার্য মধ্বচার্য কর্তৃক প্রতিষ্ঠিত বৈষ্ণব সম্প্রদায়। [সং মধ্ব + অ]।

মাধ্বী (p. 692) [mādhbī] বিণ. 1 মধুজাত মদ্যবিশেষ; 2 মহুয়া; 3 দ্রাক্ষা। [সং. মধু + ঈ]। ˜ ক বি 1 দ্রাক্ষা; 2 মধুজাত বা মহুয়াজাত মদ; মধু।

মাধ্যন্দিন (p. 692) [mādhyandina] বিণ. মধ্যাহ্নকালীন। [সং মধ্যন্দিন + অ]।

মাধ্যম (p. 698) [mādhyama] বি. যার মধ্যস্থতায় বা সাহায্যে কার্যাদি নিষ্পন্ন হয়, সহায়, বাহন medium (প্রচারের মাধ্যম, শিক্ষার মাধ্যম)। [সং মধ্যম + অ]। মাধ্যমিক বিণ. মধ্যবর্তী।

মাধ্যমিক শিক্ষা (p. 698) [mādhyamika śikṣā] প্রাথমিক স্কুলশিক্ষা ও কলেজীয় শিক্ষার মধ্যবর্তী মানের শিক্ষা, সাধারণভাবে পঞ্চম শ্রেণি থেকে দশম শ্রেণির শিক্ষা, secondary education

মাধ্যাকর্ষণ (p. 698) [mādhyākarṣaṇa] বি. জড়পদার্থের পরস্পর আকর্ষণশক্তি, যার ফলে পৃথিবীর সমস্ত প্রাণী ও পদার্থ পৃথিবীপৃষ্ঠে স্থির থাকে এবং পৃথিবীর কেন্দ্রের দিকে আকৃষ্ট হয়, অভিকর্ষ মহাকর্ষ gravitation [সং. মাধ্য (=মধ্য অ) + আকর্ষণ]।

মাধ্যাহ্নিক (p. 698) [mādhyāhnika] বিণ. 1 মধ্যহ্নকালীন (মাধ্যাহ্নিক আহার); 2 মধ্যাহ্নসম্বন্ধীয়। [সং. মধ্যাহ্ন + ইক্]।

-মান1 (p. 698) [-māna1] (বর্ত. বর্জি.) মান্ 'যুক্ত' বা 'অন্বিত' অর্থে তদ্বিত প্রত্যয়বিশেষ (বুদ্ধিমান, ধীমান); যে শব্দের অন্তে বা উপান্তে অ আ অথবা ম আছে এবং যেসব শব্দের অন্ত ঙ ঞ ণ ও ন ভিন্ন অন্য বর্গীয় বর্ণ আছে তাদের পরে -মান স্থানে -বান হয় (বিদ্বান)। স্ত্রী -মতী (বুদ্ধিমতী)।

-মান2 (p. 698) [-māna2] বি. 1 মাপার উপকরণ বা মাত্রা; 2 তৌলকরণ, মাপনির্ধারণ; 3 (সংগীতে) তালের বিরাম বা মাত্রা; 4 (গণি.) প্রকৃত মূল্য, value 5 উৎকর্ষের বা অপকর্ষের পরিমাণ, standard (নিম্নমানের ওষুধ, শিক্ষার মান

বাড়ানো)। [সং. √ মা + অন]˜ .চিত্র বি. ভূখণ্ড দেশ বা পৃথিবীর পরিমাপ অনুযায়ী নকশা, ম্যাপ।˜ .দণ্ড বি. দাঁড়িপাল্লা ('বণিকের মানদণ্ড': রবীন্দ্র)।˜ .মন্দির বি. বৈজ্ঞানিক গবেষণাদির জন্য গ্রহনক্ষত্র পর্যবেক্ষণের গৃহ, ovservatory.

মান3 (p. 698) [māna3] বি. 1 সম্মান, পূজা, সমাদর (মানীর মান); 2 মর্যাদা, গৌরব (মানে আঘাত লাগা)। [সং √ মান্ + অ]।˜ দ বিণ. সম্মানদায়ক। স্ত্রী. মানদা।˜ ন˜ না বি. সম্মান বা পূজা বা সমাদর করা।˜ নীয় বিণ পূজনীয় বা সমাদরণীয়, সম্মানের যোগ্য। স্ত্রী.˜ নিয়া।˜ নীয়েষু বি. (7মী বিভক্তি) (চিঠিপত্রাদিতে সম্বোধনবিশেষ) শ্রদ্ধেয় বা সম্মানযোগ্য ব্যক্তির প্রতি। স্ত্রী.˜ নীয়াসু।˜ .পত্র বি. গৌরবসূচক বা সম্মানসূচক অভিনন্দন পত্র।˜ .হানি, বি. সম্মাননাশ, মর্যাদানাশ।˜ .হীন বিণ. সম্মানশূন্য, মর্যাদাশূন্য, সম্মান নেই এমন।

মান4 (p. 698) [māna4] বি. 1 প্রণয়ভঙ্গ ঈর্ষা প্রভৃতি কারণে প্রিয়তমের প্রতি অব্যক্ত ও অতীব্র ক্রোধ অভিমান (মানভঞ্জন, মান করেছে); 2 গর্ব, দম্ভ হামবড়া ভাব (অতিমান পতনের কারণ)।˜ .কলি বি স্ত্রীপুরুষের অভিমানজনিত কলহ।˜ .ভঞ্জন বি অভিমান দূর করা। মানে মানে ক্রি-বিণ. সম্মান অক্ষুন্ন থাকতে-থাকতে বা হারাবার আগে (মানে মানে বিদায় হও) [সং √ মান্ + অ]।

মানক (p. 698) [mānaka] বি. মানকচু [সং √ মা + অক]।

মানচিত্র (p. 698) [mānacitra] দ্র মান2।

মানত (p. 698) [mānata] বি. কোনো বিষয়ে অভিষ্ট লাভের জন্য দেবতাকে কিছু দেবার মানসিক অঙ্গীকার, মানসিক (জোড়াপাঁঠা মানত করেছে)। [সং. মনস্থ]।

মান-তাসা (p. 698) [māna-tāsā] বি. বাহুর অলংকারবিশেষ। [দেশি।]

মানদ, মানদা (p. 698) [mānada, mānadā] দ্র. মান3।

মানদণ্ড (p. 698) [mānadaṇḍa] বি. দ্র মান2।

মাননীয় মাননীয়েষু (p. 698) [mānanīẏa mānanīẏēṣu] দ্র মান3।

মানব (p. 698) [mānaba] বি. মানুষ, নর, মনুষ্য। বিণ. 1 মনুসম্বন্ধীয়; 2 মনুপ্রণীত (মানব ধর্মশাস্ত্র)। [সং মনু + অ]। স্ত্রী. মানবী।˜ .ক-মাণবক -এর অধিকতর প্রচলিত রূপ।˜ .জমিন বি জমিরূপে কল্পিত মানুষ ('মানবজমিন রইল পতিত': রা. প্র)।˜ তা,˜ .ত্ব বি. মানুষের ধর্ম গুণ বা ভাব।˜ .তা-বাদ বি 1 মানুষের সদগুণাবলির অনুশীলন; 2 মানুষের স্বাভাবিক গুণ বা ধর্মের প্রতি গুরুত্ব আরোপ।˜ .ধর্ম বি. সর্বমানবের গুণ বা ধর্ম, সর্বমানবের আচরণীয় গুণাবলী।˜ .লীলা বি. মানুষরূপে পৃথিবীতে জীবনযাপনকালে ক্রিয়াকলাপ। মানবলীলা সংবরণ করা ক্রি মারা যাওয়া।˜ .প্রেমিক বি, মানুষকে যে ভালোবাসে।˜ .সমাজ বি. পৃথিবীর মানুষ, সমগ্র মনুষজাতি।˜ .হৃদয় বি. 1 মানুষের হৃদয়; 2 মনুষ্যত্বপূর্ণ অন্তঃকরণ; 3 মনুষ্যোচিত অনুভূতি। মানবাধি-কার বি মানুষ হিসাবে সম্মানের সঙ্গে ও নিরাপদে বাঁচার অধিকার। [সং মানব + অধিকার]। মানবিক বিণ. 1 মনুষ্যোচিত (মানবিক গুণাবলি); 2 মনুষ্যসুলভ; 3 মনুষ্যত্বপূর্ণ; 4 লোকহিতকর,

humanitarian (মানবিকতার কারণে দয়াপ্রদর্শন)। বি. মানবিকতা (মানবিকতার বিকাশ)। মানবীয় বিণ. মানুষের পক্ষে স্বাভাবিক এমন (মানবীয় আদর্শ)। মানবোচিত বিণ. মানুষের পক্ষে উপযুক্ত।

মানভঞ্জন (p. 698) [mānabhañjana] দ্র. মান4।

মানমন্দির (p. 698) [mānamandira] দ্র. মান2।

মানস (p. 698) [mānasa] বি. 1 মন, চিত্ত (মানসলোক); 2 ইচ্ছা, অভিলাষ (মানস করা); 3 মানস সরোবর। □ বিণ 1 মানসিক (মানসভ্রমণ, মানসজগত্); 2 কল্পনাপ্রসূত (মানসপ্রতিমা)। [সং মনস্ + অ]।˜ তা বি. মনের প্রকৃতি ভাব বা প্রবণতা, mentality (বি. প.)।˜ .নেত্র˜ .লোচন বি. 1 মনশ্চক্ষু, অন্তর্দৃষ্টি; 2 কল্পনা।˜ .পুত্র বি. মনে বা কল্পনায় জাত পুত্র।˜ .কন্যা বি (স্ত্রী.) মনে বা কল্পনায় জাতা কন্যা।˜ .প্রতিমা বি কল্পনায় গঠিত মূর্তি। মানস সরোবর বি কৈলাস পর্বতে অবস্থিত (ব্রহ্মার মনঃকল্পিত) হ্রদবিশেষ।˜ .সিদ্ধ বি. আশাপূরণ, ইষ্টলাভ। মানসাঙ্ক বি. যে অঙ্ক না লিখে মনে মনে কষতে হয়। মানসিক বিণ 1 মনোগত (মানসিক ব্যাধি, মানসিক অশান্তি); 2 কল্পনাপ্রসূত। □ বি. (বাং.) মানত। মানসিকতা বি. চিত্তবৃত্তি, প্রবণতা, মনোগত ভাব, mentality (ধর্মবিরোধী মানসিকতা রক্ষণশীলতা মানসিকতা)। মনসী বিণ. স্ত্রী. মনঃকল্পিতা (মানসী মূর্তি) □ বি. মনে মনে ক্রিয়ারূপে কল্পিতা নারী (কবির মানসী)।

মানহানি, মানহীন (p. 699) [mānahāni, mānahīna] দ্র মান3।

মানা1 (p. 699) [mānā1] বি. নিষেধ, বারণ (আসতে মানা করেছি)। [আ. মনহ্]।

মানা2 (p. 699) [mānā2] ক্রি. 1 মান্য করা (শাসন মানে); 2 সম্মান করা (মাস্টারমশাইকে খুব মানে); 3 বিশ্বাস করা (ভূত মানে না); 4 বোধ করা জ্ঞান করা (ভাগ্য বলে মেনছি); 5 স্বীকার করা (হার মানা, ঘাট মানছি); 6 গ্রহ্য় করা ('বারণ না মানে': রবীন্দ্র); 7 পালন করা (নিয়ম মানা); 8 নির্দিষ্ট করা (কাউকে মুরুব্বি মানা)। □ বি উক্ত সব অর্থে। [সং. √ মান্ + বাং. আ]।

মানান (p. 699) [mānāna] বি. 1 উপযুক্ততা (মানানসই); 2 শোভা। □ বিণ. 1 শোভন; 2 উপযুক্ত। [< বাং. √ মানা2]।˜ .সই, (বর্ত. অপ্র.)˜ .সহি বিণ. 1 উপযুক্ত; 2 শোভন (মানানসই চেহারা, মানানসই গড়ন); 3 মাপ-অনুযায়ী মানানসই জুতো)।

মানানো1 (p. 699) [mānānō1] ক্রি. 1 মান্য করানো; 2 স্বীকার করানো (একথা তাকে দিয়ে মানাতে পারবে?); 3 গ্রাহ্য করানো; 4 পালন করানো। □ বি. বিণ. সব অর্থে। [মানা2 দ্র]।

মানানো2 (p. 699) [mānānō2] ক্রি. উপযুক্ত বা শোভন হওয়া (তোমার মুখে একথা মোটেই মানায় না); 2 খাপ খাওয়া (সকলের সঙ্গে মানিয়ে চলা); 3 মাপ-অনুযায়ী হওয়া (বেশ মানিয়েছে)। □ বি. বিণ. উক্ত সব অর্থে। [বাং মানা2 + আনো]।

মানিক (p. 699) [mānika] বি. 1 মাণিক্য, চুনি; 2 মূল্যবান রত্ন; 3 স্নেহপাত্রকে আদরের সম্বোধনবিশেষ। [সং. মাণিক্য]। ˜ .জোড় বি. 1 বকজাতীয় বড়ো পাখিবিশেষ; 2 (ব্যঙ্গে) দুজন অন্তরঙ্গ এবং সর্বদা একসঙ্গে থাকে বা চলাফেরা করে এমন লোক।

মানিত (p. 699) [mānita] বিণ. পূজিত সম্মানিত। [সং. √ মান্ + ত]।

মানিনী (p. 699) [māninī] দ্র মানী।

মানি-ব্যাগ (p. 699) [māni-byāga] বি. টাকাপয়সা রাখার উপযোগী এবং সচ. পকেটে থাকে এমন ছোটো ব্যাগ। [ইং. money bag]।

মানী (p. 699) [mānī] (-নিন্) বিণ. 1 মান্য, সম্মানার্হ (মানী লোকের মানরক্ষা); 2 অভিমানী, গর্বী। [সং. মান + ইন্]।

মানিনী (p. 699) [māninī] বিণ. (স্ত্রী.) 1 মান্যা, সম্মানার্হা; 2 গর্বিণী, অভিমানিনী; 3 প্রণয়কোপবতী।

মানুষ (p. 699) [mānuṣa] বি. হোমো সাপিয়েনস প্রজাতির প্রাণী, মনুষ্য, নর (মানুষ মরণশীল); 2 ব্যক্তি (মেয়েমানুষ, মনের মানুষ)। □ বিণ. 1 মনুষ্য সম্বন্ধীয়; 2 মনুষ্যচিত গুণসম্পন্ন আবার তোরা মানুষ হ': দ্বি. রা.); 3 লায়েক (তুমি খুব মানুষ হয়ে গেছ ভাবছ বুঝি?); 4 লালনপালনদ্বারা বর্ধিত বা বয়ঃপ্রাপ্ত (ছেলে মানুষ করা)। [সং. মনু (+ষ) + অ]। মানুষিক বিণ. মনুষ্যসম্বন্ধীয়; মনুষ্যচিত (অমানুষিক)। ˜ .খেকো বিণ. মানুষ খায় এমন। □ বি. মানুষ খায় এমন বাঘ। ˜

.জন বি. লোকজন। মানুষী বিণ. মানুষসুলভ ('একটি স্মৃতির মানুষী দুর্বলতা': সু. দ.)। বি. (স্ত্রী.) নারী। মানুষকরা ক্রি. বি. লালনপালন করে বড়ো করে তোলা। মানুষ হওয়া ক্রি. বি. 1 প্রতিপালিত হওয়া (মামাবাড়িতে মানুষ হয়েছে); 2 মনুষ্যচিত গুণের অধিকারী হওয়া। মানুষের মতো মানুষ আদর্শ মানুষ, যে ব্যক্তি মনুষ্যোচিত সমস্ত গুণের অধিকারী।

মানে (p. 699) [mānē] বি. 1 অর্থ, তাৎপর্য (শব্দের মানে, কথার মানে); 2 উদ্দেশ্য, হেতু (চাকরি ছাড়ার মানে কী?)। [আ. মানি]। মানে বই যে-বইয়ে শব্দের অর্থ ব্যখ্যা করা হয়, অর্থপুস্তক, বোধিনী।

মানোয়ার (p. 699) [mānōẏāra] বি. যুদ্ধজাহাজ। [ইং. man-of-war]। মানোয়ারি বিণ. 1 যুদ্ধজাহাজে কর্মরত অর্থাত্ নৌযোদ্ধা (মানোয়ারি গোরা); 2 যুদ্ধে ব্যবহৃত (মানোয়ারি জাহাজ)।

মান্দার (p. 699) [māndāra] বি. (আঞ্চ.) মাদার গাছ, শিমুল গাছ। [সং. মন্দার]।

মান্দাস (p. 699) [māndāsa] বি. ভেলা (কলাগাছের মান্দাস) [দেশি]।

মান্দ্য (p. 699) [māndya] বি. 1 অল্পতা, হ্রাস, মন্দতা (অগ্নিমান্দ্য, ক্ষুধামান্দ্য); 2 আলস্য, জড়তা; 3 হানি, ক্ষতি। [সং. মন্দ + য]।

মান্ধাতা (p. 699) [māndhātā] (-তৃ) বি. সূর্যবংশের অতিপ্রাচীন (পৌরাণিক) রাজাবিশেষ। [সং. মাম্ + √ ধে + তৃ]। মান্ধাতার আমল (আল.) অতি প্রাচীন কাল।

মান্য (p. 699) [mānya] বিণ. মাননীয়, শ্রদ্ধেয়, সম্মানযোগ্য ('মান্য হও জগতের মাঝে': স. দ., মান্য আতিথি)। □ বি. (বাং.) 1 সম্মান, সমাদর (তাঁকে সবাই মান্য করে); 2 পালন, অনুবর্তন (গুরুজনের কথা মান্য করা)। [সং. √ মান্ + য]। স্ত্রী. মান্যা।˜ .গণ্য বিণ. 1 সম্মাননীয়; 2 সম্ভ্রান্ত।˜ .বর বিণ. অতি মাননীয় বা সম্ভ্রান্ত।˜ .বরেষু বি. (7মী বিভক্তি) (চিঠিপত্রে সম্বোধনবিশেষ) সম্মানিত ব্যক্তির প্রতি।

মাফ2 (p. 699) [māpha2] বি. পরিমাণ (দুধের মাপটা দেখে নিয়ো); 2 পরিমাপ (জামার মাপ নেওয়া)। [সং. √ মাপি]।˜ .কাঠি বি. 1 লম্বা কাঠি দিয়ে দৈর্ঘ্য মাপা হয়; 2 (আল.) মানদণ্ড (সেকালের মাপকাঠিতে তাঁর গুণের বিচার হবে না)।˜ .জোখ,˜ .জোক বি. 1 পরিমাণ; 2 (জমি ইত্যাদির) সীমা বা পরিমাণ নির্ণয়, পরিমাপ।˜ .সই বিণ. মাপ-অনুযায়ী।

মাপন (p. 699) [māpana] বি. 1 পরিমাপ করা; 2 ওজন বা তৌল করা। [সং. √ মাপি (√ মা + ণিচ্) + অন]। মাপক বিণ. পরিমাপ বা ওজন করে এমন।

মাপা (p. 699) [māpā] ক্রি. বি. পরিমাপ করা (ওজন মাপা)। □ বিণ. উক্ত অর্থে (তাড়াহুড়ো করে মাপা মাছ)। [সং. মা + ণিচ্ + বাং. আ]।˜ .জোখা,˜ .জোকা বিণ. 1 নির্দিষ্টভাবে মাপা হয়েছে এমন; 2 একান্ত পরিমিত। □ বি. মাপন। নো

ক্রি. বি. 1 অপরের দ্বারা পরিমাপ করানো; 2 প্রাপ্যরূপে নির্দিষ্ট করা (বিধাতা তোমার ভাগ্যে এই দুঃখ মাপিয়েছেন)। □ বিণ. উক্ত অর্থে।

মাফলার (p. 700) [māphalāra] বি. শীতের সময় কানগলায় জড়াবার লম্বা ও অপ্রশস্ত চাদরবিশেষ, কম্ফর্টার। [ইং. muffer]।

মাফিক (p. 700) [māphika] বিণ. (সচ. সমাসে পরপদে) অনুযায়ী (নিয়মমাফিক)। [আ. মুআফিক]।

মামড়ি (p. 700) [māmaḍ়i] বি. 1 ক্ষত সেরে আসবার সময় তার উপর শুকনো চামড়ার যে আবরণ পড়ে; 2 (বিরল) নাকের ময়লা। [দেশি]।

মামদো (p. 700) [māmadō] বি. প্রেতযোনিতে পরিণত মুসোলমান ('পীরের কাছে মামদোবাজি')। □ বিণ. মোহাম্মদীয়, মুসলমান (মামদো ভূত)। [আ. মোহাম্মদ + বাং. ঈয় = মোহাম্মদীয়-তু. মামুদ + ঈয়]। ˜ .বাজি বি. ইয়ারকি, ফাজলামি।

মামলা (p. 700) [māmalā] বি. 1 কোনো বিষয় নিষ্পত্তির জন্য আদালতে অভিযোগ ও তার বিচার, মোকদ্দমা; 2 ব্যাপার, বিষয় (সে তো মাত্র দুঘণ্টার মামলা)। [আ. মুআম্লা]।

বাজ (p. 700) [bāja] বিণ. আদালতে মোকদ্দমা করতে অভ্যস্ত বা পটু, মোকদ্দমাপ্রিয়।

মামা (p. 700) [māmā] বি. মায়ের ভাই বা তৎস্থানীয় ব্যক্তি, মাতুল। [সং. মামক]। মামি বি. (স্ত্রী.) মামার পত্নী।˜ তো বিণ. নিজের অথবা পতি বা পত্নীর মামার সন্তানরূপে সম্পর্কবদ্ধ (মামাতো ভাই)। মামার জোর (ব্যাঙ্গে) বি. মুরুব্বির জোর, খুঁটির জোর, প্রভাবশালী ব্যক্তির সহায়তার ভরসা।˜ .শ্বশুর বি. পতি বা পত্নীর মামা। মামি-শাশুড়ি বি. মামাশ্বশুরের স্ত্রী।

মামুলি (p. 700) [māmuli] বিণ. 1 গতানুগতিক (মামুলি ধরন); 2 চিরাচরিত, চিরকালে (মামুলি কাহিনি, মামুলি স্বত্ব); 3 সাদামাটা, আতি সাধারণ, অকিঞ্চিৎকর (মামুলি ব্যবস্থা)। [আ. মআমুলী]।

মায় (p. 700) [māẏa] অব্য. 1 সমেত, সহ (জমিজিরেত মায় ঘরবাড়ি পর্যন্ত গেছে); 2 এমনকী (মায় জলটুকুও খেতে দিল না)। [আ. ম এ]।

মায়া (p. 700) [māẏā] বি. 1 (দর্শ.) যার সত্যকার অস্তিত্ব নেই; 2 ভ্রমাত্মক কোনো-কিছু; 3 অবিদ্যা; 4 অজ্ঞান; 5 ব্রহ্মের অঘটন পটীয়সী শক্তি; 6 নিজের অব্যক্ত স্বরূপ থেকে সমস্ত জগত্ নির্মাণে পরমেশ্বরের অচিন্ত্য শক্তি; 7 সত্ত্বরজস্তমোময়ী প্রকৃতি; 8 মোহ; 9 স্নেহ, মমতা, টান (প্রাণে মায়া আছে); 1 সুখদুঃখের বন্ধন; 11 ইন্দ্রজাল, জাদু (মায়াবিদ্যা); 12 কাপট্য, ছলনা; 13 ছদ্মবেশ (মায়ামৃগ, মায়াসীতা)। [সং. √ মা + য + আ]।˜ .কানন বি. জাদুবলে সৃষ্ট উপবন বা উদ্যান।˜ .কান্না বি. কপট কান্না, কান্নার ভান।˜ .ঘোর বি. মোহের বা জাদুর প্রভাব।˜ .জাল,˜ .ডোর,˜ .পাশ,˜ .রজ্জু বি. মোহ মমতা বা স্নেহের বন্ধন।˜ .দণ্ড বি. জাদুলাঠি।˜ .দয়া বি. মমতা সমবেদনা।˜ .দেবী বি. বুদ্ধদেবের জননী।˜ .প্রপঞ্চ বি. 1 মায়ার বিস্তার বা ব্যাপ্তি; 2 মায়ার সৃষ্টি বা প্রকাশ।˜ .বদ্ধ বিণ. মোহের ঘোরে বা মমতার বশে সংসারে আসক্ত।˜ .বল বি. মায়ার শক্তি;

স্নেহমমতা বা জাদুর জোর। ˜ .বাদ (দর্শ.) বি. জগত্ প্রপঞ্চ সবই মিথ্যা, ব্রহ্মই শুধু সত্য-এই মতবাদ। ˜ .বাদী (-দিন্) বিণ. মায়া বাদে বিশ্বাসী। ˜ .বিদ্যা বি. জাদুবিদ্যা। ˜ বী (-বিন্) বিণ. বি. ঐন্দ্রজালিক, জাদুকর, জাদু জানে এমন (মায়াবী রাক্ষস)। □ বিণ. কপটাচারী, শঠ। স্ত্রী. ˜ বিনী। ˜ .ময় বিণ. ছলনাপূর্ণ মোহদ্বারা পরিব্যাপ্ত, ছলনাময়। স্ত্রী ˜ .ময়ী। ˜ .মুকুর বি. জাদু আয়না। ˜ .মুক্ত বিণ. মোহযুক্ত। ˜ .মৃগ বি. জাদু-হরিণ, জাদু বলে সৃষ্ট হরিণ। ˜ .রথ বি. জাদুবলে নির্মিত রথ। ˜ .রাজ্য বি. জাদুবলে সৃষ্ট রাজ্য। মায়িক, মায়ী (-য়িন্) বিণ. 1 ঐন্দ্রজালিক; 2 মায়াময়, মায়াবিশিষ্ট।

মায়ূর (p. 700) [māẏūra] বিণ. ময়ূরসম্বন্ধীয়; ময়ূরের। [সং. ময়ূর + অ]।

মার1 (p. 700) [māra1] বি. মরণ, মৃত্যু, বিনাশ (সত্যের মার নেই)। [√ মৃ + অ]।

মার2 (p. 700) [māra2] বি. 1 কন্দর্প, কামদেব; 2 (বৌ. শা.) বুদ্ধদেবের তপস্যা ভঙ্গ করতে চেষ্টা করে এমন দেবতাবিশেষ; 3 মারণ, বধ। [সং. √ মৃ + ণিচ্ + অ]। ˜ ক বি. মারী, মড়ক। □ বিণ. বধকারী, নাশক।

মার3 (p. 700) [māra3] বি. 1 প্রহার, আঘাত (চোরকে মার দেওয়া, ভগবানের মার); 2 লোকসান, ক্ষতি (ব্যবসায় মার খাওয়া)। [মারা দ্র-তু. মারি (√ মৃ + ণিচ্)]। ˜ .কাট বি. 1 মারামারি কাটাকাটি; 2 অতিশয় ব্যস্ততা ও হইচই (মারকাট করে কাজ করা)। □ বিণ. বড়ো জোর, ঊর্ধ্বপক্ষে (মারকাট পাঁচশো টাকা)। ˜ .কুটে বিণ. অল্পেই মারতে চাওয়া যার স্বভাব এমন (মারকুটে ছেলে)। ˜ .দাঙ্গা বি. বিরাট মারপিট। ˜ .ধর বি. প্রহার। ˜ .পিট বি. 1 প্রহার; 2 মারামারি।

মারমার কাটকাট বি. 1 মারামারি ও কাটাকাটি; 2 অতিশয় ব্যস্ততা ও হইচই। □ বিণ. অত্যন্ত হইচইপূর্ণ বা বিরাট (মারমার কাটকাট ব্যাপার)। ˜ .মুখো, ˜ .মুখ বিণ. 1 সদাই বা একটুতেই মারতে যায় এমন, মারকুটে; 2 হাঙ্গামা সৃষ্টি করতে উদ্যত, হিংসাশ্রয়ী (মারমুখো জনতা)। স্ত্রী. মার-মুখী। ˜ .মূর্তি বিণ. 1 মারতে উদ্যত, 2 অতি ক্রুদ্ধ; অগ্নিমূর্তি। □ বি. অতি ক্রুদ্ধ মূর্তি (মারমূর্তি ধারণ করা)।

মারক (p. 700) [māraka] দ্র মার2।

মার-কত (p. 700) [māra-kata] বিণ. মরকতসম্বন্ধীয়। [সং. মরকত + অ]।

মারকাট (p. 700) [mārakāṭa] দ্র মার3।

মারণ (p. 700) [māraṇa] বি. 1 বধ, হনন (মারণযজ্ঞ); 2 বধের উদ্দেশ্যে তন্ত্রোক্ত অভিচারবিশেষ (মারণমন্ত্র, মারণ উচ্চাটন); 3 (বিজ্ঞা.) ধাতু ও ধাতব পদার্থ ভস্মীকরণ। □ বিণ. বিনাশকারী, ধ্বংসাত্মক, মারাত্মক (মারণাস্ত্র)। [সং. √মৃ+ণিচ্+অন]। মারণাস্ত্র বি. ধ্বংসাত্মক অস্ত্র। মারিত বিণ. 1 হত, বিনাশিত; 2 ভস্মীকৃত।

মারদাঙ্গা, মারধর, মারপিট (p. 700) [māradāṅgā, māradhara, mārapiṭa] দ্র মার3।

মারপ্যাঁচ (p. 700) [mārapyām̐ca] বি. 1 কূটকৌশল, জটিল কায়দা (ব্যাবসার মারপ্যাঁচ সে কিছুই জানে না, কথার মারপ্যাঁচ); 2 ফাঁদ।[বাং. মার3 + প্যাঁচ]।

মার-ফত (p. 700) [māra-phata] অব্য. অনু. মধ্যস্থতায় (চিঠিটা আমার মারফত পাঠানো হয়েছিল) [আ. মঅরফত্]। ˜. দার বি. মধ্যস্থ, যার মারফত দেওয়া পাওয়া বা পাঠানো হয়।

মার-বেল (p. 700) [māra-bēla] বি. 1 মর্মর প্রস্তর (মারবেলের প্রাসাদ); 2 পাথরের কাচ প্রভৃতি তৈরি খেলবার ছোটো গোল গুটিকাবিশেষ, গুলি। [ইং. marmalade]।

মারমুখি, মারমূর্তি (p. 700) [māramukhi, māramūrti] দ্র মার3।

মার-সিয়া (p. 700) [māra-siẏā] বি. 1 শোকগীতি; 2 মহরমের সময় গীত শোকগীতি। [আ. মর্থিঅহ্]।

মারা (p. 700) [mārā] ক্রি. বি. 1 বিনাশ করা বা বধ করা (সাপ মারা); 2 প্রহার করা (ছাত্রকে মারা); 3 বধ বা আঘাত করার উদ্দেশ্যে প্রয়োগ করা (ছুরি মারা); 4 নষ্ট করা (বিষ মারা, জাত মারা); 5 শুষ্ক করা (রস মারা); 6 প্রবিষ্ট করানো, ঠুকে বসানো (পেরেক মারা); 7 জুড়ে বা এঁটে দেওয়া (তালি মারা, টিকিট মারা); 8 প্রয়োগ করা, মুদ্রিত করা, লাগানো (লেবেল মারা, ছাপ মারা) ; 9 অপহরণ করা (পকেট মারা); 1 অসদুপায়ে লাভ করা, আত্মসাত্ করা (টাকা মেরে দেওয়া); 11 ; বন্ধ করা, ভোগ করতে না দেওয়া (ভাত মারা); 12 অবরুদ্ধ করা, রোধ করা (পথ মারা); 13 ধারণ করা (মালকোঁচা মারা); 14 প্রদর্শন করা (চাল মারা, চালাকি মারা, ফুটানি মারা); 15 (কথ্য) খুব খাওয়া (লুচিমাংস মারা); 16 দেওয়া (উঁকি মারা); 17 উপভোগ করা (ফূর্তি মারা, মজা মারা)। □ বিণ. 1 নিহত (লাঠি দিয়ে সাপ মারা); 2 বসানো লাগানো বা আঁটা হয়েছে এমন

(পেরেক-মারা জুতো, টিকিট মারা খাম); 3 বধকারী (মাছিমারা, বাঘমারা); 4 নষ্ট, মৃত (মেরে যাওয়া)। [সং. √ মৃ + ণিচ্ + বাং.অ]। মারা পড়া, মারা যাওয়া ক্রি. বি. 1 প্রাণ হারানো; 2 নষ্ট হওয়া (টাকা মারা যাওয়া)।˜. মারি বি. 1 পরস্পর প্রহার; 2 দাঙ্গা, লড়াই। মেরে-কেটে ক্রি বিণ. অব্য. বাদ দেওয়া বা কাটাকুটি করা সত্ত্বেও, অন্ততপক্ষে (মেরেকেটে তিন হাজার টাকা পাবে)। মেরে দেওয়া ক্রি. বি. আত্মসাত্ করা; চুরি করা। মেরে ফেলা ক্রি. বি. হত্যা বা খুন করা; প্রাণনাশ করা। পেটে মারা, ভাতে মারা ক্রি. বি. 1 না খেতে দিয়ে দুর্বল করে ফেলা; 2 জীবিকার উপায় নষ্ট করে দেওয়া।

মারাঠা (p. 700) [mārāṭhā] বি. মহারাষ্ট্রের অধিবাসী। □ মহারাষ্ট্রীয় (মারাঠা সৈন্য)। [সং. মহারাষ্ট্র > মরাঠ + বাং. আ]। মারাঠি বি. মহারাষ্ট্রের অধিবাসী বা ভাষা। □বিণ. মহারাষ্ট্রীয়।

মারাত্মক (p. 700) [mārātmaka] বিণ. 1 সাংঘাতিক (মারাত্মক বিপদ); 2 জীবননাশক, প্রাণঘাতী (মারাত্মক রোগ, মারাত্মক অস্ত্র)। [সং. মার + আত্মন্ + ক]।

মারামারি (p. 700) [mārāmāri] দ্র মারা।

মারি (p. 700) [māri] বি. 1 মড়ক, সংক্রামক রোগাদিহেতু ব্যাপক লোকক্ষয়; 2 বসন্তরোগ। [সং. √ মৃ + ণিচ্ + ই]।˜. গুটিকা বি. বসন্তরোগের গুটি বা ব্রণ।

মারীচ (p. 700) [mārīca] বি. রামায়ণোক্ত রাক্ষসবিশেষ। [সং. মরীচি + অ]।

মারুত (p. 700) [māruta] বি. বাতাস, বায়ু।[সং. মরুত্ + অ]। মারুতি বি. পবননন্দন হনুমান।

মার্ক (p. 700) [mārka] বি. মার্কা, চিহ্ন, ছাপ (আগমার্ক)। [ইং. mark]।

মার্কণ্ড, মার্কেণ্ডেও (p. 700) [mārkaṇḍa, mārkēṇḍēō] বি. মুনিবিশেষ বা তৎপ্রণীত পুরাণবিশেষ। [সং. মৃকণ্ডু + অ, এয়]। মার্কণ্ডেয় চণ্ডী মার্কণ্ড-পুরাণের অন্তর্গত দেবীমাহাত্ম্য বর্ণনা, চণ্ডীকাব্য।

মার্কস-বাদ (p. 700) [mārkasa-bāda] বি. জার্মান দার্শনিক কার্ল মার্কস প্রবর্তিত সাম্যবাদের তত্ত্ব বা মতাদর্শ। [মার্কস + সং. বাদ]। মার্কস-বাদী বি. বিণ. মার্কসের তত্ত্বে বিশ্বাসী।

মার্কা (p. 700) [mārkā] বি. চিহ্ন, মার্ক। [ইং. mark]. মারা বিণ. 1 চিহ্নিত; 2 দাগি (মার্কামারা চোর); 3 সুপরিচিত (মার্কামারা জিনিস)।

মার্কারি, মার্কিউরি (p. 700) [mārkāri, mārkiuri] বিণ. পারদ, পোরা। [ইং. mercury]।

মার্কিন (p. 700) [mārkina] বি. 1 (কলে তৈরী) মোটা সুতিকাপড়বিশেষ; 2 আমেরিকা যুক্তরাষ্ট্র (মার্কিনমুলুক); 3 আমেরিকার অধিবাসী। □ বিণ. আমেরিকা যুক্তরাষ্ট্র-সম্বন্ধীয় (মার্কিন রীতি)। [< ইং. American। মার্কিনি বিণ. আমেরিকা যুক্তরাষ্ট্র-সম্বন্ধীয়।

মার্কেট (p. 700) [mārkēṭa] বি. বাজার (হগমার্কেট, নিউমার্কেট)। [ইং. mercury]।

মার্গ (p. 700) [mārga] বি. 1 পথ; 2 প্রকৃষ্ট উপায়; 3 সাধনা প্রণালী (ভক্তিমার্গ); 4 ধর্মপথ (ছুঁতমার্গ); 5 গুহ্যদ্বার; 6 সংগীতের খাঁটি শাস্ত্রীয় পদ্ধতি (মার্গসংগীত)।[সং. √ মৃজ+অ]।˜. সংগীত বি. উচ্চাঙ্গ শাস্ত্রীয় সংগীত।

মার্গণ (p. 700) [mārgaṇa] বি. 1 প্রার্থনা; 2 অন্বেষণ; 3 (বিরল) ধনুকের বাণ। [সং. মার্গ + অন]।

মার্গশির, মার্গশীর্ষ (p. 700) [mārgaśira, mārgaśīrṣa] বি. যে-মাসের পূর্ণিমা মৃগশিরা নক্ষত্রযুক্ত, অগ্রহায়ণ মাস। [সং. মৃগশিরস্, মৃগশীর্ষ (নক্ষত্র)+অ]।

মার্চ (p. 700) [mārca] বি. ইংরেজি বৎসরের তৃতীয় মাস।[ইং. March]।

মার্জন- (p. 700) [mārjana-] বি. 1 প্রাক্ষালন, মাজা (তৈজসপত্র মার্জন); 2 রগড়ানো (অঙ্গমার্জন); 3 দোষক্ষালন, ক্ষমা; 4 শোধন, পরিষ্করণ।[সং. √মার্জ্ + অন]। মার্জক বিণ. মার্জিত করে এমন। মার্জনা বি. 1 ক্ষমা; 2 মাজা রগড়ানো বা শোধন। মার্জনী বি. যার দ্বারা মাজা বা পরিষ্কার করা হয়, সম্মার্জনী, ঝাড়ু, বুরুশ ইত্যাদি। মার্জণীয় বিণ. ক্ষমার যোগ্য।

মার্জার (p. 700) [mārjāra] বি. বিড়াল। [√মৃজ্. + আর]। স্ত্রী. মার্জারিকা মার্জারী।

মার্জিত (p. 700) [mārjita] বিণ. 1 মার্জনা করা হয়েছে এমন, প্রক্ষালিত, পরিষ্কৃত; 2 দোষমুক্ত; 3 অনুশীলনের দ্বারা উৎকর্ষপ্রাপ্ত; 4 সভ্য (মার্জিত রুচি, মার্জিত ভাষা)। [সং. √মার্জি (√মৃজ্ + ণিচ্) + ত] স্ত্রী. মার্জিতা। ̃. বুদ্ধি বিণ. সুশিক্ষার ফলে বুদ্ধি উৎকর্ষপ্রাপ্ত হয়েছে এমন। ̃. রুচি বিণ. সুরুচিসম্পন্ন।

মার্জিন (p. 700) [mārjina] বি. লেখার খাতা বই প্রভৃতির প্রতি পৃষ্ঠার দুই পাশের ফাঁকা জায়গা।[ইং. margin]।

মার্ডার (p. 700) [mārḍāra] বি. খুন, হত্যা (মার্ডার কেস)। [ইং. murder]।

মার্তণ্ড (p. 700) [mārtaṇḍa] বি. সূর্য। [সং. মৃতণ্ড + অ]।

মার্দব (p. 700) [mārdaba] বি. মৃদুতা, কোমলতা। [সং. মৃদু + অ]।

মার্বেল-মারবেল (p. 700) [mārbēla-mārabēla] এর বানানভেদ।

মার্শাল (p. 700) [mārśāla] বি. সেনাবাহিনীর প্রধানবিশেষ (এয়ারমার্শাল, ফিল্ডমার্শাল)। [ইং. marshall]।

মাল1 (p. 700) [māla1] বি. 1 অনুন্নত জাতিবিশেষ; 2 (বাং.) সাপ ধরা যাদের পেশা, সাপুড়িয়া, সাপের ওঝা। [সং. মল + অ]। ̃. বৈদ্য বি. সাপের বিষের চিকিৎসক, সাপের ওঝা।

মাল2 (p. 700) [māla2] বি. কুস্তিগির, মল্লযোদ্ধা। [সং. মল্ল]̃. ভূমি বি. চতুষ্পার্শ্বস্থ ভূভাগের চেয়ে উঁচু বিশাল সমতল প্রদেশ, plateau.

মাল3 (p. 700) [māla3] বি. কুস্তিগির, মল্লযোদ্ধা। [সং. মল্ল]।̃. কোঁচা বি. মল্লের মতো কোঁচাকে টেনে পিছনে গোঁজা।̃. শাট,̃.সাট বি. 1 মালকোঁচা; আস্ফালন, বাহ্বস্ফোট।

মাল4 (p. 700) [māla4] (অশা.) বি. মদ. (মাল খাওয়া); 2 সুন্দরী মেয়ে। [আ. মল্]। মাল টানা ক্রি. বি. (অশা.) মদ খাওয়া।

মাল5 (p. 700) [māla5] বি. (কাব্যে) মালা ('মুকুতার মালা': ক.ক.)। [সং. মাল্য]।

মাল6 (p. 700) [māla6] বি. 1 পণ্যদ্রব্য (দোকানের মাল); 2 দ্রব্য, জিনিসপত্র (মালগুদাম); 3 ধন, সম্পদ (মালদার লোক); 4 রাজস্ব, খাজনা (মালগুজার); 5 যে-জমির খাজনা সরকারি অফিসে জমা দিতে হয়। [আ. মাল্]। মাল কাটা ক্রি. বি. পণ্যদ্রব্য বিক্রিত হওয়া।̃. ক্রোক বি. (প্রধানত আদালতের আদেশে) অস্থাবর সম্পত্তি আটক ।̃. খানা বি. 1 বহুমূল্য দ্রব্যাদি রাখার ঘর; 2 খাজনাখানা।̃. গাড়ি বি. (প্রধানত রেলের) মালবাহী গাড়ি।̃. গুজার বি. যে রাজস্ব দেয়, জমিদার।̃. গুজার-দার বি. যে মালগুজারি বা খাজনা দেয়।̃. গুজারি বি. ভূমিকর, খাজনা।̃. জমি বি. খাজনা করা জমি।̃. জামিন বি. 1 সম্পত্তির জামিন; 2 জামিনরূপে রক্ষিত সম্পত্তি।̃. দার বিণ. সম্পত্তিশালী, ধনবান (মালদার লোক)।̃. পত্র বি. জিনিসপত্র, বিভিধ দ্রব্য।̃. বাহী (-হিন্) বিণ. মালপত্র বহন করে নিয়ে যায়

এমন। ˜. মশলা বি. উপাদান, উপকরণ। ˜. মাত্তা বি. 1 ধনসম্পত্তি; 2 অস্থাবর সম্পত্তি। কাঁচা মাল বি. শিল্পদ্রব্যের মূল উপকরণ, raw material.

মাল-কিন (p. 700) [māla-kina] বি. (স্ত্রী.) মালিকের স্ত্রী অথবা মহিলা-মালিক। [< আ. মালিক]।

মালকোঁচা (p. 700) [mālakōn̐cā] দ্র. মাল3।

মাল-কোশ, মাল-কোষ (p. 700) [māla-kōśa, māla-kōṣa] বি. সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ।[< সং. মালবকৌশিক]।

মাল-ঝাঁপ (p. 700) [māla-jhām̐pa] বি. বাংলা ছন্দবিশেষ।[দেশি]।

মালঞ্চ (p. 700) [mālañca] বি. ফুলের বাগান ('মালঞ্চের মধ্যভাগে বসিল ভামিনী': দে. সে)।[সং. মালা-মঞ্চ]।

মালতী (p. 700) [mālatī] বি. 1 সুগন্ধ সাদা ফুলবিশেষ বা তার লতা, জাতিপুষ্প, চামেলিফুল; 2 সংস্কৃত ছন্দবিশেষ। [সং. মা + √ লত + ঈ]।

মালদার, মালপত্র (p. 700) [māladāra, mālapatra] দ্র. মাল6।

মালপোয়া, (p. 700) [mālapōẏā,] কথ্য. মালপো বি. চালের গুঁড়ো বা ময়দা দিয়ে লুচির মতো ভাজা এবং চিনির রসে দেওয়া মিষ্টি খাবারবিশেষ। [দেশি.]।

মালব (p. 700) [mālaba] বি. 1 মধ্যভারতের দেশবিশেষ, মালোয়া; 2 সংগীতের রাগবিশেষ।[সং. মাল + √ বা + অ]। ˜. কৌশিক বি. মালকোশ রাগ।

মালবাহী (p. 700) [mālabāhī] দ্র মাল6।

মালভূমি (p. 700) [mālabhūmi] দ্র মাল2।

মালমশলা (p. 700) [mālamaśalā] দ্র মাল6।

মালশা (p. 700) [mālaśā] বি. সরাজাতীয় মাটির বড়ো ও গভীর পাত্রবিশেষ। [< সং. মল্‌ল]।

মালশি (p. 700) [mālaśi] বি. ছোট মালশা। [বাং. মালশা + ই]।

মালশ্রী, (p. 700) [mālaśrī,] (কথ্য) মালশি বি. 1 সংগীতের রাগিণীবিশেষ; 2 শ্যামাসংগীতবিশেষ। [সং. মালশ্রী]।

মালসা-মালশা (p. 700) [mālasā-mālaśā] র. বর্জি. বানান।

মালা1 (p. 700) [mālā1] বি. ধীবর, জেলে, বাঙালী সম্প্রদায়বিশেষ। [সং. মাল]।

মালা2 (p. 700) [mālā2] বি. শাঁস বার করে নেওয়ার পর নারকেলের আধখানা খোল অর্থাত্ অর্ধাংশ, বাটির আকারের নারকেলের খোল।[< সং. মালঞ্চ]।

মালা3 (p. 700) [mālā3] বি. 1 মাল্য, হার (মুণ্ডমালা, কণ্ঠমালা, মটরমালা); 2 পুষ্পমাল্য; 3 শ্রেণি, সমূহ (ঊর্মিমালা)। [সং. মা + √ লা + অ + আ]।˜. কর,˜. কার বি. বিণ. 1 পুষ্পমাল্যরচনাকারী, মালী ('আমি তব মালঞ্চের হব মালাকার': রবীন্দ্র); 2 বি. বাঙ্গালি হিন্দুর পদবিবিশেষ।˜. চন্দন বি. পূজ্য বা সম্মানার্হ ব্যক্তিকে বরণ করার উপকরণরূপে ব্যবহৃত পুষ্পমাল্য ও চন্দন।˜. বদল বি. 1 বিবাহে বরকনের পরস্পর মালাবিনিময়ের অনুষ্ঠান; 2 বিবাহ।

মালাই (p. 700) [mālāi] বি. দুধের সর। [ফা. বালাই]।˜. বরফ বি. বরফে জমানো দুধে তৈরি মিষ্টি খাবারবিশেষ।

মালই-চাকি (p. 700) [māli-cāki] বি. মানুষের হাঁটুর চক্রাকার হাড়, knee-cap, knee-pan। [সং. মালচক্র]।

মালাকার, মালাকার, মালাবদল (p. 700) [mālākāra, mālākāra, mālābadala] দ্র. মালা3।

মালাবারি (p. 703) [mālābāri] বি. মালাবার দেশীয়। □ বি. মালাবারের অধিবাসী। [মালাবার + বাং. ই]।

মালি (p. 703) [māli] বি. বাগানের কাজে নিযুক্ত ভৃত্য, উদ্যানপালক। [< সং. মালী]।

মালিক (p. 703) [mālika] বি. 1 অধিকারী, কর্তা (এই জমির মালিক); 2 প্রভু (দীনদুনিয়ার মালিক)।[আ. মালিক]। মালকিন বি. মালিকের স্ত্রী; মহিলা-মালিক। মালিকানা বি. 1 অধিকার, স্বামিত্ব; 2 মালিকের প্রাপ্য অর্থাদি। মালিকি বি. মালিকত্ব, অধিকার, মালিকানা। □বিণ. মালিকসংক্রান্ত; মালিকানাসংক্রান্ত (মালিকি স্বত্ব)

মালিকা (p. 703) [mālikā] বি. ক্ষুদ্র মালা ('মালিকা পরিলে গলে প্রতি ফুলে কেবা মনে রাখে': কা. রা) [সং. মালা + ক (স্বার্থে)+ আ]।

মালিকানা, মালিকি (p. 703) [mālikānā, māliki] দ্র. মালিক [সং.]।

মালিনী (p. 703) [mālinī] বি. বিণ. (স্ত্রী.) 1 মাল্যভূষিতা; 2 মালা পুষ্প ইত্যাদির জোগান দেয় এমন নারী; 3 সংস্কৃত ছন্দবিশেষ। [সং. মালিন্ + ঈ]।

মালিন্য (p. 703) [mālinya] বি. 1 মলিনতা, ময়লা (চরিত্রের মালিন্য); 2 সম্প্রীতির অভাব (মনোমালিন্য)। [সং. মলিন+য]।

মালিশ (p. 703) [māliśa] বি. 1 মর্দন(তেল মালিশ করা); 2 মর্দন করে প্রয়োগ করতে হয় এমন ওষুধ (মালিশ লাগানো)। [ফা. মালিশ]।

মালিস-মালিশ (p. 703) [mālisa-māliśa] এর বর্জি. বানান।

মালী (p. 703) [mālī] (-লীন্) বি. মাল্যরচনাকারী, মালাকর। □বিণ. মাল্যধারী, মালাযুক্ত (বনমালী, কিরণমালী)। [সং. মালা3 + ইন্]।

মালুম (p. 703) [māluma] বি. বোধ. উপলব্ধি (ব্যথা মালুম হওয়া)। [আ. মা'লুম]।

মালুম-কাঠ (p. 703) [māluma-kāṭha] বি. জাহাজের মাস্তুল। [আ. মুআল্লিম + বাং. কাঠ]।

মালেক-মালিক (p. 703) [mālēka-mālika] এর বর্ত. অপ্র. রূপভেদ।

মালো-মালা1 (p. 703) [mālō-mālā1] এর চলিত রূপ (মালোপাড়া)।

মালোপমা (p. 703) [mālōpamā] বি. (অল.) কাব্যালংকারবিশেষ, এতে মালার মতো একই উপমেয়ের একাধিক উপমান থাকে।[সং. মালা3+উপমা]।

মাল্য (p. 703) [mālya] বি. 1 মালা, হার; 2 পুষ্পমালা। [সং. মালা3 + য]।˜. বান (-বত্) বিণ মাল্যধারী। □বি. রামায়ণে বর্ণিত পর্বতবিশেষ। স্ত্রী˜.. বতী।

মাল্লা (p. 703) [māllā] বি. 1 নাবিক; 2 নৌকার চালক, মাঝি ('তিনজন মাল্লা চৌপর দিন-ভোর দ্যায় দূর পাল্লা': স.দ.)।[আ. মল্লাহ্]।

মাশুক (p. 703) [māśuka] বি. প্রেমাষ্পদ।[আ. মাআশুক্]।

মাশুল (p. 703) [māśula] বি. 1 ভাড়া (ডাকমাশুল); 2 গাড়িভাড়া; 3 শুল্ক ('কারুর যদি দাঁতটি নড়ে, চারটি টাকা মাশুল ধরে': সু. রা.)। [আ. মহসূল]।

মাষ (p. 703) [māṣa] বি. 1 ডালবিশেষ, মাষকলাই; 2 পরিমাণবিশেষ, মাষা। [সং. √মষ্ + অ]।˜ ক বি. 1 মাষকলাই ডাল; 2 পরিমাণবিশেষ।˜. কলাই বি. বিউলি, বিরিকলাই।

মাষা (p. 703) [māṣā] বি. সোনা ইত্যাদির ওজনবিশেষ, 1/12 বা 1/1 তোলা; কবিরাজিতে 1/8 তোলা। [সং. মাষ > বাং. মাষ + আ]।

মাষ্টার (p. 703) [māṣṭāra] বি. 1 শিক্ষক বা গৃহশিক্ষক (ছেলের মাষ্টার এসেছে); 2 দক্ষ কারিগর, শিল্পী ইত্যাদি; 3 অধ্যক্ষ (পোস্টমাষ্টার, স্টেশনমাষ্টার)। [ইং. master]। তু. মাস্টার।˜ নি বি. (স্ত্রী.) গৃহশিক্ষিকা।

মাস1 (p. 703) [māsa1] বি. মাংস -র কথ্য রূপ (হাড়মাস কালি করা)।

মাস2 (p. 703) [māsa2] বি. বৎসরের 12 ভাগের একভাগ, স্থূল হিসাবে 3 দিন। [সং. √মস্ +অ]।˜. ওয়ারি বিণ. মাসিক।˜. কাবার বি. মাসের শেষ বা শেষদিন।˜. কাবারি বিণ. 1 মাসের শেষে করণীয় বা প্রয়োজনীয় (মাসকাবারি বাজার); 2 একমাসের উপযুক্ত। □বি. মাসিক বরাদ্দ।˜. মাহিনা, (কথ্য) মাইনে বি. মাসিক বেতন।˜. হারা, মাসো-হারা বি. (ভরণপোষণের জন্য বা অন্য কারণে খরচের জন্য) প্রতি মাসে প্রদেয় বৃত্তি বা ভাতা। [আ. মুশাহারা অথবা সং. মাসহার + বাং. আ]।

মাস-তুত, মাস-তুতো (p. 703) [māsa-tuta, māsa-tutō] বিণ. নিজের মাসির অথবা পতি বা পত্নীর মাসির সন্তানরূপে সম্পর্কিত (মাসতুতো ভাই, মাসতুতো দেওর)।[বাং মাসি + তুত]।

মাস-শ্বশুর (p. 703) [māsa-śbaśura] বি. পতি বা পত্নীর মেসো।[বাং. মেসো শ্বশুর] স্ত্রী. মাস-শাশুড়ি।

মাসা-মাষা (p. 703) [māsā-māṣā] র বানানভেদ।

মাসান্ত (p. 703) [māsānta] বি. 1 মাসের শেষ, মাসকাবার (মাসান্তে দুশো টাকা পায়); 2 মাসের শেষদিন।[সং. মাস2+অন্ত]। মাসান্তিক বিণ. মাসের শেষে ঘটে এমন বা মাসের শেষ সম্বন্ধীয় (মাসান্তিক অনুষ্ঠান)।

মাসার্ধ (p. 703) [māsārdha] বি. এক মাসের অর্ধেক বা অর্ধেককাল।[সং. মাস2 +অর্ধ]।

মাসি (p. 703) [māsi] বি. মায়ের ভাগিনী।[প্রাকৃ.মাউসিআ]।˜ মা বি. মাসি।

মাসিক (p. 703) [māsika] বিণ. 1 মাসসম্পর্কিত; 2 প্রতি মাসে ঘটে এমন (মাসিক আয়, মাসিক ভাতা, মাসিক চাঁদা)। □বি. 1 সপিণ্ডীকরণের পূর্বে প্রতিমাসে করণীয় শ্রাদ্ধবিশেষ; 2 (বাং.) যে পত্রিকা প্রতি মাসে প্রকাশিত হয়; 3 স্ত্রীরজ। [সং. মাস + ইক]।

মাসী, মাসীমা (p. 703) [māsī, māsīmā] যথাক্রমে মাসি ও মাসিমা -র বর্জি. বানান।

মাসুল-মাশুল (p. 703) [māsula-māśula] এর বর্জি. বানান।

মাসোহারা (p. 703) [māsōhārā] দ্র মাস2।

মাস্টার (p. 703) [māsṭāra] বি. ইং. master এর প্রতিবর্ণীকৃত রূপ। উচ্চা মাস্টার। তু. মাষ্টার। মাস্টারি বি. শিক্ষকতা; সব সময় অশোভনভাবে শিক্ষকের মতো আচরণ।

মাস্তান-মস্তান (p. 703) [māstāna-mastāna] এর রূপভেদ।

মাস্তুল (p. 703) [māstula] বি. নৌকা জাহাজ ইত্যাদি পোতে সংলগ্ন পাল খাটাবার কাঠের উঁচু দণ্ডবিশেষ।[পো. mastro]।

মাহ1 (p. 703) [māha1] বি. (ব্রজ.) মাস ('এ ভরা বাদর মাহ ভাদর': বিদ্যা.) [সং. মাস]।

মাহ2, মাহা1 (p. 703) [māha2, māhā1] অব্য. (ব্রজ.) ভিতরে, মাঝে ('হৃদয় মাহ মঝু': রবীন্দ্র)।[সং. মধ্য]।

মাহা2 (p. 704) [māhā2] বি. মাস।[ফা. মাহ]।

মাহাজনিক (p. 704) [māhājanika] বি. মহাজনসম্বন্ধীয় (মাহাজনিক শোষণ)। [স. মহাজন+ইক]।

মাহাত্ম্য (p. 704) [māhātmya] বি. 1 মহতের ভাব, মহত্ত্ব, মহানুভবতা (চরিত্রমাহাত্ম্য)।[স. মহাত্মন্+য]।

মাহিনা-মাইনা (p. 704) [māhinā-māinā] ও মাইনে-র অপ্র. রূপভেদ।

মাহিষ (p. 704) [māhiṣa] বিণ. 1 মহিষসম্বন্ধীয়; 2 মোষের দুধে তৈরী, ভঁয়সা। [স. মহিষ+অ]।

মাহিষ্য (p. 704) [māhiṣya] বি. 1 (মূলত পশুপালক) হিন্দুজাতিবিশেষ।□বিণ. মহিষসম্বন্ধীয়। [স. মহিষ+অ]।

মাহুত (p. 704) [māhuta] বি. হস্তিচালক (হাতির পিঠে মাহুত)। [হি. মহাবত]।

মাহেন্দ্র (p. 704) [māhēndra] বিণ. মহেন্দ্র বা দেবরাজ ইন্দ্র-সম্বন্ধীয় (মাহেন্দ্র রথ) [সং. মহেন্দ্র+অ]।˜. ক্ষণ,˜. যোগ বি. (জ্যোতিষ.) শুভযোগবিশেষ; উপযুক্ত সময়।

মাহেশ (p. 704) [māhēśa] বিণ. মহেশ বা শিব সম্বন্ধীয়। □বি. শিবের উপাসক, শৈব। [স. মহেশ+অ]।

মিইয়ে যাওয়া (p. 704) [miiẏē yāōẏā] দ্র মিয়নো।

মিউ, মিউ-মিউ (p. 704) [miu, miu-miu] বি. বিড়াল বা বিড়ালছানার ডাক। [ধ্বন্যা.]।

মিউ-জিয়াম (p. 704) [miu-jiẏāma] বি. প্রত্নতাত্ত্বিক বা অন্যবিষয়ক নিদর্শনাদির সংরক্ষণশালা, জাদুঘর।[ইং. museum]।

মিউনিসি-প্যালিটি (p. 704) [miunisi-pyāliṭi] বি. পুরসভা, পৌরসংঘ, নগরতত্ত্বাবধানের জন্য নাগরিকদের প্রতিনিধিদের নিয়ে গঠিত সংঘ।[ইং. municipality]। মিউনিসি-প্যাল বিণ. 1 মিউনিসিপ্যালিটি-সংক্রান্ত; 2 মিউনিসিপ্যালিটির করণীয়, পৌর।

মি.1, মিঃ (p. 704) [mi.1, miḥ] প্রাপ্তবয়স্ক পুরুষের নামের আগে শ্রী অর্থবাচক ইংরেজি, mister শব্দের সংক্ষিপ্ত রূপ। [ইং. Mr]।

মি2, মি- (p. 704) [mi2, mi-] মিটার এর সংক্ষিপ্ত রূপ।[ইং. metre]।

মিক্স-চার (p. 704) [miksa-cāra] বি. 1 নানা উপাদান মিশিয়ে প্রস্তুত পাঁচনবিশেষ; 2 মিশ্রিত দ্রব্য।[ইং. mixture]।

মিচকে (p. 704) [micakē] বিণ. প্রকাশ্য আচরণে বোঝা না গেলেও তলে তলে দুষ্ট, মিটমিটে (ও একটা মিচকে বদমাশ)। [দেশি.]। বি.˜. মি

মিছরি (p. 704) [michari] বি. স্ফটিকের মতো দানাবাঁধা চিনি। [আ. মিস্রী]। মিছরির ছুরি বি. (আল.) বাহ্যত মধুর হলেও প্রকৃতপক্ষে কষ্টদায়ক বা সর্বনাশা প্রকৃতির কথা বা উক্তি।

মিছা, (p. 704) [michā,] (কথ্য) মিছে বি. মিথ্যা কথা ('সে কহে বিস্তর মিছা'): ভা. চ.)। □ বিণ. 1 অসত্য, অমূলক, সত্য বা ঠিক নয় এমন (মিছে কথা বলা); 2 নিষ্ফল, বৃথা (মিছে আশা)। □ক্রি-বিণ. অনর্থক, অকারণে, মিছিমিছি (দিনটা মিছেই কেটে গেল)।[সং. মিথ্যা]।

মিছি-মিছি (p. 704) [michi-michi] বি. ক্রি-বিণ. অনর্থক, অকারণে। [মিছা দ্র]।

মিছিল (p. 704) [michila] বি. 1 শোভাযাত্রা, কোনো উদ্দেশ্যে বহু লোকের পঙ্ক্তিবদ্ধভাবে কোনো দিকে যাওয়া; 2 (আদা. মোকদ্দমা বা তৎসংক্রান্ত নথিপত্র) [আ. মিস্ল]।

মিছে-মিছা (p. 704) [michē-michā] র. কথ্যরূপ (মিছে কথা, মিছে ভয়)।

মিজ রাব (p. 704) [mija rāba] বি. সেতার বাজাবার জন্য (প্রধানত ডান হাতের) তর্জনীতে পরিধেয় তারনির্মিত অঙ্গুলিত্রাণবিশেষ। [আ. মিজ্রাব]।

মিজো (p. 704) [mijō] বি. ভারতের উত্তরপূর্ব সীমান্তের জাতিবিশেষ।

মিঞা-মিয়া (p. 704) [miñā-miẏā] র. বানানভেদ।˜. বিবি বি. 1 মুসলমান দম্পতি; 2 ভদ্র দম্পত্তি।

মিট (p. 704) [miṭa] বি. 1 মিল; 2 নিষ্পত্তি। [মিটা দ্র]।˜. মাট বি. আপোশনিষ্পত্তি, রফা, মীমাংসা (ঝগড়ার মিটমাট)।

মিট-মিট (p. 704) [miṭa-miṭa] বি. 1 ক্ষীণ বা স্তিমিত আলো বিকিরণের ভাব (প্রদীপটা মিটমিট করছে); 2 নিমীলিতপ্রায় বা আধবোজা চাহনির ভাব (মিটমিট করে তাকানো)। [ধ্বন্যা.]। মিট-মিটে বিণ. 1 মিটমিট করে এমন; 2 মৃদু, ক্ষীণ (মিটমিটে আলো); 3 গোপনে বা প্রচ্ছন্নভাবে বদমায়েশি করে এমন (মিটমিটে শয়তান)। মিটমিটে শয়তান প্রচ্ছন্নভাবে শয়তানি বা বদমায়েশি করে অথচ বাইরে যে নিরীহ ভালোমানুষের ভান করে। মিটি-মিটি ক্রি-বিণ. মিটমাট করে ('অবাক রাতের তারারা আকাশে মিটমিট করে চায়': সুকান্ত)।

মিটা, মেটা (p. 704) [miṭā, mēṭā] ক্রি. বি. 1 নিষ্পন্ন হওয়া, শেষ হওয়া, চুকে যাওয়া (এতক্ষণে সব কাজ মিটল); 2 দূর হওয়া, ঘোচা (তার দুঃখ কোনোদিন মিটবে না); 3 মীমাংসিত বা মিটমাট হওয়া (ঝগড়া মিটেছে); 4 তৃপ্ত হওয়া (আশ মিটেছে)। □ বিণ. উক্ত সব অর্থে। [দেশি]।˜. নো ক্রি. বি. 1 নিষ্পন্ন করা, শেষ করা, চুকানো (পাওনা মেটানো হয়নি); 2 দূর করা ('সারা পথের ক্লান্তি আমার সারা দিনের তৃষা/কেমন করে মেটাব যে': রবীন্দ্র); 3 মীমাংসা করা (নিজের ঝগড়া নিজেরাই মিটিয়ে নাও); 4 তৃপ্ত করা (আশা মিটিয়ে খাও)। □ বিণ. উক্ত সব অর্থে।

মিটার1 (p. 704) [miṭāra1] বি. পরিমাপের যন্ত্র (ক্রনোমিটার, ল্যাকটোমিটার)। [ইং. meter]।

মিটার2 (p. 704) [miṭāra2] বি. দূরত্বের বা দৈর্ঘের এককবিশেষ1 মিটার =39.37 ইঞ্চি, 1মিটার=1কিলোমিটার [ইং. metre]।

মিটিং (p. 704) [miṭi] বি. সভা, আলোচনাসভা। [ইং. meeting]।

মিঠাই (p. 704) [miṭhāi] বি. ছানা ক্ষীর ইত্যাদি দিয়ে প্রস্তুত সন্দেশ নাড়ু প্রভৃতি সুমিষ্ট জলখাবার; মিষ্টান্ন। [বাং. মিঠা + আই]।˜. ওয়ালা বি. মিঠাই বিক্রেতা।

মিঠে (p. 704) [miṭhē] বিণ. 1 মিষ্টি (মিঠে খাবার); 2 স্বাদু (মিঠে জল); 3 মধুর (মিঠে সুর)। [প্রাকৃ. মিট্ঠ < সং. মিষ্টি]।˜. কড়া বিণ. মধুর অথচ তীব্র বা ঝাঁঝালো।˜. জল বি. স্বাদু জল।˜. পাতা,˜. পাতি বি. ঝাঁঝালো নয় বরং মিষ্টি স্বাদযুক্ত পানপাতাবিশেষ।

মিড় (p. 704) [miḍ়] (বর্জি.) মীড় বি. সংগীতে অনবচ্ছিন্নভাবে এক স্বর থেকে অন্য স্বরে গড়িয়ে যাওয়ারূপে অলংকার ('মীড় দিলে নিষ্ঠুর করে': রবীন্দ্র; সেতারে মিড়)।[দেশি]।

মিত1 (p. 704) [mita1] বি. (প্রা. কা.) মিত্র, বন্ধু ('সুত-মিত-রমণী সমাজে')। [সং. মিত্র]।

মিত2 (p. 705) [mita2] বিণ. পরিমিতি, অল্প, সংযত (শক্তির মিত প্রয়োগ)। [সং. &tickমা + ত]। ˜ .বাক (-বাচ),˜ .ভাষী (-ষিণ্) বিণ. অল্প কথা বলে এমন, সংযতবাক। স্ত্রী˜ .ভাষিণী। বি˜ .ভাষিতা।˜.ব্যয় বি. 1 পরিমিত ব্যয়; 2 আয় অনুযায়ী ব্যয়।˜ .ব্যয়িতা বি. পরিমিত বা আয় বুঝে ব্যয় করার স্বভাব।˜ .ব্যয়ী (-য়িন্) বিণ. পরিমিতভাবে বা আয় বুঝে ব্যয় করে এমন, হিসাবি।˜ .ভোজন, মিতাশন, মিতাহার বি. পরিমিত বা সংযত আহার।˜ .ভোজী (-জিন্), মিতাশী (-শিন্) মিতাহারী (-রিন্) বিণ. পরিমিত বা সংযত আহার করে এমন। মিতাচার বি. 1 সংযত ব্যবহার; 2 সংযত জীবনযাপন। মিতাচারী (-রিন্) বিণ. সংযমী। স্ত্রী. মিতাচারিণী।

মিত-বর (p. 705) [mita-bara] বি. বিবাহকালে যে বালক বরের সহযাত্রী হয় এবং পাশে থাকে, নিতবর। [সং. মিত্রবর]। তু. মিত-কনে বি. (স্ত্রী.) বিবাহকালে যে সখী কনের পাশে পাশে থাকে।

মিতা (p. 705) [mitā] বি. বন্ধু সখা সুহৃদ ('আমার কী বেদনা সে কি জান, ওগো মিতা': রবীন্দ্র)। [সং. মিত্র]। স্ত্রী. (বিরল) মিতিন।˜লি বি. বন্ধুত্ব, সখ্য (দুজনে মিতালি হওয়া, মিতালি পাতানো)।

মিতাক্ষর (p. 705) [mitākṣara] দ্র মিতাক্ষর।

মিতাক্ষরা (p. 705) [mitākṣarā] বি. বিজ্ঞানেশ্বর-রচিত যাজ্ঞবল্ক্য-সংহিতার টীকা। [সং. মিত অক্ষর আ]।

মিতাচার, মিতাচারী (p. 705) [mitācāra, mitācārī] দ্র মিত2।

মিতালী (p. 705) [mitālī] দ্র মিতা।

মিতাশন, মিতাশী, মিতাহার মিতাহারী (p. 705) [mitāśana, mitāśī, mitāhāra mitāhārī] দ্র মিত।

মিতি (p. 705) [miti] বি. 1 পরিমাপ, পরিমাপ নির্ধারণ (জ্যামিতি, ত্রিকোণমিতি); 2 জ্ঞান। [সং √মা + তি]।

মিতে-মিতা (p. 705) [mitē-mitā] র কথ্য রূপবিশেষ।

মিত্র (p. 705) [mitra] বি. 1 বলধু, সখা, সুহৃদ; 2 (বিরল) সূর্য; 3 বাঙালি হিন্দুর পদবীবিশেষ। [সং √মিদ্ ত্র মতান্তরে √মি + ত্র] স্ত্রী. মিত্রা।˜ তা,˜ ত্ব বি. বন্ধুত্ব সখ্য সৌহার্দ্য।˜ .বাৎসল্য বি. বন্ধুর প্রতি ভালোবাসা।˜ .হীন বিণ. বন্ধুহীন।˜ .মিত্রামিত্র বি বন্ধু ও অবন্ধু; বন্ধু ও শত্রু।

মিত্রাক্ষর, মিতাক্ষর (p. 705) [mitrākṣara, mitākṣara] বি. অন্ত্যমিলযুক্ত ছন্দ। [সং মিত্র + অক্ষর, মিত + অক্ষর]।

মিথিলা (p. 705) [mithilā] বি. প্রাচীন বিদেহ রাজ্যের রাজা জনকের রাজধানী, আধুনিক ত্রিহুত।˜ ধি-পতি,˜ .পতি বি রাজা জনক।

মিথুন (p. 705) [mithuna] বি. স্ত্রী-পুরুষ, যুগল (হংসমিথুন); 2 স্ত্রীপুরুষের মিলন, যৌন মিলন, মৈথুন; 3 (জ্যোতিষ.) রাশিচক্রের তৃতীয় রাশি [সং √মিথ (=সঙ্গম) উন।

মিথ্যা (p. 705) [mithyā] বিণ. 1 অসত্য (মিথ্যা কথা); 2 অযথার্থ, অমুলক, কল্পিত (মিথ্যা কাহিনি); 3 নিষ্ফল, অনর্থক (মিথ্যা চেষ্ঠা, মিথ্যা আশ্বাস)। □ বি. অসত্য কথা বা বিষয় (মিথ্যা বলব না)। □ ক্রি-বিণ. অকারণে, বৃথা, মিছিমিছি (মিথ্যা ভেবো না)। [সং. √ মিথ + য + আ]। চরণ,˜চার বি. 1 মিথ্যা কথা বলা; 2 কপট ব্যবহার, কপটতা।˜ চারী (-রিন্) বিণ. মিথ্যাবাদী; কপটস্বভাব। স্ত্রী.˜ চারিণী।˜ .বাদ,˜ .ভাষণ বি. 1 মিথ্যা কথা; 2 মিথ্যা বলা।˜ .বাদী (-দিন্),˜ .ভাষী (-ষিন্) বিণ. মিথ্যা কথা বলে এমন। স্ত্রী.˜ .বাদিনী,˜.ভাষিনী।˜ .সাক্ষী (-ক্ষিন্) বি. যে-সাক্ষী আদালতে মিথ্যা সাক্ষ্য বা বিবরণ দেয়, সাজস সাক্ষী।

মিথ্যুক (p. 705) [mithyuka] বি. বিণ. মিথ্যাবাদী। [সং. মিথ্যা + বাং উক]।

মিনতী (p. 705) [minatī] বি. 1 বিনীত প্রার্থনা বা নিবেদন, আবেদন ('মিনতি মম শুন হে সুন্দরী': রবীন্দ্র); 2 অনুরোধ ('মাধব বহুত মিনতি করি তোয়': বিদ্যা.) 3 অনুনয়-বিনয় (মিনতিপূর্বক)। [সং বিনতি ও আ. মিন্নত্-এর সংমিশ্রণজাত বাংলা শব্দ।

মিন-মিন (p. 705) [mina-mina] বি. ক্ষীণতা বা দুর্বলতার লক্ষণ প্রকাশক (মিনমিন করে কথা বলা)। [ধ্বন্যা.]। মিন-মিনে বিণ. 1 মিনমিন করে এমন (মিনমিনে লোকের মনোভাব বোঝা দায়); 2 ক্ষীণতা দুর্বলতা বা নিরীহতা প্রকাশক (মিনমিনে স্বভাব)।

মিনসে (p. 705) [minasē] (বিরল). মিনসা বি. (গ্রা.) (অবজ্ঞায়) বয়ঃপ্রাপ্ত পুরুষ, পুরুষমানুষ (মিনসে বসে বসে ভাত ওড়ায়)।[< সং. মনুষ্য]।

মিনা (p. 705) [minā] বি. সোনা রুপো ইত্যাদি ধাতুর উপর কাচের মতো মসৃণ উজ্জ্বল ও রঙ্গিন পদার্থের কলাই, enamel [ফা. মীনা]।

মিনার (p. 705) [mināra] বি. 1 মসজিদের কোণে কিংবা অট্টালিকার উপরে স্তম্ভাকৃতি উঁচু চুড়া (কুতুবমিনার); 2 গম্বুজাকৃতি অট্টালিকা বা মন্দির (রাজার মিনার)। [ফা. মীনার]।

মিনি1 (p. 705) [mini1] বিণ. (কথ্য) বিনা (মিনিসুতোর মালা)। [<. সং বিনা]।

মিনি2 (p. 705) [mini2] বিণ. অপেক্ষাকৃত ক্ষুদ্রাকার, ছোটো (মিনিস্কার্ট, মিনিবাস)। □ বি. অপেক্ষাকৃত ছোটো বস্তু বা পদার্থ (মিনিতে চড়ে যাওয়া, একটা মিনি (সিগারেট) ধরানো যাক)। [ইং. miniature এর সংক্ষিপ্ত রূপ]।

মিনিট (p. 705) [miniṭa] বি. 1 সময়ের ক্ষুদ্র ভাগবিশেষ (এক মিনিটও তর সয় না); 2 এক ঘন্টার 1/6 অংশ [ইং. minute] মিনিটে মিনিটে ক্রি-বিণ. প্রতি মুহূর্তে, ক্ষণে ক্ষণে।

মিনি-বাস (p. 705) [mini-bāsa] বি. অপেক্ষাকৃত ছোটো যাত্রীবাহী বাসগাড়িবিশেষ। [ইং miniature + bus]।

মিয়নো (p. 705) [miẏanō] ক্রি. বি. 1 নরম হয়ে যাওয়া, মুচমুচে না থাকা (মুড়ি মিয়নো, বিস্কুট মিইয়ে গেছে); 2 নিরুদ্যম হয়ে পড়া (হতাশায় মিয়নো); 3 মন্দীভূত হওয়া (উৎসাহ মিয়নো)। [বাং, √মিয়া]। □ বিণ. উক্ত সব অর্থে। মিইয়ে যাওয়া ক্রি. বি. মিয়নো (মুড়ি মিইয়ে গেছে)

মিয়া (p. 705) [miẏā] বি. 1 মুসলমান ভদ্রলোক; 2 মহাশয়। [ফা. মিআঁ]।

মিয়াদ, মেয়াদ (p. 705) [miẏāda, mēẏāda] বি. 1 ধার্য সময় বা কাল (দীর্ঘ মেয়াদ, মেয়াদ শেষ হওয়া); 2 কারাদণ্ড, কয়েদ (তিন বছর মেয়াদ হয়েছে, মেয়াদ খাটছে) [আ. মিআদ্]। মিয়াদি মেয়াদি, বিণ. নির্দিষ্ট মেয়াদযুক্ত (মেয়াদি পাট্টা)।

মিয়ানি (p. 705) [miẏāni] বি. (অপ্র.) পালকি বা ডুলিবিশেষ। [ফা. মিয়ান্]।

মিয়োনো (p. 706) [miẏōnō] মিয়নো -র বানানভেদ।

মির (p. 706) [mira] বি. 1 প্রধান, নেতা; 2 অভিজাত মুসলমানের উপাধিবিশেষ। [ফা. মীর্]˜ .বহর বি. প্রধান নৌসেনাপতি; নৌ-অধ্যক্ষ।

মিরগেল (p. 706) [miragēla] মৃগেল -এর কথ্য রূপ।

মিরজাই (p. 706) [mirajāi] দ্র মেরজাই।

মির-মুনশি (p. 706) [mira-munaśi] বি. প্রধান কেরানি।[ফা. মীর মুন্শী]।

মিরাশ (p. 706) [mirāśa] বি. পুরুষানুক্রমে ভোগ করার অধিকারযুক্ত সম্পত্তি।[আ. মিরাস্]। মিরাশি বিণ. উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত। তু. মৌরসি।

মির্মির (p. 706) [mirmira] বি. 1 চোখের পলক; 2 অপলক দৃষ্টি ('সম্মিলিত তাদের মির্মিরে মনে হয় অমাবস্যা সুদক্ষিণ, সজীব, নির্ভার': সু. দ.) [সং]।

মিল1 (p. 706) [mila1] বি. যে বড় কারখানায় যন্ত্রের দ্বারা উৎপাদন হয়।[ই. mill]।

মিল2 (p. 706) [mila2] বি. 1 মিলন (দুজনে মিল হয়েছে); 2 যোগ (আর্য অনার্যে মিল); 3 ঐক্য, সামঞ্জস্য (মতের মিল, কথায় ও কাজে মিল); 4 সদ্ভাব (দুই ভাইয়ে মোটেই মিল নেই); 5 সংগতি, খাপ খাওয়ার ভাব (জোড়ের মুখে মুখে মিল); 6 কবিতার এক চরণের অন্ত্যধ্বনির সঙ্গে পরবর্তী চরণের অন্ত্যধ্বনির সমতা।[সং. √ মিল্ + বাং. অ]। ˜ .বর্জিত বিণ. কবিতার যে ছন্দে দুই চরণের শেষ অক্ষরে বা অন্ত্যধ্বনির সমতা নেই। ˜ .মিলাও˜মিশ সদ্ভাব, বনিবনা।

মিলন (p. 706) [milana] বি. 1 সংযোগ, সন্ধি; 2 সদ্ভাবস্থাপন (দুই পূর্বতন শত্রুর মিলন); 3 কলহান্তে পুনরায় সদ্ভাব, বিচ্ছেদের পর ঐক্য (নায়ক-নায়িকার মিলন); 4 সাক্ষাৎকার (প্রণয়ী-প্রণয়িনীর মিলন) 5 সম্মেলন (মিলনোৎসব); 6 রতি, যৌন সংগম (যৌনমিলন)। [সং. √মিল্ + অন]। মিলনান্তক বিণ. (নাটক কাব্যাদি সম্বন্ধে) উপসংহার নায়ক-নায়িকার মিলনসাধন হয় এমন।

মিলনি (p. 706) [milani] বি. সম্মেলন বা আসর। [সং. মিলন + বাং. ই]।

মিলনী (p. 706) [milanī] মিলনি -র বর্জি. বানান।

মিলনোত্-সব (p. 706) [milanōt-saba] বি. সদস্য বা সভ্যদের পরস্পর সাক্ষাৎকারের অনুষ্ঠান, সম্মেলন, পুনর্মিলন।[সং. মিলন + উৎসব]।

মিল-মিলে (p. 706) [mila-milē] বি. হামরোগ measles. [দেশি]।

মিল-মিশ (p. 706) [mila-miśa] বিণ. 1 সংসর্গ, মেলামেশা; 2 বন্ধুত্ব, সদ্ভাব ও পারস্পরিক ঐক্যবোধ (পাড়ার লোকের সঙ্গে মোটেই মিলমিশ নেই)। [বাং মিলা + মিশা]।

মিলা, মেলা ক্রি. (p. 706) [milā, mēlā kri.] বিণ. 1 একত্র হওয়া (তিনের সঙ্গে দুই মিলে পাঁচ, 'হেথার সবারে হবে মিলিবারে': রবীন্দ্র); 2 বনিবনা হওয়া (ভাইয়ে-ভাইয়ে মোটেই মেলে না); 3 মিশ খাওয়া, খাপ খাওয়া (জোড় মেলা); 4 সংযুক্ত হওয়া, মেশা (দুটি পথ মিলেছে); 5 সম্পূর্ণ মিশ্রিত হওয়া (তেলে জলে মেশা); 6 মিলযুক্ত হওয়া (ছন্দ মিলছে না, পদ্য মিলছে না); 7 জোটা পাওয়া যাওয়া (বাজারে ভালো চাল মিলছে না); 8 (গনি.) হওয়া (অঙ্ক মিলেছে?); 9 মিলিত হওয়া ('মিলিব বন্ধুর সনে')। [সং. √ মিল্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 একত্র বা মিশ্রিত বা সংযুক্ত করা (হাট মেলানো, মেলা মেলানো); 2 মিশ খাওয়ানো, খাপ খাওয়ানো; 3 মিল দেওয়া (পদ্য মিলানো); 4 জোটানো, সংস্থান করা (চাকরি মিলানো কি সহজ কথা!); 5 গলে বা লীন হয়ে যাওয়া ('ধুপ

আপনারে মিলাইতে চাহে গন্ধে': রবীন্দ্র)। মেলা-মেশা বি. 1 সংসর্গ; 2 বন্ধুত্ব বা সদ্ভাব।

মিলি-টারি (p. 706) [mili-ṭāri] বি. সেনাবাহিনী, সামরিক বাহিনী (তার ছেলে মিলিটারিতে কাজ পেয়েছে)। □ বিণ. 1 সামরিক, সামরিকবাহিনী-সম্বন্ধীয়; 2 (আল.) কড়া, উগ্র (মিলিটারি মেজাজ)।[ইং. military]।

মিলিত (p. 706) [milita] বিণ. 1 সম্মিলিত, সমবেত (সভায় মিলিত হওয়া); 2 সংযুক্ত, ঐক্যবদ্ধ (মিলিত চেষ্টা); 3 মিশ্রিত; 4 প্রাপ্ত (মিলিত সুযোগ); 5 উপস্থিত; 6 কৃতসাক্ষাত্, সাক্ষাত্ করা হচ্ছে এমন। [সং. √ মিল্ + ত]। স্ত্রী. মিলিতা

মিলি-মিটার (p. 706) [mili-miṭāra] বি. দৈর্ঘের ক্ষুদ্র মাপবিশেষ, এক মিটারের এক হাজার ভাগের এক ভাগ।[ইং millimeter]।

মিলিয়ন (p. 706) [miliẏana] বি. দশ লক্ষ, এক হাজারে হাজার গুণ। [ইং. million]।

মিলেট (p. 706) [milēṭa] বি. জোয়ার বা ভুট্টাজাতীয় শস্যবিশেষ [ইং. millet]।

মিশ1 (p. 706) [miśa1] বিণ. বিণ-বিণ. ঘোর কালো, মসিবত্ (মিশকালো রং)। [সং. মসি-তু. ফা. মিসা]।˜ .মিশ বি. ঘোর কৃষ্ণবর্ণের ভাব (মিশমিশ করা)।

মিশ-মিশে বিণ. ঘোর কালো (মিশমিশে রং)। □ বিণ-বিণ. মসিবত্, ঘোর (মিশমিশে কালো রং)।

মিশ2 (p. 706) [miśa2] বি. 1 মিশ্রণ, মেশানো (তেলে জলে মিশ হয় না); 2 মিল। [মিশা দ্র] মিশ খাওয়া ক্রি. বি. 1 খাপ খাওয়া, মেলা; 2 বনিবনা হওয়া।

মিশন (p. 706) [miśana] বি. 1 ধর্মপ্রচার; 2 বিশেষ কোনো (গুরুতর) কার্যের জন্য প্রেরিত ব্যক্তিবর্গ (ক্যাবিনেট মিশন); 3 ধর্মপ্রচার সমিতি (রামকৃষ্ণ মিশন)। [ইং. mission]। মিশনারি বি. ধর্মপ্রচারক। □ বিণ. 1 ধর্মপ্রচার-সম্বন্ধীয় (মিশনারি পরিকল্পনা); 2 ধর্মপ্রচার-সমিতি কর্তৃক পরিচালিত (মিশনারি কলেজে)।

মিশমিশে (p. 706) [miśamiśē] দ্র মিশ1।

মিশর (p. 706) [miśara] বি. ইজিপ্ট দেশ। [আ. মিসর্]।

মিশা, মেশা (p. 706) [miśā, mēśā] ক্রি. বি. 1 একত্র বা মিশ্রিত হওয়া (ভিড়ের মধ্যে মেশা, দুই রাস্ত
া এখানে এসে মিশেছে); 2 সংসর্গে থাকা বা যাওয়া (দলে মেশা, খারাপ ছেলেদের সঙ্গে মেশা); 3 খাপ খাওয়া, মানানো (জোড় মেশা); 4 বিলীন হওয়া, লীন হওয়া (হাওয়ায় মিশে গেল)। [প্রাকৃ. মিস্স < সং. মিশ্র + বাং আ]। ˜ নো ক্রি. বি. 1 মিশ্রিত বা মিলিত করা (খাদ মিশানো); 2 সংসর্গে নিয়ে যাওয়া; 3 খাপ খাওয়ানো (দলে মিশানো); 4 যুক্ত করা (ওদের সঙ্গে গলা মিশানো)। □

বিণ. 1 মিশ্রিত (জলমিশানো দুধ); 2 মিলিত। মেশা-মিশি বি. 1 আলাপ-পরিচয়; 2 ঘনিষ্ঠতা; 3 সংসর্গ। মিশাল, মিশেল বি. মিশ্রণ (দুধে জলের মিশেল আছে)।

মিশি (p. 707) [miśi] বি. তামাকচূর্ণ হীরাকস প্রভৃতি দিয়ে প্রস্তুত দাঁতের মাজনবিশেষ। [হি. মিস্সী]।

মিশুক (p. 707) [miśuka] বিণ. অপরের সঙ্গে মিশতে বা আলাপ করতে পটু, সামাজিক। [মিশা দ্র]।

মিশুকে (p. 707) [miśukē] মিশুক-এর. রূপভেদ।

মিশেল (p. 707) [miśēla] দ্র মিশা।

মিশ্র (p. 707) [miśra] বিণ. 1 মিশ্রিত, অন্যের বা অন্য কিছুর সঙ্গে মিশানো হয়েছে এমন (মিশ্র তরল); 2 অবিশুদ্ধ (মিশ্র ভাষা, মিশ্ররাগ); 3 (.গণি) জটিল, যৌগিক, টাকা-আনা পাউন্ড-শিলিং প্রভৃতি অর্থ-পরিমাণ-সম্বন্ধীয়, compound (মিশ্র যোগ, মিশ্র বিয়োগ)। □ বি. 1 (বিজ্ঞা.) মিশ্রিত দ্রব্য; 2 ব্রাহ্মণের উপাধি বা পদবিবিশেষ। [সং. √ মিশ্র্ + অ]।˜ ণ বি. 1 মিশ্রিতকরা বা হওয়া; 2 মিলন, সংযোগসাধন; 3 ভেজাল (দুধে জলের মিশ্রণ)।˜ .রাগ বি. দুই বা ততোধিক রাগের মিলনে তৈরী রাগ। মিশ্রিত বিণ. মিশানো হয়েছে এমন।

মিষ্ট (p. 707) [miṣṭa] (কথ্য) মিষ্টি বিণ. 1 শর্করা বা মধুর মতো স্বাদযুক্ত (মিষ্টি দই, মিষ্টান্ন); 2 সুমধুর (মিষ্টি সুর, মিষ্টি গলা); 3 প্রীতিপদ (মিষ্টি ব্যবহার)। □বি. মিঠাই, মিষ্টান্ন। [সং. √ মিষ্ + ত]। বি.˜ তা,˜ ত্ব। মিষ্টি-মুখ বি. 1 যৎসামান্য

মিষ্টান্নভোজন (একটু মিষ্টিমুখ করে যান); 2 মধুর বা কোমল বা নম্র ভাষা (মিষ্টিমুখ বলা) মিষ্টান্ন বি. 1 মিঠাই; চিনি গুড় ইত্যাদি শর্করা দিয়ে প্রস্তুত খাবার; 2 পায়েস

মিষ্টি-কুমড়ো (p. 707) [miṣṭi-kumaḍ়ō] বি. মিষ্টি স্বাদের কুমড়োবিশেষ, মিঠেকুমড়ো। [সং. মিষ্ট + বাং. কুমড়া]।

মিস1 (p. 707) [misa1] বি. অবিবাহিতা স্ত্রীলোকের নামের পূর্বে ব্যবহৃত আখ্যাবিশেষ, কুমারী (মিস দাস, মিস লতা দাস)। [ইং. miss]।

মিসি-মিশি (p. 707) [misi-miśi] র বর্জি. বানান ('বুড়ী দিত দাঁতে মিসি, বুড়ো গায়ে সাবান মাখত': দ্বি. রা)।

মিসি-বাবা (p. 707) [misi-bābā] বি. (ভৃত্যদের ভাষায়) প্রভুর অবিবাহিতা কন্যা।[ইং. miss + হি. বাবা]।

মিসিস, মিসেস (p. 707) [misisa, misēsa] বি. বিবাহিতা নারীর আখ্যা, শ্রীযুক্তা (মিসেস দাস)।[ইং. missis < mistress]।

মিস্টার (p. 707) [misṭāra] বি. ভদ্রলোকের আখ্যা, মহাশয়, শ্রীযুক্ত (মিস্টার দাস)। [ইং. mister]।

মিস্ত্রি (p. 707) [mistri] (কথ্য) মিস্তিরি বি. কারিগর, যে কারিগর হাতের কাজে বা ছোটখাটো যন্ত্রপাতির কাজে পটু বা সেই কাজ করে (রাজমিস্ত্রি, ছুতোর মিস্ত্রি)।[পো. mestre]।

মিহি (p. 707) [mihi] বিণ. 1 সূক্ষ্ম (মিহি জাল); 2 পাতলা (মিহি কাপড়); 3 সরু (মিহি চাল); 4 অতি ক্ষুদ্র (মিহি দানা); 5 ভালোভাবে চূর্ণিত (মিহি গুঁড়ো); 6 মৃদু, মৃদুসুরযুক্ত (মিহি গলা)। [ফা. মহীন্]। ̃ .দানা বি. মিঠাইবিশেষ, মোতিচুর।

মিহির (p. 707) [mihira] বি. সূর্য, তপন। [সং. √ মিহ্ + ইর তু. ফার মিহ্র (=সূর্য)]। ̃ .কিরণ বি. সূর্যের কিরণ, সূর্যের আলো।

মীটিং (p. 707) [mīṭi] এর বর্জি বানান।

মীড়-মিড় (p. 707) [mīḍ-miḍ] এর. বর্জি. বানান।

মীন (p. 707) [mīna] বিণ. 1 মৎস্য, মাছ; 2 বিষ্ণুর প্রথম অবতার; 3 (জ্যোতি.) রাশিচক্রের দ্বাদশ রাশি। [সং. √ মী + ন]। ̃ .কেতন, ̃ .ধ্বজ বি. (তাঁর ধ্বজা মীন-অঙ্কিত বলে) কামদেব, কন্দর্প। মীনাক্ষী বিণ. (স্ত্রী.) মাছের চোখের মতো সুন্দর নয়নবিশিষ্টা। □ বি. দাক্ষিণাত্যের দেবীবিশেষ। ̃ .নয়না বিণ. (স্ত্রী) মীনাক্ষী অনুরূপ।

মীমাংসক (p. 707) [mīmāṃsaka] দ্র মীমাংসা।

মীমাংসা (p. 707) [mīmāṃsā] বি. 1 বিরোধ সমস্যা প্রভৃতি সমাধান (ঝগড়ার মীমাংসা হয়নি); 2 জটিলতা সংশয় সন্দেহ অনৈক্য প্রভৃতি দূরীকরণ; 3 নিষ্পত্তি, সিদ্ধান্ত, মিটমাট; 4 জৈমিনি-মুনি প্রণীত দর্শনশাস্ত্র, যা পূর্বমীমাংসা নামে পরিচিত। [সং. √ মান্ + সন্ + অ + আ]। মীমাংসক বিণ. মীমাংসাকারী। □ বি. মীমাংসাদর্শনে পণ্ডিত। মীমাংসিত বিণ. মীমাংসা করা বা নিষ্পত্তি বা সমাধান করা হয়েছে এমন, বিচারপূর্বক নির্ণীত।

মীর (p. 707) [mīra] মির -র বর্জি. বানান।

মীর-বহর, মীর-মুনশী (p. 707) [mīra-bahara, mīra-munaśī] যথাক্রমে মিরবহর ও মিরমুনশি -র বর্জি. বানান।

মীলন (p. 707) [mīlana] বি. 1 সংকোচন; 2 চোখকে বুজিয়ে রাখা।তু. নিমীলন, উন্মীলন।[সং. √ মীল্ + অন]। মীলিত বিণ. 1 সংকুচিত; 2 চোখকে বুজিয়ে রাখা হয়েছে এমন (নিমীলিতনয়ন)।

মুই, মুঞি-আমি (p. 707) [mui, muñi-āmi] এর প্রাচীন কোমল রূপ।

মুকতি (p. 707) [mukati] বি. মুক্তি -র কোমল রূপ।

মুকদ্দম (p. 707) [mukaddama] বি. 1 গ্রামের মোড়ল; 2 অগ্রবর্তী রক্ষীদল।[আ. মুকদ্দম]।

মুকররি, মুকাবিলা (p. 707) [mukarari, mukābilā] যথাক্রমে মোকররি ও মোকাবিলা-র অপেক্ষাকৃত অল্প-প্রচলিত রুপভেদ।

মুকি (p. 707) [muki] বি. 1 অঙ্কুর; 2 কলাগাছের নতুন চারা, তেউড়। [দেশী]।

মুকির (p. 707) [mukira] বি. (আদা.) স্বীকারকারী, যে কবুল করেছে।[আ. মুকীর]।

মুকুট (p. 707) [mukuṭa] বিণ. কিরীট, শিরোভূষণ (রাজার মুকুট, বরের মুকুট)। [সং. √ মন্ক্ + উট]।

মুকুতা (p. 707) [mukutā] বি. মুক্তা -র কোমল রূপ।

মুকুন্দ (p. 707) [mukunda] বি. 1 মোক্ষদাতা, মুক্তিদাতা; 2 বিষ্ণু। [সং. মুকুম্ + √ দা + অ]।

মুকুর (p. 707) [mukura] বি. আয়না, দর্পন, আরশি [সং. √ মন্ক্ + উর]।

মুকুল (p. 707) [mukula] বিণ. 1 কুঁড়ি, কোরক, কলিকা; 2 বোল, বউল (আমের মুকুল); 3 মুকুল-সদৃশ বস্তু (দন্তমুকুল)। [সং. √ মুচ + উল]। মুকুলিকা বি. মুকুল। □ বিণ. 1 মুকুলাকৃতি; 2 ঈষত্ বিকশিত ('মুকুলিকা বালিকা বয়সী': রবীন্দ্র)। মুকুলিত বিণ. 1 মুকুল ধরেছে এমন (মুকুলিত আম্রশাখা); 2 অর্ধ-

প্রস্ফুটিত, অর্ধ-নিমীলিত (মুকুলিতনয়না)। মুকুলোদ্গম বি. মুকুলের আবির্ভাব, মুকুল ধরা।

মুকেদ-মুকদ্দমা (p. 707) [mukēda-mukaddamā] এর প্রাচীন রূপ।

মুকেরী (p. 708) [mukērī] বি. বলদের পিঠে মালবহনকারী মুসলমান সম্প্রদায়বিশেষ ('বলদ বাহিয়া কেহ বলায় মুকেরি': ক.ক) [আ. মুকেরী]।

মুক্ত (p. 708) [mukta] বিণ. 1 ত্রাণপ্রাপ্ত, মোক্ষপ্রাপ্ত, মুক্তি পেয়েছে এমন (মুক্ত আত্মা); 2 মোহহীন (মুক্ত মন, সংস্কারমুক্ত); 3 উদার (মুক্তহাতে দান); 4 খালাসপ্রাপ্ত (কারামুক্ত); 5 নিষ্কৃতি বা অব্যাহতি পেয়েছে এমন (দায় থেকে মুক্ত, ঋণমুক্ত); 6 আরোগ্যপ্রাপ্ত (রোগমুক্ত); 7 খোলা, উন্মোচিত, নিষ্কাশিত (মুক্ত দ্বার, মুক্ত কৃপাণ); 8 অবাধ, অবারিত (মুক্তাঙ্গন); 9 অব্যাহত (মুক্তধারা, 'মুক্ত কর হে বন্ধ': রবীন্দ্র); 1 বন্ধনহীন (মুক্তবেণি); 11 (বাং.) পরিষ্কৃত, সাফ (জঞ্জালমুক্ত)। বিণ. (স্ত্রী.) মুক্তা।˜ .কচ্ছ বিণ. কাছাখোলা (মুক্তকচ্ছ হয়ে ছোটাছুটি করা)।˜ .কণ্ঠে ক্রি-বিণ. 1 অসংকোচে, স্পষ্ট ভাষায়; 2 উচ্চকণ্ঠে, জোর গলায়।˜ .কেশ বি. খোলা চুল। □ বিণ. চুল খুলে গেছে এমন।˜ .কেশা বিণ. (স্ত্রী.) চুল খুলে রয়েছে বা খোলা অবস্থায় রয়েছে এমন; আলুলায়িত কেশযুক্তা।˜ .কেশী বিণ. (স্ত্রী.) মুক্তকেশা। □ বি কালিকাদেবী। মুক্ত ছন্দ বি. ছন্দের বাঁধাধরা নিয়ম যে ছন্দে পালন করা হয় না, free verse.˜ .পুরুষ বি. যে ব্যক্তি সংসারবন্ধন, পিছুটান ইত্যাদি থেকে মুক্তি পেয়েছে।˜ .বেণি,˜ .বেণী বি. খোলা চুল ('মুক্তবেণী পিঠের পরে লোটে': রবীন্দ্র)। □ বিণ. বিনুনি বাঁধেনি এমন।˜ .সঙ্গ বিণ. বিষয়বাসনা-রহিত, আসক্তিহীন।˜ .হস্ত বিণ. উদার, দানশীল, খোলাহাতে দান করতে পারে এমন।

মুক্তা (p. 708) [muktā] বি. মোতি, শুক্তি, অর্থাত্ ঝিনুকের গর্ভে জাত রত্নবিশেষ। [সং. √ মুচ্ + ত + আ]।

মুক্তি (p. 708) [mukti] বি. 1 মোক্ষ, ত্রাণ, জীবজন্ম-পরিগ্রহ থেকে ও তৎসম্পর্কিত বন্ধনাদি থেকে অব্যাহতি; 2 মোহ বাসনাদির অবসান; 3 পরিত্রাণ, নিষ্কৃতি, রেহাই (দায়মুক্তি); 4 বন্ধন অবরোধ বাধা নির্যাতন প্রভৃতি থেকে অব্যাহতি বা উদ্ধার (কারামুক্তি); 5 আরোগ্যলাভ (রোগমুক্তি); 6 স্বাধীনতালাভে (দেশের মুক্তি)। [সং. √ মুচ্ + তি]।˜ .দাতা (-তৃ) বি. যে মুক্তি দেয়। স্ত্রী.˜ .দাত্রী।˜ .নামা বি. ছাড়পত্র, অন্য দেশে যাবার অনুমতিপত্র, passport˜ .পণ বি. মুক্তিলাভের জন্য প্রদেয় অর্থ।˜ .পত্র বি. (প্রধানত ঋণ বন্ধক কারাদণ্ড প্রভৃতি থেকে) অব্যাহতি লাভের নির্দেশসূচক লিপি বা দলিল।˜ .যুদ্ধ বি. দেশের স্বাধীনতার যুদ্ধ।˜ .যোদ্ধা (-দ্ধৃ) বি. যে ব্যক্তি দেশের স্বাধীনতার জন্য লড়াই করে।˜ .স্নান বি. চন্দ্রসূর্যের রাহুমুক্তি উপলক্ষ্যে স্নান।

মুখ (p. 708) [mukha] বি. 1 মুখমণ্ডল, বদন, আনন (নতমুখ); 2 মুখবিবর, শরীরের যে বহিরঙ্গ দিয়ে খাদ্যবস্তু ভিতরে প্রবেশ করে (খাবার মুখে দেওয়া, মুখশুদ্ধি); 3 বাক্য, ভাষা, বাক্প্রণালী, কথা (দুর্মুখ, মুখ খারাপ করা); 4 প্রবেশপথ (গুহামুখ); 5 সম্মুখভাগ (ফোড়ার মুখ); 6 মোহানা (নদীর মুখ); 7 ডগা, আগা. অগ্রভাগ (ছুঁচের) মুখ);˜ প্রান্ত (রাস্তার মুখে); 9 আরম্ভ, সূত্রপাত (উন্নতির মুখে, মুখবন্ধ); 1 আক্রমণ, বিরুদ্ধতা বিপদের মুখে); 11 অভিমুখে (ঘরমুখো)। □ বিণ. প্রধান (মুখপাত্র)। [সং. √ খন্ + অ, মু আগম]।˜ .আলগা বিণ. কোনোকথা বলতে বাধে না এমন। মুখ উজ্জ্বল করা ক্রি. বি. গৌরবান্বিত করা।˜ .কমল বি. পদ্মফুলের মতো সুন্দর মুখ। মুখ করা ক্রি বি. তিরস্কার করা। মুখ খারাপ করা

ক্রি. বি. অশ্লীল বাক্য বলা। ˜ .খিস্তি বি. অশ্লীল বাক্য; অশ্লীল কথাবার্তা। মুখ খোলা ক্রি. বি. নীরব থাকার পর কথা বলা বা প্রতিবাদ করতে শুরু করা। ˜ .গহ্বর বি. মুখে খাদ্যাদির প্রবেশপথ। মুক গোঁজা করা ক্রি. বি. অভিমানাদির জন্য মুখ ভার করা বা গোমড়া করা। ˜ .চন্দ্র বি. চাঁদের মতো সুন্দর মুখ। ˜ .চন্দ্রিকা বি. 1 মুখের জোৎস্না অর্থাত্ মুখের সুন্দর দীপ্তি; 2 বরকন্যার শুভদৃষ্টি। মুখ চলা ক্রি. বি. কথা গালাগালি বা আহার চলতে থাকা (কাজও করছে, মুখ ও চলছে)। মুখ চাওয়া ক্রি. বি. 1 কারও সাহায্যের প্রত্যাশী হওয়া; 2 সম্মান রক্ষা করা (তোমার মুখ চেয়ে একাজ করেছি)। ˜ .চাপা বিণ. সহজে কথা বলে না বা গুপ্ত কথা প্রকাশ করে না এমন। মুখ চুন করা ক্রি. বি. ভয়লজ্জাদি হেতু মুখ বিবর্ণ করা। ˜ .চোরা বিণ. লাজুক; কথা বলতে বা অলাপ করতে অপটু। ˜ .চ্ছটা, ˜ .চ্ছবি বি. মুখমণ্ডলের সৌন্দর্য। মুখ ছোটা ক্রি. বি. মুখ থেকে প্রচুর গালিগালাজ বা বক্তৃতা বার হওয়া। মুখ ছোটানো ক্রি. বি. প্রচুর গালিগালাজ করা; অনর্গল বক্তৃতা করা। ˜ .ঝামটা, ˜ .নাড়া বি. মুখভঙ্গিসহ গালিগালাজ বা তিরস্কার। মুখ টিপে হাসা ক্রি. বি. অপ্রকাশ্যে বা মুখ বুজে হাসা। মুখ তুলে চাওয়া ক্রি. বি. প্রসন্ন বা অনুকুল হওয়া। মুখ থাকা ক্রি. বি. সম্মান বজায় থাকা। মুখ থুবড়ে পড়া ক্রি. বি. উপুড় হয়ে বা হুমড়ি খেয়ে পড়া। মুখ দেখা ক্রি. বি. 1 বিবাহের পূর্বে বর বা কনেকে আশীর্বাদের জন্য দেখা; 2 চেহারা দেখা (পয়সার মুখ দেখা)। মুখ দেখাতে না পারা ক্রি. বি. লজ্জায় সংকুচিত হওয়া। ˜ .পত্র, ˜ .পাত বি. 1 ভূমিকা; প্রস্তাবনা; 2 সূত্রপাত; 3 কোনো দল বা সম্প্রদায়ের বক্তব্যসংবলিত প্রচারপত্র ইশতিহার বা পত্রিকা। ˜ .পদ্ম-মুখকমল -এর অনুরূপ। ˜ .পাত্র বি. দল বা সম্প্রদায়ের প্রধান ব্যক্তি বা প্রতিনিধি। ˜ .পোড়া বি. (গালিবিশেষ) হনুমান। মুখ ফসকানো ক্রি. বি. অসতর্কতাবশত বলে ফেলা। মুখ ফেরানো ক্রি. বি. প্রতিকূল হওয়া, বিমুখ হওয়া। মুখ ফোটা ক্রি. বি. মুখ থেকে কথা বার হওয়া। ˜ .ফোড়া বিণ 1 স্পষ্টবক্তা; 2 দুর্মুখ। মুখ ফোলানো ক্রি. বি. (অভিমান বা অসন্তোষের জন্য)। মুখ গোমড়া

করা।˜ .বন্ধ বি. ভূমিকা। মুখ বন্ধ করা, মুখ বোজা ক্রি. বি. কথা না বলা, কথা বলা বন্ধ করা।˜ .ব্যাদান বি. হাঁ করা।˜ .ভঙ্গি বি. মুখবিকৃতি, ভেংচি। মুখ ভার করা-মুখ ফোলানো ও মুখ গোঁজা করা-র অনুরূপ।˜ .মণ্ডল বি. ললাট থেকে চিবুক পর্যন্ত সমস্ত মুখ। মুখ মারা ক্রি. জিহ্বার স্বাদগ্রহণক্ষমতা নষ্ট করা বা আহারে অরুচি জন্মানো।˜ .মিষ্টি বি. মধুর ভাষা বা কথা। □বিণ মধুরভাষী।˜ .রক্ষা বি. সম্মানরক্ষা। মুখ রাখা ক্রি. বি. সম্মান বাঁচানো।˜ .রুচি বি. মুখের সৌন্দর্য।˜ .রোচক বিণ. সুস্বাদু। মুখ শুকানো ক্রি. বি. ভয় বা অন্য কোনো কারণে মুখমণ্ডল বিবর্ণ বা ম্লান হওয়া।˜ .শুদ্ধি বি. (সচ. ভোজনের পরে) মশলা পান ইত্যাদি, যা চিবিয়ে মুখের দুর্গন্ধ বা অরুচি নাশ করা হয়।˜ শ্রী বি. মুখমণ্ডলের লাবণ্য।˜ .সর্বস্ব বিণ. কেবল কথা বলতেই পটু এমন (অর্থাত্ কাজে পটু নয়)।˜ .সাপটা বি. কথা বলা, বাক্যস্ফূর্তি। মুখ সামলানো ক্রি. বি. সতর্ক হয়ে কথাবার্তা বলা। মুখ সেলাই করে দেওয়া ক্রি. (আল.) কথা বলতে না দেওয়া, স্তব্ধ করে দেওয়া।˜ .স্থ বিণ. কণ্ঠস্থ, স্মৃতিগত; এমনভাবে আবৃত্তি করা সম্ভব (মুখস্থ বিদ্যা)। মুখ হওয়া ক্রি. বি. 1 ফোড়া ইত্যাদি থেকে পুঁজ রক্ত প্রভৃতি নির্গমনের ছিদ্র হওয়া; 2 তিরস্কার বা গালিগালাজ করার স্বভাব হওয়া (ছেলেটার খুব মুখ হয়েছে)। মুখে আগুন মৃত্যুকামনা-সূচক গালিবিশেষ। মুখে আনা ক্রি. বি. উচ্চারণ করা, বলা। মুখে আসা ক্রি. বি. বলার প্রবৃত্তি হওয়া (কথাটা মুখে এসে গিয়েছিল)। মুখে খই ফোটা ক্রি. বি. অনর্গল বকবক করা। মুখে চুনকালি বি. কলঙ্ক। মুখে জল আসা ক্রি. বি. খাওয়ার প্রবল ইচ্ছা হওয়া। মুখে দেওয়া ক্রি. বি. 1 খাওয়া (সকাল থেকে একটু জলও মুখে দিইনি); 2 খাওয়ানো (ওর মুখে একটু জল দাও)। মুখে ফুলচন্দন পড়া ক্রি. বি. (শুভ ভবিষ্যদ্বাণী করার জন্য বক্তার সম্বন্ধে) মুখ ধন্য হওয়া। মুখ-ভাত বি. হিন্দু শিশুর প্রথম অন্নগ্রহণের অনুষ্ঠান। মুখে মুখে ক্রি-বিণ. 1 (লেখা ছাড়া) কেবল কথা বলে, মৌখিকভাবে (মুখে মুখে অঙ্ক কষা); 2 বিভিন্ন ব্যক্তির আলোচনার মাধ্যমে (মুখে মুখে প্রচার হওয়া); 3 পুরুষ-

পরম্পরায় কথিত হয়ে (প্রবাদগুলো মুখে মুখে প্রচলিত হয়েছে); 4 মুখের উপর, কারও উক্তির সঙ্গে সঙ্গে, তৎক্ষণাত্। মুখের মতো বিণ. যথোপযুক্ত, যেমন কথা তেমনি, কথা-অনুযায়ী (মুখের মতো জবাব)। কোন মুখে ক্রি-বিণ. কোন সাহসে, কোন গর্বে।

মুখটি1 (p. 708) [mukhaṭi1] বি. (শিশিবোতল ইত্যাদি) মুখের ঢাকনা বা ছিপি। [সং. মুখ + বাং. টি]।

মুখটি2 (p. 708) [mukhaṭi2] বি. মুখোপাধ্যায় বংশ, কুলীন ব্রাহ্মণের অন্যতম উপাধি। [সং. মুখপট্টি]।

মুখর (p. 708) [mukhara] বিণ. 1 বাচাল, অতিভাষী; 2 কটুভাষী; 3 ধ্বনিপূর্ণ (প্রতিবাদে মুখর, 'মুখর দিনের চপলতা-মাঝে': রবীন্দ্র)। বি. ˜ তা ('নিরর্থক সব মুখরতা': প্রেমেন্দ্র)। মুখরা বিণ. (স্ত্রী.) কটুভাষিণী; কলহপরায়ণা। মুখরিত বিণ. 1 ধ্বনিত ('তব রথচক্রে মুখরিত পথ: রবীন্দ্র'); 2 কোলাহলে মুখরিত, শিশুদের কোলাহলে মুখরিত পাঠশালা) স্ত্রী. মুখরিতা।

মুখাগ্নি (p. 708) [mukhāgni] বি. দাহকালে শবের মুখে আগুন দেওয়া বা প্রদত্ত অগ্নি।[সং. মুখ + অগ্নি]।

মুখানো (p. 708) [mukhānō] ক্রি. বি. উন্মুখ বা ব্যাগ্র হওয়া (কথাটা তাকে বলার জন্য মুখিয়ে আছি)।[সং. √ মুখ্ (নামধাতু) + আ = মুখ + নো]।

মুখাপেক্ষা (p. 708) [mukhāpēkṣā] বি. পরের অনুগ্রহ বা সাহায্যের প্রত্যাশা, পরের উপর ভরসা। [সং. মুখ + অপেক্ষা]। মুখাপেক্ষী (-ক্ষিন্) বিণ. অন্যের সাহায্যপ্রত্যাশী (পরের মুখাপেক্ষী হয়ে বাঁচতে চায় না)। স্ত্রী. মুখাপেক্ষিণী। বি. মুখাপেক্ষিতা।

মুখাবয়ব (p. 708) [mukhābaẏaba] বি. মুখমণ্ডল, সারা মুখ (মুখাবয়ব ম্লান হয়ে গেল); 2 মুখের আকৃতি (সুন্দর মুখাবয়ব)। [সং. মুখ + অবয়ব]।

মুখামৃত (p. 708) [mukhāmṛta] বি. (সচ. ব্যঙ্গে) থুতু। [সং. মুখ (-নিঃসৃত) + অমৃত]।

মুখি (p. 708) [mukhi] বি. ওল কচু প্রভৃতি অঙ্কুর বা ফেঁফড়া। [সং. মুখ + বাং ই]। ̃ .কচু বি. অতি কচি কচু।

মুখী1 (p. 708) [mukhī1] দ্র. মুখো।

মুখী2 (p. 708) [mukhī2] (-খিন্). বিণ. 1 অতিমুখী (গৃহাভিমুখী)।[সং. মুখ + ইন্]।

মুখুজ্জে-মুখোপাধ্যায় (p. 708) [mukhujjē-mukhōpādhyāẏa] বা মুখার্জি -র কথ্য রূপ।

মুখো (p. 708) [mukhō] বিণ. বাংলা বহুব্রীহি সমাসে উত্তরপদে মুখ -এর রূপ (ঘরমুখো, পোড়ামুখো)। [সং. মুখ + বাং. উয়া > ও]। স্ত্রী. মুখী (বহুমুখী, চন্দ্রমুখী, কালামুখী)।

মুখোপাধ্যায় (p. 708) [mukhōpādhyāẏa] বি. বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ।[সং. মুখ + উপাধ্যায়]।

মুখো-মুখি (p. 708) [mukhō-mukhi] ক্রি-বিণ. 1 সামনাসামনি (মুখোমুখি বসে কথা শোনা); 2 নিকটবর্তী (অর্থব্যবস্থা বিপর্যয়ের মুখোমুখি)। □বিণ. 1 পরস্পরের মুখের প্রতি দৃষ্টি নিবদ্ধ এমন; 2 পরস্পর সম্মুখীন (শত্রুর মুখোমুখি হওয়া, দুটি গাড়ির মুখোমুখি সংঘর্ষ)। [সং. মুখ + বাং. আ + সং. মুখ + বাং. ই]।

মুখোশ (p. 708) [mukhōśa] বি. 1 (প্রকৃত) মুখ ঢেকে রাখার জন্য নকল মুখ; 2 (আল.) কপট ভাব (তাদের মুখোশ খুলে ফেলা দরকার)। [সং. মুখকোশ]। মুখোশ খোলা ক্রি. বি. প্রকৃত রূপ উদ্ঘাটিত করা।

মুখ্য (p. 708) [mukhya] বিণ. প্রধান, শ্রেষ্ঠ, প্রথম (মুখ্য উদ্দেশ্য, মুখ্যমন্ত্রী) [সং মুখ + য]। ˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস্) অব্য. প্রধানত, বিশেষত।

মুখ্যাভি-নেতা (p. 708) [mukhyābhi-nētā] বি. অভিনেতাদের মধ্যে প্রধান বা শ্রেষ্ঠ। [সং. মুখ্য + অভিনেতা]।

মুখ্যার্থ (p. 708) [mukhyārtha] বি. শব্দের প্রধান অর্থ, অভিধা থেকে বা শ্রেষ্ঠ। [সং. মুখ + য]।˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস্) অব্য. প্রধানত, বিশেষত।

মুখ্যাভি-নেতা (p. 708) [mukhyābhi-nētā] বি. অভিনেতাদের মধ্যে প্রধান বা শ্রেষ্ঠ। [সং. মুখ্য + অভিনেতা]।

মুখ্যার্থ (p. 708) [mukhyārtha] বি. শব্দের প্রধান অর্থ, অভিধা থেকে যে অর্থের বোধ হয়, বাচ্যার্থ। [সং. মুখ্য + অর্থ]।

মুগ (p. 708) [muga] বি. হলুদ রঙ্গের ডালবিশেষ। [সং মুদ্গ]।˜ .কলাই বি. খোসা না-ছাড়ানো মুগ

মুগধ-মুগ্ধ (p. 708) [mugadha-mugdha] র কোমল রূপ।

মুগা (p. 708) [mugā] বি. 1 রেশমকীটবিশেষ; 2 রেশমকীটের লালা থেকে প্রস্তুত রেশম বা তাতে তৈরী বস্ত্র। [অস.]।

মুগুর (p. 710) [mugura] বি. কাঠ লোহা প্রভৃতি দিয়ে তৈরী মোটা দণ্ডবিশেষ, গদা। [সং. মুদ্গর]।

মুগ্ধ (p. 710) [mugdha] বিণ. 1 মোহগ্রস্ত (মন্ত্রমুগ্ধ); 2 মোহিত, বিহ্বল, আত্মহারা, বিভোর (মুগ্ধনয়নে, রূপে মুগ্ধ, গুণমুগ্ধ); 3 বশীভূত (মিষ্টি কথায় মুগ্ধ); 4 মূঢ়, মূর্খ (মুগ্ধবোধ); 5 সরল (মুগ্ধভাব)। [সং. √মুহ্ + ত]। বি.˜ তা।

মুগ্ধা বিণ. মুগ্ধ -র স্ত্রীলিঙ্গে। □ বি. 1 নায়কের প্রতি একান্ত বিশ্বাসপরায়ণা নায়িকা; 2 সরলা বালিকা।

মুঘল (p. 710) [mughala] দ্র মোগল।

মুচকা, মুচকানো (p. 710) [mucakā, mucakānō] ক্রি. মোচড় লাগা বা দুমড়ে যাওয়া অর্থে মচকানো -র রূপভেদ (পা মুচকে গেছে)।

মুচকি (p. 710) [mucaki] বিণ. (হাসি সম্বন্ধে) বদ্ধ ঠোঁটে সামান্য প্রকাশিত, মৃদু (মুচকি হাসি)।[দেশি]।

মুচকুন্দ-মুচুকুন্দ (p. 710) [mucakunda-mucukunda] র. মার্জিত রূপ।

মুচড়ানো, মোচড়ানো (p. 710) [mucaḍ়ānō, mōcaḍ়ānō] ক্রি. বি. (দড়ি দেহ প্রভৃতি) বারবার পাক দেওয়া, মোচড় দেওয়া (হতটা ধরে মুচড়ে দিয়েছে)। □বিণ. উক্ত অর্থে। [বাং. মুচড়-তু. সং. মুচুটী]।

মুচ-মুচ (p. 710) [muca-muca] বি. মৃদু মচমচ শব্দ [ধ্বন্যা.]। মুচ-মুচে বিণ. টাটকা বলে মুচমুচ শব্দযুক্ত (মুচমুচে মুড়ি)।

মুচ-লেকা (p. 710) [muca-lēkā] বি. শর্তভঙ্গ করলে দণ্ডভোগ করতে হবে এই মর্মে লিখিত অঙ্গীকারপত্র, bond [তুর. মুচল্কা]।

মুচি1 (p. 710) [muci1] বি. 1 সোনা ইত্যাদি ধাতু গলাবার পাত্র; 2 ক্ষুদ্র্ সরাবিশেষ; 3 কচি নারকেল নারকেলের খোলা। [প্রাকৃ. মুচিঅ]।

মুচি2 (p. 710) [muci2] বি. চর্মকার, যে জুতো তৈরি করে বা সেলাই করে। [ম. বাং. মোচী, প্রাকৃ. মোচিঅ-তু. হি. মোচী]।

মুচু-কুন্দ (p. 710) [mucu-kunda] বি. 1 স্বর্ণচাঁপা-জাতীয় ফুলবিশেষ বা তার গাছ; 2 পৌরাণিক মান্ধাতা রাজার পুত্র; 3 মুনিবিশেষ; 4 দৈত্যবিশেষ। [সং. মুচ্ + উ + কুন্দ]।

মুছা, মোছা (p. 710) [muchā, mōchā] ক্রি. বি. 1 (বস্ত্রাদি দ্বারা) ঘষে পরিষ্কার করা বা শুষ্ক করা (গা মোছা, ঘরদোর মোছা, হাতমুক মোছা); 2 ঘষে তুলে ফেলা (কালির দাগ মোছা)। □ বিণ. উক্ত উভয় অর্থে। [< সং. √ মৃজ্ (=শোধন), তু. বাং. পুঁছা]।˜ নো ক্রি বি. অন্যকে দিয়ে ঘষে পরিষ্কার করা বা শুকিয়ে নেওয়া। □ বিণ. উক্ত অর্থে।

মুজদা (p. 710) [mujadā] বি. খুশির খবর ('মুজদা এনেছে, সুখে ডগমগ': নজরুল) [ফা. মুজ্দহ্]।

মুজরা (p. 710) [mujarā] (কথ্য) মুজরো বি. 1 নাচগানের অনুশীলন বা প্রতিযোগিতা (নাচের মুজরো হবে); 2 প্রাপ্য টাকা থেকে ছাড়; 3 নাচগানের পারিশ্রমিক। [আ. মুজ্রা]।

মুজরিম (p. 710) [mujarima] বি. 1 পাপী; 2 অপরাধী, আসামি। [আ. মুজ্রিম]।

মুঝে (p. 710) [mujhē] সর্ব. (বৈ. সা.) আমাকে। [< সং. মহ্যম্; অস্মদ্ শব্দের 4র্থীর 1 বচনে]

মুঞি (p. 710) [muñi] সর্ব. (প্রা. বাং. ও ব্রজ.) আমি। [মুই দ্র]।

মুঞ্জ বি. তৃণবিশেষ, মুজঘাস [সং. √ মুঞ্জ্ + অ]।

মুঞ্জরা (p. 710) [muñjarā] ক্রি. (কাব্যে) পুষ্পিত বা মুকুলিত হওয়া ('হৃদয়কুঞ্জবনে মুঞ্জরিল মধুর শেফালিকা': রবীন্দ্র)। [সং. মুঞ্জর + বাং. আ (নামধাতু)]। মুঞ্জরিত বিণ. পুষ্পিত, মুকুলিত।

মুটিয়া, মুটে (p. 710) [muṭiẏā, muṭē] বি. মোট বহনকারী। [বাং. মোট + ইয়া > এ]। মুটে-মজুর বি. দরিদ্র শ্রমিক, দরিদ্র শ্রমজীবী মানুষ ('আমি কবি কামারের মুটে-মজুরের': প্রেমেন্দ্র)

মুঠ, মুঠা, মুঠি, মুঠো (p. 710) [muṭha, muṭhā, muṭhi, muṭhō] বি. 1 মুষ্টি, সংকুচিত করতল (মুঠিভরা ফুল, 'মুঠোয় ভরি গোটা ভুবনটাই': শ. ঘো.); 2 অধিকার, কবল (জমিদারের মুঠি থেকে বেরিয়ে আসা, মুঠোয় পাওয়া)। □বি. মুষ্টি-পরিমিত (একমুঠো চাল)। [সং. মুষ্টি]। মুঠা-মুঠা, মুঠো-মুঠো বিণ. 1 অনেক মুঠো (মুঠোমুঠো ধুলো); 2 (আল.) অনেক (মুঠোমুঠো টাকা)।

মুড়কি (p. 710) [muḍ়ki] বি. গুড় বা চিনির রসে জারিত খই।[দেশি]।

মুড়-মুড় (p. 710) [muḍ়-muḍ়] বি. (হালকা জিনিসের) মৃদু মড়মড় শব্দ (মুড়মুড় করে পাঁপড় চিবানো)। [ধ্বন্যা.]। মুড়-মুড়ে বিণ. মুড়মুড় শব্দ করে এমন

মুড়া1, মোড়া (p. 710) [muḍ়ā1, mōḍ়ā] বি. ক্রি. 1 আবৃত বা বেষ্টিত করা ('চর্ম দিয়া মুড়িয়া দাও পৃথ্বী': রবীন্দ্র); 2 জড়ানো (কাগজে মোড়া); 3 ভাঁজ বা সংকুচিত করা (হাঁটু মুড়ে বসা); 4 মোচড়ানো বা বাঁকানো (গা মোড়া); 5 পাকানো (আঙ্গুলে তার মোড়া)। ☐ বিণ. উক্ত সব অর্থে। [প্রাকৃ. মংড < সং. √ মণ্ড্-তু. হি. √ মঢ়]।˜ নো ক্রি. বি. আবৃত বা বেষ্টিত করানো; ভাঁজ বা সংকুচিত করানো; পাক বা মোচড় দেওয়ানো বা দেওয়া; বাঁকা করানো বা করা। ☐ বিণ. উক্ত সব অর্থে।

মুড়া2, মোড়া (p. 710) [muḍ়ā2, mōḍ়ā] (কথ্য). মুড়ো বি. 1 মুণ্ড (মাছের মুড়ো); 2 আগা; 3 প্রান্ত (এ-মুড়ো থেকে ও-মুড়ো); 4 আঁচল ছেঁড়া কাপড়; 5> পরিধেয় বস্ত্র খুঁট বা টুকরো। ☐ বিণ. 1 মুণ্ডিত (মোড়া মাথা, মোড়া গাছ); 2 ক্ষয়প্রাপ্ত (মুড়ে ঝাঁটা); 3 নির্জল (মুড়া মাখন)। ☐ ক্রি. 1 মুণ্ডিত করা (মাথা মোড়ানো); 2 অগ্রভাগ বা বাড়তি ডালপালা ছাঁটা (গাছ মোড়ানো); 3 বৃক্ষাদির ডগা খাওয়া (ছাগলে গাছগুলো মুড়িয়েছে)। [সং. √ মুণ্ড্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. 1 মুণ্ডিত করা বা করানো, ন্যাড়া করা বা করানো; 2 আগা ছাঁটা বা ছাটানো। ☐ বিণ. উক্ত সব অর্থে।

মুড়ি1 (p. 710) [muḍ়i1] বি. তপ্ত বালিতে ভাজা চাল, তপ্ত বালিতে চাল ভেজে প্রস্তুত হালকা খাবার বিশেষ।[ধ্বন্যা. তু. মুড়মুড়]।

মুড়ি2 (p. 710) [muḍ়i2] বি. 1 বস্ত্রাদি ভাঁজ করার কিনারা (মুড়ি সেলাই); 2 আবরণ, ঢাকনা (লেপমুড়ি দেওয়া)। [মুড়া1 দ্র]।

মুড়ি3 (p. 710) [muḍ়i3] বি. 1 মুণ্ড, মাথা (পাঁঠার মুড়ি, মাছের মুড়ি); 2 প্রথম প্রান্তের অংশ (চেকমুড়ি)। [বাং. মুড়া 2 + ই তু. মুণ্ডি]।˜ .ঘন্টা বি. মাছের মুড়ো ডাল ইত্যাদি দিয়ে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ।

মুড়ো-মুড়া2 (p. 710) [muḍ়ō-muḍ়ā2] ও মুড়ি3 এর কথ্য রূপ।

মুণ্ড (p. 710) [muṇḍa] বি. মাথা, মস্তক। [সং. √ মুণ্ড্ + অ]। &tick .;চ্ছেদ,˜.চ্ছেদন বি. মাথা কাটা মাথা কাটা যাওয়া।˜ .পাত বি. 1 শিরশ্ছেদ, মুণ্ডচ্ছেদ; 2 (আল.) আভিশাপ, কঠোর তিরস্কার।˜ .মালা বি. নরমুণ্ডে গাঁথা মালা।˜ .মালিনী বিণ. (স্ত্রী.) মুণ্ডমালাধারিণী। □ বি. কালিকাদেবী।

মুণ্ডন (p. 710) [muṇḍana] বি. 1 (মাথার) চুল ক্ষৌর করা, মুড়ানো, ন্যাড়া করা; 2 (গাছপালার অগ্রভাগ ছাঁটা বা ডালপালা ছাঁটা)। [সং. √ মুণ্ড্ + অন]।

মুণ্ডি1 (p. 710) [muṇḍi1] দ্র. মুণ্ডি1।

মুণ্ডি2 (p. 710) [muṇḍi2] দ্র মুণ্ডি2।

মুণ্ডিত (p. 710) [muṇḍita] বিণ. মুণ্ডন করা হয়েছে এমন (মুণ্ডিতমস্তক)।[সং. √ মুণ্ড্ + ত]।˜ .কেশ বিণ. মাথা ন্যাড়া করা হয়েছে এমন।

মুণ্ডু (p. 710) [muṇḍu] দ্র মুন্ডু।

মুত (p. 710) [muta] বি. (কথ্য) প্রস্রাব (মুতের গন্ধ)। [সং. মূত্র]।

মুত-ফরাক্কা (p. 710) [muta-pharākkā] বিণ. 1 বিবিধ; 2 নগণ্য। □ বি. বিশেষ উল্লেখের যোগ্য নয় এমন বিবিধ দ্রব্য। [আ. মুৎফর্রিক্]।

মুত-সুদ্দি (p. 710) [muta-suddi] বি. 1 ভারপ্রাপ্ত কর্মচারী; 2 ভারপ্রাপ্ত কেরানি; 3 প্রতিনিধি। [আ. মুৎসদ্দী]।

মুতা (p. 710) [mutā] (কথ্য) মোতা ক্রি. (বর্ত. অশোভন) প্রস্রাব করা। □ বি. উক্ত অর্থে। [বাং. মুত + আ (নামধাতু)]।˜ নো ক্রি. বি. প্রস্রাব করানো।

মুথা (p. 710) [muthā] (কথ্য). মুথো বি. সুগন্ধি শিকড়যুক্ত তৃণবিশেষ।[সং. মুস্ত, মুস্তক]।

মুদা (p. 710) [mudā] (কথ্য) মোদা ক্রি. বি. মুদ্রিত বা নিমীলিত করা ('ভাবিছে নয়ন মুদিয়া', মুদে যাবে চোখের পলক': রবীন্দ্র)। [প্রাকৃ. √মুদ্দ-তু. হি. √ মুঁদ]।

মুদারা (p. 710) [mudārā] বি. সংগীতের তিনটি স্বরগ্রামের দ্বিতীয়টি বা মাঝেরটি [সং. মন্দ্র]।

মুদি (p. 710) [mudi] বি. চালের ডাল তেল প্রভৃতি বিক্রেতা। [হি. মোদী]।˜ .খানা বি. মুদির দোকান। [হি. মোদী + ফা. খানা]

মুদিত1 (p. 710) [mudita1] বিণ হৃষ্ট, আহ্লাদিত। [সং. √মুদ + ত]।

মুদিত2 (p. 710) [mudita2] বিণ. মুদ্রিত, নিমীলিত (চক্ষু মুদিত করা)। [সং. মুদ্রিত]।

মুদী-মুদি (p. 710) [mudī-mudi] র. বর্জি. বানান।

মুদ্গ (p. 710) [mudga] বি. মুগডাল।[সং. √মুদ + গ]।

মুদ্গর (p. 710) [mudgara] বি. মুগুর, গদা। [সং. মুদ (আনন্দ) + গর (নাশক)]।

মুদ্দই, মুদ্দাই (p. 710) [muddi, muddāi] বি. 1 বাদী ফরিয়াদি; 2 শত্রু। [আ. মুদ্দই]।

মুদ্দত (p. 710) [muddata] বি. মেয়াদ, নির্দিষ্ট সময়। [আ. মুদ্দত্]। মুদ্দতি বিণ নির্দিষ্ট সময়ের জন্য বলবত্ থাকে এমন, মেয়াদি।

মুদ্দা-ফরাশ, মুদ্দো-ফরাশ-মুর্দাফরাশ (p. 710) [muddā-pharāśa, muddō-pharāśa-murdāpharāśa] এর কথ্য রূপ।

মুদ্রক (p. 710) [mudraka] বিণ. বি. যে মুদ্রণকার্য করে, মুদ্রকর, যে ছাপে। [সং. √ মুদ্রি + অক]।

মুদ্রণ (p. 710) [mudraṇa] বি. 1 মুদ্রিত করা, নিমীলিত করা, নিমীলন; 2 ছাপানোর কাজ, ছাপার কাজ, printing, stamping; 3 ছাপ, সিলমোহরের কাজ, sealing [সং. √ মুদ্রি + অন্য]।˜ .প্রমাদ বি. ছাপার ভুল।

মুদ্রা (p. 710) [mudrā] বি. 1 ধাতুর চাকতির টাকা পয়সা ইত্যাদি; 2 ধন, অর্থ (মুদ্রাস্ফীতি); 3 সিলমোহর (মুদ্রাঙ্কিত); 4 ছাপ; 5 উপাসনার সময় বিবিধ ভঙ্গিতে করাঙ্গুলিবিন্যাস (অভয়মুদ্রা, বরমুদ্রা); 6 নাচের অঙ্গভঙ্গি; 7 অঙ্গভঙ্গি (মুদ্রাদোষ)। 8 তান্ত্রিকের সাধনার পঞ্চ 'ম'-কার-এর একটি; 9 মদের চাট; 1 (জ্যোতিষ.) করতলে বা পদতলে মোহরসদৃশ চিহ্ন।[সং. √ মৃদু + র + আ]।˜ .কর বি. যে ব্যক্তি ছাপাখানায় পুস্তকাদি ছাপে।˜ ক্ষর বি. ছাপার কাজে ব্যবহৃত ধাতব অক্ষর, printing type.˜ ঙ্কন বি. 1 ছাপ দেওয়া; 2 ছাপানো; 3 সিলমোহর করা।˜ .ঙ্কিত বিণ. মুদ্রাঙ্কন করা হয়েছে এমন।˜ .দোষ বি. ভাবভঙ্গির বা কথা বলার ধরনের অস্বাভাবিক অভ্যাস।˜ .বিজ্ঞান বি. (প্রধানত প্রাচীন যুগের) মোহর টাকা ইত্যাদি সম্বন্ধীয় বিদ্যা বা জ্ঞান, numismatics.˜ .মান বি. আন্তর্জাতিক বাজারে দেশের মুদ্রার দর।˜ .যন্ত্র বি. ছাপানোর তুলনায় মুদ্রার অর্থাত্ টাকার অস্বাভাবিক পরিমাণ বৃদ্ধি, inflation.

মুদ্রিকা (p. 710) [mudrikā] বি. 1 ধাতুনির্মিত টাকা-পয়সা ইত্যাদি; 2 ছাপ; 3 ছাপ দেবার সিল। [সং. মুদ্রা + ক + আ]।

মুদ্রিত (p. 710) [mudrita] বিণ. 1 দাগ বা ছাল পড়েছে এমন (স্মৃতি পটে মুদ্রিত, দৃশ্যটি মনে চিরকালের মতো মুদ্রিত হয়ে আছে); 2 ছাপা হয়েছে এমন (সুমুদ্রিত গ্রন্হ); 3 নিমীলিত (মুদ্রিত নয়ন)। [সং. মুদ্রা + ত]।

মুনশি (p. 710) [munaśi] বি. কেরানি; 2 লেখক, লিপিকর; 3 উর্দুশিক্ষক; 4 বিদ্বান। [আ. মুন্শী]।˜ .গিরি বি. মুনশির কাজ বা পেশা।˜ .য়ানা বি 1 দক্ষতা বা পটুতা; 2 পাণ্ডিত্য; 3 লেখার কাজে পটুতা। খাস-মুনশি বি. নিজস্ব বা ব্যক্তিগত কেরানি; প্রাইভেট সেক্রেটারি।

মুন-সেফ (p. 710) [muna-sēpha] বি. নিম্ন দেওয়ানি আদালতের বিচারক। [আ. মুন্সিফ্]। মুনসেফ-সংক্রান্ত বা মুনসেফের কাজ-সংক্রান্ত (মুনসেফি আদালত)।

মুন-স্টোন (p. 710) [muna-sṭōna] বি. চন্দ্রকান্তমণি। [ইং. moonstone]।

মুনাফা (p. 710) [munāphā] বি. লাভ, লভ্যাংশ। [আ. মুনাফা]।

মুনা-ফিক, মুনা-ফেক (p. 710) [munā-phika, munā-phēka] বিণ. বি. ভণ্ড, অসত্ ('দিনের বেলায় ধরেছিলে এই মুনাফেকদের চুরি': নজরুল)। [আ. মুনাফিক]।

মুনা-সিব (p. 710) [munā-siba] বিণ. পছন্দসই, মনোমতো (কাজ়টা মোটেই তাঁর মুনাসিব হয়নি)। [আ. মুনাসিব]।

মুনি (p. 710) [muni] বি. ঋষি, তপস্বী, যোগী।[সং. √ মন্ + ই]।

মুনিব-মনিব (p. 710) [muniba-maniba] এর. বিকৃত রূপ।

মুনিম (p. 710) [munima] বিণ. 1 বদান্য, উদার; 2 দানশীল। [আ. মুন্ঈম্]।

মুনিয়া (p. 710) [muniẏā] বি. নানা রঙের ছোট পাখিবিশেষ। [দেশি.]।

মুনিশ (p. 710) [muniśa] বি. 1 মজুর; 2 মানুষ। [> সং. মনুষ্য.]।

মুন্ডা (p. 710) [munḍā] বি. পূর্ব-ভারতের জনজাতিবিশেষ।˜ রি বি. মুন্ডা জনজাতির ভাষা।

মুন্ডি1 (p. 710) [munḍi1] বি. গুটিকাকৃতি মিঠাইবিশেষ (রসমুন্ডি)।[বাং. মন্ডা + ই]।

মুন্ডি2 (p. 710) [munḍi2] বি. মুন্ডু, মাথা (টাকা পাবি না তোর মুন্ডি পাবি)। □ বিণ. মুণ্ডযুক্ত (নেড়ামুন্ডি) [সং. মুণ্ড]।

মুন্ডু-মুণ্ড (p. 712) [munḍu-munḍa] র কথ্য রূপ (তোর কথার মাথামুন্ডু কিছুই বোঝা গেল না) মুন্ডু ঘুরে যাওয়া ক্রি. বি. ভয়ে ভাবনায় হতবুদ্ধি হয়ে পড়া

মুন্সি-মুনশি (p. 712) [munsi-munaśi] র বর্জি. বানান।

মুন্সেফ-মুনসেফ (p. 712) [munsēpha-munasēpha] এর. বর্জি বানান।

মুফত (p. 712) [muphata] বিণ. অব্য. মাগনা, বিনামূল্যে। [আ. মুফ্ত্]। মুফতে ক্রি-বিণ. বিনামূল্যে, মাগনা (ওটা মুফতেই পেয়ে গেলে)

মুফতি (p. 712) [muphati] বি. মুসলমান আইন-ব্যাখ্যাতা বা শাস্ত্রীয় ব্যবস্থা নির্দেশক। [ফা. মুফ্তি]।

মুবারক (p. 712) [mubāraka] দ্র মুবারক।

মুমুক্ষা (p. 712) [mumukṣā] বি. মোক্ষলাভের বা মুক্তিলাভের ইচ্ছা।[সং. √ মুচ্ সন্ + অ + আ]। মুমুক্ষা বিণ. মোক্ষকামী, মোক্ষলাভে ইচ্ছুক।

মুমূর্ষু (p. 712) [mumūrṣu] বিণ. মরণাপন্ন, মরণোন্মুখ (মুমূর্ষ অবস্থা)। [সং. √ মু সন্ + উ।] মুমূর্ষা বি. মরার ইচ্ছা

মুয়াজ্জিন, মুয়াজ্জিম (p. 712) [muẏājjina, muẏājjima] বি. নামাজের সময় মসজিদ মিনার থেকে বা মসজিদ থেকে উচ্চকণ্ঠে আল্লাহ্র নাম ঘোষণাকারী।[আ. মুয়াজ্জীন্]।

মুর (p. 712) [mura] বি. উত্তর-পশ্চিম আফ্রিকার কৃষ্ণকায় মুসলমান জাতিবিশেষ। [ইং. Moor]।

মুরগা-মোরগা (p. 712) [muragā-mōragā] র রূপভেদ।

মুরগি (p. 712) [muragi] বি. 1 মোরগ, কুক্কুট; 2 কুক্কুটী 3 আমিষখাদ্য হিসাব ব্যবহৃত কুক্কুটজাতি (সে মুরগি খায় না)। [ফা. মুর্গ্।

মুরছা, মুরছা (p. 712) [murachā, murachā] বি. মূর্ছা -র কোমল রূপ। □ ক্রি. (কাব্যে) মূর্ছিত হওয়া, মূর্ছা যাওয়া। মুরছিত বিণ. (কাব্যে) মূর্ছিত।

মুরজ (p. 712) [muraja] বি. আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ, পাখোয়াজ। [সং. মুর + √ জন্ + অ]।

মুরজা (p. 712) [murajā] বি. কুবেরপত্নী। [সং. মুরজ + আ]।

মুরতি-মূর্তি (p. 712) [murati-mūrti] র. কোমল রূপ ('আজিকে তোমার মধুর মুরতি হেরিনু': রবীন্দ্র)।

মুরদ (p. 712) [murada] বি. ক্ষমতা, শক্তি, পৌরুষ্য (দেখব তোমার মুরদ কত) [আ. মুরাদ]।

মুরব্বি (p. 712) [murabbi] দ্র. মুরব্বি [সং.]।

মুরলী (p. 712) [muralī] বি. বাঁশি। [সং. মুর √লা + অ + ঈ]। ̃ .ধর, ̃ .বদন বি. শ্রীকৃষ্ণ।

মুর-শিদ, মুর-শেদ (p. 712) [mura-śida, mura-śēda] বি. মুসলমান দীক্ষাগুরু; পির। [আ. মুর্শিদ্।]

মুরারি (p. 712) [murāri] বি. (মুর-নামক দৈত্যকে বধ করেছিলেন বলে) শ্রীকৃষ্ণ। [সং. মুর + অরি]।

মুরি, মুড়ি (p. 712) [muri, muḍ়i] বি. (আঞ্চ.) নর্মদা।[দেশি.]।

মুরিদ (p. 712) [murida] বি. 1 ভক্ত মুসলমান; 2 তপস্বী। [আ. মুরীদ্]।

মুরুব্বি, মুরব্বি (p. 712) [murubbi, murabbi] বি. 1 অভিভাবক বা পৃষ্ঠাপোষক; 2 সহায়ক ব্যক্তি। [আ. মুরব্বী]। ̃ .য়ানা বি. (সচ. বিদ্রুপে বা নিন্দায়) মুরুব্বি আচরণ, কর্তৃত্ব; মাতব্বরি।

মুরোদ-মুরদ (p. 712) [murōda-murada] এর. রূপভেদ [সং.]।

মুর্গি-মুরগি (p. 712) [murgi-muragi] র. বর্জি. বানান [সং.]।

মুর্দা (p. 712) [murdā] বি. মৃতদেহ, শব, মড়া। □ বিণ. মরা, মৃত (মুর্দা না জ্যান্ত?)। [ফা. মুর্দহ্] ̃ .ফরাশ বি. শবদাহকারী; ডোম। ̃ .বাদ বি. মারা যাক, মরুক-এই ধ্বনি; ধ্বংস হোক-এই ধ্বনি।

মুল-তবি-মুলতুবি (p. 712) [mula-tabi-mulatubi] র. রূপভেদ।

মুল-তান (p. 712) [mula-tāna] বি. 1 সংগীতের আপরাহ্নিক রাগিণীবিশেষ; 2 পাঞ্জাবের জেলাবিশেষ। [সং. মূলস্থান]। মুল-তানি বিণ. 1 মুলতানের, মুলতানে জাত (মুলতানি গাই); 2 মুলতানসম্বন্ধীয়।

মুল-তুবি (p. 712) [mula-tubi] বিণ. স্থগিত (সভার কাজ মুলতুবি রইল)।[আ. মুল্তবী]।

মুলা-কাত (p. 712) [mulā-kāta] বি. সাক্ষাত্, দেখা ভেট (বছরে একবারও তার সঙ্গে মুলাকাত হয় না) [আ. মুলাকাত্]।

মুলি, মুলি-বাঁশ (p. 712) [muli, muli-bām̐śa] বি. সরু বা ছোটো এবং ফাঁপা বাঁশ। [দেশি.]।

মুলুক (p. 712) [muluka] বি. দেশ (মগের মুলুক, মার্কিন মুলুক)। [আ. মুল্ক্]।

মুলো (p. 712) [mulō] বি. ব্যঞ্জনের উপকরণরূপে ব্যবহৃত কন্দবিশেষ। [সং. মূলক]।

মুল্লুক-মুলুক (p. 712) [mulluka-muluka] এর রূপভেদ।

মুশ-কিল (p. 712) [muśa-kila] বি. 1 সংকট, বিপত্তি; 2 সমস্যা, অসুবিধা; 3 বাধা, বিঘ্ন। [আ. মুশকিল]। মুশকিল আসান বি. 1 বিপদ বা অসুবিধা মোচন; 2 যে সমস্যা দূর করে।

মুশায়রা (p. 712) [muśāẏarā] বি. কবিদের সভা বা সম্মেলন।[ফা. মুশায়রহ্]।

মুষড়ানো (p. 712) [muṣaḍ়ānō] ক্রি. বি. 1 হতাশ বা হতোদ্যম হওয়া; 2 বিষন্ন হওয়া; 3 ম্লান বা শুষ্কপ্রায় হওয়া। [< সং. মুষিত =হতবুদ্ধি)] মুষড়ে পড়া ক্রি. বি. হতাশ বা নিরুদ্যম হওয়া।

মুষল (p. 712) [muṣala] বি. 1 গদা, মুদ্গর; 2 ঢেঁকির মোনা; 3 উদুখলের পেষনদণ্ড বা ওই-জাতীয় পদার্থ।[সং. √ মুষ্ + অল]।˜ .ধার,˜ .ধার বি. অত্যন্ত মোটা ধারা (মুষলধারায় বৃষ্টি)। মুষলী (-লিন্) বি. বলরাম।

মুষা (p. 712) [muṣā] বি. স্বর্ণাদি ধাতু গলাবার পাত্র, মুচি। [সং. √ মুষ্ + অ + আ]।

মুষ্ক1 (p. 712) [muṣka1] বি. অণ্ডকোষ। [সং. √ মুষ + ক]˜ .বৃদ্ধি বি. কোষবৃদ্ধিরোগ, হাইড্রোসিল।

মুষ্ক2 (p. 712) [muṣka2] বি. বিণ. ষণ্ডাগুণ্ডা গোছের, অত্যন্ত জোয়ান বা বলবান (মুষ্ক জোয়ান)। [সং. √ মুষ্ + ক (বলবান অর্থে)]।

মুষ্টা-মুষ্টি (p. 712) [muṣṭā-muṣṭi] বি. ঘুসোঘুসি, কিলাকিলি, মুষ্টিযুদ্ধ। [সং. মুষ্টি + মুষ্টি]।

মুষ্টি (p. 712) [muṣṭi] বি. 1 মুঠি বা মুঠি দিয়ে আঘাত (মুষ্টিপ্রহার); 2 হাতল (তরোয়ালের মুষ্টি)। □ বিণ. মুষ্টিপরিমিত, মুঠোভরা (মুষ্টিভিক্ষা)। [সং. মুষ + তি]।˜ .বদ্ধ বিণ. আঙ্গুল মুড়ে বা মুঠো করে রাখা হয়েছে এমন।˜ .ভিক্ষা বি. এক-মুঠো পরিমাণ (সচ. চাল) ভিক্ষা।˜ .মেয় বিণ. 1 মুষ্টি-পরিমাণ; 2 অল্প-পরিমাণ; 3 অল্পসংখ্যক (মুষ্টিমেয় লোক)। তু. অঙ্গুলিমেয়।˜ .যুদ্ধ বি. ঘুসোঘুসি লড়াই, boxing.˜ .যোগ বি. টোটকা ওষুধ।˜ .যোদ্ধা (-দ্ধৃ) বি. মুষ্টিযুদ্ধে পারদর্শী ব্যক্তি বা মুষ্টি যুদ্ধ করে এমন ব্যক্তি, boxer. মুষ্ট্যাঘাত বি. মুষ্টির আঘাত, কিল বা ঘুসি।

মুসব্বর (p. 712) [musabbara] বি. অগুরু-জাতীয় গন্ধদ্রব্যবিশেষ [আ. মুসব্র]।

মুসম্মত (p. 712) [musammata] বি. মুসলমান মহিলাদের উপাধিবিশেষ. শ্রীযুক্তা, শ্রীমতী। [আ. মুসম্মত্]।

মুসল-মুষল (p. 712) [musala-muṣala] এর বানানভেদ।

মুসল-মান (p. 712) [musala-māna] বি. হজরত মোহাম্মদ-প্রবর্তিত ধর্মাবলম্বী সম্প্রদায় বা ব্যক্তি। □ বিণ. হজরত মোহাম্মদ-প্রবর্তিত ধর্মসম্বন্ধীয় বা ধর্মাবলম্বী। [ফা. মুসল্মান]। মুসলমানি বি. 1 মুসলমান-ধর্মানুযারী আচার-আচরণ; 2 সুন্নত, লিঙ্গমুণ্ডের ত্বকচ্ছেদরূপ সংস্কার। □ বিণ. মুসলমান ধর্মসংক্রান্ত বা ধর্মসুলভ। মুসলমানের মুরগি পোষা ক্রি. বি. (আল.) স্বার্থের জন্য কৃত্রিম দরদ দেখানো।

মুসলিম-মুসলমান (p. 712) [musalima-musalamāna] এর অনুরূপ। [আ. মুস্লিম্]।

মুসা (p. 712) [musā] বি. ইহুদিদের প্রসিদ্ধ ধর্মনেতা ও ধর্মবিধানকর্তা [আ. মুসা-তু. ইং. Moses]।

মুসা-ফির (p. 712) [musā-phira] বি. 1 পথিক; 2 বিদেশে ভ্রমণকারী ব্যক্তি। [আ. মুসাফির্]। ̃ .খানা বি. পান্হশালা, সরাইখানা, চটি।

মুসা-বিদা (p. 712) [musā-bidā] বি. 1 খসড়া rough sketch. 2 পাণ্ডুলিপি। [ফা. মুসাওয়াদা]।

মুসায়রা (p. 712) [musāẏarā] দ্র. মুশায়রা।

মুসুম্বি-মোসম্বি (p. 712) [musumbi-mōsambi] র. রুপভেদ।

মুস্তা-কিম (p. 712) [mustā-kima] বিণ. 1 স্থায়ী; 2 মজবুত। [আ. মুস্তাকিম্]।

মুস্তাফি (p. 712) [mustāphi] বি. 1 হিসাব-পরীক্ষক; 2 হিন্দুর পদবিবিশেষ। [আ. মুস্তৌফী]।

মুহ (p. 712) [muha] বি. (প্রা. কা.) মুখ। [সং. মুখ]।

মুহব্বত-মহব্বত (p. 712) [muhabbata-mahabbata] এর. রূপভেদ।

মুহম্মদ-মোহাম্মদ (p. 712) [muhammada-mōhāmmada] এর. রূপভেদ।

মুহরি1, মুহুরি1, (p. 712) [muhari1, muhuri1,] বি. 1 নর্মদা, জলনালি, মুরি; 2 নর্দমার উপরের ঝারি; 3 প্যাঁচ-এর মুখে আঁটবার ধাতুখণ্ড, nut; 4 পাজামার নিম্নপ্রান্তের বা জামার আস্তিনের মুখের ঘেরা। [হি.]।

মুহরি2, মুহুরি2 (p. 712) [muhari2, muhuri2] বি. কেরানি (উকিলের মুহুরি)। [আ. মুহির্রিব]। ̃ .গিরি বি. মুহুরির কাজ।

মুহু (p. 712) [muhu] (-হুস্) অব্য. 1 পুনরায়, আবার; 2 বারংবার; 3 সদ্য। [সং. মুহুস্] মুহুর্মুহু ক্রি-বিণ. অব্য. বারংবার, পুনঃপুনঃ, ঘনঘন (মুহুর্মুহু বজ্রপাত)।

মুহূর্ত (p. 712) [muhūrta] বি. 1 দিনরাতের 3 ভাগের একভাগ, প্রায় দুই দণ্ডকাল বা 48 মিনিট; 2 অতি অল্প সময়। [সং. √ হুর্ছ্ + ত মু আগম]। মুহুর্তে ক্রি-বিণ. মুহূর্তের মধ্যে অর্থাত্ অতি অল্পক্ষণের মধ্যে। মুহুর্তেক বি. বিণ. ক্রি-বিণ. এক মুহূর্ত, অত্যল্পকাল; এক মুহুর্তের জন্য। এই মুহূর্তে ক্রি বিণ. এখনই।

মুহ্য-মান (p. 712) [muhya-māna] বিণ. 1 মোদগ্রস্ত, আচ্ছন্ন, বিহ্বল; 2 অতিশয় কাতর (শোকে মুহ্যমান)। [সং. মোহ্যমান-এর অশু. কিন্তু চলিত রূপ]।

মূক (p. 712) [mūka] বিণ. 1 বাক্শক্তিহীন, বোবা ('মুক মুখে দিতে হবে ভাষা': রবীন্দ্র); 2 বিমুঢ়, হতবাক (বিস্ময়ে মুক হওয়া) [সং. √ মূ + ক]।

মূঢ় (p. 712) [mūḍh] বিণ. 1 মোদগ্রস্ত (মূঢ় মন, মূঢ়চিত্ত); 2 মূর্খ, নির্বোধ (মূঢ়জন); 3 জড়; 4 অবিবেচক। [সং. √মূহ + ত]। স্ত্রী. মূঢ়া।˜ তা বি. মূর্খতা, নির্বুদ্ধিতা; মোহগ্রস্ততা (অন্ধবিশ্বাসের মূঢ়তা)

মূত্র (p. 712) [mūtra] বি. প্রস্রাব। [সং. √ মূত্র্ + অ]।˜ .কৃচ্ছ বি. রোগবিশেষ যাতে প্রস্রাব করতে কষ্ট হয়।˜ .নালি বি. মূত্রাশয় থেকে প্রস্রাব নির্গমনের নালি বা পথ, urethra.˜ .মেহ বি. বহুমূত্র রোগ, diabetes. মুত্রাশয় বি. পেটের ভিতরে যে-থলিতে মূত্র জমে, বস্তি, bladder.

মূর্খ (p. 712) [mūrkha] বিণ. 1 বোকা, নির্বোধ, বুদ্ধিহীন; 2 অশিক্ষিত; 3 অনভিজ্ঞ, অজ্ঞ। [সং. √ মূহ্ + খ]। স্ত্রী. মূর্খা। বি.˜ তা। মুর্খামি বি. বোকামি, মূর্খতা।

মূর্ছনা (p. 712) [mūrchanā] বি. 1 সংগীতের স্বরগ্রামের আরোহ বা অবরোহের ক্রম; 2 সুরের সুমধুর কম্পনবিশেষ; 3 আয়ুর্বেদীয় ওষুধের সংস্কারবিশেষ। [সং. √ মুর্ছ + অন + আ]।

মূর্ছা (p. 712) [mūrchā] বি. 1 চৈতন্যলোপ; 2 মোহপ্রাপ্তি; 3 প্রতিফলন।□ ক্রি. (কাব্যে) মূর্ছিত হওয়া।[সং. √ মূর্ছ্ + অ + আ]।˜ .ভঙ্গ বি. মোহপ্রাপ্ত বা অচৈতন্য অবস্থার অবসান, অচেতন অবস্থা থেকে পুনরায় চেতনালাভ। মূর্ছা

যাওয়া ক্রি. বি. অচেতন বা অজ্ঞান হওয়া। মূর্ছিত বিণ. 1 মোদগ্রস্ত; 2 অচেতন, জ্ঞানহারা; 3 প্রতিফলিত। স্ত্রী. মূর্ছিতা।

মূর্ত (p. 712) [mūrta] বিণ. 1 মূর্তিকার, আকার বা শরীর বা চেহারা ধারণ করেছে এমন; 2 সুস্পষ্টরূপে আত্মপ্রকাশ করেছে এমন; 3 স্পষ্ট, প্রত্যক্ষ। [সং. √ মূর্ছ্ + ত]।

মূর্তি (p. 712) [mūrti] বি. 1 দেহ, শরীর (মূর্তিমান); 2 আকৃতি, চেহারা, রূপ (সৌম্যমূর্তি); 3 প্রতিমা (মূর্তিপূজা)। [সং. √ মূর্ছ্ + তি]। ̃ .ধারণ, ̃. পরিগ্রহ বি. (অশরীরীর) শরীর ধারণ, দেহধারণ। ̃ .পূজা বি. সাকার-উপাসনা, প্রতিমাপূজা। ̃ .মন্ত. ̃ .মান (-মত্) বিণ. 1 মূর্তিবিশিষ্ট, দেহধারী, সাকার; 2 স্পষ্ট, প্রত্যক্ষ, সাক্ষাত্ (মূর্তিমান শয়তান) স্ত্রী. ̃ .মতী

মূর্ধন্য (p. 712) [mūrdhanya] বিণ. মূর্ধা বা মস্তক থেকে উচ্চারিত অর্থাত্ জিহ্বাগ্র তালুতে স্পৃষ্ট করে উচ্চারিত (মূর্ধন্য ধ্বনি)। □ বি. ওইভাবে উচ্চারিত বর্ণ অর্থাত্ ট ঠ ড ঢ ড় ঢ় [সং. মূর্ধন্ + য]।

মূর্ধা (p. 712) [mūrdhā] (-র্ধন্) বি. মস্তক। [সং. √ মুহ্ + অন কিংবা √ মূর্ব্ + অন]।

মূর্বা (p. 712) [mūrbā] বি. গুল্মবিশেষ, যার ছাল দিয়ে ধনুকের ছিলা প্রস্তুত হয়। [সং. √ মূর্ব্ + অ + আ]।

মূর্বিকা, মূর্বী (p. 714) [mūrbikā, mūrbī] মূর্বা -র রূপভেদ।

মূল (p. 714) [mūla] বি. 1 শিকড়, বৃক্ষাদির স্থিতিসাধক গোড়ার অংশবিশেষ যার সাহায্যে বৃক্ষ মাটি থেকে খাদ্যরস আহরণ করে; 2 আলু কচু ইত্যাদি কন্দজাতীয় উদ্ভিদ; 3 আদি, গোড়া (ঘটনার মূল); 4 আদি কারণ; 5 উৎপত্তির স্থান (কর্ণমূল, বাহুমূল); 6 উৎস; 7 ভিত্তি; 8 (গণি.) যে রাশি নিজের দ্বারা এক বা একাধিকবার গুণিত হয়ে অন্যরাশি উৎপন্ন করেছে, root (বর্গমূল)। □ বিণ. 1 আদ্য, প্রথম গোড়াকার (মূলগ্রন্থ); 2 প্রধান (মূলমন্ত্র, মূলনীতি)। [সং. √ মূল + অ]। মূলক বিণ. বহুব্রীহি সমাসে উত্তরপদ হলে ক-যোগে মূল শব্দের রূপ (ভ্রান্তিমূলক, চিন্তামূলক)। মূলক2 বি. কন্দবিশেষ, মুলো। ˜ .কারণ বি. সৃষ্টি, জন্ম বা উৎপত্তির প্রথম প্রধান অথবা প্রকৃত কারণ। ˜ .কেন্দ্র বি. 1 মর্মস্থল; 2 প্রধান অঞ্চল বা কার্যালয়, সদর। ˜ .গত বিণ. 1 মূল থেকে জাত; 2 মৌলিক ˜ ত, (বর্জি.) ˜ তঃ ক্রি বিণ. 1 মূলে; 2 প্রকৃতপক্ষে। ˜ .তত্ত্ব বি. মৌলিক তত্ত্ব যার উপর ভিত্তি করে অন্যান্য তত্ত্ব গড়ে ওঠে। ˜ ত্র, ˜ .ত্রাণ বি. মাটির নীচে মূলকে রক্ষাকারী মূলের উপরের রোমশ আবরণ, মূলরোম। ˜ .ধন বি. পুঁজি, ব্যাবসায় বিনিয়োজিত অর্থ। ˜ .নীতি বি. প্রধান প্রকৃত বা মৌলিক নীতি। ˜ .ভিত্তি বি. প্রধান ভিত্তি, ভিতের সর্বনিম্ন স্তর, প্রধান আধার; গোড়াপত্তন। ˜ .মন্ত্র বি. 1 বীজমন্ত্র; 2 প্রধান সংকল্প (জীবনের মূলমন্ত্র)। ˜ .রোম বি. মূলত্র ও মূলত্রাণ -এর অনুরূপ। ˜ .সূত্র বি. 1 আদি কারণ; 2 প্রধান বা প্রাথমিক বিধি-নিয়ম (বাংলা ছন্দের মূলসূত্র)। মূলাকর্ষণ বি. শিকড় ধরে টান। মূলানুগ বিণ. মূল অংশের বা আদি রূপের সঙ্গে সংগতিসম্পন্ন। মূলাশ্রয়ী বিণ. মূল রূপকে অবলম্বন বা অনুসরণ করে এমন। মূলী (-লিন্) বিণ, মূলযুক্ত, শিকড়যুক্ত। □ বি. বৃক্ষ। মূলী-করণ বি. (-গণি.) বর্গমূল নির্ণয়। মূলী-ভূত বিণ. 1 আদিকারণস্বরূপ; 2 ভিত্তিস্বরূপ; 3 মূলগত। মূলে ক্রি-বিণ. 1 আদিতে, গোড়ায়; 2 আদৌ (মূলে সে যায়ইনি)। মূলোচ্ছেদ, মূলোত্-পাটন বি. শিকড়সমেত উপড়ে ফেলা; সম্পূর্ণ বিনাশ।

মূলক1, মূলক2 (p. 714) [mūlaka1, mūlaka2] দ্র. মূল।

মূলা1-মুলা (p. 714) [mūlā1-mulā] র. বর্জি. বানান।

মূলা2 (p. 714) [mūlā2] বি. নক্ষত্রবিশেষ [সং. মূল + আ]।

মূলাধার (p. 714) [mūlādhāra] বি. 1 মূল কারণ; 2 প্রধান আশ্রয়; 3 (তন্ত্রমতে ও যোগশাস্ত্রে) দেহমধ্যস্থ সুষুম্ন ইত্যাদি নাড়ির শাস্ত্রোক্ত ছয়টি 'চক্রে'-র প্রথমটি-সুষুম্নার 'মুল' ও কুণ্ডলিণী শক্তির 'আধার' বলে এই নাম। [সং. মূল + আধার]।

মূল্য (p. 714) [mūlya] বি. 1 দাম, দর (মূল্যবান, মূল্য কত?); 2 বেতন, পারিশ্রমিক; 3 ভাড়া, মাশুল। [সং. মূল + য]।˜ .বান, (বর্জি.)˜ .বান্ বিণ. মহার্ঘ, বহুমূল্য।˜ .বোধ বি. নৈতিকতা সম্পর্কে বোধ, ঔচিত্যবোধ।˜ .হীন বিণ 1 যার কোনো দাম নেই; 2 তুচ্ছ, অসার, অকিঞ্চিৎকর।˜ .হ্রাস বি. দাম বা গুরুত্ব কমে যাওয়া বা কমিয়ে দেওয়া। মূল্যাব-ধারণ বি. ন্যায্য দাম ঠিক করা। মূল্যায়ন বি. মূল্য নিরূপণ, তাৎপর্য নির্ণয়।

মূষ1, মূষা (p. 714) [mūṣa1, mūṣā] বি. স্বর্ণাদি ধাতু গলাবার পাত্র, মুচি। [মুষা দ্র]।

মূষ2 (p. 714) [mūṣa2] বি. ইঁদুর ('গণেশ চ়ড়িয়া মূষ': কাশী.) [সং. √ মূষ্ + অ]।

মূষিক (p. 714) [mūṣika] বি. ইঁদুর। [সং. √ মূষ্ + ইক]। স্ত্রী. মূষিকা।

মৃগ (p. 714) [mṛga] বি. 1 হরিণ (মৃগনয়না); 2 পশু (মৃগরাজ, মৃগেন্দ্র, মৃগয়া)। [সং. √ মৃগ্ + অ]।˜ .চর্ম বি. 1 হরিণের চামড়া; 2 পশুর চামড়া।˜ .তৃষ্ণা,˜.তৃষ্ণিকা,˜.তৃষ্ণা বি. মরীচিকা।˜ .নয়না,˜.লোচনা, মৃগাক্ষী বিণ. (স্ত্রী.) হরিণের মতো সুন্দর চক্ষুবিশিষ্ট।˜ .নাভি,˜.মদ বি. কস্তুরী।˜ য়া বি. বন্যা পশুপাখি শিকার।˜ .রাজ, মৃগেন্দ্র বি. পশুরাজ সিংহ।˜ .শিরা,˜.শীর্ষ বি. (জ্যোতিষ.) সাতাশটি নক্ষত্রের পঞ্চম নক্ষত্র (তু. মার্গশীর্ষ)। মৃগাঙ্ক বি. চন্দ্র, চাঁদ, শশাঙ্ক। মৃগাঙ্ক-শেখর বি. শিব, চন্দ্রচুড়। মৃগী বি. 1 হরিণী; 2 স্ত্রী-পশু; 3 মূর্ছারোগ।

মৃগেল (p. 714) [mṛgēla] বি. রুইজাতীয় মাছবিশেষ। [দেশী]।

মৃড় (p. 714) [mṛḍ়] বি. দেবাদিদেব শিব। [সং. √ মৃড়্ + অ]। স্ত্রী. মৃড়ানী দুর্গা।

মৃণাল (p. 714) [mṛṇāla] বি. পদ্মের ডাঁটা বা নাল; 2 পদ্মের শ্বেতবর্ণ ভক্ষণীয় কন্দ। [সং. √ মৃণ্ + আলা]। মৃণালিনী বি. (স্ত্রী.) 1 পদ্মের ঝাড়, পদ্মসমূহ; 2 পদ্মিনী।

মৃত্ (p. 714) [mṛt] (মৃদ্) বি. মাটি, মৃত্তিকা। [সং. √মৃদ্ + ক্বিপ্]।˜ .পাত্র বি. মাটির তৈরী পাত্র।

মৃত (p. 714) [mṛta] বিণ. বিগতপ্রাণ, মারা গেছে এমন। [সং. √ মৃ + ত]।˜ ক বি. 1 আত্মীয়স্বজনের মরণজনিত অশৌচ; 2 মৃতদেহ, শব।˜ .কল্প,˜ .প্রায় বিণ. মুমূর্ষ, মরণাপন্ন, মরোমরো।˜ .দার বিণ. বিপত্নিক, যার স্ত্রী মৃত।˜ .বৎসা বিণ. (স্ত্রী.) সন্তান শৈশবে মারা যায় এমন (নারী), মড়ুঞ্চে।˜ .সঞ্জীবনী বি. যা দিয়ে মৃতকে পুনর্জীবিত করা যায়। মৃতাশৌচ বি. মরণজনিত অশৌচ।

মৃত্তিকা (p. 714) [mṛttikā] বি. 1 মাটি (মৃত্তিকানির্মিত); 2 ভূমি, ভূতল (মৃত্তিকাগর্ভে)। [সং. √মৃদ্ + তিক + আ]।

মৃত্যু (p. 714) [mṛtyu] বি. 1 মরণ, প্রাণত্যাগ; 2 মরণের অধিদেবতা যম। [সং. √মৃ + ত্যু]।˜ ঞ্জয় বি. শিব। □বিণ. মরণকে জয় করেছে এমন (মৃত্যুঞ্জয় প্রতিভা)।˜ .ঞ্জয়ী বিণ. 1 মরণকে জয় করেছে এমন; 2 মৃত্যুহীন।˜ .দণ্ড বি. অপরাধের শাস্তি হিসাবে মৃত্যুর বিধান।˜. বিণ বি. 1 (রামা.) ব্রহ্মা কর্তৃক রাবণকে প্রদত্ত বাণবিশেষ, একমাত্র যে-বাণে রাবণের মৃত্যু সম্ভব ছিল; (আল.) নিহত বা পরাজিত করার মোক্ষম অস্ত্র।˜ .যোগ বি. (জ্যোতিষ.) নক্ষত্রাদির যে-যোগে জাতকের মৃত্যুর সম্ভাবনা থাকে।˜ .লোক বি. যমপুরী।˜ .শয্যা বি. যে-শয্যায় শয়নাবস্থার মৃত্যু ঘটে, মুমূর্ষু ব্যক্তির শয্যা, শেষ শয্যা।˜ .শোক বি. কারও মৃত্যুজনিত দুঃখ।˜ .হীন বিণ. মৃত্যু বা মরণ নেই এমন ('এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ': রবীন্দ্র)।

মৃদঙ্গ (p. 714) [mṛdaṅga] বি. দুই দিকে চামড়ায় ঢাকা আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, পাখোয়াজ, শ্রীখোল। [সং. √ মৃদ্ + অঙ্গ]। মৃদঙ্গী বিণ পাখোয়াজবাদক

মৃদু (p. 714) [mr̥du] বিণ. 1 কোমল, নরম (মৃদুগাত্রী); 2 আলতো (মৃদুস্পর্শ); 3 লঘু, হালকা (মৃদু ভূকম্পন); 4 ধীর, মন্হর, অদ্রুত (মৃদুগতি); 5 ক্ষীণ, অনুজ্জল (মৃদু অলোক); 6 অনুচ্চ, চাপ (মৃদু স্বর); 7 অতীব্র (মৃদু তাপ); 8 শান্ত, উত্তেজনাহীন (মৃদুস্বভাব)। [সং √ মৃদ্ + উ]। বি.˜ তা।˜ .গণ বি. (জ্যোতিষ.); চিত্র অনুরাধা মৃগশিরা ও রেবতি নক্ষত্র।˜ .গমন বি. ধীর গতিতে গমন; মন্হর গতি। □বিণ. ধীরগতিসম্পন্ন।˜ .গমনা বি. 1 ধীরগতিসম্পন্না নারী, মৃদুগামিনী নারী; 2 হংসী। □বিণ. মন্হরগতিযুক্তা।˜ .গামী বিণ. ধীরে যায় এমন। স্ত্রী.˜ .গামিণী।˜ .জল বি. লবণ ক্ষার ইত্যাদির ভাগ কম আছে এমন জল, soft water˜ .ভাষী (-ষিন্) বিণ. অনুচ্চস্বরে বা অতীব্র অর্থাত্ কোমল ও মধুর (মৃদুমন্দ বায়ু, মৃদুমন্দ গতি)।˜ .ল বিণ. 1 কোমল; 2 ধীর। স্ত্রী.˜ .লা।

মৃদ্ভাণ্ড (p. 714) [mr̥dbhāṇḍa] বি. মাটির ভাঁড়, মাটির পাত্র। [সং. √মৃদ্ + ভাণ্ড]।

মৃণ্ময় (p. 714) [mr̥ṇmaẏa] বিণ. মৃত্তিকানির্মিত, মাটির তৈরী, মেটে। [সং. √ মৃদ্ + ময়]। স্ত্রী. মৃন্ময়ী (মৃন্ময়ী প্রতিমা)

মে (p. 714) [mē] বি. ইংরেজি বৎসরের পঞ্চম মাস।[ইং. May]।

মেও, ম্যাও (p. 714) [mēō, myāō] বি. বিড়ালের ডাক। ম্যাও ধরা ক্রি. বি. ঝুঁকি নেওয়া; আর্থিক দায়িত্ব কাঁধে নেওয়া।

মেওয়া (p. 714) [mēōẏā] বি. 1 বেদানা, ডালিম, আঙ্গুর প্রভৃতি শুকনো ও পুষ্টিকর ফল; 2 আখরোট, পেস্তা, বাদাম প্রভৃতি শুকনো ফলের শাঁস। [ফা. মেওয়াহ্]।

মেক-আপ (p. 714) [mēka-āpa] বি. 1 সাজসজ্জা; 2 থিয়েটার যাত্রা প্রভৃতিতে অভিনয়ের জন্য বিশেষ সাজসজ্জা বা রূপসজ্জা।[ইং. make-up.]।

মেক-দার (p. 714) [mēka-dāra] বি. 1 আকার; 2 পরিমাণ; A 3; পরিমাপ, measure. [আ. মিক্দার]।

মেকানিক (p. 714) [mēkānika] বি. কারিগর, মিস্ত্রি, যে-ব্যক্তি যন্ত্রপাতি মেরামতের কাজ করে।[ইং. mechanic.]।

মেকি (p. 714) [mēki] বিণ. কৃত্রিম, নকল, জাল (মেকি টাকা, মেকি মুক্তো)। [আ. মক্র্]।

মেকুর (p. 714) [mēkura] বি. (বর্ত. আঞ্চ.) বিড়াল। [তু. আঞ্চ. মেউর (মেও বা মেউ রবকারী)]।

মেখলা (p. 714) [mēkhalā] বি. 1 কটিভূষণ, চন্দ্রহার গোট প্রভৃতি অলংকার; কোমরের তাগা; 2 খড়্গাদির মুখের চামড়ার বেষ্টনী। [সং. √ মি + খল + আ]।

মেঘ (p. 714) [mēgha] বি. 1 আকাশে ভাসমান জলীয় বাষ্পপুঞ্জ, জলধর, নীরদ; 2 সংগীতের রাগবিশেষ। [সং. √ মিহ্ + অ]। মেঘ করা, মেঘ জমা ক্রি.

বি. আকাশে মেঘ পুঞ্জীভূত হওয়া। মেঘ কেটে যাওয়া ক্রি. বি. মেঘ সরে গিয়ে আকাশ পরিষ্কার হওয়া।˜ .গর্জন বি. মেঘের ডাক।˜ .জাল বি. 1 মেঘের আড়ম্বর, ঘনঘটা; 2 মেঘপুঞ্জ। মেঘডম্বর শাড়ি, (কথ্য) মেঘডুম্বুর শাড়ি বি. মেঘবর্ণ শাড়ি, নীলাম্বরী শাড়ি। নাদ বি. 1 মেঘের গর্জন; 2 রাবণপুত্র ইন্দ্রজিত্।˜ .নির্দোষ- মেঘগর্জন -এর অনুরূপ।˜ .বর্ণ মেঘের মতো কালো রং। □ বিণ. মেঘের গম্ভীর গর্জন। □ বিণ. ওই গর্জনের মতো।˜ .মল্লার বি. সংগীতের বর্ষাঋতুর রাগিণীবিশেষ।˜ .মেদুর বিণ. মেঘাচ্ছন্ন হওয়ার ফলে স্নিগ্ধ।˜ .রুচি বিণ. মেঘবর্ণ।˜ .লা বিণ. মেঘাচ্ছন্ন (মেঘলা দিন, মেঘলা আকাশ)। মেঘাড়ম্বর বি. মেঘডম্বর -এর অনুরূপ। মেঘাত্যয় বি. 1 মেঘের অভাব; 2 শরৎকাল। মেঘাবৃত বিণ. মেঘে ঢাকা। মেঘে মেঘে বেলা হওয়া আকাশে মেঘ থাকায় বেলা বুঝতে পারা না গেলেও প্রকৃতপক্ষে বেলা হওয়া; (আল.) চেহারা দেখে বোঝা না গেলেও বয়স হওয়া; রাঙ্গা মেঘ, সিঁদুরে মেঘ বি. রক্তবর্ণ বা লাল মেঘ, যে মেঘ থেকে ঝড় হয়।

মেচেতা, মেছেতা (p. 714) [mēcētā, mēchētā] বি. মুখমণ্ডলে উৎপন্ন ক্ষুদ্র কালো দাগ। [দেশি]।

মেছুয়া (p. 714) [mēchuẏā] কথ্য. মেছো বি. 1 মাছবিক্রেতা; 2 জেলে। □ বিণ. 1 মাছসম্বন্ধীয়; 2 যেখানে মাছ বিক্রি হয় এমন (মেছোবাজার, মেছুয়া হাটা); 3 মাছ খায় এমন (মেছো কুমির)। [বাং. মাছ + উয়া > ও]। স্ত্রী.˜ নি, মেছুনি।˜ .ঘেরি বি. মাছ-চাষের জন্য নদী খাল ইত্যাদির যে অংশ ঘিরে রাখা হয়।

ম়েজ1 (p. 714) [mē়ja1] বি. টেবিল। [ফা. মেজ্]।

মেজ2 (p. 714) [mēja2] বিণ. (সমাসে পূর্বপদে) মেজো, মধ্যম, দ্বিতীয় (মেজদা, মেজদি)। [তু. বাং. মাঝ]।

মেজ-বান (p. 714) [mēja-bāna] বি. আপ্যায়নকারী গৃহস্থ। [ফা. মেজবান]।

মেজর (p. 714) [mē়jara] বি. স্থলবাহিনীতে ক্যাপটেন-এর অব্যবহিত ঊর্ধ্বতন পদ, উচ্চ সামরিক পদবিশেষ। [ইং. major]। মেজর-জেনারেল বি. প্রধান মেজর।

মেজ-মেজ-ম্যাজম্যাজ (p. 714) [mēja-mēja-myājamyāja] এর. বর্জি. বানান।

মেজ-রাব-মিজরাব (p. 714) [mēja-rāba-mijarāba] এর চলিত রূপ।

মেজাজ (p. 714) [mējāja] বি. 1 মানসিকভাবে অবস্থা (মেজাজ ভালো নেই); 2 ধাত, প্রকৃতি (রুক্ষ মেজাজ); 3 ক্রোধ, উগ্রতা (মেজাজ দেখিয়ে চলে গেল)। [আ. মিজাজ] মেজাজি বিণ. 1 মেজাজবিশিষ্ট (বদমেজাজি); 2 দাম্ভিক (খুব মেজাজি লোক)।

মেজিয়া-মেজে (p. 714) [mējiẏā-mējē] ও মেঝে -র. মার্জিত কিন্তু অপ্র. রূপ।

মেজে, মেঝে (p. 714) [mējē, mējhē] বি. গৃহতল। [বাং. মাঝিয়া > মেঝে]।

মেজো (p. 714) [mējō] (অপ্র.) মেঝো বিণ. মধ্যম, দ্বিতীয় (মেজো ছেলে, মেজো দারোগা)। [বাং. মাঝ < প্রাকৃ. মজ্ঝ]।

মেঝে (p. 714) [mējhē] দ্র মেজে।

মেট (p. 714) [mēṭa] বি. 1 সর্দার (কুলিদের মেট); 2 সর্দার-খালাসি; 3 সর্দার-কয়েদি। [ইং. mate]।

মেটা, মেটানো (p. 716) [mēṭā, mēṭānō] যথাক্রমে মিটা ও মিটানো -র চলিত রূপ।

মেটুলি, মেটে1 (p. 716) [mēṭuli, mēṭē1] বি. পাঁঠা ছাগল প্রভৃতি পশুর যকৃত্। [দেশি.]।

মেটে2 (p. 716) [mēṭē2] বিণ. 1 মাটির তৈরী (মেটেঘর); 2 মাটির প্রলেপযুক্ত (দোমেটে ঘর); 3 ইঁট-পাথরে বাঁধানো নয় এমন (মেটে রাস্তা); 4 মাটির তুল্য (মেটে রং)। [বাং. মাটি + ইয়া > এ]।

মেটুলি সাপ-মেটেসাপ (p. 716) [mēṭuli sāpa-mēṭēsāpa] র. অনুরূপ।

মেটে-সাপ (p. 716) [mēṭē-sāpa] বি. মেটে রঙ্গের নির্বিষ সাপবিশেষ। [বাং. মেটে + সাপ]।

মেট্রন (p. 716) [mēṭrana] বি. হাসপাতালের নার্সদের কর্ত্রী, প্রধান নার্স, মাতৃকা (স. প.) [ইং. matron]।

মেট্রিক (p. 716) [mēṭrika] বি. বিণ. দশমিকের সাহায্যে গণনা বা পরিমাপের পদ্ধতি। [ইং. metric]।

মেঠাই-মিঠাই (p. 716) [mēṭhāi-miṭhāi] এর কথ্য রূপ.।

মেঠো (p. 716) [mēṭhō] বিণ. 1 মাঠ-সম্বন্ধীয়, মাঠের ('গোরুর গাড়িটি যায় মেঠো পথ দিয়ে': জী. দা.)।[বাং. মাঠ + উয়া > ও]।

মেডেল (p. 716) [mēḍēla] বি. প্রশংসা বা বিজয়ের নিদর্শনস্বরূপ (প্রধানত ধাতুনির্মিত) পদকবিশেষ [ইং. medal]।

মেড়া (p. 716) [mēḍ়ā] বি. 1 ভেড়া, মেষ; 2 ভেড়ার মতো নির্বোধ বা নিস্তেজ ব্যক্তি। [সং. মেঢ্র]।

মেড়ো (p. 716) [mēḍ়ō] বি. (অবজ্ঞায়, অশোভন) মাড়োয়ারি বা হিন্দুস্থানি [বাং. মাড়োয়ারি]।

মেঢ্র (p. 716) [mēḍhra] বি. 1 শিশ্ন, পুরুষের লিঙ্গ; 2 মেড়া, ভেড়া। [সং. √ মিহ্ + ত্র]।

মেথর (p. 716) [mēthara] বি. 1 যে মল সাফ করে, ভাঙ্গি; 2 যে ময়লা সাফ করে, ঝাড়ুদার। [ফা. মেহ্তর্]।˜ .গিরি বি. মেথরের কাজ়। মেথরানি বি. (স্ত্রী.) 1 মেথরের পত্নী; 2 স্ত্রী-মেথর।

মেথি (p. 716) [mēthi] বি. ফোড়নের মশলারূপে ব্যবহৃত বীজবিশেষ।[সং. মেথিকা]।

মেদ (p. 716) [mēda] বি. প্রাণীদেহে চামড়ার নীচে সঞ্চিত চর্বি বা বসা। [সং. মেদস্]।˜ .বহুল বিণ. প্রচুর মেদ আছে এমন (মেদবহুল দেহ)।

মেদা-ম্যাদা (p. 716) [mēdā-myādā] -র বানানভেদ।

মেদি-মেহেদি (p. 716) [mēdi-mēhēdi] -র কথ্য রূপ।

মেদিনী (p. 716) [mēdinī] বি. পৃথিবী। [সং. মেদ + ইন্ + ঈ]।

মেদুর (p. 716) [mēdura] বিণ. 1 স্নিগ্ধ, কোমল ও মধুর; 2 চিক্কণ, মসৃণ; 3 শ্যামল; 4 ঘনভাবে আচ্ছন্ন (মেঘমেদুর আকাশ)। [সং. √ মিদ্ + উর]।

মেধ (p. 716) [mēdha] বি. যজ্ঞ (অশ্বমেধ)। [সং. √ মেধ্ + অ]।

মেধা (p. 716) [mēdhā] বি. 1 ধীশক্তি, বোধশক্তি; 2 স্মরণশক্তি। [সং. √ মেধ্ + অ + আ]।˜ .বী (-বিন্) বিণ. 1 ধীমান, বুদ্ধিমান; 2 স্থিরবুদ্ধি। স্ত্রী.˜ .বিনী

মেধ্য (p. 716) [mēdhya] বিণ. 1 যজ্ঞীয়, যজ্ঞের উপযুক্ত; 2 পবিত্র। [সং. √ মেধ্ + য]। তু. অমেধ্য = অপবিত্র।

মেনকা (p. 716) [mēnakā] বি. 1 হিমালয়-পত্নী ও গৌরী-জননী; 2 স্বর্গের অপ্সরাবিশেষ।[সং. √ মন্ + অক + আ]।

মেনি (p. 716) [mēni] বি. (আদরে) বিড়ালী। [দেশি.]। মেনি বিড়াল বি. স্ত্রী-বিড়াল।˜ .মুখো বিণ. লাজুক, মুখচোরা

মেনু (p. 716) [mēnu] বি. খাবারের পদের তালিকা (আজ দুপুরের মেনু কী?) [ইং. menu]।

মেনে (p. 716) [mēnē] (অপ্র.) তথাপি, তবু, কিন্তু প্রভৃতি অর্থসূচক কথার মাত্রাবিশেষ ('যদি গৌর না হইত কি মেনে হইত': বা ঘো.)। [> সং. মন্যে = মনে হয়]।

মেন্ধি (p. 716) [mēndhi] বি. মেহেদি গাছ। [সং. মেন্ধিকা]।

মেম (p. 716) [mēma] বি. ইয়োরোপীয় নারী। [ইং. ma'am < madam]˜ .সাহেব বি. মেম; মেমের মতো চালচলনযুক্তা নারী।

মেম্বার (p. 716) [mēmbāra] বি. সদস্য, সভ্য। [ইং. member.]।

মেয় (p. 716) [mēẏa] বিণ. পরিমাণ অনুমান বা জ্ঞানের যোগ্য (মুষ্টিমেয় লোক, অমেয় প্রেম)। [সং. √ মা + য]।

মেয়র (p. 716) [mēẏara] বি. পুরসভার প্রধান। [ইং. mayor.]।

মেয়াদ (p. 716) [mēẏāda] বি. 1 ধার্য সময় বা কাল (দীর্ঘ মেয়াদ); 2 কারাদণ্ড (লোকটা মেয়াদ খাটছে)। [আ. মেয়াদ]। মেয়াদি, মিয়াদি বিণ. নির্দিষ্ট মেয়াদযুক্ত (মেয়াদি পাট্টা)।

মেয়ে (p. 716) [mēẏē] বি. 1 কন্যা, দুহিতা (তার দুই ছেলে এক মেয়ে); 2 বালিকা (ছেলেমেয়েরা খেলা করছে); 3 নারী, স্ত্রীলোক (মেয়েপুরুষের ভিড়)। □ বিণ. স্ত্রীজাতীয় (মেয়েবিড়াল)। [> প্রা. বাং মাইয়া > সং. মাতৃকা]। ̃ .ছেলে, ̃ .মানুষ বি. স্ত্রীলোক, নারী। মেয়ে দেখা বি. ক্রি. বিবাহের সম্বন্ধ স্থির হওয়ার আগে পাত্রপক্ষ কর্তৃক ভাবী কনেকে যাচাই করা। ̃ .লি বিণ. নারীসুলভ, কেবল মেয়েদের পক্ষেই স্বাভাবিত এমন (মেয়েলি ছড়া, মেয়েলি স্বভাব)। ̃ .লি. পনা বি. নারীসুলভ আচরণ বা হাবভাব।

মের-জাই (p. 716) [mēra-jāi] বি. ফতুয়াজাতীয় জামাবিশেষ। [ফা. মির্জাই]।

মেরাপ (p. 716) [mērāpa] বি. 1 দরমা হোগলা বাঁশ প্রভৃতি দিয়ে তৈরি অস্থায়ী মণ্ডপ; 2 তোরণ।[আ. মেহ্রাব]।

মেরা-মত (p. 716) [mērā-mata] বি. জীর্ণসংস্কার (বাড়ি মেরামত, রাস্তা মেরামত)। [আ. মরাম্মত্]। মেরা-মতি বি. মেরামতের কাজ। □ বিণ. 1 মেরামতসম্বন্ধীয়; 2 মেরামত করা হয়েছে বা হবে এমন (মেরামতি কাজ)।

মেরিনো, মেরুনো (p. 716) [mērinō, mērunō] বি. স্পেনদেশীয় মেরিনো ভেড়ার লোমে তৈরি কাপড়বিশেষ। □ বিণ. উক্ত ভেড়ার লোমে তৈরি। [পো. marino]।

মেরু (p. 716) [mēru] বি. 1 পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্তদেশ, pole (উত্তরমেরু); 2 সুমেরু পর্বত; 3 জপমালার গ্রন্থিবীজ বা প্রধান বীজ; 4 পিঠের দাঁড়া। [সং. √ মি + রু]।˜ .জ্যোতি,˜.প্রভা বি. মেরু অঞ্চলে আকাশে দৃষ্ট আলোকচ্চটাবিশেষ, aurora.˜ .রেখা বি. 1 পৃথিবীর বা যে-কোনো ঘূর্ণমান বস্তুর কেন্দ্ররেখা; 2 যে কল্পিত রেখাকে কেন্দ্র করে পৃথিবী ইত্যাদি গ্রহ পরিভ্রমণ করছে, axis।

মেরু-করণ (p. 716) [mēru-karaṇa] বি. দুই বিপরীত বা বিরোধী গোষ্ঠিতে বা শিবিরে ভাগ করা। [সং. মেরু + করণ, ইং. polarization এর অনুকরণে]।

মেরু-দণ্ড (p. 717) [mēru-daṇḍa] বি. 1 শিরদাঁড়া; 2 পৃথিবীর মেরুদ্বয়ের সংযোজক কল্পিত রেখা। [মেরু. দ্র]।˜ .হীন বিণ. 1 শিরদাঁড়াহীন; 2 দুর্বল, ভীরু। মেরু-দণ্ডী (-ণ্ডিন্) বিণ. মেরুদণ্ডবিশিষ্ট (মেরুদণ্ডী প্রাণী)

মেরুন (p. 717) [mēruna] বি. গাঢ় খয়েরি বা বাদামি রং [ইং. maroon]।

মেরে-কেটে, মেরে ফেলা (p. 717) [mērē-kēṭē, mērē phēlā] দ্র মারা।

মেল1 (p. 717) [mēla1] বি. 1 ডাক (আজকের মেলের চিঠি); 2 [ডাক ও যাত্রী বহনকারী দ্রুতগামী রেলগাড়ি (পাঞ্জাব মেল)। □ বিণ. 1 ডাকবাহী (মেলভ্যান); 2 দ্রুতগামী (মেলট্রেন)। [ইং. mail]।

মেল2 (p. 717) [mēla2] বিণ. 1 মিলন, ঐক্য (স্বামীস্ত্রীতে তেমন মেল হয়নি); 2 জনতা, উৎসবাদিতে জনসমাবেশ (বহুলোকের মেল); 3 (বাং.) কুলীনদের বিভাগবিশেষ (ফুলিয়া মেল)। [সং. √ মিল্ + অ]।˜ ক বিণ. মিলনজনক। □ বি. 1 সঙ্গ, 2 সহবাস; 3 সমূহ।˜ ন বি. মিলন।˜ .বন্ধন বি. মিলন বা মিশ্রণ।

মেলা2 (p. 717) [mēlā2] বিণ. 1 উৎসব পার্বণ ইত্যাদি উপলক্ষে আমোদ-়. প্রমোদের ব্যবস্থাযুক্ত অস্থায়ী হাট (গাজনের মেলা); 2 অস্থায়ী প্রদর্শনী (স্বদেশী শিল্পের মেলা); 3 জনসমাগম (এখানে তো দেখছি মেলা বসে গেছে); 4 সমাজ, সভা (পণ্ডিতের মেলা)। [সং. √ মিল্ + অ + আ]।

মেলা3 (p. 717) [mēlā3] বিণ. অনেক, বহু (মেলা লোকজন, মেলা খরচ, মেলা খাবার) [দেশি]।

মেলা (p. 717) [mēlā] বিণ. 1 খোলা, উন্মীলিত করা (চোখ মেলা); 2 প্রসারিত করা (রোদে কাপড় মেলা, 'আমায় নিয়ে মেলেছ এই মেলা': রবীন্দ্র)। □ বি. বিণ. উক্ত সব অর্থে [সং. √ মীল্ + বাং. আ]।

মেলানি (p. 717) [mēlāni] বি. (প্রা. কা.) 1 মিলন; 2 বিদায়কালীন প্রীতিসম্ভাষণ; 3 বিদায়-উপহার; 4 উপহার, ভেট, তত্ত্ব। [মেল2 দ্র]।

মেলানো2 (p. 717) [mēlānō2] ক্রি 1 খোলা বা খোলানো, উন্মীলিত করা বা করানো; 2 প্রসারিত করা বা করানো, বিছানো। □ বি. বিণ. উক্ত সব অর্থে।[মেলা4 দ্র]।

মেলা-মেশা (p. 717) [mēlā-mēśā] বি. সংসর্গ; দেখাসাক্ষাত্, নিয়মিত যোগাযোগ ও ঘনিষ্ঠতা। [মিলা দ্র]।

মেশা, মেশানো, মেশা-মিশি (p. 717) [mēśā, mēśānō, mēśā-miśi] যথাক্রমে মিশা, মিশানো ও মিশামিশি -র চলিত রূপ।

মেশিন (p. 717) [mēśina] বি. যন্ত্র, কল। [ইং. machine]।˜ .গান বি. হালকা কামানবিশেষ

মেষ (p. 717) [mēṣa] বি. 1 ভেড়া, মেড়া ('মানুষ আমরা, নহি ত মেষ': দ্বি. রা.); 2 (জ্যোতিষ.) রাশিচক্রের প্রথম রাশি; 3 (আল.) ভেড়ার মতো নিরীহ ও নিস্তেজ ব্যক্তি। [সং. √ + অ]। স্ত্রী. মেষী।˜ .চারণ বি. ভেড়া চরানো।˜ .পালন বি. অনেকসংখ্যক ভেড়া ব্যবসায়ের জন্য পালন।

মেস (p. 717) [mēsa] বি. 1 বিভিন্ন লোক যে-ভাড়াবাড়িতে একত্র বাস করে ও আহারাদি করে; 2 আহার ও বাসের বারোয়ারি স্থান। [ইং. mess]।

মেসো (p. 717) [mēsō] বি. মাসির স্বামী।[বাং. মাসি+ উয়া > ও]। ˜ .মশায় বি. মেসো।

মেস্তা (p. 717) [mēstā] বি. একরকম পাটগাছ।[দেশি.]।

মেহ1 (p. 717) [mēha1] বি. প্রস্রাবের রোগবিশেষ, প্রমেহ রোগ।[সং. √ মিহ্ + অ]।

মেহ2 (p. 717) [mēha2] বি. (কাব্যে) মেঘ ('ঘন ঘন বরখত মেহ': রবীন্দ্র)। [> সং. মেঘ]।

মেহ-গনি, মেহ-গিনি (p. 717) [mēha-gani, mēha-gini] বি. অতি মূল্যবান কাঠবিশেষ বা তার গাছ। [ইং. mahogany]।

মেহ-নত (p. 717) [mēha-nata] বি. (প্রধানত দৈহিক) পরিশ্রম বা খাটুনি।[আ. মিহ্নত্]। মেহ-নতি বিণ. মেহনতকারী, শ্রমজীবী (মেহনতি মানুষ) □ বি. মেহনতের মজুরি, পারিশ্রমিক।

মেহ-ফিল-মহফিল (p. 717) [mēha-phila-mahaphila] এর রূপভেদ।

মেহ-মান (p. 717) [mēha-māna] বি. অতিথি। [ফা. মিহ্মান]।˜ .দারি বি. অতিথির সেবা, অতিথিসৎকার।

মেহেদি, মেহেন্দি (p. 717) [mēhēdi, mēhēndi] বি. চিরসবুজ ছোটো গাছবিশেষ, হেনা ফুল বা তার গাছ বা পাতা [হি. মেদ্দি < সং. মেন্ধী]।

মেহেরবান (p. 717) [mēhērabāna] বিণ. দয়ালু।[ফা. মিহ্রবান]। মেহের-বানি বি. দয়া।

মৈ-মই (p. 717) [mai-mi] এর বর্জি. বানানভেদ।

মৈত্র (p. 717) [maitra] বিণ. মিত্রসম্বন্ধীয়, বন্ধুবিষয়ক বা বন্ধুতাবিষয়ক। □ বি. 1 মিত্রতা, বন্ধুত্ব; সৌহার্দ্য; 2 বাঙালি ব্রাহ্মণের পদবিবিশেষ।[সং. মিত্র + অ]। মৈত্রী, মৈত্র্য বি. 1 মিত্রতা, বন্ধুত্ব; সৌহার্দ্য; 2 সন্ধি, সহযোগ। মৈত্রেয় বিণ মিত্রসম্বন্ধীয়। □ বি. 1 বুদ্ধদেব; ভাবী বুদ্ধ; 3 মুনিবিশেষ।

মৈথিল (p. 717) [maithila] বিণ. মিথিলাদেশীয়, মিথিলায় বাস করে এমন। □ বি. 1 মিথিলার অধিপতি জনক। [সং. মিথিলা + অ]। মৈথিলী বি. (স্ত্রী.) 1 মিথিলার রাজকন্যা সীতা; 2 মিথিলার ভাষা।

মৈথুন (p. 717) [maithuna] বি. রতিক্রিয়া, রমণ, স্ত্রী-পুরুষের যৌনসংসর্গ। [সং. মিথুন + অ]।

মৈনাক (p. 717) [maināka] বি. পৌরাণিক পর্বতবিশেষ। [সং. মেনকা + অ]।

মোকদ্দমা (p. 717) [mōkaddamā] দ্র মকদ্দমা।

মোকররি (p. 717) [mōkarari] বিণ. নির্দিষ্ট খাজনার বিনিময়ে ভোগ করা হয় এমন (মোকররি স্বত্ব, মোকররি পত্তনি)। [আ. মুকর্রর্]।

মোকা-বিলা (p. 717) [mōkā-bilā] বি. 1 সামনাসামনি বোঝাপড়া বা নিষ্পত্তি (পরিস্থিতির মোকাবিলা); 2 পরস্পরের শক্তিপরীক্ষার ফয়সালা (শত্রুর মোকাবিলা করা); 3 মুখোমুখি হয়ে প্রতিরোধ (শত্রুর মোকাবিলা করা)।[আ. মুকাব্লা]।

মোকাম (p. 717) [mōkāma] বি. 1 বাসস্থান; 2 আড্ডা, আস্তানা; 3 বাড়ি। [সং. মুকাম]।

মোক্তা1 (p. 717) [mōktā1] বিণ. মোটামুটি, গড়পড়তা (মোক্তা হিসাব)। [আ. মুকাত্তা]।

মোক্তা2 (p. 717) [mōktā2] (-ক্তৃ) বিণ. মোচনকর্তা, মুক্তিদাতা। [সং.√ মুচ্ + তৃ]।

মোক্তার (p. 718) [mōktāra] বি. 1 অপেক্ষাকৃত নিম্নশ্রেণিভুক্ত আইনজীবী; 2 মোকদ্দমা চালাবার জন্য নিযুক্ত প্রতিনিধি, আমমোক্তার। [আ. মুখ্তা + আর]।˜ .নামা বি. আমমোক্তার নিয়োগপত্র। মোক্তারি বি. মোক্তারের বৃত্তি (মহকুমা আদালতে মোক্তারি করে)।

মোক্ষ (p. 718) [mōkṣa] বি. 1 মুক্তি; 2 ভববন্ধন থেকে মুক্তি; 3 কৈবল্য, অপবর্গ, নির্বাণ; 4 মৃত্যু। [সং. মোক্ষ্ + অ]।˜ ণ বি. 1 মোচন; 2 ক্ষরণ, নিঃসারণ (রক্তমোক্ষণ)।˜ দ বিণ. মোক্ষদায়ক, মোক্ষদায়ী।˜ দা বিণ. (স্ত্রী.) মোক্ষদায়িনী। □ বি. 1 গঙ্গা; 2 দুর্গা।˜ .ধাম বি. কৈবল্যধাম; মুক্তিস্থান।˜ .পদ বি. মোক্ষপ্রাপ্ত অবস্থা; মুক্ত ব্যক্তির অবস্থা।˜ .লাভ বি. মোক্ষ বা মুক্তি পাওয়া।

মোক্ষম (p. 718) [mōkṣama] বিণ. 1 গুরুতর, সাঙ্ঘাতিক, কঠিন (মোক্ষম আঘাত); 2 নির্ঘাত। [আ. মহ্কম]।

মোগল, মুঘল (p. 718) [mōgala, mughala] বি. 1 মধ্য এশিয়া থেকে ভারতে আগত এবং বাবরের নেতৃত্বে ভারতে সাম্রাজ্য প্রতিষ্ঠিত করেছিল যে বংশ; 2 (বর্ত. বিরল) মধ্য এশিয়ার মোঙ্গল বংশ। [ফা. মুগল]। মোগলাই বিণ. মোগলসুলভ; মোগলদের মধ্যে প্রচলিত; মোগল-সম্বন্ধীয়। মোগলাই পরোটা ডিম পেঁয়াজ মশলা প্রভৃতির পুর দিয়ে তৈরি পরোটা।

মোঙ্গল (p. 718) [mōṅgala] বি. 1 মধ্য এশিয়ার জাতিবিশেষ; মঙ্গোলিয়ার অধিবাসী; 2 ভারতীয় মোগলদের উৎসজাতি। [তু. ফা. মুগল]।

মোচ1 (p. 718) [mōca1] বি. 1 [হি. মুচ]।

মোচ2 (p. 718) [mōca2] বি. কলমের ডগা; নিব। [প্রাকৃ. মস্সু]।

মোচক (p. 718) [mōcaka] বিণ. আবরণ খুলে ফেলে এমন, উদ্ঘাটক। তু. উন্মোচক। [সং. √ মুচ্ + ণিচ্ + অক]।

মোচড় (p. 718) [mōcaḍ়] বি. 1 পাক, প্যাঁচ; 2 (আল.) বাগে পেয়ে চাপ দেওয়া (মোচড় দিয়ে টাকা আদায়)। [মুচড়া দ্র]।

মোচড়া, মোচড়ানো (p. 718) [mōcaḍ়ā, mōcaḍ়ānō] যথাক্রমে মুচড়া ও মুচড়ানো -র চলিত রূপ।

মোচন (p. 718) [mōcana] বি. 1 মুক্তিদান; 2 উন্মুক্ত করা, উদ্ঘাটন (দ্বার মোচন); 3 অপনোদন, দূরীকরণ (দুঃখমোচন, অভাবমোচন); 4 ত্যাগ, নিক্ষেপ (অশ্রুমোচন, শরমোচন)। [সং. &tick মুচ্ + ণিচ্ + অন]। মোচনীয়, মোচ্য বিণ. মোচনের যোগ্য, ছাড়া পাবার বা ছাড়ানোর উপযুক্ত। মোচিত বিণ. মোচন করা হয়েছে এমন। ˜ -মোচী বিণ. মোচন করে বা খসায় এমন (পর্ণমোচী)।

মোচা (p. 718) [mōcā] বি. 1 (বাং.) কলার ফুল বা মঞ্জরি; 2 কলাগাছ। [সং. মোচক > প্রাকৃ. মোচঅ]।˜ কৃতি বিণ. মোচার মতো আকৃতিবিশিষ্ট; (স. প.) শাঙ্কবাকার, conical

মোচ্ছব-মচ্ছব (p. 718) [mōcchaba-macchaba] এর বানানভেদ (ছেলের বিয়েতে মোচ্ছব লেগে গেছে)।

মোছা, মোছানো (p. 718) [mōchā, mōchānō] যথাক্রমে মুছা ও মুছানো -র চলিত রূপ।

মোজা (p. 718) [mōjā] বি. রেশম পশম ইত্যাদির তৈরি পায়ের আবরণ। [ফা. মোজহ্]। ফুল-মোজা বি. হাঁটু থেকে পায়ের আঙ্গুল পর্যন্ত ঢাকে এমন মোজা। হাফ-মোজা বি. পায়ের আঙ্গুল থেকে পায়ের ডিম পর্যন্ত ঢাকে এমন মোজা। হাত-মোজা বি. দস্তানা।

মোজেইক (p. 718) [mōjēika] বি. ঘরের মেঝে ইত্যাদিতে রঙ্গিন পাথরের টুকরো দিয়ে জোড়া সুদৃশ্য আস্তরণ।[ইং. mosaic]।

মোট1 (p. 718) [mōṭa1] বিণ. আসল, সার, মোদ্দা (মোট কথা)।[হি. মোট]। মোট কথা বি. সার কথা, আসল কথা।

মোট2 (p. 718) [mōṭa2] বি. সমষ্টি। □ বিণ. সর্বসমেত (মোট হিসাব, মোট দশজন)। [সং. সমষ্টি]। ˜ .মাট ক্রি-বিণ. মোটামুটিভাবে, একুনে, সর্বসমেত (মোটমাট কতজন এল?)। মোটা-মুটি বিণ. ক্রি-বিণ. 1 স্থূল হিসাবে (মোটামুটিভাবে, একুনে, সর্বসমেত (মোটমাট কতজন এল?)। মোটা-মুটি বিণ. ক্রি-বিণ. 1 স্থূল হিসাবে (মোটামুটি একমাস); 2 স্থূলভাবে (মোটামুটি জানি)। মোটে ক্রি-বিণ. 1 সাকল্যে, একুনে, মোট হিসাবে; 2 সবেমাত্র (মোটে তো এলাম); 3 আদৌ (মোটে পড়াশুনা করে না); 4 কেবল (মোটে এতটুকু ?)। মোটেই ক্রি-বিণ. একবারেই, আদৌ, একটুও (মোটেই ভালো নয়, মোটেই সত্যি নয়)। মোটের উপর ক্রি-বিণ. স্থূলত, সবকিছু বিচার করে দেখলে (মোটের উপর চলনসই)।

মোট3 (p. 718) [mōṭa3] বি. বোঝা, ভার (মোটা বওয়া); 2 বস্তা, গাঁটরি (মোটা বাঁধা)। [তা. মোট্টই]।˜ .ঘাট বি. পোঁটলা পুঁটলি, গাঁটরিসমূহ।˜ .বাহক বি. মুটে।˜ .মাট বি. মালপত্র (এতে মোটমাট নিয়ে হাঁটা যায় না)।

মোটর (p. 718) [mōṭara] বি. 1 বিদ্যুত্-চালিত যে-যন্ত্র অন্য যন্ত্রাদিকে চালিত করে; 2 ডিজেল পেট্রল প্রভৃতি জ্বালানির দ্বারা উৎপন্ন শক্তিতে চলে এমন গাড়িবিশেষ।˜ .সাইকেল,˜ .বাইক বি. পা দিয়ে চালাতে হয় না এমন দুই চাকার মোটর চালিত যানবিশেষ। [ইং motor.]।

মোটা (p. 718) [mōṭā] বিণ. 1 মাংসল, মেদবহুল (মোটা শরীর); 2 স্থূল, পুরু (মোটা কাপড়); 3 সরু বা মিহির বিপরীত (মোটা চাল); 4 ভারী (মোটা গলা); 5 ভোঁতা (মোটা বুদ্ধি); 6 অনেক, অধিক (মোটা লাভ, মোটা মাইনে, মোটা টাকা); 7 সহজ, সাধারণ (মোটা হিসাব); 8 নিপুণতাহীন, অসূক্ষ্ম (মোটা কাজ)।[দেশি]।˜ নো ক্রি. বি. মোটা হওয়া, স্থূলাঙ্গ হওয়া (সে খুব মুটিয়েছে)।˜ .মাথা বিণ. নির্বোধ, স্থূলবুদ্ধি।˜ .সোটা বিণ. হৃষ্টপুষ্ট।

মোটামুটি (p. 718) [mōṭāmuṭi] দ্র মোটা2।

মোটে (p. 718) [mōṭē] দ্র মোট2 [.]।

মোড় (p. 718) [mōḍ়] বি. বাঁক (রাস্তার মোড়)। [সং. মুণ্ড]।

মোড়ক (p. 718) [mōḍ়ka] বি. পুরিয়া, পুলিন্দা, প্যাকেট। [হি. মোড়ক]।

মোড়ক (p. 718) [mōḍ়ka] বি. 1 গ্রামের প্রধান ব্যক্তি, গ্রামণী; 2 দলের প্রধান ব্যক্তি, সর্দার, পাণ্ডা; 3 মণ্ডল। [সং. মণ্ডল]। মোড়লি বি. 1 মোড়লের পদ বা কাজ; 2 (ব্যঙ্গে) অনাবশ্যক বা অবাঞ্ছিত কর্তৃত্ব, মাতব্বরি।

মোড়া1 (p. 718) [mōḍ়ā1] বি. 1 (প্রধানত) বেতের তৈরি টুলজাতীয় নিচু গোলাকার আসনবিশেষ; 2 বেতের তৈরি ধানচাল রাখার পাত্রবিশেষ [দেশি]।

মোড়া2, মোড়ানো (p. 718) [mōḍ়ā2, mōḍ়ānō] যথাক্রমে মুড়া1ও 2 ও মুড়ানো1 ও 2 এর চলিত রূপ।

মোড়া3 (p. 719) [mōḍ়ā3] বি. পাক, মোচড়, আবর্তন (গা মোড়া দেওয়া)। [মুড়া1 দ্র]।˜ .মুড়ি বি. 1 বারবার পাক দেওয়া, মোচড়ামুচড়ি; 2 (আল.) অনেক দর-কষাকষি।

মোতা, মোতানো (p. 719) [mōtā, mōtānō] দ্র মুতা, মুতানো।

মোতা-বেক (p. 719) [mōtā-bēka] ক্রি-বিণ. অনুযায়ী, অনুসারে (আইন মোতাবেক ব্যবস্থা হবে)। [আ. মুতাবিক]।

মোতায়েন (p. 719) [mōtāẏēna] বিণ. 1 নিযুক্ত, রত (পাহারায় মোতায়েন, কাজে মোতায়েন); 2 পাহারারত (সৈন্য মোতায়েন আছে) [আ. মুতাইন্]।

মোতি (p. 719) [mōti] বি. মুক্তা। [সং. মৌক্তিক]।˜ .চুর বি. মিঠাইবিশেষ, মিহিদানা।˜ .ম বিণ. (প্রা.কা.) মুক্তানির্মিত ('মোতিম হারে')

মোতিয়া (p. 719) [mōtiẏā] বি. বেলিজাতীয় ফুলবিশেষ।[হি.]।

মোথা (p. 719) [mōthā] বি. (আঞ্চ.) মূল, গোড়া (বাঁশের মোথা)।[প্রাকৃ. মত্থঅ < মুদ + ণিচ্ + অক]।

মোদক1 (p. 719) [mōdaka1] বি. 1 ময়রা, হিন্দুজাতিবিশেষ; 2 মোয়া, নাড়ু; 3 ভাং চিনি ইত্যাদি দ্বারা প্রস্তুত কবিরাজি ওষুধবিশেষ। [সং. √ মুদ্ + ণিচ্ + অক]।

মোদক2 (p. 719) [mōdaka2] বিণ. আনন্দদায়ক, (আমোদক)।[মোদক 1 দ্র]।

মোদা (p. 719) [mōdā] ক্রি. বি. আবৃত করা, ঢাকা; বন্ধ করা (চক্ষু মোদা)। ☐ বিণ. আবৃত ঢাকা, বন্ধ [মুদা দ্র.]।

মোদিত (p. 719) [mōdita] বিণ. 1 আমোদিত (সুগন্ধমোদিত); 2 আনন্দিত, প্রফুল্ল [সং. √ মুদ্ + ণিচ্ + ত]। স্ত্রী. মোদিতা।

মোদী (p. 719) [mōdī] (-দিন্) বিণ. 1 সুখকর; আনন্দদায়ক। [সং. √ মুদ্ + ণিচ্ + ইন্]; 2 হর্ষযুক্ত। [সং. √ মুদ্ + ইন]। স্ত্রী. মোদিনী।

মোদের (p. 719) [mōdēra] সর্ব. (কা. ও গ্রা.) 1 আমাদের ('মোদের গরব মোদের আশা': অ. সে.) 2 আমাদিগকে (মোদের দিয়ে)। [বাং. 'আমাদের'-শব্দের কোমল ও আঞ্চ. রূপ]।

মোদো (p. 719) [mōdō] বিণ. 1 মদের গন্ধযুক্ত; 2 মদের নেশায় চুর (মোদে মাতাল) [বাং. মদ. + উয়া > ও]।

মোদ্দা (p. 719) [mōddā] অব্য কিন্তু. (মোদ্দা যাওয়া চাই-ই)। □ বিণ. আসল, প্রকৃত (মোদ্দা কথাটা কী?)। [আ. মুদ্দাআ]।

মোনা (p. 719) [mōnā] বি. ঢেঁকির মুষল। [দেশি.]।

মোনাবিস-মুনাসিব (p. 719) [mōnābisa-munāsiba] এর রূপভেদ।

মোপেড (p. 719) [mōpēḍa] বি. হালকা ধরনের মোটরসাইকেলবিশেষ। [ইং. moped]।

মোবারক, মুবারক (p. 719) [mōbāraka, mubāraka] বি. শুভ, মঙ্গল। [আ. মুবারক]।

মোম (p. 719) [mōma] বি. 1 মৌচাকের মধু-নিষ্কাশনের পরে যা অবশিষ্ট থাকে, মধূত্থ; 2 প্যারাফিন চর্বি ইত্যাদিতে প্রস্তুত পদার্থবিশেষ। [ফা. মোম]।˜ .জামা,˜ .ঢাল,˜ .ঢালা বি. মোমের প্রলেপ দেওয়া বস্তু যা জলে ভেজে না।˜ .বাতি বি. প্যারাফিন চর্বি প্রভৃতিতে প্রস্তুত লাঠির আকারের বাতি। মোমের পুতুল 1

মোমদ্বারা নির্মিত পুতুল; 2 (আল.) সামান্য পরিশ্রমে বা কষ্টে কাতর হয়ে পড়ে এমন ব্যক্তি।

মোম-ছাল-মনছাল (p. 719) [mōma-chāla-manachāla] ও মনঃশীলা -র রূপভেদ।

মোমিন (p. 719) [mōmina] বি. 1 ধর্মনিষ্ঠ মুসলমান; 2 মুসলমান তাঁতি, জোলা। [আ. মুমিন্]।

মোয় (p. 719) [mōẏa] সর্ব. (প্রা.কা.) 1 আমায়, আমাকে ('কো তুঁহু বোলবি মোয়': রবীন্দ্র); 2 আমাতে। [তু. আমায়]।

মোয়া (p. 719) [mōẏā] বি. নাড়ু, বড়ো আকারের নাড়ু। [প্রাকৃ. মোঅঅ < সং. মোদক]। ছেলের হাতের মোয়া (আল.) অতি সহজে পাওয়া যায় এমন বস্তু।

মোর (p. 719) [mōra] সর্ব. (কাব্যে ও আঞ্চ.) আমার ('মোর আঙিনায় আজি পাখি': অ. সে.)। [বাং. 'আমি' শব্দের 6ষ্ঠী বিভক্তির 1 বচন]।

মোরগ (p. 719) [mōraga] বি. কুক্কুট, মাথায় লাল ঝুঁটিযুক্ত গৃহপালিত পাখিবিশেষ। [ফা. মুর্গ্]। মুরগি বি. 1 স্ত্রী কুক্কুট; 2 কুক্কুটজাতির পাখি।˜ .ঝুঁট,˜ .ফুল বি. মোরগের ঝুঁটির মতো আকারের রক্তবর্ণ ফুলবিশেষ। মোরগা বি. 1 মোরগ; 2 স্ত্রীপুরুষনির্বিশেষে কুক্কুট।

মোরচা, মোর্চা (p. 719) [mōracā, mōrcā] বি. আন্দোলন বা সংগ্রামের জন্য সংগঠিত বিভিন্ন দল বা গোষ্ঠীর জোট। [হি. মোরচা]।

মোরব্বা (p. 719) [mōrabbā] বি. চিনির রসে পাক-করা আম বেল ইত্যাদি ফলের টুকরো।[আ. মুরব্বা]।

মোরা (p. 719) [mōrā] সর্ব. (কাব্যে ও আঞ্চ.) আমার ('মোরা বুঝিব সত্য, পূজিব সত্য': রবীন্দ্র) [.]।

মোরে (p. 719) [mōrē] সর্ব. (কাব্যে ও আঞ্চ) আমাকে ('মোরে ডাকি লয়ে যাও': রবীন্দ্র)।

মোলায়েম (p. 719) [mōlāẏēma] (কথ্য). মোলাম বিণ. কোমল ও মসৃণ (মোলায়েম স্বরে কথা)। [আ. মুলাইম্]

মোল্লা (p. 719) [mōllā] বি. 1 মুসলমান পণ্ডিত পুরোহিত বা ব্যবস্থাপক (মোল্লার নির্দেশ); 2 পণ্ডিত মুসলমানদের উপাধিবিশেষ (মোল্লা নাসিরুদ্দিন)। [তুর. মল্লা] মোল্লার দৌড় মসজিদ পর্যন্ত মোল্লার জ্ঞান ও ক্ষমতা ও জ্ঞান নিজ নিজ ছোটো গণ্ডির মধ্যেই সীমাবদ্ধ।

মোশন পিকচার (p. 719) [mōśana pikacāra] বি. চলচ্চিত্র, সিনেমা। [ইং. motion picture]।

মোষ-মহিষ (p. 719) [mōṣa-mahiṣa] এর. কথ্য রূপ (মোষের দুধ)।

মোসম্বি, মোসাম্বি (p. 719) [mōsambi, mōsāmbi] বি. কমলাজাতীয় লেবুবিশেষ। [দেশি ?]।

মোসাহেব (p. 719) [mōsāhēba] বি. চাটুকার, তোষামুদে পার্শ্বচর। [আ. মুসাহিব]। মোসাহেবি বি. মোসাহেবের বৃত্তি, চাতুকারিতা।

মোহ (p. 719) [mōha] বি. 1 ষড়্‌রিপুর অন্যতম; চিত্তের অন্ধতা; অবিদ্যা, অজ্ঞান, মূঢ়তা, ভ্রান্তি; 2 বুদ্ধিভ্রংশ (মোহাচ্ছন্ন মন); 3 বিবেকহীনতা; 4 মূর্ছা; 5 মায়া; 6 মাত্রাতিরিক্ত আবেশ। [সং. √ মুহ্ + অ]। ̃ .কর বিণ. মোহজনক, মোহের সৃষ্টি করে এমন। ̃ .তিমির বি. মোহরূপ অন্ধকার; অজ্ঞানজনিত ভ্রান্তি। ̃ .নিদ্রা বি. মোহরূপ নিদ্রা, মোহের বশে চিত্তের আচ্ছন্ন বা অচেতন অবস্থা। ̃ .বন্ধ, ̃ .বন্ধন বি. মায়ার বাঁধন বা প্রভাব। ̃ .ভঙ্গ বি. মোহের অবসান। ̃ মত্ততা, ̃ মদ বি. অজ্ঞানজনিত দম্ভ বা মূঢ়তা। ̃ মন্ত্র বি. মোহ-সৃষ্টিকারী মন্ত্র। ̃ মুগ্ধ বিণ. মায়ার দ্বারা প্রভাবিত বা আচ্ছন্ন। ̃ মুদগর বি. শংকরাচার্য-প্রণীত মোহ দূরীকরণের পথনির্দেশক শ্লোকসমষ্টি।

মোহন (p. 719) [mōhana] বি. 1 সম্মোহন, মুগ্ধ করা; 2 কামদেবের সম্মোহক বাণবিশেষ। □ বিণ. মুগ্ধকারী; চিত্তাকর্ষক, মনোহর (গোপীমোহন, 'কে রয় ভুলে তোমার মোহন রূপে': রবীন্দ্র; কৃষ্ণের মোহন বাঁশি)। [সং. √ মুহ্ + ণিচ + অন]। ˜ ভোগ বি. দুধ চিনি সুজি প্রভৃতি দিয়ে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। মোহন মালা বি. সোনার কণ্ঠহারবিশেষ। মোহনিয়া (কাব্যে) বিণ. মুগ্ধকর, মোহজনক।

মোহর (p. 719) [mōhara] বি. 1 স্বর্ণমুদ্রা 2 সিল বা নামের ছাপ। [ফা. মোহর্]। মোহারাঙ্কিত বিণ. সিলমোহর দ্বারা ছাপ দেওয়া হয়েছে এমন।

মোহা (p. 719) [mōhā] (কাব্যে) ক্রি. মুগ্ধ বা মোহিত করা ('মোহিলে মনপ্রাণ': রবীন্দ্র)। [মোহ দ্র, নামধাতু]।

মোহানা (p. 719) [mōhānā] বি. 1 নদীর যে প্রশস্ত অংশ অন্য নদীতে বা সমুদ্রে মিলিত হয়েছে; 2 জলাশয়ের জল গমনা গমনের পথ বা মুখ। [হি. মুহানা- তু. সং. মুখ > মুহ + আনা]।

মোহাম্মদ, মোহম্মদ (p. 719) [mōhāmmada, mōhammada] বি. ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মোহাম্মদ। [আ. মোহাম্মদ]।

মোহাম্মদীয়, মোহম্মদীয় (p. 719) [mōhāmmadīẏa, mōhammadīẏa] বিণ. 1 মুসলমান সম্প্রদায়ের বা ধর্মের; 2 মুসলমানি, ইসলামি। [আ. মোহাম্মদ + সং. ঈয়]।

মোহিত (p. 719) [mōhita] বিণ. মোহপ্রাপ্ত, আত্মহারা, মুগ্ধ (সৌন্দর্য দেখে মোহিত হওয়া, নিজের ভাবে নিজেই মোহিত)। [সং. √ মুহ্ + ণিচ্ + ত]। স্ত্রী. মোহিতা।

মোহিনী (p. 719) [mōhinī] বিণ. (স্ত্রী.) 1 মনোহারিণী (রূপের মোহিনী শক্তি); 2 পরমসুন্দরী (নারীর মোহিনী রূপ)। ☐ বি. 1 সম্মোহনবিদ্যা; 2 সমুদ্রমনহনের পর নারায়ণ যে অপরূপ নারীমূর্তি ধারণ করে অসুরদের

ছলনাপূর্বক অমৃত হরণ করেছিলেন। [সং. মোহ + ইন্ + ঈ]। ˜ বিদ্যা বি. সম্মোহনবিদ্যা।

মোহ্যমান (p. 719) [mōhyamāna] বিণ. মুহ্যমান -এর মার্জিত কিন্তু স্বল্পপ্রচলিত রূপ; মূল অর্থ অন্যের দ্বারা মোহাচ্ছন্ন। [সং. √ মুহ্ + ণিচ্ + মান]।

মৌ (p. 719) [mau] বি. মধু। [সং. মধু > মউ]।

মৌক্তিক (p. 719) [mauktika] বি. মুক্তা। [সং. মুক্তা + ইক]।

মৌখ (p. 719) [maukha] বিণ. মুখের বা মুখসম্বন্ধীয়। [সং. মুখ + অ]।

মৌখিক (p. 719) [maukhika] বিণ. 1 বাচনিক; 2 অ-লিখিত (মৌখিক স্বীকৃতি, মৌখিক পরীক্ষা); 3 কেবল মুখের কথায় প্রকাশ করা হয় কিন্তু আন্তরিকতাপূর্ণ নয় এমন (মৌখিক ভদ্রতা, মৌখিক দরদ); 4 কথ্য (মৌখিক ভাষা); 5 মুখ সম্বন্ধীয়, মৌখ। [সং. মুখ + ইক]।

মৌচাক (p. 719) [maucāka] বি. মৌমাছি যে মোমের বাসায় মধু সঞ্চয় করে। [বাং. মৌ + চাক]।

মৌজ (p. 719) [mauja] বি. 1 নেশাগ্রস্ত অবস্থা, নেশার ঘোর; 2 খেয়াল; 3 আমেজ (মৌজ করে সিগারেট টানা)। [আ. মৌজ্]।

মৌজা (p. 719) [maujā] বি. 1 গ্রাম বা গ্রামের সমষ্টি; 2 পরগণার বিভাগ বা অংশ। [আ. মৌজআ]।

মৌটুসি (p. 719) [mauṭusi] বি. ফুলের মধুপানকারী লম্বা ঠোঁটবিশিষ্ট ছোটো রঙিন পাখিবিশেষ, sunbird. [দেশি-তু. মৌচুষি, মৌচোষা]।

মৌতাত (p. 719) [mautāta] বি. 1 নেশার আবেশ বা আমেজ; 2 নিয়ম মাফিক সময়ে নেশা করবার প্রবল স্পৃহা; 3 নিয়মিত সময়ে মাদক দ্রব্য সেবন। [আ. মৌতাদ্]।

মৌদগল্য (p. 719) [maudagalya] বি. মুদগল-মুনির সন্তান বা বংশ; গোত্রবিশেষ। [সং. মুদগল + য]।

মৌন (p. 719) [mauna] বি. 1 বাক্সংযম, নীরবতা, তূষ্ণীম্ভাব (মৌনব্রত, মৌন অবলম্বন)। □ বিণ. (বাং.) নীরব, নিঃশব্দ (মৌন ইশারা, মৌন মিছিল, 'স্তব্ধ আকাশ পাহাড়ের সার মৌন পৃথিবী দোলে': বিষ্ণু)। [সং. মুনি + অ]। ̃ .ব্রত বি. বাক্সংযমের ব্রত, কথা না বলার ব্রত। ̃ ভঙ্গ বি. মৌনভাব ত্যাগ, নীরবতা ভঙ্গ। ̃ সম্মতি বি. নীরব সম্মতি; নীরবতা দ্বারা সম্মতি বুঝিয়ে দেওয়া। মৌনাব-লম্বন বি. কথা বলা বন্ধ করা।

মৌমাছি (p. 719) [maumāchi] বি. মধু সংগ্রহকারী হুলযুক্ত পতঙ্গবিশেষ। [বাং. মৌ + মাছি]।

মৌরালা (p. 719) [maurālā] বি. সাদা আঁশযুক্ত ছোটো মাছবিশেষ। [সং. মুরলা]।

মৌরসি (p. 719) [maurasi] বিণ. 1 পৈতৃক; 2 পুরুষানুক্রমে প্রাপ্ত বা ভোগ্য (মৌরসি পাট্টা)। [আ. মউরূস]। মৌরসি পাট্টা 1 খাজনার বিনিময়ে পুরুষানুক্রমে জমি ভোগ করার বন্দোবস্ত; 2 (আল.) চিরস্থায়ী অধিকার।

মৌরি (p. 719) [mauri] বি. মশলারূপে ব্যবহৃত জিরের আকৃতির শস্যবিশেষ। [সং. মধুরিকা]।

মৌর্বী (p. 719) [maurbī] বি. মূর্বাতৃণ দ্বারা নির্মিত জ্যা, ধনুকের ছিলা। [সং. মূর্বা + অ + ঈ]।

মৌর্য (p. 719) [maurya] বি. (মুরার সন্তান) চন্দ্রগুপ্ত বা তৎকর্তৃক প্রতিষ্ঠিত রাজবংশ। □ বিণ. মৌর্যবংশ-সংক্রান্ত (মৌর্য শাসন)। [সং. মুরা + য (অপত্যার্থে)]।

মৌল1 (p. 719) [maula1] বিণ. 1 মূলসম্বন্ধীয়; 2 মূল থেকে উৎপন্ন; 3 আদিম। □ বি. (বিজ্ঞা.) কেবল একজাতীয় পরমাণুর সমবায়ে সৃষ্ট পদার্থ, মৌলিক পদার্থ, element (বি. প.)। [সং. মূল + অ]। মৌলিক দ্র।

মৌল2 (p. 719) [maula2] (উচ্চা. মৌল্) বি. 1 মুকুল; 2 মহুয়া। [মউল দ্র সং. মুকুল]।

মৌল-বাদ (p. 721) [maula-bāda] বি. ধর্মশাস্ত্রের প্রতি অবৈজ্ঞানিক অন্ধবিশ্বাস, fundamentalism. [সং. (?) মৌল1 + বাদ। সুষ্ঠুগঠন শব্দ নয়]।

মৌলবি, মৌলভি (p. 721) [maulabi, maulabhi] বি. মুসলমান পণ্ডিত বা অধ্যাপক। [আ. মৌলভী]।

মৌলানা (p. 721) [maulānā] বি. মৌলবি-র চেয়ে উচ্চতর শ্রেণির মুসলমান পণ্ডিত। [আ. মওলানা]।

মৌলি (p. 721) [mauli] বি. 1 মুকুট, কিরীট; 2 মস্তক (চন্দ্রমৌলি, তুষার মৌলি); 3 চূড়াবাঁধা কেশ; 4 ভূমি। [সং. মূল + ই]। ̃ নাথ বি. শিব, মহাদেব।

মৌলিক (p. 721) [maulika] বিণ. 1 মৌল; 2 মূলসম্বন্ধীয়; 3 জন্মগত (মৌলিক অধিকার); 4 আদিম; 5 অবিভাজ্য (মৌলিক স্বরধ্বনি); 6 প্রথম উদ্ভাবিত, নিজস্ব (মৌলিক রচনা); 7 স্বাধীন (মৌলিক চিন্তা); 8 বংশজ, অকুলীন (মৌলিক বংশ); 9 (বিজ্ঞা.) কেবল একজাতীয় পরমাণুর সমবায়ে উৎপন্ন, elementary (বি. প.); 1 যে পদার্থে কোনোরকম মিশেল নেই। [সং. মূল + ইক]। ̃ তা, ̃ ত্ব বি. স্বকীয়তা, নিজস্বতা।

মৌষল, মৌসল (p. 721) [mauṣala, mausala] বিণ. 1 মুষলসম্বন্ধীয়; 2 মহাভারতের পর্ববিশেষ। [সং. মুষল, মুসল + অ]।

মৌসুম (p. 721) [mausuma] বি. 1 ঋতু, মরশুম; 2 দক্ষিণ-পশ্চিম দিক থেকে প্রবাহিত বায়ুস্রোত, যাতে বর্ষার আবির্ভাব হয়; 3 বর্ষাকাল। তু. monsoon.

[আ মৌসিম]। মৌসুমি, (বর্জি.) মৌসুমি বিণ. 1 বর্ষাকালীন; 2 দক্ষিণ-পশ্চিমের বায়ুস্রোত-সম্বন্ধীয় (মৌসুমি বায়ু); 3 ঋতুগত, মরশুমি।

ম্যাংগানিজ (p. 721) [myāṅgānija] বি. ধাতুপদার্থবিশেষ। [ইং managanese]।

ম্যাক্সি (p. 721) [myāksi] বি. শেমিজজাতীয় হাঁটুর নীচে পর্যন্ত ঝুলবিশিষ্ট মেয়েদের পরিধেয় জামাবিশেষ। [< ইং. maxi(-mam)।

ম্যাগাজিন (p. 721) [myāgājina] বি. 1 সাময়িক পত্রিকা; 2 বারুদঘর; 3 অস্ত্রভাণ্ডার। [ইং. magazine]।

ম্যাচ1 (p. 721) [myāca1] বি. দুই দলের খেলার প্রতিদ্বন্দ্বিতা (ফাইনাল ম্যাচ, ম্যাচের দিনের ঘটনা)। [ইং. match]।

ম্যাচ2 (p. 721) [myāca2] বি. দিয়াশলাই। [ইং. matches, matchbox]।

ম্যাজ-ম্যাজ (p. 721) [myāja-myāja] বি. আলস্য বা ঈষত্ অসুস্হতার লক্ষণসূচক ভাব (গা ম্যাজম্যাজ করা, শরীর ম্যাজম্যাজ করা)। [দেশি]। ম্যাজ-মেজে বিণ. ম্যাজম্যাজ ভাবযুক্ত, ম্যাজম্যাজ করছে এমন।

ম্যাজিক (p. 721) [myājika] বি. ইন্দ্রজাল, ভেলকি, হাতের কৌশলে বা যান্ত্রিক কৌশলে দৃষ্টিবিভ্রম সৃষ্টির খেলা। [ইং. magic]।

ম্যাজিস্ট্রেট (p. 721) [myājisṭrēṭa] বি. মহকুমা বা জেলার ফৌজদারি বিচারক ও শাসনকর্তা। [ইং. magistrate]।

ম্যাজেণ্টা (p. 721) [myājēṇṭā] বি. ঈষত্ বেগনি আভাযুক্ত লাল রংবিশেষ। [ইং. magenta]।

ম্যাট-ম্যাট (p. 721) [myāṭa-myāṭa] বি. নিষ্প্রভতা বা অনুজ্জ্বলতার ভাব (শাড়ির রংটা ম্যাটম্যাট করছে)। [ধ্বন্যা.]। ম্যাট-মেটে বিণ. ম্যাটম্যাট করছে এমন, অনুজ্জ্বল।

ম্যাটা-ডর (p. 721) [myāṭā-ḍara] বি. লরির চেয়ে ছোটো মালবাহী ভ্যানগাড়ি বিশেষ। [ইং. matador]।

ম্যাডাম (p. 721) [myāḍāma] বি. 1 ভদ্রমহিলা 2 ছাত্রছাত্রী কর্তৃক শিক্ষায়িত্রী বা অধ্যাপিকাকে সম্বোধন। [ইং. madam]।

ম্যাড়-ম্যাড় (p. 721) [myāḍ়-myāḍ়] বি. মালিন্যের বা অনুজ্জ্বলতার ভাব, ম্যাটম্যাট। [ধ্বন্যা.]। ম্যাড়-মেড়ে বিণ. 1 ম্যাটমেটে; 2 মলিন।

ম্যাদা (p. 721) [myādā] বিণ. 1 মাদির মতো; 2 নিস্তেজ; 3 অকর্মণ্য। [ফা. মাদহ্]। ˜ মারা বিণ. নির্জীব, নিস্তেজ; পৌরুষহীন। ম্যাদা মেরে যাওয়া ক্রি. বি. নির্জীব হওয়া; উৎসাহ উদ্দীপনা না থাকা।

ম্যানেজ করা (p. 721) [myānēja karā] ক্রি. বি. 1 সুনিয়ন্ত্রিত ও সুপরিচালিত করা (সে একাই সব ম্যানেজ করে ফেলল); 2 কৌশলে কাজ হাসিল করা বা বাগানো (কলমটা কার কাছ থেকে ম্যানেজ করলে?)। [ইং. manage]।

ম্যানেজার (p. 721) [myānējāra] বি. পরিচালক, তত্ত্বাবধানকারী কর্মচারী (সার্কাসের ম্যানেজার, কোম্পানির ম্যানেজার, ব্যাংকের ম্যানেজার)। [ইং. manager]। ম্যানেজারি বি. ম্যানেজারের পদ বা কাজ।

ম্যাপ (p. 721) [myāpa] বি. 1 মানচিত্র; 2 জমিজায়গার নকশা। [ইং. map]।

ম্যারাথন (p. 721) [myārāthana] বি. দীর্ঘ পথ দৌড়ের প্রতিযোগিতাবিশেষ। □ বিণ. (কথ্য.) দীর্ঘ, অনেক লম্বা (ম্যারাথন মিটিং)। [ইং. marathon]।

ম্যালেরিয়া (p. 721) [myālēriẏā] বি. নোফিলিস মশার কামড়ে সৃষ্ট কম্পজ্বরবিশেষ। [ইং. malaria]।

ম্রক্ষণ (p. 721) [mrakṣaṇa] বি. 1 মাখা, লেপন; 2 মিশ্রণ। [সং. √ ম্রক্ষ্ + অন]।

ম্রিয়মাণ (p. 721) [mriẏamāṇa] বি. 1 (সং.) মরণাপন্ন; 2 (বাং.) কাতর, বিষাদগ্রস্ত ('সংকটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ': রবীন্দ্র)। [সং. √ মৃ + মান (শানচ্)]।

ম্লান (p. 721) [mlāna] বিণ. 1 মলিন (ম্লান রূপ); 2 বিশীর্ণ (চেহারা ম্লান); 3 ক্ষীণ, নিস্প্রভ (ম্লান আলোক); 4 বিষণ্ণ (ম্লানমুখ); 5 ক্লান্ত, পরিশ্রান্ত, দুর্বল (ম্লানকণ্ঠে); 6 হ্রাসপ্রাপ্ত (গৌরব ম্লান হওয়া)। [সং. √ ম্লৈ + ত]। বি.˜ তা,˜ ত্ব, ম্লানি ('সেই ম্লানতা ক্ষমা করো': রবীন্দ্র)। ম্লানায়-মান বিণ. ম্লান হচ্ছে এমন। ম্লানিমা (-মন্) বি. ম্লানতা, ম্লান ভাব।

ম্লায়-মান (p. 721) [mlāẏa-māna] বিণ. ম্লান বা বিষণ্ণ বা অন্ধকার হয়ে আসছে এমন ('ম্লায়মান পথ': রবীন্দ্র)। [সং. √ ম্লৈ + মান (শানচ্)]।

ম্লেচ্ছ (p. 721) [mlēccha] বি. 1 অনার্য জাতি; 2 যবন; 3 বৈদেশিক জাতি; 4 চণ্ডালাদি অন্ত্যজ শ্রেণি; 5 অহিন্দু। □ বিণ. 1 অনার্যসুলভ; 2 যবনিক; 3 পাপিষ্ঠ, কদাচারী। [সং. √ ম্লেচ্ছ্ + অ]। ম্লেচ্ছাচার বি. 1 ম্লেচ্ছের মতো আচরণ; 2 কদাচার। ম্লেচ্ছাচারী (-রিন্) বিণ. ম্লেচ্ছাচার বা কদাচার করে এমন।

য1 (p. 722) [ya1] বাংলা বর্ণমালার ষড়্‌বিংশ ব্যঞ্জনবর্ণ।

যক (p. 722) [yaka] বি. এক 1 যক্ষ, ভূগর্ভে প্রোথিত অর্থরাশির রক্ষক প্রেতযোনিবিশেষ; 2 (আল.) অতি কৃপণ ব্যক্তি। [সং. যক্ষ]। যক দেওয়া ক্রি. বি. 1 সঞ্চিত ধনরত্নসহ একটি জীবন্ত বালককে ভূগর্ভে সমাধি দেওয়া যাতে ওই বালক মৃত্যুর পর যক্ষরূপে উক্ত ধনরাশি রক্ষা করতে পারে; 2 (কথ্য) ঠকিয়ে টাকাপয়সা আদায় করা, ঠকানো। যকের ধন 1 যক-দেওয়া ধন; 2 প্রাণপণে রক্ষিত ধন; 3 (আল.) কৃপণের ধন।

যকৃত্ (p. 722) [yakṛt] বি. 1 পেটের মধ্যে ডানদিকে অবস্থিত পিত্তনিঃসারক গ্রন্থিময় যন্ত্র, liver; 2 পিত্তাশয়বর্ধক পীড়াবিশেষ। [সং যম্ + কৃ + ক্বিপ্]।

যক্ষ (p. 722) [yakṣa] বি. 1 ভূগর্ভে প্রোথিত ও সঞ্চিত ধনরাশির রক্ষক প্রেতযোনিবিশেষ, যক; 2 (আল.) অতি কৃপণ ব্যক্তি। [সং. যক্ষ্ + অ]।˜ পুরী কৈলাস পর্বতের উপর অবস্থিত কুবেরের রাজধানী, অলকা।˜ রাজ বি. ধন ঐশ্বর্যের অধিদেবতা কুবের।

যক্ষ্মা (p. 722) [yakṣmā] (-ক্ষ্মন্) বি. ক্ষয়রোগবিশেষ, ক্ষয়কাশি, টিবিরোগ, phthisis. [সং. √ যক্ষ্ + মন্]।

যখন (p. 722) [yakhana] ক্রি-বিণ. 1 যে সময়ে (যখন আসবে তখন দেব); 2 যেহেতু (দেরি যখন হলই তখন কথাটা শুনেই যাও)। [সং. যৎক্ষণ]।˜ ই, যখনি ক্রি-বিণ. যেইমাত্র (যখনই খিদে পাবে তখনই খেয়ে নেবে)। কার বিণ. যে সময়ের (যখনকার কাজ তখন করবে। যখনকার যা তখনকার তা সময়ের কাজ সময়ে করা উচিত। যখন তখন ক্রি-বিণ. 1 সময়-অসময় বিচার না করে (যখন তখন তাগাদা দেয়); 2 ঘনঘন, প্রায়ই (যখন-তখন জ্বর আসছে)। যখন যেমন তখন তেমন অবস্থানুযায়ী আচরণ বা ব্যবস্থা।

যছু (p. 722) [yachu] সর্ব. (প্রা. কা.) যার ('যছু পদযুগে গায়': চৈ. চ)। [সং. যস্য]।

যজন (p. 722) [yajana] বি. 1 যজ্ঞ; 2 দেবতার পূজা করা, যজ্ঞ করা। [সং. √ যজ্ + অন]। যজনীয়, যজ্য বিণ. পূজার যোগ্য, উপাসনা করার বা ভক্তি করার উপযুক্ত।

যজ-মান (p. 722) [yaja-māna] বি. 1 যজ্ঞাদি বা পূজার অনুষ্ঠানকর্তা, পুরোহিত; 2 যার মঙ্গলার্থ পুরোহিত পূজানুষ্ঠান করেন (ধনী যজমান)। [সং. √ যজ্ + মান (শানচ্)]। যজ-মানি বি. পৌরোহিত্য, পৌরোহিত্য-ব্যবসায়। যজ-মেনে বিণ. (কথ্য) পৌরোহিত্য করে এমন (যজমেনে বামুন)।

যজা (p. 722) [yajā] ক্রি, পৌরোহিত্য করা। [সং. √ যজ্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. (অবজ্ঞায়) 1 পৌরোহিত্য করা, যাজন করা; 2 (কথ্য) ভীষণ ক্ষতি করা, সর্বনাশ করা। যজুঃ (-জুস্) বি. প্রধান তিনটি বেদের অন্যতম, মুখ্যত গদ্যময় এবং বৈদিক যাগযজ্ঞে র বিধান-সংবলিত। [সং. যজ্ + উস্]। যজুর্বেদ বি. যজুঃ নামক বেদ।

যজুর্বেদী (p. 722) [yajurbēdī] (-দিন্) বিণ. 1 যজুর্বেদজ্ঞ; 2 যজুর্বেদানুসারে ধর্মীয় অনুষ্ঠান করেন এমন। □ বি. যজুর্বেদজ্ঞ ব্যক্তি ও তাঁর বংশপরম্পরা। যজুর্বেদীয় বিণ. যজুর্বেদসম্বন্ধীয়।

যজ্ঞ (p. 722) [yajña] বি. 1 দেবতার উদ্দেশ্যে দ্রব্যত্যাগরূপ পূজার অনুষ্ঠান; 2 বৈদিক ক্রিয়াবিশেষ, যাগ, ক্রতু; 3 পূণ্যকর্ম; 4 (আল.) বিরাট ব্যাপার বা অনুষ্ঠান। [সং. √ যজ্ + ন]। ˜ কর্তা (-র্তৃ) বি. যাজক, যিনি যজ্ঞ করেন। ˜ কুণ্ড বি. হোমাগ্নি জ্বালবার জন্য যজ্ঞ স্থলে যে-গর্ত খোঁড়া হয়। ˜ ডুমুর, (কথ্য) যজ্ঞি - ডুমুর বি. বড়ো ডুমুরবিশেষ। ˜ ধূম বি. যজ্ঞের ধোঁয়া। ˜ পশু বি. 1 যজ্ঞে বলি

দেবার উপযোগী বা বলি দেবার জন্য নির্দিষ্ট প্রাণী; 2 ছাগ; 3 অশ্ব।˜ পাত্র বি. যজ্ঞে র জন্য প্রয়োজনীয় বাসনকোসন।˜ পুরুষ, যজ্ঞে শ্বর বি. নারায়ণ, বিষ্ণু।˜ বেদি বি. যজ্ঞ স্হলে যে উঁচু বেদি তৈরি করা হয়।˜ ভূমি,˜ শালা,˜ স্হল বি. যে স্হানে যজ্ঞ অনুষ্ঠিত হয়।˜ সূত্র, যজ্ঞোপবীত বি. পইতে। যজ্ঞাংশ-ভুক বি. দেবতা। যজ্ঞাগ্নি, যজ্ঞানল বি. হোমের আগুন। যজ্ঞীয় বিণ. যজ্ঞ সম্বন্ধীয়, যজ্ঞ সংক্রান্ত।

যত্1 (p. 722) [yat1] বি. সংগীতের; 14 মাত্রার তালবিশেষ। [সং. যতি]।

যত্2 (p. 722) [yat2] বিণ. 1 যে (যৎকালে); 2 যা (যদিচ্ছা)। [সং. যদ্]।˜ কালে ক্রি-বিণ. যে সময়ে।˜ কিঞ্চিত্,˜ সামান্য বিণ. 1 কিছু পরিমাণ; 2 অত্যল্প; 3 একটুমাত্র (যৎসামান্য টাকা)।˜ পরিমাণ বিণ. যে পরিমাণ, যতটা, যতটুকু।˜ পরো-নাস্তি বিণ. ক্রি-বিণ. যারপরনাই, অত্যন্ত, নিরতিশয় (যৎপরোনাস্তি পরিশ্রম, যৎপরোনাস্তি ক্লান্ত, যৎপরোনাস্তি আনন্দ)।

যত (p. 722) [yata] সর্ব. যে পরিমাণ (যত এল তত গেল, যত ছিল সব গেছে)। □ বিণ. 1 যে সংখ্যক (যত লোক এসেছে); 2 যে পরিমাণ (যত হাসি তত কান্না); 3 যা কিছু (যত দুঃখ, যত আনন্দ); 4 সমস্ত, সব (যত নষ্টের গোড়া)। □ ক্রি-বিণ. যে পরিমাণ (যত দেখছি, যতই বল)। [সং. যতি]।˜ কাল,˜ ক্ষণ,˜ দিন ক্রি-বিণ. যে সময় পর্যন্ত যাবত্, যে অবধি।˜ কিছু সর্ব. বিণ. যা কিছু সব যে পরিমাণ (যত কিছু ছিল সবই গেছে, যতকিছু অভিমান)।˜ খানি সর্ব. বিণ. যে পরিমাণ।˜ গুলি সর্ব. বিণ. যে সংখ্যক যে কয়টি।˜ টা সর্ব. বিণ. যে পরিমাণ (যতটা পার খাও, যতটা কাজ নিয়েছি)।˜ বার ক্রি-বিণ. 1 যে কয়গুণ; 2 যে কয় দফা বা খেপ। যত বড়ো মুখ নয় তত বড়ো কথা ছোটো মুখে বড়ো কথা, স্পর্ধিত

উক্তি। ˜ সব সর্ব. বিণ. (সচ. নিন্দায় বা বিরক্তিতে) সমস্ত অনেক (যতসব বাজে কথা)।

যতন (p. 722) [yatana] বি. যত্ন-র কোমল রূপ। যতনে রতন মেলে চেষ্টা করলে সুফল বা শুভফল পাওয়া যায়।

যত-মান (p. 722) [yata-māna] বিণ. যত্নশীল, চেষ্টা করছে এমন। [সং. √ যত্ + মান (শানচ্)।]

যতি1 (p. 723) [yati1] বি. 1 সন্ন্যাসী, তপস্বী; 2 ভিক্ষু; 3 পরিব্রাজক। [সং. √ যত্ + ই]।

যতি2 (p. 723) [yati2] বি. বিধবা। [সং. √ যম্ + তি]।

যতি3 (p. 723) [yati3] বি. 1 পাঠমধ্যে শ্বাসগ্রহণের জন্য বা অন্য কারণে বিরামস্থান: 2 রচনার মধ্যে বিরাম ইত্যাদির চিহ্ন। [সং. √ যম্ + তি]। ˜ .চিহ্ন বি. রচনাদি পাঠকালে কোথায় থামতে হবে তার নির্দেশ-চিহ্ন অর্থাত্ দাঁড়ি কমা ইত্যাদি। ˜ .পাত, ˜ .ভঙ্গ বি. ছন্দের ত্রুটি বা দোষবিশেষ।

যতী (p. 723) [yatī] (-র্তিন) বি. তপস্বী, মুনি, সন্ন্যাসী। □ বিণ. সংযত (যতীন্দ্র); 2 জিতেন্দ্রিয়। [সং. যত (=সংযম) + ইন্]। যতিনী বি. স্ত্রী. সদাচারপরায়ণা বিধবা।

যতেক (p. 723) [yatēka] বিণ. (কাব্যে) 1 যে পরিমাণ (যতেক হাসি); 2 যে সংখ্যক ('কৃষ্ণের যতেক লীলা'); 3 সমস্ত। [বাং. যত + এক]।

যত্ন (p. 723) [yatna] বি. 1 পরিশ্রমসহকারে চেষ্টা, প্রয়াস (চাকরি পেতে হলে যত্ন চাই 2 সানুরাগ মনোযোগ (পড়াশুনায় যত্ন, দেহের যত্ন, সন্তানের যত্ন); 3 সেবা, শুশ্রূষা (রোগীর যত্ন)। [সং. √ যত্ + ন]।˜ .আত্তি বি. আদর, খাতির (কুটুম্বকে যত্নআত্তি করা)।˜ .পূর্বক ক্রি-বিণ. যত্নের সঙ্গে, সযত্নে।˜ .বান (-বত্),˜ .শীল বিণ. যত্নকারী, সচেষ্ট। স্ত্রী.˜ .বতী,˜.শীলা। যত্নাভাব বি. য়ত্ন বা চেষ্টার অভাব।

যত্র (p. 723) [yatra] বি. সর্ব. 1 যে স্থানে বা বিষয়ে; 2 যে-পরিমাণ, যেমন (যত্র আয় তত্র ব্যয়)। [সং. যদ্ + ত্র]। যত্র আয় তত্র ব্যয় আয়ের সমস্তটাই ব্যয় হয়ে যায় অর্থাত্ কিছুই জমে না এমন অবস্থা।˜ .তত্র ক্রি-বিণ. যেখানে-সেখানে স্থানের ভালোমন্দ বিচার না করে সর্বত্র (যত্রতত্র ঘুরে বেড়ানো)।

যথা (p. 723) [yathā] অব্য. বিণ. 1 যেমন, যেরূপ ('যথা ভীম ভীমসেন কৌরবসমরে': মধু.) 2 যেরূপ-সেরূপ (যথাশক্তি করা); 3 উচিত, উপযুক্ত, নির্দিষ্ট (যথাকালে, যথাসময়ে, যথাস্থানে); 4 দৃষ্টান্তস্বরূপ বা উদাহরণস্বরূপ (দ্বীপ যথা-সিংহল)। [সং. যদ্ + থা (প্রকারার্থে)]।˜ .কথঞ্চিত্ ক্রি-বিণ. 1 যে-কোনো রকমে; 2 কষ্টেসৃষ্টে।˜ .কর্তব্য বিণ. ক্রি-বিণ. কর্তব্য অনুযায়ী, কর্তব্য অনুসারে।˜ .কালে,˜.সময়ে ক্রি-বিণ. উপযুক্ত সময়ে, নির্দিষ্ট সময়ে।˜ .ক্রমে ক্রি-বিণ. ক্রমানুসারে, পরপর, পরম্পরা অনুসারে।˜ .জ্ঞান ক্রি-বিণ. জ্ঞান অনুসারে।˜ .তথা ক্রি-বিণ. যেখানে-সেখানে, যত্রতত্র।˜ দিষ্ট বিণ. আদেশানুরূপ। □ ক্রি-বিণ. যেমন আদেশ করা হয়েছে, আদেশানুসারে।˜ .নিয়ম,˜.বিধি বিণ. ক্রি-বিণ. বিধি বা নিয়ম

অনুযায়ী। ˜ .নির্দিষ্ট বিণ. যেমন স্থিরীকৃত বা আদিষ্ট। ˜ নু-পূর্ব বিণ. ক্রি-বিণ. যথাক্রমে, পরপর, ক্রম অনুসারে। ˜ .ন্যায় ক্রি-বিণ. বিণ. ন্যায্য, সংগত। ˜ .পূর্ব বিণ. ক্রি-বিণ. পূর্ববত্, আগের মতো। ˜ যথা পূর্বং তথা পরম্ অবস্থা পূর্বের মতোই, অর্থাত্ কোনো পরিবর্তনই হয়নি। ˜ .বত্ বিণ. ক্রি-বিণ. বিধি অনুযায়ী আগের মতো, অপরিবর্তিত। ˜ .বিধি,˜.বিহিত বিণ. ক্রি-বিণ. নিয়মানুযায়ী বিধান অনুসারে (যথাবিহিত সম্মানপ্রদর্শন)। ˜ ভি-মত বিণ. ক্রি-বিণ. ইচ্ছানুরুপ। ˜ .যথ বিণ. 1 পরম্পরা অনুযায়ী 2 ঠিকঠিক, নির্ভুল (যথাযথ বর্ণনা)। ˜ .যথ-ভাবে ক্রি বিণ. ঠিকভাবে, নির্ভুলভাবে। ˜ .যোগ্য বিণ. ঠিক, যথোচিত (যথাযোগ্য ব্যবস্থা)। ˜ .য় ক্রি-বিণ. যেখানে। ˜ .রীতি বিণ. ক্রি-বিণ. প্রচলিত রীতি বা আচার অনুযায়ী, প্রথামতো। ˜ .রুচি বিণ. ক্রি-বিণ. পছন্দ অনুযায়ী। ˜ .লাভ বি. যত্কিঞ্চিত্ বা অপ্রত্যাশিত প্রাপ্তিযোগ। ˜ .শক্তি,˜.সাধ্য বিণ. ক্রি-বিণ. ক্ষমতানুযায়ী। ˜ .শাস্ত্র বিণ. ক্রি-বিণ. শাস্ত্রীয় বিধান অনুযায়ী। ˜ .সম্ভব বিণ. ক্রি. বিণ. যতদূর সম্ভব হতে পারে বা ঘটতে পারে (যথাসম্ভব ভালো, যথাসম্ভব দ্রুত)। ˜ .সর্বস্ব বি. সবকিছু, ধনসম্পদ (যথাসর্বস্ব দিয়েও চেষ্টা করব)। ˜ .স্থান বি. উপযুক্ত বা নির্দিষ্ট স্থান। ˜ .স্থিতি বিণ. প্রকৃত, সত্য। □ ক্রি-বিণ. যথার্থভাবে।

যথার্থ (p. 723) [yathārtha] বিণ. সত্য, প্রকৃত, খাঁটি (যথার্থ বর্ণনা, যথার্থ বন্ধু)। [সং. যথা + অর্থ (বিষয়)]।

যথেচ্ছ, (p. 723) [yathēccha,] (বিরল) যথেচ্ছা বিণ. ক্রি-বিণ. ইচ্ছামতো, ইচ্ছানুসারে (যথেচ্ছ ব্যবহার, যথেচ্ছ অপচয়)। [সং. যথা + ইচ্ছা]। যথেচ্ছাচার বি. 1 খুশিমতো আচার আচরণ, স্বেচ্ছাচার; 2 উচ্ছৃঙ্খলতা। যথেচ্ছাচারী (-রিন্) বিণ. উচ্ছৃঙ্খল। স্ত্রী. যথেচ্ছাচারিণী।

যথেষ্ট (p. 723) [yathēṣṭa] বিণ. ক্রি-বিণ. 1 ইচ্ছামতো, ইচ্ছানুরূপ; 2 (বাং.) প্রচুর (যথেষ্‌ট পরিমাণ, যথেষ্ট বয়স); 3 ঢের, খুব (যথেষ্ট হয়েছে, আর নয়)। [সং. যথা + ইষ্ট]।

যথোচিত, যথোপ-যুক্ত, যথোপ-যোগী (p. 723) [yathōcita, yathōpa-yukta, yathōpa-yōgī] (-গিন্) বিণ. উচিত বা কর্তব্য এমন (যথোচিত বিনয়, যথোপযুক্ত পারিশ্রমিক)। [সং. যথা + উচিত, উপযুক্ত, উপযোগিন্]।

যদবধি (p. 723) [yadabadhi] ক্রি-বিণ. 1 যে সময় পর্যন্ত 2 যে সময় থেকে। [সং. যদ্ + অবধি]।

যদা (p. 723) [yadā] অব্য. 1 যে সময়ে, যখন; 2 যেহেতু। [সং. যদ্ + দা]।

যদি (p. 723) [yadi] অব্য 1 কার্যকারণ-সম্পর্ক বা হেতু (যদি মশায় কামড়ায় তবে জ্বর হতে পারে); 2 অবধারণ বা বিকল্প (যদি থাক তবে খুশি হব); 3 সম্ভাবনা (রোগী যদি জাগে তবে এই ওষুধ দিয়ো); 4 সংশয় বা আশঙ্কা (যদি বৃষ্টি নামে, তাই ছাতা নিলাম); 5 যখন ('ব্যথা যদি দিলে আমায় ব্য়থার মত ব্যথা দাও')। [সং. যদ্ + ই]। ˜ ই অব্য. যদি -র দৃঢ়তাব্যঞ্জক রূপ, একান্তই (যাবে যদিই তবে যাও)। ˜ ও, ˜চ অব্য. সত্ত্বেও (যদিও সে অসুস্থ তবুও সে যাবে)। যদি-না অব্য. না যদি হত, না যদি হয়, না হলেও। যদি-বা অব্য. যদিই তবু যদি অথবা যদি একান্তই যদি (যদি-বা যেতে চায়, যেন টাকা নিয়ে যায়)।

যদু (p. 723) [yadu] বি. রাজা যযাতির জেষ্ঠ পুত্র। [সং.] ˜ .কুল-পতি, ˜.নাথ, ˜.পতি বি. শ্রীকৃষ্ণ। ˜. বংশ বি. যে-বংশে। শ্রীকৃষ্ণের জন্ম হয়েছিল।

(তু. যাদব)। ˜ .মধু বি. (তুচ্ছার্থে) অখ্যাত-অজ্ঞাত লোক, যে-সে, সাধারণ লোক, (যদুমধুকে দিয়ে একাজ হবে না)।

যদৃচ্ছা (p. 723) [yadṛcchā] বি. 1 স্বেচ্ছা, নিজের ইচ্ছা বাসনা বা খুশি; 2 দৈবক্রম, আকস্মিক ঘটনা; 3 অনায়াস (যদৃচ্ছালব্ধ)। [সং. যদ্ + √ ঋচ্ছ্ + অ + আ]।

যদ্যপি (p. 723) [yadyapi] অব্য. 1 যদিও 2 একান্তই যদি, যদিই। [সং. যদি + অপি]।

যন্তা (p. 723) [yantā] (যন্তৃ) বি. 1 সারথি; 2 পরিচালক; 3 মাহুত। [সং. √ যম্ + তৃ]। [তু. নিয়ন্তা]।

যন্ত্র (p. 723) [yantra] বি. 1 মেশিন, কল (বৈদ্যুতিক যন্ত্র); 2 শিল্পদ্রব্যাদি নির্মানের হাতিয়ার (ছুতোরের যন্ত্র); 3 বৈজ্ঞানিক সরঞ্জাম (তাপমান যন্ত্র); 4 সংগীত সাধনার উপকরণ, বাদ্য (বাদ্যযন্ত্র, যন্ত্রসংগীত); 5 জীবদেহের ক্রিয়াসাধক অঙ্গ (হৃদযন্ত্র, শ্বাসযন্ত্র); 6 জাঁতা; 7 (তন্ত্রশাস্ত্রে) দেবতাদের অধিষ্ঠানচক্র অর্থাত্ আসনের রেখাঙ্কন; ˜ (জ্যোতিষ.) গ্রহাদির অবস্থানচিত্র; 9 (আল.) যে ব্যক্তিকে কার্যদ্ধারের জন্য হাতিয়ারস্বরূপ ব্যবহার করা হয়। [সং. √ যন্ত্র্ + অ]। ˜ .কুশল বিণ. যন্ত্রাদির ব্যবহারে পটু। বি. ˜ .কৌশল। ˜ .তন্ত্র, ˜ .পাতি বি. যন্ত্রসমূহ, যন্ত্র ও অনুরূপ অন্যান্য সরঞ্জাম। ˜ .দানব বি. জীবনযাত্রায় যন্ত্রের অতিরিক্ত প্রধান্যের জন্য দানব হিসাবে কল্পিত যন্ত্র। ˜ .বত্ বিণ. যন্ত্রের মতো কাজ করে এমন। ˜ .বিদ (-বিদ্) বিণ. বি. যন্ত্রের গঠন ও ব্যবহার সম্বন্ধে অভিজ্ঞ ব্যক্তি, যন্ত্রবিশারদ। ˜ .বিদ্যা, ˜ .বিজ্ঞান বি. যন্ত্র নির্মাণ ও ব্যবহারের বিদ্যা, mechanics, mechanical

engineering.˜ .যুগ বি. যে যুগে মানুষের জীবনযাত্রায় যন্ত্র বিশেষ প্রাধান্য লাভ করেছে।˜ .শালা বি. যে ঘরে যন্ত্রের দ্বারা কাজ চলে, মেশিনঘর।˜ .শিল্পী বি. 1 যন্ত্রাদি প্রয়োগে বা নির্মাণে দক্ষ বা অভিজ্ঞ ব্যক্তি, মেকানিক, এঞ্জিনিয়ার; 2 বাদ্যযন্ত্র বাজানোয় দক্ষ ব্যক্তি।˜ .সংগীত বি. বাদ্যযন্ত্র সহযোগে সংগীত।˜ স্থ বিণ. (বইপত্র) ছাপার কাজ চলছে এমন, শীঘ্রই ছেপে বেরোবে এমন।

যন্ত্রণ (p. 723) [yantraṇa] বি. 1 পীড়ন বা দমন 2 শাসন; 3 সংকোচন। [সং. √ যন্ত্র্ + অন]। তু. নিয়ন্ত্রণ।

যন্ত্রণা (p. 723) [yantraṇā] বি. কষ্ট, ক্লেশ, যাতনা, ব্যথা। [সং. যন্ত্র্ + অন + আ]।

যন্ত্রাংশ (p. 723) [yantrāṃśa] বি. যন্ত্রের অংশ। [সং. যন্ত্র + অংশ]।

যন্ত্রিত (p. 723) [yantrita] বিণ. 1 দমিত, শাসিত; 2 সংযমিত; 3 বদ্ধ; 4 মুদ্রিত, ছাপা হয়েছে এমন। [সং √ যন্ত্র্ + ত]।

যন্ত্রী (p. 723) [yantrī] (-ন্ত্রিন্) বি. 1 যন্ত্রচালক 2 বাদ্যযন্ত্র বাজানোয় দক্ষ ব্যক্তি, বাদক; 3 ষড়যন্ত্রকারী; 4 (আল.) যে অপরকে যন্ত্রের মতো চালনা করে; পরিচালক (জীব যন্ত্রমাত্র, যন্ত্রী পরমেশ্বর)। [সং. √ যন্ত্র্ + ইন্]।

যন্মাত্র (p. 723) [yanmātra] ক্রি-বিণ. অব্য. যেইমাত্র, যখনই। [সং. √ যদ্ + মাত্র]।

যব1 (p. 723) [yaba1] বি. 1 ধান বা গমজাতীয় শস্যবিশেষ; 2 বুড়ো আঙুলে যবের মতো রেখাবিশেষ; 3 পরিমাণবিশেষ (1 যব = 1/4 ইঞ্চি)। [সং. যু + অ]।

যব2 (p. 723) [yaba2] ক্রি-বিণ. (ব্রজ.) যখন। [< সং. যদা।˜ হু ক্রি-বিণ. যখনই।

যব-ক্ষার (p. 723) [yaba-kṣāra] বি. 1 তীব্র ক্ষারবিশেষ, carbonate of potash 2 (অশু.) শোরা বা শোরাজাতীয় ক্ষার। [সং. যব (জাত) + ক্ষার]।˜ .জান বি. নাইট্রোজেন।

যব-দ্বীপ (p. 723) [yaba-dbīpa] বি. বর্তমান জাভার প্রাচীন নাম।

যবন (p. 723) [yabana] বি. 1 প্রাচীন গ্রিকজাতি; 2 (প্রাচীন সংস্কারে) অহিন্দু বা ম্লেচ্ছ জাতি। [সং. √ যু + অন। তু.-Jonian]। স্ত্রী. যবনী। যব-নানী বি. যবনজাতির লিপিসমূহ। যাবনিক বিণ. যবনসংক্রান্ত যবনসুলভ।

যব-নিকা (p. 723) [yaba-nikā] বি. পর্দা রঙ্গমঞ্চের পটাবরণ, drop-scene (যবনিকা-উত্তোলন, যবনিকা পতন)। [সং. যবনী + ক আ]।˜ .পতন,˜ .পাত বি. 1 নাটকাভিনয়ের শেষে পর্দা পড়া; 2 (আল.) সমাপ্তি, পরিসমাপ্তি (গল্পের এখানেই যবনিকাপতন হল)।

যবস্থব (p. 723) [yabashaba] বিণ. 1 জবুথবু (বয়সের ভারে লোকটির এখন যবস্থব অবস্থা); 2 হঠাত্ থেমে গেছে এমন; 3 নিরুৎসাহ, নিশ্চেষ্ট। [দেশি-তু. সং. ন যযৌ ন তস্থৌ]।

যবাগূ (p. 723) [yabāgū] বি. যবের মণ্ড বা ক্বাথ, জাউ। [সং. যু + আগূ]।

যবানী (p. 723) [yabānī] দ্র যমানী।

যবিষ্ঠ, যবীয়ান (p. 723) [yabiṣṭha, yabīẏāna] (-যস্) বিণ. (বাং. অপ্র.) কনিষ্ঠ; খুবই তরুণ। [সং. যুবন্ + ইষ্ঠ, ঈয়স্]।

যবে (p. 723) [yabē] অব্য. ক্রি-বিণ. (কাব্যে) যখন, যে-সময়ে। [হি. যব]।

যবোদর (p. 723) [yabōdara] বি. এক যবের প্রস্থপ্রমাণ মাপ অর্থাত্ 1/8 ইঞ্চি সচ. ছুতোরের ব্যবহৃত মাপবিশেষ। [সং. যব + উদর]।

যম1 (p. 723) [yama1] বি. সংসম; 2 যোগসাধনার জন্য নির্দিষ্ট দশরকম নীতি বা আচার যথা অহিংসা সত্য অস্তেয় (চুরি না করা) ব্রহ্মচর্য দয়া সরলতা ক্ষমা ধৃতি মিতাহার শৌচ। [সং. √ যম্ + অ]।

যম2 (p. 723) [yama2] বি. 1 মৃত্যুর অধিদেবতা, শমন, কৃতান্ত; 2 মৃত্যু। [সং. √ যম্ + ণিচ্ + অ]। ̃ .জয়ী (-য়িন্) বিণ. অমর, মৃত্যুঞ্জয়, মৃত্যুহীন। ̃ .জাঙ্গাল বি. আকাশগঙ্গা, ছায়াপথ। ̃ .দণ্ড বি. 1 যমের অস্ত্র বা আয়ুধ 2 যমের দেওয়া শাস্তি; 3 মৃত্যুদণ্ড। ̃ .দূত বি. 1 যমের অনুচর; 2 (আল.) মৃত্যুর মতো ভীষণ সংবাদ যে বহন করে আনে; 3 ভয়ংকর আকৃতির লোক। ̃ .দ্বার বি. 1 যমের বাড়ির দরজা 2 যমের রাজ্য বা নরক। ̃ .দ্বিতীয়া বি. কার্তিক মাসের শুক্লা দ্বিতীয়া, যে তিথিতে ভাইফোঁটা দেওয়া হয়, ভ্রাতৃদ্বিতীয়া। ̃ .পুকুর বি. কার্তিক মাসে

অনুষ্ঠেয় কুমারীব্রতবিশেষ।˜ .পুরী, যমালয় বি. মৃত্যুপুরী, নরক।˜ .যন্ত্রণা,˜.যাতনা বি. (আল.) মৃত্যুকালীন কষ্টের মতো ভয়ংকর কষ্ট।˜ .রাজ বি. মৃত্যুর দেবতা, দক্ষিণ দিকের অধিদেবতা, যম।˜ .যমান্তক বি. যমজয়ী শিব, মৃত্যুঞ্জয়।˜ .যমে ধরা ক্রি. বি. মারা যাওয়া; সর্বনাশা দুর্বুদ্ধিগ্রস্ত হওয়া।˜ .যমের অরুচি এমন জঘন্য লোক যাকে যমও স্পর্শ করে না। যমের দোসর বি. যমের সহচর অর্থাত্ অতি ভয়ংকর লোক। যমের বাড়ি যাওয়া ক্রি. বি. মৃত্যুমুখে পতিত হওয়া, মারা যাওয়া।

যমক (p. 723) [yamaka] বিণ. একই গর্ভ থেকে একসঙ্গে জাত, যমজ। □ বি. (অল.) শব্দালংকারবিশেষ যাতে একই শব্দের ভিন্নার্থে পুনরাবৃত্তি হয়, যথা- ('আনা দরে আনা যায় কত আনারস': ঈ. গু)। [সং. যম + ক]।

যমজ (p. 723) [yamaja] বিণ. একসঙ্গে একই গর্ভ থেকে জাত। [সং. যম + √ জন্ + অ]।

যমল (p. 723) [yamala] বিণ. যুগ্ম, জোড়া। (তু. যামল)। [সং. যম + √ লা + অ]।

যমানি, যমানিকা, যবানি (p. 723) [yamāni, yamānikā, yabāni] বি. মশলাবিশেষ, জোয়ান। [< সং. যবানিকা]।

যমী (p. 723) [yamī] (-মিন্) বিণ. সংযমী, জিতেন্দ্রিয়। [সং. যম + ইন্]।

যমুনা (p. 723) [yamunā] বি. 1 উত্তরভারতের প্রসিদ্ধ নদী, কালিন্দী; 2 বাংলাদেশের নদীবিশেষ; 3 যমের ভগিনী। [সং. √ যম্ + উন + আ]।

যশ (p. 723) [yaśa] (যশস্, যশঃ) বি. কীর্তি, খ্যাতি। [সং. √ অশ্ + অস্ য্ আগম]।˜ .কীর্তন, যশঃ-কীর্তন বি. খ্যাতি বা গৌরব প্রচার।˜ .স্কর, -স্য বিণ. যশস্বী বা কীর্তিমান করে এমন, খ্যাতিজনক।˜ .স্কাম বিণ. খ্যাতি কামনা করে এমন।˜ .স্বান, স্বী (-স্বিন্), যশো-ধন বিণ. কীর্তিমান, খ্যাতিসম্পন্ন। স্ত্রী.˜ .স্বতী, স্বিনী। যশাকাঙ্ক্ষা বি. খ্যাতির আকাঙ্ক্ষা বা আশা। যশো-গাথা, যশো-গীতি, যশো-গান বি. কীর্তির বর্ণনাপূর্ণ সংগীত। যশোদ বিণ. কীর্তিদায়ক, যশস্কর। □ বি. পারদ। যশোদা বিণ. (স্ত্রী.) খ্যাতিদায়িনী। □ বি. শ্রীকৃষ্ণের পালিকা মাতা, নন্দের স্ত্রী। যশোদা-নন্দন বি. শ্রীকৃষ্ণ। যশো-ধন বিণ বিখ্যাত, যশস্বী। যশো-ভাক (-ভাজ্) বিণ. যশ বা খ্যাতির অংশীদার। যশো-ভাগ্য বি. যশোলাভের সৌভাগ্য। যশো-মতী বি. যশোদা। যশো-রাশি বি. বহু যশ। যশো-লিপ্সা বি. খ্যাতির লোভ। যশো-হানি বি. খ্যাতিনাশ, অখ্যাতি।

যশদ (p. 723) [yaśada] বি. দস্তা। [সং. অশ্ + অদ?]।

যশুরে (p. 723) [yaśurē] বিণ. যশোহরের বা যশোহরসংক্রান্ত (যশুরে কই, যশুরে গান)। [বাং. যশোর (< যশোহর)। যশুরে কই 1 যশোহরের কই মাছ; 2 (আল.) যশোহরের কইমাছের মতো বড়ো মাথাওয়ালা লোক।

যশোগাথা, যশোগান, যশোদগীতি, যশোদা, যশোভাক, যশোভাগ্য, যশোমতী, যশোলিপ্সা, যশোহানি (p. 723) [yaśōgāthā, yaśōgāna, yaśōdagīti, yaśōdā, yaśōbhāka, yaśōbhāgya, yaśōmatī, yaśōlipsā, yaśōhāni] দ্র যশ।

যষ্টি (p. 723) [yaṣṭi] বি. 1 লাঠি, ছড়ি; 2 দণ্ড; 3 বৃক্ষশাখা। সং. যজ্ + তি।.মধু বি. বৃক্ষবিশেষের মিষ্টি শিকড়।

যষ্টিক (p. 723) [yaṣṭika] বি. 1 লাঠি, ছড়ি; 2 পানকৌড়ি। [সং. যষ্টি + ক]। যষ্টিকা বি. 1 লাঠি; 2 একনরি মুক্তাহার; 3 বড়ো পুকুর; 4 যষ্টিমধু।

যস্য (p. 723) [yasya] বিণ. (বর্ত. আদা.) যার। [সং. যদ্ + ষ্ঠীর একবচন]।

যা (p. 723) [yā] 3 ক্রি. (অবজ্ঞায় বা কনিষ্ঠকে গমন কর্ (তুই ওখানে যা)। [বাং. √ যাওয়া]। ওই যা, গেল যা হঠাত্ বিস্মরণজনিত অনভিপ্রেত ঘটনার ফলে ক্ষোভ বা আক্ষেপসূচক উক্তি।

যাই1 (p. 723) [yāi1] অব্য. (সমু.) (আঞ্চ.) যেই, যেইমাত্র; যেহেতু (যাই তুমি এলে অমনি আলো নিভে গেল)। [সং. যদা]।

যাই (p. 723) [yāi] 2 ক্রি. গমন করি (এবার তবে যাই)। [বাং. √ যাওয়া]। যাও অনু-ক্রি. গমন করো।

যাওন (p. 723) [yāōna] বি. (আঞ্চ.) যাওয়া, গমন। [যাওয়া দ্র]।

যাওয়া (p. 723) [yāōẏā] ক্রি. বি. 1 গমন করা (স্কুলে যাওয়া, বাড়ি যাওয়া); 2 অতিবাহিত হওয়া, কেটে যাওয়া (দিন যায়, বেলা যায়); 3 দূর হওয়া ('ভয় কেন তোর যায় না': রবীন্দ্র); 4 নষ্ট বা ধ্বংস হওয়া (জীবন যায়, মান যায়); 5 ব্যয়িত হওয়া (জলের মতো টাকা যাচ্ছে); 6 অপ্রত্যাশিত বা অস্বস্তিকর কোনো

কাজ ঘটা (টাকা চুরি গেছে, মরে যাওয়া, হেরে যাওয়া); 7 টেকসই হওয়া (কলমটায় গেল অনেকদিন); 8 কোনো অবস্হায় আসা বা থাকা (বাদ যাওয়া, খোয়া গেল); 9 করতে বা চলতে থাকা (খেলে যাও, বলে যাও মুখ যখন আছে, চালিয়ে যাও)। [বাং. √ যা]।˜ আসা বি. যাতায়াত (দুটো পরিবারের মধ্যে তেমন যাওয়া-আসা নেই)। যায় যায় বি. বিণ. মরার বা গত হওয়ার উপক্রম (প্রাণ যায় যায় অবস্হা)। যেতে বসা ক্রি. নষ্ট হবার উপক্রম করা।

যাঁহা (p. 723) [yām̐hā] অব্য. ক্রি-বিণ. (ব্রজ. ও কথ্য) 1 যেখানে ('যাঁহা যাঁহা নিকসয়ে তনু তনু জ্যোতি': গো. দা.); 2 যেইমাত্র, যখনই (যাঁহা শোনা অমনি দৌড়)। [হি.]।

যাগ (p. 723) [yāga] বি. যজ্ঞ, হোম (যাগযজ্ঞ)। [সং. √ যজ্ + অ]।˜ .ডুমুর- যজ্ঞডুমুর -এর কথ্য রূপ।

যাচন1 (p. 723) [yācana1] বি. যাচাই। [যাচা2 দ্র]।˜ .দার বিণ. যাচাই করে দেখে এমন।

যাচা1 (p. 723) [yācā1] ক্রি. 1 যাচ্ঞা করা, প্রার্থনা করা, চাওয়া ('কি আর যাচিব তব কাছে') 2 উপযাচক হওয়া (যেচে দিতে এল)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে। [সং. √ যাচ্ + বাং. আ]।

যাচা2 (p. 726) [yācā2] ক্রি. যাচাই করা, পরীক্ষা দ্বারা মূল্য নির্ধারণ করা। [যাচা1 দ্র]।˜ ই বি. অনুসন্ধানের দ্বারা দ্রব্যাদির মূল্য বা উৎকর্ষ নিরূপণ (দর

যাচাই করা, সোনা যাচাই করা)। ˜ নো ক্রি. বি. যাচাই করানো। □ বিণ. উক্ত অর্থে।

যাচিত (p. 726) [yācita] দ্র যাচন2।

যাচ্ছে-তাই (p. 726) [yācchē-tāi] বি. বিশ্রী বা জঘন্য ব্যাপার (কীসব যাচ্ছেতাই বলছ)। □ বিণ. বিশ্রী বা জঘন্য (যাচ্ছেতাই কথা)। [বাং. যা + ইচ্ছে + তা + ই]।

যাচ্ঞা (p. 726) [yācñā] বি. প্রার্থনা, যাচনা। [সং. √ যাচ্ + ন + আ]। যাচ্য, যাচ্যমান দ্র যাচন2।

যাজন (p. 726) [yājana] বি. 1 যজ্ঞ বা পূজা করানো; 2 পৌরোহিত্য, ঋত্বিকের বৃত্তি। [সং. √ যজ্ + ণিচ্ + অন]। যাজক বি. যজ্ঞকর্তা, ঋত্বিক, পুরোহিত। স্ত্রী. যাজিকা। যাজনিক বিণ. 1 পৌরোহিত্যসম্বন্ধীয়; 2 যজ্ঞসম্বন্ধীয়। যাজি, যাজী বিণ. যজ্ঞ কারী, যাজক। যাজ্য বিণ. যাজনযোগ্য; যজ্ঞ ক্রিয়ার যোগ্য; যার জন্য যাগযজ্ঞ করা হয়।

যাজ্ঞ -বল্ক (p. 726) [yājña -balka] বি. যজুর্বেদপ্রবক্তা ধর্মশাস্ত্রকার ঋষিবিশেষ। [সং. যজ্ঞবল্ক + য]।

যাজ্ঞ -সেনী (p. 726) [yājña -sēnī] বি. যজ্ঞ সেনের অর্থাত্ দ্রুপদরাজের কন্যা দ্রৌপদী। [সং. যজ্ঞ সেন + অ + ঈ]।

যাজ্ঞিক (p. 726) [yājñika] বি. যজ্ঞ কর্তা, পুরোহিত। □ বিণ. যজ্ঞীয়, যজ্ঞ সম্বন্ধীয়। [সং. যজ্ঞ + ইক]।

যাত (p. 726) [yāta] বিণ. 1 গত (যাতায়াত) 2 অতীত (প্রয়াত); 3 লব্ধ; 4 জ্ঞাত [সং. যা + ত]।

যাতনা (p. 726) [yātanā] বি. যন্ত্রণা, তীব্র বেদনা ('কত না যাতনা দিনু': চণ্ডী)। [সং. যত্ + ণিচ্ + আ + আ]।

যাতব্য (p. 726) [yātabya] বিণ. 1 গমনীয়, গমনের যোগ্য 2 আক্রমণের যোগ্য, আক্রমণীয়। [সং. √ যা + তব্য]।

যাতা1 (p. 726) [yātā1] বি. গমনকর্তা, যে যায়। [সং. √ যা + তৃ]।

যাতা2 (p. 726) [yātā2] বি. স্বামীর ভ্রাতৃজায়া, জা। [সং. √ যত্ + ঋ = যাতৃ।

যা-তা (p. 726) [yā-tā] দ্র যা2।

যাতায়াত (p. 726) [yātāẏāta] বি. গমনাগমন, যাওয়া-আসা। [সং. যাত + আয়াত]।

যাত্রা (p. 726) [yātrā] বি. 1 গমন (তীর্থযাত্রা, পদযাত্রা); 2 প্রস্থান, নির্গমন, রওনা (বাড়ি থেকে যাত্রা করা); 3 অতিবাহন, যাপন, নির্বাহ (জীবনযাত্রা,

সংসারযাত্রা); 4 দেবতার উৎসববিশেষ (ঝুলনযাত্রা, দোলযাত্রা); 5 (বাং.) দৃশ্যপটহীন চারদিক খোলা মঞ্চে নাটকাভিনয়বিশেষ (যাত্রার দল); 6 দফা, বার (এ যাত্রা বেঁচে গেলে); 7 মিছিল (শোভাযাত্রা)। [সং. √ যা + ত্র + আ]।˜ .বদল বি. যে-স্থান থেকে যাত্রা আরম্ভ হয়েছিল সেইস্থানে ফিরে এসে নতুন করে যাত্রারম্ভ।

যাত্রিক (p. 726) [yātrika] বিণ. 1 যাত্রাসম্বন্ধীয় 2 যাত্রাযোগ্য; 3 গমনযোগ্য, গমনসাধ্য, গমনীয় 4 যাত্রাকারী, গমনকারী। □ বি. 1 পাথেয়, পথ-খরচ; 2 পথিক; 3 উৎসব 4 তীর্থযাত্রী। [সং. যাত্রা + ইক]।

যাত্রী (p. 726) [yātrī] (-ত্রিন্) বিণ. বি. 1 যাত্রাকারী, গমনকারী (বরযাত্রী, বিলাতযাত্রী); 2 ভ্রমণকারী (তীর্থযাত্রী, বাসযাত্রী); 3 তীর্থযাত্রী ('লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার': নজরুল)। স্ত্রী. যাত্রিণী।

যাথা-তথ্য (p. 726) [yāthā-tathya] বি. প্রকৃত তথ্য, সত্য ঘটনা (যাথাতথ্য প্রকাশিত হওয়া)। [সং. যথাতথ + য]।

যথা-যথ্য (p. 726) [yathā-yathya] বি. যথার্থতা, যথাযথতা, [সং. যথার্থ + য]।

যাথার্থ্য (p. 726) [yāthārthya] বি. যথার্থতা, যথাযথতা, সত্যতা, প্রকৃত তথ্য (সংবাদের যাথার্থ্য যাচাই করা)। [সং. যথার্থ + য]।

যাদঃ-পতি (p. 726) [yādḥ-pati] বি. 1 সমুদ্র; 2 বরুণ। [সং. যাদস্ (জলজন্তু) + পতি]। ˜ .রোধঃ বি. (বর্ত. অপ্র.) সমুদ্রতীর; সমুদ্রের উপকূল ('যাদঃপতিরোধঃ যথা চলোর্মি আঘাতে' মধু.)।

যাদব (p. 726) [yādaba] বিণ. যদুবংশীয় (যাদব নারী)। □ বি. শ্রীকৃষ্ণ। [সং. যদু + অ]। স্ত্রী. যাদবী।

যাদৃশ (p. 726) [yādṛśa] বিণ. যেমন, যেরকম (যাদৃশ বিচার)। [সং. যদ্ + √ দৃশ্ + অ, ক্বিপ্। স্ত্রী. যাদৃশী (যদৃশী ভাবনা)।

যান (p. 726) [yāna] বি. 1 যাতে চড়ে যাওয়া যায় (যানবাহন, গো-যান) 2 যাত্রা বা নির্গমন (অভিযান, প্রয়াণ)। [সং. √ যা + অন]। ˜ .জট বি. পথে যানবাহনের প্রচণ্ড ভিড়ের জন্য নিশ্চল অবস্থা, jam.

যান্ত্রিক (p. 726) [yāntrika] বিণ. 1 যন্ত্রসম্বন্ধীয় (যান্ত্রিক গোলযোগ); 2 যন্ত্রবিশারদ, যন্ত্রনির্মাণে বা যন্ত্রচালনে দক্ষ। □ বি. যন্ত্রচালক ('যান্ত্রিক না হলে যন্ত্র কেমন করে বাজে?': বি. গু.)। [সং. √ যন্ত্র্ + ইক। যান্ত্রিক শক্তি যন্ত্রের শক্তি, যন্ত্রশক্তি। যান্ত্রিক সভ্যতা আবিস্কৃত বিভিন্ন যন্ত্রের সাহায্যে যে সভ্যতা গড়ে উঠেছে। বি. ˜ .তা।

যান্ত্রিকতা (p. 726) [yāntrikatā] বি. নিছক যন্ত্রের মতো বিবেচনাহীনভাবে নিয়মরক্ষা। [সং. যান্ত্রিক + তা]।

যাপক (p. 726) [yāpaka] বিণ. যাপনকারী, অতিবাহনকারী। [সং. √ যা + ণিচ্ (√ যাপি) + অক]। যাপন বি. অতিবাহন ('শুধু দিন-যাপনের গ্লানি': রবীন্দ্র, অবসর-যাপন)। যাপনীয় বিণ. যাপনের বা অতিবাহনের যোগ্য। যাপিত বিণ. অতিবাহিত, যাপন করা হয়েছে এমন। যাপ্য বিণ. 1 যাপনীয়; 2 নিন্দনীয়; 3 নিকৃষ্ট; 4 গোপনীয়; 5 নিঃশেষে প্রতিকার হয় না এমন (যাপ্য রোগ)।

যাপা (p. 726) [yāpā] ক্রি. যাপন করা, কাটানো। [বাং. √ যাপ্ (সং. √ যাপি) + আ]।

যাপিত, যাপ্য (p. 726) [yāpita, yāpya] দ্র যাপক।

যাব, যাবনা (p. 726) [yāba, yābanā] বি. গবাদি পশুর খাদ্য, জাব। [সং. যবস তু. হি. জাব]।

যাবক (p. 726) [yābaka] বি. আলতা (যাবক-রেখা)। [সং. √ যু + অ + ক]।

যাবচ্চন্দ্র-দিবাকর (p. 726) [yābaccandra-dibākara] ক্রি-বিণ. যতকাল চন্দ্র ও সূর্য থাকবে ততকাল, চিরকাল। [সং. যাবত্ + চন্দ্র + দিবাকর]।

যাবজ্জীবন (p. 726) [yābajjībana] ক্রি-বিণ. যতদিন জীবন থাকবে ততদিন, চিরজীবন, আমরণ (যাবজ্জীবন কারাদণ্ড)। [সং. যাবত্ + জীবন]।

যাবত্ (p. 726) [yābat] ক্রি-বিণ. 1 যতক্ষণ, যতদিন পর্যন্ত, যে-পর্যন্ত (যাবত্ চন্দ্রসূর্য থাকবে); 2 পর্যন্ত, ধরে (এ যাবত্, বহুদিন যাবত্)। □ বিণ. যত, যা কিছু, সমুদয় (যাবত্ সুখদুঃখের কাহিনি)। [সং. যদ্ + বত্]।

যাবতীয় (p. 726) [yābatīẏa] বিণ. যত-কিছু, সমস্ত (যাবতীয় কাজকর্ম)। [সং. যাবত্ + ঈয়]।

যাবন (p. 726) [yābana] বিণ. 1 যবনসম্বন্ধীয়; 2 যবনদেশে জাত। [সং. যবন + অ]। যাবনিক বিণ. যবনসম্বন্ধীয়, যাবন। যাবনী বি. যবনভাষা; আরবি বা ফারসি ভাষা।

যাম (p. 726) [yāma] বি. সমস্ত দিনরাত্রির 1/8 ভাগ সময়, প্রহর; তিন ঘন্টা। [সং. √ যা + ম]।˜ .ঘোষ বি. শৃগাল।˜ .বতী বি. রাত্রি, যামিনী। যামার্থ বি. অর্ধপ্রহর, দেড় ঘন্টা। যামী বি. 1 দক্ষিণ দিক 2 রাত্রি 3 কুলস্ত্রী।

যামল (p. 726) [yāmala] বি. 1 যুগ্ম, যুগল; 2 (তন্ত্রে) শিব ও শক্তির পরস্পর মিলিত রূপ; 3 তন্ত্রশাস্ত্রবিশেষ। [সং. যমল + অ]।

যামার্থ (p. 726) [yāmārtha] দ্র যাম।

যামিনী (p. 726) [yāminī] বি. রাত্রি ('কেন যামিনী না যেতে জাগালে না': রবীন্দ্র)। [সং. যাম + ইন্ + ঈ]।˜ .কান্ত বি. চাঁদ।

যামী (p. 726) [yāmī] দ্র যাম।

যাম্য (p. 726) [yāmya] বিণ. দক্ষিণদিকস্থ। [সং. যামী + য]। যাম্যোত্তর-বৃত্ত বি. মধ্যরেখা।

যায়2 (p. 726) [yāẏa2] ক্রি. গমন করে (দিন যায়)। [বাং. √.যাওয়া]।

যাযাবর (p. 726) [yāyābara] বি. বিণ. 1 নিয়ত ভ্রমণকারী, ভবঘুরে; 2 যে সম্প্রদায় নির্দিষ্ট এক জায়গায় বসবাস করে না, নানা স্থানে বা দেশে ঘুরে বেড়ায়; 3 নির্দিষ্ট গৃহ নেই এমন। [সং. √ যা + যঙ্ + বর]। যাযাবর পাখি যে পাখি বারোমাস এক দেশে না থেকে শীতঋতুতে অন্য দেশে পরিযায়ী হয়।

যাহা (p. 726) [yāhā] সর্ব. (সাধু.) যে বস্তু বা বিষয় ('তুমি যাহা দাও সে.. যে দুঃখের দান': রবীন্দ্র)। [সং. যত্]। যাহা তাহা সর্ব. বিণ. যা-তা ('রোজ কত কী ঘটে যাহা তাহা':রবীন্দ্র)। যাহে অব্য. (কাব্যে) যাতে।

যিনি (p. 726) [yini] সর্ব. (সম্ভ্রমে) যে ব্যক্তি (যিনি সকল কাজের কাজী: রবীন্দ্র, যিনি জানেন তিনি বলবেন)। [সং. যঃ]। বহুবচনে যাঁরা।

যুক্ত (p. 726) [yukta] বিণ. 1 সংলগ্ন, একত্র, মিলিত ('যুক্ত কর হে সবার সঙ্গে': রবীন্দ্র); 2 অন্বিত, বিশিষ্ট, সম্পন্ন (শ্রীযুক্ত, ক্রোধযুক্ত); 3 রত, নিয়োজিত, ব্যাপৃত (ঘানিতে যুক্ত, কর্মে যুক্ত); 4 উপযুক্ত, সমন্বিত (যুক্তিযুক্ত); 5 পরিমিত (যুক্ত আহার); 6 যোগরত; 7 (গণি.) সংকলিত, যোগ করা হয়েছে এমন। [সং. √ যুজ্ + ত]। স্ত্রী. যুক্তা। ̃ .কর বিণ. কৃতাঞ্জলি, জোড়হাত। □ বি. জোড় করা হাত। ̃ .প্রদেশ বি. উত্তরপ্রদেশের বর্তমানে বর্জিত পূর্বনাম। ̃ .বেণি বি. গঙ্গা

যমুনা ও সরস্বতী নদীর সংগম, ত্রিবেণি। ˜ .রাজ্য বি. গ্রেটবিটেন ও উত্তর আয়ারল্যাণ্ড। ˜ .রাষ্ট্র বি. আমেরিকা যুক্তরাষ্ট্র। যুক্তাক্ষর বি. সংযুক্ত বর্ণ, একত্রে লিখিত ও উচ্চারিত একাধিক ব্যঞ্জনবর্ণ, যেমন ক্ত, চ্ছ।

যুক্তি (p. 726) [yukti] বি. 1 সংযোগ, মিলন, সংযুক্তি (দুই ভূখণ্ডের যুক্তি); 2 কারণ, হেতু (যুক্তিপ্রদর্শন); 3 ন্যায়, বিচার (যুক্তিযুক্ত); 4 পরামর্শ, মন্ত্রণা ('সকলে মিলি যুক্তি করি শেষে': রবীন্দ্র)। [সং. √ যুজ্ + তি]। ˜ .গ্রাহ্য,˜.যুক্ত,˜.সংগত,˜.সম্মত,˜.সহ বিণ. যথোচিত, ন্যায়সংগত, নায্য।˜ .দাতা (-তৃ) বিণ. পরামর্শদাতা, যে মন্ত্রণা বা পরামর্শ দেয়। স্ত্রী˜ .দাত্রী।˜.নির্ভর বিণ. যুক্তির উপর প্রতিষ্ঠিত।˜ .পূর্ণ বিণ. যুক্তিসংগত, যথোচিত।˜ .পূর্বক ক্রি-বিণ. পরামর্শ করবার পর।˜ .বিদ্যা বি. তর্কবিদ্যা, লজিক।˜ .বিরুদ্ধ বিণ. যুক্তিসংগত নয় এমন।˜ .সংগত,˜.সম্মত বিণ. যুক্তির উপর প্রতিষ্ঠিত।˜ .হীন বিণ. অন্যায়, যাতে সংগত কারণ বা প্রমাণ নেই (যুক্তিহীন বিচার)।

যুগ (p. 726) [yuga] বি. 1 বারো বৎসর কাল 2 সত্য ত্রেতা দ্বাপর ও কলি এই চার পৌরাণিক কাল-বিভাগ; 3 আমল, সময় (আকবরের যুগে); 4 বিশিষ্ট লক্ষণ দ্বারা চিহ্নিত কাল পরিমাণ (প্রাচীন যুগ); 5 জোয়াল (যুগন্ধর); 6 জোড়া, যুগল (পদযুগ); 7 চারহাত পরিমাণ মাপ। [সং. যুজ্ + অ]।˜ .ক্ষয়, যুগান্ত বি. 1 যুগের অবসান 2 প্রলয়কাল।˜ .ধর্ম বি. 1 যুগোপযোগী ধর্ম; 2 নির্দিষ্ট যুগের বৈশিষ্ট্য বা লক্ষণ বা ঝোঁক 3 কালোচিত আচার-আচরণ (যুগধর্ম না মেনে উপায় নেই)।˜ .ন্ধর বি. 1 জোয়ালের সঙ্গে যুক্ত বা সংলগ্ন কাঠ; 2 লাঙলের ঈষা বা গাড়ির বোম; 3 (আল.) একটি বিশেষ যুগের প্রবর্তক বা প্রতিনিধি।˜ .লক্ষণ বি. কোনো বিশেষ যুগের বৈশিষ্ট।˜ .সন্ধি বি. যে-সময়ে এক যুগের অবসান এবং অন্য যুগের সূচনা হয়, transition. যুগান্ত-যুগক্ষয় -এর অনুরূপ। যুগান্ত-কারী

(-রিন্) বিণ. নতুন যুগের সৃষ্টিকারী, অতি গুরুত্বপূর্ণ (যুগান্তকারী ঘটনা)। যুগান্তর বি. অন্য যুগ (যুগ থেকে যুগান্তর)।˜ .যুগান্তর বি. নানা যুগ, বহু যুগ। যুগাব-তার বি. 1 কোনো যুগের শ্রেষ্ঠ ধর্মীয় প্রবক্তা বা নেতা 2 যুগের অবতার। যুগোপ-যোগী বিণ. নির্দিষ্ট যুগের পক্ষে উপযুক্ত।

যুগ-পত্ (p. 726) [yuga-pat] ক্রি-বিণ. অব্য. একই সময়ে; একই সঙ্গে (দুটি কাজ যুগপত্ চলতে থাকল)। [সং. যুগ + পদ্ ক্বিপ্]।

যুগল (p. 726) [yugala] বি. 1 একজোড়া (যুগলমিলন) 2 দুটি (নয়নযুগল)। ☐ বিণ. যুগ্ম (যুগল মূর্তি)। [সং. যুগ + ল]।˜ .বন্দি বি. দুই সংগীতশিল্পীর দ্বৈত গান বা দ্বৈত (সচ. বিভিন্ন) বাদ্যবাদন।˜ .মূর্তি বি. একসঙ্গে দুই জনের (সচ. দুই) দেবতার মূর্তি (রাধাকৃষ্ণের বা হরপার্বতীর যুগলমূর্তি)।

যুগা, যুগানো (p. 726) [yugā, yugānō] যথাক্রমে জুগা ও জুগানো -র বানানভেদ।

যুগান্তর, যুগাবতার (p. 728) [yugāntara, yugābatāra] দ্র যুগ।

যুগি (p. 728) [yugi] বি. (কথ্য) নাথধর্মাবলম্বী হিন্দু-সম্প্রদায়বিশেষ। [সং. যোগী]।

যুগোপযোগী (p. 728) [yugōpayōgī] দ্র যুগ।

যুগ্ম (p. 728) [yugma] বি. জোড়া, যুগল। □ বিণ. 1 সহযোগী (যুগ্ম সম্পাদক); 2 (গণি.) জোড়, দুই দিয়ে ভাগ করলে মিলে যায় এমন, even (যুগ্ম রাশি)। [সং. যুজ্ + ম] শব্দ বি. পরপর দুবার লিখিত বা উচ্চারিত একই শব্দ, যথা ঝনঝন, কাটা-কাটা।

যুঝা (p. 728) [yujhā] দ্র জুঝা।

যুটি (p. 728) [yuṭi] বি. 1 যুগ্ম; 2 সহচরী, সঙ্গিনী। □ বিণ. অনুরূপ বয়সী (সমযুটি মেয়েরা)। [সং. যুতি]। তু. জুটি।

যুত1 (p. 728) [yuta1] বিণ. যুক্ত (শ্রীযুত)। [সং. যু + ত]। যুতি বি. 1 মিলন, জোড়, যোগ; 2 মিশ্রণ।

যুদ্ধ (p. 728) [yuddha] বি. 1 সংগ্রাম, সমর, রণ, লড়াই (বিশ্বযুদ্ধ, রাজায় রাজায় যুদ্ধ) 2 ক্রীড়া শক্তি ইত্যাদির প্রতিযোগিতা দ্বন্দ্ব (মুষ্টিযুদ্ধ)। [সং. যুধ্ + ত]।˜ .কালীন বিণ. যুদ্ধের সময়ের (যুদ্ধকালীন তৎপরতা)।˜ .জয় বি. যুদ্ধে শত্রু বা প্রতিদ্বন্দ্বীর বিরুদ্ধে সাফল্য।˜ .নীতি,˜.রীতি বি. 1 যুদ্ধের আইনকানুন; 2 যুদ্ধের কৌশল।˜ .বন্দি বি. যুদ্ধে পরাজিত পক্ষের যে সৈন্য বা লোকজনকে জয়ী পক্ষ গ্রেপ্তার করে।˜ .বিগ্রহ বি. যুদ্ধ বিবাদ ইত্যাদি।˜ .বিদ্যা বি. যুদ্ধের কৌশল ফন্দি ইত্যাদি সংক্রান্ত শাস্ত্র।˜ .বিরতি বি. যুদ্ধের সাময়িক ক্ষান্তি।˜ .বিশারদ বিণ. রণনিপুণ।˜ .যাত্রা বি. যুদ্ধ করতে রওনা হওয়া, সংগ্রামের অভিযান।˜ .যুদ্ধাজীব বি. বিণ. যোদ্ধা, সৈনিকবৃত্তি অবলম্বনকারী।˜ .যুদ্ধাব-সান বি. সংগ্রামের সমাপ্তি, শান্তি বা সন্ধি। যুদ্ধার্থী (-র্থিন্) বিণ. যুদ্ধ করতে চায় এমন যুদ্ধের উপক্রমকারী। যুদ্ধাস্ত্র বি. যুদ্ধে ব্যবহারের অস্ত্র। যুদ্ধোত্তর বিণ. যুদ্ধের পরবর্তী কালের (যুদ্ধোত্তর

ভারত)। যুদ্ধোন্মাদ বিণ. রণোন্মত্ত। □ বি. 1 যুদ্ধজনিত উন্মত্ততা; 2 যুদ্ধ করবার প্রবল বাসনা। যুধিষ্ঠির বিণ. (মূল অর্থ) যুদ্ধকালে বুদ্ধি স্থির রাখতে পারে বা ঘাবড়ায় না এমন। □ বি. জ্যেষ্ঠ পাণ্ডব। [সং. যুধি + স্থির]।

যুধ্য-মান (p. 728) [yudhya-māna] বিণ. যুদ্ধ করছে এমন, যুদ্ধরত (যুধ্যমান সৈন্যদল)। [সং. √ যুধ্ + মান (শানচ্)]।

যুবক (p. 728) [yubaka] বি. কৈশোর-উত্তীর্ণ পুরুষ (যখন যুবক ছিলেন)। □ বিণ. ওই বয়সী (যুবক রবীন্দ্রনাথ)। [সং. যুবন্ + ক]।

যুব-জানি (p. 728) [yuba-jāni] বি. যুবতী ভার্যার পতি। [সং. যুব (যুবতী) + জানি (< জায়া) যার।

যুব-রাজ (p. 728) [yuba-rāja] বি. 1 রাজত্বের উত্তরাধিকারী রাজপুত্র; 2 রাজার সহায়ক বা রাজকার্যের সহায়ক রাজপুত্র; 3 রাজার জ্যেষ্ঠপুত্র। [সং. যুবন্ + রাজন্]।

যুবা (p. 728) [yubā] (-বন্) বিণ. বি. 1 প্রাপ্তযৌবন 2 পূর্ণবয়স্ক 3 তরুণ, জোয়ান, যুবক। [সং. √ যু + অন। স্ত্রী. যুবতী, যুবতি, যূনী।˜.বয়স,˜.কাল বি. যৌবন।

যুয়ান-জোয়ান (p. 728) [yuẏāna-jōẏāna] 2 ও যোয়ান -এর রূপভেদ।

যুযুৎসা (p. 728) [yuyutsā] বি. যুদ্ধের ইচ্ছা, যুদ্ধ করার ইচ্ছা। [সং. যুধ্ + সন্ + আ]। যুযুৎসু বিণ. যুদ্ধ করতে ইচ্ছুক। □ বি. জাপানি প্রথার কুস্তি বা ব্যায়ামবিশেষ।

যুযুধান (p. 728) [yuyudhāna] বিণ. যুদ্ধকারী, যোদ্ধা (যুযুধান বেশে আবির্ভাব)। □ বি. 1 ক্ষত্রিয় 2 সাত্যকি। [সং. √ যুধ্ + আন]।

যূথ (p. 728) [yūtha] বি. পশুপাখির দল বা পাল। [সং. √ যু (=মিশ্রণ) + থ]।˜ .চর,˜.চারী (-রিন্) বিণ. (পশু সম্বন্ধে) দলবদ্ধভাবে বিচরণ করে এমন।˜ .নাথ,˜.পতি বি. দলের সর্দার; দলবদ্ধভাবে বিচরণকারী পশুদলের সর্দার।˜ .ভ্রষ্ট বিণ. দলছাড়া, দল থেকে বিচ্ছিন্ন।

যূথিকা, যূথি (p. 728) [yūthikā, yūthi] বি. জুঁইফুল। [সং. যূথ + অক + আ, যূথ + অ + ঈ]।

যূনী (p. 728) [yūnī] দ্র যুবা।

যূপ (p. 728) [yūpa] বি. 1 বলির জন্য যজ্ঞ বাঁধার কাঠের দণ্ড, হাড়িকাঠ; 2 জয়স্তম্ভ। [সং. যু + প]।˜ .কাষ্ঠ বি. হাড়িকাঠ।

যূষ (p. 728) [yūṣa] বি. 1 ক্বাথ 2 ঝোল। [সং. √ যুষ্ + অ]। তু. জুস 2 যে সর্ব. কোনো নির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয় (যে আসবে যে আসুক)। □ বিণ. যার কথা বলা হচ্ছে (যে লোক, যে বিষয়)। □ অব্য. 1 মিশ্রবাক্যে অপ্রধান বাক্যের সূচনায় ব্যবহৃত সংযোজক (তিনি বললেন যে বৃষ্টি হবে); 2 ঘটনা-নির্দেশে (তিনি

যে আসবেন তা আমি ভাবিনি) 3 সংশয় প্রকাশে (কী যে হবে কে জানে); 4 হেতু নির্দেশে ('বেলা যে পড়ে এল জল্কে চল': রবীন্দ্র); 5 আধিক্য-প্রকাশে (মাছের যে দাম ! যে ঠাণ্ডা পড়েছে!); 6 কারণ-জিজ্ঞাসায় (খেলি না যে? সেদিন এলে না যে?); 7 বিস্ময় বা বিরক্তি-প্রকাশে (আবার বৃষ্টি এল যে)। [প্রাকৃ. জে < সং. যদ্]। যে আজ্ঞা, যে আজ্ঞে যথা আজ্ঞা অর্থাত্ আদেশ অনুসারে কাজ করা হবে। যে-কে-সেই বি. পূর্ববত্ অবস্থা, পূর্বাবস্থা (দুদিন একটু ভালো ছিল এখন আবার যে-কে-সেই)। যে-কেউ সর্ব. যে-কোনো ব্যক্তি। যে-কেহ সর্ব. যে-কেউ ('যে কেহ মোরে দিয়েছ সুখ': রবীন্দ্র)। যেবা সর্ব. যে-কেউ, যে-কোনোটি বা যে-কোনো জন। যে-যে সর্ব. যারা (যে-যে যাবে যাক)। যে-সে সর্ব. 1 প্রত্যেকেই, সকলেই; 2 অনেকেই; 3 যে-কেউ (যে-সে ক্লাবের সদস্য হতে পারবে না); 4 নগণ্য কেউ (যে-সে এসে চাইলেই দিতে হবে নাকি?)।

যেই (p. 728) [yēi] ক্রি-বিণ. যে-মুহূর্তে, যখনই, যেমনি (সে যেই এল অমনি ঝগড়াও থেমে গেল)। □ বিণ. (কাব্যে) যে (যেইদিন)। [বাং. যে + ই]।

যে-কে-সেই (p. 728) [yē-kē-sēi] দ্র যে।

যেখান (p. 728) [yēkhāna] বি. যে স্থান (যেখান থেকে এসেছ)। [বাং. যে + খান (> সং. স্থান)।˜ .কার বিণ. যে জায়গার, যে স্থানের। যেখান-সেখান বি. সকল স্থান, সব জায়গা, যে-কোনো জায়গা। যেখানে ক্রি-বিণ. যে জায়গায়; যে অবস্থায়। যেখানে-সেখানে ক্রি-বিণ. 1 সর্বত্র; 2 যে কোনো জায়গায়; 3 ইতস্তত (বইগুলো যেখানে সেখানে ছড়ানো)।

যেথা (p. 728) [yēthā] বি. (কথ্য ও কাব্যে) যে স্থান ('যেথা হতে সবে আনে উপহার': রবীন্দ্র)। □ ক্রি-বিণ. যেথায়, যেখানে (যেথা যাই)। [সং. যথা]।˜ .কার বিণ. যে স্থানের।˜ য ক্রি বিণ. যেখানে ('যেথায় চলেছ যাও তুমি ধনি': রবীন্দ্র)। যেথা-সেথা ক্রি-বিণ. (কথ্য ও কাব্যে) যেখানে সেখানে।

যেন (p. 728) [yēna] অব্য. 1 উপমা-সূচক (সুন্দর যেন কন্দর্প); 2 অনুমানে (কোথায় যেন দেখেছি); 3 কল্পনায় ('মনে করো যেন বিদেশ ঘুরে': রবীন্দ্র); 4 কামনা প্রার্থনা বা অভিলাষ প্রকাশে (হে ভগবান, যেন মানুষ হই; খবরটা যেন পাই) 5 সতর্কীকরণে (টাকাটা যেন হারায় না দেখো); 6 স্বীকৃতিসূচক (তাই যেন হল)। [সং. যদ্]। যেন-তেন-প্রকারেণ ক্রি-বিণ. 1 যে-কোনো উপায়ে; 2 যেমন-তেমন করে।

যেমতি, যেমত (p. 728) [yēmati, yēmata] ক্রি-বিণ. (কাব্যে) যেমন, যেরূপ, যে প্রকার ('আমার পরাণ যেমতি করিছে তেমতি হউক সে': চণ্ডী) [সং. যে + মতি, মত]।

যেমন (p. 728) [yēmana] বিণ. 1 যেরূপ, যেমন (যেমন কুকুর তেমনি মুগুর); 2 যথা, উদাহরণস্বরূপ (জলবেষ্টিত ভূভাগকে দ্বীপ বলে, যেমন শ্রীলঙ্কা)। □ ক্রি-বিণ. যেইমাত্র (যেমন বলা অমনি বৃষ্টি শুরু হয়ে গেল)। □ অব্য. বিস্ময়সূচক (তুমিও যেমন)। [বাং. যে + মন (সাদৃশ্যার্থে)]।˜ ই বিণ. যে-রকমই (লেখা যেমনই হোক, আমাকে দেখিয়ো)। যেমন-তেমন বিণ. 1 যে-কোনো রকম (যেমন-তেমন করে লেখাটা শেষ কোরো); 2 সামান্যরকম, সাধারণ (যেমন-তেমন লোক নয়)। যেমনি ক্রি-বিণ. যেইমাত্র (যেমনি বলেছি অমনি রেগে কাঁই)।

যেহেতু (p. 728) [yēhētu] অব্য. কারণ-নির্দেশক (সে আসেনি যেহেতু সে অসুস্থ)। [বাং. যে + সং. হেতু]।

যৈছন, যৈছে (p. 728) [yaichana, yaichē] ক্রি-বিণ. (ব্রজ.) যেরূপ, প্রকারে, যেমন ('বিপথে পড়ল যৈছে মালতীমালা': বিদ্যা.)। [হি. জৈছন, যৈসে]।

যো1 (p. 728) [yō1] সর্ব. 1 যে ব্যক্তি, যিনি 2 যা, যাহা (যো হুকুম)। [সং. যঃ, যত্]।

যো2 (p. 728) [yō2] বি. সুযোগ, উপায়, জো (পালাবার যো নেই)। [<: সং. যোগ]। জো দ্র।

যোই (p. 728) [yōi] সর্ব. (ব্রজ.) যা; যে। [হি. যো]।

যোক্তা (p. 728) [yōktā] (-ক্তৃ) বিণ. যোগকর্তা, যোগকারী। [সং. √ যুজ্ + তৃ]। স্ত্রী. যোক্ত্রী।

যোক্ত্র, যোত্র (p. 728) [yōktra, yōtra] বি. লাঙলাদির জোয়াল বাঁধবার দড়ি বা জোত। [সং. √ যুজ্ + ত্র]।

যোগ (p. 728) [yōga] বি. 1 মিলন ('সেইখানে যোগ তোমার সাথে আমারও': রবীন্দ্র); 2 সম্বন্ধ, সম্পর্ক (রক্তের যোগ); 3 সংস্রব, সংসর্গ (দলের সঙ্গে যোগ রেখে চলা, এই ব্যাপারের সঙ্গে তার কোনো যোগ নেই); 4 সহযোগিতা (একযোগে); 5 ধ্যান, সাধনা, তপস্যা, যম নিয়ম প্রাণায়ামাদি (যোগে বসা,

যোগসাধনা); 6 সমাধি বা তন্ময়তা 7 উপায়, অবলম্বন (নৌকাযোগে); 8 মারফত (ডাকযোগে); 9 সাধনার পন্হা (কর্মযোগ); 1 সময় (রজনীযোগে); 11 (জ্যোতিষ.) তিথি নক্ষত্রের মিলনবিশেষ (বিষ্কুম্ভযোগ, মৃত্যুযোগ) 12 শুভকাল (বিবাহের যোগ); 13 ওষুধ (মুষ্টিযোগ); 14 সৌভাগ্য (প্রাপতিযোগ, লাভের যোগ চলছে); 15 প্রয়োগ, নিবেশ (মনোযোগ); 16 (গণি.) সংকলন, সমষ্টি (দুইয়ে আর দুইয়ে যোগ); 17 সংকলনের চিহ্ন, '+'; 18 সংগীতের রাগবিশেষ। [সং. √ যুজ্ + অ]।˜ .ক্ষেম বি. অলব্ধ বস্তুর লাভ ও লব্ধ বস্তুর সংরক্ষণ।˜ .দান বি. 1 সহযোগ 2 শামিল হওয়া।˜ .নিদ্রা বি. প্রলয়কালে বিষ্ণুর আংশিক নিদ্রিতভাব ও আংশিক যোগাবস্থা, যোগরূপ নিদ্রা।˜ .ফল বি. (গণি.) সংকলনের ফলে প্রাপ্ত রাশি।˜ .বল বি. যোগলব্ধ ক্ষমতা, যোগের প্রভাব।˜ .বাহী (-হিন্) বিণ. সংযোগকারী সংযোগী।˜ .ব্যায়াম বি. যৌগিক আসন।˜ .ভঙ্গ বি. যোগসাধনে বিরতি বা ব্যাঘাত।˜ .ভ্রষ্ট বিণ 1 সিদ্ধিলাভের পূর্বেই তপস্যা ত্যাগ করছে এমন; 2 যোগমার্গ থেকে স্খলিত বা বিচ্যুত।˜ .মায়া বি. 1 সত্ত্বরজস্তমোগুণের যোগরূপ মায়া; 2 সৃষ্টিকার্যে ভগবানের অনন্ত শক্তি; 3 দুর্গাদেবী; 4 আদ্যাশক্তি।˜ .মার্গ বি. যোগসাধনার বা যোগসাধনরূপ পথ।˜ .যুক্ত বিণ সমাধিযুক্ত।˜ .রূঢ় বিণ. প্রকৃতি-প্রত্যয়যোগে গঠিত অথচ বিশেষ একটি অর্থে সীমাবদ্ধ, যেমন, পঙ্কজ, জলদ।˜ .শাস্ত্র বি. যোগসাধনাবিষয়ক শাস্ত্র বা গ্রন্হ।˜ .সাজশ বি. 1 (সচ. অন্যায় কাজে) গোপন সংস্রব ও সহযোগিতা; 2 ষড়যন্ত্র (দুজনে যোগসাজশ করে একাজ করেছে)। .সাধন,˜.সাধনা বি. 1 দেহ ও মনের সম্পূর্ণ গতিরোধ 2 যম-নিয়ম-প্রাণায়ামাদি অভ্যাস।˜ .সিদ্ধি বি. যোগসাধনায় সাফল্য।˜ .সূত্র বি. 1 যোগাযোগ, সম্পর্ক; 2 বন্ধন। যোগাদ্যা বি. আদ্যাশক্তি; ভগবতী; কালী। যোগাযোগ বি. 1 মিলন, ঐক্য; 2 কার্যকারণের সামঞ্জস্য 3 যোগ, সংস্রব; 4 খবরাখবর লেনদেন 5 দেখাশোনা 6 সহযোগিতা। যোগারূঢ় বিণ. 1 যোগসাধনায় মগ্ন; 2 যোগাসনে উপবিষ্ট। যোগাসন বি. 1

যোগসাধনায় বসবার প্রণালী 2 যোগসাধনার্থ উপবেশন; 3 যৌগিক ব্যায়ামের প্রণালী। যোগাসীন বিণ. যোগসাধনায় বা যৌগিক ব্যায়ামে উপবিষ্ট, যোগরত।

যোগাড় (p. 728) [yōgāḍ়] দ্র জোগাড়।

যোগান (p. 728) [yōgāna] দ্র জোগান।

যোগাযোগ, যোগারূঢ়, যোগাসন, যোগাসীন (p. 728) [yōgāyōga, yōgārūḍh়, yōgāsana, yōgāsīna] দ্র যোগ।

যোগালিয়া (p. 728) [yōgāliẏā] বি. রাজমিস্ত্রিকে কাজের উপকরণাদি তৈরি করে হাতে তুলে দেওয়ার জন্য নিযুক্ত মজুর। [বাং. যোগাড় > যোগাল + ইয়া]।

যোগিনী (p. 728) [yōginī] বি. (স্ত্রী.) 1 দুর্গাদেবীর চৌষট্টি সহচরীর যে কোনো একজন 2 তপস্বিনী, যোগসাধনাকারিণী; 3 (জ্যোতিষ.) তিথিবিশেষ। [সং. √ যুজ্ + ইন্ + ঈ]।

যোগিয়া (p. 728) [yōgiẏā] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [সং. যোগ + বাং. ইয়া]।

যোগী (p. 728) [yōgī] (-গিন্) বি. 1 যিনি যোগসাধনা করেন, তাপস; 2 সমাধিমগ্ন ব্যক্তি। [সং. √ যুজ্ + ইন্]। ˜ ন্দ্র, ˜ শ, ˜ শ্বর, যোগেশ, যোগেশ্বর বি. 1 যোগীশ্রেষ্ঠ, মহাযোগী; 2 শিব; 3 শ্রীকৃষ্ণ।

যোগ্য (p. 728) [yōgya] বিণ. 1 উপযুক্ত, মানানসই (যোগ্য পুরস্কার, মানীর যোগ্য কাজ, ব্যবহারযোগ্য); 2 সক্ষম, সমর্থ (সে-ই একাজের যোগ্য); 3 ন্যায্য (যোগ্য বেতন, যোগ্য শাস্তি) 4 সমান, সমকক্ষ। [সং. √ যুজ্ + য]। বি.˜ তা। স্ত্রী. যোগ্যা।

যোজক (p. 728) [yōjaka] বি. (ভূগো.) দুই বৃহত্ স্থলভাগের মধ্যে সংযোগ স্থাপন করে এমন সংকীর্ণ স্থলভাগ, isthmus. ☐ বিণ. সংযোগকারী। [সং. √ যুজ্ + ণিচ + অক]।

যোজন (p. 728) [yōjana] বি. 1 একত্র বা যুক্ত করা; 2 জোড়া, সাঁটা; 3 নিয়োগ, নিয়োজন; 4 সংঘটন; 5 চার ক্রোশ পরিমাণ দুরত্ব। [সং. √ যুজ্ + অন]।˜ .গন্ধা বি. 1 কস্তুরী; 2 ব্যাসমাতা সত্যবতী বা মৎস্যগন্ধা। যোজনা বি. 1 একত্র করা, যুক্ত করা; 2 নিয়োজন; 3 সংযোগ (শব্দযোজনা); 4 রাষ্ট্রীয় কর্মোদ্যোগ বা পরিকল্পনা (পঞ্চবার্ষিক যোজনা)। যোজনীয় বিণ. যোজনার যোগ্য। যোজিত বিণ. যোজনা করা হয়েছে এমন।

যোঝা-যুঝা (p. 728) [yōjhā-yujhā] ও জুঝা -র চলিত রূপ। যোঝাযুঝি দ্র জোঝাজুঝি।

যোটক (p. 728) [yōṭaka] বি. 1 মিলন 2 যে বা যা মিলিয়ে দেয় (রাজযোটক)। [সং. √ যু + ট + ক]।

যোটা, যোটানো, যোড়, যোত, যোতা (p. 728) [yōṭā, yōṭānō, yōḍ়, yōta, yōtā] যথাক্রমে জোটা, জোটানো, জোড়, জোত ও জোতা -র বানানভেদ।

যোত্র (p. 728) [yōtra] দ্র যোক্ত্র।

যোদ্ধা (p. 728) [yōddhā] (-দ্ধৃ) বি. যে যুদ্ধ করে, সৈনিক। [সং. √ যুধ্ + তৃ]। যোদ্ধৃ-বর্গ বি. যুদ্ধরত সৈনিকরা। যোদ্ধৃ-বেশ বি. সৈনিকের পোশাক।

যোদ্ধৃবর্গ, যোদ্ধৃবেশ (p. 728) [yōddhṛbarga, yōddhṛbēśa] দ্র যোদ্ধা।

যোধ (p. 728) [yōdha] বি. 1 যুদ্ধ; 2 যোদ্ধা। [সং. √ যুধ্ + অ]।

যোধন (p. 728) [yōdhana] বি. 1 যুদ্ধ; 2 যোদ্ধা; 3 যুদ্ধের অস্ত্র। [সং. √ যুধ্ + অন।

যোনি (p. 728) [yōni] বি. 1 স্ত্রীজননেন্দ্রিয়; 2 উৎপত্তিস্থান (কমলযোনি)।˜ জ বিণ. যোনিতে অর্থাত্ স্ত্রীলোকের গর্ভে জন্ম হয়েছে এমন, গর্ভজাত।

যোষা (p. 728) [yōṣā] বি. 1 স্ত্রী, পত্নী; 2 নারী। [সং. √ যুষ্ + অ + আ]। যোষিত্ বি. পত্নী; নারী। যোষিতা-যোষিত্ ও যোষা- র অনুরূপ।

যৌক্তিক (p. 728) [yauktika] বিণ. যুক্তিসংগত, যুক্তির দ্বারা সমর্থিত। [সং. যুক্তি + ইক]।˜ .তা বি. যুক্তিযুক্ততা, যুক্তিসিদ্ধতা (এই বক্তব্যের কোনো যৌক্তিকতা নেই)।

যৌগ (p. 728) [yauga] বি. দুই বা তার বেশি উপাদানে গঠিত পদার্থ, যৌগিক পদার্থ, compound. [সং. যোগ + অ]।

যৌগিক (p. 728) [yaugika] বিণ. 1 একাধিক উপাদানের সংযোগে গঠিত; 2 মিশ্রিত 3 যোগ-সম্বন্ধীয় (যৌগিক সাধনা) 4 (বিজ্ঞা.) একাধিক মৌল উপাদানের সংযোগে গঠিত 5 (গণি.) জটিল, মিশ্র। [সং. যোগ + ইক]। যৌগিক কাল ক্রিয়ার যে কালরূপ একাধিক ধাতুর দ্বারা গঠিত। যৌগিক ক্রিয়া (ব্যাক.) অসমাপিকা ক্রিয়াপদের সঙ্গে অন্য ক্রিয়াপদের যোগে গঠিত ক্রিয়া, যেমন জেগে থাকা, মেরে ফেলা। যৌগিক বাক্য (ব্যাক.) সংযোজক দ্বারা যুক্ত দুই বা ততোধিক বাক্য, compound sentence. যৌগিক স্বরধ্বনি একটি পূর্ণ এবং একটি অর্ধস্বরধ্বনি নিয়ে যে ধ্বনি, দ্বিস্বর।

যৌতুক (p. 728) [yautuka] বি. বিবাহ উপলক্ষ্যে বর বা কন্যাকে দেওয়া ধন বা উপহার। [সং. যুতক + অ]।

যৌথ (p. 728) [yautha] বিণ. 1 একাধিক ব্যক্তি মিলিতভাবে করেছে এমন (যৌথ প্রচেষ্টা); 2 একাধিক ব্যক্তির মালিকানাভুক্ত (যৌথ সম্পত্তি); 3 মিলিত (যৌথ পরিবার)। [সং. যূথ + অ]। যৌথ কারবার একাধিক ব্যক্তি কর্তৃক মিলিত ভাবে কৃত ব্যবসা।

যৌথেয় (p. 728) [yauthēẏa] বি. যোদ্ধা। [সং. যোধ + এয়]।

যৌন (p. 728) [yauna] বিণ. 1 যোনিসম্বন্ধীয় (যৌনরোগ); 2 যোনিজাত; 3 স্ত্রী-পুরুষের সংগমসম্বন্ধীয় (যৌনসম্পর্ক)। [সং. যোনি + অ]। ˜ তা বি. কামপ্রবৃত্তি,

সংগমের ইচ্ছা। ˜ .দুর্বলতা বি. সংগমের ক্ষমতার অভাব। ˜ .ব্যাধি বি. পুরুষ বা নারীর সিফিলিস গনোরিয়া প্রভৃতি ব্যাধি।

যৌবন (p. 728) [yaubana] বি. 1 যুবকাল, যুবাবস্থা; 2 তারুণ্য, তরুণ বয়স। [সং. যুবন্ + অ]। ˜ .কণ্টক বি. বয়সফোড়া। ˜ .চাঞ্চল্য বি. তরুণ বয়সের অস্থিরতা, তারুণ্যসুলভ মানসিক অস্থিরতা। ˜ .বতী বিণ. বি. (স্ত্রী.) যুবতী; যুবতী নারী। ˜ .ভার বি. যৌবনজনিত দৈহিক পুষ্টি। ˜ .মদ-মত্তা। বিণ. (স্ত্রী.) পূর্ণযৌবনা; যৌবনরসে ভরপুর। যৌবনাবস্থা বি. যৌবনবয়স, যৌবনকাল। যৌবনোদয় বিণ. যৌবনের আরম্ভ।

যৌবরাজ্য (p. 728) [yaubarājya] বি. যুবরাজের পদ; শাসক নৃপতির সহায়তাকারী পুত্রের রাজপদ (যৌবরাজ্যে অভিষিক্ত হলেন)। [সং. যুবরাজ + য]।

র (p. 731) [r] বাংলা বর্ণমালার সপ্তবিংশ ব্যঞ্জনবর্ণ এবং দন্তমূলীয় রণিত র্ ধ্বনির লিখিত রূপ।

রই (p. 731) [ri] বি. পুকুরের তলদেশে গভীর খাত। [দেশি]। ˜ .কাঠ পুকুর উৎসর্গকালে তার মাঝখানে পোঁতা বেলকাঠ।

রই-রই (p. 731) [ri-ri] বি. হট্টগোল, গোলমাল (হইহই রইরই)। [ধ্বন্যা.]।

রওনা (p. 731) [rōnā] বি. 1 যাত্রা (ট্রেনে চড়ে রওনা দেওয়া, রওনার তারিখ); 2 পাঠানো (মাল রওনা করা)। □ বিণ. যাত্রার জন্য বেরিয়েছে এমন (রওনা হয়েছে)। [ফা. রওয়ানা]।

রওয়া (p. 731) [rōẏā] ক্রি. 1 থাকা (মনে রয়ে গেল); 2 বাকি থাকা (পাওনা রয়েছে); 3 বাস করা, অবস্থান করা ('বসে রয় রাত-প্রভাতের পথের ধারে': রবীন্দ্র); 4 সবুর করা (রও, সে আগে আসুক); 5 বিরতি দেওয়া (রয়ে বসে কাজ করা)। [হি. রহ্না > রহা > রওয়া]। ̃ নো ক্রি. থাকানো; অপেক্ষা করানো; থামানো। □ উক্ত সব অর্থে।

রং. রঙ (p. 731) [ra. ṃraṅa] বি. 1 বর্ণ (লাল রং, মেঘের কালো রং); 2 রঞ্জনদ্রব্য (কাপড়টাকে লাল রঙে ছোপানো হল); 3 গায়ের বর্ণ (ফরসা রং); 4 তাসের চিহ্নভেদ; 5 আতিশয্য (রং চড়ানো)। [সং. রঙ্গ]। ̃ কানা বিণ. রং চেনে না এমন, বর্ণান্ধ। ̃ চঙে বিণ. নানান রংযুক্ত, বিচিত্র রঙের। ̃ চটা বিণ. রং উঠে গেছে এমন (একটা রং চটা চাদর)। রং চড়ানো ক্রি. বি. 1 ছবি ইত্যাদিতে রং লাগানো বা রঙের প্রলেপ দেওয়া; 2 বাড়িয়ে বলা, অতিশয়োক্তি করা। ̃ তামাশা বি. কৌতুক বা হাসিঠাট্টা। ̃ দার বিণ. রঙিন বিচিত্র রঙের সমাবেশ আছে এমন। ̃ বেরং বিণ. নানা রঙের ̃ মশাল বি. আগুনের রঙিন ফুলকিযুক্ত আতশবাজিবিশেষ।

রংরুট (p. 731) [raṃruṭa] বি. সামরিক বিভাগে, পুলিশ বিভাগে বা সরকারি চাকুরিতে নিয়োগ। [ইং. recruit]।

রক1 (p. 731) [raka1] বি. রূপকথায় বর্ণিত বড়ো কাল্পনিক পাখিবিশেষ। [আ. রক]।

রকম (p. 731) [rakama] বি. 1 প্রকার (নানারকম জিনিস); 2 ধরন, রীতি (কীরকম বই?); 3 হাবভাব (ছেলেটার রকমটা দেখলে?)। □ বিণ. প্রায় (চার

আনা রকম সম্পত্তি)। [আ. রক্ম্]।˜ .ফের বি. 1 অবস্থান্তর, ভিন্ন অবস্থা (টাকা পেলেও তার অবস্থার রকমফের হবে না); 2 তফাত, পার্থক্য, তারতম্য; 3 প্রকারভেদ (খাবারের রকমফের হলে মুখে রুচি আসবে)।˜ .সকম বি. ভাবভঙ্গি হাবভাব চালচলন। রকমারি বিণ. নানা রকমের, নানান; বিভিন্ন (রকমারি খেলনা)।

রকেট (p. 731) [rakēṭa] বি 1 আকাশে এবং মহাকাশে বিমান উপগ্রহ ইত্যাদি চালাবার বা ক্ষেপণ করার যন্ত্রযানবিশেষ; 2 আকাশে উড়াবার আতশবাজিবিশেষ, হাউই ! [ইং. rocket]।

রক্ত (p. 731) [rakta] বি. মানুষ বা মেরুদণ্ডী প্রাণীর শরীরে সংবাহিত লাল রঙের তরল পদার্থ যা শরীরের কলায় অক্সিজেন সরবরাহের এবং কলা থেকে নিষ্কাশিত কার্বনডাই অক্সাইড বহনের কাজ করে অমেরুদণ্ডী প্রাণীর দেহাভ্যন্তরস্থ অনুরূপ তরল পদার্থ যার রং কিন্তু লাল নাও হতে পারে, শোণিত, রুধির। □ বিণ. 1 শোণিতবত্ লাল রঙের (রক্তজবা); 2 রঞ্জিত 3 ক্রোধে লাল হয়েছে এমন (রক্তআঁখি); 4 আসক্ত, অনুরক্ত। [সং. √ রঞ্জ্ + ত]।˜ .আঁখি বি. রাগে লাল হওয়া চোখ; রোষদৃষ্টি। রক্ত ওঠা ক্রি. বি. রক্তবমি হওয়া, বমির সঙ্গে রক্ত বার হওয়া।˜ ক বি. 1 রক্ত 2 লাল কাপড়।˜ .কমল বি. লালপদ্ম, কোকনদ।˜ .করবী বি. লাল রঙের করবীফুল।˜ .ক্ষয়ী (-য়িন্) বিণ. বহু লোকের রক্ত ঝরায় বা প্রাণহানি ঘটায় এমন (রক্তক্ষয়ী যুদ্ধ)।˜ .গঙ্গা বি. (আল.) প্রচুর রক্তপাত, রক্তারক্তি কাণ্ড খুনোখুনি। রক্ত গরম হওয়া ক্রি. বি. অত্যন্ত ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া।˜ .চক্ষু রক্তআঁখি -র অনুরূপ।˜ .চন্দন বি. লাল রঙের চন্দনকাঠ।˜ .জবা বি. লাল রঙের জবাফুল।˜ .জিহ্ব বিণ. যার জিভ লাল (রক্তজিহ্ব রাক্ষস)। □ বি. সিংহ। রক্ত ঝরা, রক্ত পড়া ক্রি. বি. দেহ থেকে রক্ত বার হওয়া।˜ .দোষ,

দুষ্টি বি. রক্ত দূষিত হওয়া।˜ .নিশান বি. লাল পতাকা।˜ .নেত্র-রক্তআঁখি -র অনুরূপ।˜ .পাত বি. 1 শরীরের কোনো অংশে কেটে যাওযায় রক্ত বেরোনো 2 আঘাতের ফলে করেও শরীর থেকে রক্ত বার হওয়া (বিনা রক্তপাতে বিপ্লব)।˜ প,˜ .পায়ী (-য়িন্) বিণ. রক্তপানকারী।˜ .পিণ্ড বি. জমাট রক্তের ডেলা।˜ .পিত্ত বি. পিত্তবিকারের ফলে দুষিত রক্তের আধিক্য।˜ .পিপাসা বি. 1 শত্রুর রক্ত পান করার নিষ্ঠুর ইচ্ছা; 2 শত্রুর রক্তপাত ঘটানোর ইচ্ছা।˜ .পিপাসু বিণ. শত্রুর রক্ত পান করতে বা শত্রুর রক্তপাত ঘটাতে ইচ্ছুক।˜ .প্রদর বি. স্ত্রীলোকের রক্তস্রাবযুক্ত প্রদররোগবিশেষ।˜ .প্রবাল বি. লাল রঙের প্রবাল।˜
.বমন,˜ .বমি বি. বমির সঙ্গে উদ্গিরণ।˜ .বর্ণ বি. রক্তের মতো লাল রং। □ বিণ. ঘোর লাল রঙের।˜ .বাহী (-হিন্) বিণ. যার ভিতর দিয়ে রক্ত প্রবাহিত হয় (রক্তবাহী শিরা)।˜ .বীজ বি. 1 পৌরাণিক অসুরবিশেষ যার প্রতিটি রক্তের ফোঁটা থেকে নতুন অসুরের জন্ম হত; 2 ডালিমবিশেষ। রক্তবীজের বংশ বা ঝাড় (আল.) যে বংশের বা দলের লোকদের কোনোভাবেই বিনাশ করা যায় না। রক্ত-মাংসের শরীর (আল.) দেহের ও মনের স্বাভাবিক দুর্বলতাযুক্ত মানুষের স্থূল শরীর।˜ .মোক্ষণ বি. দেহের রক্ত নিষ্কাশিত করা।˜ .রাগ বি. রক্তের মতো লাল আভা বা রং।˜ .শোষণ বি. 1 রক্ত চুষে পান করা 2 (আল.) সর্বস্ব আত্মসাত্ করা।˜ .স্রোত বি. রক্তের প্রবাহ।˜ .হীন বিণ. (শরীরে) রক্ত নেই এমন। বি.˜ .হীনতা। রক্তাক্ত বিণ. 1 রক্তে-মাখা (রক্তাক্ত শরীর); 2 ভয়ানক, রক্তপাতযুক্ত (রক্তাক্ত সংগ্রাম)। রক্তাক্তি-সার বি. রক্তস্রাবযুক্ত উদরাময় রোগবিশেষ। রক্তাধিক্য বি. দেহে রক্তের পরিমাণ বেড়ে যাওয়া। রক্তাভ বিণ. রক্তের মতো লাল আভাযুক্ত। রক্তাম্বর বি. লালরঙের কাপড় বা বস্ত্র। □ বিণ. লাল বস্ত্র পরেছে এমন। রক্তা-রক্তি বি. পরস্পরের রক্তপাত প্রচুর রক্তপাত। রক্তাল্পতা বি. শরীরে রক্তের পরিমান হ্রাস, anaemia. রক্তিম বিণ. রক্তের আভাযুক্ত, লাল আভাযুক্ত (রক্তিম মেঘ)। রক্তিমা (-মন্) বি. রক্তবর্ণ অবস্থা লাল আভা। রক্তিল বিণ. রক্তযুক্ত রক্তিম (রক্তিল

বিন্যাস জী.দা.)। রক্তের অক্ষরে লেখা (আল.) বহু প্রাণহানির বা রক্তপাতের কাহিনি-সংবলিত ওইরকম ইতিহাস বা তা রচনা করা। রক্তের টান রক্তের সম্পর্ক থাকার জন্য পরস্পরের প্রতি আকর্ষণ বা মায়া। রক্তোত্-পল বি. লালপদ্ম। রক্তোপল বি. গিরিমাটি।

রক্ষ2 (p. 731) [rakṣa2] (-ক্ষস্) বি. রক্ষা; নিস্কৃতি। □ বিণ. রক্ষাকারী। [সং. √ রক্ষ্ + অ]।

রক্ষ2 (p. 731) [rakṣa2] (-ক্ষস্) বি. রাক্ষস (যক্ষরক্ষ)। [সং. √ রক্ষ্ + অস্]।˜ .কুল বি. রাক্ষসবংশ (রক্ষকুলে জন্ম)।˜ .পুরী বি. রাক্ষসদের বাসস্থান; লঙ্কা।

রক্ষকতা (p. 731) [rakṣakatā] দ্র রক্ষণ।

রক্ষণ (p. 731) [rakṣaṇa] বি. রক্ষা বা রক্ষা করা (রক্ষণ ও আক্রমণে সমান দক্ষ)। □ বিণ. রক্ষক ('রাক্ষসকুলরক্ষণ': মধু.)। [সং. √ রক্ষ্ + অন। রক্ষক বিণ. বি. 1 যে রক্ষা করে, রক্ষাকর্তা (ধর্মরক্ষক); 2 তত্ত্বাবধায়ক (উদ্যানরক্ষক); 3 প্রহরী (দ্বাররক্ষক); 4 ত্রাণকর্তা। স্ত্রী. রক্ষিকা। রক্ষকতা বি. রক্ষণশীল মনোভাব।˜ .শীল বিণ. পুরাতনকে রক্ষা করার বা টিকিয়ে রাখার পক্ষপাতী এবং নূতনের বিরোধী, প্রাচীনপন্থী, conservative. বি.˜ .শীলতা। রক্ষণাবেক্ষণ বি. তত্ত্বাবধান ও রক্ষা, সযত্নে রক্ষা। রক্ষণীয় বিণ. রক্ষা করার যোগ্য।

রক্ষা (p. 731) [rakṣā] বি. 1 উদ্ধার, পরিত্রাণ ('বিপদে মোরে রক্ষা কর': রবীন্দ্র); 2 অব্যাহতি, নিষ্কৃতি, নিস্তার, বাঁচোয়া (টাকা ছিল তাই রক্ষা); 3 নষ্ট হতে

না দেওয়া, সংরক্ষণ (সম্পত্তিরক্ষা, স্বাস্থ্যরক্ষা, সম্মানরক্ষা); 4 পালন (প্রতিজ্ঞারক্ষা, নিয়মরক্ষা); 5 তত্ত্বাবধান (উদ্যানরক্ষা) 6 প্রহরা, পাহারা (দ্বাররক্ষা); 7 প্রতিরক্ষা (দুর্গরক্ষা)। □ ক্রি. (কাব্যে) রক্ষা করা ('কে রক্ষিবে তোরে': মধু.)। [সং. √ রক্ষ্‌ + অ + আ]। ˜ .কবচ বি. 1 বিপদ এড়ানোর জন্য ধারনীয় মন্ত্রপূত কবচ; 2 (আল.) অপেক্ষাকৃত দুর্বল শ্রেণির রক্ষাকল্পে সরকার কর্তৃক নির্দিষ্ট বিধিব্যবস্থা, safeguard.˜ .কর্তা বি. বিণ. রক্ষাকারী। ˜ .কালী বি. রোগ মহামারী দুর্ভিক্ষ প্রভৃতি থেকে পরিত্রাণলাভের জন্য যে-কালীমূর্তির উপাসনা করা হয়। ˜ .বন্ধন বি. রাখিবন্ধন। ˜ .মন্ত্র বি. 1 যে-মন্ত্র জপ করলে বিপদ এড়ানো যায়; 2 রক্ষা পাবার উপায়। রক্ষিত বিণ. 1 রক্ষা করা বা রাখা হয়েছে এমন; 2 পরিত্রাত; 3 পালিত (নিয়মগুলি রক্ষিত হয়েছে)। রক্ষিতা বি. 1 রক্ষক, রক্ষাকর্তা; 2 (বাং.) পালিতা উপপত্নী। □ বিণ. রক্ষাকারী।

রক্ষী (p. 731) [rakṣī] (-ক্ষিন্‌) বিণ. বি. 1 রক্ষক (দেহরক্ষী); 2 প্রহরী (দ্বাররক্ষী)। [সং. রক্ষ্‌ + ইন্‌]। স্ত্রী. রক্ষিণী।

রক্ষ্য (p. 731) [rakṣya] বিণ. রক্ষণীয়, রক্ষার যোগ্য। [সং. √ রক্ষ্‌ + য]।

রগ (p. 731) [raga] বি. 1 কপালের দুই পাশ; 2 কপালের দুই পাশের নাড়ি। [ফা. রগ্‌]। ˜ .চটা বিণ. একটুতেই খুব রেগে ওঠে এমন, কোপনস্বভাব (রগচটা লোক)।

রগড়1 (p. 731) [ragaḍ়1] বি. 1 ঢাকের কাঠির আওয়াজ; 2 মর্দন, পেষণ; 3 ঘর্ষণ। [হি. রগড় < সং. দ্রগড়]।

রগড়2 (p. 731) [ragaḍ়2] বি. মজা, কৌতুক, ঠাট্টাতামাশা। [হি. রগড়-তু. সং. রঙ্গ]। রগুড়ে, (অপ্র.) রগড়িয়া বিণ. রঙ্গপ্রিয়, কৌতুক করতে জানে বা ভালোবাসে এমন।

রগড়া (p. 731) [ragaḍ়ā] ক্রি. রগড়ানো। □ বি. পেষণ, মর্দন। [রগড়1 দ্র তু. হি. রগড়ানা।˜ নি বি. ঘষাঘষি।˜ নো ক্রি. বি. পেষণ বা মর্দন বা ঘর্ষণ করা। □ বিণ. উক্ত সব অর্থে।˜ .রগড়ি বি. 1 পরস্পর বা ক্রমাগত রগড়ানি, ঘষাঘষি; 2 (আল.) বহু বোঝাপড়া; 3 (আল.) দর-কষাকষি; 4 বহুল ব্যবহার (রগড়ারগড়িতে জামাকাপড় নষ্ট হয়ে গেছে); 5 একই বিষয়ের অত্যধিক আলোচনা।

রগ-রগ (p. 731) [raga-raga] বি. উজ্জলতা বা বর্ণের উগ্রভাবের প্রকাশ (রগরগ করা, রংটা যেন রগরগ করছে)। [< সং. রঙ্গ (=রং), দ্বিত্ব]। রগ-রগে বিণ. 1 উত্তেজক (রগরগে প্রেমের গল্প) 2 রগরগ করছে এমন, টকটকে (রগরগে লাল, রগরগে রং)।

রগুড়ে (p. 731) [raguḍ়ē] দ্র রগড়2।

রঘু (p. 731) [raghu] বি. পুরাণে বর্ণিত সূর্যবংশের বিখ্যাত রাজা এবং রামচন্দ্রের প্রপিতামহ। [সং. লন্ঘ্ + উ, ল = র, ন্ ইত্]।˜ .কুল বি. রঘুর বংশ।˜ .কুল-তিলক বি. রঘুবংশের শ্রেষ্ঠ ব্যক্তি অর্থাত্ রামচন্দ্র।˜ .কুল-পতি,˜.নন্দন,˜.পতি,˜.বর,˜.মণি বি. রামচন্দ্র।˜ .বংশ বি. 1 রঘুর কুল বা বংশ; 2 মহাকবি কালিদাসের প্রসিদ্ধ কাব্যবিশেষ।

রঙ, রঙকানা, রঙচঙ, রঙচঙে, রঙদার, রঙবেরঙ (p. 731) [raṅa, raṅakānā, raṅacaṅa, raṅacaṅē, raṅadāra, raṅabēraṅa] দ্র রং। রঙঢঙ, রংঢং, রঙমহল দ্র রঙ্গ2।

-রঙা (p. 731) [-raṅā] বিণ. রংযুক্ত (সাতরঙা)। [বাং. রং + আ]।

রঙানো (p. 731) [raṅānō] ক্রি. বি. রঞ্জিত করা, রঙে ছোপানো। □ বিণ. উক্ত অর্থে। [বাং. রং + আ নামধাতু + নো]।

রঙিন (p. 731) [raṅina] বিণ. 1 রঞ্জিত; 2 রংযুক্ত (রঙিন ছবি); 3 নানারঙে শোভিত (রঙিন শাড়ি)। [বাং. রং + ইন]।

রঙ্কিণী2 (p. 731) [raṅkiṇī2] বিণ. (স্ত্রী.) দরিদ্রা ('রঙ্কিণী রাজার বেটি': শি.)। [সং. রঙ্ক + ইন্ + ঈ]।

রঙ্কু (p. 733) [raṅku] বি. মৃগবিশেষ। [সং. √ রম্ + কু]।

রঙ্গ1 (p. 733) [raṅga1] বি. 1 রং-এর প্রাচীন রূপ; 2 রঞ্জকদ্রব্য; 3 নৃত্যগীতাভিনয় (রঙ্গমঞ্চ); 4 ক্রীড়াপ্রতিযোগীতা, দ্বন্দ্ব, যুদ্ধ (রঙ্গভূমি); 5 লীলায়িত হাবভাব বা ভঙ্গি, লীলা; 6 ভঙ্গি, ধরন; 7 নাট্যশালা;˜ রণভূমি; 9 (বিরল) দস্তা; 1 রাং। [সং. √ রঞ্জ্ + অ]।˜ .ভূমি বি. 1 রণস্থল; 2 ক্রীড়াপ্রতিযোগিতার স্থান; 3 মল্লভূমি, কুস্তির আখড়া; 4 নাট্যশালা।˜ .মঞ্চ বি. যে মঞ্চের উপর অভিনয় করা হয়, স্টেজ।˜ .শালা বি. অভিনয়গৃহ, থিয়েটার।˜ .স্থল-রঙ্গভূমি -র অনুরূপ। রঙ্গালয় বি. নাট্যশালা, থিয়েটার।

রঙ্গ2 (p. 733) [raṅga2] বি. 1 কৌতুক ('যাঁর নানা রঙের রঙ্গ, মোরা তাঁরি রসের রঙ্গী': রবীন্দ্র); 2 তামাশা, পরিহাস, ঠাট্টা (রঙ্গ করা); 3 রগড়, মজা (দাঁড়িয়ে দাঁড়িয়ে রঙ্গ দেখা); 4 আমোদ, আনন্দ (রঙ্গে মাতা)। [ফা. রংগ]।˜ .চিঙ্গা বি. 1 যে-বালক রঙ্গ দেখতে ভালোবাসে; 2 চ্যাংড়া ছেলে। রংঢং, (বর্জি.) রঙঢঙ বি. হাস্যপরিহাস।˜ .দার বিণ. মজাদার।˜ .প্রিয় বিণ. কৌতুকপ্রিয়, হাস্যপরিহাস করতে ভালোবাসে এমন। বি.˜ .প্রিয়তা।˜ .ভঙ্গ বি. কৌতুকজনক অঙ্গভঙ্গি।˜ .মহল, (চলিত) ˜ .রং-মহল, রঙ-মহল বি. 1 নৃপতিদের বিলাসভবন; 2 আনন্দনিকেতন।˜ .রস বি. হাস্যকৌতুক, আমোদপ্রমোদ।˜ .রঙ্গিণী বিণ. (স্ত্রী.) রঙ্গপ্রিয়া কৌতুকময়ী লীলাময়ী বা লীলামত্তা (রণরঙ্গিণী মূর্তি)।˜ .রঙ্গী (-ঙ্গীন্) বিণ.˜ .রঙ্গিণী -র পুংলিঙ্গ।

রঙ্গক (p. 733) [raṅgaka] বি. জীব উদ্ভিদ প্রভৃতির দেহের রঞ্জক পদার্থ, pigment (বি. প.) [সং. √ রঞ্জ্ + অক]।

রঙ্গ-জীবক (p. 733) [raṅga-jībaka] বি. রং দিয়ে যে-শিল্পী পট আঁকে, পটুয়া। [সং. রঙ্গ + √ জীব্ + অক]।

রঙ্গন (p. 733) [raṅgana] বি. 1 চিত্রিতকরণ 2 রক্তবর্ণ ফুলবিশেষ। [রঙ্গ1 দ্র]।

রঙ্গিণী (p. 733) [raṅgiṇī] দ্র রঙ্গ2।

রঙ্গিমা (p. 733) [raṅgimā] বি. 1 রক্তিমা (অধর রঙ্গিমা); 2 শোভা (নানা রঙের রঙ্গিমা)। [সং. রঙ্গ + ইমন্]।

রঙ্গিয়া (p. 733) [raṅgiẏā] বিণ. (প্রা. কা.) 1 রসিক, রঙ্গপ্রিয় 2 রসিকা, রঙ্গ প্রিয়া। [বাং. রঙ্গ2 + ইয়া]।

রঙ্গিল (p. 733) [raṅgila] বিণ. রঙিন। [হি.]।

রঙ্গিলা1 (p. 733) [raṅgilā1] বিণ. (স্ত্রী.) 1 রঞ্জিতা (রঙ্গিলা শাড়ি); 2 রাঙা, লাল (রঙ্গিলা গাইয়ের দুধ)। [বাং. রঙ্গিল-এর স্ত্রীলিঙ্গ]।

রঙ্গিলা2 (p. 733) [raṅgilā2] বিণ. 1 রঙ্গপ্রিয়, রঙ্গকারী 2 স্ফূর্তিবাজ। [হি.]।

রঙ্গী (p. 733) [raṅgī] দ্র রঙ্গ2।

রচক (p. 733) [racaka] বি. বিণ. 1 রচনাকারী 2 পরিকল্পক। [সং. √ রচ্ অক]।

রচন (p. 733) [racana] বি. রচনা, রচনা করা। [সং. √ রচ্ + অন]।

রচনা (p. 733) [racanā] বি. 1 রচন, নির্মাণ, গঠন (ভিত্তি রচনা); 2 বিন্যাস, গ্রনহন (কাব্যরচনা, কবরীরচনা); 3 সৃষ্টি ('ধন্য তোমার জগতরচনা': রবীন্দ্র) 4 রচিত বস্তু (এ-সংসার ঈশ্বরের রচনা) 5 প্রবন্ধ, নিবন্ধ। [সং. √ রচ্ + অন + আ]।˜ .কার বি. রচনাকারী, রচক।˜ .কৌশল,˜ .প্রণালী,˜.পদ্ধতি বি. নির্মানের

রীতি প্রবন্ধাদি লেখার ধারা বা উপায়।˜ .বলি, (বর্জি.)˜ .বলী বি. বিবিধ রচনাদি, নানা রচনার সংগ্রহ।˜ .ভঙ্গি বি. রচনাকৌশল -এর অনুরূপ।

রচা (p. 733) [racā] বি. ক্রি. 1 রচনা করা; 2 কল্পনার দ্বারা সৃষ্টি করা ('সেই সত্য যা রচিবে তুমি': রবীন্দ্র)। □ বিণ. উক্ত অর্থে (মানুষের রচা কাহিনি)। [সং. √ রচ্ + বাং. আ]।

রজ, রজঃ (p. 733) [raja, rajḥ] (-জস্) বি. 1 ধূলা (পদরজ); 2 পরাগ, পুস্পরেণু (পুষ্পরজ); 3 যৌবনপ্রাপ্ত স্ত্রীলোকের মাসিক রক্তস্রাব বা ঋতু (রজোদর্শন); 4 (দর্শনে) সত্ব-রজঃ তমঃ প্রকৃতির এই তিন গুণের মধ্যমটি (রজোগুণ)। [সং. √ রঞ্জ্ + অস্]। রজঃ-কণা বি. ধূলিকণা। রজস্বলা বিণ. (স্ত্রী.) ঋতুমতী। রজো-দর্শন বি. স্ত্রীলোকের প্রথম ঋতুস্রাব।

রজক (p. 733) [rajaka] বি. 1 ধোপা; 2 (বিরল) রংকারক, যে রঞ্জিত করে। [সং. √ রঞ্জ্ + অক]। স্ত্রী. রজকী, (বাং.) রজকিনি।

রজত (p. 733) [rajata] বি. রুপো। □ বিণ. সাদা, শ্বেতকায় (রজতগিরি, রজতকান্তি)। [সং. √ রঞ্জ্ + অত]।˜ .কান্তি বি. বিণ. 1 রূপোর মতো শুভ্র বা সুন্দর; 2 সাদা। □ বি. 1 রুপোর মতো সৌন্দর্য; 2 অতিশয় শুভ্র বর্ণ।˜ .গিরি বি. (শুভ্র তুষারে আবৃত বলে) কৈলাসপর্বত।˜ .জয়ন্তী বি. কোনো সংস্থা বা প্রতিষ্ঠানের পঁচিশ বৎসর পূর্তি উপলক্ষ্যে উৎসব।˜ .দ্যুতি বি. রুপোর শুভ্র উজ্জলতা।˜ .বর্ণ বি. রুপোর মতো সাদা রং। □ বিণ. রুপোর মতো উজ্জ্বল শুভ্র বর্ণবিশিষ্ট।˜ .রেখা বি. সাদা দাগ, রুপালি দাগ ('জ্যোৎস্নার রজতরেখা': রবীন্দ্র)।

রজন (p. 733) [rajana] বি. 1 পাইন জাতীয় গাছের নির্যাস থেকে তারপিন তেল নিষ্কাসনের পর যে অংশ থাকে তা শুকিয়ে প্রস্তুত পদার্থবিশেষ 2 বেহালা এসরাজ সারেঙ্গি প্রভৃতির ছড়ে উক্ত গাছের শুকনো ও জমাট যে-আঠা ঘষা হয়। [ইং. rosin]।

রজুনি, রজনী (p. 733) [rajuni, rajanī] বি. রাত্রি, নিশা ('রজনী নিদ্রাহীন': রবীন্দ্র)। [সং. √ রজ্ + অনি, বিকল্পে অনী]। ˜ .কান্ত, ˜.নাথ বি. চন্দ্র। ˜ .গন্ধা বি. অতি সুগন্ধী সাদা ফুলবিশেষ। রজনীশ বি. চন্দ্র।

রজস্বলা, রজোগুণ, রজোদর্শন (p. 733) [rajasbalā, rajōguṇa, rajōdarśana] দ্র রজ।

রজ্জু (p. 733) [rajju] বি. দড়ি। [সং. √ সৃজ্ + উ]। সর্পে রজ্জু ভ্রম স্হিরভাবে সাপকে পড়ে থাকতে দেখে তাকে রজ্জু বলে ভুল হওয়া।

রঞ্জক1 (p. 733) [rañjaka1] বি. বারুদ। [দেশি]। ˜ .ঘর বি. 1 সেকালের কামান বন্দুকাদির যে অংশে বারুদ পোরা হত; 2 বারুদঘর।

রঞ্জক2 (p. 733) [rañjaka2] দ্র রঞ্জন।

রঞ্জন (p. 733) [rañjana] বি. 1 রং করা, রঞ্জিত করা (বস্ত্ররঞ্জন); 2 তুষ্টিসম্পাদন, আনন্দদান (মনোরঞ্জন, প্রজারঞ্জন)। □ বিণ. 1 প্রীতিকর ('সুন্দর, হৃদিরঞ্জন তুমি': রবীন্দ্র); 2 আনন্দদায়ক (নয়নরঞ্জন রূপ)। [সং. √ রঞ্জ্ + ণিচ্ + অন]। রঞ্জক বিণ. 1 রংকারী, যে রঞ্জিত করে (রঞ্জকসাবান); 2 অনুরাগ-

উৎপাদনকারী; 3 √ প্রীতিকর। □ বি. রঞ্জকদ্রব্য। স্ত্রী. রঞ্জিকা। রঞ্জক-দ্রব্য বি. যে বস্তুর সাহায্যে রং করা হয়। রঞ্জনী বিণ. (স্ত্রী.) 1 প্রীতিদায়িনী 2 যা দিয়ে রাঙানো হয় (নখরঞ্জনী)। রঞ্জিত বিণ. 1 রঞ্জন করা হয়েছে এমন, সন্তোষিত 2 চিত্রিত (অরুণরাগরঞ্জিত)। স্ত্রী. রঞ্জিতা।

রঞ্জন-রশ্মি (p. 733) [rañjana-raśmi] বি. (বিজ্ঞা.) অতি ক্ষুদ্র তরঙ্গের তড়িৎচুম্বক রশ্মিবিশেষ যা অস্বচ্ছ ও স্থূল বস্তু ভেদ করে তার ভিতরের বস্তু দেখাতে পারে, এক্স-রে। [ইং. roentgen (< Roentgen) rays]।

রঞ্জনী (p. 733) [rañjanī] দ্র রঞ্জন।

রঞ্জা (p. 733) [rañjā] ক্রি. (কাব্যে) রঞ্জিত করা। [সং. √ রঞ্জ্ + বাং. আ]।

রঞ্জিকা, রঞ্জিত, রঞ্জিতা (p. 733) [rañjikā, rañjita, rañjitā] দ্র রঞ্জন।

রঞ্জী (p. 733) [rañjī] (-ঞ্জিন্) বিণ. রঞ্জক, রঞ্জনকারী। [সং. √ রঞ্জ্ + ইন্]। স্ত্রী. রঞ্জিনী।

রটন, রটনা (p. 733) [raṭana, raṭanā] বি. 1 প্রচার, ঘোণা 2 কথন, বলা 3 খ্যাতি 4 মিথ্যা প্রচার, অপপ্রচার (ওসব দুর্জনের রটনা)। [সং. √ রট্ + অন, + আ]। রটিত বিণ. প্রচারিত, ঘোষিত; কথিত; খ্যাত।

রটন্তী (p. 733) [raṭantī] বি. মাঘী কৃষ্ণা চতুর্দশী (রটন্তী-কালীপূজা)। [সং. √ রট্ + অত্ + ঈ]।

রটা (p. 733) [raṭā] বি. ক্রি. 1 প্রচারিত বা রাষ্ট্র হওয়া (যা রটে তা বটে); 2 বলা ('রামপ্রসাদ রটে ব্রহ্মময়ী সর্বঘটে': রা. প্র.)। [সং. √ রট্ + বাং. আ]।˜ .নো ক্রি. বি. 1 প্রচার করা ('মার আহ্বানবাণী রটাও ভুবন মাঝে': রবীন্দ্র); 2 (নিন্দাচ্ছলে) রাষ্ট্র করা (এই কথাটা রটিয়ে বেড়াচ্ছে?)। □ বিণ. উক্ত অর্থে।

রড (p. 733) [raḍa] বি. 1 লোহার লাঠি, লৌহদণ্ড; 2 ডাণ্ডা। [ইং. rod]।

রড় (p. 733) [raḍ়] বি. (প্রা. কা.) ছুট, দৌড়। [দেশি]।

রণ (p. 733) [raṇa] বি. 1 যুদ্ধ, সংগ্রাম, সমর (রণস্থল); 2 শব্দ, রব। [সং. √ রণ্ + অ]।˜ .কুশল বিণ. যুদ্ধবিদ্যায় দক্ষ বা পটু।˜ .কৌশল বি. যুদ্ধের কৌশল যুদ্ধবিদ্যা।˜ .ক্ষেত্র বি. যেখানে লড়াই চলছে, যুদ্ধক্ষেত্র।˜ .চণ্ডী দ্র চণ্ডী।˜ .জয়ী,˜.জিত্ বিণ. যুদ্ধে জয়লাভ করছে বা করে এমন।˜ .তরঙ্গ বি. যুদ্ধরূপ ঢেউ।˜ .তরি,˜.তরী,˜.পোত বি. যুদ্ধজাহাজ, যে জাহাজে বা পোতে চড়ে যুদ্ধ করা হয়।˜ .তূর্য বি. যুদ্ধ ঘোষণা করার জন্য বা যুদ্ধযাত্রার সময় যে শিঙা বাজানো হত, রণশিঙা।˜ .পণ্ডিত বিণ. রণকুশল।˜ .বেশ বি. যুদ্ধের উপযোগী পোশাক, সৈনিকের পোশাক।˜ .ভেরি বি. যুদ্ধের দামামা।˜ .মত্ত বিণ. যুদ্ধ করার জন্য বা যুদ্ধ করতে করতে মেতে উঠেছে এমন।˜ .যাত্রা বি. যুদ্ধের জন্য যাওয়া, অভিযান।˜ .রঙ্গিণী বিণ. (স্ত্রী.) 1 রণমত্তা; 2 উগ্রমূর্তি (রণরঙ্গিণী মূর্তি)।˜ .সজ্জা,˜.সাজ বি. যুদ্ধের বেশ।˜ .স্থল, রণাঙ্গন বি. যুদ্ধক্ষেত্র। রণে ভঙ্গ দেওয়া ক্রি. বি. 1 যুদ্ধে বিরত হওয়া বা যুদ্ধক্ষেত্র থেকে পালিয়ে যাওয়া; 2 (আল.) প্রতিযোগিতা বিতর্ক ইত্যাদি থেকে মাঝপথে বিরত হওয়া। রণোন্মত্ত রণমত্ত -র অনুরূপ। রণোন্মাদনা বি. যুদ্ধ করবার জন্য অতিশয় ব্যগ্রতা।

রণত্‌ (p. 733) [raṇat] বিণ. শব্দায়মান, শব্দ করছে এমন। [সং. √ রণ্‌ + অত্‌]।

রণন (p. 733) [raṇana] বি. 1 শব্দিতকরণ, শব্দ করা; 2 (বাং.) রনরন শব্দ, ঝঙ্কার (সুরের রণন)। [সং. √ রণ্‌ + অন]। রণা ক্রি. (কাব্যে) শব্দ করা; ঝঙ্কার করা ('ঝঙ্কার ধ্বনি রণিল কঠিন শৃঙ্খলে': রবীন্দ্র)। রণিত বিণ. শব্দিত; ঝঙ্কৃত। □ বি. শব্দ।

রণপা, রণরণ, রণরণি (p. 733) [raṇapā, raṇaraṇa, raṇaraṇi] যথাক্রমে রণপা রনরন ও রনরনি -র বর্জি. বানান।

রণ্ড (p. 733) [raṇḍa] বিণ. 1 (ব্যক্তি সম্বন্ধে) সন্তান উৎপাদনে অক্ষম; 2 (বৃক্ষাদি সম্বন্ধে) ফলফুল উৎপাদনে অক্ষম। □ বি. অফলা গাছ। [সং. √ রম্‌ + ড। রণ্ডা বিণ. (স্ত্রী.) 1 বন্ধ্যা; 2 বিধবা, রাঁড়। □ বি. বেশ্যা।

রত (p. 733) [rata] বিণ. 1 নিযুক্ত (কর্মরত, পাঠরত); 2 আসক্ত, অনুরক্ত (বিষয়রত)। □ বি. রতি, (সুরত)। [সং. √ রম্‌ + ত]।

রতন (p. 733) [ratana] বি. রত্ন -র কোমল ও কথ্য রূপ।˜ .চুড়,˜ .চুর বি. হাতের গহনাবিশেষ। রতনে রতন চেনে অসত্‌ লোক আর একজন অসত্‌ লোককে দেখলেই চিনতে পারে এবং তার সঙ্গে সহজে মৈত্রীও হয়।

রতি1 (p. 733) [rati1] বি. এক কুঁচের সমান ওজন। □ বিণ. 1 উক্ত ওজনবিশিষ্ট 2 (আল.) ছিঁটেফোঁটা, অত্যল্প পরিমাণ (একরতি ছেলের এই কাণ্ড!)। [সং. রক্তিকা (=কুঁচ)]।

রত্ন (p. 733) [ratna] বি. 1 মণিমাণিক্যাদি বহুমূল্য মণিমুক্তা; 2 (আল.) শ্রেষ্ঠ বস্তু, কোনো শ্রেণি বা জাতির মধ্যে যা শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট (রমণীরত্ন, ভারতরত্ন); 3 সমুদ্রমন্হনে লব্ধ লক্ষ্মী-কৌস্তুভ-পরিজাত ইত্যাদি চোদ্দোটি অমূল্য ও অলৌকিক বস্তু। [সং. √ রম্ + ন]।˜ .খচিত বিণ. মণিমাণিক্যাদি দিয়ে সাজানো, মণিময়।˜ .গর্ভ বিণ. মধ্যে রত্ন আছে এমন রত্নময়। □ বি. সমুদ্র।˜ .গর্ভা বিণ. (স্ত্রী.) অসাধারণ গুণবান সন্তানের জননী। □ বি. পৃথিবী।˜ .গিরি বি. সুমেরু পর্বত।˜ .জীবী (-বিন্) বিণ. মণিকার, রত্নব্যবসায়ী।˜ .দ্বীপ বি. প্রবালদ্বীপ।˜ .প্রভ বিণ. রত্নের মতো দীপ্তিশালী বা উজ্জ্বল।˜ .প্রভা বি. হীরা-মাণিক্যাদির দীপ্তি বা ঔজ্জ্বল্য। □ বিণ. (স্ত্রী.) রত্নের মতো উজ্জ্বল বা দীপ্তিযুক্ত।˜ .প্রসবিনী,˜.প্রসূ বিণ. (স্ত্রী.) 1 রত্ন প্রসব করে এমন, মণিমাণিক্যাদি উৎপাদনকারিণী, রত্নগর্ভা; 2 (আল.) সুসন্তানবতী।˜ .বনিক বি. মণিমুক্তার কারবারি, মণিকার, জহরি।˜ .ভাণ্ডার বি. প্রচুর রত্নের আধার।˜ .মণ্ডিত-রত্নখচিত -র অনুরূপ।˜ .ময় বিণ. 1 রত্নপূর্ণ; 2 রত্নদ্বারা নির্মিত বা গঠিত। স্ত্রী.˜ .ময়ী।˜ সূ বিণ. (স্ত্রী.) রত্নপ্রসবিণী। রত্নাকর বিণ. 1 রত্নের খনি; 2 সমুদ্র; 3 (রামায়ণে বর্ণিত) বাল্মীকির পূর্বনাম। রত্নাবলী বি. 1 রত্নসমূহ; 2 রত্নহার; 3 সংস্কৃত নাট্যগ্রন্হবিশেষ। রত্নাভরণ, রত্নালং-কার বি. জড়োয়া গৃহনা, রত্নখচিত গহনা।

রত্নি (p. 733) [ratni] বি. কনুই থেকে মুষ্টিবদ্ধ হস্তাগ্র পর্যন্ত পরিমাণ, মুটমহাত। [সং. √ ঋ + অত্নি]।

রথ (p. 733) [ratha] বি. 1 সচ. ঘোড়ায়-টানা চাকাযুক্ত প্রাচীন যানবিশেষ বা যুদ্ধযানবিশেষ; 2 জগন্নাথদেবের যান বা তদনুকরণে নির্মিত যান (রথযাত্রা)। [সং. √ রম্ + থ]। ˜ .চক্র, রথাঙ্গ বি. 1 রথের চাকা; 2 চক্রবাক পাখি, চখা। রথ টানা ক্রি. বি. রথযাত্রা উপলক্ষ্যে ভক্তবৃন্দের দ্বারা জগন্নাথদেবের রথ দড়ির সাহায্যে টেনে নিয়ে যাওয়া। রথ দেখা ও কলা বেচা (আল.) একই সঙ্গে আনন্দ উপভোগ ও উপার্জন করা। ˜ .যাত্রা বি. আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়ার অনুষ্ঠিত জগন্নাথদেবের রথভ্রমণের উৎসব।

রথী (p. 733) [rathī] (-র্থিন্) বি. 1 যে ব্যক্তি রথে চড়ে রয়েছে; 2 যে ব্যক্তি রথে চড়ে যুদ্ধ করে; 3 যোদ্ধা (রথীমহারথী); 4 (আল.) বীরপুরুষ। [সং. রথ + ইন্]। ˜ .মহা-রথী বি. বড়ো বড়ো যোদ্ধা।

রথো রোথো (p. 733) [rathō rōthō] বিণ. একান্ত বাজে, অব্যবহার্য (রোথো মাল); 2 অকর্মণ্য, অকেজো (রোথো লোক)। [তু. রদ্দি]।

রথ্যা (p. 733) [rathyā] বি. 1 রাস্তা, পথ 2 রাজপথ; 3 রথসমূহ। [সং. রথ + য + আ]।

রদ1 (p. 733) [rada1] বিণ. 1 খারিজ, রহিত, বাতিল (হুকুম রদ); 2 প্রত্যাহৃত (আইন রদ)। □ বি. খারিজ বা বাতিল বা প্রত্যাহার করা (আইনরদের ঘোষণা)। [আ. রদ্]। ˜ .বদল বিণ. পরিবর্তন, বদল (মন্ত্রিসভার রদবদল)।

রদ2, রদন (p. 733) [rada2, radana] বি. দাঁত ('দ্বিরদরদনির্মিত': মধু. 'বদনে রদন লড়ে': ভা. চ.)। [সং. √ রদ্ + অ. অন]। রদী (-দিন্), রদনী (-নিন্) বি. দন্তী; হাতি।

রদ্দা (p. 733) [raddā] বি. 1 হাতের চেটোর পাশকে কাটারির মতো ব্যবহার করে (সচ.) ঘাড়ে আঘাত; 2 গলাধাক্কা। [হি. রদ্দা]।

রদ্দি (p. 733) [raddi] বিণ. (কথ্য.) নিকৃষ্ট, বাজে, ওঁচা (যতসব রদ্দি মাল)। [হি. রদ্দী]।

রনপা (p. 733) [ranapā] বি. আগেকার দিনে সচ. ডাকাতদের দ্রুত ছোটার জন্য ব্যবহৃত বাঁশের লম্বা দণ্ডবিশেষ। [সং. রণ + বাং. পা]।

রন-রন, রন-রনি (p. 733) [rana-rana, rana-rani] বি. 1 অস্ত্রশস্ত্রের ঘর্ষণজনিত বা ঠোকাঠুকির ঝনঝন আওয়াজ; 2 অলংকারাদির শিঞ্জন, রুনুরুনু শব্দ, ঝঙ্কার। [ধ্বন্যা.]।

রন্ধন (p. 733) [randhana] বিণ. রান্না, খাবার পাক করা। [সং. √ রধ্ + অন।˜ .গৃহ,˜.শালা বি. রান্নাঘর। রন্ধিত বিণ. রান্না করা হয়েছে এমন।

রন্ধ্র (p. 733) [randhra] বি. 1 ছিদ্র, গর্ত (রন্ধ্রে প্রবেশ করা); 2 ত্রুটি, দোষ; 3 ফাঁক (নীরন্ধ্র অন্ধকার); 4 (জ্যোতিষ.) রাশিচক্রে লগ্ন থেকে অষ্টম স্থান, বিনাশস্থান। [সং. √ রধ্ + র ন্ আগম]। রন্ধ্রগত শনি (জ্যোতিষ.) রাশিচক্রে লগ্ন থেকে অষ্টম স্থানে শনিগ্রহের অবস্থান, যা জাতকের মৃত্যু সূচিত কর। রন্ধ্রে

রন্ধ্রে ক্রি-বিণ. প্রতিটি জায়গায়, ছোটোবড়ো সব জায়গায়, সর্বত্র (রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি)।

রপ্ত (p. 733) [rapta] বিণ. অভ্যস্ত (ওটা এখনও ঠিক রপ্ত হয়নি)। [আ. রব্ত্]। রপ্তে রপ্তে ক্রি-বিণ. ক্রমশ, ক্রমে, ধীরে (রপ্তে রপ্তে সবই সয়ে যাবে)।

রপ্তানি (p. 733) [raptāni] বি. বিক্রয়ের জন্য পণ্যদ্রব্য বিদেশে পাঠানো। □ বিণ. রপ্তানি করতে হবে বা. করা হচ্ছে এমন (রপ্তানি দ্রব্য)। [ফা. রফ্তানী]।

রফা (p. 733) [raphā] বি. 1 নিষ্পত্তি, মিটমাট, আপোশ, মীমাংসা (বিবাদের রফা); 2 বিনাশ, শেষ (দফারফা)। [আ. রফ্আ]।˜ .নামা বি. আপোশ-মীমাংসার শর্তসংবলিত লিপি।

রব (p. 733) [raba] বি. 1 আওয়াজ, ধ্বনি ('কাঁপিছে কানন ঝিল্লির রবে': রবীন্দ্র); 2 জনরব, গুজব (একটা রব উঠেছে)। [সং. √ রু + অ]। রবাহুত বিণ. লোকমুখে রব বা ভোজের খবর শুনে চলে এসেছে এমন, বিনা নিমন্ত্রণে এসে হাজির হয়েছে এমন।

রব-রবা (p. 733) [raba-rabā] বি. 1 প্রতাপ, প্রতিপত্তি (জমিদারের রবরবা); 2 শোভা; 3 জাঁকজমক। [তু. দবদবা]।

রবাব (p. 733) [rabāba] বি. বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ; রুদ্রবীণা। [ফা. রবাব্]।

রবার1 (p. 733) [rabāra1] বি. 1 বড়ো পাতাযুক্ত গাছবিশেষ বা তার রস থেকে প্রস্তুত স্থিতিস্থাপক পদার্থবিশেষ। [ইং rubber]।

রবার2 (p. 733) [rabāra2] বি. রবারগাছের রস থেকে বা অন্য স্থিতিস্থাপক উপাদান দিয়ে তৈরি লেখা মুছে পরিষ্কার করার পদার্থ। [ইং. rubber]।

রবার-ক্লথ (p. 733) [rabāra-klatha] বি. (সচ.) রবার দিয়ে তৈরি মসৃণ কাপড়ের মতো জিনিস যা সচ. শিশু ও রোগীর বিছানার নীচে পেতে দেওয়া হয়। [ইং. rubber cloth]।

রবি (p. 733) [rabi] বি. সূর্য, যে নক্ষত্রের চারদিকে পৃথিবী ঘোরে। [সং. √ রু + ই]। ̃ .কর বি. সূর্যের রশ্মি বা আলো। ̃ .চ্ছবি বি. সূর্যের দীপ্তি বা শোভা। ̃ .তনয়, ̃ .নন্দন, ̃ .সুত বি. 1 সূর্যের পুত্র; 2 শনি; 3 যম; 4 কর্ণ। স্ত্রী. ̃ .তনয়া, ̃ .নন্দিনী, ̃ .সুতা বি. (স্ত্রী.) সূর্যের কন্যা; যমুনা। ̃ .বর্ষ বি. (জ্যোতি.) এক নক্ষত্র থেকে যাত্রারম্ভ করে সমস্ত রাশিচক্র পরিক্রমণ করে আবার সেই নক্ষত্রে সঞ্চারিত হতে সূর্যের যে সময় লাগে। ̃ .বার, ̃ .বাসর বি. সপ্তাহের প্রথম দিন, সোমবারের পূর্বদিন। ̃ .মণ্ডল বি. সূর্যের পরিধি বা পরিবেশ। ̃ .মার্গ বি. সূর্যের পরিক্রমণ পথ। ̃ .রশ্মি-রবিকর -এর অনুরূপ।

রবিউল-আউঅল (p. 733) [rabiula-āuala] বি. মুসোলমানি বছরের তৃতীয় মাস। [আ. রবীঅ-উল-আওঅল]।

রবি-খন্দ, রবি-শস্য (p. 733) [rabi-khanda, rabi-śasya] বি. গম যব প্রভৃতি বসন্তকালীন শস্য। [আ. রবী (বসন্তকাল) + খন্দ, সং. শস্য]।

রবি-বাসর (p. 736) [rabi-bāsara] বি. রবিবার। [সং. রবি + বাসর]। রবি-বাসরীয় বিণ. রবিবারের, রবিবারসম্বন্ধীয়। □ বি. রবিবারের পত্রিকা।

রবিয়ানা (p. 736) [rabiẏānā] বি. রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যরীতি বা চিন্তাধারার অনুসরণ; রবীন্দ্রনাথের মতো বা রবীন্দ্রানুসারী চালচলন। [বাং. রবি + আ. আনা]।

রবীন্দ্র-চর্চা (p. 736) [rabīndra-carcā] বি. রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন সাহিত্য সংগীত প্রভৃতি নিয়ে আলোচনা বা গবেষণা। [বাং. রবীন্দ্র + সং. চর্চা]।

রবীন্দ্র-সংগীত (p. 736) [rabīndra-saṅgīta] বি. রবীন্দ্রনাথ ঠাকুর-রচিত ও সুরারোপিত গীত। [বাং. রবীন্দ্র (-নাথ) + সং. সংগীত]।

রভস (p. 736) [rabhasa] বি. 1 ঔৎসুক্য; 2 প্রবল ভাবাবেগ; 3 গভীর শোক বা দুঃখ; 4 উল্লাস ('জলসিঞ্চিত ক্ষিতিসৌরভরভসে': রবীন্দ্র); 5 (প্রা. কা.) মিলন, সম্ভোগ, কেলিবিলাস ('কত মধুযামিনী রভসে গোঁয়ায়লু': বিদ্যা)। [সং. √ রভ্ = (ঔৎসুক্য) + অস]।

রম (p. 736) [rama] বিণ. (সমাসের উত্তরপদে) রমনীয়, আনন্দজনক (মনোরম)। □ বি. 1 স্বামী, পতি; 2 কন্দর্প। [সং. √ রম্ + ণিচ্ + অ]।˜ ক বিণ. বিলাসী।

রম-জান (p. 736) [rama-jāna] বি. হিজরি বা মুসলমানি বছরের নবম মাস, যে মাসে রোজা পালন করা হয়। [আ. রমজান্]।

রমণ1 (p. 736) [ramaṇa1] বি. 1 ক্রীড়া, কেলি, প্রমোদ-বিহার; 2 মৈথুন, রতিক্রিয়া। [সং. √ রম্ + অন]।

রমণ2 (p. 736) [ramaṇa2] বি. 1 কন্দর্প, মদনদেব; 2 পতি, স্বামী (রাধারমণ)। □ বিণ. 1 প্রিয়; 2 সন্তোষবিধায়ক। [সং. √ রম্ + ণিচ্ + অন]।

রমণী (p. 736) [ramaṇī] বি. 1 সুন্দরী নারী; 2 নারী; 3 পত্নী, স্ত্রী। □ বিণ. 1 প্রিয়া; 2 সন্তোষবিধায়িত্রী। [সং. রমণ + ঈ]। ̃ .রত্ন বি. গুণবতী নারী।

রমণীয় (p. 736) [ramaṇīẏa] বিণ. 1 মনোহর, সুন্দর (রমণীয় দৃশ্য); 2 প্রীতিকর, যাতে মন আসক্ত হয়। [সং. √ রম্ + ণিচ + অনীয়]। বি. ̃ তা।

রম-রমা (p. 736) [rama-ramā] বি. জাঁক, আড়ম্বর (তাদের রমরমা বেড়েই চলল)। □ বিণ. 1 জাঁকালো, আড়ম্বরপূর্ণ; 2 সমৃদ্ধ, উন্নতিশীল (রমরমা কারবার, রমরমা ব্যাপার)। [দেশি-তু. রবরবা]।

রমা1 (p. 736) [ramā1] ক্রি. (কাব্যে) 1 ক্রীড়া করা; 2 বিহার করা। [সং. √ রম্ + বাং. আ]।

রমা2 (p. 736) [ramā2] বি. 1 লক্ষ্মীদেবী; 2 প্রিয়া; 3 সুন্দরী নারী। [সং. √ রম্ + ণিচ্ + অ + আ]। ̃ .কান্ত, ̃ .নাথ, ̃ .পতি, রমেশ বি. বিষ্ণু, নারায়ণ।

রমিত (p. 736) [ramita] বিণ. 1 কৃতরমণ, রমণ বা মৈথুন করা হয়েছে এমন 2 রতি প্রাপিত; 3 ক্রীড়িত; 4 আনন্দময়; 5 উজ্জ্বল ('বন অতি রমিত হইল ফুলফুটনে': মধু.)। [সং. √ রম্ + ণিচ্ + ত]। স্ত্রী. রমিতা।

রমেশ (p. 736) [ramēśa] দ্র রমা2।

রম্ভা (p. 736) [rambhā] বি. 1 অপ্সরাবিশেষ 2 কলাগাছ 3 কলা, কদলী। [সং. √ রম্ভ্ + অ + আ]। রম্ভোরু বি. কলাগাছের মতো সুপুষ্ট ও সুন্দর ঊরুবিশিষ্টা নারী।

রম্য (p. 736) [ramya] বিণ. রমণীয়, মনোরম, সুন্দর ('ঋষির ভোগ্য, এই রম্য স্থান': দ্বি. রা)। [সং. √ রম্ + য]।˜ .তা বি. রমণীয়তা; উপভোগ্যতা। স্ত্রী. রম্যা।˜ .রচনা বি. প্রধানত লঘুচালে লিখিত হাস্যরসাশ্রিত সুখপাঠ্য রচনা, belles-lettres.

রয়1 (p. 736) [raẏa1] বি. 1 প্রবাহ, স্রোত; 2 বেগ। [সং. √ রয়্ + অ]।

রয়2 (p. 736) [raẏa2] ক্রি. (কাব্যে ও আঞ্চ.) থাকে ('রয় যে কাঙাল শূন্য হাতে': রবীন্দ্র; ঘরে মন রয় না)। [রওয়া দ্র]।

রয়ানি (p. 736) [raẏāni] বি. (আঞ্চ.) মনসামঙ্গলের গান (রয়ানি শুনতে যাবে)। [দেশি]।

রয়ে-বসে (p. 736) [raẏē-basē] ক্রি.-বিণ. ধীরে-সুস্থে, তাড়াহুড়ো না করে (রয়ে বসে বই লেখা)। [বাং. রহিয়া-বসিয়া, দ্র রওয়া]।

রয়ে রয়ে (p. 736) [raẏē raẏē] ক্রি-বিণ. থেকে থেকে, মাঝে মাঝে ('কী বাণী আসে ওই রয়ে রয়ে': রবীন্দ্র)। [রহিয়া রহিয়া-দ্র রওয়া]।

রলা (p. 736) [ralā] বি. শাল প্রভৃতি বড়ো গাছের সরু গুঁড়ি। [দেশি]।

রশা-রশি (p. 736) [raśā-raśi] বি. ছোটোবড়ো দড়ি; দড়াদড়ি। [হি. রস্সা + বাং. রশি]।

রশি (p. 736) [raśi] বি. 1 দড়ি, রজ্জু; 2 জমি-জরিপের জন্য পরিমাপ শিকল বা চেন। [হি. রস্সী]।

রশুন (p. 736) [raśuna] পিঁয়াজের মতো আকৃতিযুক্ত উগ্রগন্ধী সাদা কন্দবিশেষ। [< সং. লশুনী]।

রশ্মি (p. 736) [raśmi] বি. 1 কিরণ, প্রভা, দ্যুতি; 2 অশ্বের বন্ধনরজ্জু; 3 লাগাম; 4 চোখের পাতার লোম, পক্ষ্ম। [সং. √ অশ্ + মি, অশ্ = রশ্]।

রস (p. 736) [rasa] বি. 1 স্বাদ; 2 রসনার দ্বারা খাদ্যদ্রব্য স্পর্শ করার ফলে লব্ধ ছয়প্রকার অনুভূতি যথা কটু তিক্ত কষায় লবণ অম্ল ও মধুর; 3 এ-থেকে 'ছয়' এই সংখ্যার সংকেত ('নিশাপতি রস ঋতু আর দ্বিজরাজ') 4 দ্রব, কঠিন পদার্থের গলিত বা জলমিশ্রিত অবস্থা (চিনির রস); 5 নির্যাস (ফলের রস); 6

নিঃস্রাব (খেজুরের রস, ঘায়ের রস); 7 তরল সারভাগ (অন্নরস); 8 শ্লেষ্মা (রসাধিক্য); 9 শুক্র বীর্য; 1 প্রবল অনুরাগ বা আসক্তি ('রসভারে দুঁহু থরথর কাঁপই': চণ্ডী); 11 হৃদয়বোধ; 12 দেহগত ধাতুবিশেষ (রস নামা); 13 (অল.) শৃঙ্গার বা আদি বীর করুণ রৌদ্র অদ্ভুত ভয়ানক হাস্য বীভৎস ও শান্ত-সাহিত্যের এই নয় প্রকার বর্ণনাবৈশিষ্ট্য; 14 বৈষ্ণব সাধন ও সাহিত্যের পাঁচপ্রকার বৈশিষ্ট্য যথা, শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর বা উজ্জ্বল 15 তাৎপর্য, গূঢ় মর্ম (কাব্যরস); 16 তেজ, অহংকার (খুব রস হয়েছে দেখছি); 16 রঙ্গ, কৌতুক, রসিকতা (রসের কারবারি, রসের কথা আর ভালো লাগে না); 18 হর্ষ, উল্লাস (রসে মাতা); 17 ভোগসুখ, আনন্দ (ও-রসে বঞ্চিত, লেখাপড়ায় রস পায় না); 2 সম্বল, পুঁজি, অর্থবল (তার রস এবারে ফুরিয়ে এসেছে); 21 আকর্ষণ (গল্পের রস, বর্ণনার রস) 22 মজা, লাভ (চাকরিতে আর রস নেই); 23 (আয়ু.) পারদ (রসকর্পূর, রসসিন্দুর)। [সং. √রস্ + অ]। করা বি. চিনির রসে পাক-করা নারকেলের নাড়ুবিশেষ। ˜ .কর্পূর বি. পারদঘটিত আয়ুর্বেদীয় ওষুধবিশেষ। ˜ .কলি বি. বৈষ্ণবদের ললাটে অঙ্কিত পুষ্পকলির মতো তিলক। ˜ .কষ বি. মাধুর্য ও কোমলতা; সামান্যমাত্র রস (তার কথাবার্তায় রসকষ একেবারেই নেই)। ˜ .গর্ভ বিণ. সরস রসপূর্ণ (রসগর্ভ রচনা, রসগর্ভ বাক্য)। ˜ .গোল্লা বি. চিনির রসে পাক করা ছানার গোল্লাবিশেষ। ˜ .গ্রাহী (-হিন্) বিণ. রসিক, সমঝদার (রসগ্রাহী পাঠক)। ˜ .ঘন বিণ. প্রগাঢ় রসযুক্ত। ˜ .ঘ্ন বিণ. দেহস্থ রসের আধিক্যনাশক। □ বি. সোহাগা। ˜ .জ্ঞ বিণ. মর্মগ্রাহী, সমঝদার, রসিক (রসজ্ঞ সমালোচক)। স্ত্রী. ˜ .জ্ঞা। বি. ˜ .জ্ঞ তা। ˜ .জ্ঞান বি. রসবোধ, রস উপলব্ধি, রস বা মর্ম উপলব্ধি করার বা উপভোগ করার শক্তি। ˜ .বড়া বি. গুড় বা চিনির রসে পাক-করা ডালবড়া। ˜ .বড়ি বি. বিষবড়ি, পারদঘটিত কবিরাজি ওষুধবিশেষ। ˜ .বতী বিণ. (স্ত্রী.) সুরসিকা। □ বি. 1 সুন্দরী ও রসিকা যুবতী; 2 রান্নাঘর। ˜ .বন্ত বিণ. 1 রসিক; 2 রসাল, রসযুক্ত। ˜ .বাত বি. দেহে রসাধিক্যঘটিত বাতরোগ। ˜ .বৃদ্ধি, রসাধিক্য

বি. দেহস্থ রসের আধিক্য বা প্রাবল্য; শ্লেষ্মাবৃদ্ধি। ˜ .বেত্তা (-ত্তৃ) বিণ. রসজ্ঞ, মর্মভেহী, রসিক ˜ .বোধ বি. রসজ্ঞান -এর অনুরূপ। ˜ .ভঙ্গ বি. সরস প্রসঙ্গে অথবা রস-উপভোগে অপ্রত্যাশিত বাধা। ˜ .ময় বিণ. 1 রসপূর্ণ; 2 রসিক। স্ত্রী. ˜ .ময়ী। ˜ .মুণ্ডি বি. ছোটো ছোটো রসগোল্লার মতো মিঠাইবিশেষ। ˜ .রঙ্গ বি. সরস আমোদ-প্রমোদ বা হাসিঠাট্টা। ˜ .রচনা বি. রসিকতাপূর্ণ বা হাস্যরসাত্মক রচনা। ˜ .রাজ বি. 1 রসিকশ্রেষ্ঠ; 2 শ্রীকৃষ্ণ; 3 রসাঞ্জন; 4 পারদ। ˜ .শালা বি. রাসায়নিক গবেষণাগার বা কার্যালয়। ˜ .সাহিত্য বি. যে-সাহিত্য বিশুদ্ধ আনন্দরূপকে ব্যক্ত করে যে-রচনা নির্মল আমোদ উদ্রেক করে। ˜ .সিন্দূর বি. গন্ধক ও পারদ একত্রে ভস্মীভূত করলে সিঁদুরের মতো যে পদার্থ পাওয়া যায়, হিঙ্গুল। ˜ স্থ বিণ. (দেহে) রসের আধিক্য হয়েছে এমন, শ্লেষ্মাপীড়িত। ˜ .হীন বিণ. 1 নীরস, শুষ্ক 2 আকর্ষণহীন। রসাঞ্জন বি. সুর্মা; গন্ধক ও ন্টিমনি মিশ্রিত খনিজ পদার্থ। রসাত্মক বিণ. রসগর্ভ, রসপূর্ণ (রসাত্মক বাক্য)। রসাধিক্য বি. দেহে শ্লেষ্মার বৃদ্ধি। রসাবেশ বি. প্রবল অনুরাগ বা আবেগের সঞ্চার। রসাভাস বি. 1 (অল.) পরিবেশের বা বিষয়বস্তুর বিরুদ্ধ রস বা বর্ণনা; 2 অনুচিত বর্ণনা বা রস। রসালাপ বি. সরস বা কৌতুকজনক কথাবার্তা। রসাস্বাদন, রসাস্বাদ বি. রসের স্বাদ গ্রহণ করা মর্ম উপলব্ধি করা। রসেন্দ্র বি. পারদ। রসোত্তীর্ণ বিণ. রস পরিবেশনে সফল বা সার্থক চিত্তাকর্ষক, মনোগ্রাহী। রসোদগার বি. (বৈ. সা.) মিলনে পূর্ণতৃপ্তি বোধ না হওয়ায় পুনরায় মিলনের বাসনায় পূর্বে আস্বাদিত সকল রসের স্মৃতিচারণা।

রসদ (p. 736) [rasada] বি. 1 (প্রধানত সৈন্যদলকে প্রদত্ত বা তাদের জন্য সঞ্চিত) খাদ্যদ্রব্য ration 2 খোরাক 3 (আল.) উপকরণ (আনন্দের রসদ, রসদের ঘাটতি নেই); 4 প্রয়োজনীয় অর্থ (বড়োমানুষি করার রসদ কোথায়?)। [ফা. রসদ্]।

রসন (p. 736) [rasana] বি. 1 রসগ্রহণ, আস্বাদন; 2 ধ্বনন 3 জিহ্বা। [সং. √ রস্ + অন]।

রসনা2 (p. 736) [rasanā2] বি. আস্বাদনের ইন্দ্রিয়, জিহ্বা। [সং. রসন + আ]। রসনেন্দ্রিয় বি. জিহ্বা।

রসম (p. 736) [rasama] বি. রীতি, নিয়ম, আচার, ধারা। [আ. রসম]।

রসা1 (p. 736) [rasā1] বি. পৃথিবী (রসাতল)। [সং. √ রস্ + অ + আ]।

রসা2 (p. 736) [rasā2] বিণ. 1 রসযুক্ত 2 প্রচুর রস আছে এমন (রসা মাছ, রসা কাঁঠাল)। □ বি. মাছ মাংস প্রভৃতির অল্প ঝোলযুক্ত ব্যঞ্জনবিশেষ (মাছের মাথা দিয়ে রসা রান্না)। □ ক্রি. 1 রসযুক্ত হওয়া (মাটি রসেছে); 2 সর্দিতে ভারাক্রান্ত হওয়া (চোখমুখ রসেছে)। [সং. রস + বাং. আ]। ˜ নো ক্রি. বি. 1 রসযুক্ত করা; 2 আর্দ্র কোমল বা রসভাবযুক্ত করা। □ বিণ. উক্ত অর্থে।

রসাঞ্জন (p. 736) [rasāñjana] দ্র রস।

রসা-তল (p. 736) [rasā-tala] বি. 1 পুরাণে বর্ণিত সপ্তপাতালের নিম্নতমটি; 2 ভূতল; 3 (বাং.) অধঃপাত, ধ্বংস (রসাতলে যাওয়া)। [সং. রসা1 + তল]।

রসান (p. 736) [rasāna] বি. 1 রসসিক্ত করা; 2 স্বর্ণাদি ধাতু উজ্বল করার উপকরণ অথবা পালিশ-পাথর; 2 (আল.) তীব্র রসাত্মক বাক্য, ফোড়ন (রসান দিয়ে বলা)। [< সং. রসায়ন]।

রসানো (p. 736) [rasānō] দ্র রসা2।

রসায়ন (p. 736) [rasāẏana] বি. 1 (বিজ্ঞা.) পদার্থ সমূহের উপাদান, গুণ, পরস্পর সম্বন্ধ, বিক্রিয়া প্রভৃতি বিষয়ক বিদ্যা, chemistry; 2 আয়ুবৃদ্ধিকর ও রোগজরানাশক ওষুধ। [সং. রস + অয়ন]। রসায়নী বিণ. (স্ত্রী.) 1 রসায়নসম্বন্ধীয় (রসায়নী বিদ্যা)। বিণ. রাসায়নিক, রসায়নী। □ বি. (বিরল) রসায়নবিদ, chemist.

রসাল (p. 736) [rasāla] বিণ. 1 সরস (রসাল বর্ণনা); 2 ভিতরে রস আছে এমন, রসপূর্ণ (রসাল ফল)। □ বি. আমগাছ ('ব্রততী যেমনি বিশাল রসালমূলে': মধু.) [সং. রস + আ √ লা + অ]।

রসালাপ, রসাস্বাদ, রসাস্বাদন (p. 736) [rasālāpa, rasāsbāda, rasāsbādana] দ্র রস।

রসালো-রসাল (p. 736) [rasālō-rasāla] (বিণ.) এর রূপভেদ।

রসিক (p. 736) [rasika] বিণ. 1 রসজ্ঞ, তাৎপর্য জানে বা বোঝে এমন, মর্মগ্রাহী (কাব্যরসিক); 2 আদিরসের বোধসম্পন্ন (রসিক নাগর); 3 রঙ্গরসে পটু, আমুদে, রসপ্রিয় (রসিক লোক)। [সং. রস + ইক]। স্ত্রী. রসিকা। তা বি. 1 হাস্যরসের অবতারণা; 2 আদিরসাত্মক আলাপের অবতারণা; 3 হাস্যপরিহাস, রঙ্গরস।

রসিত (p. 736) [rasita] বিণ. আস্বাদিত। □ বি. (বিরল) নিনাদ, গর্জন (মেঘরসিত)। [সং. √ রস্ + ত]।

রসিদ (p. 738) [rasida] বি. অর্থাদির প্রাপ্তিস্বীকারপত্র, receipt. [ফা. রসীদ্]।

রসুই (p. 738) [rasui] বি. রন্ধন, রান্না। [তু. হি. রসোই < সং. রসবতী (=রন্ধনশীল)]। ~ ঘর বি. পাকশালা, রান্নাঘর। ~ য়ে, রসুয়ে বিণ. রন্ধনকারী (রসুইয়ে বামুন)।

রসুন2 (p. 738) [rasuna2] অনু-ক্রি. থামুন, অপেক্ষা করুন (একটু রসুন, আমি এখনই আসছি)। [রওয়া দ্র]।

রসুল (p. 738) [rasula] বি. ঈশ্বরের দূত, পয়গম্বর, ঈশ্বরপ্রেরিত মহাপুরুষ। [আ. রসুল্]।

রসেন্দ্র, রসোত্তীর্ণ, রসোদগার (p. 738) [rasēndra, rasōttīrṇa, rasōdagāra] দ্র রস।

রসো (p. 738) [rasō] অনু-ক্রি. থামো, অপেক্ষা করো। [রওয়া দ্র]।

রহ-মত (p. 738) [raha-mata] বি. করুণা, দয়া, কৃপা। [আ. রহ্মত্]।

রহস (p. 738) [rahasa] বি. (প্রা. কা.) সংস্রব, সহবাস ('রুষের রহসে লুপ্ত লেনিনের মামি': সু. দ.)। [সং. রহস্]।

রহসি (p. 738) [rahasi] ক্রি-বিণ. (ব্রজ.) নির্জনে, নিভৃতে। [সং. রহস্ + 7মী 1 বচন]।

রহস্য (p. 738) [rahasya] বি. 1 গূঢ় তাৎপর্য বা মর্ম, দুর্বোধ্য বা গুপ্ত তথ্য (রহস্যাবৃত, রহস্যময়, রহস্যের উদ্ঘাটন); 2 রসিকতা, হাস্যপরিহাস (কথাটা তিনি নিতান্তই রহস্য করে বলেছেন)। □ বিণ. গোপনীয় (রহস্য কথা)। [সং. রহস্ + য]।˜ কাহিনি বিণ. রহস্যপূর্ণ গল্প।˜ ঘন বিণ. যাতে রহস্য আছে এমন; অত্যন্ত গূঢ় বা জটিলতাপূর্ণ।˜ চ্ছলে ক্রি-বিণ. রসিকতা করে বা ঠাট্টা করে (কথাটা রহস্যচ্ছলে বলেছে)।˜ জনক,˜ পূর্ণ,˜ ময় বিণ. 1 গূঢ় তাৎপর্যপূর্ণ, গূঢ় তথ্যপূর্ণ; 2 দুর্বোধ্য।˜ ভেদ বি. গূঢ় তথ্য আবিষ্কার বা উদ্ঘাটন, মর্ম উপলব্ধি বা অবধারণ। রহস্যালাপ বি. 1 গোপনীয় আলাপ; 2 রসালাপ, হাস্যপরিহাসযুক্ত কথাবার্তা।

রহা (p. 738) [rahā] ক্রি. রওয়া -র সাধু রূপ।

রহিত (p. 738) [rahita] বিণ. 1 বর্জিত, পরিত্যক্ত, বিহীন (বিবেকরহিত, জনমানবরহিত); 2 বাতিল, রদ, প্রত্যাহৃত (আইন রহিত করা); 3 নিবৃত্ত, বন্ধ (যাওয়া-আসা রহিত করা); 4 প্রতিহত (আক্রমণ রহিত করা)। [সং. √ রহ্ + ত]।

রহিয়া রহিয়া (p. 738) [rahiẏā rahiẏā] (সাধু.) ক্রি-বিণ. রয়ে রয়ে, থেকে থেকে, মাঝে মাঝে। [রওয়া দ্র]।

-রা1 (p. 738) [-rā1] বহুবচনসূচক বিভক্তিবিশেষ (ছেলেরা, পাখিরা)।

রা2 (p. 738) [rā2] বি. 1 রব, ডাক (সব শিয়ালের এক রা); 2 মুখের আওয়াজ, কথা (মুখে রা নেই)। [সং. রাব]। রা করা, রা কাড়া ক্রি. বি. কথা বলা; কথার জবাব দেওয়া (কী ব্যাপার, রা কাড়ছ না যে?)। রা সরা ক্রি. বি. বাক্যস্ফুর্তি হওয়া।

রাই1 (p. 738) [rāi1] বি. সরিষাবিশেষ, mustard. সং. রাজিকা]।

রাই2 (p. 738) [rāi2] বি. শ্রীরাধিকা। [সং. রাধিকা > রাহী]।˜ কিশোরী বি. কিশোরী রাধিকা।

রাই-খয়রা (p. 738) [rāi-khaẏarā] বি. বাটাজাতীয় ছোটো মাছবিশেষ। [দেশি]।

রাই-ফেল (p. 738) [rāi-phēla] বি. বড়ো ও শক্তিশালী বন্দুকবিশেষ। [ইং. rifle]।

রাও1 (p. 738) [rāō1] বি. রা2 -এর আঞ্চ. রূপ (রাও করে না)।

রাং1 (p. 738) [rā1] বি. নিহত পশুপাখির জঙ্ঘা (পাঁঠার রাং)। [ফা. রান]।

রাং2 (p. 738) [rā2] বি. ধাতুবিশেষ, টিনজাতীয় ধাতুবিশেষ। [সং. রঙ্গ]।˜ ঝাল বি. ধাতুদ্রব্যাদি জুড়বার জন্য বা তাদের ছিদ্রাদি বন্ধ করার জন্য রাং-সীসা-মিশ্রিত পাইন।˜ তা বি. রাং-এর পাতা বা তবক।

রাংচিতা (p. 738) [rāñcitā] বি. গুল্মজাতীয় ছোটো গাছবিশেষ; বেড়াচিতা। [সং. রক্তচিত্রক]।

রাঁড় (p. 738) [rān̐ḍ়] বি. 1 বিধবা নারী; 2 বেশ্যা; 3 রক্ষিতা, উপপত্নী। [সং. রণ্ডা]। রাঁড়ের বাড়ি বি. বেশ্যালয়।

রাড়া (p. 738) [rāḍ়ā] বি. 1 ফলহীন গাছ 2 বন্ধ্যা নারী। □ বিণ. 1 ফলহীন; 2 বন্ধ্যা। [সং. রণ্ডা]।

রাঁড়ি (p. 738) [rān̐ḍ়i] বি. বিধবা। [সং. রণ্ডা]।

রাঁধন (p. 738) [rān̐dhana] বি. (আঞ্চ.) রন্ধন, রান্না করা। [বাং. √ রাঁধ্ + অন।

রাঁধনি1, রাঁধুনি1 (p. 738) [rān̐dhani1, rān̐dhuni1] বি. রান্নায় ব্যবহৃত মশলাবিশেষ। [সং. রন্ধনিকা]।

রাঁধনি2, রাঁধুনি2 (p. 738) [rān̐dhani2, rān̐dhuni2] বি. (স্ত্রী.) পাচিকা। □ বিণ. (পুং.) (স্ত্রী.) রাঁধে এমন (রাঁধুনি বামুন)। [রাঁধা দ্র]।

রাঁধা (p. 738) [rām̐dhā] ক্রি. রন্ধন বা রান্না করা, পাক করা। □ বি. রন্ধন রান্না (সারাদিন রাঁধাবাড়া নিয়ে আছে)। □ বিণ. রন্ধিত, রান্না করা হয়েছে এমন (রাঁধা তরকারি)। [সং. √ রধ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. রান্না করানো। □ বিণ. উক্ত অর্থে।˜ .বাড়া বি. রান্না ও পরিবেশন।

রাকা (p. 738) [rākā] বি. প্রতিপদযুক্ত পূর্ণিমা তিথি (রাকাশশী)। [সং. √ রা + ক + আ]।˜ .পতি বি. চাঁদ। রাকেশ বি. চাঁদ।

রাক্ষস (p. 738) [rākṣasa] বি. 1 পুরাণোক্ত ভীষণদর্শন নরখাদক জাতিবিশেষ, রক্ষ; 2 (ব্যঙ্গে) অতিমাত্রায় পেটুক ব্যক্তি। □ বিণ. রাক্ষসসম্বন্ধীয়, রাক্ষসোচিত। [সং. রক্ষস্ + অ]। স্ত্রী. রাক্ষসী।˜ .গণ বি. (জ্যোতিষ.) জাতকের ত্রিবিধ প্রকৃতির অন্যতম। রাক্ষস বিবাহ কন্যাকে অপহরণ করে বলপূর্বক বিবাহ। রাক্ষসী বেলা পনেরো ভাগে বিভক্ত দিনের শেষ তিন ভাগ, দিনের শেষ আড়াইঘন্টা কাল। রাক্ষুসি-রাক্ষসী -র আঞ্চ. ও কথ্য রূপ। রাক্ষুসে বিণ. 1 রাক্ষসের তুল্য ভয়ংকর (রাক্ষুসে কুকুর); 2 প্রচণ্ড, অত্যন্ত অধিক (রাক্ষুসে খিদে); 3 মস্ত বড়ো, প্রকাণ্ড (রাক্ষুসে মুলো)।

রাখন (p. 738) [rākhana] বি. (আঞ্চ.) 1 সংরক্ষণ, রক্ষা; 2 রাখা। [রাখা দ্র]।

রাখা (p. 738) [rākhā] ক্রি. বি. 1 স্থাপন করা (মাটিতে রাখা); 2 আশ্রয় দেওয়া, থাকতে দেওয়া (পায়ে রাখা); 3 সংরক্ষিত করা (বাক্সে রাখা, মুঠোয় রাখা); 4 বহন করা বা ধারন করা (মাথায় রাখা, টিকি রাখা); 5 জানা থাকা (খবর রাখি না); 6 রক্ষা করা, ক্ষুণ্ণ হতে না দেওয়া (কুল রাখা, সম্পর্ক রাখা,

মান রাখা); 7 গচ্ছিত দেওয়া (ব্যঙ্কে টাকা রাখা); 8 বন্ধক দেওয়া বা গ্রহণ করা (গয়না রেখে কর্জ দেওয়া); 9 নিযুক্ত করা (চাকর রাখা); 1 পোষা (বাড়িতে কুকুর রাখা); 11 সঞ্চিত করা, মজুত করা (ভবিষ্যতের জন্য টাকা রেখো); 12 উত্থাপন না করা (তার কথা রাখো-ঢের শুনেছি); 13 ত্যাগ বা স্থগিত করা (এখন খেলা রেখে পড়তে বসো); 14 গ্রাহ্য বা পালন করা (অনুরোধ রাখতে পারব না); 15 পোষণ করা (মনে অভিমান রাখা); 16 ফেলে যাওয়া (কলমটা কি ও-ঘরে রেখে এসেছি?); 17 ক্রয় করা (এই জামাটা ফেরিওয়ালার কাছ থেকে রেখেছি); 18 তুষ্ট করা (মন রাখা); 19 কোনো কাজ পূর্বে সম্পন্ন করা (দাদন দিয়ে রাখা)। □ বিণ. 1 রক্ষিত, রাখা হয়েছে এমন (তাকের উপর রাখা বই); 2 আশ্রিত 3 স্থাপিত; 4 নিযুক্ত; 5 ক্রীত; 6 বন্দোবস্ত নেওয়া এমন; 7 প্রদত্ত; 8 রাখার জন্য কৃত (মন রাখা কথা)। [সং. √ রক্ষ্ + বাং. আ]। কথা রাখা ক্রি. বি. অনুরোধ বা প্রতিশ্রুতি পালন করা। চোখ রাখা, নজর রাখা ক্রি. বি. সতর্ক দৃষ্টি বা পাহারা দেওয়া। নাম রাখা ক্রি. বি. 1 নাম দেওয়া (ছেলের কী নাম রাখলে?); 2 গৌরব বজায় রাখা (বাপের নাম রেখেছে)। রেখেঢেকে বলা ক্রি. বি. কিছুটা অব্যক্ত রেখে বলা; সবটা না বলা।

রাখাল (p. 738) [rākhāla] বি. গোরু চরানো ও তত্ত্বাবধান করা যার কাজ, গোরক্ষক। [হি. রাখবল]।˜ রাজ বি. শ্রীকৃষ্ণ। রাখালি বি. 1 রাখালের কাজ বা পেশা; 2 রাখালের মজুরি। রাখালিয়া বিণ. 1 রাখালসম্বন্ধীয়; 2 রাখালসুলভ; 3 রাখালের (রাখালিয়া বাঁশি)।

রাখি (p. 738) [rākhi] বি. বিপদ থেকে রক্ষা কামনায় প্রিয়জনের মণিবন্ধে যে মঙ্গলসূত্র বেঁধে দেওয়া হয়। [সং. রক্ষী-তু. হি. রক্ষাবন্ধন]।˜ পূর্ণিমা বি.

শ্রাবণমাসের পূর্ণিমা তিথি। ˜ বন্ধন বি. শ্রাবণ-পূর্ণিমায় প্রিয়জনের হাতে রাখি বেঁধে দেওয়া।

রাগ (p. 738) [rāga] বি. 1 রং, রঞ্জকদ্রব্য (রক্তরাগ); 2 রক্তিমা, লালবর্ণ (অরুণরাগ, তাম্বূলরাগে রঞ্জিত); 3 প্রেম, অনুরাগ, প্রেমজ আসক্তি (পূর্বরাগ); 4 (বাং.) ক্রোধ, রোষ (রাগ করা); 5 সংগীতে স্বরবিন্যাসের ছয়টি মূল পদ্ধতি অর্থাত্ ভৈরব কৌশিক হিন্দোল দীপক শ্রী ও মেঘ; 6 সংগীতের স্বরবিন্যাস-পদ্ধতি (কী রাগে গাইছে?)। [সং. √ রঞ্জ্ + অ]। ˜ দ্বেষ বি. ক্রোধ ও হিংসা। ˜ প্রধান বিণ. রাগাশ্রয়ী (রাগপ্রধান গান)। ˜ রাগিণী বি. সংগীতের রাগ ও রাগিণীসমূহ। রেগে টং বিণ. প্রচণ্ড রেগে গেছে এমন।

রাগত (p. 738) [rāgata] বিণ. ক্রোধযুক্ত, রুষ্ট (রাগত স্বরে বললেন)। [রাগা দ্র]।

রাগা (p. 738) [rāgā] ক্রি. রাগ করা, ক্রুদ্ধ বা. রুষ্ট হওয়া, চটে যাওয়া (রেগে আগুন)। □ বি. উক্ত অর্থে (এত রাগা ভালো নয়)। □ বিণ. উক্ত অর্থে। বাং. রাগা (রাগ + আ)। ˜ নো ক্রি. বি. ক্রুদ্ধ করা, ক্রোধ উৎপন্ন করা ('বাঘেরে তোর রাগিয়ে দে রে': স. দ.)। □ বিণ. উক্ত অর্থে।

রাগাত্মক, রাগাশ্রয়ী (p. 738) [rāgātmaka, rāgāśraẏī] বিণ. 1 সংগীতের রাগসম্বন্ধীয়; 2 রাগরাগিণীর প্রাধান্যপূর্ণ (রাগাত্মক গান)। [সং. রাগ + আত্মক, আশ্রয়ী]।

রাগান্ধ (p. 738) [rāgāndha] বিণ. ক্রোধে জ্ঞানশূন্য। [বাং. রাগ + অন্ধ]।

রাগান্বিত (p. 738) [rāgānbita] বিণ. 1 অনুরাগযুক্ত; 2 (বাং.) ক্রোধযুক্ত, ক্রুদ্ধ। [সং. রাগ + অন্বিত]।

রাগা-রাগি (p. 738) [rāgā-rāgi] বি. 1 পরস্পরের প্রতি ক্রোধপ্রকাশ (এই সামান্য ব্যাপার নিয়ে এত রাগারাগি); 2 ঝগড়াঝাঁটি। [বাং. √ রাগ + আ + রাগ + ই]।

রাগিণী (p. 738) [rāgiṇī] বি. (স্ত্রী.) 1 (সংগীতে) ছয় রাগের ছত্রিশ পত্নী হিসাবে কল্পিত ভৈরবী ভূপালী মালশ্রী ইত্যাদি ছত্রিশ প্রধান সুর; 2 সংগীতের রাগাশ্রিত সুর। [সং. রাগ + ইন্ + ঈ]।

রাগী (p. 738) [rāgī] (-গিন্) বিণ. 1 অনুরাগযুক্ত; 2 আসক্তিপূর্ণ 3 (বাং.) ক্রোধী, কোপনস্বভাব; 4 ক্রুদ্ধ, রুষ্ট। [সং. রাগ + ইন্]।

রাগেশ্রী (p. 738) [rāgēśrī] বি. সংগীতের রাগিণীবিশেষ। [সং. রাগশ্রী]।

রাঘব (p. 738) [rāghaba] বি. 1 রঘুর বংশধর; 2 শ্রীরামচন্দ্র। [সং. রঘু + অ]। রাঘব বোয়াল 1 অতি প্রকাণ্ড বোয়াল মাছ; 2 (আল.) অত্যন্ত ধনী অথবা অত্যন্ত প্রতাপশালী ব্যক্তি। ̃ প্রিয়া, ̃ বাঞ্ছা বি. রামচন্দ্রের পত্নী সীতা। রাঘবারি বি. রামের শত্রু রাবণ।

রাঙ-রাং1 (p. 738) [rāṅa-rā1] ও রাং2 -এর বানানভেদ।

রাঙা (p. 738) [rāṅā] বিণ. 1 রক্তবর্ণ, লাল (রাঙা জবা, রাঙা চরণ); 2 ফরসা, গৌরবর্ণ (রাঙা বউ)। [সং. রঙ্গ + বাং. আ]।˜ আলু বি. লাল রঙের লম্বাটে এবং মিষ্টিস্বাদের কন্দবিশেষ।˜ নো ক্রি. বি. 1 ক্রোধে রক্তবর্ণ করা (চোখ রাঙানো); 2 লাল রঙে রঞ্জিত করা; 3 রঞ্জিত করা (কাপড় রাঙানো); 4 আলোকিত বা উজ্জ্বল করা (পুবের আকাশ রাঙিয়ে সূর্য উঠল)। □ বিণ উক্ত সব অর্থে।˜ বাস বি. গেরুয়া বস্ত্র।˜ মাটি বি. গিরিমাটি।˜ মুলো বি. 1 লাল রঙের মুলো; 2 (আল.) সুদর্শন কিন্তু গুণহীন ব্যক্তি।

রাজ1 (p. 738) [rāja1] বি. রাজমিস্ত্রি (সন্ধে অবধি রাজেরা কাজ করে) [দেশি]।

রাজ2 (p. 738) [rāja2] বি. রাজ্য (স্বরাজ)। [> সং. রাজ্য]।

রাজ3 (p. 738) [rāja3] (সমাসে উত্তরপদে রাজন্ -শব্দের রূপ) 1 রাজা (গ্রিকরাজ); 2 জাতি বা শ্রেণির মধ্যে শ্রেষ্ঠ (গজরাজ)। [সং. রাজন্]।

রাজ4 (p. 738) [rāja4] বি. বিণ. (সমাসে পূর্বপদে রাজন্ -শব্দের রূপ) 1 রাজা (রাজপদ, রাজকার্য); 2 শ্রেষ্ঠ জন; 3 সরকার, গভর্নমেন্ট (রাজনীতি); 4 প্রধান, মস্ত (রাজরোগ, রাজসাপ)। [সং. রাজন্]।˜ কন্যা বি. রাজার মেয়ে।˜ কবি বি. 1 দেশের রাজা কর্তৃক নিযুক্ত ও সম্মানিত কবি; 2 দেশের শ্রেষ্ঠ কবি।˜ কর বি. রাজাকে বা সরকারকে প্রদত্ত কর বা খাজনা, রাজস্ব।˜ কর্ম (-র্মন্),˜ কার্য বি. 1 রাজ্যশাসন; 2 সরকারি কাজ; 3 রাজার কর্তব্যকর্ম।˜ কর্মচারী (-রিন্) বি. রাজা বা সরকার কর্তৃক নিযুক্ত বা শাসনকার্যে নিযুক্ত কর্মচারী; পদস্থ সরকারি চাকুরে।˜ কুমার বি. রাজার ছেলে, রাজপুত্র।˜ কুমারী বি. (স্ত্রী.) রাজার মেয়ে,

রাজকন্যা।˜ কুল বি. 1 রাজার বংশ; 2 নৃপতিবর্গ, নৃপতিসমূহ।˜ কোষ বি. রাজকীয় ধনভাণ্ডার, ট্রেজারি।˜ চক্রবর্তী (-র্তিন্) বি. সার্বভৌম রাজা, সম্রাট।˜ চ্ছত্র, (চলিত)˜ ছত্র বি. (প্রধানত ভারতে) রাজার মাথার উপর প্রসারিত ছাতা।˜ টিকা বি. রাজ্যাভিষেকের সময় রাজার ললাটে অঙ্কিত তিলক।˜ তক্ত বি. 1 সিংহাসন; 2 রাজপদ।˜ তন্ত্র বি. 1 নৃপতি কর্তৃক শাসনব্যবস্থা বা রাজার দ্বারা শাসিত রাষ্ট্র monarchy; 2 রাজ্যশাসননীতি।˜ তরু বি. সোঁদালগাছ।˜ তিলক বি. রাজটিকা। দণ্ড বি. 1 রাজপদের নিদর্শনস্বরূপ রাজা যে-দণ্ড হাতে বহন করেন; 2 রাজবিধি-অনুযায়ী শাস্তি; 3 (জ্যোতিষ.) ললাটদেশের ঊর্ধ্বরেখা।˜ দত্ত বিণ. নৃপতি কর্তৃক প্রদত্ত, রাজা দিয়েছেন এমন।˜ দন্ত বি. দুই পাটির সামনের চারটি দাঁত।˜ দম্পতি,˜ দম্পতী বি. রাজা ও তাঁর পত্নী।˜ দরবার বি. রাজসভা, রাজকার্য পরিচালনার জন্য রাজা যে-সভায় বসেন।˜ দর্শন বি. রাজাকে দেখা; রাজার সঙ্গে সাক্ষাৎকার।˜ দূত বি. 1 রাজা কর্তৃক প্রেরিত বা সরকারপ্রেরিত দূত বা সংবাদবাহক; 2 ভিন্ন রাষ্ট্রের সঙ্গে সংবাদ আদান প্রদানের জন্য বা পারস্পরিক সম্পর্ক-বিনিময়ের জন্য নিযুক্ত রাজপুরুষ, ambassador.˜ দ্বার বি. 1 রাজার দরবার, রাজসভা; 2 রাজার আদালত।˜ দ্রোহ,˜ দ্রোহিতা বি. প্রকাশ্যভাবে নৃপতির বা সরকারের (সচ. সশস্ত্র) বিরুদ্ধাচরণ। দ্রোহী (-হিন্) বিণ. বি. রাজদ্রোহকারী।˜ ধর্ম বি. 1 রাজার কর্তব্য; 2 রাজার পালনীয় কর্তব্য; দেশশাসন ও প্রজাপালন; 3 রাজার আচরিত ধর্ম।˜ ধানী বি. রাজ্যশাসনের প্রধান কেন্দ্রস্থল বা প্রধান নগর; রাজ্যের যে-নগরে রাজা বাস করেন বা উচ্চতম সরকারি দফতর থাকে।˜ নটী বি. রাজার আশ্রিত ও রাজার দ্বারা সম্মানিত নর্তকী।˜ নন্দন বি. রাজপুত্র।˜ নন্দিনী বি. রাজার মেয়ে, রাজকন্যা।˜ নামা বি. রাজাদের নামের তালিকা বা বংশপরিচয়; রাজাদের বংশের ইতিহাস।˜ পট্ট বি. 1 রাজাসন, রাজপাট; 2 রাজপদ; 3 রাজদত্ত সনদ; 4 কালোরঙের রত্নবিশেষ।˜ পাট বি. রাজাসন, সিংহাসন।˜ পুত্র বি. রাজার ছেলে।˜ পুত্রী বি. রাজার মেয়ে।˜

পুরী বি. রাজার বা শাসকের বাসভবন; রাজধানী।˜ পুরুষ বি. 1 রাজকর্মচারী; 2 (প্রধানত উচ্চপদস্থ) সরকারি কর্মচারী।˜ প্রাসাদ বি. রাজার বাসভবন।˜ বংশ বি. রাজার বংশ, রাজা যে বংশে জন্মেছেন।˜ বংশীয় বিণ. 1 রাজবংশসংক্রান্ত 2 রাজবংশে জাত (রাজবংশীয় পুরুষ)। স্ত্রী.˜ বংশীয়া। ˜ বন্দি বি. 1 রাজার আদেশে কারারুদ্ধ ব্যক্তি; 2 রাজনৈতিক বন্দি।˜ বাড়ি,˜ বাটি বি. রাজার বাসভবন, রাজপ্রসাদ।˜ বালা বি. রাজকন্যা।˜ বিধি বি. রাজার বা সরকারের আইন।˜ বিপ্লব বি. রাজ্যশাসনের প্রচলিত ও গতানুগতিক নিয়মের আমূল ও সর্বাত্মক পরিবর্তন।˜ বৃক্ষ বি. কর্ণিকার, সোঁদাল গাছ।˜ বেশ বি. রাজার বা রাজ্যের উপযুক্ত পোশাক˜ ভক্ত বিণ. রাজার প্রতি অনুরক্ত, রাজার অনুগত।˜ ভক্তি বি. রাজার প্রতি অনুরাগ বা আনুগত্য।˜ ভবন বি. 1 রাজপ্রাসাদ; 2 রাজ্যের সর্বোচ্চ সরকারি পদাধিকারীর বাসভবন; 3 রাজ্যপালের বাসভবন।˜ ভয় বি. নৃপতি বা সরকার কর্তৃক দণ্ডিত হবার ভয়।˜ ভৃত্য বি. 1 রাজার চাকর; 2 রাজকর্মচারী।˜ ভোগ বি. 1 রাজার যোগ্য খাদ্য বা ভোগ্য সামগ্রী 2 (বাং.) বৃহদাকার রসগোল্লার মতো মিঠাইবিশেষ।˜ ভোগ্য বিণ. নৃপতি কর্তৃক উপভোগের যোগ্য। স্ত্রী.˜ ভোগ্যা।˜ মহিষী বি. নৃপতির প্রধান রানি যিনি রাজসম্মানের অংশভাগিনী পাটরানি।˜ মান্য বি. প্রজাদের কাছ থেকে ভূস্বামীর প্রাপ্য উপঢৌকনাদি। মুকুট বি. 1 রাজার পদমর্যাদাসূচক শিরোভূষণ; 2 (আল.) সর্বাপেক্ষা গৌরবজনক পদ।˜ রাজ বি. 1 রাজার রাজা, সম্রাট; 2 কুবের।˜ রাজড়া বি. বিভিন্ন নৃপতি ও তৎসদৃশ মান্য ব্যক্তি।˜ রাজেশ্বর বি. রাজার রাজা, সম্রাট।˜ রাজেশ্বরী বি. (স্ত্রী.) 1 সম্রাজ্ঞী; 2 দশমহাবিদ্যার অন্যতমা; 3 শিবজায়া ভগবতী।˜ রানি, (বর্জি.)˜ রানী, (বর্জি.)˜ রাণী বি. রাজমহিষী পাটরানি।˜ লক্ষ্মী বি. রাজ্যের অধিষ্ঠাত্রী ও মঙ্গলকারিণী দেবী, রাজশ্রী।˜ শক্তি বি. নৃপতি বা সরকারের শাসনশক্তি বা সৈন্যবল।˜ শয্যা বি. রাজার বিছানা রাজার উপযুক্ত বিছানা।˜ শেখর বি. রাজচক্রবর্তী সম্রাট।˜ শ্রী বি. রাজলক্ষ্মী -র অনুরূপ।˜ সদন বি. রাজপ্রাসাদ। সভা বি. রাজার দরবার।˜ সভাসদ বি. মন্ত্রণাদি দানের

জন্য যে ব্যক্তি রাজার দ্বারা নিযুক্ত হয়ে রাজসভায় বসে। ̃ সরকার বি. রাজার শাসন বা শাসনযন্ত্র, গভর্নমেন্ট। ̃ সাক্ষী বি. যে ফৌজদারি আসামি সরকার-পক্ষের হয়ে স্বীয় দলের বিরুদ্ধে সাক্ষ্য দেয়, approver. ̃ সিংহাসন বি. 1 রাজা রাজসভায় যে রাজাসনে বসেন; 2 রাজপদ। ̃ সেবা বি. রাজার সেবা বা পরিচর্যা; সরকারি বা রাজকীয় চাকরি। ̃ হস্তী (-স্তিন্) বি. 1 যে-হাতি রাজাকে বহন করে; 2 শ্রেষ্ঠ হাতি।

রাজক (p. 738) [rājaka] বি. সরকার, গভর্নমেন্ট। [সং. রাজন্ + ক]।

রাজকীয় (p. 738) [rājakīẏa] বিণ. 1 রাজা-সম্বন্ধীয়; 2 রাজার যোগ্য (রাজকীয় সংবর্ধনা); 3 সরকারি (রাজকীয় বিদ্যালয়)। [সং. রাজন্ + ক + ঈয়]।

রাজগি (p. 738) [rājagi] বি. রাজার পদ বা অধিকার। [হি. রাজগী]।

রাজড়া (p. 738) [rājaḍ়ā] বি. 1 ক্ষুদ্র বা সামন্ত রাজা (রাজা-রাজড়ারা); 2 রাজতুল্য ব্যক্তি। [সং. রাজ4 + বাং ড়া; মতান্তরে < রাজপারা]।

রাজত্ব (p. 741) [rājatba] বি. 1 রাজ্য; 2 রাজার অধিকার বা আমল (রাজত্বকাল, ইংরেজরাজত্ব)। [সং. রাজন্ + ত্ব]।

রাজন (p. 741) [rājana] বি. (সম্বোধনে) 1 হে রাজ, 2 (বাং.) নৃপতি, রাজা ('রাজ্যরক্ষা হেতু ধাতা সৃজিল রাজনে': কাশী.)। [সং. রাজন্]।

রাজ-নীতি (p. 741) [rāja-nīti] বি. 1 রাষ্ট্রশাসনের বা রাষ্ট্রপরিচালনার নীতি, politics; 2 (সং.) সাম দান ভেদ দণ্ড-রাজ্যশাসনের এই চতুর্বিধ উপায়। [সং. রাজ 4 +নীতি]। ˜ ক বিণ. 1 রাজনীতিগত, রাজনীতিসম্বন্ধীয়; 2 রাজ্যশাসনঘটিত; 3 রাজনীতিজ্ঞ। □ বি. রাজনীতিবিদ। ˜ জ্ঞ বিণ. বি. রাজনীতিশাস্ত্রে পণ্ডিত। রাজনৈতিক বিণ. (বাং. প্রয়োগ) রাজনীতি-বিষয়ক।

রাজন্য (p. 741) [rājanya] বি. 1 সামন্ত নৃপতি (দেশের রাজন্যবর্গ); 2 রাজবংশের লোক; 3 ক্ষত্রিয়। [সং. রাজন্ + য]। ˜ ক বি. রাজন্যসমূহ।

রাজ-পথ (p. 741) [rāja-patha] বি. 1 নগরের প্রধান রাস্তা; 2 সর্বসাধারণের ব্যবহার্য রাস্তা; 3 বড়ো সদর রাস্তা। [সং. রাজ4 + পথ]।

রাজ-পুত (p. 741) [rāja-puta] বি. রাজপুতানার অধিবাসী। [সং. রাজপুত্র]। স্ত্রী. রাজ-পুতানি।

রাজপুত্র, রাজপুরী, রাজপুরুষ (p. 741) [rājaputra, rājapurī, rājapuruṣa] দ্র রাজ4।

রাজ-প্রমুখ (p. 741) [rāja-pramukha] বি. স্বাধীনতালাভের পর ভারতের করদ রাজ্যসমূহের প্রধানরূপে নিযুক্ত সামন্ত নৃপতির আখ্যা। [সং. রাজ4 + প্রমুখ]।

রাজপ্রাসাদ, রাজবংশ (p. 741) [rājaprāsāda, rājabaṃśa] দ্র রাজ4।

রাজ-বংশি (p. 741) [rāja-baṃśi] বি. (প্রধানত উত্তরবঙ্গে বাসকারী) হিন্দু জাতিবিশেষ। [সং. রাজবংশ্য]।

রাজবন্দি (p. 741) [rājabandi] দ্র রাজ4।

রাজ-বর্ত্ম (p. 741) [rāja-bartma] (-র্ত্মন্) বি. রাজপথ। [সং. রাজ4 + বর্ত্মন্]।

রাজ-ভাষা (p. 741) [rāja-bhāṣā] বি. 1 নৃপতির বা শাসকজাতির মাতৃভাষা; 2 সরকারি কাজকর্মে ব্যবহৃত ভাষা, রাষ্ট্রভাষা; 3 (ইংরেজ আমলে) ইংরেজি ভাষা। [সং. রাজ4 + ভাষা]।

রাজ-মজুর (p. 741) [rāja-majura] বি. রাজমিস্ত্রির সাহায্যকারী মজুর। [বাং. রাজ1 + মজুর]।

রাজ-মার্গ (p. 741) [rāja-mārga] বি. রাজপথ। [সং. রাজ4 + মার্গ]।

রাজ-মিস্ত্রি (p. 741) [rāja-mistri] বি. পাকা বাড়ি বা দালান নির্মাণকারী কারিগর। [সং. রাজ4 + বাং. মিস্ত্রি]।

রাজ-যোগ (p. 741) [rāja-yōga] বি. যোগমার্গের সাধন পদ্ধতিবিশেষ, হঠযোগের তুলনায় যা সহজসাধ্য। [সং. রাজ 4 + যোগ]।

রাজ-যোটক (p. 741) [rāja-yōṭaka] বি. (জ্যোতিষ.) বরকন্যার রাশিচক্রে অতিশয় শুভসূচক মিল। [সং. রাজ4 + যোটক]।

রাজ-রোগ (p. 741) [rāja-rōga] বি. 1 অতি কঠিন ও দুরারোগ্য ব্যাধি 2 যক্ষ্মা; 3 (কৌতুকে) বড়োমানুষের উপযুক্ত ব্যাধি। [সং. রাজ4 + রোগ]।

রাজর্ষি (p. 741) [rājarṣi] বি. ঋষির মতো জীবনযাপনকারী রাজা। [সং রাজন্ + ঋষি]।

রাজশক্তি, রাজশয্যা (p. 741) [rājaśakti, rājaśayyā] দ্র রাজ4।

রাজস (p. 741) [rājasa] বিণ. 1 প্রভুত্ব গর্ব প্রভৃতি রজোগুণসম্বন্ধীয়; 2 রজোগুণবিশিষ্ট (রজস দান)। [সং. রজস্ + অ]। স্ত্রী. রাজসী।

রাজ-সংস্করণ (p. 741) [rāja-saṃskaraṇa] বি. পুস্তকাদির সুন্দরতম বা শ্রেষ্ঠ সংস্করণ। [সং. রাজ4 + সংস্করণ]।

রাজ-সূয় (p. 741) [rāja-sūẏa] বি. রাজচক্রবর্তী বা সম্রাট হিসাবে স্বীকৃতি পেতে হলে যে-যজ্ঞ করতে হয়। [সং. রাজ4 √ সূ + য]।

রাজ-স্কন্ধ (p. 741) [rāja-skandha] বি. ঘোড়া, অশ্ব। [সং. রাজন্ + স্কন্ধ]।

রাজস্ব (p. 741) [rājasba] বি. রাজাকে বা সরকারকে দেয় খাজনা। [সং. রাজ4 + স্ব]।

রাজ-হস্তী (p. 741) [rāja-hastī] (-স্তিন্) দ্র রাজ4।

রাজা1 (p. 741) [rājā1] ক্রি. (কাব্যে) বিরাজ করা বা শোভা পাওয়া ('তোমারে সঙ্গ রাজে', 'বিশ্বহৃদয়ে রাজ হে': রবীন্দ্র)। [সং. √ রাজ্ + বাং. আ]।

রাজা2 (p. 741) [rājā2] বি. 1 দেশের অধিপতি বা শাসক, নৃপতি; 2 খেতাববিশেষ (রাজা ভূপেন্দ্রনারায়ণ); 3 (আল.) অতিশয় ধনবান ব্যক্তি (তিনি তো রাজা মানুষ); 4 দাবাখেলার ঘুঁটিবিশেষ। [< সং. রাজন্]। ~ উজির বি. ধনী ও প্রতিপত্তিশালী ব্যক্তিগণ। রাজা-উজির মারা ক্রি. বি. বড়ো বড়ো কথা বলা বা নিজের ক্ষমতা ও প্রতিপত্তি সম্বন্ধে বাহাদুরি প্রকাশ করা।

রাজাজ্ঞা, রাজাদেশ (p. 741) [rājājñā, rājādēśa] বি. রাজার হুকুম, সরকারি হুকুম। [সং. রাজ4 + আজ্ঞা, আদেশ]।

রাজাধি-রাজ (p. 741) [rājādhi-rāja] বি. রাজার রাজা, সম্রাট। [সং. রাজ4 + অধিরাজ]।

রাজানু-কম্পা (p. 741) [rājānu-kampā] বি. রাজার দয়া সরকারের দয়া বা দান। [সং. রাজ4 + অনুকম্পা]। রাজানু-গ্রহ বি. রাজার বা সরকারের দয়া।

রাজান্তঃ-পুর, রাজ-অন্তঃ-পুর (p. 741) [rājānthḥ-pura, rāja-anthḥ-pura] বি. রাজবাড়ির অন্দরমহল। [সং. রাজ4 + অন্তঃপুর]।

রাজাসন (p. 741) [rājāsana] বি. 1 রাজার আসন বা পদ 2 সিংহাসন। [সং. রাজ4 + আসন]।

রাজা-হীন (p. 741) [rājā-hīna] বিণ. রাজা বা শাসক নেই এমন (রাজাহীন রাজ্য)। [সং. রাজন্ + হীন]।

রাজি1 (p. 741) [rāji1] বি. 1 শ্রেণী, সারি (বৃক্ষরাজি); 2 সমূহ (পত্ররাজি); 3 রেখা (রোমরাজি)। [সং. √ রাজ্ + ই]।

রাজি2 (p. 741) [rāji2] বিণ. সম্মত, স্বীকৃত। [আ. রাজী]। ˜ .নামা বি.মোকদ্দমার নিষ্পত্তি করতে রাজি উভয়পক্ষের আদালতে সম্মতিসূচক দরখাস্ত, সম্মতিপত্র।

রাজিকা (p. 742) [rājikā] বি. রাই-সরিষা। [সং. রাজি + ক + আ]।

রাজিত (p. 742) [rājita] বিণ. 1 শোভিত 2 শোভমান; 3 বিরাজিত। [সং. √ রাজ্ + ত্।

রাজী-রাজি1 (p. 742) [rājī-rāji1] ও রাজি2 -এর বর্জি. বানানভেদ।

রাজীব (p. 742) [rājība] বি. পদ্ম। [সং. রাজী + ব]। ˜ .লোচন বিণ. পদ্মের মতো সুন্দর চক্ষুবিশিষ্ট, কমলনয়ন। □ বি. শ্রীরামচন্দ্র।

রাজেন্দ্র (p. 742) [rājēndra] বি. শ্রেষ্ঠ রাজা; সম্রাট। [সং. রাজন্ + ইন্দ্র]। স্ত্রী. রাজেন্দ্রাণী।

রাজৈশ্বর্য (p. 742) [rājaiśbarya] বি. 1 রাজার ঐশ্বর্য 2 রাজার যোগ্য বা তুল্য ঐশ্বর্য। [সং. রাজন্ + ঐশ্বর্য]।

রাজ্ঞী (p. 742) [rājñī] বি. রাজমহিষী, রানি। [সং. রাজন্ + ঈ]।

রাজ্য (p. 742) [rājya] বি. 1 রাজার অধিকারভুক্ত দেশ বা ভূখণ্ড; 2 রাজত্ব; 3 কেন্দ্রিয় সরকারের অধীনে কিন্তু স্বতন্ত্র শাসনব্যবস্থা-সমন্বিত প্রদেশ, state; 4 দেশ 5 (আল.) পৃথিবী (রাজ্যের দুঃখ, যত রাজ্যের লোক এসে জুটেছে)। [সং.রাজন্ + য]।˜ .চ্যুত,˜.ভ্রষ্ট,˜.হারা বিণ. স্বীয় রাজ্য বা রাজপদ থেকে বঞ্চিত, রাজ্য হাতছাড়া হয়েছে এমন।˜ .পাল বি. স্বতন্ত্র শাসনব্যবস্থা সমন্বিত প্রদেশের বা রাজ্যের শাসক, গভর্ণর।˜ .ভার বি. রাজ্যশাসনের দায়িত্ব।˜ .ভ্রষ্ট দ্র রাজ্যচ্যুত।˜ .শাসন বি. রাষ্ট্র বা দেশ পরিচালনা।˜ .সভা বি. দুইকক্ষবিশিষ্ট ভারতীয় সংসদের দ্বিতীয় কক্ষ।˜ .সরকার বি. যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থায় প্রদেশের শাসক।˜ .সীমা বি. দেশের বা রাজ্যের অধিকারভুক্ত এলাকা।˜ .রাজ্যেশ্বর বি. রাজ্যের অধিপতি, রাজা। স্ত্রী. রাজ্যেশ্বরী।

রাঢ় (p. 742) [rāḍh ়] বি. ভাগীরথীর পশ্চিমতীরস্থ পশ্চিমবঙ্গের অংশ। [সং. বাং. রাঢ়]।˜ .বঙ্গ বি. 1 পশ্চিম ও পূর্ববঙ্গ; 2 বাংলার রাঢ় অঞ্চল। রাঢ়ি বিণ. রাঢ়দেশীয় বা রাঢ় সম্বন্ধীয়। □ বি. অঞ্চলের উপভাষা। রাঢ়ীয় বিণ. রাঢ়দেশীয় (রাঢ়ীয় ব্রাহ্মণ)।

রাণা-রানা-র (p. 742) [rāṇā-rānā-ra] বর্জি. বানান।

রাত (p. 742) [rāta] বি. রাত্রি ('রাতের বেলা গান এল মোর মনে': রবীন্দ্র)। [সং. রাত্রি]। রাত কাটানো ক্রি. বি. রাত্রি যাপন বা অতিবাহিত করা।˜ .কানা বিণ. দিনে দেখতে পেলেও রাত্রে ভালো দেখতে পায় না এমন।˜ .জাগা বিণ. রাত্রে ঘুমায় না এমন (রাতজাগা পাখি)।˜ .দিন ক্রি-বিণ. সর্বদা দিনরাত।˜ .দুপুর বি. গভীর বা নিশীথ রাত্রি।˜ .রাত পোহানো ক্রি. বি. রাত্রি শেষ হওয়া, রাত শেষ হয়ে ভোর হওয়া।˜ .বিরেত বি. রাত্রিকাল, রাতের সময় (রাতবিরেতে বাইরে যেয়ো না)।˜ .ভর,˜. ভোর ক্রি-বিণ. সারা রাত ধরে (রাতভর বৃষ্টি)। রাতা-রাতি ক্রি-বিণ. 1 রাত্রির মধ্যে, রাত থাকতে থাকতে; 2 (আল.) অতি অল্প সময়ের মধ্যে (রাতারাতি বড়োলোক হওয়া)।

রাতি (p. 742) [rāti] বি. রাত্রির কাব্যরূপ ('রাতি পোহাইল')।

রাতিয়া (p. 742) [rātiẏā] বি. (প্রা. কা) রাত্রি ('দিন-রাতিয়া')।

রাতুল (p. 742) [rātula] বিণ. রক্তবর্ণ, রাঙা (রাতুলচরণ)। [< সং. রক্ততুল্য]।

রাত্তির (p. 742) [rāttira] বি. রাত্রি -র কথ্য রূপ।

রাত্র (p. 742) [rātra] সমাসে উত্তরপদ হলে স্থানবিশেষে রাত্রি শব্দের রূপ (অহোরাত্র, দিবারাত্র)।

রাত্রি (p. 742) [rātri] বি. সূর্যাস্তের পর থেকে পরবর্তী সূর্যোদয়ের পূর্ব পর্যন্ত অন্ধকারাচ্ছন্ন সময়, নিশা, যামিনী, রজনী। [সং. রা + ত্রি]। ˜ .চর, ˜.ঞ্চর বিণ. রাত্রিতে বিচরণকারী। □ বি. 1 রাক্ষস 2 চোর। স্ত্রী. ˜ .চরী, ˜ .ঞ্চরী। ˜ .জাগরণ বি. রাতে না ঘুমানো। ˜ .পুষ্প বি. নালফুল। ˜ .বাস বি. 1 রাত্রিযাপন, রাত কাটানো 2 রাতে অবস্থান; 3 রাতে যে-পোশাক পরে ঘুমানো হয়। ˜ .বেলা বি. রাত্রি। □ ক্রি-বিণ. রাত্রিতে, নিশাকালে, রাতের বেলা। ˜ .মণি বি. চাঁদ, নিশাকর। ˜ রাত্র্যন্ধ বিণ. রাতকানা।

রাধা (p. 742) [rādhā] বি. বৃষভানু গোপের কন্যা, আয়ান ঘোষের পত্নী ও কৃষ্ণের প্রেমিকা। [সং. রাধ্ + অ + আ]। ˜ .কান্ত, ˜.নাথ, ˜.বল্লভ, ˜.মাধব, ˜.রঞ্জন, ˜.রমণ বি. শ্রীকৃষ্ণ। ˜ .কৃষ্ণ বি. শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ। ˜ .চূড়া বি. হলুদ রঙের ফুলযুক্ত বড়ো গাছবিশেষ। ˜ .পদ্ম বি. সূর্যমুখী ফুল। ˜ ষ্টমী বি. ভাদ্রমাসের শুক্লাষ্টমী; রাধার জন্মতিথি।

রাধা-বল্লভি (p. 742) [rādhā-ballabhi] বি. লুচি ও ডালপুরির মতো খাবারবিশেষ। [রাধা + বল্লভ + ই]।

রাধিকা (p. 742) [rādhikā] বি. শ্রীরাধা। [সং. রাধা + ক + আ]।

রাধে-কৃষ্ণ (p. 742) [rādhē-kṛṣṇa] বি. 1 বৈষ্ণবগণ কর্তৃক 'রাধাকৃষ্ণ' নামোচ্চারণের কথ্য বা বিকৃত রূপ; 2 ঘৃণ্য কথা শ্রবণে পাপের প্রায়শ্চিত্তস্বরূপ রাধা ও কৃষ্ণের পুণ্য নামোচ্চারণ। [সং. রাধা + কৃষ্ণ]।

রাধেয় (p. 742) [rādhēẏa] বি. অধিরথের পত্নী রাধার পালিত বলে কর্ণের নাম। [সং. রাধা + এয়]।

রান (p. 742) [rāna] বি. 1 দৌড় বা দৌড়ের প্রতিযোগিতা (রানে ফার্স্ট হওয়া); 2 ক্রিকেট খেলায় দুই ব্যাটধারীর দৌড়ে একবার স্থানবদলের পয়েন্ট। [ই. run]।

রানা1 (p. 742) [rānā1] বি. 1 রাজপুত (বিশেষত উদয়পুরের) নৃপতির খেতাব; 2 রাজা। [< সং. রাজন্]।

রানা2 (p. 742) [rānā2] বি. পুকুরের বাঁধানো ঘাটের দুই পাশের উঁচু চাতাল। [ফা. রান্]।

রানার (p. 742) [rānāra] বি. 1 ডাকহরকরা; 2 দৌড়বীর। [ইং. runner]।

রানি (p. 742) [rāni] বি. রাজপত্নী, রাজ্ঞী। [সং. রাজ্ঞী]।

রানী (p. 742) [rānī] বি. রানি -র বর্জি. বানানভেদ।

রাণ্ডি2 (p. 742) [rāṇḍi2] বি. বেশ্যা, রাঁড়। [সং. রণ্ডা]।

রান্ধন, রান্ধনি, রান্ধা (p. 742) [rāndhana, rāndhani, rāndhā] যথাক্রমে রাঁধন, রাঁধনি ও রাঁধা -র অপ্র. রূপ।

রান্না (p. 742) [rānnā] বি. 1 রন্ধন, পাক বা পাক করা; 2 যে খাদ্য রাঁধা হয়েছে। [বাং. √ রান্ধ্ + অনা = রান্ধনা > রান্না।˜ .ঘর বি. যে ঘরে রান্না হয়, পাকশালা।˜ .বাড়া,˜ .বান্না বি. রাঁধাবাড়া, রান্না ও তৎসংশ্লিষ্ট অন্যান্য কর্ম।

রাফ (p. 742) [rāpha] বিণ. কেবল খসড়া প্রস্তুত করার জন্য ব্যবহৃত (রাফখাতা)। [ইং. rough]।

রাব (p. 743) [rāba] বি. মাতগুড়, তামাকে ব্যবহৃত চিটাগুড়। [হি. রাব]।

রাবড়ি (p. 743) [rābaḍ়i] বি. চিনিমিশ্রিত দুধ দিয়ে চাপচাপ সরে প্রস্তুত মিষ্টান্নবিশেষ। [হি. রাবড়ী]।

রাবণ (p. 743) [rābaṇa] বি. শ্রীরামচন্দ্র কর্তৃক নিহত লঙ্কাধিপতি দশানন। [সং. √ রু + ই + অন।˜ .মুখো বিণ. উগ্রমূর্তি।˜ .রাবণারি বি. শ্রীরামচন্দ্র। রাবণি বি. রাবণপুত্র ইন্দ্রজিত্। রাবণের চিতা (আল.) অনন্ত যণত্রণা বা নিরবচ্ছিন্ন মর্মদহ।

রাবিশ (p. 743) [rābiśa] বি. 1 আবর্জনা, নোংরা; 2 অট্টালিকার ভাঙা পলেস্তারাদি; 3 (আল.) নিকৃষ্ট বা বাজে জিনিস (যত রাবিশ এনে বাড়িতে বোঝাই করেছে)। ইং. rubbish]।

রাবীন্দ্রিক (p. 743) [rābīndrika] বিণ. রবীন্দ্রনাথ ঠাকুরের রচনারীতি বা রচনাভঙ্গির সঙ্গে মানানসই (রাবীন্দ্রিক স্টাইল)। [বাং. রবীন্দ্র + সং. ইক]।

রাম (p. 743) [rāma] বি. 1 বিষ্ণুর সপ্তম অবতার দশরথপুত্র রামচন্দ্র; 2 বিষ্ণুর ষষ্ঠ অবতার পরশুরাম; 3 বিষ্ণুর অষ্টম অবতার শ্রীকৃষ্ণের অগ্রজ বলরাম। □ বিণ. 1 সুন্দর, রমণীয়; 2 (বাং.) (সমাসে পূর্বপদে) বৃহত্, বিরাট (রামছাগল, রামধাক্কা) 3 (বাং.) (সমাসে উত্তরপদে) সেরা (বোকারাম)। [সং. √ রম্ + অ]। রাম কহ, রাম বল অবজ্ঞা-ঘৃণাদিসূচতক উক্তিবিশেষ। রামঃ, রামো নিন্দাঘৃণা-অবজ্ঞাদিসূচক উক্তিবিশেষ। ˜ .কথা বি. রামচন্দ্রের জীবনবিষয়ক কাহিনি; রামায়ণ। ˜ .কান্ত (ব্যঙ্গে) বি. লাঠি (পিঠে যখন রামকান্ত পড়বে তখন বুঝবে)। ˜ .কেলি বি. সংগীতের প্রাতঃকালীন রাগিণীবিশেষ। ˜ .খড়ি বি. লেখার কাজে ব্যবহৃত খড়িমাটি দিয়ে তৈরি গেরুয়া রঙের পেনসিলবিশেষ, ফুলখড়ি। ˜ .গরুড়ের ছানা (ব্যঙ্গে) বিষণ্ণ ও গম্ভীর মুখবিশিষ্ট কাল্পনিক প্রাণীবিশেষ। ˜ .চন্দ্র বি. দশরথপুত্র রাম। □ অব্য. ঘৃণা-অবজ্ঞাদিসূচক উক্তি। ˜ .ছাগল বি. 1 বৃহদাকার ছাগলবিশেষ; 2 (ব্যঙ্গে) অতি মুর্খ ও নির্বোধ। ˜ দা বি. বৃহত্ কাটারিবিশেষ; যে বড়ো কাটারি দিয়ে প্রধানত বলির পশু কাটা হয়। ˜ .ধনু, ˜ .ধনুক বি. মেঘ থেকে পতিত জলকণাসমূহ সূর্যালোকে উদ্ভাসিত হয়ে আকাশে যে বিচিত্রবর্ণ ধনুকাকৃতি প্রতিবিম্ব রচনা করে, ইন্দ্রধনু। ˜ .ধুন বি. অযোধ্যাপতি রামচন্দ্রের গুণকীর্তন বা গুণাবলি অবলম্বনে গান। ˜ .ধোলাই বি. প্রচুর প্রহার। ˜ .নবমী বি. চৈত্রমাসের শুক্লা নবমী তিথি; রামচন্দ্রের জন্মতিথি। রামনাম জপ করা ক্রি. বি. পুণ্যার্থে বা ভূত ইত্যাদির ভয় থেকে পরিত্রাণের জন্য বারবার রামনাম উচ্চারণ করা। রাম না হতে রামায়ণ কারণের পূর্বেই কার্য ঘটা অর্থাত্ অবাস্তব ও অসম্ভব ব্যাপার। ˜ .পাখি বি. (কৌতু.) মোরগ বা মুরগি। ˜ .ভক্ত বিণ. রামচন্দ্রের প্রতি অনুগত ও অনুরক্ত। ˜ .যাত্রা বি. রামচন্দ্রের জীবনী-বিষয়ক যাত্রাগান। ˜ .রহিম বি. 1 হিন্দু ও মুসলমানদের উপাস্য; 2 (আল.) হিন্দু ও মুসলমান জনগণ। ˜ .রাজত্ব বি. 1 পরিপূর্ণ সুখ ও শান্তির রাজত্ব; 2 (ব্যঙ্গে) অবাধ বা একচেটিয়া অধিকার। ˜ .রাজ্য বি. 1 অযোধ্যাপতি রামের রাজ্য; 2 (আল.) সুশাসিত ও সুখশান্তিপূর্ণ রাজ্য। রাম-

রাম নিন্দা-ঘৃণা-অবজ্ঞাদিসূচক উক্তিবিশেষ।˜ .লীলা বি. 1 রামচন্দ্রের জীবনী ও কার্যকলাপ; 2 রামের জীবনী-বিষয়ক যাত্রাভিনয়, রামযাত্রা।˜ .শালিক বি. বকজাতীয় পাখিবিশেষ।˜ .শিঙা বি. ফুঁ দিয়ে বাজাতে হয় এমন বাদ্যযন্ত্রবিশেষ; বড়ো শিঙা।˜ .শ্যাম, রামা-শ্যামা বি. 1 যে-কোনো লোক, যে-সে; 2 আজেবাজে লোক। রামানুজ বি. 1 রামের অনুজ অর্থাত্‌ ভরত লক্ষণ ও শত্রুঘ্ন; 2 বিশিষ্টাদ্বৈতবাদ প্রচারক প্রাচীন বৈদান্তিকবিশেষ। রামায়ণ বি.বাল্মীকি-রচিত রামচন্দ্রের জীবনবৃত্তান্তমূলক সংস্কৃত মহাকাব্য। রামায়ণ-কার বি. রামায়ণ-রচয়িতা অর্থাত্‌ বাল্মীকি। রামায়ণ গান বি. রামায়ণ অবলম্বনে রচিত পালা বা যাত্রাগান। না রাম না গঙ্গা (আল.) নির্বাক হয়ে থাকা; কোনো মন্তব্য না করা। সে রামও নেই সে অযোধ্যাও নেই (আল.) অতীতের রাম বা তাঁর শান্তিপূর্ণ রাজ্যের মতো মহান শাসকও এখন নেই, দেশে তেমন সুখও নেই।

রাম-প্রসাদি (p. 743) [rāma-prasādi] বি. বিণ. সাধক রামপ্রসাদ সেনের রচিত শ্যামাসংগীত বা তদ্বিষয়ক। [বাং. রামপ্রসাদ + ই]।

রামা719 (p. 743) [rāmā719] বি. 1 সুন্দরী নারী; 2 সংগীতনিপুণা নারী; 3 প্রিয়া। [সং. √ রম্‌ + অ + আ]।

রামা729 (p. 743) [rāmā729] বি. রাম (রামা হো)। [সং. রাম]।

রামানুজ, রামায়ণ, রামাশ্যামা (p. 743) [rāmānuja, rāmāẏaṇa, rāmāśyāmā] দ্র রাম।

রামায়েত, রামাইত (p. 743) [rāmāẏēta, rāmāita] বি. রামানন্দ-প্রবর্তিত সম্প্রদায়বিশেষ। [হি. রামায়ত]।

রায়719 (p. 743) [rāẏa719] বি. আদালতের বা বিচারকের সিদ্ধান্ত ও নির্দেশ, বিচারের ফল। [আ. রায়্]।

রায়729 (p. 743) [rāẏa729] বি. 1 নৃপতি, রাজা 2 জমিদার ও সম্ভ্রান্ত ব্যক্তিদের খেতাববিশেষ। □ বিণ. 1 বৃহত্, বড়ো; 2 দীর্ঘ। [সং. রাজন্]।˜ .জাদা বি. রায়ের ছেলে; রাজকুমার।˜ .বাঘিনি,˜ .বাঘিনী বি. 1 বড়ো বাঘিনি; 2 (আল.) অতি উগ্রা বা তেজস্বিনী নারী।˜ .বার বি. 1 নৃপতির যশোবার্তা 2 রাজার কাছে দূত কর্তৃক নিবেদন।˜ .বাঁশ বি. বাঁশের বড়ো লাঠিবিশেষ।˜ .বেঁশে বি. 1 লাঠিয়াল; 2 রায়বাঁশ নিয়ে নাচ। □ বিণ. রায়বাঁশ সহযোগে কৃত (রায়বেঁশে নাচ)।˜ .বাহাদুর˜.রায়ান,˜.সাহেব বি. (সচ. ধনীব্যক্তি বা জমিদারদের প্রদত্ত) সরকারি খেতাববিশেষ।

রায়ট (p. 743) [rāẏaṭa] বি. দাঙ্গা। [ইং. riot]।

রায়ত (p. 743) [rāẏata] বি. প্রজা।[আ. রঈয়ত্]। রায়তি বিণ. 1 রায়ত সংক্রান্ত (রায়তি আইন); 2 রায়তের প্রাপ্য (রায়তি স্বত্ব) 3 রায়তের অধিকারভুক্ত।

রায়তা (p. 743) [rāẏatā] বি. পটোল লাউ কুমড়ো দই ইত্যাদি সহযোগে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। [হি. রায়তা-তু. সং. রাজ্যক্তা]।

রায়বেঁশে, রায়বাহাদুর, রায়রায়ান, রায়সাহেব (p. 743) [rāẏabēm̐śē, rāẏabāhādura, rāẏarāẏāna, rāẏasāhēba] দ্র রায়729।

রাশ719 (p. 743) [rāśa719] বি. ঘোড়ার বল্গা, লাগাম। [আ.]। রাশ আলগা করা ক্রি. বি. (আল.) শাসন না করা, যথেচ্ছ আচরণ করতে দেওয়া। রাশ টানা ক্রি. বি. 1 লাগাম ধরে টানা; 2 (আল.) সংযত করা।

রাশ2 (p. 743) [rāśa2] বি. 1 স্তূপ, গাদা (রাশ রাশ ময়লা); 2 জন্মরাশি (রাশনাম); 3 প্রকৃতি (রাশভারী)। [সং. রাশি]।˜ .নাম বি. জন্মরাশি অনুযায়ী নাম।˜ .পাতলা বিণ. ছ্যাবলা, চটুল স্বভাববিশিষ্ট।˜ .ভারী বিণ. গম্ভীর।˜ .হালকা বিণ. লঘু স্বভাবের।

রাশি (p. 743) [rāśi] বি. 1 স্তূপ, পুঞ্জ 2 সমূহ (ধান্যরাশি, গুণরাশি); 3 (গণি.) সাংকেতিক সংখ্যা, অঙ্ক; 4 (জ্যোতিষ.) মেষ বৃষ কুম্ভ মীন মিথুন কর্কট সিংহ কন্যা তুলা বৃশ্চিক ধনু মকর-নক্ষত্রপুঞ্জস্বরূপ এই দ্বাদশ চিহ্ন; 5 (আল.) অদৃষ্ট, ভাগ্য (সুখ তার রাশিতে নেই)। [সং. √ অশ্ + ই]।˜ .চক্র বি. (জ্যোতিষ.) জাতকের ভাগ্যবিচারের জন্য ব্যবহৃত দ্বাদশরাশি-চিহ্নিত বৃত্তবিশেষ।˜ .বিজ্ঞান বি. কোনো বিষয়ে সংখ্যামূলক তথ্যের সাহায্যে তত্ত্ব নির্ণয় করার বিজ্ঞানসম্মত শাস্ত্র, statistics. রাশি রাশি বিণ. প্রভূত; অসংখ্য। রাশী-কৃত বিণ. স্তূপীকৃত, গাদা করা।

রাষ্ট্র (p. 743) [rāṣṭra] বি. 1 এক শাসনতন্ত্রের অধীন দেশ, স্বাধীন দেশ; 2 কোনো দেশের অংশ, রাজ্য, প্রদেশ। □ বিণ. (বাং.) (দেশময়) প্রচারিত, ঘোষিত, বিদিত (কথাটা রাষ্ট্র হয়ে গেছে)। [সং. রাজ্ + ষ্ট্র]। রাষ্ট্র করা ক্রি. বি. প্রচারিত

করা। ˜ .দূত বি. রাষ্ট্রের প্রতিনিধি হিসাবে অন্য রাষ্ট্রে প্রেরিত দূত। ˜ .নায়ক বি. রাষ্ট্রের শাসক বা পরিচালক। ˜ .নীতি বি. রাষ্ট্র পরিচালনার বা শাসনের নীতি রাজনীতি। ˜ .নীতিক, (বাং. প্রয়োগ) ˜ .নৈতিক বিণ. রাজনীতিমূলক রাজনীতিবিষয়ক। ˜ .পতি বি. 1 রাষ্ট্রের অধিপতি, নৃপতি; 2 ভারতীয় সাধারণতন্ত্রের নির্বাচিত পরিচালক, President. ˜ .প্রধান বি. রাষ্ট্রের শাসক বা অধিপতি; সংবিধান-অনুযায়ী কোনো রাষ্ট্রের প্রধান। ˜ .বিজ্ঞান বি. রাষ্ট্রের উৎপত্তি, বিকাশ ও পরিচালন-বিষয়ক বিদ্যা, political science. ˜ .বিপ্লব বি. 1 রাষ্ট্রের শাসনতন্ত্রের সর্বাত্মক পরিবর্তন (ফরাসি বিপ্লব); 2 রাষ্ট্রের আভ্যন্তরীণ যুদ্ধবিগ্রহাদি, গৃহযুদ্ধ। ˜ .ভাষা বি. রাষ্ট্রের সরকারি ভাষা। ˜ .মন্ত্রী বি. কোনো সরকারের মন্ত্রিসভার পূর্ণমন্ত্রী অপেক্ষা কম মর্যাদা ও ক্ষমতাসম্পন্ন মন্ত্রী। ˜ .সংঘ, ˜ .সঙ্ঘ বি. বিশ্বশান্তি প্রতিষ্ঠা ও অক্ষুণ্ণ রাখার জন্য গঠিত স্বাধীন রাষ্ট্রসমূহের সংস্থাবিশেষ, UNO. রাষ্ট্রিক, রাষ্ট্রীয় বিণ. 1 রাষ্ট্রসম্বন্ধীয় (রাষ্ট্রিক প্রয়োজন, রাষ্ট্রীয় মর্যাদা); 2 রাষ্ট্রের দ্বারা পরিচালিত (রাষ্ট্রীয় বিদ্যালয়)।

রাস2 (p. 743) [rāsa2] বি. কার্তিকী পূর্ণিমায় গোপনারীদের সঙ্গে শ্রীকৃষ্ণের নৃত্যোৎসব। [সং. √ রস্ + অ]। ˜ .পূর্ণিমা বি. কার্তিকী পূর্ণিমা। ˜ .বিহারী (-রিন্) বি. শ্রীকৃষ্ণ। ˜ .মণ্ডপ, ˜ .মণ্ডল বি. রাধাকৃষ্ণের রাসনৃত্যের স্থান বা তদনুকরণে নির্মিত মণ্ডপ। ˜ .যাত্রা, ˜ .লীলা বি. রাস, রাস উৎসব।

রাস-কেল, রাস্কেল (p. 743) [rāsa-kēla, rāskēla] বি. পাজি, বদমাশ। [ইং. rascal]।

রাসন (p. 743) [rāsana] বি. রসনা বা আস্বাদ-সম্বন্ধীয়, gustatory (বি. প.)। [সং. রসনা + অ]।

রাসপূর্ণিমা, রাসবিহারী (p. 743) [rāsapūrṇimā, rāsabihārī] দ্র রাস2।

রাসভ (p. 743) [rāsabha] বি. গদর্ভ, গাধা। [সং. √ রাস্ + অভ]। স্ত্রী. রাসভী।˜ .নিন্দিত (ব্যঙ্গে) বিণ. (সচ. কণ্ঠস্বর সম্বন্ধে) গাধাকেও হার মানায় এমন অতিশয় শ্রুতিকটু।

রাসযাত্রা, রাসলীলা (p. 743) [rāsayātrā, rāsalīlā] দ্র রাস2।

রাসায়নিক (p. 743) [rāsāẏanika] বিণ. 1 রসায়নসম্বন্ধীয়; 2 রসায়নঘটিত। □ বিণ. বি. রসায়নশাস্ত্রবিদ। [সং. রসায়ন + ইক]।

রাসেশ্বর (p. 743) [rāsēśbara] বি. শ্রীকৃষ্ণ। [সং. রাস2 + ঈশ্বর]। রাসেশ্বরী বি. (স্ত্রী.) রাসপ্রিয়া ঈশ্বরী, শ্রীরাধা।

রাসোত্-সব (p. 743) [rāsōt-saba] বি. রাসপূর্ণিমায় শ্রীকৃষ্ণের নৃত্যোৎসব। [সং. রাস2 + উৎসব]।

রাস্তা (p. 743) [rāstā] বি. পথ। [ফা. রাস্তা-তু. সং. রথ্যা]।˜ .ঘাট বি. বড়ো ও ছোটো বিবিধ রাস্তা। রাস্তা দেখা ক্রি. বি. (আল.) অন্যত্র চেষ্টা করা অন্যত্র যাওয়া (এখানে কোনো আশা নেই, এখন রাস্তা দেখতে হবে)।

রাস্না (p. 743) [rāsnā] বি. পরগাছাজাতীয় লতাবিশেষ; অর্কিডবিশেষ। [সং. √ রস্ + ন + আ]।

রাহা (p. 743) [rāhā] বি. 1 পথ (রাহাজানি, রাহাখরচ); 2 উপায় (সুরাহা)। [ফা. রাহ্]। ̃ .খরচ বি. পথখরচ, পাথেয়। ̃ .জান বি. যে-ব্যক্তি রাজপথে ডাকাতি করে। ̃ .জানি বি. রাহাজানের বৃত্তি, পথে ডাকাতি।

রাহি1 (p. 743) [rāhi1] বি. পথচারী। [ফা. রাহী]।

রাহি2 (p. 743) [rāhi2] বি. (প্রা. বাং.) শ্রীরাধিকা। [সং. রাধিকা]।

রাহিত্য (p. 743) [rāhitya] বি. অভাব, বিহীনতা (গুণরাহিত্য)। [সং. রহিত + য]।

রাহু (p. 743) [rāhu] বি. (জ্যোতিষ.) 1 অষ্টম গ্রহ, গ্রহণকালে যা সূর্য বা চন্দ্রকে গ্রাস করে (আধুনিক বিজ্ঞানে এটি গ্রহ বলে গণ্য নয়); 2 পৌরাণিক অসুরবিশেষের ছিন্ন মুণ্ড; 3 (আল.) শত্রু, সর্বনাশকারী বা ক্ষতিকারক ব্যক্তি (তুমিই আমার জীবনের রাহু)। [সং. √ রহ্ + উ]। ̃ .গ্রস্ত বিণ. 1 রাহু কর্তৃক গ্রসিত; 2 (আল.) দুর্ভাগ্যগ্রস্ত; 3 অসত্ বা সর্বনাশা ব্যক্তির পাল্লায় পড়েছে এমন। রাহুর দশা (জ্যোতিষ.) অতি কষ্টকর ও সংকটময় অবস্থা।

রি, রে (p. 743) [ri, rē] বি. (সংগীতে) স্বরগ্রামের ঋষভের সংকেত, ঋ।

রিং (p. 743) [ri] বি. 1 চাবি রাখার কড়া বা আংটাবিশেষ; 1 আংটা; 3 আংটি; 4 ঘণ্টাধ্বনি; 5 টেলিফোনের আহ্বান; 6 কুস্তি; মুষ্টিযুদ্ধ প্রভৃতি প্রতিযোগিতার ঘেরা জায়গা। [ইং. ring।

রিক্থ (p. 743) [riktha] বি. 1 ধন, স্থাবর ও অস্থাবর সম্পত্তি; 2 উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ধনসম্পত্তি। [সং. √ রিচ্ + থ]।˜ .গ্রাহী (-হিন্),˜ .ভাক বিণ. বি. উত্তরাধিকারী অংশীদার।

রিকশ, রিকশা (p. 743) [rikaśa, rikaśā] বি. মানুষে-টানা যাত্রীবাহী সচ. তিনচাকার যানবিশেষ। [ইং. rickshaw < জাপ. জিন্রিকিশা]।˜ .ওয়ালা বি. রিকশা-চালক।

রিক্ত (p. 743) [rikta] বিণ. 1 শূন্য, খালি (রিক্তহাতে, রিক্তহৃদয়); 2 নিঃসম্বল, নিঃস্ব ('রিক্ত যারা সর্বহারা': রবীন্দ্র)। [সং.˜ রিচ্ + ত]। বি.˜ তা। রিক্তা বিণ. রিক্ত -র স্ত্রীলিঙ্গে। □ বি. (জ্যোতিষ.) চতুর্থী নবমী ও চতুর্দশী তিথি।

রিজার্ভ (p. 743) [rijārbha] বি. জায়গা গাড়ি ইত্যাদি আগে থেকেই সংরক্ষিত করা। [ইং reserve]।

রিঙ্গণ (p. 743) [riṅgaṇa] বি. 2 হামাগুড়ি, হামাগুড়ি দেওয়া; 2 বুকে হেটে চলা। [সং. √ রিঙ্গ্ + অন]। রিঙ্গিত বিণ. হামাগুড়ি দিয়েছে এমন; বুকে হাঁটছে এমন।

রিটায়ার (p. 743) [riṭāẏāra] ক্রি. (চাকুরি থেকে) অবসর নেওয়া। [ইং. retire।

রিটার্নিং অফিসার (p. 743) [riṭārni ṃaphisāra] বি. নির্বাচনে নির্দিষ্ট এলাকার আধিকারিকবিশেষ। [ইং. returning officer]।

রিডাক-শন (p. 743) [riḍāka-śana] বি. 1 হ্রাস; 2 মূল্যছাড় (রিডাকশনে জুতো কিনেছে)। [ইং. reduction]।

রিডার (p. 743) [riḍāra] বি. 1 পাঠক, যে পড়ে 2 কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের পদবিশেষ। [ইং. reader]।

রিন-ঝিন, রিনি-ঝিনি, রিনিক-ঝিনিক (p. 743) [rina-jhina, rini-jhini, rinika-jhinika] বি. নূপুরের বা সেতারাদি তারযন্ত্র ইত্যাদির ঝংকার। [ধ্বন্যা.]।

রিন-রিন (p. 743) [rina-rina] বি. সরু ও কোমলতার ভাবপ্রকাশক। [ধ্বন্যা.]। রিন-রিনে বিণ. সরু ও কোমল (রিনরিনে গলা)।

রিপিট (p. 743) [ripiṭa] বি. ধাতুর পাত জুড়বার কাজে ব্যবহৃত পেরেকবিশেষ। [ইং. rivet]।

রিপু2 (p. 743) [ripu2] বি. 1 শত্রু; 2 কাম ক্রোধ লোভ মদ মোহ ও মাৎসর্য-মানুষের শরীরস্থ এই ছয় শত্রু। [সং. √ রপ্ + উ]।

রিপোর্ট (p. 743) [ripōrṭa] বি. 1 বিবরণ (খবরের কাগজের রিপোর্ট, কাজের রিপোর্ট); 2 অনুসন্ধান গবেষণা পরীক্ষা প্রভৃতির ফল সম্বন্ধে লিখিত বিবরণ

(রক্তপরীক্ষার রিপোর্ট, পুলিশের রিপোর্ট); 3 নালিশ, অভিযোগ (উপরওয়ালার কাছে রিপোর্ট করা)। [ইং. report]।

রিফিউজি (p. 743) [riphiuji] বি. উদ্বাস্তু। [ইং. refugee]।

রিফু (p. 743) [riphu] বি. ছুঁচ-সুতো দিয়ে বুনে জামাকাপড়ের জীর্ণসংস্কার। [আ. রফু]।

রিবেট (p. 743) [ribēṭa] বি. মূল্যে ছাড়। [ইং. rebate]।

রিভল-ভার (p. 743) [ribhala-bhāra] বি. এক হাতের মুষ্টির সাহায্যে চালানো যায় এমন ক্ষুদ্র বন্দুকবিশেষ। [ইং. revolver]।

রিম (p. 743) [rima] বি. কাগজের পরিমাণবিশেষ (2 দিস্তা = 1 রিম)। [ইং. ream]।

রিম-ঝিম (p. 743) [rima-jhima] বি. 1 বৃষ্টির শব্দ; 2 নূপুরের শব্দ। [ধ্বন্যা].। রিমি-ঝিমি ক্রি-বিণ. রিমঝিম করে (রিমিঝিমি বৃষ্টি হচ্ছে, রিমিঝিমি নূপুর বাজে)।

রিমিকি-ঝিমিকি (p. 743) [rimiki-jhimiki] বি. 1 বৃষ্টির শব্দ, ঝমঝম; 2 নূপুরের শব্দ। □ ক্রি-বিণ. ঝমঝম শব্দে ('রিমিকিঝিমিকি ঝরে বাদলের ধারা': রবীন্দ্র)। [ধ্বন্যা.]।

রিমেক (p. 743) [rimēka] বি. পুরোনো গান ইত্যাদির নতুন সংস্করণ বা রূপায়ণ। [ইং. remake, remaking]।

রিরংসা (p. 743) [riraṃsā] বি. রমণের বা সংগমের ইচ্ছা, কাম। [সং. √ রম্ + সন্ + অ + আ]। রিরংসু বিণ. রমণে ইচ্ছুক।

রি-রি (p. 743) [ri-ri] বি. ঘৃণা ক্রোধ প্রভৃতির অনুভূতিসূচক শব্দ (রাগে গা রি-রি করা)। [ধ্বন্যা.]।

রিল (p. 743) [rila] বি. 1 সেলাইয়ের সুতো জড়ানোর জন্য কাঠের নলি; 2 ছিপের সুতো গুটানোর জন্য চাকা। [ই. reel]।

রিলে (p. 743) [rilē] বি. 1 দলবদ্ধ দৌড় প্রতিযোগিতাবিশেষ; 2 বেতারে খেলা সংবাদ ইত্যাদি প্রচার। [ইং. relay]।

রিষ, (p. 743) [riṣa,] (বিরল) রেষ বি. আক্রোশ, দ্বেষ। [সং. √ রিষ্ + অ]। রেষা-রেষি, রিষা-রিষি বি. পরস্পর বিদ্বেষ; বিদ্বেষপূর্ণ প্রতিদ্বন্দ্বিতা।

রিষ্টি, রিষ্ট (p. 743) [riṣṭi, riṣṭa] বি. 1 পাপ ('রিষ্টিনাশা হোমের টিপে': স. দ.); 2 অমঙ্গল; 3 গ্রহদোষ; 4 কল্যাণ। [সং. √ রিষ্ + তি, ত]।

রিসালা (p. 743) [risālā] বি. অশ্বারোহী সৈন্যদল। [আ. রিসালহ্]।˜ .দার,˜ রিসাল-দার বি. অশ্বারোহী সৈন্যদলের অধিনায়ক।

রিস্ট-ওয়াচ (p. 743) [risṭa-ōẏāca] বি. হাতঘড়ি, যে ঘড়ি মণিবন্ধে বেঁধে রাখা যায়। [ইং. wristwatch]।

রিস্ট-লেট (p. 743) [risṭa-lēṭa] বি. হাতের অলংকারবিশেষ। [ইং. wristlet]।

রিহার্সাল (p. 743) [rihārsāla] বি. অভিনয়াদির মহড়া, তালিম। [ইং. rehearsal]।

রীত (p. 743) [rīta] বি. (আঞ্চ.) রীতি; ধরন, পদ্ধতি ('তোমার ছুটি কে যে যোগায় জানিনে তার রীত': রবীন্দ্র)। [সং. রীতি]।

রীতি (p. 743) [rīti] বি. 1 প্রণালী, পদ্ধতি (চিকিৎসার রীতি); 2 প্রথা, ধারা, দস্তুর (সমাজের রীতি); 3 প্রকৃতি, স্বভাব, আচরণ (এ তোমার কেমন রীতি?); 4 রচনাপ্রণালী (গদ্যরীতি); 5 গতিক, ধরন। [সং. √ রী + তি]।˜ .নীতি বি. 1 আচার-ব্যবহার; 2 প্রথা; 3 মতবাদ।˜ .বিরুদ্ধ বিণ. প্রথার সঙ্গে বিরোধ বা অমিল আছে এমন, প্রথাবিরুদ্ধ।˜ .মতো ক্রি-বিণ. যথারীতি, রীতি অনুসারে (রীতিমতো খেয়েছে)। □ বিণ-বিণ. ভালোরকম, অতিশয় (রীতিমতো ক্লান্ত, রীতিমতো অভদ্র, রীতিমতো পাগল)।˜ .সম্মত বিণ. রীতি অনুযায়ী, রীতি বা প্রথার সঙ্গে সংগতি আছে এমন।˜ .সিদ্ধ বিণ. প্রথার সঙ্গে সংগতি আছে এমন।

রুই (p. 743) [rui] বি. আঁশযুক্ত বড়ো মাছবিশেষ, রোহিত। [সং. রোহিত]।˜ .কাতলা বি. 1 রুইকাতলা-জাতীয় বড়ো মাছ; 2 (গৌণ অর্থে) বিত্তবান ও প্রতিপত্তিশালী লোক (পুলিশ রুইকাতলাদের গায়ে হাত দিতে সাহস করে না)।

রুই-তন (p. 743) [rui-tana] বি. খেলার তাসের রংবিশেষ। [ওল. ruiten]।

রুই-দাস (p. 743) [rui-dāsa] বি. 1 চামার, চর্মকার, মুচি; 2 চামারজাতির আদিপুরুষরূপে পরিগণিত মহাপুরুষ। [হি. রয়দাস]।

রুক্মিণী (p. 743) [rukmiṇī] বি. দ্বারকাধিপতি শ্রীকৃষ্ণের মহিষী। [সং. √ রুক্ম্ + ইন্ + ঈ]।

রুক্ষ (p. 743) [rukṣa] বিণ. 1 কর্কশ, খসখসে, অ-মসৃণ (রুক্ষ চর্ম); 2 তেলবর্জিত, অচিক্কণ (রুক্ষ কেশ); 3 কঠোর, শ্রুতিকটু (রুক্ষ ভাষা); 4 স্নেহবর্জিত, নিষ্ঠুর (রুক্ষ ব্যবহার); 5 ক্রুদ্ধ, উগ্র (রুক্ষ মেজাজ); 6 শক্ত, কঠিন (রুক্ষ মাটি); 7 অসমতল, এবড়ো-খেবড়ো (রুক্ষ পথ)। [সং. রুহ্ + স]। বি. তা।˜ .ভাষী (-র্ষিন্) বিণ. কর্কশ ভাষা ব্যবহারকারী, কর্কশ ভাষায় কথা বলে এমন।˜ .মূর্তি বিণ. ক্রব্দ্ধ চেহারাযুক্ত ('ঘরের কর্ত্রী রুক্ষমূর্তি': রবীন্দ্র)।

রুখা1 রোখা (p. 743) [rukhā1 rōkhā] ক্রি. বি. 1 ক্রুদ্ধ বা আক্রমণোদ্যত হওয়া (রুখে ওঠা, রুখে দাঁড়ানো); 2 গতিরোধ করা, থামানো, আটকানো (গাড়ি রোখা); 3 বাধা দেওয়া, ঠেকানো (শত্রুকে রোখা)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ রুষ্ + বাং. আ। রাস্তা রোখা ক্রি. বি. পথ বন্ধ বা অবোরোধ করা।

রুখা2, রুখো (p. 743) [rukhā2, rukhō] বিণ. 1 শুষ্ক, ব্যঞ্জনাদিবর্জিত (রুখা ভাত); 2 তেলহীন (রুখা মাথা); 3 খোরাক দিতে হয় না এমন (রুখা মাইনের চাকর)। [সং. রুক্ষ]।

রুগ্ণ (p. 743) [rugṇa] বিণ. 1 পীড়িত 2 রোগহেতু কাহিল (রুগ্ণ স্বাস্থ্য, রুগ্ণ চেহারা); 3 যাকে টিকিয়ে রাখা যায় না, কাজ চালাতে অক্ষম (রুগ্ণ শিল্প)। [সং. √ রুজ্ + ত]। স্ত্রী. রুগ্ণা। বি.˜ তা।

রুচা, রোচা (p. 743) [rucā, rōcā] ক্রি. বি. রুচিকর হওয়া, ভালো লাগা (এ-খাবার তোমার রুচবে না, আমারও রোচে না)। [সং. √ রচ্ + বাং. আ]।

রুচি (p. 743) [ruci] বি. 1 শোভা, দীপ্তি (তনুরুচি, দন্তরুচি); 2 পছন্দ (কুরুচি) 3 মার্জিত বুদ্ধি বা প্রবৃত্তি (বেশভূষায় রুচির পরিচয়); 4 স্পৃহা, ইচ্ছা (আহারে রুচি নেই); 5 অনুরাগ, আকর্ষণ। [সং. √ রুচ্ + ই।˜ .কর বিণ. 1 স্পৃহাজনক; 2 পানাহারে প্রবৃত্তিদায়ক; 3 প্রীতিকর (রুচিকর সঙ্গ)।˜ .বিকার বি. 1 রুচিহীনতা; 2 কুরুচি।˜ .ভেদ বি. রুচি বা পছন্দের তফাত।˜ .মান বিণ. মার্জিত, ভদ্র সুরুচিসম্পন্ন।˜ .শীল বিণ. সুরুচিসম্পন্ন; মার্জিত।˜ .শীলতা বি. মার্জিত রুচি; মার্জিত মনস্কতা।

রুচির (p. 743) [rucira] বিণ. 1 শোভন, সুন্দর, মনোরম, 2 উজ্জ্বল। [সং. √ রুচ্ + ইর]। রুচিরা বিণ. রুচির -এর স্ত্রীলিঙ্গে। □ বি. সংস্কৃত ছন্দবিশেষ।

রুচ্য (p. 743) [rucya] বিণ. 1 রুচিকর; 2 ক্ষুধাজনক। [সং. রুচি + য]।

রুজ (p. 743) [ruja] বি. ওষ্ঠাধর গণ্ডদেশ প্রভৃতি রঞ্জিত করার অঙ্গরাগ বা প্রসাধনবিশেষ। [ইং. rouge]।

রুজি (p. 743) [ruji] বি. 1 জীবিকা; দৈনিক উপার্জন; 2 উদরান্ন। [হি. রোজী]।˜ .রোজগার বি. উপার্জন; জীবিকার্জন।

রুজু1 (p. 743) [ruju1] বিণ. দায়ের, দাখিল, উপস্থাপিত (মামলা রুজু করা)। [আ.]।

রুজু2 (p. 743) [ruju2] বিণ. 1 খাড়া, সোজা (রুজু হয়ে দাঁড়ানো); 2 সম্মুখবর্তী; 3 সমান, অনুযায়ী। [সং. ঋজু]। রুজু দেওয়া ক্রি. বি. হিসাবের কোনো দফাকে মূলের অনুযায়ী করা। রুজু-রুজু বিণ. পরস্পরের সম্মুখবর্তী, মুখোমুখি।

রুটি (p. 743) [ruṭi] বি. 1 আটা ময়দা ইত্যাদির পিণ্ড থেকে তৈরি পাতলা চাকতি যা আগুনে সেঁকে নিয়ে খেতে হয়, চাপাটি; 2 (আল.) জীবিকা (রুটি মারা)। [সং. রোটিকা > হি. রোটী]। রুটি গড়া ক্রি. বি. রুটি তৈরী করা। রুটি বেলা ক্রি. বি. চাকি-বেলনা দিয়ে রুটির পিণ্ডকে পাতলা করা। রুটি মারা (আল.) ক্রি. বি. জীবিকার্জনের পথ বন্ধ করা।

রুটিন (p. 743) [ruṭina] বি. 1 (প্রধানত দৈনন্দিন) করণীয় কাজের নির্দিষ্ট পরম্পরা; 2 স্কুলকলেজের প্রাত্যহিক পড়াশোনার নির্ঘন্ট। [ইং. routine।˜ .বাঁধা বিণ. রুটিন মেনে চলে বা চলতে হয় এমন।

রুঠো (p. 743) [ruṭhō] বিণ. (আঞ্চ.) রুক্ষ, নীরস (রুঠোজমি)। [সং. রূঢ়]।

রুদিত (p. 743) [rudita] বিণ. 1 কেঁদেছে এমন; 2 কাঁদছে এমন, ক্রন্দনরত। □ বি. ক্রন্দন, রোদন। [সং. √ রুদ্ + ত]। স্ত্রী. রুদিতা।

রুদ্ধ (p. 743) [ruddha] বিণ. 1 বন্ধ (রুদ্ধদ্বার, রুদ্ধ বাতাস); 2 অবরুদ্ধ, আটক (কারারুদ্ধ); 3 চাপা (রুদ্ধ কণ্ঠে); 4 প্রতিহত, বাধাপ্রাপ্ত (রুদ্ধ ক্রন্দন, রুদ্ধ বাতাস, রুদ্ধ স্রোত)। [সং. √ রুধ্ + ত]।˜ .কক্ষ বি. যে-ঘরের দরজা বন্ধ। □ বিণ. দরজা বন্ধ রেখে কৃত (রুদ্ধকক্ষ বৈঠক)।˜ .গতি বিণ. গতি বাধা পেয়েছে এমন।˜ .দ্বার বিণ. দরজা বন্ধ রয়েছে এমন (রুদ্ধদ্বার বৈঠক)।˜ .শ্বাস বিণ. 1 শ্বাসবায়ু বন্ধ হয়েছে এমন 2 বিস্ময়াদির আধিক্যহেতু শ্বাস ফেলতে অক্ষম।˜ শ্বাসে ক্রি-বিণ. শ্বাস রুদ্ধ হয় এমন বেগে (রুদ্ধশ্বাসে দৌড়ানো)। তু. ঊর্ধ্বশ্বাসে।

রুদ্র (p. 743) [rudra] বি. 1 শিব; 2 কুপিত বা ক্রুদ্ধ অবস্থায় শিবের প্রলয়মূর্তি। □ বিণ. 1 উগ্র, ভীষণ (রুদ্র রূপ); 2 সংহারক (রুদ্র রোষ)। [সং. রোদি + র, বিকল্পে √ রুদ্ + র]।˜ .জটা বি. 1 শিবের জটা; 2 লতাবিশেষ।˜ .তাল বি. সংগীতের তালবিশেষ; তাণ্ডবনৃত্যের তাল।˜ .বীণা বি. বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ ('হে রুদ্রবীণা বাজো বাজো বাজো': রবীন্দ্র)।˜ .মূর্তি বিণ. ক্রুদ্ধ চেহারাযুক্ত; ভীষণাকৃতি। রুদ্রাক্ষ বি. শুষ্ক ফলবিশেষ, যা দিয়ে জপমালা প্রস্তুত হয়। রুদ্রাক্ষ-মালা বি. রুদ্রাক্ষ দিয়ে তৈরি জপমালা। রুদ্রাণী বি. (স্ত্রী.) শিবের পত্নী ভবানী।

রুধা, রোধা (p. 743) [rudhā, rōdhā] ক্রি. বি. বাধা দেওয়া ('তখন জোয়ার রুধবে কে?': অ. রা); আটকানো, প্রতিহত করা ('কার সাধ্য রোধে তার গতি'?: মধু.)। [সং. √ রুধ্ + বাং. আ]।

রুধির (p. 743) [rudhira] বি. রক্ত, শোণিত। [সং. √ রুধ্ + ইর]।˜ .রঞ্জিত, রুধিরাক্ত বিণ. রক্ত-মাখা, রক্তাক্ত (রুধিরাক্ত শরীরে)।

রুনু-ঝুনু, রুনু-রুনু (p. 743) [runu-jhunu, runu-runu] বি. নূপুর মঞ্জীর ঘুঙুর প্রভৃতির আওয়াজ ('রুনুঝুনু রবে বাজে আভরণ', 'রুনুরুনু নূপুরধ্বনি': রবীন্দ্র)। [ধ্বন্যা.]।

রুপিয়া (p. 743) [rupiẏā] বি. (কৌতু.) টাকা (ফুর্তি যে করবে, তা রুপিয়া কোথা থেকে আসবে?)। [হি. < ফা. রূপৈয়া]।

রুবাই-য়াত (p. 747) [rubāi-ẏāta] বি. আরবি বা ফারসি ভাষায় রচিত চতুষ্পদী কবিতা বা কবিতাসমূহ। [আ. রুবাঈআত্]।

রুবি (p. 747) [rubi] বি. মূল্যবান পাথরবিশেষ, রত্নবিশেষ, চুনি। [ইং. ruby]।

রুম-ঝুম (p. 747) [ruma-jhuma] বি. পায়ের মল বা নূপুরের আওয়াজ। [ধ্বন্যা.]।

রুমাল (p. 747) [rumāla] বি. হাত-মুখ মোছার জন্য ছোটো চৌকো কাপড়ের টুকরো। [ফা. রুমল্]।

রুমি-মস্তকি (p. 747) [rumi-mastaki] বি. বার্নিশের উপকরণবিশেষ। [ফা.]।

রুয়া, রোয়া (p. 747) [ruẏā, rōẏā] ক্রি. বি. রোপণ করা (ধান রোয়া, কত ধান রুয়েছ?)। □ বিণ. উক্ত অর্থে (রোয়া ধান)। [সং. √ রুহ্ + ণিচ্ + বাং. আ।]˜ নো ক্রি. বি. রোপণ করানো। □ বিণ. উক্ত অর্থে।

রুরু (p. 747) [ruru] বি. কৃষ্ণসার, মৃগবিশেষ। [সং. √ রু + রু]।

রুল1 (p. 747) [rula1] বি. 1 লাইন, রেখা (রুল টানা); 2 (মুদ্রণে) পঙ্ক্তিসমূহের মধ্যে ব্যবধান রাখার জন্য ব্যবহৃত সীসার পাতলা পাত; 3 আইন; 4 নজির; 5 নির্দেশ; 6 (বাং.) পেনসিল। [ইং. rule]।

রুল2 (p. 747) [rula2] বি. সরলরেখা টানবার কাজে বা প্রহারের জন্য ব্যবহৃত কাঠের দণ্ডবিশেষ। [ইং. ruler]।

রুলি (p. 747) [ruli] বি. বালাজাতীয় হাতের গহনাবিশেষ। [হি. রোলি]।

রুশ (p. 747) [ruśa] বি. রাশিয়ার অধিবাসী বা ভাষা। □ বিণ. রুশ জাতি বা রুশদেশসম্বন্ধীয়। [ইং. Russ]।

রুষা (p. 747) [ruṣā] ক্রি. (কাব্যে) ক্রুদ্ধ হওয়া ('রুষিয়া উঠিল', 'রুষিয়া কহিনু 'যাও'': রবীন্দ্র)। [সং. √ রুষ্ + বাং. আ]।

রুষিত, রুষ্ট (p. 747) [ruṣita, ruṣṭa] বিণ. ক্রুদ্ধ, কুপিত, রাগান্বিত। [সং. √ রুষ্ + ত। স্ত্রী. রুষিতা, রুষ্টা।

রুসুম (p. 747) [rusuma] বি. 1 আচার-আচরণ; 2 প্রথা; 3 কায়দা-কানুন; 4 শুল্ক বা মাশুল। [আ.]।

-রুহ (p. 747) [-ruha] (সমাসে উত্তরপদে) বিণ. জাত (মহীরুহ, তনুরুহ, সরোরুহ)। [সং. রুহ্ + অ]।

রূঢ় (p. 747) [rūḍh়] বিণ. 1 উৎপন্ন, জাত; 2 বিখ্যাত; 3 ব্যুৎপত্তিবহির্ভূত প্রসিদ্ধ অর্থপ্রকাশক (রূঢ় শব্দ); 4 (বাং.) কর্কশ, রুক্ষ (রূঢ় বাক্য); 5 কঠোর, অপ্রিয় (রূঢ় সত্য)। [সং. √ রুহ্ + ত]। ̃ তা বি. (বাং.) কর্কশতা, কঠোরতা (দুঃখদৈন্যের রূঢ়তা); রুক্ষতা। ̃ .পদার্থ বি. (বিজ্ঞা.) অমিশ্র মূলপদার্থ। ̃ .মূল বিণ. বদ্ধমূল।

রূঢ়ি (p. 747) [rūḍh়i] বি. 1 উৎপত্তি; 2 প্রসিদ্ধি; 3 ব্যুৎপত্তিবহির্ভূত অর্থপ্রকাশের শক্তি; 4 লোকপ্রসিদ্ধি। [সং. √ রুহ্ + তি]। ̃ .শব্দ বি. ব্যাকরণবহির্ভূত কিন্তু লোকপ্রসিদ্ধ শব্দ।

রূপ (p. 747) [rūpa] বি. 1 মূর্তি, শরীর ('অরূপের রূপ দিক': রবীন্দ্র); 2 আকৃতি, চেহারা (নবরূপে অবতীর্ণ); 3 সৌন্দর্য, শ্রী, শোভা (রূপের জৌলুশ); 4 প্রকার, রকম, ধরন (এরূপ (ঘটনা, কীরূপ); 5 বর্ণ, রং ('কাল রূপ ছাড়া আন রূপ দেখব না'); 6 (ব্যাক.) শব্দমূলের বা ধাতুমূলের সঙ্গে বিভক্তিযোগ (শব্দরূপ, ধাতুরূপ); 7 (দর্শনে) দৃষ্টিসাধ্য বা প্রত্যক্ষ বিষয়। □ বিণ. তুল্য; অভিন্ন (স্নেহরূপ বন্ধন)। [সং. √ রূপ্ + অ]। ̃ .কার বি. 1 রূপদাতা; 2 শিল্পী; 3 যে-ব্যক্তি (প্রধানত অভিনেতাদের) পোশাক পরায়, সজ্জাকার। ̃ .চর্চা বি. সৌন্দর্য অক্ষুণ্ণ রাখার বা বাড়াবার জন্য দেহচর্চা বা প্রসাধনচর্চা। ̃ জ বিণ. রূপজনিত। ̃ .দক্ষ বিণ. 1

রূপধারণে দক্ষ; 2 রূপদানে বা রূপায়িত করতে দক্ষ শিল্পী, artist.˜ .ধারণ বি. 1 মূর্তিপরিগ্রহ; 2 (প্রধানত অভিনয়ের বা ছদ্মবেশের) পোশাক পরিধান।˜ .ধারী (-রিন্) বিণ. রূপধারণ করছে এমন।˜ .বান (-বত্), (বাং.)˜ .বন্ত বিণ. সুন্দর, রূপ আছে এমন। স্ত্রী.˜ .বতী।˜ .ভেদ বি. ভিন্ন প্রকার অন্য রূপ বা রকম।˜ .মাধুরী বি. সৌন্দর্যের কমনীয়তা।˜ .মোহ বি. সৌন্দর্যের প্রতি অন্ধ আকর্ষণ; রূপবিহ্বলতা।˜ .সজ্জা বি. 1 সাজগোজ; 2 অভিনয়াদির জন্য সাজসজ্জা। রূপের ডালি প্রচুর সৌন্দর্যের আধার; অত্যন্ত রূপবান বা রূপবতী। রূপের ধুচুনি (ব্যঙ্গে) অত্যন্ত কুরূপ।

রূপক (p. 747) [rūpaka] বি. 1 উপমান ও উপমেয়ের অভেদ কল্পনামূলক অর্থালংকারবিশেষ; 2 যে দৃশ্যকাব্যে বা বর্ণনায় একজনের উপর অন্য কারও রূপের বা প্রকৃতির আরোপ হয়; 3 নাটক; 4 (বিরল) রৌপ্যমুদ্রা। [সং. √ রূপ + ণিচ্ + অক]।

রূপ-কথা (p. 747) [rūpa-kathā] বি. 1 ছেলে-ভুলানো অবাস্তব কল্পনামূলক কাহিনি; 2 অবাস্তব কাল্পনিক কাহিনি। [সং. উপকথা]।

রূপ-কল্প (p. 747) [rūpa-kalpa] বি. চিত্রকল্প; মনে-মনে কল্পিত ছবি; ভাবচ্ছবি। [সং. রূপ + কল্প]।

রূপচর্চা (p. 747) [rūpacarcā] দ্র রূপ।

রূপ-চাঁদ (p. 747) [rūpa-cām̐da] বি. (ব্যঙ্গে) রৌপ্যমুদ্রা, টাকা। [সং. রূপ < রূপ্য + বাং. চাঁদ্]।

রূপ-টান (p. 747) [rūpa-ṭāna] বি. প্রসাধনের প্রলেপবিশেষ। [দেশি]।

রূপণ (p. 747) [rūpaṇa] বি. 1 বর্ণন; 2 নিরূপণ; 3 অভিনয়। [সং. > রূপ্ + ণিচ্ + অন]।

রূপদক্ষ (p. 747) [rūpadakṣa] দ্র রূপ।

রূপ-দস্তা (p. 747) [rūpa-dastā] বি. সীসা ও রাঙের মিশ্রধাতু, জার্মান সিলভার। [সং. রূপ্য > রূপ + বাং. দস্তা]।

রূপ-দান (p. 747) [rūpa-dāna] বি. রূপ বা আকৃতি দেওয়া (কুম্ভকার কর্তৃক প্রতিমাকে নব রূপদান)। [সং. রূপ + দান]।

রূপধারী (p. 747) [rūpadhārī] (-রিন্) দ্র রূপ।

রূপবতী (p. 747) [rūpabatī] দ্র রূপ।

রূপভেদ, রূপসজ্জা (p. 747) [rūpabhēda, rūpasajjā] দ্র রূপ।

রূপসি (p. 747) [rūpasi] বিণ. (স্ত্রী.) রূপবতী, সুন্দরী। [সং. রূপীয়সী]।

রূপ-হীন (p. 747) [rūpa-hīna] বিণ. (স্ত্রী.) 1 রূপ নেই এমন; 2 কুরূপা। [সং. রূপ + হীন + আ (স্ত্রী.)]।

রূপাজীবা (p. 747) [rūpājībā] বি. (স্ত্রী.) পতিতা, বেশ্যা। [সং. রূপ + আজীব + আ]।

রূপান্তর (p. 747) [rūpāntara] বি. 1 ভিন্ন রূপ বা মূর্তি বা অবস্থা; 2 ভিন্ন আকৃতি ধারণ, ভিন্ন অবস্থা প্রাপ্তি। [সং. রূপ + অন্তর]। রূপান্তরিত বিণ. ভিন্ন মূর্তি ধারণ করেছে বা ভিন্ন অবস্থা লাভ করেছে এমন।

রূপাভাব (p. 748) [rūpābhāba] বি. রূপের অভাব, রূপহীনতা, সৌন্দর্যহীনতা। [সং. রূপ + অভাব]।

রূপায়ণ (p. 748) [rūpāẏaṇa] বি. 1 রূপদান, মূর্তি বা আকার দান 2 বাস্তবে পরিণত করা (পরিকল্পনার রূপায়ণ, প্রস্তাবকে বাস্তবে রূপায়ণ করা); 3 অবিনয়ে ভূমিকাগ্রহণ। [সং. রূপ + ক্যঙ্ + অন]। রূপায়িত বিণ. রূপদান করা হয়েছে এমন; মূর্ত; বাস্তবে পরিণত (আদর্শকে রূপায়িত করা)।

রূপি (p. 748) [rūpi] বি. লালমুখো বাঁদরবিশেষ। [সং. রূপ + বাং. ই]।

রূপিণী (p. 748) [rūpiṇī] দ্র রূপী2।

রূপিত (p. 748) [rūpita] বিণ. 1 রূপযুক্ত; 2 বর্ণিত। [সং. √ রূপ্ + ত]।

রূপী2 (p. 748) [rūpī2] (-পিন্) বিণ. 1 মূর্তিধারী (নররূপী নারায়ণ); 2 বেশধারী (বহুরূপী)। [সং. √ রূপ্ + ইন্]। স্ত্রী. রূপিণী।

রূপোন্মত্ত (p. 748) [rūpōnmatta] বিণ. রূপ দেখে উন্মত্ত বা ব্যাকুল। [সং. রূপ + উন্মত্ত]। রূপোন্মাদ বি. রূপদর্শনের ফলে উন্মত্ততা বা ব্যাকুলতা।

রূপোপ-জীবিনী (p. 748) [rūpōpa-jībinī] বি. বেশ্যা। [সং. রূপ + উপরজীবিনী]।

রূপ্য (p. 748) [rūpya] বি. রুপো, রজত। [সং. রূপ + য]।

রে1 (p. 748) [rē1] দ্র রি।

রে2 (p. 748) [rē2] অব্য. 1 স্নেহ ভর্ত্সনা বা অবজ্ঞাসূচক সম্বোধনবিশেষ (শোন রে খোকা, শোন রে কিষাণ ভাই); 2 বিস্ময় ও খেদসূচক (তাই তো রে, হায় রে)।

রেউ-চিনি (p. 748) [rēu-cini] বি. উদ্ভিদবিশেষের মূল। [ফা. রেবন্দ-ই চিনি]।

রেউলা (p. 748) [rēulā] বি. রাজ-অন্তঃপুর বা রাজ-অন্তঃপুরের মহল ('তোমার পৃথক্ রেউলা হইবে': ব. চ.) [মারা. রাউল]।

রেওয়া (p. 748) [rēōẏā] বি. বাৎসরিক আয়ব্যয়ের সংক্ষিপ্ত হিসাবের কাগজ বা খাতা। [ফা.]।

রেওয়াজ (p. 748) [rēōẏāja] বি. রীতি, 1 প্রথা (এটাই এখানকার রেওয়াজ); 2 প্রচলন; 3 অনুশীলন, চর্চা, অভ্যাস (সংগীতের রেওয়াজ, ভোরবেলা উঠে রেওয়াজ করে)। [আ. রেওয়াজ, ফা. রিওআজ্। রেওয়াজি বিণ. নিয়মিত ও দীর্ঘদিন রেওয়াজ করার ফলে তৈরি (রেওয়াজি গলা)।

রেক1, রেখ2 (p. 748) [rēka1, rēkha2] বি. শস্যাদি মাপার জন্য বেতের তৈরি পাত্রবিশেষ। [দেশি]।

রেকর্ড (p. 748) [rēkarḍa] বি. 1 গ্রামোফোনের যে গোল চাকতিতে সংগীত ইত্যাদি ধৃত থাকে, ডিস্ক; 2 সর্বাধিক কৃতিত্ব বা সর্বাধিক কৃতিত্বপূর্ণ কাজ (একটা দারুণ রেকর্ড করেছে, তার রেকর্ড কেউ ভাঙতে পারবে না); 3 সংরক্ষণ (কণ্ঠস্বর রেকর্ড করে রাখা)। [ইং. record।˜ .প্লেয়ার বি. গ্রামোফোন-যন্ত্র, যে-যন্ত্রে রেকর্ড-করা সংগীতাদি বাজিয়ে শোনা হয়।

রেকাব1 (p. 748) [rēkāba1] বি. ঘোড়ার দুই পাশে জিন-সংলগ্ন অশ্বারোহীর পা-দান। [আ. রিকাব্]।

রেকাব2, রেকাবি (p. 748) [rēkāba2, rēkābi] বি. ক্ষুদ্র থালা, ডিশ। [ফা. রকাবি]।

রেখা (p. 748) [rēkhā] বি. 1 লম্বা দাগ বা চিহ্ন (হস্তরেখা); 2 কষি, ডোরা (রেখাঙ্কন); 3 ঈষত্ চিহ্ন বা আভাস (গোঁফের রেখা); 4 সারি; 5 (জ্যামি.) বেধহীন ও প্রস্থহীন দৈর্ঘ্য, (সরলরেখা)। [সং. √ লিখ্ + অ + আ (ল্ = র্)।˜ .ংশ বি. 1 রেখার অংশ; 2 দ্রঘিমার অংশ বা ডিগ্রি।˜ .গণিত বি. জ্যামিতি। ঙ্কন বি. 1

রেখা বা কষি টানা, লাইন টানা 2 চিত্রাঙ্কন। ঙ্কিত বিণ. 1 রেখাযুক্ত, ruled 2 ডোরাকাটা। চিত্র বি. ছবির মুসাবিদা কোনো বিষয়ের মোটামুটি চিত্র, rough sketch. পাত বি. দাগ পড়া মনে কোনো স্থায়ী ভাবের সৃষ্টি। ঊর্ধ্ব-রেখা বি. (সচ.) মণিবন্ধ থেকে অঙ্গুলিমূল পর্যন্ত প্রসারিত করতলস্থ রেখাবিশেষ-যার দ্বারা ভাগ্য বিচার করা হয়। বক্র-রেখা বি. আঁকাবাঁকা রেখা। সরল-রেখা বি. যে-রেখা এক প্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত কোথাও দিকপরিবর্তন করে না সোজা রেখা। রেখে ঢেকে ক্রি-বিণ. সব কিছু প্রকাশ না করে, কিছুটা গোপন বা অপ্রকাশিত রেখে (ওদের সঙ্গে একটু রেখে ঢেকে কথা বোলো)। বাং. রাখিয়া + ঢাকিয়া।

রেগে টং (p. 748) [rēgē ṭa] দ্র রাগ।

রেচক (p. 748) [rēcaka] বিণ. মল-নিঃসারক, বিরেচক। □ বি. 1 জোলাপ; 2 (যোগশাস্ত্রে) প্রাণায়ামকালে ভিতর থেকে প্রাণবায়ুর নিঃসারণ। [সং. √ রিচ্ + অক]। রেচন বি. মল নিঃসারণ, দাস্ত। রেচিত বিণ. 1 বিরেচিত; 2 ত্যক্ত।

রেজকি, রেজগি (p. 748) [rējaki, rējagi] বি. একটাকা থেকে কম মূল্যের মুদ্রা; টাকার ভাঙানি, খুচরো। [ফা. রেজ্গী]।

রেজা (p. 748) [rējā] বি. 1 খুব ছোটো টুকরো; 2 রাজমিস্ত্রিকে সাহায্যকারী মজুর বা জোগাড়ে। [ফা. রেজা]।

রেজাই (p. 748) [rējāi] বি. লেপ বা বালাপোশ। [ফা. রজাই]।

রেজাল্ট (p. 748) [rējālṭa] বি. পরীক্ষা প্রতিযোগিতা ইত্যাদির ফলাফল। [ইং. result]।

রেজি-মেন্ট (p. 748) [rēji-mēnṭa] বি. শ্রেণিবিভক্ত (সচ. কর্নেলের নেতৃত্বাধীন) সৈন্যবাহিনী। [ইং. regiment।

রেজিষ্ট্রি (p. 748) [rējiṣṭri] বি. 1 প্রমাণস্বরূপ সরকারি বইয়ে লিপিবদ্ধ করা, নিবন্ধন, নিবন্ধীকরণ; 2 ডাকবিভাগে চিঠিপত্রাদি নিবন্ধীকরণের ব্যবস্থা; 3 রেজিস্ট্রি করার খাতা, নিবন্ধপুস্তক। □ বিণ. রেজিষ্ট্রি করা হয়েছে এমন (রেজিষ্ট্রি পার্সেল)। [ইং. registration]।

রেট (p. 748) [rēṭa] বি. 1 দর (কম রেটে বিক্রি); 2 হার (পাশের রেট); 3 দস্তুর, রেওয়াজ (আজকালকার রেট)। [ইং. rate]।

রেডার (p. 748) [rēḍāra] বি. তাড়িতচুম্বকীয় তরঙ্গের দ্বারা দূরগত বিমান ইত্যাদির দিক অবস্থান প্রভৃতি নির্ণয়ের পদ্ধতি বিশেষ। [ইং. radar]।

রেডি (p. 748) [rēḍi] বিণ. তৈরি, প্রস্তুত (যাবার জন্য রেডি)। [ইং. ready।˜ .মেড বিণ. (পোশাক সম্বন্ধে) তৈরি, প্রস্তুত, সেলাই-করা (রেড়িমেড পোশাকের দোকান)।

রেডিয়ো, রেডিও (p. 748) [rēḍiẏō, rēḍiō] বি. 1 বেতারে বার্তাদি প্রেরণের যন্ত্র বা ব্যবস্থা; 2 বেতারে সংগীতাদি অনুষ্ঠান যে-যন্ত্রে শোনা যায়। [ইং. radio]।

রেডিও-গ্রাম, রেডিয়ো-গ্রাম (p. 749) [rēḍiō-grāma, rēḍiẏō-grāma] বি. বেতারযোগে প্রেরিত বার্তা। [ইং. radiogram]।

রেডিয়াম (p. 749) [rēḍiẏāma] বি. তেজস্ক্রিয় মৌলিক ধাতব পদার্থবিশেষ। [ইং. radium]।

রেড়ি (p. 749) [rēḍ়i] বি. এরণ্ড ফল, ভেরেণ্ডা। [সং. এরণ্ড]। রেড়ির তেল ভেরেণ্ডা-বীজ থেকে প্রস্তুত তেলবিশেষ, castor oil.

রেণু (p. 749) [rēṇu] বি. 1 ধুলো (পদরেণু); 2 গুঁড়ো, চূর্ণ (রেণু-রেণু করা কাচ); 3 পরাগ (পুষ্পরেণু)। [সং. √ রী + নু]।

রেত1 (p. 749) [rēta1] বি. তীব্র জলপ্রবাহ ('রেত ঠেলে জাহাজও যেতে পারে না': শরত্)। [দেশি]।

রেতঃ, রেত2 (p. 749) [rētḥ, rēta2] বি. বীর্য, শুক্র পুরুষদেহের সন্তানোৎপাদক সারপদার্থবিশেষ। [সং. √ রী + অস্]।

রেতি, (p. 749) [rēti,] (আঞ্চ.) রেত3 বি. উখা, লোহা ঘষে ক্ষয় করার যন্ত্রবিশেষ। [হি. রেতী]।

রেনে-সাঁস (p. 749) [rēnē-sām̐sa] বি. নবজাগরণ, পুনর্জন্ম। [ইং. < ফ. renaissance]।

রেন্ট (p. 749) [rēnṭa] বি. 1 ভাড়া (বাড়ির রেন্ট বাকি পড়েছে); 2 খাজনা, রাজস্ব। [ইং. rent]।

রেফ (p. 749) [rēpha] বি. অক্ষরের মাথায় যুক্ত র্ (র্) চিহ্ন; র-বর্ণ (দ্বিরেফ)। [সং. √ রিফ্ + অ]।

রেফারি (p. 749) [rēphāri] বি. 1 ফুটবল হকি প্রভৃতি খেলায় বিচারক; 2 কোনো বিতর্কিত বিষয়ে মধ্যস্থ। [ইং. referee]।

রেফ্রি-জারে-টার (p. 749) [rēphri-jārē-ṭāra] বি. শীতক বা হিমায়ক যন্ত্র; খাদ্যবস্তু ওষুধ ইত্যাদি শীতল রাখার যন্ত্রবিশেষ। [ইং. refrigerator]।

রেবতী1 (p. 749) [rēbatī1] বি. রেবত রাজার কন্যা, বলরামের পত্নী। [সং. রেবত + অ + ঈ]। ̃ .রমণ বি. রেবতীর স্বামী, বলরাম।

রেবতী2 (p. 749) [rēbatī2] বি. সপ্তবিংশতি নক্ষত্রের শেষ নক্ষত্র। [সং. √ রেব্ + অত + ঈ]। ̃ .রমণ বি. চন্দ্র।

রেবা (p. 749) [rēbā] বি. নর্মদা নদীর অন্য নাম। [সং. √ রেব্ (=প্লুতগতি) + অ + আ]।

রেয়ন (p. 749) [rēẏana] বি. কৃত্রিম রেশমবিশেষ। [ইং. rayon]।

রেয়াত (p. 749) [rēẏāta] বি. 1 অব্যাহতিদান, রেহাই (অন্যায় করলে রেয়াত নেই); 2 খাতির; 3 অনুগ্রহ। [আ. রিআয়ত্]।

রেয়ো (p. 749) [rēẏō] বিণ. রবাহুত, বিনা নিমন্ত্রণে এসেছে এমন। [বাং. রা (শব্দ) + উয়া > ও]। ̃ .ভাট বি. শ্রাদ্ধাদির সংবাদ শুনে আগত ভিখারি।

রেল (p. 749) [rēla] বি. 1 বাষ্পচালিত বা বিদ্যুৎচালিত যান (রেলে চড়া); 2 লৌহবর্ত্ম, রেলের লাইন। [ইং. rail]। ̃ .গাড়ি বি. রেললাইনের উপর দিয়ে চলে এমন বাষ্পীয় বা বিদ্যুৎচালিত যানবিশেষ। ̃ .পথ বি. রেললাইন; রেলগাড়ি চলার পথ। ̃ .যোগে ক্রি-বিণ. রেলগাড়িতে চড়ে বা চেপে। ̃ .লাইন বি. যে লোহার লাইনের উপর দিয়ে রেলগাড়ি চলে। ̃ .স্টেশন বি. যাত্রী ও মালের ওঠা-নামার জন্য যে-স্থানে রেলগাড়ি থামে।

রেলিং (p. 749) [rēli] বি. লোহা কাঠ প্রভৃতির তৈরি কাঠগড়া বা বেড়া (ছাদের রেলিং)। [ইং. railing]।

রেশ (p. 749) [rēśa] বি. 1 শব্দ বা সুর শেষ হয়ে গেলেও মনের মধ্যে যে অনুরণন হতে থাকে (সুরের রেশ); 2 আভাস (রঙের রেশ, কল্পনার রেশ); 3 বিলীয়মান অনুভূতি (আনন্দের রেশ)। [< হি. রেশা]।

রেশন (p. 749) [rēśana] বি. নিয়ন্ত্রিত মূল্যে সরকার কর্তৃক জন-প্রতি নির্দিষ্ট পরিমাণে খাদ্যাদি সরবরাহ (রেশনের চাল)। [ইং. ration]।

রেশম (p. 749) [rēśama] বি. 1 গুটিপোকার লালাজাত তন্তু; 2 তা থেকে প্রস্তুত সুতো (রেশমবস্ত্র)। [ফা. রেশম্]।˜ .কীট বি. তুঁতপোকা।˜ .রেশমি বিণ. রেশম সুতোয় তৈরি।

রেষা-রেষি (p. 749) [rēṣā-rēṣi] বি. পরস্পর হিংসা বা বিদ্বেষ; বিদ্বষপূর্ণ প্রতিদ্বন্দিতা। [রিষ দ্র]।

রেস (p. 749) [rēsa] বি. 1 দৌড়-প্রতিযোগিতা; 2 (প্রধানত বাজি ধরে) ঘোড়দৌড় (রেসের ঘোড়া); 3 প্রতিযোগিতা। [ইং. race]।

রেসালা (p. 749) [rēsālā] বি. 1 অশ্বারোহী সৈন্য; 2 (বাং.) বিবাহাদিতে শোভাযাত্রায় অংশগ্রহণকারী। [আ. রিসালা]।

রেসুড়ে (p. 749) [rēsuḍ়ē] বি. 1 ঘোড়দৌড়ের জুয়াড়ি; 2 রেসের খেলায় মেতে আছে এমন লোক। [ইং. race + বাং. উড়িয়া > এ]।

রেস্ত (p. 749) [rēsta] বি. পুঁজি; টাকাকড়ি (রেস্ত ফুরিয়ে এসেছে)। [পো. resto।

রেস্তরাঁ, রেস্তোরাঁ, রেস্টুরেন্ট (p. 749) [rēstarā, mm̐rēstōrā, mm̐rēsṭurēnṭa] বি. চা-জলখাবার প্রভৃতি বসে খাবার দোকান। [ইং. < ফ restaurant]।

রেহাই (p. 749) [rēhāi] বি. 1 নিষ্কৃতি, অব্যাহতি (হাঙ্গামা বা বিপদ থেকে রেহাই পাওয়া); 2 ছাড় (সুদের রেহাই)। [ফা. রিহাঈ]।

রেহান (p. 749) [rēhāna] বি. বন্ধক। [আ. রিহ্ন]। ̃ .নামা বি. বন্ধকি দলিল।

রৈখিক (p. 749) [raikhika] বিণ. 1 রেখা-সম্বন্ধীয়; 2 রেখা দ্বারা রচিত (রৈখিক চিত্র)। [সং. রেখা + ইক]।

রোইং, রোয়িং (p. 749) [rōi, ṃrōẏi] বি. নৌকা ইত্যাদিতে দাঁড় টানা। [ইং. rowing]।

রোঁদ (p. 749) [rōn̐da] বি. নির্দিষ্ট এলাকায় ঘুরে নির্দিষ্ট সময়ব্যাপী পাহারা (চৌকিদার রোঁদে বেরিয়েছে)। [ইং. round]।

রোঁয়া (p. 749) [rōm̐ẏā] বি. 1 লোম (ভালুকের রোঁয়া); 2 তন্তু। [সং. রোমন্]।

রোক1 (p. 749) [rōka1] বি. 1 দিক 2 সম্মুখভাগ (রোকের জমি)। [ফা. রূখ]।

রোক2 (p. 749) [rōka2] বি. 1 ক্রয়, নগদ-ক্রয়; 2 (বাং.) নগদ টাকা (রোক দেওয়া)। □ বিণ. (বাং.) নগদ (রোক টাকা)। [সং. √ রুচ্ + অ]। ̃ .ড় বি. 1 নগদ টাকাকড়ির হিসাব; 2 হিসাবের পাকা খাতা (রোকড়ে তোলা, রোকড়ে ওঠা); 3 নগদ টাকা (রোকড় বিক্রি); 4 সোনারুপোর গহনাপত্র (রোকড়ের দোকান)। ̃ .শোধ বি. নগদ টাকায় পাওনা পরিশোধ।

রোকা (p. 749) [rōkā] বি. ছোটো চিঠি, চিরকুট, হাতচিঠা। [আ. রুক্কা]।

রোখ (p. 749) [rōkha] বি. 1 জেদ, ঝোঁক (রোখ চাপা); 2 তেজ (আপন রোখে, মনের রোখে); 3 বাড় (গাছের রোখ)। [< সং. রোষ]।

রোখা1 (p. 750) [rōkhā1] দ্র রুখা।

রোগ (p. 750) [rōga] বি. 1 ব্যাধি, পীড়া; 2 (আল.) বাতিক বা কু-অভ্যাস (সিনেমা দেখার রোগ)। [সং. √ রুজ্ + অ]।˜ .ক্লিষ্ট বিণ. রোগে কষ্ট পাচ্ছে এমন।˜ .গ্রস্ত বিণ. রোগ হয়েছে এমন, রোগে আক্রান্ত।˜ .জীবাণু দ্র জীবাণু।˜ .জীর্ণ বিণ. ব্যাধিগ্রস্ত হওয়ার ফলে শীর্ণ বা দুর্বল (রোগজীর্ণ শরীর)।˜ .ভোগ বি. ব্যাধিতে কষ্ট ভোগ।˜ .মুক্ত বিণ. আরোগ্য লাভ করেছে এমন।˜ .যন্ত্রণা বি. ব্যাধিজনিত কষ্ট, অসুখের কষ্ট।˜ .শয্যা বি. রোগীর বিছানা রোগীর শোওয়া অবস্থা।˜ .শান্তি বি. আরোগ্য লাভ।˜ .শোক বি. দৈহিক পীড়া ও মানসিক দুঃখকষ্ট।˜ .হীন বিণ. নীরোগ (রোগহীন শরীর)।

রোগা (p. 750) [rōgā] বিণ. 1 ব্যাধিগ্রস্ত, অসুস্থ; 2 কৃশকায়; ক্ষীণদেহ; 3 দুর্বল। [সং. রোগ + বাং. আ]।˜ .টে বিণ. ক্ষীণকায়; কৃশ (রোগাটে চেহারা)। রোগা-পটকা বিণ. কৃশ ও দুর্বল।

রোগার্ত (p. 750) [rōgārta] বিণ. 1 রোগগ্রস্ত; 2 রোগে দুর্বল বা শীর্ণ। [সং. রোগ + √ ঋ + ত]।

রোগী (p. 750) [rōgī] (-গিন্) বিণ. ব্যাধিগ্রস্ত, পীড়িত। □ বি. পীড়িত ব্যক্তি। [সং. রোগ + ইন্]। স্ত্রী. রোগিণী।

রোচক (p. 750) [rōcaka] বিণ. রুচিকর (মুখরোচক)। [সং. √ রুচ্ + ণিচ্ + অক]।

রোচন (p. 750) [rōcana] বি. পছন্দ, ভালো লাগা। [সং. √ রুচ্ + ণিচ্ + অন]।

রোচনা (p. 750) [rōcanā] বি. (স্ত্রী.) গোরোচনা, গো-পিত্ত। [সং. √ রুচ্ + অন + আ (স্ত্রী.)]।

রোচনী (p. 750) [rōcanī] বি. পুদিনা শাক। [সং. √ রুচ্ + অন + ঈ]।

রোচ্য (p. 750) [rōcya] বিণ. ভালো লাগার বা রুচিকর হওয়ার যোগ্য। [সং. √ রুচ্ + য]।

রোজ (p. 750) [rōja] বি. 1 তারিখ (সাতই রোজ); 2 দিন (তিন রোজ); 3 দৈনিক মজুরি (দু-টাকা রোজে কাজ); 4 দৈনিক জোগান (দুধ রোজ করা)। □ ক্রি-বিণ. প্রতিদিন (রোজ সকালে বেড়াতে যায়)। [ফা. রোজ্]। ˜ .কার বিণ. প্রতিদিনের (এ তো আমার রোজকার কাজ)। রোজ রোজ ক্রি-বিণ প্রত্যহ, প্রতিদিন, নিত্য। রোজ কেয়ামত বি. ইসলাম-শাস্ত্রানুযায়ী মৃতদের শেষবিচারের দিন।

রোজ-গার (p. 750) [rōja-gāra] বি. উপার্জন, আয়। [ফা. রোজগার]।

রোজ-গারি, রোজ-গেরে (p. 750) [rōja-gāri, rōja-gērē] বিণ. উপার্জনশীল (রোজগেরে ছেলে)।

রোজ-নামচা, রোজ-নামা (p. 750) [rōja-nāmacā, rōja-nāmā] বি. 1 দৈনিক বিবরণের বই; 2 দৈনিক বিবরণ, দিনলিপি। [ফা. রোজনামচা, রোজনামহ্]।

রোজা1 (p. 750) [rōjā1] বি. রমজান-মাসে মুসলমানরা প্রতিদিন সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত যে নিরম্বু উপবাস করে। [ফা. রোজা।

রোজা2 (p. 750) [rōjā2] বি. 1 ওঝা, বিষবৈদ্য; 2 প্রেতযোনির আক্রমণের চিকিৎসক। [সং. উপাধ্যায় > ওঝা]।

রোটি (p. 750) [rōṭi] বি. রুটি। [হি. রোটী]।

রোটিকা (p. 750) [rōṭikā] বি. রুটি ('রোটিকার স্তরে স্তরে মেখে': রবীন্দ্র)। [সং. √ রুট্+ অক + আ]।

রোড (p. 750) [rōḍa] বি. প্রশস্ত ও বড়ো (এবং সচ. বাঁধানো) রাস্তা। [ইং. road]।

রোতো, রোথো (p. 750) [rōtō, rōthō] ('রদ্দি' অর্থে) রথো -র বানানভেদ।

রোদ (p. 750) [rōda] বি. রৌদ্র -র কথ্য রূপ ('রোদের ঝিকিমিকি': রবীন্দ্র)। রোদ ওঠা ক্রি. বি. 1 সূর্যালোক প্রকাশ পাওয়া; 2 মেঘ বা অন্ধকার কেটে গিয়ে সূর্যের আলো দেখা দেওয়া। রোদ পড়া ক্রি. বি. রোদের তেজ বা প্রখরতা কমে যাওয়া, বিকাল হওয়া (রোদ পড়লে বাড়ি থেকে বেরিয়ো)। রোদ পোহানো ক্রি. বি. (প্রধানত শীতের সময়) রোদের তাপ উপভোগ করা। রোদে দেওয়া ক্রি. বি. সূর্যতাপে শুকানোর জন্য মেলে দেওয়া। রোদে পোড়া ক্রি. বি. রোদের তাপে কষ্ট পাওয়া।

রোদন (p. 750) [rōdana] বি. ক্রন্দন, কান্না ('রোদন ভরা এ বসন্ত': রবীন্দ্র)। [সং. √ রুদ্ + অন]।

রোদসী (p. 750) [rōdasī] বি. (একত্রে) পৃথিবী ও স্বর্গ। [সং. রোদস্ + ঈ]। [ক্রন্দসী দ্র]।

রোদ্ধা (p. 750) [rōddhā] (-দ্ধৃ) বিণ. রোধকারী, রোধ বা প্রতিহত করে এমন। [সং. √ রুধ্ + তৃ]।

রোধ (p. 750) [rōdha] বি. 1 বাধা (গতিরোধ, শ্বাসরোধ, অশ্রুরোধ); 2 অবরোধ; 3 বাধাদান (আক্রমণ রোধ করা)। [সং. √ রুধ্ + অ]। ˜ ক বিণ. রোধকারী। ˜ ন বি. বাধাদান, রুদ্ধ করা। □ বিণ. রোধকারী।

রোধ: (p. 750) [rōdha:] বি. (বিরল) কূল, তীর ('যাদঃপতিরোধঃ যথা চলোর্মি আঘাতে': মধু)। [সং. √ রুধ্ + অস্]।

রোধা (p. 750) [rōdhā] দ্র রুধা।

রোধী (p. 750) [rōdhī] (-ধিন্) বিণ. রোধকারী (শ্বাসরোধী)। [সং. √ রুধ্ + ইন্]। স্ত্রী. রোধিনী।

রোধ্য (p. 750) [rōdhya] বিণ. 1 রোধ করা যায় বা করা উচিত এমন; 2 রোধ করতে হবে এমন। [স. √ রুধ্ + য]।

রোবট (p. 750) [rōbaṭa] বি. 1 মানুষের মতো দেখতে এমন যন্ত্র; 2 মানুষের মতো সব কাজ করতে পারে এমন যন্ত্র; 3 (আল.) যান্ত্রিকভাবে কাজ করে এমন মানুষ। [ইং. robot]।

রোম (p. 750) [rōma] (-মন্) বি. 1 কেশ 2 (প্রধানত মাথা ও মুখমণ্ডল ব্যতীত দেহের অন্যান্য অংশের) চুল (রোমশ দেহ, রোমকূপ)। [সং. √ রু + মন্]। ̃ .কূপ বি. রোম-এর মূলদেশস্থ অতিক্ষুদ্র ছিদ্র। ̃ জ বিণ. 1 রোম বা লোম থেকে উৎপন্ন; 2 পশমি। ̃ .ফোড়া বি. রোমকূপের মুখে উদ্গত ফোড়া। ̃ .রাজি বি. রোমসমূহ। ̃ .শ বিণ. রোমপূর্ণ; রোমবহুল। ̃ .হর্ষ বি. শিহরণ; ভয় বিস্ময়াদিতে শরীরের রোম খাড়া হয়ে যাওয়া, গায়ে কাঁটা দেওয়া। ̃ .হর্ষক বিণ. শিহরণ জাগায় এমন, অত্যন্ত ভীতিপ্রদ (রোমহর্ষক দৃশ্য)। ̃ .হর্ষণ বি. রোমহর্ষ। □ বিণ. শিহরণ জাগায় এমন; রোমাঞ্চকর।

রোমক (p. 750) [rōmaka] বি. (বিরল) রোমনগর, Rome. ☐ বিণ. 1 রোমসম্বন্ধীয় (রোমক স্থাপত্য); 2 রোমের অধিবাসী; 3 জ্যোতিষ শাস্ত্রের শাখাবিশেষ-সংক্রান্ত (রোমক সিদ্ধান্ত)। [অর্বাচীন সং.]।

রোমন্থ, রোমন্থন (p. 750) [rōmanha, rōmanhana] বি. 1 গিলিত বস্তু উদ্গার করে পুনরায় চিবানো, চর্বিতচর্বণ, জাবর কাটা; 2 (আল.) পুরোনো কথা ভাবা (স্মৃতি রোমন্থন)। [সং. রোগ + √ মন্থ্ + অ, অন]। রোমন্থক, রোমন্থিক বি. রোমন্থনকারী পশু অর্থাত্ গবাদি পশু।

রোমাঞ্চ (p. 750) [rōmāñca] বি. উত্তেজনা ভয় বিস্ময়াদিহেতু দেহের লোম খাড়া হওয়া, গায়ে কাঁটা দেওয়া, শিহরণ, রোমহর্ষ, পুলক। [সং. রোমন্ + √ অন্চ্ + অ]।˜ .কর বিণ. রোমাঞ্চজনক, শিহরণ জাগায় এমন, লোমহর্ষক। রোমাঞ্চিত বিণ. রোমাঞ্চযুক্ত, পুলকিত (দেহ রোমাঞ্চিত হওয়া)। স্ত্রী. রোমাঞ্চিতা।

রোমান (p. 750) [rōmāna] বি. বিণ. রোমের অধিবাসী বা রোম নগরী সম্বন্ধীয়। [ইং Roman। রোমান ক্যাথলিক বি. (পোপকে সর্বোচ্চ যাজক এবং অভ্রান্ত বলে মানে এমন খ্রিস্টান ধর্মসম্প্রদায়বিশেষ।

রোমাবলি, লোমাবলি (p. 750) [rōmābali, lōmābali] বি. 1 রোমরাজি, রোমসমূহ; 2 নাভির ঊর্ধ্বভাগ পর্যন্ত প্রসারিত উদরের লোমশ্রেণি। [সং. রোমন্ লোমন্ + আবলি]।

রোমীয় (p. 750) [rōmīẏa] বিণ. 1 রোমদেশীয়; 2 রোমের অধিবাসী। [ইং. Rome + সং. ঈয়]।

রোমোদ্গম, রোমোদ্ভেদ (p. 750) [rōmōdgama, rōmōdbhēda] বি. 1 লোম গজানো; 2 লোমহর্ষ। [সং. রোমন্ + উদগম, উদ্ভেদ]।

রোয়া1 (p. 750) [rōẏā1] ক্রি. রুয়া -র চলিত রূপ। □ বিণ. রোপণ করা বা পোঁতা হয়েছে এমন (রোয়া গাছ, রোয়া ধান)।

রোয়া2 (p. 750) [rōẏā2] ক্রি. (আঞ্চ. ব্রজ. ও কাব্যে) কাঁদা। [হি. রোনা]।

রোয়া3 (p. 750) [rōẏā3] বি. (আঞ্চ.) কোয়া, কোষ। [দেশি]।

রোয়ে-দাদ (p. 750) [rōẏē-dāda] বি. ভাগবাটোয়ারা করে যার-যার অংশ দেওয়া বা তৎসম্পর্কে নির্দেশ। [ফা. রুএদাদ্]।

রোরুদ্য-মান (p. 750) [rōrudya-māna] বিণ. 1 অবিরাম বা উচ্চকণ্ঠে ক্রন্দনরত; 2 (বাং.) ক্রন্দনরত। [সং. √ রুদ্ + যঙ্ + শানচ্]। স্ত্রী. রোরুদ্য-মানা।

রোল1 (p. 750) [rōla1] বি. অব্যক্ত শব্দ; শোরগোল, চিৎকার (হাসি কান্নার রোল, কলরোল)। [হি. রোর]।

রোল2 (p. 750) [rōla2] বি. নামের ক্রমিক তালিকা। [ইং. roll]।˜ .নম্বর বি. নামের ক্রমিক নম্বর বা সংখ্যা।

রোল3 (p. 750) [rōla3] বি. ডিম মাংস বা সবজির পুর দেওয়া পাটিসাপটার মতো মুড়ে তেল বা ঘিয়ে ভেজে তৈরি ময়দার খাবারবিশেষ। [ইং. roll (মোড়া অর্থে)]।

রোলার (p. 750) [rōlāra] বি. 1 চাপা দিয়ে রাস্তা প্রভৃতি সমতল করার জন্য এক প্রকার ভারী যন্ত্র বা এন্জিন; 2 গম ইত্যাদি পেষাই করার কলবিশেষ (রোলার আটা)। [ইং. roller]।

রোশন-চৌকি (p. 750) [rōśana-cauki] বি. সানাই ঢোল কাঁসি ইত্যাদি বাদ্যযন্ত্র সহযোগে ঐক্যতানবাদ্য। [ফা. রওশন + বাং. চৌকি]।

রোশনাই, রোশনি (p. 750) [rōśanāi, rōśani] বি. 1 আলোক; 2 আলোকসজ্জা; 3 উজ্জ্বলতা। [ফা. রোশনী]।

রোষ (p. 750) [rōṣa] বি. ক্রোধ, কোপ, রাগ (রোষকষায়িত নেত্র)। [সং. √ রুষ্ + অ]। ̃ .কষায়িত বিণ. ক্রোধে আরক্ত। ̃ ণ বি. কোপ, ক্রোধন, রেগে যাওয়া। রোষাগ্নি, রোষানল বি. ক্রোধের তেজ জ্বালা বা দাহ; তীব্র ক্রোধ। রোষাবিষ্ট বিণ. ক্রুদ্ধ হয়েছে এমন। স্ত্রী. রোষাবিষ্টা। রোষিত বিণ. রাগানো হয়েছে এমন, কোপিত।

রোসো (p. 750) [rōsō] অনু-ক্রি. অপেক্ষা করো, থামো। [বাং. √ রহা দ্র]।

রোস্ট (p. 750) [rōsṭa] বি. মাংসাদি ঝলসিয়ে বা শুকনো করে ভেজে প্রস্তুত ব্যঞ্জনবিশেষ। [ইং. roast]।

রোহ, রোহণ (p. 750) [rōha, rōhaṇa] বি. আরোহণ। [সং. √ রুহ্ + অ, অন]।

রোহিণী (p. 750) [rōhiṇī] বি. 1 চন্দ্রপত্নী; 2 বলরামের জননী; 3 নবমবর্ষীয়া কন্যা (রোহিণী দান); 4 (জ্যোতি.) নক্ষত্রবিশেষ। [সং. √ রুহ্ + ইন্ + ঈ]।

রোহিত, রোহিতক (p. 750) [rōhita, rōhitaka] বি. রুইমাছ। □ বিণ. রক্তবর্ণ, লাল। [সং. √ রুহ্ + ইত, ক]।

রোহিতাশ্ব (p. 750) [rōhitāśba] বি. 1 পৌরাণিক রাজা হরিশ্চন্দ্রের পুত্র; 2 অগ্নি। [সং. রোহিত + অশ্ব]।

রোহী (p. 750) [rōhī] (-হিন্) বিণ. আরোহী। [সং. √ রুহ্ + ইন্]। স্ত্রী. রোহিণী।

রৌদ্র (p. 750) [raudra] বি. 1 রোদ, সূর্যের কিরণ বা আলো বা তাপ; 2 (অল.) কাব্যের রসবিশেষ। □ বিণ. 1 রুদ্রসম্বন্ধীয়; 3 প্রচণ্ড, ভয়ানক (রৌদ্রতেজ)। [সং. রুদ্র + অ]। ˜ .দগ্ধ বিণ. সূর্যতাপে ঝলসিত। ˜ .পক্ক বিণ. সূর্যতাপে সিদ্ধ। রৌদ্ধ সেবন করা ক্রি. বি. দেহে সূর্যালোক লাগানো। ˜ .স্নাত বিণ. দেহে বা সর্বাঙ্গে রোদ লাগানো হয়েছে এমন। ˜ .স্নান বি. সর্বাঙ্গে রোদ লাগানোর চিকিৎসাবিশেষ, sun-bath. রৌদ্রোজ্জ্বল বিণ. সূর্যকিরণে উদ্ভাসিত বা ঝলমলে (রৌদ্রোজ্জ্বল দিন)।

রৌপ্য (p. 750) [raupya] বি. ধাতুবিশেষ, রুপো, রজত। [সং. রূপ্য + অ]। রৌপ্য জয়ন্তী বি. পঁচিশ বৎসর পূর্ণ হওয়ার উৎসব বা অনুষ্ঠান। ˜ .ময় বিণ. রুপোর তৈরি। ˜ .মুদ্রা বি. রৌপ্যনির্মিত মুদ্রা, silver coin. ˜ .মূল্যে ক্রি-বিণ. দাম-বাবদ রুপো বা টাকা দিয়ে, রুপো বা টাকার বিনিময়ে। রৌপ্যালংকার বি. রুপোর গয়না।

রৌরব (p. 750) [rauraba] বি. ভীষণ পাপীদের জন্য নির্দিষ্ট নরক। [সং. রুরু + অ]।

রৌশন (p. 752) [rauśana] বিণ. রোশনাইযুক্ত, উজ্জল; আলোকোজ্জ্বল। [ফা. রওশন]।

র‍্যাঁদা (p. 752) [ryyān̐dā] বি. কাঠ মসৃণ করার জন্য ছুতোরের যন্ত্রবিশেষ। [ফা. রন্দ]।

র‍্যাপার (p. 752) [ryāpāra] বি. 1 গরম চাদর; 2 গায়ের চাদর বা আলোয়ান। [ইং. wrapper]।

র‍্যালা (p. 752) [ryālā] বি. (অশো.) জাঁক, গর্বিত উক্তি, বড়ো বড়ো কথা, কথার চাল (আর র‍্যালা দিয়ো না, তোমার জারিজুরি জানা আছে)। [দেশি]।

র‍্যালি (p. 752) [ryāli] 1 জনসমাবেশ (ময়দানে র‍্যালি হবে); 2 টেনিস ব্যাডমিন্টন ইত্যাদি খেলায় দ্রুততালে বহুক্ষণ বল বা শাট্লকক্ আদান-প্রদান। [ইং. rally]।

ল1 (p. 753) [la1] বাংলা ভাষার অষ্টাবিংশ ব্যঞ্জন, দন্তমূলীয় পার্শ্বিক ল্ ধ্বনির বর্ণরূপ।

ল2 (p. 753) [la2] বি. 1 আইন 2 আইন পরীক্ষা বা ডিগ্রি (ল পাশ করেছে)। [ইং. law]।

লংকা (p. 753) [laṅkā] বি. মশলারূপে ব্যবহৃত ঝাল ফলবিশেষ, লংকামরিচ। [দেশি]। ˜ .বাটা বি. জলের সংঙ্গে পিষ্ট লংকা।

লংক্লথ (p. 753) [laṅklatha] বি. খাপি সুতিকাপড়বিশেষ। [ইং. longcloth]।

লংজাম্প (p. 753) [lañjāmpa] বি. ছুটে এসে এক লাফে দুরত্ব অতিক্রম করার খেলাবিশেষ, দীর্ঘ লম্ফন। [ইং. long jump]।

লক আউট (p. 753) [laka āuṭa] বি. তালাবন্ধ; কারখানা ইত্যাদি বন্ধ বা বন্ধ ঘোষণা। [ইং. lockout]।

লক-আপ (p. 753) [laka-āpa] বি. হাজত, ফাটক (লক-আপে বন্দি)। [ইং. lock-up]।

লক-গেট (p. 753) [laka-gēṭa] বি. বাঁধ জলাধার ইত্যাদির কপাট, জলকপাট। [ইং. lock gate]।

লকট (p. 753) [lakaṭa] বি. চীনা ফলবিশেষ, loquat. [চৈ.]।

লকড়ি (p. 753) [lakaḍ়i] বি. 1 কাঠ 2 জ্বালানি কাঠ। [হি.]।

লক-লক (p. 753) [laka-laka] বি. নমনীয় পদার্থের প্রসারণ বা আন্দোলনের ভাব (জিহ্বা লকলক করা)। লক-লকে বিণ. লকলক করছে এমন (লকলকে জিহ্বা)।

ল-কার1 (p. 753) [la-kāra1] বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ল-এর যোগ।

লকার2 (p. 753) [lakāra2] বি. গহনাদি সুরক্ষিত রাখার জন্য ব্যাংকের প্রকোষ্ঠবিশেষ। [ইং locker]।

লকুচ (p. 753) [lakuca] বি. ডেহুয়া বা মাদার গাছ কিংবা তার ফল। [সং. √ লক্ + উচ]।

লকেট2 (p. 753) [lakēṭa2] বি. প্রধানত কণ্ঠহারের সঙ্গে সংলগ্ন পদকবিশেষ, ধুকধুকি। [ইং. locket]।

লক্কা (p. 753) [lakkā] বি. 1 ঘন ও বিস্তৃত বা ছড়ানো পুচ্ছযুক্ত পায়রা; 2 (বিদ্রুপে) পোশাকপ্রিয় ব্যক্তি। [আ. লক্কা]। লক্কা পায়রা বি. উক্ত দুই অর্থে।

লক্তক (p. 753) [laktaka] বি. জীর্ণ বস্ত্রখণ্ড 2 আলতা। [সং. √ লক্ + ত + ক]।

লক্ষ1 (p. 753) [lakṣa1] বি. একশত সহস্র সংখ্যা, 1, সংখ্যা। □ বিণ. 1 শতসহস্র-সংখ্যক 2 বহু, অসংখ্য (লক্ষবার তাকে বারণ করেছি)। [সং. √ লক্ষ্ + অ]। ̃ .পতি বি. 1 লক্ষ বা তদূর্ধ্ব টাকার মালিক; 2 ধনবান ব্যক্তি। লক্ষ লক্ষ বিণ. অসংখ্য।

লক্ষ2 (p. 753) [lakṣa2] ক্রি. দেখা (ব্যাপারটা ভালো করে লক্ষ করো)। [সং. √ লক্ষ্ + অ]।

লক্ষণ (p. 753) [lakṣaṇa] বি. 1 চিহ্ন (সধবার লক্ষণ) 2 পরিচয় (কালের লক্ষণ, যুগের লক্ষণ) 3 নিদর্শন (বুদ্ধির লক্ষণ, সাধুতার লক্ষণ) 4 আভাস (ঝড়ের লক্ষণ, বিপদের লক্ষণ)। [সং. √ লক্ষ্ + অন]। ̃ .গীত বি. যে গানের মধ্য দিয়ে রাগের চরিত্র লক্ষণ ইত্যাদি প্রকাশ করা হয়।

লক্ষণা (p. 753) [lakṣaṇā] বি. (অল.) শব্দের যে বৃত্তিতে বাচ্যার্থের বাধা ঘটলে বাচ্যার্থের সঙ্গে সম্বন্ধযুক্ত অন্য অর্থ প্রকাশ পায়; শব্দের আভিধানিক অর্থের অতিরিক্ত অন্য অর্থ বা ব্যঞ্জনা। [সং. লক্ষণ + আ]।

লক্ষণীয় (p. 753) [lakṣaṇīẏa] বিণ. লক্ষ করার যোগ্য, দেখার বা অনুভব করার যোগ্য, বিশেষভাবে খেয়াল রাখতে হবে এমন। [সং. √ লক্ষ্ + অনীয়]।

লক্ষপতি (p. 753) [lakṣapati] দ্র লক্ষ1।

লক্ষাধিক (p. 753) [lakṣādhika] বিণ. এক লক্ষের বেশি (লক্ষাধিক টাকা, লক্ষাধিক লোক)। [সং. লক্ষ + অধিক]।

লক্ষিত (p. 753) [lakṣita] বিণ. 1 দৃষ্ট, দেখা বা নজর করা হয়েছে এমন; 2 অনুভূত; 3 উদ্দিষ্ট; 4 নিশানা করা হয়েছে এমন (রাবণের প্রতি লক্ষিত বাণ); 5 লক্ষণাবৃত্তি দ্বারা জ্ঞাত বা অনুভূত। [সং. √ লক্ষ্ + ত]। স্ত্রী. লক্ষিতা।

লক্ষ্মণ (p. 753) [lakṣmaṇa] বি. (রামা.) রামচন্দ্রের বৈমাত্রেয় কনিষ্ঠ ভ্রাতা সুমিত্রানন্দন। [সং. লক্ষ্মন্ + অ]।

লক্ষ্মী (p. 753) [lakṣmī] বি. (স্ত্রী.) 1 বিষ্ণুপত্নী এবং ধনসম্পদ ও সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী, রমা, কমলা; 2 সৌভাগ্য, শ্রী (গৃহলক্ষ্মী)। □ বিণ. (বাং.) শান্তপ্রকৃতি, সুবোধ (লক্ষ্মী মেয়ে, লক্ষ্মী ছেলে)। [সং. √ লক্ষ্ + ম + ঈ]।˜ .কান্ত, .পতি বি. নারায়ণ, বিষ্ণু।˜ .ছাড়া বি. বিণ. শ্রীভ্রষ্ট; দুর্ভাগা; দুষ্ট।˜ .জনার্দন বি. 1 লক্ষ্মী ও নারায়ণ; 2 শালগ্রামবিশেষ।˜ .টি বি. সুবোধ ও শান্তপ্রকৃতি ব্যক্তিকে বা প্রিয়পাত্রকে আদরের সম্বোধনবিশেষ˜। .নারায়ণ-লক্ষ্মীজনার্দন -এর অনুরূপ।˜ .বান (-বত্), (বাং.)˜ .বন্ত,˜.মন্ত বিণ. 1 সৌভাগ্যবান; 2 ধনবান।˜ .বার বি. বৃহস্পতিবার, ওই দিনে লক্ষ্মীর পূজা হয় বলে।˜ .বিলাস বি. কবিরাজি তেল বা জ্বরঘ্ন ওষুধবিশেষ।˜ .শ্রী বি. কল্যাণসূচক কান্তি।˜ .স্বরূপিণী বিণ. (স্ত্রী.) মূর্তিমতী লক্ষ্মীর মতো, রূপে-গুণে লক্ষ্মীতুল্যা।

লক্ষ্য (p. 753) [lakṣya] বিণ. 1 দর্শনযোগ্য, দেখার বা লক্ষ করার যোগ্য; 2 জ্ঞে য়; 3 অনুমেয়; 4 লক্ষণাশক্তির দ্বারা বোধ্য (লক্ষ্য অর্থ, লক্ষ্যার্থ); 5 অভিপ্রেত,

উদ্দিষ্ট (লক্ষ্যবস্তু)। □ বি. 1 অভিপ্রেত বা কাম্য বস্তু (চরম লক্ষ্য, জীবনের লক্ষ্য); 2 মনোযোগের বিষয়; 3 নজর, দৃষ্টি, উদ্দেশ্য (তাকে লক্ষ্য করে বলা, শিকারি হরিণকে লক্ষ্য করে এগোচ্ছে); 4 তাক, নিশানা (সকলের বিদ্রুপের লক্ষ্য)। [সং. √ লক্ষ্ + য]।˜ .চ্যুত,˜.ভ্রষ্ট বিণ. 1 নিশানা ভেদ করতে পারেনি এমন; 2 উদ্দেশ্য বা লক্ষ্য সফল করতে পারেনি এমন।˜ .বেধ,˜. ভেদ বি. নিশানা বা লক্ষ্যবস্তু বিদ্ধ করা।˜ .হীন বিণ. উদ্দেশ্যহীন।

লক্ষ্যী-কৃত (p. 753) [lakṣyī-kṛta] বিণ. লক্ষ করা হয়েছে এমন।

লখ, লখ-লাইন (p. 753) [lakha, lakha-lāina] বি. মাঞ্জা-দেওয়া রেশমি সুতো। [ফা. নখ্ + ইং. line]।

লখা (p. 753) [lakhā] ক্রি. (কাব্যে) 1 লক্ষ করা, দেখা ('কেহ নাহি লখে'); 2 নির্ধারণ বা উপলব্ধি করতে পারা; 3 চিনতে পারা; 4 নিশানা করতে পারা। [সং. √ লক্ষ্ + বাং. আ]।

লখাই, লখিন্দর (p. 753) [lakhāi, lakhindara] বি. মনসামঙ্গল কাব্যের চাঁদ সওদাগরের পুত্র ও বেহুলার স্বামী লক্ষ্মীন্দ্র বা লক্ষ্মীন্দর এর নামের কথ্য রূপ।

লগন (p. 753) [lagana] বি. লগ্ন -র কথ্য রূপ (বিয়ের লগন)।˜ সা বি. যে সময়ে নানান উৎসব-অনুষ্ঠানের লগ্ন নির্দিষ্ট আছে (লগনসার সময় জিনিসপত্রের দাম তো বাড়বেই)। [সং. লগ্নসময়]।˜ .চাদা বিণ. সৌভাগ্যবান (লগনচাঁদা ছেলে)।

লগ-বগ (p. 753) [laga-baga] বি. দুর্বল বা ছিপছিপে ব্যক্তি কিংবা নরম লাঠির অদৃঢ়তার ভাব। [ধ্বন্যা.]। লগ-বগে বিণ. লগবগ করে এমন।

লগা (p. 753) [lagā] বি. 1 বাঁশ ইত্যাদির তৈরি লম্বা দণ্ড; 2 আঁকশি (লগা দিয়ে আম পাড়া); 3 নৌকা ঠেলার জন্য ব্যবহৃত বাঁশের দণ্ড। [বাং. লগ (< সং. লগ) + আ]।

লগি (p. 753) [lagi] বি. নৌকা ঠেলে চালাবার জন্য বাঁশের সরু লম্বা দণ্ড, লগা। [বাং. লগা + ই]।

লগুড় (p. 753) [laguḍ়] বি. মোটা লাঠি, ডাণ্ডা, কোঁতকা (লগুড়াঘাত)। [সং. √ লগ্ + উল]। লগুড়াঘাত বি. লাঠির ঘা। লগুড়াহত বিণ. লাঠির ঘা খেয়েছে এমন।

লগ্ন1 (p. 753) [lagna1] বিণ. 1 সংযুক্ত, সংসক্ত (কণ্ঠলগ্ন); 2 আসক্ত। [সং. √ লগ্ + ত]। স্ত্রী. লগ্না।

লগ্ন2 (p. 753) [lagna2] বিণ. (জ্যোতিষ) 1 রাশির উদয়কাল; 2 সূর্যের রাশিসংক্রমণের মুহূর্ত; 3 উপযুক্ত বা শুভ সময় (বিয়ের লগ্ন)। [সং. √ লগ্ + ত]।˜ .পত্র বি. যে লিপিতে বিবাহের লগ্ন জ্যোতিষ-বিচারের দ্বারা স্হির করা হয়েছে।˜ .ভ্রষ্ট বিণ. 1 লগ্নকালের মধ্যে কার্যারম্ভ করতে পারেনি এমন; 2 (সচ. বিবাহের) উপযুক্ত বা শুভ সময় হারিয়েছে এমন। স্ত্রী.˜ .ভ্রষ্টা (লগ্নভ্রষ্টা মেয়ে)। লগ্নাচার্য বি. দৈবজ্ঞ, জ্যোতিষী।

লগ্নি (p. 753) [lagni] বি. সুদে টাকা খাটানো (টাকা লগ্নি করা)। □ বিণ. লগ্নি করা হয়েছে এমন (লগ্নি টাকা)। [তু. বাং. লাগানো < সং. লগ্ন]। লগ্নী-করণ বি. লগ্নি করা।

লঘিমা (p. 753) [laghimā] (-মন্) বি. 1 লঘুতা, চপলতা; 2 সাত্ত্বিক ভাব, যে অলৌকিক শক্তির দ্বারা দেহকে ইচ্ছামতো লঘু বা সূক্ষ্ম করা যায়। [সং. লঘু + ইমন্]।

লঘিষ্ঠ (p. 753) [laghiṣṭa] বিণ. 1 সর্বাপেক্ষা হালকা, লঘুতম; 2 সর্বাপেক্ষা ক্ষুদ্র, ক্ষুদ্রতম (লঘিষ্ঠ সংখ্যা); 3 অতি লঘু; 4 অতি ক্ষুদ্র। [সং. লঘু + ইষ্ঠ]। স্ত্রী. লঘিষ্ঠা। লঘিষ্ঠ সাধারণ গুণিতক, (সংক্ষেপে) লসাগু বি. (গণি.) দুই বা ততোধিক রাশিদ্বারা যে সর্বনিম্ন রাশিকে ভাগ করলে মিলে যায়।

লঘীয়ান (p. 753) [laghīẏāna] (-য়স্) বিণ. 1 দুইয়ের মধ্যে অপেক্ষাকৃত হালকা বা ছোটো; 2 অতি লঘু; 3 অতি ক্ষুদ্র। [সং. লঘু + ইয়স]।

লঘু (p. 753) [laghu] বিণ. 1 হালকা, অল্প ওজনবিশিষ্ট (আমাদের চোখে আছে লঘু পালকের ছায়া শ. ঘো.) 2 অল্প, পরিমিত, সহজপাচ্য (লঘুভোজন); 3 সামান্য (লঘু পাপ); 4 ক্ষুদ্র খর্ব (লঘুকায়); 5 অগম্ভীর (লঘু সুরের গান); 5 চিন্তাশক্তিহীন (লঘুমস্তিষ্ক, লঘুপ্রকৃতি); 7 মৃদু অথচ ক্ষিপ্র (লঘু বাতাস, লঘু পদক্ষেপ);˜ সহজবোধ্য (লঘুপাঠ); 9 নীচ, হেয় (লঘুজ্ঞান, লঘুজাতি); 1√ অসার; 11 তরল 12 সূক্ষ্ম; 13 (ব্যাক.) হ্রস্বমাত্রাযুক্ত (লঘুধ্বনি, লঘুস্বর)। [সং. √ লন্ঘ্ + উ]। বি.˜ .তা,˜ ত্ব।˜ .ক্রিয়া বি. সামান্য ব্যাপার (তু. বহ্বারম্ভে লঘুক্রিয়া)।˜ .গামী (-মিন্) বিণ. দ্রুত ও স্বচ্ছন্দে চলতে পারে এমন।˜ .গুরু-জ্ঞান,˜.গুরু-বোধ

বি. বয়ঃকনিষ্ঠ ও বয়োজ্যেষ্ঠের মধ্যে তারতম্য সম্বন্ধে ধারণা বা সেই অনুযায়ী উপযুক্ত আচরণ।˜ .চিত্ত,˜ .চেতা (-তস্) বিণ. সংকীর্ণমনা; গাম্ভীর্যহীন; ছ্যাবলা।˜ .জ্ঞান বি. তুচ্ছ বা হেয় বলে মনে করা।˜ .ত্রিপদী বি. বাংলা ছন্দবিশেষ।˜ .পদে ক্রি-বিণ. হালকা অথচ ক্ষিপ্র পায়ে।˜ .পাক বিণ. সহজে হজম হয় এমন, সহজপাচ্য (লঘুপাক খাবার)।˜ .ভোজন বি. হালকা বা সহজপাচ্য আহার।˜ .সংগীত বি. হালকা ধরনের সংগীত।˜ .হস্ত বিণ. শীঘ্রকারী, ক্ষিপ্রহস্ত।

লঘূ-করণ (p. 753) [laghū-karaṇa] বি. 1 ভারী জিনিসকে হালকা করা; 2 জটিল বিষয়কে সরল করা; 3 (গণি.) মিশ্র রাশিকে অমিশ্র এবং অমিশ্র রাশিকে মিশ্র রাশিতে পরিণত করা, reduction [সং. লঘু + √ কৃ + অন]। লঘু-কৃত বিণ. লঘু করা হয়েছে এমন; (গণি.) লঘূকরণ করা হয়েছে এমন।

লঙ্কা1 (p. 753) [laṅkā1] বি. রামায়ণোক্ত দ্বীপবিশেষ, প্রচলিত মতে ঐতিহাসিক যুগে এর নাম ছিল সিংহল। [সং. √ রম্ + ক + আ]।˜ .কাণ্ড বি. 1 রামায়ণের লঙ্কাধ্বংস অধ্যায়; 2 (আল.) ভীষণ ধ্বংসকাণ্ড; 3 তুমুল ঝগড়াঝাঁটি বা মারামারি।˜ .দহন বি. হনুমান কর্তৃক লঙ্কাপুরী পোড়ানো।˜ .দাহী (-হিন্) বিণ. বি. লঙ্কাদাহকারী, হনুমান।˜ .ধি-পতি,˜.পতি, লঙ্কেশ বি. রাবণ।

লঙ্গর-নঙ্গর (p. 755) [laṅgara-naṅgara] ও নোঙর এর আঞ্চ. রূপ।

লঙ্গর-খানা (p. 755) [laṅgara-khānā] বি. 1 সর্বসাধারণের রান্নাঘর; 2 বিনামূল্যে অন্ন বিতরণের স্থান।[ফা. লঙ্গর্কানহ্]।

লঙ্ঘন (p. 755) [laṅghana] বি. 1 ডিঙ্গিয়ে যাওয়া, অতিক্রম (সমুদ্রলঙ্ঘন); 2 পালন না করা, অগ্রাহ্য বা অমান্য করা (আইনলঙ্ঘন, মর্যাদালঙ্ঘন); 3 উপবাস (লঙ্ঘন দেওয়া)।[সং. √ লন্ঘ + অন]। লঙ্ঘনীয় বিণ. লঙ্ঘন করার যোগ্য। লঙ্ঘিত বিণ. লঙ্ঘন করা হয়েছে এমন (আদেশ লঙ্ঘিত হয়নি)।

লঙ্ঘা (p. 755) [laṅghā] ক্রি. (কাব্যে) লঙ্ঘন করা ('এক লম্ফে সাগর লঙ্ঘে')। [সং. √ লন্ঘ্ + বাং. আ]।

ল়জ্-ঝড় (p. 755) [l়j-jhaḍ়] বিণ. 1 অলস এ অকর্মণ্য; 2 অপদার্থ; 3 পুরোনো ও ভগ্নপ্রায় এবং সেই কারণে একেজো (লজ্ঝড় গাড়ি, লজ্ঝড় বাড়ি); 3 গোলমেলে, বাজে, অসুবিধাজনক (লজ্ঝড় কাজ)। [দেশি.-তু. হি. লক্কড়]।

লজেঞ্চুস, লজেন্স (p. 755) [lajēñcusa, lajēnsa] বি. (মুলত ছোটোদের জন্য) গুড় চিনি ইত্যাদির তৈরি চোষ্য মিঠাইবিশেষ। [ইং lozenges.]।

লজ্জত (p. 755) [lajjata] বি. 1 প্রকাশ; 2 পরিচয় ('রাজপুতানীর লজ্জত': ব. চ.); 3 যে-অঙ্গে ব্রীড়া বা লজ্জা ফুটে ওঠে অর্থাত্ মুখমণ্ডল ('চরকায় উজ্জ্বল লক্ষীর লজ্জত': স. দ.) [আ. লজ্জত্-তু. হি. লজ্জত]।

লজ্জ-মান (p. 755) [lajja-māna] বিণ. লজ্জা পাচ্ছে বা বোধ করছে এমন। [সং. √ লজ্জ্ + মান (শানচ্]। স্ত্রী. লজ্জ-মানা

লজ্জা (p. 755) [lajjā] বি. 1 গোপনীয় বিষয় প্রকাশিত হওয়ার জন্য বা অনুচিত ও অশোভন কাজ বা ব্যাপারের জন্য অস্বস্তিজনক ভাব, শরম, ব্রীড়া; 2

অস্বস্তির জন্য কোনো কথা বলতে বা কোনো কাজ করতে মানসিক বাধা, সংকোচ, কুণ্ঠা। [সং. লজ্জ্ + অ + আ]। ̃ .কর, ̃ .জনক বিণ. লজ্জার কারণযুক্ত, লজ্জা অনুভব হয় এমন। ̃ .নত, ̃ ব-নত বিণ. কুণ্ঠার দরুন মুখ তুলতে পারছে না এমন, লজ্জায় মাথা নিচু হয়ে আছে এমন। ̃ .বান, ̃ .শীল বিণ. লাজুক, লজ্জাযুক্ত। স্ত্রী ̃. .বতী ̃ .শীলা, বি. ̃ .বত্তা, ̃শীলতা। লজ্জাবতী লতা বি. লতাবিশেষ, যার পাতা স্পর্শমাত্রেই সংকুচিত হয়। ̃ .হীন, ̃ .শূন্য বিণ. নিলাজ, নির্লজ্জ, বেহায়া। স্ত্রী. ̃ .হীনা, ̃ .শূন্যা। বি. ̃ .হীনতা, ̃ .শূন্যতা। লজ্জিত বিণ. লজ্জাযুক্ত, লজ্জা পেয়েছে এমন। স্ত্রী. লজ্জিতা।

লঞ্চ (p. 755) [lañca] বি. বাষ্পচালিত ছোটো স্টিমারজাতীয় জলযানবিশেষ। [ইং. launch]।

লটকা (p. 755) [laṭakā] ক্রি. টাঙানো, ঝুলানো (দেওয়ালে ক্যালেণ্ডার লটকাল)। [হি. √ লটকা]। ̃ নো ক্রি. বি. টাঙানো, ঝুলানো। □ বিণ. উক্ত অর্থে।

লট-পট (p. 755) [laṭa-paṭa] বি. লুটোপুটি খাওয়ার বা লুটানোর এবং দুলবার ভাব ('লটপট করে বাঘছাল': রবীন্দ্র)। □ বিণ. শিথিলভাবে দোদুল্যমান ('লটপট তার বেশ': চণ্ডী। লট-পটে বিণ. লটপট করছে অর্থাত্ দুলেছে এবং লুটাচ্ছে এমন। লটা-পটা বিণ. (কাব্যে) লটপট করছে এমন ('লটাপট জটাজূট': ভা. চ.)

লট-বহর (p. 755) [laṭa-bahara] বি. (প্রধান যাত্রীদের) সঙ্গের বিবিধ মালপত্র। [তু. লাট2 + বহর]।

লটর-পটর (p. 755) [laṭara-paṭara] বি. 1 নানান অপ্রয়োজনীয় জিনিসপত্র; 2 (সচ.) নারীসঙ্গ-ঘটিত নিন্দনীয় ব্যাপার।[দেশি]।

লটারি (p. 755) [laṭāri] বি. সুরতি খেলা, ভাগ্যপরীক্ষার খেলা। [ইং. lottery]।

লড্ডু, লড্ডুক (p. 755) [laḍḍu, laḍḍuka] বি. নাড়ু। [সং. √ লড্ + ডু. ক]।

লড় (p. 755) [laḍ়.] বি. (প্রা. কা.) দৌড়। [< সং. নড্]।˜ .চড় বি. (গ্রা.) নড়চড়।

লড়া1 (p. 755) [laḍ়ā1] বি. ক্রি. (গ্রা.) নড়া। □ বিণ. উক্ত অর্থে (লড়া মাছ)। [সং. √ লড্ + বাং. আ]।

লড়া2 (p. 755) [laḍ়ā2] ক্রি. বি. 1 যুদ্ধ করা বা পরস্পর শক্তিপরীক্ষা করা (কার সঙ্গে লড়ব, লড়ে যাও)। [হি. √ লড়তু. সং. লড্]।˜ ই বি. যুদ্ধ; পরস্পর শক্তিপরীক্ষা।˜ কু বিণ. যুদ্ধের বা প্রতিযোগিতায় বা বিবাদে উৎসাহী এবং সহজে পিছিয়ে যায় না এমন (লড়াকু মেজাজ)।˜ নো ক্রি. বি. লড়াই করানো, লড়াই লাগিয়ে বা নামিয়ে দেওয়া। □ বিণ. উক্ত অর্থে।˜ .য়ে, লড়াইয়ে বিণ. 1 লড়াইকারী, জঙ্গি; 2 যুদ্ধপ্রিয়।˜ .লড়ি বি. পরস্পর লড়াই; দৌড়াদৌড়ি। লড়িয়ে বিণ. লড়াইপ্রিয় বা লড়াইয়ে পটু।

লতা (p. 755) [latā] বি. 1 যে-উদ্ভিদ অবলম্বনের জন্য অন্য কিছুকে জড়িয়ে বাড়ে, ব্রততী, বল্লরি; 2 (আল.) লতার প্রকৃতিযুক্ত বস্তু (দেহলতা, অসিলতা, আশালতা)। □ ক্রি. (বাং.) লতিয়ে ওঠা, লতানো। [সং. √ লত + অ + আ]।˜ .কুঞ্জ বি. লতায় ঘেরা বাগান।˜ .গৃহ বি. লতামণ্ডিত নিকুঞ্জ বা ঘর।˜ নে,˜ নিয়া বিণ. 1 লতার তুল্য; 2 লতার মতো প্রসারিত বা প্রসরণশীল।˜ নো ক্রি. বি. লতার মতো প্রসারিত হওয়া (লতিয়ে উঠেছে)। □বিণ. উক্ত অর্থে।˜ .পাতা বি. গাছের লতা ও পাতা; গাছ ও গাছের পাতা।˜ .পাশ বি. লতা দিয়ে তৈরি জাল।˜ .বিতান বি. লতাগৃহ, লতাকুঞ্জ।˜ .মণ্ডপ বি. লতাপল্লব দিয়ে রচিত মণ্ডপ, লতাগৃহ।˜ য়িত বিণ. লতার মতো প্রসারিত।

লতি (p. 755) [lati] বি. 1 কানের নিম্নভাগের নরম মাংস; 2 ছোটো বা সরু লতা (কচুর লতি)। [সং. লতা + বাং. ই (ক্ষুদ্রার্থে)]।

লতিকা (p. 755) [latikā] বি. 1 ক্ষুদ্র লতা; 2 লতা। [সং. লতা + ক + আ]।

লন (p. 755) [lana] বি. ছোটো ঘাসে ঢাকা জমি বা উদ্যান।[ইং. lawn]।

লণ্ঠন, লন্-ঠন (p. 755) [laṇṭhana, lan-ṭhana] বি. কাচ দিয়ে ঘেরা প্রদীপবিশেষ। [ইং. lantern]।

লন্ড-ভন্ড (p. 755) [lanḍa-bhanḍa] বিণ. বিপর্যস্ত, ছারখার, তছনছ (ঘরের জিনিসপত্র) সব একেবারে লণ্ডভণ্ড হয়ে আছে। [দেশি]।

লন্ড্রি (p. 755) [lanḍri] বি. কাপড় ধোলাইয়ের দোকান। [ইং. laundry]।

লপটা (p. 755) [lapaṭā] ক্রি. 1 জড়ানো; 2 জ়ড়িত হওয়া। [হি. লপটনা < সং লিপ্ত]।˜ নো ক্রি. বি. 1 জড়ানো; 2 জড়িত হওয়া।

লপসি (p. 755) [lapasi] বি. 1 ডাল ময়দা প্রভৃতির নরম মণ্ডবিশেষ; 2 দুধ বা দই থেকে প্রস্তুত ঘোল। [সং. লপ্সিকা]।

লপেটা (p. 756) [lapēṭā] বি. নাগর ও পাম্পশু-র মাঝামাঝি আকারের জুতোবিশেষ। [তু. হি. লপেটনা]।

লপ্ত (p. 756) [lapta] বি. অবিচ্ছেদ্য অংশ, পাশাপাশি থাকার ভাব (এক লপ্তে তিনটি ঘর)। [সং. লিপ্ত]।

লব (p. 756) [laba] বি. 1 (গণি.) বিভাজ্য অঙ্ক, numerator; 2 অতি সূক্ষ কালাংশ; 3 অতি অল্প অংশ, লেশ; 4 বিন্দু (জল লব); 5 শ্রীরামচন্দ্রের দ্বিতীয় পুত্র। [সং. √ লু + অ]।

লবঙ্গ (p. 756) [labaṅga] বি. মশলা বা মুখশুদ্ধির উপকরণরূপে ব্যবহৃত শুষ্ক ফুলবিশেষ। [সং. √ লু + অঙ্গ]।˜ .লতা, ˜.লতিকা বি. 1 উপক্ষারহীন বনৌষধিবিশেষ; 2 সুগন্ধ ফুলফলযুক্ত লতাবিশেষ; 3 (আল.) গুণবতী ও নম্রা নারী; 4 ঘি বা ডালডায় ভাজা লবঙ্গযুক্ত মিষ্ঠান্নবিশেষ।

লব্জ, লব্জ (p. 756) [labja, labja] বি. 1 শব্দ; 2 বাচনভঙ্গি; 3 কথার মাত্রারূপে ব্যবহৃত অর্থহীন শব্দ। [উ. লব্জ্]।

লব-ডঙ্কা (p. 756) [laba-ḍaṅkā] বি. 1 ফাঁকি; 2 কিছু-না (তুমি পাবে লবডঙ্কা); 3 বুড়ো আঙ্গুল দেখানো। [দেশি]

লবণ (p. 756) [labaṇa] বি. 1 ক্ষাররসযুক্ত রাসায়নিক পদার্থবিশেষ; 2 খাদ্যে স্বাদবৃদ্ধিকারক নোনা স্বাদের চূর্ণবিশেষ। □ বিণ. 1 ক্ষারযুক্ত; 2 লোনা (লবণজল)। [সং. √ লু + অন]।˜ .পোড়া বিণ. অত্যধিক লবণ মিশানো হয়েছে এমন। লবণাক্ত বিণ. লবণমিশ্রিত; নোনা। লবণাম্বুধি বি. লবণসমুদ্র, নোনাজলযুক্ত সমুদ্র। লবণাম্বু-রাশি বি. 1 লবণাক্ত জলরাশি; 2 সমুদ্র।

লবেজান (p. 756) [labējāna] বিণ. 1 অতি অস্হির বা উৎকণ্ঠিত ('লবেজান বিবিজান'); 2 প্রাণ ওষ্ঠাগত হয়েছে এমন।[ফা. লব্-ই-জান্)।

লব্জ (p. 756) [labja] দ্র লব্জ।

লব্ধ (p. 756) [labdha] বিণ. লাভ করেছে বা করা হয়েছে এমন, প্রাপ্ত, অর্জিত (পরিশ্রমলব্ধ অর্থ)।[সং √ লভ্ + ত]। স্ত্রী. লব্ধা˜ .কাম বিণ. মনোরথ বা কামনা সফল বা পূর্ণ হয়েছে এমন।˜ .প্রতিষ্ঠ বিণ. প্রতিষ্ঠা লাভ করেছে এমন, খ্যাতিমান।˜ .প্রবেশ বিণ. ভিতরে প্রবেশ করেছে এমন, প্রবিষ্ট।

লভা (p. 756) [labhā] ক্রি. (কাব্যে) লাভ করা, পাওয়া ('কি ফল লভিনু হায়': মধু.); অন্যান্য ক্রিয়ারূপ-লভিব, লভিয়াছে, লভিল, লভিলাম। [লাভ দ্র]।

লভ্য (p. 756) [labhya] বিণ. 1 লাভের যোগ্য; 2 লাভস্বরূপ প্রাপ্তির সম্ভাবনাযুক্ত; 3 প্রাপ্য (লভ্যাংশ)। ☐ বিণ. (বাং.) লাভ, প্রাপ্তি। [সং. √ লভ্ + য]। স্ত্রী. লভ্যা। লভ্যাংশ বি. লাভের ভাগ বা অংশ; প্রাপ্য অংশ।

লম্পট (p. 756) [lampaṭa] বিণ. বি. 1 কামুক; 2 লোচ্চা, চরিত্রহীন। [সং. √ রম্ + অট]। বি.˜ তা, লাম্পট্য।

লম্ফ1, ল্যাম্প (p. 756) [lampha1, lyāmpa] বি. ক্ষুদ্র বাতিবিশেষ, কেরোসিন ডিবা। [ইং. lamp]।

লম্ফ2 (p. 756) [lampha2] বি. লাফ, উল্লম্ফন (লম্ফ দিয়ে গাছে চড়ে)। [সং. √ লম্ফ্ + অ]।˜ .ঝম্প বি. 1 লাফালাফি, লাফঝাঁপ; 2 (আল.) অতিশয় চঞ্চলতা বা আস্ফালন, অতিশয় হাঁকডাক।˜ ন বি. লাফ; লাফ দেওয়া।

লম্ব (p. 756) [lamba] বি. 1 দীর্ঘ রেখা; 2 সমকোণে অবস্থিত সরলরেখা, perpendicular ☐ বিণ. 1 দোলায়মান, লম্বাভাবে ঝুলেছে এমন; 2 দীর্ঘ; 3 খাড়া, ঋজু; 4 সমকোণে অবস্থিত।[সং. √ লম্ব্ + অ]।˜ .কর্ণ বিণ. লম্বা কানবিশিষ্ট। ☐ বি. (লম্বা কানযুক্ত বলে) গাধা খরগোশ হাতি প্রভৃতি জীব।˜ চ্ছেদ বি. লম্বালম্বি কাটা।˜ ন বি. 1 ঝুলন, দোলন; 2 অবলম্বন।˜ .মান বিণ. 1 দোলায়মান, ঝুলছে এমন; 2 (ব্যঙ্গে) শুয়ে আছে এমন (বিকেল বেলায় বিছানায় লম্বমান হয়ে আছ কেন?)।˜ .শাট বি. বঞ্চনা বা প্রতারণার জন্য ছদ্মবেশ।˜ .শাট-পটাবৃত বিণ. জমকালো পোশাক পরিহিত।

লম্বর-দার (p. 756) [lambara-dāra] বি. যে মোড়লশ্রেণির ব্যক্তি বা মুখপাত্র সরকারের পক্ষে প্রজাদের কাছ থেকে খাজনা আদায় করে। [বাং. নম্বর (ইং number) + ফা. দার]।

লম্বা (p. 756) [lambā] বিণ. 1 দীর্ঘ, সামনে প্রসারিত, উপরে বা নীচে বিস্তৃত (লম্বা লোক, লম্বা পথ, দুহাত লম্বা); 2 দীর্ঘকালব্যাপী (লম্বা দিন, লম্বা ঘুম); 3 (আল.) ধরাশায়ী (লম্বা হওয়া, পিটিয়ে লম্বা করা); 4 দম্ভপূর্ণ (লম্বা লম্বা কথা)। □ বি. 1 দৈর্ঘ্য (লম্বায় দশ হাত); 2 ঝুল (জামাটা লম্বায় খাটো)। [সং. √ লম্ব্ + বাং. আ]।˜ ই বি. 1 দৈর্ঘ; 2 ঝুলের মাপ।˜ ই-চওড়াই বি. 1 দৈর্ঘ ও প্রস্থের মাপ; 2 দম্ভপূর্ণ উক্তি (অনেক লম্বাই-চওড়াই বলে গেল); 3 আস্ফালন। লম্বা করা ক্রি. বি. 1 প্রসারিত করা; 2 বাড়ানো; 3 (আল.) প্রহার দিয়ে ধরাশায়ী করা।˜ .চওড়া বিণ. দীর্ঘদেহী এবং স্বাস্থ্যবান। লম্বা চাল বি. অতিরিক্ত আড়ম্বর।˜ টে বিণ. লম্বা ধরণের; কিছুটা লম্বা। লম্বা দেওয়া ক্রি. বি. দ্রুত ছুটে পালানো; চম্পট দেওয়া।˜ .লম্বি ক্রি-বিণ. দৈর্ঘ্যের দিকে অনুদীর্ঘভাবে (চাদরটাকে লম্বালম্বি পাতো)। লম্বা হওয়া ক্রি. বি. 1 প্রসারিত হওয়া; 2 বাড়া, বেড়ে ওঠা; 3 দীর্ঘ হওয়া; 4 (আল.) হাত-পা ছড়িয়ে শুয়ে পড়া।

লম্বিত (p. 756) [lambita] বিণ. 1 ঝোলানো হয়েছে এমন বা ঝুলছে এমন; 2 দোলিত। [সং. √ লম্ব্ + ত]।

লম্বোদর (p. 756) [lambōdara] বিণ. ভুঁড়িওয়ালা, ভুঁড়ো, স্থূলোদর। □ বি. (লম্বা বা ঝোলানো পেটযুক্ত বলে) গণেশ। [সং. লম্ব + উদর]।

লয় (p. 756) [laẏa] বি. 1 (বৃহত্তর বস্তুতে) বিলীন হওয়া (নির্গুণ ব্রহ্মে লয় হওয়া, 'জলেরই বিম্ব জলে পায় লয়'); 2 বিনাশ ধ্বংস বা মৃত্যু (সৃষ্টিস্থিতিলয়); 3 (সংগীতে) নৃত্যগীতবাদ্যের তালসাম্য বা তালের নির্দিষ্ট কাল পরিমাণ (দ্রুত লয়, বিলম্বিত লয়)।[সং. √ লী + অ]।

লয়-কারি (p. 756) [laẏa-kāri] (বর্জি.) লয়-কারী বি. (সংগীতে) গায়ক বা বাদক কর্তৃক লয়ের নানান বৈচিত্র্য প্রদর্শন। [সং. লয়কার্য]।

লরি (p. 756) [lari] বি. বাষ্পচালিত মালবাহী যানবিশেষ। [ইং. lorry]।

ললত্ (p. 756) [lalat] বিণ. 1 (বিরল) কম্পমান; 2 দোলায়মান; 3 লেহনকারী (তু. ললজ্জিহ্ব-কুকুর)। [সং. √ লড্ (লল্) + অত্]।

ললনা (p. 756) [lalanā] বি. 1 সুন্দর নারী; 2 পত্নী। [সং. √ লল্ + অন + আ]।

ললন্তিকা (p. 757) [lalantikā] বি. নাভি পর্যন্ত লম্বিত হার। [সং. ললত্ + ক + আ-ন্ আগম]।

ললাট (p. 757) [lalāṭa] বি. 1 কপাল; 2 ভাগ্য, অদৃষ্ট। [সং. √ লল্ + আট]। ̃ .ভূষণ বি. কপালে পরবার অলংকার। ললা্টিকা বি. 1 তিলক; 2 শ্রেষ্ঠ অলংকার ('ললা্টিকা মেয়ে': বিহারী.)।

ললাম (p. 757) [lalāma] বি. 1 ভূষণ, অলংকার; 2 শ্রেষ্ঠ বস্তু; 3 তিলক। [সং. √ লল্ + আম]।

ললিত (p. 757) [lalita] বিণ. 1 সুন্দর, চারু (ললিত রূপ, ললিত বেশ); 2 মৃদু, মনোরম (ললিতকলা); 3 কমনীয়, কোমল ('কহিল রমণী ললিত কণ্ঠে')। □ বি. 1 লাস্য; 2 স্ত্রীনৃত্য; 3 বিলাস; 4 সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [সং. √ লল্ + ত]।˜ .কলা বি. গীতবাদ্য চিত্রাঙ্কন কাব্য-নাটকাদি চারুকলা। ললিতা বিণ. ললিত-র স্ত্রীলিঙ্গে। □ 1 দেবীবিশেষ, দুর্গাদেবী; 2 শ্রীরাধিকার জনৈকা সখী। ললিতা সপ্তমী ভাদ্রমাসের শুক্লা সপ্তমীতিথি।

লশ-কর (p. 757) [laśa-kara] বি. 1 সৈন্য, ফৌজ, 2 নৌসৈন্য; 3 জাহাজের খালাশি; 4 লোকজন (লোকলশকর)। [ফা. লশ্কর্]।

লশুন-রসুন (p. 757) [laśuna-rasuna] এর রূপভেদ।

লস্সি, লস্যি (p. 757) [lassi, lasyi] বি. ঘোল চিনি বরফ প্রভৃতি দিয়ে তৈরি গ্রীষ্মের পানীয়বিশেষ। [হি. লস্সী]।

লসিত (p. 757) [lasita] বিণ. শোভিত, দীপ্ত, শোভাযুক্ত ('লসিত সুন্দর সর্ব গাত্র': জ্ঞান.) [সং. √ লস্ + ত]।

লস্কর-লশকর (p. 757) [laskara-laśakara] এর বানানভেদ।

লস্যি (p. 757) [lasyi] দ্র লস্সি []।

লহ (p. 757) [laha] (কাব্য). অনু-ক্রি. নাও, গ্রহণ করো (লহো প্রণাম)। [বাং. √ লওয়া < প্রাকৃ. লহ]

লহনা (p. 757) [lahanā] বি. 1 খাজনা ব্যতীত অন্য পাওনা; 2 লভ্য, পাওনা [হি. লহনা < সং. √ লভ্]।

লহমা (p. 757) [lahamā] বি. মুহূর্ত বা অতি অল্প সময় (এক লহমায় সব বুঝে নিল, 'হঠাত্ সহস্র দিন শেষ যেন এক লহমায়': অ. চ.) [আ. লম্হ্হ্]।

লহর (p. 757) [lahara] বি. 1 ঢেউ; প্রবাহ (হাসির লহর); 2 শ্রেণী, সারি; 3 প্যাঁচ (সাতলহর হার)। [সং. লহরী]।

লহরা (p. 757) [laharā] বি. প্রবাহ্ বা ঢেউ; 2 তবলাবাদনের প্রাধান্যের দ্বারা সংগীতের লহরি সৃষ্টি-লহরায় আনদ্ধ যন্ত্রেরই প্রাধান্য থাকে, যন্ত্রসংগীত তাকেই অনুসর করে। [হি. লহরা]।

লহরি, লহরী (p. 757) [lahari, laharī] বি. তরঙ্গ, ঢেউ ('সাগর লহরী সমানা': বিদ্যা.) [সং. ল + √ হৃ + ইন্, ঈ (স্ত্রী.)]।

লহু1 (p. 757) [lahu1] বি. (বর্ত. অপ্র.) রক্ত। [সং. লোহিত]।

লহু2 (p. 757) [lahu2] বিণ. (ব্রজ.) মৃদু ('লহুলহু হাস': বিদ্যা.)।[সং. লঘু]।

লা2 (p. 757) [lā2] অব্য. স্ত্রীলোকদের ব্যবহৃত স্ত্রীলোকদের উদ্দেশে সম্বোধনের শব্দবিশেষ (কেন লা, এখানে যাবি না কেন?) [প্রাকৃ. হলা]।

লা3 (p. 757) [lā3] বি. (আঞ্চ. ও প্রা. কা.) নৌকা, নাও। [সং. নৌ]।

লা4 (p. 757) [lā4] অব্য. নঞর্থক উপসর্গবিশেষ (লাচার, লাখেরাজ = লা+ খিরাজ)। [আ. লা]।

লাই (p. 757) [lāi] বি. প্রশ্রয়, আশকারা, নাই (কুকুরকে লাই দিলে সে মাথার ওঠে)। [বাং. নাই < নেহ < স্নেহ]।

লাইট (p. 757) [lāiṭa] বি. 1 বাতি; 2 বৈদ্যুতিক বাতি। [ইং. light]। ˜ .হাউস বি. সমুদ্রে নাবিকদের সাহায্যের জন্য বা পথনির্দেশের জন্য বাতিঘর।

লাইন (p. 757) [lāina] বি. 1 রেখা (লাইন টানা); 2 নিজ নিজ পালা বা ক্রমের জন্য অপেক্ষামাণ মানুষের সারি (টিকিটের লাইন, রেশনের লাইন); 3 শ্রেণি (ফুলগাছের লাইন); 4 লৌহপথ (রেলের লাইন, ট্রামের লাইন); 5 পথ, ধারা (ঠিক লাইন ধরে এগোনো); 6 (কৌতু. বা আল.) কৌশলপূর্ণ উপায় (লাইন জানা থাকলে কাজটা উদ্ধার হতে পারে)। [ইং. line]।

লাইনিং (p. 757) [lāini] বি. জামা বা অন্য সেলাই-করা পোশাকের ভিতরদিকের অতিরিক্ত কাপড় (কোটের লাইনিং) [ইং. lining]

লাইফ-বেল্ট (p. 757) [lāipha-bēlṭa] বি. জাহাজ ইত্যাদি ডুবে গেছে যাত্রীদের ভেসে থাকার সাহায্যে জন্য নির্মিত হাওয়া-পোরা রবারের চাকাবিশেষ। [ইং. lifebelt]।

লাইফ-বোট (p. 757) [lāipha-bōṭa] বি. জাহাজ ইত্যাদি পোত ভগ্ন বা মজ্জমান হলে যাত্রীদের জীবনরক্ষার্ত্রে ব্যবহৃত (এবং প্রধানত জাহাজে সংলগ্ন) ছোটো দ্রুতগামী নৌকাবিশেষ।[ইং. lifeboat]।

লাইব্রেরি (p. 757) [lāibrēri] বি. গ্রন্হাগার, পুস্তক-ভাণ্ডার [ইং. library]।

লাইসেন্স (p. 757) [lāisēnsa] বি. ব্যাবসা বা বৃত্তি অবলম্বন করার সরকারি অনুমতি বা অনুমতিপত্র। [ইং. licence]।

লাউ (p. 757) [lāu] বি. কুমড়োজাতীয় সবুজ সবজিবিশেষ, কদু। [< সং. অলাবু]। ˜ .ডগা বি. 1 লাউগাছ বা লাউশাকের আগা; 2 বিষহীন সবুজ সাপবিশেষ। ˜ .মাচা বি. লাউগাছ লতিয়ে বাড়ার জন্য যে-মাচা তৈরি করা হ
য়।

লাউড-স্পিকার (p. 757) [lāuḍa-spikāra] বি. যে-কোনো আওয়াজকে তীব্র ও উঁচু করার যন্ত্রবিশেষ।[ইং. loudspeaker]।

লাক্ষণিক, লাক্ষণ্য (p. 757) [lākṣaṇika, lākṣaṇya] বিণ. 1 লক্ষণ-সংক্রান্ত; 2 লক্ষণযুক্ত; 3 লক্ষণস্বরূপ; 4 লক্ষণ বা লক্ষণাবৃত্তির দ্বারা বোধ্য; 5 গৌণ (লাক্ষণিক অর্থে); 6 দৈবজ্ঞ। [সং. লক্ষণ + ইক, য]।

লাক্ষা (p. 757) [lākṣā] বি. 1 লাল বৃক্ষরসবিশেষ, গালা, জতু, জউ; 2 আলতা। [সং. > লক্ষ্ + অ + আ]। ̃ .রস বি. লাক্ষাজাত তরল রং, আলতা।

লাক্ষিক (p. 757) [lākṣika] বিণ. 1 লাক্ষার দ্বারা রঞ্জিত; 2 লাক্ষা-সম্বন্ধীয়। [সং. লাক্ষা + ইক]।

লাখ (p. 757) [lākha] বি. লক্ষ1 এর কথ্যরূপ, 1√ সংখ্যা। [] বিণ. 1 এক লক্ষ-সংখ্যক; 2 (আল.) অগণিত, অসংখ্য। [সং. লক্ষ]। লাখ কথার এক কথা বহু কথার মধ্যে সবচেয়ে মূল্যবান কথা, সার কথা। ̃ .পতি বি. লক্ষাধিক টাকার মালিক। লাখ লাখ বিণ. অসংখ্য (লাখ লাখ লোক)। লাখে, লাখে, লাখো লাখো বিণ. অসংখ্য।

লাখেরাজ (p. 758) [lākhērāja] বিণ. নিষ্কর (লাখেরাজ জমি)। □বি. নিষ্কর জমি। [আ. লা-খিরাজ]।

লাখো (p. 758) [lākhō] বিণ. লাখ -এর কথ্য রূপ (লাখোবার তাকে বারণ করেছি)। [লাখ দ্র]।

লাগ (p. 758) [lāga] বি. 1 নাগাল (লাগ পাওয়া); 2 স্পর্শ; 3 নৈকট্য; 4 ঘনিষ্ঠ সম্পর্ক, প্রীতির সম্পর্ক (তার সঙ্গে তো তোমার বেশ লাগ আছে)।[লাগা দ্র]।

লাগ-সই (p. 758) [lāga-si] বিণ. 1 উপযুক্ত; জুতোসই (প্রশ্নের লাগসই জবাব); 2 মাপসই (লাগসই জুতো); 3 মানানসই। [বাং. লাগা + সই3]।

লাগা ক্রি. (p. 758) [lāgā kri.] বি. 1 যুক্ত বা লিপ্ত বা সংলগ্ন হওয়া (জুতোয় কাদা লাগা, ঘরে আগুন লাগা); 2 স্পর্শ করা (গায়ে বাতাস লাগা); 3 ভেড়া, ভিড়া (তীরে নৌকা লাগা); 4 থামা (ওইখানে গাড়ি লাগাও); 5 রত নিযুক্ত বা ব্যাপৃত হওয়া (কাজে লেগে যাও); 6 আরম্ভ হওয়া, ঘটা (গ্রহণ লাগা); 7 করতে থাকা (খেতে লাগল); 8 স্বাদবোধ হওয়া (মিষ্টি লাগছে); 9 অনুভূত হওয়া (ভালো লাগা, গরম লাগা); 1 ক্লেশবোধ বা যন্ত্রণাবোধ হওয়া (পায়ে বড়ো লাগছে); 11 যুক্তিযুক্ত হওয়া, খাপ খাওয়া, মানানো (কাজে গা লাগাছে না, শব্দটা ওখানে লাগবে না); 12 তুল্য হওয়া (মহাভারতের কাছে অন্য মহাকাব্য কি আর লাগে?); 13 প্রয়োজন হওয়া (টাকা লাগবে, আর কী কী লাগবে?); 14 মূল্যরূপে ব্যয়িত হওয়া (কিনতে দশ টাকা লেগেছে); 15 সফল হওয়া, ফলপ্রসূ হওয়া (ওষুধটা লেগেছে, তার ভবিষ্যদ্বাণীটা লাগল না); 16 বিবাদ বাধা (দু-পক্ষে আবার লেগেছে); 17 পছন্দ হওয়া (কথাটা মনে লাগছে); 18 জ্বালাতন বা শত্রুতা করা (পিছনে লাগা); 19 বিদ্ধ হওয়া, বেঁধা (গুলিটা বুকে লেগেছে, তিরটা পিঠে লেগেছে); 2 আঘাত পাওয়া (ঘুসি লেগেছে, চোট লাগা, খোঁচা লাগা); 21 ধারণা বা অনুভব হওয়া (কুসুমসমান লাগা); 22 পছন্দ বা মনোমতো হওয়া (তার কথাটা আমার মনে লেগেছে); 23 আটকে যাওয়া, বাধাপ্রাপ্ত হওয়া (নৌকো কাদায় লেগেছে, গলায় লাগা); 24 কু প্রভাব পড়া (এঁড়ে লাগা, শনি লাগা)। [সং. √ লগ্ + বাং. আ] লেগে থাকা ক্রি বি. রত থাকা; নাছোড়বান্দার মতো রত থাকা। লেগে যাওয়া ক্রি. ব্. 1 কাজ বা উদ্যোগ শুরু করা, কাজে নামা; 2 খেটে যাওয়া, মিলে যাওয়া (তাঁর কথাটাই লেগে গেছে)।

লাগাও (p. 758) [lāgāō] বিণ. সংলগ্ন, সন্নিহিত, পাশাপাশি (লাগাও ঘরবাড়ি)। [লাগা দ্র]।

লাগা-তার (p. 758) [lāgā-tāra] বিণ. অবিরাম, একটানা (লাগাতার ধর্মঘট, লাগাতার বৃষ্টি)। [হি. লাগাতার]।

লাগানি, লাগানি-ভাঙানি (p. 758) [lāgāni, lāgāni-bhāṅāni] দ্র লাগানো।

লাগানো (p. 758) [lāgānō] ক্রি. বি. 1 সংযুক্ত করা (খামে টিকিট লাগানো, ঘরে আগুন লাগানো); 2 লিপ্ত বা লেপন করা (দেওয়ালে রং লাগানো, ফোঁড়ায় মলম লাগানো); 3 ছোঁয়ানো (গায়ে গা লাগানো); 4 সেবন করা, লাগতে দেওয়া (মাথায় রোদ লাগানো); 5 ভিড়ানো (তীরে নৌকা লাগানো); 6 রোপণ করা (গাছের চারা লাগানো); 7 নিযুক্ত করা (কাজে লাগানো; মনে লাগানো, পিছনে লোক লাগোনো); 8 প্রয়োগ করা (ঘা কতক লাগানো); 9 বাধিয়ে দেওয়া (ঝগড়া লাগিয়ে দিচ্ছে); 1 ব্যয় করা (সময় লাগানো); 11 মনে উৎপাদন করা, বোধ করানো (তাক লাগানো, ভয় লাগানো); 12 গোপনে বিরুদ্ধে বলা, চুকলি কাটা (আমার নামে লাগিয়েছে); 13 বন্ধ করা (দরজাটা লাগিয়ে দাও)। লাগা দ্র। লাগানি বি. গোপন নালিশ, চুকলি। লাগানি-ভাঙানি বি. গোপনে অন্যের নিন্দা করে মন বিগড়ে দেওয়া।

লাগাম (p. 758) [lāgāma] বি. 1 ঘোড়ার বল্গা, রাশ; 2 (গৌণ অর্থে) সংযম (মুখে লাগাম নেই)। [ফা. লগাম্]। ˜ .ছাড়া বিণ. 1 যথেচ্ছাচারী, অসংযত (লাগামছাড়া আচরণ); নিয়ন্ত্রণের বহির্ভূত (লাগামঢছাড়া বাজারদর)।

লাগি, লাগিয়া (p. 758) [lāgi, lāgiẏā] অনু. (কাব্যে) 1 জন্য ('সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু': চণ্ডী); 2 তরে ('কার লাগি হয়েছে বিরাগী': নজরুল)।[বাং. লাগ + ই, ইয়া < প্রাকৃ. লগ্গই]।

লাগেজ (p. 758) [lāgēja] বি. যাত্রীদের মালপত্র।[ইং. luggage]।

লাঘব (p. 758) [lāghaba] বি. 1 হ্রাস, লঘুতা (ভার লাঘব করা, শ্রম লাঘব করা); 2 গৌরবহানি, মর্যাদাহানি (একাজে করলে তোমার সম্মানের লাঘব হবে না); 3 ক্ষিপ্রতা, পটুতা (হস্তলাঘব) [সং. লঘু + অ]।

লাঙল (p. 758) [lāṅala] বি. ইস্পাতের ফলাযুক্ত জমি চষার যন্ত্রবিশেষ, হল।[সং. লাঙ্গল]। লাঙল চষা ক্রি. বি. লাঙল দিয়ে জমি চাষ করা।˜ .টানা বিণ. হলবহনকারী।˜ .দড়ি বি. যে দড়ি দিয়ে লাঙলের সঙ্গে মই বাঁধা হয়।

লাঙুল (p. 758) [lāṅula] বি. লেজ, পুচ্ছ। [সং. লাঙ্গুল]। লাঙুলি বিণ লেজবিশিষ্ট। □ বি. বাঁদর।

লাঙ্গুল (p. 758) [lāṅgula] বি. লাঙ্গুল -এর মার্জিত রূপ। [সং. √ লঙ্গ্ + উল]। লাঙুলী (-লিন্), (চলিত) লাঙুলি বিণ. লেজবিশিষ্ট। □ বি. বাঁদর।

লাচাড়ি (p. 758) [lācāḍ়i] বি. নৃত্যোপযোগী ত্রিপদ ছন্দবিশেষ বা উক্ত ছন্দে রচিত গান। [হি. লচারী]। লাচাড়ি টৌড়ি বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ।

লাচার-নাচার (p. 758) [lācāra-nācāra] এর রূপভেদ [.]।

লাছা (p. 758) [lāchā] ক্রি. পাতা, স্থাপন করা (বিছানা লেছে দাও)। [বাং. লাছ্ + আ]।

লাছি (p. 758) [lāchi] বি. সুতোর গুটি বা কাটিমে জড়ানো সুতো (এক লাছি সুতো)।[দেশি.]।

লাজ2 (p. 759) [lāja2] বি. খই; ভাজা ধান [সং. √ লাজ্ + অ]।˜ .বর্ষণ বি. শুভ অনুষ্ঠানে ইতস্তত খই ছড়ানো। লাজাঞ্জলি বি. 1 মুঠো-ভরতি খই; 2 খই-ভরতি অঞ্জলি বা মুঠি।

লাজ-বন্তি (p. 759) [lāja-banti] বি. সংগীতের রাগিণীবিশেষ।[হি. লাজবন্তী]।

লা-জবাব (p. 759) [lā-jabāba] বিণ. 1 তুলনাহীন, অপূর্ব; 2 নিরুত্তর।[ফা. লা জওয়াব্]।

লাজুক (p. 759) [lājuka] বিণ. 1 লজ্জাশীল; 2 সংকোচের জন্য লোকের সঙ্গে মিশতে বা সহজভাবে কথা বলতে পারে না এমন। [বাং. লাজ1 + উক]।

লাঞ্চ, লান্চ্ (p. 759) [lāñca, lānc] বি. দুপুরে প্রধান ভোজন, মধ্যাহ্নভোজন। [ইং. lunch]।

লাঞ্ছন (p. 759) [lāñchana] বি. 1 কলঙ্ক, চিহ্ন (শশলাঞ্ছন, ব্যাঘ্রলাঞ্ছন); 2 ধ্বজ (মকরলাঞ্ছন); 3 অঙ্কন; 4 উপাধি, নাম। [সং. √ লাঞ্ছ্ + অন]।

লাঞ্ছনা (p. 759) [lāñchanā] বি. 1 ভর্ত্ সনা, তিরস্কার; 2 নিন্দা, অপামানিত, (অনেক লাঞ্ছনা সয়েছি); 3 উৎপীড়ন (পরাধীনতার লাঞ্ছনা)। [সং. √ লাঞ্ছ + অন + আ]।

লাঞ্ছিত (p. 759) [lāñchita] বিণ. 1 ভৎির্সত , তিরস্কার; 2 নিন্দিত, অপমানিত, অপদস্থ; 3 উৎপীড়িত; 4 কলঙ্কিত; 5 চিহ্নিত, অঙ্কিত (চন্দনলাঞ্ছিত দেহ); 6 ধ্বজযুক্ত; 7 নামযুক্ত, নামাঙ্কিত। [সং. √ লাঞ্ছ্ + ত]।

লাট1 (p. 759) [lāṭa1] বিণ. 1 পাট-ভাঙা, এলোমেলো, ওলটপালট (লাট কাপড়, কাপড়জামা লাট হয়ে গেছে); 2 ধরাশায়ী (মেরে লাট করা)। [দেশি]। লাট খাওয়া ক্রি. বি. (উড্ডীয়মান বস্তুর) উলটোমুখে পড়া বা পতনোন্মুখ হওয়া (ঘুড়ি লাট খাচ্ছে)।

লাট2 (p. 759) [lāṭa2] বি. 1 বিদগ্ধ ব্যক্তি, পণ্ডিত বা রসজ্ঞ ব্যক্তি; 2 জীর্ণবস্ত্রাদি। [সং. লাট্ + অ]।

লাট3 (p. 759) [lāṭa3] বি. (বিরল) স্তম্ভ (অশোকলাট)।[হি. লাঠ্]।

লাট4 (p. 759) [lāṭa4] বি. 1 জমিদারির অংশ (লাটের খাজনা); 2 নিলামে একত্র বিক্রয়ের দ্রব্যসমষ্টি (লাটের মাল)। [ইং. lot]। ̃ .বন্দি বিণ. (জমি সম্বন্ধে) লাটের তালিকাভুক্ত।

লাট5 (p. 759) [lāṭa5] বি. 1 গভর্ণর, রাজ্যপাল (বাংলার লাট); 2 দেশের প্রধান শাসক; 3 সর্বাধিনায়ক। [ইং. lord]।˜ .বেলাট বি. পদস্হ ও সম্ভ্রান্ত ব্যক্তি।˜ .সাহেব বি. 1 গভর্নর, রাজ্যপাল; 2 (ব্যঙ্গে) চালচলন ও বেশভূষার আত্মম্ভরিতাপূর্ণ ব্যক্তি। ছোট-লাট প্রাদেশিক শাসনকর্তা, lieutenant-governor জঙ্গি-লাট প্রধান সেনাপতি। বড়ো-লাট দেশের প্রাক্তন প্রধান শাসনকর্তা, গভর্নর-জেনারেল।

লাট6 (p. 759) [lāṭa6] বি. গুজরাতের প্রাচীন নাম। [সং.লাট + অ]।

লাটিম, লাট্টু (p. 759) [lāṭima, lāṭṭu] বি. লোহার ছুঁচলো শলাকা বা আলযুক্ত কাঠের খেলনাবিশেষ যা দড়ি দিয়ে পাকিয়ে ঘোরাতে হয়। [হি. লট্টু-তু. সং. √ নট্]। লাট্টু-দার বিণ. লাট্টুর মতো পাকিয়ে চূড়া করা হয়েছে এমন (লাট্টুদার পাগড়ি)

লাঠা-লাঠি (p. 759) [lāṭhā-lāṭhi] বি. 1 লাঠির দ্বারা পরস্পর প্রহার; 2 (আল.) তুমুল বিবাদ। [বাং. লাঠি + লাঠি]।

লাঠি (p. 759) [lāṭhi] বি. হাতে ধরার উপযুক্ত মূলত বাঁশ বা কাঠের লম্বা টুকরো, যষ্টি, লগুড়। [প্রা. লট্ঠি > সং. ষষ্টি]।˜ .খেলা বি. লাঠি নিয়ে লড়াই-লড়াই খেলা।˜ .য়াল, লেঠেল বি. লাঠি নিয়ে যুদ্ধ করতে পটু ব্যক্তি।˜ .য়ালি, লেঠেলি বি. লাঠিয়ালের বৃত্তি।˜ .সোঁটা বি. লাঠি ও তৎসদৃশ বস্তু। লাঠ্যৌষধি বি. লাঠির প্রহাররূপ ওষুধ বা সংশোধনের উপায়, অর্থাত্ লাঠি দিয়ে মেরে অপরাধের প্রতিকার।

লাড্ডু (p. 759) [lāḍḍu] বি. নাড়ু, তিল নারকেল প্রভৃতির তৈরি গোলাকার মিঠাইবিশেষ।[হি. লাড্ডু < সং লড্ডু]।

লাথি (p. 759) [lāthi] বি. পদাঘাত, পা দিয়ে প্রহার বা আঘাত। [তু. হি. লাত]। ˜ .খেকো বিণ. 1 লাথি খেতে অভ্যস্ত; 2 (আল.) অত্যন্ত হেয় বা হীন। লাথানো ক্রি. লাথি মারা (লাথিয়ে দূর করা)। □ বি. উক্ত অর্থে।

লাদ (p. 759) [lāda] দ্র নাদ2।

লাদা1 (p. 759) [lādā1] দ্র নাদা।

লাদা2 (p. 759) [lādā2] ক্রি. ভার চাপানো, বোঝাই করা।[বাং. √ লাদ্ + আ]। ˜ ই বিণ. বোঝাই।

লাদি (p. 759) [lādi] বি. ছাগল ইঁদুর আরশোলা প্রভৃতি প্রাণীর বিষ্ঠা, নাদি।[< সং. লণ্ড.]।

লাফ (p. 759) [lāpha] বি. লম্ফ, দুই কিংবা এক পায়ের পেশি স্প্রিঙের মতো সংকোচন ও হঠাত্ প্রসারণের দ্বারা দূরত্ব লঙ্ঘন। [সং. লম্ফ]। ˜ .ঝাঁপ বি. 1 লাফালাফি, লম্ফঝম্ফ; 2 হুড়োহুড়ি; 3 (আল.) অত্যাধিক ব্যস্ততা বা আস্ফালন। লাফা-লাফি বি. 1 ক্রমাগত লাফ দেওয়া; 2 (আল.) অত্যধিক ব্যস্ততা বা আস্ফালন।

লাফা (p. 759) [lāphā] ক্রি. লাফ দেওয়া (লাফিয়ে যাওয়া)।[সং. লম্ফ + বাং. আ]। লাফানি বি. 1 লাফ, লাফ দেওয়া; 2 আস্ফালন; ছটফটানি। লাফানে বিণ. লাফায় এমন।˜ নো ক্রি. লাফ দেওয়া। □ বি. উক্ত অর্থে (এত লাফানো ভোলো নয়)।

লাফালাফি (p. 759) [lāphālāphi] দ্র লাফ।

লাব (p. 759) [lāba] বি. বটের পাখি [সং. লু + অ]।

লাবড়া (p. 759) [lābaḍ়ā] বি. বিবিধ সবজি-সহযোগে পাঁচমিশালি ব্যঞ্জন, ঘ্যাঁট। [সং. লাবু (অলাবু) + বাং. ড়া = লাবুড়া > লাবড়া]।

লাবণ (p. 759) [lābaṇa] বিণ. 1 লবণসম্বন্ধীয়;। 2 নোনা, লবণাক্ত। [সং. লবণ + অ]।

লাবণি, (p. 759) [lābaṇi,] (প্রা. কা.) লাবনি বি. কান্তি, লাবণ্য। [< সং. লাবণ্য]। লাবনি বি. (প্রা. কা.) লাবণ্য ('কাচা অঙ্গর লাবনি': গো. দা.)

লাবণিক (p. 759) [lābaṇika] বিণ. লাবণ; লবণসম্বন্ধীয়। □ বি. লবণ-বিক্রেতা। [সং. লবণ + ইক]।

লাবণ্য (p. 759) [lābaṇya] বি. 1 কান্তি, সৌন্দর্য; কমনীয়তা।[সং. লবণ + য]।˜ .ময় বিণ. কান্তিযুক্ত, সুন্দর; কমনীয়। স্ত্রী.˜ .ময়ী।

লাভ (p. 760) [lābha] বি. 1 মুলধন বা খরচের অতিরিক্ত আয় (ব্যবসায়ে লাভ), মুনাফা (শতকরা দশ টাকা লাভ); 2 উপস্বত্ব, আয় (দোকান থেকে প্রচুর টাকা লাভ হয়); 3 ক্ষতির বিপরীত, উপকার (এ কাজে লাভ নেই); 4 প্রাপ্তি (বরলাভ, বন্ধুলাভ)। [সং. √ লভ্ + অ]। লাভ করা ক্রি. বি. লাভস্বরূপ পাওয়া; মুনাফা আয় করা; অর্জন করা; পাওয়া। ̃ .জনক বিণ. লাভ হয় এমন, যাতে লাভ হয় (লাভজনক ব্যবসায়)। ̃ .বান বিণ. লাভ করেছে বা মুনাফা রোজগার করেছে এমন। লাভা-লাভ বি. লাভ ও ক্ষতি।

লাভা (p. 760) [lābhā] বি. আগ্নেয়গিরির অগ্নুৎপাতে নির্গত গলিত ও অতিতপ্ত ধাতব পদার্থ। [ইং. lava]।

লাভালাভ (p. 760) [lābhālābha] দ্র লাভ।

লামা1 (p. 760) [lāmā1] বি. তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত (দলাইলামা)। [তিব্বতি > ইং. lama]।

লামা2 (p. 760) [lāmā2] বি. (প্রধানত) দক্ষিণ আমেরিকার উটের মতো কিন্তু উটের চেয়ে ছোটো প্রাণীবিশেষ। [স্পে. llama]।

লাম্পট্য (p. 760) [lāmpaṭya] বি. লম্পটের ভাব বা বৃত্তি, লম্পটতা, ব্যভিচার; যৌন অনাচার। [সং. লম্পট + য]।

লায়েক (p. 760) [lāẏēka] বিণ. 1 সাবালক; 2 যোগ্য, সমর্থ, কাজ করার উপযুক্‌ত; 3 (নিন্দায়) মাতব্বর (খুব লায়েক হয়ে গেছ দেখছি); 4 ফসলের উপযুক্ত (লায়েক জমি)। [আ. লায়ক]।

লাল1 (p. 760) [lāla1] বি. 1 লালা, সচরাচর শিশুদের এবং লোভে বড়োদের মুখনিঃসৃত রসবিশেষ; 2 থুতু। [সং. লালা]।

লাল2 (p. 760) [lāla2] বিণ. (নামের যোগে) সুন্দর; প্রিয় (নন্দলাল, লালচাঁদ, লালগোপাল)। [হি. লাল]।

লাল3 (p. 760) [lāla3] বি. বিণ. রক্তবর্ণ, লোহিত (লাল কাপড়)। [ফা.]। চে বিণ. ঈষত্‌ রক্তবর্ণ।˜ .ঝাণ্ডা বি. 1 লাল রঙ্গের পতাকা; 2 কমিউনিস্ট দলের প্রতীক লাল পতাকা।˜ .মুখ বিণ. রক্তবর্ণ মুখযুক্ত। □ বি. 1 রক্তবর্ণ মুখ; 2 (আল.) মর্কট, বাঁদর; 3 সাহেব। চোখ লাল করা ক্রি. বি. রাগ দেখানো।

লালচ (p. 760) [lālaca] বি. (বিরল) লালসা। [হি.]

লালন (p. 760) [lālana] বি. সযত্নে পালন (অতিলালনের ফলেই ছেলেটা নষ্ট হয়েছে)। [সং. √ লল্‌ + অন]।˜ .পালন বি. প্রতিপালন।

লালন-গীতি (p. 760) [lālana-gīti] বি. লালন ফকিরের গান। [বাং. লালন + গীতি]।

লাল-ফিতে (p. 760) [lāla-phitē] বি. 1 (সচ. লাল রঙের ফিতায় বাঁধা থাকে বলে) সরকারী অফিসের ফাইল বা নথিপত্র; 2 (আল.) সরকারি অফিসের দীর্ঘসূত্রতা। [ইং. red tape এর অনুকরণজাত]।

লাল-বাতি (p. 760) [lāla-bāti] বি. (কৌতু.) দোকান ব্যাবসা ইত্যাদির ব্যর্থতা বা উচ্ছেদ (দোকানটা তো লালবাতি জ্বেলেছে)।[বাং. লাল3 + বাতি < ফা. লাল + হি. বত্তী]।

লাল-মোহন (p. 760) [lāla-mōhana] বি. পানতুয়া-জাতীয় লালচে মিঠাইবিশেষ। [বাং. লাল3 + মোহন]।

লালস1 (p. 760) [lālasa1] বিণ. লোলুপ লোভী [সং. লালসা + অ]।

লালসা (p. 760) [lālasā] বি. লোলুপতা, লিপ্সা, লোভ। [সং. √ লস্ + যঙ্লুক্ + অ + আ]।

লালা1 (p. 760) [lālā1] বি. হিন্দুস্থানি কায়স্থের পদবিবিশেষ [হি.]।

লালা2 (p. 760) [lālā2] বি. মুখজাত রস বা জল, লাল। [সং. √ লল্ + ণিচ্ + অ + আ]।

লালাটিক (p. 760) [lālāṭika] বিণ. 1 ললাট বা কপালসম্বন্ধীয়; 2 ভাগ্য সম্বন্ধীয়; 3 ভাগ্যলব্ধ (লালাটিক প্রাপ্তিযোগ)। □ বি. ললাটভূষণ। [সং. ললাট + ইক]।

লালা-পোশ (p. 760) [lālā-pōśa] বি. (প্রধানত শিশুর) মুখের লালায় যাতে জামা নোংরা না হয় তার জন্য গলার কাছে বাঁধা আচ্ছাদনবিশেষ।[বাং. লালা 2 + ফা. পোশ]।

লালায়িত (p. 760) [lālāẏita] বিণ. 1 লালাক্ষরণযুক্ত (কুকুরের লালায়িত জিহ্বা); 2 লোলুপ, অত্যন্ত লোভী; 3 অত্যন্ত আগ্রাহান্বিত (পাবার জন্য লালায়িত, শুনবার জন্য লালায়িত)।[সং. √ লালায় (নামধাতু) + ত]। স্ত্রী. লালায়িতা।

লালা-স্রাব (p. 760) [lālā-srāba] বি. মুখের লাল ঝরা। [বাং. লালা2 + সং. স্রাব]।

লালিত (p. 760) [lālita] বিণ. লালন করা হয়েছে এমন, প্রতিপালিত, পোষিত (পরের ঘরে লালিত, অন্যের অন্নে লালিত)। [সং. √ লল্ + ণিচ্ + ত]। ˜ .পালিত বিণ. সযত্নে পালিত; প্রতিপালিত

লালিত্য (p. 760) [lālitya] বি. 1 ললিত ভাব, কমনীয়তা, কান্তি, সৌন্দর্য (মুখমণ্ডলের লালিত্য); 2 মধুরতা, মাধুর্য (কবিতার পদলালিত্য) [সং. ললিত + য]।

লালিমা (p. 760) [lālimā] বি. লাল আভা, রক্তিমা (আকাশের লালিমা)। [বাং. লাল3 + ইমা, রক্তিমা -র অনুকরণে সৃষ্ট]।

লাশ1 (p. 760) [lāśa1] বি. 1 মৃতদেহ; 2 (কৌতু.) বিরাট দেহ (দুমনি লাশ)। [ফা. লাশ্]।˜ .কাটা ঘর বি. মড়িঘর, যে-ঘরে শবব্যবচ্ছেদ হয়।

লাশ2 (p. 760) [lāśa2] বি. জুতোর ফরমা বা কাঠামো। [ইং. last]

লাস্ট (p. 760) [lāsṭa] বিণ. 1 শেষ বা শেষের, শেষতম (লাস্ট খেলা); 2 একেবারে নীচের (লাস্ট বয়)। [ইং. last]।

লাস্য, লাস3 (p. 760) [lāsya, lāsa3] বি. স্ত্রীলোকের নৃত্য বা লীলায়িত ভাবভঙ্গি ('নয়নে তোমার অমর প্রাণের লাস্য': সু. দ.)।[সং. √ লস্ + য, অ]। লাস্য-ময়ী বিণ. (স্ত্রী.) 1 নৃত্যময়ী; 2 লীলায়িত ভাবভঙ্গিযুক্তা।

লিক1 (p. 760) [lika1] বি. উকুনের শাবক বা ডিম, নিক, নিকি। [সং. লিক্ষা]।

লিক2 (p. 760) [lika2] বি. মাটির উপর গাড়ির চাকার দাগ বা গভীর রেখা। [সং. রেখা < রেখা < রেখ < লিক]।

লিক-লিক (p. 760) [lika-lika] বি. মৃদু লকলক ভাব; কৃশতার ভাব। [ধ্বন্যা.]। লিক-লিকে বিণ. লিকলিক করছে এমন; দীর্ঘকায় ও কৃশ (লিকলিকে গড়ন)।

লিকি (p. 760) [liki] বি. লিক1 -এর রূপভেদ।

লিখন (p. 760) [likhana] বি. 1 লেখা (দ্রুত লিখন, শ্রুতলিখন); 2 লিপি, পত্র ('লিখন তোমার ধুলায় হয়েছে ধুলি': রবীন্দ্র); 3 অক্ষরবিন্যাস; 4 চিত্রণ; 5 অঙ্কন; 6 লিখিত বিষয় (ললাটের লিখন)। [সং. √ লিখ্ + অন]। ̃ .পদ্ধতি বি. লেখার বা রচনা করার ধারা। দেওয়ালের লিখন, দেওয়াল-লিখন বি. ভবিষ্যতের (পতন ও বিপর্যয়ের) আভাসদায়ক ঘটনা। [ইং. writing on the wall]-এর অনুবাদজাত]।

লিখা, লেখা (p. 760) [likhā, lēkhā] ক্রি. বি. 1 অক্ষরবিন্যাস করা, লিপিবদ্ধ করা; 2 গ্রন্হাদি রচনা করা (বই লিখেছেন); 3 আইনসিদ্ধ দলিল সম্পাদনপূর্বক হস্তান্তর করা (জমি লিখে দেওয়া); 5 অঙ্কন করা। □ বিণ. লিখিত। [সং. √ লিখ্ + বাং. আ]। ̃ নো ক্রি. বি. অপরের দ্বারা লেখার কাজ করানো □ বিণ. উক্ত অর্থে।

লিখিত (p. 760) [likhita] বিণ. 1 লেখা হয়েছে এমন (লিখিত প্রমাণ, অলিখিত আইন); 2 রচিত (সুলিখিত কাব্য); 3 অঙ্কিত; 4 মৌখিক-এর বিপরীত (লিখিত পরীক্ষা)। [সং. √ লিখ্ + ত]।

লিখি-তব্য (p. 760) [likhi-tabya] বিণ. লেখনীয়, লিখতে হবে বা লেখা উচিত এমন। [সং. √ লিখ্ + তব্য]।

লিখিয়ে (p. 760) [likhiẏē] বিণ. বি. 1 লেখে এমন; 2 লেখক, রচনাকারী; 3 লিখনপটু (লিখিয়ে-পড়িয়ে)। [সং. √ লিখ্ + বাং. ইয়া > ইয়ে]।

লিগ (p. 760) [liga] বি. 1 সংঘ (মুসলিম লিগ); 2 খেলার প্রতিযোগিতাবিশেষ (লিগ পর্যায়ে খেলা)। [ইং.]।

লিঙ্গ (p. 760) [liṅga] বি. 1 পুংজননেন্দ্রিয়, শিশ্ন (লিঙ্গত্বক); 2 শিবমূর্তিবিশেষ; 3 পুংস্ব বা স্ত্রীত্ব (লিঙ্গভেদ, লিঙ্গ নির্ণয়); 4 (ব্যাক.) শব্দের পুং-স্ত্রী-ক্লীবভেদ। [সং. √ লিঙ্গ + অ]।˜ .দেহ,˜ .শরীর বি. 5 জ্ঞানেন্দ্রিয়, 5 কর্মেন্দ্রিয়, প্রাণ-অপানাদি 5 বায়ু এবং মন ও বুদ্ধি এই 17টি অবয়বযুক্ত সূক্ষ্মদেহ। লিঙ্গয়েত বি. শিবোপাসক সম্প্রদায়বিশেষ।

লিচু (p. 760) [licu] বি. অমসৃণ খোসাযুক্ত এবং ভিতরে সুমিষ্ট শাঁসযুক্ত ছোটো ফলবিশেষ।[চৈ. লি-চী > ইং. litchi]।

লিজ্জে (p. 760) [lijjē] ক্রি. (বর্ত. অপ্র.) ধরে বা ধরবে ('কুড়োবা কুড়োবা কুড়োবা লিজ্জে': শুভ.)। [প্রাকৃ. < সং. গৃহ্যতে]।

লিটার (p. 760) [liṭāra] বি. তরল পদার্থের ওজনের মাপবিশেষ [ইং. litre]।

লিডার (p. 760) [liḍāra] বি. নেতা (বড়ো বড়ো লিডার) [ইং. leader]।

লিনেন (p. 760) [linēna] বি. (প্রধানত) শন থেকে প্রস্তুত মসৃণ বস্ত্রবিশেষ। [ইং. linen]।

লিন্টেল (p. 760) [linṭēla] (গ্রা.) লিল-টেল বি. পাকা বাড়ির দরজা বা জানলার উপর স্থাপিত কাঠের তক্তা বা কংক্রিটের লম্বা ঢালাই-করা বিম। [ইং. lintel]।

লিপ-স্টিক (p. 760) [lipa-sṭika] বি. (স্ত্রীলোকদের) ঠোঁট রাঙাবার জন্য রঙের কাঠি। [ইং. lipstick]।

লিপি (p. 760) [lipi] বি. 1 চিঠি, পত্র; 2 লিখন (বিধিলিপি); 3 অক্ষর, ভাষার লেখ্যরূপ, বর্ণমালা (দেবনাগরী লিপি, ব্রাহ্মীলিপি) [সং. √ লিপ্ + ই]।˜ .কর,˜ .কার বি. 1 নকলবিশ; 2 লেখক।˜ .কর-প্রমাদ বি. লেখার ভুল; নকলনবিশের লেখার ভুল।˜ কা বি. ক্ষুদ্র পত্র; পত্র।˜ .কুশল বিণ. পত্র রচনায় বা নকল করায় দক্ষ।˜ .কৌশল বি. অক্ষরবিন্যাসের দক্ষতা; লেখার কায়দা।˜ .চাতুর্য বি. পত্রাদি রচনায় পটুতা।˜ .বদ্ধ,˜ .ভুক্ত বিণ. লিখিত (লিপিবদ্ধ অভিযোগ, বক্তব্য লিপিবদ্ধ করা)।

লিপ্ত (p. 760) [lipta] বিণ. 1 লেপা বা মাখানো হয়েছে এমন (মসীলিপ্ত, তৈললিপ্ত); 2 সংশ্লিষ্ট, জড়িত (অপরাধে লিপ্ত, সংসারে লিপ্ত); 3 ব্যাপৃত (রাজকর্মে লিপ্ত); 4 জোড়া, সংযুক্ত (লিপ্তপাদ হংস)। [সং. লিপ্ + ত]।˜ .পদ,˜ .পাদ বিণ. পাতলা চামড়া দিয়ে পায়ের সমস্ত আঙুল পরস্পর সংযুক্ত এমন।

লিপ্যন্তর (p. 760) [lipyantara] বি. এক ভাষার লিপি বা লেখ্যরূপকে অনয ভাষার লিপিতে বা অন্য লিপিতে লিখন, transliteration [সং. লিপি + অন্তর]। লিপ্যন্তরিত বিণ. লিপ্যন্তর করা হয়েছে এমন।

লিপ্সা (p. 760) [lipsā] বি. পাওয়ার জন্য বা লাভের জন্য প্রবল বাসনা, লোভ, প্রবল আকাঙ্ক্ষা বা স্পৃহা (ভোগলিপ্সা)। [সং. √ লভ্ + সন্ + অ + আ]। লিপ্সু বিণ. লিপ্সাযুক্ত; লোলুপ (অর্থলিপ্সু)।

লিফ্ট (p. 760) [liphṭa] বি. বহুতল বাড়িতে ওঠানামা করার জন্য ব্যবহৃত বিদ্যুতশক্তিচালিত ঘরের মতো যন্ত্রবিশেষ। [ইং. lift]।

লিভার1 (p. 760) [libhāra1] বি. যকৃত্ [ইং. liver]।

লিভার2 (p. 760) [libhāra2] বি. চাপ দিয়ে চালু করার বা বন্ধ করার যন্ত্রাংশবিশেষ [ইং. lever]।

লিরিক (p. 760) [lirika] বি. গীতিকবিতা, সংগীতধর্মী ক্ষুদ্র কবিতা।[ইং. lyric]।

লিলি (p. 760) [lili] বি. পদ্মফুল, কমল [ইং. lily]।

লিস্ট (p. 760) [lisṭa] (কথ্য) লিস্টি বি. তালিকা (লিস্ট মিলিয়ে দেখা, এ-নাম লিস্টিতে নেই) [ইং. list]।

লীগ-লিগ (p. 760) [līga-liga] এর. বর্জি. বানান।

লীঢ় (p. 760) [līḍh়] বিণ. 1 লেহন করা হয়েছে এমন; 2 আস্বাদিত। [সং. √ লিহ্ + ত]।

লীন (p. 760) [līna] বিণ. 1 লয়প্রাপ্ত, বিলীন; 2 মিলিত ('এক দেহে হল লীন': রবীন্দ্র); 3 লুপ্ত, অদৃশ্য; 4 সংলগ্ন (কণ্ঠলীন); 5 স্থিত (শয্যালীন)। [সং. √ লী + ত]। স্ত্রী. লীনা

লীলা (p. 760) [līlā] বি. 1 কেলি, প্রমোদ, প্রমোদপূর্ণ ক্রীড়া; 2 হাবভাব (লীলায়িত, সলীল); 3 অন্তরের আনন্দ বাইরে প্রত্যক্ষগোচর করার মনোবৃত্তি; 4 দেবতার খেলা (রাসলীলা); 5 দেবতা বা মানুষের নির্দিষ্টকালব্যাপী কার্যকলাপ (জীবলীলা, ভবলীলা, কৃষ্ণের নরলীলা); 6 গূঢ় ধর্মপূর্ণ কেলা বা কাজ ('কে বোঝে তোমার লীলা লীলাময়ী তারা')। [সং. লী + √ লা + অ + আ]।˜ .কমল,˜ .পদ্ম বি. কেলিপদ্ম, খেলাচ্ছলে করধৃত পদ্ম।˜ .কানন বি. প্রমোদ-উদ্যান।˜ .ক্ষেত্র,˜ .ভূমি বি. ক্রিয়াকলাপের স্থান (সাধনার লীলাক্ষেত্র)।˜ .খেলা বি. 1 বিশেষ গূঢ় বা তাৎপর্যপূর্ণ খেলা বা কার্য; 2 ক্রীড়া-কৌতুক। লীলাখেলা সাঙ্গ হওয়া ক্রি. বি. 1 কার্যকলাপ শেষ হওয়া।˜ .চঞ্চল বিণ. লীলাভরে অস্থির, মধুর চপলতাপূর্ণ।˜ .বতী বিণ. (স্ত্রী.) লীলাচঞ্চল; হাবভাবযুক্ত। □ বি. ভাস্করাচার্য-প্রণীত গণিতগ্রনহবিশেষ।˜ .ময় বিণ. লীলাপূর্ণ, আনন্দময়; যাঁর কার্যকলাপ মানুষ বুঝতে পারে না এমন (লীলাময় ঈশ্বর, লীলাময় ব্রহ্ম)। স্ত্রী.˜ .ময়ী।˜ .য়িত বিণ. মনোহর ভঙ্গিযুক্ত।˜ .য়িতা।˜ .স্মিত বি. মধুর বা নির্মল হাসি।

লু (p. 760) [lu] বি গ্রীষ্মকালের অতিশয় উত্তপ্ত বায়ুপ্রবাহবিশেষ। [হি.]।

লুই (p. 760) [lui] বি. পশুলোমনির্মিত শীতবস্ত্রবিশেষ। [হি. লোহি]।

লুকানো (p. 760) [lukānō] ক্রি. বি. আত্মগোপন করা, আড়াল হওয়া, প্রচ্ছন্ন থাকা (মেঘের আড়ালে সুর্য লুকায়, গাছের আড়ালে লুকিয়ে পড়ল); 2 আড়ালে রাখা, গোপন করে রাখা (জিনিসটা কোথায় লুকালে ?)। □ বিণ. উক্ত অর্থে। [সং. √ লুকা + আনো]।

লুকো-চুরি (p. 760) [lukō-curi] বি. 1 শিশুদের লুকানো ও খুঁজে বার করার খেলাবিশেষ; 2 গোপনীয়তা, লুকোছাপা। [বাং. লুকা + চুরি]।

লুক্কায়িত (p. 760) [lukkāẏita] বিণ. 1 লুকিয়েছে বা লুকিয়ে রেখেছে এমন; 2 প্রচ্ছন্ন, গুপ্ত; 3 গোপনে রক্ষিত; 4 অদৃশ্য (মেঘের আড়ালে লুক্কায়িত সূর্য) [সং. লুক্ + কায় + ত]।

লুঙ্গি, লুঙি (p. 760) [luṅgi, luṅi] বি. পুরুষদের পরিধেয় কাছাকোঁচাহীন সেলাই করা বস্ত্রবিশেষ। [বর্মি. লুনিগ্গি-তু. ফা. লুঙ্গী]।

লুট, লুঠ (p. 760) [luṭa, luṭha] বি. 1 লুণ্ঠন, বলপূর্বক অপহরণ, ডাকাতি (লুটের মাল); 2 অন্যায়ভাবে আত্মসাত্ (সম্পত্তি লুট); 3 দেবতার প্রসাদ বিতরণ বা অনেকে মিলে গ্রহণ (হরির লুট)। □ বিণ. লুণ্ঠিত (টাকা লুট হয়েছে) [সং. √ লুঠ্]।˜ .তরাজ,˜ .পাট বি. ব্যাপক লুণ্ঠন।

লুটা, লুঠা, লোটা (p. 760) [luṭā, luṭhā, lōṭā] ক্রি বি. 1 লুট করা; 2 অন্যায়ভাবে আত্মসাত্ করা (জনসাধারণের টাকা লুটে নেওয়া); 3 প্রচুর পরিমাণে উপভোগ করা (মজা লোটা); 4 গড়াগড়ি দেওয়া, লুণ্ঠিত হওয়া (ধুলায় লোটা)। □ বিণ. উক্ত সব অর্থে। [সং. √ লুঠ্ > লুণ্ঠ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. 1 লুঠ

করানো; 2 গড়াগড়ি দেওয়া বা দেওয়ানো। □ বিণ. উক্ত অর্থে। লুটে-পুটে ক্রি-বিণ. নিঃশেষে লুঠ করে, সম্পূর্ণ আত্মসাত্ করে।

লুটা-পুটি (p. 760) [luṭā-puṭi] (কথ্য) লুটো-পুটি বি. গড়াগড়ি (ধুলোয় লুটোপুটি) [তু. হি. লৌট পৌট] লুটোপুটি খাওয়া ক্রি. বি. গড়াগড়ি দেওয়া।

লুটেপুটে (p. 760) [luṭēpuṭē] দ্র লুটা।

লুটেরা, লুঠেরা, লুটেল, লুঠেল (p. 760) [luṭērā, luṭhērā, luṭēla, luṭhēla] বিণ বি. লুণ্ঠনকারী, জোরপূর্বক অপহরণকারী; দস্যু। [সং. √ লুঠ্ + বাং. এরা, এল]।

লুটৌপুটি (p. 760) [luṭaupuṭi] দ্র লুটাপুটি।

লুঠ (p. 760) [luṭha] দ্র লুট।

লুঠন (p. 760) [luṭhana] বি গড়াগড়ি। [সং. √ লুঠ + অন]। লুঠিত বিণ. গড়াগড়ি দিয়েছে বা দিচ্ছে এমন।

লুডো (p. 760) [luḍō] বি সচ. কাগজের তৈরি ছকের উপর ঘন-আকৃতির ছক্কা নিয়ে খেলাবিশেষ। [ইং. ludo]।

লুণ্ঠন (p. 760) [luṇṭhana] বি. 1 লুঠ, বলপূর্বক অপহরণ, অন্যায়ভাবে আত্মসাত্ করা; 2 ভূমিতে গড়াগড়ি দেওয়া। [সং. √ লুণ্ঠ্ + অন]। লুণ্ঠিক বিণ.

1 অপহৃত, লুঠ হয়েছে এমন (লুণ্ঠিত ধন); 2 ভূমিতলে পতিত (ধূলিলুণ্ঠিত); 3 গড়াগড়ি দিচ্ছে এমন। স্ত্রী. লুণ্ঠিতা।

লুপ (p. 760) [lupa] বি. 1 দড়ি শিকল প্রভৃতির গোলাকার ফাঁস; 2 যে শাখা ঘুরে-ফিরে প্রধান অংশের সঙ্গে এসে মেশে (লুপলাইনের গাড়ি)। [ইং. loop]

লুপ্ত (p. 760) [lupta] বিণ 1 লোপপ্রাপ্ত, বিলীন (লুপ্ত গৌরব); 2 ধ্বংসপ্রাপ্ত; 3 বিনষ্ঠ; 4 সমাবৃত, আচ্ছন্ন; 5 অদৃশ্য। [সং. √ লুপ্ + ত]।˜ .প্রায় বিণ. প্রায় লোপপ্রাপ্ত বা বিলীন বা বিনষ্ট। লুপ্তি বি. 1 লোপ, লোপপ্রাপ্তি; 2 বিনাশ, ধ্বংস; 3 আচ্ছন্নতা (চৈতন্যলুপ্তি); 4 অদৃশ্য হওয়া। লুপ্তোদ্ধার বি. 1 হারানো বা গুপ্ত বস্তুর বা বিষয়ের আবিষ্কার; 2 বিনষ্ট বস্তুর বা বিষয়ের ধ্বংসাবশেষ উদ্ধার।

লুফা, লোফা (p. 760) [luphā, lōphā] ক্রি. বি. 1 শূন্য থেকে পড়ন্ত কোনো বস্তুকে ভূমি স্পর্শ করার আগেই ধরে ফেলা (বলটা লুফে নিয়েছে); 2 (গৌণ অর্থে) আগ্রহ-সহকারে নেওয়া (খদ্দের এ-জিনিস লুফে নেবে, আমার প্রস্তাবটা সে লুফে নিল) [সং. √ লুপ্ + বাং. আ]।

লুব্ধ (p. 760) [lubdha] বিণ. লোভযুক্ত, লোলুপ, লোভী (লুব্ধদৃষ্টিতে তাকিয়ে থাকা)। [সং. √ লুভ্ + ত] স্ত্রী. লুব্ধা। বি.˜ তা

লুব্ধক (p. 760) [lubdhaka] বি. 1 ব্যাধ; 2 লম্পট; 3 নক্ষত্রমণ্ডলবিশেষ; 4 উক্ত নক্ষত্রমণ্ডলের প্রধান নক্ষত্র। [সং. লুব্ধা + ক]

লুম (p. 760) [luma] বি. তাঁত (পাওয়ারলুম, হ্যান্ডলুম)। [ইং. loom]।

লুম্পেন (p. 760) [lumpēna] বিণ. 1 দুর্বৃত্ত বা বদমাশ; 2 ভবঘুরে। [ইং. < জার্মান lumpen]।

লুলিত (p. 760) [lulita] বিণ. 1 আন্দোলিত, কম্পিত; 2 সুন্দর, মনোহর। [সং. √ লুল্ + ত]।

লূতা (p. 760) [lūtā] বি. মাকড়সা। [সং. √লূ + ত + আ]। ˜ .তন্তু বি. মাকড়সার জাল। লূতিকা বি. লূতা।

লে-অফ (p. 760) [lē-apha] বি. 1 মিল কারখানার বা অন্য বাণিজ্যিক প্রতিষ্ঠানে যে-সময়ের জন্য শ্রমিকদের সাময়িকভাবে বসিয়ে দেওয়া হয়; 2 শ্রমিকদের কর্মচ্যুতি [ইং. lay-off]।

লেই (p. 760) [lēi] বি. কাই, আঠালো মণ্ড। [সং. লেপ]।

লেংচা, লেংটা, লেংড়া (p. 760) [lēñcā, lēṇṭā, lēṇḍ়ạ̄] যথাক্রমে ল্যাংচা, ল্যাংটা ও ল্যাংড়া -র বানানভেদ।

লেংটি (p. 763) [lēṇṭi] বি. ক্ষুদ্র ল্যাঙট। [ল্যাঙট দ্র]।

লেক-চার (p. 763) [lēka-cāra] বি. 1 বক্তৃতা; 2 (ব্যাঙ্গে) বাগাড়ম্বর; 3 গালভরা উপদেশ। ইং. lecture]। লেক-চারার বি. কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবিশেষ। [ইং. lecturer]।

লেখ (p. 763) [lēkha] বি. লিখন, লিখিত বিষয় (তাম্রলেখ, অশোকের শিলালেখ)। [সং. √ লিখ্ + অ]। ˜ মালা বি. বিবিধ লিখিত বিষয়; লেখসমূহ।

লেখক (p. 763) [lēkhaka] বি. 1 লিপিকার, যে লেখে বা নকল করে; 2 গ্রন্থাদির রচয়িতা। [সং. √ লিখ্ + অক]। স্ত্রী. লেখিকা।

লেখন (p. 763) [lēkhana] বি. 1 লেখা, অক্ষরবিন্যাস (দেওয়ালের লেখন); 2 অঙ্কন; 3 পত্র, চিঠি। [সং. √ লিখ্ + অন]।

লেখনী (p. 763) [lēkhanī] বি. 1 কলম পেনসিল ইত্যাদি যা দিয়ে লেখা হয়; 2 তুলি। [সং. √ লিখ্ + অন + ঈ]।

লেখনীয় (p. 763) [lēkhanīẏa] বিণ. 1 লিখতে হবে বা লেখা উচিত এমন, লিখিতব্য, লিখনযোগ্য; 2 লেখার বিষয়ীভূত। [সং. √ লিখ্ + অনীয়]।

লেখা1 (p. 763) [lēkhā1] বি. 1 লিখন; 2 রচনা (তাঁর প্রায় সব লেখাই আমি পড়েছি); 3 বিন্যস্ত অক্ষর (হাতের লেখা); 4 রেখা (চিত্রলেখা, পূর্বগগনের অরুণলেখা); 5 শ্রেণি (তরঙ্গ লেখা, ধূমলেখা); 6 চিহ্ন। □ বিণ. লিখিত (তাঁর লেখা চিঠি, হাতে-লেখা পুঁথি)। [সং. √ লিখ্ + অ + আ]।

লেখার হাত (p. 763) [lēkhāra hāta] বি. লেখার বা কিছু রচনার দক্ষতা বা ক্ষমতা।

লেখা-জোখা (p. 763) [lēkhā-jōkhā] বি. 1 লেখা বা মুসাবিদা; 2 হিসাব (কত টাকা যে খরচ হয়ে গেল তার কোনো লেখাজোখা নেই) । [বাং. লিখা2 + জোখা]।

লেখা-পড়া (p. 763) [lēkhā-paḍ়ā] বি. 1 বিদ্যাভ্যাস (ছেলেটি আজকাল লেখাপড়ায় মন দিয়েছে); 2 লিখন ও পঠন (লেখাপড়া জানা লোক); 3 বিদ্যা (লেখাপড়া শেখা); 4 আইনানুসারে লিখে সম্পাদন বা হস্তান্তর (জমিটা তিনি তাকে লেখাপড়া করে দিয়েছেন)। [বাং. লিখা2 + পড়া]।

লেখিকা (p. 763) [lēkhikā] দ্র লেখক।

লেখিত (p. 763) [lēkhita] বিণ. 1 লেখানো হয়েছে এমন; 2 চিত্রিত বা অঙ্কিত। [সং. √ লিখ্ + ণিচ্ + ত]।

লেখ্য (p. 763) [lēkhya] বিণ. 1 লিখতে হবে বা লেখা উচিত এমন; 2 লেখার যোগ্য; 3 শুধু লেখার জন্যই ব্যবহৃত হয় অর্থাত্ কথ্য নয় এমন (লেখ্য ভাষা)। □ বি. 1 লিখিত পত্র বা চিত্র (তু. আলেখ্য); 2 দলিল। [সং. √ লিখ্ + য]।

লেখ্যোপ-করণ (p. 763) [lēkhyōpa-karaṇa] বি. কাগজ কলম দোয়াত কালি প্রভৃতি লেখবার সরঞ্জাম।

লেগ-ব্রেক (p. 763) [lēga-brēka] বি. ক্রিকেট খেলায় ধীরগতির স্পিন বোলিং এর কৌশলবিশেষ। [ইং. leg-break]।

লেগে যাওয়া (p. 763) [lēgē yāōẏā] ক্রি. বি. 1 হঠাত্ ব্যাথা লাগা; 2 খেটে যাওয়া (তাঁর কথাটা লেগে যাবে ভাবিনি)। [লাগা দ্র]।

লেচি (p. 763) [lēci] বি. লুচি পুরি প্রভৃতি বেলবার জন্য তৈরী জল দিয়ে মাখা আটা বা ময়দার ডেলা। [হি. লচ্ছী]।

লেজা1 (p. 763) [lējā1] বি. বল্লমজাতীয় অস্ত্রবিশেষ। [দেশি]।

লেজা2 (p. 763) [lējā2] বি. 1 মাছের লেজ; 2 শেষ ভাগ। [বাং. লেজ + আ]। মুড়া, (কথ্য) মুড়ো বি. (আল.) আগাগোড়া, সমস্ত, সবকিছু।

লেজার1 (p. 763) [lējāra1] বি. (প্রধানত) টাকাপয়সার জমাখরচের খাতা। [ইং. ledger]।

লেজার2 (p. 763) [lējāra2] বি. 1 অতি তীক্ষ্ণ আলোকরশ্মি উৎপাদনকারী যন্ত্র; 2 তড়িচ্চুম্বকীয় বিকিরণ। [ইং. laser]।

লেজুড় (p. 763) [lējuḍ়] বি. 1 লেজ; 2 যা পিছনে যুক্ত হয় (প্রতিটি প্রশ্নের সঙ্গে একটি করে লেজুড় আছে); 3 (ব্যঙ্গে) উপাধি, খেতাব (তাঁর নামের সঙ্গে অনেকগুলো লেজুড় আছে)। [তু. হি. লেজুর]।

লেজে-গোবরে (p. 763) [lējē-gōbarē] দ্র লেজ।

লেট (p. 763) [lēṭa] বি. দেরি, বিলম্ব (কাজে লেট, অফিসে পৌঁছতে লেট)। □ বিণ. বিলম্ব হয়েছে বা করেছে এমন। [ইং. late]।

লেটার (p. 763) [lēṭāra] বি. 1 চিঠি (লেটার লেখা); 2 পরীক্ষায় শতকরা ৪ বা তার বেশি নম্বর পাবার কৃতিত্ব। [ইং. letter]।˜ বক্স বি. চিঠি ফেলার বাক্স; ডাকযোগে প্রেরণীয় চিঠি ফেলার বাক্স কিংবা ডাকযোগে প্রেরিত চিঠি ফেলার বাক্স।

লেঠেল (p. 763) [lēṭhēla] বিণ. বি. লাঠিধারী; লাঠি নিয়ে যুদ্ধ বা মারামারি করে এমন লোক। [বাং. লাঠিয়াল]।

লেডি (p. 763) [lēḍi] বি. 1 নাইট (knight) উপাধিপ্রাপ্ত ব্যক্তির স্ত্রী; 2 লর্ড উপাধিপ্রাপ্ত ব্যক্তির স্ত্রী; 3 সম্ভ্রান্ত মহিলা। [ইং. lady]।

লেডি-কেনি (p. 763) [lēḍi-kēni] বি. ছোটো পানতুয়া, পানতুয়ার মতো মিঠাইবিশেষ। [ইং. lady Canning]।

লেড়কা (p. 763) [lēḍ়kā] বি. বালক, ছেলে; পুত্রসন্তান। হি. লড়কা। স্ত্রী. লেড়কি।

লেড়ো (p. 764) [lēḍ়ō] বি. খাস্তা বিস্কুটবিশেষ। [দেশি]।

লেত্তি (p. 764) [lētti] বি. যে-দড়ি দিয়ে লাটিম ঘুরানো হয়। [তু. হি. লত্তী]।

লেদ (p. 764) [lēda] বি. কুঁদকলজাতীয় বা চেঁচে সমান করার যন্ত্রবিশেষ। [ইং. lathe]।

লেন্স্, লেন্স (p. 764) [lēns, lēnsa] বি. চশমা দূরবিন ক্যামেরা প্রভৃতির কাচ, পরকলা। [ইং. lens]।

লেনিন-বাদ (p. 764) [lēnina-bāda] বি. মার্কসপন্থী রুশ বিপ্লবী ও রাজনীতিবিদ লেনিনের মতবাদ। [লেনিন + বাদ2]।

লেপ1 (p. 764) [lēpa1] বি. তুলোভরা শীত-নিবারক গাত্রাবরণবিশেষ [আ. লিহা'ফ]।

লেপ2 (p. 764) [lēpa2] বি. 1 প্রলেপ, পোঁচ (মাটির লেপ); 2 লেপে জুড়বার জিনিস (বজ্রলেপ)। [সং. √ লিপ্ + অ]। ̃ .ক বিণ. লেপনকারী। ̃ .ন বি. 1 প্রলেপ বা পোঁচ দেওয়া; 2 নিকানো; 3 লেপা বা মাখা যায় এমন বস্তু; 4 আরোপণ (কলঙ্কলেপন)। ̃ .নীয়, লেপ্য বিণ. লেপনযোগ্য।

লেপচা (p. 764) [lēpacā] বি. হিমালয়প্রদেশের পার্বত্য জাতিবিশেষ। [দেশি]।

লেপটা (p. 764) [lēpaṭā] ক্রি. লেপটানো। [সং. লিপ্ত + বাং. আ]। ̃ .নো ক্রি. বি. 1 জড়িয়ে যাওয়া বা জড়িয়ে নেওয়া, জড়ানো; 2 লিপ্ত হওয়া; 3 লেপা। □ বিণ. উক্ত অর্থে।

লেপন, লেপনীয় (p. 764) [lēpana, lēpanīẏa] দ্র লেপ2।

লেপা (p. 764) [lēpā] ক্রি. বি. তরল পদার্থের পোঁচ দেওয়া, লেপন করা, নিকানো (গোবরজল দিয়ে উঠোন লেপা)। □ বিণ. উক্ত অর্থে (গোবর দিয়ে লেপা ঘর)। [সং. √ লিপ্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. তরল পদার্থের পোঁচ দেওয়ানো, লেপন করানো। □ বিণ. উক্ত অর্থে। ˜ .পোঁছা বিণ. পোঁচা দিয়ে এবং. মুছে পরিষ্কৃত করা হয়েছে এমন নিকানো হয়েছে এমন (লেপাপোঁছা উঠোন)। □ বি. নিকানো।

লেপানো, লেপাপোঁছা (p. 764) [lēpānō, lēpāpōn̐chā] দ্র লেপা।

লেপ্য (p. 764) [lēpya] দ্র লেপ2।

লেফ-টে-নান্ট (p. 764) [lēpha-ṭē-nānṭa] বি. 1 স্থলবাহিনীর প্রধানের প্রথম সহকারী; 2 (আল.) সর্বময় কর্তার বা প্রধান পুরুষের সহকারী; 3 'অবর' বা 'প্রতিনিধি' অর্থসূচক উপসর্গ, উপ (লেফটেনান্ট-গভর্নর)। ইং. lieutenant।

লেবার (p. 764) [lēbāra] বি. 1 শ্রম, খাটুনি; 2 শ্রমিক, মজুর (লেবার খাটানোই আমার কাজ)। [ইং. labour]।

লেবু1 (p. 764) [lēbu1] বি. (প্রধানত অম্লরসাত্মক) ফলবিশেষ। [অর্বাচীন সং. নিম্বু]।

লেবু2 (p. 764) [lēbu2] বিণ. বোকা বা ক্যাবলা ধরনের। □ বি. বোকা বা ক্যাবলা ধরনের লোক। [দেশি]।

লেবেল (p. 764) [lēbēla] বি. কোনো বস্তুর গায়ে আঁটা পরিচয়পত্রবিশেষ। [ইং. label]।

লেভি (p. 764) [lēbhi] বি. ধান পাট গম প্রভৃতি ফসলের অথবা চিনি সিমেন্ট প্রভৃতির যে অংশ বাধ্যতামূলকভাবে নির্দিষ্ট মূল্যে সরকারকে দিতে হয়। [ইং. levy]।

লেম-নেড (p. 764) [lēma-nēḍa] বি. খনিজ পদার্থমিশ্রিত অম্লমধুর পানীয়বিশেষ। [ইং. lemonade]।

লেলানো (p. 764) [lēlānō] ক্রি. বি. আক্রমণে উৎসাহ দেওয়া বা উত্তেজিত করা (কুকুর লেলিয়ে দেওয়া)। □ বিণ. উক্ত অর্থে (চোরের পিছনে লেলানো কুকুর)। ['লে' 'লে' ধ্বনি থেকে]।

লেলি-হান (p. 764) [lēli-hāna] বিণ. 1 বারংবার লেহনকারী (লেলিহান রসনা); 2 লকলকে জিহ্বাবিশিষ্ট (লেলিহান অগ্নিশিখা)। [সং. √ লিহ্ + যঙ্লুক্ + আন]।

লেশ (p. 764) [lēśa] বি. অত্যল্প পরিমাণ, সামান্য অংশ, কণা (লজ্জার লেশমাত্র নেই, খাবারের লেশমাত্র পেয়েই সন্তুষ্ট হল)। [সং. √ লিশ্ + অ]।˜ .মাত্র বি. বিণ. একটুও (লেশমাত্র বিচলিত নই); নামমাত্র (লেশমাত্র দয়ামায়া)।

লেস (p. 764) [lēsa] বি. জামাকাপড়ে লাগাবার জন্য নকশাকাটা পাড়বিশেষ। [ইং. lace]।

লেহ2, (p. 764) [lēha2,] লেহা বি. (কাব্যে) 1 স্নেহ; 2 ভালোবাসা, প্রণয় ('স্বপনে রাখিব লেহা': চণ্ডী; 'মুখে মুখে শারীশুক লেহা বিস্তর': স. দ.)। [সং. স্নেহ]।

লৈখিক (p. 764) [laikhika] বিণ. লেখা-সম্বন্ধীয়, লেখ্য, লিখিত (লৈখিক পরীক্ষা, লৈখিক ভাষা)। [সং. লেখা + ইক]।

লৈঙ্গ, লৈঙ্গিক (p. 764) [laiṅga, laiṅgika] বিণ. 1 লিঙ্গসম্বন্ধীয়; 2 লক্ষণ বা গুণ অনুযায়ী। [সং. লিঙ্গ + অ, ইক]।

লো (p. 764) [lō] অব্য. স্ত্রীলোকের পরস্পর সম্বোধনসূচক শব্দবিশেষ, ওলো (সখী লো, লো সুন্দরী)। [প্রাকৃ. হলা]।

লোক (p. 764) [lōka] বি. 1 মানুষ, ব্যক্তি (বহু লোক); 2 জনসাধারণ (লোকনিন্দা, লোকাপাবাদ, লোকে কী বলে?); 3 স্বর্গ মর্ত্য পাতাল-এই তিন জগত্; 4 ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ সত্য-এই সপ্ত ভুবন; 5 জগত্, ভুবন (মর্ত্যলোক, 'অলোকলোকে জন্ম নেব': রবীন্দ্র)। [সং. √ লোক্ + অ]। ˜ .ক্ষয় বি. লোকজনের মৃত্যু, জনহানি। ˜ .গাথা বি. যে-গাথা বহুকাল ধরে জনসাধারণের মুখে মুখে প্রচলিত। ˜ .গীতি বি. পল্লি সংগীত। ˜ .চক্ষু বি. জনসাধারণের বা সর্বসাধারণের দৃষ্টি। ˜ .চরিত্র বি. মানবপ্রকৃতি। ˜ .জন বি.নানালোক; অনুচরবর্গ, দলবল। ধর্ম বি. প্রচলিত রীতিনীতি বা আদর্শ। নাথ বি. 1 জগদীশ্বর 2 ব্রহ্মা 3

বিষ্ণু 4 মহেশ্বর 5 রাজা। নিন্দা বি. জনসাধারণ কর্তৃক নিন্দা। নিরুক্তি বি. সাধারণ মানুষের প্রতিদিনের ব্যবহারের ফলে সৃষ্টি হওয়া। পরম্পরা বি. পরপর বহুলোক, লোকের ক্রম বা ধারা, পুরুষানুক্রম। পাল রাজা ইন্দ্রাদি অষ্ট দিকপাল। পিতামহ বি. ব্রহ্মা। প্রবাদ বি. জনশ্রুতি। প্রসিদ্ধ বিণ. বিখ্যাত। বল বি. জনবল সাহায্যকারী ব্যক্তিগণ। বহির্ভূত, বাহ্য বিণ. মনুষ্যসমাজের বহির্ভূত, মানুষের মধ্যে দেখা যায় না এমন। ব্যবহার বি. সামাজিক রীতিনীতি। মান্য বিণ. সকলের কাছে সম্মানিত। যাত্রা বি. সংসারযাত্রা। লজ্জা, (প্রধানত কাব্যে) লাজ বি. জনসাধারণের কাছে লজ্জা। লশকর, লস্কর বি. সৈন্যবাহিনী ও সংশ্লিষ্ট লোকজন, অনুচরবর্গ। লীলা বিণ. ভবলীলা, জীবদ্দশা। লৌকতা বি. সামাজিকতা। শিক্ষা বি. (যাত্রা, কথকতা ইত্যাদির মাধ্যমে) আপামর সর্বসাধারণের জন্য শিক্ষা। সংগীত বি. (মুলত গ্রামের) সর্বসাধারণের মধ্যে প্রচলিচ গান, folksong. সংস্কৃতি বি. পল্লিজীবনের সংস্কৃতি, গ্রামের সংস্কৃতি। সভা বি. গণতান্ত্রিক ব্যবস্থায় নির্বাচিত দেশের সর্বোচ্চ আইনসভা। সমাজ বি. মনুষ্যসমাজ, মনুষ্যজাতি। সাহিত্য বি. পল্লিজীবনকে অবলম্বন করে রচিত সাহিত্য। স্থিতি বি. মনুষ্যসমাজের স্থায়িত্ব সমাজবন্ধন। হাসা-হাসি বি. জনসাধারণ কর্তৃক উপহাস। হিত বি. মনুষ্যজাতির কল্যাণ। হিতৈষী (-ষিন্) বিণ. মনুষ্যজাতির কল্যাণকামী। লোক-সান বি. 1 ক্ষতি 2 যে দরে কেনা হয়েছে তার চেয়ে কম মূল্য গ্রহণ (লোকসান দিয়ে বিক্রি করা)। আ. নুক্স্যান। লোক-সানি বিণ. যাতে লোকসান স্বীকার করতে হয় এমন (লোকসানি কারবার)। লোকাকীর্ণ বিণ. জনাকীর্ণ, বহু লোকের ভিড়ে পূর্ণ (লোকাকীর্ণ সভাগৃহ)। সং. লোক + আকীর্ণ। লোকাচার বি. মনুষ্যসমাজের রীতিনীতি, সামাজিক প্রথা। সং. লোক + আচার। লোকাতীত বিণ. অলৌকিক, অসাধারণ, মনুষ্যলোকে বা মনুষ্যজগতে যা ঘটে না (লোকাতীত মহিমা)। সং. লোক + অতীত। লোকাধিক্য বি. লোকজনের আতিশয্য বা ভিড়। সং. লোক + আধিক্য। লোকান্তর বি. 1 ভিন্ন জগত্ 2 পরলোক (লোকান্তরগমন)। সং. লোক

+ অন্তর। লোকান্তরিত বিণ. অন্য জগতে বা পরলোকে গমন করেছে এমন, মৃত। স্ত্রী. লোকান্তরিতা। লোকাপ-বাদ বি. জনসাধারণ কর্তৃক নিন্দা, অপবাদ। সং. লোক + অপবাদ। লোকাভাব বি. 1 লোকজনের ঘাটতি 2 সাহায্য করার মতো লোকের অভাব। সং. লোক + অভাব। লোকায়ত বিণ. 1 চার্বাকের মতাবলম্বী, নাস্তিক 2 ধর্মনিরপেক্ষ 3 লৌকিক। □ বি. চার্বাকের মত, নাস্তিক্যবাদ। সং. লোক + আয়ত। লোকায়তিক বিণ. চার্বাকের মতাবলম্বী বা নাস্তিক। □ বি. চার্বাক। লোকারণ্য বি. বহু অসংখ্য লোকের সমাবেশ (লোকে লোকারণ্য)। সং. লোক + অরণ্য। লোকাল বিণ. আঞ্চলিক। ইং. local। লোকাল বোর্ড কয়েকটি সন্নিহিত গ্রামের উন্নতিকল্পে গ্রামের প্রতিনিধিদের নিয়ে গঠিত সংঘ। লোকালয় বি. নগর গ্রাম প্রভৃতি যেখানে মানুষজন বাস করে জনপদ। সং. লোক + আলয়। লোকিত বিণ. দৃষ্ট, দেখা বা লক্ষ করা হয়েছে এমন (অবলোকিত)। সং. লোক্ + ত। লোকেশ বি. 1 জগদীশ্বর 2 ব্রহ্মা 3 নৃপতি, রাজা। সং. লোক + ঈশ। লোকেশ্বর-লোকেশ-এর অনুরূপ। লোকোক্তি বি. 1 লোককথা, জনসাধারণের মধ্যে প্রচলিত কাহিনি লোকশ্রুতি, জনশ্রুতি। সং. লোক + উক্তি। লোকোত্তর বিণ. 1 অলৌকিক 2 অসাধারণ (লোকোত্তর পুরুষ, লোকোত্তর প্রতিভা)। সং. লোক + উত্তর। লোচন বি. চক্ষু, নয়ন, নেত্র। সং. লোচ্ + অন। লোচ্চা বিণ. লম্পট, দুশ্চরিত্র (লোচ্চা ছেলে)। ফা. লুচ্চা। লোটন বি. 1 ভূমিতে গড়াগড়ি দেওয়া 2 ঝুঁটিওয়ালা পায়রাবিশেষ, নোটোন 3 ঢিলা করে বাঁধা খোঁপা। সং. লুঠ্ + বাং. অন। লোটা 1 বি. ঘটি। হি. লোটা। কম্বল বি. 1 ঘটি ও গায়ের কম্বল 2 (আল.) সামান্য সম্বল, খাওয়া ও শোয়া সামান্য সরঞ্জাম। লোটা 2, লোটানো, লোড়া যথাক্রমে লুটা, লুটানো ও নোড়া-র রূপভেদ। লোড-শেডিং বি. বিদ্যুতের ঘাটতি পূরণের জন্য বিদ্যুৎশক্তির সাময়িক ক্রিয়ালোপ গতিশীল বিদ্যুৎপ্রবাহ কিছু সময়ের জন্য বন্ধ থাকা। ইং. load-shedding। লোধ, লোধ্র বি. সাদা ফুলবিশিষ্ট ছোটো গাছবিশেষ (লোধ্রফুলের শুভ্র রেণু রবীন্দ্র)। সং. রুধ্ + অ, র। রেণু বি.

লোধ্রগাছের ছালের গুঁড়ো, যা প্রাচীনকালে প্রসাধনীরূপে ব্যবহৃত হত। লোনা বিণ. লবণাক্ত (লোনা জল)। □ বি. 1 লবণের অংশ বা লবণজাতীয় উপাদান (লোনা ধরা, দেওয়ালে লোনা লাগা) 2 মাটিতে বা জলে লবণের আধিক্য (লোনায় স্বাস্থ্যহানি হওয়া)। বাং. লুন + আ। লোপ বি. 1 বিনাশ, ধ্বংস (বংশলোপ) 2 অবসান (চৈতন্যলোপ)। সং. লুপ্ + অ। প্রাপ্ত বিণ. লোপ পেয়েছে বা ধ্বংস হয়েছে এমন। লোপ্ত্র বি. লুটের মাল, চুরির ধন। সং. লুপ্ + ষ্ট্রন্। লোপাট বিণ. 1 সম্পূর্ণ লুণ্ঠিত বা আত্মসাত্ করা হয়েছে এমন (জিনিসপত্র লোপাট) 2 নিশ্চিহ্ন, লুপ্ত (প্রমাণ লোপাট)। সং. লুপ্ত > লুপত > লোপাট। লোপাপত্তি বি. লোপাট হওয়া বা করা বিলুপ্তি। তু. লোপাট। লোফা ক্রি. বি. মাটিতে পড়ার আগেই শূন্য থেকে ধরে নেওয়া। সং. লুফ + বাং. আ। লুফি বি. পরস্পরের প্রতি ছুড়ে দেওয়া ও লোফা। লোবান বি. ধুনোর মতো গন্ধযুক্ত বৃক্ষনির্যাসবিশেষ। আ. লুবান। লোভ বি. 1 পাবার জন্য বা লাভ করার জন্য তীব্র বাসনা, লিপ্সা (ধনলোভ, খ্যাতির লোভ) 2 পরদ্রব্য আত্মসাত্ করার প্রবৃত্তি 3 বিষয়বাসনা (লোভ জয় করা)। সং. লুভ্ + অ। ন বি. 1 প্রলুব্ধ করা (করেছে আমার নয়ন লোভন রবীন্দ্র) 2 প্রলোভন। □ বিণ. লোভজনক, লুব্ধ করে এমন (নয়নলোভন রূপ, লোভন গন্ধ)। নীয় বিণ. লোভজনক স্পৃহণীয়। স্ত্রী. নীয়া। লোভা বিণ. 1 লোভনীয় 2 (আঞ্চ.) লোভী (লোভা ছেলে)। লোভাতুর বিণ. অতিশয় লোলুপ হয়েছে এমন, লোভপীড়িত। স্ত্রী. লোভাতুরা। লোভিত বিণ. প্রলোভিত, লুব্ধ করা হয়েছে এমন। লোভী (-ভিন্) বিণ. লোভযুক্ত, লোলুপ। লোভা বিণ. 1 (আঞ্চ.) লোভী 2 (সমাসের উত্তরপদে) মোহজনক, মুগ্ধকর (মনোলোভা)। □ ক্রি. (কাব্যে) লোভ করা (শৃগাল হইয়া... লোভিলি সিংহীরে মধু.) সং. লুভ্ + বাং. আ। লোভাতুর, লোভী দ্র লোভ। লোম (-মন্) বি. 1 কেশ, রোম মাথা ও মুখমণ্ডল ব্যাতীত দেহের অন্যান্য অবয়বের চুল 2 পশম। সং. লূ + মন্। কূপ, জ, ফোঁড়া, রাজি, হর্ষ, হর্ষক যথাক্রমে রোমকূপ, রোমজ, রোমফোঁড়া, রোমরাজি, রোমহর্ষ ও রোমহর্ষক-এর অনুরূপ। দ্র রোম।

লোমাবলি, লোমোদগম যথাক্রমে রোমাবলি ও রোমোদগম-এর অনুরূপ। লোর বি. (প্রা. কা.) অশ্রু, চোখের জল (নয়নকো লোর গো. দা.) সং. লোত্র। লোল বিণ. 1 চঞ্চল, বিলোল (লোল কটাক্ষ) 2 লকলকে (লোল রসনা) 3 লোলুপ, সতৃষ্ণ (লোল দৃষ্টি) 4 শিথিল, ঢিলা (লোলচর্ম) 5 (আঞ্চ.) লালা, থুতু। সং. লুড্ + অ। লোলা বিণ. লোল-এর স্ত্রীলিঙ্গে। □ বি. জিহ্বা। নোলা দ্র। চর্ম বিণ. (প্রধানত বার্ধক্যবশত) গায়ের চামড়া ঝুলে পড়েছে এমন। জিহ্ব বিণ. (যার) জিহ্বা লালসাযুক্ত বা চঞ্চল বা লকলকে। জিহ্বা বি. চঞ্চল বা লকলকে জিহ্বা। দৃষ্টি বি. সতৃষ্ণ বা লোভার্ত চাহনি। লোলায়-মান বিণ. লকলক করছে এমন, দোলায়মান। লোলিত বিণ. 1 কম্পিত, আন্দোলিত 2 চঞ্চল 3 ঝুলে পড়েছে এমন। লোলুপ বিণ. লোভাতুর, অত্যন্ত লোভী বা লুব্ধ (লোলুপ রসনা, লোলুপ দৃষ্টি)। সং. লুপ্ + যঙ্লুক্ + অ। বি. তা। লোষ্ট্র বি. ঢিল, শক্ত মাটি ইট পাথর প্রভৃতির টুকরো। সং. লোষ্ট্র + র। লোহ 1 বি. লৌহ 2 সবরকমের ধাতুদ্রব্য 3 রক্ত (লোহসহ মিশি অশ্রুধারা আর্দ্রিল মহীরে মধু.)। সং. লোহ + অ। লোহ 2 বি. (প্র. কা.) চোখের জল (চক্ষে বহে লোহ ঘ.)। সং. লোত্র। লোহা বি 1 ধূসর বা কালচে রঙের শক্ত অতিপ্রয়োজনীয় ধাতুবিশেষ, লৌহ 2 হিন্দু এয়োতির চিহ্নস্বরূপ স্ত্রীলোকের ধারণীয় লোহার বালা, নোয়া। সং. লোহ + বাং. আ। লোহার কার্তিক দ্র কার্তিক। লক্কড় বি. লোহা কাঠ ইত্যাদি জিনিসের সমষ্টি। র বি. 1 কর্মকার 2 লৌহব্যবসায়ী 3 পদবিবিশেষ। লোহার দ্র লোহা। লোহি বি. পশমি চাদরবিশেষ, লুই। হি.। লোহিত বিণ. লাল, রক্তবর্ণ। □ বি. লাল রং। সং. লোহ + ইত। ক বি. 1 পদ্মরাগমণি 2 মঙ্গলগ্রহ। কণা, কণিকা বি. মেরুদণ্ডী প্রাণীর রক্তে যে লাল কণিকা থাকে। সাগর বি. আফ্রিকা ও এশিয়ার মধ্যবর্তী রেড সি, Red Sea. লোহিতাঙ্গ বি. মঙ্গলগ্রহ। লোহু বি. (কাব্যে) রক্ত। □ বিণ. লাল, রক্তবর্ণ। সং. লোহ্। লৌকতা বি. লৌকিকতা (লৌকলৌকতা)। সং. লৌকিকতা। লৌকিক বিণ. 1 মানুষ বা পৃথিবীসম্বন্ধীয় 2 সমাজে প্রচলিত (লৌকিক শিষ্টাচার)

3 বৈদিক বা শাস্ত্রিয় নয় অথচ জনসাধারণের স্বীকৃত (লৌকিক দেবতা, লৌকিক ব্রত) 4 মানবিক 5 সাধারণ 6 সামাজিক (লৌকিক রীতিনীতি)। সং. লোক + ইক। তা বি. 1 সামাজিকতা 2 (বাং.) বিবাহাদি সামাজিক ব্যাপারে প্রদত্ত উপহার বা উপহারাদির আদান-প্রদান। লৌল্য বি. 1 লোলতা, লোলুপতা (রসনালৌল) 2 চাঞ্চল্য। সং. লোল + য। লৌহ বি. লোহা। □ বিণ. লোহার তৈরি (লৌহকপাট)। সং. লোহ + অ। কণ্টক বি. নোঙর। কার বি. কামার, কর্মকার। বর্ত্ম বি. রেল ট্রাম প্রভৃতির লোহার তৈরি লাইন। মল বি. মরচে, মরিচা, জং। লৌহিত্য বি. 1 রক্তিমা, লাল রং 2 ব্রহ্মপুত্র নদ। সং. লোহিত + য। ল্যাং বি. 1 পা 2 পায়ে পা লাগিয়ে ফেলে দেওয়ার কায়দা। তু. হি. টাঙ্গ, বাং. ঠ্যাং। ল্যাং মারা ক্রি. বি. 1 পায়ে পা লাগিয়ে অর্থাত্ নিজের পা দিয়ে অন্যের পা জড়িয়ে চলায় বাধা দেওয়া বা ফেলে দেওয়া 2 (আল.) বেকায়দায় ফেলা। ল্যাংচা 1 বি. লম্বা আকারের পানতুয়াবিশেষ। দেশি। ল্যাংচা 2 ক্রি. খুড়িয়ে হাঁটা। □ বিণ. খোঁড়া, খঞ্জ। সং. লঙ্গ + বাং. চা। নো ক্রি. বি. খোঁড়ানো, খুঁড়িয়ে হাঁটা। ল্যাংটা বিণ. উলঙ্গ, নগ্ন, ন্যাংটা। তু. সং. নগ্নাট।

ল্যাংড়া1 (p. 767) [lyāṇḍ়ā1] বি. খঞ্জ, খোঁড়া। [সং. লঙ্গ + বাং. ড়া]।

ল্যাঃড়া2 (p. 767) [lyāḥḍ়ā2] বি. উৎকৃষ্ট আমবিশেষ। [দেশি]।

ল্যাংবোট (p. 767) [lyāmbōṭa] বি. 1 জাহাজের পিছনে যে নৌকা বাঁধা থাকে; 2 (ব্যঙ্গে) নিত্যসঙ্গী অনুচর। [ইং. long-boat]।

ল্যাঙট (p. 767) [lyāṅaṭa] বি. (প্রধানত মল্লযোদ্ধা ও সন্ন্যাসীদের ব্যবহৃত) পুরুষের লজ্জাস্থামাত্র আবৃত করে এমন কৌপীনবিশেষ। [সং. লিঙ্গপট্ট]। লেংটি, নেংটি বি. ক্ষুদ্র ল্যাঙট।

ল্যাত-প্যাত (p. 767) [lyāta-pyāta] বি. নরম অদৃঢ় জিনিসের শিথিল ও অদৃঢ়তার ভাব। [ধ্বন্যা.]। ল্যাত-পেতে বিণ. ল্যাতপ্যাত করে এমন।

ল্যাম্প (p. 767) [lyāmpa] বি. 1 প্রদীপ; 2 বিজলি বাতির বাল্ব্ (একশো ওয়াটের ল্যাম্প)। [ইং. lamp]।

শ1 (p. 768) [śa1] বাংলা ভাষার ত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং তালব্য উষ্ম শ্ ধ্বনির বর্ণরূপ।

শ2, শো (p. 768) [śa2, śō] বি. শত -র কথ্য রূপ (একশো, শ তিনেক)।

শংকর (p. 768) [śaṅkara] বিণ. মঙ্গলকারী। □ বি. 1 শিব ('হে ভবেশ, হে শংকর, সবারে দিয়েছ ঘর': রবীন্দ্র); 2 বেদান্তসূত্র ও উপনিষদ ইত্যাদির সুপ্রসিদ্ধ ভাষ্যকার শংকরাচার্য; 3 সামুদ্রিক মাছবিশেষ। [সং. শম্ + √ কৃ + অ]। শংকরী বিণ. (স্ত্রী.) মঙ্গলকারিণী। □ বি. (স্ত্রী.) শিবপত্নী দুর্গা।

শংকরা (p. 768) [śaṅkarā] বি. সংগীতের রাত্রিকালীন রাগিণীবিশেষ। [সং. শংকর]। শংকরাভরণ বি. রাত্রিকালীন রাগবিশেষ। [সং. শংকর + আভরণ]।

শংসন, শংসা (p. 768) [śaṃsana, śaṃsā] বি. 1 প্রশংসা (শংসাপত্র); 2 উক্তি, কথন; 3 অভিলাষ, ইচ্ছা। [সং. √ শন্স্ + অন, অ + আ.। ̃ .পত্র বি. 1 প্রয়োজনীয় দলিল বা প্রমাণপত্র; 2 প্রশংসাপত্র, certificate. শংসিত বিণ. 1 প্রশংসিত; 2 উক্ত; 3 ঈপ্সিত।

শক (p. 768) [śaka] বি. 1 মধ্য এশিয়ার প্রাচীন জাতিবিশেষ ('শক-হুন দল': রবীন্দ্র); 2 শকরাজ কর্তৃক প্রবর্তিত অব্দ বা বৎসর, শকাব্দ; 3 দেশবিশেষ 4 শকদেশীয় লোক। [সং. √ শক্ + অ]। শকাব্দ বি. প্রাচীন ভারতে প্রচলিত অব্দবিশেষ। শকারি বি. শকদের শত্রু ও বিজেতা, রাজা বিক্রমাদিত্য।

শকট (p. 768) [śakaṭa] বি. 1 গাড়ি, যান; 2 দৈত্যবিশেষ। [সং. √ শক্ + অট]। ̃ .চালক বি. গাড়োয়ান, গাড়ির চালক। শকটারি বি. শকট-দৈত্যের বধকারী শ্রীকৃষ্ণ। শকটিকা বি. 1 ছোটো গাড়ি; 2 কাঠ প্রভৃতির দ্বারা নির্মিত খেলনা গাড়ি।

শকর-কন্দ (p. 768) [śakara-kanda] বি. মিষ্টি আলু, লাল আলু। [সং. শর্করা-কন্দ]।

শকল (p. 768) [śakala] বি. 1 খণ্ড, অংশ; 2 মাছের আঁশ, শল্ক; 3 চাঁদের অংশ; 4 বিন্দু। [সং. √ শক্ + অল]। শকলী (-লিন্) বিণ. আঁশযুক্ত। □ বি. মাছ।

শকাব্দ, শকারি (p. 768) [śakābda, śakāri] দ্র শক।

শকার-বকার (p. 768) [śakāra-bakāra] বি. শ-কারাদ্য ও ব-কারাদ্য শব্দযোগে অশ্লীল গালি।

শকুন (p. 768) [śakuna] বি. 1 মৃত জীবজন্তু ভোজনকারী বৃহদাকার পাখিবিশেষ, গৃধ্র; 2 শুভাশুভসূচক চিহ্ন বা লক্ষণ। [সং. √ শক্ + উন]। ̃ জ্ঞ বিণ. লক্ষণ বা চিহ্নের দ্বারা শুভাশুভ নির্ণয়ে পারদর্শী।

শকুনি (p. 768) [śakuni] বি. 1 শকুনপাখি গৃধ্র; 2 (মহাভারতে) দুর্যোধনের কূটবুদ্ধি মাতুল; 3 (আল.) কূটবুদ্ধি ব্যক্তি। [সং. √ শক্ + উনি]।

শকুন্ত (p. 768) [śakunta] বি. 1 পাখি 2 ভাসপাখি। [সং. √ শক্ + উন্ত]। ̃ .লা বি. (স্ত্রী.) পাখির দ্বারা রক্ষিতা ও কণ্বমুনির পালিতা মেনকা-বিশ্বামিত্রের কন্যা এবং দুষ্মন্ত রাজার পত্নী।

শকুল (p. 768) [śakula] বি. শাল বা শোল গাছ। [সং. √ শক্ + উর]।

শক্কর (p. 768) [śakkara] বি. অপরিষ্কৃত চিনি। [< সং. শর্করা]।

শক্ত1 (p. 768) [śakta1] বিণ. 1 সমর্থ, কার্যক্ষম (বৃদ্ধ বয়সেও সে যথেষ্ট শক্ত আছে); 2 শক্তিযুক্ত, বলবান (শক্ত দেহ); 3 কর্মকুশল, বিচক্ষণ, পাকা, ধুরন্ধর (শক্ত লোকের পাল্লায় পড়া)। [সং. √ শক্ + ত]।

শক্ত2 (p. 768) [śakta2] বিণ. 1 কঠিন, সহজে ভাঙে না এমন, অনমনীয় (শক্ত লাঠি); 2 মজবুত, টেকসই (শক্ত বাঁধন); 3 কঠোর, নির্মম (শক্ত হাকিম);

4 দৃঢ়, অবিচলিত (শক্ত মন); 5 রূঢ়, কড়া, কর্কশ (শক্ত কথা); 6 জটিল, দুরূহ, দুর্বোধ্য ('জলের মত বিষয় হত ইঁটের মত শক্ত': দ্বি. রা; শক্ত প্রশ্ন, শক্ত বই, শক্ত ভাষা); 7 দুরারোগ্য, কঠিন (শক্ত রোগ);˜ কষ্টসাধ্য (বলা শক্ত, চাকরি মেলা শক্ত); 9 যার সমাধান সহজ নয় (শক্ত মামলা, শক্ত পরীক্ষা)। [ফা. স্খত্]। শক্ত ঘানি (আল.) কঠোরপ্রকৃতি জবরদস্ত লোক; যে ব্যক্তি নির্মমভাবে কাজ আদায় করে নেয়।˜ .পোক্ত বিণ. মজবুত ও টেকসই। শক্তের ভক্ত নরমের যম শক্তিমান জবরদস্ত লোকের কাছে বিনীত ও বাধ্য থাকে অথচ দুর্বলের উপর অত্যাচার করে এমন ব্যক্তি।

শক্তি (p. 768) [śakti] বি. 1 ক্ষমতা, সামর্থ্য, বল (প্রাণশক্তি, শরীরের শক্তি); 2 প্রভাব, প্রতিপত্তি; 3 পরাক্রান্ত স্বাধীন রাষ্ট্র (ইয়োরোপীয় শক্তিবর্গ); 4 হোমিয়োপ্যাথিক ওষুধের ক্রম অথবা গুণের মাত্রা (নাক্স ভম 3 শক্তি); 5 দুর্গা, কালী, কমলা এই তিন স্ত্রী-দেবতা; 6 পৌরাণিক অস্ত্রবিশেষ (শক্তিশেল); 7 দেবসেনাপতি কার্তিকেয়র অস্ত্র; 8 (বিজ্ঞা.) কর্মক্ষমতাদির মাত্রা, energy (বি. প.)। [সং. √ শক্ + তি]।˜ .উপাসক বি. দুর্গা কালী প্রভৃতি স্ত্রী-দেবতার উপাসক, শাক্ত।˜ .ধর বিণ. প্রচুর শক্তি বা ক্ষমতার অধিকারী (শক্তিধর রাষ্ট্র, শক্তিধর মল্ল)। □ বি. 'শক্তি'-অস্ত্রধারী কার্তিকেয়র এক নাম।˜ .পূজা,˜ আরাধনা বি. কালী দুর্গা প্রভৃতি স্ত্রী-দেবতার আরাধনা।˜ .বর্ধক বিণ. যাতে শক্তি বা জোর বাড়ে (শক্তিবর্ধক ওষুধ)।˜ .ময় বিণ. শক্তিশালী। স্ত্রী.˜ .ময়ী।˜.মান,˜.শালী বিণ. শক্তি আছে এমন, বলবান। স্ত্রী.˜ .মতী,˜.শালিনী। বি.˜ .মত্তা,˜.শালিতা।˜.শেল বি. রাবণের 'শক্তি'-নামক অনিবার্য ও মারাত্মক অস্ত্রবিশেষ যার আঘাতে লক্ষ্মণ ধরাশায়ী ও প্রায় নিহত হয়েছিলেন।˜ .সাধক-শক্তিউপাসক -এর অনুরূপ।˜ .হীন বিণ. শক্তি নেই এমন, দুর্বল। স্ত্রী.˜ .হীনা। বি.˜ .হীনতা।˜ ..হ্রাস বি. শক্তি কমে যাওয়া বা কমিয়ে দেওয়া।

শক্তু (p. 768) [śaktu] বি. ছাতু। [সং. সক্তু]।

শক্য (p. 768) [śakya] বিণ. সাধ্য, করতে পারা যায় এমন। [সং. √ শক্ + য]। বি.˜ তা।

শক্র (p. 768) [śakra] বি. দেবরাজ ইন্দ্র। [সং. √ শক্ + র]।˜ .ধনু বি. ইন্দ্রের ধনুক।˜ .ভবন বি. ইন্দ্রের আবাস বা গৃহ।

শখ (p. 769) [śakha] বি. 1 আগ্রহ মনের ঝোঁক (ছবি আঁকার শখ); 2 পছন্দ, সাধ, খেয়াল (শখের জিনিস); 3 চিত্তবিনোদনের অভিপ্রায় (শখ করে বিদেশে যাওয়া)। [আ. শৌক]।˜ শৌখিনতা বি. মনের ঝোঁক, খেয়াল এবং বিলাসিতা। শখের থিয়েটার বি. অপেশাদারি এবং নাটকাভিনয়ের প্রতি ভালোবাসার জন্য সংগঠিত থিয়েটার।

শঙ্কনীয় (p. 769) [śaṅkanīẏa] বিণ. ভয়ের যোগ্য, যাতে ভয়ের ব্যাপার আছে এমন। [সং. √ শঙ্ক্ + অনীয়]।

শঙ্কা (p. 769) [śaṅkā] বি. 1 ভয়, আশঙ্কা; 2 সংশয়। [সং. √ শঙ্ক্ + অ + আ]।˜ হর,˜ হরণ বিণ. শঙ্কাদূরকারী। স্ত্রী.˜ হরা।˜ হীন বিণ. নির্ভীক, ভয়হীন। শঙ্কিত বিণ. শঙ্কাপ্রাপ্ত, শঙ্কাযুক্ত, ভীত। স্ত্রী. শঙ্কিতা। শঙ্কিল বিণ. শঙ্কাপূর্ণ বা বিপজ্জনক ('শঙ্কিল পঙ্কিল বাট': গো. দা.; 'মরণ শঙ্কিল পথে': রবীন্দ্র)। শঙ্কী (-ঙ্কিন্) বিণ. (সমাসের উত্তরপদে) শঙ্কাযুক্ত (পাপশঙ্কী, অমঙ্গলশঙ্কী)।

শঙ্কু (p. 769) [śaṅku] বি. 1 পৌরাণিক অস্ত্রবিশেষ, শেল; 2 শলাকা, শলা; 3 কীলক, গোঁজ; 4 (জ্যোতিষ.) সূর্যের ছায়া মাপবার জন্য ব্যবহৃত দ্বাদশাঙ্গুলি পরিমাণ কাঠিবিশেষ; 5 বিক্রমাদিত্যের নবরত্ন সভার এক রত্ন। [সং. √ শঙ্ক্ + উ]।˜ পট্ট বি. সূর্যঘড়ি, sundial.

শঙ্খ (p. 769) [śaṅkha] বি. 1 বৃহদাকার শামুকজাতীয় সামুদ্রিক প্রাণীবিশেষ, শাঁখ, কম্বু; 2 মাঙ্গলিক অনুষ্ঠানাদিতে বাদিত শঙ্খের খোলা; 3 প্রাচীন রণবাদ্যবিশেষ; 4 শঙ্খনির্মিত বলয়বিশেষ, শাঁখা। □ বি. বিণ. লক্ষ কোটি সংখ্যা বা সংখ্যক। [সং. √ শম্ + খ]।˜ কার বি. শাঁখের গহনা ও জিনিসপত্র নির্মাতা, শাঁখারি, শঙ্খব্যবসায়ী।˜ চক্র-গদা-পদ্ম-ধারী (-রিন্) বি. বিষ্ণু, নারায়ণ।˜ চিল বি. সাদাবুক চিলবিশেষ।˜ চূড় বি. অতি বিষধর ও বড়ো সাপবিশেষ, king cobra.˜ চূর্ণী বি. সধবা নারীর প্রেত, শাঁকচুন্নি।˜ ধ্বনি,˜ নাদ বি. শাঁখ বাজাবার শব্দ।˜ বণিক বি. শাঁখারি, শঙ্খব্যবসায়ী সম্প্রদায়।˜ বলয় বি. শাঁখের বালা, শাঁখা।˜ বিষ বি. সেঁকোবিষ।

শঙ্খিনী (p. 769) [śaṅkhinī] বি. (স্ত্রী.) 1 নায়িকা বা স্ত্রীজাতির শ্রেণিবিশেষ; 2 সধবা নারীর প্রেত, শাঁকচুন্নি; 3 নাড়িবিশেষ। [সং. শঙ্খ + ইন্ + ঈ]।

শচি, শচী (p. 769) [śaci, śacī] বি. 1 দেবরাজ ইন্দ্রের পত্নী; 2 শ্রীচৈতন্যের মাতা। [সং. √ শচ্ + অ + ই, ঈ]।˜ নন্দন বি. শ্রীচৈতন্য।˜ পতি,˜ বিলাস, শচীন্দ্র, শচীশ বি. ইন্দ্র।˜ মাতা বি. শ্রীচৈতন্যের জননী।

শজনে (p. 769) [śajanē] দ্র শজিনা।

শজারু (p. 769) [śajāru] বি. বড়ো বড়ো কাঁটায় সর্বাঙ্গ আবৃত এমন জন্তুবিশেষ, শল্লকী। [সং. ছেদার > সেজার + রূপ > সজারু; তু. শল্লক রূপ]।

শজিনা, (কথ্য) শজনে (p. 769) [śajinā, (kathya) śajanē] বি. সরু ও লম্বা ফলযুক্ত বড়ো গাছবিশেষ, যার ফল ভোজ্য ডাঁটা হিসাবে ব্যবহৃত হয়। [সং. শোভাঞ্জন]।˜ খাড়া বি. তরকারিরূপে ব্যবহৃত শজনে গাছের ফলরূপ ডাঁটা।

শটন (p. 769) [śaṭana] বি. পচে যাওয়া, পচন। [সং. √ শট্ + অন]। শটিত বিণ. পচা, শড়া ('শটিত জঞ্জালকণা কুড়ায়েছি এতকাল ধরে': সু. দ.)।

শট-পুট (p. 769) [śaṭa-puṭa] বি. ক্রীড়াপ্রতিযোগিতাদিতে ভারী লোহার বল দূরে নিক্ষেপ করা। [ইং. shotput]।

শটি, (বর্জি.) শটী (p. 769) [śaṭi, (barji.) śaṭī] বি. হলুদজাতীয় ওষধিবিশেষ বা তার কন্দ যা থেকে পালো তৈরি হয়। [সং. √ শট্ + ই]।˜ ফুড বি. শটি থেকে প্রস্তুত পালো।

শটিত (p. 769) [śaṭita] দ্র শটন।

শঠ (p. 769) [śaṭha] বিণ. 1 খল, ধূর্ত; 2 প্রবঞ্চক, প্রতারক; 3 গোপনে অনিষ্টকারী। [সং. √ শঠ্ + অ]। বি.˜ তা, শাঠ্য। শঠে, শাঠ্যং শঠ লোকের সঙ্গে শঠতা করার নীতি।

শড়া (p. 769) [śaḍ়ā] ক্রি. পচে যাওয়া, শটিত হওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে। [সং. √ শট্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. পচানো, পচিয়ে ফেলা। □ বিণ. উক্ত অর্থে।

শণ (p. 769) [śaṇa] বি. পাটজাতীয় ক্ষুদ্র ও সরু গাছবিশেষ বা তার আঁশ, hemp, flax. [সং. √ শণ্ + অ]। ˜ সূত্র বি. শণের আঁশে তৈরি সুতো। শণের দড়ি শণের আঁশ দিয়ে তৈরি দড়ি। শণের নুড়ি 1 সাদা শণের আঁশের গোছা; 2 (আল.) এক গোছা পাকা চুল।

শত (p. 769) [śata] বি. 1 সংখ্যা। □ বিণ. 1 1 সংখ্যক; 2 বহু বা বিবিধ (শতরকম বায়না); 3 অসংখ্য ('শতরূপে শতবার': রবীন্দ্র)। ˜ ক বিণ. শতসংখ্যাযুক্ত। □ বি. 1 শতসংখ্যা; 2 শতাব্দ (সপ্তদশ শতক); 3 একশোটি বস্তুর সমষ্টি (জীবনীশতক); 4 একশো শ্লোক বা কবিতা সংবলিত কাব্য (সদ্ভাবশতক)। [সং. শো + উতচ্]। ˜ করা ক্রি-বিণ. বিণ. প্রতি একশতে, শতের অনুপাতে (শতকরা হারে)। ˜ কিয়া বি. এক থেকে একশো পর্যন্ত গণনা। ˜ কোটি বিণ. 1 একশো কোটি সংখ্যা; 2 (আল.) অসংখ্য (শতকোটি প্রণাম)। ˜ ক্রতু বি. (একশত ক্রতু অর্থাত্ যজ্ঞ করেছিলেন বলে) ইন্দ্র। ˜ খানেক বি. বিণ. একশো বা তার কাছাকাছি। ˜ গ্রন্হি বিণ. একশত বা বহু গ্রন্হিযুক্ত বা গিঁটযুক্ত। ˜ ঘ্নী বি. একসঙ্গে একশত যোদ্ধাকে বধ করতে সমর্থ প্রাচীন অস্ত্রবিশেষ। ˜ চ্ছদ বি. 1 শতদল পদ্ম; 2 কাঠঠোকরা পাখি। ˜ চ্ছিন্ন বিণ. নানাস্হানে ছিন্ন, ছিন্নবিচ্ছিন্ন। ˜ তম বিণ. শতসংখ্যার পূরক (শততম জন্মদিবস)। ˜ দল বি. (বহু পাপড়িবিশিষ্ট বলে) পদ্মফুল। ˜ দল-বাসিনী বি. লক্ষ্মীদেবী। ˜ দ্রু বি. পাঞ্জাবের সিন্ধু নদের শাখাবিশেষ। ˜ ধা ক্রি-বিণ. 1 শত রকমে (শতধা বিভক্ত); 2 শতবার (তাকে শতধা সতর্ক করেছি)। ˜ ধার বিণ. 1 শত বা বহু ধারযুক্ত বা প্রান্তবিশিষ্ট; 2 বহু স্রোত বা

ধারাযুক্ত। □ বি. বজ্র। ˜ ধারে ক্রি-বিণ. অজস্র ধারায় (শতধারে বয়ে চলেছে)। ˜ পত্র বি. 1 পদ্ম; 2 ময়ূর। শতপথ ব্রাহ্মণ যজুর্বেদের অন্তর্গত ব্রাহ্মণাংশবিশেষ। ˜ পদী বি. 1 বৃশ্চিক, বিছে; 2 কেন্নো। ˜ বর্ষ বি. একশত বৎসর। ˜ বর্ষ-জীবী (-বিন্) বিণ. একশত বৎসর পরমায়ুযুক্ত, একশত বৎসর বাঁচে এমন (শতবর্ষজীবী উদ্ভিদ)। ˜ ভিষক, ˜ ভিষা বি. নক্ষত্রবিশেষ। ˜ মারী (-রিন্) বি. 1 শতবার পারদজারণকারী; 2 ভালো চিকিৎসক; 3 (ব্যঙ্গে) একশত রোগীর প্রাণবধকারী চিকিৎসক অর্থাত্ হাতুড়ে বৈদ্য। ˜ মুখ বিণ. কোনো বিষয়ে উচ্ছ্বাসের সঙ্গে বারংবার কথা বলে এমন, মুখর (প্রশংসায় শতমুখ)। ˜ মুখী বি. ঝাঁটা। ˜ মূলী বি. লতাবিশেষ বা তার শিকড়। ˜ রূপা বি. 1 সরস্বতীদেবী; 2 ব্রহ্মার কন্যা সাবিত্রী। □ বিণ. শতবর্ণে বা বহুবর্ণে বা বহু রূপে শোভিতা ('শতরূপা এই কুসুমের মাসে')। ˜ শ, (বর্জি.) ˜ শঃ ক্রি-বিণ. শত শত করে; শতভাবে। ˜ সহস্র বিণ. 1 বহু, অসংখ্য; 2 সহস্রের শতগুণ, একলক্ষ। ˜ হ্রদা বি. বিদ্যুত্।

শত-রঞ্জ, শত-রঞ্চ (p. 769) [śata-rañja, śata-rañca] বি. দাবাখেলা। [আ. শত্ রঞ্জ্-তু. সং. চতুরঙ্গ]।

শতরঞ্চি (p. 769) [śatarañci] বি. পেতে বসার উপযোগী মোটা সুতোয় তৈরি বড়ো রঙিন চাদরবিশেষ। [আ. শত্রঞ্জী]।

শতাংশ (p. 769) [śatāṃśa] বি. 1 একশত ভাগ; 2 একশত ভাগের একভাগ। [সং. শত + অংশ]।

শতাক্ষী (p. 769) [śatākṣī] বিণ. একশত চক্ষুবিশিষ্ট। □ বি. 1 শতপুষ্পা; 2 দুর্গা। [সং. শত + অক্ষী]।

শতাঙ্গ (p. 769) [śatāṅga] বিণ. শত অঙ্গবিশিষ্ট অর্থাত্ শতভাগবিশিষ্ট, বহুভাগে বিভক্ত। □ বি. রথ। [সং. শত + অঙ্গ]।

শতানীক (p. 769) [śatānīka] বিণ. 1 বৃদ্ধ; 2 শতসৈন্যবিশিষ্ট। □ বি. 1 পৌরাণিক মুনিবিশেষ; 2 নকুলের পুত্র। [সং. শত + অনীক]।

শতাব্দ, (অসং.) শতাব্দী (p. 769) [śatābda, (asa.) ṃśatābdī] বি. একশতবর্ষব্যাপী কালপরিমাণ, শতক, century. [সং. শত + অব্দ, ঈ]।

শতায়ু (p. 769) [śatāẏu] (-য়ুস্) বিণ. 1 শতবর্ষজীবী; 2 (আল.) দীর্ঘজীবী। [সং. শত + আয়ুস্]।

শতেক (p. 769) [śatēka] বিণ. 1 একশত; 2 বহু, অসংখ্য। [সং. শত + এক (বাং. সন্ধি)]। ˜ খোয়ারি, (বর্জি.) ˜ খোয়ারী বিণ. (স্ত্রী.) 1 যার ভাগ্যে বহু খোয়ার বা দুর্গতি আছে এমন; 2 যে বহু স্বজনকে খুইয়েছে (গালিবিশেষ)।

শত্রু, (কথ্য) শত্তুর (p. 769) [śatru, (kathya) śattura] বি. 1 মনে মনে বা প্রকাশ্যে ঘৃণা করে কিংবা ক্ষতিসাধন করে এমন ব্যক্তি; অরি, বৈরী; 2 প্রতিপক্ষ, বিপক্ষ। [সং. √ শদ্ + রু]। ˜ ঘ্ন বিণ. শত্রুধ্বংসকারী। □ বি. সুমিত্রার গর্ভজাত দশরথের চতুর্থ পুত্র। ˜ জয়ী (-য়িন্), ˜ জিত্, ˜ ঞ্জয় বিণ. শত্রুদমনকারী; শত্রুর বিরুদ্ধে জয়লাভকারী। ˜ তা বি. শত্রুর মতো আচরণ, বৈরিতা; তীব্র প্রতিকূলতা। ˜ নাশ বি. শত্রু ধ্বংস করা। ˜ পক্ষ বি. বিপক্ষ, প্রতিপক্ষ। ˜ বিনাশ শত্রুনাশ এর অনুরূপ। ˜ মিত্র-ভেদ বি. কে বন্ধু কে শত্রু তা বিচার;

আত্মপরবিচার। ˜ হীন, নিঃশত্রু বিণ. 1 শত্রু নেই এমন; 2 সমস্ত শত্রুকে বিনাশ করা হয়েছে এমন।

শন-শন (p. 769) [śana-śana] বি. বাতাস বাণ প্রভৃতির অতি দ্রুত বেগসূচক শব্দবিশেষ (শনশন করে হাওয়া বইছে, শনশন শব্দে তির ছুটে গেল)। [ধ্বন্যা.]।

শনাক্ত (p. 769) [śanākta] বি. পরিচিত বা জ্ঞাত বলে নির্দেশ (মৃতদেহ শনাক্ত করা)। [আ. শিনাখ্‌ত্‌]।

শনি (p. 769) [śani] বি. 1 সূর্যপুত্র; 2 অশুভ বলে পরিচিত গ্রহবিশেষ (শনির দশা); 3 সপ্তাহের বারবিশেষ; 4 (আল.) শত্রু. সর্বনাশকারী। [সং. √ শো + অনি]। শনির দশা শনিগ্রহের ভোগফল; দূরবস্থা। শনির দৃষ্টি (আল.) অতি দুঃসময় বা দুর্দশা। ˜ বার বি. সপ্তাহের সপ্তম বা শেষ দিন-শনিদেব এই দিনের অধিদেবতা বলে জ্ঞাত।

শনৈঃশনৈঃ (p. 769) [śanaiḥśanaiḥ] ক্রি-বিণ. ধীরে ধীরে, আস্তে আস্তে; অল্পে অল্পে (শনৈঃ শনৈঃ এগোতে লাগল)। [সং. শণ্‌ + ঐস্‌]।

শনৈশ্চর (p. 769) [śanaiścara] বি. 1 শনিগ্রহ; 2 ধীরতা, ধীর গতি। [সং. শনৈঃ + চর্‌]।

শপ (p. 769) [śapa] বি. বড়ো মাদুরবিশেষ। [দেশি]।

শপতি (p. 769) [śapati] বি. (আঞ্চ.) প্রতিজ্ঞা, শপথ ('শপতি করিয়া বলি': চণ্ডী)। [< সং. শপথ]।

শপথ (p. 769) [śapatha] বি. প্রতিজ্ঞা, দিব্য (শপথ করে বলা)। [সং. √ শপ্ + অথ]।˜ নামা বি. শপথপত্র, যে কাগজে প্রতিজ্ঞা লেখা হয়। [সং. শপথ + ফা. নামহ্]।

শপ্ত (p. 769) [śapta] বিণ. শাপগ্রস্ত, অভিশপ্ত। [সং. √ শপ্ + ত]।

শফ (p. 769) [śapha] বি. ঘোড়া গোরু প্রভৃতি জন্তুর খুর। [সং. √ শম্ + অ]।

শফর, শফরী (p. 769) [śaphara, śapharī] বি. পুঁটিমাছ। [সং. শফ + √ রা + অ, ঈ]।

শফেদ, সফেদ (p. 769) [śaphēda, saphēda] বিণ. সাদা, শ্বেত, শুভ্র। [ফা. শফেদ্]।

শব (p. 769) [śaba] বি. মৃতদেহ, মড়া, লাশ। [সং. √ শব্ + অ]।˜ দাহ,˜ দহন বি. অগ্নিযোগে মৃতদেহ ভস্মীভূত করা, মড়া পোড়ানো।˜ দাহ-স্থান বি. যেখানে শবদাহ করা হয়, শ্মশান।˜ দেহ বি. মড়া, মৃতদেহ।˜ ব্যবচ্ছেদ বি. শারীরবিজ্ঞান শিক্ষার জন্য বা মৃত্যুর কারণ নির্ণয়ের জন্য মৃতদেহ অস্ত্রদ্বারা ছিন্নবিচ্ছিন্ন করে পরীক্ষা।˜ যাত্রা বি. দাহ করার বা কবর দেওয়ার জন্য মৃতদেহ নিয়ে যাওয়া।˜ যান বি. (প্রধানত কবর দেবার জন্য) মৃতদেহপূর্ণ কফিন বা

শবাধার বহন করে নিয়ে যাবার গাড়ি।˜ সৎকার বি. শবদাহ; কবর; অন্ত্যেষ্টি।˜ সাধনা বি. (সদ্যোমৃত পুরুষের) শবের উপর অশ্বারোহণের ভঙ্গিতে উপবেশন করে তান্ত্রিক সাধনাবিশেষ। শবাধার বি. যে আধার বা বাক্সে মৃতদেহ রেখে কবর দেওয়া হয়। শবানু-গমন বি. শবদেহ শ্মশানে বা কবরে নিয়ে যাবার সময় মৃতের প্রতি সম্মান জানাতে বা শোক জানাতে সঙ্গে যাওয়া। শবানু-যাত্রী (ত্রিন্) বি. শবানুগমনকারী। শবাসন বি. শবের মতো চিত হয়ে শুয়ে থাকার যোগাসনবিশেষ। শবাসনা বি. শবের উপর অবস্থিতা কালিকাদেবী।

শবর (p. 769) [śabara] বি. ব্যাধ, কিরাত, ভারতের প্রাচীন শিকারি জাতিবিশেষ। [সং. শব + √ রা + অ]। স্ত্রী. শবরী। শবরীর প্রতীক্ষা 1 রামায়ণে রামের সেবা করার জন্য ব্যাধ-পত্নী শবরীর সুদীর্ঘ প্রতীক্ষা; 2 (আল.) সুদীর্ঘ অপেক্ষা বা প্রতীক্ষা।

শবল (p. 769) [śabala] বিণ. নানাবর্ণযুক্ত, চিত্রবিচিত্র। [সং. √ শব্ + অল]। শবলা, শবলী বিণ. শবল -এর স্ত্রীলিঙ্গে। □ বি. 1 বহুবর্ণা গাভি; 2 বশিষ্ঠের কামধেনু। শবলিত বিণ. নানাবর্ণে শোভিত; নানা বর্ণের সমাবেশে বিচিত্র।

শবে-বরাত (p. 769) [śabē-barāta] বি. চান্দ্র শাবান মাসের চতুর্দশ দিনে পালনীয় মুসলমানি পর্ববিশেষ। [আ. শব্-ই-বরাত্]।

শব্দ (p. 769) [śabda] বি. 1 আওয়াজ, ধ্বনি (কী শব্দ হল?); 2 অর্থসূচক ধ্বনি, অক্ষর বা অক্ষরসমষ্টি (বাক্যের শব্দ)। [সং. √ শব্দ্ + অ]।˜ কোশ,˜ কোষ বি. অভিধান, শব্দাভিধান।˜ তত্ত্ব বি. ভাষার শব্দাদি সংক্রান্ত তত্ত্ব।˜ তরঙ্গ বি. যে তরঙ্গায়িত গতির সাহায্যে শব্দ বা ধ্বনি বাহিত হয়, sound wave.˜ দ্বৈত বি.

একই শব্দ পরপর দুবার ব্যবহার; পরপর ব্যবহৃত একই শব্দ, যুগ্মশব্দ।˜ বহ বি. 1 বাতাস; 2 আকাশ। □ বিণ. শব্দ বহনকারী।˜ বিন্যাস বি. যথাস্থানে শব্দস্থাপনপূর্বক বাক্যরচনা।˜ বেধী (-ধিন্),˜ ভেদী (-দিন্) বিণ. শব্দ শুনে লক্ষ্যভেদে সমর্থ (শব্দভেদী বাণ)।˜ ব্রহ্ম বি. 1 শব্দরূপ বা শব্দাত্মক ব্রহ্ম; 2 বেদ।˜ যোজনা বি. বাক্যে শব্দ যোগ বা শব্দের সঙ্গে শব্দ যোগ।˜ রচনা বি. শব্দ তৈরি; নতুন শব্দ তৈরি করা।˜ রূপ বি. বিভিন্ন বিভক্তি ও বচনে শব্দের রূপ।˜ শ, (বর্জি.)˜ শঃ ক্রি-বিণ. শব্দানুসারে, শব্দের হিসাবে।˜ শক্তি বি. অভিধা লক্ষণা ব্যঞ্জনা প্রভৃতি শব্দের অর্থবোধিকা বৃত্তি।˜ শাস্ত্র বি. ব্যাকরণাদি শাস্ত্র।˜ হীন বিণ. শব্দ নেই এমন, নিঃশব্দ, নীরব; ধ্বনিশূন্য। বি.˜ হীনতা। শব্দাতীত বিণ. শব্দদ্বারা প্রকাশ করা যায় না এমন, অনির্বচনীয়। শব্দাভি-ধান বি. যে অভিধানে শব্দের অর্থ-পদ-ব্যুৎপত্তি ইত্যাদির বিবৃতি থাকে। শব্দায়-মান বিণ. শব্দ করছে এমন। শব্দার্থ বি. শব্দের মানে। শব্দালংকার বি. (অল.) রচনার মাধুর্যসাধক বিশিষ্ট ভঙ্গির শব্দবিন্যাস অর্থাত্ অনুপ্রাস যমক শ্লেষ প্রভৃতি। (তু. অর্থালংকার)। শব্দিত বিণ. ধ্বনিত, আওয়াজযুক্ত। শব্দেন্দ্রিয় বি. কান, কর্ণ, যে-ইন্দ্রিয় দিয়ে আওয়াজ শোনা যায়।

শম (p. 769) [śama] বি. 1 শান্তি, নিবৃত্তি, কামক্রোধাদির উপশম; 2 চিত্তের স্থিরতা বা সংযম; 3 বাসনার নিবৃত্তি। [সং. √ শম্ + অ]। শমী (-মিন্) বিণ. শমগুণযুক্ত; সংযমী; শান্ত।

শমন (p. 769) [śamana] বি. 1 মৃত্যুর দেবতা যম; 2 প্রশমন, শান্তি সম্পাদন, শান্ত বা সংযত করা; 3 শান্তি; 4 দমন; 5 যজ্ঞার্থ পশুবধ। [সং. √ শম্ + ণিচ্ + অন]।˜ দ্বার,˜ সদন,˜ ভবন বি. যমালয়। শমনীয় বিণ. 1 প্রশমনযোগ্য; 2 নিবারণীয়; 3 দমনযোগ্য বা বিনাশযোগ্য।

শময়িতা (p. 769) [śamaẏitā] (-তৃ) বিণ. 1 উপশমকারী, নিবারক; 2 দমনকারী, বিনাশক। [সং. √ শম্ + ণিচ্ + তৃ]।

শমি (p. 769) [śami] বি. বাবলাজাতীয় গাছবিশেষ, শাঁই গাছ যার কাঠ দিয়ে যজ্ঞাগ্নি জ্বালানো হয়। [সং. √ শম্ + ই]।

শমিত (p. 769) [śamita] বিণ. 1 প্রশমিত, নিবারিত; 2 দমিত, বিনাশিত। [সং. √ শম্ + ণিচ্ + ত]। স্ত্রী. শমিতা।

শমী1 (p. 769) [śamī1] দ্র শম।

শম্পা (p. 769) [śampā] বি. বিদ্যুত্, বিজলি। [সং. √ শম্ + পা]।

শম্ব (p. 769) [śamba] বি. 1 লোহা বা ইস্পাতে মুখ মোড়া মুদগর, যে মুদগরের মুখ লোহা দিয়ে মোড়া; 2 মুদগরের মুখের লৌহাবরণ, শামা; 3 বজ্র। [সং. শম্ + ব]।

শম্বর (p. 769) [śambara] বি. 1 বড়ো হরিণবিশেষ; 2 মাছবিশেষ; 3 পৌরাণিক অসূরবিশেষ; 4 জল। [সং. √ শম্ব্ + অর]। শম্বরারি বি. শম্বর নামক অসুরের হন্তা কামদেব।

শম্বুক (p. 769) [śambuka] বি. 1 খোলার মধ্যে কোমল দেহ আবৃত থাকে এমন উদরপদ ধীরগামী প্রাণীবিশেষ, শামুক; 2 শূদ্র হয়েও তপস্যা করার

অপরাধে রামচন্দ্রের দ্বারা নিহত পৌরাণিক তাপসবিশেষ। [সং. √ শম্ব্ + উ + ক]। ˜ গতি বি. অতি ধীর গতি, (শামুকের মতো) অতি ধীরে গড়িয়ে চলা; দীর্ঘসূত্রতা। □ বিণ. (শামুকের মতো) অতি ধীরে চলে এমন।

শম্ভু (p. 769) [śambhu] বি. শিব (শিবশম্ভু)। [সং. শম্ + √ ভূ + উ]।

শয্যা (p. 769) [śayyā] বি. 1 বিছানা; 2 যার উপরে বা যেখানে শয়ন করা হয় (ধুলিশয্যা, শরশয্যা); 3 শয়ন (শয্যাগৃহ)। [সং. √ শী + য + আ]। ˜ কণ্টক, ˜ কণ্টকী বি. যে ব্যাধিতে বিছানায় শুলে গায়ো কাঁটা বেঁধে বলে মনে হয়। ˜ কীট বি. ছারপোকা। ˜ গত বিণ. 1 বিছানায় শুয়ে আছে এমন; 2 (পীড়াদির জন্য) বিছানা থেকে উঠতে অক্ষম। স্ত্রী. ˜ গতা। গার, ˜ গৃহ বি. ঘুমাবার জন্য নির্দিষ্ট কক্ষ। ˜ তল বি. 1 বিছানার তলদেশ; 2 বিছানার উপরিভাগ (শয্যাতলে লুটিয়ে পড়ল)। ˜ তুলুনি বি. বিবাহের পরদিন ভোরে বরবধুর বাসরের শয্যা তোলার বাবদ বরের কাছ থেকে কন্যাপক্ষীয় নারীদের প্রাপ্য অর্থ। ˜ তোলা বি. বিবাহের পরদিন ভোরে বরবধুর বাসরের শয্যা তোলার স্ত্রী-আচারবিশেষ। ˜ রচনা বি. বিছানা পাতা। ˜ শায়ী (-য়িন্) শয্যাগত -র অনুরূপ। স্ত্রী. ˜ শায়িনী। ˜ সঙ্গিনী বি. 1 স্ত্রী, পত্নী; 2 যে-স্ত্রীলোক রাতের শয্যায় সঙ্গিনী হয়। ˜ স্তরণ বি. বিছানার চাদর।

শয়-তান (p. 769) [śaẏa-tāna] বি. 1 ইহুদি খ্রিস্টান ও ইসলামি পুরাণোক্ত ঈশ্বরবিদ্বেষী দেবদূতবিশেষ; 2 পাপাত্মা, অতি দুর্বৃত্ত লোক; 3 (আল.) অতি দুষ্ট লোক। [আ. শৈতান্]। শয়-তানি বি. 1 দুর্বৃত্ততা, বদমাশি; 2 (স্ত্রী.) অতি দুষ্টা নারী। □ বিণ. শয়তান-সংক্রান্ত বা শয়তানের মতো।

শয়ন (p. 769) [śaẏana] বি. 1 শোয়া (শয্যায় শয়ন); 2 নিদ্রা (শয়নে স্বপনে); 3 বিছানো ('প্রভাতে জাগিয়া শূন্য এ শয়নে': রবীন্দ্র)। [সং. √ শী + অন]।˜ কক্ষ,˜ গৃহ,˜ মন্দির, শয়নাগার বি. শোবার জন্য নির্দিষ্ট ঘর।˜ কাল বি. ঘুমের সময়।˜ ভঙ্গ বি. নিদ্রাভঙ্গ, ঘুম ভাঙ্গা। শয়নীয় বি. বিণ. শয্যা, যাতে শোয়া যায় ('কণ্টকিত শয়নীয়ে শুয়ে': সু. দ.)।

শয়ান, শয়িত (p. 769) [śaẏāna, śaẏita] বিণ. 1 শুয়ে আছে এমন ('দুয়ারের কাছে কে ওই শয়ান': রবীন্দ্র); 2 নিদ্রিত। [সং. √ শী + আন, ত]। স্ত্রী. শয়ানা, শয়িতা।

শয়ে শয়ে (p. 772) [śaẏē śaẏē] বিণ. অনেক, বহুসংখ্যক (শয়ে শয়ে লোক)। □ ক্রি-বিণ. বহু সংখ্যায় (শয়ে শয়ে আসছে)। [বাং. শ < শত]।

শর (p. 772) [śara] বি. 1 বাণ, তির; 2 তৃণবিশেষ, খাগড়া গাছ। [সং. √ শৃ + অ]।˜ ক্ষেপ,˜ ক্ষেপণ,˜ ত্যাগ,˜ নিক্ষেপ,˜ মোচন বি. লক্ষ্য বিদ্ধ করার উদ্দেশ্যে তির ছোড়া।˜ জাল বি. 1 বাণসমূহ; 2 একসঙ্গে নিক্ষিপ্ত অসংখ্য তির।˜ বন বি. শর গাছে ভরা ভূমি।˜ বর্ষণ বি. একই সঙ্গে অসংখ্য তির নিক্ষেপ।˜ বিদ্ধ বিণ. বাণদ্বারা বিদ্ধ।˜ ব্য বি. বাণ নিক্ষেপের লক্ষ্য, যাতে তির ছোড়া হয়, নিশানা।˜ শয্যা বি. বাণদ্বারা নির্মিত শয্যা; অর্জুনের অসংখ্য তিরে রচিত ভীষ্মের শয্যা।˜ সন্ধান বি. 1 ধনুকে বাণ যোজনা; 2 বাণ নিক্ষেপ।˜ স্তম্ভ বি. বাণের গতিরোধ। শরাঘাত বি. তির বা বাণের আঘাত (শরাঘাতে আহত রাজহংস)। শরাহত বিণ. তিরের আঘাতে আহত।

শরচ্চন্দ্র, (বাং. রূপ) শরত্-চন্দ্র (p. 772) [śaraccandra, (bā. ṃrūpa) śarat-candra] বি. শরৎকালের চাঁদ। [সং. শরদ্ + চন্দ্র].

শরণ (p. 772) [śaraṇa] বি. 1 আশ্রয় ('তোমার চরণ করব শরণ': 'মরণ মাঝারে শরণ দাও হে': রবীন্দ্র); 2 গৃহ; 3 আশ্রয়দাতা, রক্ষক (দীনশরণ)। [সং. √ শৃ + অন]। শরণাগত, শরণাপন্ন, শরণার্থী বিণ. বি. আশ্রয়প্রার্থী। স্ত্রী. শরণাগতা, শরণাপন্না, শরণার্থিণী। শরণ্য বিণ. 1 রক্ষাকর্তা; 2 রক্ষণে সমর্থ। শরণ্যা বিণ. শরণ্য -র স্ত্রীলিঙ্গে। □ বি. দুর্গা।

শরত্ (p. 772) [śarat] (-দ্) বি. (চলিত মতে ভাদ্র-আশ্বিন মাসব্যাপী) বাংলার তৃতীয় ঋতু। [সং. √ শৃ + অদ্]।

শরদিন্দু (p. 772) [śaradindu] বি. শরৎকালের চাঁদ যা অতি সুন্দর ও উজ্জ্বল। [সং. শরদ্ + ইন্দু]।˜ নিভাননা বিণ. (স্ত্রী.) শরৎকালের চাঁদের মতো (উজ্জ্বল ও সুন্দর) মুখবিশিষ্ট।

শর-বত (p. 772) [śara-bata] বি. চিনি ফলের রস প্রভৃতি মিশিয়ে প্রস্তুত পানীয়বিশেষ। [আ. শরবত্]। শর-বতি বি. বড়ো লেবুবিশেষ, মোসাম্বি।

শরভ (p. 772) [śarabha] বি. 1 মৃগবিশেষ; 2 পৌরাণিক অষ্টপদ ও সিংহের চেয়ে বলবান মৃগবিশেষ; 3 উট; 4 হস্তিশাবক; 5 পতঙ্গবিশেষ, শলভ। [সং. √ শৃ + অভ]।

শরম (p. 772) [śarama] বি. সংকোচ, লজ্জা (লজ্জাশরম)। [ফা. শর্ম্]।

শরা, সরা (p. 772) [śarā, sarā] বি. মাটির তৈরি অগভীর পাত্র বা হাঁড়ি-কলসির ঢাকনি। [সং. শরাব, সরাব]।

শরা-কত (p. 772) [śarā-kata] বি. 1 অংশীদারি, অংশের মালিকানা; 2 যোগাযোগ, সম্পর্ক। [আ. শিরকত্]।

শরা-ফত (p. 772) [śarā-phata] বি. 1 ঔদার্য, মহত্ত্ব; 2 কৌলীন্য, আভিজাত্য। [আ. শরাফত্]।

শরাব, শবারি (p. 772) [śarāba, śabāri] বি. মদ, সুরা। [আ. শরাব্]।

শরাসন (p. 772) [śarāsana] বি. ধনুক। [সং. শর + √ অস্ + অন]।

শরাহত (p. 772) [śarāhata] দ্র শর।

শরিক (p. 772) [śarika] বি. অংশী, ভাগীদার (দুই শরিকের বিবাদ)। [ফা. শরীক্]। শরিকান বি. শরিকরা, শরিকগণ। শরিকানা বি. শরিকের প্রাপ্য অংশ। শরিকি, শরিকানি বিণ. 1 একাধিক অংশীদার বা শরিক আছে এমন, এজমালি (শরিকি সম্পত্তি); 2 শরিকসংক্রান্ত (শরিকি বিবাদ)।

শরিফ (p. 772) [śaripha] বিণ. 1 মহানুভব, উচ্চমনা (শরিফ আদমি); 2 অভিজাত, উচ্চবংশীয়; 3 খুশি, প্রফুল্ল (শরিফ মেজাজ)। □ বি. 1 উচ্চবংশীয় বা অভিজাত ব্যক্তি; 2 মক্কার শাসনকর্তার উপাধি। [আ. শরীফ্]।

শরিয়ত (p. 772) [śariẏata] বি. মুসলিম ধর্মশাস্ত্র। [আ. শরীয়ত্]। শরিয়তি বিণ. শরিয়তসংক্রান্ত (শরিয়তি রায়)।

শরীর (p. 772) [śarīra] বি. 1 দেহ; 2 মূর্তি, কায়া। [সং. √ শৃ + ঈর]। ̃ গত বিণ. 1 শরীরসম্বন্ধীয়. শারীরিক, দেহস্থ; 2 শরীরের অভ্যন্তরস্থ। ̃ চর্চা বি. শরীর সুস্থ ও সবল রাখার জন্য ব্যায়াম ইত্যাদি। ̃ জ বিণ. শরীর থেকে উৎপন্ন, দেহজাত। শরীর পাত করা ক্রি. বি. অত্যধিক পরিশ্রম করে শরীরকে দুর্বল ও ক্ষয় করা। শরীরী (-রিন্) বিণ. 1 দেহধারী, দেহবিশিষ্ট, মূর্ত (শরীরী রূপ); 2 দেহী; 3 প্রাণী; 4 মানুষ; 5 জীবাত্মা। তু. অশরীরী। স্ত্রী. শরীরিণী।

শর্করা (p. 772) [śarkarā] বি. 1 চিনি (দেহে শর্করার আধিক্য); 2 (সং.) কাঁকর; 3 দানা; 4 পাথরি। [সং. শর্কর + আ]। ̃ বত্ বিণ. দানাওয়ালা।

শর্ত (p. 772) [śarta] বি. চুক্তির নিয়ন্ত্রক নিয়ম, কড়ার (কোনো শর্তেই তাকে ছেড়ে দেওয়া হবে না, শর্তভঙ্গ)। [আ. শর্ত্]। ̃ ভঙ্গ বি. চুক্তির নিয়ম ভাঙা। শর্তাদি বি. শর্ত ও অন্যান্য, নানান শর্ত; শর্তাধীন বিণ. চুক্তির শর্তে আবদ্ধ।

শর্ব (p. 772) [śarba] বি. শিব। [সং. √ শর্ব্ + অ]। শর্বাণী বি. (স্ত্রী.) দুর্গা, শিবানী।

শর্বরী (p. 772) [śarbarī] বি. 1 রাত্রি, রজনী ('দেখা দিল রাজদণ্ডরূপে, পোহালে শর্বরী': রবীন্দ্র); 2 নারী। [সং. √ শৃ + বর + ঈ]।

শর্ম (p. 772) [śarma] (-র্মন্) বি. 1 সুখ; 2 কল্যাণ, মঙ্গল। [সং. √ শৃ + মন্]।

শর্মা (p. 772) [śarmā] (-র্মন্) বি. 1 ব্রাহ্মণের উপাধি; 2 (বাংলায়) নিজের সম্বন্ধে আত্মগৌরবে (ওকথা এ শর্মা ভুলবে না)। [সং. √ শৃ + মন্]।

শলভ (p. 772) [śalabha] বি. 1 শস্যনাশক পতঙ্গবিশেষ, শরভ, পঙ্গপাল; 2 ফড়িং। [সং. √ শল্ + অভ]। শলভাসন বি. যে যোগাসনে শরীরকে পতঙ্গের মতো আকার দিতে হয়।

শলা2 (p. 772) [śalā2] বি. 1 সরু কাঠি বা শিক, শলাকা; 2 চিকিৎসার অস্ত্রবিশেষ; 3 কাঁটা। [সং. শলাকা]।

শলাকা (p. 772) [śalākā] বি. সরু কাঠি, শলা (অঞ্জনশলাকা)। [সং. √ শল্ + আক + আ]।

শলি, (বর্জি.) শলী (p. 772) [śali, (barji.) śalī] বি. ধান বা অনুরূপ শস্যের পরিমাণ। [সং. শুল্ব]।

শল্ক (p. 772) [śalka] বি. 1 (প্রধানত মাছের) আঁশ; 2 বল্কল। [সং. √ শল্ + ক]।

শল্কল (p. 772) [śalkala] বি. শল্ক, মাছের আঁশ। [সং. √ শল্ + কল]।

শল্কলী (-লিন্), শল্কী (-ল্কিন্) (p. 773) [śalkalī (-lin), śalkī (-lkin)] বিণ. আঁশযুক্ত, শল্কময়। □ বি. মাছ। [সং. শল্কল + ইন্, √ শল্ + ক + ইন্]।

শল্য (p. 773) [śalya] বি. 1 শলাকা, শলা; 2 কাঁটা, কণ্টক; 3 পৌরাণিক অস্ত্রবিশেষ, শেল (শল্যের আঘাত); 4 বাণ, তির; 5 অস্থি; 6 শজারু। [সং. √ শল্ + য]। ˜ চিকিৎসা বি. অস্ত্রচিকিৎসা, দেহে অস্ত্রোপচার। ˜ বিদ বিণ. বি. অস্ত্রচিকিৎসক; অস্ত্রচিকিৎসায় দক্ষ ব্যক্তি। শল্যোদ্ধার বি. 1 (প্রধানত দেহে) বিদ্ধ বাণ কাঁটা প্রভৃতি তুলে ফেলা; 2 বাস্তুভূমি থেকে প্রোথিত অস্থি তুলে ফেলা।

শল্যক (p. 773) [śalyaka] বি. গণ্ডার। [সং. শল্য + অ + ক]।

শল্ল, শল্লক (p. 773) [śalla, śallaka] বি. 1 আঁশ; 2 বল্কল। [সং. √ শল্ল্ + অ, অক]। শল্লকী বি. 1 শজারু; 2 বাবলাগাছ।

শশ1, শশক (p. 773) [śaśa1, śaśaka] বি. খরগোশ। [সং. √ শশ্ + অ, ক]। ˜ বিষাণ, ˜ শৃঙ্গ বি. খরগোশের শিং অর্থাত্ অসম্ভব বস্তু। ˜ ব্যস্ত বিণ. (খরগোশের মতো) অতি চঞ্চল বা ব্যস্ত।

শশ2 (p. 773) [śaśa2] বি. চাঁদের কলা বা অংশ, চন্দ্রের অংশ। [সং. √ শশ্ + অ]। ˜ ধর, ˜ ভৃত্, ˜ লক্ষণ, ˜ লাঞ্ছন শশাঙ্ক বি. চন্দ্র। ˜ বিন্দু বি. 1 চন্দ্র; 2 বিষ্ণু।

শশি-কর, শশী-কর (p. 773) [śaśi-kara, śaśī-kara] বি. চাঁদের কিরণ বা আলো, জ্যোৎস্না। [সং. শশিন্ + কর]।

শশি-কলা, শশী-কলা (p. 773) [śaśi-kalā, śaśī-kalā] বি. 1 চাঁদের অংশ বা কলা; 2 সংস্কৃত ছন্দবিশেষ। [সং. শশিন্ + কলা]।

শশি-কান্ত, শশী-কান্ত (p. 773) [śaśi-kānta, śaśī-kānta] বি. 1 কুমুদ, লাল বা শ্বেত পদ্ম; 2 চন্দ্রকান্ত মণি। [সং. শশিন্ + কান্ত]।

শশি-ভূষণ, শশি-শেখর, শশী-ভূষণ, শশী-শেখর (p. 773) [śaśi-bhūṣaṇa, śaśi-śēkhara, śaśī-bhūṣaṇa, śaśī-śēkhara] বি. শশী অর্থাত্ চাঁদ যাঁর ভূষণ বা শেখর বা শিরোভূষণ, শিব। [সং. শশিন্ + ভূষণ, শেখর]।

শশী (p. 773) [śaśī] (-শিন্) বি. চন্দ্র। [সং. শশ + ইন্]।

শশ্বত্ (p. 773) [śaśbat] ক্রি-বিণ. অব্য. (বর্ত. বাং. অপ্র.) 1 সর্বদা; 2 বারংবার। [সং. শশ + বত্]। বিণ. শাশ্বত।

শষ্প (p. 773) [śaṣpa] বি. কচি ঘাস। [সং. √ শষ্ + প]। শষ্পাবৃত বিণ. কচি ঘাসে ঢাকা।

শসন (p. 773) [śasana] বি. 1 যজ্ঞার্থ পশুবধ; 2 বধ, নিধন। [সং. √ শস্ + অন]।

শসা (p. 773) [śasā] বি. সবজি হিসাবে ব্যবহৃত এবং কাঁচাও খাওয়া হয় এমন সবুজ খোসাযুক্ত আর্দ্র ফলবিশেষ, ক্ষীরিকা। [দেশি]।

শস্তা (p. 773) [śastā] দ্র সস্তা।

শস্ত্র (p. 773) [śastra] বি. 1 (মূলত) যে প্রহরণ হাতে ধরে অর্থাত্ নিক্ষেপ না করে আঘাত করা হয় (তু. অস্ত্র); প্রহরণ; 2 অস্ত্র; 3 কারিগরি কাজের জন্য প্রয়োজনীয় লৌহ তৈরি যন্ত্রপাতি; 4 শল্য চিকিৎসার অস্ত্র। [সং. √ শস্ + এ]।˜ জীবী (-বিন্), শস্ত্রাজীব বিণ. বি. যুদ্ধব্যবসায়ী, যোদ্ধা, সৈনিক।˜ ধর,˜ ধারী (-রিন্),˜ পাণি,˜ ভৃত্, শস্ত্রী (-স্ত্রিন্) বিণ. বি. অস্ত্রধারী; যোদ্ধা।˜ বিদ্যা বি. অস্ত্রচালনা-বিদ্যা।

শস্প, শস্পাবৃত (p. 773) [śaspa, śaspābṛta] যথাক্রমে শষ্প ও শষ্পাবৃত -র বানানভেদ।

শস্য (p. 773) [śasya] বি. 1 ফসল, কৃষিজাত ফল বা বীজ; 2 ফলের ভক্ষণীয় অংশ বা সারভাগ। [সং. √ শস্ + য]।˜ ক্ষেত্র বি. শস্য উৎপাদনের জমি, শস্যের খেত।˜ ভাণ্ডার বি. শস্য যেখানে মজুত রাখা হয়।˜ শ্যামল বিণ. সবুজ শস্যপূর্ণ; প্রচুর শস্যের সবুজ আভায় উদ্ভাসিত। স্ত্রী.˜ শ্যামলা। শস্যাগার বি. শস্যের ভাণ্ডার, গোলা।

শহর (p. 773) [śahara] বি. বহু পাকা বাড়ি ও পাকা রাস্তাসমন্বিত এবং অফিস, শিক্ষাপ্রতিষ্ঠান ও বহু দোকানসমন্বিত লোকালয়, নগর। [ফা. শহ্র]।˜ তলি বি. শহরের উপকণ্ঠ বা পার্শ্ববর্তী স্থান।˜ স্থ বিণ. শহরের (শহরস্থ গৃহাদি)। শহুরে বিণ. 1 শহরসুলভ; 2 শহরবাসী, শহরে বাস করে এমন (শহুরে মানুষ); 3 শহরে উৎপন্ন।

শহিদ (p. 773) [śahida] বি. ধর্মযুদ্ধে বা ন্যায়সংগত অধিকার লাভের জন্য আত্মোৎসর্গকারী বা নিহত ব্যক্তি। [আ. শহীদ্]।

শাঁ (p. 773) [śā̐] অব্য. বি. দ্রুত বেগসূচক (শাঁ করে উড়ে গেল)। [ধ্বন্যা.]।

শাংকর (p. 773) [śāṅkara] বিণ. 1 শংকরসম্বন্ধীয়; 2 শংকরাচার্যের রচিত (শাংকর ভাষ্য)। [সং. শংকর + অ]।

শাঁই1 (p. 773) [śāmi̐1] বি. শমিবৃক্ষ। [< সং. শমি]।

শাঁই2 (p. 773) [śāmi̐2] বি. অব্য. ক্ষিপ্রতা বা দ্রুত বেগসূচক, বোঁ (তিরটা শাঁই করে ছুটে গেল)। [ধ্বন্যা]। শাঁই শাঁই অব্য. বি. ক্রি-বিণ. বায়ুপ্রবাহের প্রবল বেগসূচক।

শাঁখ, শাঁক (p. 773) [śāṅ̐kha, śāṅ̐ka] বি. 1 শক্ত খোলাযুক্ত সামুদ্রিক প্রাণীবিশেষ; 2 মাঙ্গলিক অনুষ্ঠানাদিতে ফুঁ দিয়ে বাজাবার জন্য ব্যবহৃত ওই প্রাণীর খোলা, শঙ্খ। [সং. শঙ্খ]। শাঁখের করাত 1 শাঁখ কাটবার জন্য বিশেষভাবে নির্মিত করাত; 2 (আল.) দুইদিকেই বিপদ, যে বিপদ থেকে সহজে নিস্তার পাওয়া যায় না; উভয়সংকট। ˜ চূর্ণী, ˜ চুন্নি, শাঁকিনি বি. প্রেতযোনিপ্রাপ্ত সধবা নারীর আত্মা।

শাঁকালু, শাঁখ আলু (p. 773) [śāṅ̐kālu, śāṅ̐kha ālu] বি. কাঁচা খাওয়ার কন্দবিশেষ। [দেশি]।

শাঁখা (p. 773) [śāṅkhā] বি. শঙ্খ দিয়ে তৈরি বালা বা কঙ্কণবিশেষ। [বাং. শাঁখ + আ]।

শাঁখারি (p. 773) [śāṅkhāri] বি. শঙ্খের গহনা বা দ্রব্যাদি নির্মাতা বা শঙ্খব্যবসায়ী; বংশানুক্রমে শাঁখের ব্যবসায়ী হিন্দু জাতিবিশেষ। [বাং. শাঁখ + আরি]।

শাঁপি (p. 773) [śāṃpi] দ্র শামা2।

শাঁস (p. 773) [śāṃsa] বি. 1 ফলাদির ভিতরের সারভাগ; 2 ফলের আঁটির বা বীজের ভিতরের নরম অংশ; 3 সারপদার্থ (মগজে শাঁস নেই)। [< সং. শস্য]। শাঁসালো বিণ. 1 শাঁসযুক্ত (শাঁসালো ফল); 2 সারবান, সারবস্তু আছে এমন; 3 (আল.) অর্থশালী (শাঁসালো লোক)।

শাক (p. 773) [śāka] বি. 1 রেঁধে খাবার যোগ্য লতাবৃক্ষপত্রাদি (নটে শাক, কলমি শাক); 2 পুরাণোক্ত দ্বীপবিশেষ; 3 সেগুন গাছ; 4 শকাব্দ। [সং. √ শক্ + অ]। শাক দিয়ে মাছ ঢাকা নিন্দনীয় কাজ গোপনের ব্যর্থ চেষ্টা করা। ̃ পাতা বি. বিভিন্ন শাক; (আল.) নিরামিষ ও অকিচিঞ্চিৎকর আহার্য। ̃ ভাত, শাকান্ন বি. উপকরণহীন বা ব্যঞ্জনাদি বর্জিত শাক ও ভাত; অত্যন্ত দরিদ্রের উপযোগী সামান্য খাদ্য। ̃ সবজি বি. তরিতরকারি।

শাকট (p. 773) [śākaṭa] বিণ. শকটসম্বন্ধীয়, গাড়িসম্বন্ধীয়; শকটের। [সং. শকট + অ]।

শাকটিক (p. 773) [śākaṭika] বিণ. শকটসম্বন্ধীয়, শাকট। [সং. শকট + ইক]।

শাকম্ভরী (p. 773) [śākambharī] বি. 1 দুর্গাদেবী; 2 হিন্দু তীর্থবিশেষ; 3 শম্বরহ্রদ। [সং. শাক + √ ভৃ + অ (+ম্) + ঈ]।

শাকান্ন (p. 773) [śākānna] দ্র শাক।

শাকুন (p. 773) [śākuna] বি. পশুপক্ষীর রবদ্বারা মানুষের শুভাশুভ নির্ধারণের শাস্ত্র। □ বিণ. 1 শকুনজ্ঞ, উক্ত শাস্ত্রে পারদর্শী; 2 পক্ষীসম্বন্ধীয়। [সং. শকুন + অ]। শাকুনিক বি. 1 পাখিশিকারি ব্যাধ; 2 শকুনজ্ঞ ব্যক্তি; 3 শকুনিসমূহ।

শাক্ত (p. 773) [śākta] বিণ. বি. শক্তির উপাসক; তান্ত্রিক (শাক্ত ধর্ম, বামাচারী শাক্ত)। [সং. শক্তি + অ]। ̃ পদাবলি বি. শক্তি বা কালীর স্তুতিতে রচিত পদসমূহ।

শাক্য (p. 773) [śākya] বি. ক্ষত্রীয় বংশবিশেষ; শাক্যকূলচূড়ামণি বুদ্ধদেব। [সং. শাক + য]। ̃ মুনি, ̃ সিংহ বি. বুদ্ধদেব।

শাখা (p. 773) [śākhā] বি. 1 গাছের ডাল; 2 বাহু; 3 অংশ (রাজবংশের শাখা); 4 গ্রন্থাদির যে-কোনো অংশ; 5 বৃহত্ বস্তু বা বিষয় থেকে উৎপন্ন অপেক্ষাকৃত ক্ষুদ্র বস্তু বা বিষয় (শাখানদী); 6 অংশ, একদেশ (নানা শাখায় বিভক্ত ভাষা)। [সং. √ শাখ্ + অ + আ]। ̃ চ্যুত বিণ. গাছের ডাল থেকে পতিত (শাখাচ্যুত পক্ষীশাবক)। ̃ ধ্যায়ী (-য়িন্) বি. বেদের যে-কোনো শাখা অধ্যয়নকারী। ̃ নদী বি.

বড়ো নদী থেকে উৎপন্ন ছোটো নদী।˜ প্রসারী (-রিন্) বিণ. নানা শাখায় বিস্তার লাভ করে এমন।˜ মৃগ বি. বাঁদর।˜ স্তরাল বি. গাছের ডালের আড়াল। শাখী (-খিন্) বি. বৃক্ষ। □ বিণ. ডালবিশিষ্ট।

শাখোট, শাখোটক (p. 773) [śākhōṭa, śākhōṭaka] বি. শেওড়া গাছ। [দেশি]।

শাগ-রেদ, শাক-রেদ (p. 773) [śāga-rēda, śāka-rēda] বি. শিষ্য, ছাত্র, চেলা। [ফা. শাগির্দ]। শাগ-রেদি, শাক-রেদি বি. শিষ্যত্ব, চেলাগিরি।

শাঙন, শাওন (p. 773) [śāṅana, śāōna] বি. শ্রাবণ এর কোমল রূপ ('শাঙন গগনে ঘোর ঘনঘটা': রবীন্দ্র)। [< শ্রাবণ]।

শাষ্কর (p. 773) [śāṣkara] দ্র শাংকর।

শাজাদা, শাজাদি (p. 773) [śājādā, śājādi] যথাক্রমে শাহজাদা ও শাহজাদি -র রূপভেদ।

শাট (p. 773) [śāṭa] বি. পোশাক (লম্বশাটপটাবৃত)। [সং. √ শাট্ + অ]। স্ত্রী. শাটী, শাটিকা।

শাঠ্য (p. 773) [śāṭhya] বি. শঠতা, ধূর্ততা (শঠকে জব্দ করতে শাঠ্যই দরকার)। [সং. শঠ + য]।

শাড়ি, (বর্জি.) শাড়ী (p. 773) [śāḍ়i, (barji.) śāḍ়ī] বি. ভারতীয় স্ত্রীলোকদের পরিধেয় দীর্ঘ বস্ত্রবিশেষ। [সং. শাটী]।

শাণ (p. 773) [śāṇa] বি. 1 কষ্টিপাথর; 2 অস্ত্রাদিতে ধার দেওয়ার পাথর বা যন্ত্র; 3 ধার (ছুরিতে শাণ দেওয়া)। [সং. √ শো + ণ]।

শাণিত (p. 773) [śāṇita] বিণ. 1 তীক্ষ্ণীকৃত, তীক্ষ্ণ করা হয়েছে এমন (শাণিত তরোয়াল); 2 ধারালো, তীক্ষ্ণ (শাণিত ব্যঙ্গ)। [সং. শাণ + ইত]।

শাণ্ডিল্য (p. 773) [śāṇḍilya] বি. গোত্রপ্রবর্তক মুনিবিশেষ। [সং. শণ্ডিল + য]।

শাতন (p. 773) [śātana] বি. ছেদন ('পক্ষধরের পক্ষশাতন করি': স. দ.)। [সং. √ শদ্ + ণিচ্ + অন]।

শাদি (p. 773) [śādi] বি. বিবাহ, পরিণয় (বিয়ে শাদি এখন করেনি)। [ফা. শাদী]।

শাদ্বল (p. 773) [śādbala] বি. কচি ঘাসে ঢাকা জমি। [সং. শাদ্ + বল]।

শান1 (p. 773) [śāna1] বি. পাকা মেঝে, বাঁধানো মেঝে (শানে মাথা ঠোকা)। [দেশি]।˜ বাঁধানো বিণ. ইট-পাথরে তৈরি, পাকা (শানবাঁধানো ঘাট)।

শান2 (p. 773) [śāna2] বি. 1 কোষ্টিপাথর; 2 অস্ত্রাদিতে ধার দেবার পাথর বা যন্ত্র; 3 তীক্ষ্ণ করা (শান দেওয়া)। [সং. √ শান্ + অ]। শান দেওয়া ক্রি. বি. শানযন্ত্রে বা পাথরে ঘষে অস্ত্রাদি ধার দেওয়া; তীক্ষ্ণ করা (ছুরিতে শান দেওয়া, বুদ্ধিতে শান দেওয়া)। ˜ ওয়ালা বি. শানযন্ত্রে অস্ত্রাদিতে ধার যে দেয় বা দেওয়ার ব্যাবসা করে। ˜ পাথর বি. অস্ত্রাদিতে ধার দেবার বা ধাতু পালিশ করার পাথর।

শানা1 (p. 773) [śānā1] বি. তাঁতযন্ত্রের চিরুনির মতো অংশবিশেষ। [দেশি]।

শানা2 (p. 773) [śānā2] বি. বর্ম, সাঁজোয়া। [সং. শানী]।

শানা3, শানোনো (p. 773) [śānā3, śānōnō] ক্রি. বি. ক্ষুধা-আকাঙ্ক্ষাদি শান্ত বা পরিতৃপ্ত হওয়া, মেটা (এতটুকু খাবারে তার শানায় না)। [< সং. শম্ + বাং. আ]।

শানা4 (p. 773) [śānā4] ক্রি. শান দেওয়া। [সং. √ শান্ + বাং. আ]। ˜ নো ক্রি. বি. তীক্ষ্ণ করা, শান দেওয়া (ছুরি শানাচ্ছে, আক্রমণ শানানো)। □ বিণ. উক্ত অর্থে (শানানো ছুরি)।

শান্ত (p. 773) [śānta] বিণ. 1 শান্তিযুক্ত; 2 অচঞ্চল (শান্ত মন, শান্ত নদী); 3 নিবৃত্ত (ক্ষুধা শান্ত); 4 ক্ষান্ত, থেমেছে এমন (ঝড় শান্ত হয়েছে); 5 ধীর, অনুদ্ধত, শিষ্ট (শান্ত মেয়ে, শান্ত স্বভাব); 6 নিরীহ (শান্ত গোরু, সরলশান্ত লোক)। □ বি. (অল.) বৈষ্ণবমতে শ্রীভগবানের চরণে আত্মনিবেদনমূলক রসবিশেষ। [সং. √ শম্ + ত]। ˜ ভাব বি. হিংসা ক্রোধ দুঃখ শোক প্রভৃতি সর্বপ্রকার অস্থিরতাবর্জিত মানসিক অবস্থা, উত্তেজনাহীন চিত্তবৃত্তি, প্রশান্তি। ˜ মূর্তি বি.

শান্তভাবপূর্ণ চেহারা, সৌম্য আকৃতি। □ বিণ. সৌম্য-আকৃতিযুক্ত।˜ শিষ্ট বিণ. নম্র ও ভদ্র।˜ স্বভাব বিণ. ধীর; অনুদ্ধত; নম্র ও বিনয়ী।

শান্তি (p. 773) [śānti] বি. 1 শমগুণ, প্রশান্তি, উদ্বেগহীনতা, স্থিরতা (মানসিক শান্তি); 2 লালসাহীনতা, নিস্পৃহতা, বাসনা কামনার দমন, প্রবৃত্তিদমন (লোভের শান্তি, ক্রোধের শান্তি); 3 উপশম, নিবৃত্তি (রোগের শান্তি); 4 উপদ্রবহীনতা (শান্তিরক্ষা, আপদের শান্তি); 5 অবসান (যুদ্ধের শান্তি); 6 যুদ্ধাবসান (শান্তিস্থাপন); 7 কল্যাণ (শান্তিস্বস্ত্যয়ন); 8 বিশ্রাম (শান্তিলাভের জন্য শয়ন)। [সং. √ শম্ + তি]।˜ জল বি. শান্তির জন্য মন্ত্রপূত জল যা উপাসকদের কল্যাণকামনায় তাদের দেহে ছিটানো হয়।˜ পাঠ বি. শান্তিকামনায় মন্ত্রাদি পাঠ।˜ প্রিয় বিণ. (স্বভাবত) নিরুপদ্রবে থাকতে ভালোবাসে এমন।˜ রক্ষক বিণ. শান্তি রক্ষা করে এমন। □ বি. কোতোয়াল; পুলিশ।˜ রক্ষা বি. (প্রধানত সাধারণের জীবন) উপদ্রব থেকে রক্ষা; পুলিশের কাজ; বিবাদ বিসংবাদ ইত্যাদি হতে না দেওয়া।˜ স্থাপন বি. যুদ্ধাদির অবসান করে সন্ধিস্থাপন।˜ স্বস্ত্যয়ন বি. রোগ-উপদ্রবাদির অবসানকল্পে দেবার্চনা।

শান্তি-পুরি (p. 773) [śānti-puri] বিণ. শান্তিপুরে প্রস্তুত। □ বি. শান্তিপুরে তৈরি উৎকৃষ্ট তাঁতের কাপড়। [শান্তিপুর + ই]। শান্তি-পুরে বিণ. শান্তিপুরে প্রচলিত বা উৎপন্ন; শান্তিপুরবাসী।

শাপ (p. 773) [śāpa] বি. অন্যের ক্ষতি বা অমঙ্গল কামনা বা তা উচ্চারণ, অভিসম্পাত, অভিশাপ। [সং. √ শপ্ + অ]।˜ গ্রস্ত বিণ. শাপের ফলে দুর্দশাপন্ন; অভিশপ্ত। স্ত্রী.˜ গ্রস্তা।˜ ভ্রষ্ট বিণ. শাপের ফলে হীনজন্মপ্রাপ্ত। স্ত্রী.˜ ভ্রষ্টা।˜ মুক্তি বি. অভিশাপ থেকে মুক্তিলাভ।˜ মোচন বি. অভিশাপ খণ্ডন। শাপা ক্রি. অভিশাপ

দেওয়া। ˜ শাপান্ত বি. 1 শাপমোচন, শাপভঙ্গ; 2 (বাং.) সর্বরকম অভিশাপ (শাপশাপান্ত করা)। শাপিত বিণ. শাপগ্রস্ত, শাপপ্রাপ্ত।

শাবক, শাব (p. 773) [śābaka, śāba] বি. বাচ্চা, ছানা। [√ সং. শব্ + অ, ক]।

শাবর (p. 773) [śābara] বিণ. শবরজাতি-সম্বন্ধীয়। [সং. শবর + অ]।

শাবল (p. 773) [śābala] বি. মাটি খোঁড়ার বা কপাট ইত্যাদি ভাঙার জন্য লোহার তৈরি খন্তাজাতীয় অস্ত্রবিশেষ। [সং. শর্বলা]।

শাবান (p. 773) [śābāna] বি. ইসলামি বৎসরের অষ্টম মাস। [আ. শাআবান্]।

শাবাশ (p. 773) [śābāśa] প্রশংসাসূচক উক্তিবিশেষ, ধন্য, বলিহারি (বাহবা, শাবাস, তোকে!)। [ফা.]। শাবাশা ক্রি. (কাব্যে) শাবাশ দেওয়া অর্থাত্ প্রশংসা করা।

শাব্দ (p. 773) [śābda] বিণ. শব্দ-সম্বন্ধীয় (শাব্দ-বোধ = শব্দার্থ-জ্ঞান)। [সং. শব্দ + অ]। শাব্দিক বিণ. 1 শব্দশাস্ত্রজ্ঞ; 2 বৈয়াকরণ; 3 শব্দ-সম্বন্ধীয়।

শামর (p. 773) [śāmara] বিণ. (ব্রজ.) শ্যামবর্ণ। [সং. শ্যামলা]। স্ত্রী. শামরী।

শামলা1 (p. 773) [śāmalā1] বিণ. শ্যামবর্ণা, কালো (শামলা গাই)। [সং. শ্যামলা]।

শামলা2 (p. 773) [śāmalā2] বি. শালের পাগড়িবিশেষ (উকিলের শামলা)। [আ.]।

শামা1 (p. 773) [śāmā1] বি. প্রদীপ, বাতি। [আ.]। ̃ দান বি. শেজ, দীপাধার। শামাপোকা দ্র শ্যামা2।

শামা2, শামি, শাঁপি (p. 773) [śāmā2, śāmi, śām̐pi] বি. মুদগরাদির লোহায় মোড়া মুখ, মুগুর গদা প্রভৃতির মুখে যে লোহার আবরণ থাকে। [সং. শম্ব]।

শামি কাবাব (p. 773) [śāmi kābāba] বি. মাংসের বড়াবিশেষ। [তুর. শামি + আ. কবাব়্]।

শামিয়ানা (p. 773) [śāmiẏānā] বি. কাপড়ের তৈরি অস্থায়ী ছাদবিশেষ, চাঁদায়ো, চন্দ্রাতাপ। [ফা. শাম্-আনহ্]।

শামিল (p. 773) [śāmila] বিণ. 1 সদৃশ (মরার শামিল); 2 অন্তর্ভুক্ত (ধর্মকর্মে শামিল হওয়া, মিছিলে শামিল হওয়া)। [আ. শামিল্]।

শামুক (p. 773) [śāmuka] বি. ঝিনুকতুল্য শক্ত আবরণযুক্ত জলচর প্রাণীবিশেষ। [সং. শম্বুক]। শামুক-চুন দ্র চুন।

শায়ক (p. 773) [śāẏaka] বি. তির, শর, বাণ। [সং. √ শো + অক]।

শায়া (p. 773) [śāẏā] বি. স্ত্রীলোকের শাড়ির নীচে পরিধেয় অন্তর্বাসবিশেষ, পেটিকোট। [পো. saia]।

শায়িত (p. 773) [śāẏita] বিণ. 1 শয়ন করানো হয়েছে এমন; 2 নিপাতিত। [স. √ শী + ণিচ্ + ত]। স্ত্রী. শায়িতা।

শায়ী (p. 773) [śāẏī] (-য়িন্) বিণ. শয়নকারী, শয়িত (ধরাশায়ী)। [সং. √ শী + ইন্]। স্ত্রী. শায়িনী।

শায়ের (p. 773) [śāẏēra] বি. 1 যে মুখে-মুখে পদ্য রচনা করতে পারে; 2 মুখে-মুখে রচিত পদ্য; 3 ছোটো পদ্য, দোহা। [আ. শাএর্]।

শায়েস্তা (p. 773) [śāẏēstā] বিণ. 1 শিক্ষাপ্রাপ্ত; 2 শাস্তিপ্রাপ্ত; 3 দমিত, শাসিত। [ফা. শৈস্তা]।

শারঙ্গী (p. 773) [śāraṅgī] বি. ছড়ি দিয়ে বাজাতে হয় এমন বাদ্যযন্ত্রবিশেষ, সারেঙ্গি। [সং. √ শৃ + অঙ্গ + ঈ]।

শারদ (p. 773) [śārada] বিণ. শরৎকালীন (শারদোৎসব, 'দেখেছি শারদপ্রাতে': রবীন্দ্র)। [সং. শরদ্ + অ]। স্ত্রী. শারদী। শারদা বি. 1 দুর্গাদেবী; 2 সরস্বতী; 3 বীণাবিশেষ।

শারদীয় (p. 773) [śāradīẏa] বিণ. শরৎকালীন, শারদ (শারদীয় দুর্গোৎসব)। [সং. শারদ + ঈয়]। স্ত্রী. শারদীয়া।

শারি, শারিকা (p. 773) [śāri, śārikā] বি. 1 স্ত্রী-শালিক; 2 (বাং.) শুক-এর পত্নী বা স্ত্রী-শুক (শুকশারি); 3 পাশার গুঁটি। [সং. √ শৃ + ই, শারি + ক + আ]।

শারীর (p. 773) [śārīra] বিণ. 1 শরীরসম্বন্ধীয়; 2 দেহ থেকে উৎপন্ন। [সং. শরীর + অ]। ̃ ক বি. শরীরধারী জীবাত্মার স্বরূপনির্ণয় (শারীরক ভাষ্য, শারীরক সূত্র)। ̃ বিদ্যা বি. শারীরস্থান ও শারীরবৃত্ত। ̃ বৃত্ত, ̃ বৃত্তি বি. দেহের বিভিন্ন অঙ্গের ক্রিয়াসম্বন্ধীয় শাস্ত্র, physiology, ̃ স্থান বি. দেহের বিভিন্ন অংশের গঠন ও পরিচয়জ্ঞাপক শাস্ত্র, anatomy.

শারীরিক (p. 773) [śārīrika] বিণ. শরীরসম্বন্ধীয় (শারীরিক অবস্থা)। [সং. শরীর + ইক]।

শার্কর (p. 773) [śārkara] বিণ. 1 শর্করাসম্বন্ধীয়; 2 শর্করামিশ্রিত; 3 দানাওয়ালা; 4 কাঁকুরে। [সং. শর্করা + অ]।

শার্ঙ্গ (p. 773) [śārṅga] বিণ. 1 শৃঙ্গসম্বন্ধীয়; 2 শৃঙ্গজাত; 3 শৃঙ্গনির্মিত। □ বি. 1 শৃঙ্গনির্মিত ধনুক; 2 বিষ্ণুর ধনুক। [সং. শৃঙ্গ + অ]। ̃ ধর, ̃ পাণি, শার্ঙ্গী (-র্ঙ্গিন্) বি. 1 বিষ্ণু; 2 ধনুর্ধর।

শার্ট (p. 773) [śārṭa] বি. (প্রধানত) পুরুষের জামাবিশেষ। [ইং. shirt]। ফুল-শার্ট বি. মণিবন্ধ পর্যন্ত হাতাওয়ালা শার্ট। হাওয়াই শার্ট বি. কনুই পর্যন্ত হাতাওয়ালা এবং কোটের মতো আকারের শার্টবিশেষ। চাইনিজ-শার্ট বি. হাওয়াই শার্ট-এর মতো জামাবিশেষ। হাফ-শার্ট বি. কনুই পর্যন্ত হাতওয়ালা খাটো ঝুলের জামাবিশেষ।

শার্দূল (p. 773) [śārdūla] বি. 1 বাঘ; 2 (সমাসের উত্তরপদে) শ্রেষ্ঠ (নরশার্দুল)। [সং. √ শৄ + ঊল, দ্ + আগম]। স্ত্রী. শার্দূলী। ˜ বিক্রীড়িত বি. সংস্কৃত ছন্দবিশেষ।

শার্শি, শার্সি (p. 776) [śārśi, śārsi] বি. কাচের কপাট, শাসি। [ইং. sash]।

শাল1 (p. 776) [śāla1] বি. 1 বৃহত্ শূল (শালে চড়ানো); 2 শেল; 3 (আল.) মর্মান্তিক কষ্ট বা দুঃখ ('হৃদয়ে রহিল শাল': ক. ক.)। [সং. শল্য]।

শাল2 (p. 776) [śāla2] বি. 1 গৃহ (ঘোড়াশাল, হাতিশাল); 2 কারখানা (কামারশাল)। [সং. শালা]।

শাল3 (p. 776) [śāla3] বি. শীত নিবারণের জন্য ব্যবহৃত (সচ. পশমের) চাদরবিশেষ। [ফা. শাল]। ˜ ওয়ালা বি. শালবিক্রেতা। ˜ কর বি. 1 শালবিক্রেতা; 2 যে শাল মেরামত করে বা ধোয়।

শাল4 (p. 776) [śāla4] বি. 1 বড়ো গাছবিশেষ বা তার কাঠ; 2 শোলজাতীয় বড়ো মাছবিশেষ। [সং. √ শাল্ + অ]। ˜ তি বি. শালগাছের গুঁড়ি দিয়ে তৈরি

ছোটো কিন্তু দ্রুতগামী নৌকাবিশেষ।˜ নির্যাস বি. ধুনো।˜ পাতা বি. (সাধারণত পাত্র হিসাবে ব্যবহৃত শালগাছের বড়ো পাতা)।˜ প্রাংশু বিণ. (দেহ বা অঙ্গ সম্বন্ধে) শালগাছের মতো দীর্ঘাকার।˜ বন বি. যে বনে প্রচুর শালগাছ আছে। শালের কোঁড়া শালগাছের তেজি চারা।

শাল-গম (p. 776) [śāla-gama] বি. রেঁধে খাবার যোগ্য (সচ.) লালচে রঙের কন্দবিশেষ। [আ. শলগম]।

শাল-গ্রাম (p. 776) [śāla-grāma] বি. বিষ্ণুর প্রতীকরূপে পূজিত গণ্ডকী-নদীজাত শিলা। [সং. শালগ্রাম (দেশবিশেষ) + অ]। শালগ্রামের শোয়া-বসা (গোলাকার শালগ্রামের মতো) সব সময় একইভাবে অবস্থান।

শালা1 (p. 776) [śālā1] বি. স্থান, আলয়, আগার (অতিথিশালা, পাঠশালা, ধর্মশালা); 2 ঘর, কক্ষ (ঢেঁকিশালা, গোশালা); 3 কারখানা (কামারশালা); 4 ভাণ্ডার (শস্যশালা)। [সং. √ শল্ + অ + আ]।

শালা2 (p. 776) [śālā2] বি. 1 শ্যালক, পত্নীর ভ্রাতা বা তৎস্থানীয় ব্যক্তি, সম্বন্ধী (শালাবাবুর দোকান); 2 গালিবিশেষ। [সং. শ্যালক]। শালি, (বর্জি.) শালী বি. (স্ত্রী.) 1 শ্যালিকা, পত্নীর ভগিনী বা তৎস্থানীয় নারী; 2 গালিবিশেষ।˜ জ,˜ বউ বি. (স্ত্রী.) শ্যালকের পত্নী।

শালি1 (p. 776) [śāli1] দ্র শালা2।

শালি2 (p. 776) [śāli2] বি. হৈমন্তিক ধান (শালিধানের চিঁড়ে)। [সং. √ শাল্ + ই]।

শালিক, (অপ্র.) শালিখ (p. 776) [śālika, (apra.) śālikha] বি. ময়নাশ্রেণির সুপরিচিত পাখিবিশেষ। [< সং. শারিকা]।

শালিধান (p. 776) [śālidhāna] দ্র শালি2।

শালিনী (p. 776) [śālinī] দ্র শালী।

শালি-বাহন (p. 776) [śāli-bāhana] বি. বহুবিচিত্র কিংবদন্তির নায়ক নৃপতিবিশেষ। প্রাকৃ. সালবাহণ]।

শালী (p. 776) [śālī] (-লিন্) বিণ. যুক্ত, বিশিষ্ট, সম্পন্ন (অর্থশালী, সম্পদশালী)। [সং. √ শাল্ + ইন্]। স্ত্রী. শালিনী (গৌরবশালিনী)।

শালীন (p. 776) [śālīna] বিণ. লজ্জাশীল, নম্র, বিনয়ী, ভদ্র। [সং. শালা + ঈন]।˜ তা বি. নম্রতা, ভদ্রতা, শিষ্ট আচরণ (আলাপে ব্যবাহারে শালীনতা)।

শালু (p. 776) [śālu] বি. লালরঙের (সচ. লেপ তৈরির জন্য এবং পূজায় ব্যবহৃত) সূতিবস্ত্রবিশেষ। [হি. সাল + বাং. উ]।

শালুক, (বর্জি.) শালূক (p. 776) [śāluka, (barji.) śālūka] বি. 1 পদ্মাদির মূল; 2 (বাং.) কুমুদ, পদ্মের নাল। [সং. √ শাল্ + উক, ঊক]।

শাল্মলি, শাল্মলী (p. 776) [śālmali, śālmalī] বি. 1 শিমুলগাছ; 2 পুরাণোক্ত সপ্তদ্বীপের অন্যতম। [সং. √ শাল্ + মল, ই, ঈ]।

শাশুড়ি (p. 776) [śāśuḍ়i] বি. পতি বা পত্নীর জননী বা তৎস্থানীয়া নারী, শ্বশ্রূ। [< বাং. শ্বশুরী]।

শাশ্বত (p. 776) [śāśbata] বিণ. নিত্য, অবিনশ্বর; চিরন্তন (শাশ্বতকাল, শাশ্বত ধর্ম)। [সং. শশ্বত্ + অ]। স্ত্রী. শাশ্বতী।

শাশ্বতিক (p. 776) [śāśbatika] বিণ. নিত্য, চিরন্তন, শাশ্বত (শাশ্বতিক ধর্ম, শাশ্বতিক বিরোধ)। [সং. শশ্বত্ + ইক]। স্ত্রী. শাশ্বতিকী।

শাসক (p. 776) [śāsaka] বিণ. বি. যে শাসন দমন বা পরিচালনা করে। [সং. √ শাস্ + অক]।

শাসন (p. 776) [śāsana] বি. 1 দমন (দুষ্টের শাসন); 2 সুব্যবস্থার সঙ্গে প্রতিপালন (প্রজাশাসন); 3 পরিচালনা (রাজ্যশাসন); 4 রাজ্য-পরিচালনা (ইংরেজ শাসন); 5 নিয়ন্ত্রণ, সংযমন (ইন্দ্রিয়শাসন); 6 উপদেশ, নির্দেশ, আজ্ঞা, চিঠি (শাস্ত্রের শাসন, ধর্মের শাসন); 7 আজ্ঞাপত্র, সনদ (তাম্রশাসন); 8 তিরস্কার, শাস্তিদান (পুত্রকে শাসন); 9 বন্ধন (নিয়মের শাসন)। [সং. √ শাস্ + অন]। ̃ কর্তা (-র্তৃ) বি. যে শাসন করে; নৃপতি, গভর্নর, রাজপ্রতিনিধি ইত্যাদি। ̃ তন্ত্র বি. রাজ্যশাসন প্রণালী, দেশশাসন প্রণালী। ̃ বিধি বি. শাসন করার নিয়ম, সংবিধান। শাসনাধীন বিণ. শাসকের এলাকাভুক্ত। শাসনীয়, শাস্য বিণ. 1 শাসনযোগ্য; 2

দণ্ডনীয়; 3 শিক্ষণীয়। শাসিত বিণ. শাসন বা পরিচালন করা হয়েছে এমন (স্বয়ংশাসিত প্রতিষ্ঠান)। স্ত্রী. শাসিতা।

শাসা (p. 776) [śāsā] ক্রি. শাসন করা, ভয় দেখানো (আমাকে শাসিয়ে গেল)। [সং. √ শাস্ + বাং. আ]।

শাসানো (p. 776) [śāsānō] ক্রি. প্রতিশোধ নেবার বা শাস্তি দেবার ভয় দেখানো। □ বি. উক্ত অর্থে। [শাসা দ্র]। শাসানি বি. প্রতিশোধগ্রহণের বা শাস্তিদানের ভয়প্রদর্শন।

শাসি (p. 776) [śāsi] বি. (সচ. জানালার) কাচের কপাট, শার্সি। [ইং. sash]।

শাসিতা1 (p. 776) [śāsitā1] দ্র শাসন।

শাসিতা2 (p. 776) [śāsitā2] (-তৃ) বি. 1 শাসনকর্তা; 2 উপদেষ্টা, শিক্ষক। [সং. √ শাস্ (+ই) + তৃ]।

শাস্তা (p. 776) [śāstā] (-তৃ) বি. 1 শাসনকর্তা, নৃপতি; 2 উপদেষ্টা, গুরু, শিক্ষক; 3 বুদ্ধদেব। [সং. √ শাস্ + তৃ]।

শাস্তি (p. 776) [śāsti] বি. সাজা, দণ্ড, নিগ্রহ। [সং. √ শাস্ + তি]। ˜ বিধান বি. শাস্তি দেওয়া।

শাস্ত্র (p. 776) [śāstra] বি. 1 অপ্রত্যক্ষ জ্ঞানের ভাণ্ডার; 2 বেদ স্মৃতি পুরাণ ইত্যাদি বিধিনিষেধসমন্বিত সংস্কৃত গ্রন্হ (শাস্ত্রবিদ, শাস্ত্র মেনে চলা); 3 ধর্মগ্রন্হ (হিন্দুশাস্ত্র, ধর্মশাস্ত্র, ইসলামশাস্ত্র); 4 বিদ্যাবিজ্ঞানাদি-বিষয়ক গ্রন্হ (গণিতশাস্ত্র, নাট্যশাস্ত্র, দর্শনশাস্ত্র, চিকিৎসাশাস্ত্র); 5 বিদ্যা বা বিজ্ঞান (নানা শাস্ত্রে অভিজ্ঞ)। [সং. √ শাস্ + ত্র]। ̃ কার বিণ. শাস্ত্ররচনাকারী। ̃ চর্চা, শাস্ত্রানু-শীলন, শাস্ত্রালোচনা বি. শাস্ত্রপাঠ ও আলোচনা। ̃ জ্ঞ, ̃ জ্ঞানী (-নিন্), ̃ দর্শী (-র্শিন্) বিণ. শাস্ত্র জানে এমন। ̃ বিধি বি. শাস্ত্রের নির্দেশ বা অনুশাসন। ̃ বিহিত, ̃ সংগত, ̃ সম্মত, শাস্ত্রানু-মত, শাস্ত্রানু-মোদিত বিণ. শাস্ত্রনির্দিষ্ট। ̃ ব্যাখ্যা বি. শাস্ত্রীয় বিধিনির্দেশের অর্থ বা তাৎপর্য বর্ণনা। শাস্ত্রার্থ বি. শাস্ত্রের তাৎপর্য। শাস্ত্রী (-স্ত্রিন্) বিণ. শাস্ত্রজ্ঞ। □ বি. শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধিবিশেষ। শাস্ত্রীয় বিণ. শাস্ত্রসম্বন্ধীয় (শাস্ত্রীয় আলোচনা); শাস্ত্রোক্ত, শাস্ত্রানুমত (শাস্ত্রীয় বিধি, অশাস্ত্রীয় অনুষ্ঠান)। শাস্ত্রীয় সংগীত বি. উচ্চাঙ্গ সংগীত। শাস্ত্রোক্ত বিণ. শাস্ত্রে উল্লিখিত।

শাহ (p. 776) [śāha] বি. বাহশাহ, নৃপতি; পারস্যরাজের উপাধি। [ফা.]। ̃ জাদা বি. রাজকুমার। ̃ জাদি বি. (স্ত্রী.) রাজকুমারী। শাহান-শাহ বি. রাজাধিরাজ। শাহি বিণ. রাজকীয়, বড়োমানুষি, নবাবি (শাহি চালচলন)।

শাহানা (p. 776) [śāhānā] বি. সংগীতের রাতের রাগিণীবিশেষ। [ফা.]।

শাহি (p. 776) [śāhi] দ্র শাহ।

শাহেনশা, শাহেনশাহ (p. 776) [śāhēnaśā, śāhēnaśāha] বি. শাহানশাহ, রাজাধিরাজ। [দ্র শাহ্]।

শিউরা, শিউরানো (p. 776) [śiurā, śiurānō] যথাক্রমে শিহরা ও শিহরানো -র কথ্যরূপ ('তৃণকুসুম শিউরেছিল শিশিরজলে': রবীন্দ্র; শিউরে ওঠা)।

শিউলি1, (বর্জি.) শিউলী (p. 776) [śiuli1, (barji.) śiulī] বি. খেজুর গাছ কেটে রস সংগ্রহকারী হিন্দু জাতিবিশেষ। [দেশি]।

শিউলি2 (p. 776) [śiuli2] বি. শেফালিকা ফুল বা তার গাছ। [সং. শেফালি- তু. প্রাকৃ. সেহালী]। ̃ তলা বি. শিউলি গাছের তলদেশ।

শিং (p. 776) [śi] বি. পশুর মাথার দীর্ঘ কঠিন ও ছুঁচলো হাড়বিশেষ, শৃঙ্গ। [সং. শৃঙ্গ]।

শিংশপা (p. 776) [śiṃśapā] বি. শিশুগাছ। [সং. শিশ্ + পা + অ]।

শিক (p. 776) [śika] বি. 1 ছড়, লোহা বা কাঠের সরু দীর্ঘ দণ্ড (ছাদ ঢালাইয়ের জন্য লোহার শিক); 2 গরাদ (জানালার শিক); 3 শলাকা, শূল (শিককাবাব)। [ফা. সীখ্]। ̃ কাবাব বি. লোহার সরু শলাকায় বিদ্ধ করে ঝলসে প্রস্তুত মাংসের খাবারবিশেষ।

শিককাবাব (p. 776) [śikakābāba] দ্র শিক।

শিকড় (p. 776) [śikaḍ.] বি. বৃক্ষাদির মূল। [দেশি]। শিকড় গাড়া ক্রি. বি. (আল.) অনড়ভাবে প্রতিষ্ঠিত হওয়া, কোথাও পাকাপাকিভাবে অবস্থান করা।

শিকনি (p. 776) [śikani] বি. নাসারন্ধ্র থেকে নির্গত শ্লেষ্মা, নাকের পোঁটা, পোঁটা। [< সং. শিঙ্ঘাণ]।

শিকল, (কথ্য ও কাব্যে) শিকলি (p. 776) [śikala, (kathya ō kābyē) śikali] বি. শৃঙ্খল; নিগড় (শিকলে বাঁধা)। [সং. শৃঙ্খল]।

শিকস্ত (p. 776) [śikasta] বি. পাকা হাতের টানা লেখা। [ফা. শিকস্ত্]।

শিকা, (কথ্য) শিকে (p. 776) [śikā, (kathya) śikē] বি. দ্রব্যাদি রাখবার জন্য দড়ি বা তারে তৈরি ঝুলন্ত আধারবিশেষ (শিকায় তোলা দইয়ের হাঁড়ি, লেপতোশক শিকেয় তুলে রাখা)। [সং. শিক্য-তু. হি. ছীংকা]। শিকেয় তুলে রাখা ক্রি. বি. (আল.) স্থগিত রাখা, বন্ধ রাখা (পড়াশুনো একেবারে শিকেয় তুলে রেখেছ যে)।

শিকায়ত, শিকায়েত (p. 776) [śikāẏata, śikāẏēta] বি. 1 দোষারোপ; 2 নিন্দা; 3 অভিযোগ, নালিশ। [আ. শিকায়ত্]।

শিকার (p. 776) [śikāra] বি. 1 অস্ত্রাদির সাহায্যে স্বাধীনভাবে বিচরণকারী জীবজন্তু হত্যা, মৃগয়া; 2 মৃগয়ালব্ধ প্রাণী (সারাদিনে একটিও শিকার জুটল না); 3 (আল.) হত্যা লুণ্ঠন প্রভৃতি দুষ্কর্মের লক্ষ্য, নিরীহ ব্যক্তি, victim (গুণ্ডামির শিকার)। [ফা. শিকার্]। শিকারি, (বর্জি.) শিকারী বি. বিণ. যে শিকার করে।

শিক্ষক (p. 776) [śikṣaka] বিণ. বি. শিক্ষাদাতা, অধ্যাপক, গুরু, উপদেষ্টা, মাস্টার। [সং. √ শিক্ষ্ + ণিচ্ + অক]। স্ত্রী. শিক্ষিকা। ̃ তা বি. শিক্ষকের বৃত্তি বা পদ।

শিক্ষণ (p. 776) [śikṣaṇa] বি. 1 শিক্ষাগ্রহণ, অধ্যয়ন; [সং. √ শিক্ষ্ + অন]; 2 শিক্ষাদান, হাতে-কলমে শিক্ষার ব্যবস্থা (শিক্ষকশিক্ষণ, শারিরশিক্ষণ)। [সং. √ শিক্ষ্ + ণিচ্ + অন]। শিক্ষণীয় বিণ. শেখবার বা শিখাবার যোগ্য, শিখিতব্য।

শিক্ষয়িতা (p. 776) [śikṣaẏitā] (-তৃ) বিণ. শিক্ষাদাতা, শিক্ষক। [সং. √ শিক্ষ্ + ণিচ্ + তৃ]। স্ত্রী. শিক্ষয়িত্রী।

শিক্ষা (p. 776) [śikṣā] বি. 1 চর্চা অভ্যাস প্রভৃতির দ্বারা আয়ত্তীকরণ (অস্ত্রশিক্ষা, অসিশিক্ষা, সীবনশিক্ষা); 2 বিদ্যাভ্যাস, অধ্যয়ন (বিজ্ঞানশিক্ষা); 3 জ্ঞানার্জন, বিদ্যার্জন (শিক্ষার অগ্রগতি); 4 উপদেশ, নির্দেশ (শাস্ত্রের শিক্ষা, এই গল্প পড়ে কী শিক্ষা পেলে?); 5 অভিজ্ঞতা, জ্ঞান (জীবনে অনেক শিক্ষাই পেয়েছি); 6 আক্কেল, তিক্ত অভিজ্ঞতা (পরোপকার করতে গিয়ে খুব শিক্ষা পেয়েছি); 7 দণ্ড, শাস্তি (লোকটাকে উচিত শিক্ষা দেওয়া দরকার); 8 (সং.) উচ্চারণবিষয়ক বেদাঙ্গ গ্রন্হবিশেষ। [সং. √ শিক্ষ্ + অ + আ]। ̃ কর বি. দেশের বা রাজ্যের মধ্যে শিক্ষাদানের ব্যবস্থা করার জন্য সরকারকে প্রদেয় কর বা খাজনা। ̃ কেন্দ্র বি. শিক্ষাদান ও গ্রহণের স্থান। ̃ গুরু, ̃ দাতা (-তৃঃ বি. শিক্ষক। ̃ দীক্ষা বি. 1 শাস্ত্রাদি অধ্যয়ন ও মন্ত্রগ্রহণ; 2 বিদ্যার্জন ও আচরণ, লেখাপড়া ও স্বভাব। ̃ ধীন বিণ. শিক্ষানবিশ, এখনও শিক্ষা লাভ করছে এমন। ̃ নবিশ বিণ. বি. (প্রধানত কারিগরি বিদ্যার) শিক্ষার্থী; যে কাজ শিখছে। ̃ প্রণালী বি. শিক্ষার অর্থাত্ শিক্ষাদানের পদ্ধতি। ̃ বিদ বিণ. বি. শিক্ষা সম্বন্ধে জ্ঞান আছে এমন। ̃ ব্রতী বিণ.

বি. শিক্ষাই যাঁর জীবনের ব্রত, শিক্ষায় নিবেদিত মন। ˜ মূলক বিণ. 1 শিক্ষাসংক্রান্ত; 2 শিক্ষাপ্রদ। ˜ য়তন বি. শিক্ষাকেন্দ্র, শিক্ষাপ্রতিষ্ঠান, স্কুল কলেজ ইত্যাদি। শিক্ষিত বিণ. শিক্ষাপ্রাপ্ত (শিক্ষিত মন); বিদ্বান; শিক্ষা করা হয়েছে এমন। স্ত্রী. শিক্ষিতা।

শিখ (p. 776) [śikha] বি. গুরু নানক-প্রবর্তিত ধর্ম অবলম্বনকারী জাতি বা সম্প্রদায়বিশেষ। [গুরু. শিখ < সং. শিষ্য]।

শিখণ্ড, শিখণ্ডক (p. 776) [śikhaṇḍa, śikhaṇḍaka] বি. 1 ময়ূরপুচ্ছ; 2 শিখা, চূড়া; 3 কাকপক্ষ, জুলপি। [সং. শিখিন্ + √ অম্ + ড, + ক]। শিখণ্ডিক বি. মোরগ। শিখণ্ডী (-ণ্ডিন্) বি. 1 ময়ূর; 2 (মহাভারতে) দ্রুপদরাজের পুত্র; 3 (আল.) যার আড়ালে থেকে অন্যায় কাজ করা হয়। □ বিণ. শিখণ্ডযুক্ত। স্ত্রী. শিখণ্ডিনী।

শিখর (p. 776) [śikhara] বি. 1 চূড়া, শীর্ষদেশ, উপরিভাগ; 2 পর্বতশৃঙ্গ। [সং. শিখা + অর]। শিখরিণী বিণ. (স্ত্রী.) শিখরযুক্তা। □ বি. 1 উত্তমা স্ত্রী; 2 সংস্কৃত ছন্দবিশেষ। শিখরী (-রিন্) বিণ. শিখরযুক্ত, তীক্ষ্ণ অগ্রবিশিষ্ট, pointed. □ বি. 1 পর্বত; 2 পার্বত্য দুর্গ; 3 বৃক্ষ।

শিখা1 (p. 776) [śikhā1] বি. 1 চূড়া, শীর্ষদেশ; 2 টিকি (শিখাবন্ধন); 3 আগুনের শিষ (অগ্নিশিখা, দীপশিখা)। [সং. √ শী + খ + আ]।

শিখা2 (p. 776) [śikhā2] দ্র শেখা।

শিখিধ্বজ, শিখিবাহন (p. 776) [śikhidhbaja, śikhibāhana] দ্র শিখী।

শিখী (p. 776) [śikhī] (-খিন্) বি. ময়ূর। [সং. শিখা1 + ইন্]। স্ত্রী. শিখিনী। শিখি-ধ্বজ, শিখি-বাহন বি. দেবসেনাপতি কার্তিকেয়।

শিঙা, (বর্জি.) শিঙ্গা, (কথ্য) শিঙে (p. 776) [śiṅā, (barji.) śiṅgā, (kathya) śiṅē] বি. ফুঁ দিয়ে বাজাবার জন্য শিং-এর তৈরি বা শিং-এর আকারবিশিষ্ট ধাতুনির্মিত বাদ্যযন্ত্রবিশেষ। [সং. শৃঙ্গ]।˜ দার বি. যে শিঙা বাজায়। শিঙা ফোঁকা ক্রি. বি. (আল.) মরে যাওয়া।

শিঙাড়া (p. 776) [śiṅāḍ়ā] বি. 1 পানিফল; 2 মশলামিশ্রিত আলু কপি প্রভৃতির পুর দেওয়া এবং তেল-ঘি প্রভৃতিতে ভাজা তেকোনা খাবারবিশেষ। [সং. শৃঙ্গাটক]।

শিঙি, (বর্জি.) শিঙ্গি (p. 776) [śiṅi, (barji.) śiṅgi] বি. মাথায় সরু দাঁড়াওয়ালা মাগুরজাতীয় জিয়লমাছবিশেষ। [সং. শৃঙ্গী]।

শিঙ্গার (p. 776) [śiṅgāra] বি. নায়ক-নায়িকার বেশবিন্যাস বা মিলনসজ্জা। [সং. শৃঙ্গার]।

শিঞ্জন, শিঞ্জিত1 (p. 776) [śiñjana, śiñjita1] বি. নূপুর ইত্যাদির শব্দ, ভূষণধ্বনি। [সং. √ শিঞ্জ্ + অন, ত]।

শিঞ্জা (p. 776) [śiñjā] বি. নূপুর বা অনুরূপ অলংকারের ধ্বনি। [সং. √ শিঞ্জ্ + অ + আ]।

শিঞ্জিত2 (p. 776) [śiñjita2] বিণ. মুখর, শব্দকারী ('নূপরশিঞ্জিত পদ': রবীন্দ্র)। [সং. শিঞ্জা + ইত]।

শিঞ্জিনী (p. 776) [śiñjinī] বি. 1 নূপুর; 2 ধনুর্গুণ। [সং. √শিঞ্জ্ + ইন্ + ঈ]।

শিটা, (কথ্য) শিটে (p. 776) [śiṭā, (kathya) śiṭē] বি. গাদ, কাইট, গাঁজ, গ্যাঁজলা, ফেনা। [দেশি-তু. সং. শিষ্ট (অবশিষ্ট)]।

শিতি (p. 776) [śiti] বি. 1 শুক্ল বর্ণ, সাদা; 2 কৃষ্ণ বা নীল বর্ণ। □ বিণ. 1 শুক্ল; 2 নীল বা কৃষ্ণ (শিতিকণ্ঠ)। [সং. √ শি + তি]।˜ কণ্ঠ বি. 1 শিব; 2 ময়ূর।

শিথান (p. 776) [śithāna] বি. 1 শিখরদেশ ('কেশরাশি শিথান ঢাকি পড়েছে ভারে ভারে': রবীন্দ্র); 2 মাথার বালিশ ('পিরীতি শিথান সাথে': চণ্ডী)। [< সং. শিরঃস্থান]।

শিথিল (p. 776) [śithila] বিণ. 1 শ্লথ, লোল (শিথিল চর্ম); 2 আলুলায়িত (শিথিল কবরী); 3 বিস্রস্ত, আলুথালু, এলোমেলো ('শিথিল বেশবাস'); 4 আলগা, ঢিলা, প্রায় বিচ্যুত (বিশ্বাস শিথিল হওয়া, ভক্তি শিথিল হওয়া); 5 অবসন্ন, ক্লান্ত (শিথিলদেহ); 6 মনহর, অলস (শিথিল গতি)। [সং. √ শ্লথ্ + ইল অথবা √ শ্রথ্ + ইর, র = ল]। বি.˜ তা।

শিপ্রা (p. 776) [śiprā] বি. উজ্জয়িনীতে প্রবাহিত চম্বল নদীর শাখাবিশেষ। [সং. √ শি + রক্ + আ (নি.)]।

শিফন (p. 776) [śiphana] বি. মিহি বস্ত্রবিশেষ। [ইং. chiffon]।

শিব (p. 776) [śiba] বি. 1 শুভ, মঙ্গল; 2 মহাদেব, মহেশ। □ বিণ. 1 শুভদ, শুভদায়ক; 2 সুখদায়ক; 3 রম্য, সুন্দর। [সং. √ শী + ব]। শিব গড়তে বাঁদর গড়া (আল.) খুব ভালো কিছু করতে গিয়ে খারাপ কিছু করে ফেলা।˜ চতুর্দশী বি. ফাল্গুনমাসের কৃষ্ণচতুর্দশী।˜ জ্ঞান বি. শুভজ্ঞান; সমস্তই শুভ বা মঙ্গল-এই ধারণা; শুভাশুভকালজ্ঞাপক শাস্ত্র।˜ ত্ব বি. শিবের চরিত্র ও ব্যক্তিত্ব।˜ ত্ব. প্রাপ্তি বি. মৃত্যু।˜ নেত্র বি. ধ্যানী শিবের মতো ঊর্ধ্ব দৃষ্টি।˜ পুরী,˜ লোক বি. 1 শিবের বাসস্থান; 2 কৈলাস; 3 বারাণসী।˜ প্রিয়া বি. দুর্গাদেবী।˜ বাহন বি. বৃষ, ষাঁড়।˜ রাত্রি বি. শিব চতুর্দশীর রাত্রি। শিবরাত্রির সলতে (আল.) একমাত্র সন্তান বা জীবিত বংশধর।˜ লিঙ্গ বি. পাথর মাটি প্রভৃতি দিয়ে তৈরি শিবের লিঙ্গমূর্তি। শিবহীন যজ্ঞ (আল.) প্রধান ব্যক্তিকে বাদ দিয়ে অনুষ্ঠান। শিবা বি. (স্ত্রী.) 1 শিবজায়া দুর্গা; 2 শৃগালী। শিবানী বি. (স্ত্রী.) দুর্গা। শিবানু-চর বি. শিবের অনুচর, ভূতপ্রেত; প্রমথ। শিবালয় বি. 1 কৈলাস; 2 শিবমন্দির; 3 বারাণসী। শিবেতর বি. অশুভ, অমঙ্গল। শিবের অসাধ্য (আল.) সর্বতোভাবে অসাধ্য এবং অসম্ভব, যে-কাজ কেউই পারবে না এমন।

শিবিকা (p. 776) [śibikā] বি. পালকি। [সং. শিবি (√ শিব্ + ই) + অক + আ]।

শিবির (p. 776) [śibira] বি. 1 ছাউনি, তাঁবু; 2 সেনানিবাস। [সং. √ শী + ইর]।

শিবেতর (p. 776) [śibētara] দ্র শিব।

শিম (p. 776) [śima] বি. বিন ও কড়াইশুঁটিজাতীয় সবজিফলবিশেষ। [সং. শিম্ব]।

শিমূল (p. 776) [śimūla] বি. একরকম তুলোর গাছ বা তার ফুল, শাল্মলী। [সং. শিম্বলী]।

শিম্পাঞ্জি (p. 776) [śimpāñji] বি. গরিলার চেয়ে ছোটো কালো লোমশ আফ্রিকার বানরবিশেষ। [ইং. chimpanzee]।

শিম্ব, শিম্বি, শিম্বিকা, শিম্বী (p. 776) [śimba, śimbi, śimbikā, śimbī] বি. শিম; শিমগাছ। [সং. √ শিম্ + ব. +ই, ক + আ, +ঈ]।

শিয়র (p. 776) [śiẏara] বি. 1 শয়নকারীর শীর্ষদেশ বা মাথার দিক ('শয়নশিয়রে প্রদীপ নিবেছে': রবীন্দ্র); 2 (আল.) সন্নিকট, খুবই নিকট (শিয়রে শমন)। [সং. শয্যা > শিয > শিয়র]। শিয়রে শমন মরণ ঘনিয়ে এসেছে এমন অবস্থা।

শিয়া (p. 776) [śiẏā] বি. চতুর্থ খলিফা আলির অনুগামী মুসলমান সম্প্রদায়বিশেষ। [আ. শিআহ্]।

শিয়া-কুল (p. 776) [śiẏā-kula] বি. বুনো কাঁটাগাছবিশেষ। [সং. শৃগালকোলি]।

শিয়াল (p. 779) [śiẏāla] বি. ছুঁচলো মুখ এবং মোটা ও লোমশ লেজযুক্ত ভীরু নিশাচর মাংসাশী প্রাণীবিশেষ। [সং. শৃগাল]। ˜ কাঁটা বি. বুনো কাঁটাগাছবিশেষ, শিয়াকুল।˜ পণ্ডিত বি. (রূপকথা থেকে) যে ব্যক্তি মূর্খ কিন্তু অতি চতুর।

শির1 (p. 779) [śira1] বি. 1 রগ, রক্তবহা নাড়ি (হাত-পায়ের শির); 2 উঁচু রেখা (পাতার শির)। [সং. শিরা]।˜ তোলা বিণ. উঁচু উঁচু রেখা জেগে আছে এমন (শিরতোলা হাত-পা, শিরতোলা পাতা)।

শির2, শিরঃ (p. 779) [śira2, śirḥ] (-রস্) বি. 1 মস্তক, মাথা ('উন্নত কর শির'); 2 শীর্ষ, চূড়া, উপরিভাগ। [সং. √ শ্রি + অস্]। শিরঃপীড়া, শিরঃশূল বি. 1 মাথার যন্ত্রণা, মাথা-ধরা; 2 (আল.) দুশ্চিন্তা বা উদ্বেগের বিষয়। শিরদাঁড়া দ্র শিরদাঁড়া। শিরশ্ছেদ, শিরশ্ছেদন বি. মাথা কেটে ফেলা। শিরশিজ বি. মাথার চুল। শিরস্ক, শিরস্ত্র, শিরস্ত্রাণ বি. 1 মাথাকে বাঁচাবার জন্য বর্ম, helmet; 2 পাগড়ি, উষ্ণীষ, টুপি। শিরোজ বি. চুল, কেশ।

শির-দাঁড়া (p. 779) [śira-dānd̐ ̣ā] বি. মেরুদণ্ড। [সং. শিরস্ + দণ্ড]।

শিরনি (p. 779) [śirani] বি. পির সত্যনারায়ণ প্রভৃতিকে নিবেদনীয় আটা ময়দা চিনি-কলা প্রভৃতির মিশ্রিত ভোগ। [ফা. শীরীনী]।

শির-পেচ (p. 779) [śira-pēca] বি. পাগড়িবিশেষ। [ফা. সর্পেচ্]।

শির-শির (p. 779) [śira-śira] বি. শিহরণের ভাব (গা শিরশির করা)। [ধ্বন্যা]।

শিরা (p. 779) [śirā] বি. 1 রক্তবাহী নাড়ি, ধমনী; 2 উঁচু রেখা। [সং. √ শৃ অ + আ]। শিরায়-শিরায় ক্রি-বিণ. রক্তের প্রতিটি কোণে, রক্তের মধ্যে। ˜ ল বিণ. শিরাবহুল, শিরাবিশিষ্ট।

শিরিন (p. 779) [śirina] বিণ. 1 সুন্দর; 2 মধুর; 3 কোমল। [ফা. শীরীন্]।

শিরীষ1, শিরিস (p. 779) [śirīṣa1, śirisa] বি. আঠা। সিরিশ দ্র।

শিরীষ2 (p. 779) [śirīṣa2] বি. বৃক্ষবিশেষ বা তার অতি কোমল ফুল। [সং. √ শৃ + ঈষ]।

শিরোজ (p. 779) [śirōja] দ্র শির2।

শিরো-দেশ (p. 779) [śirō-dēśa] বি. 1 মাথা, মস্তক; 2 শীর্ষ (পর্বতের শিরোদেশ)। [সং. শিরস্ + দেশ]।

শিরো-ধার্য (p. 779) [śirō-dhārya] বিণ. 1 মস্তকে ধারণীয়; 2 শ্রদ্ধার সঙ্গে গ্রহণীয়; 3 অবশ্য পালনীয় (জ্যেষ্ঠের উপদেশ শিরোধার্য)। [সং. শিরস্ + ধার্য]।

শিরো-নাম, (অসং.) শিরো-নাম (p. 779) [śirō-nāma, (asa.) ṃśirō-nāma] বি. 1 পত্রাদির উপরে লিখিত নাম-ঠিকানা; 2 রচনা-প্রবন্ধাদির নাম, heading. [ফা. সর্নামহ্-তু. সং. শিরস্ + নামন্]।

শিরোপা (p. 779) [śirōpā] বি. 1 পারিতোষিকরূপে প্রদত্ত উষ্ণীষ; 2 পাগড়ি; 3 পারিতোষিক। [ফা. সর-ও-পা]।

শিরো-ভূষণ (p. 779) [śirō-bhūṣaṇa] বি. 1 মাথায় পরবার অলংকার; 2 কিরীট, মুকুট, টোপর ইত্যাদি। [সং. শিরস্ + ভূষণ]।

শিরো-মণি, শিরো-রত্ন (p. 779) [śirō-maṇi, śirō-ratna] বি. 1 মাথায় ধারণীয় রত্ন; 2 সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ; 3 শ্রেণি বা সম্প্রদায়ের মধ্যে শ্রেষ্ঠ ব্যক্তি (চতুরশিরোমণি)। [সং. শিরস্ + মণি, রত্ন]।

শিরোরূহ (p. 779) [śirōrūha] বি. মাথার চুল। [সং. শিরস্ + √ রুহ্ + অ]।

শিরো-রোগ (p. 779) [śirō-rōga] বি. মাথার যন্ত্রণা, শিরঃপীড়া। [সং. শিরস্ + রোগ]।

শিল1 (p. 779) [śila1] বি. কৃষিক্ষেত্রে পড়ে-থাকা ধান ইত্যাদি শস্য সংগ্রহ; উঞ্ছবৃত্তি। [সং. √ শিল্ + অ]। দ্র শিলোঞ্ছ।

শিল2 (p. 779) [śila2] বি. 1 মশলাদি বাটবার শিলাপট্ট বা প্রস্তরফলক (শিলনোড়া); 2 হিমশিলা, করকা (শিল পড়া); 3 শানপাথর। [সং. শিলা]।

শিলা (p. 779) [śilā] বি. 1 প্রস্তর, পাথর (শিলান্যাস); 2 ছোটো পাথর, করকা (শিলাবৃষ্টি)। [সং. √ শিল্ + অ + আ]।˜ জতু বি. শিলীভূত জান্তব পদার্থবিশেষ; 2 পার্বত্য উপধাতুবিশেষ, bitumen.˜ পট্ট বি. পাথরের পাটা; মশলা বাটবার শিল।˜ বৃষ্টি বি. বৃষ্টির সঙ্গে করকাপাত, শিলসহ বৃষ্টিপাত।˜ রস বি. বৃক্ষবিশেষের সুগন্ধি নির্যাস, শৈলেয়।˜ লিপি বি. পাথরে খোদিত লেখন।˜ ময় বিণ. পাথরে গড়া, পাষাণনির্মিত।

শিলিং (p. 779) [śili] বি. গ্রেটবৃটেনের মুদ্রাবিশেষ বা মুদ্রার এককবিশেষ। [ইং. shilling]।

শিলীন্ধ্র (p. 779) [śilīndhra] বি. 1 কলাগাছ; 2 কলার মোচা; 3 ব্যাঙের ছাতা, ছত্রাক; 4 মাছবিশেষ। [সং. শিলী + √ ধৃ + অ]। শিলীন্ধ্রা বি. (স্ত্রী.) 1 কলা; 2 মাটি; 3 পক্ষিণীবিশেষ। শিলীন্ধ্রী বি. (স্ত্রী.) 1 কেঁচো; 2 মাটি; 3 স্ত্রী-ব্যাং, ভেকী; 4 পক্ষিণীবিশেষ।

শিলী-পদ (p. 779) [śilī-pada] বি. পা-ফোলা রোগ, গোদ, শ্লীপদ। [সং. শিলী (=স্তম্ভশীর্ষ) + পদ]।

শিলী-ভূত (p. 779) [śilī-bhūta] বিণ. শিলায় বা প্রস্তরে পরিণত হয়েছে এমন, প্রস্তরীভূত। [সং. শিলা + ঈ + √ ভূ + ত]।

শিলী-মুখ (p. 779) [śilī-mukha] বি. 1 বাণ, তির; 2 ভ্রমর; 3 মৌমাছি। [সং. শিলী (শল্য) + মুখ]।

শিলোঞ্ছ (p. 779) [śilōñcha] বি. কৃষকেরা ফসল কেটে নিয়ে যাবার পর খেতে যে শস্যকণা পড়ে থাকে তা সংগ্রহপূর্বক জীবনধারণ, উঞ্ছবৃত্তি। [সং. শিল + উঞ্ছ]।

শিল্প (p. 779) [śilpa] বি. 1 কারুকর্ম, কারিগরি; 2 ক্রিয়াকৌশল; 3 বিবিধ দ্রব্য নির্মাণের কাজ (চর্মশিল্প, তাঁতশিল্প), industry. [সং. √ শিল্ + প]।˜ কলা দ্র কলা 1।˜ কার বি. শিল্পকর্মকারী, শিল্পী, কারিগর।˜ কৌশল বি. শিল্পদ্রব্যাদি নির্মাণে দক্ষতা বা নির্মাণের কৌশল।˜ জাত বিণ. কলকারখানায় তৈরি হয়েছে এমন (শিল্পজাত দ্রব্যের রপ্তানি)।˜ নির্দেশক বিণ. বি. (প্রধানত সিনেমায় বা নাটকাভিনয়ে) যে ব্যক্তি শিল্প অর্থাত্ সংগীত সাজসজ্জা ইত্যাদি পরিচালনা করে, art director.˜ বিদ্যালয় বি. শিল্পকর্ম শিক্ষার বিদ্যালয়, আর্ট স্কুল; ইণ্ডাস্ট্রিয়াল স্কুল।˜ শালা বি. 1 কারখানা; 2 কারিগরি কর্মশালা, workshop; 3 স্টুডিয়ো। শিল্পায়ন বি. শিল্প-রূপায়ণ, শিল্পসুলভ রূপদান। শিল্পিক, শৈল্পিক বিণ. শিল্পী-সম্বন্ধীয়; শিল্পগত (শৈল্পিক উৎকর্ষ)। শিল্পিত বিণ. শিল্পে পরিণত ('গদ্যকে শিল্পিত করা যায়': রবীন্দ্র)। শিল্পী (-ল্পিন্) বি. বিণ. 1 কারিগর; 2 আর্টিস্ট, সংগীত চিত্রকলা ইত্যাদি শিল্পের স্রষ্টা।

শিশ-মহল (p. 779) [śiśa-mahala] বি. কাচনির্মিত বাড়ি। [ফা. শীশমহল]।

শিশা (p. 779) [śiśā] বি. কাচ। [ফা. শীসহ্]।

শিশি (p. 779) [śiśi] বি. কাচের তৈরি ছোটো বোতল। [ফা. শীসহ্ + বাং. ই (ক্ষুদ্রার্থে)]।

শিশিক্ষু (p. 779) [śiśikṣu] বি. (অপ্র.) শিক্ষার্থী; ছাত্র। [সং. √ শিক্ষ্ + সন্ + উ]।

শিশির (p. 779) [śiśira] বি. 1 নীহার, হিম, নিশাজল (শিশিরধৌত, শিশিরবিন্দু); 2 তুষার; 3 শীতকাল। [সং. √ শশ্ + ইর]। ধৌত, ˜ স্নাত বিণ. শিশিরে ভেজা।

শিশু1 (p. 779) [śiśu1] বি. শিংশপা গাছ বা তার কাঠ। [সং. শিংশপা]।

শিশু2 (p. 779) [śiśu2] বি. 1 অতি অল্পবয়স্ক বা আট বৎসরের অনধিকরস্ক বালক বা বালিকা; 2 শাবক (ছাগশিশু)। □ বিণ. (বাং.) অতি অল্পবয়স্ক বা অল্পবয়স্কা (শিশুপুত্র, শিশুকন্যা)। [সং. √ শো + উ]। ˜ কাল বি. বাল্য, শৈশব। ˜ পালন বি. শিশুদের উপযুক্তভাবে বড়ো করে তোলা। ˜ প্রকৃতি, ˜ স্বভাব বিণ. শিশুসুলভ সরল স্বভাববিশিষ্ট। □ বি. শিশুর স্বভাব। ˜ রোগ বি. শিশুদের অসুখ। ˜ সাহিত্য বি. শিশুদের জন্য রচিত সাহিত্য। ˜ সুলভ বিণ. 1 শিশুতুল্য; 2 অপক্কবুদ্ধি, ছেলেমানুষি। ˜ হৃদয় বি. শিশুর মতো সরল হৃদয়। □ বিণ. শিশুর মতো সরল অন্তঃকরণবিশিষ্ট।

শিশুক (p. 779) [śiśuka] বি. জলজন্তুবিশেষ, শুশুক। [সং. শিশু + ক]।

শিশু-পাল (p. 779) [śiśu-pāla] বি. কৃষ্ণ কর্তৃক নিহত চেদিবংশীয় নৃপতি। [সং. শিশু + √ পালি + অ]।

শিশু-মার (p. 779) [śiśu-māra] বি. শুশুক। [সং. শিশু + √ মারি + অ, তু. ফা. সূস্মার]।

শিশুরোগ, শিশুসাহিত্য (p. 779) [śiśurōga, śiśusāhitya] দ্র শিশু।

শিশ্ন (p. 779) [śiśna] বি. পুংজননেন্দ্রিয়, লিঙ্গ। [সং. √ শশ্ + ন]। শিশ্নোদর-পরায়ণ বিণ. কামপ্রবৃত্তি ও উদরের তৃপ্তিই যার একমাত্র লক্ষ্য।

শিষ (p. 779) [śiṣa] বি. 1 শস্যমঞ্জরি, ধান্যাদির শীর্ষ (ধানের শিষ, যবের শিষ); 2 প্রদীপের শিখা (হারিকেনের শিষ উঠছে); 3 পেনসিলের ডগার লেড। [সং. শীর্ষ]।

শিষ্ট (p. 779) [śiṣṭa] বিণ. 1 ভদ্র (শিষ্ট সমাজ, শান্তশিষ্ট, শিষ্ট ব্যবহার); 2 সুশীল, সুবোধ; 3 নীতিমান; 4 শিক্ষিত; 5 মার্জিত (শিষ্ট ভাষা)। [সং. √ শাস্ + ত]। স্ত্রী. শিষ্টা। ব.˜ তা। শিষ্টাচার বি. ভদ্র ব্যবহার; লৌকিকতা।

শিষ্য (p. 779) [śiṣya] বি. 1 ছাত্র; 2 চেলা; 3 নির্দিষ্ট কারও মতাবলম্বী ব্যক্তি বা ভক্ত (গান্ধির শিষ্য)। [সং. √ শাস্ + য]। স্ত্রী. শিষ্যা।˜ ত্ব বি. শিষ্যের ভাব বা পদ।

শিস (p. 779) [śisa] বি. ঠোঁট ও জিভের সাহায্যে উৎপন্ন বাঁশির মতো শব্দ। [ধ্বন্যা]।

শিহর (p. 779) [śihara] বি. (মূলত কাব্যে) রোমাঞ্চ বা কম্পন, শিহরন। [শিহরন দ্র]।

শিহরন, (বর্জি.) শিহরণ (p. 779) [śiharana, (barji.) śiharaṇa] বি. 1 রোমাঞ্চ; 2 কম্পন ('দুরন্ত শিশুর হাতে ফড়িঙের ঘন শিহরন': জী. দা.)। [বাং. √ শিহরা, শিউরা]।

শিহরা (p. 779) [śiharā] ক্রি. রোমাঞ্চিত হওয়া; কাঁপা। [শিহরন দ্র]।˜ নো ক্রি. বি. রোমাঞ্চিত হওয়া বা করা; কাঁপা বা কাঁপানো।

শীকর (p. 779) [śīkara] বি. 1 বাতাসে চালিত জলকণা; 2 জলকণা বা জলবিন্দু (শীকরবর্ষণ)। [সং. √ শীক্ + অর]।

শীঘ্র (p. 779) [śīghra] ক্রি-বিণ. সত্বর, দ্রুত, অবিলম্বে (শীঘ্র এসো)। □ বিণ. দ্রুত, ত্বরিত (শীঘ্রগতি, শীঘ্রগামী)। [সং. √ শিঘ্ + র]। বি.˜ তা।˜ তা।˜ গতি,˜ গামী (-মিন্) বিণ. দ্রুতগামী।

শীত (p. 779) [śīta] বি. 1 হিমঋতু, (সাধারণ মতে) পৌষ ও মাঘ মাসব্যাপী কাল (শীতের পাখি, এবার শীতে বাইরে যাব); 2 হিম, ঠাণ্ডাভাব (বেশ শীত পড়েছে); 3 ঠাণ্ডাবোধ, শীতলবোধ (শীত করছে)। □ বিণ. 1 শীতল, ঠাণ্ডা, হিমযুক্ত ('শীত চন্দনপঙ্কে': রবীন্দ্র); 2 শীতঋতুর উপযুক্ত (শীতবস্ত্র)। [সং. √

শ্যৈ + ত]। শীত করা, শীত ধরা, শীতে ধরা, শীত লাগা ক্রি. বি. ঠাণ্ডা বোধ হওয়া; শীতে পীড়িত হওয়া। শীত কাটা ক্রি. বি. 1 শীতঋতুর অবসান হওয়া; 2 ঠাণ্ডাবোধ দূর হওয়া। শীত কাটানো ক্রি. বি. 1 শীতঋতু অতিবাহিত বা যাপন করা (এবার তারা হরিদ্বারে শীত কাটাবে); 2 ঠাণ্ডাবোধ দূর করা।˜ কাঁটা বি. (হঠাত্) শীতার্ত হওয়ার ফলে গায়ে রোমাঞ্চ।˜ কাতুরে বিণ. শীতে সহজেই কাতর হয় এমন, শীত সহ্য করতে পারে না এমন।˜ তাপ-নিয়ন্ত্রণ বি. কৃত্রিম উপায়ে ঠাণ্ডা বা তাপ নিয়ন্ত্রিতকরণ, air-conditioning.˜ তাপ-নিয়ন্ত্রিত বিণ. air conditioned.˜ প্রধান বি. শীতের প্রাবল্যবিশিষ্ট; যেখানে শীত বেশিদিন (বা বছরের অধিকাংশ সময় ধরে) স্থায়ী হয় (শীতপ্রধান দেশ)।˜ বস্ত্র বি. শীতনিবারক বা শীতকালের উপযোগী কাপড়চোপড়; পশমের বা উলের জামাকাপড়, গরম জামাকাপড়। শীতাগম বি. শীত ঋতুর আবির্ভাব। শীতাতপ বি. শীত-গ্রীষ্ম; ঠাণ্ডা ও গরম। শীতাতপ-নিয়নিত্রণ শাততাপনিয়ন্ত্রণ -এর অনরূপ। শীতাধিক্য বি. শীতের প্রাবল্য। শীতার্ত, শীতালু বিণ. ঠাণ্ডায় পীড়িত বা কাতর, শীতকাতুরে। শীতোষ্ণ বিণ. ঠাণ্ডা ও গরম।

শীতক (p. 779) [śītaka] বি. রেফ্রিজারেটার। [সং. শীত + ক]।

শীত্-কার (p. 779) [śīt-kāra] বি. 1 নারীর যৌন সংগমকালীন ধ্বনি, ইস্ এই শব্দ; 2 শিহরন। [সং. শীত্ (ধ্বন্যা.) + √ কৃ + অ]।

শীতল (p. 779) [śītala] বিণ. 1 ঠাণ্ডা, হিমযুক্ত (শীতল জল, শীতল বায়ু); 2 শান্তিপ্রাপ্ত, উদ্বেগরহিত, উত্তেজনাহীন, তৃপ্ত ('তৃষিত এ প্রাণ করবি শীতল' র. সে.); 3 ঠাণ্ডা ও বাসি (শীতলষষ্ঠী)। □ বি. (বাং.) গৃহস্থের শান্তিকামনায়

দেবতাকে প্রদেয় সায়ংকালীন ভোগ (দেবীর শীতল)। [সং. শীত + ল]। বি.˜ তা।˜ পাটি বি. ঠাণ্ডা মসৃণ এবং সেইজন্য আরামদায়ক মাদুরবিশেষ।

শীতলা (p. 779) [śītalā] বি. বসন্তরোগের অধিষ্ঠাত্রী দেবী। □ বিণ. শীতযুক্তা (শীতলা ধরিত্রী)। [সং. শীতল + আ]।˜ খোলা,˜ তলা বি. বারোয়ারি শীতলাপূজার স্থান।

শীতাংশু (p. 779) [śītāṃśu] বি. চাঁদ, চন্দ্র। [সং. শীত + অংশু]।

শীতাগম, শীতাতপ, শীতাধিক্য, শীতার্ত, শীতোষ্ণ (p. 781) [śītāgama, śītātapa, śītādhikya, śītārta, śītōṣṇa] দ্র শীত।

শীধু (p. 781) [śīdhu] বি. 1 মধু; 2 আখের রস দিয়ে প্রস্তুত মদ। [সং. √ শী + ধু]।

শীর্ণ (p. 781) [śīrṇa] বিণ. কৃশ, রোগা, ক্ষীণ (শীর্ণ দেহ, শীর্ণ দুটি হাত; শীর্ণচন্দ্র)। [সং. √ শৃ + ত]। স্ত্রী. শীর্ণা। বি.˜ তা।

শীর্ষ (p. 781) [śīrṣa] বি. 1 মস্তক (শীর্ষচ্ছেদ); 2 চূড়া (পর্বতশীর্ষ); 3 উপরিভাগ (শীর্ষদেশ); 4 উপরে লিখিত নাম; 5 অগ্রভাব, আগা; 6 সর্বোচ্চ বা প্রধান স্থান (তার নাম সবার শীর্ষে); 7 (গণি.) ত্রিভুজের কোণের প্রান্তবিন্দু। [সং. √ শ্রি + অস্ = শিরঃ > শীর্ষ]।˜ ক বিণ. বহুব্রীহি সমাসে উত্তরপদে শীর্ষ - শব্দের রূপ (শিক্ষাসংস্কার শীর্ষক প্রবন্ধ)।˜ নাম বি. শিরোনাম, heading.˜ স্থান বি. 1 মস্তক; 2 উপরিভাগ; 3 প্রথম বা প্রধান স্থান।˜ স্থানীয় বিণ. 1 মস্তকোপরি

বা শীর্ষে অবস্থিত বা অবস্থানের যোগ্য; 2 প্রধান (শীর্ষস্থানীয় নেতা)। স্ত্রী.˜ স্থানীয়া। শীর্ষাসন বি. মাথা নীচের দিকে এবং পা উপরের দিকে থাকে এমন অবস্থানযুক্ত যোগাসনবিশেষ।

শীল (p. 781) [śīla] বি. 1 স্বভাব, চরিত্র, আচার-আচরণ, রীতিনীতি (কুলশীল); 2 কৌলীন্য, মর্যাদা (শীল-মান); 3 সত্ স্বভাব (শীলযুক্ত)। □ বিণ. (বহুব্রীহি সমাসে উত্তরপদে) স্বভাববিশিষ্ট; নিরত; উন্মুখ (দানশীল, উন্নয়নশীল, বিকাশশীল)। [সং. √ শীল্ + অ]। বি.˜ তা (দানশীলতা, উন্নয়নশীলতা)। পৃথক শব্দ হিসাবে শীলতা স্বল্পব্যবহৃত।

শীলন (p. 781) [śīlana] বি. চর্চা, অনুশীলন, অভ্যাস। [সং. √ শীল্ + অন]।

শীলিত (p. 781) [śīlita] বিণ. অনুশীলন বা চর্চা করা হয়েছে এমন। [সং. √ শীল্ + ত]।

শুঁকা, শোঁকা (p. 781) [śun̐kā, śōn̐kā] ক্রি. ঘ্রাণ নেওয়া, গন্ধ নেওয়া (গন্ধ শুঁকছে)। □ বি. উক্ত অর্থে। [সং. √ শিঙঘ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. ঘ্রাণ বা গন্ধ নেওয়ানো। □ বিণ. উক্ত অর্থে।

শুঁটকি (p. 781) [śun̐ṭaki] দ্র শুঁটকা।

শুঁটকো (p. 781) [śun̐ṭakō] বিণ. শুষ্ক ও শীর্ণ। [< সং. শুষ্ক]। শুঁটকি বিণ. 1 শুঁটকো; 2 শুকানো হয়েছে এমন (শুঁটকি মাছ)। □ বি. শুকানো মাছ।

শুঁটি (p. 781) [śuṃṭi] বি. লম্বা বীজপুট বা বীজকোষ (কলাইশুঁটি)। [দেশি]।

শুঁঠ (p. 781) [śuṃṭha] বি. শুকানো আদা। [সং. শুণ্ঠি]।

শুঁড় (p. 781) [śuṃḍ়] বি. পশুবিশেষের লম্বা ও গোলাকার মুখ বা নাক (হাতির শুঁড়, কচ্ছপের শুঁড়)। [সং. শুণ্ড]।

শুঁড়ি1 (p. 781) [śuṃḍ়i1] বিণ. শুঁড়ের মতো লম্বা ও সরু (শুঁড়ি পথ)। [বাং. শুঁড় + ই]।

শুঁড়ি2 (p. 781) [śuṃḍ়i2] বি. মদ্য বিক্রেতা, শৌণ্ডিক; হিন্দু সম্প্রদায়বিশেষ। [সং. শৌণ্ডিক]। শুঁড়ির সাক্ষী মাতাল (আল.) অসত্ ব্যক্তি কেবল অসত্ ব্যক্তিকেই সমর্থন করে।

শুঁয়া, (কথ্য) শুঁয়ো (p. 781) [śuṃẏā, (kathya) śuṃẏō] বি. অতি সূক্ষ্ম লোমের মতো পদার্থ বা অঙ্গবিশেষ, শুক (যবের শুঁয়া)। [সং. শুঙ্গ]। ̃ পোকা বি. শুয়াঁযুক্ত কীটবিশেষ, শূককীট, প্রজাপতির প্রথম রূপ।

শুক1 (p. 781) [śuka1] বি. 1 টিয়াপাখি; 2 রূপকথায় বর্ণিত পাখিবিশেষ (শুকশারি); ময়নাপাখি। [সং. √ শুভ্ + ক]।

শুক2 (p. 781) [śuka2] বি. শুক্র, শুক্রগ্রহ। [সং. শুক]। ̃ তারা বি. সূর্যোদয়ের পূর্বে পূর্বাকাশে এবং সূর্যাস্তের পর পশ্চিমাকাশে যে জ্যোতিষ্ক দীপ্তি পায়, শুক্রগ্রহ।

শুকদেব (p. 781) [śukadēba] বি. ব্যাসদেবের ব্রহ্মচারী পুত্র।

শুক-নাস (p. 781) [śuka-nāsa] বিণ. টিয়া পাখির ঠোঁটের মতো তীক্ষ্ণ ও বাঁকানো নাকবিশিষ্ট। [সং. শুক + নাস]।

শুকনো (p. 781) [śukanō] বিণ. 1 শুষ্ক (শুকনো জামা); 2 রসহীন, মাধুর্যহীন (শুকনো চেহারা); 3 মলিন, বিষণ্ণ (শুকনো মুখ); 4 অসার, ফাঁকা (শুকনো কথা)। [সং. শুষ্ক]। শুকনো কথায় চিঁড়ে ভেজে না (আল.) কেবল মুখের কথায় কাজ উদ্ধার হয় না।

শুক-শিমা (p. 781) [śuka-śimā] বি. আলকুশি গাছ। [সং. শূকশিম্বা]।

শুকা2 (p. 781) [śukā2] ক্রি. শুকানো। [সং. শুষ্ক + বাং. আ]। ˜ নো, শুকোনো ক্রি. বি. 1 শুষ্ক করা বা হওয়া; 2 শীর্ণ হওয়া (ছেলেটা দিন দিন শুকিয়ে যাচ্ছে); 3 (ক্ষতাদি সম্পর্কে) আরোগ্য হওয়া (ঘা শুকানো)। □ বিণ. উক্ত সব অর্থে।

শুক্ত, শুক্তো, (আঞ্চ.) শুক্তনি (p. 781) [śukta, śuktō, (āñca.) śuktani] বি. কাঁচা কলা পেঁপে উচ্ছে প্রভৃতি সহযোগে প্রস্তুত তিক্তাস্বাদ ব্যঞ্জনবিশেষ। [সং. শুক্ত]।

শুক্তি, শুক্তিকা (p. 781) [śukti, śuktikā] বি. ঝিনুক। [সং. √ শুচ্ + তি, ক + অ]। শুক্তিজ, শুক্তি-বীজ বি. মুক্তো।

শুক্র (p. 781) [śukra] বি. 1 গ্রহবিশেষ, শুকতারা; 2 দৈত্যগুরু শুক্রাচার্য; 3 সপ্তাহের বারবিশেষ; 4 রেতঃ, বীর্য। [সং. √ শুচ্ + র]। ˜ বার বি. সপ্তাহের ষষ্ঠ দিন, শুক্রাচার্য এই দিনের অধিদেবতা। শুক্রাচার্য বি. দৈত্যগুরু।

শুক্ল (p. 781) [śukla] বি. শ্বেত বর্ণ। □ বিণ. 1 শ্বেতবর্ণবিশিষ্ট, শুভ্র, ধবল, সাদা; 2 পবিত্র, নির্মল। [সং. √ শুক্ + ল (নি.)]। □ বি.˜ তা,˜ ত্ব।˜ পক্ষ বি. পূর্ণিমা তিথিতে যে-পক্ষের অবসান হয়।

শুখা, (কথ্য) শুখো (p. 781) [śukhā, (kathya) śukhō] বিণ. 1 শুষ্ক, নীরস (শুখা ফল); 2 খোরপোষ-বর্জিত (শুখা মাইনের কাজ)। □ বি. 1 অনাবৃষ্টি; 2 যে-রোগে শিশু ক্রমেই শুকোতে থাকে; 3 চুন-মাখানো শুকনো তামাক-পাতা, খইনি। □ ক্রি. শুষ্ক হওয়া, শুকনো ('একে একে শুখাইছে ফল এবে': মধু.)। [সং. শুষ্ক]।˜ রুখা বিণ. শুষ্ক ও নীরস। শুখারুখার সময় গরমের দিন, গ্রীষ্মকাল।

শুঙ্গ, শুঙ্গা (p. 781) [śuṅga, śuṅgā] বি. শুঁয়া, শূক। [সং. শৃঙ্গ, শৃ=শূ, ঙ্গা]।

শুচি (p. 781) [śuci] বিণ. 1 পবিত্র (শুচি বস্ত্র, শুচি মন); 2 শুদ্ধ; 3 নির্মল, পরিষ্কার; 4 নির্দোষ; 5 শুভ্র। [সং. √ শুচ্ + ই]। বি.˜ তা ('শুচিতা ফিরিছে সদা তোমারি পিছনে': স. দ.)।˜ বাই,˜ বায়ু বি. শুচিতা-রক্ষায় অতিরিক্ত মনোযোগপূর্ণ বাতিক বা রোগ।˜ স্মিত বিণ. কুটিলতাবর্জিত নির্মল হাসিযুক্ত ('শুচিস্মিত তার গান': বিষ্ণু.)। স্ত্রী.˜ স্মিতা।

শুজনি (p. 781) [śujani] বি. চিত্রবিচিত্র ও মোটা বিছানার চাদরবিশেষ। [সং. শয্যা + বাং. নি]।

শুটকি (p. 781) [śuṭaki] বিণ. বি. অত্যন্ত কৃশকায় ও লাবণ্যহীনা (শুটকি চেহারার মেয়ে)। [দেশি]।

শুটকো (p. 781) [śuṭakō] বিণ. বাসি শুকনো ও মিয়নো (শুটকো ফল)। [দেশি-তু. সং. শুষ্ঠ]। দ্র শুঁটকো।

শুণ্ঠি (p. 781) [śunṭhi] বি. শুকনো আদা, শুঁঠ। [সং. √ শুণ্ঠ্ + ই]।

শুণ্ড (p. 781) [śunḍa] বি. শুঁড়। [সং. √ শুণ্ড্ + অ]। শুণ্ডা বি. (স্ত্রী.) 1 হাতির শুঁড়; 2 জলহস্তিনী; 3 মদ। মুণ্ডী (-ণ্ডিন্) বি. 1 হাতি; 2 শুঁড়ি, শৌণ্ডিক।

শুদ্ধ (p. 781) [śuddha] বিণ. 1 নির্দোষ; 2 নির্‌মল, পবিত্র, শুচি; 3 শোধিত; 4 খাঁটি, নির্ভেজাল; 5 নির্ভুল (শুদ্ধ উত্তর); 6 শুধু, কেবল (শুদ্ধ তোমাকে বলছি)। [সং. √ শুধ + ত]। স্ত্রী. শুদ্ধা। বি.˜ তা,˜ ত্ব।˜ চিত্ত,˜ মতি বিণ. পবিত্র হৃদয়বিশিষ্ট। □ বি. পবিত্র হৃদয়।˜ শীল বিণ. নির্মল চরিত্রবিশিষ্ট। শুদ্ধাচার বি. পবিত্র বা নির্দোষ আচরণ। □ বিণ. আচারব্যবহার পবিত্র এমন। শুদ্ধান্ত বি. 1 অন্তঃপুর; 2 অন্তঃপুরস্ত্রী। শুদ্ধাশুদ্ধ বিণ. নির্ভুল ও ভুল; পবিত্র ও অপবিত্র (শুদ্ধাশুদ্ধ বিচার না করা)। শুদ্ধি বি. 1 শোধন (ঋণশুদ্ধি); 2 ভ্রম দূরীকরণ; 3 পবিত্রতা, শুদ্ধতা; 4 নির্মলতা (মুখশুদ্ধি); 5 ভ্রমহীনতা; 6 ভেজালবিহীনতা; 7 শাস্ত্রীয় সংস্কারদ্বারা ধর্মচ্যুত অস্পৃশ্য বা ভিন্ন ধর্মাবলম্বী ব্যক্তির উদ্ধার। শুদ্ধি-পত্র বি. গ্রন্হাদির ভ্রমসংশোধন তালিকা। শুদ্ধোদন বুদ্ধদেবের পিতা। শুদ্ধ্যশুদ্ধি বি. পবিত্রতা ও অপবিত্রতা; ভ্রমহীনতা ও ভ্রমযুক্ততা।

শুধরানো (p. 781) [śudharānō] ক্রি. বি. সংশোধন করা, দোষ মুক্ত করা বা হওয়া (লেখাটা শুধরে দাও, ছেলেটার স্বভাবটা শোধরাল না, সে নিজেকে অনেকটা শুধরে নিয়েছে)। [< সং. √ শুধ্]।

শুধা1 (p. 781) [śudhā1] ক্রি. (ঋণাদি) পরিশোধ করা ('শুধেছি কঠিন ঋণ': রবীন্দ্র)। □ বি. বিণ. উক্ত অর্থে। [সং. √ শুধ্ + বাং. আ]।˜ নো ক্রি. বি. পরিশোধ করানো।

শুধা2, সুধা (p. 781) [śudhā2, sudhā] ক্রি. জিজ্ঞাসা করা ('শুধাইলা তারে')। [> হি. √ সুধা]।˜ নো ক্রি. বি. জিজ্ঞাসা করা (এ প্রশ্ন আমাকে শুধিয়ো না)।

শুধু (p. 781) [śudhu] বিণ. শূন্য, খালি (শুধু-চোখে দেখা, শুধু-হাতে লড়াই)। □ বিণ. ক্রি-বিণ. বিণ-বিণ. কেবল (শুধু জল আর জল, শুধু বসব)। [সং. শুদ্ধ]।˜ শুধু, শুধা-শুধি ক্রি-বিণ. অকারণে, বৃথা।

শুন, শুনক (p. 781) [śuna, śunaka] বি. কুকুর। [সং. √ শুন্ + অ, ক]। স্ত্রী. শুনী।

শুন-শান (p. 781) [śuna-śāna] বিণ. 1 ফাঁকা, নির্জন; 2 নিঃশব্দ, নীরব, আওয়াজহীন (চারদিক শুনশান হয়ে গেছে)। [হি. সুনসান]।

শুনা, শোনা (p. 781) [śunā, śōnā] ক্রি. বি. 1 শ্রবণ করা, কর্ণগোচর হওয়া (শুনতে পায়নি, গান শুনছিল); 2 (আদেশ-নির্দেশাদি) পালন করা বা মান্য করা

(আমার কথা শোনে না)। □ বিণ. শ্রুত (শোনা গল্প)। [সং. √ শ্রু > বাং. শুন্]। শোনা কথা 1 শ্রুত কথা; 2 যে-ঘটনাদি কেবল লোকমুখে শ্রুত হয়েছে কিন্তু তা সত্য কি না জানা যায়নি। কথা শোনা ক্রি. বি. 1 আদেশাদি পালন বা মান্য করা; 2 ভর্ত্ সনা বাক্য শোনা বা তিরস্কৃত হওয়া (এর জন্যে উপরওয়ালার কাছে আমাকে কথা শুনতে হবে)।˜ নো ক্রি. বি. 1 শ্রবণ করানো; 2 পালন করানো বা মান্য করানো; 3 অপ্রিয় কথা বলা (তাকে সেদিন খুব শুনিয়ে এসেছি)। কথা শোনানো ক্রি. বি. 1 আদেশাদি পালন করানো; 2 ভর্ত্ সনা করা।

শুনানি (p. 781) [śunāni] বি. বিচারক কর্তৃক বাদী ও প্রতিবাদীর বক্তব্য শোনা, hearing. [বাং. শুনা + আনি]।

শুনী (p. 781) [śunī] দ্র শুন।

শুবা, শুবে (p. 781) [śubā, śubē] বি. সন্দেহ, সংশয়। [আ. শুবহ্]।

শুভ (p. 781) [śubha] বি. মঙ্গল, কল্যাণ (শুভংকর, শুভার্থী)। □ বিণ. শুভজনক, কল্যাণকর। [সং. √ শুভ্ + অ]। স্ত্রী. শুভা।˜ কামনা বি. মঙ্গলকামনা; শুভেচ্ছা।˜ কাল,˜ ক্ষণ বি. 1 কল্যাণকর সময়, শুভ সময়; 2 সুযোগ।˜ গ্রহ বি. (জ্যোতিষ.) যে-গ্রহের প্রভাবে জাতকের মঙ্গল হয়।˜ ংকর,˜ স্কর বিণ. মঙ্গলজনক। □ বি. শুভংকরী নামক গণিতশাস্ত্রের রচয়িতা।˜ ংকরী,˜ স্করী বিণ. (স্ত্রী.) মঙ্গলকারিণী। □ বি. 1 দুর্গাদেবী; 2 শুভংকর রচিত গণিতশাস্ত্র।˜ দ বিণ. কল্যাণকারী। স্ত্রী.˜ দা।˜ দিন বি. ভালো দিন, মঙ্গলজনক দিন (শুভদিন দেখে যাত্রা করা)।˜ দৃষ্টি বি. 1 কল্যাণকর দৃষ্টি, সুনজর; 2 বিবাহকালে বরকন্যার পরস্পরকে প্রথম দর্শনের অনুষ্ঠান।˜ বিবাহ বি. মঙ্গল জনক বিবাহ; বিবাহের

শুভ অনুষ্ঠান। ˜ বুদ্ধি বি. সুবুদ্ধি, সুমতি। ˜ যোগ শুভকাল ও শুভক্ষণ এর অনুরূপ। ˜ রাত্রি বি. 1 মঙ্গলজনক রাত্রি; 2 দিনের শেষে 'রাত্রি মঙ্গলজনক হোক' এই শুভকামনাবিশেষ। ˜ সংকল্প বি. মঙ্গলজনক প্রতিজ্ঞা। ˜ সংবাদ বি. ভালো খবর। ˜ সন্ধ্যা বি. সন্ধ্যাবেলার অভিবাদনবিশেষ। ˜ সূচনা বি. ভালো ও আশাজনক আরম্ভ। শুভকাঙ্ক্ষা, শুভানু-ধ্যান বি. কল্যাণকামনা, হিতকামনা। শুভাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্), শুভানু-ধ্যায়ী (-য়িন্), শুভার্থী (-র্থিন্) বিণ. কল্যাণকামী, হিতকামী। স্ত্রী. শুভাকাঙ্ক্ষিণী, শুভানু-ধ্যায়িনী, শুভার্থিনী। শুভানন বিণ. সুন্দর ও মঙ্গলপ্রদ মুখবিশিষ্ট। স্ত্রী. শুভাননা। শুভানুষ্ঠান বি. মাঙ্গলিক কর্ম। শুভারম্ভ বি. শুভ বা মঙ্গলজনক সূচনা। শুভাশংসা বি. মঙ্গলকামনা। শুভাশীর্বাদ, শুভাশিস বি. মঙ্গল কামনাপূর্ণ আশীর্বাদ। শুভাশুভ বি. হিতাহিত, মঙ্গল ও অমঙ্গল।

শুভ্র (p. 781) [śubhra] বিণ. সাদা, শ্বেত, শুক্ল, ধবল। [সং. √ শুভ্ + র]। স্ত্রী. শুভ্রা। বি.˜ তা,˜ ত্ব। ˜ কেশ বিণ. পাকাচুলওয়ালা (শুভ্রকেশ বৃদ্ধ)। □ বি. পাকা চুল। শুভ্রাংশু বি. চন্দ্র।

শুমার (p. 781) [śumāra] বি. গণনা (আদমশুমার)। [ফা. শুমার্]।

শুম্ভ-নিশুম্ভ (p. 783) [śumbha-niśumbha] বি. শুম্ভ ও নিশুম্ভ নামে দুর্গার সঙ্গে যুদ্ধে নিহত অসুর-ভ্রাতৃদ্বয়।

শুয়া, শোয়া (p. 783) [śuẏā, śōẏā] ক্রি. শয়ন করা (এখন শুয়েছ কেন?)। □ বি. উক্ত অর্থে (শোয়া-বসার জায়গা)। □ বিণ. শুয়ে আছে এমন (শোয়া লোকটি)। [সং. √ শী + বাং. আ]। ˜ নো ক্রি. শয়ন করানো। □ বি. বিণ. উক্ত অর্থে। শোয়া-বসা বি. 1 শোয়া এবং বসা; 2 (আল.) বসবাস।

শুয়ার, (কথ্য) শুয়োর (p. 783) [śuẏāra, (kathya) śuẏōra] বি. শূকর। [প্রাকৃ. সূঅর < সং. শূকর]।

শুরু (p. 783) [śuru] বি. আরম্ভ, সূচনা, গোড়া (কাজ শুরু করা, শুরুতেই গোলমাল)। [আ. শুরু]।

শুরুয়া (p. 783) [śuruẏā] বি. মাংসাদির ঝোল বা ক্বাথ। [ফা. শোর্ওয়া]।

শুলফা, (কথ্য) শুলফো (p. 783) [śulaphā, (kathya) śulaphō] বি. মৌরিজাতীয় সুগন্ধি শাক বা তার বীজ। [সং. শতপুষ্পা-তু. হি. সৌঁফ্]।

শুলানো (p. 783) [śulānō] ক্রি. বি. 1 বেদনা করা; 2 কটকট করা; 3 সুড়সুড় করা, চুলকানো। [সং. শূল + বাং. আনো]। শুলানি বি. বেদনা; কটকটানি।

শুল্ক (p. 783) [śulka] বি. 1 পণ্যদ্রব্যের আমদানি-রপ্তানির উপর ধার্য কর বা মাশুল, duty; 2 কর, tax; 3 বিবাহের পণ (কন্যাশুল্ক); 4 মূল্য। [সং. √ শুল্ক্ + অ]।

শুশুক (p. 783) [śuśuka] বি. ডলফিন জাতীয় স্তন্যপায়ী জলজন্তুবিশেষ। [< সং. শিশুক]।

শুশ্রূষা (p. 783) [śuśrūṣā] বি. 1 (প্রধানত রোগীর) পরিচর্যা বা সেবা; 2 (বাং. বিরল) শোনার ইচ্ছা। [সং. √ শ্রূ + সন্ + অ + আ]। ̃ কারী (-রিন্) বিণ.

সেবক; যে শুশ্রূষা করে। স্ত্রী.˜ কারিণী সেবিকা, নার্স। শুশ্রূষু বিণ. 1 সেবা করতে ইচ্ছুক; 2 শুনতে ইচ্ছুক; 3 সেবক।

শুষনি (p. 783) [śuṣani] বি. জলজ শাকবিশেষ। [সং. সুনিষণ্ণক]।

শুষা, শোষা (p. 783) [śuṣā, śōṣā] ক্রি. বি. 1 রস টেনে নিয়ে শুকনো করা (শুষে নেওয়া, জল শোষে); 2 শুষ্ক হওয়া (ভিজে কাপড় হাওয়ায় শুষবে)। □ বিণ. উক্ত অর্থে। [শোষণ দ্র]।˜ নো ক্রি. বি. (তরল পদার্থ) টেনে নেওয়ানো বা টেনে শুষ্ক করানো। □ বিণ. উক্ত অর্থে।

শুষির (p. 783) [śuṣira] বিণ. ছিদ্র বা রন্ধ্রআছে এমন, ছিদ্রযুক্ত (শুষির বাদ্য)। [সং. √ শুষি (শুষ্ + ই) + র]। শুষির বাদ্য যে বাদ্যযন্ত্রে ছিদ্র থাকে অর্থাত্ বাঁশি।

শুষ্ক (p. 783) [śuṣka] বিণ. 1 শুকনো (শুষ্ক কাষ্ঠ); 2 নীরস, আকর্ষণহীন (শুষ্ক তর্ক, শুষ্ক বক্তৃতা); 3 রোগাদির জন্য মলিন বা বিরস (শুষ্ক মুখ); 4 পিপাসায় রুদ্ধ (শুষ্ক কণ্ঠ); 5 কর্কশ (শুষ্ক স্বর)। [সং. √ শুষ্ + ক]। বি.˜ তা।

শূক (p. 783) [śūka] বি. 1 শুঁয়া, শস্যাদির সূক্ষ্ম লোমের মতো অগ্রভাগ; 2 প্রজাপতির অপরিণত অবস্থা। [সং. √ শো + ঊক]।˜ কীট বি. শুঁয়াপোকা।˜ ধান্য বি. যব গম প্রভৃতি শুঁয়াবিশিষ্ট শস্য।

শূকর (p. 783) [śūkara] বি. (প্রধানত) কন্দ তৃণমূল ইত্যাদি ভোজনকারী বেঁটে ও হৃষ্টপৃষ্ট জন্তুবিশেষ, শুয়োর, বরাহ। [সং. শূক + √ রা + অ]। স্ত্রী. শূকরী।

শূদ্র, (কথ্য) শুদ্দুর (p. 783) [śūdra, (kathya) śuddura] বি. হিন্দু চতুর্বর্ণের চতুর্থটি। [সং. √ শুচ্ (=দ্) + র]। শূদ্রা বি. (স্ত্রী.) শূদ্রজাতীয় রমণী। শূদ্রাণী বি. স্ত্রী. (বাং.) শূদ্রজাতীয় রমণী বা শূদ্রের পত্নী। শূদ্রী বি. স্ত্রী. শূদ্রের পত্নী।

শূন (p. 783) [śūna] বিণ. (ব্রজ.) শূন্য, খালি ('শূন হৃদয়ক')। [সং. শূন্য]।

শূন্য (p. 783) [śūnya] বি. 1 এই চিহ্ন (পরীক্ষায় শূন্য পাওয়া); 2 রিক্ততাসূচক বা অনস্তিত্বসূচক চিহ্ন; 3 আকাশ ('অগ্নি যেথা বায়ু হয়ে শূন্যে মিশে যায়': বুদ্ধ; অসীম শূন্য); 4 অভাব। □ বিণ. 1 রিক্ত; বর্জিত, বিরহিত (জনশূন্য); 2 খালি, ফাঁকা ('শূন্য এ বুকে পাখে মোর আয়': নজরুল; 'আমার ভুবন শূন্য করেছি পুরাতে তোমার আশ': রবীন্দ্র; শূন্য খাঁচা); 3 উদাস (শূন্য হৃদয়)। [সং. √ শূন্ + য]। বি.˜ তা।˜ কুম্ভ বি. জলহীন কলসি, ফাঁকা কলসি।˜ গর্ভ বিণ. ভিতরে বা অভ্যন্তরে কিছুই নেই এমন, অসার, সারহীন (শূন্যগর্ভ কথাবার্তা)।˜ তা. পূরণ বি. ফাঁকা জায়গা পূর্ণ করা।˜ দৃষ্টি বি. উদাস চাহনি।˜ পথ বি. আকাশপথ।˜ বাদ বি. শূন্যই একমাত্র সত্য এবং তা থেকেই উৎপত্তি ও বিনাশ- এই মত; নাস্তিক্য; বৌদ্ধমতবিশেষ।˜ ময় বিণ. ফাঁকা, খালি।

শূর (p. 783) [śūra] বিণ. বি. বীর, শক্তিশালী, শৌর্যশালী। [সং. √ শূর্ + অ]। স্ত্রী. শূরা।˜ সেন বি. মথুরা ও তার সন্নিহিত অঞ্চলের প্রাচীন নাম।

শূরোচিত (p. 783) [śūrōcita] বিণ. বীরোচিত, বীরের মতো। [সং. শূর + উচিত]।

শূর্প (p. 783) [śūrpa] বি. কুলো, শস্যাদি ঝাড়বার পাত্রবিশেষ। [সং. √ শূর্প্ + অ]।˜ ণখা বি. রাবণের ভগিনী। শূর্পী বি. ছোটো কুলো।

শূল (p. 783) [śūla] বি. 1 তীক্ষ্ণাগ্র অস্ত্রবিশেষ (শূলে চড়ানো); 2 ত্রিশূল (শূলপাণি); 3 শলাকা, সিক; 4 পেটের ব্যথাবিশেষ; 5 বেদনা (দন্তশূল)। [সং. √ শূল্ + অ]।˜ ঘ্ন বিণ. শূলবেদনানাশক।˜ পক্ক বিণ. শলাকাবিদ্ধ করে রাঁধা বা পোড়ানো হয়েছে এমন।˜ পাণি, শূলী (-লিন্) বি. (হাতে শূল ধারণ করেন বলে) শিব। শূলাগ্র বি. শূলের ডগা। শূলিনী বি. দুর্গা। শূলে চড়ানো, শূলে দেওয়া ক্রি. বি. বধ করার জন্য শূলবিদ্ধ করা। শূল্য বিণ. শূলপক্ক। শূল্য-মাংস বি. শলাকাবিদ্ধ করে দ্বগ্ধ মাংস, সিক-কাবাব।

শূলাগ্র, শূলিনী, শূলী, শূল্য (p. 783) [śūlāgra, śūlinī, śūlī, śūlya] দ্র শূল।

শৃগাল (p. 783) [śṛgāla] বি. কুকুরজাতীয় রাত্রিচর মাংসাশী বন্য জন্তুবিশেষ, শিয়াল। [সং. √ সৃজ্ + আল-তু. ফা. শগাল্]। স্ত্রী. শৃগালী।

শৃঙ্খল (p. 783) [śṛṅkhala] বি. 1 শিকল, নিগড় (শৃঙ্খলবদ্ধ হস্ত); 2 বন্ধন। [সং. শৃঙ্গ +
√ স্খল্ + অ]।

শৃঙ্খলা (p. 783) [śṛṅkhalā] বি. 1 রীতি, নিয়ম (শৃঙ্খলা মেনে চলা, শৃঙ্খলা বজায় রাখা); 2 নিয়মানুবর্তিতা, সুব্যবস্থা (কাজের শৃঙ্খলা, আইনশৃঙ্খলা); 3

বন্দোবস্ত; 4 শৃঙ্খল। [সং. শৃঙ্খল + আ]।˜ বদ্ধ, শৃঙ্খলিত বিণ. 1 শিকলদ্বারা বাঁধা রয়েছে এমন; 2 সুশৃঙ্খলাযুক্ত; সুবিন্যস্ত।

শৃঙ্গ (p. 783) [śṛṅga] বি. 1 পশুর শিং; 2 পর্বতের চূড়া; 3 পশুর শিংদ্বারা নির্মিত বাদ্যযন্ত্রবিশেষ, শিঙা; 4 পিচকারি। [সং. √ শৃ + গ]।˜ ধর বি. পর্বত।

শৃঙ্গ-বান (p. 784) [śṛṅga-bāna] বিণ. শৃঙ্গযুক্ত, শিখরযুক্ত। □ বি. পর্বত। [সং. শৃঙ্গ + বতুপ্]।

শৃঙ্গ-বের (p. 784) [śṛṅga-bēra] বি. 1 আদা; 2 রামায়ণোক্ত গুহকচণ্ডালের নগর। [সং. শৃঙ্গ + বের]।

শৃঙ্গাটক, শৃঙ্গাটিকা (p. 784) [śṛṅgāṭaka, śṛṅgāṭikā] বি. 1 শিঙাড়া; 2 পানিফল। [সং. শৃঙ্গ + √ অট্ + অ + ক, আ]।

শৃঙ্গার (p. 784) [śṛṅgāra] বি. 1 (অল.) আদিরস, নায়ক-নায়িকার সম্ভোগমূলক রস; 2 রতিক্রিয়া; 3 হাতির কপালে বা মাথায় যে সিঁদুর দেওয়া হয়; 4 প্রসাধনবিশেষ। [সং. শৃঙ্গ + √ রা + অ]।˜ ভূষণ বি. প্রসাধনবিশেষ, চন্দরাদি দ্বারা অঙ্গরাগ।

শৃঙ্গি, শৃঙ্গী1 (p. 784) [śṛṅgi, śṛṅgī1] বি. শিঙি মাছ। [সং. শৃঙ্গ + অ + ই, ঈ]।

শৃঙ্গী2 (p. 784) [śṛṅgī2] (-ঙ্গিন্) বিণ. শৃঙ্গযুক্ত। □ বি. 1 পর্বত; 2 বৃক্ষ। [সং. শৃঙ্গ + ইন্]।

শেওড়া, শ্যাওড়া (p. 784) [śēōḍ়ā, śyāōḍ়ā] বি. বুনো গুল্মজাতীয় গাছবিশেষ। [সং. শাখোটক]।

শেওলা, শেয়ালা (p. 784) [śēōlā, śēẏālā] বি. 1 শৈবাল, moss; 2 পানা, জলজ তৃণবিশেষ। [সং. শৈবাল]।

শেকড়, শেকল (p. 784) [śēkaḍ়, śēkala] যথাক্রমে শিকড় ও শিকল -এর কথ্য রূপ।

শেখ (p. 784) [śēkha] বি. 1 স্বয়ং হজরত মোহাম্মদ কর্তৃক যে-ব্যক্তি ইসলাম ধর্মে দীক্ষিত হয়েছে বা তার বংশধর; 2 সম্ভ্রান্ত মুসলমান সম্প্রদায়বিশেষ। [আ. শইখ্]।

শেখর (p. 784) [śēkhara] বি. 1 কিরীট, মুকুট; 2 শিরোমাল্য; 3 চূড়া (তু. চন্দ্রশেখর)। [সং. শিখি + অর]।

শেখা (p. 784) [śēkhā] ক্রি. বি. 1 শিক্ষা করা বা জ্ঞান লাভ করা (লেখাপড়া শেখা, ভদ্রতা শেখা); 2 চর্চা করা (তবলা শেখে)। □ বিণ. উক্ত উভয় অর্থে (শেখা বিদ্যে)। শিখানো, শেখানো ক্রি. বি. শিক্ষা দেওয়া (সাক্ষীকে শেখানো)। □ বিণ. উক্ত সব অর্থে (শেখানো বুলি)। [< সং. √ শিক্ষ্]।

শেজ1 (p. 784) [śēja1] বি. শয্যা, বিছানা (শেজতুলুনি)। [সং. শয্যা]।

শেজ2 (p. 784) [śēja2] বি. কাচের আবরণীযুক্ত দীপ, শামাদান। [দেশি]।

শেঠ (p. 784) [śēṭha] বি. 1 বণিক, সওদাগর; 2 হিন্দু সম্প্রদায়বিশেষের পদবি। [সং. শ্রেষ্ঠী]।

শেতল, শেতলা (p. 784) [śētala, śētalā] যথাক্রমে শীতল ও শীতলা -র গ্রা. রূপ (শেতলষষ্ঠী)।

শেফালি, শেফালিকা, শেফালী (p. 784) [śēphāli, śēphālikā, śēphālī] বি. লাল বোঁটাযুক্ত ছোটো সুগন্ধি সাদা ফুলবিশেষ বা তার গাছ, শিউলি ('ওগো শেফালিবনের মনের কামনা': রবীন্দ্র)। [সং. শেফ + অলি, ক + আ, ঈ]।

শেবধি, সেবধি (p. 784) [śēbadhi, sēbadhi] বি. 1 কুবেরের নিধি বা ধন; 2 গচ্ছিত ধন বা ঐশ্চর্য (বিদ্যাই ব্রাহ্মণের সেবধি)। [সং. √ সেব্ + ধা + ই]।

শেমিজ (p. 784) [śēmija] স্ত্রীলোকের পা-পর্যন্ত ঝুলবিশিষ্ট ঢিলে জামাবিশেষ। [ইং. chemise]।

শেয়াকুল (p. 784) [śēẏākula] বি. কুলজাতীয় বন্য কাঁটাগাছবিশেষ। [সং. শৃগালকোলি]।

শেয়ার (p. 784) [śēẏāra] বি. 1 অংশ, ভাগ (সম্পত্তিতে তারও শেয়ার আছে); 2 ব্যাবসা-প্রতিষ্ঠানের অংশ বা লগ্নির অংশ। [ইং. share]। ̃ মার্কেট বি. ব্যাবসা-প্রতিষ্ঠানের অংশ বিক্রয়ের বাজার; ফাটকা-বাজার।

শের (p. 784) [śēra] বি. 1 বাঘ; 2 সিংহ। [ফা. শের্]।

শের-ওয়ানি (p. 784) [śēra-ōẏāni] বি. লম্বা কুর্তা বা জামাবিশেষ। [হি.]।

শেরপা (p. 784) [śērapā] বি. হিমালয় পর্বতের পাদদেশে বসবাসকারী এবং পর্বতারোহণে দক্ষ তিব্বতি বা নেপালি সম্প্রদায়বিশেষ। [তি.]।

শেরি (p. 784) [śēri] বি. স্পেনদেশীয় মদবিশেষ। [ইং. sherry]।

শেরিফ (p. 784) [śēripha] বি. সরকারি বা বিশেষ অনুষ্ঠানাদির তত্ত্বাবধানের জন্য সরকার-কর্তৃক মনোনীত বিশিষ্ট নাগরিক। [ইং. sheriff]।

শেল1 (p. 784) [śēla1] বি. 1 প্রাচীন অস্ত্রবিশেষ, শূল (শক্তিশেল); 2 শেলতুল্য যন্ত্রণাদায়ক বস্তু। [সং. শল্য]।

শেল2 (p. 784) [śēla2] বি. কামানের গোলা। [ইং. shell]।

শেষ (p. 784) [śēṣa] বি. 1 সর্পরাজ অনন্ত, বাসুকি (শেষনাগ); 2 বলরাম; 3 অবসান, সমাপ্তি, অন্ত (দুঃখের শেষ নেই); 4 সীমা (পথের শেষ); 5 ধ্বংস, বিনাশ; 6 পশ্চাত্, সর্বনিম্ন স্থান (শেষের দিকে); 7 অবশেষ (কাজের শেষ রাখতে

নেই); 8 নিষ্পত্তি (এ বিবাদের শেষ নেই)। □ বিণ. 1 অন্তিম, অন্তকালীন (শেষ দশা); 2 সমাপ্ত, সাঙ্গ (কাজ শেষ করা, দিন শেষ হল); 3 বিনষ্ট (সম্পত্তি শেষ করা); 4 অবশিষ্ট (শেষ কাজটুকু); 5 চরম (শেষ সতর্কবাণী); 6 যার পরে আর নেই (শেষ কথা); 7 সর্বনিম্ন (শেষ স্থান)। [সং. √ শিষ্ + অ]। শেষ করা ক্রি. বি. 1 সমাপ্ত করা; 2 ধ্বংস করা, বিনষ্ট বা বিকল করা (ঘড়িটাকে শেষ করলে)। ˜ কালে ক্রি-বিণ. শেষে; শেষপর্যন্ত। ˜ কৃত্য বি. মৃতের অন্ত্যেষ্টি। ˜ তম বিণ. সর্বশেষ, শেষের। [সং. শেষ + ওতমচ্]। ˜ যাত্রা বি. মৃতদেহ নিয়ে সমাধিস্থানের দিকে যাত্রা। ˜ রাত্রি বি. রাত্রির অন্তিম প্রহর বা শেষ ভাগ। ˜ শয়ন বি. 1 (অনন্তনাগের উপর) বিষ্ণুর শয়ন; 2 বিষ্ণু। শেষমেশ ক্রি-বিণ. শেষে; সবকিছুর পরে (শেষমেশ ঝামেলা কীভাবে মিটল?)। শেষান্ন বি. উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট। শেষাশেষি ক্রি-বিণ. প্রায় শেষ হয়ে আসছে এমন সময়ে, শেষের দিকে। শেষোক্ত বিণ. সবার শেষে বা পরে উক্ত বা উল্লিখিত।

শৈত্য (p. 784) [śaitya] বি. 1 শীতলতা (শৈত্যপ্রবাহ); 2 শীতভাব। [সং. শীত + য]। শৈত্যাধিক্য বি. অত্যধিক শীতভাব।

শৈথিল্য (p. 784) [śaithilya] বি. 1 শিথিলতা, আলগা বা ঢিলে ভাব; 2 ঢিলেমি, কুঁড়েমি, আলস্য (কাজে শৈথিল্য); 3 অমনোযোগ; 4 বিশৃঙ্খলা। [সং. শিথিল + য]।

শৈব (p. 784) [śaiba] বিণ. শিবসম্বন্ধীয় (শৈবপুরাণ)। □ বি. শিবের উপাসক। [সং. শিব + অ]।

শৈবলিনী (p. 784) [śaibalinī] বি. (স্ত্রী.) নদী। [সং. শেবল + অ + ইন্ + ঈ]।

শৈবাল (p. 784) [śaibāla] বি. শ্যাওলা। [সং. শেবাল + অ]।

শৈল (p. 784) [śaila] বি. পর্বত। □ বিণ. 1 শিলাসম্বন্ধীয়; 2 শিলাজাত; 3 পর্বতসম্বন্ধীয়। [সং. শিলা + অ]। ˜ জ বিণ. পর্বতজাত, পর্বতীয়। ˜ জা বিণ. (স্ত্রী.) পর্বতে জাতা। □ বি. পার্বতী, উমা, গৌরী। ˜ জা-পতি বি. শিব। ˜ জায়া বি. হিমালয়-পত্নী মেনকা। ˜ ময় বিণ. পর্বতময়। ˜ রাজ, শৈলেন্দ্র, শৈলেশ বি. হিমালয়। ˜ সুতা বি. (স্ত্রী.) পার্বতী, উমা, গৌরী। শৈলেয় বিণ. পর্বতজাত, পার্বত্য। □ বি. 1 সিংহ; 2 ভ্রমর; 3 শিলাজতু; 4 সৈন্ধব-লবণ, rock-salt. শৈলেয়ী বি. দুর্গা, পার্বতী।

শৈলী (p. 784) [śailī] বি. রীতি, প্রণালী, style (রচনাশৈলী)। [সং. শীল + অ + ঈ]।

শৈলেন্দ্র, শৈলেয়, শৈলেশ (p. 784) [śailēndra, śailēẏa, śailēśa] দ্র শৈল।

শৈল্পিক (p. 784) [śailpika] বিণ. শিল্প-সম্বন্ধীয় (শৈল্পিক চেতনা)। [সং. শিল্প + ইক]।

শৈশব (p. 784) [śaiśaba] বি. 1 শিশুত্ব; 2 শিশুকাল, ছেলেবেলা, বাল্যকাল। [সং. শিশু + অ]।˜ সঙ্গী (-ঙ্গিন্) বি. ছেলেবেলার সহচর।˜ স্মৃতি বি. ছেলেবেলার যেসব কাহিনি মনে আছে। শৈশবাবস্থা বি. শৈশব, ছেলেবেলা।

শোঁকা (p. 784) [śōn̐kā] দ্র শুঁকা।

শোঁ-শোঁ (p. 784) [śō-m̐śō] বি. অব্য. বাতাসের প্রবল বেগের ভাব। [ধ্বন্যা.]।

শোক (p. 784) [śōka] বি. প্রিয় ব্যক্তি বস্তু প্রভৃতিকে হারাবার ফলে মানসিক যন্ত্রণা বা দুঃখ। [সং. √ শুচ্ + অ]।˜ গাথা,˜ সংগীত বি. শোকপ্রকাশক গান, elegy.˜ গ্রস্ত বিণ. শোক ভোগ করছে এমন। স্ত্রী.˜ গ্রস্তা।˜ চ্ছবি বি. 1 যে-ছবিতে শোক প্রকাশিত হচ্ছে; 2 শোকের প্রতিমূর্তি।˜ জর্জর,˜ জীর্ণ,˜ তপ্ত বিণ. শোকে কাতর।˜ ব্যঞ্জক বিণ. শোক প্রকাশ করে এমন। শোকাকুল, শোকাতুর, শোকার্ত বিণ. শোকে কাতর। শোকানল, শোকাগ্নি বি. শোকের যন্ত্রণা; তীব্র শোক। শোকাবহ বিণ. শোকজনক (শোকাবহ পরিণাম)। শোকাবেগ, শোকোচ্ছ্বাস বি. শোকের প্রাবল্য।

শোচন, শোচনা (p. 784) [śōcana, śōcanā] বি. শোক করা, বিলাপ, অনুতাপ (তু. অনুশোচনা)। [সং. √ শুচ্ + অন, + আ]। শোচনীয়, শোচ্য বিণ. দুঃখজনক, শোকের যোগ্য বা বিষয়ীভূত।

শোচিত (p. 784) [śōcita] বিণ. যার জন্য শোক করা হচ্ছে এমন। [সং. √ শুচ্ + ণিচ্ + ত]।

শোণ (p. 784) [śōṇa] বি. 1 রক্তের বর্ণ; 2 রক্ত; 3 নদবিশেষ। □ বিণ. রক্তবর্ণ, লাল। [সং. √ শোণ্ + অ]। শোণিমা বি. রক্তিমা, লাল আভা।

শোণিত (p. 784) [śōṇita] বি. রক্ত, রুধির (শোণিতধারা)। [সং. শোণ + ইত]।˜ ধারা,˜ প্রবাহ বি. রক্তের স্রোত।˜ মোক্ষণ বি. (প্রধানত রোগ নিরাময়ের জন্য) অস্ত্রোপচারাদির দ্বারা দেহের রক্ত বার করে দেওয়া।˜ রঞ্জিত, শোণিতাক্ত বিণ. রক্তাক্ত, রক্তমাখা।˜ শোষণ বি. 1 রক্ত শুষে নেওয়া; 2 (আল.) অন্যায় দাবি আদায়পূর্বক শক্তিহীন বা নির্জীব করা।

শোথ (p. 784) [śōtha] বি. জল সঞ্চয়হেতু দেহের ফোলা রোগ, dropsy. [সং. √ শু + থ]।

শোধ (p. 784) [śōdha] বি. 1 (ঋণাদি) পরিশোধ, প্রত্যর্পণ (ধার শোধ করা); 2 প্রতিশোধ, প্রতিহিংসা গ্রহণ (এর শোধ নেবই, শোধ তুলতে হবে); 3 শোধন, শুদ্ধি। [সং. √ শুধ্ + অ]। শোধ করা, শোধ দেওয়া ক্রি. বি. পরিশোধ হওয়া। জন্মের শোধ ক্রি-বিণ. জন্মের মতো, শেষবার বা শেষবারের মতো (জন্মের শোধ খেয়ে নাও)।˜ বোধ বি হিংসা ও প্রতিহিংসা বা হারজিত সমান-সমান হওয়া, মিটমাট। শোধা ক্রি. শোধ করা ('শুধেছি কঠিন ঋণ': রবীন্দ্র)।

শোধক (p. 784) [śōdhaka] বিণ. 1 শোধনকারী; 2 সংশোধনকারী, সংস্কারক। [সং. √ শুধ্ + অক]।

শোধন (p. 784) [śōdhana] বি. 1 পবিত্র বা নির্মল করা; 2 সংস্কার; 3 ভুল দূরীকরণ, সংশোধন; 4 (ঋণাদি) পরিশোধ। [সং. √ শুধ্ + অন]। শোধনি বি.

(স্ত্রী.) সম্মার্জনী, ঝাঁটা। শোধনীয়, শোধ্য বিণ. শোধনযোগ্য; শোধন বা শোধ করতে হবে এমন। শোধিত বিণ. শোধন বা শোধ করা হয়েছে এমন।

শোধরানো, শোধা, শোধানো (p. 784) [śōdharānō, śōdhā, śōdhānō] যথাক্রমে দ্র শুধরানো, শুধা1 ও শুধানো।

শোনা, শোনানো (p. 784) [śōnā, śōnānō] দ্র শুনা।

শোভন (p. 784) [śōbhana] বিণ. 1 সুন্দর, সুদৃশ্য, উপযুক্ত (শোভন আকৃতি, উক্তি বা আচরণ); 2 মানায় বা ভালো দেখায় এমন, শোভাজনক। [সং. √ শুভ্ + অন]। স্ত্রী. শোভনা। বি.˜ তা যোগ্যতা, রমণীয়তা (শোভনতা রক্ষা করা)।

শোভ-নীয় (p. 784) [śōbha-nīẏa] বিণ. (অসং.) শোভন।

শোভ-মান (p. 784) [śōbha-māna] বিণ. শোভা পাচ্ছে বা শোভিত হচ্ছে এমন (কণ্ঠে মুক্তাহার শোভমান)। [সং.√ শুভ্ + মান (শানচ্)]। স্ত্রী. শোভ-মানা।

শোভা (p. 784) [śōbhā] বি. 1 সৌন্দর্য, কান্তি, বাহার; 2 সৌন্দর্যের বা উজ্জ্বলতার বিকাশ। [সং. √ শুভ্ + অ + আ]। শোভা পাওয়া ক্রি. বি. 1 সৌন্দর্য বিস্তার করা, শোভাযুক্ত হয়ে বিরাজ করা; 2 যোগ্য হওয়া (তোমার এমন কাজ শোভা পায় না); 3 ভালো দেখানো (ধনীর সবই শোভা পায়)।˜ কর বিণ. শোভাদায়ক।˜ ঞ্জন বি. শজনেগাছ।˜ ন্তরী অব্য. চমৎকার, বেশ বেশ, শাবাশ।˜ ময় বিণ. শোভাপূর্ণ। স্ত্রী.˜ ময়ী।˜ যাত্রা বি. বহুলোকের একত্রে সমারোহের সঙ্গে যাওয়া, মিছিল।˜ যাত্রী (-ত্রিন্) বি. বিণ. মিছিলের সঙ্গে গমনকারী।˜ শূন্য,˜ হীন

বিণ. সৌন্দর্যহীন; সৌন্দর্যের বিকাশশূন্য। শোভিত বিণ. শোভাযুক্ত, ভূষিত। স্ত্রী. শোভিতা। শোভী (-ভিন্) বিণ. 1 শোভাদানকারী; 2 শোভাযুক্ত, সুন্দর। স্ত্রী. শোভিনী। শোভা ক্রি. (কাব্যে) শোভা পাওয়া ('লঙ্কাপুরী শোভিল সম্মুখে': মধু.)।

শোয়া, শোয়ানো (p. 784) [śōẏā, śōẏānō] দ্র শুয়া।

শোয়া-বসা (p. 784) [śōẏā-basā] বি. একসঙ্গে সময় কাটানো; বসবাস (যাদের সঙ্গে শোয়াবসা করি তাদের সঙ্গে ঝগড়া করা যায় না)। [বাং. শুয়া + বসা]।

শোর (p. 784) [śōra] বি. উচ্চ রব, চিৎকার। [ফা.]। ˜ গোল বি. হইচই, তীব্র গোলমাল, গণ্ডগোল।

শোরা (p. 784) [śōrā] বি. লবণজাতীয় পদার্থবিশেষ, যবক্ষার, nitre. [ফা.]।

শোল (p. 786) [śōla] বি. আঁশযুক্ত কালো লম্বাটে মাছবিশেষ। [সং. শকুল]।

শোলা (p. 786) [śōlā] বি. 1 জলজ উদ্ভিদবিশেষ; 2 উক্ত উদ্ভিদের পলকা ও নরম কাঠ (শোলা শিল্প)। [হি. সোলা]।

শোষ (p. 786) [śōṣa] বি. 1 শুষ্কতা, নীরসতা; 2 ক্ষয়রোগ; 3 (বাং.) নালি-ঘা, sinus. [সং. √ শুষ্ + অ]। ˜ কাগজ বি. যে কাগজ জল কালি ইত্যাদি তরল দ্রব্য দ্রুত শুষে নেয়, blotting paper.

শোষক (p. 786) [śōṣaka] দ্র শোষণ।

শোষণ (p. 786) [śōṣaṇa] বি. 1 তরল পদার্থের রস টেনে নেওয়া (রক্ত শোষণ); 2 নীরস বা শুষ্ক করা; 3 (গৌণ অর্থে) পরকে ক্রমাগত বঞ্চনা করে তার ধনসম্পদ নিজে ভোগ করা (ধনীর দ্বারা দরিদ্রকে শোষণ, ইংরেজ কর্তৃক ভারত শোষণ); 4 শুষ্কীকরণ। [সং. √ শুষ্ + ণিচ্ + অন]। শোষক বিণ. বি. শোষণকারী, যে শোষণ করে। শোষিত বিণ. শোষণ করা হয়েছে এমন; নীরসীকৃত।

শোষা, শোষানো (p. 786) [śōṣā, śōṣānō] দ্র শুষা।

শোহরত (p. 786) [śōharata] বি. ঘোষণা বা প্রচার (ঢোল-শোহরত)। [আ. শুহ্রত্]।

শোহিনি (p. 786) [śōhini] বি. সংগীতে রাত্রিকালীন রাগিণীবিশেষ। [সং. শোভিনী]।

শৌকর (p. 786) [śaukara] বিণ. শূকর-সম্বন্ধীয়। [সং. শূকর + অ]। শৌকর্য বি. শূকরত্ব।

শৌক্তিক, শৌক্তিকেয়, শৌক্তেয় (p. 786) [śauktika, śauktikēẏa, śauktēẏa] বিণ. ঝিনুকজাত, শুক্তিজাত, শুক্তি থেকে উৎপন্ন। □ বি. মুক্তা। [সং. শুক্তি + ইক, শুক্তিক + এয়, শুক্তি + এয়]।

শৌক্ল্য (p. 786) [śauklya] বি. শুক্লতা, শুভ্রতা। [সং. শুক্ল + য]।

শৌখিন, (বর্জি.) শৌখীন (p. 786) [śaukhina, (barji.) śaukhīna] বিণ. 1 শখযুক্ত, বিলাসী; 2 রুচিসম্পন্ন (শৌখিন বেশভূষা); 3 মনোরম, শখ মেটায় বা তৃপ্ত করে এমন (শৌখিন দ্রব্য); 4 শখের (শৌখিন বৈরাগ্য)। [আ. শৌকীন্]।

শৌচ (p. 786) [śauca] বি. 1 শুচিতা; 2 শাস্ত্রানুসারে অন্তর ও দেহের শোধন; 3 মলত্যাগের পর মলদ্বার ইত্যাদি পরিষ্কার করা। [সং. শুচি + অ]। শৌচাগার বি. মলমূত্রাদি ত্যাগের জন্য ঘর, lavatory .

শৌণ্ড (p. 786) [śauṇḍa] বিণ. 1 মাতাল, মত্ত; 2 অত্যন্ত আসক্ত বা দক্ষ (অক্ষশৌণ্ড); 3 বিখ্যাত (দানশৌণ্ড)। [সং. শুণ্ডা (=মদ) + অ]। শৌণ্ডিক, শৌণ্ডী (-ণ্ডিন্) বি. মদ্যব্যবসায়ী, শুঁড়ি। শৌণ্ডিকালয় বি. শুঁড়িখানা, মদের দোকান।

শৌদ্ধোদনি (p. 786) [śauddhōdani] বি. শুদ্ধোদনের পুত্র অর্থাত্ বুদ্ধদেব। [সং. শুদ্ধোদন + ই]।

শৌদ্র (p. 786) [śaudra] বিণ. 1 শূদ্র-সম্বন্ধীয়; 2 শূদ্রের পক্ষে বিহিত বা উচিত এমন; 3 শূদ্রসুলভ। [সং. শূদ্র + অ]।

শৌনিক (p. 786) [śaunika] বি. 1 কসাই, মাংসবিক্রেতা; 2 মৃগয়া। [সং. শূনা + ইক]।

শৌভিক (p. 786) [śaubhika] বি. জাদুকর, ঐন্দ্রজালিক। [সং. শোভা + ইক]।

শৌর-সেনী (p. 786) [śaura-sēnī] বি. 1 প্রাচীন ভারতের মৌখিক ভাষাবিশেষ। [সং. শূরসেন + অ + ঈ]।

শৌরি (p. 786) [śauri] বি. 1 শূর নৃপতির পৌত্র; 2 শূর বংশের সন্তান; 3 শ্রীকৃষ্ণ; 4 শনিগ্রহ। [সং. শূর + ই]।

শৌর্য (p. 786) [śaurya] বি. 1 বীরত্ব, বীর্য; 2 শক্তি ও সাহস। [সং. শূর + য]।˜ শালী (-লিন্) বিণ. বীরত্বপূর্ণ; শৌর্যযুক্ত।˜ শালিনী। বি.˜ শালিতা।

শৌল্ক, শৌল্কিক (p. 786) [śaulka, śaulkika] বিণ. শুল্ক-সম্বন্ধীয়। □ বি. শুল্কাধ্যক্ষ, শুল্ক-আদায়কারী। [সং. শুল্ক + অ, ইক]।

শৌহর (p. 786) [śauhara] বি. (বিরল) স্বামী, পতি। [ফা. শৌহর]।

শ্ব1 (p. 786) [śba1] অব্য. আগামী দিবস, কাল (পরশ্ব)। [সং. শ্বস্]।

শ্ব2 (p. 786) [śba2] বি. কুকুর (শ্বদন্ত)। [সং. শ্বন্]।

শ্বদন্ত (p. 786) [śbadanta] বি. কুকুরের দাঁতের মতো তীক্ষ্ণ দাঁত, canine tooth. [সং. শ্বন্ (=কুকুর) + দন্ত]।

শ্ববৃত্তি (p. 786) [śbabṛtti] বি. 1 কুকুরতুল্য আচরণ; 2 সেবা; 3 চাকরি; 4 পরনির্ভরতা; 5 খোশামোদ বা খোশামোদের দ্বারা জীবিকার্জন। [সং. শ্বন্ + বৃত্তি]।

শ্বশুর (p. 786) [śbaśura] বি. পতির বা পত্নীর পিতা বা পিতৃস্থানীয় ব্যক্তি। [সং. শু + √ অশ্ + উর]। শ্বশ্রূ বি. (স্ত্রী.) শ্বশুরের পত্নী, শাশুড়ি।˜ ঘর বি. পতিগৃহ। শ্বশুরঘর করা ক্রি. বি. পতিগৃহে গিয়ে সংসার করা।˜ বাড়ি, শ্বশুরালয় বি. শ্বশুরের বাসভবন।

শ্বশুর্য (p. 786) [śbaśurya] বি. শ্বশুরের পুত্র, শ্যালক। [সং. শ্বশুর + য]।

শ্বশ্রু (p. 786) [śbaśru] দ্র শ্বশুর।

শ্বসন (p. 786) [śbasana] বি. শ্বাস গ্রহণ ও ত্যাগ (শ্বসনকার্য)। [সং. শ্বস্ + অন]। শ্বস-মান বিণ. শ্বাসগ্রহণ ও ত্যাগ করছে এমন। শ্বসিত বিণ. শ্বাসরূপে গ্রহণ ও ত্যাগ করা হচ্ছে বা হয়েছে এমন; নিশ্বাস-প্রশ্বাসযুক্ত।

শ্বাপদ (p. 786) [śbāpada] বি. 1 (মূলত) যার পা কুকুরের পায়ের মতো; 2 শিকারি বা মাংসাশী হিংস্র পশু (শ্বাপদসংকুল অরণ্য)। [সং. শ্বন্ + পদ]।˜ সংকুল,˜ সমাকীর্ণ বিণ. হিংস্র জন্তুতে পূর্ণ।

শ্বাপুচ্ছ (p. 786) [śbāpuccha] বি. কুকুরের লেজ। [সং. শ্বন্ + পুচ্ছ]।

শ্বাস (p. 786) [śbāsa] বি. 1 নিশ্বাস-প্রশ্বাস; 2 হাঁপানি-রোগ; 3 মৃত্যুর পূর্বের শ্বাস। [সং. √ শ্বস্ + অ]। শ্বাস ওঠা ক্রি. বি. আসন্ন মৃত্যুসূচক শ্বাসকষ্ট হওয়া।˜ কর্ম,˜ কার্য,˜ ক্রিয়া বি. শ্বাস গ্রহণ ও ত্যাগ।˜ কষ্ট বি. 1 শ্বাস গ্রহণ ও ত্যাগ করতে কষ্ট হয় যে রোগে; 2 মুমূর্ষু অবস্থায় শ্বাস গ্রহণ ও ত্যাগে কষ্টবোধ।˜

নালি বি. যে নালি দিয়ে শ্বাস গৃহীত ও পরিত্যক্ত হয়, ক্লোমনালিকা, windpipe.˜ প্রশ্বাস বি. 1 গৃহীত ও পরিত্যক্ত শ্বাস; 2 শ্বাস গ্রহণ ও ত্যাগ।˜ রোগ বি. হাঁপানি ব্রঙ্কাইটিস প্রভৃতি রোগ যাতে শ্বাসকষ্ট হয়।˜ রোধ বি. 1 শ্বাস গ্রহণ ও ত্যাগে বাধা বা অক্ষমতা; 2 শ্বাসবন্ধ। শ্বাসারি বি. শ্বাসরোগ দূরকারী ওষুধ।

শ্বিত্র (p. 786) [śbitra] বি. শ্বেতি বা ধবল রোগ; (তথাকথিত) শ্বেতকুষ্ঠ। [সং. √ শ্বিত্ + র]।

শ্বেত (p. 786) [śbēta] বি. সাদা রং। □ বিণ. সাদা, শুভ্র, ধবল (শ্বেতকায়)। [সং. √ শ্বিত্ + অ]। স্ত্রী. শ্বেতা।˜ কুষ্ঠ বি. যে-রোগে গায়ের চামড়া সাদা হয়ে যায়, ধবলরোগ।˜ চন্দন বি. সাদা চন্দন।˜চর্ম বি. 1 সাদা চামড়া; 2 ইংরেজ-আদি ইয়োরোপীয় যাদের গায়ের রং সাদা। □ বিণ. সাদা চামড়াবিশিষ্ট।˜দ্বীপ বি. 1 পৌরাণিক দ্বীপবিশেষ, চন্দ্রদ্বীপ; 2 (ব্যঙ্গে) গ্রেট ব্রিটেন, বিলাত।˜পদ্ম বি. সাদা রঙের পদ্মফুল।˜প্রস্তর,˜পাথর বি. সাদা রঙের মর্মর পাথর।˜প্রদর বি. স্ত্রীজননেন্দ্রিয়ের ব্যাধিবিশেষ, স্ত্রীলোকের জননেন্দ্রিয় থেকে শ্বেতস্রাব।˜ভুজা বি. সরস্বতী।˜সার বি. খাদ্যশস্য বা ফলমূলাদির শ্বেতাংশ, পালো, starch. শ্বেতাভ বিণ. সাদা আভাযুক্ত, ঈষত্ সাদা। শ্বেতাম্বর বি. শুভ্রবসনধারী জৈনসম্প্রদায়বিশেষ। শ্বেতি বি. মূলত যকৃতের বৈকল্যের জন্য দেহচর্মের অস্বাভাবিক শুভ্রতারোগ, ধবলরোগ।

শ্বৈত্য (p. 786) [śbaitya] বি. শ্বেতভাব, শুক্লতা। [সং. শ্বেত + য]।

শ্মশান (p. 786) [śmaśāna] বি. শবদাহের স্থান, মশান। [সং. শ্মন্ + শান]।˜কালী বি. শ্মশানচারিণীরূপে কল্পিতা কালীমূর্তি।˜চারী (-রিন্),˜বাসী (-

সিন্) বিণ. শ্মশানে বিচরণকারী বা বাসকারী। □ বি. 1 শিব, ভূতনাথ; 2 ভূত, প্রেত।˜চারিণী,˜বাসিনী বিণ. (স্ত্রী.) শ্মশানে বিচরণকারিণী বা বাসকারিণী। □ বি. কালিকাদেবী।˜পুরী,˜ভূমি বি. 1 শবদাহস্থান, শ্মশান; 2 (আল.) জনশূন্য হওয়ার ফলে শ্মশানের মতো মনে হয় এমন স্থান।˜বন্ধু বি. যে-ব্যক্তি দাহকার্যের জন্য শবানুগমন করে শ্মশানে যায়।˜বৈরাগ্য বি. শ্মশানে শবদাহকালে বিষয়-বাসনা সম্পর্কে যে ঔদাসীন্য বা বিমুখতা জন্মে।

শ্মশ্রু (p. 786) [śmaśru] বি. 1 দাড়িগোঁফ; 2 (বাং.) দাড়ি। [সং. শ্মন্ + √ শ্রি + উ]।˜মণ্ডিত,˜ল,˜শোভিত বিণ. শ্মশ্রুময়, দাড়িগোঁফে ঢাকা (শ্মশ্রুমণ্ডিত মুখমণ্ডল)।

শ্যাওড়া, শ্যাওলা (p. 786) [śyāōḍ়ā, śyāōlā] যথাক্রক্ শেওড়া ও শেওলা-র বানানভেদ।

শ্যাম (p. 786) [śyāma] বিণ. 1 মেঘবর্ণ, কৃষ্ণবর্ণ; 2 ঘন নীলবর্ণ; 3 ফরসা নয় এমন (শ্যামাঙ্গী); 4 সবুজবর্ণ (শ্যাম দূর্বাদল)। □ বি. 1 শ্রীকৃষ্ণ; 2 প্রয়াগের সুপ্রাচীন বটগাছবিশেষ। [সং √ শৈ +ম]।˜চাঁদ বি. 2 শ্রীকৃষ্ণ; 2 (কৌতু.) প্রজাপীড়নার্থ নীলকর সাহেবদের বেত বা চাবুক। শ্যাম রাখি কি কুল রাখি 1 একদিকে পরপুরুষ শ্যামের প্রতি গভীর আসক্তি অন্যদিকে সতীত্বধর্ম ও কুলমর্যাদা এই দোটানায় পড়ে রাধার মানসিক দ্বন্দ্ব; 2 (আল.) উভয়সংকট।˜রায় বি. শ্রীকৃষ্ণ।˜সুন্দর বি. শ্রীকৃষ্ণ। শ্যামাঙ্গ বিণ. কৃষ্ণবর্ণ দেহযুক্ত। স্ত্রী. শ্যামাঙ্গী, (বাং.) শ্যামাঙ্গিনী। শ্যামায়-মান বি. শ্যামবর্ণ ধারণ করেছে এমন। স্ত্রী. শ্যামায়-মানা।

শ্যামক, শ্যামাক (p. 786) [śyāmaka, śyāmāka] বি. ধানবিশেষ। [সং. শ্যাম + ক, শ্যামা + ক]।

শ্যামল, (প্রা. কা.) শ্যামর (p. 786) [śyāmala, (prā. kā.) śyāmara] বিণ. শ্যামবর্ণযুক্ত (শ্যামল বনানী)। [সং. শ্যাম + ল]। স্ত্রী. শ্যামলা (শস্যশ্যামলা)। বি. ̃তা ̃ত্ব, শ্যামালিমা (-মন্)। শ্যামলী বি. শ্যামবর্ণা গাভীর নাম।

শ্যামা1 (p. 786) [śyāmā1] বি. ক্ষুদ্র বন্য ধানবিশেষ। [সং. শ্যামক]।

শ্যামা2 (p. 786) [śyāmā2] বি. 1 শীতকালে সুখোষ্ণ গ্রীষ্মকালে সুখশীতলা তপ্তকাঞ্চনবর্ণা সুন্দরী যুবতী; 2 কৃষ্ণবর্ণা স্ত্রী; 3 কালিকাদেবী (শ্যামাপূজা); 4 দোয়েলজাতীয় লেজঝোলা পাখিবিশেষ; 5 যমুনা নদী; 6 প্রিয়ঙ্গুলতা। ̃পোকা বি. সবুজ পোকাবিশেষ, দেওয়ালি পোকা, শ্যামাপোকা ̃লতা বি. প্রিয়ঙ্গুলতা।

শ্যাম্পু (p. 786) [śyāmpu] বি. চুল পরিষ্কার করার তরলীকৃত ও সুগন্ধযুক্ত পদার্থবিশেষ বা তা দিয়ে চুল ধোঁয়া। [ইং. shampoo]।

শ্যালক (p. 786) [śyālaka] বি. পত্নীর ভ্রাতা বা তৎস্থানীয় ব্যক্তি, শালা। [সং. শ্যল + ক]। শ্যালী, শ্যালিকা বি. (স্ত্রী.) পত্নীর ভগিনী বা তৎস্থানীয়া নারী। শ্যালী-পতি বি. ভায়রাভাই।

শ্যেন (p. 786) [śyēna] বি. বাজপাখি। [সং. √শ্যৈ + ইন + অ]। স্ত্রী. শ্যেনী। ̃চক্ষু, (বর্জি.) ̃চক্ষুঃ, ̃দৃষ্টি বি. বাজপাখির মতো তীক্ষ্ণ নজর।

শ্রথন (p. 786) [śrathana] বি. 1 বন্ধন; 2 হত্যা, বধ। [সং. √শ্রথ্ + অন]।

শ্রথিত (p. 786) [śrathita] বিণ. 1 বন্ধন করা বা বাঁধা হয়েছে এমন; 2 নিহত; বধ করা হয়েছে এমন।

শ্রদ্দ-ধান (p. 786) [śradda-dhāna] বিণ. শ্রদ্ধার ভাবযুক্ত, শ্রদ্ধাপূর্ণ, সশ্রদ্ধ। [সং. শ্রত্ + √ ধা + আন]।

শ্রদ্ধা (p. 786) [śraddhā] বি. 1 সম্মান, ভক্তি (গুরুজনকে শ্রদ্ধা করা); 2 দৃঢ়প্রত্যয়, আস্থা, বিশ্বাস (কবিরাজিতে তাঁর মোটেই শ্রদ্ধা নেই); 3 নিষ্ঠা (শ্রদ্ধাহীন পূজা); 4 স্পৃহা, রুচি (আহারে শ্রদ্ধা নেই)। [সং. শ্রত্ √ ধা + অ + আ]। ̃ন্বিত, ̃বান, ̃লু বিণ. শ্রদ্ধাযুক্ত (শ্রদ্ধান্বিত দৃষ্টি)। ̃ভাজন, ̃স্পদ বিণ. শ্রদ্ধার পাত্র ('শ্রদ্ধাভাজন সত্যি যে জন তারেই মানুষ শ্রদ্ধা দেবে': স. দ.)। ̃ভাজনেষু, ̃স্পদেষু শ্রদ্ধাভাজন ব্যক্তিকে পত্র লেখায় সম্বোধন বিশেষ। শ্রদ্ধেয় বিণ. শ্রদ্ধার যোগ্য, সমাদরণীয়। স্ত্রী. শ্রদ্ধেয়া।

শ্রবণ (p. 786) [śrabaṇa] বি. 1 শোনা, আকর্ণন; 2 কান (শ্রবণগোচর, 'বরিষ শ্রবণে তব জলকলরব': দ্বি. রা.)। [সং. √ শ্রু + অন]। ̃পথ বি. কান। ̃বিবর বি. কানের ছিদ্র। ̃বহির্ভূত, শ্রবণাতীত বিণ. শোনা অসাধ্য এমন; শ্রুতির বাইরে। ̃মধুর বিণ. শ্রুতিমধুর। ̃সুখ-কর বিণ. শুনতে ভালো লাগে এমন, শ্রুতিমধুর। শ্রবনীয়, শ্রব্য, শ্রাব্য বিণ. শ্রবণযোগ্য, শোনার যোগ্য, শুনতে পারা যায় এমন (শ্রাব্য-অশ্রাব্য অনেক কথা)। শ্রব্য-কাব্য যে কাব্য অভিনয়োপযোগী নয় অর্থাত্ যা কেবল শুনতে বা পড়তে হয় (তু. দৃশ্যকাব্য)।

শ্রবণা (p. 786) [śrabaṇā] বি. (জ্যোতিষ.) দ্বাবিংশ নক্ষত্র। [সং. √ শ্রু + অন + আ]।

শ্রম (p. 786) [śrama] বি. মেহনত, পরিশ্রম, দৈহিক খাটুনি। [সং. √ শ্রম্ + অ]। শ্রম আদালত বি. শ্রমিক ও কর্মচারীদের সঙ্গে মালিকের বিরোধজনিত মামলার বিচারের বিশেষ আদালত, labour tribunal. ̃কাতর বিণ. পরিশ্রম করতে কষ্টোবোধ করে এমন। ̃জল, ̃বারি বি. ঘাম। ̃জীবী (-বিন্) বিণ. বি. দৈহিক শ্রমের সাহায্যে জীবিকার্জনকারী, শ্রমিক, মজুর। ̃দপ্তর, ̃দফ-তর বি. শ্রমিকদের স্বার্থসংক্রান্ত ব্যাপারে ভারপ্রাপ্ত সরকারি দপ্তর। ̃ বণ্টন, ̃ বিভাগ বি. একই দ্রব্য বা তার বিভিন্ন অংশ বিভিন্ন শ্রমিককে দিয়ে প্রস্তুত করানোর ব্যবস্থা, division of labour, ̃ বিমুখ বিণ. পরিশ্রম করতে চায় না এমন; অলস। ̃ লব্ধ বিণ. পরিশ্রমের ফলে অর্জিত। ̃ শীল বিণ. পরিশ্রমী। ̃ সাধ্য বিণ. যা সম্পাদন করতে পরিশ্রমের প্রয়োজন হয়।

শ্রমণ (p. 786) [śramaṇa] বি. বৌদ্ধ সন্ন্যাসী, ভিক্ষু। [সং. √ শ্রম্ + অন]। স্ত্রী. শ্রমণা।

শ্রমিক (p. 786) [śramika] বি. শ্রমজীবী, মজুর (শ্রমিক-মালিক সংঘর্ষ)। [সং. √ শ্রম্ + ইক]। শ্রমিক সংগঠন, ̃ সংঘ বি. শ্রমিকদের স্বার্থরক্ষায় নিয়োজিত বা স্বার্থরক্ষার জন্য সৃষ্ট সংস্থা, labour organisation, trade union.

শ্রমী (p. 786) [śramī] (-মিন্) বিণ. পরিশ্রমী, শ্রমশীল। [সং. √ শ্রম্ + ইন্]। স্ত্রী. শ্রমিণী।

শ্রমোপ-জীবী (p. 786) [śramōpa-jībī] (-বিন্) বিণ. দৈহিক পরিশ্রমের দ্বারা জীবিকার্জনকারী, মেহনতি। [সং. শ্রম + উপ + √ জীব্ + ইন্]।

শ্রয়, শ্রয়ণ (p. 786) [śraẏa, śraẏaṇa] বিণ. আশ্রয়, অবলম্বন, সহায়। [সং. √ শ্রি + অ, অন]। শ্রিত বিণ. আশ্রয়রূপে গৃহীত, অবলম্বিত। তু. আশ্রিত।

শ্রাদ্ধ (p. 786) [śrāddha] বি. 1 শ্রদ্ধার সঙ্গে মৃত ব্যক্তির উদ্দেশে পিণ্ডদান ও শাস্ত্রবিহিত অন্যান্য অনুষ্ঠান; 2 (ব্যঙ্গে) অযথা প্রয়োগ বা ব্যয়, অপচয় (টাকার শ্রাদ্ধ); 3 দারুণ উৎপীড়ন, সর্বনাশ (সে লোকটার শ্রাদ্ধ করে ছাড়বে-তু. আদ্যশ্রাদ্ধ)। [সং. শ্রদ্ধা + অ]। শ্রাদ্ধ খাওয়া ক্রি. বি. শ্রাদ্ধ উপলক্ষ্যে নিমন্ত্রিত হয়ে ভোজ খাওয়া। শ্রাদ্ধ গড়ানো ক্রি. বি. অবাঞ্ছিত ব্যাপার দীর্ঘস্থায়ী হওয়া।˜ বাসর বি. শ্রাদ্ধের দিন।˜ শান্তি বি. মৃতের আত্মার শান্তিকামনায় শ্রাদ্ধাদির অনুষ্ঠান। শ্রাদ্ধিক, শ্রাদ্ধীয় বিণ. শ্রাদ্ধসম্বন্ধীয়; শ্রাদ্ধে প্রদেয়। □ বি. শ্রাদ্ধে প্রদেয় দ্রব্য। ভূতের বাপের শ্রাদ্ধ (আল.) অতি বিশৃঙ্খল ব্যাপার।

শ্রান্ত (p. 786) [śrānta] বিণ. 1 পরিশ্রমের ফলে ক্লান্ত বা অবসাদগ্রস্ত; 2 মন্দীভূত; 3 শান্ত, নিবৃত্ত। [সং. √ শ্রম্ + ত]। শ্রান্তি বি. 1 পরিশ্রমজনিত ক্লান্তি, মন্হরতা বা নিবৃত্তি (শ্রান্তি ক্লান্তি); 2 বিশ্রাম, বিরাম। শ্রান্তি-রহিত, শ্রান্তি-হীন বিণ. 1 পরিশ্রমে ক্লান্ত হয় না এমন; 2 অবিরাম, অবিশ্রাম।

শ্রাবক (p. 786) [śrābaka] বি. 1 শ্রবণকারী, শ্রোতা; 2 শিষ্য; 3 বৌদ্ধ গৃহস্থ। [সং. √ শ্রু + অক]।

শ্রাবণ1 (p. 786) [śrābaṇa1] বি. বাংলা বৎসরের চতুর্থ মাস। □ বিণ. শ্রবণা নক্ষত্র সম্বন্ধীয়। [সং. শ্রবণা + অ]। শ্রাবণী, শ্রাবণিক বিণ. শ্রাবণসম্বন্ধীয়, শ্রাবণের (শ্রাবণী পূর্ণিমা)।

শ্রাবণ2 (p. 786) [śrābaṇa2] বিণ. শ্রবণেন্দ্রিয়জনিত; শ্রবণেন্দ্রিয়সম্বন্ধীয় (শ্রাবণ জ্ঞান)। [সং. শ্রবণ + অ]।

শ্রাবিত (p. 786) [śrābita] বিণ. শুনানো হয়েছে এমন। [সং. √ শ্রু + ণিচ্ + ত]।

শ্রাব্য (p. 786) [śrābya] দ্র শ্রবণ।

শ্রিত (p. 786) [śrita] দ্র শ্রয়।

শ্রী (p. 786) [śrī] বি. 1 লক্ষ্মীদেবী; 2 ঐশ্বর্য, সম্পদ, সৌভাগ্য (শ্রীবৃদ্ধি); 3 সৌন্দর্য, লাবণ্য, শোভা (মুখশ্রী); 4 ঢং, ভঙ্গি (কথার কোনো শ্রী নেই); 5 জীবিত ব্যক্তি, দেবতা, অবতার বা মহাপুরুষের নামের পূর্বে এবং বৈষ্ণবদের পবিত্র বস্তু ও তীর্থস্থানাদির উল্লেখের পূর্বে বিশেষণের মতো ব্যবহৃত শব্দবিশেষ (শ্রীহরি, শ্রীকৃষ্ণ, শ্রীক্ষেত্র, শ্রীসেনগুপ্ত); 6 সংগীতে রাত্রিকালীন রাগবিশেষ। [সং. √ শ্রি + ক্বিপ্]। ̃ অঙ্গ বি. সুন্দর বা পবিত্র দেহ (সচ. দেবতা, পূজ্য ব্যক্তি ও প্রিয়জনের দেহ সম্বন্ধে প্রযোজ্য)। ̃ কণ্ঠ বি. শিব। ̃ কান্ত বি. বিষ্ণু। ̃ ক্ষেত্র বি. পুরীধাম। ̃ খণ্ড বি. চন্দনকাঠ। ̃ খণ্ডি বি. 1 মঙ্গলানুষ্ঠানে পরিধেয় তাঁতবস্ত্রবিশেষ; 2 বিবাহের পিঁড়ি। ̃ খোল বি. কীর্তনগানের সংগতে ব্যবহৃত খোল। ̃ ঘর বি. (ব্যঙ্গে) জেলখানা, কারাগার। ̃ ঘর-বাস বি. জেলে যাওয়া বা থাকা অর্থাত্ কয়েদি হয়ে জেলে থাকা। ̃

চরণ,˜ চরণ-কমল বি. পূজ্য ব্যক্তি বা গুরুজনের চরণ।˜ চরণ-কমলেষু,˜ চরণেষু পূজ্য ব্যক্তির কাছে পত্র লেখার পাঠবিশেষ।˜ ছাঁদ বি. লাবণ্য, সৌন্দর্য (কথার কোনো শ্রীছাঁদ নেই)। কথ্য ছিরি-ছাঁদ।˜ ধর বি. বিষ্ণু; শ্রীকৃষ্ণ।˜ নিবাস,˜ পতি বি. বিষ্ণু।˜ পঞ্চমী বি. মাঘ মাসের শুক্লাপঞ্চমী; সরস্বতীপূজার তিথি।˜ পদ,˜ পদ-পঙ্কজ,˜ পদ-পল্লব,˜ পদ-কমল,˜ পাদ,˜ পাদ-পদ্ম শ্রীচরণ এর অনুরূপ (নিত্যানন্দ শ্রীপাদ)।˜ পর্ণ বি. পদ্ম।˜ ফল বি. বেল।˜ বৎস বি. 1 শনির দ্বারা উৎপীড়িত পুরাণোক্ত রাজা; 2 বিষ্ণুর বক্ষস্থ দক্ষিণাবর্ত লোমরাজি।˜ বৎস-লাঞ্ছন বি. 1 সমৃদ্ধি, উন্নতি।˜ ভ্রষ্ট বিণ. সম্পদ বা সৌন্দর্য হারিয়েছে এমন, লক্ষ্মীছাড়া।˜ মণ্ডিত বিণ. শ্রীযুক্ত; সম্পদশালী; সৌন্দর্যময়।˜ মৎ বি. মহিমময়; সাধুসন্ন্যাসীদের এবং পবিত্র গ্রন্থাদির নামের পূর্বে প্রযুক্ত সম্মানসূচক শব্দ (শ্রীমৎ স্বামীলোকেশ্বরানন্দ, শ্রীমদ্ভাগবত)।˜ মতী বিণ. (স্ত্রী.) সৌভাগ্যবতী। □ বি. 1 সুন্দরী নারী; যুবতী; 2 রাধা।˜ মন্ত বিণ. সৌভাগ্যবান; সম্পদশালী।˜ মান বিণ. 1 সুন্দর, কান্তিময়; 2 সৌভাগ্যশালী; 3 লক্ষ্মীমন্ত।˜ মুখ বি. সুন্দর মুখ; পবিত্র মুখ।˜ যুক্ত,˜ যুত বিণ. সৌভাগ্যযুক্ত, মহাশয় (মান্য পুরুষের নামের পূর্বে প্রযুক্ত)। স্ত্রী.˜ যুক্তা।˜ ল বিণ. সৌভাগ্যবান, লক্ষ্মীমন্ত (বিশেষত মান্য পুরুষের নামের পূর্বে প্রযুক্ত)।˜ শ বি. বিষ্ণু।˜ হস্ত বি. সুন্দর বা পবিত্র হাত।˜ হস্তিনী বি. হাতিশুঁড়া গাছ।˜ হীন বিণ. 1 শোভাসৌন্দর্যহীন; 2 সৌভাগ্যহীন। বি.˜ হীনতা।

শ্রুত (p. 786) [śruta] বিণ. 1 শোনা হয়েছে এমন; 2 প্রসিদ্ধ, বিখ্যাত (শ্রুতকীর্তি)। □ বি. (গুরুপররম্পরায় লব্ধ) জ্ঞান, বেদ। [সং. √ শ্রু + ত]।˜ কীর্তি বিণ. বিখ্যাত, যশস্বী।˜ ধর দ্র শ্রুতি।˜ পূর্ব বিণ. পূর্বে শ্রুত।˜ মাত্র ক্রি-বিণ. শোনামাত্র, শোনার সঙ্গে সঙ্গে।˜ লিখন বি. শুনে শুনে লেখা।

শ্রুতি (p. 789) [śruti] বি. 1 শ্রবণ; 2 শ্রবণেন্দ্রিয়, কান (শ্রুতিগোচর); 3 লোকপরম্পরায় প্রচলিত কাহিনি প্রবচন প্রভৃতি, কিংবদন্তি, প্রবাদ (জনশ্রুতি); 4 গুরুমুখ থেকে যা শ্রুত হয়, যেমন বেদ (শ্রুতিস্মৃতি); 5 (সংগীতে) সুর থেকে সুরান্তরে কণ্ঠ পরিবর্তনকালে যে সূক্ষ্ম সুরাংশ শ্রুত হয়। [সং. √ শ্রু + তি]।˜ কটু,˜ কঠোর বিণ. শুনতে কর্কশ।˜ গম্য,˜ গোচর বিণ. শোনা যায় বা শোনা যেতে পারে এমন ('বাসুকির নাভিশ্বাস শ্রুতিগম্য হল অচিরাত্': সু. দ.)।˜ ধর, শ্রুত-ধর বি. শোনামাত্র স্মৃতিতে ধরে রাখতে পারে এমন ব্যক্তি।˜ নাটক বি. যে-নাটকের অভিনয় কেবল কানে শোনার জন্য রচিত।˜ পথ বি. 1 কানের ছিদ্র; 2 কর্ণরূপ পথ ('শ্রুতিপথে শুনলু')।˜ মধুর বিণ. শুনতে মিষ্টি। বি.˜ মধুরতা,˜ মাধুর্য।˜ মূল বি. কানের গোড়া।

শ্রূয়-মান (p. 789) [śrūẏa-māna] বিণ. শোনা হচ্ছে এমন (শ্রূয়মান ধ্বনি, শ্রূয়মান সংগীত)। [সং. √ শ্রূ + মান (শানচ্)]।

শ্রেণি, শ্রেণী (p. 789) [śrēṇi, śrēṇī] বি. 1 পঙ্ক্তি, সারি (শ্রেণিবদ্ধ); 2 সম্প্রদায় (বিভিন্ন শ্রেণির লোক); 3 সমধর্মী বা সমকর্মী ব্যক্তিরা (ব্যবসায়ীশ্রেণী); 3 দল, পাল (মৃগশ্রেণি); 4 বিভাগ, ক্লাস (দ্বিতীয় শ্রেণি)। [সং. √ শ্রি + নি, + ঈ]।˜ বদ্ধ বিণ. সারিবাঁধা।˜ বিন্যাস বি. বিভিন্ন শ্রেণিতে সাজিয়ে রাখা।˜ ভুক্ত বিণ. শ্রেণির অন্তর্ভুক্ত, দলভুক্ত।˜ সংগ্রাম,˜ সংঘাত বি. (রাজ.) প্রতিষ্ঠা বা প্রাধান্য লাভের জন্য বিভিন্ন শ্রেণিভুক্ত মানবসম্প্রদায়ের মধ্যে বিরোধ বা লড়াই, class struggle.˜ হীন বিণ. যেখানে শ্রেণি বা শ্রেণিতে শ্রেণিতে পার্থক্য নেই (শ্রেণিহীন সমাজ)।

শ্রেয়, শ্রেয়ঃ (p. 789) [śrēẏa, śrēẏḥ] (-যস্) বি. 1 মঙ্গল (শ্রেয়োবোধ); 2 শুভ, হিত; 3 ধর্ম; 4 মোক্ষ। □ বিণ. 1 হিতকর (শ্রেয় জ্ঞান করা); 2 প্রশস্ত, অধিকতর প্রশংসনীয় (অনেকগুণে শ্রেয় এর চেয়ে মৃত্যুও শ্রেয়)। [সং. প্রশস্য > শ্র + ঈয়স্]। শ্রেয়স্কর বিণ. হিতকর। স্ত্রী. শ্রেয়স্করী। শ্রেয়ান বিণ. (পুং.) 1 হিতকর; 2 শ্রেষ্ঠ; 3 প্রশস্ত, উত্তম। স্ত্রী. শ্রেয়সী। শ্রেয়ো-জনক বিণ. হিতকর, মঙ্গলজনক; প্রশস্ত। শ্রেয়ো-লাভ বি. কল্যাণপ্রাপ্তি।

শ্রেষ্ঠ (p. 789) [śrēṣṭha] বিণ. 1 সকলের মধ্যে ভালো, সর্বপ্রধান; 2 তুলনায় উত্তম, উৎকৃষ্ট। [সং. প্রশস্য > শ্র + ইষ্ঠ]। স্ত্রী. শ্রেষ্ঠা। বি.˜ তা,˜ ত্ব (শ্রেষ্ঠতা বিচার, শ্রেষ্ঠত্ব বিচার)।˜ তর বিণ. উৎকৃষ্টতর, উৎকৃষ্টের মধ্যেও উৎকৃষ্টতর।˜ তম বিণ. উৎকৃষ্টতম, সর্বোৎকৃষ্ট।

শ্রেষ্ঠাংশ (p. 789) [śrēṣṭhāṃśa] বি. (বাং.) সিনেমা নাটক ইত্যাদিতে প্রধান ভূমিকা (শ্রেষ্ঠাংশে অভিনয় করেছেন)। [সং. শ্রেষ্ঠ + অংশ]।

শ্রেষ্ঠী (p. 789) [śrēṣṭhī] (-ষ্ঠিন্) বি. 1 বণিক, শেঠ; 2 অতি ধনী ব্যক্তি। [সং. শ্রেষ্ঠ + ইন্]।

শ্রোণি, শ্রোণী (p. 789) [śrōṇi, śrōṇī] বি. নিতম্ব, পাছা। [সং. √ শ্রোণ্ + ই, ঈ]।

শ্রোতব্য (p. 789) [śrōtabya] বি. শোনার যোগ্য, শ্রবণীয়; শ্রবণ করতে হয় এমন। [সং. √ শ্রু + তব্য]।

শ্রোতা (p. 789) [śrōtā] (-তৃ) বিণ. বি. শ্রবণকারী। [সং. √ শ্রু + তৃ]। শ্রোতৃ-বর্গ, শ্রোতৃ-মণ্ডল, শ্রোতৃ-মণ্ডলী বি. শ্রোতারা, শ্রোতার দল, audience.

শ্রোত্র (p. 789) [śrōtra] বি. 1 শ্রবণেন্দ্রিয়, কান; 2 বেদ, শ্রুতি। [সং. √ শ্রু + ত্র]।

শ্রোত্রিয় (p. 789) [śrōtriẏa] বি. 1 বেদজ্ঞ ব্রাহ্মণ; 2 অকুলীন ব্রাহ্মণের শাখাবিশেষ। [সং. শ্রোত্র + ইয়]।

শ্রৌত (p. 789) [śrauta] বিণ. 1 শ্রুতিসম্বন্ধীয়; 2 বেদনির্দিষ্ট, বেদানুমত; 3 বেদসম্বন্ধীয় (শ্রৌত কর্ম)। [সং. শ্রুতি + অ]।

শ্লক্ষ্ণ (p. 789) [ślakṣṇa] বিণ. 1 কোমল, স্নিগ্ধ; 2 মসৃণ। [সং. √ শ্লিষ্ + স্ন]। শ্লথ বিণ. 1 শিথিল, ঢিলা (বন্ধন শ্লথ হওয়া); 2 দীর্ঘসূত্র (কাজে বড়ো শ্লথ); 3 মন্হর ('শ্লথপায়ে চলি'); 4 আলুথালু, বিস্রস্ত (শ্লথবেশ)। [সং. √ শ্লথ্ + অ]।˜ ন বি. দীর্ঘসূত্রতা; অলসতা।

শ্লাঘা (p. 789) [ślāghā] বি. 1 প্রশংসা (তাঁর পক্ষে শ্লাঘার বিষয়); 2 গৌরব; 3 আত্মপ্রশংসা। [সং. √ শ্লাঘ্ + অ + আ]। শ্লাঘনীয়, শ্লাঘ্য বিণ. 1 প্রশংসার্হ; 2 স্পৃহণীয়।

শ্লিষ্ট (p. 789) [śliṣṭa] বিণ. 1 সংযুক্ত, জড়িত; 2 আলিঙ্গিত; 3 শ্লেষযুক্ত, দ্ব্যর্থবাচক, একাধিক অর্থজ্ঞাপক। [সং. √ শ্লিষ্ + ত]।

শ্লীপদ (p. 789) [ślīpada] বি. পায়ের শোথরোগ, গোদ, elephantiasis. [সং. শ্রী + পদ]।

শ্লীল (p. 789) [ślīla] বিণ. 1 ভদ্র, শিষ্ট; 2 রুচিসম্মত। [সং. শ্রী + ল]।

শ্লেষ (p. 789) [ślēṣa] বি. 1 (অল.) একাধিক অর্থে একই শব্দের ব্যবহার রূপ শব্দালংকার; 2 (বাং.) প্রচ্ছন্ন বিদ্রুপ (কথায় শ্লেষ আছে, শ্লেষোক্তি); 3 সংযোগ, সংস্রব; 4 আলিঙ্গন। [সং. √ শ্লিষ্ + অ]।

শ্লেষ্মা (p. 789) [ślēṣmā] (-ষ্মন্) বি. কফ্, গয়ের, শিকনি, সর্দি। [সং. √ শ্লিষ্ + মন্]।

শ্লৈষ্মিক (p. 789) [ślaiṣmika] বিণ. 1 শ্লেষ্মা-সংক্রান্ত; 2 শ্লেষ্মাবাহী। [সং. শ্লেষ্মা + ইক]। শ্লৈষ্মিক ঝিল্লি বি. দেহাভ্যন্তরের শ্লেষ্মা উৎপাদক ও নিঃসারক সূক্ষ্ম জালবত্ আবরণবিশেষ, mucous membrane.

শ্লোক (p. 789) [ślōka] বি. 1 সংস্কৃতে রচিত কবিতা, পদ্য বা পদ্যের অংশ; 2 খ্যাতি, যশ (পুণ্যশ্লোক)। [সং. √ শ্লোক্ + অ]।

ষ (p. 790) [ṣ] বাংলা ভাষার একত্রিংশ ব্যঞ্জনবর্ণ।

ষট্, (চলিত) ষট (p. 790) [ṣaṭ, (calita) ṣaṭa] বি. বিণ. ছয় সংখ্যা বা সংখ্যক, 6। [সং. ষষ্]। ষটক বি. সনেটজাতীয় কবিতার ছয়টি চরণের সমষ্টি, sestet.˜ কর্ম বি. 1 যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান ও প্রতিগ্রহ ব্রাহ্মণের

করণীয় এই ছয় কর্ম; 2 মারণ উচ্চাটন প্রভৃতি ছয়টি তান্ত্রিক প্রক্রিয়া। ˜ কর্মা (-র্মন্) বি. ষট্কর্মকারী ব্রাহ্মণ। □ বিণ. ষট্কর্মকারী। ˜ চক্র বি. মূলাধার স্বাধিষ্ঠান মণিপূরক অনাহত বিশুদ্ধ ও আজ্ঞা যোগশাস্ত্রোক্ত দেহমধ্যস্থ এই ছয় চক্র। ˜ চত্বারিংশ, ˜ চত্বারিংশত্তম বিণ. ছেচল্লিশ সংখ্যার পূরক 46 স্থানীয়। স্ত্রী. ˜ চত্বারিংশত্তমী। ˜ চত্বারিংশত্ বি. বিণ. ছেচল্লিষ সংখ্যা বা সংখ্যক। ˜ ত্রিংশ, ˜ ত্রিংশত্তমী। ˜ ত্রিংশত্ বি. বিণ. 36 সংখ্যা বা তার পূরক। ˜ পঞ্চাশ, ˜ পঞ্চাশত্তম বিণ. 56 সংখ্যার পূরক বা স্থানীয়। স্ত্রী. ˜ পঞ্চাশত্তমী। ˜ পঞ্চাশত্ বি. বিণ. 56 সংখ্যা বা তার পূরক। ˜ পদ বিণ. ছয়টি পা-যুক্ত। □ বি. ভ্রমর। ˜ পদী বিণ. ষট্ পদ -র স্ত্রীলিঙ্গে। □ বি. 1 উকুন; 2 ভ্রমরী; 3 ছয়চরণযুক্ত ছন্দবিশেষ। ˜ ষষ্ঠি-তম বিণ. 66 সংখ্যক বা স্থানীয়। স্ত্রী. ˜ ষষ্ঠি-তমী। ˜ ষষ্ঠি বি. বিণ. 66 সংখ্যা বা তার পূরক। ˜ সপ্ততি বি. বিণ. 76 সংখ্যা বা তার পূরক। ˜ সপ্ততি-তম বিণ. 76 সংখ্যক। স্ত্রী. ˜ সপ্ততি-তমী।

ষড় (p. 790) [ṣaḍ়] বি. চক্রান্ত, (কারও বিরুদ্ধে) গুপ্ত পরামর্শ (ষ়ড় করা)। [ফা. শলাহ্]।

ষড়্-ঋতু (p. 790) [ṣaḍ়-ṛtu] বি. গ্রীষ্ম বর্ষাদি ছয় ঋতু। [সং. ষট্ + ঋতু]।

ষড়্-গুণ (p. 790) [ṣaḍ়-guṇa] বি. রাজার আচরণীয় ছয় গুণ যথা, সন্ধি বিগ্রহ আসন যান দ্বৈধ ও আশ্রয়। [সং. ষট্ + গুণ]।

ষড়ঙ্গ (p. 790) [ṣaḍ়ṅga] বি. 1 মস্তক হস্তদ্বয় কোমর ও চরণদ্বয়-দেহের এই ছয় অঙ্গ; 2 শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দ জ্যোতিষ-বেদের এই ছয় অবয়ব

বা আনুষঙ্গিক শাস্ত্র; 3 ছয় বেদাঙ্গ; 4 গোমূত্র গোময় দুগ্ধ দধি ঘৃত গোরোচনা-এই ছয়টি মাঙ্গল্য দ্রব্য। □ বিণ. ছয় আয়ুক্ত। [সং. ষট্ + অঙ্গ]।

ষড়্জ, ষড়্জ (p. 790) [ṣaḍ্ja, ṣaḍ্ja] বি. (সংগীতে) স্বরগ্রামের প্রথম স্বর, 'সা'। [সং. ষট্ + √ জন্ + অ]।

ষড়্-দর্শন (p. 790) [ṣaḍ্-darśana] বি. সাংখ্য পাতঞ্জল পূর্বমীমাংস উত্তরমীমাংসা বা বেদান্ত ন্যায় ও বৈশেষিক-এই ছয়টি দর্শনশাস্ত্র। [সং. ষট্ + দর্শন]।

ষড়্ধা (p. 790) [ṣaḍ্dhā] অব্য. ক্রি-বিণ. 1 ছয়প্রকারে (ষড়ধা বিভক্ত); 2 ছয়বার। [সং. ষট্ + ধা]।

ষড়্বর্গ (p. 790) [ṣaḍ্barga] দ্র ষড়্রিপু।

ষড়্বিধ (p. 790) [ṣaḍ্bidha] বিণ. ছয়প্রকার। [সং. ষট্ + বিধা]।

ষড়ভিজ্ঞ (p. 790) [ṣaḍ্bhijña] বি. বুদ্ধদেব। [সং. ষট্ + অভিজ্ঞ]।

ষড়্-যন্ত্র (p. 790) [ṣaḍ্-yantra] বি. কারও বিরুদ্ধাচরণের জন্য গুপ্ত মন্ত্রণা, সংঘবদ্ধ চক্রান্ত। [সং. ষট্ + যন্ত্র]।

ষড়্-রস (p. 790) [ṣaḍ্-rasa] বি. লবণ কষায় কটু তিক্ত অম্ল ও মধুর - এই ছয় প্রকার রস বা স্বাদ। [সং. ষট্ + রস]।

ষড়-রিপু, ষড়্-রিপু (p. 790) [ṣaḍ্-ripu, ṣaḍ্-ripu] বি. কাম ক্রোধ লোভ মোহ মদ ও মাৎসর্য-শরীরস্থ এই ছয় শত্রু। [সং. ষট্ + রিপু]। ষড়্-বর্গ বি. ষড়্‌রিপু -র অনুরূপ।

ষড়শীতি (p. 790) [ṣaḍ্śīti] বিণ. বি. 86 সংখ্যা তার পূরক। [সং. ষট্ + অশীতি]। ˜ তম বিণ. ছিয়াশি সংখ্যার পূরক বা স্থানীয়।

ষড়ানন (p. 790) [ṣaḍ্ānana] বি. কার্তিকেয়। [সং. ষট্ + আনন]।

ষড়ৈশ্বর্য (p. 790) [ṣaḍ্aiśbarya] বি. ভগবানের ঐশ্বর্যাদি ছয়প্রকার মহিমা। [সং. ষট্ + ঐশ্বর্য]।

ষণ্ড (p. 790) [ṣaṇḍa] বি. 1 ষাঁড়, বৃষ; 2 নপুংসক। [সং. √ সন্ + ড]।

ষণ্ডামর্ক (p. 790) [ṣaṇḍāmarka] বি. ষণ্ড ও অমর্ক নামে শুক্রাচার্যের দুই বলিষ্ঠ ও একগুঁয়ে পুত্র; (গৌণার্থে) বলিষ্ঠ ও উগ্রপ্রকৃতি। [সং. ষণ্ড + অমর্ক]।

ষণ্ণবতি (p. 790) [ṣaṇṇabati] বি. বিণ. ছিয়ানব্বই সংখ্যা বা সংখ্যক, 96। [সং. ষট্ + নবতি]। ˜ তম বিণ. ছিয়ানব্বই সংখ্যক বা স্থানীয়। স্ত্রী. ˜ তমী।

শণ্মাস (p. 790) [śaṇmāsa] বি. ছয় মাস। [সং. ষট্ + মাস]। বিণ. ষাণ্মাসিক।

ষত্ব, ষত্ব-বিধান (p. 790) [ṣatba, ṣatba-bidhāna] বি. (ব্যাক.) 'ষ'-এর ব্যবহারবিধি। [সং. ষ + ত্ব, + বিধান]।

ষণ্ডা (p. 790) [ṣaṇḍā] বিণ. 1 ষাঁড়ের মতো গোঁয়ার ও বলবান; 2 বলিষ্ঠ। [সং. ষণ্ড + বাং. আ]।

ষণ্ডা-মার্কা (p. 790) [ṣaṇḍā-mārkā] বিণ. বলিষ্ঠ ও একগুঁয়ে প্রকৃতির; বলিষ্ঠ। [সং. ষণ্ড + বাং. আ + ইং. mark + বাং. আ]। তু. ষণ্ডামর্ক।

ষষ্ঠি (p. 790) [ṣaṣṭhi] বি. বিণ. ষাট সংখ্যা বা সংখ্যক, 6। [সং. ষষ্ + তি]।˜ তম বিণ. ষাটের পূরক।

ষষ্ঠ (p. 790) [ṣaṣṭha] বিণ. ছয়ের পূরক, ছয় সংখ্যক (ষষ্ঠ অধ্যায়)। [সং. ষষ্ + থ]।

ষষ্ঠী (p. 790) [ṣaṣṭhī] বিণ. (স্ত্রী.) ছয়ের স্থানীয়া (ষষ্ঠী তিথি)। □ বি. 1 সন্তানের রক্ষাকারিণী দেবীবিশেষ; 2 কৃত্তিকা; 3 (ব্যাক.) সম্বন্ধপদের বিভক্তি; 4 (জ্যোতিষ.) তিথিবিশেষ। [সং. ষষ্ঠ + ঈ]। ষষ্ঠী তত্-পুরুষ বি. ষষ্ঠীবিভক্তিযুক্ত পদের সঙ্গে অন্য পদের সমাসের নাম, সম্বন্ধ তৎপুরুষ।˜ তলা বি. বারোয়ারি ষষ্ঠী পূজার স্থান।˜ পূজা বি. ষষ্ঠীদেবীর পূজা; জাতকের জন্মের ষষ্ঠ দিনে অনুষ্ঠেয় মঙ্গলকর্মবিশেষ।˜ বাটা বিণ. জামাইষষ্ঠীর তত্ত্ব।˜ বুড়ি বি. ষষ্ঠীদেবী। ষষ্ঠীর বাহন বি. বিড়াল। ষষ্ঠীর কৃপা বি. 1 ষষ্ঠীদেবীর দয়া; 2 সন্তানলাভ।

ষাঁড় (p. 790) [ṣān̐ḍ◌̣] বি. ষণ্ড, বৃষ, পুরুষ গোরু। [প্রাকৃ. সংড < ষণ্ড]। ষাঁড়ের গোবর বি. (ব্যঙ্গে) যে লোক কোনো কাজের নয়, অকর্মণ্য ব্যক্তি। গোকুলের ষাঁড় (ব্যঙ্গে) স্বেচ্ছাবিহারী বা উচ্ছৃঙ্খল লোক।

ষাঁড়া (p. 791) [ṣān̐ḍ◌̣ā] বিণ. 1 নপুংসক; 2 বন্ধ্যা; বাঁঝা। [সং. ষণ্ট]।

ষাঁড়া-ষাঁড়ি (p. 791) [ṣān̐ḍ◌̣ā-ṣān̐ḍ◌̣i] বি. ষাঁড়ে ষাঁড়ে লড়াই। [বাং. ষাঁড় + আ + ষাঁড় + ই]। ষাঁড়াষাঁড়ির বান প্রবল গর্জন ও জলোচ্ছ্বাসযুক্ত বান।

ষাট1 (p. 791) [ṣāṭa1] বি. বিণ. 6 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ সট্ঠি, ষাঠি < সং. ষষ্ঠি]।

ষাট2, ষাঠ (p. 791) [ṣāṭa2, ṣāṭha] বি. পুত্রকন্যা বা কনিষ্ঠদের অমঙ্গল বা আঘাতজনিত কষ্ট নিবারণের জন্য ষষ্ঠীদেবীর নামোচ্চারণরূপ শব্দ। [সং. ষষ্ঠী- তু. ষেট]।

ষাণ্মাতুর (p. 791) [ṣāṇmātura] বি. কৃত্তিকা, দুর্গা ইত্যাদি ছয় মাতার সন্তান, কার্তিক। [সং. ষণ্মাতৃ + অ]।

ষাণ্মাসিক (p. 791) [ṣāṇmāsika] বিণ. 1 ছয়মাস অন্তর ঘটে বা প্রকাশিত হয় এমন (ষাণ্মাসিক পরীক্ষা, ষাণ্মাসিক পত্রিকা); 2 ছয় মাসে করণীয়। [সং. ষণ্মাস + ইক]।

ষেট, ষেটে (p. 791) [ṣēṭa, ṣēṭē] বি. ষষ্ঠীদেবী। [সং. ষষ্ঠী]। ষেটের বাছা বি. ষষ্ঠীদেবীর অনুগৃহীত শিশু। ষেটেরা বি. শিশুর জন্মের পর ষষ্ঠ রাত্রিতে অনুষ্ঠেয় ষষ্ঠী পূজাদি মাঙ্গলিক কর্ম।

ষোড়শ (p. 791) [ṣōḍ্ śa] (-শন্) বি. 1 ষোলো সংখ্যা, 16; 2 শ্রাদ্ধে ষোড়শপ্রকার বস্তু দান। □ বিণ. ষোলোসংখ্যক বা ষোলো সংখ্যার পূরক। [< সং. ষোড়শন্]।˜ মাতৃকা বি. গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া দেবসেনা জয়া স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি কুলদেবতা আত্মদেবতা-এই ষোলোজন মাতৃকা বা উপদেবী। ষোড়শোপ-চার বি. আসন পাদ্য স্বাগত অর্ঘ্য আচমনীয় স্থানীয় বসন ভূষণ গন্ধ পুষ্প ধূপ দীপ মধুপর্ক তাম্বুল তর্পণ ও নতি-পূজার এই ষোলো প্রকার উপচার বা উপকরণ।

ষোড়শী (p. 791) [ṣōḍ্ śī] বিণ. (স্ত্রী.) 1 ষোলো স্থানীয়া; 2 ষোলোবৎসর বয়স্কা। □ বি. 1 দশমহাবিদ্যার এক মহাবিদ্যা; 2 ষোলো বৎসরের যুবতী।

ষোলো (p. 791) [ṣōlō] বি. বিণ. 16 সংখ্যা বা সংখ্যক। [< সং. ষোড়শন্]। ষোলো আনা বি. ভারতে প্রচলিত পূর্বতন এক টাকার সমান মূল্যের ষোলো আনা। □ বিণ. ক্রি-বিণ. সম্পূর্ণ, পুরোপুরি (ষোলো আনা সুস্থ, ষোলো আনা সম্পত্তির মালিক)।˜ কলা বি. চাঁদের ষোলোটি অংশ। □ ক্রি. বিণ. সর্বতোভাবে, সম্পূর্ণ (ষোলোকলা পূর্ণ হয়েছে)।

ষ্ঠীবন (p. 791) [ṣṭhībana] বি. থুতু; থুতু ফেলা। [সং. √ ষ্ঠিব্ + অন]। তু. নিষ্ঠীবন।

স1 (p. 792) [sa1] বাংলা বর্ণমালার দ্বাত্রিংশ ব্যঞ্জনবর্ণ, দন্ত্য-স-নামে দন্ত্য-স হলেও প্রকৃতপক্ষে এটি উচ্চারণে তালব্য দন্তমূলীয়।

স2 (p. 792) [sa2] বিণ. (সমাসে বিশেষ্যসূচক শব্দের পূর্বে সহ ও সমান শব্দের রূপ), 1 সহ-অর্থে (সচন্দন, সপরিবার); 2 সমান অর্থে (সগোত্র, সতীর্থ)।

স3 (p. 792) [sa3] অব্য. উপ. 1 অতিশয় অর্থবাচক (সঘন); 2 স্বার্থে, একই অর্থে (সঠিক, সক্ষম)।

সই1 (p. 792) [si1] বি. স্বাক্ষর (দলিলে সই করা)। [আ. সহীহ্]।

-সই3 (p. 792) [-si3] যোগ্য বা পর্যন্ত অর্থবাচক বাং. তদ্ধিত প্রত্যয়বিশেষ (পছন্দসই, টেকসই, মাপসই, মাথাসই)। [তি. হি. সহী > আ. সহীহ্]।

সও-গাত (p. 792) [sō-gāta] বি. উপঢৌকন, ভেট। [তুর. সওগত্]।

সওদা (p. 792) [sōdā] বি. 1 ক্রয়, খরিদ, কেনাকাটা; 2 পণ্যদ্রব্য। [ফা. সওদা]।

সওদা-গর (p. 792) [sōdā-gara] বি. বণিক, বড়ো ব্যবসায়ী। [ফা.]। সওদা-গরি বিণ. বণিক বা বাণিজ্য-সম্বন্ধীয় (সওদাগরি অফিস)। □ বি. সওদাগরের কাজ, বাণিজ্য।

সওয়া1 (p. 792) [sōẏā1] বি. বিণ. এক ও একচতুর্থাংশ, 1 1/4 (সওয়া চারটে বেজেছে)। [সং. সপাদ]।˜ ইয়া বি. (গণি.) সওয়ার হিসাবের তালিকা।

সওয়া2 (p. 792) [sōẏā2] ক্রি. বি. সহ্য করা (আঘাত সওয়া, আর সইতে পারছে না, 'ব্যথা যারা সয়ে গেছে রাতি-দিন': জী. দা)। [সহা দ্র]।

সওয়ার (p. 792) [sōẏāra] বি. 1 আরোহী (ঘোড়সওয়ার); 2 অশ্বারোহী। □ বিণ. আরূঢ় (সওয়ার হওয়া)। [ফা. সওয়ার]। সওয়ারি বিণ. বি. যানবাহনে আরোহী (টাঙার সওয়ারি)। □ বি. যানবাহন।

সওয়াল (p. 792) [sōẏāla] বি. 1 প্রশ্ন (সওয়ালজবাব); 2 জেরা। [আ. সওয়াল]।˜ জবাব বি. 1 প্রশ্নোত্তর; 2 মোকদ্দমায় উকিলের বাদপ্রতিবাদ।

সং. সঙ (p. 792) [sa. ṃsaṅa] বি. অদ্ভুত পোশাকধারী হাস্যকৌতুককারী অভিনেতা বা বিনোদনকারী (সং সাজা, গাজনের সং)। [দেশি]।

সংকট (p. 792) [saṅkaṭa] বি. 1 কঠিন বিপদ বা সমস্যা (বিষম সংকটে পড়েছে); 2 অতি সংকীর্ণ পথ (গিরিসংকট)। □ বিণ. 1 বিপজ্জনক (সংকটাবস্থা); 2 সংকীর্ণ; 3 অভেদ্য; 4 নিবিড়। [সং. সম্ + √ কট্ + অ]।˜ মোচন বি. বিপদ থেকে উদ্ধার। সংকটাপন্ন বিণ. বিপদগ্রস্ত।

সংকর (p. 792) [saṅkara] বিণ. 1 একজাতীয় পুরুষ এবং অন্য জাতীয় স্ত্রীর মিলনজাত ব্যক্তি জাতি বা জীব (বর্ণসংকর, সংকরজাতীয় গোরু); 2 (বিজ্ঞা.) বিভিন্ন জাতির মিশ্রণে জাত প্রাণী বা উদ্ভিদ, hybrid (বি. প.); 3 মিশ্রণ, মিলন;

4 পরস্পরবিরুদ্ধ পদার্থের একত্র অবস্থান; 5 (অল.) পরস্পর-নির্ভরশীল একাধিক অলংকারের একত্র অবস্থান বা সমাবেশ (তু. সংসৃষ্টি)। [সং. সম্ + √ কৃ + অ]। সংকরী-করণ বি. একত্রীকরণ; জাতিভ্রংশ করা।

সংকর্ষণ (p. 792) [saṅkarṣaṇa] বি. 1 সজোরে আকর্ষণ; 2 কৃষিকর্ম; 3 বলরাম। [সং. সম + কর্ষণ]।

সংকলন (p. 792) [saṅkalana] বি. 1 সংগ্রহ (রচনা সংকলন); 2 একত্রীকরণ; 3 মিলন; 4 (গণি.) অঙ্ক যোগ দেওয়া। [সং. সম্ + কলন]। সংকলক, সংকলয়িতা (-তৃ) বিণ. বি. সংকলনকারী। স্ত্রী. সংকলয়িত্রী। সংকলিত বিণ. সংকলন করা হয়েছে এমন।

সংকল্প (p. 792) [saṅkalpa] বি. 1 স্থিরীকৃত কার্য, মানসকর্ম (কামসংকল্পবর্জিত); 2 মনোরথ, অভিপ্রায়, উদ্দেশ্য (সংকল্প স্থির করা, সংকল্প কার্যে পরিণত করা); 3 প্রতিজ্ঞা (দৃঢ় সংকল্প, সংকল্পে অটল); 4 সভাদিতে গৃহীত প্রস্তাব, resolution (স. প.)। [সং. সম্ + √ ক্9প্ + অ]। ˜ বিকল্প বি. 1 বাসনা ও সংশয়; 2 নিশ্চয় ও সন্দেহ, দ্বৈধ। সংকল্পিত বিণ. 1 সংকল্পের বিষয়ীভূত; 2 কর্তব্যরূপে স্থিরীকৃত; 3 অভিপ্রেত, বাঞ্ছিত।

সংকাশ (p. 792) [saṅkāśa] বিণ. 1 নিকট, সমীপস্থ; 2 (সমাসে উত্তরপদরূপে) সদৃশ (জবাকুসুমসংকাশ)। [সং. সম্ + √ কাশ্ + অ]।

সংকীর্ণ (p. 792) [saṅkīrṇa] বিণ. 1 অপ্রশস্ত (সংকীর্ণ স্থান); 2 সংকুচিত (সংকীর্ণ সীমা, সংকীর্ণ পথ); 3 অনুদার (সংকীর্ণ হৃদয়); 4 সমাকীর্ণ; 5 নানাবিধ বস্তুতে বা বহুলোকে সমাকীর্ণ। [সং. সম্ + √ কৃ + ত]। বি.˜ তা।

সংকীর্তন (p. 792) [saṅkīrtana] বি. 1 গুণ বা মহিমা বর্ণন; 2 কৃষ্ণলীলার গান, হরিগুণগান; 3 দেবতা বা ভগবানের মহিমা বর্ণনাকারী সংগীত। [সং. সম্ + কীর্তন]। সংকীর্তিত বিণ. সম্যকভাবে কীর্তিত বা বর্ণিত হয়েছে এমন; সুখ্যাতিপ্রাপ্ত।

সংকুচিত (p. 792) [saṅkucita] বিণ. 1 কমে গেছে বা কমানো হয়েছে এমন, হ্রস্বীকৃত (ক্ষমতা সংকুচিত); 2 গুটিয়ে বা কুঁচকে গেছে এমন, কুঞ্চিত; 3 সংকীর্ণ, অপ্রশস্ত; 4 মুদ্রিত, নিমীলিত (সংকুচিত চক্ষু); 5 কুণ্ঠিত (বলতে সংকুচিত বোধ করা)। [সং. সম্ + √ কুচ্ + ত]।

সংকুল (p. 792) [saṅkula] বিণ. 1 পরিপূর্ণ, সমাকীর্ণ (বিপৎসংকুল, বিঘ্নসংকুল, শ্বাপদসংকুল); 2 মিশ্রিত; 3 সংকীর্ণ। [সং. সম্ + √ কুল্ + অ]।

সংকুলান (p. 792) [saṅkulāna] বি. 1 যাতে কুলায় এমন অবস্থা, যথেষ্ট বা প্রয়োজনানুগ হওয়ার অবস্থা (স্থানসংকুলান হওয়া); 2 পর্যাপ্তি। [সং. সম্ + বাং. √ কুলা + আন]।

সংকেত (p. 792) [saṅkēta] বি. 1 ইঙ্গিত, ইশারা (তার দিকে সংকেত করল); 2 অভিপ্রায়সূচক চেষ্টা, নিয়ম; 3 লক্ষণ, চিহ্ন (ঝড়ের সংকেত); 4 সন্ধান,

সূত্র; 5 শব্দের অর্থবোধনশক্তি অভিধা; 6 নায়ক-নায়িকার গোপনে মিলিত হবার স্থান বা মিলনব্যবস্থা। [সং. সম্ + √ কিত্ + অ]।

সংকোচ (p. 792) [saṅkōca] বি. 1 অল্পীকরণ, হ্রাসকরণ (ব্যয়সংকোচ); 2 সংক্ষেপ; 3 কুণ্ঠা (মনোভাব প্রকাশে সংকোচ); 4 জড়সড়-ভাব। [সং. সম্ + √ কুচ্ + অ]।˜ ন বি. 1 হ্রস্বীকরণ; কমানো; 2 হ্রস্ব হওয়া (শক্তিসংকোচন); 3 প্রসারণ-এর বিপরীতার্থক।˜ শূন্য,˜ হীন বিণ. অকুণ্ঠ; লজ্জাশূন্য, জড়ভাবহীন।

সংক্রম, সংক্রমণ, সংক্রাম (p. 792) [saṅkrama, saṅkramaṇa, saṅkrāma] বি. 1 সংক্রান্তি, সঞ্চার, সঞ্চরণ, গমন (দ্রুত সংক্রমণ); 2 সূর্যের এক রাশি থেকে অন্য রাশিতে গমন; 3 রোগাদির এক দেহ থেকে অন্য দেহে সঞ্চার (রোগ-সংক্রমণ); 4 সোপান; 5 সেতু; 6 উপায়। [সং. সম্ + √ ক্রম্ + অ; + অন]। সংক্রমিত, সংক্রামিত বিণ. 1 এক দেহ থেকে অন্য দেহে সঞ্চারিত হয়েছে এমন; 2 প্রবিষ্ট; 3 স্থাপিত; 4 নিবেশিত; 5 গমিত। সংক্রামক, সংক্রামী (-মিন্) বিণ. 1 সংস্পর্শের দ্বারা দেহ থেকে দেহান্তরে সঞ্চরণশীল, ছোঁয়াচে, contagious, infectious; 2 সংস্পর্শ থেকে উৎপন্ন হয় এমন; 3 ব্যাপক হওয়া (রোগের সংক্রামক লক্ষণ)। সংক্রামকতা বি. ব্যাপক হওয়া (রোগের সংক্রামকতা)।

সংক্রান্ত (p. 792) [saṅkrānta] বিণ. 1 সম্পর্কিত, সংসৃষ্ট; সম্বন্ধীয় (মোকদ্দমাসংক্রান্ত দলিল); 2 সঞ্চারিত; 3 ব্যাপ্ত; 4 প্রাপ্ত; 5 প্রবিষ্ট। [সং. সম্ + √ ক্রম্ + ত]।

সংক্রান্তি (p. 792) [saṅkrānti] বি. 1 সূর্যের এক রাশি থেকে অন্য রাশিতে গমন; 2 সঞ্চার, গমন; 3 ব্যাপ্তি; 4 বাংলা মাসের শেষ দিন। [সং. সম্ + ক্রান্তি]।

সংক্রামক, সংক্রামী (p. 792) [saṅkrāmaka, saṅkrāmī] দ্র সংক্রম।

সংক্ষিপ্ত (p. 792) [saṅkṣipta] বিণ. 1 সংক্ষেপ বা ছোটো করা হয়েছে এমন; 2 অল্পীকৃত, হ্রস্বীকৃত; 3 একত্রীকৃত, রাশীকৃত। [সং. সম্ + √ ক্ষিপ্ + ত]।

সংক্ষুব্ধ (p. 792) [saṅkṣubdha] বিণ. 1 অতিশয় ক্ষুব্ধ; 2 আকুল; 3 আলোড়িত; 4 সঞ্চালিত। [সং. সম্ + ক্ষুব্ধ]।

সংক্ষেপ (p. 792) [saṅkṣēpa] বি. 1 সংকোচ; 2 অল্পীকরণ, কমানো, কম করা (ব্যয়সংক্ষেপ); 3 সংক্ষিপ্ত বর্ণনা, চুম্বক। [সং. সম্ + √ ক্ষিপ্ + অ]। ˜ ণ বি. সংক্ষেপ করা; সংকোচন। ˜ ত, (বর্জি.) ˜ তঃ ক্রি-বিণ. সংক্ষেপে, সংক্ষিপ্তভাবে। সংক্ষেপিত বিণ. সংক্ষিপ্ত করা হয়েছে এমন।

সংক্ষোভ (p. 792) [saṅkṣōbha] বি. 1 চাঞ্চল্য (মনের সংক্ষোভ); 2 আলোড়ন, অতিশয় উত্তেজনা বা অশান্ত ভাব; 3 অতিশয় ক্ষোভ। [সং. সম্ + ক্ষোভ]।

সংখ্যক (p. 792) [saṅkhyaka] বিণ. বহুব্রীহি সমাসে উত্তরপদে সংখ্যা শব্দের রূপ (বহুসংখ্যক)। [সং. সম্ + √ খ্যা + অ + ক]।

সংখ্যা (p. 792) [saṅkhyā] বি. 1 গণনা, হিসাব (সংখ্যা করা); 2 রাশি (পূর্ণ সংখ্যা); 3 অঙ্ক, রাশি লিখনে ব্যবহৃত 1, 2, 3 প্রভৃতি অঙ্ক (সংখ্যাপাত, দ্বিতীয় সংখ্যা, শেষ সংখ্যা); 4 বিচার ('সাংখ্যেতে কি হবে সংখ্যা': ভা. চ.)। [সং. সম্ + √ খ্যা + অ + আ]। ̃ গরিষ্ঠ বিণ. সংখ্যায় সবচেয়ে বড়ো এমন (সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়)। ̃ গুরু বিণ. সংখ্যায় অপেক্ষাকৃত বেশি এমন, majority, সংখ্যাগরিষ্ঠ (স. প.)। ̃ ত বিণ. 1 গণনা করা হয়েছে এমন; বিচারিত। ̃ তীত বিণ. সংখ্যা করা অর্থাত্ সংখ্যা নির্ণয় করা যায় না এমন, অসংখ্য, অগণিত। ̃ ন বি. গণনা। ̃ লঘিষ্ঠ বিণ. সংখ্যায় সবচেয়ে ছোটো এমন। ̃ লঘু, ̃ ল্প বিণ. সংখ্যায় অপেক্ষাকৃত কম, minority (স. প.)।

সংখ্যাপন (p. 792) [saṅkhyāpana] বি. 1 স্হিরীকরণ, নির্ধারণ; 2 উত্তমরূপে জ্ঞাপন বা প্রচার। [সং. সম্ + খ্যাপন]। সংখ্যাপিত বিণ. স্হিরীকৃত; নির্ধারিত।

সংখ্যেয় (p. 792) [saṅkhyēẏa] বিণ. গণনীয়। [সং. সম্ + √ খ্যা + য]।

সংগঠক (p. 792) [saṅgaṭhaka] বি. বিণ. সংগঠনকারী, কোনো সংস্হা বা সংঘ গড়ে তোলে এমন (ব্যক্তি)। [তু. সং. সংঘটক]।

সংগঠন (p. 792) [saṅgaṭhana] বি. 1 সম্যকভাবে গঠন (চরিত্রসংগঠন); 2 বিভিন্ন অঙ্গের সংযোগসাধন (দলের সংগঠন); 3 সংঘবদ্ধ করা; 4 গড়ে তোলা; 5 সংঘ (এই সংগঠনটি নতুন নয়)। [তু. সং. সংঘটন]। সংগঠিত বিণ. সংগঠন করা হয়েছে এমন (সংগঠিত দল)।

সংগত (p. 792) [saṅgata] বিণ. 1 অনুমত, অনুযায়ী (ন্যায়সংগত, যুক্তিসংগত); 2 উচিত, উপযুক্ত, সমীচীন (সংগত কথা, সংগত পরামর্শ, সংগত মনে করা); 3 (বিরল) মিলিত (কারও সঙ্গে সংগত হওয়া)। □ বি. (উচ্চা. সংগত্); 1 গানের সঙ্গে বাজনার মিল; 2 গানের সঙ্গে সংগতিযুক্ত বাজনা। [সং. সম্ + √ গম্ + ত]।

সংগতি (p. 792) [saṅgati] বি. 1 মিল, সামঞ্জস্য (কথার সঙ্গে কাজের সংগতি); 2 যুক্তিযুক্ততা; 3 সংস্থান, সঞ্চয়; 4 মিলন; 5 (বাং.) ধন, সম্পদ, আর্থিক সচ্ছলতা (সংগতিশালী, যাদের সংগতি আছে তারাই পারে)। [সং. সম্ + √ গম্ + তি]। ̃ পন্ন, ̃ শালী (-লিন্), ̃ সম্পন্ন বিণ. ধনবান, আর্থিক সচ্ছলতাযুক্ত।

সংগম (p. 792) [saṅgama] বি. 1 মিলন (কাবেরী সংগম, গঙ্গাযমুনার সংগম); 2 স্ত্রীপুরুষের যৌন মিলন, সহবাস, সম্ভোগ (স্ত্রীসংগম)। [সং. সম্ + √ গম্ + অ]।

সংগীত (p. 792) [saṅgīta] বি. 1 গান (শ্যামাসংগীত); 2 গীতবাদ্য (সংগীতচর্চা); 3 (সং.) তৌর্যত্রিক, নৃত্যগীতবাদ্য। [সং. সম্ + √গৈ + ত]। ̃ কার বি. বিণ. গায়ক; গানবাজনা করে এমন। ̃ জ্ঞ বি. বিণ. 1 সংগীতকার, যে গানবাজনা করে; 2 সংগীত সম্বন্ধে অভিজ্ঞ। সংগীতালেখ্য বি. সংগীতকে অবলম্বন করে কাহিনি, সংগীতের মধ্য দিয়ে কাহিনি বর্ণনা।

সংগুপ্ত (p. 792) [saṅgupta] বিণ. 1 সুরক্ষিত; 2 অতিশয় গুপ্ত বা গোপন (সংগুপ্ত মনোভাব)। [সং. সম্ + √ গুপ্ + ত]।

সংগৃহীত (p. 792) [saṅgr̥hīta] বিণ. সংগ্রহ করা হয়েছে এমন, আহৃত, সংকলিত। [সং. সম্ + গৃহীত]।

সংগোপন (p. 792) [saṅgōpana] বি. অতিশয় গোপন, অপ্রকাশ্যতা (সংগোপনে বলা)। [সং. সম্ + গোপন]। সংগোপিত বিণ. সম্পূর্ণ গুপ্ত বা লুক্কায়িত।

সংগ্রহ, (বিরল) সংগ্রহণ (p. 792) [saṅgraha, (birala) saṅgrahaṇa] বি. 1 আহরণ, চয়ন (পুষ্পসংগ্রহ); 2 একত্রীকরণ; 3 সংকলন (রচনা সংগ্রহ); 4 আদায় (অর্থসংগ্রহ)। [সং. সম্ + √ গ্রহ্ + অ, অন]।˜ শালা বি. যেখানে শিল্পদ্রব্যাদি সংগ্রহ করে রাখা হয়; প্রদর্শশালা। সংগ্রহীতা (-তৃ), সংগ্রাহক বিণ. সংগ্রহকারী। স্ত্রী. সংগ্রহীত্রী, সংগ্রাহিকা।

সংগ্রাম (p. 792) [saṅgrāma] বি. যুদ্ধ, লড়াই; প্রতিদ্বন্দ্বিতা। [সং. √ সংগ্রাম্ + অ]।˜ শীল, সংগ্রামী বিণ. 1 যুদ্ধরত, যুদ্ধ করছে এমন; 2 লড়িয়ে, যুদ্ধাভিলাষী, আক্রমণাত্মক (সংগ্রামী জাতি, সংগ্রামী জাতীয়তাবাদ)।

সংঘ (p. 792) [saṅgha] বি. 1 দল, সমূহ (সংঘবদ্ধ); 2 সমিতি (সংঘের সদস্য); 3 বৌদ্ধ ভিক্ষুদের সমাজ (তু. 'সংঘং শরণং গচ্ছামি')। [সং. সম্ + √ হন্ + অ]।

সংঘটক (p. 792) [saṅghaṭaka] বিণ. বি. সংঘটনকারী; যোজক; ঘটনা যে ঘটায়। [সং. সম্ + ঘটক]।

সংঘটন (p. 792) [saṅghaṭana] বি. 1 যোজন, মেলন, একত্রীকরণ (বিভিন্ন উপাদানের সংঘটন); 2 ঘটানোর কাজ (মিলন সংঘটন); 3 ঘটনা। [সং. সম্ + ঘটন]। সংঘটিত বিণ. 1 ঘটেছে বা ঘটানো হয়েছে এমন; 2 যোজিত।

সংঘট্ট (p. 792) [saṅghaṭṭa] বি. 1 পরস্পর ঘর্ষণ, সংঘর্ষ; 2 সংঘটন, মেলন (লোকসংঘট্ট)। [সং. সম্ + √ ঘট্ট্ + অ]।

সংঘর্ষ, সংঘর্ষণ (p. 792) [saṅgharṣa, saṅgharṣaṇa] বি. 1 পরস্পর আঘাত বা ধাক্কা বা ঘর্ষণ; 2 বিবাদ বা যুদ্ধ (ভারত-চীন সংঘর্ষ)। [সং. সম্ + √ ঘৃষ্ + অ, অন]।

সংঘাত (p. 792) [saṅghāta] বি. 1 পরস্পর আঘাত (স্বার্থের সংঘাত); 2 সমূহ, সমষ্টি; 3 ঘনসংযোগ; 4 (বলবিদ্যায়) কোনো গতিশীল বস্তুর অন্য বস্তুর সঙ্গে সংঘর্ষ, impact (বি. প.)। [সং. সম্ + ঘাত]।

সংঘারাম (p. 792) [saṅghārāma] বি. বৌদ্ধ ভিক্ষু বা সন্ন্যাসীদের আবাসস্থান, বৌদ্ধ মঠ। [সং. সংঘ + আরাম]।

সংঘৃষ্ট (p. 792) [saṅghṛṣṭa] বিণ. 1 পরস্পর আঘাতপ্রাপ্ত বা ঘর্ষিত; 2 বিবদমান। [সং. সম্ + ঘৃষ্ট]।

সংচূর্ণিত (p. 792) [sañcūrṇita] বিণ. উত্তমরূপে গুঁড়ো করা হয়েছে এমন, বিচূর্ণিত। [সং. সম্ + চূর্ণিত]।

সংজ্ঞা (p. 792) [sañjñā] বি. 1 চৈতন্য (সংজ্ঞালোপ); 2 নাম, আখ্যা, (দর্শনে বা বিজ্ঞানে) বিশেষ অর্থে ব্যবহৃত শব্দ; 3 সূর্যপত্নী; 4 গায়ত্রী; 4 জ্ঞান, বুদ্ধি; 6 বিশেষ্যপদ। [সং. সম্ + √ জ্ঞা + অ + আ]। সংজ্ঞ ক বিণ. নামযুক্ত, আখ্যাযুক্ত (আর্দ্রাসংজ্ঞক নক্ষত্র)। ˜ ন বি. চৈতন্য; স্পষ্ট জ্ঞান। ˜ র্থ বি. পারিভাষিক অর্থ, বিভিন্ন শাস্ত্রের বিশেষার্থবাচক শব্দের ব্যাখ্যা, definition (বি.প.)। সংজ্ঞিত বিণ. 1 আখ্যাত, নামযুক্ত; 2 কথিত।

সংনমন (p. 792) [sannamana] বি. (বিজ্ঞা.) চাপ-প্রয়োগে সংকোচন, com pression (বি.প.)। [সং. সম্ + নমন]।

সংন্যস্ত (p. 792) [sannyasta] বিণ. সমর্পিত; নিবেদিত (দেবতার পায়ে সংন্যস্ত)। [সং. সম্ + ন্যস্ত]।

সংবত্ (p. 792) [sambat] বি. 1 বিক্রমাদিত্য কর্তৃক প্রবর্তিত অব্দ; 2 অব্দ বা বৎসর। [সং. সম্ + √ বয্ + ক্বিপ্]।

সংবত্-সর (p. 792) [sambat-sara] বি. পুরো এক বৎসরকাল। □ ক্রি-বিণ. পুরো এক বৎসর ধরে (খেতে সংবৎসর চাষ হয়)। [সং. সম্ + বৎসর]।

সংবরণ (p. 792) [sambaraṇa] বি. 1 নিবারণ, সংযমন, দমন, নিয়ন্ত্রণ (লোভ সংবরণ, গতি সংবরণ); 2 আবরণ; 3 সংগোপন। [সং. সম্ + √ বৃ + অন]।

সংবরা (p. 792) [sambarā] ক্রি. (কাব্যে) সংবরণ বা নিবারণ করা ('সংবর সংবর শূল': গি. ঘো.)। [সং. সম্ + √ বৃ + বাং. আ]।

সংবর্ত (p. 792) [sambarta] বি. 1 মহাপ্রলয়; 2 মেঘবিশেষ। [সং. সম্ + √ বৃত্ + অ]। ̃ ক, ̃ ন বি. প্রলয়কালীন মেঘ। সংবর্তি, সংবর্তিকা বি. 1 পদ্মাদির নতুন পাতা; 2 প্রদীপের শিখা; 3 প্রদীপের সলতে।

সংবর্ধক (p. 792) [sambardhaka] দ্র সংবর্ধন।

সংবর্ধন (p. 792) [sambardhana] বি. 1 সম্যক বৃদ্ধি; 2 সসম্মান অভ্যর্থনা; 3 সম্মান প্রদর্শন। [সং. সম্ + √ বৃধ্ + ণিচ্ + অন]। সংবর্ধক বিণ. বি. সংবর্ধনকারী। সংবর্ধিত বিণ. সংবর্ধনা করা হয়েছে এমন।

সংবর্ধনা (p. 792) [sambardhanā] বি. 1 সম্যক বৃদ্ধি; 2 অভ্যর্থনা বা সম্মান প্রদর্শন (বিদায়সংবর্ধনা)। [সং. সম্ + √ বৃধ্ + ণিচ্ + অন + আ]।

সংবলিত (p. 792) [sambalita] বিণ. 1 যুক্ত (শর্তসংবলিত প্রতিশ্রুতি); 2 সমন্বিত (টীকাসংবলিত গ্রন্হ, ব্যাখ্যাসংবলিত গ্রন্হ)। [সং. সম্ + √ বল্ + ত]।

সংবহন (p. 792) [sambahana] বি. (বিজ্ঞা.) এক স্থান থেকে প্রবাহিত হয়ে পুনরায় সেই স্থানে আগমন, সঞ্চলন (রক্ত সংবহন), circulation (বি.প.)। [সং. সম্ + √ বহ্ + অন]।

সংবাদ (p. 792) [sambāda] বি. 1 খবর, সমাচার, বার্তা (সংবাদপত্র); 2 বৃত্তান্ত; 3 আলাপ, পরস্পর কথোপকথন (সখীসংবাদ, কর্ণকুন্তীসংবাদ); 4 (বিরল) মতের ঐক্য (তু. বিবাদসংবাদ, বিসংবাদ)। [সং. সম্ + √ বদ্ + অ]। ˜ দাতা বি. যে খবর দেয় বা জোগায়। ˜ পত্র বি. খবরের কাগজ। ˜ প্রাপ্তি বি. খবর পাওয়া।

সংবাদী (p. 792) [sambādī] (-দিন্) বিণ. 1 কথোপকথনে নিরত; 2 অনৈক্যরহিত, তুল্য, সদৃশ (সংবাদী সুর)। □ বি. সংগীতে মূল বাদী সুরের সহায়ক সুর। [সং. সম্ + √ বদ্ + ইন্]।

সংবাহক (p. 792) [sambāhaka] দ্র সংবাহন।

সংবাহন, সংবাহ (p. 792) [sambāhana, sambāha] বি. 1 ভার বহন; 2 অঙ্গমর্দন, mas sage (অঙ্গসংবাহন)। [সং. সম্ + √ বহ্ + ণিচ্ + অন, অ]। সংবাহক বিণ. বি. 1 ভার বহনকারী; 2 অঙ্গ মর্দনকারী। বিণ. বি. (স্ত্রী.) সংবাহিকা (রক্তসংবাহিকা নাড়ি)। সংবাহিত বিণ. 1 সম্যক বহন করা হয়েছে এমন; 2 মর্দিত।

সংবিগ্ন (p. 792) [sambigna] বিণ. 1 উদ্বিগ্ন; 2 ভীত। [সং. সম্ + √বিজ্ + ত]।

সংবিত্ (p. 792) [sambit] বি. 1 চেতনা, জ্ঞান, consciousness (সংবিত্ ফিরে পাওয়া); 2 প্রতিজ্ঞা; 3 নাম; 4 সংকেতশব্দ। [সং. সম্ + √ বিদ্ + ক্বিপ্]। ˜ শক্তি বি. বৈষ্ণবমতে ভগবানের স্বরূপশক্তির মধ্যে যে-শক্তির দ্বারা তিনি চৈতন্যময়।

সংবিত্তি (p. 792) [sambitti] বি. 1 অনুভব, বোধ; 2 চেতনা, জ্ঞান; 3 পূর্বস্মৃতি। [সং. সম্ + √ বিদ্ + তি]।

সংবিদা (p. 795) [sambidā] বি. কর্মসম্পাদনাদির জন্য কৃত চুক্তি, agree ment (স. প.)। [সং. সম্ + √ বিদ্ + ক্বিপ্ + আ]।

সংবিদিত (p. 795) [sambidita] বিণ. 1 অবগত, পরিজ্ঞাত, বিশেষভাবে জ্ঞাত; 2 চেতনাযুক্ত। [সং. সম্ + বিদিত]।

সংবিধা (p. 795) [sambidhā] বি. 1 রচনা; 2 সংঘটন; 3 ব্যবস্থা বা আয়োজন; 4 চুক্তি। [সং. সম্ + বি + √ ধা + অ]।

সংবিধান (p. 795) [sambidhāna] বি. 1 সংঘটন; 2 রচনা; 3 প্রণয়ন; 4 ব্যবস্থাপনা, আয়োজন; 5 উপচার, সেবাসামগ্রী; 6 নিয়মবিধি; 7 রাষ্ট্রসংগঠনের ও পরিচালনার নিয়মাবলি, শাসনতন্ত্র, constitution. [সং. সম্ + বিধান]।˜ বহির্ভূত বিণ. সংবিধানে উল্লিখিত নয় এমন।˜ বিরোধী বিণ. সংবিধানের নীতি ও নিয়মের পরিপন্থী, অসাংবিধানিক।

সংবিষ্ট (p. 795) [sambiṣṭa] বিণ. 1 শয়িত, নিদ্রিত; 2 নিবিষ্ট; 3 সম্মোহিত, hypnotized (বি.প.)। [সং. সম্ + √ বিশ্ + ত]।

সংবীক্ষণ (p. 795) [sambīkṣaṇa] বি. সম্যক দর্শন, বিশেষভাবে দেখা পর্যবেক্ষণ। [সং. সম্ + বি + √ ঈক্ষ্ + অন]।

সংবৃত (p. 795) [sambr̥ta] বিণ. 1 আচ্ছাদিত, আবৃত; 2 গুপ্ত, লুক্কায়িত; 3 সংকুচিত। [সং. সম্ + √ বৃ + ত]। সংবৃতি বি. 1 আবরণ, আচ্ছাদন; 2 সংবৃত অবস্থা; 3 গোপনতা।

সংবৃত্ত (p. 795) [sambr̥tta] বিণ. 1 সম্পাদিত, নিষ্পন্ন, সাধিত; 2 জাত, উৎপন্ন। [সং. সম্ + √ বৃত্ + ত]। সংবৃত্তি বি. 1 সম্পাদন; 2 জন্ম।

সংবেগ (p. 795) [sambēga] বি. 1 আবেগ; 2 উদ্বেগ; 3 ভয়জনিত ত্বরা। [সং. সম্ + বেগ]।

সংবেদ, সংবেদন, সংবেদনা (p. 795) [sambēda, sambēdana, sambēdanā] বি. অসন্দিগ্ধ জ্ঞান, অনুভব, বোধ, sensation, [সং. সম্ + √ বিদ্ + অ, অন + ণিচ্ + আ]। সংবেদন-শীল বিণ. 1 অনুভূতিপ্রবণ, সংবেদী, (সংবেদন শীল মন); 2 সহানুভূতিসম্পন্ন। সংবেদ্য বিণ. 1 অনুভবযোগ্য; 2 জ্ঞেয়, জ্ঞাপনীয়। সংবেদী বিণ. 1 সচেতন, অনুভূতিসম্পন্ন; 2 অনুভূতিপ্রবণ, সুবেদী, sensitive.

সংবেদনশীল, সংবেদনা, সংবেদ্য (p. 795) [sambēdanaśīla, sambēdanā, sambēdya] দ্র সংবেদ।

সংবেশ (p. 795) [sambēśa] বি. 1 উপবেশন, বসা; 2 শয়ন; 3 নিদ্রা; 4 চৈতন্যহীনতা, অচেতনতা। [সং. সম্ + √ বিশ্ + অ]। ˜ক বিণ. বি. সম্মোহনকারী, hypnotist (বি. প.)। ˜ ন বি. সংবেশ; সম্মোহন বা সম্মোহনের অবস্থা,

hypnotism, hypnosis (বি. প.)। সংবেশিত বিণ. সংবেশন করা হয়েছে এমন, সম্মোহিত।

সংমিশ্রণ (p. 795) [sammiśraṇa] বি. 1 একত্রীকরণ, সম্পূর্ণরূপে মিশ্রণ (নানা বস্তুর সংমিশ্রণ, আর্য-অনার্যের সংমিশ্রণ); 2 সংসর্গ। [সং. সম্ + মিশ্রণ]।

সংমোহ (p. 795) [sammōha] বি. 1 মোহ; 2 মূঢ়তা; 3 অচৈতন্য। [সং. সম্ + মোহ]।

সংযত (p. 795) [saṃyata] বিণ. 1 নিয়ন্ত্রিত (প্রবৃত্তিকে সংযত করা); 2 নিয়মিত, নিয়মের দ্বারা শাসিত; 3 পরিমিত (সংযত আহার); 4 নিবৃত্ত, প্রতিহত (অস্ত্র সংযত করা); 5 প্রশমিত, বশীভূত (লোভ সংযত করা); 6 রুদ্ধ (বেগ সংযত করা); 7 বিনীত, শাস্ত্র (সংযত ভাষা, সংযত আচরণ)। [সং. সম্ + √ যম্ + ত]। ˜ চিত্ত বিণ. (যার) মন শান্ত হয়েছে বা উত্তেজনাহীন হয়েছে এমন। □ বি. বশীভূত বা শান্ত মন। ˜ বাক, (বর্জি.) ˜ বাক্ বিণ. মিতভাষী, স্বল্পভাষী। সংযতাত্মা (-ত্মন্) বিণ. 1 আত্মসংযম করেছে এমন, জিতেন্দ্রিয়; 2 স্থিরচিত্ত। সংযতেন্দ্রিয় বিণ. ইন্দ্রিয়কে নিয়ন্ত্রিত করেছে এমন।

সংযম (p. 795) [saṃyama] বি. 1 নিয়ন্ত্রণ, নিয়মন (বাক্যসংযম); 2 দমন, শাসন (ইন্দ্রিয়সংযম); 3 রোধ, নিরোধ (বেগসংযম); 4 ব্রতাদির পূর্বদিনে করণীয় উপবাসাদি (সংযম পালন করা); 5 বাহুল্যবর্জন (আহারে সংযম, বেশভূষার সংযম); 6 ব্রত, নিয়ম। [সং. সম্ + √ যম্ + অ]। ˜ ন বি. 1 নিয়ন্ত্রণ (জটাসংযমন); 2 সংযত করা; 3 ব্রতাদি পালন। সংযমিত বিণ. সংযত করা হয়েছে এমন। সংযমী (-মিন্) বিণ. 1 সংযমপরায়ণ (স্বভাবে সংযমী ব্যক্তি); 2 জিতেন্দ্রিয়।

সংযাত্রা (p. 795) [saṃyātrā] বি. 1 দলবদ্ধভাবে যাত্রা; 2 শোভাযাত্রা। [সং. সম্ + যাত্রা]। সংযাত্রিক, সংযাত্রী বিণ. 1 অনুগামী; 2 শোভাযাত্রাকারী।

সংযান (p. 795) [saṃyāna] বি. 1 সহযাত্রা, সহগমন, সঙ্গে যাওয়া; 2 শব নিয়ে সমাধিস্থানে বা শ্মশানে যাওয়া; 3 ছুঁচ; 4 ছাঁচ, mould. [সং. সম্ + যান]।

সংযুক্ত (p. 795) [saṃyukta] বিণ. 1 সংযোগবিশিষ্ট; 2 মিলিত, একত্রীকৃত; 3 মিশ্র; 4 সংলগ্ন (সংযুক্ত ব্যঞ্জনবর্ণ)। [সং. সম্ + যুক্ত]। সংযুক্তি বি. 1 সংলগ্নতা; 2 সম্পর্ক; 3 মিলন (দুই বাংলার সংযুক্তি), merger.

সংযোগ (p. 795) [saṃyōga] বি. 1 মিলন; 2 সংলগ্নতা; 3 মিশ্রণ; 4 সম্পর্ক, যোগাযোগ। [সং. সম্ + যোগ]। সংযোগী (-গিন্) বিণ. সংযোগবিশিষ্ট।

সংযোজন, সংযোজনা (p. 795) [saṃyōjana, saṃyōjanā] বি. 1 যোগসাধন, একত্রীকরণ, সংযুক্ত করা; 2 (বাং.) মূল অংশের সঙ্গে যুক্ত করা, addition, supplementing. [সং. সম্ + যোজন, যোজনা]। সংযোজিত বিণ. 1 সংযুক্ত করা হয়েছে এমন, সম্মেলিত, একত্রীকৃত; 2 যুক্ত।

সংরক্ত (p. 795) [saṃrakta] বিণ. 1 অনুরাগরঞ্জিত; 2 কামার্ত ('সমাপ্ত সংরক্ত রাত্রি': সু. দ.)। [সং. সম্ + √ রন্জ্ + ত]। বি. সংরোগ।

সংরক্ষণ, সংরক্ষা (p. 795) [saṃrakṣaṇa, saṃrakṣā] বি. 1 সম্যক রক্ষা (মন্দির সংরক্ষণ, স্মৃতিসংরক্ষণ); 2 কারও জন্য বা কোনো বিশেষ উদ্দেশ্যে

পৃথকভাবে রক্ষণ (আসনসংরক্ষণ); reser vation ; 3 ক্ষয় পচন ইত্যাদি নিবারণের জন্য বিশেষপ্রকারে রক্ষণ, preservation ; 4 তত্ত্বাবধান ও রক্ষণ। [সং. সম্ + রক্ষণ, রক্ষা]।˜ শীল দ্র রক্ষণশীল। সংরক্ষক বিণ. বি. সংরক্ষণকারী। সংরক্ষিত বিণ. কারও জন্য বা কোনো বিশেষ উদ্দেশ্যে বা বিশেষপ্রকারে সংরক্ষণ করা হয়েছে এমন; সম্যক রক্ষিত বা পালিত।

সংরাগ (p. 795) [saṃrāga] বি. 1 তীব্র প্রেম বা অনুরাগ; 2 আসক্তি। [সং. সম্ + √ রন্জ্ + অ]।

সংরুদ্ধ (p. 795) [saṃruddha] বিণ. 1 নিরুদ্ধ, অবরুদ্ধ (সংরুদ্ধ গতি); 2 প্রতিবন্ধ। [সং. সম্ + রুদ্ধ]।

সংরোধ (p. 796) [saṃrōdha] বি. 1 নিরোধ, প্রতিরোধ; 2 অবরোধ; 3 প্রতিবন্ধ; 4 প্রশমন। [সং. সম্ + রোধ]।˜ ক বিণ. সংরোধকারী।˜ ন বি. সংরোধ, প্রতিরোধ; প্রতিরোধ বা সংরোধ করা।

সংরোহ (p. 796) [saṃrōha] বি. উৎপত্তি, উদ্ভব। [সং. সম্ + √ রুহ্ + অ]।

সংলগ্ন (p. 796) [saṃlagna] বিণ. সংযুক্ত, লাগানো আছে এমন, লাগাও (বাড়িগুলি গায়ে গায়ে সংলগ্ন)। [সং. সম্ + লগ্ন]। বি.˜ তা। সংলগ্নী-করণ বি. সংযুক্ত করা।

সংলাপ (p. 796) [saṃlāpa] বি. 1 আলাপ; 2 নাটকের চরিত্রাবলির পরস্পর কথোপকথন, dialogue. [সং. সম্ + √ লপ্ + অ]।

সংলিপ্ত (p. 796) [saṃlipta] বিণ. 1 সম্যক লিপ্ত বা জড়িত; 2 সংযুক্ত (নানা ব্যাপারে সংলিপ্ত থাকা)। [সং. সম্ + লিপ্ত]। বি.˜ তা।

সংলেপ (p. 796) [saṃlēpa] বি. সংলিপ্ত অবস্থা, সংলিপ্ততা। [সং. সম্ + লেপ 2]।

সংশপ্তক (p. 796) [saṃśaptaka] বি. 'যুদ্ধে জয়লাভ অথবা মৃত্যু' এই শপথকারী সৈন্য; মহাভারতে নারায়ণী সেনা। [সং. সংশপ্ত (=শপথ) + ণিচ্ (নামধাতু) + অক]।

সংশয় (p. 796) [saṃśaẏa] বি. 1 সন্দেহ (মনে সংশয় জাগে); 2 দ্বিধা (মনে কোনো সংশয় রেখো না); 3 (ভবিষ্যত্ সম্বন্ধে) ভয়। [সং. সম্ + √ শী + অ]।˜ কর বিণ. সন্দেহজনক; দ্বিধাজনক।˜ বাদী বিণ. অজ্ঞাবাদী, agnostic.˜ মোচন বি. সংশয় দূর করা। সংশয়াকুল বিণ. অতিশয় সংশয়যুক্ত। সংশয়াতীত বিণ. সন্দেহ করা যায় না এমন, নিঃসন্দেহ (সংশয়াতীত প্রমাণ)। সংশয়ান্বিত, সংশয়াপন্ন বিণ. সংশয়যুক্ত, সন্দিগ্ধ। সংশয়াপ-নোদন বি. সংশয় দূর করা, সংশয়মোচন। সংশয়ালু, সংশয়ী (-য়িন্) বিণ. সন্দেহকারী, সন্দিগ্ধচিত্ত (সংশয়ী মন)। সংশয়িত বিণ. যা সংশয় বা সন্দেহের বিষয় বা যে সম্বন্ধে সংশয় করা হয়েছে এমন।

সংশিত (p. 796) [saṃśita] বিণ. 1 সম্পাদিত; 2 স্থিরীকৃত। [সং. সম্ + √ শো + ত]। ˜ ব্রত বিণ. যথা নিয়মে ব্রতপালনকারী।

সংশুদ্ধি (p. 796) [saṃśuddhi] বি. 1 সম্যক শুদ্ধি; 2 বিশেষরূপে শোধন, পরিষ্করণ বা মার্জন। [সং. সম্ + শুদ্ধি]।

সংশোধক (p. 796) [saṃśōdhaka] দ্র সংশোধন।

সংশোধন (p. 796) [saṃśōdhana] বি. 1 সংশুদ্ধি; 2 পবিত্রীকরণ; 3 পাপ বা কু অভ্যাস দূরীকরণ (চরিত্র সংশোধন); 4 ভুল বা ভ্রান্তি দূরীকরণ (ভূল সংশোধন)। □ বি. শোধন। [সং. সম্ + শোধন] সংশোধক বিণ. বি. সংশোধনকারী। সংশোধনীয় বিণ. সংশোধন করতে হবে বা করা উচিত এমন (সংশোধনীয় আচরণ)। সংশোধিত বিণ. সংশোধন করা হয়েছে এমন।

সংশ্রয় (p. 796) [saṃśraẏa] বি. 1 আশ্রয়; 2 অবলম্বন, সহায়। [সং. সম্ + √ শ্রি + অ]। সংশ্রিত বিণ. আশ্রিত।

সংশ্রূত (p. 796) [saṃśrūta] বিণ. সম্যক শ্রুত, ভালোভাবে শোনা হয়েছে এমন। [সং. সম্ + শ্রূত]।

সংশ্লিষ্ট (p. 796) [saṃśliṣṭa] বিণ. 1 মিলিত, জড়িত (অপরাধে সংশ্লিষ্ট); 2 সংস্রবযুক্ত (এই দলের সঙ্গে সে আদৌ সংশ্লিষ্ট নয়); 3 সম্বন্ধযুক্ত, সংযুক্ত, সংক্রান্ত (মোকদ্দমাসংশ্লিষ্ট, সংশ্লিষ্ট বিষয়গুলি)। [সং. সম্ + √ শ্লিষ্ + ত]।

সংশ্লেষ (p. 796) [saṃślēṣa] বি. 1 সংযোগ; 2 সংযুক্ত অবস্থা; 3 মিলন, সংশ্লিষ্ট হওয়া; 4 সংমিশ্রণ; 5 একাধিক বস্তুর মিশ্রণে নূতন বস্তুর সৃষ্টি, synthesis (বি. প.)। [সং. সম্ + √ শ্লিষ্ + অ]। ˜ ণ বি. 1 একতীকরণ (গীতায় জ্ঞান কর্ম-ভক্তির সংশ্লেষণ); 2 'বিশ্লেষণ'-এর বিপরীত; 3 (রসা.) যৌগিক পদার্থ প্রস্তুত করার জন্য বিভিন্ন রূঢ় পদার্থের মিশ্রণ (বি.প.)। সংশ্লেষিত বিণ. সংশ্লেষ করা হয়েছে এমন।

সংসক্ত (p. 796) [saṃsakta] বিণ. 1 আসক্ত (রাজনীতিতে সংসক্ত); 2 সংলগ্ন (পরস্পর-সংসক্ত); 3 সম্পৃক্ত, বিশেষভাবে সম্পর্কিত, সংযুক্ত বা জড়িত। [সং. সম্ + √ সন্জ্ + ত]। সংসক্তি বি. 1 আসক্তি; 2 সংলগ্নতা; 3 (বিজ্ঞা.) আকর্ষণশক্তিবিশেষ যার প্রভাবে পরমাণুসমূহ পরস্পর সংলগ্ন থাকে, cohesion. (বি. প.)।

সংসদ (p. 796) [saṃsada] বি. 1 সমিতি, সংঘ, সভা, পরিষদ (সাহিত্য সংসদ); 2 ভারতের কেন্দ্রীয় আইনসভা, Parliament (সংসদে বিল গৃহীত)। [সং. সম্ + √ সদ্ + ক্বিপ্]। সংসদীয় বিণ. সংসদবিষয়ক, parliamentary (সংসদীয় গণতন্ত্র)।

সংসর্গ (p. 796) [saṃsarga] বি. একত্র বাস, সঙ্গ, মেলামেশা (সাধুসংসর্গ, অসৎসংসর্গ); 2 সম্বন্ধ, সম্পর্ক (অসত্ লোকের সংসর্গ ত্যাগ করা); 3 সহবাস, সংগম (স্ত্রীসংসর্গ)। [সং. সম্ + √ সৃজ্ + অ]। সংসর্গাভাব বি. সম্বন্ধহীনতা।

সংসর্প, সংসর্পণ (p. 796) [saṃsarpa, saṃsarpaṇa] বি. 1 সম্যক গমন; 2 ক্রমশ বিস্তৃতি; 3 সাপের মতো আঁকাবাঁকা গতি। [সং. সম্ + √ সৃপ্ + অ, অন]। সংসর্পী (-র্পিন্) বিণ. সংসর্পবিশিষ্ট, প্রসরণশীল; আঁকাবাঁকা গতিবিশিষ্ট।

সংসার (p. 796) [saṃsāra] বি. 1 জগত্, পৃথিবী ('বৃথা জন্ম এ সংসারে'); 2 ইহলোক, মর্তলোক (সংসারলীলা); 3 গার্হস্থ্যজীবন (সংসারাশ্রম); 4 পরিবার, ঘরকন্না (সংসারের দাবি, সংসার চালানো); 5 মায়াবন্ধন, পার্থিব আকর্ষণ (সংসারবৈরাগ্য); 6 (বাং.) বিবাহ (কর্তার দুই সংসার); 7 পত্নী (প্রথম পক্ষের সংসার)। [সং. সম্ + √ সৃ + অ]। ̃ ক্ষেত্র বি. কর্মজীবন। সংসার চালানো ক্রি. বি. ঘরকন্না করা বা দৈনন্দিন জীবন নির্বাহ করা। ̃ ত্যাগী (-গিন্) বিণ. বি. গার্হস্থ্য জীবন ত্যাগ করেছে এমন; বৈরাগী, সন্ন্যাসী। ̃ ধর্ম, সংসারাশ্রম বি. গার্হস্থ্যজীবন। সংসার পাতা ক্রি. বি. বিবাহ করে ঘরকন্না আরম্ভ করা। ̃ বন্ধন বি. মায়াবন্ধন, পার্থিব আকর্ষণ; গার্হস্থ্যজীবনের প্রতি টান। ̃ বাসনা বি. গার্হস্থ্য জীবন যাপনের ইচ্ছা; সংসার পাতার ইচ্ছা; পার্থিব ইচ্ছা। ̃ বৈরাগ্য বি. পার্থিব জীবন সম্পর্কে অনাসক্তি। ̃ যাত্রা বি. জীবনযাত্রা, পার্থিব জীবন; গার্হস্থ্য জীবন (সংসারযাত্রা নির্বাহ)। ̃ লীলা বি. পার্থিব জীবন; মানবজন্ম, জীবজন্ম। ̃ সমুদ্র বি. বিরাট ইহজীবন; বিশাল পার্থিব জীবন; পার্থিব জীবনরূপ সমুদ্র। ̃ স্রোত বি. সৃষ্টির জীবনপ্রবাহ; পার্থিব জীবনের ধারা। সংসারাশ্রম বি. 1 পার্থিব জীবন; 2 গৃহীজীবন, বিবাহিত জীবন। সংসারাসক্ত বিণ. সংসারধর্মের প্রতি আকর্ষণযুক্ত; পার্থিব জীবনের বা গৃহীজীবনের প্রতি তীব্র আকর্ষণযুক্ত। সংসারী (রিন্) বিণ. 1 গৃহী, গার্হস্থ্য জীবন যাপনকারী; 2 গার্হস্থ্য জীবন সম্পর্কে বিশেষভাবে অভিজ্ঞ; 3 অত্যন্ত হিসাবি। ঘোর সংসারী পারিবারিক ও বৈষয়িক ব্যাপারে অত্যন্ত আসক্ত।

সংসিদ্ধ (p. 796) [saṃsiddha] বিণ. 1 সম্পূর্ণ সফল; 2 সুসম্পন্ন; 3 স্বাভাবসিদ্ধ। [সং. সম্ + সিদ্ধ]। সংসিদ্ধি বি. সম্পূর্ণ সফলতালাভ।

সংসৃতি (p. 796) [saṃsṛti] বি. 1 সহগমন, সহযাত্রা; 2 প্রবাহ, স্রোত; 3 সংসার। [সং. সম্ + সৃতি]। সংসৃত বিণ. সহগমনকারী; প্রবাহিত।

সংসৃষ্ট (p. 796) [saṃsṛṣṭa] বিণ. 1 সম্পর্কিত, সংস্রবযুক্ত; 2 মিলিত। [সং. সম্ + √ সৃজ্ + ত]। সংসৃষ্টি বি. 1 সংস্রব, সংসর্গ; 2 মিলন; 3 (অল.) পরস্পর-নিরপেক্ষ একাধিক কাব্যালংকারের একত্র মিলন।

সংস্করণ (p. 796) [saṃskaraṇa] বি. 1 সংস্কারসাধন, সংশোধন, বিশোধন (ত্রুটি সংস্করণ); 2 (বাং.) গ্রন্হাদির মুদ্রিত রূপ, মুদ্রণ, প্রকাশন, edition (প্রথম সংস্করণ)। [সং. সম্ + √কৃ + অন]।

সংস্কর্তা (p. 796) [saṃskartā] (-র্তৃ) বি. 1 সংস্কারক; 2 উপনয়ন প্রভৃতি দশবিধ সংস্কারের অনুষ্ঠাতা। [সং. সম্ + কর্তা]।

সংস্কার (p. 796) [saṃskāra] বি. 1 শুদ্ধি, শোধন; 2 শাস্ত্রীয় অনুষ্ঠানাদির দ্বারা পবিত্র করা বা পতিত অবস্থা থেকে উদ্ধার; 3 বিবাহ গর্ভাধান জাতকর্ম পুংসবন নামকরণ অন্নপ্রাশন উপনয়ন সমাবর্তন সীমন্তোন্নয়ন ও চূড়াকরণ হিন্দুদের এই দশ রকমের শাস্ত্রীয় অনুষ্ঠান; 4 পরিষ্কার বা নির্মল করা (অঙ্গসংস্কার, দেহসংস্কার); 5 উন্নতিবিধান, উন্নয়ন, উৎকর্ষসাধন, ত্রুটি বা অপূর্ণতা সংশোধন (সমাজ সংস্কার, শিক্ষা সংস্কার); 6 মেরামত (জীর্ণ সংস্কার); 7 ধারণা, বিশ্বাস (কুসংস্কার, সংস্কারবশে)। [সং. সম্ + √ কৃ + অ]। ˜ ক বিণ.

বি. সংশোধক, বিশোধক; মেরামতকারী; উন্নতিবিধায়ক, উৎকর্ষসাধক; ভ্রম বা প্রমাদ দূরকারী; কুসংস্কার দূরকারী; সমাজহিতৈষী। ˜ বিমুখ বিণ. পরিবর্তন চায় না এমন। বি.˜ বিমুখতা।

সংস্কৃত (p. 796) [saṃskṛta] বিণ. 1 সংস্কার করা অর্থাত্ শোধন বা পরিমার্জনা করা হয়েছে এমন; 2 সজ্জিত, মণ্ডিত; 3 সংশোধিত; 4 পরিষ্কৃত। □ বি. ভারতের প্রাচীন আর্যভাষা। [সং. সম্ + √ কৃ + ত]। ˜ জ্ঞ বিণ. সংস্কৃত ভাষা ও শাস্ত্রাদিতে পণ্ডিত; সংস্কৃত ভাষা জানেন এমন।

সংস্কৃতি (p. 796) [saṃskṛti] বি. 1 সংস্কার, উন্নয়ন; 2 অনুশীলনের দ্বারা লব্ধ বিদ্যাবুদ্ধি রীতিনীতি ইত্যাদির উৎকর্ষ, সভ্যতাজনিত উৎকর্ষ; সমাজনীতি, বুদ্ধি, আচারব্যবহার ও শিল্পসাহিত্যের মধ্যে কোনো জাতির যে পরিচয় থাকে, কৃষ্টি, culture. [সং. সম্ + √ কৃ + তি]। ˜ মান, ˜ সম্পন্ন, (অশু.)˜ বান বিণ. উন্নত মানসিকতা ও রুচির অধিকারী, cultured.

সংস্ক্রিয়া (p. 796) [saṃskriẏā] বি. সংস্কারের কাজ, শোধন, পরিমার্জনা, উন্নয়ন। [সং. সম্ + ক্রিয়া]।

সংস্থা (p. 796) [saṃshā] বি. 1 স্থিতি, অবস্থান; 2 সমাজ, সমিতি, সংঘ; 3 প্রতিষ্ঠান (সমাজবাদী সংস্থা); 4 ব্যবস্থা (পরিবহণ সংস্থা)। [সং. সম্ + √ স্থা + অ]।

সংস্থান (p. 796) [saṃshāna] বি. 1 বিন্যাস, সন্নিবেশ (ঘটনা সংস্থান); 2 গঠন, গঠনকৌশল, আকৃতি (অঙ্গসংস্থান); 3 সঞ্চয় (অর্থসংস্থান); 4 ব্যবস্থা, জোগাড় (অন্নের সংস্থান করা)। [সং. সম্ + √ স্থা + অন]।

সংস্থাপক (p. 796) [saṃshāpaka] দ্র সংস্থাপন।

সংস্থাপন (p. 796) [saṃshāpana] বি. 1 বিশেষভাবে কিংবা ভালোভাবে স্থাপন (ধর্ম সংস্থাপন); 2 প্রতিষ্ঠা (বিদ্যালয় সংস্থাপন); 3 উপস্থাপন। [সং. সম্ + স্থাপন]। সংস্থাপক, সংস্থাপায়িতা বিণ. বি. সংস্থানকারী; প্রতিষ্ঠাতা; ব্যবস্থাপক। স্ত্রী. সংস্থাপিকা, সংস্থাপয়িত্রী। সংস্থাপিত বিণ. সংস্থাপন বা স্থাপন বা প্রতিষ্ঠা করা হয়েছে এমন; আয়োজিত।

সংস্থিত (p. 796) [saṃshita] বিণ. 1 বিন্যস্ত, সন্নিবিষ্ট, সন্নিবেশ করা হয়েছে এমন (নূতন কৌশলে সংস্থিত সৈন্যবাহিনী); 2 সঞ্চিত, সংগৃহীত; 3 আয়োজিত, ব্যবস্থাপিত। [সং. সম্ + √ স্থা + ত]।

সংস্থিতি (p. 796) [saṃshiti] বি. 1 সংস্থান বা স্থাপন; 2 স্থিতি, একত্র স্থিতি (বিশ্বসংস্থিতি); 3 বিন্যাস; 4 আয়োজন; 5 আশ্রয়। [সং. সম্ + স্থিতি]।

সংস্পর্শ (p. 796) [saṃsparśa] বি. 1 ছোঁয়া, স্পর্শ; 2 সংস্রব, সঙ্গ, সম্পর্ক (সল্লোকের সংস্পর্শ)। [সং. সম্ + স্পর্শ]। ̃ দোষ বি. খারাপ লোক বা বস্তুর সঙ্গে সংস্পর্শের জন্য যে দোষ হয়।

সংস্পৃষ্ট (p. 796) [saṃspṛṣṭa] বিণ. সংস্পর্শযুক্ত, সম্পৃক্ত। [সং. সম্ + স্পৃষ্ট]।

সংস্রব (p. 796) [saṃsraba] বি. 1 সম্পর্ক, সঙ্গ, সম্বন্ধ (বন্ধুদের সংস্রব, এ ব্যাপারের সঙ্গে তার কোনোই সংস্রব নেই); 2 মিলন। [সং. সম্ + √ স্রু + অ]। সংস্রব এড়ানো ক্রি. বি. সঙ্গ পরিহার করা, সম্পর্ক না রাখা।

সংহত (p. 796) [saṃhata] বিণ. 1 সম্যক মিলিত, ঐক্যবদ্ধ বা একত্রীভূত (জাতির সংহত শক্তি, সমস্ত শক্তিকে সংহত করা); 2 সুদৃঢ়; 3 জমাট, ঘনীভূত। [সং. সম্ + √ হন্ + ত]।

সংহতি (p. 796) [saṃhati] বি. 1 মিলন বা সম্যক মিলন, ঐক্য, নিবিড় সংযোগ, একত্রীভবন (ভারতের সংহতি, জাতীয় সংহতি); 2 সমন্বয়; 3 জমাট বা ঘনীভূত হওয়া; 4 সংঘ; 5 সমূহ, সমষ্টি। [সং. সম্ + √ হন্ + তি]।

সংহরণ (p. 796) [saṃharaṇa] বি. 1 সংহার, হত্যা, নিধন; 2 নিবারণ, সংবরণ, সংযত করা (অসংযত শক্তির সংহরণ); 3 নাশ, দূরীকরণ ('তমোগুণ কর সংহরণ'); 4 সংকোচন; 5 সংক্ষেপ করা, সংক্ষেপণ। [সং. সম্ + √ হৃ + অন]। সংহরা ক্রি. (কাব্যে) ফিরিয়ে নেওয়া, সংবরণ বা সংযত করা ('সংহর, সংহর তব বাণী': রবীন্দ্র)।

সংহর্তা (p. 796) [saṃhartā] (-র্তৃ) বিণ. বি. সংহরণকারী, সংহারক। [সং. সম্ √ হৃ + তৃ]।

সংহার (p. 796) [saṃhāra] বি. 1 বধ, বিনাশ, নিধন (বৃত্রসংহার); 2 ধ্বংস, প্রলয় (সৃষ্টিসংহার); 3 অবসান (উপসংহার); 4 প্রত্যাকর্ষণ, প্রত্যাহার (বাক্যসংহার); 5 সংকোচন (বেণিসংহার); 6 সংগ্রহ। [সং. সম্ + √ হৃ + অ]। ̃ক বিণ. বি. সংহারকারী, বধকারী, বিনাশক। সংহারা ক্রি. (কাব্যে) বধ করা ('সংহারিব রণে')।

সংহিত (p. 796) [saṃhita] বিণ. 1 মিলিত; 2 সংগৃহীত, সংকলিত। [সং. সম্ + √ ধা + ত়]।

সংহিতা (p. 796) [saṃhitā] বি. 1 সংগৃহীত রচনাসমূহ, সংকলনগ্রন্হ; 2 বেদের কর্মকাণ্ডবিষয়ক মন্ত্রসমষ্টি; 3 মনুর কৃত এবং অন্য পৌরাণিক মুনিদের কৃত স্মৃতিশাস্ত্র; 4 (আল.) পবিত্র ও অবশ্যপালনীয় নির্দেশসমূহ বা গ্রন্হ; 5 আইন-সংকলন; 6 (ব্যাক.) (অপ্র.) সংস্কৃত ব্যাকরণের সন্ধি। [সং. সম্ + √ ধা + ত + আ (স্ত্রী)]।

সংহৃত (p. 796) [saṃhṛta] বিণ. 1 সংগৃহীত; 2 সঞ্চিত; 3 বিনাশিত, হত; 4 প্রত্যাকৃষ্ট; 5 সংকুচিত। [সং. সম্ + √ হৃ + ত]। সংহৃতি বি. 1 সংগ্রহ; 2 সংহার, বিনাশ; 3 প্রত্যাকর্ষণ; 4 সংকোচ।

সংহৃষ্ট (p. 796) [saṃhṛṣṭa] বিণ. অতিশয় আনন্দিত (সংহৃষ্ট চিত্ত)। [সং. সম্ + হৃষ্ট]।

সঁপা (p. 796) [sam̐pā] ক্রি. বি. সমর্পণ করা (দেবতার পায়ে জীবন সঁপে দেওয়া)। □ বিণ. উক্ত অর্থে। [< সং. সম্ + অর্পি (< √ঋ + ণিচ্)]।

সকড়ি (p. 796) [sakaḍ̣ị] বি. 1 এঁটো (অন্যের সকড়ি খায় না); 2 ভাত তরকারি ইত্যাদি রান্না-করা খাদ্যবস্তু বা তার স্পর্শজনিত দোষ। □ বিণ. অন্নব্যঞ্জনাদির স্পর্শদোষযুক্ত (হাত সকড়ি করা)। [< সং. সঙ্কটিকা > সঙ্কডিআ]।

সকণ্টক (p. 796) [sakaṇṭaka] বিণ. 1 কাঁটাযুক্ত (সকণ্টক পুষ্পবৃন্ত); 2 বিঘ্নযুক্ত, বিঘ্নসংকুল (সকণ্টক রাজ্যভোগ)। তু. বিপ. নিষ্কণ্টক। [সং. সহ + কণ্টক]।

সকরুণ (p. 796) [sakaruṇa] বিণ. 1 সদয়, কৃপাযুক্ত (সকরুণ হৃদয়); 2 অতি করুণ বা দুঃখপূর্ণ, যাতে দয়া বা করুণার উদয় হয় ('সকরুণ বেণু বাজায়ে কে যায়': রবীন্দ্র)। [বাং. < সং. সহ + করুণা]।

সকর্ণ (p. 796) [sakarṇa] বিণ. কর্ণ বা কান আছে এমন। [সং. সহ + কর্ণ]।

সকর্দম (p. 796) [sakardama] বিণ. কর্দমযুক্ত, কাদাযুক্ত (সকর্দম পথ)। [সং. সহ + কর্দম]।

সকর্মক (p. 796) [sakarmaka] বিণ. 1 (ব্যাক.) যে ক্রিয়ার কর্ম আছে এমন (সকর্মক ক্রিয়া); 2 কর্মে নিযুক্ত। [সং. সহ + কর্ম + ক]।

সকল (p. 796) [sakala] বিণ. সমস্ত, সমগ্র, সমুদায় ('সকল গর্ব দূর করি দিব': রবীন্দ্র)। □ বি. (বাং.) সমস্ত লোক ('সকলের তরে সকলে আমরা': কামিনী)। [সং. সহ + কলা (অংশ)]।

সকাণ্ড (p. 796) [sakāṇḍa] বিণ. (উদ্ভি.) কাণ্ডযুক্ত (সকাণ্ড উদ্ভিদ)। [সং. সহ + কাণ্ড]।

সকাতর (p. 796) [sakātara] বিণ. কাতরতাযুক্ত, মিনতিপূর্ণ (সকাতর প্রার্থনা)। [সং. সহ + কাতর]। সকাতরে ক্রি-বিণ. করুণভাবে, অত্যন্ত দুঃখ বা কাতরতার সঙ্গে ('সকাতরে ওই কাঁদিছে সকলে': রবীন্দ্র)।

সকাম (p. 796) [sakāma] বিণ. 1 কামনাযুক্ত; 2 ফলাফলের আশাযুক্ত (সকাম কর্ম); 3 (বিরল) চরিতার্থ। [সং. সহ + কাম]।

সকার (p. 796) [sakāra] বিণ. ফুটবল খেলা। [ইং. soccer]।

সকারণ (p. 796) [sakāraṇa] বিণ. সহেতুক, কারণযুক্ত। বিপ. অকারণ। [সং. সহ + কারণ]।

সকাল (p. 796) [sakāla] বি. 1 প্রাতঃকাল, প্রভাত (সকালবেলা, সকাল হওয়া); 2 ত্বরা, তাড়াতাড়ি (সকাল করে আসা)। [সং. সহ + কাল]। ˜ বেলা বি. প্রভাত। সকাল সকাল ক্রি-বিণ. 1 শীঘ্র, তাড়াতাড়ি করে (সকাল সকাল শুয়ে পড়বে); 2 নির্দিষ্ট সময়ের পূর্বে; 3 বেলা থাকতে থাকতে।

সকাশ (p. 796) [sakāśa] বি. নিকট, সন্নিধান (নৃপতিসকাশে গিয়ে সংবাদ দেওয়া)। □ বিণ. সমীপস্থ, সন্নিহিত। [সং. সহ + কাশ (সন্নিধান)]।

সকুণ্ডল (p. 796) [sakuṇḍala] বিণ. কুণ্ডলসহ, কর্ণাভরণসহ। [সং. সহ + কুণ্ডল]।

সকুল্য (p. 796) [sakulya] বি. 1 জ্ঞাতি; 2 সপিণ্ডের ঊর্ধ্বতন তিনপুরুষ ও অধস্তন তিনপুরুষ। □ বিণ. 1 সমকুলজাত বা এককুলজাত; 2 সগোত্র। [সং. সকুল (সমান কুল) + য]।

সকৃত্ (p. 796) [sakṛt] অব্য. 1 একবারমাত্র; 2 সর্বদা। [সং. এক + স (নি.)]।

সকৌতুক (p. 796) [sakautuka] বিণ. কৌতুকযুক্ত, কৌতুকপূর্ণ। [সং. সহ + কৌতুক]। সকৌতুকে ক্রি-বিণ. কৌতুকের সঙ্গে (সকৌতুকে বলা)।

সক্কালবেলা (p. 796) [sakkālabēlā] বিশেষত অতি প্রত্যুষ বোঝাতে কিংবা ঝোঁক প্রয়োগে সকালবেলা -র কথ্য রূপ (সক্কালবেলা উঠেই এখানে চলে এসেছে)।

সক্ত (p. 796) [sakta] বিণ. 1 আসক্ত; 2 সংলগ্ন। [সং. √ সন্জ্ + ত]। সক্তি বি. 1 আসক্তি; 2 সংলগ্ন অবস্থা; 3 অনুরাগ।

সক্তু (p. 796) [saktu] বি. ছাতু। [সং. √ সচ্ + তু]।

সক্রিয় (p. 796) [sakriẏa] বিণ. 1 ক্রিয়ারত, কর্মশীল (যন্ত্রটি সক্রিয় আছে); 2 কার্যকর (সক্রিয় সমর্থন, সক্রিয় সাহায্য)। [সং. সহ + ক্রিয়া]। বি.˜ তা (দেহমনের সক্রিয়তা)।

সক্ষম (p. 796) [sakṣama] বিণ. 1 সমর্থ (কাজ করতে সক্ষম); 2 সবল, শক্তিযুক্ত (বৃদ্ধ এখনও সক্ষম)। [বাং. স2 + সং. ক্ষম]। বি.˜ তা। স্ত্রী. সক্ষমা।

সখা (p. 796) [sakhā] বি. 1 বন্ধু, সুহৃত্ ('হে সখা, মম হৃদয়ে রহ': রবীন্দ্র); 2 সঙ্গী, সহচর। [সং. সহ বা সমান + √ খ্যা + ই = সখি > বাং. সখা]। স্ত্রী. সখী। বি. সখিতা, সখিত্ব।

সখী (p. 796) [sakhī] বি. (স্ত্রী.) 1 বয়স্যা, নারীর নারীবন্ধু; 2 সহচরী, সঙ্গিনী (কৃষ্ণের সখী)। [সং. সখি + ঈ]।˜ তত্ত্ব বি. (বৈ. শা.) ললিতা বিশাখা চন্দ্রাবলী প্রভৃতি সখীরা শ্রীকৃষ্ণেরই লীলাবিস্তারিকা এবং নানাভাবে শ্রীরাধার প্রেমাভিব্যক্তির সহায়িকা-এই তত্ত্ব।˜ ত্ব বি. সখীতুল্য আচরণ, সখীভাব।˜ ভাব বি. 1 সখীতুল্য আচরণ; 2 নিজেকে শ্রীকৃষ্ণের সখীতুল্য জ্ঞানরূপ বৈষ্ণব সাধনপ্রণালীবিশেষ।˜ সংবাদ বি. মথুরাগত শ্রীকৃষ্ণের কাছে বৃন্দাদূতী দ্বারা বিরহপীড়িতা রাধিকার মনোবেদনা জ্ঞাপন।

সখেদ (p. 796) [sakhēda] বিণ. খেদযুক্ত, খেদপূর্ণ, দুঃখিত (সখেদ উক্তি)। [সং. সহ + খেদ]। সখেদে ক্রি-বিণ. খেদের সঙ্গে, দুঃখিতভাবে (সখেদে বলা)।

সখ্য (p. 796) [sakhya] বি. 1 বন্ধুত্ব (দুজনের সখ্য বহুদিন অটুট ছিল); 2 (বৈ. শা.) বৈষ্ণবমতে ভগবানের সঙ্গে সমপ্রাণতামূলক রসবিশেষ। [সং. সখি + য]।

সগর্ব (p. 796) [sagarba] বিণ. 1 গর্বযুক্ত, গর্বিত (সগর্ব ঘোষণা); 2 স্পর্ধিত। [সং. সহ + গর্ব]।

সগর্ভ (p. 796) [sagarbha] বিণ. 1 গর্ভযুক্ত, সভ্রূণ; 2 গর্ভপত্রযুক্ত। [সং. সহ + গর্ভ]।

সগর্ভা (p. 796) [sagarbhā] বিণ. অন্তঃসত্ত্বা, গর্ভিণী। [সং. সগর্ভ + আ (স্ত্রী.)]।

সগুণ (p. 796) [saguṇa] বিণ. 1 গুণযুক্ত; 2 ছিলাযুক্ত (সগুণ ধনু); 3 সত্ত্ব রজঃ তমঃ-এই তিন গুণযুক্ত (সগুণ ও নির্গুণ ব্রহ্ম)। [সং. সহ + গুণ]।

সগোত্র (p. 796) [sagōtra] বিণ. বি. 1 একবংশজাত (সগোত্রে বিবাহ); 2 জ্ঞাতি। [সং. স (সমান) + গোত্র]। স্ত্রী. সগোত্রা।

সগৌরব (p. 796) [sagauraba] বিণ. গৌরবযুক্ত (সগৌরব ঘোষণা, সগৌরব প্রচার)। [সং. সহ + গৌরব]। সগৌরবে ক্রি-বিণ. গৌরবের সঙ্গে (সগৌরবে স্বাধীনতাদিবস পালন করা)।

সঘন1 (p. 796) [saghana1] বিণ. মেঘযুক্ত, মেঘাবৃত ('সঘন গগন গরজে': দ্বি. রা; 'সঘন ঘন ছাইল: রবীন্দ্র)। [সং. সহ + ঘন]।

সঘন2 (p. 796) [saghana2] বিণ. ক্রি-বিণ. ঘনঘন, নিরন্তর (সঘন ধ্বনি, সঘন শব্দ)। [বাং. স2 + সং. ঘন]। সঘনে ক্রি-বিণ. (কাব্যে) ঘনঘন বা উচ্চকণ্ঠে ('দাদুরী ডাকিছে সঘনে': রবীন্দ্র; 'সঘনে দেই করতালি': বৈ. সা.)।

সঘর (p. 796) [saghara] বি. বৈবাহিক সম্বন্ধস্থাপনের পক্ষে উপযুক্ত ঘর অর্থাত্ বংশ। [তু. বিণ. অঘর। [বাং. স2 + ঘর]।

সঘৃণ (p. 796) [saghṛṇa] বিণ. ঘৃণাযুক্ত, ঘৃণাপূর্ণ (সঘৃণ প্রত্যাখ্যান)। [সং. সহ্ + ঘৃণা]।

সঘৃত (p. 796) [saghṛta] বিণ. ঘৃতযুক্ত; ঘৃতমিশ্রিত (সঘৃত নৈবেদ্য)। [সং. সহ + ঘৃত]।

সঙিন, সঙ্গিন1 (p. 796) [saṅina, saṅgina1] বি. বন্দুকের মুখে সংলগ্ন বেধনাস্ত্রবিশেষ, bayonet. সঙ্গিন2 বিণ. কঠিন; গুরুতর, বিপজ্জনক (সঙ্গিন অবস্থা)। [ফা. সঙ্গীন]।

সঙ্কট, সঙ্কর, সঙ্কর্ষণ, সঙ্কলন, সঙ্কল্প, সঙ্কাশ, সঙ্কীর্ণ, সঙ্কীর্তন, সঙ্কুচিত, সঙ্কুল, সঙ্কুলান, সঙ্কেত, সঙ্কোচ (p. 796) [saṅkaṭa, saṅkara, saṅkarṣaṇa, saṅkalana, saṅkalpa, saṅkāśa, saṅkīrṇa, saṅkīrtana, saṅkucita, saṅkula, saṅkulāna, saṅkēta, saṅkōca] যথাক্রমে সংকট, সংকর,

সংকর্ষণ, সংকলন, সংকল্প, সংকাশ, সংকীর্ণ, সংকীর্তন, সংকুচিত, সংকুল, সংকুলান, সংকেত ও সংকোচ -এর বানানভেদ।

সঙ্গ (p. 796) [saṅga] বি. 1 মিলন, সংসর্গ ('অসীম সে চাহে সীমার নিবিড় সঙ্গ': রবীন্দ্র; সাধুসঙ্গ); 2 আসক্তি। [সং. √ সনজ্ + অ]। ˜ দোষ বি. কুসংসর্গজনিত চরিত্রদোষ।˜ বিমুখ বিণ. একাকী থাকতে চায় এমন।˜ হীন বিণ. নিঃসঙ্গ, একাকী। সঙ্গী (-ঙ্গিন্) বিণ. বি. সহচর, সঙ্গে সঙ্গে থাকে এমন, সাথি (জীবনসঙ্গী)। স্ত্রী. সঙ্গিনী।

সঙ্গত, সঙ্গতি, সঙ্গম (p. 796) [saṅgata, saṅgati, saṅgama] যথাক্রমে সংগত, সংগতি ও সংগম- এর বানানভেদ।

সঙ্গিন (p. 796) [saṅgina] দ্র সঙিন।

সঙ্গিনী, সঙ্গী (p. 796) [saṅginī, saṅgī] দ্র সঙ্গ।

সঙ্গে (p. 796) [saṅgē] ক্রি-বিণ. অনু. অব্য. সহিত, সাথে (তার সঙ্গে যাচ্ছে, এর সঙ্গে তার তুলনা)। [সং. সঙ্গ + বাং. এ]। সঙ্গে সঙ্গে ক্রি-বিণ. 1 সর্বদা সঙ্গে (সঙ্গে সঙ্গে থেকো); 2 তৎক্ষণাত্ (সঙ্গে সঙ্গে বলে উঠল, ওষুধ খাওয়ার সঙ্গে সঙ্গে ফল)।

সঙঘটন, সঙঘট্ট, সঙঘর্ষ, সঙঘাত, সঙঘারাম, সঙঘৃষ্ট (p. 796) [saṅaghaṭana, saṅaghaṭṭa, saṅagharṣa, saṅaghāta, saṅaghārāma,

saṅaghṛṣṭa] যথাক্রমে সংঘটন, সংঘট্ট, সংঘর্ষ, সংঘাত, সংঘারাম ও সংঘৃষ্ট -র বানানভেদ।

সচকিত (p. 796) [sacakita] বিণ. 1 ভয়ে চমকিত বা কম্পিত; 2 সভয়, এস্ত (সচকিত চিত্তে)। [সং. সহ + চকিত]। স্ত্রী. সচকিতা।

সচন্দন (p. 796) [sacandana] বিণ. চন্দনযুক্ত, চন্দনলিপ্ত (সচন্দন বিল্বপত্র)। [সং. সহ + চন্দন]।

সচরাচর (p. 796) [sacarācara] বিণ. চরাচরসহিত, স্থাবরজঙঘমাত্মক। □ ক্রি বিণ. (বাং.) সাধারণত, প্রায়শ (এরকম সচরাচর ঘটে না)। [সং. সহ + চরাচর]।

সচল (p. 796) [sacala] বিণ. 1 গতিশীল, চলন্ত (সচল ট্রেন); 2 চলতে সক্ষম (সচল দেহ); 3 কার্যকর; 4 চালু (সচল যন্ত্র); 5 প্রচলিত (পণপ্রথা এখনও সচল)। [বাং. স2 + সং. চল]।

সচিত্র (p. 796) [sacitra] বিণ. চিত্রযুক্ত (সচিত্র প্রবন্ধ)। [সং. সহ + চিত্র]।

সচিব (p. 796) [saciba] বি. 1 মন্ত্রী (সচিবালয়); 2 কর্মসম্পাদক, সেক্রেটারি (শিক্ষাসচিব); 3 সঙ্গী, সহায়। [সং. √ সচ্ + ইব]। সচিবালয় বি. মন্ত্রী বা সেক্রেটারির কর্মদপ্তর।

সচেতক (p. 796) [sacētaka] বি. (প্রধানত আইনসভায়) রাজনীতিক দলের শৃঙ্খলা বজায় রাখার ভারপ্রাপ্ত ব্যক্তি, হুইপ, whip. [সং. স (সম্যক) + চেতক]।

সচেতন (p. 796) [sacētana] বিণ. 1 চেতনাযুক্ত, বোধযুক্ত; 2 জীবন্ত; 3 সজ্ঞান; 4 সতর্ক (অধিকার সম্বন্ধে সচেতন)। [সং. সহ + চেতনা]। বি. ̃ তা (মনের সচেতনতা)।

সচেষ্ট (p. 796) [sacēṣṭa] বিণ. 1 চেষ্টাযুক্ত, চেষ্টা করছে এমন, তৎপর; 2 উদ্যোগী (আত্মরক্ষায় সচেষ্ট)। [সং. সহ + চেষ্টা]। বি. ̃ তা।

সচ্চরিত (p. 796) [saccarita] বি. সত্ আচরণ বা জীবনবৃত্তান্ত (সচ্চরিত শ্রবণ)। [সং. সত্ + চরিত]।

সচ্চরিত্র (p. 796) [saccaritra] বিণ. সৎস্বভাব; সদাচারী। [সং. সত্ + চরিত্র]। বি. ̃ তা। স্ত্রী. সচ্চরিত্রা।

সচ্চিদানন্দ (p. 796) [saccidānanda] বি. নিত্যজ্ঞানসুখরূপ ব্রহ্ম, পরমেশ্বর। □ বিণ. নিত্যজ্ঞানসুখময় (সচ্চিদানন্দ হরি)। [সং. সত্ + চিত্ + আনন্দ]।

সচ্চিন্তা (p. 796) [saccintā] বি. ন্যায্য চিন্তা, সুচিন্তা, সাধু চিন্তা। [সং. সত্ + চিন্তা]।

সচ্ছল (p. 796) [sacchala] বিণ. সংগতিপন্ন, অভাব নেই এমন (সচ্ছল সংসার)। [< সং. সত্ + শীল]। বি. ̃ তা (আর্থিক সচ্ছলতা)।

সচ্ছিদ্র, সছিদ্র (p. 796) [sacchidra, sachidra] বিণ. ছিদ্রযুক্ত। [সং. স (সহ) + ছিদ্র]।

সজন1 (p. 796) [sajana1] বি. জনসমাজ; লোকজন থাকার ভাব বা অবস্থা (সজনে-বিজনে)। □ বিণ. লোকজনসহ। [সং. স (সহ) + জন]।

সজন2 (p. 796) [sajana2] বিণ. সজ্জন, সাধুপ্রকৃতির লোক। [সং. সজ্জন]।

সজনি, (বর্ত. বর্জি.) সজনী (p. 796) [sajani, (barta. barji.) sajanī] বি. (বৈ. সা.) 1 সখী, সহচরী; 2 প্রণয়িনী ('সজনী সজনী রাধিকা লো': রবীন্দ্র)। [সং. স্বজনী]।

সজল (p. 796) [sajala] বিণ. 1 জলপূর্ণ (সজল মেঘ); 2 ভেজা, আর্দ্র (সজল নয়ন)। [সং. সহ + জল]।

সজাগ (p. 796) [sajāga] বিণ. 1 জাগ্রত্, জেগে আছে এমন; 2 সতর্ক (সজাগ চিত্তবৃত্তি, নিজের স্বার্থ সম্বন্ধে সজাগ); 3 সচেতন; 4 একটুতেই যা থেকে জেগে ওঠে এমন (সজাগ ঘুম)। [সং. সজাগর]।

সজাতি (p. 796) [sajāti] বিণ. একজাতীয়, সমশ্রেণীয়। □ বি. একই জাতি বা শ্রেণির অন্তর্ভুক্ত লোক (দেশ থেকে এসেছে তার এক সজাতি)। [সং. স (সমান) + জাতি]। সজাতীয় বিণ. একই জাতির অন্তর্ভুক্ত, সমশ্রেণীয়। স্ত্রী. সজাতীয়া।

সজীব (p. 796) [sajība] বিণ. 1 জীবন্ত, জীবিত (সজীব প্রাণী); 2 প্রাণশক্তিপূর্ণ, প্রাণবন্ত, উৎসাহ-উদ্দীপনাযুক্ত। [সং. সহ + জীব (জীবন)]।˜ তা (চিত্তের সজীবতা)।

সজোর (p. 796) [sajōra] বিণ. জোরযুক্ত, জোরালো (সজোর আঘাত)। [সং. সহ + বাং. জোর]। সজোরে ক্রি-বিণ. জোরের সঙ্গে (সজোরে ঘুসি মারল)।

সজ্‌জন1 (p. 796) [sajjana1] বি. সাধুব্যক্তি, ভালো লোক। [সং. সত্‌ + জন]।

সজ্জন2, সজ্জনা (p. 796) [sajjana2, sajjanā] বি. 1 সজ্জিত করা, সাজানো; 2 আয়োজন; 3 সৈন্যসংস্থাপন। [সং. √ সজ্জ্‌ + অন, + আ]।

সজ্জা (p. 796) [sajjā] বি. 1 বেশভূষা, পোশাক; 2 অলংকরণ (গৃহসজ্জা); 3 আয়োজন, উদ্যোগ; 4 উপকরণ, সরঞ্জাম। [সং. √ সজ্জ্‌ + অ + আ]।˜ গজ্জা বি. সাজগোজ; উদ্যোগ-আয়োজন।

সজ্জিত (p. 796) [sajjita] বিণ. 1 সাজপোশাক পরেছে বা পরে কাজের জন্য প্রস্তুত হয়েছে এমন; 2 সাজানো হয়েছে এমন (সজ্জিত শকট)। [সং. সজ্জা + ইত]। স্ত্রী. সজ্জিতা।

সজ্ঞান (p. 796) [sajñāna] বিণ. সচেতন; জ্ঞানযুক্ত। [সং. সহ + জ্ঞান]। তু. বিপ. অজ্ঞান।˜ কৃত বিণ. সচেতনভাবে করা হয়েছে এমন, জেনেশুনে ঘটানো

হয়েছে এমন (সজ্ঞানকৃত অপরাধ)। সজ্ঞানে ক্রি-বিণ. জ্ঞানত, সচেতন অবস্থায় (সজ্ঞানে মৃত্যুবরণ করা)।

সঞে (p. 796) [sañē] অব্য. অনু. (প্রা. কা.) 1 সঙ্গে, সহিত; 2 থেকে, হতে ('ঘর সঞে বাহির হোয়': বিদ্যা.)। [মৈ. তু. সনে, সঙ্গে]।

সঞ্চয় (p. 796) [sañcaẏa] বি. 1 আহরণ, সংগ্রহ, চয়ন (মধুসঞ্চয়); 2 জমিয়ে রাখা, পুঞ্জিত করা (অর্থসঞ্চয়); 3 পুঁজি, অর্থসংস্থান, জমানো টাকা (তার তেমন সঞ্চয় নেই); 4 সমূহ, রাশি; 5 সঞ্চিত দ্রব্য (জীবনের সঞ্চয়)। [সং. সম্ + √ চি + অ]।˜ জাত বিণ. সঞ্চয়ের ফলে সৃষ্ট (সঞ্চয়জাত পর্বত)।˜ ন বি. সঞ্চয় করা; সংগ্রহ করা। সঞ্চয়িতা বি. (স্ত্রী.) কবিতাবলির সংকলন বা সংগ্রহ। [সং. সঞ্চয় + ইত + আ]। সঞ্চয়ী (-য়িন্) বিণ. 1 সঞ্চয়কারী; 2 (প্রধানত মিতব্যয়িতার দ্বারা) জমিয়ে রাখার স্বভাববিশিষ্ট। সঞ্চিত বিণ. 1 সংগ্রহ বা সঞ্চয় করা হয়েছে এমন, জমিয়ে রাখা বা তোলা হয়েছে এমন (সঞ্চিত পুণ্য, সঞ্চিত অর্থ); 2 রাশীকৃত। সঞ্চিতা বি. (স্ত্রী.) (সচ.) কবিতাদির সংগ্রহ। সঞ্চীয়-মান বিণ. জমানো হচ্ছে এমন, উপচীয়মান। সঞ্চেয় বিণ. সঞ্চয়যোগ্য।

সঞ্চরণ (p. 796) [sañcaraṇa] বি. 1 বিচরণ, চলন (কল্পনার জগতে সঞ্চরণ); 2 কম্পন, কম্পিত চলন, কম্পিত আনাগোনা (মনের ভিতর ভাবের সঞ্চরণ)। [সং. সম্ + √ চর্ + অন]।˜ শীল বিণ. সঞ্চরণ করছে এমন, সঞ্চরণরত, সঞ্চরমাণ। সঞ্চর-মাণ বিণ. আনোগোনা করছে এমন, সঞ্চরণরত, গতিশীল। সঞ্চরিত বিণ. সঞ্চরণ করেছে এমন।

সঞ্চলন (p. 796) [sañcalana] বি. 1 বিচরণ, চলন, আনাগোনা (তাপসঞ্চলন); 2 কম্পন, আন্দোলন। [সং. সম্ + চলন]। সঞ্চলিত বিণ. বিচরণ করেছে এমন; আন্দোলিত, কম্পিত।

সঞ্চার, সঞ্চারণ (p. 796) [sañcāra, sañcāraṇa] বি. 1 সংক্রমণ, এক স্থান থেকে অন্য স্থানে গমন (তাপসঞ্চার); 2 (জ্যোতিষ.) গ্রহাদির অন্য রাশিতে গমন বা অধিষ্ঠান; 3 গতি, ব্যাপ্তি; 4 আবির্ভাব, উদয় (যৌবনসঞ্চার, রসসঞ্চার); 5 প্রতিষ্ঠাকরণ, স্থাপন (প্রাণসঞ্চার); 6 উদ্রেক, উত্তেজন (বলসঞ্চার, পুলকসঞ্চার); 7 সঞ্চালন (রক্তসঞ্চার)। [সং. সম্ + √ চর্ + অ, অন]। সঞ্চারক বিণ. বি. সঞ্চারকারী। সঞ্চারিকা বি. (স্ত্রী.) দূতী, কুটনি। সঞ্চারিত বিণ. সঞ্চার করানো হয়েছে বা করেছে এমন (রোগের বিষ অন্য দেহে সঞ্চারিত)। সঞ্চারী (-রিন্) বিণ. 1 সঞ্চরণশীল; 2 অস্থায়ী; 3 আগন্তুক। □ বি. 1 (অল.) হৃদয়ের যে ভাবগুলি স্থায়ী নয়, অন্য কিছুকে কেন্দ্র করে আবির্ভূত এবং অন্তর্হিত হয়, ব্যভিচারী ভাব; 2 (সংগীতে) রাগ-রাগিণীর আলাপের বা গীতের তৃতীয় চরণ বা কলি বা অংশ। স্ত্রী. সঞ্চারিণী।

সঞ্চালক (p. 796) [sañcālaka] দ্র সঞ্চালন।

সঞ্চালন (p. 796) [sañcālana] বি. 1 চালনা, নাড়াচাড়া; 2 নিয়ন্ত্রণ, নির্দেশনা; 3 আন্দোলন (অঙ্গসঞ্চালন)। [সং. সম্ + চালন]। সঞ্চালক বিণ. নিয়ন্ত্রণকারী বা সঞ্চালনকারী। সঞ্চালিত বিণ. চালিত; আন্দোলিত।

সঞ্চিত, সঞ্চীয়মান, সঞ্চেয় (p. 796) [sañcita, sañcīẏamāna, sañcēẏa] দ্র সঞ্চয়।

সঞ্জনন, সঞ্জননা (p. 796) [sañjanana, sañjananā] বি. সৃষ্টি; উৎপাদন। [সং. সম্ + √ জন্ + ণিচ্ + অন]। সঞ্জননী বিণ. (ভাষা.) উৎপাদন করে এমন, generative.

সঞ্জাত (p. 796) [sañjāta] বিণ. উৎপন্ন, সৃষ্ট (ঈর্ষাসঞ্জাত ক্রোধ, অন্তরে ঈর্ষা সঞ্জাত হল)। [সং. সম্ + জাত]।

সঞ্জাব (p. 801) [sañjāba] বি. কাপ়ড়ের ভিতর দিকে লাগাবার পাড় বা লাইনিং; কাপড়ে লাগানো বা লাগাবার পাড়। [ফা. সনজাফ্]।

সঞ্জীবন1 (p. 801) [sañjībana1] বি. জীবনধারণ, প্রাণধারণ। [সং. সম্ + √ জীব্ + অন]।

সঞ্জীবন2 (p. 801) [sañjībana2] বি. জীবনসঞ্চার, জীবন্ত করা (পল্লিসঞ্জীবন)। □ বিণ. জীবনদায়ী, প্রাণসঞ্চারক। [সং. সম্ + √ জীব্ + ণিচ্ + অন]। সঞ্জীবনী বিণ. (স্ত্রী.) প্রাণসঞ্চার কারিণী, জীবনদায়িনী। □ বি. জীবনদায়ী ওষুধবিশেষ (মৃতসঞ্জীবনী)।

সট (p. 801) [saṭa] বি. অব্য. অতিশয় দ্রুততাসূচক বা অতর্কিত ভাবসূচক (সট করে সরে পড়া)। [ধ্বন্যা.]।

সটকা1 (p. 801) [saṭakā1] বি. আলবোলার নল। [দেশি]।

সটকা2 (p. 801) [saṭakā2] ক্রি, পালানো ('প্রাণ নিয়ে তো সটকেছি রে': রবীন্দ্র)। [হি. সট্কা]।˜ ন বি. পলায়ন, চম্পট (সটকান দেওয়া)।˜ নো ক্রি. বি. পালানো।

সটান (p. 801) [saṭāna] বিণ. 1 একটানা, সোজা (সটান রাস্তা); 2 টানটান, অবক্র (বিছানায় শুয়ে সটান হওয়া)। □ ক্রি-বিণ. 1 সোজাসুজি (সটান দৌড়ানো); 2 লম্বাভাবে (সটান শুয়ে পড়া); 3 আদৌ বিলম্ব না করে (সটান দেশে পাড়ি দেওয়া)। [সং. সহ + বাং. টান]।

সটীক (p. 801) [saṭīka] বিণ. টীকাযুক্ত, ব্যাখ্যাযুক্ত (সটীক অনুবাদ, সটীক গীতাগ্রন্হ)। [সং. সহ + টীকা]।

সঠিক (p. 801) [saṭhika] বিণ. 1 সম্পূর্ণ ঠিক বা খাঁটি; 2 নির্ভুল, যথার্থ (সঠিক কথা)। [বাং. স2 + ঠিক্]।

সডাক (p. 801) [saḍāka] বিণ. ডাকমাশুলসহ (বইটির সডাকমূল্য চল্লিশ টাকা)। [সং. সহ + বাং. ডাক]।

সড় (p. 801) [saḍ়] বি. গুপ্ত পরামর্শ, চক্রান্ত, ষড়যন্ত্র। [আ. সর; সলাহ্]। সড় করা ক্রি. বি. চক্রান্ত করা (সড় করে তাকে ঠকানো হয়েছে)। সড় থাকা ক্রি. বি. ষড়যন্ত্রের ব্যাপারে যোগাযোগ থাকা (এ ব্যাপারে তার সড় ছিল)।

সড়ক (p. 801) [saḍ়ka] বি. 1 রাস্তা, পথ; 2 বড়ো রাস্তা। [সং. সরক, তু. আ. শরক্]।

সড়কি (p. 801) [saḍ়ki] বি. বর্শা, বল্লম (সড়কির আঘাত)। [দেশি]।

সড়-গড় (p. 801) [saḍ়-gaḍ়] দ্র সড়োগড়ো।

সড়-সড় (p. 801) [saḍ়-saḍ়] বি. সাপ এবং অন্য সরীসৃপের দ্রুত গমনসূচক শব্দ (সড়সড় করে কী-একটা যেন চলে গেল, সড়সড় শব্দ হচ্ছে)। [ধ্বন্যা.]।

সড়াক, সড়াত্ (p. 801) [saḍ়āka, saḍ়āt] বি. সর্পাদির দ্রুতগতির মতো বেগসূচক শব্দ। [ধ্বন্যা]।

সড়ো-গড়ো (p. 801) [saḍ়ō-gaḍ়ō] বিণ. 1 উত্তমরূপে আয়ত্ত, অভ্যস্ত বা রপ্ত (প্লানটা সড়োগড়ো হয়েছে তো?); 2 মুখস্থ (নামতা সড়োগড়ো হওয়া)। [দেশি]।

সত্1 (p. 801) [sat1] বিণ. 1 সত্তাযুক্ত, অস্তিত্বশীল, বিদ্যমান; 2 নিত্য; 3 সত্য; 4 সাধু, সল্লোক; 5 উত্তম, শুভ (সৎকর্ম, সদুপদেশ, সদুত্তর)। □ বি. 1 অস্তিত্বমাত্র (সৎস্বরুপ); 2 ব্রহ্ম (ওঁতৎসত্)। [সং. অস্ + অত্]। ̃ কর্ম (-র্মন্), ̃ কার্য বি. ভালো কাজ, হিতকর কাজ, পুণ্যকর্ম। ̃ কুল বি, ভালো বংশ। ̃ কুলজাত বিণ. ভালো বংশে জন্ম হয়েছে এমন। ̃ পথ বি. ন্যায়ের পথ।

সত্2 (p. 801) [sat2] বিণ. সতিন-সম্পর্কিত। [সং. সপত্নী]। ̃ ছেলে বি. সতিনের ছেলে, সপত্নীপুত্র। ̃ বোন বি. বৈমাত্র ভগিনী, সত্মায়ের মেয়ে। ̃ ভাই বি.

সত্মায়ের ছেলে, বৈমাত্র ভাই।˜ মা বি. গর্ভধারিণীর সতিন, বিমাতা।˜ মেয়ে বি. সতিনের মেয়ে, সপত্নীকন্যা।˜ শাশুড়ি বি. শাশুড়ির সতিন।

সৎকর্ম (p. 801) [satkarma] দ্র সত্1।

সত্-কার, সত্-কৃতি, সত্-ক্রিয়া (p. 801) [sat-kāra, sat-kṛti, sat-kriẏā] বি. 1 সমাদর, সম্মান, সেবা (অতিথিসৎকার); 2 মড়া পোড়ানোর কাজ, অন্ত্যেষ্টিক্রিয়া (মৃতের সৎকার)। [সং. সত্ + √ কৃ + অ, সত্ + কৃতি, সত্ + ক্রিয়া]। সত্-কৃত বিণ. সৎকার করা হয়েছে এমন।

সৎছেলে (p. 801) [satchēlē] দ্র সত্2।

সতত (p. 801) [satata] ক্রি-বিণ. সর্বদা, নিরন্তর (সতত ক্রিয়াশীল, সতত বৃদ্ধিশীল)। [সং. সম্ + √ তন্ + ত]।

সততা (p. 801) [satatā] বি. সাধুতা, ন্যায়পরায়ণতা (ব্যবসায়ীর সততা, সততার পরীক্ষা)। [< সং. সত্তা]।

সত্বোন, সৎভাই, সত্মা, সত্মেয়ে (p. 801) [satbōna, satbhāi, satmā, satmēẏē] দ্র সত্2।

সতর্ক (p. 801) [satarka] বিণ. 1 সাবধান (সতর্ক পাহারা); 2 অবহিত; 3 সজাগ (রাতে একটু সতর্ক থেকো)। [সং. সহ + তর্ক]। বি.˜ তা। সতর্কী-করণ বি. সাবধান করে দেওয়া। সতর্কী-কৃত বিণ. সাবধান করে দেওয়া হয়েছে এমন।

সত্-সঙ্গ (p. 801) [sat-saṅga] বি. সাধু লোকের বা ভালো লোকের সঙ্গ বা সাহচর্য। [সং. সত্ 1 + সঙ্গ]।

সত্-সাহস (p. 801) [sat-sāhasa] বি. ন্যায্য কথা বলার বা উচিতকাজ করার সাহস (সাত্যি কথাটা বলার মতো সৎসাহস কারও ছিল না)। [সং. সত্1 + সাহস]।

সত্-স্বভাব (p. 801) [sat-sbabhāba] বি. ভালো স্বভাব; নৈতিকতা। □ বিণ. চরিত্রবান; সচ্চরিত্র। [সং. সত্1 + স্বভাব]।

সতা (p. 801) [satā] বি. (প্রা. কা.) সতিন ('গঙ্গা নামে সতা তার': ভা. চ.)। [সং. সপত্নী]।˜ ই বি. (প্রা. কা.) বিমাতা ('শুন সুমিত্রা সতাই': কৃত্তি)।˜ তো,˜ ত বিণ. বৈমাত্র (সতাতোভাই)।

সতিন (p. 801) [satina] বি. সপত্নী, পতির অন্য পত্নী। [সং. সপত্নী-তু. হি. সৌতিন]।˜ কাঁটা বি. সুখের পথে সতিনরূপ কাঁটা বা বিঘ্ন, যে-সতিন কাঁটার মতো কষ্টদায়ক।˜ ঝি বি. সতিনের কন্যা, সত্মেয়ে।˜ পো বি. সতিনের ছেলে, সৎছেলে।

সতিনী (p. 801) [satinī] বি. (অপ্র.) সতিন। [সতিন দ্র]।

সতী (p. 801) [satī] বি. 1 দক্ষকন্যা ও শিবপত্নী; 2 সাধ্বী বা পতিব্রতা নারী (সতীর তেজ); 3 (বাং.) স্বামীর শবের সঙ্গে একই চিতায় আরোহণপূর্বক

মৃত্যুবরণকারী স্ত্রী, সহমৃতা নারী (সতীদাহ)। □ বিণ. সাধ্বী, পতিব্রতা (সতীলক্ষ্মী, সতী নারী)। [সং. সত্ + ঈ]। ̃ ত্ব বি. পাতিব্রত্য, সতী স্ত্রীর ধর্ম বা গুণ। ̃ ত্ব-নাশ বি. পরপুরুষের সংগমে পাতিব্রত্যধর্মের লোপ। ̃ দাহ বি. স্বামীর শবের সঙ্গে একই চিতায় আরোহণপূর্বক পত্নীর জীবন্ত পুড়ে মরা। ̃ ন্দ্র, ̃ পতি, ̃ শ বি. শিব, সতীর পতি শিব। ̃ পনা, ̃ গিরি বি. (ব্যঙ্গে) 1 পাতিব্রত্যের বা সতীত্বের ভান; 2 সতীত্বের অত্যধিক গর্ব। ̃ লক্ষ্মী বি. সাধ্বী ও সুলক্ষণা স্ত্রী। ̃ সাধ্বী বি. অত্যন্ত সাধ্বী স্ত্রী। ̃ সাবিত্রী বি. সাবিত্রীর সমান সাধ্বী স্ত্রী।

সতীর্থ (p. 801) [satīrtha] বি. একই সময়ে একই গুরুর ছাত্র; সহপাঠী, সহাধ্যায়ী; একই শ্রেণির ছাত্র। [সং. স (সমান) + তীর্থ (গুরু)]।

সতীশ (p. 801) [satīśa] দ্র সতী।

সতুষ (p. 801) [satuṣa] বি. তুষযুক্ত, ধানের খোসাযুক্ত। [সং. সহ + তুষ]।

সতৃষ্ণ (p. 801) [satṛṣṇa] বিণ. 1 পিপাসিত, তৃষ্ণাযুক্ত; 2 (আল.) স্পৃহাযুক্ত, লালায়িত (সতৃষ্ণনয়নে)। [সং. সহ + তৃষ্ণা]।

সতেজ (p. 801) [satēja] বিণ. 1 তেজযুক্ত, তেজি (বার্ধক্য সত্ত্বেও সতেজ); 2 তেজস্বী। [সং. সহ + বাং. তেজ]।

সতেরো (p. 801) [satērō] বি. বিণ. 17 সংখ্যা বা সংখ্যক। [প্রাকৃ. সত্তারহ < সং. সপ্তদশ]। ̃ ই বি. বিণ. মাসের সতেরো তারিখ বা তারিখের।

সত্তম (p. 801) [sattama] বিণ. 1 অত্যুত্তম; 2 সর্বোৎকৃষ্ট, শ্রেষ্ঠ (পুরুষসত্তম); 3 সাধুতম। [সং. সত্ + তম]।

সত্তর (p. 801) [sattara] বি. বিণ. 7 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্ততি]।

সত্তা (p. 801) [sattā] বি. 1 অস্তিত্ব (ব্যক্তিসত্তা, জাতীয় সত্তা); 2 বিদ্যমানতা; 3 নিত্যতা; 4 উৎপত্তি; 5 শ্রেষ্ঠতা, উৎকর্ষ; 6 সাধুতা। [সং. সত্ + তা]।

সত্ত্ব (p. 801) [sattba] বি. 1 সত্তা, অস্তিত্ব (তৎসত্ত্বেও, ধনসত্ত্বেও অভাবগ্রস্ত); 2 ত্রিগুণের শ্রেষ্ঠটি, সত্ত্বগুণ; 3 স্বভাব, প্রকৃতি (বোধিসত্ত্ব); 4 আত্মা; 5 প্রাণ; 6 চৈতন্য; 7 শক্তি, পরাক্রম (মহাসত্ত্ব নৃপতি); 8 সাহস; 9 প্রাণী, জীব (অন্তঃস্বত্ত্বা); 1 পদার্থ, বস্তু; 11 (বাং.) রস বা রসদ্বারা প্রস্তুত খাবার (আমসত্ত্ব)। সত্ত্বেও অব্য. কোনো কিছু থাকলেও বা ঘটলেও-এই অর্থবোধক (বারবার বলা সত্ত্বেও করল না, ধনসত্ত্বেও অভাব)।

সত্বর (p. 801) [satbara] বিণ. ক্রি-বিণ. ত্বরাযুক্ত, শীঘ্র, তাড়াতাড়ি (সত্বর সেখানে যাও)। [সং. সহ + ত্বরা]।

সত্য (p. 801) [satya] বি. 1 সত্তা, বিদ্যমানতা, নিত্যতা; 2 যাথার্থ্য, নির্ভুলতা; 3 শপথ, প্রতিজ্ঞা (সত্যরক্ষা, তিন সত্য করা); 4 হিন্দুমতে চার যুগের প্রথমটি (সত্যযুগ); 5 পৌরাণিক সপ্তলোকের অন্যতম। □ বিণ. 1 প্রকৃত, যথার্থ, বাস্তব; 2 নির্ভুল, ঠিক (সত্য খবর, সত্য কথা); 3 নিত্য, চিরকালীন। [সং. সত্ + য]। সত্য কথা বি. ঠিক কথা, যথার্থ বা নির্ভুল কথা।˜ কার বিণ. সত্য, যথার্থ, বাস্তব (সত্যকার ঘটনা)।˜ তা বি. যথার্থতা (সংবাদের সত্যতা যাচাই করা)।˜ দ্রষ্টা (-

ষ্ট্),˜ দর্শী (-র্শিন্) বিণ. বি. যিনি সত্য দেখতে পান বা বুঝতে পারেন।˜ নারায়ণ বি. হিন্দু দেবতাবিশেষ; সত্যপির।˜ নিষ্ঠ,˜ পরায়ণ বিণ. সত্যবাদী; সত্যানুরাগী।˜ পথ,˜ পন্হা বি. সত্ প্রকৃত বা ন্যায্য পথ, ন্যায়ের পথ।˜ পালন বি. প্রতিজ্ঞা রক্ষা।˜ পির বি. হিন্দু ও মুসলমানের মিলনের প্রতীকস্বরূপ দেবতাবিশেষ, মুসলমান পিররূপী নারায়ণ।˜ প্রতিজ্ঞ বিণ. দৃঢ়প্রতিজ্ঞ।˜ প্রিয় বিণ. সত্যকে ভালোবাসে এমন, সত্যনিষ্ঠ।˜ বদ্ধ বিণ. প্রতিজ্ঞাবদ্ধ।˜ বাদী (-দিন্) বিণ. সত্য কথা বলে এমন। বি.˜ বাদিতা। স্ত্রী.˜ বাদিনী।˜ বান (-বত্) বিণ. 1 সত্যযুক্ত; 2 সত্যনিষ্ঠ। □ বি. (পুরাণে) দ্যুমুৎসেন রাজার পুত্র, সাবিত্রীর স্বামী।˜ ব্রত বিণ. সত্যপালন যার কাছে অবশ্যপালনীয় ব্রততুল্য।˜ ভঙ্গ বি. প্রতিজ্ঞা বা প্রতিশ্রুতি পালন না করা।˜ যুগ বি. হিন্দুমতে চার যুগের প্রথমটি।˜ রক্ষা বি. প্রতিজ্ঞা পালন, প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করা।˜ সন্ধ বিণ. সত্যরক্ষায় দৃঢ়প্রতিজ্ঞা।˜ সন্ধান বি. প্রকৃত ঘটনার অনুসন্ধান, প্রকৃতই যা ঘটেছে তার অনুসন্ধান। সত্যাগ্রহ বি. 1 ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠার জন্য দৃঢ়পর্তিজ্ঞ ও উদ্দেশ্যসাধনার্থ কষ্ট-স্বীকাররূপ আন্দোলন; 2 ধর্মঘট। সত্যানু-সন্ধান সত্যসন্ধান -এর অনুরূপ। সত্যান্বেষণ বি. সত্য জানার জন্য অনুসন্ধান, সত্যানুসন্ধান। সত্বান্বেষী (-ষিন্) বিণ. বি. যে সত্য অনুসন্ধান করে। সত্যাপন, সত্যাপনা বি. 1 প্রতিজ্ঞাবদ্ধ করানো; 2 দাদন বা বায়না; 3 দাদন বা বায়না দেওয়া। [সং. √ সত্যাপি (নামধাতু) + অন, আ]। সত্যাশ্রয়ী (-য়িন্) বিণ. সত্যনিষ্ঠ, সত্যপ্রিয়। সত্যাসত্য বি. সত্য ও অসত্য, সত্য-মিথ্যা।

সত্র (p. 801) [satra] বি. 1 অন্নজলাদি বিতরণের স্থান, সদাব্রত, ছত্র (জলছত্র, অন্নসত্র); 2 (দীর্ঘকালব্যাপী) যজ্ঞ; 3 উচ্চবিচারালয় ব্যবস্থাপক-সভা ইত্যাদির অধিবেশন, session (স. প.)। [সং. সদ্ + ত্র]।

সত্রাস (p. 801) [satrāsa] বিণ. ত্রাসযুক্ত, সভয়, ভীত। [সং. সহ + ত্রাস]।

সদ্‌-গতি (p. 801) [sad-gati] বি. 1 উত্তম ব্যবস্থা বা পরিণাম (টাকার সদ্গতি করা); 2 স্বর্গলাভ (বীরের সদ্গতি); 3 মুক্তি (আত্মার সদ্গতি)। [সং. সত্‌1 + গতি]।

সদ্‌-গুণ (p. 801) [sad-guṇa] বি. ভালো গুণ, শ্রেষ্ঠ গুণ (চরিত্রের সদ্গুণাবলি)। [সং. সত্‌1 + গুণ]।

সদ্‌-গোপ (p. 801) [sad-gōpa] বি. বাঙালি জাতিবিশেষ। [সং. সত্‌1 + গোপ]।

সদন (p. 801) [sadana] বি. 1 গৃহ, ভবন, আলয় (মহাজাতিসদন, বিচারসদন); 2 সমীপ, নিকট (রাজসদনে)। [সং. √ সদ্‌ + অন]।

সদনুষ্ঠান (p. 801) [sadanuṣṭhāna] বি. সৎকার্য, ভালো কাজ। [সং. সত্‌1 + অনুষ্ঠান]।

সদ্‌-বংশ, সদ্বংশ (p. 801) [sad-baṃśa, sadbaṃśa] বি. ভালো বংশ। [সং. সত্‌ 1 + বংশ]। ̃ জাত বিণ. ভালো বংশে জন্মেছে এমন।

সদ্‌-বাসনা (p. 801) [sad-bāsanā] বি. সদিচ্ছা। [সং. সত্‌1 + বাসনা]।

সদ্-বিচার (p. 801) [sad-bicāra] বি. ন্যায্য বা উচিত বিচার। [সং. সত্1 + বিচার]।

সদ্-বিবেচনা, সদ্বিবেচনা (p. 803) [sad-bibēcanā, sadbibēcanā] বি. ন্যায্য বিবেচনা, ন্যায়সংগত বিচার সুমীমাংসা; উত্তম নির্ধারণ। [সং. সত্1 + বিবেচনা]। সদ্-বিবেচক বিণ. সদ্বিবেচনাকারী।

সদ্-বুদ্ধি, সদ্বুদ্ধি (p. 803) [sad-buddhi, sadbuddhi] বি. শুভ বা উত্তম বুদ্ধি, সুবুদ্ধি। [সং. সত্ 1 + বুদ্ধি]।

সদ্-ব্যব-হার, সদ্ব্যব-হার (p. 803) [sad-byaba-hāra, sadbyaba-hāra] বি. 1 উত্তম বা ভদ্র ব্যবহার, শিষ্টাচার; 2 যথাযোগ্যভাবে কাজে লাগানো (সুযোগের সদ্ব্যবহার)। [সং. সত্1 + ব্যবহার]।

সদভি-প্রায় (p. 803) [sadabhi-prāẏa] বি. সাধু উদ্দেশ্য। [সং. সত্1 + অভিপ্রায়]।

সদম্ভ (p. 803) [sadambha] বিণ. দম্ভযুক্ত, দাম্ভিক, গর্বিত (সদম্ভ ঘোষণা)। [সং. সহ + দম্ভ]। সদম্ভে ক্রি-বিণ. দম্ভের সঙ্গে, দম্ভভরে।

সদ্-যুক্তি (p. 803) [sad-yukti] বি. উত্তম বা ভালো পরামর্শ। [সং. সত্1 + যুক্তি]।

সদয় (p. 803) [sadaẏa] বিণ. 1 দয়ালু (গরিবের দুঃখ দেখে সদয় হওয়া); 2 অনুকূল (সদয় আচরণ)। [সং. সহ + দয়া]।

সদর (p. 803) [sadara] বি. 1 জেলার প্রধান নগর (মোকদ্দমার তদারকে সদরে যেতে হবে); 2 বাড়ির বাইরের অংশ; 3 অন্তঃপুরের বার (মেয়েদের সদরে আসা); 4 বাইরের পিঠ, বাইরের দিক (যা করছে সদরেই করছে, লুকিয়ে করছে না)। □ বিণ. 1 জেলার প্রধান শহর-সম্পর্কিত (সদর আদালত); 2 প্রধান (সদর কাছারি); 3 বাইরের (সদর দরজা)। [আ. সদ্র্]। ̃ আলা, সদরালা বি. সাবজজ। সদর কাছারি প্রধান কার্যালয় বা দফতর। সদর খাজনা, সদর জমা সরকারকে প্রদেয় খাজনা বা রাজস্ব। সদর দরজা বাড়ির বাইরের দিকের প্রধান দরজা। সদর নায়েব সদর কাছারির নায়েব।

সদর্থক (p. 803) [sadarthaka] বিণ. 1 অস্তিত্ববাচক, ধনাত্মক; 2 হ্যাঁ-বোধক; positive; 3 সাধু বা উত্তম অর্থসূচক। [সং. সত্1 + অর্থ + ক]। তু. নঞর্থক।

সদর্প (p. 803) [sadarpa] বিণ. দর্পযুক্ত, অহংকৃত, গর্বিত (সদর্প ঘোষণা, সদর্প আচরণ)। [সং. সহ + দর্প]। সদর্পে ক্রি-বিণ. দর্পভরে, গর্বের সঙ্গে।

সদল (p. 803) [sadala] বিণ. দলযুক্ত, দলের সঙ্গে আছে এমন। [সং. সহ + দল]। ̃ বলে ক্রি-বিণ. (বাং.) সঙ্গীসাথি সঙ্গে নিয়ে। সদলে ক্রি-বিণ. স্বপক্ষীয় লোকজনের সঙ্গে।

সদসত্ (p. 803) [sadasat] বিণ. 1 সত্ ও অসত্; 2 ভালো ও মন্দ; 3 ন্যায় ও অন্যায়; 4 প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ; 5 অস্তিত্ববিশিষ্ট ও অস্তিত্বহীন। [সং. সত্1 + অসত্]।

সদস্য (p. 803) [sadasya] বি. 1 সংঘ প্রতিষ্ঠান দল ইত্যাদির সভ্য; 2 সভাসদ। [সং. সদস্ + য]।

সদা (p. 803) [sadā] ক্রি-বিণ. অব্য. 1 সর্বদা, সতত, সব সময়; 2 চিরকাল। [সং. সর্ব + দা (নি.)]।˜ নন্দ বিণ. চির আনন্দময়। □ বি. শিব।˜ নন্দ-ময় বিণ. সর্বদা আনন্দপূর্ণ। স্ত্রী.˜ নন্দ-ময়ী (সদানন্দময়ী কালী)।˜ ব্রত বি. অন্নসত্র।˜ শিব বি. সতত মঙ্গলময় মহাদেব। □ বিণ. (বাং.) অতি উদার; সর্বদাই এবং অল্পেই সন্তুষ্ট (সদাশিব ব্যক্তি)।˜ শ্রুত বিণ. সর্বদা বা প্রায়ই শোনা যায় বা শোনা হয় এমন।˜ সর্বদা অব্য. ক্রি-বিণ. সারাক্ষণ।

সদা-চরণ, সদা-চার (p. 803) [sadā-caraṇa, sadā-cāra] বি. শাস্ত্রবিহিত বা সাধু আচরণ। [সং. সত্1 + আচরণ, আচার]। সদা-চারী (-রিন্) বিণ. সদাচারসম্পন্ন।

সদা-তৃপ্ত (p. 803) [sadā-tṛpta] বিণ. সর্বদা বা অল্পেই সন্তুষ্ট। [সং. সদা + তৃপ্ত]।

সদাত্মা (p. 803) [sadātmā] (-ত্মন্) বিণ. সাধু, সদাশয়। [সং. সত্1 + আত্মন্]।

সদানন্দ, সদাব্রত (p. 803) [sadānanda, sadābrata] দ্র সদা।

সদা-লাপ (p. 803) [sadā-lāpa] বি. সত্ বা প্রীতিকর কথোপকথন, প্রীতিকর কথাবার্তা। [সং. সত্1 + আলাপ]। সদা-লাপী (-পিন্) বিণ. সদালাপকারী, প্রীতিকর বা ভালো কথা বলে এমন।

সদা-শয় (p. 803) [sadā-śaẏa] বি. উদারচেতা, সহৃদয়। [সং. সত্1 + আশয়]। স্ত্রী. সদা-শয়া। বি.˜ তা।

সদাশিব, সদাশ্রুত (p. 803) [sadāśiba, sadāśruta] দ্র সদা।

সদিচ্ছা (p. 803) [sadicchā] বি. সত্ বা ভালে উদ্দেশ্য (সদিচ্ছার অভাব নেই); শুভাকাঙ্ক্ষা, মঙ্গলকামনা। [সং. সত্1 + ইচ্ছা]।

সদুত্তর (p. 803) [saduttara] বি. প্রশ্নের যথাযথ বা সন্তোষজনক উত্তর। [সং. সত্ 1 + উত্তর]।

সদুদ্দেশ্য (p. 803) [saduddēśya] বি. সাধু বা সত্ উদ্দেশ্য বা অভিপ্রায়। [সং. সত্ 1 + উদ্দেশ্য]।

সদুপ-দেশ (p. 803) [sadupa-dēśa] বি. মঙ্গলজনক বা উপকারী উপদেশ বা পরামর্শ। [সং. সত্1 + উপদেশ]।

সদু-পায় (p. 803) [sadu-pāẏa] বি. ভালো অর্থাত্ অনিন্দনীয় পন্হা। [সং. সত্ + উপায়]।

সদৃশ (p. 803) [sadr̥śa] বিণ. অনুরূপ, তুল্য, সমান (পর্বতসদৃশ বিশালতা, সমুদ্রসদৃশ বিস্তার)। [সং. স(সমান) + √ দৃশ্ + অ]। বি.˜ তা।˜ বিধান বি. রোগোৎপাদক বস্তুর দ্বারাই রোগের চিকিৎসা, হোমিয়োপ্যাথি।

সদোষ (p. 803) [sadōṣa] বিণ. দোষযুক্ত। [সং. সহ + দোষ]।

সদ্ধর্ম (p. 803) [saddharma] বি. 1 উত্তম ধর্ম; 2 (বৌ. শা.) বৌদ্ধধর্ম। [সং. সত্1 + ধর্ম]।

সদ্বংশ (p. 803) [sadbaṃśa] দ্র সদ্বংশ।

সদ্বাক্য (p. 803) [sadbākya] বি. উত্তম বাক্য বা ভাষা; ভালো কথা। [সং. সত্1 + বাক্য]।

সদ্বিচার, সদ্বিবেচনা, সদ্বুদ্ধি, সদ্ব্যবহার (p. 803) [sadbicāra, sadbibēcanā, sadbuddhi, sadbyabahāra] যথাক্রমে সদ্বিচার, সদ্বিবেচনা, সদ্বুদ্ধি ও সদ্ব্যবহার দ্র।

সদ্ভাব (p. 803) [sadbhāba] বি. 1 সত্তা, অস্তিত্ব, বন্ধুভাব (ঈশ্বরের সদ্ভাব সম্পর্কে সংশয়); 2 সৌহার্দ্য, বন্ধুভাব (প্রতিবেশীদের সঙ্গে সদ্ভাব বজায় রাখা)। [সং. সত্1 + ভাব]।

সদ্ম (p. 803) [sadma] (-দ্মন্) বি. আবাস, গৃহ। [সং. সদ্ + মন্]।

সদ্য, সদঃ (p. 803) [sadya, sadḥ] (-দ্যস্) অব্য. ক্রি-বিণ. 1 তৎক্ষণে, তখনই; 2 এখনই, উপস্থিত সময়ে, সবে, এইমাত্র; 3 টাটকা। [সং. সমান + দ্যঃ (দ্যস্) বা অহন্ (নি.)]। ̃ সদ্য-তন বিণ. অল্পকাল আগে ঘটেছে এমন; সদ্য ঘটেছে এমন, recent (সদ্যতন ঘটনা)। ̃ পক্ব বিণ. 1 এইমাত্র রাঁধা হয়েছে এমন; 2 এইমাত্র পেকেছে এমন। সদ্যঃ পাতী (-তিন্) বিণ. ওঠার সঙ্গে সঙ্গে পড়া যায় এমন; ক্ষণস্থায়ী (সদ্যঃপাতী অম্বুবিম্ব)। সদ্যঃপ্রসূত বিণ. এইমাত্র জন্মেছে এমন, সদ্যোজাত। সদ্য-সদ্য ক্রি-বিণ. এইমাত্র; তৎক্ষণাত্; সঙ্গে সঙ্গে। সদ্য-স্নাত বিণ. এইমাত্র স্নান করেছে এমন। স্ত্রী. সদ্য-স্নাতা। সদ্যো-জাগ্রত্ বিণ. এইমাত্র জেগেছে এমন। সদ্যো-জাত বিণ. সদ্যঃপ্রসূত। সদ্যো-জীবী (-বিন্) বিণ. জন্মমাত্র মারা যায় বা বিনষ্ট হয় এমন, ক্ষণস্থায়ী ('জলবিম্ব যথা সদা সদ্যোজীবী': মধু.)। সদ্যো-মাংস বি. এইমাত্র বা তৎকালে নিহত পশুর মাংস। সদ্যো-মুক্ত বিণ. 1 মৃত্যুর সঙ্গে সঙ্গে মুক্তিপ্রাপ্ত বা মোক্ষপ্রাপ্ত ('এখানে জন্মিবে যেই সদ্যোমুক্ত হবে সেই: ভা. চ.); 2 এইমাত্র মুক্তিপ্রাপ্ত। সদ্যো-মৃত বিণ. এইমাত্র মারা গেছে এমন। স্ত্রী. সদ্যো-মৃতা।

সধবা (p. 803) [sadhabā] বি. যে নারীর পতি জীবিত আছে, এয়োস্ত্রী। [সং. সহ + ধব + আ]।

সধর্মা, (-র্মন্), সধর্মী (-র্মিন্) (p. 803) [sadharmā, (-rman), sadharmī (-rmin)] বিণ. 1 একই ধর্ম গুণ বা বৃত্তি অবলম্বনকারী; 2 তুল্য, সদৃশ। [সং. সমান + ধর্মন্; সধর্ম + ইন্]।

সন (p. 803) [sana] বি. সাল, অব্দ; বৎসর। [আ.]।

সনত্-কুমার (p. 803) [sanat-kumāra] বি. ব্রহ্মার মানসপুত্র; মুনিবিশেষ। [সং. সনত্ (=ব্রহ্মা) + কুমার]।

সনদ (p. 803) [sanada] বি. (প্রধানত সরকারি); 1 হুকুমনামা, আদেশপত্র, ফরমান; 2 দলিল; 3 উপাধিপত্র। [আ. সনদ্]।

সনা-তন (p. 803) [sanā-tana] বিণ. 1 নিত্য, চিরবর্তমান; 2 শাশ্বত, বহুকাল প্রচলিত (সনাতন প্রথা)। □ বি. 1 ঈশ্বর; 2 ব্রহ্মা; 3 শিব; 4 বিষ্ণু। [সং. সনা + তন]। সনা-তনি (বাং.) বিণ. বি. প্রাচীনপন্থী। সনা-তনী বিণ. সনাতন -এর স্ত্রীলিঙ্গ। □ বি. 1 দুর্গা; 2 সরস্বতী; 3 লক্ষ্মী।˜ ধর্ম বি. 1 অপরিবর্তনীয় ও চিরস্থায়ী ধর্ম; 2 প্রচলিত ও প্রাচীন হিন্দুধর্ম।

সনাথ (p. 803) [sanātha] বিণ. 1 প্রভুযুক্ত; 2 পতিযুক্ত; 3 যুক্ত, সমন্বিত (বহু জলচর-সনাথ সরোবর, 'শশী-সনাথ যামিনী': রবীন্দ্র)। [সং. সহ + নাথ]। স্ত্রী. সনাথা।

সনির্বন্ধ (p. 803) [sanirbandha] বিণ. অতিশয় আগ্রহযুক্ত বা মিনতিপূর্ণ, সাগ্রহ, সানুনয় (সনির্বন্ধ অনুরোধ, সনির্বন্ধ আহ্বান)। [সং. সহ + নির্বন্ধ]।

সনে (p. 803) [sanē] ক্রি-বিণ. (কাব্যে) সঙ্গে, সহিত ('হৃদয় দিব তারি সনে': রবীন্দ্র)। [সঙ্গে দ্র]।

সনেট (p. 803) [sanēṭa] বি. চতুর্দশপদী কবিতাবিশেষ। [ইং. sonnet]।

সন্ত (p. 803) [santa] বি. সাধু, সন্ন্যাসী (সাধুসন্ত)। [হি. সন্ত্ < সং. সত্ তু. ইং. saint]।

সন্তত (p. 803) [santata] বিণ. 1 অবিচ্ছিন্ন; 2 বহুদূরব্যাপী; 3 সতত ('সন্তত আভাসে ঘুমন্ত তোমাকে দেখি': বিষ্ণু)। [সং. সম্ + √ তন্ + ত]।

সন্ততি (p. 803) [santati] বি. 1 সন্তান, অপত্য, পুত্র বা কন্যা (সন্ততিহীন); 2 বংশ, গোত্র; 3 পারম্পর্য, অবিচ্ছেদ (ভাবসন্ততি); 4 শ্রেণি (দীপসন্ততি); 5 ব্যাপ্তি, বিস্তার। [সং. সম্ + √ তন্ + তি]।

সন্তপ্ত (p. 803) [santapta] বিণ. 1 সন্তাপযুক্ত, মানসিক যন্ত্রণাযুক্ত (শোকসন্তপ্ত); 2 উত্তাপযুক্ত; 3 জরাদিহেতু দেহে অধিক তাপযুক্ত। [সং. সম্ + তপ্ত]।

সন্তরণ (p. 803) [santaraṇa] বি. সাঁতার। [সং. সম্ + তরণ]। ̃ দক্ষ, ̃ পটু বিণ. সাঁতারে পটু; সাঁতারু। ̃ বিদ বি. বিণ. সাঁতারে দক্ষ, সাঁতারু; সাঁতার বিষয়ে অভিজ্ঞ।

সন্তর্পণ (p. 803) [santarpaṇa] বি. তৃপ্ত করা। □ বিণ. তৃপ্তিকর, তৃপ্তিদায়ক। [সং. সম্ + তর্পণ]। সন্তর্পণে ক্রি-বিণ. (বাং.) সতর্কভাবে, অতি সাবধানে (সন্তর্পণে এগোতে লাগল)।

সন্তাড়িত (p. 803) [santāḍ়ita] বিণ. বিশেষভাবে আলোড়িত বা চঞ্চলীকৃত। [সং. সম্ + তাড়িত]।

সন্তান (p. 803) [santāna] বি. 1 অপত্য, পুত্র বা কন্যা; 2 বংশধর (এই বংশের সন্তান); 3 অবিচ্ছেদ্য ধারা; 4 বিস্তার। [সং. সম্ + √ তন্ + অ]।˜ ধারণ বি. (স্ত্রীলোকের) গর্ভে সন্তানের জন্ম দেওয়া।˜ বতী বিণ. (স্ত্রী.) সন্তানের জন্ম দিয়েছে এমন; সন্তান আছে এমন (সন্তানবতী নারী)। পুং.˜ বান (বত্)।˜ বাৎসল্য বি. সন্তানের প্রতি স্নেহ।˜ সন্ততি বি. 1 পুত্রকন্যা, ছেলেমেয়ে; 2 বংশধরগণ।˜ সম্ভাবনা বি. সন্তানের জন্ম হওয়ার সম্ভাবনা, অন্তঃসত্ত্বা অবস্থা।˜ হীন বিণ. নিঃসন্তান, সন্তান নেই এমন। স্ত্রী.˜ হীনা। সন্তানোচিত বিণ. সন্তানের পক্ষে উপযুক্ত বা করণীয়। সন্তানোত্-পাদন বি. সন্তানের জন্মদান।

সন্তাপ (p. 803) [santāpa] বি. 1 উত্তাপ; 2 মানসিক যন্ত্রণা, মনস্তাপ, শোক; 3 জরাদিহেতু দেহের তাপবৃদ্ধি। [সং. সম্ + তাপ]।˜ ন বি. সন্তাপদান। □ বিণ. সন্তাপজনক। সন্তাপিত বিণ. 1 মনস্তাপযুক্ত; 2 পীড়িত, দুঃখে কাতর। সন্তাপী (-পিন্) বিণ. সন্তপ্ত, সন্তাপযুক্ত।

সন্তুষ্ট (p. 803) [santuṣṭa] বিণ. 1 সন্তোষযুক্ত, অতিশয় তুষ্ট বা তৃপ্ত; 2 লাভালাভ বা সুখদুঃখে প্রসন্নচিত্ত। [সং. সম্ + তুষ্ট]। স্ত্রী. সন্তুষ্টা। সন্তুষ্টি বি. সন্তোষ, অতিশয় তৃপ্তি বা আহ্লাদ।

সন্তোলন (p. 803) [santōlana] বি. তেল বা ঘিতে অল্প ভাজা, সাঁতলানো। [সং. সম্ + হি. √ তল (=ভাজা)। সন্তোলা ক্রি. (প্রা. কা.) সাঁতলানো।

সন্তোষ (p. 803) [santōṣa] বি. 1 সন্তুষ্টি, সম্যক তুষ্টি বা তৃপ্তি; 2 নিরাকাঙ্ক্ষতা; 3 হর্ষ, আহ্লাদ। [সং. সম্ + তোষ]।

সন্ত্রস্ত (p. 803) [santrasta] বিণ. সন্ত্রাসযুক্ত, অত্যন্ত ভীত; ভয়ে ব্যাকুল (সন্ত্রস্ত প্রাণ)। [সং. সম্ + ত্রস্ত]। স্ত্রী. সন্ত্রস্তা।

সন্ত্রাস (p. 803) [santrāsa] বি. অতিশয় ত্রাস বা ভয়ের পরিবেশ (দেশে সন্ত্রাস সৃষ্টি)। [সং. সম্ + ত্রাস]।˜ বাদ বি. রাজনীতিক উদ্দেশ্য সিদ্ধির জন্য পীড়ন; হত্যা প্রভৃতি হিংসাত্মক ও ত্রাসজনক কর্ম অবলম্বন করা উচিত-এই মত, terrorism.˜ বাদী (-দিন্) বিণ. বি. যে সন্ত্রাসবাদে আস্থাশীল বা তদনুযায়ী কাজ করে, terrorist. সন্ত্রাসিত বিণ. সন্ত্রাসযুক্ত, সন্ত্রস্ত, অতিশয় ভীত।

সন্দংশ, সন্দংশিকা, সন্দংশী (p. 803) [sandaṃśa, sandaṃśikā, sandaṃśī] বি. (যা সম্যক দংশন করে এই অর্থে) সাঁড়াশি, চিমটে, জাঁতি ইত্যাদি যন্ত্র। [সং. সম্ + √ দনশ্ + অ, ক + আ, ঈ]।

সন্দর্ভ (p. 805) [sandarbha] বি. 1 রচনা, প্রবন্ধ, নিবন্ধ; 2 গ্রন্হ; 3 সংগ্রহ (রচনাসন্দর্ভ)। [সং. সম্ + √ দৃভ্ + অ]।

সন্দর্শন (p. 805) [sandarśana] বি. 1 সম্যক দর্শন বা অবলোকন; 2 সাক্ষাত্ (রাজসন্দর্শনে যাওয়া, দেবসন্দর্শন)। [সং. সম্ + দর্শন]।

সন্দষ্ট (p. 805) [sandaṣṭa] বিণ. 1 সম্যক দষ্ট, সজোরে বা দৃঢ়ভাবে কামড়ানো হয়েছে এমন; 2 সংলগ্ন। [সং. সম্ + দষ্ট]।

সন্দিগ্ধ (p. 805) [sandigdha] বিণ. 1 সন্দেহযুক্ত (সন্দিগ্ধ মন); 2 অনিশ্চয় (সন্দিগ্ধ বিষয়)। [সং. সম্ + √ দিহ্ + ত]। বি.˜ তা।

সন্দিহান (p. 805) [sandihāna] বিণ. সন্দেহ করছে এমন, সন্দেহযুক্ত (সন্দিহান হওয়া)। [সং. সম্ + √ দিহ্ + আন]।

সন্দীপন (p. 805) [sandīpana] বিণ. 1 প্রজ্বালন; 2 উৎসাহিত করা। □ বিণ. 1 প্রজ্বালক; 2 উৎসাহক। [সং. সম্ + দীপন]। সন্দীপক বিণ. উত্তেজক বা প্রেরণাদায়ক। সন্দীপিত, সন্দীপ্ত বিণ. 1 প্রজ্বলিত (সন্দীপ্ত অগ্নি); 2 উৎসাহিত।

সন্দেশ (p. 805) [sandēśa] বি. 1 সংবাদ, বার্তা; 2 আদেশ; 3 (বাং.) ছানা দিয়ে তৈরি শুকনো মিঠাইবিশেষ। [সং. সম্ + √ দিশ্ + অ]।˜ বহ বি. দূত, সংবাদ-বহনকারী।

সন্দেহ (p. 805) [sandēha] বি. 1 সংশয়, সত্যতানির্ণয়ে অনিশ্চয়তা (মনে সন্দেহ জন্মেছে); 2 অপরাধী বলে অনুমান (আপনি কাকে সন্দেহ করেন?)। [সং. সম্ + √ দিহ্ + অ]।˜ জনক বিণ. সন্দেহ জন্মায় এমন, যাকে সন্দেহ করা যায় এমন।˜ বাতিক বি. কারণে-অকারণে সন্দেহ করার বদভ্যাস।˜ ভঞ্জন বি. সংশয়মোচন। সন্দেহাতীত বিণ. সন্দেহের বাইরে, সন্দেহ করা যায় না এমন।

সন্ধান (p. 805) [sandhāna] বি. 1 অন্বেষণ (সত্যসন্ধান, সন্ধান থেকে বিরত); 2 খোঁজ (চোরের সন্ধান, পথের সন্ধান); 3 ঠিকানা, পাত্তা (লোকটির সন্ধান জানা নেই); 4 গোপন তথ্য, রহস্য (সৃষ্টির সন্ধান); 5 গোপন প্রবেশপথ ('সন্ধান লব বুঝিয়া': রবীন্দ্র); 6 (ধনুকাদিতে শর) যোজনা (শরসন্ধান); 7 (মদ্যাদি) গাঁজানোর কাজ, fermen tation; 8 সন্ধি, মিলন, বন্ধন; 9 মিশ্রণ; 1 সংঘটন। [সং. সম্ + √ ধা + অন]। সন্ধানী (-নিন্), সন্ধায়ী (য়িন্) বিণ. সন্ধানকারী; গোপন তথ্য জানতে পটু বা উৎসুক (সন্ধানী দৃষ্টি বা মন); খোঁজ-খবর রাখে এমন।

সন্ধানী, সন্ধায়ী (p. 805) [sandhānī, sandhāẏī] দ্র সন্ধান।

সন্ধি (p. 805) [sandhi] বি. 1 মিলন; 2 বিবদমান পক্ষসমূহের মধ্যে ঐক্যস্থাপন বা শান্তিস্থাপন, রাজনৈতিক চুক্তি (ভার্সাইয়ের সন্ধি); 3 মিলনস্থান বা জোড় (সন্ধিমুখ); 4 শরীরের অঙ্গ-প্রত্যঙ্গের মিলনস্থান বা গ্রন্হিমুখ (ঊরুসন্ধি); 5 মিলনকাল (যুগসন্ধি, বয়ঃসন্ধি); 6 দিনরাত্রি বা দুই তিথি ইত্যাদির মিলনকাল (সন্ধিক্ষণ, সন্ধিপূজা); 7 খোঁজ, সন্ধান, রহস্য ('নারীর মায়ার সন্ধি': কৃত্তি); 8 কৌশল ('কহিয়া দিব যত আছে সন্ধি' : ক. ক.); 9 সুড়ঙ্গ, সিঁদ (সন্ধিপথ); 1 (ব্যাক.) সন্নিহিত দুই ধ্বনির মিলন (স্বরসন্ধি)। [সং. সম্ + √ ধা + ই]। ̃ কাল, ̃ ক্ষণ বি. সংযোগকাল, এক কালের অবসান ও অন্য কালের আরম্ভের সময় (ঋতু-পরিবর্তনের সন্ধিকালে, নবযুগের সন্ধিক্ষণ)। ̃ পত্র বি. বিবাদের রফা-নিষ্পত্তির পরে বিবাদী পক্ষদ্বয়ের পরস্পরকে প্রদত্ত প্রতিশ্রুতি-পত্র, treaty. ̃ পূজা বি. মহাষ্টমীর অবসান হয়ে মহানবমীর সঞ্চার হচ্ছে ঠিক এমন সময়ে দুর্গাপূজা। ̃ বদ্ধ বিণ. রাজনৈতিক সন্ধি বা চুক্তির দ্বারা আবদ্ধ। ̃ বাত বি. গেঁটে বাত। ̃ বিগ্রহ বি. রাজনৈতিক সন্ধি ও যুদ্ধ। ̃ ভঙ্গ বি. রাজনৈতিক চুক্তিবিরোধী কাজ।

সন্ধিত (p. 805) [sandhita] বিণ. 1 মিলিত; 2 সন্ধিদ্বারা বদ্ধ; 3 বদ্ধ; 4 মদে পরিণত, গাঁজানো, fermented. [সং. সন্ধা + ইত]।

সন্ধিৎসা (p. 805) [sandhitsā] বি. সন্ধান করবার ইচ্ছা। [সং. সম্ + √ ধা + সন্ + অ + আ]। সন্ধিৎসু বিণ. সন্ধিস্থাপন বা সন্ধান করতে ইচ্ছুক।

সন্ধিনী (p. 805) [sandhinī] বি. বৃষভাক্রান্তা গাভি। [সং. সন্ধা + ইন্ + ঈ]।

সন্ধুক্ষণ (p. 805) [sandhukṣaṇa] বি. উদ্দীপন, উত্তেজন। [সং. সম্ + √ ধুক্ষ্ + অন]। সন্ধুক্ষিত বিণ. উদ্দীপিত, উত্তেজিত (বিদ্রোহানল সন্ধুক্ষিত)।

সন্ধ্যা (p. 805) [sandhyā] বি. 1 দিন ও রাত্রির সন্ধিক্ষণ (প্রাতঃসন্ধ্যা, সায়ংসন্ধ্যা); 2 রাত্রির আরম্ভ, সাঁঝ (সন্ধ্যাবেলা); 3 দিন-রাত্রির সন্ধিক্ষণে ঈশ্বরোপাসনা, আহ্নিক (সন্ধ্যা করা); 4 বেলা, বার (দু-সন্ধ্যা খাওয়া); 5 পুরো এক দিন-রাত্রি (তিন সন্ধ্যাব্যাপী উপবাস); 6 যুগসন্ধি, যুগের আরম্ভকাল (কলির সন্ধ্যা); 7 (আল.) অবসান-কাল (জীবনসন্ধ্যা)। [সং.সম্ + √ ধ্যৈ + অ + আ]।˜ আহ্নিক,˜ হ্নিক,˜ বন্দনা বি. 1 সায়ংকালীন ঈশ্বরোপাসনা; 2 ত্রিসন্ধ্যা ঈশ্বরবন্দনা।˜ তারা বি. সন্ধ্যাবেলায় যে তারা সর্বাগ্রে উদিত হয়; সূর্যাস্তের পরে পশ্চিম দিগন্তে দৃশ্যমান শুক্রগ্রহ, venus.˜ ভাষা বৌদ্ধ সাধকদের রচিত 'চর্যাপদ'-এ ব্যবহৃত ভাষা, যার মধ্যে ধর্মকথার ভিতর একটা অন্যভাবের কথাও আছে, কিন্তু তা অস্পষ্ট।˜ মণি বি. রক্তবর্ণ ফুলবিশেষ।˜ রাগ বি. অস্তগমনোম্মুখ সূর্যের আলোকচ্ছটা।˜ লোক বি. অস্তগামী সূর্যের ম্লান আলো।

সন্নত (p. 805) [sannata] বিণ. 1 প্রণত; 2 অবনত। [সং. সম্ + √ নম্ + ত]। সন্নতি বি. 1 প্রণাম; 2 অবনতি, নম্রতা।

সন্নদ্ধ (p. 805) [sannaddha] বিণ. 1 (অস্ত্রাদি দ্বারা) সম্যকরূপে সজ্জিত; 2 বর্মপরিহিত; 3 শ্রেণিবদ্ধ, বিন্যস্ত (ঘনসন্নদ্ধ)। [সং. সম্ + √ নহ্ + ত]।

সন্না (p. 805) [sannā] বি. ছোট চিমটে। [সং. সন্দংশ]।

সন্নাহ (p. 805) [sannāha] বি. 1 বর্ম; 2 পরিচ্ছদ। [সং. সম্ + √ নহ্ + অ]।

সন্নি-কট (p. 805) [sanni-kaṭa] বি. সন্নিধান (সন্নিকটে অবস্থিত)। □ ক্রি-বিণ. অতি নিকটে (সন্নিকট যাওয়া)। □ বিণ. অতি নিকটবর্তী (সন্নিকট মৃত্যু)। [সং. সম্ + নিকট]। সন্নি-কটে ক্রি-বিণ. অতি নিকটে।

সন্নি-কর্ষ (p. 805) [sanni-karṣa] বি. সান্নিধ্য, নৈকট্য। [সং. সম্ + নি + √ কৃষ্ + অ]। ˜ ণ বি. নিকটে অবস্থান। সন্নি-কৃষ্ট বিণ. সমীপবর্তী।

সন্নি-ধান, সন্নিধি (p. 806) [sanni-dhāna, sannidhi] বি. 1 নৈকট্য (পিতৃসন্নিধানে); 2 সংসর্গ; 3 সমাগম; 4 আবির্ভাব ('যেনমতে পদ্মাবতী করিলা সন্নিধান': বি. গু.)। 5 স্থিতি। [সং. সম্ + নি √ ধা + অন, ই]।

সন্নি-পাত (p. 806) [sanni-pāta] বি. 1 একত্র মিলন; 2 সমষ্টি; 3 সম্পূর্ণ পতন বা বিনাশ; 4 (আয়ু.) বাত পিত্ত কফের ত্রিবিধ দোষযুক্ত বিকার (তু. সান্নিপাতিক)। [সং. সম্ + নিপাত]।

সন্নি-বদ্ধ (p. 806) [sanni-baddha] বিণ. 1 দৃঢ়ভাবে আবদ্ধ; 2 গ্রথিত। [সং. সম্ + নিবদ্ধ]। সন্নি-বদ্ধ, সন্নি-বন্ধন বি. 1 দৃঢ়বন্ধন; 2 গ্রন্হন; 3 দৃঢ়ভাবে একত্র সংকলন।

সন্নি-বিষ্ট (p. 806) [sanni-biṣṭa] বিণ. 1 বিন্যস্ত, সন্নিবেশ করা হয়েছে এমন; 2 সংযুক্ত (বইটিতে দুটি নতুন অধ্যায় সন্নিবিষ্ট হয়েছে); 3 ভিতরে প্রবিষ্ট। [সং. সম্ + নিবিষ্ট]।

সন্নি-বৃত্ত (p. 806) [sanni-bṛtta] বিণ. 1 সম্পূর্ণ নিবৃত্ত বা বিরত; 2 প্রত্যাগত। [সং. সম্ + নিবৃত্ত]। সন্নি-বর্তন, সন্নি-বৃত্তি বি. 1 সম্পূর্ণ বিরতি; 2 প্রত্যাগমন।

সন্নি-বেশ (p. 806) [sanni-bēśa] বি. 1 সংস্থাপন (সৈন্যসন্নিবেশ); 2 স্থিতি (ঘনসন্নিবেশ); 3 সংযোগ (গ্রহসন্নিবেশ); 4 ভিতরে প্রবেশ করানো; 5 বিন্যাস। [সং. সম্ + নিবেশ]। সন্নি-বেশিত বিণ. সন্নিবিষ্ট করা হয়েছে এমন; স্থাপিত।

সন্নিভ (p. 806) [sannibha] বিণ. সদৃশ, তুল্য (তপ্তকাঞ্চসন্নিভ, সূর্যসন্নিভ)। [সং. সম্ + নি + √ ভা + অ]।

সন্নি-য়োগ (p. 806) [sanni-ẏōga] বি. 1 সম্যক বা বিধিমতে নিয়োগ; 2 আদেশ; 3 সংযোগ। [সং. সম্ + নিয়োগ]।

সন্নি-হিত (p. 806) [sanni-hita] বিণ. 1 নিকটবর্তী (পর্বতসন্নিহিত নদী); 2 সান্নিধ্যে অবস্থিত; 3 সম্যক স্থাপিত। [সং. সম্ + নিহিত]।

সন্ন্যস্ত (p. 806) [sannyasta] বিণ. 1 নিক্ষিপ্ত; 2 সমর্পিত; 3 পরিত্যক্ত। [সং. সম্ + ন্যস্ত]।

সন্ন্যাস (p. 806) [sannyāsa] বি. 1 সম্পূর্ণ বর্জন (কর্ম-সন্ন্যাস); 2 সংসারবাসনা ত্যাগ, সংসারত্যাগপূর্বক ঈশ্বরচিন্তায় জীবনযাপন ও ভিক্ষান্নে প্রাণধারণ; 3 হিন্দুশাস্ত্রানুযায়ী চতুরাশ্রমের অর্থাত্ জীবনের চার পর্যায়ের শেষটি; 4 রোগবিশেষ, apoplexy. [সং. সম্ + নি + √ অস্ + অ]। সন্ন্যাসী (-সিন্) বিণ. বি. সন্ন্যাস অবলম্বনকারী, সংসারত্যাগপূর্বক পরমেশ্বরে নিবেদিত প্রাণ। স্ত্রী. সন্ন্যাসিনী। অনের সন্ন্যাসীতে গাজন নষ্ট কোনো কাজে বেশি লোক নিযুক্ত হলে কাজ নষ্ট হয়।

সন্মার্গ (p. 806) [sanmārga] বি. সত্ পথ বা উপায়। [সং. সত্ + মার্গ]।

সন্মিত্র (p. 806) [sanmitra] বি. সত্ বা অকপট মিত্র। [সং. সত্ + মিত্র]।

সপ (p. 806) [sapa] বি. 1 বড়ো মাদুরবিশেষ; 2 (আঞ্চ.) মাদুর। [আ. সফ্]।

সপক্ষ1 (p. 806) [sapakṣa1] বিণ. পক্ষযুক্ত, ডানাওয়ালা। [সং. সহ + পক্ষ]।

সপক্ষ2 (p. 806) [sapakṣa2] বিণ. 1 একপক্ষাবলম্বী, একই পক্ষভুক্ত; 2 অনুকূলতা (আমার সপক্ষে বলবার কেউ নেই)। [সং. সমান + পক্ষ]। বি.˜ তা।

সপত্ন (p. 806) [sapatna] বি. শত্রু। [সং. সপত্নী + অ(সপত্নীতুল্য এই অর্থে)]।

সপত্নী (p. 806) [sapatnī] বি. সতিন, পতির অন্য পত্নী। [সং. সমান + পতি, ঈ]।

সপত্নীক (p. 806) [sapatnīka] বিণ. ক্রি-বিণ. পত্নীসহ, সস্ত্রীক। তু. বিপত্নীক। [সং. সহ + পত্নী + ক]।

সপরি-বার (p. 806) [sapari-bāra] বিণ. ক্রি-বিণ. স্ত্রীপুত্রকন্যাদিসহ (দুর্ঘটনায় সপরিবার নিহত)। [সং. সহ + পরিবার]। সপরি-বারে ক্রি-বিণ. পরিবারবর্গের সঙ্গে (সপরিবারে এলেন)।

সপর্যা (p. 806) [saparyā] বি. আরাধনা, পূজা, উপাসনা। [সং. সপর্ + √ যক্ + আ]।

সপ-সপ (p. 806) [sapa-sapa] অব্য. বি. 1 সম্যক সিক্ততার ভাব (ভিজে সপসপ করা); 2 তরল বস্তু খাওয়ার শব্দ (সপসপ করে পায়েস খাওয়া)। [ধ্বন্যা.]। সপ-সপে বিণ. 1 সপ, সপ আওয়াজযুক্ত; 2 (মূলত জামাকাপড়) সম্পূর্ণ সিক্ত।

সপাং, সপাত্ (p. 806) [sapā, ṃsapāt] বি. বেত্রাদি দ্বারা জোরে আঘাতের শব্দ (সপাং করে বেত মারা)। [ধ্বন্যা.]। সপাং সপাং, সপাত্ সপাত্ বি. ক্রমাগত বা বারবার সপাং বা সপাত্ শব্দ।

সপাদ (p. 806) [sapāda] বিণ. চতুর্থাংশসহ, সওয়া, একচতুর্থাংশসহ। [সং. সহ + পাদ (=চতুর্থাংশ)]।

সপা-সপ (p. 806) [sapā-sapa] ক্রি-বিণ. 1 ক্রমাগত দ্রূত সপসপ শব্দে (সপাসপ খাওয়া); 2 সপাং করে (সপাসপ বেত মারা)। [ধ্বন্যা.]।

সপিণ্ড (p. 806) [sapiṇḍa] বিণ. বি. পিণ্ডাধিকারী অর্থাত্ সপ্তপুরুষান্তর্গত জ্ঞাতি। [সং. সমান + পিণ্ড]। ̃ তা বি. পিণ্ডাধিকার; জ্ঞাতিত্ব। সপিণ্ডী-করণ বি. 1 মৃত্যুর এক বৎসর পর (প্রেতত্বমোচনের জন্য) কৃত শ্রাদ্ধ, মৃত পিতৃপুরুষের প্রেতাত্মার জন্য কৃত শ্রাদ্ধবিশেষ; 2 (বিদ্রুপে) সমূহ বিনাশ।

সপিনা (p. 806) [sapinā] বি. আদালতে হাজির হওয়ার পরোয়ানা, সমন। [ইং. subpoena তু. আ. সফীনা]।

সপুচ্ছ (p. 806) [sapuccha] বিণ. 1 লেজসহ; 2 পুচ্ছ বা লেজ আছে এমন। [সং. সহ + পুচ্ছ]।

সপুষ্পক (p. 806) [sapuṣpaka] বিণ. পুষ্প আছে এমন, পুষ্পের সঙ্গে বর্তমান (সপুষ্পক উদ্ভিদ)। [সং. সহ + পুষ্প + ক]।

সপেটা (p. 806) [sapēṭā] বি. ভক্ষ্য ফলবিশেষ। [পো. zapota]।

সপ্ত (p. 806) [sapta] (-প্তন্) বি. বিণ. 7 সংখ্যা বা সংখ্যক, সাত। [সং. √ সপ্ + অন (ত্ আগম)]। ̃ ক বিণ. 1 সাতসংখ্যক; 2 একসঙ্গে সাতটি। □ বি. 1 সাতটির সমষ্টি; 2 (সংগীতে) সুরের স্বরগ্রাম অর্থাত্ সা রে গা মা পা ধা নি এই সাতটি সুরের সমষ্টি। ̃ কী বি. স্ত্রীলোকের কটিভূষণ বা মেখলা। ̃ গ্রাম বি. বাংলার অধুনালুপ্ত কিন্তু ইতিহাসপ্রসিদ্ধ বাণিজ্য-বন্দর, সাতগাঁ। ̃ চত্বারিংশ, ̃ চত্বারিংশত্তম বিণ. সাতচল্লিশ সংখ্যার পূরক বা স্থানীয়। ̃ চত্বারিং-শত্ বি. বিণ. 47 সংখ্যা বা সংখ্যক, সাতচল্লিশ। ̃ চ্ছদ, ̃ পর্ণ বি. ছাতিমগাছ। ̃ জিহ্ব বি. অগ্নি, আগুন। ̃ তল বিণ. (অট্টালিকা সম্বন্ধে) সাততলা; সাতটি তলাবিশিষ্ট। ̃ তাল বিণ. সাতটি তালগাছের দৈর্ঘ্যের সমান গভীর। ̃ তি বি. বিণ. 7 সংখ্যা বা সংখ্যক, সত্তর। ̃ তি-তম বিণ. সত্তর সংখ্যার পূরক বা স্থানীয়। ̃ ত্রিংশ, ̃ ত্রিংশত্তম বিণ. 37 সংখ্যার পূরক বা স্থানীয়। স্ত্রী. ̃ ত্রিংশত্তমী। ̃ ত্রিং-শত্ বি. বিণ. 37 সংখ্যা বা সংখ্যক। ̃ দশ বি. বিণ. 17 সংখ্যা বা সংখ্যক। ̃ দশী বি. বিণ. (স্ত্রী.) 1 সতেরো স্থানীয়া; 2 সতেরো বৎসর বয়স্কা। ̃ দ্বীপ বি. পুরাণোক্ত সাতটি দ্বীপ বা পৃথিবীর সাতটি বিভাগ যথা, জম্বু কুশ প্লক্ষ শাল্মলী ক্রৌঞ্চ শাক ও পুষ্কর। ̃ দ্বীপা বিণ. (স্ত্রী.) সপ্তদ্বীপযুক্তা (সপ্তদীপা বসুন্ধরা)। □ বি. পৃথিবী। ̃ ধা ক্রি-বিণ. সাত প্রকারে, সাত ভাগে; সাত দিকে; সাতবার (সপ্তধা বিভক্ত)। ̃ ধাতু বি. (আয়ুর্বেদ) দেহের সাতটি উপাদান, যথা-বায়ু পিত্ত কফ রক্ত শুক্র মাংস ও অস্থি। ̃ নবতি বিণ. বি. সাতানব্বই। ̃ নবতি-তম বিণ. সাতানব্বই সংখ্যক। স্ত্রী. ̃ নবতি-তমী। ̃ পঞ্চা-শত্ বি. বিণ. সাতান্ন। ̃ পঞ্চাশত্তম বিণ. সাতান্ন সংখ্যক। স্ত্রী. ̃ পঞ্চাশত্তমী। ̃ পদী বি. হিন্দু বিবাহে বরবধূর একত্রে সপ্তপদ বা সাত পা বা সাতপাক ঘোরার অনুষ্ঠান। □ বিণ. (স্ত্রী.) সাতটি চরণযুক্তা। ̃ পর্ণ, ̃ পর্ণী বি. ছাতিমগাছ। ̃ পাতাল

বি. তল অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল-পুরাণোক্ত এই সাত পাতাল।˜ বিংশতি বি. বিণ. সাতাশ।˜ বিংশতি-তম বিণ. সাতাশ সংখ্যক। বিণ. (স্ত্রী.)˜ বিংশতি-তমী।˜ ম বিণ. সাতের পূরক।˜ মী বিণ. সপ্তম -এর স্ত্রীলিঙ্গে। □ বি. (জ্যোতিষ.) তিথিবিশেষ।˜ রথী (-থিন্) বিণ. দ্রোণাচার্য কর্ণ কৃপাচার্য অশ্বত্থামা শকুনি দুর্যোধন দুঃশাসন: বালক অভিমন্যুকে একযোগে আক্রমণপূর্বক বধকারী এই সপ্ত বীর।˜ র্ষি বি. 1 মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু বশিষ্ঠ: ব্রহ্মার মানসপুত্ররূপে খ্যাত এই সাত ঋষিশ্রেষ্ঠ; 2 নক্ষত্রপুঞ্জবিশেষ, Great Bear, Ursa Major.˜ র্ষি-মণ্ডল বি. সপ্তর্ষি নামে খ্যাত নক্ষত্রসমূহের সমবায়।˜ লোক,˜ স্বর্গ বি. ভূঃ ভুবঃ স্বঃ জনঃ মহঃ তপঃ সত্য: পুরাণোক্ত এই সপ্ত ঊর্ধ্বলোক।˜ শতী বি. 1 সাতশত শ্লোকবিশিষ্ট দেবীমাহাত্ম্যসূচক গ্রন্থ, চণ্ডী; 2 সাত শতের সমবায়।˜ ষষ্ঠি বি. বিণ. সাতষট্টি।˜ ষষ্টি-তম বিণ. সাতষট্টি সংখ্যক। □ বিণ. (স্ত্রী.)˜ ষষ্ঠি-তমী।˜ সমুদ্র,˜ সাগর,˜ সিন্ধু বি. লবণ ইক্ষুরস সুরা ঘৃত দধি ক্ষীর স্বাদূদক: পুরাণোক্ত এই সাত সমুদ্র।˜ সূর,˜ স্বর বি. (সংগীতে) ষড়্জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত নিষাদ: স্বরগ্রামভুক্ত এই সাতটি সুর।˜ স্বরা বিণ. জলতরঙ্গবাদ্য।

সপ্তাশীতি (p. 806) [saptāśīti] বি. বিণ. সাতাশি। [সং. সপ্ত + অশীতি]।˜ তম বিণ. সাতাশি সংখ্যক। স্ত্রী.˜ তমী।

সপ্তাশ্ব, সপ্তসপ্তি (p. 806) [saptāśba, saptasapti] বি. (সপ্ত অশ্ববাহিত রথারূঢ় বলে) সূর্য। [সং. সপ্ত + অশ্ব]।

সপ্তাহ (p. 806) [saptāha] বি. রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র শনি: এই সাত দিন; পরপর যে-কোনো সাত দিন। [সং. সপ্ত + অহন্]। সপ্তাহান্ত বি. সপ্তাহের শেষ (সপ্তাহান্তে একবার যায়)।

সপ্রতিভ (p. 806) [sapratibha] বিণ. 1 প্রতিভান্বিত; 2 দীপ্তিময়, প্রভাযুক্ত ('আকাশের সপ্রতিভ নক্ষত্রকে চিনে': জী. দা)'; 3 লজ্জা পায় না বা ঘাবড়ায় না এমন, সংকোচমুক্ত, চটপটে (সপ্রতিভ আচরণ)। [সং. সহ + প্রতিভা (আলো)]।

সপ্রমাণ (p. 806) [sapramāṇa] বিণ. 1 প্রমাণযুক্ত; 2 প্রমাণিত (তথ্য দিয়ে অভিযোগ সপ্রমাণ করা)। [সং. সহ + প্রমাণ]।

সপ্রাণ (p. 806) [saprāṇa] বিণ. 1 প্রাণযুক্ত, জীবন্ত; 2 প্রাণবন্ত। [সং. সহ + প্রাণ]।

সফট-ওয়্যার (p. 806) [saphaṭa-ōẏyāra] বি. কম্পিউটারের প্রোগ্রাম ও প্রয়োগ এবং তৎসংক্রান্ত নিয়ম তত্ত্ব প্রণালী ও ব্যবস্থাবলি। [ইং. software]।

সফর1 (p. 806) [saphara1] বি. দেশভ্রমণ; 2 পরিদর্শন বা তত্ত্বাবধানের উদ্দেশ্যে ভ্রমণ; 3 মুসলমানি বৎসরের অন্যতম মাস। [আ.]। সফরি, সফরিয়া বিণ. 1 সফরসংক্রান্ত; 2 সমুদ্রযাত্রা বা সমুদ্রবাণিজ্য-সংক্রান্ত। □ বিণ. বি. বাণিজ্যপোতারোহী।

সফরী, সফর2 (p. 806) [sapharī, saphara2] বি. পুঁটিমাছ। [সং. সফ (শফ) + √ রা + অ + ঈ]। অগভীর জলে সফরী ফরফরায়তে 1 অল্প জলে

পুঁটিমাছ ফরফর করে বেড়ায়; 2 (আল.) সামান্য বিদ্যার অধিকারীরাই বিদ্যা জাহির করে বেশি।

সফল (p. 806) [saphala] বিণ. 1 ফলবান (সফল বৃক্ষ); 2 সিদ্ধিযুক্ত, সিদ্ধ, সার্থক (সফল পরিশ্রম, সফল চেষ্টা)। [সং. সহ + ফল]।˜ তা বি. সাফল্য, সিদ্ধি।

সফেদ (p. 806) [saphēda] বিণ. সাদা, শ্বেত, শুভ্র (সফেদ কাপড়)। [ফা. সফেদ]।

সফেদা (p. 806) [saphēdā] বি. 1 চালের গুঁড়ো; 2 সীসা থেকে প্রস্তুত সাদা রং বিশেষ; 3 গোলাকার রসালো ও মিষ্টি ফলবিশেষ। [উ.]।

সফেন (p. 806) [saphēna] বিণ. 1 ফেনাযুক্ত ('চারিদিকে জীবনের সমুদ্র সফেন' : জী. দা.); 2 মাড়যুক্ত (সফেন ভাত)। [সং. সহ + ফেন]।

সব (p. 806) [saba] বিণ. সমস্ত, সকল (সব মানুষই মরণশীল, সব কথা শোনা যায় না)। □ সর্ব. বি. 1 সকল লোক বা বিষয় বা বস্তু (সবে মিলে যাও, সব জানি); 2 সমস্ত সম্পদ (সব হারানো)। [সং. সর্ব]।˜ কিছু সর্ব. সমস্ত বিষয় বা বস্তু (নিজের সবকিছু নিয়ে গেছে)।˜ চিন বিণ. সবাইকে চেনে এমন।˜ জান্তা (ব্যঙ্গে) বিণ. সবকিছু জানে এমন, সর্বজ্ঞ (কী এমন সবজান্তা হয়েছ?)।˜ টা সর্ব. সমস্ত অংশ (সবটা তুমি একাই খেয়ো না)।˜ রকম বি. সর্ব. সমস্তরকম (সবরকমই দেখেছি)। □ বিণ. সমস্ত রকমের (সবরকম খেলাই হবে)।˜ সুদ্ধ বিণ. ক্রি-বিণ. মোট, সবসমেত (সবসুদ্ধ পাঁচশো লোক খাবে)। সবাই, (ঝোঁকযুক্ত) সব্বাই সর্ব. সকলেই; প্রত্যেকেই (সবাই এসেছে, সব্বাই যাবে)।

সবা-কার, সবার বিণ. সকলের ('আমার ভাণ্ডার আছে ভ'রে তোমা সবাকার ঘরে ঘরে': রবীন্দ্র', 'যেথায় থাকে সবার আপন দীনের হতে দীন': রবীন্দ্র)। সবারে সর্ব. (রে বিভক্তি) (কাব্যে) সকলকে ('সবারে আমি প্রণাম করে যাই': রবীন্দ্র)। সবে সর্ব. সকলে ('সবে মিলি করি কাজ')।

সবংশ (p. 808) [sabaṃśa] বিণ. বংশসহ। [সং. সহ + বংশ]। সবংশে ক্রি-বিণ. বংশসুদ্ধ, সবাইকে নিয়ে (সবংশে নিহত হলেন)।

সবজি (p. 808) [sabaji] বি. রেঁধে খাবার উপযোগী আনাজ বা তরি তরকারি। [ফা. সব্জী]। ˜ বাগ বি. সবজির খেত বা বাগান।

সবজে (p. 808) [sabajē] বিণ. (কথ্য) সবুজ (সবজে জামা)। [বাং. সবুজ + ইয়া > এ]। ˜ টে বিণ. সবুজ ধরনের (সবজেটে রং)।

সবৎস (p. 808) [sabatsa] বিণ. 1 বাছুরসহ; 2 (কৌতু.) সন্তানসহ। [সং. সহ + বৎস]। বিণ. (স্ত্রী.) সবৎসা (সবৎসা গাভি)।

সবন্ধু (p. 808) [sabandhu] বিণ. বন্ধুসহ (তার সবন্ধু আগমন)। □ ক্রি-বিণ. বন্ধুর সঙ্গে (সে সবন্ধু এসে হাজির)। [সং. সহ + বন্ধু]।

সবরি, সবরি-কলা (p. 808) [sabari, sabari-kalā] বি. মর্তমান কলা। [দেশি]।

সবর্ণ (p. 808) [sabarṇa] বি. 1 সমান বর্ণ বা জাতি; 2 (ব্যাক.) যাদের উচ্চারণস্থান বা উচ্চারণের প্রযত্ন সমান এমন বর্ণ। □ বিণ. 1 সমজাতিযুক্ত; 2 সদৃশ (তু. অসবর্ণ বিবাহ)। [সং. সমান + বর্ণ]।

সবল (p. 808) [sabala] বিণ. 1 বলশালী, বলবান; 2 সুস্থ; 3 সসৈন্য। [সং. সহ + বল]। স্ত্রী. সবলা। বি.˜ তা। সবলে ক্রি-বিণ. 1 শক্তি প্রয়োগ করে, সজোরে (সবলে আকর্ষণ করা); 2 সসৈন্যে; 3 দলবল সঙ্গে নিয়ে।

সব-লোট (p. 808) [saba-lōṭa] বিণ. সমস্ত লুঠ করে বা আত্মসাত্ করে এমন। [বাং. সব + লুট]।

সবসুদ্ধ (p. 808) [sabasuddha] দ্র সব।

সবাই (p. 808) [sabāi] দ্র সব।

সবাক (p. 808) [sabāka] বিণ. কথা বলে এমন (সবাক পুতুল, সবাক সিনেমা)। [সং. সহ + বাক্]। সবাক-চিত্র, সবাক সিনেমা বি. যে বায়োস্কোপের ছবিতে অভিনেতা অভিনেত্রীদের কথা শোনা যায়. talkie.

সবাকার (p. 808) [sabākāra] দ্র সব।

সবান্ধব (p. 808) [sabāndhaba] বিণ. ক্রি-বিণ. বান্ধবদের সঙ্গে, বন্ধুসহিত (সবান্ধব উপস্থিতি, সবান্ধব উপস্থিত হওয়া)। [সং. সহ + বান্ধব]। সবান্ধবে ক্রি-বিণ. (বাং.) বন্ধুর বা আত্মীয়স্বজনের সঙ্গে।

সবার (p. 808) [sabāra] দ্র সব।

সবিকল্প (p. 808) [sabikalpa] বিণ. বিকল্পযুক্ত (সবিকল্প প্রস্তাব)। তু. বিপ. অবিকল্প। [সং. সহ + বিকল্প]। সবিকল্প সমাধি যোগের সমাধিবিশেষ। [তু. নির্বিকল্প সমাধি]।

সবিতা (p. 808) [sabitā] (-তৃ) বিণ. প্রসবকারী, জনয়িতা। □ বি. 1 সূর্য; 2 ঈশ্বর। [সং. √ সূ + তৃ]। সাবিত্রী বিণ. (স্ত্রী.) প্রসবকারিণী। □ বি. প্রসূতি।

সবিদ্য (p. 808) [sabidya] বিণ. বিদ্বান, কৃতবিদ্য, বিদ্যা আছে এমন। [সং. সহ + বিদ্যা]।

সবিনয় (p. 808) [sabinaẏa] বিণ. বিনয়যুক্ত, বিনীত (সবিনয় নিবেদন)। [সং. সহ + বিনয়]। সবিনয়ে ক্রি-বিণ. বিনয়ের সঙ্গে, বিনীতভাবে (সবিনয়ে জানানো)।

সবিরাম (p. 808) [sabirāma] বিণ. 1 বিরতিযুক্ত, ছেড়ে-ছেড়ে হয় এমন, in termittent (সবিরাম জ্বর); 2 বিশ্রামযুক্ত। [সং. সহ + বিরাম]।

সবিশেষ (p. 808) [sabiśēṣa] বিণ. 1 সম্যকপ্রকার (সবিশেষ আনন্দ); 2 বৈশিষ্ট্যপূর্ণ; 3 খুঁটিনাটিসহ (সবিশেষ বর্ণনা)। □ ক্রি বিণ. বিশেষভাবে বা বিশদভাবে। □ বিণ.-বিণ. বিশেষভাবে (সবিশেষ উল্লেখযোগ্য)। [সং. সহ + বিশেষ]।

সবিষ (p. 808) [sabiṣa] বিণ. 1 বিষযুক্ত; 2 বিষমিশ্রিত; 3 বিষধর। [সং. সহ + বিষ]।

সবিস্তার, (বিরল) সবিস্তর (p. 808) [sabistāra, (birala) sabistara] বিণ. 1 বিশদ (সবিস্তার বর্ণনা); 2 বিস্তারযুক্ত; 3 বাহুল্যযুক্ত। [সং. সহ + বিস্তার, বিস্‌তর]। সবিস্তারে ক্রি-বিণ. বিস্তারিতভাবে (সবিস্তারে লেখা)।

সবিস্ময় (p. 808) [sabismaẏa] বিণ. বিস্ময়যুক্ত, বিস্মিত (সবিস্ময় দৃষ্টি)। [সং. সহ + বিস্ময়]। সবিস্ময়ে ক্রি-বিণ. বিস্ময়ের সঙ্গে (সবিস্ময়ে দেখল)।

সবুজ (p. 808) [sabuja] বিণ. বি. 1 বর্ণবিশেষ, বর্ণালিতে আশমানি ও হলুদের মাঝের বর্ণ, গাছপালা ও ঘাসের পাতার বর্ণ, হরিত্; 2 (আল.) অল্পবয়স্ক বা তরুণ ('ওরে সবুজ ওরে আমার কাঁচা': রবীন্দ্র)। [ফা. সব্জ]। সবুজাভ বিণ. সবুজের আভাযুক্ত, সবজেটে।

সবুর (p. 808) [sabura] বি. 1 ধৈর্য, ধৈর্যধারণ; 2 অপেক্ষা, দেরি (সবুর সয় না)। [আ. সব্র্]। সবুরে মেওয়া ফলে ধৈর্য ধরে অপেক্ষা করলে উত্তম ফল পাওয়া যায়।

সবৃদ্ধিক (p. 808) [sabṛddhika] বিণ. 1 বৃদ্ধিসহিত, বৃদ্ধিযুক্ত; 2 সুদসহ (সবৃদ্ধিক মূলধন)। [সং. সহ + বৃদ্ধি + ক সমাসান্ত]।

সবে (p. 808) [sabē] ক্রি-বিণ. অব্য. 1 মোটে, সর্বসাকুল্যে, সবসুদ্ধ (সবে একশো লোক); 2 মাত্র, কেবল (সবে দুদিন এসেছে); 3 এইমাত্র (সবে ভোর হল)। [সং. সর্ব]। সবে ধন নীলমণি একমাত্র লোক বা সন্তান।˜ মাত্র ক্রি-বিণ. অব্য. এইমাত্র; কেবল (সবেমাত্র মুখহাত ধুয়ে বসেছি, এমন সময় এল); একমাত্র।

সবেদা (p. 808) [sabēdā] বি. গোলাকার রসালো ও মিষ্টি স্বাদের ফলবিশেষ। [সফেদা দ্র]।

সবেবরাত (p. 808) [sabēbarāta] দ্র শবেবরাত।

সব্য (p. 808) [sabya] বিণ. 1 বাম, বাঁ; 2 বাম ও দক্ষিণ উভয়। [সং. √ সূ + য]।˜ সাচী (-চিন্) বিণ. বাম ও দক্ষিণ উভয় হাতেই সমানভাবে শরচালনায় সমর্থ (সব্যসাচী ধনুর্ধর)। □ বি. (উভয় হাতেই সমভাবে শরচালনায় দক্ষ বলে) অর্জুন। সব্যেতর বিণ. দক্ষিণ, ডান।

সব্যাজ (p. 808) [sabyāja] বিণ. ব্যাজসহিত, ছলনাযুক্ত, কপটতাযুক্ত। [সং. সহ + ব্যাজ]।

সব্রীড় (p. 808) [sabrīḍ.] বিণ. ব্রীড়াযুক্ত, সলজ্জ। [সং. সহ + ব্রীড়া]।

সভক্তি (p. 808) [sabhakti] বিণ. ভক্তিযুক্ত। [সং. সহ + ভক্তি]।

সভয় (p. 808) [sabhaẏa] বিণ. ভয়যুক্ত, ভীত (সভয় নিবেদন)। [সং. সহ + ভয়]। স
ভয়ে ক্রি-বিণ. ভয়ের সঙ্গে, ভীতভাবে (সভয়ে বলা, সভয়ে নিবেদন করা)।

সভর্তৃকা (p. 808) [sabhartṛkā] বিণ. (স্ত্রী.) সধবা; ভর্তাযুক্ত; স্বামীর সঙ্গে। [সং. সহ + ভর্তৃ + ক + আ]।

সভা (p. 808) [sabhā] বি. 1 সমিতি, পরিষদ (আইনসভা); 2 প্রতিষ্ঠান, গোষ্ঠী (ব্রাহ্মসভা, আত্মীয়সভা); 3 সম্মেলন, বৈঠক (সাংবাদিক সভা); 4 জনসমাবেশ (জনসভা); 5 রাজদরবার (রাজসভা)। [সং. সহ + √ভা + অ]। সভা আহ্বান করা, সভা ডাকা ক্রি-বিণ. সভার বৈঠকে সদস্যদের যোগদানের জন্য আমন্ত্রণ করা; বক্তব্য প্রচার করার জন্য জনসমাবেশের ব্যবস্থা করা। সভা করা ক্রি. সভার অনুষ্ঠান করা। ̃ কক্ষ, ̃ গৃহ, ̃ তল, ̃ মণ্ডপ, ̃ স্থল বি. যেখানে সভার অধিবেশন হয়। ̃ কবি বি. রাজার সভায় নিযুক্ত কবি। ̃ কুট্টিম বি. সভার পাকা মেঝে। ̃ জন বি. সভাস্ত লোক, সদস্য; সভাসদ। ̃ নেত্রী বি. (স্ত্রী.) সভার কার্যাদির পরিচালিকা; কোনো প্রতিষ্ঠানের পরিচালিকা। ̃ পতি বি. সভার কার্যাদির বা প্রতিষ্ঠানের পরিচালক। ̃ ভঙ্গ বি. সভার অধিবেশনের শেষ। ̃ রম্ভ বি. সভার কার্যাদির শুরু। ̃ সদ বি. সভায় যোগদানকারী, সদস্য; সভার সদস্য। ̃ সমিতি বি. সভা বৈঠক বা ওইজাতীয় লোকসমাগম (তিনি আজকাল বড়ো-একটা সভাসমিতিতে যান না)। ̃ সাহিত্য বি. রাজসভার পৃষ্ঠপোষকতায় সভাসাহিত্যেকের রচিত সাহিত্য, court literature. ̃ সাহিত্যিক বি. রাজসভায় বিশেষভাবে সমাদৃত সাহিত্যিক। ̃ সীন বিণ. সভায় বা দরবারে উপস্থিত বা উপবিষ্ট। ̃ স্থ বিণ. সভায় উপস্থিত (সভাস্থ লোকজন)।

সভ্য (p. 808) [sabhya] বি. সভা বা সংঘের সদস্য। □ বিণ. 1 ভদ্র (সভ্য আচরণ, সভ্য জগত্); 2 শিষ্ট, মার্জিত, সুরুচিসম্পন্ন। [সং. সভা + য]। স্ত্রী. সভ্যা।˜ তা বি. 1 ভদ্র আচরণ; 2 মার্জিত রুচি, মন ও প্রবৃত্তির উৎকর্ষ এবং তদনুযায়ী জীবনযাপন প্রণালী।˜ তাভি-মানী (-নিন্) বিণ. ভদ্র ও মার্জিত বলে গর্বকারী। স্ত্রী.˜ তাভি-মানিনী।˜ পদ বি. কোনো সংস্থা প্রতিষ্ঠান বা দলের সদস্যতা।˜ ভব্য বিণ. শিষ্ট ও ভদ্র।˜ সমাজ বি. সমাজের শিষ্ট ও মার্জিতরুচি সম্প্রদায়।

সম্ (p. 808) [sam] সম্পূর্ণ অত্যন্ত সম্যক সমান প্রভৃতি অর্থসূচক উপসর্গবিশেষ (সমাদর, সমুচিত, সমুজ্জ্বল, সম্মান)।

সম (p. 808) [sama] বিণ. 1 তুল্য, সমান, অনুরূপ (পুত্রসম, সমবয়স্ক, সমশ্রেণির); 2 অভিন্ন, একই (সমকাল); 3 ঋজু, অবন্ধুর (সমরেখা, সমতল); 4 যুগ্ম (সমরাশি); 5 সম্পূর্ণ; 6 সাধু। □ বি. (সংগীতে) তালের মাত্রাবিশেষ বা সমাপ্তি (গানের শেষে সমে এসে থামা)। [সং. √ সম্ + অ]।˜ কক্ষ বিণ. 1 তুল্য প্রতিদ্বন্দ্বী বা সমান বলশালী; 2 তুল্য (তার সমকক্ষ ধনুর্ধর কে আছে?); 3 সমান (তার সমকক্ষ কেউ নেই)। স্ত্রী.˜ কক্ষা।˜ কক্ষতা বি. তুল্যতা, অভিন্নতা (নারী-পুরুষের সমকক্ষতা)।˜ কাম বি. পুরুষের প্রতি পুরুষের কিংবা নারীর প্রতি নারীর যৌন আকর্ষণবোধ, homosexu ality.˜ কামী বিণ. বি. সমকামযুক্ত বা সমকামযুক্ত ব্যক্তি। বি.˜ কামিতা।˜ কাল বি. একই সময় বা যুগ (আমাদের সমকালে এমন ঘটনা আর ঘটেনি)।˜ কালিক,˜ কালীন বিণ. একই কালের বা সময়ের, সমসাময়িক, contemporary (সমকালীন ঘটনাপ্রবাহ, দুই সমকালীন সাহিত্যিক)।˜ কেন্দ্রিক বি. একই কেন্দ্রযুক্ত, concentric (সমকেন্দ্রিক দুটি বৃত্ত)।˜ কোণ বি. (জ্যামি.) একটি সরলরেখার উপর লম্বভাবে অন্য একটি

সরলরেখা অঙ্কন করলে যে কোণ উৎপন্ন হয়, right angle.˜ কোণী ত্রিভুজ দ্র ত্রি।˜ কৌণিক বিণ. 1 সমকোণযুক্ত; 2 সমকোণসংক্রান্ত।˜ গোত্র বি. একই গোত্র বা বংশ।˜ গোত্রীয় বিণ. একই গোত্রযুক্ত বা বংশীয়।˜ ঘন (জ্যামি.) বি. 1 সমান গুণযুক্ত; সমজাতীয়, homogeneous; 2 regular solid (বি. প.)।˜ চতুর্ভুজ বি. (জ্যামি.) যে চতুর্ভুজের চারটি বাহু ও চারটি কোণ পরস্পর সমান।˜ জাতি বি. সমান বা একই জাতি, সমান বা একই শ্রেণি। □ বিণ. একজাতিভুক্ত। বি.˜ জাতিতা,˜ জাতিত্ব।˜ জাতীয় বিণ. একই জাতির বা শ্রেণির অন্তর্ভুক্ত। স্ত্রী.˜ জাতীয়া। বি.˜ জাতীয়তা,˜ জাতীয়ত্ব।˜ তট বি. প্রাচীন পূর্ববঙ্গ।˜ তল বিণ. অবন্ধুর, চৌরস, এবড়ো-খেবড়ো নয় এমন, plain.˜ তা বি. 1 তুল্য বা সমান অবস্থা. অনুরূপতা; 2 অভিন্নতা (অধিকার ও ক্ষমতার সমতা); 3 ঋজুতা; 4 অবন্ধুরতা; 5 যুগ্মতা; 6 সমানভাব; 7 সাধুতা।˜ তুল বিণ. 1 সমান ওজনবিশিষ্ট; 2 সমান সমান; 3 সমকক্ষ।˜ তুল্য বিণ. (বাং. মতে) সমান সমান; সমকক্ষ। বি.˜ তুল্যতা। স্ত্রী.˜ তুল্যা।˜ ত্ব বি. সমতা -র অনুরূপ।˜ দর্শন বি. সমানজ্ঞানে অর্থাত্ কোনো ভেদাভেদ না করে দর্শন বা বিচার, নিরপেক্ষ বিচার। □ বিণ. সমান আকৃতিবিশিষ্ট।˜ দর্শী (-র্শিন্) বিণ. 1 সমদর্শনকারী; 2 রাগদ্বেষবর্জিত; 3 নিরপেক্ষ, ভেদাভেদ করে না এমন। বি.˜ দর্শিতা। স্ত্রী.˜ দর্শিনী।˜ দুঃখ বিণ. সমান দুঃখে দুঃখী। □ বি. সমান দুঃখ।˜ দুঃখী (-খিন্) বিণ. সমান দুঃখযুক্ত; সমব্যথী। স্ত্রী.˜ দুঃখিনী।˜ দূর-বর্তী (-র্তিন্) বিণ. কোনো নির্দিষ্ট স্থান থেকে সমান দূরে অবস্থিত, equidistant. বি.˜ দূর-বর্তিতা। স্ত্রী.˜ দূর-বর্তিনী।˜ দৃষ্টি বি. সমদর্শন, নিরপেক্ষ দৃষ্টিতে বিচার বা বিচারের ক্ষমতা।˜ দ্বি-খণ্ডক বিণ. সমান দুই খণ্ডে বিভক্ত করে এমন।˜ দ্বি-বাহু ত্রিভুজ দ্র ত্রি।˜ দ্বি-ভুজ বি. (জ্যামি.) সমদ্বিবাহু ক্ষেত্র, rhomboid.˜ ধর্মা (-র্মন্) বিণ. 1 সমান বা একরকম ধর্মবিশিষ্ট বা গুণযুক্ত; 2 (বাং.) একই ধর্মাবলম্বী।˜ পদস্থ বিণ. 1 সমান পদে অধিষ্ঠিত; 2 সমান অধিকারপ্রাপ্ত বা ক্ষমতাপ্রাপ্ত। স্ত্রী.˜ পদস্থা। বি.˜ পদস্থতা।˜ পাতে ক্রি-

বিণ. সমান্তরালে, সমান্তরালভাবে। ˜ পৃষ্ঠ বিণ. সমতল, অবন্ধুর। ˜ প্রকৃতি বিণ. একই প্রকৃতিবিশিষ্ট; একই ধরনের। ˜ প্রাণ বিণ. অভিন্নহৃদয়; অন্তরঙ্গ। বি. ˜ প্রাণতা। স্ত্রী. ˜ প্রাণা। ˜ বয়সি, ˜ বয়স্ক বিণ. সমান বয়সবিশিষ্ট, একবয়সি। স্ত্রী. ˜ বয়স্কা। ˜ বর্তিতা দ্র সমবর্তী। ˜ বাহু ত্রিভুজ দ্র ত্রি। ˜ বেদনা, ˜ ব্যথা বি. পরের দুঃখে দুঃখবোধ, সহানুভুতি, দরদ। ˜ ব্যথী বিণ. সমবেদনাযুক্ত, দরদি। স্ত্রী. ˜ ব্যথিনী। ˜ ভাব বি. 1 একই ভাব বা ধরন; 2 সমান অবস্থা; 3 সাদৃশ্য। ˜ ভূমি বি. 1 সমতল ভূমি; 2 সমান উচ্চভূমি। □ বিণ. 1 সমতল; 2 ভূমির সঙ্গে সমান বা মিলিত অর্থাত্ মাটিতে মিশিয়ে দেওয়া হয়েছে এমন (আক্রমণকারীরা গ্রামের ঘরবাড়ি সমভূমি করে দিল)। ˜ মূল্য বি. সমান বা একই দাম। □ বিণ. 1 সমান বা একই দামবিশিষ্ট; 2 তুল্য গৌরববিশিষ্ট। বি. ˜ মূল্যতা। ˜ রস বি. (অল.) সমান সুখ, তুল্য সুখ বা আনন্দ; যে আনন্দানুভূতির ভিতরে নব আনন্দানুভূতি এক হয়ে গেছে। □ বিণ. সমান রসযুক্ত। ˜ রাশি বি. (গণি.) যুগ্ম সংখ্যা (যেমন 6 8 2)। ˜ শ্রেণি বি. একই জাতি বা গোষ্ঠী বা দল। □ বিণ একই জাতি বা গোষ্ঠী বা দলের অন্তর্ভুক্ত। ˜ সময় বি. একই সময়। ˜ সাময়িক বিণ. (বাংলা প্রয়োগ) একই সময়ের (সমসাময়িক ইতিহাস)। সাম-সাময়িক শুদ্ধ রূপ কিন্তু অপ্র.। ˜ সূত্র বি. 1 দিক্চক্রবালের পূর্ব ও পশ্চিম বিন্দু ভেদকারী কাল্পনিক বৃত্তবিশেষ; 2 একই সরলরেখা (সমসূত্রে অবস্থিত); 3 একই সূত্র অর্থাত্ বন্ধন গ্রথন প্রভৃতির উপকরণ (সমসূত্রে গ্রথিত); 4 একই উপায় (সমসূত্রে জ্ঞাত হওয়া)। ˜ স্থলী বি. গঙ্গা ও যমুনার মধ্যবর্তী স্থলভাগ, দোআব। ˜ স্বরে ক্রি-বিণ. মিলিত কণ্ঠে (সকলে সমস্বরে বলে উঠল)। ˜ স্বামিত্ব বি. সমানাধিকার, সমান মালিকানা।

সমক্ষ (p. 808) [samakṣa] অব্য. দৃষ্টির সম্মুখে। □ বিণ. 1 অগ্রবর্তী; 2 প্রত্যক্ষ। [সং. সম্ + অক্ষি + অ]। সমক্ষে ক্রি-বিণ. দৃষ্টির সম্মুখে; সামনে (সকলের সমক্ষে)।

সমগ্র (p. 808) [samagra] বিণ. সমস্ত, সম্পূর্ণ, আগাগোড়া (সমগ্র রামায়ণ)। [সং. সম্ + অগ্র]। বি.˜ তা।

সমঙ্গ (p. 808) [samaṅga] বি. (প্রাণী.) পতঙ্গের পূর্ণাবয়ব রূপ, imago. [সং. সম্ + অঙ্গ]।

সমঙ্গা (p. 808) [samaṅgā] বিণ. সর্বত্রগামিনী। [সং. সম্ + √ অন্গ্ + অ + আ]।

সমঝ, সমজ (p. 808) [samajha, samaja] বি. 1 বুদ্ধি, বোধ; বিবেচনা; 2 উপলব্ধি। [হি. সমঝ্]।˜ দার বিণ. 1 উপলব্ধি করতে সমর্থ, রসজ্ঞ; 2 বোঝে এমন (সমঝদার শ্রোতা)। [হি. সমঝ্ + ফা. দার]। সমঝা, সমজা ক্রি. সমঝানো। সমঝানো, সমজানো ক্রি. 1 ক্রি. 1 বোঝা; 2 বুঝানো, উপলব্ধি করানো (সমঝে দেওয়া); 3 সতর্ক বা শাসন করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

সমঝোতা (p. 808) [samajhōtā] বি. 1 আপোশ, মীমাংসা, ফয়সালা, মিটমাট (দুপক্ষের মধ্যে একটা সমঝোতা হয়েছে); 2 বোঝাপড়া। [হি. সমঝওতা]।

সমঞ্জস (p. 808) [samañjasa] বিণ. 1 সম্পূর্ণ উচিত বা উপযুক্ত, সমীচীন, ঠিক; 2 সদৃশ (সুসমঞ্জস বিধান)। [সং. সম্ + অঞ্জস্ + অ]।

সমতীত (p. 808) [samatīta] বিণ. সম্পূর্ণ অতীত, বিগত। [সং. সম্ + অতীত]।

সমতুল, সমতুল্য (p. 808) [samatula, samatulya] দ্র সম।

সমধিক (p. 808) [samadhika] বিণ. অত্যন্ত, খুব বেশি, ঢের বেশি (সমধিক ক্লান্ত, সমধিক দুঃখিত)। [সং. সম্ + অধিক]।

সমন (p. 808) [samana] বি. আদালতে হাজির হওয়ার হুকুমনামা, পরোয়ানা। [ইং. summons]।

সমন্তাত্, সমন্ততঃ (p. 808) [samantāt, samantatḥ] (-তস্) অব্য. (অপ্র.) সর্বত, সর্বদিকে, সর্বত্র। [সং. সমস্ত + আত্, তস্]।

সমন্বয় (p. 808) [samanbaẏa] বি. 1 সংগতি, সামঞ্জস্য (জ্ঞান ও কর্মের সমন্বয়); 2 অবিরোধ, মিলন (বিভিন্ন বিভাগের বা কর্মপ্রচেষ্টার সমন্বয়)। [সং. সম্ + অন্বয়]। সমন্বিত বিণ. 1 যুক্ত, বিশিষ্ট; 2 সমন্বয়যুক্ত, অবিরুদ্ধ। স্ত্রী. সমন্বিতা।

সম-বর্তী (p. 808) [sama-batī] (-র্তিন্) বিণ. সমানভাবে বা সদৃশভাবে অবস্থিত। [সং. সম্ + √ বৃত্ + ইন্]। বিণ. (স্ত্রী.) সম-বর্তিনী। বি. সম-বর্তিতা।

সমবস্থ (p. 808) [samabasha] বিণ. সদৃষ বা একই অবস্থাযুক্ত। [সং. সম্ + অবস্থা]।

সমবায় (p. 808) [samabāẏa] বি. 1 মিলন (নানা গুণের সমবায়, বিভিন্ন বস্তুর সমবায়ে গঠিত); 2 নিত্য সম্বন্ধ (অবয়ব ও অবয়বীর সমবায়); 3 একত্র হওয়ার বুদ্ধি ও প্রয়াস (রাষ্ট্রিক সমবায়); 4 সমবেত বা যৌথ কর্মপ্রচেষ্টা, coopera tion. [সং. সম্ + অব + √ ই + অ]। সমবায় সমিতি পরস্পরকে সাহায্য করার জন্য যৌথভাবে গঠিত ও পরিচালিত ব্যবসায় প্রতিষ্ঠান, cooperative society. সমবায়ী (-য়িন্) বিণ. 1 সমবেত বা যৌথ কর্মপ্রচেষ্টাযুক্ত; 2 নিত্যসম্বন্ধী; 3 উপাদানস্বরূপ।

সমবেত (p. 808) [samabēta] বিণ. 1 সম্মিলিত একত্রীকৃত বা একত্রীভূত (সমবেত চেষ্টা, সমবেত অতিথিবৃন্দ); 2 সঞ্চিত; 3 নিত্যসম্বন্ধ। [সং. সম্ + অব + √ ই + ত]। সমবেত সংগীত বি. অনেকের মিলিত কণ্ঠের গান, সম্মেলক গান।

সমভি-ব্যাহার (p. 808) [samabhi-byāhāra] বি. সঙ্গ, একত্র অবস্থান বা গমন। [সং. সম্ + অভি + বি + আ + √ হৃ + অ]। সমভি-ব্যাহারী (-রিন্) বিণ. সঙ্গে থাকে এমন, সঙ্গে রয়েছে এমন, সঙ্গী। সমভি-ব্যাহারে ক্রি-বিণ. সঙ্গে, সাথে (পাত্র-মিত্র সমভিব্যাহারে চলেছেন)।

সময় (p. 808) [samaẏa] বি. 1 কাল, বেলা (পাঁচটার সময়, সন্ধ্যার সময়); 2 ফুরসত, অবসর (কথা বলবারও সময় নেই); 3 উপযুক্ত বা নির্দিষ্ট কাল (এখন আমার সময় হয়নি, সময়ের কাজ সময়ে করা, খাবার সময় হয়েছে); 4 সুযোগ (সময় বুঝে কাজ করা); 5 আমল, যুগ (অশোকের সময়); 6 দিনকাল (সময়টা খারাপ); 7 সুদিন (সময়ের বন্ধু); 8 অন্তিমকাল (বুড়োর সময় হয়েছে); 9 আয়ুষ্কাল (সময় ফুরোলে সবাই মরবে); 1 রীতি, প্রথা, প্রচলন (কবিসময় প্রসিদ্ধি)। [সং.

সম্ + √ ই + অ]। ˜ নিষ্ঠ বিণ. নির্দিষ্ট সময়ে কাজ করে বা আসে এমন, punctual. বি.˜ নিষ্ঠা। সময়-সময়, সময়ে সময়ে ক্রি-বিণ. কখনো কখনো, মাঝে মাঝে ('ভেঙে পড়ে সময়-সময়': বিষ্ণু.)। ˜ সারণি বি. সময়জ্ঞাপক নির্ঘণ্ট বা তালিকা, timetable.˜ সেবী (-বিন্),˜ সেবক বিণ. সময় বুঝে স্বীয় মত ও কর্মপ্রণালীর পরিবর্তন করে এমন, সুবিধাবাদী। সময়ান্তর বি. ভিন্ন সময়। সময়াভাব বি. সময়ের অভাব। সময়োচিত, সময়োপ-যোগী (-গিন্) বিণ. বিশেষ এক সময়ের পক্ষে উচিত বা উপযুক্ত (সময়োচিত পদক্ষেপ)।

সমর (p. 808) [samara] বি. যুদ্ধ। [সং. সম্ + √ ঋ + অ]। ˜ কৌশল বি. যুদ্ধের কৌশল, যুদ্ধরীতি। ˜ শয্যা (যুদ্ধে নিহত ব্যক্তির পক্ষে) যুদ্ধক্ষেত্ররূপ শয্যা। ˜ শায়ী (-য়িন্) বিণ. যুদ্ধস্থলে নিহত। ˜ সজ্জা বি. সৈনিকের পোশাক; যুদ্ধের আয়োজন। সমরাঙ্গন বি. যুদ্ধক্ষেত্র। সমরানল বি. যুদ্ধরূপ আগুন বা যুদ্ধের ভয়াবহ রূপ।

সমর্থ (p. 808) [samartha] বিণ. 1 সক্ষম, পারগ; 2 যোগ্য, উপযুক্ত; 3 কর্মক্ষম, বলিষ্ঠ (সমর্থ দেহ)। [সং. সম্ + √ অর্থ্ + অ]। স্ত্রী. সমর্থা। বি.˜ তা, সামর্থ্য।

সমর্থক (p. 808) [samarthaka] বিণ. বি. সমর্থনকারী (প্রস্তাবের সমর্থক)। [সং. সম্ + √ অর্থ্ + অক]।

সমর্থন (p. 808) [samarthana] বি. 1 প্রতিপোষণ; 2 পক্ষাবলম্বন (অন্যায়ের সমর্থন); 3 দৃঢ়ীকরণ। [সং. সম্ + √ অর্থ্ + অন]। সমর্থিত বিণ. সমর্থন করা হয়েছে এমন, সমর্থনপ্রাপ্ত। স্ত্রী. সমর্থিতা।

সমর্পণ (p. 808) [samarpaṇa] বি. 1 সকল স্বত্ব ত্যাগপূর্বক দান (কন্যাসমর্পণ); 2 উৎসর্গ; 3 প্রদান, অর্পণ (সর্বস্বসমর্পণ); 4 স্থাপন। [সং. সম্ + অর্পণ]। সমর্পণীয় বিণ. সমর্পণের যোগ্য। সমর্পা ক্রি. (কাব্যে) সমর্পণ করা। সমর্পিত বিণ. সমর্পণ করা হয়েছে এমন। স্ত্রী. সমর্পিতা।

সমল (p. 808) [samala] বিণ. ময়লাযুক্ত। [সং. সহ + মল]।

সমলং-কৃত (p. 808) [samala-ṅkṛta] বিণ. সুসজ্জিত; যথাযথ বেশভূষা-পরিহিত। [সং. সম্ + অলংকৃত]।

সমশ্রেণি (p. 808) [samaśrēṇi] দ্র সম।

সমষ্টি (p. 808) [samaṣṭi] বি. সাকল্য, সমগ্রতা; মোট; যোগফল। [সং. সম্ + √ অশ্ (=ব্যাপ্তি) + তি]।

সমসাময়িক (p. 808) [samasāmaẏika] দ্র সম।

সমস্ত (p. 808) [samasta] বিণ. সকল, সমুদায়, সম্পূর্ণ (সমস্ত দিন)। □ বি. 1 সবটুকু, সবকিছু (ঘরের সমস্তটা ভিজেছে, সমস্ত শুনেছি); 2 (ব্যাক.) সমাসবদ্ধ। [সং. সম্ + √ অস্ + ত]।

সমস্য-মান (p. 808) [samasya-māna] বিণ. (ব্যাক.) সমাসবদ্ধ করা হচ্ছে এমন। [সং. সম্ + √ অস্ + মান (শানচ্)]।

সমস্যা (p. 808) [samasyā] বি. 1 অতি জটিল প্রশ্ন বা বিষয় (সমস্যার সৃষ্টি বা মীমাংসা); 2 সংকট (সমস্যায় পড়েছে); 3 চারপাদ বা দ্বিপাদ শ্লোকের যে একপাদ অরচিত রেখে অন্য কাউকে পূরণ করতে দেওয়া হয়। [সং. সম্ + √ অস্ + য + আ]। ˜ পূরণ বি. সমস্যার সমাধান।

সমা (p. 808) [samā] বিণ. সম -র স্ত্রীলিঙ্গ। □ বি. সংবৎসর। [সম দ্র]।

সমাংশ (p. 808) [samāṃśa] বি. সমান অংশ বা ভাগ। [সং. সম্ + অংশ]। সমংশিত বিণ. সমান অংশে বিভক্ত।

সমা-কর্ষণ (p. 808) [samā-karṣaṇa] বি. সম্যক আকর্ষণ। [সং. সম্ + আকর্ষণ]। সমা-কর্ষী (-র্ষিন্) বিণ. সমাকর্ষণকারী। □ বি. বহুদূরগামী গন্ধ।

সমা-কলন (p. 808) [samā-kalana] বি. বিভিন্ন উপাদানের মিলন বা একীকরণ, integration (বি.প.)। [সং. সম্ + আ + √ কল্ + অন]।

সমা-কীর্ণ (p. 808) [samā-kīrṇa] বিণ. 1 পরিব্যাপ্ত; 2 সংকুল (বিপৎসমাকীর্ণ)। [সং. সম্ + আকীর্ণ]।

সমা-কুল (p. 808) [samā-kula] বিণ. 1 অত্যন্ত আকুল বা কাতর; 2 পরিব্যাপ্ত, পরিপূর্ণ (গন্ধসমাকুল, বিঘ্নসমাকুল); 3 সংশয়যুক্ত। [সং. সম্ + আকুল]। বি. ˜ তা।

সমা-কৃতি (p. 808) [samā-kṛti] বি. সমান বা একই আকৃতি। □ বিণ. সমান আকৃতিবিশিষ্ট। [সং. সম্ + আকৃতি]।

সমা-ক্রান্ত (p. 808) [samā-krānta] বিণ. 1 আক্রান্ত; 2 গৃহীত; 3 অধিষ্ঠিত; 4 পরিব্যাপ্ত। [সং. সম্ + আক্রান্ত]। স্ত্রী. সমা-ক্রান্তা।

সমাক্ষ (p. 808) [samākṣa] বিণ. সমান অক্ষবিশিষ্ট, একাঙ্কিক, co-axial (বি. প.)। [সং. সম্ + অক্ষ]। ˜ রেখা বি. (ভূগো.) নিরক্ষরেখার সমান্তরালবর্তী ভূপৃষ্ঠস্থ কাল্পনিক রেখা, parallel of latitude (বি. প.)।

সমাক্ষর (p. 808) [samākṣara] বিণ. সমান অক্ষরযুক্ত। [সং. সম্ + অক্ষর]।

সমা-গত (p. 808) [samā-gata] বিণ. 1 সমুপস্থিত (নবযুগ সমাগত); 2 সম্মিলিত (সমাগত বন্ধুবর্গ)। [সং. সম্ + আগত]। স্ত্রী. সমা-গতা। সমা-গতি, সমা-গম বি. 1 উপস্থিতি, আগমন (গ্রীষ্ম সমাগমে); 2 সম্মিলন (জনসমাগম)।

সমাগম (p. 808) [samāgama] দ্র সমাগত।

সমা-ঘ্রাত (p. 808) [samā-ghrāta] বিণ. বিশেষভাবে ঘ্রাণ নেওয়া হয়েছে এমন (সমাঘ্রাত পুষ্প)। [সং. সম্ + আঘ্রাত]।

সমা-চার (p. 808) [samā-cāra] বি. 1 উত্তম আচরণ, শিষ্টাচার; 2 সংবাদ, খবর, বার্তা। [সং. সম্ + আ + √ চর্ + অ]।

সমাচ্ছন্ন (p. 808) [samācchanna] বিণ. সম্পূর্ণ আচ্ছন্ন বা আবৃত (তরুসমাচ্ছন্ন নদীতীরে); 2 অভিভূত (শোকসমাচ্ছন্ন জনক-জননী)। [সং. সম্ + আচ্ছন্ন]। স্ত্রী. সমাচ্ছন্না। বি.˜ তা।

সমাজ (p. 808) [samāja] বি. 1 পরস্পরের সহযোগিতায় অবস্থানকারী মানুষের সংঘ (সমাজে মিলেমিশে বাস করতে হয়); 2 একজাতীয় প্রাণীর দল বা যুথ (পশুসমাজ, পক্ষীসমাজ); 3 জাতি, সম্প্রদায় (ক্ষত্রিয়সমাজ, শিখসমাজ); 4 সংঘ, সভা; 5 কালক্রমাগত ব্যবস্থা (সমাজবিরুদ্ধ আচরণ); 6 (বাং.) বৈষ্ণবদের সমাধিস্থান। [সং. সম্ + √ অজ্ + অ]।˜ চ্যুত বিণ. সামাজিক অধিকার থেকে বঞ্চিত, একঘরে, সমাজঠেলা।˜ তত্ত্ব বি. মানবসমাজের ইতিহাস গঠনপ্রণালী উন্নতিবিধান প্রভৃতি সম্বন্ধীয় শাস্ত্র, soci ology.˜ তাত্ত্বিক বিণ. 1 সমাজবিজ্ঞানে পণ্ডিত; 2 সমাজতত্ত্বসম্বন্ধীয়, sociological.˜ তন্ত্র বি. সমাজভূক্ত সফল ব্যক্তির হিতার্থে (ভূমি ও কলকারখানা প্রভৃতি) উৎপাদনের সহায়ক সমস্ত কিছুই রাষ্ট্রের হাতে ন্যস্ত হওয়া উচিত; এই মতবাদমূলক রাষ্ট্রশাসনব্যবস্থা, socialism.˜ তন্ত্রী (-ন্ত্রিন্) বিণ. 1 সমাজতন্ত্রের মতবাদ বিশ্বাস ও সমর্থন করে এমন, socialist; 2 সমাজতন্ত্রের নীতি অনুসারী, socialistic.˜ পতি বি. 1 গ্রাম বা সম্প্রদায়ের সামাজিক বিধিনিয়মের প্রধান সংরক্ষক, সমাজের নেতা; 2 ব্রাহ্মণের উপাধিবিশেষ।˜ বদ্ধ বিণ. একত্রে সমাজে বাসকারী।˜ বন্ধু বি. সমাজের উপকার করে এমন ব্যক্তি।˜ বিজ্ঞান,˜ বিজ্ঞানী (-নিন্)-যথাক্রমে সমাজতত্ত্ব ও সমাজতাত্ত্বিক -এর অনুরূপ।˜ বিদ্যা বি. সমাজতত্ত্ব -র অনুরূপ।˜ বিধি বি. সমাজের আইনকানুন।˜ বিরোধী (-ধিন্) বিণ. 1 সমাজজীবনের পক্ষে বিপজ্জনক; 2 আইনশৃঙ্খলাভঙ্গকারী; 3 দুষ্কৃতকারী।˜ ব্যবস্থা বি. সমাজের গঠন বা নিয়ম।˜ শাসন বি. সমাজের বিধিনিয়ম।˜ সংস্কার বি. সমাজের দোষত্রুটি দূরীকরণ।˜

সংস্কারক বিণ. সমাজসংস্কারকারী।˜ সেবা বি. জনগণের কল্যাণসাধন।˜ হিতৈষী (-ষিন্) বিণ. সমাজবদ্ধ মানুষের মঙ্গলকামী।

সমাদর (p. 808) [samādara] বি. অতিশয় আদর ও যত্ন, সংবর্ধনা। [সং. সম্ + আদর]। সমাদরণীয় বিণ. সমাদরের যোগ্য, সমাদর করা উচিত এমন। সমাদৃত বিণ. সমাদরপ্রাপ্ত। স্ত্রী. সমাদৃতা।

সমাধা (p. 808) [samādhā] বি. 1 সমাপন; 2 নিষ্পত্তি, মীমাংসা (কাজের সমাধা, মোকদ্দমার সমাধা)। [সং. সম্ + আ + √ ধা + অ + আ]।

সমা-ধান (p. 808) [samā-dhāna] বি. সমাপন, প্রতিকার, মীমাংসা (প্রশ্নের সমাধান, সমস্যার সমাধান, বিপদের সমাধান)। [সং. সম্ + আ + √ ধা + অন]।

সমাধি (p. 808) [samādhi] বি. 1 পরমাত্মার মধ্যে জীবাত্মার নিবেশ, চিত্তবৃত্তির নিরোধপূর্বক স্বরূপে অবস্থিতি; 2 বাহ্যজ্ঞানহীন ধ্যানের চরম অবস্থা; 3 সম্পূর্ণরূপে ঈশ্বরে চিত্ত-সমর্পণ; 4 গভীর তন্ময়তা; 5 সমাধান; 6 কবর দেওয়া; 7 কবর, গোর। [সং. সম্ + আ + √ ধা + ই]।˜ ক্ষেত্র,˜ স্থল,˜ স্থান বি. গোরস্থান, কবরখানা।˜ প্রস্তর বি. কবরের উপরে স্থাপিত স্মৃতিপ্রস্তর।˜ মগ্ন,˜ স্থ বিণ. সমাধিতে নিমগ্ন, বাহ্যজ্ঞানরহিত হয়ে ধ্যানরত।˜ মন্দির বি. কবরের উপরে নির্মিত স্মৃতিমন্দির।˜ স্তম্ভ বি. কবরের উপরে নির্মিত স্মৃতিস্তম্ভ।

সমাধ্যায়ী (p. 808) [samādhyāẏī] (-য়িন্) বিণ. সহপাঠী, সতীর্থ। [সং. সম্ + অধি + √ ই + ইন্]।

সমান (p. 808) [samāna] বিণ. 1 সদৃশ, তুল্য, একরূপ (দুজনের চেহারা সমান, তোমার সমান বুদ্ধি); 2 অভিন্ন (দুটি দ্রব্যেরই মূল্য সমান); 3 একটানা, সমানভাবে (সে সমানে দাঁড়িয়ে রইল); 4 ঋজু, সোজা (লাইন সমান করা); 5 সমতল (ছাদ পিটে সমান করা)। [সং. সম্ + আ + √ অন্ + অ]। সমান-সমান বিণ. 1 তুল্যমূল্য; 2 তুল্যবলশালী; 3 সদৃশ, অভিন্ন। সমানাধি-করণ বি. একজাতীয় সাধারণ গুণ, যাতে সমানজাতীয় কোনো পদার্থেরই ভিন্নভাব থাকে না। □ বিণ. 1 আশ্রয়স্থল বা অবস্থা এক এমন; 2 (ব্যাক.) বিশেষ্যবিশেষণ সম্বন্ধযুক্ত এবং এক এক বা অভিন্ন বিভক্তিবিশিষ্ট। সমানাধি-কার বি. রাষ্ট্রে ধনিদরিদ্র-জাতিধর্মনির্বিশেষে সমস্ত নাগরিকের সমান অধিকার বা ক্ষমতা।

সমানু-পাত (p. 808) [samānu-pāta] বি. 1 সদৃশ সম্বন্ধ; 2 (গণি.) আনুপাতিক সমতা, এক বস্তুর হ্রাস-বৃদ্ধির তুল্য অপরের হ্রাসবৃদ্ধি, proportion. [সং. সম্ + অনুপাত]।

সমানু-ভূতি (p. 808) [samānu-bhūti] বি. 1 সমবেদনা, সহানুভূতি; 2 দরদ। [সং. সম্ + অনুভূতি]।

সমান্তর (p. 808) [samāntara] বিণ. 1 (গণি.) সমান পরিমাণ বা দূরত্ববিশিষ্ট, equidistant; 2 সমান পার্থক্যযুক্ত (যেমন, 2 6 1 ইত্যাদি)। [সং. সম্ + অন্তর]। সমান্তর শ্রেঢ়ী সমান ব্যবধানযুক্ত সংখ্যাসমূহ (যেমন 3 6 9 12 15) arithmetical progression. সমান্তরাল (জ্যামি.) বিণ. সর্বত্র সমান ব্যবধানবিশিষ্ট, parallel.

সমা-পতন (p. 808) [samā-patana] বি. আকস্মিকভাবে একাধিক ঘটনার যুগপত্ সংঘটন, coincidence. [সং. সম্ + আ + √ পত্ + অন]।

সমাপন (p. 808) [samāpana] বি. 1 সমাধা করা, সম্পূর্ণ করা; 2 উদযাপন; 3 সমাপ্তি। [সং. সম্ + √ আপ্ + অন]। সমাপক বিণ. সমাপনকারী। সমাপিকা বিণ. স্ত্রী. 1 সমাপনকারিণী; 2 (ব্যাক.) বাক্যার্থ সম্পূর্ণকারিণী (সমাপিকা ক্রিয়া)। সমাপিত বিণ. 1 সম্পাদিত, নিষ্পাদিত; 2 সমাপ্তিপ্রাপিত।

সমাপ্ত (p. 808) [samāpta] বিণ. 1 সম্পূর্ণ; 2 নিষ্পন্ন। [সং. সম্ + √ আপ্ + ত]। সমাপ্তি বি. 1 সমাধা, সমাপন; 2 অবসান; শেষ।

সমাপ্য (p. 808) [samāpya] বিণ. সম্পূর্ণ বা শেষ করতে হবে এমন। [সং. সম্ + √ আপি + য]।

সমা-বর্তন (p. 808) [samā-bartana] বি. 1 প্রত্যাবর্তন; 2 ব্রহ্মচর্য পালনের পর গুরুগৃহ থেকে গার্হস্থ্যজীবনে প্রত্যাগমন; 3 (বাং) 'স্নাতক' ছাত্রগণকে উপাধি-বিতরণের সভা, convocation. [সং. সম্ + আবর্তন]। সমাবৃত্ত বিণ. 1 প্রত্যাবৃত্ত; 2 ব্রহ্মচর্য পালনের পর গৃহধর্মে প্রত্যাগত।

সমা-বিষ্ট (p. 808) [samā-biṣṭa] বিণ. 1 অভিনিবিষ্ট; 2 প্রবিষ্ট; 3 আক্রান্ত; 4 সমবেত। [সং. সম্ + আবিষ্ট]। স্ত্রী. সমা-বিষ্টা।

সমা-বৃত (p. 808) [samā-bṛta] বিণ. 1 সম্পূর্ণ আবৃত বা আচ্ছন্ন; 2 পরিবেষ্টিত (স্ত্রীপুত্রসমাবৃত)। [সং. সম্ + আবৃত]।

সমা-বেশ (p. 808) [samā-bēśa] বি. 1 সমাগম, একত্র উপস্থিতি বা অবস্থান (জনসমাবেশ, প্রাচ্য-পাশ্চাত্যের একত্র সমাবেশ); 2 অভিনিবেশ; 3 প্রবেশ। [সং. সম্ + আ + √ বিশ্ + অ]; 4 সংস্থাপন, বিন্যাস (নানা বর্ণের সমাবেশ, সৈন্যসমাবেশ)। [সম্ + আ + বিশ্ + ণিচ্ + অ]। সমা-বেশিত বিণ. সমাবেশ করা হয়েছে এমন, নিবেশিত।

সমা-রব্ধ (p. 808) [samā-rabdha] বিণ. 1 বিশেষভাবে আরম্ভ হয়েছে এমন; 2 আরম্ভ হয়েছে এমন, আরব্ধ। [সং. সম্ + আরব্ধ]।

সমা-রম্ভ (p. 808) [samā-rambha] বি. 1 আরম্ভ; 2 অনুষ্ঠান; 3 আড়ম্বর। [সং. সম্ + আরম্ভ]।

সমা-রূঢ় (p. 808) [samā-rūḍh◌̣] বিণ. বিশেষভাবে আরূঢ় বা অধিষ্ঠিত। [সং. সম্ + আরূঢ়]। স্ত্রী. সমা-রূঢ়া।

সমা-রোহ (p. 808) [samā-rōha] বি. 1 (বাং.) জাঁকজমক, আড়ম্বর, ঘটা (দুর্গোৎসবের সমারোহ); 2 (সং.) অতিশয় উন্নতি। [সং. সম্ + আরোহ]।

সমা-রোহণ (p. 808) [samā-rōhaṇa] বি. বিশেষভাবে আরোহণ বা অধিষ্ঠান। [সং. সম্ + আরোহণ]।

সমার্থ, সমার্থক (p. 808) [samārtha, samārthaka] বিণ. একার্থবোধক; এক বা অনুরূপ অর্থবিশিষ্ট। [সং. সম্ + অর্থ + ক]। সমার্থক শব্দ বি. একই অর্থ বোঝায় এমন শব্দ।

সমা-লোচক (p. 808) [samā-lōcaka] বি. বিণ. 1 দোষ গুণের সম্যক বিচার করে এমন; 2 সাহিত্য ও শিল্পকর্মাদির বিবরণসহ যথোপযুক্ত বিচারকারী, critic; 3 (বাং.) দোষ ধরে এমন। [সং. সম্ + আলোচক]। স্ত্রী. সমা-লোচিকা।

সমা-লোচন, সমা-লোচনা (p. 808) [samā-lōcana, samā-lōcanā] বি. 1 দোষগুণের সম্যক বিচার; 2 সাহিত্য ও শিল্পকর্মাদির বিবরণসহ যথোপযুক্ত বিচার, criticism. [সং. সম্ + আলোচন, আলোচনা]। সমা-লোচনীয় বিণ. সমালোচনা করতে হবে এমন; সমালোচনার যোগ্য। সমা-লোচিত বিণ. 1 (যার) সমালোচনা করা হয়েছে এমন; 2 নিন্দিত। সমা-লোচ্য বিণ. সমালোচনার যোগ্য বা বিষয়ীভূত।

সমা-শ্রয় (p. 808) [samā-śraẏa] বি. 1 আশ্রয়; 2 অবলম্বন (সমাশ্রয়হীন)। [সং. সম্ + আশ্রয়]।

সমা-শ্রিত (p. 808) [samā-śrita] বিণ. 1 সম্যক আশ্রয়প্রাপ্ত; 2 আচ্ছন্ন, সমাচ্ছন্ন (বটচ্ছায়াসমাশ্রিত মন্দির)। [সং. সম্ + আশ্রিত]।

সমাস (p. 808) [samāsa] বি. 1 সংক্ষেপ; 2 সংগ্রহ; 3 মিলন; 4 (ব্যাক.) পরস্পর সম্বন্ধবিশিষ্ট একাধিক পদের একপদীকরণ। [সং. সম্ + √ অস্ + অ]।

সমা-সক্ত (p. 808) [samā-sakta] বিণ. 1 অতিশয় আসক্ত; 2 অভিনিবিষ্ট; 3 সংযুক্ত। [সং. √ সম্ + আসক্ত]। সমা-সক্তি বি. 1 অতিশয় আসক্তি; 2 সংযোগ।

সমা-সঙ্গ (p. 808) [samā-saṅga] বি. 1 অতিশয় আসঙ্গ বা আসক্তি; 2 সংযোগ। [সং. সম্ + আসঙ্গ]।

সমা-সন্ন (p. 808) [samā-sanna] বিণ. প্রায় এসে পড়েছে বা নিকটবর্তী হয়েছে এমন, সন্নিহিত। [সং. সম্ + আসন্ন]।

সমা-সীন (p. 808) [samā-sīna] বিণ. উপবিষ্ট (পরিপূর্ণ মহিমায় সমাসীন)। [সং. সম্ + আসীন]।

সমাসোক্তি (p. 808) [samāsōkti] বি. (অল.) যে অলংকারে প্রাসঙ্গিক বিষয়ে অপ্রাসঙ্গিক বিষয়ের ব্যবহার বা ধর্ম আরোপ করা হয় (যেমন-'নয়নে তব, হে রাক্ষসপুরি, অশ্রুবিন্দু': মধু.)। [সং. সমাস + উক্তি]।

সমা-হরণ (p. 808) [samā-haraṇa] বি. 1 সংগ্রহ করা, একত্রীকরণ; 2 সঞ্চয়। [সং. সম্ + আহরণ]। সমা-হর্তা (-র্তৃন্) বিণ. 1 সংগ্রহকারী; 2 রাজস্ব আদায়ের ভারপ্রাপ্ত সরকারি কর্মচারী, collector (স. প.)। স্ত্রী. সমা-হর্ত্রী।

সমা-হার (p. 808) [samā-hāra] বি. 1 সংগ্রহ; 2 মিলন; 3 সমষ্টি; 4 সমূহ; 5 (ব্যাক.) দ্বিগু ও দ্বন্দ্ব সমাসের শ্রেণিবিশেষ। [সং. সম্ + আ + √ হৃ + অ]।

সমা-হিত (p. 808) [samā-hita] বিণ. 1 সম্পাদিত; 2 মীমাংসিত; 3 অবহিত; 4 অভিনিবিষ্ট; 5 ধ্যানমগ্ন (সমাহিতচিত্তে); 6 স্থাপিত; 7 কবরে স্থাপিত। [সং. সম্ + আ + √ ধা + ত]। স্ত্রী. সমা-হিতা।

সমা-হৃত (p. 808) [samā-hṛta] বিণ. 1 সংগৃহীত, একত্রীকৃত (সমাহৃত পূজোপকরণ); 2 সংক্ষিপ্ত। [সং. সম্ + আহৃত]। সমা-হৃতি বি. 1 সংগ্রহ, একত্রীকরণ; 2 সংক্ষেপণ।

সমিতি (p. 808) [samiti] বি. 1 পরিষদ, সংঘ, সভা; 2 (সং.) যুদ্ধ। [সং. সম্ + √ ই + তি]। ˜ ভুক্ত বিণ. সমিতির অন্তর্ভুক্ত।

সমিদ্ধ (p. 808) [samiddha] বিণ. 1 প্রজ্বলিত (সমিদ্ধ যজ্ঞাগ্নি); 2 উত্তেজিত। [সং. সম্ + √ ইন্ধ্ + ত]।

সমিধ, সমিত্ (p. 808) [samidha, samit] (-মিধ্) বি. ইন্ধন; হোমের আগুন জ্বালবার কাঠ। [সং. সম্ + √ ইন্ধ্ + ক্বিপ্]।

সমী-করণ (p. 808) [samī-karaṇa] বি. 1 একজাতীয় করা, সদৃশীকরণ; 2 (গণি.) কোনো জ্ঞাত রাশির সাহায্যে তত্তুল্য কোনো অজ্ঞাত রাশির পরিমাণ নির্ধারণ; 3 এক রাশি বা রাশিসমূহের সঙ্গে অন্য রাশি বা রাশিসমূহের সমতা নির্দেশ, equation; 4 (ভাষাতত্ত্বে) যুক্তবর্ণের দুটি বিভিন্ন ধ্বনির (উচ্চারণের সুবিধার্থে) একটি ধ্বনিতে পরিবর্তন (যেমন, পদ্ম > পদ্দ, ধর্ম > ধম্ম), assimilation. [সং. সম্ + ঈ (চ্বি) + √ কৃ + অন]।

সমীক্ষক (p. 808) [samīkṣaka] বিণ. বি. সম্যক বিচারকারী বা পর্যালোচনাকারী; পরীক্ষক। [সং. সম্ + √ ঈক্ষ্ + অক]।

সমীক্ষণ (p. 808) [samīkṣaṇa] বি. 1 সম্যক দৃষ্টি; 2 অন্বেষণ; 3 বিবেচনা; 4 যত্ন; 5 সম্যক জ্ঞান। [সং. সম্ + √ ঈক্ষ্ + অন]। সমীক্ষা বি. 1 সমীক্ষণ; 2 সবিশেষ পর্যালোচনা; 3 যত্ন; 4 মহত্ বা বুদ্ধি প্রভৃতি সাংখ্যের চতুর্বিংশতি তত্ত্ব; 5 প্রকৃতি; 6 বুদ্ধি; 7 মীমাংসাদর্শন। সমীক্ষিত বিণ. 1 সম্যক দৃষ্ট, পর্যবেক্ষিত; 2 আলোচিত; 3 অন্বেষিত। সমীক্ষ্য বি. (বিরল) সাংখ্যদর্শন। □ বিণ. বিচার্য। সমীক্ষ্য-কারী (-রিন্) বিণ. পূর্বাপর বা ফলাফল বিবেচনা করে কাজ যে করে। বি. সমীক্ষ্য-কারিতা। সমীক্ষ্য-বাদী (-দিন্) বিণ. পূর্বাপর বিবেচনা করে কথা বলে এমন।

সমীচীন (p. 808) [samīcīna] বিণ. 1 সংগত (সমীচীন পরামর্শ); উপযুক্ত, উচিত; 2 যথার্থ। [সং. সম্যচ্ + ঈন]।

সমীপ (p. 808) [samīpa] বিণ. নিকট, নিকটস্হ, সন্নিহিত। □ বি. (বাং.) নিকট, সন্নিধি (রাজসমীপে, সমীপবর্তী)। [সং. সম্ + অপ্ + (=ঈপ্) + অ]।˜ বর্তী (-র্তিন্) বিণ. নিকটবর্তী, কাছে আছে এমন। স্ত্রী.˜ বর্তিনী। বি.˜ বর্তিতা।˜ স্হ বিণ. নিকটস্হ। সমীপে অব্য. ক্রি-বিণ. নিকটে।

সমী-ভবন (p. 808) [samī-bhabana] বি. সমান হওয়া, একরূপ হওয়া। [সং. সম্ + ঈ (চ্বি) + √ ভূ + অন]। বিণ. সমী-ভূত।

সমীর, সমীরণ (p. 808) [samīra, samīraṇa] বি. বায়ু। [সং. সম্ + √ ঈর্ + অ, অন]।

সমীহ (p. 808) [samīha] বি. সম্মানপূর্ণ ব্যবহার, খাতির, সশ্রদ্ধ সংকোচ প্রদর্শন (গুরুজনকে সমীহ করা)। [সং. 'সমীহা' র রূপান্তর]।

সমীহা (p. 808) [samīhā] বি. 1 চেষ্টা; 2 সন্ধান; 3 ইচ্ছা। [সং. সম্ + √ ঈহ্ + অ + আ]। সমীহিত বিণ. চেষ্টিত; অভীষ্ট।

সমুচিত (p. 808) [samucita] বিণ. সম্পূর্ণ উচিত বা উপযুক্ত, ন্যায্য (সমুচিত শাস্তি, সমুচিত প্রতিশোধ)। [সং. সম্ + উচিত]।

সমুচ্চ (p. 814) [samucca] বিণ. 1 অত্যন্ত উঁচু; 2 তারস্বরে উচ্চারিত, অত্যন্ত চড়া ('সমুচ্চ ধিক্কারে': রবীন্দ্র)। [সং. সম্ + উচ্চ]।

সমুচ্চয় (p. 814) [samuccaẏa] বি. সমূহ, সমাহার, সংগ্রহ। [সং. সম্ + উদ্ + √ চি + অ]।

সমুচ্ছেদ (p. 814) [samucchēda] বি. সম্যক উচ্ছেদ। [সং. সম্ + উচ্ছেদ]।

সমুচ্ছ্বাস (p. 814) [samucchbāsa] বি. প্রবল উচ্ছ্বাস। [সং. সম্ + উচ্ছ্বাস]।

সমুচ্ছ্রায়, সমুচ্ছ্রয় (p. 814) [samucchrāẏa, samucchraẏa] বি. 1 অতিশয় স্ফীতি বা উচ্চতা; 2 অত্যুন্নতি। [সং. সম্ + উদ্ + √ শ্রি + অ]। সমুচ্ছ্রিত বিণ. অতিশয় স্ফীত বা বৃদ্ধিপ্রাপ্ত; 2 অত্যুন্নতি।

সমুজ্জ্বল (p. 814) [samujjbala] বিণ. অত্যন্ত উজ্জ্বল (সমুজ্জ্বল প্রতিভা)। [সং. সম্ + উজ্জ্বল]।

সমুত্-কণ্ঠা (p. 814) [samut-kaṇṭhā] বি. অতিশয় বা তীব্র উৎকণ্ঠা। [সং. সম্ + উৎকণ্ঠা]।

সমুত্-কর্ষ (p. 814) [samut-karṣa] বি. সম্যক উৎকর্ষ বা শ্রেষ্ঠতা (অর্থের চেয়ে দয়াগুণের সমুৎকর্ষ)। [সং. সম্ + উৎকর্ষ]। সমুত্-কৃষ্ট বিণ. অতি উৎকৃষ্ট।

সমুত্-কীর্ণ (p. 814) [samut-kīrṇa] বিণ. বিশেষভাবে বা সম্যক ক্ষোদিত (অশোকের বাণী স্তম্ভগাত্রে সমুৎকীর্ণ)। [সং. সম্ + উৎকীর্ণ]।

সমুত্-পত্তি (p. 814) [samut-patti] বি. উদ্ভব, জন্ম, উত্থান। [সং. সম্ + উৎপত্তি]। সমুত্-পন্ন বিণ. উদ্ভুত, জাত।

সমুত্-পাটন (p. 814) [samut-pāṭana] বি. 1 সম্পূর্ণ উৎপাটন; 2 নির্মূলন; 3 সম্পূর্ণ ধ্বংস। [সং. সম্ + উৎপাটন]। সমুত্-পাটিত বিণ. 1 মূলসমেত তুলে ফেলা হয়েছে এমন; 2 সম্পূর্ণ উন্মূলিত বা বিনষ্ট।

সমুত্-সাদন (p. 814) [samut-sādana] বি. সম্যক বিনাশ, সম্পূর্ণ বিনাশ। [সং. সম্ + উৎসাদন]। সমুত্-সাদিত বিণ. 1 সম্পূর্ণরূপে বিনাশিত; 2 সম্পূর্ণ নির্মূল করা হয়েছে এমন।

সমুত্-সুক (p. 814) [samut-suka] বিণ. অতিশয় উৎসুক, অভীষ্টলাভে আগ্রহান্বিত। [সং. সম্ + উৎসুক]।

সমুত্থান (p. 814) [samutthāna] বি. 1 সম্যক উত্থান; 2 অভ্যুদয়। [সং. সম্ + উত্থান]। সমুত্থিত বিণ. সমুত্থান করেছে এমন। স্ত্রী. সমুত্থিতা।

সমুদয়, সমুদায় (p. 814) [samudaẏa, samudāẏa] বি. 1 সম্যক উদয়, অভ্যুত্থান; 2 সমষ্টি (গুণসমুদয়)। □ বিণ. সমস্ত, সকল, সমগ্র, সম্পূর্ণ। [সং. সম্ + উদ্ + √ ই + অ]।

সমুদিত (p. 814) [samudita] বিণ. 1 উদিত; 2 উত্থিত; 3 আবির্ভূত; 4 উৎপন্ন; 5 জাত। [সং. সম্ + উদিত]।

সমুদ্গত (p. 814) [samudgata] বিণ. 1 বিশেষভাবে উদ্গত বা নিঃসৃত; 2 উদ্গত বা নিঃসৃত, বাইরে বেরিয়ে এসেছে এমন (সমুদ্গত বাষ্পপুঞ্জ)। [সং. সম্ + উদ্ + √ গম্ + ত]।

সমুদ্গম (p. 814) [samudgama] বি. 1 বিশেষভাবে বাইরে বেরিয়ে আসা বা নিঃসরণ; 2 নিঃসরণ। [সং. সম্ + উদ্ + √ গম্ + অ]।

সমুদ্ধত (p. 814) [samuddhata] বিণ. 1 বিশেষভাবে উদ্ধত, অবিনীত; 2 দর্পিত দৃপ্ত, গর্বিত (সমুদ্ধত ঘোষণা)। [সং. সম্ + উদ্ + √ হন্ + ত]।

সমুদ্‌ধরণ, সমুদ্ধৃতি (p. 814) [samuddharaṇa, samuddhṛti] বি. 1 উত্তোলন; 2 বমন; 3 অন্যের রচনা বা উক্তি থেকে আহরণ। [সং. সম্ + উদ্ + √ হৃ + অন, + তি]। সমুদ্ধৃত বিণ. 1 উত্তোলিত; 2 অন্যের রচনা বা উক্তি থেকে উদ্ধৃত।

সমুদ্ভব (p. 814) [samudbhaba] বি. 1 প্রকাশ; 2 উৎপত্তি, জন্ম। [সং. সম্ + উদ্ভব]। সমুদ্ভূত বিণ. উৎপন্ন, জাত।

সমুদ্ভাসিত (p. 814) [samudbhāsita] বিণ. সম্যক উদ্ভাসিত বা আলোকিত, উজ্জ্বলীকৃত। [সং. সম্ + উদ্ভাসিত]। সমুদ্ভাসন বি. দীপ্তি; শোভাধারণ।

সমুদ্যত (p. 814) [samudyata] বিণ. সম্যক উদ্যত; উত্তোলিত। [সং. সম্ + উদ্যত]।

সমুদ্যম (p. 814) [samudyama] বি. 1 সম্যক উদ্যম, বিশেষ চেষ্টা; 2 আরম্ভ। [সং. সম্ + উদ্যম]।

সমুদ্র (p. 814) [samudra] বি. পৃথিবীর অধিকাংশ স্থান জুড়ে রয়েছে যে লবণাক্ত ঊর্মিল জলরাশি; সাগর, সিন্ধু, বারিধি, অর্ণব, পারাবার, জলধি, রত্নাকর। [সং. সম্ + √ উন্দ্ + র]।˜ গর্ভ বি. সমুদ্রের তলদেশ।˜ তট,˜ তীর বি. সমুদ্রের কূল, সমুদ্রের ধারের স্থলভাগ।˜ পথ বি. যাতায়াতের জন্য ব্যবহৃত সমুদ্র।˜

মন্থন বি. অমৃত আহরণার্থ মন্দরপর্বতকে দণ্ড এবং শেষনাগকে রজ্জুরূপে ব্যবহার করে দেবাসুর কর্তৃক সমুদ্রজলের আলোড়ন।˜ মেখলা বিণ. সমুদ্র যাকে মেখলার ন্যায় পরিবেষ্টন করে আছে এমন (সমুদ্রমেখলা পৃথ্বী)। □ বি. পৃথিবী।˜ যাত্রা বি. জাহাজে চড়ে সমুদ্রপথে যাওয়া।˜ যান বি. অর্ণবপোত, জাহাজ।˜ হৃদয় বিণ. (আল.) উদারমনা, যার হৃদয় বা মন (সমুদ্রের মতো) বিরাট। সমুদ্রে ঝাঁপ দেওয়া ক্রি. বি. (আল.) কঠিন বিপদের সম্মুখীন হওয়া।

সমুন্নত (p. 814) [samunnata] বিণ. 1 অত্যুন্নত বা অত্যুচ্চ (সমুন্নত শির); 2 (আল.) অতি মর্যাদাসম্পন্ন; 3 মহত্ (সমুন্নত আদর্শ)। [সং. সম্ + উন্নত]। সমুন্নতি বি. সমুন্নত অবস্থা।

সমুন্নয়, সমুন্নয়ন (p. 814) [samunnaẏa, samunnaẏana] বি. 1 সম্যক উন্নত করা (গ্রাম-সমুন্নয়ন); 2 উৎক্ষেপণ। [সং. সম্ + উদ্ + √ নী + অ, অন]।

সমুপেত (p. 814) [samupēta] বিণ. 1 সমবেত; 2 সমাগত। [সং. সম্ + উপ + √ ই + ত]।

সমূল (p. 814) [samūla] বিণ. 1 মূলসহ; 2 কারণসহ; 3 সম্পূর্ণ। [সং. সহ + মূল]।˜ ক বিণ. 1 মূল বা কারণযুক্ত, সহেতুক; 2 সত্য (এই সন্দেহ সমূলক নয়)। সমূলে ক্রি-বিণ. 1 মূলের সঙ্গে; 2 সম্পূর্ণভাবে (সমূলে বিনষ্ট)।

সমূহ (p. 814) [samūha] বি. 1 রাশি; 2 গণ, সমুদায়। □ (বাং.) বিণ. 1 বহু, অনেক, বেজায় (সমূহ ক্ষতি); 2 ভীষণ, চরম (সমূহ বিপদ)। [সং. সম্ + √ ঊহ্ + অ]।

সমৃদ্ধ (p. 814) [samṛddha] বিণ. 1 সম্যক বৃদ্ধিপ্রাপ্ত; 2 সম্পদশালী; 3 প্রাচুর্যযুক্ত (ফলপুষ্পসমৃদ্ধ বৃক্ষ)। [সং. সম্ + √ ঋধ্ + ত]। স্ত্রী. সমৃদ্ধা। সমৃদ্ধি বি. সম্যক বৃদ্ধি; উন্নতি; সম্পদ, ঐশ্বর্য। সমৃদ্ধি-শালী বিণ. ঐশ্বর্যযুক্ত।

সমেত (p. 814) [samēta] বিণ. 1 সহিত, যুক্ত (দলবলসমেত, সুদসমেত আসল); 2 প্রাপ্তি; 3 উপস্থিত। [সং. সম্ + আ + √ ই + ত]।

সম্পত্তি (p. 815) [sampatti] বি. 1 সম্পদ, বিভব, ঐশ্বর্য; 2 ধন; 3 (বাং.) বিষয়-আশয়, জায়গাজমি; 4 সম্বল। [সং. সম্ + √ পদ্ + তি]। ̃ শালী (-লিন্) বিণ. 1 ঐশ্বর্যশালী, ধনী; 2 (বাং.) ভূ-সম্পত্তির অর্থাত্ জায়গাজমির মালিক।

সম্পদ (p. 815) [sampada] (-স্পদ্) বি. 1 ঐশ্বর্য, ধন, প্রাচুর্য (দেশের বনসম্পদ, জলসম্পদ); 2 উৎকর্ষ (ভাবসম্পদ); 3 গৌরব; 4 সম্বল। [সং. সম্ + √ পদ্ + ক্বিপ্]। ̃ শালী (-লিন্) বিণ. ঐশ্বর্যশালী, ধনবান।

সম্পন্ন (p. 815) [sampanna] বিণ. 1 নিষ্পন্ন (সুচারুরূপে সম্পন্ন); 2 সম্পাদিত, সম্পূর্ণ (কাজ সম্পন্ন করা); 3 ঐশ্বর্যশালী, সম্পত্তিশালী (সম্পন্ন গৃহস্থ, সম্পন্ন অবস্থা); 4 যুক্ত, বিশিষ্ট (বুদ্ধিসম্পন্ন, ক্ষমতাসম্পন্ন)। [সং. সম্ + √ পদ্ + ত]। স্ত্রী. সম্পন্না।

সম্পর্ক (p. 815) [samparka] বি. সম্বন্ধ, সংস্রব, সংযোগ। [সং. সম্ + √ পৃচ্ + অ]। সম্পর্কিত, সম্পর্কী (-র্কিন্), সম্পর্কীয় বিণ. 1 সম্পর্কযুক্ত; 2 সংক্রান্ত। স্ত্রী. সম্পর্কিতা, সম্পর্কীয়া।

সম্পা (p. 815) [sampā] দ্র শম্পা।

সম্পাত (p. 815) [sampāta] বি. 1 পতন (অশনিসম্পাত, ধারাসম্পাতে বৃষ্টি); 2 প্রবেশ (আলোকসম্পাত)। [সং. সম্ + √ পত্ + অ]।

সম্পাদক (p. 815) [sampādaka] বিণ. নির্বাহক, নিষ্পাদক। □ বি. 1 প্রতিষ্ঠানাদির প্রধান, কর্মসচিব, secretary; 2 গ্রন্হ অথবা সংবাদপত্রাদির লেখার ব্যাপারের পরিচালক বা প্রধান লেখক, editor. [সং. সম্ + √ পদ্ + ণিচ্ + অক]। স্ত্রী. সম্পাদিকা। বি. ˜ তা। সম্পাদকীয় বিণ. 1 সম্পাদক-সম্বন্ধীয়; 2 সম্পাদক কর্তৃক লিখিত। □ বি. পত্রিকাদিতে সম্পাদক কর্তৃক লিখিত প্রবন্ধ, editorial.

সম্পাদন, সম্পাদনা (p. 815) [sampādana, sampādanā] বি. 1 নিষ্পাদন, নির্বাহ, সমাপন; 2 গ্রন্হাদির সংকলন বা সংবাদপত্রাদির পরিচালন, editing. [সং. সম্ + √ পদ্ + ণিচ্ + অন, + আ]। সম্পাদনীয় বিণ. সম্পাদন বা নিষ্পাদন করতে হবে এমন। সম্পাদিত বিণ. সম্পাদনা এমন। সম্পাদনীয় □ বি. (জ্যামি.) সমাধান বা পূরণ করতে হবে এমন প্রতিজ্ঞা, problem.

সম্পুট, সম্পুটক (p. 815) [samputa, samputaka] বি. 1 ক্ষুদ্র আধার, পেটরা বা কৌটো, casket; 2 ঠোঙা; 3 সংগ্রহ (রচনাসম্পুট)। [সং. সম্ + √ পুট্ + অ]। সম্পুটে ক্রি-বিণ. (প্রা. কা.) করজোড়ে, হাত জোড় করে।

সম্পূরক (p. 815) [sampūraka] বিণ. 1 সম্পূর্ণকারী; 2 (জ্যামি.) যে দুই কোণের যোগফল দুই সমকোণের সমান তারা একে অপরের সম্পূরক, supplementary. [সং. সম্ + পূরক]।

সম্পূরণ (p. 815) [sampūraṇa] বি. 1 সম্পূর্ণ করা; 2 পরিপূরণ। [সং. সম্ + পূরণ]। সম্পূরিত বিণ. সম্পূরণ করা হয়েছে এমন; পরিপূরিত।

সম্পূর্ণ (p. 815) [sampūrṇa] বিণ. 1 পরিপূর্ণ (সর্বাঙ্গসম্পূর্ণ), নিষ্পাদিত; 2 সমাপ্ত; 3 সমগ্র, সমুদায় (সম্পূর্ণ রামায়ণ); 4 পুরোপুরি। [সং. সম্ + পূর্ণ]। বি. ̃তা।

সম্পৃক্ত (p. 815) [sampṛkta] বিণ. 1 সম্বন্ধযুক্ত, সংস্রবযুক্ত, সংশ্লিষ্ট (পরস্পরসম্পৃক্ত বিষয়); 2 মিলিত। [সং. সম্ + √ পৃচ্ + ত]। স্ত্রী. সম্পৃক্তা।

সম্পোষ্য (p. 815) [sampōṣya] বিণ. প্রতিপালনের উপযোগী, পোষ্য। [সং. সম্ + পোষ্য]।

সম্প্রচার (p. 815) [sampracāra] বিণ. সর্বত্র বা সম্যক প্রচার অথবা ঘোষণা (বেতারে বা দূরদর্শনে সংবাদ সম্প্রচার করা)। [সং. সম্ + প্রচার]। সম্পচারিত বিণ. সম্প্রচার করা হয়েছে এমন।

সম্প্রতি (p. 815) [samprati] অব্য. ক্রি-বিণ. 1 অধুনা, ইদানীং, আজকাল; 2 এইমাত্র, সবে। [সং. সম্ + প্রতি]।

সম্প্রদান (p. 815) [sampradāna] বি. 1 দাতার স্বত্বত্যাগপূর্বক সম্পূর্ণরূপে প্রদান বা অর্পণ; 2 বিবাহানুষ্ঠানে বরের হাতে কন্যাকে অর্পণ; 3 (ব্যাক.) কারকবিশেষ। [সং. সম্ + প্রদান]। সম্প্রদাতা (-তৃ) বিণ. বি. সম্প্রদানকারী।

সম্প্রদায় (p. 815) [sampradāẏa] বি. 1 দল, সমাজ, গোষ্ঠী, সংঘ (হিন্দুসম্প্রদায়, শিক্ষকসম্প্রদায়); 2 গুরুপরম্পরায় প্রাপ্ত উপদেশ বা নির্দেশ (সম্প্রদায়বিরুদ্ধ ব্যাখ্যা)। [সং. সম্ + প্র + √ দা + অ]। ˜ ভুক্ত বিণ. দল বা গোষ্ঠীর অন্তর্ভূক্ত।

সম্প্র-সারণ (p. 815) [sampra-sāraṇa] বি. বিস্তৃত করা। [সং. সম্ + প্রসারণ]। সম্প্র-সারক বিণ. সম্প্রসারণকারী। সম্প্র-সারিত বিণ. সম্প্রসারণ করা হয়েছে এমন (ব্যবসায় নানা দিকে সম্প্রসারিত)।

সম্প্রাপ্ত (p. 815) [samprāpta] বিণ. 1 সম্যক লব্ধ বা প্রাপ্ত; 2 আগত, উপস্থিত। [সং. সম্ + প্রাপ্ত]। সম্প্রাপ্তি বি. 1 সম্যক লাভ বা প্রাপ্তি; 2 আগমন, উপস্থিতি।

সম্প্রীতি (p. 815) [samprīti] বিণ. 1 প্রণয়, সদ্ভাব (ভাইদের মধ্যে সম্প্রীতি বজায় আছে); 2 সন্তোষ, তৃপ্তি। [সং. সম্ + প্রীতি]। সম্প্রীত বিণ. 1 প্রণয়যুক্ত, সদ্ভাবযুক্ত; 2 সন্তুষ্ট; 3 আহ্লাদিত।

সম্বন্ধ (p. 815) [sambandha] বিণ. 1 দৃঢ়রূপে বদ্ধ বা যুক্ত; 2 সম্পর্কযুক্ত। [সং. সম্ + বদ্ধ]।

সম্বন্ধ (p. 815) [sambandha] বি. 1 সম্পর্ক, সংস্রব, যোগাযোগ; 2 আত্মীয়তা; 3 (বাং.) বিবাহের প্রস্তাব; 4 (ব্যাক.) স্বত্ব-স্বামিত্ব বা জন্যজনকতা ইত্যাদি সম্পর্ক (সম্বন্ধে ষষ্ঠী)। [সং. সম্ + বন্ধ]।

সম্বন্ধী (p. 815) [sambandhī] (-ন্ধিন্) বিণ. সম্বন্ধযুক্ত। □ বি. (বাং.) 1 শ্যালক; স্ত্রীর দাদা; 2 কুটুম্ব। ˜ য় বিণ. বিষয়ক, সম্পর্কিত (চরিত্রসম্বন্ধীয় কুৎসা)। স্ত্রী. ˜ য়া।

সম্বর, সম্বরণ, সম্বরা1 (p. 815) [sambara, sambaraṇa, sambarā1] যথাক্রমে শম্বর, সংবরণ ও সংবরা -র বানানভেদ।

সম্বরা2 (p. 815) [sambarā2] বি. ব্যঞ্জনাদি সুস্বাদু করবার জন্য তেল-মশলা মিশাবার প্রক্রিয়াবিশেষ, ফোড়ন। [সং. সম্ভার]।

সম্বল (p. 815) [sambala] বি. 1 পাথেয়; 2 পুঁজি; 3 সংস্থান; 4 অবলম্বন (বাড়িটাই আমার শেষ সম্বল)। [সং. √ সম্ব্ (=গতি) + অল]। ˜ হীন বিণ. নিঃস্ব। স্ত্রী. ˜ হীনা।

সম্বাধ (p. 815) [sambādha] বি. 1 বাধা; 2 সংঘর্ষ; 3 অতি সংকীর্ণ স্থান; 4 ভিড়। [সং. সম্ + √ বাধ্ + অ]।

সম্বুদ্ধ (p. 816) [sambuddha] বিণ. 1 সম্যক জ্ঞানপ্রাপ্ত বা চেতনাপ্রাপ্ত; 2 উদ্বুদ্ধ। □ বি. বুদ্ধাবতার। [সং. সম্ + বুদ্ধ]।

সম্বোধন (p. 816) [sambōdhana] বি. 1 দূর থেকে আহ্বান, ডাক; 2 আমন্ত্রণ; 3 অভিভাষণ; 4 (ব্যাক.) আহ্বানসূচক পদ (সম্বোধনে প্রথমা)। [সং. সম্ + √ বুধ্ + অন]। সম্বোধিত বিণ. 1 আহূত; 2 আমন্ত্রিত।

সম্বোধা (p. 816) [sambōdhā] ক্রি. (কাব্যে.) সম্বোধন করা। [সং. সম্ + √ বুধ্ + বাং. আ]।

সম্বোধি (p. 816) [sambōdhi] বি. 1 সম্যক বোধ বা পূর্ণ জ্ঞান; 2 সম্যক চেতনা। [সং. সম্ + √ বুধ্ + ই]।

সম্ভব (p. 816) [sambhaba] বি. (সং.) 1 জন্ম, উৎপত্তি (কুমারসম্ভব); 2 সম্ভাবনা। □ বিণ. 1 জাত, উৎপন্ন; 2 (বাং.) যা হতে পারে, সম্ভাবনাযুক্ত (ঘটা সম্ভব, আমার পক্ষে সম্ভব নয়)। [সং. সম্ + √ ভূ + অ]। সম্ভবে ক্রি. (কাব্যে) সম্ভবপর হয় (একত্র থাকা সম্ভবে না)।˜ ত (-তস্) অব্য. হয়তো।˜ পর বিণ. যা ঘটতে বা করা যেতে পারে (কোনো মতেই সম্ভবপর নয়)। সম্ভবাতীত বিণ. অসম্ভব, সম্ভাবনাহীন।

সম্ভাবনা, (বিরল) সম্ভাবনা (p. 816) [sambhābanā, (birala) sambhābanā] বি. 1 হয়তো হবে বা ঘটবে এমন ভাব; 2 ভবিষ্যতের আশা বা যোগ্যতা (সম্ভাবনাময় ভবিষ্যত্); 3 পূজা, সমাদর, সম্মান। [সং. সম্ + √ ভাবি + অন + আ]। সম্ভাবনীয়, সম্ভাব্য বিণ. হয়তো হবে বা ঘটবে এরূপ বিবেচিত (সম্ভাব্য আক্রমণ, সম্ভাব্য পদোন্নতি)। সম্ভাবিত বিণ. (বাং.) সম্ভব; সম্ভাব্য।

সম্ভার (p. 816) [sambhāra] বি. 1 দ্রব্যসামগ্রী, দ্রব্যের ভার ('শকটে সম্ভার কত': রঙ্গ); 2 রাশি, সমূহ (রত্নসম্ভার, খাদ্যসম্ভার); 3 উপকরণ; 4 আয়োজন। [সং. সম্ + √ ভৃ + অ]।

সম্ভাষণ, সম্ভাষ (p. 816) [sambhāṣaṇa, sambhāṣa] বি. 1 সম্বোধন; 2 আলাপ, কথাবার্তা (বিদায়সম্ভাষণ)। [সং. সম্ + ভাষণ, ভাষ]। সম্ভাষিত বিণ. সম্বোধিত; যার সঙ্গে সম্ভাষণ করা হয়েছে। স্ত্রী. সম্ভাষিতা। সম্ভাষী (-ষিন্) বিণ. সম্ভাষণকারী।

সম্ভাষা (p. 816) [sambhāṣā] ক্রি. (কাব্যে) সম্ভাষণ করা (কেহ না সম্ভাষে)। [সং. সম্ + √ ভাষ্ + বাং. আ]।

সম্ভূত (p. 816) [sambhūta] বিণ. উৎপন্ন, জাত। [সং. সম্ + √ ভূ + ত]। স্ত্রী. সম্ভূতা। বি. সম্ভূতি।

সম্ভূয়-সমুত্থান (p. 816) [sambhūẏa-samutthāna] বি. অংশীদের মিলিত হয়ে বাণিজ্য, যৌথ প্রতিষ্ঠান; সমবায়-ব্যবসায়। [সং. সম্ভূয় (সম্ + √ ভূ + য) + সম্ + উদ্ + √ স্থা + অন]।

সম্ভোগ (p. 816) [sambhōga] বি. 1 উপভোগ (রসসম্ভোগ, সৌন্দর্যসম্ভোগ); 2 যৌনসংগম (নারীসম্ভোগ)। [সং. সম্ + ভোগ]।

সম্ভ্রম (p. 816) [sambhrama] বি. 1 সম্মান, মান, মর্যাদা (সম্ভ্রমহানি); 2 ভয়মিশ্রিত শ্রদ্ধা, সমাদর (সসম্ভ্রমে, সম্ভ্রমের চোখে দেখা)। [সং. সম্ + √ ভ্রম্ + অ]।

সম্ভ্রান্ত (p. 816) [sambhrānta] বিণ. 1 মর্যাদাশালী; 2 কুলীন, অভিজাত। [সং. সম্ + √ ভ্রম্ + ত]। ˜ তন্ত্র বি. অভিজাত-সম্প্রদায় কর্তৃক রাষ্ট্রশাসন-ব্যবস্থা।

সম্মত (p. 816) [sammata] বিণ. 1 রাজি, স্বীকৃত (সম্মত হওয়া); 2 অনুমত, অনুমোদিত (শাস্ত্রসম্মত, বিজ্ঞানসম্মত)। [সং. সম্ + √ মন্ + ত]। স্ত্রী. সম্মতা। সম্মতি বি. 1 অনুকূল মত, সমর্থন; 2 অনুমতি, অভিমত।

সম্মান (p. 816) [sammāna] বি. 1 শ্রেষ্ঠত্বের স্বীকৃতি; 2 খাতির, সমাদর (সম্মান করা); 3 মর্যাদা, গৌরব (সম্মানবৃদ্ধি)। [সং. সম্ + মান]। সম্মান দক্ষিণা বি. দক্ষিণা; নজরানা, সম্মাননীয় ব্যক্তির পারিশ্রমিক। ˜ ন, ˜ না বি. সম্মান করা। সম্মাননীয় বিণ. সম্মানের যোগ্য, মাননীয়। সম্মানীয় অশু.। সম্মানিত বিণ. সম্মানপ্রাপ্ত, সমাদৃত। স্ত্রী. সম্মানিতা। সম্মানী বিণ. সম্মানের অধিকারী (সম্মানী প্রতিবেশী)।

সম্মার্জন (p. 816) [sammārjana] বি. পরিষ্করণ, সংশোধন। [সং. সম্ + মার্জন]। সম্মার্জক বিণ. পরিষ্কারক। □ বি. ঝাঁটা। সম্মার্জনী বি. 1 পরিষ্করণ; 2 ঝাঁটা। সম্মার্জিত বিণ. পরিষ্কৃত।

সম্মিত (p. 816) [sammita] বিণ. 1 তুল্য; সদৃশ (দেবসম্মিত মহিমা); 2 তুল্য পরিমাণ; 3 পরিমিত। [সং. সম্ + √ মা + ত]।

সম্মিলন (p. 816) [sammilana] বি. 1 সম্যক মিলন (প্রীতি-সম্মিলন); সংযোগ, বহু লোকের একত্র হওয়া; 2 সাক্ষাৎকার। [সম্মেলন এর বিকল্প রূপ]। সম্মিলনী বি. সংঘ, সমিতি, পরিষদ। সম্মিলিত বিণ. একত্র মিলিত। স্ত্রী. সম্মিলিতা।

সম্মুখ (p. 816) [sammukha] বি. অভিমুখ, সমুখ, সমক্ষ (তার সম্মুখে)। □ বিণ. 1 অভিমুখী; সামনের (সম্মুখ পথ); 2 মুখোমুখি (সম্মুখ যুদ্ধ)। [সং. সম্ + মুখ]। ̃ গতি বি. সামনের দিকে এগিয়ে যাওয়া, এগোনো, সামনের দিকে গতি। ̃ গামী (-মিন) বিণ. সামনের দিকে যাচ্ছে এমন। সম্মুখীন বিণ. সম্মুখে উপস্থিত, সম্মুখস্থ (কঠিন পরিস্থিতির সম্মুখীন)। ̃ বর্তী (-র্তিন্) বিণ. সামনে রয়েছে এমন। স্ত্রী. ̃ বর্তিনী। ̃ যুদ্ধ বি. মুখোমুখি লড়াই।

সম্মুখগতি, সম্মুখগামী, সম্মুখবর্তী, সম্মুখীন (p. 816) [sammukhagati, sammukhagāmī, sammukhabartī, sammukhīna] দ্র সম্মুখ।

সম্মূঢ় (p. 816) [sammūḍh ়] বিণ. 1 নির্বোধ, অজ্ঞান; 2 অতিশয় মোহযুক্ত। [সং. সম্ + মূঢ়]।

সম্মেলক (p. 816) [sammēlaka] বিণ. 1 সম্মেলনকারী, সম্মিলিত করে এমন; 2 সম্মিলিত (সম্মেলক গান)। [সং. সম্ + মেলক]।

সম্মেলন (p. 816) [sammēlana] বি. 1 সভা; 2 সম্মিলিত হওয়া; 3 সভাদিতে জনসমাবেশ (সাহিত্যসম্মেলন); 4 জনগণকে মিলিত করা। [সং. সম্ + মেলন]।

সম্মোহ (p. 816) [sammōha] বি. 1 অতিশয় মোহ; 2 বুদ্ধিলোপ, স্মৃতিভ্রংশ। [সং. সম্ + মোহ]। ˜ ন বি. 1 সম্যক মুগ্ধ করা; 2 জাদুবলে বা অন্য প্রক্রিয়াবলে ইচ্ছাশক্তি লোপ করে সম্পূর্ণ পরের পরিচালনাধীন করা, mesmerism, hypnotization; 3 কন্দর্পের বাণবিশেষ। □ বিণ. 1 মুগ্ধ করে এমন; 2 মোহজনক; 3 বাণ দিয়ে মুগ্ধ-করা। ˜ নী বিণ. (স্ত্রী.) (সম্মেহনী শক্তি)। সম্মোহিত বিণ. সম্পূর্ণ মোহিত বা মুগ্ধ। স্ত্রী. সম্মোহিতা।

সম্যক (p. 816) [samyaka] (-ম্যচ্) অব্য. ক্রি-বিণ. 1 সর্বপ্রকারে; 2 সমগ্রভাবে; 3 উত্তমরূপে; 4 উপযুক্তভাবে (সম্যকপ্রকারে, সম্যক অনুশীলন)। □ অব্য. বিণ. 1 সম্পূর্ণ; 2 উপযুক্ত, যোগ্য; 3 সত্য। [সং. সম্ + √ অঞ্চ্ + ক্বিন্]।

সম্রাজ্ঞী (p. 817) [samrājñī] বি. (স্ত্রী.) 1 মহারানি, বহু রাজ্যের অধিকারিণী; 2 সম্রাটের পত্নী। [সং. সম্ + রাজ্ঞী]।

সম্রাট, (বর্জি.) সম্রাট্ (p. 817) [samrāṭa, (barji.) samrāṭ] বি. বহু রাষ্ট্রের অধিপতি, রাজাধিরাজ, সার্বভৌম নৃপতি। [সং. সম্ + √ রাজ্ + ক্বিপ্]।

সযত্ন (p. 817) [sayatna] বিণ. 1 যত্নযুক্ত, সাদর; 2 সচেষ্ট। [সং. সহ + যত্ন]। সযত্নে ক্রি-বিণ. যত্নসহকারে।

সয় (p. 817) [saẏa] ক্রি. সহ্য হয়। [সহা দ্র]।

সয়া (p. 817) [saẏā] বি. সখীর স্বামী। [বাং. সখা]।

সর (p. 817) [sara] বি. দুধ দই প্রভৃতির উপরে যে ঘন ও নরম আস্তরণ পড়ে। [সং. √ সৃ + অ]। ˜ পুরিয়া বি. ভাজা সরের মধ্যে পুর দেওয়া মিষ্টান্নবিশেষ। ˜ ভাজা বি. ঘিয়ে ভাজা সর দিয়ে প্রস্তুত মিষ্টান্নবিশেষ।

সরঃ (p. 817) [sarḥ] (-রস্) বি. দিঘি, সরোবর, হ্রদ। [সং. √ সৃ + অস্]। সরসী বি. দিঘি, সরোবর, হ্রদ ('যৌবনসরসীনীরে': রবীন্দ্র)।

সর-কার (p. 817) [sara-kāra] বি. 1 প্রভু, মালিক; 2 ভূস্বামী; 3 শাসনকর্তা, নৃপতি; 4 শাসনবিভাগ, রাষ্ট্রশাসনতন্ত্র, গভর্নমেন্ট; 5 অর্থাদি আদায় ও ব্যয়সংক্রান্ত কর্মচারী (বিলসরকার, বাজার সরকার); 6 মুসলমান আমলে হিন্দু ও মুসলমান রাজকর্মচারীকে প্রদত্ত খেতাববিশেষ। [ফা. সরকার্]। সর-কারি বি. সরকারের কাজ। □ বিণ. সরকারসম্বন্ধীয়; গভর্নমেন্টের; সাধারণের (সরকারি সম্পত্তি)।

সর-খত (p. 817) [sara-khata] বি. 1 সনদ, নির্দেশ; 2 জমিদারের দেওয়া কর্মচারীর নিয়োগপত্র; 3 পরোয়ানা। [ফা. সরখত্]।

সর-খেল (p. 817) [sara-khēla] বি. মধ্যযুগীয় সামরিক উপাধিবিশেষ; বর্তমানে বাঙালি হিন্দুর পদবিবিশেষ। [ফা. সরখয়ল্]।

সর-গম (p. 817) [sara-gama] বি. সংগীতে সপ্তসুরের সূচক, সারেগামা (ভোরে সরগম সাধনা)।

সর-গরম (p. 817) [sara-garama] বিণ. উদ্দীপনাপূর্ণ, জমজমাট, গুলজার (বৈঠক বা আসর সরগরম)। [ফা. সর্গর্ম্]।

সরজ (p. 817) [saraja] বিণ. দুধের সর থেকে উৎপন্ন। □ বি. মাখন। [সং. সর + √ জন্ + অ]।

সর-জমিন, সরে-জমিন (p. 817) [sara-jamina, sarē-jamina] বি. ঘটনাস্থল, অকুস্থল (সরেজমিনে তদন্ত)। [ফা. সর্জমীন্]।

সরঞ্জাম (p. 817) [sarañjāma] বি. 1 উপকরণ, আসবাব (খেলার সরঞ্জাম); 2 উপকরণ-সংগ্রহ, আয়োজন (পূজার সরঞ্জাম)। [ফা. সর্ + অন্জাম্]।

সরট, (সং.) সরট্ (p. 817) [saraṭa, (sa.) ṃsaraṭ] বি. কৃকলাস; টিকটিকি। [সং. √ সৃ + অট]।

সরণ (p. 817) [saraṇa] বি. 1 চলন, চলা; 2 সরানো; 3 পথ, সরণি; 4 প্রতিসরণ। [সং. √ সৃ + অন]।

সরণি, সরণী (p. 817) [saraṇi, saraṇī] বি. 1 পথ, রাস্তা (সূর্যের সরণি); 2 শ্রেণি, সারি; 3 রীতি, প্রণালী। [সং. √ সৃ + অনি]।

সরতা (p. 817) [saratā] বি. সুপারি কাটার যন্ত্র, জাঁতি। [হি. সরোতা]।

সরদা (p. 817) [saradā] বি. খরমুজজাতীয় মিষ্টি ফলবিশেষ। [হি.]।

সর-পরদা, সর-ফরদা (p. 817) [sara-paradā, sara-pharadā] বি. সংগীতের রাগবিশেষ। [তু. ফা. সরপর্দা]।

সর-পুঁটি (p. 817) [sara-pun̐ṭi] বি. বড়ো আকারের পুঁটিমাছবিশেষ, সরলপুঁটি। [সরলপুঁটি দ্র]।

সরপুরিয়া (p. 817) [sarapuriẏā] দ্র সর।

সর-পোশ (p. 817) [sara-pōśa] বি. (প্রধানত গেলাস ঘটি প্রভৃতির) ঢাকনি। [ফা. সর্পোষ]।

সর-ফরাজ (p. 817) [sara-pharāja] বি. 1 বাংলার জনৈক নবাব; 2 (ব্যঙ্গে) মাতব্বর, মোড়ল, নেতা, কর্তা ('রেজা খাঁ মনে করিল...সরফরাজ হইব': ব. চ.)। সর-ফরাজি বি. (ব্যঙ্গে) মোড়লি, ফোঁপরদালালি, অনাবশ্যক ও অনাধিকার কর্তাগিরি।

সরবত, সরবতী (p. 817) [sarabata, sarabatī] যথাক্রমে শরবত ও শরবতি -র বানানভেদ।

সর-বরাহ (p. 817) [sara-barāha] বি. জোগান। [ফা.]। ˜ কারী বিণ. জোগানদার।

সরভাজা (p. 817) [sarabhājā] দ্র সর।

সরমা (p. 817) [saramā] বি. 1 (মহা.) বিভীষণপত্নী; 2 কুক্কুরী। [সং. √ সৃ + অম + আ]।

সরযু, সরযূ (p. 817) [sarayu, sarayū] বি. অযোধ্যার নদীবিশেষ। [সং. √ সৃ + অযু]।

সরল (p. 817) [sarala] বিণ. 1 সোজা, ঋজু (সরল রেখা); 2 অকপট, অকুটিল (সরল মন); 3 সাদাসিধা, আড়ম্বরহীন (সরলস জীবনযাপন); 4 সহজ (সরল প্রশ্ন)। □ বি. 1 শাল গাছ; 2 দেবদারু বা তৎসদৃশ গাছবিশেষ। [সং. √ সৃ + অন]। স্ত্রী. সরলা।˜ তা বি. সরল ভাব।˜ পুঁটি বড়ো আকারের পুঁটিমাছ।˜ প্রাণ বিণ. অকপটচিত্ত, সরল ও খোলামেলা মনযুক্ত।˜ বর্গীয় বিণ. মোচার আকৃতিবিশিষ্ট ফলোৎপাদনকারী বৃক্ষশ্রেণিভুক্ত, coniferous.˜ বিশ্বাস বি. বিচারহীন বিশ্বাস।˜ রেখা বি. এক বিন্দু থেকে অন্য বিন্দু পর্যন্ত দিক পরিবর্তন না করে বিস্তৃত রেখা, ঋজুরেখা। সরলী-করণ বি. সহজ করা; (গণি.) বিভিন্ন জাতীয় সংকেতে প্রকাশিত রাশিকে এক জাতিতে পরিণত করা।

সরস (p. 817) [sarasa] বিণ. 1 রসযুক্ত, রসাল (শুষ্ককে সরস করা); 2 রসিকতাপূর্ণ; 3 প্রীতিপ্রদ (সরস আলাপ)। □ বি. সরোবর, হ্রদ ('বিপরীত-সরসে সিনান করিব': চণ্ডী)। [সং. সহ + রস]। স্ত্রী সরসা (ঘনগৌরবে নবযৌবনা বরষা/শ্যামগম্ভীর সরসা': রবীন্দ্র)।˜ তা বি. 1 রসপূর্ণতা; 2 মধুরতা। [সরেস দ্র]।

সর-সর (p. 817) [sara-sara] অব্য. দ্রুতগতিবোধক ধ্বন্যাত্মক শব্দ (নৌকো সরসর করে চলছে)। [ধ্বন্যা.]।

সরসিজ (p. 817) [sarasija] বি. পদ্ম। [সং. সরসি + √ জন্ + অ]।

সরসী (p. 817) [sarasī] দ্র সরঃ।

সর-স্বতী (p. 817) [sara-sbatī] বি. 1 বিদ্যা ও কলার অধিষ্ঠাত্রী দেবী, বাগ্দেবী, বাণী, বীণাপাণি, ভারতী, মহাশ্বেতা, সারদা; 2 প্রাচীন নদীবিশেষ। [সং. সরস্ + বত্ + ঈ]।

সর-স্বান (p. 818) [sara-sbāna] বিণ. সরস, রসযুক্ত। □ বি. 1 সমুদ্র; 2 সরোবর। [সং. সরস্ + বত্]।

সর-হদ্দ, সর-হর্দ (p. 818) [sara-hadda, sara-harda] বি. চতুঃসীমা, চৌহদ্দি। [আ. সর্হদ]।

সরা2 (p. 818) [sarā2] ক্রি. 1 চলা. নড়া ('কহিনু তাহারে সরো': রবীন্দ্র); 2 স্থান পরিবর্তন করা (সংসার থেকে সরে যাওয়া); 3 পথ ছাড়া (সরে দাঁড়াল); 4 নির্গত বা নিঃসৃত হওয়া ('মুখে তার বাক্য নাহি সরে': জল সরা); 5 প্রবেশ করা বা বাইরে যাওয়া, চলাচল করা (বাতাস সরা); 3 (অশি.) মারা যাওয়া, গত হওয়া (বাপ তো সরল); 7 চলে যাওয়া, স্থান ত্যাগ করা (এখন থেকে সরে পড়ো); 8 পালানো (চোরটা সরল); 9 স্বাভাবিকভাবে ক্রিয়াশীল হওয়া (কলম সরা); 1 ইচ্ছুক হওয়া (মন সরছে না); 11 ব্যবহার করা (পুকুরের জল সরা)।

□ বি. উক্ত সব অর্থে। [সং. √ সৃ + বাং. আ]। ˜ নো ক্রি. 1 স্থানান্তরিত করা (সরিয়ে দেওয়া); 2 (ব্যঙ্গে) চুরি করা (বহু টাকা সরিয়েছে)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে।

সরাই (p. 818) [sarāi] বি. পান্থশালা, চটি [ফা.]। ˜ খানা বি. সরাই, পান্থশালা।

সরানো (p. 818) [sarānō] দ্র সরা2।

সরাসরি (p. 818) [sarāsari] ক্রি-বিণ. বিণ. 1 কোনো মধ্যস্থের সাহায্য না নিয়ে সোজাসুজি (সরাসরি আদালতে যাওয়া); 2 সংক্ষিপ্ত (সরাসরি বিচার); 3 দুটিমাত্র প্রতিদ্বন্দ্বীর মধ্যে সীমাবদ্ধ (সরাসরি লড়াই)। [ফা. সরাসর]।

সরি (p. 818) [sari] বি. ঝরনা। [সং. √ সৃ + রি]।

সরিক, সরিকানা (p. 818) [sarika, sarikānā] যথাক্রমে শরিক ও শরিকানা -র বর্জি. বানানভেদ।

সরিত্ (p. 818) [sarit] বি. (স্ত্রী.) নদী। [সং. √ সৃ + ইত্]।

সরিদ্বরা (p. 818) [saridbarā] বি. (স্ত্রী.) 1 শ্রেষ্ঠ নদী; 2 গঙ্গা। [সং. সরিত্ + বর (শ্রেষ্ঠ) + আ]।

সরিষা, (কথ্য) সরষে (p. 818) [sariṣā, (kathya) saraṣē] বি. মশলারূপে ব্যবহৃত শস্যবিশেষ, সর্ষপ, রাই। [< সং. সর্ষপ]।

সরী-সৃপ (p. 818) [sarī-sṛpa] বি. সাপ টিকটিকি কুমির প্রভৃতি যে-সব মেরুদণ্ডী প্রাণী বুকে ভর দিয়ে চলে। [সং. √ সৃপ্ + যঙ্ + অ]।

সরু (p. 818) [saru] বি. 1 শীর্ণ, মোটার বিপরীত, কৃশ (সরু কোমর, সরু সুতো); 2 মিহি, সূক্ষ্ম (সরু চাল, সরু গলা); 3 অপ্রশস্ত, সংকীর্ণ (সরু গলি)। [দেশি]।˜ ঙ্গে বিণ. 1 কিছুটা সরু; 2 সরু ও লম্বা।˜ চাকলি বি. চালের গুঁড়ো ও কলাইয়ের ডাল-বাটা মিশিয়ে রুটির মতো তৈরি পিঠে।

সরূপ (p. 818) [sarūpa] বিণ. সদৃশ রূপযুক্ত বা আকৃতিবিশিষ্ট। [সং. সমান রূপ]। বি.˜ তা।

সরেস (p. 818) [sarēsa] বিণ. শ্রেষ্ঠ; উৎকৃষ্ট, উত্তম (সরেস চাল, সরেস কাপড়)। [< সং. সরস]।

সরোজ (p. 818) [sarōja] বি. পদ্মফুল। [সং. সরস্ + √ জন্ + অ]। বি. (স্ত্রী.) সরোজিনী পদ্মের ঝাড়; পদ্মিনী, কমলিনী।

সরোদ (p. 818) [sarōda] বি. বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [ফা.-তু. সং. সারদা]।

সরো-বর (p. 818) [sarō-bara] বি. 1 বড়ো পুকুর, দিঘি; 2 হ্রদ; 3 (সং.) পদ্মাদিযুক্ত পুষ্করিণী। [সং. সরস্ + বর]।

সরো-রুহ (p. 818) [sarō-ruha] বি. পদ্মফুল। [সং. সরস্ + √ রুহ্ + অ]।

সরোষ (p. 818) [sarōṣa] বিণ. ক্রোধযুক্ত; ক্রুদ্ধ। [সং. সহ + রোষ]। সরোষে ক্রি-বিণ. ক্রোধের সঙ্গে।

সর্গ (p. 818) [sarga] বি. 1 সৃষ্টি, উৎপত্তি; 2 প্রকৃতি, নিসর্গ; 3 নিয়ম; 4 ত্যাগ, বিসর্জন; 5 গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ। [সং. √ সৃজ্ + অ]।

সর্জ (p. 818) [sarja] বি. শালগাছ। [সং. √সৃজ্ + অ]। ˜ রস বি. শালনির্যাস; ধুনো।

সর্জন (p. 818) [sarjana] বি. 1 সৃষ্টি; 2 বিসর্জন, ত্যাগ। [সং. √ সৃজ্ + অন]।

সর্জ-মান (p. 818) [sarja-māna] বিণ. সৃষ্ট হচ্ছে এমন। [সং. √ সৃজ্ + মান (শানচ্)]।

সর্জি, সর্জী, সর্জিকা (p. 818) [sarji, sarjī, sarjikā] বি. ক্ষারবিশেষ, সাজিমাটি। [সং. √ সৃজ্ + ই, ঈ, + ক + আ]।

সর্জ্য (p. 818) [sarjya] বি. সর্জরস, ধুনো। [সং. সর্জ + য]।

সর্দার (p. 818) [sardāra] বি. দলপতি, প্রধান ব্যক্তি, নায়ক, পরিচালক। [ফা.]। বি. (স্ত্রী.)˜ নি।˜ পড়ুয়া,˜ পোড়ো বি. পাঠশালার যে-ছাত্র সহপাঠীদের পড়াশোনা ও আচার-আচরণের তত্ত্বাবধান করার ভার পায়, মনিটার (monitor)। সর্দারি বি. 1 সর্দারের পদ বা কাজ; 2 (ব্যঙ্গে) মোড়লি; কর্তালি।

সর্দি (p. 818) [sardi] বি. 1 কফজনিত রোগবিশেষ, নাক দিয়ে পাতলা শ্লেষ্মা বেরোনো; শ্লেষ্মা; 2 শৈত্য। [ফা.]।˜ গরমি,˜ গর্মি বি. অতিরিক্ত তাপভোগ হেতু শ্লেষ্মাজনিত রোগবিশেষ।

সর্প (p. 818) [sarpa] বি. হাত-পা-বিহীন এবং জিভ-চেরা সরীসৃপবিশেষ, সাপ, ফণী। [সং. √ সৃপ্ + যঙ্ + অ]। বি. (স্ত্রী.) সর্পিণী, সর্পী।˜ ভুক (-ভুজ্) বিণ. সাপ খায় এমন। □ বি. 1 গরুড়; 2 ময়ূর।˜ রাজ বি. বাসুকি, অনন্তদেব।˜ হা (-হন্) বিণ. সর্বহন্তা। □ বি. নেউল, বেজি। সর্পাধাত বি. সাপের কামড়। সর্পিল বিণ. সাপের গতির মতো আঁকাবাঁকা। সর্পী (-র্পিন্) বিণ. (প্রধানত) বুকে ভর দিয়ে গমনশীল। □ বিণ. (স্ত্রী.) সর্পিণী।

সর্প-গন্ধা (p. 818) [sarpa-gandhā] বি. সাপের মতো শিকড়বিশিষ্ট উপক্ষারধারী বনৌষধিবিশেষ। [সং. সর্প + গন্ধ + আ]।

সর্পি (p. 818) [sarpi] (-র্পিস্) বি. ঘৃত, হবি। [সং. √ সৃপ্ + ইস্]।

সর্ব (p. 818) [sarba] বিণ. 1 সব, সকল; 2 সম্পূর্ণ। □ বি. 1 বিষ্ণু; 2 শিব; 3 নিখিল বিশ্ব, বিশ্বমানব, সর্বব্যাপী সত্তা ('আমারে ফিরায়ে লহ সেই সর্ব মাঝে':

রবীন্দ্র)। [সং. √ সর্ব + অ]। ◌ং-সহ বিণ. সব-কিছু সহ্য করে এমন। ˜ ◌ং-সহা বিণ. (স্ত্রী.) সব-কিছু সহ্যকারিণী (সর্বসংহা পৃথিবী)। □ বি. পৃথিবী। ˜ কনিষ্ঠ বিণ. বয়সে সবচেয়ে ছোটো। ˜ কর্ম বি. সমস্ত কাজ। ˜ কালীন বিণ. সকল যুগের সম্বন্ধে প্রযোজ্য, চিরন্তন (সর্বকালীন আদর্শ)। ˜ গ, ˜ গামী (-মিন্) বিণ. সর্বত্র গমনকারী। স্ত্রী. ˜ গা, ˜ গামিনী। ˜ গত বিণ. সর্বব্যাপী, সর্বত্রস্থিত। ˜ গুণ-নিধি, ˜ গুণাধার বিণ. সমস্তরকম গুণের অধিকারী। ˜ গ্রাস বি. (বাং.) সম্পূর্ণ আত্মসাত্; পূর্ণগ্রাস। ˜ গ্রাসী (-সিন্) বিণ. সমস্ত কিছু গ্রাস করে বা করতে পারে এমন (সর্বগ্রাসী ক্ষুধা)। স্ত্রী. ˜ গ্রাসিনী। ˜ জন বি. সমস্ত নরনারী ('সর্বজনে নারি তুষিবারে')। ˜ জনীন বিণ. 1 সকলের পক্ষে হিতকর, সকলের জন্য কৃত অনুষ্ঠিত বা উদ্দিষ্ট; 2 বারোয়ারি (সর্বজনীন পূজা, সর্বজনীন প্রচেষ্টা)। বি. ˜ জনীনতা। ˜ জয়া বি. 1 অগ্রহায়ণমাসে পালনীয় মেয়েদের ব্রতবিশেষ; 2 পুষ্পবৃক্ষবিশেষ; 3 (বাং.) দুর্গা। ˜ জ্ঞ বিণ. সমস্ত-কিছু জানে এমন, সবজান্তা। ˜ ত অব্য. ক্রি-বিণ. সকল প্রকারে দিকে বা বিষয়ে, সম্পূর্ণরূপে। ˜ তো-ভদ্র বি. 1 সর্ববিষয়ে মঙ্গলজনক কর্ম; 2 শুভকর্মে অঙ্কিত চতুষ্কোণ মণ্ডল বা আলপনাবিশেষ; 3 চতুর্দিকে দ্বারযুক্ত গৃহবিশেষ; 4 প্রাচীন ভারতের যুদ্ধব্যুহবিশেষ; 5 নবদুর্গার ও শিবের মূর্তিযুক্ত নগর; 6 চিত্রকাব্যবিশেষ; 7 (জ্যোতিষ.) শুভাশুভ-জ্ঞানার্থ মণ্ডলবিশেষ। ˜ তো-ভাবে ক্রি-বিণ. সকল প্রকারে। ˜ তো-মুখ বিণ. সকল দিকে মুখবিশিষ্ট, সর্বদিগ্বর্তী। □ বি. 1 শিব; 2 ব্রহ্মা; 3 আত্মা; 4 জল; 5 আকাশ। স্ত্রী. ˜ তো-মুখা, ˜ তো-মুখী (সর্বতোমুখী প্রতিভা, সর্বতোমুখী প্রভুতা)। ˜ ত্যাগী বিণ. 1 সমস্তকিছু ত্যাগ করেছে এমন; 2 সর্ববিষয়ে বিরাগী। ˜ ত্র ক্রি বিণ. সমস্ত স্থানে কালে দিকে বা বিষয়ে। ˜ থা অব্য. ক্রি-বিণ. সমস্ত স্থানে কালে দিকে বা বিষয়ে। ˜ থা অব্য. ক্রি-বিণ. সর্বপ্রকারে। ˜ দর্শী (-র্শিন) বিণ. সমস্তকিছু দেখতে পারেন বা দেখেন এমন। □ বি. ঈশ্বর। ˜ দা অব্য. ক্রি. বিণ. সকল সময়ে। ˜ দেশীয় বিণ. 1 সমস্ত দেশ সম্বন্ধীয়; 2 সমস্ত দেশের প্রতি প্রযোজ্য। ˜ ধর্ম বি. সমস্ত রকমের ধর্ম; সকল পালনীয় আচার-আচরণ ও

করণীয় কাজকর্ম। ˜ নাম (-মন্) বি. 1 (ব্যাক.) বিশেষ্যের পরিবর্তে যে পদ ব্যবহার করা যায়; 2 যে 'নাম' বা শব্দ সকলের সম্বন্ধে প্রযোজ্য। ˜ নাশ বি. 1 সমূহ বিনাশ; 2 ঘোর অনিষ্ট; 3 ভীষণ বিপদ। ˜ নাশা, ˜ নেশে বিণ. সর্বনাশকারী (সর্বনাশা ভেদবুদ্ধি, সর্বনেশে প্রস্তাব)। স্ত্রী. (বাং.) ˜ নাশী। ˜ নাশী (-শিন্) বিণ. সর্বনাশকারী। স্ত্রী. ˜ নাশিনী। ˜ নিয়ন্তা (-ন্তৃ) বিণ. বি. সমস্তকিছুর নিয়ন্ত্রণকারী; ঈশ্বর। স্ত্রী. ˜ নিয়ন্ত্রী। ˜ প্রকার বিণ. সমস্তরকম। ˜ প্রকারে ক্রি-বিণ. 1 সমস্তরকমে; 2 সর্বভাবে; 3 সমস্ত উপায়ে; 4 সব দিক দিয়ে। ˜ প্রথম বিণ. প্রথম; সর্বাগ্রবর্তী। ˜ প্রথমে ক্রি-বিণ. সবার আগে; প্রথমে। ˜ প্রধান বিণ. সকলের মধ্যে শীর্ষস্থানীয়। ˜ প্রযত্ন বি. সমস্তরকম চেষ্টা। ˜ প্রিয় বিণ. সকলের প্রিয়। ˜ বাদি-সম্মত বিণ. সমস্তপ্রকার মতাবলম্বীরা যাতে সম্মতি দিয়েছে এমন; সমস্ত লোক কর্তৃক স্বীকৃত। ˜ ব্যাপী (-পিন্) বিণ. সর্বত্র ব্যাপ্ত বা বিদ্যমান। স্ত্রী. ˜ ব্যাপিনী। ˜ ভক্ষ, ˜ ভক্ষ্য, ˜ ভুক (-ভুজ্) বিণ. সমস্ত কিছুই খায় এমন। ˜ ভূত বি. সমস্ত প্রাণী (সর্বভূতে দয়া)। ˜ মঙ্গলা বি. (সকলের মঙ্গ লকারিণী) দুর্গাদেবী। ˜ মঙ্গল্য বিণ. সর্বশুভকর। স্ত্রী. ˜ মঙ্গল্যা। ˜ ময় বিণ. সর্বাত্মক, সর্বব্যাপী; একমাত্র (সর্বময় কর্তা); সর্বেসর্বা। □ বি. ঈশ্বর। স্ত্রী. ˜ ময়ী। ˜ লোক বি. 1 সমগ্র সৃষ্টি বা ব্রহ্মাণ্ড; 2 সকল ব্যক্তি, সর্বজন। ˜ শ (-শস্), (বর্জি.) ˜ শঃ অব্য. ক্রি-বিণ. সর্বপ্রকারে। ˜ শক্তি-মান (-মত্) বিণ. সকল প্রকার শক্তির অধিকারী। □ বি. ঈশ্বর। ˜ শুদ্ধ ক্রি-বিণ. সবসমেত; মোট। ˜ শ্রেষ্ঠ বিণ. সকলের চেয়ে উৎকৃষ্ট, সর্বোত্তম; সর্বপ্রধান। স্ত্রী. ˜ শ্রেষ্ঠা। ˜ সমক্ষে ক্রি-বিণ. সব লোকের সামনে। ˜ সম্মত বিণ. সকলের অনুমোদিত। ˜ সম্মতি বি. সকলের অনুমোদন। ˜ সম্মতি-ক্রমে ক্রি-বিণ. সকলের মতানুসারে বা অনুমোদনে। ˜ সাধারণ বি. সর্বজন, উচ্চ-নীচ নর নারী, সমস্ত লোক। ˜ সিদ্ধি বি. সকল প্রকার সাফল্য বা অভীষ্টপূরণ। ˜ স্ব বি. সমস্ত সম্পদ বা সম্বল। ˜ স্বান্ত বিণ. সমস্ত সম্পদ হারিয়েছে এমন, সর্বনাশগ্রস্ত (সর্বস্বান্ত হওয়া)। সর্বাঙ্গ বি. সমস্ত শরীর। সর্বাঙ্গ সুন্দর বিণ. সমস্ত শরীরে কোথাও খুঁত নেই এমন; নিখুঁত, সম্পূর্ণ সুন্দর বা

ত্রুটিহীন। সর্বাঙ্গীণ বিণ. 1 সর্বাঙ্গব্যাপী; 2 পূর্ণাঙ্গ; সম্পূর্ণ (সর্বাঙ্গীণ কুশল, সর্বাঙ্গীণ ঐক্য)। সর্বাণী বি. (স্ত্রী.) সর্ব অর্থাত্ শিবের স্ত্রী, দুর্গাদেবী। সর্বাতি-রিক্ত বিণ. সবচেয়ে বেশি। সর্বাত্মক বিণ. 1 সর্বত্র বা সব-কিছুতে প্রসারিত (সর্বাত্মক ধর্মঘট); 2 অবাধ। সর্বাদৃত বিণ. সকলের নিকট বা সর্বত্র আদরপ্রাপ্ত। সর্বাধার বি. সকল প্রাণী ও পদার্থের আধার বা আশ্রয়; ঈশ্বর। সর্বাধি-কারী (-রিন্) বিণ. 1 সকল বিষয়ে অধিকারসম্পন্ন; 2 সার্বভৌম কর্তৃত্বসম্পন্ন; 3 বাঙালি হিন্দুদের পদবিবিশেষ। সর্বাধ্যক্ষ বি. সকলের ও সবকিছুর কর্তা। সর্বানু-ভূত বিণ. সকলে উপলব্ধি করেছে এমন। সর্বানু-ভূতি বি. সকল বিষয়ের উপলব্ধি। সর্বান্তর্যামী (-মিন্) বিণ. যিনি সকলের অন্তরে অবস্থান করেন এবং মনের কথা জানেন। সর্বাবস্থায় ক্রি-বিণ. সকল অবস্থায়। সর্বার্থ বি. সকল অভীষ্ট বা প্রয়োজন। সর্বার্থ-সাধক বিণ. সমস্ত অভীষ্ট বা প্রয়োজন পূর্ণ করে এমন। বিণ. স্ত্রী. সর্বার্থ-সাধিকা। সর্বার্থ-সিদ্ধি বি. সমস্ত রকমের অভীষ্টলাভ। সর্বালং-কার-ভূষিতা বিণ. সমস্ত রকম গহনাদি-পরা। সর্বাশী (-র্শিন্) সর্বভুক। সর্বেশ্বর বি. বিণ. 1 সকলের বা সব-কিছুর প্রভু; 2 সার্বভৌম; 3 শিব। সর্বে-সর্বা বিণ. সকলের ও সবকিছুর একমাত্র কর্তা, সর্বময় কর্তা, সর্বপ্রধান। সর্বৈব ক্রি-বিণ. পুরোপুরি, সম্পূর্ণ (কথাটা সর্বৈব মিথ্যা)। সর্বোত্তম বিণ. সর্বাপেক্ষা উৎকৃষ্ট। সর্বোত্তর বিণ. 1 সকলের অপেক্ষা অধিক; 2 সর্বপ্রধান। □ (বাং.) বি. উত্তরদিকে সর্বপেক্ষা দূরবর্তী স্থান। সর্বোপরি অব্য. সকলের উপর। সর্বোপায়ে ক্রি-বিণ. সমস্ত উপায়ে। সর্বৌষধি বি. সমস্ত ওষধি।

সর্বোদয় (p. 818) [sarbōdaẏa] বি. গান্ধিজির সামাজিক-আর্থনীতিক তত্ত্ববিশেষ। [সং. সর্ব + উদয়]। তু. অন্ত্যোদয়।

সর্ষপ (p. 820) [sarṣapa] বি. সরিষা, রাই, তৈলপ্রদ ও মশলারূপে ব্যবহৃত শস্যবিশেষ। [সং. √ সৃ + অপ]।

সলজ্জ (p. 820) [salajja] বি. লজ্জিত, লজ্জাযুক্ত (সলজ্জ হাসি)। [সং. সহ + লজ্জা]।

সলতে (p. 820) [salatē] বি. পাতলা কাপড়ের ফালি পাকিয়ে তৈরি প্রদীপের সরু পলতে। [বাং. শলি ও পলিতা-র মিশ্রণে]।

সলমা, (বর্জি.) সল্মা (p. 820) [salamā, (barji.) salmā] বি. সোনা বা রুপোর তারে বোনা বুটি। [হি. শলমা-তু. আ. সলম]।

সলা2 (p. 820) [salā2] বি. (প্রধানত নিন্দার্থে ও গোপনে) পরামর্শ; মন্ত্রণা। [আ. সলাহ্]।˜ পরামর্শ বি. গোপন মন্ত্রণা।

সলাজ (p. 820) [salāja] বিণ. লজ্জাযুক্ত; কুণ্ঠিত (সলাজ নয়নে, সলাজ চিত্ত)। [সং. সহ + বাং. লাজ]।

সলিড (p. 820) [saliḍa] বিণ. ফাঁপা নয় এমন, ঘন পদার্থপূর্ণ (সলিড কাঠ)। [ইং. solid]।

সলিল (p. 820) [salila] বি. জল, বারি ('সলিল দু-নয়নে': রবীন্দ্র)। [সং. √ সল্ + ইল]। ˜ ক্রিয়া বি. 1 মৃতের উদ্দেশে জলদ্বারা তর্পণ; 2 জলদ্বারা চিতা ধোওয়া। ˜ ময় বিণ. জলময়; জলপ্লাবিত। ˜ সমাধি বি. জলে ডুবে মৃত্যু।

সলি-সিটর (p. 820) [sali-siṭara] বি. আদালতে মামলা পরিচালনাকারী ব্যবহারজীবীবিশেষ। [ইং. solicitor]।

সলীল (p. 820) [salīla] বিণ. লীলাযুক্ত; ভঙ্গিযুক্ত। [সং. সহ + লীলা]।

সল্মা (p. 820) [salmā] দ্র সলমা।

সশঙ্ক, (বাং. প্রয়োগ) সশঙ্কিত (p. 820) [saśaṅka, (bā. mprayōga) saśaṅkita] বিণ. ভীত, শঙ্কাযুক্ত (সশঙ্ক হৃদয়, সশঙ্কিত চিত্ত)। [সং. সহ + শঙ্কা]। সশঙ্কে ক্রি-বিণ. শঙ্কার সঙ্গে, ভয়ে ভয়ে (সশঙ্কে পিতার সম্মুখে গেলেন)।

সশব্দ (p. 820) [saśabda] বিণ. 1 (উচ্চ) আওয়াজপূর্ণ (সশব্দ বিস্ফোরণ); 2 আওয়াজসহ, শব্দের সঙ্গে (সশব্দ পতন)। [সং. সহ + শব্দ]। সশব্দে ক্রি-বিণ. শব্দের সঙ্গে, শব্দ করে (সশব্দে দরজা বন্ধ করল)।

সশরীর (p. 820) [saśarīra] বিণ. শরীরসহ। [সং. সহ + শরীর]। সশরীরে ক্রি-বিণ. 1 শরীর নিয়ে, শরীর ত্যাগ না করে (সশরীরে স্বর্গলাভ); 2 স্বয়ং (সশরীরে হাজির)।

সশস্ত্র (p. 820) [saśastra] বিণ. অস্ত্রধারী, অস্ত্রসজ্জিত (সশস্ত্র বাহিনী)। [সং. সহ + শস্ত্র]।

সশিষ্য (p. 820) [saśiṣya] বিণ. শিষ্যসহ। [সং. সহ + শিষ্য]।

সশ্রদ্ধ (p. 820) [saśraddha] বিণ. শ্রদ্ধাপরিপূর্ণ, প্রীতি ও সম্মানযুক্ত (সশ্রদ্ধ ব্যবহার, সশ্রদ্ধ উল্লেখ)। [সং. সহ + শ্রদ্ধা]।

সস (p. 820) [sasa] বি. রুচিবর্ধক টকাস্বাদ চাটনিবিশেষ। [ইং. sauce]।

সসজ্জ, (বাং.) সসজ্জিত (p. 820) [sasajja, (bā.) ṃsasajjita] বিণ. সজ্জিত; সজ্জাযুক্ত। [সং. সহ + সজ্জা]।

সসত্ত্ব (p. 820) [sasattba] বিণ. প্রাণীযুক্ত। [সং. সহ + সত্ত্ব]। সসত্ত্বা বিণ. (স্ত্রী.) গর্ভবতী।

সসম্ভ্রম (p. 820) [sasambhrama] বিণ. ভক্তিমিশ্রিত ব্যস্ততাযুক্ত (সসম্ভ্রম অভ্যর্থনা)। [সং. সহ + সম্ভ্রম]। সসম্ভ্রমে ক্রি-বিণ. সম্ভ্রমের সঙ্গে।

সসম্মান (p. 820) [sasammāna] বিণ. সম্মানপূর্ণ। [সং. সহ + সম্মান]। সসম্মানে ক্রি-বিণ. সম্মানের সঙ্গে (সসম্মানে বিদায়)।

সসাগর (p. 820) [sasāgara] বিণ. সমুদ্রসহ বিরাজিত, আসমুদ্র ('কীর্তিস্তম্ভ সংবলিত সসাগর সাম্রাজ্য আমার': সু. দ.)। [সং. সহ + সাগর]। সসাগরা বিণ. (স্ত্রী.) সমুদ্রসহ বিরাজিতা, আসমুদ্র (সসাগরা ধরণী)।

সসীম (p. 820) [sasīma] বিণ. সীমাযুক্ত, finite. [সং. সহ + সীমা]।

সসে-মিরা (p. 820) [sasē-mirā] বি. কিংকর্তব্যবিমূঢ় বা হতবুদ্ধি অবস্থা। ['দ্বাত্রিংশৎপুত্তলিকা' র গল্প থেকে]।

সসৈন্য (p. 820) [sasainya] বিণ. সৈন্যযুক্ত; সৈন্যসহ। [সং. সহ + সৈন্য]। সসৈন্যে ক্রি-বিণ. সৈন্যের সঙ্গে; সৈন্য নিয়ে (সসৈন্যে শত্রুরাজ্যাভিমুখে অগ্রসর হলেন)।

সস্তা (p. 820) [sastā] বিণ. কম দামি; সুলভ। □ বি. কম দাম (সস্তায় পাওয়া, সস্তার বাজার)। [ফা. সস্ত্]। সস্তার তিন অবস্থা সস্তায় কেনা জিনিসে নানা খুঁত থাকে এবং তা ঠিক কাজের উপযোগী হয় না বা বেশি দিন টেকে না।

সস্ত্রীক (p. 820) [sastrīka] বিণ. স্ত্রীসহ (সস্ত্রীক তীর্থযাত্রা)। [সং. সহ + স্ত্রী + ক]।

সস্নেহ (p. 820) [sasnēha] বিণ. স্নেহের সঙ্গে; স্নেহপূর্ণ (সস্নেহ সম্ভাষণ)। [সং. সহ + স্নেহ]। সস্নেহে ক্রি-বিণ. স্নেহের সঙ্গে।

সস্পৃহ (p. 820) [saspṛha] বিণ. স্পৃহাযুক্ত। [সং. সহ + স্পৃহা]।

সস্মিত (p. 820) [sasmita] বিণ. ঈষত্ হাস্যযুক্ত, হাসি-হাসি; সহাস্য (সস্মিতবদনে)। [সং. সহ + স্মিত]।

সস্য (p. 820) [sasya] বি. 1 ফল; 2 ফলের খোসা ও আঁটির মধ্যবর্তী কোমল অংশ, albumen (স. প.)। [সং. √ সস্ + য]। ˜ -ল বিণ. 1 ফলবান; 2 (ফলসম্বন্ধে) কোমল অংশযুক্ত, albuminous. [শস্য দ্র]।

সহ (p. 820) [saha] অব্য. সঙ্গে, সহিত (সৈন্যসহ)। □ বিণ. 1 (পদের শেষে) সহ্য করতে পারে এমন (ভারসহ, স্পর্শসহ); 2 (বাং.) সহযোগী; সহকারী (সহ-সম্পাদক)। [সং. √ সহ + অ]। ˜ কর্মী (-র্মিন্) বিণ. বি. একত্রে বা একপ্রকারে কর্মকারী, colleague. ˜ কারী (-রিন্) বিণ. সহকর্মী; কর্মে সাহায্যকারী, assistant.˜ কারিতা বি. সহায়তা (সকলের সহকারিতা)। বিণ. (স্ত্রী.) ˜ কারিণী। কারে ক্রি-বিণ. সঙ্গে, সহিত (ভক্তিসহকারে); সাহায্যে (বুদ্ধিসহকারে)। ˜ গ বিণ. বি. সঙ্গে যায় এমন; সঙ্গী। ˜ গমন বি. 1 সঙ্গে বা একত্রে গমন; 2 সহমরণ। ˜ গামী (-মিন্) বিণ. সহগমণকারী; সঙ্গী। বিণ. (স্ত্রী.)˜ গামিনী। ˜ চর,˜ চারী (-রিন্) বিণ. বি. 1 একত্রে বা সঙ্গে বিচরণকারী; 2 সঙ্গী, সাথি, সখা। বিণ. বি. (স্ত্রী.)˜ চরী,˜ চারিণী। ˜ জাত বিণ. 1 একসময়ে জাত, এক গর্ভোৎপন্ন; 2 জন্মের সঙ্গে সঙ্গে লব্ধ (সহজাত সংস্কার, কর্ণের সহজাত কবচকুণ্ডল)। ˜ তা বি. সহ্য করার ক্ষমতা (যুক্তসহতা=যুক্তিযুক্ততা, যৌক্তিকতা)। ˜ ধর্মী (-র্মিন্) বিণ. বি. সমান ধর্মবিশিষ্ট (লোক)। ˜ ধর্মিণী বি. (স্ত্রী.) পত্নী, ভার্যা। ˜ পাঠী (-ঠিন্) বিণ. 1 সতীর্থ, একত্রে এক গুরুর কাছে অধ্যয়নকারী; 2 এক শ্রেণিতে অধ্যয়নকারী। বিণ. স্ত্রী.˜ পাঠিনী। ˜ বাস বি. 1 একত্রে বাস; 2 পতি-পত্নীরূপে বাস; 3 রতিক্রিয়া। ˜ মরণ বি. স্বামীর শবের সঙ্গে এক চিতায় জীবনত্যাগ; একত্রে মরণ, অনুমরণ। ˜

মৃতা বিণ. (স্ত্রী.) মৃত পতির সঙ্গে চিতায় আরোহণের ফলে মৃতা। ˜ যাত্রী (-ত্রিন্) বিণ. একত্রে গমনকারী, সহগামী। বিণ. স্ত্রী. ˜ যাত্রিণী। ˜ যায়ী (-য়িন্) বিণ. সহগামী।

সহ-কার (p. 820) [saha-kāra] বি. 1 (অতিসৌরভযুক্ত) আমগাছ; 2 আমের পল্লব। [সং. সহ (=যুগপত্) √ কৃ + অ]। ˜ শাখা বি. আম্রপল্লব; আমগাছের কচি ডাল।

সহকারী, সহগ, সহগামী, সহচর (p. 820) [sahakārī, sahaga, sahagāmī, sahacara] দ্র সহ।

সহজ (p. 820) [sahaja] বি. 1 সহোদর, এক জননীর গর্ভোৎপন্ন ভ্রাতা; 2 স্বভাব (সহজসাধন)। □ বিণ. 1 সহজাত; 2 স্বাভাবিক (সহজ শোভা, সহজ বুদ্ধি, সহজপটুতা); 3 (বাং.) অনায়াসসাধ্য; সোজা (সহজ কাজ); 4 স্পষ্ট, বুঝতে কষ্ট হয় না এমন (সহজ কথা, সহজ অঙ্ক); 5 সিধা, সরল, (সহজভাবে কথা বলা); 6 অনায়াসগম্য (সহজ পথ); 7 অকপট, খোলামেলা (সহজসরল লোক)। [সং. সহ + √ জন্ + অ]। ˜ গম্য বিণ. 1 সহজে যাওয়া যায় এমন; 2 সহজে বোঝা যায় এমন। ˜ জ্ঞান বি. জন্মগত জ্ঞান। ˜ পাচ্য বিণ. সহজে হজম হয় এমন (সহজপাচ্য খাদ্য)। ˜ প্রবৃত্তি বি. জন্মগত প্রবৃত্তি, সহজাত সংস্কার, instinct (বি. প.)। ˜ বোধ্য বিণ. সহজে বোঝা যায় এমন। ˜ লভ্য বিণ. সহজে পাওয়া যায় এমন। ˜ সাধ্য বিণ. যা অনায়াসে সম্পন্ন করা যায়। সহজার্থ বি. শব্দের অভিধাগত অর্থ; সাধারণ অর্থ; মুখ্যার্থ। ˜ সহজিয়া বি. সহজমতে এবং সহজস্বরূপকে লাভ করবার জন্য যারা সাধনা করে (বৌদ্ধসহজিয়া, বৈষ্ণবসহজিয়া)। [সং. সহজ +

বাং. ইয়া]। সহজে ক্রি-বিণ. 1 কষ্ট না করে, অনায়াসে (সহজে পারে); 2 একটুতে, অল্পে, সামান্য কারণে বা চেষ্টায় (সহজে রাগা, সহজে ভোলানো)।

সহধর্মী, সহধর্মিণী (p. 820) [sahadharmī, sahadharmiṇī] দ্র সহ।

সহন (p. 820) [sahana] বি. 1 সহ্য করা (সহনসীমা); 2 ধৈর্যধারণ (সহনশীল); 3 প্রতীক্ষা। □ বিণ. সহিষ্ণু। [সং. √ সহ্ + অন]। সহনীয় বিণ. সহ্য করা যায় এমন।

সহ-বত (p. 820) [saha-bata] বি. 1 সংসর্গ বা মেলামেশার ফলে প্রাপ্ত শিক্ষা; 2 সংসর্গ; 3 ভদ্রতা, শিষ্টাচার। [আ. সোহ্বত্]।

সহযোগ (p. 820) [sahayōga] বি. 1 সংযোগ, মিলন (নানাদ্রব্যসহযোগে); 2 (কাজকর্মে) পরস্পর সাহায্য, সহায়তা। [সং. সহ + √ যুজ্ + অ]। সহ-যোগী (-গিন্) বিণ. 1 সাহায্যকারী; 2 সহকর্মী; 3 সহকারী (সহযোগী সম্পাদক)। সহ-যোগিতা বি. 1 সহযোগীর ভাব বা কাজ; 2 সাহায্য (স্ত্রীর সহযোগিতা)।

সহর্ষ (p. 820) [saharṣa] বিণ. হর্ষযুক্ত, সানন্দ, আহ্লাদিত। [সং. সহ + হর্ষ]। সহর্ষে ক্রি-বিণ. আনন্দের সঙ্গে, হর্ষের সঙ্গে (সহর্ষে মিলিত)।

সহ-শিক্ষক (p. 820) [saha-śikṣaka] বি. উচ্চ বিদ্যালয়ের শিক্ষকবিশেষ। [ইং. assistant teacher এর অনুবাদ]।

সহসা (p. 820) [sahasā] অব্য. ক্রি-বিণ. হঠাত্, অকস্মাত্ (সহসা আক্রান্ত)। [সং. সহ + √ সো + আ]।

সহস্র (p. 820) [sahasra] বি. হাজার সংখ্যা। □ বিণ. 1 হাজার-সংখ্যক; 2 অসংখ্য (সহস্রবার); 3 নানা (সহস্ররকম)। [সং. সহস্ + র]।˜ কর,˜ কিরণ,˜ কিরণ-মালী (-লিন্), সহস্রাংশু বি. সূর্য।˜ দল বিণ. হাজার পাপড়ি-যুক্ত। □ বি. 1 পদ্ম; 2 (বাং.) শিরোমধ্যস্থ পদ্ম।˜ নয়ন,˜ লোচন, সহস্রাক্ষ দেবরাজ ইন্দ্র।˜ বার ক্রি বিণ. বহুবার, অসংখ্যবার। সহস্রার বি. (যোগশাস্ত্রে বর্ণিত) শিরোমধ্যস্থ সুষুম্না নাড়িতে অবস্থিত সহস্রদল পদ্ম, পরম শিবের অধিষ্ঠান।

সহা, (কথ্য) সওয়া (p. 820) [sahā, (kathya) sōẏā] ক্রি. 1 সহ্য করা (কষ্‌ট সহা); 2 সহ্য হওয়া (হাতে গরম সওয়া, লোকসান সইবে না); 3 ক্ষমা বা বরদাস্ত করা (অপরাধ সহা)। □ বি. উক্ত সমস্ত অর্থে (কষ্ট সওয়া আমার অভ্যাস)। □ বিণ. সহ্য হয় বা হয়ে গেছে এমন (গা-সওয়া)। [সং. √ সহ্ + বাং. আ]।˜ নো ক্রি. সহ্য করানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

সহাধ্যায়ী (p. 820) [sahādhyāẏī] (-য়িন্) বি. যে একসঙ্গে পড়ে, সহপাঠী। [সং. সহ + অধি + √ ই + ইন্]। বি. (স্ত্রী.) সহাধ্যায়িনী।

সহানু-ভূতি (p. 820) [sahānu-bhūti] বি. পরের সঙ্গে সমান অনুভূতি; অপরের দুঃখকষ্টে দুঃখবোধ, সমবেদনা, সমব্যথা, দরদ। [সং. সহ + অনুভূতি]।˜ শীল বিণ. সমব্যথী, দরদি।

সহানো (p. 820) [sahānō] দ্র সহা।

সহাব-স্থান (p. 820) [sahāba-shāna] বি. (প্রধানত রাজনীতির ক্ষেত্রে-পরস্পরবিরুদ্ধ মতাবলম্বীদের) শান্তিপূর্ণভাবে পাশাপাশি অবস্থান। [সং. সহ + অবস্থান-ইং. co-existence এর অনুবাদ]।

সহায় (p. 820) [sahāẏa] বি. 1 যে সাহায্য বা আনুকূল্য করে (সহায়সম্বলহীন); 2 সহকারী; 3 অবলম্বন; 4 সমর্থক। [সং. সহ + √ ই + অ]। ̃ক বিণ. 1 সাহায্যকারী; 2 পরিপোষক। ̃ তা বি. 1 সাহায্য; 2 সমর্থন (সকলের সহায়তা লাভ)। ̃ সম্পত্তি, ̃ সম্পদ বি. জনবল ও ধনবল। ̃ সম্বল-হীন বিণ. যার কোনো আশ্রয় ও অবলম্বন নেই।

সহাস্য (p. 820) [sahāsya] বিণ. হাসিযুক্ত, হাস্যরত (সহাস্যমুখে)। [সং. সহ + হাস্য]। সহাস্যে ক্রি-বিণ. হাসির সঙ্গে, হাসতে হাসতে।

সহি2, সই (p. 820) [sahi2, si] বি. দস্তখত, স্বাক্ষর (সই করা, নামসহি); স্বাক্ষরের পরিবর্তে লিখন বা ছাপ (ঢেরাসই, টিপসই)। □ বিণ. স্বীকার্য (তাই সই)। [আ. সহীহ্]। ̃ সুপারিশ বি. সইযুক্ত সুপারিশ।

সহিংস (p. 820) [sahiṃsa] বিণ. 1 হিংসাযুক্ত; 2 সন্ত্রাসবাদী (সহিংস আন্দোলন)। [সং. সহ + হিংসা]।

সহিত1 (p. 820) [sahita1] বিণ. সংযুক্ত, সমন্বিত (কর্মসহিত জ্ঞান)। □ অব্য. (অনু.) (বাং.) (সাধু.) (ভয়ের সহিত, তাহার সহিত)। [তু. সংহিত]।

সহিত2 (p. 822) [sahita2] বিণ. 1 সম্যক হিতযুক্ত বা হিতকর; 2 সংযুক্ত। [সং. সম্ + হিত]।

সহিষ্ণু (p. 822) [sahiṣṇu] বিণ. 1 সহনশীল, সহ্য করতে পারে এমন (কষ্টসহিষ্ণু); 2 ধৈর্যশীল; 3 ক্ষমাশীল। [সং. √ সহ্ + ইষ্ণু]। বি. ˜ তা।

সহিস (p. 822) [sahisa] বি. ঘোড়ার তত্ত্বাবধায়ক ও রক্ষক। [ফা. সাইস্]।

সহৃদয় (p. 822) [sahṛdaẏa] বিণ. 1 হৃদয়বান, সদাশয় (সহৃদয় ব্যবহার); 2 আন্তরিক (সহৃদয় আলোচনা); 3 রসজ্ঞ, গুণগ্রাহী; 4 বিদ্বান (সহৃদয় পাঠক)। [সং. সহ + হৃদয়]। বিণ. (স্ত্রী.) সহৃদয়া। বি. ˜ তা।

সহোদর (p. 822) [sahōdara] বি. একই মায়ের গর্ভজাত ভাই। [সং. সহ (সমান) + উদর]। সহোদরা বি. (স্ত্রী.) একই মায়ের গর্ভজাত বোন।

সহ্য (p. 822) [sahya] বিণ. সহনীয়, সহনযোগ্য (সহ্য হওয়া)। □ বি. (বাং.) 1 সহন, বরদাস্ত (সহ্যশক্তি); 2 ধৈর্য (সহ্যের সীমা)। [সং. √ সহ্ + য]। সহ্যাদ্রি বি. সহ্য নামক পর্বতমালা।

সা2 (p. 822) [sā2] বি. (সংগীতে) স্বরগ্রামে ষড়্জের সংকেত। [সং. ষড়্জ]।

সাই-কেল (p. 822) [sāi-kēla] বি. পা দিয়ে চালাতে হয় এমন দুই চাকার যানবিশেষ। [ইং. bicycle]।

সাই-ক্লোন (p. 822) [sāi-klōna] বি. 1 সামুদ্রিক ঝড়বিশেষ; 2 ঘূর্ণিঝড়। [ইং. cyclone]।

সাইজ (p. 822) [sāija] বি. মাপ। [ইং. size]।

সাইন-বোর্ড (p. 822) [sāina-bōrḍa] বি. দোকানপাট ব্যাবসা-প্রতিষ্ঠান প্রভৃতির দেওয়ালে লটকানো পরিচয়জ্ঞাপক ফলকবিশেষ। [ইং. signboard]।

সাইবানি (p. 822) [sāibāni] বি. প্রভুপত্নী, বিবি-সাহেব। [আ. সাহিব + বাং. আনি]।

সাই-রেন (p. 822) [sāi-rēna] বি. বিপদ সম্বন্ধে সতর্ক করার জন্য তীব্র ধ্বনি বা উক্ত ধ্বনি-নিঃসারক যন্ত্র। [ইং. siren]।

সাউ (p. 822) [sāu] বি. বণিক, মহাজন। [সং. সাধু]। ˜ কার বি. 1 (বিরল) বড়ো বণিক বা ব্যাপারী; 2 (ব্যঙ্গে) মাতব্বর, মুরুব্বি। ˜ কারি বি. 1 (বিরল) সাউকারের কাজ বা বৃত্তি; 2 (ব্যঙ্গে) সাধুগিরি; 3 মাতব্বরি; মুরুব্বিয়ানা।

সাংকেতিক (p. 822) [sāṅkētika] বিণ. 1 সংকেতসম্বন্ধীয়; 2 সংকেতকারক; 3 ইশারা বা ইঙ্গিতের দ্বারা ব্যক্ত (সাংকেতিক চিহ্ন, সাংকেতিক ভাষা)। □ বি. (গণি.) অঙ্ক কষার সংক্ষিপ্ত পদ্ধতি, practice. [সং. সংকেত + ইক]।

সাংখ্য (p. 822) [sāṅkhya] বি. 1 কপিল মুনির উদ্ভাবিত দর্শনশাস্ত্র; 2 (বিরল) মুক্তিকামীদের মধ্যে যাঁরা জ্ঞানের অধিকারী। [সং. সংখ্যা (=সম্যক জ্ঞান) + অ]।

সাংখ্যিক (p. 822) [sāṅkhyika] বিণ. সংখ্যাসম্বন্ধীয় (সাংখ্যিক তুলনা, numerical comparison)। [সং. সংখ্যা + ইক]।

সাংগঠানিক (p. 822) [sāṅgaṭhānika] বিণ. সংগঠনসম্বন্ধীয় (দলের সাংগঠনিক ত্রুটিবিচ্যুতি)। [সং. সংগঠন + ইক]।

সাংগীতিক (p. 822) [sāṅgītika] বিণ. সংগীতসম্বন্ধীয়, সংগীতবিষয়ক (সাংগীতিক প্রতিভা)। [সং. সংগীত + ইক]।

সাংগ্রামিক (p. 822) [sāṅgrāmika] বিণ. 1 যুদ্ধসম্বন্ধীয়; 2 যুদ্ধে প্রয়োজনীয়; 3 যুদ্ধনিপুণ। [সং. সংগ্রাম + ইক]।

সাংঘাতিক (p. 822) [sāṅghātika] বিণ. মারাত্মক, ভয়ানক (সাংঘাতিক অস্ত্র, সাংঘাতিক রোগ)। [সং. সংঘাত + ইক]।

সাংবত্-সর, সাংবত্-সরিক (p. 822) [sāmbat-sara, sāmbat-sarika] বিণ. 1 বৎসরব্যাপী; বার্ষিক; 2 বৎসরান্তে করণীয় (সাংবৎসরিক শ্রাদ্ধ)। [সং. সংবৎসর + অ, ইক]।

সাংবাদিক (p. 822) [sāmbādika] বিণ. সংবাদসম্বন্ধীয়। □ বি. 1 যে সংবাদপত্রের বার্তা বা সম্পাদকীয় বিভাগে কাজ করে, 2 (বিরল) বাদ-প্রতিবাদে নিপুণ। [সং. সংবাদ + ইক]। ˜ তা বি. সাংবাদিকের কাজ।

সাংযাত্রিক (p. 822) [sāṃyātrika] বি. জলপথে বাণিজ্যকারী। [সং. সংযাত্রা + ইক]।

সাংশয়িক (p. 822) [sāṃśaẏika] বিণ. 1 সংশয়সম্বন্ধীয়; 2 সংশয়যুক্ত (সাংশয়িক প্রশ্ন); 3 সন্দিহান। [সং. সংশয় + ইক]।

সাংসর্গিক (p. 822) [sāṃsargika] বিণ. 1 সংসর্গসম্বন্ধীয়; 2 সংসর্গজাত। [সং. সংসর্গ + ইক]।

সাংসারিক (p. 822) [sāṃsārika] বিণ. 1 ইহলোকসম্বন্ধীয়; 2 জীবনযাত্রার উপযোগী (সাংসারিক বুদ্ধি); 3 পারিবারিক; 4 সংসারাসক্ত; 5 গার্হস্থ্য জীবন যাপনকারী। [সং. সংসার + ইক]।

সাংস্কৃতিক (p. 822) [sāṃskr̥tika] বিণ. সংস্কৃতি বা শিক্ষা সভ্যতা ইত্যাদির সঙ্গে যুক্ত (সাংস্কৃতিক অনুষ্ঠান, দুই দেশের মধ্যে সাংস্কৃতিক যোগ)। [সং. সংস্কৃতি + ইক]।

সাঁই2 (p. 822) [sām̐i2] বি. (বাউল সংগীতে) ধর্মপথে উপদেশদাতা সঙ্গী বা গুরু; পরমেশ্বর। [সং. স্বামী]।

সাঁই-ত্রিশ (p. 822) [sām̐i-triśa] বি. বিণ. 37 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্ত ত্রিংশত্]।

সাঁও-তাল (p. 822) [sām̐ō-tāla] বি. ভারতের আদিবাসী জাতিবিশেষ। [সং. সামন্তপাল]। বি. স্ত্রী.˜ নি। সাঁওতালি বিণ. 1 সাঁতালসম্বন্ধীয়; 2 সাঁওতালসুলভ; 3 সাঁওতালদের মধ্যে প্রচলিত। □ বি. সাঁওতালদের ভাষা।

সাঁকো (p. 822) [sān̐kō] বি. সেতু, পোল। [প্রা. বাং. সাঙ্কম < সং. সংক্রম]।

সাঁচ, সাঁচা (p. 822) [sān̐ca, sān̐cā] বিণ. 1 সত্য; 2 খাঁটি; 3 বিশুদ্ধ; 4 সাচ্চা; 5 বিশ্বাসযোগ্য; 6 প্রামাণিক; 7 সত্; 8 সাধু। □ বি. সত্য কথা বা বিষয়। [পা. প্রাকৃ. সচ্চ < সং. সত্য-তু. হি. সাচ্চা]।

সাঁচি (p. 822) [sān̐ci] বিণ. 1 আসল; 2 উৎকৃষ্ট; 3 পান বা তাম্বূলের প্রকারবিশেষ। [হি. সঁচ্চী]।

সাঁজা (p. 822) [sān̐jā] বি. দই পাতার টক, দম্বল। [সং. সন্ধান]।

সাঁজাল (p. 822) [sān̐jāla] বি. সন্ধ্যাকালে মশা তাড়াবার জন্য খড় ইত্যাদির ধোঁয়া (গোয়ালে সাঁজাল দেওয়া)। [বাং. সাঁজ + আল < জ্বাল]।

সাঁজোয়া (p. 823) [sān̐jōẏā] বি. বর্ম। [সং. সংযোজক]।˜ গাড়ি বি. বর্মাবৃত দুর্ভেদ্য গাড়ি (এই গাড়ি প্রধানত যুদ্ধে ব্যবহৃত হয়), armoured car.

সাঁঝ (p. 823) [sān̐jha] বি. 1 সন্ধ্যাকাল; 2 বেলা (দুই সাঁঝ চলবে)। [সং. সন্ধ্যা]। ˜ ক বিণ. (প্রা. কা.) সন্ধ্যাকালের। সাঁঝা বি. (প্রা. কা) 1 সন্ধ্যা; 2 সন্ধ্যাদীপাদি। সাঁঝের বাতি সন্ধ্যাবেলায় দেবতার উদ্দেশে প্রজ্বলিত প্রদীপ।

সাঁট (p. 823) [sān̐ṭa] বি. 1 সংক্ষেপ (সাঁটে সারা); 2 সংকেত, ইশারা (সাঁট বুঝতে পারা)। [সং. শাণী?]।

সাঁটা (p. 823) [sān̐ṭā] ক্রি. 1 আঁটা, লাগানো; 2 আঁকড়ানো (সেঁটে ধরা)। □ বি. উক্ত সমস্ত অর্থে। □ বিণ. দৃঢ়বদ্ধ (আঁটাসাঁটা); সংলগ্ন। [< হি?-তু. আঁটা]। ˜ নো ক্রি. বি. 1 লাগানো, আটকানো; 2 (অশা.) প্রচুর খাওয়া (কাল ভোজবাড়িতে কেমন সাঁটালে?)।

সাঁড়াশি (p. 823) [sān̐ḍ়āśi] বি. এঁটে ধরবার জন্য চিমটেজাতীয় যন্ত্রবিশেষ। [সং. সন্দংশিকা]।

সাঁতরা (p. 823) [sān̐tarā] ক্রি. সাঁতরানো। [সাঁতার দ্র]। ˜ নো ক্রি. সাঁতার কাটা, সন্তরণ করা। □ বি. সাঁতার, সন্তরণ।

সাঁতলা (p. 823) [sān̐talā] ক্রি. সাঁতলানো। [সন্তোলন দ্র]। ˜ নো ক্রি. গরম তেলে মাংস ও তরকারি অল্প ভাজা। □ বি. বিণ. উক্ত অর্থে।

সাঁতার (p. 823) [sān̐tāra] বি. হাত-পা বা ডানার সাহায্যে জলে বিচরণ, সন্‌তরণ। [সং. সন্তরণ]। সাঁতারু বিণ. 1 সন্তরণকারী; 2 সাঁতারে পটু।

সাঁপি (p. 823) [sām̐pi] বি. হাড়িকাঠের উপরকার গোলাকার কাঠ। [< সং. সর্প]।

সাকল্য (p. 823) [sākalya] বি. সমগ্রতা, সমষ্টি, মোট পরিমাণ বা সংখ্যা (সর্বসাকল্যে)। [সং. সকল + য]।

সাকার (p. 823) [sākāra] বিণ. আকারযুক্ত, মূর্তিবিশিষ্ট (ঈশ্বর সাকার বা নিরাকার)। [সং. সহ + আকার]। ̃ বাদ বি. ঈশ্বরের মূর্তি আছে; এই মত। সাকারোপাসনা বি. প্রতিমা পূজা।

সাকি (p. 823) [sāki] বি. 1 যে তরুণ বা তরুণী সুরা পরিবেশন করে; 2 প্রিয় ব্যক্তি। [ফা. সাকী]।

সাকিন, (বিরল) সাকিম (p. 823) [sākina, (birala) sākima] বি. নিবাস, বাসস্থান, ঠিকানা। [আ. সাকিন]।

সাকুল্যে (p. 823) [sākulyē] ক্রি-বিণ. 1 মোটমাট, সর্বসমেত (সাকুল্যে পাঁচশো টাকা খরচ হল); 2 কোনোমতে। [< সং. সকুল্য]।

সাক্ষর (p. 823) [sākṣara] বিণ. 1 অক্ষরযুক্ত; 2 অক্ষরজ্ঞানবিশিষ্ট, literate (গ্রামের কয়েকজনমাত্র সাক্ষর, অধিকাংশই নিরক্ষর)। [সং. সহ + অক্ষর]। বি. ̃ তা।

সাক্ষাত্ (p. 823) [sākṣāt] অব্য. বিণ. 1 প্রত্যক্ষ, দৃষ্টিগোচর, মূর্তিমান (সাক্ষাত্ প্রলয়লীলা, সাক্ষাত্ যম দেখা দিলেন); 2 তুল্য, সদৃশ (মাতাপিতা সাক্ষাত্ দেবতা); 3 সরাসরি (সাক্ষাত্ সম্বন্ধ)। □ (বাং.) বি. 1 দেখা, দর্শন, মোলাকাত (সাক্ষাত্ পাওয়া); 2 সমক্ষ (সাক্ষাতে বলা)। [সং. সাক্ষ (< সহ + অক্ষি বা অক্ষ) + অত্ + ক্বিপ্]।˜ কার বি. 1 পরস্পর দর্শন ও আলাপ, মোলাকাত (সাক্ষাৎকার হওয়া); 2 প্রত্যক্ষ করা।˜ কারী (-রিন্),˜ কর্তা বিণ. 1 প্রত্যক্ষকারী; 2 দেখা করে বা করতে আসে এমন।˜ সম্বন্ধ বি. সরাসরি সম্বন্ধ; প্রত্যক্ষ সম্বন্ধ।

সাক্ষি (p. 823) [sākṣi] বি. সাক্ষ্য (সাক্ষি দেওয়া)। [সাক্ষ্য-শব্দের উচ্চারণ-বিকৃতি]।

সাক্ষী (p. 823) [sākṣī] (-ক্ষিন্) বিণ. 1 কোনো বিষয় বা ঘটনা প্রত্যক্ষকারী, প্রত্যক্ষদর্শী; 2 ঘটনা জানে এমন। [সং. 'সাক্ষাত্ দ্রষ্টা' এই অর্থে নি.]।

সাক্ষীগোপাল (p. 823) [sākṣīgōpāla] বি. 1 পুরীর নিকটবর্তী স্থানবিশেষ বা ওই স্থানে প্রতিষ্ঠিত শ্রীকৃষ্ণের বিগ্রহবিশেষ; 2 (আল.) যে ব্যক্তি স্বয়ং নিষ্ক্রিয় থেকে অন্যের কার্যকলাপ লক্ষ করে; 3 ঘটনা দেখে অথচ পুতুলের মতো নিষ্ক্রিয় ব্যক্তি।

সাক্ষ্য (p. 823) [sākṣya] বি. 1 সাক্ষীর কর্ম; 2 আদালতে প্রদত্ত ঘটনাদির প্রত্যক্ষ বর্ণনা। [সং. সাক্ষিন্ + য]।

সাগর (p. 823) [sāgara] বি. 1 সমুদ্র; 2 (আল.) সাগরের সঙ্গে তুলনীয় বিরাট আধার ('মেঘদূতকাব্য রসের সাগর': ব. চ.) [সং. সগর + অ]।˜ গামী বিণ. সমুদ্রে যায় বা চলে এমন।˜ সংগম বি. সমুদ্র ও নদীর মিলনস্থান।

সাগু, সাবু (p. 823) [sāgu, sābu] বি. তালজাতীয় বৃক্ষবিশেষের মজ্জা থেকে প্রস্তুত দানাদার পালোবিশেষ। [পো. sagu ফা. সাবু]।

সাগ্নিক (p. 823) [sāgnika] বিণ. বি. 1 অগ্নিহোত্রী, যজ্ঞাগ্নি সর্বদা প্রজ্বলিত রাখে এমন (সাগ্নিক ব্রাহ্মণ); 2 নিয়ত যজ্ঞকারী। [সং. সহ + অগ্নি + ক]।

সাগ্রহ (p. 823) [sāgraha] বিণ. আগ্রহের সঙ্গে, আগ্রহপূর্ণ। [সং. সহ + আগ্রহ]। সাগ্রহে ক্রি-বিণ. আগ্রহের সঙ্গে (সাগ্রহে রাজি হওয়া)।

সাঙা1 (p. 823) [sāṅā1] বি. নিম্নজাতির মধ্যে প্রচলিত হিন্দু বিধবাবিবাহবিশেষ। [সং. সঙ্গ]।

সাঙা2 (p. 823) [sāṅā2] বি. বাঁশের তৈরি আলনাবিশেষ। [দেশি]।

সাঙাত, (কথ্য) স্যাঙাত (p. 823) [sāṅāta, (kathya) syāṅāta] বি. 1 বন্ধু, মিতা, সখা; 2 (মন্দার্থে) সহচর, সহযোগী, সহকর্মী। [< সং. সঙ্গ তু. সাঙ্গতিক]। সাঙাতি বি. সাঙাতের কাজ।

সাঙ্কর্য (p. 823) [sāṅkarya] বি. সঙ্করত্ব, দো-আঁশলা অবস্থা, মিশ্রণ। [সং. সঙ্কর + য]।

সাঙ্গ (p. 823) [sāṅga] বিণ. 1 অঙ্গযুক্ত (সাঙ্গ বেদ); 2 পূর্ণাঙ্গ, সম্পূর্ণ; 3 সমাপ্ত (কাজ সাঙ্গ করা, সাঙ্গ হওয়া)। [সং. সহ + অঙ্গ]। বিণ. স্ত্রী. সাঙ্গা, সাঙ্গী। বি.˜ তা।˜ রূপক বিণ. যে-রূপকে উপমান ও উপমেয়ের প্রতি অঙ্গের সঙ্গে প্রতি অঙ্গের সাদৃশ্য দেখানো হয়।

সাঙ্গ-পাঙ্গ (p. 823) [sāṅga-pāṅga] বি. দলবল, অনুবর্তীগণ (সাঙ্গপাঙ্গ নিয়ে উপস্থিত)। [সাঙ্গোপাঙ্গ দ্র]।

সাঙ্গা3 (p. 823) [sāṅgā3] বিণ. (স্ত্রী.) অঙ্গযুক্তা, অঙ্গ আছে এমন। [সং. সহ + অঙ্গ + আ]।

সাঙ্গোপাঙ্গ (p. 823) [sāṅgōpāṅga] বিণ. 1 শিক্ষা কল্প ইত্যাদির অঙ্গ ও মীমাংসা, ধর্মশাস্ত্র ইত্যাদি উপাঙ্গের সঙ্গে, সমগ্র (সাঙ্গোপাঙ্গ বেদ); 2 প্রধান ও অপ্রধান অনুচরবর্গের সঙ্গে, সদলবল (সাঙ্গোপাঙ্গ নেতা)। □ বি. (বাং.) অনুচরবর্গ, দলবল (সাঙ্গোপাঙ্গ নিয়ে হাজির)। [সং. সহ + অঙ্গ + উপাঙ্গ]।

সাচি (p. 823) [sāci] অব্য. বিণ. বক্র, তির্যক। [সং. √ সচ্ + ই]।˜ বর্তন বি. বেঁকে যাওয়া; দিক পরিবর্তন, অপবর্তন। সাচী-কৃত বি. বাঁকানো হয়েছে এমন।

সাচ্চা (p. 823) [sāccā] বিণ. 1 সত্য (সাচ্চা কথা); 2 অকৃত্রিম, খাঁটি, বিশুদ্ধ (সাচ্চা জরি)। [হি. সচ্চা < সং. সত্য]।

সাজ (p. 823) [sāja] বি. 1 পোশাক, বেশ, পরিচ্ছদ (রাজার সাজ); 2 গহনা, ভূষণ (প্রতিমার সাজ); 3 সরঞ্জাম, উপকরণ (তামাকের সাজ); 4 (আঞ্চ.) দধ্যম্ল, দম্বল। [সং. সজ্জা]।˜ গোছ,˜ গোজ বি. বেশভূষা পরিধান ও তার পারিপাট্য।˜ ঘর বি. রঙ্গালয়ে অভিনেতাদের পোশাক পরবার ঘর, green-room.˜ ন্ত বিণ. শোভন, মানানসই।˜ সজ্জা বি. সাজগোজ; সাজসরঞ্জাম।˜ সরঞ্জাম বি. পোশাক ও উপকরণ।

সাজশ (p. 823) [sājaśa] বি. কুমন্ত্রণা, কুকর্মে সহযোগ (যোগসাজশ)। [ফা. সাজিশ]।

সাজা2 (p. 823) [sājā2] বি. শাস্তি, অপরাধের দণ্ড (তার সাজা হবেই)। [ফা. সজা]।

সাজা3 (p. 823) [sājā3] ক্রি. 1 সজ্জিত হওয়া, পোশাক-পরিচ্ছদ পরা (কনে সাজছে); 2 পরের রূপ বা মিথ্যা রূপ ধারণ করা (সাধু সাজা, ভালোমানুষ সাজা); 3 মানানো, শোভা পাওয়া (তোমার মুখে এমন কথা সাজে না); 4 পোশাকাদি পরে প্রস্তুত হওয়া (যুদ্ধের জন্য সাজা); 5 পান-তামাক ইত্যাদি সেবনের জন্য প্রস্তুত করা (তামাক সাজা, পান সাজা)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. সেবনের জন্য প্রস্তুত করা হয়েছে এমন (সাজা পান)। [সং. √ সজ্জ্ + বাং. আ]।˜ নো ক্রি. 1 পোশাক-পরিচ্ছদ পরানো; 2 যা সত্য নয় তাই তৈরি করা (সাক্ষী সাজানো); 3 সুশৃঙ্খলভাবে বিন্যস্ত করা (দোকান সাজানো, ঘর সাজানো, বইগুলি তাকের উপর সাজিয়ে রাখো)। □ বি. বিণ. উক্ত সমস্ত অর্থে (সাজানো মামলা)।

সাজাত্য (p. 823) [sājātya] বি. একজাতীয়তা, একধর্মিতা, একবিধতা। [সং. সজাতি + য]।

সাজি1 (p. 823) [sāji1] বি. পুষ্পাদি চয়ন করে রাখবার ডালা। [দেশি]।

সাজি2, সাজি-মাটি (p. 823) [sāji2, sāji-māṭi] বি. ক্ষারমাটিবিশেষ। [সং. সর্জিকা]।

সাজো (p. 823) [sājō] বিণ. 1 অদ্যকার; 2 সদ্য, টাটকা, তাজা (সাজো দই)। [সং. সদ্যঃ]। সাজো কাপড় অতি অল্প সময়ের মধ্যে ক্ষারমিশ্রিত জলে কাচা কাপড়, সাজো-বাসির দ্বারা কাচা কাপড়। সাজো-বাসি বি. 1 যে-ধোপা ক্ষারমিশ্রিত জল দিয়ে এক বেলার মধ্যে কাপড় কাচে; 2 কাপড় কাচার উক্ত প্রণালী।

সাট1 (p. 823) [sāṭa1] বি. সড়, গোপন পরামর্শ বা যোগাযোগ (দুজনের মধ্যে সাট আছে)। [দেশি]।

সাট2 (p. 823) [sāṭa2] বি. (মুদ্রণে) অক্ষরের নির্দিষ্ট ছাঁচ। [ইং. sort]।

সাটিন (p. 823) [sāṭina] বি. মিহি ও মসৃণ রেশমি কাপড়বিশেষ। [ইং. satin]।

সাট্টা (p. 823) [sāṭṭā] বি. জুয়া খেলাবিশেষ। [তু. হি. সাটা (বিনিময়)]।

সাড় (p. 823) [sāḍ়] বি. চেতনা, বাহ্যজ্ঞান; অনুভবশক্তি (তু. অসাড়)। [< সাড়া]।

সাড়া (p. 823) [sāḍ়ā] বি. 1 শব্দ (কোথাও কোনো মানুষের সাড়া নেই); 2 আহ্বানের উত্তর (ডাকলে সাড়া দেয় না); 3 চেতনাসূচক প্রতিক্রিয়া, response (উদ্ভিদের সাড়া); 4 চাঞ্চল্য, শোরগোল (দেশে সাড়া পড়েছে); 5 বাক্স্ফূর্তি, স্বর (মুখে সাড়া নেই); 6 অস্তিত্বসূচক চাঞ্চল্য, স্পন্দন (অনুভূতিতে সাড়া দেওয়া); 7 চেতনা। [সং. স্বর > সড়]। ˜ শব্দ বি. কোনোপ্রকার শব্দ; সচেতনতার লক্ষণ ও শব্দ।

সাড়ে (p. 823) [sāḍ়ē] বিণ. অর্ধসহ (সাড়ে সাত = সাত ও আধ)। [সং. সার্ধ]।

সাড়ে-বত্রিশ-ভাজা (p. 823) [sāḍ়ē-batriśa-bhājā] বি. চানাচুর বা ডালমুটজাতীয় মুখরোচক পাঁচমিশেলি খাবার। [বাং. সাড়ে (বেশি, খুব) + বত্রিশ (বহু বা নানান অর্থে) + ভাজা]।

সাত (p. 823) [sāta] বি. বিণ. 7 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্ত]। ˜ ই, সাতুই বি. মাসের সপ্তম দিন বা সাত তারিখ। সাতকাণ্ড রামায়ণ 1 সপ্ত কাণ্ডে বা অধ্যায়ে বিভক্ত রামায়ণগ্রন্থ; 2 (আল.) মস্ত ব্যাপার। সাতখুন মাপ (আল.) বহু গুরুত্বপূর্ণ অপরাধের জন্য কোনো শাস্তি না দেওয়া, সমস্ত অপরাধ বরদাস্ত করা। সাত ঘাটের জল খাওয়া বা খাওয়ানো 1 নানা স্থানে চাকরি করা বা করানো; 2 কাজ উপলক্ষ্যে নানা স্থানে বদলি হওয়া বা বদলি করা; 3 নানা বিপদে পড়া বা ফেলা; 4 নানাভাবে জীবনযাপন করা বা করানো; 5 বেজায় নাকাল হওয়া বা করা। সাত

চড়ে বা বেরোয় না (আল.) সমস্ত নির্যাতন নীরবে সহ্য করে অর্থাত্ অত্যন্ত নিরীহ। সাত সতিনের ঘর (আল.) যে সংসারে নিরন্তর কলহ বিবাদ ও হিংসাদ্বেষ বিদ্যমান। সামসমুদ্র তেরো নদীর পার (রূপকথা থেকে) বহু দূরবর্তী; বহু দূরবর্তী স্থান বা দেশ (সাতসমুদ্র তেরো নদীর পারের রাজপুত্র)। সাতেও নেই পাঁচেও নেই ঝঞ্ঝাটের সঙ্গে সম্পর্কহীন, নিরপেক্ষ, উদাসীন।˜ তাড়াতাড়ি ক্রি-বিণ. 1 খুব তাড়াতাড়ি; 2 ব্যস্তসমস্ত হয়ে।˜ নর,˜ নরি বিণ. সাত প্যাঁচওয়ালা। □ সাত প্যাঁচওয়ালা কণ্ঠহার।˜ নলা বি. বিণ. একসঙ্গে সাতটি গুলি ছোড়ার নলবিশিষ্ট (বন্দুক)˜ প্যাঁচ বিণ. বিবিধ, নানা। □ বি. 1 নানা কথা (সাতপাঁচ ভেবে); 2 অগ্রপশ্চাত্।˜ পুরুষ বি. পিতা-পিতামহাদিক্রমে ঊর্ধ্বতন সাতপুরুষ।˜ ষট্টি বি. বিণ. 67 সংখ্যা বা সংখ্যক।˜ সকাল বি. খুব সকাল; তাড়াতাড়ি।˜ সতেরো বি. নানারকম জিনিস বা কথা (সাত-সতেরো শুনানো)।

সাতত্য (p. 823) [sātatya] বি. নিরন্তরতা, বিরামহীনতা। [সং. সতত + য]।

সাতনর, সাতনরি, সাতনলা, সাতগাঁচ, সাতপুরুষ, সাতষট্টি, সাত-সতেরো (p. 823) [sātanara, sātanari, sātanalā, sātagān̐ca, sātapuruṣa, sātaṣaṭṭi, sāta-satērō] দ্র সাত।

সাতা, সাত্তা (p. 823) [sātā, sāttā] বি. সাত-ফোঁটা-চিহ্নিত তাস। [বাং. সাত + আ]।

সাতাত্তর (p. 823) [sātāttara] বি. বিণ. 77 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্ত সপ্ততি]।

সাতান্ন (p. 823) [sātānna] বি. বিণ. 57 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্তপঞ্চাশত্]।

সাতাশ (p. 823) [sātāśa] বি. বিণ. 27 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্ত বিংশতি]। সাতাশে বি. বিণ. মাসের সাতাশ তারিখ বা তারিখের।

সাতাশি (p. 823) [sātāśi] বি. বিণ. 87 সংখ্যা বা সংখ্যক। [সং. সপ্তাশীতি]।

সাতিশয় (p. 823) [sātiśaẏa] বিণ. অত্যধিক, খুব বেশি, অত্যন্ত (সাতিশয় আনন্দিত)। [সং. সহ + অতিশয়]।

সাত্বত (p. 823) [sātbata] বি. 1 বিষ্ণু; 2 বলরাম। [সং. সত্বত্ (=যদুবংশীয়) + অ]।

সাত্ত্বিক (p. 823) [sāttbika] বিণ. 1 সত্ত্বগুণসম্বন্ধীয়; 2 সত্ত্বগুণজাত; 3 সত্ত্বগুণবিশিষ্ট; 4 ফলাকাঙ্ক্ষাহীন, নিষ্কাম (সাত্ত্বিক পূজা বা দান); 5 নিরীহ, সাধু; 6 অনাড়ম্বর, সরল (সাত্ত্বিক মানুষ, সাত্ত্বিক জীবনযাপন); 7 নিরামিষ (সাত্ত্বিক আহার)। □ বি. স্তম্ভ স্বেদ রোমাঞ্চ স্বরভঙ্গ কম্প বিবর্ণতা অশ্রু মূর্ছা; এই অষ্ঠবিধ দৈহিক ও মানসিক লক্ষণযুক্ত গভীর প্রণয়াদিজনিত মনোভাববিশেষ। [সং. সত্ত্ব + ইক]।

সাত্যকি (p. 823) [sātyaki] বি. বৃষ্ণিবংশীয় ক্ষত্রিয়বিশেষ। [সং. সত্যক + অ + ঈ]।

সাথ (p. 823) [sātha] বি. (আঞ্চ.) সঙ্গ (সাথে সাথে থেকো, সাথের লোক)। অব্য. (আঞ্চ.) (অনু.) সহিত, সঙ্গে (তার সাথে যাব)। [সং. সার্ধম্]। সাথি বি. সঙ্গী, সহচর। [বাং. সাথ + ই (স্থিতার্থে)]। সাথুয়া, সেথুয়া, সেথো বিণ. বি. সঙ্গের; সঙ্গী, সহচর। [বাং. সাথ + উয়া > ও]। সাথে অব্য. (অনু.) (গ্রা. আঞ্চ. বা কাব্যে) সঙ্গে, সহিত ('থেকো মোর সাথে')।

সাদর (p. 823) [sādara] বিণ. আদরযুক্ত বা যত্নযুক্ত (সাদর অভ্যর্থনা)। [সং. সহ + আদর]। সাদরে ক্রি-বিণ. আদরের সঙ্গে (সাদরে বরণ করা)।

সাদা (p. 823) [sādā] বিণ. 1 শ্বেত, শুভ্র (সাদা দেওয়াল); 2 শ্বেতকায় (সাদা গোরু); 3 সরল, কুটিলতাহীন (সাদা মন); 4 সহজ, স্পষ্ট (সাদা কথা); 5 নির্দোষ (সাদা কাজ); 6 অবঞ্জিত (সাদা কাপড়, সাদা থান); 7 অনলংকৃত, নিরাভরণ (সাদা হাত); 8 অলিখিত (সাদা কাগজ)। [ফা. সাদাহ্]। সাদাকে কালো এবং কালোকে সাদা করা ক্রি. বি. (আল.) বেপরোয়া মিথ্যা কথা বলা।˜ চামড়া বি. 1 সাদা রঙের চামড়া; 2 শ্বেতাঙ্গ (সাদা চামড়ার দেশ)।˜ টে বিণ. ঈষত্ সাদা।˜মাঠা, (কথ্য)˜ মাটা বিণ. কারুকার্যহীন; বৈচিত্র্যহীন ও সাধারণ।˜ সাপটা বিণ. সাদামাটা, বৈচিত্র্যহীন।˜ সিধা, (কথ্য)˜ সিধে,˜ সিদে বিণ. 1 স্পষ্ট (সাদাসিধে কথা); 2 সরল ('সাদাসিদে লোক আমি উপমার ঘটা নাহি জানি': দে. সে.) 3 অনাড়ম্বর, বিলাসবর্জিত (সাদাসিধে বেশভূষা)।

সাদি2, সাদী (p. 823) [sādi2, sādī] (-দিন্) বি. 1 আরোহী; 2 অশ্বারোহী; 3 গজারোহী; 4 রথারোহী; 5 সারথি। [সং. √ সদ্ + ই, ইন্]।

সাদৃশ্য (p. 823) [sādṛśya] বি. 1 আনুরূপ্য, একরূপতা, তুল্যতা (আকৃতির সাদৃশ্য, ভাষার সাদৃশ্য); 2 আলেখ্য। [সং. সদৃশ + য]।˜ মূলক বিণ. সাদৃশ্য বা একরূপতা বিষয়ক।˜ হীন বিণ. সাদৃশ্য বা মিল নেই এমন।

সাধ (p. 823) [sādha] বি. 1 কামনা, অভিলাষ (মনের সাধ, সাধের মানবজন্ম); 2 শখ (সাধ মিটানো); 3 স্বিচ্ছা (সাধ করে ধরা দেওয়া); 4 গর্ভিণীর স্পৃহানুযায়ী খাদ্য ইত্যাদি দানের উৎসব, দোহদ (সাধভক্ষণ, সাধ দেওয়া)। [সং. শ্রদ্ধা]।˜ ভক্ষণ বি. গর্ভিণীর ইচ্ছানুযায়ী খাদ্য খাওয়ানোর অনুষ্ঠানবিশেষ। সাধে ক্রি-বিণ. সাধ করে, স্বেচ্ছায় ('সাধে কি বাবা বলে')।

সাধক (p. 823) [sādhaka] বিণ. 1 সাধনকর্তা, সম্পাদক, সিদ্ধিকারক (উদ্দেশ্যসাধক, হিতসাধক); 2 সহায়ক (উত্তরসাধক)। □ বিণ. বি. সাধনাকারী (বিজ্ঞানের সাধক); আরাধক (বৈষ্ণব সাধক)। [সং. √ সাধ্ + ণিচ্ + অক]। বিণ. বি. স্ত্রী. সাধিকা।

সাধন (p. 823) [sādhana] বি. 1 উপাসনা, আরাধনা (তান্ত্রিক সাধন, 'পূজনসাধনহীন'); 2 উপায়, সহায়; 3 করণ, যার দ্বারা কার্য নিষ্পন্ন হয়; 4 সম্পাদন, নিষ্পাদন (উৎকর্ষ সাধন, অসাধ্যসাধন); 5 সিদ্ধি (বৈরাগ্য সাধন); 6 সাফল্য (মন্ত্রের সাধন)। [সং. √ সাধ্ বা √ সাধি + অন]।˜ প্রক্রিয়া বি. উপাসনার পদ্ধতি বা নিয়ম।˜ মার্গ বি. ভক্তির পথ।

সাধনা (p. 823) [sādhanā] বি. 1 আরাধনা, সাধনপদ্ধতি (বৈষ্ণব সাধনা); 2 ঈপ্সিত বস্তু লাভের জন্য বা উদ্দেশ্য-সিদ্ধির জন্য প্রযত্ন ('যার আমি মরেছে, তার সাধনা হয়েছে'); 4 সাধনার বিষয় ('আমার সাধের সাধনা': রবীন্দ্র); 5 ব্রত

(ভারতের সাধনা); 6 (বাং.) মিনতি, অনুরোধ (অনেক সাধনা করে রাজি করা)। সাধনীয় বিণ. সাধনযোগ্য, নিষ্পাদ্য; আরাধনীয়।

সাধর্ম্য (p. 823) [sādharmya] বি. 1 সমানধর্মতা বা তুল্যবৃত্তিতা; 2 সাদৃশ্য। [সং. সধর্ম + য]।

সাধা (p. 823) [sādhā] ক্রি. 1 সম্পাদন করা (কাজ সাধা); 2 সাধনা করা, সিদ্ধিলাভের বা উন্নতিলাভের জন্য অভ্যাস করা (মন্ত্র সাধা, গলা সাধা); 3 সফল বা পূর্ণ করা ('সাধিতে মনের সাধ': মধু); 4 দিতে চাওয়া (ঘুস সাধা); 5 স্বতঃপ্রবৃত্ত হওয়া, সাধ করা (সেধে বিপদে পড়া); 6 ঘটানো (বাদ সাধা); 7 ক্রোধ নিবৃত্তির জন্য অনুনয় করা (পায়ে ধরে সাধা); 8 অনুরোধ করা (না সাধলে আসবে না); 9 (ব্যাক.) সূত্রের উল্লেখ করে ব্যুৎপত্তি বিশ্লেষণ করা (শব্দ সাধা)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 অভ্যাসদ্বারা মার্জিত (সাধা গলা); 2 যাচিত (সাধা ভাত ফেলতে নেই)। [সং. √ সাধ্ + বাং. আ]। ˜ নো ক্রি. পরের দ্বারা সম্পাদন করানো; অনুনয় করতে বাধ্য করা। □ বি. উক্ত উভয় অর্থে। ˜ সাধি বি. বারবার বা ক্রমাগত অনুনয় (অনেক সাধাসাধি করেও রাজি করানো যায়নি)।

সাধারণ (p. 823) [sādhāraṇa] বিণ. 1 বিশিষ্টতাবর্জিত, গতানুগতিক (সাধারণ ব্যাপার); 2 সর্বজনীন (সাধারণ পাঠাগার); 3 নির্বিশেষ, সকলের (সাধারণ সভা); 4 সর্বত্র বা সর্বজনের মধ্যে বর্তমান (সাধারণ ধর্ম); 5 সকল, সমস্ত, সমূহ, নির্বিশেষ (জনসাধারণ); 6 সামান্য, তুচ্ছ, নগণ্য (সাধারণ ত্রুটি)। □ বি. সমস্ত নরনারী (সাধারণের জন্য)। [সং. সহ + আধারণ (=অবলম্বন)]। বিণ. স্ত্রী. সাধারণী। বি.˜ ত্ব। ˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস্) অব্য. ক্রি-বিণ. সচরাচর, প্রায়ই। ˜ তন্ত্র বি. রাষ্ট্রের জনগণের নির্বাচিত প্রতিনিধিদ্বারা রাষ্ট্রশাসন-ব্যবস্থা বা

ওই ব্যবস্থাযুক্ত রাষ্ট্র, republic.˜ ধর্ম বি. 1 সকল বর্ণ ও ধর্মের নরনারীর পালনীয় কর্তব্য; 2 যে গুণ বর্গের অন্তর্গত সকলের মধ্যে বিদ্যমান (ক্ষয় পদার্থের সাধারণ ধর্ম)। সাধারণ্য বি. 1 সাধারণের ধর্ম; 2 সাধারণের সমবায়; 3 জনসাধারণ (সাধারণ্যে আদৃত বা প্রচারিত)।

সাধিকা (p. 823) [sādhikā] দ্র সাধক।

সাধিত (p. 823) [sādhita] বিণ. 1 সম্পাদিত (উদ্দেশ্য সাধিত, মঙ্গল সাধিত); 2 প্রমাণসিদ্ধ। [সং. √ সাধ্ + ণিচ্ + ত]। সাধিত ধাতু (ব্যাক.) অন্য ধাতুর বা নাম-শব্দাদির উত্তর প্রত্যয়যোগে যে ধাতু উৎপন্ন হয়।

সাধিত্র (p. 823) [sādhitra] বি. সাধনার যন্ত্র, যন্ত্রপাতি। [সং. √ সাধ্ + ণিচ্ + ত্র]।

সাধু (p. 823) [sādhu] বিণ. 1 ধার্মিক, সত্ (সাধু ব্যক্তি); 2 শিষ্ট, ভদ্র, মার্জিত (সাধু ভাষা); 3 উত্তম (সাধু আচরণ); 4 সুষ্ঠু, উচিত, উপযুক্ত (সাধু প্রয়োগ, সাধু উদ্দেশ্য, সাধু দৃষ্টান্ত)। □ বি. সন্ন্যাসী, যোগী; বণিক; সুদখোর। [সং. সাধ্ + উ]।˜ গিরি বি. ধার্মিকতা বা সততা বা সন্ন্যাসের ভান।˜ তা বি. ধার্মিকতা। বি. স্ত্রী.˜ নী সাধু বা বণিকের পত্নী; সন্ন্যাসিনী।˜ বাদ বি. প্রশংসাবাদ।˜ য়ানী বি. বণিকের স্ত্রী।˜ ভাষা বি. মার্জিত ও প্রাচীন রীতি অনুযায়ী বাংলার লেখ্য ভাষা (তু. চলিত ভাষা)।˜ সংসর্গ,˜ সঙ্গ বি. সাধুর বা সত্ লোকের সঙ্গ বা সাহচর্য। সাধু সাবধান (আল.) ভাবী বিপদাদি সম্বন্ধে সতর্কতাজনক উক্তি।

সাধে (p. 823) [sādhē] দ্র সাধ।

সাধ্বস (p. 823) [sādhbasa] বি. সম্ভ্রম; ভয়। [সং. সাধু (=সুষ্ঠুভাবে) + অস্ + অ]।

সাধ্বী (p. 823) [sādhbī] বি. বিণ. (স্ত্রী.) 1 সচ্চরিত্রা; 2 পতিব্রতা, সতী। [সং. সাধু + ঈ]।

সাধ্য (p. 823) [sādhya] বিণ. 1 সাধনীয়, সাধনযোগ্য (ব্যয়সাধ্য চিকিৎসা); 2 ক্ষমতার আয়ত্ত (সকল বিদ্যাই শিক্ষাসাধ্য); 3 যা করা সম্ভব, সম্পাদ্য (অনায়াসসাধ্য); 5 (বিরল) যার নিবারণ বা প্রতিকারসাধন সম্ভবপর (সাধ্য রোগ); 6 প্রতিপাদ্য; 7 যা প্রমাণ করতে হয়। □ বি. 1 সাধনার বস্তু ('প্রভু কহে, পড় শ্লোক সাধ্যের নির্ণয়': চৈ. চ.); 2 (ন্যায়.) অনুমানদ্বারা নিরূপণীয় বিষয়; 3 (বাং.) ক্ষমতা, শক্তি (এমন সাধ্য কার আছে?); 4 সামর্থ্য (সাধ্যানুসারে, সাধ্যের বাইরে)। [সং. সাধ্ + য]।˜ তা বি. সাধনযোগ্যতা।˜ পক্ষে,˜ মতো, সাধ্যানুযায়ী, সাধ্যানু-রূপ ক্রি-বিণ. যাথাসাধ্য, ক্ষমতানুসারে।˜ বহির্ভূত, সাধ্যাতিরিক্ত, সাধ্যাতীত বিণ. অসাধ্য, করতে পারা যায় না এমন।˜ সাধনা বি. সাধাসাধি।

সানক (p. 823) [sānaka] বি. চীনামাটি কলাই প্রভৃতির থালা। [আ. সহ্নক্]। সানকি বি. ছোটো সানক।

সানন্দ (p. 823) [sānanda] বিণ. হর্ষযুক্ত, আহ্লাদিত। [সং. সহ + আনন্দ]। সানন্দে ক্রি-বিণ. আনন্দের সঙ্গে।

সানা2 (p. 823) [sānā2] ক্রি. চটকে মাখা। □ বি. বিণ. উক্ত অর্থে। [হি. √ সান < সং. সম্ + √ ধা]।

সানাই (p. 823) [sānāi] বি. কাঠ বা ধাতুর তৈরি বড়ো বাঁশিবিশেষ। [সং. সানেয়ী বা ফা. শাহ্নাঈ]।

সানু (p. 823) [sānu] বি. পর্বতের উপরিস্থ সমতলস্থান, অধিত্যকা (সানুদেশ); চূড়া। [সং. √ সন্ + উ]।˜ মান বি. (-মত্) পর্বত।˜ দেশ বি. পর্বতের অধিত্যকা।

সানু-কম্প (p. 823) [sānu-kampa] বিণ. অনুকম্পাযুক্ত। [সং. সহ + অনুকম্পা]।

সানুগ্রহ (p. 823) [sānugraha] বিণ. অনুগ্রহ বা দয়ার সঙ্গে। [সং. সহ + অনুগ্রহ]।

সানুজ (p. 823) [sānuja] বিণ. অনুজের অর্থাত্ ছোটো ভাইয়ের সঙ্গে। [সং. সহ + অনুজ]।

সানু-নয় (p. 823) [sānu-naẏa] বিণ. অনুনয়যুক্ত, মিনতিপূর্ণ (সানুনয় অনুরোধ)। [সং. সহ + অনুনয়]। সানু-নয়ে ক্রি-বিণ. অনুনয় করে, বিনয়সহকারে।

সানু-নাসিক (p. 823) [sānu-nāsika] বিণ. নাসিকা থেকে উচ্চারিত; নাকিসুরযুক্ত। [সং. সহ + অনুনাসিক]।

সানু-পুঙ্খ (p. 823) [sānu-puṅkha] বিণ. বিশদ, অনুপুঙ্খসমেত (সানুপুঙ্খ বর্ণনা)। [সং. সহ্ + অনুপুঙ্খ]।

সানু-বন্ধ (p. 823) [sānu-bandha] বিণ. 1 অনুবন্ধযুক্ত; 2 সনির্বন্ধ; 3 বিচ্ছেদরহিত। [সং. সহ + অনুবন্ধ]।

সানু-রাগ (p. 823) [sānu-rāga] বিণ. অনুরাগপূর্ণ। [সং. সহ + অনুরাগ]।

সান্ত (p. 823) [sānta] বিণ. অন্তবিশিষ্ট, 'অনন্ত'-র বিপরীত, সসীম, finite (বি.প.)। [সং. সহ + অন্ত]।

সান্তর (p. 823) [sāntara] বিণ. 1 ফাঁক-ফাঁক; 2 দূরত্ববিশিষ্ট; 3 ছিদ্রযুক্ত, porous; 4 বিরল; 5 কিছুক্ষণ অন্তর-অন্তর ঘটে এমন ('অর্গানের সান্তর গর্জন': সু. দ.)। [সং. সহ + অন্তর]। বি.˜ তা।

সান্তারা (p. 827) [sāntārā] বি. কমলালেবুজাতীয় ফলবিশেষ। [পো. cintra]।

সান্ত্বন, সান্ত্বনা (p. 827) [sāntbana, sāntbanā] বি. আশ্বাস বা আশা দিয়ে শান্ত করা, প্রবোধদান; প্রবোধ। [সং. √ সান্ত্ব + অন + আ]।

সান্ত্রী (p. 827) [sāntrī] বি. প্রহরী, রক্ষী, সৈনিক। [ইং. sentry]।

সান্দীপনি (p. 827) [sāndīpani] বি. সন্দীপন মুনির পুত্র ও শ্রীকৃষ্ণের শিক্ষক। [সং. সন্দীপন + ই]।

সান্দ্র (p. 827) [sāndra] বিণ. 1 অবিচ্ছিন্ন; 2 নিবিড়, ঘন; 3 তরল অথচ গাঢ়। □ বি. বন। [সং. সহ + √ অন্দ্ (বন্ধনার্থক) + র]।

সান্ধা, সান্ধানো (p. 827) [sāndhā, sāndhānō] ক্রি. (আঞ্চ.) 1 ঢোকা বা ঢুকানো; 2 যোজনা করা; 3 পরানো। [সং. সম্ + √ ধা + বাং. আ, আনো]।

সান্ধি-বিগ্রহিক (p. 827) [sāndhi-bigrahika] বি. সন্ধিসংক্রান্ত ও বিগ্রহ বা যুদ্ধসংক্রান্ত বিষয়ের মন্ত্রী। [সং. সন্ধিবিগ্রহ (সন্ধি + বিগ্রহ) ইক]।

সান্ধ্য (p. 827) [sāndhya] বিণ. 1 সন্ধ্যাসম্বন্ধীয়; 2 সন্ধ্যাকালীন (সান্ধ্য ভ্রমণ, সান্ধ্য বৈঠক)। [সং. সন্ধ্যা + অ]। বি.˜ আইন যে আইনবলে সন্ধ্যা থেকে ভোর পর্যন্ত বা সারা দিনরাত্রির নির্দিষ্ট অংশে জনসাধারণের গৃহের বাইরে আসা নিষিদ্ধ হয়, কারফিউ (curfew)।˜ দৈনিক বি. যে-দৈনিক সংবাদপত্র বা পত্রিকা প্রতিদিন সন্ধ্যায় প্রকাশিত হয়।˜ ভোজ বি. সন্ধ্যার আহার, রাতের খাওয়া।

সান্নিধ্য (p. 827) [sānnidhya] বি. সামীপ্য, নৈকট্য (মহাপুরুষের সান্নিধ্যে)। [সং. সন্নিধি + য]।

সান্নি-পাতিক (p. 827) [sānni-pātika] বিণ. বাত পিত্ত কফ: এই ত্রিবিধ দোষের সন্নিপাত বা মিলনজনিত; সাংঘাতিক। [সং. সন্নিপাত + ইক]। সান্নিপাতিক জ্বর টাইফয়েড (typhoid)।

সান্বয় (p. 827) [sānbaẏa] বিণ. 1 অন্বয়ের সঙ্গে (সান্বয় ব্যাখ্যা); 2 কুল বা বংশের সঙ্গে সম্বন্ধযুক্ত। [সং. সহ + অন্বয়]।

সাপ (p. 827) [sāpa] বি. হাত-পা-বিহীন বিষধর বা বিষহীন সরীসৃপবিশেষ, সর্প। [সং. সর্প]। বি. স্ত্রী. সাপিনি। সাপ-খেলানো সুর সাপুড়িয়াদের বাঁশির সুর বা অনুরূপ সুর, যার তালে তালে সাপ খেলে। ̃ খোপ বি. সাপ ও অনুরূপ সরীসৃপাদি (এই জায়গা তো সাপখোপের আড্ডা)। সাপও মরে লাঠিও না ভাঙে (আল.) বিনা ক্ষতিতে কঠিন কার্যসাধন হওয়া; দুই দিক বজায় থাকা। সাপে-নেউলে বি. (আল.) চিরবৈরিতা। সাপের ছুঁচো গেলা দুর্গন্ধ ছুঁচোকে উদরস্থকরা সাপের পক্ষে অত্যন্ত কষ্টসাধ্য, কিন্তু মুখে পুরবার পরে সাপ তার বাঁকা দাঁতের মধ্য দিয়ে তাকে উগরে ফেলতে পারে না-এ থেকে (আল.) ইচ্ছার বিরুদ্ধে কোনো ব্যাপারের সঙ্গে যুক্ত থাকা; উভয়সংকটে পড়া। সাপের পাঁচ পা দেখা (আল.) অত্যধিক স্পর্ধা হেতু অসম্ভবকে সম্ভব মনে করা। সাপের হাঁচি বেদেয় চেন (আল.) অভিজ্ঞ ব্যক্তিকে ফাঁকি দেবার উপায় নেই।

সাপট (p. 827) [sāpaṭa] বি. আস্ফালন, ঝাপটা (লেজ সাপট); তোড়, তেজ (মুখসাপট)। [দেশি]।

সাপটা1 (p. 827) [sāpaṭā1] বিণ. 1 সাধারণ, বিশেষত্বহীন, যা সকলের জন্য (সাপটা রান্না); 2 সবসুদ্ধ, থাউকো (সাপটা দর, সাপটা খরিদ)। □ ক্রি-বিণ.

ভালোমন্দ বিচার না করে, সমস্ত একসঙ্গে (সাপটা খাওয়া, সাপটা কেনা)। [দেশি]।

সপটা2 (p. 827) [sapaṭā2] ক্রি. সাপটানো। [দেশি]।˜ নো ক্রি. জ়ড়িয়ে বা জাপটে ধরা; জড়িয়ে রাখা। □ বি. বিণ. উক্ত অর্থে।

সাপত্ন1, সাপত্ন্য1 (p. 827) [sāpatna1, sāpatnya1] বি. সতিনপুত্র, সতিনের সন্তান। □ বিণ. 1 সপত্নীজাত; 2 সপত্নীসম্বন্ধীয়। [সং. সপত্নী + অ, য]।

সাপত্ন2, সাপত্ন্য2 (p. 827) [sāpatna2, sāpatnya2] বি. 1 শত্রু; 2 শত্রুতা। □ বিণ. শত্রুসম্বন্ধীয়। [সং. সপত্ন + অ, য]।

সাপুড়া (p. 827) [sāpuḍ়া] বি. (প্রা. কা.) কৌটো। [সং. সম্পুট]।

সাপুড়িয়া, (কথ্য) সাপুড়ে (p. 827) [sāpuḍ়iẏā, (kathya) sāpuḍ়ē] বি. সাপ নিয়ে খেলা দেখানো বা সাপ ধরা যার পেশা; অহিতুণ্ডিক। [বাং. সাপ + উড়িয়া > উড়ে]।

সাপেক্ষ (p. 827) [sāpēkṣa] বিণ. 1 অপেক্ষাযুক্ত; 2 অধীন, অন্য-কিছুর উপর নির্ভরশীল (শ্রমসাপেক্ষ, সময়সাপেক্ষ)। [সং. সহ + অপেক্ষা]। সাপেক্ষানু-মান বি. (ন্যায়.) দুই বা ততোধিক সত্যের পারস্পরিক সম্বন্ধ-বিচারের দ্বারা নূতন সত্য আবিষ্কার।

সাপ্ত-পদীন (p. 827) [sāpta-padīna] বি. বিণ. 1 (সাতটি পদ বা বাক্যের দ্বারা প্রতিষ্ঠিত) বন্ধুত্ব, মিত্রতা; 2 বিবাহকালে বরবধূর সাতবার পদক্ষেপের দ্বারা যজ্ঞাগ্নি প্রদক্ষিণ করা। [সং. সপ্তপদ + ঈন]।

সাপ্তাহান্তিক (p. 827) [sāptāhāntika] বিণ. সপ্তাহের শেষে ঘটে এমন (সাপ্তাহান্তিক প্রত্যাবর্তন)। [সং. সপ্তাহান্ত + ইক]।

সাপ্তাহিক (p. 827) [sāptāhika] বিণ. 1 সপ্তাহসম্বন্ধীয়, সপ্তাহের (সাপ্তাহিক হিসাব, সাপ্তাহিক ব্যয়); 2 সপ্তাহে একবার হয় এমন (সাপ্তাহিক অনুষ্ঠান, সাপ্তাহিক পত্রিকা)। □ বি. প্রতি সপ্তাহে একবার প্রকাশিত প্রত্রিকা। [সং. সপ্তাহ + ইক]। সাপ্তাহিকী বি. সপ্তাহের ঘটনা বা অনুষ্ঠানাদির বিবরণ।

সাফ (p. 827) [sāpha] বিণ. 1 পরিষ্কৃত (টেবিল সাফ হয়েছে); 2 নির্মল (সাফ জল); 3 স্পষ্ট (সাফ জবাব); 4 সম্পূর্ণ (সাফ উধাও); 5 বেমালুম (সাফ চুরি); 6 বাধামুক্ত (চোরের রাস্তা সাফ); 7 ধ্বংসপ্রাপ্ত (বংশ সাফ); 8 শর্তহীন (সাফ বিক্রয়, সাফ কবালা)। ˜ সুতরো, ˜ শুতরো বিণ. পরিষ্কার-পরিচ্ছন্ন। সাফা-সাফ এর বিকৃত রূপ। সাফাই বি. পরিষ্কার করা, সাফ করা (রাস্তা সাফাই); দোষক্ষালন (সাফাই-জবাব)। সাফাই গাওয়া ক্রি. বি. নিজের বা অপর কারও নির্দোষিতা প্রমাণের জন্য যুক্তি দেখানো।

সাফল্য (p. 827) [sāphalya] বি. সফলতা। [সং. সফল + য]। ˜ মণ্ডিত বিণ. সাফল্যযুক্ত, সফল।

সাফসুতরো (p. 827) [sāphasutarō] দ্র সাফ।

সাফাই (p. 827) [sāphāi] দ্র সাফ।

সাফারি-সুট (p. 827) [sāphāri-suṭa] বি. একই দামি কাপড়ের তৈরি শার্ট ও ট্রাউজারবিশেষ। [ইং. safari suit]।

সাব (p. 828) [sāba] বিণ. অধস্তন, অবর, সহকারী (সাব-ইনেস্পকটর, সাব-জজ, সাব-এড়িটর)। [ইং. sub]।

সাব-কাশ (p. 828) [sāba-kāśa] বিণ. অবসরযুক্ত, অবকাশ আছে এমন। [সং. সহ + অবকাশ]।

সাবড়া, সারড়ানো (p. 828) [sābaḍ়ā, sāb়ḍ়ānō] ক্রি. (কথ্য) ধ্বংস বিনাশ বা শেষ করা, খতম করা। [সাবাড় দ্র]। সাবড়ে দেওয়া ক্রি. বি. (কথ্য) শেষ করা; খেয়ে শেষ করা (সমস্তটা একাই সাবড়ে দিলে?)।

সাব-ধান (p. 828) [sāba-dhāna] বিণ. সতর্ক, হুঁশিয়ার, অবহিত (সাবধান করা বা হওয়া)। □ (বাং.) অব্য. সতর্ক বা হুঁশিয়ার হও, অবহিত হও। [সং. সহ + অবধান]। বি.˜ তা। সাব-ধানে ক্রি-বিণ. সতর্কতার সঙ্গে।

সাব-ধানি (p. 828) [sāba-dhāni] বিণ. অতিরিক্ত সতর্ক, হুঁশিয়ার (সাবধানি লোক)। [সং. সমাধান + বাং. ই]।

সাবন (p. 828) [sābana] বি. সূর্যোদয় থেকে পুনরায় সূর্যোদয় পর্যন্ত এক অহোরাত্র; ত্রিশ অহোরাত্রযুক্ত মাস। [সং. √ সূ + অন + অ]।

সাব-মেরিন (p. 828) [sāba-mērina] বি. (প্রধানত যুদ্ধে ব্যবহৃত) জলের তলা দিয়ে যেতে সমর্থ জাহাজ, ডুবোজাহাজ। [ইং. submarine]।

সাবয়ব (p. 828) [sābaẏaba] বিণ. অবয়ববিশিষ্ট। [সং. সহ + অবয়ব]।

সাবর্ণ (p. 828) [sābarṇa] বিণ. দ্বিতীয় মনু। [সং. সবর্ণ + অ]। সাবর্ণি বি. সূর্যপুত্র অষ্টম মনু।

সাব-লীল (p. 828) [sāba-līla] বিণ. 1 অনায়াস, স্বচ্ছন্দ; 2 লীলায়িত (সাবলীল ভঙ্গি)। [সং. সহ + অবলীলা]। বি. ̃ তা।

সাব-শেষ (p. 828) [sāba-śēṣa] বিণ. 1 অবশেষযুক্ত, অবশিষ্ট; 2 অসমাপ্ত, অর্ধসমাপ্ত। [সং. সহ + অবশেষ]।

সাব-সর (p. 828) [sāba-sara] বিণ. অবসরযুক্ত, অবসর আছে এমন। [সং. সহ + অবসর]।

সাব-হিত (p. 828) [sāba-hita] বিণ. (বাং. প্রয়োগ) সাবধান, সতর্ক। [সং. সহ + অবসর]।

সাবাড় (p. 828) [sābāḍ়] বিণ. 1 সমাপ্ত, শেষ, খতম; 2 নিঃশেষ, সম্পূর্ণ ব্যয়িত; 3 ধ্বস্ত, বিনষ্ট (ঘরবাড়ি সব সাবাড়)। [দেশি]।

সাবান (p. 828) [sābāna] বি. ক্ষার চর্বি তেল প্রভৃতি সহযোগে প্রস্তুত ময়লা দূর করার দ্রব্যবিশেষ (সাবান দেওয়া, সাবান মাখা)। [পো. sabao, ফ. savon]।

সাবালক (p. 828) [sābālaka] বিণ. বয়ঃপ্রাপ্ত, প্রাপ্তবয়স্ক, স্বাধীনভাবে জীবনযাপনের উপযুক্ত বয়সপ্রাপ্ত। [আ. 'নাবালিগ্' এর অনুকরণে]। স্ত্রী. সাবালিকা।

সাবিত্রী (p. 828) [sābitrī] বি. 1 বেদ-মন্ত্রের উৎস, গায়ত্রী (সাবিত্রীমন্ত্র); 2 ব্রহ্মার পত্নী; 3 সূর্যের অধিষ্ঠাত্রী দেবতা; 4 দুর্গা; 5 (পুরাণে) সত্যবানের পত্নী, অশ্বপতির কন্যা। [সং. সবিতৃ + অ + ঈ]। ˜ পতিত বিণ. যথাকালে যার উপনয়ন হয়নি।

সাবুদ, সাবুত (p. 828) [sābuda, sābuta] বি. প্রমাণ (সাক্ষীসাবুদ)। □ বিণ. প্রমাণীকৃত (সাবুদ করা)। [আ. সুবুত্]।

সাবেক (p. 828) [sābēka] বিণ. প্রাচীন, পুরাতন, পূর্বেকার (সাবেক কাল, সাবেক ফ্যাশান)। [আ. সাবিক]। সাবেকি বিণ. সাবেক; প্রাচীনকালের, প্রাচীনপন্হী (সাবেকি লোক, সাবেকি ফ্যাশান)।

সাবো-তাজ (p. 828) [sābō-tāja] বি. অন্তর্ঘাতমূলক কাজ; ষড়যন্ত্র। [ইং. < ফ. sabotage]।

সাব্যস্ত (p. 828) [sābyasta] বিণ. নির্ধারিত, নির্ণীত; বিবেচিত (দোষী সাব্যস্ত হল)। [সং. সব্যবস্থ অথবা আ. সাবুত থেকে]।

সাভি-নিবেশ (p. 828) [sābhi-nibēśa] বিণ. অভিনিবেশপূর্ণ, মনোযোগপূর্ণ। [সং. সহ + অভিনিবেশ]।

সাম (p. 828) [sāma] (-মন্) বি. 1 চতুর্বেদের অন্যতম, সামবেদ; ওই বেদের গেয় মন্ত্র, সামগান; 2 রাজনীতির উপায়বিশেষ, শত্রুকে বশীভূত করার উপায়, তোষণ, সন্ধিস্থাপন। [সং. √ সো + মন্]। ˜ গান বি. সামবেদের গেয় মন্ত্র।

সামগ্রিক (p. 828) [sāmagrika] বিণ. 1 পুরোপুরি, সম্পূর্ণ (সামগ্রিক চিত্র, সামগ্রিক জীবন); 2 সমগ্রভাবে কৃত। [সং. সমগ্র + ইক]।

সামগ্রী (p. 828) [sāmagrī] বি. 1 (বাং.) দ্রব্য, জিনিস (প্রয়োজনের সামগ্রী); 2 (সং.) সমূহ (দ্রব্যসামগ্রী)। [সং. সমগ্র + অ + ঈ]।

সামগ্র্য (p. 828) [sāmagrya] বি. সমগ্রতা, সাকল্য; পূর্ণতা। [সং. সমগ্র + য]।

সামঞ্জস্য (p. 828) [sāmañjasya] বি. 1 ঔচিত্য, সমীচীনতা; 2 সংগতি, মিল (ঘটনার সঙ্গে বর্ণনার সামঞ্জস্য); 3 খাপ খাওয়ানো (এক অংশের সঙ্গে অন্য অংশের সামঞ্জস্য)। [সং. সমঞ্জস + য]। ˜ পূর্ণ বিণ. সামঞ্জস্য বা সংগতি আছে এমন (সামঞ্জস্যপূর্ণ উক্তি, সামঞ্জস্যপূর্ণ কাজ)।

সামনা (p. 828) [sāmanā] বি. (আঞ্চ.) সম্মুখ।˜ সামনি বিণ. ক্রি-বিণ. 1 সম্মুখবর্তী; 2 মুখোমুখি; 3 সমক্ষে। সামনে ক্রি-বিণ. সম্মুখে (চোখের সামনে)। [হি. সামনা, সামনে]।

সামন্ত (p. 828) [sāmanta] বি. 1 অধীন নৃপতি; 2 করদ অধিনায়ক; 3 প্রধান প্রজা, মোড়ল; 4 প্রতিবেশী; 5 উপাধিবিশেষ। [সং. সমন্ত (প্রান্ত) + অ]।˜ তন্ত্র বি. 1 সামন্তদের দ্বারা পরিচালিত শাসনব্যবস্থা; feudal government; 2 সামন্তপ্রথা, feudalism.

সামবায়িক (p. 828) [sāmabāẏika] বিণ. 1 সমবায়সম্বন্ধীয়; 2 সমবায়বিশিষ্ট। [সং. সমবায় + ইক]।

সাময়িক (p. 828) [sāmaẏika] বিণ. 1 সময়বিশেষে ঘটে এমন (সাময়িক ঘটনাবলি); 2 অল্পকালস্থায়ী (সাময়িক ক্রোধ বা উত্তেজনা); 3 সময়োচিত (সাময়িক বন্দোবস্ত); 4 বর্তমান ঘটনাবলি সংক্রান্ত বা নির্দিষ্ট সময়ান্তরে প্রকাশ্য (সাময়িক পত্র)। [সং. সময় + ইক]। সাময়িকি বি. বর্তমান বা চলতি সময়ের প্রসঙ্গ। [সাময়িক + বাং. ই]। সাময়িকী বিণ. সাময়িক -এর স্ত্রীলিঙ্গে।

সামরিক (p. 828) [sāmarika] বিণ. 1 যুদ্ধসংক্রান্ত; 2 যুদ্ধোপযোগী বা যুদ্ধে প্রয়োজনীয়; 3 যুদ্ধকালীন; 4 সমরপ্রিয়, রণদক্ষ (সামরিক জাতি)। [সং. সমর + ইক]। সামরিক অভ্যুত্থান কোনো দেশে সামরিক বাহিনীর দ্বারা রাষ্ট্রীয় ক্ষমতা দখল। সামরিক আইন যুদ্ধকালীন অবস্থায় প্রযোজ্য বিশেষ আইন।

সামর্থ্য (p. 828) [sāmarthya] বি. 1 ক্ষমতা, যোগ্যতা; 2 শক্তি, বল। [সং. সমর্থ + য]। সামর্থ্যানু-যায়ী বিণ. ক্রি-বিণ. ক্ষমতা অনুযায়ী (প্রত্যেকের সামর্থ্যানুযায়ী অর্থদান)।

সামলা (p. 828) [sāmalā] ক্রি. সামলানো। [সামাল দ্র-তু. হি. সঁভালনা]।˜ নো ক্রি. 1 সংবরণ করা; 2 রোধ করা (চোখের জল সামলানো); 3 সংযত করা (রাগ বা মুখ সামলানো, লোভ সামলানো); 4 রক্ষা করা, সংরক্ষণ করা (টাকাকড়ি সামলানো); 5 আয়ত্তে রাখা (ছেলে বা ঘর সামলানো); 6 উত্তীর্ণ হওয়া, রক্ষা পাওয়া (রোগ বা বেদনার দায় থেকে সামলে ওঠা)। □ বি. উক্ত সব অর্থে।

সাম-সময়িক (p. 828) [sāma-samaẏika] সমকালীন-অর্থে সমসাময়িক -এর শুদ্ধ কিন্তু অপ্র. রূপ।

সামাজিক (p. 828) [sāmājika] বিণ. 1 সমাজসম্বন্ধীয় (সামাজিক প্রবন্ধ); 2 সমাজে প্রচলিত বা স্বীকৃত (সামাজিক নিয়ম, সামাজিক বৈষম্য); 3 সমাজে বাসকারী; সমাজবদ্ধ (সামাজিক জীব); 4 মিশুক সামাজিক ধরনের লোক); 5 (বর্ত. বিরল) সভ্য, সদস্য। [সং. সমাজ + ইক]।˜ তা বি. 1 সামাজিক ব্যবহার বা ভাব; 2 সভ্যতা; 3 (বাং.) সমাজে প্রচলিত প্রথানুযায়ী ক্রিয়াকর্মে প্রদেয় উপঢৌকনাদি; লৌকিকতা।

সামান্তরিক (p. 828) [sāmāntarika] বি. (জ্যামি.) দুইজোড়া সমান্তরাল রেখাবেষ্টিত চতুষ্কোণ ক্ষেত্র, parallelogram. [সং. সমান্তর + ইক]।

সামান্য (p. 828) [sāmānya] বিণ. 1 সাধারণ, গতানুগতিক, বৈশিষ্ট্যবিহীন (সামান্য লোক ছিলেন না); 2 জাতির অথবা বর্গের সকলের মধ্যে বর্তমান (সামান্য ধর্ম); 3 সর্ববিষয়ক; 4 (বাং.) তুচ্ছ (সামান্য ব্যাপার, সামান্য তফাত); 5 অতি অল্প (সামান্য একটু দুধ)। □ বি. বর্গের সকলের মধ্যে বিদ্যমান লক্ষণসমূহ, জাতিসাধর্ম্য। [সং. সমান + য]। স্ত্রী. সামান্যা। ˜ ত (-তস্), বর্জি. ˜ তঃ অব্য. ক্রি-বিণ. সাধারণত। ˜ তা বি. স্বল্পতা, তুচ্ছতা (আয়োজনের সামান্যতা)।

সামাল (p. 828) [sāmāla] অব্য. সাবধান, সতর্ক হও ('সামাল সামাল পুরুষ সামাল')। □ বি. সংবরণ, রোধ, রক্ষা (সামাল করা)। সামাল দেওয়া বি. ক্রি. সামলানো। [হি. সঁভাল্ < সং. সম্ + √ বৃ]।

সামীপ্য (p. 828) [sāmīpya] বি. নৈকট্য, নিকটবর্তিতা (দুই দেশের পরস্পর সামীপ্য)। [সং. সমীপ + য]।

সামুদ্র, সামুদ্রিক, সামুদ্রক (p. 828) [sāmudra, sāmudrika, sāmudraka] বি. স্ত্রীপুরুষের কররেখা ও দেহস্থ অন্যান্য চিহ্নদ্বারা শুভাশুভ নির্ণয়ের শাস্ত্র। □ বিণ. 1 সামুদ্রশাস্ত্র-ব্যবসায়ী; 2 সমুদ্রসম্বন্ধীয়; 3 সমুদ্রজাত (সামুদ্রিক ঝড়)। [সং. সমুদ্র + অ, ইক, ক]। ˜ বিদ্যা বি. 1 সামুদ্রিক শাস্ত্র; 2 সামুদ্রিক শাস্ত্রে জ্ঞান।

সাম্পান (p. 828) [sāspāna] বি. (সমুদ্রে চলবার পক্ষে উপযুক্ত এবং মূলত পূর্ব এশিয়ায় প্রচলিত) ক্ষুদ্র নৌকাবিশেষ। [চৈ. সাং. পাং]।

সাম্প্রতিক (p. 828) [sāmpratika] বিণ. আজকালকার (সাম্প্রতিক পরিবর্তন)। [সং. সম্প্রতি + ইক]।

সাম্প্র-দায়িক (p. 828) [sāmpra-dāẏika] বিণ. 1 (সং.) পরম্পরাপ্রাপ্ত (সাম্প্রদায়িক ব্যাখ্যা); 2 সম্প্রদায়সম্বন্ধীয়, বিভিন্ন সম্প্রদায়গত বা দলঘটিত; 3 (বাং.) সম্প্রদায়গত ভেদবুদ্ধিসম্পন্ন, communal. [সং. সম্প্রদায় + ইক]। বি. ̃ তা।

সাম্মানিক (p. 828) [sāmmānika] বিণ. (ডিগ্রি পরীক্ষায়) বিশেষ সম্মানের নিদর্শনসূচক (সাম্মানিক পাঠক্রম বা উপাধি, honours syllabus or degree)। [সং. সম্মান + ইক]।

সাম্য (p. 828) [sāmya] বি. 1 সমতা (ভারসাম্য); 2 তুল্যতা, সাদৃশ্য (স্ত্রীপুরুষের অধিকারের সাম্য); 3 রাগদ্বেষাদিবর্জিত মনের প্রশান্ত ও নির্বিকার অবস্থা; 4 সমদর্শিতা। [সং. সম + য]। ̃ বাদ বি. উচ্চনীচ বা নরনারী নির্বিশেষে রাষ্ট্রের সকল লোকের সমান অধিকার প্রাপ্য; এই মতবাদ; (শিথি.) communism. ̃ বাদী (-দিন্) বিণ. সাম্যবাদ মানে এমন।

সাম্রাজ্য (p. 828) [sāmrājya] বি. 1 সম্রাটের শাসনাধীন রাজ্য বা রাজ্যসমূহ; 2 কয়েকটি অধীন রাজ্য নিয়ে গঠিত অধিরাজ্য; 3 বিস্তৃত রাজ্য। [সং. সম্রাজ্ + য]। ̃ বাদ বি. পররাজ্যের উপর কর্তৃত্ববিস্তাররূপ রাজনৈতিক কূটকৌশল, imperialism. ̃ বাদী (-দিন্) বিণ. সাম্রাজ্যবাদের সমর্থক, imperialist.

সাযুজ্য (p. 828) [sāyujya] বি. 1 সহযোগ; 2 অভেদ, একত্ব; 3 (সং.) পঞ্চবিধ মুক্তির অন্যতম; 4 (সং.) পরমাত্মার সঙ্গে জীবাত্মার একত্ব বা অভেদ। [সং. সযুজ্ (সহ + √ যুজ্ + ক্বিপ্) + য]।

সায়1 (p. 828) [sāẏa1] বি. সম্মতি, সমর্থন (পরের কথায় সায় দেওয়া, এ ব্যাপারে আমার সায় নেই)। [দেশি]।

সায়2 (p. 828) [sāẏa2] বি. 1 নাশ; 2 অবসান; 3 সন্ধ্যাকাল। □ বিণ. (বাং.) অবসানপ্রাপ্ত, সমাপ্ত, সাঙ্গ ('সে গান তোমার করো সায়': রবীন্দ্র)। [সং. √ সো + অ]।

সায়ং-কাল (p. 828) [sāẏa-ṅkāla] বি. সন্ধ্যাবেলা, দিনের অবসানকাল। [সং. সায়ম্ + কাল]।

সায়ং-কৃত্য (p. 828) [sāẏa-ṅkṛtya] বি. সন্ধ্যাকালে করণীয় কাজ বা উপাসনাদি নিত্যকর্ম। [সং. সায়স্ + কৃত্য (সুপ্সুপা)]।

সায়ং-সন্ধ্যা (p. 828) [sāẏa-ṃsandhyā] বি. সন্ধ্যাকালীন আহ্নিক। [সং. সায়ম্ + সন্ধ্যা]।

সায়ক (p. 828) [sāẏaka] বি. 1 বাণ; 2 খড়্গ। [সং. √ সো + অক]।

সায়ন্তন (p. 828) [sāẏastana] বিণ. সন্ধ্যাকালীন। [সং. সায়ম্ + তন]।

সায়-বানা (p. 828) [sāẏa-bānā] বি. শামিয়ানা। [ফা. সাএবান্]।

সায়মাশ (p. 828) [sāẏamāśa] বি. সায়ংকালের অর্থাত্ সন্ধ্যার ভোজন, সান্ধ্যভোজ। [সং. সায়ম্ + আশ]।

সায়র (p. 828) [sāẏara] বি. 1 (সচ. কাব্যে) সমুদ্র; 2 সরোবর ('অমীয়া সায়রে')। [সং. সাগর]।

সায়াহ্ন (p. 828) [sāẏāhna] বি. সন্ধ্যা, সাঁঝ। [সং. সায় (=অবসান) + অহন্ + অ]। ̃ কৃত্য বি. সায়ংকৃত্য।

সার1 (p. 830) [sāra1] বি. পঙ্ক্তি, শ্রেণি (সারে সারে সাজানো)। [সারি2 দ্র]।

সার2 (p. 830) [sāra2] বি. 1 ব্রিটিশ সরকার প্রদত্ত উচ্চ খেতাববিশেষ (সার সুরেন্দ্রনাথ); 2 শিক্ষক অফিসার প্রভৃতি মাননীয় ব্যক্তিকে সম্বোধনের শব্দ। [ইং. sir]।

সার3 (p. 830) [sāra3] বি. 1 শ্রেষ্ঠ বা উৎকৃষ্ট অংশ (সর্বধর্মের সার); 2 বৃক্ষাদির শক্ত মজ্জা; 3 দুগ্ধাদির সর বা ননি; 4 তেজ; বীর্য; 5 গূঢ় তাৎপর্য, মর্মার্থ, সংক্ষিপ্ত নিষ্কর্য (শাস্ত্রের সার); 6 জমির উর্বরতাবৃদ্ধিকারী পদার্থ, fertilizer manure (খেতে সার দেওয়া); 7 একমাত্র সম্বল (কেবল কথাই সার)। □ বিণ. 1 শ্রেষ্ঠ (সার তত্ত্ব, সারাংশ)। [সং. √ সৃ + অ]। ̃ কুঁড় বি. সার তৈরি করার উদ্দেশ্যে গোময়াদি রাখার কুণ্ড। ̃ গর্ভ বিণ. উৎকৃষ্ট গুণ বা ধর্মযুক্ত, অন্তঃসারবিশিষ্ট (সারগর্ভ উপদেশ)। ̃ গাদা বি. সার তৈরি করার জন্য স্তূপাকার করে রাখা গোবর; যেখানে উক্ত স্তূপ রাখা হয়। ̃ গ্রাহী (-হিন্) বিণ. গূঢ় তাৎপর্য

উপলব্ধি করতে সমর্থ; উৎকৃষ্ট বা শ্রেষ্ঠ অংশ গ্রহণ করে এমন। ˜ তরু বি. 1 জমির উর্বরতাবর্ধক গাছ; 2 কলাগাছ। ˜ বান (-বত্) বিণ. সারযুক্ত, সারগর্ভ, উৎকৃষ্ট। বি.˜ বত্তা। ˜ ভূত বিণ. 1 সারবস্তুতে পরিণত; 2 সারস্বরূপ, শ্রেষ্ঠ। ˜ মর্ম বি. শ্রেষ্ঠ অংশ; মূল অংশ; সারাংশ। ˜ মাটি বি. জমির উর্বরতাবর্ধক মাটি; সারযুক্ত মাটি। ˜ লৌহ বি. ইস্পাত। ˜ সংক্ষেপ বি. সংক্ষেপে মূল অংশ বা বিষয়ের বর্ণনা; সারাংশ। ˜ সংগ্রহ বি. সার অংশ বা প্রকৃত তাৎপর্য গ্রহণ। ˜ হীন, ˜ শূন্য বিণ. সারপদার্থহীন; মজ্জাশূন্য; অসার।

সারং (p. 830) [sāra] বি. সংগীতের প্রাতঃকালীন রাগবিশেষ। [গৌড়সারং, বৃন্দাবনি সারং)। [সং. সারঙ্গ]।

সারক (p. 830) [sāraka] বিণ. বিরেচক, জোলাপ। [সং. √ সৃ + ণিচ্ + অক]।

সারঙ্গ (p. 830) [sāraṅga] বি. বিচিত্র চক্রচিহ্নযুক্ত হরিণবিশেষ, চিতল হরিণ। [সং. সার বা শার (=চিত্রবিচিত্র) + অঙ্গ]। স্ত্রী. সারঙ্গা, সারঙ্গী1।

সারঙ্গী2, সারেঙ্গি (p. 830) [sāraṅgī2, sārēṅgi] বি. ছড় দিয়ে বাজাতে হয় এমন বেহালাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, সারিন্দা। [সং. √ সৃ + অঙ্গ, + ঈ]। সারঙ্গী3 বি. সারঙ্গবাদক।

সার-জেন্ট (p. 830) [sāra-jēnṭa] বি. 1 সৈনিকের পদবিশেষ; 2 পুলিশ অফিসারবিশেষ। [ইং. sergeant]।

সারণ (p. 830) [sāraṇa] বি. অপসারণ, চালন। [সং. √ সৃ + ণিচ্ + অন]।

সারণি, সারণী (p. 830) [sāraṇi, sāraṇī] বি. 1 ক্ষুদ্র নদী; 2 তালিকা, নির্ঘণ্ট, table (স. প.)। [সং. √ সৃ + ণিচ্ + অনি, + ঈ]।

সারতরু (p. 830) [sārataru] দ্র সার3।

সারথি (p. 830) [sārathi] বি. রথচালক। [সং. √ সৃ + ণিচ্ + অথি]। সারথ্য বি. সারথির বৃত্তি।

সারবত্তা (p. 830) [sārabattā] দ্র সার3।

সার-বন্দি (p. 830) [sāra-bandi] বিণ. পাশাপাশি একসারিতে অবস্থিত, শ্রেণিবদ্ধ (সারবন্দি বাড়ি, সারবন্দি গাছ)। [সারিবন্দি দ্র]।

সারমেয় (p. 830) [sāramēẏa] বি. কুকুর। [সং. সরমা + এয়]। স্ত্রী. সারমেয়ী।

সারল্য (p. 830) [sāralya] বি. সরলতা (শিশুর সারল্য)। [সং. সরল + য]।

সারস (p. 830) [sārasa] বি. জলা জমিতে বিচরণকারী বকজাতীয় বড়ো পাখিবিশেষ। [সং. সরস্ + অ]। স্ত্রী. সারসী।

সার-সন (p. 830) [sāra-sana] বি. 1 পুরুষের কটিবন্ধ; 2 স্ত্রীলোকের কোমরের চন্দ্রহার বা অনুরূপ অলংকার। [সং. সার (=বল) √ সন্ (দানার্থক) + অ]।

সারস্বত (p. 830) [sārasbata] বিণ. 1 সরস্বতীসম্বন্ধীয় বা বিদ্যাসম্বন্ধীয় (সারস্বত সাধনা); 2 বিদ্বান। □ বি. 1 দিল্লির উত্তর পশ্চিমস্থ প্রাচীন স্থানবিশেষ; 2 সারস্বতদেশীয় ব্রাহ্মণবিশেষ। [সং. সরস্বতী + অ]। সারস্বত সমাজ বি. বিদ্বন্মণ্ডলী, পণ্ডিতসমাজ; সাহিত্যিকবৃন্দ। সারস্বত সাধনা বি. বিদ্যাচর্চা, জ্ঞানচর্চা।

সারা1 (p. 830) [sārā1] বিণ. সমস্ত, সমগ্র (সারা দিন, সারা দুনিয়া)। [সং. সর্ব]।

সারা2 (p. 830) [sārā2] বিণ. ক্লান্ত, হয়রান, আকুল ('নবশশী হেসে সারা': দে. সে; ডেকে ডেকে সারা, কেঁদে সারা)। [< সং. √ সৃ + অ + বাং. আ]।

সারা3 (p. 830) [sārā3] ক্রি. 1 সাবধানে বা সঙ্গোপনে রাখা (সে টাকাগুলি সেরে রেখেছে); 2 সম্পাদন করা বা সমাপ্ত করা (দায় সারা); 3 সর্বনাশ করা, বিপদে বা দুর্দশায় ফেলা (জুয়ায় তাকে সেরেছে); 4 নষ্ট করা বা পণ্ড করা (দফা সেরেছে); 5 মেরামত করা (ভাঙা ঘড়ি সারা); 6 সংশোধন করা, শোধরানো (চরিত্র সারা, ভুল সারা, হাতের লেখা সারা); 7 আরোগ্যলাভ করা (রোগ সারা, সেরে ওঠা)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. 1 লুক্কায়িত; 2 মেরামত-করা; 3 দুর্দশাগ্রস্ত; নষ্ট; পণ্ড। [সং. √ সৃ + বাং. আ]। ˜ নো ক্রি. মেরামত করানো (বাড়ি সারানো); 2 সংশোধন করানো; 3 সমাপ্ত করানো; 4 মুক্ত করা (রোগ সারানো); 5 নীরোগ করা (শরীর সারানো)। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

সারাই (p. 830) [sārāi] বি. মেরামত (ছাতা সারাই করা); সংশোধন। [সারা3 দ্র]।

সারাংশ (p. 830) [sārāṃśa] বি. 1 মূল অংশ বা শ্রেষ্ঠ অংশ। [সং. সার3 + অংশ]।

সারাত্‌-সার (p. 830) [sārāt-sāra] বি. সারের সার, শ্রেষ্ঠ অংশ ('অন্ধকারের সারাৎসার অনন্ত মৃত্যুর মত মিশে থাকে': জী. দা.; বক্তব্যের সারাৎসার)। [সং. সারাত্‌ (সার শব্দের 5মী বিভক্তি) + সার]।

সারালো (p. 830) [sārālō] বিণ. সারযুক্ত; গ্রহণযোগ্য (সারালো যুক্তি)। [সং. সার + বাং. আলো]।

সারি1 (p. 830) [sāri1] বি. মাঝিমাল্লাদের গানবিশেষ। [তু. সারি2]।

সারি2 (p. 830) [sāri2] বি. পঙ্‌ক্তি, শ্রেণি। [তু. সং. সারি; তু. মারা. শাঈর]।˜ বদ্ধ,˜ বন্দি বিণ. শ্রেণিবদ্ধ। সারি সারি ক্রি-বিণ. শ্রেণিবদ্ধভাবে, বহু সারিতে।

সারি3, সারিকা (p. 831) [sāri3, sārikā] যথাক্রমে শারি ও শারিকা -র বানানভেদ। সারিগান দ্র সারি1।

সারি-গামা (p. 831) [sāri-gāmā] বি. স্বরগ্রাম-এর সাতটি স্বরের সংক্ষিপ্ত রূপ।

সারিন্দ (p. 831) [sārinda] দ্র সারেং2।

সারূপ্য (p. 831) [sārūpya] বি. 1 সমরূপতা; 2 পঞ্চবিধ মুক্তির মধ্যে একপ্রকার মুক্তি; 3 ঈশ্বরের সমান রূপ প্রাপ্তি। [সং. সরূপ + য]।

সারেং1 (p. 831) [sārē1] বি. 1 নদীগামী স্টিমার বা জাহাজের প্রধান মাঝি বা পরিচালক; 2 সমুদ্রগামী জাহাজের প্রধান মাল্লা। [ফা. সরহঙ্]।

সারেং2 (p. 831) [sārē2] বি. বেহালার মতো তারের বাদ্যযন্ত্রবিশেষ, সারেঙ্গি। [সং. সারঙ্গ বা সারঙ্গী]। সারিন্দা বি. সারেঙ্গি বা তৎসদৃশ বাদ্যযন্ত্র।

সারেঙ, সারেঙ্গ-সারেং1, 2 (p. 831) [sārēṅa, sārēṅga-sārē1, 2] এর বানানভেদ।

সারোদ্ধার (p. 831) [sārōddhāra] বি. 1 প্রকৃত তাৎপর্য বা গূঢ় নিরূপণ; 2 সংক্ষিপ্ত বিবরণ। [সং. সার + উদ্ধার]।

সার্কাস (p. 831) [sārkāsa] বি. (প্রধানত বন্য ও হিংস্র জন্তুজানোয়ার নিয়ে) ব্যায়ামকৌশল ও চিত্তাকর্ষক খেলার প্রদর্শন। [ইং. circus]।

সার্জন (p. 831) [sārjana] বি. অস্ত্রচিকিৎসক। [ইং. surgeon]।

সার্টি-ফিকেট (p. 831) [sārṭi-phikēṭa] বি. 1 প্রশংসাপত্র; 2 নিদর্শনপত্র, প্রমাণপত্র; 3 উপাধিপত্র (বি এ-র সার্টিফিকেট)। [ইং. certificate]।

সার্থ1 (p. 831) [sārtha1] বি. 1 সঙ্গী; 2 সমূহ; 3 জন্তুসমূহ, পশুর দল (সার্থভ্রষ্ট হাতি)। [সং. √ সৃ + ণিচ্ + থ]।

সার্থ2 (p. 831) [sārtha2] বি. বণিকসমূহ। □ বিণ. 1 ধনবান; 2 তাৎপর্যপূর্ণ বা অর্থযুক্ত। [সং. সহ + অর্থ]।˜ বাহ বি. 1 একত্র গমনকারী বণিকদল বা তার নেতা; 2 বণিক; 3 পথপ্রদর্শক।

সার্থক (p. 831) [sārthaka] বিণ. 1 অর্থযুক্ত (সার্থকনামা); 2 সফল, চরিতার্থ (জন্ম সার্থক, সার্থক চেষ্টা)। [সং. সহ + অর্থ + ক]। বি.˜ তা।˜ নামা বিণ. যার নাম অর্থপূর্ণ; নামজাদা।

সার্থবাহ (p. 831) [sārthabāha] দ্র সার্থ2।

সার্ধ (p. 831) [sārdha] বিণ. এক এবং আধ, সাড়ে; দেড়। [সং. সহ + অর্ধ]।

সার্ব (p. 831) [sārba] বিণ. 1 সর্বসম্বন্ধীয়; 2 সর্বহিতকর (সার্বদেশিক সৌহার্দ্য)। [সং. সর্ব + অ]।˜ কালিক বিণ. সকল কালের, চিরন্তন; চিরস্থায়ী।˜ জনিক বিণ. সকলের সঙ্গে সম্বন্ধযুক্ত (সার্বজনিক কল্যাণ)।˜ জনীন বিণ. 1 সকলের যোগ্য, সর্বজনের জন্য অনুষ্ঠিত; 2 সর্ববিদিত (সার্বজনীন উৎসব)। [সর্বজনীন দ্র]।

সার্বত্রিক (p. 831) [sārbatrika] বিণ. সর্বত্রব্যাপী (সার্বত্রিক নিয়ম)। [সং. সর্বত্র + ইক]।

সার্ব-ভৌম (p. 831) [sārba-bhauma] বি. 1 রাজচক্রবর্তী; 2 সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ। □ বিণ. 1 জগদ্ব্যাপী; 2 বিশ্ববিখ্যাত; 3 অবাধ (সার্বভৌম কর্তৃত্ব)। [সং. সর্বভূমি + অ]। সার্ব-ভৌমিক (বাং.) বিণ. 1 বিশ্বব্যাপী; 2 দেশ ও কালের সীমার বহির্ভূত, universal. ('সাহিত্যের এক অংশ সার্বভৌমিক': রবীন্দ্র)। সার্ব-ভৌমিকতা বি. সকল দেশে ও কালে ব্যাপ্তি (কার্য-কারণবিধির সার্বভৌমিকতা)।

সার্বিক (p. 831) [sārbika] বিণ. 1 সর্ববিষয়ব্যাপী; 2 সর্বজনসম্বন্ধীয় (সার্বিক উন্নয়ন, সার্বিক পরিস্থিতি)। [সং. সর্ব + ইক]।

সার্ষপ (p. 831) [sārṣapa] বিণ. 1 সর্ষপসম্বন্ধীয়; 2 সরিষা থেকে উৎপন্ন। [সং. সর্ষপ + অ]।

সার্ষ্টি (p. 831) [sārṣṭi] বি. 1 সমান গতি বা শক্তি লাভ; 2 পঞ্চবিধ মুক্তির মধ্যে চতুর্থ প্রকার মুক্তি; 3 ঈশ্বরের সমান শক্তি লাভ। [সং. স(=সমান) + ঋষ্টি (=গতি)]।

সাল2 (p. 831) [sāla2] বি. 1 অব্দ; 2 বাংলা বা হিজরি সন। [ফা.]। ˜ তামামি বি. বছরের শেষের বা বার্ষিক বিবরণ বা হিসাবনিকাশ।

সালং-কার (p. 831) [sāla-ṅkāra] বিণ. 1 গহনাপরিহিত; 2 বাক্যালংকারযুক্ত। [সং. সহ + অলংকার]। স্ত্রী. সালং-কারা।

সালতামামি (p. 831) [sālatāmāmi] দ্র সাল2।

সালন (p. 831) [sālana] বি. লংকার ঝালযুক্ত মাছ-মাংস বা তরিতরকারির তরল ব্যঞ্জনবিশেষ বা ঝোল। [তু. হি. সালন]।

সালম-মিছরি (p. 831) [sālama-michari] বি. কবিরাজি ওষুধে ব্যবহৃত কন্দবিশেষ। [আ. সালব-মিস্রি]।

সালসা (p. 831) [sālasā] বি. রক্তশোধক ওষুধবিশেষ। [পো. salsa]।

সালিয়ানা (p. 831) [sāliẏānā] বি. বাৎসরিক বৃত্তি বা খাজনা। □ বিণ. বার্ষিক। [ফা. সাল-আনাহ্]।

সালিশ (p. 831) [sāliśa] বি. মধ্যস্থ। [ফা.]। সালিশি বি. সালিশের কাজ, মধ্যস্থতা। □ বিণ. মধ্যস্থদ্বারা বিচার্য; মধ্যস্থতাসংক্রান্ত।

সালোক্য (p. 831) [sālōkya] বি. পঞ্চবিধ মুক্তির অন্যতম; ঈশ্বরের একলোকে বাসরূপ মুক্তিবিশেষ। [সং. সলোক (সমান + লোক) + য]।

সালোয়ার (p. 831) [sālōẏāra] বি. মেয়েদের পাজামা জাতীয় নিম্নাঙ্গের পোশাকবিশেষ। [ফা. সালওয়ার]। ˜ কামিজ বি. সালোয়ার ও ঢিলে জামা।

সাশ্রয় (p. 831) [sāśraẏa] বি. ব্যয়লাঘব। [সং. সু বা সহ + আশ্রয়]।

সাশ্রু (p. 831) [sāśru] বিণ. অশ্রুপূর্ণ (সাশ্রুলোচনে)। [সং. সহ + অশ্রু]।

সাষ্টাঙ্গ (p. 831) [sāṣṭāṅga] বিণ. জানু চরণ হস্ত বক্ষ মস্তক চক্ষু দৃষ্টি ও বাক্য; এই অষ্ট অঙ্গের দ্বারা কৃত (সাষ্টাঙ্গ প্রণাম)। [সং. সহ + অষ্টাঙ্গ]। সাষ্টাঙ্গে ক্রি-বিণ. অষ্টাঙ্গের সঙ্গে অর্থাত্ ভূমিতে উপুড় হয়ে শুয়ে (সাষ্টাঙ্গে প্রণাম করা)। ̃ প্রণাম বি. ভূমিতে উপুড় হয়ে শুয়ে প্রণাম।

সাস্না (p. 831) [sāmnā] বি. গোরুর গলকম্বল। [সং. √ সস্ + ন + আ (নি.)]।

সাহংকার (p. 831) [sāhaṅkāra] বিণ. অহংকারপূর্ণ। [সং. সহ + অহংকার]। সাহং-কারে ক্রি-বিণ. অহংকারের সঙ্গে।

সাহ-চর্য (p. 832) [sāha-carya] বি. 1 সঙ্গ; 2 সহায়তা। [সং. সহচর + য]।

সাহজিক (p. 832) [sāhajika] বিণ. স্বাভাবিক, স্বভাবসিদ্ধ। [সং. সহজ + ইক]।

সাহস (p. 832) [sāhasa] বি. 1 ভয়শূন্যতা, নির্ভীকতা; 2 বিপজ্জনক কাজে উদ্যম; 3 স্পর্ধা (তার সাহস বড়ো বেড়েছে)। [সং. সহস্ (=বল বা তেজ) + অ]।

সাহসিক বিণ. সাহসযুক্ত; যে বিবেচনারহিত কাজ করে। স্ত্রী. সাহসিকী। বি. সাহসিকতা। সাহসী (-সিন্) বিণ. সাহস আছে এমন। স্ত্রী. সাহসিনী।

সাহা (p. 832) [sāhā] বি. বণিক জাতির (বিশেষত শৌণ্ডিক জাতির) উপাধিবিশেষ; বাঙালি হিন্দুর পদবিবিশেষ। [সং. সাধু > সাহু]।

সাহায্য (p. 832) [sāhāyya] বি. 1 সহায়তা (যুক্তির সাহায্যে); 2 উপকার, আনুকূল্য (বিপদে সাহায্য করা)। [সং. সহায় + য]।

সাহিত্য (p. 832) [sāhitya] বি. 1 সাহিতের ভাব, মিলন, যোগ (কবির ও সহৃদয় কাব্যপাঠকের সাহিত্য, শব্দ ও অর্থের সাহিত্য); 2 জ্ঞানগর্ভ বা শিক্ষামূলক গ্রন্হ (ধর্মসাহিত্য); 3 কাব্য প্রবন্ধ-উপন্যাসাদি চিন্তামূলক বা রসাত্মক বা রম্য রচনা (রসসাহিত্য, সাহিত্য-সংগীত-কলা); 4 (বাং.) গ্রন্হ, রচনা (প্রবন্ধ-সাহিত্য, প্রচার-সাহিত্য)। [সং. সহিত + য]। ̃ কলা, ̃ শিল্প বি. কাব্য-উপন্যাসাদি রসাত্মক গ্রন্হরচনার কৌশল বা গ্রন্হরচনারূপ শিল্প। ̃ চর্চা, সাহিত্যানু-শীলন বি. সাহিত্যশিল্প রচনা; সাহিত্যশিল্প সম্বন্ধে আলোচনা। ̃ জগত্, সাহিত্যাকাশ বি. সাহিত্যিক সম্প্রদায় বা সাহিত্যিকদের সমাজ। ̃ বৃত্তি বি. সাহিত্যরচনারূপ উপজীবিকা। ̃ রথী বি. বিশিষ্ট সাহিত্যিক। ̃ সভা বি. সাহিত্যশিল্পাদি-সংক্রান্ত সভা বা গোষ্ঠী; সাহিত্যজগত্। ̃ সমাজ বি. সাহিত্যিকগণ; সাহিত্যিক-সম্প্রদায়। ̃ সাধক বি. 1 সাহিত্যরচনা ও সাহিত্যচর্চা যার ব্রত; 2 (শিথি.) সাহিত্যিক। ̃ সাধনা বি. সাহিত্যরচনা ও সাহিত্যচর্চারূপ ব্রত। ̃ সেবা বি. সাহিত্যরচনা ও সাহিত্যের উন্নতিবিধান। ̃ সেবক, ̃ সেবী (-বিন্) বি. বিণ. যে ব্যক্তি সাহিত্যসেবা করে; (শিথি.) সাহিত্যিক। সাহিত্যাচার্য বি. সাহিত্যশিল্প সম্বন্ধে প্রগাঢ় পণ্ডিত; সাহিত্যের

বিশিষ্ট অধ্যাপক। সাহিত্যিক বিণ. সাহিত্যশিল্প-সম্বন্ধীয় (সাহিত্যিক আলোচনা, সাহিত্যিক বৈঠক)। □ বিণ. বি. সাহিত্য-রচনাকারী।

সাহু. সাহুকার, সাহুকারি (p. 832) [sāhu. sāhukāra, sāhukāri] যথাক্রমে সাউ, সাউকার ও সাউকারি -এর সাধু ও মূল রূপ।

সাহেব (p. 832) [sāhēba] বি. 1 সম্ভ্রান্ত বা সম্মানিত ব্যক্তি, মহাশয় (বাবুসাহেব, মৌলবিসাহেব); 2 কর্তা, মালিক (অফিসের বড়োসাহেব); 3 ইংরেজ বা শ্বেতাঙ্গ পুরুষ (সাহেবপাড়া, সাহেব সাজা); 4 নকল ইয়োরোপীয় (কালা সাহেব)। [আ. সাহিব]।˜ মেম বি. শ্বেতাঙ্গ বা ইংরেজ পুরুষ ও নারী।˜ সুবো বি. সাহেব এবং সম্ভ্রান্ত ব্যক্তিগণ। সাহেবান বি. সম্ভ্রান্ত ব্যক্তিগণ। সাহেবানি বি. সম্ভ্রান্ত মহিলা। সাহেবি1, সাহেবিয়ানা বি. ইয়োরোপীয়দের তুল্য আচার-আচরণ। সাহেবি2 বিণ. সাহেবদের অর্থাত্ ইয়োরোপীয়দের তুল্য (সাহেবি পোশাক); শ্বেতাঙ্গসুলভ।

সিংহ, (কথ্য) সিংগি, সিঙ্গি (p. 832) [siṃha, (kathya) siṅgi, siṅgi] বি. 1 বিড়াল শ্রেণির অতি বলশালী হিংস্র বন্য জানোয়ারবিশেষ, পশুরাজ, কেশরী, মৃগেন্দ্র; 2 (জ্যোতিষ.) রাশিচক্রের পঞ্চম স্থান; 3 (সমাসে উত্তরপদরূপে) শ্রেষ্ঠ ব্যক্তি (পুরুষসিংহ)। [সং. √ হিন্স্ + অ]। বি. স্ত্রী. সিংহী, (বাং.) সিংহিনি।˜ দ্বার বি. 1 সিংহমূর্তিযুক্ত দ্বার; 2 প্রধান দ্বার, বিশাল অট্টালিকার সদর দরজা।˜ নাদ বি. 1 সিংহের গর্জন; 2 বীরের হুঙ্কার।˜ বাহিনী বি. (স্ত্রী.) দুর্গাদেবী।˜ বিক্রান্ত বিণ. সিংহের মতো পরাক্রান্ত। □ বি. সিংহের পদক্ষেপ।˜ শাবক,˜ শিশু বি. সিংহের বাচ্চা।

সিংহল (p. 832) [siṃhala] বি. ভারতের দক্ষিণস্থ দ্বীপবিশেষ, যার বর্তমান নাম শ্রীলঙ্কা, প্রাচীন লঙ্কাদ্বীপ। [সং. সিংহ + ল]। সিংহলি বিণ. 1 সিংহলদেশবাসী; 2 সিংহলদেশজাত; 3 সিংহলদেশসংক্রান্ত। □ বি. 1 সিংহলের অধিবাসী; 2 সিংহলের ভাষা।

সিংহাব-লোকন (p. 832) [siṃhāba-lōkana] বি. সিংহের প্রস্থানের সময় বারবার পিছনে তাকানো; (গৌণার্থে) ফেলে আসা দিনের প্রতি কিংবা অতীত কর্মের প্রতি দৃষ্টিপাত। [সং. সিংহ + অবলোকন]।

সিংহাব-লোকন-ন্যায় (p. 832) [siṃhāba-lōkana-nyāẏa] বি. ন্যায়বিশেষ, সিংহ যেমন শিকারে যাবার সময় বারবার সামনে ও পিছনে তাকায় তেমনই কোনো কাজে অগ্রসর হওয়ার সময় পূর্ববর্তী ও পরবর্তী বিষয় বিশেষভাবে বিবেচনার নীতি। [সং. সিংহ + অবলোকন + ন্যায়]।

সিংহাসন (p. 832) [siṃhāsana] বি. সিটকানো, কুঞ্চিত বা জড়সড় হওয়া (ভয়ে সিঁটিয়ে যাওয়া)। [সিটকা দ্র]।

সিঁড়ি (p. 832) [sin̐ḍ়i] বি. সোপান; মই; (নামা-ওঠার জন্য) সিঁড়ির ধাপ। [সং. শ্রেণি বা শ্রেঢ়ী]।

সিঁথি, সিঁথা (p. 832) [sin̐thi, sin̐thā] বি. সীমন্ত, মাথার কেশরাশি দুইভাগে বিন্যস্ত করলে মাঝখানে যে সরু রেখা পড়ে, টেড়ি। [< সং. সীমন্ত]।

সিঁদ, সিঁদেল (p. 832) [sin̐da, sin̐dēla] যথাক্রমে সিঁধ ও সিঁধেল -এর কথ্য রূপ।

সিঁদুর, সিঁদুরে (p. 832) [sin̐dura, sin̐durē] যথাক্রমে সিন্দুর ও সিন্দূরে -র কথ্য রূপ। (সিঁথির সিঁদুর অক্ষয় হোক, সিঁদুরে মেঘ)।

সিঁধ (p. 832) [sin̐dha] বি. (প্রধানত চুরি করার উদ্দেশ্যে) বাইরে থেকে ঘরের দেওয়ালে বা ভিতে কাটা সুড়ঙ্গ। [< সং. সন্ধি]। সিঁধ কাটা, সিঁধ দেওয়া ক্রি. বি. উক্ত সুড়ঙ্গ খনন করা।˜ কাঠি বি. সিঁধ কাটবার ছোটো শাবলবিশেষ। সিঁধেল বিণ. সিঁদ কেটে চুরি করে বা চুরি করতে দক্ষ এমন (সিধেঁল চোর)।

সিকতা (p. 833) [sikatā] বি. বালি। [সং. √ সিক্ + অত + আ]।

সিক্থ (p. 833) [siktha] (অপ্র.) বি. 1 মোম; 2 গ্রাস, ভাতের গ্রাস। [সং. √ সিচ্ + থ]।

সিকা2, (কথ্য) সিকে (p. 833) [sikā2, (kathya) sikē] বি. চার আনা মূল্যের মুদ্রা; সিকি; (বর্ত. অপ্র.) চার আনা। [ফা. আ. সিক্কহ্ (=মুদ্রা)]।

সিকি (p. 833) [siki] বি. 1 চার আনা মূল্যের মুদ্রা; 2 চার আনা; 3 চতুর্থাংশ। □ বিণ. চতুর্থাংশ-পরিমিত (সিকি ভাগ)। [ফা. আ. সিক্কহ্]।

সিক্কা (p. 833) [sikkā] বি. মুসলমান বা ইস্ট ইণ্ডিয়া কোম্পানির আমলের টাকা। [আ. সিক্কহ্]।

সিক্ত (p. 833) [sikta] বিণ. জলে ভেজা, ভেজা (সিক্ত বসন, সিক্ত কেশ)। [সং. √ সিচ্ + ত]। বিণ. স্ত্রী. সিক্তা। বি.˜ তা।

সিগ-ন্যাল (p. 833) [siga-nyāla] বি. (রেলগাড়ি ইত্যাদি যান ছাড়বার বা থামানোর নির্দেশাত্মক) সংকেত বা সংকেত-যন্ত্র। [ইং. signal]।

সিগারেট (p. 833) [sigārēṭa] বি. পাতলা সচ. সাদা কাগজে মোড়া ক্ষুদ্র চুরুটবিশেষ। [ইং. cigarette]।

সিঙ্কোনা (p. 833) [siṅkōnā] বি. উপক্ষারধারী বনৌষধিবিশেষ, যা থেকে কুইনিন প্রস্তুত হয়। [ইং. cinchona]।

সিঙ্গা-পুরি, সিঙা-পুরি (p. 833) [siṅgā-puri, siṅā-puri] বিণ. বি. সিঙাপুরের; সিঙাপুর থেকে আগত। [সিঙাপুর + বাং. ই]।

সিজ (p. 833) [sija] বি. মনসাগাছ। [দেশি]।

সিজা, সিঝা, সেঝা (p. 833) [sijā, sijhā, sējhā] ক্রি. 1 জলে ও তাপে সিদ্ধ হওয়া; 2 শুষ্ক বা শীর্ণ হওয়া ('সিজে কায়া বাড়য়ে রোগ': রা. প্র.)। [সং. √ সিধ্ + আ-তু. হি. √ সিঝা]।˜ নো ক্রি. 1 জলে ও তাপে সিদ্ধ করা; 2 শুষ্ক বা শীর্ণ করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

সিঞ্চন (p. 833) [siñcana] (বাং. প্রয়োগ) বি. সেচন, জলাদি তরল পদার্থ ছিটিয়ে দেওয়া ('অমৃতবারি সিঞ্চন কর': রবীন্দ্র)। [সং. √ সিচ্ + বাং. আ]। সিঞ্চা ক্রি. (কাব্যে) সিঞ্চন করা। সিঞ্চিত বিণ. জল ছিটিয়ে ভেজানো হয়েছে এমন, সিঞ্চন করা হয়েছে এমন। বিণ. স্ত্রী. সিঞ্চিতা।

সিট (p. 833) [siṭa] বি. আসন, বসার জায়গা (এই সিটে কে বসবে?)। [ইং. seat]।

সিটকা (p. 833) [siṭakā] ক্রি. সিটকানো। [দেশি]।˜ নো ক্রি. ঘৃণা অবজ্ঞা প্রভৃতি কারণে কুঞ্চিত বা সংকুচিত করা (নাক সিটকানো)। □ বি. বিণ. উক্ত অর্থে।

সিটা, (কথ্য) সিটে (p. 833) [siṭā, (kathya) siṭē] যথাক্রমে শিটা ও শিটে -র বানানভেদ।

সিটি (p. 833) [siṭi] বি. জোর শিস মুখ দিয়ে বাঁশির মতো শব্দ করা বা উক্ত শব্দ (সিটি দেওয়া)। [দেশি]।

সিত (p. 833) [sita] বিণ. সাদা, শুল্ক (সিত পক্ষ)। [সং. √ সি ('বন্ধনে চিত্ত বন্ধন বা আকর্ষণ করে) + ত]।˜ কণ্ঠ বি. ডাকপাখি।˜ কর বি. চন্দ্র।˜ পক্ষ বি. 1 শুক্লপক্ষ; 2 রাজহংস।˜ পুষ্প বি. 1 কাশফুল; 2 টগর। সিতাংশু বি. চন্দ্র।

সিতাংশু (p. 833) [sitāṃśu] দ্র সিত।

সিতাভ (p. 833) [sitābha] বিণ. সাদা; সাদাটে। [সং. সিত + আভা]।

সিতি (p. 833) [siti] বিণ. 1 শ্বেতবর্ণ; 2 কৃষ্ণবর্ণ বা নীলবর্ণ। [সং. √ সি + তি]।˜ কণ্ঠ বি. 1 নীলকণ্ঠ, মহাদেব; 2 ময়ূর; 3 ডাকপাখি।˜ মা (-মন্) বি. শুভ্রতা; 2 কৃষ্ণতা; 3 নীলিমা।

সিদ্ধ (p. 833) [siddha] বিণ. 1 গরম জলে বা আগুনের তাপে পক্ক (সিদ্ধ ডাল, বেগুন সিদ্ধ); 2 গরম জলের তাপে ফুটানো (সিদ্ধ চাল, কাপড় সিদ্ধ করা); 3 (আল.) উত্তাপের তীব্রতা হেতু ঘর্মাক্ত ও অবসন্ন (গরমে শরীর সিদ্ধ হওয়া); 4 সফল, নিষ্পন্ন, পূর্ণ (প্রয়োজন বা অভিলাষ সিদ্ধ হওয়া); 5 দক্ষ, পারদর্শী, নিপুণ, সুশিক্ষিত (রণকৌশলে সিদ্ধ, সিদ্ধহস্ত); 6 সাধনায় সফল বা উত্তীর্ণ (মন্ত্রসিদ্ধ, সিদ্ধ পুরুষ); 7 অলৌকিক শক্তিযুক্ত (সিদ্ধ কবচ, সিদ্ধ মন্ত্র); 8 প্রমাণিত, প্রতিপাদিত (যুক্তিসিদ্ধ, প্রথাসিদ্ধ, স্বভাবসিদ্ধ)। □ বি. 1 দেবযোনিবিশেষ; 2 ত্রিকালজ্ঞ মুনি। [সং. √ সিধ্ + ত]। বিণ. বি. স্ত্রী. সিদ্ধা। সিদ্ধ চাল-চাল দ্র। বি.˜ তা।˜ কাম,˜ মনোরথ বিণ অভীষ্ট পূর্ণ হয়েছে এমন।˜ দেব বি. শিব।˜ ধাতু বি. (ব্যাক.) যে ধাতু আপনিই সিদ্ধ, যাকে বিশ্লেষণ করা যায় না।˜ পীঠ বি. লক্ষ বলি, কোটি হোম এবং বিবিধ জপতপের ফলে যে স্থান অতি পবিত্র হয়েছে।˜ পুরুষ বি. 1 যোগসাধনায় উত্তীর্ণ মহাপুরুষ; 2 (ব্যঙ্গে) অত্যধিক চাতুরির আধার।˜ বিদ্যা বি. দশমহাবিদ্যা।˜ রস বি. পারদ।˜ হস্ত বিণ. অতিশয় দক্ষ বা পারংগম। সিদ্ধাসন বি. যোগসাধনায় উপবেশনের প্রকারবিশেষ।

সিদ্ধাই (p. 833) [siddhāi] বি. যোগলব্ধ শক্তি। [সং. সিদ্ধ + বাং. আই]।

সিদ্ধান্ত (p. 8

33) [siddhānta] বি. 1 নির্ধারণ, মীমাংসা; 2 জ্যোতিষশাস্ত্রবিশেষ। [সং. সিদ্ধ + অন্ত]। ˜ বাগীশ বি. শ্রেষ্ঠ পণ্ডিতের উপাধিবিশেষ।

সিদ্ধান্ন (p. 833) [siddhānna] বি. 1 ভাত; 2 সিদ্ধ চাল। [সং. সিদ্ধ + অন্ন]।

সিদ্ধার্থ (p. 833) [siddhārtha] বি. বুদ্ধদেব (বুদ্ধত্ব-লাভের পূর্ব পর্যন্ত এই নামে অভিহিত)। □ বিণ. সফলকাম। [সং. সিদ্ধ + অর্থ]।

সিদ্ধি (p. 833) [siddhi] বি. 1 সাফল্য, জয়লাভ (লক্ষ্যসিদ্ধি, কর্মে সিদ্ধি লাভ); 2 সম্পাদন (কার্যসিদ্ধি হওয়া); 3 অভ্যাস বা চর্চার দ্বারা পারদর্শিতালাভ বা জ্ঞানলাভ (সাধনায় সিদ্ধি); 4 মোক্ষ; যোগবিশেষ; 5 যোগলব্ধ ঐশ্বর্য, সিদ্ধাই; 6 মাদকরূপে ব্যবহৃত বৃক্ষবিশেষের পাতা, ভাং। [সং. √ সিধ্ + তি]। সিদ্ধি খাওয়া ক্রি. বি. ভাং. খাওয়া। সিদ্ধি ঘোঁটা ক্রি. বি. পাত্রের মধ্যে ভাং ঘুঁটে শরবত প্রস্তুত করা। ˜ খোর বিণ. ভাঙের শরবত খেতে অভ্যস্ত। ˜ দ বিণ. কর্মাদিতে সাফল্যদায়ক। স্ত্রী. ˜ দা। ˜ দাতা (-তৃ) বিণ. সফলতাদায়ক। □ বি. (অভীষ্ট পূরণ করেন বলে) গণেশ। ˜ যোগ বি. (জ্যোতিষ.) তিথি ও বারের শুভপ্রদ মিলনবিশেষ।

বাংলা অভি. (p. 833) [bāṃlā abhi.] -53

সিদ্ধেশ্বরী (p. 834) [siddhēśbarī] বি. দেবীবিশেষ। [সং. সিদ্ধা + ঈশ্বরী]।

সিধা1, (কথ্য) সিধে1 (p. 834) [sidhā1, (kathya) sidhē1] বিণ. 1 সোজা (সিধে লোক, সিধে হয়ে দাঁড়ানো); 2 সরল (সিধা বাঁশ, সিধে লাইন টানা); 3 একটানা (সিধা রাস্তা); 4 সহজ, হ্রস্বতম (সিধা পথ ছেড়ে ঘুরপথে যাওয়া); 5

শাসিত, সংশোধিত, দুরস্ত, দমিত (মেরে সিধে করা)। □ ক্রি-বিণ. 1 বরাবর, সোজাসুজি (সিধা চলা); 2 অবিলম্বে (বলামাত্র সিধে ছুটল)। [হি. সীধা]।

সিধা2, (কথ্য) সিধে2 (p. 834) [sidhā2, (kathya) sidhē2] বি. রান্না-করা খাবারের পরিবর্তে চাল ডাল প্রভৃতি (সিদ্ধ করে খাওয়ার যোগ্য) খাদ্যবস্তু (সিধা সাজানো, সিধে দেওয়া)। [সং. সিদ্ধ]।

সিন (p. 834) [sina] বি. 1 অভিনয়-মঞ্চে ব্যবহারের জন্য অঙ্কিত দৃশ্যপট (সিন টাঙানো); 2 নাটকের গর্ভাঙ্ক (নাটকের প্রথম সিন); 3 দৃশ্য। [ইং. scene]।

সিনা (p. 834) [sinā] বি. 1 বক্ষঃস্থল; 2 বুকের প্রস্থ বা চওড়াই। [ফা.]।

সিনী-বালী (p. 834) [sinī-bālī] বি. চতুর্দশীযুক্ত অমাবস্যা। [সং. সিনী (চন্দ্রকলা) + বালা + ঈ]।

সিনেট, সেনেট (p. 834) [sinēṭa, sēnēṭa] বি. ব্যবস্থাপক সভা, কার্যনির্বাহী পরিষদ। [ইং. senate]।

সিনেমা (p. 834) [sinēmā] বি. বায়োস্কোপ, চলচ্চিত্র। [ইং. cinema]।

সিণ্ডি-কেট (p. 834) [siṇḍi-kēṭa] বি. বিশ্ববিদ্যালয়ের (উচ্চতম) মন্ত্রণাসভা। [ইং. syndicate]।

সিন্দুক (p. 834) [sinduka] বি. মজবুত ও বড়ো বাক্সবিশেষ। [ফা. আ. সিন্দুক]।

সিন্দূর, (কথ্য) সিঁদুর (p. 834) [sindūra, (kathya) sin̐dura] বি. বিবাহিতা হিন্দু নারীর সিঁথিতে ব্যবহৃত রক্তবর্ণ চূর্ণবিশেষ (সীমন্তে সিন্দূর দেওয়া)। [সং. √ স্যন্দ্ + ঊর]। সিন্দূরিয়া, সিন্দূরে, (কথ্য) সিঁদুরে বিণ. সিঁদুরের মতো লাল (সিঁদুরে মেঘ)।

সিন্ধি (p. 834) [sindhi] বিণ. সিন্ধুপ্রদেশজাত। □ বি. সিন্ধুপ্রদেশের অধিবাসী; সিন্ধুপ্রদেশের ভাষা। [বাং. সিন্ধু + ই]।

সিন্ধিয়া (p. 834) [sindhiẏā] বি. গোয়ালিয়রের হিন্দু অধিপতির উপাধি।

সিন্ধু (p. 834) [sindhu] বি. 1 সমুদ্র, সাগর; 2 (সাদৃশ্যে) বিশাল প্রবাহ (কালসিন্ধু, কৃপাসিন্ধু); 3 উত্তর-পশ্চিম ভারতের নদীবিশেষ; 4 পাকিস্তানের প্রদেশবিশেষ; 5 (সংগীতের) রাগবিশেষ। [সং. √ স্যন্দ্ + উ (দ্ > ধ্)]। ̃ ঘোটক সিলজাতীয় বৃহদাকার জলচর মাংসাশী জন্তুবিশেষ, walrus. ̃ সভ্যতা বি. সিন্ধু নদীর উপত্যকার প্রাচীন সভ্যতা।

সিপাই, সিপাহি (p. 834) [sipāi, sipāhi] বি. 1 সৈনিক; 2 ভারতীয় স্থলবাহিনীর নিম্নতম পদস্থ সৈনিক; 3 ভারতীয় সৈনিক (সিপাহি বিদ্রোহ); 4 অস্ত্রধারী রক্ষী বা প্রহরী; কনস্টেবল। [ফা. সিপাহ্]।

সিপাহ-সলার (p. 834) [sipāha-salāra] বি. প্রধান সেনাপতি। [ফা.]।

সিভিল কোর্ট (p. 834) [sibhila kōrṭa] বি. দেওয়ানি আদালত। [ইং. civil court]।

সিভিল সার্জন (p. 834) [sibhila sārjana] বি. জেলার প্রধান সরকারি চিকিৎসক। [ইং. civil surgeon]।

সিমেণ্ট (p. 834) [simēṇṭa] বি. (গৃহতলাদিতে পলেস্তারা লাগাবার কাজে ব্যবহৃত) মাটি ও চুনাপাথর মিশিয়ে প্রস্তুত চূর্ণবিশেষ, বিলাতি মাটি। [ইং. cement]।

সিয়ানো (p. 834) [siẏānō] ক্রি. সেলাই করা। □ বিণ. বি. উক্ত অর্থে। [সং. সীবন]। সিয়ানি বি. (অপ্র.) সেলাই।

সিরজা (p. 834) [sirajā] ক্রি. (কাব্যে) সৃজন করা, নির্মাণ করা, তৈরি করা, উদ্ভাবন করা। [সং. √ সৃজ্ + বাং. আ]।

সিরিশ, সিরিস (p. 834) [siriśa, sirisa] বি. পশুর চামড়া, হাড়, শিং প্রভৃতি থেকে তৈরি আঠাবিশেষ। [ফা. সিরীশ]। সিরিশ কাগজ কাঠ ঘষে মসৃণ করার কাজে ব্যবহৃত সিরিশ ও কাচের গুঁড়ো মাখানো কাগজবিশেষ।

সির্কা (p. 834) [sirkā] বি. আখের রস, গুড় প্রভৃতি গাঁজিয়ে প্রস্তুত অম্লবিশেষ, vinegar. [ফা.]।

সিল (p. 834) [sila] বি. 1 নামের বা অন্য কোনো নিদর্শনের ছাপ বা ছাপ দেবার যন্ত্র (সিলমোহর); 2 মেরু অঞ্চলের সামুদ্রিক মাছবিশেষ। [ইং. seal]।˜ মোহর বি. নাম বা অন্য কোনো নিদর্শনের ছাপ।

সিল্ক (p. 834) [silka] বি. রেশম, রেশমি কাপড়। [ইং. silk]।

সিসৃক্ষা (p. 834) [sisṛkṣā] বি. সৃষ্টি করবার ইচ্ছা। [সং. √ সৃজ্ + সন্ + অ + আ]। সিসৃক্ষু বিণ. সৃষ্টি করতে ইচ্ছুক।

সীতা (p. 834) [sītā] বি. 1 হলচালনার ফলে জমিতে যে রেখা পড়ে; 2 রামচন্দ্রের পত্নী জনকনন্দিনী, জানকী। [সং. √ সি + ত + আ]।˜ কুণ্ড বি. মুঙ্গের চট্টগ্রাম প্রভৃতি স্থানের বিভিন্ন উষ্ণ-প্রস্রবণবিশেষ।˜ পতি বি. রামচন্দ্র।˜ ভোগ বি. মিষ্টান্নবিশেষ।˜ শালি, (কথ্য)˜ শাল বি. উৎকৃষ্ট ধানবিশেষ।

সীবন (p. 834) [sībana] বি. সেলাই, সূচিকর্ম। [সং. √ সিব্ + অন]। সীবনী বি. সুচ।

সীমন্ত (p. 834) [sīmanta] বি. 1 সিঁথি, কেশবীথি; 2 মাথা, মস্তক। [সং. সীমন্ + অন্ত (নি.)]।˜ ক বি. সিঁদুর।˜ সীমা বি. সিঁথির প্রান্ত ('সীমন্তসীমায় মঙ্গল সিন্দূরবিন্দু': রবীন্দ্র)। সীমন্তিত বিণ. সীমন্তযুক্ত, সিঁথি-কাটা। সীমন্তিনী বি. 1 সিঁথিতে এয়োতির চিহ্নস্বরূপ সিন্দূরযুক্তা রমণী, সধবা নারী; 2 নারী ('কী বলিতে চাহ মোরে প্রণয়বিধুরা সীমন্তিনী মোর': রবীন্দ্র); 3 বধূ। সীমন্তোন্নয়ন বি. গর্ভিণীর চতুর্থ বা ষষ্ঠ মাসে কৃত্য হিন্দুসংস্কারবিশেষ।

সীমা (p. 834) [sīmā] (-মন্) বি. 1 প্রান্ত, ধার; 2 অবধি (ধৈর্যের সীমা, সীমা লঙ্ঘন); 3 শেষ (দুঃখের সীমা নেই); 4 সমুদ্রবেলা; 5 সীমানা (অপরের সীমায় ঢোকা)। [সং. √ সি + ইমন্ সীমন্ + আ]।˜ ন্ত বি. সীমার শেষ, শেষ সীমা।˜ ন্ত-প্রদেশ কোনো দেশের বা রাজ্যের প্রান্তভাগে অবস্থিত অঞ্চল।˜ পরি-সীমা বি. ইয়ত্তা, অবধি (আনন্দের সীমা-পরিসীমা নেই)।˜ পুর বি. সমুদ্রে জলসীমা নির্ণয়ের কেন্দ্র।˜ বদ্ধ বিণ. সীমাদ্বারা আবদ্ধ বা নির্দিষ্ট; সসীম; পরিমিত।˜ সর-হদ্দ বি. নির্ধারিত সীমানা।

সীমানা (p. 834) [sīmānā] বি. জমির বা গ্রামাদির নির্দিষ্ট প্রান্তভাগ; চৌহদ্দি (সীমানাঘটিত বিবাদ)। [সং. সীমন্]।

সীমিত (p. 834) [sīmita] বিণ. সীমাবদ্ধ, অপ্রচুর (সীমিত শক্তি, ক্ষেপণাস্ত্র সীমিতকরণ)। [সীমা দ্র]।

সীস (p. 834) [sīsa] বি. 1 ধাতুবিশেষ, lead; 2 (বাং.) পেনসিলের ভিতরকার সীসা। [সং. সি + ক্কিপ্ + সো + ক]।

সীসক (p. 834) [sīsaka] বি. ধাতুবিশেষ, সীসা। [সং. সীস + ক]।

সীসা, (কথ্য) সীসে (p. 834) [sīsā, (kathya) sīsē] বি. সীসক। [সং. সীস + বা. আ]।

সু (p. 834) [su] অব্য. শুভ সুন্দর মধুর উৎকৃষ্ট উত্তম অধিক খুব অত্যন্ত সহজ প্রভৃতি অর্থসূচক উপসর্গ। □ বিণ. ভালো (সুমতি, সুরুপা)। □ বি. শুভ

বা উত্তম বিষয় (সু ও কু র দ্বন্দ্ব)। [সং.]।˜ কঠিন বিণ. অত্যন্ত কঠিন।˜ কণ্ঠ বিণ. মধুর কণ্ঠস্বরযুক্ত।˜ কবি বি. উৎকৃষ্ট কবি।˜ কণ্ঠ বিণ. অনায়াসে করণীয় (দুস্কর ও সুকর কর্ম)।˜ কর্ম বি. 1 সৎকাজ; ভালো কাজ; 2 ধর্মকর্ম।˜ কল্পিত বিণ. 1 বিশেষভাবে বা ভালোভাবে ভেবেচিন্তে রচিত বা স্হিরীকৃত (সুকল্পিত ফন্দি); 2 উত্তমরূপে কল্পিত।˜ কান্ত বিণ. সুন্দর কান্তিযুক্ত।˜ কীর্তি বিণ. অতিশয় যশস্বী; উত্তম যশের অধিকারী। □ বি. ব্যাপকভাবে প্রচারিত বা বিশেষ গৌরবসূচক যশ।˜ কুমার বিণ. অতি কোমল বা অল্পবয়স্ক, স্নিগ্ধ (সুকুমার সৌন্দর্য, সুকুমার মতি)। সুকুমার শিল্প কাব্য সংগীত চিত্রাঙ্কন প্রভৃতি চারুকলা।˜ কুমারী বিণ. সুকুমার -এর স্ত্রীলিঙ্গ। □ বি. নবমল্লিকা।˜ কৃত বিণ. 1 সুসম্পন্ন; 2 সুনির্মিত; 3 সুগঠিত; 4 সৎকর্মের অনুষ্ঠাতা। □ বি. সুকৃতি।˜ কৃত্ বিণ. 1 ধর্মাচারী; ধার্মিক; 2 সৎকর্মের অনুষ্ঠাতা; 3 পুণ্যবান; 4 ভাগ্যবান।˜ কৃতি বি. 1 সৎকর্ম ('আজন্মের সঞ্চিত সুকৃতি': সু. দ.); 2 পুণ্য; 3 ধর্মকর্ম; 4 মঙ্গল; 5 সৌভাগ্য।˜ কৃতী (-তিন্) সুকৃত্ এর অনুরূপ।˜ কেশ বিণ. সুন্দর কেশযুক্ত। স্ত্রী.˜ কেশা, (বাং.) ˜ কেশিনী। ˜ কোমল বিণ. 1 অতিশয় কোমল বা নরম; 2 অতি মধুর বা স্নিগ্ধ।˜ কৌশলে ক্রি-বিণ. চমৎকার কৌশলের দ্বারা।˜ ক্রিয়া বি. সৎকর্ম, পুণ্য।˜ খ্যাতি বি. প্রশংসা; যশ।˜ গঠন বিণ. সুগঠিত। □ বি. সুন্দর গড়ন বা আকৃতি (সুগঠনে মণ্ডিত)। স্ত্রী.˜ গঠনা।˜ গঠিত বিণ. 1 সুন্দর আকারযুক্ত; 2 সুন্দরভাবে নির্মিত।˜ গত বিণ. সুন্দর গতিযুক্ত। □ বি. বুদ্ধদেব।˜ গতি বি. 1 সুন্দর গতি; 2 মোক্ষ।˜ গন্ধ বি. 1 মধুর গন্ধ; 2 গন্ধক; 3 চন্দনবৃক্ষ, 4 চন্দন। □ বিণ. সুবাসিত, সুরভিত (সুগন্ধ তেল); মধুর গন্ধযুক্ত।˜ গন্ধ-বহ বি. বায়ু।˜ গন্ধা বি. 1 রান্না; 2 নবমল্লিকা; 3 মাধবী; 4 তুলসী।˜ গন্ধি বিণ. (সচ. নিজস্ব) মধুর গন্ধযুক্ত (সুগন্ধিপুষ্প)। □ বি. 1 গন্ধদ্রব্য; 2 চুনির মতো রত্নবিশেষ।˜ গন্ধিত বিণ. মধুর গন্ধযুক্ত।˜ গন্ধী (-ন্ধিন্) বিণ. মধুর গন্ধযুক্ত, সুবাসিত।˜ গভীর বিণ. অতি গভীর (সুগভীর শ্রদ্ধা, সুগভীর পাণ্ডিত্য)।˜ গম,˜ গম্য বিণ. 1 (পথাদি

সম্বন্ধে) সহজে চলাফেরার উপযুক্ত (জয়ের পথ সুগম); 2 সহজে প্রবেশসাধ্য; 3 সহজবোধ্য (ভাষা সুগম নয়); 4 সহজলভ্য। ˜ গম্ভীর বিণ. অত্যন্ত গম্ভীর। ˜ গান বি. মধুর বা সুন্দর গান ('কবিত্ব সুগান' : কৃত্তি.)। ˜ গুপ্ত বিণ. সযত্নে বা সম্পূর্ণরূপে গুপ্ত রাখা হয়েছে এমন। ˜ গৃহীত-নামা (-নামন্) বিণ. উচ্চারণ করলে পুণ্য হয় এমন নামবিশিষ্ট; পুণ্যশ্লোক, প্রাতঃস্মরণীয়। ˜ গোল বিণ. 1 সম্পূর্ণ গোলাকার; 2 সুন্দর এবং গোলাকৃতি; 3 নিটোল। ˜ গ্রথিত বিণ. ভালোভাবে বিন্যস্ত বা রচিত। ˜ গ্রাহী (-হিন্) বিণ. ভালোভাবে গ্রহণকারী বা আকর্ষণকারী। ˜ গ্রীব বি. বানররাজ বালীর ভ্রাতা। □ বিণ. যার গ্রীবা বা কণ্ঠদেশ সুন্দর। ˜ চন্দন বি. উৎকৃষ্ট চন্দনবৃক্ষ। সুচরিত, সুচরিত্র বিণ. সচ্চরিত্র; সুস্বভাব। □ বি. উত্তম চরিত্র; সত্ স্বভাব। স্ত্রী. সুচরিতা, সুচরিত্রা। ˜ চরিতেষু সুচরিতসমীপে; চিঠিপত্রে ভদ্রতাসূচক পাঠবিশেষ। স্ত্রী. ˜ চরিতাসু। ˜ চারু বিণ. অতি সুন্দর (সুচারুরূপে সজ্জিত)। ˜ চিক্কণ বিণ. অতিশয় মসৃণ বা উজ্জ্বল; অত্যন্ত চকচকে। ˜ চিত্রিত বিণ. সুন্দরভাবে অঙ্কিত বা বর্ণিত। ˜ চিন্তিত বিণ. উত্তমরূপে বা বিশেষভাবে বিবেচিত (সুচিন্তিত অভিমত)। ˜ চির বিণ. অতি দীর্ঘস্থায়ী ('সুচির শর্বরী' : রবীন্দ্র)। □ বি. সুদীর্ঘ কাল। ˜ চেতা (-তস্) বিণ. 1 সন্তুষ্টচিত্ত; 2 সতর্ক। ˜ ছাঁদ বিণ. 1 সুগঠিত; 2 সুন্দর গঠনকৌশলযুক্ত; 3 সুন্দর ভঙ্গিযুক্ত। □ বি. সুন্দর ছাঁদ বা গঠন। ˜ জন বি. সত্ লোক; সজ্জন। ˜ জলা বিণ. প্রচুর উত্তম বা সুমিষ্ট জলপূর্ণ; প্রচুর ও উত্তম জলপূর্ণ নদীর দ্বারা সমৃদ্ধিশালিনী। ˜ জাত বিণ. 1 সদ্বংশজাত; 2 বৈধভাবে জাত অর্থাত্ জারজ নয়। স্ত্রী. ˜ জাতা। ˜ জেয় বিণ. সহজে জয়সাধ্য। ˜ ঠাম বিণ. সুন্দর চেহারাযুক্ত বা অঙ্গসৌষ্ঠববিশিষ্ট (সুঠাম দেহ)। ˜ ডোল, ˜ ডৌল বিণ. সুন্দর আকারযুক্ত; সুগঠন। ˜ তনু বিণ. 1 অতি কৃশ; কৃশাঙ্গ; 2 সুন্দর দেহযুক্ত; 3 ছিমছাম; 4 সুঠাম। ˜ তপা বিণ. উগ্র বা কঠোর তপস্যায় অভ্যস্ত, মহাতপা। □ বি. 1 ওই রকম তপস্বী; 2 সূর্য। ˜ তপ্ত বিণ. 1 অতিশয় তপ্ত; 2 প্রদীপ্ত, সমুজ্জ্বল। ˜ তার বিণ. সুস্বাদু। □ বি. উত্তম স্বাদ। ˜ তীক্ষ্ণ বিণ. 1 অত্যন্ত ধারালো; 2 অত্যন্ত

মর্মদাহী (সুতীক্ষ্ণ বিদ্রুপ)।˜ তীব্র বিণ. অত্যন্ত তীব্র।˜ তুঙ্গ বিণ. অতি তুঙ্গ বা উচ্চ।˜ দক্ষ বিণ. অতিশয় দক্ষ।˜ দক্ষিণ বিণ. 1 অতি সরল বা উদার ('মনে হয় অমাবস্যা সুদক্ষিণ, সজীব, নির্ভার': সু. দ.); 2 অতি নিপুণ। স্ত্রী.˜ দক্ষিণা।˜ দতী বি. স্ত্রী. সুন্দর দন্তযুক্তা যুবতী।˜ দন্ত বিণ. সুন্দর দন্তযুক্ত। □ বি. সুন্দর দাঁত।˜ দর্শন বিণ. 1 দেখতে সুন্দর (সুদর্শন যুবক); 2 নয়নরঞ্জন; শোভন। □ বি. বিষ্ণুর চক্র।˜ দীর্ঘ বিণ. অতি দীর্ঘ (সুদীর্ঘ পথ)।˜ দুশ্চর বিণ. অতি দুর্গম।˜ দূর,˜ দূর-বর্তী (-র্তিন্) বিণ. বি. অতিদূরবর্তী; অতিদূরবর্তী স্থান (সুদূরপ্রসারী; সুদূরের আহ্বান)।˜ দূর-পরাহত বিণ. দূরবর্তী কালেও ব্যাহত অর্থাত্ ঘটা কঠিন বা অসম্ভবপ্রায়।˜ দূর-প্রসারী (-রিন্) বিণ. অনেক দূর পর্যন্ত বিস্তৃত; দীর্ঘ (সুদূরপ্রসারী পরিকল্পনা)।˜ দৃঢ় বিণ. অত্যন্ত দৃঢ় (সুদৃঢ় ভিত্তি)।˜ দৃশ্য বিণ. দেখতে সুন্দর, সুদর্শন; শোভাময়।˜ দৃষ্টি বি. অনুকূল বা সদয় দৃষ্টি।˜ ধীর বিণ. 1 অতি ধীরগতি; 2 অতি ধীরস্বভাব; 3 শান্ত বা নম্র।˜ নজর বি. 1 সুদৃষ্টি; 2 অনুকূল ধারণা (উপরওয়ালার সুনজর)।˜ নয়না, (বাং.)˜ নয়নী বিণ. স্ত্রী. সুন্দর চক্ষুযুক্তা। পুং.˜ নয়ন।˜ নাভ বিণ. সুন্দর নাভিযুক্ত। □ বি. মৈনাক পর্বত।˜ নাম (-মন্) বি. খ্যাতি, যশ।˜ নিপুণ বিণ. অতি নিপুণ। স্ত্রী.˜ নিপুণা।˜ নিয়ন্ত্রণ বি. সুষ্ঠু ব্যবস্থা বা পরিচালনা; সুবন্দোবস্ত; উত্তম নিয়ম।˜ নিয়ন্ত্রিত বিণ. সুপরিচালিত, সংযমিত।˜ নিয়ম বি. উত্তম নিয়ম বা ব্যবস্থা।˜ নির্দিষ্ট বিণ. 1 সুন্দরভাবে বা স্পষ্টভাবে স্থিরীকৃত (সুনির্দিষ্ট পথ বা পরিকল্পনা); 2 স্পষ্ট উল্লেখযুক্ত।˜ নিশ্চয় বি. 1 সন্দেহাতীত বলে জ্ঞান বা বোধ; 2 উত্তমরূপে নির্ধারণ। □ বিণ. (বাং.) সুনিশ্চিত। □ ক্রি-বিণ. (বাং.) সঠিকভাবে; অতি অবশ্য।˜ নীতি বি. উৎকৃষ্ট নীতি। □ বিণ. (বিরল) উৎকৃষ্ট নীতিযুক্ত; নীতিমান।˜ নীল বি. বিণ. চমৎকার বা গাঢ় নীল।˜ নেত্রা বিণ. স্ত্রী. সুন্দর চোখবিশিষ্টা।˜ পক্ব বিণ. 1 সম্পূর্ণরূপে পাকা (সুপক্ব ফল); 2 ভালোভাবে বা সম্পূর্ণ সিদ্ধ বা রান্না হয়েছে এমন (সুপক্ব ব্যঞ্জন)।˜ পথ বি. উত্তম বা সত্ পথ।˜ পরি-চিত বিণ. ভালোভাবে চেনা বা জানা আছে এমন।˜

পরি-জ্ঞাত বিণ. বিশেষভাবে জ্ঞাত।˜ পরি-ণাম বি. ভালো পরিণাম বা ফলাফল।˜ পর্ণ বিণ. 1 সুন্দর পাতাওয়ালা (সুপর্ণ বৃক্ষ); 2 সুন্দর পক্ষযুক্ত বা পালকযুক্ত (সুপর্ণ পক্ষী)। □ বি. 1 সুন্দর পাখাযুক্ত পাখি 2 গরুড়; 3 মুরগি।˜ প্রাচ্য বিণ. সহজে হজম হয় এমন, লঘুপাক।˜ পাত্র বি. বিবাহের ব্যাপারে উত্তম বা কাম্য পাত্র। বি. স্ত্রী.˜ পাত্রী।˜ পুত্র বি. গুণবান ছেলে।˜ পুরুষ বি. সুন্দর বা সুগঠিত পুরুষ। □ বিণ. (বা.) সুন্দর বা সুগঠিত (সুপুরুষ ব্যক্তি)।˜ প্রকাশ বিণ. স্পষ্টভাবে বা সুন্দরভাবে প্রকাশিত।˜ প্রজা-বতী বিণ. (স্ত্রী.) বহু সুসন্তান প্রসবকারিণী।˜ প্রতিষ্ঠ,˜ প্রতিষ্ঠিত বিণ. 1 উত্তম বা দৃঢ় প্রতিষ্ঠাযুক্ত; অতি বিখ্যাত; 2 উত্তমরূপে স্থাপিত।˜ প্রভ বিণ. উজ্জ্বল প্রভাযুক্ত।˜ প্রভা বিণ. (স্ত্রী.) দীপ্তিশালিনী।˜ প্রভাত বি. 1 সুন্দর বা শুভ প্রভাত; 2 (আল.) সৌভাগ্যোদয়; 3 মধ্যরাত্রির পর থেকে মধ্যাহ্নের প্রাক্কালীন সম্ভাষণবিশেষ (ইং. good morning)-এর অনুবাদ।˜ প্রযুক্ত বিণ. উত্তমরূপে বা যথাযথরূপে প্রয়োগ করা হয়েছে এমন (সুপ্রযুক্ত দৃষ্টান্ত)।˜ প্রয়োগ বি. উত্তমরূপে বা যথাযথরূপে প্রয়োগ।˜ প্রশস্ত বিণ. 1 অত্যুত্তম (সুপ্রশস্ত কাল); 2 সুযোগ্য; 3 (বাং.) প্রচুর আয়তন বিশিষ্ট বা চওড়া (সুপ্রশস্ত কক্ষ বা রাস্তা)।˜ প্রসন্ন বি. অতি প্রসন্ন বা অনকূল (ভাগ্যলক্ষ্মী সুপ্রসন্ন)।˜ প্রসব বি. নির্বিঘ্নে প্রসব।˜ প্রসিদ্ধ বিণ. অতি বিখ্যাত; ব্যাপকভাবে বা বিশেষরূপে লোকসমাজে পরিচিত। স্ত্রী.˜ প্রসিদ্ধা।˜ প্রাপ্য বিণ. সহজে পাওয়া যায় এমন, সুলভ।˜ প্রিয় বিণ. অতি প্রিয়। স্ত্রী.˜ প্রিয়া।˜ ফল বি. 1 শুভ ফল, উত্তম পরিণতি; 2 তীর্থ-দর্শনের শুভ পরিণামের জন্য পাণ্ডার আশীর্বাদ।˜ ফল-দায়ক,˜ ফল-প্রসূ বিণ. শুভ ফলদায়ক। বিণ. স্ত্রী.˜ ফলা উত্তম ফলপ্রসবিনী। □ বি. কলা।˜ বঙ্কিম বিণ. বাঁকা অথচ সুন্দর।˜ বদনা, (বাং.)˜ বদনী বিণ. (স্ত্রী.) সুন্দর মুখশ্রীবিশিষ্টা। বিণ. (পুং.)˜ বদন।˜ বন্দোবস্ত বি. উত্তম ব্যবস্থা।˜ বলিত বিণ. বলিষ্ঠ; সুগঠিত।˜ বাক্য বি. (বাং.) উত্তম বা মধুর কথা।˜ বিচার বি. উত্তম বিচার; ন্যায় বিচার; নিরপেক্ষ বিচার; সুমীমাংসা; সুবিবেচনা।˜ বিচারক বিণ. সুবিচার করতে সক্ষম

বা সুবিচার করে এমন। □ বি. তেমন ব্যক্তি বা বিচারক। ˜ বিদিত বিণ. উত্তমরূপে জ্ঞাত; অতি প্রসিদ্ধ। ˜ বিধান, ˜ বিধি বি. উত্তম নিয়ম বা ব্যবস্থা। ˜ বিনয় বি. যথোচিত বিনয়। ˜ বিনীত বিণ. 1 অত্যন্ত বিনীত; 2 সুষ্ঠুভাবে শিক্ষিত। বিণ. (স্ত্রী.) ˜ বিনীতা। ˜ বিন্যস্ত বিণ. যথাস্থানে সুন্দরভাবে স্থাপিত বা সজ্জিত। ˜ বিন্যাস বি. যথাস্থানে সুন্দরভাবে স্থাপন করা বা সাজানো। ˜ বিপুল বিণ. অতি প্রকাণ্ড, মস্ত বড়; বিরাট; প্রচুর। স্ত্রী. ˜ বিপুলা। ˜ বিমল বিণ. অতিশয় বা সম্পূর্ণ নির্মল। ˜ বিশাল বিণ. অতি বিশাল। ˜ বিস্তীর্ণ, ˜ বিস্তৃত বিণ. অতি বিস্তৃত। ˜ বিহিত বিণ. সঠিক ব্যবস্থার দ্বারা নিষ্পাদিত; ভালোভাবে সম্পন্ন। □ বি. উত্তম ব্যবস্থা বা প্রতিকার। ˜ বুদ্ধি বি. সত্ বুদ্ধি, সুমতি। □ বিণ. সত্ বুদ্ধিযুক্ত। ˜ বৃষ্টি বি. যথোচিত বৃষ্টি (অর্থাত্, অনাবৃষ্টি বা অতিবৃষ্টি নয়)। ˜ বৃহত্ বিণ. অতি বৃহত্, মস্ত বড়ো, প্রকাণ্ড। ˜ বেশ বিণ. উত্তম পোশাক-পরিহিত। □ বি. উত্তম পোশাক; সাজপোশাকের পারিপাট্য। স্ত্রী. (বিণ.) ˜ বেশা। ˜ বোধ বিণ. 1 সদ্বুদ্ধিসম্পন্ন; 2 প্রাঞ্জল; 3 (ব্যঙ্গে) শান্তশিষ্ট ও আজ্ঞাবহ, গো বেচারা। □ বি. উত্তম বুদ্ধি বা জ্ঞান। ˜ বোধ্য বিণ. সহজে বোধগম্য। ˜ ব্যবস্থা বি. উৎকৃষ্ট ব্যবস্থা। ˜ ব্যবস্থিত বিণ. উৎকৃষ্ট ব্যবস্থাযুক্ত। ˜ ব্রত বিণ. সদ্ব্রত পালনকারী; যে সুষ্ঠুভাবে ব্রত পালন করে। স্ত্রী. ˜ ব্রতা। ˜ ব্রহ্মণ্য বিণ. পূর্ণ ব্রহ্মতেজোময়। □ বি. 1 কার্তিকেয়; 2 বৈদিক যজ্ঞের পুরোহিতবিশেষ; 3 পূর্ণ ব্রহ্মতেজ। ˜ ব্রাহ্মণ বি. আচারনিষ্ঠ ব্রাহ্মণ; সত্ ব্রাহ্মণ। ˜ ভগ বিণ. 1 সৌভাগ্যশালী; 2 সুন্দর; 3 সুখদায়ক; 4 প্রিয়। স্ত্রী. ˜ ভগা সুভগ -র সমস্ত অর্থে; এবং-পতিসোহাগিনি। ˜ ভদ্র বিণ. 1 পরমকল্যাণযুক্ত; 2 অত্যন্ত শিষ্ট। স্ত্রী. ˜ ভদ্র। ˜ ভাষ বি. সুবচন। ˜ ভাষিত বিণ. 1 সুন্দরভাবে কথিত; 2 মধুরভাষী; 3 বাক্পটু; 4 বাগ্মী □ বি 1 হিতবচন; 2 জ্ঞানগর্ভ কথা; 3 নীতিবাক্য। ˜ ভাষী বিণ. মধুরভাষী; প্রিয়ংবদ। স্ত্রী. ˜ ভাষিণী। ˜ ভিক্ষ বিণ. (স্থানাদি-সম্বন্ধে) প্রচুর ভিক্ষা বা খাদ্যবস্তু মেলে এমন (অর্থাত্ যেখানে দুর্ভিক্ষ বা অজন্মা নেই)। ˜ মঙ্গল বি. পরমকল্যাণ, বিশেষ শুভ। ˜ মতি বিণ. উত্তম মতিগতিবিশিষ্ট

বা বুদ্ধিশালী। □ বি. উত্তম মতিগতি বা শুভবুদ্ধি।˜ মধুর বিণ. অতি মধুর।˜ মধ্যমা বিণ. (স্ত্রী.) সরু ও সুগঠিত কোমরবিশিষ্টা।˜ মন বি. ফুল।˜ মনা বিণ. জ্ঞানবান; মহত্, উদারচেতা; (বাং. স্ত্রী.) ভালো স্বভাববিশিষ্ট। □ বি. দেবতা; পণ্ডিত ব্যক্তি।˜ মন্ত্রণা বি. উত্তম বা সৎপরামর্শ।˜ মন্দ বিণ. মধুর ও ধীর; মৃদুমন্দ।˜ মহত্,˜ মহান বিণ. অতি মহত্। স্ত্রী.˜ মহতী।˜ মিষ্ট বিণ. অতিমিষ্ট।˜ মেধা (-ধস্) বিণ. উৎকৃষ্ট ধীশক্তিসম্পন্ন; অতি মেধাবী।˜ যুক্তি বি. উত্তম পরামর্শ।˜ যোগ্য বিণ. উত্তম যোগ্যতাসম্পন্ন; অতি উপযুক্ত। স্ত্রী.˜ যোগ্যা।˜ রক্ষিত বিণ. ভালোভাবে রক্ষিত। স্ত্রী.˜ রক্ষিতা।˜ রঙ্গী বিণ. চমৎকার ভঙ্গিযুক্ত বা লীলাযুক্ত ('চলন ভঙ্গী অতি সুরঙ্গী' : চণ্ডী)।˜ রঞ্জিত বিণ. অতিরঞ্জিত; সমানভাবে বা শোভনরূপে চিত্রিত। স্ত্রী.˜ রঞ্জিতা।˜ রব বি. মধুর ধ্বনি।˜ রম্য বিণ. অতি রমণীয়।˜ রস বিণ. মিষ্টি রসযুক্ত; স্বাদু। □ বি. মিষ্টি রস বা স্বাদ।˜ রসা বি. স্ত্রী. 1 তুলসী; 2 রাস্না।˜ রসাল বিণ. স্বাদু রসযুক্ত।˜ রসিক বিণ. উত্তম রসবোধযুক্ত; অতিশয় রঙ্গরসপটু। স্ত্রী.˜ রসিকা।˜ রুচি বি. উত্তম ও মার্জিত রুচি। □ বিণ. সুরুচুসম্পন্ন।˜ রূপ বিণ. সুন্দর রূপবিশিষ্ট; রূপবান; সুশ্রী; সুগঠন। স্ত্রী.˜ রূপা।˜ লক্ষণ বিণ. উত্তম লক্ষণযুক্ত। □ বি. উত্তম লক্ষণ। স্ত্রী.˜ লক্ষণা।˜ লোচনা বিণ. স্ত্রী. সুন্দর চক্ষুযুক্তা। বিণ. পুং.˜ লোচন।˜ লোহিত বিণ. গাঢ় লাল।˜ শাসক বিণ. বি. সুশাসনকারী।˜ শাসন বি. ন্যায়সংগত বা নিরপেক্ষ শাসন।˜ শাসিত বিণ. ন্যায়সংগত বা নিরপেক্ষ বা উপযুক্তভাবে শাসিত।˜ শিক্ষক বিণ. উত্তম শিক্ষা বা উপদেশ দানকারী; যে শিক্ষক ভালো পড়াতে পারেন।˜ শিক্ষা বি. উত্তম শিক্ষা বা উপদেশ।˜ শিক্ষিত বিণ. উত্তম শিক্ষাপ্রাপ্ত। স্ত্রী.˜ শিক্ষিতা।˜ শীতল বিণ. অতিশয় শীতল; যে রকম শীতলতায় দেহমন স্নিগ্ধ হয়।˜ শীল বিণ. সৎস্বভাববিশিষ্ট; সচ্চরিত্র, ভদ্র। স্ত্রী.˜ শীলা।˜ শৃঙ্খল বিণ. সুব্যবস্থাযুক্ত; ভালোভাবে নিয়ন্ত্রিত।˜ শৃঙ্খলা বি. উত্তম ব্যবস্থা বা নিয়ম।˜ শোভন বিণ. সুন্দর শোভাযুক্ত; অতি সুন্দর; সুসংগত; মানানসই।˜ শোভনা বিণ. স্ত্রী. অতিসুন্দর (শ্রীদুর্গার সুশোভনা মূর্তি)।˜

শোভিত বিণ. সুন্দরভাবে ভূষিত বা সজ্জিত। স্ত্রী.˜ শোভিতা।˜ শ্রাব্য বিণ. 1 শ্রুতিমধুর; 2 অশ্লীলতাদি দোষবর্জিত।˜ শ্রী বিণ. সুন্দর রূপযুক্ত বা লাবণ্যযুক্ত; কান্তিমান; সুন্দর;˜ সংগত বিণ. সম্পূর্ণ সংগত বা সামঞ্জস্যপূর্ণ (সুসংগত পরিকল্পনা বা সমাধান)।˜ সংগতি বি. উত্তম বা পূর্ণ সামঞ্জস্য (চার দিকের সঙ্গে সুসংগতি)।˜ সংবাদ বি. শুভ বা আনন্দদায়ক খবর।˜ সংবৃত বিণ. উত্তমরূপে আচ্ছাদিত। স্ত্রী.˜ সংবৃতা।˜ সংযত বিণ. যথোচিত বা অতিশয় সংযমপূর্ণ; সুনিয়ন্ত্রিত।˜ সংলগ্ন বিণ. সুষ্ঠুভাবে মিলিত বা সংযুক্ত (সুসংলগ্ন কার্যকারণ-সূত্র)।˜ সংস্কৃত বি. 1 উত্তমরূপে মেরামত করা বা সংশোধন করা হয়েছে এমন; 2 উত্তমরূপে মার্জিত বা বিন্যস্ত; 3 অতি ভদ্র বা সভ্য (সুসংস্কৃত রুচি ও দৃষ্টিভঙ্গি)।˜ সজ্জিত বিণ. পরিপাটিরূপে সাজানো হয়েছে বা সেজেছে এমন। স্ত্রী.˜ সজ্জিতা।˜ সভ্য বিণ. যথোচিত বা অতিশয় সভ্য। স্ত্রী.˜ সভ্যা।˜ সমঞ্জস বিণ. অত্যন্ত সংগত বা যোগ্য (সুসমঞ্জস নীতি বা পরিকল্পনা)।˜ সময় বি. শুভ বা সুখপূর্ণ সময়, সুদিন; উপযুক্ত সময়।˜ সম্পন্ন বিণ. উত্তমরূপে নিষ্পন্ন; অতিশয় সংগতিশালী বা সমৃদ্ধ।˜ সম্পাদিত বিণ. উত্তমরূপে নিষ্পন্ন।˜ সম্বন্ধ বিণ. উত্তমরূপে বদ্ধ বা সম্বন্ধযুক্ত (সুসম্বন্ধ যুক্তিপরম্পরা); নিত্যসম্বন্ধ।˜ সহ বিণ. সহজে বা বিনা কষ্টে সহ্য করা যায় এমন।˜ সাধ্য বিণ. সহজে করতে পারা যায় এমন।˜ সিদ্ধ বিণ. 1 তাপাদিতে উত্তমরূপে সিদ্ধ (সুসিদ্ধ ব্যঞ্জন); 2 সুসম্পন্ন; 3 সম্পূর্ণ সাফল্যমণ্ডিত; 4 সম্পূর্ণরূপে পূরণ হয়েছে এমন (সুসিদ্ধ বাসনা)।˜ স্থিত বিণ. 1 সুস্থ; 2 নিরুদ্বেগ; 3 সুপ্রতিষ্ঠিত; 4 অস্থিরতা থেকে মুক্ত (দেশের রাজনীতিক অবস্থা সুস্থিত নয়)।˜ স্থির বিণ. 1 অতি শান্ত, সুধীর; 2 সম্পূর্ণ সুস্থ; 3 স্থিরীভূত (সুস্থির পরিবেশ)।˜ স্নিগ্ধ বিণ. 1 অতি স্নিগ্ধ; 2 অতি মসৃণ বা চিক্কণ; 3 অতি স্নেহপূর্ণ।˜ স্পষ্ট বিণ. অত্যন্ত বা সম্পূর্ণ স্পষ্ট অথবা ব্যক্ত (সুস্পষ্ট উপলব্ধি, সুস্পষ্ট ছবি)।˜ স্মিত বিণ. সুন্দর মৃদুহাস্যযুক্ত। স্ত্রী.˜ স্মিতা।˜ স্বন বি. মধুর ধ্বনি।˜ স্বপ্ন বি. মনোরম বা শুভসূচক স্বপ্ন; সুখস্বপ্ন।˜ স্বর বি. মধুর স্বর বা

ধ্বনি।˜ স্বাদ বি. উত্তম স্বাদ। □ বিণ. উত্তম স্বাদযুক্ত, সুস্বাদু।˜ স্বাদু বিণ. অতি মধুর স্বাদযুক্ত।˜ হাস বিণ. সুন্দর হাসিযুক্ত। □ বি. সুন্দর হাসি। বিণ. স্ত্রী.˜ হাসিনী।

সুই, সুঁই (p. 834) [sui, sumi̐] বি. সূচি, সুচ। [সং. সূচী]।

সুইচ (p. 834) [suica] বি. ইলেকট্রিক যন্ত্র বাতি পাখা ইত্যাদি চালাবার বোতামবিশেষ। [ইং. switch]।

সুঁদরি, (বর্জি.) সুঁদরী (p. 834) [sun̐dari, (barji.) sun̐darī] বি. সুন্দরবনের গাছবিশেষ বা তার কাঠ। [সং. সুন্দরী]।

সুঁদি (p. 834) [sun̐di] বি. শালুক ফুল, কুমুদ। [সং. সৌগন্ধিক]।

সুকবি (p. 834) [sukabi] দ্র সু।

সুকর (p. 834) [sukara] বিণ. 1 সহজসাধ্য; 2 সুখপ্রদ। [সং. সু + √ কৃ + অ]। বি.˜ তা।

সুকর্ম, সুকল্পিত (p. 834) [sukarma, sukalpita] দ্র সু।

সুকান্ত, সুকীর্তি, সুকুমার, সুকুমারী, সুকৃত, সুকৃত্, সুকৃতি, সুকৃতী, সুকেশ, সুকেশিনী, সুকেশী, সুকোমল, সুকৌশলে (p. 838) [sukānta, sukīrti,

sukumāra, sukumārī, sukṛta, sukṛt, sukṛti, sukṛtī, sukēśa, sukēśinī, sukēśī, sukōmala, sukauśalē] দ্র সু।

সুক্তা, (কথ্য) সুক্তো, সুক্তনি (p. 838) [suktā, (kathya) suktō, suktani] দ্র শুক্ত ও শুক্তা।

সুক্রিয়া (p. 838) [sukriẏā] দ্র সু।

সুখ (p. 838) [sukha] বি. 1 স্বাচ্ছন্দ্য, আরাম (আমরা সুখে নেই); 2 তৃপ্তি; 3 আনন্দ, হর্ষ (সুখে থাকা, মনের সুখে)। □ বিণ. আরামদায়ক, প্রীতিকর, প্রিয় (সুখনিদ্রা)। [সং. √ সুখ্ + অ]।˜ কর,˜ জনক বিণ. যাতে সুখ বা আরাম হয় এমন।˜ দ বিণ. সুখদায়ক। স্ত্রী.˜ দা।˜ রবি বি. সুখরূপ সূর্য, সুখ-সৌভাগ্য।˜ লেশ বি. সুখের লেশ, সামান্যতম সুখ।˜ শয়ন,˜ শয্যা বি. আরামদায়ক বিছানা।˜ সংবাদ বি. আনন্দের খবর, সুখবর।˜ সূর্য বি. সুখরবি -র অনুরূপ।˜ স্পর্শ বিণ. যা স্পর্শ করলে সুখানুভব হয়।˜ স্মৃতি বি. বিগত সুখের স্মৃতি; সুখকর স্মৃতি।˜ স্বপ্ন বি. সুখপ্রদ স্বপ্ন। সুখানু-ভব, সুখানু-ভূতি বি. সুখবোধ। সুখান্বেষণ বি. সুখ খোঁজা, সুখলাভের চেষ্টা। সুখাবহ বিণ. সুখদায়ক। সুখাশা বি. সুখলাভের আশা। সুখাসন বি. আরামপ্রদ আসন। সুখাসীন বিণ. আরামে উপবিষ্ট। স্ত্রী. সুখাসীনা। সুখে থাকতে ভূতে কিলায় সুখের জীবনে স্বেচ্ছায় দুঃখ ডেকে আনা। সুখোদক বি. উষ্ণ জল।

সুখ-তলা (p. 838) [sukha-talā] বি. পায়ের আরামের জন্য জুতোর ভিতর যে বাড়তি কোমল চামড়া থাকে। [তু. সুখ, তলা]।

সুখবর (p. 838) [sukhabara] দ্র সু।

সুখা, শুখা (p. 838) [sukhā, śukhā] বি. চুন-মাখানো তামাকপাতা, সুরতি। [হি.]।

সুখাদ্য (p. 838) [sukhādya] দ্র সু।

সুখিত (p. 838) [sukhita] বিণ. সুখপ্রাপ্ত, তৃপ্ত। [সং. সুখ + ইত]।

সুখী (p. 838) [sukhī] (-খিন্) বিণ. 1 সুখযুক্ত; 2 সন্তুষ্ট; 3 সুখভোগে অভ্যস্ত, বিলাসী। [সং. সুখ + ইন্]। স্ত্রী. সুখিনী।

সুখৈশ্বর্য (p. 838) [sukhaiśbarya] বি. সুখ ও ধনসম্পত্তি। [সং. সুখ + ঐশ্বর্য]।

সুখোদয় (p. 838) [sukhōdaẏa] বি. সুখের অনুভব বা আরম্ভ। [সং. সুখ + উদয়]।

সুখ্যাতি, সুগঠন, সুগঠিত, সুগতি, সুগন্ধ, সুগন্ধা, সুগন্ধি, সুগন্ধিত, সুগন্ধী, সুগভীর, সুগম, সুগম্য, সুগম্ভীর, সুগান, সুগুপ্ত, সুগৃহীতনামা, সুগোল (p. 838) [sukhyāti, sugaṭhana, sugaṭhita, sugati, sugandha, sugandhā, sugandhi, sugandhita, sugandhī, sugabhīra, sugama, sugamya, sugambhīra, sugāna, sugupta, sugr̥hītanāmā, sugōla] দ্র সু।

সুচ (p. 838) [suca] বি. সেলাই করার জন্য সরু ও তীক্ষ্ণ লোহার শলাকা, ছুঁচ। [সং. সূচী]।

সুচন্দন, সুচরিত, সুচরিতেষু, সুচরিত্র, সুচারু, সুচিক্কণ, সুচিত্রিত, সুচিন্তিত, সুচির, সুচেতা, সুছাঁদ, সুজন (p. 838) [sucandana, sucarita, sucaritēṣu, sucaritra, sucāru, sucikkaṇa, sucitrita, sucintita, sucira, sucētā, suchām̐da, sujana] দ্র সু।

সুজনি (p. 838) [sujani] বি. কারুকার্যযুক্ত বিছানার মোটা চাদরবিশেষ। [ফা. সোজনী]।

সুজলা, সুজাত (p. 838) [sujalā, sujāta] দ্র সু।

সুজি (p. 838) [suji] বি. রেঁধে খাওয়ার মোটা গোধূমচূর্ণবিশেষ। [দেশি]।

সুজেয় (p. 838) [sujēẏa] দ্র সু।

সুট (p. 838) [suṭa] বি. 1 প্রস্থ, কেতা (এক সুট গহনা বা জামা); 2 ইয়োরোপীয় পোশাক অর্থাত্ কোট প্যাণ্ট টাই ইত্যাদি। [ইং. suit]। সুট করা ক্রি. বি. মানানো, শোভন হওয়া (জামাটা সুট করেছে)। ˜ কেস বি. জামাকাপড় ও অন্যান্য দ্রব্যসামগ্রী রাখার উপযোগী ডালাযুক্ত এবং (সচ. হাতে ঝুলিয়ে) বহনের উপযোগী বাক্সবিশেষ। [ইং. suitcase]।

সুঠাম (p. 838) [suṭhāma] দ্র সু।

সুড়ঙ্গ (p. 838) [suḍ়ṅga] বি. (সচ.) মাটির নীচে গর্ত বা পথ (সুড়ঙ্গ পথ)। [< সং. সুরঙ্গ]।

সুড়-সুড় (p. 838) [suḍ়-suḍ়] বি. মৃদু সিড়সিড় ভাব। সুড়-সুড়ি বি. কাতুকুতু। [ধ্বন্যা.]।

সুডৌল (p. 838) [suḍaula] দ্র সু।

সুত (p. 838) [suta] বি. ছেলে, পুত্র (সুতস্নেহ)। [সং. √ সু + ত]। স্ত্রী. সুতা।

সুতনু, সুতপা, সুতপ্ত (p. 838) [sutanu, sutapā, sutapta] দ্র সু।

সুতল (p. 838) [sutala] বি. ষষ্ঠ পাতাল। [সং. সু + তল]।

সুতরাং (p. 838) [sutarā] (-রাম্) অব্য. 1 অতএব; 2 কাজেই; অগত্যা; 3 (সং.) অত্যন্ত; 4 অবশ্য। [সং. সু. + তরাম্]।

সুতলি1 (p. 838) [sutali1] দ্র সুতা1।

সুতলি2 (p. 838) [sutali2] বি. সরু দড়ি বা সুতো। [বাং. সুতা (সং. সূত্র) + লি]।

সুত-হিবুক (p. 838) [suta-hibuka] বি. (জ্যোতিষ.) বিবাহানুষ্ঠানের পক্ষে প্রশস্ত যোগবিশেষ। [সং. সুত + হিবুক]।

সুতা1 (p. 838) [sutā1] ক্রি. (প্রা. কা.) শয়ন করা। [সং. সুপ্ত-অতীত কালের রূপ; সুতিল, সুতলি ইত্যাদি]।

সুতা2 (p. 838) [sutā21 সূত্র, তন্তু; 2 কার্পাসসূত্র; 3 দৈর্ঘ্যের মাপবিশেষ, 1/8 ইঞ্চি। [সং. সূত্র]। সুতি বিণ. কার্পাস সুতোয় তৈরি (সুতিবস্ত্র)।

সুতি (p. 838) [suti] দ্র সুতা2।

সুতিল (p. 838) [sutila] দ্র সুতা1।

সুদ (p. 838) [suda] বি. গৃহীত ঋণের পরিমাণের উপর যে-মূল্য নেওয়া হয়, বৃদ্ধি, কুসীদ (সুদে-আসলে)। [ফা. সুদ]। ˜ খোর বিণ. বি. কুসীদজীবী, সুদগ্রহণপূর্বক ঋণদানকারী।˜ সুদ্ধ বিণ. সুদসমেত। সুদি1 বিণ. 1 সুদসংক্রান্ত; 2 সুদের (সুদি কারবার)।

সুদক্ষ, সুদক্ষিণ, সুদতী, সুদন্ত, সুদর্শন (p. 838) [sudakṣa, sudakṣiṇa, sudatī, sudanta, sudarśana] দ্র সু।

সুদি1 (p. 838) [sudi1] দ্র সুদ।

সুদি2 (p. 838) [sudi2] বি. শুক্লপক্ষ (তু. বদি=কৃষ্ণপক্ষ)। [হি. সুদী তু. সং. শুদ্ধ]।

সুদীর্ঘ, সুদূর, সুদৃঢ়, সুদৃশ্য, সুদৃষ্টি (p. 838) [sudīrgha, sudūra, sudṛḍhঃ, sudṛśya, sudṛṣṭi] দ্র সু।

সুদ্ধ (p. 838) [suddha] বিণ. 1 সমেত (সবসুদ্ধ); 2 পর্যন্ত (বাড়িখানাসুদ্ধ গিয়েছে); 3 সম্বন্ধযুক্ত (দেশসুদ্ধ লোক)। [তু. হি. সুদ্ধাঁ: সম্ভবত সং. 'শুদ্ধ' ও 'সহিত' শব্দের মিলনজাত]।

সুধন্বা (p. 838) [sudhambā] (-ন্বন্) বিণ. বি. 1 শ্রেষ্ঠ বা উত্তম ধনুর্ধর। □ বি. পৌরাণিক রাজাবিশেষ। [সং. সু + ধনু + অনঙ্ (আগম)]। সুধন্বী (-ন্বিন্) বি. 1 নিপুণ ধনুর্ধর; 2 মহাযোদ্ধা।

সুধা1 (p. 838) [sudhā1] বি. 1 অমৃত; 2 জ্যোৎস্না (সুধাকর); 3 চুন (সুধাধবল)। [সং. সু + √ ধে (পানার্থক) অথবা (চুন অর্থে) √ ধা + অ + আ]।˜ ংশু,˜ কর বি. চাঁদ।˜ পাত্র বি. অমৃতের পাত্র।˜ পান বি. 1 অমৃতপান; 2 (ব্যঙ্গে) মদ্যপান।˜ ধবলিত বিণ. চুনকাম করা হয়েছে এমন।˜ ময় বিণ. অমৃতপূর্ণ; মধুর। স্ত্রী.˜ ময়ী।˜ মাখা বিণ. 1 অমৃতে প্রলিপ্ত; 2 অতি মধুর।˜ মুখ বিণ. সুন্দরমুখবিশিষ্ট।˜ রুচি বিণ. সুধার মতো স্বাদু।˜ সব বি. সুধাতুল্য মধু বা মদ্য।˜ সার বি. অমৃতবৃষ্টি। [সুধা + আসার]।˜ সমুদ্র,˜ সিন্ধু বি. সপ্তসমুদ্রের অন্যতম।

সুধা2, সুধানো (p. 838) [sudhā2, sudhānō] (জিজ্ঞাসা অর্থে) শুধা ও শুধানো -র বানানভেদ।

সুধী (p. 838) [sudhī] বি. 1 পণ্ডিত, বিদ্বান বা জ্ঞানী ব্যক্তি; 2 উত্তম বুদ্ধি। ☐ বিণ. সুবুদ্ধিযুক্ত। [সং. সু + ধী]।

সুধীর (p. 838) [sudhīra] দ্র সু।

সুনজর, সুনয়না, সুনাভ, সুনাম, সুনিপুণ, সুনিয়ন্ত্রণ, সুনিয়ন্ত্রিত, সুনিয়ম, সুনির্দিষ্ট, সুনিশ্চয়, সুনিশ্চিত, সুনীতি, সুনীল (p. 838) [sunajara, sunaẏanā, sunābha, sunāma, sunipuṇa, suniẏantraṇa, suniẏantrita, suniẏama, sunirdiṣṭa, suniścaẏa, suniścita, sunīti, sunīla] দ্র সু।

সুন্দ (p. 838) [sunda] বি. 1 অসুরবিশেষ; 2 বানরবিশেষ। [সং. √ সুন্দ্ + অ]। সুন্দউপসুন্দের লড়াই দানব ভ্রাতৃদ্বয় সুন্দ ও উপসুন্দের অদম্য প্রতাপে দেবকুল বিষণ বিপাকে পড়লে ব্রহ্মা তিলোত্তমাকে সৃষ্টি করে ভ্রাতৃদ্বয়ের কাছে প্রেরণ করেন, এবং তিলোত্তমাকে লাভার্থ তাঁরা দুজনে দ্বন্দ্বযুক্ত করে উভয়েই নিহত হন; (আল.) যে যুদ্ধে উভয় পক্ষেরই বিনাশ অবশ্যম্ভাবী; দুই তুল্যবিক্রম প্রতিদ্বন্দ্বীর পরস্পর সংঘর্ষ; বিষম গৃহযুদ্ধ।

সুন্দর (p. 838) [sundara] বিণ. 1 সুদৃশ্য, শোভন (সুন্দর ছবি); 2 রূপবান (সুন্দর পুরুষ); 3 মনোহর (সুন্দর গন্ধ)। [সং. √ সুন্দ্ + অর]। সুন্দরী বিণ. (স্ত্রী.) রূপবতী। ☐ বি. 1 রূপবতী নারী; 2 সুন্দরবনের গাছবিশেষ, সুঁদরি।

সুন্নত (p. 838) [sunnata] বি. মুসলমান ও ইহুদিদের মধ্যে প্রচলিত লিঙ্গ ত্বকচ্ছেদরূপ সংস্কারবিশেষ। [আ. সুন্নত্]।

সুন্নি (p. 838) [sunni] বি. যে মুসলমান-সম্প্রদায় হজরত আলির পূর্ববর্তী তিনজন খলিফাকে মানে। [আ.]।

সুপ (p. 838) [supa] বি. ক্বাথ, সুরুয়া, ঝোল। [ইং. soup]।

সুপক্ব, সুপথ, সুপর্ণ, সুপাচ্য, সুপাত্র (p. 838) [supakba, supatha, suparṇa, supācya, supātra] দ্র সু।

সুপারি, (কথ্য) সুপুরি (p. 838) [supāri, (kathya) supuri] বি. (প্রধানত পানের সঙ্গে চিবিয়ে খাওয়ার) মুখশুদ্ধিকর ফলবিশেষ বা তার গাছ, গুবাক (গুয়া), পূগফল। [দেশি]।

সুপারিন্টেণ্ডেণ্ট (p. 838) [supāriṭēṇḍēṇṭa] বি. পরিচালক, অধ্যক্ষ; তত্ত্বাবধায়ক। [ইং. superintendent]।

সুপারিশ, (বর্জি.) সুপারিস (p. 838) [supāriśa, (barji.) supārisa] বি. পরের জন্য অনুরোধ। [ফা. সুফারিশ]।

সুপ্ত (p. 838) [supta] বিণ. 1 নিদ্রিত (সুপ্ত সিংহ); 2 (গৌণ অর্থে) অব্যক্ত, চাপা, প্রচ্ছন্ন (সুপ্ত প্রেম, সুপ্ত চিত্ত, গুপ্ত প্রতিভা)। [সং. √ স্বপ্ + ত]। স্ত্রী. সুপ্তা। সুপ্তি বি. নিদ্রা। সুপ্তোত্থিত বিণ. নিদ্রা থেকে জাগরিত। স্ত্রী. সুপ্তোত্থিতা।

সুপ্রকাশ, সুপ্রজাবতী, সুপ্রতিষ্ঠ, সুপ্রতিষ্ঠিত (p. 838) [suprakāśa, suprajābatī, supratiṣṭha, supratiṣṭhita] দ্র সু।

সুপ্রতীক (p. 838) [supratīka] বিণ. 1 সুনির্মিত, সুরচিত; 2 শোভন অঙ্গ বিশিষ্ট। □ বি. কামদেব। [সং. সু + প্রতীক (অঙ্গ)]।

সুপ্রভ, সুপ্রভা, সুপ্রভাত, সুপ্রযুক্ত, সুপ্রয়োগ, সুপ্রশস্ত, সুপ্রসন্ন, সুপ্রসব, সুপ্রসিদ্ধ, সুপ্রাপ্য (p. 838) [suprabha, suprabhā, suprabhāta, suprayukta, supraẏōga, supraśasta, suprasanna, suprasaba, suprasiddha, suprāpya] দ্র সু।

সুপ্রিম-কোর্ট (p. 838) [suprima-kōrṭa] বি. রাষ্ট্রের সর্বোচ্চ বিচারালয়। [ইং. supreme court]।

সুপ্রিয় (p. 838) [supriẏa] দ্র সু।

সুফল, সুফলা (p. 838) [suphala, suphalā] দ্র সু।

সুফি (p. 838) [suphi] বি. অজ্ঞেয়-সন্ধানী (mystic) মুসলমান ধর্মসম্প্রদায়বিশেষ। [আ. সুফী]।

সুবচন (p. 838) [subacana] বি. হিতকর বা সুশ্রাব্য কথা। [সং. সু + বচন]।

সুবচনি1 (p. 838) [subacani1] বিণ. মিষ্টভাষিণী। [সং. সু + বচন + বাং. ই]।

সুবচনি2 (p. 838) [subacani2] বি. দেবীবিশেষ, শুভচণ্ডী। [সং. শুভসূচনী]।

সুবন্ত (p. 838) [subasta] বিণ. সুপ্-বিভক্ত্যন্ত অর্থাত্ সংস্কৃত ব্যাকরণ-নির্দিষ্ট শব্দবিভক্তিযুক্ত। [সং. সুপ্ + অন্ত]।

সুবর্ণ (p. 838) [subarṇa] বি. 1 হলদে রঙের ধাতুবিশেষ, সোনা; 2 স্বর্ণমুদ্রা, মোহর; 4 স্বর্ণের বা স্বর্ণমুদ্রার প্রাচীন পরিমাণবিশেষ (=মাষা); 4 ধন, সম্পত্তি; 5 সুন্দর রং; 6 সুন্দর অক্ষর। □ বিণ. 1 সুন্দর বর্ণবিশিষ্ট; 2 সুন্দর অক্ষরযুক্ত। [সং. সু + বর্ণ]।˜ কার বি. স্বর্ণকার, স্যাকরা।˜ জয়ন্তী দ্র জয়ন্তী।˜ বণিক বি. স্বর্ণব্যবসায়ী; হিন্দু জাতিবিশেষ, সোনার বেনে।˜ ময় বিণ. সোনা দিয়ে তৈরি; সোনায় ভরা। সুবর্ণ সুযোগ বি. শ্রেষ্ঠ বা দুর্লভ সুযোগ। [ইং. golden opportunity র অনুবাদ]।

সুবলিত, সুবহ (p. 838) [subalita, subaha] দ্র সু।

সুবা (p. 838) [subā] বি. প্রদেশ, বাদশাহি আমলে দেশের রাজনীতিক বিভাগ। [আ.]।˜ দার বি. 1 প্রাদেশিক শাসনকর্তা; 2 সিপাহিদের নেতা।˜ দারি বি. সুবাদারের পদ বা কাজ।

সুবাদ (p. 838) [subāda] বি. 1 সম্পর্ক, সম্বন্ধ (গ্রাম সুবাদে ভাই); 2 উপলক্ষ্য (কাজের সুবাদে আসা)। [দেশি]।

সুবাস (p. 838) [subāsa] বি. উত্তম গন্ধ; সৌরভ ('নবীন উষার পুষ্পসুবাস': রবীন্দ্র)। □ বিণ. উত্তম গন্ধযুক্ত; সৌরভযুক্ত। [সং. সু + বাস]। সুবাসিত বিণ. উত্তম গন্ধযুক্ত; উত্তম গন্ধযুক্ত করা হয়েছে এমন (সৌরভে সুবাসিত)। সুবাসিনী বিণ. (স্ত্রী.) সৌরভময়ী।

সুবিধা (p. 838) [subidhā] বি. 1 উত্তম বা সহজ উপায়; 2 সুযোগ। [সং. সু + বিধা]। ˜ বাদী (-দিন্) বিণ. কোনো নীতির বালাই না রেখে যেদিকে সুবিধা বোঝে সেদিকেই যায় এমন, opportunist.

সুবিনীত, সুবিন্যস্ত, সুবিন্যাস, সুবিপুল, সুবিমল, সুবিশাল, সুবিস্তীর্ণ, সুবিস্তৃত, সুবিহিত, সুবুদ্ধি, সুবৃষ্টি, সুবৃহত্ (p. 838) [subinīta, subinyasta, subinyāsa, subipula, subimala, subiśāla, subistīrṇa, subistṛta, subihita, subuddhi, subṛṣṭi, subṛhat] দ্র সু।

সুবেশ, সুবোধ, সুবোধ্য, সুব্যবস্থা, সুব্যবস্থিত, সুব্রত, সুব্রহ্মণ্য, সুব্রাহ্মণ, সুভগ, সুভদ্র, সুভাষ, সুভাষিত, সুভাষিণী, সুভাষী, সুভিক্ষ, সুমঙ্গল, সুমতি, সুমধুর, সুমধ্যমা, সুমন, সুমনা, সুমন্ত্রণা, সুমন্দ (p. 838) [subēśa, subōdha, subōdhya, subyabashā, subyabashita, subrata, subrahmaṇya, subrāhmaṇa, subhaga, subhadra, subhāṣa, subhāṣita, subhāṣiṇī, subhāṣī, subhikṣa, sumaṅgala, sumati, sumadhura, sumadhyamā, sumana, sumanā, sumantraṇā, sumanda] দ্র সু।

সুমার (p. 838) [sumāra] দ্র শুমার।

সুমিতি (p. 838) [sumiti] বি. শোভন ও সামঞ্জস্যপূর্ণ পরিমাণ ('আর্টের ধর্ম সুমিতি': রবীন্দ্র)। [সং. সু + মিতি]।

সুমুন্দি (p. 838) [sumundi] বি. (গ্রা.) শালা, সম্বন্ধী।

সুমেরু (p. 840) [sumēru] বি. 1 পৌরাণিক পর্বতবিশেষ; 2 (বাং.) উত্তর মেরু। [সং. সু + মি + রু]।˜ বৃত্ত বি. উত্তর মেরু থেকে 23 1/2 ডিগ্রি অক্ষাংশ দূরস্থ কাল্পনিক রেখাবিশেষ, artic circle (বি. প.)।

সুয়ো (p. 840) [suẏō] বিণ. সৌভাগ্যবর্তী; স্বামীর প্রিয়া (সুয়োরানি); স্বামীসোহাগিনি। [সং. সুভগা]।

সুযোগ (p. 840) [suyōga] বি. অনুকূল সময় বা পরিস্থিতি, সুবিধা। [সং. সু + যোগ]।˜ সন্ধানী বিণ. কেবল সুযোগ খুঁজে বেড়ায় এমন।

সুর1 (p. 840) [sura1] বি. 1 স্বর (নাকি সুর); 2 সংগীতে নিয়ন্ত্রিত ধ্বনি (গানের বা বাঁশির সুর)। [সং. স্বর]।˜ ফাঁক-তাল বি. সংগীতের দশ মাত্রার তালবিশেষ।˜ বাহার বি. বাদ্যযন্ত্রবিশেষ। [সং. সুর + ফা. বহার]।˜ বোধ বি. সংগীতে সুরের বৈশিষ্ট্য সম্বন্ধে জ্ঞান।˜ সপ্তক বি. সা রে গা মা পা ধা নি- স্বরগ্রামের এই সাতটি ধ্বনি।

সুর2 (p. 840) [sura2] বি. 1 দেবতা, অমর; 2 সূর্য। [সং. √ সু + র]।˜ কন্যা বি. 1 দেববালা; 2 স্বর্গের কুমারী।˜ গুরু বি. বৃহস্পতি।˜ তরু বু. কল্পবৃক্ষ।˜

ধুনী,˜ নদী বি. দেবনদী, গঙ্গা।˜ পতি বি. দেবরাজ ইন্দ্র।˜ পুর,˜ পুরী বি. স্বর্গ, অমরাবতী।˜ বালা বি. সুরকন্যা -র অনুরূপ।˜ লোক বি. স্বর্গ।˜ সরিত্,˜ সিন্ধু বি. গঙ্গা নদী। সুরর্ষি বি. নারদ প্রভৃতি দেবর্ষি। [সং. সুর + ঋষি]।˜ সুন্দরী, সুরাঙ্গনা বি. অপ্সরা। সুরাসুর বি. দেবতা ও দানব, দেবাসুর।

সুরকি (p. 840) [suraki] বি. (পাকা ইমারত ইত্যাদি নির্মাণে ব্যবহৃত) ইটের গুঁড়ো। [ফা. সুর্খ]।

সুরক্ষা (p. 840) [surakṣā] বি. 1 উত্তম রক্ষণ বা রক্ষণাবেক্ষণ (দেহের সুরক্ষা); 2 সংরক্ষণ; 3 প্রতিরক্ষা (সীমান্ত সুরক্ষা)। [সং. সু + রক্ষা]।

সুরত1 (p. 840) [surata1] বি. রতিক্রীড়া, মৈথুন। [সং. সু + √ রম্ + ত]।

সুরত2 (p. 840) [surata2] বি. 1 চেহারা, আকৃতি; 2 ঢং, ধরন; 3 উপায়। [আ. সুরত্]।˜ হাল বি. 1 ঘটনার প্রকৃত অবস্থা; 2 ঘটনাস্থল বা আদালতে এজাহার।

সুরতি1 (p. 840) [surati1] বি. (প্রা. কা.) 1 রতি; 2 আলিঙ্গন। [দ্র. সুরত1]।

সুরতি2 (p. 840) [surati2] বি. ভাগ্যপরীক্ষামূলক জুয়াখেলাবিশেষ, লটারি। [পো. sorte]।

সুরতি3 (p. 840) [surati3] বি. তামাকচূর্ণ-মিশ্রিত পানের মশলাবিশেষ, সুখা। [হি.]।

সুরধুনী, সুরনদী, সুরপতি (p. 840) [suradhunī, suranadī, surapati] দ্র সুর2।

সুরফাঁকতাল (p. 840) [suraphān̐katāla] দ্র সুর1।

সুরবল্লী (p. 840) [suraballī] বি. আয়ুর্বেদীয় ওষুধে ব্যবহৃত কষায়রসযুক্ত গুল্মবিশেষ। [সং.]।

সুরবাহার (p. 840) [surabāhāra] দ্র সুর1।

সুরবোধ (p. 840) [surabōdha] দ্র সুর1।

সুরভি1 (p. 840) [surabhi1] বি. সুগন্ধ, সৌরভ; সুগন্ধদ্রব্য। □বিণ. সুগন্ধযুক্ত ('কেতকী-কেশরে কেশপাশ কর সুরভি': রবীন্দ্র)। [সং. সু + √ রভ্ + ই]।˜ ত বিণ. সুবাসিত, সুগন্ধযুক্ত।

সুরভি2, সুরভী (p. 840) [surabhi2, surabhī] বি. স্বর্গের কামধেনু। [সং. সু + √ রভ্ + ই, ঈ]।

সুরমা1 (p. 840) [suramā1] বি. রসাঞ্জনচূর্ণ, কাজলবিশেষ। [ফা.]।

সুরমা2 (p. 840) [suramā2] বিণ. (স্ত্রী.) অতি রমণীয়া। [সং. সু + রমা]।

সুরম্য, সুরস, সুরসা, সুরসাল, সুরসিক (p. 840) [suramya, surasa, surasā, surasāla, surasika] দ্র সু।

সুরলোক (p. 840) [suralōka] দ্র সুর2।

সুর-শৃঙ্গার (p. 840) [sura-śṛṅgāra] বি. বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। [সং. সুর + শৃঙ্গার]।

সুরসরিত্, সুরসিন্ধু, সুরসুন্দরী (p. 840) [surasarit, surasindhu, surasundarī] দ্র সুর2।

সুরা (p. 840) [surā] বি. মদ; রাসায়নিক প্রক্রিয়ার প্রস্তুত মদ, spirits. [সং. সু + √ রৈ (শব্দ, চিৎকার) + অ + আ]।˜ জীব,˜ জীবী (-বিন্) বি. মদ্যব্যবসায়ী, শুঁড়ি।˜ পায়ী (-য়িন্) বিণ. মদ্য পান করে বা মদ্যপানে অভ্যস্ত এমন।˜ রঞ্জিত বিণ. মদ্যপানের ফলে রক্তিম।˜ সক্তি বি. মদের প্রতি আসক্তি বা লোভ।˜ সব বি. 1 সুরা এবং আসব (অর্থাত্ তাড়ি); 2 মদবিশেষ; 3 মদের অবস্থাবিশেষ।˜ সার বি. বিশুদ্ধ মদ, কোহল, স্পিরিট।

সুরাঙ্গনা, সুরাসুর (p. 840) [surāṅganā, surāsura] দ্র সুর2।

সুরারি (p. 840) [surāri] বি. দেবতাদের শত্রু অর্থাত্ দৈত্য। [সং. সুর2 + অরি]।

সুরালয় (p. 840) [surālaẏa] বি. দেবগণের আবাস অর্থাত্ স্বর্গ। [সং. সুর 2 + আলয়]।

সুরাসক্তি (p. 840) [surāsakti] দ্র সুরা।

সুরাহা (p. 840) [surāhā] বি. 1 উত্তম উপায়; 2 উপযুক্ত প্রতিবিধান (খাদ্য সমস্যার বা পরিস্থিতির সুরাহা); 3 সুবিধা। [সং. সু + ফা. রাহ্]।

সুরু (p. 840) [suru] দ্র শুরু।

সুরুয়া (p. 840) [suruẏā] দ্র শুরুয়া।

সুরেন্দ্রে, সুরেশ (p. 840) [surēndrē, surēśa] বি. দেবরাজ ইন্দ্র। [সং. সুর 2 + ইন্দ্র, ঈশ]।

সুরেলা (p. 840) [surēlā] বিণ. অতি মিষ্টি সুর বা স্বরবিশিষ্ট (সুরেলা গলা)। [তু. হি. সুরীলা]।

সুরেশ্বর (p. 840) [surēśbara] বি. 1 মহাদেব, শিব; 2 ইন্দ্র। [সং. সুর + ঈশ্বর]। সুরেশ্বরী বি. (স্ত্রী.) 1 দুর্গা; 2 গঙ্গা।

সুর্ষা, সুর্শা, (কথ্য) সুর্ষো, সুর্শো (p. 840) [surṣā, surśā, (kathya) surṣō, surśō] বি. শিকল বা আলতারাফ আটকাবার আংটাবিশেষ। [দেশি]।

সুল-তান (p. 840) [sula-tāna] বি. 1 বাদশাহ; 2 তুরস্কের প্রাচীন নৃপতিদের উপাধি। [তুর.]। স্ত্রী. সুল-তানা। সুল-তানি, (বর্জি.) সুলতানী বি. সুলতানের পদ বা অধিকার। □ বিণ. সুলতানসংক্রান্ত।

সুলভ (p. 840) [sulabha] বিণ. 1 সহজে পাওয়া যায় এমন; 2 সস্তা; 3 যোগ্য, উপযুক্ত, স্বাভাবিক (নারীসুলভ বিলাপ, পশুসুলভ প্রকৃতি)। [সং. সু + √ লভ্ + অ]।

সুললিত, সুলিখিত (p. 840) [sulalita, sulikhita] দ্র সু।

সুলুক (p. 841) [suluka] বি. 1 ছিদ্র, রন্ধ্র; 2 সূত্র, clue. [ফা. সুরাগ্]। ˜ সন্ধান বি. খোঁজখবর, কোনো বিষয়ের সূত্র বা খবর।

সুলুপ (p. 841) [sulupa] বি. এক-মাস্তুলের সমুদ্রগামী নৌকো বা ছোটো জাহাজবিশেষ। [ইং. sloop]।

সুলেখক, সুলোচনা, সুলোহিত, সুশাসক, সুশাসন, সুশাসিত, সুশিক্ষক, সুশিক্ষা, সুশিক্ষিত, সুশীতল, সুশীল, সুশৃঙ্খল, সুশৃঙ্খলা, সুশোভন, সুশোভিত, সুশ্রাব্য, সুশ্রী (p. 841) [sulēkhaka, sulōcanā, sulōhita, suśāsaka, suśāsana, suśāsita, suśikṣaka, suśikṣā, suśikṣita, suśītala, suśīla, suśṛṅkhala, suśṛṅkhalā, suśōbhana, suśōbhita, suśrābya, suśrī] দ্র সু।

সুশ্রুত (p. 841) [suśruta] বি. 1 আয়ুর্বেদগ্রন্হ-রচয়িতা প্রাচীন ঋষিবিশেষ; 2 তাঁর রচিত গ্রন্হ (সুশ্রুত সংহিতা)। [সং. সু + শ্রু + ত]।

সুষম (p. 841) [suṣama] বিণ. 1 সংগতিপূর্ণ; 2 সমতাযুক্ত; 3 যথাযোগ্য উপাদানবিশিষ্ট, balanced (সুষম খাদ্য); 4 সুন্দর; শোভন। [সং. সু + সম]। বি.˜ তা।

সুষমা (p. 841) [suṣamā] বি. (স্ত্রী.) লাবণ্য, সৌন্দর্য (দেবীমূর্তির সুষমা, সুষমামণ্ডিত আকৃতি)। [সং. সু + সম + আ]।

সুষুপ্ত (p. 841) [suṣupta] বিণ. গভীর নিদ্রায় মগ্ন। [সং. সু + সুপ্ত]। সুষুপ্তি বি. গভীর নিদ্রা।

সুষুম্না (p. 841) [suṣumnā] বি. ইড়া ও পিঙ্গলার মধ্যবর্তী নাড়িবিশেষ যা মেরুদণ্ডের সঙ্গে সংলগ্ন। [সং. সুষু + √ ম্না + অ + আ]।˜ কাণ্ড বি. মেরুদণ্ডের মধ্যস্থ শিরাগুচ্ছ বা নার্ভগুচ্ছ, spinal cord (বি.প.)।

সুষ্ঠু (p. 841) [suṣṭhu] বিণ. 1 অতি সুন্দর; 2 শ্রেষ্ঠ; 3 সত্য; 4 সুব্যবস্থাযুক্ত ও নিখুঁত (সুষ্ঠু ব্যবস্থা)। [সং. সু + √ স্থা + উ]।

সুসংগত, সুসংবাদ, সুসংবৃত, সুসংযত, সুসংস্কৃত, সুসজ্জ, সুসজ্জিত, সুসভ্য, সুসময়, সুসম্পন্ন, সুসম্পাদিত, সুসম্বন্ধ, সুসহ, সুসাধ্য (p. 841) [susaṅgata, susambāda, susambṛta, susaṃyata, susaṃskṛta, susajja, susajjita,

susabhya, susamaẏa, susampanna, susampādita, susambandha, susaha, susādhya] দ্র সু।

সুসার (p. 841) [susāra] বিণ. (বিরল) উত্তম সারপদার্থযুক্ত। □ বি. (বাং.) 1 প্রাচুর্য, পর্যাপ্তি; 2 সচ্ছলতা; 3 সুবিধা। [সং. সু + সার]।

সুস্থ (p. 841) [susha] বিণ. 1 স্বাস্থ্যযুক্ত, নীরোগ (সুস্থ দেহ); 2 সুস্থির (সুস্থ পরিবেশ); 3 স্বচ্ছন্দ (সুস্থ মন)। [সং. সু + √ স্থা + অ]। বি.˜ তা।

সুস্থিত, সুস্থির, সুস্নিগ্ধ, সুস্বন, সুস্বপ্ন, সুস্বর, সুস্বাদ, সুস্বাদু, সুহাস (p. 841) [sushita, sushira, susnigdha, susbana, susbapna, susbara, susbāda, susbādu, suhāsa] দ্র সু।

সুহৃত্ (-হৃদ্), সুহৃদ (p. 841) [suhṛt (-hṛd), suhṛda] বি. 1 বন্ধু, মিত্র, সখা; 2 হিতৈষী। [সং. সু + হৃদ্]। সুহৃদ্বর বি. শ্রেষ্ঠ সুহৃদ।

সুক্ত (p. 841) [sukta] বি. 1 ঋকের সমষ্টি বেদমন্ত্র; 2 বেদের যে-কোনো একটি সমগ্র কবিতা বা স্তোত্র; 3 সত্ বচন। [সং. সু + উক্ত]। সুক্তি বি. সদ্বাক্য, সুভাষিত।

সূক্ষ্ম (p. 841) [sūkṣma] বিণ. 1 মিহি, সরু, পাতলা (সূক্ষ্ম চূর্ণ, সূক্ষ্ম সূত্র, সূক্ষ্ম বস্ত্র); 2 ক্ষীণ (সূক্ষ্ম স্পন্দন); 3 তীক্ষ্ণ (সূক্ষ্ম বুদ্ধি, সূক্ষ্মাগ্র); 4 অতিশয় ক্ষুদ্র (সূক্ষ্ম যন্ত্রাংশ); 5 পুঙ্খানুপুঙ্খ (সূক্ষ্ম বিচার); 6 সংকীর্ণ (সূক্ষ্ম ছিদ্র); 7 অতীন্দ্রিয় (সূক্ষ্মদেহ)। [সং. √ সূচ্ + স্ম]। বি.˜ তা।˜ কোণ দ্র কোণ।˜ শরীর (দর্শ.) বি. 1

ইন্দ্রিয় প্রাণমনবুদ্ধিসমন্বিত আত্মার দেহ বা অস্তিত্ব; 2 (সাধারণ অর্থে) মৃত্যুর পর আত্মার শরীরী অস্তিত্ব। সূক্ষ্মাতি-সূক্ষ্ম বি. অত্যন্ত সূক্ষ্ম, যৎপরোনাস্তি সূক্ষ্ম।

সূচক (p. 841) [sūcaka] বিণ. 1 সূচনাকারী; 2 বোধক, প্রকাশক, জ্ঞাপক (ঘৃণাসূচক, ভয়সূচক)। □ বি. 1 index (পরি.); 2 (বিরল) গুপ্তচর। [সং. √ সূচ্ + ণিচ্ + অক]। স্ত্রী. সূচিকা।

সূচন (p. 841) [sūcana] বি. 1 জ্ঞাপন; 2 কথন; 3 সংকেত বা চিহ্নাদি দ্বারা জানানো। [সং. √ সূচ্ + অন]। সূচনা বি. 1 সূচন; 2 প্রস্তাবনা; 3 আরম্ভ (নূতন যুগের সূচনা); 4 উপক্রম, সূত্রপাত; 5 সংকেত, ইঙ্গিত (সাফল্যের সূচনা, বিবাদের সূচনা)। সূচনীয়, সূচয়ি-তব্য, সূচ্য বিণ. 1 জ্ঞাপনীয়; 2 বোঝানো যায় এমন; 3 কথনীয়। সূচিত বিণ. 1 জ্ঞাপিত; 2 বোধিত; 3 কথিত।

সূচি1, সূচী1 (p. 841) [sūci1, sūcī1] বি. সুচ, ছুঁচ। [সং. √ সুচ্ + ইন্]। ˜ কর্ম বি. সেলাইয়ের কাজ; সুচসুতো দিয়ে করা কারুকার্য। ˜ জীবী বিণ. সেলাইদ্বারা জীবিকানির্বাহকারী। □ বি. দরজি। ˜ ভেদ্য বিণ. কেবল সুচের দ্বারাই বিদ্ধ করা যায় এমন; নিবিড়, ঘন, জমাট (সূচিভেদ্য অন্ধকার)। ˜ মুখ বিণ. সুচের মতো তীক্ষ্ণ মুখবিশিষ্ট বা ডগাবিশিষ্ট, ছুঁচলো। □ বি. (বিরল) 1 মণি; রত্ন; 2 প্রাচীন যুগের ব্যূহবিশেষ; 3 সুচের ডগা বা মুখ; 4 সরু বা ছুঁচলো মুখ।

সূচি2, সূচী2 (p. 841) [sūci2, sūcī2] বি. যার দ্বারা সূচনা করা বা জানানো হয়, নির্ঘণ্ট, তালিকা (পাঠ্যসূচি, curriculum); গ্রন্থাদির বিষয়-তালিকা। [সং. √ সূচ্ + ই]। ˜ পত্র বি. গ্রন্থাদির যে পৃষ্ঠায় পৃষ্ঠাঙ্কসহ বিষয়-তালিকা থাকে।

সূচিকা1 (p. 841) [sūcikā1] দ্র সূচক।

সূচিকা2 (p. 841) [sūcikā2] বি. 1 সুচ; 2 হাতির শুঁড়। [সং. সূচি + ক + আ]।˜ ভরণ বি. সাপের বিষ থেকে তৈরি সূচ্যগ্র পরিমাণে সেবনীয় আয়ুর্বেদীয় ওষুধবিশেষ।

সূচিত (p. 841) [sūcita] দ্র সূচন।

সূচি-রোমা (p. 841) [sūci-rōmā] (-মন্) বিণ. সূচের মতো তীক্ষ্ণ লোমবিশিষ্ট। □ বি. শূকর। [সং. সূচি + রোমন]।

সূচী1, সূচী2 (p. 841) [sūcī1, sūcī2] যথাক্রমে সূচি1 ও সূচী2 এর বানানভেদ।

সূচ্য (p. 841) [sūcya] দ্র সূচন।

সূচ্যগ্র (p. 841) [sūcyagra] বি. সুচের আগা। □ বিণ. সূচ্যগ্র-পরিমিত, অত্যল্প। [সং. সূচী1 + অগ্র]।˜ মেদিনী বি. সুচের আগা দ্বারা পরিমিত ভূমি, কণামাত্র বা এক ছিঁটে জমি।

সূত (p. 841) [sūta] বিণ. উৎপন্ন, জাত। □ বি. 1 প্রাচীন ভারতের জাতিবিশেষ; 2 সূত্রধর জাতি; 3 স্তুতিপাঠক; 4 সারথি। [সং. √ সূ + ত]। বিণ. বি. (স্ত্রী.) সূতা1।˜ ক বি. 1 উৎপত্তি, জন্ম; 2 জননাশৌচ, সন্তানপ্রসবজনিত

অশৌচ। ̃ কাশৌচ বি. সন্তানপ্রসবজনিত অশৌচ। ̃ পুত্র বি. 1 সারথির পুত্র; 2 মহাবীর কর্ণ।

সূতা1 (p. 841) [sūtā1] দ্র সূত।

সূতি1 (p. 842) [sūti1] বি. প্রসব, জন্ম। [সং. √ সূ + তি]। ̃ কা বি. 1 নবপ্রসূতা স্ত্রী; 2 (বাং.) প্রসূতির উদরাময় রোগবিশেষ। ̃ কাগার, ̃ কা-গৃহ, ̃ গৃহ বি. আঁতুড় ঘর।

সূত্র (p. 842) [sūtra] বি. 1 সুতা, তন্তু; 2 ক্রম, গতিক, ব্যপদেশ (কর্মসূত্রে, সেই সূত্রে আলাপ); 3 বন্ধন (প্রাচ্য-প্রতীচ্যের যোগসূত্র); 4 সম্পর্ক (পরিণয়সূত্র); 5 ধারা, পরম্পরা (চিন্তাসূত্র); 6 খেই, সংকেত (সূত্র ধরিয়ে দেওয়া); 7 সংক্ষিপ্ত অথচ সারগর্ভ ও সংশয়যুক্ত সিদ্ধান্তযুক্ত বাক্য (পাণিনিসূত্র, বেদান্তসূত্র); 8 বিধি, নিয়ম (ব্যাকরণের সূত্র); 9 বিষয়নির্দেশ (সূত্র সংক্ষেপ করা); 1 (প্রধানত নাটকাদির) প্রস্তাবনা (সূত্রধার); 11 পইতে, উপবীত; 12 আরম্ভ, সূচনা (সূত্রপাত); 13 (বীজগ.) সহজে ও সংক্ষেপে অঙ্ক কষবার সংকেতবিশেষ, formula (বি. প.)। [সং. √ সূত্র্ + অ]। ̃ কার বি. মূল সূত্রগ্রন্হের রচয়িতা (সূত্রকার পাণিনি)। ̃ ধর বি. ছুতোর। ̃ ধার বি. 1 ছুতোর; 2 (প্রাচীন নাটকে) নাট্যপ্রয়োজক প্রধান নট। ̃ পাত বি. আরম্ভ, সূচনা (কাজের বা আলোচনার সূত্রপাত)। ̃ পিটক বি. বৌদ্ধধর্মগ্রন্হ সংগ্রহ, ত্রিপিটকের অন্যতম অংশ।

সূদন (p. 842) [sūdana] বি. বধ, হনন। □ বিণ. বধকারী (মধুসূদন)। [সং. √ সূদ্ + ণিচ্ + অন]।

সূনা (p. 842) [sūnā] বি. প্রাণীবধের স্থান, কসাইখানা। [সং. √ সূ + ক্ত + আ]।

সূনু1 (p. 842) [sūnu1] বি. 1 পুত্র, তনয়; 2 কনিষ্ঠ ভ্রাতা। [সং. √ সূ + ন]। সূনু2, সূনূ বি. (স্ত্রী.) তনয়া, কন্যা।

সূনৃত (p. 842) [sūnṛta] বি. সত্য অথচ প্রিয় বাক্য। □ বিণ. সত্য অথচ প্রিয় বক্তা। [সং. সু + √ নৃত্ + অ]।

সূপ (p. 842) [sūpa] বি. 1 ব্যঞ্জনবিশেষ, ঝোল; 2 রাঁধা ডাল। [সং. √ সূ + প]। ̃ কার বি. পাচক।

সূর1 (p. 842) [sūra1] বি. সূর্য। [সং. √ সূ + র]।

সূর2 (p. 842) [sūra2] বি. 1 পণ্ডিত, জ্ঞানী; 2 বীর। [সং. √ সূর্ + অ]।

সূরি (p. 842) [sūri] বি. 1 কবি; 2 পণ্ডিত (পূর্বসূরি); 3 জৈনগুরুগণের সাধারণ উপাধি। [সং. √ সূ + রি]।

সূরী1 (p. 842) [sūrī1] (-রিন্) বিণ. জ্ঞানী, বিচক্ষণ, বিদ্বান। [সং. 'সূর (=সূর্য) উপাস্য যার' এই অর্থে সূর + ইন্]।

সূরী2 (p. 842) [sūrī2] বি. (স্ত্রী.) 1 সূর্যপত্নী; 2 কুন্তী। [সং. সূর্য + ঈ]।

সূর্য (p. 842) [sūrya] বি. পৃথিবীর নিকটতম যে-নক্ষত্রকে পৃথিবী প্রদক্ষিণ করে, পৃথিবী যে জ্যোতিষ্কের গ্রহ; রবি, ভানু, ভাস্কর, আদিত্য। [সং. √ সৃ (প্রেরণার্থক-কর্মে প্রেরণাদান) + য]।˜ কর,˜ কিরণ,˜ রশ্মি বি. সূর্যের আলো, রৌদ্র।˜ করোজ্জ্বল বিণ. সূর্যালোকে উজ্জ্বল।˜ কান্ত,˜ মণি বি. আতশ কাচ।˜ গ্রহণ বি. (বিজ্ঞা.) সংক্রমণরত সূর্য ও পৃথিবীর মধ্যবর্তী স্থানে চন্দ্রের সঞ্চার হওয়ার ফলে পৃথিবীপৃষ্ঠে সূর্যালোকপাতে বাধা; 2 (হি. পু.) রাহু কর্তৃক সূর্যকে গ্রাস।˜ ঘড়ি বি. রৌদ্র ও ছায়ার পরিমাণ দেখে সময় নির্ণয় করবার যন্ত্রবিশেষ, sundial.˜ তনয়,˜ পুত্র বি. 1 শনি; 2 যম; 3 কর্ণ।˜ তনয়া বি. 1 যমুনা; 2 তপতী; 3 বিদ্যুত্।˜ বংশ বি. অযোধ্যার পৌরাণিক রাজবংশ।˜ মুখী বি. হলদে রঙের ফুলবিশেষ।˜ লোক বি. সৌরজগত্।˜ সারথি বি. গরুড়-ভ্রাতা অরুণ।˜ সিদ্ধান্ত বি. জ্যোতির্বিজ্ঞানসম্বন্ধীয় গ্রন্থবিশেষ।˜ স্নান বি. স্বাস্থ্যোন্নতির জন্য খালি গায়ে রোদ সেবন, sun-bath. সুর্যাবর্ত বি. সূর্যের আবর্তন, সূর্যের গতি বা পরিক্রমণ। সূর্যালোক বি. সূর্যের আলো। সূর্যাস্ত বি. দিনের শেষে সূর্যের অদৃশ্য হওয়া। সূর্যেন্দু-সংগম, সূর্যেন্দু-সঙ্গম বি. অমাবস্যা। সূর্যোদয় বি. ভোরে আকাশে সূর্যের প্রকাশ। সূর্যোপা-সনা বি. সূর্যের বন্দনা।

সৃক্কণী, সৃক্ক (p. 842) [sṛkkaṇī, sṛkka] বি. ঠোঁটের দুই প্রান্ত, কশ। [সং. সৃক্কনিন্]।

সৃজক (p. 842) [sṛjaka] বি. বিণ. স্রষ্টা, যে সৃষ্টি করে। [সং. √ সৃজ্ + অক]।

সৃজন (p. 842) [sṛjana] বি. সৃষ্টি, নির্মাণ, রচনা (সৃজনশক্তি, চরিত্রসৃজন)। [বাংলা শব্দ < সং. √ সৃজ্]।˜ ধর্মী বিণ. সৃষ্টি করবার স্বভাব বা শক্তিবিশিষ্ট

(সৃজনধর্মী চিত্তবৃত্তি)। ˜ শীল বিণ. সৃজনীশক্তিবিশিষ্ট; সৃষ্টিশীল (সৃজনশীল প্রতিভা)। বি.˜ শীলতা। সৃজনী-শক্তি বি. সৃষ্টি করবার ক্ষমতা। সৃজা ক্রি. (কাব্যে) সৃষ্টি করা ('সৃজিলা অপূর্ব ব্যূহ শচীকান্ত বলী': মধু.)। সৃজিত বিণ. সৃষ্টি করা হয়েছে এমন।

সৃতি (p. 842) [sṛti] বি. 1 পথ; 2 গমন; 3 গতিপথ। [সং. √ সৃ + তি]।

সৃষ্ট (p. 842) [sṛṣṭa] বিণ. 1 সৃষ্টি করা হয়েছে এমন (অশান্তি বা অমঙ্গল সৃষ্ট হওয়া); 2 রচিত, নির্মিত। [সং. √ সৃজ্ + ত]।

সৃষ্টি (p. 842) [sṛṣṭi] বি. 1 নতুন কিছুর উৎপাদন; 2 ঈশ্বর কর্তৃক উৎপাদন বা নির্মাণ; 3 উদ্ভব (ঝগড়ার সৃষ্টি, উৎপাতের সৃষ্টি); 4 রচনা; 5 উৎপাদিত বস্তু; 6 বিশ্ব জগত্ ('তথাপি মরিতে হবে-সৃষ্টির নিয়ম': দ্বি. রা)। [সং. √ সৃজ্ + তি]।˜ কর্তা (-র্তৃ) বি. ঈশ্বর; ব্রহ্মা।˜ কর্ম,˜ কার্য,˜ ক্রিয়া বি. নির্মাণের কাজ; ঈশ্বর কর্তৃক ব্রহ্মাণ্ডরচনা।˜ ছাড়া বিণ. অস্বাভাবিক, অদ্ভুত (সৃষ্টিছাড়া কথা বা কল্পনা)।˜ তত্ত্ব বি. বিশ্বসৃষ্টি বিষয়ক তথ্য।˜ ধর বি. ব্রহ্মা।˜ ধর্মী বিণ. নতুন কিছু সৃষ্টি করার গুণবিশিষ্ট (সৃষ্টিধর্মী প্রয়াস বা প্রতিভা)। বি.˜ ধর্মিতা (সৃষ্টিধর্মিতা প্রাণশক্তির লক্ষণ)।˜ নাশা বিণ. সর্বনাশা, ভয়ংকর।˜ রক্ষা বি. ঈশ্বর কর্তৃক বিশ্বজগতের সংরক্ষণ।˜ স্থিতি-লয় বি. বিশ্বের উৎপত্তি অবস্থিতি ও নাশ।

সে (p. 842) [sē] সর্ব. (পুং. ও স্ত্রী.) নির্দিষ্ট ব্যক্তি ('আমারে যেন সে ডেকেছে': রবীন্দ্র)। □ বিণ. 1 সেই, উক্ত, নির্দিষ্ট (সে বস্তু, সেখান, সেদিন); 2 অতীত (সেকাল)। [সং. সঃ, সা]।˜ ই বিণ. পূর্বোক্ত (সেই দিন, সেই লোক)। □ সর্ব. 1 তাই (সেই বেশ হবে); 2 সেই সময় (সেই থেকে)। □ অব্য. (সমু.) 1 শেষ

পর্যন্ত, যখন ('সেই তো মল খসালি'); 2 অমনি, সঙ্গে সঙ্গে (সেই সে এল সেই সে লুকিয়ে পড়ল)। ~ কাল বি. অতীত কাল, প্রাচীন কাল। ~ কেলে বিণ. প্রাচীনকালের; প্রাচীনপন্থী। ~ খান বি. সেই স্থান বা জায়গা। ~ খান-কার, (আঞ্চ.) ~ খানের বিণ. সেই স্থানের। ~ থা, ~ থায় ক্রি. বিণ. (কা. বা গ্রা.) সেই স্থান বা স্থানে, সেখানে ('সেথা হতে ফিরি গেল চলি': রবীন্দ্র)। ~ মত, ~ মতি ক্রি. বিণ. সেই রকম।

সেও, সেউ1 (p. 842) [sēō, sēu1] বি. আপেল ফল। [হি. সেব্]।

সেঁউতি1 (p. 842) [sēm̐uti1] বি. নৌকোর জল সেচবার পাত্রবিশেষ। [দেশি]।

সেঁওতি, সেঁউতি2 (p. 842) [sēm̐ōti, sēm̐uti2] বি. একরকম দেশি সাদা গোলাপফুল। [সং. সেবন্তী]।

সেঁকো (p. 842) [sēn̐kō] বি. ধাতব বিষবিশেষ, শঙ্খবিষ, arsenic. [পো. arsenico]।

সেঁজুতি, সেঁজতি (p. 842) [sēn̐juti, sēn̐jati] বি. 1 সন্ধ্যাপ্রদীপ; 2 সন্ধ্যাবেলা দেবোদ্দেশে প্রজ্বলিত প্রদীপ বা দীপপ্রজ্বালন। [সং. সন্ধ্যাবর্তি]।

সেঁতানো (p. 842) [sēn̐tānō] ক্রি. সিক্তপ্রায় হওয়া, স্যাঁতসেঁতে হয়ে ওঠা। □ বি. বিণ. উক্ত অর্থে। [< সং. সিক্ত]।

সেঁধানো, সেঁধুনো (p. 842) [sēn̐dhānō, sēn̐dhunō] ক্রি. (গ্রা.) প্রবেশ করা বা করানো। □ বি. বিণ. উক্ত অর্থে। [< সং. সিক্ত]।

সেক (p. 842) [sēka] বি. 1 সেচন, সিঞ্চন (সদবারিসেক); 2 (বাং.) ধীরে ধীরে তাপপ্রয়োগ (গরম জলের সেক)। [সং. √ সিচ্ + অ]।

সেকা, সেঁকা (p. 842) [sēkā, sēn̐kā] ক্রি. ধীরে ধীরে গরম তাপ প্রয়োগ করা; তাপপ্রয়োগদ্বারা তৈরি করা (রুটি সেকা)। □ বি. বিণ. উক্ত উভয় অর্থে। [সেক দ্র]।

সেকাল (p. 842) [sēkāla] দ্র সে।

সেকেণ্ড (p. 842) [sēkēṇḍa] বি. কালপরিমাণবিশেষ (1 সেকেণ্ড = 1/6 মিনিট = 2 1/2 বিপল)। □ বিণ. দ্বিতীয় (সেকেণ্ড ক্লাস)। [ইং. second]।

সেকেন্দরি গজ (p. 842) [sēkēndari gaja] মুসলমান-নৃপতি সেকেন্দর শাহ কর্তৃক প্রবর্তিত দৈর্ঘ্যের মাপবিশেষ (1 সেকেন্দরি গজ = 38 ইঞ্চি)।

সেকেলে (p. 842) [sēkēlē] দ্র সে।

সেক্রে-টারি (p. 842) [sēkrē-ṭāri] বি. 1 প্রতিষ্ঠানাদির প্রধান কার্যনির্বাহক, সম্পাদক, কর্মসচিব (স্কুলের বা ক্লাবের সেক্রেটারি); 2 ব্যক্তিগত কর্তব্যাদি পালনে সহকারী (গভর্নরের সেক্রেটারি)। [ইং. secretary]।

সেগুন (p. 842) [sēguna] বি. আসবাবপত্র নির্মাণে ব্যবহৃত মূল্যবান বৃক্ষবিশেষ বা তার কাঠ। [সং. শাক-তু. হি. সাগন]।

সেচ (p. 842) [sēca] বি. 1 সেচন; 2 শস্যখেতে খাল-বিল-কুয়ো-নলকূপ ইত্যাদির জল সরবরাহ (সেচের ব্যবস্থা, সেচকর, সেচবিহীন জমি)। [সং. √ সিচ্]।

সেচন (p. 842) [sēcana] বি. 1 জল ছিটানো, সিঞ্চন ('সেচন কোরো গন্ধবারি' : রবীন্দ্র); 2 ভেজানো। [সং. √ সিচ্ + অন]। সেচক বিণ. বি. সেচনকারী।

সেচা, সেঁচা (p. 842) [sēcā, sēn̐cā] ক্রি. 1 সেচন করা; 2 জলাশয়াদি থেকে জল তুলে ফেলা (পুকুর সেচা); 3 আধারের তলদেশ থেকে অল্প পরিমাণে উঠানো (চৌবাচ্চার জল সেঁচে ফেলা)। □ বিণ. সেচন করা বা সেচে তোলা হয়েছে এমন (সেচা জল); জল তুলে ফেলা হয়েছে এমন (সেচা পুকুর)। [< সং. √ সিচ্]।

সেজ1 (p. 842) [sēja1] বি. শয্যা, বিছানা। [সং. শয্যা]।

সেজ3, সেজো (p. 842) [sēja3, sējō] বিণ. পরিবারের মধ্যে তৃতীয়জাত (সেজো ছেলে, সেজদিদি)। [ফা. সে + সং. জ (√ জন্ + অ)]।

সেঝা, সেজা (p. 842) [sējhā, sējā] ক্রি. জলে সিদ্ধ হওয়া। □ বি. উক্ত অর্থে। [< সং. √ সিধ্]।˜ নো ক্রি. সিদ্ধ করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

সেঞ্চুরি (p. 842) [sēñcuri] বি. 1 শতাব্দ; 2 (ক্রিকেটে) একশত রান। [ইং. century]।

সেট (p. 842) [sēṭa] বি. দফা, প্রস্থ, সুট (এক সেট বই বা গয়না)। [ইং. set]।

সেত-খানা (p. 842) [sēta-khānā] বি. পায়খানা। [আ. সহৎখানহ্]।

সেতাব (p. 842) [sētāba] ক্রি-বিণ. শীঘ্র, জলদি। [ফা. শিতাব]।

সেতার (p. 842) [sētāra] বি. তিনটি মূল তার ও কয়েকটি তরফের ছোটো তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। [ফা. সিতার]। সেতারি বিণ. বি. সেতারবাদক।

সেতু (p. 842) [sētu] বি. 1 সাঁকো, পুল; 2 বাঁধ। [সং. √ সি + তু]। ̃ বন্ধ বি. 1 হিন্দুতীর্থবিশেষ, রামেশ্বরের দক্ষিণস্থ দ্বীপশ্রেণি (কথিত আছে, রামচন্দ্র বানরসৈন্য নিয়ে লঙ্কায় যাবার জন্য সমুদ্রের উপর এই বাঁধ দিয়েছিলেন); 2 (আল.) সংযোগ (ঈশ্বর গুপ্ত বঙ্গসাহিত্যে মধ্যযুগের সঙ্গে বর্তমান যুগের সেতুবন্ধ রচনা করেছিলেন)।

সেথা (p. 842) [sēthā] দ্র সে।

সেথো (p. 842) [sēthō] দ্র সাথ।

সেন (p. 842) [sēna] 1 সমাসে উত্তরপদরূপে সেনা-শব্দের রূপ (যথা ভীমা সেনা যার = ভীমসেন, মহতী সেনা যার = মহাসেন); 2 বাঙালি হিন্দুর পদবিবিশেষ।

সেনা (p. 842) [sēnā] বি. সৈন্য, সৈন্যদল। [সং. √ সি + ন + আ]।˜ ধ্যক্ষ,˜ নায়ক,˜ পতি বি. সৈন্যদলের পরিচালক।˜ নিবাস,˜ নিবেশ বি. সৈন্যদলের বাসস্থান; ছাউনি, শিবির।˜ নী বি. সেনাপতি; (বাং. প্রয়োগ) সৈন্যদল।˜ শিবির বি. সৈন্যদলের অস্থায়ী বাসস্থান, ছাউনি।

সেন্ট (p. 842) [sēṇṭa] বি. 1 গন্ধ; 2 সুগন্ধ; 3 সুবাসিত তরল প্রসাধন (সেন্ট মেখেছ?)। [ইং. scent]।

সেন্টি-গ্রেড (p. 842) [sēṇṭi-grēḍa] বি. থেকে 1 ডিগ্রি পর্যন্ত তাপ মাপার পদ্ধতিবিশেষ। [ইং. centigrade]।

সেন্টি-মিটার (p. 842) [sēṇṭi-miṭāra] বি. দূরত্ব মাপার দশমিক পদ্ধতিবিশেষ। [ইং. centimeter]।

সেপ্টেম্বর (p. 844) [sēpṭēmbara] বি. ইংরেজি নবম মাস (ভাদ্রের মাঝামাঝি থেকে আশ্বিনের মাঝামাঝি পর্যন্ত)। [ইং. september]।

সেফটি-পিন (p. 844) [sēphaṭi-pina] বি. কাপড় প্রভৃতি নিরাপদে আটকাবার ছোটো ধাতুর কলবিশেষ। [ইং. safetypin]।

সেবক (p. 844) [sēbaka] বিণ. 1 সেবাকারী, শুশ্রূষাকারী; 2 পরিচারক, ভৃত্য; 3 পূজাকারী, ভক্ত (ঈশ্বরের সেবক, নারায়ণের সেবক) ।[সং. √ সেব্ + অক]। স্ত্রী. সেবিকা, (অপ্র.) সেবকা।

সেবধি (p. 844) [sēbadhi] দ্র শেবধি।

সেবন (p. 844) [sēbana] বি. 1 ওষুধ মাদকদ্রব্য প্রভৃতি পান বা ভোজন (ঔষধসেবন, তামাকসেবন); 2 উপভোগ (বায়ুসেবন); 3 পূজা; 4 সেবা, পরিচর্যা (পদসেবন)। [সং. √ সেব্ + অন]। সেবনীয়, সেব্য বিণ. সেবন বা সেবা করবার যোগ্য; সেবা বা সেবন করতে হবে এমন (আহারান্তে ঔষধ সেবনীয় বা সেব্য)। সেব-মান বিণ. সেবা বা সেবন করছে এমন। সেবিত বিণ. সেবা বা সেবন করা হয়েছে এমন। সেবী (-বিন্) বিণ. 1 ব্যবহারকারী (অহিফেনসেবী); 2 সেবনকারী। সেব্য-মান বিণ. সেবিত হচ্ছে এমন।

সেবন্তী, সেমন্তী (p. 844) [sēbantī, sēmantī] বি. সেউঁতি ফুল। [সং. সেবতি, সেমন্তী তু. হি. সেওতী; তু. তা. সামন্তিপ্পু]।

সেবা (p. 844) [sēbā] বি. 1 শুশ্রূষা (রোগীর সেবা); 2 পরিচর্যা (পদসেবা, গোসেবা, পতিসেবা); 3 উপাসনা, পূজা (ঠাকুরসেবা); 4 উপভোগ (ইন্দ্রিয়সেবা); 5 কল্যাণ বা হিতসাধন (জনসেবা, সমাজসেবা); 6 (বাং.) ভোজন (কর্তার সেবা হয়েছে?); 7 (আঞ্চ.) প্রণাম (সেবা দেওয়া)। □ ক্রি. 1 সেবা করা, শুশ্রূষা বা পরিচর্যা করা; 2 উপাসনা করা ('সেবিনু শিবেরে আমি বহু যত্ন করি': কৃত্তি); 3 উপভোগ করা। [সং. √ সেব্ + অ + আ]। ̃ ইত, ̃ য়ত, ̃ য়েত বি. 1 দেবমন্দিরাদির স্থায়ী সেবক ও উপস্বত্বের অধিকারী; 2 দেবতার সেবক বা পূজারি। ̃ দাসী বি.

1 পরিচর্যাকারিণী দাসী; 2 বৈষ্ণব মোহান্ত সন্ন্যাসী প্রভৃতির দাসী বা উপপত্নী।˜ ধর্ম বি. সেবারূপ ধর্ম, নিষ্ঠার সঙ্গে আচরিত পরোপকার।

সেবিত (p. 844) [sēbita] বিণ. 1 শুশ্রূষা বা পরিচর্যা করা হয়েছে এমন; 2 উপভোগ করা হয়েছে এমন (বয়স্কসেবিত)। [সং. √ সেব্ + ত]।

সেমতি (p. 844) [sēmati] দ্র সে।

সেমই, সেমাই, সিমুই (p. 844) [sēmi, sēmāi, simui] বি. ময়দা দিয়ে প্রস্তুত চুষি পিঠে বা সুতোর মতো সরু খাদ্যবিশেষ। [হি. সিমাই]।

সেমি-কোলন (p. 844) [sēmi-kōlana] বি. রচনাদির যতি-চিহ্নবিশেষ (;)। [ইং. semi-colon]।

সেয়াই (p. 844) [sēẏāi] বি. লিখবার কালি। [ফা. সিআহী]।

সেয়ান, সেয়ানা (p. 844) [sēẏāna, sēẏānā] বিণ. 1 চালাক (বেজায় সেয়ানা), চতুর; 2 সজ্ঞান, সচেতন (সেয়ানা পাগল); 3 সাবালক, বয়ঃপ্রাপ্ত (সেয়ানা ছেলে)। [< সং. সজ্ঞান]। সেয়ানে সেয়ানে কোলাকুলি দুই শঠের মধ্যে খিক সদ্ভাবের আড়ালে শত্রুতা; তুল্য প্রতিযোগিতা।

সের (p. 844) [sēra] বি. (বর্ত. অপ্র.) ওজনের মাপবিশেষ (1 সের = 1/8 মন =1 কিলোগ্রাম থেকে প্রায় 1 1/2 ছটাক কম)।˜ কিয়া বি. (গণি.) সেরের

হিসাব-তালিকা। ˜ কে ক্রি-বিণ. সের-পিছু, প্রতি সেরে। ˜ সেরা, ˜ সেরি বিণ. (সংখ্যাবাচক শব্দের পর) সের-পরিমিত (আড়াই-সেরি বাটখারা)।

সের-কশ (p. 844) [sēra-kaśa] বিণ. একগুঁয়ে, বেয়াড়া ('সাক্ষী বড় সেরকশ': ব. চ.)। [আ. সর্কশ্]।

সেরা (p. 844) [sērā] বিণ. শ্রেষ্ঠ, সর্বোৎকৃষ্ট (সেরা মাল, সেরা ছেলে)। [ফা. সর্]।

সেরেফ (p. 844) [sērēpha] বিণ. 1 কেবল, শুধু (সেরেফ চা, সেরেফ ফাঁকিবাজি); 2 একদম। [আ. সির্ফ্]।

সেরেস্তা (p. 844) [sērēstā] বি. কার্যালয়, দফতর, অফিস। [ফা. সিরিস্তা]। ˜ দার বি. সেরেস্তার প্রধান কেরানি।

সেল-সিয়াস (p. 844) [sēla-siẏāsa] বি. তাপের পরিমাণসূচক একক। [সুইডিশ বিজ্ঞানী Celsius এর নাম থেকে]।

সেলাই (p. 844) [sēlāi] বি. 1 সীবন, সুচ-সুতোর দ্বারা জোড়া দেওয়া; 2 সেলাইয়ের জোড় (সেলাই খোলা)। [তু. হি. সেলাই]।

সেলা-খানা (p. 844) [sēlā-khānā] বি. অস্ত্রাগার। [আ. সিল্‌হ্ + ফা. খান্‌হ্]।

সেলাম (p. 844) [sēlāma] বি. 1 মুসলমানদের প্রথায় নমস্কার; 2 অভিবাদন (তাঁকে আমার সেলাম জানিয়ো)। [আ. সলাম্]। সেলাম করা ক্রি. বি. মুসলমানি প্রথায় নমস্কার করা; 2 (ব্যঙ্গে) হার স্বীকার বা নতি স্বীকার করা। সেলাম বাজানো ক্রি. বি. (সচ. ব্যঙ্গে) নিয়মিতভাবে বশ্যতা জ্ঞাপন করা। সেলাম আলায়কুম নমস্কার, আপনার কুশল হোক। ˜ ত বিণ. 1 মঙ্গলযুক্ত; কুশলযুক্ত; 2 সুস্থ; 3 নিরাপদ। ˜ তি বি. 1 মঙ্গল; কুশল; 2 সুস্থতা; 3 নিরাপত্তা। সেলামি বি. 1 মালিক মনিব উপরওয়ালা প্রভৃতিকে সম্মান প্রদর্শনার্থ দেয় অর্থাদি, নজরানা (জমিদারের সেলামি); 2 আইননির্দিষ্ট প্রাপ্যের অতিরিক্ত অর্থ (বাড়িওয়ালার সেলামি); 3 ঘুষ।

সেলুন (p. 844) [sēluna] বি. 1 যে-দোকানো চুলদাড়ি ছাঁটা হয়; 2 (সচ. উচ্চ পদস্থ ব্যক্তিদের ব্যবহারের জন্য নির্দিষ্ট) রেলের কামরাবিশেষ বা মোটরগাড়ি। [ইং. saloon]।

সেলু-লয়েত (p. 844) [sēlu-laẏēta] বি. রাসায়নিক প্রক্রিয়ায় প্রস্তুত শক্ত স্থিতিস্থাপক পদার্থবিশেষ। [ইং. celluloid]।

সেশন1 (p. 844) [sēśana1] বি. ফৌজদারি মামলা বিচারের জন্য জজ ও জুরির অধিনে গঠিত আদালতবিশেষ। [ইং. sessions]।

সেশন2 (p. 844) [sēśana2] বি. 1 সংসদ আদালত প্রভৃতির সভা বা অধিবেশন; 2 স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় প্রভৃতির শিক্ষাবর্ষ। [ইং. session]।

সেস্ত (p. 844) [sēsta] বিণ. আয়ত্ত। [শায়েস্তা-র বিকৃত রূপ]।

সৈকত (p. 844) [saikata] বি. সমুদ্র নদী প্রভৃতির বালুময় তীর, পুলিন। [সং. সিকতা + অ]। সৈকতিনী (বিরল) বি. নদী।

সৈনা-পত্য (p. 844) [sainā-patya] বি. সেনাপতির পদ বা কাজ। [সং. সেনাপতি + য]।

সৈনিক (p. 845) [sainika] বি. 1 সৈন্যদলভুক্ত যোদ্ধা; 2 যোদ্ধা; 3 সিপাই; 4 সশস্ত্র প্রহরী। □ বিণ. সৈন্যদল-সম্বন্ধীয়, সামরিক (সৈনিক জীবন)। [সং. সেনা + ইক]।

সৈন্ধব (p. 845) [saindhaba] বিণ. 1 সমুদ্রজাত; 2 সিন্ধু প্রদেশজাত। [সং. সিন্ধু + অ]। সৈন্ধব লবণ (বাং.) একপ্রকার খনিজ লবণ, rock salt.

সৈন্য (p. 845) [sainya] বি. 1 সৈনিক, সিপাই; 2 সেনাদল, ফৌজ। [সং. সেনা + য]। ˜ সামন্ত বি. সৈন্য ও সামন্ত নৃপতিগণ; সৈন্যদল। সৈন্যাধ্যক্ষ বি. সেনাপতি।

সৈমন্তিক (p. 845) [saimantika] বি. সিঁদুর। [সং. সীমন্ত + ইক]।

সৈয়দ (p. 845) [saiẏada] বি. হজরত মোহাম্মদের দৌহিত্র ইমাম হুসেনের বংশীয় সম্ভ্রান্ত মুসলমানদের পদবি। [আ. সইইদ্]।

সৈরিন্ধ্রী, সৈরন্ধ্রী (p. 845) [sairindhrī, sairandhrī] বি. যে নারী স্বাধীনভাবে পরগৃহে বাসপূর্বক শিল্পকর্মাদি দ্বারা জীবিকানির্বাহ করে। [সং. সৈর + √ ধৃ + অণ্ (নি.)]।

সো (p. 845) [sō] সর্ব. (প্রা. কা.) সে; তাই। □ বিণ. সেই। [সং. সঃ]। ˜ ই সর্ব. সে; সেই।

সোঁটা (p. 845) [sōn̐ṭā] বি. 1 মোটা লাঠি, লগুড়; 2 দণ্ড (লাঠিসোঁটা)। [হি. সোণ্টা]।

সোঁদা (p. 845) [sōn̐dā] বিণ. শুকনো বা পোড়া মাটিতে জল পড়ে উৎপন্ন গন্ধের মতো (সোঁদা গন্ধ)। [সং. সৌগন্ধ > সোঁদ + বাং. আ]।

সোঁদাল (p. 845) [sōn̐dāla] বি. একরকম হলুদ রঙের ফুলের গাছ, কর্ণিকার। [দেশি]।

সোঙরা, সোঁঞরা (p. 845) [sōṅarā, sōn̐ñarā] ক্রি. (প্রা. কা.) স্মরণ করা। [প্রাকৃ. √ সুমর্ < সং. + √ স্মৃ]। সোঙরন বি. স্মরণ।

সোচ্চার (p. 845) [sōccāra] বিণ. 1 প্রবলভাবে উচ্চারিত বা উচ্চরবে ব্যক্ত (বেতনবৃদ্ধির দাবি সর্বত্র সোচ্চার); 2 অত্যন্ত মুখর (শ্রমিকগণ এ বিষয়ে সোচ্চার)। [বাং. স < সং. সহ + উচ্চার (=উচ্চারণ, কথন)]। (তু. অনুচ্চার)।

সোজা (p. 845) [sōjā] বিণ. 1 ঋজু, বাঁকা নয় এমন (সোজা লাইন); 2 সম্মুখস্থ (নাকসোজা); 3 অকুটিল, সরল (সোজা লোক); 4 সহজ, অনায়াসসাধ্য, সাধারণ (সোজা কাজ, সোজা অঙ্ক); 5 (সোজা কথা); 6 শাসিত, শায়েস্তা, টিট (চাবকে সোজা করা)। □ ক্রি-বিণ. বরাবর, একটানাভাবে (সোজা চলে যাও)। [সং. সহজ]। ˜ সুজি ক্রি-বিণ. সরাসরি, সোজাভাবে।

সোডা (p. 845) [sōḍā] বি. ক্ষারবিশেষ, সর্জিকা। [ইং. soda]। ˜ ওয়াটার বি. কার্বনিক আসিড গ্যাসযুক্ত পানীয় জল। [ইং. sodawater]।

সোত্-কণ্ঠ (p. 845) [sōt-kaṇṭha] বিণ. উৎকণ্ঠাযুক্ত; উদ্বেগযুক্ত। [সং. সহ + উৎকণ্ঠা]।

সোত্-প্রাস (p. 845) [sōt-prāsa] বি. 1 মৃদুহাসিযুক্ত বাক্য; 2 শ্লেষবাক্য। □ বিণ. 1 পরিহাসযুক্ত; 2 বৃদ্ধিপ্রাপ্ত। [সং. সহ + উৎপ্রাস]।

সোত্-সাহ (p. 845) [sōt-sāha] বিণ. উৎসাহযুক্ত। [সং. সহ + উৎসাহ]। সোত্-সাহে ক্রি-বিণ. উৎসাহের সঙ্গে (প্রস্তাবে সোৎসাহে রাজি হয়ে গেল)।

সোত্-সুক (p. 845) [sōt-suka] বিণ. (বাং. প্রয়োগ) অতিশয় উৎসুক। [বাং. স (অতিশয়) + সং. উৎসুক]।

সোদর, সোদরা (p. 845) [sōdara, sōdarā] যথাক্রমে সহোদর ও সহোদরা -র গ্রা. রূপ।

সোনা (p. 845) [sōnā] বি. 1 উজ্জ্বল পীতাভ ধাতুবিশেষ, স্বর্ণ; 2 (বাং.) সোনার গয়না (তার শেষ সোনাটুকুও খুইয়েছে); 3 (আদরে) পরম ধন ('খোকা মোদের সোনা'); 4 (আল.) উৎকৃষ্ট শস্য (সোনা ফলানো, সোনার বাংলা)। □ বিণ. স্বর্ণবর্ণ (সোনামুগ)। [সং. স্বর্ণ]। সোনায় সোহাগা (সোহাগার দ্বারা সহজেই সোনা গলানো যায় বলে-আল.) চমৎকার মিলন। সোনার কাঠি রুপোর কাঠি বাঁচন-মরণের উপায়। সোনার জল সোনালি রং করবার জন্য ব্যবহৃত রাসায়নিক জলবিশেষ। সোনার পাথরবাটি অসম্ভব বস্তু বা ব্যাপার। সোনার বেনে স্বর্ণবণিক, সোনার কারবারি সম্প্রদায়বিশেষ। সোনার সংসার (আল.) সুখৈশ্বর্যপূর্ণ সংসার। কাঁচা সোনা, পাকা সোনা অমিশ্র সোনা। কেলে সোনা-কেলে দ্র.। ̃ দানা বি. সোনার তৈরি গহনাদি। ̃ মুখী বিণ. (স্ত্রী.) সোনার মতো উজ্জ্বল গৌরবর্ণ মুখবিশিষ্টe। □ বি. বিরেচক পত্রযুক্ত লতাবিশেষ। পুং. ̃ মুখো। ̃ মুগ বি. উজ্জ্বল পীতবর্ণ মুগডালবিশেষ। ̃ লি বিণ. 1 সোনা রঙের (সোনালি অক্ষর); 2 স্বর্ণাভ (সোনালি রং); 3 স্বর্ণমণ্ডিত; 4 সোনার রঙে গিলটি করা।

সোনালু (p. 845) [sōnālu] বি. বাঁদরলাঠি, উপক্ষারহীন বনৌষধিবিশেষ। [দেশি]।

সোপ-করণ (p. 845) [sōpa-karaṇa] বিণ. উপকরণসহ (সোপকরণ নৈবেদ্য)। [সং. সহ + উপকরণ]।

সোপ-চার (p. 845) [sōpa-cāra] বিণ. পূজার উপকরণসহ, উপচারসহ (সোপচার পূজা)। [সং. সহ + উপচার]।

সোপরদ্দ, সোপর্দ (p. 845) [sōparadda, sōparda] বি. বিণ. বিচারার্থ প্রেরণ বা প্রেরিত (দায়রায় সোপরদ্দ করা বা হওয়া)। [ফা. সুপর্দ্]।

সোপাধি, সোপাধিক (p. 845) [sōpādhi, sōpādhika] বিণ. 1 উপাধিযুক্ত; 2 সগুণ। [সং. সহ + উপাধি, +ক]।

সোপান (p. 845) [sōpāna] বি. সিঁড়ি (সোপানশ্রেণি, উন্নতির সোপান)। [সং. সহ + উপ + √ অন্ + অ]।

সোফা (p. 845) [sōphā] বি. বসবার জন্য ব্যবহৃত গদিযুক্ত চেয়ারবিশেষ। [ইং. sofa]।

সোম (p. 845) [sōma] বি. 1 চন্দ্র; 2 সোমলতার রস। [সং. √ সু + ম]। ̃ তীর্থ বি. প্রভাসতীর্থ; শ্রীকৃষ্ণের অন্ত্য লীলাক্ষেত্র। ̃ নন্দন বি. চন্দ্রপুত্র বুধ। ̃ নাথ, সোমেশ্বর বি. শিব। ̃ প, ̃ পা বি. যজ্ঞে সোমরস পানকারী ব্রাহ্মণ। ̃ বার বি. সপ্তাহের দ্বিতীয় অর্থাত্ রবিবারের পরবর্তী দিন। ̃ রাজ বি. উপক্ষারহীন বনৌষধিবিশেষ, বাকুচি। ̃ লতা, ̃ লতিকা বি. মাদকরসযুক্ত লতাবিশেষ (চন্দ্রকলার হ্রাসবৃদ্ধির সঙ্গে এর পাতা পড়ে ও গজায়)।

সোমত্ত (p. 846) [sōmatta] বিণ. (সচ. বালিকাদের সম্বন্ধে ব্যবহৃত) যৌবনপ্রাপ্ত, বিবাহের উপযুক্ত (ঘরে সোমত্ত মেয়ে রয়েছে)। [সং. সমর্থ]।

সোয়াস্তি (p. 846) [sōẏāsti] বি. (কথ্য) 1 শান্তি, উদ্বেগহীনতা; 2 আরাম, উপশম। [সং. স্বস্তি]।

সোয়েটার (p. 846) [sōẏēṭāra] বি. পশমে বোনা গেঞ্জিবিশেষ। [ইং. sweater]।

সোর, সোরগোল (p. 846) [sōra, sōragōla] দ্র শোর।

সোর-পোষ (p. 846) [sōra-pōṣa] বি. বাটি, গেলাস ইত্যাদির ঢাকনি। [ফা. সরপোষ]।

সোরাই (p. 846) [sōrāi] বি. জলের কুঁজো। [আ. সোরাহী, সুরাহী]।

সোলে (p. 846) [sōlē] বি. আপোশ-মীমাংসা। [আ. সল্হ্]। ˜ নামা বি. আপোশ-মীমাংসার দলিল।

সোল্লাস (p. 846) [sōllāsa] বিণ. উল্লাসযুক্ত। [সং. সহ + উল্লাস]। সোল্লাসে ক্রি-বিণ. উল্লাসের সঙ্গে।

সোসর (p. 846) [sōsara] বিণ. (প্রা. কা.) তুল্য, সর্বপ্রকারে সমান, সদৃশ (যমদূতের সোসর)। [< সং. সদৃশ বা সম-স্তর]।

সোহম্, সোহং (p. 846) [sōham, sōha] আমিই সে অর্থাত্ ব্রহ্ম ও আমি এক বা আমিই ব্রহ্ম। [< সং. সঃ + অহম্]। সোহং-তত্ত্ব বি. ব্রহ্ম ও আত্মা অভিন্ন; এই দার্শনিক তত্ত্ব।

সোহাগ (p. 846) [sōhāga] বি. আদর, প্রণয়পূর্ণ যত্ন। [< সং. সৌভাগ্য]। সোহাগি, সোহাগিনি বিণ. (স্ত্রী.) সোহাগপ্রাপ্তা, আদরিণী।

সোহাগা (p. 846) [sōhāgā] বি. ক্ষারলবণবিশেষ, টঙ্কণ, borax. [সং. সৌভাগ্য]।

সৌকর্য (p. 846) [saukarya] বি. সহজসাধ্যতা, সুবিধা (ব্যবহারের সৌকর্য, পাঠের সৌকর্য)। [সং. সুকর + য]।

সৌকুমার্য (p. 846) [saukumārya] বি. সুকুমারত্ব, কমনীয়তা, কোমলতা, লালিত্য (ভাবের ও ভাষার সৌকুমার্য)। [সং. সুকুমার + য]।

সৌক্ষ্ময্য (p. 846) [saukṣmayya] বি. সূক্ষ্মতা। [সং. সূক্ষ্ম + য]।

সৌগত (p. 846) [saugata] বি. বৌদ্ধ। [সং. সুগত (=বুদ্ধ) + অ]।

সৌগন্ধ, সৌগন্ধ্য (p. 846) [saugandha, saugandhya] বি. সুমিষ্ট গন্ধ, সৌরভ (কুসুমের সৌগন্ধ)। [সং. সুগন্ধ + অ, য]। সৌগন্ধিক বি. গন্ধবণিক; গন্ধদ্রব্য ব্যবসায়ী।

সৌচি, সৌচিক (p. 846) [sauci, saucika] বি. সূচিজীবী, দরজি। [সং. সূচী + ই, ইক]।

সৌজন্য (p. 846) [saujanya] বি. ভদ্রতা, শিষ্টাচার। [সং. সুজন + য (ভাব অর্থে)]।

সৌজাত্য (p. 846) [saujātya] বি. 1 জন্মের উৎকর্ষ; 2 সু-প্রজননবিদ্যা, eugenics. [সং. সুজাত + য]।

সৌত্র (p. 846) [sautra] বিণ. 1 সূত্র-সংক্রান্ত; 2 সূত্রানুযায়ী; 3 (সং. ব্যাক.) গণপাঠের বহির্ভূত কিন্তু কোনো বিশেষ শব্দের ব্যুৎপত্তির জন্য সূত্রে উল্লিখিত (সৌত্র ধাতু)। □ বি. 1 ব্রাহ্মণ; 2 সৌত্র ধাতু। [সং. সূত্র + অ]।

সৌদামিনী, (বিরল) সৌদামনী (p. 846) [saudāminī, (birala) saudāmanī] বি. বিদ্যুত্, তড়িত্। [সং. সুদামন্ + অ + ঈ]।

সৌধ (p. 846) [saudha] বি. 1 সুধাধবলিত গৃহ; 2 অট্টালিকা, প্রাসাদ। [সং. সুধা (=চুন) + অ]। ˜ কিরীটিনী বিণ. (স্ত্রী.) বহু অট্টালিকাকে কিরীটের মতো ধারণকারিণী অর্থাত্ বহু সৌধপরিবৃতা।

সৌন্দর্য (p. 846) [saundarya] বি. 1 সুন্দরতা, রূপ, রূপবত্তা, শোভা; 2 মনোহারিতা (কাব্যের সৌন্দর্য)। [সং. সুন্দর + য]।

সৌপর্ণ (p. 846) [sauparṇa] বি. 1 গরুড়; 2 মরকতমণি। □ বিণ. সুপর্ণসম্বন্ধীয়। [সং. সুপর্ণ + অ]।

সৌপ্তিক (p. 846) [sauptika] বি. 1 সুপ্তিকালীন যুদ্ধ, নৈশযুদ্‌ধ; 2 মহাভারতের অন্যতম পর্ব বা অধ্যায়। □ বিণ. সুপ্তিসম্বন্ধীয়। [সং. সুপ্তি + ইক]।

সৌবর্চল (p. 846) [saubarcala] বিণ. সুবর্চলদেশীয়। □ বি. 1 লবণবিশেষ; 2 শোরা। [সং. সুবর্চল + অ]।

সৌবর্ণ (p. 846) [saubarṇa] বিণ. স্বর্ণনির্মিত, সুবর্ণময়। [সং. সুবর্ণ + অ]।

সৌবীর (p. 846) [saubīra] বি. সিন্ধুনদের তীরবর্তী প্রাচীন দেশবিশেষ। [সং. সুবীর + অ]।

সৌভগ (p. 846) [saubhaga] বি. 1 সৌভাগ্য; 2 সৌন্দর্য। [সং. সুভগ + অ]।

সৌভদ্র (p. 846) [saubhadra] বিণ. সুভদ্রাসম্বন্ধীয়। [সং. সুভদ্রা + অ]।

সৌভাগিনেয় (p. 846) [saubhāginēẏa] বি. সৌভাগ্যবতীর অর্থাত্ পতিসোহাগিনির পুত্র। [সং. সুভগা + ইন্ + (অপত্য-অর্থে) এয়]। সৌভাগিনেয়ী বি. (স্ত্রী.) সৌভাগ্যবতীর কন্যা।

সৌভাগিন্য (p. 846) [saubhāginya] বি. ভগিনীদের মধ্যে পরস্পর সদ্ভাব। [সং. সুভগিনী + য (ভাব-অর্থে)]।

সৌভাগ্য (p. 846) [saubhāgya] বি. 1 শুভ অদৃষ্ট, অনুকূল ভাগ্য; 2 সৌন্দর্য বা লাবণ্য; 3 (জ্যোতিষ.) যোগবিশেষ। [সং. সুভগ + য (ভাব অর্থে)]।˜ বান (-বত্) বিণ. সৌভাগ্যসম্পন্ন। স্ত্রী.˜ বতী।

সৌভিক (p. 846) [saubhika] বি. ঐন্দ্রজালিক, জাদুকর। [সং. সৌভ + ইক]।

সৌভ্রাত্র (p. 846) [saubhrātra] বি. ভ্রাতাদের মধ্যে পরস্পর সদ্ভাব; ভ্রাতৃপ্রীতি। [সং. সুভ্রাতৃ + অ]।

সৌমনস্য (p. 846) [saumanasya] বি. 1 প্রসন্নতা; 2 প্রীতি। [সং. সুমনস্ + য]।

সৌমিত্র, সৌমিত্রি (p. 846) [saumitra, saumitri] বি. সুমিত্রার পুত্র, লক্ষ্মণ বা শত্রুঘ্ন। [সং. সুমিত্রা + অ, ই]।

সৌম্য (p. 846) [saumya] বিণ. 1 প্রশান্ত বা উগ্রতাবিহীন (সৌম্যমূর্তি, সৌম্যভাব); 2 সুন্দর, মনোহর (সৌম্যদর্শন)। □ বি. চন্দ্র পুত্র, বুধগ্রহ। [সং. সোম + য]। স্ত্রী. সৌম্যা। বি.˜ তা।

সৌর (p. 846) [saura] বি. 1 সূর্যসম্পর্কিত, সূর্যের (সৌর মণ্ডল); 2 সূর্যোপাসক। [সং. সূর (=সূর্য) + অ]।˜ কর বি. সূর্যকিরণ।˜ জগত্ বি. সূর্য ও তার গ্রহ-উপগ্রহসমূহ।˜ দিবস (জ্যোতিষ.) ক্রান্তিবৃত্তের একাংশ পরিক্রমণে সূর্যের

যে-সময় লাগে। ˜ মাস বি. (জ্যোতিষ.) সূর্যের এক রাশিতে অবস্থিতি দ্বারা নির্দিষ্ট মাস। ˜ শক্তি বি. সূর্যের তাপ থেকে প্রাপ্ত শক্তি।

সৌরভ (p. 846) [saurabha] বি. সুগন্ধ। [সং. সুরভি + অ]। সৌরভী বিণ. সৌরভযুক্ত, সুগন্ধ ('মুকুল মম সুবাসে তব সৌরভী': রবীন্দ্র)।

সৌরাষ্ট্র (p. 846) [saurāṣṭra] বি. 1 পশ্চিম ভারতের প্রদেশবিশেষ; 2 কাথিয়াওআড়ের অন্তর্গত রাজ্যসমূহ। □ বিণ. (সং.) উক্ত দেশসম্বন্ধীয়। [সং. সুরাষ্ট্র + অ]।

সৌরি (p. 846) [sauri] বিণ. সূর্যসম্বন্ধীয়। □ বি. 1 সূর্যপুত্র; 2 যম; 3 শনি; 4 কর্ণ। [সং. সূর (=সূর্য) + ই]।

সৌঁরিক (p. 846) [saum̐rika] বিণ. মদ্যসম্বন্ধীয়। □ বি. মদ্যবিক্রয়কারী। [সং. সুরা + ইক]।

সৌষম্য (p. 846) [sauṣamya] বি. বিভিন্ন অংশ বা উপাদানের মধ্যে সংগতি ও সামঞ্জস্য, balance (খাদ্যের সৌষম্য, ছন্দের সৌষম্য)। [সং. সুষম + য]। বিপ. বৈষম্য।

সৌষ্ঠব (p. 846) [sauṣṭhaba] বি. 1 সুষ্ঠুতা; 2 উৎকর্ষ; 3 সৌন্দর্য; 4 সুগঠন (গৃহের সৌষ্ঠব, অঙ্গসৌষ্ঠব)। [সং. সুষ্ঠু + অ]।

সৌসাদৃশ্য (p. 846) [sausādṛśya] বি. উত্তম বা নিখুঁত সাদৃশ্য, চমৎকার বা সম্পূর্ণ মিল (দুই ভাইয়ের আকৃতিগত সৌসাদৃশ্য)। [সং. সুসদৃশ + য]।

সৌহার্দ, সৌহার্দ্য, (বিরল) সৌহৃদ, সৌহৃদ্য (p. 846) [sauhārda, sauhārdya, (birala) sauhṛda, sauhṛdya] হি. বন্ধুত্ব; প্রীতি; সখ্য। [সং. সুহৃদ্ + অ, য]।

স্কন্দ (p. 846) [skanda] বি. দেবসেনাপতি কার্তিকেয়। [সং. √ স্কন্দ্ + অ]।

স্কন্ধ (p. 846) [skandha] বি. 1 কাঁধ; 2 শরীর; 3 ষাঁড়ের ঝুঁটি; 4 বৃক্ষের কাণ্ড অর্থাত্ মূল থেকে শাখা অবধি; 5 গ্রনহাদির অধ্যায় বা সর্গ; 6 ব্যূহ; 7 সেনাবিভাগ; 8 যুদ্ধ। [সং. √ স্কন্দ্ (গতি বা শোষণার্থক) + অ]। স্কন্ধাবার বি. 1 সৈন্যদল; 2 সৈন্যদলের শিবির বা ছাউনি। স্কন্ধী (-ন্ধিন্) বি. বৃক্ষ। □ বিণ. 1 স্কন্ধযুক্ত; 2 স্কন্ধসম্বন্ধীয়।

স্কলার-শিপ (p. 846) [skalāra-śipa] বি. 1 (প্রধানত মেধাবী) ছাত্রদের প্রদত্ত বৃত্তি; 2 পাণ্ডিত্য। [ইং. scholarship]।

স্কার্ট (p. 846) [skārṭa] বি. মেয়েদের ঘাগরা জাতীয় বহির্বাস। [ইং. skirt]।

স্কার্ফ (p. 846) [skārpha] বি. মাথায় বা গলায় জড়ানোর বিভিন্ন আকারের বস্ত্রখণ্ড। [ইং. scarf]।

স্কুটার (p. 846) [skuṭāra] বি. অন্তর্দহন ইঞ্জিনচালিত উন্মুক্ত দু-চাকার গাড়িবিশেষ। [ইং. scooter]।

স্কুল (p. 846) [skula] বি. যে প্রতিষ্ঠানে শিশু বা কিশোর-কিশোরী শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করতে যায়, বিদ্যালয়। [ইং. school]। ̃ জীবন বি. স্কুলে পাঠকালীন অবস্থা। ̃ মাস্টার বি. বিদ্যালয়ের শিক্ষক।

স্ক্রু (p. 846) [skru] বি. প্যাঁচযুক্ত ধাতুর কীলকবিশেষ যার সাহায্যে পরস্পর সংলগ্ন বস্তুকে আটকানো যায়। [ইং. screw]।

স্খলন (p. 846) [skhalana] বি. 1 পতন, চ্যুতি (বৃন্ত থেকে স্খলন); 2 পিছলে পড়া বা হোঁচট খাওয়া (পদস্খলন); 3 ভ্রষ্ট হওয়া, বিপথগমন (ধর্মপথ থেকে স্খলন, চরিত্রস্খলন); 4 মোচন, আলগা হওয়া (বন্ধনস্খলন); 5 জড়িত বা অস্পষ্ট উচ্চারণ (বাক্যের স্খলন); 6 বিকলতা, বিকৃতি; 7 ভ্রম হওয়া; 8 অনুদ্দিষ্ট বাক্য বলা। [সং. √ স্খল্ + অন]। স্খলিত বিণ. 1 পতিত (স্খলিত বসন); 2 চ্যুত (মুষ্টি থেকে স্খলিত); ভ্রষ্ট; 3 অস্পষ্ট উচ্চারিত; 4 প্রতিহত; 5 স্খলনযুক্ত; 6 জড়িত ('স্খলিত চরণে ছুটিছে কাননে': রবীন্দ্র)।

স্টাইল (p. 846) [sṭāila] বি. 1 আচার-ব্যবহার অথবা আহার-বিহারের বিশিষ্ট রীতি; 2 লেখক গায়ক শিল্পী প্রভৃতির সম্পূর্ণ স্বকীয় শৈলী। [ইং. style]।

স্টিমার (p. 846) [sṭimāra] বি. বাষ্পচালিত জলযান। [ইং. steamer]।

স্টিরিয়ো (p. 846) [sṭiriẏō] বি. ত্রিমাত্রিক ধ্বনি উৎপাদনকারী যন্ত্রবিশেষ। [ইং. stereo]।

স্টিল (p. 846) [sṭila] বি. ইস্পাত। [ইং. steel]।

স্টুডিয়ো (p. 846) [sṭuḍiẏō] বি. 1 যেখানে ফোটো তোলা হয়; 2 চিত্রশিল্পীর কর্মস্থান। [ইং. studio]।

স্টেডিয়াম (p. 846) [sṭēḍiẏāma] বি. (সচ.) দর্শকদের বসার জন্য চারিদিকে ধাপযুক্ত শ্রেণিবদ্ধ আসনবিশিষ্ট খেলার মাঠ। [ইং. stadium]।

স্টেশন (p. 846) [sṭēśana] বি. রেল স্টিমার জাহাজ প্রভৃতি ভিড়াবার নির্দিষ্ট স্থান বা তার বাড়ি। [ইং. station]। ˜ মাস্টার বি. স্টেশনের অধ্যক্ষ বা তত্ত্বাবধায়ক। [ইং. station master]।

স্টোন-চিপ (p. 846) [sṭōna-cipa] বি. (সচ. ঘরবাড়ি বা পাকা ইমারত তৈরির জন্য) পাথরের টুকরো। [ইং. stone chip]।

স্টোভ (p. 846) [sṭōbha] বি. যাতে কেরোসিন পেট্রল ইত্যাদি জ্বালানি ব্যবহৃত হয় এমন হালকা ধাতব উনুনবিশেষ। [ইং. stove]।

স্ট্যাম্প (p. 846) [sṭyāmpa] বি. 1 ছাপ (রাবার স্ট্যাম্প); 2 মাশুলবাবদ যে টিকিট কিনে দলিল বা চিঠিপত্রে লাগাতে হয়। [ইং. stamp]।

স্ট্রাইক (p. 846) [sṭrāika] বি. ধর্মঘট, হরতাল; প্রতিবাদস্বরূপ কাজ বন্ধ। [ইং. strike]।

স্ট্রিট (p. 846) [sṭriṭa] বি. দু-পাশে সারবন্দি বাড়িসহ শহরের রাস্তা। [ইং. street]।

স্ট্রেচার (p. 846) [sṭrēcāra] বি. (প্রধানত) রোগী বা আহত বা দুর্বল লোককে বহন করার জন্য খাটুলিবিশেষ। [ইং. stretcher]।

স্ট্র্যাপ (p. 846) [sṭryāpa] বি. জামা জুতো ব্যাগ প্রভৃতির সঙ্গে সংলগ্ন ফিতে। [ইং. strap]।

স্তন (p. 846) [stana] বি. যৌবনপ্রাপ্ত স্ত্রীলোকের বুকের দুধ-নিঃসারণকারী অঙ্গদ্বয়, মাই, পয়োধর, বক্ষোজ। [সং. √ স্তন্ + অ]। স্তনাগ্র বি. মাইয়ের বোঁটা, চুচুক।

স্‌তনন (p. 846) [stanana] বি. 1 শব্দ; 2 কাতরধ্বনি; 3 মেঘগর্জন। [সং. √ স্তন্ (গর্জনে) + অন]। স্তনিত বিণ. শব্দিত। □ বি. 1 মেঘগর্জন; 2 রতিশব্দ।

স্তনন্ধয় (p. 846) [stanandhaẏa] বিণ. স্তন্যপায়ী, অতি শিশু। [সং. স্তন + √ ধে + অ]। স্ত্রী. স্তনন্ধয়ী।

স্তন্য (p. 846) [stanya] বি. 1 মাতৃস্তনের দুগ্ধ; 2 স্তন। [সং. স্তন + য]।˜ জীবী (-বিন্),˜ পায়ী (-য়িন্) বিণ. শৈশবে মাতৃদুগ্ধের দ্বারা প্রতিপালিত হয় এমন।˜ পান বি. মায়ের বুকের দুধ খাওয়া।

স্তব (p. 846) [staba] বি. 1 স্তুতি, মাহাত্ম্যকীর্তন; 2 গুণকীর্তন; 3 স্তোত্র। [সং. √ স্তু + অ]।˜ ক বি. স্তব।˜ ন বি. মাহাত্ম্যকীর্তন, স্তব করা, স্তুতি। স্তাবক বি. স্তবকারী, গুণগায়ক; খোশামুদে ('নিত্য স্তাবকের স্তব': দ্বি. রা)। স্তাবকতা বি. খোশামোদ।

স্তবক1 (p. 846) [stabaka1] দ্র স্তব।

স্তবক2 (p. 846) [stabaka2] বি. 1 গুচ্ছ, থোলো; 2 সমূহ; 3 ফুলের তোড়া; 4 গ্রন্হাদির পরিচ্ছদ; 5 কবিতার ভাগ, stanza. [সং. স্থা + অবক নি.]। স্তবকিত বিণ. গুচ্ছীকৃত, তোড়াবাঁধা।

স্তব্ধ (p. 846) [stabdha] বিণ. 1 থেমেছে এমন, নিশ্চল; 2 নিবারিত (মুখরতা স্তব্ধ); 3 দৃঢ়ীভূত; 4 বধির। [সং. √ স্তম্ভ্ + ত]। বি.˜ তা। স্তব্ধী-ভূত বিণ. স্তব্ধ হয়েছে এমন।

স্তম্ব (p. 846) [stamba] বি. 1 ধান প্রভৃতি গাছের ডাঁটা; 2 কাণ্ডহীন বৃক্ষ; 3 ঝাড়; 4 তৃণাদির আঁটি বা গোছা। [সং. √ স্থা + অম্ব]। স্তম্বেরম বি. হাতি।

স্তম্ভ (p. 846) [stambha] বি. 1 থাম, খুঁটি (জয়স্তম্ভ, লৌহস্তম্ভ); 2 গাছের গুঁড়ি; 3 জড়তা, নিষ্ক্রিয়তা (গাত্রস্তম্ভ, ঊরুস্তম্ভ); 4 (গৌণ অর্থে) অবলম্বন, আশ্রয় (সমাজের স্তম্ভ)। [সং. √ স্তম্ভ্ + অ]।

স্তম্ভন (p. 846) [stambhana] বি. 1 জড়ীকরণ; 2 দৃঢ়ীকরণ; 3 প্রবৃত্তি রোধ, নিবারণ; 4 মন্ত্রবলে নিষ্ক্রিয় জড় বা শক্তিহীন করা; 5 কন্দর্পের পঞ্চবাণের অন্যতম। [সং. √ স্তম্ভ্ + অন]। স্তম্ভিত বিণ. 1 বিস্ময়ে স্তব্ধ; 2 জড়ীকৃত; 3 নিবারিত; 4 অবরুদ্ধ।

স্তর (p. 846) [stara] বি. 1 থাক, স্তবক; 2 একটির উপরে আর একটি, ক্রমান্বয়ে এমন বিভাগ (মৃত্তিকাস্তর, বায়ুর স্তর, সর্বস্তরের মানুষ); 3 পলি। [সং. √ স্তৃ + অ]।˜ মেঘ বি. (সচ. শরৎকালের রাত্রিতে দৃষ্ট) স্তরে স্তরে অবস্থিত মেঘরাশি। স্তরিত বিণ. স্তরে স্তরে স্থাপিত।

স্তাবক (p. 846) [stābaka] দ্র স্তব।

স্তিমিত (p. 846) [stimita] বিণ. 1 আর্দ্র; 2 নিশ্চল (স্তিমিত প্রবাহ বা প্রদীপ); 3 স্থির, জড় (স্তিমিতনেত্র); 4 ক্ষীণ, অনুজ্জ্বল। [সং. √ স্তিম্ + ত]।˜ প্রাণ বিণ. নিস্তেজ।

স্তুতি (p. 846) [sttati] বি. স্তব; প্রশংসা; মহিমাকীর্তন। [সং. √ স্তু + তি]। স্তুত বিণ. (যার) স্তুতি করা হয়েছে এমন।˜ বাদ বি. প্রশংসাবাক্য। স্তুত্য বিণ. স্তুতির বা স্তুত হবার যোগ্য। স্তূয়-মান বিণ. স্তুতি করা বা স্তুত হচ্ছে এমন।

স্তূপ (p. 846) [stūpa] বি. 1 রাশি, সমূহ; 2 ঢিপি; 3 ঢিপির মতো আকারযুক্ত (প্রধানত বৌদ্ধদের) স্মারকচিহ্নস্বরূপ মন্দির মঠ প্রভৃতি পুণ্যস্থান। [সং. √ স্তূপ্ + অ]। স্তূপাকার, স্তূপাকৃতি, স্তূপী-কৃত বিণ. রাশীকৃত, গাদা করা (স্তূপাকার বই, স্তূপাকৃতি বা স্তূপীকৃত জঞ্জাল)।

স্তেন (p. 846) [stēna] বি. 1 তস্কর, চোর; 2 চৌর্য। [সং. √ স্তেন্ + অ]। স্তেয়, স্তৈন, স্তৈন্য বি. চৌর্য। স্তেয়ী (-য়িন্) বি. 1 চোর; 2 স্বর্ণকার, স্যাকরা।

স্তোক1 (p. 846) [stōka1] বিণ. অল্প, ঈষত্ (স্তোকনম্রা = ঈষত্ অবনতা)। [সং. √ স্তুচ্ + অ]।

স্তোক2 (p. 846) [stōka2] বি. মিথ্যা প্রবোধবোধ বা আশ্বাস, প্রলোভন (স্তোক দেওয়া, স্তোক বাক্যে ভুলানো)। [সং. √ স্তুচ্ (প্রসন্ন করা) + অ]।

স্তোতা (p. 846) [stōtā] (-তৃ) বিণ. বি. স্তবকারী, স্তুতিকারী। [সং. √ স্তু + তৃ]।

স্তোত্র (p. 846) [stōtra] বি. মাহাত্ম্য-বর্ণনাকারী পদ বা শ্লোক, স্তব। [সং. স্তু + ত্র]।

স্তোভ (p. 846) [stōbha] বি. 1 স্তম্ভন; 2 বাধা দেওয়া; 3 নিরর্থক শব্দ; 4 মিথ্যা আশ্বাস বা প্রবোধ। [সং. √ স্তুভ্ + অ]।

স্তোম (p. 846) [stōma] বি. 1 যজ্ঞ (অগ্নিষ্টোম); 2 স্তব; 3 গাদা, রাশি (ভস্মস্তোম)। [সং. √ স্তু + ম]।

স্ত্রী (p. 846) [strī] বি. 1 পত্নী, জায়া (স্বামী-স্ত্রী); 2 বধূ (পুরস্ত্রী); 3 নারী, রমণী, বামা, কামিনী (স্ত্রীধর্ম, স্ত্রীশিক্ষা, স্ত্রীসভা, এয়োস্ত্রী)। □ বিণ. স্ত্রীজাতীয় (স্ত্রী-পশু)। [সং. √ স্ত্যৈ + র + ঈ]। ˜ ; আচার বি. হিন্দু-বিবাহানুষ্ঠানে সধবা স্ত্রীলোকদের করণীয় মঙ্গলকর্ম।˜ চরিত্র বি. 1 নারীজাতির প্রকৃতি বা স্বভাব; 2 (নাটকাদিতে) স্ত্রীলোক, স্ত্রীভূমিকা।˜ চিহ্ন বি. যোনি।˜ ত্ব বি. 1 নারীধর্ম; 2 নারী-লক্ষণ; 3 স্ত্রীলোকের যোগ্য ভাব; 4 স্ত্রীলিঙ্গ।˜ দ্বেষী (-ষিন্) বিণ. নারীজাতির প্রতি বিদ্বেষযুক্ত।˜ ধন বি. 1 স্ত্রীলোকের নিজ সম্পত্তি; 2 স্ত্রীলোকের বিবাহকালে প্রাপ্ত সম্পত্তি।˜ ধর্ম বি. 1 রজঃ, ঋতু; 2 স্ত্রীলোকের কর্তব্য।˜ পুরুষ বি. 1 নর ও নারী; 2 পতি ও পত্নী।˜ প্রত্যয় বি. (ব্যাক.) কোনো শব্দকে স্ত্রীলিঙ্গবাচক করতে তার অন্তে যেসব প্রত্যয় যুক্ত হয়।˜ বশ,˜ বশ্য বিণ. পত্নীর একান্ত অনুগত, স্ত্রৈণ।˜ রত্ন বি. যে-সমস্ত ব্যাধি কেবল স্ত্রীলোকদেরই হয়।˜ লক্ষণ বি. স্ত্রীচিহ্ন; নারীসুলভ বৈশিষ্ট্য।˜ লিঙ্গ বি. (ব্যাক.) স্ত্রীবাচক শব্দ।˜ লোক বি. নারী।˜ সংসর্গ,˜ সংগম,˜ সহবাস বি. স্ত্রীসম্ভোগ।˜ সুলভ বিণ. নারীর পক্ষে স্বাভাবিক, মেয়েলি।˜ স্বাধীনতা বি. পুরুষের কর্তৃত্ব থেকে স্ত্রীলোকের মুক্তি, নারীজাতির স্ববশবর্তিতা।˜ হরণ বি. অসদুদ্দেশ্যে (প্রধানত অবৈধ সম্ভোগার্থ) নারী অপহরণ।

স্ত্রৈণ (p. 846) [straiṇa] বিণ. 1 পত্নীর অতিশয় বাধ্য, henpecked; 2 (সং.) নারীজাতিসম্বন্ধীয়। [সং. স্ত্রী + ন + অ]। বি.˜ তা।

স্থ (p. 846) [sha] বিণ. স্থিত, বর্তমান (নগরস্থ, ধ্যানস্থ, মুখস্থ, পদস্থ)। [সং. √ স্থা + অ]। বিণ. স্ত্রী.˜ স্থা।

স্হগন (p. 846) [shagana] বি. 1 নিবর্তন; 2 ক্ষান্তি, সাময়িকভাবে থামা বা বন্ধ হওয়া; 3 লুকিয়ে থাকা বা লুকিয়ে রাখা। [সং. √ স্হগ্ + অন]।

স্হগিত (p. 846) [shagita] বিণ. 1 নিবর্তিত; 2 ক্ষান্ত, কিছুকালের জন্য নিবৃত্ত, মুলতুবি (সভা বা আলোচনা স্হগিত); 3 প্রতিহত; 4 আবৃত্ত; 5 তিরোহিত। [সং. √ স্হগ্ + ত]।˜ স্হগিতাদেশ আরূব্ধ কর্ম স্হগিত রাখার জন্য আদালতের হুকুম, injunction.

স্হণ্ডিল (p. 846) [shaṇḍila] বি. 1 যজ্ঞের জন্য পরিষ্কৃত সমতল স্হান; 2 বালি দিয়ে তৈরি হোমের মণ্ডলবিশেষ; 3 সমান স্হান। [সং. √ স্হা + ইল (নি.)]।˜ শায়ী বিণ. যজ্ঞ স্হলের মাটির উপরে অথবা ভূমিশয্যায় শয়নকারী।

স্হপতি (p. 846) [shapati] বি. গৃহাদি নির্মাণকারী অথবা নির্মাণের পরিকল্পনাকারী। [সং. স্হ (স্হান) + পতি]।

স্হবির (p. 846) [shabira] বিণ. অত্যন্ত বৃদ্ধ, জরাগ্রস্ত; অথর্ব; নড়াচড়ার ক্ষমতাহীন। □ বি. অত্যন্ত মান্য ও পরিণত বয়স্ক বৌদ্ধ সন্ন্যাসী, 'থের'। [সং. √ স্হা + ইর]। স্ত্রী. স্হবিরা। বি.˜ তা,˜ ত্ব।

স্হল (p. 849) [shala] বি. 1 স্হান (রণস্হল); 2 ভূমি, ডাঙা (স্হলপথ); 3 ক্ষেত্র, অবস্হা (অনেক স্হল); 4 পদ, পরিবর্ত (তাঁর স্হলাভিষিক্ত); 5 পাত্র, আধার (ভরসাস্হল)। [সং. √ স্হল্ + অ]। স্হলী বি. (স্ত্রী.) স্হান; অকৃত্রিম ভূমি (বনস্হলী); ডাঙা; থলিয়া।˜ কমল,˜ পদ্ম বি. স্হলজ পদ্মবিশেষ।˜ চর বিণ. স্হলে

অর্থাত্ মাটির উপরে বাসকারী (স্হলচর প্রাণী)।˜ পথ বি. যে-পথ ভূমির উপর দিয়ে গেছে (অর্থাত্ জলপথ বা আকাশপথ নয়)।˜ বাণিজ্য বি. স্হলপথে পরিচালিত ব্যাবসা-বাণিজ্য। স্হলাভি-ষিক্ত বিণ. (অন্যের) পদে বা স্হানে অধিষ্ঠিত; কোনো পদের পরবর্তী অধিকারী, বদলি। স্হলারবিন্দ স্হলকমল -এর অনুরূপ। স্হলীয় বিণ. (নির্দিষ্ট কোনো) স্হল সম্বন্ধীয় বা স্হলে স্হিত।

স্হাণু (p. 849) [shāṇu] বিণ. স্হির, নিশ্চল (স্হাণু হয়ে বসে থাকা)। □ বি. 1 গোঁজ, খোঁটা, কীল; 2 স্তম্ভ; 3 শাখাহীন বৃক্ষ; 4 উইঢিপি; 5 শিব ('স্হাপিলা বিধুরে বিধি স্হাণুর ললাটে' : মধু)। [সং. √ স্হা + ণু]।˜ বত্ বিণ. স্হাণুর মতো; নিশ্চল, নিস্পন্দ।

স্হাণ্বীশ্বর (p. 849) [shāṇbīśbara] বি. শিবলিঙ্গবিশেষ। [সং. স্হাণু + ঈশ্বর]।

স্হাতব্য (p. 849) [shātabya] বিণ. যাতে অবস্হান করা যায় এমন, স্হিতিযোগ্য। [সং. √ স্হা + তব্য]।

স্হাতা (p. 849) [shātā] (-তৃ) বিণ. অবস্হানকারী। [সং. √ স্হা + তৃ]।

স্হান (p. 849) [shāna] বি. 1 স্হল, জায়গা, ঠাঁই (স্হানত্যাগ, বাসস্হান); 2 অঞ্চল, দেশ, প্রদেশ (তীর্থস্হান, গোরস্হান); 3 আশ্রয় (কোথাও তার স্হান নেই); 4 আধার, পাত্র (ভরসাস্হান); 5 বিষয়, ক্ষেত্র (শোকস্হান, ভয়স্হান); 6 তীর্থ, পীঠ, অধিষ্ঠানক্ষেত্র (বাবা তারকনাথের স্হান); 7 পদ, পরিবর্ত (তৎস্হানে); 8 বাসস্হান, আলয়, আবাস (হিংস্র পশুর স্হান)। [সং. √ স্হা + অন]।˜ চ্যুত,˜ ভ্রষ্ট বিণ. স্বীয় অবস্হানস্হল বা বাসভূমি ছেড়ে যেতে বাধ্য হয়েছে এমন।˜ পরিবর্তন

বি. জায়গা-বদল; বাসস্থান-বদল। স্থানাঙ্ক বি. (গণি.) co-ordinate. স্থানান্তর বি. অন্য স্থান। স্থানান্তরিত বিণ. ভিন্ন স্থানে নীত; এক কর্মস্থান থেকে বদলি হয়ে ভিন্ন কর্মস্থানে নিযুক্ত। স্ত্রী. স্থানান্তরিতা। স্থানাভাব বি. জায়গায় কমতি। স্থানিক বি. (প্রাচীন ভারতে) কোনো স্থানের অধ্যক্ষ। □ বিণ. স্থানীয়। স্থানী (-নিন্) বিণ. স্থানযুক্ত; স্থিতিশীল। স্থানীয় বিণ. 1 (নির্দিষ্ট) স্থানসম্বন্ধীয়; 2 (নির্দিষ্ট) স্থানের; 3 স্থানবিশেষে সীমাবদ্ধ (স্থানীয় সাক্ষী, স্থানীয় অভাব-অভিযোগ); তুল্য (পুত্রস্থানীয়)। স্থানীয় কাল local time. স্থানে অস্থানে নির্বিচারে যোগ্য ও অযোগ্য স্থানে। স্থানে স্থানে ক্রি-বিণ. বিভিন্ন স্থানে।

স্থানেশ্বর (p. 849) [shānēśbara] বি. বর্তমান থানেশ্বর, কুরুক্ষেত্র। [সং. স্থান + ঈশ্বর]।

স্থাপক (p. 849) [shāpaka] দ্র স্থাপন।

স্থাপত্য (p. 849) [shāpatya] বি. স্থপতির কর্ম; গৃহাদি নির্মাণকার্য বা নির্মাণের শিল্প। [সং. স্থপতি + য; ইং. architecture]।

স্থাপন, স্থাপনা (p. 849) [shāpana, shāpanā] বি. 1 রেখে দেওয়া (ভূতলে স্থাপন); 2 আরোপণ, রক্ষণ (বিশ্বাস স্থাপন); 3 তর্পণ (মস্তকে স্থাপন); 4 নিবেশন (মনোযোগ স্থাপন); 5 নিবাসন (উদ্বাস্তুদের স্বস্থানে স্থাপন); 6 প্রতিষ্ঠা (মন্দির স্থাপন, উপনিবেশ স্থাপন); 7 রচনা বা প্রতিষ্ঠা (সন্ধি, সম্বন্ধ বা দৃষ্টান্ত স্থাপন)। [সং. √ স্থা + ণিচ্ + অন, আ]। স্থাপক বিণ. বি. স্থাপনকারী। স্থাপয়িতা (-তৃ) বিণ. 1 স্থাপনকারী। স্ত্রী. স্থাপয়িত্রী। স্থাপা ক্রি. (কাব্যে) স্থাপন করা ('স্থাপিলা বিধুরে বিধি': মধু.)। স্থাপিত বিণ. 1 প্রতিষ্ঠা করা হয়েছ এমন

(শান্তি সমিতি বা বিদ্যালয় স্থাপিত হয়েছে); 2 রক্ষিত (সম্মুখে স্থাপিত)। স্ত্রী. স্থাপিতা। স্থাপ্য বিণ. স্থাপন করতে হবে এমন।

স্থাবর (p. 849) [shābara] বিণ. 1 অচল, (জমি বাড়ি বা বৃক্ষাদির মতো) স্থানান্তরিত করা যায় না এমন (স্থাবর সম্পত্তি); 2 জড়, অচেতন, স্থিতিশীল (স্থাবরজঙ্গম)। [সং. √ স্থা + বর]।

স্থায়িতা, স্থায়িত্ব, স্থায়িভাব (p. 849) [shāẏitā, shāẏitba, shāẏibhāba] দ্র স্থায়ী।

স্থায়ী (p. 849) [shāẏī] (-য়িন্) বিণ. 1 স্থিতিশীল (স্থায়ী ব্যবস্থা); 2 টেকসই, মজবুত (পাঁচিল বেশি দিন স্থায়ী হবে না); 3 স্থানান্তরে যায় না এমন, প্রতিষ্ঠিত (স্থায়ী হয়ে বাস করা); 4 পাকাপোক্ত (স্থায়ী চাকরি); 5 অপরিবর্তনীয়, বদ্ধমূল (ধারণা মনে স্থায়ী হওয়া); 6 অবিনশ্বর (জীবন স্থায়ী নয়); 7 স্থির, অচঞ্চল (স্রোতের ফুল এক জায়গায় স্থায়ী হয় না)। [সং. √ স্থা + ইন্]। স্থায়িতা, স্থায়িত্ব বি. স্থায়ী অবস্থা বা ভাব, স্থিতিশীলতা। স্থায়ি-ভাব, স্থায়ী-ভাব বি. (অল.) উৎসাহ শোক বিস্ময় ক্রোধ শঙ্কা রতি (অনুরাগ) হাস জুগুপ্সা শম: মানুষের চিত্তে বিধৃত এইসব শাশ্বত ভাব যা উদ্রিক্ত হয়ে পরে বীর করুণ ইত্যাদি বিভিন্ন রসে পরিণত হয়।

স্থাল (p. 849) [shāla] বি. পাত্রবিশেষ, থালা। [সং. √ স্থা + আল]। স্থালী বি. (স্ত্রী.) পাকপাত্র; হাঁড়ি; থালা।

স্হিত (p. 849) [shita] বিণ. 1 অবস্হিত, রয়েছে এমন (গৃহস্হিত); 2 বিদ্যমান, বর্তমান; 3 স্হির। [সং. √ স্হা + ত]।˜ প্রজ্ঞ,˜ ধী বিণ. যার (অহং ব্রহ্ম এই) বুদ্ধি স্হির হয়েছে অর্থাত্ যিনি নিষ্কাম সুখ-দুঃখ-ভয় ক্রোধাদিতে অবিচল এবং আত্মতুষ্ট ও ব্রহ্মনিষ্ঠ; (বাং. অর্থ) স্হির বুদ্ধিযুক্ত। স্হিরাবস্হা চুক্তি যুদ্ধাদি কোনো বিষয়ের আলোচনাকালে বর্তমান অবস্হা যথাসম্ভব বজায় রেখে সাময়িক সন্ধি। স্হিতি বি. 1 অবস্হান (এখন আমার এখানেই স্হিতি); 2 বিদ্যমানতা; 3 স্হিরতা (স্হিতিলাভ)। স্হিতি-শীল বিণ. স্হায়ী, স্হির, সংরক্ষণশীল (স্হিতিশীল সমাজ বা শাসনব্যবস্হা)। স্হিতি-স্হাপক বিণ. প্রসারণ সংনমন প্রভৃতি করার পরেও পূর্বাবস্হা ফিরে পায় এমন, elastic. স্হিতি-স্হাপকতা বি. নমনীয়তা।

স্হির (p. 849) [shira] বিণ. 1 অচঞ্চল, নিশ্চল (বিপদে স্হির থাকা); 2 স্হায়ী; অক্ষয় (স্হিরযৌবনা); 3 অবিচল, দৃঢ় (স্হিরপ্রতিজ্ঞ); 4 ধীর, শান্ত (স্হিরচিত্তে); 5 নিশ্চিত, দৃঢ় (স্হির ধারণা); 6 নির্ধারিত, ধার্য, ঠিক (দিন বা কর্তব্য স্হির করা)। □ ক্রি-বিণ. নিশ্চিতরূপে, অবশ্য (স্হির জানি)। [সং. √ স্হা + ইর]। স্ত্রী. স্হিরা। বি.˜ তা (এমন কোনো স্হিরতা নেই),˜ ত্ব।˜ দৃষ্টি বি. অপলক দৃষ্টি।˜ নিশ্চয় বিণ. দৃঢ়সংকল্পযুক্ত। □ বি. দৃঢ় সংকল্প। স্হিরায়ু (-য়ুস্) বিণ. চিরজীবী; দীর্ঘজীবী। স্হিরী-করণ বি. নির্ধারণ, ধার্য করা। স্হিরী-কৃত বিণ. নির্ধারিত।

স্হূল (p. 849) [shūla] বিণ. 1 মোটা (স্হূলকায়, স্হূলোদর); 2 চ্যাপটা (স্হূলনাসিকা); 3 পুরু (স্হূলচর্ম); 4 জড়তাযুক্ত, অতীক্ষ্ণ (স্হূলবুদ্ধি); 5 অসূক্ষ্ম (স্হূল গণনা, স্হূল কথা); 6 ইন্দ্রিয়গ্রাহ্য (স্হূল বস্তুজগত্)। [সং. √ স্হূল্ + অ]। বি.˜ তা,˜ ত্ব।˜ কোণ বি. (জ্যামি.) এক সমকোণ অপেক্ষা বড়ো কিন্তু দুই সমকোণ অপেক্ষা ছোটো কোণ, obtuse angle.˜ দর্শী (-র্শিন্) বিণ. অগভীর দৃষ্টিবিশিষ্ট;

মোটাবুদ্ধি। ˜ দৃষ্টি বি. অসূক্ষ্ম দৃষ্টি, সাধারণ দৃষ্টি। □ বিণ. সূক্ষ্মভাবে দেখে না এমন। স্থূলান্ত্র বি. স্থূল মল নিঃসারণনালি, large intestine. স্থূলোদর বিণ. পেটমোটা, নাদাপেটা, ভুঁড়ো।

স্থেয় (p. 849) [shēẏa] বিণ. 1 স্থাতব্য; 2 স্থাপনযোগ্য; 3 স্থির। □ বি. 1 মধ্যস্থ; 2 জুরি। [সং. √ স্থা + য]।

স্থৈর্য (p. 849) [shairya] বি. 1 স্থিরতা (স্থৈর্যচ্যুতি); 2 দৃঢ়তা। [সং. স্থির + য]।

স্থৌল্য (p. 849) [shaulya] বি. স্থূলতা। [সং. স্থূল + য]।

স্নাত (p. 849) [snāta] বিণ. স্হান করেছে এমন। [সং. √ স্না + ত]। স্ত্রী. স্নাতা। ˜ ক বি. 1 যে-শিষ্য গুরুগৃহে বিদ্যাশিক্ষান্তে ব্রহ্মচর্য সমাপ্তিসূচক স্নান করেছে; 2 বিশ্ববিদ্যালয়ের বি এ ডিগ্রিপ্রাপ্ত, graduate; 3 স্নানকারী বা স্নানার্থী লোক ('সরোবরে স্নাতক দেখি না': ব. চ.)। স্নাতকোত্তর বিণ. গ্রাজুয়েট হবার পরবর্তী, post-graduate. স্নাতানু-লিপ্ত বিণ. স্নানান্তে অঙ্গে চন্দনাদি মেখেছে এমন।

স্নান (p. 849) [snāna] বি. সর্বাঙ্গ প্রক্ষালন বা ধৌত করা, অবগাহন, নাওয়া। [সং. √ স্না + অন]। ˜ যাত্রা বি. জ্যৈষ্ঠ পূর্ণিমায় জগন্নাথদেবের স্নানোৎসব। স্নানাগার বি. স্নানের ঘর; bathroom; জনসাধারণের জন্য পরিবেষ্টিত স্নানের জায়গা, hamam. স্নানীয়, স্নানোদক বি. স্নানের জল। স্নায়ী (-য়িন্) বিণ. স্নানকারী (নিত্যস্নায়ী)।

স্নাপন (p. 849) [snāpana] বি. (পরকে) স্নান করানোর কাজ। [সং. √ স্না + ণিচ্ + অন]। স্নাপক বিণ. বি. স্নাপনকারী। বিণ. বি. (স্ত্রী.) স্নাপিকা। স্নাপিত বিণ. স্নান করানো হয়েছে এমন।

স্নায়বিক, স্নায়বীয় (p. 849) [snāẏabika, snāẏabīẏa] দ্র স্নায়ু।

স্নায়ী (p. 849) [snāẏī] দ্র স্নান।

স্নায়ু (p. 849) [snāẏu] বি. 1 দেহের অস্থিবন্ধনী বা পেশিবন্ধনী, sinew; 2 (অশু.) দেহব্যাপী সূত্রবত্ সূক্ষ্ম নাড়ি, nerve (স্নায়ুবিকার)। [সং. √ স্না + উ]।˜ যুদ্ধ বি. ক্রমাগত ভীতিপ্রদর্শন গুজব-প্রচার আতঙ্কসৃষ্টি প্রভৃতির দ্বারা প্রতিপক্ষের মনোবলহরণ, war of nerves.˜ শূল বি. স্নায়ুর বেদনা বা প্রদাহ। স্নায়বিক, স্নায়বীয় বিণ. স্নায়ুসম্বন্ধীয় (স্নায়বিক উত্তেজনা)।˜ দৌর্বল্য, স্নায়বিক দৌর্বল্য বি. স্নায়ুর দুর্বলতারূপ রোগবিশেষ, nervous debility.

স্নিগ্ধ (p. 849) [snigdha] বিণ. 1 স্নেহপূর্ণ (স্নিগ্ধ ব্যবহার, স্নিগ্ধ সম্পর্ক); 2 সুখস্পর্শ, আরামদায়ক, শীতলকারক (স্নিগ্ধ বাতাস); 3 কোমল, মধুর (স্নিগ্ধ স্বর); 4 মসৃণ, চিক্কণ (স্নিগ্ধ আকাশ); 5 তৈলযুক্ত, তেলা। [সং. √ স্নিহ্ + ত]। স্ত্রী. স্নিগ্ধা। বি.˜ তা।˜ কর বিণ. স্নিগ্ধ করে এমন।

স্নেহ (p. 849) [snēha] বি. 1 বাৎসল্য; 2 ভালোবাসা, প্রীতি, প্রেম; 3 তেল, ঘি এবং ওই জাতীয় পদার্থ। [সং. √ স্নিহ্ + অ]।˜ পদার্থ বি. তৈলাদি পদার্থ।˜

পুত্তলি বি. অত্যধিক স্নেহপাত্র। স্নেহালিঙ্গন বি. স্নেহভরে আলিঙ্গন। স্নেহাশিস, স্নেহাশীর্বাদ বি. স্নেহযুক্ত আশীর্বাদ। স্নেহী (-হিন্) বিণ. স্নেহময়; তৈলাদিযুক্ত।

স্নো (p. 849) [snō] বি. মুখের প্রসাধনী হিসাবে ব্যবহৃত সুগন্ধী সচ. সাদা তৈলাক্ত পদার্থবিশেষ। [ইং. snow]।

স্পঞ্জ (p. 849) [spañja] বি. 1 একরকম জলচর প্রাণীর বহুচ্ছিদ্রময় শরীর; 2 কৃত্রিমভাবে রাসায়নিক উপায়ে তৈরি অনুরূপ পদার্থ (শোষণ বা ঘর্ষণের কাজে এর ব্যবহার হয়)। [ইং. sponge]।

স্পন্দ, স্পন্দন (p. 849) [spanda, spandana] বিণ. 1 নিয়মিত কম্পন বা নড়াচড়া (নাড়ির স্পন্দন, প্রাণস্পন্দন); 2 স্ফুরণ, মৃদু কম্পন (আঁখিপাতার বা আলোকের স্পন্দন)। [সং. √ স্পন্দ্ + অ, অন]। স্পন্দ-মান বিণ. কাঁপছে এমন, কম্পমান ('যে জীবন নিত্য স্পন্দমান': বিষ্ণু)। ˜ রহিত, ˜ শূন্য, ˜ হীন বিণ. স্থির, নিশ্চল, নিস্পন্দ। স্পন্দিত বিণ. স্পন্দনযুক্ত, কম্পিত ('স্পন্দিত করি দিগ্দিগন্ত উঠিল শঙ্খ বাজি': রবীন্দ্র)। স্পন্দা ক্রি. (কাব্যে) স্পন্দিত হওয়া।

স্পর্ধা (p. 849) [spardhā] বি. 1 প্রতিযোগিতায় আস্ফালন; 2 অসাধ্যসাধনের দুর্দম বাসনা; 3 অহংকারপূর্ণ দুঃসাহস; 4 প্রতিযোগিতা; 5 দর্প, বড়াই। [সং. √ স্পর্ধ্ + অ + আ]। স্পর্ধিত, স্পর্ধী (-র্ধিন্) বিণ. 1 স্পর্ধাযুক্ত; 2 স্পর্ধাকারী (স্পর্ধিত উক্তি)। স্ত্রী. স্পর্ধিতা।

স্পর্শ (p. 849) [sparśa] বি. 1 দেহত্বক দ্বারা অনুভব করার গুণ বা ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণ; 2 ছোঁয়া, ঠেকাঠেকি। [সং. √ স্পৃশ্ + অ]। ˜ ক বিণ. স্পর্শকারী;

(জ্যামি.) যে সরল রেখা বৃত্তাদির পরিধি স্পর্শ করে কিন্তু বর্ধিত হলেও ছেদ করে না, tangent (বি. প.)। ~ কাতর বিণ. স্পর্শমাত্রে বা তুচ্ছ কারণে মনে আঘাত সৃষ্টি করে এমন বা মনে আঘাত পায় এমন (স্পর্শকাতর ভাব, ব্যক্তি বা ব্যাপার), sensitive. বি. ~ কাতরতা। ~ ক্রামী (-মিন্) বিণ. স্পর্শদ্বারা সংক্রমিত হয় এমন, সংক্রামক, ছোঁয়াচে। ~ ন বি. স্পর্শ করা। ~ নীয়, স্পৃশ্য বিণ. স্পর্শনযোগ্য (তু. বিপ. অস্পৃশ্য)। ~ বর্ণ বি. বর্গীয় বর্ণ, ক থেকে ম পর্যন্ত বর্ণ। ~ মণি বি. যে (কাল্পনিক) রত্নের ছোঁয়া লাগলেই সব কিছু সোনায় পরিণত হয়, পরশপাথর। স্পর্শী (-র্শিন্) বিণ. স্পর্শকারী (আকাশস্পর্শী)। স্ত্রী. স্পর্শিনী। স্পর্শেন্দ্রিয় বি. ত্বক। স্পৃষ্ট বিণ. স্পর্শ করা হয়েছে এমন (বিদ্যুৎস্পৃষ্ট = বৈদ্যুতিকস্পর্শে মৃত, electrocuted)। স্পৃষ্টি বি. স্পৃষ্ট অবস্থা; স্পর্শন।

স্পষ্ট (p. 849) [spaṣṭa] বিণ. 1 পরিস্ফুট, ব্যক্ত, প্রকাশিত (স্পষ্ট হওয়া); 2 বিশদ (স্পষ্ট করে বলা); 3 কিছু গোপন নেই এমন, খোলাখুলি (স্পষ্ট কথা)। □ ক্রি-বিণ. 1 পরিস্ফুটভাবে, বিশদভাবে (স্পষ্ট জানা বা শোনা বা দেখা); 2 খোলাখুলি ভাবে (স্পষ্ট বলে দিয়ো)। [সং. √ স্পশ্ + ত]। ~ ত, (বর্জি.) ~ তঃ অব্য. স্পষ্টই বোঝা যায়। বি. ~ তা। ~ বক্তা (ক্তৃ), ~ বাদী (দিন্), ~ ভাষী (-ষিন্) বিণ. যে-ব্যক্তি মনের ভাব গোপন না করে খোলাখুলি বলে, মুখফোড়। স্ত্রী. ~ বাদিনী, ~ ভাষিণী। বি. ~ বাদিতা, ~ ভাষিতা। স্পষ্টাক্ষরে ক্রি-বিণ. সহজবোধ্য অক্ষরে; (আল.) স্পষ্টভাবে। স্পষ্টা-স্পষ্টি বিণ. অতিশয় স্পষ্ট; খোলাখুলি (স্পষ্টাস্পষ্টি কথা)। □ ক্রি-বিণ. খোলাখুলিভাবে, স্পষ্ট করে (স্পষ্টাস্পষ্টি বলা)। স্পষ্টী-কৃত বিণ. স্পষ্ট করা হয়েছে এমন। স্পষ্টোচ্চারণ বি. স্পষ্টভাবে উচ্চারণ করা বা বলা।

স্পিকার (p. 849) [spikāra] বি. সংসদ বিধানসভা ইত্যাদি প্রতিনিধি-সভার অধ্যক্ষ। [ইং. speaker]।

স্পিরিট (p. 849) [spiriṭa] বি. সুরাসার। [ইং. spirit]।

স্পৃশ্য, স্পৃষ্ট (p. 849) [spṛśya, spṛṣṭa] দ্র স্পর্শ।

স্পৃহা (p. 849) [spṛhā] বি. 1 অভিলাষ, আকাঙ্ক্ষা, কামনা; 2 লোভ; 3 রুচি। [সং. √ স্পৃহ্ + ণিচ্ + অ + আ]। স্পৃহনীয় বিণ. স্পৃহার যোগ্য, লোভনীয়। স্পৃহয়ালু বিণ. স্পৃহাযুক্ত, লোভী।

স্প্রিং (p. 849) [spri] বি. যন্ত্রাদি চালু রাখবার কাজে ব্যবহৃত একাধিক কুণ্ডলীযুক্ত, ধাতুনির্মিত স্থিতিস্থাপক ও প্যাঁচযুক্ত বলয়বিশেষ। [ইং. spring]।

স্ফটিক (p. 849) [sphaṭika] বি. স্বচ্ছ ও শুভ্র প্রস্তরবিশেষ, crystal quartz. [সং. √ স্ফট্ + ইক]। ˜ গিরি বি. কৈলাসপর্বত। স্ফটিকারি বি. ফটকিরি। স্ফটিক বি. স্ফটিক। □ বিণ. স্ফটিকনির্মিত।

স্ফার (p. 849) [sphāra] বি. 1 বিকাশ, স্ফূর্তি; 2 বিস্তার। [সং. √ স্ফুর্ + ণিচ্ + অ]। ˜ ণ বি. 1 বিকাশ, স্ফূর্তি, স্ফুরণ; বিস্তার। স্ফারিত বিণ. 1 বিস্তারিত; 2 বিকশিত (তু. বিস্ফারিত নেত্র)।

স্ফীত (p. 849) [sphīta] বিণ. 1 ফুলে বা ফেঁপে উঠেছে এমন (মেদস্ফীত শরীর); 2 বর্ধিত; 3 মত্ত (গর্বে স্ফীত); 4 প্রবল হয়েছে এমন। [সং. √ স্ফায়্ + ত]। স্ত্রী. স্ফীতা। স্ফীতি বি. 1 ফুলে বা ফেঁপে ওঠা (নদীতে জলস্ফীতি); 2 বৃদ্ধি; 3 সমৃদ্ধি; 4 প্রাবল্য।

স্ফুট (p. 849) [sphuṭa] বিণ. 1 স্পষ্ট, আপাতদৃশ্য (সূর্যের স্ফুট গতি); 2 বিশদ, ব্যক্ত (স্ফুট অর্থে); 3 বিকশিত (স্ফুট কুসুম); 4 বিদীর্ণ, ফুটো। [সং. √ স্ফুট্ + অ]।˜ বাক (-বাচ্) বিণ. 1 বোল ফুটেছে বা বাক্স্ফূর্তি হয়েছে এমন; 2 স্পষ্টবক্তা।˜ ন বি. স্ফুট হওয়া, (তরল পদার্থাদি) তাপপ্রযুক্ত হওয়ার ফলে বুদ্বুদ্ যুক্ত হওয়া।˜ নাঙ্ক বিণ. যে পরিমাণ তাপ পেলে তরলপদার্থ টগবগ করে ফুটতে আরম্ভ করে, boiling point.˜ নোম্মুখ বিণ. ফুটবার বা বিকশিত হবার উপক্রম করেছে এমন। স্ফুটিত বিণ. 1 ফুটেছে বা বিকশিত হয়েছে এমন; 2 স্পষ্টীকৃত; 3 বিদীর্ণ।

স্ফুরণ (p. 849) [sphuraṇa] বি. 1 কম্পন, স্পন্দন (বাহুর বা নয়নের স্ফুরণ); 2 দীপ্তি; 3 উদ্রেক; 4 প্রকাশ (বুদ্ধির স্ফুরণ)। [সং. √ স্ফুর্ + অন]। স্ফুরিত বিণ. 1 কম্পিত; 2 দীপ্ত; 3 উদ্রিক্ত; 4 প্রকাশিত।

স্ফুরা (p. 849) [sphurā] ক্রি. 1 (কাব্যে) কম্পিত হওয়া; 2 উদ্রিক্ত হওয়া; 3 প্রকাশ পাওয়া ('যাঁহা যাঁহা নেত্র পড়ে তাঁহা কৃষ্ণ স্ফুরে')। [স্ফুরণ দ্র]।

স্ফুলিঙ্গ (p. 849) [sphuliṅga] বি. অগ্নিকণা, আগুনের ফিনকি বা ফুলকি। [সং. √ স্ফুত্ + লিঙ্গ]।

স্ফূর্ত (p. 849) [sphūrta] বিণ. বিকাশ প্রকাশ বা স্ফূর্তি লাভ করেছে এমন (স্বতঃস্ফূর্ত)। [সং. √ স্ফূর্ + ত]। স্ফূর্তি বি. 1 হর্ষ, সানন্দ উৎসাহ; 2 স্ফুরণ; কম্পন; 3 বিকাশ, প্রকাশ (কবিপ্রতিভার স্ফূর্তি, বাক্যস্ফূর্তি)।

স্ফোট (p. 849) [sphōṭa] বি. 1 ফোড়া; আব; 2 (ব্যাকরণাদি শাস্ত্রে) পূর্ব পূর্ব বর্ণের অনুভবের সঙ্গে শেষ বর্ণের ব্যঞ্জনাবৃত্তির দ্বারা বোধ্য অখণ্ড শব্দবিশেষ। [সং. √ স্ফুট্ + অ]। ̃ বাদ বি. শব্দার্থসম্বন্ধে প্রাচীন মতবিশেষ।

স্ফোটক (p. 849) [sphōṭaka] বি. ফোড়া; অর্বুদ। [সং. √ স্ফুট্ + অক]।

স্ফোটন (p. 849) [sphōṭana] বি. 1 বিকাশন, প্রকাশন; 2 বিদারণ; 3 মটকানো, মোচড়ানো (অঙ্গুলি-স্ফোটন)। [সং. √ স্ফুট্ + ণিচ্ + অন]। স্ফোটনী বি. ফুড়বার বা বিদ্ধ করবার যন্ত্র, বেধনী সুচ তুরপুন প্রভৃতি।

স্ব (p. 849) [sba] সর্ব. আত্মা, স্বয়ং (স্বকৃত, স্বাধীন, স্বস্থ)। □ বি. ধন (নিজস্ব, সর্বস্ব)। □ বিণ. নিজের, স্বকীয় (স্বকর্ম)। [সং. √ স্বন্ + অ]। স্ব-স্ব নিজ নিজ (স্ব-স্ব কার্য, স্ব-স্ব অধিকার)। স্ব-স্ব প্রধান বিণ. প্রত্যেকেই স্বতন্ত্র এবং অ-পরাধীন।

স্বঃ (p. 849) [sbḥ] (স্বর্) অব্য. বি. স্বর্গ (স্বর্গত, স্বরীশ্বর)। [সং. √ স্বৃ (=স্তুতি)]।

স্বক (p. 849) [sbaka] বি. স্বকীয়, স্বীয়। [সং. স্ব + ক]।

স্বকপোল-কল্পিত (p. 849) [sbakapōla-kalpita] বিণ. স্বীয় কল্পনাপ্রসূত; মনগড়া। □ বি. গালগল্প। [সং. স্ব + কপোল + কল্পিত]।

স্বকর্ম (p. 849) [sbakarma] বি. 1 নিজের কৃতকর্ম (স্বকর্মদোষে); 2 নিজের করণীয় কর্ম (স্বকর্মসাধন)। [সং. স্ব + কর্ম]।

স্বকীয় (p. 849) [sbakīẏa] বিণ. নিজের, স্বীয় (স্বকীয় বিশিষ্টতা)। [সং. স্ব + (ক-আগম) + ঈয়]। বি.˜ তা।

স্বকৃত (p. 849) [sbakṛta] বিণ. নিজের দ্বারা কৃত। [সং. স্ব + কৃত]। স্বকৃত-ভঙ্গ বিণ. কুলীনবংশে বিবাহ-ব্যাপারে প্রথমবার কৌলীন্যপ্রথা-লঙ্ঘনকারী।

স্বখাত (p. 849) [sbakhāta] বিণ. নিজেই খনন করেছে এমন। [সং. স্ব + খাত]।˜ সলিল বি. 1 নিজের দ্বারা খনন-করা জলাশয়ের জল; 2 (আল.) স্বীয় কৃত কর্মের ফল (স্বখাত-সলিলে ডুবে মরা)।

স্বগত (p. 852) [sbagata] বিণ. 1 আত্মগত; 2 (নাটকাদিতে) নিজের মনে মনে উক্ত। [সং. স্ব + গত]। স্বগতোক্তি বি. (নাটকাদিতে) অন্যে শুনতে পায় না এমন উক্তি।

স্বগৃহ (p. 852) [sbagṛha] বি. নিজের বাসভবন। [সং. স্ব + গৃহ]।

স্বগ্রাম (p. 852) [sbagrāma] বি. নিজের পৈতৃক গ্রাম বা যে গ্রামে নিজের বসতি। [সং. স্ব + গ্রাম]।

স্বচক্ষে (p. 852) [sbacakṣē] ক্রি-বিণ. নিজের চোখ দিয়ে, নিজের চোখে (স্বচক্ষে দেখা)। [সং. স্ব + বাং. চক্ষে (< সং. চক্ষুঃ)]।

স্বচ্ছ (p. 852) [sbaccha] বিণ. 1 দৃষ্টিদ্বারা বা আলোকদ্বারা ভেদ্য; 2 প্রতিবিম্বধারণে সমর্থ; 3 অতি নির্মল (স্বচ্ছসলিলা, স্বচ্ছ দৃষ্টি)। [সং. সু + অচ্ছ]। বি.˜ তা,˜ ত্ব।˜ মণি বি. কাচ।

স্বচ্ছন্দ (p. 852) [sbacchanda] বিণ. 1 অবাধ; 2 স্বাধীন; 3 স্বীয় ইচ্ছানুযায়ী (স্বচ্ছন্দ গতি); 4 সুস্থ; 5 অযত্নজাত (ফুলের স্বচ্ছন্দ বিকাশ)। □ বি. 1 স্বীয় ইচ্ছা; 2 স্বেচ্ছাচার। [সং. স্ব + ছন্দ]। বি. স্বাচ্ছন্দ্য,˜ তা। স্বচ্ছন্দে ক্রি-বিণ. 1 সাবলীলভাবে; 2 অনায়াসে; 3 অবাধে; 4 স্বীয় ইচ্ছামতো; 5 স্বাধীনভাবে (সুখে-স্বচ্ছন্দে জীবনযাপন)।

স্বজন (p. 852) [sbajana] বি. নিজের লোক, জ্ঞাতি-কুটুম্ব বন্ধুবান্ধব পরিজন প্রভৃতি (আত্মীয়-স্বজন)। [সং. স্ব + জন]।˜ পোষণ বি. নিজের আত্মীয় বন্ধু বা স্বজনকে অন্যায়ভাবে বা নীতিবহির্ভূতভাবে পোষণ বা সমর্থন। স্বজনী বি. (স্ত্রী.) আত্মীয়া; অন্তরঙ্গ সখী (তু. সজনী); (সম্বোধনে) স্বজনি।

স্বজাতি (p. 852) [sbajāti] বি. 1 নিজের জাতি; 2 নিজের জাতির অন্তর্ভুক্ত লোক। [সং. স্ব + জাতি]। স্বজাতীয় বিণ. 1 নিজের জাতির অন্তর্ভুক্ত; 2 স্ববর্গীয়; 3 স্বজাতিসংক্রান্ত। স্ত্রী. স্বজাতীয়া।

স্বত (p. 852) [sbata] (-তস্), স্বতঃ অব্য. স্বয়ং; নিজে থেকে, আপনা থেকে (স্বত-ই বিবাদ মিটবে, স্বত-ই মনে উদিত হয়)। [সং. স্ব + তস্]। স্বতঃপ্রবৃত্ত বিণ. স্বেচ্ছায় (অর্থাত্ পরের নির্দেশ ছাড়াই) প্রবৃত্ত। স্বতঃপ্রমাণিত, স্বতঃসিদ্ধ বিণ. এমনই স্পষ্ট যে সত্যতা উপলব্ধির জন্য প্রমাণ অনাবশ্যক, axiomatic.

স্বতঃস্ফূর্ত বিণ. আপনা হতে (অর্থাত্ পরের চেষ্টা ছাড়াই) প্রকাশিত (স্বতঃস্ফূর্ত বিক্ষোভ বা ধর্মঘট)। স্বতো-বিরোধ, স্বতো-বিরুদ্ধতা বি. অন্তর্নিহিত অসংগতি, এক অংশের সঙ্গে অন্য অংশের অমিল (চরিত্রে বা লেখার মধ্যে স্বতোবিরোধ), self-inconsistency, self-contradiction, যাতে স্বতঃসিদ্ধ সত্যের সঙ্গে মিল নেই।

স্বতন্ত্র (p. 852) [sbatantra] বিণ. 1 স্ববশ; 2 স্বাধীন; 3 পৃথক (আমার কথা স্বতন্ত্র)। [সং. স্ব + তন্ত্র]। স্ত্রী. স্বতন্ত্রা। বি.˜ তা, স্বাতন্ত্র্য।

স্বত্ব (p. 852) [sbatba] বি. ধনসম্পত্তি ব্যবসায় প্রভৃতিতে অধিকার, মালিকানা (জমির স্বত্ব)। [সং. স্ব + ত্ব]।˜ ভোগী (গিন্) বিণ. অধিকার ভোগ করে এমন। স্বত্বাধি-কার বি. স্বামিত্বের বা মালিকানার ন্যায়সংগত অধিকার। স্বত্বাধি-কারী (-রিন্) বিণ. মালিক। স্ত্রী. স্বত্বাধি-কারিণী।

স্বদল (p. 852) [sbadala] বি. নিজের দল বা পক্ষ। [সং. স্ব + দল]। স্বদলীয় বিণ. স্বদলের অন্তর্ভুক্ত। স্ত্রী. স্বদলীয়া।

স্বদেশ (p. 852) [sbadēśa] বি. নিজের দেশ; জন্মভূমি। [সং. স্ব + দেশ]। স্বদেশি, স্বদেশীয় বিণ. নিজদেশজাত; নিজদেশবাসী। স্বদেশি আন্দোলন ইংরেজ-আমলে ভারতবাসীদের স্বাধীনতালাভের উদ্দেশ্যে বিদেশি দ্রব্য বর্জন ও স্বদেশি দ্রব্য ব্যবহারের আন্দোলন।

স্বধর্ম (p. 852) [sbadharma] বি. 1 নিজের বা পৈতৃক ধর্ম; 2 নিজের জাতির বা সমাজের ধর্ম; 3 স্বজাতির আচার; 4 নিজের স্বাভাবিক বৃত্তি বা পেশা। [সং. স্ব + ধর্ম]।

স্বধা (p. 852) [sbadhā] অব্য. বি. প্রধানত পিতৃপুরুষের উদ্দেশে প্রদত্ত জল পিণ্ড বা তার মন্ত্র। [সং. √ স্বদ্ + আ]।

স্বন (p. 852) [sbana] বি. শব্দ, ধ্বনি। [সং. √ স্বন্ + অ]। ˜ ন বি. 1 শব্দ; 2 শব্দ করা। স্বনিত বিণ. শব্দিত, ধ্বনিত। □ বি. শব্দ।

স্বনাম (p. 852) [sbanāma] (-মন্) বি. নিজের নাম। [সং. স্ব + নামন্]। ˜ খ্যাত, ˜ ধন্যা বিণ. নিজের নামেই বা আত্মপরিচয়েই পরিচিত অর্থাত্ পরিচয় বা প্রশংসার জন্য পিতা বা অন্য কারও নাম উল্লেখ করতে হয় না এমন; বিখ্যাত। স্বনামে ক্রি-বিণ. নিজেকেই মালিক বা কর্তা বলে পরিচয় দিয়ে (তু. বেনামে)।

স্বনিত (p. 852) [sbanita] দ্র স্বন।

স্বপক্ষ (p. 852) [sbapakṣa] বি. 1 আত্মপক্ষ, নিজের দল বা মত (অন্য লোককে স্বপক্ষে টানা); 2 মিত্রপক্ষ। [সং. স্ব + পক্ষ]। স্বপক্ষীয় বিণ. স্বপক্ষভুক্ত; নিজের বা নিজদলের সংক্রান্ত।

স্বপদ (p. 852) [sbapada] বি. 1 নিজের অধিকার (স্বপদে অধিষ্ঠিত); 2 নিজের অধিকৃত পদ বা কর্মভার (post)। [সং. স্ব + পদ]।

স্বপ্ন, (প্রধানত কাব্যে এবং ব্যক্তিনামে) স্বপন (p. 852) [sbapna, (pradhānata kābyē ēba mbyaktināmē) sbapana] বি. 1 ঘুমের মধ্যে প্রত্যক্ষবত্ অনুভূত বিষয়; 2 কোনো বিষয়ের প্রত্যক্ষবত্ অনুভব; 3 (আল.) কল্পনা (সুখস্বপ্ন); 4 নিদ্রা (শয়নে-স্বপনে)। [সং. √ স্বপ্ + ন]। স্বপ্নেও না ভাবা (আল.) কোনো প্রকারে আশা না করা।˜ ঘোর বি. নিদ্রাভঙ্গের পরেও স্বপ্নের যে আবেশে মন আচ্ছন্ন থাকে। ˜ চারিতা বি. নিদ্রিতাবস্থায় বিচরণ, somnambulism. (বি. প.)।˜ জড়িমা বি. স্বপ্নঘোরজনিত জড়তা; স্বপ্নের ঘোর।˜ জাল বি. স্বপ্নরূপ জাল অর্থাত্ স্বপ্ন দেখার ফলে মানসিক আচ্ছন্নতা।˜ দোষ বি. নিদ্রিতাবস্থায় স্বপ্ন দেখতে দেখতে রেতঃস্খলন।˜ বত্ বিণ. স্বপ্নের মতো অলীক অথচ সুন্দর।˜ বৃত্তান্ত বি. স্বপ্নে দেখা ঘটনার বিবরণ।˜ ময় বিণ. স্বপ্নবত্; স্বপ্নে সৃষ্ট বা জাত; কাল্পনিক। স্ত্রী.˜ ময়ী।˜ লোক,˜ রাজ্য বি. স্বপ্নে দৃষ্ট দেশ অর্থাত্ অলীক অথচ সুন্দর দেশ; কল্পনা। স্বপ্নাদিষ্ট বিণ. স্বপ্নাদেশ-প্রাপ্ত। স্বপ্নাদেশ বি. স্বপ্নে প্রাপ্ত দৈবাদেশ। স্বপ্নাবিষ্ট বিণ. স্বপ্নের ঘোরে আচ্ছন্ন। স্বপ্নালু বিণ. 1 স্বপ্নের মতো, স্বপ্নবত্; 2 স্বপ্নঘোরে আচ্ছন্ন। স্বপ্নিল বিণ. স্বপ্নের মতো; স্বপ্নময়। স্বপ্নোত্থিত বিণ. স্বপ্নময় নিদ্রা থেকে জাগরিত।

স্বপ্রকাশ (p. 853) [sbaprakāśa] বিণ. আপনা থেকে ব্যক্ত বা প্রকটিত (ঈশ্বরের স্বপ্রকাশ প্রেম ও করুণা)। [সং. স্ব + প্রকাশ]।

স্ববশ (p. 853) [sbabaśa] বিণ. নিজের দ্বারা নিয়ন্ত্রিত; স্বাধীন। [সং. স্ব + বশ]।

স্বভাব (p. 853) [sbabhāba] বি. 1 স্বরূপ, আত্মভাব, নিজের প্রকৃতি (হিংস্রতাই চিতাবাঘের স্বভাব); 2 জন্ম সংসর্গ বা অভ্যাসের ফলে লব্ধ বৈশিষ্ট্য

(মিথ্যা বলা তার স্বভাবে দাঁড়িয়েছে); 3 চরিত্র, আচরণ (সৎস্বভাব); 4 প্রকৃতিগত ধর্ম বা গুণ (জড় পদার্থের স্বভাব); 5 প্রকৃতি, নিসর্গ (স্বভাব বর্ণনা); 6 স্বাভাবিক অবস্থা। [সং. স্ব + ভাব]।˜ কবি যে কবির কবিত্বশক্তি জন্ম থেকে লব্ধ; যে কবি সচরাচর কেবল প্রাকৃতিক শোভা বর্ণনা করেন।˜ কুলীন বিণ. যার কৌলীন্য বা কুলধর্ম লঙ্ঘিত হয়নি; নৈকষ্য-কুলীন।˜ কৃপণ বিণ. কৃপণস্বভাব নিয়েই জাত; প্রকৃতিগত কৃপণতাবিশিষ্ট।˜ গত বিণ. স্বভাবে পরিণত; সহজাত।˜ চরিত্র বি. প্রকৃতি ও চালচলন।˜ জ বিণ. স্বভাব থেকে জাত; প্রকৃতিগত; স্বাভাবিক।˜ ত, (বর্জি.)˜ তঃ (-তস্) অব্য. সংগত কারণে বা স্বাভাবিকভাবে (স্বভাবতই সকলের দৃষ্টি কবির উপরে, এ প্রশ্ন স্বভাবতই মনে আসে)।˜ বিরুদ্ধ বিণ. অস্বাভাবিক; নীতিবিরুদ্ধ।˜ প্রকৃতি বি. আচার আচরণ। স্বভাব যায় না মনে ইল্লত যায় না ধুলে জল দিয়ে ধুলে যেমন সব নোংরা যায় না তেমনি স্বভাবও অপরিবর্তনীয়, মৃত্যুতেও স্বভাব বদলায় না।˜ শোভা বি. নৈসর্গিত সৌন্দর্য।˜ সিদ্ধ,˜ সুলভ বিণ. প্রকৃতিগত; স্বাভাবিক। স্বভাবী (-বিন্) বিণ. স্বভাবানুযায়ী, normal (বি. প.)। স্বভাবোক্তি বি. কাব্যের অলংকারবিশেষ; কোনো বিষয়ের যথাযথ বর্ণনা।

স্বভূমি (p. 853) [sbabhūmi] বি. নিজ ভূমি, স্বদেশ। [সং. স্ব + ভূমি]।

স্বমত (p. 853) [sbamata] বি. নিজের মত। [সং. স্ব + মত]।

স্বয়ং (p. 853) [sbaẏa] (-য়ম্) অব্য. আপনি, নিজে। [সং. সু + √ ই বা √ অয়্ + অম্]।˜ কৃত, (বিরল) স্বয়ঙ্কৃত বিণ. নিজ দ্বারা কৃত, স্বকৃত।˜ প্রকাশ বিণ. (পরের সাহায্য ব্যতীত) নিজে নিজেই প্রকাশিত, নিজ শক্তিবলে প্রকাশিত।˜ প্রধান বিণ. পরের দ্বারা প্রাধান্যদানের অপেক্ষা না রেখেই নিজেকে প্রধান বলে জাহির করে এমন।˜ প্রভ বিণ. স্বীয় জ্যোতিতে দীপ্তিশীল। স্ত্রী.˜ প্রভা।˜ বর,

(অশু.) স্বয়ম্বর বি. আমন্ত্রিত ব্যক্তিবর্গের মধ্য থেকে স্বয়ং কন্যা কর্তৃক পতি নির্বাচন (স্বয়ংবর-সভা)। ˜ বরা, (অশু.) স্বয়ম্বরা বিণ. বি. (স্ত্রী.) যে কন্যা নিজেই পতি নির্বাচন করে। ˜ সিদ্ধ বিণ. গুরু বা অন্য কারও শিক্ষা ব্যতিরেকে কেবল স্বীয় চেষ্টাদ্বারাই সিদ্ধিলাভকারী; স্বতঃসিদ্ধ।

স্বয়ম্ভর (p. 853) [sbaẏambhara] বিণ. নিজেই নিজের প্রয়োজন নির্বাহ বা ভরণপোষণ করতে পারে এমন; স্বয়ংসম্পূর্ণ (ভারত খাদ্যের ব্যাপারে স্বয়ম্ভর নয়)। [সং. স্বয়ম্ + √ ভৃ + অ]।

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ (p. 853) [sbaẏambhu, sbaẏambhū] বিণ. 1 স্বয়ংসৃষ্ট; 2 স্বেচ্ছায় শরীরধারী। □ বি. 1 ব্রহ্মা; 2 বিষ্ণু; 3 শিব। [সং. স্বয়ম্ + √ ভূ + উ, ক্বিপ্]। স্বয়ম্ভুব বি. প্রথম মনু।

স্বর (p. 853) [sbara] বি. 1 কণ্ঠধ্বনি; 2 সংগীতে সুর; 3 শব্দ (কলস্বরে); 4 যে ধ্বনির উচ্চারণে কণ্ঠের মধ্যে কোথাও বাধার সৃষ্টি হয় না; 5 (বেদমন্ত্রের উচ্চারণে) উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত-এই ত্রিবিধ ধ্বনি; 6 (সং. ব্যাক.) হ্রস্ব, দীর্ঘ ও প্লুত-এই ত্রিবিধ ধ্বনি। [সং. √ স্বৃ (শব্দ করা অর্থে) + অ]। ˜ গ্রাম বি. সংগীতে সুরসপ্তক অর্থাত্ ষড়জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত ও নিষাদ। ˜ বর্ণ বি. অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ: স্বয়ং এবং অবাধে উচ্চারিত এই বর্ণসমূহ। ˜ ভক্তি বি. (ভাষা.) বিপ্রকর্ষ দ্র। ˜ ভঙ্গ বি. 1 কণ্ঠস্বরের বিকৃতিরূপ রোগ; 2 সাত্ত্বিক ভাববিশেষ। ˜ লহরি বি. সুরের ঢেউ। ˜ লিপি বি. (সংগীতে) সুর তাল প্রভৃতির সাংকেতিক বর্ণনা-সংবলিত লিপি। ˜ সংগতি বি. 1 (ধ্বনিতত্ত্বে) পাশাপাশি অবস্থিত দুটি অসম স্বরধ্বনির কাছাকাছি চলে আসা (যেমন বিলাতি > বিলেতি, বিলিতি); 2 সংগীতে ঐকতান। ˜ সন্ধি বি. স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির বা স্বরান্ত

পদের সঙ্গে স্বরাদি পদের সংযোগ। স্বরাগম বি. দুই ব্যঞ্জন ধ্বনির মধ্যে স্বরধ্বনির আগম-যথা বর্ণ > বরন।

স্বরচিত (p. 853) [sbaracita] বিণ. নিজের দ্বারা বা স্বীয় কল্পনাবলে রচিত (স্বরচিত গ্রন্থ, স্বরচিত সমস্যাজাল)। [সং. স্ব + রচিত]।

স্বরাজ (p. 853) [sbarāja] বি. 1 স্বায়ত্তশাসন; 2 স্বাধীনতা। [তু. সং. স্বরাট্]।

স্বরাজ্য (p. 853) [sbarājya] বি. 1 নিজের দ্বারা শাসিত অর্থাত্ স্বাধীন রাজ্য বা সরকার; 2 নিজের রাজ্য। [সং. স্ব + রাজ্য]।

স্বরাট (p. 853) [sbarāṭa] (-রাজ্) বি. ঈশ্বর যিনি স্বয়ংদীপ্ত বা স্বতঃসিদ্ধ। [সং. স্ব + √ রাজ্ (দীপ্তি-অর্থক) + ক্বিপ্]।

স্বরান্ত (p. 853) [sbarānta] বিণ. (ব্যাক.-শব্দ সম্বন্ধে) অন্তে স্বরধ্বনিযুক্ত। [সং. স্বর + অন্ত]।

স্বরাষ্ট্র (p. 853) [sbarāṣṭra] বি. 1 স্বরাজ্য; 2 রাজ্যের বা দেশের অভ্যন্তরীণ শাসন ও অন্যান্য বিষয়। [সং. স্ব + রাষ্ট্র]। ˜ মন্ত্রী বি. দেশের বা রাজ্যের অভ্যন্তরীণ শাসন ও অন্যান্য বিষয়ের ভারপ্রাপ্ত মন্ত্রী।

স্বরিত (p. 853) [sbarita] বি. উদাত্ত ও অনুদাত্তের মধ্যবর্তী স্বর। □ বিণ. উচ্চারিত, ধ্বনিত। [সং. স্বর + ইত]।

স্বরীশ্বর (p. 853) [sbarīśbara] বি. স্বর্গের অধিপতি, ইন্দ্র। [সং. স্বর্ (=স্বর্গ) ঈশ্বর]।

স্বরূপ (p. 853) [sbarūpa] বি. 1 প্রকৃতি, স্বাভাবিক অবস্থা; 2 প্রকৃত রূপ (ক্রুদ্ধ হলেই স্বরূপ দেখা দেয়); নিজের রূপ; 3 তুল্য বা সদৃশ রূপ (মৃত্যুস্বরূপ, লক্ষ্মীস্বরূপ); 4 তুলনা (দৃষ্টান্তস্বরূপ)। [সং. স্ব + রূপ]। ˜ ত (-তস্), (বর্জি.)˜ তঃ অব্য. বাস্তবিকপক্ষে। ˜ তা,˜ ত্ব বি. স্বীয় রূপের ভাব; স্বরূপের ভাব; অনন্যতা।

স্বর্গ (p. 853) [sbarga] বি. 1 (ধর্মবিশ্বাস অনুযায়ী) পুণ্যবানেরা মৃত্যুর পরে যে-স্থানে বাস করেন; 2 দেবলোক; 3 চিরসুখময় স্থান। [সং. সু + √ ঋজ্ (=অর্জন) + অ]। ˜ গঙ্গা বি. স্বর্গের গঙ্গানদী, গঙ্গার স্বর্গস্থ শাখা, মন্দাকিনী। ˜ গত বিণ. স্বর্গে গত, মৃত। ˜ দ্বার বি. স্বর্গে প্রবেশের পথ; হিন্দুতীর্থবিশেষ। ˜ প্রাপ্তি বি. পরলোকগমন; মৃত্যু। ˜ লাভ বি. স্বর্গে গমন; মৃত্যু। ˜ সুখ বি. একমাত্র স্বর্গে লভ্য অনাবিল ও অতুলন সুখ (ইং. heavenly bliss এর অনবাদ)। ˜ স্থ বিণ. স্বর্গে অবস্থিত, স্বর্গীয়; মৃত। স্বর্গা-রোহণ বি. 1 স্বর্গে গমন; 2 মৃত্যু। স্বর্গীয় বিণ. 1 স্বর্গসম্বন্ধীয়; 2 স্বর্গসুখজনক (স্বর্গীয় সৌন্দর্য); 3 পবিত্র; 4 (বাং.) স্বর্গগত, মৃত। স্ত্রী. স্বর্গীয়া। স্বর্গ্য বিণ. 1 স্বর্গসম্বন্ধীয়; 2 স্বর্গসুখজনক; 3 স্বর্গলাভে সহায়ক; 4 পবিত্র। স্বর্গ হাতে পাওয়া সুখসম্পদ লাভ করা; অনিবর্চনীয় আনন্দ লাভ করা; অনায়াসে মনস্কামনা পূর্ণ হওয়া। স্বর্গে তুলে দেওয়া অতিরঞ্জিত প্রশংসাদ্বারা উন্নীত করা। স্বর্গে বাতি দেওয়া মৃত পূর্বপুরুষের উদ্দেশে আকাশপ্রদীপ জ্বালা; (আল.) বংশরক্ষা করা বা প্রভূত উপকার করা।

স্বর্গত (p. 853) [sbargata] বিণ. স্বর্গগত; মৃত। [সং. স্বঃ (স্বর্) + গত]।

স্বর্ণ (p. 853) [sbarṇa] বি. উজ্জ্বল হলুদরঙের বহুমূল্য ধাতুবিশেষ, সোনা, সুবর্ণ, হিরণ্য, কনক, কাঞ্চন, হেম। [সং. সু + √ ঋণ্ (=গতি) + অ]। ˜ কমল বি. রক্তপদ্ম। ˜ কার বি. সোনার অলংকারাদির নির্মাতা, স্যাকরা। ˜ গর্ভ বিণ. অভ্যন্তরে সোনা আছে এমন, স্বর্ণপূর্ণ। ˜ গর্ভা বিণ. (স্ত্রী.) স্বর্ণপূর্ণা; (আল.) গর্ভে সোনার চাঁদের মতো সন্তান ধারণ করেছে এমন, সুসন্তানপ্রসবিনী। ˜ প্রতিমা বি. স্বর্ণনির্মিত প্রতিমা; (আল.) অতি সুন্দর মূর্তি। ˜ প্রসূ বিণ. (আল.) অতিশয় উর্বরা। ˜ বণিক (-ণিজ্) বি. সোনার বেনে, হিন্দুজাতিবিশেষ। ˜ ভূষণ, স্বর্ণালংকার বি. সোনার গহনা। ˜ মৃগ বি. সীতাকে প্রলুব্ধ করার জন্য মায়ারূপধারী রাক্ষস মারীচ; (আল.) মিথ্যা ও সর্বনাশা প্রলোভন। ˜ সিন্দূর বি. পারদঘটিত আয়ুর্বেদীয় ওষুধবিশেষ, মকরধ্বজ। ˜ সুযোগ বি. সুবর্ণ সুযোগ। ˜ সূত্র বি. সোনার হার। স্বর্ণাক্ষরে লেখা সোনার মতো অতি উজ্জ্বল অক্ষরে লেখা।

স্বর্বধূ, স্বর্বেশ্যা (p. 853) [sbarbadhū, sbarbēśyā] বি. অপ্সরা। [সং. স্বঃ + বধূ, বেশ্যা]।

স্বর্বৈদ্য (p. 853) [sbarbaidya] বি. স্বর্গের চিকিৎসক; অশ্বিনীকুমারদ্বয়। [সং. স্বঃ + বৈদ্য]।

স্বর্লোক (p. 853) [sbarlōka] বি. স্বর্গ। [সং. স্বঃ + লোক]।

স্বল্প (p. 853) [sbalpa] বিণ. সামান্য একটু, অতি অল্প (স্বল্প আয়োজন, স্বল্প ব্যয়)। [সং. সু + অল্প]। বি. ˜ তা। স্বল্পায়ু (-য়ুস্) বিণ. অল্পকাল বাঁচে এমন। স্বল্পাহার বিণ. অল্প খায় এমন। □ বি. সামান্য আহার। স্বল্পাহারী (-রিন্) বিণ. অতি অল্প খায় এমন (স্বল্পাহারী লোক)।

স্বসা (p. 853) [sbasā] (-সৃ) বি. ভগিনী। [সং. সু + √ অস্ + ঋ]। স্বস্রীয়, স্বস্রেয় বি. ভাগিনেয়। □ বিণ. ভগিনীসম্বন্ধীয়। স্বস্রীয়া, স্বস্রেয়ী বি. (স্ত্রী.) ভাগিনেয়ী।

স্বস্তি (p. 853) [sbasti] অব্য. বি. 1 মঙ্গল হোক বা পাপা দূর হোক; এই আশীর্বাদ; আশীর্বচনযুক্ত মন্ত্র (স্বাস্তিপাঠ); 2 শুভ, মঙ্গল; সন্তোষ। □ বি. নির্ঝঞ্ঝাট অবস্থা, উদ্বেগহীনতা, আরাম (সুখের চেয়ে স্বস্তি ভালো, স্বস্তির নিশ্বাস, স্বস্তিতে ঘুমানো)। [সং. সু + √ অস্ + তি]।˜ বচন বি. মঙ্গলকর্মারম্ভে মঙ্গলকথন বা স্বস্তি-শব্দের উচ্চারণ।˜ মুখ বি. (স্বস্তিবচন পাঠ করে বলে) ব্রাহ্মণ। সুখের চেয়ে স্বস্তি ভালো উদ্বেগপূর্ণ সচ্ছল অবস্থা অপেক্ষা নির্ঝঞ্ঝাট দরিদ্রজীবন ভালো।

স্বস্তিক (p. 853) [sbastika] বি. 1 মাঙ্গলিক বজ্রচিহ্নবিশেষ; 2 পিটুলিনির্মিত মাঙ্গল্য দ্রব্যবিশেষ, শ্রী; 2 যোগের আসনবিশেষ; 3 সামনে বারন্দাযুক্ত বা চাঁদনিযুক্ত প্রাসাদ; 4 চতুষ্পথ, চৌরাস্তা; 5 চারটি চতুষ্পথযুক্ত নগরবিশেষ। [সং. স্বস্তি + ক]। স্বস্তিকা বি. মঙ্গলের প্রতীক প্রায় ক্রুশাকার চিহ্নবিশেষ। স্বস্তিকাসন বি. যোগসাধনের আসনবিশেষ।

স্বস্ত্যয়ন (p. 853) [sbastyaẏana] বি. আপদশান্তি পাপমোচন অভীষ্টলাভ প্রভৃতি কামনায় পূজানুষ্ঠানবিশেষ। [সং. স্বস্তি + অয়ন]।

স্বস্থ (p. 853) [sbasha] বিণ. স্বাভাবিক অবস্থায় স্থিত, সুস্থ। [সং. স্ব + √ স্থা + অ]।

স্বস্থান (p. 853) [sbashāna] বি. 1 নিজের জন্য নির্দিষ্ট স্থান; 2 স্বীয় বাসস্থান। [সং. স্ব + স্থান]।

স্বাক্ষর (p. 853) [sbākṣara] বি. দস্তখত, সই। [সং. স্ব + অক্ষর]। স্বাক্ষরিত বিণ. দস্তখত করা হয়েছে এমন।

স্বাগত (p. 853) [sbāgata] বি. শুভাগমন বা সেইজন্য আনন্দ (স্বাগত জানানো, স্বাগতসম্ভাষণ)। [সং. সু + আগত]।

স্বাচ্ছন্দ্য (p. 853) [sbācchandya] বি. 1 স্বচ্ছন্দতা বা আরাম বা আয়াসহীনতা (দিনযাপনের স্বাচ্ছন্দ্য); 2 সুস্বভাব; 3 স্বাধীনতা। [সং. স্বচ্ছন্দ + য]।

স্বাজাতিক (p. 853) [sbājātika] বিণ. 1 স্বজাতি বা স্বদেশবাসী সম্বন্ধীয় (স্বাজাতিক ঐক্য, স্বাজাতিক কল্যাণ); 2 স্বজাতির বা স্বদেশবাসীর হিতৈষী। [সং. স্বজাত + ইক]। ̃ তা বি. স্বজাতিপ্রীতি, nationalism. স্বাজাত্য বি. স্বজাতির ভাব (স্বাজাত্যের অভিমান)।

স্বাতন্ত্র্য (p. 853) [sbātantrya] বি. 1 স্বতন্ত্রতা; 2 অন্যের সঙ্গে পার্থক্য; 3 অনন্যপরতা; 4 স্বাধীনতা (স্বাতন্ত্র্যবোধ , ব্যক্তিস্বাতন্ত্র্য. মতের স্বাতন্ত্র্য)। [সং. স্বতন্ত্র + য]।

স্বাতি, স্বাতী (p. 853) [sbāti, sbātī] বি. 1 (জ্যোতিষ.) পঞ্চদশ নক্ষত্র; 2 সূর্যপত্নীবিশেষ। [সং. স্ব + √ অত্ + ই, ঈ]।

স্বাদ (p. 853) [sbāda] বি. 1 জিভে খাদ্য-পানীয়ের গুণাগুণ-বোধ (দুধের স্বাদ, রান্নার স্বাদ-গন্ধের প্রশংসা); 2 রসগ্রহণ। [সং. √ স্বদ্ + অ]। ̃ ন বি. আস্বাদন, স্বাদগ্রহণ। স্বাদিত বিণ. স্বাদ গ্রহণ করা হয়েছে এমন, আস্বাদিত। স্বাদিষ্ঠ বিণ. সর্বাপেক্ষা স্বাদু; অতিশয় স্বাদু। স্বাদু বিণ. সুস্বাদযুক্ত, সুমিষ্ট। স্বাদুতা বি. সুস্বাদযুক্ততা, মিষ্টতা; জিভে লাগা।

স্বাদেশিক (p. 853) [sbādēśika] বিণ. 1 স্বদেশসম্বন্ধীয় (গতযুগের স্বাদেশিক আন্দোলন); 2 স্বদেশজাত; 3 স্বদেশবাসী; 4 স্বদেশহিতৈষী। [সং. স্বদেশ + ইক]। ̃ তা বি. স্বদেশহিতৈষণা; 2 স্বদেশপ্রীতি, দেশপ্রেম (স্বাদেশিকতার উত্তেজনা)।

স্বাধিকার (p. 853) [sbādhikāra] বি. নিজের অধিকার বা সম্পত্তি। [সং. স্ব + অধিকার]।

স্বাধিষ্ঠান (p. 853) [sbādhiṣṭhāna] বি. 1 স্বকীয় বাসস্থান বা কর্মস্থল; 2 (যোগ ও তন্ত্রশাস্ত্রে) দেহস্থ সুষুম্না নাড়ির অন্তর্গত (মূলাধারের উপরিস্থিত) ষড়্দল পদ্মবিশেষ বা চক্রবিশেষ। [সং. স্ব + অধিষ্ঠান]।

স্বাধীন (p. 855) [sbādhīna] বিণ. 1 কেবল নিজের অধীন, স্ববশ, অনন্যপর (স্বাধীন চিন্তা বা জীবিকা); 2 অবাধ, স্বচ্ছন্দ (স্বাধীন গতি); 3 বিদেশি কর্তৃক শাসিত নয় এমন (স্বাধীন দেশ)। [সং. স্ব + অধীন]। বি. ̃ তা।

স্বাধ্যায় (p. 855) [sbādhyāẏa] বি. 1 বেদপাঠ, বেদাধ্যয়ন; 2 শাস্ত্রাধ্যয়ন; 3 অধ্যয়ন। [সং. সু + আ (=আবৃত্তিপূর্বক) + অধি + √ ই + অ]। ̃ বান (-বত্), স্বাধ্যায়ী (-য়িন্) বিণ. 1 বেদাধ্যায়ী; 2 শাস্ত্রাধ্যায়ী; 3 অধ্যয়নকারী।

স্বাবলম্বন, স্বাবলম্ব (p. 855) [sbābalambana, sbābalamba] বি. 1 আত্মনির্ভরতা; 2 নিজ শক্তিদ্বারা কর্ম করা, অন্যের সাহায্য ছাড়াই কাজকর্ম করার ক্ষমতা; 3 অনন্যপরতা। [সং. স্ব + অবলম্বন, অবলম্ব]। স্বাবলম্বী (-ম্বিন্) বিণ. আত্মনির্ভরশীল। স্ত্রী. স্বাবলম্বিনী। বি. স্বাবলম্বিতা।

স্বাভাবিক (p. 855) [sbābhābika] বিণ. 1 প্রাকৃতিক, নৈসর্গিক; 2 স্বভাবজাত, প্রকৃতিগত (স্বাভাবিক অধিকার, স্বাভাবিক বিকাশ); 3 স্বভাবসংগত; 4 অবিকৃত (জিনিসটা স্বাভাবিক অবস্থাতেই আছে)। [সং. স্বভাব + ইক]। বি. ̃ তা।

স্বাভিলাষ (p. 855) [sbābhilāṣa] বি. নিজের ইচ্ছা। [সং. স্ব + অভিলাষ]।

স্বামী (p. 855) [sbāmī] (-মিন্) বি. 1 পতি, ভর্তা; 2 প্রভু, মনিব; 3 অধিপতি, মালিক (গৃহস্বামী, ভূস্বামী); 4 পরমহংস বা বিদ্বান সন্ন্যাসীর উপাধিবিশেষ (শ্রীধর স্বামী)। [সং. স্ব + আ + মিন্]। স্ত্রী. স্বামিনী (গৃহস্বামিনী)। স্বামিত্ব বিণ. মালিকানা (স্বত্ব-স্বামিত্ব)।

স্বায়ত্ত (p. 855) [sbāẏatta] বিণ. নিজের দ্বারা নিয়ন্ত্রিত, স্ববশ (স্বায়ত্তশাসন)। □ বি. নিজের পরিচালনা ('চেয়েছিল স্বায়ত্তে আনিতে': সু. দ.)। [সং. স্ব + আয়ত্ত]। ̃ শাসন বি. নিজেদের দ্বারা রাজ্যশাসন, self-government.

স্বায়ম্ভুব (p. 855) [sbāẏambhuba] বি. স্বয়ম্ভুপুত্র, প্রথম মনু। □ বিণ. স্বয়ম্ভুসম্বন্ধীয়। [সং. স্বয়ম্ভু + অ]।

স্বারাজ্য (p. 855) [sbārājya] বি. স্বরাজ্যের ভাব, স্বাধীনতা। [সং. স্বরাজ্ + য]।

স্বারোচিষ (p. 855) [sbārōciṣa] বি. স্বায়ম্ভুব মনুর পরবর্তী অথচ এক বংশে উৎপন্ন অন্যতম মনু। [সং. স্বরোচিস্ + অ]।

স্বার্থ (p. 855) [sbārtha] বি. 1 নিজের লাভ বা উপকার ('শুধু স্বার্থ নহে স্বার্থত্যাগও আছে এ সংসারে': দ্বি. রা.); 2 নিজের প্রয়োজন; 3 নিজের ধনসম্পদ। [সং. স্ব + অর্থ]। ̃ চিন্তা বি. নিজের প্রয়োজনসিদ্ধির বা মঙ্গললাভের উপায়চিন্তা। ̃ ত্যাগ বি. নিজের লাভ বা মঙ্গল বিসর্জন। ̃ পর, ̃ পরায়ণ বিণ. পরের সুখ-সুবিধা অগ্রাহ্য করে কেবল নিজের স্বার্থসাধনে অতি তৎপর। বি. ̃ পরতা, ̃ পরায়ণতা। ̃ সাধন, ̃ সিদ্ধি বি. পরের সুখ-সুবিধা অগ্রাহ্য করে কেবল স্বীয় কার্যোদ্ধার বা মঙ্গলসাধন। স্বার্থান্ধ বিণ. নিজ স্বার্থ-সাধন কল্পে ন্যায়-অন্যায় বিচার করে না এমন। স্বার্থান্বেষণ বি. (সচ. নিজের) স্বার্থসাধনের উপায়চিন্তা বা চেষ্টা। স্বার্থান্বেষী (-ষিন্) বিণ. কেবল নিজের সুখ-সুবিধা খুঁজে বেড়ায় এমন, স্বার্থান্বেষণকারী। স্বার্থোন্মত্ত বিণ. বিবেকবিরহিত হয়ে স্বার্থসাধনে বা স্বার্থরক্ষায় একান্ত তৎপর।

স্বাস্থ্য (p. 855) [sbāshya] বি. 1 সুস্থতা, রোগহীনতা, শরীরের সুস্থ অবস্থা (স্বাস্থ্যের প্রয়োজনে খাদ্য, স্বাস্থ্যবর্ধক); 2 সুখ, স্বস্তি; 3 (বাং.) শরীরের অবস্থা (তোমার স্বাস্থ্য কেমন? স্বাস্থ্যের কারণে পদত্যাগ)। [সং. স্বস্থ + য]। ̃ কর, ̃ পদ বিণ. 1 শারীরিক সুস্থতাবিধায়ক; 2 দৈহিক পুষ্টিবর্ধক। ̃ নাশ, ̃ ভঙ্গ, ̃ হানি

বি. শরীর নষ্ট হওয়া, অসুস্থতা।˜ পালন বি. 1 স্বাস্থ্যরক্ষা; 2 স্বাস্থ্যরক্ষার জন্য বিধিনিয়ম পালন।˜ রক্ষা বি. শরীরের সুস্থতা বজায় রাখা।˜ হীন বিণ. রুগ্ণ, অসুস্থ। স্বাস্থ্যোদ্ধার বি. রোগাদিতে নষ্ট স্বাস্থ্যের পুনরুদ্ধার; শরীর ভালো করা।

স্বাহা (p. 855) [sbāhā] অব্য. 1 দেবোদ্দেশে অগ্নিতে প্রদত্ত ঘৃতাহুতি; 2 ওই ঘৃতাহুতির বা দ্রব্যত্যাগের মন্ত্র। □ বি. অগ্নিজায়া। [সং. সু + আ + √ হ্বে + আ]।

স্বীকার (p. 855) [sbīkāra] বি. 1 মেনে নেওয়া (অপরাধস্বীকার, ঋণ স্বীকার); 2 প্রকাশ; খ্যাপন (কৃতজ্ঞতা স্বীকার); 3 গ্রহণ (নিমন্ত্রণস্বীকার); 4 সম্মতিদান, অঙ্গীকার (দিতে স্বীকার করা বা পাওয়া); 5 বরণ, সহ্য করা (দুঃখস্বীকার)। [সং. স্ব + ঈ + √ কৃ + অ]। স্বীকার্য বিণ. গ্রহণীয়, অনুমোদনের যোগ্য (এ কথা অবশ্যই স্বীকার্য)। স্বীকৃত বিণ. স্বীকার করা হয়েছে এমন, অঙ্গীকৃত; রাজি। স্বীকৃতি বি. স্বীকার; সম্মতি। স্বীকারোক্তি বি. যে উক্তি দ্বারা দোষ স্বীকার করা হয়; একরারনামা।

স্বীয় (p. 855) [sbīẏa] বিণ. নিজের, স্বকীয়, আপনার। [সং. স্ব + ঈয়]। স্বীয়া বিণ. (স্ত্রী.) স্বকীয়া। □ বি. (স্ত্রী.) নায়িকাবিশেষ, স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা।

স্বেচ্ছা (p. 855) [sbēcchā] বি. নিজের ইচ্ছা, স্বাধীন ইচ্ছা। [সং. স্ব + ইচ্ছা]।˜ কৃত বিণ. নিজের ইচ্ছায় করা হয়েছে এমন (স্বেচ্ছাকৃত ত্যাগ)।˜ ক্রমে ক্রি-বিণ. নিজ ইচ্ছার বশবর্তী হয়ে।˜ চার বি. নিজের খেয়ালখুশিতে করা কাজ, উচ্ছৃঙ্খলতা; স্বৈচাচার।˜ চারী (-রিন্) বিণ. স্বেচ্ছাচারকারী। স্ত্রী.˜ চারিণী। বিণ.˜ চারিতা।˜ ধীন বিণ. স্বীয় ইচ্ছার অধীন; স্বাধীন।˜ নু-বর্তী (-র্তিন্) বিণ. স্বীয়

ইচ্ছানুযায়ী কার্যকারী; স্বেচ্ছাচারী। স্ত্রী.˜ নু-বর্তিনী। বি.˜ নু-বর্তিতা।˜ প্রণোদিত বিণ. নিজের ইচ্ছায় প্রবৃত্ত।˜ মৃত্যু বি. নিজ ইচ্ছানুযায়ী মৃত্যু।˜ ব্রতী,˜ সেবক বি. স্বেচ্ছাপ্রণোদিত হয়ে বা বিনাবেতনে যে ব্যক্তি সেবা করে, volunteer. স্ত্রী.˜ সেবিকা,˜ সেবকা।

স্বেদ (p. 855) [sbēda] বি. 1 ঘর্ম, ঘাম; 2 বাষ্প; 3 তাপ। [সং. √ স্বিদ্ + অ]।˜ জ বিণ. স্বেদ থেকে উৎপন্ন।˜ জল,˜ বারি বি. ঘাম।˜ ন বি. ঘামের উৎপত্তি বা নিঃসারণ; সেক বা ভাপ দেওয়া।˜ স্রুতি,˜ স্রাব বি. ঘাম বেরোনো বা ঘাম করা। স্বেদাক্ত, স্বেদাপ্লুত বিণ. ঘর্মাক্ত।

স্বৈর (p. 855) [sbaira] বি. 1 স্বেচ্ছাচার; 2 স্বাধীনতা। □ বিণ. 1 স্বেচ্ছাচারী; 2 স্বাধীন; 3 অসংযত। [সং. স্ব + √ ঈর্ + অ]।˜ চার, স্বৈরাচার বি. 1 স্বেচ্ছাচার, নিজের ইচ্ছানুযায়ী আচরণ; 2 অশিষ্ট ব্যবহার, উচ্ছৃঙ্খলতা।˜ চারী (-রিন্), সৈরাচারী (-রিন্) বিণ. স্বেচ্ছাচারী; উচ্ছৃঙ্খল।˜ তন্ত্র বি. স্বেচ্ছাচার; স্বেচ্ছাচারী পদ্ধতিতে পরিচালিত সরকার।˜ তা, স্বৈরিতা বি. স্বেচ্ছাচার, নিজের স্বাধীন ইচ্ছানুযায়ী আচরণ। স্বৈরী (-রিন্) বিণ. 1 স্বৈরাচারী; 2 অবাধ্য। স্বৈরিণী বিণ. (স্ত্রী.) 1 স্বেচ্ছাচারিণী; 2 ব্যভিচারিণী।

স্বোপার্জিত (p. 855) [sbōpārjita] বিণ. নিজের দ্বারা অর্জিত (স্বোপার্জিত সম্পত্তি)। [সং. স্ব + উপার্জিত]।

স্মর (p. 855) [smara] বিণ. 1 কন্দর্প; 2 স্মরণ। □ বিণ. স্মরণকারী (জাতিস্মর)। [সং. √ স্মৃ + অ]।˜ জিত্,˜ হর, স্মরারি বি. মদনভস্মকারী শিব।

স্মরণ (p. 855) [smaraṇa] বি. 1 মনে মনে বিগত বিষয়াদির চিন্তা অনুভব বা আলোড়ন (পুরোনো কথা স্মরণ করে কষ্ট পায়); 2 স্মৃতি; 3 ধ্যান (দুর্গানাম স্মরণ করা); 4 মনে মনে (পরের) আগমন কামনা (মহারাজ আমাকে স্মরণ করেছেন)। [সং. √ স্মৃ + অন]।˜ শক্তি বি. মনে রাখবার ক্ষমতা। স্মরণাতীত বিণ. এমনই প্রাচীন যে কেউই স্মরণ করতে পারে না। স্মরণার্থ ক্রি-বিণ. স্মরণ করিয়ে দেবার জন্য। স্মরণার্হ, স্মরণীয়, স্মর্তব্য বিণ. স্মরণযোগ্য (স্মরণীয় দিবস ঘটনা বা ব্যক্তি)। স্মরণিক বিণ. স্মৃতি রক্ষা করে এমন, memorial (স্মরণিক স্তম্ভ) (স. প.)।

স্মরা (p. 855) [smarā] ক্রি. (কাব্যে) স্মরণ করা ('যাত্রা করিব গো শ্রীহরি স্মরিয়া': র. সে.)। [স্মরণ দ্র]।

স্মর্তব্য (p. 855) [smartabya] দ্র স্মরণ।

স্মারক (p. 855) [smāraka] বিণ. স্মৃতির উদ্বোধক, স্মরণ করিয়ে দেয় এমন (স্মারক চিহ্ন, স্মারক ডাকটিকিট)। [সং. √ স্মৃ + ণিচ্ + অক]।˜ লিপি বি. যে লিপিতে বা পত্রে নির্দিষ্ট অভিযোগ অথবা দাবি-দাওয়ার কথা স্মরণ করিয়ে দেওয়া হয়।

স্মার্ত (p. 855) [smārta] বিণ. 1 স্মৃতিশাস্ত্রসম্বন্ধীয়; 2 স্মৃতিশাস্ত্রজ্ঞ; 3 স্মৃতিশাস্ত্রোক্ত ধর্মশাস্ত্রপ্রণেতা। □ বি. স্মৃতিশাস্ত্রজ্ঞ পণ্ডিত। [সং. √ স্মৃতি + অ]।

স্মিত (p. 855) [smita] বি. মৃদু হাসি (সস্মিত)। □ বিণ. 1 মৃদু হাসিযুক্ত ('স্মিত হাস্যে নাহি চল লজ্জিত বাসরশয্যাতে': রবীন্দ্র); 2 বিকশিত। [সং. √ স্মি + ত]। ̃ হাস্য বি. ঈষত্ হাসি।

স্মৃত (p. 855) [smṛta] বিণ. স্মরণ করা হয়েছে এমন, স্মৃতির বিষয়ীভূত। [সং. √ স্মৃ + ত]।

স্মৃতি (p. 855) [smṛti] বি. 1 মনে মনে বিগত বিষয়ের পুনরাবৃত্তি বা জ্ঞান, স্মরণ, ধ্যান; 2 স্মরণশক্তি; 3 স্মারকচিহ্ন; 4 বেদবিহিত ধর্মানুযায়ী প্রণীত ধর্মশাস্ত্র; মনু-যাজ্ঞ বল্ক্য ইত্যাদির কৃত ধর্মসংহিতা। [সং. √ স্মৃ + তি]। ̃ কথা বি. স্মৃতির সাহায্যে বর্ণিত অতীত কাহিনি। ̃ কর্তা (-র্তৃ), ̃ কার বিণ. স্মৃতিশাস্ত্ররচয়িতা। ̃ চারণা বি. স্মৃতির বিষয়ীভূত ব্যক্তি বা ঘটনার বর্ণনা। ̃ চিহ্ন বি. স্মারকচিহ্ন। ̃ পট বি. পুরোনো বিষয়ের স্মৃতি। ̃ পথ বি. স্মরণরূপ পথ, স্মরণ। ̃ বার্ষিকী বি. বৎসরান্তে ঠিক একই দিনে মৃত ব্যক্তি বা বিগত ঘটনাদির স্মরণে অনুষ্ঠিত সভা। ̃ বিভ্রম বি. স্মরণশক্তির বিপর্যয়, বিস্মরণ। ̃ বিরুদ্ধ বিণ. ধর্মশাস্ত্রের বিরোধী। ̃ ভাণ্ডার বি. 1 স্মৃতিরক্ষাকল্পে চাঁদা-সংগ্রহ বা ফাণ্ড; 2 স্মরণ করে রাখা বিষয়সমূহ। ̃ ভ্রংশ, ̃ লোপ, ̃ হানি বি. স্মরণশক্তিলোপ। ̃ ভ্রষ্ট বিণ. বিস্মৃত। ̃ মান (-মত্) বিণ. প্রভূত স্মরণশক্তিসম্পন্ন। ̃ রক্ষা বি. মৃত ব্যক্তি বা বিগত কোনো ঘটনাকে চিরস্মরণীয় করে রাখবার ব্যবস্থা। ̃ রোমন্হন বি. মনে মনে বিগত বা অতীত বিষয় বা বস্তুকে নিয়ে চিন্তা। ̃ শক্তি বি. স্মরণ করবার বা মনে রাখবার ক্ষমতা। ̃ শাস্ত্র বি. মনু-প্রণীত ধর্মসংহিতা।

স্মের (p. 855) [smēra] বিণ. মৃদু হাসিযুক্ত, স্মিত। [সং. √ স্মি + র]।

স্যন্দ (p. 855) [syanda] বি. 1 গমন; 2 বেগ; 3 ক্ষরণ। [সং. √ স্যন্দ্ + অ]। ˜ ন বি. 1 ক্ষরণ; 2 রথ। স্যন্দিত বিণ. স্যন্দযুক্ত; ক্ষরিত। স্যন্দী (-ন্দিন্) বিণ. 1 ক্ষরণশীল; 2 গমনশীল।

স্যমন্তক (p. 855) [syamantaka] বি. শ্রীকৃষ্ণের অধিকারভুক্ত পৌরাণিক মণিবেশেষ। [সং. √ স্যম্ + অন্ত + ক]।

স্যমন্ত-পঞ্চক (p. 855) [syamanta-pañcaka] বি. কুরুক্ষেত্রের প্রাচীন নাম।

স্যমীক (p. 855) [syamīka] বি. 1 বল্মীক, উই; 2 বৃক্ষবিশেষ। [সং. √ স্যম্ + ঈ + ক]।

স্যাঁত-স্যাঁত (p. 855) [syām̐ta-syām̐ta] বি. অব্য. ঈষত্ সিক্ত বা ভিজে হওয়া বা তার ভাব (মেঝেটা স্যাঁতস্যাঁত করছে)। [< সং. সিক্ত]। স্যাঁত-সেঁতে বিণ. ঈষত্ সিক্ত, ভিজে-ভিজে ভাবযুক্ত (স্যাঁতসেঁতে ঘর)।

স্যাকরা (p. 855) [syākarā] বি. যে সোনারুপার অলংকার নির্মাণ করে, স্বর্ণকার। [< প্রা. পারসিক]। স্ত্রী. ˜ নি।

স্যান-ডেল, স্যাণ্ডেল (p. 855) [syāna-ḍēla, syāṇḍēla] বি. চটিজুতো, চপ্পল। [ইং. sandal]।

স্যানা-টোরিয়াম (p. 855) [syānā-ṭōriẏāma] বি. অসুস্থ ও দুর্বল ব্যক্তিদের জন্য স্বাস্থ্যনিবাস। [ইং. sanatorium]।

স্যালুট (p. 855) [syāluṭa] বি. (সামরিক কায়দায়) অভিবাদনবিশেষ। [ইং. salute]।

স্যূত (p. 855) [syūta] বিণ. 1 গ্রথিত; 2 সীবন বয়ন বা রিফু করা হয়েছে এমন। [সং. √ সিব্ + ত]। স্যূতি বি. 1 সীবন; 2 বয়ন; 3 থলে; 4 বংশ; 5 সন্তান।

স্রংস, স্রংসন (p. 855) [sraṃsa, sraṃsana] বি. স্খলন, বিচ্যুতি, পতন। [সং. √ স্রংস্ + অ, অন]। স্রংস-উপত্যকা বি. পৃথিবীপৃষ্ঠাংশ অবদমিত হওয়ার ফলে সৃষ্ট উপত্যকা, rift-valley. স্রংসী (-সিন্) বিণ. পতনশীল, বিচ্যুতিযুক্ত।

স্রক (p. 855) [sraka] (স্রজ্) বি. মালা, হার। [সং. √ সৃজ্ + ক্বিপ্]।

স্রগ্ধর (p. 855) [sragdhara] বিণ. মাল্যধারী, মাল্যভূষিত। [সং. স্রজ্ + ধর (√ ধৃ + অ)]। স্রগ্ধরা বিণ. (স্ত্রী.) স্রগ্ধর শব্দের স্ত্রীলিঙ্গে। □ বি. সংস্কৃত ছন্দবিশেষ।

স্রব (p. 855) [sraba] বি. 1 ক্ষরণ, স্রাব; 2 স্রোত, প্রবাহ। [সং. √ স্রু + অ]।˜ ণ বি. ক্ষরণ; প্রবাহ।˜ ন্তী বিণ. (স্ত্রী.) প্রবাহিত হচ্ছে এমন, বহমানা। □ বি. নদী।

স্রষ্টব্য (p. 857) [sraṣṭabya] বিণ. নির্মেয়, নির্মাণ বা সৃষ্টি করতে হবে এমন। [সং. √ সৃজ্ + তব্য]।

স্রষ্টা (p. 857) [sraṣṭā] (-ষ্টৃ) বি. ঈশ্বর; ব্রহ্মা। □ বিণ. সৃষ্টিকর্তা; রচনাকারী, নির্মাতা। [সং. √ সৃজ্ + তৃ]।

স্রস্ত (p. 857) [srasta] বিণ. 1 স্খলিত, বিচ্যুত; 2 ক্ষরিত, বিগলিত; 3 স্থানভ্রষ্ট; 4 শিথিল। [সং. √ স্রংশ্ + ত]। তু. বিস্রস্ত।

স্রাব (p. 857) [srāba] বি. 1 ক্ষরণ (রক্তস্রাব, জলস্রাব); 2 ক্ষরিত পদার্থ। [সং. √ স্রু + অ]। ̃ক বিণ. ক্ষরণশীল; ক্ষরণ করায় এমন। স্রাবিত বিণ. ক্ষরিত; ক্ষরণ হয়েছে এমন।

স্রুত (p. 857) [sruta] বিণ. 1 ক্ষরিত, গলিত; 2 চোয়ানো, distilled. [সং. √ স্রু + ত]। স্রুতি বি. ক্ষরণ, গলন।

স্রোত, স্রোতঃ (p. 857) [srōta, srōtḥ] (-তস্) বি. 1 জলপ্রবাহ; 2 প্রবাহ, ধারা (বায়ুস্রোত)। [সং. √ স্রু + অস্ (ত্ আগম)]। স্রোত-স্বতী, স্রোত-স্বিনী, স্রোতো-বহা বি. নদী। □ বিণ. (স্ত্রী.) স্রোত আছে এমন। স্রোতা বিণ. (সমাসে পরপদে) স্রোতযুক্ত (ত্রিস্রোতা)।

স্লাইস (p. 857) [slāisa] বি. খণ্ড, টুকরো (এক স্লাইস রুটি)। [ইং. slice]।

স্লিভ-লেস (p. 857) [slibha-lēsa] বিণ. (সচ. মেয়েদের) জামা ব্লাউজ ইত্যাদির হাত কাটা এমন (স্লিভলেস ব্লাউজ)। [ইং. sleeveless]।

স্লুইস গেট (p. 857) [sluisa gēṭa] বি. জলস্রোত নিয়ন্ত্রণের জন্য নির্মিত কপাটবিশেষ, জলকপাট। [ইং. sluice gate]।

স্লেট (p. 857) [slēṭa] বি. লেখার জন্য কালো পাথরের ফলকবিশেষ। [ইং. slate]।

স্লো (p. 857) [slō] বিণ. 1 উচিত বেগ অপেক্ষা কম বেগবিশিষ্ট (ঘড়িটা স্লো যাচ্ছে); 2 দীর্ঘসূত্র, চটপটে নয় এমন (কাজে ভারী স্লো)। [ইং. slow]।

স্লোগান (p. 857) [slōgāna] বিণ. 1 দলগত বা সমবেত ধ্বনি বা জিগির; 2 নীতি-ঘোষণা বা ঘোষিত নীতি (সকলের জন্য কাজ চাই-এটাই ওদের স্লোগান)। [ইং. slogan]।

হ1 (p. 858) [ha1] বাংলা ভাষার তেত্রিশতম ব্যঞ্জনবর্ণ এবং কণ্ঠনালীয় হ্ ধ্বনির বর্ণরূপ।

হ2 (p. 858) [ha2] ক্রি. 1 'হওয়া'-র ম
ধ্যম পুরুষের রূপ, অসম্ভ্রমে (দুর হ); 2 (অপ্র.) শব্দের মাত্রাস্বরুপ (সেহ, বলহ, করহ)।

হই-চই, হই-হই (p. 858) [hi-ci, hi-hi] বি. জোর গোলমাল। [ধ্বন্যা.]।

হইহই (p. 858) [hihi] দ্র হইচই।

হওন (p. 858) [hōna] বি. (আঞ্চ.) হওয়া; সংঘটন। [হওয়া দ্র]।

হওয়া (p. 858) [hōẏā] ক্রি. 1 বর্তমান বা বিদ্যমান থাকা; 2 ঘটা (যুদ্ধ হওয়া, বিপদ হওয়া); 3 জন্মানো, প্রকাশ পাওয়া, উৎপন্ন হওয়া (ছেলে হওয়া, মেঘ হওয়া, ধান হওয়া); 4 প্রচুর আয় হওয়া (ব্যবসায় টাকা হওয়া); 5 বাড়া, অধিক হওয়া (বেলা হওয়া, বয়স হওয়া); 6 সমাপ্ত হওয়া (এ কাজ দুঘণ্টায় হয়); 7 অবস্থান্তর হওয়া (রক্ত জল হওয়া, দেউলিয়া হওয়া, স্বাধীন হওয়া); 8 উপস্থিত হওয়া (যাবার সময় হওয়া); 9 ঘটা বা উদয় হওয়া (অসুখ হওয়া, ভোর হওয়া, ভয় হওয়া); 1 আয়ু ফুরানো (আমার হয়ে এসেছে); 11 মেলা, জোটা (চাকরি হওয়া, সুখ হওয়া); 12 কুলানো (এতেই হবে); 13 পড়া, পতিত হওয়া (শিলাবৃষ্টি হওয়া); 14 সম্বন্ধযুক্ত থাকা (সে আমার কুটুম্ব হয়); 15 নিজস্ব বা আপন হওয়া, অধিকারে আসা (সে কি আর আমার হবে? জমিটা কি আমার হবে?) 16 উপযুক্ত বা মাপসই হওয়া (এ জুতে তোমার পায়ে হবে না); 17 সম্ভাবনা হওয়া (তা হবে)। □ বি. উক্ত সব অর্থে। □ বিণ. হয়েছে বা প্রায় হয়েছে এমন (হওয়া চাকরি)। [< সং. √ ভূ বা √ অস্]।

হংস (p. 858) [haṃsa] বি. 1 হাঁস, প্রধানত জলচর পাখিবিশেষ; এদের পায়ের আঙুল জলে ভাসার সুবিধার জন্য পাতলা চামড়া দিয়ে জোড়া; 2 নির্লোভ সন্ন্যাসী; 3 'অহং সঃ' এইরূপ ভাবনাযুক্ত হয়ে যিনি সংসারবন্ধন হনন করেছেন। [সং. √ হন্ + অ (স্ আগম)। স্ত্রী. হংসী।˜ গমন বি. হাঁসের মতো মাথা নত ও নিতম্ব আন্দোলিত করে লীলায়িত গমন। □ বিণ. হংসের মতো লীলায়িতভাবে গমনকারী। স্ত্রী.˜ গমনা,˜ গামিনী।˜ দূত বি. দৌত্যকার্যে প্রেরিত হংস।˜ বাহন, হংসারূঢ়,˜ রথ বি. ব্রহ্মা।˜ বাহনা,˜ বাহিনী, হংসারূঢ়া, বি. (স্ত্রী.) সরস্বতী।˜ মালা বি. হাঁসের দল।

হক (p. 858) [haka] বিণ. যথার্থ, ন্যায্য, প্রকৃত (হক কথা)। □ বি. 1 ন্যায্য অধিকার বা স্বত্ব (হকের টাকা, হক বুঝে নেওয়া); 2 ন্যায্য কথা (হক বলা)। [আ. হক্ক্]। ̃ দার বিণ. ন্যায্য দাবিদার। হকি-কত বি. সঠিক বিবরণ, বয়ান। হকি-য়ত বি. স্বত্ব-সাব্যস্তের মামলা।

হক-চকা (p. 858) [haka-cakā] ক্রি. হকচকানো। [তু. হি. হকবকানা (ঘাবড়ে যাওয়া)]। ̃ নো বি. ক্রি. বিস্ময়ে অভিভূত হওয়া, হতভম্ব হওয়া।

হকার1 (p. 858) [hakāra1] বি. হ এই বর্ণ। [হ + কার স্বার্থে]।

হকার2 (p. 858) [hakāra2] বি. 1 ফেরিওয়ালা; 2 যে হেঁকে হেঁকে পণ্য বিক্রি করে। [ইং. hawker]।

হকি (p. 858) [haki] বি. পায়ের বদলে কাঠের বাঁকানো লাঠি এবং ছোটো ও শক্তি গোলক নিয়ে ফুটবলজাতীয় খেলাবিশেষ। [ইং. hockey]।

হকিকত, হকিয়ত (p. 858) [hakikata, hakiẏata] দ্র হক।

হজ (p. 858) [haja] বি. বিশেষ তিথিতে মক্কাতীর্থদর্শন ও অন্যান্য ধর্মানুষ্ঠান-পালন। [আ. হজ্জ্]।

হজম (p. 858) [hajama] বি. 1 পরিপাক; 2 (ব্যঙ্গে) আত্মসাত্ করা (পরের টাকা হজম করা); 3 বিনা প্রতিবাদে সহ্য করা (কিল খেয়ে কিল হজম করা)। [আ. হজ্ম্]। হজমি বিণ. পরিপাকের সহায়ক (হজমি গুলি)।

হজ-রত (p. 858) [haja-rata] বি. 1 ইসলামের প্রবর্তক হজরত মোহাম্মদ; 2 প্রভু; 3 অতি সম্মানিত ব্যক্তি (হজরত মোহাম্মদ)। [আ. হজ্রত্]।

হট্ (p. 858) [haṭ] অব্য. হঠাত্ তৎপরতা, হঠকারিতা প্রভৃতি ভাবসূচক (হট্ করে বলে ফেলা বা চবে যাওয়া)। [ধ্বন্যা.]।

হটা, হঠা (p. 858) [haṭā, haṭhā] ক্রি. 1 সরে যাওয়া, অপসৃত হওয়া; পশ্চাৎপদ হওয়া (হটে যাওয়া, পিছু হঠা); 2 নিরস্ত হওয়া; হেরে যাওয়া। □ বি. উক্ত সমস্ত অর্থে। [সং. √ হঠ্]। ˜ নো ক্রি. সরিয়ে দেওয়া; পশ্চাৎপদ করা; নিরস্ত করা; পরাজিত করা। □ বি. বিণ. উক্ত সব অর্থে।

হট্ট (p. 858) [haṭṭa] বি. হাট, বাজার। [সং. √ হট্ + ত]। ˜ গোল বি. হাটের মতো গোলমাল, গণ্ডগোল। ˜ বিলাসিনী বি. বেশ্যা। ˜ মন্দির বি. (ব্যঙ্গে) হাটে দোকানঘররূপে ব্যবহৃত চালাঘর।

হঠ (p. 858) [haṭha] বি. 1 বলপ্রয়োগ; 2 পশ্চাদপসরণ; 3 পরাজয়; 4 অবিবেচনা। [সং. √ হঠ্ + অ]। ˜ কারী (-রিন্) বিণ. অবিমৃশ্যকারী; গোঁয়ার; অবিবেচক। বি.˜ কারিতা।

হঠ-যোগ (p. 858) [haṭha-yōga] বি. যোগবিশেষ; এতে প্রাণ ও অপান বায়ু নিয়ন্ত্রিত করতে হয়। [সং. হঠ্ (সম্পাদ্য) + যোগ]। হঠ-যোগী (-গিন্) বিণ. হঠযোগে সিদ্ধিলাভকারী।

হঠাত্ (p. 858) [haṭhāt] ক্রি-বিণ. অব্য. সহসা, অকস্মাত্; অতর্কিতভাবে; পূর্বে কোনো বিবেচনা না করে। [< সং. হঠ]।

হড়কা (p. 858) [haḍ়kā] ক্রি. হড়কানো (পা হড়কে পড়েছে)। [দেশি]।˜নো ক্রি. পিছলে যাওয়া, পিছলানো। □ বি. উক্ত অর্থে।

হড়পা (p. 858) [haḍ়pā] বি. নদীতে হঠাত্ যে বান আসে। [দেশি]।

হড়-বড় (p. 858) [haḍ়-baḍ়] অব্য. বলন চলন প্রভৃতিতে অতি দ্রুততার ভাবপ্রকাশক। [তু. হি. হড়বড়ানা]। হড়-বড়ানো ক্রি. বি. হড়বড় করা; অনাবশ্যক দ্রুততা বা ব্যস্ততা প্রকাশ করা। হড়-বড়ে বিণ. হড়বড় করে এমন, অতিব্যস্ত।

হড়-হড় (p. 858) [haḍ়-haḍ়] অব্য. পিচ্ছিলতার ভাবপ্রকাশক। হড়-হড়ে বিণ. হড়হড় করে এমন, পিছল। [ধ্বন্যা.]।

হড়াত্, হড়াস (p. 858) [haḍ়āt, haḍ়āsa] অব্য. হঠাত্ খোলা বা ঢেলে দেওয়ার শব্দ। [ধ্বন্যা.]।

হণ্ডা (p. 858) [haṇḍā] বি. বড়ো হাঁড়ি। [অর্বাচীন সং.]। হণ্ডিকা, হণ্ডী বি. হাঁড়ি।

হত (p. 858) [hata] বিণ. 1 হত্যা করা বা বধ করা হয়েছে এমন (যুদ্ধে হত সৈনিক); 2 নষ্ট, নাশপ্রাপ্ত (হতগৌরব); 3 লুপ্ত, লোপপ্রাপ্ত (হতচেতন, হতবুদ্ধি); 4 ব্যাহত (হতোদ্যম); 5 মন্দ (হতভাগা)। [সং. √ হন্ + ত]। ̃ চেতন, ̃ জ্ঞান বিণ. অচেতন; মূর্ছিত। ̃ চ্ছাড়া বিণ. লক্ষ্মীছাড়া, হতভাগ্য, দুর্দশাগ্রস্ত। ̃ দর্প বিণ. (যার) দর্প বা অহংকার নষ্ট হয়েছে এমন। ̃ প্রায় বিণ. প্রায় বিনষ্ট; মরোমরো। ̃ বল বিণ. নষ্টশক্তি, বলহীন। ̃ বাক বিণ. 1 বাক্যহারা; 2 অবাক, বিস্মিত। ̃ বুদ্ধি, ̃ ভম্ব বিণ. বুদ্ধি ঘুলিয়ে গেছে এমন, কিংকর্তব্যবিমূঢ়। ̃ ভাগ্য, ̃ ভাগা বিণ. ভাগ্য খারাপ এমন, মন্দভাগ্য, দুর্ভাগা। স্ত্রী. ̃ ভাগ্যা, ̃ ভাগিনী, ̃ ভাগী। ̃ মান বিণ. সম্মানহারা; অবমানিত। ̃ শ্রদ্ধ বিণ. যার শ্রদ্ধা বা আস্থা লুপ্ত হয়েছে। ̃ শ্রদ্ধা বি. (বাং.) অশ্রদ্ধা, অবজ্ঞা। ̃ শ্রী বিণ. শ্রীভ্রষ্ট; সম্পদহারা (হতশ্রী পল্লি, হতশ্রী গ্রাম)।

হতাদর (p. 858) [hatādara] বিণ. আদর বা সম্মান নষ্ট হয়েছে এমন, অনাদৃত। □ বি. অসম্মান, অমর্যাদা, অনাদর। [সং. হত + আদর]।

হতাশ (p. 858) [hatāśa] বিণ. নিরাশ, আশাহীন। [সং. হত + আশা]। হতাশা বি. নৈরাশ্য, আশাভঙ্গ।

হতাশ্বাস (p. 858) [hatāśbāsa] বিণ. যে ভরসা হারিয়েছে, কোনো সান্ত্বনা যার নেই। [সং. হত + আশ্বাস]।

হতাহত (p. 858) [hatāhata] বিণ. হত ও আহত। [সং. হত + আহত]।

হতে (p. 858) [hatē] হইতে -র চলিত রূপ। □ অব্য. 1 (ব্যক্তি বিষয়ে স্থানকাল সম্পর্কে) থেকে ('মার কাছ হতে কাড়ি': রবীন্দ্র); 2 দ্বারা ('আমা হতে এই কর্ম হবে না সাধন': নবীন); 3 ফলে (এই ঘটনা হতে একথা সহজেই অনুমান করা যায়); 4 তুলনায়, চেয়ে ('বিত্ত হতে চিত্ত বড়ো')। [প্রাকৃ. অহনতহি বা হিন্তো > বাং. হইতে]।

হতোদ্যম (p. 858) [hatōdyama] বিণ. উদ্যমহারা, ভগ্নোৎসাহ। [সং. হত + উদ্যম]।

হতোস্মি (p. 858) [hatōsmi] ক্রি. আমি মারা গেলাম। [> সং. হতঃ + অস্মি]। হা হতোস্মি করা নিরাশ হয়ে 'মারা গেলাম' বলে উদ্বেগ প্রকাশ করা।

হত্যা (p. 858) [hatyā] বি. 1 প্রাণনাশ, বধ (জীবহত্যা করা); 2 (বাং.) অভীষ্টসিদ্ধির জন্য আমৃত্যু দেবতার নিকট ধরনা (মন্দিরে হত্যা দিয়ে পড়ে থাকা)। [সং. √ হন্ + ক্যপ্ + আ]। ˜ কাণ্ড বি. খুনোখুনি; খুনের ঘটনা। ˜ কারী (-রিন্) বিণ. খুনি। ˜ প-রাধ বি. খুন করার অপরাধ।

হত্যে (p. 858) [hatyē] বি. 1 অভীষ্টলাভের আশায় আমৃত্যু দেবমূর্তির সামনে পড়ে থাকা (মন্দিরে হত্যে দেওয়া); 2 (আল.) দীর্ঘক্ষণ অপেক্ষা করা (দরজায় দরজায় হত্যে দেওয়া)। [< হত্যা]।

হদ (p. 858) [hada] বি. গর্ত। [সং. হ্রদ]।

হদিশ1 (p. 858) [hadiśa1] বি. 1 তত্ত্ব, সন্ধান খোঁজ (কারও হদিশ পাওয়া); 2 উপায়, পথ (হদিশ খুঁজে পাওয়া)। [আ. হদীথ্]।

হদ্দ (p. 858) [hadda] বি. সীমা (তু. বেহদ্দ =সীমাহীন); এলাকা (হদ্দের বাইরে যাওয়া)। □ বিণ. 1 চরম, চূড়ান্ত (হদ্দ মজা); 2 অনধিক, মোট (হদ্দ চার কাঠা)। [আ. হদ্দ্]।˜ মুদ্দ ক্রি-বিণ. যথাসাধ্য; বড়োজোর, খুব বেশি হলে। □ বিণ. প্রচণ্ড (হদ্দমুদ্দ লড়াই)। হদ্দ হওয়া ক্রি. বি. অত্যন্ত ক্লান্ত বা জেরবার হওয়া (খুঁজতে খুঁজতে হদ্দ হওয়া)।

হনন (p. 858) [hanana] বি. হত্যা, বধ (শত্রুহনন)। [সং. √ হন্ + অন]। হননীয় বিণ. বধযোগ্য।

হন-হন (p. 858) [hana-hana] অব্য. দ্রুতবেগে চলবার ভাবসূচক (হনহন করে ছুটল)। হন-হনানো ক্রি. বি. হনহন করা, অতি দ্রুত চলা (এমন হনহনিয়ে চললে কোথায় ?)।

হনু, হনূ (p. 858) [hanu, hanū] বি. 1 গণ্ডদেশের উপরিভাগ; 2 চোয়াল; চিবুক; 3 হনুমান। [সং. √ হন্ + উ, বিকল্পে ঊ]।˜ মান (-মত্) বি. 1 রামায়ণোক্ত রামভক্ত মহাবীর বানর; 2 লম্বা লেজওয়ালা কালোমুখ বড়ো বাঁদরবিশেষ।

হন্ত (p. 858) [hanta] বিলাপসূচক অব্যয়বিশেষ ('কোথা হা হন্ত চিরবসন্ত': রবীন্দ্র)। [সং. √ হন্ + ত]।

হন্ত-দন্ত (p. 858) [hanta-danta] বিণ. অতি ব্যস্ত ও উৎকণ্ঠিত, ব্যস্তসমস্ত। [দেশি]।

হন্তব্য (p. 858) [hantabya] বিণ. বধযোগ্য, হননীয়। [সং. √ হন্ + তব্য]।

হন্তা (p. 858) [hantā] (ন্তৃ) বিণ. হত্যাকারী। [সং. √ হন্ + তৃ]। স্ত্রী. হন্ত্রী।˜ রক বি. বিণ. 1 হত্যাকারী; 2 অন্তরায়।

হন্দর (p. 858) [handara] (বর্ত. অপ্র.) বি. ওজনের পরিমাণবিশেষ (1 হন্দর = 112 পাউণ্ড, 5.8 কিলোগ্রাম) [ইং. hundred weight]।

হন্য-মান (p. 858) [hanya-māna] বিণ. নিহত হচ্ছে এমন। [সং. √ হন্ + মান (শানচ্)]।

হন্যে, হন্নে (p. 858) [hanyē, hannē] বিণ. 1 হনন বা আক্রমণ করবার জন্য ক্ষিপ্তভাবে ইতস্তত ধাবমান; 2 কোনোকিছুর জন্য ব্যাকুলভাবে চেষ্টাযুক্ত; খ্যাপা (হন্নে হওয়া, হন্নে কুকুর)। [সং. হন্তৃ]।

হপ্তা (p. 858) [haptā] বি. সপ্তাহ; পরপর সাত দিন। [ফা. হফ্তা]।

হব-চন্দ্র, হবু-চন্দ্র (p. 858) [haba-candra, habu-candra] বি. গল্পে বর্ণিত নিরেট মূর্খ নৃপতিবিশেষ। হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী যেমন মূর্খ রাজা তেমনই তার মূর্খ মন্ত্রী।

হবন (p. 858) [habana] বি. হোম, আহুতি। [সং. √ হু + অন]। হবনী বি. হোমকুণ্ড। হবনীয় বি. বিণ. হোমের বস্তু; হোমের যোগ্য।

হব-হব, হবো-হবো (p. 858) [haba-haba, habō-habō] বিণ. হবার উপক্রম করেছে এমন, আসন্ন (সন্ধ্যা হবহব)। [হওয়া দ্র (প্রকার অর্থে দ্বিত্ব)]।

হবা (p. 858) [habā] বি. ইহুদি খ্রিস্টান ও ইসলাম পুরাণোক্ত পৃথিবীর আদি নারী, Eve. [আ. হবা]।

হবিঃ (-বিস্), (চলিত) হবি (p. 860) [habiḥ (-bis), (calita) habi] বি. 1 হবনীয় বস্তু; 2 হোমের ঘৃত; 3 ঘৃত; 4 হোম। [সং. √ হু + ইস্]। হবির্ভুক (-জ্) বি. অগ্নি।

হবিষ্য, (কথ্য) হবিষ্যি (p. 860) [habiṣya, (kathya) habiṣyi] বি. ব্রতাদিতে ভক্ষণীয় ঘৃতান্ন; সঘৃত আমিষবর্জিত আতপান্ন। [সং. হবিস্ + য]। হবিষ্য করা ক্রি. বি. হবিষ্যান্ন খাওয়া। হবিষ্যান্ন বি. হবিষ্য। হবিষ্যাশী (-শিন্) বিণ. হবিষ্যান্নভোজী।

হবু (p. 860) [habu] বিণ. ভাবী, হবে এমন (হবু জামাই)। [হওয়া দ্র]।

হবুচন্দ্র (p. 860) [habucandra] দ্র হবচন্দ্র।

হব্য (p. 860) [habya] বি. 1 হোমে প্রদেয় বস্তু; 2 হোম; 3 দেবতার উদ্দেশে নিবেদিত অন্ন ইত্যাদি (তু. কব্য)। □ বিণ. হোমে প্রদেয়, হোমের যোগ্য। [সং. √ হু + য]।

হম্বি-তম্বি (p. 860) [hambi-tambi] বি. 1 আস্ফালন; 2 তর্জন। [দেশি]।

হ-য-ব-র-ল (p. 860) [ha-ya-ba-ra-la] বিণ. বিপর্যস্ত, বিশৃঙ্খল (জিনিসপত্র সব হ-য-ব-র-ল হয়ে আছে)। □ বি. বিশৃঙ্খলা, গোঁজামিল।

হয়1 (p. 860) [haẏa1] ক্রি. হওয়া -র নিত্যবর্তমানে প্রথম পুরুষের রূপ। অব্য. (সমু.) বিকল্পসূচক (হয় তুমি নয় সে)। হয়কে নয় করা যা ঘটে তা ঘটে না বলে প্রমাণ করা, সত্যকে মিথ্যা বলে প্রতিপন্ন করা। ˜ তো ক্রি-বিণ. সম্ভবত। হয়-হয় বিণ. একান্ত আসন্ন (বৃষ্টি হয়হয় অবস্থা)।

হয়2 (p. 860) [haẏa2] বি. ঘোড়া, অশ্ব। [সং. √ হয় + অ]। স্ত্রী. হয়ী। ˜ গ্রীব বিণ. ঘোড়ার মতো গ্রীবাযুক্ত।

হয়-রান (p. 860) [haẏa-rāna] বিণ. 1 নাকাল; 2 ব্যর্থ পরিশ্রমে ক্লান্ত; 3 জ্বালাতন, উত্যক্ত (খুঁজে খুঁজে হয়রান, ঘুরে ঘুরে হয়রান)। [আ. হয়রান্]। হয়-রানি বি. ব্যর্থ পরিশ্রম, ব্যর্থ ঘোরাঘুরি।

হয়ে (p. 860) [haẏē] অব্য. ক্রি-বিণ. 1 পক্ষ সমর্থন করে (তার হয়ে কথা বলার কেউ নেই); 2 প্রতিনিধিস্বরূপ (বাপের হয়ে ছেলেই অতিথিকে অভ্যর্থনা করল); 3 ক্রমশ ঘটা (অন্ধকার হয়ে এল); 4 পথে কোনো স্থান অতিক্রম করে

বা কিছু সময় সেখানে কাটিয়ে, ঘুরে (শিয়ালদহ হয়ে শ্যামবাজারে যাওয়া, আসবার সময় বাজারটা হয়ে এসো)। [হওয়া দ্র]। হয়ে পড়া ক্রি. বি. অবাঞ্ছিত অবস্থার সৃষ্টি হওয়া (অজ্ঞান হয়ে পড়া, গরিব হয়ে পড়েছে)।

হর1 (p. 860) [hara1] বি. 1 সংহারকর্তা শিব (হরধনু); 2 (গণি.) ভাজক বা বিভাজক অঙ্ক, denominator. ☐ বিণ. 1 সংহারকারী; 2 হরণকারী; 3 অপনোদক (তাপহর); 4 আকর্ষক (মনোহর)। [সং. √ হৃ + অ]। ̃ গৌরী বি. শিব ও দুর্গা; এক মূর্তিতে শিব ও দুর্গার প্রকাশ, অর্ধনারীশ্বরমূর্তি। ̃ ধনু বি. শিবের ধনুক। হর হর বম বম শৈবদের ধ্বনিবিশেষ। হরা বিণ. (স্ত্রী.) নাশিকা, অপনোদনকারিণী (দুঃখহরা)।

হর2 (p. 860) [hara2] বিণ. 1 প্রত্যেক (হররোজ); 2 বিবিধ, নানা (হরকিসিম)। [ফা.]। ̃ ঘড়ি, ̃ দম ক্রি-বিণ. সর্বদা, অনবরত। ̃ বোলা বি. 1 যে বহু বিভিন্ন বুলি বলে বা বলতে পারে; 2 যে পশুপাখির ডাক নকল করতে পারে। ̃ হামেশা ক্রি-বিণ. সর্বদা, সবসময়।

হর-কত (p. 860) [hara-kata] বি. বাধা, প্রতিবন্ধক। [আ. হর্কত্]।

হর-করা (p. 860) [hara-karā] বি. সংবাদ চিঠি প্রভৃতির বাহক, ডাক-পিয়ন। [ফা.]।

হরগৌরী (p. 860) [haragaurī] দ্র হর1।

হরঘড়ি (p. 860) [haraghaḍ়i] দ্র হর2।

হরজ, হরজা (p. 860) [haraja, harajā] বি. ক্ষতি, হানি। [ফা. হর্জ্]।

হরণ (p. 860) [haraṇa] বি. 1 লুণ্ঠন, চুরি (পরদ্রব্য হরণ); 2 অপনোদন ('হরণ করিব ভার পৃথিবীর': রবীন্দ্র); 3 মোচন (শঙ্কাহরণ, চিন্তাহরণ); 4 (গণি.) ভাগ করা। [সং. √ হৃ + অন]।˜ পূরণ বি. 1 (গণি.) ভাগ ও গুণ; 2 (আল.) যোগ-বিয়োগ, কমতি-বাড়তি।

হর-তন (p. 860) [hara-tana] বি. খেলার তাসের লাল পানের মতো রং বা চিহ্নবিশেষ। [ওল. harten]।

হর-তাল (p. 860) [hara-tāla] বি. বিক্ষোভ বা প্রতিবাদ প্রকাশের জন্য দোকান হাট কাজকর্ম প্রভৃতি সাময়িকভাবে বন্ধ করা; ধর্মঘট। [গুজ.]।

হরদম (p. 860) [haradama] দ্র হর2।

হরফ, হরপ (p. 860) [harapha, harapa] বি. বর্ণমালার লেখ্য সংকেত বা রূপ, অক্ষর। [আ. হর্ফ্]।

হরবোলা (p. 860) [harabōlā] দ্র হর2।

হররা (p. 860) [hararā] বি. (আনন্দাদির) প্রাচুর্যসূচক উচ্চ কোলাহল। [দেশি]।

হরা (p. 860) [harā] ক্রি. (কাব্যে) 1 হরণ করা ('কি পাপ দেখিয়া মোর হরিলি এ ধন তুই': মধু); 2 আকর্ষণ করা ('কে ওদের হৃদয় হরে': রবীন্দ্র)। □ বি. বিণ. উক্ত অর্থে। [সং. √ হৃ]।

হরি (p. 860) [hari] বি. 1 নারায়ণ, বিষ্ণু, কৃষ্ণ; 2 যম; 3 বায়ু; 4 চন্দ্র; 5 সূর্য; 6 সিংহ; 7 অশ্ব। □ বিণ. হরিত্‌ কপিল বা পিঙ্গল বর্ণবিশিষ্ট। [সং. √ হৃ + ই]। হরির লুট হরি সংকীর্তনের পর প্রসাদি বাতাসা ভক্তদের মধ্যে ছড়িয়ে দেওয়া। ̃ গুণ-গান বি. বিষ্ণুর নাম ও মহিমা কীর্তন। ̃ চন্দন বি. দেবতরুবিশেষ। [চন্দন দ্র]। ̃ জন বি. উচ্চবর্ণ হিন্দু কর্তৃক অস্পৃশ্য বলে অবহেলিত ভারতের হিন্দু সম্প্রদায় বা উক্ত সম্প্রদায়ের লোক; মেথর। [গান্ধিজীর প্রদত্ত নাম]। ̃ দ্বার বি. হিমালয়ের পাদদেশস্থ হিন্দু তীর্থবিশেষ। ̃ নাম বি. হরির নাম, ওই নাম জপ বা কীর্তন। হরি নামের ঝুলি হরিনামের মালা রাখার ঝুলি। হরি নামের মালা হরিনাম জপকালে নামোচ্চারণের সংখ্যা ঠিক রাখার জন্য ব্যবহৃত মালা; বৈষ্ণবের জপমালা। ̃ প্রিয়া বি. (স্ত্রী.) 1 লক্ষ্মীদেবী; 2 তুলসী পাতা বা গাছ। ̃ বাসর বি. 1 দ্বাদশীর প্রথম পাদযুক্ত একাদশীর দিন; 2 (ব্যঙ্গে) উপবাস, অনশন। ̃ বোল বি. (সচ. সমবেতকণ্ঠে ও উচ্চস্বরে) হরির নামোচ্চারণ (হিন্দুরা পূজান্তে, কীর্তনান্তে এবং শববহনকালে ও শবদাহকালে এই ধ্বনি উচ্চারণ করে। ̃ ভক্ত বিণ. 1 হরির প্রতি ভক্তিমান; 2 বৈষ্ণব। ̃ ভক্তি বি. হরির প্রতি ভক্তি। হরিভক্তি উবে যাওয়া ক্রি. বি. (ব্যঙ্গে) শ্রদ্ধা নষ্ট হয়ে যাওয়া। ̃ মটর বি. (কৌতু.) উপবাস, অনশন। সংকীর্তন বি. দলবদ্ধভাবে হরিগুণ গান করা। ̃ সভা বি. হরির মহিমা আলোচনার্থ সভা। ̃ হর বি. হরি ও হর, বিষ্ণু ও শিব; বিষ্ণু ও শিবের অভেদমূর্তি। ̃ হরাত্মা বিণ. বি. অভিন্নহৃদয়, একপ্রাণ একদেহ।

হরি ঘোষের গোয়াল (p. 860) [hari ghōṣēra gōẏāla] (নদিয়ার হরি ঘোষ নামক জনৈক গোপের দান-করা গোশালায় প্রতিষ্ঠিত রঘুনাথ শিরোমণির চতুষ্পাঠীতে সমবেত বহুসংখ্যক ছাত্রের কোলাহল থেকে, মতান্তরে কলকাতার দানবীর হরি ঘোষের অতিথিশালার বহুসংখ্যক নিষ্কর্মা অতিথির কোলাহল থেকে) (আল.) অলস ও নিষ্কর্মা লোকজনের কোলাহলপূর্ণ আড্ডা।

হরিচন্দন, হরিজন (p. 860) [haricandana, harijana] দ্র হরি।

হরিণ (p. 860) [hariṇa] বি. তৃণভোজী দ্রুতগামী শৃঙ্গী সুদর্শন পশুবিশেষ, মৃগ, কুরঙ্গ। [সং. √ হৃ + ইন]। স্ত্রী. হরিণী।˜ নয়না, হরিণাক্ষী বিণ. (স্ত্রী.) হরিণের মতো সুন্দর চক্ষুযুক্তা। হরিণাঙ্ক বি. চন্দ্র।

হরিণ-বাড়ি (p. 860) [hariṇa-bāḍ়i] বি. প্রাচীন কলকাতার প্রসিদ্ধ জেলখানা; জেলখানা।

হরিত্, হরিত (p. 860) [harit, harita] বি. 1 সবুজ বর্ণ; 2 সূর্যের অশ্ব। □ বিণ. সবুজবর্ণবিশিষ্ট। [সং. √ হৃ + ইত্, ইত]। হরিতাশ্ম (-শ্মন্) বি. 1 (সবুজবর্ণ বলে) মরকত মণি; 2 তুঁতে। হরিদশ্ব বি. (সবুজ ঘোড়ায় টানা রথে চড়েন বলে) সূর্য। হরিদ্বর্ণ বিণ. হরিত্ বর্ণযুক্ত।

হরি-তাল (p. 860) [hari-tāla] বি. 1 পারদযুক্ত পীতবর্ণ বিষাক্ত ধাতব পদার্থবিশেষ; 2 পীতবর্ণ পাখিবিশেষ, হরিয়াল। [সং. হরি + তাল]।

হরি-তালিকা, হরি-তালী (p. 860) [hari-tālikā, hari-tālī] বি. 1 ছায়াপথ; 2 ভাদ্র মাসের শুক্লা চতুর্থী বা নষ্টচন্দ্রের তিথি। [সং. হরিতাল + ক + আ, ঈ]।

হরিতাশ্ম, হরিদশ্ব, হরিদ্বর্ণ (p. 860) [haritāśma, haridaśba, haridbarṇa] দ্র হরিত্‌।

হরিদ্রা (p. 860) [haridrā] বি. (প্রধানত মশলারূপে ব্যবহৃত) পীতবর্ণ মূলবিশেষ, হলুদ। [সং. হরি + √ দ্রু + অ + আ]। ̃ ভ বিণ. পীতবর্ণযুক্ত; হলদে।

হরিনাম, হরিপ্রিয়া, হরিবাসর, হরিবোল, হরিভক্ত, হরিভক্তি, হরিমটর (p. 860) [harināma, haripriẏā, haribāsara, haribōla, haribhakta, haribhakti, harimaṭara] দ্র হরি।

হরি-য়াল (p. 860) [hari-ẏāla] বি. ঘুঘুজাতীয় হলদে বা সবুজ রঙের পাখিবিশেষ। [সং. হরিতাল]।

হরিশ্চন্দ্র (p. 860) [hariścandra] বি. সূর্যবংশীয় রাজা যিনি বিশ্বামিত্র মুনিকে সর্বস্ব দান করেছিলেন। [সং. হরি + চন্দ্র]।

হরিসংকীর্তন, হরিসভা, হরিহর (p. 860) [harisaṅkīrtana, harisabhā, harihara] দ্র হরি।

হরী-তকী (p. 860) [harī-takī] বি. 1 (কবিরাজি ওষুধে ও মুখশুদ্ধির কাজে ব্যবহৃত) হলুদ রঙের কষায় ফলবিশেষ; 2 তার গাছ। [সং. হরি (পীতবর্ণ) + ইত (প্রাপ্ত) + ক + ঈ]।

হরেক (p. 860) [harēka] বিণ. 1 নানাপ্রকার, বিবিধ (হরেক খাবার); 2 এক এক; বিভিন্ন (হরেক জনের হরেক কথা)। [ফা. হর্ + বাং. এক]।

হরে-দরে (p. 860) [harē-darē] ক্রি-বিণ. 1 মোটামুটি; 2 গড়পড়তা হরেদরে লাভ-লোকসান সমান)। [ফা. হর্ + দর্]।

হর্তা (p. 860) [hartā] (-র্তৃ) বিণ. 1 হরণকর্তা, অপহারক; 2 সংহারক। [সং. √ হৃ + তৃ]। ̃ কর্তা বি. 1 সংহারকর্তা ও নির্মাণকর্তা; 2 সর্বময় কর্তা। হর্তা-কর্তা বিধাতা বি. 1 বিনাশ, নির্মাণ ও ব্যবস্থাপনের কর্তা; 2 সৃষ্টিস্থিতি প্রলয়কর্তা; 3 (আল.) সর্বোচ্চ ক্ষমতাশালী ব্যক্তি।

হর্ম্য (p. 860) [harmya] বি. মনোহর অট্টালিকা, ধনীদের বাসভবন, সৌধ, প্রাসাদ। [সং. √ হৃ + য (ম্-আগম)]।

হর্যক্ষ (p. 860) [haryakṣa] বি. 1 সিংহ; 2 কুবের। [সং. হরি (পিঙ্গলবর্ণ) + অক্ষি]।

হর্যশ্ব (p. 860) [haryaśba] বি. ইন্দ্র। [সং. হরি (পিঙ্গলবর্ণ) + অশ্ব]।

হর্ষ (p. 860) [harṣa] বি. 1 আনন্দ, পুলক; 2 উদ্ভেদ, উদগম, খাড়া হওয়া বা শিহরন (লোমহর্ষ)। [সং. √ হৃষ্ + অ]। ̃ ণ বি. হর্ষ। □ বিণ. 1 হর্ষজনক; 2 শিউরে বা খাড়া করে তোলে এমন (লোমহর্ষণ)। হর্ষান্বিত, হর্ষাবিষ্ট, হর্ষিত বিণ. আনন্দিত; তোষিত; আমোদিত। হর্ষোদয় বি. আনন্দের সঞ্চার।

হল1 (p. 860) [hala1] বি. সোনার প্রলেপ বা সোনালি প্রলেপ; গিলটি। [আ.]।

হল2 (p. 860) [hala2] বি. বড়ো ঘর। [ইং. hall]।

হল3 (p. 860) [hala3] বি. লাঙল। [সং. √ হল্ + অ]। ̃ কর্ষণ, ̃ চালনা, ̃ চালন বি. লাঙল দিয়ে জমি চাষ। ̃ ধর, ̃ ভৃত্, হলী (-লিন্) বি. 1 কৃষক; 2 কৃষ্ণের আগ্রজ বলরাম। হলায়ুধ বি. 1 বলরাম; 2 স্মৃতিশাস্ত্রের সুপ্রসিদ্ধ গ্রন্হকার। হল্য বিণ. 1 হলসম্বন্ধীয়; 2 কর্ষণযোগ্য।

হল্4, হস্ (p. 860) [hal4, has] বি. পাণিনি-ব্যাকরণে ব্যঞ্জনবর্ণের সাংকেতিক নাম। হলন্ত, হসন্ত বি. 1 ব্যঞ্জনবর্ণ; 2 (বাং.) ব্যঞ্জনবর্ণের চিহ্নবিশেষ (্)। □ বিণ. 1 ব্যঞ্জনান্ত; 2 ব্যঞ্জনচিহ্নযুক্ত, হস্চিহ্নযুক্ত।

হলকা (p. 860) [halakā] বি. 1 পাল, দল, দঙ্গল ('ষোড়শ হলকা হাতী': ভা. চ.); 2 ঘোড়ার গলায় পরাবার চামড়ার বেড়; 3 উত্তপ্ত প্রবাহ (আগুনের হলকা)। [আ.]।

হলদি (p. 860) [haladi] বি. (আঞ্চ.) হলুদ। [প্রাকৃ. হলিদ্দা < সং. হরিদ্রা]।

হলধর (p. 860) [haladhara] দ্র হল3।

হলফ, হলপ (p. 860) [halapha, halapa] বি. সত্য বলবার জন্য শপথ বা ঈশ্বরের নামে দিব্যি (হলফ করে বলা)। [আ.]।

হল-হল (p. 860) [hala-hala] বি. অতিশয় ঢিলা বা আলগা হওয়ার ভাব প্রকাশক। হল-হলে বিণ. অত্যন্ত ঢিলা বা আলগা, হলহল করছে এমন। □ বি. ছোটো বিষহীন সাপবিশেষ, হেলে।

হলা (p. 860) [halā] ওলো, নারী কর্তৃক নারীকে সম্বোধনাত্মক ('হলা প্রিয়ংবদে')। [তু. ওলো]।

হলায়ুধ (p. 860) [halāẏudha] দ্র হল3।

হলাহল (p. 860) [halāhala] বি. দেবাসুরকর্তৃক সমুদ্রমন্হনে উত্থিত তীব্র বিষ, কালকূট। [সং. হল্ + আ + √ হল্ + অ]।

হলী (p. 862) [halī] দ্র হল3।

হলুদ (p. 862) [haluda] বি. (প্রধানত মশলারূপে ব্যবহৃত) পীতবর্ণ কন্দবিশেষ; হরিদ্রা। [প্রাকৃ. হলিদ্দা < সং. হরিদ্রা]। হলদে বিণ. হলুদ রঙের, পীত।

হল্য (p. 862) [halya] দ্র হল3।

হল্লা (p. 862) [hallā] বি. 1 গোলমাল, চেঁচামেচি; 2 পুলিসের আক্রমণ বা তাড়া (হল্লাগাড়ি)। [হি.]।

হসন (p. 862) [hasana] বি. 1 হাসি; 2 হাস্য করা। [সং. √ হস্ + অন]। হাসিত বিণ. 1 হাস্যযুক্ত, সহাস্য; 2 বিকশিত।

হসন্ত (p. 862) [hasanta] দ্র হল্।

হসন্তিকা, হসন্তী (p. 862) [hasantikā, hasantī] বি. 1 আগুনের পাত্র; ধুনুচি; 2 মল্লিকা ফুল। [সং. √ হস্ + অত্ + ক + আ, অত্ + ঈ]।

হস্ত (p. 862) [hasta] বি. 1 হাত, কর, পাণি; বাহু, ভুজ; 2 কনুই অথবা বগল থেকে আঙুলের ডগা পর্যন্ত দেহাংশ; 3 চব্বিশ অঙ্গুলি বা প্রায় আঠারো ইঞ্চি পরিমাণ দৈর্ঘ্যের মাপবিশেষ; 4 হাতির শুঁড়। [সং. √ হস্ + তন্]।˜ কৌশল বি. হাত চালাবার কায়দা, হাতের কায়দা।˜ ক্ষেপ,˜ ক্ষেপণ বি. হাত দেওয়া; কোনো কাজে অংশগ্রহণ বা বাধাদান (অন্যের কাজে বা অধিকারে হস্তক্ষেপ)।˜ গত বিণ. অধিকৃত, দখলীকৃত, করায়ত্ত।˜ গ্রাহ্য বিণ. হস্তদ্বারা গ্রহণযোগ্য বা স্পর্শনসাধ্য।˜ চ্যুত বিণ. 1 হাতছাড়া, অধিকারচ্যুত, বেদখল; 2 হাত থেকে পড়ে গিয়েছে এমন।˜ ধারণ বি. হাত ধরা।˜ রেখা বি. করতলের রেখা।˜ লাঘব বি. হাতসাফাই; হাতের নৈপুণ্য।˜ লিখিত বিণ. হাতে লেখা অর্থাত্ মুদ্রিত নয়।˜ .লিপি,˜ .লেখ বি. হাতের লেখা।; হস্তাক্ষর বি. হাতের লেখার ছাঁদ; হাতের লেখা। হস্তান্তর বি. অন্য লোকের অধিকারভুক্ত হওয়া; হাতবদল (জমির হস্তান্তর)।

হস্তান্তরিত বিণ. অন্যের অধিকারে গেছে এমন; অন্য লোককে প্রদত্ত। হস্তাবলেপ বি. 1 হাত বুলানো; 2 (বিরল) হস্তসঞ্চালনের দ্বারা গর্বপ্রকাশ। হস্তাম-লক বি. 1 করতলস্থিত আমলকী; 2 (আল.) সম্পূর্ণ আয়ত্ত বস্তু বা সহজে আয়ত্ত হয় এমন বস্তু; 3 শংকরাচার্যকৃত বেদান্তগ্রন্থবিশেষ। হস্তার্পণ বি. হস্তক্ষেপ -এর অনুরূপ।

হস্ত-বুদ (p. 862) [hasta-buda] বি. 1 বর্তমান ও অতীত হিসাব, জমাবন্দি; 2 জমিদারির মোট আয়। [ফা. হস্ত-ও-বুদ্]।

হস্তা (p. 862) [hastā] বি. (জ্যোতিষ.) এয়োদশ নক্ষত্র। [সং. হস্ত + আ]।

হস্তাক্ষর, হস্তান্তর, হস্তামলক, হস্তার্পণ (p. 862) [hastākṣara, hastāntara, hastāmalaka, hastārpaṇa] দ্র হস্ত।

হস্তী (p. 862) [hastī] বি. শুঁড়বিশিষ্ট অতিকায় নিরামিষাশী জন্তুবিশেষ, হাতি, গজ, করী, মাতঙ্গ। [সং. হস্ত + ইন্]। স্ত্রী. হস্তিনী। হস্তী-দন্ত বি. হাতির দাঁত। হস্তিপ, হস্তী-পক বি. হস্তীপালক, মাহুত। হস্তী-মদ বি. হাতি খেপলে তার গণ্ডদেশ শুঁড় ইত্যাদি থেকে যে জল ক্ষরিত হয়। হস্তী-মূর্খ বিণ. আকাট মূর্খ। হস্তী-শালা বি. হাতির আস্তাবল, পিলখানা। হস্ত্যশ্ব বি. হাতি ও ঘোড়া। হস্ত্যজীব বি. হাতিব্যবসায়ী; হস্তীপালক, হাতি শিকারি। হস্ত্যায়ুর্বেদ বি. হাতির চিকিৎসা সম্বন্ধীয় শাস্ত্র। হস্ত্যারোহ বি. 1 হাতির পিঠে আরোহী ব্যক্তি; 2 মাহুত। হস্ত্যারোহী (-হিন্) বিণ. হাতির পিঠে আরূঢ়।

হা (p. 862) [hā] অব্য. হায়; শোক ক্লেশ বিস্ময় প্রভৃতি সূচক শব্দ। ̃ পিত্যেশ বি. 1 অতি লোভাতুর প্রত্যাশা; 2 দীর্ঘ প্রত্যাশা; 3 আপশোস, অনুশোচনা। ̃ হুতাশ বি. অতিশয় আক্ষেপ।

হাই (p. 862) [hāi] বি. আলস্যজনিত, বা নিদ্রাবেশজনিত মুখব্যাদান, জৃম্ভণ (হাই তোলা)। [< সং. হাফিকা]।

হাই-আমলা (p. 862) [hāi-āmalā] বি. বরকে কন্যার বশীভূত রাখবার জন্য প্রদত্ত আমলকী ও অন্যান্য বস্তুর মিশ্রিত পিণ্ড। [দেশি]।

হাই-কমাণ্ড (p. 862) [hāi-kamāṇḍa] বি. (প্রধানত) রাজনৈতিক দল বা সংগঠনের সর্বোচ্চ সংস্থা। [ইং. high command]।

হাই-কোর্ট (p. 862) [hāi-kōrṭa] বি. প্রদেশের উচ্চতম বিচারালয়। [ইং. high court]।

হাই-জ্যাক (p. 862) [hāi-jyāka] বি. 1 বাস বা ট্রাক ছিনতাই; 2 বন্দুকাদির ভয় দেখিয়ে বিমানের চালককে অন্য পথে বিমান চালাতে বাধ্য করে বিমান ছিনতাই। [ইং. hijack]।

হাই-ড্রোজেন (p. 862) [hāi-ḍrōjēna] বি. মৌলিক গ্যাসবিশেষ, জলের অন্যতম উপাদান, জলজান, উদজান। [ইং. hydrogen]।

হাই-ফেন (p. 862) [hāi-phēna] বি. ('-')-সমাসসূচক এই যতিচিহ্ন (হ-য ব-র-ল, সিন্ধু-তরঙ্গ)। [ইং. hyphen]।

হাই-বেঞ্চ (p. 862) [hāi-bēñca] বি. বসবার বেঞ্চের সামনের লম্বা ও টেবিলের মতো উঁচু কাষ্ঠাসনবিশেষ। [ইং. high bench]।

হাই স্কুল (p. 862) [hāi skula] বি. উচ্চ মাধ্যমিক বিদ্যালয়। [ইং. high school]।

হাউই (p. 862) [hāui] বি. হুশ শব্দে আকাশে ওঠে এমন আতশবাজিবিশেষ। [ফা. হবাঈ]।

হাউ-মাউ (p. 862) [hāu-māu] বি. সক্রন্দন হইচই। ̃ খাউ বি. মানুষ বা অন্য জীবজন্তুকে খেয়ে ক্ষুধাশান্তির জন্য রূপকথার রাক্ষসের ব্যস্ততা-প্রকাশক গর্জন।

হাউস (p. 862) [hāusa] (আঞ্চ.) বি. শখ, ইচ্ছা, আশা। [আ. হবশ্]।

হাউস সার্জন (p. 862) [hāusa sārjana] বি. হাসপাতালে নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত চিকিৎসক। [ইং. house surgeon]।

হাওড় (p. 862) [hāōḍ়] বি. জলময় বিস্তীর্ণ প্রান্তর, বিল। [দেশি]।

হাওদা (p. 862) [hāōdā] বি. হাতির পিঠে আরোহীদের বসবার আসন। [আ.]।

হাওয়া (p. 862) [hāōẏā] বি. 1 বাতাস (ভোরের হাওয়া); 2 জলবায়ু, climate (হাওয়াবদল); 3 (আল.) সংসর্গ, প্রভাব (কারও হাওয়া গায়ে লাগা); 4 গতি, অবস্থা (কালের হাওয়া, দেশের হাওয়া)। [আ. হবা]। ˜ গাড়ি বি. মোটরগাড়ি। হাওয়া দেওয়া, হাওয়া হওয়া ক্রি. বি. (কৌতু.) চম্পট দেওয়া; পালিয়ে যাওয়া।

হাওলা (p. 862) [hāōlā] বি. জিম্মা, তত্ত্বাবধান। [আ. হওয়ালা]।˜ জমি বি. নির্দিষ্ট শর্তে প্রদত্ত নিষ্কর জমি।˜ দার বি. হাওলা জমির মালিক।

হাও-লাত (p. 862) [hāō-lāta] বি. 1 ঋণ, কর্জ; 2 আমানত। [আ.হওয়ালাত্]। হাও-লাত-বরাত বি. কর্জ; ঋণ শোধ করার শপথ। হাও-লাতি বিণ. 1 ঋণরূপে গৃহীত; 2 ঋণসম্পর্কীয়।

হাঁ1 (p. 862) [hā1] বি. মুখব্যাদান (সিংহের হাঁ, হাঁ করে তাকানো)।

হাঁ2, হ্যাঁ (p. 862) [hā2, m̐hyā] অব্য. সম্মতি স্বীকৃতি প্রভৃতি সূচক সাড়া;সত্যতা অর্থাত্ নেতির বিপরীত জবাবসূচক।

হাঁ3, হ্যাঁ (p. 862) [hā3, m̐hyā] অব্য. সম্বোধন বা অনুনয়সূচক (হ্যাঁ হে, হাঁগা)।

হাঁ হাঁ (p. 862) [hā mँhā] অব্য. সহসা বারণ-সূচক (হাঁ হাঁ করছ কী)।

হাঁক, হাঁই হুঁই (p. 862) [hānँka, hāmँi humँi] বি. 1 উচ্চরবে ডাক (হাঁক দেওয়া, 'হাঁই হুঁই ছেড়ে ছোটে বাহকেরা'); 2 হুঙ্কার (হাঁক ছাড়া)। [সং. হুঙ্কার]। হাঁক পাড়া ক্রি. বি. চিৎকার করে ডাক দেওয়া। হাঁক-ডাক বি. 1 ক্রমাগত হাঁক; 2 আস্ফালনসূচক চিৎকার; 3 ক্ষমতা ও ঐশ্বর্যের খ্যাতি; 4 প্রভাব-প্রতিপত্তি (গ্রামে ওদের হাঁক্‌ডাক খুব)।

হাঁকড়া (p. 862) [hānँkaḍ়ā] ক্রি. হাঁকড়ানো। [দেশি]।˜ নো ক্রি. বি. 1 আস্ফালনপূর্বক চালনা করা (লাঠি হাঁকড়ানো); 2 সবেগে বা সদর্পে চালানো (গাড়ি হাঁকড়ানো); 3 সমারোহের সঙ্গে নির্মাণ করা (বাড়ি হাঁক্‌ড়ানো)। □ বিণ. উক্ত সব অর্থে।

হাঁক-পাঁক (p. 862) [hānँka-pānँka] বি. অতিরিক্ত ব্যস্ততা বা আগ্রহ প্রকাশ (হাঁকপাঁক করা)।[হাঁক দ্র]।

হাঁকা1 (p. 862) [hānँkā1] ক্রি. 1 হাঁক দেওয়া; উচ্চস্বরে বা আস্ফালনপূর্বক বলা বা ঘোষণা করা ('হাঁকে বীর শির নাহি': নজরুল); 2 দাবি করা (দর হাঁকা)। [হাঁক দ্র]।

হাঁকা2 (p. 862) [hānँkā2] ক্রি. হাঁকানো।˜ নো ক্রি. 1 হাঁকড়ানো-র সমস্ত অর্থে (গাড়ি হাঁকিয়ে চলা); 2 দর্পভরে তাড়ানো (ভিখারিকে হাঁকিয়ে দেওয়া)। □ বি. উক্ত সব অর্থে।

হাঁকা-হাঁকি (p. 862) [hānkā-hānki] বি. 1 চেঁচিয়ে ডাকাডাকি (এত রাতে হাঁকাহাঁকি); 2 বচসা। [হাঁক দ্র]।

হাঁকুনি (p. 862) [hānkuni] বি. 1 উচ্চকণ্ঠে তীব্র ধমক; 2 হাঁক; 3 হুংকার। [হাঁক দ্র]।

হাঁচা (p. 862) [hāncā] ক্রি. হাঁচি দেওয়া। □ বি. উক্ত অর্থে। [হাঁচি দ্র]।

হাঁচি (p. 862) [hānci] বি. নাসারন্ধ্রের সুড়সুড়ি বা উত্তেজনাহেতু তার মধ্য দিয়ে সবেগে বায়ুর নির্গমন, ক্ষুত্। [< সং. হঞ্চি, হঞ্চিকা]।

হাঁটকা (p. 862) [hānṭakā] ক্রি. হাঁটকানো। ["lt"সং. উদঘাটি]।˜ নো ক্রি. কোনোকিছু খুঁজবার জন্য নাড়াচাড়া বা ওলটপালট করা। □ বি. বিণ. উক্ত অর্থে।

হাঁটা (p. 862) [hānṭā] ক্রি. পায়ে চলা (হেঁটে যাও)। □ বি. উক্ত অর্থে (এখন হাঁটা দাও)। □ বিণ. পায়ে চলবার (হাঁটা পথ)। [হি. √ হট্-তু. সং. অট্]।˜ চলা বি. হাঁটা; পায়চারি।˜ নো ক্রি. 1 হাঁটতে অভ্যাস করানো বা সাহায্য করা (শিশুকে হাঁটানো); 2 হাঁটতে বাধ্য করানো বা সাহায্য করা (শিশুকে হাঁটানো); 2 হাঁটতে বাধ্য করানো (আমাকে অনর্থক হাঁটালে)। □ বি. উক্ত অর্থে।˜ হাঁটি বি. বারবার হেঁটে যাতায়াত। হাঁটিয়ে বিণ. প্রচুর হাঁটতে পারে এমন (হাঁটিয়ে লোক)। হাঁটুনি, (আঞ্চ.) হাঁটন বি. পদব্রজে ভ্রমণ।

হাঁটু (p. 862) [hānṭu] বি. জানু; জঙ্ঘাস্থি (shin-bone) ও ঊরুর সংযোগস্থলের গোলাকার হাড়। [দেশি-তু. হাঁট]।˜ জল বি. হাঁটু পর্যন্ত ডোবে

এমন গভীর জল। হাঁটুভাঙা দ দুঃখে বা নৈরাশ্যে চলনশক্তিরহিত হয়ে উপবিষ্ট। হাঁটুর বয়সি (বিদ্রুপে) কারও তুলনায় বয়সে খুবই ছোটো।

হাঁড়া (p. 862) [hām̐ḍ়ā] বি. হাঁড়ির চেয়ে বড়ো পাত্রবিশেষ, সাধারণত মাটির তৈরি। [সং. √ হণ্ডা]।

হাঁড়ি (p. 862) [hām̐ḍ়i] বি. ক্ষুদ্র জালার মতো পাত্রবিশেষ। [সং. হণ্ডী]।˜ কুড়ি বি. হাঁড়িকলসি ইত্যাদি। হাঁড়ি ভাঙা ক্রি. অন্যের বাড়িতে প্রবেশ করে চুরি করে হাঁড়ি থেকে ভাত খাওয়া; গুপ্তকথা প্রকাশ করে দেওয়া (হাটে হাঁড়ি ভাঙা)। হাঁড়ির খবর (আল.) একেবারে ভিতরের খবর, গোপন খবর। হাঁড়ির হাল (আল.) আর্থিক অবস্থা; অভাবগ্রস্ত অবস্থা।

হাঁড়ি-চাচা (p. 862) [hām̐ḍ়i-cācā] বি. লম্বা লেজওয়ালা সাদা-কালো-বাদামি রঙের পাখিবিশেষ, tree pie (হাঁড়ি চাঁছার মতো কর্কশ আওয়াজ করে বলে এই নাম)। [দেশি]।

হাঁড়িয়া (p. 862) [hām̐ḍ়iẏā] বি. চাল-চোয়ানো মদ, পচাই। [সাঁও.]।

হাঁদা (p. 862) [hām̐dā] বিণ. 1 মোটা (হাঁদাপেট); 2 স্থূলবুদ্ধি, মূর্খ। [দেশি]।˜ রাম বিণ. নিরেট, মস্তিষ্কহীন। □ বি. বোকা লোক।

হাঁপ, হাঁফ (p. 862) [hām̐pa, hām̐pha] বি. 1 দীর্ঘশ্বাস, দম (হাঁপ ছাড়া); 2 ভয় বা শ্রমাদিহেতু দ্রুত নিশ্বাস (হাঁপ লাগা); 3 হাঁপানি (হাঁপ ধরা, হাঁপের রোগ); 4 শারীরিক কষ্ট ও মানসিক উদ্বেগের অবসানে স্বাভাবিক ও সহজ নিশ্বাস

(হাঁফ ছেড়ে বাঁচলাম)। [দেশি-ধ্বন্যা.]। হাঁপানো, হাঁফানো ক্রি. ঘনঘন বা কষ্টে শ্বাসগ্রহণ ও ত্যাগ করা (ভাবতে ভাবতে বা শুনতে শুনতে হাঁপিয়ে ওঠা)।□ বি. উক্ত অর্থে। হাঁপানি, হাঁপি বি. 1 ঘনঘন শ্বাস ত্যাগ ও গ্রহণ; 2 শ্বাসকষ্টজনক রোগবিশেষ। হাঁপা-হাঁপি বি. অতিশয় ব্যস্ততা।

হাঁস (p. 862) [hām̐sa] বি. স্থল ও জল দুই জায়গাতেই বিচরণক্ষম সুপরিচিত পাখিবিশেষ, হংস; লিপ্তপাদ জলচর পাখিবিশেষ। [সং. হংস]।

হাঁস-কল (p. 862) [hām̐sa-kala] বি. কপাট ঝুলাবার জন্য হাঁসের মতো লোহার কল। [দেশি]।

হাঁস-ফাঁস (p. 862) [hām̐sa-phām̐sa] বি. অতি কষ্টে নিশ্বাস-প্রশ্বাস ত্যাগ ও গ্রহণ। [ধ্বন্যা.]।

হাঁসলি, হাঁসুলি (p. 862) [hām̐sali, hām̐suli] বি. অর্ধচন্দ্রাকৃতি কণ্ঠাভরণবিশেষ। [বাং. হাঁস + লি, উলি (সদৃশার্থে)]।

হাঁসা (p. 862) [hām̐sā] ক্রি. হাঁসুয়া বা কাস্তে দিয়ে কাটা। হাঁসানো ক্রি. হাঁসুয়া দিয়ে কাটা; ফাঁসানো, গভীর করে চিরে ফেলা। □ বি. উক্ত অর্থে। [দ্র হাঁসিয়া]।

হাঁসিয়া, হাঁসুয়া (p. 862) [hām̐siẏā, hām̐suẏā] বি. কাস্তের মতো অর্ধচন্দ্রাকৃতি অস্ত্রবিশেষ। [দেশি]।

হাঁসুলি (p. 862) [hām̐suli] দ্র হাঁসলি।

হাকিম (p. 862) [hākima] বি. 1 বিচারপতি; 2 শাসনকর্তা; 3 (মূলত) ইউনানি চিকিৎসক, বৈদ্য। [আ. হকীম]। হাকিম নড়ো তো হুকুম নড়ে না হুকুম বা আদেশ দিয়ে বিচারক অন্যত্র চলে গেলেও তার হুকুমের পরিবর্তন অসম্ভব, তা পালন করতেই হবে। হাকিমি বি. বিচারকের বৃত্তি বা পদ; ইউনানি চিকিৎসা। □ বিণ. বিচার বা বিচারক সম্বন্ধীয়; চিকিৎসা বা চিকিৎসকসম্বন্ধীয।

হাগা (অশোভন) (p. 862) [hāgā (aśōbhana)] ক্রি. মলত্যাগ করা। □ বি. উক্ত অর্থে। [< সং. √ হদ্]। ˜ নো ক্রি. মলত্যাগ করানো। □ বি. উক্ত অর্থে।

হাঘর (p. 862) [hāghara] বি. নিরাশ্রয় বা গৃহহীন ব্যক্তি; হীন বংশ। [বাং. হা ঘর]। হাঘরে বিণ নিদারুণ দৈন্যের জন্য যার ঘরে হাহাকার; নিরাশ্রয়; হীনবংশীয়।

হাঙর (p. 862) [hāṅara] বি. মাছজাতীয় বৃহদাকার হিংস্র সামুদ্রিক প্রাণী। [সং. হাং (ধ্বন্যা.) + গর (গ্রাস করা)]।

হাঙ্গাম, হাঙ্গামা (p. 862) [hāṅgāma, hāṅgāmā] বি. 1 দাঙ্গা; 2 মারামারি; 3 উৎপাত; 4 বিপত্তি, ফ্যাসাদ। [ফা. হঙ্গামহ্]।

হাজত (p. 862) [hājata] বি. বিচারাধীন আসামিদের জন্য কারাগার (চোরটা হাজতে আছে)। [আ. হাজত্]। ˜ বাস বি. হাজতে বন্দি থাকা।

হাজরি (p. 862) [hājari] বি. 1 উপস্থিতি; 2 ইয়োরোপীয় প্রথায় ভোজন। [আ. হাজ্রি]। ছোটো হাজরি বি. সকালবেলার লঘু জলযোগ, breakfast. বড়ো হাজরি বি. মধ্যাহ্নের পেটভরা খাবার, lunch.

হাজা (p. 862) [hājā] ক্রি. 1 জলে ভিজে নষ্ট হওয়া; 2 জলকাদায় পচা বা ক্ষত হওয়া। □ বি. 1 জলে ভিজে পচন; 2 অতিবৃষ্টি বা জলপ্লাবনাদির ফলে শস্যের পচন (হাজাশুখা); 3 মাত্রাতিরিক্ত জল ঘাঁটবার ফলে হাত-পায়ের আঙুলের ক্ষতরোগবিশেষ। □ বিণ. 1 হেজে গিয়েছে এমন; 2 পাঁকে ঢাকা পড়েছে বা বুজে গিয়েছে এমন (হাজামজা পুকুর)। [দেশি]।˜ মজা বিণ. হেজে গেছে এবং অব্যবহার্য হয়েছে এমন।

হাজা-মজা (p. 862) [hājā-majā] দ্র হাজা।

হাজার (p. 862) [hājāra] বি. বিণ. 1 সংখ্যা বা সংখ্যক। [ফা. হজার্]। হাজার হাজার, হাজারে হাজারে বিণ. বহুসহস্র, অসংখ্য, অগণিত। হাজারি বি. সহস্র সৈন্যের নায়ক; সহস্র গ্রামের মণ্ডল। হাজারো বিণ. বহু অনেক (হাজারো দাবি)।

হাজি, (বর্জি.) হাজী (p. 862) [hāji, (barji.) hājī] বি. 1 মুসলমানদের মধ্যে প্রচলিত গুরুত্ব বা মহত্ত্বসূচক উপাধি; 2 যে ব্যক্তি হজ অর্থাত্ মক্কাতীর্থ দর্শন করেছে। [আ.]।

হাজির (p. 862) [hājira] বিণ. উপস্থিত। [আ.]। হাজিরা, হাজিরি, (কথ্য) হাজরি উপস্থিতি (হাজিরা দেওয়া)।

হাট (p. 862) [hāṭa] বি. 1 প্রকাশ্য ক্রয়-বিক্রয়ের স্থান (সাধারণত বাজারের মতো রোজ হাট বসে না-সপ্তাহের নির্দিষ্ট দিনে বসে); 2 (আল.) প্রচুর সমাবেশ (রূপের হাট, চাঁদের হাট)। [সং. হট্ট]। ভাঙা হাট যে হাটে ক্রয়-বিক্রয় প্রায় শেষ হয়েছে, উঠতি হাট। হাট করা ক্রি. বি. 1 হাটে দ্রব্যাদি খরিদ করা; 2 (আল.) গোলমাল করা; 3 প্রকাশ করা, উন্মুক্ত করা (দরজা হাট করা); 4 বিশৃঙ্খল করা (কাপড়গুলো হাট করা)। হাট বসা, হাট লাগা ক্রি. বি. 1 হাটে ক্রয়-বিক্রয় শুরু হওয়া; 2 হাট স্থাপিত হওয়া; 3 (আল.) প্রচুর সমাবেশ হওয়া; 4 অত্যন্ত গোলমাল হওয়া (বাড়িতে হাট বসেছে)। হাট বসানো ক্রি. বি. 1 হাট স্থাপিত করা; 2 (আল.) প্রচুর সমাবেশ হওয়া; 3 গোলমাল বা হইচই করা। ̃ বাজার বি. হাট বা বাজার; কেনাকাটা। ̃ বার বি. সপ্তাহের যে-দিনে হাট বসে। ̃ হদ্দ বি. সমস্ত ব্যাপার বা খবর। হাটরিয়া, হাটুরে বি. হাটের পণ্যদ্রব্যের বিক্রেতা বা ক্রেতা। □ বিণ. 1 হাটে বিক্রেয় পণ্যবাহী (হাটুরে নৌকা); 2 হাটে ক্রয় বিক্রয়কারী (হাটুরে লোক)।

হাটক (p. 862) [hāṭaka] বি. সোনা। [সং. √ হট্(দীপ্তি) + অক]।

হাডুডু (p. 862) [hāḍuḍu] বি. কপাটি খেলা। [দেশি]।

হাড্ডা-হড্ডি (p. 862) [hāḍḍā-haḍḍi] বিণ. প্রতিযোগিতায় সমান-সমান। [হাড্ডি দ্র]। হাড্ডাহাড্ডি লড়াই বি. 1 প্রায় সমান-সমান লড়াই; 2 জোর লড়াই।

হাড্ডি (p. 862) [hāḍḍi] বি. (কথ্য) হাড়। [সং. হড্ড]। ̃ সার বিণ. কঙ্কালসার, অতিশয় শীর্ণ।

হাড় (p. 862) [hāḍ] বি. 1 যা দিয়ে মেরুদণ্ডী প্রাণীর দেহের কাঠামো তৈরি, অস্থি; 2 (আল.) মর্ম (হাড়ে-হাড়ে টের পাওয়া)। [সং. হড্ড]। হাড় কালি হওয়া, হাড় ভাজা ভাজা হওয়া ক্রি. বি. অতিশয় জ্বালাযন্ত্রণা বা দুঃখ ভোগ করা; কষ্টের আধিক্যহেতু অত্যন্ত কাতর হওয়া। হাড় গুঁড়ো করা ক্রি. বি. অতিশয় প্রহার করা। ˜ কিপটে বিণ. অতি কৃপণ। ˜ গোড় বি. ছোটো-বড়ো সমস্ত হাড়-পাঁজরা। হাড় গোড় ভাঙা দ হাড়-গোড় ভেঙে যাওয়ার ফলে চলনশক্তি রহিত হয়ে উপবিষ্ট; (আল.) সম্পূর্ণ অক্ষম বা হতাশ। হাড়-গোড় ভাঙা ক্রি. বি. (আল.) প্রচণ্ড প্রহার করা। হাড়-জিরজিরে বিণ. কঙ্কালসার। হাড় জুড়ানো ক্রি. বি. স্বস্তিলাভ করা। হাড় জ্বালানো ক্রি. বি. অত্যন্ত জ্বালাতন করা। হাড় মাটি করা মাটি দ্র। হাড়-জ্বালানো বিণ. অত্যন্ত জ্বালাতন করে এমন। ˜ পাকা বিণ. পাকামিতে দড় বা পটু। ˜ ভাঙা বিণ. অতি শ্রমসাধ্য (হাড়ভাঙা পরিশ্রম)। ˜ মাস বি. (কথ্য) হাড় ও মাংস। হাড়-মাস আলাদা করা ক্রি. বি. (আল.) নিদারুণ প্রহার করা। হাড়ে-মাসে-জড়ানো বিণ. অচ্ছেদ্য সম্পর্কযুক্ত। হাড়ে-মাসে জ্বালানো ক্রি. বি. খুব জ্বালাতন করা। ˜ হদ্দ ক্রি-বিণ. হাড় পর্যন্ত অর্থাত্ মূলদেশ পর্যন্ত, আগাগোড়া (হাড়হদ্দ জানি)। ˜ হাভাতে বিণ. একেবারে নিঃস্ব বা লক্ষ্মীছাড়া। হাড়ে হাড়ে ক্রি-বিণ. হাড় পর্যন্ত অর্থাত্ সম্পূর্ণ, পুরোপুরি (তাকে হাড়েহাড়ে চিনি)।

হাড়গিলা, (কথ্য) হাড়গিলে (p. 862) [hāḍgilā, (kathya) hāḍgilē] বি. জলা জায়গায় বাস করে এবং মাছ ব্যাং পোকামাকড় প্রভৃতি খায় এমন বড়ো ও কদাকার পাখিবিশেষ, adjutant. [হাড় ও গিলা2 দ্র]।

হাড়ি (p. 862) [hāḍi] বি. অনুন্নত হিন্দু সম্প্রদায়বিশেষ। [সং. হড্ডিক]।

হাড়ি-কাট, হাড়ি-কাঠ (p. 862) [hāḍ়i-kāṭa, hāḍ়i-kāṭha] বি. 1 পশুবলির জন্য কাঠের তৈরি ফাঁদবিশেষ, যূপকাষ্ঠ; 2 দুই পা আটকে রাখবার জন্য বেড়জাতীয় যন্ত্রবিশেষ। [দেশি]। হাড়িকাঠে মাথা দেওয়া নিশ্চিত ও সাংঘাতিক বিপদ বরণ করা।

হাড়োল (p. 865) [hāḍ়ōla] বি. নেকড়জাতীয় প্রাণীবিশেষ-এরা গৃহপালিত হাঁস-মুরগি চুরি করতে অভ্যস্ত। [দেশি]।

হাত (p. 865) [hāta] বি. 1 প্রধানত কিছু ধরার জন্য এবং উঠানো নামানোর জন্য দেহের যে অঙ্গ ব্যবহার করা হয়, কনুই অথবা বগল থেকে আঙুলের ডগা পর্যন্ত দেহাংশ; 2 চব্বিশ অঙ্গুলি বা আঠারো ইঞ্চি পরিমিত দৈর্ঘ্যের মাপবিশেষ; 3 (আল.) অধিকার, বশবর্তিতা (হাতে আসা, হাতের জিনিস); 4 প্রভাব (হাত থাকা, হাত এড়ানো); 5 সাহায্য বা বিরোধিতার জন্য যোগদান (কোনো ব্যাপারে হাত দেওয়া)। [প্রা. হত্থ < সং. হস্ত]। হাত আসা ক্রি. বি. অভ্যাস হওয়া। হাত কচলানো ক্রি. বি. দুই করতল ক্রমাগত ঘষে মিনতি করা বা প্রার্থনা করা। ̃ কড়া, ̃ কড়ি বি. কয়েদির দুই হাত বাঁধার জন্য লোহার বালা, handcuff (s). হাত করা ক্রি. বি. অধিকারে বা স্বপক্ষে আনা। ̃ ; করাত বি. যে করাত একজনে হাত দিয়ে চালাতে পারে। ̃ কাটা বিণ. 1 হাত কাটা গিয়েছে এমন, ছিন্নহস্ত (হাতকাটা লোক); 2 বগল থেকে কনুই পর্যন্ত হাতওয়ালা অথবা হাতাশূন্য (হাতকাটা জামা)। হাত কামড়ানো ক্রি. বি. আপশোস করা। ̃ খরচ, ̃ খরচা বি. ব্যক্তিগত খুচরো ব্যয়। ̃ খালি বিণ. 1 রিক্তহস্ত; 2 হাতের সমস্ত টাকা খরচ করে ফেলেছে এমন; 3 নিরাভরণ হাতবিশিষ্ট। ̃ খোলা বিণ. খরচের ব্যাপারে উদার; ব্যয়শীল; দানশীল। হাত গুটানো ক্রি. বি. নিরস্ত হওয়া। হাত গোনা ক্রি. হস্তরেখা বিচারকপূর্বক ভাগ্য নির্ণয় করা। ̃ ঘড়ি বি. যে-ঘড়ি কবজিতে বাঁধা যায়, রিস্ট

ওয়াচ (wrist-watch). হাত চলা ক্রি. বি. হাত দিয়ে প্রহার করা। ˜ চালা বি. অপহৃত দ্রব্য বার করার জন্য বা চোর ধরার জন্য আভিচারিক মন্ত্রবলে হস্তচালনা। হাত চালানো ক্রি. বি. দ্রুত কাজ করা। ˜ চিঠা, (কথ্য) ˜ ; চিঠে বি. ছোটো চিঠি বা রসিদ। ˜ ছাড়া বিণ. 1 বেহাত, হস্তচ্যুত, বেদখল (সুযোগ টাকা বা জমি হাতছাড়া হওয়া); 2 আয়ত্তের বাইরে গিয়েছে এমন (ছেলে হাতছাড়া হওয়া)। ˜ ছানি বি. হাত নেড়ে ইশারা। হাতজোড় করা ক্রি. বি. (দুই করতল যুক্ত করে) ক্ষমাপ্রার্থনা অনুনয় বা নমস্কার করা। হাত জোড়া থাকা ক্রি. বি. কাজে ব্যস্ত থাকা। হাত তোলা ক্রি. বি. প্রহারের জন্য বা সমর্থনের জন্য হাত উঁচু করা। ˜ টান বি. কৃপণতা; (ছিঁচকে) চুরির অভ্যাস। ˜ ড়া, ˜ ড়ানো ক্রি. হাত বুলিয়ে বুলিয়ে খোঁজা (হাতড়ে বেড়ানো)। [বাং. √ হাতড়া]। ˜ তালি বি. (আনন্দ প্রশংসা উপহাস প্রভৃতিতে বা গানে তাল রাখার জন্য) দুই করতলে সশব্দ আঘাত, তাই। ˜ তোলা বি. দয়া করে অন্যে দেয় এমন বস্তু। □ বিণ. (পরের) অনুগ্রহপ্রদত্ত; (পরের) অনুগ্রহের উপর নির্ভরশীল। হাত দেওয়া ক্রি. বি. 1 সাহায্য করার বা বাধা দেওয়ার জন্য যোগ দেওয়া। হাত দেখা ক্রি. বি. 1 হাত গোনা, কররেখাদ্বারা ভাগ্যবিচার করা; 2 নাড়ি পরীক্ষাপূর্বক স্বাস্থ্যের অবস্থা নির্ণয় করা। ˜ ধরা বিণ. বশীভূত। হাত ধুয়ে বসা ক্রি. বি. 1 আশা বা সম্পর্ক ত্যাগ করা; 2 দায়িত্ব না রাখা; 3 (উপহাসে) ভোজের নিমন্ত্রণ রক্ষা করতে গিয়ে আহারের জন্য অত্যধিক ব্যস্ত হওয়া। হাত পড়া ক্রি. বি. 1 হস্তক্ষেপ হওয়া; 2 স্পৃষ্ট হওয়া, ছোঁয়া লাগা। হাত পাকানো ক্রি. বি. 1 অভ্যাসদ্বারা পটু হওয়া; 2 প্রহার করবার জন্য প্রস্তুত হওয়া। ˜ ; পাখা বি. (সচ.) তালপাতার তৈরি যে পাখা দিয়ে বাতাস করা হয়। হাত-পা চলা ক্রি. বি. যুগপত্ হাত ও পা দিয়ে মারা; কিল চড় ঘুসি ও লাথি মারা। হাত-পা না ওঠা ক্রি. বি. অত্যন্ত ভীত ও ভরসাহীন হওয়া। হাত-পা-বাঁধা বিণ. নিরুপায়। হাত-পা বেঁধে জলে ফেলা ক্রি. বি. 1 উদ্ধারলাভের পথ বন্ধ করে সর্বনাশের পথে ঠেলে দেওয়া; 2 নিতান্ত অপাত্রে কন্যাদান করা। হাত পাতা ক্রি.

বি. করতল প্রসারিত করা; প্রার্থী হওয়া। হাত পা বার হওয়া ক্রি. বি. 1 অতিশয় অতিরঞ্জিত হওয়া; 2 কর্মশক্তি অসম্ভব বৃদ্ধি পাওয়া।˜ বদল বি. অধিকার পরিবর্তন; হস্তান্তর।˜ বাক্স বি. (প্রধানত টাকাকড়ি রাখবার জন্য) ছোটো বাক্সবিশেষ। হাত বাড়ানো ক্রি. বি. 1 কিছু ধরবার জন্য হাত প্রসারিত করা; 2 (আল.) লোভ করা; পাবার চেষ্টা করা।˜ ভরা বিণ. করতল ভরে যায় এমন।˜ ভারী বিণ. কৃপণস্বভাব, সহজে টাকা বার করতে বা দিতে নারাজ।˜ মোজা বি. দস্তানা।˜ যশ বি. (প্রধানত চিকিৎসকের) দক্ষ বা পারদর্শী বলে খ্যাতি।থ˜ সই বিণ. হস্তপ্রমাণ, এক হাত মাপবিশিষ্ট। □ বি. হাতের ভালো টিপ বা নিশানা, হাতের টিপ।˜ সাফাই বি. হস্তলাঘব; হাতের পটুতা; হাত দিয়ে চুরির কাজে ক্ষমতা।˜ সুতা, (কথ্য)˜ সুতো বি. মাছ ধরার কাজে ছিপের বদলে ব্যবহৃত কৃত বা আয়ত্ত (হাতে-কলমে শিক্ষা), practical. □ ক্রি-বিণ. (হাতে-কলমে শেখা)। হাতে খড়ি বি. 1 খড়ি দিয়ে লিখিয়ে শিশুর বিদ্যারম্ভ; 2 (আল.) শিক্ষারম্ভ বা কর্মারম্ভ। হাতে-গড়া বিণ. হাত দিয়ে তৈরি। হাতে ধরা ক্রি. বি. সনির্বন্ধ অনুরোধ করা বা মিনতি করা। হাতে নয় ভাতে মারা ক্রি. বি. প্রহার না করে কেবল উপবাসী রেখে দুর্বল করা। হাতে নাতে ক্রি-বিণ. 1 অপরাধের প্রমাণসহ; 2 বমাল; 3 অপরাধে রত থাকবার সময়ে (হাতে-নাতে ধরা)। হাতে নেওয়া ক্রি. বি. হাত দিয়ে গ্রহণ করা; দায়িত্ব গ্রহণ করা। হাতে পাওয়া ক্রি. বি. অধিকারে বা তাঁরে পাওয়া। হাতে পাঁজি মঙ্গলবার (আল.) বৃথা তর্ক না করে হাতের কাছে যে সন্দেহ-নিরসনের উপায় আছে তা অবলম্বন করা হোক। হাতে পাতে ক্রি-বিণ. (টাকাকড়ি-সম্বন্ধে) সম্বলরূপে। হাতে-পায়ে ক্রি-বিণ. 1 একান্ত মিনতি জানিয়ে (টাকার জন্য হাতে-পায়ে পড়া, হাতে-পায়ে ধরে ক্ষমাভিক্ষা); 2 স্বাবলম্বী হয়ে (হাতে-পায়ে দাঁড়ানো)। হাতে বেড়ি পড়া ক্রি. বি. (আল.) অপরাধের দায়ে গ্রেপ্তার হওয়া। হাতে মাথা কাটা ক্রি. বি. 1 শুধু হাত দিয়েই মাথা কাটা; 2 (আল.) অতিশয় কঠোরভাবাপন্ন বা ক্ষমাহীন হওয়া। হাতে মারা ক্রি. বি. প্রহার

করা (কথায় না মেরে হাতে মারা=তিরস্কার না করে প্রহার করা)। হাতের জল না গলা ক্রি. বি. অতিশয় কৃপণ হওয়া। হাতের ঢিল ছুড়ে দিলে আর ফেরে না সুযোগ হারালে আর পাওয়া যায় না। হাতের লক্ষ্মী পায়ে ঠেলা ক্রি. বি. হেলায় সুযোগ হারানো। হাতে হাতে ক্রি-বিণ. 1 সঙ্গে সঙ্গে, অবিলম্বে; 2 সরাসরি (হাতে হাতে ফলপ্রাপ্তি, দাম হাতে-হাতে চুকানো, প্রমাণ হাতে-হাতে); 3 এক হাত থেকে আর এর হাতে (ব্যাগটা হাতে-হাতে চলে গেল)। এক হাত নেওয়া ক্রি. বি. অপ্রীতিকর কথা শুনানো; পূর্ব শত্রুতার প্রতিশোধ নেওয়া। [এক দ্র]। কপালে হাত দেওয়া ক্রি. বি. ভাগ্যের দোহাই দেওয়া। কাঁচা হাত 1 অপটু হাত; 2 দক্ষতার অভাব; 3 অনভিজ্ঞতা। পাকা হাত 1 পটু হাত; 2 দক্ষতা; 3 অভিজ্ঞতা।

হাতড়া, হাতড়ানো (p. 865) [hātaḍ়ā, hātaḍ়ānō] দ্র হাত।

হাতল (p. 865) [hātala] বি. হাত দিয়ে ধরার উপযোগী (দরজা-আলমারি-কড়াই ইত্যাদিতে সংলগ্ন) আংটা বা কড়া। [হি. হথলী]।

হাতসই, হাতসাফাই (p. 865) [hātasi, hātasāphāi] দ্র হাত।

হাতা1 (p. 865) [hātā1] বি. 1 এলাকা, ঘেরাও করা সীমা (বাড়ির হাতা); 2 (আল.) অধিকার, কবল। [আ. হত্তা]।

হাতা2 (p. 865) [hātā2] বি. 1 বড়ো চামচ; 2 লম্বা ডাঁটের সঙ্গে যুক্ত ছোটো বাটি; 3 জামার হাত। [হাত দ্র]। ফুল-হাতা বিণ. (জামা সম্বন্ধে) কবজি পর্যন্ত হাতাবিশিষ্ট। হাফ হাতা বিণ. (জামা সম্বন্ধে) কনুই পর্যন্ত হাতাবিশিষ্ট।

হাতা3, হাতানো (p. 865) [hātā3, hātānō] ক্রি. 1 হস্তগত করা, অধিকার করা; 2 আত্মসাত্ করা (হাতিয়ে নেওয়া); 3 হাতড়ানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

হাতা-হাতি (p. 865) [hātā-hāti] বি. হাত দিয়ে পরস্পর মারামারি। [হাত দ্র]।

হাতি1, (বর্জি.) হাতী2 (p. 865) [hāti1, (barji.) hātī2] বিণ. 1 হস্তপিরিমিত (আট-হাতি ধুতি); 2 হাতের দিকে (ডান-হাতি রাস্তা)। [হাত দ্র]।

হাতি2, (বর্জি.) হাতী2 (p. 865) [hāti2, (barji.) hātī2] বি. 1 শুঁড়বিশিষ্ট বৃহদাকার স্তন্যপায়ী ও তৃণভোজী চতুষ্পদ জন্তুবিশেষ; 2 (আল.) অতিশয় স্থূলকায় ব্যক্তি। [সং. হস্তী]। হাতি পোষা ক্রি. বি. (আল.) অতি ব্যয়সাধ্য কাজের দায়িত্ব বহন করা। হাতির খোরাক (আল.) বিপুল-পরিমাণ খাদ্য। ˜ শাল বি. হাতির আস্তাবল। ˜ ; শুঁড়, ˜ শুঁড়া বি. লম্বা ও বাঁকা পাতাযুক্ত বনৌষধিবিশেষ।

হাতিয়ার (p. 865) [hātiẏāra] বি. 1 হাতে বহনযোগ্য অস্ত্রশস্ত্র; 2 শিল্পকর্মের সহায় বা যন্ত্র (কারিগরের হাতিয়ার); 3 হাতের সাহায্যে ব্যবহারযোগ্য যন্ত্রপাতি; 4 (আল.) সংঘর্ষমূলক কাজের অঙ্গ বা যন্ত্র (ছাত্রসম্প্রদায় এই আন্দোলনের হাতিয়ার)। [হি. হথিয়ার]।

হাতুড়ি (p. 865) [hātuḍ়i] বি. লোহা পাথর পেরেক প্রভৃতি পিটবার বা ঠুকবার জন্য মোটা ও ভারী লোহার মাথাওয়ালা হাতে ধরে ব্যবহার করার যন্ত্রবিশেষ। [দেশি]।

হাতুড়িয়া, হাতুড়ে (p. 865) [hātuḍ়iẏā, hātuḍ়ē] বি. আনাড়ি বা অশিক্ষিত চিকিৎসক। □ বিণ. আনাড়ি, অশিক্ষিত। [< বাং. √ হাতড়া]।

হাতে-খড়ি, হাতে-নাতে (p. 865) [hātē-khaḍ়i, hātē-nātē] দ্র হাত।

হাদিশ, হাদিস (p. 865) [hādiśa, hādisa] বি. 1 পরম্পরাগত হজরত মোহাম্মদের উপদেশাবলি; 2 মুসলমান ব্যবস্থাশাস্ত্র। [আ. হদীথ্]।

হানা (p. 865) [hānā] ক্রি. 1 আঘাত করবার জন্য নিক্ষেপ করা; মারা ('তোমার সে আশায় হানিব বাজ': রবীন্দ্র); 2 হনন করা, বধ করা। □ বি. 1 (আস্ফালনসহ) আক্রমণ (হানা দেওয়া); 2 খানাতল্লাশির বা গ্রেপ্তারের জন্য আগমন (পুলিসের হানা)। □ বিণ. (প্রধানত ভূতপ্রেতের দ্বারা) আক্রান্ত (হানাবাড়ি)। [সং. √ হন্]।~ দার বিণ. (অন্যায়ভাবে) আক্রমণকারী।~ হানি বি. দুটি বিরুদ্ধ পক্ষের পরস্পর যুদ্ধ বা আক্রমণ।

হানি (p. 865) [hāni] বি. 1 নাশ (প্রাণহানি, মানহানি); 2 ক্ষতি (তাতে হানি কী?)। [সং. √ হা + তি]।

হাণ্ডি (p. 865) [hāṇḍi] বি. হাঁড়ি। [সং. হণ্ড়ী]।

হাপর (p. 865) [hāpara] বি. (প্রধানত ধাতু গলাবার বা গরম করবার কাজে ব্যবহৃত) চুল্লিবিশেষ বা তাতে হাওয়া দেবার জন্য চামড়ার থলি, ভস্ত্রা (স্যাকরার হাপর)। [দেশি]।

হাপরা (p. 865) [hāparā] ক্রি. হাপরানো। [ধ্বন্যা.]। ˜ নো ক্রি. তরল খাদ্য হাত দিয়ে তুলে সশব্দে খাওয়া। □ বি. উক্ত অর্থে।

হাপিত্যেশ (p. 865) [hāpityēśa] দ্র হা।

হাপিশ (p. 865) [hāpiśa] বি. বিণ. (কথ্য) উধাত্ত, অদৃশ্য (আমার পেনটাকে কে হাপিশ করে দিল?)। [দেশি]।

হাপুস1 (p. 865) [hāpusa1] অব্য. হাপরানোর শব্দ (হাপুস-হুপুস করে খাওয়া)। [ধ্বন্যা.]।

হাপুস2 (p. 865) [hāpusa2] বিণ. বাষ্পাকুল, অশ্রুপূর্ণ (হাপুস নয়নে)। [< বাষ্প]।

হাফ (p. 865) [hāpha] বিণ. 1 অর্ধ, অর্ধেক (হাফ-হাতা); 2 হ্রস্ব, খাটো (হাফ-শার্ট)। [ইং. half]। হাফ-আখড়াই বি. আখড়াই অপেক্ষা স্বল্পকালস্থায়ী সংগীতের বৈঠকবিশেষ। হাফ-গেরস্ত বি. বিণ. ভদ্রপল্লির কাছাকাছি বাসকারী ভদ্রবেশী বেশ্যা। হাফ-টিকিট বি. (অল্পবয়স্কদের জন্য) অর্ধেক দামের টিকিট। হাফ-ড়ে, হাফ-হলিডে বি. কর্মস্থানে বা বিদ্যালয়ে আংশিক কাজ বা আংশিক ছুটি।

হাফ-টোন (p. 865) [hāpha-ṭōna] বি. বিভিন্ন আকারের বিন্দুসহযোগে রচিত আলোকচিত্র। [ইং. half-tone]।

হাব (p. 865) [hāba] বি. রমণীয় লাস্য বা বিলাসভঙ্গি। [সং. √ হ্বে + অ]।˜ ভাব বি. 1 ছলাকলা; 2 চালচলন।

হাবড়া (p. 865) [hābaḍ়ā] বিণ. অকর্মণ্য (বুড়োহাবড়া)। [তু. হাবা]।

হাবলা (p. 865) [hābalā] বিণ. হাবা; হাবার তুল্য। [হাবা দ্র]।

হাবশি, (বর্জি.) হাবশী (p. 865) [hābaśi, (barji.) hābaśī] বি. 1 আবিসিনিয়ার অধিবাসী; 2 কাফরি, নিগ্রো। [আ. হবশী]।

হাবা (p. 865) [hābā] বিণ. 1 বোবা; 2 স্থূলবুদ্ধি; 3 (ঈষত্) বিকৃতমস্তিষ্ক। [দেশি]।˜ কালা বিণ. মূক ও বধির। ˜ ; গঙ্গা-রাম,˜ গবা,˜ গোবা বিণ. বোবা বা মুখচোরা ও বোকা।

হাবাস (p. 865) [hābāsa] বি. 1 প্রবল ইচ্ছা বা অভিলাষ বা লালসা; 2 শোক। [আ. হওয়াস্]। [হাউস দ্র]।

হাবি-জাবি (p. 867) [hābi-jābi] বি. বিণ. 1 আজেবাজে বস্তু (হাবিজাবি খাওয়া); 2 তুচ্ছ; 3 অবজ্ঞার যোগ্য (হাবিজাবি কথা)। [দেশি]।

হাবিয়া দোজখ (p. 867) [hābiẏā dōjakha] বি. (মুস.) সপ্তম নরক ('সপ্ত নরক হাবিয়া দোজখ নিভে নিভে যায় কাঁপিয়া': নজরুল)। [আ.]।

হাবিল-দার (p. 867) [hābila-dāra] বি. সিপাইদের নায়কবিশেষ। [আ. হাল্লহ্ + ফা. দার্]।

হাবুজ-খানা (p. 867) [hābuja-khānā] বি. কারাগার, জেলখানা। [আ. হব্স্ + ফা. খানা]।

হাবু-ডুবু (p. 867) [hābu-ḍubu] বি. অসহায়ভাবে বারবার জলে ডুবে যাওয়া ও ভেসে ওঠা (হাবুডুবু খাওয়া)। □ বিণ. নিমজ্জিতপ্রায়, হতাশ্বাস (দেনায় বা কাজের চাপে হাবুডুবু অবস্থা)। [তু. হাঁপ, ডুব]।

হাবেলি, হাভেলি (p. 867) [hābēli, hābhēli] বি. 1 পাকা বাড়ি; 2 বাসস্থান; 3 বাসগৃহের শ্রেণি, পাড়া। [আ. হবেলী]।

হাভাত (p. 867) [hābhāta] বি. 1 অন্নহীন দশা; 2 ভাগ্যহীন ব্যক্তি। [বাং. হা + ভাত]। হাভাতে বিণ. ভাতের জন্য হায় হায় করে এমন, অন্নসংস্থানহীন; অত্যন্ত লোভী।

হাম1 (p. 867) [hāma1] বি. জ্বর ও তৎসহ সারা গায়ে ঘামাচির মতো উদ্ভেদযুক্ত রোগবিশেষ, measles. [দেশি]।

হাম2 (p. 867) [hāma2] সর্ব. আমি। [হি. হম্ < সং. অহম্]। ̃ বড়ো, ̃ বড়া বিণ. আমিই বড়ো বা সর্বেসর্বা-এই ভাবযুক্ত; আত্মাভিমানী।

হামলা1 (p. 867) [hāmalā1] বি. ক্রি. 1 আক্রমণ; চড়াও হয়ে মারপিট বা চড়াও হওয়া ('হামলে পড়ল তার উপর তিনটে ভালুক': শ. ঘো.); 2 দাঙ্গা। [আ. হম্লা]।

হামলা2 (p. 867) [hāmalā2] ক্রি. হামলানো। [সং. হম্মা]।˜ নো ক্রি. গোরুর হাম্বা হাম্বা করে বাছুরকে আহ্বান করা। □ বি. উক্ত অর্থে।

হামা (p. 867) [hāmā] বি. হাঁটু ও হাতের চেটোর সাহায্যে এগোনো, হামাগুড়ি। [দেশি]। হামা টানা, হামা দেওয়া ক্রি. বি. হামাগুড়ি দেওয়া।˜ গুড়ি বি. হামা দেওয়া বা হামা দিয়ে চলা।

হামান-দিস্তা, (কথ্য) হামান-দিস্তে (p. 867) [hāmāna-distā, (kathya) hāmāna-distē] বি. দ্রব্যাদি পিটিয়ে গুঁড়ো করবার জন্য কানা-উঁচু লৌহপাত্র ও লৌহদণ্ড। [ফা. হাবন্দস্তহ্]।

হামাম (p. 867) [hāmāma] বি. স্নানাগার; সাধারণের জন্য উষ্ণ জলের স্নানাগার। [আ. হাম্মান্]।

হামার (p. 867) [hāmāra] সর্ব. (ব্রজ.) আমার। [হাম2]। হামারি, হমারি সর্ব. আমারই; কেবলই আমার ('হমারি লাগি এ বৃন্দাবনমে': রবীন্দ্র)।

হামি (p. 867) [hāmi] বি. (শিশুদের) চুম্বন (একটা হামি দাও, সোনা)। [দেশি]।

হামেশা (p. 867) [hāmēśā] ক্রি-বিণ. 1 সর্বদা; 2 প্রায়ই। [ফা. হামেশা]।

হামে-হাল (p. 867) [hāmē-hāla] ক্রি-বিণ. হামেশা, অনবরত। [ফা. হম্অ + আ. হাল]।

হাম্বা (p. 867) [hāmbā] অব্য. বি. গোরুর ডাক। [সং. হম্মা]।

হাম্বির, (বর্জি.) হাম্বীর (p. 867) [hāmbira, (barji.) hāmbīra] বি. (সংগীতশাস্ত্রে) রাত্রিকালীন রাগিণীবিশেষ।

হায় (p. 867) [hāẏa] অব্য. খেদ অনুতাপ শোক প্রভৃতিসূচক; হা।

হায়ন (p. 867) [hāẏana] বি. বৎসর; অব্দ, সাল (তু. অগ্রহায়ণ)। [সং. √ হা + অন]।

হায়া (p. 867) [hāẏā] বি. লজ্জা, শরম (বেহায়া)। [আ.]।

হার1 (p. 867) [hāra1] বি. 1 কণ্ঠাভরণবিশেষ, যে গয়না গলায় ঝুলিয়ে পরতে হয়; 2 মালা; 3 (গণি.) হরণ, ভাগ; 4 (বাং.) দর, অনুপাত (শতকরা পাঁচ টাকা হারে)। [সং. হৃ + অ]। ˜ ক বিণ. হরণকারী। □ বি. ভাজক, divisor. হারা-হারি বি. অনুপাত-অনুযায়ী ভাগবাঁটোয়ারা। □ বিণ. ক্রি-বিণ. গড়পড়তা বা অনুপাত-অনুযায়ী (হারাহারি ভাগ, হারাহারি ভাগ করা)।

হার2 (p. 867) [hāra2] বি. পরাজয়, পরাভব (হার-জিত, হার মানা)। [হারা দ্র]।˜ কাত বি. খেলায় হারের দিক বা পরাজিত পক্ষ।

হার-মনি (p. 867) [hāra-mani] বি. 1 ঐকতান; 2 সংগতি। [ইং. harmony]।

হার-মোনিয়াম (p. 867) [hāra-mōniẏāma] বি. রিড বা চাবি টিপে বাজাতে হয় এমন হাপরযুক্ত বাক্সের মতো বাদ্যযন্ত্রবিশেষ। [ইং. harmonium]।

হারা (p. 867) [hārā] ক্রি. পরাজিত হওয়া (আমরা হেরে গেছি, 'হারি জিতি, নাহি লাজ')। □ বি. উক্ত অর্থে। □ বিণ. 1 হারিয়ে বা খুইয়ে ফেলেছে এমন, বিহীন, বঞ্চিত (পথহারা পথিক, মা-হারা, আত্মহারা, পিতৃহারা, গৃহহারা, সর্বহারা); 2 হারিয়ে গিয়েছে এমন (হারাধন)। [সং. √ হৃ]।˜ নো ক্রি. 1 খোয়ানো (সুযোগ হারানো, বই বা টাকা হারানো, শ্রদ্ধা হারানো); 2 নষ্ট করা; 3 নিখোঁজ হওয়া; 4 বিচ্ছিন্ন হয়ে পড়া; 5 পরাজিত করা (খেলায় বা মামলায় বিপক্ষকে হারানো)। □ বি. বিণ. উক্ত অর্থে (হারানো বইখানা পেয়েছি)।˜ হারি বি. জয়পরাজয়। হারিত বিণ. অপহৃত। [সং. √ হৃ + ণিচ্ (স্বার্থে) + ত]।

হারাম (p. 867) [hārāma] বি. 1 মুসলমান শাস্ত্রানুযায়ী অপবিত্র বা অবৈধ বিষয় বস্তু বা প্রাণী; 2 শূকর; 3 মন্দ জিনিস, নিন্দনীয় ব্যাপার। [আ.]।˜ জাদকি,˜ জাদগি বি. হারামজাদাগিরি, দারুণ বদমাশি বা পেজোমি।˜ জাদা,˜ জাদ বি. বিণ. গালিবিশেষ; শুয়ারের বাচ্ছা; জারজ। বি. বিণ. (স্ত্রী.)˜ জাদি।

হারাহারি1 (p. 867) [hārāhāri1] দ্র হার1।

হারাহারি2 (p. 867) [hārāhāri2] দ্র হারা।

হারি (p. 867) [hāri] বি. হার, পরাভব। [সং. √ হৃ + ই]।

হারি-কেন (p. 867) [hāri-kēna] বি. ঝড়্জলেও নেভে না এমন কাচের আবরণযুক্ত লণ্ঠনবিশেষ। [ইং. hurricane lantern]।

হারিত1 (p. 867) [hārita1] বিণ. সবুজবর্ণবিশিষ্ট। [সং. হরিত + অ]।

হারিত2 (p. 867) [hārita2] দ্র হারা।

হারিদ্র (p. 867) [hāridra] বিণ. হরিদ্রাবর্ণযুক্ত। [সং. হরিদ্রা + অ]।

হারী1 (p. 867) [hārī1] (-রিন্) বিণ. হারবিশিষ্ট, হারভূষিত। [সং. হার + ইন্]। স্ত্রী. হারিণী।

-হারী2 (p. 867) [-hārī2] (-রিন্) বিণ. হরণকারী, নাশক (চিত্তহারী, (দর্পহারী)। [সং. √ হৃ + ইন্]। স্ত্রী.˜ হারিণী (ত্রিতাপহারিণী)।

হারেম (p. 867) [hārēma] বি. অন্তঃপুর, অন্দরমহল। [আ. হর্ম্]।

হার্ট (p. 867) [hārṭa] বি. 1 হৃৎপিণ্ড; 2 হৃদয়, অন্তঃকরণ (লোকটার হার্ট আছে)। [ইং. heart]।

হার্ডল (p. 867) [hārḍala] বি. বাধা। [ইং. hurdle]। হার্ডল রেস বি. বাধা ডিঙানো দৌড়, বেড়ার বাধা ডিঙানো দৌড়।

হার্দ, হার্দ্য (p. 867) [hārda, hārdya] বি. হৃদ্যতা, প্রণয়, স্নেহ। □ বিণ. 1 মনোজ্ঞ; 2 আন্তরিক। [সং. √ হৃদ্ + অ, য]।

হার্দিক (p. 867) [hārdika] বিণ. হৃদয়সম্বন্ধীয়; হৃদ্গত; আন্তরিক। [সং. হৃদ্ + ইক]।

হার্দী (p. 867) [hārdī] (-র্দিন্) বিণ. স্নেহযুক্ত। [সং. হার্দ + ইন্]।

হার্দ্য (p. 867) [hārdya] দ্র হার্দ।

হার্য (p. 867) [hārya] বিণ. 1 হরণযোগ্য; 2 বহনীয়; 3 (গণি.) ভাগযোগ্য, বিভাজ্য, divisible.. [সং. √ হৃ + য]।

হাল1 (p. 867) [hāla1] বি. 1 লাঙল; 2 (বাং.) গাড়ির চাকার লোহার বেড় বা লোহা ইত্যাদি ধাতুর লম্বা পাটি। [সং. হল + অ]।

হাল2 (p. 867) [hāla2] বি. নৌকাদির 'কর্ণ' অর্থাত্ তা চালাবার ও ঘুরাবার যন্ত্র। [দেশি]। হাল ধরা ক্রি. বি. পরিচালনার দায়িত্ব নেওয়া (সংসারের বা কোনো প্রতিষ্ঠানের হাল ধরে থাকা)। হাল ছেড়ে দেওয়া হতাশ বা নিশ্চেষ্ট হওয়া।

হাল3 (p. 867) [hāla3] বি. 1 অবস্থা, দশা (রাজার হালে থাকা); 2 বর্তমান কাল (হালে আরম্ভ হয়েছে)। □ বিণ. বর্তমান, চলতি, আধুনিক (হাল সন, হাল আমল, হাল ফ্যাশান)। [আ.]। ~ খাতা বি. খাতা দ্র। ~ চাল বি. 1 অবস্থা; 2 ভাবভঙ্গি; 3 আচার-আচরণ। ~ত বি. অবস্থা, দশা। ~ হকি-কত বি. প্রকৃত অবস্থা; অবস্থা। ~ হদিশ বি. 1 প্রকৃত অবস্থা; 2 খোঁজখবর।

হালকা (p. 867) [hālakā] বিণ. 1 লঘু, অল্পভার (বোঝাটা হালকা করো); 2 মৃদু (হালকা হাওয়া); 3 গুরুত্ব (হালকা ব্যাপার বা কথা); 4 চিন্তাশূন্য (হালকা মন); 5 আলতো (হালকা হাত); 6 কর্মহীন (হাত হালকা হওয়া)। [সং. লঘুক > প্রাকৃ. লহুঅ > হলুঅ]।

হালচাল, হালত (p. 867) [hālacāla, hālata] দ্র হাল3।

হাল-ফিল (p. 867) [hāla-phila] ক্রি-বিণ. সম্প্রতি, অধুনা। [আ. ফিলহাল্]।

হালাক (p. 867) [hālāka] বি. 1 হয়রান; 2 সর্বনাশ; ধ্বংস। [আ. হলাক্]।

হালাল (p. 867) [hālāla] বিণ. মুসলমান শাস্ত্রানুযায়ী পবিত্র বা বৈধ। □ বি. মুসলমান রীতি অনুযায়ী কণ্ঠচ্ছেদনপূর্বক পশুবধ, জবাই। [আ. হলাল্]।

হালি1 (p. 867) [hāli1] বি. যে ব্যক্তি লাঙল চষে, চাষি। [বাং. হাল1 + ই]।

হালি2 (p. 867) [hāli2] বি. যে ব্যক্তি নৌকার হাল ধরে, মাঝি। [বাং. হাল2 + ই]।

হালিক (p. 867) [hālika] বিণ. 1 হালচাষ করে এমন; 2 হলসম্বন্ধীয়। [বাং. হাল1+ ইক]।

হালুই-কর (p. 867) [hālui-kara] বিণ. বি. মিষ্টান্ন প্রস্তুতকারক, ময়রা। [আ. হলবাঈ + বাং. কর]।

হালুম (p. 867) [hāluma] বি. (মূলত শিশুর ভাষায়) বাঘের ডাক। [ধ্বন্যা.]।

হালুয়া (p. 867) [hāluẏā] বি. সুজি চিনি দুধ প্রভৃতি দিয়ে প্রস্তুত মিষ্টান্নবিশেষ, মোহনভোগ। [আ. হলবা]।

হাশিয়া (p. 867) [hāśiẏā] বি. শাল ইত্যাদির কলকা পাড়। [আ. হাশিঅহ্]।

হাস (p. 867) [hāsa] বি. হাসি, হাস্য (হাস-পরিহাস)। [সং. √ হস্ + অ]।˜ ক বিণ. হাসায় এমন। স্ত্রী. হাসিকা।˜ কুটে বিণ. হেসে কুটিকুটি হয় এমন; অত্যন্ত হাস্যপ্রবণ।

হাসনু-হানা, হাসুনো-হানা (p. 867) [hāsanu-hānā, hāsunō-hānā] বি. ছোটো সাদা সুগন্ধ ফুলবিশেষ। [জাপ. হাসুনোহানা]।

হাস-পাতাল (p. 867) [hāsa-pātāla] বি. সাধারণের জন্য চিকিৎসাগার। [ইং. hospital]।

হাসা (p. 867) [hāsā] ক্রি. ঠোঁট ফাঁক ও প্রসারিত করে এবং কখনো-কখনো মুখে শব্দ করে খুশি আনন্দ বা কৌতুক প্রকাশ করা, হাস্য করা। □ বি. উক্ত অর্থে। [সং. √ হস্]।˜ নো ক্রি. হাস্য করানো। □ বি. উক্ত অর্থে।˜ হাসি বি. পরস্পর কৌতুকপূর্ণ হাসি ও টিটকারি। হেসে কুটিকুটি (কুটিপাটি) হওয়া হাসতে হাসতে আত্মহারা হওয়া।

হাসি (p. 867) [hāsi] বি. 1 দুই ঠোঁট প্রসারিত করে এবং কখনো কখনো দাঁত বার করে খুশির প্রকাশ, হাস্য; 2 উপহাস (হাসির পাত্র)। [সং. হাস + বাং. ই (স্বার্থে)]।˜ কান্না বি. হাস্য ও ক্রন্দন; হাসি ও কান্নার মিশ্রিত ভাব।˜ খুশি বিণ. হাসিতে ও আনন্দে পূর্ণ।˜ ঠাট্টা,˜ তামাশা বি. সরস উপহাস, রঙ্গরসিকতা; হাসি-টিঁটকারি।˜ মুখ বি. সহাস্য বদন, হাসিপূর্ণ মুখ। হাসি-হাসি বিণ. হাসির ভাবযুক্ত, প্রফুল্ল।

হাসিনী (p. 867) [hāsinī] বিণ. (স্ত্রী.) হাস্যকারিণী (সুহাসিনী)। [সং. √ হস্ + ইন্ + ঈ]। বি. (পুং.) (বিরল) হাসী (-সিন্)।

হাসিল (p. 867) [hāsila] বিণ. সিদ্ধ, পূর্ণ, সম্পাদিত (কাজ হাসিল করা)। □ বি. সিদ্ধি, আদায়, সম্পাদন। [আ.]।

হাস্য (p. 867) [hāsya] বি. হাসি। [সং. √ হস্ + য]।˜ কর,˜ জনক বিণ. হাসির উদ্রেককারী, মজাদার; উপহাসের যোগ্য বা অযৌক্তিক (হাস্যকর যুক্তি বা চেষ্টা)।˜ কৌতুক,˜ পরিহাস বি. হাসিঠাট্টা; রসিকতা; ব্যঙ্গ ও বিদ্রুপ।˜ ময় বিণ. হাসিপূর্ণ; হাসিমাখা, সহাস্য। স্ত্রী.˜ ময়ী।˜ রস বি. হাসি কৌতুক বা রসিকতা; হাসি বা কৌতুক জনিত রস।˜ রসিক বিণ. পরিহাসপটু, রসিকতায় দক্ষ। □ বি.

হাস্যরসাত্মক লেখক বা অভিনেতা। হাস্যালাপ বি. হাস্যোদ্রেককারী আলাপ-আলোচনা, সরস কথাবার্তা। হাস্যাস্পদ বিণ. হাসিবিদ্রুপের পাত্র। হাস্যোদ্দীপক বিণ. হাসায় বা হাস্যরসের সৃষ্টি করে এমন।

হাহা (p. 867) [hāhā] অব্য. 1 বিলাপধ্বনি; শোকদুঃখাদিসূচক; 2 শূন্যতা সূচক, খাঁ-খাঁ; 3 অট্টহাসির ধ্বনি। [সং.]। ˜ কার বি. ব্যাপক ও উচ্চ হাহা-ধ্বনি; আর্তনাদ, শোকধ্বনি।

হিং, হিঙ (p. 867) [hi, ṃhiṅa] বি. বৃক্ষবিশেষের তীব্র গন্ধযুক্ত নির্যাস বা ওষুধে এবং রান্নার মশলারূপে ব্যবহৃত হয়। [সং. হিঙ্গু]।

হিং. টিং ছট্ (p. 867) [hi. ṇṭi ñchaṭ] (বিদ্রূপে) সংস্কৃতের মতো কিন্তু প্রকৃতপক্ষে অর্থহীন ও বিভ্রান্তিজনক শব্দসমষ্টি।

হিংসক (p. 867) [hiṃsaka] বিণ. যে হিংসা করা (দেবহিংসক)। □ বি. 1 হিংস্র প্রাণী; 2 শত্রু। [সং. √ হিন্স্ + অ]।

হিংসন (p. 869) [hiṃsana] বি. হিংসা, হিংসা করা। [সং. √ হিন্স্ + অন]। হিংসনীয় বিণ. হিংসার যোগ্য।

হিংসা (p. 869) [hiṃsā] বি. 1 বধ (প্রাণীহিংসা); হনন; হত্যা; 2 হত্যা করার প্রবৃত্তি ('হিংসায় উন্মত্ত পৃথ্বী': রবীন্দ্র); 3 অপকার, ক্ষতি; 4 (বাং.) ঈর্ষা; পরশ্রীকাতরতা। [সং. √ হিন্স্ + অ + আ]। ˜ লু বিণ. হিংসা করে এমন, হিংসাশীল; 2 ঘাতক; 3 অপকারক। ˜ ত্মক বিণ. হিংসার প্রবৃত্তি বা আচরণবিশিষ্ট (হিংসাত্মক

আক্রমণ বা ক্রিয়াকলাপ)। ˜ শ্রয়ী বিণ. মারমুখো, হিংস্র আক্রমণে প্রবৃত্ত (হিংসাশ্রয়ী জনতা)। হিংসিত বিণ. 1 হিংসার বিষয়ীভূত; 2 হত, বিনাশিত। হিংস্য বিণ. 1 হিংসাযোগ্য; 2 বধ্য।

হিংসুক (p. 869) [hiṃsuka] বিণ. ঈর্ষাবিদ্বেষপরায়ণ, পরশ্রীকাতর। [সং. হিংসা + বাং. উক]।

হিংসুটে (p. 869) [hiṃsuṭē] বিণ. পরশ্রীকাতর। [সং. হিংসা + বাং. আটিয়া > টে]।

হিংস্য (p. 869) [hiṃsya] দ্র হিংসা।

হিংস্র, হিংস্রক (p. 869) [hiṃsra, hiṃsraka] বিণ. 1 হিংসাকারী; 2 (পরের) প্রাণহারক (হিংস্র জন্তু, হিংস্র প্রকৃতি)। [সং. √ হিন্স্‌ + র + ক]। স্ত্রী. হিংস্রা, হিংস্রিকা।

হিঁচড়া (p. 869) [hin̐caḍ়ā] ক্রি. হিঁচড়ানো। [< সং. ঘৃষ্‌]। ˜ নো জোর করে ঘষটে টানা বা টেনে নিয়ে যাওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে।

হিক-মত (p. 869) [hika-mata] বি. 1 ক্ষমতা; 2 কর্মকুশলতা। হিক-মতে বিণ. 1 ক্ষমতাশালী; 2 কর্মকুশল (হিকমতে কারিগর)। [আ.]।

হিক্কা (p. 869) [hikkā] বি. হেঁচকি। [সং. √ হিক্ক্‌ + অ + আ]।

হিঙ্গু (p. 869) [hiṅgu] বি. হিং। [সং. হিম + √ গম্ + উ]।

হিঙ্গুল, হিঙ্গুলি (p. 869) [hiṅgula, hiṅguli] বি. পারদ-গন্ধক-মেশানো ঘোর লাল পদার্থবিশেষ। [সং. হঙ্গু + √ লা + অ, ই]।

হিজড়া, (কথ্য) হিজড়ে (p. 869) [hijaḍ়ā, (kathya) hijaḍ়ē] বি. 1 একই দেহে স্ত্রী ও পুং চিহ্নযুক্ত মানুষ বা অন্য প্রাণী, hermaphrodite; 2 ক্লীব, নপুংসক। [হি.]।

হিজরি, হিজরা (p. 869) [hijari, hijarā] বি. হজরত মোহাম্মদের মক্কা ছেড়ে মদিনায় যাত্রার দিন (622 খ্রিস্টাব্দ) থেকে গণিত চান্দ্র অব্দ। [আ. হিজ্রী]।

হিজল (p. 869) [hijala] বি. হিজ্জল বা অম্বুজ গাছ ('চোখে তার হিজল কাঠের রক্তিম চিতা জ্বলে': জী. দা)। [সং. হিজ্জল]।

হিজলি-বাদাম (p. 869) [hijali-bādāma] বি. হিজলিতে উৎপন্ন কাজুবাদামবিশেষ। [হিজলি + বাং. বাদাম]।

হিজি-বিজি (p. 869) [hiji-biji] বি. পরস্পরজড়িত অর্থহীন রেখা বা অবোধ্য লেখা (খাতাখানা হিজিবিজিতে ভরা)। □ বিণ. পরস্পরজড়িত ও অবোধ্য (হিজিবিজি লেখা); জটিল, বিশৃঙ্খল (হিজিবিজি কাণ্ড)।

হিট-স্ট্রোক (p. 869) [hiṭa-sṭrōka] বি. সর্দি-গরমি। [ইং. heatstroke]।

হিটার (p. 869) [hiṭāra] বি. কোনোকিছু উত্তপ্ত করার যন্ত্র বা বৈদ্যুতিক উনুনবিশেষ। [ইং. heater]।

হিড়-হিড় (p. 869) [hiḍ়-hiḍ়] বি. 1 গাড়িয়ে পড়ার ভঙ্গি বা শব্দ; 2 টেনে নিয়ে যাবার ভঙ্গি বা শব্দ (হিড়হিড় করে টানা)। [ধ্বন্যা.]।

হিড়িক (p. 869) [hiḍ়ika] বি. 1 হুজুগ (সাহেব সাজার হিড়িক); 2 ভিড়, হাঙ্গামা (পুজোর হিড়িক); 3 চাপ, প্রাবল্য (কাজের হিড়িক)। [তু. ভিড়]।

হিত (p. 869) [hita] বি. উপকার, কল্যাণ। □ বিণ. কল্যাণকর, উপকারী। [সং. ধা + ত]।˜ কথা বি. যে-কথা মানলে উপকার হয়; সদুপদেশ।˜ কর বিণ. মঙ্গলজনক, উপকারী। স্ত্রী.˜ করী।˜ কারী (-রিন্) বিণ. বি. মঙ্গলকারী, উপকারক। স্ত্রী.˜ কারিণী।˜ বাদী (-দিন্) বিণ. হিতকথা বলে এমন, সদুপদেশক।˜ সাধন বি. কল্যাণ বা উপকার করা। হিতাকাঙ্ক্ষী (-ঙ্ক্ষিন্), হিতার্থী (র্থিন্) বিণ. বি. হিতকামনাকারী। হিতাহিত বি. উপকার ও অপকার। হিতাহিত-জ্ঞান বি. ভালোমন্দবোধ, কীসে উপকার এবং কীসে ক্ষতি হবে সে সম্বন্ধে চেতনা। হিতৈষণা, হিতৈষা, হিতৈষিতা বি. হিতসাধন করবার ইচ্ছা। হিতৈষী (-ষিন্) বিণ. হিতসাধনে ইচ্ছুক। স্ত্রী. হিতৈষিণী। হিতোপ-দেশ বি. কল্যাণকর উপদেশ। হিতোপ-দেষ্টা (-ষ্টৃ) বিণ. কল্যাণকর উপদেশ দেয় এমন।

হিন্তাল (p. 869) [hintāla] বি. হেঁতালগাছ, তালজাতীয় গাছবিশেষ। [সং. হীন্তাল]।

হিন্দি (p. 869) [hindi] বি. উত্তর ভারতের ভাষাবিশেষ, বর্তমান ভারতের সরকারি ভাষা। [ফা.]।

হিন্দু (p. 869) [hindu] বি. বিণ. ভারতের বেদাশ্রিত সনাতন জাতি বা ধর্ম; উক্ত জাতীয় বা ধর্মাবলম্বী ব্যক্তি। [ফা. হিন্দু < সং. সিন্ধু]।˜ ত্ব বি. হিন্দুধর্মানুযায়ী ভাব, হিন্দুভাব, হিন্দুয়ানি।˜ য়ানা,˜ য়ানি বি. হিন্দুসুলভ আচার আচরণ।˜ সমাজ বি. হিন্দুধর্মাবলম্বী সম্প্রদায়।˜ স্থান বি. ভারতবর্ষ। [ফা. হিন্দুস্তান]; (সংকীর্ণ অর্থে) উত্তর ভারত।˜ স্থানি বিণ. হিন্দুস্থানের অধিবাসী; উত্তর ভারতের (মূলত হিন্দিভাষী) অধিবাসী। □ বি. উত্তর ভারতের ভাষাবিশেষ, উর্দুমিশ্রিত হিন্দিভাষা।

হিন্দোল, হিন্দোলা (p. 869) [hindōla, hindōlā] বি. 1 দোল, ঝুলন; 2 ঝুলনযাত্রা, দোলমঞ্চ; 3 (সংগীতে) রাত্রিকালীন রাগবিশেষ। [সং. √ হিন্দোল্ + অ]।

হিবা (p. 869) [hibā] বি. মুসলমানশাস্ত্রসম্মত (সম্পত্তি প্রভৃতি) দান। [আ.]।˜ নামা বি. হিবার দলিল, দানপত্র, উইল।

হিব্রু (p. 869) [hibru] বি. ইহুদি জাতি; প্রাচীন ইহুদিদের ভাষা। [ইং. Hebrew]।

হিম (p. 869) [hima] বি. 1 শীতঋতু (হিমাগম); 2 তুষার (হিমপাত); 3 শীতল স্পর্শ, শৈত্য (হিমে টেকা দায়); 4 শিশির। □ বিণ. শীতল, ঠাণ্ডা (হিমবাত)। [সং. হিম + অ]।˜ কর বি. (শীতল কিরণবিশিষ্ট বলে) চন্দ্র।˜ গিরি,˜ বান (-বত্),˜ শৈল বি. (সর্বদা তুষারাবৃত থাকে বলে) ভারতের উত্তর সীমানায়

অবস্থিত জগদ্বিখ্যাত পর্বতশ্রেণী, হিমালয়।~ পাত বি. তুষারপতন।~ বাহ বি. পর্বতগাত্র বেয়ে নিম্নদিকে ধীরে প্রবহমাণ তুষারস্রোত, glacier (বি. প.); তুষার-ঝটিকা।~ মণ্ডল বি. দুই মেরুর সন্নিহিত ক্ষীণতম সূর্যালোকবিশিষ্ট ভূভাগ, frigid zone (বি. প.)।~ রেখা বি. পর্বতাদির যে রেখার উপরিস্থিত অংশ সর্বদা তুষারাবৃত থাকে, snow-line (বি. প.)।~ শিম বি. অত্যধিক পরিশ্রমে ক্লান্ত হওয়ার ভাব, হয়রান অবস্থা (হিমশিম খাওয়া)।~ শিলা বি. তুষার, করকা।~ শীতল বিণ. তুষারের মতো ঠাণ্ডা।~ সাগর বি. 1 তুষার সমুদ্র; 2 (আল.) প্রবল শৈত্য; 3 এক জাতের উৎকৃষ্ট আম; 4 মাথা ঠাণ্ডা রাখে এমন কবিরাজি তেলবিশেষ। হিমাংশু বি. (শীতল কিরণবিশিষ্ট বলে) চন্দ্র। হিমাগম বি. হেমন্তকাল; শীতঋতু। হিমাঙ্গ বিণ. তাপশূন্য দেহযুক্ত। □ বি. তাপহীন বা প্রাণহীন দেহ। হিমাচল বি. 1 হিমালয় পর্বত; 2 পাঞ্জাবের উত্তরপূর্বস্থ প্রদেশ। হিমাদ্রি বি. হিমালয়-পর্বতশ্রেণি। হিমানি বি. তুষারপুঞ্জ, বরফ। হিমালয় দ্র হিমগিরি। হিমালয় নন্দিনী বি. দুর্গাদেবী। হিমেল বিণ. হিমশীতল; অত্যন্ত ঠাণ্ডা (হিমেল হাওয়া)।

হিমশিম (p. 869) [himaśima] দ্র হিম।

হিমায়ন (p. 869) [himāẏana] দ্র হিমায়িত।

হিমায়িত (p. 869) [himāẏita] বিণ. 1 হিমে অর্থাত্ বরফে পরিণত; 2 অত্যন্ত শীতল ('করে হিমায়িত শবেরে শতায়ু': সু. দ.)। [সং. হিম + ণিচ্ + ত]। হিমায়ন বি. শীতল করা।

হিম্মত (p. 869) [himmata] বি. 1 ক্ষমতা; 2 বীরত্ব, তেজ, সাহস (ওর সঙ্গে লড়তে পারবি? দেখি তোর হিম্মত কত?)। [আ. হিম্মত্]।

হিয়া (p. 869) [hiẏā] বি. হৃদয় -এর কোমল রূপ ('তবু হিয়া জুড়ন না গেল')। [< প্রাকৃ. হিঅ]।

হিরণ (p. 869) [hiraṇa] বি. স্বর্ণ (হিরণবরন, হিরণপ্রভা)। [সং. √ হৃ + অন (নি.)]।

হিরণ্ময় (p. 869) [hiraṇmaẏa] বিণ. স্বর্ণনির্মিত; স্বর্ণবর্ণ; সোনালি। □ বি. ব্রহ্মা। [সং. হিরণ্য + (বিকার-অর্থে) 'ময়']।

হিরণ্য (p. 869) [hiraṇya] বি. স্বর্ণ। [সং. হিরণ + য]।˜ কাশিপু বি. দৈত্যরাজবিশেষ (ইনি প্রহ্লাদের পিতা)।˜ গর্ভ বিণ. স্বর্ণপূর্ণ। □ বি. সৃষ্টির প্রথম পুরুষ, ব্রহ্মা।˜ নাভ বি. মৈনাকপর্বত।˜ বাহ বি. শোণ নদী।˜ রেতা (-তস্) বি. 1 অগ্নি; 2 সূর্য; 3 শিব।

হিরা-কস (p. 869) [hirā-kasa] বি. লোহার কষ বা উপরসবিশেষ। [ফা.]।

হিরা-মন (p. 869) [hirā-mana] বি. শুকপাখি, তোতাপাখিবিশেষ। [রূপকথায় বর্ণিত পাখি-হি. হীরামন]।

হিল্লি-দিল্লি (p. 869) [hilli-dilli] বি. কাছের ও দূরের নানা অনির্দিষ্ট জায়গা (সে এখন হিল্লিদিল্লি ঘুরে বেড়াচ্ছে)। [দিল্লি-হিল্লি সহচর শব্দ > হিল্লি-দিল্লি]।

হিল্লে (p. 869) [hillē] বি. 1 উপায়, গতি; 2 ব্যবস্থা; 3 আশ্রয়; 4 সন্ধান, খোঁজ (মেয়ের পাত্রের কোনো হিল্লে হল? চোরাই মালের বা চুরির হিল্লে হওয়া)। [আ. হীলা]।

হিল্লোল (p. 869) [hillōla] বি. 1 তরঙ্গ; 2 দোলন ('চঞ্চল হিল্লোলে কল্লোলময়')। [সং. হিল্লোল + অ]। হিল্লোলিত বিণ. আন্দোলিত, তরঙ্গিত।

হিস্সা, হিস্যা, (কথ্য) হিস্সে, হিস্যে (p. 869) [hissā, hisyā, (kathya) hissē, hisyē] বি. প্রাপ্য ভাগ বা অংশ; ভাগ (সম্পত্তির হিস্সা, ডাকাতির হিস্সা)। [আ. হিস্সা]।˜ দার বি. বিণ. অংশীদার।

হিসাব, (কথ্য) হিসেব (p. 869) [hisāba, (kathya) hisēba] বি. 1 গণনা; 2 জমাখরচ নির্ধারণ; 3 জমাখরচের বিবরণ-তালিকা; 4 (আল.) কৈফিয়ত ('হিসাব কি দিবি তার': সুকান্ত); 5 বিচার, বিবেচনা (বন্ধু হিসাবে বিশ্বাস করা, চিত্র হিসাবে দেখা, হিসাব করে কথা বলা); 6 দর, rate (শতকরা দশ টাকা হিসাবে)। [আ.]। হিসাব করা ক্রি. বি. গণনা করা; পরিমাণ স্থির করা; বিচার বা বিবেচনা করা। হিসাব চুকানো, হিসাব মিটানো ক্রি. বি. দেনাপাওনা শোধ করা। হিসাব দেওয়া ক্রি. বি. জমাখরচের পরিমাণ বুঝিয়ে দেওয়া; কৈফিয়ত দেওয়া। হিসাব নেওয়া ক্রি. বি. জমাখরচের বিবরণ বুঝে নেওয়া।˜ কিতাব,˜ কেতাব বি. আয়-ব্যয়ের লিখিত বিবরণপত্র, (account); বিস্তারিত বা খুঁটিনাটি হিসাব; বিচার বিবেচনা।˜ নবিশ বি. জমাখরচ লেখক।˜ নিকাশ বি. আয়ব্যয় সঠিক ও চূড়ান্তভাবে নির্ধারণ; কৈফিয়ত।˜ পরীক্ষক বি. জমাখরচের বিবরণে ভুলত্রুটির পরীক্ষাকারী, auditor.˜ পরীক্ষা বি. জমাখরচের বিবরণে ভুলত্রুটি হয়েছে কি

না তা পরীক্ষা, audit. হিসাবানা বি. (প্রধানত তহশিলদার কর্তৃক প্রজাদের খাজনা ইত্যাদি) হিসাব দাখিলের সময়ে প্রদত্ত (সচ. অবৈধ) পারিশ্রমিক বা ঘুস। হিসাবি বিণ. 1 হিসাবসম্বন্ধীয়; 2 আয়ের অনুপাত বুঝে ব্যয় করে এমন; 3 বিবেচক, পরিণামদর্শী (হিসাবি লোক); 4 সতর্ক (হিসাবি বুদ্ধি)। কথ্য. হিসেবি।

হিস্টিরিয়া (p. 869) [hisṭiriẏā] বি. মূর্ছারোগবিশেষ। [ইং. hysteria]।

হিহি (p. 869) [hihi] অব্য. 1 শীতে কাঁপার ধ্বন; 2 উচ্চহাসি বা বিদ্রুপের ধ্বনি। [ধ্বন্যা]।

হীন (p. 869) [hīna] বিণ. 1 বিরহিত, শূন্য (পিতৃহীন, ভাগ্যহীন, তৃপ্তিহীন); 2 নীচ, অধম, হেয়, ঘৃণার্হ (হীন চরিত্র, 'নহি কভু হীন'); 3 দুর্দশাগ্রস্ত, দীন, দরিদ্র (হীনাবস্থা); 4 অত্যধিক নতভাব-যুক্ত (হীনভাবে আবেদন); 5 ক্ষীণ, হ্রাসপ্রাপ্ত (হীনবল, হীনপ্রভ)। [সং. √ হা + ত]। স্ত্রী. হীনা। ̃ তা বি. ('স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায়', দাসত্বের হীনতা)। ̃ প্রাণ বিণ. সংকীর্ণচেতা; মুমূর্ষু; অল্পজীবী। স্ত্রী. ̃ প্রাণা। ̃ মন্যতা বি. নিজের সম্পর্কে হীনতাবোধ, inferiority complex. ̃ যান বি. বৌদ্ধধর্মের প্রাচীন শাখা; পালি ত্রিপিটকে বর্ণিত বৌদ্ধমত (তু. মহাযান)। হীনাবস্থ বিণ. দুর্দশাগ্রস্ত, দরিদ্র, দীন।

হীয়-মান (p. 869) [hīẏa-māna] বিণ. হ্রাস বা ক্ষয় পাচ্ছে এমন। [সং. √ হা + মান (শানচ্)]।

হীরক (p. 869) [hīraka] বি. উজ্জ্বল এবং বহুমূল্য রত্নবিশেষ। [সং. √ হৃ + অ + ক]। ̃ জয়ন্তী, ̃ জুবিলি জয়ন্তী দ্র।

হুইল (p. 871) [huila] বি. মাছ-ধরা ছিপের মতো গুটানোর চক্র; উক্ত চক্রযুক্ত ছিপ (হুইলে মাছ ধরা)। [ইং. wheel]।

হুংকার (p. 871) [huṅkāra] বি. হুম্-শব্দ; গর্জন; সিংহনাদ। [সং. হুম্ + √ কৃ + অ]। হুংকার ছাড়া, হুংকার দেওয়া ক্রি. বি. গর্জন করা। হুংকারা ক্রি. (কাব্যে) গর্জন করা। হুংকারিত বিণ. হুংকারপূর্ণ; গর্জনধ্বনিতে পূর্ণ। হুংকৃত বিণ. গর্জিত। □ বি. গর্জন।

হুঁকা, (কথ্য) হুঁকো (p. 871) [hun̐kā, (kathya) hun̐kō] বি. নলচে-লাগানো নারকেল খোলে তৈরি দেশি প্রথার ধূমপানের যন্ত্রবিশেষ। [আ. হুক্কা]।˜ বরদার বি. যে-চাকর হুঁকোর সাজসরঞ্জাম রাখে ও তামাক দেয়, তামাক-সাজা চাকর।

হুঁশ (p. 871) [hum̐śa] বি. চেতনা, জ্ঞান; সতর্কতা (স্বার্থ সম্পর্কে হুঁশ থাকা)। [ফা. হোশ্]। হুঁশিয়ার বিণ. সতর্ক, সচেতন; চতুর। হুঁশিয়ারি বি. সতর্কতা।

হুক (p. 871) [huka] বি. লোহা বা অন্য ধাতুতে তৈরি অঙ্কুশ বা বাঁকা লোহা; বঁড়শি। [ইং. hook]।

হুকুম (p. 871) [hukuma] বি. আদেশ, আজ্ঞা; অনুমতি। [আ. হুক্ম]।˜ জারি বি. হুকুম-প্রচার।˜ ত, হুক-মত বি. প্রভুত্ব; শাসন; সরকার, গভর্নমেণ্ট।˜ তামিল বি. আদেশপালন।˜ নামা বি. আদেশপত্র।˜ বরদার বি. হুকুম তামিলকারী।˜ রদ

বি. হুকুম (সাময়িকভাবে) কার্যকর না করা। যো হুকুম যে আজ্ঞা। যো-হুকুম বিণ. বি. আজ্ঞাবহ, স্তাবক (যো-হুকুম লোক, যো-হুকুমের দল)।

হুজুগ, হুজুক (p. 871) [hujuga, hujuka] বি. 1 সামান্য কোনো বিষয়ে ব্যাপক উত্তেজনা; 2 ফ্যাশন (হুজুগে মত্ত হওয়া, নতুন নতুন হুজুগ); 3 গুজব। [আ. হুজুম্]। হুজুগে, হুজুকে বিণ. হুজুগপ্রিয়; হুজুগে মাতে এমন।

হুজুর (p. 871) [hujura] বি. নৃপতি বিচারপতি মনিব প্রভৃতিকে সম্মানসূচক সম্বোধন; প্রভু, প্রভুর নিকট (হুজুরে হাজির)। [আ. হুজুর]। যো হুজুর হুজুর যা বলেন তাই ঠিক বা তাই হবে; মোসাহেবি বি গোলামি; মোসাহেব বা গোলাম।

হুজ্জত (p. 871) [hujjata] বি. তর্কাতর্কি, কলহ; গোলমাল। [আ. হুজ্জত্]। হুজ্জতি, হুজ্জুতি বিণ. হুজ্জতসম্বন্ধীয়; কলহের বিষয়ীভূত; কলহকারী। □ বি. গোলমাল; ঝামেলা (অনেক হুজ্জতি করে এটা পেয়েছি)।

হুট্ (p. 871) [huṭ] বি. মৃদু হট্ শব্দ; হঠাত্, বিচার-বিবেচনার অভাব সূচক (হুট করে চাকরি ছাড়া), তড়িঘড়ি। [ধ্বন্যা.]।

হুটো-পাটি (p. 871) [huṭō-pāṭi] বি. লাফালাফি ও গোলমাল, হুড়োহুড়ি। [দেশি]।

হুড় (p. 871) [huḍ়.] বি. ভিড়; জনতার ঠেলাঠেলি। [দেশি]।

হুড়কা1, (কথ্য) হুড়কো1 (p. 871) [huḍ়kā1, (kathya) huḍ়kō1] বি. কপাট বন্ধ করা খিল, অর্গল। [সং. হুডুক্ক]।

হুড়কা2, (কথ্য) হুড়কো2 (p. 871) [huḍ়kā2, (kathya) huḍ়kō2] বিণ. পতিসংসর্গত্যাগিনী, স্বামীর কাছে যেতে চায় না বা যেতে ভয় পায় এমন (হুড়কো মেয়ে)। [দেশি]।

হুড়দ্দুম (p. 871) [huḍ়dduma] বি. হুড়োহুড়ির ভাব; অত্যধিক তাড়াহুড়ো বা ব্যস্ততা (চারদিকে একেবারে হুড়দ্দুম লেগে গেল)। [ধ্বন্যা.]।

হুড়-মুড় (p. 871) [huḍ়-muḍ়] বি. ভিড়ের বা ঠেলাঠেলি করে প্রবেশ বা গমনের ভাবসূচক; অনেকগুলি বড়ো ও ভারী জিনিস পড়ার ভাবসূচক। [ধ্বন্যা]।

হুড়-হুড় (p. 871) [huḍ়-huḍ়] বি. সবেগে জল পড়ার শব্দ; ক্রমাগত হুড়মুড় করে প্রবেশের বা নির্গমনের ভাবসূচক; গুড়গুড় (পেট হুড়হুড় করা)। [ধ্বন্যা.]।

হুড়া, (কথ্য) হুড়ো (p. 871) [huḍ়ā, (kathya) huḍ়ō] বি. তাড়া, ঠেলা, লাঠির গুঁতো। [সং. হুড়্]। ̃ হুড়ি বি. ঠেলাঠেলি; হুটোপাটি।

হুডুম1 (p. 871) [huḍ়uma1] বি. (আঞ্চ.) মুড়ি, মুড়ির মতো ফুলিয়ে ভাজা চাল বা চিঁড়ে। [সং. হুডুম্ব]।

হুড়ুম2 (p. 871) [huḍ়uma2] অব্য. বিশৃঙ্খলা বা অকস্মাত্ লাফসূচক (হুড়ুমদুড়ুম)। [ধ্বন্যা.]।

হুত (p. 871) [huta] বিণ. হোমাগ্নিতে অর্পিত। □ বি. হব্য, হোম। হুতাগ্নি বি. প্রজ্বলিত হোমাগ্নি। [সং. √ হু + ত]।

হুতাশ1 (p. 871) [hutāśa1] বি. হতাশা দুর্ভাবনা বা আতঙ্কের অভিব্যক্তি (হা হুতাশ করা)। [< সং. হতাশ]।

হুতাশন, হুতাশ2 (p. 871) [hutāśana, hutāśa2] বি. অগ্নি; হোমাগ্নি। [সং. হুত + (=হব্য) অশন; হুত + √ অশ্ (=ভোজন) + অ]।

হুতি (p. 871) [huti] বি. হোম। [সং. √ হু + তি]।

হুতোম, হুতুম (p. 871) [hutōma, hutuma] বি. বিকট আওয়াজ করে এমন ধূসর রঙের বড়ো প্যাঁচাবিশেষ। [দেশি]। হুতোম প্যাঁচা হুতোম; কালীপ্রসন্ন সিংহের ছদ্মনাম। হুতোমি বিণ. কালীপ্রসন্ন সিংহ কর্তৃক ব্যবহৃত (হুতোমি ভাষা)।

হুদ্দো (p. 871) [huddō] বি. এলাকা, প্রভুত্ব বা কার্যক্ষেত্রের সীমানা, jurisdiction. [আ. হদ্]।

হুনরি, হুনুরি (p. 871) [hunari, hunuri] বি. সুদক্ষ শিল্পী। □ বিণ. শিল্পসংক্রান্ত। [ফা. হূনর]।˜ কাজ বি. শিল্পকর্ম, কারিগরি কাজ।

হুণ্ডি (p. 871) [huṇḍi] বি. (প্রধানত ব্যাবসাদারের প্রদত্ত) কাউকে টাকা দেবার জন্য ভিন্নস্থানের অপর কারও কাছে নির্দেশ লিপি, bill of exchange, ঋণপরিশোধের প্রতিশ্রুতি পত্র, হ্যাণ্ডনোট। [ফা. হুণ্ডি]।

হুপ (p. 871) [hupa] বি. হনুমানের ডাক; আকস্মিক আবির্ভাবের ভাবসূচক (হুপ করে এসে পড়া)। [ধ্বন্যা.]।

হুপো (p. 871) [hupō] বি. লম্বা ঠোঁট এবং ঝুঁটিওয়ালা পাখিবিশেষ। [ফ. huppe তু. ইং. hoopoe]।

হুবহু (p. 871) [hubahu] বিণ. অবিকল, যথাযথ, সেইরকম (হুবহু অনুবাদ বা নকল)। [আ. হুবহু]।

হুমকি (p. 871) [humaki] বি. হুংকার, তর্জন, ধমক, ভয়প্রদর্শন (হুমকি দেওয়া)। [তু. সং. হুস্কৃতি]।

হুমড়ি (p. 871) [humaḍ়i] বি. হামাগুড়ি, উপুড়। [দেশি]। হুমড়ি খেয়ে পড়া ক্রি. বি. 1 সামনের দিকে উপুড় হয়ে পড়া; 2 (আল.) নেবার জন্য লালায়িত হয়ে ঝুঁকে পড়া।

হুরি (p. 871) [huri] বি. (স্ত্রী.) স্বর্গের পরি। [আ. হুর্]।

হুল (p. 872) [hula] বি. কীটপতঙ্গাদির তীক্ষ্ণ কাঁটা (হুল ফুটানো)। [< সং. শূল]।

হুল-স্থূল (p. 872) [hula-shūla] বি. গোলমাল, হইচই, তুমুল কাণ্ড (হুলস্থূল বাধিয়ে তোলা)। [তু. সং. হুলহুলী]।

হুলা-হুলি (p. 872) [hulā-huli] বি. 1 কোলাহল; 2 (প্রা. কা.) উলুধ্বনি। [সং. হুলহুলী]।

হুলিয়া (p. 872) [huliẏā] বি. পলাতক আসামিকে গ্রেপ্তার করার জন্য তার চেহারার বর্ণনাসহ বিজ্ঞাপন। [আ. হুল্‌সহ্]।

হুলু, উলু (p. 872) [hulu, ulu] বি. পূজা শুভকর্ম প্রভৃতিতে হিন্দু নারীরা জিহ্বা ও তালুর সাহায্যে যে-শব্দ করে, জোঁকার (হুলুধ্বনি)। [সং. হুলহুলী শব্দের রূপান্তর।

হুলো (p. 872) [hulō] বিণ. হোলবিশিষ্ট; পুরুষজাতীয়, মর্দা। □ বি. মর্দা বিড়াল। [বাং. হোল]।

হুল্লোড় (p. 872) [hullōḍ়.] বি. ভিড় করে হল্লা। [দেশি]।

হুশ, হুশিয়ার (p. 872) [huśa, huśiẏāra] যথাক্রমে হুঁশ ও হুঁশিয়ার -এর রূপভেদ।

হুস, হুশ (p. 872) [husa, huśa] বি. সহসা উড়ে যাওয়ার ভাব; চিমনি নল ইত্যাদি থেকে জল বা ধোঁয়া বার হবার বা বাষ্পযানাদির দ্রুত ছোটার শব্দ।

হুহু (p. 872) [huhu] বি. 1 বেগে বাতাস প্রবাহিত হওয়ার বা আগুন জ্বলার শব্দ (হুহু করে বওয়া বা জ্বলা); 2 যাতনা শূন্যতাবোধ নৈরাশ্য ইত্যাদি সূচক (মন হুহু করা)। [ধ্বন্যা.]।

হুহুং-কার (p. 872) [huhu-ṅkāra] বি. গর্জন, সিংহনাদ। [সং. হুঙ্কার]।

হূত (p. 872) [hūta] বিণ. আহ্বান করা হয়েছে বা আসতে বলা হয়েছে এমন, আহুত। [সং. √ হ্বে + ত]। হূতি বি. আহ্বান।

হূন, হূণ (p. 872) [hūna, hūṇa] বি. ভারতের উত্তরে, চীনের পার্শ্ববর্তী অঞ্চলবাসী প্রাচীন জাতিবিশেষ। [সং.]।

হূয়-মান (p. 872) [hūẏa-māna] বিণ. আহ্বান করা হচ্ছে এমন। [সং. √ হ্বে + মান (শানচ্)]।

হৃত (p. 872) [hṛta] বিণ. 1 অপহৃত, লুণ্ঠিত; 2 আনীত; 3 আকৃষ্ট। [সং. √ হৃ + ত]। ̃ সর্বস্ব বিণ. যার যাবতীয় ধনসম্পত্তি চুরি বা লুঠ হয়ে গেছে। হৃতাধি-কার বিণ. অধিকার বা প্রভুত্ব হারিয়েছে এমন।

হৃত্ (p. 872) [hṛt] (-হৃদ্) বি. 1 হৃদয়; মন, অন্তঃকরণ; 2 বক্ষস্থল; বুকের ভিতরের অংশ। [সং.]। ̃ কমল বি. হৃদয়রূপ পদ্ম। ̃ কম্প বি. হৃৎপিণ্ডের স্পন্দন; ভয়াদিজনিত হৃৎপিণ্ডের বৃদ্ধিপ্রাপ্ত স্পন্দনবেগ (দুঃসংবাদ শুনে হৃৎকম্প)। হৃদ্-গত বিণ. মনোগত (হৃদ্গত অভিলাষ)। ̃ পিণ্ড, হৃদ্-যন্ত্র বি. বুকের মধ্যে

স্পন্দনশীল রক্তসঞ্চালক যন্ত্র, heart. হৃদ্-রোগ বি. বুকের ব্যাধি (হৃদ্রোগে আক্রান্ত)।˜ স্পন্দন বি. হৃৎপিণ্ডের স্বাভাবিক গতি বা চলন। হৃদ্বোধ বি. ধারণা।

হৃদয় (p. 872) [hṛdaẏa] বি. 1 বক্ষস্থল; বুকের অভ্যন্তরভাগ; 2 মন, অন্তঃকরণ, চিত্ত। [সং. √ হৃ + অয়, দ্ আগম]।˜ গত বিণ. মনোগত।˜ গ্রাহী (-হিন্) বিণ. মনোরম, চিত্তাকর্ষক।˜ ং-গম বিণ. মনে প্রবিষ্ট; বোধগম্য, উপলব্ধি করা হয়েছে এমন।˜ জ বিণ. হৃদয় হতে উৎপন্ন বা হৃদয়ে জাত।˜ বল্লভ বিণ. প্রাণপ্রিয়। □ বি. পতি; প্রণয়ী।˜ বল্লভা বি. (স্ত্রী.) প্রাণপ্রিয়া; পত্নী; প্রণয়িনী।˜ বান (-বত্) উদারচিত্ত, মহাপ্রাণ, মহানুভব; সহানুভূতিশীল।˜ বিদারক বিণ. অত্যন্ত শোকজনক; মর্মভেদী।˜ বৃত্তি বি. মনের ব্যাপার, চিত্তবৃত্তি।˜ বেদনা,˜ ব্যথা বি. মর্মযন্ত্রণা, মনঃকষ্ট।˜ ভেদী (-দিন্) বিণ. অতীব দুঃখজনক, মর্মান্তিক, মর্মপীড়াদায়ক।˜ শূন্য,˜ হীন বিণ. নির্দয়, নির্মম। হৃদয়াবেগ বি. চিত্তের চঞ্চলতা বা উদ্দীপনা, emotion. হৃদয়ালু বিণ. হৃদয়বান, অত্যন্ত কোমলভাব প্রবণ। হৃদয়েশ বি. প্রাণেশ্বর; পতি; প্রণয়ী।

হৃদি (p. 872) [hṛdi] বি. (কাব্যে) হৃদয় -এর কোমল রূপ ('হৃদিবৃন্দাবনে বাস', 'ভক্তহৃদিবিকাশ')।

হৃদ্য (p. 872) [hṛdya] বিণ. 1 হৃদয়গ্রাহী; প্রিয়; 2 আন্তরিকতাপূর্ণ (হৃদ্য আলোচনা, হৃদ্য পরিবেশ)। [সং. হৃদ্ + য]। স্ত্রী. হৃদ্যা।˜ তা বি. হৃদয়গ্রাহিতা; সৌহার্দ্য; আন্তরিকতা (হৃদ্যতার সম্পর্ক)।

হৃষিত (p. 872) [hṛṣita] বিণ. প্রীত, আনন্দিত, পুলকিত। [সং. √ হৃষ্ + ত]।

হৃষীকেশ (p. 872) [hr̥ṣīkēśa] বি. বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ। [সং. হৃষীক (ইন্দ্রিয়) + ঈশ]।

হৃষ্ট (p. 872) [hr̥ṣṭa] বিণ. 1 মনে আনন্দ হয়েছে এমন, হর্ষান্বিত, প্রফুল্ল, প্রীত, পুলকিত, খুশি; 2 রোমাঞ্চিত। [সং. √ হৃষ্ + ত]। স্ত্রী. হৃষ্টা। হৃষ্টি বি. হর্ষ, আনন্দ, প্রফুল্লতা।˜ চিত্ত বিণ. 1 আনন্দিত হৃদয়বিশিষ্ট; 2 খোশমেজাজ।˜ পুষ্ট বিণ. প্রফুল্ল ও মোটামোটা; মানসিক ও শারীরিক সুস্থতাপূর্ণ।

হে (p. 872) [hē] অব্য. সম্বোধনসূচক বা আহ্বানসূচক (হে প্রভু); কবিতার ছন্দের মাত্রা বজায় রাখবার জন্য পাদপূরণে ব্যবহৃত শব্দবিশেষ।

হেঁই (p. 872) [hēm̐i] (কথ্য) অব্য. সনির্বন্ধ অনুরোধসূচক।˜ ও,˜ য়ো বি. ভারী জিনিস তুলবার ঠেলবার বা টানবার সময়ে কৃত আওয়াজ। [ধ্বন্যা]।

হেঁচকা (p. 872) [hēn̐cakā] বি. হঠাত্ সজোরে টান বা আকর্ষণ। □ বিণ. হঠাত্ সজোরে প্রযুক্ত (হেঁচকা টান)। [দেশি]।

হেঁচকি (p. 872) [hēn̐caki] বি. হিক্কা (হেঁচকি ওঠা)। [দেশি-তু. হেঁচকা]।

হেঁচড়া, হেঁচড়ানো (p. 872) [hēn̐caḍ়ā, hēn̐caḍ়ānō] যথাক্রমে হিঁচড়া ও হিঁচড়ানো -র চলিতরূপ।

হেঁজিপেঁজি (p. 872) [hēn̐jipēn̐ji] বিণ. তুচ্ছ, অখ্যাত, নগণ্য। [দেশি]।

হেঁট (p. 872) [hēn̐ṭa] বিণ. 1 অবনত (মাথা হেঁট হওয়া); 2 আনত (হেঁটমুণ্ড); 3 অবনতমস্তক (হেঁট হয়ে প্রণাম করা)। □ বি. তলদেশ (হেঁটে কাঁটা); নিম্নাঙ্গ ('হেটে বস্ত্র')। [পা. হেট্ঠা < সং. অধস্তাত্]।

হেঁড়ে, হেঁড়েল (p. 872) [hēn̐ḍ়ē, hēn̐ḍ়ēla] বিণ. 1 হাঁড়ির মতো আকারবিশিষ্ট (হেঁড়ে মুখ); 2 কর্কশ ও মোটা (হেঁড়ে গলা)। [হাঁড়ি দ্র]।

হেঁয়ালি (p. 872) [hēm̐ẏāli] বি. প্রহেলিকা, সমস্যা, ধাঁধা (কথাটা হেঁয়ালির মতো শোনায়)। [সং. প্রহেলিকা]।

হেঁশেল, হেঁসেল (p. 872) [hēm̐śēla, hēm̐sēla] বি. রান্নাঘর। [বাং. হাঁড়িশাল]।

হেঁসে (p. 872) [hēm̐sē] বি. 1 হারবিশেষ; 2 কাস্তের মতো অস্ত্রবিশেষ, হাঁসিয়া। [বাং. হাঁস + ইয়া > এ]।

হেড (p. 873) [hēḍa] বি. মাথা, বুদ্ধি (বেহেড)। □ বিণ. প্রধান (হেডপণ্ডিত, হেড অফিস)। [ইং. head]। ˜ বাবু বি. অফিসের প্রধান কেরানি বা কর্মচারী।

হেতু (p. 873) [hētu] বি. 1 যুক্তি; 2 কারণ, নিমিত্ত, মূল; 3 প্রয়োজন; উদ্দেশ্য। [সং. হি (ব্যাপ্তি-অর্থক) + তু]। ˜ ক বিণ. হেতুসম্বন্ধীয়। ˜ বাদ বি. যুক্তিসহ তর্কের অবতারণা। ˜ শাস্ত্র বি. তর্কশাস্ত্র; (সংকীর্ণ অর্থে) বেদবিরুদ্ধ তর্কপ্রধান শাস্ত্র।

হেত্বাভাস (p. 873) [hētbābhāsa] বি. কু-তর্ক, আপাতদৃষ্টিতে সমর্থনযোগ্য বলে মনে হলেও প্রকৃতপক্ষে তা নয় এমন যুক্তি, fallacy (বি. প.)। [সং. হেতু + আভাস]।

হেথা, হেথায় (p. 873) [hēthā, hēthāẏa] ক্রি-বিণ. (কাব্যে বা গ্রা.) এইখানে, এখানে (হেথা-হোথা)। [পা. এত্থ < সং. অত্র]।

হেদা (p. 873) [hēdā] ক্রি. হেদানো। [< সং. খেদ]। ~নো ক্রি. (কথ্য) দৈহিক বা মানসিক কষ্টহেতু ব্যাকুলতা বা আলস্যের ভাব প্রকাশ করা (হেদিয়ে পড়া)। □ বি. উক্ত অর্থে।

হেদে, হ্যাদে (p. 873) [hēdē, hyādē] সখীকে সম্বোধনসূচক, ওগো, ওলো ('হ্যাদে গো নন্দরানী': রবীন্দ্র)। [দেশি]।

হেন (p. 873) [hēna] বিণ. এমন, এরূপ; অনুরূপ (হেন লোক নেই যে শোনেনি, হেনকালে, এ-হেন)। [তু. মৈ. এহেন]।

হেনস্তা, হেনস্থা (p. 873) [hēnastā, hēnash্ạ] বি. (কথ্য) অবজ্ঞা (হেনস্তা করা); দুর্দশা, নাকাল অবস্থা (হেনস্থা হওয়া)। [সং. হীনাবস্থা]।

হেনা (p. 873) [hēnā] বি. মেহেদি ('উঠল ফুটে হেনার মঞ্জরী': রবীন্দ্র)। [আ. হিনা]।

হেপা-জত, হেফা-জত (p. 873) [hēpā-jata, hēphā-jata] বি. রক্ষণাবেক্ষণ, দায়িত্ব, তত্ত্বাবধান। [আ. হিফাজত্]।

হেম (p. 873) [hēma] বি. সোনা, সুবর্ণ। [সং. হি + মন্]। ̃ কূট, হেমাদ্রি বি. সুমেরু পর্বত। হেমাঙ্গ বিণ. স্বর্ণের কান্তিযুক্ত। □ বি. 1 সুমেরু পর্বত; 2 ব্রহ্মা। বিণ. (স্ত্রী.) হেমাঙ্গী, (বাং.) হেমাঙ্গিনী।

হেমন্ত (p. 873) [hēmanta] বি. 1 হিমঋতু (পৌষ ও মাঘ মাস); 2 (বাং.) শীতের পূর্ববর্তী ঋতু (কার্তিক ও অগ্রহায়ণ মাস)। [তু. হেমবন্ত]।

হেয় (p. 873) [hēẏa] বিণ. 1 ত্যাজ্য; 2 অবজ্ঞার যোগ্য; তুচ্ছ; 3 ঘৃণার্হ (হেয় জ্ঞান করা)। [সং. √ হা + য]। ̃ তা বি. ঘৃণ্যতা (পাপের হেয়তা)।

হের-ফের (p. 873) [hēra-phēra] বি. অদলবদল; কম-বেশি, পরিবর্তন (দামের বা তারিখের হেরফের হওয়া)। [তু. হি. হের্ফের্]।

হেরম্ব (p. 873) [hēramba] বি. গণেশ। [সং. হে + রব + অ (ম্) আগম]।

হেরা (p. 873) [hērā] ক্রি. (কাব্যে) দেখা, নিরীক্ষণ করা ('সমুখে ঐ হেরি পথ', 'হেরো আপন হৃদয়মাঝে': রবীন্দ্র)। [দেশি]।

হেরোয়িন (p. 873) [hērōẏina] বি. মরফিন থেকে তৈরি অতি তীব্র মাদকবিশেষ। [ইং. heroin]।

হেল-দোল (p. 873) [hēla-dōla] বি. বিকার, বিচলিত ভাব, উত্তেজনা (এত ঝামেলাতেও তার কোনো হেলদোল নেই)। [দেশি]।

হেলন1, হেলন2 (p. 873) [hēlana1, hēlana2] যথাক্রমে হেলা1 ও হেলা2 দ্র।

হেল-মেট (p. 873) [hēla-mēṭa] বি. মাথাকে আঘাত থেকে রক্ষা করার জন্য শক্ত আবরণবিশেষ, শিরস্ত্রাণ। [ইং. helmet]।

হেলা1 (p. 873) [hēlā1] ক্রি. ঝোঁকা, নড়া, একপাশে নত হওয়া। □ বি. বিণ. উক্ত অর্থে। [তু. হি. √ হিল্না]। হেলন1 বি. হেলে পড়া; হেলে থাকা অবস্থা। ̃ন (উচ্চা. হ্যালান্) বি. হেলে অবস্থান; ঠেসান (হেলান দেওয়া)। ̃ নো ক্রি. ঝোঁকানো; এক পাশে নোয়ানো। □ বি. বিণ. উক্ত অর্থে।

হেলা2 (p. 873) [hēlā2] বি. 1 অবজ্ঞা, ঘৃণা, অশ্রদ্ধা; 2 অক্লেশ, অবলীলা ('হেলায় লঙ্কা করিল জয়': দ্বিজেন্দ্র)। [সং. √ হেড় + অ + আ]। হেলন2 বি. অবহেলা করা; অবজ্ঞা। ̃ ফেলা বি. তুচ্ছ-তাচ্ছিল্য ('করিস নে আর হেলাফেলা')।

হেলি-কপ্টার (p. 873) [hēli-kapṭāra] বি. ডানাবিহীন এবং অনুভূমিকভাবে ঘুরন্ত ব্লেডযুক্ত আকাশযানবিশেষ। [ইং. helicopter]।

হেলে1 (p. 873) [hēlē1] বি. 1 বিষহীন ছোটো সাপবিশেষ; 2 সর্পাকৃতি হারবিশেষ। [দেশি]।

হেলে2 (p. 873) [hēlē2] বি. কৃষক (হেলে চাষি)। □ বিণ. হালে জোতায় হয় এমন (হেলে গোরু)। [সং. হাল বাং. ইয়া > এ]।

হেলেঞ্চা, হিঞ্চা, হিঞ্চে (p. 873) [hēlēñcā, hiñcā, hiñcē] বি. তেতো স্বাদের জলজ শাকবিশেষ। [সং. হিলমোচিকা]।

হেস্ত-নেস্ত (p. 873) [hēsta-nēsta] বি. শেষ নিষ্পত্তি বা মীমাংসা; ভালোমন্দ যাই হোক একটা সমাধান (মামলার হেস্তনেস্ত)। [ফা. হস্ত্ নীস্ত্]।

হৈম1 (p. 873) [haima1] বিণ. 1 স্বর্‌ণময়, স্বর্ণনির্মিত; 2 স্বর্ণসম্বন্ধীয়। [সং. হেমন্ + অ]।

হৈম2 (p. 873) [haima2] বিণ. হিমসম্বন্ধীয়। [সং. হিম + অ]।

হৈমন্ত (p. 873) [haimanta] বিণ. হেমন্তকালীন; হেমন্তসম্বন্ধীয়। □ বি. হেমন্ত ঋতু। [সং. হেমন্ত + অ]।

হৈমন্তিক (p. 873) [haimantika] বিণ. হেমন্তকালীন; হেমন্তসম্বন্ধীয়। □ বি. আমন ধান। [সং. হেমন্ত + ইক]।

হৈম-বত (p. 873) [haima-bata] বিণ. হিমালয়সম্বন্ধীয়। □ বি. হিমালয়ের দক্ষিণে অবস্থিত ভারতবর্ষ। [সং. হিমবত্ + অ]। হৈম-বতী বিণ. (স্ত্রী.) 1 পার্বতী, দুর্গা; 2 গঙ্গা; 3 শতদ্রু নদীর নামান্তর।

হৈয়ঙ্গ-বীন (p. 873) [haiẏaṅga-bīna] বি. পূর্বদিনের দুধে তৈরি নবনীত বা ঘৃত; সদ্য তৈরি করা ঘি। [সং. হিয়ঙ্গু + অ + ঈন]।

হোঁচট (p. 873) [hōn̐caṭa] বি. চলার সময় হঠাত্ কিছুতে পায়ে ধাক্কা লাগা বা ধাক্কা খেয়ে পতনোম্মুখ হওয়া; উচট। [সং. উচ্চাটন, তু. হি. উচক্কা]।

হোঁদড় (p. 873) [hōn̐daḍ়] বি. গো-বাঘা; হাইনা। [দেশি]।

হোঁতকা, হোঁৎকা (p. 873) [hōn̐takā, hōn̐tkā] বিণ. অশোভন রকমের মোটা; স্থূলবুদ্ধি; গোঁয়ার। [দেশি]।

হোঁদল (p. 873) [hōn̐dala] বিণ. ভুঁড়িওয়ালা, নাদাপেটা। [দেশি]।˜ কুত-কুত বি. পেটমোটা ও ঘোর কৃষ্ণবর্ণ জানোয়ার বা তৎসদৃশ ব্যক্তি-দীনবন্ধু মিত্রের 'নবীন তপস্বিনী' নাটকের বর্ণনা থেকে।

হোগল, হোগলা (p. 874) [hōgala, hōgalā] বি. জলাভূমিজাত লম্বা ঈষত্ ত্রিকোণাকার ও চ্যাপটা উদ্ভিদবিশেষ (এর পাতা দিয়ে ঘরের বেড়া দেওয়া হয়)। [দেশি]। হোগল-কুঁড়ি, হোগল-গুঁড়ি বি. হোগলাফুলের রেণু।

হোটেল (p. 874) [hōṭēla] বি. মূল্য দিয়ে যেখানে পান-ভোজন করা যায় এবং (কোথাও কোথাও) বাস করা যায়, পান্হশালা। [ইং. hotel]।˜ ওয়ালা বি. হোটেলের মালিক। স্ত্রী.˜ ওয়ালি।

হোড় (p. 874) [hōḍ়] বি. 1 পাঁক; কাদার স্তূপ; 2 বাঙালি হিন্দুর পদবিবিশেষ। [দেশি]।

হোতা (p. 874) [hōtā] (-তৃ) বিণ. যজ্ঞকারী; বৈদিক যজ্ঞে ঋক্মন্ত্রের প্রযোক্তা। □ বি. যজ্ঞকারী পুরোহিত বা যজমান; (গৌণ অর্থে) ভালো কাজের উদযোক্তা (কর্মযজ্ঞে র প্রধান হোতা)। [সং. √ হু + তৃ]। বিণ. বি. (স্ত্রী.) হোত্রী।

হোত্র (p. 874) [hōtra] বি. হোম। [সং. √ হু + ত্র]। হোত্রী (ত্রিন্) বিণ. হোমকর্তা, যাজ্ঞিক (অগ্নিহোত্রী)। হোত্রীয় বিণ. হোমসম্বন্ধীয়; হোতাসম্বন্ধীয়।

হোথা, হোথায় (p. 874) [hōthā, hōthāẏa] ক্রি-বিণ. (কাব্যে বা গ্রা.) ওইখানে, ওখানে। [হেথা দ্র]।

হোম (p. 874) [hōma] বি. যজ্ঞাগ্নিতে দেবতার উদ্দেশে মন্ত্রপূর্বক ঘৃতাহুতি। [সং. √ হু + ম]।˜ কুণ্ড বি. যজ্ঞাগ্নি জ্বালাবার জন্য যে-গর্ত খোঁড়া হয়। হোমাগ্নি, হোমানল বি. যজ্ঞের আগুন।

হোমরা-চোমরা (p. 874) [hōmarā-cōmarā] বিণ. সম্ভ্রান্ত ও খ্যাতিপ্রতিপত্তিযুক্ত। [তু. আ. আমির-উমরাহ]।

হোমিয়ো-প্যাথি (p. 874) [hōmiẏō-pyāthi] বি. হ্যামিম্যান-প্রবর্তিত রোগসৃষ্টিকর বিষদ্বারা রোগ-চিকিৎসা-প্রণালী। [ইং. homeopathy]। হোমিয়ো-প্যাথিক বিণ. হোমিয়োপ্যাথি অনুযায়ী।

হোরা (p. 874) [hōrā] বি. (জ্যোতিষ.) রাশিপরিমাণের অর্ধাংশকাল; লগ্ন; আড়াই দণ্ডকাল, অহোরাত্রের চতুর্বিঁশ ভাগ; একঘণ্টা সময়। [গ্রি. hora > সং.]। হোরা-বিজ্ঞান বি. জ্যোতিষশাস্ত্র।

হোরি (p. 874) [hōri] দ্র হোলি।

হোল (p. 874) [hōla] (আঞ্চ.) বি. অণ্ডকোষ। [দেশি]। হোলা বিণ. অণ্ডকোষবিশিষ্ট, মর্দা (হোলা বিড়াল)।

হোলি, হোরি (p. 874) [hōli, hōri] বি. 1 বসন্তোৎসব; 2 দোলখেলা [সং. হোলিকা]।

হো হো (p. 874) [hō hō] অব্য. অট্টহাসির আওয়াজ।

হৌজ (p. 874) [hauja] বি. বড়ো চৌবাচ্চা। [আ. হৌজ্]।

হৌস (p. 874) [hausa] বি. (বর্ত. অপ্র.) বাণিজ্য-কুঠি; সওদাগরি দফতর; ব্যবসায়ী সংঘ বা ব্যবসায়-প্রতিষ্ঠান, firm. [ইং. house]।

হ্যাংলা (p. 874) [hyāṃlā] বিণ. অশোভন রকমের লোভী। [দেশি]।˜ পনা,˜ মি বি. অশোভন লোলুপতা।

হ্যাঁচোড়-প্যাঁচোড় (p. 874) [hyān̐cōḍ়-pyān̐cōḍ়] বি. অস্থিরতা বা আকুলতার ভাব (ঘর থেকে বেরোবার জন্য হ্যাঁচড়প্যাঁচোড় করা)। [ধ্বন্যা.]।

হ্যাজাক (p. 874) [hyājāka] বি. হারিকেন-লণ্ঠনের চেয়ে বড়ো এবং জোরালো আলোর লণ্ঠন।

হ্যাট (p. 874) [hyāṭa] বি. সাহেবি টুপি। [ইং. hat]।

হ্যাটা (p. 874) [hyāṭā] বি. তাচ্ছিল্য (কাউকে হ্যাটা করা)। [দেশি]।

হ্যাড্ডা-ব্যাড্ডা (p. 874) [hyāḍḍā-byāḍḍā] বি. এটা-সেটা; ছোটোখাটো বা অকিঞ্চিৎকর কাজ। [দেশি]।

হ্যাদানো, হ্যাদে (p. 874) [hyādānō, hyādē] যথাক্রমে হেদানো ও হেদে -র বানানভেদ।

হ্যাণ্ড-নোট (p. 874) [hyāṇḍa-nōṭa] বি. ঋণস্বীকারপত্র, খত। [ইং. handnote]।

হ্যাপা (p. 874) [hyāpā] বি. ঝামেলা, ঝক্কি (রাজনীতি করার হ্যাপা অনেক)। [দেশি]।

হ্রদ (p. 874) [hrada] বি. চতুর্দিকে স্থলবেষ্টিত (ক্ষেত্রবিশেষে নদীর সঙ্গে যুক্ত) বড়ো স্বাভাবিক জলাশয়। [সং. √ হ্রাদ্ + অ]।

হ্রস্ব (p. 874) [hrasba] বিণ. খাটো, খর্ব, ক্ষুদ্র; অল্প, কম; লঘু, হালকা; (ব্যাক.) একমাত্রাব্যাপী উচ্চারণবিশিষ্ট (যেমন, ই উ)। [সং. √ হ্রস্ + ব]। বি.˜ তা,˜ ত্ব।˜ দীর্ঘ-জ্ঞান বি. লঘুগুরুবোধ, ছোটোবড়োর প্রভেদের জ্ঞান; সাধারণ জ্ঞান, কাণ্ডজ্ঞান।

হ্রাদ (p. 874) [hrāda] বি. ধ্বনি, নিনাদ। [সং. √ হ্রাদ্ + অ]। হ্রাদী (-দিন্) বিণ. নিনাদকারী। হ্রাদিনী বিণ. (স্ত্রী.) নিনাদকারিণী। □ বি. 1 ইন্দ্রের বজ্র; 2 বিদ্যুত্; 3 নদী।

হ্রাস (p. 874) [hrāsa] বি. 1 হ্রস্বতা, কমতি (মূল্যহ্রাস, শক্তির হ্রাস, সংখ্যা হ্রাস হওয়া); 2 লাঘব (রোগের প্রকোপ হ্রাস); 3 ক্ষয় (চন্দ্রকলার হ্রাস-বৃদ্ধি)। [সং. √ হ্রস্ + অ]।

হ্রী (p. 874) [hrī] বি. লজ্জা। [সং. √ হ্রী + ক্বিপ্]।

হ্রেষা (p. 874) [hrēṣā] বি. ঘোড়ার ডাক। [সং. √ হ্রেষ্ + অ + আ]।

হ্লাদ, হ্লাদন (p. 874) [hlāda, hlādana] বি. আহ্লাদ, হর্ষ, আনন্দ। [সং. √ হ্লাদ্ + অ, অন]। হ্লাদিত বিণ. আহ্লাদিত। হ্লাদী (-দিন্) বিণ. আহ্লাদযুক্ত, সহর্ষ; আহ্লাদজনক, আনন্দদায়ক। হ্লাদিনী বিণ. (স্ত্রী.) আহ্লাদযুক্তা, আনন্দদায়িনী (হ্লাদিনী মূর্তি)। □ বি. 1 (বৈ. শা.) যে-স্বরূপশক্তির বলে ভগবান নিজে আনন্দিত হন এবং অপর সকলকেও আনন্দিত করেন; 2 শ্রীরাধিকা।